Vol. 54—No. 2

Assnbly Proceedings

Official Report

West Benل Legislative Assembly

ifty-fourth Session

(bruary-May, 1973)

(From 9th Fuary, 1973 to 10th May, 1973)

(The 7th 8th, 9th. th. 14th. 15th. 16th. 19th 20th. 21st. 22nd.
23rd. 2 . 28th and 29th March. 1973)

Published by authorit the Assembly under rule 353 of the Rules of
Procedure and Conduc usiness in the West Bengal Legislative Assembly

GOVERNMENT OF WEST BENGAL

Governor

SHRI ANTHONY LANCELOT DIAS

Members of the Council of Ministers

SHRI SIDDHARTHA SANKAR RAY, Chief Minister and Minister-in-charge of Home Department (excluding Transport, Jails, Tourism and Parliamentary Affairs Branches), Department of Development and Planning, Department of Information and Public Relations, Waqf Branch of Judicial Department and Youth Services Branch of Department of Education.

SHRI ABDUS SATTAR, Minister-in-charge of Department of Agriculture and Community Development, Rural Water Supply Branch of Department of Health, Legislative Department and Judicial Department (excluding Waqf Branch).

DR. ZAINAL ABEDIN, Minister-in-charge of Department of Public Undertakings and Department of Cottage and Small Scale Industries.

SHRI MRITYUNJOY BANERJEE, Minister-in-charge of Department of Education (excluding Youth Services and Sports Branches).

SHRI ABUL BARKAT ATAWAL GHANI KHAN CHAUDHURY, Minister-in-charge of Department of Irrigation and Waterways and Department of Power.

SHRI TARUN KANTI GHOSH, Minister-in-charge of Department of Commerce and Industries and Tourism Branch of Home Department

SHRI SANKAR GHOSE, Minister-in-charge of Finance Department and Department of Excise.

SHRI GURUPADA KHAN, Minister-in-charge of Department of Land Utilisation and Reforms and Land and Land Revenue.

SHRI SITARAM MAHATO, Minister in-charge of Department of Forests and Department of Animal Husbandry and Veterinary Services (excluding Dairy Development Branch).

SHRI KASHI KANTA MAITRA, Minister-in-charge of Department of Food and Supplies and Dairy Development Branch of Department of Animal Husbandry and Veterinary Services.

SHRI ARUN MOITRA, Minister-in-charge of Department of Co-operation and Department of Fisheries.

DR. GOPAL DAS NAG, Minister-in-charge of Department of Labour and Department of Closed and Sick Industries.

SHRI GYAN SINGH SOHANPAL, Minister-in-charge of Transport, Jails and Parliamentary Affairs Branches of Home Department.

SHRI AJIT KUMAR PANJA, Minister-in-charge of Department of Health (excluding Rural Water Supply Branch).

Members of the Council of Ministers

Shri Santosh Kumar Roy, Minister-in-charge of Department of Relief and Welfare (including the Department of Refugee Relief and Rehabilitation and the Department of Scheduled Castes and Tribes Welfare).

Shri Bholanath Sen, Minister-in-chrage of Public Works Department and Housing Department.

Minister of State

Shri Pradip Bhattacharyya, Minister of State for Department of Labour and Department of Closed and Sick Industries.

Shri Ananda Mohan Biswas, Minister of State for Department of Agriculture and community Development, Rural Water Supply Branch of Department of Health, Legislative Department and Judicial Department (excluding Waqf Branch).

Shri Prafullakanti Ghosh, Minister of State-in-charge of Department of Municipal Services, Department of Panchayats and Sports Branch of Department of Education.

Dr. Md. Fazle Haque, Minister of State for Home Department (excluding Transport, Jails, Tourism and Parliamentary Affairs Branches), Department of Development and Planning, Department of Information and Public Relations, Waqf Branch of Judicial Department and Youth Services Branch of Department of Education.

Shri Denis Lakra, Minister of State for Department of Relief and Welfare (including the Department of Refugee Relief and Rehabilitation and Department of Scheduled Castes and Tribes Welfare).

Shri Subrata Mukhopadhyay, Minister of State for Home Department (excluding Transport, Jails, Tourism and Parliamentary Affairs Branches), Department of Development and Planning, Department of Information and Public Relations, Waqf Branch of Judicial Department and Youth Services Branch of Department of Education.

Shri Gobinda Chandra Naskar, Minister of State for Department of Health (excluding Rural Water Supply Branch)

Shri Ramkrishna Saraogi, Minister of State for Public Works Department and Housing Department.

Shri Atish Chandra Sinha, Minister of State for Department of Public Undertakings and Department of Cottage and Small Scale Industries.

Deputy Ministers

Shrimati Amala Saren, Deputy Minister for Department of Education (excluding Youth Services and Sports Branches).

Shri Gajendra Gurung, Deputy Minister for Department of Commerce and Industries and Tourism Branch of Home Department.

Shri Suniti Chattaraj, Deputy Minister for Department of Irrigation and Waterways and Department of Power.

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

PRINCIPAL OFFICERS AND OFFICIALS

Speaker ... Shri Apurba Lal Majumdar.

Deputy Speaker ... Shri Haridas Mitra.

SECRETARIAT

Secretary ... Shri K. K. Moitra, M.A. (Cal.), LL.B. (London), Barrister-at-Law.

Deputy Secretary ... Shri A. K. Chunder, B.A. (Hons.) (Cal.), M.A.,LL.B. (Cantab), LL.B. (Dublin), Barrister-at-Law.

Deputy Secretary ... Shri Dhruba Narayan Banerjee, B.A., (Hons.), LL.B.

Deputy Secretary ... Shri Debavrata Chakravarthy, B.A.

Assistant Secretary ... Shri Nayan Gopal Chowdhury, B.A.

Assistant Secretary ... Shri Sankoriprosad Mukherjee, B.A.

Assistant Secretary ... Shri Asadur Rahman.

Assistant Secretary ... Shri Sailendra Nath Patra.

Registrar ... Shri Panchu Gopal Chatterjee.

Editor of Debates ... Shri Amiya Kumar Dutta.

'hief Reporter ... Shri S. K. Chatterjee, B.Com.

'rivate Secretary to the Speaker Shri Madhu Sudan Dey, B.A.

'rivate Secretary to the Deputy Speaker ... Shri Chandra Nath Bhowmick.

'ersonal Assistant to the Secretary Shri Shyamal Kumar Banerjee.

'ection Officers ... Shri Asim Kumar Adhya.

Shri Ganesh Chandra Das.

Shri Prasantakumar Maulik, B.Sc., LL.B.

English Reporters	...	Shri Himadri Bhusan Chatterjee, B.Com.
		Shri Prithwish Chandra Sen Gupta.
		Shri Jawhar Lal Dutt, B.Com.
		Shri Sailendra Mohan Chakrabarti.
		Shrimati Subrata Sen Gupta.
		Shri Shyamal Kumar Banerjee.
		Shri Parimal Kanti Ghosh.
		Shri Pulak Chandra Banerjee, B.A.
Bengali Reporters	...	Shri Arindam Ghosh.
		Shri Bimal Kanti Bera.
		Shri Prafulla Kumar Ganguli, B.Com.
		Shri Prabhat Chandra Bhattacharyya, B.A.
		Shri Abney Golam Akbar, B.A.
		Shri Manas Ranjan Das, B.Com.
		Shri Jagadish Chandra Biswas, B.A.
		Shri Swadhin Chatterjee.
		Shri Ranjit Kumar Basu, M.A., LL.B.
		Shri Tarak Nath Chatterjee.
		Shri Dhirendra Nath Bera.
Hindi Reporters	...	Shri Ram Naresh Tripathi.
Caretaker	...	Shri Gopal Chandra Ghatak.

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

Alphabetical List of Members

A

(1) Abdul Bari Biswas, Shri (54-Jalangi—Murshidabad)

(2) Abdur Rauf Ansari, Shri (144-Taltala—Calcutta)

(3) Abdur Razzak Molla, Shri (100-Bhangar—24-Parganas)

(4) Abdus Sattar, Shri (50-Lalgola—Murshidabad)

(5) Abedin, Dr. Zainal (30-Itahar—West Dinajpur)

(6) Abu Raihan Biswas, Shri (57-Hariharpara—Murshidabad)

(7) Abul Barkat Atawal Ghani Khan Chawdhury, Shri (44-Suzapur—Malda)

(8) Aich, Shri Triptimay (244-Hirapur—Burdwan)

(9) Ali Ansar, Shri (164-Kalyanpur—Howrah)

(10) Anwar Ali, Shri Sk. (158-Panchla—Howrah)

B

(11) Baidya, Shri Paresh Chandra [91-Gosaba (SC)—24-Parganas]

(12) Bandopadhayay, Shri Shib Sankar (66-Kaliganj—Nadia)

(13) Bandyopadhyay, Shri Ajit Kumar (252-Faridpur—Burdwan)

(14) Bandyopadhyay, Shri Sukumar (246-Baraboni—Burdwan)

(15) Banerjee, Shri Mrityunjoy (153-Howrah Central—Howrah)

(16) Banerjee, Shri Pankaj Kumar (139-Tollygunge—Calcutta)

(17) Banerjee, Shri Ramdas (245-Kulti—Burdwan)

(18) Bapuli, Shri Satya Ranjan (115-Patharprotima—24-Parganas)

(19) Bar, Shri Ram Krishna [108-Bishnupur East (SC)—24-Parganas]

(20) Basu, Shri Ajit Kumar (173-Singur—Hooghly)

(21) Basu, Shri Ajit Kumar (212-Kharagpur Local—Midnapore)

(22) Basu, Shri Chittaranjan (174-Haripal—Hooghly)

(23) Basu, Shri Lakshmi Kanta (138-Rashbehari Avenue—Calcutta)

(24) Bauri, Shri Durgadas [228-Raghunathpur (SC)—Purulia]

(25) Bera, Shri Rabindra Nath (205-Debra—Midnapore)

(26) Bera, Shri Sudhir (187-Daspur—Midnapore)

(27) Besra, Shri Manik Lal [232-Raipur (ST)—Bankura]

(28) Besterwitch, Shri A.H. [13-Madarihat (ST)—Jalpaiguri]

(29) Bhaduri, Shri Timir Baran (59-Beldanga—Murshidabad)

(30) Bharati, Shri Ananta Kumar [147-Beliaghata (North)—Calcutta]

(31) Bhattacharjee, Shri Keshab Chandra (81-Ashokenagar—24-Parganas)

(32) Bhattacharjee, Shri Sakti Kumar (77-Haringhata—Nadia)

(33) Battacharjee, Shri Shibapada (126-Baranagar—24-Parganas)

(34) Bhattacharjee, Shri Susanta (163-Bagnan—Howrah)

(35) Bhattacharya, Shri Narayan (11-Alipurduar—Jalpaiguri)

(36) Bhattacharyya, Shri Harasankar (270-Bolpur—Birbhum)

(37) Bhattacharyya, Shri Pradip (257-Burdwan South—Burdwan)

(38) Bhowmik, Shri Kanai (190-Moyna—Midnapore)

(39) Bijali, Dr. Bhupen (105-Maheshtola—24-Parganas)

(40) Biswas, Shri Ananda Mohan [72-Hanskhali (SC)—Nadia]

(41) Biswas, Shri Kartic Chandra (65-Tehatta—Nadia)

C

(42) Chaki, Shri Naresh Chandra (74-Ranaghat West—Nadia)

(43) Chakrabarti, Shri Biswanath (103-Behala West—24-Parganas).

(44) Chakravarty, Shri Gautam (39-Harishchandrapur—Malda)

(45) Chakravarty, Shri Bhabataran (240-Vishnupur—Bankura)

(46) Chatterjee, Shri Debabrata (9-Kumargram—Jalpaiguri)

(47) Chatterjee, Shri Gobinda (169-Uttarpara—Hooghly)

(48) Chatterjee, Shri Kanti Ranjan (82-Barasat—24-Parganas)

(49) Chatterjee, Shri Naba Kumar (261-Memari—Burdwan)

(50) Chatterjee, Shri Tapan (124-Panihati—24-Parganas)

(51) Chattaraj, Shri Suniti (274-Suri—Birbhum)

(52) Chattopadhyay, Dr. Sailendra (178-Pandua—Hooghly)

(53) Chattopadhyay, Shri Sukumar (259-Raina—Burdwan)

(54) Chowdhury, Shri Abdul Karim (25-Chopra—West Dinajpur)

D

(55) Das, Sri Barid Baran (129-Shyampukur—Calcutta)

(56) Das, Shri Bijoy (204-Pingla—Midnapore)

(57) Das, Shri Bimal (42-English Bazar—Malda)

(58) Das, Shri Jagadish Chandra (118-Bijpur—24-Parganas)

(59) Das, Shri Rajani [3-Cooch Behar West (SC)—Cooch Behar]

(60) Das, Shri Sarat [227-Para (SC)—Purulia]

(61) Das, Shri Sudhir Chandra (199-Contai South—Midnapur)

(62) Das Gupta, Dr. Santi Kumar (154-Howrah South—Howrah)

(63) Das Mohapatra, Shri Kamakhyanandan (198-Contai North—Midnapore)

(64) Daulat Ali, Shri Sheikh (110-Diamond Harbour—24-Parganas)

(65) De, Shri Asamanja (73-Santipur—Nadia)

(66) Deshmukh, Shri Nitai (223-Arsa—Purulia)

(67) Dey. Shri Tarapada (157-Jagatballavpur—Howrah)

(68) Dihidar, Shri Niranjan (247-Asansol—Burdwan)

(69) Doloi, Shri Rajani Kanta [206-Keshpur (SC)—Midnapore]

(70) Dolui, Shri Hari Sadhan [186-Ghatal (SC)—Midnapore]

(71) Duley, Shri Krishnaprasad [207-Garbeta East (SC)—Midnapore]

(72) Dutt, Dr. Ramendra Nath (28-Raiganj—West Dinajpur)

(73) Dutta, Shri Adya Charan (52-Nabagram—Murshidabad)

(74) Dutta, Shri Hemanta (200-Ramnagar—Midnapore)

E

(75) Ekramul Haque Biswas, Dr. (55-Domkal—Murshidabad)

F

(76) Fazle Haque, Dr. Md. (4-Sitai—Cooch Behar)

(77) Fulmali, Shri Lalchand [276-Mayureswar (SC)—Birbhum]

G

(78) Ganguly, Shri Ajit Kumar (79-Bongaon—24-Parganas)

(79) Gayen, Shri Lalit Mohan [98-Baruipur (SC)—24-Parganas]

(80) Ghiasuddin Ahmad, Shri (68-Chapra—Nadia)

(81) Ghosal, Shri Satya (185-Chandrakona—Midnapore)

(82) Ghose, Shri Sankar (134-Chowringhee—Calcutta)

(83) Ghosh, Shri Lalit Kumar (88-Basirhat—24-Parganas)

(84) Ghosh, Shri Nitai Pada (275-Mahammad Bazar—Birbhum)

(85) Ghosh, Shri Prafullakanti (128-Cossipur—Calcutta)

(86) Ghosh, Shri Rabindra (161-Uluberia South—Howrah)

(87) Ghosh, Shri Sisir Kumar (123-Khardah—24-Parganas)

(88) Ghosh, Shri Tarun Kanti (85-Habra—24-Parganas)

(89) Ghosh Maulik, Shri Sunil Mohan (62-Barwan—Murshidabad)

(90) Golam Mahiuddin, Shri (279-Nalhati—Birbhum)

(91) Goswami, Shri Paresh Chandra (263-Nadanghat—Burdwan)

(92) Goswami, Sambhu Narayan (239-Onda—Bankura)

(93) Gurung, Shri Gajendra (20-Kalimpong—Darjeeling)

(94) Gurung, Shri Nandalal (22-Jorebunglow—Darjeeling)

(95) Gyan Singh Sohanpal, Shri (211-Kharagpur—Midnapur)

H

(96) Habibur Rahaman, Shri (48-Jangipur—Murshidabad)

(97) Hajra, Shri Basudeb [182-Khanakul (SC)—Hooghly]

(98) Halder, Shri Birendra Nath [114-Mathurapur (SC)—24-Parganas]

(99) Halder, Shri Harendra Nath [61-Khargram (SC)—Murshidabad]

(100) Halder, Shri Kansari [99-Sonarpur (SC)—24-Parganas]

(101) Halder, Shri Manoranjan [111-Magrahat East (SC)—24-Parganas]

(102) Hatui, Shri Ganesh (167-Jangipara—Hooghly)

(103) Hazra, Shri Haran [159-Sankrail (SC)—Howrah]

(104) Hembram, Shri Shital Chandra [220-Banduan (ST)—Purulia]

(105) Hembrom, Shri Benjamin [37-Gajol (ST)—Malda]

(106) Hembrom, Shri Patrash [35-Tapan (ST)—West Dinajpur]

(107) Hembram, Shri Kamala Kanta (235-Chhatna—Bankura)

I

(108) Isore, Shri Sisir Kumar [8-Tufangunj (SC)—Cooch Behar]

J

(109) Jana, Shri Amalesh (196-Bhagabanpur—Midnapur)

(110) Jerat Ali, Shri (46-Farakka—Murshidabad)

K

(111) Kar, Shri Sunil (6-Cooch Behar North—Cooch Behar)

(112) Karan, Shri Rabindra Nath [193-Sutahata (SC)—Midnapur]

(113) Karar, Shri Saroj Ranjan (166-Udainarayanpur—Howrah)

(114) Khan, Shri Gurupada [243-Sonamukhi (SC)—Bankura]

(115) Khan, Nasiruddin, Shri (56-Naoda—Murshidabad)

(116) Khan Samsul Alam, Shri (201-Egra—Midnapur)

(117) Kolay, Shri Akshay Kumar (241-Katulpur—Bankura)

L

(118) Lahiri, Shri Somnath (140-Dhakuria—Calcutta)

(119) Lakra, Shri Denis [10-Kalchini (ST)—Jalpaiguri]

(120) Lohar, Shri Gour Chandra [234-Indpur (SC)—Bankura]

M

(121) M. Shaukat Ali, Shri (84-Deganga—24-Parganas)

(122) Mahabubul Haque, Shri (38-Kharba—Malda)

(123) Mahanti, Shri Pradyot Kumar (214-Dantan—Midnapur)

(124) Mahapatra, Shri Harish Chandra (217-Gopiballavpur—Midnapur)

(125) Mahata, Shri Kinkar (224-Jhalda—Purulia)

(126) Mahata, Shri Thakurdas (209-Salbani—Midnapur)

(127) Mahato, Shri Madan Mohan (229-Kashipur—Purulia)

(128) Mahato, Shri Ram Krishna (225-Jaipur—Purulia)

(129) Mahato, Shri Satadal (230-Hura—Purulia)

(130) Mahato, Shri Sitaram (221-Manbazar—Purulia)

(131) Maiti, Shri Braja Kishore (213-Narayangarh—Midnapur)

(132) Maitra, Shri Kashi Kanta (71-Krishnagar East—Nadia)

(133) Maity, Shri Prafulla (203-Pataspur—Midnapur)

(134) Majhi, Shri Rup Singh [222-Balarampur (ST)—Purulia]

(135) Maji, Shri Saktipada [236-Gangajalghati (SC)—Bankura]

(136) Majumdar, Shri Apurba Lal [78-Bagdaha (SC)—24-Parganas]

(137) Majumdar, Shri Bhupati (175-Chinsurah—Hooghly)

(138) Majumdar, Shri Indrajit (102-Behala East—24-Parganas)

(139) Mal, Shri Dhanapati [278-Hassan (SC)—Birbhum]

(140) Malik, Shri Sridhar [253-Ausgram (SC)—Burdwan]

(141) Malla Deb, Shri Birendra Bijoy (218-Jhargram—Midnapore)

(142) Mandal, Shri Arabinda (64-Karimpur—Nadia)

(143) Mandal, Shri Jokhi Lal (43-Manickchak—Malda)

(144) Mandal, Shri Nrisinha Kumar [49-Sagardighi (SC)—Murshidabad]

(145) Mandal, Shri Prabhakar [268-Keturam (SC)—Burdwan]

(146) Mandal, Shri Prabhonjan Kumar (117-Sagore—24-Parganas)

(147) Mazumder, Shri Dinesh (101-Jadavpur—24-Parganas)

(148) Md. Safiullah, Shri (168-Chanditala—Hooghly)

(149) Md. Shamsuzzoha, Shri (140-Vidyasagar—Calcutta)

(150) Medda, Shri Madan Mohan [184-Goghat (SC)—Hooghly]

(151) Misra, Shri Ahindra (192-Mahisadal—Midnapore)

(152) Misra, Shri Chandra Nath (86-Swarupnagar—24-Parganas)

(153) Misra, Shri Kashinath (238-Bankura—Bankura)

(154) Mitra, Shri Chandipada (80-Gaighata—24-Parganas)

(155) Mitra, Shri Haridas (76-Chakdaha—Nadia)

(156) Mitra, Shrimati Ila (148-Manicktala—Calcutta)

(157) Mitra, Shri Somendra Nath (145-Sealdah—Calcutta)

(158) Mohammad Dedar Baksh, Shri (51-Bhagabangola—Murshidabad)

(159) Mohamad Idris Ali, Shri (53-Murshidabad—Murshidabad)

(160) Mohanta, Shri Bijoy Krishna [16-Mainaguri (SC)—Jalpaiguri]

(161) Moitra, Shri Arun Kumar (23-Siliguri—Darjeeling)

(162) Mojumdar, Shri Jyotirmoy (267-Mongalkot—Burdwan)

(163) Molla Tasmatulla, Shri (89-Hasnabad—24-Parganas)

(164) Mondal, Shri Aftabuddin (165-Amta—Howrah)

(165) Mondal, Shri Amarendra Nath [249-Jamuria (SC)—Burdwan]

(166) Mondal, Shri Anil Krishna [90-Hingalganj (SC)—24-Parganas]

(167) Mondal, Shri Gopal [250-Ukhra (SC)—Burdwan]

(168) Mondal, Shri Raj Kumar [160-Uluberia North (SC)—Howrah]

(169) Mondal, Shri Santosh Kumar [113-Kulpi (SC)—24-Parganas]

(170) Mondal, Shri Khagendra Nath [83-Rajarhat (SC)—24-Parganas]

(171) Moslehuddin Ahmed, Shri (32-Gangarampur—West Dinajpur)

(172) Motahar Hossain, Dr. (280-Murarai—Birbhum)

(173) Mukhapadhya, Shri Tarapado (119-Naihati—24-Parganas)

(174) Mukherjee, Shri Bhabani Sankar (151-Bally—Howrah)

(175) Mukherjee, Shri Ananda Gopal (251-Durgapur—Burdwan)

(176) Mukherjee, Shri Bhabani (172-Chandernagore—Hooghly)

(177) Mukherjee, Shri Biswanath (210-Midnapore—Midnapore)

(178) Mukherjee, Shri Mahadeb (181-Pursurah—Hooghly)

(179) Mukherjee, Shri Mrigendra (155-Shibpur—Howrah)

(180) Mukherjee, Shri Sanat Kumar (226-Purulia—Purulia)

(181) Mukherjee, Shri Sibdas (70-Krishnagar West—Nadia)

(182) Mukherjee, Shri Subrata (266-Katwa—Burdwan)

(183) Mukherji, Shri Ajoy Kumar (191-Tamluk—Midnapore)

(184) Mukhopadhaya, Shri Subrata (141-Ballygunge—Calcutta)

(185) Mukhopadhyaya, Shrimati Geeta (189-Panskura East—Midnapore)

(186) Mukhopadhyaya, Shri Girija Bhusan (171-Champdani—Hooghly)

(187) Mundle, Shri Sudhendu (112-Magrahat West—24-Parganas)

(188) Murmu, Shri Rabindra Nath [36-Habibpur (ST)—Malda]

N

(189) Nag, Dr. Gopal Das (170-Serampore—Hooghly)

(190) Nahar, Shri Bijoy Singh (133-Bowbazar—Calcutta)

(191) Naskar, Shri Arabinda [96-Kultali (SC)—24-Parganas]

(192) Naskar, Shri Gobinda Chandra [95-Canning (SC)—24-Parganas]

(193) Nasker, Shri Ardhendu Sekhar [142-Beliaghata South (SC)—Calcutta]

(194) Nurul Islam Molla, Shri (262-Kalna—Burdwan)

(195) Nurunnesa Sattar, Shrimati (265-Purbasthali—Burdwan)

O

(196) Obaidul Ghani, Dr. Abu Asad Mohammed (143-Entally—Calcutta)

(197) Omar Ali, Dr. (188-Panskura West—Midnapore)

(198) Oraon, Shri Prem [15-Nagrakata (ST)—Jalpaiguri]

P

(199) Paik, Shri Bimal [197-Khajuri (SC)—Midnapore]

(200) Palit, Shri Pradip Kumar (125-Kamarhati—24-Parganas)

(201) Panda, Shri Bhupal Chandra (194-Nandigram—Midnapur)

(202) Panja, Shri Ajit Kumar (149-Burtala—Calcutta)

(203) Parui, Shri Mohini Mohon (109-Falta—24-Parganas)

(204) Patra, Shri Kashinath [179-Dhaniakhali (SC)—Hooghly]

(205) Paul, Shri Bhawani (14-Dhupguri—Jalpaiguri)

(206) Paul, Shri Sankar Das (58-Berhampore—Murshidabad)

(207) Poddar, Shri Deokinandan (131-Jorasanko—Calcutta)

(208) Pramanick, Shri Gangadhar [93-Haroa (SC)—24-Parganas]

(209) Pramanik, Shri Monoranjan [258-Khandaghosh (SC)—Burdwan]

(210) Pramanik, Shri Puranjoy [260-Jamalpur (SC)—Burdwan]

Q

(211) Quazi Abdul Gaffar, Shri (87-Baduria—24-Parganas)

R

(212) Rai, Shri Deo Prakash (21-Darjeeling—Darjeeling)

(213) Ram, Shri Ram Peyare (135-Kabitirtha—Calcutta)

(214) Ray, Shri Debendra Nath [29-Kaliaganj (SC)—West Dinajpur]

(215) Ray, Shri Siddhartha Shankar (41-Malda—Malda)

(216) Roy, Shri Ananda Gopal (277-Rampurhat—Birbhum)

(217) Roy, Shri Aswini Kumar (255-Galsi—Burdwan)

(218) Roy, Shri Birendra Nath [2-Mathabhanga (SC)—Cooch Behar]

(219) Roy, Shri Bireswar (34-Balurghat—West Dinajpur)

(220) Roy, Shri Haradhan (248-Raniganj—Burdwan)
(221) Roy, Shrimati Ila (130-Jorabagan—Calcutta)
(222) Roy, Jagadananda [12-Falakata (SC)—Jalpaiguri]
(223) Roy, Shri Jatindra Mohan [31-Kushmandi (SC)—West Dinajpur]
(224) Roy, Shri Krishna Pada (156-Domjur—Howrah)
(225) Roy, Shri Madhu Sudan [1-Mekliganj (SC)—Cooch Behar]
(226) Roy, Shri Mrigendra Narayan [19-Rajganj (SC)—Jalpaiguri]
(227) Roy, Shri Provash Chandra (107-Bishnupur West—24-Parganas)
(228) Roy, Shri Santosh Kumar (7-Cooch Behar South—Cooch Behar)
(229) Roy, Shri Saroj (208-Garbeta West—Midnapur)
(230) Roy, Shri Suvendu (121-Noapara—24-Parganas)
(231) Roy Barman, Shri Khitibhusan (106-Budge Budge—24-Parganas)

S

(232) Saha, Shri Dulal [269-Nanur (SC)—Birbhum]
(233) Saha, Dwija Pada [273-Rajnagar (SC)—Birbhum]
(234) Saha, Shri Nirad Kumar (97-Joynagar—24-Parganas)
(235) Saha, Shri Radha Raman (69-Nabadwip-Nadia)
(236) Sahoo, Shri Prasanta Kumar (202-Mugberia—Midnapur)
(237) Sajjad Hussain, Shri Haji (27-Karandighi—West Dinajpur)
(238) Samanta, Shri Saradindu (195-Narghat—Midnapur)
(239) Samanta, Shri Tuhin Kumar (264-Monteswar—Burdwan)
(240) Santra, Shri Sanatan [242-Indas (SC)—Bankura]
(241) Saraogi, Shri Ramkrishna (132-Barabazar—Calcutta)
(242) Saren, Shrimati Amala [233-Ranibandh (ST)—Midnapur]
(243) Saren, Shri Dasarathi [216-Nayagram (ST)—Midnapur]
(244) Sarkar, Shri Biren [177-Balagarh (SC)—Hooghly]
(245) Sarkar, Shri Jogesh Chandra (5-Dinhata—Cooch Behar)
(246) Sarkar, Dr. Kanai Lal (136-Alipore—Calcutta)
(247) Sarkar, Shri Nil Kamal [67-Nakashipara (SC)—Nadia]
(248) Sarkar, Shri Nitaipada [75-Ranaghat East (SC)—Nadia]
(249) Sau, Shri Sachinandan (272-Dubrajpur—Birbhum)
(250) Sautya, Shri Basudeb (116-Kakwip—24-Parganas)
(251) Sen, Dr. Anupam (18-Jalpaiguri—Jalpaiguri)
(252) Sen, Shri Bholanath (254-Bhatar—Burdwan)
(253) Sen, Shri Prafulla Chandra (183-Arambagh—Hooghly)
(254) Sen, Shri Sisir Kumar (162-Shyampur—Howrah)

(255) Sen Gupta, Shri Kumardipti (63-Bharatpur—Murshidabad)
(256) Shamsuddin Ahmad, Shri (45-Kaliachak—Malda)
(257) Sharafat Hussain, Shri Sheikh (26-Goalpokhar—West Dinajpur)
(258) Sheth, Shri Balai Lal (180-Tarakeswar—Hooghly)
(259) Shish Mohammad, Shri (47-Suti—Murshidabad)
(260) Shukla, Shri Krishna Kumar (122-Titagarh—24-Parganas)
(261) Singh, Shri Chhedi Lal (104-Garden Reach—24-Parganas)
(262) Singh, Shri Lal Bahadur (127-Dum Dum—24-Parganas)
(263) Singh, Shri Satyanarayan (120-Bhatpara—24-Parganas)
(264) Singhababu, Shri Phani Bhushan (231-Taldangra—Bankura)
(265) Singh Roy, Shri Probodh Kumar (33-Kumarganj—West Dinajpur)
(266) Sinha, Shri Atish Chandra (60-Kandi—Murshidabad)
(267) Sinha, Shri Debendra Nath [92-Sandesh Khali (ST)—24-Parganas)
(268) Sinha, Shri Niren Chandra (40-Ratua—Malda)
(269) Sinha, Shri Nirmal Krishna (271-Labhpur—Birbhum)
(270) Sinha, Shri Panchanan (94-Basanti—24-Parganas)
(271) Sinha Roy, Shri Bhawani Prosad (176-Polba—Hooghly)
(272) Soren, Shri Jairam [219-Binpur (ST)—Midnapore]
(273) Sur, Shri Ganapati (150-Belgachia—Calcutta)

T

(274) Ta, Shri Kashinath (256-Burdwan North—Burdwan)
(275) Talukdar, Shri Rathin (137-Kalighat—Calcutta)
(276) Tewary, Shri Sudhangshu Sekhar (237-Barjora—Bankura)
(277) Tirkey, Shri Iswar Chandra [24-Phansidewa (ST)—Darjeeling]
(278) Topno, Shri Antoni [17-Mal (ST)—Jalpaiguri]
(279) Tudu, Shri Budhan Chandra [215-Keshiary (ST)—Midnapore]

W

(280) Wilson-de Roze, Shri George Albert (281-Nominated)
(281) Vacant (152-Howrah North—Howrah)

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Wednesday, the 7th March, 1973, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 13 Ministers, 6 Ministers of State, 3 Deputy Ministers and 158 Members.

[1-00—1-10 p.m.]

Mr. Speaker: Honourable Members, if any of you have not yet made an oath or affirmation of allegiance, you may kindly do so.

(There was none to take oath.)

Starred Questions

(to which oral answers were given)

মুগা চাষ

*৪১৯। (অনুমোদিত প্রশ্ন নং *২১।) **শ্রীমহম্মদ সফিউল্লাঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কোন্ কোন্ জেলায় মুগার চাষ হয়;

(খ) মুগা চাষের জন্য কোন্ গাছকে বেছে নেওয়া হয়; এবং

(গ) ১৯৭০ সালের জানুয়ারী হইতে ১৯৭২ সালের ৩১এ ডিসেম্বর পর্যন্ত পশ্চিমবঙ্গে মুগা উৎপন্নের পরিমাণ কত?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ (ক) পশ্চিমবঙ্গে মুগার চাষ হয় না।

(খ) সাধারণতঃ সোম ও সোয়ালু গাছে চাষ করা হয়। এই গাছ আসামের ব্রহ্মপুত্র উপত্যকা ব্যতীত আর কোথাও জন্মে না।

(গ) এ প্রশ্ন উঠে না।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই রাজ্যে মুগার চাহিদা কত এবং কোথা থেকে এই চাহিদা পূরণ করা হয়?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ যে জিনিস আমাদের এখানে হয় না তার চাহিদা সম্পর্কে আমি কিছু বলতে পারছি না। আপনি যদি আলাদা প্রশ্ন করেন, তা হ'লে আমি জেনে বলতে পারি।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ চাহিদা নিশ্চয়ই আছে, কারণ আপনি বোধ হয় জানেন এটা ফিসিং আর্টিকেল, ফিসিং গ্রেড-এ এটা ব্যবহৃত হয়। এই মুগা আর কোন্ কোন্ কুটির শিল্পে ব্যবহৃত হয় জানাবেন কি?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ কোন্ কোন্ কুটির শিল্প মানে?

শ্রীমহম্মদ সফিউল্লাঃ পশ্চিমবাংলায় মুগা চাষের জন্য কোন সরকারী প্রচেষ্টা হয়েছিল কি না এবং যদি না হয়ে থাকে তা হ'লে সরকার পরীক্ষামূলকভাবে চাষ করবার ব্যবস্থা করবেন কি না?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ স্যার, দিস্ ইজ এ রিকোয়েস্ট ফর অ্যাকসন।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ স্যার, দি কোশ্চেন ওয়াস নট প্রপার্লি অ্যানসার্ড। মন্ত্রিমহাশয় নিশ্চয়ই স্বীকার করবেন, এই জিনিসের চাহিদা আছে। আমি জানতে চাই, এটা যখন শিল্পে ব্যবহৃত হয় তখন এটা কোথা থেকে আসে এবং কিভাবে এর চাহিদা পূরণ হয়?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ আসামের ব্রহ্মপুত্র উপত্যকায় তৈরি হয় এবং চাহিদা হ'লে সেখান থেকে এখানে আসে।

শ্রীনিতাইপদ সরকারঃ পশ্চিমবাংলা কি এই চাষের পক্ষে অনুপযুক্ত?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ যতদূর জানি তাই।

শ্রীঅশ্বিনী রায়ঃ মুগার চাষের জন্য বিভিন্ন জেলায় সয়েল টেস্ট ক'রে এই সিদ্ধান্তে কি এসেছে যে, পশ্চিমবাংলায় এটা হতে পারে না?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ এই প্রশ্নের জবাব এখন দেওয়া সম্ভব নয়। আপনি যদি আলাদা প্রশ্ন করেন, তা হ'লে আমি জবাব দেবার চেষ্টা করব।

শ্রীঅশ্বিনী রায়ঃ আপনি আগে বললেন হতে পারে না। আমি জানতে চাচ্ছি, এই না হবার বৈজ্ঞানিক কারণগুলি কি, জেলায় জেলায় মাটি পরীক্ষা ক'রে দেখেছেন কি এবং না হবার কারণ সম্বন্ধে কি রিপোর্ট আছে?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ আমার কাছে এখন কিছু নেই। আপনি যদি জানতে চান, তা হ'লে আমি জানাতে পারি।

ফারাক্কার জল

*৪২০। (অনুমোদিত প্রশ্ন নং *৩২৮।) **শ্রীনিতাইপদ সরকারঃ** সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের জন্য ফারাক্কা হইতে মোট কত পরিমাণ জল পাওয়ার সম্ভাবনা আছে; এবং

(খ) উক্ত ফারাক্কা জল হইতে জলসেচের কি কি পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে?

শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরীঃ (ক) ফরাক্কা বাঁধ প্রকল্পের কাজ শেষ হইলে পশ্চিমবঙ্গের জন্য ৪০,০০০ কিউসেক পরিমিত জল পাওয়ার কথা আছে।

(খ) উক্ত প্রকল্প হইতে প্রাপ্ত জল দ্বারা কোন সেচ পরিকল্পনা সরকারের বিবেচনাধীন নাই। সমস্ত জলই কলিকাতা বন্দরের উন্নতির জন্য ব্যবহৃত হইবে।

শ্রীনিতাইপদ সরকারঃ মাননীয় মন্ত্রিমহাশয় যে বললেন যে, ৪০ হাজার কিউসেক জল দেবার কথা হয়েছে, এটা কি কোন সরকারী লেবেলে সিদ্ধান্ত নেওয়া হয়েছে কি?

শ্রী এ বি এ গনি খাঁন চৌধুরীঃ হ্যাঁ, সিদ্ধান্ত হয়েছে। আমরা ঠিক করেছি, সমস্ত কাজ হয়ে গেলে ৪০ হাজার কিউসেক জল আমরা পাব, এটা সেন্ট্রাল গভর্নমেন্ট এগ্রি করেছেন, এবং এই নিয়ে আর কোন দ্বিমত নেই।

শ্রীনিতাইপদ সরকারঃ এই জল সংবৎসরে এই ৪০ হাজার কিউসেক পাবো তো?

শ্রী এ বি এ গনি খাঁন চৌধুরীঃ বর্ষাকালে তো গঙ্গায় প্রচুর জল থাকে, সুতরাং দি কোশ্চেন ডাজ নট অ্যারাইজ। গ্রীষ্মকালে জল দেবার ব্যাপারে যে কন্ট্রোভার্সি ছিল সেটা শেষ হয়েছে। পাঁচ বছর ধ'রে সেন্ট্রাল গভর্নমেন্ট এগ্রি করেছেন যে, একটা টিম তৈরি করা হয়েছে, সেখানে সেন্ট্রাল গভর্নমেন্ট-এর লোক থাকবে, আমাদের লোক থাকবে। পাঁচ বছর ধ'রে আমরা দেখব যে, ৪০ হাজার কিউসেক জল দেবার পর কি অবস্থা হয়, সত্যি সত্যি ৪০ হাজার কিউসেক জলের দরকার, না তার কম দরকার, না তার বেশী দরকার।

শ্রীনিতাইপদ সরকারঃ এই জল থেকে আপনাদের কোন সেচের প্রকল্প নাই, এই জল থেকে কি সেচের প্রকল্প করার কোন সম্ভাবনা আছে?

শ্রী এ বি এ গনি খাঁন চৌধুরীঃ হবে না আমি বলতে পারি না, তবে বর্তমানে কোন প্রকল্প নাই।

শ্রীঅশ্বিনী রায়ঃ আপনি বললেন যে, ৪০ হাজার কিউসেক জল পাবার কথা হয়ে গেছে, আপনি কি জানেন যে, গঙ্গা-কাবেরী পরিকল্পনা একটা আছে সেটা বোধ হয় চালু হবে, সেটা চালু হলে এই ৪০ হাজার কিউসেক জল দেওয়া সম্ভবপর হবে কি?

Mr. Speaker: This is hypothetical. So I disallow the question.

একচেটিয়া কারবারী তদন্ত কমিশনের রিপোর্ট

*৪২২। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৮।) **শ্রীভবানীপ্রসাদ সিংহরায়ঃ** বাণিজ্য এবং শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্ব জানাইবেন কি—

(ক) একচেটিয়া কারবারী তদন্ত কমিশনের (১৯৬৫) রিপোর্টে দেশের প্রধান প্রধান কারবারী গোষ্ঠির কতজনের প্রধান কর্মকেন্দ্র পশ্চিমবাংলায় এবং ই'হাদের বিনিয়োগকৃত মূলধনের পরিমাণ কত;

(খ) এই রিপোর্টের পর পশ্চিমবাংলায় ই'হাদের কারবারের কোন সম্প্রসারণ হইয়াছে কিনা;

(গ) হইলে, কাহাদের হইয়াছে এবং তাঁহাদের সম্প্রসারণে ৩১এ ডিসেম্বর, ১৯৭২ পর্যন্ত কত অর্থ বিনিয়োগ করা হইয়াছে; এবং

(ঘ) একচেটিয়া কারবারীদের এই রাজ্যে মূলধন বিনিয়োগ করার জন্য রাজ্যসরকার কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কি?

শ্রীতরুণকান্তি ঘোষঃ (ক) ১৬টি। ইহাদের দ্বারা পশ্চিমবঙ্গে বিনিয়োগের পরিমাণ সরকারের সঠিক জানা নাই।

(খ) ইহাদের দ্বারা পশ্চিমবঙ্গে নূতন মূলধন বিনিয়োগের তথ্য সরকারের কাছে নাই।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) এই ব্যাপারে রাজ্যসরকার ভারত সরকারের ঘোষিত শিল্পনীতিকে অনুসরণ করিতেছেন।

শ্রীভবানীপ্রসাদ সিংহরায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে, এই একচেটিয়া কারবারীরা কতজন এখানে আছে?

শ্রীতরুণকান্তি ঘোষঃ আমি তো বলেছি ১৬টি।

শ্রীভবানীপ্রসাদ সিংহরায়ঃ এই ১৬ জনের মধ্যে ১৯৬৬ সাল থেকে এরা কোন নতুন ক'রে কারবারের লাইসেন্স পেয়েছিল কি না?

শ্রীতরুণকান্তি ঘোষঃ যতদূর জানা গেছে এদের এক্সপ্যানশান এক্সিজিস্টিং ল তে পড়ে গিয়েছে, তাতে নতুন ক'রে কোন লাইসেন্স পান নি। কিন্তু তারা এক্সপ্যানশান করতে পারে এক্সিজিস্টিং কারখানায়, সেটায় হয়ত কিছু ক'রে থাকতে পারে, কিন্তু কোথায় কত টাকা এরা মূলধন নিয়োগ করেছেন সে তথ্য এখানে আমার কাছে নাই।

শ্রীভবানীপ্রসাদ সিংহরায়ঃ এই কারবারীদের মধ্যে ২৪ জন পশ্চিম বাংলার বাহিরে সম্প্রসারণের কোন সুযোগ পেয়েছেন?

শ্রীতরুণকান্তি ঘোষঃ এটা খোঁজ নিয়ে বলতে হবে। কারণ ভারত সরকারের নীতি সারা ভারতবর্ষে প্রযোজ্য।

শ্রীভবানীপ্রসাদ সিংহরায়ঃ এই ১৬ জনের নাম বলতে পারেন?

শ্রীতরুণকান্তি ঘোষ : এখানে আমার কাছে নাই, তবে নোটিশ দিলে বলতে পারব।

শ্রীভবানীপ্রসাদ সিংহরায় : মনোপলি কমিশনের রিপোর্টের পর সম্প্রসারণ যদি বন্ধ হয়, তা হ'লে সেই সময়ে কত অর্থ বিনিয়োগ এখানে করা হয়েছিল এবং কতটা সারকুলেশান ক্যাপিটাল রোল করেছে এবং সেটার জায়গায় যদি কোন সম্প্রসারণ না হয়ে থাকে, তা হ'লে সেই জায়গায় পাবলিক সেক্টারে ইনভেস্টমেন্ট কত হয়েছে এটা বলতে পারেন ?

শ্রীতরুণকান্তি ঘোষ : আপনি আলাদা কোশ্চেন দেবেন, তা হ'লে উত্তর দিতে পারব।

দার্জিলিং পার্বত্য অঞ্চল উন্নয়ন বোর্ড

*৪২৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪২৬।) **শ্রীঅশ্বিনী রায় :** উন্নয়ন ও পরিকল্পনা (পার্বত্য বিষয়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে দার্জিলিং পার্বত্য অঞ্চল উন্নয়ন বোর্ড গঠনের কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, উক্ত প্রকল্পের বিবরণ এবং চালুর সম্ভাব্য সময় ?

শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী : (ক) পশ্চিমবঙ্গ সরকার দার্জিলিং জেলার পার্বত্য অঞ্চলের উন্নয়ন কার্যে সমন্বয়সাধন ও উন্নয়ন প্রকল্পের রূপায়ণ ত্বরান্বিত করার উদ্দেশ্যে "দার্জিলিং পার্বত্য অঞ্চল উন্নয়ন উপদেষ্টা কমিটি" গঠন করিয়াছেন।

(খ) সেচ, বিদ্যুৎ এবং পার্বত্য অঞ্চল উন্নয়নের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয়ের সভাপতিত্বে তেইশ জন সদস্য লইয়া এই কমিটি গঠিত হইয়াছে এবং কমিটি ইতিমধ্যে কাজ আরম্ভ করিয়াছেন।

[1-10—1-20 p.m.]

শ্রীঅশ্বিনী রায় : স্যার, এটার জবাব টেবিলে নাই। এই যে উন্নয়ন বোর্ড যেটা হ'ল, এর ভারপ্রাপ্ত মন্ত্রী কে ?

শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী : দার্জিলিং হিল অ্যাফেয়ার্সের মিনিস্টার। আই মাইসেলফ অ্যাম দি মিনিস্টার-ইন-চার্জ।

শ্রীঅশ্বিনী রায় : এই উন্নয়ন বোর্ডের অধিকার কি কি, কি কি কাজ এই বোর্ড করবে ?

Shri Abul Barkat Atawal Chani Khan Chowdhury: This is an advisory body. The primary object of this Board is to give advice in the matter of implementing the schemes which will be undertaken.

শ্রীঅশ্বিনী রায় : এই বোর্ডের কি পার্বত্য অঞ্চলের ইকনমিক ডেভেলপমেন্ট এবং ভাষার অর্থাৎ কালচারাল অ্যান্ড ইকনমিক ডেভেলপমেন্টের সম্পর্কে পরামর্শ দেবার ক্ষমতা আছে ?

Shri Abul Barkat Atawal Chani Khan Chowdhury: The scope is very limited here. In implementing certain schemes certain problems crop up and the purpose of the Board is to advise the department concerned how to implement the schemes and also to tell people with regard to development work in the hills. Beyond that there is no scope.

শ্রীঅশ্বিনী রায় : পার্বত্য অঞ্চলে ভাষার ব্যাপারে একটা চাঞ্চল্য আছে, সে সম্পর্কে কোন কিছু করার জন্য এই বোর্ডকে স্ট্যাটুটারি পাওয়ার দেবার কথা কি ভাবছেন ?

Shri Abul Barkat Atawal Chani Khan Chowdhury: We do not have any other scheme like that at the present moment.

শ্রীঅশ্বিনী রায়ঃ ভবিষ্যতে কি আলোচনা করবেন?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury: I don't know that.

আসানসোল ব্লকের গ্রাম বৈদ্যুতিকরণ

*৪২৪। (অনুমোদিত প্রশ্ন নং *৭০৭।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, আসানসোল ব্লকের অধীনস্থ গ্রামসমূহে গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজ বিন্দুমাত্রও অগ্রসর হয় নাই;

(খ) সত্য হইলে, উক্ত ব্লকের অধীনস্থ গ্রামসমূহে বৈদ্যুতিকরণের কাজ বিলম্বিত হওয়ার কারণ কি; এবং

(গ) আসানসোল শহরের নিকটবর্তী গাড়ুই, গোবিন্দপুর, কুমারপুর, পলাসডিহা, শীতলা, উত্তরধাদকা, মৌজুড়ি, বনসরাকডি, কাল্লা, সাতপুখুরিয়া, পাঁচগাছিয়া, কন্যাপুর, মনোহরবহাল, মরিচকোঠা প্রভৃতি গ্রামে এখনও পর্যন্ত বিদ্যুৎ সরবরাহ না করার কারণ কি?

Mr. Speaker: The question is held over.

কল্যাণী স্পিনিং মিলে লোক নিয়োগ

*৪২৫। (অনুমোদিত প্রশ্ন নং *৮১৩।) **শ্রীনরেশচন্দ্র চাকীঃ** সরকারী সংস্থা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১-৪-৭২ তারিখ হইতে ১৬-২-৭৩ তারিখের মধ্যে কল্যাণী স্পিনিং মিলে মোট কত লোক নিয়োগ করা হইয়াছে;

(খ) কি ভাবে ইহাদের নিয়োগ করা হইয়াছে; এবং

(গ) তন্মধ্যে নদীয়া ও ২৪-পরগনা জেলার কোন্ থানার কতজন নিযুক্ত হইয়াছে?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ (ক) এই সময়ের মধ্যে মিলে নিম্নে বর্ণিত বিভিন্ন শ্রেণীর ৬ জন লোককে নিয়োগ করা হয়ঃ

(১) কল্যাণী ও হাবড়া মিলের ম্যানেজার ... ২ জন

(২) অদক্ষ বদলী শ্রমিক ... ৪ জন

মোট ... ৬ জন

(খ) হাবড়া মিলের ম্যানেজারের পদ আনন্দবাজার, স্টেটসম্যান ও টাইমস অব ইন্ডিয়া পত্রিকায় বিজ্ঞাপিত হয়। বোর্ড অব ডাইরেক্টার কর্তৃক গঠিত ইন্টারভিউ কমিটি পরীক্ষান্তে আবেদনকারীদের একজনকে ম্যানেজার পদের জন্য নির্বাচিত করেন। পশ্চিমবঙ্গ সরকারের অনুমতি লইয়া নির্বাচিত ব্যক্তিকে ম্যানেজারের পদে নিযুক্ত করা হয়।

কল্যাণী মিলের ম্যানেজারকে কোম্পানীর আর্টিকলস্ অব অ্যাসোসিয়েশনের ১১৯ ধারা মতে পশ্চিমবঙ্গ সরকারের আদেশ অনুযায়ী নিয়োগ করা হয়।

অদক্ষ ৩ জন বদলী শ্রমিক কর্মরত অবস্থায় মৃত শ্রমিকদের বিধবা স্ত্রী তাহারা চাকরির জন্য দরখাস্ত করে ও মৃত স্বামীর শূন্যপদের পরিপ্রেক্ষিতে তাহাদের চাকরি দেওয়া হয়। আর একজন অদক্ষ শ্রমিককে মানবতার খাতিরে বদলী হিসাবে রাখা হইয়াছে। কারণ একমাত্র উপার্জনক্ষম পুত্র পার্শ্ববর্তী ইনচেক ফ্যাক্টরীর সামনে এক ঘটনায় গুলিবিদ্ধ হইয়া মারা যায়।

(গ)

জেলা	থানা	সংখ্যা
নদীয়া	কল্যাণী	১
২৪-পরগনা	বীজপুর	৩

শ্রীনরেশচন্দ্র চাকী: আমাদের কাছে খবর আছে ক্যাজুয়েল লেবার হিসাবে এই মিলে বেশ কিছুসংখ্যক নিয়োগ করা হয়েছে—এই সম্পর্কে মন্ত্রিমহাশয় কিছু জানেন কি?

শ্রীঅতীশচন্দ্র সিংহ: ৭ এবং ৮ তারিখে সরস্বতী পূজো উপলক্ষ্যে ছুটির দিনে মিল চালু যাতে থাকে তার জন্য ১১২ জন ক্যাজুয়েল শ্রমিককে নিয়োগ করা হয়েছিল এবং তারা দু'দিনই কাজ করেছিল।

শ্রীনরেশচন্দ্র চাকী: এই মিল অদূর ভবিষ্যতে আরও বৃদ্ধি করার পরিকল্পনা আছে কি?

Mr. Speaker: The question is not relevant.

শ্রীনরেশচন্দ্র চাকী: কল্যাণী স্পিনিং মিল প্রধানতঃ উদ্বাস্তু এলাকাতে উদ্বাস্তুদের কাজ দেবার জন্য তৈরি হয়েছিল। সেখানে বাইরে থেকে বহু লোক যাচ্ছে এবং চাকরি পাচ্ছে এবং নদীয়া জেলার লোক কাজ পাচ্ছে না—এ খবর জানা আছে কি?

শ্রীঅতীশচন্দ্র সিংহ: না, আমার জানা নাই।

শ্রীনরেশচন্দ্র চাকী: ২৪-পরগনার তিনজন এবং নদীয়া জেলার একজন চাকরি পেয়েছেন ব'লে বললেন। ২৪-পরগনায় যেখানে বহু শিল্পের সুযোগ রয়েছে, তা সত্ত্বেও নদীয়ার মাত্র একজন এবং ২৪-পরগনার তিনজনকে কেন নেওয়া হ'ল?

শ্রীঅতীশচন্দ্র সিংহ: আমি একটু আগে জানিয়েছি কি কারণে এই তিনজনকে নেওয়া হয়েছে। ২৪-পরগনার যে তিনজনকে নেওয়া হয়েছে তারা আমাদের মৃত শ্রমিকদের বিধবা স্ত্রী এবং একজনকে নিয়োগ করা হয় যার ভাই নিকটবর্তী ইনচেক কারখানায় গুলি চলার জন্য মারা যান।

শ্রীনরেশচন্দ্র চাকী: ভবিষ্যতে লোক নিয়োগের ব্যাপারে নদীয়া বঞ্চিত হবে না—এই আশ্বাস কি দিতে পারেন?

Mr. Speaker: The question is disallowed.

শ্রীপরেশচন্দ্র গোস্বামী: মন্ত্রিমহাশয় কি জানাবেন, কল্যাণী স্পিনিং মিলের সম্বন্ধে লোকের মনে যে অভিযোগ ছিল নূতন লোক নিয়োগের ফলে সে ব্যাপারে কি উন্নতি দেখা দেবে?

Mr. Speaker: The supplementary question must be pertinent and must come out of the question, which is before the House. I disallow the supplementary question.

বেলডাঙ্গা সুগার মিলের আবাদযোগ্য জমি

*৪২৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯২।) **শ্রীতিমিরবরণ ভাদুড়ী:** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বেলডাঙ্গা সুগার মিলের আবাদযোগ্য কিছু জমি সরকারের খাসে আসিয়াছে; এবং

(খ) সত্য হইলে,

(১) আবাদযোগ্য মোট জমির পরিমাণ কত;

(২) তন্মধ্যে কত জমি সরকারের খাসে গিয়াছে; এবং

(৩) ঐরূপ খাস হওয়ার দরুন কোন কমপেনসেসন দেওয়া হইয়াছে কি না; এবং দেওয়া হইলে, কত ও কাহাকে দেওয়া হইয়াছে?

শ্রীগুরুপদ খাঁন: (ক) মাননীয় হাইকোর্টের নিষেধাজ্ঞা থাকায় এখনও কোন জমি সরকারের খাসে আসে নাই।

(খ) (১), (২) ও (৩) এ প্রশ্ন ওঠে না।

শ্রীতিমির ভাদুড়ীঃ মন্ত্রিমহাশয় কি বলতে পারেন যে এই বেলডাঙ্গা সুগার মিল নদীয়া জেলা থেকে এক লক্ষ টাকা কমপেনসেসান ড্র করেছে কি না?

শ্রীগুরুপদ খাঁনঃ সে রকম কিছু আমার জানা নেই।

শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, বেলডাঙ্গা সুগার মিলের নয়, এমন অনেক জমি মুর্শিদাবাদে যা খাস করা হয়ে গেছে অথচ সরকার থেকে দখল নেওয়া হয় নি?

শ্রীগুরুপদ খাঁনঃ আপনার প্রশ্ন ছিল বেলডাঙ্গা সুগার মিলের আবাদযোগ্য কিছু জমি সরকারের খাসে এসেছে কি না—অতএব বেলডাঙ্গা সুগার মিলের আওতাধীন নয় যে জমি সেটা সম্বন্ধে বলা সম্ভব নয়।

শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ যে সমস্ত আবাদযোগ্য জমি বেলডাঙ্গা সুগার মিল দখল ক'রে বসে আছে অথচ ১ লক্ষ টাকা কমপেনসেসন নিয়ে নিয়েছে নদীয়া জেলা থেকে। সেখানে হাইকোর্টের ইনজাংসন আছে ব'লেই কি ঐ জমি নেওয়া হয় নি?

শ্রীগুরুপদ খাঁনঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, টোট্যাল এরিয়া অব কালটিভেবল ল্যান্ড হচ্ছে ২২২ একরস ৯৭ ডেসিম্যালস-এর সবটাতেই হাইকোর্টের ইনজাংসন আছে। হাইকোর্টের অর্ডার না পেলে কিছু হবে না।

শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ এই যে হিসাব দেওয়া হল, তার ভিতর ইনক্লুডেড জমি এমন আছে যেগুলি খাস হয়ে গেছে এ খবর কি জানেন?

শ্রীগুরুপদ খাঁনঃ অফ-হ্যান্ড বলা সম্ভব নয়, নোটিস দিলে বলতে পারবো।

শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ নদীয়া জেলা থেকে কমপেনসেসন দেওয়া হয়ে গেছে এমন জমি-গুলির সম্বন্ধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করবেন?

শ্রীগুরুপদ খাঁনঃ যা বলছেন তার উত্তর এখনই দেওয়া সম্ভব নয়।

Shri A. H. Besterwitch: Will the Hon'ble Minister be kind enough to state regarding the mal-adjustment after making an inquiry into it?

শ্রীগুরুপদ খাঁনঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আগেই বলেছি হাইকোর্টের ইনজাংসন আছে—এখনই কিছু করতে পারবো না।

Shri A. H. Besterwitch: I only like to know regarding the money if taken.

শ্রীগুরুপদ খাঁনঃ আপনি পৃথক প্রশ্ন দেবেন—নিশ্চয় তদন্ত ক'রে সঠিক উত্তর দেবো।

বাঁকুড়া জেলায় শিল্প স্থাপন

*৪২৭। (অনুমোদিত প্রশ্ন নং *৭৬২।) **শ্রীফণীভূষণ সিংহবাবুঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় কোনও শিল্প সংস্থা স্থাপনের পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন কিনা;

(খ) করিলে, তাহার বিবরণ; এবং

(গ) কবে নাগাদ শুরু হইবে বলিয়া আশা করা যায়?

[1-20—1-30 p.m.]

শ্রীতরুণকান্তি ঘোষ: (ক) পশ্চিমবঙ্গে সমস্ত অনগ্রসর জেলার মতন বাঁকুড়া জেলায়ও শিল্প উন্নয়নের নীতি সরকার গ্রহণ করিয়াছেন।

(খ) এই অনগ্রসর জেলায় শিল্প স্থাপনের জন্য ১৬ দফা কর্মসূচি অনুযায়ী বিশেষ সুবিধা দেওয়া হইয়াছে।

(গ) প্রশ্ন উঠে না।

শ্রীফণীভূষণ সিংহবাবু: মন্ত্রিমহাশয় বললেন যে, অনগ্রসর জেলাগুলিকে সুযোগ-সুবিধা দেওয়া হয়েছে। কিন্তু যে সুযোগ-সুবিধাগুলি আগে দেওয়া হ'ত এখন কেন দেওয়া হবে না?

শ্রীতরুণকান্তি ঘোষ: কতকগুলি শিল্প বিস্তার সরকারের বিবেচনাধীন আছে, ভারত সরকারের কাছে পাঠানো হয়েছে অনুমোদনের জন্য। সপক্ষে অনুমোদন পাওয়া গেলে শিল্প স্থাপনের ব্যবস্থা করা হবে।

শ্রীফণীভূষণ সিংহবাবু: এই যে অনগ্রসর জেলায় শিল্প স্থাপনের জন্য ভারত সরকারের কাছে যে পাঠানো হয়েছে—সেই অনুমোদন কবে নাগাত আসতে পারে?

শ্রীতরুণকান্তি ঘোষ: এটা বলা সম্ভব নয়, তবে শীঘ্র যাতে হয় তার জন্য যতদূর সম্ভব আমরা চাপ সৃষ্টি করবো।

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি—কি কি শিল্প ভারত সরকারের অনুমোদনের জন্য পাঠানো হয়েছে?

শ্রীতরুণকান্তি ঘোষ: একটি শিল্প যেটা অনুমোদনের জন্য পাঠিয়েছি সেটা হচ্ছে এনিলিন—ম্যানুফ্যাকচার করবে ৬০০ টন, প্রপোজড ইনভেস্টমেন্ট হবে ২৫ লক্ষ ৩ হাজার টাকা

Employment envisaged about 190. The application for registration of the unit is pending with the Government of India.

আর একটা হচ্ছে Industrial, Chemical and Alloy Steel Chain Sling.

এবং এরও জন্য Application for industrial license has been recommended by the Government of India on 1st March, 1973.

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় মন্ত্রিমহাশয় যে দু'টি শিল্পের কথা ভারত সরকারের কাছে পাঠিয়েছেন ব'লে বললেন সেগুলি বাঁকুড়া জেলার কোথায় স্থাপিত হবে, সেটা মন্ত্রিমহাশয় বলতে পারবেন কি?

শ্রীতরুণকান্তি ঘোষ: না, এখন কিছু বলতে পারছি না।

শ্রীপ্রদীপ পালিত: বাঁকুড়া জেলায় যে পরিমাণ বেকার সংখ্যা আছে তার তুলনায় মন্ত্রি-মহাশয় হিসাব ক'রে যে সংখ্যাটি বললেন ৩৫০ জন আর ১৯০ জন, তাতে ক'রে বাঁকুড়া জেলায় সঠিক কর্মসংস্থানের ব্যবস্থা হবে কি?

শ্রীতরুণকান্তি ঘোষ: আমি মাননীয় সদস্যকে মনে করিয়ে দিতে চাই যে, এখানে প্রশ্নটা ছিল কি কি শিল্প পাঠানো হয়েছে—আমি তার কথাই বলেছি। তার মানে এই নয় যে, সরকারের পরিকল্পনার মধ্যে সরকার অদূরভবিষ্যতে আর কোন শিল্পের কথা চিন্তা করবেন না।

বর্গাদার উচ্ছেদ

***৪২৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৬৪৭।) **শ্রীকাশীনাথ মিশ্র:** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় বহু বর্গাদার উচ্ছেদ হইয়াছে;

(খ) সত্য হইলে, বিভিন্ন জেলায় কতজন করিয়া বর্গাদার উচ্ছেদ হইয়াছে;

(গ) বাঁকুড়া জেলার বিভিন্ন ব্লকে কতজন ভাগচাষী উচ্ছেদ হইয়াছে; এবং

(ঘ) উক্ত উচ্ছেদের জন্য সরকার হইতে কি কি ব্যবস্থা লওয়া হইতেছে?

Mr. Speaker: This is held over.

জলঙ্গী থানার নদী সংস্কার ও বিলের জলনিকাশী ব্যবস্থা

***৪৩১।** (অনুমোদিত প্রশ্ন নং *৮০৩।) **শ্রীআবদুল বারি বিশ্বাস:** সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার পূর্বাঞ্চলের জলঙ্গী থানার বিল ভরাট গোবিন্দপুর, খয়রামারী, বড় বিল, দাসের চক, জোত কানাই, পেঁচের পাড়ার বিল ও শিয়ালমারী নদীর সংস্কার সহ অন্যান্য বিলের জল নিকাশীর কোন পরিকল্পনা সরকারের আছে কি;

(খ) থাকিলে, উক্ত শিয়ালমারী নদী সংস্কারের জন্য এবং বিলসমূহের নিকাশী প্রকল্পের জন্য পৃথক পৃথক ভাবে বরাদ্দ অর্থের পরিমাণ কত; এবং

(গ) এই প্রকল্পের কাজ কত দিনের মধ্যে আরম্ভ হইবে?

শ্রীআবদুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী: (ক) হ্যাঁ।

(খ) জলঙ্গী থানার বড়বিল, কাতলামারী বিল প্রভৃতির জল নিষ্কাশন প্রকল্পের আনুমানিক ব্যয় ১ লক্ষ ৬৬ হাজার ৭ শত ৩০ টাকা।

শিয়ালমারী, কালীতলা দাঁড়া এবং শিয়ালমারী ও জলঙ্গী নদীর সংগমস্থল হইতে জলঙ্গী নদীর উজানে ৫,৩০০ ফিট এবং ভাঁটিতে ৫,৩০০ ফিট এবং সে অংশের পলি সংস্কার প্রকল্পের আনুমানিক ব্যয় ৪ লক্ষ ৬ হাজার টাকা।

খয়রামারী বিল, গোবিন্দপুর বিল, বিল বরাট, দাশেরচক, জোত কানাই, পেঁচের পাড়া প্রভৃতি বিলের জল নিষ্কাশনের প্রকল্প প্রস্তুত করিবার জন্য অনুসন্ধান কার্য চলিতেছে। এই প্রকল্পের আনুমানিক ব্যয় সম্বন্ধে এখন কিছু বলা সম্ভব নয়।

(গ) বড় বিল প্রকল্পের কাজ বর্তমান বৎসরে শেষ হইয়াছে।

শিয়ালমারী প্রকল্পের কাজ সি এস আর ই কার্যসূচি অনুসারে মুর্শিদাবাদ জেলাশাসক কর্তৃক শীঘ্রই আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়। খয়রামারী প্রভৃতি বিলের কাজ কবে আরম্ভ হইতে পারে তাহা বর্তমানে বলা সম্ভব নয়।

(No supplementary.)

Mahananda Master Plan

***434.** (Admitted question No. *881.) **Shri A. H. BESTERWITCH:** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) if the Government is aware of the fact that the lowest tenderer in respect of the works "Bhaluka closing", "Bhaluka Channel", "Debipur closing" and "Debipur Channel" under Mahananda Master Plan, have not been given the work;

(b) if so, the reasons thereof; and

(c) the name of the contractor who has been given the contract for the above works?

Shri A. H. Besterwitch: Sir, the answer of the question is not on the table, without which how can I put supplementaries.

Mr. Speaker: The answer of this question has not been received in my office, but I understand that Minister concerned is now ready with the answer. I appreciate the difficulty of the Member concerned. So, the question is held over.

কংসাবতী স্টিল প্ল্যান্ট

*৪৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *৯২১।) **শ্রীশরৎ দাস:** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, (১) পুরুলিয়ার সন্নিকটে কংসাবতী স্টিল নামে একটি কারখানা খুলিবার জন্য সম্প্রতি সরকারের নিকট আবেদন করা হইয়াছে; এবং (২) আবেদনকারী উক্ত স্টিল প্ল্যান্টের জন্য প্রয়োজনীয় জমির ব্যবস্থা করিয়াছেন ও আবশ্যকীয় সর্তাদি পূরণ করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

[1-30—1-40 p.m.]

শ্রীশরৎচন্দ্র দাস: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন কে দরখাস্ত করেছেন—তার নাম কি, কংসাবতী স্টিল প্ল্যান্টে?

শ্রীতরুণকান্তি ঘোষ: আমার কাছে যেটা আছে আমি সেটা ব'লে দিচ্ছি। যারা দরখাস্ত করেছেন তারা হচ্ছেন......

Kangsabati Steel Ltd. sponsored by Shri S. C. Guha Mallick, Messrs. W. S. Atkins. Date of application 11-1-71. Item of manufacture —alloy constructional, carbon constructional and sulphur steel. Rated capacity—5 tons in one charge. Investment involved—Rs. 5,17,000. Employment envisaged—167 persons. Proposed location of the project—Purulia. Present position: The application, dated 24-1-71, for industrial licence is pending with the Government of India, Ministry of Steel and Mines. The inter-institutional group under the Industrial Development Board of India, examined the project report and declined to sanction financial assistance on the ground that 5-ton rated capacity is not economically viable for an electric furnace earth unit. The applicant has been kept informed of the views of the inter-institutional group and has been advised to resubmit revised proposal.

শ্রীশরৎচন্দ্র দাস: এই কোম্পানী জমি সংগ্রহ করেছেন এবং সরকারের কাছে যে ৮০ হাজার টাকা জমা দিতে হয় তা দিয়েছেন এটা সত্য কি না মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীতরুণকান্তি ঘোষ: জমি সংগ্রহ করেছেন কি না এ খবর সরকারকে জানান নি। আর ঐ ৮০ হাজার টাকার ব্যাপারটা আমি দুঃখিত এখন বলতে পারছি না, পরে খোঁজ নিয়ে জেনে আপনাকে জানাতে পারি।

শ্রীশরৎচন্দ্র দাস: এটা কে বিবেচনা করছেন—আই ডি সি?

শ্রীতরুণকান্তি ঘোষঃ না। একটা ইন্ডাস্ট্রি করতে গেলে যে ইনস্টিটিউসনাল ফিনান্স রেক্যার হয় সেই ইনস্টিটিউসনাল ফিনান্স দেবার আগে তারা প্রজেক্ট রিপোর্ট দেখেন। ায়াবিলিটি দেখে নিয়ে সেই প্রজেক্ট রিপোর্ট দেখে তাঁরা বলেছেন,

ıt one charge 5-ton rated capacity.

াদি কোন্ এই ধরনের প্ল্যান্ট করা যায়

[hat will not be economically viable.

।কথা ব'লে তাদের বলা হয়েছে, তোমরা তোমাদের প্রজেক্ট রিপোর্ট চেঞ্জ ক'রে পাঠাও। দ্যাট জ দি পজিশন।

শ্রীসনৎকুমার মুখার্জীঃ একটু আগে মন্ত্রিমহাশয় বললেন যে, বাঁকুড়া জেলার কোথায় কাথায় শিল্প স্থাপন করা হবে সেই জায়গার নাম জানা নেই। যখন কোন প্রজেক্ট পাঠাতে হয় তখন তার জায়গার নামও দিতে হয়। জায়গার নাম না দিলে আপনারা কি ক'রে বিবেচনা করবেন ান্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীতরুণকান্তি ঘোষঃ এই প্রশ্নের সঙ্গে বাঁকুড়া জেলার কোন সম্বন্ধ নেই।

শ্রীসনৎকুমার মুখার্জীঃ যাঁরা দরখাস্ত করেছেন তাঁরা যতক্ষণ না পুরুলিয়াতে জমি ্যাকোয়ার করছেন ততক্ষণ স্টেট ফাইনান্স কর্পোরেশন টাকা দেবেন না, এটা কি মন্ত্রিমহাশয় ানেন?

শ্রীতরুণকান্তি ঘোষঃ বাঁকুড়ার কোথায় হবে আমি বলেছি সে তথ্য আমার কাছে নেই, কিন্তু এটার সম্বন্ধে বলেছি যে, এটা পুরুলিয়াতে হবে।

শ্রীসনৎকুমার মুখার্জীঃ জায়গার নাম না দিলে বা কোন্ মৌজাতে হবে স্পেসিফিক্যালি া জানালে স্টেট ফাইনান্স কর্পোরেশন থেকে টাকা পাওয়া যায় না, এটা মন্ত্রিমহাশয় অবগত াছেন কি?

শ্রীতরুণকান্তি ঘোষঃ এ সম্বন্ধে বলতে পারি, যখন তারা এটা পাঠিয়েছিলেন তখন ঘুনাথপুর-পুরুলিয়া ডিস্ট্রিক্টে, করতে চেয়েছেন এটা বলতে পারি।

শ্রীসনৎকুমার মুখার্জীঃ এঁরা যেখানে করতে চেয়েছেন সেটা রঘুনাথপুর নয়, পুরুলিয়া মউনিসিপ্যালিটির এরিয়ার ভেতরে সেটা মন্ত্রিমহাশয় জানেন কি?

শ্রীতরুণকান্তি ঘোষঃ আমার কাছে যে তথ্য আছে তাতে তাঁরা রঘুনাথপুরে করতে চয়েছিলেন ব'লে বলা আছে।

শ্রীসনৎকুমার মুখার্জীঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই যে স্টেট ফিনান্স র্পোরেশন থেকে অ্যাপ্লাই করেছে যে, আমাদের টাকা দেওয়া হোক। তা সেই জায়গা সম্পর্কে াপনি অবগত আছেন কি?

শ্রীতরুণকান্তি ঘোষঃ আমিতো বলেছি, আমার কাছে রয়েছে রঘুনাথপুরের নাম।

শ্রীসনৎকুমার মুখার্জীঃ মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি রিপোর্ট থেকে যদি দেখেন, তা হ'লে দখবেন সরকার থেকে অনুরোধ করা হয়েছে যে, পুরুলিয়ার মধ্যে জায়গা নেওয়া হোক। কন্তু যা বোঝা যাচ্ছে সেটা হচ্ছে যে, জায়গা ঠিক হয় নি। অথচ কাগজে-কলমে বার বার দখছি সেখানে নাকি অ্যালয় স্টিল ফ্যাক্টরি হচ্ছে। এই সম্পর্কে আপনি স্পেসিফিক কিছু ানাবেন কি যে স্টেট ফিনান্স কর্পোরেশন থেকে অ্যাপ্লাই করেছেন কি না এবং সরকার থেকে ঞ্জুরী দেওয়া হয়েছে কি না?

শ্রীতরুণকান্তি ঘোষঃ সেটা খোঁজ নিয়ে বলতে পারবো।

শ্রীসনৎকুমার মুখার্জীঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এস সি মল্লিক এবং অ্যাটকিনসন এই ২ জনকে লাইসেন্স দেওয়া হয়েছে কি না?

শ্রীতরুণকান্তি ঘোষঃ এই লাইসেন্সের ব্যাপার আমি বলেছি। কংসাবতী স্টিল লিঃ স্পনসর্ড এস সি মল্লিক।

শ্রীসনৎকুমার মুখার্জীঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন তা হ'লে মধুকুণ্ডের কাছে যেটা করা হচ্ছে সেটা আর অ্যাটকিনসন এই দুটো কি আলাদা?

শ্রীতরুণকান্তি ঘোষঃ হতে পারে

They are joint sponsored—Kangsabati Steel Ltd. sponsored by S. C. Guha Mallick and Atkinson.

শ্রীসনৎকুমার মুখার্জীঃ আমি তা বলছি না। মধুকুণ্ডুর কাছে যেটা করা হচ্ছে সেটাতে কিন্তু প্রভিন্সিয়াল গভর্নমেন্ট-এর ৪৯ পারসেন্ট শেয়ার আছে। সেটা কি মন্ত্রিমহাশয় অবগত আছেন?

Mr. Speaker: The question is in respect of Kangsabati Steel Plant near Purulia, as the Minister stated, at Raghunathpur. You have raised the point that there is another proposal of setting up a steel plant, in which Government has got 49 per cent. share and that plant is being set up near Madhukundu. Whether two separate plants are going to be set up—is that your question?

শ্রীতরুণকান্তি ঘোষঃ

Alloy Steel Plant is a such bigger scheme.

সেটা করা হবে। আর এতে সরকারের ৪৯ পারসেন্ট শেয়ার আছে এটা ঠিক নয়। একটা জয়েন্ট প্রোজেক্ট-এ সরকারের থাকে ২৬ পারসেন্ট শেয়ার, প্রাইভেট আঁত্রেপিনর-এর ২৫ পারসেন্ট আর বাকী ৪৯ পারসেন্ট শেয়ার হচ্ছে ন্যাশনাল ব্যাংক ইত্যাদি সবগুলি মিলিয়ে। দ্যাট ইজ এ ডিফারেন্ট থিং অলটুগেদার, এর সংগে তার কোন সম্পর্ক নেই।

শ্রীসনৎকুমার মুখার্জীঃ মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি যে সাইট-এর কথা বললেন রঘুনাথপুরের মধুকুণ্ডু সেটা হচ্ছে বিগার প্রোজেক্ট। কিন্তু অ্যাটকিনসন, সেটা আপনার মধুকুণ্ডুতে নয়, সেটা পুরুলিয়ার কাছে। কিন্তু আপনি বললেন, মধুকুণ্ডুতে। কাজেই আমার মনে হচ্ছে আপনি বোধ হয় এটা গুলিয়ে ফেলেছেন। আমি আপনাকে অনুরোধ করছি, এটা দেখে নিন।

(নো রিপ্লাই।)

শ্রীশরৎচন্দ্র দাসঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এই যে অ্যাটকিনসন এবং কংসাবতী স্টিল প্ল্যান্ট হচ্ছে—এরা জমি সংগ্রহ করেছেন, অর্থ বিনিয়োগ করতে রাজি আছেন তবুও এদের ওয়ার্ক অর্ডার দেওয়া হচ্ছে না কেন?

শ্রীতরুণকান্তি ঘোষঃ আপনাদের আমি বলেছিলাম যে প্রোজেক্ট রিপোর্ট তারা দিয়েছে, সেই প্রোজেক্ট রিপোর্ট-এ ৫ টন রেটেড ক্যাপাসিটি ক'রে সেটা দিয়েছে।

According to the Experts this will not make it a viable unit.

সেজন্য এক্সপার্টস রিপোর্ট অনুযায়ী অ্যাডভাইস করা গেছে টু চেঞ্জ দেয়ার প্রোজেক্ট। যতখানি ভাইএবল হতে পারে সেটা করার পরে তারা যখন এগিয়ে আসবেন তখন যেটুকু করা দরকার করা যাবে।

শ্রীসনৎকুমার মুখার্জীঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন, এই যে অ্যাটকিনসন কোম্পানি তারা ইলেকট্রিসিটির জন্য অ্যাডভাইস করেছেন যে ৩৩ পারসেন্ট কে ভি এ এখন এটাই কি ঠিক যে ইলেকট্রিসিটি তাদের কাছে একটা প্রব্লেম হয়ে দাঁড়িয়েছে? কারণ এজন্য বলছি, আমরা জানতে পাচ্ছি, এটা নাকি আজ হচ্ছে কাল হচ্ছে। তা ছাড়া অনেক বন্ধু জিজ্ঞাসা করেছে, আপনাদের পুরুলিয়ায় অ্যালয় স্টিল হয়ে গেল, অ্যাটকিনসন হয়ে গেল। আমরা যখন তাদের

অফিসে যাচ্ছি তারা বলছেন, এটা পাচ্ছি না, ওটা পাচ্ছি না। আপনাদের যখন প্রশ্ন করছি, আপনারা বলছেন, পসিবিলিটি এবং ফিসিবিলিটি আমরা দিচ্ছি। কিন্তু তারা আমাদের কাছে বলছেন, অনেক সময় ইলেকট্রিসিটির গোলমাল হচ্ছে, আপনাদের ডিপার্টমেন্ট থেকে লাইসেন্স পেতে অসুবিধা হচ্ছে। এটা কি সত্য ?

শ্রীতরুণকান্তি ঘোষ: ইলিকট্রিসিটি নিয়ে যেটা বলছেন সেটা খোঁজ নিয়ে দেখতে পারি এবং এক্সপার্টস প্রোজেক্ট রিপোর্টে কিছু করা যায় নি, সুতরাং তাদের সেই প্রোজেক্ট রিপোর্ট চেঞ্জ করতে বলা হয়েছে এবং সেই রিপোর্ট তৈরি করা হ'লে দিস ক্যান বি কন্সিডার্ড। ইলেকট্রিসিটির কথাটা এখানে আসে না।

শ্রীসনৎকুমার মুখার্জী: তা হ'লে এখনও কিছু ঠিক হয় নি, এখনো স্বীকৃতি দেওয়া হয় নি, এখনো প্ল্যান ইটসেল্‌ফ যেগুলি দে হ্যাভ অ্যাপ্লায়েড ফর ইট সেগুলি টেকনিক্যাল এক্সপার্টদের কাছে পাঠিয়ে দেওয়া হচ্ছে, তারা সেটা রেকটিফাই ক'রে দেখবে ইমিডিয়েটলি অ্যালয়েড স্টিলের কোন স্যাংসন দেওয়া হয় নি।

(নো রিপ্লাই।)

শ্রীশরৎচন্দ্র দাস: গভর্নমেন্ট অব ইন্ডিয়া থেকে এস এম মজুমদার লাইসেন্স হোল্ডার, তার কাছে লেটার অফ ইনটেন্ট দেওয়া হয়েছে, কিন্তু ইন্ডিয়া গভর্নমেন্ট ১০ পারসেন্ট সাবসিডি দেওয়া সত্ত্বেও ডিপার্টমেন্টের ইনএফিসিয়েন্সির জন্য কোন কাজ হচ্ছে না।

শ্রীতরুণকান্তি ঘোষ: সেটা অন্য জিনিস, এস এম মজুমদার বা অ্যালয় স্টিল প্ল্যান্ট এগুলি অন্য জিনিস, দ্যাট হ্যাস নাথিং টু ডু উইথ কংসাবতী প্রোজেক্ট।

চন্ডীতলা ও জাঙ্গীপাড়া থানার অন্তর্গত মজা খাল ও নদী

*৪৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) হুগলী জেলার চন্ডীতলা ও জাঙ্গীপাড়া থানার অন্তর্গত পুরাতন ও মজে যাওয়া খাল ও নদীর সংখ্যা কত;

(খ) ডি ভি সি বা সেচবিভাগ উক্ত এলাকায় যে খালগুলি কেটেছেন তাদের নাম কি ও সংখ্যা কত,

(গ) সরকার কি অবগত আছেন যে ঐ সমস্ত নূতন কাটা খালের অধিকাংশেরই কাজ মাঝপথে শেষ করা হয়েছে; এবং

(ঘ) অবগত থাকলে, ইহার কারণ কি?

[1-40—1-50 p.m.]

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury:

(ক) পুরাতন মজে যাওয়া উল্লেখযোগ্য নদীখালের সংখ্যা সাত।

(খ) (১) ডি ভি সি চন্ডীতলা থানায়

N. K/1, K/1A, K/1A/1, K/1A/1B, K/1W/6, K/1

৭টি।

(২) জঙ্গীপাড়া থানায়

D/1, W.C. from ch. 1120 of D/1(LB), D/Kana Damodar, K/D29, K/D27, Dakatia Khal Kausiki

৮টি।

(গ) না।

শ্রীমহম্মদ সফিউল্লা: এই যে মজে যাওয়া খাল চন্ডীতলা এবং জঙ্গিপুরে—এগুলির জন্য জলনিকাশ ব্যাহত হচ্ছে বা বন্যা হচ্ছে এটা কেন স্বীকার করা হয় নি, এটা জানাবেন কি ?

শ্রীআবদুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী: আমরা সে কথা স্বীকার করি না, এটা আমি প্রশ্নোত্তরের সময় বলেছি, এইগুলি ডি ভি সি-র কথা, ডি ভি সি-র কাছে খালগুলি সম্বন্ধে কোন কমপ্লেন্ট নাই। এবং সেখানে সি এম ডি এ টাকা বরাদ্দ করে নি বলে তাদের কাজ আরম্ভ হয় নি। আর লোয়ার দামোদর স্কীমে জমি অ্যাকুইজিশন পাওয়ার ব্যাপারে বিলম্ব হয়েছে সেই জন্য আমরা এই সব ব্যাপারে চেষ্টা করছি যাতে তাড়াতাড়ি কাজ করতে পারি।

শ্রীমহম্মদ সাফিউল্লা: (খ) প্রশ্নের উত্তরে বলেছেন ডি ভি সি-র কাটা খালের সংখ্যা ৭টি। এখন এই খালগুলি প্ল্যান অনুযায়ী কাটা হয়েছে কি না এবং এর উত্তর হ্যাঁ হলে এই খালগুলি হঠাৎ মাঝ পথে শেষ করার কারণ কি?

শ্রীআবদুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী: আমরা এটা স্বীকার করছি না। ডি ভি সি-র খালগুলি প্ল্যান অনুযায়ী করা হয়েছে। আমাদের কথা হচ্ছে, ডানকুনি খাল আমরা সি এম ডি এ-র টাকা না পাওয়ায় সম্পূর্ণ করতে পারি নি এবং এই টাকা পেলে আমরা কাজ আরম্ভ করব।

শ্রীমহম্মদ সাফিউল্লা: এই খালগুলি মাঝপথে শেষ করার ফলে ডি ভি সি যখন এক্সেস জল ছাড়ে তখন ব্যাপকভাবে বন্যা হচ্ছে। আমার প্রশ্ন হচ্ছে, এগুলির সংযোগ কেন করা হয় নি?

শ্রীআবদুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী: এই রকম ইনফরমেশন আমার নেই।

শ্রীমহম্মদ সাফিউল্লা: সরস্বতী নদীর পরিকল্পনা নিয়ে স্থানীয় লোকেরা কেন্দ্রীয় মন্ত্রী ডাঃ কে এল রাওয়ের কাছে গিয়েছিলেন, তথাপি কোন পরিকল্পনা কেন কার্যকরী হচ্ছে না?

শ্রীআবদুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী: এ বিষয়ে ইনফরমেশন আমার কাছে নেই। আলাদা প্রশ্ন হলে উত্তর দেব।

শ্রীভবানী সিংহরায়: খালগুলি যে বন্যা সৃষ্টি করেছে এই রকম কোন অভিযোগ আপনার দপ্তরে আছে কি?

শ্রীআবদুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী: ডি ভি সি-র খাল মজে যাবার জন্য বন্যা হচ্ছে এরকম সংবাদ নেই।

শ্রীমহম্মদ সাফিউল্লা: ডি ভি সি মজে যাবার জন্য জাঙ্গীপাড়া ও চণ্ডীতলা অঞ্চলে ৫ বছর ধরে যে বন্যা হচ্ছে এবং সংবাদপত্রে এ খবর বের হয়, রিলিফ দেওয়া ব্লক থেকে হয়, তা সত্ত্বেও কি বলবেন জানি না?

Mr. Speaker: That is a matter of opinion.

শ্রীভবানী সিংহরায়: মানসিং রিপোর্টে ডি ভি সি খালগুলির কি ফাংশন এবং তারা কি ডিফিকাল্টি সৃষ্টি করছে এ সম্বন্ধে কোন মন্তব্য আছে কি?

শ্রীআবদুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী: এ প্রশ্ন এ থেকে আসে না।

বিদ্যুৎ সঙ্কট

*৪৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩০।) **শ্রীনিতাইপদ সরকার:** বিদ্যুৎ বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পশ্চিমবঙ্গে বর্তমানে বিদ্যুতের ঘাটতি আছে;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি; এবং

(গ) উক্ত বিদ্যুৎ ঘাটতি নিরসনে কি কি পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে?

শ্রীআবদুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী: (ক) হ্যাঁ।

(খ) প্রধান কারণ হইতেছে, এই রাজ্যে ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদার তুলনায় বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা কম। ইহা ছাড়া বর্তমানে আরও একটি কারণ হইল, দুর্গাপুর প্রোজেক্টস লিমিটেড ও দামোদর ভ্যালী কর্পোরেশনের সম্ভাব্য বিদ্যুৎ উৎপাদন ক্ষমতার হ্রাস।

(গ) (১) সাঁওতালডিহি তাপবিদ্যুৎ কেন্দ্রের ১২০ মেগাওয়াট শক্তিসম্পন্ন ১ম ইউনিট ১৯৭৩ সনের জুন মাসে ও একই শক্তিসম্পন্ন ২য় ইউনিট ডিসেম্বর মাসে চালু করার ব্যবস্থা হইতেছে।

(২) ডি ভি সি, ডি পি এল ও সি ই এস সি-র ইউনিটগুলির রক্ষণাবেক্ষণের উন্নতি সাধন করিয়া বিদ্যুৎ ঘাটতি নিরসনের ব্যবস্থা করা হইতেছে।

(৩) পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদের ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রের ৪টি ইউনিটের সবগুলি যখনই সম্ভব হইবে, বিশেষতঃ আগামী গ্রীষ্মে, চালু রাখার ব্যবস্থা করা হইতেছে।

(৪) প্রতিবেশী বিহার ও উড়িষ্যা রাজ্যের উদ্বৃত্ত বিদ্যুৎশক্তি যখনই পাওয়া যাইবে, তখনই কাজে লাগাইয়া বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করা হইবে।

(৫) বর্তমান বিদ্যুৎ ঘাটতির গুরুত্ব বিবেচনা করিয়া সাময়িকভাবে ঐ ঘাটতির চাপ কমানোর জন্য ১৯৭৩ সনের ৩রা জানুয়ারি হইতে প্রাথমিক ক্ষেত্রে তিন মাসের জন্য একটি বিদ্যুৎ রেশনিং প্রকল্প চালু করা হইয়াছে।

[1-50—2-00 p.m.]

শ্রীনিতাইপদ সরকার: আপনি প্রশ্নোত্তরে বলেছেন যে, বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে আমাদের ওয়েস্ট বেংগল কম, এই কথা বিবেচনা ক'রে আগে যাঁরা পরিকল্পনা করেছেন তাঁরা কি এই বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে বিজ্ঞানাংভিক পরিকল্পনা করেন নি ব'লে এই ঘাটতি হচ্ছে?

শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খান চৌধুরী: আই কান্ট আনসার দ্যাট।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায়: আপনি প্রশ্নোত্তরে বলেছেন, বিভিন্ন সংস্থার নাম করে যে তাদের বিদ্যুৎ উৎপাদনের ক্ষমতা হ্রাস পেয়েছে ব'লে অসুবিধা দেখা দিয়েছে। একথা সত্য তাদের যে ক্যাপাসিটি পুরো উৎপাদনের ক্ষমতা সেটা হচ্ছে না ব'লে ঘাটতি হচ্ছে এটা অন্যতম কারণ, কিন্তু একথাও কি সত্য এই বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে জ্বালানী হিসাবে যে জ্বালানী ব্যবহার করা হচ্ছে অতিরিক্ত ছাই, এই ছাই এইসব মেসিনগুলির ক্ষতি ক'রে দিচ্ছে ব'লে উৎপাদনে ঘাটতি হচ্ছে?

শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খান চৌধুরী: অনেকগুলি কারণ আছে, আপনি যেটা বলেছেন সেটাও একটা কারণ। আমরা আসার আগে কেউ চেষ্টা করেন নি যে, প্রোডাকসান করা দরকার। যখন ডি পি এল কিছু ছিল না, ডি পি এল-এর স্পেয়ার পার্টস ছিল না, সেই স্পেয়ার পার্টস্ আনানো হয়েছে, যাতে প্রোডাকসান বৃদ্ধি পায় তার চেষ্টা করা হচ্ছে। সমস্ত ইউনিটেই সেই ব্যাপার।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায়: আমি নির্দিষ্টভাবে জিজ্ঞাসা করেছিলাম একথা যে, এটা অন্যতম কারণ কি না, আপনি সেটা স্বীকার করেছেন যে, অন্যতম কারণ। যদি এটা অন্যতম কারণ হয়ে থাকে, তা হ'লে এই জিনিসটা পরিবর্তন ক'রে, আমরা শুনেছি কেন্দ্রের এই রকম একটা নির্দেশ আছে অথচ তার কোন ডকুমেন্ট কোথাও দেখি নি, যাতে অ্যাস কন্টেন্ট ভবিষ্যতে ব্যবহার করতে না হয় এই বিষয়ে পশ্চিমবঙ্গ সরকার কি কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলাপ-আলোচনা করছেন?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury: The whole thing is under consideration, Mr. Speaker, Sir.

শ্রীপরেশচন্দ্র গোস্বামী: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন প্রকৃতপক্ষে আমাদের দেশে বিদ্যুৎ ঘাটতির পরিমাণ কত এবং আমাদের যে সেচ পরিকল্পনা হচ্ছে তাতে কত নতুন অ্যাডিসনাল বিদ্যুতের প্রয়োজন আছে?

শ্রীআব্দুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী: এটা ক্যাটিগোরিক্যালি বলা খুব ডিফিকাল্ট। কিন্তু আমরা যেটা ক্যালকুলেশান করেছি বর্তমানে আমাদের যে ৫০ মেগা-ওয়াটের মত ঘাটতি আছে সেই ঘাটতি পূরণ করার জন্য স্টাগারিং এবং রেশনিং চালু করেছি, ডি পি এল অনেকটা ইমপ্রুভ করেছে, ডি ভি সি অনেকটা ইমপ্রুভ করেছে, এইভাবে যদি ইমপ্রুভ করতে থাকে, তা হ'লে আর ঘাটতি থাকবে না।

শ্রীহরশংকর ভট্টাচার্য: বর্তমানে যা দরকার তার ভিত্তিতে ঘাটতি থাকবে না, কিন্তু সেচ ইত্যাদি কারণে ঘাটতি বাড়বে। আমার প্রশ্ন হচ্ছে বাজেটে মূলধনী বায়বরাদ্দ যে যে খাতে খরচ হবে তাতে নতুন কোন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের কথা উল্লেখ হয় নি, স্টেট ইলিকট্রিসিটি বোর্ডের নতুন কোন উৎপাদন কেন্দ্র ছাড়া এই ঘাটতি মিটতে পারে ব'লে মনে হয় না। মন্ত্রি-মহাশয়ের কাছে জিজ্ঞাসা, নতুন কোন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের পরিকল্পনা আপনার কাছে আছে কি?

শ্রীআব্দুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী: আমাদের অনেকগুলি পরিকল্পনা আছে। মাননীয় সদস্যরা জানেন সাঁওতালদিতে ৪টি ইউনিটের মধ্যে ২টি ইউনিট ১৯৭৩ সালে হয়ে যাবে ব'লে আশা করছি। তার মধ্যে ১টি ১১ই জুনের মধ্যে হয়ে যাবে, আর একটি ডিসেম্বর মাসে হবে, তবে ডেট এখনও ঠিক করা হয় নি। প্রথম ইউনিট থেকে ১২০ মেগা-ওয়াট এবং সেকেন্ড ইউনিট থেকে ১২০ মেগা-ওয়াট বিদ্যুৎ পাওয়া যাবে। তারপর ব্যান্ডেল-এ আরো একটা ইউনিট খোলার পরিকল্পনা আছে, আমরা গভর্নমেন্ট অব ইন্ডিয়ার কাছ থেকে গ্রীন সিগন্যাল পেয়েছি, ওটার কাজ আরম্ভ করব। এইভাবে আমাদের আরো কয়েকটি পরিকল্পনা আছে।

শ্রীমতী গীতা মুখার্জী: সাঁওতালদিহি থেকে বিদ্যুৎ আনবেন বলেছেন। আমার প্রশ্ন হচ্ছে তার ট্রান্সমিসন লাইনটা যা পরিকল্পিত হয়েছিল সেই অনুসারে হয়েছে কি?

শ্রীআব্দুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী: আমরা সেইভাবেই আশা করছি তবে এখনই স্পেসিফিক ডেট দিয়ে বলতে পারছি না। আমরা যেভাবে কাজের প্রগ্রেস করছি তাতে উই হ্যাভ রিজন টু বিলিভ দ্যাট উই উইল বি এবল্ টু কমপ্লিট।

শ্রীনিতাইপদ সরকার: আমাদের মুখ্যমন্ত্রী ১০ হাজার গ্রামে বিদ্যুৎ নিয়ে যাবার প্রতিশ্রুতি দিয়েছেন। বর্তমান ঘাটতির কথা বিবেচনা ক'রে সেই প্রতিশ্রুতি রাখা সম্ভব হবে কি?

শ্রীআব্দুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী: আমরা সেটা চিন্তা করেছি এবং তা সত্ত্বেও আমরা মনে করি ১০ হাজার গ্রামে আমরা বিদ্যুৎ নিয়ে যাব। এক্সপ্যান্ডিং ইকনমিতে ঘাটতি দূর করা যাবে না। ইউনাইটেড স্টেটস্-এও ঘাটতি আছে। কাজেই ঘাটতি থাকবেই এবং তা সত্ত্বেও আমরা ডেফিনিট ১০ হাজার গ্রামে বিদ্যুৎ নিয়ে যাব।

পুরুলিয়া জেলায় সিমেন্ট, বিয়ার ও মিশ্র ইস্পাত শিল্প

*৪৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *৭১২।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) পুরুলিয়া জেলার ঝালদায় সিমেন্ট শিল্প, আড়ষাতে বিয়ার তৈরীর কারখানা ও মধুকুণ্ডাতে মিশ্র ইস্পাত শিল্প স্থাপনের কাজ কতদূর অগ্রসর হইয়াছে; এবং

(খ) প্রস্তাবিত শিল্পগুলির নির্মাণ কার্য শুরু না হইলে বিলম্বের কারণ কি?

শ্রীতরুণকান্তি ঘোষ: (ক) এবং (খ) (১) ভারত সরকারের পরিচালিত সংস্থা সিমেন্ট কর্পোরেশন অব ইন্ডিয়াকে পুরুলিয়ায় একটা সিমেন্ট কারখানা স্থাপন সম্পর্কে একটা রিপোর্ট দাখিল করতে অনুরোধ করা হইয়াছিল। রিপোর্ট পাওয়া গিয়াছে এবং উহা পশ্চিমবঙ্গ শিল্পোন্নয়ন পর্যদের বিবেচনাধীন আছে।

(২) একটা বিয়ার তৈরির কারখানা স্থাপনের অনুমোদন আবগারি বিভাগ দিয়েছেন এবং পরিকল্পনাটি ভারত সরকারের অনুমোদন সাপেক্ষে আছে।

(৩) পুরুলিয়ায় প্রস্তাবিত ইস্পাত কারখানাতে কি কি উৎপাদন করা হইবে সেই সম্বন্ধে ভারত সরকারের সংগে আলোচনা চলিতেছে এবং একটা প্রোজেক্ট রিপোর্ট তৈরি এবং কোন্ বিশেষজ্ঞের সহিত সহযোগিতা করা হইবে তাহা বিবেচনা করা হইতেছে।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি, মধুকুন্ডাতে মিশ্র ইস্পাত শিল্প, ঝালদাতে সিমেন্ট কারখানা এবং আড়ষাতে বিয়ার তৈরি করবার কারখানা স্থাপনের জন্য প্রয়োজনীয় জমি সংগ্রহ করা হয়েছে কি না?

শ্রীতরুণকান্তি ঘোষঃ সিমেন্ট কারখানার ব্যাপারে লাইম স্টোন কোথায় পাওয়া যায় সেটা দেখবার জন্য, আপনারা জানেন, আমরা একটা মিনারেল কর্পোরেশন করেছি। এই মিনারেল কর্পোরেশন হবার পর আমরা ঠিক করব কোথায় সিমেন্ট কারখানা করব। কাজেই এখনই জমি সংগ্রহের প্রশ্ন ওঠে না। বিয়ার কারখানা সম্বন্ধে বলতে পারি ইট ইজ এ প্রাইভেট এন্টারপ্রাইস, তারা নিজেরা করেছে ব'লে শুনেছি। কাজেই এখানেও জমি সংগ্রহের প্রশ্ন ওঠে না। ইস্পাত কারখানা সম্বন্ধে আমরা ডি সি, পুরুলিয়া-কে বলেছি। কারণ অনেক জলের দরকার, সেকথা চিন্তা ক'রে আমাদের কাজ করতে হবে।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি এই ৩টি শিল্প পুরুলিয়া জেলায় প্রতিষ্ঠিত হবে কি না?

শ্রীতরুণকান্তি ঘোষঃ নিশ্চয়ই হবে।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ যদি এই শিল্প প্রতিষ্ঠিত হয়, তা হ'লে এখানে কতগুলি শ্রমিক কাজ পাবে আশা করেন?

শ্রীতরুণকান্তি ঘোষঃ আমি যে কথা বলব সেটা কিন্তু একটা আনুমানিক ফিগার। সিমেন্ট ফ্যাক্টরি যদি আমরা করতে পারি, যেটা আমাদের পরিকল্পনা আছে, তাতে প্রায় ৭০০ লোকের কাজ হবে। বিয়ার ফ্যাক্টরি যেটা করবার অনুমোদন আবগারি বিভাগ দিয়েছে তাতে প্রায় ৬০০ লোক কাজ পাবে। মিশ্র কারখানা যেটা করব সেখানে প্রথম দফায় ৫ হাজার এবং দ্বিতীয় দফায় ৫ হাজার লোক কাজ পারে এই সম্ভাবনা আছে।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ এই যে ৩টি শিল্পের কথা বলেছেন এই ৩টিই কি সরকারী উদ্যোগে হচ্ছে?

শ্রীতরুণকান্তি ঘোষঃ প্রথম এবং তৃতীয়টি।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্যঃ মধুকুন্ডাতে মিশ্র ইস্পাত শিল্প স্থাপনের চেষ্টা করা হচ্ছে এবং তার প্রোডাক্ট মিক্স নিয়ে আলোচনা হচ্ছে। আমাদের রাজ্য সরকারের তরফ থেকে এটা কি জানান হয়েছে যে, আমরা সিমলেস্ টিউব কম চাই এবং স্টেইনলেস স্টিল বেশী চাই? স্টেইনলেস স্টিলের প্রোডাকশন বেশী হ'লে কারখানাতে বেশী প্রফিট হয় এটা রাজ্যসরকারের তরফ থেকে কেন্দ্রীয় সরকারকে জানান হয়েছে কি?

[2-00—2-10 p.m.]

শ্রীহরশঙ্কর ভট্টাচার্যঃ আমরা ২০-৪০ স্টেনলেস টিউব কম চাই এবং স্টেনলেস স্টিল-এর অনুপাত বেশী চাই। এটা কি জানান হয়েছে?

শ্রীতরুণকান্তি ঘোষঃ মাননীয় সদস্যকে বলতে চাই যে, আপনি যা যা বললেন যে যে প্রোডাক্ট মিক্স করলে এই অ্যালয় স্টিল জিনিসটা পুরোপুরি সাফল্যমণ্ডিত হতে পারে সেটা আমরা জানিয়েছি এবং সেই অনুযায়ী আমরা কথাবার্তা চালাচ্ছি যাতে ক'রে আমরা অনুমোদন পেতে পারি, তার জন্য চেষ্টা করছি।

(Several Members rose to put supplementaries)

Mr. Speaker: The question hour is over. So, no more supplementary on this question can be put up.

Shri A. H. Besterwitch: Sir, I have only one supplementary which is very important. Please allow me to put it.

Mr. Speaker: There is a clear rule regarding this. I cannot violate that rule. If the honourable Members are very much agitated over this question, which is partly answered, it will be taken up on the next rotational day. It is now held over.

HELD OVER STARRED QUESTIONS

(to which oral answers were given)

মেদিনীপুর জেলার শ্যালো টিউবওয়েলের বৈদ্যুতিকরণ

***৮৮।** (অনুমোদিত প্রশ্ন নং *১১৭।) **শ্রীমতী গীতা মুখোপাধ্যায়:** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় ১৯৭২ সালের মধ্যে কতগুলি শ্যালো টিউবওয়েল বিদ্যুতায়িত করা হয়েছে;

(খ) উক্ত সংখ্যা এই জেলার মোট শ্যালো টিউবওয়েলের কত শতাংশ;

(গ) এই বিদ্যুতায়নের জন্য গড়ে কত দিন সময় লেগেছে; এবং

(ঘ) বাকিগুলির বিদ্যুতায়ন কত দিনে হবে বলে আশা করা যায়?

Mr. Speaker: This is held over.

শ্যালো টিউবওয়েলের বৈদ্যুতিকরণ

***১০১।** (অনুমোদিত প্রশ্ন নং *১২০।) **শ্রীমতী গীতা মুখোপাধ্যায়:** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে শ্যালো টিউবওয়েলের কতগুলি গত ৩১এ ডিসেম্বর পর্যন্ত বিদ্যুতায়িত করা হয়েছে;

(খ) ইতিপূর্বে চতুর্থ পরিকল্পনাকালের মধ্যে ৩৩ হাজার শ্যালো টিউবওয়েল বিদ্যুতায়িত হবে বলে স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের ও সরকারের যে ঘোষণা ছিল তা এখনও বলবৎ আছে কিনা; এবং

(গ) থাকিলে, তা পূরণের জন্য কি ব্যবস্থা করা হচ্ছে?

Mr. Speaker: This is held over.

নদীর ভাঙনে বিপন্ন ফরাক্কা প্রকল্প

***১১৫।** (অনুমোদিত প্রশ্ন নং *১২৪।) **শ্রীমতী গীতা মুখোপাধ্যায়:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) একথা কি সত্য যে, গঙ্গা নদীর ভাঙনের ফলে ফরাক্কা প্রকল্প বিপন্ন হয়ে পড়ার আশঙ্কা দেখা দিয়েছে; এবং

(খ) সত্য হলে, (১) এর জন্য দায়ী কে; এবং (২) এর প্রতিকারের জন্য কি ব্যবস্থা গৃহীত হচ্ছে?

শ্রীআবদুল বরকত আতাউল গনি খাঁন চৌধুরীঃ (ক) না, তবে বিশ্বনাথপুরের কাছে জঙ্গীপুর ব্যারাজের অ্যাফ্লাক্স বাঁধের কিছুটা অংশ বিপন্ন হয়ে পড়ার আশঙ্কা দেখা দিয়েছে।

(খ) (১) গঙ্গার স্বাভাবিক ভাঙ্গনই এর জন্য দায়ী।

(২) বিশ্বনাথপুরের কাছে গঙ্গার ভাঙ্গন প্রতিরোধের জন্য ফরাক্কা প্রকল্প কর্তৃপক্ষ যথাযথ ব্যবস্থা গ্রহণ করিতেছেন।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি বলতে পারেন যে, ভাঙ্গনই দায়ী একথা সত্য নয়, ফারাক্কা প্রকল্প সম্পর্কে যে সমস্ত ডিজাইন হয়েছিল তার মধ্যে আমাদের পশ্চিমবাংলার ইঞ্জিনীয়াররা তারা ভাঙ্গনের আশঙ্কা ক'রে অন্য রকম ডিজাইন-এর কথা বলেছিলেন?

শ্রী এ বি এ গনি খাঁন চৌধুরীঃ ডিজাইন সম্বন্ধে কথা বলা এখন বিকাম অ্যাকাডেমিক এবং এ সম্বন্ধে ইঞ্জিনীয়ারদের অনেক ডিফারেন্স অব অপিনিয়ন আছে, তবে একদল ইঞ্জিনীয়ার আমাকে বলেছিলেন যে, ফারাক্কা প্রকল্পটা ঠিক ডিজাইন ক্যাটিগরিক্যালি বলেন নি, তবে বলেছিলেন যে ফারাক্কা প্রকল্পটা বর্তমানে অনেকটা ভাঙ্গনের জন্য দায়ী।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ আপনি বললেন কতকগুলি ব্যবস্থা নেওয়ার কথা, বিগত দিনে যখন প্রশ্ন হয়েছিল তখন দু'-তিন রকম ব্যবস্থার কথা শোনা গেছিল, শেষ পর্যন্ত কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

শ্রীআবদুল বরকত আতাউল গনি খাঁন চৌধুরীঃ এ নিয়ে মিটিং করেছি, ভাঙন এরিয়াতে গিয়েছি। দেখা যাচ্ছে, গত কয়েক বছর ধ'রে গঙ্গার দক্ষিণ দিকটা ভেঙে যাচ্ছে, বিশ্বনাথপুরে ভাগীরথী বয়ে চলেছে, সেখানে জঙ্গীপুর ব্যারেজ নষ্ট হয়ে গেলে, গঙ্গা ভাগীরথী এক হয়ে যাবে। ফারাক্কা প্রজেক্ট ফ্রাস্ট্রেটেড হয়ে যাবে। চার মাইল ধ'রে রঘুনাথপুর ব্যারাজ রক্ষণাবেক্ষণের জন্য ফারাক্কা অথরিটিজ স্কীম নিয়েছে, স্পারস্ অ্যান্ড আদার থিংস্, আমরা গভর্নমেন্ট অব ওয়েস্ট বেঙ্গল থেকেও ৩২ মাইল গঙ্গার ভাঙন বন্ধ করার জন্য একটা স্কীম নিয়েছি, স্কীম প্রিপেয়ার্ড হয়েছে, গভর্নমেন্ট অব ইন্ডিয়ার কাছে পাঠিয়েছি, টেকনিক্যাল গ্রীন সিগন্যাল পেলে, প্ল্যানিং কমিশন ও ফিনান্স মিনিস্ট্রির অ্যাপ্রুভাল পেলে, কাজ আরম্ভ করে দেব, চেষ্টা করছি তাড়াতাড়ি কাজ করার জন্য। বর্তমানে আমাদের যে টাকা আছে, সেই টাকা নিয়ে কিছু স্পার করার চেষ্টা করছি। গভর্নমেন্ট অব ওয়েস্ট বেঙ্গলের বেশী টাকা নাই, ১০ লক্ষের মত টাকা আছে।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ এই যে দশ লক্ষ টাকা দিয়ে স্পার করার চেষ্টা করছেন, যদি ৪০ হাজার কিউসেক পান, অন্য কোন প্রকল্প আগে না হয়, এই বর্ষায় ৪০ হাজার কিউসেক জল নেওয়ার দিক থেকে ভাঙন প্রতিবন্ধক সৃষ্টি করবে নাতো?

শ্রীআবদুল বরকত আতাউল গনি খাঁন চৌধুরীঃ আমি টাকার কথাটা বলতে চাচ্ছিলাম না। যে স্কীম করেছি সেটা ৬৩ কোটি টাকার ব্যাপার। সি ডবলিউ পি সি স্কীমের এন্টায়ার ডিজাইন বদলাবার সঙ্গে সঙ্গে, টাকার পরিমাণ অন্য রকম জানা যাচ্ছে, ৬৩ কোটি ১১ লক্ষ টাকার স্কীম ক'রে পাঠানো হয়েছে, কে এল রাও ডি ও চিঠি লিখেছেন, তাতে তিনি কন্‌সার্ন এক্সপ্রেস করেছেন, তাতে তিনি একথা বলেছেন– তাঁর মিনিস্ট্রি থেকে এ ব্যাপারে সাহায্য করবেন এবং যাতে প্ল্যানিং কমিশন থেকে ফিনান্স মিনিস্ট্রি থেকে উপযুক্ত পরিমাণ টাকা পাওয়া যায় তার চেষ্টা করবেন। আমি আপনাদের কন্‌সার্ন বুঝতে পাচ্ছি, –ডিফিকাল্টি হচ্ছে, এত বেশী টাকার ব্যাপারে ফারাক্কা অথরিটিজ নিজেরা সব টাকা দিতে পারছেন না, এবং এদের কথা হচ্ছে যেখানে প্রজেক্ট থ্রেটেন্ড হচ্ছে বিষ্ণুপুরের কাছে, সেখানে ৩/৪ কোটি টাকার মিনি-ব্যারাজ যাতে ধ্বংস না হয়, তার জন্য চেষ্টা করছেন। কিন্তু একদিক দীর্ঘ ৪০ মাইল রক্ষণাবেক্ষণ, অন্য দিকে মালদার ভাঙন রোধ করার জন্য ফারাক্কা অথরিটিজ রাজী হচ্ছে না। এই জন্য আমরা ইনডিপেন্ডেন্টলি সি ডবলিউ পি সি-এর ইঞ্জিনীয়ার নিয়ে, অন্যান্য আরও যে সমস্ত ইঞ্জিনীয়ার

আছে, তাদের নিয়ে মোটামুটি কন্সেসাস্ হয়ে যে প্রকল্প স্থির করেছি, সেটা সি ডবলিউ পি সি পাঠিয়েছে, ৪০ হাজার কিউসেক জল গেলে আমরা ডেফিনিটলি মনে করি যে—ইরোশানের স্পিড বাড়বে, সেজন্য তাড়াহুড়া ক'রে ইমপ্লিমেন্টেশন করার চেষ্টা করছি।

[2-10—2-20 p.m.]

শ্রীআবদুল বারি বিশ্বাস: মন্ত্রিমহাশয় কি জানাবেন, ফারাক্কা প্রকল্পের নীচে যে ভাঙন হচ্ছে এবং ১৯৭২ সালে যে ভাঙন হয়েছে--এটা পূর্বের তুলনায় কম না পূর্বের মতো?

শ্রীআবুল বরকত আতাউল গনি খাঁন চৌধুরী: বলবো পূর্বের চেয়ে বেশি।

শ্রীআবদুল বারি বিশ্বাস: ওখানকার জনসাধারণের মনে এই রকম ধারণার সৃষ্টি হয়েছে ফারাক্কা প্রকল্পই ১৯৭২ সালে এই ভাঙনের কারণ--এই সম্পর্কে আপনার দপ্তর বা আপনি কি বলেন?

শ্রীআবুল বরকত আতাউল গনি খাঁন চৌধুরী: আপনি তো জানেন। আপনি তো আমার সংগে ছিলেন। তবে আবার প্রশ্ন করছেন কেন?

শ্রীআবদুল বারি বিশ্বাস: একথা কি ঠিক এই ভাঙনের একমাত্র কারণ ফারাক্কা প্রকল্প?

Mr. Speaker: It is a matter of opinion.

শ্রীআবদুল বারি বিশ্বাস: এই ভাঙন প্রতিরোধের জন্য পশ্চিমবংগ সরকার ৬৩ কোটি টাকার আনুমানিক ব্যয়-বরাদ্দের একটা খসড়া রচনা করেছেন। আমার কথা হচ্ছে, ফারাক্কা প্রকল্প কেন্দ্রীয় সরকারের। কেন্দ্রীয় সরকার ভাঙন প্রতিরোধের ব্যবস্থার জন্য যে যে পরিকল্পনা এবং যত অর্থের প্রয়োজন তা যাতে বহন করেন--এই বিষয়ে পশ্চিমবংগ সরকারের মতামত কি?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury: I do not know what the Central Government is thinking, but so far as the West Bengal Government is concerned, we are determined to combat erosion.

শ্রীশীষ মহম্মদ: মন্ত্রিমহাশয় বললেন যে, টাকা মঞ্জুর করেছেন সেটা কত মাইল হবে?

শ্রীআবুল বরকত আতাউল গনি খাঁন চৌধুরী: এটা ফারাক্কা অথরিটি করছেন, আমরা করছি না। ৪ মাইল আপ এবং ৪ মাইল ডাউন হবে। এনটায়ার এরিয়া করছেন না।

শ্রীশীষ মহম্মদ: এই যে কাজ হবে এতে কি মনে করেন জংগীপুরকে রক্ষা করা যাবে?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury: It is not that I am thinking this. This is what the Engineers of the Farakka Barrage think. They have given the impression that they will be able to protect the barrage.

শ্রীআবদুল বারি বিশ্বাস: মন্ত্রিমহাশয় কি জানাবেন, কেন্দ্রীয় সরকার কর্তৃক যদি কোন অর্থ মঞ্জুর না করা হয় তবে পশ্চিমবংগ সরকার নিজেই এই ব্যবস্থা করতে পারবেন কি না?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury: I do not know, but I do say with all responsibility that we are determined to combat erosion.

শ্রীভবানীপ্রসাদ সিংহরায়: আজকে যুগান্তরে একটা সংবাদ বেরিয়েছে গংগার ভাঙন কার কপাল দোষে, এই সম্পর্কে মন্ত্রিমহাশয়ের একটা মন্তব্য করা হয়েছে। যদি কারো দোষে হয় যে বা যারা দোষী তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা অবলম্বন করা হবে?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury: Mr. Speaker, Sir, it is a Central Government project. How can we take action against Central Government?

জাঙ্গিপাড়া ব্লকে বৈদ্যুতিকরণ

***২৫৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৫১১।) **শ্রীগণেশ হাটুই:** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হুগলী জেলার জাঙ্গিপাড়া ব্লকে ৯২টি গ্রামকে গ্রামীণ বৈদ্যুতিকরণ প্রকল্পের অন্তর্ভুক্ত করা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, কবে নাগাত ঐ কাজ আরম্ভ হইবে এবং কতদিনে ঐ কাজ শেষ হইবে বলিয়া আশা করা যায়?

শ্রীআবুল বরকত আতাউল গনি খাঁন চৌধুরী: (ক) ৯৬টি গ্রামকে বৈদ্যুতিকরণের ব্যবস্থা মঞ্জুরীলাভ করিয়াছে।

(খ) কাজ হাতে লওয়া হইয়াছে। ১৯৭৪ সনের মার্চ মাসের মধ্যে কাজ শেষ হইবে বলিয়া ঠিক আছে—অবশ্য পোল, সিমেন্ট, ইস্পাত ইত্যাদি সময়মত পাওয়া গেলে।

শ্রীমহম্মদ সফিউল্লা: এই ৯৬টি গ্রামে বৈদ্যুতিকরণের ব্যবস্থা কবে নাগাত মঞ্জুর করা হয়?

শ্রীআবুল বরকত আতাউল গনি খাঁন চৌধুরী: সেটা এখনই বলতে পারছি না, আপনি পৃথকভাবে জানালে নিশ্চয় ব'লে দেবো।

শ্রীমহম্মদ সফিউল্লা: আপনি বলেছেন যে উক্ত ৯৬টি গ্রামের কাজ হাতে নেওয়া হয়েছে। কবে থেকে প্রকৃতপক্ষে কাজ আরম্ভ হবে?

শ্রীআবুল বরকত আতাউল গনি খাঁন চৌধুরী: কথা হচ্ছে হোয়াট অ্যাকচুয়্যালি হ্যাপেনস ইজ দিস্ কর্পোরেশনের কাছে আমাদের স্কীম পাঠাই রুর‍্যাল ইলেকট্রিফিকেসন স্কীম, তার পর আফটার দি স্যাংসন অব দি স্কীম উই স্টার্ট ওয়ার্ক। নিজেরা স্কীম ক'রে দিল্লীতে পাঠাই।

Finances are given by the Central Government. When the sanction comes for the whole thing we start work. It is very difficult for me to tell off hand যে কবে কাজ আরম্ভ হবে।

শ্রীমহম্মদ সফিউল্লা: যে সমস্ত এলাকায় খুঁটি দেওয়া হয়ে গেছে তার টানা হয়ে গেছে সেখানে এখনও পর্যন্ত ইলেকট্রিক কারেন্ট পায় নি কেন?

শ্রীআবুল বরকত আতাউল গনি খাঁন চৌধুরী: পায় নি এই জন্য যে আমাদের যে লোক নেবার কথা হচ্ছে সেইজন্য। আমরা এ ব্যাপারে বিশেষভাবে চিন্তা করছি। ওরা বলেছে লোক নেই। তাড়াতাড়ি লোক নেওয়া শেষ হ'লে এই সব জায়গায় বিদ্যুৎ সরবরাহ ক'রে দেবো।

শ্রীমহম্মদ সফিউল্লা: এই যে পরিকল্পনা, এর জন্য কত টাকা ধরা হয়েছে, এবং ইতিমধ্যে কত টাকা খরচ হয়েছে?

শ্রীআবুল বরকত আতাউল গনি খাঁন চৌধুরী: কত টাকা খরচ হয়েছে আপনার এলাকার জন্য নোটিস দিলে ব'লে দেবো। আর আমরা যে ১০ হাজার গ্রামে বিদ্যুৎ সরবরাহের পরিকল্পনা নিয়েছি তার টাকা আছে ৬০ কোটি।

শ্রীঅসমঞ্জ দে: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে এই সভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই সেন্ট্রাল ক্যালকাটাতে প্রায় ফোর্থ কনসিকিউটিভ উইক এম আর সপে যে চা'ল দেওয়া হচ্ছে তার নমুনা আমি আপনাকে দিচ্ছি। এই চা'ল আতপ চা'ল, তাও ধানশুদ্ধ চা'ল দেওয়া হচ্ছে। গত অধিবেশনে আমাদের অনারেবল ফুড মিনিস্টার শ্রীকাশিকান্ত মৈত্র কাশীপুরে এফ সি আই-এর গোডাউন-এ সারপ্রাইজ ভিজিট ক'রে হিউজ কোয়ানটিটি চা'ল সিজ করেছিলেন এই ব'লে যে এগুলি আনফিট ফর হিউম্যান কনজামশন ডিক্লেয়ার। এই ব'লে তিনি এই বিধানসভায় গত অধিবেশনে ডিক্লেয়ার করেছিলেন যে, এম আর

ডিলারদের আর স্টকিস্টদের হাতের ক্রীড়নক হয়ে থাকতে হবে না-- এই প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল এই হাউসের ফ্লোরে। আমি আবেদন করছি যে, কবে থেকে তিনি তাঁর এই প্রতিশ্রুতি রক্ষা করবেন। এই ব্যাপারে আমি মন্ত্রিসভার তথা খাদ্যমন্ত্রীর একটা স্পষ্ট বিবৃতি দাবি করছি। এই চা'ল যা এম আর ডিলার দিচ্ছে মধ্য কলিকাতায়, এটা আনফিট ফর হিউম্যান কনজামশন। কিভাবে ফিট ফর দি হিউম্যান কনজামশন--সেই রকম ধরনের চা'ল সরবরাহ করা হবে সে সম্বন্ধে আমরা একটি বিবৃতি তাঁর কাছ থেকে আশা করছি এবং এই যে চালের নমুনা আমি এনেছি এটা আমি আপনাকে দিয়ে দিচ্ছি। আশা করি তিনি একটি বিবৃতি দেবেন যে কি ব্যবস্থা গ্রহণ করছেন।

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্য যে বিবৃতি রাখলেন--যে এগুলি চা'ল না ধান। এ সম্বন্ধে মন্ত্রিমহাশয়ের কি নির্দেশ সেটা আমরা জানতে চাই।

Mr. Speaker: The sample that has been placed on the table will be sent to Food Department.

STARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

গান্ধীজীর স্মৃতিরক্ষার্থে বন্দোবস্ত দেওয়া জমি

*৪২১। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭২।) **শ্রীসুধীরচন্দ্র দাস:** ভূমি সদ্‌ব্যবহার ও সংস্কার ও ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) ইহা কি সত্য যে, কাঁথি থানার অন্তর্গত জুনপুটের সমুদ্রতীরে গান্ধীজীর স্মৃতি রক্ষার জন্য যে জমি বন্দোবস্ত দেওয়া হইয়াছিল তাহা বে-আইনীভাবে কতকগুলি ব্যক্তি দখল করিয়া লইয়াছে; এবং

(খ) সত্য হইলে, ঐ স্থান মুক্ত করিবার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

ভূমি এবং ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) বেআইনী দখলকারীদের উচ্ছেদের জন্য ব্যবস্থা লওয়া হইতেছে।

ধনিয়াখালি থানার গ্রামসমূহে ডি ভি সি-র জল

*৪২৯। (অনুমোদিত প্রশ্ন নং *৭৬৭।) **শ্রীকাশীনাথ পাত্র:** সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) হুগলি জেলার ধনিয়াখালি থানার অন্তর্গত গ্রামগুলিতে ডি ভি সি-র জল কখন হইতে সরবরাহ করা সুরু হইয়াছে; এবং

(খ) বর্তমান বৎসরে এই জল সরবরাহ কখন হইতে সুরু হইয়াছে এবং কতদিন জল সরবরাহ করা হইবে?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) প্রথমদিকে ১৯৫৭-৫৮ সাল হইতে ডি ভি সি-র জলসরবরাহ শুরু করা হয়। পরে ১৯৬৪ সালের এপ্রিল মাসে ডি ভি সি ব্যারেজ অ্যান্ড ইরিগেশন সিস্‌টেম পশ্চিমবঙ্গ সরকারের অধীনে আসার পর হইতে নিয়মিতভাবে জলসরবরাহ করা হইতেছে।

(খ) ১৯৭২-৭৩ সালে ১লা জুলাই হইতে ৩১এ অক্টোবর পর্যন্ত খরিপ মরসুমের জন্য জলসরবরাহ করা হইয়াছিল। রবি মরসুমের জন্য ১লা নভেম্বর হইতে জলসরবরাহ শুরু হয় এবং ৩১এ মার্চ, ১৯৭৩ পর্যন্ত জলসরবরাহ করা হইবে।

ঝাড়গ্রাম এলাকার উন্নয়নকল্পে উন্নয়ন কমিটি

***৪৩০।** (অনুমোদিত প্রশ্ন নং *৮০৪।) **শ্রীরজনীকান্ত দলুই:** উন্নয়ন এবং পরিকল্পনা (ঝাড়গ্রাম বিষয়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মেদিনীপুর জেলার অনুন্নত ঝাড়গ্রাম এলাকার উন্নতির জন্য সরকার একটি পৃথক উন্নয়ন কমিটি গঠন করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, (১) উক্ত কমিটি কবে গঠন করা হইয়াছে, এবং (২) ৮-২-৭৩ তারিখ পর্যন্ত কি কি উন্নয়নমূলক পরিকল্পনা উক্ত কমিটি গ্রহণ করিয়াছেন?

উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

দুর্গাপুর কলকারখানাসমূহে কর্মচারী নিয়োগ

***৪৩১।** (অনুমোদিত প্রশ্ন নং *৮২০।) **শ্রীনরেশচন্দ্র চাকী:** সরকারী সংস্থা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১-৪-৭২ তারিখ হইতে ১৬-২-৭৩ তারিখের মধ্যে দুর্গাপুরের বিভিন্ন কলকারখানাতে কতজন লোক নিয়োগ করা হইয়াছে;

(খ) কিভাবে ইহাদের নিয়োগ করা হইয়াছে;

(গ) ইহাদের মধ্যে কতজন (১) বাঙ্গালী এবং (২) অবাঙ্গালী; এবং

(ঘ) দুর্গাপুরের বিভিন্ন কারখানায় পশ্চিমবঙ্গবাসীদের বিশেষ করিয়া বাঙ্গালীদের চাকুরী দিবার ব্যাপারে সরকারের কোন পরিকল্পনা আছে কি?

সরকারী সংস্থা বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) এই বিভাগের অধীনস্থ দুর্গাপুরে অবস্থিত দুর্গাপুর প্রজেক্টস্ লিমিটেডে ও দুর্গাপুর কেমিক্যালস্ লিমিটেডে ১লা এপ্রিল, ১৯৭২ হইতে ১৬ই ফেব্রুয়ারি, ১৯৭৩ পর্যন্ত মোট ৩৯৮ জন লোক নিয়োগ করা হইয়াছে। দুর্গাপুরস্থ অন্যান্য কলকারখানাগুলি এই বিভাগের অধীনস্থ নহে বলিয়া তাহাদের সম্বন্ধে কিছু বলা সম্ভব নহে।

(খ) দুর্গাপুর কেমিক্যালসে যথাবিধি গঠিত নির্বাচক সংস্থার সুপারিশ অনুযায়ী লোক নিয়োগ করা হইয়াছে এবং দুর্গাপুর প্রজেক্টস্-এ সংবাদপত্রে বিজ্ঞাপন অনুযায়ী আবেনকারীদের, দুর্গাপুরস্থ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ দ্বারা প্রেরিত এবং দুর্গাপুর এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ তালিকাভুক্ত প্রার্থীদের ইন্টারভিউ করিয়া যথাবিধি গঠিত নির্বাচক সংস্থার সুপারিশ অনুযায়ী লোক নিয়োগ করা হইয়াছে।

(গ) দুর্গাপুর কেমিক্যালসে নিয়োজিত সকলেই বাঙ্গালী এবং দুর্গাপুর প্রজেক্টস-এ ৩৬৪ জন বাঙ্গালী এবং ১৬ জন দশ বৎসরের অধিক স্থানীয় অবাঙ্গালী বাসিন্দা।

(ঘ) এই বিভাগের অধীনস্থ দুর্গাপুরের সংস্থাগুলিতে সরকারের সাধারণ শ্রমনীতি অনুসারে নিয়োগ করা হয়।

জমি সংক্রান্ত ব্যাপারে হাইকোর্টের ইন্‌জাংশন

***৪৪০।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৯৩।) **শ্রীতিমিরবরণ ভাদুড়ী:** ভূমি সম্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৭১ সাল হইতে ৩১এ জানুয়ারী, ১৯৭৩ পর্যন্ত মুর্শিদাবাদ জেলার জমি সংক্রান্ত বিভিন্ন ব্যাপারে মহামান্য হাইকোর্ট যেসকল ইন্‌জাংশন দিয়াছিলেন সেগুলির মধ্যে কয়টির রুল ভেকেটেড হইয়াছে?

ভূমি সম্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়: উক্ত ৬৪৯টি রুল ইশু হইয়াছে এবং তাহার মধ্যে ১০টি রুল ভেকেটেড হইয়াছে।

পানিপিয়া খাল খননে সরকার অধিকৃত বাস্তু জমির ক্ষতিপূরণ

***৪৪১।** (অনুমোদিত প্রশ্ন নং *৩৭৪।) **শ্রীসুধীরচন্দ্র দাস:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কাঁথি থানার অন্তর্গত পানিপিয়া খাল খননের জন্য যেসকল বাস্তু জমি গ্রহণ করা হইয়াছে তাহাদের কতকগুলির ক্ষতিপূরণের ৮০% টাকা এখনও পর্যন্ত দেওয় হয় নাই;

(খ) সত্য হইলে, তাহার কারণ কি এবং কোন্ কোন্ ব্যক্তির টাকা বাকী আছে; এবং

(গ) ঐ বকেয়া টাকা কবে নাগাত দেওয়া হইবে?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) না। ১৯৬৫-৬৬ সনের এল এ কেস নং ৪৬, ৪৮ এবং ৫১-এর অন্তর্ভুক্ত গৃহ অধিগ্রহণের নিমিত্ত ঐ গৃহাদির মূল্যের শতকরা ৮০ ভাগ অগ্রিম ক্ষতিপূরণ হিসাবে ১৯৬৬ সনে দেওয়া হইয়াছিল। বাস্তুজমি অধিগ্রহণের নিমিত্ত অগ্রিম ক্ষতিপূরণ দেওয়ার কোন নিয়ম তখন ছিল না।

(খ) এবং (গ) এই প্রশ্ন উঠে না।

ঘাটাল মহকুমার জন্য মাস্টার প্ল্যান

***৪৪২।** (অনুমোদিত প্রশ্ন নং *৮০৫।) **শ্রীরজনীকান্ত দলুই:** সেচ এবং বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার ঘাটাল মহকুমাকে প্রতি বছর বন্যার কবল হইতে রক্ষা করিবার জন্য সরকার একটি মাস্টার প্ল্যান গ্রহণ করার বিষয় পরিকল্পনা করিয়াছেন;

(খ) সত্য হইলে, (১) উক্ত প্ল্যানটি বর্তমানে কি পর্যায়ে আছে, ও (২) উক্ত কমিটি কার্যকরী করিতে কত টাকার প্রয়োজন হইবে; এবং

(গ) ঘাটাল মহকুমাকে বন্যার কবল হইতে রক্ষা করার জন্য সরকারের আর কোন পরিকল্পনা থাকিলে তাহা কি?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ঘাটাল মহকুমার বেশ কিছু এলাকা বন্যার কবল থেকে রক্ষা করিবার জন্য ঘাটাল ফ্লাড মিটিগেশন স্কীম নামে একটি প্রকল্পের বিষয় বিবেচনাধীন আছে।

(খ) (১) উক্ত প্রকল্পটি প্রস্তুতির পর্যায়ে আছে।

(২) প্রকল্পটি চূড়ান্তরূপে প্রস্তুত না হওয়া পর্যন্ত উহার ব্যয়ের পরিমাণ বর্তমানে বলা সম্ভব নয়।

(গ) (১) কলমী জোল খাল প্রকল্প, (২) চন্দ্রেশ্বর খাল প্রকল্প, (৩) ভোঁসরা খাল প্রকল্প, এবং (৪) দাসপুর থানার ৩নং ও ৪নং অঞ্চলের জল নিষ্কাশন প্রকল্প।

জমি জরীপ

***৪৪৩।** (অনুমোদিত প্রশ্ন নং *৮৪।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** ভূমি এবং ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার বর্তমানে কোন্ কোন্ জেলায় জমি জরীপের কাজ সুরু করিয়াছেন;

(খ) একই সংগে পশ্চিমবঙ্গের সর্বত্র জরীপ কাজ সুরু না হওয়ার কারণ কি;

(গ) এই জরীপ কার্যের জন্য সরকার কোন নূতন কর্মচারী নিয়োগ করেছেন কিনা এবং ক'রে থাকলে তাদের সংখ্যা কত ও কি ভিত্তিতে নিয়োগ করা হইয়াছে;

(ঘ) এই জরীপ কার্য সম্পন্ন হতে কত সময় লাগবে; এবং

(ঙ) একই মালিকের পশ্চিমবঙ্গে এবং অন্য রাজ্যে অবস্থিত জমির বিবরণ পাওয়ার উদ্দেশ্যে কোন ব্যবস্থা সরকারের আছে কি?

ভূমি এবং ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) দার্জিলিং, পশ্চিম দিনাজপুর (ইসলামপুর মহকুমা ব্যতীত), হুগলী, মুর্শিদাবাদ ও বাঁকুড়া।

(খ) প্রধান কারণ আর্থিক ও সাংগঠনিক অসুবিধা। তবে অন্যান্য জেলাতেও জরীপের কাজ আরম্ভ করার প্রস্তাব সরকারের বিবেচনাধীন।

(গ) হ্যাঁ। (১) নাইটগার্ড ৪২৬ জন এবং (২) চেইন পিওন ৪১০ জন। বৃন্দাবনপুরে প্রশিক্ষণ কেন্দ্রের চেইন পিওন, সার্ভে ডিপার্টমেন্টের খালাসী, জরিপ বিভাগের পাংখা পুলার, প্রাক্তন শিবির কর্মচারী ও স্থানীয় বেকার লোকদের নিয়োগ করা হইয়াছে।

(ঘ) পাঁচ বৎসর সময় লাগিবে।

(ঙ) এরূপ কোন ব্যবস্থা নাই।

Tourist Lodge at Kalyaneswari

***444.** (Admitted question No. *723.) **Shri SUKUMAR BANDYOPADHYAY:** Will the Minister-in-charge of the Home (Tourism) Department be pleased to state—

(a) whether the Government is aware that the historic Kalyaneswari Temple near Asonsal is an attraction to the tourists;

(b) if so, whether the Government has any plan to construct a tourist lodge at Kalyaneswari; and

(c) the steps taken by the Government to develop the said area for the benefit of tourists?

The Minister for Home (Tourism) Department: (a) There is a temple known as Kalyaneswari near Asansol.

(b) There is no such plan yet.

(c) Does not arise.

জমির হিসাব দাখিল

*৪৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩২।) **শ্রীনিতাইপদ সরকারঃ** ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে বহু জমিদার ও জোতদার তাহাদের জমির প্রকৃত হিসাব সরকারের নিকট দাখিল করেন নাই; এবং

(খ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) পশ্চিমবঙ্গ জমিদারীগ্রহণ আইনের বিধান লঙ্ঘন করিয়া যে সকল জমি লুকাইয়া রাখা হইয়াছে তাহা খুঁজিয়া বাহির করিবার জন্য একটি বিশেষ অভিযান চালান হইতেছে। পশ্চিমবঙ্গ জমিদারী আইনের নূতন সিলিং অনুযায়ী যাঁহারা রিটার্ন দাখিল করিয়াছেন তাঁহাদের প্রদত্ত হিসাব পরীক্ষা করা হইতেছে। যাঁহাদের সিলিং-এর অধিক জমি আছে বলিয়া সন্দেহ করা হইতেছে অথচ যাঁহারা রিটার্ন দাখিল করেন নাই তাঁহাদের বিরুদ্ধে সুও-মটু প্রসিডিংস রুজু করা হইতেছে।

কাঁথি মহকুমায় বাস্তুহীনদের বাস্তু জমি বিতরণ

***৪৪৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৪৮।) **শ্রীসুধীরচন্দ্র দাস:** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি মহকুমার বিভিন্ন ব্লক হইতে বাস্তুহীন কতজন ব্যক্তির নিকট হইতে বাস্তু জমির জন্য দরখাস্ত ৩১এ জানুয়ারী, ১৯৭৩ পর্যন্ত পাওয়া গিয়াছে; এবং

(খ) ঐ দরখাস্তগুলির মধ্যে ঐ সময় পর্যন্ত কতজনকে বাস্তু ভূমি দেওয়ার ব্যবস্থা হইয়াছে?

ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ৩২৬টি দরখাস্ত পাওয়া গিয়াছে।

(খ) ২১০ জনকে বাস্তুজমি দেওয়া হইয়াছে।

থাকুড়দাবাজারে বিদ্যুৎ সরবরাহ

***২৪০।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৬১।) **শ্রীপ্রদ্যোতকুমার মহান্তি:** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার দাঁতন ২নং ব্লকের থাকুড়দাবাজারে বিদ্যুৎ সরবরাহের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, কবে নাগাত উহার কাজ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ১৯৬১ সনের জেলাওয়ারী আদমসুমারীর হ্যাণ্ড বুকে থাকুড়দাবাজার নামে কোন মৌজা নাই, সম্ভবতঃ ইহা স্থানীয় নাম। দাঁতন থানার মধ্যে ৬০টি মৌজায় বৈদ্যুতিকরণের ব্যবস্থা মঞ্জুর লাভ করিয়াছে।

(খ) উপরোক্ত ৬০টি মৌজার মধ্যে ১৯৭৩ সনের জানুয়ারি পর্যন্ত ১৫টি মৌজায় বিদ্যুৎ সরবরাহ হইয়াছে। বাকীগুলির কাজ চলিতেছে।

জাঙ্গিপাড়া ব্লকে বৈদ্যুতিকরণ

***২৫৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৫১১।) **শ্রীগণেশ হাটুই:** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হুগলী জেলার জাঙ্গিপাড়া ব্লকে ৯২টি গ্রামকে গ্রামীণ বৈদ্যুতিকরণ প্রকল্পের অন্তর্ভুক্ত করা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, কবে নাগাত ঐ কাজ আরম্ভ হইবে এবং কতদিনে ঐ কাজ শেষ হইবে বলিয়া আশা করা যায়?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ৯৬টি গ্রামকে বৈদ্যুতিকরণের ব্যবস্থা মঞ্জুরীলাভ করিয়াছে।

(খ) কাজ হাতে লওয়া হইয়াছে। ১৯৭৪ সনের মার্চ মাসের মধ্যে কাজ শেষ হইবে বলিয়া ঠিক আছে—অবশ্য পোল, সিমেন্ট, ইস্পাত ইত্যাদি সময়মত পাওয়া গেলে।

দশ হাজার গ্রাম বৈদ্যুতিকরণ

***২৫৯।** (অনুমোদিত প্রশ্ন নং *৬৩৫।) **শ্রীরজনীকান্ত দোলুই:** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে দশ হাজার গ্রামের বৈদ্যুতিকরণের কাজ কতদূর অগ্রসর হইয়াছে; এবং

(খ) মেদিনীপুর জেলার কতগুলি গ্রাম উক্ত স্কীমের আওতায় পড়িতেছে?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ১৯৭৩ সালের জানুয়ারি মাস পর্যন্ত ১,৮২০টি গ্রাম বৈদ্যুতিকরণ করা হইয়াছে।

(খ) ১,৫৮০টি গ্রাম।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

ভ্যাসেকটমি এবং টিউবেকটমি অপারেশন

৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৯।) **ডাঃ মহম্মদ এক্রামুল হক বিশ্বাস:** স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পরিবার পরিকল্পনা কার্যক্রম রূপায়ন করতে ৩১শে জানুয়ারী, ১৯৭৩ পর্যন্ত কোন্ জেলায় কতজন ভ্যাসেকটমি অ্যান্ড টিউবেকটমি অপারেশন করতে এগিয়ে এসেছেন; এবং

(খ) ভ্যাসেকটমি অ্যান্ড টিউবেকটমি অপারেশন করার পর কোনরূপ বিরূপ প্রতিক্রিয়া (ব্যাড এফেক্ট) হওয়ার সংবাদ সরকারের নিকট এসেছে কিনা এবং এলে কয়টি ক্ষেত্রে?

স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) জেলাভিত্তিক তথ্য আর্থিক বছর ১৯৬৬-৬৭ থেকে রাখা হচ্ছে। এতৎসংক্রান্ত বিবরণী পেশ করা হল।

(খ) বিরূপ প্রতিক্রিয়ার সংবাদ যা পাওয়া গেছে তা খুবই নগণ্য। তবে যখনই কোন অভিযোগ আসে, সংগে সংগেই তার প্রতিকারের ব্যবস্থা করা হয়।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 58.

Districtwise performance of Vasectomy and Tubectomy operations from the year 1966-67 to 31st January, 1973.

Name of the District Family Planning Bureau	Vasectomy	Tubectomy	Total
Calcutta	66,763	28,328	95,091
24-Parganas	59,859	7,517	67,376
Barasat*	36,501	1.837	38.338
Cooch Behar	17.606	1.049	18,655
Birbhum	42.029	2,822	44.851
Bankura	43,797	3,301	47,098
Burdwan	63.831	6,106	69,937
Darjeeling	13,536	1,673	15,209
Howrah	33,970	1,570	35,540
Hooghly	39,565	12,176	51,741
Jalpaiguri	39,756	1,354	41,110
Murshidabad	30,994	2,948	33,942
Midnapur	62.824	2,968	65,792
Tamluk**	25,229	468	25,697
Malda	16,609	682	17,291
Purulia	32,183	572	32,755
Nadia	43,343	1,883	45,226
West Dinajpur	26.758	1,389	28,147
Indian Chamber of Commerce ..	4.756	..	4,756
Total ..	699,909	78,643	778,552

*Figure relates from the year 1967-68.
**Figure relates from the year 1968-69.

বনগ্রাম মহকুমায় জমি বিক্রয়কারীদের সংখ্যা

৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ৪৭৯।) **শ্রীঅজিতকুমার গাঙ্গুলী:** ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৭১ ও ১৯৭২ সালে বনগ্রাম মহকুমায় থানাওয়ারী কতজন জমি বিক্রয় করেছেন?

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয়:

থানা	১৯৭১	১৯৭২
(ক) চাঁদপাড়া রেজেষ্ট্রী অফিস, গাইঘাটা থানা	৬,৪২৯	৮,১২৯
(খ) বনগ্রাম রেজেষ্ট্রী অফিস, বনগ্রাম থানা	২৫,১৭৭	২৭,২১৮
(গ) হেলেঞ্চা রেজেষ্ট্রী অফিস, বাগদা থানা	১,১৩২	১,১৫৯

পাইকপাড়া হইতে বাগদা থানার কুড়ুলিয়া পর্যন্ত পাকা রাস্তা

৬০। (অনুমোদিত প্রশ্ন নং ৪৭৭।) **শ্রীঅজিতকুমার গাঙ্গুলী:** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় বনগ্রাম মহকুমার পাইকপাড়া হইতে বাগদা থানার কুড়ুলিয়া পর্যন্ত প্রায় ১৪ মাইল রাস্তা পাকা করার সিদ্ধান্ত হইয়াছিল;

(খ) সত্য হইলে, ঐ রাস্তার কাজ এখনও শেষ না হওয়ার কারণ কি; এবং

(গ) কবে নাগাদ ইহার কাজ শেষ হইবে বলিয়া আশা করা যায়?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) না; তবে পাইকপাড়া হইতে সুটিয়া পর্যন্ত রাস্তাটি পাকা করিবার সিদ্ধান্ত হইয়াছিল এবং সে কাজ শেষ হইয়াছে।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

কাঁথি থানা এলাকায় বৈদ্যুতিকরণ

৬১। (অনুমোদিত প্রশ্ন নং ৫২৯।) **শ্রীসুধীরচন্দ্র দাস:** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি থানার ১নং ও ২নং ব্লকের কোন্ কোন্ গ্রামে বৈদ্যুতিকরণের পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে; এবং

(খ) ঐ পরিকল্পনা রূপায়িত করিবার লক্ষ্য সময় কি?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ৬১টি গ্রামে, যথা: (১) বাদলপুর, (২) খোলামিরারী, (৩) মহিশালী, (৪) দারমাদ, (৫) কাপামদা, (৬) দুরামুট, (৭) কুদভেরী, (৮) মাজনা, (৯) মুকুন্দপুর, (১০) শ্রীরামপুর, (১১) কন্টাই, (১২) রায়পুর, (১৩) নাতদীঘি, (১৪) বাধিয়া, (১৫) ঘটুয়া, (১৬) পদ্মপুকুর, (১৭) কাকপুর, (১৮) কৃষ্ণচক, (১৯) তেতুলমুড়ি, (২০) তেন-গুনিয়া, (২১) পঁচুয়া, (২২) তগরিয়া, (২৩) কাজপুর, (২৪) রাণীবাসান, (২৫) কলিশভাঙা, (২৬) সুজলপুর, (২৭) পায়রাদি, (২৮) বেলতলিয়া সামিল, (২৯) ফুলেশ্বর, (৩০) পাঁচ-গাছিয়া, (৩১) খগড়াবাণী, (৩২) দেউলপোতা, (৩৩) ঘোষপুর, (৩৪) চালতি, (৩৫) কামুরিয়া, (৩৬) আলদারপুর, (৩৭) পাইকবার, (৩৮) বাইচালিয়া, (৩৯) বামন্তিয়া, (৪০) মাজিলপুর, (৪১) উত্তর দরুয়া, (৪২) মতিকেশ্বর, (৪৩) রঘুরামপুর (৪৪) গোবিন্দপুর, (৪৫) কালিকা-পুর, (৪৬) চৌধুরীবার, (৪৭) দেউলপার, (৪৮) মরোধা, (৪৯) গলিয়াপুলি, (৫০) পাঁচিরিয়া, (৫১) মরিষদা, (৫২) পার্লামালি, (৫৩) আউরাই, (৫৪) যমুনাশঙ্করপুর, (৫৫) কাজলা, (৫৬) গতমাহারী, (৫৭) গোপীনাথপুর, (৫৮) দৌলতপুর, (৫৯) প্রতাপপুর, (৬০) বান্দুরিয়া, (৬১) দরিয়াপুর।

(খ) ১৯৭৩ সনের ডিসেম্বর। অবশ্য সময়মত পোল (খুঁটি), সিমেন্ট, ইস্পাত ইত্যাদি পাওয়া গেলে।

বহরমপুর সহরে ব্যারাক স্কোয়ার সংলগ্ন আবাসগৃহ

৬২। (অনুমোদিত প্রশ্ন নং ৫৪৩।) **শ্রীশঙ্করদাস পাল:** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার বহরমপুর সহরে ব্যারাক স্কোয়ার সংলগ্ন যে সমস্ত সরকারী আবাসগৃহগুলিতে গেজেটেড অফিসারগণ বাস করেন, সেই সমস্ত গৃহগুলিতে সরকারী ব্যয়ে বৈদ্যুতিক আলো, পাখা ইত্যাদি দেওয়ার ব্যবস্থা আছে। কিন্তু যে সমস্ত গৃহগুলিতে (যদিও পাশাপাশি) নন্-গেজেটেড্ সরকারী কর্মচারিগণ বাস করেন সেখানে এরূপ কোন ব্যবস্থা নাই; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) বর্তমানে পূর্ত বিভাগে প্রচলিত নিয়ম অনুসারে সমস্ত সরকারী আবাসগৃহেই বৈদ্যুতিক আলোর ব্যবস্থা (মিটার ও বাতি ব্যতিরেকে) থাকি, কিন্তু বৈদ্যুতিক পাখা কেবলমাত্র গেজেটেড্ অফিসারদের জন্য নির্দিষ্ট সরকারী আবাসগৃহগুলিতেই দেওয়া হয়। এই নিয়মের ভিত্তিতেই বহরমপুর শহরে ব্যারাক স্কোয়ার সংলগ্ন কিছু আবাস-গৃহে পাখা দেওয়া হইয়াছে।

(খ) উপরের উত্তর দেখুন।

বিদ্যুৎচালিত অগভীর নলকূপ

৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ৬৯৩।) **শ্রীগণেশ হাটুই:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকারী ব্যবস্থাপনায় শুধু বিদ্যুৎচালিত অগভীর নলকূপ বসানো হবে; এবং

(খ) সত্য হইলে যে সব জায়গায় আজও বিদ্যুৎ পেঁছায়নি, সেই সমস্ত অনুন্নত এলাকায় চাযের উন্নতিকল্পে সরকারী ব্যবস্থাপনায় অগভীর নলকূপ বসানোর কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) বর্তমানে কোন পরিকল্পনা নাই।

আর আই সি কুপার্সে উদ্বাস্তুগণের কর্মসংস্থান

৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ৭৪৪।) **শ্রীনিতাইপদ সরকার:** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, উদ্বাস্তুগণের কর্মসংস্থানের জন্য আর আই সি কুপার্সে কতকগুলি ইউনিট খুলিয়াছিলেন ;

(খ) সত্য হইলে, উক্ত ইউনিটগুলিতে সরাসরি আর আই সি মাধ্যমে এবং বেসরকারী ইউনিটগুলির মাধ্যমে মোট কত শ্রমিক নিযুক্ত হইয়াছিলেন;

(গ) বর্তমানে উক্ত বেসরকারী ইউনিটগুলি বন্ধ আছে কি;

(ঘ) থাকিলে, বন্ধের কারণ কি এবং বন্ধের ফলে কত শ্রমিক বেকার হইয়াছেন;

(ঙ) উক্ত এলাকায় আর আই সি-এর কারখানায় কর্মসংস্থান বৃদ্ধির কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(চ) বেসরকারী ইউনিটগ্নলি খ্নলিবার কোন ব্যবস্থা সরকার করিতেছেন কিনা?

উদ্বাস্তু ত্রাণ ও প্নর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) আর আই সি কুপার্সে একটা চীনামাটির কারখানা স্থান করিয়াছিলেন।

(১) আর আই সি-র নিজস্ব কারখানায় ৯ জন নিয়মিত ও ৫ জন ঠিকা; (২) বেসরকারী উদ্যোগে স্থাপিত ৮টি সহায়ক (অ্যানসিলারী) সংস্থায় ৬০ জন; (৩) রেমন্ড কাগজকলে ৮০ জন; মোট ১৫৪ জন শ্রমিক নিযুক্ত হইয়াছিলেন।

(গ) হ্যাঁ।

(ঘ) আর আই সি-র প্রাপ্য টাকা পরিশোধ করিতে না পারায়, আর আই সি উক্ত বেসরকারী সংস্থাগ্নলিকে কাঁচামাল সরবরাহ স্থগিত রাখিয়াছেন; তজ্জন্য কারখানাগ্নলি বন্ধ আছে। ইহার ফলে ৬০ জন শ্রমিক কর্মচ্যুত হইয়াছেন বলিয়া জানা যায়।

(ঙ) না, আর আই সি-র কারখানায় নাই।

(চ) বিষয়টি সরকার বিবেচনা করিয়া দেখিতে পারেন।

বনগাঁ মার্কেটিং কো-অপারেটিভ

৬৫। (অন্নমোদিত প্রশ্ন নং ৭৭৮।) **শ্রীঅজিতকুমার গাঙ্গ্নলীঃ** সমবায় বিভাগের মন্ত্রি-মহাশয় অন্নগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বনগাঁ মার্কেটিং কো-অপারেটিভ-এর বিরুদ্ধে সরকার কোন অভিযোগ পেয়েছিলেন কি না; এবং

(খ) পেয়ে থাকলে, (১) কবে পেয়েছেন; ও (২) এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) ১৯৭১ খৃষ্টাব্দের ১১ই নভেম্বর।

(২) এই অভিযোগ সম্বন্ধে সমবায় সমিতিসমূহের নিয়ামক মহাশয়ের নির্দেশে আঞ্চলিক উপ-নিয়ামকের তদন্ত রিপোর্ট কিছ্নকাল আগে নিয়ামকের অফিসে পাওয়া গেছে। ঐ প্রতিবেদনে সমিতির পরিচালক ব্যবস্থায় নানা রকমের ত্রুটিবিচ্যুতির উল্লেখ থাকায় এই প্রতিবেদনের ভিত্তিতে সমিতির প্রাক্তন ও বর্তমান নির্বাহী আধিকারিক ও উত্তর ২৪-পরগনার সহ-নিয়ামক-এর কৈফিয়ৎ চাওয়া হয়েছে এবং কৈফিয়ৎ পাওয়া গেলে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে।

পশ্চিমবঙ্গে আই পি এস অফিসার

৬৬। (অন্নমোদিত প্রশ্ন নং ৮৩৪।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ** স্বরাষ্ট্র (প্নলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অন্নগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে কতজন আই পি এস অফিসার আছেন; এবং

(খ) এদের মধ্যে মহিলার সংখ্যা কত?

স্বরাষ্ট্র (প্নলিস) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পশ্চিমবঙ্গের আই পি এস কেডারে মঞ্জুরী-কৃত পদের সংখ্যা ১৯০। বর্তমানে এই ক্যাডারে ১০ জন আই পি এস অফিসার আছেন। ইঁহাদের মধ্যে বর্তমানে ১১৫ জন রাজ্যসরকারের এবং ৩৬ জন কেন্দ্রীয় সরকারের অধীনে কর্মরত আছেন।

(খ) এদের মধ্যে কোন মহিলা নাই।

সরকারী ফ্ল্যাটের মালিকানা

৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ৮৫৪।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ** গৃহনির্মাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) যাঁরা সরকারী ফ্ল্যাটে বাস করছেন (ইনক্লুডিং গভর্নমেন্ট রেন্টাল হাউসিং এস্টেট) তাঁদের ঐ ফ্ল্যাটের মালিকানা স্বত্ব দেওয়ার কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, পরিকল্পনার বিস্তৃত বিবরণ?

গৃহনির্মাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ, তবে ইহা এম আই জি ফ্ল্যাটে যাঁরা বাস করেন বর্তমানে তাঁদের ক্ষেত্রেই শুধু প্রযোজ্য।

(খ) বিস্তৃত সর্তাবলী এখনও সরকারের বিবেচনাধীন।

LEGISLATION

The West Bengal Duty on Inter-State River Valley Authority Electricity Bill, 1973

Shri Sankar Ghose: I beg leave to introduce the West Bengal Duty on Inter-State River Valley Authority Electricity Bill, 1973.

(Secretary read the title of the Bill)

Shri Sankar Ghose: I beg to move that the West Bengal Duty on Inter-State River Valley Authority Electricity Bill, 1973, be taken into consideration.

[2-20—2-30 p.m.]

শ্রীশঙ্কর ঘোষঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি যখন বাজেট বক্তৃতা করেছিলাম তখন বলেছিলাম যে, এই যে ইন্টার-স্টেট রিভার ভ্যালি অথরিটি ইলেকট্রিসিটি বিল রয়েছে এটাকে আমরা চালু রাখব। এই বিলটি এবং বাংলাদেশ লেভি যে বিলটি আগামীকাল আসছে এটা নতুন বিল বটে, কিন্তু এই বিলের দ্বারা কোন নতুন কর ধার্য করা হবে না, পুরানো যে করটি চালু ছিল সেটাকেই চালু রাখা হবে। এই করটি বহুদিন ধ'রে আছে এবং বেঙ্গল ইলেকট্রিসিটি ডিউটি অ্যাক্ট, ১৯৩৫ যেটা আছে সেই অ্যাক্টের কতকগুলি রুল ক'রে এই করটা ধার্য করা হয়েছিল। তারপরে কতকগুলি প্রশ্ন এসে গেল যে, ইন্টার-স্টেট রিভার ভ্যালি অথরিটি যে ইলেকট্রিসিটি দেবেন সেটার ব্যবহারের উপর কর ধার্য করতে গেলে তার জন্য রাষ্ট্রপতির অনুমোদন দরকার হয় কিনা—যদিও এটা ১৯৫৮ সাল থেকে চলছিল, বেঙ্গল ইলেকট্রিসিটি অ্যাক্ট অনুযায়ী কতগুলি রুল ক'রে এই করটা ধার্য করা হচ্ছিল। যাদের কাছ থেকে করটা ধার্য করা হচ্ছিল তারা সব বড় বড় কোম্পানী। সাধারণ লোকের কাছ থেকে এই কর ধার্য করা হচ্ছিল না। বড় বড় কোম্পানীরা যখন প্রশ্ন তুললেন তখন প্রশ্ন দেখা গেল যে, সংবিধানের ২৮৮ ধারার (২) উপধারায় যেটা রয়েছে তাতে বলা হয় যে, রাষ্ট্রপতির অনুমোদন দরকার হবে এবং সেই ভিত্তিতে ১৯৭১ সালে রাষ্ট্রপতির অনুমোদন নেওয়া হয় এবং এই বিলটাকে আবার চালু করা হয় এবং সেইসঙ্গে আগে যা কিছু কর সংগ্রহ করা হয়েছে সেটাকে ভ্যালিডেটিং অ্যাক্ট হিসাবে ঘোষণা করা হয়। ১৯৭১ সালে রাষ্ট্রপতির আইন হিসাবে এটা এল প্রেসিডেন্ট অ্যাক্ট নং ৫ অব ১৯৭১ এই নামে। মাননীয় সদস্যারা জানেন যে, রাষ্ট্রপতির আইন যেটা হয় সেটা রাষ্ট্রপতির শাসন প্রত্যাহারের ১ বছরের পর সেই আইন আর বলবৎ থাকে না। এটাই সংবিধানের বিধান এবং আর্টিকেল ৩৫৭, ক্লজ (২)-র মতে যখন রাষ্ট্রপতির ঘোষণা প্রত্যাহার হয়ে যায় তার ১ বছর পরে সেটা আর বলবৎ থাকে না। সুতরাং ১৯৭১ সালে বিলটি রাষ্ট্রপতির আইন হয়েছিল

এই কর চালু রাখার জন্য এবং ১৯৭২ সালের এপ্রিল মাসে সেটা আর বলবৎ ছিল না। সেইজন্য যখন আবার দ্বিতীয়বার রাষ্ট্রপতির শাসন চলল তখন নতুন ক'রে এই রাষ্ট্রপতির আইন আনতে হ'ল। তখনকার প্রেসিডেন্টস অ্যাক্ট হচ্ছে ওয়েস্ট বেঙ্গল ডিউটি ইন্টার-স্টেট রিভার ভ্যালি অথরিটি ইলেকট্রিসিটি রি-এনঅ্যাক্টিং অ্যাক্ট, ১৯৭২. সেই প্রেসিডেন্টের প্রোক্লামেসন আবার প্রত্যাহৃত হয়েছে এবং তাব এক বছর পরে সেটা আর চলবে না। সুতরাং এই বছরের মার্চ মাসের শেষেরদিকে এটা আর চলবে না। সেইজন্যই আমরা এই আইনটা এনেছি যাতে ক'রে এটা চালু থাকতে পারে। এই বিল যেটা চালু আছে বেঙ্গল ইলেকট্রিসিটি অ্যাক্ট/রুল-এর মাধ্যমে এই জিনিস হ'ত এবং ১৯৫৮ সাল থেকেই এই জিনিস চলছে, যেটায় আইনগত সমস্যা ছিল যে, রাষ্ট্রপতির অনুমোদন দরকার, সেই অনুমোদন ১৯৭১ সালে এসেছিল এবং রেট্রোসপেকটিভ এফেক্ট দিয়ে ভ্যালিডেট ক'রে দিয়েছিলেন প্রেসিডেন্ট এবং এই রাষ্ট্রপতির আইন সঙ্গত হয়েছিল এবং এখন আবার সেটাকে আমরা চালু রাখতে চাইছি। এই যে করটা ধার্য হয় যারা ডি ভি সি-র বড় বড় কনজিউমার বা ক্রেতা, বড় বড় কোম্পানী যারা ডি ভি সি থেকে নিচ্ছেন বা কনজিউম করছেন, বড় বড় বাল্ক কনজিউমার বা বৃহৎ ব্যবহারকারী, যাঁরা ১৩২/১৩৩ কেভি লাইন নিচ্ছেন তাদের উপর। কি ধরনের বড় বড় কনজিউমার নিয়েছে তার উদাহরণ হিসেবে বলি—যেমন ইন্ডিয়ান আয়রন অ্যান্ড স্টিল, চিত্তরঞ্জন লোকোমোটিভ, হিন্দুস্থান কেবলস্, হিন্দুস্থান স্টিল, দুর্গাপুর, অ্যালয় স্টিল ইত্যাদি। এই জাতীয় কনজিউমাররা এই করটা দেয় এবং করটা তারা বহু বছর ধ'রেই দিচ্ছে। দু'বার রাষ্ট্রপতির আইন হয়ে গেছে এবং এই থেকে প্রায় ৪০ লক্ষ টাকা পাওয়া যায়। এটা যাতে আদায় হতে পারে এই আইনে তারই ব্যবস্থা করা হচ্ছে। কারণ, রাষ্ট্রপতির আইনের মেয়াদ চ'লে যাচ্ছে। এটা সাধারণ মানুষের উপর বসানো হচ্ছে না, বড় বড় কোম্পানীর উপর কর ধার্য করা হচ্ছে। এই উদ্দেশ্য নিয়ে আমি এই বিলটি এনেছি, আপনারা যাতে এটাকে সমর্থন করেন সেই আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করলাম।

Mr. Speaker: There are motions for circulation of the Bill by Shri A. H. Besterwitch, Shri Timir Baran Bhaduri and Shri Shish Mohammad. All the amendments are in order. I call upon Shri Timir Baran Bhaduri to move his amendment.

Shri Timir Baran Bhaduri: Mr. Speaker, Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st May, 1973.

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় আজকে এখানে যে বিল আনলেন সেই বিল সম্পর্কে আমি কয়েকটি কথা বলতে চাই। স্যার, এটা রাষ্ট্রপতির শাসনের আমলে আনা হয়েছিল এবং তার মেয়াদ উত্তীর্ণ হয়ে যাবার জন্য নতুন ক'রে হাউসে রাখা হ'ল। তখন আমাদের বিচার করার ক্ষমতা ছিল না, যেহেতু তখন রাষ্ট্রপতির শাসন ছিল, কিন্তু এখন যখন আনা হয়েছে তখন নিশ্চয় আলোচনা করা দরকার। স্যার, গত ৫ তারিখে বাজেট বিতর্কে অংশগ্রহণ ক'রে আমি যেকথা বলেছিলাম এবং যা নিয়ে ওঁরা খুব হৈ চৈ করেছিলেন ও আপনি গতকাল যার উপর রুলিং দিয়েছেন এবং আমাদের নেতা কমরেড বেস্টারউইচ আপনাকে আমাদের তরফ থেকে বিপ্লবী অভিনন্দন জানিয়েছেন আমি সেই কথাটাই আবার বলতে চাই। অর্থাৎ সেই কারচুপি ক'রে আবার নতুন ক'রে বিল আনা হচ্ছে। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় গতকাল বলেছেন যে, আমরা যে বাজেট এনেছি তাতে নতুন কোন কর বসাইনি, আবার আজকে দেখছি নতুন ক'রে বিল এনে মানুষের কাছ থেকে লেভি করার চেষ্টা করা হচ্ছে। এখানে বলা হচ্ছে যে, যাঁরা এটা কনজিউম করেন, তাঁরা সমস্ত বড় বড় ইঞ্জিনিয়ারিং ফার্ম। কিন্তু স্যার, তাঁরা যা প্রোডাকশন করেন আর উপর এটা তাঁরা চাপিয়ে দেন। ফলে সাধারণ গরিব মানুষ বা মধ্যবিত্ত মেহনতী মানুষ যাঁরা ঐ সমস্ত জিনিস পারচেজ করেন তাঁদের উপরই নতুন ক'রে এটা গিয়ে পড়ে। এ'রা স্যার, ডিরেক্ট কর বসান নি, কিন্তু পরোক্ষ কর বসাচ্ছেন। পৃথিবীর

কোন সভ্য দেশে কি এইরকম আছে? আজকে সমস্ত ভারতবর্ষে দেখা যাচ্ছে, পরোক্ষ কর চাপানো হচ্ছে। এর ফলে হয় কি? আমরা দেখছি তার ফলে পশ্চিম বাংলার সাধারণ গরিব মানুষরাই বলি হয়। পৃথিবীর মধ্যে সবচেয়ে দরিদ্রতম দেশ ভারতবর্ষে একদিকে যেমন আমরা দেখছি দারিদ্র্য, অন্যদিকে তেমনি দিনের পর দিন মূল্যবৃদ্ধির ফলে মানুষ তার পারচেজিং ক্যাপাসিটি হারিয়ে ফেলছে। একদিকে নিত্যনৈমিত্তিক জিনিসের দাম বাড়ছে, অন্যদিকে এঁরা নতুন কায়দায়, সুকৌশলে কর বসাচ্ছেন। তারপর যেসমস্ত ছোট ছোট ইন্ডাস্ট্রি আছে তার যারা মালিক বা ওয়ার্কার তারা ঐ একচেটিয়া পুঁজিপতিদের কারখানার স্পেয়ার পার্টস তৈরি করার জন্য অর্ডার পায়। আজকে আমরা দেখছি পশ্চিম বাংলার কুটিরশিল্প দিন দিন মারা যাচ্ছে।

ঐ একচেটিয়া পুঁজিপতিদের কাছ থেকে যে অনুযায়ী অর্ডার পায় তার যে মূল্যায়ন সেই পুঁজিপতিরা ঠিক ক'রে দেন তার উপর বেশ ক'রে নিচের ছোট ছোট কারখানা তাদের জন্য দর ঠিক করা সম্ভব হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা অবাক হয়ে যাই। এঁরা গণতন্ত্রের কথা বলেন, গণতন্ত্রের বিশ্বাসী–তাই যদি হয়, তা হ'লে এটা সার্কুলেশনে দিন না কেন? পশ্চিমবঙ্গের জনমত নিন। ক'রে দিলাম একটা বিল, এই গোছের না ক'রে সার্কুলেশনে দিয়ে একটা পাবলিক ওপিনিয়ন নিন, তা হ'লে বুঝব যে, হ্যাঁ, পাবলিক ওপিনিয়ন নেওয়া হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কংগ্রেস পক্ষ থেকে যখন বিল আনা হয়েছে কংগ্রেস পক্ষ তাকে সমর্থন করবে। তারা এর লেজ তুলে দেখবে না, এর ভালমন্দ বিচার করবে না। যেহেতু মন্ত্রী এনেছেন সেহেতু সমর্থন করবেন। কিন্তু আমি যখন বিরোধী পক্ষে তখন আমি এর বিরোধিতা করছি। জনসাধারণ কোন পার্টির লোক নন। জনসাধারণের কাছে দিলে নিশ্চয়ই ঠিকমত বিচার ক'রে তাঁরা রায় দিতেন। কাজেই সেইভাবে বিল আনা হোক। বার বার আমরা দেখছি, তাঁরা এই-রকমভাবে কারচুপি ক'রে বিল নিয়ে আসছেন। আমি এই বিলের সম্পূর্ণ বিরোধিতা করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যাঁরা গণতন্ত্রের ধ্বজাধারী তাঁদের এই চরিত্র হওয়া উচিত নয়। এঁরা বার বার বলেন যে, জনগণের রায়ে তাঁরা বিধানসভায় এসেছেন। আমি বলব, আর একবার রায় নিন না? আর একবার রায় নিলে দেখা যাবে যে, জনগণ কোন্ পক্ষে রায় দেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিভাবে বিলগুলি আনা হয়েছে। আমি জানি, আমি বিরোধিতা করলেও তাঁরা ভোটের জোরে পাশ করিয়ে নেবেন, কারণ ওঁদের মেজরিটি আছে। ওঁরা ঠাট্টা ক'রে আমাদের বলেন যে, আমরা নাকি ৩ জন। আমি জয়নাল আবেদিন সাহেবকে জানিয়ে দিতে চাই, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, ভেড়া পালে যায়, গরু পালে যায়, কিন্তু সিংহ কখনও পালে যায় না। সে ২টি কি ৩টি থাকে। কাজেই আমরা যে কি সেটা আর নতুন ক'রে বুঝিয়ে দিতে হবে না। আমি এই বিলের বিরোধিতা করি এবং বিরোধিতা ক'রে যে মোশান আমি দিয়েছি সেই মোশানকে মুভ করছি।

[2-30—2-40 p.m.]

শ্রীমতী গীতা মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে বিল এখানে উত্থাপন করেছেন তিনি হয়ত মনে করছেন আমি বিরোধিতা করার জন্য দাঁড়িয়েছি। কাজেই তাঁকে আগে থেকে সুস্পষ্টভাবে বলছি যে, আমি এর বিরোধিতা করছি না। তবে তিনি যা বলেছেন তার উপর কয়েকটি কথা নির্দিষ্টভাবে আলোচনা করা প্রয়োজন ব'লে মনে করছি। তিনি এই বিলকে ঐতিহাসিক বলতে গিয়ে যেকথা বলেছেন যে, এই বিলটি এসেছিল, পশ্চিমবঙ্গ সরকার ইতি-পূর্বে এইরকম একটা চালু করেছিলেন, সে বিষয়ে কতকগুলি বড় বড় কোম্পানী নালিশ করেছিলেন। কিন্তু ব্যাপারটা তা নয়। আগে ডি ভি সি-র উপরে কথাটা আছে। এই ছিল ডি ভি সি যেহেতু কনস্টিটিউশনের আর্টিকেল-এর প্রভিশন নিয়ে তার ডিউটি-ফ্রি ছিল বিদ্যুৎ, কেউ ডিউটি-ফ্রি করতে পারত না। সেই প্রভিশনে যে জায়গা পেয়েছিল সেটা তারা স্বভাবতই ব্যবহার করেছিল। ইতিমধ্যে বিহার গভর্নমেন্ট তারা একটা আইন করিয়ে নেয় প্রেসিডেন্টের অ্যাসেন্ট আদায় ক'রে যাতে এই প্রভিশন থেকে বেরিয়ে গিয়ে সুযোগটা পায়। কিন্তু পশ্চিমবঙ্গ সরকারের একজন কর্মচারী, তিনি চীফ সেক্রেটারি একটা রুল ক'রে দেন। এখন কনস্টিটিউশনে

যে সুযোগ দেওয়া আছে সেটা একজন কর্মচারীর রুল ক'রে বন্ধ ক'রে দেওয়া যায় না। তার বিরুদ্ধে মোকদ্দমা করছিলেন। কাজেই বড় বড় কোম্পানী নয়। দুর্গাপুর স্টীল প্ল্যান্ট আমাদের অন্যতম পাবলিক সেক্টর, একটা অর্গানাইজেশন এবং সেই কারণে এই আইনটা হয়েছিল। এখন আমি এই কথা কেন বললাম? নিশ্চয়ই বিদ্যা জাহির করার জন্য বলি নি। এই কথাটা আছে সেইজন্য তুলেছি। দেখুন, এই বিলে আছে ৪০ লক্ষ টাকা, এ থেকে এক্সপেক্ট করছি। আপনারা বলেছেন এই ৪০ লক্ষ টাকা আদায় করার জন্য একটা বিল করছেন। আপনারা কাকে এক্সজেম্পশন দিচ্ছেন আর কার উপর বহাল করছেন এটা একটু লক্ষ্য করার দরকার। আমি যেটুকু খবর জোগাড় করেছি তাতে বর্তমানে ডি ভি সি যে এনার্জি বিক্রি করে তার মধ্যে ৯৬ কোটি কিলোওয়াট খরচ বাদে ১৯৭১-৭২ সালে বিক্রি করেছিল প্রাইভেট সেক্টরে। আর ৬৬ কোটি কিলোওয়াট তারা বিক্রি করেছিল পাবলিক সেক্টরের কাছে। তার মধ্যে আবার পশ্চিমবঙ্গ স্টেট ইলেকট্রিসিটি বোর্ডকে বিক্রি করেছিল এবং রেলওয়েকে দেওয়ারও একটা অংশ আছে। অর্থাৎ কিনা এর থেকে যে টাকা পাবেন তার একটা প্রধান অংশ হ'ল পাবলিক সেক্টর ইন্ডাস্ট্রি আবার লেভিও করছেন আমাদের পাবলিক সেক্টর ইন্ডাস্ট্রির উপর। যেমন ইন্ডিয়ান আয়রন অ্যান্ড স্টীল প্রোজেক্ট, দুর্গাপুর আয়রন অ্যান্ড স্টীল প্রোজেক্ট, অ্যালয় স্টীল প্ল্যান্ট, হিন্দুস্থান কেবল্ প্রভৃতি। এরা ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ড ও ডি ভি সি-র এক একজন কনজিউমার। সুতরাং এই টাকার অন্যতম প্রধান অংশ আসে কোথা থেকে, না পাবলিক সেক্টর থেকে। সুতরাং এই প্রসঙ্গে আমি বলি, আমার এক বন্ধুর সঙ্গে দেখা হ'ল কালকে, সে বলল, চল, রেস্তোঁরায় যাই। তাকে সঙ্গে সঙ্গে আমি বললাম যে, তুই রোজগার করিস না, টাকা পেলি কোথায়? সে বলল, আরে, স্বামীর পকেট কেটে নিয়ে এসেছি। আজ পাবলিক সেক্টরে, যেসব ইন্ডাস্ট্রি পিক আপ করতে পারে না তাদের সকলকে লেভির একটা বিরাট অংশ দিতে হবে। তার পর কোল, সেটাও আজকে পাবলিক সেক্টরে হবে। সুতরাং এটা আমার বন্ধুর খাওয়ানোর মত হচ্ছে। যেখানে পাবলিক সেক্টরে ইন্ডাস্ট্রিগুলিকে নিয়ে সাবসিডি হয়, সেখানে আমরা পাবলিক সেক্টরের ইন্ডাস্ট্রির উপর লেভি করতে চাইছি। তার পর ডি ভি সি-র অন্যতম প্রধান কনজিউমার রেলওয়ে, তার উপর আপনারা লেভির কথাটা বিবেচনা করবেন কিনা, সেটা নিয়ে সেন্ট্রাল গভর্নমেন্টের সঙ্গে কথা বলবেন কিনা, এটা আমি জিজ্ঞাসা করছি। রেলওয়ে ট্র্যাকশন একটা বড় অংশ ডি ভি সি-র নেয়, কিন্তু তার বেলায় এক্সজেম্পশন, আর দুর্গাপুর স্টীল প্ল্যান্টের এক্সজেম্পশন নেই, এটা আমার বন্ধুর মত কাজ হচ্ছে না কি? সুতরাং আমি এই বিলের সমর্থনকালে এই কথা বলতে চাই যে, এতে সরকারের রোজগার বাড়বে না। সুতরাং পাবলিক সেক্টরে যেসব ইন্ডাস্ট্রিজ আছে তাদের এক্সজেম্পশন থাকা উচিত। স্টেট বাজেট থেকে তাদের ডিউটি এক্সজেম্পট ক'রে দিন, অপর দিকে রেলওয়ে সেন্ট্রালের ব্যাপার, শুধু তাই নয়, খানদানী ব্যাপার, তার জন্য আলাদা বাজেট হচ্ছে তাদের এক্সজেম্পশন দেওয়ার কোন দরকার নেই। আমি একজন লে-ম্যান হিসেবে খোঁজখবর নিয়ে জেনেছি, কিন্তু এই হাউসের প্রস অ্যান্ড কন্স হিসাব ক'রে এই বিলের উপর অ্যামেন্ডমেন্ট দিতে পারি না ব'লেই আমি অ্যামেন্ডমেন্ট দিলাম না। প্রস অ্যান্ড কন্স দেখে এটা বলতে হবে, কিন্তু আমি স্বাভাবিক বুদ্ধি থেকে বলছি যে, পশ্চিমবঙ্গের স্টেট সেক্টর ইন্ডাস্ট্রিগুলিকে এক্সজেম্পট ক'রে দিন আর রেলওয়ের উপর থেকে এক্সজেম্পশনটা তুলে দিন তা না হ'লে আমাদের সাবসিডি দেওয়াটা কমানো যাবে না। এই বিলকে সমর্থন ক'রে আমি এটা অনুরোধ করছি, যে বিষয়গুলি আপনাদের কাছে রাখলাম, সেই বিষয়গুলির উপর একটু ভেবেচিন্তে ভাল ক'রে বিচার-বিবেচনা ক'রে যাতে রেলওয়ে ট্র্যাকশনের উপর আরও ডিউটি বাড়ানো যায় তার চেষ্টা ক'রে দেখুন। অন্য রাজ্যগুলি ইন্টার-স্টেট রিভার ভ্যালি ডিউটি আদায় করছে, কি কারণে অন্য রাজ্য টেনে নেবে আর পশ্চিম বাংলা বঞ্চিত হবে? ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ডকে ডিউটি দিতে হচ্ছে আর ডি ভি সি-র কনজিউমার হয়েও ডিউটি দেবে না এটা বোধ হয় সুবিচার হচ্ছে না। সুতরাং অন প্রিন্সিপল আমি এই ডিউটির বিরোধিতা করছি না, সমর্থন করছি, কিন্তু এইগুলি একটু লেজ উল্টে দেখুন। এই ব'লে আমি এই বিলকে সমর্থন ক'রে আমার বক্তব্য শেষ করছি।

2-40—2-50 p.m.]

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বিলটা নেছেন তাকে আমি সমর্থন করছি। বিরোধী পক্ষের তিমিরবাবু এই বিলটাকে নস্যাৎ করতে য়েছেন এবং এই বিলটা আলোচনা করতে গিয়ে তিনি তাঁর খানিকটা পুরানো রাগের ঝাল মটিয়েছেন। তাঁদের তো বিপ্লবী সমাজতান্ত্রিক দল, কিন্তু তিনি কি দেখাতে পারেন এমন কান বিপ্লবী রাষ্ট্র আছে যেখানে ট্যাক্স ধার্য হয় না। আমি জানি, তিনি সেরকম কোন রাষ্ট্রের ন্ধান দিতে পারবেন না। বিরোধিতা করতে হয় ব'লে বিরোধিতা করছেন। পশ্চিম বাংলার ন্নতির জন্য যে অর্থ সংগ্রহ করা হচ্ছে সেই অর্থ সংগ্রহের পরিমাণ খুব বেশি নয়—মাত্র ৪০ লক্ষ কো। আমরা মনে করি ক্ষুধায় জীর্ণ, দারিদ্র্যে শীর্ণ এই পশ্চিম বাংলাকে রক্ষা করবাব জন্য র্থ সংগ্রহের আরও অনেক রাস্তা বার করা উচিত। যেমন একজন বললেন, পাবলিক সেক্টর—মন ইন্ডিয়ান আয়রন, কিন্তু বলুন, হিন্দুস্থান কেবল্‌, দুর্গাপুর স্টীল—কাছ থেকে আপত্তি নই। যদিও কিছুটা আপত্তিমিশ্রিত বক্তব্য তিনি রেখেছেন। যুক্তরাষ্ট্রীয় কাঠামোয় যদিও মামরা ভারত সরকারের সঙ্গে ওতঃপ্রোতভাবে জড়িত, কিন্তু নিজ রাজ্যসরকারের উন্নতি সাধনের যাপারে প্রতিটি রাজ্যসরকাবের একটি বিশেষ কর্তব্য আছে। যুক্তরাষ্ট্রীয় কাঠামোতে থেকে যখানে হরিয়ানা, পাঞ্জাব অনেক বেশি এগিয়ে গেছে, অনগ্রসর বিহারের গতি আমাদের চেয়ে তে সেখানে আমরা কোথায় আছি? তার কারণ, অর্থনৈতিক উন্নতির জন্য সম্ভাব্য সর্বপ্রকার চষ্টা তাঁরা করছেন। কোন কোন সময়ে স্বার্থপরতা দোষে তাঁরা দুষ্ট হ'তে পারেন, কিন্তু সটা বড় কথা নয়। নিজ রাজ্যের কোটি কোটি লোক দুঃখকষ্টের মধ্যে থাকবে এর একটা প্রগতিশীল সরকার তার রাজ্যের জনসাধারণের দুঃখ-দুর্দশা দূর করার জন্য অর্থসংগ্রহ করবেন না, কেবলমাত্র মেকি প্রগতিশীলতার কথা ব'লে যাবেন তা হয় না। আমরা কেন্দ্রীয় সরকারের সংস্থার উপর ট্যাক্স ধার্য করব না, এতে দিল্লীর বাহবা আসতে পারে, কিন্তু তাতে পশ্চিম বাংলার মানুষের ঘরে কল্যাণ দেওয়া যাবে না। তাই এই বিল সমর্থন ক'রে মন্ত্রিমহাশয়কে বলছি, এই বিলের পরিধি আরও বাড়ালেন না কেন? কেন্দ্রীয় সরকারের পরিচালনাধীন যেসমস্ত শিল্প রয়েছে যারা বিদ্যুৎ নেয় সেই সমস্ত শিল্পের উপর থেকে আরও বেশি পরিমাণ অর্থ সংগ্রহের জন্য লেভি ধার্য করা হ'ল না কেন? সমস্যা যেখানে এত তীব্র, এত ব্যাপক সেখানে এ জিনিস করা উচিত ছিল। প্রত্যেকটি নিমজ্জমান ব্যক্তি নদীতে বাঁচার জন্য একটা কুটোকে ধরার চেষ্টা করে। পশ্চিম বাংলার যে অর্থনৈতিক অবস্থা, দারিদ্র্য বেকারীর যে অভিশাপ সেখানে যেখান থেকেই হোক, বিত্তশালীদেব কাছ থেকেই হোক আরও বেশি ক'রে চাপ সৃষ্টি ক'রে ট্যাক্স ধার্য ক'রে তা আদায় করা হোক। বিভিন্ন পরিচালন সংস্থার উপর এই গুরুভার চাপিয়ে দিয়ে পশ্চিম বাংলার দুর্গত মানুষের কল্যাণের জন্য কর চাপানোর চেষ্টা করা হোক।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে চাই, যদি বাংলাদেশের সমস্যা সমাধান না হয়, তা হ'লে বাংলাদেশ বাঁচবে না, বিপ্লবের মেকি বুলি ব'লে তিমির ভাদুড়ী মহাশয় বাঁচবেন না, কেউই বাঁচবেন না। গণতন্ত্রেব সবচেয়ে বড় পীঠস্থান হচ্ছে পশ্চিমবঙ্গের এই বিধানসভা। এই বিধানসভায় দেশকে বাঁচাবার জন্য যে-কোন ভাল কাজ আনা হবে সেই ভাল কাজের বিরোধিতা না করলে জনশক্তি আমাদের প্রতিক্রিয়াশীল বলবে এই মনোভাব নিয়ে আমাদের এখানে আসা উচিত নয়। পশ্চিমবঙ্গের যে সমস্যা সেই সমস্যার সম্মুখীন হতে হবে কংগ্রেসকে, সেই সমস্যার সম্মুখীন হ'তে হবে আর এস পি বন্ধুদের, সেই সমস্যার সম্মুখীন হতে হবে সকলকে। সেজন্য লেভি ট্যাক্স ধার্য করার বিষয়ে কোন দ্বিধা বা সংকোচ রাখা উচিত নয়। কেবল এইটুকু দেখলে চলবে আমি যে লেভি ট্যাক্স ধার্য করছি সেই লেভি বা ট্যাক্সের দ্বারা গরিব কৃষক, শ্রমিক, মধ্যবিত্ত এদের কোন কষ্ট না হয়। যারা বছরের পর বছর মাসের পর মাস এই পশ্চিমবঙ্গকে শোষণ করছে, এই পশ্চিমবঙ্গকে ছিবড়ে ক'রে ছাড়ছে, পশ্চিমবঙ্গের অর্থনীতি নষ্ট করছে, গরিবের ঘর খালি ক'রে নিজেদের প্রাসাদ তৈরি করছে, নিজেদের সম্পদ বৃদ্ধি করছে, তাদের বিরুদ্ধে যে-কোন কর্মপন্থা গ্রহণ করার চেষ্টা মাননীয় অর্থমন্ত্রীর করা উচিত। এদের সঙ্গে কোন আপস নয়। এদের সঙ্গে আপস করলে পশ্চিমবঙ্গকে রক্ষা করা সম্ভব নয়। তাই এই বিলকে সমর্থন করার সঙ্গে সঙ্গে একথা বলব আগামী দিনে পশ্চিমবঙ্গকে রক্ষা করার জন্য, পশ্চিমবঙ্গের অর্থনীতিকে আরও জোরদার করার জন্য তিনি যেন আরও কর্মপন্থা গ্রহণ করেন।

শ্রীশঙ্কর ঘোষ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিল সম্বন্ধে তিমির ভাদুড়ী মহাশয় বলেছেন, আমরা তো বলেছিলাম ট্যাক্স করব না, তবে এই ট্যাক্স কি ক'রে এল? আমরা কি বলেছিলাম, সেটা বাজেট বক্তৃতায় পরিষ্কারভাবে বলা আছে—

In the present session we propose to bring two Bills for the consideration of the Legislature for giving a fresh lease of life to two Presidential Acts, namely, West Bengal Taxation Laws (Amendment) Act, 1971, and West Bengal Duty on Inter-State River Valley Authority Electricity (Re-enacting) Act, 1972, which are likely to expire by March, 1973. The yield from West Bengal Taxation Laws (Amendment) Bill, 1973, and from the West Bengal Duty on Inter-State River Valley Authority Electricity Bill, 1973, are likely to be Rs. 225 lakhs and Rs. 40 lakhs, respectively, per year.

এই বিল আমরা আনব—এটা বাজেট বইয়ে বলেছি, এটা কোন লুকোচুরির ব্যাপার নয়। কারচুপি শব্দটা বলা খুব সহজ হয়ে গেছে। বাজেট যদি পড়ে দেখতেন, তা হ'লে এই অসুবিধা হ'ত না। আর একটা কথা তিমির ভাদুড়ী মহাশয় বলেছেন যে, এই বিলটা সার্কুলেশনে পাঠানো হোক। তিনি সংশোধনী প্রস্তাব দিয়েছেন

Circulated for the purpose of eliciting opinion thereon by the 31st May, 1973.

এই বিলে যে ট্যাক্স ধার্য হবে সেটা বড় বড় কোম্পানীর উপর ধার্য হবে, অ্যালুমিনিয়াম কর্পোরেশনের উপর ট্যাক্স হবে, হিন্দুস্থান কেবল্‌স-এর উপর ট্যাক্স হবে, আরও বড় বড় কোম্পানীর উপর ট্যাক্স হবে। এদের উপর ট্যাক্স করতে পারব না এটা কি মাননীয় সদস্যরা বলবেন? এটা কি সার্কুলেশনে দেব যে, না বড় বড় কোম্পানীর উপর ট্যাক্স হবে কিনা? সার্কুলেশনের প্রশ্নটা আসে কোথায়?

[2-50—3-00 p.m.]

মাননীয় সদস্য তিমিরবাবু যেকথা বলেছেন, তাতে মনে হয় পশ্চিমবঙ্গ সরকারের ট্যাক্স করার কোন এক্তিয়ার নেই, আমাদের উন্নয়ন করতে হবে, উন্নয়ন খাতে ব্যয় বাড়াতে হবে, কিন্তু কোনরকম ট্যাক্স করা যাবে না। ট্যাক্স বহুদিন ধ'রে চলে আসছে রাষ্ট্রপতির আইন অনুসারে, কিন্তু তাঁর প্রস্তাব, তা হ'লে সেই ট্যাক্স আর চালানো যাবে না, কোন রকম উন্নয়ন করা যাবে না। এ রকম পরস্পরবিরোধী কথা কেন বলছেন বুঝতে পারছি না। মাননীয় সদস্যা গীতা মুখার্জি এই বিল সমর্থন করেছেন ব'লে আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। তিনি একটি বক্তব্য রেখেছেন রেলওয়েতে এই ট্যাক্স বসাতে পারি কিনা? রেলওয়ের উপর ইলেকট্রিসিটিতে এই ট্যাক্স করার এক্তিয়ার আমাদের নেই, এটা পার্লামেন্টের ব্যাপার। পার্লামেন্ট এই বিষয়ে আইন করতে পারেন, আমরা পারি না। সেইজন্য আমরা বেঙ্গল ইলেকট্রিসিটি অ্যাক্টে রেলওয়ের উপর ট্যাক্স ধার্য করতে পারি নি এবং তার সঙ্গে এই যে অ্যালায়েড অ্যাক্ট ইন্টার-স্টেট রিভার ভ্যালি অথরিটি অ্যাক্ট এটাতেও আমরা ট্যাক্স করতে পারছি না। আমাদের মহাবিধানের ২৮৭ ধারাতে বলা হয়েছে,

Save in so far as Parliament may by law otherwise provide, no law of a State shall impose, or authorise the imposition of, a tax on the consumption or sale of electricity, which is—(a) consumed by the Government of India, or sold to the Government of India for consumption by that Government; or (b) consumed in the construction, maintenance or operation of any railway by the Government of India, or a railway company operating that railway, or sold to that Government or any such railway company for consumption in the construction, maintenance or operation of any railway.

রেলওয়ের উপর ট্যাক্স এটা সর্বভারতীয় ব্যাপার, কাজেই ভারত সরকার এই বিষয় বিচার করবেন এবং তাঁরাই আইন করতে পারেন। মাননীয় সদস্য সুকুমার ব্যানার্জি এটা সমর্থন করেছেন এবং পরিষ্কারভাবে বলেছেন উন্নয়ন হ'তে পারে না যদি সম্পদ সংগ্রহ না করি। সেই সম্পদ সংগ্রহ করবার জন্য পুরানো একটা বিল আমি এনেছি এবং যেখানে কর চালু রয়েছে তাকে চালু রাখতে চাই। আমি বলেছি, এ বছর আমাদের বাজেটে যে প্ল্যান বরাদ্দ ছিল সেটা বাড়িয়ে ৯০ কোটি টাকা করেছি এবং তার জন্য আমাদের নতুন ট্যাক্স করতে হয় নি। কিন্তু পরবর্তীকালে যদি দেখি আমাদের ৯০ কোটি টাকার প্ল্যানকে বাড়াতে হবে, তা হ'লে ট্যাক্স করবার দরকার হ'লে আমরা সেটা করব। আমি আগেই বলেছি, আমাদের ৯০ কোটি টাকার প্ল্যানের জন্য আমরা ২২ কোটি টাকা স্বল্পসঞ্চয় থেকে পেয়েছি। আমাদের ইন্টার-স্টেট রিভ্যার ভ্যালি অথরিটি সম্বন্ধে যেটা রয়েছে সেই আইন হচ্ছে এবং পশ্চিমবঙ্গ সরকার আইন করতে পারবেন। তবে এই আইন বলবৎ হবে কিনা সেটা নির্ভর করছে রাষ্ট্রপতির অনুমোদনের উপর। রাষ্ট্রপতির অনুমোদন দেন, তা হ'লে আমরা চালু করতে পারব। কিন্তু রেলওয়ের কথা যা বলা হয়েছে আমরা যে আইন পাস করব সেটা হচ্ছে ইন্টার-স্টেট রিভার ভ্যালি অথরিটি এবং রাষ্ট্রপতি যদি অনুমোদন দেন, তা হ'লে আমরা চালু করতে পারব। কিন্তু রেলওয়রে কথা যা বলা হয়েছে এটা সর্বভারতীয় ব্যাপার, এটা রাজ্য সরকার করতে পারবে না, এটা পার্লামেন্ট বিচার করবেন। যদি আমাদের ৯০ কোটি টাকার প্ল্যানকে বাড়াতে হয়, যদি সেই প্রয়োজনীয়তা দেখা দেয়, তা হ'লে তার জন্য দরকার হ'লে ট্যাক্স আমরা করব এবং আমি সেইজন্য বাজেটে বলেছি,

Though the size of our Plan for the next year would be larger, it should be remembered that our developmental needs are also growing at a fast pace. Accordingly, we shall not shirk from any fresh measure of taxation for increasing even this larger size of the Plan and for accelerating still further the tempo of development, if that becomes necessary.

যদি ৯০ কোটি টাকার বেশি প্ল্যান করতে হয়, তা হ'লে আমরা নিশ্চয়ই আরও কর ধার্য করব একথা ব'লে সভার কাছে আমি এই বিল রাখছি এবং আশা করছি আপনারা এটা সমর্থন করবেন।

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon, was then put and a division taken with the following result:—

Noes

A. M. O. Ghani, Dr.
Abdul Bari Biswas, Shri.
Abedin, Dr. Zainal.
Baidya, Shri Paresh.
Bandopadhayay, Shri Shib Sankar.
Bandyopadhyay, Shri Sukumar.
Banerjee, Shri Mrityunjoy.
Bapuli, Shri Satya Ranjan.
Bhattacharyya, Shri Harasankar.
Biswas, Shri Kartic Chandra.
Bose, Shri Lakshmi Kanta.
Chaki, Shri Naresh Chandra.
Chakraborty, Shri Gautam.
Chakravarty, Shri Bhabataran.
Chattaraj, Shri Suniti.
Chatterjee, Shri Kanti Ranjan.

Noes—*contd.*

Chatterjee, Shri Naba Kumar.
Chatterjee, Shri Tapan.
Chattopadhyaya, Shri Gobinda.
Das, Shri Barid Baran.
Das, Shri Bimal.
Das, Shri Sarat Chandra.
De, Shri Asamanja.
Dutta, Shri Adya Charan.
Ganguly, Shri Ajit Kumar.
Gayen, Shri Lalit.
Ghosal, Shri Satya.
Ghose, Shri Sankar.
Ghosh, Shri Nitai Pada.
Ghosh, Shri Sisir Kumar.
Gurung, Shri Nandalall.
Gyan Singh, Shri Sohanpal.
Habibur Rahaman, Shri.
Hajra, Shri Basudeb.
Hembram, Shri Sital Chandra.
Hembrom, Shri Benjamin.
Hembrom, Shri Patrash.
Hemram, Shri Kamala Kanta.
Karan, Shri Rabindra Nath.
Khan, Shri Gurupada.
Khan Nasiruddin, Shri.
Kolay, Shri Akshay Kumar.
Lohar, Shri Gour Chandra.
M. Shaukat Ali, Shri.
Mahata, Shri Thakurdas.
Mahbubul Haque, Shri.
Malladeb, Shri Birendra Bijoy.
Mandal, Shri Arabinda.
Mandal, Shri Gopal.
Mazumdar, Shri Indrajit.
Md. Shamsuzzoha, Shri.
Misra, Shri Ahindra.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mitra, Shrimati Ila.
Mojumdar, Shri Jyotirmoy.
Molla, Tasmatulla, Shri.
Mondal, Shri Amarendra.
Mondal, Shri Anil Krishna.
Mondal, Shri Jokhi Lal.
Mondal, Shri Khagendra Nath.
Motahar Hossain, Dr.

Noes—concld.

Mukherjee, Shri Sibdas.
Mukhopadhyaya, Shri Ajoy.
Mukhopadhyaya, Shrimati Geeta.
Nurunnesa Sattar, Shrimati.
Omar Ali, Dr. Sk.
Parui, Shri Mohini Mohon.
Patra, Shri Kashinath.
Paul, Shri Bhawani.
Poddar, Shri Deokinandan.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Ram, Shri Ram Peyare.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shri Birendra Nath.
Roy, Shri Debendra Nath.
Roy, Shri Krishna Pada.
Roy, Shri Madhu Sudan.
Roy, Shri Mrigendra Narayan.
Roy, Shri Saroj.
Roy, Shri Suvendu.
Samanta, Shri Tuhin Kumar.
Santra, Shri Sanatan.
Saren, Shri Joyram.
Sarker, Shri Jogesh Chandra.
Sautya, Shri Basudeb.
Sen, Dr. Anupam.
Sen, Shri Sisir Kumar.
Shamsuddin Ahmed, Shri.
Singha Roy, Shri Probodh Kumar.
Sinha, Shri Atish Chandra.
Sinha, Shri Debendra Nath.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Ta, Shri Kashinath.
Talukdar, Shri Rathin.
Tewary, Shri Sudhanshu Sekhar.
Tirkey, Shri Iswar Chandra.
Tudu, Shri Budhan Chandra.
Wilson-de Roze, Shri George Albert.

Ayes

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

The Ayes being 3 and the Noes 100, the motion was lost.

The motion of Shri Sankar Ghose that the West Bengal Duty on Inter-State River Valley Authority Electricity Bill, 1973, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 14, Schedule I and Schedule II, and the Preamble

The question that clauses 1 to 14, Schedule I and Schedule II and the Preamble, do stand part of the Bill, was then put and agreed to.

[3-00—3-30 p.m.]

Shri Sankar Ghose: Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal Duty on Inter-State River Valley Authority Electricity Bill, 1973, as settled in the Assembly, be passed.

The motion was then put and a division taken with the following result:—

Ayes

A. M. O. Ghani, Dr.
Abdul Bari Biswas, Shri.
Abedin, Dr. Zainal.
Baidya, Shri Paresh.
Bandopadhayay, Shri Shib Sankar.
Bandyopadhyay, Shri Sukumar.
Banerjee, Shri Mrityunjoy.
Basu, Shri Ajit Kumar (Mid.).
Bhattacharya, Shri Sakti Kumar.
Bhattacharyya, Shri Harasankar.
Biswas, Shri Kartic Chandra.
Bose, Shri Lakshmi Kanta.
Chaki, Shri Naresh Chandra.
Chakraborty, Shri Gautam.
Chakravarty, Shri Bhabataran.
Chattaraj, Shri Suniti.
Chatterjee, Shri Kanti Ranjan.
Chatterjee, Shri Naba Kumar.
Das, Shri Barid Baran.
Das, Shri Bimal.
Das, Shri Sarat Chandra.
De, Shri Asamanja.
Dutta, Shri Adya Charan.
Ganguly, Shri Ajit Kumar.
Gayen, Shri Lalit.
Ghosal, Shri Satya.
Ghose, Shri Sankar.
Ghosh, Shri Sisir Kumar.
Gurung, Shri Nandalall.
Gyan, Singh, Shri Sohanpal.

Noes—*contd.*

Habibur Rahaman, Shri.
Hajra, Shri Basudeb.
Halder, Shri Harendra Nath.
Hembram, Shri Sital Chandra.
Hembrom, Shri Benjamin.
Hembrom, Shri Patrash.
Hemram, Shri Kamala Kanta.
Isore, Shri Sisir Kumar.
Jana, Shri Amalesh.
Karan, Shri Rabindra Nath.
Khan, Shri Gurupada.
Khan Nasiruddin, Shri.
Kolay, Shri Akshay Kumar.
Lohar, Shri Gour Chandra.
M. Shaukat Ali, Shri.
Mahata, Shri Thakurdas.
Mahbubul Haque, Shri.
Malladeb, Shri Birendra Bijoy.
Mandal, Shri Arabinda.
Mandal, Shri Gopal.
Mazumdar, Shri Indrajit.
Md. Shamsuzzoha, Shri.
Misra, Shri Ahindra.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mitra, Shrimati Ila.
Mitra, Shri Somendra Nath.
Mohammad Dedar Baksh, Shri.
Mohammad Idris Ali, Shri.
Mojumdar, Shri Jyotirmoy.
Molla Tasmatulla, Shri.
Mondal, Shri Amarendra.
Mondal, Shri Anil Krishna.
Mondal, Shri Jokhi Lal.
Mondal, Shri Khagendra Nath.
Motahar Hossain, Dr.
Mukherjee, Shri Sibdas.
Mukhopadhyaya, Shri Ajoy.
Nurunnesa Sattar, Shrimati.
Omar Ali, Dr. Sk.
Parui, Shri Mohini Mohon.
Patra, Shri Kashinath.
Paul, Shri Bhawani.
Paul, Shri Sankar Das.
Poddar, Shri Deokinandan.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.

Ayes—concld.

Pramanik, Shri Puranjoy.
Ram, Shri Ram Peyare.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shri Ananda Gopal.
Roy, Shri Aswini.
Roy, Shri Birendra Nath.
Roy, Shri Bireswar.
Roy, Shri Debendra Nath.
Roy, Shri Krishna Pada.
Roy, Shri Madhu Sudan.
Roy, Shri Mrigendra Narayan.
Roy, Shri Saroj.
Roy, Shri Santosh Kumar.
Samanta, Shri Tuhin Kumar.
Santra, Shri Sanatan.
Saren, Shri Joyram.
Sarker, Shri Jogesh Chandra.
Sautya, Shri Basudeb.
Sen, Dr. Anupam.
Sen, Shri Sisir Kumar.
Shamsuddin Ahmed, Shri.
Shukla, Shri Krishna Kumar.
Singhababu, Shri Phani Bhusan.
Singha Roy, Shri Probodh Kumar.
Sinha, Shri Atish Chandra.
Sinha, Shri Debendra Nath.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Ta, Shri Kashinath.
Talukdar, Shri Rathin.
Tewary, Shri Sudhansu Sekhar.
Tirkey, Shri Iswar Chandra.
Tudu, Shri Budhan Chandra.
Wilson-de Roze, Shri George Albert.

Noes

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

The Ayes being 110, and the Noes 3, the motion was carried.

(At this stage the House was adjourned for 20 minutes.)

(After adjournment)

[3-30—3-40 p.m.]

VOTING ON DEMAND FOR GRANTS

DEMAND FOR GRANT No. 27

Major Heads: 35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development—Cottage Industries

Dr. Zainal Abedin. Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,30,48,000 be granted for expenditure under Grant No. 27, Major Head: 35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development—Cottage Industries.

Out of the amount, Rs. 2,00,19,000 will be required in connection with the normal budget of the Directorate under the Cottage and Small-Scale Industries Department, Rs. 10,00,000 will be required on account of continuance of schemes undertaken during the period 1966-67 to 1968-69, Rs. 52,34,000 on account of schemes under the Fourth Plan, Rs. 12,55,000 on account of Centrally-sponsored Schemes, and Rs. 4,40,000 on account of schemes outside the State Plan. Further, a sum of Rs. 51,00,000 will be required for capital outlay in connection with development schemes under the Fourth Five-Year Plan and schemes outside the State Plan, thereby completing the total amount of Rs. 3,30,48,000.

The Department of Cottage and Small-Scale Industries in West Bengal is required to play a very useful role for the economic upliftment of this State through the development of Cottage and Small-Scale Industries in this State. This Department is required to play a vital role for solving the acute unemployment and underemployment problems of this State. With this end in view, this Department has been operating various schemes in the following broad sectors, viz., (1) Handloom and Powerloom, (2) Small-Scale Industries, including Industrial Co-operatives, (3) Industrial Estates, (4) Handicrafts, (5) Sericulture, (6) Coir, (7) Khadi and Village Industries, (8) Lac, and (9) Rural Industries Project.

Under the 16-Point Programme, this Department fixed a target of setting up 2,000 Small-Scale Industries Units for one year period from October, 1971 to September, 1972. During this period it has been possible to establish as many as 2,086 Units generating employment opportunities for 13,541 persons. The target for the next one year has been fixed at 2,500, out of which 496 Units have already been set up from October, 1972 to January, 1973.

A sub-contracting exchange, the first ever in West Bengal, has already been established at Calcutta for the purpose of bringing small industries into active ancillary relationship with medium and large-scale industries.

This Department have undertaken a programme to construct industrial estates in the different districts where potentiality for industrial growth exists.

At present there are more than 100 good tool-making units in the small-scale sector manufacturing press tools, dies, jigs, fixtures, moulding dies, cutting tools, gauges, etc., and 5 units in the large-scale sector manufacturing mostly taps, dies, reamers, milling cutters, hobs, etc. Besides these units, there are quite a large number of other small-scale units, who also cater to the need of tools on job order basis though they are not fully engaged in tool-making. Requirements of large-scale industries and public sector undertakings amounting to Rs. 20 to 25 crores per year outside the State are largely met from this State, and out of which 8 to 10 crores worth of toolings are supplied from mainly small-scale sector of this State. A Regional Institute of Tool Design in the pattern of Central Institute of Tool Design, Hyderabad, will immensely help in upgrading the skill and furthering progress and development of Tool-Making Industry of this State.

A Team of U.N. Experts visited Calcutta. The Expert Team have agreed in principle that an Institute of Tool Design would be sanctioned for Calcutta area. The entire cost in this regard will be shared by the U.N. and the Government of India on 50:50 basis. It will provide direct employment to 100 persons.

Considering the scope for expansion of Electronics in this small-scale sector it is necessary to build up adequate testing facilities for quality control. The Government of India have offered financial assistance of Rs. 25 lakhs for setting up Testing Laboratory in this State provided the State Government also contribute 25 per cent. of the capital cost and undertake responsibility for running the laboratory. A project report which is being drawn up in consultation with the Electronics Development Committee is likely to be finalised very shortly.

In the Small-Scale Sector, several assistance programmes like loans under the B.S.A.I. Act, Incentives for dispersal of small-scale industries are being operated so that new industries can come up employing quite a few unemployed persons. These incentives are also available in the existing units either for expansion or to utilise the idle capacity. The 10 per cent. Central Outright grant or subsidy scheme, 1971, from industrial units to be set up in selected backward District/Area is now in operation in the district of Purulia. The Planning Commission was moved by the State Government for extension of the Central scheme to the districts of Midnapore and Nadia in consideration of the infrastructure facilities available thereof. The Planning Commission has recently informed the State Government that Midnapore and Nadia will qualify for the benefits under the said scheme.

Out of 6,000 Powerlooms allotted to this State for distribution during the Fourth Plan 3,890 have been allotted so far to various Co-operative

Societies and individuals. To ensure regular supply of yarn to the weavers at a reasonable price, this Department has decided to set up a Handloom/Powerloom Corporation and for this purpose preliminary action is being taken to set up the Corporation shortly.

On the basis of equalisation of iron and steel prices at rail heads all over the country, this Department have taken up with the Government of India the question of freight equalisation for cotton so that the textile industry in this State may get the benefit of procuring cotton at a lower cost and place themselves in competitive position with the textile mills located in the cotton-growing areas of the country.

The four nucleus R.I. Project in operation in West Bengal, viz., Durgapur, Tamluk, Barasat and Darjeeling, each covering 3 to 5 C. D. Blocks have been making steady progress and their achievement is significant in respect of the off-the-farm employment in rural areas. Together they have generated employment for about 27,000 persons up to 31st March, 1972. Qualitatively they have initiated the first ever integrated effect for economic development at the ground-level. These projects have been coordinating the programmes of different Departments. Four more projects have been undertaken during this year—one each at Malda, West Dinajpur, Murshidabad and Purulia. The Government of India have also been requested to sanction 2 more projects at Cooch Behar and Birbhum.

Under special employment programme, the Development and Planning Department have sanctioned the following schemes to be implemented by this Department:

		Rupees in lakhs
(a) Assistance to Lac Growers	...	1.92
(b) Training of 400 women of Low Income Group family in artistic handicrafts.	..	4.45

Preliminary action to implement the above schemes has already been taken.

Industrial Estates—It is well known that many of the small-scale units cannot start or expand for want of infrastructure facilities. As such the programme for the establishment of Industrial Estate or Industrial Areas equipped with all infrastructure facilities have been taken up. Under Area Development Scheme at Durgapur 71 plots in an area of 12.70 acres have already been developed in a compact area with all infrastructure facilities, like power, water, drainage, etc., and the allotment of plots has been made. Manicktala Work-cum-Servicing Centre under C.M.P.O. has also been completed. A sum of Rs. 6.50 lakhs has been sanctioned for area development at Siliguri. A site has been selected primarily for the development of land and construction of an Industrial Estate at Kharagpur, pending receipt of the result of investigation regarding availability of water and power from Santaldih/D.V.C. This Department have decided to construct Industrial Estate at different places throughout the State of West Bengal, where growth tendency is noticeable in order

to provide facilities for self-employment. A number of such estates will also be located around Calcutta. Action is being taken to set up Industrial Estates of Tangra in Calcutta and Siliguri in North Bengal.

The Government of India have sanctioned a sum of Rs. 35.00 lakhs as a package of assistance to provide employment to the educated unemployed technicians. With this amount it has been arranged to impart entrepreneurship training to 200 persons, of whom 187 entrepreneurs have been positioned and to set up an Industrial Estate at Tiljala. The Government of India has sanctioned a further amount of Rs. 35.00 lakhs very recently. With this amount it is proposed to complete the Commercial Estate at Durgapur, which will offer 50 sheds to entrepreneurs providing direct and indirect employment to 500 persons and to set up an Industrial Estate at Siliguri.

This Department have also agreed to implement the scheme for setting up 7 Industrial Estates in areas where refugee population predominates at an aggregate investment of Rs. 3 crores or so to be made available by the Central Ministry of Rehabilitation through the State Refugee Relief and Rehabilitation Department. These estates will ensure setting up of small-scale units by refugee entrepreneurs and also employment of a sizeable number of refugee population.

In order to organise the small-scale units on a sound footing this Department have taken up several schemes so that the small-scale units can form Co-operatives and can run very efficiently. There is a number of schemes for both managerial grants and loans in different forms under the Industrial Co-operative Sector.

West Bengal is famous for its handicraft products. To help the Handicraft Co-operatives in boosting up their production both inside and outside the country, several schemes have been taken up. As the development of handicrafts depends on the varying designs, there are schemes to help the Co-operatives with supply of new designs, training, common facilities centre, etc.

West Bengal is also famous for silk industries, which have market both inside and outside the country. In order to help the industries with adequate quantity and good quality of yarn, several schemes have been taken up, such as establishment of State Filature, Development of Sericulture in Darjeeling district, Intensification of Sericulture Gramage, Reorganisation of the existing nurseries, etc. The State Filature at Madhughat, which is now operating with 70 basins, can produce good quality yarn, which is supplied to the silk weavers. For boosting up the production of mulberry and subsequently the production of cocoons, several schemes are being implemented.

In the other Cottage Industries Sector like Coir, Lac and Khadi several schemes are in operation to help these Cottage Industries not only to boost up their production, but to employ more people in these sectors also.

Detailed allocations for specific schemes will be available at pages 507 to 514 of the Civil Budget Estimate for 1973-74, Part I, and at pages 255 to 292 and pages 374 to 375, Part II, of the Civil Budget Estimates for 1973-74.

In conclusion, I would appeal to all the honourable members to co-operate with the Government in making our policies in regard to Cottage and Small-Scale Industries a success.

[3-40—3-50 p.m.]

Mr. Speaker: All the cut motions are in order and are taken as moved.

শ্রীঅহীন্দ্র মিশ্র: মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বন্ডেল রোডে যে ভারত ব্যাটারি ম্যানুফ্যাকচারিং কোম্পানীটি রয়েছে সেটি গত ১-৩-৬৭ তারিখ থেকে বন্ধ ক'রে দেওয়ার ফলে সেখানকার দু'শো শ্রমিক কর্মহীন হয়ে পড়েছেন। প্রতিটি শ্রমিক পরিবারের যদি ৫ জন ক'রে লোক ধরা যায়, তা হ'লে কমপক্ষে এক হাজার মানুষ আজ খাদ্য-বস্ত্রের চরম সংকটের সম্মুখীন হয়েছে। লেবার কমিশনার যে ফরমুলা নিয়ে শেষ চেষ্টা করেছিলেন তাও গত ৫ই মার্চ, ১৯৭৩, তারিখে ব্যর্থ হয়ে যায়। স্যার, সরকার বন্ধ ও দুর্বল কারখানাগুলির ব্যাপারে ব্যবস্থা গ্রহণ ক'রে একটা নতুন উৎসাহের সৃষ্টি করছেন। কাজেই এই কারখানাটির অবস্থার দিকে দৃষ্টি দেবার জন্য আপনার মাধ্যমে আমি মাননীয় শ্রমমন্ত্রী ও মন্ত্রিসভার সদস্যদের অনুরোধ জানাচ্ছি।

Shri Timir Baran Bhaduri: That the amount of the demand be reduced to Re 1.

Shri Timir Baran Bhaduri: That the amount of the demand be reduced by Rs 100.

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় আজকে যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন সে সম্পর্কে আলোচনায় অংশ গ্রহণ করতে উঠে প্রথমেই যে ছবিটা বার বার আমার মনে পড়ছে সেটা হচ্ছে পশ্চিম বাংলার কুটিরশিল্পের চেহারা। আজকে বিশেষ ক'রে পশ্চিম বাংলার গ্রামাঞ্চলে যেসমস্ত কুটিরশিল্প রয়েছে সেগুলি যক্ষ্মারোগে আক্রান্ত। আমরা দেখেছি, নিম্ন তফসিলী সম্প্রদায়ের যেসমস্ত কুটিরশিল্প ছিল এবং সেগুলি থেকে তারা যে রুজি-রোজগার করত সেই বৃত্তি থেকে আজ তারা সরে গিয়ে দিনমজুর হয়ে গিয়েছে। আমি আমাদের বেলডাঙ্গাতে দেখেছি- মাননীয় মন্ত্রিমহাশয় যে বলছেন, কো-অপারেটিভ, গ্রামের লোকেরা আর কো-অপারেটিভ বলে না, বলে চোরপরেটিভ। স্যার, ১৯৭১ সালে যখন আমি এই সভায় ছিলাম না তখন এন সি রায় কমিশন নামে একটি কমিশন বসেছিল। সেই এন সি রায় কমিশনের যে রিপোর্ট কাগজে দেখেছি তাতে এর ভয়াবহ চেহারা দেখে আমি আঁতকে উঠেছি। তিনি তাঁর রিপোর্টে স্পষ্ট ক'রে বলেছেন যে, এইসমস্ত কো-অপারেটিভে যারা অংশ গ্রহণ করে তারা সমস্ত ঐ এম এল এ, এম পি, মন্ত্রীদের তল্পীবাহক এবং আত্মীয়স্বজন। মাননীয় স্পীকার মহাশয়, এই কো-অপারেটিভের নাম ক'রে কত লক্ষ লক্ষ কোটি কোটি টাকার অপব্যয় হয় তা আমরা দেখেছি। ২নং চার্চ লেনে যে অফিস সেখানে দেখেছি আমলাতন্ত্রের কি চেহারা।

কুটিরশিল্পের নাম ক'রে যেসমস্ত বাঙ্গালী বেকার ছেলে, যাঁরা চাকরী পান না, এই মন্ত্রিসভা থেকে ঘোষণা করা হয়েছে যে, তারা যাতে কুটিরশিল্প করার জন্য হেল্প, লোন পায়, সাহায্য পায় তার জন্য সরকার বদ্ধপরিকর। আমি জানি, সাবানের কারখানা করতে গিয়েছিল, মোমবাতির কারখানা করতে গিয়েছিল, মন্ত্রীর রেকমেন্ড ছিল তবুও তারা পায় নি। পেয়েছেন কারা? পশ্চিম বাঙ্গলার অবাঙ্গালী ব্যবসায়ীরা এবং তাঁরা দরকারের অতিরিক্ত পান। তাঁদের যেটুকু দরকার থাকে তা রেখে বাকীটুকু তাঁরা ব্ল্যাকমার্কেটে বিক্রয় করেন। আমি জানি, হাওড়া

জেলার ২-১টি ঘটনার কথা। কোন্ জায়গায় যাব, সব জায়গায় এই ধরনের জিনিস চলছে। এখানে একজন কংগ্রেস সদস্য বলেছেন, শান্তিপুর কো-অপারেটিভ-এর কথা। তারপর হ্যান্ডলুম, পাওয়ারলুম-এর চেহারা দেখছি। দেখা গেছে, সেখানে যারা তাঁতী তারা বঞ্চিত হয়েছে, অনেক বিজনেসম্যান ইনভেস্ট করে মজুরী হিসেবে তাদের ১ টাকা, ২ টাকা, ৩ টাকা হিসাবে দিচ্ছে। মুর্শিদাবাদে যেসমস্ত রেশম বিজনেস আছে, সেখানেও দেখেছি। ইসলামপুর চকে, সেখানেও দেখা গেছে যে, কিছু ঐ ভোগের মন্ডা হয়ে ঐ আবদুল বারি বিশ্বাস তার দলের লোক বসে আছে। ইসলামপুরে রেশম বিজনেস-এ তাঁতী যারা তারা কো-অপারেটিভ করেছে তার মাথার মন্ডাটি হয়ে তারা কিভাবে টাকা মারছে। এসব কথা বলতে গেলে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, তারা বলবে যে, ঐসব আগেকার কংগ্রেস করেছে, আমাদের কংগ্রেস নয়। আমি জয়নাল আবেদিন সাহেবকে প্রশ্ন করতে চাই, আগেকার কংগ্রেসে কি তিনি ছিলেন না? বিজয়সিং নাহার মহাশয় তখন কি ছিলেন না? অজয়বাবুও তখন ছিলেন। কি করেছেন? যেসমস্ত গ্রামীণ কুটিরশিল্প, সিডিউল্ড কাস্টস তাদের সম্পর্কে একটুও চিন্তা করেছেন কি? এই জিনিস আমরা দেখেছি। এই বীভৎস, নগ্ন চেহারা আমরা দেখেছি। এই মোমবাতি, সাবানের কারখানার জন্য স্কীম সাবমিট এবং অ্যাপ্রুভও হয়েছে, অথচ দেখা গেছে তাঁরা কোটা পান নি। আমরা দেখেছি, এই তামার ব্যাপারে কুটির শিল্প দপ্তর থেকে সেন্ট্রাল গভর্নমেন্টএর কাছে যা চাওয়া হয়েছে, তামা পশ্চিম বাংলার যা প্রয়োজন তা থেকে অনেক কম পেয়েছে। পশ্চিমবঙ্গের প্রয়োজন যেখানে ১৫ হাজার সেখানে ৫ হাজার দেওয়া হয়েছে। উত্তরবঙ্গ, উড়িষ্যায় ৮।৯ হাজারের ফিগার দেখা যাচ্ছে। কাজেই এই কুটিরশিল্পের চেহারা আমরা দিনের পর দিন দেখতে পাচ্ছি। আমার জেলায় যারা মুচি আছে, তারা কো-অপারেটিভ করেছে তারা কোন গ্র্যান্ট পায় না, ব্লক থেকে কোন সাহায্য পায় না। আমাদের মুর্শিদাবাদ জেলায় গরুর গাড়ির চাকা তৈরি করার জন্য তাদের লোন দেবার কথা বলা হয়েছে। কিন্তু সেখানে মাত্র ১০ টাকা লোন দেওয়া হয়েছে ব্লক অফিস থেকে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি একটু চিন্তা ক'রে দেখুন, তাদের কাঠের বেড়ি তৈরি করতে হয়, তাতে টাকা লাগে। তারপর হাতুড়ি আছে, বাটালি আছে, আরও অন্যান্য জিনিস আছে। সেখানে তাদের কাছে লোন গিয়ে পেঁছাচ্ছে ৫ থেকে ৬ টাকা। আমরা দেখেছি এই ফিশারম্যান, যারা জাল তৈরি করে তাদের অভাবের সুযোগ নিয়ে কি ধরনের নোংরামি করা হয়েছে। তাদের ২ টাকা, ৩ টাকা ক'রে দেওয়া হয়েছে, সেখানে লোন দেওয়া হয়েছে ১০ টাকা থেকে ১৫ টাকা। কাজেই এই হচ্ছে কুটিরশিল্পের চেহারা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী জয়নাল আবেদিন মহাশয় বলেছেন যে, কুটিরশিল্প করুন আমাদের সহযোগিতা পাবেন। কাজেই বলছি আপনারা কুটিরশিল্পকে বাঁচান। আপনারা আমলাতন্ত্রের উপর ভর ক'রে আছেন। এই আমলাতন্ত্র দিয়ে সমস্যার সমাধান হবে না। যেমন বাতাসায় পিঁপড়ে লাগলে সব বাতাসা নষ্ট হয়ে যায়। তেমনি এই আমলাতন্ত্রের ফলে সব কিছু নষ্ট হয়ে যাবে, এরা সব কিছু নষ্ট ক'রে দেবে। এই কথা ব'লে আমার বক্তব্য শেষ করছি।

[3-50—4-00 p.m.]

শ্রীমৃগেন্দ্র মুখার্জি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভায় যাঁরা বিরোধী পক্ষ হবেন তাঁরা সমস্ত নথিপত্র নিয়ে পরিষ্কার বক্তব্য রাখবেন এটাই আমরা জানি। কিন্তু আজকে তিমিরবাবুকে দেখে মনে হয় যে, তিনি এমন অন্ধকারে আছেন যে, বিরোধী দলে থেকেও বিরোধিতা করতে জানেন না। কতগুলি অর্বাচীন উক্তি, যাতে কোন তত্ত্ব নেই, সেইগুলি ব'লে গিয়েছেন। আমি এই ব্যয়বরাদ্দের দাবিকে সমর্থন করছি। সমর্থন করতে গিয়ে আমি বলব যে, সরকারী দলের লোক হিসাবে জনসাধারণের কাছে আমাদের কিছু কর্তব্য আছে এবং জনসাধারণকে আমরা যে কথা ব'লে এসেছি সেই কথাগুলি যাতে কাজে পরিণত হয় তার জন্য আমাদের চেষ্টা করতে হবে। আমরা এই সরকারকে সাহায্য করতে চাই যাতে সেই কাজগুলি সুষ্ঠুরূপে রূপায়িত হয়। তাই পশ্চিম বাংলার ক্ষেত্রে আমরা এই ইন্ডাস্ট্রিতে যা দেখেছি তাতে বিহারে এর চেয়ে অনেক বড় বড় ক্যাপিটাল নিয়েও বিহারে ঐরূপ হয় নি। পশ্চিম বাংলার যে অর্থনৈতিক কাঠামো তাতে ক্ষুদ্র শিল্পই একমাত্র বাঁচার পথ এবং এর দ্বারাই চাষবাস, গ্রামীণ অর্থনীতিকে সুদৃঢ় করতে পারা যায়। সেইজন্য মানুষ এই দপ্তরের দিকে তাকিয়ে থাকে, যাতে এই দপ্তর সুন্দর হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই দপ্তর চলছে আস্থার সঙ্গে, দৃঢ়তার সঙ্গে, তবুও

আমি এই দপ্তরের কয়েকটি কার্যকলাপের দিকে আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করব। গত ১ বছরে পশ্চিম বাংলায় কুটির শিল্পের যে মূল সমস্যা সেটা কাটে নি। সেটা হচ্ছে কাঁচামালের সমস্যা, এই সমস্যা এখনও কাটে নি, কিছু কিছু ক্ষেত্রে উন্নতি হ'লেও সামগ্রিকভাবে এই শিল্পে পশ্চিম বাংলায় যে কাঁচামাল দরকার তার শতকরা ২০ ভাগ খোলা বাজারে পাওয়া যায়, বাকি ৮০ ভাগ কালোবাজারে। এই দপ্তরের যেটা সবচেয়ে বড় প্রচেষ্টা হওয়া উচিত সে বিষয়ে তাদের সক্রিয় হতে দেখা যায় না। আমাদের কুটিরশিল্পে যে ছোট ছোট ব্যবসায়ীরা আছে তারা যখন কালোবাজার থেকে মাল কিনে নিয়ে বিক্রি করতে যাচ্ছে তখন অন্যান্য রাজ্য থেকে যেসব ব্যবসায়ীরা এসেছেন তারা ছাঁটাই ক'রে, লে-অফ ক'রে এই শিল্পে একটা অদ্ভুত অবস্থার সৃষ্টি করছে। মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে, আজকে ২ হাজার ইউনিট স্থাপন করেছেন, কিন্তু তাঁর দপ্তরের কি রেকর্ড নেই কতগুলি ইউনিট বন্ধ হয়ে গিয়েছে? এই দপ্তরের যেসমস্ত রেকর্ড আছে তার মধ্যে অন্যতম হচ্ছে এই ২ হাজার ইউনিট। মন্ত্রিমহাশয় বলেছেন, তাঁরা প্রতিটি জেলায় কমার্শিয়াল এস্টেট ক'রে ইন্ডাস্ট্রিয়াল এস্টেট স্থাপন করবেন এই বছরে। যদিও তিনি এটা এখানে পরিষ্কার ক'রে বলেন নি, হয়ত প্রিভিলেজ অফ অ্যাসিওরেন্সের প্রশ্ন আসে। ৫ জনকে নিয়ে তাঁরা যে জমি সংগ্রহ কমিটি করলেন সেটাও কোন্ জায়গায় কতটা কি হয়েছে না হয়েছে তাতে সন্দেহ আছে। এই আইনের ভিতর অসুবিধা রয়েছে, সেটা হচ্ছে মহারাষ্ট্রে এম আই ডি অ্যাক্ট, ১৯৬১-র ১৪ আর্টিকেল এবং ৩১ আর্টিকেল-এ যা আছে সেই রকম এই রাজ্যের আইনে কোন কিছু পরিণত করা হয় নি। ইনফ্রা-স্ট্রাকচারের দিক থেকে এই রাজ্য অন্যান্য রাজ্য থেকে পিছনে আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা রিপোর্ট পড়ে আপনাকে শোনাতে চাইছি সেটা হচ্ছে এই বিষয়ে বিহার যেখানে ২২, হরিয়ানা ১৯, জম্মু ও কাশ্মীর ২০ মধ্যপ্রদেশ ৮৯ আর পশ্চিমবঙ্গে সেখানে কিনা ১৯৫২ সালে শিল্পে প্রথম ছিল সেখানে মাত্র ৭টি। আমরা সকলের পিছনে রয়েছি। ইন্ডাস্ট্রিয়াল এস্টেট সম্পর্কে এই স্টেট-এর যে ফাংশনগুলি আছে সেগুলি সম্বন্ধে তাঁরা ঠিকভাবে ফাংশন করছেন না। আমরা জানি কলকাতায় যেটা আছে বারুইপুর এস্টেট, সেখানে লোকেরা যেতে চায় না। অনেক সময় শিল্প গ'ড়ে উঠলেও তারা কিছুদিন পরে শিল্প বন্ধ ক'রে দেন।

কলকাতায় একটা অফিস খুলে রেখে তারা কাঁচামাল নিয়ে যায়। কারণ সরকারের কোন ডিপার্টমেন্ট নেই, ইউনিট বন্ধ হয়েছে কিনা জানার। সেজন্য কাঁচামাল নিয়ে গিয়ে তারা ব্ল্যাক ক'রে দিচ্ছে। এই ডিপার্টমেন্ট-এর ডাইরেক্টর বিশেষ প্রচেষ্টা নিয়ে কিছু কিছু জায়গায় হাত দিয়েছিলেন, কিন্তু দপ্তরের সচিব তাঁর বিরুদ্ধে দাঁড়িয়ে গেছেন। এইরকম যদি আইনের অসুবিধা থাকে, তা হ'লে আমরা ইন্ডাস্ট্রিয়াল এস্টেট স্থাপন করতে পারব না। আবার অর্থনীতির ক্ষেত্রেও ইন্ডাস্ট্রিয়াল এস্টেটসএর ভীষণ বাধা আছে। অর্থনীতির ক্ষেত্রে অন্যান্য জায়গায় দেখছি এল আই সি, স্টেট ফিন্যান্স কর্পোরেশন, ব্যাঙ্ক এগিয়ে এসে টাকা দিচ্ছে। কিন্তু এই রাজ্যে কেউ একটি কপর্দকও দিচ্ছে না। সেজন্য ইন্ডাস্ট্রিয়াল এস্টেট সম্পর্কে রিজার্ভ ব্যাঙ্কের একটা রিপোর্ট পড়ে শোনাচ্ছি। সেখানে এক জায়গায় বলছে—

In West Bengal no prior studies or surveys were conducted while selecting location of the sites for the Estate. There was also lack of adequate planning to identify and promote particular type of industries suitable for the respective area.

এই যে মৌলিক গলদগুলি রয়েছে এগুলি যদি দূর না করা হয় তা হ'লে শিল্প হ'তে পারে না। দ্বিতীয় জিনিস হচ্ছে ইন্ডাস্ট্রিয়াল এস্টেটএর মধ্য দিয়ে কাঁচামালের ব্যবস্থার জন্য স্টীল ব্যাংক তৈরি করার ব্যবস্থা আছে। কাঁচামাল যখন খুব বেশি আসে তখন ছোট শিল্পপতিরা তা নিতে পারে না টাকার অভাবে, যখন থাকে না তখন কালোবাজারে তা চলে যায়। অনেকে বলেন পশ্চিম বাংলার প্রতি কেন্দ্রীয় সরকারের বিমাতৃসুলভ মনোভাব আছে। ওটা অসত্য কথা। আমরা জানি কাঁচামালের অ্যাভেলিবিলিটির উপর যে পরিমাণ পশ্চিম বাংলায় বরাদ্দ করা হয় তার চেয়ে অন্য রাজ্যের পরিমাণ খুব বেশি নয়। অথচ ব্যাপার কি হয়? আমরা জানি তিনটি ঘুঘুর বাসা আছে যাদের সম্পর্কে একটু সতর্ক হওয়া উচিত—যেমন একটা এস পি সি কমিটি। এই কমিটির কার্যকলাপ যথেষ্ট সন্দেহজনক। এটা দেখা দরকার। দ্বিতীয়তঃ তিনটি স্টকিস্ট

আছে—টিস্কো, ইস্কো এবং আর একটা হচ্ছে হিন্দুস্থান স্টিল। এদের অধীনে ৫টা স্টকওয়ার্ড আছে। সমস্ত পূর্বাঞ্চল এদের কাছ থেকে মাল নিয়ে যাচ্ছে। আসাম, বিহার, উড়িষ্যাতে এই সমস্ত কোটা থেকে মাল সাপ্লাই করা হয়। আমি কয়েকটা অঞ্চলে গিয়ে দেখে এসেছি রিজার্ভ প্রাইস-এ মাল বিক্রি করা হচ্ছে। যে স্ক্র্যাপ আসছে সেটাকে স্টীল করে বিক্রি করা হচ্ছে। সেজন্য এগুলি কালোবাজারে যাচ্ছে। এই রাজ্যে ভারী শিল্প যখন স্টীল কেনেন তখন তাঁরা ১,১০০ টন পাবেন এবং ক্ষুদ্রশিল্প পাবেন ১,৪০০/১,৫০০ টন। এখানেই ক্ষুদ্রশিল্প মার খেয়ে গেল। তা হ'লে যে ক্ষুদ্রশিল্পকে মদত দেবার কথা মন্ত্রিমহাশয় বলছেন তা হচ্ছে না। পশ্চিমবঙ্গে যে কালোবাজারী চলছে তাতে এই আশা করব না এই দপ্তর কালোবাজারীদের মহাজন হয়ে কাজ করবেন। আপনারা কালোবাজারকে সাদা ক'রে দিন। এত পয়সা খরচা ক'রে যখন দুর্নীতি দমন করার ব্যবস্থা হচ্ছে তখন এ জিনিস কেন বন্ধ করা হচ্ছে না? এ বিষয়ে পাঞ্জাব, বিহার, উড়িষ্যা দাঁড়িয়ে গেল। ডাঃ রায় যেখানে স্বপ্ন দেখেছিলেন পশ্চিম বাংলা জাপানের মত হবে সেখানে আজ কি অবস্থা। স্যার জগদীশচন্দ্র বসু, স্যার পি সি রায় আশা করেছিলেন পশ্চিম বাংলায় ক্ষুদ্রশিল্প হ'লে তবে বাংলা বাঁচবে। আমাদের বিভাগীয় মন্ত্রীর উপর আস্থা আছে। তিনি এই রিপোর্টকে কার্যে পরিণত করুন। আপনার দপ্তর যে এইভাবে ব্যর্থ হয়ে যাচ্ছে শিল্প সম্ভাবনাকে তুলে ধরতে তাকে আপনি সামলাবার চেষ্টা করুন।

[4-00—4-10 p.m.]

তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন করছি, পশ্চিমবঙ্গে শিল্প সম্ভাবনাকে বাড়িয়ে তোলার জন্য তিনি যেন কিছু কিছু কার্যকর পদক্ষেপ গ্রহণ করেন। প্রতি জেলায় ইন্ডাস্ট্রিয়াল এস্টেটস স্থাপনের পরিকল্পনা তিনি করেছেন, গত বছর তাঁর ইচ্ছা ছিল, সাধ ছিল, হয়ত সাধ্য ছিল না; ব্যর্থ হয়েছেন। এ বছরে যে ইচ্ছা পোষণ করেছেন সেটাকে কার্যে পরিণত করার জন্য বাইরের সাহায্যে নেবার যেন চেষ্টা করা হয়। আমরা তাই অনুরোধ করব, যেসব জায়গায় কালোবাজারের ছিদ্র রয়েছে, যেসব ইউনিট বন্ধ হয়ে রয়েছে সেই বন্ধ ইউনিটগুলি কাঁচামাল পাচ্ছে কি পাচ্ছে না সে সম্বন্ধে জানা দরকার। কয়টা ইউনিট আমরা খুললাম, কতগুলি বন্ধ হয়ে গেল তার রেকর্ড রাখা দরকার। সেই রেকর্ড এত বড় ডিপার্টমেন্টে কোথাও নেই। আমি হাওড়ার ২-৩টি ইন্ডাস্ট্রির নাম করতে পারি যারা লক-আউট, লে-অফ, ৪ বছর ক্লোজার ক'রে দিয়েছে অথচ তারা ৪ বছর ধ'রে কাঁচামাল ইমপোর্টেড স্টীল পেয়ে যাচ্ছে। এইভাবে যদি চলতে থাকে, তা হ'লে পশ্চিমবঙ্গকে আমরা বাঁচাতে পারব না। কিন্তু আমি বিশ্বাস রাখি যে, আমাদের সরকার ১ বছরে যে কর্মতৎপরতার সঙ্গে এগোবার চেষ্টা করছেন, দীর্ঘ ৫০/৬০ বছর ধ'রে যে দুর্নীতি রন্ধ্রে রন্ধ্রে প্রবেশ করেছে সেই দুর্নীতির হাত থেকে একদিনে মুক্ত হওয়া সম্ভব নয়, সেইভাবে কর্মতৎপরতার সঙ্গে এগোলে দুর্নীতি দূর হবে। তাই আমি অনুরোধ করব, পশ্চিমবঙ্গের এই মেরুদণ্ডকে ভাঙ্গতে দেবেন না, পশ্চিম-বঙ্গের মেরুদণ্ডকে শক্তিশালী করতে গেলে অ্যালয় স্টীলের জয়েন্ট সেক্টরে কারখানা ক'রে পশ্চিমবঙ্গকে বাঁচানো যাবে না। একটা বড় শিল্পে অনেক টাকা লাগে, কর্মসংস্থান বেশি হয় না, কিন্তু ক্ষুদ্র শিল্পে বেশি কর্মসংস্থান হয়, কম ক্যাপিটালে মধ্যবিত্ত বাঙালী ক্ষুদ্র শিল্প করতে পারবে, তাদের মদত দিতে হবে, তাদের টাকার সাহায্য দিতে হবে। ব্যাঙ্ক পশ্চিমবঙ্গে মোটেই এগিয়ে আসছে না, এল আই সি-র কাছ থেকে সাহায্য পাওয়া যাচ্ছে না। তা হলে কি ক'রে শিল্প গড়ে উঠবে? আজকে সেই শিল্পে বহু লোক নিযুক্ত আছে, তাদের রুজিরোজগার আটকে যাচ্ছে। সেজন্য মাননীয় স্পীকার মহাশয়, আমি আইন প্রণয়নের দিকে নজর রাখতে বলি, পশ্চিমবঙ্গে যে অর্থনৈতিক সম্ভাবনা রয়েছে সেই সম্ভাবনা যাতে শক্তিশালী হয়। আগামী বছর পশ্চিম বাংলা যাতে আবার বেঁচে উঠে তার জন্য আবেদন জানিয়ে, যে ব্যয়বরাদ্দের দাবি মাননীয় মন্ত্রিমহাশয় এনেছেন সেই দাবিকে সম্পূর্ণরূপে সমর্থন ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীবিমল দাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দেব দাবি এনেছেন সে সম্পর্কে আলোচনা করতে গিয়ে প্রথমেই ব'লে নিই মাননীয়া সদস্যা শ্রীমতী ইলা মিত্র আগেই বলেছিলেন পশ্চিমবঙ্গ যে বিভিন্ন ধরনের সমস্যায় ভারাক্রান্ত তাতে শুধু সেবার কথা বললে

হবে না। তার উত্তরে মাননীয় জয়নাল সাহেব বলেছিলেন সেবা ছাড়া কি মানব জাতির উন্নতি হয়। সেবার যা যা অর্থ আছে ব্যাপকতম অর্থে সেবা কথার কেউ প্রতিবাদ করে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের কাজকর্ম দুই ধরনের অছে, একটা কাজ আছে সেবা বা সাধারণ কাজ, আর একটা কাজ হচ্ছে কায়েমী স্বার্থের বিরুদ্ধে আঘাত ক'রে এগিয়ে চলার কাজ। যেটুকু গতকাল মাননীয় মন্ত্রী শঙ্কর ঘোষ নেগেটিভলি এবং পজিটিভলি বলেছেন, আমি সেইভাবে বলতে চাই না, আমরা বলেছিলাম কায়েমী স্বার্থের বিরুদ্ধে আঘাত ক'রে এগিয়ে যাওয়ার কাজে গুরুত্ব যেন কমে যাচ্ছে, আর সেবার কাজ সাধাবণ কাজের গুরুত্ব বেড়ে যাচ্ছে এই আশঙ্কা প্রকাশ করেছিলাম। আজকে যে ক্ষুদ্রায়তন কুটিরশিল্পের কথা বলা হয়েছে এটা সাধারণ কাজের অন্তর্ভুক্ত, এতে কায়েমী স্বার্থের বিরুদ্ধে আঘাত দিতে হয় না। জাপানে যদিও সামাজিক প্রথা আছে কিছু কিছু শিল্পের উৎপাদন বৃহদায়তন শিল্প করতে পারবে না, তবুও প্রত্যক্ষভাবে বৃহদায়তন শিল্পের সঙ্গে ক্ষুদ্রশিল্পের সংগ্রামের কথা নেই, সাধারণ কাজের মধ্যে এটা পড়ে। আপনি বোধ হয় এটা জানেন, বাংলাদেশে যেভাবে বেকার সমস্যা বৃদ্ধি পাচ্ছে, গ্রামাঞ্চলে যে বেকার সমস্যার সৃষ্টি হচ্ছে এবং শহরাঞ্চলে যে বেকার সমস্যা আজকে দেখা দিয়েছে তা বাংলা-দেশ এবং সারা ভারতবর্ষের জনজীবনকে দুর্বিষহ ক'রে তুলেছে। কাজেই আমরা আশা করেছিলাম, আজকে আরও বলিষ্ঠ পদক্ষেপ নেওয়া হবে, আমাদের এই কুটিরশিল্পের শ্রীবৃদ্ধি ঘটানোর জন্য একটা গতির সঞ্চার করা হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন ২২এ অক্টোবর মুখ্যমন্ত্রী মহাশয় তাঁর কার্সিয়াং বেতার ভাষণে বলেছেন, বাজেটে তার অল্প কিছু উল্লেখ আছে, মাননীয় জয়নাল সাহেবের বক্তৃতায় উল্লেখ আছে, আমরা ১৬ দফা কর্মসূচি অনুযায়ী যে ২ হাজার ক্ষুদ্রায়তন শিল্প গড়ে তুলতে চেয়েছিলাম সেখানে ২ হাজার ৮৬টি ক্ষুদ্রায়তন শিল্প গ'ড়ে উঠেছে। কিন্তু আদৌ কি বাস্তবের সাথে এই সত্য মেলে, তাঁদের এই হিসাব মেলে? মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন কোন কোন উৎসাহী ব্যক্তি যখন শিল্প সংস্থা গঠনের জন্য একটা প্রকল্প এস এস আই-এর কাছে ক্ষুদ্র এবং কুটির শিল্পাধি-কারিকের কাছে পেশ করে এবং সেটা পেশ করার পর অনুমোদিত হয় এবং নিবন্ধীভুক্ত হয় তখন সেটাকে ১৬ দফা কর্মসূচির অন্তর্ভুক্ত ক'রে প্রকাশ করা হয় যে, এই সমস্ত শিল্প সংস্থা গঠন করা হয়েছে।

আপনারা জানেন ক্ষুদ্র এবং কুটির শিল্পাধিকারিক এক-একটা শিল্প সংস্থাকে স্বীকার করবেন এবং সেখানে কর্মসংস্থানের কথা বলা হচ্ছে। কিন্তু বাস্তবে আমরা দেখছি সেখানে মানুষের অস্তিত্ব না থাকলেও সরকারী হিসেবে তাকে রক্ষা করা হয়। মন্ত্রিমহাশয় বলেন, আমরা নাকি ভারতীয় সংস্কৃতি মানি না। মন্ত্রিমহাশয় বলতে পারেন কোন এক জায়গায় কারখানার অস্তিত্ব নেই সেটা যদি আমরা প্রচার করি, তা হ'লে কি অন্যায় করা হবে? কথিত আছে, রাম জন্মিবার পূর্বে বাল্মীকি মুনি রামায়ণ রচনা করেছিলেন। ঠিক সেই রকম আজকে যেখানে শিল্প সংস্থা গঠিত হয় নি সেটা যদি সরকারী প্রচার দপ্তরে স্থান পায়, তা হ'লে আপনাদের কি একথা বলতে হয় না যে, আপনারা বাল্মীকি মুনির পদাঙ্ক অনুসরণ ক'রে চলেছেন। ২৮৬টির কথা বলা হয়েছে। কিন্তু আমি অনুসন্ধান ক'রে দেখেছি, ক্ষুদ্র ক্ষুদ্র শিল্পপতিদের কাছ থেকে জেনেছি যে, শতকরা ৩০ ভাগ এরকম কাগুজে প্রকল্পের মধ্যেই সীমাবদ্ধ রয়েছে, এর কোন অস্তিত্ব নেই। বাকি ৪০ ভাগের কথা বলছি, এটা কি সরকারী উদ্যোগে গঠিত হচ্ছে এবং সরকার কি উৎসাহী ব্যক্তিদের হাতে এগুলো দিয়েছেন।? তা নয়। ৪০ ভাগ সরকারী প্রচারে প্রলুব্ধ হয়ে এবং বেকারির অভিশাপ থেকে মুক্তি পাবার জন্য কিছু লোক নিজেরা উৎসাহী হয়ে তাদের স্বল্প সঞ্চয় যা ছিল সেটা দিয়ে এবং ধার ক'রে শুধু প্রাথমিক প্রস্তুতির কাজ ক'রে ক্ষুদ্র এবং কুটির শিল্পাধিকারিকের কাছে আবেদন করেছে নিবন্ধকরণের জন্য। আপনারা জানেন, জেলার শিল্পাধিকারিকের কাছে নির্দেশ ছিল যে, নির্দিষ্ট কোটা পূরণ করতে হবে। তাই নিবন্ধভুক্তির আবেদন পেয়েই তাঁরা ধ'রে নিয়েছেন এবং সেইভাবে প্রচার করেছেন। তা হ'লে দেখা যাচ্ছে, ৭০ ভাগ গেল এবং বাকি রইল ৩০ ভাগ। এই ৩০ ভাগ লোকের ব্যাপারে আজকে দেখছি কর্মকর্তারা একটু নড়েচড়ে বসছেন। কিন্তু তার ফল কি হচ্ছে? শতকরা ১৫ ভাগ থেকে ২০ ভাগ লোক তারাই একমাত্র ১৬ দফা কর্মসূচি অনুযায়ী আর্থিক সাহায্য পেয়েছে এবং বাকি যারা রইল তাদের ভাগ্যে সাহায্যের শিকা ছিঁড়ল না।

আপনারা জানেন, দুর্গাপুরে রুরাল ইন্ডাস্ট্রিয়াল প্রোজেক্ট আছে এবং দুর্গাপুর একটা শিল্প-সমৃদ্ধ জায়গা, অনেক শিল্প প্রতিষ্ঠান সেখানে রয়েছে এবং সহকারী শিল্প সেখানে গ'ড়ে উঠতে পারে। সেখানে ব্যক্তিগত প্রচেষ্টায় ৭-৮টি ক্ষুদ্রায়তন শিল্প রয়েছে। সেখানে আপনারা ২৭-২৮টি প্লট ভাগ ক'রে দিলেন যে, এখানে কারখানা হবে। আমাদের মুখ্যমন্ত্রী যখন রেডিওতে বিবৃতি দিলেন তখন আমরা জানি সেখানে কোন কারখানা স্থাপন করা হয় নি, অথচ প্রচার করা হচ্ছে সেখানে কত কারখানা চালু হয়েছে। দুর্গাপুর ডেভেলপমেন্ট অথরিটি ২৮টি ক্ষুদ্রায়তন শিল্প গ'ড়ে তোলবার জন্য কয়েকটি প্লট বিক্রি করেছে এবং যাদের স্বল্প সঞ্চয় ছিল তারা আশা ক'রে দেওয়াল তুলে ব'সে আছে কখন তারা সরকারী সাহায্য পাবে। তাদের বলা হয়েছিল স্বল্প সুদে মূলধন দেওয়া হবে, যন্ত্রপাতি কিনবার জন্য টাকা দেওয়া হবে এবং শতকরা ৭০ ভাগ টাকা সরকার বা ব্যাঙ্ক বহন করবে এবং বাকিটা নিজেরা সংগ্রহ করবে। কিন্তু পরে দেখা গেল, তারা কোন সাহায্য পেল না এবং কারখানা চালু করা হ'ল না। এদের সাহায্য করবার জন্য ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কর্পোরেশন যেটা রয়েছে তাদের একজন কর্মকর্তাকে জিজ্ঞাসা করলাম, সরকার প্রচার করছেন ক্ষুদ্রায়তন শিল্পকে সাহায্য দেওয়া হবে, কিন্তু আপনারা তা দিচ্ছেন না।

[4-10—4-20 p.m.]

আপনারা যেন ভাবছেন আমরা টাকার থলি নিয়ে বসে আছি, আরে মহাশয়, সাহায্য করতে হ'লে অনেক নিয়ম-কানুন আছে, অনেক ফর্মালিটিজ মানতে হয়। সেগুলি করতে হবে, তবে তো আমরা টাকা দেব। যখন ব্যাঙ্ক এজেন্টের কাছে জিজ্ঞাসা করা হ'ল তিনি বললেন, আসল ব্যাপারটা কি জানেন, আমরা বিশেষ কিছু করছি না। আপনারা নিজের প্রচেষ্টায় কারখানা করুন, কাজ জোগাড় করুন ,প্রোডাকশন করুন, তখন রেকারিং এক্সপেন্সের একটা অংশ ধার দেওয়া যায় কিনা আমরা বিবেচনা করব। এই হচ্ছে অবস্থা। আমি তো বললাম, ১৬ দফা কর্ম-সূচি রূপায়ণের কথা, আমি অন্যান্য জিনিস আলোচনা ক'রে এইটা বুঝেছি যে, ক্ষুদ্র শিল্প এবং কুটির শিল্পের ক্ষেত্রে এখনও একটা নৈরাশ্য আছে, অথচ সে নৈরাশ্য থাকার কোন কারণ নেই। আমরা ভোটের পর যখন এখানে এসেছিলাম, বাংলাদেশের মানুষের মনে তখন একটা আশার সঞ্চার হয়েছিল। কিন্তু আপনি দেখবেন যে, এখনও ঐ নৈরাশ্যের ভিতর মানুষ আছে। আজকেও আমলাতান্ত্রিক শৈথিল্য বজায় আছে, আপনি দেখবেন আজকে কাঁচামাল বণ্টনের ক্ষেত্রে এখনও অযৌক্তিক এবং বৈষম্যমূলক নীতি আছে। তা ছাড়া আমরা দেখছি, এমনও অনেক ঘটনা ঘটছে, যার ফলে শিল্পপতিদের উদ্যোগ নষ্ট হয়ে যাচ্ছে। একটা জরুরী বিষয়ে একটা আবেদন করুন শিল্প অধিকারের অফিসে, সেখানে আপনি নিজে গিয়ে তদ্বির না করলে তারা কোন কর্ণপাত করবে না এবং একথা আপনি জানেন, স্যার, যখন কোন প্রকল্পের জন্য আবেদন করা হয়, দু' মাস থেকে ছয় মাস লাগে তার উপর একটা সিদ্ধান্ত নিতে। কাঁচামাল পেতে নবজাতক শিল্পসংস্থাগুলির অন্তিম অবস্থায় এসে পৌঁছায়। আমি বলতে চাই যে, এই জিনিস চলতে পারে না। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, একথা আমি কেন বলছি, তার কারণ হাচ্ছ জনৈক সাবান ব্যবসায়ী, তিনি বললেন যে, আট বছর আগে তিনি একটা সাবানের কারখানা করেছেন, অথচ সাবানের কাঁচামাল পাচ্ছেন না। সাবানের কাঁচামাল হচ্ছে চর্বি, সেই চর্বির ক্ষেত্রে কি দেখা গেল—যে পুরনো যেসমস্ত কারখানা আছে তাদের যেভাবে দেওয়া হয়, নতুন কারখানাতে তা দেওয়া হয় না। এটা একটা বৈষম্যমূলক নীতি। পুরানো কারখানাকে ১০ থেকে ১৫ টন দেওয়া হয়, আর নতুন কারখানা তার যদি উৎপাদন ক্ষমতা অনেক বেশি থাকে, তা হ'লেও তাকে ২ টনের বেশি দেওয়া হয় না। অথচ পুরনো কারখানার মালিকরা, তারা উৎপাদন না ক'রে চোরাবাজারে বেচে দিয়ে প্রচুর মুনাফা করে। আর এই নতুন শিল্পসংস্থাগুলি তার এই চোরাকারবার থেকে চড়া দামে কিনে নিচ্ছে, তার ফলে তারা প্রতিযোগিতায় পুরানো শিল্পসংস্থার কাছে হেরে যাচ্ছে। এই তো অবস্থা। আমি এই প্রসঙ্গে আর একটা কথা বলি, যে বিদ্যুৎ সঙ্কটের দিনে দারুণভাবে প্রচার করা হ'ল যে, মোমবাতি কারখানা হ'লে হয়ত এই সমস্যার সমাধান হবে। আমাদের দেশের কিছু কিছু মানুষ তখন এই মোমের কারখানা তৈরি করবার চেষ্টা করলেন, এই মোমের কাঁচামাল কি লাগে—না, শুধু প্যারাফিন ওয়াক্স। যখন কলকাতা

হাওড়া, ২৪-পরগনার অনেক লোক অতিকষ্টে ২,০০০ টাকা জোগাড় ক'রে মোমের কারখানা করলেন, তখন হঠাৎ ঘোষণা করা হ'ল যে, যেহেতু কলকাতা, হাওড়া এবং ২৪-পরগনা এবং ঐ ব্যারাকপুর সদর মহকুমা শিল্পে উন্নত অঞ্চল, এদের প্যারাফিন ওয়াক্স দেওয়া যাবে না। ঐ সম্বন্ধে আমার যতদূর মনে আছে, যে অক্টোবর মাসে একটা সার্কুলার দেওয়া হয়েছিল যে, বণ্টন নীতির যে কমিটি হয়েছে তার সুপারিশকে কার্যকরী করা হবে। আমি বলি কি, শিল্পে উন্নত কি অনুন্নত সেইটা কি কেবল মোমের বেলায় প্রযোজ্য হবে, আর অন্য শিল্পের ক্ষেত্রে হবে না। আমি জানি তার কারণ হচ্ছে যে, তখন প্যারাফিনের ঘাটতি ছিল না। আসল ঘটনা হচ্ছে বর্মা শেল আর ইন্ডো-বার্মা পেট্রোলিয়াম কোম্পানী, তাদের কর্মকর্তারা বলেছেন ১৯৭১ সালের বাংলাদেশের যুদ্ধের সময় প্যারাফিন ওয়াক্সের ঘাটতি ছিল। কিন্তু ১৯৭২ সালের সেপ্টেম্বর মাসে তাদের কাছে এত প্যারাফিন মজুত ছিল যে তারা তা কল্পনাও করতে পারে নি এবং তারা তখন সরকারকে বার বার বলেছিল যে, আমাদের এই মজুতের পরিমাণ হ্রাস করবার ব্যবস্থা ক'রে দাও, তবুও কিছু হয় নি। তখন সেপ্টেম্বর মাসে বার্মাশেলের কাছে ছিল ৪০ হাজার ব্যাগ এবং ইন্ডো-বার্মা পেট্রোলিয়াম কোম্পানীর কাছে ছিল ১২ হাজার ব্যাগ। সেটা যে ছিল তার প্রমাণ হচ্ছে, পূজার আগে এবং পরে ঐ পুরানো মোমবাতির কারখানাগুলিকে দু' গুণ তিন গুণ পারমিট দেওয়া হ'ল। স্যার, আপনি বুঝতে পারছেন যে, বণ্টনের ক্ষেত্রে এই দারুণ বৈষম্যমূলক নীতি আমাদের শিল্প সম্ভাবনাকে নষ্ট ক'রে দিচ্ছে।

এই প্রসঙ্গে আর একটা কথা বলছি। সেটা হচ্ছে সেলুলয়েডের চিরুনির কথা। এই চিরুনি উৎপাদনের ক্ষেত্রে বাংলাদেশে সর্বাগ্রে হচ্ছে ২৪-পরগনার বারাসত, বসিরহাট এবং বনগাঁ। এখানে শতকরা ১৫ ভাগ সেলুলয়েডের চিরুনি উৎপাদন হয় এবং এতে ২৫ হাজার লোক কর্মব্যস্ত রয়েছে। আপনি জানেন যে, সেলুলয়েডের শিট জাপান থেকে আমদানি হ'ত, সেটা এখন বন্ধ আছে। কিন্তু সরকার যদি এর জন্য কোন ব্যবস্থা না করেন, তা হ'লে ২৫ হাজার লোকের জীবিকার প্রশ্ন অন্ধকারে চলে যাবে, তাদের জীবন দুর্বিষহ হয়ে উঠবে। এটা বুঝতে হবে।

মাননীয় মন্ত্রী জয়নাল আবেদিন মহাশয় আমার নির্বাচন এলাকা মধুঘাটের কথা উল্লেখ করেছেন। স্টেট ফিলেচার যাতে সারা বছর চলে তার জন্য আন্দোলন হয়েছিল, অনেকবার আবেদন-নিবেদন করা হয়েছিল। সে সম্বন্ধে নির্দেশ জারী করা হয়েছে এবং সঙ্গে সঙ্গে কি বলা হয়েছে? সাড়ে চার লক্ষ টাকার পি এল অ্যাকাউন্ট খুললে নাকি সারা বছর চলবে। রেশমের সাথে যাদের বিন্দুমাত্র সম্পর্ক আছে তারা এমন কথা শুনলে শিশুও পর্যন্ত হেসে উঠবে। আপনি জানেন স্যার, সেখানে যে তিন হাজার মণ কোয়াট (?) প্রয়োজন সেটা দু'বারে হয়, একটা অগ্রহায়ণে আর একটা চৈত্রে। এই তিন হাজার মণ যদি তুলতে না পারা যায় যার দাম ২১ থেকে ৪০ লক্ষ টাকা, তা হ'লে সারা বছর ফ্যাক্টরি চলতে পারে না। অথচ আপনারা বললেন, সাড়ে চার লক্ষ টাকার পি এল অ্যাকাউন্ট খুললে নাকি সারা বছর ফ্যাক্টরি চলবে। এই রকম অদ্ভুত অবাস্তব নির্দেশ আর কেউ কখনও শুনেছে কিনা আমি জানি না। আমার সময়াভাব, তাই মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আর এ সম্বন্ধে বেশি কিছু বলতে চাই না। আজকে কুটিরশিল্পে যারা নিযুক্ত রয়েছে, তাদের কথা চিন্তা না করলে আলোচনা না করলে চলবে না। তাদের অবস্থা দুর্বিষহ হয়ে উঠেছে। বেশি কথা বললে তাদের কান্নার লাঘব হবে না। আমি আজকে এদের জন্য আতঙ্কিত হচ্ছি। আপনি জানেন, স্যার, আজকে যারা অশ্রু বিসর্জন করছে, সেই অশ্রুবিন্দু বাষ্প হয়ে একদিন শাণিত কৃপাণ হয়ে উঠতে পারে, তাদের অশ্রুর লোনা জল রৌদ্রের উত্তাপে বাষ্প ঘনীভূত হয়ে আকাশে উঠবে এবং পরে তা বিদ্যুতের শাণিত ঝলকানিতে পরিণত হয়ে দেখা দেবে। তাই আজকে যারা চোখের জল ফেলছে, তাদের ক্ষমাহীন অভিসম্পাত থেকে বাঁচবার জন্য আরও বলিষ্ঠ নীতি গ্রহণ করা উচিত।

শ্রীঅহীন্দ্র মিশ্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের এই ব্যয়বরাদ্দ সম্পর্কে আমার আকাঙ্ক্ষা ছিল বিস্তৃত আলোচনা করার। কিন্তু যেহেতু সময়ের বরাদ্দ কম, পরে যদি সময় পাই, সুযোগ পাই, বিশেষ আলোচনা করব। কুটিরশিল্প সম্বন্ধে মূলগত চিন্তার যেন একটা তফাৎ কোথায় থেকে যাচ্ছে। গত ২৫ বছর ধ'রে স্বাধীনতার পর থেকে আজ পর্যন্ত কুটিরশিল্পকে গতানুগতিকভাবেই চালানো হচ্ছে, অন্ততঃ সরকারের দিক থেকে যে জাতীয় উল্লেখযোগ্য ভূমিকা আর্থিক ক্ষেত্রে হওয়া উচিত তা হচ্ছে না। প্রাচীন ভারতবর্ষে অতীত দিনে, একথা সকলেই জানেন যে, লক্ষ লক্ষ মানুষ চাষবাস করে আসছে এবং এ ছাড়া আরও

লক্ষ লক্ষ মানুষ কুটিরশিল্পের উপর নির্ভর ক'রে জীবিকা অর্জন করছে। কুটির শিল্প একটা পেশাগত বৃত্তি, এটা বংশানুক্রমিক ধারায় চলে। যখন খুশি যে-কোন মানুষবে কুটিরশিল্পে টেনে আনা যায় না, এই শিল্পের প্রতি আকৃষ্ট করা সম্ভবও নয়। কুম্ভকার চর্মকার, তন্তুবায় ইত্যাদি এই বিভিন্ন বৃত্তিতে মানুষ বংশানুক্রমে কাজ ক'রে চলেছে। হঠাৎ কোন ব্যক্তিকে যে-কোন বৃত্তিতে নিযুক্ত করলেই যে সে সেই পেশাকে অর্থকরী করতে পারবে সাকসেসফুল হ'তে পারবে, এটা ঠিক নয়। গান্ধীজী দেখেছিলেন দেশের জমির উপর বেশি চাপ পড়ছে, কুটিরশিল্পের উপর আধুনিক যন্ত্রপাতি আবিষ্কারের ফলে প্রচণ্ড আঘাত পড়ছে অর্থনৈতিক বিপর্যয় শুরু হয়েছে দেশে এবং সেই আঘাত সামলাতে না পেরে কুটিরশিল্পে নিযুক্ত অসংখ্য লোক পেশাগত বৃত্তি কুটিরশিল্প ছেড়ে চলে গেল চাষের উপর। সকলেই জমির উপর জীবিকার পথ খুঁজতে লাগল।

[4-20—4-30 p.m.]

জমির উপর চাপ বাড়ল, ফল হ'ল কি? যাঁরা আগে থেকে চাষ করতেন তাঁরাও জমির উপর নির্ভর করতেন। যাঁদের কুটিরশিল্প অর্থকরী বৃত্তি ছিল তাঁরাও জমির উপর নির্ভর করতে আরম্ভ করলেন। অর্থনীতি ক্ষেত্রে একটা দীর্ঘস্থায়ী সংকটের সৃষ্টি হ'ল। একথা মহাত্মা গান্ধী বার বার বলেছেন এবং বিশেষ জোরের সঙ্গে বলেছেন, গ্রাম বাংলার অর্থনীতির পুনর্গঠনের কথা আমি এক তারিখে বাজেটের উপর বক্তব্য রাখতে গিয়ে একথা বলেছি। মাননীয় সদস্যগণ একথা নিশ্চয় স্বীকার করেন এবং মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট উপস্থিত করেছেন তিনি তাঁর বক্তব্যের মধ্যে বলেছেন, গ্রামবাংলা না বাঁচলে শহর বাঁচবে না। গ্রামীণ অর্থনীতির যদি পুনর্গঠন না হয়, তা হলে শহরের অর্থনীতি পুনর্গঠন সম্ভব নয়। গ্রামের ৮০-৮৫ জন কৃষিজীবী ছিলেন কিন্তু এখন সেটা একটু কমেছে। কারণ কল-কারখানা বেড়েছে। এখন শতকরা ৭০-৭৫ জন মানুষ গ্রামে বাস করছেন। সেই অর্থনীতি পুনর্গঠনের জন্য চারটি জিনিস অপরিহার্য। কৃষি, সেচ, বিদ্যুৎ এবং ক্ষুদ্র কুটিরশিল্প। সরকার যদি চান যে, কুটিরশিল্পের মধ্যে দিয়ে অর্থনৈতিক পরিবর্তন আনবেন তবে তাকে নিশ্চয় জানাতে হবে কিন্তু চাষের যে জমি আছে তা যেভাবেই বণ্টন করা হোক, তার দ্বারা কৃষিসমস্যার সমাধান করা যাবে না। গ্রাম-বাংলার অর্থনীতিতে একটা নতুন সন্ধান মানুষের সামনে দিতে হবে এবং কুটির শিল্পে যাঁরা এসেছিলেন পেশাগত বৃত্তিকার হিসাবে তাঁরা ছাড়াও নতুন মানুষকে আকৃষ্ট করতে হবে। পশ্চিম বাংলার মত ছোট রাজ্যে জনবসতি যেখানে অন্যান্য রাজ্যের চেয়ে অত্যন্ত বেশি সেখানে কুটিরশিল্পের জন্য ব্যয়বরাদ্দের যে দাবি উপস্থিত করেছেন প্রয়োজনের তুলনায় তা অত্যন্ত কম। কারণ আমরা যদিও জানি রাজ্যসরকারের আর্থিক সঙ্গতি সীমাবদ্ধ, তবু বলব, কুটিরশিল্পে যদি আরও টাকা বাড়ানো হত তা হ'লে আমরা আশা করতে পারতাম, গ্রামের আর কিছু গরিব মানুষ কুটিরশিল্পের মাধ্যমে তাদের সমস্যার সমাধান করতে পারতেন। যেটুকু উপস্থিত করা হয়েছে সেটা যদি সৎভাবে ব্যয়িত হয়, ঠিকমত হয় তা হ'লেও কিছুটা হবে। আজকাল দেখতে পাচ্ছি মাঝখানে কিছু দালাল সৃষ্টি হয়েছে। কুটিরশিল্পী এবং সরকারের সঙ্গে আজকাল সরাসরি যোগাযোগ করতে হবে মাঝখানে কোন ভায়া মিডিয়া থাকবে না। কো-অপারেটিভ সম্বন্ধে যথেষ্ট বক্তব্য আছে এবং এইগুলো সংশোধন করতে হবে। যে কুটিরশিল্পগুলিতে দুর্নীতি চলছে আজকে তাদের ক্ষেত্রে ক্ষমাহীন প্রস্তুতি নিতে হবে। দরকার হ'লে সোসাইটি-গুলোকে তুলে নিতে হবে। সোসাইটিকে বাঁচিয়ে রেখে তাদের দুর্নীতির পথকে প্রশস্ত করা আজকের নয়। আজকের যে পরিসংখ্যানের উপর নির্ভর ক'রে মন্ত্রিমহাশয় রিপোর্ট দিয়েছেন, আমি বিনীতভাবে বলছি, এই পরিসংখ্যান সবসময় সবক্ষেত্রে নির্ভরযোগ্য নয়। আমরা একটা নূতন অবস্থার সৃষ্টি করতে চলেছি। আর আই পি-র কথা মাননীয় মন্ত্রী উল্লেখ করেছেন। যেমন দুর্গাপুর, বারাসত, দার্জিলিং এবং তমলুক। এবং তিনি বলেছেন কয়েকটি কমিউনিটি ডেভেলপমেন্ট ব্লক একটা ক'রে নিউক্লিয়াস করা হয়েছে। এবং সেখানে বলছেন—

Blocks have been making steady progress and their achievement is significant in respect of the off-the-farm employment in rural areas. Together they have generated employment for about 27 thousand persons up to 31st March, 1972.

আমি সংখ্যায় বিশ্বাস করতে চাই না—আমাদের বাস্তব অভিজ্ঞতা কিন্তু অন্য কথা বলছে—ওই রুরাল ইন্ডাস্ট্রিয়াল প্রোজেক্টের সম্বন্ধে রিপোর্ট দেওয়া হচ্ছে ১১শো লোক নিযুক্ত হয়েছে। বলবেন কোন্ কোন্ শিল্পে তাঁরা নিযুক্ত হয়েছেন? নিজেদের দুর্নীতি ঢাকবার জন্য এই রকম সংখ্যার ব্যবস্থা ক'রে সমস্ত পশ্চিমবঙ্গের মানুষকে বিভ্রান্ত করবার যে অপচেষ্টা করেছেন সেই অপচেষ্টা দূর ক'রে সত্যিকার চেষ্টা করুন। এটা হাসির কথা নয়, খেলার কথা নয়, লক্ষ লক্ষ মানুষের জীবিকার সমস্যা। এর দ্বারা আমাদের দেশের বেকার সমস্যার সমাধান বহুলাংশে হতে পারে। আমাদের মাননীয় ক্ষুদ্র ও কুটিরশিল্প মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি উপস্থাপিত করেছেন, যে আশা নিয়ে মানুষের জীবনে যুগান্তর আনতে চাচ্ছেন, যে জাতীয় অর্থনৈতিক বিপ্লব আনতে চাচ্ছেন আমিও সেই আশা এবং বিশ্বাস নিয়ে তাঁর এই ব্যয়বরাদ্দকে সমর্থন ক'রে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅসমঞ্জ দেঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে মাননীয় শ্রীজয়নাল আবেদিন মহাশয় কটেজ অ্যান্ড স্মল স্কেল ইন্ডাস্ট্রিজ খাতে যে ব্যয়বরাদ্দের দাবি মঞ্জুরীকরণের বিষয়টি উত্থাপন করেছেন তার উপর আলোচনাপ্রসঙ্গে প্রথমেই আমি মনে করি যে, পশ্চিমবঙ্গের অর্থ-নৈতিক জনজীবনে এই বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। পশ্চিম বাংলায় যদি সমাজবাদ প্রতিষ্ঠিত করতে হয়, তা হ'লে শুধু রাজশক্তির বিকাশ ঘটালেই চলবে না, তার জন্য চাই লোকশক্তির বিকাশ। আজ সমাজবাদ সুপ্রতিষ্ঠিত করতে গেলে অর্থনৈতিক কেন্দ্রীকরণকে দূর ক'রে শক্তির বিকেন্দ্রীকরণ করতে হবে—এই পরিবর্তন করতে হবে। আজকের যে যুগযন্ত্রণা বেকার এবং আধা-বেকার সমস্যা, সেই সমস্যাকে সমাধান করতে গেলে গ্রামীণ অর্থনীতিকে সুসামঞ্জস্য এবং সুসংবদ্ধ পরিকল্পনায় গ'ড়ে তোলবার জন্য যেটা প্রয়োজন সেটা হচ্ছে ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নয়ন। পশ্চিম বাংলার মত অর্থনৈতিক কাঠামোতে মূল্যবৃদ্ধির যা পরিমাপ এবং উৎপাদন কলাকৌশল এতো সীমিত যে, এখানে ক্ষুদ্র শিল্প এবং কুটির শিল্পের উপর সবচেয়ে গুরুত্ব আরোপ করতেই হবে। এই গ্রান্টের উপর আলোচনাপ্রসঙ্গে বলা যায়, যদিও মোট বরাদ্দকৃত অর্থের পরিমাণ ডেভেলপমেন্ট স্কীমে ৮৯ লক্ষ ২৯ হাজার টাকা, তবুও মোট বরাদ্দের তুলনায় উন্নয়ন খাতে বরাদ্দ কিছুটা সমর্থনযোগ্য। নিশ্চিতভাবে মনে করি যে, পশ্চিম বাংলার গ্রামাঞ্চলে যেসব কুটির শিল্প আছে তার মধ্যে তাঁত শিল্প সবচেয়ে গুরুত্বপূর্ণ। বর্তমান স্ট্যাটিসটিকস অনুযায়ী পশ্চিম বাংলায় ১ লক্ষ ৭৫ হাজার তাঁত আছে। এই রাজ্যে কুটির শিল্পে বর্তমান জনসংখ্যার মধ্যে ১৫ লক্ষ লোক নির্ভরশীল এবং এই ১৫ লক্ষ লোকের মধ্যে তাঁত শিল্পে ৬ লক্ষ লোক নির্ভর করছে। বর্তমান স্ট্যাটিসটিকস অনুযায়ী পশ্চিমবঙ্গে মোট ৮৫ কোটি গজ তাঁত বস্ত্র প্রয়োজন। এই ৮৫ কোটি গজ কাপড়ের মধ্যে কল ও বিদ্যুৎচালিত তাঁতে উৎপাদন হয় ৪০ কোটি গজ, আর হস্তচালিত তাঁতের মাধ্যমে উৎপাদন হয় ২৪ কোটি গজ। ফলে এখনও ঘাটতি আছে ২১ কোটি গজ। এখানে যে বিরাট সম্ভাবনা আছে, সেই হস্তচালিত তাঁত শিল্পের উন্নতির জন্য এই গ্রান্টে বরাদ্দের পরিমাণ ১২ লক্ষ ৯৫ হাজার টাকা এবং এটা প্রয়োজনের তুলনায় অত্যন্ত নগণ্য। পশ্চিম বাংলার এই ৬ লক্ষ তাঁত শ্রমিক আজ সুতার অভাবে এবং অন্যান্য উপকরণ ইত্যাদির অভাবে অর্ধাহারের ও অনাহারের সম্মুখীন হয়েছে। এ থেকে নিষ্কৃতি পেতে হ'লে এই ১২ লক্ষ ৯৫ হাজার টাকা প্রয়োজনের উপযোগী ব'লে মনে করি না। আমি দেখেছি এই তাঁত শিল্পকে বাঁচাবার জন্য সাবসিডি অন সেল অফ হ্যান্ডলুম ধরা হয়েছে ১ লক্ষ টাকা। কিন্তু যতক্ষণ পর্যন্ত না বৃহদায়তন শিল্পের উৎপাদন নির্ধারিত হচ্ছে ততক্ষণ পর্যন্ত এই সমস্যার সমাধান হতে পারে না। কুটিরশিল্পের আসল যে সমস্যা সেটা বলা দরকার। আমি যে এলাকা থেকে নির্বাচিত প্রতিনিধি হিসাবে এখানে এসেছি-আমি পরিষ্কারভাবে জানি তাঁত শিল্পে সুতা, জরির রোলেক্সের অভাব তাঁত শিল্পীদের আছে, রংয়ের সমস্যা আছে, কেমিকাল হাইড্রোজ ইত্যাদি উপাদানের বিরাট অভাব রয়েছে এবং তা দূর করবার জন্য কোন বিশেষ অর্থ এই বাজেটে বরাদ্দ করা হয় নি। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মেদিনীপুর এবং সুন্দরবনের মত তুলা উৎপাদনের সম্ভাবনাপূর্ণ জায়গাকে কাজে লাগিয়ে ওয়েস্ট বেঙ্গল স্টেট ডেভেলপমেন্ট কটন করপোরেশন প্রতিষ্ঠা করার কথা যদি না করেন, তা হ'লে আদৌ সমস্যার কোন সমাধান হ'তে পারে না। এবং এই কথা এই গ্রান্টের মধ্যে থাকা উচিত ছিল। ন্যাশনালাইজ করার পদ্ধতি এই বাজেটে এবারে কোন

গুরুত্ব দেওয়া হয় নি। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি যে জেলার লোক সেই জেলা কৃষ্ণনগর। সেখানকার অধিকাংশ লোক মৃৎশিল্পের উপর নির্ভরশীল। সেই মৃৎশিল্পীদের সম্বন্ধে আমি মন্ত্রিমহাশয়ের সংগে আলোচনা করেছিলাম—তিনি বলেছিলেন যদিও বাজেটে সেই কথার কিছু দেখতে পাচ্ছি না যে, সেলস এম্পোরিয়াম তৈরি করা হবে—কিন্তু তার জন্য কোন টাকা বরাদ্দ করা হয় নি।

[4-30—4-40 p.m.]

এই সরকার ১৬ পয়েন্ট প্রোগ্রাম অনুসারে ১ বছরে ২৬টি নতুন ইউনিট খুলেছেন, সেদিক থেকে নিশ্চয় অভিনন্দিত করি। কিন্তু ক্ষুদ্র ও কুটির শিল্পকে বাঁচাতে গেলে সবচেয়ে বেশি যেটা প্রয়োজন সেটা হচ্ছে ক্লাসটার টাইপ ইনস্টিটিউশনস দরকার এবং প্রতিটি জেলায় একটি অন্ততঃপক্ষে ইন্ডাস্ট্রিয়াল এস্টেট তৈরি করা দরকার। ক্লাসটার টাইপ ইন্সটিটিউশন বা ইন্ডাস্ট্রিয়াল এস্টেট প্রতিটি জেলায় গ'ড়ে তোলার জন্য যে অর্থের প্রয়োজন সেই বরাদ্দকৃত অর্থ কিন্তু এই গ্রান্টের মধ্যে লিপিবদ্ধ করা হয় নি এবং কুটির শিল্পের উন্নতির জন্য সরকারের প্রত্যেকটি এলাকাতে এরিয়া ডেভেলপমেন্ট স্কীম গ'ড়ে তোলা দরকার। কিন্তু এই এরিয়া ডেভেলপমেন্ট স্কীম গ'ড়ে তোলার জন্য যে অর্থের দরকার সেই অর্থ বরাদ্দ করা হয় নি। কুটির ও ক্ষুদ্র শিল্পের উন্নতি করবার জন্য আজকে যেসমস্ত বড় বড় কথা বলা হচ্ছে, বেকারদের কর্মসংস্থানের কথা বলা হচ্ছে এগুলিকে সত্যি সত্যি যদি বাস্তবে কার্যকরী করতে হয়, তা হ'লে লিবারাল ব্যাঙ্ক অ্যান্ড ইনস্টিটিউশনাল ফাইন্যান্স যে দরকার, সেই ব্যবস্থা কিন্তু সরকারী কর্তৃপক্ষ থেকে করা হয় নি। তাই আমি মনে করি, এগুলির প্রতি সরকার অবিলম্বে গুরুত্ব দেবেন। আর একটি কথা বলতে চাই। আমাদের আর এস পি-র বন্ধুরা বলেছেন কো-অপারেটিভে প্রচুর চুরি হচ্ছে, রসাতলে যাচ্ছে। আমি একটি কো-অপারেটিভের কথা এখানে বলছি, সেটা হচ্ছে মুর্শিদাবাদের ফিসারমেন কো-অপারেটিভ সোসাইটি যার সেক্রেটারি হচ্ছে নির্মল দত্ত, তিনি আর এস পি-র নেতা, মিউনিসিপ্যালিটির কমিশনারও বটে—তিনি কত টাকা এই কো-অপারেটিভ থেকে এক বছরে রোজগার ক'রে নিয়েছেন, ক' লক্ষ টাকা, আর এস পি-র বন্ধুরা সেটা একবার খোঁজ নিয়ে দেখবেন কি? আমার কাছে এইরকম আরও ভুরি ভুরি প্রমাণ আছে। তাই বাংলাদেশ যদি রসাতলে গিয়ে থাকে, তা হ'লে এই কথা পরিষ্কারভাবে জেনে রাখুন যে, আপনাদের উপর দায়িত্ব দেওয়ার জন্যই গেছে। তাই সরকারকে এই যে বলা হয় অর্থের অপচয় হয়েছে, সেটার সমালোচনা করার দরকার নেই। আমি তাই আর এস পি-র বন্ধুদের বলছি, আপনারা বড় বড় কথা বলছেন, আপনাদের নির্মল দত্তের ব্যাপারে একটুখানি খোঁজ নিয়ে দেখবেন। এই রকম অনেক উদাহরণ আমি দিতে পারি। তাই আমি অনুরোধ করি, টাকার এইভাবে যে অপচয় হচ্ছে, দুর্নীতি হচ্ছে, অন্যায় হচ্ছে, এই অভিযোগ নিশ্চয় খতিয়ে দেখে তার সমাধানের চেষ্টা করবেন। এই ব'লে আমি এই গ্র্যান্টকে সম্পূর্ণ সমর্থন ক'রে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীনরেশচন্দ্র চাকী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, কুটিরশিল্প অনুদান অনুমোদনের যে দাবি মাননীয় মন্ত্রিমহাশয় পেশ করেছেন আমি তাকে সমর্থন ক'রে গুটিকয়েক কথা বলতে চাই। আমরা জানি যে, এই পশ্চিম বাংলা বা বাংলাদেশের কুটিরশিল্প শুধু দেশের মধ্যেই নয়, বিদেশেও একদিন যথেষ্ট পরিমাণে খ্যাতি অর্জন করেছিল। ইংরেজরা তাদের নিজস্ব প্রয়োজনে এই কুটির-শিল্পগুলিকে ধ্বংসের মুখে ঠেলে দিয়েছিল। সেই ধ্বংস ও ক্ষয়িষ্ণুতার হাত থেকে বাংলাদেশের এই কুটিরশিল্পগুলিকে আমরা আজও মুক্ত করতে পারি না। আজকে এই বাজেট যদি আমরা আলোচনা করি, এর অনুদানের ব্যবস্থা যদি আমরা আলোচনা করি, তাহ'লে দেখতে পাব, এই খাতের জন্য যে পরিমাণ ব্যয়বরাদ্দের দাবি পেশ করা হয়েছে, আমার মনে হয়, সেটা অত্যন্ত নগণ্য। এই খাতে যে ৩ কোটি ৩০ লক্ষ টাকা চাওয়া হয়েছে সেটার অধিকাংশই চলে যাবে ঐসব কর্মচারীদের মাইনে বাবত, কিন্তু সত্যিকারে এই শিল্পগুলির উন্নয়নের জন্য কতটুকু টাকা খরচ করা হবে, সেটাই যথেষ্ট ভাববার বিষয়। আমরা পরিষ্কারভাবে মনে করি, পশ্চিম বাংলার এই ক্ষয়িষ্ণু অর্থনীতিকে যদি পুনরুজ্জীবিত ক'রে তুলতে হয়, তা হ'লে কুটিরশিল্পের উপর আমাদের জোর দিতে হবে এবং কুটিরশিল্পের উপরই আমাদের বেশি ক'রে গুরুত্ব দিতে হবে।

এই কুটিরশিল্পের মাধ্যমে যেভাবে বেশি লোকের কর্মসংস্থানের ব্যবস্থা করা সম্ভব, অন্য কোন শিল্পের দ্বারা সেইভাবে বেশি কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা সম্ভব নয়। তাই আজকে যদি কুটিরশিল্প ঘরে ঘরে গ'ড়ে তুলতে হয়, এর প্রসার যদি আজকে করতে হয়, যদি সত্যিই বেকার সমস্যার সমাধান করতে হয়, তা হ'লে এই খাতে আরও বেশি ক'রে টাকা বরাদ্দ করা দরকার এবং মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমি এই দাবি রাখতে চাই যে, তিনি যেন ভবিষ্যতে এই খাতে আরও প্রচুর টাকা বরাদ্দের কথা ভাবেন। আজকে কুটিরশিল্পের কথা, ক্ষুদ্রশিল্পের কথা বলতে গিয়ে মাননীয় মন্ত্রী অবশ্য অনেকগুলি প্রতিশ্রুতির কথা একেবারে বাদই দিয়েছেন। আমি অন্ততঃ দু'-একটি প্রতিশ্রুতির কথা মাননীয় মন্ত্রিমহাশয়কে স্মরণ করিয়ে দিয়ে অনুরোধ করতে চাই, তিনি বলছেন, কুটিরশিল্পের জন্য অনেক কিছু করবেন। আপনার কাছে আমার প্রথম দাবি হ'ল এই, আপনি কি খবর নিয়ে দেখেছেন এই কুটিরশিল্প আজকে বড় বড় শিল্পের সঙ্গে কোন রকম প্রতিযোগিতায় পেরে উঠছে না? তাদের র' মেটিরিয়াল নেই। কাঁচামাল পেতে গেলে যে পরিমাণ পয়সা এদের দিতে হয় তাতে ক'রে বড় শিল্পে যে মাল উৎপন্ন হয় এবং তারা সেই মাল যখন বাজারে নিয়ে যায় তখন বড় শিল্পের সঙ্গে তুলনামূলক হারে ছোট শিল্পে উৎপন্ন মালের দাম অনেক বেড়ে যায় এবং যার ফলে তারা প্রতিযোগিতামূলক বাজারে অত্যন্ত মার খেয়ে যায় এই খবর কি তিনি রাখেন? কাজেই এই বড় শিল্পগুলির সঙ্গে প্রতিযোগিতার হাত থেকে এই কুটিরশিল্পগুলিকে বাঁচাবার জন্য আপনি কার্যকরী ব্যবস্থা আজকে গ্রহণ করুন।

মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে, ৬ হাজার নতুন বিদ্যুৎচালিত তাঁত আপনি বিলি করছেন। আপনি যে বড় গলায় একথা বলেছেন, এখানে বিনয়ের সঙ্গে আমি জিজ্ঞাসা করতে পারি যে, পশ্চিম বাংলায় যে কয়েক হাজার বিদ্যুৎচালিত তাঁত চালু আছে সেগুলি বেশি ক'রে ভালভাবে চালাবার ব্যবস্থা না ক'রে আপনি যদি নতুন জিনিস চালু ক'রে বলেন, আমরা অনেক কিছু করলাম, তা হ'লে আমি বলব যে, না, আমরা অনেক কিছু করলাম না। তারপর ১৬ পয়েন্ট প্রোগ্রামের কথা বলেছেন। এখানে পরিষ্কারভাবে হুঁসিয়ারি দিতে চাই যে, আপনি যদি সজাগ ও সতর্ক না হন, তা হ'লে আগামী বাজেট স্পীচে আপনাকে দুঃখ ক'রে বলতে হবে, ১৬ পয়েন্ট প্রোগ্রামের অধিকাংশ শিল্প বন্ধ হয়ে গিয়েছে। তাই অত্যন্ত বিনয়ের সঙ্গে আজকে বলতে চাই যে, আপনি দয়া ক'রে এইদিকে দৃষ্টি দিন। তারপর স্যার, ব্যাঙ্ক জাতীয়করণ করা হয়েছে। শ্রীমতী গান্ধী সমাজতন্ত্রের রূপদানের জন্য ব্যাঙ্ক ন্যাশানালাইজেশন করেছেন, সোস্যালইজেশন করার তিনি চেষ্টা করছেন। কিন্তু পল্লীগ্রামের প্রতিনিধি হিসাবে আমরা লক্ষ্য করেছি কুটির-শিল্পের ক্ষেত্রে যে টাকা অনুদান দেওয়া দরকার এইসব ব্যাঙ্ক অত্যন্ত গাফিলতির সঙ্গে বা এর সঙ্গে যে আমলাতন্ত্র জড়িত তারা গাফিলতি ক'রে এইসব খাতে টাকা বরাদ্দ করেন না। সুতরাং মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ এইসব দিকে লক্ষ্য রাখুন এবং র মেটিরিয়াল সাপ্লাই করার ব্যবস্থা করুন। এই প্রসঙ্গে আমি বলতে চাই যে, একটা র মেটিরিয়াল সাপ্লাই কর্পোরেশন গঠন করুন যাতে এইসব শিল্পগুলি র মেটিরিয়াল পেতে পারে। এটা যদি করা যায়, তা হ'লে আমি মনে করি পশ্চিম বাংলার কুটিরশিল্প তথা অর্থনীতি পুনরুজ্জীবিত হ'তে পারবে। এই কথা ব'লে মাননীয় মন্ত্রিমহাশয় যে দাবি পেশ করেছেন সেটাকে সমর্থন ক'রে শেষ করলাম।

[4-40—4-50 p.m.]

Shri Deoki Nandan Poddar:

मिस्टर डिप्टी स्पीकर सर, कुटीर उद्योग मंत्री ने जो ग्रान्ट सदन के सामने रखा है, उसका समर्थन करते हुए, आपके माध्यम से अपना विचार मैं मंत्री मन्डल को बताना चाहता हूं। माननीय मंत्री ने जो १९७१-७२ में २ हजार ८६ नये उद्योग, नये कारखाने खोले, उसमें करीब १३ हजार लोगों को नौकरी मिली। म उसका अभिनन्दन करते हुए, कुछ त्रुटियों जो सेल्फ

उद्योग में हैं जिनका मंत्री मण्डल या माननीय कुटीर उद्योग मंत्री को पता नहीं लगता है या उन्हें बताया नहीं जाता है, जिनके कारण से शिल्प की जो उन्नति होनी चाहिए, वह नहीं होता।

उद्योग बढ़ाना चाहते हैं, हम पश्चिम बंगाल में और कुटीर उद्योग जब तक नहीं बढ़ेगा, तब तक अन-इम्पलायमेन्ट का प्राब्लम, अन-इम्पलायमेन्ट की समस्या का समाधान नहीं हो सकता है। उद्योग हमें बढ़ाना है। लेकिन उद्योग की प्रगति किस तरह हो। उद्योग सुचारुरूप से चले, उसके लिए उद्योगपति-शिल्पपति चाहता है, कच्चा माल, अच्छी जमीन, पावर, स्कील्ड और अनस्कील्ड लेबर और सेन्स आफ सिक्योरिटी। इस जनता की सरकार बनने के बाद सेन्स आफ सिक्योरिटी तो हमारे यहां आई है। पश्चिम बंगाल में अब लोग शिल्प बैठाना चाहते हैं, कल-कारखाना बैठाना चाहते हैं, मगर किस तरह बैठाये, किस तरह आपके पास, सरकार के पास पहुँचे? किस तरह से सरकार का सहयोग उन्हें मिले, इस पर सरकार ने विचार नहीं किया।

हमारे यहां आज भी सरकार में या सरकारी तौर-तरीकों में लाल फीताशाही-अफसरशाही है, उसका बोल-बाला है। उसका अन्त आज तक नहीं किया जा सका है। मैं आपको प्रक्टिकल चीज बताता हूं। एक व्यापारी अगर कोई उद्योग करना चाहता है, कोई कारखाना बैठाना चाहता है तो उसका आवेदन-पत्र मंत्री महोदय के पास पहुंचना तो बहुत दूर की बात है, मगर वह आवेदन पत्र प्रापर एथारिटी के पास समयानुसार नहीं पहुंच पाता। क्योंकि नीचे से ही इतना हतोत्साहित किया जाता है कि एक धारणा सी बन गई है। एक रवैया सी बन गई है कि व्यापारी-वर्ग चोर है। किसी वर्ग या किसी समाज को लांछित करना किसी दल या सरकारका काम नहीं है। विशेषकर सरकारी महकमों में एक विचारधारा पनपती जा रही है। या बन गई है कि व्यापारी मानो चोर है। मगर व्यापारी व्यापार करने के लिए आवेदन करता है, वह चोरी करने के लिए आवेदन नहीं करता है।

मैं माननीय कुटीर-उद्योग मंत्री से यह अनुरोध करूंगा कि उद्योग पनपे, उद्योग की प्रगति हो, अनइम्पलायमेन्ट सालभ हो, उसका ढांचा बनाया जाय, उसका एक स्केच खींचा जाय। काम कैसे ठीक से हो, उसके लिए जिसे नकशा कहते हैं, स्कीम कहते ह, वह बनना चाहिए। वह चीज तैयार करना जरूरी है। हम भी उस चीज की जानकारी करनी चाहिए। लेकिन दुख की बात है कि हमारी सरकार व्यापारिक ढांचे का प्रारूप सिर्फ उन आफिसरों के द्वारा ही करवाती है जो व्यापार के संबंध में कुछ भी नहीं जानते हैं। वे सिर्फ एक आई० ए० एस० या टेक्नोलोजी आफिसर हैं। एक प्रकार से देखा जाय तो वे कुटीर एवं लघु-उद्योगों को व्यवहारिक पक्ष को समझने में असमर्थ रहते हैं। व्यापार की अपनी एक कला है।

हर व्यापारी या ब्लैक माकटियर बुरा नहीं होता है। हर व्यापारी चोर नहीं होता है। व्यापारी मुनाफा करने के लिए व्यापार करता है। मगर वह चोरी करता है, सरकारी अफसरों के कारण ही। उसके लिए मैं उदाहरण पेश करता हूं। मैं अगर एक कारखाना बैठाना चाहता हूं और मेरा कंजमशन तीन टन है, मुझे महीने में तीन टन माल मिले तो मैं उस तीन टन के माल से कारखाना कैसे चलावें और वह तीन टन माल बड़े उद्योगपति

को ब्लैक में बेच देते हैं। इस तरह बाध्य होकर बड़े कारखाने बन्द हो जाते हैं। नये कारखाने बैठाने के पहले नया लाइसेन्स दी जाती है। सरकार और सरकारी अमलदार प्रोत्साहित करते हैं। लेकिन दो टन रोज के रिक्वायरमेन्ट के बदले में वह महीने में मिलता है इसलिए व्यापारी बाध्य होता है ब्लैक मार्केट में उस माल को बेचन के लिए। इसके बावजूद भी अगर वह कारखाना चलाना चाहता है तो वामपन्थी साथी उसके कारखाने में आग लगाने की धमकी देते हैं। तो नये कारखानों को हमें अपने रवैयों से सुधारना चाहिए।

मैं मंत्री मण्डल से, माननीय मंत्री महोदय से अनुरोध करूंगा कि अगर आप व्यापार की प्रगति करना चाहते हैं, सच्चे माने में तो व्यापारिक ढंग से उसके लिए कुछ सोंचें। हर व्यापारी चोर नहीं होता है। उसे साथ लेकर एक कमेटी बनावें। उसकी राय लेकर व्यापार की ओर ध्यान दें।

इतना ही कह कर मैं इस ग्रान्ट का समर्थन करता हूं।

শ্রীভবানীপ্রসাদ সিংহরায়ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় ক্ষুদ্র ও কুটিরশিল্প মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন তাকে পূর্ণভাবে সমর্থন করছি। সমর্থন করছি এইজন্য যে, গত ২৫ বছর ধ'রে ক্ষুদ্র এবং কুটিরশিল্পের যেসব কাজ চলেছে তা থেকে এটা একটু আলাদা ধরনের। যেসব সেল্ফ-এমপ্লয়মেন্ট প্রোগ্রাম সামনে রেখে আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় এখানে তাঁর যে বক্তব্য রেখেছেন সেটা অত্যন্ত পরিষ্কার। গত এক বছরের মধ্যে আমরা দেখেছি, বিশেষ ক'রে কুটির শিল্পের ব্যাপারে যখনই তাঁর মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করেছি তখনই আমরা দেখেছি, সেটা বিশেষ গুরুত্ব পেয়েছে। আমার জেলায় একটা শিল্পের ব্যাপারে যথোচিত গুরুত্ব দেওয়া হয়েছে। এখানে এই প্রসঙ্গে একটা কথা আপনার মাধ্যমে রাখতে চাইছি, সেটা হচ্ছে যে সন্দেহ নাই আমাদের সরকার এবং মন্ত্রিমণ্ডলী, তাঁদের ঐকান্তিক প্রচেষ্টা আছে, তাঁরা চেষ্টা করছেন যাতে ক্ষুদ্র এবং কুটিরশিল্পের মধ্য দিয়ে আমাদের গ্রামীণ অর্থনীতিকে পুনর্গঠন করতে পারেন। কিন্তু তার সঙ্গে সঙ্গে দেখা যাচ্ছে, এক দল সরকারী কর্মচারী এবং আমলা তাঁরা এতে বাধা সৃষ্টি করছেন, যার জন্য রাজ্যসরকার এই ৬ মাসের মধ্যে হুগলি জেলায় সেল্ফ এমপ্লয়মেন্ট প্রোগ্রাম সেখানে স্পেশাল কেবিনেটে ঠিক হ'ল এবং চিকন শিল্পের উন্নতির জন্য ১ লক্ষ টাকা মঞ্জুর করা হ'ল, আমাদের মন্ত্রিমহোদয় উৎসাহ নিয়ে সেটা করলেন, কিন্তু আমরা সেখানে ডিস্ট্রিক্ট ইন্ডাস্ট্রিয়াল অফিসারের সঙ্গে যোগাযোগ করলাম, অ্যাসিস্ট্যান্ট ডাইরেক্টর মহাশয় সেখানে গেলেন, পরিকল্পনা ঠিক হ'ল, কিন্তু কোন এক ডেপুটি ডাইরেক্টর যিনি সেখানে যান নি, এই শিল্প সম্বন্ধে কিছুই জানেন না—হাজার হাজার মুসলমান মহিলারা ১ টাকা, ২ টাকা ক'রে দৈনিক রোজগার করেন এই শিল্পের মাধ্যমে, তিনি সেখানে দেখা করলেন না, যার ফলে সেখানে কিছুই হ'ল না। ২৫ বছরের আমলাতান্ত্রিক কায়দায় আজও কাজ করা হ'ল। সম্প্রতি মন্ত্রিমহাশয় ঘোষণা করেছেন যে, তিনি ব্যবস্থা নেবেন। এই প্রসঙ্গে আর একটা কথা বলতে চাই যে, ক্ষুদ্র ও কুটিরশিল্পকে পুনর্গঠন করতে গেলে আজকে যেটা সবচেয়ে আগে দরকার যেটা গণতন্ত্রের ফার্স্ট কন্ডিশন সেটা হ'ল পপুলার পার্টিশিপেশন। যে মানুষগুলি এই বৃত্তিতে নিযুক্ত সেই মানুষগুলি যদি যুক্ত না হতে পারে এবং সেই মানুষগুলিকে নিয়ে যদি পরিকল্পনা না করতে পারি, রাইটার্স বিল্ডিংস থেকে কিংবা নিউ সেক্রেটারিয়েট বিল্ডিংস থেকে যদি পরিকল্পনা যায়, তা হ'লে আগেও যা হয়েছে পরেও তাই হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ব্যয়বরাদ্দের ব্যাপারে কমাবার কথা যাঁরা বলেছেন তাঁরা রাজ্যের লক্ষ লক্ষ কুটিরশিল্পীর স্বার্থবিরোধী কথা বলছেন। যা ২৫ বছর ধ'রে দেখি নি সেটা আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী চেষ্টা করছেন। তুলো ইত্যাদির দাম সমান রাখার ব্যাপারে যে বক্তব্য তিনি রেখেছেন, এটা আগের ২৫ বছরে হয় নি। এই পশ্চিম বাংলার তাঁতশিল্পীরা একটামাত্র অসুবিধা ভোগ করে, সেটা হচ্ছে সুতোর অসুবিধা, নিশ্চয়ই এটা করতে পারলে তাঁতশিল্পীরা বাঁচবেন। আর একটা জিনিস এর মধ্যে বলা হয়েছে

সেটা হচ্ছে যে, কোদাল টাটা কোম্পানি তৈরি করে বা আজকে চাষীদের যন্ত্রপাতি যে বড় শিল্পগুলি তৈরি করে সেটা বন্ধ করতে না পারলে কুটিরশিল্পের পুনর্গঠনের উদ্যোগ ব্যর্থতায় পর্যবসিত হবে। সেইজন্য প্রোটেকশন দরকার, আজকে ১৬ দফা কর্মসূচিতে কারও আপত্তি না থাকাই উচিত। প্রোটেকশন যদি না হয়, বিগ ইন্ডাস্ট্রির কাছ থেকে যদি প্রোটেকশন না থাকে তা হ'লে এই শিল্পকে বাঁচাবার জন্য যতই পরিকল্পনা হোক সব ব্যর্থ হয়ে যেতে বাধ্য। আমি ধন্যবাদ জানাচ্ছি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে যে, তিনি নতুন কথা এই সভায় কুটিরশিল্প সম্বন্ধে রেখেছেন। জয় হিন্দ।

[4-50—5-00 p.m.]

শ্রীফণিভূষণ সিংহবাবুঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দ উপস্থিত করেছেন তাকে সমর্থন করছি। তিনি কুটিরশিল্পের পুনরুজ্জীবনের জন্য যে বলিষ্ঠ পদক্ষেপ নিয়েছেন তার জন্য তাঁকে সমর্থন করছি। বাঁকুড়া জেলায় ক্ষুদ্রশিল্পই হচ্ছে একমাত্র শিল্প। এককালে এটা খুব সমৃদ্ধশালী শিল্প ছিল। কিন্তু দুঃখের বিষয় এই শিল্পীরা আজ অর্ধাহারে, অনাহারে দিনাতিপাত করছে। যে মৃৎশিল্প একদিন সারা ভারতে প্রতিষ্ঠা লাভ করেছিল সেই শিল্পের শিল্পীরা আজ অনাহারে দিনাতিপাত করছে, নানা অসুবিধার মধ্যে তারা দিন কাটাচ্ছে। সেজন্য তাঁর কাছে অনুরোধ করছি যেভাবে দুর্গাপুর, তমলুক ইত্যাদি জায়গায় আর আই প্রোজেক্ট করেছেন অনুরূপভাবে বাঁকুড়াতে আর আই প্রোজেক্ট করুন। তাঁতশিল্পীরাও আজ সেখানে অর্ধাহারে দিন কাটাচ্ছে। তাদের যে টাকা দেওয়া হয় তাও খুব নগণ্য। আপনার মাধ্যমে বলছি, এই শিল্পীদের প্রতি যেন আরও দৃষ্টি মন্ত্রিমহাশয় রাখেন। মন্ত্রিমহাশয়ের বলিষ্ঠ পদক্ষেপের জন্য পুরানো দিনের স্মৃতিসম্পন্ন শিল্প আবার নতুনভাবে এগোচ্ছে। আমাদের এম এম টি সি ব'লে একটা সংস্থা আছে। এই এম এম টি সি-র মাধ্যমে বাসনশিল্পীরা কাঁচামাল পেয়ে থাকে। সেই এম এম টি সি মাল সরকারী দরে ১ টাকায় পাওয়া যায়, কিন্তু বাজারে এই মাল ৭৫ পয়সাতে পাওয়া যায়। সর্বশেষে যে বলিষ্ঠ পদক্ষেপ মন্ত্রি-মহাশয় নিয়েছেন তার জন্য তাঁকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে আমি শেষ করছি।

শ্রীঠাকুরদাস মাহাতোঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কুটির ও ক্ষুদ্রশিল্প মন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবি এখানে উত্থাপন করেছেন সে বিষয়ে আলোচনা করতে গিয়ে আমি প্রথমেই অর্থমন্ত্রীর বিবৃতির প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। তিনি বলেছেন, "বেকারী এবং আধা-বেকারী সমস্যার মোকাবিলায় এবং গ্রামীণ সমৃদ্ধিবৃদ্ধিতে নিশ্চিত ভূমিকা গ্রহণ করবে কুটির ও ক্ষুদ্র শিল্প-গুলি।" বিবৃতির মধ্যে যে আশ্বাসের কথা অর্থমন্ত্রী বলেছেন, আজ এই ব্যয়বরাদ্দের মধ্যে যে টাকার সংস্থান রাখা হয়েছে তাতে কোন আশ্বাস পাওয়া যাচ্ছে না। ক্ষুদ্র ও কুটিরশিল্প ব্যবস্থাপনার মাধমে ত্রুটি রয়েছে তাতে প্রতিটি সদস্য একটা কথা বলেছেন যে, এই শিল্পে আমলাতন্ত্রের কারচুপি রয়েছে এবং তাঁরাই মোর্চার ভাবমূর্তিকে নষ্ট করার চেষ্টা করছেন। যাই হোক, যে টাকা ব্যয়বরাদ্দে চাওয়া হয়েছে সেই টাকার পরিমাণ যথেষ্ট নয়। উন্নয়নের খাতে যে টাকা চেয়েছেন তার পরিমাণ হচ্ছে ৭১ লক্ষ ২১ হাজার টাকা। এই টাকা গত বছরের ব্যয়বরাদ্দের চেয়ে খুব বেশি নয়, মাত্র ৩ লক্ষ টাকার মত। অথচ আমরা সবাই স্বীকার করছি, ক্ষুদ্রশিল্প এবং কুটিরশিল্পের গুরুত্ব রয়েছে গ্রামীণ অর্থনীতির পুনরুজ্জীবনে, বেকারী এবং বেকারী সমস্যার সমাধানে। কিন্তু স্বীকার করলেও আসলে সেই সমস্যা সমাধানের জন্য কোন ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে না। মাননীয় সদস্য মৃগেনবাবু, অসমঞ্জবাবু, অহীনবাবু এই কুটিরশিল্প এবং ক্ষুদ্রশিল্পের ব্যাপারে তথ্যনিষ্ঠ এবং বাস্তবানুগ আলোচনা করেছেন। মাননীয় মন্ত্রিমহাশয় যদি এই ব্যাপারে দৃষ্টি রাখেন এবং সমস্যার মোকাবিলার চেষ্টা করেন, তা হ'লে ভবিষ্যতে আমরা এই সমস্যার মুখোমুখি হ'তে পারব ব'লে আমি আশ্বাস রাখি। মাননীয় সদস্য বিমলবাবু ক্ষুদ্রশিল্পের ব্যাপারে যেমন সেলুলয়েড শিল্প, মোমবাতি শিল্প প্রভৃতি ১৬ দফা কর্মসূচির অন্তর্ভুক্ত ১,৯৮৬টি শিল্প স্থাপনের ব্যাপারে যে দুর্নীতির অভিযোগ করেছেন সেই বিষয়ে মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাচ্ছি, তিনি যেন এই অভিযোগগুলি সম্পূর্ণ উড়িয়ে না দেন, এই অভিযোগের সত্যতা নিরূপণে চেষ্টা করেন এবং সেই প্রয়াসের মধ্য দিয়ে আমাদের পশ্চিমবঙ্গের সমস্যা সমাধানের একটা ইচ্ছা প্রকাশ পাবে। কুটিরশিল্প

সম্বন্ধে অনেক কথা বলা হয়েছে, কুটিরশিল্প সম্পূর্ণ উপেক্ষিত ব'লে মনে হয়। এই কুটির-শিল্পের মধ্যে তাঁতী, কামার, মুচি, কাঁসারী, মৃৎশিল্প, লাক্ষা শিল্প ইত্যাদি শিল্প যা গ্রামের লোকেরা কাজ করেন এই কুটিরশিল্প সম্বন্ধে সুবিচার করা হয়েছে ব'লে আমার মনে হয় না। কৃষির জমির উপর যে চাপ শতকরা ৭০ জন কৃষির উপর নির্ভরশীল, এই কৃষির উপর নির্ভর-শীল লোকের সংখ্যা ক্রমাগত বাড়ছে, এবং তাঁতী, কামার ইত্যাদি শ্রেণীর লোকেরা ক্রমশ বেকার হয়ে যাচ্ছে, তাদের যে বৃত্তি, সেই বৃত্তিতে তারা চালাতে পারছে না। অথচ তাদের সম্বন্ধে কোন আশ্বাসের কথা রাখা হয় নি, যা রাখা হয়েছে তা অতি সামান্য। তাঁতী, মুদি, কামার ইত্যাদি এরা পুরুষানুক্রমে এই শিল্পকে বাঁচিয়ে রেখেছে। আমি তাঁতী সম্প্রদায়ের কথা বলি, এরা দেশের গৌরব বৃদ্ধি করেছে, আমাদের অতীত বাংলার যে মসলিন যা বাইরে চালান যেত, এইসব শিল্পীদের সমস্যার কথা চিন্তা ক'রে, আমাদের অতীত গৌরবের কথা চিন্তা ক'রে এইসব কুটিরশিল্পগুলি পুনরুজ্জীবিত করতে আমরা যদি সচেষ্ট না হই, তা হ'লে গ্রামীণ অর্থনৈতিক পুনরুজ্জীবন হবে না এবং গ্রামীণ সমস্যার সমাধান কোনদিনই সম্ভবপর হবে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি লাক্ষাশিল্পের কথা বলি। এই লাক্ষাশিল্প থেকে আমাদের বৈদেশিক মুদ্রা অর্জিত হয়, সেই শিল্পের ব্যাপারে সরকারের যে মদত দেওয়া উচিত ছিল মাননীয় বিভাগীয় মন্ত্রিমহাশয় লাক্ষাশিল্পের ব্যাপারে ততটা নজর দেন নি। রেশমশিল্প যথেষ্ট বৈদেশিক মুদ্রা অর্জন করত। এই রকম যে শিল্প সেই শিল্প আজ প্রতিদ্বন্দ্বিতার সম্মুখীন হয়েছে, তাদের বাঁচিয়ে রাখার ব্যাপারে নজর দেওয়া উচিত ছিল। তারপর কৃষ্ণনগরের মৃৎশিল্প খুব গৌরবের জিনিস, এই মৃৎশিল্প এবং কাঁসাশিল্প এই সমস্ত শিল্পে যারা নিযুক্ত রয়েছে তারা জীবনমরণ সমস্যার সম্মুখীন হয়েছে। কেননা আমরা দেখতে পাচ্ছি স্টেনলেস স্টিল-এর যেসমস্ত জিনিস বেরিয়েছে তাতে কাঁসার জিনিস আর বাজার পাচ্ছে না। অথচ এই শিল্পীগুলি

[5-00—5-10 p.m.]

জীবনমরণ সমস্যার সম্মুখীন হয়েছে। কাজেই আমার বক্তব্য হচ্ছে, এই সমস্ত শিল্পীদের যদি স্টেনলেস স্টীলের ব্যাপারে ট্রেনিং দিয়ে পুনর্বাসনের ব্যবস্থা না করা হয়, তা হ'লে এই সমস্ত পরিবার অনাহারের সম্মুখীন হবে এবং তাদের মৃত্যু সুনিশ্চিত হবে। একথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ জয়নাল আবেদিনঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে কুটিরশিল্প এবং ক্ষুদ্রশিল্পের ব্যয়বরাদ্দের উপরে মাননীয় সদস্যেরা যে আলোচনার অবতারণা করেছেন এতে আমি অনেকটা ইঙ্গিত পেয়েছি এবং যাঁরা সুস্পষ্ট অভিযোগ তুলেছে তাঁদের আমি আহ্বান করছি এই সমস্ত অভিযোগ তাঁরা যেন প্রমাণ করেন। এগুলি অ্যাসেম্বলির ফ্লোরে বললেই হবে না, যেসমস্ত অভিযোগ তাঁরা করেছেন তার সুনির্দিষ্ট প্রমাণ আমার কাছে দেবেন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মোটামুটি ক্ষুদ্র এবং কুটিরশিল্পের অসুবিধা ৪টি। পশ্চিম বাংলায় যে কর্মহীন ইউথ ফোর্স আছে তাদের মটিভেশনের একটা অসুবিধা রয়েছে। তারা সচরাচর শিল্পে যেতে চায় না। যাদের বিশেষ ক'রে করা দরকার, যাদের সেলফ-এমপ্লয়মেন্ট স্কীম নেবার প্রয়োজন তারা নিজেরা উদ্যোগী হয়ে শিল্প প্রতিষ্ঠান করতে এগোয় না। বিগত ১১ মাসের অভিজ্ঞতায় মনে হয়েছে, উৎসাহ খুব সামান্য এবং সেদিক থেকে বলা যায়, মটিভেশনের একটা প্রশ্ন রয়েছে। দ্বিতীয় নম্বর কথা, আমাদের এখানে ফাইনান্সের অভাব আছে ব'লে অনেকে মনে করছেন। এই খাতে যে ব্যয়বরাদ্দ সেটা নিতান্ত কম। এ সম্বন্ধে যে মন্তব্য করা হয়েছে তাতে আমি একথা বলছি না যে, এই খাতে ব্যয়বরাদ্দ বেশি হয়েছে। কিন্তু একটা কথা আমাদের মনে রাখতে হবে যে, শুধু সরকারী ক্যাপিটাল দিয়ে ক্ষুদ্র এবং কুটিরশিল্পকে বাঁচানো যাবে না। এটাকে প্রোমোশনাল ডেভেলপমেন্টাল রোল হিসেবে সরকারের ফাইন্যান্সকে বাধ্য করাতে হবে, ইনস্টিটিউশন্যাল ফাইন্যান্সকে অর্থাৎ যাদের ফাইন্যান্সিয়াল ইনস্টিউশন আছে তাদের বাধ্য করাতে হবে এতে টাকা দেওয়াতে। আমি দেখেছি ফাইন্যান্সিয়াল ইনস্টি-টিউশনগুলির যে সিকিউরিটি ওরিয়েন্টেড মেন্টালিটি ছিল সেগুলি ক্রমশ শিথিল হয়ে যাচ্ছে। ব্যাকওয়ার্ড ডিস্ট্রিক্ট যাকে বলে সেই রকম একটা জায়গায় কালকে আমাদের মুখ্যমন্ত্রী গিয়েছিলেন এবং সেখানে তিনি দেখলেন ২৫টি শিল্প উদ্যোগ হয়েছে এবং ব্যাঙ্ক সেখানে রাজী হয়েছে টাকা

দিতে। আগেকার যে মনোভাব ছিল সিকিউরিটি ছাড়া টাকা দেবে না সেটা পরিবর্তন করা দরকার এবং ব্যাঙ্ককে বাধ্য করাতে হবে। এটা সরকারী প্রচেষ্টায় আমরা পারব না, সকলের চেষ্টায় একদিকে মটিভেশনের উপর জোর দিতে হবে এবং অপরদিকে স্কীম ফর্মেশন এই সব কিছু ক'রে এবং সর্বোপরি সততা নিয়ে আমাদের কুটিরশিল্পকে এগিয়ে নিতে হবে। র মেটিরিয়ালস্-এর অসুবিধার কথা বলা হয়েছে। এই অসুবিধা আমাদের রয়েছে। সিক্সটি-সিক্স পারসেন্ট অব দি স্মল ইউনিট ইন আয়রন অ্যান্ড স্টীল সেখানে আমাদের প্রোডাকসন ছিল সিক্সটিসিক্স টু সিক্সটি-সেভেন পারসেন্ট, কিন্তু দুর্ভাগ্যের কথা আমাদের র' মেটিরিয়ালস অ্যালোকেশন অস্বাভাবিকভাবে কমে যায় ইন পয়েন্ট অব স্টীল অ্যান্ড আয়রন নাইন টু টেন পারসেন্ট অব আওয়ার ইনস্টল্ড ক্যাপাসিটি। এই সরকার দায়িত্ব নেবার পর এই সরকারের চেষ্টায় এবং বিশেষ ক'রে মুখ্যমন্ত্রীর চেষ্টায় এবারে আমরা প্রয়োজনের তুলনায় সেভেনটিন পারসেন্ট অ্যালোকেশন পাচ্ছি ইন পয়েন্ট অব আয়রন অ্যান্ড স্টীল। এই দিক দিয়ে আমাদের অবস্থার উন্নতি হয়েছে। এবং আশা করি এই অবস্থা আরও ভাল হবে ইন পয়েন্ট অব স্টীল অ্যান্ড আয়রন। টোলোর একটা অসুবিধা বরাবরই আছে। বিগত বছরে এবং তার আগে আমেরিকার সঙ্গে আমাদের সম্পর্ক খারাপ হওয়ার ফলে ওখান থেকে আমরা টোলো আনতে পারি নি, আমরা অন্য কোন কোন জায়গা থেকে এনেছি। যে পরিমাণ আমাদের প্রয়োজন তার অনেক কম আমরা পেয়েছি। এবং এটা যেন ন্যায্যদরে বিতরণ হয় মাননীয় রাষ্ট্রমন্ত্রী মহাশয়ের নেতৃত্বে তাঁকে চেয়ারম্যান ক'রে রেসপন্সিবল মানুষকে দিয়ে আমরা র' মেটিরিয়াল অ্যালকেশন কমিটি করেছি। যারা শুধু আয়রন স্টীল নয় প্যারাফিন অ্যান্ড আদার স্কেয়ার্স র মেটিরিয়াল-এর ইনস্টল্ড ক্যাপাসিটি অনুসারে দিলে আমরা পারব না। সেজন্য আমরা প্রো রাটা দিই যখন যেরকম কাঁচামাল আসে সব ইউনিটগুলি যাতে কিছু কিছু পায় তার জন্য আমরা চেষ্টা করি। কেউ কেউ বলেছেন, এতে ব্ল্যাকমার্কেটিং-এর উৎসাহ দেওয়া হয়। আমি তাঁদের সঙ্গে একমত নই। প্রো রাটা ডিস্ট্রিবিউশন ছাড়া সমস্ত শিল্পকে বাঁচিয়ে রাখা আমাদের পক্ষে আর কোন পথ নেই। আমরা মনে করি কোন শিল্পকে হত্যা না ক'রে আমরা যতটুকু হেল্প দিতে পারি প্রতিটি শিল্পকে সাহায্য করা আমাদের নীতি। মাননীয় স্পীকার মহাশয়, আজকে সভায় যারা প্রকৃত বিরোধীদল তিমিরবাবু তিনি অনেক কথা বললেন, আমার মনে হচ্ছে যে, তিনি অঞ্চল পঞ্চায়েতের একটা বাজেট আলোচনা করছেন। আমি খুব দুঃখিত, এর বেশি উনি তাকাতে পারেন নি। কোথায় উনি দেখলেন, আমি চ্যালেঞ্জ ক'রে বলছি যে, দশ টাকা শিল্প ঋণ দেওয়া হচ্ছে। সততা যদি আমাদের থাকে, তা হ'লে বলছি পাঁচ টাকা, দশ টাকার ডিনমিনেশনে আমাদের কোথাও শিল্প ঋণ দেওয়া হয় না। অন্যায় কথা তিনি বলেছেন। তিনি প্রমাণ করুন এবং তিনি যদি প্রমাণ দিতে না পারেন (এ ভয়েসঃ দেব।) আমি আশা করব এই হাউসে পরবর্তী কালে তিনি তাঁর অবিমৃশ্যকারিতার জন্য অসৎ কথার জন্য ক্ষমা চেয়ে নেবেন। যাক সে কথা। আমাদের বি এস এ আই স্কীমে বেঙ্গল স্টেট এড টু ইন্ডাস্ট্রিজ অ্যাক্টে পশ্চিম বাংলায় ঋণ দেওয়ার ব্যাপারে ১৫ লক্ষ টাকা বরাদ্দ আছে। আমাদের মোটামুটি কলকাতা ছাড়া ১৫টা জেলায় টাকাটা আমরা অ্যাকর্ডিং টু নীড এবং যেরকম পপুলেশন আছে যেরকম শিল্প আছে সেটাকে মোটামুটি চোখের সামনে রেখে আমরা ডিস্ট্রিবিউট করি থ্রুআউট দি ফিফটিন ডিস্ট্রিক্টস। কলকাতাকে বাদ দেওয়া যায় না। আমরা জানি এতে ইন্টারেস্টের এবং পেমেন্টের সুবিধা আছে ব'লে অনেক বৃহৎশিল্পপতিরাও এই ঋণ পাবার জন্য এগিয়ে আসে। কিন্তু আমরা দিতে পারি না। কিন্তু সমস্ত স্মল স্কেল ইন্ডাস্ট্রি এবং অন্যান্য ইন্ডাস্ট্রির মালিক যারা তাদের আমরা ঋণ দিতে পারি না। ১৫ লক্ষ টাকা আমরা মনে করি এটা একটা হেল্পিং ফান্ড হিসাবে দিতে টু পেট্রনাইজ কটেজ অ্যান্ড স্মল স্কেল ইন্ডাস্ট্রি। মূল ফাইন্যান্স করতে হবে তাদের আইদার ফাইন্যান্সিয়াল কর্পোরেশন কিংবা ন্যাশানালাইজড ব্যাংক অ্যান্ড আদার ফাইন্যান্সিয়াল ইনস্টিটিউশন যারা টাকা দিতে পারে। গভর্নমেন্ট অব ইন্ডিয়া কিছু স্কীম চালু করেছেন এখানে হাইয়ার-পারচেজে মেসিনারি দেওয়া এবং টেকনিসিয়ান কো-অপারেটিভ থেকেও দেওয়া হয়। ইকুইটি পার্টিসিপেশন থেকে আমাদের ঋণ দেওয়া হয়। কমার্শিয়াল ইন্ডাস্ট্রিয়াল এস্টেট স্কীম থেকেও ঋণ দেওয়া হয়। সেই সুযোগগুলি আমাদের সবাইকে নিতে হবে, এইজন্য আমি তাঁদের অনুরোধ করছি। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বিমলবাবু সন্দেহ প্রকাশ করেছেন যে, এখানে নাকি ২,০৮৫টি শিল্পই হয় নি। আমরা ডিপার্টমেন্টালি

টেন পার্সেন্ট—যে শিল্পগুলি প্রতিষ্ঠা হয়ে গেছে—ফলো আপের জন্য ১০ পার্সেন্ট শিল্পগুলিকে চেক ক'রে যাচ্ছি যে, কতটা শিল্প ভায়াবল হচ্ছে, কতটা হচ্ছে না। কি কি এদের অসুবিধা অ্যাপার্ট ফ্রম দ্যাট সারা পশ্চিম বাংলা সমস্ত ভারতবর্ষের সংগে সমস্ত স্মল স্কেল ইউনিট-এর সেনসাস আমরা তৈরি ক'রে দিয়েছি—সার্ভে অব অল স্মল স্কেল ইউনিট। মুশকিল হচ্ছে আমাদের সি পি আই বন্ধুরা দেখতে পায় না এবং তাদের চোখের সম্মুখে দেখাতে চাইলেও এরা দেখতে পায় না। একটা ইরেসপন্সিবল ক্রিটিসিজম ব'লে যাওয়ার কোন মানে হয় না।

[5-10—5-20 p.m.]

আজকে তিনি বলছেন থার্টি পারসেন্টও দেখেন নি। তিনি যদি কংক্রিট এক্সজাম্পল দিতে পারেন যে, শিল্প প্রতিষ্ঠা হয় নি, অথচ স্ট্যাটিসটিকসে শিল্প প্রতিষ্ঠা হয়েছে ব'লে দেখানো হয়েছে, তা হ'লে আমি সংশ্লিষ্ট সমস্ত কর্তৃপক্ষের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিতে প্রস্তুত আছি। আমরা এখানে নাম কেনার জন্য আসি নি, আমরা মুখ্যমন্ত্রীর নেতৃত্বে দায়িত্ব নিয়েছি পশ্চিম বাংলার অবস্থার পরিবর্তন করার। আজকে সেই জায়গায় যদি দু' হাজারের জায়গায় ১,৯০০ও হয় এবং ১,৯০০-এর জায়গায় যদি ১,০০০ হয় এবং সেখানে প্রকৃত কর্মসংস্থানের ব্যবস্থা হয়ে থাকে আমি খুশি। অভিযোগ করা হয়েছে ইউনিট হয় নি। যদি তিনি সুনির্দিষ্ট প্রমাণ দিতে পারেন যে হয় নি, তা হ'লে আমি শাস্তিমূলক ব্যবস্থা নেব, আর যদি তা না হয়, তা হ'লে মাননীয় সদস্যের আজকে দুঃখ প্রকাশ করা উচিত তাঁর অবিমৃশ্যকারী মন্তব্যের জন্য।

পশ্চিমবংগের তাঁত শিল্প বড় শিল্প। শুধু পশ্চিম বাংলায় নয়, সমস্ত ভারতবর্ষ জুড়ে একটা অসম কম্পিটিশনের সামনে আসতে হয়েছে। আপনি জানেন, আমাদের ইউনিয়ন কমার্স মিনিস্টার সম্প্রতি ২৬শে তারিখে একটা মিটিং ডেকেছিলেন, তাতে কটন ইয়ার্ন কনজিউমার্স অব অল স্টেটস-এর চীফ মিনিস্টারদের পার্টিসিপেশন করার কথা ছিল। আমাদের চীফ মিনিস্টার যেতে পারেন নি, আমাদের স্টেটের পক্ষ থেকে আমি গিয়েছিলাম, সেখানে দেখলাম—এই সমস্যা শুধু পশ্চিম বাংলার সমস্যা নয়, এটা সারা ভারতবর্ষেরই সমস্যা। সেখানে কটন ইয়ার্ন ডিস্ট্রিবিউশনের যে পুল অ্যান্ড ভোলান্টারি স্কীম আছে, সেগুলি এফেক্টিভলি চালানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে। আমরা প্রস্তাব করেছি এবং আশা করছি, ভারত সরকার ন্যায্য-মূল্যে সুতা বিতরণের সিদ্ধান্ত সমস্ত দেশবাসীকে জানিয়ে দেবেন এবং তাঁদের সিদ্ধান্ত পাবার পর আমরা তাঁত শিল্পের অসুবিধাগুলি দূর করতে পারব। আপনি জানেন, আমি গতবারেও একথা বলেছিলাম, এখানে তাঁত শিল্পের প্রথমতঃ সুতা সরবরাহের অসুবিধা আছে, দু' নম্বর অসুবিধা হচ্ছে, ফিনিশড গুড্স যে বস্ত্র, সেই বস্ত্রের বাজারজাত করার অসুবিধা। সেজন্য টেক্সটাইল কর্পোরেশন করতে চাই। সিক অ্যান্ড ক্লোজড ইন্ডাস্ট্রিজ নিয়ে জাতীয় ভিত্তিতে পশ্চিমবংগে টেক্সটাইল কর্পোরেশন করতে চাই, সেজন্য আমি হ্যান্ডলুম অ্যান্ড পাওয়ার-লুম কর্পোরেশন করবার চেষ্টা করছি। প্রাথমিক কাজ শেষ হয়ে গেছে আশা করছি শীঘ্রই দায়িত্ব গ্রহণ করতে পারব, এবং তা যদি হয়, তা হ'লে আমাদের এক্সিসটিং পাওয়ার লুম যেগুলি বসে আছে তাদের অসুবিধাগুলি দূর হতে বাধ্য। এতে পশ্চিমবংগ সরকারের উদ্যোগে কিংবা বেসরকারীভাবে কম্পোজিট প্ল্যান্ট নিয়ে পাওয়ার লুমকে ফিড করবার জন্য সাইজিং, ব্লিচিং, ক্যালেন্ডারিং এই সমস্ত প্ল্যানগুলি নেব। আমরা অন্যান্য রাজ্যের সংগে বিশেষ ক'রে তামিল-নাড়ু, গুজরাট প্রভৃতি রাজ্যের সংগে পেরে উঠছি না, আমাদের পাওয়ার লুম ইন্ডাস্ট্রিজ এগোতে পারছে না। শুধু কম্পোজিট প্ল্যান নয়, একটা প্রিপেয়ারেটারি স্কীম, প্রিলিমিনারি ইনফ্রা-স্ট্রাকচার ফর পাওয়ার লুম ইন্ডাস্ট্রিজ-এর সিদ্ধান্ত নিয়েছি, হ্যান্ডলুম অ্যান্ড পাওয়ার লুম ইন্ডাস্ট্রিজ করতে যাচ্ছি জোনাল বেসিসে বিভিন্ন জায়গায় করব, সরকারী এবং বেসরকারী উদ্যোগে এবং সাইজিং, ব্লিচিং অ্যান্ড ক্যালেন্ডারিং প্রিপেয়ারেটারি প্ল্যান বিভিন্ন জায়গায় স্থাপন করব।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের অহীনবাবু কুটিরশিল্প সম্বন্ধে মন্তব্য রেখেছেন। একটা কথা, আজকে বিভিন্ন আবিষ্কারের ফলে, নিউ টেকনলজি আবিষ্কারের ফলে কুটিরশিল্প অনেক

জায়গায় অসুবিধার মুখে পড়েছে। যেমন বাসন শিল্প, হিন্ডালিয়াম এবং স্টেইনলেস স্টীল ইত্যাদি বিভিন্ন জিনিস আসার ফলে আমাদের টাইম ওল্ড ট্র্যাডিশনাল ইন্ডাস্ট্রিজ-এর বাজার সঙ্কুচিত হয়েছে। অন্যদিকে কাঁচামাল সরবরাহ ব্যাহত হচ্ছে, আনইকোয়াল কম্পিটিশন বেড়ে যাচ্ছে, মানুষের প্রয়োজনবোধ এবং রুচিবোধ ক্রমশঃ পাল্টে যাচ্ছে, অনেক কুটিরশিল্প বাজার পাচ্ছে না, বাজার পেলেও উপযুক্ত মূল্য পাচ্ছে না। অসুবিধা দেখা দিয়েছে। আমরা চেষ্টা করছি কুটিরশিল্পের বিভিন্ন ক্ষেত্রে যে হ্যান্ডিক্যাপ দেখা দিয়েছে বিশেষতঃ বাসন শিল্পে তাকে কি ক'রে ভায়াবল করা যায়- প্রতিযোগিতায় বাঁচিয়ে রাখা যায় তার চেষ্টা আমরা করছি। সঙ্কট পুরোপুরি আছে—এর জন্য দপ্তর অপদার্থ বললে চলে না, সরকারী কর্মচারীরা কাজ করে না বললে হবে না। আজকে মানুষের রুচির পরিবর্তন হয়েছে বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যার নূতন প্রসারের জন্য। আজকে ট্র্যাডিশনাল শিল্প খুবই অসুবিধায় পড়েছে। পাড়ায় পাড়ায় অ্যালুমিনিয়ামের জিনিস বিক্রি হচ্ছে—তাতে মৃৎশিল্প অসুবিধায় পড়েছে—লোকে কিনতে চাচ্ছে না মাটির জিনিসপত্র—অ্যালুমিনিয়ামের জিনিসপত্র কিনছে। এর মধ্যে যা যা রিভাইভাল আছে সেগুলির ব্যবস্থা করা দরকার এবং আমরা তার জন্য চেষ্টা করছি। তা সত্ত্বেও কিছু ডাইভারসিফিকেশন প্রয়োজন। মৃৎশিল্পীদের যাতে অন্যান্য দ্রব্যসামগ্রী তৈয়ারিতে নিয়োগ করা যায় যাতে তাদের প্রতিযোগিতায় টিকিয়ে রাখা যায় ডাইভারসিফিকেশন করা যায় তার চেষ্টা করছি। এবং এটা তাদের পুনরুজ্জীবনে সহায়ক হবে ব'লে মনে করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে অবস্থা দেখছি তাতে মনে হয় কিছু হতাশা রয়েছে। আমি বলছি এই হতাশার অবস্থা এখানে নেই। বিভিন্ন ফাইন্যান্স ইনস্টিটিউশন ও অন্যান্য বিভিন্ন সংস্থা আছে বিভিন্ন কনসালটেন্সি সার্ভিস আছে তাঁরা বিভিন্ন কারিগরি পরামর্শ দিয়ে থাকেন। এঁরা চেষ্টা করছেন কি ক'রে এখানে শিল্পোদ্যোগ আরও বাড়ানো যায়। আমাদের যে মূল প্রশ্ন সেই এমপ্লয়মেন্ট—সেই এমপ্লয়মেন্টকে সামনে রেখে আমাদের এগোতে হবে। সেজন্য আমি ভাবছি কি ক'রে একটা রেডিমেড স্ট্রাকচার দিতে পারি। আমরা ইন্ডাস্ট্রিয়াল স্টেট-এর কথা চিন্তা করছি। গতবারে আমি ইন্ডাস্ট্রিয়াল স্টেটের কথা বলতে গিয়ে উই হ্যাভ প্রপোজড সো। পরবর্তী কালে মুখ্যমন্ত্রী চিঠি লিখেছেন এবং আমরাও ভারত সরকারের ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট মিনিস্ট্রিতে চিঠি লিখেছি এবং সেখান থেকে আমরা ৭০ লক্ষ টাকা ফর আনএমপ্লয়েড পারসন ইন ওয়েস্ট বেঙ্গল পেয়েছি। আমাদের দাবি ছিল ৬ কোটি ৮০ লক্ষ টাকা। আমরা বিভিন্ন ইন্ডাস্ট্রিয়াল স্টেট সেট আপ করতে পারব যদি টাকাও পরিপূর্ণ আমরা পাই নি। আমাদের যে নিজস্ব তহবিল আছে গভর্নমেন্ট অব ইন্ডিয়ার টাকা ব্যতিরেকে আমরা তা এক্সপ্লয়েট করতে পারব। মোটামুটিভাবে আমরা কয়েকটি জোনে ইন্ডাস্ট্রিয়াল স্টেট করব- যেমন টেংরা ; তার পর রিফিউজি রিহ্যাবিলিটেশনের কাছ থেকে টাকা নিয়ে সাঁওতালদি, ক্যালকাটা পোর্ট কমিশন, শিলিগুড়ি, বরজোয়ারা এবং দুর্গাপুরে- এই সমস্ত জায়গায় আমরা ইন্ডাস্ট্রিয়াল স্টেট সেট আপ করার চিন্তা করছি। একথা মনে রাখতে হবে যেমন শক্তিগড় ইন্ডাস্ট্রিয়াল স্টেট আছে এর কিছু ভাঙ্গাচোরা আছে বটে, কিন্তু সেখানে প্রসপেকটিভ ইন্টারপ্রেনার্স যেতেও চাইছে না। আমরা এমন জায়গা যেন সিলেক্ট না করি, এমন জায়গা থেকে যেন দাবি না আসে যেখানে এই এস্টেট-গুলি করলে আইডেল হয়ে বসে থাকবে। সেইজন্য প্রসপেকটিভ জায়গায় যেখানে গ্রোথ পয়েন্টে আছে সেখানে আমরা করার ব্যবস্থা করছি। সেই সব জায়গায় করাই ভাল হবে যেখানে গ্রোথ সেন্টার আছে, পাবলিসিটি আছে, পোটেনসিয়ালিটি আছে। এবং এরিয়া ডেভেলপমেন্ট স্কীম দুর্গাপুর, শিলিগুড়ি ইত্যাদি এই সব জায়গাকে এনে উই হ্যাভ অলরেডি ডিস্ট্রিবিউটেড প্লটস ইন সার্টেন এরিয়াজ। দুর্গাপুরে ৭১টি প্লট-এ স্মল ইন্টারপ্রেনার্স দেওয়া আছে। এগুলি ডেভেলপমেন্ট ক'রে কমার্সিয়াল স্টেট করার জন্য আপ টু সার্টেন কনস্ট্রাকশন এখানে চলছে। এবার সেখানে পুরোদমে কাজ চলছে। অর্থের অভাবে কনস্ট্রাকশন কিছু আটকে ছিল। এবার নূতন অর্থের যোগান দিয়ে সে কাজ কমপ্লিট করার চেষ্টা করছি। বিভিন্ন জায়গায় আমরা ইন্ডাস্ট্রিয়াল স্টেট করব এবং অনেক জায়গাতে কমার্শিয়াল স্টেটও করা হবে। এই সব জায়গায় আমরা এমন ব্যবস্থা করব যেখানে নিচের তলায় শপিং হবে আর উপরতলায় এন্টারপ্রেনার্সরা বাস করবে এবং এর যে ওয়ার্কিং ফাইন্যান্স তা আমরা ইনস্টিটিউশন থেকে সংগ্রহ ক'রে দেব। সবচেয়ে বড় কথা আমি আগেই বলেছি যে, এর মটিভেশন—এদিকে হোয়াইট কলার জব—কলমের চাকুরি অর্থাৎ মিনিস্ট্রিয়াল জব হবে না। অর্থাৎ সেল্‌ফ-এমপ্লয়মেন্ট-এর মাধ্যমে আমরা দেশের

দূরূহ বেকার সমস্যার অনেকটা সুরাহা করা যায়। সেদিকে সবাইয়ের মনোযোগ আকর্ষণ করতে হবে এবং আমাদের বিরাট যুবসমাজকে বেকারির হাত থেকে রক্ষা করার জন্য সবাইয়ের সহযোগিতা নিয়ে আমাদের এগিয়ে যেতে হবে।

[5-20—5-30 p.m.]

আজকে সমস্ত কাট-মোশনের আমি বিরোধিতা করছি এবং যে বন্ধুরা গঠনমূলক সৃজনধর্মী প্রস্তাব এখানে রেখেছেন তাঁদের আমি অভিনন্দন জানাচ্ছি এবং যাঁরা অসত্য ভাষণ এখানে রেখেছেন তাঁদের আর একবার এই বিষয়টি জানাই, যে দুর্নীতির অভিযোগ তাঁরা তুলেছেন, যে অপদার্থতার অভিযোগ তাঁরা তুলেছেন, তা অসত্য তথ্যের ভিত্তিতে অভিযোগ তুলেছেন। তাঁদের আমি আর একবার চ্যালেঞ্জ জানিয়ে বলছি যে, আশা করব তাঁরা এখানে নির্দিষ্ট অভিযোগ নিয়ে আসবেন যেন আমরা এ বিষয়ে প্রতিকার করতে পারি। এই কথা ব'লে আমি সমস্ত কাট মোশনের বিরোধিতা ক'রে যে ব্যয়বরাদ্দের দাবি উপস্থাপিত করেছি তার প্রতি মাননীয় সদস্যদের সহযোগিতা এবং সমর্থন কামনা ক'রে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

Mr. Deputy Speaker: I now put cut motions Nos. 2 and 3 to vote.

The motion of Shri Timir Baran Bhaduri that the amount of the demand be reduced to Re. 1—

The motion of Shri Timir Baran Bhaduri that the amount of the demand be reduced by Rs. 100—

were then put and a division taken with the following result:

Noes

Abdul Bari Biswas, Shri.
Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Baidya, Shri Paresh.
Bandopadhayay, Shri Shib Sankar.
Bandyopadhyay, Shri Sukumar.
Bapuli, Shri Satya Ranjan.
Basu, Shri Ajit Kumar (Mid.).
Bauri, Shi Durgadas.
Bijali, Dr. Bhupen.
Biswas, Shri Kartic Chandra.
Chaki, Shri Naresh Chandra.
Chakraborty, Shri Gautam.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Tapan.
Das, Shri Barid Baran.
Das Gupta, Dr. Santi Kumar.
De, Shri Asamanja.
Dutta, Shri Adya Charan.
Ghose, Shri Sankar.
Ghosh, Shri Lalit Kumar.
Ghosh, Shri Nitai Pada.
Goswami, Shri Paresh Chandra.

Noes

Gyan Singh, Shri Sohanpal.
Hajra, Shri Basudeb.
Halder, Shri Harendra Nath.
Hembram, Shri Sital Chandra.
Hembrom, Shri Patrash.
Isore, Shri Sisir Kumar.
Jana, Shri Amalesh.
Khan, Shri Gurupada.
Kolay, Shri Akshay Kumar.
Lohar, Shri Gour Chandra.
M. Shaukat Ali, Shri.
Mahanto, Shri Madan Mohan.
Mahato, Shri Satadal.
Mahato, Shri Sitaram.
Mahbubul Haque, Shri.
Malladeb, Shri Birendra Bijoy.
Mandal, Shri Santosh Kumar.
Md. Shamsuzzoha, Shri.
Misra, Shri Ahindra.
Misra, Shri Kashinath.
Mohammad Dedar Baksh, Shri.
Mohammad Idris Ali, Shri.
Mojumdar, Shri Jyotirmoy.
Mondal, Shri Anil Krishna.
Mondal, Shri Jokhi Lal.
Mondal, Shri Khagendra Nath.
Moslehuddin Ahmed, Shri.
Motahar Hossain, Dr.
Mukherjee, Shri Bhabani Sankar.
Mukherjee, Shri Sibdas.
Mukhopadhyaya, Shri Ajoy.
Murmu, Shri Rabindra Nath.
Naskar, Shri Ardhendu Sekhar.
Nurunnesa Sattar, Shrimati.
Patra, Shri Kashinath.
Paul, Shri Bhawani.
Paul, Shri Sankar Das.
Poddar, Shri Deokinandan.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shri Ananda Gopal.
Roy, Shri Bireswar.
Roy, Shri Debendra Nath.

Noes

Roy, Shri Krishna Pada.
Roy, Shri Mrigendra Narayan.
Roy, Shri Santosh Kumar.
Saha, Shri Nirod Kumar.
Smanta, Shri Tuhin Kumar.
Saren, Shrimati Amala.
Sarkar, Dr. Kanai Lal.
Sarker, Shri Jogesh Chandra.
Sen, Shri Sisir Kumar.
Shamsuddin Ahmed, Shri.
Shukla, Shri Krishna Kumar.
Singha, Shri Satyanarayan.
Singhababu, Shri Phani Bhusan.
Sinha, Shri Debendra Nath.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Talukdar, Shri Rathin.
Tirkey, Shri Iswar Chandra.
Tudu, Shri Budhan Chandra.

Ayes

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri

Abstention

Bhattacharyya, Shri Harasankar.
Bhowmik, Shri Kanai.
Chakravarty, Shri Bhabataran.
Das, Shri Bimal.
Khan Nasiruddin, Shri.
Karan, Shri Rabindra Nath.
Mahata, Shri Thakurdas.
Mitra, Shrimati Ila.
Roy, Shri Aswini.
Saren, Shri Joyram.

The Ayes being 3, the Noes 85, and the abstentions 10, the motions were lost.

The motion of Dr. Zainal Abedin that a sum of Rs.3,30,48,000 be granted for expenditure under Grand No. 27, Major Heads: "35—Industries—Cottage Industries, and 96—Capital Outlay on Industrial and Economic Development—Cottage Industries", was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 51

Major Head: 96—Capital Outlay on Industrial and Economic Development—Public Undertakings

[5-30—5-40 p.m.]

Dr. Zainal Abedin: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 62,25,000 be granted for expenditure under Grant No. 51, Major Head: "96—Capital Outlay on Industrial and Economic Development—Public Undertakings". The total Budget Estimate under this head is Rs. 62.25 lakhs, the break up of which is given below. Before I give the detailed break up, I should like to mention that these estimates are in respect of capital outlay for contribution to the share capital of various public undertakings under the control of this Department.

For the West Bengal Agro-Industries Corporation Ltd. the Budget Estimate is Rs. 20 lakhs, for West Bengal State Warehousing Corporation Rs. 10 lakhs, for West Bengal Dairy and Poultry Development Corporation Rs. 17 lakhs, for Westinghouse Saxby Farmer Ltd. Rs. 15.25 lakhs. The details of the Budget estimates may be seen at page Nos. 371 and 372 of detailed Civil Budget Estimate, Part II, for the year 1973-74.

The West Bengal Agro-Industries Corporation will require the fund for increasing its capital base. Compared to last year its turnover has increased by about five times and to maintain this tempo of activities, a substantial increase in its capital base is necessary. From its present paid up capital base of Rs. 3 crores, it has been decided to raise it to Rs. 5 crores. According to the capital structure of this Corporation the State Government's share is to be 51 per cent. and that of the Central Government 49 per cent. This allotment of Rs. 20 lakhs to this Corporation as share capital by the State Government during 1973-74 will invite almost an equal contribution from the Central Government. The West Bengal State Warehousing Corporation will require funds also for increasing its capital base. It has been able to increase its storage capacity by 20,000 MT during the current financial year. So long this Corporation used to rely on hired accommodation. It has been found from experience that hired accommodation is not always available at all places at economic rates and therefore the Corporation has planned to build up additional storage capacity to the extent of 10,250 MT at various points by the end of 1973-74. In regard to this Corporation the capital contribution by the State and Central Governments are in the proportion of 50:50. As against an authorised capital of Rs. 2 crores the paid up capital of this Corporation is only Rs. 58 lakhs. Therefore a further contribution to share capital by the State Government of Rs. 10 lakhs will invite a similar contribution of Rs. 10 lakhs by the Government of India which will lead to an increase in total paid up share capital of this Corporation by Rs. 20 lakhs. The West Bengal Dairy and Poultry Development Corporation is at present constructing a Feed Mixing Plant at

Kalyani with daily capacity of producing 100 M.T. of cattle feed. For this purpose an amount of Rs. 17 lakhs is being allotted to this Corporation for completing the project.

Westinghouse Saxby Farmer Ltd. which was taken over by the State Government as majority shareholder in May, 1969 has, with the co-operation of all concerned, been able to increase its monthly production from Rs. 2.35 lakhs in January, 1972 to Rs. 22.95 lakhs in January, 1973. It will soon, however, reach the stage of saturation and unless it is able to diversify its production it will not be able to make further progress. It is accordingly proposed to allot a sum of Rs. 15.25 lakhs to this Company for expansion of Smithy Shop, Electroplating Project, Bakelite Moulding Project, Development of Compressor and Exhauster for diesel locomotives and a Power Tiller Project. This proposed diversification of the production of this Company will enable the Company to manufacture items which they were so long procuring from outside at uneconomic prices without any guarantee of timely supply. The items relating to Compressors and Exhaustors for diesel locomotives will lead to import substitution as these items are still imported by the Indian Railways from other countries. The Power Tiller Project will manufacture agricultural implements with the help of existing expertise of the Company.

When the present ministry assumed office in March last year West Bengal had come out of a five year holocaust of political instability, industrial recession, violence, indiscipline and all round unrest and frustration. In line with Socialistic principle the new ministry under the dynamic leadership of Chief Minister decided to redeem the performance and reputation of public undertakings which were badly languishing as a result of continuous neglect and a number of ills from which they were suffering. With this end in view the Department of Public Undertakings was created to oversee the functioning of the public undertakings with an element of involvement. Ten public undertakings which were so long controlled by five different Departments were brought under control of this Department.

Name of organisations	Name of the previous administrative Deptt.
1. Durgapur Project Limited. 2. Durgapur Chemicals Limited. 3. Westinghouse Saxby Farmer Ltd. 4. Kalyani Spinning Mills Ltd. 5. West Bengal Financial Corporation.	Commerce and Industries (Durgapur Industreis) Department.
6. West Bengal Agro-Industries Corporation. 7. West Bengal State Warehousing Corporation.	Agriculture and Community Development Department.
8. West Bengal Dairy and Poultry Development Corporation.	Animal Husbandry and Veterinary Services Department.
9. West Bengal Small Industries Corporation Limited.	Cottage and Small Scale Industries Department.
10. Electro-Medical and Allied Industries Limited.	Health Department.

All the public undertakings have been set up to further the economic interest of the nation and are accordingly not conditioned by normal business impulse of profit making as such. In the very nature of things, a large number of these undertakings are highly capital intensive. This has involved a fairly long gestation period and delay in reaching their rated capacity. This has also meant heavier interest payment and provision for depreciation. As a consequence, the financial burden of these undertakings had to be shouldered by the State exchequer. Some of the major public undertakings are concerned with providing basic infra-structure facilities for industrial and economic development and with that end in view they have to provide these incentives to the industries. Therefore, these undertakings have to sacrifice their own financial interest in the larger interest of general industrial and economic development.

Besides devoting continuous attention to all aspects of working of the public undertakings the new Department carefully identified the special problems of the different undertakings and tried to sort them out. New Boards of management were set up with public spirited non-officials, experts, labour leaders and persons representing various interests with which the individual undertakings were concerned. Side by side careful co-ordination with sister undertakings, Government Departments and the concerned ministries of the Government of India was built up. Steps taken so far have paid good dividends and the public undertakings, most of which had become the subject matter of public despair, have improved their performance and most of them are showing signs of reaching a stage of viability.

Performance of different undertakings

Durgapur Projects Limited.—The Durgapur Projects Ltd., a Rs. 61 crore Project of the State Government, has raised its monthly production of coke from an average of 33,000 MT to 44,498 MT in the month of January, 1973. Different units of the Power Plant of DPL had to suffer a lot due to continued neglected maintenance and when this Ministry took over it was in a very bad shape. Actual generation of Power went down to 51,000 MW in October, 1972 and it could be increased to about 69,000 MW in December 1972. Thereafter there was again a set back and I have the satisfaction to note that we have now been able to overcome the problems posed by mechanical failures and we are now about to reach generation level of December, 1972 and increase it further.

The Company suffered a loss of Rs. 364.15 lakhs in 1970-71 and Rs. 376.06 lakhs in 1971-72. The quantum of loss could be brought down to Rs. 60 lakhs between April, 1972 and December, 1972.

Westinghouse Saxby Farmers Ltd.—The Westinghouse Saxby Farmers Ltd., a desperately sick public undertaking whose problems had baffled all solutions so long had been able to raise its monthly value of production from Rs. 2.38 lakhs in January, 1972 to Rs. 22.95 lakhs in January, 1973 its break even point being Rs. 22.50 lakhs.

Kalyani Spinning Mills Ltd.—Kalyani Spinning Mills Ltd., has raised its monthly average production from Rs. 24 lakhs to Rs. 35 lakhs. It will reach break even point if it can reach monthly production of Rs. 40 lakhs.

West Bengal Agro-Industries Corporation.—Turn over of West Bengal Agro-Industries Corporation was Rs. 1,78,86,000 in 1971-72. In the current year up to 20th February, 1973 it has reached the turn over figures of Rs. 8,32,21,622. Whereas 1,800 pumps were distributed in 1971-72, 13,500 pump sets have been distributed in the current year up to 20th February, 1973. In the year 1971-72 the Corporation sold 59 Power Tillers whereas in the current year it has sold 100 Power Tillers. Value of distribution of seed, fertilisers and pesticides in 1971-72 was Rs. 72 lakhs, the same figures in the current year up to 20th February, 1973 is Rs. 2,02,48,858.

West Bengal Small Industries Corporation.—West Bengal Small Industries Corporation had a turnover of Rs. 3.15 crores in 1970-71, Rs. 4.2 crores in 1971-72 and its turnover is likely to exceed Rs. 5 crores in the current year. The Corporation has launched a number of schemes to assist the small scale enterpreneours guaranteeing employment of nearly 1,000 persons.

Electro-Medical and Allied Industries Ltd.: The Electro-Medical and Allied Industries Ltd., started production in 1967 and from October, 1967 to 19th March, 1972 it produced 25 X-Ray machnies which work out to an average of 5-6 machines a year. From 20th March, 1972 it has manufactured about 16 machines and its volume of repair of different appliances of hospitals is also increasing.

West Bengal State Warehousing Corporation.—During last one year West Bengal State Warehousing Corporation has increased its storage capacity from 1,28,000 MT to 1,48,000 MT.

West Bengal Dairy and Poultry Development Corporation.—During last one year West Bengal Dairy and Poultry Development Corporation has increased its daily sale of standard milk in the areas not covered by Greater Calcutta Milk Supply Scheme from 4,727 litres to 14,360 litres. Daily capacity of Chilling Station in Darjeeling has increased from 1,600 litres to 5,600 litres. Daily capacity of Dairy at Siliguri has increased from 2,000 litres to 5,500 litres.

West Bengal Financial Corporation.—During last one year West Bengal Financial Corporation sanctioned loan to 64 parties amounting Rs. 1,82,84,000 and actual loan disbursed is of the order of Rs. 71,81,000.

Durgapur Chemicals Limited.—The only undertaking in which we have not so far achieved desired level of improvement is DCL. It is a sick child of the State. Its cost was originally estimated at Rs. 5.5 crores and by the time we took over the cost had increased to Rs. 13.47 crores. This was partly due to devaluation as the cost of the plant had to be paid to a foreign firm M/s. Krebs Cie, Paris, on liberal deferred payment basis. One of its main bread earner is Phthalic Anhydride, production of which had to be

stopped for about a year due to liberal import of the chemical at a comparative low price. As a result of chlorine disaster following a wild cat strike by employees the whole lot of instruments as well as the instrument pipe lines were completely damaged in August 1970. As a result the production performance of Phenol Plant and Caustic Chlorine Plant recorded a sharp decline. DCL is, therefore, not in a position to run any of its plants to near capacity level and therefore, it is still sustaining huge loss. A team of expert of DCL, FCI and Krebs, Barlin, has examined the Plant and on their recommendation DCL has suggested an expenditure of Rs. 2 crores for rectification and modification of the existing plant to bring it to near capacity level. Even after rectification the plant will not run on a profit but there would be no trading loss. This means that they will not be in a position to repay the State Government's loan until expansion of some of the plants is taken in hand.

We are committed to democratic socialism and to the establishment of a socialistic order through democratic methods. The public undertakings are acknowledged as being the most powerful instrument for ushering in the change we want. During the disturbed conditions and political turmoil through which West Bengal was compelled to pass during the last 5/6 years under the leadership of a party which believed more in disruption than in order and progress, the image of the public sector was also badly tarnished. Since then a regular canard has grown against the public sector. During the last ten months that this Government has been in power, all our efforts have been directed to redeem the performance and image of public undertakings. It is not that public sector undertakings cannot work efficiently, the question is really of proper understanding between management, labour and other interests. If the public undertakings prosper, the State will prosper because whatever is produced and earned by the public undertakings will enrich the State exchequer and will make available resources which can be ploughed back for further development activity. It is indeed a tribute to the workers and to the management of various undertakings that they have risen to the occasion and demonstrated that public undertakings can indeed reach a stage of viability. We are firmly of the view that given proper support and encouragement, a bright future lies ahead of the public undertakings.

Before I conclude I would like to inform the House that besides the aforesaid provision of Rs. 62.25 lakhs on Capital Account the details of which have already been enumerated, a further provision of Rs. 1,45,75,000 has also been made for the various public undertakings under this Department under Grant No. 56 (Loans and Advance by State Government, etc.—Fourth Five-Year Plan—Miscellaneous Loans and Advance—Public Undertakings). This Grant will be moved and discussed on 27th March, 1973.

I now seek the co-operation of the House for approval of the Budget estimates and unflinching support of the elected representatives of the people for bringing about further improvement in the performance of the different public undertakings.

[5-40—5-50 p.m.]

শ্রীশশীশ মহম্মদঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজ মন্ত্রিমহাশয় যে ৫১নং গ্রান্টের ব্যয়বরাদ্দের জন্য সুপারিশ করেছেন সেই সুপারিশে যে টাকার অঙ্ক দেখছি সেই টাকার অঙ্ক দেখে আমাদের মনে একটু সন্দেহ হচ্ছে এবং সঙ্গে সঙ্গে একটু ভয় হচ্ছে যে, শেষ পর্যন্ত এই সরকার আস্তে আস্তে দেউলিয়া না হয়ে যায়। গত বাজেট বক্তৃতায় বলা হয়েছে "সরকারীক্ষেত্রে উদ্যোগগুলির কার্যোন্নতি সাধনের জন্য এই সরকার কার্যকরী ব্যবস্থা অবলম্বন করেছেন। দুর্গাপুর প্রোজেক্টস লিমিটেডের যে ক্ষতির পরেমাণ ১৯৭০-৭১ সালে ছিল ৩·৬৪ কোটি টাকা এবং ১৯৭১-৭২ সালে ছিল ৩·৭৬ কোটি টাকা।" কিন্তু তখন তো যুক্তফ্রন্ট সরকার ছিল না। এই টাকার ক্ষতি যে হয়ে গেল সে সময় স্বনামে বেনামে এই মন্ত্রিমহাশয়ের সরকারই ছিল। কি কারণে এই টাকার ক্ষতি হ'ল তার ব্যাখ্যা পাই নি। যুক্তফ্রন্ট যদি বর্বর হয়, তা হ'লে তার থেকে কোন অংশে আপনারাও কম নন্‌ বরং ২ ইঞ্চি বাড়া। এই যে টাকার ব্যয়বরাদ্দ দাবি করা হচ্ছে তাতে এই টাকা দিয়ে যারা বেকার আছে তাদের কর্মসংস্থানের কোন ইঙ্গিত কি পাওয়া গেছে? নিশ্চয় পাওয়া যায় নি। শেষে তিনি বলেছেন ক্ষতি—এই ক্ষতি দেখা গেল কেবল লিমিটেডে লিমিটেডে। সরকারী উদ্যোগে সরকারী সাহায্যে কতকগুলি লিমিটেডের উন্নয়ন করতে হবে। ৮ পাতায় বলা হচ্ছে দুর্বল কারখানাসমূহের অন্যান্য শিল্পের পুনরুজ্জীবনের জন্য সরকারী সাহায্য দেওয়া হবে। যদি দুর্বল কারখানা নাও থাকে, তা হ'লে অনেক সময় সেটাকে দুর্বল ক'রে নেওয়া হবে এবং দুর্বলতার জন্য যে সরকারী সাহায্য দেওয়া হচ্ছে সেই সুযোগ পাবার জন্য দিনের পর দিন তোমরা বল যে আমরা দুর্বল, সরকার নিজের ক্যাশ থেকে টাকা নিয়ে তোমাদের সবল করবার জন্য চেষ্টা করবেন এবং আমাদের উপর প্রত্যক্ষ এবং পরোক্ষ ভাবে ট্যাক্স বসিয়ে সেই দুর্বল কারখানাগুলিকে টাকা দেবেন এবং এই যে ক্ষতির পরিমাণ যেটা ১৮ পৃষ্ঠায় দেখছি সেই ক্ষতি যখন হয়ে গেল তখন উনি করবেন কি, না, বড় বড় মাথাভারী অফিসার যাঁদের বেতন ২ হাজার টাকা, কারোর ১৪শো টাকা, কারোর ১২শো টাকা তাঁদের এনকোয়ারী করতে পাঠাবেন ঐ লিমিটেড কোম্পানীগুলিকে তদন্ত করার জন্য। তদন্ত করতে গিয়ে দেখা যাবে যে, টাকা লস হয়েছে তার উপর আবার যাঁরা তদন্ত করছেন তাঁদের পিছনে বেশ কিছু টাকা গভর্নমেন্টের ক্যাশ থেকে খরচ হয়ে যাবে। তা হ'লে দেখা যাচ্ছে, উনি একবার এদিকে লস করছেন, আবার ওদিকে লস করছেন, দুদিকে লস করছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বাজেট বক্তৃতায় স্বীকৃতি রয়েছে যে ২৮ লক্ষ বেকার, এই সমস্ত লিমিটেড কারখানাগুলি সরকারী টাকায় পুনরুজ্জীবিত করা হবে, কিন্তু জিজ্ঞাসা করি সেখানে নতুন কর্ম সংস্থানের কিছু আছে? তা নেই, কেবল পুরান শ্মশানে বসে নতুন দিন গুনছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা সাজেসান দিচ্ছি মাননীয় মন্ত্রিমহাশয় সেই সাজেসানটা ভাল ক'রে লিখে নিন—"চোরেদের একটা লিমিটেড ফার্ম করুন"। বাংলাদেশে যত বড় বড় চোর আছে সেই চোরদের নিয়ে একটা লিমিটেড ফার্ম করুন, ঐ চোরদের যা লস হয় ডেলি পকেট মারতে পারে না ব'লে তাদের নিয়ে সংগঠন ক'রে একটা ফার্ম করুন এবং বৎসরান্তে তাদের ক্ষতিপূরণের জন্য গভর্নমেন্টের ক্যাশ থেকে তাদের কিছু টাকা দিন। এই কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅশ্বিনী রায়ঃ মাননীয় উপাধ্যায় মহাশয়, এই যে গ্রান্ট উনি রেখেছেন সেই সম্পর্কে আমি কয়েকটি কথা বলতে চাই। প্রথমেই কথাগুলি উনি ভালই বলেছেন যার জন্য আমাকে বেশী বক্তব্য রাখতে হচ্ছে না। যেমন কনক্লুডিং প্যারাতে বলেছেন—

Public undertakings are acknowledged as being the most powerful instrument for ushering in the change we want.

নিশ্চয়ই ডেমোক্র্যাটিক সোস্যালিজমে পাবলিক সেক্টর আন্ডারটেকিং-এর গুরুত্ব অনেক বেশী এটা আমরা জানি। সোস্যালিজমে আমাদের একই মতে যেতে হবে। এটাও আমরা জানি বাইরে যে শত্রু রয়েছে পাবলিক সেক্টারের বিরুদ্ধে সমাজতন্ত্রের বিরুদ্ধে সেই শত্রুরা নানা রকমভাবে কুৎসা অপপ্রচার ক'রে থাকে পাবলিক সেক্টারের বিরুদ্ধে যাতে পাবলিক সেক্টারের না হয়ে আবার প্রাইভেট সেক্টারে আসে, আবার যাতে মনোপলির হাতে চলে যায় তার চেষ্টা করে।

[5-50—6-00 p.m.]

কিন্তু এখানে যেটা বলছেন প্যারাতে, দি কোশ্চেন of proper understanding between the management, labour and other interests.

তার মানে একটা কর্ডিয়াল রিলেশন থাকা উচিত।

It is attributed to the workers and the management of various undertakings that they have risen to the occasion and demonstrated that public undertakings can indeed react a stage of inability.

ফাস্ট প্যারাটা ওয়ার্কার্স এটা ঠিকই বলছেন। কিন্তু ম্যানেজমেন্ট-এর ক্ষেত্রে আপনাদের সংগে আমার মতভেদ রয়েছে। এখনও পর্যন্ত ম্যানেজমেন্ট বলতে যা বোঝায় সেখানে দেখুন কে আছে? পুরান অফিসার যারা সাম্রাজ্যবাদীদের সংগে এবং একচেটিয়া পুঁজিপতিদের সংগে লিংকড্ তারাই এখানে রয়েছে এবং তারা বহুক্ষেত্রে এই পাবলিক আন্ডারটেকিংগুলোকে বরবাদ ক'রে দেয়। কাজেই এই ব্যবস্থাপনা বদলাতে হবে। নিশ্চয়ই ম্যানেজমেন্ট এবং লেবারের রিলেশন ভাল হওয়া উচিত, না হ'লে হয় না। সেই সুযোগ যখন এসেছে তখন আপনার যদি এই আত্মসন্তুটি থাকে যে যারা ওই ম্যানেজমেন্টে রয়েছে তারাই থাকবে, তা হ'লে সেটা ঠিক হবে না। ওয়ার্কার্সদের পার্টিসিপেশনও নিশ্চয়ই থাকা দরকার কারণ তারা উৎপাদন করছে। কিন্তু আপনি যদি ম্যানেজমেন্টের উপরে আস্থা রাখেন যে তারাই এগিয়ে নিয়ে যাবে, তা হ'লে সেখানে আপনার সংগে আমার দ্বিমত রয়েছে। আমি মনে করি আজকে এই পুরান অফিসারদের ম্যানেজমেন্ট থেকে সরাতে হবে। এ'দের ম্যানেজমেন্ট থেকে সরিয়ে আমরা কি করব, না, কারখানায় যে শ্রমিকরা রয়েছে, কর্মচারীরা রয়েছে যারা উৎপাদন করছে তাদের নিয়ে কমিটি করব। যাকে বলে ডেমোক্রেটিক ম্যানেজমেন্ট সেটা আপনারা করুন এবং তারাই পরিকল্পনা করবে, সেই কমিটি প্রাইস পলিসি কি হবে সেটা ঠিক করবে, সেই কমিটি সমস্ত কিছু কন্ট্রোল করবে। এইভাবে যদি করেন, তা হ'লে আমরা যেটাকে বলি ডেমোক্রেটিক ম্যানেজমেন্ট এবং ওয়ার্কার্স পার্টিসেপেসন ইন প্রোডাকসন, প্ল্যানিং অ্যান্ড অল সর্টস অব ওয়ার্ক সেটা হবে এবং তবেই পাবলিক আন্ডারটেকিং-কে এগিয়ে নিয়ে যাওয়া যাবে। এর উপর ভবিষ্যৎ নির্ভর করছে যে, আমরা কতদূর সমাজতন্ত্রের দিকে এগিয়ে যেতে পারব এবং এটা হচ্ছে তার প্রধান হাতিয়ার। এই হাতিয়ারের মাধ্যমে আমরা একচেটিয়া পুঁজিকে সংকুচিত ক'রে সরকারী উদ্যোগের দিকে এগিয়ে যেতে পারব এবং সেটা করতে হ'লে এই জিনিসের উপর আমাদের সবচেয়ে বেশী গুরুত্ব দেওয়া উচিত। আমি আশা করি মন্ত্রিমহাশয় এটা ভাবছেন এবং এইদিকে নজর দিয়েছেন। আমি সেন্ট্রাল গভর্নমেন্টের হিন্দুস্থান স্টিলের কথা বলছি, সেখানে ওয়ার্কার্স কাউনসিল ক'রে ওয়ার্কার্স-দের ডিসপুটের ফয়সালা হচ্ছে। কিন্তু সবক্ষেত্রে এগুলি হয় নি। এটা যদি করতে পারেন, তা হ'লে পাবলিক আন্ডারটেকিং-কে আমরা এগিয়ে নিতে পারব। এখন প্রশ্ন হচ্ছে, এটা করার ক্ষেত্রে কি কি অসুবিধা রয়েছে। এত তাড়াতাড়ি করা যে যাবে না, সেটা আমরাও জানি। কিন্তু এটা করতে গেলে প্রথমতঃ যারা শ্রমিক, যারা উৎপাদন করছে তাদের অসন্তুষ্টি যাতে না থাকে সেইদিকে নজর দিতে হবে এবং পাবলিক সেক্টরে ডেমোক্রেটিক ম্যানেজমেন্টের সংগে সংগে তাদের পে স্ট্রাকচার, তাদের আদার এমিনিটিস, তাদের ডেমোক্রেটিক রাইটস তার দিকে নজর দিতে হবে এবং সেটাও ডেমোক্রেটিক ম্যানেজমেন্টের মাধ্যমে বিচার করতে হবে, ব্যুরোক্রেসী দিয়ে হবে না। এটা করলে পাবলিক সেক্টরকে, পাবলিক আন্ডারটেকিং-কে আমরা এগিয়ে নিতে পারব। এবারে বাজেটের দিকে আসা যাক। এই বাজেট সম্বন্ধে যেভাবে বক্তব্য রেখেছেন বাজেটে কিন্তু তার কোন প্রতিফলন নেই। মাত্র ৬২ লক্ষ টাকার একটি বাজেট। ক্যাপিটাল গ্রান্ট ৯৬ এই যে উনি এনেছেন তার মধ্যে দেখতে পাচ্ছি দু'টি জিনিষ আছে। একটা হচ্ছে, প্রোডাকসন ইনসেনটিভ ওরিয়েন্টেড—উৎপাদনমুখী লগ্নী, আর একটা হচ্ছে আন-প্রোডাকটিভ—উৎপাদনমুখী নয়। তাতে এই ৬৫ লক্ষ টাকার মত দেখতে পাচ্ছি। ওয়েস্ট বেঙ্গল এগ্রো-ইন্ডাস্ট্রিজ সেটা কোন উৎপাদন করছে না, সেটা খালি বিক্রি করছে। কিছু কিছু মেরামত করছে, তার জন্য উনি ২০ লক্ষ টাকা দিচ্ছেন। আর একটা হচ্ছে, ওয়ারহাউস কর্পোরেশন, এটাও কোন উৎপাদন করে না, তার ক্যাপাসিটি কেন বাড়াচ্ছেন? তা হ'লে ২০ লক্ষ আর

১০ লক্ষ এই ৩০ লক্ষ টাকা যদি বাজেট থেকে বাদ দেওয়া যায়, তা হ'লে ৩৫ লক্ষ টাকা থাকে উৎপাদনের জন্য। নিশ্চয় স্যাকসবি ফারমার যে ভাবে উন্নতি করেছে এটাকে ভবিষ্যতে আরো ভায়াবল করবার জন্য যে কর্মসূচি নিয়েছেন এগুলি হওয়া উচিত। কাজেই এই যে আজকের দিনে—হয়ত এটা যদি ১০ বছর আগে এই ধরনের বাজেট যদি রেখে দিতেন, তা হ'লে নিশ্চয় বলা যেত, বেশ উন্নত বাজেট, কিন্তু আজকের দিনে মানে পাশের প্রতিবেশী বাংলাদেশ, তারা একচেটিয়া পুঁজিকে ঢুকতে দিচ্ছে না, তার এখানে ভারতবর্ষে একচেটিয়া পুঁজিকে খর্ব ক'রে এগিয়ে যাবার জন্য পাবলিক সেক্টারের প্রয়োজন আছে। যে বাস্তব অবস্থা আমাদের এখানে রয়েছে সে অবস্থাটা কি? এই ইস্পাতের ক্ষেত্রেই বলুন আর কয়লার ক্ষেত্রেই বলুন আর তৈরি ইঞ্জিনীয়ারিং কারখানার ক্ষেত্রেই বলুন, আজকে সরকারী ক্ষেত্রে এটা একটা বাস্তবিক গুরুত্বপূর্ণ হয়ে দাঁড়িয়েছে। আবার সংগে সংগে যারা এর বিরোধী তাদের একচেটিয়া পুঁজিতে প্রাধান্য আছে। কাজেই এই দু'টির মাঝখানে এই বাজেট অন্তত আগামী দিনে একচেটিয়া পুঁজিকে খর্ব ক'রে প্রাইভেট সেক্টারে প্রতিফলনের কোন কিছু নেই। অথচ এখানে এটা বলবেন যে, এটা তো পুরানো দিনের কথা। এই যে ফোর্থ ফাইভ-ইয়ার প্ল্যান—চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনার শেষ বছরের বাজেট, তা হ'লে এতে প্রতিফলন থাকবে কি ক'রে, না যদি আপনি ব্যাখ্যা করতে পারেন—এই বাজেট সম্পর্কে কালকে মাননীয় অর্থমন্ত্রী বলবেন, এটা পিপলস পার্টিসিপেসান—এটা পিপলস বাজেট। এটা যদি হয় পিপলস বাজেট, কিভাবে জনসাধারণ এগুবে, তা হ'লে প্রাইভেট সেক্টারের দিকে তার প্রতিফলন থাকা উচিত ছিল। বাজেটের ভেতর সেখানে গতিশীলতা হওয়া উচিত ছিল। সেই জন্যই আমি বলছি, এটা গতানুগতিক ভাবে মোটামুটি থেকে গিয়েছে। কোন বাড়াবার ইঙ্গিত এর মধ্যে দেখতে পাচ্ছি না। এর পর দুর্গাপুর প্রোজেক্টের কথা বলব সমস্তটা বলা যাবে না। দুর্গাপুর প্রজেক্টের ক্ষেত্রে মাননীয় মন্ত্রিমহাশয় নিজেই স্বীকার করেছেন যে, যে লসটা হচ্ছিল সেটা কমিয়ে এনেছেন। কিন্তু আমি বলি সেটা সাফিসিয়েন্ট নয়। লসটা কেন হচ্ছে সেটা আপনাকে বের করতে হবে। সেইজন্য ওয়ার্কার্স পার্টিসিপেসান দরকার। আমার যতদূর মনে হয় সেখানে কতকগুলি অসুবিধা আছে, যেমন ওখানকার একটা মেশিন ভেংগে গিয়েছে। একট ব্লেড যদি ভেঙ্গে যায়, তা হ'লে সেই মেশিনটা চালু থাকে না। তার যে উৎপাদন ক্ষমতা তা বন্ধ ক'রে রাখতে হয়। সেইজন্য ওখানে দরকার আছে কিছু স্টোরেজ, অ্যাডভান্স পারচেস অব স্পেয়ার পার্টস। এটা ক'রে রাখা উচিত। এটা করতে আমার মনে হয় প্রায় এক কোটি টাকার মতন স্পেয়ার পার্টস সেখানে থাকা উচিত। আমরা দেখছি তিন মাসের মত একটা ব্লেডের অভাবে উৎপাদন নষ্ট হয়ে রয়েছে। মেশিনটা নষ্ট হয়ে রয়েছে। তারপর কয়লা যেটা আসে যার থেকে কোক তৈরি হয় এই কয়লা সময়মত খালাস না করার জন্য প্রচুর ডেমারেজ দিতে হয়। আমার মনে হয় প্রায় এক লক্ষ টাকা থেকে সেখানে ৭/৮ লক্ষ টাকা এই ধরনের উঠে গেছে। এটাকে কমিয়ে অনেক কিছু ইকনমি হতে পারে। এরা কোক তৈরি করছেন, কিন্তু প্রাইসটা ডিটারমিন করে অন্য জন। তার মধ্যে ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টের কিছু ছিল না। যাই হোক সেটা পরিবর্তন ক'রে জয়েন্ট প্রাইস কমিটি থেকে বেরিয়ে এসে একটা করেছেন। কিন্তু আরো একটা করা উচিত। যাই হোক সেটা পরিবর্তন ক'রে কমিটি থেকে বেরিয়ে এসে কাজ করেছেন। কিন্তু আরও করা উচিত। অন্যান্য ইন্ডাস্ট্রির সংগে তুলনা ক'রে প্রাইস পলিসির দিকে আনছেন। তারপরে গ্রুপ ইনসেন্টিভ স্কীম আছে, ওভারটাইম পেমেন্ট আছে। দেখবেন এমন এক একটা ডিপার্টমেন্ট আছে যেখানে ২৫ পারসেন্ট রেগুলার লোককে নিয়োগ করা উচিত। ওয়ার্কার্স এফিসিয়েন্সী সেখানে আছে, ম্যানিং ইনডেক্স ভেরি পুওর, টাটা, ইস্কোতে যেখানে ৫০ পারসেন্ট, ৪০ পারসেন্ট, এখানে ৩০ পারসেন্ট, ৩৫ পারসেন্ট, যার ফলে সারপ্লাস যদি হয়, তাদের নিয়ে অন্যান্য কাজ করান উচিত। এগুলি হ'লে একটা ইকনমিক ম্যানেজমেন্টের দিকে যাওয়া হবে। তার সংগে এটাও করা উচিত, কন্টিনিউয়াস স্টিল মেল্টিং প্রসেস্ একটা কারখানায় করা যায়, যেটা ফিফ্থ প্ল্যানে আসা উচিত এবং আর দু'টি ব্যাটারি এক্সপানশন করা যায়, জিনিসটা এগুতে পারে, ভাইয়েবল হ'তে পারে। কেন হচ্ছে না? অন্যান্য স্টেটে, মাইসোরে, একটা ছোট্ট ফ্যাক্টরি, স্যান্ডাল উড্ মাত্র লগ্নী ছিল ৬৮ লক্ষ টাকা, এখানে সেটা হয়েছে ১১৩ লক্ষ টাকা, আর প্রফিট হচ্ছে ৩৪ লক্ষ টাকা থেকে ৫৪ লক্ষ টাকা। সেখানকার মত আমাদের স্টেট গভর্নমেন্ট ওয়ার্কার্সদের কাউন্সিল তৈরি করুন এবং ওয়ার্কার্সদের মধ্যে যদি অ্যামিটি রাখা যায় ওয়ার্কারদের পার্টিসিপেশন নিয়ে

এ জিনিস এখানেও হতে পারে। মিনিমাম ওয়েজ ২৩৪ টাকা, এবং বোনাস হচ্ছে ইকুইভ্যালেন্ট টু ফোর মান্থস্ পে, একের তিন ভাগই সেই পারফিউমারি ফ্যাক্টরিতে বোনাস, এইভাবে একটা ছোট ফ্যাক্টরি ভায়েবল হচ্ছে। আমাদের এখানকার কারখানা কেন হচ্ছে না? ওয়ার্কারদের একটা কমিটি ক'রে তদন্ত করা উচিত। ওয়ার্কারদের পার্টিসিপেশন ম্যানেজমেন্ট-এর দিকে আসতে হবে। বাজেটে এই সমস্ত জিনিসের প্রতিফলন না থাকায় আমি পরিপূর্ণ সমর্থন করতে পারছি না।

[6-00—6-10 p.m.]

শ্রীজ্যোতির্ময় মজুমদার: মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, গ্রান্ট নম্বর ৫১, মেজর হেড—পাবলিক আন্ডারটেকিংস-এ মাননীয় মন্ত্রিমহাশয় যে অনুদান দাবি করেছেন, তার স্বপক্ষে এবং সমর্থনে বলতে উঠে আমি প্রথমেই একটা জিনিস বলতে বাধ্য হচ্ছি। আমি যে রাজনৈতিক দলের প্রার্থী হিসাবে বিধানসভায় উপস্থিত হয়েছি, সেই রাজনৈতিক দল সমগ্র ভারতবর্ষে সমাজতান্ত্রিক সমাজ প্রতিষ্ঠিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। সমাজতান্ত্রিক সমাজ প্রতিষ্ঠিত করতে গেলে, একটা সময়ে যে সমস্ত একচেটিয়া পুঁজিপতি ও শিল্পপতি থাকে, তাদের বিরুদ্ধে পাবলিক সেক্টার তৈরির প্রয়োজনীয়তা থাকে। সুতরাং গণতান্ত্রিক পদ্ধতিতে সমাজতন্ত্র যদি প্রতিষ্ঠিত করতে হয়, তা হ'লে পাবলিক সেক্টারের প্রয়োজনীয়তা নিশ্চয়ই প্রত্যেকে স্বীকার ক'রে নেবেন। এই প্রসঙ্গে আমি দ্বিতীয় কথায় আসতে বাধ্য হচ্ছি। সেটা হচ্ছে বাজেট বক্তৃতাকালে সি পি আই পরিষদীয় দলের নেতা বিশ্বনাথবাবু বার বার একটা কথা উল্লেখ করেছিলেন, আমাদের আজকের সরকার একচেটিয়া পুঁজিপতিদের বিরুদ্ধে আঘাত করতে অক্ষম। সেই দলের অন্যান্য সদস্যরাও এই বক্তব্য রেখেছেন এবং অত্যন্ত পুরানো সদস্য মাননীয় অশ্বিনীবাবু একটা জিনিস স্বীকার করলেন যে, একচেটিয়া পুঁজিপতি যদি রাখা হয়, তা হ'লে পাবলিক সেক্টারের প্রয়োজন আছে। এবং এখানে পাবলিক সেক্টারের যে অনুদান চেয়েছেন আমাদের সরকার তা হ'লে একথা স্বীকার ক'রে নেবেন যে, একচেটিয়া শিল্পপতিদের রুখবার ক্ষমতা ও সাহস আমাদের সরকারের আছে। সঙ্গে সঙ্গে একথাও স্বীকার করি যে শিল্পপতিদের বিরুদ্ধে আঘাত হানতে পাবলিক সেক্টারের প্রয়োজন আছে। তাই এই পাবলিক সেক্টারের যে অনুদান চাওয়া হয়েছে তা সমর্থনযোগ্য। দ্রব্যমূল্য বৃদ্ধির প্রশ্ন উঠেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি স্বীকার করবেন যে, একটা গণতান্ত্রিক রাষ্ট্রের কাঠামোতে বিভিন্ন শিল্পপতি বিভিন্নভাবে যে কলকারখানা তৈরি করেছে এবং সেখানে যা তারা উৎপাদন করে সেই উৎপাদনের উপর তাদের একচেটিয়া অধিকার আছে এবং ঐ পুঁজিপতিরাই তার বাজার নিয়ন্ত্রণ ক'রে তাদের খেয়ালখুশী মত মূল্য নির্ধারণ করে তারা সরকারের নিয়ন্ত্রণে থাকে না। এখানে আমাদের সেই মূল্য নিয়ন্ত্রণ করতে গেলে একচেটিয়া কারবারের পাশাপাশি পাবলিক সেক্টারের প্রয়োজনীয়তা আছে। মূল্য নিয়ন্ত্রণ করতে এবং একচেটিয়া পুঁজিপতিদের নিয়ন্ত্রণ করতে সাধারণ গরিব মানুষকে মূল্যবৃদ্ধির হাত থেকে রক্ষা করতে পাবলিক সেক্টারের প্রয়োজনীয়তা নিশ্চয় আছে একথা সকলেই স্বীকার করবেন। এই দিক থেকে ভাবলে এই গ্রান্ট সমর্থনযোগ্য। চতুর্থতঃ শ্রমিক সমাজ এর উপর নির্ভর করছে। সমাজতান্ত্রিক সমাজ তৈরি করতে গেলে শ্রমিকদের জীবনের মান উন্নত করতে হবে। কারণ পাবলিক সেক্টারে সরকারী পরিচালনাধীনে থাকে ব'লে সেখানে শ্রমিক সমাজের উপর কোন শোষণ চালিয়ে যেতে পারা যায় না। এবং এই পাবলিক সেক্টারে যে শ্রমিক সমাজ গ'ড়ে ওঠে এবং তারা যে উদাহরণ সৃষ্টি করে তারা যে শ্রমিক আন্দোলন করে তাতে অন্যান্য কলকারখানায় সেই উদাহরণে শ্রমিক আন্দোলন তৈরি হয়। তাই শ্রমিক সমাজের উন্নয়নের জন্য পাবলিক সেক্টার প্রয়োজন। পঞ্চমতঃ বেকার সমস্যা সমাধানের কথা উল্লেখ করা হয়েছে। বেকার সমস্যার সমাধান করতে এই পাবলিক সেক্টারের যে অনুদান চাওয়া হয়েছে এবং তাকে যদি এগিয়ে নিয়ে না যেতে পারি, তা হ'লে আমরা বেকার সমস্যা সমাধানে সক্ষম হবো না। ঐদিক থেকে এই অনুদান সমর্থনযোগ্য। এই সঙ্গে আমি মাননীয় মন্ত্রি-মহাশয়কে কয়েকটি জিনিস স্মরণ করিয়ে দিতে বাধ্য হচ্ছি। সেটা হচ্ছে মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয় তাঁর বক্তৃতায় স্বীকার করেছেন যে, দুর্গাপুর প্রোজেক্ট লিঃ-এ ক্ষতির পরিমাণ প্রায় ৬০ লক্ষ টাকা এবং দুর্গাপুর কেমিক্যালস-এ যে ক্ষতির পরিমাণ তা তিনি নিশ্চয় স্বীকার করবেন। এই ক্ষতির কারণ তাঁর বক্তৃতার মধ্যে পেলাম না এবং সেই ক্ষতির কারণগুলি অনুসন্ধান ক'রে তার

বিশ্লেষণ ক'রে এই ক্ষতির হাত থেকে পাবলিক সেক্টারকে রক্ষা করার জন্য কি কি পন্থতি এবং পথ তিনি গ্রহণ করতে রাজী আছেন সেটা জানাবেন এইটা আমরা আশা করেছিলাম। কিন্তু দুর্ভাগ্য আমাদের সেটা পাই নি। লক্ষ লক্ষ টাকা ঘাটতির মূল কারণ হচ্ছে পরিচালন ব্যবস্থার ত্রুটি। আমি এখানকার ইউনিয়নের একজন সাধারণ সম্পাদক হিসাবে বার বার দেখেছি অফিসারদের কর্তব্যনিষ্ঠার বিরাট অভাব আছে। যে সমস্ত অফিসাররা তাঁদের কর্তব্যনিষ্ঠা দেখান না তাঁদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয় না। পরিচালকগণ এই সমস্ত পাবলিক সেক্টারের ম্যানেজমেন্ট-এ তাদের কর্তব্যে অবহেলা করার জন্য যদি যথাযোগ্য শাস্তি না পান, তা হ'লে ঐ পাবলিক সেক্টার কোন দিনই দৃঢ়ভাবে দাঁড়াতে পারবে না। তার পর দেখুন ওভারস্টাফিং— যে সমস্ত কর্মচারী পরিচালনায় রয়েছেন ঐ সমস্ত কলকারখানায় তা বিশ্লেষণ ক'রে দেখবেন সেখানে যত কর্মী নিয়োজিত আছে তার অনুপাতে অফিসার ওভারস্টাফিং করছে অনেক বেশী। পাবলিক সেক্টারকে এই জিনিস ক্ষতির দিকে নিয়ে যাচ্ছে। দ্বিতীয়তঃ এই সমস্ত অফিসারদের

[6-10—6-20 p.m.]

বেতন হার বার বার পরিবর্তিত হচ্ছে, তাদের সপ্তাহে সপ্তাহে প্রোমোশন হচ্ছে, অথচ সমানুপাতিক হারে কর্মীদের বেতন বর্ধিত হচ্ছে না, কর্মীদের প্রোমোশন হচ্ছে না। ফলে অসন্তোষ সৃষ্টি হচ্ছে, ধর্মঘটের আহ্বান আসছে এবং শিল্পে শান্তি বিঘ্নিত হচ্ছে। তৃতীয়তঃ যন্ত্রপাতি মেনটেনেন্স-এর অভাব। মাননীয় মন্ত্রিমহাশয় স্বীকার করেছেন যে দুর্গাপুর প্রোজেক্ট লিমিটেড এবং দুর্গাপুর কেমিক্যালস-এ যেসমস্ত যন্ত্রপাতি নিয়ে আসা হয়েছে বিদেশ থেকে, সেই সমস্ত যন্ত্রপাতি যথেষ্ট রকমের ত্রুটিপূর্ণ এবং এই ত্রুটিপূর্ণ যন্ত্রপাতি কিভাবে আমাদের দেশে এল সেটা যেমন বিশ্লেষণ ক'রে দেখা দরকার তেমনি সেই ত্রুটিপূর্ণ যন্ত্রপাতি সংশোধন ক'রে নতুন যন্ত্রাংশ নিয়ে এসে সেই সমস্ত যন্ত্র চালু করার জন্য অবিলম্বে ব্যবস্থা নেওয়া দরকার। তাই আমি দাবি করছি অবিলম্বে সেই সমস্ত যন্ত্রপাতি বিদেশ থেকে নিয়ে এসে সমস্ত যন্ত্রকে কর্মক্ষম ক'রে নিয়ে এবং ওভারস্টাফিং বন্ধ ক'রে ত্রুটিপূর্ণ পরিচালন ব্যবস্থা থেকে মুক্ত ক'রে পাবলিক সেক্টারকে সুদৃঢ় করুন, তবেই এই পাবলিক সেক্টার আগামী দিনে এই সমস্ত একচেটিয়া পুঁজিপতিদের বিরুদ্ধে, একচেটিয়া শিল্পপতিদের বিরুদ্ধে লড়তে পারবে এবং তবেই আমাদের এই ভয়াবহ বেকার সমস্যার সমাধান হবে।

শ্রীশিশিরকুমার সেন : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শ্রদ্ধেয় মন্ত্রিমহাশয় যে ৬২·২৫ লক্ষ টাকার গ্রান্ট অনুমোদনের জন্য পেশ করেছেন তাকে আমি সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলতে চাই। আজকে এই গ্রান্ট সম্বন্ধে আলোচনা করতে গিয়ে আর এস পি বন্ধু মাননীয় শীষ মহম্মদ সাহেব একটি কথা বলেছিলেন যে, এই সরকার দেউলিয়া হয়ে যাবে কি না—মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, যারা দুষ্কৃতকারী, যারা অন্যায় কাজ করেন, যারা সমাজে অপরাধ করেন তারা মাঝে মাঝে রাত্রে স্বপ্ন দেখেন, তেমনি এই বিধানসভায় বসে মাননীয় শীষ মহম্মদ সাহেবও বোধ হয় সেই স্বপ্নই দেখছেন। তারা বিগত ৪/৫ বছরে পশ্চিমবাংলার শিল্পক্ষেত্রে যে অরাজকতা সৃষ্টি করেছিলেন, যে অব্যবস্থা সৃষ্টি করেছিলেন, যে হানাহানি, হত্যাকাণ্ড সৃষ্টি করেছিলেন, আজকে এখানে বসে সেই স্বপ্নই তাঁরা দেখছেন এবং পশ্চিমবাংলাকে কয়েক বছরে দেউলিয়া ক'রে দেবার জন্য যে চিন্তা করেছিলেন আজকেও সেই স্বপ্নই তাঁরা দেখছেন। পশ্চিমবাংলার মানুষের কাছে আমরা নির্বাচনের সময় প্রতিশ্রুতি দিয়েছিলাম যে, আমরা একচেটিয়া পুঁজিপতিদের বিরুদ্ধে সংগ্রাম করতে চাই। আজকে সেই জন্য মাননীয় মন্ত্রিমহাশয় ৬২·২৫ লক্ষ টাকা অনুমোদন ক'রে সেই একচেটিয়া পুঁতিপতিদের বিরুদ্ধে লড়াই করার যে চিন্তা করছেন তাকে আমি আন্তরিকভাবে সমর্থন জানাচ্ছি। সেই সঙ্গে সঙ্গে এই অনুমোদনকে সমর্থন করতে গিয়ে কয়েকটি কথা মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে রাখতে চাই। আজকে একচেটিয়া পুঁজিপতিরা ভীত ও সন্ত্রস্ত হয়েছে পাবলিক আন্ডারটেকিংস-এর উৎপাদন বৃদ্ধি দেখে এবং যেভাবে আজকে এই পাবলিক আন্ডারটেকিংস-এ ক্রমান্বয়ে উৎপাদন বৃদ্ধি হচ্ছে তাতে একচেটিয়া পুঁজিপতিদের মধ্যে আশঙ্কা সৃষ্টি হয়েছে এবং তারা চিন্তা করছেন যে, আগামী দিনে আমরা সারা পশ্চিমবাংলার সমস্ত শিল্পকে হাতে ক'রে রাখতে পারবো কি না। সেই

সঙ্গে সঙ্গে এই পাবলিক আন্ডারটেকিংস-এর ক্ষেত্রে যেসব ত্রুটি-বিচ্যুতি আছে সেই ত্রুটি-বিচ্যুতিগুলি যাতে তিনি সংশোধন ক'রে নিতে পারেন সেজন্য আমি অনুরোধ করছি। সেটা করতে যদি তিনি না পারেন, তা হ'লে যে উদ্দেশ্য নিয়ে এই গ্রান্ট-এ টাকা ধরা হয়েছে সেটা বাস্তবে রূপায়িত হবে কি না আমাদের কাছে যথেষ্ট আশঙ্কার কারণ আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি দুর্গাপুর প্রোজেক্ট লিমিটেড সম্বন্ধে কয়েকটি কথা বলছি। আমি এস্টিমেটস্ কমিটির মেম্বার হিসাবে দুর্গাপুর প্রোজেক্ট লিমিটেড দেখতে গিয়েছিলাম এবং সেখানকার থার্মাল পাওয়ার সম্পর্কে আলোচনার সময় জানতে পেরেছি যে ম্যানেজমেন্ট-এর মধ্যে যাঁরা রয়েছেন তাঁরা বছরের মধ্যে দু'তিন দিন মাত্র আসেন এই সমস্ত কার্যকলাপ দেখার জন্য। কাজেই ম্যানেজমেন্ট-এর এই গাফিলতির জন্য আই এ এস অফিসার যাঁরা রয়েছেন তাঁদের সঙ্গে প্রত্যক্ষভাবে কোন রকম যোগাযোগ না থাকার জন্য এবং এই সমস্ত শিল্প, কারখানা সম্পর্কে বাস্তব অভিজ্ঞতা না থাকার জন্য অনেকক্ষেত্রে শিল্পোন্নয়ন ব্যাহত হচ্ছে এবং শ্রমিকদের মধ্যে মাঝে মাঝে অসন্তোষ দেখা দিচ্ছে। অনেক ক্ষেত্রে আমরা এটা লক্ষ্য করেছি তাদের কাছে শ্রমিকরা যেসমস্ত সাজেসান্স রাখেন সেই সমস্ত সাজেসান্স ম্যানেজমেন্ট মানেন না, উপরন্তু পাবলিক আন্ডারটেকিং-এ যেসমস্ত লোকসান হয়ে থাকে সেখানে এই সোসিও-ইকনমিকের দোহাই দেওয়া হয়। এই ব'লে আমি এই বাজেটকে সমর্থন ক'রে আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটা একটা নতুন দপ্তর এবং এর ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন করার সময় প্রারম্ভিক ভাষণে আমি সরকারের নীতি পরিষ্কারভাবে হাউসের সামনে রেখেছি। দুর্ভাগ্যের কথা এখানে যাঁহা বিরোধী পক্ষের দায়িত্ব পালনের কাজ নিয়েছেন তাঁদের পারফরমেন্স আমাকে হতাশ করেছে। । তাঁরা কি বললেন? ২/২৷৷ হাজার টাকার কর্মচারী, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, এই যে সফিসটিকেটেড প্ল্যান্ট এতে অত্যন্ত অভিজ্ঞ, দক্ষ এক্সপার্টের প্রয়োজন হয়। আমরা বার বার অ্যাডভারটাইজমেন্ট ক'রেও কোন রেসপন্স পাচ্ছি না, যাঁদের পাচ্ছি তাঁরা আন্ডার-কোয়ালিফায়েড। সেইজন্য এই ব্যাপারে সমালোচনা করা বাঞ্ছনীয় বলে আমি মনে করি না। প্রতিটি আন্ডারটেকিং-এ ১৯৬৭ সালের পর যে বুনো রাজত্ব এখানে প্রতিষ্ঠিত হয়েছিল এবং তাতে যে সর্বনাশ হয়েছে আজকে আবার সেই বুনো রাজত্বে ফিরে যাবার জন্য ও'রা উস্কানি দিচ্ছেন আমি সেজন্য দুঃখিত। এই আন্ডারটেকিংগুলিকে দু'টি ভাগে ভাগ করা যায়। একটা সার্ভিস বেসড যেটা ইন্ডাস্ট্রি এবং এগ্রিকালচারকে সাহায্য করবে, আর একটা ম্যানুফ্যাকচারিং ইউনিটস। আমি আগেই বলেছি, সবগুলিতে ডাইরেক্ট এমপ্লয়মেন্ট হয় না। ইনফ্রাস্ট্রাকচার ইউনিট, যেমন দুর্গাপুর পাওয়ার প্ল্যান্ট, কোক ওভেন প্ল্যান্ট আছে। যে কোক এখানে তৈরি হয়, গ্যাস তৈরি হয় ইন্ডাস্ট্রিতে সেই গ্যাস এবং কোকের প্রয়োজন আছে, ফাউন্ড্রি, রেলওয়ে, ডিফেন্স নানা জায়গায়।
This provided the basic requirements for small and other ancillary industries. এই জিনিসটা আমাদের মনে রাখতে হবে। তারপর কল্যাণীতে যে সুতাকল আছে যেটা ম্যানুফ্যাকচারিং ইউনিট, সেখানে যে সুতা প্রডিউস হচ্ছে তাতে তাঁতীদের সাহায্য করা যাচ্ছে। ওখানে কাউন্টার খুলে ডিরেকট যাতে তাঁতীদেরকে রিজিনেবেল প্রাইসে সুতা বিক্রি করতে পারি তার জন্য আমরা চেষ্টা করছি। তারপর ম্যানেজমেন্ট পার্টিসিপেসানের কথা উঠেছে। আমরা দুর্ভাগ্যের সঙ্গে লক্ষ্য করেছি এই সমস্ত আন্ডারটেকিং-এ ১৯৬৭ সালের পর থেকে যা আরম্ভ হয়েছিল তাতে দলীয় স্বার্থে লেবার ফোর্সের মোটিভেসানের চেষ্টা হয়েছিল। আমরা লেবার ফোর্সেস মোটিভেসানকে কমিটেড টু কংগ্রেস থাকতে বলি না, কিন্তু কমিটেড টু ওয়ার্ক থাকবে এটা আমরা আশা করি। আর এইভাবে ১৯৬৭ সালে এইসব না হবার জন্য আন্ডারটেকিংগুলি ক্ষতিগ্রস্ত হয়েছিল। আজকে কমিটেড টু ওয়ার্ক যেখানে আছে সেখানে আমাদের কোন অসুবিধা নেই এবং ইউনিয়নের রিপ্রেজেন্টেটিভদের আমরা নতুন ম্যানেজমেন্ট বোর্ডে প্রত্যেক জায়গায় রেখেছি। যেখানে দেখেছি অন্তর্বিরোধ নেই, ফাউল মোটিভেসান-এর চেষ্টা নেই সেখানে প্রোডাকসন ভাল। আর যেখানে বিভিন্ন দল লেবার ফোর্সকে কাজে লাগাবার চেষ্টা করছে দলীয় স্বার্থে সেখানে পরিপূর্ণ সাহায্য আমরা পাচ্ছি না। তাই আমি প্রত্যেক রাজনৈতিক দলকে বলব, দেশের স্বার্থে, জাতির স্বার্থে শ্রমশক্তিকে দলীয় ক্ষুদ্র স্বার্থে ব্যবহার করবেন না। আজ আমরা এই লেবার ফোর্সকে সঙ্গে নেবার চেষ্টা করছি এবং অনেক জায়গায় যেখানে

নতুন বোর্ড সেট আপ করছি তাতে ফল পেয়েছি। যেমন যেমন আন্ডারটেকিংগুলির উন্নতি বা অগ্রগতি করা সম্ভব হবে তেমন তেমন আমরা আশা করছি লেবার পার্টিসিপেসান এবং লেবার ইনসেনটিভ আমরা বেশী বেশী দিতে পারবো। গত বছর ৮·৩৩ ইন অল আন্ডার-টেকিংস আমরা বোনাস দিয়েছি একথা আজকে জানাতে পারি।

[6-20—6-30 p.m.]

ক্যাপিটাল কম করা, এই খাতে ব্যয়বরাদ্দ কমের কথা বলা হয়েছে যে অল্প দিয়েছেন। আমাদের দুটো সার্ভিস আছে, এই সম্বন্ধে আর একটি বরাদ্দ সম্ভবত অর্থমন্ত্রী ২৭ তারিখে উপস্থাপন করবেন তাতে ১ কোটি ৪৫ লক্ষ টাকা আমরা আরো চেয়েছি। অবশ্য এটাই শেষ নয়, আমরা এ ছাড়াও বিভিন্ন ফাইনান্স ইন্সটিটিউশান যেমন ব্যাঙ্ক, দুর্গাপুর কেমিক্যাল-এর জন্য, আরো বলেছি ব্যাঙ্কিং ফিনান্স কিছু পাওয়া যায় কি না গভর্নমেন্ট অব ইন্ডিয়ার কাছে, রেলওয়ে, স্যাকর্সাব ফারমার, গভর্নমেন্ট-এর ফিনান্স, তারপর রেলওয়ে বোর্ড অ্যাডভান্স ফিনান্স হয়েছে, এগুলি নিয়ে আমরা কাজ করার চেষ্টা করছি। অর্থনৈতিক যে সম্ভাব্য সঙ্গতি এটা সীমিত থাকার ফলে বিভিন্ন সোর্স-এ স্টেট এক্সচেকার ছাড়াও বিভিন্ন সোর্স থেকে ফিন্যান্স সংগ্রহ ক'রে এই আন্ডারটেকিংগুলি আমরা ভায়েবল করার চেষ্টা করছি এবং পরিচালনা ব্যবস্থায় যে ত্রুটিগুলি আমাদের নজরে আসছে সেগুলি আমরা দূর করার চেষ্টা করছি। আমার মূল বক্তব্য আমি প্রারম্ভিক ভাষণে রেখেছি। আমি বলেছি যেমন যেমন ত্রুটি ধরা পড়ছে, যেমন যেমন অসুবিধাগুলি আমাদের সামনে আসে আমরা সেগুলি দূর করার চেষ্টা করি। তবে আমাদের অনেক অসুবিধা আছে স্পেয়ার্সের ক্ষেত্রে কারণ অনেক যন্ত্রপাতি আমাদের বিদেশ থেকে আনতে হয়, যে সমস্ত যন্ত্রপাতির এখানে কারখানা নেই, সেগুলি আমাদের বিদেশ থেকে আনতে এবং এই আনতে গেলে আমাদের অনেক সময় অসুবিধায় পড়তে হয়। যে অভিযোগগুলি এসেছে, আমি তো বলেছি, এখান থেকে অর্ডার প্লেস করছি। আজকে যদি যন্ত্রপাতি খারাপ এসে থাকে, আমি জানি না সব আমি জেনে বলবো তবে হতে পারে অসম্ভব কিছু নেই। কিন্তু তথাপি আমাদের যেগুলি তাড়াহুড়া করা দরকার যেমন পাওয়ার প্ল্যান্ট স্পেয়ার্স আমরা এয়ার ফ্রেইটেড ক'রে এনে ওয়ান অ্যান্ড ফিফথ পাওয়ার ইউনিট চালু করেছি এটা নিশ্চয়ই মাননীয় সদস্যরা জানেন। আজকে স্টাফ এবং মাথাভারির কথা বলা হয়েছে যে, অফিসারদের তুলনায় কর্মীর সংখ্যা কম এটা ঠিক নয়। অনেক জায়গায় প্যাটার্নটাই ঠিক হয় নি। ১৯৬৭ সালে প্রতিযোগিতা হয়েছিল লোক ঢুকিয়ে দেওয়ার। সেই ইকোনমিক ভায়াবিলিটিতে স্টাফ প্যাটার্ন র‍্যাশানালাইজেশন করার নামে এরা কিছুই করে নি। অন্যদিকে যে যার দলের লোক, যে যেটার কন্ট্রোলে ছিল নিজেদের দলের লোক ঢুকিয়ে দিয়েছে তার জন্য অনেক জায়গায় লোক সারপ্লাস আছে। কল্যাণী স্পীনিং মিলস-এর কথা মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন সেখানে রিকোয়ারমেন্ট আছে, হাওড়া ইউনিটে লোকের দরকার, কিন্তু দেখছি এখানে লোক নেই অন্য জায়গায় লোক বেশী আছে। এদের সরান যাচ্ছে না, কারণ আমি আগেই বলেছি যে ইউনিয়ন আছে, বিভিন্ন রাজনৈতিক দলের উস্কানি আছে, এদের ক্ষতি করার চেষ্টা করা হচ্ছে। ১৯৬৭ সালে যে অত্যাচার হয়েছে সেটা যদি না হত, বিভিন্ন রাজনৈতিক দলের দ্বারা এই আন্ডার-টেকিংগুলি যদি কবজা করার চেষ্টা না হ'ত, তা হ'লে আজকে এই অবস্থা হ'ত না। আমরা চেষ্টা করছি সবগুলিকে ভায়েবল করে তোলার জন্য এবং আপনি দেখেছেন যে, লসের হার ক্রমশঃ কমে যাচ্ছে। আমি আশা করবো অদূরভবিষ্যতে লস হবে না, এগুলি জনমানসে আশার উদ্রেক করবে এবং প্রফিটে রান করতে পারবো। এগুলির ক্ষতি কিন্তু শুরু হয়েছে ঐ বর্বর অসভ্য রাজত্ব যখন প্রচলিত হয়েছিলো সেই সময় থেকে তার আগে নয়। যদি কেউ সন্দেহ প্রকাশ করেন, আমার কাছে বিভিন্ন আন্ডারটেকিংস-এর খাতাপত্র দেখে সেই সমস্ত রেকর্ড থেকে এটা প্রমাণ ক'রে দেবো যে, এর আগে একটা লস ছিল না, এত দুর্নীতি, এত অব্যবস্থা এগুলিতে ছিল না। আমরা চেষ্টা করছি যাতে এগুলিকে ভায়েবল করা যায়। এই কথা ব'লে যে কাট মোশান দেওয়া হয়েছে, কোন কাট মোশান এখানে মুভ হয় নি। সুতরাং বিরোধিতা করার প্রয়োজনীয়তা মনে করি না এবং পরবর্তীকালে যদি কেউ কোন কাট মোশান মুভ করেন তার বিরোধিতা করছি।

Shri A. H. Besterwitch: On a point of order, Sir. One hour is allotted for this grant. When one hour is allotted and if the Minister speaks about 40 minutes on his speech then what is the use of our sitting here. Since the Parliamentary Minister has requested us to give one hour and if the Minister takes about one hour, then there is no scope of discussion for us.

The motion of Dr. Zainal Abedin that a sum of Rs.62,25,000 be granted for expenditure under Grant No. 51 Major Head: "96—Capital Outlay on Industrial and Economic Development—Public Undertakings", was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 31

Major Heads 39—Miscellaneous Social and Development Organisations —Welfare of Scheduled Tribes and Castes and Other Backward Classes

[6-30—6-40 p.m.]

Shri Santosh Kumar Roy: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs.2,98,29,000, be granted for expenditure under Grant No. 31, Major Head: "39—Miscellaneous Social and Developmental Organisations—Welfare of Scheduled Tribes and Castes and Other Backward Classes".

ভারতীয় সংবিধানে তফসিলী জাতি ও আদিবাসীর সর্বাঙ্গীণ উন্নয়নের জন্য ব্যবস্থা গ্রহণের যে নির্দেশ রয়েছে সে বিষয়ে আপনারা সকলেই অবগত আছেন। স্বামী বিবেকানন্দ, রবীন্দ্রনাথ ঠাকুর, মহাত্মা গান্ধী প্রমুখ এ দেশের মহাপুরুষেরা নানাভাবে এই পশ্চাৎপদ জনগণের উন্নয়নের প্রয়োজনীয়তার কথা ব্যক্ত করেছেন। সাম্প্রতিক কালেও আমাদের প্রিয় প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী অনুন্নত সম্প্রদায়গুলির জন্য অধিকতর উন্নয়ন প্রকল্পের উপর জোর দিয়েছেন। আমি বিশ্বাস করি যে, এদের উন্নতির ব্যবস্থা করা আমাদের নৈতিক দায়িত্ব। এ দায়িত্ব আরও অধিক গুরুতর পশ্চিমবঙ্গের ক্ষেত্রে, কারণ পশ্চিমবঙ্গের মোট জনসংখ্যার এক-চতুর্থাংশরও বেশী মানুষই তফসিলী জাতি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত।

যুগযুগান্ত-সঞ্চিত এই অনগ্রসরতা সম্পূর্ণ দূর করার জন্য যতটা আর্থিক সংস্থান ও নিষ্ঠা প্রয়োজন, স্বাধীনতার এই পঁচিশ বছরে তা পুরোপুরি করা হয় নি—এ কথা স্বীকার করতে আমার কোন দ্বিধা নেই। যে পরিমাণ টাকা মঞ্জুর করার জন্য আমি এই সভাকে অনুরোধ করেছি, প্রকৃত প্রয়োজনের তুলনায় সেটা যে খুবই কম সে সম্বন্ধেও আমি সম্পূর্ণ সচেতন। তবু এই সরকারের সীমিত আর্থিক সংস্থান থেকে যে পরিমাণ অর্থ আমি চেয়েছি তার প্রতিটি পয়সা এই অনুন্নত মানুষগুলোর মঙ্গলের জন্য ব্যয় করার ব্যাপারে চেষ্টার কোন ত্রুটি হবে না।

আপনারা জানেন যে, এই সভার কয়েকজন সদস্যকে নিয়ে তফসিলী ও আদিবাসীদের কল্যাণের উদ্দেশ্যে একটি কমিটি গঠিত হয়েছে। এই কমিটি ইতিমধ্যেই কাজ আরম্ভ করেছেন এবং বিভিন্ন সমস্যা বিবেচনা করেছেন। কমিটির পরামর্শ সরকার আগ্রহসহকারে বিবেচনা করবেন। ঐ কমিটির কাছে সরকার অনেক আশা রাখেন।

তফসিলী জাতি এবং উপজাতির সমস্যা সম্পর্কে সরকার যাতে সম্পূর্ণ সচেতন থাকেন সেজন্য মাননীয় মুখ্যমন্ত্রীর নেতৃত্বে এবং আরও কয়েকজন মন্ত্রীকে সদস্য হিসাবে গ্রহণ ক'রে একটি কমিটি গঠন করার জন্য আমি সুপারিশ করেছি। এই কমিটি শীঘ্রই গঠন করা হবে এবং তার মূল্যবান পরামর্শে সরকার যে উপকৃত হবেন তাতে সন্দেহ নেই। তা ছাড়া তফসিলী জাতি

উপদেষ্টা বোর্ড এবং তফসিলী উপজাতি উপদেষ্টা কাউন্সিলও আমরা ইতিমধ্যে গঠন করেছি; এই দুই কমিটির সহযোগিতায় আমরা ভবিষ্যতে আমাদের তফসিলী সমাজের জন্য আরও উন্নত প্রকল্প গ্রহণ করতে পারবো ব'লে আমার বিশ্বাস।

গত বছর আমি আপনাদের জানিয়েছিলাম যে, বিদ্যালয়ের বেতনপ্রদান প্রকল্পটি কেবলমাত্র ৪১টি শিক্ষায় অধিকতর পশ্চাৎপদ তর্ফাসলী জাতির" ছাত্রদের মধ্যে সীমাবদ্ধ না রেখে এই সাহায্য পাওয়ার উপযুক্ত সমস্ত তর্ফাসলী জাতির ছাত্রদের মধ্যে প্রসারিত করার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে। দুঃখের বিষয় এই যে, প্রয়োজনীয় অর্থ সংগ্রহ করতে না পারায় ঐ প্রস্তাব এখনও কার্যকরী করা সম্ভব হয় নি। তবে আমি চেষ্টা চালিয়ে যাচ্ছি এবং আশা করি অদূরভবিষ্যতে এই চেষ্টা সফল হবে।

গত বৎসর আমি ঘোষণা করেছিলাম যে, সরকারী মেডিক্যাল কলেজ-সংলগ্ন হোস্টেলগুলিতে শতকরা ১৫ ভাগ এবং ৫ ভাগ আসন যথাক্রমে তফসিলী জাতি ও তফসিলী উপজাতির ছাত্রদের জন্য সংরক্ষিত করার জন্য আমরা রাজ্যসরকারের স্বাস্থ্য দপ্তরের কাছে অনুরোধ করেছি। আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, স্বাস্থ্য দপ্তর আমাদের সে অনুরোধ মেনে নিয়েছেন এবং এ বছর থেকে সরকারী মেডিক্যাল কলেজ-সংলগ্ন হোস্টেলগুলিতে শতকরা ১৫ এবং ৫ ভাগ আসন যথাক্রমে তর্ফাসলী জাতি ও উপজাতির জন্য সংরক্ষিত থাকবে।

সমস্ত সরকারী চাকুরী (ডব্লু বি সি এস—জুডিশিয়াল ছাড়া), সমস্ত সরকারী স্কুলকলেজ এবং ঐ স্কুলকলেজ-সংলগ্ন সমস্ত ছাত্রাবাসে শতকরা ১৫ ও ৫ ভাগ পদ ও আসন যথাক্রমে তর্ফাসলী জাতি ও আদিবাসীর জন্য সংরক্ষিত হয়েছে। এই সরকারী নির্দেশ যাতে সকলে যথাযথভাবে পালন করেন তার জন্য বিভিন্ন ব্যবস্থা অবলম্বন করা হয়েছে। বিষয়টি সম্বন্ধে আমি অত্যন্ত উদ্বিগ্ন এবং আপনাদের আশ্বাস দিচ্ছি যে, অদূরভবিষ্যতে এই সম্বন্ধে আরও কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হবে।

এ বিষয়ে বিধানসভার তফসিলী জাতি ও উপজাতি কল্যাণ কমিটির কাছ থেকে আমি মূল্যবান পরামর্শের আশা করছি।

বিভাগীয় গৃহনির্মাণ প্রকল্পগুলিতে আমরা বর্তমানে এক-একটি গৃহনির্মাণের জন্য ১,২০০ টাকা পর্যন্ত ব্যয় করতে পারি। আপনারা সকলেই জানেন যে, এই ব্যয়সীমার মধ্যে গৃহনির্মাণ সুষ্ঠুভাবে সম্পন্ন করা সম্ভব নয়। তা ছাড়া, গৃহনির্মাণ প্রকল্পে যে অর্থ প্রতি বছর বাজেটে বরাদ্দ করা থাকে, তা দিয়ে প্রতিটি জেলায় ১০-১৫টির অধিক গৃহনির্মাণ করা সম্ভব হয় না। এই সমস্যা আংশিকভাবে দূর করার জন্য মেদিনীপুর এবং কোচবিহার জেলায় আমরা দুটি নতুন প্রকল্প এবছর শুরু করেছি। এই প্রকল্প অনুযায়ী কয়েকটি বেসরকারী সংস্থার সহায়তায় এবং উদ্বাস্তু শিবিরগুলির উদ্বৃত্ত সামগ্রীগুলিকে কাজে লাগিয়ে আমরা অনেক কম খরচে আরও উন্নতমানের গৃহনির্মাণ করতে পারবো। এই প্রকল্পে আমাদের গৃহ-পিছু খরচ পড়ছে ৩০০ টাকা; মেদিনীপুরে ৩০০ এবং কোচবিহারে ৫০০-র অধিক গৃহ এই প্রকল্পে নির্মিত হবে; আগামী বছরে এই কাজ শেষ হবে বলে আশা করি। যেসকল বেসরকারী সংস্থা এ বিষয়ে আমাদের সাহায্য করছেন তাঁদের আমি এর জন্য কৃতজ্ঞতা জানাচ্ছি।

আপনারা জানেন যে, মেদিনীপুর জেলার বেলপাহাড়ীতে আদিবাসী মেয়েদের জন্য একটি আবাসিক জুনিয়র হাইস্কুল গত ১৯৬৯ সালে স্থাপন করা হয়েছিল। আদিবাসী মেয়েদের মধ্যে শিক্ষাবিস্তারের জন্য এই ধরনের স্কুল এই রাজ্যে এইটিই প্রথম। ১৯৭৩ সালে এই স্কুলে নবম শ্রেণী খোলা হয়েছে এবং আমি আশা করি আগামী বছরেই এই স্কুলটি একটি আদর্শ উচ্চবিদ্যালয়ে রূপান্তরিত হবে। এই রাজ্যের অন্যান্য অঞ্চলে এইরকম আরও কয়েকটি স্কুল স্থাপন করার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

ডব্লু বি সি এস এবং সংশ্লিষ্ট অন্যান্য পদের জন্য প্রতিযোগিতামূলক পরীক্ষায় তফসিলী জাতি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত ছাত্ররা যাতে অধিকসংখ্যায় সাফল্যলাভ করতে পারে সেইজন্য

কলকাতার মৌলানা আজাদ কলেজে একটি প্রাক্-পরীক্ষা শিক্ষণকেন্দ্র চালু আছে। এই শিক্ষণকেন্দ্রটির পরিধি সম্প্রসারণ এবং ছাত্রদের জন্য আবাসিক ব্যবস্থা প্রবর্তনের প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

কলেজীয় শিক্ষার ক্ষেত্রে তফশিলী জাতি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত ছাত্রদের বৃত্তি মঞ্জুরীর জন্য চলতি বছরে গত বছরের তুলনায় প্রায় চল্লিশ লক্ষ টাকা বেশী খরচ করা হচ্ছে এবং আগামী বছরেও এইরূপ বর্ধিত হারেই বরাদ্দ করার প্রস্তাব করা হয়েছে। আশা করা যায় যে, যেসকল ছাত্রছাত্রী সময়মত দরখাস্ত জমা দিয়েছেন এ রকম প্রায় সকলকেই আমরা বৃত্তি দিতে পারব এবং আগামী বৎসরে এ বিষয়ে আমরা আরও বেশী সাফল্য অর্জন করব।

বর্তমানে প্রচলিত ব্যবস্থা অনুসারে, কলেজে প্রবেশের সময় তফসিলী জাতি ও আদিবাসী ছাত্রছাত্রীদের কলেজকে দেয় বেতন ও হোস্টেল খরচ জমা দিতে হয়; আমাদের বিভাগ পরে তাঁদের দরখাস্তগুলি পরীক্ষা ক'রে নিয়মানুসারে বৃত্তি দিয়ে থাকে। এই ব্যবস্থার পরিবর্তন ক'রে, যাতে তফসিলী জাতি ও আদিবাসী ছাত্রছাত্রীর ক্ষেত্রে কলেজে প্রবেশের সময় থেকেই বেতন ও হোস্টেল খরচ মকুব করা যায়, সেজন্য একটি পরিকল্পনা বর্তমানে আমার বিভাগ বিবেচনা করছে।

যেসব পরিকল্পনা তফসিলী জাতি ও আদিবাসীদের জন্য কল্যাণকর প্রমাণিত হয়েছে সেগুলির প্রায় সবকটাই চলতি বছরে কার্যকরী রাখা হয়েছে এবং আগামী বছরের জন্যও সেগুলি চালু রাখার প্রস্তাব করা হয়েছে। এ ছাড়াও নিম্নোক্ত নূতন পরিকল্পনাটি ১৯৭৩-৭৪ সালের জন্য গ্রহণের প্রস্তাব করা হয়েছে।

নির্দিষ্ট কয়েকটি বৃত্তিতে তফসিলী জাতি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত বংশানুক্রমিক কারিগরদের আর্থিক সাহায্য

এই পরিকল্পনায় তফসিলী জাতি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত বংশানুক্রমিক কারিগরদের নির্দিষ্ট কয়েকটি বৃত্তিতে উৎসাহ দানের জন্য প্রতিক্ষেত্রে অনধিক তিন শত টাকা আর্থিক সাহায্যদানের ব্যবস্থা আছে। বাজেটে এই উদ্দেশ্যে তফশিলী জাতির জন্য তিরিশ হাজার ও আদিবাসীদের জন্য তিরিশ হাজার টাকা রাখা হয়েছে।

চলতি বছরে কয়েকটি প্রকল্প অর্থের অভাবে সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছিল। সেগুলিতে আগামী বছরে অর্থ বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। এই প্রকল্পগুলির নাম নীচে দিলাম:

(১) আদিবাসী ছাত্রদের জন্য আশ্রম ব্যবস্থা;

(২) আদিবাসী ও তফসিলী জাতির ছাত্রদের জন্য ছাত্রাবাস নির্মাণ; এবং

(৩) আদিবাসী মঙ্গল প্রকল্পে প্রাথমিক বিদ্যালয়ের গৃহনির্মাণের জন্য অনুদান।

পরিশেষে বলতে চাই যে, এই রাজ্যের তফসিলী জাতি ও আদিবাসীদের সর্বাঙ্গীণ উন্নতির জন্য যেসব ব্যবস্থা প্রয়োজন সরকার সে সম্বন্ধে অবহিত আছেন। বেশী পরিমাণে অর্থের সংস্থান করতে পারলে উদ্দেশ্যসাধন ত্বরান্বিত হ'ত। কিন্তু সীমিত অর্থের দ্বারাও যতটা নিষ্ঠা ও আগ্রহের সঙ্গে লক্ষ্যপূরণের পথে অগ্রসর হওয়া যায় এই সরকার তার থেকে বিচ্যুত হবে না।

With these words, Sir, I commend my motion for acceptance of the House.

Shri A. H. Besterwitch: Sir, I move that the amount of the demand be reduced to Re.1.

Sir, the Hon'ble Minister has placed his demand under Grant No. 31 asking for sanction of Rs.2,98,29,000. Good. But he has also expressed that the grant is very small. He cannot help it. The first and foremost, Sir, if this Government really wants the welfare of the tribal community and the Scheduled

Castes, there are three specific things that they have got to understand. They ıre (1) educational uplift, (2) economic uplift, and (3) social uplift. Without ducation you cannot have social uplift. What are you going to give them on ıe education list? I am simply surprised. On account of tuition fees Rs.3 ıkh 4 thousand has been provided for the tribal community, and as book grant s.61 thousand. Sir, it is really surprising. I leave aside tuition fees. The ɔok grant, I think, you are aware, Sir, from 1962 I am making this noise :garding the book grant—a tribal student has to pay Rs.150 to Rs.160 for his ɔoks. Of course, this grant is not for higher secondary schools. So, from lass IX to Class XI he has got to spend and purchase books, but what does he :t from Government? It is only Rs.30 or so. Even of this amount, I don't ink he will get a fraction of a rupee because in every district wherever I moved, found that the Special Tribal Officers are getting a small amount of money ıd there is a percentage according to which this book grant is distributed. This the actual system under which book grants are given. Then again, of course, e Minister told something like 'not paying fees in the colleges'. Why should not be so at the higher secondary stages also? You have got a system of free ucation up to Class VIII and no application is necessary of this, whereas, the bal and Scheduled Castes students have got to submit applications. To whom ould they apply and how? Why should they be required to submit applica- ın for this purpose? Sir, there is another problem. Even if they get applica- ın forms in time in the high schools or in whichever school they may be, I ı certain, many of the tribal members who are here have got this experience ıt the Headmasters do not take any interest in getting these forms duly filled by the students. Automatically by the time they get these grants what

-40—6-50 p.m.]

ıppens is that they have got to sit at home without paying school fees. If they › not pay school fees they are not admitted. At times we are getting these ants after one year. If that is so then wherefrom these poor tribal people are ›ing to get money? You want upliftment of these people. How are you going do this? First and foremost, you are spending money on construction of imary school buildings. Then again you spend money on construction of shram hostels—which Ashram hostels I cannot understand. I know you are ›ing to give grants to certain Ashrams but tribal people are not benefited by is. In those Ashrams tribal students are to observe some rules and regula- ›ns. They have got to bring certain amount of clothing with them but where- om they will get the money to do so. But still you are giving grants to them. want to ask you, is it for the welfare of the tribal students? Over this we had regular discussion but I did not find Ashram where a tribal students whom you ant to uplift got a place. As regards residential education for girls, I heard ıere is only one school for them but that also is situated in the town. As :gards boarding charges too, no tribal student is going to bear this in a town— 'hether it is a school or a college. This is for the simple reason that their life ; insecure in towns.

As regards economic upliftment of the tribal students, how are you going to do this? Training facilities for the scheduled tribes are also available in Calcutta. It is only in Calcutta. Educational facilities for B.Sc., M.Sc. and all Sc.s are available in Calcutta and how are the tribal students going to get money to come over here to avail themselves of this opportunity? I had a discussion with Mr. Speaker in this regard and if you want to know anything in this matter you may like to have a talk with him. It is not the tribal community who are getting these benefits. As regards learning of motor driving, they are not getting any licence. I know of an instance where an experienced motor mechanic belonging to the tribal community applied for a licence and got it; but when he was put finally on the road his licence was cancelled.

So, how are you making the economic upliftment? These are all farce. You spend all these moneys on their education which is more important for the tribal community to-day. If you really want upliftment of the tribal people then every nook and corner should be seen so that these tribal people get education. Unfortunately this is not done. Then there are some central grants which are on the same line as that of the State grants. But what is the benefit? Then I find Rs.500 has been allotted for house building to those people. I remember, Sir, and I think Mr. Speaker also knows, that when the Commissioner of Tribal Welfare department came here I told him what will these people do with this sum? Even a jhupri, a tin-shed or a house with bamboo mat cannot be constructed with this sum when construction of a house requires 10 thousand or 15 thousand rupees. So, it is better not to give them these moneys. You spend these moneys on their education. I say repeatedly that the first and foremost thing you have got to do for their upliftment is to give them education. Education is the most important factor in the life of the tribal people.

Then, Sir, the Hon'ble Minister is kind enough to say that he has raised the percentage of reservation in medical college hostels to 15 per cent and 5 per cent respectively for scheduled caste and scheduled tribes. But it is not so. In 1969 the U.F. Government raised this and this thing is being carried over from 1969, and now you come and say the same thing. It is the rule that there should be 15 per cent and 5 per cent reservation for scheduled castes and scheduled tribes respectively in medical college hostels.

With these words I move my cut motions disapproving this grant.

শ্রীগংগাধর প্রামাণিক: মাননীয় স্পীকার, স্যার, আজকে মাননীয় মন্ত্রিমহাশয় তফসিলী এবং আদিবাসী সম্প্রদায়ের জন্য যে বাজেট এনেছেন তা সমর্থন করছি এবং তা সমর্থন করতে গিয়ে অত্যন্ত বেদনার সংগে বলতে চাই কালকে ফাইনান্স মিনিস্টার মহাশয়ের একটা উক্তি উদ্ধৃত ক'রে। তিনি বলেছিলেন, ইন্দিরা গান্ধী বলেছেন কংগ্রেসের শক্তি হচ্ছে জনসাধারণের মধ্যে, কিন্তু ২৫ থেকে ২৮ পারসেন্ট সিডিউল্ড কাস্ট এবং সিডিউল্ড ট্রাইবস তার জন্য আজ কি ব্যবস্থা হয়েছে তাঁর কথা কেন মানা হবে না? তিনি যদি বাস্তবিকই সত্য সত্যই এই কথা মনে করেন, তা হ'লে আশা করেছিলাম যে, বাজেটের ফিগার এই ২৫/২৮ পারসেন্ট যে সংখ্যা সিডিউল্ড কাস্ট এবং ট্রাইবস-এর সেই হিসাবে বাজেট বরাদ্দ হওয়া উচিত ছিল।

[6-50—7-00 p.m.]

হয়ত বলবেন এগ্রিকালচার খাতে, পি ডবলিউ খাতে এবং অন্যান্য খাতে তাদের উপকারের ব্যবস্থা করা আছে। কিন্তু তা হ'লেও এডুকেশন এবং অন্যান্য আপলিফ্‌টমেন্ট সম্পর্কে এই ডিপার্টমেন্টের যে ব্যবস্থা আছে, তাতে যে বাজেট বরাদ্দ করা হয়েছে, তাতে আমি দেখছি ১৯৭২-৭৩ সালে যেখানে বরাদ্দ ছিল ২,৯৮,২৯,০০০ টাকা, সেখানে ৩৬ লক্ষ ৬৫ হাজার টাকা এবারে বেশী ধরা হয়েছে। কিন্তু স্যার, আপনার মাধ্যমে মাননীয় বিধানসভার সভ্যদের কাছে জানাতে চাই যে, এর ভিতর ৩৭ লক্ষ ৯৫ হাজার টাকা সেন্ট্রাল স্পনসর্ড টাকা। এই ৩৭ লক্ষ ৯৫ হাজার টাকা বাদে যে টাকা আজকে স্টেট বাজেটে দেওয়া হয়েছে, তা অত্যন্ত কম। আমরা আশা করেছিলাম যে, স্টেট বাজেটে আমাদের আরও বেশী টাকা বরাদ্দ হবে। আজকে ভোট অন অ্যাকাউন্টস বাজেটে মোট বরাদ্দ আছে ৬২৯ কোটি ২১ লক্ষ ৩৮ হাজার টাকা, সেই তুলনায় আমাদের জন্য যে টাকা বরাদ্দ করা হয়েছে তা অত্যন্ত অপ্রতুল। এ বিষয়টা মাননীয় মন্ত্রী এবং মন্ত্রিসভাকে আপনার মাধ্যমে একটু ভেবে দেখতে বলি।

আর একটা পরিতাপের বিষয় আজকে সিডিউল্ড কাস্ট এবং সিডিউল্ড ট্রাইব থেকে যেসব যুবক মন্ত্রীরা আছেন, আজকে যখন এই রকম একটা ইমপর্ট্যান্ট বাজেট আলোচনা হচ্ছে, অত্যন্ত বেদনার কথা যে, তাঁরা এখানে অনুপস্থিত আছেন, আমরা আশা করেছিলাম যে তাঁরা এখানে উপস্থিত থেকে মাননীয় বিভিন্ন সদস্যদের কথা শুনে, আমাদের হয়ে ক্যাবিনেট থেকে যাতে আমাদের দাবি আদায় হয় সেই ব্যবস্থা করবেন। সেন্ট্রাল বোর্ড হরিজন ওয়েলফেয়ার এক সভায় ১৩ই এপ্রিল, ১৯৫৯ সালে যে মন্তব্য করেছিলেন, তার অনুলিপি আমার কাছে আছে। ১২/১৪/৫৯ এস সি টি, ২০এ মে, ১৯৫৯—মিনিস্ট্রি অব হোম অ্যাফেয়ার্স, তা অক্ষরে অক্ষরে পালন করবার নির্দেশ দিয়েছে পশ্চিমবঙ্গ সরকারকে। এই পরিপ্রেক্ষিতে কালচারাল রিসার্চ ইনস্টিটিউট গবেষণা ক'রে দেখিয়ে দিয়েছে -

The study revealed that 14.80 per cent. of the scheduled caste children of secondary school-going age attended the secondary school during 1958-59.

এই পরিসংখ্যানে দেখা যায় যে, আমাদের সিক্সটি-থ্রি কমিউনিটিজের দু'লক্ষ ছেলেদের জন্য এক কোটি টাকার দরকার আছে।

The study reveals that an additional amount of Rs.80 lakhs will be required during the year 1972-73 if all the scheduled caste students are provided free tuition facilities. This requirement of fund is likely to increase by about 11.5 per cent. each year due to increase in enrolement. Thus if students of all the 63 communities are to be provided with free tuition facilities a minimum additional allotment of Rs.6 crores would be necessary in the 5th Five-Year Plan.

সেখানে আমাদের টাকা কম। পশ্চিমবঙ্গের বাইরে যেকোন প্রদেশে যাবেন দেখবেন এই কমিউনিটির ছেলেদের সেখানে ফ্রি টুইশান-এর ব্যবস্থা আছে। কিন্তু অত্যন্ত পরিতাদের বিষয় আমাদের এখানে সিডিউল্ড কাস্ট এবং সিডিউল্ড ট্রাইব কমিউনিটি অত্যন্ত অসহায় অবস্থার মধ্যে আছে এ বিষয়ের প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

আমি আপনার দৃষ্টিগোচর করছি যে কথা মিঃ বেস্টারউইচ বলেছেন যে, এডুকেশন না হ'লে যতই উন্নতির চেষ্টা হোক না কেন এদের উন্নতি করা যাবে না। এদের উন্নত করতে গেলে শক্তিশালী করতে হ'লে এই অবহেলিত সম্প্রদায় যারা আছেন তাঁদের জন্য প্রচুর ব্যবস্থার প্রয়োজন। মন্ত্রিমহাশয়ের অবগতির জন্য বলছি আমাদের যে কমিটি চীফ মিনিস্টার ক'রে দিয়েছেন......

for the welfare of scheduled castes and scheduled tribes

এই কমিটি দিল্লীতে গিয়েছিল; আমরা এডুকেশন মিনিস্টারের সঙ্গে দেখা করেছি, নানা আলোচনা করা হয়েছে—সাহায্য করার কথা বলতে গিয়ে তিনি বললেন পশ্চিমবাংলার পক্ষ থেকে আমাদের উপর কোন ডিম্যান্ড নাই, কোন চাপ নাই—এমন অনেক সময় দেখা গেছে এর আগে বহু টাকা

খরচ না হয়ে ফেরত দিয়েছে। তাই মন্ত্রিমহাশয়ের কাছে চাপ সৃষ্টি করার জন্য আমি আবেদন করছি। টাকা চাইলে দেবে বলছে প্রতিশ্রুতি দিচ্ছে অথচ আমরা এখানে কাজ করতে পারছি না। আমাদের নেত্রী ইন্দিরা গান্ধী এই টাকা দেবেন এই কথা তিনি বলছেন। তাই আমি মন্ত্রি-মহাশয় এবং বিশেষ মুখ্যমন্ত্রীর কাছে অত্যন্ত বিনীতভাবে নিবেদন করছি এই টাকার ব্যবস্থা করার জন্য সেন্টারে চাপ সৃষ্টি করার জন্য। টাকারই অসুবিধা কাজের অভাব হবে না। আমাদের ল্যান্ড প্রবলেম আছে। যখন সেন্সাস আসে—সেই সেন্সাস করার সময় আমরা দেখেছি যে, আমাদের লোক না থাকায় সেন্সাস ঠিক হয় নি। কারণ আজকের দিনে একমাত্র
Politics depends on the numerical figures of the people.

নিউম্যারিক্যাল ফিগারের উপর ভারতবর্ষের রাজনীতি পরিচালিত হয়—ভারতবর্ষ ছাড়া আর কোথায়ও হয় না। তাই আমি আশা করবো আমাদের মন্ত্রিসভা এদিকে তীক্ষ্ন দৃষ্টি দেবেন যাতে সেন্সাসের সময় এই সম্প্রদায়ের সংখ্যা ঠিকভাবে প্রকাশ করতে পারেন। স্যার, আর একটা কথা আমার মনে পড়ে যায়
If there was any cause of freedom in Indian termoil for independence, it was the cause of the untouchable, the cause of the Hindus and the cause Mosalmans were not the cause of the freedom. There was a struggle for power as distinguished from freedom.

স্যার, দীর্ঘদিন অবসান হয়ে গেছে-ঐ চিরাচরিত প্রথাই এখানে চলে আসছে। আমি আপনার মাধ্যমে বলতে চাই সেন্ট্রাল গভর্নমেন্ট-এর নির্দেশ আছে রিজার্ভেশন ইন সার্ভিসেস সেখানে ২০%
and 60 per cent. reserved for scheduled castes and scheduled tribes.

একথা সম্পূর্ণভাবে মানতে পারি না, কারণ যে নির্দেশ আছে
Liaison officer must be nominated in all ministerial departments in terms of O.M. No. 16/67-Est.(c), dated 10th April 1968 from Ministry of Home Affairs, Government of India.
এবং he may be provided with cell as stipulated in O.M. referred to above.
কারণ সেখানে আছে
compulsory inclusion of scheduled castes and scheduled tribes officers in selection committee.

তা হয় না, নানা রকম অসুবিধার সৃষ্টি হয়।

Mr. Speaker: Mr. Pramanick, there are other speakers too to speak on this Grant. The time allotted for this Grant is only one hour. So, please finish your statement now.

Shri Gangadhar Pramanick: Sir, if the honourable members kindly extend a few minutes, I think, all the members will agree to extend, if you kindly take their permission I can say something important in this matter. I think, they will agree.

(Voices: yes, yes.)

Mr. Speaker: So, Mr. Pramanick, you may go on with your speech.

শ্রীগঙ্গাধর প্রামাণিক: গরিবদের যে প্রবলেম সেখানে গরিবদের বাদ দিয়ে তাদের বেদনার কথা যদি ঠিকভাবে শোনা না হয় তা হ'লে ঐ গরিবদের প্রবলেম সলভ হবে না।

Ministry of Works and Housing issued Circular No. 20(8)|71-HII, dated 29th June, 1971, requesting the West Bengal Government to follow the Delhi Development Authority's action in reserving 15 per cent. of houses, flats, plots etc. under Government schemes for scheduled caste and scheduled tribes people. But the West Bengal Government did not follow the same in toto.

[7-00—7-10 p.m.]

স্যার, পশ্চিম বাংলা ছাড়া প্রত্যেক প্রদেশ গভর্নমেন্ট অব ইন্ডিয়ার এই যে ডাইরেকশন ছিল, সেই ডাইরেকশন মেনে নিয়েছেন। আমরা কি তা হ'লে বলব যে, যারা তফসিলী সম্প্রদায় এবং আদিবাসী সম্প্রদায়ভুক্ত লোক তারা পাকা বাড়িতে থাকবে না, সরকারী টাকায় এই যে পাকা ফ্ল্যাট বাড়ি তৈরি ক'রে ভাড়া দিয়ে বিক্রি করা হচ্ছে তার কি কোন অংশ তারা পাবে না? এটা আমরা আজকে জানতে চাই এবং আমি অনুরোধ করব, আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় যেন এদিকে একটুখানি নজর দেন, দৃষ্টি দেন। স্যার, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের কথা আরও করুণাকর, অত্যন্ত বেদনাদায়ক। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে যদি নাম চেয়ে পাঠানো হয় এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে সেই নাম দেওয়া হয় না। সেইজন্য আমি আপনার মাধ্যমে নিবেদন করব ইন অল এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ অফিসেস

Scheduled Castes officers must be appointed to safeguard the interest of the down-trodden people.

স্যার, চাকুরির অনুপাতটা যদি একবার দেখেন, তা হ'লে আরও অবাক হয়ে যাবেন। গভর্নমেন্ট অফিসে পারমানেন্ট চাকুরির ৩১শে মার্চ ১৯৬৯ তারিখ পর্যন্ত ফিগার হচ্ছে ২ লক্ষ ৭৪ হাজার ৮০৭ জন, তারপরে আরও অনেকদিন হয়ে গেল, এর মধ্যে নিশ্চয় আরও চকুরি দেওয়া হয়েছে, সে হিসাবটা আমার কাছে এখন নেই। স্যার, এর ভিতরে সিডিউল্ড কাস্ট হচ্ছে ১৭ হাজার ৮০৭ জন, তারপরে আরও অনেকদিন হয়ে গেল, এর মধ্যে নিশ্চয় আরও চাকরি দেওয়া হয়েছে, আর সিডিউল্ড ট্রাইবস-এর পার্সেন্টেজ দাঁড়াচ্ছে ১·৪২ পারসেন্ট, যেখানে পশ্চিম বাংলা সরকার কমিট করেছেন ১৫ পারসেন্ট এবং ৫ পারসেন্ট করতে হবে। স্যার, সেখানেও দেখুন কি রকম সর্টফল হচ্ছে। এই যে ব্যাকলগ হচ্ছে, এই ব্যাকলগ সম্বন্ধে আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব এবার যেসব চাকুরি দেওয়া হবে সেখানে ২০ পারসেন্ট, ৬ পারসেন্ট, এই অনুপাত মানতে হবে এবং যে ব্যাকলগ আছে ধীরে ধীরে সেটাকে পূর্ণ করতে হবে। স্যার, সিডিউল্ড কাস্ট ছেলেদের ৫০০ টাকা পর্যন্ত স্টাইপেন্ড দেওয়া হয়। এই যে ৫০০ টাকা ক'রে স্টাইপেন্ড দেওয়া হয় সে সম্বন্ধে আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব আজকের দিনে এই মুদ্রাস্ফীতি, দুর্মূল্যের বাজারে যে অবস্থা হয়েছে তাতে ক'রে ৫০০ টাকা থেকে সেটা বাড়িয়ে ৭৫০ টাকা করার জন্য ইন্ডিয়া গভর্নমেন্টের কাছে ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টের তরফ থেকে রেকমেন্ড করা হোক। আমি আশা করি, এই রেকমেন্ড করলে গভর্নমেন্ট অব ইন্ডিয়া সেটা স্যাংশন করবেন। স্যার, ইঞ্জিনীয়ারিং কলেজে সিভিল ইঞ্জিনীয়ারিং পড়া ছাড়া আর কোন ডিপার্টমেন্টে যেমন মেকানিক্যাল ইঞ্জিনীয়ারিং, ইলেকট্রিক্যাল ইঞ্জিনীয়ারিং ডিপার্টমেন্টস, আর্কিটেকচার, টেলিকমিউনিকেশন ইত্যাদি এই সমস্ত ডিপার্টমেন্টের কোথাও ছেলে ভর্তি করা হয় না। এইজন্য আমি আপনার মাধ্যমে অনুরোধ করব বেঙ্গল ইঞ্জিনীয়ারিং কলেজে এই ডাইরেকশন দেওয়া হোক যে, এই সমস্ত ডিপার্টমেন্টে ছেলে ভর্তি করতে হবে। আর একটি কথা আমি বলব অ্যাজ দি এমপ্লয়মেন্ট স্ট্যান্ডস অন ৩১শে মার্চ ১৯৬৯

If it is S.T. presentation in West Bengal service should be 4,961 in liew of 21,690.

সুতরাং এই যে ব্যাকলগ আছে, যে ব্যাকলগের কথা আমি আগেই বলেছি, এই ব্যাকলগ যেন অবিলম্বে মিট করা হয়। স্যার, আপনারা সবাই এটা নিশ্চয় বিশ্বাস করবেন যে, এই সিডিউল্ড

কাস্ট ছেলেদের যদি সুযোগ দেওয়া হয়, তাদের অর্থের দাবি যদি মিট করা যায়, তা হ'লে এই সিডিউল্ড কাস্ট এবং সিডিউল্ড ট্রাইব ছেলেদের ভিতর থেকে ভাল ভাল অফিসার এবং ভাল ভাল পজিশনের শিক্ষক পাওয়া যায়। আমি তার দু'-একটি উদাহরণ আপনার কাছে দিচ্ছি। একটি পিওনের মেয়ে তার নাম চপলা সরকার, সে পি-এইচ ডি হয়েছে, সি ইজ এ প্রফেসর, ভূমিহীন কৃষকের পুত্র অনাথবন্ধু বিশ্বাস, পি-এইচ ডি হয়েছে, বিনয় টিকাদার, সন্তোষকুমার সরকার পি-এইচ ডি হয়েছে, ভিক্ষাবৃত্তি ক'রে কুমারী সবিতা মণ্ডল প্রেসিডেন্সি কলেজ থেকে সি হ্যাজ স্টুড ফার্স্ট ইন স্যাংস্কৃট, এখন বিশ্বভারতী ইউনিভার্সিটির প্রফেসর। এই পরিস্থিতিতে আমি আশা করব আমাদের পশ্চিম বাংলা সরকার এর একটা ব্যবস্থা করবেন। শেষ করবার আগে আমি আর একটি কথা না ব'লে থাকতে পারছি না, সেটা হচ্ছে

Friends of democracy and freedom cannot afford to forget the words of John Adams when he said, we may appeal to every page of history we have hitherto turned over, for proof irrefragable that the people when they have been unchecked have been as unjust, tyrannical, brutal, barbarous and cruel as any king or saint possessed of uncontrollable power. the majority has eternally and without one exception usurped over the rights of the minorities.

স্যার, সেইজন্য আমি বিনীতভাবে নিবেদন করব, এই মন্ত্রিসভা তাঁরা তাঁদের বিবেকের দিকে তাকিয়ে, রাইট অব কনস্টিটিউশনকে অনার করবার জন্য যে অঙ্গীকার নিয়ে আমরা এখানে এসেছি, সেই রাইট অব কনস্টিটিউশনকে প্রপার রেসপেক্ট দিয়ে, ইন্দিরা গান্ধীর গরিবী হঠানোর যে স্বপ্ন সেই স্বপ্ন যাতে সার্থক হয়, তাঁর হাত যাতে শক্ত হয়, সেদিকে নজর দিয়ে এই জাতির উন্নতির চেষ্টা করবেন। এই কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীজয়রাম সোরেন: আজ মাননীয় মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন সে সম্পর্কে বলতে গিয়ে আমি প্রথমেই যে কথাটি বলতে চাই সেটি হচ্ছে, আমি অত্যন্ত দুঃখের সঙ্গে এই হাউসে বলতে বাধ্য হচ্ছি যে, সাঁওতালদের যে মাতৃভাষা যেটা ভগবানের দেওয়া জিনিস সে সম্পর্কে গবেষণার জন্য আরও যে বরাদ্দ করা উচিত বা বাড়ানো উচিত সে সম্পর্কে মন্ত্রিমহাশয়ের কাছ থেকে কিছু শুনতে পেলাম না। সাঁওতালদের মাতৃভাষার বর্ণ কি হবে না হবে সে সম্পর্কে মাননীয় মন্ত্রিমহাশয়ের কিছু বলা উচিত ছিল বলেই আমি মনে করি। যাই হোক, এই উপজাতি এবং তফসিলী সম্প্রদায়ের উপর আরও বেশি নজর দেওয়া উচিত ব'লেই আমি মনে করি। স্যার, আমাদের মেদিনীপুর এবং ঝাড়গ্রাম মহকুমায় স্বয়ং প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী দু'বার গিয়েছেন। সেখানকার আদিবাসী এবং তফসিলী সম্প্রদায় কি খায় সে সম্পর্কে আমাদের এখানকার মন্ত্রী জ্ঞানসিং সোহনপাল মহাশয় জানেন। অভাবের সময় তারা মহুয়া ফল সেদ্ধ ক'রে খায়। কাজেই এ বিষয়ে সরকারের আরও বেশি সচেষ্ট হওয়া উচিত ব'লেই আমি মনে করি। আমাদের প্রধানমন্ত্রী যে শ্লোগান দিয়েছেন "গরিবী হঠাও", আজ যারা সবচেয়ে বেশি অনগ্রসর, দুঃস্থ, নিপীড়িত, অবহেলিত, যারা বর্ণহিন্দু দেখলে ভয়ে কাঁপে, তাদের শব্দ উচ্চারণ করার শক্তি থাকে না, সেই সমাজকে ফেলে রেখে দেশের অগ্রগতি করা যায় না। তাই মাননীয়

[7-10—7-20 p.m.]

ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে এই হাউসের সভ্যদের কাছে এই বক্তব্য রাখছি যাতে দ্রুত এদের বেশি ক'রে উন্নতিসাধন করা যায় এবং এই অনগ্রসর মানুষ যারা আছে তাদের অগ্রসর ক'রে বর্ণহিন্দুদের সঙ্গে হাতে হাত মিলিয়ে পায়ে পা মিলিয়ে যাতে চলতে পারে সেজন্য এই সরকারকে সতর্ক থেকে দৃঢ়সংকল্পে এগিয়ে যাবার জন্য অনুরোধ। আজকে পশ্চিম বাংলায় ২৬ থেকে ২৮ ভাগ আদিবাসী আছে। মাননীয় সভ্যরা অবগত আছেন যে, আজকে দিল্লীতে হরিজনদের উপর অত্যাচার হয়েছে, পাঞ্জাবে হয়েছে, অন্ধ্রে হয়েছে এবং অজ্ঞতার ফলে আজকে বিভিন্ন জায়গার তারা অবহেলিত হচ্ছে, নির্যাতিত হচ্ছে। তাই আজকে আমার মহকুমা বিনপুর কেন্দ্র সেখানে বেশি ভাগ—সরকারী তথ্যের হিসাবে দেখেছি যে, সেখানে শতকরা ২৬ থেকে ২৮ ভাগ, কিন্তু সেখানে ৩২ থেকে ৩৩ ভাগ আদিবাসী বাস করেন, সেই এলাকার ২টি ব্লকে

ন রাস্তা নেই। ওখানে দেলপাহাড়ী থেকে বাসপাহাড়ীর যে রাস্তা, সেখানে জঙ্গল, পাহাড়,
ত এবং বেশির ভাগ সাঁওতাল এবং তফসিল উপজাতি বাস করে ঐ জঙ্গলের গুহার মধ্যে,
রাস্তার জন্য মন্ত্রীদের কাছে বার বার আবেদন করা হয়েছে, কিন্তু আজ পর্যন্ত কি হয়েছে
। আমি জানি না। সেখানে জনগণ অবহেলিত হচ্ছে, নির্যাতিত হচ্ছে এবং সেই এলাকার
সাধারণের যদি কোন অসুখবিসুখ করে, তা হ'লে তারা মারা যায় এই রাস্তার অভাবে।
। কি এই রাস্তাটি পুরুলিয়া, বাঁকুড়া এবং মেদিনীপুরের সঙ্গে যোগাযোগ রয়েছে, কিন্তু
ানে সেই রাস্তা আজ পর্যন্ত হয় নি অবহেলিত নিপীড়িত হয়ে রয়েছে। আজকে তাদের
ব কে শুনবে? আজকে আমি ঐ এলাকার সদস্য হিসাবে আপনার মাধ্যমে হাউসের সদস্যদের
ঃ এটা তুলে ধরতে চাই যে, এইভাবে অবহেলিত হয়ে, নিপীড়িত হয়ে যেসকল উপজাতি বাস
ছ তাদের কথা কেউ শোনে না, সেই অরণ্যে রোদনের মত হয়ে দাঁড়িয়েছে। মাননীয় ডেপুটি
কার মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে এই আবেদন করব যে, সিডিউল্ড কাস্ট
সিডিউল্ড ট্রাইবস যেখানে বেশির ভাগ বাস করে তাদের জন্য ঐ রাস্তাটি অতি সত্বর তৈরি
হোক। তাই আমি বলতে চাই যে, এই রাস্তা সম্পর্কে এবং আদিবাসীদের গৃহনির্মাণ
র জন্য আমাদের মন্ত্রিমহাশয় বলেছেন যে, মেদিনীপুর জেলা এবং আরও কয়েকটি জেলায়
াম নিয়েছেন সে সম্পর্কে আরও অর্থ বাড়ানো উচিত। আদিবাসীদের ঘর নেই, তাদের
নেই, যদিও কিছু কিছু জায়গায় আছে, কিন্তু তাদের ঘর করার মত ক্ষমতা নেই। সেজন্য
ও বেশি বায়বরাদ্দ বাড়ানো উচিত। শিক্ষা খাতে আপনারা জানেন যে, সরকার স্কুল-
জের জন্য কোটা বেঁধে দিয়েছেন যে শতকরা ৩০ পারসেণ্ট কি ৩৫ পারসেন্ট। এখন যেখানে
টি ছেলে স্কুল-কলেজে পড়ছে সেখানে যদি ৩০ জন বা ৩৫ জন পায়, তা হ'লে অন্য ছেলেরা
াস হয়ে যায়, তারা সাহস করে না। তারা বলে গভর্নমেণ্ট কয়েকটি ছেলেকে দেয়, আমাদের
কি অবস্থা শোচনীয়, আমরা পড়াশুনা করতে চাচ্ছি, কিন্তু আমাদের আর্থিক অবস্থার জন্য
া করতে পাচ্ছি না। তাই মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে একথা বলতে
যে, সমস্ত ছেলেমেয়েদের সেই সুযোগ দিতে হবে, তারা যেন সেই পায়। এদের মধ্যে যারা
শুনা করে তাদের সংখ্যা কত, কয়জন স্কুল-কলেজে পড়ছে, তাই আপনার মাধ্যমে এই দাবি
যে, এদের সকলের জন্য যাতে এই ব্যবস্থা করতে পারা যায় সেজন্য কোটা না বেঁধে সকল
মেয়েকে দেওয়া হোক, তা হ'লে দ্রুত উন্নতি করা সম্ভব হবে ব'লে আশা করি। আবার
একটি নিয়ম আছে যে, যদি ছেলেমেয়েরা কোনক্রমে ফেল করে পরীক্ষায় উত্তীর্ণ হতে না
, তা হ'লে সরকার পরবর্তী কালে তাদের আর গ্রান্ট দেন না। আমি প্রশ্ন করতে চাই,
কোন চাষীর এক বছর চাষ না হয়, তা হ'লে কি সেই চাষী চাষ ছেড়ে দেয়? কাজেই আমি
দাবি করব যে, এই ছেলেমেয়েরা যদি এক বছর বা দু' বছর ফেল করে, তা হ'লেও যেন এই
উল্ড কাস্ট এবং সিডিউল্ড ট্রাইবস ছেলেমেয়েদের সরকার থেকে পুস্তক ক্রয় এবং বেতন-
দেওয়া হয়। অন্ততঃ ২-৪ বছর ধৈর্য ধ'রে দেখুন এবং তাদের গ'ড়ে তোলার জন্য স্বয়ং
ী গান্ধী বলেছেন, আমাদের মন্ত্রী বলেছেন, স্বামী বিবেকানন্দ বলেছেন, মহাত্মা গান্ধী
ছন, সকলে বলেছেন, তখন কেন কোটা বাঁধব? ওদের গ'ড়ে তুলতে হ'লে কোটা না বেঁধে
নর জন্য যাতে দেওয়া হয় এবং যেসমস্ত ছেলেমেয়ে ফেল করবে তাদের কথা পুনরায় বিবেচনা
তাদের যাতে আবার দেওয়া হয়, তা হ'লে আমরা দ্রুত উন্নতি করতে পারব।

তাই স্পীকার মহাশয়, আমার বক্তব্য হচ্ছে যে যখন দ্রুত উন্নয়নের জন্য পরিকল্পনা গ্রহণ করা
এবং বাজেটে মন্ত্রিমহাশয় স্বীকার করেছেন যে, এই বাজেটে আরও বরাদ্দ বাড়ানো উচিত
এই যে মাতৃভাষা সেটা যে জনগণের ভাষাই হোক না কেন ঐটা নিয়ে রাজনীতি চলছে, সে
চিত স্ক্রিপ্টই হোক আর রোমান লেটারই হোক আমি স্পীকারের কাছে এই হাউসে দাবি
ঃ তাদের ভগবানের দেওয়া যে ভাষা সেই ভাষাকে যাতে কার্যকরী করা হয় এই দাবি রেখে
। আমার বক্তব্য শেষ করছি।

শ্রীদাশরথি সোরেন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের তফসিলী আদিবাসী বিভাগের
ীয় মন্ত্রিমহাশয় যে ১৯৭৩-৭৪ সালের বাজেট ভাষণ রেখেছেন, সেই
ণকে সমর্থন করতে গিয়ে আমি একটা কথা বলছি সেটা হচ্ছে এই
ণ আজকের নয় দীর্ঘদিনের এবং এই ভাষণ সম্বন্ধে আমাদের যথেষ্ট সন্দেহ

আছে, এতে আমরা খুশি নয়, কারণ আদিবাসীদের উন্নতির জন্য আজকে নয় আগেও শুনেছি। আদিবাসীদের উন্নতির জন্য একটা স্পেশ্যাল ব্যবস্থা আমাদের ভারত সরকারের রয়েছে, কিন্তু দুঃখের বিষয় আমরা শুনি বক্তৃতার মাধ্যমে, পেপারের মাধ্যমে যে আদিবাসীদের উন্নতির জন্য প্রতি বছর কোটি কোটি টাকা ব্যয় করা হয় এবং আমরা সেই শুনেই আনন্দিত হই, কিন্তু আজ পর্যন্ত বাস্তবে ভারতবর্ষের গণতন্ত্রের ইতিহাসে ২৬ বছর গণতন্ত্র হয়েছে তাতে প্রতি বছর যে ব্যয়বরাদ্দ থাকে সেরূপ কোটি কোটি টাকার উন্নতি দেখা যায় না। আমাদের জেলায় যখন ১৬ই সেপ্টেম্বর মেদিনীপুরে অধিবেশন হয়েছিল মন্ত্রিসভার তখন আমি আদিবাসীদের সমস্যার কথা আমাদের মুখ্যমন্ত্রীর কাছে সুস্পষ্টভাবে রেখেছিলাম, বলেছিলাম মুখ্যমন্ত্রী মহাশয়, ভারতবর্ষের যে সমস্যা রয়েছে তার মধ্যে আদিবাসী সমস্যা একটা বিরাট সমস্যা, এই সমস্যার সমাধান না হ'লে ভারতবর্ষে কোনদিন শান্তি আসতে পারে না—কোনদিন শান্তি হবে না। অতএব আজ নয় এই হাউসে দীর্ঘদিন ধ'রে এই দরিদ্র জনগণের, নিপীড়িত জনগণের, শোষিত জনগণের, অবহেলিত জনগণের কথা প্রত্যেকের মুখ থেকেই আসছে। চিন্তা করি এটা কি শুধু

[7-20—7-30 p.m.]

বক্তব্য, না সত্যিকারের দুঃখ। সত্যিকারের যারা নিচে আছে তাদের উন্নতিকল্পে সত্যিকারের কিছু করা দরকার। পশ্চিম বাংলায় যারা শিক্ষিত, যাদের দায়িত্ব আছে তাদের কাছ থেকে কিছু আশার বাণী শুনি। কিন্তু বাস্তবে কিছু দেখতে পাওয়া যায় না। এখন এই তফসিলী বা আদিবাসী যে অনুন্নত হয়ে আছে তার কারণ কিছু বলতে চাই। আমি একজন আদিবাসী, আমি জানি তাদের এই নিম্নস্তরে যাবার একমাত্র কারণ হচ্ছে বংশানুক্রমে তাদের পরিবেশই এজন্য দায়ী। এসব জিনিস উন্নতিশীল মানুষরা বুঝতে পারে না। তাদের যে অধিকার সেটা আদায় করতে গেলে কি কি প্রয়োজন সেদিকে তাদের লক্ষ্য নেই। আপনারা শিক্ষিত ব'লেই জানেন না তাদের কি প্রয়োজন। দেশের যারা দরিদ্র শ্রেণী আছে তাদের মধ্যে একমাত্র অধিক-সংখ্যক দরিদ্র আছে এই আদিবাসী শ্রেণীর মধ্যে। এই হাউসএর কাছে আপনার মাধ্যমে বলতে চাই যে, ১৯৭৩ সালে যে বায়বরাদ্দ হয়েছে আদিবাসী উন্নয়নের জন্য তাতে দেখছি ২ লক্ষ ৯৮ হাজার টাকা ধরা আছে।

Mr. Speaker: Mr. Saren, let me make an announcement and then you proceed.

Honourable Members, under rule 290 I extend the time of discussion by 40 minutes with the consent of the House.

(With leave of the House the time was extended by 40 minutes.)

শ্রীদাশরথি সোরেন: আদিবাসীদের দুর্দশার অনেকগুলি কারণ মোটামুটিভাবে বললাম। আপনি আর সময় দিতে পারবেন না। তবে আমি বলছি যে, সত্যিকারের যাঁদের দায়িত্ব আছে তাঁরা যদি এদের উন্নতি করতে চান তা হ'লে শুধু বক্তব্য রেখে কোনদিন উন্নতি করা যায় নি। প্রথমেই বলেছি এটা একটা বিরাট সমস্যা। তাদের যেসব সমস্যা সেইসমস্ত সমস্যার কথা যতদিন পর্যন্ত না জানা যায় ততদিন কিছু করতে পারবেন না। আদিবাসী সমস্যার একটা দিক লক্ষ্য করলে তাদের উন্নতি করা যায় না।

এই যে ২৬ বছর আমরা স্বাধীনতা লাভ করেছি এই ২৬ বছরে আদিবাসীদের উন্নতিকল্পে যেসমস্ত কথা বলা হয়েছে সেই সমস্ত জনসাধারণের জন্য তার কি করা হয়েছে? আসলে যাদু করা হয়েছে, পশ্চিমবঙ্গে তাদের উন্নয়নের জন্য যেসমস্ত মন্ত্রিমণ্ডলী চ'লে গেলেন তাঁরা কোন দায়িত্ব নেন নি। তাই আমি বলতে চাই, আদিবাসীদের উন্নতি করতে হ'লে প্রথমে নজর দিতে হবে তাদের শিক্ষার দিকে। তারা যাতে তাদের পরিবারবর্গ ঘর-সংসার চালাতে পারে এই ধরনের কিছু শিক্ষা দেবার দায়িত্ব যারা শিক্ষিত তাদের উপর সেই দায়িত্ব রয়েছে। আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে এই বিষয়ে বলেছিলাম, তিনি শুনেছেন আমাদের কথা। আদিবাসী এমন একটা সম্প্রদায় যাকে ব'লে নবজাত শিশু, নাবালক শিশুর মত তারা বনে-জঙ্গলে, জঙ্গলে

ানার মধ্যে খেলাধুলো করতে ভালবাসে, সামান্য কিছু খেতে পেলেই তারা সন্তুষ্ট। কিন্তু দর জনপ্রিয় সরকারের পক্ষে এইরকমভাবে বিরাট একটা সম্প্রদায়কে এইভাবে অবহেলিত মোটেই শোভনীয় নয়। আপনারা শুনেছেন আমাদের জয়নালবাবু বলেছেন আদিবাসীরা মহুয়া বীজের দিকে চেয়ে বসে থাকে। প্রিয়দাস মুন্সী বলেছিলেন নয়াগ্রাম ব'লে একটা া আছে সেখানকার আদিবাসীরা মহুয়া বীজ খেয়ে পড়ে থাকে। সেখানে আদিবাসী ' সংখ্যায় রয়েছে, তবে সকলেই এই রকম নয়। তাই বলছি আদিবাসীদের উন্নতি করতে একমাত্র শিক্ষার দিকে লক্ষ্য রাখতে হবে। আদিবাসীদের শিক্ষার জন্য সরকারী সাহায্যের া করা হয়েছে, কিন্তু সেই ব্যবস্থা সীমাবদ্ধ ক'রে রাখা হয়েছে, যেমন একটা কোটা রাখা : প্রত্যেক স্কুলে ২০ জনের বেশি হোস্টেল গ্রান্ট দেওয়া হয় না এবং মাসে ৩০ টাকা ল গ্রান্ট দেওয়া হচ্ছে। কিন্তু বর্তমানে যে দ্রব্যমূল্য বৃদ্ধি হয়েছে তাতে এই ৩০ টাকায় ছ না, সেজন্য অনেকে হোস্টেল গ্রান্ট নিচ্ছে না, লেখাপড়া পরিত্যাগ করতে বাধ্য হয়েছে। াসীদের যদি সত্যিকারের উন্নতি করতে হয়, তা হ'লে শুধু একটা ক্ষেত্রে নয় সমস্ত ক্ষেত্রে ' অগ্রাধিকার দেওয়া উচিত। ভূমিবণ্টনের ব্যাপারে অগ্রাধিকার দেওয়া উচিত, বিভিন্ন র সুযোগ তাদের দেওয়া উচিত। অল্প শিক্ষার মধ্যে সাধারণ ট্রেনিং, যেমন মোটর ড্রাইভিং, ল্পের শিক্ষা, পুলিশ ট্রেনিং এই রকম সামান্য কিছু শিক্ষা, যেমন যোগ্যতা হ'তে পারে রকম শিক্ষার সুযোগ দেওয়া উচিত। আমাকে আরও সময় দেওয়া উচিত ছিল, এই অল্প র মধ্যে সম্পূর্ণ বক্তব্য রাখতে পারছি না। ১৯৭৩ সালে যে ২ কোটি ৯৮ লক্ষ টাকা হয়েছে এই বরাদ্দ যাতে আরও বাড়ানো যায় তার ব্যবস্থা করবেন এই ব'লে আমি বাংলা আমার বক্তব্য শেষ করছি। এবারে আমি আদিবাসী ভাষায় কিছু বলব।

ঃ স্পীকার ঃ মিঃ সোরেন, আপনি আদিবাসী ভাষায় বলুন আপত্তি নেই, কিন্তু এখানে পোর্টাররা আছেন তাঁরা লিখতে পারবেন না, সেজন্য আপনি পরে লিখে ট্রান্সলেট ক'রে যাতে প্রসিডিংসে থাকে।

জয়রাম সোরেন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে সমস্ত ভাষাভাষীর লোক আছে—বাংলা ইংরাজী আছে, উর্দু আছে, হিন্দী আছে, তা হ'লে আমাদের মাতৃভাষায় আমরা বলতে না কেন? এখানে বিভিন্ন ভাষাভাষী লোক রয়েছে কাজেই প্রত্যেকেই যাতে তাঁদের যায় বক্তব্য রাখতে পারেন সেই দাবি আমি করছি।

—7-40 p.m.]

সিদ্ধার্থশঙ্কর রায় ঃ আপনাকে সেই দাবি করতে হবে না। আমরা যখন ওবারে এখানে ন এসেছিলাম তখন আমাদের তরফ থেকে ঈশ্বর তিরকী যখন তাঁর মাতৃভাষায় বক্তৃতা করলেন তখন আপনারা হেসেছিলেন। আমি তখন বিরোধী পক্ষের নেতা ছিলাম এবং তখন বলেছিলাম, আজকে আপনারা হাসছেন, কিন্তু কালকে আর হাসবেন না। আমি ই সমর্থন করব মাননীয় সদস্য সাঁওতাল ভাষায় বক্তৃতা করবেন। এই প্রসঙ্গে মাননীয় র মহাশয় যেকথা বলেছেন তার জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। আমিও বলছি উনি যেকথা বলবেন সেটা যেন উনি লিখে দেন যাতে ছাপাতে সুবিধা হয়।

ঃ স্পীকার ঃ আই নাউ অ্যালাউ শ্রীদাশরথি সোরেন টু স্পীক ইন সানতালি ল্যাঙ্গোয়েজ।

দাশরথি সোরেন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭৩ সনের জন্য তফসিলী ও আদিবাসী খাতে সরকারের যে ব্যয়বরাদ্দ হয়েছে তা প্রয়োজনের তুলনায় কিছুই নয়। কারণ বাসী সমস্যা একটুখানি নয়, বহুমুখী সমস্যা। এরা শুধু খাওয়া-পরায় গরিব নয়, এরা ীন, গৃহহীন, বিদ্যাহীন, বুদ্ধিহীন। যার জন্য এঁরা আজ দেশের মধ্যে বহুলাংশে যুগ ধ'রে পড়ে আছে। চির বাস্তুহারা হয়ে, কোনদিন অনাহারে, কোনদিন অর্ধাহারে দেশের য় ব্রতী। দুঃখের বিষয়, সরকার এঁদের ব্যবহার, অবস্থা জানা সত্ত্বেও আজ পর্যন্ত কোন

পথ ক'রে দেয় নি। বাস্তবে বলতে গেলে আমি বলি, এ দায়িত্ব সরকারের, সরকারের কর্তৃপক্ষের। বড় বড় বুলি দিয়ে আদিবাসীর উন্নতি করা যায় না, বিশেষ দায়িত্ব নিতে হবে। যেমন পুত্রকন্যার প্রতি মাতাপিতার দায়িত্ব, ঠিক তেমনি।

মাননীয় স্পীকার মহাশয়, এবারে আমি বাংলা ভাষায় আরও কিছু বলব। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে বলছি আজকে আদিবাসীরা নির্যাতিত হয়ে রয়েছে এবং সেইজন্য তারা আপনার প্রতি অনেক আশা রেখে চাতক পাখির মত তাকিয়ে রয়েছে কবে তাদের প্রতি আপনার করুণা বর্ষিত হবে। কাজেই আমি বলছি আর কালবিলম্ব না ক'রে আদিবাসীদের উন্নতির জন্য আপনি সচেষ্ট হন। তাদের ঘরে গিয়ে তাদের সঙ্গে মিশুন, আমাদের সঙ্গে পরামর্শ করুন কি ক'রে তাদের উন্নতি করা যায়। একথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশীতলচন্দ্র হেমব্রম: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় তফসিলী আদিবাসী উপজাতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি আমাদের সামনে পেশ করেছেন তা প্রয়োজনের তুলনায় কম হলেও আমি আন্তরিকভাবে সেটা সমর্থন করছি। কিন্তু এই ব্যয়বরাদ্দের টাকা আদিবাসী হরিজনদের কাজে বা তাদের স্বার্থে কতখানি কাজে লাগবে তা বলতে পারছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতবর্ষ স্বাধীন হবার পর ২৬ বছর গত হতে চলেছে, পর পর চারটি পঞ্চবার্ষিক পরিকল্পনা শেষ হয়েছে, কিন্তু আদিবাসীদের আদৌ উন্নতি হয়েছে ব'লে আমি মনে করি না। যদি সত্যিকারের আদিবাসীদের শিক্ষা এবং অর্থনৈতিক উন্নতি করতে চান, তা হ'লে স্পেশ্যাল একটা প্রোগ্রাম করা দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বড়ই দুঃখের বিষয়, পশ্চিম বাংলায় আদিবাসী হরিজনদের শিক্ষাদীক্ষা আজও সকলের পেছনে পড়ে রয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আদিবাসী হরিজনদের জন্য যে ব্যয়বরাদ্দের টাকা তাদের স্বার্থে যেন সুষ্ঠুভাবে কাজে লাগে এবং আদিবাসী হরিজনদের দোহাই দিয়ে টাকা ছিনিমিনি খেলা যেন না হয়—সেজন্য ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আদিবাসী হরিজনদের মধ্যে আজও শতকরা ৭০ জন নিরক্ষর। তাদের উন্নতি করতে হ'লে আদিবাসী অধ্যুষিত এলাকায় আদিবাসী অবৈতনিক আবাসিক বিদ্যালয় করা দরকার এবং তাদের অর্থনৈতিক উন্নতি করতে হ'লে আদিবাসী অধ্যুষিত এলাকার গ্রামীণ শিল্প গ'ড়ে তোলার প্রয়োজন আছে। মাননীয় অধ্যক্ষ, ভারতবর্ষের সাঁওতাল, মুণ্ডার/ভুইঞা, কোল, কোড়া কেবল আদিবাসী নামে পরিচিত। কিন্তু আদিবাসীদের যে অধিকার তা থেকে তারাই আজ বঞ্চিত। পশ্চিম বাংলায় আদিবাসীদের হরিজনদের মানুষের মত মানুষ করতে গেলে তাদের উপর সুষ্ঠুভাবে নজর দেওয়ার প্রয়োজন আছে। তাই আদিবাসী অধ্যুষিত এলাকায় বিশেষ ক'রে যেখানে আদিবাসী হরিজনরা সংখ্যাগরিষ্ঠ সেই সব জায়গায় অবৈতনিক আবাসিক বিদ্যালয় গ'ড়ে তুলতে হবে, নতুবা আদিবাসীদের উন্নতি করা সম্ভব হবে না। যদি তারা শিক্ষায় অনুন্নত থাকে, তা হ'লে কোনো ক্ষেত্রেই তারা বড় কাজে অগ্রসর হতে পারবে না এবং আমাদের মহান নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর যে গরিবী হঠাও শ্লোগান তা কোনদিনই সফল হবে না এবং আদিবাসীদের যদি উন্নতি না হয়, তা হ'লে পশ্চিম বাংলারও উন্নতি আদৌ সম্ভব নয়। বিশেষ ক'রে যারা গ্রামে বাস করে সেই গ্রামাঞ্চলের শতকরা ৭০ ভাগ মানুষ আদিবাসী ও হরিজন এবং তারাই সংখ্যাগরিষ্ঠ। সেজন্য গ্রামের উন্নতি একান্ত দরকার। যদি গ্রামের উন্নতি না হয়, তা হ'লে আদিবাসী ও হরিজনদের উন্নতি হবে না এবং তা হ'লে এই সরকারের কোন পরিকল্পনাই কোনদিন সম্ভব হবে না। তাই এই বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয়ের কাছে আমার বিশেষ অনুরোধ যে, এই বিভাগের দিকে বিশেষভাবে নজর দেবেন এবং তাদের নামে যে ব্যয়বরাদ্দের টাকা আছে তা যেন তাদেরই কাজে সুষ্ঠুভাবে লাগানো হয়, তাদের টাকা নিয়ে যেন ছিনিমিনি না খেলা হয়। এই ব'লে আমি শেষ করছি।

শ্রীবাসুদেব হাজরা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, তফসিলী এবং আদিবাসী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি এখানে উত্থাপন করেছেন তা আমি সমর্থন করছি। এই বাজেটে যে ব্যয়বরাদ্দের মঞ্জুরী স্থিরীকৃত হয়েছে তা আশাব্যঞ্জক সন্দেহ নেই, কিন্তু সেই আশার আলো এত ক্ষীণ যে, খালি চোখে দেখতে পাওয়া যায় না। এক বছর শেষ হয়ে গেছে, বিপুল ভোটাধিক্যে অগণিত মানুষের আশীর্বাদ নিয়ে আমরা এই পবিত্র বিধানসভায় জনগণের কার্য-

*The Santali portion of the speech has been translated into Bengali.

কে বাস্তবে রূপায়িত করবার জন্য আমরা এসেছি। যথাসাধ্য আমাদের সরকার চেষ্টা
হন শিক্ষা, স্বাস্থ্য এবং বিভিন্ন খাতে যে কর্মসূচি নিয়েছেন তাকে বাস্তবে রূপ দিতে তাঁরা
হয়েছেন। সেজন্য আমরা আনন্দিত এবং গর্বিত, কিন্তু বড়ই দুঃখের বিষয়, আজকে
সর্বহারা, অনাথ, আতুর, খেটে-খাওয়া মানুষ, মেহনতী মানুষ যাদের কেউ দেখে না সেই
ত মানুষের জন্য যে ব্যয়বরাদ্দ মঞ্জুর করবার জন্য এই বিধানসভায় আনা হয়েছে সেই রকম
২৫ বছর ধ'রে সরকার এনেছেন। খুন এবং জখমের সরকার যখন ছিলেন ১৯৬৭ সালে
ও এনেছিলেন, এবারও এখানে সেই গতানুগতিক বাজেট তাদের মঙ্গলের জন্য উপস্থিত
হয়েছে।

0—7-50 p.m.]

অবহেলিত তফসিলী ভাইদের কল্যাণের জন্য যা করা হবে ব'লে আশা করেছিলাম, আজকে
বদনাহত হয়েছি যে, সেই আশা পূর্ণ হয় নি। আমি পূর্বে এই সম্বন্ধে যখন বক্তৃতা পেশ
হলাম তখন অনেক সাজেশন আমি দিয়েছিলাম, মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে রেখেছিলাম
আশা করেছিলাম, সেগুলি বাস্তবে রূপ পাবে। কিন্তু আজকে দেখছি এই বাজেটে তার
াত্রও মঞ্জুরী নাই। আমি তাই মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে নিবেদন করতে চাই, আগামী
এই সমস্ত অবহেলিত, নির্যাতিত, নিপীড়িত খেটে-খাওয়া মানুষের কোন কর্মসূচি যদি
না করতে পারেন, তা হ'লে আমি আগে যা বলেছিলাম সেকথাই আপনাকে স্মরণ করিয়ে
চাই।

> 'পশ্চাতে রেখেছ যারে সে তোমারে পশ্চাতে টানিছে,
> যারে তুমি নিচে ফেল সে তোমারে বাঁধিবে যে নিচে।'

উপায়েই পরিত্রাণ পাবেন না, কোন নিস্তার থাকবে না। আজকে কাউকে দোষ দেওয়া
না, আমরা এখানে বিপুল সংখ্যাধিক্যের ভোটে এসেছি, আজকে অন্য কোন প্রশ্ন নাই,
আজকে বিশেষভাবে চিন্তা করবার দিন এসেছে। যেমন যুদ্ধবিগ্রহের সময় দেশে যতই
ক দুরবস্থা থাকুক, জরুরী প্রকল্প নেওয়া হয়, দেশের উন্নতির জন্য জাতির উন্নতির জন্য,
র বাঁচার জন্য, বিশেষ দায়িত্ব যেমন মানুষের ঘাড়ে এসে পড়ে, আজকে সেই রকম দিন
হ। প্রচুর অসুবিধা থাকা সত্ত্বেও, দেশকে বাঁচাবার জন্য, নিপীড়িত মানুষকে তুলে ধরবার
ব্যবস্থা করতে হবে। আমরা যারা জনপ্রতিনিধি পশ্চিমবঙ্গের অবহেলিত, নিপীড়িত
ষর আশীর্বাদ নিয়ে বিধানসভায় এসেছি, আমাদের কর্তব্য হচ্ছে তাদের আশা-আকাঙ্ক্ষা
বাস্তবে রূপ পায় সেটা দেখা। যদি আমরা দেখতে পাই উপর্যুপরি তাদের আশা-আকাঙ্ক্ষা
র রূপ পাচ্ছে না, সমস্ত আশা অতল তলে তলিয়ে যাচ্ছে, তা হ'লে যতই বিপুল ভোটাধিক্যে
আমি এবং মাইকের সামনে বিধানসভায় উত্তেজনাপূর্ণ বক্তৃতা রাখি না কেন, কারও
র নাই, থাকবে না। এই অসহায় মানুষদের জন্য প্রকল্প নিতে হবে যাতে পশ্চিমবঙ্গের
ষর কল্যাণের জন্য এই সরকার উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে পারে। আমাদের মাননীয়
হাশয় বললেন, একটা কমিটি করেছেন এবং সেই কমিটিতে বিভিন্ন তফসিলী জাতি ও
তির সদস্যদের নিয়েছেন, তাঁরা আমাদের দাবিদাওয়া নিয়ে বিচার-বিবেচনা করবেন। কিন্তু
র বিষয়, এই কমিটির যিনি চেয়ারম্যান, তিনি আমাদের এখানেই বসে আছেন, তাঁকে আমি
সা করেছিলাম, এই কমিটিতে কি কি কাজ হয়, কতদূর কার্য করতে পারবেন। তিনি
আমাকে জানালেন,

as no better than a mere committee, it has no activities at.

যদি হয়, তা হ'লে এই কমিটি দ্বারা আমাদের কি উন্নতি হবে, এ দ্বারা কিছু হবে না।
আমি আজকে আমাদের এই বলিষ্ঠ সরকারের কাছে, মাননীয় ভারপ্রাপ্ত মন্ত্রীর কাছে এই
রাধ জানাচ্ছি যে, এই অসহায় অবস্থা থেকে অসহনীয় অবস্থা থেকে আমাদের উঠাবার
থা করুন, তা যদি না করতে পারেন, তা হ'লে এই মানুষগুলি যেখানে ছিল সেখানেই চলে
। আমি মাননীয় মন্ত্রীকে বলব, আসুন, আমরা সকলে মিলে চেষ্টা করি, দরকার হ'লে

আমাদের মহান নেত্রী ইন্দিরা গান্ধীর কাছে আবেদন জানাব, এই অসহায় মানুষদের, খেটে-খাওয়া মানুষদের তাদের অসহায় অবস্থা থেকে টেনে তুলুন, তা না হ'লে ১৯৬৭ সালে নির্বাচনে আমরা যেমন এই সমস্ত অসহায় মানুষদের আস্থা হারিয়েছিলাম সেই রকম আবার হারিয়ে ফেলতে হবে। এই কথা ব'লে এই ব্যয়বরাদ্দকে সমর্থন ক'রে আমার বক্তব্য শেষ করছি।

Shri George Albert Wilson-Deroze: Mr. Speaker, Sir, I support this demand for Miscellaneous Social and Development Organisations and for the Welfare of the Scheduled Tribes and Castes and Other Backward Classes. Sir, the Supreme Court has said that the classification of any class of citizens as backward is not a matter of heredity. It is a question of fact. I, therefore, take this opportunity to place before the House the situation of the Anglo-Indian community in this State. Sir, according to figures which we have been able to obtain, at least, 75 per cent. of the community, which numbers about 40 thousand in this State, is living on the poverty line, or below poverty line and, some of them in great distress. Sir, we have always tried to stand on our own feet. We willingly gave up the reservation which was made for us in the services and the educational grants which were given to us for many years. We are not demanding any reservation in the services of the State, but, Sir, let me place this before you that in the whole of the West Bengal Government services you will find, at the present moment, perhaps only two Anglo-Indian officers excluding the police. And in the police force they are reduced to a mere handful. Sir, our own charitable funds which date back to the last century are all depleted and of little value because of the inflation. The Calcutta Rangers Club used to be a source of help to the community through its sweep stakes. Now, its sweep stakes have been more or less killed by the various State lotteries. Therefore, that source of the money to the community has ceased.

Then, the church organisations, the funds of which come from abroad to the various churches, are all earmarked for other purposes. Our community gets nothing from them. Sir, I am saying that the State Government cannot neglect that section of our community which is in this kind of distress, which is the majority of the community. I have two or three constructive and definite proposals to make. I ask that the State Government should, first, have a socio-economic survey made of the actual state of the Anglo-Indian community. Secondly, I ask that in the whole Government administration at least, one senior officer should be appointed who will look specially to the needs of this community. And, thirdly, that the State Government should see whether in the State services and in the State-owned industries there is some provision made for the community. With this I end.

Thank you, Sir.

[7-50—8-00 p.m.]

শ্রীসন্তোষকুমার রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের সরলপ্রাণ আদিবাসী বন্ধু সদস্যরা তাঁদের অন্তরের যে কথা এখানে ব্যক্ত করলেন সে সম্বন্ধে আলোচনা করতে গেলে দীর্ঘ সময়ের প্রয়োজন। আমার সময় খুব অল্প, তবে এটুকু আমি আপনার মাধ্যমে তাঁদের আশ্বাস দিতে পারি যে, বর্তমান সরকারের দৃষ্টিভঙ্গি এর আগে পশ্চিম বাংলায় যেসব সরকার এসেছিলেন তাঁদের দৃষ্টিভঙ্গির সঙ্গে মৌলিক পার্থক্য আছে। বর্তমান সরকার আদিবাসী, অনুন্নত

সম্প্রদায়ের সামগ্রিক উন্নতি মনেপ্রাণে কামনা করেন এবং আমাদের সীমিত সম্পদের মধ্যে সরকারী নিয়মকানুন পরিবর্তন ক'রে আদিবাসী এবং অনুন্নত সম্প্রদায়ের গরিব মানুষেরা এর সুযোগ নিয়ে যাতে তাড়াতাড়ি সমাজের আর পাঁচজনের সংগে এক হয়ে দাঁড়াতে পারেন তার জন্য সর্বতোভাবে চেষ্টা করবেন এই আশ্বাস আমি তাঁদের দিতে পারি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় বন্ধু সদস্যরা বলেছেন যে, আদিবাসী ও তফসিলী সম্প্রদায়ের লোকেদের সামগ্রিক উন্নয়নের প্রয়োজনে শিক্ষার উপর সবচেয়ে বেশি জোর দেওয়া উচিত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাঁরা যদি এই বাজেটটা একটু খতিয়ে দেখতেন, তা হ'লে দেখতে পেতেন যে, এই সীমিত সম্পদের মধ্যেও শতকরা ৭২ ভাগ আমরা শিক্ষার জন্য বরাদ্দ করেছি। তবে এই কথা আমি মানি যে, প্রয়োজনের তুলনায় হয়ত এই বরাদ্দ আশানুরূপ নয়। কিন্তু আমি এই আশ্বাস আপনাদের দিতে পারি যে, বর্তমান সরকার এ বিষয়ে সচেতন আছেন এবং আপনারা লক্ষ্য করেছেন যে, অন্যান্যবারের তুলনায় আমরা এবারে ব্যয়বরাদ্দ অনেকাংশে বাড়িয়েছি এবং আশা করি, ভবিষ্যৎ দিনে হয়ত আপনাদের মনের আশা, আপনাদের দাবি আমরা পূরণ করতে পারব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় বন্ধু বেস্টারউইচ সাহেব বাজেট বই থেকে উল্লেখ ক'রে কতকগুলি কথা এখানে বলেছেন। কথাগুলি ঠিক নয় ব'লে এবং বাজেট বইটা তিনি সম্পূর্ণ অনুধাবন করেন নি ব'লে ঐ যে বক্তব্যটুকু খালি রাখলেন আমি সেটুকুকে সংশোধন ক'রে দিতে চাই। তিনি বুক গ্রান্ট, টুইশন ফি বাবত বরাদ্দকৃত অর্থের কথা বলেছেন। তিনি বলেছেন কমিটেড এক্সপেন্ডিচার অ্যাডেড হয়ে এই বরাদ্দ দেড় লক্ষ টাকা এবং ১৪ লক্ষ ৬৮ হাজার টাকায় দাঁড়াবে। আমি খালি এই কথা তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই, তফসিলী ও আদিবাসী সম্প্রদায়ের ছাত্র-ছাত্রীদের জন্য ১৬ লক্ষ ৯৪ হাজার টাকা বুক গ্রান্ট, টুইশন ফি ইত্যাদি বাবত দাঁড়াবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথা আমি মানি যে, মাননীয় সদস্য বেস্টারউইচ সাহেব যেকথা বলেছেন যে, প্রয়োজনের তুলনায় বরাদ্দকৃত অর্থের পরিমাণ কম। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য বেস্টারউইচ সাহেব হয়ত জানেন না আমাদের সরকারের কাছে আদিবাসীদের ছাত্রছাত্রীরা যখনই সাহায্যের জন্য আবেদন করেন সেই সাহায্য থেকে কেউই বঞ্চিত হন না। হোস্টেলে থাকবার জন্য যে আবেদন করেন তার শতকরা ৯০ ভাগ সাহায্য আমরা দিয়ে থাকি।

হয়ত সাহায্যের পরিমাণ বাড়ালে বর্তমান আর্থিক অবস্থায় তাদের আরও ভালভাবে চলতে পারে একথা ঠিক, আদিবাসী তফসিলীদের ক্ষেত্রে কোটা ক'রে সব মানুষের দাবি পূরণ করতে পারি নি, কিন্তু আদিবাসীদের ক্ষেত্রে আমাদের কাছে যে আবেদন আসে তার সবগুলি আমরা মঞ্জুর করতে সক্ষম হয়েছি একথা আমি তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বেস্টারউইচ সাহেব তিনি আদিবাসী সম্প্রদায় থেকে এসেছেন এবং দীর্ঘদিন ধ'রে আমরা জানি তিনি তফসিলী সম্প্রদায় (সংরক্ষিত) অঞ্চলের প্রতিনিধিত্ব করছেন। আমি আশা করেছিলাম, তিনি পশ্চিমবঙ্গের আদিবাসীকল্যাণ বিভাগের কাজ সম্বন্ধে তথ্য রাখেন, কিন্তু তিনি তাঁর বক্তব্যে যা ব'লে গেলেন তাতে তা মনে হ'ল না। তিনি ব'লে গেলেন, যা কিছু হচ্ছে সবই নাকি কলকাতায় হচ্ছে। কিন্তু একথা ঠিক নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, বেলপাহাড়ী স্কুল সেটা কলকাতায় নয়। যেসমস্ত ক্রাফ্‌ট ট্রেনিং-এর ব্যবস্থা করা হয়েছে সেগুলিও কলকাতায় নয়। কলকাতা শহরে সেই শিক্ষার ব্যবস্থা করা হয়েছে যেখানে তাঁদের অন্যান্যদের সঙ্গে প্রতিযোগিতায় নামতে হবে। যেমন ডবলু বি সি এস পরীক্ষা, সেইসব ট্রেনিং-এর ব্যবস্থা হয়েছে। সেইসব ক্ষেত্রে যদি উচ্চশিক্ষার ব্যবস্থা করা না যায়, তা হ'লে প্রতিযোগিতায় কিছুতেই তারা পেরে উঠবে না। সেইজন্য এই প্রতিষ্ঠানটি মৌলানা আজাদ কলেজে স্থাপন করা হয়েছে। স্যার, আপনিও তফসিলীদের সম্বন্ধে দৃষ্টি দেন, আমাকেও নানান প্রশ্ন করেন, আপনি জানেন, এইসব বিষয়ে আমাদের যেসমস্ত প্রকল্প বা পরিকল্পনা আছে তা বেশির ভাগই পশ্চিম বাংলার গ্রামাঞ্চলে বিশেষ ক'রে আদিবাসী এবং তফসিলী অধ্যুষিত এলাকায়। তারপর মাননীয় সদস্য যে আশ্রম হোস্টেলের কথা বলেছেন সেটা কোথায়? মাননীয় সদস্য যদি খোঁজ নিতেন, তা হ'লে জানতেন আশ্রম হোস্টেল আমাদের আদিবাসী অধ্যুষিত এলাকায় চালু আছে। এই হোস্টেল বাড়াবার জন্য আমরা পঞ্চবার্ষিক পরিকল্পনার অ্যাডভান্সড অ্যাকশানে আরও হোস্টেল যাতে তাড়াতাড়ি করা যায় তার জন্য চেষ্টা করছি। একথা ঠিক যে, প্রয়োজনের তুলনায় এটা অত্যন্ত কম, কিন্তু একথা না ব'লে পারছি না যে, গত কয়েক বছরের

ইতিহাস যদি দেখেন, তা হ'লে দেখবেন পোস্ট ম্যাট্রিক স্কলারশিপে যেখানে গত তিন বছরে আনুমানিক এক কোটি টাকা বরাদ্দ করা হয়েছে, সেখানে এ বছর বরাদ্দ শুধু নয় আমরা খরচ করতে সক্ষম হয়েছি এক কোটি ৪৬ লক্ষ টাকারও বেশি। তারপর মাননীয় সদস্য গঙ্গাধরবাবু যেকথা বলেছেন তার উত্তরে আমি বলতে চাই যে, আমাদের নেতা মাননীয় মুখ্যমন্ত্রী সিদ্ধার্থ-শঙ্কর রায়ের উপর নিশ্চয় তাঁর আস্থা ও বিশ্বাস আছে এবং তিনি জানেন আমাদের বর্তমান সরকার ঘুমিয়ে নেই। কাজেই আমাদের এই বর্তমান সরকার কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যেটুকু প্রাপ্য শুধু তাই নয়, আরও বেশি আদায় করবার চেষ্টা করছেন, ফলে অন্যান্য বছরের তুলনায় এবারে পোস্ট-ম্যাট্রিক স্কলারশিপে আমরা অনেক বেশি টাকা পেয়েছি। তারপর গঙ্গাধরবাবু বলেছেন, কেন্দ্রীয় সরকারের যেসমস্ত নির্দেশ ও ব্যবস্থা আছে সেগুলি কেন চালু করা হচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, বর্তমান সরকারের দৃষ্টিভঙ্গির মৌলিক পার্থক্য আছে। যেসমস্ত নিয়মকানুন পশ্চিম বাংলায় চালু হয় নি তার প্রত্যেকটি নিয়মকানুন যাতে পশ্চিম বাংলায় চালু হবে এ আশ্বাস আমি আপনার মাধ্যমে ও'দের দিতে চাই। বন্ধুবর সরলপ্রাণ দাশরথি সোরেন মহাশয় দুঃখ ক'রে বলেছেন যে, আদিবাসী সম্প্রদায়ের সামগ্রিক উন্নতির দিকে কোন সরকার দৃষ্টি দেন নি। তিনি বলেছেন, আমাদের ভুলিয়ে রাখা হয়েছিল। আমি তাঁকে একথা বলতে চাই যে, হয়ত গত ২৬ বছর ধ'রে আদিবাসী সম্প্রদায়কে যাদু ক'রে ভুলিয়ে রাখা হয়েছিল, কিন্তু তাঁরা আজ এ বিশ্বাস নিয়ে যেতে পারেন যে, এ সরকার যাদু ক'রে ভুলিয়ে রাখবে না। আদিবাসীদের সামগ্রিক কল্যাণের জন্য যে লোজিসলেচার কমিটি আছে তার সুপারিশ যাতে কার্যকর করা যায় তার জন্য আমাদের বর্তমান সরকার সর্বতোভাবে চেষ্টা করবে একথা আমি আপনার মাধ্যমে ও'দের জানাতে চাই।

[8-00—8-10 p.m.]

এবং আমি আশা করি সরকারের বক্তব্য জানবার পরে আমাদের মাননীয় সদস্য তাঁর কাট মোশান নিশ্চয়ই তুলে নেবেন। কারণ ইতিপূর্বে আর কোন সরকার এই দৃষ্টিভঙ্গি নিয়ে তফসিলী আদিবাসীদের কল্যাণের জন্য এগিয়ে আসেন নি। কাজেই তিনি কাট মোশান প্রত্যাহার ক'রে নেবেন। আর যদি প্রত্যাহার না ক'রে নেন, তা হ'লে আমি এই কাট মোশানের বিরোধিতা করছি।

Mr. Speaker: I now put to vote Cut Motion No. 2.

The motion of Shri A. H. Besterwitch that the amount of the demand be reduced to Re.1, was then put and a division taken with the following result:—

Noes

Abdul Bari Biswas, Shri.
Bandopadhayay. Shri Shib Sankar.
Bandyopadhyay. Shri Sukumar.
Basu, Shri Ajit Kumar (Mid.).
Bauri, Shri Durgadas.
Biswas, Shri Kartic Chandra.
Chakraborty, Shri Gautam.
Chakrabarty, Shri Bhabataran.
Das, Shri Barid Baran.
Das, Shri Bimal.
Das, Shri Sarat Chandra.
De, Shri Asamanja.
Dutta, Shri Adya Charan.
Ghosh, Shri Lalit, Kumar.
Ghosh, Shri Nitai Pada.

Noes

Gyan Singh, Shri Sohanpal.
Hajra, Shri Basudeb.
Halder, Shri Harendra Nath.
Hembram, Shri Sital Chandra.
Hembrom, Shri Patrash.
Hemram, Shri Kamala Kanta.
Isore, Shri Sisir Kumar.
Jana, Shri Amalesh.
Karan, Shri Rabindra Nath.
Khan, Shri Gurupada.
Kolay, Shri Akshay Kumar.
Lohar, Shri Gour Chandra.
M. Shaukat Ali, Shri.
Mahanta. Shri Madan Mohan,
Mahato, Shri Satadal.
Mahato. Shri Sitaram.
Mahbubul Haque, Shri.
Malladeb, Shri Barendra Bijoy.
Mandal. Shri Santosh Kumar.
Misra Shri Ahindra.
Misra. Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Mohammad Idris Ali, Shri.
Molla Tasmatulla, Shri.
Mondal, Shri Anil Krishna.
Mondal, Shri Jokhi Lal.
Mondal, Shri Khagendra Nath.
Moslehuddin Ahmed, Shri.
Mukherjee, Shri Sibdas.
Mundle, Shri Sudhendu.
Omar Ali, Dr. Sk.
Patra, Shri Kashinath.
Pramanick, Shri Gangadhar.
Roy, Shri Aswini.
Roy, Shri Debendra Nath.
Roy, Shri Mrigendra Narayan.
Roy, Shri Santosh Kumar.
Saha, Shri Dwija Pada.
Samanta, Shri Tuhin Kumar.
Saren, Shri Dasarathi.
Saren, Shri Jayram.
Sarker, Shri Jogesh Chandra.
Shamsuddin Ahmed, Shri.
Singhababu, Shri Phani Bhusan.
Singha Roy, Shri Probodh Kumar.

Noes

Sinha, Shri Debendra Nath.

Sinha Ray, Shri Bhawani Prosad.

Wilson-de Roze, Shri George Albert.

Ayes

Besterwitch, Shri A. H.

Bhaduri, Shri Timir Baran.

Khan Nasiruddin, Shri.

Shish Mohammad, Shri.

The Ayes being 4 and the Noes 64 the motion was lost.

The motion of Shri Santosh Kumar Roy that a sum of Rs.2,98,29,000 be ganted for expenditure under Grant No. 31, Major Head: "39—Miscellaneous Social and Developmental Organisations—Welfare of Scheduled Tribes and Castes and Other Backward Classes", was then put and agreed to.

15th Report of the Business Advisory Committee

Mr. Speaker: I beg to report the 15th Business Advisory Committee which at its meeting held on the 7th March, 1973 in my Chamber considered the question of allocation of the dates and time for disposal of the legislative and financial business recommended as follows:

In partial modification of the Revised Programme of Business as adopted by the Fourteenth Report of the Business Advisory Committee circulated under item No. 345 in Bulletin, Part II, dated 28th February 1973, the programme of Business for 13th, 14th, 28th and 29th March, 1973 has been revised as follows:—

Tuesday, 13-3-73

(i) The Motor Vehicles (West Bengal Amendment) Bill, 1973, (Introduction, Consideration and Passing)—½ hour.

(ii) Grant No. 49 (71—Miscellaneous—Irrecoverable Loans to displaced persons written off; 71—Miscellaneous Expenditure on displaced persons; 71—Miscellaneous Relief to Refugees from Bangladesh; 109—Capital Outlay on Other Works—Expenditure on displaced persons, and Loans and Advances to displaced persons)—2 hours.

(iii) Grant No. 38 (64—Famine Relief)—2 hours.

Wednesday 14-3-73,

(i) The Murshidabad Estate (Trust (Amendment) Bill, 1973 (Introduction, Consideration and Passing)—1 hour.

(ii) Grant No. 34 (50—Public Works), and

(iii) Grant No. 53 (103—Capital Outlay on Public Works)—2½ hours.

(iv) Grant No. 32 (39—Miscellaneous Social and Developmental Organisations — Excluding Welfare of Scheduled Tribes and Castes and Other Backward Classes), and

(v) Grant No. 45 (71—Miscellaneous—Sports) —1½ hours.

Wednesday, 28-3-73

Discussion and Voting on Supplementary Grants for 1972-73—4 hours.

Thursday, 29-3-73

(i) The West Bengal Appropriation Bill, 1973 (Introduction, Consideration and Passing), and

(ii) The West Bengal Appropriation (No. 2) Bill, 1973 (Introduction, Consideration and Passing)—4 hours.

There will be no Calling Attention or Mention cases on the 13th and 14th March, 1973.

The Hon'ble Minister in charge of Parliamentary Affairs may now move the motion.

Shri Gyan Singh Sohanpal: Sir, I beg to move that the 15th Report of the Business Advisory Committee, presented this day be agreed to by the House.

The report was then adopted.

Adjournment

The House was then adjourned at 8-10 p.m. till 1 p.m. on Thursday the 8th March, 1973 at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 8th March, 1973, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 15 Ministers, 6 Ministers of State, 3 Deputy Ministers and 146 Members.

[1-00—1-10 p.m.]

Oath or Affirmation of Allegiance

Mr. Speaker: Honourable Members, if any of you have not yet made an oath or affirmation of allegiance, you may kindly do so.

(There was none to take oath.)

STARRED QUESTIONS TO WHICH ORAL ANSWERS WERE GIVEN

সুন্দরবনে নারকেল চাষ

*৪৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩১।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী তত্ত্বাবধানে সুন্দরবনের কোন্ কোন্ জায়গায় কত হেক্টর জমিতে বর্তমানে নারকেল গাছের চারা রোপণ করা হয়েছে এবং কত হেক্টর জমিতে নারকেল চারা রোপণ করার ভবিষ্যৎ পরিকল্পনা আছে;

(খ) উক্ত অঞ্চলে নারকেল গাছের চারা রোপণ কোন্ বছর থেকে শুরু হয় এবং এই পর্যন্ত রোপিত কতগুলি নারকেল চারা বড় হয়ে উঠেছে; এবং

(গ) সুন্দরবনে নারকেল চাষ লাভজনক ব্যবসা কি না?

শ্রীসীতারাম মাহাতো: (ক) বকখালি, ধনচি, পাতিবনিয়া, ঝিল্লা, সজনাখালি, ভগবৎপুর প্রভৃতি জায়গায় ৬৫১ ১৯ হেক্টর জমিতে নারিকেল গাছের চারা রোপণ করা হয়েছে এবং ২৮০ হেক্টর জমিতে নারকেল চারা রোপণ করার ভবিষ্যৎ পরিকল্পনা আছে।

(খ) পরীক্ষামূলকভাবে ১৯৬৭ সাল এবং ব্যাপকভাবে ১৯৭২ সাল থেকে। রোপিত চারাগুলির ৮০ শতাংশ বড় হয়ে উঠেছে।

(গ) এর উত্তর এখনই নির্দিষ্টভাবে দেওয়া সম্ভব নয়।

শ্রীমহম্মদ সফিউল্লা: এই পরিকল্পনার জন্য কত টাকা মঞ্জুর করা হয়েছিল এবং মঞ্জুরীকৃত টাকার কত টাকা খরচ হইয়াছিল?

শ্রীসীতারাম মাহাতো: এর জন্য খরচ হয়েছে ১২ লক্ষ ১৬ হাজার ৮৫৪ টাকা। বরাদ্দ ঠিক কত জানা নেই।

শ্রীমহম্মদ সফিউল্লা: এই পরিকল্পনাকে কার্যকরী করার জন্য কোন্ কোন্ ডিভিসন-কে এই কার্যে নিয়োগ করা হয়েছিল?

শ্রীসীতারাম মাহাতো: আমাদের সুন্দরবন এলাকায় ফরেস্ট ডিভিসন-এ যে সমস্ত অফিসার আছে—যারা এসব কাজে যোগ্য তাদের সেখানে দেওয়া হয়েছে। ২৪-পরগনায় ১টি ডিভিসন আছে এবং সেই ডিভিসন-এ যেসমস্ত রেঞ্জার আছে তারাই এই সমস্ত কাজ করছেন।

শ্রীমহম্মদ সফিউল্লা: সুন্দরবনের ডি এফ ও এবং নর্থ বেঙ্গল-এর সেরিকালচার এই ২ জনের মধ্যে কোন্ ডিভিসনকে কাজ করতে দিয়েছেন?

শ্রীসীতারাম মাহাতো: সুন্দরবনে যিনি রেঞ্জ অফিসার আছেন তিনিই এই সমস্ত কাজ দেখছেন।

শ্রীমহম্মদ সফিউল্লা: সুন্দরবনে নারিকেল চাষের পূর্বে পরীক্ষামূলক কোন সমীক্ষা করেছেন কি এবং করলে তার ফল কি?

শ্রীসীতারাম মাহাতো: এখনও পর্যন্ত গাছ যেভাবে আছে তাতে মনে হচ্ছে সেখানে নারকেল চাষ সফল হবে।

শ্রীমহম্মদ সফিউল্লা: আপনি বলেছেন ৮০ শতাংশ গাছ সারভাইভ করেছে। কিন্তু আমার সংবাদ হচ্ছে দু শতাংশ গাছ সারভাইভ করে নি। সমস্ত বাঁদরে এবং শুয়োরে নষ্ট ক'রে দিয়েছে। সেখানে নারকেল চাষ বাড়াবার কোন পরিকল্পনা আছে কি?

শ্রীসীতারাম মাহাতো: এই নারকেলের চাষ ব্যাপকভাবে করা হবে কি না হবে এখনই বলা ঠিক নয়, কিছুদিন পরে বলতে পারা যাবে এই চাষ আরো বাড়াব কি না।

শ্রীমহম্মদ সফিউল্লা: সজনেখালিতে আমরা দেখেছি ১০/১২টা চারা সারভাইভ করেছে, তা হ'লে চাষ ক'রে কি লাভ হবে?

(নো রিপ্লাই)

শ্রীনাসিরুদ্দিন খান: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই যে নারকেল গাছের চাষ করা হচ্ছে এটা কোন নির্দিষ্ট কম্প্যাক্ট এরিয়া বেছে নিয়ে করা হচ্ছে, না, স্ক্যাটার্ডভাবে করা হচ্ছে?

শ্রীসীতারাম মাহাতো: কম্প্যাক্ট এরিয়া বেছে নেওয়া হয়েছে, স্ক্যাটার্ডভাবে করা হয় নি।

শ্রীনাসিরুদ্দিন খান: সুন্দরবনের কোন্ প্রান্তে এটা বেছে নেওয়া হয়েছে?

শ্রীসীতারাম মাহাতো: বকখালিতে।

শ্রীরমেন্দ্রনাথ দত্ত: এগ্রিকালচারাল কমিশনার শ্রী আর ঘোষ কল্যাণীতে নারকেল চারা লাগানর জন্য একটা স্কীম নিয়েছিলেন, সেই পরিকল্পনার অবস্থা কি বলতে পারবেন কি?

শ্রীসীতারাম মাহাতো: সেটা আমার জানা নেই।

কাঁথি মহকুমা হাসপাতালে চুরি

*৪৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩৭।) **শ্রীসুধীরচন্দ্র দাস:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে কাঁথি মহকুমা হাসপাতালের পূর্ব পার্শ্বে প্রাচীর অনেকাংশে না থাকায় হাসপাতালের জিনিষপত্র প্রায়ই চুরি হইতেছে, এবং নানা প্রকার বিশৃঙ্খলা ও অসুবিধার সৃষ্টি হইতেছে; এবং

(খ) অবগত থাকিলে, এই অসুবিধা ও বিশৃঙ্খলা দূর করিবার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

শ্রীঅজিতকুমার পাঁজা: (ক) হাসপাতালের পূর্ব পার্শ্বে কিছু স্থানে তারকাঁটার বেড়া ভেঙ্গে গেছে। প্রাচীর বা বেড়া না থাকলে অসুবিধা হয়।

(খ) যত শীঘ্র সম্ভব প্রাচীর বা বেড়া দেবার ব্যবস্থা করা হচ্ছে।

শ্রীসুধীরচন্দ্র দাস: মন্ত্রিমহাশয় স্বীকার করেছেন যে, অসুবিধা হচ্ছে, চুরি হচ্ছে এবং জনসাধারণ রোগীদের ভীড় ক'রে থাকায় ডাক্তারদের দেখা-শুনার অসুবিধা সৃষ্টি করছে। এই অসুবিধার কথা বিবেচনা ক'রে আগামী বছরে বেড়া বা প্রাচীর দেবার ব্যবস্থা করতে পারবেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজা: প্রথমত আমরা চেষ্টা করেছিলাম প্রাচীর দেওয়া যায় কি না, কিন্তু সেখানে আশেপাশে জনসাধারণের যে বাড়ি আছে সেই বাড়িগুলির ক্ষতি হবে। কারণ, প্রাচীর দিতে গেলে সেখানে যে বালিয়াড়ি আছে সেগুলি সরাতে হবে ব'লে পূর্ত বিভাগ জানিয়েছিলেন এবং সেই বালিয়াড়ী সরাতে গেলে অন্যান্য জনসাধারণের যে বাড়ি আছে সেগুলি ক্র্যাক হবার সম্ভাবনা আছে। তাই কাঁটা দেওয়া তারের বেড়া হবে এটা পূর্ত বিভাগকে আবার জানিয়েছি।

শ্রীসুধীরচন্দ্র দাস: হাসপাতালের জায়গা অনেকটা, তাতে কিছুটা জায়গা হাসপাতালের জন্য ছেড়ে দিয়ে হয়ত হতে পারে, সেই বিষয়ে বিবেচনা ক'রে দেখবেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজা: সেই বিষয়ে খোঁজ করা হয়েছিল, কিন্তু ইঞ্জিনীয়ার, এক্সপার্ট যাঁরা আছেন তাঁরা আমাদের জানিয়েছেন, বালিয়াড়ী সরাতে হবে, তা না হ'লে প্রাচীর দেওয়া যাচ্ছে না। বালিয়াড়ী সরালে আশেপাশে জনসাধারণের যে ঘরবাড়ি আছে তার ক্ষতি হবার সম্ভাবনা।

শ্রীনাসিরুদ্দিন খাঁন: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এই হাসপাতাল ছাড়া আর যেসব হাসপাতাল আছে সব হাসপাতাল কি ফেনসিং ওয়াল বা কাঁটাতার দিয়ে ঘেরা আছে?

শ্রীঅজিতকুমার পাঁজা: এই সরকার আসার পর দেখা গেছে শতকরা প্রায় ৮০ ভাগ হাসপাতালে কোন প্রাচীরের ব্যবস্থা নেই। সেখানে প্রাচীর দেওয়ার ব্যবস্থা নিতে দেখা গেল যে, একটা প্রাইমারি হেল্‌থ সেন্টারে ২০ বিঘা জমি, সেখানে যদি প্রাচীর দিতে হয় তাতে যে খরচ হবে তাতে একটা সাবসিডিয়ারী হেল্‌থ সেন্টার তৈরি হয়ে যেতে পারে। আমাদের আর্থিক অবস্থা যা আছে তাতে ক্যাবিনেট অ্যাপ্রুভ করেছেন একটা প্রোপোজাল ফরেস্ট ডিপার্টমেন্টের সঙ্গে আলোচনা ক'রে যে অন্যান্য কাঁটা গাছ যে গাছের বেড়া দেওয়া যায় সেই গাছের বীজ রোপণ ক'রে করা যায় কি না কয়েকটি জায়গায় ট্রায়াল দেওয়া হচ্ছে।

আবগারী লাইসেন্স

*৪৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *৭৯৭।) **শ্রীআবদুল বারি বিশ্বাস:** আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান সরকার ক্ষমতায় আসার পর হইতে ৩১শে জানুয়ারী, ১৯৭৩ পর্যন্ত কোন আবগারী লাইসেন্স দেওয়া হয়েছে কি;

(খ) হয়ে থাকলে ঐ সময়ে জেলাওয়ারী ভাবে কোন্ জেলায় কত আবগারী দোকানের লাইসেন্স দেওয়া হয়েছে; এবং

(গ) প্রদত্ত লাইসেন্সের মধ্যে দেশী মদের এবং বিদেশী মদের দোকানের সংখ্যা পৃথক পৃথক ভাবে কত?

শ্রীসীতারাম মাহাতো: (ক) হ্যাঁ।

(খ) ১৯৭২-৭৩ সালে সরকার কর্তৃক মঞ্জুরীকৃত আবগারী লাইসেন্সের জেলাওয়ারী সংখ্যার একটি বিবরণী পৃথক্‌ভাবে দেওয়া হইল। মঞ্জুরীকৃত লাইসেন্সের পরিপ্রেক্ষিতে ১৯৭৩ সালের ৩১শে জানুয়ারী পর্যন্ত কত দোকান খোলা হইয়াছে সেই পরিসংখ্যান জিলা হইতে সংগৃহীত হইলে উপস্থাপিত করা হইবে।

(গ) জেলাওয়ারী দেশী ও বিলাতী মদের দোকানের সংখ্যার একটি বিবরণী পৃথক্‌ভাবে দেওয়া হইল।

১৯৭২-৭৩ সালে সরকার কর্তৃক মঞ্জুরীকৃত পশ্চিমবঙ্গে বিভিন্ন ধরনের নতুন আবগারী লাইসেন্সের সংখ্যা

ক্রমিক সংখ্যা	জিলা	দেশী মদের লাইসেন্স	বিলাতী মদের লাইসেন্স	পচাই লাইসেন্স	তাড়ি লাইসেন্স	গাঁজা লাইসেন্স	ভাঙ্ লাইসেন্স	নতুন আবগারী লাইসেন্সের সর্বমোট সংখ্যা
(১)	বর্ধমান (পূর্বাঞ্চল)	৪	২	..	..	..	..	৬
(২)	বর্ধমান (পশ্চিমাঞ্চল)	৪	১	..	৭	..	..	১২
(৩)	বীরভূম ..	১	..	..	..	..	..	১
(৪)	বাঁকুড়া ..	৩	..	..	..	..	..	৩
(৫)	পুরুলিয়া ..	৬	৩	২	..	৪	১	১৬
(৬)	মেদিনীপুর ..	৫	৩	..	..	৪	৩	১৫
(৭)	হুগলী ..	১৫	৩	৪	..	..	..	২২
(৮)	হাওড়া ..	৫	১	..	..	..	..	৬
(৯)	২৪-পরগনা (দক্ষিণ)	৭	২	..	..	..	১	১০
(১০)	২৪-পরগনা (উত্তর)	৯	৩	..	..	৪	১	১৭
(১১)	কলিকাতা ..	৪	৮	..	..	..	৪	১৬
(১২)	নদীয়া ..	৩	২	..	৬	৪	..	১৫
(১৩)	মুর্শিদাবাদ ..	২	১	..	..	২	..	৫
(১৪)	পশ্চিম দিনাজপুর	৪	২	..	৪	..	..	১০
(১৫)	জলপাইগুড়ি ..	৬	..	..	..	..	..	৬
(১৬)	মালদহ ..	২	..	..	২	১	..	৫
(১৭)	দার্জিলিং ..	২	২	..	..	১	১	৬
(১৮)	কুচবিহার ..	১	১	..	..	..	..	২
	মোট ..	৮৩	৩৪	৬	১৯	২০	১১	১৭৩

১৯৭২-৭৩ সালে সরকার কর্তৃক মঞ্জুরীকৃত পশ্চিমবঙ্গে দেশী ও বিলাতী মদের নতুন লাইসেন্সের জেলাওয়ারী সংখ্যা

ক্রমিক সংখ্যা	জিলা	প্রদত্ত লাইসেন্সের সর্বমোট সংখ্যা	
		দেশী মদের লাইসেন্স	বিলাতী মদের লাইসেন্স
(১)	বর্ধমান (পূর্বাঞ্চল)	৪	২
(২)	বর্ধমান (পশ্চিমাঞ্চল)	৪	১
(৩)	বীরভূম	১	..
(৪)	বাকুড়া	৩	..
(৫)	পুরুলিয়া	৬	৩
(৬)	মেদিনীপুর	৫	৩
(৭)	হুগলী	১৫	৩
(৮)	হাওড়া	৫	১
(৯)	২৪-পরগনা (দক্ষিণ) ..	৭	২
(১০)	২৪-পরগনা (উত্তর)	৯	৩
(১১)	কলিকাতা	৪	৮
(১২)	নদীয়া	৩	২
(১৩)	মুর্শিদাবাদ	২	১
(১৪)	পশ্চিম দিনাজপুর	৪	২
(১৫)	জলপাইগুড়ি	৬	..
(১৬)	মালদহ	২	..
(১৭)	দার্জিলিং	২	২
(১৮)	কুচবিহার	১	১
	মোট ..	৮৩	৩৪

[1-10—1-20 p.m.]

শ্রীনাসিরুদ্দিন খানঃ এই যে মদের দোকানগুলি দেওয়া হয় বা হয়েছে এমন কোন নিয়ম আছে সরকারের যে স্কুলের সামনে সে প্রাথমিক বিদ্যালয় হউক আর মাধ্যমিক বিদ্যালয় হউক তার কত দূরে দেবার নিয়ম আছে?

শ্রীসীতারাম মাহাতোঃ স্কুল বা হাসপাতাল বা মন্দির বা মসজিদ বা কমিউনিটি ইনস্টিটিউশন যেখানে আছে সেই সব জায়গায় ক্ষতি হয় বা তার কিছু অসুবিধা হয়, তা হ'লে সেখানে করা নিষিদ্ধ আছে। আর দূরত্ব যা বলছেন সে সম্পর্কে একজাক্টলি কিছু নাই, তবে এইটুকু আমি বলি, যদি কোন ক্ষতি হয় বা ডিস্টার্ব হয়, এই ধরনের কোন অভিযোগ এলে সেখানে সম্পূর্ণভাবে বন্ধ ক'রে দেওয়া হবে।

শ্রীনাসিরুদ্দিন খানঃ দূরত্বের কোন সীমা বাঁধা আছে কি?

শ্রীসীতারাম মাহাতোঃ এইভাবে উল্লেখ করা আছে যে—

Close proximity, bathing ghat, school, hospital, place of worship, factory or other places of public resort.

কিন্তু একজাক্ট ডিস্‌টান্স—দু'-এক মাইলের মধ্যে ব'লে কোন কথা নয়, যেখানে কোন ক্ষতি হচ্ছে বা হবার সম্ভাবনা আছে এইরকম কোন আপত্তি হ'লে সেখানে বন্ধ ক'রে দেওয়া হয়।

শ্রীনাসিরুদ্দিন খানঃ আমার জানা আছে স্কুল প্রতিষ্ঠানের একেবারে কাছাকাছি প্রায় অ্যাটাচড বলেই বলা যায় এরকম কোন জায়গায় আবগারী দোকান আছে কি?

শ্রীসীতারাম মাহাতোঃ এটা আমার জানা নেই।

শ্রীনাসিরুদ্দিন খানঃ আপনাকে যদি আমি জানিয়ে দিই, তা হ'লে তার জন্য ব্যবস্থা করবেন কি?

শ্রীসীতারাম মাহাতোঃ আপনি লিখিতভাবে জানিয়ে দিলে নিশ্চয় ব্যবস্থা গ্রহণ করবো।

শ্রীদেওপ্রকাশ রাইঃ এই যে আপনি বললেন দেশী, বিদেশী—বিদেশী মানে কি ফরেন ইনপোর্টেড—স্কচ, হেওয়ার্ডস এগুলি?

শ্রীসীতারাম মাহাতোঃ দেশী হচ্ছে কান্ট্রি স্পিরিট আর বিদেশী হচ্ছে ফরেন লিকার।

শ্রীশরৎচন্দ্র দাসঃ আমাদের নীতি হিসাবে ছিল মদ নিষিদ্ধ করা প্রত্যেক স্টেটে। কিন্তু যখন আপনি নিষিদ্ধ করতে পারছেন না তখন অন্ততঃ বেশী ক'রে যাতে লাইসেন্স না দেওয়া হয় এইরকম প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি?

শ্রীসীতারাম মাহাতোঃ আমাদের প্রস্তাব আছে মদ নিষিদ্ধ করার। তবে জনসাধারণ যদি চাপ সৃষ্টি করেন, তা হ'লে নিশ্চয় নিষিদ্ধ করা হবে।

শ্রীসরোজ রায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, ডিস্ট্রিক্ট সিলেকসান কমিটি যেগুলি আছে তারা কোথায় কোথায় দোকান হবে সেই কমিটি একটা লিস্ট প্লেস করে, কিন্তু কমিটি কি বলতে পারে না যে, এই এই জায়গায় প্রচণ্ড ক্ষতি হচ্ছে, এই সব জায়গা পরিবর্তন করা দরকার, কিন্তু কমিটির সেগুলি পরিবর্তন করার কোন হাত নেই। এ বিষয়ে কমিটি কোন সিদ্ধান্ত নিতে পারবেন কি না জানাবেন কি?

শ্রীসীতারাম মাহাতোঃ এখন যে কমিটি আছে, সেই কমিটির এই ক্ষমতা দেওয়া আছে যে, এই যে দোকান আছে তার মেয়াদ হচ্ছে এক বছরের এবং মেয়াদ শেষ হয়ে গেলে, এই কমিটি দোকান রিনিউ করতে পারে। এমন যদি দেখা যায় যে, কোন জায়গায় দোকান আগে থেকে ছিল

এবং বছর বছর হয়ে যাচ্ছে অথচ সেই স্থানে থাকার জন্য অবজেকশন আছে, তা হ'লে সেই কমিটি নূতন দোকান সিলেকশনের সময় রিনিউ বন্ধ করতে পারে যদি বর্তমান কমিটি মনে করে যে, এই স্থানে এই দোকান থাকা ঠিক নয়।

শ্রীনাসিরুদ্দিন খান: এমন অনেক মদের দোকান আছে যেখানে নিজেরা মদ তৈরি ক'রে মদের দোকান চালাচ্ছে, সরকারের কাছে এমন রিপোর্ট আছে কি না?

শ্রীসীতারাম মাহাতো: আমাদের কাছে রিপোর্ট আসে, ইলিসিট লিকার সম্বন্ধে রিপোর্ট এলে, তার ব্যবস্থাও আছে।

শ্রীনাসিরুদ্দিন খান: এমন কোন রিপোর্ট কি এসেছে?

শ্রীসীতারাম মাহাতো: হ্যাঁ।

Shri Deo Prakash Rai: You know that illicit liquor business has become a cottage industry in the hill areas. You are also maintaining a large army from the Government. At the same time they are in the monthly pay roll of the illicit liquor distributors. So I want to ask you whether the Government is thinking of relaxing the issue of licences so far as hill areas are concerned.

শ্রীসীতারাম মাহাতো: এই ব্যাপারে আমাদের দেশের সরকারের যে নীতি তাতে অনেক জায়গায় প্রহিবিশন করার চেষ্টা হচ্ছে। কিন্তু বিভিন্ন কারণে এটাকে বন্ধ করতে পারা যায় না। কাজেই পরিস্থিতির পরিপ্রেক্ষিতে সরকারের পক্ষ থেকে এটাকে যাতে নিয়ন্ত্রিত করতে পারা যায়, সরকার সেইভাবে এটাকে গ্রহণ করেছেন। মাননীয় সদস্য যা বললেন, সেই ব্যাপারে ব্যবস্থা নেবার জন্য আমরা সরকার পক্ষ থেকে মাননীয় সদস্যকে কমিটির সঙ্গে যুক্ত করেছি যাতে তাঁর সহযোগিতায় এই সমস্ত জিনিস কম হয়।

Shri A. H. Besterwitch: The Hon'ble Minister just now said that there is corruption and they are trying their best to remove the corruption. It is unfortunate that the Minister says such a thing. I want to know whether he is aware that his department is deliberately allowing this system of illicit distribution and encouraging illegal distillation. I want a categorical answer.

Shri Sitaram Mahato: I have not yet received any such complaint or I have not come across any such thing that our department is encouraging illicit distillation.

শ্রীগঙ্গাধর প্রামাণিক: এই ইলিসিট ডিস্টিলারী ডিটেক্ট করার জন্য আপনাদের সেন্ট্রাল ডিটেকসান ডিপার্টমেন্ট আছে এবং এই সেন্ট্রাল ডিটেকসান ডিপার্টমেন্টের কাজ হচ্ছে ইলিসিট ডিস্টিলারী খুঁজে বের করা। তারা যখন ডিটেকসান করতে যায় তখন তারা লোক্যাল পুলিসের সাহায্যে ডিটেকসান করতে যায়। আমাদের এই সংবাদ যে ওই দুটো ডিপার্টমেন্টকে জানিয়ে গেলে অনেক সময় যারা ইলিসিট ডিস্টিলারী তৈরি করে তারা আগে থেকে জানতে পেরে সাবধান হন এবং ডিটেকশানে আপনারা অনেক ক্ষেত্রে সফল হন না। সেইজন্য আপনারা কি মনে করেন সেন্ট্রাল ডিটেকসান ডিপার্টমেন্টের স্পেশাল কনস্টেবলারী নিয়োগ ক'রে এই ডিটেকসান করা দরকার।

শ্রীসীতারাম মাহাতো: আমরা এ সম্পর্কে চিন্তা করছি।

কেশোরাম কটন মিলস শ্রমিকদের দাবীদাওয়া

***৪৫০।** (অনুমোদিত প্রশ্ন নং *৮৭৯।) **শ্রীমনোরঞ্জন হালদার:** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কেশোরাম কটন মিলস-এর শ্রমিকদের দাবীদাওয়া সম্পর্কে সরকারের নিকট কোন আবেদন এসেছে কি না;

(খ) এসে থাকলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করেছেন;

(গ) উক্ত মিলের শ্রমিকদের উপর ৭ই ফেব্রুয়ারী, ১৯৭৩ তারিখে উক্ত কারখানার ম্যানেজার গুলি চালিয়েছিলেন কি; এবং

(ঘ) চালিয়ে থাকলে, তাহার কারণ কি ও এ বিষয়ে সরকার কি ব্যবস্থা নিয়েছেন?

সুন্দরবন এলাকার উন্নয়নে উপদেষ্টা কমিটি

***৪৫১।** (অনুমোদিত প্রশ্ন নং *১৮৫।) **শ্রীপরেশচন্দ্র বৈদ্য:** উন্নয়ন এবং পরিকল্পনা (সুন্দরবন অঞ্চল শাখা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোন্ কোন্ বিধানসভা কেন্দ্র লইয়া সুন্দরবন এলাকা ধরা হয়;

(খ) সুন্দরবন এলাকার উন্নতির জন্য কোন উপদেষ্টা কমিটি গঠন করার কোন পরিকল্পনা আছে কি না ও থাকিলে, কবে নাগাদ তাহা গঠিত হইবে; এবং

(গ) উক্ত এলাকার উন্নতির জন্য কৃষি ও সেচ সম্বন্ধে বর্তমান বৎসরের জন্য কি কি পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে?

(Questions Nos. 450 and 451 were not called.)

রোলার ফ্লাওয়ার মিলের লাইসেন্স

***৪৫২।** (অনুমোদিত প্রশ্ন নং *১৮৯।) **ডাঃ রমেন্দ্রনাথ দত্ত:** খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ক্ষুদ্রশিল্প হিসাবে খাদ্য দপ্তর থেকে রোলার ফ্লাওয়ার মিলের লাইসেন্স কি পশ্চিম বাংলায় দেওয়া হইয়াছে;

(খ) হইয়া থাকিলে, এইরূপ কয়টা লাইসেন্স ৩১শে জানুয়ারী, ১৯৭৩ পর্যন্ত দেওয়া হইয়াছে এবং

(গ) ঐ লাইসেন্স প্রাপ্তদের মধ্যে কতজন বাঙ্গালী?

শ্রীকাশীকান্ত মৈত্র: (ক) ক্ষুদ্রশিল্প হিসাবে পশ্চিমবাংলায় কোন ময়দাকলকে লাইসেন্স দেওয়া হয় নাই। তবে এই রাজ্যে এই প্রথম ৭টি ময়দাকলের লাইসেন্স মঞ্জুর করা হয়েছে। এই কলগুলি বৃহৎ শিল্পের আওতায় আসে না।

(খ) এবং (গ) এই প্রশ্ন উঠে না।

[1-20—1-30 p.m.]

ডাঃ রমেন্দ্রনাথ দত্ত: আনন্দবাজার কাগজে খবর বেরিয়েছিল এখানে যেসব লাইসেন্স দেওয়া হয়েছিল সেইসব লাইসেন্স রাজস্থানের লোক অর্থাৎ মাড়ওয়ারীরা না পেয়ে তারা দিল্লীতে দরবার করে সেখান থেকে লাইসেন্স নিয়ে এসেছে—একথা কি সত্য? এবং যদি এনে থাকে কটা এনেছে?

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আনন্দবাজার পত্রিকায় এই ধরনের একটা রিপোর্ট অবশ্য বেরিয়েছিল এবং আমি স্বীকার করছি রিপোর্ট-এর মধ্যে যথেষ্ট সত্যতা ছিল। তবে এই রাজ্যে সাতটি লাইসেন্স দেওয়ার পরে কিছু কিছু বৃহৎ শিল্পগোষ্ঠীর লোক লাইসেন্স না পেয়ে বৃহৎ শিল্পের আওতায় লাইসেন্স পাওয়ার জন্য তদবির করেন এবং আমাদের কাছে খবর এসেছে এই রকম কিছু কিছু লাইসেন্স নাকি কেন্দ্রীয় সরকারের ভারপ্রাপ্ত দপ্তর থেকে মঞ্জুর করা হয়েছে।

ডাঃ রমেন্দ্রনাথ দত্ত ঃ আপনারা যে লাইসেন্স দিয়েছেন তার ডেইলি ক্যাপাসিটি আর বিগ লাইসেন্সিদের ক্যাপাসিটি কত?

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ যেগুলো আমরা দিয়েছি তার দৈনিক ক্রাশিং ক্যাপাসিটি হচ্ছে ৩০ টন অর্থাৎ পেষাই করার ক্ষমতা। এই নূতন সরকার আসার পর আমরা এটা করেছি, আগে এটা ছিল না, আর বৃহৎ শিল্পের আওতায় যারা অনুমোদন পেয়েছে সেগুলো শুনেছি ৬০ টন কোন কোন ক্ষেত্রে একশো টন পেশাই ক্ষমতা সম্পন্ন। যেখানে ৩০ টন দৈনিক উৎপাদন ক্ষমতা আমরা যেগুলো দিয়েছি সেখানে কেন্দ্রীয় সরকারের ভারপ্রাপ্ত দপ্তরে দেওয়া মিলগুলোর ক্ষমতা কোন কোন ক্ষেত্রে একশো টন পর্যন্ত।

শ্রীরমেন্দ্রনাথ দত্ত ঃ এই যে এক একটা মিল করা হয়েছে তাতে কয়টি করে বেকার ছেলে চাকুরি পাবে এটা কি আপনি বলতে পারেন?

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে স্মল সেক্টর-এর ফ্লাওয়ার মিল হবে তাতে এমপ্লয়মেন্ট পোটেনসিয়াল খুব একটা বেশী হবে না। আমি অনুসন্ধান ক'রে জেনেছি প্রায় ৪০/৫০ জন কর্মী এক একটি মিলে কাজ পেতে পারেন। তবে এখানে ইনডিরেক্ট এমপ্লয়-মেন্ট এরও সুযোগ আছে, যেমন ময়দা আটার ব্যবসা ইত্যাদি এবং সেল্‌ফ এমপ্লয়মেন্ট-এর সুযোগ এই ফ্লাওয়ার মিলগুলিতে আছে।

শ্রীরমেন্দ্রনাথ দত্ত ঃ আপনি কি আরও লাইসেন্স দেবেন—এই রকম লাইসেন্স দেবার পরিকল্পনা কি আছে?

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের খুবই ইচ্ছা আছে যে, এই রাজ্যে শিল্প গ'ড়ে তোলা প্রয়োজন এবং আমাদের ক্ষুদ্র শিল্প দপ্তর তার জন্য চেষ্টা করছেন। আমরা কেন্দ্রের সঙ্গে আলোচনা করেছি। ভারপ্রাপ্ত মন্ত্রক বলেছেন আর যাতে এখানে ছোট ময়দার কলের লাইসেন্স না দেওয়া হয় এটা আমি অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি।

শ্রীরমেন্দ্রনাথ দত্ত ঃ এই যে বিগ লাইসেন্স দিয়ে দিলেন সেন্ট্রাল গভর্ণমেন্ট এ ব্যাপারে আপনাদের সঙ্গে কনসাল্ট করে নি তারা নিজেরাই রেকমেন্ড ক'রে দিল?

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ আমাদের খাদ্য বিভাগের অনুমতি নেওয়া হয় নি। যারা এখানে লাইসেন্স পায় নি তারা ফ্রাসট্রেটেড হয়েছে লাইসেন্স না পাবার দরুন। এখানে যে স্ক্রিনিং কমিটি আছে তারা রেকমেন্ড করে নি বড় বড় পুঁজিপতিদের। ঐ স্ক্রিনিং কমিটিতে যাঁরা আছেন তাঁরা ৭টি ছোট ময়দা কলের লাইসেন্স দেবার ব্যাপারে ইউন্যানিমাস রেকমেন্ডেসন করেছিলেন। তাই যারা এখান থেকে লাইসেন্স পান নি তাদেরই কেউ কেউ দিল্লীতে দরবার ক'রে লাইসেন্স পেয়েছে। আমাদের না জানিয়েই করেছে। এর জন্য তৎকালীন এই বিভাগীয় মিনিস্টার মিঃ সুব্রাহ্মনিয়ামের কাছে চিঠি লিখেছিলাম যে, রাজ্যসরকারের অনুমতি না নিয়ে এই লাইসেন্স কেন দেওয়া হ'ল?

These small roller flour mills will be squeezed out of existence in competition with the organised large sector flour mills should such mills are at all allowed to operate.

এটা অযৌক্তিক, এবং করা উচিত নয়। আমরা কেন্দ্রীয় সরকারের কাছে জানিয়েছি এই ধরনের

বড় ময়দার কলের লাইসেন্স যাতে না দেওয়া হয়। তার পর তারা অনুরোধ করেছেন আমরা যাতে আর ছোট ময়দার কলের লাইসেন্স না দিই। আমরা দেবো কিনা সে সম্বন্ধে আমি মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করবো, জয়নালবাবুর সঙ্গে আলোচনা করবো যে, বেকার যুবকদের কর্মসংস্থানের ব্যবস্থা করা যাবে কি না যেসব জেলায় লাইসেন্স দেওয়া হয় নি সেইসব জেলায় নূতন লাইসেন্স দিয়ে।

শ্রীরমেন্দ্রনাথ দত্তঃ যারা বিগ লাইসেন্স পেয়েছে তারা যাতে স্টার্ট করতে না পারে—সেগুলি বন্ধ ক'রে দেবার চেষ্টা করছেন কি না?

শ্রীকাশীকান্ত মৈত্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যে প্রশ্ন করেছেন এটা খুবই জটিল। ব্যাপার হচ্ছে আমাদের অনুমতি না নিয়েই দিল্লী থেকে লাইসেন্স নিয়ে এসেছে কয়েকজন বড় ব্যবসাদার। আমি এই দপ্তরের অফিসারদের সঙ্গে আলোচনা ক'রে জানিয়ে দিয়েছি যারা আমাদের বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে বৃহৎ শিল্পের লাইসেন্স অর্ডার ক'রে নিয়েছে তাদের আমরা হুইট কলের ব্যাপারে এরাজ্যে রিজিওনাল ইমব্যালেন্স রয়েছে। অধিকাংশই কলকাতার আশেপাশে অবস্থিত।

শ্রীগঙ্গাধর প্রামাণিকঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যারা অনুমতি না নিয়ে করেছে এখান থেকে রিজেক্ট হবার পর দিল্লীতে গিয়ে করেছে, এই অবস্থায় যারা এইভাবে লাইসেন্স নিয়েছে তাদের কারবার বন্ধ, মিল বন্ধ ক'রে দেবার জন্য পুরোপুরি ব্যবস্থা নেবেন কি না?

শ্রীকাশীকান্ত মৈত্রঃ আমরা লাইসেন্স দেবার ব্যাপারে চারজন সদস্য বিশিষ্ট স্ক্রীনিং কমিটি গঠন করেছি তাতে একজন বিশেষজ্ঞও আছেন। অন্যান্য ডিপার্টমেন্টাল প্রথম শ্রেণীর উচ্চ-পদাধিকারী ক্লাস ওয়ান গেজেটেড অফিসার আছেন। তাঁদের ইউন্যানিমাস রেকমেন্ডেসন এবং প্রত্যেক ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের রেকমেন্ডেসন নিয়েই ৭টি লাইসেন্স দেওয়া হয়েছে। আমাদের না জানিয়ে যারা লাইসেন্স নিয়ে করেছে তাদের সম্বন্ধে একটা কথা বলি, এই যে ইন্ডাস্ট্রিজ রেগুলেসন অ্যাক্ট -এটা কেন্দ্রীয় আইন -সেই আওতায় বিগ ইন্ডাস্ট্রিগুলি পড়ে, রাজ্যসরকারের ক্ষমতা নাই। এই ইন্ডাস্ট্রি রেগুলেসন অ্যাক্ট আমাদের আওতায় পড়ে না। সেইজন্য রাজ্যসরকারের খাদ্য দপ্তর এই রাজ্য সম্পর্কে এখানকার কর্মসংস্থান বাড়াবার জন্য একটা সিদ্ধান্ত আমরা নিয়েছি যে, আমাদের অনুমতি না নিয়ে দিল্লী থেকে যে লোক লাইসেন্স নিয়ে এসেছে পশ্চিমবঙ্গ সরকার এবং তার ফুড ডিপার্টমেন্ট যদি তাদের হুইট লাইসেন্স না দেয়, তা হ'লে তারা কি ক'রে ব্যবসা করবেন? করতেই পারবেন না।

[1-30—1-40 p.m.]

আমি পরিষ্কারভাবে জানিয়ে দিতে চাই রাজ্যসরকারকে উপেক্ষা ক'রে এবং বৃহৎ শিল্পের এক শ্রেণীর লোক যারা সরকারের সঙ্গে সহযোগিতা করবে না তাদের সম্বন্ধে পশ্চিমবঙ্গ সরকার দৃঢ় মনোভাব নিশ্চয়ই নেবেন।

শ্রীগঙ্গাধর প্রামাণিকঃ স্টেট গভর্নমেন্ট-এর রেকমেন্ডেসন ছাড়া কোন বৃহৎ লাইসেন্সের স্যাংসন সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে হয় না। আই থিংক ইট ইজ দি ওনলি ডিভিয়েসন।

(নো রিপ্লাই)

শ্রীকানাই ভৌমিকঃ যারা কেন্দ্রীয় সরকার থেকে লাইসেন্স নিচ্ছেন তাদের নাম কি বলতে পারেন?

শ্রীকাশীকান্ত মৈত্রঃ আমি বলেছি কয়েকজন নিয়েছে। আমি এই ব্যাপারে এখন প্রিপেয়ার্ড নই, আপনারা যদি পরে কোশ্চেন করে নোটিস দেন তা হ'লে পরে আমি নিশ্চয়ই উত্তর দেব।

শ্রীকানাই ভৌমিকঃ কেন্দ্রীয় সরকারের মন্ত্রী বলেছেন যে, আপনারা আর এখানে ক্ষুদ্র শিল্পকে লাইসেন্স দেবেন না। আমার প্রশ্ন হচ্ছে রাজ্যসরকার তাঁদের ইনস্ট্রাকসন মেনে না দেবার সিদ্ধান্তই কি করছেন?

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ আমরা এখানে অনেক রোলিং ফ্লাওয়ার মিলের লাইসেন্স দিতে পারি, কিন্তু যদি গমের সরবরাহ করতে না পারি, তা হ'লে ফ্লাওয়ার মিল ক'রে কোন লাভ নেই। এখানে ২৭টি ময়দা কল রয়েছে বিগ সেক্টারে যেখানে কারুর ক্যাপাসিটি ৮০ টন, কারুর ক্যাপাসিটি ১০০ টন। আমি আপনাদের জানাচ্ছি, ভারতবর্ষের প্রধানমন্ত্রী পশ্চিমবাংলায় এই যে ইন্ডাস্ট্রিয়াল স্ল্যাগিসনেস্ এর হাত থেকে বাঁচাবার জন্য নির্দেশ দিয়েছিলেন বিভিন্ন দপ্তরে এই রাজ্যে সম্প্রসারণ করা হোক। আমরা কেন্দ্রীয় সরকারের অনুমতি নিয়ে লাইসেন্স দেবার ব্যবস্থা করি। আমাদের বাধা দিলে আমাদের ক্ষুদ্র শিল্প মারা পড়বে। কেন্দ্রীয় সরকারের গম দেবার উপর নির্ভর করতে হয় আমাদের। আমরা বলেছি আমাদের না জানিয়ে দিল্লী থেকে ইন্ডাস্ট্রিয়ালিস্টদের লাইসেন্স দেবেন না। আমরা যদি ছোট ছোট শিল্প বিভিন্ন জেলায় ছড়িয়ে দিতে পারি, তা হ'লে আমাদের সুবিধা হবে। এই যে রোলিং ফ্লাওয়ার মিলগুলো রয়েছে এগুলো কোলকাতার আশেপাশে রয়েছে। আমরা ৭টি রোলিং মিলের লাইসেন্স দিয়েছি। কেন্দ্রীয় সরকার দৃষ্টি-ভঙ্গি রেখেছেন ডিসেন্ট্রালাইজ করার। আমরাও পুরুলিয়া, বাঁকুড়া, শিলিগুড়ি, বহরমপুর, নদীয়া, বীরভূম প্রভৃতি জেলায় লাইসেন্স দিয়েছি। আমাদের ইচ্ছা ছিল আরও কিছু করব যদি গমের সরবরাহ বাড়ে। কিন্তু কেন্দ্রীয় সরকারের মন্ত্রী বলেছেন, আপনারা আর লাইসেন্স দেবেন না, আমরাও লার্জ সেক্টরে লাইসেন্স দেব না। আমরা এই বিষয় নিয়ে পরে আলোচনা করব। আপনারা যদি মনে করেন আরও করবার প্রয়োজন আছে তা হ'লে আমরা কেন্দ্রীয় সরকারকে বলব আরও লাইসেন্স দেওয়া হোক।

শ্রীনাসিরুদ্দিন খান ঃ মন্ত্রিমহাশয় যে বললেন সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে পার্মিসন নিয়েছে তার সংখ্যা কত?

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ আমার কাছে যে খবর আছে তাতে দেখছি প্রায় ৩/৪টি হবে। আমি পরে ডিটেলস দেব, হাউসে স্টেটমেন্ট করব নোটিস দেবেন প্রশ্ন ক'রে। আমি শুনেছি উত্তরবঙ্গে একজন বড় প্রভাবশালী ব্যবসায়ী লাইসেন্স পেয়েছেন বড় ময়দার কলের। এবং এদিকে বোধ হয় ১/২টি এসেছে ৬০ টন ক্যাপাসিটির লাইসেন্স পেয়েছে।

শ্রীনাসিরুদ্দিন খান ঃ ৭টি জেলাতে রাজ্যসরকারের তরফ থেকে দেওয়া হয়েছে বললেন। আমার প্রশ্ন হ'ল বাকী যে জেলাগুলো রইল সেখানেও ২/১টি দেবার পরিকল্পনা আছে কি?

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ আমি ব্যক্তিগতভাবে চাইছি প্রত্যেকটি জেলাতে একটি ক'রে দিতে। ওয়েস্ট দিনাজপুরে দেওয়া হয়েছে সেখানে গমের উৎপাদন ভাল হয়েছে। আমাদের দেবার ইচ্ছা আছে, কিন্তু কেন্দ্রীয় সরকার থেকে এই চিঠি পাবার পর আমরা অসুবিধায় পড়েছি। এবারে মুখ্যমন্ত্রীর সঙ্গে পরামর্শ ক'রে দিল্লী গিয়ে আলোচনা করব যাতে আরও কয়েকটি জেলায় দিতে পারি।

শ্রীনাসিরুদ্দিন খাঁন ঃ রাজ্যসরকার থেকে ৭ জনকে ৭টি জেলায় দেওয়া হয়েছে, এদেরকে যে গমের কোটা আপনারা দিচ্ছেন, এই কোটা কি সব জায়গায় সমানভাবে দিয়েছেন?

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ এখন শুধু বহরমপুর, নদীয়া এই দুটি জায়গায় কনস্ট্রাকসনের কাজ শুরু হয় নি। বাকি ৫টি জেলায় তাদের কনস্ট্রাকসনের কাজ শুরু হয়েছে। সুতরাং এই কনস্ট্রাকসনের কাজ কমপ্লিট হয়ে গেলে তাদের হুইট লাইসেন্স দেব। কিন্তু এটা সুনিশ্চিত যে ৭টি জেলায় লাইসেন্স দেওয়া হয়েছে এই ৭টি জেলার প্রত্যেককেই হুইট লাইসেন্স পাবেন সে বিষয়ে কোন সন্দেহ নেই এবং এই ব্যাপারে আমরা চেষ্টা করেছিলাম যে, মেদিনীপুর জেলাতেও একটা শুরু করা হোক। কিন্তু এই চিঠি পাবার পরে আটকে গেছে। এর পরে মুখ্যমন্ত্রী নিজেই নেতৃত্ব দেবেন।

(এই সময় এক সঙ্গে অনেক মাননীয় সদস্য উঠে বলতে থাকেন।)

Mr. Speaker: Honourable Members, I draw you kind attention to the fact that you have taken about 15 minutes on this particular question. If this sort of co-operation I get from you, what can I do? There are other

important questions too. On this particular question, enough information and clear elucidation have been given. Even then you insist upon more supplementaries. In July, 1969, it was finally decided that approximately 5 minutes should be allowed to each question, but here, almost 15 minutes time has been taken, even then, you are not satisfied. Honourable Members, if one question goes on like this, I have no objection, but you will lose your own privilege.

শ্রীনাসিরুদ্দিন খান: যে লাইসেন্স আপনারা দিচ্ছেন সেই লাইসেন্স-এ আপনারা তাদের মেশিনের ক্যাপাসিটিও কি বেঁধে দিচ্ছেন যে তোমাদের গম ভাঙানোর এই ক্যাপাসিটি হবে ?

শ্রীকাশীকান্ত মৈত্র: দৈনিক ৩০ টন ক'রে ভাঙাতে পারবে এটাই ফিক্সড হয়েছে।

শ্রীআবদুল বারি বিশ্বাস: এই বিধানসভায় যে বিষয়টি নিয়ে এত আলোচনা হচ্ছে, এত প্রশ্নোত্তর হচ্ছে, কাউন্টার প্রশ্ন হচ্ছে, এ বিষয়ে যে বিধানসভার সদস্যরা সন্তুষ্ট নন কেন্দ্রীয় সরকারের কার্যকলাপের জন্য এবং এই বিষয়ে হাউসের যে মনোভাব সেটা নিয়ে আপনি কি কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করবেন যে, এই লাইসেন্স বাতিল করা হোক ?

শ্রীকাশীকান্ত মৈত্র: মাননীয় সদস্য শ্রীবিশ্বাস যে প্রশ্নটি এখুনি তুললেন সে বিষয়ে আমি তাঁকে বলছি যে, এই ব্যাপারে ব্যক্তিগতভাবে আমার ডিপার্টমেন্টের ভিউজ জানিয়েছি। আমি এর পরে কেন্দ্রীয় খাদ্যমন্ত্রীকে জানাবো যে, বিধানসভার সদস্যরা চান এই রাজ্যে যেভাবে ক্ষুদ্র শিল্পকে লাইসেন্স দেওয়া হচ্ছে সেটা চলা উচিত, অবশ্য সেটা গম সরবরাহের উপর নির্ভর করবে এবং লার্জ সেকসানকে আমাদের অনুমতি না নিয়ে এই ধরনের ময়দা কলের লাইসেন্স যেন না দেওয়া হয় এবং এইভাবে যদি দেওয়া হয়, তা হ'লে ক্ষুদ্র শিল্প মার খেয়ে যাবে।

শ্রীরমেন্দ্রনাথ দত্ত: যেগুলি দিয়েছে সেগুলিকে বাতিল করতে বলবেন কি না, সেটা জানাবেন?

শ্রীকাশীকান্ত মৈত্র: মাননীয় সদস্যরা বিচার ক'রে দেখবেন আমি বলেছি যে, যদি তারা এখানে কল বসান এবং আমরা যদি তাদের হুইট লাইসেন্স না দিই, তা হ'লে কল বসিয়ে তাদের লাভ কি হবে ? আমাদের উপেক্ষা ক'রে চলার জন্য আমরা তাদের হুইট লাইসেন্স দেব না।

Mr. Speaker: Hon'ble Members, I am sorry, henceforth I will insist that not more than five minutes are allowed to any particular question.

বাঁকুড়া জেলায় কেন্দুপাতা হইতে আদায়কৃত রাজস্ব

*৪৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *৬০১।) **শ্রীকাশীনাথ মিশ্র:** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় কেন্দুপাতা হইতে আদায়কৃত (১৯৭২-৭৩ সালের জানুয়ারী পর্যন্ত) রেভিনিউ-এর পরিমাণ কত; এবং

(খ) ১৯৬৮-৬৯ ও ১৯৬৯-৭০ সালে বাঁকুড়া জেলায় কেন্দুপাতা বাবত আদায়ীকৃত রেভিনিউ-এর পরিমাণ কত ছিল ?

[1-40—1-50 p.m.]

শ্রীসীতারাম মাহাতো: (ক) ৫,৮৫,৪৫০ টাকা।

(খ) ১৯৬৮-৬৯ ৭৬,১৯৬·০০ টাকা এবং ১৯৬৯-৭০ ২,২০,৬৮২·০০ টাকা।

শ্রীকাশীনাথ মিশ্র: কত একর বনভূমি থেকে এই টাকা সংগ্রহ করেছেন?

শ্রীসীতারাম মাহাতো: সেটা এখন বলা সম্ভব নয়। তবে বাঁকুড়া জেলার যেখানে যেখানে কেন্দুপাতা পাওয়া যায় সেই সমস্ত জায়গায় টোট্যাল ইনকাম তিন বছরের দেওয়া হয়েছে।

শ্রীকাশীনাথ মিশ্র: বাঁকুড়া জেলার কোন্ রেঞ্জ থেকে সবচেয়ে বেশি এবং কোন্ রেঞ্জ থেকে সবচেয়ে কম রেভিনিউ আদায় হয়েছে জানাবেন কি?

শ্রীসীতারাম মাহাতো: নোটিস চাই।

শ্রীকাশীনাথ মিশ্র: কেন্দুপাতার অধিক উৎপাদনের জন্য সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করেছেন এবং এর জন্য কত টাকা বরাদ্দ করেছেন মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীসীতারাম মাহাতো: কেন্দুপাতা নতুন ক'রে বাড়াবার জন্য সরকার পক্ষ থেকে কোন রকম পরিকল্পনা নেওয়া হয় নি। যে সমস্ত কন্ট্রাক্টাররা আছেন তাঁরা নিজেদের প্রচেষ্টায় বাড়াবার জন্য চেষ্টা করেন। সরকার পক্ষ থেকে এজন্য টাকা বরাদ্দ করে পরিকল্পনা করা হয় নি।

শ্রীকাশীনাথ মিশ্র: যেখানে সরকার রেভিনিউ পাচ্ছেন সেখানে সেটা কন্ট্রাক্টরদের উপর ছেড়ে দেবার ফলে তারা বনগুলি তছনছ করছে, এদিকে সরকার দৃষ্টি দেবেন কি?

শ্রীসীতারাম মাহাতো: মাননীয় সদস্য যদি সে রকম পার্টিকুলার অভিযোগ করেন, তা হ'লে নিশ্চয় ব্যবস্থা করবো।

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, কন্ট্রাক্টরদের উপর ছেড়ে দেওয়া হয়েছে, সরকার থেকে কোন রকম ব্যবস্থা করা হয় নি। আমরা যেখানে লোকের উপর ট্যাক্স ক'রে টাকা তুলছি সেখানে যে জায়গা থেকে রেভিনিউ পাওয়া যাচ্ছে সেখানে সেটা বাড়াবার জন্য সরকার চেষ্টা করবেন কি?

Mr. Speaker: Mr. Misra, you must put your question precisely. If you make comments and statement, no reply will be forthcoming.

শ্রীসীতারাম মাহাতো: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যে কথা বললেন যে কন্ট্রাক্টরদের উপর ছেড়ে দেওয়া হয়েছে সেটা ঠিক নয়। আসল ব্যাপার হচ্ছে, ফরেস্ট ডিপার্টমেন্ট থেকে কেন্দুপাতা যেখানে হয়--একটা জঙ্গল যখন নষ্ট হয়ে যায় তখন সেখান থেকে কেন্দুপাতা পাওয়া যায়, কেন্দুপাতা চাষের ব্যবস্থার দরকার হয় না। জঙ্গল নষ্ট হয়ে গেলে আপনা থেকেই কেন্দুপাতা পাওয়া যায়। কাজেই জঙ্গল নষ্ট হবার যে পরিণতি সেটা হচ্ছে কেন্দুপাতার লক্ষণ।

শ্রীসরোজ রায়: মন্ত্রিমহাশয় যে জবাব দিলেন তাতে এটা দেখা গেল যে রেভিনিউটা স্টাটিক হয়ে নেই বরং বাড়ছে, কেন্দুপাতা থেকে ইনকাম আমাদের হচ্ছে। বাঁকুড়াতেই এই কেন্দুপাতা পাওয়া যায় না, সারা পশ্চিম বাংলার বিভিন্ন অঞ্চলে এই কেন্দুপাতা পাওয়া যায়। তা ছাড়া মন্ত্রিমহাশয় যা বললেন তাতে জানা গেল কন্ট্রাক্টররা বা প্রাইভেট বিজনেসম্যানরা এগুলি কন্ট্রোল করেন। আমার প্রশ্ন, কেন্দুপাতা থেকে আয় বাড়ানোর জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা ও উড়িষ্যা সরকার যেমন ন্যাশনালাইজ করেছেন সেই রকম চিন্তা আছে কিনা?

শ্রীসীতারাম মাহাতো: সে রকম চিন্তা করছি। উড়িষ্যা সম্পর্কে যা বললেন আমরা সেই রকম চিন্তা করছি।

শ্রীনাসিরুদ্দিন খান: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই রেভিনিউ আদায়ের ব্যাপারে ইয়ারলি কোন ব্যক্তিকে কন্ট্রাক্ট দেওয়া হয়, না, অকসান ক'রে একটা কম্প্যাক্ট এরিয়া দেওয়া হয় অথবা নিজেদের তত্ত্বাবধানে কেন্দুপাতা বিক্রি ক'রে এই রেভিনিউ আদায় করা হয়, কোনটা করা হয়?

শ্রীসীতারাম মাহাতো: একটা এরিয়া ঠিক করা থাকে। সেই এরিয়ার সরকার দাম ঠিক ক'রে দেন এরিয়া অনুসারে। সেটা কিন্তু পাতা সংগ্রহের পরে নয়। তারপর হয় বিট না হয় রেঞ্জ এইভাবে ঠিক করা হয়। সরকার দাম ঠিক ক'রে দিলে সেই হিসাবে অকসান হয়।

চিত্তরঞ্জন সেবাসদন ও চিত্তরঞ্জন ক্যান্সার হাসপাতালের ট্রাষ্টী বোর্ড

*৪৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *৬৩৬।) **শ্রীনরেশচন্দ্র চাকী:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চিত্তরঞ্জন সেবাসদন এবং চিত্তরঞ্জন ক্যান্সার হাসপাতালের ট্রাস্টী বোর্ডের বর্তমান সদস্য কে কে;

(খ) এই ট্রাস্টী বোর্ডের ম্যানেজমেন্টের বিরুদ্ধে কোন অভিযোগ সরকার পাইয়াছেন কি না;

(গ) পাইয়া থাকিলে, কবে পাইয়াছেন ও এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন; এবং

(ঘ) এই হাসপাতালটিকে সরকারী নিয়ন্ত্রণে আনার কোন পরিকল্পনা আছে কি?

শ্রীঅজিতকুমার পাঁজা: (ক) ট্রাস্টী বোর্ড-এর বর্তমান সদস্য:

(১) মাননীয় বিচারপতি শ্রী এন সি তালুকদার—সভাপতি।

(২) ডাঃ এ কে সেন।

(৩) শ্রী পি সি সেন।

(৪) শ্রীনরনারায়ণ গুপ্ত।

(৫) শ্রীজ্যোতির্ময় বসু।

(৬) শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ।

(৭) শ্রীমতী স্বরূপা দাস।

(খ) এবং (গ) নির্দিষ্ট কোন অভিযোগ পাওয়া যায় নাই।

(ঘ) বিষয়টি বিবেচনাধীন আছে।

শ্রীনরেশচন্দ্র চাকী: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এই হাসপাতাল ম্যানেজমেন্ট-এর জন্য পশ্চিমবঙ্গ সরকার এবং কেন্দ্রীয় সরকার কত টাকা ক'রে বাৎসরিক অনুদান বা সাহায্য দিয়ে থাকেন?

শ্রীঅজিতকুমার পাঁজা: চিত্তরঞ্জনের জন্য ৮ লক্ষ ২৫ হাজার টাকা এবং চিত্তরঞ্জন ক্যানসার রিসার্চ সেন্টারের জন্য প্রায় ৬॥ লক্ষ টাকা অনুদান দেওয়া হয়।

শ্রীনরেশচন্দ্র চাকী: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, কেন্দ্রীয় সরকার কত অনুদান দেন?

শ্রীঅজিতকুমার পাঁজা: কেন্দ্রীয় সরকার অনুদান দেন না, ১ শতটি বেড রিসার্চ করার জন্য, যাতে রিসার্চ সেন্টার হয় তাঁরা রাজি আছেন ব'লে প্রস্তাব পাঠিয়েছেন এবং সেটা বিবেচনা করছি।

শ্রীনরেশচন্দ্র চাকী: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, পূর্ব ভারতে এই হাসপাতাল অন্যতম প্রধান রিসার্চ সেন্টার হিসাবে পরিগণিত হয়েছে, কেন্দ্রীয় সরকার কি সেইভাবে দৃষ্টি দেবার চেষ্টা করছেন?

শ্রীঅজিতকুমার পাঁজা: সেইভাবে যাতে করা যায় আমরা তার জন্য চেষ্টা করছি।

ডাঃ এ এম ও গনি: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন ডাঃ এ কে সেন যিনি ঐ কমিটির সদস্য তিনি কি অনুরোধ জানিয়েছেন সরকারী নিয়ন্ত্রণের জন্য?

শ্রীঅজিতকুমার পাঁজা: তিনি নিজে কোন অনুরোধ জানান নি। তবে এই বছরের ৩০শে জানুয়ারি আমার কাছে একটা চিঠি এমপ্লয়িস ইউনিয়ন-এর পক্ষ থেকে দিয়েছে তাতে তারা ওখানে অব্যবস্থা হচ্ছে ব'লে জেনারেল এলিগেশান করেছে। এবং তাতে তারা বলেছেন, সরকারী নিয়ন্ত্রণে তাড়াতাড়ি আনা হোক।

ডঃ এ এম ও গনি: আপনি যেটা ইউনিয়ন বলেছেন বলে বললেন আমি সেটা বলছি না। আমার প্রশ্ন হচ্ছে, ডাঃ এ কে সেন আপনার কাছে কোন অনুরোধ করেছেন কিনা, কারণ এটা খবরের কাগজে বেরিয়েছে, কাজেই এটা জানাবেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজা: আমার কাছে বা স্বাস্থ্য দপ্তরে উনি কোন অনুরোধ করেন নি।

ডঃ এ এম ও গনি: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন ওখানে যেসব দোষ-ত্রুটি রয়েছে সেগুলির জন্য কোন তদন্ত কমিটি করবার পরিকল্পনা আছে কি?

শ্রীঅজিতকুমার পাঁজা: আমি তো বলেছি যে এমপ্লয়িদের কাছ থেকে একটা পিটিশান পেয়েছি তাতে জেনারেল এলিগেশান রয়েছে, কোন নির্দিষ্ট অভিযোগ নেই। কাজেই তদন্ত করা সম্ভব নয়।

শ্রীনাসিরুদ্দিন খান: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই চিত্তরঞ্জন ক্যান্সার হাসপাতালে মোট রুগীর শয্যাসংখ্যা কত এবং ফ্রি বেড কত আর পেয়িং বেড কত?

শ্রীঅজিতকুমার পাঁজা: পুরো বলতে পারবো না, তবে চিত্তরঞ্জন ক্যান্সার হাসপাতালে ১২৪টি এবং চিত্তরঞ্জন সেবাসদনে ৩২৪টি শয্যা আছে।

শ্রীনাসিরুদ্দিন খান: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এগুলি সবই কি ফ্রি বেড না পেয়িং বেডও আছে?

শ্রীঅজিতকুমার পাঁজা: সেটা নোটিস না দিলে বলতে পারছি না।

গ্রামের "ক" শ্রেণীভুক্ত মানুষদের জন্য "স্ট্যাটুটরি রেশনিং"

*৪৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *৭৬৯।) **ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায়:** খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রামাঞ্চলের গরীব ("ক" শ্রেণীভুক্ত) মানুষদের জন্য "স্ট্যাটুটরি রেশনিং" চালু করার কোন পরিকল্পনা সরকারের আছে কি না;

(খ) সরকার কি অবগত আছেন যে, বর্তমানে (১) "এম আর সপ" মারফৎ এক কণা চালও গ্রামের মানুষদের দেওয়া হয় না, (২) "ফাস্ট কাম্ ফাস্ট সার্ভ" নির্দেশ অনুযায়ী গ্রামের গরীব মানুষেরা রেশনের সুযোগ হইতে সম্পূর্ণ বঞ্চিত হয়; এবং

(গ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

(Held over.)

Mr. Speaker: I call upon Shri Abdul Bari Biswas to put this question.

রাণীগঞ্জ কয়লাখনি অঞ্চলে জলসরবরাহ স্কীম

*৪৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *৭১৪।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়:** স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাণীগঞ্জ কয়লাখনি জলসরবরাহ সংস্থার কাজ বর্তমানে কি অবস্থায় আছে; এবং

(খ) উক্ত এলাকায় উক্ত স্কীমে জলসরবরাহের কাজ কবে নাগাদ শুরু হইবে?

শ্রীঅজিতকুমার পাঁজা: (ক) কাজ অনেক দূর এগিয়েছে এবং বাকি কাজ চলছে।

(খ) দেনদুয়া ব্লকে পুরো ও রূপানারায়ণপুর ব্লকের কিছু অংশে জল দেওয়া ইতিমধ্যেই শুরু হয়েছে। অন্যান্য ব্লকগুলিতে জল দেওয়ার জন্য চেষ্টা চলছে। আশা করা যায় আগামী ৬ মাসের মধ্যে বেশ কিছু ব্লকে জল সরবরাহ করা যাবে।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এখন পর্যন্ত এই প্রকল্পের দ্বারা কতটা গ্রাম এবং উপনগরীর জলসরবরাহ করা সম্ভব হয়েছে?

শ্রীঅজিতকুমার পাঁজা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ডিটেলসটা প'ড়ে দিচ্ছি খুব বেশী বড় নয়। রানীগঞ্জ কয়লা খনি অঞ্চল প্রকল্প নামে একটা প্রকল্প হয়েছে, তার আওতায় ২১২টি কোলিয়ারী, ৩৯০টি গ্রাম এবং ১৭টি শহরাঞ্চল রয়েছে। এর মধ্যে শুধু দেনদুয়া ব্লকে এবং রূপনারায়ণপুরের কিছু অংশে জল সরবরাহ করা হচ্ছে।

[1-50—2-00 p.m.]

শ্রীআবদুল বারি বিশ্বাস: আমি ক্যাটিগোরিক্যালি জানতে চেয়েছি যে, এখন পর্যন্ত কতগুলি গ্রাম এবং উপনগরে জল সরবরাহ করা সম্ভব হয়েছে?

শ্রীঅজিতকুমার পাঁজা: আমি ব্লক হিসাবে ব'লে দিয়েছি, ডিটেল জানতে গেলে নোটিস লাগবে।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে এই পরিকল্পনার আওতায় মোট কতগুলি ব্লক, গ্রাম এবং উপনগরে জল সরবরাহ করা যাবে?

শ্রীঅজিতকুমার পাঁজা: ৩৭০ বর্গমাইল জায়গা জুড়ে, অধিবাসীদের সংখ্যা ৬ লক্ষ।

শ্রীনাসিরুদ্দিন খান: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এই পরিকল্পনার জলটা কি শোধিত জল, না এমনি টিউবওয়েলের জল?

শ্রীঅজিতকুমার পাঁজা: এটা পটেবল ড্রিংকিং ওয়াটার।

শ্রীমৃগেন্দ্র মুখার্জী: এই জল কি মাইথন থেকে সরবরাহ করা হবে?

শ্রীঅজিতকুমার পাঁজা: প্রথম উৎস মাইথন জলাধার।

শ্রীমৃগেন্দ্র মুখার্জী: সেখানে জল নেই, এটা কি জানেন?

শ্রীঅজিতকুমার পাঁজা: আমি ১৫ দিন আগে দেখে এসেছি, সেখানে প্রচুর জল আছে।

শ্রীমৃগেন্দ্র মুখার্জী: এই জল সরবরাহের ব্যাপারে কোন্ কোম্পানীর কাছ থেকে পাইপ কেনা হয়েছিল?

শ্রীঅজিতকুমার পাঁজা: নোটিস দেবেন, নিশ্চয়ই জানতে পারবেন।

শ্রীআবদুল বারি বিশ্বাস: এই প্রকল্পে যে ব্যয়বরাদ্দ এটা কি সম্পূর্ণ কেন্দ্রীয় সরকারের, না পশ্চিমবঙ্গ সরকারেরও এতে টাকা আছে?

শ্রীঅজিতকুমার পাঁজা: পশ্চিমবঙ্গ সরকার এবং কেন্দ্রীয় সরকার দু'জনের।

শ্রীআবদুল বারি বিশ্বাস: এতে কেন্দ্রীয় সরকারের অংশ কত আর রাজ্যসরকারের অংশই বা কত?

শ্রীঅজিতকুমার পাঁজা: কার কত টাকা জানতে গেলে নোটিস লাগবে।

শ্রীআবদ্‌ল বারি বিশ্বাস: কিছ্‌দিন আগে এখানে জেনারেটর বার্স্ট আউট হয়ে গেল এর কারণ কি, এই প্রকল্প থেকে কোন চুরির অভিযোগ আছে কি না, থাকলে এখন পর্যন্ত কত টাকা চুরি হয়েছে?

শ্রীঅজিতকুমার পাঁজা: এই প্রশ্ন ঠিক ওঠে না, তবে বার্স্ট সম্বন্ধে ম্‌খ্যমন্ত্রী নিজেই এখানে রিপোর্ট দিয়েছেন যে, ঐ জায়গায় এনকোয়ারী করা হচ্ছে। চুরি যেটা হয়েছে সেটা এই গভর্নমেন্ট আসার আগে, তবে টোটাল কত টাকা চুরি হয়েছে এটা জানতে গেলে নোটিস লাগবে।

টিটাগড় ব্রিটানিয়া কারখানা

***৪৫৭।** (অন্‌মোদিত প্রশ্ন নং *৯৭৮।) **শ্রীশিশিরকুমার ঘোষ:** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অন্‌গ্রহপ্‌র্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, জান্‌য়ারী, ১৯৭৩ সালের মধ্যে ব্রিটানিয়া কারখানা খোলা হবে ব'লে সরকার ঘোষণা করেছিলেন;

(খ) সত্য হইলে, উহা এখনও না খোলার কারণ কি;

(গ) টিটাগড় ব্রিটানিয়া কারখানা কবে নাগাত খোলা হবে;

(ঘ) ব্রিটানিয়া কারখানার মালিক শ্রমিকদের দেয় প্রভিডেন্ট ফান্ড-এর টাকা জমা দিয়াছেন কি না; এবং

(ঙ) জমা না দিয়ে থাকলে, উক্ত মালিকের বির্‌দ্ধে সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

ডাঃ গোপালদাস নাগ: (ক) বস্ত্র ও র্‌গ্ন শিল্প বিভাগের এই সম্পর্কে কোন স্পষ্ট তথ্য নাই। তবে খোলার চেষ্টা চলিতেছে এইর্‌প ঘোষণা হইয়াছে।

(খ) কেন্দ্রীয় সরকার আইন অন্‌সারে কারখানা পরিচালনার কর্তৃত্ব অধিগ্রহণ করিতে অস্বীকার করায় অন্য প্রকারে কারখানা চাল্‌ করিবার আলোচনা চলিতেছে।

(গ) কবে নাগাত খোলা হবে তাহা বলা সম্ভব নয়।

(ঘ) আদালতের নির্দেশ অন্‌যায়ী মালিকপক্ষ মাসিক কুড়ি হাজার টাকা হারে প্রভিডেন্ট ফান্ড-এর বকেয়া টাকা পরিশোধ করিতেছেন।

(ঙ) প্রশ্ন উঠে না।

শ্রীশিশিরকুমার ঘোষ: মাননীয় মন্ত্রিমহাশয়, বললেন যে এটা জেসপ-কে দিয়ে খোলার চেষ্টা করা হচ্ছে, তা আপনি এটা জানাবেন কি যে কত দিনের মধ্যে এটা সম্প্‌র্ণ হবে?

ডাঃ গোপালদাস নাগ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের চেষ্টায় জেসপ কোম্পানী এই কারখানাটি কিনিতে রাজি হইয়াছে। তবে এখনো ব্যাপারটা নেগোসিয়েসনের পর্যায়ে আছে, এই কাজ শেষ হ'লে এটা কেনা হবে।

শ্রীকৃষ্ণকুমার শ্‌ক্লা: মাননীয় মন্ত্রিমহাশয় কি এই কথা জানাবেন যে, জেসপ কোম্পানী এটা কেনার সময় জে দস্তুর অ্যান্ড কোম্পানী ভ্যাল্‌য়েশন ঠিক ক'রে দিয়েছে, তা হ'লে ভ্যাল্‌য়েশন ঠিক হয়ে যাওয়ার পরও বিলম্ব হচ্ছে কেন?

ডাঃ গোপালদাস নাগ: ১নং কারণ কেন্দ্রে মন্ত্রী বদল হয়ে গেছেন। জেসপ কোং যে দপ্তরের মন্ত্রীর অধীনে ছিল, বর্তমানে সেই দপ্তরের ভার অন্য মন্ত্রী গ্রহণ করেছেন। স্‌তরাং একটা রি-স্যাংশন দরকার হচ্ছে। জেসপ-এর ম্যানেজিং ডাইরেক্টর দিল্লী গেছেন, আশা করি তিনি মঞ্জ্‌রী নিয়ে আসবেন। দ্বিতীয় নং হচ্ছে দস্তুর কোং যে দাম দিয়েছেন এবং তার রিটেন ডাউন ব্‌ক ভ্যাল্‌ যা আছে ব্যালান্স শীটে যা আছে তার থেকে কিছ্‌টা রিপেয়ার বাবত জেসপ কোং বাদ দিতে চায়। তারপর প্রাক্তন কোম্পানীর গ্রাচুইটি বাবত আরও অনেক টাকা বাকী আছে। এর জন্য জেসপ কোং যে দাম অফার করেছে তা তাঁদের কাছে অন্যায্য মনে হচ্ছে।

শ্রীকৃষ্ণকুমার শুক্লা: কেন্দ্রে মন্ত্রী বদলে ২ হাজার শ্রমিককে তার খেসারত দিতে হবে, কিন্তু এটা যাতে না হয় তার জন্য তিনি ব্যবস্থা করবেন কি?

ডাঃ গোপালদাস নাগ: যতটা তাড়াতাড়ি পারা যায় তার জন্য আমরা টেলেক্স করেছি।

শ্রীকৃষ্ণকুমার শুক্লা: ব্রিটানিয়ার ২ হাজার শ্রমিকের মধ্যে প্রায় ১৭ জন শ্রমিক যক্ষ্মা রোগে মারা গেছে। প্রায় ১৫ জন ট্রেনের তলায় মাথা দিয়েছে। সুতরাং ১০।১৫ দিনের মধ্যে খোলার ব্যবস্থা না করলে আরও বড় হারে মৃত্যু ঘটবে এটা কি আপনি বিশ্বাস করেন?

ডাঃ গোপালদাস নাগ: যে তথ্যগুলি আপনি দিলেন এগুলি আমি প্রথম শুনছি। সরকার সমস্ত পরিস্থিতি সম্বন্ধে সচেতন আছেন এবং যত তাড়াতাড়ি পারা যায় আমরা খোলার ব্যবস্থা করছি।

শ্রীকৃষ্ণকুমার শুক্লা: বিধানসভায় কি আশ্বাস দেবেন কোন্ তারিখ নাগাত এই কারখানা খোলা যাবে?

ডাঃ গোপালদাস নাগ: তারিখের আশ্বাস দিতে পারব না, তবে খোলা যাবে এই দৃঢ় আশ্বাস আমি দিচ্ছি।

শ্রীনাসিরুদ্দিন খান: এই ব্রিটানিয়া কোম্পানীর মালিক কে এবং কত হাজার মোট শ্রমিক আছে এবং এর এক জায়গায় ফ্যাক্টরি, না বিভিন্ন জায়গায় আছে এবং ডেলি এর কত কনজামসান হয়?

ডাঃ গোপালদাস নাগ: ব্রিটানিয়া কোম্পানীর পুরাতন মালিক ম্যাকলিঅড-বাজোরিয়া ভ্রাতৃদ্বয় এর মালিক। এদের ২টি ইউনিট আছে। একটা পেরেন্ট ডিভিশন টিটাগড়ে। তারপর একটা হচ্ছে ইঞ্জিনীয়ারিং বিভাগ, আর একটা ফাউন্ড্রি এবং আর একটা ডিভিশন আছে ওয়াগন এবং সেটা মোকামাতে আছে। এই ফাউন্ড্রি অ্যান্ড ইঞ্জিনীয়ারিং বন্ধ হয়ে গিয়েছিল। এতে ১,৮০০ মত পার্মানেন্ট ওয়ার্কার নিযুক্ত ছিল।

শ্রীকৃষ্ণকুমার শুক্লা: ৫ই অক্টোবর, ১৯৭২ সালে শ্রমমন্ত্রী আশ্বাস দিয়েছিলেন যে, জানুয়ারি, ১৯৭৩ সালে এই কারখানা খোলা হবে। আজকে মার্চ মাসের ৮ তারিখ ব'লে সরাসরি জানতে চাই এই মাসের মধ্যে এই কারখানা খোলার সম্ভাবনা আছে কি না?

ডাঃ গোপালদাস নাগ: আমরা আশায় বেঁচে থাকি। এই মাসের মধ্যে যাতে খোলা যায় তার জন্য সরকার চেষ্টা করছেন।

শ্রীশিশিরকুমার ঘোষ: প্রভিডেন্ট ফান্ড এর কত টাকা মালিক জমা দেয় নি বলবেন কি?

ডাঃ গোপালদাস নাগ: প্রায় ৭ লক্ষ টাকার মত হবে—এটা বিনা নোটিসে বলছি। প্রসিকিউশন-এ যাবার পর আদালতে ইনস্টলমেন্ট-এর রায় দিয়েছে এবং সেই ইনস্টলমেন্ট অনুযায়ী মালিক পক্ষ ২০ হাজার টাকা ক'রে দিয়ে আসছেন।

[2-00—2-10 p.m.]

Shri A. H. Besterwitch: The Hon'ble Minister has just now said that this Bajoria Co. has not deposited 7 lakhs of rupees on account of Provident Fund. Will the Minister be kind enough to say whether those persons will be arrested under MISA?

ডাঃ গোপালদাস নাগ: প্রভিডেন্ট ফান্ড ডিফল্ট করলে মিশায় ধরা যায় এই রকম আইনানুগ ব্যবস্থা এখন পর্যন্ত হয় নি।

শ্রীপ্রদীপ পালিত: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, ব্রিটানিয়া কোম্পানি কোন বেসরকারী প্রতিষ্ঠান যদি ক্রয় ক'রে চালাতে চান, তা হ'লে আমাদের সরকার থেকে পারমিশন দেওয়া হবে কিনা?

ডাঃ গোপালদাস নাগ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেটা সম্পূর্ণ নির্ভর করবে সেই বেসরকারী প্রতিষ্ঠানকে যদি কোন একচেটিয়া পুঁজিপতি খরিদ করতে চান, তা হ'লে পশ্চিমবঙ্গ সরকার তাতে সম্মতি দিতে পারেন না এটা আমি হাউসে জানিয়েছি।

Mr. Speaker: Question hour is over. Now held over question.

HELD OVER QUESTION TO WHICH ORAL ANSWER WAS GIVEN

ডাক্তারবিহীন প্রাইমারি ও সাবসিডিয়ারী হেল্থ সেন্টার

***১৫৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৩৫০।) **শ্রীগঙ্গাধর প্রামাণিক:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ২০শে মার্চ, ১৯৭২ তারিখ পর্যন্ত কতগুলি প্রাইমারি হেল্থ সেন্টার ও সাবসি-ডিয়ারী হেল্থ সেন্টার-এ ভারপ্রাপ্ত ডাক্তার ছিলেন না; এবং

(খ) ৬ই ফেব্রুয়ারি, ১৯৭৩ পর্যন্ত কতগুলি প্রাইমারি হেল্থ সেন্টার ও সাবসিডিয়ারী হেল্থ সেন্টার-এ ডাক্তার নাই?

শ্রীঅজিতকুমার পাঁজা: (ক) ১০টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও ৭০টি উপ-স্বাস্থ্যকেন্দ্র।

(খ) ৩টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও ৫৮টি উপ-স্বাস্থ্যকেন্দ্রে।

শ্রীগঙ্গাধর নস্কর: এই যে ৩টি প্রাইমারী হেল্থ সেন্টার এবং ৫৮টি সাবসিডিয়ারী হেল্থ সেন্টারের ১ বছরে এই অবস্থা দাঁড়িয়েছে, আপনি কত তাড়াতাড়ি এই মাসের ভেতর ৩টি প্রাইমারী এবং ৫৮টি সাবসিডিয়ারীতে ডাক্তার দিতে পারবেন?

শ্রীঅজিতকুমার পাঁজা: আমরা যে ডাক্তার পেয়েছি তাঁদের অ্যাড-হক অ্যাপয়েন্টমেন্টে এখানে পাঠানো হয়েছে এবং আরও ৩৫০ জন ডাক্তারের নাম যেটা পাবলিক সার্ভিস কমিশন থেকে পেয়েছি তাঁদেরও নামে অ্যাপয়েন্টমেন্ট লেটার পাঠানো হয়ে গেছে। নিয়ম অনুযায়ী ৩ সপ্তাহ অপেক্ষা করতে হয় যেদিন থেকে অ্যাপয়েন্টমেন্ট লেটার পান। কারণ, জয়েনিং টাইম ৩ সপ্তাহ দেখে তবে বুঝতে পারব কতজন কত জায়গায় নিজের পজিশনে গিয়ে অ্যাটেন্ড করেছেন।

শ্রীগঙ্গাধর প্রামাণিক: আজ থেকে ৩ সপ্তাহ, না, অ্যাপয়েন্টমেন্ট লেটার পাবার পর ৩ সপ্তাহ?

শ্রীঅজিতকুমার পাঁজা: অ্যাপয়েন্টমেন্ট লেটার ইস্যু হবার ৩ সপ্তাহ।

শ্রীগঙ্গাধর প্রামাণিক: এখন পর্যন্ত কত আপয়েন্টমেট লেটার ইস্যু হয়েছে?

শ্রীঅজিতকুমার পাঁজা: ৩৫০ জনের মধ্যে প্রায় ২০০ হয়ে গেছে।

শ্রীগঙ্গাধর প্রামাণিক: এই যে ২০০ জনের অ্যাপয়েন্টমেন্ট লেটার ইস্যু হয়েছে এতে কি ৩টি প্রাইমারি এবং ৫৮টি সাবসিডিয়ারী হেল্থ সেন্টার কভার করা যাবে?

শ্রীঅজিতকুমার পাঁজা: আমরা চেষ্টা করছি, যেসমস্ত নতুন ডাক্তার আছেন তাঁরা যাতে জয়েন করেন এটা আমাদের প্রথম উদ্দেশ্য। তাই তাঁরা যখন নিজেদের হোম ডিস্ট্রিক্ট চাইছেন তখন যদিও প্রাইমারী হেল্থ সেন্টারে ডাক্তার আছেন, তবুও কিন্তু ১ জন এইভাবে আমরা সেখানে পাঠিয়ে দিচ্ছি। কারণ, তাঁরা যাতে জয়েন করেন রুরাল সার্ভিসে সেটাই প্রধান উদ্দেশ্য। তবে ৩৫০ জনকে এমনভাবে পাঠানো হচ্ছে যাতে যতগুলি বাদ রয়েছে ৩টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং ৫৮টি উপ-স্বাস্থ্যকেন্দ্র তাদের প্রত্যেকটিতে হতে পারে।

শ্রীগঙ্গাধর প্রামাণিকঃ এটা কি কমপ্লিট হয়ে গেছে?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ তাঁরা যদি জয়েন করেন কমপ্লিট হয়ে যাবে।

শ্রীনাসিরুদ্দিন খানঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন এমন অনেক প্রাইমারী হেল্‌থ সেন্টার আছে যেখানে কোয়াক ডাক্তার দ্বারা ডাক্তারির কাজ চালাচ্ছে?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ এইরকম তথ্য আমার কাছে নেই।

শ্রীনাসিরুদ্দিন খানঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন এমন অনেক হেল্‌থ সেন্টার আছে যেখানে একেবারে ডাক্তার নেই?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ এর উত্তর আপনি বোধ হয় শুনেন নি, আমি অলরেডি দিয়েছি।

শ্রীকৃষ্ণকুমার শুক্লাঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় এখানে মেনশন করতে চাই। মেনটেনেন্স অব ইন্টারন্যাল সিকিউরিটি অ্যাক্ট যখন আমাদের কাছে উপস্থিত করা হয় তার প্রিএমবল-এ একথা বলা হয়েছিল যারা শ্রমিকদের প্রভিডেন্ট ফান্ড ফাঁকি দিয়েছে তাদের বিরুদ্ধে এই আইন প্রয়োগ করা হবে। কিন্তু এখন শ্রমমন্ত্রী মহাশয় বললেন, আমাদের পশ্চিম বাংলায় এরকম কোন বিধিবিধান নেই। এতে আমার মনে হয়, হয় আমার স্মৃতি আমার সঙ্গে বিশ্বাসঘাতকতা করছে, আর না হয় শ্রমমন্ত্রী মহাশয় যা বললেন তা ঠিক নয়। আমি বলতে চাই, এই বিষয় নিয়ে তদন্ত করা হোক এবং মেনটেনেন্স অব ইন্টারন্যাল সিকিউরিটি অ্যাক্ট সম্বন্ধে শ্রমমন্ত্রী মহাশয় বিবৃতি দিন যে এটা ঠিক কিনা।

Mr. Speaker: Mr. Shukla, you know that the Act was passed here but the Presidential assent has not yet been received by us. So, it cannot be enforced.

STARRED QUESTION

(to which written answers were laid on the table)

কেশোরাম কটন মিলস শ্রমিকদের দাবিদাওয়া

***৪৫০।** (অনুমোদিত প্রশ্ন নং *৮৭৯।) **শ্রীমনোরঞ্জন হালদারঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কেশোরাম কটন মিলস-এর শ্রমিকদের দাবিদাওয়া সম্পর্কে সরকারের নিকট কোন আবেদন এসেছে কি না ;

(খ) এসে থাকলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ;

(গ) উক্ত মিলের শ্রমিকদের উপর ৭ই ফেব্রুয়ারি, ১৯৭৩ তারিখে উক্ত কারখানার ম্যানেজার গুলী চালিয়েছিলেন কি ; এবং

(ঘ) চালিয়ে থাকলে, তাহার কারণ কি ও এ বিষয়ে সরকার কি ব্যবস্থা নিয়েছেন?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৪ বা ৮টি তাঁত চালায় এই রকম কারিগরদের অতিরিক্ত বেতন সম্বন্ধে একটি বিরোধ শ্রমমন্ত্রীর মধ্যস্থতার জন্য প্রেরণ করা হইয়াছিল।

(খ) শ্রমমন্ত্রী তাঁর সিদ্ধান্ত উভয় পক্ষকে জানাইয়া দিয়াছেন।

(গ) এরকম কোন ঘটনা সরকারের জানা নেই।

(ঘ) প্রশ্ন ওঠে না।

সুন্দরবন এলাকার উন্নয়নে উপদেষ্টা কমিটি

***৪৫১।** (অনুমোদিত প্রশ্ন নং *৯৮৫।) **শ্রীপরেশচন্দ্র বৈদ্যঃ** উন্নয়ন এবং পরিকল্পনা (সুন্দরবন অঞ্চল শাখা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোন্ কোন্ বিধানসভা কেন্দ্র লইয়া সুন্দরবন এলাকা ধরা হয় ;

(খ) সুন্দরবন এলাকার উন্নতির জন্য কোন উপদেষ্টা কমিটি গঠন করার কোন পরিকল্পনা আছে কি না ও থাকিলে, কবে নাগাত তাহা গঠিত হইবে ; এবং

(গ) উক্ত এলাকার উন্নতির জন্য কৃষি ও সেচ সম্বন্ধে বর্তমান বৎসরের জন্য কি কি পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে ?

উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) নয়টি বিধানসভা কেন্দ্রের সম্পূর্ণ অংশ এবং আরও চারিটি বিধানসভা কেন্দ্রের অধিকাংশ সুন্দরবন এলাকার অন্তর্ভুক্ত। নয়টি সম্পূর্ণ কেন্দ্রের নাম—হিঙ্গলগঞ্জ (তফসিল), গোসাবা (তফসিল), সন্দেশখালি (তফসিল উপজাতি), হাড়োয়া (তফসিল), বাসন্তী, কুলতলী (তফসিল), পাথরপ্রতিমা, কাকদ্বীপ ও সাগর। আংশিক কেন্দ্রগুলির নাম -জয়নগর, হাসনাবাদ, ক্যানিং (তফসিল) এবং মথুরাপুর (তফসিল)।

(খ) রাজ্যসরকারের ১লা মার্চ, ১৯৭৩ তারিখের আদেশবলে সুন্দরবন অঞ্চলের সামগ্রিক উন্নয়নের জন্য "সুন্দরবন উন্নয়ন বোর্ড" গঠন করা হইয়াছে।

(গ) **কৃষিঃ** সুন্দরবন এলাকার কৃষকদের আর্থিক উন্নতিসাধনের উদ্দেশ্যে তুলা, চীনাবাদাম ও সূর্যমুখী ফুলের চাষ করার পরিকল্পনা চালু করা হয়েছে। এখন এই এলাকার কৃষকরা বছরে একটিমাত্র ফসল উৎপাদন করে সেটি হ'ল ঐ অঞ্চলে প্রচলিত ধান। গত তিন বৎসর ধ'রে একটি ধান কাটা ও আর একটি ধানের বীজ বপনের মধ্যবর্তী সময়ে তুলা, চীনাবাদাম ও সূর্যমুখী ফুল উৎপাদনের চেষ্টা করা হয়ে আসছে এবং ঐ চেষ্টা সাফল্য লাভও করেছে। বর্তমান বছরে ৫,০০০ হেক্টরে তুলা, ৭০০ হেক্টরে সূর্যমুখী ফুল এবং ৫০০ হেক্টরে বাদাম চাষ করা হয়েছে। গ্রামাঞ্চলে কর্মসংস্থানের উদ্দেশ্যে ক্র্যাশ স্কীম অনুযায়ী জল নিষ্কাশনের জন্য কয়েকটি নালা তৈরির কাজও করা হয়েছে। অল্প কিছুদিনের মধ্যে এই কাজের গতি আরও বাড়বে। জল নিষ্কাশনের ব্যবস্থা হয়ে গেলে অক্টোবর-নভেম্বর মাসের মধ্যেই তুলাবীজ বপন সম্ভব হবে। এর ফলে উচ্চ ফলনশীল ধান চাষেরও সুবিধা হবে এবং ধানের উৎপাদনও বৃদ্ধি পাবে।

তুলা ও চিনিবীট চাষে লোনা জল ব্যবহারের পরীক্ষা চলছে। এই জল অন্য ফসলের উপযোগী নয়। এ ছাড়া ক্ষুদ্রসেচ প্রকল্প অনুসারে পুকুর খননের কাজ চলছে। এই পুকুরে বৃষ্টির জল ধ'রে সেচের কাজে ব্যবহার করা যাবে। চাষীরা সরকারী সাহায্যে এই সব পুকুর খনন করবেন।

সেচঃ পুরানো জমিদারেরা যে বাঁধ এই অঞ্চলে তৈরি করেছিলেন প্রায় ২,২০০ মাইল দীর্ঘ সেই বাঁধের রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন সাধন করা হচ্ছে। সেচ দপ্তর বিভিন্ন স্থানে ১০০টি স্লুইশ নির্মাণ করার পরিকল্পনা করেছে এবং কৃষি দপ্তর ৪০টি স্লুইস তৈরির পরিকল্পনা করেছে। যে বছর যেমন টাকা পাওয়া যায় সেই বছর সেইমতো কিছু কিছু স্লুইস নির্মাণ করা হয়েছে। এ বছর সেচদপ্তর কয়েকটি স্লুইস নির্মাণ করেছে। সুন্দরবন অঞ্চলে বাঁধ নির্মাণ ও জলনিকাশের জন্য সেচদপ্তর ১৫·১৯ কোটি টাকার একটি প্রকল্প রচনা করেছেন এবং এখন ইহা সরকারের বিবেচনাধীন।

গ্রামের "ক" শ্রেণীভুক্ত মানুষদের জন্য "স্টাটুটরি রেশনিং"

***৪৫৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৬৯।) **ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায়ঃ** খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রামাঞ্চলের গরীব ("ক" শ্রেণীভুক্ত) মানুষদের জন্য "স্টাটুটরি রেশনিং" চালু করার কোন পরিকল্পনা সরকারের আছে কি না ;

(খ) সরকার কি অবগত আছেন যে, বর্তমানে (১) "এম আর শপ" মারফত এক কণা চালও গ্রামের মানুষদের দেওয়া হয় না, (২) "ফার্স্ট কাম ফার্স্ট সার্ভ" নির্দেশ অনুযায়ী গ্রামের গরিব মানুষেরা রেশনের সুযোগ হইতে সম্পূর্ণ বঞ্চিত হয় ; এবং

(গ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না।

(খ) (১) এ রকম তথ্য সম্বন্ধে সরকার অবগত নহে।

(২) এ রকম নির্দেশ সরকার দেন নাই।

(গ) এ প্রশ্ন উঠে না।

পিছাবনি এফ আর ই হাসপাতাল

***৪৫৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৮৫০।) **শ্রীহেমন্ত দত্তঃ** স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রামনগর থানার পিছাবনি এফ আর ই হাসপাতালে সরকারের কয়টি বেড আছে;

(খ) উহা কত বৎসর চলিতেছে ;

(গ) এই হাসপাতালের কোন স্থায়ী বাড়ি আছে কিনা :

(ঘ) না থাকিলে, এই হাসপাতালের জন্য যে বাড়ি ভাড়া লওয়া হইয়াছে তাহার মাসিক ভাড়া কত ;

(ঙ) ঐ ভাড়া কোন্ মাস পর্যন্ত দেওয়া হইয়াছে ; এবং

(চ) এই হাসপাতালটিকে একটি স্থায়ী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে পরিণত করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পিছাবনি এ জি হাসপাতালে ২৫টি শয্যা আছে।

(খ) প্রায় ২৯ বৎসর।

(গ) না।

(ঘ) ২১ টাকা ৪৮ পয়সা।

(ঙ) ১৯৭২ সালের জুলাই পর্যন্ত।

(চ) না।

পুরুলিয়া ডিস্ট্রিক্ট প্ল্যানিং বোর্ড কর্তৃক হাসপাতাল প্রতিষ্ঠার প্রস্তাব

***৪৫৯।** (অনুমোদিত প্রশ্ন নং *৯২৩।) **শ্রীশরৎ দাসঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পুরুলিয়া ডিস্ট্রিক্ট প্ল্যানিং বোর্ড উক্ত জেলায় ঝালদা, রঘুনাথপুর এবং বলরামপুর এই তিন জায়গায় তিনটি সাবডিভিশনাল হাসপাতাল করিবার জন্য প্রস্তাব করিয়াছে ; এবং

(খ) সত্য হইলে, সরকার এ বিষয়ে কতদূর অগ্রসর হইয়াছেন ?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ, এ তিন জায়গায় মহকুমা হাসপাতালের মত হাসপাতাল স্থাপনের প্রস্তাব পাওয়া গিয়েছিল।

(খ) রঘুনাথপুরে এ রকম একটি হাসপাতাল স্থাপনের প্রস্তাব পরীক্ষাধীনে আছে।

নার্সিং ট্রেনিং

*৪৬০। (অনুমোদিত প্রশ্ন নং *১০১০।) **শ্রীভবানীপ্রসাদ সিংহরায়ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান সরকার ক্ষমতায় আসার পর থেকে ২১এ ফেব্রুয়ারি, ১৯৭৩ পর্যন্ত জেলা-ওয়ারী কতজন মহিলা নার্সিং ট্রেনিংয়ের সুযোগ পাইয়াছেন ; এবং

(খ) কিভাবে শিক্ষার্থিনীদের নির্বাচন করা হয় ?

উম্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রকের সম্পত্তি এই অকল্যান্ড হাউস প্রত্যর্পণের তাগিদ পূর্ব হইতেই আছে। এ বৎসর অরবিন্দ জন্মশতবর্ষপূর্তি উপলক্ষে রাজ্যসরকার প্রতিরক্ষা মন্ত্রককে ৮নং সেক্সপীয়ার সরণির বাড়িটি প্রত্যর্পণের প্রস্তাব দিলে উক্ত মন্ত্রক অকল্যান্ড হাউস তাঁহাদের নিকট প্রত্যর্পণের শর্তে সম্মত হন। তজ্জন্য অকল্যান্ড হাউসস্থিত শরণার্থী ত্রাণ ও পুনর্বাসন অধিকারকে স্থানান্তরিত করিতে হয়।

(২) আট হাজার টাকা ব্যয় মঞ্জুর করা হইয়াছে।

(গ) পূর্বতন অফিসবাড়ির মাসিক ভাড়া ৫৩৯ টাকা, বিদ্যুৎ ও জল ব্যবহারের জন্য ২১৬ টাকা মোট ৭৫৫ টাকা। বর্তমান অফিসবাড়ির ভাড়া এখনও নির্ধারিত হয় নাই।

বীরভূম জেলার তাঁতীপাড়া স্বাস্থ্যকেন্দ্রে বিদ্যুৎ সরবরাহ

*৪৬১। (অনুমোদিত প্রশ্ন নং *১০২৮।) **শ্রীদ্বিজপদ সাহাঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) সরকার কি অবগত আছেন যে, বীরভূম জেলার তাঁতীপাড়া স্বাস্থ্যকেন্দ্রের ১ মাইলের মধ্যে বিদ্যুতের লাইন গিয়াছে ; এবং

(খ) অবগত থাকিলে, ঐ স্বাস্থ্যকেন্দ্রে এখনও বিদ্যুৎ না পৌঁছানোর কারণ কি ?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এবং (খ) নির্দিষ্ট দূরত্বের মধ্যে থাকা সত্ত্বেও ভুলবশতঃ এই স্বাস্থ্যকেন্দ্রের বৈদ্যুতিকরণ 'ক্র্যাশ প্রোগ্রামে'র অন্তর্ভুক্ত করা হয় নি। এখন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

খোলা বাজারে চিনির মূল্য

*৪৬২। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩৯।) **শ্রীসুধীরচন্দ্র দাসঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) খোলা বাজারে বর্তমানে চিনির মূল্য কিলো প্রতি কত;

(খ) ঐ মূল্য কমাইবার কোন ব্যবস্থা সরকার গ্রহণ করিয়াছেন কি; এবং

(গ) মফঃস্বলে চিনির কোটা বৃদ্ধির সম্ভাবনা আছে কিনা ও থাকিলে, কবে হইতে ?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বর্তমানে এই রাজ্যে খোলাবাজারে চিনির মূল্য কিলো প্রতি ৩ টাকা ৬৫ পয়সা থেকে ৪ টাকা পর্যন্ত।

(খ) ব্যবসায়ীরা যাতে চিনি মজুত করতে না পারে তজ্জন্য ওয়েস্ট বেঙ্গল ডিক্লারেশন অব স্টকস্ অ্যান্ড প্রাইসেস অব এসেনসিয়াল কমোডিটিজ অর্ডার, ১৯৭২ জারি করা হয়েছে। এই আদেশ অনুযায়ী ব্যবসাদারদের খোলাবাজারে বিক্রয়যোগ্য মজুত চিনির পরিমাণ ও দাম টাঙিয়ে রাখতে হবে। এতদ্ব্যতীত লোকসংখ্যা অনুযায়ী বিভিন্ন শহরের লাইসেন্সধারী পাইকারী ব্যবসায়ীরা এর সংগে কত পরিমাণ চিনি মজুত রাখতে পারবে ভারত সরকার নির্দেশ জারী ক'রে তার পরিমাণ নির্দিষ্ট ক'রে দিয়েছেন।

(গ) সম্প্রতি মফঃস্বলে লেভি চিনির কোটা বৃদ্ধির সম্ভাবনা নাই। ভবিষ্যতে কবে কোটা বাড়ানো হবে তা সঠিক বলা সম্ভব নয়। কেন্দ্রীয় বরাদ্দ বৃদ্ধির সংগেও এই প্রশ্নটি জড়িত।

স্ত্রীলোকদের বন্ধ্যাকরণ অস্ত্রোপচার

***৪৬৩।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৮।) **শ্রীমহম্মদ সফিউল্লাঃ** স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হিসাব অনুযায়ী গত তিন বৎসরে স্ত্রীলোকদের বন্ধ্যাকরণ অস্ত্রোপচার কতজনকে করা হয়েছে;

(খ) এই অস্ত্রোপচারের কি কি অসুবিধা আছে; এবং

(গ) স্ত্রীলোকদের জন্য অন্য কোন নূতন অস্ত্রোপচারের পরিকল্পনা সরকারের আছে কিনা ও থাকলে, তাহা কি?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৬৯-৭০ সালে ৯,৬৮৭ জনকে, ১৯৭০-৭১ সালে ১০,২৮৪ জনকে, ১৯৭১-৭২ সালে ১৪,১৪০ জনকে এবং চলতি বছরের নভেম্বর মাস পর্যন্ত ৯,৬৬৭ জনকে বন্ধ্যাকরণ অস্ত্রোপচার করা হয়েছে।

(খ) ডাক্তারী শাস্ত্রমতে কোনঅসুবিধাই নেই, তবে অস্ত্রোপচারের পর রোগিণীকে সাধারণতঃ ৭ দিন হাসপাতালে থাকতে হয় এবং পরে কিছুদিন ভারী কাজকর্ম থেকে বিরত থাকতে হয়।

(গ) আপাতত নতুন কোন অস্ত্রোপচারের পরিকল্পনা সরকারের বিবেচনাধীন নেই।

বাঁকুড়া জেলায় বনবিভাগে নিযুক্ত কর্মীর সংখ্যা

***৪৬৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৬০৭।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় বন বিভাগের অধীনস্থ বিভিন্ন রেঞ্জ-এ বর্তমানে কত কর্মী নিযুক্ত আছেন; এবং

(খ) ডিভিসন্যাল অফিস-এ মোট কর্মীর সংখ্যা কত?

বন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বাঁকুড়া ডিভিসনে মোট ৩৬৭ জন।

(১) বাঁকুড়া রেঞ্জ—২৫ জন
(২) বেলিয়াটোর রেঞ্জ—৩৭ জন
(৩) গঙ্গাজলঘাঁটি রেঞ্জ—২০ জন
(৪) ইন্দপুর—১৯ জন
(৫) জয়পুর—২২ জন
(৬) খাত্‌রা—২৩ জন
(৭) মাট্‌গোড়া—২৫ জন
(৮) রানীবাঁধ—২৭ জন
(৯) সারেঙ্গা—২৪ জন
(১০) সোনামুখী—৩১ জন
(১১) শালতোড়া—২১ জন
(১২) তালডাঙ্গা—৩২ জন
(১৩) বিষ্ণুপুর—৩৩ জন
(১৪) অ্যাটাচ্‌ড ফরেস্ট রেঞ্জ—১১ জন
(১৫) প্রোটেকশন রেঞ্জ—১৩ জন।
(১৬) কম্পেনসেশন রেঞ্জ—৪ জন।

(খ) ৪৮ জন।

বন্ধ শিল্প কারখানা

*৪৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *১০১৩।) **শ্রীভবানীপ্রসাদ সিংহরায়ঃ** বন্ধ ও দুর্বল শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের ২০শে মার্চের পূর্বে কতগুলি শিল্প কারখানা বন্ধ ছিল এবং ঐ তারিখের পর হইতে ২১শে ফেব্রুয়ারি, ১৯৭৩ পর্যন্ত কতগুলি শিল্প কারখানা নূতন খোলা হইয়াছে;

(খ) ১৯৭২ সালের ২০শে মার্চের পর হইতে ২১শে ফেব্রুয়ারি, ১৯৭৩ পর্যন্ত কতগুলি শিল্প কারখানা নূতন করিয়া বন্ধ হইয়াছে;

(গ) ইহাদের মধ্যে এই সময়ের মধ্যে নূতন করিয়া খোলা কোন কারখানা বন্ধ হইয়াছে কি;

(ঘ) নূতন করিয়া খোলা কারখানাগুলি কিভাবে পরিচালিত হইতেছে; এবং

(ঙ) ঐ কারখানাগুলির ২১শে ফেব্রুয়ারি, ১৯৭৩ পর্যন্ত লাভলোকসানের হিসাব জানা থাকিলে তাহার বিবরণ?

বন্ধ ও দুর্বল শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৭২ সালের ২০শে মার্চের অব্যবহিত পূর্বে মোট ৪৭৯টা শিল্প কারখানা বন্ধ ছিল। ২০এ মার্চ, ১৯৭২ তারিখ হইতে ২১এ ফেব্রুয়ারি, ১৯৭৩ তারিখ পর্যন্ত ৫০টা কারখানা খুলিয়াছে।

(খ) ১৩৪টা।

(গ) হ্যাঁ, একটা।

(ঘ) ইহাদের মধ্যে যেসকল শিল্প কারখানার পরিচালনাভার আইন অনুসারে, সাময়িকভাবে ভারত সরকার গ্রহণ করিয়াছেন, সেইগুলি উক্ত সরকার কর্তৃক নিযুক্ত ভারপ্রাপ্ত নিয়ামক বা ব্যক্তি-সমষ্টি দ্বারা পরিচালিত হইতেছে।

যেসকল শিল্প কারখানা প্রধানত আই আর সি আই ব্যাংক প্রভৃতির আর্থিক সহায়তায় খুলিয়াছে তাদের পরিচালনা ঐসকল সাহায্যকারী প্রতিষ্ঠান কিছুটা পরিমাণে নিয়ন্ত্রিত করে।

অন্যান্য ক্ষেত্রে মালিকপক্ষ স্বাধীনভাবে কারখানা পরিচালনা করিয়া থাকেন।

(ঙ) হিসাব নিরীক্ষার পূর্বে লাভ-লোকসানের সঠিক বিবরণ দেওয়া সম্ভব নয়। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বলা যায় যে, যেসব ক্ষেত্রে আইনের বলে পরিচালনাভার অধিগ্রহণ করা হইয়াছে সেই সব কারখানাগুলির অধিকাংশই আধুনিকীকরণ সাপেক্ষ ব্যয়ভার মিটাইয়া কিছু পরিমাণ লাভ করিতেছে

সরিষা আমদানী ও তাহার বণ্টন ব্যবস্থা

***৪৬৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৬৪৬।) **শ্রীনরেশচন্দ্র চাকী:** খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে বৎসরে কি পরিমাণ সরিষা আমদানী করা হয় এবং তাহা কিভাবে বিতরণ করা হয়;

(খ) ইহা কি সত্য যে এই রাজ্যে যেসব ছোট ও মাঝারী তেলকল আছে সেগুলিতে নিয়মিত সরিষা সরবরাহ করা হয় না; এবং

(গ) সত্য হইলে, তাহার কারণ কি ও ঐ তেলকলগুলিতে নিয়মিতভাবে সরিষা সরবরাহের কি ব্যবস্থা করিয়াছেন?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) সরকারী তত্ত্বাবধানে এই রাজ্যে এখন পর্যন্ত সরিষা আমদানি করা হয় না। সুতরাং তাহা বিতরণের প্রশ্ন উঠে না। তবে এই রাজ্যে ব্যবসায়িক ভিত্তিতে আনুমানিক বৎসরে প্রথম আড়াই লক্ষ টন সরিষা আমদানি করা হয় এবং তেলকলগুলি এই সরিষা খোলাবাজার হইতে ক্রয় করিয়া তেল তৈয়ার করে।

(খ) ও (গ) এ প্রশ্ন উঠে না।

আসানসোল মহকুমার বারাবনী ব্লকে স্বাস্থ্যকেন্দ্র

***৪৬৭।** (অনুমোদিত প্রশ্ন নং *৭১৯।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়:** স্বাস্থ্য এবং পরিবার-পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে আসানসোল মহকুমার বারাবণী ব্লকে প্রাথমিক ও সহায়ক স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের জন্য স্বাস্থ্য দপ্তর পূর্ত বিভাগকে দীর্ঘদিন পূর্বে অনুরোধ করিয়াছে; এবং

(খ) সত্য হইলে, (১) কোন্ সময়ে ঐ অনুরোধ আসিয়াছে, ও (২) উহাদের নির্মাণ কাজ শুরু না হওয়ার কারণ কি?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) না।

(খ) (১) প্রশ্ন ওঠে না।

(২) প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের উপযুক্ত জমি সংগ্রহের চেষ্টা চলছে। জমি সংগৃহীত হ'লেই নির্মাণকার্য অনুমোদিত হবে এবং পূর্তবিভাগকে প্রয়োজনীয় অনুরোধ জানানো হবে।

Report of the Jaldapara Rhino Poaching Enquiry Committee

***468.** (Admitted question No. *873.) **Shri Abdul Bari Biswas:** Will the Minister-in-charge of the Forests Department be pleased to state—

(a) if it is a fact that an Enquiry Committee styled as "Jaldapara Rhino Poaching Enquiry Committee" was formed;

(b) if so, whether this Committee has submitted its report to the Government; and

(c) if the answer to (b) be in the affirmative, will the Minister be pleased to—

(i) place it before the Assembly, and

(ii) state the names of the Chairman and members of the said Committee?

The Minister for Forests Department: (a) A Committee was formed for the purpose.

(b) Yes.

(c) The report is being examined.

(d)

(1) Shri P. K. Basu, IPS (Retired)—Chairman.

(2) Shri Iswar Chandra Tirkey, M.L.A.—Member.

(3) Shri Narayan Bhattacharyya, M.L.A.—Member.

(4) The Deputy Commissioner, Jalpaiguri—Member.

(5) The Conservator of Forests, Northen Circle—Member-Secretary.

গোসাবা ও ছোট মোল্যাখালি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

*৪৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *৯৮৬।) **শ্রীপরেশচন্দ্র বৈদ্য:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গোসাবা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটি বর্তমানে কি অবস্থায় আছে;

(খ) ঐ স্বাস্থ্যকেন্দ্রটি সুষ্ঠুভাবে চালু করার জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন; এবং

(গ) ছোট মোল্যাখালি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রর জীর্ণ বিল্ডিংয়ের মেরামতের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক), (খ) এবং (গ) গোসাবা ব্লকের অস্থায়ী ১০ শয্যাযুক্ত প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ছোটমোল্যাখালিতে চালু আছে। এর গৃহাদির অবস্থা সন্তোষজনক নয়। এসবগুলি মেরামতের জন্য পূর্তবিভাগের সংশ্লিষ্ট ইঞ্জিনীয়ারকে নির্দেশ দেওয়া হয়েছে।

এই ব্লকের স্থায়ী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য গোসাবা মৌজায় জমি সংগ্রহের চেষ্টা চলছে।

চা'লের মান নির্ণয়ে অনুসন্ধান কমিটি

***৪৭০।** (অনুমোদিত প্রশ্ন নং *৯৯২।) **ডাঃ রমেন্দ্রনাথ দত্ত ঃ** খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে খাদ্য দপ্তরের চা'লের মান অনুসন্ধান করার জন্য কমিটি গঠন করা হইয়াছিল;

(খ) সত্য হইলে, এই কমিটি সরকারের নিকট কোন রিপোর্ট পেশ করিয়াছেন কিনা; এবং

(গ) পেশ করিয়া থাকিলে, ঐ রিপোর্ট বিধানসভার লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করার কোন ব্যবস্থা হইয়াছে কি?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) হ্যাঁ। "কমিটি অন কোয়ালিটি কন্ট্রোল অফ ফুড গ্রেইনস্" নামক একটি কমিটি গত ১৪ই জুন, ১৯৭২ তারিখে গঠিত হইয়াছিল।

(খ) হ্যাঁ। গত ৩০এ নভেম্বর, ১৯৭২ তারিখে ঐ কমিটি তাঁহাদের রিপোর্ট সরকারের কাছে পেশ করিয়াছেন।

(গ) না। তবে তাহার প্রতিলিপি মাননীয় সদস্যদের দেওয়া হইয়াছে।

প্রতি ব্লকে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

***৪৭১।** (অনুমোদিত প্রশ্ন নং *১০২৯।) **শ্রীদ্বিজপদ সাহা ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে সরকার প্রতি ব্লকে একটি ক'রে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পরিকল্পনা গ্রহণ করেছেন; এবং

(খ) সত্য হ'লে, বীরভূম জেলায় রাজনগর ব্লকে এখনও কোন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত না হওয়ার কারণ কি?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) প্রতি ব্লকে একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং দু'টি উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পরিকল্পনা আছে।

(খ) ১০-শয্যাযুক্ত তাঁতিপাড়া স্বাস্থ্যকেন্দ্রটি সাময়িকভাবে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্ররূপে চালু আছে। স্থায়ী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের জন্য উপযুক্ত জমি সংগ্রহ করা এতদিন সম্ভব হয় নি ব'লে উহা স্থাপিত হয় নি।

পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় "নির্বীজকরণ" প্রোগ্রাম

***৪৭২।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৪৭।) **শ্রীসুধীরচন্দ্র দাস ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলার বিভিন্ন জেলায় "নির্বীজকরণ প্রোগ্রামে কোন লক্ষমাত্রা ধার্য ছিল কিনা:

(খ) থাকিলে, (১) কোন্ জেলার কত, ও (২) ঐ লক্ষমাত্রা কোন্ কোন্ জেলা পূরণ করিতে পারিয়াছে; এবং

(গ) যে সব জেলায় লক্ষমাত্রা পূরণ হয় নাই তাহার কারণ কি?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) ছিল।

(খ) (১) তালিকা পেশ করা হ'ল।

(২) এ পর্যন্ত বাঁকুড়া, মেদিনীপুর এবং দার্জিলিং লক্ষ্যমাত্রা পূরণ করেছে। অনেক জেলায় প্রোগ্রাম এখনও চলছে। কাজেই সেসব জেলার বিষয় এখনও কিছু সঠিকভাবে বলা সম্ভবপর নয়।

(গ) সমস্ত জেলার প্রোগ্রাম শেষ হ'লে বিস্তারিত সমীক্ষা করা হবে এবং তখন কারণ জানা যাবে।

Statement referred to in (Kha) of starred question No. *472

জেলার নাম		লক্ষ্যমাত্রা	প্রোগ্রামের অবস্থা
(১) হাওড়া	...	১২,০০০	শেষ হয়েছে
(২) কলকাতা	...	২২,৫০০	
(৩) হুগলি	...	২০,০০০	
(৪) মেদিনীপুর	...	২৫,০০০	
(৫) নদিয়া	...	২৩,০০০	
(৬) জলপাইগুড়ি	...	১২,০০০	
(৭) দার্জিলিং (শিলিগুড়ি মহকুমা হাসপাতাল এবং শুখনা স্বাস্থ্যকেন্দ্র)	...	৩,০০০	
(৮) বর্ধমান	.	২৪,০০০	
(৯) পুরুলিয়া	.	১০,০০০	
(১০) বাঁকুড়া	..	১৩,০০০	
(১১) মালদহ		১০,০০০	
(১২) ২৪-পরগনা	...	৩০,৮০০	চলছে
(১৩) মুর্শিদাবাদ		১৮,০০০	
(১৪) বীরভূম		১২,৮৮০	
(১৫) কোচবিহার	..	১০,০০০	
(১৬) পশ্চিম দিনাজপুর	...	১০,০০০	

দুর্বল ও রুগ্ন চা-বাগিচা

*৪৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *৬৪৮।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** বস্ত্র এবং রুগ্ন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে দুর্বল ও রুগ্ন চা-বাগিচার সংখ্যা কত; এবং

(খ) এইগুলির উন্নতির জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

বস্ত্র ও রুগ্ন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) চা-বাগানের আভ্যন্তরীণ অবস্থা সম্পর্কে দপ্তরের প্রয়োজনীয় আইন অভাবে এ বিষয়ে সঠিক সংবাদ দেওয়া সম্ভব নয়। তবে আনুমানিক প্রায় ৪০টি বাগানের অবস্থা ভাল নয়।

(খ) ব্যবস্থা গ্রহণের বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

কর্মসংস্থান কেন্দ্রের মাধ্যমে চাকুরি দেওয়ার পরিকল্পনা

*৪৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *৮৭৭।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়:** শ্রম দপ্তরের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, পশ্চিমবঙ্গের কর্মসংস্থান কেন্দ্রগুলির (এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ) মাধ্যমে চাকুরি দেওয়া বাধ্যতামূলক নয়;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি, ও এ বিষয়ে সরকার কোন পরিকল্পনা করিয়াছেন কি;

(গ) ৩১এ ডিসেম্বর, ১৯৭২ পর্যন্ত পশ্চিমবঙ্গের কর্মসংস্থান কেন্দ্রগুলির কোন্‌টিতে কত বেকার তাঁহাদের নাম তালিকাভুক্ত করিয়াছেন ও উক্ত তারিখ পর্যন্ত কর্মসংস্থান কেন্দ্র মারফত কতজনের চাকুরি হইয়াছে; এবং

(ঘ) পশ্চিমবঙ্গের কর্মসংস্থান কেন্দ্রগুলি পরিচালনা করিতে রাজ্যসরকার গত তিন বৎসরে কত টাকা খরচ করিয়াছেন?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জেস্‌ (কম্পালসরি নোটিফিকেশন অব ভেক্যান্সিস্‌) অ্যাক্ট, ১৯৫৯, অনুযায়ী প্রাইভেট সেক্টর ও পাবলিক সেক্টরের শূন্যপদসমূহ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জসমূহে জানানো বাধ্যতামূলক, কিন্তু এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে নিয়োগ বাধ্যতামূলক নহে।

না। আইন সংশোধন করিয়া এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে পদপূরণ বাধ্যতামূলত করিবার প্রস্তাব দেওয়া হইয়াছিল। কিন্তু কেন্দ্রীয় সরকার সম্মত হন নাই।

(গ) ১লা জানুয়ারি, ১৯৭২ হইতে ৩১শে ডিসেম্বর, ১৯৭২ পর্যন্ত পশ্চিমবঙ্গের কর্ম-সংস্থানকেন্দ্রগুলিতে তালিকাভুক্ত কর্মপ্রার্থীর সংখ্যা সম্বলিত একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল। ঐ সময়ে পশ্চিমবঙ্গের বিভিন্ন কর্মসংস্থানকেন্দ্র মারফত মোট ২৫,৭৪০ জন কর্মপ্রার্থীকে চাকুরি দেওয়া হইয়াছে।

(ঘ) পশ্চিমবঙ্গ জাতীয় কর্মসংস্থান অধিকার ও সমস্ত কর্মসংস্থান পরিচালনা করিবার জন্য রাজসরকারকে গত তিন বৎসরে নিম্নরূপ অর্থ ব্যয় করিতে হইয়াছিল।

বৎসর	অর্থের পরিমাণ (টাকা)
১৯৬৯-৭০	২৮,৯৭,৮৩৯
১৯৭০-৭১	২৫,৪৬ ৬৭০
১৯৭১-৭২	৩১,১১,৯১৬

Statement referred to in (Ga) of question No. *474

এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের নাম	১লা জানুয়ারি, ১৯৭২ হইতে ৩১শে ডিসেম্বর, ১৯৭২ পর্যন্ত তালিকাভুক্ত কর্মপ্রার্থীর সংখ্যা
(১) রিজিওনাল এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, কলিকাতা	৭৭,৮৬১
(২) সাব-রিজিওনাল এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, খিদিরপুর ..	৫৬,২৪৩
(৩) সাব-রিজিওনাল এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, হাওড়া	৪৭,৫৪২
(৪) সাব-রিজিওনাল এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, ব্যারাকপুর ..	৩৭,৯৪৬
(৫) সাব-রিজিওনাল এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, আসানসোল ..	২২,৫৪০
(৬) সাব-রিজিওনাল এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, দার্জিলিং	৭,৮৬৬
(৭) সাব-রিজিওনাল এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, উত্তর কলিকাতা ..	২১,৬৮৫
(৮) সাব-রিজিওনাল এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, দুর্গাপুর	৫২,৪৫৭

*Statement referred to in (Ga) of question No. *474—contd.*

	এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের নাম	১লা জানুয়ারি, ১৯৭২ হইতে ৩১শে ডিসেম্বর, ১৯৭২ পর্যন্ত তালিকাভুক্ত কর্মপ্রার্থীর সংখ্যা
(৯)	ডিস্ট্রিক্ট এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, শ্রীরামপুর	২৬,৯৯৭
(১০)	ডিস্ট্রিক্ট এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, খড়গপুর	৩৫,১৮৬
(১১)	ডিস্ট্রিক্ট এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, বর্দ্ধমান	৩৬,০৭৯
(১২)	ডিস্ট্রিক্ট এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, দক্ষিণ কলিকাতা	১৮,১৫৫
(১৩)	ডিস্ট্রিক্ট এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, শিলিগুড়ি	১১,৫৫১
(১৪)	ডিস্ট্রিক্ট এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, পুরুলিয়া	২৮,০২৮
(১৫)	ডিস্ট্রিক্ট এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, কল্যাণী	৬২,৭৪৪
(১৬)	ডিস্ট্রিক্ট এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, মালদা	১৯,০০৫
(১৭)	ডিস্ট্রিক্ট এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, বহরমপুর	২১ ৬০৭
(১৮)	ডিস্ট্রিক্ট এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, কুচবিহার	১৯,৬৬৫
(১৯)	ডিস্ট্রিক্ট এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, সিউড়ি	২১,৭৭৩
(২০)	ডিস্ট্রিক্ট এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, বাঁকুড়া	২৭,০৫৫
(২১)	ডিস্ট্রিক্ট এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ জলপাইগুড়ি	৯,৯৪৭
(২২)	ডিস্ট্রিক্ট এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, চুঁচুড়া	২৪,২৮৭
(২৩)	ডিস্ট্রিক্ট এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ দমদম	৪৭,৯৮৬
(২৪)	ডিস্ট্রিক্ট এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, পূর্ব কলিকাতা	২,৯৭৭
(২৫)	কোলফিল্ড এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, রাণীগঞ্জ	৩,৬৬৫
(২৬)	কোলফিল্ড এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, সীতারামপুর	১,২১৩
(২৭)	প্রোজেক্ট এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ ফারাক্কা	১৪,৪১৬
(২৮)	প্রোজেক্ট এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, হলদিয়া	৩৪,২০৭
(২৯)	ডিস্ট্রিক্ট এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, বারাসত	১৫,১৪৪
(৩০)	প্রোফেসনাল এবং এক্সিকিউটিভ অফিস, কলিকাতা	৫,৮৩৮
(৩১)	ইউনিভারসিটি এমপ্লয়মেণ্ট ইনফরমেশান এবং গাইডেন্স ব্যুরো, কলিকাতা।	৪১৯
(৩২)	ইউনিভারসিটি এমপ্লয়মেণ্ট ইনফরমেশান এবং গাইডেন্স ব্যুরো, যাদবপুর।	২০৪
(৩৩)	ইউনিভারসিটি এমপ্লয়মেণ্ট ইনফরমেশান এবং গাইডেন্স ব্যুরো, বর্দ্ধমান।	৪৫৬
(৩৪)	ফিজিক্যালি হ্যাণ্ডিক্যাপ্‌ট সেক্‌শান, কলিকাতা	৫৮৩

Platic Surgery and Physiotherapy arrangements in Leprosy Mission Hospita Bankura

***475.** (Admitted question No. *614.) **Shri Kashinath Misra:** Wi the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if it is fact that there is no arrangement for Plastic Surgery an modern Physiotherapy in the Leprosy Mission Hospital a Bankura; and

(b) if so, what action has been taken or proposed to be taken in thi regard?

The Minister for Home (Jails) Department: (a) Convicts in Jails ar supplied with diets as prescribed in the Jail Code Rules, as far as practicable

(b) No.

(c) Does not arise.

(d) (i) Adult Education Scheme has been introduced in all Central an District Jails.

Radio sets have been installed in the Central and some of the Distric and Sub-Jails. Cinema shows are periodically held in the Central and some other Jails. Prisoners in Central and District Jails are allowed to participat in certain out-door and in-door games. Prisoners in Jails are also allowe to hod Jatra performances inside the Jail on festive occasions.

(ii) The Jail Code Revision Committee set up by Government has been considering the matter in an integrated manner.

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

বন্ধ টি বি ক্লিনিক

৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ৮৩৫।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিক:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমানে নবনির্মিত টি বি ক্লিনিকটি বর্তমানে বন্ধ আছে ; এবং

(খ) সত্য হইলে, (১) ইহার কারণ কি ; এবং

(২) এইটিকে চালু করার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) (১) বর্ধমান জিলা টি বি অ্যাসোসিয়েশন ঐ ক্লিনিকটির পরিচালক। ঐ অ্যাসোসিয়েশন প্রধানতঃ আর্থিক অভাবের জন্য ঐ ক্লিনিকটি চালাতে পারছেন না।

(২) ঐ ক্লিনিকটির ভার গ্রহণ করার একটি প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

শীলতোর্ষা নদীর উপর সেতু

৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ৮৮২।) **শ্রীনারায়ণ ভট্টাচার্য**: পূর্তবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ৩১নং জাতীয় সড়কে শীলতোর্ষা নদীর উপরে স্থায়ী সেতু নির্মাণের কোন পরিকল্পনা আছে কি ;

(খ) থাকিলে, কবে নাগাত উহা কার্যকরী হইবে; এবং

(গ) উক্ত স্থানে প্রতি বৎসর "ফেয়ার ওয়েদার" সেতু নির্মাণ ও রক্ষণাবেক্ষণের ব্যয় কত?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) গত আর্থিক বৎসরে ফেয়ার ওয়েদার সেতু নির্মাণ ও রক্ষণাবেক্ষণের জন্য ব্যয় হইয়াছিল যথাক্রমে ১,৭৫,০৩৩ টাকা ও ১,১৪,১২৬ টাকা।

পশ্চিমবঙ্গে আই এ এস অফিসারের সংখ্যা

৭০। (অনুমোদিত প্রশ্ন নং ৮৩২।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিক**: স্বরাষ্ট্র (সাধারণ শাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে কতজন আই এ এস অফিসার সরকারের বিভিন্ন দপ্তরে নিযুক্ত আছেন ; এবং

(খ) এঁদের মধ্যে (১) মহিলার সংখ্যা কত ; এবং (২) তফসিলী জাতি ও উপজাতির সংখ্যা কত?

স্বরাষ্ট্র (সাধারণ শাসন) বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ১৫৮।

(খ) (১) ৬. ও (২) ১৯।

রূপশ্রী ও ধুবুলিয়া ক্যাম্পের উচ্চ বিদ্যালয়গুলির ছাত্রছাত্রীদের স্টাইপেন্ড

৭১। (অনুমোদিত প্রশ্ন নং ৭৪৬।) **শ্রীনিতাইপদ সরকার**: উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) সরকার কি অবগত আছেন যে, নদিয়া জেলার রূপশ্রী কাম্পের ও ধুবুলিয়া ক্যাম্পের উচ্চ বিদ্যালয়গুলিতে ছাত্র-ছাত্রীগণের "স্টাইপেন্ড" প্রদানের প্রায়ই বিলম্ব হয় ; এবং

(খ) অবগত থাকিলে, উক্ত ছাত্র-ছাত্রীগণের নিয়মিত স্টাইপেন্ডের টাকা প্রেরণের জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) গত ১৯৭০-৭১ সাল হইতে উক্ত ছাত্র-ছাত্রীদের "স্টাইপেন্ডের" জন্য ভারত সরকার কোন অর্থ মঞ্জুর করিতেছেন না। রাজ্যসরকার শিক্ষা বাজেটের অন্যান্য খাতের বায়বরাদ্দ বাবত উদ্বৃত্ত হইতে এতদিন স্টাইপেন্ড মঞ্জুর করিয়াছেন। আগামী ১৯৭৩-৭৪ সাল হইতে আর স্টাইপেন্ড মঞ্জুর করা সম্ভব নয় বলিয়া সংশিষ্ট কর্তৃপক্ষকে জানাইয়া দেওয়া হইয়াছে।

হেল্‌থ অ্যাসিস্ট্যান্ট ও হেল্‌থ ইন্সপেক্টর

৭২। (অনুমোদিত প্রশ্ন নং ৭৬০।) **ডাঃ ওমর আলি**: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হেল্‌থ অ্যাসিস্ট্যান্ট ও হেল্‌থ ইন্সপেক্টরদের একই রকম কাজ ও দায়িত্ব পালন করতে হয় ; এবং

(খ) সত্য হইলে—

(১) তাহাদের ডেজিগনেশন আলাদা কেন;

(২) বেতনহারের তারতম্যের কারণ কি?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

কুলতোড় মৌজায় লিফ্‌ট ইরিগেশন স্কীমে বৈদ্যুতীকরণ

৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ৭৫১।) **শ্রীনিতাইপদ ঘোষঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বীরভূম জেলার অন্তর্গত সাঁইথিয়া থানার কুলতোড় মৌজায় যে লিফ্‌ট ইরিগেশন স্কীমের কাজ হইতেছে উহাতে কতদিনের মধ্যে বৈদ্যুতীকরণ করা হইবে?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ এই প্রকল্পটিকে কতদিনে বৈদ্যুতিকরণ কর্মসূচীর অন্তর্ভুক্ত করা যাইবে তাহা এখনই বলা সম্ভব নহে। তবে পর্যায়ক্রমে প্রতিটি নদী সেচ প্রকল্পকে বৈদ্যুতীকরণ কর্মসূচীর অন্তর্ভুক্ত করিবার পরিকল্পনা সরকারের আছে।

জনস্বাস্থ্য বিভাগের স্যানিটারী ইন্সপেক্টর ও অন্যান্য কর্মীদের বেতন

৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ৭৫৮।) **ডাঃ ওমর আলিঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) ইহা কি সত্য যে জনস্বাস্থ্য বিভাগের স্যানিটারী ইন্সপেক্টর ও তাঁহাদের অধীনস্থ কর্মীদের বেতনহার একই প্রকার; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) স্যানিটারী ইন্সপেক্টরদের বর্তমান বেতনক্রম নিম্ন প্রকারঃ—

গ্রেড (১) ৩০০—৬০০ টাকা।

গ্রেড (২) ২৩০—৪২৫ টাকা।

ইঁহাদের অধীনস্থ গ্রেড (৩) কর্মীদের বর্তমান বেতনক্রমও ২৩০—৪২৫ টাকা।

(খ) গত পে কমিশন-এর সুপারিশ বিবেচনা করিয়া সরকার প্রাক ১৯৭০ সনের নির্ধারিত বেতনক্রমগুলি পুনর্বিন্যাস করিবার যে নীতি অবলম্বন করিয়াছিলেন সেই নীতি অনুসারে কোন কোন ক্ষেত্রে অল্প পৃথক বেতন হারের সমতা বিধান করা হইয়াছিল। তাহার ফলে গ্রেড (২) এবং গ্রেড (৩) কর্মীদের বেতনক্রম যথাক্রমে ১৫০—২৫০ টাকা এবং ১২৫—২০০ টাকা হইতে উন্নীত করিয়া উভয় ক্ষেত্রেই ২৩০—৪২৫ টাকা করা হইয়াছিল।

'স্যানিটারী ইন্সপেক্টর'

৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ৭৫৫।) **ডাঃ ওমর আলিঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৭১ সালের ফেব্রুয়ারী মাসে ১৭৬ জন স্যানিটারী ইন্সপেক্টরকে [illegible] টাকা স্কেলে উন্নীত করার সিদ্ধান্ত গৃহীত হইয়াছিল; এবং

(খ) সত্য হইলে

(১) কতজনকে ১৫ই ফেব্রুয়ারী, ১৯৭৩ পর্যন্ত ঐ স্কেলে উন্নীত করা হইয়াছে; এবং

(২) অবশিষ্টদের কবে নাগাত উন্নীত করা হইবে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) যেসমস্ত হেল্‌থ অ্যাসিস্ট্যান্ট ৮ম, ৯ম ও ১০ম ব্যাচ-এ স্যানিটারী ইন্সপেক্টরশিপ পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছিলেন তাঁহাদিগকে যোগ্যতা ও গ্রেড (১) স্যানিটারী ইন্সপেক্টরের শূন্যপদ প্রাপ্তি সাপেক্ষে ঐ গ্রেডে উন্নীত করিবার সিদ্ধান্ত গৃহীত হইয়াছিল।

(খ) (১) ৪৯ (ঊনপঞ্চাশ) জন।

(২) গ্রেড (১) স্যানিটারী ইন্সপেক্টরের পদ শূন্য হইলে অবশিষ্টদের ২০০--৪০০ টাকা (পরিবর্তিত হার ৩০০ ৬০০ টাকা) স্কেলে উন্নতির বিচার-বিবেচনা করা হইবে।

মহম্মদবাজার ব্লকে লিফ্‌ট ইরিগেশন স্কীমে বৈদ্যুতীকরণ

৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ৭৪৮।) **শ্রীনিতাইপদ ঘোষঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বীরভূম জেলার অন্তর্গত মহম্মদবাজার ব্লকের ভেজেনা মৌজায় যে লিফ্‌ট ইরিগেশন স্কীমের কাজ হইতেছে তাহাতে কতদিনের মধ্যে বিদ্যুৎ সরবরাহ করা হইবে?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ ভেজেনা বলিয়া কোন নদীসেচ প্রকল্প নাই। তবে ভেজেনার সন্নিকটে পাথরকুচি নামে একটি নদীসেচ প্রকল্প আছে। পর্যায়ক্রমে সবগুলি নদীসেচ প্রকল্পই বৈদ্যুতীকরণের পরিকল্পনা আছে। কখন বর্তমান প্রকল্পে বিদ্যুৎ সংযোগ করা হইবে এখন বলা সম্ভব নয়।

বর্ধমান বিশ্ববিদ্যালয়ে সরকার কর্তৃক মনোনীত সদস্য

৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ৮৩৬।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান বিশ্ববিদ্যালয়ের "দি ইউনিভার্সিটি" এবং "অ্যাকাডেমিক কাউন্সিলে"র সদস্যদের মধ্যে সরকারী মনোনীত ব্যক্তি কতজন;

(খ) উক্ত মনোনীত ব্যক্তিদের কার্যকাল কতদিন; এবং

(গ) কি যোগ্যতার ভিত্তিতে মনোনীত ব্যক্তিদের সদস্য করা হয়?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) সরকারী পদাধিকারবলে সদস্য হওয়া ব্যতীত বর্ধমান বিশ্ববিদ্যালয় বা অধীনস্থ অ্যাকাডেমিক কাউন্সিলের সদস্য পদে সরকার কর্তৃক মনোনয়নের কোন ব্যবস্থা নাই।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

ময়না বেসিন স্কীম, টেংরা স্কীম ও তমলুক মাস্টার প্ল্যান

৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ৫৮৬।) **শ্রীকানাই ভৌমিকঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) নিম্নলিখিত স্কীমগুলি বর্তমানে কি অবস্থায় রয়েছেঃ

(১) ময়না থানার টেংরা স্কীম;

(২) ময়না বেসিন স্কীম;

(৩) তমলুক মাস্টার প্ল্যান; এবং

(খ) এই স্কীমগুলির কোনটির কাজ কবে নাগাত শুরু করা হবে ব'লে আশা করা যায়?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) (১) ও (২) ময়না বেসিনের অন্তর্গত পুরসুরা সাব-বেসিনে এবং গরমাফাৎ সাব-বেসিনের জল নিষ্কাশন সমস্যা বেশ জটিল।

পুরসুরা সাব-বেসিনের সমস্যা সমাধানকল্পে টেংরা প্রকল্প নামে একটি প্রকল্প রচিত হইয়াছে এবং উহার বিশদ এস্টিমেট এখন প্রস্তুত করা হইতেছে। প্রয়োজনীয় সমীক্ষার পর গরমাফাৎ সাব-বেসিনের জন্য প্রকল্প রচনার কাজ বর্তমানে চলিতেছে।

(৩) তমলুক মাস্টার প্ল্যান রচনার কাজ চলিতেছে।

(খ) উক্ত (ক) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে কোনটির কাজ কবে আরম্ভ করা সম্ভব হইবে তাহা বর্তমানে বলা সম্ভব নয়।

LEGISLATION

The West Bengal Taxation Laws (Amendment) Bill, 1973

Shri Sankar Ghose: Mr. Speaker, Sir, I beg to introduce the West Bengal Taxation Laws (Amendment) Bill, 1973.

(Secretary then read the title of the Bill.)

Shri Sankar Ghose: Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal Taxation Laws (Amendment) Bill, 1973, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বাজেট বক্তৃতাতে বলেছিলাম যে, প্রেসিডেন্ট এর রুলের সময় দি ওয়েস্ট বেঙ্গল ট্যাক্সেশন লজ (আমেন্ডমেন্ট) অ্যাক্ট, ১৯৭১ প্রচলিত ছিল। সেই আইনকে আবার চালু করবার জন্য আমরা একটা বিল এনেছি। দি ওয়েস্ট বেঙ্গল ট্যাক্সেশন লজ (অ্যামেন্ডমেন্ট) অ্যাক্ট, ১৯৭১ এটা প্রেসিডেন্টের রুলের সময় বলবৎ ছিল। প্রেসিডেন্ট রুল প্রত্যাহার হবার এক বছর পর সেই আইন বলবৎ থাকে না, এটাই সংবিধানের বিধান। ২০এ মার্চ, ১৯৭২ প্রেসিডেন্ট রুলের অবসান হয়েছিল এবং মার্চ মাসের শেষে এই বিল আর চালু থাকে না যদি না আমরা নতুন ক'রে বিল আনি। আমাদের এই বিলে প্রায় ২ কোটি ২৫ লক্ষ টাকা সরকার পাবে। এই বিল হয়েছিল যখন বাংলাদেশে স্বাধীনতা সংগ্রাম চলছিল। বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের সময় ভারতবর্ষের মানুষ, পশ্চিম বাংলার মানুষ এই জাতীয় কতগুলি আইন ক'রে কিছু অতিরিক্ত সম্পদ সংগ্রহ করেন যেটা বাংলাদেশের শরণার্থীদের জন্য ব্যয় করা হয়েছিল। ভারতবর্ষের মানুষ এটা প্রমাণ করল যে, অন্য একটা দেশের স্বাধীনতা যখন বিপর্যস্ত হচ্ছে তখন আমরা মনে করি আমাদের দেশের স্বাধীনতাও বিপর্যস্ত হচ্ছে। সেইজন্য সারা ভারতবর্ষের মানুষ বিনা দ্বিধায় কোন রকমে এর বিরুদ্ধে প্রতিবাদ না ক'রে, স্বেচ্ছায়, সানন্দে এই অর্থ বিভিন্ন সরকারকে দিয়েছিলেন। বিভিন্ন রাজ্যসরকার এই জাতীয় বিল এনেছিলেন। আমাদের পশ্চিম বাংলায়ও এই জাতীয় একটা আইন হয়েছিল এবং এই যে সম্পদ সংগৃহীত হ'ত সেটা পশ্চিমবঙ্গ সরকার সংগ্রহ করতেন। পশ্চিমবঙ্গ সরকার এই যে সম্পদ সংগ্রহ করতেন তা থেকে কলেকশন চার্জের মত ছোট একটা অ্যামাউন্ট কেটে রেখে বাকিটা কেন্দ্রীয় সরকারকে দেওয়া হ'ত যাতে বাংলাদেশের শরণার্থীদের জন্য ব্যয়িত হ'তে পারে।

[2-10—2-20 p.m.]

এখন আমাদের সেই সমস্যার নিরসন হয়েছে, এখন পরিপূর্ণ দেশ গঠনের পালা। সুতরাং যে অর্থটা বাংলাদেশের শরণার্থীদের জন্য ব্যয় করেছিলাম, সেই অর্থ এখন দেশের উন্নয়নের জন্য ব্যয় করব। এবং এই অর্থ যাতে কর্মসংস্থানের প্রকল্পে ব্যয় করতে পারি ও সাধারণভাবে দেশের উন্নয়ন খাতে ব্যয় করতে পারি সেজন্য এই বিলটা আনা হয়েছে। এটা নতুন কিছু বিল নয়,

যে করটা চলছিল সেটাই চালু থাকবে। নতুন করের বোঝা মানুষের উপর বসবে না এবং এতে মুদ্রাস্ফীতি হবার কোন সম্ভাবনা নাই। যা ছিল সেটাই চলবে। পশ্চিম বাংলার মানুষ এই বিলকে সমর্থন জানিয়েছে। তারা প্রমাণ করেছে, বাংলাদেশের শরণার্থীদের জন্য সেই সময় যেভাবে এগিয়ে এসেছিল আজকে আবার পশ্চিম বাংলার মানুষ দেশের উন্নয়নের জন্য আশা করি সেইভাবে এগিয়ে আসবে। এই বিল করার এক্তিয়ার সম্পূর্ণ আমাদের আছে কিনা এই প্রশ্ন আমাদের দু-একজন মাননীয় সদস্য তুলেছিলেন। তাঁরা জিজ্ঞাসা করেছিলেন যে, কেন্দ্রীয় সরকার যে টাকা নিতেন সেই টাকা আমরা নিতে পারি কিনা? এই সম্পর্কে আমি বলতে পারি, আমাদের রাজ্যের যে বিভিন্ন আইন আছে, সেই সমস্ত আইনের উপর সারচার্জ ধার্য করা সম্পূর্ণভাবে এই রাজ্যের এক্তিয়ারের ভিতরে, এটা কেন্দ্রীয় সরকারের এক্তিয়ারের ভিতরে নয়, সেইজন্য এই বিলকে আমরা আনতে পারি। অন্যান্য কতকগুলি রাজ্যে আমি দেখলাম যেমন গুজরাটে এটা পেশ করা হয়েছে। গুজরাটের অর্থমন্ত্রী বলেছেন, এই যে বাংলা-দেশ রিফিউজি লেভি সেটা থাকবে এবং গুজরাটে সেটা উন্নয়নমূলক কাজের জন্য ব্যয় করা হবে। কয়েকদিন আগে মহারাষ্ট্রে যে বাজেট আমরা দেখেছি, তাতেও দেখেছি, মহারাষ্ট্রে এই বাংলাদেশ লেভি থাকবে, তারা ব্যয় করবে উন্নয়নমূলক কাজের জন্য। সুতরাং এই বিলটি যেটা আমি বাজেটে ঘোষণা করেছিলাম সেটা আজকে হাউসের কাছে রাখছি আপনাদের অনুমোদনের জন্য। আশা করি, আপনারা সকলে অনুমোদন দেবেন।

Mr. Speaker: There are motions for circulation of Bill by Shri A. H. Besterwitch, Shri Timir Baran Bhaduri and Shri Shish Mohammad. All the amendments are in order. I now call upon Shri A. H. Besterwitch to move his amendment.

Shri A. H. Besterwitch: Mr. Speaker, Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st May, 1973.

Sir, however much I might want to support this Bill as no Government, whoever they might be, can run the administration without financial obligations but I cannot do that because from my personal experience I feel that this is not for the welfare of the people at large but it is for the welfare of the moneybags. The Department concerned cannot collect the amount as is mentioned in the Bill because it has got no yardstick. Sir, if you go to any shop you will find that people are paying this amount of 10 per cent. but they are not getting any cash memo. Then how can the Government collect this amount from these shops? Debarring a few big shops the rest of the shops are taking this money without giving any cash memos to the purchasers. Sir, no record, nothing of the kind, is maintained and your Inspectors go to these shops at night, take some booty and finish their job. I do not think that Government receive the actual amount collected by these moneybags from the people. Sir, I cannot understand why this Bill is necessary when the Government can earn a huge amount of money from various other sources. During the General Discussion on the Budget I spoke about this also that you can eran 400/500 crores of rupees if you collect properly all the taxes. But you are not doing that and the tax-dodgers are moving freely. Why are you not putting your hands on

them and getting the money out of them? You know the state of affairs in the financial expenditure but you do not want to put your hand on these big the moneybags of the tax dodgers.

Now, Sir, if you come to the subject of motor vehicles, you will find a peculiar thing. My friend, the Transport Minister, is the President of the Taxi Owners' Association. That is why he does not want any other vehicles, barring taxis to ply in West Bengal. The other day I spoke about the Auto Rickshaws. During question hour, I put this question of Auto Rickshaws, which are not plying in Calcutta and Howrah. He said that he can introduce these rickshaws elsewhere. Where is that 'elsewhere'? Where is the difficulty of introducing Auto Rickshaws in Calcutta and Howrah? I think there is no difficulty. If permits for Auto Rickshaws are given to the poor unemployed people, they can be easily provided. At least a lakh of people in the whole of West Bengal can be provided. They can earn about Rs. 70 to Rs. 100 a month, by which they can maintain their families. Why should not you see that money comes out from these various channels?

Then, Sir, there is another thing. I think the House, excepting my Congress friends from Jalpaiguri, will be shocked to hear this. There is a fund called Market Fund at Western Duars area. Huge amount of money can be collected from this Market Fund. Huge amount of money is being collected in this fund by some people, but that is not seen in the budget. It is not known who are utilising that money. Everything is topsy turvy in that Market Fund. This thing is going on year after year. During the time of U. F. Government, I spoke this thing, but they could not take any action because they went away. Now, you say that you have come here on the strength of the people. It is for you to see that all this money comes to the Government, and this should be included in the budget. Some crores of rupees are going to nowhere. If the Finance Minister really wants finance—I want the Finance Minister to drop this Bill—he should come out with some specific things, by to inflate the moneybags of the tax dodgers and the staff of the various departments, but not for the people. I do not think, you will get the full amount because 1/4th of the amount, which the people pay will go to the shop-keepers. It will go in the pockets of your staff and the shop-keepers. That is why I cannot support this Bill—I will never support it you can be sure of that—because that is not a Bill for the welfare of the people. You have said in the Statement of Objects and Reasons that this is for the welfare of the people as well as for the welfare of the State.

Sir, this money was for the Bangladesh Relief Fund, but I do not think, even 1/4th of the money, which the people paid, was spent for that purpose. So, I object to this Bill.

[2-20—2-30 p.m.]

ডাঃ হরশংকর ভট্টাচার্য: মাননীয় স্পীকার মহাশয়, আমি সাধারণভাবে এই দি ওয়েস্ট বেঙ্গল ট্যাক্সেশন ল অ্যামেন্ডমেন্ট বিল সমর্থন করছি। সমর্থন করতে গিয়ে দু'চারটে কথা বলা প্রয়োজন। আশা করি অর্থমন্ত্রী এটা গঠনমূলক সমালোচনা ব'লে মনে করবেন। কিছু বলতে গেলে কোন ধরনের সমালোচনা হচ্ছে বুঝতে পারছি না। আশা করি, উনি এটাকে গঠনমূলক সমালোচনা ব'লে মনে করবেন। সাধারণভাবে সমর্থন করছি এই কারণে যে, যে কোন ধরনের পুরানো ট্যাক্সই ক্যাপিটালাইজড হয়ে যায়। সেইজন্য একটা কথা আছে, ওল্ড ট্যাক্স ইজ নো ট্যাক্স। সেই দিক থেকে এটা সমর্থনযোগ্য। তবে অ্যামিউজমেন্ট ট্যাক্স যেটা ১০ নয়া পয়সা ক'রে চাপান আছে, এটা বোধ হয় এক বছরের জন্য করা হচ্ছে—এই রকম ঘোষণা করা উচিত ছিল। গরিব মানুষদের উপর ওই ট্যাক্স না ক'রে তাদের বাদ দেওয়াটাই বোধ হয় ভাল ছিল। আর বেটিং, রেসিং অ্যান্ড গ্যাম্বলিং-এর উপর ট্যাক্স বাড়ানো নিশ্চয় উচিত ছিল। একই হার গরিব মানুষদের উপর আর বড়লোকদের উপর হবে—এটা ভাল দেখাচ্ছে না। আমি আশা করেছিলাম, এই সুযোগ যখন পাচ্ছেন তখন একটা ডিফারেন্স আনবেন এবং বেটিং, গ্যাম্বলিং এবং রেসিং-এর উপর বেশি ক'রে বসাবেন। আর একটা কথা ছিল সিনেমা শিল্পের উপর আমরা ট্যাক্স ক'রেই চলেছি, কিন্তু বাংলা সিনেমার ভবিষ্যতের কথা আমরা ভাবি না বা টেকনিসিয়ানদের কথা আমরা ভাবি না। সেই দিক থেকে যদি বলতেন যে, আমরা কিছু টাকা টেকনিসিয়ানদের জন্য রাখবো, তা হ'লে ভাল হ'ত। মোটর ভেহিকেলসের উপর যেটা করেছেন- এটা সমর্থন করি এবং এটা ক্যাপিটালাইজড হয়ে গিয়েছে। এই সম্পর্কে কোন অভিযোগ নেই। তবে আদায় করা এবং ফাঁকি বন্ধ করা এই সম্পর্কে হাউসে অনেকবার বলেছি, আশা করি এই সম্পর্কে নজর রাখবেন। জানি না, এই ট্যাক্সের অজুহাতে ট্যাক্সি চালকরা ভাড়া বাড়াবেন কি না এবং বাসের ভাড়া উনি বাড়াতে দেবেন কি না। দ্বিতীয়তঃ সেলস ট্যাক্সের উপর টু পারসেন্ট সারচার্জ যেটা করেছেন এটা এক বছরের জন্য করলে ভাল হ'ত। এটা প্রেসিডেন্ট টাইমের অ্যাক্ট সেটা আমরা গ্রহণ করলাম, মনে হচ্ছে এটা পারমানেন্ট হয়ে গেলো। তাই এটা যদি এক বছরের জন্য করা হচ্ছে ব'লে ঘোষণা করা হ'ত তা হ'লে লোকে খুশী হ'ত। এইখানে একটা ডিফারেন্স করা উচিত ছিল। যে জিনিসটা আমরা বেশি ব্যবহার করি সেটা বাদ দিয়ে বিলাসদ্রব্যের উপর ট্যাক্স করা উচিত ছিল। আর স্ট্যাম্প ডিউটির জন্য গরিবদেরই সবচেয়ে বেশি অসুবিধা হচ্ছে। স্ট্যাম্প ডিউটি আমাদের নিম্ন শ্রেণীর লোকদের প্রতি মাসে ২০ পয়সা ক'রে দিতে হচ্ছে। অনেক জায়গায় আবার উইকলি দিতে হয়, যে সব জায়গায় সপ্তাহে বেতন পায়। সেটা যদি ঘোষণা করতেন যে, দু'শো টাকার উপর হবে, তা হ'লে ভাল হ'ত। আর একটা কথা উনি ওঁর বক্তৃতায় বলেন নি বোধ হয় এর জন্য প্রেসিডেন্টের অ্যাসেন্ট দরকার, এইজন্য যে ইন্ডিয়ান স্ট্যাম্প অ্যাক্ট অ্যাপ্লিকেবল টু ওয়েস্ট বেঙ্গল। আমরা এখানে যদি পাস ক'রে দিই, তা হ'লে সেটা প্রেসিডেন্টের অ্যাসেন্টের জন্য যেতে হবে। এই কথা স্মরণ করিয়ে দিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমহম্মদ সফিউল্লা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় অর্থমন্ত্রী পশ্চিমবঙ্গ কর-বিধি (সংশোধন) বিল, ১৯৭৩, যেটা এনেছেন, এখানে উপস্থিত করেছেন, আমি তা সমর্থন করছি। দিস ইজ অ্যান আনপ্লেজেন্ট টাস্ক এই করকে সমর্থন জানানো অত সহজ নয় এবং এই কর সমর্থন করাটা আজকে পশ্চিমবঙ্গের পটভূমিকায় অত্যন্ত কঠিন কাজ। কিন্তু পশ্চিমবঙ্গের ভবিষ্যৎ চিন্তা ক'রে পশ্চিমবঙ্গের গঠনমূলক প্রতিশ্রুতির কথা শুনে এবং পশ্চিমবঙ্গকে আগামী দিনে সঠিকভাবে গড়ার পদক্ষেপ যাতে নিতে পারা যায় সেইজন্য আমি বিলটি সমর্থন করছি।

এর কিছু কিছু বিষয় যদি অর্থমন্ত্রী একটু লক্ষ্য ক'রে দেখেন, তা হ'লে দেখতে পাবেন, কর আদায় থেকে টাকা আমদানি করবার আরো কতকগুলো পন্থা আছে, যেমন আপনার বিক্রয়-কর আছে। আপনি নিশ্চয়ই জানেন কলকাতার বড় বড় ব্যবসায়ীরা বিরাট কর ফাঁকি দেয়। এই কর আদায় করবার যে ব্যবস্থা—রিয়েলাইজেশন-এর যে মেসিনারী আছে তাঁরা আরো ভালভাবে তা ইমপ্লিমেন্ট করতে পারেন, আপনার কর্মচারীদের ও আপনার বিভাগকে আরো একটু বেশী সক্রিয় যদি আপনি করতে পারেন, তা হ'লে, আমি মনে করি, আরো বেশী অর্থের সংস্থান করা যাবে।

আর একটি কথা আছে, কর একবার চাপালে তা আর ছাড়া যায় না। যে কর চেপেছে তা রাখা ও চালিয়ে যাওয়া সাধারণ মানুষ সমর্থন করেন না। অনেকটা যেন কুইনাইন গিলবার মত। যদি কুইনাইন গিলে দেখা যায় যে জ্বর ছেড়েছে, তা হ'লে সেই কুইনিন গেলা সার্থক হয়।

আরো কয়েকটি বিষয়ে আপনার দৃষ্টি দেওয়া দরকার। আপনি নাইট ক্লাবের দিকে একটু দৃষ্টি দিন। আজকে এই দুর্মূল্যের বাজারে এই নাইট ক্লাবে প্রচুর বিলাসী বড়লোকের ভীড় হয়। সেদিকে লক্ষ্য রেখে যদি কিছু বেশী ট্যাক্সেসান-এর ব্যবস্থা করেন, তা হ'লে সেখান থেকেও কিছু অর্থের সাশ্রয় হতে পারে।

আপনি এই যে অ্যামেন্ডিং বিল এনেছেন, আমি আশা করবো, এই কাজ শেষ হ'লে এবং আমাদের গঠনমূলক কাজে যাতে এই সমস্ত অর্থ লাগান যায়, সেদিকে আপনি একটু দৃষ্টি দেবেন। এই কথা কয়টি ব'লে আমি বিলটির প্রতি সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশঙ্কর ঘোষ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে মিঃ বেস্টারউইচকে একটু ধন্যবাদ জানাতে চাই। কারণ তিনি বলেছেন যে, যদি আমরা নূতন কর প্রস্তাব আনি, তা হ'লে তিনি তা সমর্থন করবেন। হাউসে কোন কাজ হতে পারে না ডিভিশন ছাড়া। মিঃ বেস্টারউইচ বলেছেন ডিভিশন ছাড়াই সে কাজ হবে। যদি অটোরিকশা চালু করবার ব্যাপারটা আমি সমর্থন করি, তা হ'লে ডিভিশন ছাড়াই বিল পাস হয়ে যাবে। এই যে প্রতিশ্রুতি তিনি দিয়েছেন, তার জন্য আমি তাঁকে ধন্যবাদ দিচ্ছি। তারপর মিঃ বেস্টারউইচ প্রস্তাব করেছেন সার্কুলেশনে দেওয়া হোক ফর পাবলিক ওপিনিয়ন। গতকাল যে বিল এনেছিলাম, তাতেও ও'রা বলেছিলেন বিলটি সার্কুলেশনে দেওয়া হোক- পাবলিক ওপিনিয়নের জন্য। কেন ? পাবলিক কি বলছেন সেটা জানার জন্য ? তা হ'লে আমি প্রস্তাব করতে পারি কি মিঃ বেস্টারউইচ ও তাঁর দলের লোকে যে বক্তৃতা রাখছেন, সেই বক্তৃতাও তাঁরা সার্কুলেট করুন পাবলিক ওপিনিয়নের জন্য ? তাঁদের বক্তৃতা যদি ফর পাবলিক ওপিনিয়ন রাখতেন, তা হ'লে কনসিসটেন্ট হ'ত। যখন আমরা নির্বাচিত হয়ে এসেছি পাবলিক আমাদের সেই অধিকার দিয়েছেন বিল আসলে পর আমরা সে বিষয়ে বক্তব্য রাখতে পারবো। কাজেই এই ব্যাপারে আর পাবলিক ওপিনিয়ন নেবার প্রয়োজন নাই।

তারপর মিঃ বেস্টার উইচ ক্যাশ মেমোর কথা বলেছেন। এটা নিশ্চয়ই খুব গুরুত্বপূর্ণ বিষয়। এই সেলস ট্যাক্স যাতে ফাঁকি না হয়, তার জন্য সরকার বিশেষ ব্যবস্থা নিয়েছেন এবং ব্যুরো অব ইনভেস্টিগেশন-কে খুব জোরদার করেছেন। তাঁরা অনেক জায়গা রেড করেছেন, অনেক ডিক্লারেশন ফর্ম সীজ ক'রে দেখেছেন বোগাস ফার্ম এবং তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছেন। এই সব করার ফলে এবার সাড়ে সাত কোটি টাকা সেল্‌স ট্যাক্স আমরা বাড়াতে পেরেছি। গোলমাল যেসব আছে সে সম্বন্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে। গতবার ১০ কোটি টাকা পেয়েছি সেল্‌স ট্যাক্স কালেকসান থেকে এবং আড়াই কোটি টাকা আমরা পেয়েছি বাংলাদেশ লেভি থেকে।

[2-30—2-40 p.m.]

মাননীয় হরশঙ্কর ভট্টাচার্য মহাশয় বলেছেন যে, তিনি যেটা বলবেন সেটা যেন গঠনমূলক সমালোচনা ব'লে মনে করা হয়। আমি তাঁর বক্তৃতা শুনেছি, তিনি খুবই গঠনমূলক কথা বলেছেন। একটা কথা তিনি বলেছেন যেটা গঠনমূলক এবং বাস্তব--সেটা হচ্ছে ওল্ড ট্যাক্স ইজ নো ট্যাক্স। সেকথায় আমিও একমত ব'লে ট্যাক্স আমি এনেছি এবং বলছি যে, এতে জনসাধারণের উপর করের বোঝা চাপিয়ে দেওয়া হবে না। আর একটা বলেছেন, যে এক বছরের প্রতিশ্রুতি দেওয়া হোক। এই কথাতে আমি একমত হতে পারছি না। এই ট্যাক্স এক বছরের জন্য করা হ'ল এই কথা বর্তমান যুগে বলা মুশকিল। অবশ্য অতীতে এখানকার অর্থমন্ত্রী এইসব কথা বলেছেন যে, আমরা এক বছরের জন্য ট্যাক্স করছি। কিন্তু একথা জনসাধারণ বিশ্বাস করে না। অতীতে ব্রিটিশ চ্যান্সেলার অব এক্সচেকার তিনি এক পাউন্ডের উপর এক পেনি কর ইমপোজ ক'রে বলেছিলেন যে, এটা এক বছরের জন্য করা হচ্ছে তার পর উঠিয়ে দেওয়া হবে। কিন্তু দেখা গেল তার পরের বছর দু' পেনি করা হ'ল, তার পরের বছর আরও বাড়ানো হ'ল এবং এখন সেখানে কি হার দাঁড়িয়েছে সেটা সবাই

জানেন। তাই আমি এখানে প্রতিশ্রুতি দিতে পারছি না, জনসাধারণের স্বার্থে যদি দরকার হয় আরও বাড়াতে হবে। হরশঙ্করবাবু তাঁর বাজেট বক্তৃতায় বলেছেন, ট্যাক্স আরও বাড়াতে হবে। তিনি যে কথা বলেছেন, আমি তাঁর সংগে একমত যে, ভবিষ্যতে ট্যাক্স বাড়াবার প্রয়োজনীয়তা আসতে পারে। তার পর সিনেমার টিকিট সম্বন্ধে তিনি বলেছেন। এর ভিতর একটা প্রগ্রেসিভ জিনিস রয়েছে। এই বিলে আমরা সারচার্জ ১০ পারসেন্ট বসিয়েছি সিনেমার টিকিটের উপর। এটার একটা প্রগ্রেসিভ দিক রয়েছে। সিনেমার টিকিটের উপর যে ট্যাক্স রয়েছে—তাতে যারা কম পয়সায় সিনেমা দেখেন তার জন্য ৩০ পারসেন্ট ট্যাক্স করা হয়েছে—তার চেয়ে বেশী ৬০ পারসেন্ট, তার চেয়ে বেশী ৯০ পারসেন্ট—এই ভাবে ১২০ পারসেন্ট পর্যন্ত আছে। সুতরাং ট্যাক্স অনুপাতে সারচার্জ বাড়বে এটাই আমরা করেছি। এতে আমাদের প্রগ্রেসন অ্যাকুমুলেটেড হচ্ছে। তার পর আর একটা কথা বলেছেন লাকসারী আইটেমের উপর ট্যাক্স করার কথা বলেছেন। আমরা লাকসারী আইটেমের উপর ট্যাক্স ৬ পারসেন্ট থেকে ১২ পারসেন্ট করেছি। লাকসারী জিনিসপত্র, ফরেন লিকার- এই সব জিনিসের উপর আমরা ১২ পারসেন্ট ট্যাক্স করেছি—তার উপর সারচার্জ হবে। এটা একটা প্রগ্রেসিভ ট্যাক্স হবে। আর একটা কথা হরশঙ্করবাবু বলেছেন, স্ট্যাম্প অ্যাক্ট। সেখানে প্রেসিডেন্সিয়াল অ্যাসেন্টের কথা নিশ্চয় আছে। আমি এটা নোট করেছি, প্রেসিডেন্টের নিশ্চয় অ্যাসেন্ট আমাদের নিতে হবে এবং তা আমরা নিশ্চয় নেবো। আমাদের মহম্মদ সফিউল্লা মহাশয় বলেছেন যে, নাইট ক্লাবের উপর ট্যাক্স ধরার জন্য। আমরা নাইট ক্লাবের উপর ক্যাবারের উপর ট্যাক্স বসিয়েছি—নিশ্চয় বসাতে হবে যে সমস্ত লাকসারী হোটেল এয়ার-কন্ডিসন হোটেল আছে তাদের উপর ট্যাক্স আছে। এর পর সারচার্জ ব'সে সেটা আরও বেড়ে যাবে। সাধারণভাবে এই হাউসের প্রায় সকলেই এই বিলটি সমর্থন করেছেন ব'লে আমি তাঁদের অভিনন্দন জানাচ্ছি এবং এই কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and a division taken with the following result:

Noes

Abdul Bari Biswas, Shri.
Abedin, Dr. Zainal.
Bandyopadhyay, Shri Sukumar.
Banerjee, Shri Mrityunjoy.
Banerjee, Shri Pankaj Kumar.
Basu, Shri Ajit Kumar (Mid.).
Bauri, Shri Durgadas.
Bharati, Shri Ananta Kumar.
Bhattacharyya, Shri Harasankar.
Bhowmik, Shri Kanai.
Bijali, Dr. Bhupen.
Biswas, Shri Ananda Mohan.
Biswas Shri Kartic Chandra.
Bose, Shri Lakshmi Kanta.
Chaki, Shri Naresh Chandra.
Chakrabarti, Shri Biswanath.
Chatterjee, Shri Kanti Ranjan.
Chattopadhay, Shri Sukumar.
Das, Shri Barid Baran.
Das, Shri Bimal.
Das, Shri Jagadish Chandra.
Das, Shri Sarat Chandra.
Das Gupta, Dr. Santi Kumar.

Noes—contd.

De, Shri Asamanja.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Hemanta.
Ganguly, Shri Ajit Kumar.
Ghose, Shri Sankar.
Ghosh, Shri Lalit Kumar.
Ghosh, Shri Nitai Pada.
Ghosh, Shri Sisir Kumar.
Goswami, Shri Paresh Chandra.
Gurung, Shri Nandalall.
Gyan Singh, Shri Sohanpal.
Habibur Rahaman, Shri.
Hajra, Shri Basudeb.
Halder, Shri Kansari.
Hembram, Shri Sital Chandra.
Hembrom, Shri Patrash.
Isore, Shri Sisir Kumar.
Khan, Shri Gurupada.
Kolay, Shri Akshay Kumar.
M. Shaukat Ali, Shri.
Mahanto, Shri Madan Mohan.
Mahato, Shri Kinkar.
Mahato, Shri Ram Krishna.
Mahato, Shri Satadal.
Mahato, Shri Sitaram.
Mahapatra, Shri Harish Chandra.
Maitra, Shri Kashi Kanta.
Maity, Shri Prafulla.
Malladeb, Shri Birendra Bijoy.
Mandal, Shri Gopal.
Mazumdar, Shri Indrajit.
Md. Safiullah, Shri.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mitra, Shrimati Ila.
Mohammad Dedar Baksh, Shri.
Molla Tasmatulla, Shri.
Mondal, Shri Aftabuddin.
Mondal, Shri Amarendra.
Mondal, Shri Anil Krishna.
Mondal, Shri Khagendra Nath.
Moslehuddin Ahmed, Shri.
Motahar Hossain, Dr.
Mukherjee, Shri Bhabani Sankar.
Mukherjee, Shri Mrigendra.
Mukherjee, Shri Sanat Kumar.

Noes—*concld.*

Mukherjee, Shri Sibdas.
Mukhopadhyaya, Shri Ajoy.
Mundle, Shri Sudhendu.
Naskar, Shri Arabinda.
Palit, Shri Pradip Kumar.
Panja, Shri Ajit Kumar.
Patra, Shri Kashinath.
Paul, Shri Sankar Das.
Pramanick, Shri Gangadhar.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shri Ananda Gopal.
Roy, Shri Aswini.
Roy, Shri Debendra Nath.
Roy, Shri Jagadananda.
Roy, Shri Krishna Pada.
Roy, Shri Saroj.
Roy, Shri Santosh Kumar.
Roy, Shri Suvendu.
Saha, Shri Nirad Kumar.
Saraogi, Shri Ramkrishna.
Saren, Shri Dasarathi.
Sarker, Shri Jogesh Chandra.
Sheth, Shri Balai Lal.
Shukla, Shri Krishna Kumar.
Singha, Shri Lal Bahadur.
Singha, Shri Satyanarayan.
Singhababu, Shri Phani Bhusan.
Singha Roy, Shri Probodh Kumar.
Sinha, Shri Atish Chandra.
Talukdar, Shri Rathin.
Wilson-de Roze, Shri George Albert.

Ayes

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

The Ayes being 3 and the Noes 100, the motion was lost.

The motion of Shri Sankar Ghose that the West Bengal Taxation Laws (Amendment) Bill, 1973, be taken into consideration, was then put and agreed to.

Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Shri A. H. Besterwitch: I beg to move that in clause 2(1), in the proposed sub-section 1(a), line 5, for the word "ten" the word "five" be substituted.

Shri Sankar Ghose: I regret I cannot accept the amendment.

[2-40—2-50 p.m.]

The motion of Shri A. H. Besterwitch that in clause 2(1), in the proposed sub-section (1a), line 5, for the word "ten" the word "five" be substituted, was then put and a division taken with the following result:

Noes

A. M. O. Ghani, Dr.
Abdul Bari Biswas, Shri.
Abdul Rauf Ansari, Shri.
Abedin, Dr. Zainal.
Baidya, Shri Paresh.
Banerjee, Shri Mrityunjoy.
Banerjee, Shri Pankaj Kumar.
Basu, Shri Ajit Kumar (Mid.).
Bharati, Shri Ananta Kumar.
Bhattacharyya, Shri Harasankar.
Bhowmik, Shri Kanai.
Bijali, Dr. Bhupen.
Biswas, Shri Ananda Mohan.
Biswas, Shri Kartic Chandra.
Bose, Shri Lakshmi Kanta.
Chaki, Shri Naresh Chandra.
Chakrabarti, Shri Biswanath.
Chatterjee, Shri Kanai Ranjan.
Chattopadhay, Shri Sukumar.
Das, Shri Barid Baran.
Das, Shri Bimal.
Das, Shri Jagadish Chandra.
Das, Shri Sarat Chandra.
Das Gupta, Dr. Santi Kumar.
De, Shri Asamanja.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Adya Charan.
Dutta, Shri Hemanta.
Ganguly, Shri Ajit Kumar.
Ghosal, Shri Satya.
Ghose, Shri Sankar.
Ghosh, Shri Lalit Kumar.
Ghosh, Shri Nitai Pada.
Ghosh, Shri Sisir Kumar.

Noes—*contd.*

Goswami, Shri Paresh Chandra.
Gurung, Shri Nandalall.
Gyan Singh, Shri Sohanpal.
Habibur Rahaman, Shri.
Hajra, Shri Basudeb.
Halder, Shri Kansari.
Hembram, Shri Sital Chandra.
Hembrom, Shri Patrash.
Isore, Shri Sisir Kumar.
Jana, Shri Amalesh.
Khan, Shri Gurupada.
Khan, Nasiruddin, Shri.
Kolay, Shri Akshay Kumar.
M. Shaukat Ali, Shri.
Mahanto, Shri Madan Mohan.
Mahato, Shri Kinkar.
Mahato, Shri Ram Krishna.
Mahato, Shri Satadal.
Mahato, Shri Sitaram.
Mahapatra, Shri Harish Chandra.
Maitra, Shri Kashi Kanta.
Maity, Shri Prafulla.
Malladeb, Shri Birendra Bijoy.
Mandal, Shri Arabinda.
Mandal, Shri Gopal.
Mazumdar, Shri Indrajit.
Md. Safiullah, Shri.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mitra, Shrimati Ila.
Mohammad Dedar Baksh, Shri.
Mojumdar, Shri Jyotirmoy.
Molla Tasmatulla, Shri.
Mondal, Shri Aftabuddin.
Mondal, Shri Anil Krishna.
Mondal, Shri Khagendra Nath.
Moslehuddin Ahmed, Shri.
Motahar Hossain, Dr.
Mukherjee, Shri Bhabani Sankar.
Mukherjee, Shri Mrigendra.
Mukherjee, Shri Sanat Kumar
Mukherjee, Shri Sibdas.
Mukhopadhyaya, Shri Ajoy.
Mundle, Shri Sudhendu.
Nag, Dr. Gopal Das.
Naskar, Shri Arabinda.

Noes—concld.

Omar Ali, Dr. Sk.
Palit, Shri Pradip Kumar.
Panja, Shri Ajit Kumar.
Patra, Shri Kashinath.
Paul, Shri Bhawani.
Paul, Shri Sankar Das.
Pramanick, Shri Gangadhar.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shri Ananda Gopal.
Roy, Shri Debendra Nath.
Roy, Shrimati Ila.
Roy, Shri Jagadananda.
Roy, Shri Krishna Pada.
Roy, Shri Saroj.
Roy, Shri Santosh Kumar.
Roy, Shri Suvendu.
Saha, Shri Nirad Kumar.
Saraogi, Shri Ramkrishna.
Saren, Shri Dasarathi.
Sarker, Shri Jogesh Chandra.
Sheth, Shri Balai Lal.
Shukla, Shri Krishna Kumar.
Singha, Shri Lal Bahadur.
Singha, Shri Satyanarayan.
Singhababu, Shri Phani Bhusan.
Singha Roy, Shri Probodh Kumar.
Sinha, Shri Atish Chandra.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Talukdar, Shri Rathin.
Wilson-de Roze, Shri George Albert.

Ayes

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

The Ayes being 3, and the Noes 110, the motion was lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

Shri A. H. Besterwitch: Sir, I beg to move that in clause 3(a)(i), in the proposed proviso, line 2, for the figure "10" the figure "5" be substituted.

I beg to move that in clause 3(a)(ii), in the proposed proviso, line 2, for the figure "10" the figure "5" be substituted.

I beg to move that in clause 3(b), in the proposed proviso, line 2, for the figure "10" the figure "5" be substituted.

Shri Sankar Ghose: Mr. Speaker, Sir, I regret I cannot accept the amendments. I would suggest to my learned friend, Mr. Besterwitch, to reagitate the question on the 5th when at Howrah there will be a by-election. If he wants to elicit public opinion he can do so at Howrah.

The motions of Shri A. H. Besterwitch that—

in clause 3(a)(i), in the proposed proviso, line 2, for the figure "10" the figure "5" be substituted;

in clause 3(a)(ii), in the proposed proviso, line 2, for the figure "10" the figure "5" be substituted;

in clause 3(b), in the proposed proviso, line 2, for the figure "10" the figure "5" be substituted;

were then put and a division taken with the following result:

Noes

A. M. O. Ghani, Dr.
Abdul Bari Biswas, Shri.
Abdur Rauf Ansari, Shri.
Abedin, Dr. Zainal.
Baidya, Shri Paresh.
Bandopadhyay, Shri Sukumar.
Banerjee, Shri Mrityunjoy.
Banerjee, Shri Pankaj Kumar.
Basu, Shri Ajit Kumar (Mid.).
Barui, Shri Durgadas.
Bharati, Shri Ananta Kumar.
Bhattacharyya, Shri Harasankar.
Bhowmik, Shri Kanai.
Bijali, Dr. Bhupen.
Biswas, Shri Ananda Mohan.
Biswas, Shri Kartic Chandra.
Bose, Shri Lakshmi Kanta.
Chaki, Shri Naresh Chandra.
Chakrabarti, Shri Biswanath.
Chatterjee, Shri Kanti Ranjan.
Chattopadhay, Shri Sukumar.
Das, Shri Barid Baran.
Das, Shri Bimal.
Das, Shri Jagadish Chandra.
Das, Shri Rajani.
Das, Shri Sarat Chandra.

Noes—contd.

Das Gupta, Dr. Santi Kumar.
De, Shri Asamanja.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Adya Charan.
Dutta, Shri Hemanta.
Ganguly, Shri Ajit Kumar.
Ghosal, Shri Satya.
Ghose, Shri Sankar.
Ghose, Shri Lalit Kumar.
Ghosh, Shri Nitai Pada.
Ghosh, Shri Sisir Kumar.
Goswami, Shri Paresh Chandra.
Gurung, Shri Gajendra.
Gurung, Shri Nandalall.
Gyan Singh, Shri Sohanpal.
Habibur Rahaman, Shri.
Hajra, Shri Basudeb.
Halder, Shri Kansari.
Hembram, Shri Sital Chandra.
Hembrom, Shri Patrash.
Isore, Shri Sisir Kumar.
Jana, Shri Amalesh.
Khan, Shri Gurupada.
Khan, Nasiruddin, Shri.
Kolay, Shri Akshay Kumar.
M. Shaukat Ali, Shri.
Mahanto, Shri Madan Mohan.
Mahato, Shri Kinkar.
Mahato, Shri Ram Krishna.
Mahato, Shri Satadal.
Mahato, Shri Sitaram.
Mahapatra, Shri Harish Chandra.
Maitra, Shri Kashi Kanta.
Maity, Shri Prafulla.
Malladeb, Shri Birendra Bijoy.
Mandal, Shri Arabinda.
Mandal, Shri Gopal.
Mazumdar, Shri Indrajit.
Md. Safiullah, Shri.
Misra, Shri Kasinath.
Mitra, Shri Haridas.
Mitra, Shrimati Ila.
Mohammad Dedar Baksh, Shri.
Mojumdar, Shri Jyotirmoy.
Molla Tasmatulla, Shri.
Mondal, Shri Aftabuddin.

Noes—concld.

Mondal, Shri Anil Krishna.
Mondal, Shri Khagendra Nath.
Moslehuddin Ahmed, Shri.
Motahar Hossain, Dr.
Mukherjee, Shri Bhabani Sankar.
Mukherjee, Shri Mrigendra.
Mukherjee, Shri Sanat Kumar.
Mukherjee, Shri Sibdas.
Mukhopadhyaya, Shri Ajoy.
Mundle, Shri Sudhendu.
Nag, Dr. Gopal Das.
Naskar, Shri Arabinda.
Omar Ali, Dr. Sk.
Palit, Shri Pradip Kumar.
Panja, Shri Ajit Kumar.
Patra, Shri Kashinath.
Paul, Shri Bhawani.
Paul, Shri Sankar Das.
Pramanick, Shri Gangadhar.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shri Ananda Gopal.
Roy, Shri Debendra Nath.
Roy, Shrimati Ila.
Roy, Shri Jagadananda.
Roy, Shri Krishna Pada.
Roy, Shri Saroj.
Roy, Shri Santosh Kumar.
Roy, Shri Suvendu.
Saha, Shri Nirad Kumar.
Saraogi, Shri Ramkrishna.
Saren, Shri Dasarathi.
Sarker, Shri Jogesh Chandra.
Sheth, Shri Balai Lal.
Shukla, Shri Krishna Kumar.
Singha, Shri Lal Bahadur.
Singha, Shri Satyanarayan.
Singhababu, Shri Phani Bhusan.
Singha Roy, Shri Probodh Kumar.
Sinha, Shri Atish Chandra.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Talukdar, Shri Rathin.
Wilson-de Roze, Shri George Albert.

Ayes

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

They Ayes being 3 and the Noes 113, the motions were lost.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

Clause 5

Mr. Speaker: There are amendments to clause 5 by Shri A. H. Besterwitch, Shri Shish Mohammad and Shri Timir Baran Bhaduri, but the amendments are out of order.

The question that clause 5 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 6, 7 and the Preamble

The question that clauses 6, 7 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

[2-50—3-20 p.m.]

Shri Sankar Ghose: Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal Taxation Laws (Amendment) Bill, 1973, as settled in the Assembly, be passed.

The motion was then put and a division taken with the following result:

Ayes

A. M. O. Ghani, Dr.
Abdul Bari Biswas, Shri.
Abdur Rauf Ansari, Shri.
Abedin, Dr. Zainal.
Baidya, Shri Paresh.
Bandyopadhyay, Shri Sukumar.
Banerjee, Shri Mrityunjoy.
Banerjee, Shri Pankaj Kumar.
Basu, Shri Ajit Kumar (Mid.).
Bauri, Shri Durgadas.
Bharati, Shri Ananta Kumar.
Bhattacharyya, Shri Harasankar.
Bhowmik, Shri Kanai.
Bijali, Dr. Bhupen.
Biswas, Shri Ananda Mohan.
Biswas, Shri Kartic Chandra.
Bose, Shri Lakshmi Kanta.
Chaki, Shri Naresh Chandra.

Ayes—contd.

Chakrabarti, Shri Biswanath.
Chatterjee, Shri Kanti Ranjan.
Chattopadhay, Shri Sukumar.
Das, Shri Barid Baran.
Das, Shri Bimal.
Das, Shri Jagadish Chandra.
Das, Shri Sarat Chandra.
Das Gupta, Dr. Santi Kumar.
De, Shri Asamanja.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Adya Charan.
Dutta, Shri Hemanta.
Ganguly, Shri Ajit Kumar.
Ghosal, Shri Satya.
Ghose, Shri Sankar.
Ghosh, Shri Lalit Kumar.
Ghosh, Shri Rabindra.
Ghosh, Shri Sisir Kumar.
Goswami, Shri Paresh Chandra.
Gurung, Shri Nandalall.
Gyan Singh, Shri Sohanpal.
Habibur Rahaman, Shri.
Hajra, Shri Basudeb.
Halder, Shri Kansari.
Hembram, Shri Sital Chandra.
Hembrom, Shri Patrash.
Isore, Shri Sisir Kumar.
Jana, Shri Amalesh.
Khan, Shri Gurupada.
Khan, Nasiruddin, Shri.
Kolay, Shri Akshay Kumar.
M. Shaukat Ali, Shri.
Mahanto, Shri Madan Mohan.
Mahato, Shri Kinkar.
Mahato, Shri Ram Krishna.
Mahato, Shri Satadal.
Mahato, Shri Sitaram.
Mahapatra, Shri Harish Chandra.
Mahbubul Haque, Shri.
Maitra, Shri Kashi Kanta.
Malladeb, Shri Birendra Bijoy.
Mandal, Shri Arabinda.
Mandal, Shri Gopal.
Mazumdar, Shri Indrajit.
Md. Safiullah, Shri.
Md. Shamsuzzoha, Shri.

Ayes—contd.

Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mitra, Shrimati Ila.
Mohammad Dedar Baksh, Shri.
Mojumdar, Shri Jyotirmoy.
Molla Tasmatulla, Shri.
Mondal, Shri Attabuddin.
Mondal, Shri Anil Krishna.
Mondal, Shri Khagendra Nath.
Moslehuddin Ahmed, Shri.
Motahar Hossain, Dr.
Mukherjee, Shri Bhabani Sankar.
Mukherjee, Shri Biswanath.
Mukherjee, Shri Mrigendra.
Mukherjee, Shri Sanat Kumar.
Mukherjee, Shri Shankar Lal.
Mukherjee, Shri Sibdas.
Mukhopadhyaya, Shri Ajoy.
Mundle, Shri Sudhendu.
Nag, Dr. Gopal Das.
Naskar, Shri Arabinda.
Omar Ali, Dr. Sk.
Palit, Shri Pradip Kumar.
Panja, Shri Ajit Kumar.
Patra, Shri Kashinath.
Paul, Shri Bhawani.
Paul, Shri Sankar Das.
Pramanick, Shri Gangadhar.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shri Ananda Gopal.
Roy, Shri Debendra Nath.
Roy, Shrimati Ila.
Roy, Shri Jagadananda.
Roy, Shri Krishna Pada.
Roy, Shri Saroj.
Roy, Shri Santosh Kumar.
Roy, Shri Suvendu.
Saha, Shri Nirad Kumar.
Saraogi, Shri Ramkrishna.
Saren, Shri Dasarathi.
Sarker, Shri Jogesh Chandra.
Sheth, Shri Balai Lal.
Shukla, Shri Krishna Kumar.
Singha, Shri Lal Bahadur.
Singha, Shri Satyanarayan.
Singhababu, Shri Phani Bhusan.

Ayes—*concld.*

Singha Roy, Shri Probodh Kumar.
Sinha, Shri Atish Chandra.
Sinha, Shri Debendra Nath.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Talukdar, Shri Rathin.
Wilson-de Roze, Shri George Albert.

Noes

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Abstention

Maity, Shri Prafulla.

The Ayes being 114, the Noes 3, and the Abstention 1, the motion was carried.

Statement under rule 346

Mr. Speaker: Hon'ble Chief Minister will now make a statement under rule 346.

Shri Siddhartha Shankar Ray: Mr. Speaker, Sir, I am very glad to inform the House that Agricultural Department expect a sizeable wheat crop this year, which may exceed one million tons. This is the first time that West Bengal have achieved such a target. Honourable Members are aware of the fact of serious shortfall in Central allocation of wheat to this State in December, 1972, which has adversely affected the supplies under public distribution system in the districts outside the S.R. area. Against our current minimum requirement of 1.10 lakh tons of wheat per month, Central allocation has been only 80,000 tons per month. The Central Government had expressed its inability to enhance the quota despite repeated representations from the State Government. It is, however, expected that the Central Government will reconsider its previous decision and increase its allotment to West Bengal. In the meanwhile, the State Government has taken a decision to procure wheat locally from the ensuing wheat crop season.

The Central Government's issue price of Rs. 78.00 per quintal bagged grain (F.O.R. destination anywhere in the country) is heavily subsidised, all-India procurement price being Rs. 76.00 per quintal naked grain in the 'mundis'. Naturally, we would be interested in distributing the internally procured wheat through the Central pool in order to avail ourselves of this subsidy. Hence, we will procure wheat for the Central pool at the Central Government's procurement price and specifications, subject, of

course, to the condition that our internally procured wheat will be consumed within the State.

It has further been decided that in the major wheat-growing districts of the State, the State Government will encourage the Co-operative Societies to act as wheat procurement agents of the Food Corporation of India and I hope, in this respect, our unemployed brothers will associate themselves with the Co-operative Societies for the purpose of doing this work more efficiently. It will not be possible to allow Co-operative Societies to function independently, since the F.C.I. will have to act as the principal agent of the State Government in order that we can avail ourselves of the subsidy to be obtained from the Central pool. The State Government has also decided to request the Food Corporation of India to arrange for advance of interest-free loans to those of the Co-operative Societies, who will require such advance for the purpose of wheat procurement.

Honourable Members are aware of the decision of the Central Government with regard to the total take-over of private wholesale trade in wheat throughout the country by public sector agencies. Consequent on this decision, the State Government has decided to issue necessary orders for banning wholesale trade in local wheat and for licensing of retailers, who will be allowed to operate on a limited scale. The licensed retailers will not be allowed to store more than 15 quintals of wheat at a time and to purchase or sell more than 10 quintals in any one transaction.

In this connection, the Food Minister had called a meeting of all the District Food Controllers and other District Food Officials to explain our stand. They have all been instructed to do everything possible to procure wheat and the possible target has been fixed at 1 lakh tons. They have promised to do their best. This is, Sir, the first time in the history of West Bengal that wheat will be procured.

(At this stage the House was adjourned for 20 minutes.)

(After adjournment)

VOTING ON DEMANDS FOR GRANTS

VOTING ON DEMAND FOR GRANT No. 25

Major Head: 34—Co-operation

[3-20—3-30 p.m.]

Dr. Zainal Abedin: Mr. Speaker, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,03,32,000 be granted for expenditure under Grant No. 25, Major Head: "34—Co-operation", for the year 1973-74.

স্বল্প ও মধ্য মেয়াদী কৃষিঋণ

রাজ্যস্তরে রাজ্য সমবায় ব্যাঙ্ক, জেলা ও মহকুমায় ২১টি কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক এবং গ্রামাঞ্চলে ১০ হাজারের অধিক প্রাথমিক কৃষিঋণদান সমিতিগুলি নিয়ে সমবায় কৃষিঋণদান প্রতিষ্ঠান গঠিত। একথা বলাই বাহুল্য যে, কৃষির উন্নয়ন আমাদের সামগ্রিক উন্নয়নের ভিত্তিস্বরূপ এবং

কৃষি-উন্নয়ন প্রকল্পগুলির সঙ্গে কৃষিঋণদান অবিচ্ছেদ্যভাবে সম্পৃক্ত। একথা আপনারা সকলেই অবগত আছেন যে, অন্যান্য অনেক রাজ্যের তুলনায় আমাদের সমবায় কৃষিঋণদান আন্দোলন অনেক পশ্চাৎপদ এবং ১৯৬৭ সালের পর থেকে সমবায় কৃষিঋণদানের পরিমাণ বেশ কিছু হ্রাস পেয়েছে। ১৯৬৭-৬৮ সালে গুজরাট, মহারাষ্ট্র, তামিলনাড়ু ও পাঞ্জাবে কৃষিঋণদানের পরিমাণ ছিল যথাক্রমে ৫৮·৯ কোটি টাকা, ৮৩·৭ কোটি টাকা, ৪১·২ কোটি টাকা ও ৩২·৯ কোটি টাকা। সেসব রাজ্যে কৃষিঋণদানের পরিমাণ ১৯৭০-৭১ সালে বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে যথাক্রমে ৮৯ কোটি টাকা, ১১৫ কোটি টাকা, ৪৭ কোটি টাকা ও ৫৭ কোটি টাকা। রিজার্ভ ব্যাংকের সমীক্ষা কমিটির রিপোর্ট অনুসারে এই রাজ্যের জন্য প্রয়োজনীয় স্বল্পমেয়াদী কৃষিঋণের মোট পরিমাণ ধরা হয়েছে ৭৮ কোটি টাকা। বিগত কয়েক বৎসরে এই রাজ্যে সমবায় স্বল্পমেয়াদী কৃষিঋণদানের পরিমাণ ছিল এইরূপঃ

সমবায় বৎসর		কোটি টাকা
১৯৬৬-৬৭	...	৯·৩৩৪২
১৯৬৭-৬৮	...	৮·১৬৫৩
১৯৬৮-৬৯	...	৩·৬০৩৫
১৯৬৯-৭০	...	৯·৭৪৪০
১৯৭০-৭১	...	৪·৫৩৩১
১৯৭১-৭২	...	৪·১৪৩৬

এ থেকে দেখা যাচ্ছে প্রয়োজনের তুলনায় আমাদের কৃষিঋণদান প্রতিষ্ঠানের মাধ্যমে যে স্বল্প-মেয়াদী ঋণ দেওয়া হয়েছে তা অনেক কম এবং গত কয়েক বৎসরে এই ঋণদানের পরিমাণ ক্রমশই হ্রাস পেয়েছে।

এই সময়টা যুক্তফ্রন্ট সরকারের কার্যকালের সময়।

গত কয়েক বৎসরে আদায়যোগ্য ঋণের তুলনায় বকেয়া ঋণের শতকরা হারও অনেক বেড়েছে, যেমনঃ

সমবায় বৎসর		শতকরা
১৯৬৬-৬৭	...	৩১·২
১৯৬৭-৬৮	...	৪১·২
১৯৬৮-৬৯	...	৬৩·০
১৯৬৯-৭০	...	৫৩·০
১৯৭০-৭১	...	৭০·৯
১৯৭১-৭২	...	৮০·০

এইরূপ একটি বিশেষ গুরুত্বপূর্ণ ক্ষেত্রে সমবায় প্রতিষ্ঠানগুলির নূতন ক'রে প্রাণ সঞ্চার করা এবং সেগুলি যথেষ্ট শক্তিশালী করা, যাতে ক'রে এই প্রতিষ্ঠানগুলি তাদের ভূমিকা যথাযথভাবে পালন করতে পারে তার জন্য সরকার বদ্ধপরিকর। রাজ্যসরকারের পরামর্শে রিজার্ভ ব্যাংক এই রাজ্যের সমবায় কৃষিঋণদান প্রতিষ্ঠানগুলির অবস্থা পর্যালোচনা ক'রে সমবায় কৃষিঋদান ব্যবস্থাকে জোরদার করার উদ্দেশ্যে কি কি ব্যবস্থা গ্রহণ করা দরকার তা পরীক্ষা করার জন্য যে সমীক্ষা কমিটি গঠন করেছিলেন, সেই কমিটি গত মে মাসে তাদের সুপারিশ রাজ্যসরকারের কাছে পেশ করেছেন। এই কমিটির কয়েকটি গুরুত্বপূর্ণ সুপারিশ হ'লঃ

(ক) কয়েকটি দুর্বল কেন্দ্রীয় সমবায় ব্যাংককে রাজ্য সমবায় ব্যাংকের সঙ্গে বা অন্য কেন্দ্রীয় সমবায় ব্যাংকের সঙ্গে একীকরণ,

(খ) একুশটি কেন্দ্রীয় সমবায় ব্যাংককে নূতনভাবে রাজ্যসরকারের ২ কোটি ৪৮ লক্ষ টাকা পরিমাণ শেয়ার বাবত সাহায্য দান,

(গ) একুশটি কেন্দ্রীয় ব্যাঙ্ককে তাদের ব্যাড ডেট-এর কিছু অংশ অবলোপন করবার জন্য ১ কোটি ৪৮ লক্ষ টাকা অনুদান, এবং

(ঘ) রাজ্য সমবায় ব্যাঙ্ককে বর্তমান আর্থিক সংকট কাটিয়ে ওঠার জন্য ১ কোটি টাকা ঋণ দান।

এ ছাড়াও অনাদায়ী ঋণ আদায়ের জন্য সর্বপ্রকার ব্যবস্থা গ্রহণ, গ্রামীণ প্রাথমিক সমিতিগুলিকে পুনর্গঠন ও পুনরুজ্জীবিত করা, সমবায় প্রতিষ্ঠানগুলির পরিচালন ব্যবস্থার রদবদল প্রভৃতিও এই সমীক্ষা কমিটির সুপারিশে অন্তর্ভুক্ত। সরকার এই সুপারিশসমূহ গভীরভাবে বিবেচনা করেছেন এবং গ্রহণ করার সিদ্ধান্ত নিয়েছেন। ব্যাঙ্কগুলিকে যে আর্থিক সাহায্য দেওয়ার সুপারিশ করা হচ্ছে তা দুই বৎসরে অর্থাৎ ১৯৭২-৭৩ এবং ১৯৭৩-৭৪ এ দেওয়া হবে। এইজন্য বাজেটে অর্থ বরাদ্দ করা হয়েছে। চারটি দুর্বল কেন্দ্রীয় ব্যাঙ্ককে অন্য ব্যাঙ্কের সঙ্গে যুক্ত করার কাজ যাতে সহজে এবং সুশৃঙ্খলভাবে সম্পন্ন করা যায় তার জন্য গত ২৭এ জানুয়ারী, ১৯৭৩ তারিখে একটি অর্ডিন্যান্স জারী করা হয়েছে এবং তা বিল আকারে এই সভায় গৃহীতও হয়েছে। রিজার্ভ ব্যাঙ্কের পরামর্শে কেন্দ্রীয় মন্ত্রণালয় এই ব্যাঙ্কগুলির সুবিধার্থে মরেটোরিয়াম আদেশ জারী করেছেন। বকেয়া ঋণ আদায়ের ব্যাপারে যথাসম্ভব ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এই ঋণ আদায়ে সাহায্য প্রার্থনা ক'রে এই সভায় মাননীয় সদস্যদের প্রত্যেকের নিকট আমি ব্যক্তিগতভাবে একাধিকবার আবেদন করেছি। আমি এই সভায় দাঁড়িয়ে খুবই আনন্দের সঙ্গে একথা বলতে পাচ্ছি যে, তাঁদের সহায়তায় এ বৎসর ঋণ আদায়ের অবস্থা আগের চেয়ে অনেক ভাল হয়েছে। গত বৎসরে যে ক্ষেত্রে ১৫·৬৫ কোটি টাকা আদায়যোগ্য ঋণের মধ্যে ফেব্রুয়ারীর শেষ পর্যন্ত ১·৩২ কোটি টাকা আদায় হয়েছিল এ বৎসর সেখানে ১৬·১৪ কোটি টাকা আদায়যোগ্য ঋণের মধ্যে ২৮এ ফেব্রুয়ারী, ১৯৭৩ তারিখ পর্যন্ত ৩·২৫ কোটি টাকা আদায় হয়েছে। এর মধ্যে খবর পেয়েছি যে, ৩·৭০ লক্ষ টাকা আদায় হয়েছে। যদি আমরা গত বৎসরের শতকরা ২০ ভাগের স্থলে শতকরা ৫০ ভাগ ঋণও আদায় করতে পারি, তা হ'লে গত বৎসরের ৪·১৪ কোটি টাকা স্বল্পমেয়াদী কৃষিঋণের স্থলে সমবায় সমিতির মাধ্যমে এ বৎসর ১২ কোটি টাকা কৃষিঋণ দেওয়া সম্ভব হবে বলে আশা করি। মোট কৃষিঋণের প্রয়োজনের পরিপ্রেক্ষিতে কৃষিঋণদানের পরিমাণ যাতে উত্তরোত্তর বৃদ্ধি করা যায় তার জন্য নির্ধারিত কর্মসূচীর ভিত্তিতে বিশেষ প্রচেষ্টা চালান হবে।

প্রাথমিক ঋণদান সমিতিগুলিকে পুনর্গঠিত ও পুনরুজ্জীবিত করার কাজ এগিয়ে চলেছে। দুর্বল ও অকেজো সমিতিগুলিকে লিকুইডেশনে দেওয়া হচ্ছে বা যেখানে সম্ভব অন্য সমিতির সঙ্গে যুক্ত ক'রে শক্তিশালী ও স্বনির্ভর সমিতি গঠন করা হচ্ছে। চতুর্থ পরিকল্পনার গোড়ায় এ রাজ্যে প্রায় ১২,৮০০ প্রাথমিক কৃষিঋণদান সমিতি ছিল। এদের সংখ্যা কমিয়ে ৬,৬০০টি শক্তিশালী সমিতি গঠন করার লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে। যেসব সমিতিগুলিকে পুনর্গঠিত ক'রে শক্তিশালী ও স্বনির্ভর সমিতিতে রূপান্তরিত করার ব্যবস্থা করা হচ্ছে সরকার সে সকল সমিতিতে ১০ হাজার টাকা পর্যন্ত শেয়ারে অংশগ্রহণ করছেন এবং উপযুক্ত ম্যানেজার রাখার জন্য অর্থ সাহায্য দিচ্ছেন। বাজেটে এ বরাদ্দ ধরা হয়েছে।

দীর্ঘমেয়াদী কৃষিঋণ

কেন্দ্রীয় জমিবন্ধকী ব্যাঙ্ক ছাড়া এ রাজ্যে জেলা ও মহকুমা স্তরে ২১টি প্রাথমিক জমিবন্ধকী ব্যাঙ্ক এবং কেন্দ্রীয় ব্যাঙ্কের দুটি শাখা রয়েছে। কৃষি উন্নয়নের উদ্দেশ্যে ক্ষুদ্র সেচ পরিকল্পনা, ভূমি উন্নয়ন প্রভৃতির জন্য এইসকল ব্যাঙ্ক দীর্ঘমেয়াদী ঋণ দিয়ে থাকেন। গত কয়েক বৎসরে এই সকল ব্যাঙ্কের ঋণ দাদনের পরিমাণ নিম্নরূপঃ

সমবায় বৎসর		লক্ষ টাকা
১৯৬৬-৬৭	...	৫৮·১৮
১৯৬৭-৬৮	...	৭৩·৯৯
১৯৬৮-৬৯	...	৯৮·৬৬
১৯৬৯-৭০	...	১০০·৮৭
১৯৭০-৭১	...	১১৭·১৫
১৯৭১-৭২	...	৮৮·৫০

স্বল্পমেয়াদী ঋণের মত দীর্ঘমেয়াদী ঋণের ক্ষেত্রেও এই রাজ্যের সমবায় আন্দোলন অন্যান্য রাজ্যের তুলনায় অনেক পিছিয়ে আছে। ১৯৬৯-৭০ সালে যে ক্ষেত্রে মহারাষ্ট্রে আনুমানিক ৩০ কোটি, পাঞ্জাবে ১৮ কোটি, তামিলনাড়ুতে ১৪ কোটি এবং হরিয়ানাতে ৭ কোটি টাকা দীর্ঘমেয়াদী ঋণ দেওয়া হয়েছিল, সে ক্ষেত্রে এই রাজ্যে মাত্র এক কোটি টাকার মত দীর্ঘমেয়াদী ঋণ দেওয়া হয়েছে। দীর্ঘমেয়াদী ঋণের ক্ষেত্রেও ঋণের পরিমাণ বকেয়া ঋণও অন্যান্য কারণে হ্রাস পেয়েছে। এই সমস্যার নিরসনকল্পে বকেয়া ঋণ আদায়ের জন্য প্রচেষ্টা চালানো হচ্ছে এবং অন্যান্য ব্যবস্থাও গ্রহণ করা হচ্ছে। নিবিড়ভাবে ক্ষুদ্র সেচ পরিকল্পনা বা অন্যান্য কৃষি উন্নয়নমূলক প্রকল্পে দীর্ঘমেয়াদী ঋণ দিলে জমি বন্ধকী ব্যাঙ্ক এগ্রিকালচারাল রিফাইন্যান্স কর্পোরেশন থেকে ঋণ পেতে পারে। এই ব্যবস্থা অনুসারে হুগলী জেলায় ও নদীয়া জেলার করিমপুর ব্লকে অগভীর নলকূপ সেচ পরিকল্পনা মঞ্জুর করা হয়েছে। এ ছাড়াও কয়েকটি প্রকল্প যথা দার্জিলিঙ জেলায় কমলালেবু, আপেল ও এলাচের চাষ, মুর্শিদাবাদ জেলায় কান্দী ও বাগরী এলাকায় অগভীর নলকূপ সেচ, পুরুলিয়া ও বাঁকুড়া জেলায় ইঁদারা সেচ পরিকল্পনা বিবেচনাধীন রয়েছে। দীর্ঘমেয়াদী ঋণের ক্ষেত্রেও একটি সমীক্ষা কমিটি নিয়োগের কথা বিবেচনা করা হচ্ছে।

[3-30—3-40 p.m.]

সমবায় বিপণন, কৃষিজাত দ্রব্য সংরক্ষণ প্রভৃতি

রাজ্য মার্কেটিং ফেডারেশন এবং প্রাথমিক বিপণন সমিতিগুলি কৃষকদের সার, বীজ, কীটনাশক দ্রব্যাদি সরবরাহ করছে। এই সমিতিগুলি ১৯৭২-৭৩ সালে ৪০,৬৭১ মেট্রিক টন সার, ১০ লক্ষ টাকা মূল্যের বীজ, ১৯ লক্ষ টাকার কীটনাশক দ্রব্যাদি এবং ৩ লক্ষ টাকার কৃষি যন্ত্রপাতি সরবরাহ করেছে। ২০০টি সমিতি ফুড কর্পোরেশনের এজেন্ট হিসাবে ধান সংগ্রহে নিযুক্ত হয়েছে এবং তজ্জন্য ফুড কর্পোরেশন এই ২০০ সমিতিকে সরকারের গ্যারান্টিতে বিনা সুদে ৪০ লক্ষ টাকা পর্যন্ত আগাম দিতে স্বীকৃত হয়েছে। ১১টি সমিতি জুট কর্পোরেশনের এজেন্ট হয়ে এ পর্যন্ত ১,০১,৫৮৮ মণ কাঁচা পাট ক্রয় করেছে। এ বাবতে সমিতির কার্যকরী মূলধন বৃদ্ধির জন্য রাজ্যসরকার ২০ লক্ষ টাকা শেয়ার বাবত দিয়েছেন। জুট কর্পোরেশন এ পর্যন্ত যত কাঁচা পাট ক্রয় করেছেন তার ৪০ শতাংশ এই সমিতিগুলির মাধ্যমেই ক্রয় করা হয়েছে। বিপণন সমিতিগুলিকে কর্মক্ষমতা প্রসারিত করবার উদ্দেশ্যে গুদাম তৈরীর জন্য এবং শেয়ার ক্যাপিটাল বৃদ্ধির জন্য আর্থিক সাহায্য করা হয়। এ পর্যন্ত প্রতিটিতে ২৫০ মেট্রিক টন মাল রাখার মত ১৬৫টি বড় গুদাম এবং প্রতিটিতে ১০০ মেট্রিক টন মাল রাখার মত ৩২৮টি ছোট গুদাম তৈয়ারী সম্পূর্ণ হয়েছে। এই গুদামগুলির ধারণ ক্ষমতা ৭৪,০৫০ মেট্রিক টন। বর্তমান আর্থিক বৎসরে ৫৪টি নতুন গুদামঘর তৈয়ারীর জন্য আর্থিক সাহায্য দেওয়ার প্রস্তাব রয়েছে। এদের প্রত্যেকটির ধারণ ক্ষমতা ২৫০ মেট্রিক টন। রাজ্য মার্কেটিং ফেডারেশনকে অতিরিক্ত গুদামঘর তৈয়ারীর জন্য অর্থ সাহায্য দেওয়া হবে। সরকারী সাহায্যে প্রতিষ্ঠিত হুগলী জেলার তারকেশ্বর-পুরশুড়া ও কুন্তী, বর্ধমান জেলার মেমারী ও খাজুরদিহি এবং মেদিনীপুর জেলার ঘাটালে ৫টি সমবায় হিমঘর চালু রয়েছে। এ বৎসর তারকেশ্বরে আর একটি এবং বীরভূমে একটি হিমঘর চালু করার জন্য প্রয়োজনীয় সাহায্য দেওয়া হয়েছে। মঞ্জুরীকৃত ৩৮টি সমবায় চালকলের মধ্যে ২৩টি চালু হয়েছে। এই চালকলগুলির মোট ধান ভাঙাই ক্ষমতা ৭০,০০০ মেট্রিক টন। রাজ্য মার্কেটিং ফেডারেশন কাকদ্বীপে একটি তুলা পেঁজাই কল স্থাপন করেছে। নদীয়া জেলায় একটি জুট টোয়াইন ফ্যাক্টরী এবং জলপাইগুড়িতে একটি ফাইবার বোর্ড ফ্যাক্টরী স্থাপন করার প্রস্তাব বিবেচনাধীন রয়েছে। এ দু'টি চালু হ'লে যেমন কর্মসংস্থানের সুযোগ বাড়বে তেমনি যেসকল বাই-প্রোডাক্ট নষ্ট হয় তা কাজে লাগানো যাবে। সমবায় ক্ষেত্রে দুইটি ফ্রুট প্রসেসিং ইউনিট রয়েছে, এবং দার্জিলিং জেলায় নতুন একটি সমবায় ফ্রুট ও ভেজিটেবল প্রসেসিং সমিতিকে কারখানা স্থাপনের জন্য এ বৎসরেই প্রয়োজনীয় আর্থিক সাহায্য মঞ্জুর করা হয়েছে।

মৎস্যজীবী সমবায় সমিতি

এ বছর অর্থাৎ ১৯৭২-৭৩ সালে সাতটি মৎস্যজীবী সমবায় সমিতিকে মোট ৫৫,০০০ টাকা বিভিন্ন খাতে আর্থিক সাহায্য হিসাবে মঞ্জুর করা হয়েছে। আগামী বছরের জন্য এ বাবত ব্যয় বরাদ্দ ধরা হয়েছে ৩ লক্ষ টাকা এবং আনুপাতিক হারে কর্মসূচীও গ্রহণ করা হচ্ছে।

গৃহনির্মাণ সমবায় সমিতি

প্রাথমিক গৃহনির্মাণ সমবায় সমিতিগুলি অ্যাপেক্স হাউজিং সোসাইটি থেকে ঋণ পেয়ে থাকে। অ্যাপেক্স সোসাইটি আবার রাজ্যসরকারের গ্যারান্টিতে জীবনবীমা কর্পোরেশন থেকে ঋণ পায়। কিন্তু এই ঋণ পেতে হ'লে অ্যাপেক্স সোসাইটির নিজস্ব মূলধন যথোপযুক্ত হওয়া চাই। কাজেই এই অ্যাপেক্স সোসাইটির নিজস্ব মূলধনকে প্রয়োজনমত বাড়াতে সাহায্য করার উদ্দেশ্যেও রাজ্যসরকার এই সমিতির শেয়ার ক্রয় ক'রে যাচ্ছেন। ১৯৭১-৭২ সাল পর্যন্ত রাজ্য-সরকার ২৪ লক্ষ টাকার শেয়ার ক্রয় করেছেন। চলতি বৎসরে ৮ লক্ষ ৩৪ হাজার টাকার শেয়ার ক্রয় করার ব্যবস্থা হচ্ছে। আগামী আর্থিক বৎসরে অর্থাৎ ১৯৭৩-৭৪ সালে ১০ লক্ষ টাকার শেয়ার ক্রয়ের জন্য বরাদ্দ ধরা হয়েছে। রাজ্যসরকারের ক্রীত শেয়ার ও গ্যারান্টির বলে অ্যাপেক্স সোসাইটি এ পর্যন্ত জীবনবীমা কর্পোরেশন থেকে দুই কোটি দশ লক্ষ টাকা ঋণ পেয়েছে। এই টাকার সাহায্যে অ্যাপেক্স সোসাটি ৩৭৯টি প্রাথমিক সমিতির ১,০০০ সদস্যকে ঋণ দিয়ে ১,০৫২টি বিভিন্ন আকারের বাড়ী ও ফ্ল্যাট তৈরী করতে সাহায্য করেছে।

বেকার ইঞ্জিনীয়ারদের সমবায় সমিতি

গত ১৯৭০-৭১ সালে এই প্রকল্পটি সরকার গ্রহণ করার পর এ পর্যন্ত ৩১০টি এরূপ সমবায় সমিতি গঠিত হয়েছে। ঐ বছরে ৮৫টি রেজিস্ট্রিকৃত সমিতিকে শেয়ার বাবত মোট ৭ লক্ষ টাকা দেওয়া হয়েছিল। চলতি বছরেও সাত লক্ষ টাকা শেয়ার বাবত আরও কতগুলি সমিতিকে সাহায্য দেবার ব্যবস্থা হচ্ছে। আগামী বছরে এই ধরনের আরও কিছু সমিতিকে শেয়ার বাবত সাত লক্ষ টাকা এবং ঋণ বাবত এক লক্ষ টাকা দেবার বরাদ্দ ধরা হয়েছে। প্রয়োজনের তুলনায় এই বরাদ্দ নিতান্তই নগণ্য, এর মূলে রয়েছে রাজ্যসরকারের আর্থিক অনটন, তাই কেন্দ্রীয় সরকারের নিকট বিশেষ কর্মসংস্থান প্রকল্পে এই ধরনের সমিতিগুলিকে সাহায্যের জন্য আরও ৪৫ লক্ষ টাকা চাওয়া হয়েছে। তাছাড়া সি এম ডি এ প্রভৃতি স্বয়ংশাসিত সংস্থাগুলি এবং কৃষি, সেচ ও উপজাতি কল্যাণ প্রভৃতি সরকারী বিভাগগুলি থেকে এই ধরনের সমিতিকে অগ্রাধিকারের ভিত্তিতে যথোপযুক্ত কাজকর্মের সুযোগসুবিধা দেওয়ার জন্য সুপারিশ করা হচ্ছে।

সমাজের দুর্বলতম অংশকে সাহায্যকল্পে সমবায় সমিতি ও অন্যান্য সমিতি

সমবায় রিক্সাচালক সমিতি, সমবায় শ্রমজীবী সমিতি প্রভৃতি সমাজের দুর্বলতম অংশের লোকেদের দ্বারা গঠিত সমবায় সমিতিগুলিকে পরিকল্পনা অনুযায়ী এই সাহায্য দেওয়া হয়। এ ছাড়া সমবায় ছাপাখানা প্রভৃতি কিছু সমিতিকেও সরকারী সাহায্য দেওয়া হয়। আগামী বছরে এসব সমিতির জন্য ৫০ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে।

ক্রেতা সমবায় সমিতি

আলোচ্য বৎসরেও নতুন সমিতি গঠনের পরিবর্তে বর্তমান সমিতিগুলির মধ্যে সম্ভাবনাময় সমিতিগুলির ব্যবসায়ের প্রসার ঘটানোর নীতি অপরিবর্তিত আছে। এ বৎসরে পাইকারী ক্রেতা সমবায় সমিতিগুলিকে ব্যবসায়, গৃহ নির্মাণ, বৃহদায়তন খুচরা পণ্য বিক্রয় কেন্দ্র স্থাপন এবং পণ্য পরিবহণের নিমিত্ত ট্রাক ইত্যাদি ক্রয়ের জন্য শেয়ার, ঋণ ও অনুদান বাবত ১০ লক্ষ টাকা দেওয়ার প্রস্তাব বিবেচনাধীন আছে। এ ছাড়া পশ্চিমবঙ্গের পাইকারী ক্রেতা সমবায়

সমিতিগুলির ফেডারেশনকে কৃষি পণ্যের মূল্য হ্রাসবৃদ্ধির ঝুঁকি মেটাবার দরুন ৫০,০০০ টাকা অনুদান দেওয়া হয়েছে। উল্লিখিত আর্থিক ব্যবস্থা ব্যতীত, ক্রেতা সমবায় আন্দোলনের প্রসারের জন্য সম্প্রতি সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে, সরকারী ও সরকারী পরিচালনাধীন সংস্থা-সমূহ প্রয়োজনীয় ভোগ্যপণ্য ক্রয়ের ব্যাপারে সমবায় সমিতিগুলিকে অন্যান্য ব্যবসায়ী অপেক্ষা অগ্রাধিকার দেবেন।

সমবায় সমিতি মারফত নিয়ন্ত্রিত মূল্যে বস্ত্র বিক্রয়ের সিদ্ধান্ত বর্তমান বৎসরে সরকারের একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এ ব্যাপারে ক্রেতা সমবায় সমিতিগুলিকে ঋণ হিসাবে ৩০ লক্ষ টাকা আর্থিক সাহায্যও দেওয়া হয়েছে।

উপরোক্ত প্রত্যক্ষ ব্যবস্থাদি ছাড়া কেন্দ্রীয় সরকারের এক বিশেষ প্রকল্প অনুযায়ী ব্যারাকপুর হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ স্টোর্সকে একটি বিভাগীয় বিপণি খোলার জন্য ৩·২০ লক্ষ টাকা দেওয়া হয়েছে এবং এ বৎসরের মধ্যেই বাঁকুড়া এবং বেহালা পাইকারী ক্রেতা সমবায় সমিতি দু'টিকেও বিভাগীয় বিপণি খোলার জন্য প্রয়োজনীয় আর্থিক সাহায্য দেওয়া হবে। এই সমস্ত টাকাই কেন্দ্রীয় সরকারের নিকট থেকে পাওয়া যাচ্ছে। রাজ্যসরকারের সাহায্যে বেহালা হোলসেলের নিজস্ব গৃহনির্মাণ সম্পূর্ণপ্রায় এবং হাওড়া ময়দানে সরকারের প্রদত্ত জমিতে হাওড়া হোলসেলের নিজস্ব গৃহনির্মাণ শীঘ্র আরম্ভ হবে আশা করা যায়।

সমবায় আইন

স্বার্থসন্ধানী কিছু লোক বহু বছর ধ'রে একই সমিতির ডিরেক্টর বোর্ড দখল করেছিলেন, আবার বেশ কিছু সংখ্যক ডাইরেক্টর সমিতি থেকে মোটা টাকা ঋণ নিয়ে ধার শোধ না ক'রেও বোর্ডের পরিচালনা সমিতিতে থেকে যাচ্ছিলেন। এই ধরনের কায়েমী স্বার্থের দূরীকরণ এবং অকর্মণ্য, অসাধু ডিরেক্টর বোর্ড অপসারণের জন্য গত সেপ্টেম্বর মাসে একটি অর্ডিন্যান্স জারী করা হয়। আগেই বলা হয়েছে রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক নিযুক্ত স্টাডি টিমের সুপারিশ কার্যকরী করার জন্য ২৭এ জানুয়ারী, ১৯৭৩ তারিখে আর একটি অর্ডিন্যান্স জারী করা হয়। এই অর্ডিন্যান্স দু'টিকে নিয়ে আপনারা এই সেদিন বঙ্গীয় সমবায় সমিতি (সংশোধনী) আইন পাশ করেছেন। কিন্তু মাঝে মাঝে অনুরূপ সংশোধন করা সত্ত্বেও ১৯৪০ সালের বঙ্গীয় সমবায় সমিতির আইনটি আর যুগোপযোগী নয়। আধুনিক উন্নয়নমূলক কাজের সঙ্গে সঙ্গতি রেখে এর পরিবর্তন করা প্রয়োজন। সমবায় সমিতিগুলির নিবন্ধীকরণে বিলম্ব হ্রাস করা, অবাঞ্ছিত লোকেদের যাতে ঋণ এবং দাদন না দেওয়া হয় তার ব্যবস্থা সুরক্ষিত করা, ঋণদানের সঙ্গে বিপণনকে সংযুক্ত করা, সমবায় সমিতিতে গচ্ছিত অর্থের সুরক্ষার ব্যবস্থা করা, নিয়মিত সাধারণ সভা অনুষ্ঠানের ব্যবস্থা করা, পরিচালন সমিতিতে অনুন্নত সম্প্রদায় এবং ক্ষুদ্র কৃষকদের জন্য আসন সংরক্ষণ, সমবায় ইউনিয়ন ও দুর্নীতিপরায়ণতার সংজ্ঞা নির্ধারণ এবং দুর্নীতিপরায়ণতার জন্য শাস্তি বিধান প্রভৃতির উদ্দেশ্যে বিধানসভার চলতি অধিবেশনেই পশ্চিমবঙ্গ সমবায় সমিতি বিলটি আপনাদের বিবেচনার জন্য পেশ করা হবে।

সমবায় প্রশিক্ষণ ও শিক্ষা

বিভাগীয় এবং সমবায় সংস্থাসমূহের কর্মচারীদের প্রশিক্ষণ এবং বেসরকারী সমবায়ীদের প্রশিক্ষণ দানের জন্য দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা কাল থেকে এ রাজ্যে যে চারটি প্রশিক্ষণ কেন্দ্র কাজ ক'রে আসছিল সেগুলি ছাড়াও মেম্বার এডুকেশন প্রোগ্রাম নামে একটি কার্যক্রম তৃতীয় পরিকল্পনা কাল থেকে চালু করা হয়। ১৯৬৯-৭০, ১৯৭০-৭১ এবং ১৯৭১-৭২ সালে যথাক্রমে ৯,১১৬, ৯,৪৬৫ এবং ৯,২৭৯ জন সমবায় সমিতির সদস্যকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। বর্তমান আর্থিক বৎসরে আশা করা যাচ্ছে যে ১৪,০০০ জনকে প্রশিক্ষণ দেওয়া সম্ভব হবে। বর্তমান বৎসর থেকে উপরোক্ত প্রতিটি শিক্ষণ কেন্দ্রে পূর্বে ট্রেনিংপ্রাপ্ত ব্যক্তিদের জন্য বৎসরে দু'টি ক'রে রিফ্রেসার কোর্স চালু করা হয়েছে। এই চারটি প্রশিক্ষণ কেন্দ্র ছাড়াও নদীয়া জেলার কল্যাণীতে কেন্দ্রীয় সমবায় শিক্ষা কমিটি দ্বারা পরিচালিত একটি প্রশিক্ষণ কলেজে

বিভাগীয় ইন্সপেক্টরদের প্রশিক্ষণ দেওয়া হয়। সম্প্রতি মেম্বার এডুকেশন প্রোগ্রাম কিছু রদবদল করার একটি প্রস্তাব অর্থ দপ্তরের বিবেচনাধীন আছে। সেটি কার্যকরী হ'লে আরো অধিক-সংখ্যক প্রার্থী সমবায় বিষয়ে শিক্ষা গ্রহণের জন্য আগ্রহী হবেন বলে আশা করা যায়।

উপসংহার

প্রতিশ্রুত গণতান্ত্রিক সমাজবাদ প্রতিষ্ঠায় এবং জনগণের সামগ্রিক উন্নয়নের ক্ষেত্রে সমবায়ের গুরুত্বপূর্ণ ভূমিকা সকলেই স্বীকার করবেন। এই আন্দোলনকে শক্তিশালী ক'রে তুলতে সরকার দৃঢ়সংকল্প। কিন্তু কেবলমাত্র সরকারী প্রচেষ্টা ও আনুকূল্যে বলিষ্ঠ সমবায় আন্দোলন গড়ে তোলা সম্ভব নয়। সমবায় আন্দোলন জনগণের আন্দোলন। এই আন্দোলনের সাফল্যের জন্য আমি দেশবাসীর ও আপনাদের অকুণ্ঠ সাহায্য ও সহযোগিতা কামনা করি।

সমবায় দীর্ঘজীবী হোক, জয় হিন্দ।

With these words, Sir, I commend my motion for acceptance of the House.

Mr. Speaker: All the cut motions are in order and are taken as moved.

Shri Timir Baran Bhaduri: That the amount of the demand be reduced to Re. 1.

Shri A. H. Besterwitch: That the amount of the demand be reduced by Rs. 100.

[3-40—3-50 p.m.]

শ্রীশীশ মহম্মদঃ মাননীয় স্পীকার, স্যার, গ্রান্ট নম্বর ২৫ কোঅপারেশন খাতে যে ব্যয়-বরাদ্দের দাবি করেছেন মাননীয় মন্ত্রিমহাশয়, সেই পরিপ্রেক্ষিতে আমি কয়েকটি কথা এখানে রাখবো। আমি তার আগেভাগে ব'লে রাখছি যে, মাননীয় মন্ত্রিমহাশয় আমি যে বক্তব্যগুলি এখানে রাখবো তা সব সময়ের জন্য বাঁকা চোখে না দেখে তিনি যেন একটু সিধে চোখে দেখবার চেষ্টা করেন, এবং তা হ'লে আমার সেই বক্তব্যের মধ্যে যে কনস্ট্রাকটিভ সাজেশনগুলি থাকবে, সেগুলি তিনি যেন একটু বেছে নেবার চেষ্টা করেন।

মাননীয় স্পীকার, স্যার, পশ্চিমবাংলায় আজকের সমবায় সমিতিগুলি অনেক পিছিয়ে আছে—সেকথা মাননীয় মন্ত্রিমহাশয় আগেই স্বীকার করেছেন এবং তিনি কেন, আরো অনেকেই তা স্বীকার করেছেন। সে সম্বন্ধে কয়েকটি কথা আমি এখানে বলতে চাই। এই সমবায় কৃষিঋণের সংস্থা, এর প্রধান একটি কাজ হচ্ছে কৃষিঋণ প্রদান করা। কিন্তু সে সম্বন্ধে আমি কোন সংখ্যাতত্ত্বের দিকে যেতে চাই না। আমি সে সম্বন্ধে মাত্র কয়েকটি প্রশ্ন তুলছি। পশ্চিম-বঙ্গে যারা কমজোরী কৃষক সেই কৃষকদের কৃষিকাজ চালাতে প্রতি বৎসর যে কত কোটি টাকা প্রয়োজন হয়, সেটা এখন পর্যন্ত আমার মনে হয়, সরকার পক্ষ নজর দিয়ে দেখেন নি। রিজার্ভ ব্যাংক প্রতি বছর বা মাঝে মাঝে এ সম্বন্ধে সমীক্ষা চালান। রাজ্য কৃষিঋণ সমীক্ষা কমিটি বসিয়ে দু'টো তথ্য নির্ধারণ করা একান্ত প্রয়োজন ব'লে আমি মনে করি। একটা হচ্ছে বড় বড় মহাজনদের খপ্পরে পড়ে সাধারণ কৃষক যে প্রতি বৎসর কত কোটি টাকার ঋণের বোঝায় জর্জরিত হয়, সেটা নিরূপণ করা একটা দিক্। আর দ্বিতীয় দিক্‌টা হ'ল চলতি ফসল ফলাতে তার কৃষিকাজ চালাতে কত টাকা প্রয়োজন। এই দু'টো দিক পাশাপাশি রেখে তার একটি বিচার করা দরকার।

মাননীয় স্পীকার, স্যার, আমরা জানি যে, কৃষিঋণ কৃষকরা পায়—একদম পায় না সেকথা বলছি না। কিন্তু সেই ঋণের একটা বিরাট অংশ তার পূর্ববর্তী যে ঋণ আছে, তা শোধ করতে

লেগে যায়, আর বাকি টাকা তার উৎপাদনের কাজে লাগে না। যে টাকা তার হাতে থাকে, তা চাহিদার তুলনায় খুব অল্প হয়ে যায়। ফলে তার কৃষিকার্য চালাতে বিশেষ বেগ পেতে হয়। এমন কি তার কৃষিকার্য সম্পাদন করাও কোন কোন ক্ষেত্রে সম্ভবপর হয়ে ওঠে না। ফলে যে ব্যাঙ্কের ঋণ ও সমবায় সমিতির ঋণের টাকাটা পুরোপুরি শোধ করতে পারলো না, একটা ওভার ঋণ থেকে গেল। শেষ পর্যন্ত পরের কোন ঋণের দরকার হলে রিজার্ভ ব্যাঙ্কের কাছে টাকার জন্য গেলে, ঋণের টাকার পরিমাণ কমিয়ে দেয়। মাননীয় স্পীকার, স্যার, বর্তমানে যে ব্যবস্থা আমরা দেখতে পাচ্ছি, সেই ব্যবস্থায় বর্তমানে কৃষিঋণ পেতে গেলে সেই কৃষককে জমি যা আছে অর্থাৎ তার কৃষিঋণ নিতে গেলে তার একমাত্র যোগ্যতা হ'ল তার জমি কতটা আছে। জমি যদি সে না দেখাতে পারে সে কৃষিঋণ পাবে না। কিন্তু সেই জমি এত পরিমাণ আছে কোথায়? সেক্ষেত্রে তাদের কোথায় যেতে হয় সেকথা মাননীয় স্পীকার মহাশয় আপনার মাধ্যমে মন্ত্রি-মহাশয়কে আমি জানাতে চাই এই যে, বড় বড় জোতদার যাদের প্রচুর জমি আছে, এরা ক'রে কি? যেহেতু কৃষকরা জমি বন্ধকের জন্য টাকা নিতে পারে না এবং এই সমস্ত জোতদারকেই আমরা নিয়ে নেয় এবং সেই টাকা কৃষকদের মধ্যে অল্প অল্প ক'রে বিতরণ করে এবং সুদের হার বেশি। যেহেতু কৃষকরা জমি বন্ধকের জন্য টাকা নিতে পারে না এবং এই সমস্ত জোতদারকেই আমরা দেখতে পাই কৃষি ব্যাঙ্ক সমিতিগুলির এরাই সভাপতি, এরাই সম্পাদক, এরা সদস্য এবং সমিতি-গুলোর ঘাড়ে চেপে বসে আছে। আমরা যে বলছি কৃষি সমবায় আন্দোলন করবো তাহা সর্বতোমুখী ক'রে তুলবো। আমরা জানি সমবায় আন্দোলনের মধ্য দিয়ে দেশ এগিয়ে যায়। কিন্তু এহেন যদি পরিস্থিতি থাকে, তা হলে সে আন্দোলন কি ক'রে সফল হয়ে উঠবে? সেইটাই সমবায় আন্দোলন পিছিয়ে থাকার একটি কারণ নয় কি? ধ'রে নিলাম এই যে কৃষক ছিটেফোঁটা ঋণ পেলো, জমি হয়তো চাষ করলো, কিন্তু সারের কি অবস্থা? আপনি জানেন কয়েক মাস আগে পশ্চিমবঙ্গ কেন সমগ্র ভারতবর্ষের স্বাধীনতার রজত জয়ন্তী হয়ে গেলো' কত ধুমধাড়াক্কা চললো, কত আলো-বাতি জ্বললো, কত পেট্রোল পুড়লো, কিন্তু জমিতে জল দেওয়ার একটা সুষ্ঠু সমাধান আজ পর্যন্ত হ'ল না। বর্ষার সময় আমরা দেখতে পেলাম যে, দামোদর থেকে জল ছেড়ে দেওয়া হ'ল, হাওড়া জেলার কৃষিজমি সমস্ত ভেসে গেলো, সেই কৃষিজমি চাষ করেছিল ঋণ ক'রে যে কৃষক তার ফসল নষ্ট হয়ে গেলো, সেই কৃষক পথে বসলো, কিন্তু একটা জিনিস খুব সুন্দর ক'রে আসতে লাগলো, সেই কৃষিঋণ শোধের তাগিদ। ডিপ-টিউবওয়েল বসবে কি ক'রে, কৃষকের যে জমি আছে সেটা কি সমবায় আন্দোলনের মাধ্যমে দেবেন না, কো-অপারেটিভ সোসাইটির মাধ্যমে করবেন না? জমি নিশ্চয় এক জায়গায় নেই, জমি বিভিন্ন জায়গায় ছড়িয়ে আছে। টিউবওয়েল বসাতে গেলে যে প্রাথমিক খরচ আছে সেটা সে পাবে কোথা থেকে? অবশ্য কৃষকদের নেবার মত কোন রকম ক্যাপাসিটি নেই। সে ক্ষেত্রে

[3-50—4-00 p.m.]

তাদের আবার যেতে হয় ঐ জমি বন্ধকী ব্যাঙ্কের কাছে। কিন্তু সেখানে সে টাকা পাবে কোথায় আগের থেকেই তো জমি বন্ধক দিয়ে রেখেছে। তাই জমিতে আজ চাষ হয় না। তার পর সারের কথা বলি আমরা বার বার শুনে আসছি যে, কো-অপারেটিভ সোসাইটির মাধ্যমে কৃষকদের সার দেওয়া হবে। কিন্তু আমাদের সরকার এক দিকে এই ব্যবস্থা করছেন এই কথা বলছেন অথচ অপর দিকে দেখছি প্রাইভেট ডিলারদের সার সরবরাহে অগ্রাধিকার দিয়ে বসে আছেন। একথা সকলেই জানেন যে, এই সব ডিলারদের কাছ থেকে ন্যায্যমূল্যে সঠিক ওজনে কৃষকরা সার পায় কিনা। সমবায় আন্দোলনের কথা আমরা বার বার শুনেছি, সমবায়ের মারফত সার দেওয়া হবে একথাও অনেক বার শুনেছি। কিন্তু কার্যত তা হয় নি। একথা সত্য যে, কৃষকদের জমির মালিকানা দিতে হবে, ভূমিহীন কৃষককে জমি দিতে হবে। কিন্তু এই সমবায়ের মাধ্যমে একটু জমিতে জল দেব'র ব্যবস্থা সরকার কি করতে পারেন না? এই কাজ যদি আপনারা করতে পারেন, তা হ'লে অবশ্যই এই সমবায় আন্দোলন কার্যকর হবে সে বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু করতে পারবেন কিনা সে বিষয়ে আমাদের সন্দেহ আছে। আজকে কৃষকের জমি নাই, ফসলের গ্যারান্টিতে তাদের ঋণ নিতে হবে। আমি আজ একথা বলছি যে, জমির চাষে আমরা দেখেছি যে অনেক বৈষম্য আছে, সামাজিক অর্থনৈতিক বৈষম্য আছে। এই বৈষম্য থাকার

জন্য দিনের পর দিন কৃষকদের ঘাড়ে যে ঋণের বোঝা চেপে যাচ্ছে সেইঋণ থেকে মুক্ত হব জন্য এই সমবায়ের মাধ্যমে তাদের ঋণ দিতে হবে এবং সেই ঋণ দিতে হবে ফসলের উপ গ্যারান্টিতে—ফসল উঠলে তাই থেকে ঋণের অংশ কেটে নিতে হবে। এই জিনিস করতে গে প্রয়োজন ফসলের বীমা চালু করা। কৃষকরা দেবে তার প্রিমিয়াম। মাননীয় স্পীকার, স্যা ঐ যে খরা, অতিবৃষ্টি, অনাবৃষ্টি, বন্যার ফলে ফসল নষ্ট হয়ে যায় তার দায়িত্ব সরকারকে নি হবে। কিন্তু ঋণ নিয়েও যে ভালভাবে চাষ করে না তাকে তার ঋণ নিশ্চয় বহন করতে হব গ্রামে গ্রামে প্রতিটি কৃষক যাতে সমবায় ব্যাঙ্কের মারফত ঋণ পায় বা তার শেয়ার কিনতে প তার সুব্যবস্থা করতে হবে। এ কাজ করলে কৃষক সমাজ আবার পুনরুজ্জীবিত হয়ে উঠব কৃষকরা যাতে শেয়ার কেনে ঐ সমবায় সমিতির তার জন্য সরকারকে সচেষ্ট হতে হবে, তার জ প্রচার বিভাগকে বিশেষভাবে অ্যালার্ট হতে হবে। আমরা দেখেছি আকাশবাণীতে সকাল থে সন্ধ্যা পর্যন্ত প্রত্যেক জিনিসের অনুষ্ঠান হয়। কিন্তু যে কো-অপারেটিভের মাধ্যমে গো দেশের অর্থনৈতিক অবস্থা উলটে পালটে দেওয়া যেতে পারে সেই সম্বন্ধে কোন অনুষ্ঠ হয় না বা তার কোন নির্দেশও নাই।

সেই ক্ষেত্রে আমি অন্ততঃ আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে এই কথা রাখ চাই যে, গ্রামাঞ্চলের কৃষকদের উৎসাহিত করবার জন্য, কো-অপারেটিভকে যাতে তারা ভাল ভা গ্রহণ করতে পারে তার শিক্ষা দেবার জন্য আকাশবাণী থেকে প্রচারের জন্য ১০ মিনিটের এব টাইম দেওয়া উচিত। সঙ্গে সঙ্গে আমি আরো একটি আবেদন আপনার কাছে রাখতে চ আজকাল সিনেমা ঘরে ঘরে ছেয়ে গেছে। কো-অপারেটিভের মাধ্যমে কোন খানে কত ফস হ'ল, কো-অপারেটিভের মাধ্যমে কোন্‌খানে কিসের কতখানি উন্নতি হ'ল এইসবগুলির ছ অন্ততঃ পক্ষে এই সমস্ত প্রেক্ষাগৃহে ইনট্রোডিউস করা উচিত এবং সেটা বাধ্যতামূলক হও উচিত। প্রত্যেক জেলায় এমন একটি ক'রে প্রেস খোলা উচিত যাতে করে কো-অপারেটি সোসাইটির বিভিন্ন প্রচার পুস্তিকা ইত্যাদি ছাপা যেতে পারে এবং বিভিন্ন জায়গায় প্রচার যাত হতে পারে তার ব্যবস্থা রাখা উচিত। মাননীয় স্পীকার, স্যার, ভোটের সময় আমরা দেখতে প চিপ পপুলারিটি নেবার জন্য ব্লক অফিস থেকে লোকে যে লোন নেয়, সেই লোন মকুব ক' দেওয়া হয়, কিন্তু তার পাশেই যে আর একটি কো-অপারেটিভ সোসাইটির অফিস আ সেইখানে ঋণ আর মকুব হয় না। তার ফলে যারা ব্লক অফিস থেকে লোন নিয়েছে তাদের ম স্ফূর্তি হ'ল এবং তাদের সেদিকেই ঝোঁক থাকবে ঋণ নেবার, কো-অপারেটিভ সোসাইটির দি আর লোন নিতে যাবে না। সেই জন্য আপনাদের উচিত হবে যেমন ব্লক অফিসের ঋণগু মকুব করছেন তেমনি কো-অপারেটিভ সোসাইটি থেকে যারা লোন নিয়েছে সেই ঋণ যেন সরক সার্টিফিকেট দিয়ে মকুব ক'রে দেন, সেদিকেও লক্ষ্য রাখা উচিত। ব্লক অফিসের লোনগু মকুব ক'রে দেন, কিন্তু কো-অপারেটিভের লোনগুলি থেকে যায়, সেগুলি শোধ হয় ন কাজেই যারা কো-অপারেটিভ করতে যায়, যারা কো-অপারেটিভ থেকে লোন নিতে যায় তাদে উৎসাহিত করবার জন্য যারা কো-অপারেটিভ সোসাইটি থেকে লোন নিয়েছে তাদের ঋণ অন্তত পক্ষে মকুব ক'রে দেবার ব্যবস্থা করা উচিত এবং সেই টাকা কো-অপারেটিভকে দেওয়া উচি সরকারের। মাননীয় স্পীকার, স্যার, আমরা অনেক সময় দেখতে পাই অকৃষি খাতে রিজা ব্যাঙ্ক শিল্প প্রতিষ্ঠানে, ব্যবসায়ীদের চড়া সুদে ঋণ দিচ্ছে, এমন কি সেই প্রতিষ্ঠানে কর্মচারীদের কাছ থেকে আমানত গ্রহণের লাইসেন্স দিয়ে দিচ্ছে। ফলে ঐ চড়া হারে সুদ থাক জন্য সমবায় সমিতির যারা সদস্য তারা সেখান থেকে টাকা তুলে এনে ব্যবসায়ী প্রতিষ্ঠানকে দি দিচ্ছে অধিক লভ্যাংশ পাবার জন্য। তা হ'লে আমরা কি বলতে পারি না যে, এটা রিজা ব্যাঙ্কের বেনামে ব্যাঙ্কিং সিসটেম চালু রয়েছে? রাজ্যসরকারের উচিত হবে কেন্দ্রীয় সরকারে উপর চাপ দিয়ে এই সিসটেম বন্ধ করা। যে সমস্ত কো-অপারেটিভ সোসাইটিগুলি ছিল দে বিভাগের পরে আমরা দেখেছি যারা ঐদেশে চলে গেল অপসান দিয়ে, তাদের যে ঋণগুলি থেকে গেল, সেই ঋণের টাকা কার কাছ থেকে নিয়েছিল? আমার কাছ থেকে, রামের কাছ থেকে শ্যামের কাছ থেকে এবং তা কো-অপারেটিভ সোসাইটি ও ব্যাঙ্কে জমা হয়েছিল। কিন

[4-00—4-10 p.m.]

রিজার্ভ ব্যাঙ্কের কাছে জমা দিয়ে যারা বন্ড দিয়েছিল তারা কান্নাকাটি করায় ভারত সরকার এদের ভরতুকি দিয়ে দিলেন, কিন্তু শেয়ার কিনে যারা জমা দিয়েছিল ঐ টাকা আজ পর্যন্ত তারা পেল না। সরকারের বিচার করা উচিত, চিন্তা করা উচিত এদের টাকা দেওয়া হবে কিনা। আমি মনে করি এদের যদি টাকা দেওয়া হয়, তা হ'লে নিশ্চয় কো-অপারেটিভ সোসাইটির ব্যাপারে উৎসাহ বাড়বে, শেয়ার যারা কিনবে তাদের উৎসাহ বাড়বে এবং তারা উৎসাহ নিয়ে এগিয়ে আসবে। তারপর কনজিউমার সোসাইটিগুলির ব্যাপারে আমরা দেখেছি যে, ১৯৬২ সালে হিড়িকের বাজারে বহু কনজিউমার সোসাইটি গ'ড়ে উঠেছিল, কিন্তু কালস্রোতে সেগুলি ভেসে গিয়ে মাত্র ২/৪টিতে এখন দাঁড়িয়েছে। এগুলিও নিয়মিত দ্রব্যাদি পাচ্ছে না। এগুলিকে কোথা থেকে মাল এনে দেওয়া হচ্ছে? যে সমস্ত বাজেয়াপ্ত মাল—ল্যান্ড কাস্টমসের মাধ্যমে যে সমস্ত মাল বাজেয়াপ্ত করা হয় সেগুলি এখানে দেওয়া হয়। কিছুদিন আগে দেখেছি শরণার্থীদের মাল সরবরাহ করতে। হয়ত বলবেন মাল পাব কোথা থেকে। কেন আমাদের কি আইন নেই? একচেটিয়া পুঁজিপতি যারা মাল উৎপাদন করে তাদের উৎপাদনের একটা অংশ আইনের মাধ্যমে বাধ্য ক'রে তাদের কাছ থেকে নিতে হবে এবং সেই অংশটা কো-অপারেটিভ সোসাইটির মাধ্যমে বিতরণ করতে হবে। সরকার কি এ ব্যাপারে ব্যর্থতার পরিচয় দিচ্ছেন নাকি? আমি তো দেখেছি, আমার ঔরঙ্গাবাদে দেখেছি, এই সমস্ত কনজিউমার কো-অপারেটিভ সোসাইটিগুলিতে কোন জিনিস পাওয়া যায় না। তারপর, স্যার, আর একটা কথা বলতে চাই। সেটা হচ্ছে, কেন্দ্রীয় সরকারের নীতি হচ্ছে জনসংখ্যার ভিত্তিতে কাঁচামাল সরবরাহ করা। স্যার, পশ্চিমবাংলা একটা শিল্প অধ্যুষিত এলাকা, এখানে প্রচুর শিল্প কারখানা আছে। কিন্তু উত্তরপ্রদেশের তুলনায় এখানকার জনসংখ্যা কম। উত্তরপ্রদেশে যদিও শিল্পে কারখানা এখানকার মত নেই তবুও জনসংখ্যা বেশী ব'লে সে এখানকার চেয়ে বেশী কাঁচামাল পাচ্ছে। যেহেতু শিল্প কারখানা সেখানে কম সেই হেতু সেই কাঁচামাল হাত ঘুরে চলে যাচ্ছে ঐ কালোবাজারীদের হাতে, একচেটিয়া পুঁজিপতিদের হাতে। সমবায় সমিতিগুলি তাদের সংগে পাল্লা দিয়ে সেই সব মাল কিনতে পারছে না। তাই আমার অনুরোধ ভারত সরকারের কাছে আবেদন করুন যেন শিল্প প্রতিষ্ঠান অনুযায়ী কাঁচামাল সরবরাহ করা হয়। তারপর আমরা শুনেছি এই সমস্ত সমবায় সমিতিগুলিকে নাকি অগ্রাধিকার দেওয়া হবে। কিন্তু কি বাস পারমিট, কি ট্যাক্সি পারমিট, কি অন্যান্য ব্যাপারে সরকারী ব্যবস্থা এমনই যে পারমিট পাওয়া অত্যন্ত কঠিন ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। আমি হালের একটি ঘটনার কথা বলছি। বেহালাতে ৫০টি রেশনের দোকান বেকার যুবকদের কো-অপারেটিভ সোসাইটিকে দেওয়া হবে বলা হ'ল, কিন্তু যে শর্ত আরোপ করা হয়েছে সেই শর্তগুলি পূরণ করা সত্ত্বেও আজ পর্যন্ত তারা লাইসেন্স পেল না।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মোটরের ঘটনা সম্পর্কে একটা কথা বলবো। কো-অপারেটিভ সোসাইটির মাধ্যমে বাস রুট দেওয়া হবে বলা হয়েছে। যারা কো-অপারেটিভ ক'রে বাস রুট নেবার প্রস্তাব করেছেন তাদের এমন একটা বাস রুট দেখিয়ে দেওয়া হয়েছে যে রুটে বাস কোন দিন চালাতে পারা যাবে না। তারা বাস ছেড়ে ঘরে গিয়ে আশ্রয় নিয়েছে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বাজেটে বরাদ্দ অনেক হয়েছে, মঞ্জুরীও হয়ে যাবে। কিন্তু এর বহু টাকা সমবায় আন্দোলনে খরচ হবে তাতে দেখা যাচ্ছে কি? সেখানে দেখা যাচ্ছে আগে যেখানে ৫/৬ জন ক'রে বড় বড় কর্মচারী ছিলেন এখন সেখানে দেখছি ৩০ জন। রেজিস্ট্রার, অ্যাডিসনাল রেজিস্ট্রার, ডেপুটি রেজিস্ট্রার, ইন্সপেক্টর ইত্যাদি ছয়লাপ হ'য়ে গেছে। আমার মনে হয় প্রায় ৫/৬ শত জন আছে। ওরা সমিতিগুলিকে সৎ পরামর্শ দেবেন বা ভালভাবে যাতে চলে তার জন্য দেখাশোনা করবেন। কিন্তু তা না ক'রে এটাকে গন্ডগোল পাকিয়ে ভেঙে দেবার চেষ্টা করা হয়েছে। আমি রিসেন্টলি একটা ঘটনা আপনার সামনে তুলে ধরতে চাই। সেদিন কলকাতায় কয়েকটি সমবায় সমিতির ঘাড়ে লোক চাপিয়ে দেওয়া হয়েছে। সেটা হচ্ছে কেন্দ্রীয় সমবায় সমিতি, এদের ডাকা হ'ল। সেদিনকার যা আইন, সেই আইনটায় আমার মনে হয় ঐ নীতিটাকে ফলো করেছে। সেই আইনে দেখতে পাচ্ছি সরকার একটা অখন্ড ক্ষমতা

নিয়ে নেমে গেল এই কো-অপারেটিভ সোসাইটির সংস্কার সাধনে। কেন্দ্রীয় কৃষি এবং সমবায় সংস্থার পরিচালককে ডেকে আমাদের মাননীয় মন্ত্রী সাহেব বললেন যে, তোমাদের কাজকর্ম ভালভাবে চলছে, অতএব আমার পছন্দমত লোক দিচ্ছি, সেই লোককে আপনারা সভাপতি করুন। সেটা কে? সেটা হয় আমাদের পুরঞ্জয়বাবু না হয় দীপ্তিবাবু এবং অনিচ্ছা সত্ত্বেও আমাদের দীপ্তিবাবুকে গদিতে বসিয়ে দেওয়া হ'ল, তিনি সন্তোষবাবুর অনুগ্রহভাজন ব্যক্তি। আমি তাঁকে প্রশ্ন করতে চাই যে, ৬ মাসের মধ্যে দীপ্তিবাবু সেই কো-অপারেটিভ সোসাইটির বিন্দুমাত্র পরিবর্তন করতে পেরেছেন কি? সেই ব্যাংকে গিয়ে তার কিছু পরিবর্তন করতে পেরেছেন কি? তা তিনি করেন নি। তার আয়, ব্যয়, আদায়, অনাদায় কোন কিছুর একটা যুগান্তকারী পরিবর্তন করেছেন কি? তা করেন নি। বেকার যুবকদের কর্মসংস্থানের জন্য কোন পরিবর্তন করেছেন? তা করেন নি। কত টাকা বিনিয়োগ করা হয়েছে তার হিসাবে দেখা যাবে, কিছুই করেন নি। আমি জানি, দীপ্তিবাবুর পক্ষে এটা সম্ভব নয়। তিনি শিক্ষিত মানুষ, তিনি আমার জেলার একজন ভাল ল'ইয়ার, তিনি ভেবেছিলেন যে এবারে বিধানসভায় নির্বাচিত হ'লে হয়ত আমি মন্ত্রী হব। কিন্তু এসে দেখলেন যে মন্ত্রী নয়, তাঁর ২৫০ টাকা পছন্দ হ'ল না, তিনি আবার সেখানে ফিরে গেলেন। সেই ৪০০ টাকার দিকে ছুটলেন। কো-অপারেটিভের উন্নতি তিনি কোন দিনই করতে পারবেন না। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই যে মন্ত্রিমহাশয় উদোর পিণ্ডি বুদোর ঘাড়ে চাপিয়ে দিলেন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আর একটা কথা ব'লে আমার বক্তব্য শেষ করছি। আমাদের ডাক্তার সাহেব, তিনি ভাল ডাক্তার, তিনিতো অপারেশন ভাল করেন, লোক ভাল তাই তিনি এসে গেলেন কো-অপারেশনে। কাজেই বুঝতে পারছেন অবস্থা দাঁড়াল কোথায়? তিনি হস্তক্ষেপ করতে গিয়ে কতকগুলি জিনিস নষ্ট ক'রে বসলেন। মার পেট থেকে সন্তান জন্মগ্রহণ করল। গেলেন ডাক্তারবাবু, এবারে নাড়ী কাটতে গিয়ে বুঝতে না পেরে কেটে ফেললেন পেট। আমাদের অবস্থাটাও ঠিক ঐ রকম দাঁড়িয়েছে। কো-অপারেটিভ সোসাইটিকে সংশোধন করতে গিয়ে এ'রা এনেছেন ধ্বংস। প্রত্যেক জায়গায় রেজিস্ট্রার চাপিয়ে দিয়ে এ'রা গণতান্ত্রিক আন্দোলনকে একেবারে ধ্বংস করলো। অ্যাপীল করার অধিকার চলে গেল, আদালত করার অধিকার চলে গেল, হাইকোর্টের রায়কে অমান্য করা হ'ল, এটা কি গণতন্ত্র? জওহরলাল নেহেরু সমবায়ের যে গণতান্ত্রিক গঠন করতে চেয়েছিলেন, তার এইতো রূপ দিয়েছেন! এই কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ জয়নাল আবেদিন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সভার মাননীয় সদস্য শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত মহাশয়ের বিরুদ্ধে কটাক্ষ করা হচ্ছে, যখন উনি এই সভায় নেই। তাই আমি ওনাকে আহ্বান করছি যে, যখন তিনি এখানে থাকবেন তখন যেন এই অভিযোগগুলি করেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যখন ওদের পশ্চিমবাংলার মানুষ ডাস্টবিনে ছুঁড়ে দিয়েছে তখন ওরা এখানে চিৎকার করছেন, যদি সাহস থাকে তা হ'লে মাননীয় সদস্য যখন এই হাউসে থাকবেন তখন এইসব কথা বলবেন।

(Noise.)

Mr. Speaker: Order, order. Honourable Members, please take your seats.

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্যদের বলব যে, কেন বেচারা তিনজন রয়েছেন, এত বলছেন?

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনিও জেনে রাখুন যে আমরা ওদের দয়ায় এখানে আসি নি।

[4-10—4-20 p.m.]

Mr. Speaker: No honourable Member here is at the mercy of anybody. I will request the honourable Members not to make a show, or say anything in such a way as another Member may take it to his heart. I would request you all to be polite and not to use any harsh words because harsh words do not and will never pay. May I request the honourable Members not to show anger or give such expression to a thing that may hurt any honourable Member of the House. If any word has been used by Hon'ble Dr. Zainal Abedin, I think, he has not used it for injuring the feeling of any other honourable Member. I hope, Hon'ble Shri Besterwitch, who is a senior Member of this House, will agree with me that we are here passing our time very cordially and expressing our points of view and our minds in our own way—may be, some times they are not palatable to somebody, or the speech made is very uncomfortable for other Members. I will, therefore, request Dr. Zainal Abedin to express that he has not used anything to hurt or injure the feeling of any honourable Member.

ডাঃ জয়নাল আবেদিন ঃ আমার শ্রদ্ধেয় নেতা পণ্ডিত জওহরলাল নেহেরু সম্বন্ধে এইরকম উক্তি করলে প্রতিবাদ হবেই।

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় ঃ আমি প্রত্যেক মাননীয় সদস্যকে বলতে চাই আর এস পি ৩ জন মাত্র এসেছেন, তাঁদের আমরা স্বাগত জানিয়েছি। বেস্টারউইচ সাহেবের রিপ্ ভ্যান উইকলী বলেছিলেন এই কারণে যে, এই হাউসে যখন তিনি ছিলেন তখন তিনি এসব কথা বলতেন—জওহরলাল নেহেরুকে গালাগাল দিতেন। কিন্তু তাঁকে এটা বারন করে দিই যে দিনকাল পাল্টে গেছে। সুতরাং তাঁর নামে এই উক্তি যেন না করেন। কারণ এই রকম উক্তি করলে প্রতিবাদ হবেই।

Shri A. H. Besterwitch: The Chief Minister has tried to explain something. He has tried to mislead the House. What he has said is a different thing. If you see the tape-record you will find this.

Shri Siddhartha Shankar Ray: We know Bengali; we have heard this.

Shri A. H. Besterwitch: Dr. Zainal Abedin always tries to tantalise us while he speaks. I warn him if he goes on continuing this thing he will be very much in difficulty. I do not say anything when everyone passes any remark, when other Ministers pass any remark if that is not unparliamentary. But he is always tantalising us. Even the other day he said that because RSP members have got money that is why they come by taxi, and because they have got no money they do not come by taxi. If he thinks that because he has the authority, he has the support, he will say these things regularly, that is not fair. We have not come here on gratis.

Mr. Speaker: We were proceeding very peacefully, Mr. Besterwitch. But the honourable Member Shri Shish Mohammad referred to another honourable Member of the House, Shri Kumar Dipti Sen Gupta, who is not here, regarding his personal aspiration about becoming one of the

Ministers of the State. That was a personal matter. You can say that he is not successful in the administration of co-operative societies. I would have nothing to say if you said so. When the honourable Member made a personal charge about his becoming one of the Ministers of the State, perhaps that agitated the honourable Member on this side of the House. We should avoid criticism of any honourable Member of the House so far as his personal character and personal ambition is concerned. We can certainly point out something regarding his public character as a member of the society or as a member of the co-operative society. Certainly it would have been within your competence if you had said that he is not successful in the administration of the co-operative societies.

Now, regarding the point that the honourable Member has just referred to, that honourable Member Shish Mohammad has said something about our revered leader late Pandit Jawharlal Nehru, I did not hear the actual words used by the honourable Member, Shri Shish Mohammad.

[4-20—4-30 p.m.]

But, so far as I have followed Shri Shish Mohammad, he named the revered leader only and said that the ideal of democracy set by Shri Nehru is not being honoured in West Bengal as far as the Department of Co-operation is concerned, and with all respect to Pandit Nehru the honourable Member expressed such an idea but, perhaps, due to chaos and confusion that followed no one could follow the particular angle of vision of Shri Shish Mohammad. So, from that point of view he should not be misunderstood and I request Dr. Zainal Abedin to appreciate that sentiment with due respect.

Dr. Zainal Abedin: Sir, what he has said is on record and he can compare that. He was making a reference that this Jawaharlal Nehru.....

Mr. Speaker: I request the honourable Members not to indulge in anything which might create bitter feelings against each other. In a moment of anger or in a moment of misunderstanding remarks may be made from this side or that side but that should not stand in our way of better understanding, for better atmosphere, within this House. So, I request all the honourable Members to forget if anything has been stated injuring the feelings of any Member and not to discuss that any more. I think, the House will agree with me that we have come here on the strength of our constitutional rights, we have self-respect, we are here on the mercy of the people, with good wishes and blessings of the people, and we are to play our individual part as best as we can using this forum for the best interest of the people of our State. With these few words I request the honourable Members not to raise any further point over the matter. Let the matter stop here.

Now I call upon Shri Prafulla Maity.

শ্রীপ্রফুল্ল মাইতি: মিঃ স্পীকার, স্যার, সমবায় খাতে যে ২ কোটি ৩ লক্ষ ৩২ হাজার টাকা মঞ্জুর করার জন্য প্রস্তাব করা হয়েছে তাকে আমি সমর্থন জানাচ্ছি। সমবায় আন্দোলন

পশ্চিমবঙ্গে বর্তমানে আমি মনে করি যে অতল জলের তলে, সেই সমবায় আন্দোলনকে তার পূর্ণ মহিমায় প্রতিষ্ঠিত করার জন্য আমাদের সমবায় মন্ত্রী যে প্রচেষ্টা চালাচ্ছেন, যে আন্তরিকতা দেখিয়েছেন তার জন্য তাঁকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। সমবায় আন্দোলন বিভিন্ন ক্ষেত্রে ছড়িয়ে দেওয়ার চেষ্টা করলেও হয়ত কৃষিক্ষেত্রে সেটা কিছুটা ব্যাপকভাবে নিজেকে প্রতিষ্ঠিত করতে পেরেছে, কিন্তু বিগত কয়েক বছর ধ'রে অনাবৃষ্টি এবং অতিবৃষ্টিতে শস্যহানি এবং দেশের রাজনৈতিক অনিশ্চয়তার মধ্যে কৃষকরা সর্বস্বান্ত হয়েছে। কৃষিঋণ আদায়ের ক্ষেত্রে বিধানসভার সদস্যদের কাছে সাহায্য চেয়ে মাননীয় মন্ত্রিমহাশয় পত্র দিয়েছেন এবং আমরা সেদিকে কিছুটা অগ্রসর হতে গিয়ে যে প্রত্যক্ষ অভিজ্ঞতা লাভ করেছি সেটা সভার সামনে না রেখে পারছি না।

আজকে ছোট ছোট কৃষক যাদের নিজস্ব জমির পরিমাণ অল্প এই কয়েক বছরের বিপর্যয়ের পর আজকে তাদের যদি ঋণ পরিশোধের কথা বলি, তা হ'লে তাদের সামান্য জমিজমা যেটুকু আছে হয় সেটা বিক্রি করতে হবে, আর না হয় অসাধু মহাজন যারা আছে তাদের দারস্থ হতে হবে। আমরা জানি এছাড়া তাদের কাছে আর অন্য কোন উপায় নেই। আমি মনে করি যারা সমবায় কৃষিঋণ গ্রহণ করেছে তাদের মধ্যে শতকরা ৫০ ভাগ কৃষকের বর্তমান পরিস্থিতিতে এই ঋণ পরিশোধ করার কোন ক্ষমতা নেই। আমি প্রস্তাব করছি এই সমস্ত দরিদ্র কৃষকদের বাঁচাবার জন্য যদি ব্যাঙ্কের অনুদান মঞ্জুর করে তাদের এই ঋণের হাত থেকে রেহাই দেওয়া যায়, তা হ'লে খুব ভাল হয়। আমি আশা করছি তার সমস্ত রকম প্রচেষ্টা আমাদের এই জনপ্রিয় সরকার করবেন এবং সেই দৃঢ় বিশ্বাস তাঁদের প্রতি আমার আছে। কৃষিঋণ দান ধীরে ধীরে বছরের পর বছর যেভাবে কমে আসছে তাকে বাড়িয়ে তুলে বর্তমান বছরে ১২ কোটি টাকা ঋণ দেবার কথা যা বলা হয়েছে তার জন্য আমি মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ দিচ্ছি। এ ছাড়া বর্তমানে এই সমবায় আন্দোলন যে কতটা জনপ্রিয় হয়েছে বেকার ইঞ্জিনীয়ারদের ক্ষেত্রে সেটা একটা বলিষ্ঠ পদক্ষেপ। কিন্তু দুর্ভাগ্যের কথা, বেকার ইঞ্জিনীয়াররা অর্থের অভাবে সেই সুযোগ গ্রহণ করতে পারছে না। আমি সরকারের কাছে অনুরোধ রাখব যে, বেকার ইঞ্জিনীয়ার সমবায় সমিতিকে আরও অর্থ দিয়ে বর্তমানের এই দুরূহ বেকার সমস্যার দিনে বেকার যুবকদের অন্নের সংস্থান তথা সমবায় আন্দোলনের প্রসারে সহায়তা করবেন। মৎস্যজীবী সমবায় সমিতিকে প্রচুর অর্থ দেওয়া হয়েছে। কিন্তু প্রত্যক্ষ অভিজ্ঞতা থেকে আমি বলতে চাই, এই মৎস্যজীবী সমবায় সমিতি প্রায়ই শুধু কাগজ-কলমে চলছে। এর প্রকৃত অস্তিত্ব আছে কিনা সেটা ভাল ক'রে অনুসন্ধান করবার জন্য আমি মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ রাখছি। সমবায় আইন পরিবর্তন ক'রে অযোগ্য, অকর্মণ্য এবং দুর্নীতিপরায়ণ যে সমস্ত লোক পরিচালকমণ্ডলীতে আছে বা যে সমস্ত সভ্য রয়েছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বনের কথা বলা হয়েছে। আমরা জানি, একটা আইন প্রচলিত আছে যে পর পর ৩ বার নির্বাচিত হ'লে একজন সদস্য আর ডিরেক্টর পদে আসতে পারবেন না। এই পদ্ধতি পরিবর্তন করা দরকার। কারণ একজন অসাধু ডিরেক্টর যদি এই আইনের বলে ৩ বার আসতে পারে, তা হ'লে সে সমবায় আন্দোলনকে যথেষ্ট ক্ষতিগ্রস্ত করবে। অপরপক্ষে একজন উপযুক্ত, কর্মক্ষম, সাধু এবং সৎ প্রকৃতির লোক তাঁর যোগ্যতাবলে এবং অংশীদার সদস্যদের সমর্থনে যদি ৩ বারের বেশী নির্বাচিত হবার যোগ্যতা রাখে, তা হ'লে তাঁকে বঞ্চিত করা গণতন্ত্রের সহায়ক নয় ব'লে মনে করি। কাজেই মন্ত্রিমহাশয় এটা বিবেচনা করবেন।

[4-30—4-40 p.m.]

শ্রীঅজিতকুমার গাঙ্গুলী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমবায়মন্ত্রী মহাশয় বাজেট বরাদ্দ চেয়ে যে কথা বলেছেন সেটা ধ'রে আমি প্রথমে বলি যে, আমি শুধু বিরোধিতা করার জন্য বলছি না, এই ব্যয়বরাদ্দ কিভাবে আনা উচিত ছিল সেটা দিয়েই প্রথম শুরু করতে চাই। অধ্যক্ষ মহাশয়, এই বরাদ্দ খাতে ধরা হয়েছে ২ কোটি ৩ লক্ষ ৩২ হাজার টাকা—দিস শোজ দি অ্যাটিচিউড রিগার্ডিং দি কো-অপারেশন। যে জিনিসটা ও'নার বিবৃতি থেকে আমি বলব, মাননীয় মন্ত্রিমহাশয় যেটা রেখেছেন, তার ক্যানভাসটা দেখছি কত সুন্দর! কিন্তু এই

ক্যানভাসকে যদি পূর্ণ করতে হয়, তা হ'লে এই টাকায় কি উন্নতি হবে, মন্ত্রিমহাশয় জবাব দেবার সময় তা নিশ্চয় বলবেন। এই টাকা ইজ কোয়াইট ইনসাফিসিয়েন্ট সেটা আমরা বুঝি। একটা রাজ্যের এই ব্যাপারে সব টাকা দেওয়া বা ব্যয় করা সম্ভব নয় কিন্তু এটা বুঝি যে, অ্যাটিচিউড যদি কো-অপারেশনের দিকে হয়, তা হ'লে তার জন্য কি প্রয়োজন। এটা ডিটেলস্ এখানে আলোচনা করা যাবে না, তা না হ'লে দেখিয়ে দিতাম যে, এই টাকা শুধু অ্যাডমিনিস্ট্রেশন চালাবার জন্যই খরচ হয়ে যাবে, আর অন্য কোন কিছুর জন্য টাকা পাওয়া যাবে না। ঋণের ব্যাপার কিছু নয়, উই হ্যাভ ন্যাশনালাইজড দি ব্যাঙ্কস, ঋণ ব্যাঙ্ক থেকে পাওয়া যাবে এবং দেয়ার আর সো মেনি ইনস্টিটিউশন যেখান থেকে লোন পাওয়া যাবে। হোল আউটলুকটা কি ? The whole outlook is that it is a credit society and not co-operation. The entire thing is this.........''Sonar Patharbati'' is not ''Sona''.

আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে এই কথা বলব যে, আমাদের সেই জায়গা থেকে প্রথম মুক্ত হতে হবে। উনি বলেছেন, আমাদের বক্তব্যে যেন ও'র আঘাত না লাগে। আমি আঘাত দেবার জন্য বলছি না। উনি সমাজতান্ত্রিক সমাজবাদ প্রতিষ্ঠা করবার কথা বলেছেন। আমি সেটা বলতে চাই, উনি যেন মনে কিছু না করেন, এটা হচ্ছে সেই সোনার পাথরবাটির মতন। ঠিক সোনা নয়। ইট ইজ সামথিং পিকিউলিয়ার। সমাজবাদ দি সেম ইটসেল্ফ ইজ গ্যারান্টি অব ডেমোক্রেসি। আবার আপনি জানেন, স্যার, আবাদী কংগ্রেসে সোস্যালিস্ট প্যাটার্ন কথাটা ইউজ করা হয়েছিল, কিন্তু ভুবনেশ্বরে কমপ্লিট সোস্যালিজমের কথা বলা হয়েছিল। এখন ডেমো-ক্রেটিক সোস্যালিজমের দরকার নেই। আমরা সমাজবাদ চাই। সেখানে হস্ত প্রসারণ করতে চাই। এই করতে হ'লে প্রথম কথা বলব যে, ক্রেডিট সোসাইটির আউটলুকটাকে চেঞ্জ করতে হবে। কারণ, আপনি জানেন, স্যার, এবং মাননীয় মন্ত্রিমহাশয়ও জানেন, Co-operation in the industrial sector hits the root of capitalism.

যে সমাজবাদে তাড়াতাড়ি যাবার জন্য আমরা বিচলিত হয়ে পড়েছি সেখানে ইন্ডাস্ট্রিয়াল সেক্টার কো-অপারেটিভকে হিট করে রুটে, আর ট্রেডে ইট টাচেস দি ফ্রিঞ্জ অব ক্যাপিটালিজম। এই কথা বলেছেন যারা কো-অপারেশান নিয়ে ভাবেন। এখন আপনি এখানে আরবানের কথা, ফার্মিয়ের কথা বলেন নি, তা হ'লে আমরা গেলাম কোথায় ? কি নিয়ে কো-অপারেশন পাব বলুন দেখি ? এখন ঘটনা ঘটছে কি, আপনি ব'লে দিলেন যে, টাকা কম দেওয়া হয়েছে, যেখানে ৭৮ কোটি টাকা থার্ড ফাইভ-ইয়ার প্ল্যানে ঠিক করেছিলাম সেখানে ১৯৭১-৭২ সালে এসে দাঁড়িয়েছে ৪·১৪৩৬। টাকা কমিয়ে দিয়েছেন যুক্তফ্রন্ট, এখন আমাদের বিপদ হচ্ছে, এ সম্বন্ধে একটা গল্প মনে পড়ছে। একজন শ্মশানের এশে প'ড়ে এসেছিল, এসে দেখল গরুর রচনা পড়েছে, এখন কি করা যায় বা কিভাবে লাগানো যায়, লিখলো গরু চতুষ্পদ জন্তু, গরু ভাত খায়, ভাত খেতে খেতে এসে শ্মশানে পোঁছাল, তারপরে সে শ্মশান ব'লে আরম্ভ ক'রে দিল। যাক সে সব কথা। ১৯৭১ এবং ১৯৭২ ওয়াজ আওয়ার রেজিম। আমরা নানান ব্যাপারে গভর্নমেন্টে থাকতে পারলাম না। কিন্তু কৃষক, সাধারণ মানুষ আমাদের দেশে যাঁরা আছেন, সেখানে কি অ্যাডমিনিস্ট্রেশন চলে গিয়েছিল, এখন এই রকম হচ্ছে কেন ? আমি মনে করি, মাননীয় মন্ত্রিমহাশয়কে বোঝাতে পারবো একটা গল্প ব'লে। একজন ভদ্রলোক তিনি বড় চাকরি করতেন, কিন্তু তার চাকরি চলে গিয়েছিল। তখন তিনি তার চাকরকে বললেন যে, দেখ বাপু, আমার চাকরি চলে গিয়েছে, এখন আর সরু চা'ল এনো না, মোটা চা'ল এন, সে চাকরটা বাজার থেকে অর্ধেক মোটা আর অর্ধেক সরু চা'ল আনলো। চাকরকে বলা হ'ল, সরু চাল আনবে না, মোটা চা'ল নিয়ে আসবে, নইলে সংসার চালান অসম্ভব। কর্মচারী যখন চা'ল কিনে ফিরে এল, দেখা গেল তার মধ্যে কিছু সরু চা'ল বাকিটা মোটা চা'ল। তখন সেই কর্মচারীকে বললে, তোমাকে সরু চা'ল আনতে নিষেধ করলাম, তবু নিয়ে এলে কেন। তখন সে বললে, বাবু, আপনার চাকরি গেছে, আমার তো চাকরী যায় নি। এখানেও হয়েছে তাই। প্রফুল্লবাবু, মোরারজী দেশাইরা চলে গেছেন, বাট দি আদার্স আর হিয়ার এবং তাঁরাই অ্যাডমিনিস্ট্রেশন চালাচ্ছেন। তাঁদের হেল আউটলুকটা সেই রকমই রয়েছে। এইটাই হচ্ছে কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটির একটা ডেঞ্জার। এই অ্যাটিচিউড যদি চেঞ্জ না করতে পারেন, তা হ'লে সমবায় হবে না, আমরা যতই সহযোগিতার হাত বাড়াই না কেন। মন্ত্রিমহাশয়, আপনি ভেবে দেখুন, এইভাবেই কি

চালিয়ে যাবেন? তবে আপনাকে একটা কথা বলব যে, এটা ঠিক যে অনেক টাকা বাকি এবং সেই টাকা আদায় করা উচিত। আমি সেদিন মন্ত্রিমহাশয়ের সঙ্গে আলাদাভাবে কথা বলছিলাম, তখনও বলেছিলাম টাকা আদায়ের জন্য জোর দেওয়া উচিত। এখন মার্চ মাস, আপনি জানেন ইয়ার এন্ডিং, এখন টাকা আদায়ের জন্য জোর দিলে কি হবে? মহাজনদের যে বুদ্ধি আছে আমাদের সরকারী ডিপার্টমেন্টের অফিসারদের সেই বুদ্ধি থাকবে না কেন? মহাজনরা টাকা আদায় করে, তাদের দুধে তো কখনও হাত পড়ে না। বরং তারা বড়লোক হয়ে গেল। এটা আমাদের গভর্নমেন্টের দোষ, কৃষকের দোষ, না ডাইরেক্টরের দোষ? কিন্তু দোষ নাই আমি এই কথা বলি না, তবে সব অফিসারই এক রকম তা তো নয়। কিন্তু টেকনিকটা জানা দরকার। আমি সেইটাই এখানে জানাতে চাইছি। যখন কৃষকের ফসল উঠে, তখন তাদের কাছে আদায়ের জন্য যায় না কেন—যায় না কারণ একটা অসুবিধা আছে কাদা ভাঙ্গতে হবে। কাজেই এখানে মাননীয় সদস্যরা যা বলেন ব্যাপারটা অত সহজ নয়। আমরা সমাজবাদ চাইছি, কিন্তু যেখানে আছি সেখান থেকে সরে না গেলে হবে না। গতবারে ১ কোটি ৩২ লক্ষ টাকা ছিল, এবারে একটু ইমপ্রুভ করেছে ৩ কোটি ২৫ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে। আমরা আরো বেশী টাকা তুলে আপনাদের হাতে দেব যদি কাজ হয়। শনিবারে আমাদের ওখানে কো-অপারেটিভ নিয়ে একটা আলোচনা হয়েছে। মন্ত্রিমহাশয়কে বলেছিলাম, দপ্তরকেও বলেছিলাম যে, এটা করুন যে যত বেশী শোধ দেবে টাকা পাবে। ব্যাঙ্কে শোধ দেয়, তা হ'লে এক মাসের মধ্যে টাকা দেবেন। জয়নাল ভাই বললেন, জমি বেচে টাকা দেবে। একটা কথা আমি শুনলাম ৬ই তারিখে বনগাঁয়ে একথা নাকি বলা হয়েছে, যে কৃষক শোধ দেবে সে নিজে টাকা পাবে। এই যে একটা ফিলিংস এতে গ্রামাঞ্চলের মানুষ উৎসাহ পাবে। বাজারে এত ব্ল্যাক মানি রয়েছে সেই টাকা ধরবার জন্য আমরা বিচলিত হচ্ছি না। সরকারী অফিসারদের সেই টাকা বের করবার জন্য চেষ্টা নাই। যারা ট্যাক্স ফাঁকি দেয় কোটি কোটি টাকা তাদের ধরা হচ্ছে না কেন? এই ব্যাপারের সঙ্গে কো-অপারেটিভের সম্পর্ক না থাকলেও অ্যাডমিনিস্ট্রেশনকে বলছি কৃষকের টাকা আদায় করতে পারছেন না যেখানে বলছেন সেখানে কোটিপতিদের টাকা ফেলে রাখা হচ্ছে কেন? এই বেলা দেখছেন না? সেজন্য আমি কৃষকদের বেলায় বলবো, গরিব মানুষ ফসল নিশ্চয়ই নাই, এ জিনিস ভাবতে হবে, কি অবস্থার মধ্যে কাটাচ্ছে সেটা ভাবতে হবে। তেমনি আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের সঙ্গে একমত যে, কিছু শয়তান লোক আছে যারা ফাঁকি দেবার জন্য উঠে-পড়ে লেগেছে এবং যখন এ সম্বন্ধে বলব, তখন ব'লে দেব কারা করছে, এ সম্বন্ধে কিছু ব্যবস্থা করা উচিত। এই সম্বন্ধে দৃষ্টি আকর্ষণ করতে চাই, এ জিনিসটা ভাবতে হবে।

[4-40—4-50 p.m.]

এসব যদি আপনি না দেখেন, তা হ'লে আমরা কিন্তু কোথায় যাব তা বলতে পারছি না। এটা হচ্ছে স্পিরিটের কথা। বার বার ক'রে এ সম্পর্কে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ ক'রে যাচ্ছি। পাঞ্জাব বলুন, হরিয়ানা বলুন, তামিলনাড়ু বলুন—সেখানে এরকম হয় না। আমাদের এখানে কেন এরকম হয়? আমার অবশ্য ভুল হতে পারে, সঠিক বলতে পারছি না। আমি মনে করি, পশ্চিমবঙ্গে মনোপলি একটি একচেটিয়া দিক আছে, তারা চায় না।

Why they are striving in Punjab, Maharashtra and Haryana—why not in West Bengal?

এটা তো উড়িয়ে দিলে হবে না? কতকগুলি বই-এর কথা বললে তো হবে না? সে সম্বন্ধে ভাবতে হবে। আমরা দেখেছি। অন্য জায়গায় কি ঘটেছে তা সঠিক জানি না। আপনি জানেন ১৯৩৪ সালে জাপানে এই নিয়ে একটি কনফারেন্স হয় রিজিওন্যাল কনফারেন্স—সাউথ-ইস্ট এসিয়াতে। ভারতবর্ষ যখন পরাধীন ১৯৩৪ সালে ইংরেজরা ব্যাকওয়ার্ডনেস-এর সুযোগ নিয়ে এ দেশে কো-অপারেটিভ ক'রেছিল, ক্যাপিটালিজম আঘাত খায় এই ভেবে তারা কো-অপারেটিভ-এর দিকে যায় নি। আমরা যে কাজ করছি কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটি নিয়ে আমাদের ভাবনার কিছু নাই। হোয়েন আওয়ার গভর্নমেন্ট হ্যাজ ন্যাশনালাইজড দি ব্যাঙ্ক, তখন আমরা ক্রেডিট-এর সুরাহার দিকে চলেছি। কিন্তু এখানে আপনি দেখুন এই জায়গা দিয়ে কি অবস্থা দাঁড়িয়েছে।

Becouse of the domination of the Co-operative Department over the movement of non-leadership has not been allowed openly to develop and the interference of the Government officers in such matters as their fixation o credit limit, sanction of loan and dismissal of employees, etc.

এ নিয়ে কো-অপারেটিভ-এর দফারফা হবার দিকে যাচ্ছে। সেখানে তিনি কনক্লুড করছেন কী ব'লে?

Officers have quite often prepared to administer, deferred to administer than to guide movement and have even been responsible for mal-administration in many cases.

আমি, স্যার, ক্যালকাটা হোলসেল সম্বন্ধে একটি কথা বলবো। এই ক্যালকাটা হোলসেল কো-অপারেটিভ-এর কথা আপনি জানেন। সেখানে ৮০ হাজার নয়, ৮০ লক্ষ টাকার মত বকেয়া। এই টাকা এখন আর আদায় হচ্ছে না। অবশ্য এ সম্বন্ধে মন্ত্রিমহাশয় অবহিত আছেন। কিন্তু জিজ্ঞাসা করি শুধু ডিরেক্টরদের দিয়ে কী হবে

Where officers are sleeping? What about Registrar? Did he not know it.

কি ঘটছে? এই যে ঝোঁক এ থেকে যদি আমরা রেহাই না পাই, তা হ'লে আমাদের এক গুরুতর বিপদের সম্মুখীন হতে হবে। এটা আপনাকে ভাবতে হবে। বার বার কনজিউমারদের কথা বলার দরকার নাই- ইউ নো বেটার দ্যান আই। তাদের দুরবস্থার কথা ব'লে আর কি করবো। যা আপনার কাছে রাখতে চাচ্ছি, যারা পরিচালনার দায়িত্বে আছে—ব্যাঙ্কের, আমরা তাদের দায়িত্ব দিয়েছিলাম। তাঁরা কেন এটা অ্যালাউ করলেন? কেন বেশী টাকা ওভারড্রফ্‌ট করতে দিলেন? কেন দিলেন? এ কি তাদের বাড়ির টাকা? যারা মেরে ফেলেছে তারা তো আরো মারবে! যারা মেরেছে এই টাকা তাদের দোষ দিয়ে লাভ নাই। যাদের ঐ টাকা মারতে দিতে বারণ করা হ'ল, তাদের ভূমিকা কোথায়? তারা কী করছিল? এ তো ছেড়ে দেওয়া যায় না। তাই বলতে চাই আমরা যদি এই সব কর্মচারীদের অ্যাটিচিউড না বদলাতে পারি, তা হ'লে বড় মুশকিলের ব্যাপার হবে। আপনি দেখুন, স্যার, আমাদের কী রকম ভাব। দিল্লীতে ১৯৪২ সালে অল ইন্ডিয়া কো-অপারেটিভ কনফারেন্স হয়ে গেল, সেখানে ওয়েস্ট বেঙ্গলের অ্যাটেনডেন্স ওনলি ১৫। আর মধ্যপ্রদেশের মত জায়গা—সেটা আমাদের চেয়েও ব্যাকওয়ার্ড......

(Here red light was lit.)

বোধ হয় আমার আরো কিছু সময় আছে? এখানে আমি শুধু দুটো কথা বলি। এর সমর্থনে মাননীয় মন্ত্রী জিজ্ঞাসা করতে পারেন হোয়াট ইজ ইওর সাজেসানস্‌? আমি বলি, নিউলি ইনডিপেন্ডেন্ট কানট্রিসতে আমরা যেটা দেখেছি ওয়েল টু ডু ম্যান যারা অবস্থাপন্ন লোক তারা এর সুযোগ নেয়, নেতাও হয়ে যায় সমাজে। সেইজন্য মিসেস রেণু চক্রবর্তী থাকতে আমি বলেছিলাম এই অবস্থাপন্নদের বাদ দিতেই হবে. একটা স্তর ঠিক ক'রে নিন যার উপরে নেবেন না, তাদের আসা বন্ধ করুন--এইটা যদি না পারেন তো চুরি ঠেকানো যাবে না, তা না হ'লে এরা যেমন সমাজের মধ্যে আধিপত্য বিস্তার ক'রে আছে, তেমনি থাকবে। ছোট ছোট অফিসারদের করবার কিছু নেই, তারা দুই দাবড়ানি খেয়ে চলে আসে। যদি সমবায়কে বাঁচাতে হয়, তা হ'লে এদের বাদ দিতে হবে। আপনার বাজেট দেখে মনে হ'ল পাবলিসিটি, প্রোপাগান্ডা, এডুকেশন ইত্যাদিতে আপনার টাকা নেই বললেই হয়। আমি আপনার কাছে নিবেদন করবো. মন্ত্রিমহাশয় ভেবে দেখুন, সমবায়ের দৃষ্টিভঙ্গি কি, আজকে সমাজবাদ আনতে হবে, তা হ'লে পাবলিসিটি, প্রোপাগান্ডা, এডুকেশন এটা করতেই হবে। এর জন্য আমাদের অনেক টাকা খরচ করতে হবে। আজকে নিশ্চয় টাকা বাড়াতে পারছেন না, আমি টাকা বাড়াবার জন্য চেঁচামেচিও করছি না। লাস্টলি বলবো, দেয়ার আর টু আদার ওয়েজ। আপনি আপনার জবাবী ভাষণে হয়তো বলবেন মিশ্র কমিটির কথা, আমি এখন সেসব আনতে চাইছি না। সব জায়গায় যদি বিশ্বাস করেন এবং জনতার উপর বিশ্বাস করেন, তা হ'লে বলবো ইনডিপেন্ডেন্ট কমিটি করুন

জনসাধারণের মধ্যে যারা কো-অপারেটিভ মাইন্ডেড আছেন তাদের নিয়ে, তাদের উইথ দি পাওয়ার টু এনকোয়ার। আমি একটা বক্তব্য রেখে যাচ্ছি, বনগাঁ মার্কেটিং কো-অপারেটিভ সম্বন্ধে আমি স্পেসিফিক অ্যালিগেশন এনেছিলাম, আপনি বলেছিলেন এনকোয়ারি করবেন, কিন্তু হয় নি। আমি সেইজন্য বলবো কো-অপারেটিভ মাইন্ডেড ইনটেলিজেন্ট পিপলদের নিয়ে আপনি একটা কমিটি করুন উইথ দি পাওয়ার টু এনকোয়ার এবং সেপারেট দি রিচার। এইসব যদি করেন তা হ'লে আমার মনে হয় এর একটা সুরাহা হবে।

(এই সময় লাল বাতি জ্বলে ওঠে।)

Mr. Speaker: Mr. Ganguly, nine speakers are still left, and only two hours have been allotted for discussion on this grant.

শ্রীমতী ইলা মিত্র: আগে ৪ ঘণ্টা হিসাবে যে টাইম পেতাম সেইটা হিসাব করেই তো আমরা দিয়েছি।

Mr. Speaker: Mr. Ganguly has spoken for 18 minutes, the Opposition have spoken for only half-an-hour and the Minister while moving his budget has spoken for 20 minutes, and one speaker from the Congress, Shri Prafulla Maity, spoke for 7 or 8 minutes. Now, 10 minutes are left for Shri Kanai Bhowmik and there are eight other speakers from the Congress Benches, and I am told the Hon'ble Minister will take half-an-hour to give replies on the points raised by Members. So, I cannot call any other Member but I have to call only the Hon'ble Minister to reply.

শ্রীমতী ইলা মিত্র: মিনিস্টার উত্তর দেবেন নিশ্চয়ই; তাঁর উত্তর দেওয়া উচিত। তা হ'লে অন্যান্য বক্তাদের সময় কমিয়ে দিন। আমাদের ২ জন বক্তা, ১০ মিনিটে কি বলবেন?

Mr. Speaker: Mrs. Mitra, I am told by the Parliamentary Affairs Minister and Chief Whip that according to the arrangement made by the Business Advisory Committee you are entitled to only 21 minutes.

I now call upon Mr. Sukumar Chattopadhay to speak.

[4-50—5-00 p.m.]

শ্রীসুকুমার চ্যাটার্জি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ২৫নং গ্রান্টকে পূর্ণ সমর্থন জানিয়ে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে একটি মাত্র বক্তব্য তুলে ধরছি। আমরা জানি, বর্তমানে পশ্চিম-বাংলায় বিশেষ ক'রে গ্রামবাংলায় কো-অপারেটিভগুলি তার আসল কায়া পরিত্যাগ ক'রে ছায়ারূপে প্রতিটি গ্রামে ঘুরে বেড়াচ্ছে। এই কাজের কর্ণধাররা কো-অপারেটিভের যেটা আসল উদ্দেশ্য তা গ্রামীণ জনসাধারণের কাছে বিশেষভাবে প্রচার না ক'রে তারা নিজেদের স্বার্থসিদ্ধি করছে। কো-অপারেটিভের বর্তমান আসল রূপ হচ্ছে—তোমার চিড়ে আমার দৈ, তুমি মাখ, আমি খাই। তুমি মাখ সবাই মিলে খাই যেটা হওয়া উচিত ছিল, তা না ক'রে নিজের স্ত্রীর নামে, নিজের নামে, ছেলেমেয়েদের নাম দিয়ে হাজার হাজার টাকা আত্মসাৎ ক'রে দিনের পর দিন এই কো-অপারেটিভগুলিকে ধ্বংসের পথে এগিয়ে নিয়ে যাচ্ছে। আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাচ্ছি যে, এই যেসব লোক জগদ্দল পাথরের মত, কাশীর শিবের মত ব'সে আছে, অত্যন্ত দুঃখের কথা যে তাদের সরানো হবে না। আসল উদ্দেশ্যকে এই কো-অপারেটিভের সার্থকতাকে জনসাধারণের কাছে বিশেষভাবে পেঁছে দিতে হবে এবং এর জন্য মন্ত্রিমহাশয়কে সম্পূর্ণভাবে এই কাজ নিজের হাতে নিতে হবে। কো-অপারেটিভ ব্যাপারে পশ্চিমবঙ্গের জনসাধারণের যথেষ্ট আস্থা আছে। আমি খুব দৃঢ়ভাবে বলতে পারি যে, গ্রামবাংলার মানুষ

আজকে কো-অপারেটিভের দিকে তাকিয়ে আছে, যে প্রভাত হবে তার জন্য প্রতিটি মানুষ প্রহর গুনছে। এই অবস্থায় মন্ত্রিমহাশয় যদি দৃঢ় পদক্ষেপে এগিয়ে চলেন, তা হ'লে জনগণের এই আশা পূর্ণ হবেই। এই কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ্।

শ্রীঅজিত বসু: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ সমবায়মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ এনেছেন আমি তাকে পূর্ণ সমর্থন জানাই। সমর্থন জানাই এই কারণে যে গ্রামবাংলার কৃষকদের উন্নয়নের জন্য যে সমিতিগুলি ছিল এবং সেগুলির যে অবস্থা ছিল তাকে পুনরুজ্জীবিত করার জন্য আমাদের সমবায়মন্ত্রী মহাশয় যে দৃঢ় হস্তে হাল ধরেছেন তা সত্যিই প্রশংসার যোগ্য। সমবায় ছাড়া বাঁচার কোন উপায় নেই—আজকে যা পরিস্থিতি দিনের পর দিন আসছে ১৯০৫ সালে, ১৯১২, ১৯২৬ ও ১৯৪২ সালে এই কো-অপারেটিভ আইন প্রণয়ন করা হয়েছিল। তার পর কোন আইন নূতন ক'রে হয় নি। বর্তমানে আমাদের সমবায়মন্ত্রী নূতন ক'রে আইন এনে এ জিনিসকে ঢেলে সাজাবার চেষ্টা করছেন তার জন্য তাঁকে অভিনন্দন জানাচ্ছি। কারণ আজকে গ্রামবাংলার মানুষ এই সমবায় ছাড়া বাঁচতে পারবে না। প্রতিটি গ্রামে কৃষিঋণ দেওয়া হয়। এই ঋণের অধিকাংশ সমবায় সমিতি মারফত দেবার ব্যবস্থা করা হয়। আমি এখানে অনুরোধ করছি, প্রতিটি ঋণই এই সমবায় সমিতি মারফত দেওয়া হোক কেন না কিছু কিছু ঋণ ব্লকের মাধ্যমেও দেওয়া হয়। কারণ একজায়গা থেকে ঋণ দিলে বোঝা যাবে কে কত ঋণ পাচ্ছে। এই অবস্থা নাই ব'লে গ্রামের জনসাধারণের মধ্যে ঋণের বোঝা বেড়ে যাচ্ছে, তার ক্ষমতার বাইরে চলে যাচ্ছে, সে পরিশোধ করতে পারছে না। তাই আমি আপনার মাধ্যমে সমবায়মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি যাতে প্রতিটি ঋণ ঐ সমবায়ের মাধ্যমে বিলি-ব্যবস্থা করা হয়।

আর একটি কথা হচ্ছে এই, আজকে সমবায় বিপণীতে কৃষিজাত দ্রব্যের জন্য সমবায়মন্ত্রী মহাশয় ৪০ ভাগ সার বণ্টনের ব্যবস্থা করেছেন তার জন্য আমি তাঁকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। আজকে সার নিয়ে গ্রামাঞ্চলে যে ছিনিমিনি খেলা হচ্ছে সমবায়মন্ত্রী মহাশয় মার্কেটিং সোসাইটির মাধ্যমে ৪০ ভাগ সার বিতরণ করার ব্যবস্থা ক'রে দিয়ে গ্রামাঞ্চলের গরিব মানুষদের চাষের যে কি রকম একটা সুযোগ-সুবিধা এনে দিয়েছেন সেটা মুখে প্রকাশ করা যায় না। ভবিষ্যতে আরো অনেক সার ঐ মার্কেটিং সোসাইটির মাধ্যমে বিলি করবার ব্যবস্থা যে গ্রহণ করবেন বলেছেন সেজন্য আমি মাননীয় সমবায়মন্ত্রীকে আর একবার ধন্যবাদ জানাচ্ছি। স্যার, আমি আপনার মাধ্যমে অনুরোধ করবো, আজকে যদি সমবায়কে আমরা পুনরুজ্জীবিত ক'রে তুলতে না পারি, তা হ'লে গ্রামের মানুষ বাঁচতে পারবে না। সেই জন্য গ্রামবাংলার মানুষকে বাঁচাবার জন্য সমবায়কে পুনরুজ্জীবিত করতেই হবে। সমবায় থেকে কৃষিঋণ দেওয়া হয়। প্রত্যেক সদস্যই এই ঋণ পাবার যোগ্য এবং তারা নিজেদের অধিকারেই সেই ঋণ নিয়ে থাকেন। তারা নিজেদের টাকা সেখান থেকে পায় এবং কাউকে এক পয়সা দিতে হয় না। আজকে সমবায় ক্রেতা বিপণন সমিতির মাধ্যমে যে স্ট্যান্ডার্ড কাপড় বিক্রি করা হচ্ছে, গ্রামাঞ্চলের প্রতিটি জায়গায় তা কেনার জন্য ভীড় লেগে গেছে। আমি জানি, আমার খড়্গপুর এলাকায় এই স্ট্যান্ডার্ড কাপড় দরিদ্র লোকদের মধ্যে বিতরণ করা হচ্ছে, এটাই হচ্ছে সমবায়মন্ত্রীর প্রথম পদক্ষেপ। অতএব আজকে যেভাবে তিনি সমবায় সমিতিগুলিকে পরিচালনা করছেন ভবিষ্যতে আরো সুদৃঢ়ভাবে তিনি পরিচালনা যে করতে পারবেন সে বিশ্বাস আমাদের আছে। এগুলি দেখেই মনে হচ্ছে আবার বুঝি পুরানো দিনের সেই সমবায় সমিতিই ফিরে এসেছে। আমি আপনার মাধ্যমে সমবায়মন্ত্রী মহাশয়ের কাছে আর একটি কথা নিবেদন করতে চাই, সেটা হচ্ছে এই যে, এর মধ্যে ইরিগেশন সোসাইটির ব্যাপারটি দেখতে পেলাম না। ১৯১২ সালে বাঁকুড়াতে একটি হয়েছিল, সেটা এখনও বেঁচে আছে। এই দিকে একটু দৃষ্টি দেবার জন্য আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো এবং কৃষি ব্যবস্থার উন্নতি করতে গেলে এটাকে পুনরুজ্জীবিত করা দরকার। এই ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ্।

শ্রীকানাই ভৌমিক: মাননীয় অধ্যক্ষ মহোদয়, কো-অপারেটিভ খাতে বলতে গেলে এই কথা আমাদের স্বীকার করতে হবে যে, পশ্চিমবাংলায় এই সমবায় আন্দোলনের গতি অত্যন্ত মন্থর, এই আন্দোলন অত্যন্ত দুর্বল। আমাদের মজার কথা হচ্ছে, এই একটি মাত্র ডিপার্টমেন্ট

যেখান থেকে টাকা পাওয়া যেতে পারে, খরচ করা যেতে পারে দু'চার কোটি নয় ১০০/১৫০/ ২০০ কোটি টাকা নিয়োগ করা যেতে পারে রিজার্ভ ব্যাঙ্কের কাছ থেকে নিয়ে। কিন্তু আমরা এই পশ্চিমবাংলায় সেটা করতে পারছি না এবং এটা দু'-এক বছরের কথা নয়, ২৫/৩০ বছর ধ'রে এই জিনিস চলছে। কারণ এর সমস্ত কিছু ঢেলে সাজাতে না পারলে আপনি যতই টাকা গ্রান্ট-এ বরাদ্দ করুন না কেন, কিছুতেই পশ্চিমবাংলায় কো-অপারেটিভ মুভমেন্ট শক্তিশালী হবে না। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই বাজেটে যে টাকা বরাদ্দ করা হয়েছে সেটা থেকে দেখতে পাচ্ছি যে, আমাদের মন্ত্রিমহাশয় কি দৃষ্টিভঙ্গি নিচ্ছেন। গ্রান্টে দেখছি টাকা বেড়েছে, সেটা হচ্ছে ডেভেলাপমেন্ট স্কীমের জন্য বেড়েছে। ডেভেলাপমেন্ট স্কীমের জন্য কত টাকা বেড়েছে সেটা যদি আপনি দেখেন, তা হ'লে দেখতে পাবেন দু'টি জায়গায় শুধু টাকা বেড়েছে। একটি হচ্ছে স্ট্রেনদেনিং অব সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক, সেখানে কিছু টাকা বেড়েছে, আর একটি জায়গায় টাকা বেড়েছে সেটা হচ্ছে অ্যাসিস্ট্যান্স টু অ্যাপেক্স মার্কেটিং সোসাইটি—এই দু'টি জায়গায় টাকা বেড়েছে।।

[5-00—5-10 p.m.]

আর এ'রা বলছেন, আমরা ভায়াবল সোসাইটি করবো, সব কিছু ভাল ক'রে দেব, গরিবদের ঋণ পেঁ'ছে দেব, আর অন্য দিকে বলছেন ড্রট হয়েছে, ফসলহানি হয়েছে, নানান দিক থেকে চাষীরা সর্বস্বান্ত হয়েছে, ইত্যাদি। তা ছাড়াও বলছেন, শতকরা ৭০ জন পভার্টি লেভেলের নীচে আর দেখুন ফোর্থ ফাইভ-ইয়ার প্ল্যানে কো-অপারেশানে ক্রিয়েসান অব ফান্ডে বলছেন, ওয়েস্ট বেঙ্গল এগ্রিকালচার ক্রেডিট, রিলিফ অ্যান্ড গ্যারান্টি ফান্ডে তাঁরা কমিয়ে দিয়েছেন। বাড়ানো দূরের কথা, রিভাইজড বাজেটে যেখানে ৮৮ হাজার টাকা ছিল ১৯৭৩-৭৪ সালে সেখানে ৫০ হাজার টাকা করেছেন। গরিবদের ক্ষেত্রে যেটা কার্যকর হতে পারত সেখানে কমিয়ে দিয়েছেন। তারপর অ্যাসেস্টেন্স টু ভায়াবল অ্যান্ড পোটেনসিয়ালী ভায়াবল সোসাইটি— তার জন্য কি করেছেন, যা ছিল তাই রেখেছেন। ৫ লক্ষ টাকা ছিল, ১৯৭২-৭৩ সালে কমিয়ে এনেছিলেন, রিভাইজড বাজেটে ৩ লক্ষ ৫০ হাজার টাকা করেছিলেন, সেটা ৫ লক্ষ টাকাই করেছেন, অর্থাৎ যা ছিল তাই রেখেছেন। স্পেশাল ব্যাড ডেবট রিজার্ভ অব প্রাইমারী সোসাইটি—তার জন্য ৭৫ হাজার টাকা ছিল, ৭৫ হাজার টাকাই রেখেছেন। তারপর কোল্ড স্টোরেজের জন্য একটি পয়সাও বরাদ্দ করেন নি। এস্টাবলিশমেন্ট অব কোল্ড স্টোরেজ ডেভেলাপমেন্ট ইত্যাদি করবেন, কিন্তু কোল্ড স্টোরেজের জন্য একটি পয়সাও বরাদ্দ করেন নি। কো-অপারেটিভ ফার্মিং— চাষীদের জন্য ফার্মিং করবেন, গরিব চাষীদের মধ্যে জমি বিলি করা হবে, কিন্তু তাদের ডেভেলাপমেন্ট স্কীমে আনার কোন ব্যবস্থা হবে না, কো-অপারেটিভের মাধ্যমে তাদের সার, বীজ দেবার কোন ব্যবস্থা হবে না, অথচ গরিবদের মঙ্গল কি ক'রে হবে তা বুঝতে পারি না। কো-অপারেটিভ ফার্মিং এর জন্য দু' কোটি টাকা দেওয়া যাবে, কাজেই সামগ্রিক দিক থেকে দেখলে ডেভেলাপমেন্ট স্কীমের টাকা বাড়ছে নিশ্চয় সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের কিছু টাকা বাড়ছে ঠিক, কিন্তু সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের পরিচালনায় কি চলছে মাননীয় মন্ত্রিমহাশয় জানেন, সেগুলি বাস্তুঘুঘুর বাসা হয়ে আছে। স্টেট কো-অপারেটিভ বলুন, সেন্ট্রাল কো-অপারেটিভ বলুন সেখানে যাঁরা অফিসার, মেম্বার, ডিরেকটার আছেন তাঁরা কত বছর ধ'রে আছেন, কিভাবে চালাচ্ছেন সেটা আপনি একটু খোঁজ নিয়ে দেখবেন। আমি কয়েকমাস মাত্র মন্ত্রী ছিলাম এবং তখন স্টেট ব্যাঙ্ককে ধ'রেছিলাম। সেখানে দেখলাম হস্তক্ষেপ করা মহামুশকিলের ব্যাপার এমন ভেস্টেড ইনটারেস্ট নানান দিক থেকে হয়ে আছে। সেখানে হস্তক্ষেপ করতে গেলে আমাকে, নিজেকে মন্ত্রী অবস্থায় হাইকোর্টে এফিডেভিট করতে যেতে হ'ত, এই হচ্ছে অবস্থা। কাজেই ভায়াবল করবেন, প্রাইমারি সোসাইটি করবেন, কো-অপারেটিভ মুভমেন্ট করবেন, গণতান্ত্রিক সমাজবাদ করবেন, সব করবেন, কিন্তু মূলতঃ এই কো-অপারেটিভ সিস্টেমের মধ্যে যে সমস্ত বাস্তুঘুঘুর বাসা আছে সেদিকে নজর না দিলে কিছুই হবে না। স্টেট কো-অপারেটিভ, অ্যাপেক্স কো-অপারেটিভ, সেন্ট্রাল কো-অপারেটিভ সমস্ত জায়গায় যেভাবে বাস্তুঘুঘুর বাসা হয়ে আছে সেই সমস্ত জায়গায় হাত না দিয়ে, পরিবর্তন না ক'রে আপনারা শুধু ভয় দেখাচ্ছেন তলার দিকে। আপনারা বলছেন, টাকা দিতে না পার খারিজ ক'রে দেব,

অ্যাডমিনিস্ট্রেটার বসিয়ে দেব, সর্বস্বান্ত ক'রে দেব, টাকা দিতে না পারলে তোমাদের জমি নিলাম ক'রে দেব, মাল ক্রোক ক'রে নেব, দেখে নেব ইত্যাদি। আর এম এল এ-দের বলছেন, আপনারা সহযোগিতা করুন। কিন্তু এম এল এ-রা যদি কোন সাজেসান দেন, দয়া ক'রে তা মানবেন কি? আমরা যদি বলি, এই জায়গাগুলি করবেন না মহাশয়, মানবেন কি? না, সে সব দিকে ততটা যাবেন না, খালি টাকাটা আদায় ক'রে নেবেন। তারপর আর একটা কথা বলব, ড্রট হয়েছে, ফসলহানি হয়েছে আপনারা তার জন্য ২ কোটির জায়গায় ২৩ কোটি টাকা খরচ করলেন, ভাল করেছেন, কিন্তু সেই ২৩ কোটি টাকার মধ্যে থেকে যদি ২/৩ কোটি টাকা ঐ প্রাইমারি সোসাইটিগুলি, যেগুলি ইনডেটেড হ'য়ে আছে, গরিব চাষী যারা ইনডেটেড হ'য়ে আছে তাদের জন্য বা ঐ সোসাইটিগুলি ভায়াবল করবার জন্য, আপনারা ঋণ, সারের জন্য সাহায্য করতেন, তা হ'লে বাংলাদেশে কো-অপারেটিভ মুভমেন্টকে অনেকখানি সাহায্য করতে পারতেন, কো-অপারেটিভগুলিকে পুনরুজ্জীবন লাভ করাতে পারতেন। কিন্তু তা আপনারা করলেন না, তা করলে গরিবদের কিছুটা উপকার হ'ত। ২/৩ বার ফসলহানি হবার জন্য ছোট ছোট ঋণ নিয়ে যারা দিতে পারছে না তাদের কাছ থেকে জোর-জবরদস্তি ক'রে, থালাবাটি বিক্রি ক'রে, জমি কেড়ে নিয়ে কিছু টাকা হয়ত আদায় করতে পারেন—এত প্রচেষ্টা ক'রেও তো মাত্র তিন কোটি টাকা আদায় করেছেন, কিন্তু মূলতঃ অর্থনীতির সঙ্গে মিলিয়ে যদি প্রচেষ্টা না নেন, তা হ'লে কো-অপারেটিভ মুভমেন্ট বাড়তে পারে না। সর্বশেষে আরও একটি পয়েন্টের দিকে আমি দৃষ্টি আকর্ষণ করতে চাই। কো-অপারেটিভ সোসাইটিগুলিকে খুব ফিলিপ দেবেন—গভর্নমেন্ট থেকে যে সমস্ত জিনিসপত্র কেনেন সেখানে ক্যাবিনেট থেকে এরকম পলিসি করতে পারছেন না কেন যে, গভর্নমেন্টের জন্য যে জিনিসপত্র কেনা হবে তা কো-অপারেটিভ থেকে কেনা হবে। আমরা কো-অপারেটিভগুলির মধ্যে থেকে টেন্ডার আস্ক করবো এবং তার থেকে নেব। কয়েক কোটি টাকার জিনিসপত্র গভর্নমেন্টকে কিনতে হয়, সেখানে কেন কো-অপারেটিভগুলিকে প্রায়রিটি দেবেন না? গভর্নমেন্ট বলছেন, কো-অপারেটিভগুলিকে প্রায়রিটি দাও, কিন্তু তাদের ব্যবহারিক জীবনে তাঁরাই সেই প্রায়রিটি দিচ্ছেন না। সেই প্রায়রিটি তাঁরা দেন নি। আমি জানি ফিনান্স এখানে আপত্তি করেছে। যখন ইউনাইটেড ফ্রন্ট মিনিস্ট্রি ছিল তখন এই প্রস্তাব নিয়ে আলোচনা হয়েছিল তাতে ফিনান্স বলেছিল যে এ হয় না, ও হয় না। এই যে ব্যুরোক্রেটিক বাংলিং, এই যে আমলাতন্ত্র চক্র, এটাকে যদি ভাংগতে না পারেন, যদি সহজভাবে কো-অপারেটিভ-এর সঙ্গে গভর্নমেন্ট ডিরেক্ট রিলেশন এস্টাবলিশ করতে না পারেন তা হ'লে কো-অপারেটিভ মুভমেন্ট হ'তে পারে না। দ্বিতীয় কথা হচ্ছে, এই সমস্ত কো-অপারেটিভ বলুন বা কনজিউমার কো-অপারেটিভ বলুন আর মার্কেটিং সোসাইটিজ বলুন, তারা বিভিন্ন স্তরে এসে যখন তাদের কাছে মাল যায়, যখন তারা জিনিস পায় তার দাম বেশী হয়ে যায়। এটা সোর্স থেকে প্রসেস ক'রে কিভাবে করা যায়, সেই সমস্ত দিক থেকে যদি কোন প্রচেষ্টা না হয়, তা হ'লে সত্যিকারের কো-অপারেটিভ মুভমেন্ট হ'তে পারে না। কৃষিকে সমবায়ভিত্তিক করার কোন প্রয়াস এই বাজেটে দেখা যাচ্ছে না। কৃষিকে সমবায়ের মধ্যে আনতে হ'লে সরকারের দিক থেকে স্টার্ট করা দরকার এবং সেইভাবে স্টার্ট ক'রে যদি এই রকম করা যেত যে, সমস্ত জমি সারপ্লাস হচ্ছে সেই জমিগুলি কো-অপারেটিভ-এর মধ্যে এনে যারা কো-অপারেটিভ করবে তাদের বিলি করবো, এই রকম একটা প্রায়োরিটির মাধ্যমে করা যেতে পারে এবং যার মাধ্যমে এগ্রিকালচারাল কো-অপারেটিভ ডেভেলপ-মেন্ট করতে পারি। সেই রকম কোন পলিসির ড্রাইভ গভর্নমেন্টের দিক থেকে দেখতে পাচ্ছি না। পরিশেষে একথা বলতে চাই, পশ্চিমবঙ্গের কো-অপারেটিভ মুভমেন্ট শুধু উপরে উপরে কতকগুলি আইন করলে বা কতকগুলি রুলস করলেই হবে না। আইনকে পুরোপুরি বদল ক'রে নূতনভাবে এটা করা দরকার এবং এই বিষয়ে আমাদের একটা আইনের খসড়া হয়ে আছে, একটা কমিটি তৈরি হয়েছিল যারা সমস্ত কিছু বিবেচনা ক'রে একটা আইনের খসড়া তৈরি করেছিলেন। এই বিষয়ে মাননীয় মন্ত্রিমহাশয় বাজেট বক্তৃতায় বলেছেন যে, তিনি একটা কম্প্রিহেন্সিভ বিল আনবেন। জানি না, সেই বিলে যে সমস্ত রেকমেন্ডেশান করা হয়েছিল তা পুরোদস্তুর স্থান পাবে কি না। অবশ্য বিল এলে আমরা মন্তব্য করতে পারবো। কিন্তু একথা বলতে চাই, যে ১৯৪০ সালের যে কো-অপারেটিভ অ্যাকট্ তাকে ভেঙ্গে যদি নূতন বিল না আনতে পারেন, সেই অনুযায়ী সমস্ত পদ্ধতি যদি না বদলাতে পারেন এবং এই যে ব্যুরোক্রেসি

বাংলিং সেটাকে যদি না বদলাতে পারেন এবং অনেক অনেস্ট অফিসার আছে, তেমনি অনেক ডিসঅনেস্ট অফিসারও আছে, এই ডিসঅনেস্ট নন-অফিসিয়াল মেম্বার যারা আছেন এবং ডিস-অনেস্ট অফিসিয়াল এবং ডিসঅনেস্ট নন-অফিসিয়াল মেমবার্স এদের যে মিলিত চক্র আছে সেটা যদি নির্মমভাবে ভাঙ্গতে না পারেন, তা হ'লে কো-অপারেটিভ মুভমেন্ট হতে পারে না। একথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সমবায়মন্ত্রী মহাশয়ের ব্যয়বরাদ্দ সমর্থন জানিয়ে আপনার মাধ্যমে দু'-একটি কথা বলতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বিধানসভায় দাঁড়িয়ে আমি ভেবেছিলাম শান্তিপূর্ণ সহাবস্থানের মাধ্যমে সকল বন্ধুরা আমাদের সঙ্গে সহযোগিতা এবং গঠনমূলক সমালোচনা ক'রে কাজকে এগিয়ে নিয়ে যাবেন। কিন্তু বড় দুঃখের বিষয়, মাননীয় আর এস পি বর্ণচোরার দল এবং সেই দলের আজকে যা অবস্থা দেখছি সেটা লক্ষণীয় বিষয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এদের কথা মনে রাখতে হবে। এদের লিডার বেস্টারউইচ শব্দের মানে বুঝে নিন। বেস্টার মানে সর্বোৎকৃষ্ট এবং উইচ মানে ডাইনি। অর্থাৎ সর্বোৎকৃষ্ট ডাইনির বেশে তিনি বিধানসভার মধ্যে বিভ্রান্তি করবার চেষ্টা করেছেন। তারা বাংলাদেশের বর্ণচোরার দল, আপনি জানেন, এরা ৩ জন এখানে বসে টিন টিন করছেন এবং পাবলিসিটি পাবার জন্য সত্য-মিথ্যা বাংলাদেশের মানুষের কাছে ব'লে ধাপ্পা দিচ্ছেন। এরা বর্ণচোরার দল এটা আমি প্রমাণ ক'রে দেবো। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কো-অপারেটিভ খাতে বিনিয়োগ এবং আদায়টা যদি দেখেন তা হ'লে এক নজরে সেখানে দেখবেন ১৯৬৭ সালে যেখানে বিনিয়োগ ৯ কোটি ৩৩ লক্ষ ৪ হাজার ছিল, সেখানে ১৯৬৭-৬৮ সালে ১ কোটি ১৬ লক্ষ ৫৩ হাজারে নামলো এবং ১৯৬৮-৬৯ সালে ৩ কোটি ৬০ লক্ষ ৩৫ হাজারে নামলো।

[5-10—5-20 p.m.]

আবার আদায়ের দিকে আজকে কি দেখা যাচ্ছে, আমরা পারসেনটেজ দিয়ে যদি দেখানো যায়, তা হ'লে দেখতে পাব ১৯৬৬-৬৭ সালে ৩১·২ পারসেন্ট, ১৯৬৭-৬৮ সালে ৪১·২ পারসেন্ট, ১৯৬৮-৬৯ সালে ৬৩·০ পারসেন্ট, ১৯৬৯-৭০ সালে ৫৩·০ পারসেন্ট, ১৯৭০-৭১ সালে ৭০·৯ পারসেন্ট আর ১৯৭১-৭২ সালে ৮০·০ পারসেন্ট। ওরা কৃষকদের উপকার করবে, ওরা কোন টাকা আদায় করতে পারে নি, এক দিকে টাকা দেওয়ার সময় বলেছে লোন নাও, অন্য দিকে কিছুই আদায় করতে পারে নি, শুধু মানুষকে উসকে দিয়েছে, এই ভাবে চাষীর স্বার্থবিরোধী কাজ করেছে তার জন্য আজকে তার প্রায়শ্চিত্ত করতে হচ্ছে, এইরূপে এখানে আসতে হচ্ছে। তাদের সময়ের তুলনায় আজ আমরা ৩ কোটি ৬৯ লক্ষ টাকা বেশী করেছি। আজকে আমাদের বাংলাদেশের মানুষ ভালবাসবে না, শ্রদ্ধা করবে না, ভালবাসবে শ্রদ্ধা করবে ঐ বর্ণচোরাদের?

Shri A. H. Besterwitch: On a point of privilege, Sir.

(গন্ডগোল)

শ্রীআবদুলবারি বিশ্বাস: একশবার বলব বর্ণচোরা, আপনি, স্যার, বেস্টারউইচকে বসতে বলুন। *এরা রাজনৈতিক বর্ণচোরার দল, কেরালায় সি পি আই-এর সঙ্গে, দিল্লীতে চরিত্র নেই,* বাংলাদেশে সি পি এম-এর সঙ্গে, লজ্জা করে না কংগ্রেসের পায়ে ধ'রে বিভিন্ন কমিটিতে ঢুকতে চায়। লজ্জা করে না এখানে দাঁড়িয়ে বক্তৃতা করতে এই ধাপ্পাবাজদের।

(গন্ডগোল)

Mr. Deputy Speaker: Mr. Biswas, kindly take your seat.

Shri A. H. Besterwitch: Mr. Deputy Speaker, Sir, I am sorry that I have got to leave this House and that is for good.

Mr. Deputy Speaker: Honourable Members, may I request you to speak in such a manner so as not to hurt any honourable Member? Now, I request Shri Abdul Bari Biswas to complete his speech.

Shri A. H. Besterwitch: Sir, I want him to withdraw all these words. I rose on a point of privilege but you did not allow me. So these words should be expunged.

Mr. Deputy Speaker: Kindly raise your point of order.

শ্রীসিম্ধার্থশঙ্কর রায়ঃ তিনি কি বলেছেন আমরা সব শুনতে পাই নি। তবে আপনি টেপ রেকর্ডার দেখবেন তাতে যদি কোন আনপার্লামেন্টারি ওয়ার্ড থাকে, তা হ'লে নিশ্চয় তিনি উইথড্র করবেন। তিনি অনেকদিন ধ'রে এখানে আছেন, কিন্তু এইভাবে ফ্লোর ক্রস করা উচিত হয় নি। মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আপনি টেপ রেকর্ডার দেখবেন তখন দেখা যাবে তিনি কি বলেছেন।

Shri A. H. Besterwitch: What he has expressed should be expunged.

Shri Siddhartha Shankar Ray: Mr. Deputy Speaker, Sir, may I know from Shri Besterwitch what the word was? Perhaps he has not heard it. What was the word to which he takes objection?

Shri A. H. Besterwitch: Every word—from start to finish.

Shri Siddhartha Shankar Ray: I heard Shri Biswas saying that the R.S.P. is with Congress-C.P.I. in Kerala, with C.P.M. in West Bengal and with nobody in Delhi. That is a justified criticism. That cannot be withdrawn. There is nothing unparliamentary in it. Obviously, Shri Besterwitch could not follow Shri Biswas. May I ask the honourable Member, Shri Besterwitch—I respect him—to please tell me what the unparliamentary words were. If there is any unparliamentary words, we shall certainly request you, Mr. Deputy Speaker, Sir, to expunge those words. Perhaps, Shri Besterwitch does not know what are the unparliamentary words.

Mr. Deputy Speaker: This debate on grant is to be concluded at 5-20 p.m. and now it is already 5-16 p.m. Therefore, according to Rule 290, with the sense of the House I extend the time for maximum one hour.

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ স্যার, আপনি সময় দিয়েছেন ব'লে আমি আমার রক্তব্য শেষ করছি। আমি যদি কোন আনপার্লামেন্টারি ওয়ার্ড ব্যবহার ক'রে থাকি—যেমন আমার লিডার বলেছেন—যা আপনি টেপ রেকর্ডার থেকে দেখে নেবেন—তা হ'লে নিশ্চয় তার জন্য আমি তাঁদের কাছে গিয়ে ক্ষমা চেয়ে নেব। বিরাধী পক্ষের ঐ বর্ণচোরা দল যারা কেরালায় সি পি আই, পশ্চিমবঙ্গে সি পি এম-এর সঙ্গে হাত মিলিয়েছিল এবং দিল্লীতে ওদের কোন চরিত্র নেই। পণ্ডিত নেহেরুর প্রতি ও'রা কটাক্ষ করেছেন। ঐ পণ্ডিত নেহেরুর কন্যা ভারতবর্ষের প্রধান-মন্ত্রীর পেছনে ঘুর ঘুর করে বিভিন্ন কমিটিতে-ও'দের নেতা ত্রিদিববাবু, এম পি, স্থান করে নিয়েছেন এবং টাকা নিচ্ছেন। আমি জানি উত্তেজিত হওয়া ছাড়া কোন উপায় নেই। বিধান-সভায় যে যোগ্যতা নিয়ে ও'রা এসেছেন, আমরাও সেই যোগ্যতা নিয়ে এসেছি। আমরা যদি দেখতাম ও'রা গঠনমূলক সমালোচনা করলেন, তা হ'লে নিশ্চয় প্রশংসা করতাম। কিন্তু ও'রা

মানুষকে ভুল পথে পরিচালনা করছেন। জবাব দিন তো যুক্তফ্রন্টের সময় কেন আদায় হ'ল না, বিনিয়োগ বৃদ্ধি পেল না? কো-অপারেটিভ-এর কথা বলছেন। আমি মুর্শিদাবাদ জেলার লোক, আমি সব জানি। সেখানকার মৎস্যজীবী সমবায় উন্নয়ন সমিতির সম্পাদক মুর্শিদাবাদ জেলার লোক এবং আপনাদের দলের কেডার, নাম করতে চাই না। দীর্ঘ ২৫ বছর ধ'রে যে উদ্দেশ্য নিয়ে এদের জন্য সরকার বিনিয়োগ করছিলেন সেই টাকা এরা তছরুপ করেছে এবং কেডাররা ধনী হয়ে গেছে। কো-অপারেটিভ-এর উৎকর্ষ সাধনের জন্য এবং একটা সুস্থ পরিবেশে গ'ড়ে তোলার জন্য যে আইন তৈরি করেছেন তাতে ও'দের ঘা লেগেছে। কিন্তু আমি বলছি ঐ বাস্তুঘুঘুদের বাসা ভাঙ্গতে হবে এবং আমরা সেটা ভাঙ্গবই।

তাই আমি বলছিলাম, সে যুগ হয়েছে বাসি যে যুগে পুরুষ ছিল না দাস নারীরা ছিল দাসী। ৪ বছরের মধ্যে আপনাদের লিকুইডেসানে যেতে হবে। আপনাদের বাংলাদেশের মানুষ কোথায় পাঠিয়েছে বুঝতে পারছেন। আপনারা জানেন ১৯৬৭ সালে আমাদের যখন ওখানে বসিয়েছিলেন আপনাদেরই সদস্য তখন কলার টিপে বের ক'রে দিয়েছিল, আপনারা আপনাদের কেডার দিয়ে জুতা মারিয়ে ছিলেন। আজকে আমাদের নেতা সিদ্ধার্থবাবু মানুষের মত মানুষ, তিনি আপনাদের ডেকে সাদরে বলছেন, আপনারা বক্তব্য রাখুন। বেশী তড়পিয়ে এদিকে আসবেন না ফ্লোর ক্রস ক'রে, এইভাবে যদি থ্রেটনিং দিতে চান, তা হ'লে বাংলাদেশের মানুষকে পাশে পাবেন না, আপনাদের ধাপ্পা, জোচ্চুরি, দুর্নীতি বাংলাদেশের মানুষ ধরতে পেরেছে এবং ধরতে পেরেছে ব'লেই আপনারা ওখানে বসে আছেন। কারচুপির কথা বলেছিলেন, কারচুপির কথা প্রমাণ হয়ে গেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওদের সি পি এম বন্ধুও হাইকোর্টের রায়ে হেরে গিয়ে আজকে সি পি আই মোর্চার সদস্য হয়ে এখানে এসে বসেছেন। এর পরে কারচুপি বলতে লজ্জা করে না? সি পি এম-এর সহকর্মী হয়ে ঘর-সংসার করছেন আর অত্যন্ত নিকৃষ্ট জীবের মত ডাইনীর বেশে বিধানসভায় এসে মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করছেন। এই ডাইনীদের হাত থেকে পশ্চিমবঙ্গকে বের ক'রে আনতে হবে। এই বেস্টারউইচের দল দেশের সর্বনাশ ক'রে দিয়েছে। অতীতে মানুষ এদের কাছ থেকে শান্তি পায় নি। এই ডাইনীদের চিনে রাখুন, চিনে রাখুন, চিনে রাখুন। এদের বাংলাদেশের ৪॥ কোটি মানুষ প্রত্যাখ্যান ক'রে বে অব বেঙ্গলে ছুঁড়ে ফেলে দিয়েছে এবং ভগবানের কাছে দু'হাত তুলে আশীর্বাদ প্রার্থনা করছে, এই বেস্টারউইচের দল আর যেন না আসতে পারে।

[5-20—5-30 p.m.]

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রিমহাশয় গ্রান্ট নাম্বার ২৫ এবং মেজর হেড ৩৪ কো-অপারেটিভ খাতে যে গ্রান্ট এনেছেন তাকে সমর্থন ক'রে আমি বক্তব্য রাখছি। আজকে আমাদের এই সরকার একচেটিয়া পুঁজিবাদকে খতম ক'রে সাধারণ মানুষের মধ্যে, কৃষক সমাজ, শ্রমিক সমাজ এবং বেকার যুবকদের মধ্যে সমবায় পদ্ধতি চালু করার যে চেষ্টা করছেন সেজন্য অভিনন্দন জানাচ্ছি। আমরা অনেক আন্দোলন করি, অনেক আন্দোলনের কথা বলি, কিন্তু আজকের সমবায় আন্দোলন সঠিক নেতৃত্ব দিচ্ছে, সেই আন্দোলন নতুন পথের নির্দেশ করছে, সেজন্য এই সমবায় আন্দোলন অভিনন্দনযোগ্য। আজকে আমাদের সাধারণ মানুষ যুব সম্প্রদায় যেটা চাইছে সেটা হচ্ছে নতুন রুচি নিয়ে সেইভাবে সমবায় আইন প্রণয়ন করা হোক। দুর্নীতি দূর করবার জন্য তিনি যে কথা বলেছেন, এ ছাড়া কৃষক সম্প্রদায় যে কথা বলছেন, সেইভাবে তিনি যে একটা উন্নয়নমূলক বিল আনবেন সেজন্য তাঁকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। আজকে সামান্য নিচু স্তরের মানুষ থেকে চাষী, ক্ষেত মজুর, শ্রমিক, বেকার ইঞ্জিনীয়ার পর্যন্ত তাদের সমবায় আন্দোলনে এগিয়ে নেবার জন্য যে আহ্বান করেছেন, এটা সত্যই অভিনন্দনযোগ্য। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বর্তমানে যে সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক আছে সেখানে যে সিস্টেম দেখতে পাই, সেই সিস্টেমে সর্ট টার্ম লোন, মিডিয়াম টার্ম লোন, লঙ টার্ম লোনের ব্যবস্থা আছে। আমি মনে করি, এই যে লঙ টার্ম লোন যেটা ৫ একর জমির মালিক ১০ বছরের জন্য পাবে চাষ করার জন্য যদি সেই লোন সমবায় ব্যাঙ্ক থেকে পায় এবং সেটা যদি দীর্ঘমেয়াদী হিসাবে পায়, তা হ'লে নিশ্চয়ই তারা উন্নতি করতে পারবে।

মাননীয় ডেপ্যুটি স্পীকার মহাশয়, আজকে কো-অপারেটিভ-এর মাধ্যমে এই কো-অপারেটিভ প্রথাকে চাল্ করবার জন্য এবং এটাকে নানাভাবে এগিয়ে নেবার জন্য যে চেষ্টা করা হচ্ছে সেটা প্রশংসার যোগ্য। বাঁকুড়ায় যে সমস্ত কো-অপারেটিভ সোসাইটি আছে সেখানে দেখেছি মজদ্বর, কৃষক এবং শ্রমিকরা এগিয়ে এসেছে। সেখানে প্রাইমারী কনজিউমার্স কো-অপারেটিভ আছে, হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ আছে এবং আমরা দেখেছি জিনিসপত্রের দাম যখন বাড়তে থাকে, আওতার বাইরে চলে যায়, তখন এই প্রাইমারী কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি সাধারণ মান্‌ষদের জিনিসপত্র দেয়। সেইজন্য আমি মন্ত্রিমহাশয়ের কাছে অন্‌রোধ রাখছি যে, কো-অপারেটিভ আন্দোলনের পথে যে সমস্ত বাধাবিঘ্ন রয়েছে সেগ্‌লি দ্‌র ক'রে আমরা যে সমাজবাদের কথা বলছি সেইদিকে এগিয়ে নেবার জন্য আইনের আরও সংশোধন কর্‌ন। একথা ব'লে আমি তাঁর গ্রান্ট সমর্থন ক'রে বক্তব্য শেষ করছি।

শ্রীআফতাব্‌দ্দিন মণ্ডল ঃ মাননীয় ডেপ্যুটি স্পীকার মহাশয়, আজকে সকাল বেলায় একটা বই পড়ছিলাম, "পাগলের চিকিৎসা"। এই বইতে লিখেছে, কোন কোন পাগল ভাল হ'তে পারে। এখানে লিখেছে যে পাগল বিড় বিড় করে বকে, ভাত খেতে ভুলে যায় বা রাস্তায় চুপ ক'রে বসে থাকে, তাকে চিকিৎসা করলে ভাল হয়। কিন্তু যে পাগল স্ত্রীকে মা বলে, নিজের সন্তানকে ভক্ষণ করে, তার সম্বন্ধে বলা হচ্ছে, এর ভাল হবার সম্ভাবনা নেই, একে অন্য কোথাও পাঠাতে হবে। আমাদের আর এস পি-র ৩ বন্ধ্‌রও সেই অবস্থা হয়েছে। জলাতঙ্ক রোগে ভুগে এমন একটা জায়গায় এসে দাঁড়িয়েছে যে, ডেভেলপমেন্ট-এর কাজ দেখলেই শিউরে ওঠে। সিদ্ধার্থ রায়ের সরকার এবং গণতান্ত্রিক সরকারের প্রোগ্রামকে বানচাল করবার জন্য তাঁরা সর্বদাই ব্যস্ত। যদি একথা বলা হয়, কোথায় পেলেন? তার প্রমাণ আছে। আমি আবদ্‌ল বারি বিশ্বাসের স্ট্যাটিসটিক্স তুলে ধ'রে বলতে চাই ১৯৬৭ সাল থেকে ১৯৭০ সাল পর্যন্ত বাংলাদেশের ডেভেলাপমেন্টের ইতিহাস যদি দেখেন, তা হ'লে দেখবেন, অর্থনীতিতে একেবারে ধ্বস নেমেছে এবং উন্নতির দিক থেকে যাকে বলে একেবারে হিমালয়ের চ্‌ড়া থেকে নেমে মাটির তলায় গোরোস্থানের ভেতর এসেছে। আর কোন রকম উপায় নেই। এদিকে আমরা কোন রকমে ৩টিকে বার করতে পেরেছি, বাকীগ্‌লোকে টেনে আনার কোন উপায় নেই এবং এমন কঙ্কালসার অবস্থা হয়েছে যে, বাঁচানোর কোন উপায় নেই। আমাদের লিডার অজিত পাঁজা এখানে নেই, কিন্তু বাজারে আপনারা খবর নিয়ে দেখবেন, ঘ্‌মের ঔষধের ডিমান্ড খ্‌ব বেড়ে গেছে। শ্‌ধ্‌ ডিমান্ড বেড়েছে তা নয়, ঘ্‌মের ঔষধ পাওয়া যাচ্ছে না। কি ব্যাপার, না, ১৯৬৭ সাল থেকে ১৯৭০ সাল পর্যন্ত যাঁরা রাইটার্স বিল্ডিংস-এ বসে স্বপ্ন দেখেছিলেন, এয়ার কনডিসন ঘরে বসে যাঁরা নিজেদের কথা চিন্তা করেছিলেন তাঁরা ১৯৭২ সালে পরাজিত হবার পর এখন ঘ্‌মের ঔষধ খেয়ে ঘ্‌মোচ্ছেন। তাঁরা এমনিতে ঘ্‌মোতে পারেন না, তাই ঘ্‌মের ঔষধ খেয়ে ঘ্‌মোচ্ছেন। বাংলাদেশের মান্‌ষ তাঁদের এমনভাবে এবারে নিক্ষিপ্ত করেছে যে, তাঁদের ঘ্‌মোবার স্কোপ পর্যন্ত আর নেই। আমি সেইজন্য মন্ত্রিমহাশয়কে বলছি, অন্তত আরও কিছ্‌ ঘ্‌মের ঔষধ আপনি সাপ্লাই কর্‌ন। তবে এই ঘ্‌মের ঔষধ খেয়ে খেয়ে তাঁরা এমন একটা অবস্থায় এসে দাঁড়িয়েছেন যে, আর কাজ হচ্ছে না, তাই এঁরা বিকার বকছেন। কাজেই এঁদের সমালোচনা আর কি করব, এঁদের কথার কি জবাব দেব? এঁরা কখন কি বলেন সেটা নিজেরাই মনে রাখতে পারেন না। কাজেই আমি সেই লাইনে আর যেতে চাই না। আমাদের লিডার জয়নাল আবেদিন সাহেব সমবায় সম্বন্ধে যে ব্যয়বরাদ্দ রেখেছেন সে সম্বন্ধে আমি বলতে চাই যে, এই ব্যয়বরাদ্দ পশ্চিমবাংলার প্রগতির ক্ষেত্রে একটা দ্‌ঢ় পদক্ষেপ। আমরা জানি, এই সমবায়ের ভেতরে বিভিন্ন রকম বাস্তুঘ্‌ঘ্‌র বাসা রয়েছে। আমরা জানি, সমবায় ঋণ এবং বিশেষ ক'রে কৃষি সমবায় ঋণ দেওয়া হয়। আমি আমার জেলার কথা বলছি, মন্ত্রিমহাশয় আমাকে হ্‌কুম দিয়েছিলেন, প্রত্যেক এলাকায় ঘ্‌রে ঘ্‌রে দেখ যাতে এটা আদায় হয়। আমি ঘ্‌রেছি এবং আমার যে অভিজ্ঞতা হয়েছে তাতে বলতে পারি শতকরা থার্টি পারসেন্ট ঋণ চাষীর ঘরে গিয়ে পেঁাছেছে কিনা সন্দেহ। যারা ঋণ নিয়েছে তারা তাদের স্ত্রীর নামে নিয়েছে, ছেলের নামে নিয়েছে, ভাইয়ের নামে নিয়েছে। ২৫ হাজার টাকা ঋণ নিয়েছে এমন লোক আমার কনস্টিটিউয়েন্সীতে আছে। আবার সেই রকম লোকও ঋণ নিয়েছে যার ধর্মতলা স্ট্রীটে ৪টি লেদ-এর কারখানা আছে। ২৫ হাজার টাকা দিতে পারছে না এবং আমি প্রেসার দিয়েছিলাম ব'লে হাইকোর্টে কেস ক'রে

ইনস্টলমেন্ট চেয়ে পাঠিয়েছে। আমার বক্তব্য হচ্ছে, আপনারা যখন কো-অপারেটিভ ঋণ বিলি করবেন, এগ্রিকালচারাল লোন বিলি করবেন তখন একটা স্বচ্ছ দৃষ্টিভঙ্গি রাখবেন যে, কাকে সাহায্য করবেন। আপনারা কি শুধু মনোপলি ব্যবসাকে বাঁচিয়ে রাখবেন, বা যাদের হাতে টাকা রয়েছে তাদের হাতে আরও টাকা দেবেন, না যারা সমাজে নিষ্পেষিত মানুষ, যাদের হাল, লাঙ্গল, গরু ছাড়া আর কোন উপায় নেই তাদের বাঁচিয়ে রাখবার চেষ্টা করবেন? তা যদি হয়, তা হ'লে আমি কমিউনিস্ট পার্টির বন্ধুদের সমর্থন ক'রে বলছি যে, আপনারা একটা কমিটি করুন যাতে আমরা পরিষ্কারভাবে দেখতে পারি কত ঋণ বিলি করা হচ্ছে এবং কাদের মধ্যে এটা বিলি-বণ্টন হচ্ছে। যাদের মাঝখানে এই সমবায়ের টাকার আমরা বন্দোবস্ত করতে পারি।

[5-30 5-40 p.m.]

তা যদি না করতে পারি, যতই ব্যবস্থা করি না কেন, যতই ঋণ দেবার চেষ্টা করি না কেন, এই বাস্তুঘুঘুদের চক্রান্ত যদি আমরা ভাঙ্গতে না পারি, তা হ'লে কোনদিন সমবায়কে জাগ্রত ক'রে কৃষকদের উন্নয়নের ক্ষেত্রে এবং কৃষকদের জীবনযাপনের মান উন্নত করতে পারব না, আমরা এখানে যত কথাই বলি না কেন। সমবায়ের মূল আদর্শ যেটা সমাজের নিম্নস্তরের যে মানুষগুলি রয়ে গেল সেই কৃষকদের টেনে এনে যাতে তাদের জীবনযাপনের মান এবং তাদের মধ্যে গতিশীলতা সঞ্চার করতে পারা যায় তার চেষ্টা করতে হবে এবং তা যদি না পারি, তা হ'লে কোনদিনই তাদের জীবনযাপনের মান উন্নত হবে কিনা সেই বিষয়ে সন্দেহ আছে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি জানেন যে, ক্যালকাটা হোলসেল কো-অপারেটিভ ২৮ লক্ষ টাকা নিয়ে বসে আছে ১৯৬৪ সাল থেকে। এদের বিরুদ্ধে বলবার ব্যবস্থা নাই বা আমরা কিছুই করতে পারি না। আজকে কো-অপারেটিভ বা সমবায় সেটা অপব্যয়ে পরিণত হয়েছে। এমন কিছু গোষ্ঠীচক্র সেখানে বসে আছে, বাস্তুঘুঘু সেখানে বসে আছে, এমন কিছু আমলাতান্ত্রিক মনোভাবাপন্ন লোক সেখানে বসে আছে যারা কো-অপারেটিভকে নিজের স্বার্থ-সিদ্ধি করবার জন্য কাজে লাগাচ্ছে, জনকল্যাণ কাজে নিয়োজিত না ক'রে। আরো আমরা দেখতে পেয়েছি যে, এই কো-অপারেটিভগুলির মৃত্যু হয়েছে। আপনি জানেন, যারা টাকা নিয়েছে তারা জানে যে, তারা কোনদিনই সেটা শোধ করবে না। এবং আমরা দেখতে পাই যে, আমাদের হাতে এমন কোন আইন নেই যে আইনের মধ্য দিয়ে এই বাস্তুঘুঘুদের শায়েস্তা করা যায়, চাষীগুলিকে এবং দরিদ্র মানুষগুলিকে বাদ রেখে। যারা টাকা নিয়ে বসে আছে তারা টাকা দিতে পারে, কিন্তু তাদের কাছ থেকে টাকা আদায় যাতে করতে পারি তার জন্য আইনে কোন ব্যবস্থা নাই। আমি একজন অফিসার জানি, যার নাম বলব না, যিনি ২৮ লক্ষ টাকা আদায় করবার জন্য চেষ্টা করেছিলেন। কো-অপারেটিভ আমলের একটা বডি যে বডির কোন ব্যক্তিগত লোককে ক্রিমিনাল অ্যাক্টে শাস্তি দেওয়া যায় না বা তাকে ধরলেও টাকাটা উদ্ধার করা যায় না, এমন কি যদি লিকুইডিশনে পাঠিয়ে দেওয়া যায়, তা হ'লেও টাকাটা উদ্ধার করা যায় না। এমন একটা অবস্থা হয়েছে একবার এদের হাতে টাকা গিয়ে পড়লে সেই টাকা কোন রকমে উদ্ধার করা যায় না, বিশেষ ক'রে এই সমস্ত বাস্তুঘুঘুর দল যারা প্রচণ্ডভাবে এই সব কো-অপারেটিভে বসে আছে। তারা জানে যে, এই টাকা তাদের ফেরত দিতে হবে না এবং তারা তাদের ব্যক্তিগত স্বার্থসিদ্ধি করবার জন্য গ্রামের এই সমস্ত কো-অপারেটিভগুলি দখল ক'রে বসে আছে এবং দিনের পর দিন শুষে খাচ্ছে। সেইজন্য আমি বলতে চাই, আজকে সমবায়ের সম্বন্ধে পাবলিসিটির ব্যবস্থা করা দরকার। এই পাবলিসিটি সমস্ত গ্রামাঞ্চলে যাতে ছড়িয়ে যায় তার ব্যবস্থা করতে হবে, যাতে গ্রামের দরিদ্র মানুষগুলি বুঝতে পারে এই যে কো-অপারেটিভগুলি সাধারণ মানুষের জন্য এবং সমবায় সমিতিগুলি সাধারণ মানুষের জন্য এবং সরকার এই সমিতিগুলি রেখেছেন সাধারণ মানুষের জীবনযাপনের মান উন্নয়নের জন্য। সাধারণ মানুষ যতক্ষণ না সজাগ হবে এই সমবায়গুলির উপকার যতক্ষণ না তাদের কানে পেঁছে দিতে পারি, আমরা আগামী দিনে এই কো-অপারেটিভের উন্নতির জন্য যতই চেষ্টা করি না কেন, কোন দিনই গ্রামের উন্নতি করতে পারব না, সাধারণ মানুষের জীবনধারণের মান উন্নয়ন করতে

পারব না। এবং আগামী দিনে যাতে এই দৃঢ় পদক্ষেপে এবং এই দৃষ্টিভঙ্গি নিয়ে কো-অপারেটিভ-এর মধ্য দিয়ে বিশেষ ক'রে এগ্রিকালচার কো-অপারেটিভ যার কথা আমরা বলছি যাতে সত্যিকারের গ্রামের চাষী উপকৃত হবে সেই দিকে বিশেষভাবে লক্ষ্য রাখবেন এবং এই কথা ব'লেই আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে আবার অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীপরেশচন্দ্র গোস্বামী ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের সমবায়মন্ত্রী মহাশয় যে বাজেট উত্থাপন করেছেন, আমি তাকে অভিনন্দন জানাচ্ছি একটি কারণে, তাঁর শুভেচ্ছার জন্য। আজকের দিনে সমাজতন্ত্রবাদ প্রতিষ্ঠা করতে সমবায়ের ভূমিকাকে তিনি স্বীকার করেছেন এবং সেই সমবায় আন্দোলনকে সফল করবার জন্য আইনের সংশোধনের প্রতিশ্রুতি দিয়েছেন। সেজন্য বিধানসভায় দাঁড়িয়ে তাঁকে অভিনন্দন জানাচ্ছি। কিন্তু সঙ্গে সঙ্গে একটা কথা বলছি। আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় আমাদের বিরোধী দলে আর এস পি-এর প্রতি কিছু বিক্ষোভ প্রকাশ করেছেন। আমি তাঁকে বলছি যে, আমাদের লীডারের কথামত তাঁদের প্রতি গুরুত্ব না দিয়ে, জনগণ যাদের ১৯৬৭ সালে আচার-আচরণের জন্য পরিত্যাগ করেছে, পরিত্যাগ করেছে, তাদের প্রতি মনোযোগ না দিয়ে, সময় নষ্ট না ক'রে পেছনের সারিতে য'রা বসে আছেন সমবায় আন্দোলনকে সফল করার জন্য, বলিষ্ঠ সমাজবাদ প্রতিষ্ঠা করবার জন্য, তাদের উদ্বুদ্ধ করুন। আর এস পি-এর সাধ্য নাই, তারা জনগণের পরিত্যক্ত, তাঁদের কোন ক্ষমতা নাই। এখানে যাঁরা পেছনের সারিতে বসে আছেন, ডিরেকটার, জয়েন্ট ডিরেকটার, ডেপুটি ডিরেকটার তাঁদের সমাজবাদের সঙ্গে কোন সম্পর্ক নাই, এ বিষয়ে তাঁরা চিন্তা করেন না। আমাদের মাননীয়া প্রধান-মন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী গরিবী হঠাও আন্দোলনকে আহ্বান জানিয়েছেন, সেই আন্দোলনকে সার্থক করতে হ'লে, সমবায়ের ভূমিকার কথা চিন্তা করতে হবে ব'লে আমি মনে করি। এই সমবায়ের ক্ষেত্রে গ্রাম স্তরে, ব্লক স্তরে জনসাধারণের সঙ্গে সম্পর্ক আছে, আপনি মাননীয় মন্ত্রি-মহাশয় অনুসন্ধান ক'রে জানবেন যে, সমবায় প্রশিক্ষণ ব'লে একটা বস্তু আছে। সেখানে এই সমবায় প্রশিক্ষণ ব্যবস্থাই সমবায় আন্দোলনের নেতৃত্ব করে। প্রশিক্ষণ যেটা হয় সেটা প্রহসন, কেবলমাত্র কিছু আইনের দৃষ্টিভঙ্গি পড়িয়ে দেওয়া হয়, বাস্তবের সঙ্গে তার সম্পর্ক থাকে না। তাই কো-অপারেটিভ আন্দোলনকে সফল করতে হ'লে এই প্রশিক্ষণকে সমবায়মুখী ক'রে তুলতে হবে। আজকে কো-অপারেটিভ-এর নেতৃত্ব দেন যে সমস্ত প্রশাসক দল তাঁদের সমবায়ের ব্যাপারে ব্লকে জনগণকে উদ্বুদ্ধ করার প্রচেষ্টা নাই। সমবায়ের কাজ স্টুডেন্ট কো-অপারেটিভ প্রতিষ্ঠা করে করবেন এবং সমাজবাদ প্রতিষ্ঠা করবেন, এটা আমাদের দেশে একটা কন্ট্রাডিকশন। আজকে আমাদের দেশে গ্রামে গ্রামে মানুষের মধ্যে সমবায় প্রবণতা আনতে না পারলে আন্দোলন সফল হবে না। আজকে গ্রামে গ্রামে যে সমস্ত অফিসার আছেন, সেখানে মাথাভারি প্রশাসনের প্রচেষ্টা হচ্ছে, অন্য কিছু হচ্ছে ব'লে আমি মনে করি না। মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে, পুরানো চল্লিশ সালের আইন উপযোগী নয় এবং তিনি অত্যন্ত বলিষ্ঠভাবে সুন্দরভাবে কিছু কিছু সংশোধন করার আভাস আমাদের সামনে রেখেছেন, সেজন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি।

এখানে আমি আর একটা বিষয়ে বলছি। আজকে সমাজের দুর্বল অংশকে সবল করবার জন্য সরকার সমবায়ের মাধ্যমে চেষ্টা করবেন বলেছেন এবং সেজন্য মাত্র ৫০ হাজার টাকা বরাদ্দ করেছেন। এটা কিন্তু যুক্তিসংগত হয় নি। এটা প্রহসন মাত্র। সাধারণ গরিব কৃষককে, মৎস্যজীবী সমিতিকে এবং অন্যান্য এই বাবত মাত্র ৫০ হাজার টাকা ধরেছেন। এটা দিয়ে সারা পশ্চিমবাংলায় কি কাজ হবে, আমি যা দেখছি একটা কনস্টিটিউয়েন্সীতে এই ৫০ হাজার টাকায় কিছু হবে না, সুতরাং সারা পশ্চিমবাংলার জন্য এই যে ৫০ হাজার টাকা রাখা হয়েছে, সেজন্য আমি লজ্জাবোধ করছি। মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন, সমবায়ে অন্যান্য প্রদেশের তুলনায় আমরা পিছিয়ে আছি। আগেকার দিনে তেমন কাজ হয় নি, তিনি আজকে যে প্রতিশ্রুতি দিয়েছেন এবং আমাদের সামনে বিভিন্ন চিত্র তুলে ধরেছেন, যে পদক্ষেপ নিয়ে সুরাহা করতে চাইছেন, আজকে যারা এর বিরোধিতা করছেন, তাঁদের কাছে এইটুকুই বক্তব্য হবে, আগে যা হয় নি, যা করতে পারা যায় নি, তখন আমরা ছিলাম না, আজকে পাঁচ বছরে মানুষের মনের সেই জড় ভাব কাটিয়ে যদি সমবায়ের প্রবণতা জাগান যায়, তা হ'লে অনেকখানি কাজ হবে। মাননীয় মন্ত্রিমহাশয় এই দিকে দৃষ্টি দিয়েছেন এবং সমবায়ের কথা চিন্তা করছেন, সেজন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি।

[5-40—5-50 p.m.]

কিন্তু একটা কথা হচ্ছে এই সমবায় যে কথাটা বলছি, সেই সমবায় আজ আর আমাদের কাছে নাই, এখন এটা সমদায় হয়ে দাঁড়িয়েছে। এই সমদায় যতক্ষণ না সমবায়ে পরিণত হচ্ছে, ততক্ষণ এই সমবায়ের কোন রকম ভবিষ্যৎ আছে ব'লে আমি মনে করি না।

আজ আমি এই কথা বলতে চাই যে, কালকে আমাদের সমবায়মন্ত্রী স্মল স্কেল ইন্ডাস্ট্রিজ-এর কথা বলেছিলেন, আজকে আমাদের অর্থনৈতিক বনিয়াদ গ'ড়ে তোলবার জন্য একদিকে স্মল স্কেল ইন্ডাস্ট্রিজ এবং অপরদিকে এগ্রিকালচার এই দু'টো- আজকে পশ্চিমবঙ্গের অর্থনীতিকে বৈপ্লবিক দিকে নূতন ক'রে এগিয়ে নিয়ে যেতে পারে। সেক্ষেত্রে আজকে এই কো-অপারেটিভ-এর কী ভূমিকা হবে? আজকে এই কো-অপারেটিভ একটা মিসিং লিংক হ'য়ে দাঁড়িয়েছে। কো-অপারেটিভ-এর ভূমিকা যেখানে ইন্ডাস্ট্রিজ এবং এগ্রিকালচার-এর, আজকে আমরা সেটা আর খুঁজে পাচ্ছি না। কিন্তু আমরা জানি, আমাদের কৃষিমন্ত্রী আজকে অত্যন্ত উৎসাহ ও উদ্যোগ নিয়ে কৃষি প্রকল্প ও সেচ প্রকল্প, ক্লাস্টার প্রোগ্রাম গ্রামে গ্রামে গ'ড়ে তোলবার চেষ্টা করছেন, ডীপ টিউবওয়েল দিয়ে সাহায্য করছেন। কিন্তু সেই সেচের আওতায় যে জমিগুলি আছে যাঁদের, তারা পরস্পর বিবাদমান হচ্ছেন। তাঁদের একটা ক্লাসটার-এর মধ্যে, সমবায়ের মধ্যে এনে যদি একত্র করা যায় তা হ'লে মূলধনের সুবিধা হয়, সারের সুবিধা হয় এবং সেই সঙ্গে তাঁদের যে কলহ ও শ্রেণীসংঘর্ষ ও শ্রেণী স্বার্থ রয়েছে তাও দূর করা যায়। আপনার সমবায় ডিপার্টমেন্ট যদি সেই জাতীয় কোন পরিকল্পনা ও চিন্তাধারা গ্রহণ করতে পারেন, তা হ'লে অত্যন্ত শুভ কাজ হয়। আমি জানি, আমার জেলার কালনা, কাটোয়া সাবডিভিসন, নবদ্বীপ এবং শান্তিপুর নদীয়া জেলার অংশ সেখানে বহু তন্তুজীবী সম্প্রদায় মানুষ রয়েছে। এটা অবশ্য স্মল স্কেল ইন্ডাস্ট্রিজ-এর ব্যাপার। তবুও এরা সবদিক থেকে বঞ্চিত হচ্ছে—কি ফাইনান্স-এর ব্যাপারে, কি উদ্যোগের ব্যাপারে, কি অন্যান্য ব্যাপারে। যাঁরা কো-অপারেটিভ-এ রয়েছেন, তাঁদের কাছ থেকে এ'রা কোন রকম সহযোগিতা, সুযোগ-সুবিধা, ফাইন্যান্স-এর ব্যাপারেই হোক বা উদ্যোগের ব্যাপারেই হোক, কোন সহায়তা কোন স্থান থেকে তাঁরা পাচ্ছেন না। কি ইন্ডাস্ট্রি-তে, কি এগ্রিকালচার-এ, কি অন্যান্য ক্ষেত্রে, সমবায় আজকে একটা মিসিং লিংক হয়ে দাঁড়িয়েছে। আজকে প্রয়োজন সেই হারিয়ে যাওয়া সূত্রকে খুঁজে বের করা। মাননীয় মন্ত্রীকে সেই মিসিং লিংক-কে খুঁজে বের করবার দিকে দৃষ্টি দেবার জন্য অনুরোধ করছি এবং এই ব্যয়বরাদ্দকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীপ্রবোধকুমার সিংহরায়ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সমবায়মন্ত্রী আবেদিন সাহেব তাঁর দপ্তরের যে ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন করেছেন, আমি তা আন্তরিকভাবে সমর্থন করি। এই সমর্থন করতে গিয়ে দু'চার কথা বলা আমি প্রয়োজন মনে করছি আপনার মাধ্যমে। সেখানে একটি কথা উল্লেখ করা দরকার যে, প্রথমে বিরোধী দলের সদস্য বন্ধু আর এস পি দলের শীশ মহম্মদ মহাশয় যখন বক্তৃতা শুরু করেছিলেন, তখন আমরা আশা করেছিলাম তাঁর বক্তৃতার মাধ্যমে অনেক কিছু গঠনমূলক ও সমালোচনামূলক বক্তব্য রাখবেন; তা তিনি রাখেন নি।

(এ ভয়েসঃ উনি শীশ মহম্মদ নয়, শেষ মহম্মদ।)

কিন্তু দুঃখের কথা, তিনি প্রথম দিকে যে বক্তব্য রেখেছেন, বোধ হয় অনেকে তাহা হৃদয়ঙ্গম করতে পারেন নি। তবে শুধু একটা বক্তব্য খুব প্রাঞ্জল হয়ে উঠেছিল, কৃষকদের দাদনের টাকা মকুব ক'রে দেওয়া। তখন মনে হচ্ছিল, তিনি তাঁদের নির্বাচনী বক্তৃতা আজও ভুলতে পারেন নি। আমি যে জেলা থেকে প্রতিনিধি নির্বাচিত হয়ে এসেছি, আমার সেই নির্বাচনক্ষেত্রে দেখেছি, তারা নির্বাচনী প্রচারে নেমে সর্বত্র কৃষকদের মধ্যে, সমিতির সভাদের মধ্যে একটা বিভ্রান্তি সৃষ্টি করেছে, তাঁরা তখন বলেছিলেন, তোমরা আমাদের ভোট দাও, তোমাদের ঋণের কোন টাকা আর শোধ করতে হবে না; বরং আরো টাকা তোমাদের পাইয়ে দেব। সেই বিভ্রান্তির অবশ্যম্ভাবী পরিণতি দেখা গেছে। ১৯৬৭ থেকে ১৯৭১ সাল পর্যন্ত সমবায়ের চিত্র দেখলে দেখা যাবে, সমবায় আন্দোলন ব্যর্থতায় পর্যবসিত হয়েছে। আজও তারা সেই সব বিভ্রান্তির অবশ্যম্ভাবী

পরিণতির কথা ভুলতে পারছেন না; আজও তাঁরা সেই বিভ্রান্তি সৃষ্টির চেষ্টা করছেন। তবে আজকে আর পশ্চিমবাংলার লোক তাঁদের প্রচারে বিভ্রান্ত হবেন না। এই বিশ্বাস অনেকের সঙ্গে আমারও আছে। আমি বিভাগীয় মন্ত্রীকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি যে, তিনি সমবায় আন্দোলনের রন্ধ্রে রন্ধ্রে যে দুর্নীতিবিচ্যুতি রয়েছে এবং কায়েমী স্বার্থবাদীদের দ্বারা দেশ বঞ্চিত হয়ে রয়েছে, এসব গলদ মন্ত্রিমহাশয়ের দৃষ্টির আড়ালে যায় নি, তাঁর দৃষ্টিতে সে সব ধরা পড়েছে এবং তা দূর করবার জন্য তিনি চেষ্টা করছেন।

একথা সত্য যে গরিবী হঠাও আন্দোলন স্বার্থকভাবে রূপায়িত করতে হ'লে জাতি ধর্ম নির্বিশেষে দেশের প্রতিটি খেটে-খাওয়া মানুষকে এই আন্দোলনে সামিল করতে হবে, সমবায় সমিতির আওতায় আনতে হবে যা আমরা আজও পারি নি। এই ব্যাপারে আমরা মন্ত্রিমহাশয়ের সঙ্গে একমত যে, অধিকাংশ ক্ষেত্রে পরিচালকমণ্ডলীর অযোগ্যতা, অব্যবস্থা, স্বজনপোষণ ও দুর্নীতির জন্যই সমবায় সমিতির অগ্রগতি ব্যহত হয়েছে। কিন্তু অধ্যক্ষ মহাশয়, আমরা খুশী হতাম, মাননীয় মন্ত্রীর এই স্বীকারোক্তি দেখলে যে, তাঁর দপ্তরের কর্মচারীরাও এর জন্য সমান দায়ী। তাদের কর্মতৎপরতার অভাব, দূরদর্শিতার অভাব, দীর্ঘসূত্রতা, শৈথিল্য এবং কর্তব্য-নিষ্ঠার অভাবে বহু সমিতি আজ লোকসানের সম্মুখীন ও অচল অবস্থায় পড়েছে। এ সম্পর্কে দু'একটা দৃষ্টান্ত উল্লেখ করা প্রয়োজন মনে করি। আমরা সকলেই জানি, ১৯৬৬ সালে ধান্য চাউল খরিদ বিক্রয় ব্যবসায়ে নিযুক্ত প্রত্যেক সমিতিতে একজিকিউটিভ অফিসার নিযুক্ত ছিলেন তা সত্ত্বেও অব্যবস্থা হয়েছে, লোকসান হয়েছে। বিপণন সমিতির গ্রামীণ গুদাম নির্মাণ অর্থ ১৯৬৭ সালে মঞ্জুর হওয়া সত্ত্বেও অদ্যাবধি গুদামের নকশা মঞ্জুর করা সম্ভবপর হয় নাই। ১৯৬৬ সালের বহু বিপণন সমিতির ট্রেজ শর্টেজ বিলের টাকা এখনও দেওয়ার ব্যবস্থা হয় নাই। তাই টাকার অভাবে সমিতিগুলি কাজকর্ম ভালভাবে করতে পারছে না। ১৯৬৯ সালে সমবায় চাউল কলের টাকা মঞ্জুর হয়েছে, কিন্তু অদ্যাবধি এই চাউল কল প্রতিষ্ঠায় কোন উদ্যোগ দেখা যাচ্ছে না। এরকম বহু দৃষ্টান্ত উল্লেখ করা যায়, কিন্তু আপনি সময় দিচ্ছেন না ব'লে পারছি না। এবার আমি সমবায় আন্দোলনকে অধিকতর সাফল্যমণ্ডিত ও জনপ্রিয় করার জন্য আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর বিবেচনার জন্য রাখতে চাইঃ

(১) ভায়েবল প্রোগ্রাম অনুযায়ী চূড়ান্তভাবে যে সকল সমিতি স্বীকৃত হইয়াছে তাহাদেরকে অবিলম্বে নিজ নিজ এলাকায় দাদনের সুযোগ দেওয়া হোক।

(২) এরূপ প্রত্যেক সমিতির স্থায়ী অফিসঘর ও গুদামের ব্যবস্থা করা হোক এবং তজ্জন্য সরকারী সাহায্য ও অনুদানের ব্যবস্থা করা হোক।

(৩) প্রাথমিক সমিতিগুলির ক্ষেত্রে প্রতি বৎসর সমগ্র পরিচালকমণ্ডলীর নির্বাচনী নিয়ম রহিত করিয় কেন্দ্রীয় সমিতির ন্যায় নির্বাচনী নিয়ম চালু করা হোক।

(৪) প্রাথমিক সমিতিগুলির মাধ্যমেই দীর্ঘমেয়াদী ও সর্ব শ্রেণীর ঋণ দেওয়ার ব্যবস্থা গ্রহণ করা হোক।

(৫) প্রতিটি থানা বিপণন সমিতিকে সার, কেরোসিন তেল, চিনি আটা, ময়দা, সরষের তেল, ডাল, পাম্প সেট, টায়ার, টিউব প্রভৃতি প্রয়োজনীয় জিনিস সরবরাহের জন্য সরাসরি হোলসেল ডিলার নিযুক্ত করা হোক।

আমি বিশ্বাস করি মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর যোগ্যতায়, কর্মদক্ষতায়, একনিষ্ঠতায় সমবায় আন্দোলনকে অপ্রতিহত গতিতে এগিয়ে নিয়ে যাবেন। এই কথা ব'লে এই ব্যয়বরাদ্দের প্রতি আবার সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ্।

ডাঃ জয়নাল আবেদীনঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে সমবায় দপ্তরের ব্যয়বরাদ্দের দাবি নিয়ে যে আলোচনা হওয়ার কথা ছিল, তা অসংযত আলোচনায়, আমার এই দপ্তর ক্ষতিগ্রস্ত হয়েছে, সুসংহত আলোচনা থেকে বঞ্চিত হয়ে। তবে আজকে অনেক বন্ধু অত্যন্ত সংগঠনশীল বক্তব্য রেখেছেন, বিশেষ ক'রে বারি সাহেব যে বক্তব রেখেছেন তার জন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি।

[5-50—6-00 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন একদিকে সরকারী উদ্যোগ, অপরদিকে বেসরকারী উদ্যোগ—এই দুয়ের দৃঢ় শক্তি দিয়ে যদি সমবায়কে আগিয়ে নিয়ে যেতে হয়, তা হ'লে মাননীয় সদস্যরা যে কথা স্বীকার করেছেন। আমিও একমত যে, ঐ কো-অপারেটিভ-এর মধ্যে যেসমস্ত বাস্তুঘুঘু আছে, যেসমস্ত দুষ্কৃতকারী আছে তাদের যে চরিত্র তা আমাদের জানা আছে। সেখানে যে কুৎসিত জীব আছে সেই কুৎসিত জীবদের জন্য যে গণতন্ত্রের অর্থনীতির হত্যা হয়েছে, তাদের আমি ধিক্কার জানাই। তাদের আজকে জব্দ করার প্রয়োজনীয়তা আছে ব'লে মনে করি। সরকার আজকে বদ্ধপরিকর ঐ কুৎসিত জীবদের দেশ থেকে দূর করতে। আমি তাঁদের হুঁশিয়ারি ক'রে দিতে চাই যে, সমবায়কে যারা আজকে গোল্লায় নিয়ে যেতে বদ্ধপরিকর, যে ব্রিফ এখানে রাখা হয়েছে সেই ব্রিফের পরিপ্রেক্ষিতে আমি বলতে চাই যে, আমাদের এই বাংলার মানুষ যে ম্যানডেট দিয়েছে সেই ম্যানডেটের উপর ভিত্তি ক'রে আমরা সেই কালো হাত ভেঙ্গে দিতে বদ্ধ-পরিকর। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কিছু অসংযত বক্তব্য রাখা হয়েছে। এ সম্বন্ধে মাননীয় সদস্য বন্ধুদের কাছে বলতে চাই, রিজার্ভ ব্যাঙ্কের স্টাডি টিম যে রিপোর্ট আমাদের কাছে পাঠিয়েছে আমি তা প্রত্যেকের কাছে পাঠিয়েছি। সেটা যদি না প'ড়ে থাকেন এবং আমার প্রারম্ভিক ভাষণে যে বক্তব্য রেখেছি তা যদি মনে রাখতেন, বুঝতে পারতেন যে, স্বল্পমেয়াদী ঋণের প্রয়োজন কত, আর দীর্ঘমেয়াদী ঋণের প্রয়োজন কত। আজকে বিধানসভার সব সদস্যের কাছে দেশের নেতৃবৃন্দের কাছে সমাজসেবকদের কাছে আবেদন জানাচ্ছি যে, শক্তিশালী সমাজ-ব্যবস্থাকে বানচাল করতে কায়েমী স্বার্থরা উঠে পড়ে লেগেছে, তাদের নিশ্চয় জব্দ করতে হবে। তার জন্য আমি সকলের কাছে সহযোগিতা চেয়েছি। ঐ স্টাডি টিম যা সুপারিশ করেছিল পশ্চিমবঙ্গে স্বল্পমেয়াদী ঋণের জন্য ৭৮ কোটি টাকার প্রয়োজন। তার উপর ভিত্তি ক'রে প্রাথমিক কাজ হিসাবে এ বছর ১২ কোটি টাকা আমরা দিতে চেয়েছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি আশ্চর্য হবেন যে, পশ্চিমবঙ্গের রাজনীতিতে দুষ্ট হাতকে জব্দ করতে সারা দেশের জনসাধারণ তাদের উপর কশাঘাত করতে শুরু করেছে, এই পরিবর্তন আজকে ঘটেছে। যে দুষ্ট চরিত্রের লোকরা ১ কোটি ৩২ লক্ষ টাকার ঋণ আদায় করতে পারে নি, আমরা তার তিন গুণ ঋণ আদায় করতে সক্ষম হয়েছি এবং এইভাবে চেষ্টা চালিয়ে গেলে, আশা করি, আরও তিন গুণ আদায় করা সম্ভব হবে। আমাদের মোরচার বন্ধুরা সেই দুমুখো নীতি নিয়ে চলেছেন। আমি আবেদন করছি যে, চাষীদের সর্বনাশ করবেন না। বাংলাদেশের কৃষিব্যবস্থার বিশেষ গুরুত্ব এখানে আছে এবং একটা মারাত্মক দায়িত্ব যে, সমবায়ের সঙ্গে কৃষকদের সুদৃঢ়ভাবে যুক্ত করতে হবে এবং এর দ্বারা আমরা জমির উন্নয়নের জন্য বেশি ঋণ দিতে পারব। আমাদের কোন এক বন্ধুবর বললেন যে, এই এই জিনিসে অনেক অসুবিধা আছে—এ করলে হবে না। তা হ'লে কি বলতে পারেন, সোনার ডিম দেওয়া হাঁসকে মেরে ফেলব? আমার ওদিকের বন্ধুরা বলছেন, এর মাধ্যমে অতি অল্প শতাংশ কৃষককে সাহায্য করা চলে কৃষিঋণ দেবার ব্যবস্থা আজকে শুকিয়ে গেছে। ড্রাই আপ হয়ে গেছে

Co-operative fabric has been weakened in West Bengal.

আমরা এই ব্যবস্থাকে আরও শক্তিশালী করার চেষ্টা করছি এবং সেইজন্য যাতে সুবিধা হয় মডেস্ট ট্রেডে ৫০ ভাগ লোককে যেতে হ'লে কিছু যে দুষ্ট চক্র রয়েছে তারা কৃষকদের ঋণের দোহাই দিয়ে নিজেরা বিভিন্ন নামে সেগুলি লুট করেছে একথা বারি সাহেব বলেছেন। আমরা সেই দুষ্ট চক্রকে ভেঙ্গে দিতে বদ্ধপরিকর। অজিতবাবু বনগাঁ কো-অপারেটিভ সম্বন্ধে প্রশ্ন তুলেছেন। আমি তাঁকে একথা বলছি যে, সেখানে তদন্ত সম্পন্ন হয়েছে, দোষীদের শাস্তি দেবার কাজ আমরা শুরু করেছি এবং যেখানে লোকসান হয়েছিল সেখানে টাকা আদায় করতে শুরু করেছি—কিছু টাকা আদায় হয়েছে। আমার সময় অল্প সব কথার উত্তর দিতে পারছি না—তিনি যদি আমার কাছে আসেন আমি সব জানাবো। যে ব্যাড ক্রেডিট দেওয়া হয়েছিল সেখানে ঐ দায়ী লোকদের শাস্তি দেবার জন্য আমরা এগিয়ে যাচ্ছি।

আজকে ক্রেতা সমবায় সম্বন্ধে কিছু বলা হয়েছে। ক্রেতা সমবায়ে এই যে কিউমুলেটিভ লস—মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখন লস হয় নি। তৎকালীন যুক্তফ্রন্ট সরকার এবং বিশেষ ক'রে

সি পি আই বন্ধুদের দায়িত্ব ছিল সমবায় দপ্তর দেখার—কই তাঁরা তো ডিরেক্টরদের বিরুদ্ধে কোন প্রতিশোধমূলক ব্যবস্থা নেন নি, কোন প্রতিকার করার চেষ্টা তো করেন নি? যাঁরা এই ক্রেতা সমবায়ের বিপুল ক্ষতির কারণ হয়ে দাঁড়িয়েছেন সেই ডিরেক্টরদের বিরুদ্ধে তো শো কজ করেন নি? আজকে সেইজন্য সেইসব বন্ধুদের সমালোচনা করার আগে নিজেদের চরিত্রকে ভাল ক'রে দেখতে অনুরোধ করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মৎস্য সমবায় সম্বন্ধে কিছু কিছু কথা উঠেছে। অভিযোগ উঠেছে। মৎস্য সমবায়ে আমরা নাকি উৎসাহ দেখাচ্ছি না—এখানে ৫৪৬টি মৎস্য সমবায় সমিতি আছে এবং সেই কো-অপারেটিভে ৩৫ হাজার ৭১২ জন মেম্বার আছেন এবং সরকারী দেয় শেয়ার ক্যাপিটাল-এর পরিমাণ হচ্ছে ৭ লক্ষ ৪৯ হাজার টাকার মত এবং আনন্দের কথা যে, কিছু সমিতির হিসাব আমরা অডিট ক'রে দেখেছি। ট্রান্সপোর্ট সম্বন্ধে কিছু বন্ধু কথা বলেছেন। আমরা চেষ্টা করেছি ট্রান্সপোর্ট কো-অপারেটিভে যেগুলি ভায়াবল হয়েছে অনেক জায়গায়—মেদিনীপুরের মাননীয় প্রফুল্লবাবু বোধ হয় এই কথা বললেন—আমরা দেখছি ক্যালকাটা-পুরী-দীঘা-সিউড়ি বাস এগুলি অনেকটা কো-অপারেটিভ রুটে দেওয়া হচ্ছে, সেখানে সোসাইটিগুলি ভায়াবল আছে। কিছু মতলববাজ সোসাইটি দাঁড় করিয়ে সরকারী অর্থ হাতিয়ে নেবার চেষ্টা করেছিল, সে বিষয়ে তারা সেখানে নিশ্চয় বঞ্চিত হয়েছে। আমি দুঃখিত যে, এই ব্যবস্থায় আমি সাহায্য করতে পারব না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মূল কথা হ'ল, সমবায় সমিতির মাধ্যমে দেশের দরিদ্রতম জনসাধারণকে এগিয়ে নিয়ে যেতে হবে এবং সেখানে শেয়ার ক্রপাররা অন্য জমিতে চাষ করে তার জন্য অর্থ বরাদ্দ আছে এবং সেখানে তাদের সমবায়ের ঋণ পেতে কোন বাধা নেই। সেই জমিতে শেয়ার নেই, কিন্তু সেখানে ক্রপ থাকছে হাইপথিকেটেড, অন্য কিছু থাকছে না। জমি নেই ব'লে ঋণ পাবে না, এই ব্যবস্থা কিন্তু এখন হয় নি। কিন্তু যারা বলেছেন যে, কৃষকের কাছে রিলিফের ব্যাপারে ২৩ কোটি টাকা খরচ করেছিলাম ব্যাড ডেট রাইট অফ করেন নি, তাঁদের এই কথা ঠিক নয়। আমাদের সমীক্ষক দলের সমবায় সমিতির যে রিপোর্ট তাতে বলা হয়েছে, ১ কোটি ২০ লক্ষ টাকা ব্যাড ডেট কৃষকদের রাইট অফ করতে হবে এবং গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার সঙ্গে পরামর্শ ক'রে আমরা এই ব্যাড ডেট রাইট অফ করার সিদ্ধান্ত নিয়েছি এবং প্রোপোশনেটলি যেখানে যেরকম আছে ব্যাড ডেট রাইট অফের সিদ্ধান্ত নিয়ে সেই পথেই এগিয়ে যাচ্ছি। এই কথা ঠিক নয়। ২৩ কোটি টাকার মধ্যে রিলিফ থেকে সমবায় সমিতির ঋণ দান ব্যবস্থার কিছুটা হেরফের আরও ভুল হ'তে পারে এবং সেদিক দিয়ে রিলিফ থেকে আমরা স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ককে ২৫ লক্ষ টাকার মত স্বল্পমেয়াদী ঋণ দেবার জন্য চেষ্টা করছি। কো-অপারেটিভের মাধ্যমে সারের বিলি-বণ্টনের ব্যবস্থা আমরা করেছি। এ সম্বন্ধে অনেক মাননীয় বন্ধু প্রশংসা করেছেন, আমি তাঁদের ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু মুশকিল হচ্ছে, কো-অপারেটিভ সেক্টরে উৎপাদন ব্যবস্থা এখানে নেই, অন্যান্য জায়গায় কো-অপারেটিভ সেক্টরে উৎপাদন ব্যবস্থা আছে এবং এর সঙ্গে কনজিউমারস কো-অপারেটিভ কিংবা মার্কেটিং ফেডারেশন লিঙ্ক আপ ক'রে দিলে অ্যাসিওর্ড সাপ্লাই এবং অ্যাসিওর্ড সাপ্লাই টু দি কনজিউমারস দেওয়া যেটা সম্ভবপর হয় পশ্চিম বাংলার দুর্ভাগ্য যে, এই ব্যবস্থা এখানে গ'ড়ে উঠতে পারে নি। গ'ড়ে উঠতে পারে নি ব'লে আমরা চিন্তা করছি যে, আমাদের কো-অপারেটিভ সেক্টরে কিছু এসেনসিয়াল ইন্ডাস্ট্রিজ বা এগ্রি-বেজ্‌ড ইন্ডাস্ট্রিজ গ্রো করা যায় কিনা সেই চেষ্টা করছি। এই কো-অপারেটিভের সঙ্গে যারা জড়িত ছিল তাদের অধিকাংশের চরিত্রই আজকে এমন জায়গায় গিয়ে পৌঁছেছিল সেটা আপনারা নিশ্চয় জানেন এবং অজিতবাবু আপনিও জানেন যে, এই ব্যবস্থা আমাদেরকে একেবারে বানচাল ক'রে দিয়েছিল এবং এই বিধানসভায় তাদের চরিত্রগুলি দেখেছেন। সেদিক দিয়ে আমরা চেষ্টা করছি প্রত্যেকটি ব্যবস্থাকে সুসংহত ক'রে এই কৃষি নির্ভরশীল অর্থনীতি ও কৃষিব্যবস্থাকে যদি জোরদার করতে পারি, কৃষকের হাতে চাষের অর্থ যোগান দিতে পারি, তা হ'লে আমাদের অনেক সুবিধা হবে। আজকে সেইজন্য উৎপাদন বৃদ্ধির দিকে লক্ষ্য রেখে জমির উন্নতির প্রতি জোর দিয়েছি। এখানে কো-অপারেটিভ ফার্মিং-এর কথা বলা হয়েছে। আমরা চেষ্টা ক'রে দেখেছি, এখানে কো-অপারেটিভ ফার্মিং অগ্রসর হ'তে পারে নি, অন্যান্য রাজ্যে অগ্রসর হয়েছে। এখানে মরিবান্ড আছে, উৎসাহ নেই, সেইজন্য আমরা আরও বেশি ক'রে অর্গানাইজ করতে পারছি না। এ বিষয়ে আরও বেশি ক'রে চিন্তা-ভাবনা

এবং প্রচারের প্রয়োজন আছে, মানুষের মোটিভেশনের প্রয়োজন আছে। আজকে ক্যাম্পেন করার কথা যেটা মাননীয় অজিত গাঙ্গুলী মহাশয় বলেছেন তিনি এটা ঠিকই বলেছেন। সমবায় সমিতির প্রচার খুবই স্বল্প এবং সীমিত।

[6-00—6-10 p.m.]

আমরা সমবায় দপ্তর থেকে একটি প্রামাণ্য চিত্র তৈরি করেছি এবং এই চিত্র দেখিয়ে মানুষকে সমবায় আন্দোলন সম্পর্কে জানাবার, অবহিত করার ও উৎসাহ সৃষ্টি করার চেষ্টা করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যগণ সমবায় আন্দোলনে যে সাহায্য করেছেন, উৎসাহ যুগিয়েছেন আমি তার জন্য কৃতজ্ঞ। সব ব্যবস্থা হয়ত একসঙ্গে নেওয়া সম্ভব হবে না, কিন্তু এক-একটি সেক্টরওয়াইজ যদি আমরা এগিয়ে যেতে পারি, তা হ'লে একটা সুসংহত কম্পোজিট আন্দোলন গ'ড়ে তোলা সম্ভবপর হবে ব'লে আমি মনে করি। এখন আরবান ক্রেডিটে পশ্চিমবঙ্গ ভারতবর্ষের মধ্যে অদ্বিতীয়। রুরাল ক্রেডিটে আমাদের এত অগ্রগতি এখনও সম্ভবপর হয় নি এইজন্য যে কিছু লোকের দুর্নীতি। তারপর স্যার, আজকে অফিসিয়ালদের অবহেলার কথা বলা হয়েছে। আমি মাননীয় সদস্যদের আহ্বান করব, সমবায় দপ্তর সম্পর্কে যদি কোন সুনির্দিষ্ট অভিযোগ থাকে, তা হ'লে তা আমাকে না হয় সমবায় দপ্তরে জানান, নিশ্চয় আমরা দোষীদের শাস্তি দেব। তবে এই সঙ্গে এই কথাও বলতে চাই যে, কাল্পনিক অভিযোগ বা কল্পনিক অবহেলার অভিযোগের জন্য এই গণতন্ত্রে কাউকে শাস্তি দিতে আমরা পারব না, কারণ আমরা আইন অনুযায়ী চলি। তারপর কৃষিঋণ দান ব্যবস্থা জোরদার করার জন্য এবং ক্রেতা সমবায়গুলি যাতে আরও জোরদার হয়—২৮টি ক্রেতা সমবায় সমিতি আছে, আমরা দেখেছি তার মধ্যে অনেকে মুনাফা করছে, ভায়াবল হয়ে দাঁড়িয়ে রয়েছে। কলকাতারটা হয়ত ব্যাঙ্ক্র্যাপট হতে চলেছে, কিন্তু হাওড়ারটা অনেকটা উন্নতির দিকে অগ্রসর হচ্ছে। পরিচালন ব্যবস্থায় অভিজ্ঞ মানুষ দিয়ে একদিকে মানুষকে ন্যায্যমূল্যে অত্যাবশ্যকীয় পণ্য সরবরাহ করা যায়, অন্যদিকে ইকুইটেবল ডিস্ট্রিবিউশন করা সম্ভব হয়। দুর্ভাগ্যের কথা, ক্রেতাসাধারণ যখন কোন জিনিস বাজারে অনটন হয় তখনই সেখানে যান। কিন্তু সাধারণভাবে যদি এটা মোটিভ করে নেন যে, আমরা সমবায়িকা ছাড়া—হোলসেল কনজিউমারস কো-অপারেটিভ, রিটেল কো-অপারেটিভ ছাড়া কিনব না, তা হ'লে সমবায় বাণিজ্য লাভবান হ'তে পারে, বেড়ে যেতে পারে, এই সোসাইটি ভায়াবল হ'তে পারে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কোল্ড স্টোরেজ সম্পর্কে যেকথা বলা হয়েছে সেটা ঠিক নয়। আমরা এন সি ডি সি থেকে ১৪ লক্ষ টাকার মত পেয়েছি এবং স্টেট গভর্নমেন্ট থেকে ২ লক্ষ ১০ হাজার ৪৬ টাকা আমরা দিয়েছি। সামনের বছর আমরা আরও দুটি কোল্ড স্টোরেজ করার কথা চিন্তা করছি। এজন্য ১৮ লক্ষের কিছু বেশি টাকা ধ'রে রেখেছি যাতে সাহায্য দিতে পারি, শেয়ার ক্যাপিটালে পার্টিসিপেশন করতে পারি। মাননীয় সদস্যগণ যে উৎসাহের সঙ্গে সমবায় আন্দোলনে সাহায্য করেছেন আমার কার্যকালে তার জন্য আমি আমার তরফ থেকে, দপ্তরের তরফ থেকে ও সরকারের তরফ থেকে তাঁদের কৃতজ্ঞতা জানাচ্ছি এবং বলছি ইন অল ইটস্ স্ফিয়ার্স একে আরও জোরদার করার জন্য মাননীয় সদস্যগণ ও জননেতাগণ এগিয়ে আসুন। আমরা যেকথা বলেছি ডেমোক্রেটিক স্যোসালিজম--গণতান্ত্রিক সমাজব্যবস্থা, এতে কো-অপারেটিভ একটা মস্তবড় ইনস্ট্রুমেন্ট, শক্তিশালী হাতিয়ার। আর এতে যদি কোন মুনাফা হয় সেটা কারুর ব্যক্তিগত মুনাফা হয় না সেটা হরাইজেন্টাল ডিস্ট্রিবিউশন হয় অ্যামঙ্গস্ট মেম্বারস। আমরা যে ধনবৈষম্য কমানোর কথা চিন্তা করছি, সেই ধনবৈষম্য দূর করার জন্য সমবায় আন্দোলনকে একটা শক্তিশালী হাতিয়ার ব'লেই আমি মনে করি। তাই আমি মাননীয় সদস্যদের বলব, যাঁর যেটুকু শক্তি প্রভাব-প্রতিপত্তি আছে তা নিয়ে কাজে লাগুন। আমাদের প্রতিশ্রুত যে সমাজব্যবস্থার জন্য অহিংস পথে আমাদের এগিয়ে যেতে হবে।

ক্যাপিট্যালিস্টদের উপর আঘাত করতে, সেই মনোপলিস্টদের উপর আঘাত করতে সমবায় শক্তিশালী হাতিয়ার হিসাবে ভারতের অন্যান্য রাজ্যে ব্যবহৃত হয়েছে এবং আমরা তার ফল পেয়েছি। পশ্চিমবঙ্গের কো-অপারেটিভ সেক্টর কি কৃষিতে, কি শিল্পে, উৎপাদন আরও এগিয়ে নিয়ে যেতে পারি তার জন্য সকলের কাছে অনুরোধ করছি। আজকে গভর্নমেন্ট পারচেজ

সম্পর্কে যেকথা বলেছেন, আমাদের এক্ষণে সেটা অ্যাসিওর্ড হয়েছে ক্যাবিনেট রেগুলেশনএ আছে যে সমবায় ৫ পারসেন্ট ওয়েটেজ দিয়ে এদের কাছ থেকে সরকারী প্রয়োজনীয় দ্রব্যসামগ্রী ক্রেতা সমবায় বা মার্কেটিং ফেডারেশনএর মাধ্যমে সরবরাহ করা সম্ভবপর। সরকারকে এই জিনিস সমবায়ের কাছে নিতে হবে এবং ৫ পারসেন্ট ওয়েটেজ দিতে হবে। এটা আমাদের মন্ত্রিসভার সিদ্ধান্ত এবং অনেক জায়গায় এটা কার্যকর হয়েছে, বিশেষ ক'রে বাংলাদেশের শরণার্থী সমস্যা যখন ছিল, অনেকগুলি কো-অপারেটিভ সোসাইটি তারা যুক্তফ্রন্টের আমলে ওদের দাপটে ডুবে গেছে। সেই সোসাইটিগুলি ব্যবসা-বাণিজ্যের সুবিধা পেয়েছিল ব'লে আমরা দেখেছি তারা এই সরকারের কাছে দ্রব্যসামগ্রী বিক্রয় ক'রে অনেক ভায়াবল হয়ে গেছে। আমরা আরও আশা করি বিভিন্ন ক্রেতা সমবায়, মার্কেটিং ফেডারেশন সরকারের বিভিন্ন কাজের দায়িত্ব নিয়ে এর এজেন্ট হিসাবে, ইনস্ট্রুমেন্ট হিসাবে নিজের দায়িত্ব পালন ক'রে ভবিষ্যতের যে সম্ভাবনা আছে সবগুলিকে পুরোপুরি কাজে লাগিয়ে দ্রুত প্রতিষ্ঠিত হতে পারবে। এটা হয়ত আপনারা জানেন যে, আমাদের মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন যে, হুইটের হোলসেল ট্রেড হাতে নেবার জন্য, সমবায়কে যতখানি সম্ভবপর এটাতে কাজে লাগিয়ে আমাদের সংগ্রহ অভিযান চালাতে হবে। ১৯৬৫ সালে আমরা দেখেছি, যখন যুক্তফ্রন্ট আসে নি, তখন এই দায়িত্ব পালন করতে সমবায় পারত না ১৯৬৫ সালে। সমবায়ে খাদ্য সংগ্রহের ব্যাপারে পশ্চিমবঙ্গ বিরাট এবং সাফল্যমণ্ডিত ভূমিকা পালন করেছিল। আজকে আমরা আশা করব সমবায় সমিতি সকলের সমবেত চেষ্টায় এগিয়ে যাবে। এই সমবায় ব্যবস্থা বানচাল করতে যারা গণতন্ত্রের বিচারব্যবস্থার দোহাই দিয়ে এটাকে হত্যা করতে চাচ্ছে, সেই কুৎসিত জীবগুলি আজকে পশ্চিমবঙ্গের মানুষের কাছে অপরাধী সাব্যস্ত হয়ে ইতিহাসের রাবিশ কার-এ নিক্ষিপ্ত হবে। এই আশা ক'রে এবং সমবায়ের সাফল্য কামনা ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি এবং আমি সমস্ত কাট মোশানের বিরোধিতা করছি।

Mr. Deputy Speaker: I put cut motions 2, 3 and 4 to vote.

[6-10—6-20 p.m.]

The motion of Shri Timir Baran Bhaduri that the amount of the demand be reduced to Re. 1, was then put and a division taken with the following result:

Noes

Abdul Bari Biswas, Shri.
Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Bandyopadhyay, Shri Sukumar.
Banerjee, Shri Mrityunjoy.
Basu, Shri Ajit Kumar (Mid.).
Bharati, Shri Ananta Kumar.
Bhattacharyya, Shri Harasankar.
Biswas, Shri Kartic Chandra.
Bose, Shri Lakshmi Kanta.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Tapan.
Chattopadhay, Shri Gobinda.
Chattopadhay, Shri Sukumar.
Das, Shri Barid Baran.
Das, Shri Jagadish Chandra.
Das, Shri Sarat Chandra.
Doloi, Shri Rajani Kanta.

Noes—contd.

Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Adya Charan.
Dutta, Shri Hemanta.
Ghosh, Shri Nitai Pada.
Ghosh, Shri Tarun Kanti.
Goswami, Shri Paresh Chandra.
Gyan Singh, Shri Sohanpal.
Hajra, Shri Basudeb.
Hemram, Shri Kamala Kanta.
Isore, Shri Sisir Kumar.
Jana, Shri Amalesh.
Khan, Shri Gurupada.
Khan Nasiruddin, Shri.
Khan Samsul Alam, Shri.
Lakra, Shri Denis.
Lohar, Shri Gour Chandra.
M. Shaukat Ali, Shri.
Mahanto, Shri Madan Mohan.
Mahato, Shri Kinkar.
Mahato, Shri Ram Krishna.
Mahato, Shri Sitaram.
Mahbubul Haque, Shri.
Maity, Shri Prafulla.
Malladeb, Shri Birendra Bijoy.
Mandal, Shri Santosh Kumar.
Md. Safiullah, Shri.
Md. Shamsuzzoha, Shri.
Misra, Shri Ahindra.
Misra, Shri Kashinath.
Mohammad Dedar Baksh, Shri.
Moudal, Shri Aftabuddin.
Mondal, Shri Amarendra.
Mondal, Shri Khagendra Nath.
Moslehuddin Ahmed, Shri.
Mukherjee, Shri Mrigendra.
Mukherjee, Shri Sibdas.
Mundle, Shri Sudhendu.
Nag, Dr. Gopal Das.
Ram, Shri Ram Peyare.
Ray, Shri Siddhartha Shankar.
Ray, Shri Debendra Nath.
Roy, Shrimati Ila.
Roy, Shri Jagadananda.
Roy, Shri Krishna Pada.
Roy, Shri Mrigendra Narayan.
Roy, Shri Saroj.

Noes—concld.

Roy, Shri Santosh Kumar.
Roy, Shri Suvendu.
Saha, Shri Nirad Kumar.
Samanta, Shri Tuhin Kumar.
Sarkar, Dr. Kanai Lal.
Sarkar, Shri Netaipada.
Sarker, Shri Jogesh Chandra.
Sen, Shri Sisir Kumar.
Singha, Shri Satyanarayan.
Singhababu, Shri Phani Bhusan.
Singha Roy, Shri Probodh Kumar.
Sinha, Shri Atish Chandra.
Sinha Roy, Shri Bhawani Prosad.

Ayes

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

The Ayes being 3 and the Noes 77, the motion was lost.

The motion of Shri A. H. Besterwitch that the amount of the demand be reduced by Rs. 100, was then put and a division taken with the following result:

Noes

Abdul Bari Biswas, Shri.
Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Bandyopadhyay, Shri Sukumar.
Banerjee, Shri Mrityunjoy.
Basu, Shri Ajit Kumar (Mid.).
Bharati, Shri Ananta Kumar.
Bhattacharyya, Shri Harasankar.
Biswas, Shri Kartic Chandra.
Bose, Shri Lakshmi Kanta.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Tapan.
Chattopadhay, Shri Gobinda.
Chattopadhay, Shri Sukumar.
Das, Shri Barid Baran.
Das, Shri Jagadish Chandra.
Das, Shri Sarat Chandra.
Doloi, Shri Rajani Kanta.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Adya Charan.
Dutta, Shri Hemanta.

Noes—contd.

Ghosh, Shri Nitai Pada.
Ghosh, Shri Tarun Kanti.
Goswami, Shri Paresh Chandra.
Gyan Singh, Shri Sohanpal.
Hajra, Shri Basudeb.
Hemram, Shri Kamala Kanta.
Isore, Shri Sisir Kumar.
Jana, Shri Amalesh.
Khan, Shri Gurupada.
Khan Nasiruddin, Shri.
Khan Samsul Alam, Shri.
Lakra, Shri Denis.
Lohar, Shri Gour Chandra.
M. Shaukat Ali, Shri.
Mahanto, Shri Madan Mohan.
Mahato, Shri Kinkar.
Mahato, Shri Ram Krishna.
Mahato, Shri Sitaram.
Mahbubul Haque, Shri.
Maity, Shri Prafulla.
Malladeb, Shri Birendra Bijoy.
Mandal, Shri Santosh Kumar.
Md. Safiullah, Shri.
Md. Shamsuzzoha, Shri.
Misra, Shri Ahindra.
Misra, Shri Kashinath.
Mohammad Dedar Baksh, Shri.
Mondal, Shri Aftabuddin.
Mondal, Shri Amarendra.
Mondal, Shri Khagendra Nath.
Moslehuddin Ahmed, Shri.
Mukherjee, Shri Mrigendra.
Mukherjee, Shri Sibdas.
Mundle, Shri Sudhendu.
Nag, Dr. Gopal Das.
Ram, Shri Ram Peyare.
Ray, Shri Siddhartha Shankar.
Ray, Shri Debendra Nath.
Roy, Shrimati Ila.
Roy, Shri Jagadananda.
Roy, Shri Krishna Pada.
Roy, Shri Mrigendra Narayan.
Roy, Shri Saroj.
Roy, Shri Santosh Kumar.
Roy, Shri Suvendu.
Saha, Shri Nirad Kumar.

Noes—concld.

Samanta, Shri Tuhin Kumar.
Sarkar, Dr. Kanai Lal.
Sarkar, Shri Netaipada.
Sarker, Shri Jogesh Chandra.
Sen, Shri Sisir Kumar.
Singha, Shri Satyanarayan.
Singhababu, Shri Phani Bhusan.
Singha Roy, Shri Probodh Kumar.
Sinha, Shri Atish Chandra.
Sinha Roy, Shri Bhawani Prosad.

Ayes

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

The Ayes being 3 and the Noes 77, the motion was lost.

The motion of Dr. Zainal Abedin that a sum of Rs. 2,03,32,000 be granted for expenditure under Grant No. 25, Major Head: "34—Co-operation", was then put and a division taken with the following result:

Ayes

Abdul Bari Biswas, Shri.
Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Bandyopadhyay, Shri Sukumar.
Banerjee, Shri Mrityunjoy.
Basu, Shri Ajit Kumar (Mid.).
Bharati, Shri Ananta Kumar.
Bhattacharyya, Shri Harasankar.
Biswas, Shri Kartic Chandra.
Bose, Shri Lakshmi Kanta.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Tapan.
Chattopadhay, Shri Gobinda.
Chattopadhay, Shri Sukumar.
Das, Shri Barid Baran.
Das, Shri Jagadish Chandra.
Das, Shri Sarat Chandra.
Doloi, Shri Rajani Kanta.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Adya Charan.
Dutta, Shri Hemanta.
Ghosh, Shri Nitai Pada.

Ayes—contd.

Ghosh, Shri Tarun Kanti.
Goswami, Shri Paresh Chandra.
Gyan Singh, Shri Sohanpal.
Hajra, Shri Basudeb.
Hemram, Shri Kamala Kanta.
Isore, Shri Sisir Kumar.
Jana, Shri Amalesh.
Khan, Shri Gurupada.
Khan Nasiruddin, Shri.
Khan Samsul Alam, Shri.
Lakra, Shri Denis.
Lohar, Shri Gour Chandra.
M. Shaukat Ali, Shri.
Mahanto, Shri Madan Mohan.
Mahato, Shri Kinkar.
Mahato, Shri Ram Krishna.
Mahato, Shri Sitaram.
Mahbubul Haque, Shri.
Maity, Shri Prafulla.
Malladeb, Shri Birendra Bijoy.
Mandal, Shri Santosh Kumar.
Md. Safiullah, Shri.
Md. Shamsuzzoha, Shri.
Misra, Shri Ahindra.
Misra, Shri Kashinath.
Mohammad Dedar Baksh, Shri.
Mondal, Shri Aftabuddin.
Mondal, Shri Amarendra.
Mondal, Shri Khagendra Nath.
Moslehuddin Ahmed, Shri.
Mukherjee, Shri Mrigendra.
Mukherjee, Shri Sibdas.
Mundle, Shri Sudhendu.
Nag, Dr. Gopal Das.
Ram, Shri Ram Peyare.
Ray, Shri Siddhartha Shankar.
Ray, Shri Debendra Nath.
Roy, Shrimati Ila.
Roy, Shri Jagadananda.
Roy, Shri Krishna Pada.
Roy, Shri Mrigendra Narayan.
Roy, Shri Saroj.
Roy, Shri Santosh Kumar.
Roy, Shri Suvendu.
Saha, Shri Nirad Kumar.
Samanta, Shri Tuhin Kumar.

Ayes—concld.

Sarkar, Dr. Kanai Lal.
Sarkar, Shri Netaipada.
Sarker, Shri Jogesh Chandra.
Sen, Shri Sisir Kumar.
Singha, Shri Satyanarayan.
Singhababu, Shri Phani Bhusan.
Singha Roy, Shri Probodh Kumar.
Sinha, Shri Atish Chandra.
Sinha Roy, Shri Bhawani Prosad.

Noes

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

The Ayes being 77 and the Noes 3, the motion was carried.

Shri Gyan Singh Sohanpal: Sir, while replying to supplementaries in connection with starred question No. 717 by Shri Sukumar Bandyopadhyay on 6th March, 1973, I stated that I would inform the House about representation of the M.L.A.s in the R.T.A. in different districts after looking into records. Accordingly, a statement in this regard is laid on the Table.

DEMAND FOR GRANT No. 26

Major Heads: 35—Industries, and 96—Capital Outlay on Industrial and Economic Development

Shri Tarun Kanti Ghosh: On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 8,49,20,000 be granted for expenditure under Grant No. 26, Major Heads: "35—Industries—Industries, and 96—Capital Outlay on Industrial and Economic Development."

মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, ১৯৬৭ সালের পর পশ্চিম বাংলায় যে অনিশ্চিত অবস্থার সৃষ্টি হয়েছিল, বিশেষ ক'রে আইন-শৃঙ্খলার যে অবনতি হয়েছিল তাতে পশ্চিম বাংলায় সবচেয়ে বেশি বলি হয়েছিল পশ্চিম বাংলার শিল্প। শুধু যে অনেক শিল্প বন্ধ হয়েছিল তা নয়, নতুন কোন শিল্প পশ্চিমবঙ্গে স্থাপিত হয় নি, নূতন কোন শিল্প স্থাপনের প্রস্তাব পশ্চিমবঙ্গে আসে নি, নূতন কোন ইনভেস্টমেন্ট করার কথা কেউ চিন্তা করে নি। এমন একটা অবস্থার সৃষ্টি হয়েছিল যে অবস্থার মধ্যে পশ্চিম বাংলার উন্নতি সম্পূর্ণ ব্যাহত হয়েছিল। আপনারা জানেন, ১৯৭২ সালের নির্বাচনের পর একটা স্থায়ী সরকার গঠিত হবার পর এই আবহাওয়ার সম্পূর্ণ পরিবর্তন হয়েছে। যেখানে ১৯৬৭ সাল থেকে ১৯৭২ সালের মধ্যে এই ৫ বছরে পশ্চিমবঙ্গে

[6-20—6-30 p.m.]

৮ কোটি টাকা মূলধন নিয়োজিত হয়েছিল সেখানে আজ পর্যন্ত পশ্চিমবঙ্গে মূলধন নিয়োগের জন্য ৫১১ কোটি টাকার উপর প্রস্তাব আমরা পেয়েছি। ৫১১ কোটি টাকার যে প্রস্তাব আমরা পেয়েছি তার মধ্যে ৩১২ কোটি টাকার প্রস্তাব সরকার ভারত সরকারের কাছ থেকে অনুমোদন লাভ

করেছেন। এই ৩১২ কোটি টাকার প্রস্তাব অনুমোদন লাভ করেছে তার মধ্যে আছে প্রাইভেট সেক্টরে ১৬৭টি স্কীম ৯৪ কোটি ২৩ লক্ষ টাকার, পাবলিক সেক্টরে ২৫টি স্কীম ১৩৪ কোটি ৫৩ লক্ষ টাকার এবং জয়েন্ট সেক্টরে ৫টি স্কীম ৮৩ কোটি টাকার। আর যেগুলি পেন্ডিং রয়েছে তার মধ্যে রয়েছে প্রাইভেট সেক্টরে ১২৬টি স্কীম ৮৪ কোটি টাকার এবং জয়েন্ট সেক্টরে ৫টি স্কীম ৩৫ কোটি টাকার। কিন্তু এই ৫টি স্কীমের মধ্যে আজকে সকালবেলায় লেটার অব ইনটেন্ট পেয়েছি স্কুটার ফ্যাক্টরির, আমরা স্কুটার তৈরি করতে পারব তার অনুমোদন লাভ করেছি। ৫টি স্কীম জয়েন্ট সেক্টরের তরফ থেকে পেন্ডিং রয়েছে। আমাদের ইনসেন্টিভ স্কীমে ৭টি স্কীম যার মূল্য মনে হচ্ছে ৭৮ কোটি টাকা তা এখনও ভারত সরকারের কাছে পেন্ডিং রয়েছে। আমাদের এই যে নতুন মূলধন এখানে নিয়োগ করবার আগ্রহ দেখতে পেয়েছি তাতে বলতে পারি, আমরা যদি ঠিকমত বিদ্যুৎ সরবরাহ করতে পারি, তা হ'লে পশ্চিমবঙ্গে শিল্পের উন্নয়ন দ্রুতগতিতে এগিয়ে চলবে। আমি বলতে চাই, পশ্চিমবঙ্গে বিদ্যুৎ যাই কম থাক, অন্য সমস্ত প্রদেশের চেয়ে ভাল অবস্থায় রয়েছে এবং বিদ্যুৎ বিভাগ এবং অন্যান্য বিভাগ চেষ্টা করছে যাতে ক'রে এই বছরের মধ্যে আরও প্রায় ২৪০ মেগাওয়াট বিদ্যুৎ পাই, তাতে এই অবস্থার আমূল পরিবর্তন হবে। আমরা এই যে প্রস্তাব পেয়েছি এই প্রস্তাবের মধ্যে আমি আপনাদের কাছে জানিয়ে দিই, আমাদের পশ্চিমবঙ্গ সরকারের এখন নীতি হচ্ছে ব্যাকওয়ার্ড এলাকা যেগুলি রয়েছে তাদের বেশি ক'রে এগিয়ে নিয়ে যাওয়া। তাই ৫১১ কোটি টাকার প্রস্তাবের মধ্যে পুরুলিয়া জেলায় যেটা সবচেয়ে বেশি ব্যাকওয়ার্ড ব'লে মনে করি সেখানকার জন্য যে প্রস্তাব আছে তাতে ক'রে ৭৭ কোটি ৭৭ লক্ষ টাকা ব্যয় করবার প্রস্তাব রয়েছে। এই টাকার মধ্যে ৫৮ কোটি টাকার প্রস্তাব ভারত সরকার অনুমোদন করেছেন। আর পুরুলিয়ার সঙ্গে সঙ্গে নাম করব নর্থ বেঙ্গলের। কারণ, নর্থ বেঙ্গলে চা ছাড়া অন্য কোন শিল্প নাই। সেই নর্থ বেঙ্গলের জন্য প্রায় ৩৯ কোটি টাকার প্রস্তাব ভারত সরকারের কাছে পাঠানো হয়েছিল, তার মধ্যে অনুমোদন লাভ করতে পেরেছে ৪ কোটি ১৬ লক্ষ টাকা। আমি আপনাদের বলতে চাই, নর্থ বেঙ্গলে যেগুলি পাঠিয়েছি আর পুরুলিয়ায় যেগুলি হয়েছে এ ছাড়া অন্যান্য যেসব অনগ্রসর এলাকা রয়েছে তাদের জন্য এই ৫১১ কোটি টাকার প্রস্তাবের মধ্যে উল্লেখ রয়েছে। আমরা চাচ্ছি একটা ব্যালেন্সড ডেভেলপমেন্ট হোক সারা পশ্চিমবঙ্গে—

Eighty-four per cent. of the industries are located within the greater Calcutta area.

এই যে একটা অবস্থা এই অবস্থার পরিবর্তন করতে চাই। এই পরিবর্তন করার জন্য আমরা সারা পশ্চিমবঙ্গে আটটা গ্রোথ সেন্টার করা ঠিক করেছি যেখানে হেভি, বিগ অ্যান্ড মিডিয়াম ইন্ডাস্ট্রিজ গ'ড়ে উঠবে এবং তার সঙ্গে অ্যানসিলারী ইন্ডাস্ট্রিজ হিসাবে ছোট ইন্ডাস্ট্রি গ'ড়ে উঠতে পারে, সেগুলি হচ্ছে দুর্গাপুর, হলদিয়া, কল্যাণী, ফরাক্কা, সাঁওতালদি, শিলিগুড়ি, আসানসোল, আর খড়্গপুর। এ ছাড়া আমরা চেষ্টা করছি প্রত্যেকটি ডিস্ট্রিক্টে অন্তত একটা ক'রে ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্টের যাতে গ্রোথ হ'তে পারে সেই রকম একটা জায়গা নির্দিষ্ট ক'রে সেখানকার উন্নয়ন করব, ইনফ্রা-স্ট্রাকচার নিয়ে যাব যাতে ক'রে বড়, মাঝারি এবং ছোটখাট ইন্ডাস্ট্রি গ'ড়ে উঠতে পারে। আমরা এজন্য একটা ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট বোর্ড গঠন করতে যাচ্ছি যার কাজ হবে বিভিন্ন জায়গায় শিল্প স্থাপন করতে গেলে যা যা করা দরকার সেই সমস্ত জিনিসের বন্দোবস্ত করা।

এ ছাড়া আপনাদের কাছে বলতে পারি এবং আপনারাও জানেন যে, হলদিয়াতে আমরা একটা পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স করতে চাই। সেখানে যে অয়েল রিফাইনারি আছে তার মোটামুটি পেট্রোলিয়াম ক্যাপাসিটি, রিফাইনারি ক্যাপাসিটি হচ্ছে আড়াই মিলিয়ন টন। আমরা ভারত সরকারকে লিখেছি তাকে সাত মিলিয়ন টন করবার জন্য। আমি কিছুদিন আগে যখন দিল্লী গিয়েছিলাম তখন পেট্রোলিয়াম মিনিস্টার মিঃ বড়ুয়ার সঙ্গে কথা বলেছি এবং দেখলাম তিনি সহানুভূতির সঙ্গে বিবেচনা করছেন। তিনি স্বীকার করেছেন, আড়াই মিলিয়ন টন যদি রিফাইনারি ক্যাপাসিটি থাকে তা থেকে পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স করা সম্ভব নয়, তা দিয়ে ন্যাপথা প্রভৃতি যতটুকু উৎপাদন হবে সেটা ফার্টিলাইজার প্ল্যান্টের কাজে লেগে যাবে। সেইজন্য

তিনি আমাদের বলেছেন যাতে পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স হয়, তার জন্য আমি চেষ্টা করব। আমি আপনাদের জানাতে চাই, এই যে গ্রোথ সেন্টারের কথা বললাম এই গ্রোথ সেন্টার ছাড়া আমরা যেগুলি করতে চাই সেটা হচ্ছে সিমেন্ট ফ্যাক্টরি এবং তার জন্য পারমিট আমরা পেয়েছি। আমরা তিনটি সিমেন্ট ফ্যাক্টরি করতে চাই। আমরা একটি করব পুরুলিয়ায় লাইম স্টোন দিয়ে, একটি করতে চাই আসানসোলে স্লট সিমেন্ট, ইস্কো সিমেন্ট দিয়ে এবং আর একটি করতে চাই নর্থ বেঙ্গলে যদি মেঘালয় থেকে ক্লিংকল পাই। আমরা নাইলন সিটের একটা বড় ফ্যাক্টরি করতে চাই ফরাক্কাতে, যার জন্য ১২ কোটি টাকার বেশি খরচ হতে পারে। টায়ার্স অ্যান্ড টিউবস তৈরি করবার জন্য একটা ফ্যাক্টরি করতে চাই আমাদের ২৪-পরগনার মধ্যে। আমরা চেষ্টা করছি যাতে ক'রে কয়েকটি মিনি স্টীল প্ল্যান্ট পেতে পারি এবং এগুলি আমরা বিভিন্ন জায়গায় ছড়িয়ে দিতে চাই যার ফলে একটা মাঝারি বা ভারী শিল্প গ'ড়ে উঠলে তার চারিপাশে যাতে অন্যান্য শিল্প গ'ড়ে উঠতে পারে তার জন্য। আমরা হলদিয়ার উপর বেশি জোর দিচ্ছি ডাউন স্ট্রীম পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স-এর জন্য। তার মধ্যে আমাদের যেসমস্ত পরিকল্পনা রয়েছে তাতে আছে ফার্টিলাইজার ফ্যাক্টরি, এক্সপ্যানশন অব ক্র্যাকার ইউনিট, সিপবিল্ডিং ইয়ার্ড, ইন্ডাস্ট্রিয়াল ফসফেট প্ল্যান্ট, কস্টিক সোডা, ক্লোরিন প্ল্যান্ট, কার্বন ব্ল্যাক প্ল্যান্ট। ফরাক্কাতে আমরা নাইলন সিট ছাড়া যা করতে চাই তার মধ্যে রয়েছে সেকেন্ড ইউনিট অব ইলেকট্রোনিক কর্পোরেশন অব ইন্ডিয়া, রেলওয়ে সিগন্যালিং ইলেকট্রিক্যাল ইকুইপমেন্ট ফ্যাক্টরি। আমি গতকাল বলেছিলাম, বাঁকুড়াতে আমরা অ্যানিলিন আর ইন্ডাস্ট্রিয়াল কেমিক্যাল এই দু'টি ফ্যাক্টরি করতে চাই। বর্ধমানে আমরা যেগুলো করতে চাই সেখানে দেখতে পাচ্ছি এসিলিন ব্ল্যাক প্ল্যান্ট, কার্বাইড প্ল্যান্ট, সিনেমা আর্ক কার্বন প্ল্যান্ট, ফ্লাওয়ার মিল এগুলির লেটার অব ইনটেন্ট পাওয়া গেছে। নদিয়াতে যেগুলো করতে চাই তার মধ্যে রয়েছে আয়রন অ্যান্ড স্টীল প্রোজেক্ট, হাইস্টীল প্ল্যান্ট, ইলেকট্রিক আর্ক ফার্নেস প্ল্যান্ট। এগুলির জন্য অ্যাপ্লিকেশন করা হয়েছে কেন্দ্রীয় সরকারের কাছে অ্যান্ড উই আর ওয়েটিং ফর দেয়ার স্যাংশন। পুরুলিয়ার কথা আমি আগেই বলেছি। এ ছাড়া আমি বলতে চাই, ভবিষ্যতের জন্য পশ্চিম বাংলায় আরও কতকগুলি শিল্পের উন্নতি করবার সম্ভাবনা আছে।

[6-30—6-40 p.m.]

১৯৫১ সালে ইলেকট্রনিক ইন্ডাস্ট্রি ভারতবর্ষে যা ছিল তার শতকরা ৮১ ভাগ পশ্চিম বাংলায় তৈরি হত, কিন্তু আমাদের দুর্ভাগ্য যে, আজকে সেটা কমে গিয়ে ৬ ভাগে দাঁড়িয়েছে। আমরা চেষ্টা করছি, সামনের ৫/৬/৮ বছরের মধ্যে একটা পরিকল্পনা নিচ্ছি ঐ ৬ ভাগ থেকে বাড়িয়ে যাতে ৩০ পারসেন্ট করতে পারি তার জন্য ইলেকট্রনিক কর্পোরেশন গঠন করছি। তাদের কাজ হবে সারা পশ্চিম বাংলার মধ্যে ইলেকট্রনিক ইন্ডাস্ট্রি আমরা যাতে বেশি ক'রে করতে পারি। আমরা একটা মিনারেল ডেভেলপমেন্ট অ্যান্ড ট্রেডিং কর্পোরেশন গঠন করছি। এই মিনারেল ডেভেলপমেন্ট কর্পোরেশনের কাজ হচ্ছে আমাদের দেশে যেসমস্ত মিনারেল রয়েছে সেগুলি সদ্ব্যবহার করা এবং সদ্ব্যবহার ক'রে তার উন্নতি ক'রে বিক্রির বন্দোবস্ত করা। এতে সব থেকে বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া, পার্ট অব মেদিনীপুর এবং নর্থবেঙ্গল এর থেকে উপকার পেতে পারে। এ ছাড়া আমরা গঠন করছি যেটা সেটা হচ্ছে ওয়েস্ট বেঙ্গল পেট্রো-কেমিক্যাল কর্পোরেশন যার কাজ হবে পেট্রো-কেমিক্যাল ইন্ডাস্ট্রির উপরে ডাউন স্ট্রীম ইন্ডাস্ট্রি গঠন ক'রে যাওয়া। স্যার, আপনি জানেন, আমাদের পশ্চিম বাংলায় পাঁচটা মোটামুটি ট্র্যাডিশনাল ইন্ডাস্ট্রি আছে জুট, টি, কোল, ইঞ্জিনীয়ারিং অ্যান্ড স্টীল। কোল ন্যাশনালাইজ হয়ে গেছে, সেখানে অনেক টাকা ভারত সরকারের কাছ থেকে ইনভেস্টেড হবে, কিন্তু এগুলির মধ্যে জুটের অবস্থা খুব ভাল ব'লে মনে করি না। জুটের যে রপ্তানি ছিল, সেই রপ্তানি ১৯৭১ সালে বেড়েছিল এবং ১৯৭২ সালের অর্ধেক পর্যন্ত বেড়েছিল। তার কারণ বাংলাদেশ থেকে তখন জুট বাইরে যেতে পারে নি, কিন্তু এখন এখানে আমাদের রপ্তানি খুব স্টিফ কম্পিটিশন হয়েছে। অতএব এটা নিয়ে ভারত সরকারের সঙ্গে আমরা বসেছি এবং কয়েক দিনের মধ্যে মাননীয় মুখ্যমন্ত্রী এই সমস্ত জুট ইন্ডাস্ট্রির ব্যাপার নিয়ে মিটিং ডেকেছেন যে, কি করলে এই সমস্যার সমাধান করতে পারি, আমরা তাই নিয়ে চিন্তা করছি। টি সম্বন্ধে বলতে পারি, কিছু টি গার্ডেন

অকেজো হয়ে গেছে, বন্ধ হয়ে গেছে, বাকিগুলি চালু আছে—সেগুলির অবস্থা ভাল, ভালভাবেই চলছে। টি-এর অবস্থা মোটামুটি ভাল, এ কথা বলা চলে। ইঞ্জিনীয়ারিং ইন্ডাস্ট্রির কথা বলতে পারি যে, ইঞ্জিনীয়ারিং ইন্ডাস্ট্রি ১৯৬৭ সাল থেকে ১৯৭২ সালের মধ্যে খুব বড় ঘা খেয়েছে। যেখানে সাড়ে সাত লক্ষ টন স্টীল তাঁরা পেতেন, কনজিউম করতেন, সেটা কমে গিয়ে ৪ লক্ষ টনের মত হয়েছিল, কিন্তু গত বছরের চেয়ে এখন আবার ইঞ্জিনীয়ারিং শিল্পে নতুন জোয়ার এসেছে। আবার ইঞ্জিনীয়ারিং শিল্প রিকভারির পথে এগিয়ে চলেছে। এ ছাড়া আর যেসমস্ত আমাদের ইন্ডাস্ট্রি রয়েছে যেমন টেক্সটাইল, কেমিক্যাল, লেদার, ফার্মাসিকিউটিক্যাল, সিরামিক, গ্লাস অ্যান্ড সিমেন্ট। এবং আরও যেসমস্ত ইন্ডাস্ট্রি রয়েছে তার মধ্যে ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রির অবস্থা খুব ভাল ব'লে মনে করি না এবং ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রির অবস্থা কি আছে তা জানবার জন্য একটা বিশেষজ্ঞ কমিটি নিয়োগ করা হয়েছে। তারা রিপোর্ট করলেই আমরা চিন্তা করব কি করা যায়। টেক্সটাইল ইন্ডাস্ট্রিতে, আপনি জানেন, আমরা দাবি করেছি, তুলার মূল্য কটন-এর মূল্য সমান করতে হবে। এই দাবি যদি আমরা ঠিকভাবে না আদায় করতে পারি, তা হ'লে এই রাজ্যে তুলা যা আমরা পাব তার দাম বেশি হয়ে যাবে যার জন্য অন্যান্য রাজ্যের সঙ্গে কম্পিট করা আমাদের পক্ষে ডিফিকাল্ট হয়ে পড়বে। তার জন্য আর একবার সেই দাবি আমরা জানিয়েছি বিশেষ ক'রে মাননীয়া প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী যাঁর সহানুভূতি পশ্চিম বাংলার ব্যাপারে সর্বজনবিদিত, সুতরাং একটা কিছু ঠিক হয়ে যাবে। ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন আমাদের যে উইং আমরা সেই সমস্ত জায়গায় আরও বেশি ক'রে জোরদার করছি। মোটামুটি আপনাদের কাছে বলতে পারি যে, ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন, ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্টের লক্ষ্য হচ্ছে ইন্ডাস্ট্রিয়ালাইজেশনের মারফত দেশের সম্পদকে ব্যবহার ক'রে দেশের সর্বাঙ্গীণ অর্থনীতিকে উন্নত করা। এবং তার সঙ্গে সঙ্গে পশ্চিম বাংলায় যে ভয়াবহ বেকার সমস্যা, সেই বেকার সমস্যার সমাধানের চেষ্টা করা। আপনারা মনে রেখে দেবেন যে, আমাদের পলিসি হচ্ছে ছোট এবং মাঝারি শিল্পকে আরও উন্নত করা, কিন্তু বড় শিল্পে খুব বেশি বেকার সমস্যা দূর হয় না, অনেক টাকা নিয়োগ করতে হয়—তা হ'লে অনেক লোক চাকরি পেতে পারে।

বড় শিল্পে অনেক টাকা মূলধন নিয়োগ ক'রে তবে আটজন লোকের চাকরি দেওয়া যায়। সেজন্য যদি কুটিরশিল্প গ'ড়ে তুলতে পারি, অ্যানসিলারী হিসাবে, তা হ'লে অনেক বেশি লোকের কর্মসংস্থান করতে পারব। দ্বিতীয়ত আমাদের এখন নীতি হচ্ছে কলকাতা নগরীর চার পাশে শিল্পকে না রেখে ডিস্ট্রিক্টে ডিস্ট্রিক্টে ছড়িয়ে দেওয়া এবং সেখানে যে ইন্ডাস্ট্রি তৈরি করব সেগুলি পার্ট পার্ট ক'রে দেব এবং অ্যানসিলারী ইন্ডাস্ট্রি মারফত আরও অনেক ছোটখাট শিল্প গ'ড়ে তুলতে পারব এবং বেকারসমস্যা দূর করতে পারব। আপনি জানেন, আমি একটা কমিটি অ্যাপয়েন্ট করার কথা ঘোষণা করেছি যেটা কাগজেও বেরিয়েছে। আমি বলেছিলাম, পঞ্চবার্ষিক পরিকল্পনার শেষ ভাগ পর্যন্ত ১৪শ' কোটি টাকা ব্যয় হ'তে পারে কিনা হিসাব ক'রে দেখুন। তখন আমার এই চিন্তাকে অনেক অবাস্তব ব'লে মনে করেছিলেন। আমি যখন বলেছিলাম সেটা ১৯৭২ সালের প্রথমদিকে, কিন্তু সাত বছরে এই ১৪শ' কোটি টাকা ব্যয় করা অসম্ভব নয়। আজকে দেখতে পাচ্ছি, এই ৮ই মার্চ তারিখে ৫১১ কোটি টাকা মূলধন নিয়োগের প্রস্তাব আমাদের সামনে রয়েছে। অতএব এটা থেকে বেশ বোঝা যাচ্ছে, পশ্চিমবঙ্গে মূলধন নিয়োগের ব্যাপারে আমাদের মনে দ্বিধা নেই। আমি একথা বেশ জোরের সঙ্গে আজকে বলতে পারি, আমাদের পশ্চিমবঙ্গে যেরকম বিশেষজ্ঞ এবং দক্ষ কারিগর আছে সারা ভারতবর্ষের মধ্যে কোন জায়গায় এই রকম আছে কিনা সন্দেহ। আমাদের এই সমস্ত সুযোগ-সুবিধা নেবার জন্য আমি সবাইকে আহ্বান জানাই, তবে আপনার কাছে বলি, সবচেয়ে আমরা বেশি জোর দিচ্ছি পাবলিক সেক্টর আন্ডারটেকিং-এর উপর এবং জয়েন্ট আন্ডারটেকিং এর উপর। কারণ ভারত সরকার তাদের যে নীতি ঘোষণা করেছে তাতে ক'রে লার্জ হাউস এবং লার্জার হাউসের মূলধন নিয়োগ করবার জায়গা অনেক সীমিত হয়ে এসেছে, কিন্তু জয়েন্ট সেক্টর মারফত মাঝারি ইন্ডাস্ট্রি করতে যদি এন্টারপ্রেনারশীপ এগিয়ে আসতে থাকে, তা হ'লে লার্জ এবং লার্জার হাউসে আমরা ১৯টি আইটেমে কাজ করতে পারব। হেভি ইনভেস্টেড সেক্টর-এ আরও কাজ করতে পারব মেনলি এক্সপোর্ট ওরিয়েন্টেড ইন্ডাস্ট্রিজ যেগুলি আছে তাদের আমি

আহ্বান জানিয়ে বলব, আপনাদের যেটা দেওয়া হয়েছে, নিজেরা আত্মনিয়োগ ক'রে যতটা সম্ভব সাহায্য করুন। এই ব্যাপারে মোটামুটি যে প্ল্যান নিয়েছি ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন মারফত সরকার নিজের পায়ের উপর এবং জয়েন্ট সেক্টরের উপর নির্ভর ক'রে এগুতে পারবে। ছোট ও মাঝারী শিল্প এগিয়ে আসবে এবং তাদের সাহায্য যদি পাই তবে যে ১৪শ' কোটি টাকার কথা আমি বলেছিলাম বাস্তবে সাত বছরে ১৪শ' কোটি টাকার দরকার হবে এবং আমি মনে করি অনেক আগেই এই জিনিস পূরণ করতে পারব। ভারত সরকার আমাদের কথা সহানুভূতির সঙ্গে বিচার-বিবেচনা করছেন এবং তাঁদের কাছ থেকে সর্বপ্রকার সাহায্যের প্রতিশ্রুতি নয়, সাহায্যও পাচ্ছি ব'লে আমি মনে করি। এবং এই সহযোগিতা গ্রহণ করতে পারলে পশ্চিমবঙ্গে শিল্প উন্নয়ন দ্রুত হবে এবং ঠিকভাবে করতে পারব। পুরুলিয়া জেলা এবং অন্যান্য অনগ্রসর জেলার সদস্যদের কাছে একথা বলতে পারি যে, গত পাঁচ-ছয় বৎসর ধরে যে চেষ্টা হয় নি, এই সম্বন্ধে আমরা চেষ্টা নিচ্ছি। কাল কোশ্চেন অ্যানসারের সময় আমি বলেছিলাম এবং এই ব্যাপার নিয়ে আমার একটা মিটিং ছিল অ্যালয় স্টীল প্ল্যান্ট সম্বন্ধে কাল বিকালে। মিটিংয়ে যে প্রস্তাব গ্রহণ করেছি তাতে এই কথা বলতে পারি ১৯৭২ সালের তুলনায় ১৯৭৩ সাল অনেক বেশি ফলপ্রসূ হবে। মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়া, বীরভূম, নর্থ বেঙ্গল, ফরাক্কা, কল্যাণী, ২৪-পরগনায় নূতন পরিকল্পনা নিয়ে এগোবার চেষ্টা করছি।

[6-40—6-50 p.m.]

আমি আমার মাননীয় সদস্যদের অনুরোধ করব সমস্ত জিনিসই আপনারা একটু সহানুভূতির সঙ্গে বিবেচনা করবেন। একটা রাস্তা তৈরি করা যত সহজ, তত সহজে একটা ইন্ডাস্ট্রি গ'ড়ে তোলা যায় না। তবে এসব ক্ষেত্রে বাধানিষেধ ছিল, তা আমরা দূর করতে পেরেছি। আমার সঙ্গে আমার অত্যন্ত প্রিয়ভাজন ছোট ভাইয়ের মত ডাঃ জয়নাল আবেদীন, কুটিরশিল্প ও ক্ষুদ্রশিল্প, পাবলিক আন্ডারটেকিং বিভাগের মন্ত্রী, একটু আগে ওখানে বসেছিলেন, এখন হয়ত বাইরে বেরিয়ে গেছেন, তাঁর সঙ্গে একত্রে যোগাযোগ রেখে কাজ করবার জন্য আমি চেষ্টা করছি। আমি বিশ্বাস করি, আমি নিশ্চয়ই সকলের সহযোগিতায় পশ্চিমবঙ্গে শিল্পোন্নয়ন প্রচেষ্টাকে সফল ক'রে তুলতে পারব। আমি বেকারসমস্যা একেবারে দূর করতে পারব কিনা, জানি না, তবে দূর করবার পথে অনেকটা এগুতে পারব। এই কথাগুলি ব'লে আমার ব্যয়বরাদ্দের দাবি গ্রহণ করবার জন্য অনুরোধ রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Deputy Speaker: All the cut motions are in order and they are taken as moved.

Shri Timir Baran Bhaduri:

That the amount of the demand be reduced to Re. 1—

That the amount of the demand be reduced by Rs. 100—

Shr Shish Mohammad:

That the amount of the demand be reduced by Rs. 100—

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মন্ত্রী তরুণবাবু গ্র্যান্ট নং ২৬-এ যে ব্যয়বরাদ্দের হিসেব আমাদের সামনে রাখলেন তা সমর্থন বা বিরোধিতা তার কথা পরে বলছি। যে কথাটা আজকে, মাননীয় উপাধ্যক্ষ মহাশয় এই হাউসে এর আগে একটা গ্রান্টের পর্যালোচনা করতে গিয়ে যে বাধার সম্মুখীন আমরা হয়েছি, সে বিষয়ে একটু বলা দরকার।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মুর্শিদাবাদ জেলার একজন সদস্য আমাদের বর্ণচোরা বলেছেন, বর্ণচোরা বললেন, আমাদের সর্বভারতীয় নেতা কমরেড ত্রিদিব চৌধুরীর বিরুদ্ধে, শ্রীমতী ইন্দিরা গান্ধী সম্বন্ধে কিছু কথা বললেন। আমার মাননীয় সদস্য বন্ধুকে বলি পিছনের ইতিহাসের দিকে যেতে। ১৯৫৭ সালে ইলেকশনে নমিনেশন পাবার আশায় এই ত্রিদিব চৌধুরীর

গলায় মালা পরিয়ে কে দিয়েছিল? সৈয়দ বদরুদ্দোজা সাহেব তো তাকে ঝেড়ে ফেলে দিয়েছিল। সেসব কথা কে না জানে! তিনি বললেন, মুর্শিদাবাদের সমবায় সমিতির কোন এক সদস্যের ইতিহাস। আমি তার প্রতিবাদ করি এবং তাঁকে চ্যালেঞ্জ জানাচ্ছি, তাঁর ক্ষমতা থাকো তো মুর্শিদাবাদের বহরমপুরের ওপারে গিয়ে বলবেন সেকথা নির্মল দত্তকে। অসমঞ্জ দে-কে খুঁচিয়ে ব'লে দিলেন এই নামটা বলার জন্য।

কিছুক্ষণ আগে যে সম্পর্কে আলোচনা হচ্ছিল সেই কথাই বলছি। বারি সাহেবকে বলি, আপনি সাহসী পুরুষ, আপনি আপনার নেতার কৃপাভাজন হবার জন্য যে কথা বললেন, মুর্শিদাবাদে যে মৎস্যজীবী সমিতি আছে তারা গরিব মানুষ, তাদের সামনে গিয়ে বলুন, কারা কি করেছে। তার উত্তর তারা দিয়ে দেবে। আমি এখানে সে কথার প্রতিবাদ করছি।

আমাদের শিল্পমন্ত্রী তাঁর দপ্তরের ব্যয়বরাদ্দের যে সুপারিশ করেছেন, আমি মন্ত্রিমহাশয়ের ভাষায় বলি, তিনি আগেও এই শিল্পমন্ত্রী ছিলেন, আমাদের দেশের ইন্ডাস্ট্রি কিভাবে মার খাচ্ছে সে সম্বন্ধে তিনি একটা সত্য কথা ব'লে গেছেন। তার জন্য তাঁকে নিশ্চয়ই অভিনন্দন জানাচ্ছি। পশ্চিমবঙ্গের শ্রমিক খুব যোগ্যতার পরিচয় দেন ভারতবর্ষের অন্যান্য প্রদেশের শ্রমিকদের তুলনায়। পশ্চিমবঙ্গের ইন্ডাস্ট্রিয়াল শ্রমিকরা স্কিল্‌ড লেবার।

তিনি আরও বলেছেন তুলোর কথা। ভারতবর্ষের ক্ষেত্রে পশ্চিমবঙ্গে যে দামে আমাদের তুলো কিনতে হয় তা বেশ চড়া। তার জন্য তিনি বলেছেন, আমি এ ব্যাপার নিয়ে শ্রীমতী ইন্দিরা গান্ধীর সঙ্গে আলোচনা করব, তাঁর কাছে দাবি করব। আজকে দীর্ঘদিন ধ'রে সেই দাবি আমরা ইন্দিরা গান্ধীর কাছে ক'রে আসছি। পশ্চিম বাংলার শিল্পক্ষেত্রে একদিকে এই ইন্দিরা গান্ধীকে দেখা যায় কৃপাদৃষ্টি করছেন, আর একদিকে দেখা যায় তিনি তুলো নিয়ে কি কেলেঙ্কারী করছেন। আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব, তিনি একটু দেখুন কলকাতা এবং হাওড়ার আশেপাশে কুটিরশিল্প যা আছে সেখানে উপযুক্ত কোটার অভাবে এইসব ছোট ছোট কারখানা যেখানে ১০-১৫ জন কাজ করে এক-একটি কারখানায় সেখানের মেটিরিয়ালসের কোটার অভাবে কাজ বন্ধ হয়ে গিয়েছে। সেখানে দেখা যায়, পশ্চিমবঙ্গের ক্ষেত্রে যে কোটা দেওয়া হয় উড়িষ্যা তার চেয়ে বেশি পায়। কেন্দ্রীয় সরকার বলেন, এটা নাকি জনসংখ্যার ভিত্তিতে দেওয়া হয়। অপর-দিকে দেখি উড়িষ্যা থেকে এই সমস্ত ছোট ছোট কারখানাগুলো সেই জিনিস ব্ল্যাকে কিনে নিয়ে আসে এবং ভারতবর্ষের বাজারে এরা এইজন্য মার খাচ্ছে। সেদিকে নজর রাখতে বলি। ইন্দিরা গান্ধীর কাছে অনুনয়-বিনয় ক'রে নয়। একটু আগে বলা হয়েছে ত্রিদিব চৌধুরী ইন্দিরা গান্ধীর পিছনে পিছনে ঘুরে বেড়ান। তিনি ঘুরে বেড়ান না। তাঁর যোগ্যতা আছে এবং দীর্ঘদিন ধ'রে সে যোগ্যতা তিনি দেখিয়েছেন, তাই ইন্দিরা গান্ধীকে পর্যন্ত বাধ্য হতে হয়েছে তাঁর যোগ্য মর্যাদা দিতে। আপনাদের নেতৃবৃন্দ কি করেন তা আমাদের জানা আছে। কিছুক্ষণ আগে পণ্ডিত নেহরু সম্বন্ধে আমার বন্ধু শীশ মহম্মদ বলেছেন, তখন মুখ্যমন্ত্রী বললেন, পণ্ডিত নেহরুর অবমাননা করলে এইরকমভাবে বাধা হবে। এইভাবে দলের নেতৃত্ব দেওয়া যায় না। কিছুক্ষণ আগে জয়নাল আবেদীন সাহেব বললেন, কালো হাত গুঁড়িয়ে দেব। ১৭ই জানুয়ারি মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা থানায় কি ঘটনা ঘটেছিল, তার ইতিহাস দেখুন। অ্যাক্সিডেন্ট হতে পারে। তার জন্য জয়নাল আবেদীন সাহেবকে দোষারোপ করছি না। সেখানে শান্তিগোপাল সিংহ ব'লে একটা ছেলেকে অ্যাক্সিডেন্ট ক'রে ৫০ গজ টেনে নিয়ে যাওয়া হ'ল তার দেহ। জয়নাল আদেনীন সাহেব, আপনি তো মন্ত্রী, আপনি তো ডাক্তার। আপনারা তো বার বার বলেন, যুক্তফ্রন্ট এই করেছে, তাই করেছে, কিন্তু কোর্ট কার বিরুদ্ধে রায় দেয়। (প্রচণ্ড হট্টগোল।)

(কংগ্রেস বেঞ্চের কয়েকজন সদস্যকে একসাথে দাঁড়িয়ে থাকতে দেখা যায়।)

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য তিমির ভাদুড়ী মহাশয় যে বক্তৃতা করছেন অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার।

Mr. Deputy Speaker: Mr. Biswas, please take your seat.

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য: আমি একটা পয়েন্ট অব অর্ডার তুলছি। স্যার, যে কেসটি উনি রেফার করছেন সেটা সাব-জুডিস আছে। এই সাব-জুডিস কেস রেফার করা তাঁর এখানে উচিত কি?

শ্রী এ এইচ বেস্টারউইচ: স্যার, হরশঙ্করবাবু যে কেসের কথা বলছেন উনি সে কেস রেফার করেন নি। আর একটা কেস হয়েছে বেলডাঙ্গায়, আনফরচুনেটলি সেটা কিন্তু সাব-জুডিস কেস নয়। কোর্টে কেস হওয়া তো দূরের কথা বেলডাঙ্গায় যে ঘটনা ঘটেছে তাতে আজ পর্যন্ত পুলিসের এনকোয়ারি পর্যন্ত হয় নি। হাউ ক্যান ইট বি এ সাব-জুডিস কেস?

শ্রীবাদল বারি বিশ্বাস: স্যার, আমার একটা পয়েন্ট অব অর্ডার আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ইন্ডাস্ট্রি খাতের ব্যয়বরাদ্দের মঞ্জুরী নিয়ে আলোচনা হচ্ছে। মাননীয় সদস্য শ্রীতিমিরবরণ ভাদুড়ী মহাশয় যে বক্তব্য রাখছেন সেটা অন্য খাতের ব্যাপারে। তিনি এইভাবে অন্য ব্যাপার নিয়ে আজকে আলোচনা করতে পারেন? এটা কি রাজনীতি করার প্ল্যাটফর্ম? খবরের কাগজে প্লেস পাবার উদ্দেশ্যে নিজের উদ্দেশ্য চরিতার্থ করার জন্য যে-কোন সময় যে-কোন কথা তিনি কি বলতে পারেন? আপনি কি স্যার, কতকগুলি ইররেলেভ্যান্ট টকস করতে সাহায্য করবেন?

শ্রী এ এইচ বেস্টারউইচ: স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার—জয়নাল আবেদিন সাহেব কতকগুলি কথা বললেন এগেনস্ট এ মেম্বার, তখন তো কিছু কথা আপনারা বললেন না—কোন প্রশ্ন উঠল না। আর এখন তিনি যেহেতু ঠিক কথা বলছেন আপনাদের লাগছে ব'লে পয়েন্ট অব অর্ডার হয়ে গেল। দ্যাট ইজ নট অপারেটিভ।

Mr. Deputy Speaker: Hon'ble Mr. Besterwitch, let us close that chapter. I will request Mr. Bhaduri to speak within the purview of this Grant.

[6-50—7-00 p.m.]

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এগুলি বলতে হয়েছিল বর্তমান পরিস্থিতির পরিবেশ অনুযায়ী। আমার বলার ইচ্ছা ছিল না। আমি অ্যাপীল করেছি মুখ্যমন্ত্রীর কাছে, তিনি এটা বিচার ক'রে দেখুন। তিনি আমাদের নেতৃত্ব দিচ্ছেন ব'লেই তাঁর কাছে অ্যাপীল করেছি। গণতন্ত্রে আমার বলার স্কোপ আছে ব'লেই বলেছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তরুণবাবু যে কথা বলেছেন—তাঁকে বলি তিনি বহু বড় বড় কারখানার কথা বলেছেন। তিনি বলেছেন অনগ্রসর জেলার কথা, বীরভূম, বাঁকুড়ার কথা বলেছেন। আমি বিশেষভাবে বড় বড় দিকে তাকাতে পারছি না, ছোট ছোট যেসমস্ত সুগার ইন্ডাস্ট্রি মরে গেছে, মজে গেছে—আখের যেসমস্ত মিল আছে সেই সব ইন্ডাস্ট্রিকে আবার নতুন ক'রে গড়া যেতে পারে—যেমন বেলডাঙ্গায় সুগার মিল। আজকাল শিল্পে একটা জিনিসের বিশেষ অভাব রয়েছে—সেটা হচ্ছে কাঁচামাল। তাই আমি বলছি যে, এই সমস্ত র মেটিরিয়াল আগের থেকে জোগাড় করার দরকার আছে। যেমন পাটকাঠির ছোবড়া—এ দিয়ে মোটা কাগজ তৈরি হয়, আমাদের এখানে র মেটিরিয়ালের সুযোগ আছে—সেদিক থেকে মন্ত্রিমহাশয় নিশ্চয় দৃষ্টি দেবেন। আজকে শিল্পের কি অবস্থা সেকথা সকলেই জানেন—সেখানে মিনিমাম ওয়েজ-এর যে নীতি তা পালিত হয় না। র মেটিরিয়ালের অভাবে অনেক কারখানা বন্ধ হয়ে গেছে। আমাদের এরিয়াতে সিডিউল্ড কাস্টের সংখ্যা বেশি। তাদের আজকে শ্রমিক হিসাবে তৈরি করা প্রয়োজন। এই সিডিউল্ড কাস্টদের যাতে ঠিকমত স্কীল্ড শ্রমিক করা যায় সেদিকে দৃষ্টি দিতে হবে। এই কথা ব'লে উনি যে দাবি উত্থাপন করেছেন তার বিরোধিতা ক'রে আমার বক্তব্য শেষ করছি এবং আমার কাটমোশন মুভ করছি।

শ্রীগোপালদাস নাগ: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় তিমিরবাবু একটি যে কাট মোশন দিয়েছেন—আমি মূলতঃ সেটির মধ্যেই আমার বক্তব্য নিবন্ধ রাখছি। মণীন্দ্র মিল, বি টি মিল ইউনিট-এ কম্পোজিট মিল কেন করা হ'ল না—মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিম বাংলার শিল্পে একটা বন্ধ্যা দশা চলছিল, আমার পূর্বে কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ বিভাগের মন্ত্রী সেই কথা বলেছেন। ১৯৭১ সালের শেষভাগে রাষ্ট্রপতি শাসনের সময় পশ্চিম বাংলার ভারপ্রাপ্ত কেন্দ্রীয় মন্ত্রী তিনি যখন পশ্চিম বাংলার শিল্পোন্নয়নের জন্য ১৬ দফা কর্মসূচি গ্রহণ করেছিলেন সেই কর্মসূচির সর্বাগ্রে বিশেষজ্ঞদের মত নিয়ে তাঁরা স্থান দিয়েছিলেন বন্ধ এবং রুগ্ন শিল্পগুলিকে রিভাইভ করার জন্য। এর কতকগুলি সঙ্গত কারণ ছিল। প্রথম কারণ ছিল যে, বন্ধ এবং রুগ্ন শিল্পগুলি রিভাইভ করতে গেলে কম ইনভেস্টমেন্ট লাগে। দ্বিতীয় কারণ ছিল প্রোডাকশন খুব দ্রুত তৈরি করা যায়। চেসিস পার্টস কম লাগে। আর সব চেয়ে বড় কারণ ছিল যে, একটা দরিদ্র দেশের ডেভেলপিং ইকনমিতে যে ইনভেস্টমেন্ট করা হয়েছে, কোন ইন্ডাস্ট্রি বা সেই ইন্ডাস্ট্রি চালু করতে যে দক্ষতা বা অভিজ্ঞতা সঞ্চয় করা গিয়েছিল সেটাকে সম্পূর্ণ স্ক্র্যাপ করা একটা কলোসিয়াল ন্যাশনাল ওয়েস্টেজ। আর একটা সবচেয়ে বড় কারণ ছিল যে, এই শিল্পে যারা কাজ করত—আমাদের পশ্চিম বাংলার বেকার সমস্যা বিরাট, কিন্তু এই বেকারদের মধ্যে দুটো শ্রেণীর বেকার আছে ব'লে আমি মনে করি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এক শ্রেণীর বেকার যারা কখনও কাজ করে নি বা কাজ করবার সুযোগ পায় নি, আর ১৯৬৭ সাল থেকে ১৯৭২ সালের মধ্যে আরও প্রায় ২ লক্ষ মানুষ বেকার হ'ল যারা কিন্তু কাজ করত, যারা স্থায়ী কাজ পেয়েছিল। তারা এই স্থায়ী কাজ পাবার পরে ঘর-সংসার পেতেছিল, সুন্দর ভবিষ্যতের স্বপ্ন দেখেছিল, সেই লোকগুলির অধিকাংশই বিনা অপরাধে কর্মচ্যুত হ'ল খারাপ ম্যানেজমেন্টের জন্য। এই লোকগুলি কিন্তু যারা কখন কোন কাজ পায় নি বেকার তাদের থেকে মারাত্মক। ওরা রাস্তায় এসে দাঁড়াল স্ত্রী, পুত্র, পরিবার নিয়ে। আমরা যেমন ফ্লাড হ'লে, ড্রট হ'লে এগ্রিকালচারাল লেবারারদের বাঁচাবার জন্য টেস্ট রিলিফ ক'রে জি আর দিই, তেমনি কিছু ইন্ডাস্ট্রিতে ক্লোজার নয়, সিকনেস আসে তার জন্য ঐ শিল্পে নিযুক্ত শ্রমিকরা যে কর্মচ্যুত হয় তাদের জন্য সরকারের একটা নৈতিক দায়িত্ব থাকে, সোস্যাল রেসপনসিবিলিটি থাকে ঐ ইন্ডাস্ট্রি-গুলিকে পুনরায় চালু ক'রে দিয়ে ঠিক ঐ একই স্পিরিটে, রিলিফ স্পিরিটে ঐ লোকগুলিকে পুনরায় কাজে ফিরিয়ে দেওয়া এই সমস্ত দিক বিবেচনা ক'রে শিল্পোন্নয়নের প্রথম পর্যায়ে পশ্চিম বাংলার বর্তমান সরকার বেশি জোর দিয়েছিল রুগ্ন এবং বন্ধ কারখানাগুলিকে খোলা বা চালু করার কাজে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সরকার আসার পরে ১৬টি মাঝামাঝি এবং বড় শিল্পের পরিচালনভার আইন অনুযায়ী নেওয়া হয়েছে। ৮টি ইউনিট পুনর্গঠনের কাজে ইন্ডাস্ট্রিয়াল রিকনস্ট্রাকশন করপোরেশন অব ইন্ডিয়া এবং পশ্চিমবঙ্গ সরকার যৌথ প্রচেষ্টা শুরু করেছেন। এ ছাড়া আরও ১৪টি প্রতিষ্ঠান পুনর্গঠনের কাজ এককভাবে আই ও আর সি আই গ্রহণ করেছেন।

[7-00—7-10 p.m.]

এ ছাড়া ইস্কোর মতন বড় একটা কোম্পানী জাতীয়করণ করা হয়েছে। নন-কোকিং কোল মাইনগুলির পরিচালনাভার ভারত সরকার গ্রহণ করেছেন। এই কাজের পেছনে পশ্চিমবঙ্গ সরকারের যে প্রচেষ্টার ব্যাপার সেটা আমি আগেই বিধানসভার মাননীয় সদস্যদের জানিয়েছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এ বছরের মধ্যে পশ্চিমবঙ্গ সরকার ৫ কোটি টাকার মূলধনে স্টেট টেক্সটাইল কর্পোরেশন প্রতিষ্ঠা করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। কাপড়ের কলগুলি যেগুলি পশ্চিমবঙ্গ সরকারের ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশন গ্রহণ করেছে সেই কাপড়ের কলগুলির পরিচালনার দায়িত্ব এই কর্পোরেশনকে দেওয়া হবে। এই সরকার ঠিক অনুরূপ নীতিতে টি গার্ডেন্স রিকনস্ট্রাকশন কর্পোরেশন প্রতিষ্ঠার বিষয় অত্যন্ত গুরুত্ব সহকারে পরীক্ষা করছেন। এ ছাড়া কৃষ্ণা গ্লাসের দু'টি ইউনিট ও ব্রিটানিয়া ইঞ্জিনীয়ারিং খুব শীঘ্র খোলার কথা পূর্বে ঘোষণা করেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীতিমির ভাদুড়ী কাট মোশন এনে মণীন্দ্র মিলস ও বি টি মিলস সম্বন্ধে যে কথা বলেছেন সে সম্বন্ধে বলতে চাই যে, এই রিভাইভাল অব ক্লোজড অ্যান্ড সিক ইন্ডাস্ট্রিজ-এর দু'টি পর্যায় আছে—দু'টি স্টেজ অব

অপারেশন আছে। প্রথম যে ইউনিটটি বন্ধ হয়ে গিয়েছে সেই ইউনিটটি রেসটিভেট করা এবং দ্বিতীয় পর্যায় হচ্ছে এটাকে মডার্নাইজ করা টু মেক ইট রিয়েলি ভায়াবল। প্রথম পর্যায়ে স্বাভাবিক কারণে কিছু লোকসান হ'তে পারে, কিন্তু কিছুদিন পরে এই লোকসান আর থাকে না, লাভ হতে শুরু করে। এই প্রসঙ্গে মাননীয় সদস্যদের জানাতে চাই যে, আমরা যে ৮টি কাপড়ের কল গ্রহণ করেছি যার মধ্যে মণীন্দ্র মিলস এবং বি টি মিলস আছে, তার মধ্যে বর্তমানে ৬টি কাপড়ের কলে আমরা লাভ করছি, মাত্র দু'টি কাপড়ের কলে লোকসান হচ্ছে। যে দু'টি ইউনিট সম্বন্ধে উনি কাট মোশন এনেছেন এবং পশ্চিমবঙ্গ সরকারকে দোষী করবার চেষ্টা করেছেন, আমরা কেন কম্পোজিট মিল করি নি সেই দু'টি ইউনিট সম্বন্ধে নিশ্চয় তাঁর সম্যক জ্ঞান আছে। এই দুটি ইউনিট দীর্ঘদিন বন্ধ ছিল। এর পরিচালনার দায়িত্ব এক বছরের কম সময় গ্রহণ করা হয়েছে। এই দু'টি পরিচালনা করছে প্রত্যক্ষভাবে ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশন, কিন্তু পশ্চিমবঙ্গ সরকারের আর্থিক আনুকূল্যে এবং পরোক্ষ পরিচালনায়। এতে দু'টি স্টেজ আছে। একটা স্টেজ রি-ওপেনিং অ্যান্ড ওয়ার্কিং। যে এক্সিসটিং প্ল্যান্ট সেগুলি নিয়ে, সেই মেসিনারি নিয়ে কিছু মারজিন্যাল ব্যালেন্সিং ইকুইপমেন্ট এনে এবং দ্বিতীয় পর্যায়ে মডার্নাইজেশনের কথা আসবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীতিমিরবরণ ভাদুড়ী মহাশয়কে জানাতে চাই যে, এক বছরের কম সময়ের মধ্যে ফার্স্ট স্টেজ অর্থাৎ

Reactivisation of the existing plant and machinery and balancing equipment.

তা ইনক্লুড ক'রে সেই কাজ আমরা করতে পেরেছি এবং এই দু'টি মিলে ক্যাশ গেন আজকে হচ্ছে। দ্বিতীয় পার্ট যেটা মডার্নাইজেশন, যেটা করতে পারি নি ব'লে অভিযুক্ত করেছেন সরকারকে। সেই সেকেন্ড পার্টের জন্য টাকা-কড়ি সংগ্রহ করেছি এবং তার প্রাথমিক পর্যায়ের কাজ শুরু করা হয়েছে। তারপর উনি বলেছেন, কেন দু'টি মিলকে কম্পোজিট মিল করা যায় নি। প্রথম কারণ, এটা লার্জ স্কেল এক্সপ্যানশনের ব্যাপার, কারণ মণীন্দ্র মিলস উনি জানেন, ওয়াজ নট স্ট্রিক্টলি এ কটন মিল এটা মোটামুটি বড় সাইজের পাওয়ার লুম ইন্ডাস্ট্রি। আর বি টি মিল এটা স্পিনিং মিল। যদিও দু'টি মিলের ম্যানেজমেন্ট আমরা গ্রহণ করেছি এবং এন ডি সি-র মাধ্যমে পরিচালনা করা হচ্ছে, কিন্তু ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট অ্যান্ড রেগুলেশন অ্যাক্ট যে আইনে ঐ ম্যানেজমেন্ট গ্রহণ করা হয়েছিল এই আইনের বিধান অনুযায়ী দু'টি কোম্পানির অস্তিত্ব আছে। যেহেতু দুটি কোম্পানি বেঁচে আছে, তার শেয়ারহোল্ডারদের ইন্টারেস্ট যেটা সেটা ইনট্যাক্ট আছে। সুতরাং যতক্ষণ পর্যন্ত এই ইউনিটকে লিকুইডেট করছি, এটা লিকুইডেশন ক'রে পশ্চিমবঙ্গ সরকার বা ভারত সরকারের সম্পত্তি ব'লে ক্রয় বা গ্রহণ করছি ততক্ষণ পর্যন্ত সেটাতে ইনভেস্টমেন্ট করা সমুচিত হবে না। কারণ তাতে মূলত বৃহত্তর সমাজ লাভবান হবে না এই ইনভেস্টমেন্টে, সেই ইনভেস্টমেন্টে লাভবান হবে সেই শেয়ার-হোল্ডাররা বা তাদের প্রতিনিধিরা যাদের অব্যবস্থায় ব্যর্থ পরিচালনায় শিল্পদুটির ঐ রকম অবস্থা হয়েছিল। সুতরাং আজকে আমাদের তিমিরবাবু যে অভিযোগ করেছেন, কম্পোজিট মিল যদি সত্যি সত্যি করতে হয়, তা হ'লে প্রথমে লিকুইডেট করতে হবে ঐ দুটি কোম্পানিকে। সেই লিকুইডেশনের প্রসেস এবং প্রসিডিওর আমরা অনুসরণ করেছি। আরও মাননীয় সদস্যদের জ্ঞাতার্থে জানাতে চাই যে, কেবলমাত্র এই বন্ধ শিল্পদুটি পুনরুদ্ধার করছি বা লাভ করছি তাই নয়। এই লাভ আমরা শ্রমিকদের মেরে করি নি, এই লাভ আমরা সমাজকে ঠকিয়ে করি নি বা ক্রেতাদের এক্সপ্লয়েট ক'রে করি নি, এটা হেলদি বিজনেস ক'রে, শ্রমিকদের সেন্স অব বিলংগিং-এর মধ্যে এনে তাদের উদ্দীপনা বৃদ্ধি ক'রে সরকারের সহযোগিতায় বেশি প্রোডাকশন ক'রে, ন্যায্যমূল্যে বিক্রয় ক'রে, সরবরাহ ব্যবস্থাকে সুন্দর রেখে তার মাধ্যমে আমরা কেস গেইন করতে পারছি। এই সবের মধ্যে শ্রমিক কিভাবে লাভবান হচ্ছে সেটাও আমি জানাতে চাই। মণীন্দ্র মিলে ৪১৫ জন শ্রমিক কাজ করছে। এই কারখানা যেদিন আমরা গ্রহণ করেছিলাম, সেদিন বা তার আগে শ্রমিকদের ন্যূনতম বেতন অর্থাৎ মিনিমাম ওয়েজেস—হয়ত কেউ কেউ বেশি পেত, তাদের মিনিমাম ওয়েজেস ছিল ৬২ টাকা। এটা বোধ হয় শ্রীভাদুড়ী মহাশয় নিশ্চয়ই ভাল ক'রে জানেন। মাত্র এক বছর বা তার কিছু সময় কম হবে সরকার এটা গ্রহণ করেছে এবং এই ন্যূনতম

বেতন বৃদ্ধি ক'রে আমরা সেটাকে করেছি ১৩০ টাকা। অর্থাৎ প্রায় ১০০ পারসেন্টের বেশি বেতন এই এক বছরের কম সময়ে বাড়িয়েছি। যারা পিস রেটারস্ তারা আজকে ১৭০ থেকে ১৭৫ টাকা রোজগার করছে। আমি বলছি না যে, এই টাকা বর্তমান মূল্যমানে এটা যথেষ্ট। তবে এই যে গেস্চার, সরকারকে যেখানে অভিযুক্ত করা হয়েছে কম্পোজিট মিল করলে বেশি দিতে পারা যেত, বেশি লোক নিযুক্ত হ'তে পারত। কিন্তু সেটা তো অস্বীকার করা হয় নি। আজকে মিলের যে লভ্যাংশ সেটা সরকার গ্রহণ না ক'রে শ্রমিকদের দিয়ে দিয়েছে তাদের কল্যাণের জন্য। তারপর বি টি মিলে যেখানে ৪১৫ জন শ্রমিক কাজ করছে সেখানে এখন মিনিমাম ওয়েজেস ছিল আমরা যখন গ্রহণ করি তার আগে ১৮৪ টাকা পার মান্থ। আর আজকে মিনিমাম হয়েছে ২০৪ টাকা পার মান্থ। সুতরাং তিমিরবাবু যেজন্য সরকারকে অভিযোগ করেছেন যে, কম্পোজিট মিলে বেশি মজুরি পেত, কম্পোজিট মিল না ক'রেও সেটা আমরা পূরণ করছি। আমি পরিষ্কারভাবে বলেছি যে, কোথাও আইনে অসুবিধা আছে, কোথাও স্বার্থের অসুবিধা আছে, কেন কম্পোজিট মিল করার পরিকল্পনা নিতে পারি নি। আজ পর্যন্ত ঐ ২টি মিলের মালিক, শেয়ার হোল্ডাররা যে অর্থে মালিক হয় সেই অর্থে মালিক, ভারত সরকার নয়, পশ্চিমবঙ্গ সরকার নয়। সুতরাং এই ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশন আমরা এক্সপ্যানশন বা ওটার টোট্যাল রিনোভেশন করতে পারি না বা করাটা বুদ্ধিমানের কাজ নয়, এবং আইনেও সঙ্গত অধিকার নেই। সেজন্য কিছু ফরম্যালিটিজ অবজার্ভ করতে হবে। সেই ফরম্যালিটিজের প্রথম স্টেপ হচ্ছে ঐ কোম্পানি ২টিকে লিকুইডেট করা। সেটা রিটেন অব বুক ভ্যালু হোক বা কিছু থোক টাকা দিয়েই হোক কোম্পানিদুটোকে কিনে নেওয়া এবং কিনে নিয়ে পশ্চিমবঙ্গ সরকার বা ভারত সরকারের সম্পত্তি ক'রে তারপর মাস স্কেল ইনভেস্টমেন্ট, বড় করার যে পরিকল্পনা আছে সেটা আমরা শুরু করেছি এবং ইন ফ্যাক্ট মডার্নাইজেশনের নির্দেশ আমরা চীফ এক্সিকিউটিভ অফিসারকে গত ১৫ দিন আগে দিয়েছি, টাকা দিয়েছি। এই কথা ব'লে মাননীয় তিমির ভাদুড়ী মহাশয়কে অনুরোধ করব যখন সমস্ত ঘটনাটা তাঁর কাছে পরিষ্কার হয়ে গেল তখন তিনি নিশ্চয়ই তাঁর কাট মোশন প্রত্যাহার ক'রে নেবেন। আর তা যদি না করেন, তা হ'লে বুঝব, এই কাট মোশন ভাল উদ্দেশ্য নিয়ে সদর্থে দেন নি, এটা একটা রাজনৈতিক কারণে দিয়েছেন। কাজেই এটার বিরোধিতা করছি, গ্রহণ করছি না।

[-10—7-20 p.m.]

শ্রীসরোজ রায়ঃ ডেপুটি স্পীকার, স্যার, আজকে গ্রান্ট নম্বর ২৬ প্লেস করতে গিয়ে আমাদের [অরু]ণবাবু মোটামুটি যে কথাটা আমাদের সামনে রাখলেন ৫৯১ কোটি টাকার প্রাইভেট সেক্টরে নানা জায়গায় নানা দিক থেকে কল-কারখানা করা হবে। এখন প্রশ্নটা হ'ল, আমি আজকে যেটা ভাবতে [বল]ব, সেটা হ'ল এই যে, ৫৯১ কোটি টাকা আমরা প্রাইভেট সেক্টরে কল-কারখানা করব, সেখানে [নিশ্চ]য়ই চিন্তা-ভাবনা করা হয়েছে, কিন্তু যে পলিসি স্টেটমেন্ট আমরা গভর্নর স্পীচে পেয়েছি [সে]খানে এক জায়গায় আছে, বাংলাদেশে প্রচুর প্রবলেম, এবং তার ভিতর সবচেয়ে বড় সমস্যা [বে]কার সমস্যা এবং সেই সমস্যার দিকে তাকিয়ে আমরাও নিশ্চয়ই কল-কারখানা গ'ড়ে তুলতে [চা]ই এবং তাতে বাংলাদেশে আপনাদের মতে ২৮ লক্ষ বেকার তাদের কাজকর্ম হবে—আপনাদের [হি]সাব থেকে বললাম, ২৮ লক্ষ গ্রাম ধ'রে ৪০ লক্ষ। আমি একটা প্রশ্ন দিয়েই শুরু করছি, [সে]টা হ'ল ১৯৪৭ সাল থেকে যে ২৫ বছর গিয়েছে সেটা কোন্ পথে গিয়েছে? সেই পথটা [হ']ল ধনতান্ত্রিক পথ। আমাদের মনে হয় যে, আপনারা বুঝেছেন সেই পথে আর বিকাশ হবে [না], তাই সমাজতন্ত্রের কথা বলছেন। কিন্তু আজকে দেখছি, সেই ধনতন্ত্রের পথেই বিকাশের [রা]স্তা খুঁজছেন, জবাবটা দেওয়া দরকার। ১৯৪৭ সালের হিসাবে ১৯৪৮ সালের হিসাবে [ভা]রতবর্ষের ভিতর পশ্চিম বাংলার স্থান শিল্পে সবার উপরে ছিল, আজকে পশ্চিম বাংলার [স্থা]ন অনেকের নিচে। কথায় কথায় আপনারা ১৯৬৭ সালের কথা বলেন এবং সেটা উল্লেখ করেন [শু]ধু কতগুলি রাজনৈতিক কারণে নয়, ঐজন্য নাকি সমস্ত শিল্প ধ্বংস হয়ে গিয়েছে। আমি [কো]ন কমিউনিস্টের কথা বলতে চাই না, পশ্চিম বাংলার রাজ্যপাল মিঃ এ এল ডায়াস ১৯৭২ [সা]লে ফেডারেশন অফ ইন্ডিয়ান চেম্বারস অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজে একটা বক্তৃতা দিতে [গি]য়ে বললেন, সম্প্রতি পশ্চিম বাংলার বন্ধ কল-কারখানাগুলি নিয়ে সমীক্ষার ভিত্তিতে দেখা

গিয়েছে ৭০ পারসেন্ট কারখানা বন্ধ হওয়ার কারণ অব্যবস্থা, শিল্পের মরণ-বাঁচনের দিকে লক্ষ্য না দিয়ে, অতিরিক্ত মুনাফার ঝোঁক, ক্ষয়িষ্ণু যন্ত্রপাতির এবং সর্বোপরি এই অবস্থায় ভারতীয় অর্থনীতিকে প্রাইভেট সেক্টরের আওতায় এনে শোষণ করা হচ্ছে। এই একচেটিয়া পুঁজি এই মুনাফাখোরেরা এই অবস্থা সৃষ্টি করছে। খুবই সত্যি কথা চোখের সামনে বড় ক'রে এটা আসে যে বেকার, ৪০ লক্ষ বেকার, তবে এই যে বেকারীর রোগ এটা হচ্ছে উপসর্গ এবং আজকে প্রথম চিন্তা হচ্ছে এই বেকারীকে খানিকটা চেক করা। ১৯৪৪ সাল থেকে স্ট্যাটিসটিকস দেখুন, প্রতি বছর বেকার বাড়ছে, এর কারণ ধনতান্ত্রিক পথ এবং আজকে প্রশ্ন এসেছে ধনতান্ত্রিক পথে আর বিকাশের রাস্তা নেই ব'লেই সমাজতান্ত্রিক পথে এসেছি। এই ধনতান্ত্রিক পথই একচেটিয়া পুঁজি সৃষ্টি করেছে। আজকে তাই সমস্ত গঠনমূলক কাজ হওয়া দরকার ধনতান্ত্রিক পথের বিরুদ্ধে। তার বিরুদ্ধে সমস্ত কিছু পরিকল্পনাকে নিয়ে যেতে হবে, তা হ'লে আমরা যে সমাজতন্ত্রের দিকে এগিয়ে যাচ্ছি সেটার সম্ভাবনা দেখা দেবে। সেদিক থেকে আপনারা নূতনভাবে টাকা আনছেন। আমি জিজ্ঞাসা করছি, আজ শিল্পে যে সংকট দেখা দিয়েছে তার সমাধানের দিক কোন্‌টা? কেন্দ্রীয় সরকার দেশের স্বার্থে কয়লাখনি জাতীয়করণ করলেন। কেন্দ্রীয় সরকারের কাজ হ'ল এটা মাডার্নাইজ করবেন, উন্নতি করবেন। আপনাদের কাজ হ'ল এই কয়লাখনি থেকে কি কি ইন্ডাস্ট্রি ডেভেলপ করা যায় তার জন্য মূলধন নিয়ে আসা। প্রাইভেট সেক্টরকে আপনারা ডাকলেন এবং সেই সময় যে আলোচনা হচ্ছিল তখন পুরানো মালিকরা বললেন, আমাদের ১০০ কোটি টাকা দাও আমরা ন্যাপথলিন, কোল টার, গ্যাস, ইলেকট্রিসিটি ইত্যাদি করব। কিন্তু আপনারা জানতেন তারা কিছু করবে না, ১০০ কোটি টাকাই খালি নেবে। এ বিষয়ে আর দীর্ঘ আলোচনার সময় নেই ব'লে বলছি না। কিন্তু আপনার দপ্তর থেকে এটা করতে পারতেন। কয়লাখনি থেকে যেসমস্ত পদার্থ হয় তা দিয়ে ফারদার সমস্ত ইন্ডাস্ট্রি হতে পারত। পুঁজিবাদের কাছে না গিয়ে এসব হতে পারত। ব্যাঙ্ক ন্যাশনালাইজ হয়েছে। কিন্তু কি রিপোর্ট কেন্দ্রীয় মন্ত্রিসভা থেকে পেয়েছেন। দুঃখ ক'রে তাঁরা বলেছেন ব্যাংক ন্যাশনালাইজ হয়েছে, কিন্তু বিগ ইন্ডাস্ট্রিরা বহু টাকা নিয়ে গেছে। এটা অস্বীকার করা যায় না। সেই টাকা দিয়ে আমরা ডেভেলপ করতে পারতাম। সেজন্য বলছি, ধনতান্ত্রিক পথে না গিয়ে আর্থিক বিকাশ হতে পারত। এজন্য বলছি ১৯৪৭ সালের পর থেকে যে সংকট দেখা দিয়েছে সেটা হচ্ছে ধনতান্ত্রিক পথে যাবার জন্য। সেই জায়গায় গেলে সেটা সংকট সমাধানের পথ নয়। কিন্তু আপনারা আবার সেইদিকেই যাচ্ছেন। আপনি চটকলের কথা বলেছেন। এগুলির অবস্থা ভীষণ খারাপ। আপনি বললেন, এ সম্পর্কে আমরা একটা রিসার্চ করার ব্যবস্থা করছি। আমরা জানি আন্ডার ইউ এন ও ১০০ কোটি টাকা বরাদ্দে একটা রিসার্চ করার ব্যবস্থা হচ্ছে এবং এর জন্য টাকা আমরা, নেপাল, বাংলাদেশ দিয়েছে। এর ভেতর থেকেই কিভাবে একে মডার্নাইজ করা যায় যেটা আমাদের ইন্টারন্যাশনাল মার্কেট-এ দরকার সেটা দেখা উচিত। আমরা জানি কিছু কিছু ইন্টারন্যাশনাল মার্কেট-এ জুট কার্পেট-এর দাম আছে। কিন্তু জুট যদি প্রাইভেট ওনারশীপে থাকে, তা হ'লে তারা কি ওটা করবে? মডার্নাইজ যদি করতে হয়, তা হ'লে এটা নিয়ে নেবার দরকার আছে। কাঁচামাল এখানে আছে। তাকে নূতনভাবে রূপ দেওয়া যায়; মডার্নাইজ করা যায় এবং আন্তর্জাতিক বাজারে ঢোকা যায়। এ সম্বন্ধে বললেন, রপ্তানি কমে গেছে। নূতন নূতন মাল তৈরি ক'রে আবার বাজার আরও বাড়ানো যায়। মাদ্রাজের কথা নিশ্চয় জানেন। সেখানে একটা কাগজকল হয়েছে। মেস্তাপাটের জন্য জলের দরকার হয় না। বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুরে মেস্তাপাট হয়। এদিয়ে কাগজ তৈরি হচ্ছে ২২ থেকে ২৪ কোটি টাকার। এসমস্ত করলে সমস্যার সমাধান করা যায়।

[7-20—7-30 p.m.]

আপনারা প্রাইভেট ক্যাপিটালিস্টদের রেখে দিলেন, অথচ সেই প্রাইভেট ক্যাপিটালিস্ট আজকে মেসিনপত্র নষ্ট করছে, তাদের একমাত্র লক্ষ্য হ'ল মুনাফা। কংগ্রেসের ভেতর বড় বড় অর্থনৈতিক পণ্ডিত রয়েছেন তাঁরাও বলেছেন ধনতান্ত্রিক পদ্ধতিতে একচেটিয়া পুঁজি হয়েছে। আপনি চা-বাগানের কথা বলেছেন। আমি চটের কথা আগে শেষ ক'রে ফেলি, তারপর চায়ের কথায় আসব। আপনি গতবার হাউসে বলেছিলেন যে, ৩০ হাজার চাকরি চটকলে দেওয়া যায় যদি

তাকে মডার্নাইজ করা যায়। তার কি প্রচেষ্টা সেখানে নেওয়া হয়েছে? আমি জানি, প্রাইভেট ক্যাপিটালিস্টদের হাতে রাখলে মডার্নাইজ করতে পারবেন না। কেননা তারা মুনাফা ছাড়া আর কিছু বোঝে না। আন্তর্জাতিক বাজার আমাদের হাতে নিতে গেলে আজকে চটকলগুলিকে মডার্নাইজ করার দরকার আছে। সমাজতন্ত্রের পথে না যাওয়ার ফলে সমস্যার সমাধান হচ্ছে না এবং হবেও না। তারপর চা-বাগান সম্পর্কে কয়েকদিন আগে লেবার মিনিস্টার বলেছিলেন চা-বাগানে যেখানে শ্রমিকের হারের অনুপাত আছে একর-পিছু এবং যেটা সরকারীভাবে স্বীকৃত তা যদি হয়, তা হ'লে সেখানে ৭৫ হাজার লোককে কাজ দেওয়া যায়। তিনি হাউসে একথা বলেছিলেন, সেই পথে যেতে পারছেন না কেন? সিক ইন্ডাস্ট্রি যেগুলি হয়েছে সেগুলি নিয়ে নেওয়া হচ্ছে। এ সম্বন্ধে কয়েকদিন আগে এই হাউসে আলোচনা হয়ে গেছে আপনাদের বেঞ্চ থেকে যে, সেখানে বহু জায়গা-জমি আছে, সেখানে চা-গাছ করছে না, ধান লাগাচ্ছে। সেখানে ধান লাগিয়ে নাকি বেশি মুনাফা করা যায়। কিন্তু চা লাগিয়ে যে বেশি মুনাফা করা যায় এবং বেশি মুনাফা করতে গেলে যে বেশি টাকা ঢালতে হবে তা তারা করতে রাজী নয়। সেদিক থেকে ন্যাশনালাইজেশনের প্রশ্নটা ফোরফ্রন্টে আসা দরকার। অগণতান্ত্রিক পদ্ধতির বিকাশ যেটা একচেটিয়া পুঁজি তার গায়ে হাত যদি দিতে না পারেন, একচেটিয়া পুঁজি যদি রেখে দেন, প্রাইভেট ক্যাপিট্যাল যদি না নেন, তা হ'লে গণতান্ত্রিক পদ্ধতিতে কি ক'রে সমস্যার সমাধান করবেন এটার জবাব যদি দেন, তা হ'লে আমরা সুখী হব। আপনি ইলেকট্রনিকস্ কারখানার কথা বলেছেন। আপনি ইঞ্জিনীয়ারিং-এর কথা তুলেছেন। আপনি জানেন গত কয়েক বছর আগে বিদেশ থেকে কয়েক হাজার ওয়াগনের অর্ডার এসেছিল ভারত সরকারের কাছে এবং কিছুদিন আগে ব্যবসা সংক্রান্ত ব্যাপারে সোভিয়েত রাশিয়া থেকে যাঁরা এসেছিলেন তাঁদের সঙ্গে ওয়াগন সাপ্লাই করা সম্পর্কে আলাপ-আলোচনা হয়েছে। কয়েক হাজার ওয়াগনের অর্ডার ছিল সেগুলি রিফিউজ করতে ভারত সরকার বাধ্য হয়েছিলেন। কিন্তু কেন? আপনার ওয়েস্ট বেঙ্গলে আজকে প্রায় ৬৭ পার্সেন্ট ওয়াগন তৈরির বেস আছে, টেক্সম্যাকো, জেসপ ওয়াগন তৈরি করলেন না। গতবার আমাদের বলেছিলেন, তাঁরা সরকারের কাছে হিসাব দিয়েছেন যে, সমস্ত খরচ বাদ দিয়ে যদি ৪০ পার্সেন্ট প্রফিট পায় তা হ'লে করবে, ৪০ পার্সেন্টের নিচে যদি হয়, তা হ'লে তাতে তারা রাজী নয়। আপনারা যদি হাজার হাজার অর্ডার পান এবং টেক্সম্যাকো, জেসপ-এর ভেতর দিয়ে ওয়াগন তৈরি করতে পারেন, তা হ'লে ভাল হয়। কিন্তু আপনারা তা করবেন না। তারা শুধু মুনাফা করবে, তারা কনস্ট্রাকশন চায় না, শিল্পের উন্নতি চায় না, তারা একচেটিয়া পুঁজি সৃষ্টি ক'রে শুধু মুনাফা চায়। আপনি জানেন এবং আমরাও বহু জায়গায় জানি বড় বড় ইন্ডাস্ট্রিয়ালিস্টরা ইন্ডাস্ট্রিতে টাকা খাটাচ্ছেন না। তাঁরা ফাটকাবাজার এবং নানা রকম বাজারে টাকা নিয়ে যাচ্ছেন এবং এটাই হ'ল একচেটিয়া চরিত্র। আজকে উৎপাদন বাড়তে পারে এবং প্রচুর অর্ডার যখন পাচ্ছেন তখন কলকারখানা আরও বেশি ক'রে এক্সপ্যান্ড করতে পারে। কিন্তু অসুবিধা হচ্ছে মূলধন রয়েছে জেসপ এবং টেক্সম্যাকোর মধ্যে এবং টাকা চলে যাচ্ছে তাদেরই হাতে। আমার কাছে তথ্য রয়েছে, কেন্দ্রীয় মন্ত্রীর স্বীকৃতি রয়েছে যে, শতকরা ৮০ ভাগ টাকা চলে যাচ্ছে তাঁদেরই বাড়িতে। এটা যদি আমরা আনতে পারতাম, তা হ'লে অনেক কাজ করা যেতে পারত। সমাজতন্ত্র যদি মুখের কথা না হয়, সমাজতন্ত্রের প্রতি যদি লক্ষ্য থাকে, তা হ'লে সেই পথে যাবার পথ গ্রহণ করুন। কিন্তু আমরা দেখছি ১৯৪৭ সাল থেকে যে ধনতান্ত্রিক পথ সেইদিকে এখনও চলছেন। আপনারা বলেছেন, স্টেট সেক্টরকে আমরা সমর্থন করি। স্টেট সেক্টর বাড়ছে, কিন্তু প্রাইভেট সেক্টরে যারা আজকে একচেটিয়া কারবার নিয়েছে সেখানে কেন হাত দিচ্ছেন না? এই প্রসঙ্গে আমি আমাদের যে মোর্চা হয়েছে এবং সেখানে যে ১৭ দফা কর্মসূচি রয়েছে তার কথা স্মরণ করিয়ে দিতে চাই। গত বছর আমাদের যখন মোর্চা হয় তখন তার মধ্যে প্রধানতঃ কথা ছিল, "প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চা মৌলিক অর্থনীতি এবং অর্থ সংক্রান্ত নীতি এবং কার্যাবলী গ্রহণের উদ্যোগ নেবে। এর মধ্যে রয়েছে জাতীয় অর্থনীতির সেইসব গুরুত্বপূর্ণ শক্তিগুলির জাতীয়করণ যেগুলি এখনও এক-চেটিয়া পুঁজি এবং বৈদেশিক সাম্রাজ্যবাদী পুঁজির কব্জায় রয়েছে। এই জাতীয়করণের দ্বারা জাতির স্বাধীন ও স্বয়ম্ভর অগ্রগতি শক্তিশালী হবে।" এটা নীতির কথা, অর্থনীতির কথা। একথা আমরা কেন বলেছি, একথাগুলি কি হঠাৎ উঠল, একথা কি শুধু আমরা নির্বাচনের

মোর্চার জন্য বলেছি? নিশ্চয়ই তা নয়। ভারতবর্ষের রাজনীতির অভিজ্ঞতা হচ্ছে, ভারতবর্ষের মানুষের অভিজ্ঞতা হচ্ছে নূতন পথ করতে হবে, সমাজতন্ত্রের পথে যেতে হবে। কিন্তু সেটা তো লাফিয়ে যাওয়া যায় না। সমাজতন্ত্রের পথে যেতে গেলে তার পথ আছে এবং সেটা হচ্ছে ধনতন্ত্রের বিকল্প পথ। কিন্তু সেই আশার আলো কি আছে? আমরা জানি অনেক উন্নতি হতে পারে। খড়্গপুরে একটা কারখানা হবে, এখানে একটা হবে, ওখানে একটা হবে, কিন্তু আসল কথা হচ্ছে মূল যে জিনিস রয়েছে তাকে ভাঙ্গতে হবে। আমাদের ইন্ডাস্ট্রির ব্যাপারে আপনারা একটা জিনিস লক্ষ্য করুন। মোটামুটি যেটা রয়েছে তাতে দেখছি সিক ইন্ডাস্ট্রির ভার হ'ল লেবার ডিপার্টমেন্টের উপরে এবং স্মল ইন্ডাস্ট্রি, কো-অপারেটিভ এটা জয়নাল আবেদিনের হাতে রয়েছে। একটা প্রচেষ্টা হচ্ছে, আমি তা অস্বীকার করছি না। কিন্তু আপনার হাতে যেগুলো রয়েছে বড় বড় প্রাইভেট কারখানা সেখানে কেন হাত লাগাচ্ছেন না? আপনার ভাবা দরকার ১৯৪৭ সাল থেকে আজ পর্যন্ত যে পথ সেই পথের উপর দিয়েই আপনি হাঁটতে চাচ্ছেন। আমাদের অনেক জিনিস ছিল এবং বাংলাদেশের কাঁচা চামড়া নিয়ে অনেক আলোচনা হয়েছে। এই জিনিসটি বাংলাদেশ থেকে ভারতবর্ষের বাইরে অনেক জায়গায় যায়। একটা প্রশ্ন উঠেছিল এই কাঁচা চামড়া ট্যানিং করা যায় কিনা এবং ট্যানিং ক'রে ছোট ছোট চামড়ার মাল তৈরি করা যায় কিনা? এবং ছোট ছোট চামড়া দিয়ে স্মল ইন্ডাস্ট্রিজ তৈরি করা যায় কিনা

[7-30--7-40 p.m.]

সেটা আপনারা চিন্তা করতে পারেন। কিন্তু এই কাঁচা চামড়া দিয়ে স্মল ইন্ডাস্ট্রিজ করতে গেলে কাঁচা চামড়ার ব্যবসা হাতে নিতে হয়। কিন্তু যাদের হাতে এই কাঁচা চামড়ার একচেটিয়া ব্যবসা আছে সেখানে আপনারা হাত দিতে পারছেন না। বাধা কোথায়? যাদের হাতে কাঁচা চামড়ার বাজার সেখানে কেন আপনারা হস্তক্ষেপ করতে পারছেন না? সেইজন্য আজকে সমস্যা কোথায় জানেন? আপনাকে আমি বলছি স্যার, এটা একটা রাজনৈতিক সমস্যা। পি ডি এ-এর মাঝখানে একটা সমস্যা সৃষ্টি হয়েছে। আমি খুব সোজাভাবে পলিটিক্যালি রাখছি, আপনারা এটাতে প্রবলেম ক্রিয়েট করেছেন। সেইজন্য বলছি সমাজতন্ত্রের পথে আজকে যেতে হ'লে আপনাদের এই পথকে পাল্টাতে হবে। গণতান্ত্রিক পথে যে সংকট দেখা দিয়েছে সেই সংকট আজকে ২৫ বছর পরে যদিও আপনারা একটা নতুন পথ নিয়েছেন, পুরানো পথকে পরিত্যাগ করেছেন, কিন্তু সে পথে চলার যে রাস্তা সে রাস্তা আপনারা নেন নি। ফল কি হবে? আমরা এখান থেকে কিছু বললে আপনারা বলেছেন, আমরা বিরোধিতা করছি, আপনারা কি বলেন যে, আমরা আপনাদের দাঁড়িয়ে শুধু সমর্থন ক'রে যাব, চোখ বুজে সমর্থন ক'রে যাব, তবেই বুঝবেন আপনারা আমরা পি ডি এ-র শরিক--এটা হ'তে পারে না। সেইজন্যই কোনরকম সমালোচনা না ক'রে আমরা অন্য কোনদিকে যাই নি। আজকে আপনারা ১৭ দফা কর্মসূচি নিয়ে সমাজতন্ত্রের পথের কথা দেশের সামনে দাঁড়িয়ে বলেছেন, সেখানে আমরা বলেছি, সমাজতন্ত্রের পথে যেতে গেলে ধনতন্ত্রের পথকে পরিত্যাগ করতে হবে। সেদিকে কিন্তু আপনাদের এতটুকু নজর নেই। আপনারা সেই পুরানো পথ নিয়েই চলেছেন। আমরা জানি, এতে সামান্য সমস্যার সমাধান হবে। শুধু ৪০ লক্ষ বেকারের কথা নয়, সেটা স্থায়ী হয়ে নেই নতুন বেকার আরও সৃষ্টি হচ্ছে। আপনারা যে পথে চলেছেন তাতে কিছু বেকার সমস্যার সমাধান হতে পারে, আপনারা যেকথা বলেছেন ইনফ্রাস্ট্রাকচারের ভিতর দিয়ে অন্যান্য কাজগুলি হবে, আজকে কৃষির উন্নতি একটু হচ্ছে, ফসল বাড়াবার চেষ্টা হচ্ছে—এর ভেতর দিয়ে কিছু কিছু সমস্যার সমাধান হবে, কিন্তু আসল দৃষ্টিভঙ্গির অভাব। আপনারা সেই পুরানো, পচা দৃষ্টিকোণ নিয়েই বাজেট রচনা করেছেন, বলছেন এত কারখানা খুলেছি, এত ইন্ডাস্ট্রিজ খুলেছি, কিন্তু আমাদের মূল কথা হচ্ছে যে, আপনারা কোন্ পথে হাঁটবেন সেটা নিয়ে আজকে আলোচনা করা দরকার। এই পথের যে সংকট সে সম্বন্ধে আপনারা নিশ্চয় জবাব দিয়ে যাবেন। আজকে ২৫ বছর পরে এই কথা উঠেছে যে, সমাজবাদের পথই আমাদের পথ, কিন্তু সেই পুরানো একচেটিয়া পুঁজিপতিদের পথেই আপনারা যাচ্ছেন। ধনতন্ত্রের পথে গিয়ে আপনারা সমাজতন্ত্রের স্বপ্ন দেখছেন। ধনতন্ত্রের সংকট থেকে আপনারা যদি মুক্ত না হন আপনাদের স্বপ্ন বিফল হবে। এই কথা বলে আমি বাজেটকে সমর্থন করছি।

শ্রীবীরেন্দ্রবিজয় মল্লদেব ঃ মাননীয় ডেপ্‌র্টি স্পীকার মহাশয়, আমাদের শিল্প দপ্তরের ভার-প্রাপ্ত মন্দ্রিমহাশয় যে ব্যয়বরাদ্দ এখানে উপস্থিত করেছেন সেই ব্যয়বরাদ্দকে আমি সমর্থন করছি। আমরা এখানে লক্ষ্য করছি, নতুন দৃষ্টিভঙ্গি নিয়ে পশ্চিম বাংলায় আজকে শিল্প রূপায়ণের জন্য তিনি চেষ্টা চালিয়ে যাচ্ছেন এবং এটা অত্যন্ত প্রশংসার যোগ্য। আজকে আমরা দেখছি, পশ্চিম বাংলার শিল্প রূপায়ণের যে আশা এবং ভরসা সে পথে তিনি দ্রুত এগিয়ে চলেছেন। দুর্গাপুর এবং আসানসোল-এ পশ্চিম বাংলার শিল্প গ'ড়ে উঠেছিল, কিন্তু আজকে আমরা লক্ষ্য করছি নতুন দৃষ্টিভঙ্গি নিয়ে পশ্চিম বাংলার চারিদিকে যাতে শিল্প ছড়িয়ে দেওয়া যায়, তার জন্য তিনি চেষ্টা চালাচ্ছেন। যার জন্য আমরা দেখছি ফরাক্কা, হলদিয়াতে নতুন নতুন ইন্ডাস্ট্রিজ হচ্ছে। এটা অত্যন্ত শুভ সূচনা। এর মাধ্যমে গোটা পশ্চিম বাংলার উন্নয়নের একটা পথ তৈরি হবে। আমরা দেখছি যে, হেভি ইন্ডাস্ট্রি ছাড়া স্মল অ্যান্ড মিডিয়াম সাইজের ইন্ডাস্ট্রি হতে পারে না। সেজন্য আমরা দেখছি পশ্চিম বাংলার বেশির ভাগ ক্ষেত্রে যেখানে বিগ ইন্ডাস্ট্রি গ্রো করেছে, সেখানে স্মল অ্যান্ড মিডিয়াম ইন্ডাস্ট্রি গ্রো করেছে। আরও অনেক চেষ্টা থাকা সত্ত্বেও স্মল অ্যান্ড মিডিয়াম সাইজের ইন্ডাস্ট্রি গ্রো করতে পারে নি। সেজন্য প্রয়োজন প্রত্যেক জেলায় বিশেষ বিশেষ কেন্দ্র বার ক'রে, সেই জেলার উপযোগী ইন্ডাস্ট্রি গ'ড়ে তুলতে হবে। হেভি ইন্ডাস্ট্রি হ'লে তার আশেপাশে ছোটখাট ইন্ডাস্ট্রি গ'ড়ে উঠবে। এই ইন্ডাস্ট্রিয়াল ডেভলপমেন্ট অ্যাপ্রোচকে সাধুবাদ জানাই। একটা কথা আমি দুঃখের সঙ্গে বলতে চাই। পশ্চিমবঙ্গ শিল্পক্ষেত্রে ভারতবর্ষের মধ্যে এগিয়ে আছে, এটা অত্যন্ত আনন্দের কথা। ভারতবর্ষের অন্যান্য জায়গায় ঘুরে দেখলে আমরা দেখব, বিহার রাজ্যে, মধ্যপ্রদেশে, মহারাষ্ট্রে এবং মাইশোরে, সেখানকার ইন্ডাস্ট্রিতে বেশির ভাগ লেবাররা বা শ্রমিকরাই কাজ করে। কিন্তু আমরা পশ্চিমবঙ্গে কি দেখছি? আমরা যদি কোল বেল্টে যাই, সেখানে দেখব সেখানে পশ্চিম বাংলার বাইরের লোকই বেশির ভাগ কাজ করছে। আমি প্রভিন্সিয়ালিজম করতে চাই না। কিন্তু যেখানে স্কোপ আছে সেখানে আমাদের দেশের লোক যাতে বাইরের লোকের চাইতে বেশি সুযোগ পায় সেটা দেখতে হবে। জুট মিলগুলি যদি দেখি সেখানে দেখব পশ্চিম বাংলার লোক সেখানে যা কাজ করছে তা অতি নগণ্য। পশ্চিম বাংলার লোককে যদি আরও বেশি কাজ দিতে পারি, তা হ'লে ভাল হয়। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের দেশে আদিবাসী ভাইয়েরা পশ্চিমবঙ্গে অনেক আছে। তারা অত্যন্ত পরিশ্রমী। এই সমস্ত ইন্ডাস্ট্রি যা আছে তাতে যদি বেশির ভাগ ক্ষেত্রে নিয়োগ করা হয়, তা হ'লে আমাদের পশ্চিমবঙ্গের আর্থিক বুনিয়াদ শক্ত হবে এবং যেসমস্ত এলাকা আদিবাসী অধ্যুষিত, সেই সব এলাকায় যদি ইন্ডাস্ট্রি করা হয়, তা হ'লে সেই এলাকার উন্নতির অনেক ব্যবস্থা হবে। আমি খুশি হলাম এই দৃষ্টিভঙ্গি নিয়েই পুরুলিয়া জেলায় আজকে ইন্ডাস্ট্রি গ'ড়ে তোলার চেষ্টা হচ্ছে। এটা অত্যন্ত আনন্দের কথা যে, পুরুলিয়া জেলার আদিবাসী অধ্যুষিত এলাকায় ইন্ডাস্ট্রি হবে। এগুলি বেশির ভাগ ক্ষেত্রে গরিব শ্রেণীর মানুষের উপকারে লাগবে।

আর একটা জিনিস আমরা লক্ষ্য করি যে, যেখানে সুযোগ-সুবিধা বেশি আছে, সেখানেই মনোপলি হাউসগুলি ইন্ডাস্ট্রি গড়তে যায়। সেজন্য দেখতে পাই, কলকাতা এবং দুর্গাপুরের আশেপাশে ইন্ডাস্ট্রি গ'ড়ে উঠছে। আজকে পশ্চিমবঙ্গে যদি লাইসেন্স দেবার পদ্ধতির রদবদল করি, তা হ'লে এই ইন্ডাস্ট্রি পশ্চিমবঙ্গে, চারিদিকে ছড়িয়ে পড়তে বাধ্য হবে এবং এইভাবে ইন্ডাস্ট্রি গ'ড়ে তুলতে হ'লে এটা করতে হবে যে, ব্যাকওয়ার্ড এরিয়াতে ইন্ডাস্ট্রি না করলে লাইসেন্স দেওয়া হবে না ; এটা করলে নিশ্চয়ই সেই জায়গায় ইন্ডাস্ট্রি করতে তারা বাধ্য হবে এবং সেখানে যদি নূতন ক'রে শিল্পায়ন করতে হয়, তা হ'লে এই নিয়ম দৃঢ়তার সঙ্গে পালন করতে হবে। আমরা জানি যে, ঝাড়গ্রাম এলাকা অত্যন্ত অনুন্নত এলাকা। এই ঝাড়গ্রামে রোলিং মিলের লাইসেন্স এক সময় ডাঃ রায় দিয়েছিলেন কিন্তু তাঁর মৃত্যুর পর আমিনচাঁদ প্যারেলাল ইত্যাদি যাঁরা আছেন, তাঁরা সেটাকে সরিয়ে এনে কলকাতার কাছে করল। এইভাবে যদি হয়, তা হ'লে কোনদিন অনুন্নত এলাকার উন্নতিসাধন হ'তে পারে না।

[7-40—7-50 p.m.]

এইজন্য আমি বলব মন্ত্রিমহাশয়কে যে, ইন্ডাস্ট্রির জন্য যখন লাইসেন্স দেওয়া হবে, তখন যেন বিশেষ বিশেষ স্থানের দিকে দৃষ্টি রেখে তা দেওয়া হয়।

আমি আর একটা কথা বলব—এখানে যে ইলেকট্রনিকস্ ইন্ডাস্ট্রির কথা বলা হয়েছে, তার সম্ভাবনা এখানে প্রচুর রয়েছে। স্মল স্কেল বা বিগ স্কেলে এই ইন্ডাস্ট্রি এখানে হতে পারে।

আমাদের দেশে যে টেলিভিশন আসছে, সেই টেলিভিশন ইন্ডাস্ট্রি গ্রো করবার একটা বড় স্কোপ এখানে রয়েছে। তা আমাদের এখানে গ্রো করাতে হবে।

আর একটা কথা বলব। আমাদের দেশে শিক্ষিত বেকার প্রচুর রয়েছে। আজকে তারা দেশের জমি চাষ করতে চায়। অথচ তাদের সে স্কোপ নাই। আমরা যদি ছোটখাটোভাবে স্মল স্কেল-এ ট্রাক্টর ইন্ডাস্ট্রি করতে পারি, জাপানীজ কু-ডেটার মত ট্রাক্টর করতে পারি, তা হ'লে এদেশে অনেক শিক্ষিত বেকার গ্রামাঞ্চলে গিয়ে কম জোতের জমি চাষ করতে পারে। ৭-৮ একর জমি ভায়াবল ক'রে তুলতে হবে। বর্তমানে গ্রামের যুবকরা এই ট্রাক্টর-এর সাহায্যে চাষ করতে সমর্থ হবে। সুতরাং এই ট্রাক্টর ইন্ডাস্ট্রির দিকে আমাদের নজর দিতে হবে।

আরও অনেক কিছু বলবার ইচ্ছা ছিল। আমার আলো জ্বলেছে, আরও অন্যান্য বক্তারা বক্তৃতা করবেন। আমাদের মন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবি এনেছেন, তাকে আমি পূর্ণ সমর্থন জানিয়েছি। পশ্চিমবঙ্গে নূতন দৃষ্টিভঙ্গি নিয়ে শিল্পায়ন হ'তে চলেছে কি স্মল স্কেলে, কি বিগ স্কেলে। যেটা নাকি নূতন দৃষ্টিভঙ্গি যে দৃষ্টিভঙ্গির ফলে পশ্চিমবঙ্গে ঠিক নূতন যুগের সূচনা হবে, সেই দৃষ্টিভঙ্গিকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশিশিরকুমার ইশোর: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিল্পমন্ত্রী আজকে যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন, তা পরিপূর্ণভাবে সমর্থন করছি এবং বলছি যে, পশ্চিম বাংলায় একটা আশার আলো দেখতে পাওয়া যাচ্ছে। পশ্চিম বাংলার অর্থনীতি একেবারে ভেঙ্গে পড়েছিল, এখানে শিল্প ধ্বংস হবার মুখে চলে গিয়েছিল। অনেক কল-কারখানা বন্ধ হয়ে গিয়েছিল। কিন্তু আজকে আর সে অবস্থা নাই। আজকে অনেক বন্ধ কল-কারখানার দরজা খুলে গিয়েছে। বলতে গেলে পশ্চিম বাংলায় শিল্পের পুনরুজ্জীবন হয়েছে এবং সেইসঙ্গে এখানে আজকে পশ্চিম বাংলায় শিল্প প্রসারের সম্বন্ধে যে চিত্র রচিত হয়েছে নিঃসন্দেহে আমি এটা আশা করতে পারি, তাতে পশ্চিম বাংলার মানুষ বাঁচবে এবং প্রগতিশীল এই শিল্পোন্নয়নের মাধ্যমে সেটা প্রতিফলিত হয়েছে। বড় কথা, এই সরকার যেটা করেছেন এবং পূর্ববর্তী সরকার যেটাকে অবহেলার চক্ষে দেখেছেন বা করেন নাই ; এবং যে প্রগতিশীলতার পরিচায়ক সেই পশ্চিম বাংলার পশ্চাৎপদ অঞ্চলগুলিকে কিভাবে শিল্পোন্নত করা যায়, তার বিকাশে সহায়তা করা যায়, সেকথা শিল্পোন্নয়ন চিত্রের মধ্য দিয়ে প্রকাশিত হয়েছে। কাজেই আমরা আজকে একটা আশার আলো দেখতে পাচ্ছি। পশ্চিম বাংলার বহু অঞ্চল অনেক অবহেলিত অবস্থায় ছিল। কতকগুলি অঞ্চলে, বিশেষ ক'রে কলকাতার আশেপাশে শিল্প কনসেনট্রেটেড হতে চলেছিল। তাতে দেশের সামগ্রিক স্বার্থ রক্ষিত হয় নাই, সাধারণ মানুষের স্বার্থ রক্ষিত হয় নাই। তাতে বহু লোক বঞ্চিত হয়েছে। আমরা অভিজ্ঞতার মধ্য দিয়ে দেখেছি পুরুলিয়া জেলা এইভাবে শিল্পে পিছিয়ে পড়ে আছে। উত্তর বাংলা দীর্ঘ ২৫ বছর পরেও অবহেলিত হয়ে আছে। উত্তরবঙ্গে যে-কোন শিল্প হ'তে পারে, তার অর্থনীতির যে বিকাশ ঘটানো প্রয়োজন সেরকম কোন চিন্তা এ যাবত কারও ছিল না।

আজকে দেখতে পাচ্ছি যে নূতন শিল্পনীতি রচিত হয়েছে, তার মধ্যে উত্তর বাংলার স্থান আছে এবং এটা আনন্দের কথা। কিন্তু সেই সঙ্গে একটা কথা দুঃখের সঙ্গে বলতে হচ্ছে, আমাদের রাজ্যসরকার শিল্পমন্ত্রীর ঘোষণা অনুযায়ী ৪৯ কোটি টাকার শিল্প স্থাপনের সুপারিশ করেছিলেন সেখানে মাত্র চার কোটি টাকার তাঁরা অনুমোদন পেয়েছেন। উত্তর বাংলার সমস্যা অত্যন্ত জটিল। এখানে ঘরে ঘরে বেকার ছেলে। কোন জায়গায় কাজ পাচ্ছে না। লক্ষ

লক্ষ লোক দারিদ্র্যের মধ্যে ডুবে আছে। এখানে যাতায়াতের ব্যবস্থা মধ্যযুগীয়। এই অবস্থায় এখানে যে সামান্য অর্থব্যয়ের প্রস্তাব হয়েছে সেটা খুব আশাব্যঞ্জক। কিন্তু আমরা যদি সচেষ্ট হই এবং সর্বোপরি যে নীতি ঘোষিত হয়েছে তাতে যদি চলি, তা হ'লে বিশেষ ক'রে উত্তর বাংলার অর্থনৈতিক উন্নতি ত্বরান্বিত হবে। আমাদের যে প্রাকৃতিক সম্পদ আছে সেটা যদি সম্পদ সৃষ্টির কাজে নিয়োজিত করতে পারি, তা হ'লে আমাদের যে অভাব এবং দারিদ্র্য, সেটা দূর করা যাবে। উত্তর বাংলায় প্রচুর নদী আছে, কাজেই শিল্প সৃষ্টিতে যেটা বড় বাধা সেই শক্তি, পাওয়ার (বিদ্যুৎ) আমরা সহজেই পেতে পারি। এই নদীগুলি যদি বেঁধে কাজে লাগিয়ে জল নিয়ন্ত্রণ করতে পারি, তা হ'লে নিশ্চয় পশ্চিম বাংলায় যে বিদ্যুতের সংকট, উত্তর বাংলায় যে সংকট তা সহজেই থাকবে না। আজকে উত্তর বাংলার মধ্যে কোচবিহার এবং পশ্চিম দিনাজপুর জেলাতেই পাট বেশি হয়। পশ্চিম বাংলার মধ্যে এই দুটি জেলাতেই পাট সবচেয়ে বেশি উৎপন্ন হয়। আমি মাননীয় শিল্পমন্ত্রীকে এই অনুরোধ জানাব, অন্তত কোচবিহারে একটা চটকল যেন করা হয়, তা হ'লে দরিদ্রতা এবং অনগ্রসরতার বিরুদ্ধে লড়াই করতে পারব এবং অর্থনৈতিক ক্ষেত্রে একটা সুফল আনতে পারি। এখানে আরও বলব যে, যদি জুট মিল আমরা করতে পারি, কাগজের কল করি, তা হ'লে আমাদের অভাব অনেকটা দূর করা সম্ভব হবে। এইভাবে যদি আমরা অর্থনীতিকে চাঙ্গা করবার চেষ্টা করি, তা হ'লে অনেক কাজ হবে। প্রাইভেট সেক্টরের শিল্পপতিদের মতিগতি আমরা জানি, পশ্চাৎপদ এরিয়াতে তারা শিল্প স্থাপনে অগ্রসর হবে না। সেখানে আমাদের সরকারকে এগিয়ে যেতে হবে। পাবলিক সেক্টরের মাধ্যমে এখানে যাতে শিল্প স্থাপন করা যায় তার ব্যবস্থা করতে হবে। একমাত্র পাবলিক সেক্টরের দ্বারাই আমাদের উন্নতি ঘটবে। তাই শিল্পমন্ত্রীর কাছে অনুরোধ রাখব, পাবলিক সেক্টরের মাধ্যমে যাতে দ্রুত শিল্প হয় তার ব্যবস্থা করতে। এই ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

[7-50—8-00 p.m.]

Shri Satyanarayan Singh:

आदरणीय उपाध्यक्ष महोदय, शिल्प मंत्री के द्वारा जो बजट पेश किया गया है, मैं उसका पूर्णरूप से समर्थन करता हूँ। साथ ही साथ मुझे कुछ त्रुटियों के बारे में कहना है। अभी हमारे एक माननीय विरोधी सदस्य ने इस बजट के विषय में अपना जो मन्तव्य प्रगट किया है, वह मेरी समझ मे नहीं आता कि उनकी राय कभी भी यह नहीं होती कि इस सरकार ने अच्छा काम भी किया है। जब कि यह सरकार तमाम अच्छा काम करती जा रही है। लेकिन फिर भी विरोधी सदस्यगण यह नहीं कहते कि यह जन-प्रिय सरकार अच्छी बातें भी करती है। इसमे खासकर कोई बड़ी बुल की बात नहीं है क्योंकि इन लोगों ने यह सिद्धान्त बना लिया ह कि अच्छा को अच्छा नहीं कहेंगे। बुरे की तो कहना ही क्या है ?

यह जो बजट पेश किया गया है, उसका खास तत्व या सिद्धान्त यह है कि अउन्नति इलाकों के खास सुख-सुविधा दी जायगी। इस बजट को मैं खासकर इसलिए और भी समर्थन करता हूं कि इसमें बंगाल के लोगों को विशेष सुख-सुविधा देने की बात को दृढ़ता कही गई है। इसका मैं स्वागत करता हूँ। नये-नय तमाम शिल्प प्रतिष्ठान किये जायेंगे। वह स्वागत योग्य है। साथ ही साथ जो प्रतिष्ठान कायम हैं, उन पर नजर दी जाएगी। बिजली के बारे में बातें हुई, हमारे शिल्प-मंत्री ने उसके बारे में आश्वासन भी दिया है। लेकिन देखा जाता है कि बड़े-बड़े औद्योगिक कल-कारखानों में

पावर की कमी के कारण उत्पादन में ह्रास होता है। पावर की कमी के कारण उत्पादन में ह्रास होने के साथ-साथ इस पावर की कटौती को मिल मालिक सामने रख कर, खास कर छटाई, ले-आफ का सहारा लेते हैं। मेरा अनुरोध है कि उनकी ओर कड़ी नजर रखनी चाहिए। पावर की कटौती तो हो गई है किन्तु इसके साथ ही साथ जो श्रमिक काम करने वाले हैं, उन श्रमिक इलाकों में राशन की कटौती भी हो गई है। पावर की कटौती के कारण मिल के उत्पादन में ह्रास होता है, यह ठीक है किन्तु जिस राशन के द्वारा श्रमिकों ो शक्ति मिलती है, उस राशन की कटौती कर देने से श्रमिकों को शक्ति कैसे मिलेगी? किस तरह से बिना राशन के श्रमिक उत्पादन बढ़ाने में सक्षम होगा? बिना श्रमिकों में शक्ति के उत्पादन देना असम्भव है। भूखा रहकर, एक बार खाकर, उत्पादन नहीं बढ़ाया जा सकता है। यह तो उसी प्रकार है, जैसे :—

"भूखे भजन न होंहि गोपाला,
यह लो अपनी कंठी-माला।"

श्रमिकों के भूखा रहने से उत्पादन कभी नहीं बढ़ेगा। जिस प्रकार पावर की कटौती से उत्पादन में ह्रास होता है, उसी प्रकार राशन की कटौती से श्रमिकों की शक्ति की कमी के कारण उत्पादन में वृद्धि कभी नहीं हो सकती है। इसलिए मेरा इस सरकार से अनुरोध है कि राशन की कटौती को वह रोके और शिल्प अंचल के लोगों के उत्थान की ओर कड़ी नजर दे। बड़े बड़े औद्योगिक कल-कारखानों मे राशन की कटौती का मिल मालिक षडयंत्र कर रहे हैं। इससे तमाम अप्रगति उन्नति रुकती जा रही है। उत्पादन में और भी ह्रास होता जा रहा है। अतएव इस ओर कड़ी नजर रखनी चाहिए।

एक बात की ओर मैं खासकर के शिल्प मंत्री का ध्यान आकृष्ट करना चाहूंगा, वह यह है कि फैक्टरियों में फैक्टरी इन्सपेक्टर रखे गये हैं। उन फैक्टरी इन्सपेक्टर का काम फैक्टरी का निरक्षण करना और फैक्टरी की सुरक्षा की व्यवस्था करना। वे लोग कम से कम यह देखें कि फैक्टरी में कौन सा काम होता है, फैक्टरी की सफाई होती है या नहीं। दे ा जाता है कि फैक्टरियों में सात-सात आठ-आठ वर्ष के लड़कों से काम करवाया जाता है। उन्हें हफ्ते में केवल आठ रुपया दिया जाता है। उन्हें ई० एस० आई० कार्ड भी नहीं दिया जाता है। जब किसी बच्चे का एक्सीडेन्ट हो जाता है तो फैक्टरी इन्सपेक्टर लिख देता है कि वह लड़का फैक्टरी में काम करने वाला नहीं है। तो भला फैक्टरी इन्सपेक्टर किस मर्ज की दवा है। फैक्टरी इन्सपेक्टर बैठे २ सर्वे कर देता है। मशीन की सर्वे कर दी जाती है। मशीन की सर्वे तो कर दी जाती है किन्तु यह नहीं देखा जाता कि मशीन की सफाई ठीक से हुई है या नहीं, उसकी सुरक्षा है या नहीं।

लेबर मंत्री और शिल्प मंत्री का जो आपस में संबंध है, उनका जो दायित्व है, वह बहुत बड़ा है। इसलिए दोनों मंत्री जब तक दिल मिलाकर नहीं चलेंगे, तब तक बंगाल देश की अग्रगति नहीं हो सकती है। दोनों का आपस में पूर्ण सहयोग होना नितान्त आवश्यक है ।

मैं आशा करता हूं कि इस बजट को पेश करते समय शिल्प मंत्री न जितनी अच्छी बातें कही हैं, उनको कार्यरूप में वे परिणित करेंगे। जो फैक्टरियां या जो अउन्नति इलाके आज तक पड़े हुए हैं, उनकी ओर पूर्ण दृष्टि शिल्प मंत्री देंगे। मैं आशा करता हूं कि इस ओर अच्छी दृष्टि देकर श्रमिकों और बंगाल को बचाने की कोशिश करेंगे। इस देश की पूर्ण रूप से उन्नति करने की कोशिश करेंगे। छटाई, ले-आफ ये तमाम चीजें जो मिल मालिक करना चाहते हैं, कानून का सहारा लेकर, उन्हें सरकार अवश्य बन्द करने के लिए कड़ी नजर दे। कानून का सहारा लिया गया था कि ले-आफ, लाक-आउट और हड़ताल अब से नहीं होगा, मगर तरह-तरह का बहाना बनाकर मिल मालिकोंने ले-आफ, लाक-आउट अभी तक चालू करते जा रहे हैं। इसलिए इस बजट का समर्थन करते हुए मैं आशा करता हूं, इन सब श्रमिक विरोधी वारदातों पर जरूर कड़ी नजर रखी जायेगी।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই গ্রাণ্ট সম্পর্কে কি বলব খুব ভেবে পাচ্ছি না। পশ্চিমবঙ্গের জনসংখ্যা তো ৪ কোটি ৪৪ লক্ষ, সেখানে শিল্প বাজেটে বরাদ্দ ৩ কোটি ৩৪ লক্ষ টাকা—মাথাপিছু ৭৫ পয়সারও কম, সুতরাং এই টাকা যেখানে বরাদ্দ সেখানে আলোচনা ক'রে কোন লাভ আমি দেখছি না। তবে হ্যাঁ, চলতি প্রশাসনের ঠাট বজায় রাখুন আর ঐ ঠাট বজায় রেখে চলতে থাকুন যেখানে পেঁছাতে পারেন, এর বেশি আর আপনাকে কি বলব। অসুস্থ শিল্পের পীঠস্থান এই পশ্চিম বাংলা, এখানে দেখছি এক লক্ষ টাকা আপনি লাল বইটাতে ধরেছেন, তাও দেখছি চলতি উন্নয়ন খাতে ৪৮ লক্ষ টাকা এতে যা হবার হবে। একটা উদাহরণ দিলেই বুঝতে পারবেন। এই ওয়েস্ট বেঙ্গলে ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশনের একটা হিসাব দেখছিলাম—দেড় বছর ধ'রে তো কোন চেয়ারম্যান নেই, সেপ্টেম্বরের হিসাবে বলছে, হাতে ছিল ৭০ লক্ষ টাকা। এই ৭০ লক্ষ টাকা দিয়ে আমদের এই বিরাট পশ্চিম-বঙ্গের কতটা উন্নয়ন হবে সেটা আমরা ভালই বুঝতে পারছি। বিহারে, তাদের ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশনের ক্যাপিটাল ৬ কোটি টাকা, উড়িষ্যার মত জায়গায় তাদের ক্যাপিটাল ১৭·৭ কোটি টাকা আর পশ্চিমবঙ্গে বোধ হয় ১·৪৮ কোটি টাকা এই হচ্ছে ক্যাপিটাল। আপনার বক্তৃতা থেকে বুঝতে পারলাম আপনার ইচ্ছা অনেক বেশি। ইচ্ছা যদি ঘোড়া হত, তা হ'লে বেগারস্ কুড রাইড। ভরসা তো ঐ ১৬ দফা সুবিধাদান কর্মসূচির উপর—এই কর্মসূচি আমাদের পশ্চিম বাংলাকে শিল্পে উন্নত করবে। আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে জানাচ্ছি, এই যে ১৬ দফা কর্মসূচি—এটা বিফল হতে বাধ্য, এটা আপনাকে বুঝতে হবে যে, এর উপর ভরসা ক'রে আপনি একটা পাও ফেলতে পারবেন না। কারণ, প্রথমতঃ বাঙ্গালী যুবকদের যদি সত্যি সত্যি সমাজতান্ত্রিক চেতনায় উদ্বুদ্ধ করতে হয়, সেখানে তাদের মুনাফা সম্পর্কে একটা প্রচণ্ড অনাগ্রহ, অনিচ্ছা আছে। ঐ পথে ব্যবসা ক'রে তার থেকে মুনাফা ক'রে সমাজতান্ত্রিক হবার আগ্রহ তাদের নেই। দেখুন নিম্নতম মূলধনেরও তাদের অভাব আছে। যেটুকু মূলধন হ'লে এই ১৬ দফা কর্মসূচিতে সে যেতে পারে সেইটুকু মূলধনও তাদের নেই, এটা বাস্তব সত্য কথা। ৭৫টি একচেটিয়া পরিবারের ভেতরে আপনিই সেদিন বললেন, ২০টি পরিবার এই

পশ্চিম বাংলায় খুব জাঁদরেল হয়ে বসে আছে। তাদের চাপে নিষ্পড়ে যাচ্ছে ছোট ছোট শিল্প-গুলি। যাদের সুবিধাদানের কর্মসূচি আপনি নিয়েছেন, খোঁজ ক'রে দেখুন, সেই টাকাটা ঘুরে-ফিরে ঐ কুড়িটি পরিবারের পকেটে অলরেডি চলে গিয়েছে, এটা বাস্তব সত্য কথা। ছোট এবং মাঝারি অসংখ্য শিল্পপতি গ'ড়ে তুলে কি ক'রে সমাজতন্ত্রে পৌঁছানো যাবে, এটা নিয়ে সরোজবাবু ব'লে গিয়েছেন, আমি আর বেশি বলছি না, তবে, আমার নিজের মনে হয়, মন্ত্রিমহাশয়ের মাথায় যেন একটা জাপান জাপান লেগে আছে। গতবারেও তিনি এই জাপানের উদাহরণ দিয়েছিলেন। এই প্রসঙ্গে বলি স্যার, ১৮৬৯ সালে ম্যাজি রেসটোরেশনের পর জাপানে ধনতন্ত্র প্রসার লাভ করেছিল। সে মাঞ্চুরিয়াকে কলোনি করেছে, চীনকে কলোনি করেছে, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তরুণবাবু আজ কোথাও কলোনি পাবেন না। শুধু তাই নয়, ধনতন্ত্র যখন ভেঙ্গে যাচ্ছে, সমাজতন্ত্র যখন বাড়ছে তখন জাপান আর তৈরি হয় নি, কখনও হতে পারে না, এসব অতীত ইতিহাস ভুলে যেতে হবে। ১৯১৮ সালের পর সমাজতন্ত্র যখন এই পৃথিবীর অর্ধেক হতে চলেছে তখন ব্যাপারটা ঘুরে গিয়েছে একথাটাই সরোজবাবু বোঝাবার চেষ্টা করেছিলেন। কাজেই সে চিন্তাকে আজ তরুণবাবুকে বাদ দিতে হবে। তা হ'লে উপায় ? সরকারী বিনিয়োগ বাড়ানো। এতে যে একেবারে ভয়ঙ্কর সমাজতন্ত্র হবে একথা আমি বলি না। আরে রুজভেল্টই বলেছিলেন, নিউ ডিল কর, তা না হ'লে বেকার সমস্যা ঠেকাতে পারবে না। পাবলিক ইনভেস্টমেন্ট বাড়াও —ধনতন্ত্রের সবচেয়ে বড় দেশের সবচেয়ে বড় প্রেসিডেন্ট। আমি শুধু যেটা বলি, আপনারা

[8-00—8-10 p.m.]

স্টেট ক্যাপিটালিজম করুন। কিনস্ অর্থনীতিতে তাঁরা বলছেন যে, পাবলিক ইনভেস্টমেন্ট বাড়াতে হবে। রুজভেল্ট বা কিনস্ কেউ কিন্তু এই ১৬ দফা সুবিধাদানের কর্মসূচিতে একটা দেশ উন্নত হতে পারে, এইরকম কথা বলে নি বা বলতে পারে না। এটা হচ্ছে বাস্তব অর্থনীতির মূল কথা। সরকারী বিনিয়োগ কোনদিকে হবে সেটা নিয়ে রাজ্য পরিকল্পনা পর্ষদ একটা পরিকল্পনা করেছেন। আমরা সেই পরিকল্পনা দেখেছি, এতে সরকারী বিনিয়োগ ধরেছেন ৩·৩২ কোটি টাকা। আর বেসরকারী বিনিয়োগ অথবা কোথা থেকে অন্য টাকা পাওয়া যাবে সেটা বলেন নি। এক হাজার ৬৩·৫০ কোটি টাকা যদি সেটা বেসরকারী বিনিয়োগ হয়, তা হ'লে ৩·৩২ কোটি টাকা সরকারী বিনিয়োগ আর এক হাজার ৬৩ কোটি টাকা বেসরকারী বিনিয়োগ— এই ক'রে সরকারের কম্যান্ডিং হাইটস্ অব দি ইকনমি। যেটা জওহরলাল নেহরুর প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনার ভূমিকায় লেখা আছে সেই কম্যান্ডিং হাইটস্ অব দি ইকনমি বেসরকারী বিনিয়োগ বাড়িয়ে সরকার ধরতে পারবে ? এটাই কি কথা, এটাই কি চিন্তা ? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এর পাশাপাশি আমরা শুনতে পাচ্ছি, খবরের কাগজে দেখছি যে, রাজ্যসরকারের শিল্পবিভাগ তার মধ্যে নাকি ২ হাজার ৪৫০ কোটি টাকার পরিকল্পনা করেছেন, জানি না সত্যি কিনা। আমার মনে হচ্ছে রাজ্যসরকারের শিল্পবিভাগের আমলাদের এবং রাজ্য পরিকল্পনা পর্ষদের মধ্যে কোথাও একটা বিরোধ আছে। আজকে স্টেটস্ম্যান ভাল ক'রে পড়েছি এবং তার মধ্যে মনে হয়েছে যে, একটা বিরোধ রয়েছে। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বলব যত তাড়াতাড়ি এই বিরোধ মিটিয়ে ফেলা যায় তার চেষ্টা করুন। তা হ'লে আমার মনে হয় পশ্চিম-বঙ্গের পক্ষে ভাল এবং পরিকল্পনা পর্ষদের উপর একটা ছেড়ে, একটা এক্জিকিউশন শিল্প বিভাগ নিলে বোধ হয় ভাল হয় এবং এটা চিন্তা করা দরকার। সমাজতন্ত্রের কথা বাদ দিলাম। কিন্তু যে ৫৯১ কোটি টাকা উনি বেসরকারী বিনিয়োগ হবে ব'লে ভেবেছেন—মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি ইকনমিক টাইমসের কথাটা না ব'লে পারছি না। এই বেসরকারী বিনিয়োগ যারা ক'রে তারা ইনভেস্টমেন্ট স্ট্রাইক করছে, তারা ইনভেস্টমেন্ট করছে না। তাদের তো প্রফিট প্রচণ্ড হচ্ছে। ইকনমিক টাইমস বলছে যে, নেট সেভিংস ৩৬ পারসেন্ট হচ্ছে। ২ বছরে নেট সেভিংস ৩৬ পারসেন্ট হচ্ছে তো টাকাটা কোথায় গেল। তাঁরা বলছেন

"Industries have been able to liquidate their borrowings, apparently because they did not have expansion programmes or did not conceive future development."

কিন্তু ব্যাঙ্ক সেই টাকা ফেরত দিচ্ছে, অথবা রাজ্যসরকার যে টাকা লোন নিয়েছিল সেই টাকাটা ফেরত দিচ্ছে। ভয় হচ্ছে যে, এই টাকাটা ইকুইটি ক্যাপিটালে পরিণত হয়ে কখন জয়েন্ট সেক্টর হয়ে যায়। এই ভয়ে তারা সমস্ত লোন ফেরত দিয়ে দিচ্ছে, ইনভেস্টমেন্ট করছে না। যদি ইনভেস্টমেন্ট স্ট্রাইক করে তা হ'লে সেটা তো শ্রমিকরা স্ট্রাইক করে নি। শ্রমিকরা স্ট্রাইক করলে পুলিস পাঠিয়ে ধরুন, যারা ইনভেস্টমেন্ট স্ট্রাইক করছে তাদের ধ'রে জেলে পাঠিয়ে দিন। না তারা বড় বড় লোক, ফরসা জামাকাপড় পরে বলে, এটা আমি বুঝতে পারছি না যে, তারা যদি ইনভেস্টমেন্ট স্ট্রাইক ক'রে লক্ষ লক্ষ বেকার যুবকদের ক্ষতি করে, তারা অ্যারেস্ট হবে না? ইকনমিক টাইমস্ তো আমাদের কাগজ নয়, এটা তো বিড়লার কাগজ, এটা তো শ্রমিকের অশান্তির জন্য হয় নি, কাঁচামালের অভাবের জন্য হয় নি। আমরা টাকা ফেরত দিচ্ছি, আমরা আর টাকা খরচ করব না। আমরা ঠিক করেছি যে, যা আমরা পেয়েছি সেটা নিয়ে থাকব এবং টাটা মেমোরান্ডামের মাধ্যমে চাপ দিচ্ছে যে, ন্যাশনালাইজেশনের পলিসি পাল্টাও তা না হ'লে করব না, এই ব্ল্যাকমেইল তারা করছে। এই ব্ল্যাকমেইল যারা করছে সেজন্য তাদের আমরা বলব যে, তোমরা এস। আর ১৬ দফা কর্মসূচির সুবিধা কারা পাচ্ছে? যারা জমি বেনামী ক'রে ঠিক সেই রকমভাবে একচেটিয়া পুঁজিপতিরা, তাদের আত্মীয়-স্বজনেরা বেনামী ১৬ দফার সুবিধা পাচ্ছে। বাঙ্গালীরা পাচ্ছে ব'লে আমার যতদূর খবর সেটা সত্য নয়।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যসরকারের সামর্থ্য যদি সীমাবদ্ধ হয়, তা হ'লে একমাত্র পথ হচ্ছে কেন্দ্রের কাছ থেকে আদায় করা। কিন্তু কেন্দ্রের কাছ থেকে আদায়ের কয়েক বছরের যে ইতিহাস তাতে হবে না। আমি বাজেট বক্তৃতায় বলেছি, বিভিন্ন র মেটিরিয়ালস-এর যে কোটা আছে তাতে কেন্দ্রের কাছ থেকে কোনরকম সহানুভূতির আশা নেই। কেন্দ্রীয় প্রাইসিং পলিসিকে বদলাবার জন্য, কেন্দ্রীয় লাইসেন্সিং পলিসিকে বদলাবার জন্য কেন্দ্রীয় আমলাদের একটু বোঝান, সেটা না হ'লে বার বার শুধু উল্লেখই হবে। আমাদের শিল্পমন্ত্রীর একমাত্র কাজই হচ্ছে, একটা মিউনিসিপ্যালিটি চালানো, আমি তো আর কিছু কাজ দেখি না। আংশিক টাকা দেবে সেটার জন্য বলতে হবে, কাঁচামালের জন্য তাদের বলতে হবে, এটা কি শিল্পপ্রসারের উপযুক্ত পথ। আমরা চাই, আজ কিছুটা জোর করতে হবে এবং রাজ্যগুলির যেখানে যেখানে সারপ্লাস আছে সেখান থেকে সংগ্রহ করতে হবে। খাদ্যশস্যের ব্যবসাকে নিশ্চয়ই জাতীয়করণ করতে হবে এবং শুধু তাই নয়, আমাদের রাজ্যের প্রাকৃতিক সম্পদ নিয়ে আমাদের নিজেদের ব্যবসায় নেমে পড়তে হবে এবং এই বিষয়ে খাদ্যশস্যের ব্যবসাই প্রধান ব্যবসা। অন্য যেসব রাজ্যে সারপ্লাস আছে সেখান থেকে নিয়ে সরকারী নিয়ন্ত্রণে বিনিয়োগ করতে হবে এবং সেটা করতে পারলেই তবে আপনারা এগিয়ে যেতে পারবেন, তা না হ'লে যেরকম চলছে এই রকমই চলবে এবং অশান্তি আরও বাড়বে।

শ্রীশরৎচন্দ্র দাস: অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ স্যার, অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিল্পমন্ত্রী বলেছেন যে, ৩৭ কোটি ৭৭ লক্ষ টাকা পুরুলিয়ার ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্টএর জন্য খরচ করা হবে, সেই জন্য আমরা আনন্দে উৎফুল্ল হয়ে বসে আছি তাঁকে অভিনন্দিত করব ব'লে। কিন্তু আমরা বক্তা হিসাবে আপনার কাছে নাম দিয়েছিলাম, এখন দেখছি চীফ হুইপ মহাশয় আমাদের নাম বাদ দিয়ে দিয়েছেন এবং তার জন্য আমরা মাননীয় মন্ত্রিমহাশয়কে অভিনন্দিত করতে পারলাম না, আলোচনায় অংশগ্রহণ করতে পারলাম না।

শ্রীতরুণকান্তি ঘোষ: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কংগ্রেসী যেসমস্ত সদস্যরা বক্তৃতা দিয়ে এই বাজেটকে সমর্থন করেছেন তাঁদের অভিনন্দন জানাচ্ছি। কিন্তু সরোজবাবু এবং হরশঙ্কর-বাবু—যাদের বোধ হয় সি পি আই-র তরফ থেকে বক্তৃতা দেওয়ার জন্য শিল্পের ব্যাপারে ঠিক করা আছে এবং আগের বার যা দেখেছি এই বারও সেই জিনিস দেখলাম সরোজবাবু আরম্ভ করলেন আর হরশঙ্করবাবু শেষ করলেন। কথা হচ্ছে, ও'রা এর আগের বার বক্তৃতার সময় যা বলেছিলেন, টেপ রেকর্ড দেখলে বুঝতে পারবেন এইবারও সেই একই কথা বললেন। হর-শঙ্করবাবু বললেন, 'কি বলব বুঝতে পারছি না'। যখন বুঝতেই পারছেন না তখন বলবার দরকার কি? হোয়াই ডিড ইউ ওয়েস্ট টেন/ফিফ্‌টিন মিনিটস্ টাইম? আমি একটা কথা

বলি, সমাজতন্ত্রের কথা যেটা ও'রা বললেন, সেই সম্বন্ধে যে, আমাদের বিশ্বাস, শ্রীমতী ইন্দিরা গান্ধীর নেতৃত্বে আমরা সেই সমাজতন্ত্রের পথেইই এগিয়ে চলেছি। এই বিশ্বাস তাঁদেরও আছে ব'লেই তাঁরা আমাদের সঙ্গে এসেছেন এবং তা হ'লেই বোঝা যাচ্ছে, আমরা ঠিক পথে চলছি। অতএব সমাজতন্ত্র ব'লে আমরা পশ্চিম বাংলার সমস্ত শিল্প বন্ধ ক'রে দেব বা সমাজতন্ত্র মানে শুধু নাশনালাইজেশন এটাই আমরা বুঝি না। সমাজতন্ত্র গঠনের জন্য আমি এইটুকু বলব যে, আমাদের দল জাতীয় কংগ্রেস, আমাদের প্রধানমন্ত্রী এবং ভারত সরকার সুনির্দিষ্ট নীতিতেই এগিয়ে চলেছেন।

[8-10--8-15 p.m.]

আমাদের দল, জাতীয় সরকার, প্রধানমন্ত্রী এবং ভারত সরকার যে নীতি গ্রহণ করেছেন সেই নীতি হচ্ছে গণতান্ত্রিক পথে সমাজতন্ত্র স্থাপনের নীতি। পশ্চিম বাংলাও সেই নীতি মেনে চলছে। সেই নীতির মধ্যে যেখানে আমরা প্রাইভেট ক্যাপিটাল ইউটিলাইজ করতে পারব তা নিশ্চয় করব এবং যেখানে পাবলিক ক্যাপিটাল ইউজ করা দরকার নিশ্চয় তা করব। অর্থাৎ আমরা সামগ্রিকভাবে সমস্ত সম্পদ নিয়ে এসে এগুতে পারব। তারপর, তিনি ৫১১ কোটি টাকার কথা বললেন। তিনি দেখেন নি যে, এই ৫১১ কোটি টাকার মধ্যে ৯৪ ও ৮৪ কোটি টাকা হচ্ছে প্রাইভেট ক্যাপিটাল। অতএব ৫১১ কোটি টাকার মূলধন নিয়ে এসেছি প্রাইভেট থেকে এটা কোথা থেকে তিনি পেলেন জানি না। ৫১১ কোটি টাকার মধ্যে ৯৪ ও ৮৪ কোটি টাকা—অর্থাৎ ১৭৮ কোটি টাকা মাত্র প্রাইভেট ক্যাপিটাল, কিন্তু সেখানে ৫১১ কোটি টাকাই নয়, আমরা ১ হাজার ১৭৮ কোটি টাকা যে যে সেক্টরে মূলধন নিয়োগ করতে চায় তার জন্য ভারত গভর্নমেন্ট পারমিশন দিয়েছেন এবং সেটা ইনভেস্ট করতে পারলে আমাদের বেকার ছেলেরা চাকরি পেত এবং আমাদের সম্পদ বৃদ্ধি হত। সেজন্য অনুরোধ করব ডকট্রিনাল থিওরি দয়া করে না ক'রে বাস্তবের মধ্যে আসুন। দেশের দুর্দশা দূর করতে হবে এবং তার জন্য সমাজতন্ত্র আপনারা চান, আমরাও চাই। দেশে যখন বেকার আছে তখন সমাজতন্ত্র হবে না। দেশে ব্যক্তিগত মুনাফা, ইনভেস্ট করতে দিলাম না তাতে সমস্ত মহারাষ্ট্রে চলে গেলে লাভ কি হবে? বরং সমস্ত সম্পদ নিয়ে এসে যদি শিল্প বিস্তার করতে পারি, তা হ'লে তাতে দেশের সম্পদ বৃদ্ধি হবে, এবং বেকার সমস্যার সমাধান হবে। অনেক রাত হয়েছে, আমার আর বিশেষ কিছু বলার নেই। সুতরাং যেসব কাট মোশন আছে সেগুলির অপোজ করছি এবং আমার মূল বরাদ্দ গ্রহণ করার জন্য অনুরোধ ক'রে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Timir Baran Bhaduri that the amount of the demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Timir Baran Bhaduri that the amount of the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Shish Mohammad that the amount of the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Tarun Kanti Ghosh that a sum of Rs. 8,49,20,000 be granted for expenditure under Grant No. 26, Major Heads: "35—Industries—Industries, and 96—Capital Outlay on Industrial and Economic Developments.", was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 8-15 p.m. till 1 p.m. on Friday, the 9th March, 1973, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 9th March, 1973, at 1 p.m.

Present:

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair. 13 Ministers, 7 Ministers of State, 3 Deputy Ministers and 129 Members.

Oath or Affirmation of Allegiance

[1-00—1-10 p.m.]

Mr. Speaker: Any Member present who has not made an Oath or Affirmation of Allegiance may kindly do so.

(There was none to take Oath)

Mr. Speaker: I now take up Questions.

(*476—not called, *477—not called, *478—not called, *479—not called, *480—not called, *481—not called.)

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মনে হয় অন্য কোন কারণ আছে কিনা জানি না, এই রকম দলবন্ধভাবে অনুপস্থিতির কারণ কি, আমার মনে হয় তাঁরা যদি তাঁদের বক্তব্য রাখতে পারেন, তা হ'লে তাঁরা অনেকে এখানে আসতে পারেন।

(*482—not called, *483—not called, *484—not called, *485—not called, *486—not called, *487—not called, *488—not called, *489—not called, *490—not called, *491—not called, *492—not called, *493—not called, *494—not called, *495—not called, *496—not called, *497—not called, *498—not called, *499—not called, *500—not called, *501—not called, *502—not called.)

Mr. Speaker: I am going to repeat from the first question.

শ্রীঅশ্বিনী রায়ঃ মাননীয় মন্ত্রী বললেন নিশ্চয় অন্য কোন কারণ আছে যার জন্য মাননীয় সদস্যেরা আসেন নি। আমি যতদূর জানি গতকাল ইন্ডাস্ট্রি বাজেটের আলোচনায় হাউসের সময় বাড়ান হয় নি এবং সেই জন্য কিছু কিছু সদস্যের বিক্ষোভ ছিল। আমি আপনার কাছে বলছি, বিজনেস অ্যাডভাইসরি কমিটিতে বসে আপনি জিনিসটি দেখুন। অন্যান্য গ্রান্টের ক্ষেত্রে টাইম বাড়ান হয়েছিল, কিন্তু ইন্ডাস্ট্রির ক্ষেত্রে টাইম বাড়ান হয় নি এবং সেই কারণে কিছু কিছু সদস্যের বিক্ষোভ আছে।

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমার মনে হয় যাঁরা এখানে উপস্থিত হন নি তাঁদের প্রতিনিধি হয়ে যদি কেউ বক্তব্য রাখেন এবং কারণগুলো বলেন এবং এটা বিবেচনা করবার জন্য অনুরোধ করেন, তা হ'লে বোধ হয় এই ব্যাপারটার একটা মীমাংসা হয়।

Mr. Speaker: I do not know anything. May I request Hon'ble Minister for Parliamentary Affairs to say whether anything is known to him?

Shri Gyan Singh Sohanpal: So far as I know, no request came for extension of time against that particular Grant. I have no knowledge about it.

Mr. Speaker: I do not know anything because at that time I was not presiding—I was not in the House, I was in my chamber—and if there is any grievance of any honourable Member certainly he can come and meet me in my chamber.

শ্রীনাসিরুদ্দিন খাঁন: মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা সংবাদ শুনেছি যেটা আপনার কাছে বলতে চাই। গতকাল ইন্ডাস্ট্রিজ গ্রান্টের বক্তৃতা করবার জন্য স্পীকার হিসেবে অনেকের নাম ছিল, অর্থাৎ আপনার কাছে তাঁরা নাম দিয়েছিলেন। কিন্তু তাঁরা জানতে পারলেন না এই সমস্ত নাম কে কেটে দিল এবং তাঁদের নাম কল করা হ'ল না। আমি যতটুকু শুনেছি এটাই হচ্ছে অভিযোগ। তাঁরা বলছেন, আমরা নাম দিলাম, রাত্রি পর্যন্ত অপেক্ষা করলাম, অথচ পরে দেখা গেল, আমাদের নাম ডাকা হ'ল না, গ্রান্ট শেষ।

মিঃ স্পীকার: আমি তো সেই সময় চেয়ারে ছিলাম না। কাজেই কি ব্যাপার হয়েছে আমি কিছুই জানি না। মিঃ সোহনপাল যদি এ সম্বন্ধে খোঁজ নেন, তা হ'লে ভাল হয়।

Shri Gyan Singh Sohanpal: Any way, now I hear about it. I would meet the Members and let you know what has happened.

Mr. Speaker: No Member has told me anything. I do not know anything about it. The Deputy Speaker was presiding over the House at that time. No Member has made any grievance to me. It is completely unknown to me why some Members, including those in whose names the questions stand to-day are not present in the House?

[1-10—1-20 p.m.]

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: স্পীকার, স্যার, এটা আমার ব্যক্তিগত ভাবে মনে হচ্ছে ওয়ান কাইন্ড অব বয়কট। সুতরাং এই ধরনের বয়কট যদি দেখা দেয়, সেখানে মাননীয় সদস্যদের বলা উচিত যে, কেন তাঁরা বয়কট করলেন। আমি মনে করি এটা একটা গুরুত্বপূর্ণ ব্যাপার এবং সংগে সংগে মাননীয় সদস্যদের যাঁরা বয়কট করেছেন পুরাপুরি বয়কট না হ'লেও, আমার মনে হচ্ছে এটা ওয়ান কাইন্ড অব বয়কট। তাঁদের এই ধরনের পরিকল্পনা নেওয়ার আগে মাননীয় স্পীকারকে এবং মাননীয় মুখ্যমন্ত্রীকে জানান দরকার, তা না হ'লে যে সমস্যার সৃষ্টি হয়েছে বা সৃষ্টি হবে তার সমাধানের কোন পথ থাকবে না। সুতরাং বয়কট করার আগে আপনার মাধ্যমে আমি তাঁদের অনুরোধ করছি যে, মাননীয় স্পীকারের মাধ্যমে মাননীয় সদস্যরা তাঁদের সমস্যা উত্থাপন করুন এবং তাঁদের বক্তব্য রাখুন হাউসির সামনে যাতে সরকার বিবেচনা ক'রে সমস্যার সমাধান করতে পারেন। এবং আজকে যাতে সভার কাজ চলে তার জন্য ব্যবস্থা গ্রহণ করুন।

শ্রীগঙ্গাধর প্রামাণিক: মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনাকে বলতে চাই যে, হাউস পনর মিনিট অ্যাডজর্ন ক'রে দিন এবং বাস্তবিক যাঁদের গ্রিভান্স আছে তাঁরা চিফ হুইপের সংগে ডিসকাস ক'রে এই সমস্যার সমাধান করুন। আদারওয়াইজ ইট লুকস্ ভেরী অড্।

Mr. Speaker: I now find that some of the Hon'ble Members in whose names the questions stand to-day are present in the House. I am calling the names from the very beginning.

শ্রীগঙ্গাধর প্রামাণিক: স্যার, ও'রা কেন আসেন নি সেটা জানা দরকার। হাউসের কাজ পনর মিনিট ডিটেন্ড হ'ল, আপনি নাম কল্ করলেন, তাঁরা এখানে কেউ নেই, চিফ হুইপকে ডেকে জিজ্ঞাসা করুন—

We are interested to know what is the matter?

Mr. Speaker: Mr. Pramanick, with due respect to the honourable Members I would say that if there is any grievance of any individual Member against the Chair, certainly I would invite him in my chamber to discuss the matter. But if there is any other grievance, I am sorry, I cannot interfere in the matter because that may be an inner party affair or an affair between different Members. I should not poke my nose into that sort of affair as a servant of the House. If any Member has any grievance against the Chair I am ready to discuss it in my chamber and settle the matter. This much I can do.

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় স্পীকার মহাশয়, সভার কাজ আরম্ভ হয়েছে, এই হাউসে কোন সদস্য কখন আসবেন সেটা মস্তবড় কথা নয়, আমি বলব স্যার, এই হাউসের কাজ যেভাবে আরম্ভ হওয়া দরকার, আপনি ইউজুয়াল কোর্সে সেইভাবে আরম্ভ ক'রে দিন।

Mr. Speaker: Then I am again calling the question from the very beginning.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

হরিণখোলা নদীর উপর সেতু

*৪৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *৭৪।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) হুগলী জেলায় হরিণখোলা নদীর উপর সেতুটির নির্মাণ কাজ কবে নাগাত সম্পূর্ণ হবে;

(খ) ইহা কি সত্য যে, উক্ত সেতুর নির্মাণ কাজ দীর্ঘদিন যাবত অসমাপ্ত অবস্থায় পড়ে আছে;

(গ) সত্য হলে, কারণ কি, এবং

(ঘ) সেতুটি নির্মাণ করার ভার বর্তমানে কোন নতুন ঠিকাদারের উপরে অর্পণ করা হয়েছে কি?

শ্রীরামকৃষ্ণ সারোগী: (ক) আশা করা যায় বর্তমান বৎসরের শেষ দিকে সম্পূর্ণ হইবে।

(খ) ও (গ) হ্যাঁ কাজটি অসমাপ্ত অবস্থায় ছিল। তবে এখন সমাপ্ত করার কাজ চলিতেছে। কাজটি অসমাপ্ত থাকার কারণ: সেতুর থামবহনকারী ২নং কূপ একাধিকবার মাটির নীচে বসিয়া যায়। এইরূপ অবস্থার অবসান ঘটানোর জন্য বিশেষ পরীক্ষা-নিরীক্ষার পর দেখা যায় যে,

কূপটি আরও ৪৫ ফুট মাটির নীচে নামানো প্রয়োজন। এই তথ্য নির্ধারণের পর রোড রিসার্চ ইনস্টিটিউটের সিদ্ধান্ত অনুসারে বর্তমানে কাজ চলিতেছে।

(ঘ) না।

শ্রীমহম্মদ সফিউল্লা: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এই যে দু' নম্বর কূপ মাটির নীচে বসে গেল এই সম্বন্ধে কোন আতঙ্ক রাজ্যসরকার করেছিলেন কিনা, ক'রে থাকলে কি ব্যবস্থা গ্রহণ করেছিলেন?

শ্রীরামকৃষ্ণ সারোগী: আতঙ্ক ছিল না, তা হ'লে এই লাইনে কাজ করতাম না।

শ্রীমহম্মদ সফিউল্লা: কাজটি আরম্ভ হওয়ার আগে যদি মাটি পরীক্ষা করা হয়ে থাকে, তা হ'লে এই যে একটি থাম বসে গেল এ সম্বন্ধে কোনকিছু কি আগে ধরা পড়েনি?

শ্রীরামকৃষ্ণ সারোগী: সয়েল টেস্টিং করার পর স্পেসিফিকেশন অনুসারে কাজ আরম্ভ করেছিলাম, আরম্ভ হওয়ার পর দেখা গেল এই রকম অবস্থা হয়ে যাচ্ছে।

শ্রীমহাদেব মুখোপাধ্যায়: দু' নম্বর থাম ১২৫ ফুট নামবার কথা, আর কত ফুট বাকী আছে নামতে?

শ্রীরামকৃষ্ণ সারোগী: আরও ৪৫ ফুট নীচুতে।

শ্রীমহাদেব মুখোপাধ্যায়: এই হরিণখোলা ব্রীজ ১৯৬৮ সালে শেষ হবার কথা, এক্সটেনশন হয়েছে, ঠিকমত কাজ হয় নি। যে রিভাইজড এস্টিমেট হ'ল বর্তমানে জিনিসপত্রের দাম মেটিরিয়েলসের দাম বেড়ে গেছে, চন্দ্র ইঞ্জিনীয়ারিং ইন্ডিয়া লিঃ কোম্পানী যে রিভাইজড এস্টিমেট দিয়েছে, সেটা কি বিভাগে অনুমোদিত হয়েছে, সেটা মন্ত্রিমহাশয়ের নিকট জানতে চাই।

শ্রীরামকৃষ্ণ সারোগী: নোটিস দিলে জানিয়ে দিতে পারি, আমাদের যে টোটাল এস্টিমেট ছিল ৩৫ লক্ষ ২৬ হাজার টাকা, সে এস্টিমেট অনুযায়ী কাজ ক'রে যাচ্ছে।

শ্রীসনৎকুমার মুখার্জী: মাটি সমীক্ষা ক'রে কি দেখা হয়েছিল এটা ব্ল্যাক কটক সয়েল কিনা?

শ্রীরামকৃষ্ণ সারোগী: নোটিস দিলে বলতে পারি।

শ্রীসনৎকুমার মুখার্জী: মাটি পরীক্ষা ক'রে কি দেখা হয়েছিল, ব্ল্যাক কটন সয়েল কিনা?

শ্রীরামকৃষ্ণ সারোগী: পরীক্ষা করার পর কাজ শুরু হয়েছিল।

শ্রীসনৎকুমার মুখার্জী: ব্ল্যাক কটক সয়েল কিনা সেটা পরীক্ষা ক'রে দেখা হয়েছিল কিনা?

শ্রীরামকৃষ্ণ সারোগী: যে রিপোর্ট ছিল, সেই অনুসারেই কাজ আরম্ভ হয়েছিল, সেই সময় একটি স্তম্ভ বসে গেল।

শ্রীসনৎকুমার মুখার্জী: যখন ব্রীজের কাজ আরম্ভ হবে তখনই কনস্ট্রাকশন করবার মুখে জানতে হবে মাটি পরীক্ষা ক'রে সেটা ব্ল্যাক কটন সয়েল কিনা, সেই অনুযায়ী ফাউন্ডেশন হবে, কংক্রিট হবে এবং সব কিছু চেঞ্জ হবে, এই যে থামটা বসে গেল এটা কি জন্য হ'ল, এটা কি ব্ল্যাক কটন সয়েলের জন্য, মেশিনারী ডিফেক্টের জন্য, না কি কনস্ট্রাকশনের ডিফেক্টের জন্য?

শ্রীরামকৃষ্ণ সারোগী: কনস্ট্রাকশনে কোন ডিফেক্ট ছিল না, সয়েলের জন্যই, ৪৫ ফুট নীচে কংক্রিট করা হচ্ছে।

শ্রীসনৎকুমার মুখার্জী: এই ব্ল্যাক কটন সয়েলের জন্য এত মানি ওয়েস্টেড হ'ল, না কি জন্য হ'ল?

শ্রীরামকৃষ্ণ সারোগী: আমি আগেই বলেছি স্পেসিফিকেশন অনুসারে কাজ শুরু হয়েছিল, সয়েল টেস্টিং হয়েছিল, কাজ যে সময় শুরু হ'ল দেখা গেল, একটি স্তম্ভ বসে যাচ্ছে, করার পর জানা যায় আরও ৪৫ ফুট যেতে হবে।

শ্রীসনৎকুমার মুখার্জী: সয়েল টেস্টিং-এ কি কোন ভুল ছিল ?

[1-20—1-30 p.m.]

শ্রীরামকৃষ্ণ সারোগী: ভুল বলতে পারবো না, টেস্টিং হয়েছিল, কিন্তু এই রকম হতে পারে চেঞ্জ হতে পারে।

শ্রীসনৎকুমার মুখার্জী: উনি বলছেন, সয়েল টেস্টিং আমি করেছিলাম। ওখানে সয়েল টেস্টিং রিপোর্ট ছিল এবং সেকেন্ড রিপোর্টও ছিল। প্রথম রিপোর্ট-এ ব্ল্যাক কটন সয়েল দেখা গেল না, সেকেন্ড রিপোর্ট-এ ব্ল্যাক কটক সয়েল পাওয়া গেল। তা হ'লে ফার্স্ট রিপোর্ট কি ভুল প্রমাণিত হয়েছে ?

শ্রীরামকৃষ্ণ সারোগী: আমি আগেও বলেছি, ভুল বলতে পারবো না।

(কয়েকজন মাননীয় সদস্য বলতে উঠেন)

Mr. Speaker: Honourable Members, please take your seats. Hon'ble Minister, Shri Bholanath Sen, will say something to you in this connection.

শ্রীভোলানাথ সেন: আমি একটা এক্সপ্লানেশন দিচ্ছি। আগে যেভাবে সয়েল টেস্টিং হ'ত তাতে ডিফেকটিভ দেখা গিয়েছে। এখন অন্য ধরনের সয়েল টেস্টিং হয়। একটা পাইপ বসিয়ে দেওয়া হয় পুরো জমিটায় এবং তারপর লেয়ার বাই লেয়ার আনা হয়। এখন যে নলেজ সেটা আগে ছিল না। আর একটা জিনিস হচ্ছে যতই সয়েল টেস্টিং করুন না কেন নদীর স্রোত যেমন চেঞ্জ হয়, তেমনি নীচেও অনেক পরিবর্তন হয়। কাজেই প্রাকৃতিক চেঞ্জ হতে পারে। আমরা বর্তমানে অনেক ইমপ্রুভডভাবে করছি এবং এই লেটেস্ট মেথডে রিস্ক কমে যাবে। কিন্তু তবুও সম্পূর্ণ ঠিক হবে কিনা সন্দেহ। কারণ প্রকৃতির চেঞ্জ যে কোন সময় হতে পারে।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: জমির প্রকৃতি এক বছরে কতবার পরিবর্তন হয় ?

শ্রীভোলানাথ সেন: পরিবর্তন যদি হয় অনেকবার হতে পারে। আবার একবারও নাও হতে পারে।

শ্রীসনৎকুমার মুখার্জী: ব্ল্যাক কটক সয়েল যদি থাকে সেটা কাজ করতে গেলেই বুঝতে পারবেন। আপনারা বলছেন বোর ক'রে দেখেন। কিন্তু যে কোন ইঞ্জিনীয়ার নিয়ে যাবেন ব্ল্যাক কটক সয়েল থাকলে বুঝতে পারবেন। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে এটা ব্ল্যাক কটন সয়েলের জন্য হয়েছে না ওয়ার্কম্যানশিপ ডিফেক্টের জন্য হয়েছে ?

শ্রীভোলানাথ সেন: এটা টেকনিক্যাল লোকেরা বলতে পারবেন। আলাদা প্রশ্ন করলে উত্তর দিতে পারবো। আমার বলা এই সম্বন্ধে ইজ ভেরি ডিফিকাল্ট। তবে বলবো এখন যে মেথড নেওয়া হয়েছে এটা ফার সুপিরিয়র টু দি মেথড দ্যাট ওয়াজ অ্যাকসেপ্টেড আরলিয়ার।

শ্রীগঙ্গাধর প্রামাণিক: মন্ত্রিমহাশয় বললেন আধুনিক প্রথাটা যেটা নেওয়া হয়েছে সেটা ভাল প্রথা আগের থেকে। আগেকার প্রথাটা কতদিন ধ'রে ছিল এবং আধুনিক প্রথাটা কবে থেকে আরম্ভ হয়েছে ?

শ্রীভোলানাথ সেন: কতদিন হ'ল এখন বলতে পারছি না। তবে এখন পুরো সয়েলটাই লেয়ার বাই লেয়ার টেনে আনা হয় এবং পরীক্ষা করা হয়।

শ্রীগংগাধর প্রামাণিক: আপনি আগে বলছেন কিছুদিন হয়েছে। তারপর সরকার পদ্ধতি চেঞ্জ করেছেন। এই বিরাট চেঞ্জ কবে তিনি এক্সপার্টদের কাছ থেকে জানতে পেলেন। উনি যখন কনফিডেন্টলি বলছেন ইদানীং হয়েছে, তা হ'লে হি মাস্ট ফিক্স দি টাইম—কোন্ সময় হয়েছে?

শ্রীভোলানাথ সেন: আমি আন্দাজ করে বলতে পারি। আপনি নোটিস দিলে একজাক্ট টাইম ব'লে দেব।

শ্রীমহম্মদ সফিউল্লা: মন্ত্রিমহাশয়ের উত্তরের মধ্যে কন্ট্রাডিকশন রয়েছে। "কাজটি অসমাপ্ত থাকার কারণ—সেতুর থামবহনকারী ২নং কূপ একাধিকবার মাটির নীচে বসিয়া যায়।" অর্থাৎ কাজ বন্ধ করবার জন্য এটা হয়েছে। তা হ'লে কাজ কেন বন্ধ হয়েছে? যদি কাজ বন্ধ করবার জন্য বসে যায়, তা হ'লে এই যে বিরাট খরচ হ'ল এর সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট দায়ী কিনা?

শ্রীরামকৃষ্ণ সারোগী: আমি আগেই বলেছি কাজ শুরু হয়েছিল, তারপর বসে যায়।

শ্রীমহম্মদ সফিউল্লা: আপনি কাজটা ইনকমপ্লিট রাখলেন কেন? তার জন্য থাম বসে গেছে।

Shri Ram Krishna Saraogi: It is a matter of opinion. Incomplete রাখা হয়েছে ব'লে থামটা বসে গেল। আমি মনে করি, ওটা কমপ্লিট ক'রে দিলাম, তারপরে যদি বসে যেত, তা হ'লে খরচটা বেশী পড়তো।

Shri Md. Safiullah: That is not your answer.

অসমাপ্ত থাকার কারণে থামটা একাধিকবার মাটির নীচে বসে যায়। এর মানেটা কি? অসমাপ্ত রেখেছেন ব'লেই এটা হয়েছে।

Mr. Speaker: That is not the correct meaning.

কাজটা অসমাপ্ত থাকার কারণটা কি? তার কারণটা—যেহেতু সেতুর থামবহনকারী দু' নম্বর কূপটা একাধিকবার মাটির নীচে বসে যায়, সেই জন্য কাজটা অসমাপ্ত রয়েছে।

Shri Md. Safiullah: The Bengali language is clear.

(No reply.)

শ্রীমহম্মদ নাসিরুদ্দিন খাঁন: এই সরকার ক্ষমতায় বসবার পর এটা স্যাংশান হয়েছে না, আগেই স্যাংশান হয়েছিল? এই কাজটা এই সরকার আসার পর শুরু হয়েছে, না, আসার আগেই শুরু হয়েছিল?

শ্রীরামকৃষ্ণ সারোগী: আগেই স্যাংশান হয়েছিল এবং কাজটা ১৯৬৭ সনে স্টার্ট হয়েছিল।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই যে বার বার থামটা নষ্ট হয়ে যাচ্ছে, এর টেকনিক্যাল কারণ কি এই যে ঠিকমত লেয়ার পেতে অসুবিধা হচ্ছিল ব'লে?

শ্রীরামকৃষ্ণ সারোগী: যে সময় গোলমালটা হ'ল, আমরা ম্যাটারটি রিসার্চ ইনস্টিটিউট-এর কাছে এনকোয়ারি অ্যান্ড ইনভেস্টিগেশন-এর জন্য দিয়েছিলাম এবং তারপব তাদের ওপিনিয়ন এসেছে আরও ৪০ ফুট মাটির নীচে যেতে হবে। সেই অনুসারে কাজ হচ্ছে।

শ্রীআবদুল বারি বিশ্বাস: যখন রিসার্চ ইনস্টিটিউট-এর কাছে এই জিনিসটা পাঠান হ'ল শেষ পর্যন্ত, তখন কাজটা আরম্ভ হওয়ার আগে কেন এই রিসার্চ ইনস্টিটিউট-এর মতামতের জন্য পাঠান হ'ল না? তা হ'লে গভর্নমেন্টের এত লক্ষ টাকা অপচয় হ'ত না, এর জবাব দেবেন কি?

শ্রীরামকৃষ্ণ সারোগী ঃ নোটিফিকেশন দিয়ে কাজ শুরু করা হয়েছিল। তবে কেন আগেভাগে রিসার্চ ইনস্টিটিউট-এর কাছে পাঠান হয় নাই—তার উত্তর নোটিস পেলে বলতে পারবো।

মুর্শিদাবাদে পল্টুন ব্রীজে দুর্ঘটনা

*৪৮২। (অনুমোদিত প্রশ্ন নং *৭৯৫।) **শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ২৭শে ডিসেম্বর, ১৯৭২ তারিখে মুর্শিদাবাদ জেলার বালীরঘাট পল্টুন ব্রীজটি ভাঙ্গিয়া গিয়াছে;

(খ) সত্য হইলে, এই দুর্ঘটনায় মৃতের সংখ্যা কত এবং কোন ট্রাক ডুবিয়া গিয়াছে কি; এবং

(গ) মৃত ব্যক্তিদের পরিবারের জন্য কোন ক্ষতিপূরণের ব্যবস্থা হইয়াছে কি?

[1-30—1-40 p.m.]

Shri Jyotirmoy Majumdar: Mr. Speaker, Sir, is he Subrata Mukhopadhaya in charge of Home (Police) Department?

স্যার, উনিই কি সুব্রত মুখোপাধ্যায়, ঐ সিটে কি সুব্রত মুখোপাধ্যায় আছেন?

শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ মিঃ স্পীকার, স্যার, প্রশ্নটা আমি কি সুব্রত মুখোপাধ্যায়, এই সিটে কে—এর উত্তরে বলছি আমিই সুব্রত মুখোপাধ্যায়।

Mr. Speaker: The seat that he is occupying now is not his seat, but so far as the person is concerned, I can identify that he is Shri Subrata Mukhopadhaya.

শ্রীবিজয়সিং নাহার ঃ মিঃ স্পীকার, স্যার, নিজের সিটে বসেই মিনিস্টার উত্তর দেবেন।

Mr. Speaker: I will request Mr. Subrata Mukhopadhyay to take his allotted seat and to reply to the question.

শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ মিঃ স্পীকার, স্যার, মাননীয় সদস্যদের জ্ঞাতার্থে জানাচ্ছি যে, এমন অনেক জটিল কোশ্চেন থাকে তার উত্তর দিতে গেলে যেহেতু যৌথ দায়িত্ব আছে সেইজন্য প্রবীণ মন্ত্রীদের পরামর্শ নিতে হয়। যেখানে আমার সিট দেওয়া আছে সেখান থেকে হোম ডিপার্টমেন্টের ঠিক ঠিক প্রশ্নের উত্তর দিতে গেলে প্রবীণ সদস্যদের পাশে থাকার যৌক্তিকতা আছে, কিন্তু সেখানে আমার সিট না থাকায় তাঁদের কাছে আসতে হয়েছে। তাই আমি মাননীয় সদস্যদের অনুরোধ করবো, অনেক প্রবীণ সদস্য আছেন, পারফরমেন্স যথাযথ করতে গেলে, যথাযথ হোম ডিপার্টমেন্টের উত্তর দিতে গেলে প্রবীণ সদস্যদের পাশে থাকা দরকার। সেই জন্য স্যার, আমি আপনার কাছে অনুমতি চাইছি এইখানে বসেই উত্তর দেবার জন্য।

শ্রীঅসমঞ্জ দে ঃ মিঃ স্পীকার, স্যার, মাননীয় মন্ত্রী যদি মনে করেন ঐখানে বসেই সঠিক উত্তর দিতে পারবেন, তা হ'লে তিনি ঐখানে বসেই উত্তর দিন। স্যার, আমাদের প্রশ্ন উত্তর সম্পর্কে, সিট সম্পর্কে নয়।

শ্রীবিজয়সিং নাহার ঃ মিঃ স্পীকার, স্যার, পার্লামেন্টারি প্রসিডিওর হচ্ছে মিনিস্টার নিজের সিটে থাকবেন। তাঁর যদি সাহায্যের দরকার হয়, তা হ'লে অন্য মিনিস্টার যাঁরা আছেন তাঁরা সাহায্যের জন্য তাঁর কাছে গিয়ে বসবেন। কিন্তু তিনি অন্য জায়গায় বসে উত্তর দিতে পারবেন না এটাই হচ্ছে নিয়ম। স্যার, আপনি যা ভাল মনে করবেন করুন, আপনি যদি পার্লামেন্টারি প্রসিডিওর রাখতে চান রাখুন, ভাঙতে চান ভাঙুন।

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ মিঃ স্পীকার, স্যার, পার্লামেন্টারি প্রসিডিওরে এই রকম লেখা নেই।

শ্রীবিজয়সিং নাহারঃ আছে, আমি দেখিয়ে দিতে পারি। নিয়ম হচ্ছে মিনিস্টার নিজের সিটে বসে উত্তর দেবেন।

(Shri Subrata Mukhopadhaya rose to speak)

Mr. Speaker: The Parliamentary procedure is that not only a Minister but also each and every individual Member is to be seated in his own seat as allotted. Now, for the sake of convenience, if permission is sought from the Speaker, then that permission can be accorded. For example, one honourable Member cannot stand up, though the parliamentary procedure is that every honourable Member must stand up to make his submission—yet as he cannot stand up and permission had been sought from me to the effect that he will deliver his speech in a sitting position—that permission had been granted. According to the normal procedure I expect from all honourable Members of this House that preferably they must sit in the respective seats that have been allotted to them. Now, I draw your attention to rule 4 of our Rules of Procedure, which says that 'the Member shall seat in such order as the Speaker may determine'. So, it is expected that each and every individual Member should sit in the particular seat that has been allotted to him. But if for some reasons, not only an Hon'ble Minister but also an honourable Member seeks my permission to speak from some other seat because the mike attached near his seat is not working or the light is insufficient there, I can give him that permission. In this particular case, Shri Subrata Mukhopadhaya has asked for my permission to give the reply from that seat, and I allow him to give the reply from that particular seat.

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি প্রথমেই আপনাকে ধন্যবাদ জানাচ্ছি আমাকে অনুমতি দেবার জন্য। প্রশ্নের উত্তর হচ্ছে, (ক) হ্যাঁ, (খ) দুই ব্যক্তি মারা গিয়াছে এবং একটি ইঁট বোঝাই লরি ডুবিয়া গিয়াছে, (গ) না।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ স্যার, কোশ্চেনটা আমি পি ডবলু ডিপার্টমেন্টের কাছে দিয়েছিলাম, কারণ এটা ব্রীজ সংক্রান্ত ব্যাপার, কিন্তু এটা যে কি ক'রে পুলিস বিভাগে চলে গেল তা আমি বুঝতে পারলাম না। যাই হোক, আমার প্রশ্ন হ'ল, মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই ব্রীজটি ভেঙে যাবার মূল কারণ কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ এ প্রশ্ন আসে না। আমার কাছে প্রিন্টেড যেটা দেওয়া আছে সেটার উত্তর আমি দিয়েছি।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ আমি স্যার, পি ডবুলু ডিপার্টমেন্টের কাছে প্রশ্ন দিয়েছিলাম, কিন্তু চলে গেল দেখছি স্বরাষ্ট্র বিভাগের কাছে। আমার প্রশ্ন ছিল, (ক) ইহা কি সত্য যে গত ২৭এ ডিসেম্বর, ১৯৭২ তারিখে মুর্শিদাবাদ জেলার বালীরঘাট পল্টুন ব্রীজটি ভাঙিয়া গিয়াছে? স্বরাষ্ট্র বিভাগের মন্ত্রিমহাশয় উত্তর দিলেন, হ্যাঁ, এটা কি রকম ব্যাপার হ'ল?

Mr. Speaker: Mr. Biswas, the question had been determined by the next portion of the question, viz.,

(খ) সত্য হইলে এই দুর্ঘটনায় মৃতের সংখ্যা কত এবং কোন ট্রাক ডুবিয়া গিয়াছে কি? এবং (গ) মৃত ব্যক্তিদের পরিবারের জন্য অন্য কোন ক্ষতিপূরণের ব্যবস্থা হয়েছে কি?

That portion relates to his department. There is another portion of the question where you are hinting at construction and defect of the bridge, which relates to P.W.D., i.e.,

৫০১(খ): সত্য হইলে, ঐ ব্রীজটি মেরামত এবং আর একটি পাকা ব্রীজ নির্মাণের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

This is a different question, which has been numbered as Starred Question *501. The split is there because one portion of your question relates to the Home Department and the other portion relates to the Public Works Department. So, my Secretariat has divided this question into two different questions and has sent them to two different departments. If you like, the two questions, namely, *482 and *501, may be taken together, but replies will be given by two Ministers. Let us finish the question regarding accident, injury and compensation relating to the Home Department first. Then, the other question can be taken up.

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এখনও পর্যন্ত ঐ মৃত ব্যক্তিদের পরিবারকে ক্ষতিপূরণ না দেবার কারণ কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: স্বাভাবিকভাবে এই ধরনের মৃত্যু হ'লে কোন ক্ষতিপূরণ সরকার থেকে দেওয়া হয় না।

শ্রীআবদুল বারি বিশ্বাস: ব্রীজটি ভেঙে যাবার জন্য নিশ্চয় মৃত ব্যক্তিরা দায়ী নয়। এতে যদি কোন ত্রুটি-বিচ্যুতি থাকে, তা হ'লে সেটা প্রশাসনের। প্রশাসনের ত্রুটি-বিচ্যুতির জন্য যাদের মৃত্যু হ'ল তাদের পরিবারকে ক্ষতিপূরণ দেবার কথা সরকার কি বিবেচনা করবেন?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: অ্যাক্সিডেন্টটা ভগবানের দায়িত্ব, ক্ষতিপূরণ দিলে ভগবান দেবেন।

শ্রীঅসমঞ্জ দে: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, ভগবান দিতে পারেন। এই যে অ্যাক্সিডেন্ট হ'ল এই ব্রীজ তৈরি করতে গিয়ে আমাদের পরিকল্পনায় পূর্ত বিভাগে যে সমস্ত বড় বড় অফিসার ছিলেন সেই সব অফিসারদের অক্ষমতা বা অভিজ্ঞতার অভাবে এটা ভেঙে গেল। সেই সম্পর্কে কি ব্যবস্থা নেওয়া হয়েছে সেটা জানাবেন কি?

(নো রিপ্লাই)

শ্রীঅসমঞ্জ দে: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই মৃতের পরিবারের পক্ষ থেকে পশ্চিমবঙ্গ সরকারের কাছে কোন আবেদনপত্র এসেছে কিনা?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: না।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় মন্ত্রিমহাশয়, ট্রাক ডুবে গেল সেটা তোলার কোন ব্যবস্থা হ'ল না, আবার বলছেন ৫ হাজার টাকা জমা দিতে হবে, কাজেই আমি জানতে চাচ্ছি,

Is it a fact that the party has been advised or has been directed to deposit Rs. 5,000 for the pulling up of the jeep, which is under the water?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ ডুবে গেলে তোলার ব্যবস্থা সরকারের আছে।

শ্রীশঙ্করদাস পালঃ মাননীয় মন্ত্রি মহাশয় ঐ যে লোক দু'টি মারা গেছে, বালীরঘাট থেকে পল্টুন সেখানে ফেরীতে পয়সা দিয়ে পার হচ্ছিল। গভর্নমেন্ট তাদের কাছ থেকে পয়সা রিসিভ করেছে, এখন মারা গেলে সরকার দায়ী হবে কি জানাবেন?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ খুব স্বাভাবিক কথা, তার জন্য সরকার দায়ী হতে পারে না।

শ্রীগঙ্গাধর প্রামাণিকঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, দুর্ঘটনায় যদি কেউ মারা যায়, তা হ'লে সরকারের সে সম্পর্কে অনুসন্ধান ক'রে কারণ বের করার কোন ব্যবস্থা আছে কিনা?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ নিশ্চয়ই আছে। তদন্ত করলে বার হয়।

শ্রীগঙ্গাধর প্রামাণিকঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই যে মারা গেছে তার তদন্ত এখন হয়েছে কিনা? যদি হয়ে থাকে, তা হ'লে রিপোর্টটি জানাবেন?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ তদন্ত এখনও হয় নি।

শ্রীশরৎচন্দ্র দাসঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই সেতুটি ভেঙে যাবার আগে এই রকম কোন খবর ডিপার্টমেন্টে এসেছে কি না, যে সেতুটি বিপজ্জনক অবস্থায় আছে?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ পূর্ত বিভাগে থাকতে পারে। আমার হোম ডিপার্টমেন্ট-এ নেই।

শ্রীঅসমঞ্জ দেঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই যে এত টোল কালেকশন করা হয়, ব্রীজ পার করার সময়, এটা ভেঙে গেলে সরকার কেন করবেন না?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ এই প্রশ্ন পূর্ত বিভাগকে করুন।

পাণ্ডবেশ্বর ও ভীমগড়ের মাঝে অজয়নদীর উপর ব্রীজ নির্মাণ

*৪৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *১০০০।) **শ্রীনিতাইপদ ঘোষঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলা ও বর্ধমান জেলার পাণ্ডবেশ্বর ও ভীমগড়ের মাঝখানে অজয়নদীতে ব্রীজ করার কোন পরিকল্পনা সরকার গ্রহণ করেছেন কিনা; এবং

(খ) করে থাকলে, কবে নাগাত উহার কাজ আরম্ভ হবে?

[1-40—1-50 p.m.]

শ্রীরামকৃষ্ণ সারোগীঃ (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

শ্রীনিতাইপদ ঘোষঃ মাননীয় মন্ত্রিমহাশয় বীরভূম জেলার সদর শহর শিউড়ি থেকে কোলিয়ারী যাবার রাস্তা দুর্গাপুর হয়ে ১০০ মাইল। আর যদি পাণ্ডবেশ্বরের রাস্তা দিয়ে যাওয়া যায় তা হ'লে ৪০ মাইল। এই ৬০ মাইল তফাত হয়। আমার জিজ্ঞাস্য হচ্ছে, এই ৬০ মাইল রাস্তা পার হবার জন্য বা ৭ মাসের জন্য ঐ জায়গায় টেম্পোরারী যাতায়াতের জন্য পারমিশন গভর্নমেন্ট থেকে দেওয়া হয় কিনা এবং সেই রাস্তায় কোন ট্রাক দেওয়া হয় কিনা জানাবেন?

শ্রীরামকৃষ্ণ সারোগীঃ এই প্রশ্নের সঙ্গে মাননীয় সদস্য যে প্রশ্ন করেছেন তার কি সম্পর্ক আছে আমি বুঝতে পারি না।

শ্রীনিতাইপদ ঘোষঃ আপনারা এই রাস্তার জন্য ডাক দিয়েছেন। এক লক্ষের উপরে অনেক সময় ২ লক্ষ টাকা আদায় হয়। এটা একটা ইম্পর্ট্যান্ট ব্রিজ। আপনারা ডাক দিয়েছেন।

প্রত্যেক ট্রাকে ১৩ টাকা ক'রে আদায় হয় এখনকার বাজারে এবং প্রতি ২ শত ট্রাক ক'রে ২৬ শত টাকা আদায় হয়। সেই টাকা বীরভূম, মুর্শিদাবাদ, নর্থ বেঙ্গল সমস্ত ট্রাককে দিতে হয়েছে। সেজন্য বলছি, এটা একটা ইমপর্ট্যান্ট ব্রিজ সেই সম্পর্কে অবগত আছেন কিনা এটা আমার জিজ্ঞাস্য ?

শ্রীরামকৃষ্ণ সারোগী: মাননীয় স্পীকার মহাশয়, প্রশ্ন ছিল বীরভূম জেলায়, বর্ধমান জেলায়, পান্ডবেশ্বর ও ভীমগড়ের মাঝখানে অজয়নদীতে ব্রিজ করবার কোন পরিকল্পনা সরকার করেছেন কিনা? আমার উত্তর হচ্ছে, না। এর সঙ্গে ঐ রাস্তার সম্পর্ক কি যেটা মাননীয় সদস্য করেছেন তা আমি বুঝতে পারছি না।

শ্রীসুকুমার ব্যানার্জী: প্রশ্নোত্তরের সময় মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে, বীরভূম জেলা ও বর্ধমান জেলার পান্ডবেশ্বর ও ভীমগড়ের মাঝখানে অজয় নদীতে ব্রীজ করার কোন পরিকল্পনা সরকার করছেন না। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি যে, কিসের ভিত্তি ক'রে আপনারা পরিকল্পনা ঠিক করেন ?

শ্রীরামকৃষ্ণ সারোগী: মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন যে একটা ব্রীজ ইলামবাজারের দিকে আছে অজয় নদীর উপর এবং সেই জন্য আমরা কোন নতুন ব্রীজের পরিকল্পনা ইমিডিয়েটলী করছি না।

শ্রীসুকুমার ব্যানার্জী: আমার প্রশ্নটা হচ্ছে যে, কোন নদীর উপর সেতু নির্মাণ করতে হ'লে কিসের ভিত্তিতে সেটা করা হয় ?

শ্রীরামকৃষ্ণ সারোগী: এইটার প্রয়োজন আছে নিশ্চয়ই, কিন্তু মাননীয় সদস্য জানেন যে, একটা কি দু'টো পরিকল্পনা বা প্ল্যানে সবগুলি করা সম্ভব নয়।

শ্রীসুকুমার ব্যানার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় স্বীকার করছেন যে, এই ব্রীজটার প্রয়োজন আছে, তবে সেই প্রয়োজনে কাজ হচ্ছে না কেন ?

শ্রীরামকৃষ্ণ সারোগী: টাকার কোশ্চেন আছে, আর মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন একটা কি দু'টো প্ল্যানে সমস্ত করা সম্ভব নয়।

শ্রীজ্যোতির্ময় মজুমদার: প্রশ্নোত্তরে মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন কোন পরিকল্পনা নেই। কিন্তু সরকারী ডাকে ঐখানে প্রতি বছর প্রায় যে ১ লক্ষ টাকা আয় হয় এটা সম্বন্ধে মন্ত্রিমহাশয় অবগত আছেন কি ?

শ্রীরামকৃষ্ণ সারোগী: এ প্রশ্নের উত্তর দিতে হ'লে নোটিস লাগবে।

শ্রীজ্যোতির্ময় মজুমদার: মাননীয় মন্ত্রিমহাশয় প্রশ্নটা এড়িয়ে যাচ্ছেন। আমার প্রশ্নটা হচ্ছে যে, আপনি এইমাত্র বললেন ব্রীজ করার কোন পরিকল্পনা নেই, যে পয়েন্টে উনি বলছেন ব্রীজ করার কোন পরিকল্পনা নেই, সেই পয়েন্ট থেকে সরকার প্রতি বছর ১ লক্ষ টাকা আয় করেন কিনা ?

শ্রীরামকৃষ্ণ সারোগী: সরকার ঐখান থেকে কত টাকা আয় করছেন সেটা বলা মুশকিল। এটার জন্য নোটিস লাগবে।

শ্রীনিতাইপদ ঘোষ: বীরভূম জেলা এবং বর্ধমান জেলার এবং নর্থবেঙ্গলের সমস্ত রাস্তার কথা আমরা বললাম, সেখানে ব্রীজ না করার জন্য প্রতি ট্রাক ১৩ টাকা আদায় দেওয়ার জন্য প্রতি টনে দেড় টাকা ক'রে কয়লায় দাম বেড়ে যাচ্ছে এবং এই ব্রীজটা করতে পারলে এই দেড় টাকা ক'রে প্রতি টনে বেঁচে যেত। ইলামবাজারের যে ব্রীজটার কথা আপনি বললেন সেটার সঙ্গে কলকাতার যোগাযোগ আছে, কিন্তু বাকি এই যে ৬০ মাইল কোলিয়ারী এলাকার সঙ্গে এর যোগাযোগ নেই, সুতরাং এটা করার কথা কি চিন্তা করছেন ?

শ্রীরামকৃষ্ণ সারোগী: ইমিডিয়েটলি কিছু চিন্তা করছি না।

ডাঃ রমেন দত্তঃ এই ব্রীজ করলে ৬০ মাইল রাস্তা কমে যাচ্ছে। এক কয়লা ক্যারি করতে ১২ টাকা ক'রে কম লাগবে। সুতরাং এই ব্রীজটাকে প্রায়োরিটি দিয়ে করবেন কিনা?

শ্রীরামকৃষ্ণ সারোগীঃ যে সময় আর একটা ব্রীজ করবার কথা চিন্তা করব সে সময় আপনার কথা নিশ্চয় মনে রাখব।

কলিকাতা ট্রামওয়ে কোম্পানী, ইলেকট্রিক সাপ্লাই কোং ও টেলিফোন বিভাগ হইতে রাস্তা খনন বাবত কর্পোরেশনের আয়

*৪৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *১১৫১।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** পৌর (কার্য) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলিকাতা ট্রাম কোম্পানী, কলিকাতা ইলেকট্রিক সাপ্লাই কোং, এবং কলিকাতা টেলিফোনকে রাস্তা খননের জন্য কলিকাতা কর্পোরেশনকে টাকা দিতে হয়; এবং

(খ) সত্য হইলে, উক্ত বাবতে কর্পোরেশন বাৎসরিক গড়ে কত টাকা আয় করেন এবং উক্ত টাকা কি ভাবে খরচ করা হয়?

[1-50—2-00 p.m.]

শ্রীঅজিতকুমার পাঁজাঃ (ক) সত্য।

(খ) এই বাবতে বাৎসরিক আয় বলা সম্ভব নয়। রাস্তা খননের জন্য ঐ সকল প্রতিষ্ঠানকে দৈর্ঘ্য অনুযায়ী নির্দিষ্ট হারে কর্পোরেশনকে অগ্রিম টাকা দিতে হয়। উক্ত টাকায় যেসব রাস্তা খনন করা হয়, তাহাদের মেরামতের জন্য ব্যয় করা হবে।

শ্রীকাশীনাথ মিশ্রঃ কত বছর ধ'রে ট্রাম কোম্পানি, ইলেকট্রিক সাপ্লাই এবং টেলিফোনের কাছ থেকে টাকা পান নি?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ যদিও এ প্রশ্নের মধ্যে এটা আসছে, তবুও জেনে জানাব।

শ্রীকাশীনাথ মিশ্রঃ ইলেকট্রিক সাপ্লাই, টেলিফোন-এর কাছে বাৎসরিক কত বরাদ্দ এবং রিনিউয়াল কত?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ রুলস্‌ অনুযায়ী বাৎসরিক বরাদ্দ ব'লে কিছু নেই, তবে ডেসক্রিপশন অব ওয়ার্কস অনুযায়ী রেটস্‌ অ্যান্ড চার্জেস ধরা হবে- যেমন

Restoration of waterbound macadam road including under-bed—Re. 1 per sq. meter.

যেমন

Restorotion of cement-concrete road—Rs.50 per sq. meter.

শ্রীকাশীনাথ মিশ্রঃ কর্পোরেশন জনসাধারণের উপর নানাভাবে ট্যাক্স করছেন, কিন্তু ট্রাম কোম্পানি দীর্ঘদিন ধ'রে টাকা দিচ্ছে না, ইলিকট্রিক সাপ্লাই ও টেলিফোন রাস্তায় চলাচলের জন্য ব্যাঘাত করছে। সেখানে এগুলি আদায় করার জন্য সরকার থেকে কোন ব্যবস্থা করা হচ্ছে কি?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ টাকা দিচ্ছে না, কি টাকা বাকী আছে সে সম্বন্ধে প্রশ্ন নেই। তবে যতক্ষণ না টাকা জমা দিচ্ছে ততক্ষণ কোন জায়গা খুঁড়তে দেওয়া হয় না।

শ্রীনাসিরুদ্দিন খানঃ এর জন্য মাইল হিসাবে কি টাকা দিতে হয়?

শ্রীঅজিতকুমার পাঁজা ঃ স্কোয়ার মিটার হিসাবে দিতে হয়।

শ্রীঅসমঞ্জ দে ঃ টাকা জমা দেবার পর রাস্তা খনন করার অনুমতি দেওয়া হয়; কিন্তু ঐ খনন মেরামতের জন্য কোন সময় নির্ধারণ ক'রে দেওয়া হয় কিনা?

শ্রীঅজিতকুমার পাঁজা ঃ সময় সীমা নির্ধারণের কিছু নেই, কারণ, খননটা তাঁরা করছেন অর্থাৎ ইলেকট্রিক সাপ্লাই বা ট্রাম কোম্পানী বা টেলিফোন, মেরামতের কাজটা কর্পোরেশনের মাধ্যমে করতে হয়। এতে কিছুতেই কাজ ভালভাবে এগুচ্ছে না ব'লে এখন একটা প্ল্যান ভাবা হচ্ছে যে, যিনি খনন করবেন টাকা জমা দেওয়া প্রশ্ন নেই, তিনি সেটাকে সারিয়ে দেবেন এবং কর্পোরেশন সেটা দেখে নেবেন ঠিক সময়ের মধ্যে সেটা সারান হয়ে গেছে কিনা। তবে এই স্কীমটা সম্বন্ধে এখন আলোচনা হচ্ছে।

খেলাধূলার প্রসার ও মান

***৪৯২।** (অনুমোদিত প্রশ্ন নং *৩৮০।) **শ্রীমহম্মদ সফিউল্লা ঃ** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যের জেলায় জেলায় বিভিন্ন খেলাধূলার প্রসারের জন্য রাজ্যসরকার ১৯৭০-৭১ হইতে ১৯৭২-৭৩ সাল পর্যন্ত কত টাকা মঞ্জুর করেছেন;

(খ) কোন্ কোন্ জেলায় খেলাধূলার স্টেডিয়াম আছে; এবং

(গ) ফুটবল, হকি, ক্রিকেট প্রভৃতি খেলার মান উন্নয়নের জন্য রাজ্যসরকার প্রশিক্ষণের কোন ব্যবস্থা করেছেন কি?

শ্রীভোলানাথ সেন ঃ (ক) জেলাগুলিতে রাজ্যসরকার খেলাধূলা প্রসারে ব্যয় করিয়াছেন ঃ

সাল		টাকা
১৯৭০-৭১	...	১১,২০,১৮৫
১৯৭১-৭২	...	১২,৪৬,৩৫০
১৯৭২-৭৩	...	৩,১৩,৬০০

(খ) নিম্নলিখিত জেলাগুলিতে স্টেডিয়াম আছে ঃ বাঁকুড়া, মালদহ, কুচবিহার, দার্জিলিং, জলপাইগুড়ি, বর্ধমান, ২৪-পরগনা (বেলঘরিয়া) এবং হুগলী (শ্রীরামপুর) ও নদীয়া।

(গ) হকি ও ফুটবল খেলার মান উন্নয়নের জন্য রাজ্যসরকার ক্রীড়া পরিষদের মাধ্যমে বিভিন্ন জেলায় মোট ১১টি প্রশিক্ষণ কেন্দ্রের ব্যবস্থা করিয়াছেন তন্মধ্যে ৮টি ফুটবল ও ৩টি হকির জন্য।

শ্রীমহম্মদ সফিউল্লা ঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এইসব প্রশিক্ষণ কেন্দ্রে দেশের প্রখ্যাত ক্রীড়াবিদরা আছেন কিনা?

শ্রীভোলানাথ সেন ঃ নামগুলি আমার কাছে নেই, তবে এটা ঠিক যে যাঁরা খুব কোয়ালি-ফায়েড ট্রেনার তাঁদেরই নেওয়া হয়।

শ্রীমহম্মদ সফিউল্লা ঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি ক্রিকেটের জন্য কোন প্রশিক্ষণের ব্যবস্থা কেন করা হয় নি?

শ্রীভোলানাথ সেন ঃ কেন করা হয় নি বলতে পারব না, তবে যেগুলি করা হয়েছে সেগুলি বলতে পারি অর্থাৎ কিনা হকি, ফুটবল।

শ্রীমহম্মদ সফিউল্লা ঃ তা হ'লে কি আমরা ধ'রে নেব ক্রিকেটের মান উন্নত হয়ে গেছে ব'লে প্রশিক্ষণের আর দরকার নেই।

শ্রীভোলানাথ সেন: এটা গর্বের কথা উন্নতি সত্যই হয়েছে, তবে দরকার নেই এটা বলতে পারি না।

শ্রীমহম্মদ সফিউল্লা: আপনি যে তালিকা দিয়েছেন তা সমস্ত শহরের মধ্যে, গ্রামাঞ্চলে কোন স্টেডিয়াম আছে কিনা?

শ্রীভোলানাথ সেন: স্টেডিয়াম সাধারণতঃ শহরে হয় এবং শহর ছাড়া এত লোক আসে না যার জন্য প্রয়োজন আছে গ্রামে স্টেডিয়ামের।

শ্রীতুহিনকুমার সামন্ত: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন বর্ধমান শহরে রাধারানী মহতাব স্টেডিয়াম যেটা তৈরি হচ্ছিল সেটা অনেককাল অসম্পূর্ণ আছে?

শ্রীভোলানাথ সেন: এটা হচ্ছে, সম্পূর্ণ পুরোপুরি হয় নি, তবে হয়ে যাবে।

শ্রীতুহিনকুমার সামন্ত: সরকার কত টাকা ব্যয় করবেন এর জন্য তার কোন হিসাব আছে কি?

শ্রীভোলানাথ সেন: কোন জায়গার টাকার হিসাব আমার কাছে নেই। তবে যদি প্রশ্ন আসে সেই প্রশ্নের জবাব দেব।

শ্রীতুহিনকুমার সামন্ত: বর্ধমান শহরে যে রাধারানী মহতাব স্টেডিয়াম তৈরি করা হচ্ছে সরকারের তরফ থেকে তার জন্য কোন টাকার গ্রান্ট করা হয়েছে কি?

শ্রীভোলানাথ সেন: বর্ধমান শহরে যে স্টেডিয়াম তৈরি হচ্ছে সেটা সরকারী পয়সায় হচ্ছে।

[2-00—2-10 p.m.]

শ্রীশঙ্করদাস পাল: মন্ত্রিমহাশয় জানাবেন কি মুর্শিদাবাদ জেলায় বহরমপুর শহরে স্টেডিয়াম করবার কোন পরিকল্পনা আছে কিনা?

শ্রীভোলানাথ সেন: মেদিনীপুরে স্টেডিয়ামের বন্দোবস্ত হচ্ছে, তমলুক, বিষ্ণুপুর, কালনা, কাঁথি এবং অশোকনগরে স্টেডিয়াম করবার কথা আছে। এছাড়া বিবেচনাধীন এখন পর্যন্ত আর কিছু নেই।

শ্রীমহম্মদ দেদার বক্স: বহরমপুর শহরে স্টেডিয়াম করবেন কি?

শ্রীভোলানাথ সেন: আমি তো জবাব দিলাম।

(শ্রীঅসমঞ্জ দে রোস্ টু স্পিক।)

Mr. Speaker: Shri De, I am sorry. I am the servant of this House. When the Question Hour is over, I am helpless. I cannot infringe upon the rules and procedure. I must observe the rules and I am here, as a servant of this House, to carry out the rules and procedure of this House. I am sorry, I cannot allow you. Please take your seat.

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বললেন কোশ্চেন আওয়ার ইজ ওভার। কিন্তু এখানে একটা প্রশ্ন রয়েছে—স্টার্ড কোশ্চেন নাম্বার ৫০১, অ্যাডমিটেড কোশ্চেন নাম্বার ৯৯৩। কোশ্চেন আওয়ার ওভার হ'লেও আমাদের একটা রুল আছে,
Questions for oral answer under rule 49 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

এখানে দেখুন লেখা আছে,
Question for oral answer shall be called, if the time made available for questions permits, in the order in which they stand on the list before any

other business is entered upon at the sitting, provided that a question not reached for oral answer may be answered after the end of the Question Hour with the permission of the Speaker if the Minister represents to the Speaker that the question is one of special public interest, to which he desires to give a reply.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য হচ্ছে, মন্ত্রিমহাশয় এখানে রয়েছেন এবং এই একটা কোশ্চেন যার সঙ্গে মুর্শিদাবাদ জেলার ২৯ লক্ষ লোকের স্বার্থ জড়িত রয়েছে। কাজেই ফর দি গ্রেটার ইন্টারেস্ট অব দি পাবলিক আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি, তিনি আপনাকে রিকোয়েস্ট করুন যাতে এই কোশ্চেনটা আপনি আমাদের দেন এবং আমরাও রিপ্লাই পাই। স্যার, আমরা বড় বিপদের মধ্যে রয়েছি ব'লে এসব কথা বলছি। এই ব্যাপারে আমাদের জেলায় সমালোচনা ফেস্ করতে হচ্ছে। ব্রীজ কোলাপ্স হয়ে গেছে এবং একটা অচল অবস্থা সৃষ্টি হয়েছে। কাজেই এটা খুব গুরুত্বপূর্ণ প্রশ্ন এবং এই ব্যাপারে আপনি যদি আমাদের সাহায্য না করেন, তা হ'লে আমাদের প্রিভিলেজ কোথায়? রুল ফর্টিনাইন-এ প্রভিসন রয়েছে, আপনি সেটা অ্যাপ্লাই করুন।

Shri Bholanath Sen: Then there will be supplementaries. Those are also important. I want to go into the question with all details because I want to give full report. So, let it be held over.

Mr. Speaker: Honourable Members, the Hon'ble Minister thinks that for the public interest he will give reply on the next rotational day. You are insisting that the answer should be given to-day. For the public interest, the Hon'ble Minister says, the question should be taken up on the next rotational day—not to-day. But, I must frankly confess that in the answer of the question, which I have received already—there is no special ground for deferring this question on the next rotational day, particularly because the answer is already there on the table. So, it will be treated as an ordinary unstarred question, and there will be no opportunity of putting your oral supplementary. As per rule 49, there is a proviso that if the Hon'ble Minister would seek my permission to raise the question for the special public interest on a particular date, the matter would certainly have been very different. But, for the public interest, the Hon'ble Minister does not want to give further answer to-day. So, it is treated as an unstarred question.

শ্রীআবদুল বারি বিশ্বাস: স্যার, এই আনস্টার্ড কোশ্চেন মুর্শিদাবাদ জেলার যত এম এল এ আছেন সকলকে জিজ্ঞাসা ক'রে দেখুন, এই ব্যাপার নিয়ে সকলে উদ্বিগ্ন।

Mr. Speaker: The Hon'ble Minister has disagreed with your request.

শ্রীআবদুল বারি বিশ্বাস: তিনি যদি দয়া ক'রে কোশ্চেনটা পুট করেন, তা হ'লে বুঝতে পারি।

Mr. Speaker: It is for the Hon'ble Minister to decide whether for the public interest, he wants permission from the Chair under rule 49, but he has not sought such permission from the Chair. So, the matter is dropped here.

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ স্যার, এটা টাইম চাওয়া হয়েছে।

Mr. Speaker: Mr. Roy, Hon'ble Minister has given assurance that it will be taken up on the next rotational day.

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় স্পীকার মহাশয়, আজকে যত কোশ্চেন এসেছিল তার মধ্যে অধিকাংশের উত্তর আসে নি। মাননীয় স্পীকার মহাশয়, আপনি যখন আমাদের কোশ্চেন দিতে বলেন, তখন ১০ দিনের নোটিস আমরা দিই এবং তারপরে আমরা আশা করি, সেই ডিপার্টমেন্ট তার উত্তর সহ এখানে উপস্থিত হবেন। কিন্তু দুর্ভাগ্যবশতঃ দেখা যাচ্ছে যে, অধিকাংশ কোশ্চেনের উত্তর আসছে না। স্যার, আমার প্রশ্নটা কোন জটিল প্রশ্ন ছিল না, এবং বিফোর টেন ডেজ নোটিসও দিয়েছিলাম এখনও উত্তর আসে নি, তার কারণ হচ্ছে, যাঁরা প্রশাসনের উপর তলায় বসে আছেন, তাঁরা তাঁদের খেয়ালখুশীমত উত্তর দেবেন, এটা এই হাউসে চলে না। আপনার মাধ্যমে আমি অনুরোধ করব, এই রকম প্রথা যেন না সৃষ্টি হয়। কারণ তা হ'লে সব কোশ্চেনই হেল্ড-ওভার হয়ে যাবে, আর আমরা উত্তর পাব না। তা হ'লে ১০ দিনের নোটিস দেবার সার্থকতা কি? এইভাবে যদি আমাদের প্রিভিলেজ নষ্ট করে দেওয়া হয়, তার বিরুদ্ধে নিশ্চয়ই আমাদের আপনি প্রটেকশন দেবেন।

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্য যেকথা বলেছেন সেটা আমি নিশ্চয়ই দেখব এবং হোম ডিপার্টমেন্ট থেকে আমি নির্দেশ দেব।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ স্যার, অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, আমরা যারা বিধানসভায় এসেছি, তাঁরা এসেছি পশ্চিমবঙ্গের জনগণের স্বার্থ দেখার জন্য, তাদের স্বার্থ রক্ষার জন্য। আমরা বিধানসভার সভ্যরা সাধারণ মানুষের সুখদুঃখ তুলে ধ'রে তাদের সুখদুঃখ সম্পর্কে মন্ত্রিসভা কি করছেন, সে সম্পর্কে জানবার একমাত্র অধিকার যা আছে জানার সেটা হচ্ছে প্রশ্নোত্তর। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, অতি দুঃখের সংগে লক্ষ্য করছি আমরা যে সমস্ত প্রশ্ন দিচ্ছি, যদি ২৫টি বিভিন্ন প্রশ্ন দেওয়া থাকে, তা হ'লে তার মধ্যে ১০/১২টি হেল্ড-ওভার হয়ে থাকে। আপনার সদিচ্ছা আছে, আপনিও চান যে, এই সমস্ত প্রশ্নের উত্তর আসুক, আপনার ইচ্ছানুযায়ী এই সমস্ত প্রশ্ন করার অধিকার আমাদের আছে। কিন্তু এই অধিবেশন শুরু হবার প্রথম থেকে দেখছি আধিকাংশ প্রশ্ন হেল্ড-ওভার করা হচ্ছে। কেন করা হচ্ছে? এই বিধানসভার সদস্যদের অধিকার আছে মানুষদের এই জিনিস জানাবার। একটা প্রশ্ন একাধিকবার হেল্ড-ওভার হচ্ছে, যে লিস্ট প্রশ্নে আসে তার মধ্যে ৫০ ভাগই হেল্ড-ওভার করা হয়ে যায়। এটা লজ্জার কথা, একটা প্রশ্ন বিধানসভা শুরু থেকে, সরকারী কাজকর্মে বাংলাভাষার ব্যবহার, ব'র বার দেওয়া সত্ত্বেও, একবার দু'বার, তিনবার এই প্রশ্ন দেওয়া সত্ত্বেও আজ পর্যন্ত এই প্রশ্নটা এখানে হাজির করছেন না। লজ্জা করে না, ক্ষোভ হয় না? এই নিয়ে চারবার এই প্রশ্নটা করলাম, মন্ত্রিসভা শপথগ্রহণের পর প্রতিশ্রুতি দিয়েছেন, মাতৃভাষায় সরকারী কাজকর্ম বাংলাভাষায় চালু করবেন। সমস্ত ভারতবর্ষে এটা ক'রে দিয়েছে, একমাত্র পশ্চিমবংগ ছাড়া, এখানে ইংরেজী শিক্ষিত অফিসারদের হাতে তামাক খাচ্ছে, বার বার দেওয়া সত্ত্বেও অধিকাংশ প্রশ্ন আসছে না। এতে আমাদের অধিকার ভংগ হচ্ছে ব'লে মনে করি। এ সম্পর্কে আমি একটা সুস্পষ্ট উত্তর চাই, রুলিং চাই।

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ আমি মাননীয় সদস্যদের একটু আগেই বলেছি যে, কথাটা আংশিক সত্য, সমস্ত দপ্তরের এই ব্যাপারে গুরুত্ব দেওয়া উচিত। তবে আমি একটা কথা বলতে চাই, এখানে উত্তেজিত হয়ে বক্তৃতা করার সময় আমি শুনলাম, মাননীয় বন্ধু একটা কথা বললেন, মন্ত্রিসভার লজ্জা করে না? এই ধরনের বক্তব্য রাখা ঠিক নয়, এটা প্রত্যাহার করা উচিত ব'লে আমি মনে করি। মন্ত্রিসভার একজন দায়িত্বপূর্ণ পদে থাকা সত্ত্বেও অনুরোধ করতে চাই। এটা অত্যন্ত আত্মসম্মানহানিকর, সংসদীয় প্রথানুযায়ী তাঁর দুঃখ প্রকাশ করা উচিত। এই অনুরোধ আমি আপনার কাছে রাখছি।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: আমি ব্যক্তিগতভাবে বলেছি যে, আমাদের লজ্জা হওয়া উচিত, আমি মন্ত্রিসভার কথা বলি নি, আমি দুঃখ প্রকাশ করেছি, কটাক্ষ করি নি, আমি আশা করি যে, অভিমান যদি হয়ে থাকে তো দুঃখ প্রকাশ করার অধিকার আমার আছে।

শ্রীমহম্মদ সফিউল্লা: আমি একটা কথা বলতে চাই এই হেল্ড-ওভার প্রশ্ন সম্পর্কে। আমি একটা প্রশ্ন দিয়েছি, পশ্চিমবাংলার লেখ্য এবং কথ্য ভাষা সম্পর্কে, কোশ্চেন নং ১৭, এটা তো একটা ইনোসেন্ট ব্যাপারে প্রশ্ন, এটা কেন হেল্ড-ওভার করা হচ্ছে?

Mr. Speaker: Are you speaking of held over question No. 336?

শ্রীমহম্মদ সফিউল্লা: না, আপনি শুক্রবারের লিস্টটা বার করুন, পশ্চিমবাংলার লেখ্য এবং কথ্য ভাষা সম্পর্কে।

Mr. Speaker: About that question, I have been informed by my office that for replying to that particular question, of which notice was given by you, two weeks' time had been sought for by the Hon'ble Minister, and so it will come on the next rotational day. Two weeks' time, which was asked for by the Hon'ble Minister for collecting all the information on this question, had been granted to him and so your reply is expected on the next rotational day.

শ্রীমহম্মদ সফিউল্লা: স্যার, আমি একটা কথা বলতে বাধ্য হচ্ছি, এটা ভাষার ব্যাপারে প্রশ্ন, আমরা দুই-একটা সাপ্লিমেন্টারি ক'রেই ছেড়ে দেব। কিন্তু অনারেবল মেম্বর দেও প্রকাশ রাই সাপ্লিমেন্টারি করবেন এইজন্যই কি এই কোশ্চেনটা হেল্ড-ওভার হচ্ছে?

Mr. Speaker: On a written application from the Hon'ble Minister asking for two weeks' time for collecting all the materials, I have granted him two weeks' time and the reply to your question is expected to come before the House on the next rotational day.

[2-10—2-20 p.m.]

Mr. Speaker: Starred Questions *189, *316, *327 and *331, all these are held-over questions. Out of five held-over questions, four questions are being held-over to-day. The point that has been raised by the honourable Member, Shri Sukumar Bandyopadhyay, who has made some observations here, has already been replied to by the Hon'ble Minister. I would like to draw the attention of the Hon'ble Minister to the fact that it is the proud privilege of the honourable Members of the House to elicit information from Government about facts relating to various departments, which they are not in the know and they can do so by putting questions and supplementary questions. That is a very valuable right given to the honourable Members. Now, there are some questions regarding, which I feel, there are difficulties on the part of the Ministers to collect information, detailed statistics and other necessary data and, they are not in a position to give replies just after 12 days as provided in the rules. At the same time, I must say that an honourable Member of the House can very well expect that the Hon'ble Ministers will exert their influence on the officials to collect all the details, the information relating to the question to be placed on the floor of the House. I think this is the

strongest weapon in the hands of the legislators to correct the administration—to have the information and to place the information before the people. So, if there are some laches on the part of an officer that he failed or cannot collect information in time, I must say, it is not a happy state of affairs, but at the same time, you will also agree with the Hon'ble Minister that in some cases it is possible that in spite of best endeavour to collect facts and figures and statistics, which are sought for, cannot be collected. At any rate, an assurance has been given by the Hon'ble Minister, Shri Subrata Mukhopadhaya, that he will see that all the questions are answered on the next rotational day. I hope, the Hon'ble Minister will come ready on the next rotational day and will be able to give the answers on that day.

Shri Md. Safiulla: Sir, we hope, there shall not be any held-over on the next rotational day.

Shri A. H. Besterwitch: I agree with the contention of Mr. Speaker that a lot of time is required for the Ministers to answer questions, but I do not really understand when they have got the departmental heads, phones and arrangement for radiogram and all that, how is it possible that the information cannot be collected even within a week, or two weeks. So, many questions are being held over. The Ministers do not go and collect the information. It is the concern of the departments. They have got all the facilities and, if they like, they can get the information immediately. Collecting information from the districts is a matter of a day or two. If the departments do not do so, the Ministers should take steps against them.

[2-20—2-30 p.m.]

শ্রীজ্যোতির্ময় মজুমদার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যে অভিযোগটা রাখলাম সেটা শুধুমাত্র স্বরাষ্ট্র বিভাগের বিরুদ্ধে নয়, আমাদের এই অভিযোগ মন্ত্রিসভার প্রতিটা ডিপার্টমেন্ট সম্পর্কে। প্রতিটি দপ্তর কিন্তু তারা একইভাবে দিনের পর দিন কোশ্চেন হেল্ড-ওভার করছে। সমস্ত মন্ত্রিসভাকে নির্দেশ দিন যাতে তাঁরা উত্তর যে দিন থাকবে সেদিন দেন। এর জন্য আমরা কিন্তু কোন মন্ত্রীকে দায়ী করছি না। কিন্তু দুঃখের সঙ্গে বলছি, রাইটার্স বিল্ডিংসের আমলাচক্র যারা মন্ত্রীরা উত্তর দিতে না পারলে পিছনে বসে হাসেন সেই আমলাতন্ত্র যাতে সময়মতো উত্তর দেন সেইজন্য অনুরোধ রাখছি।

Mr. Speaker: You must not refer to any stranger in the House. That is out of parliamentary etiquette. I would request Shri Majumdar rot to do so in future.

ডাঃ হরশঙ্কর ভট্টাচার্য: আমরা আপনার নির্দেশ মেনে নিচ্ছি। এই হেল্ড-ওভার আবার হেল্ড-ওভার হ'ল। আশা করি এবার এর উত্তর পাবো। কিন্তু দুঃখের সঙ্গে একটা কথা বলতে চাইছি যে, শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ের যে কোশ্চেনটা ছিল নকশাল আন্দোলন সম্বন্ধে তাতে আমাদের অনেক সাপ্লিমেন্টারি ছিল। আমরা জানি ভারতের প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী সমস্ত রাজ্যসরকারকে একটা চিঠি দিয়েছেন নকশাল বন্দীদের আস্তে আস্তে ছেড়ে দেবার জন্য। অন্যান্য রাজ্য ছেড়ে দিয়েছে, কিন্তু পশ্চিমবঙ্গ সরকার সে সম্পর্কে এখনও বিবেচনার সময় পান নি।

Shri Gyan Singh Sohanpal: Mr. Speaker, Sir, honourable Members are quite justified in demanding that the question should be answered on the appointed date. But I am sorry I cannot agree to the suggestion made by the honourable Member, Shri Md. Shafiulla, that no question should be held over. Questions, for which materials are immediately available either in the department or elsewhere are answered on the appointed date. You will appreciate that there are certain questions, for which materials are collected from the districts and other places. Such questions will naturally take some time. The Ministers are quite justified in requesting the Speaker to grant time to enable them to procure materials from different places and give the honourable Members a suitable answer on the next rotational day. However, I will draw the attention of the Hon'ble Ministers to the feelings of the honourable Members and as far as is possible and practicable we will try to answer the questions on the appointed date, but it should not be made a rule that no question should be held over. Wherever necessary, it should be left to the discretion of the Speaker.

শ্রীসুধীরচন্দ্র দাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার প্রশ্নটা দেখুন কি ছিল—ইহা কি সত্য সম্প্রতি পুলিস কনস্টেবল নিয়োগের ব্যাপারে উহাদের শিক্ষাগত যোগ্যতার মান স্কুল ফাইন্যাল পাশ ধার্য করা হইয়াছে—সংখ্যার কোন দরকার ছিল না—স্ট্যাটিসটিক্সের কোন প্রশ্ন ছিল না। গভর্নমেন্ট এই অর্ডারটা দিয়েছেন কিনা—সেটাই আমি জানতে চেয়েছিলাম। তারপরে দেখুন, সত্য হইলে ইহার পূর্বে শিক্ষাগত যোগ্যতার মান কি ধার্য ছিল? এই কোশ্চেন আগেও উঠেছিল— আজও হেল্ড-ওভার হচ্ছে। এর উত্তর দিতে পারবেন না কেন, সেটা আমি বুঝতে পারছি না। রাইটার্স বিল্ডিংস থেকে কোন অর্ডার দেওয়া হয়েছে কিনা সেটাই আমি জানতে চেয়েছিলাম।

Mr. Speaker: Regarding answering of the question I place before you the authoritative opinion on the point. Honourable Ministers and the honourable Members will appreciate the position of the Chair vis-a-vis the honourable Members and the honourable Members on the Treasury Bench. A Minister is not bound to answer a question and the presiding officer has no power to compel a Minister to answer a question or to answer it in any particular way. In the British House of Commons a Minister is not bound to answer a question if it is not in the public interest. The same practice is followed in India and the Ministers answer questions unless they think that public interest would suffer by answering the question. An answer is never to be refused except on security grounds or because the Minister does not possess information and can convince the House that it is not reasonable for him to answer it. If answers to questions are refused unreasonably it might lead to a feeling that Government has something to conceal and the Government would suffer politically as a result. This is the actual position. It is for the interest of the Government, and to prove that an efficient administration is going on that the Ministers will be eager, they themselves will be eager, to give answer and it is never refused except on security ground and the position of the Chair is that the Chair cannot compel the Ministers to give the answer. From this position the Members will draw their independent conclusion about it. This is the position of the Chair vis-a-vis the Members and the Ministers. At any

rate, it is accepted, according to rules or conventions set up in India that questions are never refused and the answers are also never refused. But, I cannot compel a Minister to give reply or I cannot compel a Minister to reply in a particular way. At the same time you know that if they fail to give reply in a reasonable period then the conclusion will be against the administration itself and the Government will suffer politically. Considering all these aspects I would request the Ministers occupying the Treasury Benches to do their best to satisfy the feelings of the Members, who are very eager to elicit information. I can make only this request to the Hon'ble Ministers and at the same time I can tell the honourable Members the helpless position of the Chair that the Chair has also a limited power in this particular case.

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে একটি বিষয় নিবেদন করতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি সংসদীয় রীতি নীতি উদ্ধৃত ক'রে বললেন যে, কোন মন্ত্রীকেই জবাব দিতে বাধ্য করা যায় না। আমরা স্বীকার ক'রে নিচ্ছি মন্ত্রিমহাশয়ের সে অধিকার আছে। কিন্তু আমি আপনার কাছে একটি বিষয় জানতে চাচ্ছি সেটা হচ্ছে এই—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার সভার একজন সদস্য তিনি ৪ বার একটি বিষয়ের উপর প্রশ্ন করেছেন এবং সেই প্রশ্নটা হচ্ছে সরকারী কাজকর্মে বাংলাভাষার ব্যবহার সম্পর্কে। চতুর্থবারেও আপনার সভ্য কিন্তু সেই প্রশ্নের উত্তর পেলেন না, আপনারই সভ্য সেই প্রশ্নের উত্তর দিলেন না। এই বিষয় সম্পর্কে আমি খালি আমার মত ব্যক্ত করছি না, বাংলাদেশের কোটি কোটি মানুষ জানতে চান যে, সরকার কবে থেকে সরকারী কাজকর্মে মাতৃভাষা অর্থাৎ বাংলাভাষা ব্যবহার করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি অন্যান্য প্রশ্নের উত্তর সম্পর্কে আপনার বক্তব্য রেখেছেন। আমার দুঃখ বেদনার কথা আমি এখানে প্রকাশ করলাম। সরকারী কাজকর্মে বাংলাভাষা ব্যবহার সম্পর্কে যখনই আমি প্রশ্ন করি, তখনই সেই প্রশ্নের জবাব কিন্তু পাই নি। সেই যে প্রশ্নের উত্তর আসছে না, এই অবস্থার প্রতিকার কি—তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যদি সেটা আজকে আমাকে জানান, তা হ'লে আমি বিশেষভাবে বাধিত হব।

[2-30—2-40 p.m.]

Mr. Speaker: I have made my position very clear by quoting the authorities on the subject that if answers to the questions are refused unreasonably it might lead to a feeling that the Government has something to conceal and the Government would suffer politically as a result. I need not make any comment after placing all these facts. So, for efficient administration, for having confidence of the Members of the House and confidence of the people outside the Ministers must come forward with the answers as early as possible. This much I can say. Please drop this matter.

শ্রীজ্যোতির্ময় মজুমদারঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি কি বিধানসভায় মাননীয় মন্ত্রীদের বাংলাভাষায় বিবৃতি দেবার জন্য নির্দেশ দিতে পারেন না?

Mr. Speaker: I can only request the Members but cannot compel them to speak in a particular language, because every Member has got the right to speak in English, in Hindi, in Bengali or in any other language that suits him most. I cannot compel any Member that he must speak in English or in Hindi or in Bengali, or in any other recognised language.

He can express himself in any language he desires. That is the constitutional right. No such act has been passed in this regard that a Member must speak in Bengali only. So, I cannot compel any Member. It is for the Member to judge in which language he will speak on the floor of the House.

STARRED QUESTION

(to which oral answer was given)

সুন্দরবন অঞ্চলে ডাকাতিরোধের ব্যবস্থা

***৩৩৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৩১৬।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, সম্প্রতি সুন্দরবনে সশস্ত্র ডাকাতির ঘটনা অসম্ভব বৃদ্ধি পেয়েছে;

(খ) অবগত থাকলে, রাজ্যসরকার ডাকাতিরোধে কি ব্যবস্থা অবলম্বন করেছেন;

(গ) ডাকাতি বন্ধের জন্য সরকারের কাছে বন বিভাগের অফিসারদের কোন আবেদন এসেছে কি;

(ঘ) আবেদন এসে থাকলে, কবে এসেছে এবং সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করছেন;

(ঙ) ইহা কি সত্য যে, ১৯৭২ সালের সেপ্টেম্বর মাস থেকে একদল সশস্ত্র ডাকাত সুন্দরবনের নদীনালায় নির্বিচারে ডাকাতি করে বেড়াচ্ছে;

(চ) সত্য হ'লে, সরকার এই সশস্ত্র ডাকাতদের ধরার জন্য কি ব্যবস্থা অবলম্বন করেছেন; এবং

(ছ) বন বিভাগের অফিসারদের প্রয়োজনে পুলিসের সাহায্য দেওয়া হয় কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: (ক) সারা বছরে সাতটি ডাকাতি হয়েছে।

(খ) জলপুলিস ও বি এস এফ বাহিনী টহল দিতেছে।

(গ) হ্যাঁ।

(ঘ) গত সেপ্টেম্বর মাসে। বাগরা বনাঞ্চলে একটি ক্যাম্প স্থাপন করা হয়েছে এবং বিষয়টি সরকারের বিবেচনাধীন রয়েছে।

(ঙ) সেপ্টেম্বর, ১৯৭২এ দু'টি এবং নভেম্বরে একটি ডাকাতি হয়েছে।

(চ) পর্যাপ্ত পুলিসী টহলের ফলে নভেম্বর, ১৯৭২-এর পর আর কোন ডাকাতি হয় নি।

(ছ) হ্যাঁ।

শ্রীমহম্মদ সফিউল্লা: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, সুন্দরবনের বন বিভাগের স্থানীয় অফিসগুলিতে কোথায় কোথায় কোন্ কোন্ তারিখে কতবার ডাকাতি হয়েছে?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: এটা আমার জানা নেই, জেনে আপনাকে জানাতে পারি।

শ্রীমহম্মদ সফিউল্লা: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই ডাকাতির খবর তৎকালীন চিফ কনজারভেটার অব ফরেস্ট শ্রীকনক লাহিড়ীর গোচরে আনলে তিনি কি পুলিসের সাহায্য চেয়েছিলেন এবং চেয়ে থাকলে সে সাহায্য দেওয়া হয়েছিল কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ ঠিক ঐ ঘটনার উল্লেখ নেই, তবে ডাকাতির জন্য পুলিস সাহায্য চেয়েছিলেন এবং পর্যাপ্ত পুলিস সাহায্য করা হয়।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ ৩০/৩৫ জন ডাকাত খাঁকি পোশাক প'রে হাল্কা মেসিন গান, রাইফেল, বন্দুক প্রভৃতি মারাত্মক অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে এইসব ডাকাতি বারংবার করছে এবং বন বিভাগের অনেক টাকা পয়সা লুঠপাট করছে, এটা মন্ত্রিমহাশয় জানেন কি ?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ বন বিভাগ ব'লে উল্লেখ নেই তবে সশস্ত্রভাবে ডাকাতরা এসেছিল উল্লেখ আছে।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ গত ২১এ সেপ্টেম্বর কালিন্দী এবং বাগমা ফরেস্ট অফিসে যে ডাকাতি হয় তাতে ৫ জন সরকারী কর্মচারী ভয়ানকভাবে জখম হয়, বনবিভাগের ৪ হাজার টাকা, বন্দুক এই সব লুণ্ঠিত হয়। আমার জিজ্ঞাস্য, মন্ত্রিমহাশয় কি জানাবেন, সরকার এর জন্য কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ বর্ডার সিকিউরিটি ফোর্সকে টহল দিতে বলা হয়েছে, ক্যাম্প খোলা হয়েছে ২/১টি, পর্যাপ্ত পুলিসের ব্যবস্থা করা হয়েছে।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ এই ঘটনার পর কোন্ তারিখে পুলিসের সাহায্য পাওয়া গিয়েছিল এবং পুলিস কতদিন সেখানে ছিল মন্ত্রিমহাশয় জানাবেন কি ?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ ঘটনার পরে প্রায় ১০ ঘণ্টার মধ্যে পুলিস সেখানে পৌঁছায়। আর পুলিস ক্যাম্প নেই ট্রেনিং দেবার জন্য।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ মাননীয় মন্ত্রিমহাশয় পুলিসী সাহায্য দেবার ১০ দিন পরে প্রত্যাহার করা হয়। আমার জিজ্ঞাস্য হচ্ছে বন বিভাগের আরো সাহায্যের দরকার আছে কি নেই, সেটা কি আপনি খোঁজ করেছেন।

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ ডাকাতি যেভাবে হয়েছে এবং তাদের চিঠি অনুযায়ী ১০ দিনের পরেও পুলিসের সাহায্য দেওয়া হবে, এইভাবে ঘোষণা করা আছে এবং সাহায্য চাইলেই এখনও দেওয়া হয়।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, যাতে সুন্দরবনে এই সমস্ত বেআইনী শিকার এবং ডাকাতি বন্ধ করা যায় তার জন্য বন বিভাগের সমন্বয় কমিটি ক'রে এগুলি যাতে বন্ধ হয় এবং এই বন্ধ করার জন্য সক্রিয় ব্যবস্থা অবলম্বন করার ব্যাপারে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছ থেকে সেই সম্পর্কে কিছু জানতে চাই ?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ কমিটি করার ব্যাপারে—এটাতে ফরম্যাল কমিটি করার কিছু আছে ব'লে মনে করি না। তবে এই ইনফরমেশান আমি মাননীয় সদস্যদের দিচ্ছি যে, সেখানে যথেষ্ট সমন্বয় আছে, বন বিভাগ এবং বি এস এফ এবং আমাদের পুলিস কাজ করে।

শ্রীঅশ্বিনী রায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, কালিন্দী ফরেস্ট আর বাগনান ফরেস্ট—এই ফরেস্টে ডাকাতির প্রশ্ন মেনশান করা হয়েছে। এই দু'টি ফরেস্ট কোন্ কোন্ থানার অধীনে এবং ঐ ডাকাতি সম্পর্কে থানা অফিসাররা কি কাজ করেছেন ?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ কোন্ থানা বলতে পারছি না এখন।

শ্রীঅশ্বিনী রায়ঃ আমার যতদূর খবর আছে কালিন্দী ফরেস্ট হচ্ছে হিঙ্গলগঞ্জ থানা। হিঙ্গলগঞ্জ থানা আর যেখানে ফরেস্ট তার দূরত্ব খুব কম। অথচ আপনি বললেন, ডাকাতির খবর পাবার পরে সেখানে পৌঁছাতে ১০ ঘণ্টা সময় লেগেছিল। সেজন্য জিজ্ঞাসা করছি, ঐ হিঙ্গলগঞ্জ থানা আর ঐ যে ফরেস্ট যেখানে ডাকাতি হয়েছে তার দূরত্ব কত এটা জানাবেন কি ?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: দূরত্ব অনেক লাগে না। অনেক সময় মাইল দূরত্ব থাকলেও ঐ অঞ্চলে যে কোয়েস্ট এলাকা সেখানে যেতে সময় লাগে। আর ১০ ঘণ্টা সময় লাগার যৌক্তিকতা আছে কি নেই সে বিষয়ে তদন্ত করা হয় নি।

শ্রীঅশ্বিনী রায়: মাননীয় মন্ত্রিমহাশয় তা হ'লে নিশ্চয়ই ওখানে হয় রেডিওগ্রাম না হয় টেলিফোন বা কিছু না কিছুর মাধ্যমে বন বিভাগের সঙ্গে যোগাযোগ রাখতে হয়। যখন ডাকাতি হ'ল সেই সংবাদ পাবার পরে ১০ ঘণ্টা সময় লাগা এটাতে মনে হচ্ছে পুলিস কর্তৃপক্ষের কিছুটা অবহেলা ছিল। সেই সম্পর্কে আপনি তদন্ত করবেন কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: এই ব্যাপারে আপনি যদি জানতে চান লিখিতভাবে দিলে নিশ্চয়ই ইনকোয়ারি ক'রে রিপোর্ট দেওয়া হবে।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই সুন্দরবনে বেনামী শিকার এবং ডাকাতি বন্ধ করার জন্য টহলদার পুলিসের সংখ্যা বাড়ানোর জন্য মন্ত্রিমহাশয় ব্যবস্থা করবেন কিনা?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: বাড়ান হয়েছে এবং আপাতত বাড়ানো অবস্থাতে আছে।

শ্রীসুভেন্দু রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে একটা গুরুতর পরিস্থিতির কথা রাখতে চাই। এখন ৩ হাজার শ্রমিক কার্জন পার্কে বসে আছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে নিবেদন করছি যে, ঐ এলাকায় একটা প্রাদেশিকতার বিষ ছড়িয়ে প্রায় ৩ হাজার ওয়ার্কারকে ৮ সপ্তাহ যাবত লেঅফ ক'রে বসিয়ে রাখা হয়েছে। কয়েকদিন আগে গত মঙ্গলবার শ্রম দপ্তরের একটা রেকমেন্ডেশান গেছে এবং যার ফলে কারখানার দরজা খুলে দিয়েছে এবং কিছুসংখ্যক অবাঙ্গালী কর্মী সেখানে কাজ করছে। সেখানে একটা গুরুতর পরিস্থিতি উদ্ভব হয়েছে এবং যেকোন সময়ে একটা দাঙ্গা-হাঙ্গামার সৃষ্টি হতে পারে। আমি তাই আপনার মাধ্যমে নিবেদন করছি যে, সত্বর ঐ পরিস্থিতির কথা যেন চিন্তা করা হয়। ঐ বিষয়ে যদি একটা মীমাংসা না করা হয়, তবে সারা ব্যারাকপুর মহকুমা ইফেক্ট হ'তে পারে। সে জন্য আপনার কাছে আমার নিবেদন যে, আমরা একটা মেমোরেন্ডাম আপনার কাছে দিচ্ছি, আপনি অতি সত্বর এই বিষয়ে হস্তক্ষেপ ক'রে একটা বিহিত ব্যবস্থা করুন।

[2-40—2-50 p.m.]

শ্রীকানাই ভৌমিক: ওখানে ৩ হাজার ওয়ার্কার এসেছে, অন্তত এই বিষয়ে সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রী তাদের সঙ্গে গিয়ে মিট করুন। এই বিষয়ে যে সাম্প্রদায়িকতার অভিযোগ উঠেছে এটা অত্যন্ত সিরিয়াস ব্যাপার। সুতরাং এই বিষয়ে অবিলম্বে উপযুক্ত ব্যবস্থা দাবি করি।

শ্রীতপন চ্যাটার্জী: স্যার, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার, এই সম্পর্কে হাউসে বক্তৃতা করা যাবে না, তাই আমি এই বিষয়ে অবিলম্বে মন্ত্রিমহাশয়কে হস্তক্ষেপ করবার জন্য দাবি জানাচ্ছি।

Starred Question

(to which written answer were laid on the Table)

হাবড়া থানার অন্তর্গত বাদে খাটুরা গ্রামে ডাকাতি

*৪৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *৭৭৬।) **শ্রীঅজিতকুমার গাঙ্গুলী:** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, হাবড়া থানার অন্তর্গত বাদে খাটুরা গ্রামে সম্প্রতি (১) একটি দুধর্ষ ডাকাতি সংঘটিত হইয়াছে; এবং (২) গ্রামবাসীদের অসম-সাহসিকতাপূর্ণ প্রচেষ্টায় একজন ডাকাতকে আহত অবস্থায় পুলিসের হাতে দেওয়া হয়; এবং

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে কতজনকে গ্রেপ্তার করা হইয়াছে?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) (১) ডাকাতি হইয়াছে।

(২) হ্যাঁ।

(খ) আহত ডাকাতটি সহ এ পর্যন্ত মোট আটজনকে গ্রেপ্তার করা হইয়াছে।

বেলডাঙ্গা থানা অফিসার-ইন-চার্জের বিরুদ্ধে অভিযোগ

*৪৮০। (অনুমোদিত প্রশ্ন নং *৭৮৬।) **শ্রীহরেন্দ্রনাথ হালদার:** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সম্প্রতি মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা থানার মাণিকনগর মৌজায় উক্ত থানার "অফিসার-ইন-চার্জ" স্থানীয় বর্গাদারদের ধানের ভাগের ৬২ শতাংশ জোতদারকে দিতে বাধ্য করিয়াছেন এই মর্মে সরকার কোন অভিযোগ পাইয়াছেন কি; এবং

(খ) পাইলে, (১) কবে পাইয়াছেন; এবং (২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) স্বরাষ্ট্র দপ্তরে এরূপ কোন অভিযোগ আসে নাই।

(খ) (১) ও (২) প্রশ্ন উঠে না।

শিলবাড়ী-শালকুমার সড়ক নির্মাণ

*৪৮১। (অনুমোদিত প্রশ্ন নং *৯১০।) **শ্রীনারায়ণ ভট্টাচার্য:** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলায় 'শিলবাড়ী-শালকুমার' সড়ক নির্মাণের কোন ব্যবস্থা হইয়াছে কি;

(খ) হইয়া থাকিলে, এ বাবত এ পর্যন্ত মোট কত টাকা বরাদ্দ ও ব্যয় হইয়াছে; এবং

(গ) কবে নাগাদ ঐ পথের নির্মাণকার্য সমাপ্ত হইবে?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) গত ডিসেম্বর মাস পর্যন্ত ৪,৬০,৫৮১ টাকা ব্যয় হইয়াছে এবং সব টাকাটাই বরাদ্দ হইয়াছে;

(গ) চতুর্থ পরিকল্পনাকালের মধ্যে সমাপ্ত হইবে বলিয়া আশা করা যায়।

মুর্শিদাবাদ পল্টুন ব্রীজে দুর্ঘটনা

*৪৮২। (অনুমোদিত প্রশ্ন নং *৭৯৫।) **শ্রীআবদুল বারি বিশ্বাস:** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ২৭শে ডিসেম্বর, ১৯৭২ তারিখে মুর্শিদাবাদ জেলার বালীরঘাট পল্টুন ব্রীজটি ভাঙ্গিয়া গিয়াছে;

(গ) সত্য হইলে, এই দুর্ঘটনায় মৃতের সংখ্যা কত এবং কোন ট্রাক ডুবিয়া গিয়াছে কি; এবং

(গ) মৃত ব্যক্তিদের পরিবারের জন্য কোন ক্ষতিপূরণের ব্যবস্থা রইয়াছে কি?

মানিকাবসান বহুমুখী উচ্চতর বিদ্যালয়ের তহবিল তছরূপ

***৪৮৬।** (অনুমোদিত প্রশ্ন নং *১০০৫।) **শ্রীহেমন্ত দত্ত:** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার মানিকাবসান বহুমুখী উচ্চতর বিদ্যালয়ের তহবিল তছরূপের কোন অভিযোগ সরকার পাইয়াছেন কি;

(খ) পাইয়া থাকিলে, এ বিষয়ে কোন কেস দায়ের করা হইয়াছে কিনা; এবং হইলে, কাহার বিরুদ্ধে; এবং

(গ) এ বিষয়ে চার্জশীট দাখিল করা হইয়াছে কিনা?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ, নিম্নলিখিত ব্যক্তিদের বিরুদ্ধে—

(১) শ্রীমুক্তিপদ পাণ্ডা, সম্পাদক।

(২) শ্রীরজনীকান্ত মাইতি, প্রধান শিক্ষক।

(৩) শ্রীমুরারীমোহন দাস, সদস্য, ম্যানেজিং কমিটি।

(৪) শ্রীমৃগাঙ্ক মাইতি, সদস্য, ম্যানেজিং কমিটি।

(৫) শ্রীগিরিশ কর, সদস্য, ম্যানেজিং কমিটি।

(৬) শ্রীব্রজমোহন পাণ্ডা, সদস্য, ম্যানেজিং কমিটি।

(গ) না।

জয়দেবের মেলা

***৪৮৭।** (অনুমোদিত প্রশ্ন নং *১০২২।) **শ্রীশচীনন্দন সাউ:** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, জয়দেবের মেলানুষ্ঠানে প্রচুর দর্শকের সমাগম হয়;

(খ) অবগত থাকিলে, বীরভূম জেলার জয়দেব-কেন্দুলী এই তীর্থস্থানটির উন্নয়নের জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা এবং করিয়া থাকিলে, তাহা কি; এবং

(গ) কবি জয়দেবের স্মৃতি রক্ষা এবং মেলাটির পরিচালন ব্যবস্থা উন্নত করার জন্য সরকার কোন ব্যবস্থা করিয়াছেন কি?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) ইলামবাজার হইতে জয়দেব-কেন্দুলী পর্যন্ত সড়ক নির্মাণের প্রকল্প চতুর্থ পঞ্চবার্ষিক যোজনায় অন্তর্ভুক্ত করা হইয়াছে। তাহা ছাড়া, বীরভূম জেলার খসড়া পঞ্চম পঞ্চবার্ষিক যোজনায় জয়দেব-কেন্দুলীতে যাত্রীসাধারণের বিশ্রামাগার নির্মাণের প্রস্তাব রাখা হইয়াছে।

(গ) কবি জয়দেবের স্মৃতিমন্দিরটি ভারত সরকারের প্রত্নতত্ত্ব দপ্তর কর্তৃক সংরক্ষিত। মেলায় জনস্বাস্থ্য ব্যবস্থাদি স্বাস্থ্য বিভাগ ও শান্তি ও শৃঙ্খলা রক্ষার ব্যবস্থা জেলা প্রশাসন দেখিয়া থাকেন।

কবিকঙ্কণ মুকুন্দরামের স্মৃতি ও পুঁথি সংরক্ষণ

***৪৯০।** (অনুমোদিত প্রশ্ন নং *১০৭৪।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিক:** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কবিকঙ্কণ মুকুন্দরাম দাসের জন্মভূমি বর্ধমান জেলার দামিন্যা গ্রামে তাঁর স্মৃতি ও পুঁথি সংরক্ষণের কোন পরিকল্পনা সরকারের আছে কি?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়: না।

বিষ্ণুপুরে ঐতিহাসিক কীর্তির রক্ষণাবেক্ষণ

***৪৯১।** (অনুমোদিত প্রশ্ন নং *১০৮৫।) **শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী:** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বাঁকুড়া জেলার বিষ্ণুপুরে যে সকল ঐতিহাসিক কীর্তি আছে তা নষ্ট হতে চলেছে; এবং

(খ) অবগত থাকলে, তা রক্ষণাবেক্ষণ করার জন্য সরকার কর্তৃক কোন ব্যবস্থা অবলম্বন করা হয়েছে কি?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Footpaths in Asansol bazar area

***493.** (Admitted question No. *721.) **Shri Sukumar Bandyopadhyay:** Will the Minister-in-charge of Home (Police) Department be pleased to state—

(a) whether the State Government is aware of the fact that the cemented footpaths meant for men, women and children in the bazar area of Asansol town have been occupied fully by shops and goomties and as a result street accidents have increased in the town areas;

(b) if so, what steps the Government has taken to save the travelling public along G. T. Road bazar area of Asansol; and

(c) the number of such deaths and injuries to pedestrians which took place during the year 1972 in Asansol bazar area of G. T. Road?

The Minister for Home (Police) Department: (a) Footpaths in part of the Asansol bazar area have become congested due to encroachment by goomties. There is no information, however, that the street accidents have increased.

(b) Traffic staff remain on duty during busy hours and control traffic movements. The matter relating to encroachment on the road is being taken up with P.W.D. (Roads) Department.

(c)

Death	.. Nil.
Injuries	.. 3.

'কোল রোড'-এর জন্য আই ডি এ-র নিকট হইতে প্রাপ্ত টাকা

***৪৯৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৭২।) **ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায়:** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) 'কোল রোড'-এর জন্য 'আই ডি এ'-র নিকট হইতে পশ্চিমবঙ্গ সরকার কত টাকা পাইয়াছিলেন ;

(খ) ঐ টাকা হইতে 'জি টি রোড বাইপাস্' নির্মাণের জন্য কত টাকা খরচ করা হইয়াছিল ;

(গ) রাস্তা তৈয়ারির যেসকল 'মেটিরিয়ালস' সেইসময় ব্যবহার করা হয় নাই অথচ আজও বছরের পর পর বছর স্তূপীকৃত হইয়া পড়িয়া আছে তাহার বাজার দর কত (উপরি-উল্লিখিত সময়ে) এবং তাহার কত অংশ চুরি হইয়াছে এবং নষ্ট হইয়া গিয়াছে ; এবং

(ঘ) 'জি টি রোড বাইপাস্'-এর কাজ সম্পূর্ণ করার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হইতে (ঘ) 'কোল রোডের' জন্য "আই ডি এ" হইতে কোনও টাকা পাওয়া যায় নাই। জি টি রোডের তিনটি বাইপাস নির্মাণের কাজ হাতে লওয়া হয়, যথা (১) বালি হইতে সপ্তগ্রাম, (২) সুগন্ধা হইতে সিমলাগড়, এবং (৩) আসানসোল ডাইভারসান। মাননীয় সদস্য কোন্‌টির উল্লেখ করিতেছেন তাহা পরিষ্কার বুঝা না যাওয়াতে সঠিক তথ্য সরবরাহ করা সম্ভব নয়।

সিউড়ি-ইলামবাজার-জয়দেব রাস্তা

***৪৯৬।** (অনুমোদিত প্রশ্ন নং *১০২৪।) **শ্রীশচীনন্দন সাউঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার সিউড়ি হইতে ইলামবাজার রাস্তাটি মঞ্জুর হইয়াছে কি ;

(খ) ইলামবাজার হইতে জয়দেব রাস্তাটি বহুদিন পূর্বে মঞ্জুরীকৃত হইয়াছিল কি ; এবং

(গ) উক্ত রাস্তা দুইটির নির্মাণকার্য কবে নাগাদ শুরু হইবে বলিয়া আশা করা যায়?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক), (খ), ও (গ) ঐ রাস্তা দু'টি চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় অন্তর্ভুক্ত হয়েছে এবং কাজ শুরু করার ব্যবস্থা হয়েছে।

সুন্দরবন অঞ্চলে চোরাকারবার

***৪৯৯।** (অনুমোদিত প্রশ্ন নং *৩৯৮।) **শ্রীমহম্মদ সফিউল্লাঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, সম্প্রতি সুন্দরবনে একদল সশস্ত্র স্মাগলার বাংলাদেশ ও পশ্চিমবঙ্গের মধ্যে অবাধে চোরাকারবার চালাইয়া যাইতেছে ; এবং

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা লইতেছেন?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ, তবে চোরাকারবার "অবাধে" চলিতেছে —ইহা ঠিক নহে।

(খ) ১৯৭২ সালে ১৫৬ জন চোরাকারবারীর বিরুদ্ধে ৮৪টি কেস রুজু করা হইয়াছে এবং ৯০,০০,৮৫৮ টাকা মূল্যের দ্রব্যাদি আটক করা হইয়াছে। ২২ জন চোরাকারবারীকে "মিসায়" আটক রাখা হইয়াছে।

বালীরঘাট পন্টুন ব্রীজ

***৫০১।** (অনুমোদিত প্রশ্ন নং *৯৯৩।) **শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলায় বালীরঘাট পন্টুন ব্রীজটি সম্প্রতি ভাঙ্গিয়া গিয়াছে ; এবং

(খ) সত্য হইলে, ঐ ব্রীজটি মেরামত এবং আর একটি পাকা ব্রীজ নির্মাণের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ও (খ) হ্যাঁ, পন্টুন ব্রীজটি মেরামতের বন্দোবস্ত করা হইয়াছে। এই স্থানে পাকা ব্রীজ নির্মাণের পরিকল্পনা আছে, তৎসম্পর্কিত ডিজাইন ও সমীক্ষা চলিতেছে।

রাজভবনে ফ্যামিলি কোয়ার্টার্স

***৫০২।** (অনুমোদিত প্রশ্ন নং *১০৮১।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিক:** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতায় রাজভবনে কতগুলি ফ্যামিলি কোয়ার্টার্স আছে :

(খ) রাজভবনে বর্তমানে কতজন মন্ত্রী বাস করেন ; এবং

(গ) অন্যান্য মন্ত্রীরা এই শহরের কোথায় কোথায় বাস করেন?

গৃহনির্মাণ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) কলিকাতার রাজভবনে ৮টি ফ্যামিলি কোয়ার্টার আছে।

(খ) রাজভবনস্থ মন্ত্রীনিবাসে বর্তমানে আটজন মন্ত্রী বাস করেন। তাঁহাদের নাম নিম্নে দেওয়া হইল:

(১) আবদুল সাত্তার।

(২) ডাঃ জয়নাল আবেদীন।

(৩) শ্রীঅজিত পাঁজা।

(৪) শ্রীগুরুপদ খাঁ।

(৫) শ্রীসন্তোষকুমার রায়।

(৬) শ্রীজ্ঞান সিং সোহনপাল।

(৭) ডাঃ মহঃ ফজলে হক।

(৮) শ্রীমতী অমলা সোরেণ।

(গ) অন্যান্য মন্ত্রী যাঁহারা এই শহরে থাকেন, তাঁহাদের নাম ও ঠিকানা দেওয়া হইল:

(১) শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়, ২ বেলতলা রোড, কলিকাতা-২৬।

(২) শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী, এম এল এ হোস্টেল, ২ কিড্ স্ট্রীট, কলিকাতা।

(৩) শ্রীশঙ্কর ঘোষ, ২এফ ক্যামাক স্ট্রীট, কলিকাতা-১৬।

(৪) শ্রীসীতারাম মাহাতো, ৩ আবুল রসুল এভিনিউ, কলিকাতা (সরকার কর্তৃক প্রদত্ত)।

(৫) শ্রীকাশীকান্ত মৈত্র, ৪৫ এস আর দাস রোড, কলিকাতা-২৬।

(৬) ডাঃ গোপালদাস নাগ, ৩ লোয়ার রডন স্ট্রীট, কলিকাতা (সরকার কর্তৃক প্রদত্ত)।

(৭) শ্রীভোলানাথ সেন, ৬৬ রাজা বসন্ত রায় রোড, কলিকাতা-২৯।

(৮) শ্রীপ্রদীপ ভট্টাচার্য, ৫৯ পাম অ্যাভিনিউ, কলিকাতা-১৯ (সরকারী বাটী)।

(৯) শ্রীআনন্দমোহন বিশ্বাস, ৩২এ লোয়ার রেঞ্জ, কলিকাতা-১৭।

(১০) শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ, ১৪ আনন্দ চ্যাটার্জী লেন, কলিকাতা-৩।

(১১) শ্রীডেনিস লাকরা, ৫৯ পাম অ্যাভিনিউ, কলিকাতা-১৯ (সরকারী বাটী)।

(১২) শ্রীসুব্রত মুখোপাধ্যায়, ২৩ সুরেন ঠাকুর রোড, কলিকাতা-১৯।

(১৩) শ্রীরামকৃষ্ণ সারোগী, ৩১ মদন চ্যাটার্জী লেন, কলিকাতা-৭।

(১৪) শ্রীঅতীশচন্দ্র সিংহ, ২/৪ শরৎ বোস রোড, কলিকাতা-২৬।

(১৫) শ্রীগজেন্দ্র গুরুং, ৫৯ পাম অ্যাভিনিউ, কলিকাতা-১৯ (সরকারী বাটী)।

(১৬) শ্রীসুনীতি চট্টোরাজ, ৯ শিবদাস ভাদুড়ী স্ট্রীট, কলিকাতা।

Unstarred Questions

(to which written answers were laid on the table)

রানাঘাট ব্লকে গ্রামীণ বৈদ্যুতীকরণ

৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ৬৪২।) **শ্রীনরেশচন্দ্র চাকী:** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রানাঘাট ১নং ব্লককে গ্রামীণ বৈদ্যুতীকরণ পরিকল্পনার অন্তর্ভুক্ত করা হইয়াছে কি;

(খ) হইলে, কবে নাগাত এই ব্লকের গ্রামগুলিতে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করা হইবে;

(গ) ইহা কি সত্য যে, এই ব্লকের বিভিন্ন গ্রামের কাছাকাছি বৈদ্যুতিক লাইন চলিয়া গিয়াছে ; এবং

(ঘ) সত্য হইলে, এই ব্লকে বৈদ্যুতীকরণের কাজে বিলম্বের কারণ কি ?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) এই ব্লকের ৬৮টি মৌজার মধ্যে ৩২টিতে ইতিমধ্যেই বৈদ্যুতীকরণের কাজ সম্পন্ন হইয়াছে।

(গ) হ্যাঁ।

(ঘ) এ প্রশ্ন ওঠে না।

রানাঘাটে আর খাঁসমা খাল দ্বারা জলসেচ ব্যবস্থা

৮০। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৯।) **শ্রীনরেশচন্দ্র চাকী:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার রানাঘাট ১নং ব্লক অধীন আর খাঁসমা খাল দ্বারা জলসেচ ব্যবস্থা চালু করার জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন;

(খ) এই বাবত মোট কত টাকা প্রয়োজন হইবে; এবং

(গ) কবে নাগাত ইহার কাজ চালু হইবে বলিয়া আশা করা যায় ?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) প্রকল্পটির কাজের জন্য ঠিকাদারের নিকট হইতে টেন্ডার লওয়া হইয়াছে এবং এই টেন্ডার-এর ভিত্তিতে ঠিকাদার নির্বাচিত করিয়া যত সত্বর সম্ভব কাজ আরম্ভ করিবার জন্য নির্বাহী বাস্তুকার (কৃষি সেচ), কল্যাণী বিভাগকে নির্দেশ দেওয়া হইয়াছে।

(খ) ঐ প্রকল্প রূপায়ণে এখনও পর্যন্ত জনস্বাস্থ্য (বাস্তু) বিভাগ মোট ৪,২৫,২০২ টাকা এবং কৃষি (বাস্তু) বিভাগ ২,০৬,৩৯৬ টাকা ব্যয় করিয়াছেন। আরও ৫,৪৬,৬০০ টাকার একটি সংশোধিত এস্টিমেট তৈরি করা হইয়াছে এবং উহা পরীক্ষাধীন আছে।

(গ) মার্চ মাসের মধ্যেই প্রারম্ভিক কাজ আরম্ভ করা সম্ভব হইবে বলিয়া মনে হয়।

গাঁজা চাষ

৮১। (অনুমোদিত প্রশ্ন নং ৯০০।) **শ্রীআবদুল বারি বিশ্বাস:** আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত পাঁচ বৎসরে প্রতি বৎসরে গাঁজা চাষে কত টাকা ব্যয় হইয়াছে; এবং

(খ) উক্ত সময়ে এই বিভাগে কি কি খাতে কত টাকা আয় হইয়াছে ?

আবগারী বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) গাঁজা চাষের খরচ লাইসেন্সপ্রাপ্ত চাষীরাই বহন করিয়া থাকে। গাঁজা চাষ তত্ত্বাবধানের জন্য সরকারী কর্মচারী নিয়োগ করিতে হয়। এই বাবতে গত পাঁচ বৎসরে কত ব্যয় হইয়াছে তাহার একটি বিবরণী পৃথক ভাবে লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) একটি বিবরণী পৃথকভাবে লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

Number of Jails and prisoners

82. (Admitted question No. 260.) **Shri Md. SAFIULLAH:** Will the Minister-in-charge, Home (Jails) Department, be pleased to state—

(a) what is the number of Jails, Sub-Jails and Central Jails in West Bengal; and

(b) what was the number of prisoners convicted and sentenced for different offences in the Jails in different districts of the State on the 31st January, 1973, and what is the number of political prisoners?

The Minister for Home (Jails): (a)

Central Jail	...	5
District Jail	...	11
Sub-Jail	...	31
Special Jail	...	6
Total	...	53

(b) 4,301. (A statement is placed on the Library Table.) There is no class of prisoners named political prisoners in the Jails of West Bengal.

Bus chasis

83. (Admitted question No. 734.) **Shri Kashinath Misra:** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) the number of bus chasis received from Government of India for allotment to private operators of West Bengal during 1972;

(b) how many of them have been allotted to—

(i) unemployed youths;

(ii) co-operative societies; and

(iii) other persons and organisations; and

(c) the names and addresses of the allottees?

The Minister for Home (Transport): (a) 78.

(b) (i) 65.

(ii) 8.

(iii) 5.

(c) A statement showing particulars of allottees has been laid on the Library Table.

LAYING OF PAPERS

Budget estimates of the Damodar Valley Corporation for the year 1973-74

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury: Sir, I beg to lay the Budget Estimates of the Damodar Valley Corporation for the year 1973-74.

Annual Report of the Damodar Valley Corporation and Audit Report for the year 1970-71

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury: Sir, I beg to lay the Annual Report of the Damodar Valley Corporation and Audit Report for the year 1970-71.

Mr. Speaker: Honourable Members, regarding legislation I have one announcement to make. The Hon'ble Minister-in-charge of the Excise Department has informed me that the West Bengal Molasses Control Bill, 1973, will be introduced on some future date to be notified later on. The introduction of the Bill is accordingly postponed.

VOTING ON DEMANDS FOR GRANTS

DEMAND FOR GRANT No. 33

Major Heads: 42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial).

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 35,91,40,000 be granted for expenditure under Grant No. 33, Major Heads: 42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial).

মাননীয় স্পীকার মহোদয়, সেচ ও জলপথ বিভাগের গুরুদায়িত্ব ৪টিঃ

(১) নদীসেচ পরিকল্পনাগুলির রূপায়ণ, সম্প্রসারণ, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ,

(২) জলনিষ্কাশন পরিকল্পনা রূপায়ণ ও জলপথ সংরক্ষণ,

(৩) বন্যা-নিয়ন্ত্রণ ও প্রতিরোধ, এবং

(৪) চালু সেচপ্রকল্পগুলির জলবণ্টন।

প্রথম তিনটি ব্যয়সাপেক্ষ ও সুষ্ঠুভাবে এ দায়িত্ব পালনের মত পর্যাপ্ত সঙ্গতি আমাদের নেই।

তবুও সরকার ঘোষিত কর্মসূচিকে সাধ্যমত সফল ক'রে তোলার জন্য সীমিত আর্থিক সঙ্গতির সদ্ব্যবহার ক'রে যত বেশী সম্ভব জমিতে সেচ ও জলনিকাশী ব্যবস্থা ও যতটা সম্ভব বন্যানিয়ন্ত্রণ ব্যবস্থা করা যায় তার জন্য সর্বপ্রকার প্রচেষ্টা চালিয়ে যাওয়া হচ্ছে।

(২) চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় সেচ ও জলপথ বিভাগের জন্য নির্দিষ্ট বরাদ্দ প্রয়োজনের তুলনায় নিতান্ত সামান্য। বরাদ্দ অর্থের পরিমাণ চালু কাজগুলির সম্পূর্ণ ব্যয়-সঙ্কুলানের জন্যও পর্যাপ্ত নয়। তবুও প্রয়োজনের তাগিদে এই বিভাগ অনেকগুলি নূতন বৃহৎ পরিকল্পনা রূপায়ণে অগ্রসর হয়েছে।

(৩) আলোচ্য ইংরাজী ১৯৭৩-৭৪ সালে অর্থাৎ চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনার পঞ্চম ও শেষ বৎসরে সেচ ও জলপথ বিভাগের ৩৩ নং গ্রান্টের ছয়টি হেডের, যথা, ৪২, ৪৩, ৪৪, ৯৮, ৯৯ এবং ১০০ নং হেডের অন্তর্ভুক্ত চার্জড এক্সপেন্ডিচার সহ মোট ব্যয়বরাদ্দের পরিমাণ ৩৫ কোটি ৯২ লক্ষ ৪০ হাজার টাকা। এই টাকার মধ্যে মাত্র ৯ কোটি ৭৬ লক্ষ টাকা ধরা হয়েছে উন্নয়ন অর্থাৎ প্ল্যান প্রকল্পগুলির জন্য (৪৪, ৯৮, ৯৯ এবং ১০০ নং হেডের অধীনে) এবং তার মধ্যে ৪ কোটি ১২ লক্ষ টাকা ধরা হয়েছে জলনিষ্কাশন ও বন্যানিয়ন্ত্রণ কাজের জন্য। এ ছাড়া কয়েকটি পরিঘোষিত জরুরী বন্যানিয়ন্ত্রণ প্রকল্পের জন্য এ বছর কেন্দ্র হতে প্ল্যান বহির্ভূত খাতে কিছু অর্থসাহায্য পাওয়া যাবে। বৃহৎ ও মাঝারী সেচ পরিকল্পনার জন্য বরাদ্দ মাত্র ৫ কোটি ১৭ লক্ষ টাকা। অবশ্যই অনুমেয় যে, এই সামান্য ব্যয়বরাদ্দের মধ্যে কোন নতন বৃহৎ বা মাঝারী প্রকল্প সম্পূর্ণ রূপায়িত করা সম্ভব হবে না। চতুর্থ পরিকল্পনায় রাজ্যের বিভিন্ন জেলায় প্রায় ১৩৮টি ছোট সেচ ও জলনিকাশী প্রকল্প গ্রহণ করা হয়েছিল এবং তার মধ্যে অনেকগুলি প্রকল্পের কাজ শেষ হয়েছে। বাকী প্রকল্পগুলির জন্য বরাদ্দ ধরা আছে ৪০ লক্ষ টাকা, এই টাকায় একটি বিশেষ কর্মসূচি অনুসারে কাজ করা হচ্ছে। আশা করা যায় যে, চালু সেচ প্রকল্পগুলি এই সীমিত বরাদ্দের মধ্যে যথাসম্ভব কার্যকরী করা গেলে ১৯৭৩-৭৪ সালের শেষে একমাত্র সেচ ও জলপথ বিভাগের অধীন সেচ এলাকা গত বছরের ১৯ লক্ষ ৫২ হাজার একর থেকে বেড়ে একুশ লক্ষ পঁচিশ হাজার একরে দাঁড়াবে। ১৯৭৩-৭৪ সালের শেষে বিভিন্ন প্রকল্পের অন্তর্গত (গ্রস) সেচ এলাকার পরিমাণ দাঁড়াবে নিম্নরূপঃ—

(১) ময়ূরাক্ষী প্রকল্প—ছয় লক্ষ একর।

(২) কংসাবতী প্রকল্প—চার লক্ষ পঞ্চাশ হাজার একর।

(৩) দামোদর উপত্যকা প্রকল্প—নয় লক্ষ একর।

(৪) মেদিনীপুর ক্যানেল প্রকল্প—এক লক্ষ একর।

(৫) সাহারাজোড় প্রকল্প—আট হাজার একর।

(৬) করতোয়া প্রকল্প—তেরো হাজার একর।

(৭) শুভঙ্কর দাঁড়া প্রকল্প—চার হাজার একর।

(৮) ছোট ছোট সেচ প্রকল্প—পঞ্চাশ হাজার একর।

মোট—একুশ লক্ষ পঁচিশ হাজার একর।

---

(৪) এ রাজ্যের তিনটি বৃহৎ ও প্রধান সেচ প্রকল্প হ'ল ময়ূরাক্ষী, দামোদর উপত্যকা ও কংসাবতী সেচ প্রকল্প। এর মধ্যে কংসাবতী সেচ প্রকল্পের কাজ শেষ হতে এখনও খানিকটা বাকী আছে। তারাফেনী ব্যারেজের কাজ শেষ হয়েছে। ভৈরববাঁকি ব্যারেজের কাজ ১৯৭৩ সালের জুন মাস নাগাত শেষ হবে আশা করা যায়। প্রয়োজনীয় যন্ত্রপাতি ও মালমশলার অভাব ও ল্যান্ড অ্যাকুইজিশনের দেরির জন্য অসুবিধা সত্ত্বেও ১৯৭৩ সালের জুন মাস নাগাত কুমারী ড্যামের কাজ শেষ করা যাবে ব'লে আশা করা যায়। ১৯৭২-৭৩ সালে কংসাবতী প্রকল্পের জন্য অতিরিক্ত এক কোটি টাকা পাওয়া গেছে। এ বছরেও অনেক প্রচেষ্টার পর এই প্রকল্পের জন্য চার কোটি পঞ্চাশ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। বলা বাহুল্য আর্থিক সঙ্গতির অভাবে কংসাবতী প্রকল্পের কাজ বেশ খানিকটা পেছিয়ে পড়েছিল, তবে আশা করা যায় ১৯৭৪-৭৫ সালের শেষে কাজটি মোটামুটি শেষ হয়ে যাবে।

কংসাবতী প্রকল্প থেকে এ পর্যন্ত প্রায় তিন লক্ষ পয়তাল্লিশ হাজার একর জমিতে খারিফ চাষের সময় জল দেওয়া হয়েছে। কুমারী জলাধার চালু হওয়ার পর প্রায় চার লক্ষ পঞ্চাশ হাজার একর জমিতে সেচের জল দেওয়া যাবে।

(৫) ময়ূরাক্ষী প্রোজেক্ট-এর কাজ শেষ হয়ে গিয়ে এখন কেবল খালগুলির সম্প্রসারণ ও উন্নয়নের কাজ চলছে। ওয়াটার কোর্স এবং ফিল্ড চ্যানেল কাটার কাজ এখনও বেশ খানিকটা বাকি আছে। ১৯৭২ সালে এই প্রকল্প থেকে খারিফ চাষের জন্য প্রায় পাঁচ লক্ষ তিরিশ হাজার একর জমিতে এবং ১৯৭২-৭৩ সালে রবি চাষের জন্য প্রায় চুয়ান্ন হাজার একর জমিতে জল সরবরাহ সম্ভব হয়েছিল। এ ছাড়া মূল প্রকল্পে ব্যবস্থা না থাকলেও বোরো চাষের জন্য এ বছর প্রায় পঞ্চাশ হাজার একর জমিতে জল সরবরাহ করা হয়েছে। দীর্ঘস্থায়ী খরার ফলে ময়ূরাক্ষী জলাধারে প্রয়োজনীয় জল না থাকায় খারিফ মরসুমের প্রথম দিকে চাষের জল সরবরাহের কাজ ব্যাহত হয়, কিন্তু শেষের দিকে কিছু কিছু বৃষ্টিপাত হওয়ায় মোট সেচ এলাকা গত বছরের তুলনায় কিছুটা বৃদ্ধি করা সম্ভব হয়। এই প্রকল্পের অধীন ময়ূরাক্ষী-দ্বারকা শাখাখালের ৭-এ নং ডিস্ট্রিবিউটরীর কাজ অনেকাংশে শেষ হয়েছে। মণিকর্ণিকা নদীর উপর সাইফন নির্মাণের কাজ আগামী বছর শেষ হবে ব'লে আশা করা যায় এবং তার ফলে অতিরিক্ত আট হাজার একর জমিতে জল সরবরাহ করা সম্ভব হবে। আগামী বৎসর বক্রেশ্বর খালটির উন্নয়ন ও সম্প্রসারণের কাজ শেষ হবে এবং তার ফলে অতিরিক্ত তিন হাজার চার শত একর জমি উপকৃত হবে। যাই হোক, এই প্রকল্পের চালু অন্যান্য কাজগুলি সম্পন্ন করলে আলোচ্য বর্ষের খারিফ মরসুমে প্রধানতঃ বীরভূমে এবং কিছুটা বর্ধমান ও মুর্শিদাবাদ জেলায় পাঁচ লক্ষ চুয়াল্লিশ হাজার একর জমি জলসেচ ব্যবস্থার সম্ভব হবে। আর ১৯৭৩-৭৪ সালে রবি চাষের জল দেওয়া সম্ভব হবে প্রায় ৫৫ হাজার একর জমিতে। আলোচ্য বর্ষে এই প্রকল্পের জন্য মাত্র ২০ লক্ষ টাকা বরাদ্দ করা সম্ভব হয়েছে।

[2-50—3-00 p.m.]

(৬) ময়ূরাক্ষীতে এ পর্যন্ত পৃথক ওয়াটার রেট না দিয়েই রবি চাষের জল দেওয়া হয়েছে। দামোদর উপত্যকায় ও মেদিনীপুর ক্যানেল অঞ্চলে রবি ওয়াটার রেট থাকলেও, তার পরিমাণ যৎসামান্য। দামোদর উপত্যকায় একর পিছু ১৫ টাকা আর মেদিনীপুর ক্যানেল অঞ্চলে আড়াই টাকা বোরোর জন্য কোন ওয়াটার রেটের বিধান হয় নি। অথচ এ পরিকল্পনাগুলি দেখাশুনা ক'রে ঠিকমত চালু রাখার খরচ প্রতি বৎসর বৃদ্ধি পাচ্ছে। সব দিক বিবেচনা ক'রে দেখলে দেখা যায় একটি ইকনমিক ওয়াটার রেট চালু করা অত্যন্ত প্রয়োজনীয়। তাই সেচ বিভাগ এই ইকনমিক ওয়াটার রেট চালু করার জন্য একটি খসড়া বিল রচনা করেছেন। সম্ভব হ'লে অ্যাসেমব্লীর বর্তমান অধিবেশনেই এই বিলটি পেশ করা হবে।

(৭) দামোদর উপত্যকা প্রোজেক্ট সম্বন্ধে পৃথক বাজেট করা হচ্ছে। কাজেই এই প্রোজেক্ট সম্বন্ধে এখানে কিছু আলোচনা করছি না।

(৮) এ প্রসঙ্গে উল্লেখ করা প্রয়োজন পরিকল্পনা ব্যয়বরাদ্দের বাইরে কেন্দ্রীয় সরকারের অর্থ সাহায্যে ড্রট-প্রোন এরিয়া প্রোগ্রাম-এর মাধ্যমে ১৯৭০-৭১ সাল থেকে পুরুলিয়া, বাঁকুড়া ও মেদিনীপুরের খরা অঞ্চলে দু'টি মাঝারি ও আটটি ছোট সেচ প্রকল্পের কাজ আরম্ভ হয়েছে। আলোচ্য বর্ষের মধ্যেই এই প্রকল্পগুলির কাজ মোটামুটিভাবে শেষ করা যাবে ব'লে আশা করা যায়। এই সেচপ্রকল্পগুলির কাজ শেষ হ'লে প্রায় ৩৬ হাজার একর জমি উপকৃত হবে।

(৯) এ ছাড়া জরুরীভিত্তিক গ্রামীণ কর্মসংস্থান পরিকল্পনায় (ক্র্যাস স্কীম ফর রুর‍্যাল এমপ্লয়মেন্ট) আমরা এ পর্যন্ত প্রায় এক কোটি সাতষট্টি লক্ষ টাকার ছোট ছোট জলনিকাশী, বাঁধ নির্মাণ ইত্যাদি পরিকল্পনা গ্রহণ করেছি। এর মধ্যে প্রায় ৪৬ লক্ষ টাকার প্রকল্প জেলা কর্তৃপক্ষের মাধ্যমে রূপায়িত হচ্ছে। এই টাকাটা সম্পূর্ণই কেন্দ্রীয় সরকারের কাছ থেকে অনুদান (গ্রান্ট) হিসাবে পাওয়া গেছে।

(১০) তিস্তা ব্যারেজ প্রকল্পের মাধ্যমে উত্তরবঙ্গের বিস্তীর্ণ এলাকায় চাষের জল সরবরাহের যথেষ্ট সম্ভাবনা থাকা সত্ত্বেও মূলতঃ অর্থাভাবের জন্য রাজ্যসরকার এ প্রকল্পটি রূপায়ণে বেশীদূর এগোতে পারেন নি। এই প্রকল্পটির অনুমোদনের বিষয় কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন রয়েছে। কেন্দ্রীয় অনুমোদন ও অর্থসাহায্য পেলে এখনই প্রকল্পটির কাজ আরম্ভ করা সম্ভব। পুরুলিয়া জেলায় একটি নতুন বৃহৎ প্রোজেক্ট- আপার কংসাবতী প্রজেক্ট—প্রস্তুত করা হয়েছে ও অনুমোদনের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে পাঠান হয়েছে। এই প্রোজেক্টটির কাজ পঞ্চম পরিকল্পনায় গ্রহণ করা সম্ভব হবে ব'লে আশা করা যায়।

(১১) মাঝারি প্রকল্পগুলির মধ্যে পুরুলিয়া জেলার সাহারাজোড় প্রকল্পটির কাজ কতকগুলি টেকনিক্যাল কারণে বন্ধ ছিল। সে সমস্যার সমাধান হয়েছে এবং সাহারাজোড় প্রকল্পটির কাজ আবার আরম্ভ হয়েছে। এ প্রকল্প হতে এ পর্যন্ত প্রায় ছয় হাজার একর জমিতে সেচের জল সরবরাহ করা সম্ভব হয়েছে। আলোচ্য বর্ষের খারিফ মরসুমে প্রায় আট হাজার একর জমিতে সেচের জল সরবরাহ করার কথা আছে।

প্রায় একশত বৎসরের পুরনো মেদিনীপুর ক্যানেলটির রক্ষণাবেক্ষণ যথাসম্ভব সুষ্ঠুভাবে করা হয়। তার ফলে এ প্রকল্প থেকে এক লক্ষাধিক একর জমিতে খারিফ চাষের প্রয়োজনীয় জল সরবরাহ করা যাচ্ছে।

নতুন প্রকল্পের মধ্যে উল্লেখযোগ্য বীরভূম জেলার হিংলো প্রকল্পের কাজ। এই প্রকল্পের কাজ বেশ ভালভাবেই এগোচ্ছে। প্রকল্পটি শেষ হ'লে ৩১ হাজার একরের কিছু বেশী জমিতে সেচের জল সরবরাহ করা সম্ভব হবে।

(১২) বন্যা প্রতিরোধ, বন্যা নিয়ন্ত্রণ, ভাঙ্গন প্রতিরোধ ও জলনিষ্কাশনের সমস্যা এ বিভাগের সবচেয়ে কঠিন সমস্যা। কিছুকাল আগে হিসাব করা হয়েছিল যে, গোটা পশ্চিম-বাংলায় এ সমস্যার আর্থিক মোকাবিলা করতে ৩৫০ কোটির বেশী টাকা প্রয়োজন, কিন্তু অর্থের অভাবের জন্য বন্যা নিপন্ত্রণের ব্যবস্থার অগ্রগতি তেমন সন্তোষজনক নয়। অনেক প্রচেষ্টার পর চতুর্থ পরিকল্পনায় আমরা এ বাবত মাত্র ১০ কোটি ৫৫ লক্ষ টাকা বরাদ্দ করতে সমর্থ হয়েছি। সমস্যার মোকাবিলার দিক থেকে এটি একটি নিশ্চিত পদক্ষেপ হ'লেও বলা বাহুল্য, কেন্দ্রীয় সাহায্য ছাড়া সার্থক সমাধান অসম্ভব।

বহু প্রচেষ্টার পর কেন্দ্রীয় সরকার পাঁচটি বন্যা নিয়ন্ত্রণ ও জলনিকাশী প্রকল্পকে অগ্রাধিকার দিয়ে দ্রুত নিষ্পন্ন করার জন্য চতুর্থ পরিকল্পনার শেষ দুই বৎসরে পরিকল্পনা-বহির্ভূত ১১ কোটি টাকা ঋণ (লোন) হিসাবে সাহায্য দিতে রাজী হয়েছেন। অবশ্য এই পাঁচটি প্রকল্পের জন্য চতুর্থ পরিকল্পনার বরাদ্দের মধ্যে শেষ দুই বৎসরে আরও দুই কোটি টাকা খরচ করতে হবে। এই পাঁচটি বিশেষ প্রকল্পের কাজের বিষয়ে কিছু বলা দরকার :

(ক) নিম্ন-দামোদর এলাকা উন্নয়ন প্রকল্পটি তিনটি পর্যায়ে বিভক্ত ও মোট আনুমানিক ব্যয় প্রায় ৪০ কোটি টাকা। প্রকল্পটির প্রথম পর্যায়ের কাজ ১৯৭০-৭১ সালে আরম্ভ হয়েছে। এর আনুমানিক ব্যয় ৬ কোটি ৮২ লক্ষ টাকা। কাজ পুরোদমে

চলছে। প্রায় ২৫ কোটি টাকা ব্যয়ে প্রকল্পটির দ্বিতীয় পর্যায়ের কাজের জন্য কেন্দ্রীয় অনুমোদন শীঘ্রই পাওয়া যাবে ব'লে আশা করা যায় এবং এর কিছু কিছু কাজ আরম্ভ ক'রে দেওয়া হয়েছে। আলোচ্য বর্ষে প্রকল্পটির প্রথম ও দ্বিতীয় পর্যায়ের কাজের জন্য ৪ কোটি টাকা খরচ হতে পারে।

(খ) মেদিনীপুর জেলার ২৬৮ লক্ষ টাকা ব্যয়ে দুব্দা বেসিন প্রকল্পের কাজ ১৯৭১-৭২ সালে আরম্ভ হয়েছে এবং দ্রুতগতিতে অগ্রসর হচ্ছে। আউটফল স্লুইস, নেগুয়া ডাইভারসন ক্যানেল, দু'টি বড় সড়ক সেতু এবং ওড়িষ্যা কোস্ট ক্যানেলে সাইফনের কাজ চলছে। আলোচ্যবর্ষে আনুমানিক ১৪০ লক্ষ টাকা খরচ হবে।

(গ) প্রায় ৩ কোটি টাকা ব্যয়ে ২৪-পরগনা জেলার পূর্ব-মগরাহাট বেসিনের জলনিকাশী প্রকল্পটির কাজ ১৯৭১-৭২ সালে আরম্ভ হয়েছে। প্রাথমিক পর্যায়ে গৃহনির্মাণের কাজ ৪০ ভাগ শেষ হয়েছে। সূর্যপুর খাল খনন সংক্রান্ত কাজ ১৫ ভাগ শেষ হয়েছে। নির্মাণের জন্য প্রয়োজনীয় দ্রব্যসামগ্রী সংগ্রহ করা হচ্ছে। আলোচ্য বর্ষে ১ কোটি টাকা খরচ করার কথা। ১ কোটি ৫৪ লক্ষ টাকার পশ্চিম-মগরাহাট জলনিকাশী প্রকল্প পরিকল্পনা কমিশন সবেমাত্র মঞ্জুর করেছেন। এর কাজ শীঘ্রই আরম্ভ করার ব্যবস্থা হচ্ছে। আলোচ্য বর্ষে এই প্রকল্পের জন্য ৫০ লক্ষ টাকা ব্যয় হতে পারে।

(ঘ) ৪ কোটি ২০ লক্ষ টাকা ব্যয়ে মালদহ জেলার মহানন্দা বাঁধনির্মাণ প্রকল্পের কাজ বর্তমান বৎসরে আরম্ভ করা হচ্ছে। কাজটি দ্রুত সম্পন্ন করার জন্য বিশেষভাবে চেষ্টা করা হচ্ছে। আলোচ্য বৎসরে ১৬০ লক্ষ টাকা খরচ হতে পারে।

(ঙ) ৭৫ লক্ষ টাকা ব্যয়ে জলপাইগুড়ি জেলার করলা ডাইভারসন প্রকল্পের প্রথম পর্যায়ের কাজ ১৯৭১-৭২ সালের শেষের দিকে আরম্ভ হয়েছে। কাজ দ্রুতগতিতে চলছে। আলোচ্য বর্ষে দ্বিতীয় পর্যায়ের কাজ আরম্ভ করা চেষ্টা চলছে। আলোচ্য বর্ষে প্রায় ১৫ লক্ষ টাকা প্রথম পর্যায়ের কাজের জন্য ব্যয় হতে পারে।

এ ছাড়া পরিকল্পনা বরাদ্দমত সেচ দপ্তর কতকগুলি অতিপ্রয়োজনীয় বৃহৎ ও মাঝারি ন্যানিয়ন্ত্রণ ও জলনিকাশী প্রকল্প রূপায়ণে বেশ অগ্রসর হয়েছে। তার মধ্যে নিম্নলিখিত কল্পগুলি বিশেষভাবে উল্লেখযোগ্য ঃ

(১) মেদিনীপুর জেলার ঘাটাল অঞ্চলে জলনিকাশী সমস্যার সমাধানের জন্য একটি ব্যাপক পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। এর অন্তর্গত কলমীজোল ও চন্দ্রেশ্বর খালের কাজ আরম্ভ হয়েছে। গোটা পরিকল্পনার জন্য আলোচ্য বর্ষে ১৮ লক্ষ টাকা ব্যয়বরাদ্দ ধরা হয়েছে। আশা করা যায়, আগামী বর্ষার আগে এই কাজ দু'টি শেষ হ'য়ে যাবে। পরিকল্পনাটির অন্তর্গত ভোঁসরা খালের কাজ শীঘ্রই আরম্ভ করা যাবে আশা করা যায়।

(২) আনুমানিক ৫ কোটি ৩৪ লক্ষ টাকা ব্যয়ের কালিঘাই নদী সংস্কারের কাজটি পুরোদমে চলছে। কাজটির প্রায় ৭০ শতাংশ শেষ হয়েছে এবং আংশিক উপকার পাওয়া গেছে। আলোচ্য বর্ষে প্রকল্পটির জন্য ৩০ লক্ষ টাকা বরাদ্দ ধরা আছে।

(৩) ২৪-পরগনা জেলার বিলবল্লী জলনিকাশী প্রকল্পের কাজ ১৯৭১-৭২ সালে আরম্ভ হয়েছে এবং পুরোদমে চলছে। আলোচ্য বর্ষে এ বাবত ৩ লক্ষ টাকা বরাদ্দ আছে।

(৪) সুন্দরবন অঞ্চলে ১০০টি জলনিকাশী স্লুইস নির্মাণের কাজ ১৯৭১-৭২ সালে আরম্ভ হয়েছে এবং ইতিমধ্যে ৩৬টি স্লুইসের কাজ শেষ হয়েছে এবং আরও ১২টি স্লুইসের কাজ অনেকটা এগিয়েছে। আলোচ্য বর্ষে এই কাজের জন্য ১৪ লক্ষ ২৫ হাজার টাকা ব্যয়বরাদ্দ ধরা হয়েছে।

(১৩) আলোচ্য বর্ষে কেবলমাত্র জলনিকাশী কাজের পরিকল্পনার জন্য ১ কোটি ১৪ লক্ষ ৪৫ হাজার টাকা ব্যয়বরাদ্দ ধরা হয়েছে। উপরোক্ত কতকগুলি নতুন প্রকল্প ছাড়া যে সব চালু জলনিকাশী কাজগুলির জন্য ব্যয়বরাদ্দ ধরা হয়েছে তার মধ্যে উল্লেখযোগ্য হ'ল ৫টিঃ

(ক) ২ কোটি ৪৭ লক্ষ ৪৯ হাজার টাকা আনুমানিক ব্যয়ে নোয়াই বেসিন জলনিকাশী প্রকল্পটির কাজ প্রায় ৭৫ শতাংশ শেষ হয়ে গেছে। এবং এ পর্যন্ত ১ কোটি ৫১ লক্ষ ৯৫ হাজার টাকা খরচ হয়েছে। প্রকল্পটির কাজ চলছে।

(খ) ১ কোটি ১৪ লক্ষ ৬৫ হাজার টাকা আনুমানিক ব্যয়ের ২৪-পরগনা জেলার শেয়ালদাগং জলনিকাশী প্রকল্পের কাজ প্রায় ৫০ শতাংশ শেষ হয়ে গেছে। এ পর্যন্ত ৫৭ লক্ষ ৬৬ হাজার টাকা খরচ হয়েছে।

(গ) ১ কোটি ৯০ লক্ষ ১১ হাজার টাকা আনুমানিক ব্যয়ের বর্ধমান জেলায় মুল ভূরী-শ্যামসুন্দরপুর বিল জলনিকাশী প্রকল্পের কাজ অনেকাংশে শেষ হয়েছে। এই প্রকল্প আংশিক রূপায়ণের ফলে প্রায় ১০ হাজার একর জলবদ্ধ জমি ইতিমধ্যে উপকৃত হয়েছে।

(ঘ) হাওড়া জেলার উলুবেড়িয়া জলনিকাশী প্রকল্পের কাজ শেষ হয়েছে।

(ঙ) ৩২ লক্ষ ১৬ হাজার টাকা আনুমানিক ব্যয়ের কাঁটাখালি খাল জলনিকাশী প্রকল্পের কাজ শেষ হবার মুখে। এই কাজের জন্য ২৪ লক্ষ ১৬ হাজার টাকা খরচ হয়েছে।

(১৪) উত্তরবঙ্গে বন্যা-নিয়ন্ত্রণের জন্য কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর সভাপতিত্বে উত্তরবঙ্গ বন্যানিয়ন্ত্রণ বোর্ড (নর্থবেঙ্গল ফ্লাড কন্ট্রোল বোর্ড) পুনর্গঠন করেছেন। উক্ত বোর্ডের অধীনে প্রকল্প তৈরি ও রূপায়ণের জন্য উত্তরবঙ্গ বন্যানিয়ন্ত্রণ কমিশন (নর্থবেঙ্গল ফ্লাড কন্ট্রোল কমিশন) নামে একটি কমিশন রাজ্যসরকার কেন্দ্রীয় সরকারের পরামর্শক্রমে গঠন করেছেন। যথাযথভাবে প্রকল্প ও নকশা প্রস্তুত করার কাজে বন্যানিয়ন্ত্রণ কমিশনকে পরামর্শ দেবার জন্য এবং প্রকল্পসমূহ সুষ্ঠুভাবে রূপায়ণের কাজে কমিশনকে প্রয়োজনীয় পরামর্শ দেবার জন্য রাজ্যসরকার বোর্ড অব টেকনিক্যাল কনসালট্যান্ট গঠন করিয়াছেন।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ মাননীয় স্পীকার মহাশয়, অনেকক্ষণ চুপ ক'রেই ছিলাম, কিন্তু আর পারা গেল না। আমরা সাধারণতঃ এই ধরনের বক্তৃতার কপি পাই। কিন্তু মন্ত্রি-মহাশয়ের এই বক্তৃতার কোন কপি আমরা এখন পর্যন্ত পেলাম না। এই কপি না পাওয়ায় আমাদের বুঝতে অসুবিধা হচ্ছে।

Mr. Speaker: Honourable Members, I understand my office has not received the copies of the Hon'ble Minister's speech. So, I could not circulate the copies. That is my difficulty. If I am supplied with copies I can distribute the copies to the honourable Members.

শ্রীসুনীতি চট্টোরাজঃ আপনাদের বাংলা বুঝতে অসুবিধা হচ্ছে?

শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ বাংলা বুঝতে অসুবিধা হচ্ছে না। কিন্তু কপি পেলে আরও সুবিধা হয় এবং নিয়ম হচ্ছে কপি আমাদের দেওয়া।

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury: I am extremely sorry, Sir. I apologise for this. I do not know why this has not been done.

শ্রীবলাইলাল শেঠঃ মন্ত্রিমহাশয় কি পড়লেন আমি তো কিছুই বুঝতে পারলাম না।

শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খান চৌধুরীঃ বর্তমানে কমিশন দার্জিলিং, জলপাইগুড়ি ও কোচবিহার জেলায় ২১টি চালু প্রকল্পের কাজ তাড়াতাড়ি শেষ করবার জন্য প্রয়োজনীয়

ব্যবস্থা গ্রহণ করেছেন। বর্তমান বৎসরের মধ্যেই কয়েকটি কাজ শেষ হবে আশা করা যায়। কয়েকটি উল্লেখযোগ্য চলতি কাজের নাম হ'ল ঃ

(১) ৬৮ লক্ষ ৪৪ হাজার টাকা আনুমানিক ব্যয়ের হলদিবাড়ি থানায় তিস্তা নদীর তীরে মণ্ডলঘাট থেকে বিবিগঞ্জ পর্যন্ত বাঁধ দ্বারা সংরক্ষণ প্রকল্প;

(২) ৬৫ লক্ষ ৯০ হাজার টাকা আনুমানিক ব্যয়ের হলদিবাড়ি থানায় তিস্তা নদীর দক্ষিণ তীরে বিবিগঞ্জ থেকে ঝাড়সিংগেশ্বর পর্যন্ত বাঁধ দ্বারা সংরক্ষণ প্রকল্প;

(৩) ৩৪ লক্ষ ৪৫ হাজার টাকা আনুমানিক ব্যয়ের জলপাইগুড়ি বাঁধ এবং বার্নেস দোমহনী বাঁধের উপরিভাগ প্রশস্ত করার কাজ;

(৪) ১৭ লক্ষ ৯৩ হাজার টাকা ব্যয়ের পুলবাজার থানায় বিজনবাড়ী এলাকা সংরক্ষণ প্রকল্প;

(৫) ১৩ লক্ষ ৫২ হাজার টাকা ব্যয়ের চেঙমারি থেকে প্রেমগঞ্জ পর্যন্ত তিস্তা নদীর বাম তীরে সংরক্ষণ প্রকল্পের প্রথম পর্যায়;

(৬) ৭ লক্ষ ৮৯ হাজার টাকা ব্যয়ের বোদাগঞ্জের নিকট নেপাতী নদীর ভেতর দিয়া করলা নদীতে তিস্তার গতিপথ বন্ধ করার প্রকল্প; এবং

(৭) ১৭ লক্ষ ৫৬ হাজার টাকা ব্যয়ে নাগড়াকাটা থানায় চেঙমারীর নিকট রেলসেতুর নীচের থেকে কলাবাড়ি পর্যন্ত দিয়ানা নদীর বাম তীর সংরক্ষণ প্রকল্প, ইত্যাদি।

চালু কাজ ব্যতীত আরও কয়েকটি নূতন প্রকল্পের কাজ কমিশন হাতে নিয়েছেন। তার মধ্যে ৪০ লক্ষ ৫০ হাজার টাকা ব্যয়ে তিস্তার দক্ষিণ তীরে মণ্ডলঘাট পর্যন্ত সাড়ে সাত কিলোমিটার নূতন বাঁধ নির্মাণ প্রকল্প এবং ২০ লক্ষ ৯৩ হাজার টাকা ব্যয়ে মাথাভাঙ্গা শহরের ভাঙ্গন প্রতিরোধ প্রকল্প উল্লেখযোগ্য। উত্তরবঙ্গের বন্যানিয়ন্ত্রণ সমস্যা খুবই জটিল। সমস্যার সুষ্ঠু মোকাবিলা করতে বহু অর্থের প্রয়োজন। কেন্দ্রীয় সাহায্য পাওয়ার জন্য চেষ্টা চলছে। অনেক অসুবিধা সত্ত্বেও আলোচ্য বৎসরে উত্তরবঙ্গ বন্যানিয়ন্ত্রণ প্রকল্পের জন্য পরিকল্পনা মধ্যে ২ কোটি ৭২ লক্ষ টাকা বরাদ্দ করা সম্ভব হয়েছে।

(১৫) গঙ্গা নদী দ্রুত ভাঙ্গনের ফলে মুর্শিদাবাদ ও মালদা জেলায় বহু জনপদ চাষের জমি ইত্যাদি ধ্বংস হয়ে গেছে। এই ভাঙ্গনের ফলে আরও ক্ষয়ক্ষতি রোধের জন্য জরুরী ব্যবস্থা হিসেবে কয়েকটি ছোট ছোট স্কীমের কাজ গ্রহণ করা হয়েছে। এবং তার ফলে ১৯৭২-৭৩ সালে সেচ বিভাগের বাজেট থেকে অতিরিক্ত ৪০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। সমস্যার মোকাবিলা করবার জন্য সর্ট টার্ম মেজার হিসেবে কিছু কাজ করার উদ্দেশ্যে রাজ্যসরকার কেন্দ্রের কাছে ইতিপূর্বে ২৫ লক্ষ টাকা সাহায্য হিসেবে চেয়েছেন। কিন্তু গঙ্গার ভাঙ্গনের প্রচণ্ডতা প্রতিরোধ করার উদ্দেশ্যে আমাদের একটা সুষ্ঠু এবং সম্পূর্ণ পরিকল্পনা হাতে নেওয়া দরকার। মাননীয় সদস্যেরা অবগত আছেন যে, আমাদের মুখ্যমন্ত্রীর সভাপতিত্বে ফারাক্কায় সম্প্রতি অনুষ্ঠিত এক বৈঠকে কেন্দ্রীয় ও রাজ্য বিশেষজ্ঞদের এই ভাঙ্গন রোধের স্থায়ী প্রতিষেধক হিসেবে এক ব্যাপক পরিকল্পনা রচনা করতে বলা হয়েছিল। ৬৩ কোটি টাকা ব্যয়ে আনুমানিক ৬ বৎসরব্যাপী এই পরিকল্পনা সম্পূর্ণ তৈরি হয়ে গেছে ও কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়ে দেওয়া হয়েছে। এই বাবত প্রয়োজনীয় অর্থ সংগ্রহের চেষ্টা আমরা সর্বতোভাবে চালিয়ে যাব।

(১৬) ১৯৭২-৭৩ সালের বাজেটে ১৯৭১ সালের উত্তর দক্ষিণ পশ্চিমবঙ্গের বন্যায় ক্ষতিগ্রস্ত বাঁধ ইত্যাদি মেরামত কাজের জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সাহায্য বাবত ২ কোটি টাকা বরাদ্দ ছিল। কিন্তু ইতিমধ্যে এ বাবত প্রায় ৩ কোটি ৪৫ লক্ষ টাকা খরচ হয়ে গেছে। কেন্দ্রীয় সরকারের কাছে অনেক আগে এর দরুন ওই বরাদ্দের অতিরিক্ত টাকা সাহায্য চাওয়া হয়েছে। কিন্তু এখনও তা পাওয়া যায় নি। ১৯৭২-৭৩ সালের বন্যায় উত্তরবঙ্গের বাঁধ ইত্যাদির ক্ষতির পরিমাণ প্রায় ৬৭ লক্ষ টাকার মত। কিন্তু কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাওয়া গেছে মাত্র ৪৩ লক্ষ ৫০ হাজার টাকা। বাকী ২৩ লক্ষ ৫০ হাজার টাকা চাওয়া হয়েছে, কিন্তু পাওয়া যায় নি। ১৯৭২-৭৩ সালের প্রবল ঘূর্ণিবাত্যার ফলে সুন্দরবন অঞ্চলে ক্ষতির পরিমাণ প্রায় ১ কোটি ১৬ লক্ষ টাকা এবং মেদিনীপুর জেলায় প্রায় ২২ লক্ষ টাকা। এর মধ্যে

সুন্দরবনের দরুন ১ কোটি ১৬ লক্ষ টাকা এবং মেদিনীপুর জেলার দরুন ১৫ লক্ষ টাকা ১৯৭২-৭৩ সালে এবং মেদিনীপুর জেলার দরুন বাকী ৭ লক্ষ টাকা ১৯৭৩-৭৪ সালে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে চাওয়া হয়েছে। যদিও কেন্দ্রীয় সাহায্যের আশায় এই বিষয়ে কাজ আরম্ভ হয়েছে এবং ইতিমধ্যে বেশ কিছু খরচ হয়ে গেছে, কিন্তু দুঃখের বিষয় কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এই বাবত এখনও কিছুই পাওয়া যায় নি।

(১৭) প্রায় ২,২০০ মাইল দীর্ঘ সুন্দরবনের মাটির বাঁধ এবং ৮০০ স্লুইস রক্ষণাবেক্ষণের দায়িত্ব ১৯৬০ সাল থেকে সেচ ও জলপথ বিভাগের উপর ন্যস্ত হয়েছে। এই দীর্ঘ মাটির বাঁধকে ক্রমশঃ মজবুত করা হচ্ছে। এই কাজ বহুব্যয়সাপেক্ষ। সেচ বিভাগের জন্য নির্দিষ্ট বরাদ্দ হতে যতটা সম্ভব এইসব কাজ করা হচ্ছে। কিছু কিছু জলনিকাশী স্লুইসের পরিবর্তন ও পরিবর্ধন করা হচ্ছে। পশ্চিমবঙ্গের একটা মোটামুটি হিসেব অনুযায়ী প্রায় ১০ হাজার ২০০ মাইল (সুন্দরবনের ২,২০০ মাইল সমেত) বন্যানিরোধের বাঁধ আছে। মন্ত্রী পর্যায়ের সর্বভারতীয় কমিটির মতে মাইল কিছু ৫ হাজার টাকা রক্ষণাবেক্ষণের জন্য খরচ হওয়া উচিত। কিন্তু সংগতির অভাবে আমরা মাইল কিছু মাত্র ২ হাজার টাকা খরচ করি। কাজেই ভালভাবে মেরামতের কাজ করতে হ'লে আরও অর্থের প্রয়োজন।

(১৮) এই বিভাগের উন্নয়ন প্রকল্পের দ্রুত সম্পাদনের ব্যাপারে সবচেয়ে বড় বাধা হিসেবে দেখা দিত ল্যান্ড অ্যাকুইজিশনের সমস্যা। এই কারণ এই ব্যাপারে যাদের জমি নেওয়া হ'ত তাদের ক্ষতিপূরণ দিতে প্রায় ৪/৫ বছর দেরি হ'ত। মুখ্যমন্ত্রী এই সমস্যার সুরাহার জন্য বিশেষ উদ্যোগ গ্রহণ করেছিলেন এবং মন্ত্রিসভা ৩ মাসের মধ্যে শতকরা ৮০ ভাগ ক্ষতিপূরণ অগ্রিম দেবার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। তদনুযায়ী জেলা শাসকদের নির্দেশ দেওয়া হয়েছে।

[3-10—3-40 p.m.]

(১৯) গ্রামাঞ্চলে সুতীব্র বেকার সমস্যা দূরীকরণের জন্য এই মন্ত্রিসভা কন্ট্রাক্টর প্রথার পরিবর্তে বিভাগীয় কাজ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন এবং তদনুযায়ী বিভাগীয় কাজ করার প্রথা চালু করার চেষ্টা করা হচ্ছে। মহানন্দা প্রকল্পে প্রায় শতকরা ৪০ ভাগ কাজ এইভাবে করা হচ্ছে। কংসাবতী প্রকল্পেও খাল কাটার কাজে বিভাগীয় কাজ করার পদ্ধতি চালু করা হয়েছে। তা ছাড়া বেকার ইঞ্জিনীয়ারদের সমবায় প্রতিষ্ঠানকেও কিছু সুবিধাজনক শর্তে কাজ দেওয়া হচ্ছে।

ইহা অনুমেয় যে, বিভাগীয় প্রথায় ও ইঞ্জিনীয়ারদের সমবায় প্রতিষ্ঠানের মাধ্যমে কাজ করলে দুর্নীতির সমস্যা যথেষ্ট পরিমাণে মোকাবিলা করা সম্ভব।

(২০) বর্তমান সরকার দৃঢ়তার সঙ্গে দুর্নীতি সমস্যার মোকাবিলা করতে বদ্ধপরিকর। টেন্ডার কাগজ বিলির ব্যাপারে অভিযোগের কথা এই বিভাগে বহুদিন ধ'রে চলে আসছে। এই অভিযোগ দূরীকরণের জন্য হাইকোর্টের একজন অবসরপ্রাপ্ত বিচারপতিকে দিয়ে এক-সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি নিযুক্ত করা হয়েছে। তা ছাড়া মাননীয় সদস্যদের অনেকেই জানেন যে, টেন্ডারের ব্যাপারে যে কোন গাফিলতির অভিযোগ পেলেই আমি তদন্ত কমিটির কাছে তা পেশ করি। মগরাহাট প্রকল্পের সম্প্রতি বিধানসভার একজন মাননীয় সদস্যর কাছ থেকে এরূপ অভিযোগ পাওয়া মাত্র ওই বিষয়ে আমি তদন্ত কমিটির কাছে পেশ করার নির্দেশ দিয়েছি।

(২১) আলোচ্য বর্ষে সেচ ও জলপথ বিভাগের কাজে বিস্তৃত বিবরণ বাজেটের লাল বইয়ের দ্বিতীয় খণ্ডে ১৩৯ পৃষ্ঠা হইতে ১৪৬ পৃষ্ঠা, ২০৫ পৃষ্ঠা ও ২০৮ পৃষ্ঠা হইতে ২১২ পৃষ্ঠায় পাওয়া যাবে।

(২২) বৃহত্তর কলিকাতার জলনিকাশী ব্যবস্থা উন্নয়নের জন্য কলিকাতা নগর উন্নয়ন সংস্থার হয়ে সেচ ও জলপথ বিভাগ বহু জলনিকাশী প্রকল্প কার্যকর করছে। এর জন্য আলোচ্য বর্ষে প্রায় ৫ কোটি ৬০ লক্ষ টাকা খরচ হবে। এই প্রকল্পগুলির মধ্যে রিমডেলিং অব ক্যালকাটা ড্রেনেজ আউটফল স্কীম, টালীস নালাস স্কীম, কৃষ্টপুর, বাগুর কাটাখাল স্কীম ও হাওড়া ড্রেনেজ ইমপ্রুভমেন্ট স্কীম বিশেষ উল্লেখযোগ্য।

(২৩) কলিকাতা শহরের সম্প্রসারণ উদ্দেশ্যে এই শহরে উত্তরপূর্ব দিকে উত্তর-লবণহ্রদ এলাকায় প্রায় ৫ বর্গমাইল পরিমিত জমি ভরাট করা হয়েছে। এই প্রকল্প বাবত ৩১এ ডিসেম্বর, ১৯৭২ সাল পর্যন্ত ২৭ কোটি ৭৬ লক্ষ টাকা খরচ হয়েছে। অবশ্য জমি বিলির সেলামী বাবত ওই তারিখ পর্যন্ত ৯ কোটি ৬৩ লক্ষ টাকা জমা পড়েছে। আরও ৭০ লক্ষ ১৭ হাজার টাকার জমি সরকারের অন্যান্য বিভাগকে বিক্রি করা হয়েছে। কিন্তু ওই টাকা এখনও আমাদের হিসাবে জমা পড়ে নি। এই ব্যাপারে ওইসব বিভাগের সঙ্গে পত্রালাপ চলছে। এ ছাড়া কেন্দ্রীয় ও রাজ্যসরকারের কয়েকটি বিভাগ ও কয়েকটি সরকারী মালিকানা সংস্থার সঙ্গে প্রায় ২ কোটি ৫০ লক্ষ টাকার জমি বিক্রয় করার আলোচনা অনেক দূর অগ্রসর হয়েছে। প্রথম সেকটরে উন্নয়নের কাজ সমাপ্তপ্রায়। দ্বিতীয় সেকটার উন্নয়নের কাজ আরম্ভ হইয়াছে। এখানে বলা প্রয়োজন নিখিল ভারত কংগ্রেস কমিটির চুয়াত্তরতম পূর্ণাঙ্গ অধিবেশনের পর লবণ হ্রদের জমি সম্পর্কে জনসাধারণের মধ্যে বেশ একটা আলোড়ন পড়ে গিয়েছে। সরকারের সিদ্ধান্ত অনুযায়ী ইতিমধ্যে লবণহ্রদ শহরের নাম পরিবর্তন ক'রে বিধাননগর রাখা হইয়াছে। ৪৮ নম্বর গ্রান্টের ১০৯ নম্বর হেডে লবণহ্রদ প্রকল্পের জন্য আলোচ্য বর্ষে ২ কোটি ৮ লক্ষ টাকা ব্যয়বরাদ্দ ধরা হয়েছে। হরিণঘাটায় আমাদের নদী গবেষণার বিভিন্ন কাজ চলেছে। কোন কোন গবেষণা কাজের জন্য কেন্দ্রীয় সরকার ব্যয় বহন ক'রে থাকেন। সমুদ্রের ভাঙ্গন রোধ, ফারাক্কার বাঁধ তৈরি, রূপনারায়ণ নদীর নাব্যতার উন্নতি ইত্যাদি সংক্রান্ত নানারকম পরীক্ষা-নিরীক্ষার কাজ ঐ গবেষণা কেন্দ্রে হয়েছে। তা ছাড়া যে সকল বৃহৎ প্রকল্প গ্রহণ করা হয় তার সম্বন্ধে গবেষণা ইত্যাদি হয়ে থাকে। সর্বশেষে ফারাক্কা ব্যারেজের কথা। এই প্রকল্প রূপায়ণের দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। কিন্তু কলকাতা বন্দরের নাব্যতা এবং সেই সঙ্গে উত্তরবঙ্গের সঙ্গে যোগাযোগ রক্ষার দিক থেকে আমাদের কাছে এই প্রকল্পের গুরুত্ব অপরিসীম। তাই পশ্চিমবঙ্গ-সরকার এই প্রকল্প রূপায়ণে কেন্দ্রীয় সরকারকে যথাসম্ভব সাহায্য দিচ্ছেন, খাল কাটার কাজ সম্পূর্ণ হতে বেশ কিছুটা বাকী আছে। আলোচ্য বর্ষে সেচ ও জলপথ বিভাগ কি কি করবে তার মোটামুটি হিসাব দেওয়া হ'ল এবং সেচ বরাদ্দ সম্পর্কে আমাদের বক্তব্য উপস্থিত করা হ'ল। আশা করি, মাননীয় সদস্যগণ এই বরাদ্দ মঞ্জুর করিবেন।

Mr. Speaker: All the cut motions are in order and are taken as moved.

Shri Shis Mohammad: That the amount of the Demand be reduced to Re. 1.

Shri Pradyot Kumar Mahanti: That the amount of the Demand be reduced by Rs. 100.

Shri Timir Baran Bhaduri: That the amount of the Demand be reduced by Rs. 100.

Shri Shish Mohammad: That the amount of the Demand be reduced by Rs. 100.

(At this stage the House was adjourned for 20 minutes.)

(After adjournement.)

[3-40—3-50 p.m.]

Shri A. H. Besterwitch: Mr. Speaker, Sir, I have to raise a very important matter. I have received a trunk-call to-day from Kalchini that one Shri Prabir Roy and his group kidnapped one of our workers named Ansari yesterday from the area under Hasimara Outpost. They came in a jeep, dragged him in that jeep and drove away. This was reported to the Kalchini thana and other police-stations. Such a thing is going on there

and Sir, his dead body was found this morning at Halong. I want to know what this Government is going to do and what answer it has to give us. If they do not give suitable answer we will walk out from this House. This is going on day after day at Hashimara area under the guidance of the State Minister, Shri Denis Lakra. I want the Chief Minister to state immediately what action they are going to take against these persons, otherwise we will walk out from the House.

শ্রীআবদুল বারি বিশ্বাস: বেস্টারউইচ সাহেব কি যে বললেন, সেটা কিন্তু স্যার, বোঝা গেল না।

(Noise.)

Mr. Speaker: Shri Besterwitch has made a serious allegation. So far as I have been able to understand, at Hashimara under Kalchini police-station, a party worker of the R.S.P. has been abducted and forcibly taken in a jeep and has been removed to some unknown place. Since then trace of that worker could not be found out. Such thing is going on in that particular area for some time past and it has been stated by Shri Besterwitch that his dead body has been found at some place this morning. So, it is a serious matter to which I draw the attention of the Hon'ble Minister with the request to state—what is the actual state of affairs. Who kidnapped him, Mr. Besterwitch?

Shri A. H. Besterwitch: Sir, one Shri Prabir Roy, under the guidance of the State Minister, kidnapped him.

Mr. Speaker: It has been pointed out that one of the important workers had been forcibly abducted and taken in a jeep car and he had been murdered and his dead body has been found to-day, and one Shri Prabir Roy kidnapped him and he has been committing this sort of alleged criminal activities for the last two years and for this Shri Besterwitch wants to know from the Hon'ble Minister as to what they are going to do. So, may I request the Parliamentary Affairs Minister to make a statement over this matter, if possible.

Shri Gyan Singh Sohanpal: Sir, we are really sorry to hear this incident. I do not know how far it is true. Naturally we will have to enquire into the matter. I will pass this information to the Police authorities and try to collect the information and place it before the House as soon as possible.

Shri A. H. Besterwitch: I am sorry, Sir, that reply does not satisfy us. We are walking out of the House.

(At this stage Shri Besterwitch and other Members of the R.S.P. walked out of the Chamber.)

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, তিনি এনকোয়ারি ক'রে উত্তর দেবেন, কিন্তু তা সত্ত্বেও এইরকমভাবে যদি চ'লে যান, তা হ'লে আমাদের দুঃখ করা ছাড়া আর কোন উপায় থাকে না। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই রকম ধরনের

ঘটনা বাংলাদেশের বুকে ইতস্ততঃ বিক্ষিপ্ত অবস্থায় প্রায়ই ঘটছে এবং তার জন্য সরকার যথাশক্তি নিয়ে মোকাবিলা করার জন্য চেষ্টা করছেন। কিন্তু স্যার, একটি ম্যাটারের উপর কাগজে নিজেদের দলের পাবলিসিটির জন্য কিংবা বাইরের মানুষের কাছে পাবলিসিটির জন্য এইভাবে ওয়াকআউট ক'রে চ'লে যাওয়ার কোন মানে হয় না। আমরা তাদের অনুরোধ করব তাঁরা অনুগ্রহ ক'রে হাউসে আসুন এবং হাউসে দাঁড়িয়ে আমাদের সমালোচনা করুন। তাঁরা এখানে দাঁড়িয়ে যদি বলতেন, তা হ'লে বলার কিছু ছিল না, কিন্তু এইভাবে উঠে যাওয়ার পিছনে একটা রাজনৈতিক উদ্দেশ্য ছাড়া আর কিছুই থাকতে পারে না।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে বাজেট এখানে উত্থাপিত হয়েছে এই বাজেট আলোচনা প্রসঙ্গে আমাদের সেচ বিভাগের—ক্ষুদ্র সেচ যেটা প্রধানত নয়, আসল সেচ বিভাগ, সেখানে কি নীতিতে চলা উচিত ব'লে আমি মনে করি সে সম্বন্ধেই ২/১টি কথা বলবার চেষ্টা করবো। তবে মন্ত্রিমহাশয়ের বক্তৃতার কপি যেহেতু পাই নি, সেহেতু বলার একটু মুশকিল আছে, তবে বাজেটটা যেভাবে আছে তারই ভিত্তিতে আমি বলছি। এখানে একটা ধারা চলে আসছে দেখবেন, উনিও বলেছেন যে, এখানে যে কয়েকটা স্কীম হয়েছে খুব অল্প হ'লেও—সেন্ট্রালী স্পনসর্ড কয়েকটি স্কীম নূতন আমাদের এখানে হিংলাটাই নতুন বেশীর ভাগই কন্টিনিউয়িং স্কীম যে স্কীম চ'লে আসছে। এখন এই বাজেট বরাদ্দের মধ্যে ক্ষুদ্র সেচ থাকলেও প্রধানত মেজর সেচ পরিকল্পনা, বহতা জলের স্থায়ী উন্নতি আনবার জন্য যেসব বৃহৎ প্রকল্প সেগুলির দিকই প্রধানত নজর দেওয়া দরকার। এই পরিস্থিতিতে একটা দারুণ সমস্যা দাঁড়িয়েছে কন্টিনিউয়িং স্কীম নিয়ে। আমাদের এ বিষয়ে বক্তব্য এই যে, এই দৃষ্টিভঙ্গি সামনে রাখা দরকার যে, যেসব বৃহৎ প্রকল্প আমাদের সেচ বিভাগ গ্রহণ করেছেন সেগুলিকে কনসেনট্রেট ক'রে সর্বপ্রথম শেষ ক'রে ফেলা দরকার। তা না হ'লে কাজ এগুবে না বা যতখানি এগিয়ে যাওয়া উচিত বা যা বেনিফিট পাওয়া উচিত যথাসময়ে তা পাওয়া যাবে না, সর্বোপরি খরচ বেড়ে যাবে।

[3-50—4-00 p.m.]

এই নীতিটার আমি দু'-একটা উদাহরণের ভিতর দিয়ে ব্যাখ্যা করবো। যেমন ধরুন কংসাবতী প্রকল্প। এটা দ্বিতীয় পরিকল্পনার আমলে আরম্ভ হয়েছে। অবশ্য দ্বিতীয় প্রকল্পের আমলে এই মন্ত্রিসভা ছিলেন না, কাজেই সে সম্পর্কে কথা নয়। কিন্তু দ্বিতীয় পরিকল্পনা আরম্ভ হ'ল, তারা উৎসাহ নিয়ে ভেবেছিল যে, এবারে হবে, তারা সহযোগিতা দেবার জন্য এগিয়ে এল, সেই সময়ে কংসাবতীর জন্য ২৫ কোটি টাকা ধার্য হ'ল। আর এতদিন ধ'রে চ'লে আসছে ইতিমধ্যে ৪৫ কোটির উপরে খরচ হয়ে গেছে কংসাবতীর জন্য, এখনও সেই কন্টি-নিউয়িং স্কীম। এই ৪॥ কোটি টাকা এবারে বরাদ্দ করা হয়েছে। মাননীয় মন্ত্রিমহাশয় অবশ্য খুশী হয়েছেন এটা বলবার জন্য এবং আমিও খুশী, যাই হোক এক কোটি টাকা বাড়লো। কিন্তু একটা সত্যি কথা জানবার ইচ্ছা আছে। সত্যি করে বলতে পারেন এই ৪॥ কোটি টাকার মধ্যে কত টাকা পেন্ডিং বিল পে করতে হবে আর কত টাকা বাস্তবিক নূতন কাজে লাগান যাবে? আমার যা ধারণা আছে ইতিমধ্যে যা কাজ হয়েছে তার পেন্ডিং বিল পে করতে এর একটা মেজর অংশ চ'লে যাবে এবং এটা বাস্তব সত্য কথা। কেন এই রকম কথা তুলেছি, এই রকম ঘটলে কি অসুবিধা হয়? যাঁরা কাজ করবেন তাঁরা যদি গোড়া থেকে এ টাকা বরাদ্দ পান, তা হ'লে তাঁরা সেই অনুযায়ী এন্টায়ার মেশিনারিকে গিয়ার করতে পারেন। কিন্তু তা না হ'লে যদি ধাপে ধাপে ক্ষুদ্র ক্ষুদ্র ভাবে টাকা খরচ করার জন্য আসতে থাকে, তা হ'লে প্রকল্পের ব্যয় দারুণভাবে বৃদ্ধি পায় এবং যে সময়ের মধ্যে যে টাকা খাটালে যে উপকার পাওয়ার কথা সেটা না হয়ে তাদের দিক থেকে যে লস হয় সেটা সামগ্রিক ভাবে স্টেটের লস। আর একটা কেলেঘাই প্রকল্পের উদাহরণ দিচ্ছি। আমি এক্সপার্ট নই, সেচ বিভাগের ডাটা মন্ত্রিমহাশয়ের কন্ট্রোলে আছে, আমার কাছে নেই। সুতরাং আমি যেটা বলবো, আমি লেম্যান নই, আমি সাধারণ জ্ঞানের মধ্যে দিয়ে বলবো। যদি ভুল হয় সংশোধন ক'রে দেবেন আর যদি ঠিক হয়, তা হ'লে সত্যি কথা বলবেন। কেলেঘাই প্রকল্পের জন্য ৫॥ কোটি টাকা যেটা স্যাংসান্ড অ্যামাউন্ট সেই কেলেঘাই

প্রকল্পে ইতিমধ্যে খরচ হয়েছে ৩ কোটি টাকা গেল ফিনানসিয়াল ইয়ার থেকে। মন্ত্রিমহাশয় এবারে কত গ্রান্ট করেছেন ? গ্রান্ট করেছেন ৩০ লক্ষ টাকা। তার মানে আবার ঝোলানোর বন্দোবস্ত। এই যে নূতন ক'রে যখন কিছুটা টাকা পেয়েছেন তখন এক-একটা প্রোজেক্ট কনসেনট্রেট ক'রে যদি তাড়াতাড়ি শেষ ক'রে দেন—কেলেঘাইয়ের জন্য ৩০ লক্ষ টাকা কেন বাজেটে রেখেছেন আমি জানি না। ইতিমধ্যে ঐ ফিনানসিয়াল ইয়ার শেষ হওয়ার পরে ৫০ লক্ষ টাকার কাজ হয়ে গেছে। সুতরাং আবার রিভাইজড বাজেট দেখাতে হবে যে ৩০ লক্ষ টাকা নয়, এত লক্ষ টাকা। আর তা না হ'লে কি হবে, কাজ বন্ধ থাকবে, কাজ করা বন্ধ করতে পারবেন না, কাজ আপনাদের করতে হবে। কিন্তু যাঁরা কেলেঘাই প্রোজেক্ট করছেন তাঁরা আগে থেকে সেই গোটা টাকার উপর প্ল্যান করতে পারবেন না, কাজ দ্রুত না হয়ে আস্তে আস্তে হয়ে যাবে। সুতরাং এই দু'টি কথার ভিতর দিয়ে আমি যে কথা বলতে চাই সেটা হচ্ছে যে, কন্টিনিউয়িং স্কীমগুলিকে যত দ্রুত সম্ভব কেন্দ্রীভূত ক'রে একটা একটা ক'রে শেষ ক'রে দিন যাতে তার পুরোপুরি বেনিফিট রাজ্য পায় এবং পরবর্তী কালে আর একটা ধরা যায় এবং তার বিরাট খরচ যাতে বাড়তি না হয়। একেবারে কোথায় ২৫ কোটি আর কোথায় ৫০ কোটি টাকা। প্রকল্প হওয়ার সময় ২৫ কোটি টাকা আর শেষ হবার সময় ৫০ কোটি টাকা এই রকম অবস্থা যাতে না দাঁড়ায়। ভবিষ্যতে যখন আপনারা বাজেট করবেন এবং এবারে আবার বাজেটে ভাল ক'রে ভাববেন, তখন আমার মনে হয়, এই নীতি অনুযায়ী কোথায় কোথায় গোলমাল হচ্ছে সেটা দেখবেন। তৃতীয়তঃ এই বাজেট সম্পর্কে ব্যাপার শুধু নয়, সাধারণভাবে সেচঘটিত ব্যাপারে বলতে গিয়ে কয়েকটি কথা এই বরাদ্দ সম্পর্কে দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের চোখে পড়লো না দুর্গাপুর ব্যারেজে যে জমা পলি সেটা দূর করার জন্য কোন রকম বড় টাকা এই বরাদ্দের মধ্যে গ্রান্ট করা হয়েছে। এটা ডি ভি সি প্রকল্পের কথা বলছি না। এটা এজেন্সি হিসাবে ইতিমধ্যে দুর্গাপুর ব্যারেজ পশ্চিমবঙ্গ সরকার নিয়েছে। আপনারা সকলে জানেন যে, দুর্গাপুর ব্যারেজের তলায় পাথরের মত কংক্রিট হয়ে আছে, সেটা যদি করতে হয়, তা হ'লে দ্রুত করা দরকার। কারণ যত বেশী দিন যাবে তত বেশী টাকা লাগবে এবং তত অসুবিধা হবে, ক্ষতি হবে। অথচ এই খাতে যা বরাদ্দ করেছেন সেটা একটা মামুলি বরাদ্দ ছাড়া আর কিছু নয়। এটা একটা বিরাট ব্যাপার যার উপর সারা বর্ধমানের সেচ নির্ভর করছে; ডি ভি সি তার তলা কাটানোর জন্য কি ব্যবস্থা করেছেন সেটা যদি না বলতে পারেন, তা হ'লে শুধু কন্টিনিউয়িং স্কীম চলবার ব্যাপার নয়।

সে স্কীম হয়ে গিয়েছে, তার জন্য বিস্তারিত টাকা খরচ হয়ে গিয়েছে, কিন্তু সেখানে কোন বেনিফিট পাওয়া গেল না, কারণ যথাসময় এই কাজটা না করার জন্য। কিন্তু এই বরাদ্দে সে বিষয়ে কিছু দেখতে পেলাম এবং এখানে একটা জিনিস আমাদের নজরে এলো যখন যে বিষয়টা হয় তখন সেটা নিয়ে খানিকটা হৈচৈ হয়, তার পর আবার পরের বছর আর একটা জায়গায় হ'ল তখন সেখানে গিয়ে পড়ল সমস্ত নজরটা। ফলে হ'ল কি, না আগের বছরের টাকার মেয়াদ শেষ হয়ে গেল, সে কাজ আর শেষ হ'ল না। তমলুক মাস্টার প্ল্যান একটার কথা শুনেছি, তমলুক সমগ্র জলমগ্ন এলাকা, সেই এলাকার জল বন্ধ করবার জন্য একটা পরিকল্পনার দরকার। তা তমলুকে এই বিষয়ে কতটা হাত দেওয়া হ'ল, না শঙ্করালয়ে একটা স্লুইস পুল হ'ল রাষ্ট্রপতি শাসনের সময় এবং রাষ্ট্রপতির শাসনের মধ্যেই সেটা ভেঙে গেল, কিন্তু সেটা কি কারণে ভেঙে গেল জানি না। আপনি তার পর এই বারের বাজেটে ঐ এলাকা সংক্রান্ত যে পরিকল্পনা সে বিষয়ে প্রাকটিক্যালি কিছু রাখলেন না। কেন রাখলেন না আমি বুঝতে পারলাম না, তা হ'লে সেই আগের বারের টাকা ফিরে গেল, না অন্য কোন জায়গায় অন্য কোন পুলের জন্য চ'লে গেল, তা আমি বুঝতে পারছি না। সেই জন্যই আমি বলছি যে, এক একটা ধরবেন এবং সেটাকে শেষ ক'রে অন্য একটা ধরবেন। তা না হ'লে পুরো বেনিফিটটা পাওয়া যাবে না। শঙ্করালয়ের ঐ ব্রীজের জন্য এনকোয়ারী কমিশন বসানো হ'ল, তার রায় কি তা আমরা জানি না, কিন্তু তার পূর্ণ এনকোয়ারী হওয়া উচিত। শঙ্করালয়ে যে ব্রীজ ভেঙে গিয়েছে সেটা ছাড়া রূপনারায়ণে যে সমস্ত স্লুইস করার কথা ছিল সে সম্বন্ধে কোন কিছু প্রয়োজন ব'লে আমার মনে হয় আপনারা মনে করছেন না। এই ভাবে যদি পরিকল্পনা করবার চেষ্টা হয়, তা হ'লে কিছুই হবে না, এটাকে স্বল্প সময়ের মধ্যে ম্যাক্সিমাম বেনিফিটে নিয়ে যেতে হবে। এই দৃষ্টিভঙ্গি নিয়ে এটা করা হয় নি। তার পর মেজর ইরিগেশন যদিও সরকারী পর্যায় বলা হচ্ছে

—নতুন স্কীম নেবার চেষ্টা করা হচ্ছে, আবার মাইনর ইরিগেশনে কন্টিনিউয়িং স্কীম ক'রে যাবেন বলছেন। এখানে নতুন স্কীম কি হচ্ছে সেটা আমরা বুঝতে পারছি না এই কারণে যে আমরা বহুবার বলেছি রূপনারায়ণে আপনারা কি করলেন, প্রত্যেক বার বলছি রূপনারায়ণের একটা ইনভেস্টিগেশন করবার জন্য। ইনভেস্টিগেশনের জন্য কত টাকা দেওয়া হয়েছিল আগের বার, আর কত টাকা দেওয়া হয়েছে এবার, না এবার আগের বারের চেয়ে ১ লক্ষ টাকা বেড়েছে। টাকার পর টাকা দেওয়া হচ্ছে ইনভেস্টিগেশনের পর ইনভেস্টিগেশন হ'য়ে যাচ্ছে, কিন্তু শেষ পর্যন্ত কি দাঁড়াচ্ছে সেটা আমরা জানতে পারছি না। অথচ দেখুন রূপনারায়ণ পরিকল্পনা এমন একটা জিনিস, রূপনারায়ণ নদী এমনই একটা জায়গায় অবস্থিত তাতে শুধু যে সেখানে পুল জলনিকাশের জন্য দরকার তাই নয়, ফারাক্কায় আজকে গঙ্গার নাব্যতাকেও বন্ধ করবার জন্য দরকার এবং তা হ'লে অনেকটা বন্ধ হয়। অবশ্য এটার জন্য একটা প্রকল্প গ্রহণ করা হবে এই কথা মাঝে মাঝে শুনি এবং তারপর ইনভেস্টিগেশন হয় অথচ সেই ইনভেস্টিগেশনের ফলাফল আমরা জানতে পারি না। সুতরাং এই রূপনারায়ণের জন্য আপনি একটি মেজর প্রকল্প গ্রহণের জন্য কি প্রচেষ্টা করছেন সে বিষয়ে আমরা আশ্বাস পাচ্ছি না এবং এটা আমাদের পক্ষে অত্যন্ত মর্মান্তিক বেদনা ব'লে আমি মনে করি।

[4-00—4-10 p.m.]

আপনারা উত্তর বাংলায় সেন্ট্রালি স্পনসর্ড কয়েকটি স্কীম নিয়েছেন, কয়েকটি এমব্যাঙ্কমেন্ট বাঁধার ব্যাপারে এগুলির উল্লেখ করেছেন। কিন্তু উত্তরবাংলার তিস্তা প্রকল্প সম্পর্কে কি হয়েছে সেটা জানি না। আপনি হয়ত বাজেটের মধ্যে ২/১টি কথা বলেছেন। কিন্তু এই তিস্তা প্রকল্পের উপর দারুণভাবে জোর দেওয়া প্রয়োজন। কারণ এর উপর অনেকখানি নির্ভর করছে ব্রহ্মপুত্রের জল এদিকে আনতে পারবেন কি না। সেচ বিভাগের সুদূরপ্রসারী কথা চিন্তা যদি করতে হয় তা হ'লে এই প্রকল্পের কথা গভীরভাবে চিন্তা করতে হয়। এটা আমরা নীতি হিসাবে উপস্থিত করছি। এই টাইপ-এর জিনিসগুলি বড় ক'রে ধরা দরকার। তিস্তা প্রকল্প তৈরি করার উপর নির্ভর করবে ভবিষ্যতে ব্রহ্মপুত্রের যে জল আসার কথা হচ্ছে তার জন্য কতখানি ক্ষেত্র প্রস্তুত করতে পারবেন। আজ এই তিস্তা প্রকল্পের ভেতর দিয়ে পাওয়ার ইত্যাদি জিনিস তৈরির কাজ করতে পারবেন। আগামী দিনে যাতে লড়াই করতে পারেন ব্রহ্মপুত্রের জল এদিকে আনা হোক সেদিক থেকে এই প্রকল্পের উপর জোর দিতে হবে। অন্য পাঁচটা খুচরোর বদলে এদিকে জোর দিন। মাইনর ইরিগেশন এগ্রিকালচার দেখছেন। সেই কারণে আপনার সেচ বিভাগ যদি এই রকম ধরনের প্রধান প্রকল্পগুলি দেখেন, তা হ'লে আগামী দিনে ভবিষ্যতের জন্য বহতা জল অনেক বেশী পেতে পারবেন। কিন্তু এটা আপনার বাজেটের মধ্যে নেই। এই ব্যাপারে গঙ্গার বর্ষাকালে জল এবং গ্রীষ্মকালে জল সম্বন্ধে একটা কথা বলতে চাই। গঙ্গায় গ্রীষ্মকালে গঙ্গা জল খুব কম থাকে। ৪০ হাজার কিউসেকের জন্য অনেক আলোচনা হয়েছে। আমরা একমত হয়েছি, হাফ দ্বিমত হয়েছি, পুনরায় এ বিষয়ে একমত হয়েছি। ৪০ হাজার কিউসেক জল পাবার জন্য আমরা খুব লড়েছি। গঙ্গায় ঐ সময় ৪০ হাজার কিউসেক জল দেবার জন্য যখন আমাদের টানাটানি তখন সেই অবস্থায় গঙ্গার বর্ষাকালের ১৯ লক্ষ কিউসেক জল যায় ফারাক্কা থেকে। সেই জল আমাদের পশ্চিমবাংলার কোন অংশে কি আটকান যায় না? বহতা জল সম্পদ রবির জন্য ব্যবহার করার কথা। ডাঃ কে এল রাও সেই গঙ্গা জল কাবেরীতে নিয়ে যাচ্ছেন রবিশস্যের জন্য এবং তার জন্য প্রায় ৬০০ কোটি টাকা খরচ করার কথা আলোচনা করা হয়েছে। অথচ আমাদের সামনে দিয়েই গঙ্গাব জল বেরিয়ে চলে যাচ্ছে বর্ষাকালে। আমাদের সাউথ বেঙ্গল অনেক রকমের ডিপ্রেশন দিয়ে ছোট ছোট নদী, নালা আছে, সেগুলোর পুনঃ-সংস্কার ক'রে এবং ছোট বড় নানা রকমের রিজার্ভার ক'রে গঙ্গার জল যা বর্ষাকালে নষ্ট হয়ে যাচ্ছে সেই জলকে ধ'রে রাখা যায় এবং সেই রিজার্ভার থেকে রবিশস্যের জন্য জল দেওয়া যায়। এইভাবেই গঙ্গার জল সম্পদকে ব্যবহার করা যায়। উপরের দিকে অন্যান্য রাজ্য যখন জল নিয়ে যাচ্ছে তখন আমরা গিয়ে তারপরে তাদের লেজে হাত দিচ্ছি। এই রকম একটা অবস্থার মধ্যে আমরা আমাদের জল সম্পদ বৃদ্ধি করার দিক থেকে সমগ্র দক্ষিণ বাংলায় যত ডিপ্রেশান আছে তাকে কালচার করবার কথা, রবি স্টোরেজ করবার কথা, এই বিষয়ে আজ পর্যন্ত কোন আলোচনা

আপনার কাছ থেকে শুনি নি, কিংবা এই বাজেটের মধ্যে দেখছি না। আমি এই সমস্ত কথা বলার ভেতর দিয়ে একটা কথাই বিভিন্ন রকমে আনবার চেষ্টা করছি যে, আমাদের পশ্চিমবাংলায় যে বহতা জল সম্পদ তাকে ব্যাপকভাবে ব্যবহার ক'রে সবচেয়ে তাড়াতাড়ি ফল পাওয়ার জন্য যে প্রকল্পের প্রয়োজন সেই রকম প্রকল্পের দিকে কেন্দ্রীভূত আক্রমণ আজ পর্যন্ত সেই রকম ডিরেকসান নিয়ে এগুতে পেরেছে ব'লে মনে হয় না, এই বাজেটের মধ্যে সেই রকম ডিরেকসান এখন পর্যন্ত প্রতিফলিত হয়েছে ব'লে আমার ধারণা নেই। যদিও ৩৫ কোটি টাকার গ্রান্ট করেছেন, নিঃসন্দেহে আগের বাজেটের চেয়ে অনেক বেশী, কিন্তু টাকার অঙ্ক দিয়ে বাজেটের গুণাগুণ ঠিক করা আজকের দিনে সেটা সম্ভব নয়। আপনি নিজেও সেকথা বুঝেন। কংসাবতী প্রকল্প যখন হয়েছিল সেই সময় এটা যদি করা যেত, তা হ'লে ২৫ কোটি টাকাতে সারা হয়ে যেত, আজকে ৫০ কোটি টাকাতেও তার তল পাচ্ছেন না। শুধু টাকা বৃদ্ধি করার ভেতর দিয়ে সেচ এলাকা বৃদ্ধি করা আজকের দিনে মেজর সেচের পক্ষে যথেষ্ট ব'লে গণ্য করতে পারছি না। আজকে সেচ বিভাগকে ফরওয়ার্ড লুকিং হতে হবে, ভবিষ্যতে যাতে জলাধারে আমাদের যে জল সম্পদ সেটা থাকতে পারে তার জন্য আপনার এই সেচ বিভাগের বড় টাকাটা খরচ ক'রে সেই রকমের বেস তৈরি করতে হবে। আমার মনে হয় বড় সেচ ও ক্ষুদ্র সেচের মধ্যে যে একটা মৌলিক তফাত আছে সেদিকে লক্ষ্য রেখে আজকে বৃহৎ সেচের দিকে বিশেষ ক'রে নজর দেওয়া প্রয়োজন। আপনার বিভাগ যদি এদিকে মনোযোগ কেন্দ্রীভূত করতেন, তা হ'লে পশ্চিমবঙ্গের জন্য বহতা জল সম্পদ বাড়াবার জন্য সেই রকম পরিকল্পনা দিতে পারতেন, সেই দৃষ্টিভঙ্গি বাজেটের মধ্যে প্রতিফলিত হয় নি। মন্ত্রিমহাশয় হয়ত বলবেন, যুক্তফ্রন্টের আমলে আপনারা এইসব ব্যবস্থা ক'রে দেন নি কেন, আমি একথা বলব যুক্তফ্রন্টের আমলে ব্যবস্থা করা হয়েছে কি না তার দোহাই দিয়ে আপনাদের আজকে কেউ বিচার করবে না। আমি একথা তুলতে চাই না, কংসাবতী প্রকল্প জলের তলায় তলিয়ে গিয়েছিল যুক্তফ্রন্ট সরকার তাকে আবার তুলেছিলেন, কিন্তু সেকথা তুলতে চাই না, তবে বাস্তবকে সকলকেই স্বীকার করতে হবে। কিন্তু তার চেয়ে বড় কথা হচ্ছে, আগামী দিনে কি করা হবে, আগামী দিনে আপনি কি দৃষ্টিভঙ্গি নিয়ে বাজেট কিভাবে পরিচালনা করবেন, সচেতন ডাইরেকসান কি হবে, টাকার অঙ্ক বৃদ্ধি করলেও বাস্তবে সচেতন ডাইরেকসান দেখানর দিক থেকে বাজেটে কিছু লক্ষ্য করতে পারছি না। সেদিক থেকে দাবি করি, যখন এই বাজেট তৈরি করবেন, এই নতুন দৃষ্টিভঙ্গি নিয়ে করার চেষ্টা করবেন কিনা মন্ত্রিমহাশয় এই বিষয়ে জানালে আমি খুশী হব। আমি মন্ত্রিমহাশয়কে একটা কথা বলতে চাই, রাগ করবেন না যেন, আমি তাড়াতাড়ি বাজেটের ডিটেল বর্ণনাগুলি উলটে-পালটে দেখছিলাম, ফ্লাড কন্ট্রোলের ব্যাপারে ২ পাতা ধ'রে বিবরণ স্কীম আছে, আমার চোখে পড়ল ভুল কি না জানি না, প্রকল্পের সংখ্যার দিক থেকে উত্তর বাংলার একটা জেলা বিশেষ সুযোগ পেয়েছে ব'লে আমার ধারণা হ'ল। অর্থাৎ কেবলই দেখছি মালদা, মালদা, আর মালদা।

[4-10—4-20 p.m.]

আমি মালদা সম্পর্কে সহানুভূতিশীল, সে সম্বন্ধে আমার কোন অভিযোগ নেই। আমার বক্তব্য হচ্ছে আমাদের তমলুক মাস্টার প্ল্যানটা কি একেবারে ডুবিয়ে দেবেন? আমি উত্তরবঙ্গের পক্ষে, না হ'লে এতক্ষণ ধ'রে তিস্তা প্রকল্পের জন্য ওকালতি করব কেন? আমার বক্তব্য হচ্ছে, অপরাপর এলাকাগুলির প্রতিও আপনারা নজর দিন। তমলুক মাস্টার প্ল্যানের কথা বলছি আপনারা সেই দিকেও নজর দিন। আমাদের সেচ বিভাগের বাজেটে নূতন দৃষ্টিভঙ্গির অভাব বোধ করছি এবং সেইজন্য আপনার কাছে উপস্থিত করছি আগামী দিনে অন্যভাবে ব্যাপারটা চিন্তা করবেন। আমার আরও ২/১টি জায়গা নজরে পড়েছে। আপনারা রিকভারি খাতে এক জায়গায় যা লিখেছেন আমি তার অর্থ বুঝলাম না। দামোদর ভ্যালিতে কি পাবেন রিকভারিতে তার একটা অঙ্ক আপনারা ধরেছেন। আমার প্রশ্ন হচ্ছে, সেই অঙ্কটা এবং কত পেয়েছেন সেটা মিলিয়ে দেখেছেন কি? একটা আছে ৯৮ এবং আর একটা আছে ২২—অবশ্য এর পর শূন্য আরও কিছু আছে। যা হোক, এবারে আপনারা দামোদর ভ্যালি থেকে ধরছেন আগের বার যেটা পাবেন ভেবেছিলেন সেটাই দামোদর ভ্যালি ট্যাক্স থেকে রিকভারি এই ব'লে আছে। কিন্তু আমরা জানি ওখান থেকে যেটা পাবেন ভেবেছিলেন তার এক-চতুর্থাংশও আপনারা পান নি। আমি সেই এলাকার লোক না হ'লেও

জানি, আপনারা এমন কি দামোদরের জল বিলি করতে পেরেছেন যার জন্য চাষীরা একেবারে দৌড়ে এসে আপনাদের টাকা দিয়ে যাবে। আমি বীরভূম, ময়ূরাক্ষী এলাকায় দেখেছি বিগত বছর জলের ব্যাপারে যে ট্যাক্স তারা দিয়েছিল এবারে তার চেয়ে বেশী দেবে না। এটা হয়েছে খরার কারণের জন্য এবং অন্যান্য কারণের জন্য। তা হ'লে কেন এটা ধরেছেন? এই অবস্থার মধ্যে আমি গ্র্যান্ট সম্বন্ধে আমার মূল দৃষ্টিভঙ্গি উপস্থিত ক'রে আগে যেসব কথা বলেছি সেগুলি বিবেচনা করবার জন্য অনুরোধ করছি।

শ্রীকাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সেচমন্ত্রী মহাশয় আজকে যে বাজেট উত্থাপন করেছেন আমি তাকে পূর্ণ সমর্থন করছি এবং বিরোধী দলের বন্ধু আর এস পি সদস্য যে ছাঁটাই প্রস্তাব এনেছেন আমি তার বিরোধিতা করছি। আমার মনে হয় মন্ত্রিমহাশয় যে বাজেট এনেছেন সেটা হচ্ছে গতিশীল, স্বচ্ছ, নির্মল এবং পবিত্র। সে জন্য আমি এই বাজেটকে বিশ্বাস করি এবং আমি আশা করি, ভবিষ্যতে আমাদের দেশের আরও প্রগতি এবং শ্রীবৃদ্ধি হবে। একথা ব'লে বাজেটকে সমর্থন ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅহিন্দ্র মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের সেচ মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি উপস্থিত করেছেন আমি পরিপূর্ণভাবে তা সমর্থন করছি এবং আমি আনন্দিত যে, আমাদের অর্থমন্ত্রী মহাশয় তাঁর বাজেট বক্তৃতায় যে কথা রেখেছিলেন এবং সেচমন্ত্রী মহাশয় যে বক্তব্য রেখেছেন তাতে নূতন একটা দৃষ্টিভঙ্গির পরিচয় না পেলেও একটা নূতন উৎসাহ, একটা নূতন উদ্দীপনা সৃষ্টি করেছে। আমি আশা করি, এই বিভাগ যদি প্রকৃত আন্তরিকতা নিয়ে আমাদের যে সমস্ত সমস্যা রয়েছে সেই সমস্যাগুলি দেখেন, তা হ'লে খুব ভাল হবে। আমাদের সমস্যাগুলির মোটামুটি চার ভাগে ভাগ করা যায়—সেই চারটে ভাগ হচ্ছে ইরিগেশন, ফ্লাড কন্ট্রোল, ড্রেনেজ অ্যান্ড রিভার ইরোসান। এখন এই সমস্যাগুলি মিটাতে গিয়ে যে অর্থ বরাদ্দ করেছেন এবং যা উল্লেখ করেছেন যে, বিভিন্ন বড় বড় প্রকল্পে তাতে আমরা দেখছি এই সমস্যাটা আপনারা এড়িয়ে গিয়েছেন এবং যদি আপনারা এটার দিকে দৃষ্টি না দেন, তা হ'লে আমি বলব, আপনাদের কর্তব্যের ত্রুটি হবে। মাননীয় সদস্যা শ্রীমতী গীতা মুখার্জীও এই বিষয়ে উল্লেখ করেছেন। তিনি রূপনারায়ণের কথা বলেছেন, আমি তার সঙ্গে হলদী নদীর নামও যোগ করব। রূপনারায়ণ ও হলদী নদী সমস্যা কত জটিল এবং ব্যাপক এবং সেই সমস্যার সমাধান ব্যর্থ হ'লে তার প্রতিক্রিয়া অন্ততঃ পশ্চিমবাংলার বৃহত্তম দ্বিতীয় জেলা যার এলাকা সাড়ে ৫ হাজার স্কোয়ার মাইল এবং যার জনসংখ্যা ৫০ লক্ষের উপর তার অর্ধেকের অংশ কম ক'রে ২০ লক্ষ মানুষের জীবনের উপর একটা প্রচণ্ড প্রতিক্রিয়া হবে। রূপনারায়ণ এবং হলদী নদী সমস্যার কথা যা আমি উল্লেখ করছি যখন আমাদের জেলায় ক্যাবিনেট মিটিং হয়েছিল তখন আমাদের জেলার প্রশাসনের পক্ষ থেকে একটা বই ছাপা হয়, তার নাম মেদিনীপুর প্রগ্রেস অ্যান্ড প্রবলেম। সেখান থেকে আমি পড়ে দিচ্ছি:

The problems of this vast district can be mainly classified as follows:—(a) Irrigation, (b) Flood Control, (c) Drainage, and (d) River Erosion. The area on the North-Western side has got little drainage problem, while the area of the South-Eastern side suffers from all the above four problems, of which Drainage and Flood Control is most acute. This area is almost a flat land with many low pockets therein, which suffer from drainage congestion even in moderate rainfall. The position has further aggravated due to deteriorating of the conditions of outfall channels and rivers. Due to heavy silt deposition, the rivers are forming shoals on one side and eroding the banks on the other side. The problem has become so acute that the maintenance of river embankments at its present position has become very difficult. Hence, for proper drainage and for prevention of erosion of land-dredging of the rivers is a must.

কিন্তু আমরা এখানে মন্ত্রিমহাশয়ের সমগ্র বক্তব্যের মধ্যে কোথাও একবারও উল্লেখ দেখলাম না। আমি বিশ্বাস করি এবং আমরা স্বীকার করি যে, আমাদের এই সীমিত আর্থিক ক্ষমতার মধ্যেও আরো কাজ করার দরকার আছে। আমরা জানি, সাধারণ মানুষের কৃষিই হচ্ছে প্রাণ এবং কৃষির প্রাণ হচ্ছে সেচ। এবং কৃষি খাতে আরো টাকা বরাদ্দ করা উচিত ছিল। কৃষির উৎপাদনের দিক দিয়ে আমাদের সরকার প্রশংসনীয় কাজ করছেন এবং উদ্যম শুরু করেছেন এবং সেই কৃষিকে সাহায্য আরো করতে পারতেন যদিও অর্থাভাব এটা ঠিক, কিন্তু সহানুভূতির অভাব কেন থাকবে? আজ এই সমস্যাটা মন্ত্রিমহাশয়ের দৃষ্টিতেই আসে নি। এই সমস্যার কথা তাঁরা উপলব্ধি করতে ব্যর্থ হয়েছেন। রূপনারায়ণ এবং হলদী রিভার বেড আজকে এত নীচু হয়ে যাচ্ছে মাইনর ইরিগেশন স্কীমগুলির মধ্যে যে কাজ হচ্ছে যেখানে এই সাউথ-ইস্ট জোনে প্রায় ২০ লক্ষ লোকের বসতি, সেখানে মাইনর ইরিগেশন স্কীমের কাজ করছেন সেই কাজগুলি ব্যর্থ হয়ে যাচ্ছে। ২ বৎসর কিংবা ১ বৎসর একটা স্কীমে কাজ হয়ে গেল, কিন্তু এক বছর পরে জল টানতে পারল না। যদি নদীর নাব্যতা না থাকে নদীর এই অসুবিধার জন্য আর জল টানতে পারল না, ফলে কি হ'ল—ফ্লাড সৃষ্টি হচ্ছে। এবং আজ সরকার নিজেই স্বীকার করেছেন যে, এতে এক বিরাট ভয়াবহ সমস্যার সৃষ্টি হচ্ছে এই সমস্যা এত গভীর এবং ব্যাপক যার ফলে প্রতি বছর রূপনারায়ণ, হলদীর এক পাড় দুর্দান্ত গতিতে ভেঙ্গে চলেছে যার ফলে আজকে নদী চরিত্র পরিবর্তন হতে চলেছে এবং কোথাও কোথাও রূপনারায়ণের গতি পরিবর্তন করতে উদ্যত হয়েছে। এবং একদিন হলদিয়া বন্দর বিপন্ন হওয়ার সম্ভাবনা থাকবে। হলদিয়া বন্দর

[4-20—4-30 p.m.]

বিপন্ন হতে পারে, সেদিন খুব দূরে নয়। অথচ প্রতি বছর কি হয়? সেচ বিভাগের অধীনে কোটি কোটি টাকার কাজ হয়, এমব্যাঙ্কমেন্ট রিপেয়ারিং-এর কাজ হয়, কোথাও কোথাও ২/৩/৪টি জায়গায় ১০ থেকে ১২ লক্ষ টকার কাজ হয়। আর আমরা দেখতে পাই চোখের সামনে সকাল বেলা যে কাজ হয় বিকাল বেলার সেই ৬/৭ লক্ষ টাকার কাজ ধুয়ে তলিয়ে যায়। এতে সমস্যার সমাধান হচ্ছে না। এর জন্য চিন্তা আছে কিনা জানি না। এই অবস্থায় কি দাঁড়াচ্ছে? রূপনারায়ণের ভাঙনে এমন অবস্থার সৃষ্টি হয়েছে যেখানে ম্যাপ দেখিয়ে বলতে হয়,—এই সমস্তই আপনার কাছে দেব, আপনি দেখবেন—কিভাবে সেখানে রূপনারায়ণের ভাঙন হচ্ছে, সেখানে স্থায়ী কোন কাজ হচ্ছে না, শুধু প্যাচ্ ওয়ার্ক হচ্ছে। লক্ষ লক্ষ টাকা তলিয়ে যাচ্ছে। এই অবস্থায় কেন সেখানে একটা টিম অব এক্সপার্ট যাবে না, কেন এটাকে সামগ্রিকভাবে চিন্তা করবে না? যদি আমাদের রাজ্যের আর্থিক সংকুলান না থাকে, তা হ'লে এটাতো সমগ্র সাউথ-ইস্টার্ন জোনের ব্যাপার, আমরা কেন টাকা পাব না, প্রতি বছর লক্ষ লক্ষ টাকার ফসল নষ্ট ক'রে দেবে, তার জন্য গভীরভাবে চিন্তা হবে না? সেজন্য আমি এই বিষয়ে আপনার মাধ্যমে বিনীত-ভাবে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যে, এই সমস্যা বিরাট এলাকা জুড়ে বিপুলসংখ্যক মানুষের জীবনে সমস্যা সৃষ্টি করতে উদ্যত হয়েছে এবং এই রকম ভাবে হলদিয়া বন্দরকেও বিপন্ন করতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭১ সালে ১৭ই সেপ্টেম্বর তারিখে দৈনিক বসুমতীতে একটা প্রবন্ধ বেরিয়েছিল তার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। তাতে তাঁরা যা লিখেছিলেন এই ভাঙন দ্বারা যে সমস্যার সৃষ্টি হচ্ছে তা ছবি দিয়ে অত্যন্ত সুচিন্তিত প্রবন্ধ বের করেছেন। প্রথমেই বলেছেন হলদিয়া বন্দর বিপন্ন। আমি সবটা পড়ার সময় পাব না, আপনি এটা পড়ে দেখুন, যদি যৌক্তিকতা থাকে সে সম্বন্ধে চিন্তা করুন। বাঁধ ভাঙলে পর সেখানে মহিষাদলের অত্যন্ত দুরবস্থা হবে এবং রূপনারায়ণ সর্বনাশা রূপ নিয়ে দেখা দেবে। প্রতি বছরই সেখানে আতঙ্কজনক অবস্থা সৃষ্টি হচ্ছে এবং তার জন্য কিছু কিছু প্যাচ ওয়ার্ক হয়, কিন্তু স্থায়ী কোন কাজ সেখানে হচ্ছে না। বসুমতীতে বেরিয়েছে, বাঁধ ভাঙলে পর কি হ'তে পারে—এই সম্বন্ধে লিখতে গিয়ে এক জায়গায় লিখছে "বাঁধ যদি হঠাৎ ভেঙে যায়, তা হ'লে অতর্কিতে লক্ষ লক্ষ মানুষ গৃহহারা হবে, হাজার হাজার গ্রাম নিশ্চিহ্ন হবে, লক্ষ লক্ষ একর জমির ফসল নষ্ট হবে। সবচেয়ে বড় কথা পশ্চিমবঙ্গের ভবিষ্যৎ হলদিয়া প্রকল্প সম্পূর্ণ বিপন্ন হবে। হলদিয়া একটি দ্বীপে পরিণত হবে। রেলপথ বাসপথ সমস্ত রাস্তা জলের তলায় তলিয়ে যাবে

ব'লে আশঙ্কা করা হচ্ছে। কারণ নাটশাল গ্রামের ভাঙনের স্থানটি অনেক উঁচুতে ওখানে ভাঙলে সমস্ত মহিষাদল থানাকে ডুবিয়ে নিয়ে গিয়ে সুতাহাটা থানায় পড়বে এবং হলদী নদীর সঙ্গে মিশে যেতে পারে ব'লে আশঙ্কা করা হচ্ছে।"

আর একটা বড় কথা এই প্রসঙ্গে যদি উল্লেখ না করি, তা হ'লে আমার বিবেকের কাছে ছোট হয়ে যাব। আজকে যে ব্যয়বরাদ্দের দাবি এখানে উপস্থিত করেছেন সেই সম্পর্কে বলতে যেয়ে এটাই বলতে হয়, ডিপার্টমেন্ট যে কাজগুলি করছে সেই টাকা যদি ঠিকভাবে ব্যয়িত না হয়, তা হ'লে লক্ষ লক্ষ টাকা কনট্রাকটরদের পকেটে চলে যাবে। আমরা নূতন জীবন শুরু করতে যাচ্ছি, দীর্ঘকাল নৈরাশ্যের অন্ধকার দূরীভূত হয়ে যে আলো আজ আত্মপ্রকাশ করেছে গভর্নমেন্ট যে টাকা বরাদ্দ করেছেন তাতে যে কাজ করতে যাচ্ছেন তাতে যাতে ভাল কাজ হয় সেটা দেখতেই হবে। আইদার ইট ইজ পারফেকটলি অর নট।

কোটি কোটি টাকা যদি আজকে কন্ট্রাকটার রাঘববোয়ালদের পকেটে চলে যায়, তা হ'লে আমাদের এই প্রচেষ্টা সার্থক হতে পারে না। আমরা দু'হাত বাড়িয়ে সহযোগিতা করতে চাচ্ছি। লক্ষ লক্ষ মানুষ ডিপার্টমেন্টের প্রতিটি কাজ যাতে সার্থক রূপায়ণ হতে পারে তার জন্য আগ্রহে প্রতীক্ষা করছে। এই কাজগুলি হ'লে কৃষি যথেষ্ট সাহায্য পাবে, লক্ষ লক্ষ মানুষের স্বপ্ন সম্ভাবনাময় বাস্তবে পরিণত হবে, কিন্তু আজকে এইটাই দেখতে হবে যে, গভর্নমেন্ট ডিপার্টমেন্ট যেন কন্ট্রাকটর কন্ট্রোলড না হয় এবং কন্ট্রাকটরদের অর্থ আত্মসাতের ব্যাপারে কোন চক্রান্ত সৃষ্টি না হয়। আমরা দেখছি পাঁচ লক্ষ টাকার পুল এক মাসের মধ্যে তলিয়ে যাচ্ছে।

কীভাবে সেখানকার স্লুইসগেট ক্র্যাক হয়ে গেছে তার ছবি এখানে দেখাচ্ছি। ভেঙ্গে টুকরো টুকরো হয়ে হয়ে গেছে, তার কোন চিহ্ন পর্যন্ত সেখানে নাই। তার ভাঙ্গা কয়েকটা খন্ড যা পড়েছিল তা হাতে নিয়ে দেখি তাতে শুধু ছাড়া—সিমেন্টের কোন গন্ধ ছিল ব'লে মনে হয় না। টেকনিক্যালি কোথাও কোন গোলমাল ছিল হয়ত—সেটা বিয়ন্ড মাই নলেজ—সেই ভাঙ্গা স্লুইস গেটের টুকরো হাতের মুঠোর মধ্যে চাপ দিলে গুঁড়ো হয়ে গেছে। এই তো অবস্থা। তাই বিনীতভাবে অনুরোধ করবো, এই দু'টো কাজ করুন। জনসাধারণ এই সরকারের পেছনে আছেন। আমাদের সমর্থনের পেছনে জনসাধারণের যে সমর্থন দেখতে পাওয়া যাবে তাতে সেচ বিভাগের মধ্যে আশা ও উদ্দীপনা সঞ্চার করুক। সেচ বিভাগের অন্যান্য খাতে নতুন ফসল সৃষ্টি হবার যে ইঙ্গিত দেখা যায়, তাতে আমি আশান্বিত।

পরিশেষে আমি এই বাজেট বরাদ্দকে পরিপূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকংসারি হালদারঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়। সেচ বিভাগ সম্বন্ধে আলোচনা করতে উঠে আমার মনে হচ্ছে সেচ পরিকল্পনার জন্য যে খালগুলি কাটার প্রকল্প নেওয়া হয়েছে, সেই খাল কাটা একদিকে শেষ হতে না হতে আর একদিকে মজে আসছে। সেটা আমার মনে হয়, কাজটা নিয়ে আরো কীভাবে দ্রুত অগ্রসর হওয়া যায়, সেদিকে লক্ষ্য রাখা দরকার। এই কলকাতার আশেপাশে যে বিস্তীর্ণ অঞ্চল বালিগঞ্জ থেকে শুরু ক'রে ক্যানিং-ভাঙ্গড়-ডায়মন্ডহারবার-মগরা পর্যন্ত চ'লে গেছে—গত ৪ বছর প্লাবিত হ'য়ে যাচ্ছে। এখানকার যে প্রধান জলপথ উত্তরভাগ পাম্পিং স্টেশন যেটাতে এসিয়ার বৃহত্তম পাম্পিং স্টেশন ব'লে জানি, সেটা কয়েক বছর ধ'রে ঠিকমত কাজ করতে পারছে না। তার কারণ হচ্ছে এই যে জলপথ যেটা পিয়ালী নদীতে গিয়ে পড়েছে, সেই পিয়ালী নদীর আর অধিক জল টানার ক্ষমতা নাই। প্রথমে যখন উত্তরভাগ পাম্পিং স্টেশন করা হয়েছিল, তখন মাত্র ৪৫ স্কোয়ার মাইল এলাকা জুড়ে এই জল টানার ব্যবস্থা ছিল। পরে ক্যানিং ভাঙ্গড় ও অন্যান্য বিস্তীর্ণ অঞ্চল প্লাবিত হবার ফলে জলনিকাশী ব্যবস্থা উত্তরভাগের উপর ছেড়ে দেওয়া হয়। ফলে গত ৪ বছর ধ'রে বিরাট অঞ্চল ক্যানিং, ভাঙ্গড়, সোনারপুর ও কলকাতার আশেপাশে পর্যন্ত প্লাবিত হয়ে যাচ্ছে। আমার সন্দেহ, এই সম্পর্কে দ্রুত কোন ব্যবস্থা না করা যায়, তা হ'লে কলকাতা শহরও শেষ পর্যন্ত বিপন্ন হবে।

আমার মনে আছে, যখন আমি লোকসভার সদস্য ছিলাম, তখন ডঃ কে এল রাওকে এনে উত্তরভাগ থেকে মগরা-ডায়মন্ডহারবার-কুলটী অঞ্চল পর্যন্ত তাঁকে দেখিয়েছিলাম ১৯৭০ সালে। তিনি লোকসভায় ফিরে গিয়ে মগরাহাট পরিকল্পনার জন্য ২ কোটি ৯০ লক্ষ টাকা স্যাংসান

করেছিলেন। আজকে শুনতে পেলাম, মগরাহাটের জন্য ১ লক্ষ ৪০ হাজার টাকা খরচ করবা প্ল্যান করেছেন। ১৯৭০ সাল থেকে আজ তিন বছরে এই ব্যবস্থা করা হয়েছে, কেবল এতে হা দেওয়া হচ্ছে। এই ব্যাপক অঞ্চলের লোক না খেতে পেয়ে কলকাতার ফুটপাথে এসে ঘ বেঁধেছে। শেয়ালদা স্টেশনে গেলে দেখতে পাবেন তাদের। এই যে উত্তরভাগ অঞ্চল গত বছ বৃষ্টি না হওয়া সত্ত্বেও সেখানে কোন চাষ হয় নি। আমরা শুনতে পাচ্ছি, আবার উত্তরভা আরো ৪টি পাম্প মেশিন বসিয়ে জলনিকাশী ব্যবস্থা করা হবে। যেখানটাতে পিয়ালী নদ মজে গেছে, সেখান দিয়ে আর এই বিস্তীর্ণ এলাকার জল টানার ক্ষমতা নাই—সেই পিয়াল নদীতে আরো চারটি পাম্পের জল ছেড়ে কি যে লাভ হবে জানি না!

[4-30—4-40 p.m.]

আমার মনে হয় এই পরিকল্পনা গ্রহণ করার আগে সরকারের বিশেষ কমিটি বসিয়ে এ সম্বন্ধে একটা সিদ্ধান্ত গ্রহণ করা উচিত। নচেৎ ঐ পরিকল্পনা কোন রকমেই কার্যকর হ'তে পারবে না। উত্তরভাগে কুলতলি খাল সংস্কার করা প্রয়োজন এবং কুলতলিতে লকগেট করা প্রয়োজন আছে। কারণ যে জল বর্ষার সময় নামে নদীর জল আবার ঠেলা দিয়ে মাঠগুলি ভাসিয়ে দেয়। লকগেট থাকলে ঠেলা জলে ক্ষতি হতে পারবে না। এই যে অবস্থা প্রত্যে বছর বছর হচ্ছে এই সম্বন্ধে একটা ব্যবস্থা করার জন্য আমি সম্প্রতি চিফ্ ইঞ্জিনীয়ার একজিকিউটিভ ইঞ্জিনীয়ার এবং কমিশনার-কে নিয়ে ভাঙড় অঞ্চলের কয়েকটি এলাক দেখিয়েছিলাম, তিনি বলেছিলেন, প্রত্যেকটা খালের গেটে যদি স্লুইস গেট দেওয়া যায় তা হ'লে নদীর জল একদিকে বন্যার হাত থেকে বাঁচা যাবে, অন্যদিকে অন্য সময় আই আর কিংব বোরো ধান যে জলের অভাবে চাষ হয় না সেই জলকে যদি স্লুইস গেট মারফত সংরক্ষিত কর যায়, তা হ'লে প্রচুর ফসল হতে পারে এবং সেই পরিকল্পনা তিনি আমাদের দিতে বলেছিলেন কিন্তু আমরা সেই সম্বন্ধে সরকারের কোনও ব্যবস্থা দেখতে পাচ্ছি না। যে আর আই স্কীম যেটা উত্তরভাগের ক্যানেল ডিভিসন-এ যে খাল কাটা হচ্ছে তার গেট বসান হচ্ছে যার ফলে এই সমস্ত অঞ্চল আবার ডুবে যাওয়ার সম্ভাবনা আছে। গত বছর আদিগঙ্গা কাটার জন্য বিশেষ ব্যবস্থা নেওয়া হয়েছিল। এবং তিন মাসের মধ্যে এই খাল কাটা সমাপ্ত হবে সেজন্যই সরকার কোনও রকম দেরী না ক'রে যেখানে ধানের ক্ষেত ছিল হয়ত ১ মাসের মধ্যে ধান পেকে যেত সেই ধানগুলো কেটে ধানের জায়গায় খাল কেটেছেন, বড় বড় ফলের বাগান তাঁরা এইভাবে কেটেছেন এবং সে সম্বন্ধে আমাদের পুরোপুরি সহযোগিতা নিয়েছেন। আমরা জনসাধারণকে আশ্বাস দিয়েছিলাম যদি এটুকু ক্ষতি স্বীকার ক'রে এই অঞ্চলে জল সরবরাহের ব্যবস্থা কর যায়, তা হ'লে সেটা সহ্য করা দরকার। কিন্তু আশ্চর্যের বিষয় খাল কাটা হ'ল এবং মাঝে মাঝে যে সমস্ত রাস্তা হয়েছে যার উপর ব্রীজ ছাড়া ঐ খালের কোনও রকম কার্যকারিতা থাকে না সেই ব্রীজগুলো এখনও তৈরি হয় নি। যখন এই ফলের বাগান কিংবা শস্যের ক্ষতি কর হয়েছিল তাদের আশ্বাস দেওয়া হয়েছিল তিন মাসের মধ্যে তাঁরা সমস্ত ক্ষতিপূরণ পাবেন যারা গরিব চাষী যাদের সামান্য বাগান-বাগিচা ছিল তারা সেই ক্ষতিপূরণ পায় নি। সেজন্য এই ব্যবস্থা এখনই করার প্রয়োজন আছে। যে খাল গড়িয়া রেলব্রীজ পর্যন্ত গিয়েছে সেট এখন কাটা শেষ হয়ে গিয়েছে। সমগ্র পথ হয়ে যেটা সেটাকে আঁড়াপাঁচ পর্যন্ত কাটা যায় সরাসরি, তা হ'লে ঐ গড়িয়া অঞ্চলের যেটা এখনও প্লাবিত হয়ে যায় সেটাকে বন্যার হাত থেকে বাঁচান যায়। জল তাড়াতাড়ি নিষ্কাশন হতে পারে। আমি কয়েকদিন আগে ফলতা অঞ্চলে গিয়েছিলাম। সেখানে ফলতার নদীমুখে যে খাল রয়েছে তারই সামান্য ১০০ গজ রাস্তা, যেট বাঁধের অভাবে কয়েকটা গ্রামের চাষ বছরের পর বছর নষ্ট হচ্ছে, সরকারের থেকে অনেক তদন্ত হয়েছে, কিন্তু রাস্তা কার ইরিগেশন করবে না পি ডব্লিউ ডি করবে এইভাবে কয়েক বছর কেটে গেল। একের পর এক বাড়ি ধ্বসে পড়ে যাচ্ছে, অথচ সামান্য কয়েকটা রাস্তা দ্রুত তৈরি করার ব্যবস্থা যদি হয় এবং ঐ সমস্ত অঞ্চলে যে প্রচুর ধানের ক্ষতি হচ্ছে সেটা ক্ষতি হ'ত না রক্ষা হ'তে পারত। টালিগঞ্জ নালা কুলটি খাল কয়েকটা রিভার লিফ্‌ট ইরিগেশন স্কীম মারফত পাম্প চালু হয়েছে। সেই এক-একটা পাম্পের সাহায্যে প্রায় হাজার বিঘে জমি চাষ হচ্ছে এবং এই রকম ৪টি পাম্প চালু হয়েছে।

যিনি সেচমন্ত্রী তিনি এই সমস্ত অঞ্চলের কৃষকদের উৎসাহ-উদ্দীপনা দেখে তাদের আশ্বাস দিয়ে এসেছিলেন যে, ঐ অঞ্চলকে আমরা সম্পূর্ণ সবুজ ক'রে তুলবো এবং সবুজ বিপ্লব সফল করবো এবং কৃষকরা যারা জল পেত না, সেই জন্য তারা এই অসময়ে দারুণ উৎসাহের সাথে ঐ সমস্ত জমিগুলি চাষ করেছিল। তারা জল পাচ্ছে বটে, ব্লক ডেভেলপমেন্ট অফিসগুলি রয়েছে সেখান থেকে তারা কোন রকম সার কিংবা কীট-নাশক ওষুধ পাচ্ছে না এবং ওষুধ দেবার ব্যবস্থাও নেই। সেই জন্য রিভার লিফ্‌ট ইরিগেশন মারফত যে কয়েক হাজার বিঘা জমি চাষ হয়েছিল সেগুলি আজকে নষ্ট হয়ে যাবার সম্ভাবনা দেখা দিয়েছে এবং এই সমস্ত খাল থেকে জল নিয়ে গিয়ে চাষীরা চাষ করছে। কথা হয়েছিল মার্চ পর্যন্ত এই কুলটী গেট দিয়ে কোন রকম নোনা জল তোলা হবে না। কিন্তু ঐ আশপাশের ফিসারীর মালিকরা ঐ খাল দিয়ে পানা ছেড়ে দেন এবং ফলে সমস্ত খালটা বন্ধ হয়ে যায়। তখন আবার যুক্তি দেখানো হয় যে, এই খালের পানা মারার জন্য নোনা জল ঢোকানোর প্রয়োজনীয়তা আছে এবং কুলটী গেট দিয়ে প্রচুর পরিমাণে নোনা জল ঢুকিয়ে দেওয়া হয়। কিন্তু চাষীদের আশ্বাস দেওয়া হয়েছিল ঐ খালটি বন্ধ রাখা হবে যাতে চাষীরা পুরোপুরি চাষের সুযোগ গ্রহণ করতে পারে। কিন্তু যখন চাষ প্রায় পুরো মাত্রায় চলেছে ঠিক তখনই হঠাৎ এইভাবে কয়েকজন মেছো-ঘেড়ীর মালিকের স্বার্থে চাষীদের কিভাবে সর্বনাশ করা হচ্ছে সে বিষয়ে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। পিয়ালী বিদ্যাধরী গেটের উপর দিয়ে সোনারপুর এবং ভাঙ্গড়, এদিকে যেটা এগিয়ে চ'লে গেছে নবাসন, প্রতাপনগর প্রভৃতি মৌজার মধ্য দিয়ে সেখানে কাটানো সম্ভব নয়। কারণ জমিগুলি পাড়ের চেয়ে উঁচু হয়ে উঠে গেছে, সেই সব জায়গায় প্রচুর জমি চাষ হচ্ছে। সেই সমস্ত জমিতে যেসব ভাগচাষী এতদিন ধ'রে চাষ ক'রে আসছিল তাদের কোন রকম ব্যবস্থা না দিয়ে কয়েকজন জোতদার যারা এতদিন ধ'রে বিনা কপর্দকে ঐ সমস্ত জমি দখল করার চেষ্টা করছিল সম্প্রতি তারা আবার দখল নেবার চেষ্টা করছে। আমি এই বিষয়ে ভূমি ও ভূমি-রাজস্ব মন্ত্রী গুরুপদ খাঁ সাহেবের সাথে আলাপ করেছিলাম। তখন তিনি এই চাষীদের স্বার্থ রক্ষা করার জন্য ৪৪(২)(ক) ধারা অনুসারে সুয়ো মটো ক'রে ঐ জমিগুলিকে জরিপ ক'রে চাষীদের মধ্যে বিলি করার কথা বলেছিলেন। সম্প্রতি কিছু অংশের জরিপ হয়েছে এবং আমরা আশা করেছিলাম, এই সমস্ত সেচের জমিগুলি চাষীরা এবং ভাগচাষীরা পাবে, কিন্তু তা না ক'রে যারা জবরদখল জোতদার তাদের নামেই ঐ জমিগুলি রেকর্ড করা হচ্ছে। আমি সেই জন্য সরকারের কাছে দাবি করছি, ঐ ধারা অনুসারে চাষীদের নামেই যাতে রেকর্ড করা হয় তার ব্যবস্থা করবেন। এটা খাল ও নদীর চর এবং সেখানে এদের সঙ্গে খুব ঘনিষ্ট সম্পর্ক রয়েছে, সেই জন্যই আমি এটা এখানে তুলছি। কৃষ্ণপুর, ভাঙ্গড় কাটা খালের দু' পাশে ছোট ছোট খাল রয়েছে সরলা, সেখের খাল প্রভৃতি যে খালগুলি দিয়ে এই সমস্ত মাঠের মধ্যে যোগাযোগ রয়েছে, তার মুখে কোন রকম স্লুইস গেট না থাকায় বর্ষার জলে সমস্ত ধানগুলি প্লাবিত হয় এবং এই স্লুইস গেট করার জন্য স্থানীয় চাষীদের তরফ থেকে কয়েক বছর ধ'রে চেষ্টা করা হচ্ছে, কিন্তু তার কোন রকম ব্যবস্থা হচ্ছে না। ঐ খালের মুখে এখুনি যাতে স্লুইস গেট করার ব্যবস্থা হয় তার জন্য আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। শুধু এই সোনারপুরেই নয়, মগরাহাট অঞ্চলে বিরাট বিরাট খাল পড়ে রয়েছে যেমন অস্তির খাল, ডায়মন্ডহারবারের খাল ইত্যাদি এবং তার আশপাশে আরো অনেক ছোট ছোট খাল আছে যেগুলি থেকে চাষীদের জল নেবার ব্যবস্থা আছে।

সেখানে যদি ঐ ইঞ্জিনীয়ারদের পরামর্শমত স্লুইস গেট করা যায়, তা হ'লে চাষের সুব্যবস্থা হতে পারে। এই অঞ্চলে কয়েক বৎসর জল হয় নি, কিন্তু অগভীর নলকূপ কয়েকটি হয়েছে, তবে সেগুলি চালাবার জন্য কোন রকম বিদ্যুতের ব্যবস্থা হচ্ছে না। হরিনাভির চাষীরা উদ্যোগ নিয়ে ২০ বিঘা জমি চাষ করেছিল। এ বৎসর একটা টিউবওয়েলের জায়গায় ৫টা টিউবওয়েল বসিয়ে চাষ করছে। সুতরাং, তারা যাতে তাড়াতাড়ি ইলেকট্রিসিটি পায় সে ব্যবস্থা করা উচিত এবং যাতে গভীর নলকূপ বসিয়ে চাষীদের সুযোগ দেওয়া যায় সে ব্যবস্থাও করা উচিত। এই কথা ব'লে আমি শেষ করলাম।

[4-40—4-50 p.m.]

শ্রীরজনীকান্ত দলুই ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমাদের গ্রামীণ অর্থনীতি কৃষির উপর নির্ভরশীল এবং কৃষির উন্নতি সেচের উপর নির্ভর করে। তাই আজকে আমাদের শ্রদ্ধেয় সেচমন্ত্রী আমাদের সামনে সেচ বিভাগের জন্য যে বাজেট বরাদ্দ উত্থাপন করেছেন আমি সেই প্রগতিশীল বাজেটকে—আমার বন্ধু যে কথা বলছিলেন, স্বচ্ছ সুন্দর বাজেটকে সর্বান্তঃকরণে সমর্থন ক'রে কয়েকটি বক্তব্য আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের গোচরে আনছি এবং আশা করছি, মন্ত্রিমহাশয় নিশ্চয় আমার বক্তব্যের প্রতি তাঁর দৃষ্টি রাখবেন এবং সেগুলি কার্যকর করার জন্য তিনি সচেষ্ট হবেন। মাননীয় স্পীকার মহাশয়, সেচ বিভাগে বর্তমানে যে পলিসিতে চলছে তাতে আমরা দেখেছি যে, হয়ত একটা স্কীম সেটার জন্য ২ লক্ষ টাকা এস্টিমেট করা হ'ল এবং ৫ বছর সময় ঠিক করা হ'ল, দেখা যায় সেটা ৫ বছরের মধ্যে শেষ হচ্ছে না, ১০ বছর সময় লাগছে। ফলে সঙ্গে সঙ্গে এস্টিমেটেড কস্টও বাড়ছে। দিন দিন মূল্যবৃদ্ধির সঙ্গে সঙ্গে স্কীমের কস্ট বাড়ছে। তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে বলব যে, যেখানে যেখানে স্কীম নেওয়া হবে সেগুলি যেন স্পেসিফিক পিরিয়ড ও টাইম-এর মধ্যে অর্থাৎ নির্দিষ্ট সময় ও অর্থের মধ্যে শেষ করতে হবে এবং দেখতে হবে যাতে বেশী অর্থ ও সময় না লাগে। কিন্তু যে পলিসি বর্তমানে রয়েছে তাতে কোন কাজই নির্দিষ্ট সময়ে হচ্ছে না, ফলে অর্থ বরাদ্দ বাড়ছে এবং আমরা কাজের ফলও পাচ্ছি না। কিন্তু যদি নির্দিষ্ট সময়ের মধ্যে নির্দিষ্ট বরাদ্দ অনুযায়ী নির্দিষ্ট কাজ আমরা শেষ করতে পারি, তা হ'লে দেখবো যথেষ্ট ফল আমরা পাব। কাজেই এ দিকে মন্ত্রিমহাশয়কে সচেষ্ট হ'তে অনুরোধ করছি। তা ছাড়া সুষ্ঠুভাবে কাজ করতে গেলে আরো কয়েকটি জিনিস করা দরকার। যেমন, ইকুইটেবল ডিস্ট্রিবিউসান অব ওয়ার্কলোড। আমাদের মেদিনীপুর জেলায় দেখেছি, ওয়েস্টার্ন ডিভিসান অব মেদিনীপুরে ৬টি ডিভিসান রয়েছে। সুপারিন্টেন্ডিং ইঞ্জিনীয়ারের উপর অনেক কাজের দায়িত্ব রয়েছে। ওয়ার্কলোড এত বেশী যে মেদিনীপুর পশ্চিম সার্কেলে কাজ বহুলাংশে ব্যাহত হচ্ছে। ইকুইটেবল ডিস্ট্রিবিউসান অব ওয়ার্কলোড যাতে হয়, কাজের ক্ষতি যাতে না হয় সে দিকে দৃষ্টি দেবার জন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি। স্যার, আমাদের মেদিনীপুর জেলায় আমরা লক্ষ্য করেছি, কাজ অনেক বেশী ব্যাহত হচ্ছে, নির্দিষ্ট সময় ও কার্যসূচি অনুযায়ী কাজ হচ্ছে না। এ সম্বন্ধে আমার পূর্ববর্তী বক্তারা অনেক কথা বলেছেন। স্যার, আমাদের মেদিনীপুর বন্যাপ্লাবিত এলাকা এবং আমি যে এলাকার লোক সেই ঘাটাল মহকুমার প্রায় ৩৭০ বর্গমাইল এলাকায় প্রতি বছর বন্যা হয়। সেখানকার লোকেদের অবস্থা আজকে কাহিল, তাদের জি আর, টি আর-এর উপর নির্ভর করতে হয়। এর আগের বাজেটে সেচমন্ত্রী যখন তাঁর বাজেট পেশ করেছিলেন তখন আমি এখানে বক্তব্য রেখেছিলাম। ঘাটাল ফ্লাড মিটিগেশান স্কীম সম্পর্কে আমরা এক বছর ধ'রে শুনে আসছি যে, ঘাটাল ফ্লাড মিটিগেশান স্কীম করছেন বন্যানিয়ন্ত্রণের জন্য, কিন্তু এখন পর্যন্ত গ্রহণ করার মত কোন পরিকল্পনা এই বাজেটে দেখি নি। তাই আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো, তিনি যেন এই ঘাটাল ফ্লাড মিটিগেশান স্কীমের উপর জোর দেন এবং অবিলম্বে এটা কার্যকর হয় যাতে ৭৩০ বর্গমাইল এলাকার ৫ লক্ষ অধিবাসী মৃত্যুর পথ থেকে বেঁচে উঠতে পারে। সেই জন্য আমি আপনার মাধ্যমে অনুরোধ করবো যে, এই ঘাটাল ফ্লাড মিটিগেশান স্কীম যাতে টেক আপ করা হয় এবং সঙ্গে সঙ্গে ইমপ্রুভমেন্ট অব রূপনারায়ণ, অর্থাৎ রূপনারায়ণ নদীর যদি সংস্কার করা না হয়, রূপনারায়ণ নদীকে সংস্কার করার জন্য বছরের পর বছর যে ইনভেস্টিগেশান চ'লে আসছে, যা বহুদিন থেকে শুনছি বাজেটে সেই রকম কোন স্কীম রূপনারায়ণ ইমপ্রুভমেন্টের জন্য নেওয়া হয় নি। তা যদি না থাকে, তা হ'লে ঘাটালকে বন্যার হাত থেকে বাঁচান যাবে না। অপরিকল্পিত ভাবে অনেক জায়গা রয়েছে যাকে স্পিল এরিয়া বলা হয়। বছরের পর বছর সেখানে বন্যা হবে, বছরের পর বছর সেখানকার লোকেরা বন্যাগ্রস্ত হবে এবং তাদের রিলিফ দিতে হবে। মেদিনীপুর কেন পশ্চিমবঙ্গে এই রকম বহু জায়গা আছে। আমি বিশেষ ক'রে মেদিনীপুরের কথা বলছি। এখানে বহু জায়গা রয়েছে যাকে বলা হয় স্পিল এরিয়া। আজকে ২৫ বছর হয়ে গেল পশ্চিমবঙ্গ সরকার স্পিল এরিয়া ব'লে এই রকম জায়গা রেখেছেন। কেন এটাকে স্পিল এরিয়া বলা হয়েছে জানি না। রক্ষিত এলাকা ব'লে যে সমস্ত জায়গা এমব্যাঙ্কমেন্ট দিয়ে ঘিরে রাখা হয়েছে, সেই রক্ষিত

এলাকার লোকেদের যে ট্যাক্স দিতে হয়, যে সুযোগসুবিধা দিতে হয়, স্পিল এরিয়ার লোকেদের সেই একই রকম ট্যাক্স ইত্যাদি দিতে হয়। সেখানে কোন রকম ডিফারেন্স নেই। আমি আপনার মাধ্যমে আবেদন করবো, যে সমস্ত স্পিল এরিয়া আছে সেই স্পিল এরিয়ার লোকেদের রক্ষা করার জন্য সেগুলিকেও রক্ষিত এলাকা ব'লে ঘোষণা করা হোক। অথবা রক্ষিত এলাকা করার জন্য এমব্যাঙ্কমেন্ট করা হোক এবং ক'রে তাদের সমান সুযোগসুবিধা দেওয়া হোক। তা না হ'লে আপনার মাধ্যমে অনুরোধ করবো, যে সমস্ত স্পিল এরিয়ায় লোকেরা বাস করছে তারা বছরের পর বছর বন্যার কবলে পড়ছে তাদেরকে মাননীয় মন্ত্রিমহাশয় অন্ততঃ রিহ্যাবিলিটেট করার ব্যবস্থা করুন। অন্যথায় তাদের মৃত্যুর জন্য দায়ী থাকবেন, সে কথা আমাদের সামনে ব'লে যান। আমি আশা করবো যে, সমস্ত পরিত্যক্ত সার্কিটগুলি এমব্যাঙ্কমেন্টের মধ্যে রয়েছে সেগুলি এক্স জমিনদারী এমব্যাঙ্কমেন্ট ব'লে বলা হয়েছে এবং যেগুলি অ্যাবান্ডান্ড সার্কিট ব'লে ইরিগেশান ডিপার্টমেন্ট থেকে বলা হয়েছে সেগুলিকে অবিলম্বে টেক আপ করা হবে এবং অবিলম্বে রক্ষণাবক্ষণ করার জন্য আমাদের সেচ দপ্তর চেষ্টা করবেন এই আবেদন করছি। পরিশেষে এ কথা বলতে চাই যে নতুন কয়েকটি পরিকল্পনা যেমন দুগ্ধ বেসিন, মগরাহাট বেসিন, লোয়ার দামোদর, মহানন্দা স্কীম, চন্দ্রেশ্বর স্কীম এবং দাসপুরের ৩নং এবং ৪নং জলনিকাশী স্কীম, ইত্যাদি; এগুলি পশ্চিমবঙ্গের বর্তমান মন্ত্রিসভা দ্রুত টেক আপ করেছেন সে জন্য সরকারকে ধন্যবাদ জানাচ্ছি। এইভাবে নূতন স্কীম গ্রহণ ক'রে প্রগতিশীল সরকার নূতন দিনের আলো পশ্চিমবাংলার মানুষকে দেখাবেন। আজকে যে বাজেট মাননীয় মন্ত্রিমহাশয় এখানে রেখেছেন এই বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীতপন চ্যাটার্জীঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি পেস করেছেন তাকে পূর্ণ সমর্থন জানাই। এই ব্যয়বরাদ্দের দাবির মধ্যে এক নূতন দৃষ্টিভঙ্গির প্রকাশ পেয়েছে। অতীতে যখন মাননীয় অজয়কুমার মুখোপাধ্যায় সেচমন্ত্রী ছিলেন সেই সময়ে অনেক বড় বড় নদীকে বাঁধ দেওয়া হয়েছে, মাল্টি রিভার স্কীম তৈরি হয়েছিল। কিন্তু তারপর দেখা গেছে দামোদরে জল নেই, ময়ূরাক্ষীতে জল নেই এবং লোকে হেঁটে যাচ্ছে। সেই সময় যে বাঁধ দেওয়া হয়েছিল তা অনেক প্রায় ভেঙ্গে গেছে। চাষীর যে জমি তাতে জলসেচের ব্যবস্থা করার জন্য এই পরিকল্পনা রচিত হয়েছিল, কিন্তু সেই মত তারা জল পাচ্ছে না।

[4-50—5-00 p.m.]

মাননীয় স্পীকার, স্যার, এই বিভাগের যে রাজস্ব ব্যয় হয় সেই তুলনায় আমাদের মাননীয় মন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন তার মধ্যে ছোট ছোট বাঁধ নির্মাণের যে পরিকল্পনা করেছেন তার জন্য তাঁকে আমি স্বাগত জানাচ্ছি। এই ছোট ছোট বাঁধ যদি তৈরি হয়, তা হ'লে একদিকে খরচ কম পড়বে অপরদিকে চাষের জমিতে জল দেওয়া যাবে, তাতে সরকারের রাজস্বও বৃদ্ধি হবে এবং চাষের উন্নতি হবে। অনেক মাননীয় সদস্য গ্রামের কথা বলেছেন, আমি গ্রামাঞ্চল থেকে নির্বাচিত নই, আমি শহরাঞ্চল থেকে নির্বাচিত যে অঞ্চলের অনেক জায়গায় বড় বড় ড্রেন তৈরি হয়েছে সেই সম্পর্কে আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে একটু অবগত করতে চাই। মৌলালীতে যে ইরিগেশন এবং আরবান ড্রেনেজ ডিভিশন-এর অফিস আছে সেখানে বহুবার গিয়েছি, সেই ড্রেনেজ ডিভিশন ড্রেনের কাজ ক'রে দিয়ে যায়, কিন্তু কাজ ক'বে দিয়ে যাওয়ার কয়েক দিনের মধ্যেই সে ড্রেন ভেঙে যায়। আমার নির্বাচনকেন্দ্র পানিহাটির ঘোলাতে ২ লক্ষ টাকার একটা ড্রেন তৈরি হয়েছিল, কিন্তু তৈরির সঙ্গে সঙ্গেই সে ড্রেন ভেঙে গিয়েছে, এই ডিপার্টমেন্টটা একটা বাস্তুঘুঘুর বাসাতে পরিণত হয়েছে। এই কন্ট্রাক্টর লক্ষ লক্ষ টাকা এটা থেকে সেটা থেকে আদায় করছে, কিন্তু তাদের যে কাজ সেগুলি পড়ে আছে। তারপর তারা সেখানে সিমেন্টের পরিবর্তে গঙ্গামাটি দিয়ে কাজ করছে এবং তার ফলে সেই ড্রেনগুলি ভেঙে যাচ্ছে। তারপর অফিসাররা তাদের ড্রয়িং যেরকম আছে সেরকম কাজ করছে না বা বাদ দিয়ে দিয়ে করছে, আমরা বুঝতে পারছি না কেন এইরকম হচ্ছে? তাদের বার বার ব'লেও যখন ফল কিছুই হ'ল না, তখন আমরা দেখলাম ২৬শে জুন তারিখে মাননীয় মুখ্যমন্ত্রী পানিহাটি জল সরবরাহ পরিকল্পনা উদ্বোধন করতে গেলেন, তখন আমরা তাঁদের বললাম, মুখ্যমন্ত্রী আসছেন,

তিনি অনেক কিছুই দেখবেন এবং এই ড্রেনের কাজও দেখবেন। তখন সেই ভয়ে রাতারাতি কন্ট্রাক্টররা সেই কাজ আরম্ভ ক'রে দিল। মৌলালীতে এদের একটা অফিস আছে, কিন্তু সেই অফিসে কোন কাজ হয় না। এই রকম দিনের পর দিন শহরের মধ্যে ব্যারাকপুর মহকুমায় এই সব জিনিস ঘটছে। আর একটা জিনিস, এইসব ড্রেন কোন প্ল্যান্‌ড ওয়েতে হচ্ছে না, পানিহাটির জল খড়দায় ফেলে দেওয়া হচ্ছে, আবার খড়দার জল ফেলে দেওয়া হচ্ছে টিটাগড়ে, এইভাবে কাজ হচ্ছে, কোন কম্প্রিহেনসিভ প্ল্যান বা ড্রয়িং না থাকায়। এটা সুপরিকল্পিতভাবে গঙ্গায় ফেলতে না পারলে এক জায়গা শুকাতে আর এক জায়গা ভিজিয়ে দেওয়া হবে। কিছু দিনের মধ্যে সি এম ডি-এর মিঃ আগরওয়ালা একটা কম্প্রিহেনসিভ ড্রয়িং দিয়েছিলেন, কিন্তু সে বিষয়ে কোন কাজ হয়েছে কি? মাননীয় মন্ত্রিমহাশয়কে তাই আমি বলতে চাই যে, শুধু টাকা খরচ করলে উন্নতি হয় না, উন্নতি করতে হ'লে টাকা উপযুক্তভাবে ব্যয় হচ্ছে কিনা সেদিকে লক্ষ্য রাখা দরকার। আমরা বিরোধীপক্ষকে ঘায়েল করবার জন্য টাকার ফিগার ব'লে থাকি, টাকার ফিগারটাই সব নয়, দেখতে হবে সেটা কিভাবে ব্যয় হচ্ছে এবং সেইদিকে লক্ষ্য রাখা দরকার। টাকা খরচ করার আগে ইঞ্জিনীয়ারদের নিয়ে বসে সেটা কিভাবে ব্যয় হবে, না হবে সেটা ঠিক করা উচিত। এই জল-নিকাশী ব্যবস্থায় ড্রয়িং কিভাবে হয়, না বেশির ভাগ জায়গায় দেখা যায়, ইঞ্জিনীয়াররা ডিফেক্টিভ ড্রয়িং ক'রে দিচ্ছেন, আবার সেই ড্রয়িং ভেঙে নতুন ক'রে ড্রয়িং করা হচ্ছে। আমরা জানি, ভেঙে যদি নতুন করে না হয়, তা হ'লে বিল পাশ হবে না, আর কন্ট্রাক্টরদের পকেটে বা আমলাদের পকেটে টাকা যাবে না। সেইজন্য পরিকল্পিতভাবে এই টাকাটা যদি খরচ না হয়, তা হ'লে এই টাকা খরচের কোন মূল্যই নেই। আর একটা কথা ব'লে আমার বক্তব্য শেষ করব, বিগত যুক্তফ্রন্টের সময় গঙ্গার ধারে বিরাট ভাঙন হয়েছিল, সে সময় মন্ত্রী ছিলেন সি পি আই-র বিশ্বনাথ মুখার্জি, কিন্তু সেখানে সি পি এম এবং সি পি আই-র ঝগড়ার জন্য সেই ভাঙন ঠিক করা সম্ভব হয় নি।

প্রায় সাড়ে সাত লক্ষ টাকা সি এম ডি এ-র মাধ্যমে নিয়ে দেড় মাইল বাঁধ বাঁধানো হয়েছে। কিন্তু যখন এটা হয় তখন সি এম ডি এ-কে অনুরোধ করেছিলাম, আপনারা যেভাবে বাঁধছেন তাতে বাঁধ অবিলম্বে ধ্বসে যাবে। কিন্তু আমাদের কথা না শোনার ফলে তাঁরা ইট পেতে চলে গেছেন। টাকা খরচ হয়েছে ঠিকই—সিমেন্ট তাতে কিছু নেই ব'লে কোন কাজই হয় নি। খড়দহের পর থেকে গঙ্গা বরাবর মজে গেছে। সেখান দিয়ে মানুষ হেঁটে যায়, ঘরবাড়ি হয়েছে, চাষবাস হচ্ছে। নৈহাটি গেলে এসব দেখা যাবে। সেই গঙ্গায় যদি প্রলয় হয় এবং ফরাক্কা বাঁধ চালু হয়, তা হ'লে গঙ্গার উপর আরও চাপ আসবে এবং এর ফলে কল-কারখানা সব ভেঙে যাবে। বারাকপুর মহকুমার চটকলগুলি গঙ্গার উপরে অবস্থিত। সেজন্য বারাকপুর মহকুমা ও তার শিল্পগুলিকে রক্ষা করার জন্য গঙ্গায় বাঁধের প্রয়োজন আছে। আমার এলাকায় যদিও কিছু হয়েছে, কিন্তু অন্যান্য এলাকায় এই সমস্যা আছে। গঙ্গাকে যদি রক্ষা না করা যায়, তা হ'লে পশ্চিমবঙ্গকে বাঁচানো যাবে না। গঙ্গাকে কেন্দ্র ক'রে পশ্চিম বাংলায় যে সম্পদ গ'ড়ে উঠেছে তাকে রক্ষা করতে গেলে গঙ্গার উপর দৃষ্টি দেওয়া উচিত। গ্রামাঞ্চলে যেসব বাঁধের কথা অন্যান্য সদস্যারা বলেছেন আমরা চাই নিশ্চয় সেগুলি হোক, কিন্তু শহরাঞ্চলে জল জমার জন্য যে অবস্থার সৃষ্টি হয়েছে তাতে লক্ষ লক্ষ টাকা খরচ করেও রাস্তাঘাট ঠিক রাখা যাচ্ছে না। এর কারণ হচ্ছে জল নিকাশ হচ্ছে না। সেজন্য আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব একটা সুষ্ঠু পরিকল্পনা ক'রে কাজে হাত দিন শুধু অর্থ ব্যয় ক'রে কিছু হবে না।

শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তিঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সেচমন্ত্রী ১৯৭৩-৭৪ সালের খরচের জন্য ৩৫ কোটি ৯১ লক্ষ ৪০ হাজার টাকার যে ব্যয়বরাদ্দ এই হাউস-এর সামনে রেখেছেন আমি এর বিরোধিতা করেই কাট মোশন দিয়েছি। আপনি জানেন, পশ্চিম বাংলার অর্থনীতি নির্ভর করে কৃষির উপর। পশ্চিম বাংলার এই আর্থিক উন্নতির জন্য এই বিভাগের একটা বিরাট এবং গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। গত বছর ব্যয়বরাদ্দ নিয়ে যে টাকা খরচ করেছেন তাতে সরকারপক্ষ বলবেন যে, পশ্চিম বাংলার অধিবাসীদের কল্যাণের জন্য সেই অর্থ ব্যয় তাঁরা ঠিক-ভাবে করেছেন কিনা? আমি বিশ্বাস করি যে, এই বিভাগের অদূরদর্শিতা, দীর্ঘসূত্রতা, এই

[5-00—5-10 p.m.]

বিভাগের পরিকল্পনা তৈরি এবং পরিকল্পনা কার্যকর করাতে বিরাট ত্রুটি-বিচ্যুতি এবং এই বিভাগের দুর্নীতির জন্য যাই বরাদ্দ আমরা এখান থেকে দিই না কেন পশ্চিমবঙ্গের কল্যাণ হওয়া সম্ভব নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পশ্চিমবঙ্গে যেসমস্ত বহুমুখী পরিকল্পনার কথা বলা হয় তার দু-চারটির কথা হাউসের কাছে রাখতে চাই। স্যার, আপনি জানেন, পশ্চিমবঙ্গে যেসমস্ত বহুমুখী পরিকল্পনা আছে তার মধ্যে দামোদর পরিকল্পনা অন্যতম। যদি বহুমুখী পরিকল্পনার কথা আমি বাদই দিই, যদি এর দুটি উদ্দেশ্য ধরি—প্রথম উদ্দেশ্য বন্যানিয়ন্ত্রণ এবং দ্বিতীয় উদ্দেশ্য জলসেচন, তা হ'লে দেখব যে, যে উদ্দেশ্য নিয়ে দামোদর পরিকল্পনা তৈরি করা হয়েছিল সেই উদ্দেশ্য ব্যর্থতায় পর্যবসিত হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, স্বর্গত মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় এই দামোদর পরিকল্পনা বিষয়ে বলেছিলেন যে, এটা ক্যালকুলেটেড রিস্ক, সেই ক্যালকুলেটেড রিস্ক আজকে ক্রনিক রিস্কে এসে দাঁড়িয়েছে। যখন এই দামোদর পরিকল্পনা করা হয় তখন এতে আটটি ড্যাম দেওয়ার কথা ছিল, কিন্তু আজ পর্যন্ত মাত্র চারটি ড্যাম এই দামোদর পরিকল্পনায় তৈরি করা হয়েছে। স্যার, দামোদর পরিকল্পনায় আজকে আমরা কি দেখছি বন্যানিয়ন্ত্রণ করা তো দূরের কথা, অতিবৃষ্টি হ'লে বন্যা হয়, আর যখন অনাবৃষ্টি হয় তখন চাষীরা জল পায় না এই দামোদর নদ থেকে। এই দামোদর পরিকল্পনা এখন ফ্লাডের জল ডিস্ট্রিবিউশন করার পর্যায়ে পর্যবসিত হয়েছে। গত বছর এই দামোদর পরিকল্পনা থেকে ৬ লক্ষ একর ফুট জল সরবরাহ করেছিল, আর এ বছরে মাত্র ২ লক্ষ একর ফুট জল সরবরাহ করেছে—হুগলি পেয়েছে ৮০ হাজার ফুট আর বর্ধমান পেয়েছে ১ লক্ষ ২০ হাজার ফুট। এই দামোদর পরিকল্পনায় আটটি ড্যাম হ'ল না, মাত্র চারটি ড্যাম হ'ল, ফলে স্পীল এরিয়া ভরতে ভরতে উঁচু হয়ে তার জলধারণের ক্ষমতা নষ্ট হয়ে যাচ্ছে। এই পরিকল্পনাকে যদি সার্থক ক'রে তুলতে হয়, তা হ'লে ইঞ্জিনীয়ার নিয়ে সমস্ত দামোদর পরিকল্পনা...

Mr. Deputy Speaker: Shri Mahanti, there is a separate grant on D.V.C. You kindly limit your speech within this Grant.

শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার কথা মেনে নিয়ে আমি জলসেচের কথা বলছি। পশ্চিমবঙ্গ সরকার জলসেচ করতে ব্যর্থ হয়েছেন। এর যে অ্যালায়েড স্কীম, যেসমস্ত ছিল নিম্ন দামোদর পরিকল্পনা, সেই পরিকল্পনার কাজ গত বছর থেকে আরম্ভ হয়েছে। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্ল্যানিং-এর মধ্যে গুরুতর ত্রুটি থাকার জন্য টাকা খরচ ক'রে আমরা সেইসমস্ত সেচ পরিকল্পনা যতই করি না কেন তা ব্যর্থতায় পর্যবসিত হবে ; যদি না এই পরিকল্পনাকে খুব খুঁটিয়ে দেখা হয়। আমি নিম্ন দামোদরের কথা বলছি। এখন আমতা ক্যানেলের কাজ হচ্ছে—গত বছর ১২ কোটি টাকা খরচ ক'রে কাজ আরম্ভ হয়েছিল। তখন এখানে প্রতিনিধিত্বমূলক সরকার ছিল না, পশ্চিম বাংলায় তখন রাষ্ট্রপতির শাসন ছিল এবং আমাদের বর্তমান মুখ্যমন্ত্রী তখন পশ্চিমবঙ্গ বিষয়ক ভারপ্রাপ্ত মন্ত্রী ছিলেন। তখন কিছু কিছু কাজ হয়েছিল। তখন যে স্কীম ছিল তার মধ্যে ছিল নিম্ন দামোদর পরিকল্পনা, হাওড়া জেলায় যে কাজ হবে তাতে প্রায় ৪৫০ কোটি থেকে ৫০০ ফুট চওড়া ক্যানেল কাটতে হবে এবং ৮/১০ ফুট গভীর করতে হবে। এখানে তখন জনপ্রতিনিধিত্বমূলক সরকার ছিল না এবং ১৯৭১ সালের শেষের দিকে যখন কাজ হচ্ছিল এই নিম্ন দামোদরের তখন প্রায় ২০ লক্ষ টাকা খরচ করা হয়েছে এবং দেখা গেছে সেখানে ৪৫০ ফুট ক্যানেল কাটা দূরের কথা, মাত্র ৭৫ ফুট ক্যানেল কাটা হয়েছিল এবং ৩/৪ ফুট তার ডেপ্‌থ করা হয়েছিল। গাইঘাটা ক্যানেলের উপর একটা ক্রস বাঁধ দেওয়া হয়েছিল এবং সেখানকার লোকেরা আমাকে বলেছে দামোদরের জল গাইঘাটার মধ্য দিয়ে রূপনারায়ণে যায়। কিন্তু ইঞ্জিনীয়াররা বললেন, রূপনারায়ণের জল গাইঘাটার মধ্য দিয়ে দামোদরে যায়। তখন ক্রস বাঁধ ভাঙ্গা হ'ল। এবারে আবার ক্রস বাঁধ তৈরি করা হয়েছে। অর্থাৎ কোন স্থিরতা নেই, একবার তৈরি করছেন, আবার তাকে ভাঙছেন, আবার তৈরি করছেন। এর ফলে দেখলাম গত বছর কম বৃষ্টি হবার ফলেও এই গাইঘাটাতে ক্রস বাঁধ থাকার জন্য হাওড়া জেলার যে অংশ রক্ষা করবার জন্য আমতা ক্যানেল

কাটা হ'ল, নিম্ন দামোদর করা হ'ল, সেই হাওড়া জেলাকে রক্ষা করা যায় নি, কম বৃষ্টি হওয়া সত্ত্বেও। রূপনারায়ণকে জল গড়িয়ে দেওয়া হবে, কিন্তু সেটাকে যদি ড্রেজিং করা না হয় এবং যে ধরনের খাল কাটা দরকার সেই পরিসর খাল যদি কাটা না হয়, তা হ'লে কিছুই হবে না। ভাগীরথী এবং দামোদরের সঙ্গমস্থল কাটা হ'ল, কিন্তু উপরদিকে সেটা না কাটার জন্য অতি-বৃষ্টি হবার সঙ্গে সঙ্গে হাওড়া জেলা প্লাবিত হ'ল এবং চাষ নষ্ট হ'ল। আপনারা বলছেন, প্ল্যানিং-এর জন্য সময় দরকার, কিন্তু এই সমস্ত ত্রুটির জন্য এই জিনিস নষ্ট হয়েছে। কংসাবতী পরিকল্পনার ক্ষেত্রে দেখছি সেখানে পাঁচ কোটি টাকা ধরা হয়েছে এবং কংসাবতী পরিকল্পনা দশ বছরের মধ্যে শেষ হবে বলা হয়েছে এবং দশ লক্ষ একর জমি উপকৃত হবে বলা হয়েছে। আজকে ১৫ বছর হয়ে যাবার পর আমাদের সেচমন্ত্রী বলছেন ৪ লক্ষ একর এবং আর কিছু জমিতে তিনি জল দিতে পারছেন। কিন্তু আমরা জানি ৩ লক্ষ একরের বেশি জমিতে তিনি জল দিতে পারছেন না এই কংসাবতী পরিকল্পনার দ্বারা। আমাদের মেদিনীপুরে কেলেঘাই পরিকল্পনা করা হ'ল পটাশপুর, ভগবানপুর প্রভৃতি থানাকে বাঁচাবার জন্য। কিন্তু দেখা গেল, ভগবানপুর থানার ফসল নষ্ট হয়েছে এবং পটাশপুরে কিছু হ'ল না। ময়না বেসিন, তমলুক মাস্টার প্ল্যানের কোন জিনিস পরিবর্তন করা দূরের কথা, কাজই আরম্ভ করা হচ্ছে না।

[5-10—5-20 p.m.]

আমার পূর্ববর্তী বক্তা বিধানসভার সদস্য অহীনবাবুও বলেছেন যে, তমলুকে শঙ্করা একটা স্লুইস হয়েছে। আমি সেটা দেখতে গিয়েছিলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যদি দেখেন যে, পশ্চিম বাংলায় কখনও কোন সময় এই রকম একটা জিনিস যে ৬ লক্ষ টাকা খরচ ক'রে স্লুইস তৈরি করা হয় এবং যেটা তৈরি করার সঙ্গে সঙ্গে এইরকমভাবে ভেঙ্গে যায় নি। ভাকরা-নাঙ্গল ড্যাম তৈরি করা হয়েছিল সেই বাঁধ ভেঙে গিয়েছিল তার একটা কারণ খুঁজে পাওয়া গিয়েছিল, কিন্তু এই বিভাগ এমনই অযোগ্য যে, আজ পর্যন্ত কেন এটা ভেঙ্গে গেল, কার দোষে ভেঙ্গে গেল, সেই পর্যন্ত স্থির ক'রে উঠতে পারলেন না। জনসাধারণ জানতে পারলেন যে, প্ল্যানের দোষে, না কার দোষে, না কন্ট্রাক্টরদের দোষে কেন এটা ভেঙ্গে গেল—আজ পর্যন্ত কোন তদন্ত হয়ে জন-সাধারণ জানতে পারল না। এইভাবে আমরা দেখতে পাচ্ছি, মালদহ জেলাতে একটা বিরাট পরিকল্পনা করা হয়েছে মহানন্দা মাস্টার প্ল্যান। মালদহ জেলাবাসীর কাছে এটা অত্যন্ত প্রয়োজনীয় এবং গুরুত্বপূর্ণ জিনিস। এই মহানন্দা মাস্টার প্ল্যান গত বছর আমি যখন এই বিধানসভায় সেচবিভাগের ব্যয়বরাদ্দের সমালোচনা করছিলাম তখনই আশঙ্কা প্রকাশ করেছিলাম যে, যে ক্ষিপ্রতার সঙ্গে এবং যে নিষ্ঠার সঙ্গে এই প্ল্যানকে কার্যকরী করার দরকার ছিল তা হয় নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই এক বছরে তার যে কার্যক্রম তার যে কাজের ধারা তা যদি আপনি বিচার ক'রে দেখেন দেখবেন আমার সেই আশঙ্কা মোটেই অমূলক নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিহার সরকার তার কাজ শেষ ক'রে দিয়েছেন, আর আমাদের পশ্চিমবঙ্গ সরকারের সেই কাজ ধীরগতিতে চলছে যার ফলে দেখা যাবে এই পরিকল্পনাতে যে টাকা খরচ হচ্ছে তার থেকে এস্টাব্লিশমেন্ট কস্ট অনেক বেড়ে চলেছে এবং যত দেরি হবে যদিও অনেক সদস্য উদ্বেগ প্রকাশ করেছেন এবং মাননীয় সদস্যা শ্রীমতী গীতা মুখার্জি তিনিও উদ্বেগ প্রকাশ করে বলেছেন যে, দেরি করা যত হবে এবং যত দীর্ঘসূত্রতা অবলম্বন করা হবে কোটি কোটি টাকা ব্যয়বরাদ্দ বাড়াতে হবে এই স্কীমটা শেষ করতে গিয়ে, সেই মহানন্দা মাস্টার প্ল্যানে আমরা দেখতে পাচ্ছি তার কন্ট্রাক্টর নিয়ে গুরুতর অভিযোগ উঠেছে এবং মালদহের অনেক কাগজে বেরিয়েছে। গত ১৮ই জানুয়ারি যে ২৭ লক্ষ টাকার কাজ বিলি করা হ'ল তা একজন মাত্র কন্ট্রাক্টর পেলেন, সেই কন্ট্রাক্টরের নাম হচ্ছে ইস্কন অ্যান্ড কোং এবং সেখানকার স্থানীয় অফিসার যাঁরা কাজ বিলি করেন তাঁরা একটা লোককে সব কাজ দিতে আপত্তি করেন, কিন্তু উপরতলার এমন নির্দেশ যার ফলে একটা লোক একটা কোম্পানিকে চারটে কাজের দায়িত্ব দেওয়া হয়েছে সেটা হচ্ছে ২৭ লক্ষ টাকার কাজ। ১৮ জনকে সেখানে টেন্ডার কল করা হয়েছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন কিনা জানি না যে, পশ্চিম বাংলায় এমন কোন জেলা আছে কিনা যে জেলায় ১১ মাসের মধ্যে তিন তিনটে এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ার, ইরিগেশন, বদলি

হয়ে গেল। এর কারণ কি? আপনি দেখবেন, অধ্যক্ষ মহাশয়, যে, গত বছর এক কন্ট্রাক্টর এই কোম্পানির সেখানে এস ডি ও, ইরিগেশনকে তাঁর অফিসের মধ্যে জুতা মেরে এল। আমি জানি না সেই অফিসার কি দোষ করেছিল। বা যিনি কন্ট্রাক্টর, যিনি জুতা মেরে এলেন, তাঁর দোষ ছিল কিনা। যদি কন্ট্রাক্টর দোষী হয়ে থাকেন, তা হ'লে তাঁকে ব্ল্যাক লিস্টেড করা উচিত এবং তাঁকে আর কোন কাজ না দেওয়া উচিত। আর যদি অফিসারের দোষ হয়ে থাকে, তা হ'লে তাঁকে শাস্তি দেওয়া উচিত। যাতে ভবিষ্যতে আর কোন অফিসার এই রকম কাজ করতে সাহস না পায়। কিন্তু আমরা দেখলাম, উল্টে সেই কন্ট্রাক্টরকে আবার ১৮ লক্ষ টাকার কাজ দেওয়া হ'ল আর সেই এস ডি ও, ইরিগেশন, তাকে বদলি করা হ'ল। এটা কন্ট্রাক্টরের দোষ কি সেই অফিসারদের দোষ তা আজ পর্যন্ত তদন্ত করা হ'ল না। কিন্তু অফিসারকে বদলি ক'রে দেওয়া হ'ল, এই হচ্ছে অদ্ভুত পরিস্থিতি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি জানি এবং শুনেছি যে, সরকার এটা স্থির করেছেন, বেকার ইঞ্জিনীয়ারদের কাজ দেবেন। খুব ভাল কথা। ৬৫ হাজার বেকার ইঞ্জিনীয়ার, তাঁরা যদি কাজ পান আমরা সবাই খুশি। কিন্তু বেকার ইঞ্জিনীয়ারদের এখানে কাজ না দিয়ে কন্ট্রাক্টরদের দিয়ে এই মহানন্দার মাস্টার প্ল্যান কাজ করছেন সরকার।

(**শ্রীআবদুল বারি বিশ্বাস:** তাঁরা কি আপনার দলের লোক?)

এখন ওখানে যারা কাজ করছে, তারা মূলধন পেল কি পেল না দেখলাম না, সেই কাজ আরম্ভ হয়েছে, কিন্তু সেই কাজের সুপারভিশনের ভার এমন লোককে দেওয়া হয়েছে, যাদের জিনিস মাপ করবার অভিজ্ঞতা নাই বা করতে পারছে না। এই যে মহানন্দা মাস্টার প্ল্যানের কাজ কেন ধীরগতিতে চলছে? কনট্রাক্ট বিলি সম্বন্ধে অভিযোগ স্থানীয় কাগজে বেরিয়েছে। আপনারা বলেন, এই সরকারের উপর জনসাধারণের আস্থা আছে, আছে, কিন্তু জনসাধারণের মনে যদি আতঙ্ক দেখা দেয়, তা হ'লে সেই দায়িত্ব এই সরকারে বর্তায়।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ব্যক্তিগতভাবে মন্ত্রিসভার কোন সদস্যের প্রতি বা কোন সরকারী কর্মচারীর প্রতি আমার কোন বিদ্বেষ নাই। আমি সেজন্য সমালোচনা করছি না। আমি জনস্বার্থে মনে করছি যে, এই বিভাগের কাজের দ্বারা এবং এই বিভাগের কাজের উপর পশ্চিম বাংলার আর্থিক উন্নতি অনেকখানি নির্ভর করে। এই বিভাগের দূরদর্শিতার অভাব এবং দুর্নীতি যদি দূর করতে না পারেন, তা হ'লে যতই অর্থ বরাদ্দ করুন না কেন, পশ্চিম বাংলার অবস্থার কিছুতেই পরিবর্তন হবে না। এই কথা ব'লে আমি মাননীয় মন্ত্রিমহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবি করেছেন, তার বিরোধিতা করছি এবং আমাকে বলতে দেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি।

শ্রীমহম্মদ দেদার বক্স: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সেচমন্ত্রী মহাশয়, গ্রান্ট ৩৩, বিভিন্ন মেজর হেড্‌সে ৩৫ কোটি ৯১ লক্ষ ৪০ হাজার টাকা বরাদ্দের মঞ্জুরীর জন্য আজ বিধানসভায় যে দাবি পেশ করেছেন, আমি তা সর্বান্তঃকরণে পূর্ণ সমর্থন ক'রে আমার কিছু বক্তব্য রাখতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আজ গ্রাম বাংলায় ৭০ ভাগ লোক বাস করে এবং তাদের আর্থিক উন্নতি সাধন ক'রে ঐ আর্থিক উন্নতি দ্বারা পশ্চিম বাংলাকে যদি বাঁচাতে হয় যার জন্য আমাদের প্রগতিশীল সরকার কৃষি বিপ্লব আনয়ন করবার জন্য চেষ্টা করছেন। এই কৃষি বিপ্লবকে সফল করতে হ'লে শুধু উচ্চফলনশীল বীজ দিলেই হবে না, কীটনাশক ঔষধ দিলেই হবে না, চাই জল। এই যে প্রবল খরা চলছে তাতে পশ্চিম বাংলায় বিশেষ ক'রে গ্রামবাংলার অবস্থা অত্যন্ত শোচনীয় হয়েছে। আমি এই প্রসঙ্গে বলতে চাই, মুর্শিদাবাদ জেলায় জল-সেচের ব্যবস্থার কোন উন্নতি হয় নি। অবশ্য মাননীয় সেচমন্ত্রী মহাশয় সেদিন স্বীকার করেছেন, এই খাতে যে বরাদ্দ হয়েছে, সেটা আমাদের সীমিত অর্থের মধ্যেই হয়েছে। তবু এতে যে ইঙ্গিত রয়েছে সেটা উন্নতির দিকেই রয়েছে, এটা নিঃসন্দেহ। তা সত্ত্বেও আরও বেশি বরাদ্দ যদি থাকত খুশি হতাম। আপনি জানেন, কৃষি বিপ্লব ঘটাতে হ'লে একদিকে সেচের

জল অন্যাদিকে বন্যায় ফসলের যে ক্ষতি হচ্ছে, সেই বন্যা নিয়ন্ত্রণের জন্য জল নিষ্কাশনের দ্বারা এক-ফসলী জমি আমরা দু-ফসলী করতে পারব এবং যেখানে ইরোশন হয় সেখানে যদি খরচ করা যায়, তা হ'লে কৃষি বিপ্লব সম্ভব হবে। কৃষি বিপ্লব সম্ভব হ'লে কোটি কোটি হতভাগ্য লোক, গরিব লোক, তাদের দু' মুঠো অন্নের সমস্যার সমাধান হবে, আধা-বেকারীর সমস্যার সমাধান হবে। তাই এই খাতে যদি আরও বেশি বরাদ্দ হ'ত তবে খুশি হতাম।

[5-20—5-30 p.m.]

মাননীয় সেচমন্ত্রীকে অনুরোধ করব, যেমন বড় বড় প্রকল্প হাতে নেওয়া হচ্ছে, তেমনি ক্ষুদ্র প্রকল্পও বেশিসংখ্যক নিতে হবে। আমাদের সি পি আই সদস্যা শ্রীমতী গীতা মুখোপাধ্যায় বলেছেন, বড় বড় প্রকল্প নিতে হবে। কিন্তু আমাদের যে সীমিত অর্থসম্পদ, তাতে সেচমন্ত্রী মহাশয় ক্ষুদ্র ক্ষুদ্র প্রকল্প আগে নিতে যাচ্ছেন। তা সত্যি কথা, এটা নেওয়া উচিত। কেননা যদি বর্তমান সীমিত অর্থ নিয়ে সেচের কাজ এগিয়ে নিয়ে যেতে হয়, তা হ'লে এগুলি আগে নেওয়া দরকার।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, এই প্রবল খরায়, বিশেষ ক'রে মুর্শিদাবাদ জেলার নবগ্রাম, সাগরদীঘি এলাকায় এবার ফসল হয় নাই। সেখানে সেচের ব্যবস্থা থাকা দরকার। অন্যদিকে সমস্যা হচ্ছে জলনিকাশের। এ সম্বন্ধে ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটিতে আলোচনা হয়েছে। সেখানে কান্তিনগর বিলের জলনিকাশের জন্য একটি জলনিকাশী প্রকল্প প্রয়োজন। আমাদের মহম্মদপুরে যে ক্যানেল সেই সমস্ত জায়গায় স্লুইস গেট করা দরকার। থামঘাট, বসন্তপুর ইত্যাদি জায়গায় স্লুইস গেট ক'রে জল আটকাতে পারলে ঐ অঞ্চলে সেচের ব্যবস্থা করা যাবে ; ফসল উৎপাদনও বেড়ে যাবে। এবং বেকার সমস্যারও সমাধান হবে এবং উৎপাদন বৃদ্ধি পেলে অর্থনীতির বুনিয়াদও শক্ত হবে। পশ্চিম বাংলার আর্থনীতিক উন্নতির সাথে সাথে পশ্চিম-বঙ্গের অধিবাসীরাও বাঁচবে।

আমি সেচমন্ত্রীকে অনুরোধ করব, যাতে ঐ পশ্চিমবঙ্গের মধ্যে অবহেলিত যে মুর্শিদাবাদ জেলা, যেখানে ভাঙ্গনে হাজার হাজার বিঘা জমি নষ্ট হয়ে যাচ্ছে, সেখানে যদিও বাঁধ নির্মাণের কাজে হাত দেওয়া হয়েছে, অনতিবিলম্বে আরও যাতে ঠিকমত সেই ভাঙ্গনকে প্রতিরোধ করা যায়, সেদিকে যেন তিনি দৃষ্টি দেন এবং মুর্শিদাবাদ জেলা সমীক্ষা ক'রে যেখানে যেখানে সেচের ব্যবস্থা অনতিবিলম্বে দরকার, সেদিকে দৃষ্টি দেন। মাননীয় উপাধ্যক্ষকে ধন্যবাদ জানিয়ে, মাননীয় সেচমন্ত্রীর এই ব্যয়বরাদ্দকে পূর্ণ সমর্থন ক'রে ও মাননীয় সেচমন্ত্রীকে ধন্যবাদ দিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

শ্রীমহবুবুল হকঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় সেচমন্ত্রী ৩৩ নম্বর গ্রান্টে যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন, আমি তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। কিন্তু দুঃখিত হচ্ছি এই কারণে যে, টাকার অঙ্ক মাত্র ৩৫ কোটি ৯১ লক্ষ ৪০ হাজার টাকা রাখা হয়েছে। আজ ২৫ বছরের অধিক হ'ল আমরা স্বাধীনতা পেয়েছি। যেখানে পৃথিবীর বিভিন্ন দেশ আজকে বিভিন্নভাবে উন্নতির শিখরে আরোহণ করছে, মানুষ আজ চাঁদে গিয়ে বসবাস করবার স্বপ্ন দেখছেন, সেখানে আমাদের দেশের অসহায় মানুষ বন্যার কবলে প'ড়ে গৃহহীন হয়। এটা দুঃখের কথা। মূল সমস্যা আজকে যদি আমরা বন্যার হাত থেকে মানুষের ধনপ্রাণকে রক্ষা করতে পারতাম, তা হ'লে আমাদের লাভ হ'ত। এই যে আমাদের জমির ফসল যেটা আমাদের অর্থনীতির কাঠামো বলি, সেই ফসলকে আমরা বন্যার ধ্বংসলীলা হতে রক্ষা করতে পারছি না আজও ; তা হ'লে আমরা দু' মুঠো খেয়ে-পরে বাঁচতে পারতাম। আমাদের আদি কংগ্রেসের বন্ধু প্রদ্যোৎকুমার মহান্তি মহাশয় বলেছেন, সরকার এ ব্যাপারে ব্যর্থ হয়েছেন। আমিও বলছি সরকার ব্যর্থ হয়েছেন ঠিকই। কিন্তু বর্তমান সরকার ব্যর্থ হন নাই। ঐ কংসাবতী প্রকল্প দশ বছরে শেষ হবার কথা ছিল, কিন্তু আজ পনের বছরেও তা শেষ হ'ল না। আমি জিজ্ঞাসা করি, সেটা কোন্ আমলে আরম্ভ হয়েছিল ? আজ যদি কংসাবতীর কাজ শেষ হ'ত তা হ'লে আমরা কত বেশি পরিমাণ জমিতে সেচের ব্যবস্থা করতে পারতাম, কত বেশি পরিমাণ ফসল

আমরা ফলাতে পারতাম! কিছুদিন আগে আমি কংসাবতীর কাজ দেখতে গিয়েছিলাম। সেখানে কুমারী খালের কাজ দেখেছি, তাতে বলতে কি, আগেকার সরকার সম্পূর্ণ ব্যর্থ হয়েছেন। আজ বর্তমান সরকারের কর্মচারীরা রাতদিন কাজ ক'রে যাচ্ছে লাইট জ্বালিয়ে। কর্মচারীরা বলছেন, আমরা এই বছরের মধ্যে কুমারী খালের কাজ শেষ করব। বর্তমান সরকারের কর্মচারীরা এই বছরে শেষ করবার জন্য আপ্রাণ চেষ্টা ক'রে যাচ্ছেন। আমি চোখের সামনে সেই সমস্ত জিনিস দেখেছি।

মালদহ জেলার মহানন্দা প্রকল্পের মাস্টার প্ল্যানের কথা ২৫ বছর আগে থেকে শুনে আসছি। এই প্ল্যানকে কার্যকরী করলে সমগ্র মালদহ জেলা বাঁচবে। বর্তমান সরকার মালদহ জেলাসহ সমগ্র উত্তরবঙ্গকে বন্যার কবল থেকে রক্ষা করবার জন্য যে প্রকল্প হাতে নিয়েছেন এবং চেষ্টা চালিয়ে যাচ্ছেন, তার জন্য আমি বর্তমান সরকারকে এবং তার সাথে সাথে মাননীয় সেচমন্ত্রীকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। উনি এ সম্বন্ধে অনেক কথা বলেছেন। মহানন্দার উন্নতির কথা বলেছেন। আমি মালদহ জেলার লোক, আমি জানি, মহানন্দা মাস্টার প্ল্যানের বাঁধ তৈরির কাজ যেখানে শুরু হয়েছে। কেন আগের সরকার এ কাজে হাত দেন নাই, চেষ্টা করেন নাই?

আমাদের বেকার সমস্যা আছে ঠিকই, কিন্তু এর আগে কোন সরকার সে সম্বন্ধে চিন্তা করেন নাই। কিন্তু বর্তমান সরকার সেদিকে চেষ্টা করছেন। মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন, আমি জানি, ৪০ ভাগ ডিপার্টমেন্টাল কাজ বেকার যুবকদের দিয়ে করানো হবে। আজকে সেইভাবে কাজ হচ্ছে। অনেকে চক্রান্ত ক'রে তা ব্যর্থ করবার চেষ্টা করছেন। কিন্তু আমাদের বর্তমান সরকার তা ব্যর্থ হ'তে দেবে না।

আরও বলা হয়েছে, তিনজন এস ডি ও-কে কোন কারণে বদলি করা হয়েছে, ট্রান্সফার করা হয়েছে। আমি মনে করি, যাঁরা কাজ করতে চান না, তাঁদের নিশ্চয়ই সরিয়ে দিতে হবে। বর্তমান সরকার তা কখনও সহ্য করতে পারে না, যারা কাজ করতে চাইবে না তাদের জন্য কাজ ব্যাহত হবে, এটা কিছুতেই আমরা মেনে নিতে পারি না। সেই কারণে যারা কাজ করতে চায় নি, কাজে গাফিলতি করেছে, তাদের সরকার সরিয়ে দিয়ে ভাল কাজ করেছেন। আমি সরকারের এই কাজকে স্বাগত জানাব।

আজকে আর একটা কথা বলছি, যদিও সেটা এই প্রসঙ্গে আসে না। কংসাবতী প্রকল্পের যে কাজ চলছে, সেখানকার যে কর্মচারী আছে থার্ড এবং ফোর্থ গ্রেডের, তাদের আরও কিছু সুযোগ-সুবিধা সরকারের দেওয়া উচিত, যদি আমরা তাদের কাছ থেকে সুষ্ঠু কাজ চাই। যেসমস্ত কর্মী সেখানে আছে তারা সেই সকাল থেকে রাত্রি পর্যন্ত কাজ করছে। তাদের বাসস্থানের ভাল ব্যবস্থা নাই। সপরিবারে রাত্রে ঘুমুতে পারে সে ব্যবস্থা নাই। তারা কিভাবে দিনযাপন করছে সেইদিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। যে প্রকল্পের কাজ হাতে নেওয়া হবে, সেখানে যারা লেবার আছে, কর্মী আছে, তাদের সুযোগ-সুবিধার কথা যেন চিন্তা করা হয়।

আজকে যে ব্যয়বরাদ্দের দাবি আনা হয়েছে, তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[5-30—5-40 p.m.]

শ্রীমহাদেব মুখার্জি: মাননীয় স্পীকার মহাশয়, আমাদের আরামবাগের বন্যাবিধ্বস্ত জনসাধারণ আজ দীর্ঘদিন ধ'রে বন্যা কবলিত হয়ে আছে। আরামবাগের মানুষ যেভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে তাতে নিম্ন দামোদর পরিকল্পনা রূপায়িত করতে মাননীয় সেচমন্ত্রী আরাম-বাগের জন্য যেসমস্ত স্কীম নিয়েছেন তাতে আমি খুবই আনন্দিত। আমি মোটামুটি ভাল-ভাবে ব্লু প্রিন্টটা না দেখলেও যে স্কীমটা নিয়েছেন তা দেখেছি এবং সেটা যদি সাকসেসফুল হয়, কৃতকার্য হয়, তা হ'লে বন্যা নিয়ন্ত্রণ হবে ব'লে আমি বিশ্বাস করি। এই ব্লু প্রিন্টের মধ্যে তারই একটা আভাস আছে এবং এই ব্লু প্রিন্ট অনুযায়ী জমি দখলের কাজ আজকে হতে চলেছে।

মুণ্ডেশ্বরী নদীর দু'টি পাড়ে যে বাঁধ হবার কথা আছে সেখানে জমি দখলের নোটিস, টেন্ডারের কাজ হয়ে গেছে এবং পাড়ের বাঁধের কাজ শীঘ্রই আরম্ভ হবে। সেই বাঁধ পাঁচ হাজার ফুট নদীর এধার থেকে আড়াই হাজার ফুট ওধার থেকে আড়াই হাজার ফুট দ্যাট মিনস্ এক মাইল দূরত্বের বাঁধ হচ্ছে। এই বাঁধের ভিতর বহু গ্রাম প্রায় ৫০-৬০টি গ্রাম পড়বে এবং তার লোক-সংখ্যা প্রায় ৯০ হাজারের মত হবে। তারা আজকে খুবই আতঙ্কিত। এই ব্যাপারে যে স্কীম নেওয়া হয়েছে তাতে আমরা দেখছি দামোদরের সমস্ত জল মুণ্ডেশ্বরী দিয়ে পাস করাবার জন্যই এই প্রকল্পটি হয়েছে, এতে সত্যিই তারা খুব আতঙ্কিত হয়েছে। দামোদরের দু'টি শাখানদী, যথা, মুণ্ডেশ্বরী এবং মজা দামোদর। এই দু'টি শাখানদীকে সংস্কার করবার কথাও আমরা শুনে আসছি। মানসিং ফ্লাড এনকোয়ারি কমিটির যে রিপোর্ট বেরিয়েছে, আমার যতদূর জানা আছে, তাতে বলতে পারি যে, এই মুণ্ডেশ্বরী নদীর ফ্লাড কন্ট্রোল করতে হ'লে মুণ্ডেশ্বরী নদীর জলের প্রবাহকে কমাতে হবে এবং মজা দামোদর যে আজকে জমি হয়ে গেছে, সেটার সংস্কার করতে হবে এবং দারকেশ্বর এবং রূপনারায়ণ নদীকে ড্রেজিং করতে হবে। এই হচ্ছে মোটামুটি মানসিং কমিটির রিপোর্ট এবং এই রিপোর্ট অনুযায়ী যদি বাঁধের কাজ হ'ত তা হ'লে জনসাধারণ খুব সন্তুষ্ট হ'ত। আরামবাগ মহকুমার তিনটি থানা, যথা, পুড়শুড়া, খানাকুল এবং আরামবাগ—এই তিনটি এলাকার জনসাধারণ এতে বিক্ষুব্ধ। দামোদরের সমস্ত জল আজকে যদি মুণ্ডেশ্বরী দিয়ে পাস হয় তা হ'লে ঐ সমস্ত এলাকার ঘরবাড়ি আজকে প্লাবিত হয়ে যাবে এবং যাবার আশঙ্কা আছে। সেইজন্য আমি সরকারের কাছে এই কথা বলতে চাই যে, এই প্রকল্পকে যদি কার্যকরী করতে হয়, তা হ'লে ঐ এলাকার মানুষ যাতে অন্যত্র বাস করতে পারে তার জন্য সরকারকে তাদের কম্পেনসেশন দিতে হবে এবং কম্পেনসেট করতে হবে। যদি কম্পেনসেট করা হয়, তা হ'লে আমি বিশ্বাস করি যে, সেখানে কোনরকম বাধা সৃষ্টি হবে না। আমি টেকনিসিয়ান এবং চীফ ইঞ্জিনীয়ারের সঙ্গে আলাপ-আলোচনা ক'রে জেনেছি এই বাঁধের ভিতর যারা বসবাস করে তাদের সত্যিকারের নিরাপত্তার দিক থেকে বিপদ ঘটতে পারে। কাজেই তাদের অন্যত্র বাস করতে হবে এই কথা তাঁরা বলেছেন। এই অবস্থা যদি হয়, তা হ'লে ঐ ৫০-৬০টি গ্রামের প্রায় ৯০ হাজারের মত জনসাধারণকে ঐ বাঁধ হ'লে নিশ্চয় নদীর ধার থেকে সরতে হবে। তাই আমি তাদের নিরাপত্তা দাবি করছি। এই প্রকল্প যদি রূপায়িত করতে হয়, তা হ'লে তাদের নিশ্চয় ক্ষতিপূরণের ব্যবস্থা করতে হবে। মানসিং কমিটির রিপোর্ট অনুযায়ী ৬০ ভাগ জল মুণ্ডেশ্বরী নদী দিয়ে প্রবাহিত করার ব্যবস্থা করা হোক এবং ৪০ ভাগ জল দামোদর নদী দিয়ে প্রবাহিত করার ব্যবস্থা করা হোক। আপনারা নিম্ন দামোদর এলাকার জন্য যে প্রকল্প নিয়েছেন সেটা অনেক মূল্যবান প্রকল্প এবং এর দ্বারা বন্যা নিয়ন্ত্রণ হবে ব'লে আমি বিশ্বাস করি। এই নদীর দু' ধারে বাঁধ এবং কাপুলিয়ার মুখে লক-গেট করছেন, হরিণ-খোলের মুখে লক-গেট করছেন এবং রূপনারায়ণে অরোরা খাল। এই অরোরা খালকে সংস্কার করার যে স্কীম নিয়েছেন, এটা সত্যিই খুব ভাল স্কীম। এইসব খালগুলি কার্যকর করার জন্য ওখানকার জনসাধারণ আজকে যে বিপদের মধ্যে পড়েছে সেই সম্পর্কে অন্তত বিচার-বিবেচনা ক'রে দেখবার জন্য আমি সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ ক'রে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীভবানীশঙ্কর মুখার্জি : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় যে গ্রান্ট নং ৩৩ পেশ করেছেন আপনার মাধ্যমে আমি তা সমর্থন ক'রে কয়েকটি কথা বলছি। এর ভেতরে একটা সিস্টেম, নেভিগেশন সিস্টেম, সেটার বিষয়ে আমি বিশেষ ক'রে বলতে চাই। নেভিগেশন সিস্টেমটা আমাদের দেশে এখনও খুব বড় হয় নি। মাননীয় মন্ত্রিমহাশয়কে এ বিষয়ে একটু নজর দিতে বলছি, কারণ এটাকে আমাদের দেশে খুব একটা বড় সম্পদ করা যায়। আপনারা অনেকেই জানেন যে, আমেরিকা, ইংল্যান্ড, জার্মানী, রাশিয়া এমন কি চায়না পর্যন্ত এই নেভি-গেশন সিস্টেমের ভেতর দিয়ে খুব বড় কাজ করেছেন। আমাদের এখানে বৃটিশ পিরিয়ডে এই নেভিগেশনের খুব কাজকর্ম হ'ত, কিন্তু এখন আমরা এই নেভিগেশনের দিকে ঠিকমত নজর দিচ্ছি না। অবশ্য দোষ যে সবটা গভর্নমেন্টের তা নয়, আমাদের ভাগ্যেরও খানিকটা দোষ আছে। এই যে ড্রেজার সিস্টেম, যে পলি তোলা সেটা অত্যন্ত কম। আমার গঙ্গার ধারে বাড়ি হবার দরুণ আমি দেখেছি, যে পরিমাণ পলি আসে তার ১০০ ভাগের ৫ ভাগ পলি তোলার বন্দোবস্ত আমাদের নেই। এই জার্মান ড্রেজারের যে সিস্টেম আমাদের গঙ্গাতে যা দেখেছি

যাতে নেভিগেশন চলছে, যত রিভার বিজনেস—রিভারের উপর দিয়ে সমস্ত জিনিস চলছে, অনেকে হয়ত বলবেন এই দ্রুতগতির যুগে স্টিমার, লঞ্চ, গাদাবোট দিয়ে মাল চলাচল করিয়ে আপনারা কি ইন্ডাস্ট্রি করবেন, আমি বলব, আপনারা যদি দেখেন, দেখবেন কলকাতাকে সেন্টার ক'রে ভাগীরথী নদীর দুই ধারে অনেক ইন্ডাস্ট্রি গ'ড়ে উঠেছিল এবং সেগুলি এখনও আছে। তবে তাদের অবস্থা আজকে প্রায় মৃতপ্রায়, তাদের অনেক ডিফিকাল্টিজ। কাজেই আমরা যদি নেভিগেশন প্রবলেমের দিকে নজর দিই, তা হ'লে বলতে পারি মিসিসিপি, দানিউব, ইয়াংসিকিয়াং, ভলগা, টেমস নদীতে যেমন কাজ হচ্ছে ঠিক সেইভাবে আমাদের এখান দিয়েও জাহাজ চলাচল করতে পারে। আমরা জাহাজ, গাদাবোট ইত্যাদি দিয়ে মাল চলাচল করাতে পারব, আমাদের আর ট্র্যাফিক জ্যামের সমস্যা থাকবে না, সঙ্গে সঙ্গে সেন্ট্রাল গভর্নমেন্টের যে লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা মেন রোড ঠিকমত রাখবার জন্য এক্সপেন্স হয় সেটাও লাগবে না। তাই বিশেষভাবে এই নেভিগেশনের দিকে নজর দেবার জন্য আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাচ্ছি। এই ব'লে উনি যে ৩৩নং গ্রান্ট এনেছেন সেটা সমর্থন ক'রে শেষ করলাম।

শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যরা যে বক্তব্য রেখেছেন তার উত্তর দেবার আগে আমি কতকগুলি কথা বলতে চাই। সেচ দপ্তরের নীতি বলতে প্রধানত আমি মনে করি বন্যা নিয়ন্ত্রণ পরিকল্পনা, জলনিকাশী পরিকল্পনা, সেচ দেবার প্রকল্প। আমরা ক্ষমতায় আসার পর তার সঙ্গে আর একটা বিষয়ে জোর দিয়েছি সেটা হচ্ছে, ভাঙ্গন রোধ প্রকল্প। সেচবিভাগ যে পশ্চিম বাংলার মানুষের মনে রেখাপাত করতে পারছে না, আমার মনে হয়, অনেক কারণের মধ্যে একটা কারণ হচ্ছে সীমিত অর্থ। আমাদের যেসমস্ত সমস্যা আছে তার মোকাবিলা করতে গেলে প্রচুর টাকার প্রয়োজন। আমি একটা হোয়াইট পেপার বার করছি। সেটা আমি আগে ক্যাবিনেটে পেশ করব, ক্যাবিনেটের অ্যাপ্রুভাল পেলে আমি সদস্যদের কাছে এবং পশ্চিম বাংলার মানুষের কাছে পেশ করব।

[5-40—5-50 p.m.]

আমরা তথ্য সংগ্রহ করেছি, সেই তথ্যে দেখেছি জলনিষ্কাশনের পরিকল্পনা এবং ফ্লাড কন্ট্রোল, এগুলি করতে গেলে আমাদের দরকার ৩ শত ৫০ কোটি টাকা। ইরিগেশনের কথা অনেকে বলেছেন। ইরিগেশনের মোকাবিলা করতে গেলে আমাদের দেড়শত কোটি টাকা দরকার। আমরা ২১ লক্ষ ২৫ হাজার একর জমিতে ইরিগেশন করি। আমরা মনে করি যদি ডাবল ইরিগেশন করতে হয়, তা হ'লে আমরা হিসাব ক'রে দেখেছি ২৫০ শত কোটি টাকা আমাদের দরকার। সুতরাং আমাদের হিসাবে দেখা যাচ্ছে মোট ৭৫০ শত কোটি টাকা দরকার। বর্তমান বছরে ৩৫ কোটি ৯১ লক্ষ ৪০ হাজার এই বাজেটে আনা হয়েছে। এই টাকাটা আমরা আশা করি সব বছরে পাব। তা যদি না হয়, তা হ'লে সমস্ত জিনিসটা মোকাবিলা করতে গেলে ২১ বছর লেগে যাবে যেটা আমরা ভাবতে পারি না। এইজন্য হোয়াইট পেপারের মধ্যে সাজেশন থাকবে যে ইরিগেশন ডিপার্টমেন্টের জন্য কিভাবে অর্থ সংগ্রহ হতে পারে। আমি মনে করি আধুনিক মানুষের এই ২১ বছর ধ'রে সমস্যার মোকাবিলা করার মত ধৈর্য নেই। কাজেই এই সমস্যাকে ৫-৭ বছরের মধ্যে মোকাবিলা করতে হবে। এবং তার জন্য অর্থ সংগ্রহ করতে হবে। আমি সেই হোয়াইট পেপারে সেকথা বলব এবং হোয়াইট পেপার যদি ক্যাবিনেট অ্যাপ্রুভ করে, তা হ'লে পশ্চিমবঙ্গের মানুষের কাছে সেটা পেশ করব। মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমরা ১৯৭২-৭৩ সালে ১ লক্ষ ১৬ হাজার একর জমিতে জল দিয়েছিলাম। যদিও মনসুন লেটে এসেছে, যদিও মনসুন আমাদের বিট্রে করেছে, তবুও আমরা বেশি দিতে পেরেছি। এবারে ১৯৭৩-৭৪ সালে আমরা মনে করছি আড়াই লক্ষ একর বেশি জমিতে জল দিতে পারব এবং এই ব্যাপারে আমরা দৃঢ়সংকল্প নিয়েছি। মিঃ ডেপুটি স্পীকার, স্যার, প্রদ্যুৎকুমার মহান্তি মহাশয় কোরাপশনের কথা, দুর্নীতির কথা বলেছেন এবং আরও বলেছেন যে, কংগ্রেসের মুখে দুর্নীতির কথা শুনতে ভাল লাগে। আমরা দৃঢ় প্রতিজ্ঞাবদ্ধ যে, এই দুর্নীতি আমরা দমন করব। মিঃ ডেপুটি স্পীকার, স্যার, এইজন্য আমরা ডিপার্টমেন্টাল কাজ করাচ্ছি। এই ডিপার্টমেন্টাল কাজ হচ্ছে অনলি টাইম বাউন্ড প্রোগ্রাম মেনটেন।

সেজন্য আমরা বহু জায়গায় এই ডিপার্টমেন্টাল কাজ আরম্ভ করেছি, যেমন, কংসাবতী, মহানন্দা মাস্টার প্ল্যান ইত্যাদি। মহানন্দা মাস্টার প্ল্যান-এ আমরা দৃঢ়সঙ্কল্পবদ্ধ যে, ৪০ পারসেন্ট ডিপার্টমেন্টাল কাজ করব। যারা আমাদের বাধা দেন না কেন, সরকারী কর্মচারী হোক বা রাজনৈতিক দলের যে-কোন পার্টিই হোক না কেন, এই ডিপার্টমেন্টাল কাজ আমরা করবই।

আমি আশা করি যে, আমাদের কাজ দ্রুত করতে হ'লে এবং দুর্নীতিমুক্ত করতে হ'লে ডিপার্টমেন্টাল কাজ করতে হবে। কিন্তু তা আমরা একদিনে পারব না। আমাদের আগে ২৫ বছর যেসমস্ত গভর্নমেন্ট ছিলেন দে আর উইডেড টু কন্ট্রাক্টরস। আমরা কিন্তু মনে করি এইজন্য দুর্নীতি, এর কারণ অফিসাররা নয়, এর কারণ কন্ট্রাক্টররা। মিঃ স্পীকার, স্যার, যাঁরা আজকে আমাদের দুর্নীতির বদনাম দিচ্ছেন, তাঁদের কাছে বলছি যে, ২৫ বছরের মধ্যে যা করা সম্ভব হয় নি তা আমরা করছি, সেটা হচ্ছে আন-এমপ্লয়েড ইঞ্জিনীয়ার অ্যান্ড কো-অপারেটিভ ইঞ্জিনীয়ারদের কাজ দেওয়া, আমরা ক্যাবিনেট থেকে ডিসিশন নিয়েছি, যেসমস্ত আন-এমপ্লয়েড ইঞ্জিনীয়ার বা যারা কো-অপারেটিভ করবে তাদের সিকিউরিটি ডিপোজিট দিতে হবে না, তাদের ৩৫ হাজার টাকার কাজ দেব, অ্যাসিয়োর করব যাতে তারা খেতে না পেয়ে মারা না যায়। আন-স্ক্রুপুলাস কন্ট্রাক্টরদের সংগে তারা পেরে উঠে না, সেইজন্য আমরা ঠিক করেছি লোয়েস্ট টেন্ডার থেকে ১৫% বেশিও যদি হয় তা হ'লেও আমরা তাদের দেব। আজকে পশ্চিম বাংলার মধ্যে সবচেয়ে বড় প্রবলেম হচ্ছে আন-এমপ্লয়মেন্ট প্রবলেম, সেইজন্য আমার মনে হয় এইভাবে আমরা অনেক কর্মসংস্থান করতে পারব যদিও আমি বর্তমানে ফিগারস্ দিতে পারছি না, তবে আমি জোর ক'রে বলছি ৩০/৪০% আন-এমপ্লয়েড ইঞ্জিনীয়ার এবং কো-অপারেটিভকে কাজ দেব অন্ততঃ আমি যতদিন মিনিস্টার থাকব আমি এটা চেষ্টা করব। মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমাদের কতগুলি কাজ করতে দেরি হয়, তার কারণ হচ্ছে ল্যান্ড অ্যাকুইজিশনের জন্য, আগের যে গভর্নমেন্ট ছিলেন, তাঁরা কি চিন্তা করেছিলেন জানি না, কিন্তু আমি চিন্তা করেছি যে, আমরা যখন গরিব মানুষের জমিটা নেব তখন সেই জমির দামটা যদি তাড়াতাড়ি দিতে পারি, তা হ'লে ল্যান্ড অ্যাকুইজিশনে আর ডিফিকাল্টি থাকবে না। তাই ক্যাবিনেট থেকে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটদের নির্দেশ দেওয়া হয়েছে যে ৮০% টাকা ৩ মাসের মধ্যে যেন দেওয়া হয়। আমরা শুধু এই নির্দেশ দিয়েছি তাই নয়, আমি নিজে প্রতিটি জেলায় ঘুরে ডি এম-দের সংগে আলোচনা করেছি, অনুরোধ করেছি, আদেশ দিয়েছি যাতে ৩ মাসের মধ্যে ৮০% টাকা দেওয়া হয়। মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, দুর্নীতির কথা বলা হয়েছে, এই গভর্নমেন্টের বিরুদ্ধে নালিশ এসেছে এক্সিকিউটিভ ইঞ্জিনীয়াররা নাকি টেন্ডার পেপার দিচ্ছেন না, আমরা সেটা তদন্ত করবার জন্য ওয়ান-ম্যান কমিটি করেছি তারাপদ মুখার্জিকে নিয়ে, তিনি রিটায়ার্ড হাই কোর্ট জজ এবং যে-কোন অভিযোগ আমাদের কাছে এলে আমরা তাঁর কাছে এগিয়ে দিই। আমরা শুধু মুখে নয়, কাগজে-কলমে সবরকম চেষ্টা করছি দুর্নীতি দমন করবার জন্য। মাননীয়া সদস্যা গীতা মুখার্জি বলেছেন কংসাবতীর কথা, আমি তো এক বছরও মিনিস্টার হই নি, সুতরাং ওখানকার দীর্ঘদিনের ইতিহাস আমি বলতে পারব না। আমি একটা কথা বলি যে, আমরা টাইম বাউন্ড প্রোগ্রাম মেনটেন করি এবং এটা করব।

[5-50—6-00 p.m.]

এবার আমরা কংসাবতী থেকে আড়াই লক্ষ একর জমিতে জল দেব। তিনি কনসেনট্রেট করার কথা বলেছেন। এই কনসেনট্রেট করার কথায় তিনি কি মিন করছেন জানি না। তবে আমরা যে টাইম বাউন্ড প্রোগ্রাম নিই তখন কনসেনট্রেশন অফ প্রবলেম সল্‌ভ হয়ে যায়। মহানন্দা মাস্টার প্ল্যান-এর কথা বলা হয়েছিল চার বছরে করতে হবে—আমরা সেটা চেষ্টা করছি তিন বছরে করার। সুতরাং কনসেনট্রেট-এর কথা ওঠে না। আমরা টাইম বাউন্ড প্রোগ্রাম নিয়ে সেই কমিটমেন্ট মেনে চলছি। তিনি বলেছেন যে, বেশি টাকা আমরা কংসাবতীতে খরচ করছি। সেই টাকা আগেকার পেন্ডিং বিল দিতেই চলে যাবে। আমাদের চীফ ইঞ্জিনীয়ার বললেন,

পেন্ডিং-এর মধ্যে আছে পেট্রল, ডিজেল যার দাম হবে ৬০ লক্ষ। ৩·৭৫ ল্যাখস্ ইজ এন্টায়ারলি নিউ ওয়ার্ক্স। তিনি যে দুর্গাপুর ব্যারেজের কথা বলেছেন সেখানে চীফ ইঞ্জিনীয়ার-এর অপিনিয়ন অনুসারে,

It is a highly technical matter and so I place the opinion of the Chief Engineer, Irrigation. In order to check the silting up of the survey works done for checking the capacity of the Barrage for the last five years, it has been found that the reserve capacity is not being reduced so much now. However, a scheme is under preparation for dredging the silt from the pond.

কেলেঘাই স্কীম-এর কথা বলেছেন। এতে এবার আমরা দিয়েছি, তিনি যে বলছেন ৩০ লক্ষ টাকা, তা নয় এবার আমরা দিয়েছি ৪৫ লক্ষ টাকা। অবশ্য আমরা চাচ্ছিলাম সেখানে ৭৫ লক্ষ টাকা খরচ করতে। কিন্তু সীমিত অর্থের জন্য সে টাকা আমরা দিতে পারি নি। কিন্তু আমরা চেষ্টা করব

Government of India wanted to give us a special grant for this scheme so that we can finish the scheme during the next session but funds were, however, not received.

আমরা এখনও সেটা পারি নি। রজনী দলুই ঘাটাল ফ্লাড কন্ট্রোল স্কীম সম্বন্ধে বলেছেন। সে সম্বন্ধে বলছি,

The scheme is under investigation and has not yet been finalised. We have taken up two schemes in Ghatal area and three more schemes are likely to be taken up shortly.

একটা চন্দ্রসের খালির স্কীম নিয়েছি, আর একটা অঞ্চল ৩ অ্যান্ড ৪—২টি স্কীম নেওয়া হয়েছে এবং বোমরা খালের স্কীম নেওয়া হয়েছে। তমলুকের কথা বলেছেন—

Part work in connection with the Tamluk Master Plan has already been done as individual scheme– straightening the outfall channel, construction of outfall sluice. The full scheme for Tamluk Master Plan is under investigation.

তিস্তা প্রোজেক্টের কথা উনি বলেছেন, তিস্তা প্রোজেক্ট সম্বন্ধে আমি ও'র সঙ্গে একমত। এই প্রোজেক্ট আমরা যদি আরম্ভ করতে পারি, তা হ'লে নর্থ বেঙ্গলের অনেক উপকার হবে, ইরিগেশনে অনেক সাহায্য করবে। এটা কিন্তু এখনও সি ডবলিউ পি সি-র কাছে আছে, আমরা এখনও টেকনিক্যাল গ্রীন সিগন্যাল পাই নি। এটা অনেক টাকা ৫৬ কোটি টাকার ব্যাপার ফার্স্ট স্টেজে। সুতরাং আমরা ক্লিয়ারেন্স না পেলে এ সম্বন্ধে কোন কথা বলতে পারব না। আমি উত্তরবঙ্গের মানুষ, আমি উত্তর বাংলার কথা একটু বলি। উত্তর বাংলার সমস্যা আরও জটিল। তিস্তা, তোরসা, জলঢাকা সমস্ত নদী প্রবলেমেটিক। নর্থ বেঙ্গল ফ্লাড কন্ট্রোল বোর্ড ১৯৭১ সালে হয়েছিল, তখন তার চেয়ারম্যান ছিলেন ডাঃ কে এল রাও। বর্তমানে আমাদের চীফ মিনিস্টার নর্থ বেঙ্গল ফ্লাড কন্ট্রোল বোর্ডের চেয়ারম্যান, আরও সদস্য হচ্ছেন এগ্রিকালচার মিনিস্টার, ফাইনান্স মিনিস্টার, ফরেস্ট মিনিস্টার অ্যান্ড ইরিগেশন মিনিস্টার। ডাঃ কে এল রাও ১৯৭১ সালে একবার মিটিং করার পর আনফরচুনেটলি নর্থ বেঙ্গল ফ্লাড কন্ট্রোল বোর্ডের আর কোন মিটিং হয় নি। চীফ মিনিস্টার নর্থ বেঙ্গল ফ্লাড কন্ট্রোল বোর্ডের চেয়ারম্যান হওয়ার পর তিনি কোচবিহারে একটা মিটিং ডেকেছিলেন। তিনি ইচ্ছা প্রকাশ করেছেন, প্রত্যেক ২ মাস অন্তর অন্তর যেন নর্থ বেঙ্গল ফ্লাড কন্ট্রোল বোর্ডের মিটিং হয়, সেখানে নর্থ বেঙ্গল ফ্লাড কন্ট্রোল সম্বন্ধে আলোচনা যেন করতে পারেন। আমরা সেটা করব। মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, ১৯৭১ সালে নর্থ বেঙ্গল বন্যানিয়ন্ত্রণে আমরা খরচ করি ৪৪ লক্ষ টাকা। ১৯৭২-৭৩ সালে আমরা বন্যানিয়ন্ত্রণে খরচ করি ১ কোটি ২৫ লক্ষ টাকা এবং ১৯৭৩-৭৪ সালে আমরা বন্যা-নিয়ন্ত্রণে ২ কোটি ৭২ লক্ষ টাকা খরচ করব। কথা ছিল যে, সেন্টার আমাদের ম্যাচিং গ্রান্ট

দেবেন, কিন্তু আমরা সেন্টার থেকে এখনও কোন ম্যাচিং গ্রান্ট পাই নি। তবে আশা করছি, মুখ্যমন্ত্রী চেয়ারম্যান হয়েছেন, হয়ত আমরা কিছু ম্যাচিং গ্রান্ট পাব। নর্থ বেঙ্গল ফ্লাড কন্ট্রোল কমিশনে একজন চেয়ারম্যান, একজন এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ার, একজন মেম্বার, প্ল্যানিং অ্যান্ড ডিজাইন গঠিত। প্রকল্প প্রণয়ন, নকশা ইত্যাদি প্রস্তুত করা, প্রকল্পগুলিকে কার্যকর করা এ'দের কাজ। কিন্তু মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, অ্যাডমিনিস্ট্রেটিভ কন্ট্রোল হয় ইরিগেশন ডিপার্টমেন্ট থেকে, আমরা তাঁদের কন্ট্রোল করি।

আমি ইরোসান সম্বন্ধে একটা কথা বলব। কেবল মুর্শিদাবাদ, মালদহের ইরোসান নয়, পশ্চিম বাংলার যে-কোন জায়গায় যান আজকে ইরোসান বিরাট সমস্যা হয়ে দাঁড়িয়েছে। এই সমস্যার মোকাবিলা আমাদের করতে হবে। মুর্শিদাবাদ ইরোসান সম্বন্ধে আমি বলতে চাই যে, আমরা এ পর্যন্ত এই ইরোসানে ৩১ লক্ষ টাকা খরচ করেছি। বর্তমান বছরে নয়নসুখ থেকে লালগোলা পর্যন্ত দীর্ঘ ৩২ মাইল যে পাড় আছে সেই পাড়কে আমরা রক্ষা করতে চাই।

[6-00—6-10 p.m.]

আমরা দৃঢ়সঙ্কল্প ফরাক্কার ইরোসানের মোকাবিলা করবই। আমরা যে স্কীম তৈরি করেছি তাতে দেখছি ৬৩ কোটি টাকা লাগবে এবং সেই স্কীম কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয়েছে। যত তাড়াতাড়ি হয় টাকা সংগ্রহ ক'রে ফেস্‌ড ওয়েতে আমাদের কাজ করতে হবে। আমরা গভর্নমেন্ট অব ইন্ডিয়ার কাছ থেকে কোন রকম টাকা না পেয়ে আমরা দশ লক্ষ টাকার কাজ করবার জন্য অর্ডার দিয়েছি। আজকেই ফরাক্কার জেনারেল ম্যানেজারকে ডেকে পাঠিয়েছিলাম এবং তাঁকে জিজ্ঞাসা করেছি, বিশ্বনাথপুর অফ-টেকে যে কাজ করবার কথা সেটার কি হ'ল? তিনি বলেছেন, কাজ আরম্ভ করেছি এবং ইমারজেন্সির জন্য ১৫ লক্ষ টাকার পাথর স্পার করবার জন্য মজুত রেখেছেন এবং অন্যান্য সম্বন্ধেও কিছু করা হবে। টেকনিক্যাল কমিটি তাঁকে শীঘ্রই জানাবে এবং সেই অনুসারে কাজ হবে। মুর্শিদাবাদ জেলার এম এল এ-রা বলেছেন, ফরাক্কার জন্য ওয়াটার-লগ্‌ড এরিয়ার কথা। আমি তাঁকে জিজ্ঞাসা করেছিলাম এবং তিনি আমাকে বলেছেন, অ্যাসিওর করেছেন, খুব তাড়াতাড়ি ওয়াটার-লগ্‌ড এরিয়ার কাজ আরম্ভ করবেন। আমি মুর্শিদাবাদ জেলার এম এল এ-দের কাছে অনুরোধ রাখব, আপনারা সেই এলাকায় যান এবং জেনারেল ম্যানেজারের সঙ্গে কথা ব'লে অ্যাকচুয়ালি ওয়াটার-লগ্‌ড এরিয়ায় কি প্রবলেম, সেটা তাঁকে জানান এবং তাড়াতাড়ি যাতে কাজ আরম্ভ হয় তার জন্য ব্যবস্থা করুন। একথা ব'লে আই অপোজ অল দি কাট মোশনস অ্যান্ড কমেন্ড মাই মোশন ফর অ্যাকসেপট্যান্স অব দি হাউস।

I oppose all the cut motions and commend my motion for acceptance of the House.

The motion of Shri Shish Mohammad that the amount of the Demand be reduced to Re. 1 was then put and lost.

The motions of Shri Pradyot Kumar Mahanti, Shri Timir Baran Bhaduri, Shri Shish Mohammad that the amount of the Demand be reduced by Rs. 100 were then put and lost.

The motion of Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury that a sum of Rs. 35,91,40,000 be granted for expenditure under Grant No. 33, Major Heads: 42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 52

Major Head: 98—Capital Outlay on Multipurpose River Schemes—Damodar Valley Project.

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs 4,93,50,000 be granted for expenditure under Grant No. 52, Major Head: 98—Capital Outlay on Multipurpose River Schemes—Damodar Valley Project.

Mr. Deputy Speaker: There are a few cut motions in the name of the Members, who are now absent. Therefore, these cut motions are not being moved.

I now call upon Shri Aswini Roy.

শ্রীঅশ্বিনী রায়ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই যে বিল ৯৮ ক্যাপিটাল আউটলে মূলত দামোদর ভ্যালি কর্পোরেশনের যেসমস্ত কাজ সেই কাজের ক্ষেত্রে বলতে গেলে প্রথমত বলা উচিত যে, এই ডি ভি সি-র চারটে কাজের মধ্যে একটা ছিল বন্যানিয়ন্ত্রণ। সেই বন্যা-নিয়ন্ত্রণের ক্ষেত্রে কিছুদিন আগে শ্রীপ্রদ্যোৎ মহান্তি বলেছেন, বন্যানিয়ন্ত্রণ হয় নি। এটা ঠিক নয়। বন্যানিয়ন্ত্রণ হয়েছে উত্তর অঞ্চলে আপার রেঞ্জে—সেটা হচ্ছে বর্ধমানের উপর অঞ্চল এবং নিম্ন দামোদরের আগের চেয়ে বন্যা বেড়েছে। কেন বাড়ল, এর বাড়ার পেছনে যেটা আছে সেটা হচ্ছে এই যে, স্কীম যেটা বিভিন্ন সময়ে এই দামোদর ভ্যালি স্কীম, সেই স্কীম হচ্ছে আর্টিফিসিয়াল স্কীম। টেনেসি ভ্যালি উপত্যকার পরিকল্পনা অনুযায়ী আমাদের দেশে এই দামোদর উপত্যকা পরিকল্পনা হয়েছিল। কিন্তু সেই টেনেসি ভ্যালির সঙ্গে এই দামোদরের কতকগুলি প্রাকৃতিক বৈশিষ্ট্য আছে। যেসমস্ত ইঞ্জিনীয়ার আফ্রিকা এবং ভারতবর্ষের নদনদী সম্পর্কে পর্যালোচনা করেছিলেন তাঁরা ব'লে গিয়েছেন যে, দামোদর প্রভৃতি এই নদীগুলি অবাস্তব কিছু পরিকল্পনার মধ্যে নিয়ে গেলে সেটা কার্যকরী হবে না। সেইজন্য তাঁরা ব'লে গিয়েছেন এই যে, দামোদরের চারিদিকে ছোট ছোট নদ-নদী আছে, যেমন মুণ্ডেশ্বরী ইত্যাদি, এগুলি নতুন ক'রে রি-এক্সাভেশন ক'রে যদি জলটাকে নিয়ে সেচের জন্য যাওয়া হয়, তা হ'লে সেটা কার্যকরী হবে। এই কথা ব'লে গিয়েছেন স্যার উইলিয়ম উইলকক্স। আমাদের দেশের ইঞ্জিনীয়াররা যাঁরা হয়ত এখানে সরকারী চাকরিতে আছেন তাঁরা হয়ত এই মত পোষণ করেন না। কাজেই এই টেনেসি ভ্যালি প্রকল্প এই পরিকল্পনা করা এটা প্রযোজ্য নয়। আজকে সেজন্য নিম্ন দামোদরের অবস্থা এই পর্যায়ে এসেছে।

[6-10—6-20 p.m.]

জল ১৫ ফুট হয়েছে, ১৮ ফুট হয়েছে, বিপদসীমার উপরে হয় নি। বর্ধমানেও নিচে আছে, ৮-১০ ফুট নিচে কিন্তু হাওড়া, হুগলি, আমতা ইত্যাদি ভেসে যায়, হাওড়ার বাগনান পর্যন্ত ভেসে যায়। এই সমস্ত অঞ্চল বা এরিয়া খুবই ভুগছে। এর কারণ হচ্ছে প্রাকৃতিক বিপর্যয় সম্বন্ধে বিশেষভাবে চিন্তা না ক'রেই পরিকল্পনা চালু ক'রে দেওয়া হয়েছে, যার ফলে একটা অংশে বন্যানিয়ন্ত্রিত হচ্ছে, আর একটা অংশে বন্যার প্রাবল্য বেড়ে যাচ্ছে। এটাই হ'ল কথা। এর জন্য যাঁরা পরিকল্পনা রচনা করেছিলেন, তাঁদের দোষ দেব। সেদিক থেকে নিম্ন দামোদরে কি করা যায় সে সম্বন্ধে বিভিন্ন সদস্য নানারকম সাজেসশন দিয়েছেন। এতে যা হয়েছে তাতে বন্যানিয়ন্ত্রণ প্রকল্প আংশিক কার্যকর হয়েছে, আংশিক কার্যকর হয় নি, এটাই ধ'রে নিতে হবে। যেটা মিঃ মোহান্তি বলেছেন, সে বিষয়ে আমি একমত। তা হ'লেও যেটা উদ্দেশ্য, ইরিগেশন, সেটা অনেকটা হয়েছে, এটা অস্বীকার করা যায় না, আমন টার্গেট এরিয়া পূরণ করতে পেরেছি, সেটা হচ্ছে আট লক্ষ একর। আমন সমগ্র ডি ভি সি এরিয়াতে হচ্ছে না,

এই আমন ফসলে অবশ্য দেখা গেছে। তবে ১০-১৫ দিন যদি বৃষ্টি হওয়া বন্ধ হয়ে যায়, তা হ'লে জল পাওয়া যায় না। উপরে যে জলাধার আছে সেখান থেকে জল ছেড়ে দিলে সঙ্কট বেড়ে যায়। বৃষ্টির অনিশ্চয়তার দরুন এই যে ৮-৯ লক্ষ একর জমিতে ফসল ফলাবে তারও নিশ্চয়তা নাই। এই অবস্থায় বর্তমানে যে ড্যাম আছে ডি ভি সি পরিকল্পনায় সেই ড্যামের নির্মাণকার্যের জন্য বাজেটে কিছু নাই। ফিফ্‌থ প্ল্যানে থাকবে কিনা জানি না। তা যদি না হয়, আজকে দামোদর ব্যারেজের যে জল ৮ লক্ষ একরে পৌঁছচ্ছে, পরবর্তীকালে ৮ লক্ষ একর রাখতে পারবেন কিনা সে ভরসা রাখতে পাচ্ছি না। সেজন্য বর্ধমানে মন্ত্রিমণ্ডলীর যখন অধিবেশন হয়, আমরা বর্ধমানের সব পার্টি মোটামুটি মিলিতভাবে একটা স্মারকলিপি দিয়েছিলাম মন্ত্রিমণ্ডলীর কাছে, আর একটা ড্যাম করার জন্য ডি ভি সি-র উপর। তখন আমাদের ফুল ফ্লেজেড মন্ত্রী সেখানে ছিলেন না, ডেপুটি মন্ত্রী শ্রীচট্টরাজ মহাশয় ছিলেন। তিনি বলেছিলেন হ্যাঁ, একটা ড্যাম তৈরি হবে। এ বিষয়ে আমি আর একটা কথা বলতে চাই যে, আমাদের জেলার আর একটা ড্যামের জন্য আন্দোলন করছে, তেনুঘাট ড্যামের জল পাবার জন্য। এ বিষয়ে আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়ের নিকট একটা স্মারকলিপি দেওয়া হয়েছিল, আমরা বলেছিলাম যে, সেখানে থেকে আমাদের জল দেবার ব্যবস্থা করা হোক, কম্যান্ড এরিয়াতে খাদ্যশস্যের বেশি ঘাটতি না হয়, তার জন্য কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করুন, যাতে বিহার সরকারের তেনুঘাট থেকে আমরা জল পাই। মুখ্যমন্ত্রীও বলেছিলেন, এ বিষয়ে তিনি চেষ্টা করবেন। আমাদের রাজ্যকে বঞ্চিত ক'রে পশ্চিম বাংলাকে এই পরিমাণ জল দিচ্ছি, এই পরিমাণ বিদ্যুৎ দিচ্ছি। আমরা তেনুঘাটের জল পুরো পাব না—এই ধরনের একটা প্রচার জনসাধারণের মধ্যে বিহার সরকার করছেন। কিন্তু মূলত পরিকল্পনা যদি করা যায়, তা হ'লে তেনুঘাটের জল আমাদের পাওনা আছে। সেটা যদি পাই, তা হ'লে আমন ফসলের ক্ষেত্রে অস্থিরতা থাকে না যে, দু' সপ্তাহের বেশি জল না পেলে মাঠ মরে যাবে। আমরা ৮-৯ মণ আমন ফসল কমন এরিয়াতে ফলাতে পারি এবং হাই ইয়েলডিং ভ্যারাইটির ৯ লক্ষ টন এটা আমরা পারি। এটা একটা অ্যাচিভমেন্ট হয়েছে। কিন্তু একে রাখব কি ক'রে। যদি ও'রা বলেন, আমরা শ্যালো টিউব-ওয়েল ক'রে, ডিপ টিউবওয়েল ক'রে আমরা অ্যাভারেজ বাড়িয়ে দেব, ফলন বাড়িয়ে দেব, তাতে হবে না। এই যে প্রাকৃতিক জল যেটা রয়েছে, এটা যদি ফসল তৈরির কাজে না লাগানো যায়, তা হ'লে কত ডিপ টিউবওয়েল করবেন, শ্যালো টিউবওয়েল করবেন তা জানা নেই। এইটা যদি করা যায়, ওই আন্ডারগ্রাউন্ড রিসোর্সেস থেকে এবং তেনুঘাট থেকে নিয়মিতভাবে সব সময় নেওয়া যায়, তা হ'লে ডি ভি সি-র কম্যান্ড এরিয়া বাড়বে। উনি একটা প্রশ্নের জবাবে দিয়ে-ছিলেন যে, ১ লক্ষ/৮০ হাজার পর্যন্ত এই সময় রবি এবং বোরো ধানে জল দিতে পেরেছিলেন এইবার কম করা হয়েছে। বোধ হয় ৮০ হাজার একরও করতে পারেন নি। বর্ধমানে যেখানে ৮০ হাজার একর ছিল, সেখানে ১২ হাজারের বেশি পারছেন না। তাও এপ্রিল মাসের পর পারবেন কিনা সন্দেহ। তাই এত টাকা যে খরচ করলেন সেটা সম্পূর্ণ ক'রে আরও একটা ড্যাম ক'রে আরও বেশি জমিতে রবি এবং বোরোর সময় জল দিতে পারবেন। সেইদিক থেকে আগামী দিনে অন্তত পঞ্চম পরিকল্পনায় আমাদের থাকা উচিত যে, তেনুঘাটের জল আমরা পাব এবং আরও একটা বাঁধ দামোদর উপত্যকায় তৈরি ক'রে আমন এবং রবির জন্য জল দিতে পারব। এইজন্যই এটা করার দরকার। বারবার সেচের ক্ষেত্রে দেখা যাচ্ছে, ৮-৯ লক্ষ একর জমিতে জল দিতে পেরেছি। আরও একটি দিক রয়েছে, সেটা বিদ্যুৎ উৎপাদনের। এখানে বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে কি আছে। তাপবিদ্যুৎ এবং জলবিদ্যুৎ ডি ভি সি তৈরি করছে। ডি ভি সি-র যে জলবিদ্যুৎ সেটা ১৪০ মেগাওয়াট হওয়া দরকার সেটা সব সময় হচ্ছে না। কি করা যাবে যদি জলস্রোত বরাবর ঠিক না থাকে, তা হ'লে হবে না। এটা দেখা যায় যে, বর্ষার সময় ১৪০ পর্যন্ত যায় এবং বর্ষার চাপ যখন থাকে না তখন পাওয়া যায় না। ডি ভি সি-র জলবিদ্যুৎ এবং তাপবিদ্যুৎ যেসব উৎপাদন কেন্দ্রগুলি আছে এই দু'টো মিলিয়ে ১৪০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপন্ন হ'তে পারে। সেই বিদ্যুৎ পাওয়া যাচ্ছে না। সেটা ছশো থেকে সাতশোর বেশি পাওয়া যাচ্ছে না। আজকে বিদ্যুতের রেশন করতে হয়েছে। এই রেশন হওয়ার ফলে ইরিগে-শনের জন্য শ্যালো পাম্প বলুন আর ডিপ টিউবওয়েল বলুন সবগুলো অকেজো হয়ে যাবে, আলো জ্বলবে না, ইলেকট্রিক জ্বলবে না। কাজেই বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে আমাদের কতকগুলো

[6-20—6-30 p.m.]

ত্রুটি আছে। সেগুলো দেখতে হবে। ১৪০ মেগাওয়াট যদি পাওয়া যায়, আর তাপবিদ্যুৎ চন্দ্রপুরা, দুর্গাপুর ইত্যাদি যে তিনটি কেন্দ্রগুলি থেকে পাচ্ছি তাতে ১১ মিলিয়ন ওয়াট বিদ্যুৎ পেতে পারি। সেটা পেতে গেলে ওই ড্যাম করার প্রয়োজনটা আসছে। কাজেই ড্যামটা আমাদের করা উচিত ছিল, সেইটাই এর মধ্যে আসছে। আর একটা এই পরিকল্পনার মধ্যে ছিল না সেইটাই নিয়ে কয়েকজন বলছিলেন যে, নাব্যতা বাড়াতে হবে, কিছুদিন বাদে আমাদের স্টীমারে যেতে হবে, দুর্গাপুর হাই এক্সপ্রেস রোড দরকার হবে না। জনৈক মাননীয় সদস্য একথা বলেছেন এবং ভলগার কথা বলেছেন। আমরা ঘুরে এসেছি ওখান থেকে, ওখানে ওই ধরনের স্টীমার আছে, কারণ যেটা করা হয়েছিল এইটা ন্যাভিগেবল ক্যানেল। ডি ভি সি-র ওই যে একশ' মাইল খালটা কাটা হ'ল, ওই একশ' মাইল আজও ১৫ বছরের মধ্যে একটা জাহাজ এমনকি একটা ডোঙ্গা চলছে না। ওই যে খালটা কাটা হ'ল তাতে কিছুই চলল না। এর জন্য পয়সা খরচ হ'ল, এটা ওয়েস্টেজ। এর জন্য যে ভাল ভাল জমি গেল, এটা ওয়েস্টেজ। কাজেই আজকে ভাবতে হবে, এই নেভিগেবল ক্যানেল কি আগামী দিনে করা হবে, এর সঙ্গে ডি ভি সি আইসোলেটেড বা বিচ্ছিন্ন কিছু নয়। এর সঙ্গে নির্ভর করছে দামোদর নেভিগেবল ক্যানেল-এর ভবিষ্যৎ, আগামী দিনে দামোদরের কি হবে, রূপনারায়ণের কি হবে। এর সঙ্গে আরও অনেক জিনিস নির্ভর করছে। ফরাক্কা ব্যারেজ থেকে ৪০ হাজার কিউসেক পাবে কিনা। আবার ওদিকে যেতে হবে মুজিবর সাহেবের কাছে। সেটা একটা সমস্যা। সেই সমস্তর উপর নির্ভর করছে এই পরিকল্পনা।

আমি আর একটা কথা ব'লে আমার বক্তব্য শেষ করতে চাই। এই ডি ভি সি যে উদ্দেশ্য নিয়ে তৈরি হয়েছিল এই ডি ভি সি-র কর্মিটিতে কে ছিল—চেয়ারম্যান এবং ২ জন সদস্য, আমাদের এখানকার একজন মেম্বার এবং বিহার গভর্নমেন্টের একজন। এখন আমাদের যারা মেম্বার তারা হচ্ছে পার্ট টাইমার এবং কথা হ'ল এই পার্ট টাইমার নিয়ে কিছু হয় না। এত বড় একটি প্রকল্পকে কার্যকরী করতে গেলে হোল-টাইমার মেম্বার হওয়া উচিত এবং আমার নিজের মতে ঐ যে চেয়ারম্যান একজন কেন্দ্রীয় মন্ত্রী আছেন, আজকে ফরাক্কার সঙ্গে অন্যান্য যেসমস্ত তর্কগুলি আসছে সেগুলি তিনি ইচ্ছা ক'রেই করেছিলেন এবং কিছুদিন পরে যখন গঙ্গা-কাবেরী সংযোগের কাজ শেষ হয়ে যাবে তখন ফরাক্কার অবস্থা যে কি হবে সে সম্পর্কে মন্ত্রিসভা যদি এখন থেকে না ভাবেন, তা হ'লে কি যে হবে সেটা চিন্তা করা যায় না। কাজেই কেন্দ্রকে উপেক্ষা ক'রে এই বোর্ডের চলা মুশকিল হবে। আমাদের এখানে ইঞ্জিনীয়ার, এখানে কোয়ালিফায়েড ইঞ্জিনীয়ার আছে, চীফ ইঞ্জিনীয়ার আছে, ৩-৪ জন কোয়ালিফায়েড ইঞ্জিনীয়ার আছে তাঁরা কেন পাবেন না—এখানে নন-টেকনিক্যাল পারসোনেলদের না দিয়ে টেকনিক্যাল পারসোনেল এবং টেকনিক্যাল লোক যাঁরা আছেন তাঁদের নেওয়া উচিত, চেয়ারম্যানও তাই হওয়া উচিত। এখন ওখানে যিনি আছেন তিনি সেক্রেটারি অ্যাজ ওয়েল অ্যাজ মেম্বার এবং সেক্রেটারি হিসাবে তিনি পশ্চিম বাংলায় কাজ করবেন, পশ্চিম বাংলার মেম্বার হিসাবে কাজ করবেন। কাজেই করপোরেশনের এই যে ম্যানেজিং বোর্ড আছে এই ম্যানেজিং বোর্ডকে নতুন ক'রে ঢেলে সাজানো উচিত এবং বাকি যে পরিকল্পনাগুলির কথা বললাম সেই পরিকল্পনাগুলি খুব ভাল-ভাবে বিচার-বিশ্লেষণ ক'রে পঞ্চবার্ষিক পরিকল্পনার মধ্যে রাখার জন্য অনুরোধ করছি। মন্ত্রি-মহাশয় আজকে যে বাজেট পেশ করেছেন এই বিষয়ে আমি তাঁকে বিশেষভাবে চিন্তা করতে বলছি। শুধু তাই নয়, এই ডি ভি সি-র বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় এবং মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব, আপনি এই বিষয়টি একটুখানি চিন্তা ক'রে দেখুন। এই কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রীভবানীপ্রসাদ সিংহরায়ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মন্ত্রিমহাশয় কর্তৃক প্রস্তাবিত ব্যয়বরাদ্দের দাবি সমর্থন করছি। তবে এই প্রসঙ্গে আমি কয়েকটি কথা আপনার মাধ্যমে নিবেদন করতে চাই। কথাটি অনেকদিন ধ'রে বহুভাবে আলোচিত হয়েছে। আমরা যারা ডি ভি সি-র নিচের দিকে থাকি হাওড়া এবং হুগলি জেলার লোক, বহুদিন ধ'রেই এই প্রশ্নটিকে নানাভাবে উত্থাপন করেছি, কিন্তু এই ব্যাপারে সরকারী উদ্যোগ খুব বেশি একটা হয়েছে

ব'লে মনে করি না। এই নিম্ন দামোদর প্রকল্পের ব্যাপার নিয়ে মাননীয় সদস্য মহাদেববাবু আমাদের কাছে তাঁর বক্তব্য রেখেছেন। আমাদের মনে হয়, সরকার থেকে এই যে দামোদর পরিকল্পনার উদ্যোগ নেওয়া হয়েছিল তার যেটা আসল সমস্যা ড্রেনেজ—সেই নিকাশী ব্যবস্থার উপর যে গুরুত্ব দেওয়া উচিত ছিল তা দেওয়া হয় নি। আমি ভুল বলছি কিনা জানি না, তবে এস্টিমেটস্ কমিটির সদস্য হিসাবে যখন ডি ভি সি-র অন্য একটা ব্যাপারে গিয়েছিলাম, তখন সেখানে জানতে পেরেছিলাম যে, প্রথমে যখন ডি ভি সি হয়েছিল, তখন এই ড্রেনেজের ব্যাপারে গুরুত্ব দেওয়া হয় নি এবং তা না দেবার জন্য নিচের দিকের লোক অর্থাৎ এই হাওড়া এবং হুগলির লোকেদের সমস্যা এত প্রকট হয়েছে। নিম্ন দামোদর প্রকল্প মূল দামোদর উদ্যোগ পরিকল্পনার উপর বেশ কিছু পরিমাণ অঙ্ক চেপেছে। কিন্তু এই সমস্যার মধ্য দিয়ে বা নিম্ন দামোদর প্রকল্পের মধ্য দিয়ে দামোদর পরিকল্পনার জলনিকাশীর যে একটা বন্দোবস্ত হবে এ সম্বন্ধে কোন নিশ্চয়তা নেই। দামোদরের যে জল আসছে ইরিগেশন ক্যানেলগুলির মধ্য দিয়ে, দামোদর নদ এবং হুগলি নদীর মাঝখানে যে আইল্যান্ড পড়ছে সেই আইল্যান্ডের মধ্যে হুগলি এবং হাওড়া জেলার বিস্তীর্ণ এলাকা আছে এবং সেই এলাকার জলনিকাশের বন্দোবস্ত এখন পর্যন্ত কিছু হয় নি। মাননীয় মন্ত্রিমহোদয় সেইদিন প্রশ্নোত্তরের সময় বললেন যে, আমরা ঐ সি এম ডি এ থেকে টাকা পাই নি ব'লে ডানকুনির জলের বন্দোবস্ত হয় নি। ১৯৭১ সালে আমাদের মন্ত্রিমহোদয় ডেমোক্রেটিক কোয়ালিশন গভর্নমেন্টের অন্যতম মন্ত্রী ছিলেন এবং এই দপ্তরের ভারপ্রাপ্ত ছিলেন। তখন উনি প্রতিশ্রুতি দিয়েছিলেন হুগলির ঘিয়া কুন্তী বেসিন প্রকল্পের কাজ করবেন। পরবর্তিকালে হুগলিতে যখন ক্যাবিনেট মিটিং হয়েছিল, মাননীয় মন্ত্রিমহাশয় বসে আছেন, তিনি বলেছিলেন, সেই প্রকল্পের কাজ করবেন, প্রতিশ্রুতি দিয়েছিলেন। সেটা আমরা দেখতে পাচ্ছি না। সেটা ডি ভি সি-র ড্রেনেজের সঙ্গে অঙ্গাঙ্গিভাবে জড়িত। শুধু তাই নয়, আজকে হাওড়া জেলার বিস্তীর্ণ এলাকা অর্থাৎ হুগলি নদী এবং দামোদর নদীর মাঝখানকার আইল্যান্ডের যেসমস্ত ব্লক আছে, সেই এলাকার জলনিকাশের বন্দোবস্ত হবে না। আমরা ইঞ্জিনীয়ারদের সঙ্গে কথা বলেছি। ইরিগেশন ডিপার্টমেন্টের যাঁরা এক্সপার্ট তাঁরা বলেন যে, ফরাক্কা ব্যারেজ এইমাত্র হয়েছে, হুগলি নদী, ভাগীরথী নদীর সংস্কার হ'লে, জলনিকাশের বন্দোবস্ত হ'লে এইসব জলটল চ'লে যাবে। আমি আপনাকে বলছি, ঐ ফরাক্কা ব্যারেজ যদি হয়, হুগলি নদী, ভাগীরথী নদীর সংস্কার যদি হয়—সংস্কারের টপোগ্রাফি সম্বন্ধে যদি কারো ধারণা থাকে এবং ডি ভি সি-র প্রকল্পের মধ্যেই যেখানে ডিফেক্টস্ রয়েছে, সেই ডিফেক্টস্ সম্বন্ধে যদি কেউ ওয়াকিবহাল হন এবং যতক্ষণ পর্যন্ত মাস্টার প্ল্যান না করা হয়, ড্রেনেজের মাস্টার প্ল্যান না করা হয়, এদিকে দ্বারকেশ্বর, রূপনারায়ণ থেকে দামোদর পর্যন্ত যে-আইল্যান্ড দামোদর ও হুগলি নদীর রয়েছে, সেই আইল্যান্ড সম্বন্ধে যদি সরকারী পরিকল্পনা না হয়, তা হ'লে লক্ষ লক্ষ হাজার হাজার চাষী হাওড়া, হুগলি জেলার, বর্ষার সময়ে কোন ফসল ঘরে তুলতে পারবে না। তা হ'লে

[6-30—6-40 p.m.]

বছরের পর বছর হাওড়া এবং হুগলি জেলার হাজার হাজার, লক্ষ লক্ষ চাষী তারা বর্ষার সময় কোন ফসল ঘরে তুলতে পারবে না। এ নিয়ে নানান রকম প্রতিক্রিয়ার সৃষ্টি হবে। হয়ত আমরা ওখান থেকে ম্যাটার অব ওপিনিয়নের কথা শুনবো, কিন্ত এটা বাস্তব সত্য যে, হাওড়া এবং হুগলি জেলা যেখানে এই ড্রেনেজের প্রশ্ন আছে এবং ডি ভি সি-র তৈরি করা, এই ডোবানো-ভাসানো কর্পোরেশনের তৈরি করা এই যে জলনিকাশী সমস্যা, এই সমস্যার সমাধান না করার জন্য সিন্স ১৯৫৬ সাল আটবার ঐ এলাকাতে বন্যা হয়েছে এবং সরকারকে কোটি কোটি টাকা খয়রাতি সাহায্য দিতে হয়েছে। অথচ এই প্রকল্পের দিকে হাত দেওয়া বা নজর দেওয়া হয় নি। পিস-মিল ভাবে কাজ করা হচ্ছে—এখানে এতটুকু, ওখানে এতটুকু এইভাবে কাজ হচ্ছে। যে যেখানে বলছেন লোক্যাল ফিলিংস ধ'রে কাজ হচ্ছে। কাজেই স্যার, আমি বার বার যে কথাটা বলতে চাই সেটা হচ্ছে যে, শুধুমাত্র নিম্ন দামোদর প্রকল্পের মধ্যে দিয়ে এই সমস্যার সমাধান হবে না, এর কারণ অনুসন্ধান ক'রে প্রকৃত ঘটনা কোথায় সেটা দেখা দরকার। তা ছাড়া আমি বলেছি, এই ধাক্কা ঘাটাল মহকুমাতে গিয়ে পৌঁছচ্ছে, দামোদরের পাশে বাঁকুড়ার

যে অংশটা আছে সেখানে গিয়ে পৌঁছচ্ছে। কারণ মূল পরিকল্পনার মধ্যে জলনিকাশের যে প্রশ্নটা সেটা তেমন গুরুত্ব পায় নি। কাজেই জলনিকাশের প্রশ্নটাকে গুরুত্ব দেবার জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে আপনার মাধ্যমে অনুরোধ করব যদিও আমি জানি, আমাদের মন্ত্রি-মহাশয় এসব বিষয়ে ওয়াকিবহাল আছেন। নিম্ন দামোদর সম্বন্ধে আমি নতুন ক'রে পুনরাবৃত্তি করতে চাই না। মহাদেববাবু বলে গিয়েছেন, কিন্তু যে পরিকল্পনা হচ্ছে তাতে যেন ২৮ মৌজার হাজার হাজার মানুষকে একটা অনিশ্চিত অবস্থার মধ্যে ফেলে দেওয়া না হয়। সেখানে কেউ যাবেন না, শুধু আইন দেখাবেন এবং জনসাধারণকে উত্তেজিত করবেন এই সরকারের বিরুদ্ধে, এরকম জিনিস বরদাস্ত করা উচিত নয়। সেখানে যদি কোন ত্রুটি হয়, তা হ'লে এখান থেকে সেচবিভাগের দায়িত্বশীল অফিসারদের যেতে হবে এ দাবি সরকারের কাছে স্যার, আপনার মাধ্যমে রাখলাম। কারণ জনসাধারণের তৈরি করা এই সরকারের জনসাধারণ কি বলছেন সেটা শোনা দরকার। এক্সপার্টদের যেকথা, সেকথা থাকুক, আমরা তার উপর গুরুত্ব দিতে চাই, কিন্তু এখানে হাজার হাজার মানুষকে যাতে অনিশ্চিত অবস্থার মধ্যে ঠেলে দেওয়া না হয় সেদিকে আমি দৃষ্টি দিতে বলছি। সব শেষে, ডানকুনি জলা এবং ঘেয়াকুন্তি বেসিনের উপর যেন প্রতিশ্রুতি অনুযায়ী দৃষ্টি পড়ে এই অনুরোধ জানিয়ে শেষ করলাম।

শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীঅশ্বিনী রায় ও শ্রীভবানীপ্রসাদ সিংহরায় মহাশয় যেকথা বলেছেন, তাঁদের সঙ্গে একটা ব্যাপারে আমি একমত যে, ডি ভি সি বন্যানিয়ন্ত্রণকারী সংস্থা হিসাবে ফেল করেছে। ডি ভি সি অ্যাজ ইরিগেশন সিস্টেম, আই থিঙ্ক, হ্যাজ ওয়ার্কড ভেরি ওয়েল। কিন্তু ডি ভি সি-কে বন্যা-নিয়ন্ত্রণকারী সংস্থায় রূপান্তরিত করা বোধ হয় এখনও হয় নি। মাইথন, পাঞ্চেতের প্রয়োজনীয় জমি অ্যাকোয়ার করা খুবই দরকার যেটা ফ্লাড কুশনের কাজ করবে। বিহারের সঙ্গে নানা রকম আউস্ট্যান্ডিং প্রবলেমস্ আছে, সেই আউটস্ট্যান্ডিং প্রবলেমসের জন্য আমরা এটা করতে পারছি না, যেটা করা দরকার। করলে আমার মনে হয় ফ্লাড কুশন ক্যাপাসিটি ডি ভি সি-র বাড়বে এবং ডি ভি সি এরিয়ায় বেশি বৃষ্টি হ'লে ডি ভি সি থেকে জল ছেড়ে দেওয়া হয়। সে ব্যাপারে সি ডবলিউ পি সি-র সঙ্গে আলোচনা বা বোঝাপড়া হচ্ছে। জানি না কেন দীর্ঘ ২৫ বছর ধ'রে এই ব্যাপারে আলোচনা হয় নি। মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, ডি ভি সি-র ১৯৪৮ সালের অ্যাক্ট অনুযায়ী এই কর্পোরেশনের দৈনন্দিন পরিচালনা ব্যবস্থা সম্পর্কে ওখানে আমাদের বিশেষ কোন হাত নেই। একটা বোর্ড আছে, সেই বোর্ডের দ্বারা অ্যাডমিনিস্ট্রেশন চালিত হয় এবং চেয়ারম্যান সেন্ট্রাল গভর্নমেন্ট নিয়োগ করেন। দুজন সদস্য পশ্চিম বাংলা এবং বিহার সরকার, তাঁরা বসে নিয়োজিত করেন। আমাদের ইরিগেশন সেক্রেটারি যিনি, তিনি একজন মেম্বার। মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, এটা সেন্ট্রাল গভর্নমেন্টের বেবি বললেই হয়। সেকশন ৪৭(২) অব দি ডি ভি সি অ্যাক্ট, ১৯৪৮-তে বলছে

In discharge of its functions the Corporation shall be guided by such instructions on the question of policy as may be given to them by the Central Government.

আমি পাওয়ারের ব্যাপারে একটা উদাহরণ দিচ্ছি। পাওয়ারের লায়েবিলিটি আমাদের ⅞ এবং বিহার সরকারের ⅛। বিহার পাচ্ছে ডি ভি সি-র পাওয়ার ৫৪ পারসেন্ট আর হোয়্যারঅ্যাজ আমরা পাচ্ছি ৪৬ পারসেন্ট। পাওয়ারের ক্যাপাসিটি উৎপাদন করে হাজার ৬১ মেগাওয়াট, সেখানে আজকে পাওয়ার পাওয়া যাচ্ছে ৫৪০ মেগাওয়াট। সেচ ও জল বণ্টনের ব্যাপারে ডি ভি সি-র প্রতিনিধি হিসাবে ইরিগেশন ডিপার্টমেন্ট কাজ করে, কিন্তু পাওয়ারের ব্যাপারে আমাদের কোন এক্তিয়ার নেই। মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আপনি জানেন যে, তিলাইয়া, কোনার, পাঞ্চেত, মাইথন ড্যামস-এ যে জল সংরক্ষিত হয় সেই সংরক্ষিত জল ছাড়ার ব্যাপারে সি ডবলিউ পি সি নিয়ন্ত্রণ করেন। কখন জল ছাড়া হবে আর কখন জল ছাড়া হবে না সেটাতে আমাদের কোন কন্ট্রোল নেই। তবে নরম্যালি দেখা যায় যে, তারা আমাদের কথাবার্তা শোনে। কিন্তু ওটা সি ডবলিউ পি সি নিয়ন্ত্রণ করেন। আপনারা লোয়ার দামোদরের কথা বার বার বলেছেন। লোয়ার দামোদরের যে ব্যাপার সেটা সি ডবলিউ পি সি যে স্কীম করেছে সেই

স্কীম আমরা ফলো করার চেষ্টা করছি। কালকে আমি হুগলি জেলার এম এল এ-দের সঙ্গে এই বিষয় নিয়ে আলোচনা করব ব'লে একটা কনফারেন্স ডেকেছি এবং মাননীয় মুখ্যমন্ত্রীকে ঐ কনফারেন্সে থাকার জন্য অনুরোধ করেছি। আমি ব্যক্তিগতভাবে সি ডবলিউ পি সি-কে জানি অ্যাজ রেপুটেড অর্গানাইজেশন। ইঞ্জিনীয়ারিংয়ের কথা, যারা ইঞ্জিনীয়ার তারা আমাকে সে সম্পর্কে মতামত দেবেন। আমি ইঞ্জিনীয়ার নয়, আমি জানি না। তবে আমি ওয়েস্ট বেঙ্গলের ইঞ্জিনীয়ারদের কাছ থেকে মতামত নিয়েছি। তাঁরা আমাকে কনসেনসাস ওপিনিয়ন দিয়েছেন। সি ডবলিউ পি সি যে কথা বলেছেন, যে তথ্য দিয়েছেন, যে নকশা দিয়েছেন সেটা আমাদের ফলো করা দরকার। সুতরাং কালকে এই বিষয় নিয়ে আলোচনা করব এবং আশা করি মুখ্যমন্ত্রী থাকবেন। আমি এই বিষয়ে তখন তাঁদের সঙ্গে কথা বলবো তাঁরা যা কনসার্ন এক্সপ্রেস করেছেন।

এইটা আমি সদস্যদের সঙ্গে একমত যে, ডি ভি সি যাতে বন্যানিয়ন্ত্রণ করতে পারে সেজন্য আমাদের চিন্তা করতে হবে এবং সি ডবলিউ পি সি-র সঙ্গে এই নিয়ে আলোচনা করতে হবে এই কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি

The motion of Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury that a sum of Rs. 4,93,50,000 be granted for expenditure under Grant No. 52, Major Head: 98—Capital Outlay on Multipurpose River Schemes—Damodar Valley Project, was then put and agreed to.

Adjournment.

The House was then adjourned at 6-42 p.m. till 1 p.m. on Monday, the 12th March, 1973, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 12th March, 1973, at 1 p.m.

Present:

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 11 Ministers, seven Ministers of State, two Deputy Ministers and 113 Members.

[1-00—1-10 p.m.]

Oath or Affirmation of Allegiance

Mr. Speaker: Honourable Members, if any of you have not made an Oath or Affirmation of Allegiance you may kindly do so.

(There was none to take Oath.)

STARRED QUESTIONS

(to which oral answers were given)

কৃত্রিম গো-প্রজনন কেন্দ্র

*৫০৩। (অনুমোদিত প্রশ্ন নং *৮৯।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** পশুপালন এবং পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে কৃত্রিম গো-প্রজনন কেন্দ্রের সংখ্যা কোন্ জেলায় কত;

(খ) ঐ সমস্ত প্রজনন কেন্দ্রে গো ও মহিষ প্রজননের জন্য গত ১৯৭০ সালের জানুয়ারী হইতে ৩১শে ডিসেম্বর, ১৯৭২ পর্যন্ত কত গাভী ও মহিষকে গর্ভাধান করা হয়েছে; এবং

(গ) গত তিন বৎসরে কোন্ কোন্ জেলার কোন্ কোন্ কেন্দ্রে সরকার উন্নত জাতের বলদ, মহিষ, শূকর প্রভৃতি সরবরাহ করেছেন?

শ্রীসীতারাম মাহাতোঃ (ক)

জেলা	কৃত্রিম গো-প্রজনন কেন্দ্রের সংখ্যা
২৪-পরগনা	১২
নদীয়া	১২৮
মুর্শিদাবাদ	৭১
হাওড়া	১
হুগলী	৭৯
বর্ধমান	৬১
বীরভূম	১৯
বাঁকুড়া	৪২
পুরুলিয়া	১১
মেদিনীপুর	১৫
মালদহ	২২
জলপাইগুড়ি	১৯
দার্জিলিং	১৮
কুচবিহার	৩
পশ্চিম দিনাজপুর	৩
কলিকাতা	৩
মোট	৫৮৭

(খ) ৪, ৫১, ১২২।

(গ)

জেলার নাম	উন্নতজাতের সংখ্যা	ভেড়ার সংখ্যা
২৪-পরগনা	১০	...
নদীয়া	৬৫	...
মুর্শিদাবাদ	৩৩	...
হাওড়া	১৪	...
বর্ধমান	১২	...
বীরভূম	৬৯	...
বাঁকুড়া	৬২	১৮
পুরুলিয়া	২৮	...
মেদিনীপুর	৯৯	৭
জলপাইগুড়ি	৫	...
দার্জিলিং	৩৪	...
মোট	৪৩১	২৫

শ্রীমহম্মদ সফিউল্লাঃ এই সমস্ত কৃত্রিম গো-প্রজনন কেন্দ্রে সংকর জাতীয় উৎপন্ন পশুর সংখ্যা কত বা এই জাতীয় পশু উৎপাদন করা সম্ভব হয়েছে কিনা?

শ্রীসীতারাম মাহাতোঃ এক্‌জাকট্‌ বলা সম্ভবপর নয়।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ কৃত্রিম উপায়ে পশুগুলির কত শতাংশ বেঁচে আছে জানাবেন কি?

শ্রীসীতারাম মাহাতো: এখন বলা সম্ভব নয়।

শ্রীমহম্মদ সফিউল্লা: এই আর্টিফিসিয়ালী ক্রিয়েটেড পশুগুলি নিম্নমধ্যবিত্ত বা কৃষকদের মধ্যে অল্প খরচে বা সাহায্য হিসাবে বিতরণ করা হয়েছে কি?

শ্রীসীতারাম মাহাতো: হ্যাঁ, সাহায্য করা হয় এবং আর্টিফিসিয়াল ইনসেমিনেসানের সুযোগ-সুবিধা তাদের মধ্যে যাতে সহজে পেঁছাতে পারে তার ব্যবস্থা আছে।

শ্রীমহম্মদ সফিউল্লা: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন, এই আর্টিফিসিয়ালী ক্রিয়েটেড পশুগুলির মধ্যে অধিকাংশ শিশু অবস্থায় মারা যায়? যদি তাই হয়, তা হ'লে এর প্রতিকারের ব্যবস্থা করবেন কি?

শ্রীসীতারাম মাহাতো: সেই রকম যদি পার্টিকুলার কেস দেন, তা হ'লে আমরা নিশ্চয়ই সে সম্পর্কে ব্যবস্থা অবলম্বন করব।

Mr. Speaker: Question No. *504 not called.

কৃষি আয়-কর

*৫০৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭১।) **শ্রীসুধীরচন্দ্র দাস:** অর্থ (কর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ভাগচাষী উৎপন্ন ফসলের শতকরা ৭৫ ভাগ পাইবেন এই আইন পাশ হওয়ার পর জমির মালিক শতকরা ৫০ ভাগ ফসল পাইতেছেন এই ভিত্তিতে এখনও কৃষি আয়কর ধার্য করা হইতেছে; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি এবং এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

শ্রীশঙ্কর ঘোষ: (ক) এইরূপ ঘটনা সরকারের গোচরে আসে নাই।

(খ) এ প্রশ্ন ওঠে না। তবে পশ্চিমবঙ্গ ভূমিসংস্কার আইনের ধারাগুলি যাহাতে যথাযথভাবে পালিত হয় তাহার জন্য উপযুক্ত নির্দেশ দেওয়া হইয়াছে।

শ্রীসুধীরচন্দ্র দাস: বর্তমান কৃষি আয়কর আইনে শতকরা ৫০ ভাগ আয় ধ'রে কর ধার্য করবার নির্দেশ আছে এটা মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কিনা?

শ্রীশঙ্কর ঘোষ: আমাদের নির্দেশ আছে যে আইন হয়েছে সেই আইন যাতে যথাযথ পালিত হয়—সেই আইনের ভেতর এটা আছে যে, যেখানে জমির মালিক সমস্ত চাষের জিনিস দেয় সেখানে সে ৫০ ভাগ পাবে, কিন্তু যেখানে দেয় না, সেখানে ২৫ ভাগ পাবে বর্গাদার ভাগচাষী বাকিটা পাবে এবং সেইভাবে আমাদের নির্দেশ দেওয়া আছে।

শ্রীসুধীরচন্দ্র দাস: আমার প্রশ্নটা হচ্ছে কৃষি আয়কর আইনে সুস্পষ্টভাবে আছে যে ৫০ ভাগ আয় ধ'রে নিয়ে তার উপর অ্যাসেস করবে, এখন সেই আইনটা পরিবর্তনের কোন নির্দেশ দিয়েছেন কিনা এই রকম যে যেখানে যেরকম আয় হচ্ছে সেইভাবে ভিত্তি ক'রে কর ধার্য করবে? এই রকম নির্দেশ আইন সংশোধন না করলে হবে কি ক'রে?

শ্রীশঙ্কর ঘোষঃ আমাদের আইন যেটা সংশোধিত হয়েছিল সেটা হচ্ছে ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্ম (অ্যামেন্ডমেন্ট) অ্যাক্ট, ১৯৭০, সেখানে পরিষ্কারভাবে বলা আছে যে, যেখানে জমির মালিক চাষের জিনিস দিচ্ছে না, সেখানে কেবল ২৫ ভাগ পাবে এবং সেইভাবে আইন গ্রহণ করা হয় এবং সেইভাবে বলবৎ হয়ে পালিত হচ্ছে। যদি বিশেষ ক্ষেত্রের দৃষ্টান্ত আমাদের কাছে আসে সেই বিষয়ে ব্যবস্থা অবলম্বন করব।

শ্রীসুধীরচন্দ্র দাসঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কিনা, ৮ একর ১০ একর জমির মালিকের উপর ৫০ ভাগ আয় হচ্ছে ধ'রে নিয়ে আয়কর করা হচ্ছে বহুক্ষেত্রে?

শ্রীশঙ্কর ঘোষঃ এই রকম কোন দৃষ্টান্ত আমাদের কাছে আসে নি। যেখানে জমির মালিক চাষের জিনিস দিচ্ছে না সেখানে ২৫ ভাগের বেশী পাবে না এবং যারা অ্যাসেস করছে তাদের সম্বন্ধে যদি কোন অভিযোগ থাকে, তা হ'লে তা তারা আদালতের কাছে স্থাপন করতে পারে। আমাদের কাছে যদি কোন দৃষ্টান্ত আসে আমরা সেই ব্যাপারে ব্যবস্থা অবলম্বন করব।

Mr. Speaker: *508 is held over. *509 not called. *510, *511, *512, *512, are held over.

খরা মোকাবিলায় জীপ

***৫১৩।** (অনুমোদিত প্রশ্ন নং *১০০৮।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বাঁকুড়া জেলাতে প্রায় প্রতি বৎসরই খরা দেখা দেওয়ায় জেলায় প্রচুর কাজ বাড়িয়াছে এবং ব্লকগুলিকেও জরুরী ভিত্তিতে কাজ দেখাশুনা করিতে হয় কিন্তু জীপের বা অন্য কোন গাড়ির অভাবে সমস্ত কাজ দেখাশুনা করিতে অসুবিধা হয়;

(খ) অবগত থাকিলে, প্রতি ব্লকে জীপ বা অন্য কোন গাড়ি দেওয়ার কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(গ) বাঁকুড়া জেলার কতগুলি ব্লকে গাড়ি নাই এবং কোন্ কোন্ ব্লকের গাড়ি নাই?

[1-10—1-20 p.m.]

শ্রীআবদুস সাত্তারঃ (ক) সরকার অবগত আছেন।

(খ) ভাবিয়া দেখিতেছেন।

(গ) ১০টি ব্লকে গাড়ি নাই। নিম্নলিখিত ব্লকগুলিতে গাড়ি নাইঃ বাঁকুড়া—২, মেঝিয়া, বড়জোড়া, সিমলাপাল, রায়পুর—১, খাতরা—২, ইন্দপুর, বিষ্ণুপুর, জয়পুর এবং ইন্দাস।

শ্রীকাশীনাথ মিশ্রঃ কতদিন ধরে ব্লকে গাড়ি নেই এবং বি ডি ও-রা কিভাবে সরকারী কাজকর্ম তদারক করছেন জানাবেন কি?

শ্রীআবদুস সাত্তারঃ বাঁকুড়াতে যে ২২টি ব্লক আছে তার মধ্যে ১০টিতে গাড়ি নেই, ১২টিতে আছে। গাড়ি থাকলেই যে বি ডি ও-দের কাজ হবে তার কোন মানে নেই। বি ডি ও যিনি কাজ করেন তিনি গাড়ি ছাড়াও কাজ করতে পারেন। গাড়ি দিলেই ভাল কাজ হবে এর কোন অর্থ নেই। তবে আমরা চেষ্ট করছি, প্রত্যেকটা ব্লকে যাতে গাড়ি দিতে পারি এবং আমরা চিন্তা করছি কিভাবে গাড়ি দেওয়া যায়।

শ্রীকাশীনাথ মিশ্রঃ মন্ত্রিমহাশয় জানেন যে, বাঁকুড়া ২নং, খাতরা ২নং, ইন্দাস প্রভৃতি জায়গায় যোগাযোগের উপায় হচ্ছে জিপ। স্পেশাল এমপ্লয়মেন্ট প্রোগ্রাম, সি এস আর ই, সি আর এস স্কীমে যে সমস্ত কাজ হচ্ছে সেখানে বি ডি ও-রা যেতে পারছে না এবং তার ফলে কাজের ক্ষতি হচ্ছে, এই খবর জানেন কি?

শ্রীআবদুস সাত্তার: কোন পার্টিকুলার ব্লকেই নয় বা শুধু বাঁকুড়া জেলাতেই নয়, অনেক জেলাতেই গাড়ি নেই এবং তার জন্য অসুবিধা হচ্ছে। আমি আগেই বলেছি, আমরা চিন্তা করছি। আমাদের যে টাকার দরকার সেই অনুপাতে টাকা অল্পই রয়েছে। টাকার ব্যবস্থা ক'রে যাতে প্রত্যেক ব্লকে গাড়ি দেওয়া যায় তার চেষ্টা করব।

শ্রীকাশীনাথ মিশ্র: সরকারের অনেক গাড়ি গ্যারেজে পড়ে রয়েছে যেগুলো অনেক সময় নিলাম হয় বা মিলিটারী জিপ কম পয়সায় যা পাওয়া যায় সেগুলো দেওয়া যেতে পারে এবং এগুলি দিয়ে জেলা কর্তৃপক্ষকে বলা যায় যে, তোমরা এগুলি সারিয়ে নাও। আমার মনে হয় এতে সরকারের অনেক টাকা বাঁচবে। তাই আমি জানতে চাই পুরাতন গাড়ি কেনা সম্বন্ধে সরকারের কোন পরিকল্পনা আছে কিনা?

শ্রীআবদুস সাত্তার: সরকারের গ্যারেজে কত গাড়ি আছে আমার জানা নেই। আমি এটুকু বলতে পারি, আমার গ্যারেজে কোন জিপ নেই। তবে মিলিটারী জিপ সম্বন্ধে যে কথা বললেন সেটা ভেবে দেখব।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, ব্লকে ব্লকে যে বিভিন্ন রকমের উন্নয়নমূলক কাজ হচ্ছে এবং সেই কাজের জন্য যে কমিটি তৈরি হয়েছে, এবং এই সমস্ত কমিটির চেয়ারম্যান যাঁরা আছেন ব্লকের গাড়ি ব্যবহার করার অনুমতি কি তাঁদের দেওয়া হয়েছে. তাঁরা কি ব্যবহার করতে পারেন?

শ্রীআবদুস সাত্তার: এখন পর্যন্ত যে আইন আছে তাতে দেবার কোন ব্যবস্থা নাই, তবে নতুন কমিটি হয়েছে. এখন আমাদের চিন্তা করতে হবে যে, ব্লকের কাজের জন্য গাড়ি ব্যবহার করতে দেওয়া হবে কিনা তা আমাদের চিন্তা করতে হবে।

Mr. Speaker: *516 and *517 are held over.

কল্যাণীতে কৃষি বিশ্ববিদ্যালয়

*৫১৮। (অনুমোদিত প্রশ্ন নং *১২৪৩।) **শ্রীকার্ত্তিকচন্দ্র বিশ্বাস:** কৃষি বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার কল্যাণীতে "কৃষি বিশ্ববিদ্যালয়" স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, ঐ পরিকল্পনা কবে নাগাত বাস্তবে রূপায়িত হইবে?

শ্রীআবদুস সাত্তার: (ক) বর্তমান কল্যাণী বিশ্ববিদ্যালয়কে একটি কৃষি বিশ্ববিদ্যালয় এবং অপর একটি কলাবিজ্ঞান শিক্ষা সংক্রান্ত বিশ্ববিদ্যালয় এই দুই ভাগে বিভক্ত করিবার একটি প্রস্তাব অতি সম্প্রতি মন্ত্রিসভা গ্রহণ করেছেন।

(খ) উপযুক্ত সমীক্ষার ভিত্তিতে শীঘ্রই এই প্রস্তাব কার্যকর করার চেষ্টা করা হবে।

শ্রীকার্ত্তিকচন্দ্র বিশ্বাস: কি ভাবে ইউনিভার্সিটির সম্পত্তি ভাগ করবেন সেটা জানাবেন কি?

শ্রীআবদুস সাত্তার: আমরা যে সিদ্ধান্ত নিয়েছি তা হচ্ছে দুই ভাগে বিভক্ত করা হবে, এখানে একটা কমিটি করা হয়েছে সেই কমিটি দুই বিশ্ববিদ্যালয়ের যে অ্যাসেট আছে সেই কমিটি ঠিক ক'রে দেবেন।

শ্রীকার্ত্তিকচন্দ্র বিশ্বাস: এই কৃষি বিশ্ববিদ্যালয়ের আন্ডারে কোন কৃষি মহাবিদ্যালয় করার কোন পরিকল্পনা আছে কি?

শ্রীআবদুস সাত্তার: এখন পর্যন্ত নাই। যদি প্রয়োজন হয়, করা যাবে, পরে দেখা যাবে।

শ্রীআবদুল বারি বিশ্বাস : মাননীয় মন্ত্রিমহাশয় একথা কি সত্য, যতক্ষণ পর্যন্ত না কৃষি বিশ্ববিদ্যালয়কে আলাদা ক'রে পূর্ণাঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয় করা হচ্ছে ততদিন পর্যন্ত কেন্দ্রীয় সরকার ইউ জি সি গ্রান্ট এবং অন্যান্য যে সমস্ত অনুদান দিতেন তা দিতে রাজী নয়?

শ্রীআবদুস সাত্তার : কৃষি বিশ্ববিদ্যালয় না থাকার ফলে আমাদের সাহায্য পাবার কিছু অসুবিধা আছে। সেই হিসাবে আমরা এখানে আসার পর ৪টি এগ্রিকালচার ফার্ম ট্রান্সফার ক'রে দিয়েছি যাতে সাহায্য পাওয়া যায় এবং রিসার্চ স্কীম ৪টি ট্রান্সফার ক'রে দেওয়া হয়েছে। এই আলাদা হবার ফলে আমরা হেল্পটা আরো বেশী পাব আশা করছি।

Shri Abdul Bari Biswas: Pending the decision of the committee which has been formed for this purpose.

এই শিক্ষাবর্ষ থেকে এই দু'টি আলাদা ক'রে দেওয়া হোক এবং তা কার্যকর করার জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হবে?

শ্রীআবদুস সাত্তার : আমরা অলরেডি সিদ্ধান্ত নিয়েছি এবং একটা কমিটি হয়ে গিয়েছে। তারা যত তাড়াতাড়ি সম্ভব করবেন। আপনি বলছেন এই বছর এপ্রিল থেকে বলছেন তো—তা আমি এখন বলতে পারি না, এই বছর থেকে পারা যাবে কিনা, তবে যত তাড়াতাড়ি সম্ভব আমরা করবো।

[1-20—1-30 p.m.]

শ্রীনারায়ণ ভট্টাচার্য : উত্তরবঙ্গে কোন কৃষি কলেজ স্থাপনের পরিকল্পনা আছে কিনা?

শ্রীআবদুস সাত্তার : আমরা বিশ্ববিদ্যালয় কেবল আরম্ভ করলাম, এবার থেকে শুধু উত্তরবঙ্গে কেন সব জায়গায়ই আরম্ভ হবে।

শ্রীআবদুল বারি বিশ্বাস : পেপারে দেখলাম কম্পোজিট কৃষি বিশ্ববিদ্যালয় হবে, এই যে কম্পোজিট বিশ্ববিদ্যালয় এটা কি ধরনের?

(নো রিপ্লাই)

Mr. Speaker: *519 and *520, these questions are held over.

শ্রীআবদুল বারি বিশ্বাস : স্যার, অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, এবার আপনি হিসাব ক'রে দেখুন কতগুলি কোশ্চেন ডাকলেন, আর এর মধ্যে কয়টির উত্তর পাওয়া গেল?

শ্রীআবদুস সাত্তার : যেগুলি হ'ল না সেগুলি আবার পেন্ডিং হয়ে যাবে।

শাসন ও বিচার বিভাগের পৃথকীকরণ

*৫২১। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৬।) **শ্রীমহম্মদ সফিউল্লা :** বিচার বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কোন্ কোন্ জেলায় ৩১শে জানুয়ারী, ১৯৭৩ পর্যন্ত শাসন বিভাগ হইতে বিচার বিভাগকে পৃথকীকরণ করা হইয়াছে; এবং

(খ) অবশিষ্ট জেলাগুলিতে ঐ ব্যবস্থা কবে নাগাত সম্পূর্ণ হইবে?

শ্রীআবদুস সাত্তার : (ক) ১৯৭৩ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত একমাত্র ২৪-পরগনা জেলা ছাড়া পশ্চিমবঙ্গের অপরাপর সমস্ত জেলাতেই বিচার বিভাগকে শাসন বিভাগ হইতে পৃথকীকরণ করা হইয়াছে।

(খ) ২৪-পরগনা জেলায় কবে নাগাত পৃথকীকরণ ব্যবস্থা কার্যকর করা হইবে সে সম্বন্ধে কোনো সুনির্দিষ্ট তারিখ বলা সম্ভবপর নয়। তবে মহাধর্মাধিকরণ এবং সরকারের সংশ্লিষ্ট বিভাগগুলির সহিত আলোচনাপূর্বক এই ব্যাপারে প্রাথমিক ব্যবস্থাদি গ্রহণ করা হইতেছে। এই ব্যবস্থাদি শেষ হইলে যত শীঘ্র সম্ভব উক্ত জেলায় পৃথকীকরণ ব্যবস্থা চালু করা হইবে।

শ্রীমহম্মদ সফিউল্লা: শাসন বিভাগ বিচার বিভাগ থেকে পৃথকীকরণের ফলে বিচার ব্যবস্থা ত্বরান্বিত করা সম্ভব হয়েছে কি? যদি হয়ে থাকে, প্রচুর মামলা এখনও আদালতে ঝুলছে এর কারণ কি?

শ্রীআবদুস সাত্তার: আপনি যেভাবে হিসাব চাইছেন, তার জন্য নোটিস দরকার। নোটিস দিলে আমি হাইকোর্ট থেকে তথ্য আনিয়ে নিব।

শ্রীমহম্মদ সফিউল্লা: সরকার কি উদ্দেশ্যে বিচার বিভাগ থেকে শাসন বিভাগকে পৃথকীকরণ করছেন?

শ্রীআবদুস সাত্তার: আপনি তো লইয়ার, আপনি তো জানেন সংবিধানের ডাইরেকটিভ প্রিন্সিপলে এই জিনিস আছে, আপনি সংবিধান দেখলেই উত্তর পেয়ে যাবেন।

শ্রীমহম্মদ সফিউল্লা: শাসন বিভাগ থেকে বিচার বিভাগকে পৃথকীকরণের মূল উদ্দেশ্য ছিল মামলা-মোকদ্দমার দ্রুত নিষ্পত্তি করা। গ্রামাঞ্চলের মুনসেফ পোস্টগুলি খালি আছে কেন, এই যদি থাকে, তা হ'লে বিচার কি ক'রে ত্বরান্বিত করবেন?

শ্রীআবদুস সাত্তার: শুধু বিচার বিভাগে কেন, অন্যান্য বিভাগেও খালি আছে, বিচার বিভাগ যে সমস্ত অ্যাপয়েন্টমেন্ট দেন, তার জন্য হাইকোর্টের উপর নির্ভর করতে হয়, অনেক সময় হাইকোর্ট থেকে আসে, আবার পি এস সি ও অনেক সময় দেরি করে, যেমন অন্যান্য বিভাগের বেলায় হয়ে থাকে।

Mr. Speaker: Mr. Safiulla, you have put supplementary asking for the reason for separating judiciary from the executive and you have given your own opinion that for expediting matters judiciary has been separated from the executive. But that is not the only reason. The reasons have been enumerated perhaps in the Report of the Law Commission too in which elaborate discussion has been made over the subject. Article 50 of the Directive Principles of our Constitution is very clear on the point that judiciary and executive should be separated not only for expediting matters but for establishing rule of law because the executive, it is told by jurists, can be easily influenced by other circumstances but the judiciary cannot be expected to be influenced by any outside influence. I think that for better justice and for establishing rule of law judiciary and executive are being separated, and with that idea this matter has been made a part of the Directive Principles—Article 50—of our Constitution, and subsequently the Report of the Law Commission has elaborately discussed the matter and so the Government has taken up the question of separation of the judiciary from the executive. But now the pertinent question, as you have asked, is whether by separation of judiciary from the executive our trials have been expedited. Unfortunately our experience in law courts says otherwise, and you know, justice delayed is justice denied. But that is a question which is not within the purview of the Judicial Minister at present because judiciary is now being controlled by the Hon'ble High Court. That is the exact constitutional position.

শ্রীমহম্মদ সফিউল্লা : এই যে মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, পাবলিক সার্ভিস কমিশনের থ্রু দিয়ে অ্যাপয়েন্টমেন্ট হয় ব'লে দেরি হচ্ছে। আপনারা যেমন অন্যভাবে চাকরি দিচ্ছেন, তেমনি-ভাবে মুনসেফ ও জজদের অ্যাপয়েন্টমেন্ট দেবার ব্যবস্থাটা ত্বরান্বিত করবেন কি? বিচারকদের নিযুক্তি তাড়াতাড়ি না হওয়ার ফলে বিচার ব্যবস্থা ক্ষতিগ্রস্ত হচ্ছে।

শ্রীআবদুস সাত্তার : হাইকোর্ট মোটামুটি এ'দের অ্যাপয়েন্টমেন্ট দেন। আমি শুধু অ্যাপ্রুভাল দেই; কিছু ডাইরেক্ট রিক্রুটমেন্ট আছে, কিছু পরীক্ষা ক'রে হয়। হাইকোর্টও করছেন, আমরা ত্বরান্বিত করবার চেষ্টা করছি, আরও এবিষয়ে চিন্তা করা হবে।

শ্রীআবদুল বারি বিশ্বাস : আপনি কি জানেন, যে সমস্ত জেলায় এই জুডিসিয়ারী অ্যান্ড এক্‌জিকিউটিভ সেপারেশন হয়েছে, সেই সব জেলার থানা হাজতে যে সব কন্ট্রাকটার খেতে দিতেন, তাদের টাকা-পয়সা পেমেন্ট হচ্ছে না? এক্‌জিকিউটিভ, না, জুডিসিয়ারী, কোন্ অফিসার তাদের সে টাকা দেবে?

Mr. Speaker: That question does not arise

শ্রীআবদুল বারি বিশ্বাস : কিন্তু এটা রিলেভেন্ট এই জন্য যে, জুডিসিয়ারী অ্যান্ড এক্‌জিকিউটিভ সেপারেশন হবার পর ঐ কনট্রাক্‌টার-দের পেমেন্ট-এর দায়িত্ব কে নিচ্ছেন, জুডিসিয়ারী, না, এক্‌জিকিউটিভ? এ'দের প্রচুর টাকা বাকি রয়ে গেছে, পাচ্ছেন না।

শ্রীআবদুস সাত্তার : এর জন্য আপনি সেপারেট কোশ্চেন দেবেন, জানিয়ে দেব।

পানীয় জল সরবরাহের জন্য পৌর সংস্থাগুলিকে সরকারী সাহায্য

*৫২৩। (অনুমোদিত প্রশ্ন নং*৫৫২।) **শ্রীসুধীরচন্দ্র দাস :** স্বাস্থ্য (গ্রামীণ জলসরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৭২ সালে পশ্চিমবঙ্গের কতগুলি মিউনিসিপ্যালিটিকে পানীয় জল সরবরাহের জন্য কত টাকা দেওয়া হইয়াছে?

শ্রীঅজিতকুমার পাঁজা : ১৯৭২ সালে পানীয় জলসরবরাহ প্রকল্প নির্মাণের জন্য ১২টি মিউনিসিপ্যালিটিকে মোট ২৯,৩৫,১৪৯ টাকা অনুদান এবং একটি মিউনিসিপ্যালিটিকে ২,৫০,০০০ টাকা ঋণ দেওয়া হইয়াছে।

শ্রীসুধীরচন্দ্র দাস : কোন্ কোন্ মিউনিসিপ্যালিটিকে কত টাকা দিয়েছেন, তা আপনি জানাতে পারবেন কি?

শ্রীঅজিতকুমর পাঁজা : জানাতে পারি। একটা বড় লিস্ট এখানে রয়েছে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি পারমিশান দিলে সেটা প'ড়ে দিতে পারি।

Mr. Speaker: It may be laid on the table.

শ্রীসুধীরচন্দ্র দাস : কোন্ মিউনিসিপ্যালিটিকে আপনি ২ লক্ষ ৫০ হাজার টাকা দিয়েছেন?

শ্রীঅজিতকুমার পাঁজা : আলিপুরদুয়ার।

শ্রীসুধীরচন্দ্র দাস : এই যে মিউনিসিপ্যালিটিগুলি জলের জন্য টাকা নিয়েছে এগুলি কি সময়মত বসাবার জন্য টাকা খরচ করবার সময়সীমা কিছু ছিল সময় লক্ষ্য কিছু ছিল?

শ্রীঅজিতকুমার পাঁজা : খরচ করবার ঠিক সময় লক্ষ্য থাকে না। সাধারণভাবে যে যে স্যাংসান্ড প্রজেক্ট হয়ে গেছে ও অ্যাপ্রুভাল হয়ে গেছে, প্রথমে তার স্যাংসান্ড প্রজেক্ট অনুযায়ী তার বিস্তৃতি, কতদূর অবধি যাচ্ছে তার উপর নির্ভর করে।

[1-30—1-40 p.m.]

শ্রীসুধীরচন্দ্র দাস: আমি ঠিক বুঝতে পারছি না। এটা কি ডিপ-টিউবওয়েল, স্যালো টিউবওয়েল ছাড়া, পাম্প ওয়াটারের অন্য কোন প্রকল্প আছে কি?

শ্রীঅজিতকুমার পাঁজা: এর মধ্যে পাম্প ওয়াটার সাপ্লাই বেশির ভাগ আছে।

শ্রীশরৎচন্দ্র দাস: আমাদের খবর আছে ২৬টা মিউনিসিপ্যালিটির ওয়াটার সাপ্লাইয়ের জন্য টাকা দেওয়া হবে। তার মধ্যে ১২টার দেওয়া হয়েছে, বাকিগুলোর কেন দেওয়া হয় নি?

শ্রীঅজিতকুমার পাঁজা: সবশুদ্ধ যতগুলো অনুদান এবং ঋণ দেওয়া হয়েছে তার মধ্যে অনুদান এবং ঋণ বাবত ১৩টি আর বিষ্ণুপুর, মেদিনীপুর ইত্যাদি কয়েকটিকে আর্থিক সাহায্য প্রকল্প অনুযায়ী দেওয়া হয়েছে। তার মধ্যে যেগুলো ঋণ এবং অনুদান মিশিয়ে দেওয়া হয়েছে একটা লিস্ট এবং যেগুলো শুধু অনুদান দেওয়া হয়েছে সেগুলোর একটা আলাদা লিস্ট দেওয়া হয়েছে। দু'টো মিলিয়ে ২৬টা হয়েছে।

শ্রীশরৎচন্দ্র দাস: একথা সত্য কিনা যে, কেন্দ্রীয় সরকার যেখানে ২৬ হাজারের কম পপুলেসান আছে সেখানে জলসরবরাহের জন্য রাজ্যসরকারকে টাকা দিতে রাজী আছেন?

শ্রীঅজিতকুমার পাঁজা: এখানে যে সমস্ত কাগজপত্র আছে তার ভিত্তিতে বলতে পারি যে সমস্ত মিউনিসিপ্যালিটিতে লোকসংখ্যা ২০ হাজারের কম ওই সমস্ত মিউনিসিপ্যালিটির জল-সরবরাহ প্রকল্প নির্মাণের জন্য ব্যয়ের সমস্তটাই রাজ্যসরকার অনুদান হিসাবে মঞ্জুর করেন এবং যেগুলো বেশি আছে তার মধ্যে অংশ হিসাবে দেওয়া হয়, কোনটায় দু'য়ের-তিন অংশ, কোথাও বা একের-তিন অংশ ঋণ হিসাবে দেওয়া হয়।

শ্রীশরৎচন্দ্র দাস: এই রকম মিউনিসিপ্যালিটির সংখ্যা কত যার ২০ হাজারের কম পপুলেসান, দু'-তিন বছর প'ড়ে আছে, কোন সাড়া পাচ্ছে না।

শ্রীঅজিতকুমার পাঁজা: আপনি যদি নোটিস দেন, তা হ'লে বলতে পারবো বা একটা মিউনিসিপ্যালিটির নাম করেন, তা হ'লে বলতে পারবো।

শ্রীসুধীরচন্দ্র দাস: এখানে জানলাম ৩১ লক্ষ টাকা খরচ ক'রে পরিকল্পনার জন্য ১৯৭২ সালে ঋণ দেওয়া হয়েছে। কোন্ কোন্ মিউনিসিপ্যালিটির এই প্রকল্পের কাজ কতটা হয়েছে জানাতে পারবেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজা: কোন্ কোন্ মিউনিসিপ্যালিটিতে প্রকল্পের কাজ কতটা হয়েছে সেটা জানাতে নোটিস চাই।

শ্রীমহম্মদ দেদার বক্স: মুর্শিদাবাদ মিউনিসিপ্যালিটি এবং জিয়াগঞ্জ-আজিমগঞ্জ মিউনিসিপ্যালিটিকে কত টাকা দেওয়া হয়েছে?

শ্রীঅজিতকুমার পাঁজা: মুর্শিদাবাদ মিউনিসিপ্যালিটির অনুদান বাবত ৮ লক্ষ ৯৪ হাজার ৮ শো টাকা দেওয়া হয়েছে। আর অনুদান বাবত দেওয়া হয়েছে ১৯৭৩ সালের মধ্যে মুর্শিদাবাদ প্রকল্পে ১৩ লক্ষ ৯৪ হাজার ৮ শো টাকা, আর অনুদান বাবত দেওয়া হয়েছে ১৩ লক্ষ ৯৪ হাজার ৮ শো। পুরোটাই দেওয়া হয়েছে।

শ্রীসুধীরকুমার দাস: লাইব্রেরী টেবিলে আমরা লিস্ট দেখতে পাই নি। শুধু একটা উত্তর দেওয়া আছে।

শ্রীঅজিতকুমার পাঁজা: আমি অধ্যক্ষ মহাশয়কে অনুরোধ করলাম এবং তাঁর পারমিসান নিয়ে এই ফাইলটা লে করছি যাতে সময় বাঁচে।

লটারী

*৫২৪। (অনুমোদিত প্রশ্ন নং *১০১৬।) **শ্রীকাশীনাথ মিশ্র:** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ লটারী হইতে সরকারের বৎসরে গড়ে কত আয় হয়;

(খ) উক্ত আয়ের টাকা কি খাতে নিয়োগ করা হয়;

(গ) সরকারী হিসাব অনুযায়ী পশ্চিমবঙ্গে বর্তমানে কতগুলি লটারী ব্যবসা চলিতেছে; এবং

(ঘ) সরকার অনুমোদিত লটারী সংস্থা কতগুলি আছে?

শ্রীশঙ্কর ঘোষ: (ক) পশ্চিমবঙ্গ লটারী চালু হইবার পর ১৯৬৯ এবং ১৯৭০ এই দুই বৎসর যথাক্রমে ৪৫,৮৫,৬৭০·৭১ টাকা এবং ১৯,২৯,৭৬০·৬৪ টাকা লাভ হইয়াছে। ১৯৭১ সনে লোকসান হয় ১৫,২৬০·৬৫ টাকা। ১৯৭২ সনের ফেব্রুয়ারিতে টিকিট বিক্রয় শুরু করিয়া মার্চ মাসে যে খেলা হয় তাহাতে ৮৩,৩০৮·০৫ টাকা লোকসান হয়। বর্তমান সরকার কার্যভার গ্রহণ করার পর বিশেষ বিবেচনা ক'রে পুরস্কারের কাঠামো পরিবর্তন করেন। ফলে অবস্থার উন্নতি হয়। ১৭তম খেলা এবং ১৮তম খেলায় যথাক্রমে ৩৩,৭১৯·৯৪ টাকা এবং ৩৫,৬৪৮·৬৫ টাকা লাভ হইয়াছে।

(খ) পশ্চিমবঙ্গ লটারী হইতে আয়ের টাকা রাজস্বখাতে জমা হয় এবং তথা হইতে উক্ত টাকা রাজ্যের উন্নয়ন ও জনগণের কল্যাণে নিয়োগ করা হয়।

(গ) বিভিন্ন রাজ্য লটারীগুলি ছাড়া আরও ৮টি বেসরকারী সংস্থা বর্তমানে এই রাজ্যে লটারী চালাইতেছেন। এই লটারীগুলি বিভিন্ন জনহিতকর কার্যের জন্য অর্থসংগ্রহের উদ্দেশ্যে চালু করা হইয়াছে। তাই ইহাদিগকে ব্যবসা বলা ঠিক হবে না।

(ঘ) পশ্চিমবঙ্গ রাজ্য লটারী সংস্থা ভিন্ন বর্তমানে সরকার অনুমোদিত ৮টি বেসরকারী লটারী সংস্থা এই রাজ্যে আছে।

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন ১৯৬৯ এবং ১৯৭০ সালে যথাক্রমে ৪৫,৮৫,৬৭০·৭১ টাকা এবং ১৯,২৯,৭৬০·৬৬ টাকা লাভ হইয়াছে, তার পর বললেন ১৯৭২ সালের মার্চে যে খেলা হইয়াছে তাতে ৮৩,৩০৮·০৬ টাকা লোকসান হইয়াছে। এই যে লোকসান হইয়াছে তার কারণ কি এবং এর প্রতিকার করবার জন্য তিনি কি চেষ্টা করছেন?

শ্রীশঙ্কর ঘোষ: এই লোকসানের নানা রকম কারণ ছিল। একটা কারণ ছিল প্রথম প্রথম সবাই পুরস্কার পাবেন এই আশায় টিকিট কেটেছিল। তার পর না পুরস্কার পাওয়ার জন্য লোক টিকিট কেনেন নি। আর বিত্তশালীরা বর্তমানে লটারীর টিকিট কিনছেন না, কারণ হচ্ছে লটারীর যে প্রাইজ পাবে, তা থেকে তাদের ইনকামট্যাক্স দিতে হবে। তারপর আমরা সরকারে এসে দেখলাম পুরস্কার দেবার যে কাঠামো সেটা ভুল। সেই কাঠামো আমরা বদলেছি। ফলে অবস্থার উন্নতি হয়েছে এবং ১৭তম ও ১৮তম খেলায় লাভ হয়েছে।

শ্রীকাশীনাথ মিশ্র: কি কাঠামো পরিবর্তন করেছেন সেটা বলবেন কি?

শ্রীশঙ্কর ঘোষ: যাতে লোকসান হচ্ছিল- প্রাইজ তিন লক্ষ টাকার ছিল—সেটাকে আমরা কমিয়ে ১ লক্ষ টাকা করেছি—যেটা ১৫ হাজার ছিল সেটা ৭ হাজার এবং যেটা ৩০ হাজার ছিল সেটা কমিয়ে ৫ হাজার করেছি এবং পরে আরও কমানো হয়েছে।

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন, এই টাকা রাজস্ব খাতে জমা থাকে। সেই টাকা সরকার জনগণের বিভিন্ন উন্নয়নমূলক কাজে জনগণের উন্নতির কাজে নিয়োজিত করা হয়। এই টাকায় কি কি জনগণের উন্নয়নমূলক কাজ হয়েছে বলবেন কি?

শ্রীশঙ্কর ঘোষ: এই টাকা প্রথমত জেনারেল পুলে যায়। বাজেটে যে সমস্ত উন্নয়নমূলক কাজের কথা আছে সেই সমস্ত কাজে ব্যবহৃত হয়।

শ্রীআবদুল বারি বিশ্বাস: লটারী খেলা ভদ্রবেশী জুয়াখেলা কিনা?

Mr. Speaker: This is a matter of opinion.

জে পি, পি পি ও জি পি নিয়োগের পদ্ধতি

***৫২৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৯৮৩।) **শ্রীআবদুল বারি বিশ্বাস:** বিচার বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জাসটিস অব দি পিস, পাবলিক প্রসিকিউটর ও গভর্নমেন্ট প্লিডার নিয়োগের ভিত্তি ও পদ্ধতি কি কি;

(খ) বর্তমানে এই রাজ্যে কতজন জে পি নিয়োগ করা হইয়াছে; এবং

(গ) তাঁহাদের নাম ও ঠিকানা কি কি?

শ্রীআবদুস সাত্তার: (ক) জাস্টিস অব দি পিস এবং পাবলিক প্রসিকিউটার নিয়োগের জন্য সরকারের বিধিবদ্ধ নিয়মাবলী আছে। ঐ বিধিবদ্ধ নিয়মাবলীর সংশ্লিষ্ট অংশের অনুলিপি এবং নিয়মাবলী অনুযায়ী জাস্টিস অব দি পিস নিয়োগের প্রচলিত পদ্ধতির অনুলিপি যথাক্রমে অ্যানেক্সার এফ ও অ্যানেক্সার সি হিসাবে সংযোজিত হইল। গভর্নমেন্ট প্লিডার নিয়োগের জন্য কোনো বিধিবদ্ধ নিয়মাবলী নাই। এই নিয়োগের প্রচলিত পদ্ধতির অনুলিপি অ্যানেক্সার ই হিসাবে সংযোজিত হইল।

(খ) ৭ই মার্চ, ১৯৭৩ পর্যন্ত এই রাজ্যে নিযুক্ত জে পি-দের মোট সংখ্যা ১৮৮।

(গ) তাঁহাদের নাম ও ঠিকানা অ্যানেক্সার এ হিসাবে সংযোজিত হইল।

Statement referred to in reply to clause 'Ka' of starred question No. *526

ANNEXURE F

Procedure for Appointment of J.P.

After applications in printed form available in the department are received from persons wanting to be J.P.s, those applications are sent to the Chief Presidency Magistrate and the District Magistrates concerned for report as to his recommendations or otherwise of each candidate. Then these applications with the report of the Chief Presidency Magistrate or the District Magistrate concerned are placed before the Judicial Minister for his consideration. The persons selected by the Judicial Minister are appointed as J.P.s by notification in the official gazette. Persons of outstanding qualities are, however, appointed without report from the Chief Presidency Magistrate or the District Magistrate concerned.

Extract from J.P. Rules, 1956

RULES

1. These rules may be called the Justice of the Peace Rules, 1956.

2. (i) The qualifications of the person to be appointed a Justice of the Peace shall be as follows:

(i) he should be normally resident in the local area for which he is appointed;

(ii) he should not, before such appointment, be less than 25 years and more than 60 years of age;

(iii) he should be literate and a person of some education;

(iv) he should be a person of integrity and of some local standing and should be otherwise suitable for appointment;

(v) he should be a person who has not been declared an insolvent, or convicted of an offence which, in the opinion of the State Government, renders him unsuitable for such appointment.

ANNEXURE C

2. **Public Prosecutors**

96. **Appointment of Public Prosecutor.**—(1) Whenever the office of Public Prosecutor becomes permanently vacant, the District Magistrate, in consultation with the Sessions Judge, shall inform the Legal Remembrancer whether suitable candidates are available locally or whether applications of candidates from outside the district should be called for.

(2) If the Legal Remembrancer decides that no suitable candidate is available locally he may, in consultation with the District Magistrate, recommend to Government in the Law Department to fill the vacancy by transferring any other Public Prosecutor who is willing to accept the post.

(3) If the vacancy is not filled by transfer the District Magistrate shall be asked by the Legal Remembrancer to advertise the vacancy either generally or locally as the case may be.

(4) When the vacancy is advertised generally all the applications shall be submitted to the District Magistrate of the district in which the applicant usually practises, who shall forward them to the District Magistrate of the district where the vacancy occurs, with his recommendations after consultation with the Sessions Judge as to the fitness of the applicant for the post.

(5) Applications from candidates practising on the Original Side of the High Court, shall be submitted to the Advocate-General, West Bengal, and those from candidates practising on the Appellate Side of the High Court, or the Small Cause Court or the Police Court, Calcutta, shall be submitted to the Deputy Legal Remembrancer, the Chief Judge, Small Cause Court, and the Chief Presidency Magistrate, Calcutta, respectively. All such applications shall be forwarded to the Magistrate of the district where the vacancy occurs with the recommendations of the respective officers.

(6) All applications in respect of such advertisement shall be received by the District Magistrate, who shall forward them through the Commissioner to the Legal Remembrancer, together with the recommendations of himself and the Sessions Judge.

(7) After the Legal Remembrancer has considered all the applications he shall submit the file with his recommendations as Ex-officio Secretary to the Minister-in-charge of the Judicial Department for necessary orders regarding appointment of Public Prosecutors in the districts.

(8) All appointments shall be for a period not exceeding three years, and may be renewed for further periods if the incumbents are found fit and efficient.

(9) Incumbents will receive their letters of appointment from Government in the Judicial Department.

(10) No person shall be deemed to be qualified for appointment as a Public Prosecutor until he has practised for five years as a pleader, Advocate or Barrister.

97. **Filling of temporary vacancies.**—In the event of a temporary vacancy in the office of the Public Prosecutor the District Magistrate shall, in consultation with the Sessions Judge, appoint a qualified pleader to act in the office until such pleader is relieved by the Public Prosecutor duly appointed or until his appointment is cancelled by the District Magistrate. The District Magistrate shall forthwith report to the Legal Remembrancer through the Commissioner the occurrence of every such vacancy and the making or cancellation of every such appointment.

ANNEXURE E

Procedure for Preparation of Panel of G.P.

As regards preparations of panel of G.P.s there is no specific rule for the purpose. The Collector of a district in consultation with the District Judge sents proposal to the Legal Remembrancer for formation of panel in the district concerned. Legal Remembrancer accepts the proposal if it is an agreed one. In case of difference of opinion between the District Magistrate and the District Judge, further enquiry is made. From Legal Remembrancer's personal experience if there be any, and giving more importance to District Judge's views as he is the man on the spot to judge merits of the lawyers, a panel is formed.

Statement referred to in reply to clause " Ga *" of starred question No. *526*

ANNEXURE A

List of existing Justices of the Peace

Sl. No.	Ward No.	Name and Address	Period of Appointment
(1)	(2)	(3)	(4)
1	1	Shri Sushil Kr. Das Gupta, 6/3 Satchasi Para Road, Calcutta-2.	1 year from 5-2-1973
2	1	Shri Kamal Krishna Sadhukhan, 5A Bir Ananta Ram Mondal Lane, Calcutta-50.	1 year from 5-2-1973

ANNEXURE A—*Contd.*

Sl. No.	Ward No.	Name and Address	Period of Appointment
(1)	(2)	(3)	(4)
3	2	Shri Subodh Kr. Dey, 1/3/3 Dum Dum Road, Calcutta-2.	3 months from 7-2-1973
4	3	Shri B. N. Rudra, 12Q Paikpara Road, Calcutta-37.	1 year from 11-9-1972
5	3	Shri Krishna Ch. Ghosh, 2A Northern Avenue, Calcutta-37.	1 year from 6-3-1973
6	4	Major S. C. Dutta, 33 Grey Street, Calcutta-5.	3 months from 7-2-1973
7	5	Shri Dulal Mukherjee, 24 Banamali Chatterjee Street, Calcutta-2.	1 year from 18-12-1972
8	5	Shri Jogendra Nath Mukherjee, 1/A Nilmoni Mitra Row, Calcutta-2.	1 year from 22-11-1972
9	5	Shri A. R. Banerjee, 3 Khelat Babu Lane, Calcutta-2.	1 year from 22-11-1972
10	7	Shri Amal Krishna Pal, 26 Chitpore Bridge Approach Road, Calcutta-3.	1 year from 29-12-1972
11	7	Shri Prafullya Kanti Ghosh, 14 Ananda Chatterjee Lane, Calcutta.	1 year from 10-1-1973
12	8	Shri Tapan Kumar Mitra, 74A Raja Rajballav Street, Calcutta-3.	1 year from 29-9-1972
13	9	Shri Haridas Ghosh, 40/1 Banamali Sarkar Street, Calcutta-5.	1 year from 29-9-1972
14	11	Shri Bimalesh Ghosh, 99/1E Bidhan Sarani, Calcutta-9.	1 year from 13-1-1973
15	11	Shri Snehesh Kumar Sur, 12/A Raja Raj Kissen Street, Calcutta-6.	1 year from 9-12-1972
16	11	Dr. Anil Baran Das, 243A Acharyya Prafulla Ch. Road, Calcutta-6.	1 year from 9-12-1972
17	11	Shri Bimal Niogi, 6 Monmohan Bose Street, Calcutta-6.	1 year from 28-6-1972
18	11	Shri D. P. Kajaria, 80B Jatindra Mohan Avenue, Calcutta-5.	1 year from 20-2-1973
19	12	Shri Samar Pal Chowdhury, 3/B Pal Street, Calcutta.	1 year from 9-12-1972
20	12	Shri Mihir Lal Ganguly, 2 Shamlal Street, Calcutta-4.	1 year from 22-2-1973

ANNEXURE A—*Contd.*

Sl. No.	Ward No.	Name and Address	Period of Appointment
(1)	(2)	(3)	(4)
21	13	Shri Debi Prasanna Chatterjee, 13M Ariff Road, Calcutta-4.	3 months from 7-2-1973
22	13	Shri Sukumar Sen, 10 Raja Rajkissen Street, Calcutta-6.	3 months from 7-2-1973
23	14	Shri Lakshan Ch. Dey, P-4 Grey Street Extention, Calcutta-4.	3 months from 7-2-1973
24	14	Shri Jnanendra Lal Bhaduri, 70/1/1 Gouribari Lane, Calcutta-4.	3 months from 7-2-1973
25	15	Shri Anil Kumar Kundu, 69/1/1 Gouribari Lane, Calcutta-4.	1 year from 9-12-1972
26	15	Shri Partha Mukherjee, 40A Baldeo Para Road, Calcutta-6.	1 year from 9-12-1972
27	16	Dr. Krishna Mohan Dey, 20 Sahitya Parisad Street, Calcutta-6.	1 year from 9-12-1972
28	17	Shri Binoy Krishna Sarkar, 51 Durga Charan Mitra Street, Calcutta-6.	3 months from 7-2-73
29	20	Shri Krishna Binode Pal, 64 Strand Road, Calcutta.	3 months from 7-2-1973
30	21	Dr. Dilip Kumar Saha, 44A Mondal Street, Calcutta-6.	1 year from 22-11-1972
31	23	Shri Anil Kumar Sarma, 1/1B Roy Lane, Calcutta-7.	1 year from 24-11-1972
32	23	Shri Biswanath Mussaddi, 1 Kannulal Lane, Calcutta.	1 year from 9-12-1972
33	23	Shri Brij Mohan Kalanauria, 2/1 Madho Seth Lane, Calcutta-7.	1 year from 7-11-1972
34	25	Dr. Sanat Kumar Gupta, P-10 Dalimtola C. I. T. Sh. LXIV-A, Calcutta-6.	3 months from 7-2-1973
35	26	Shri Lakshan Das Ladha, 272-C Chittaranjan Avenue, Calcutta-6.	1 year from 9-12-1972
36	28	Shri Kalipada Bhattacharjee, 2B Dinabandhu Lane, Calcutta-6.	1 year from 9-12-1972
37	28	Shri Pranab Kr. Ghosh, 3 Hartuki Bagan Lane, Calcutta.	1 year from 9-12-1972

ANNEXURE A—*Contd.*

Sl. No.	Ward No.	Name and Address	Period of Appointment
(1)	(2)	(3)	(4)
38	28	Shri Sailesh Ch. Ghosh, 18/1A Ghosh Lane, Calcutta-6.	3 months from 7-2-1973
39	29	Shri Nilabha Mitra, 15/B Rajendra Lala Street, Calcutta-6.	1 year from 23-12-1972
40	29	Shri Nirmal Kumar Ghosh, 8A Kalu Ghosh Lane, Calcutta-9.	1 year from 26-2-1973
41	30	Shri Razi-Ur-Rahaman, 82 Narkeldanga North Road, Calcutta-11.	1 year from 9-12-1972
42	31	Dr. Panchanan Ghoshal, 128/2B Narkeldanga Main Road, Calcutta-54.	1 year from 26-2-1973
43	32	Shri K. C. Chatterjee, Government Housing Estate, VIP Road, Ideal Association, Flat-E1, Calcutta-54.	3 months from 15-1-1973
44	33	Shri S. C. Banerjee, 29/1A Sasthitola Road, Calcutta.	3 months from 15-1-1973
45	33	Shri Arindrajit Ghosh, 64A Suren Sarkar Road, Calcutta-10.	1 year from 8-12-1972
46	33	Shri Pradip Sarkar, 69 Beliaghata Main Road, Calcutta.	1 year from 20-2-1973
47	36	Shri Shiv Kumar Khanna, 23/3 Omda Raja Lane, Calcutta-15.	1 year from 12-1-1973
48	36	Shri Sarda Prosad Koley, 137/8 Beliaghata Road, Calcutta-15.	3 months from 7-2-1973
49	37	Miss Kulsum Jalil, 24/1 Buddhu Ostagar Lane, Calcutta-9.	1 year from 18-12-1972
50	37	Shri K. K. Mukherjee, 20 Dr. Kartick Bose Street, Calcutta-9.	3 months from 7-2-1973
51	38	Shri Gambhir Chand Bothra, 12 Parshi Bagan Lane, Calcutta-9.	1 year from 24-1-1973
52	38	Md. Shamsuzzoha, 295/2N Acharya Prafulla Ch. Road, Calcutta-9.	1 year from 9-12-1972
53	39	Shri Sukanti Hazra, 32/1 Jhamapukur Lane, Calcutta-9.	3 months from 15-1-1973
54	39	Shri Saradindu Biswas, 17 Shibnarayan Das Lane, Calcutta-6.	1 year from 22-11-1972

ANNEXURE A—*Contd.*

Sl. No.	Ward No.	Name and Address	Period of Appointment
(1)	(2)	(3)	(4)
55	41	Shri Debdas Mukherjee, 28 Mitra Lane, Calcutta-7.	3 months from 15-1-1973
56	41	Sm. Sulekha Jain, 125 Mahatma Gandhi Road, Calcutta-7.	1 year from 12-2-1973
57	41	Shri A. Rauf Ansari, 102 Mechua Bazar Street, Calcutta-7.	1 year from 12-1-1973
58	42	Shri Gholam Mainuddin, 1 Chandney Chowk Street, Calcutta-1.	3 months from 15-1-1973
59	44	Shri Harikrishna Jhajaria. 174B Cross Street, Calcutta-7.	3 months from 26-2-1973
60	45	Shri Cusroo Manackjee Rustomjee, 21 Parshi Church Street, Calcutta-1.	1 year from 29-3-1972
61	45	Shri Ravindra Vagani, P-34 India Exchange Place, Calcutta-1.	1 year from 29-3-1972
62	45	Shri Krishnalal Verma, 205 Old China Bazar Street, Calcutta-1.	1 year from 26-9-1972
63	45	Shri Chintamony Roy, 205 Old China Bazar Street, Calcutta-1.	3 months from 26-2-1973
64	45	Shri K. P. Sinha, 36 Ezra Street, Calcutta-1	3 months from 26-2-1973
65	45	Miss Kulsum T. Zariff, 26 Pollock Street, Calcutta-1.	1 year from 25-5-1972
66	45	Shri K. P. Modi, 6 Kali Krishna Tagore Street, Calcutta-7.	3 months from 7-2-1973
67	46	Shri M. S. Baig, 261 Bipin Behari Ganguli Street, Calcutta-12.	1 year from 9-12-1972
68	46	Begum Zubaida Azizi, 9A Balai Dutt Lane, Calcutta-1.	1 year from 9-12-1972
69	46	Shri Ganpat Lal Khettry, 118 Mahatma Gandhi Road, Calcutta.	1 year from 13-2-1973
70	47	Md. Ahmed, 35 Colootola Street, Calcutta-1	1 year from 9-12-1972
71	47	Shri Sudhangshu Kr. Bhowmick, 98 Mahamta Gandhi Road, Calcutta-7.	1 year from 9-12-1972
72	47	Shri Keshab Dutt Joshi, 10 Murlidhar Sen Lane, Calcutta-7.	1 year from 9-12-1972

ANNEXURE A—*Contd.*

Sl. No.	Ward No.	Name and Address	Period of Appointment
(1)	(2)	(3)	(4)
73	47	Shri Jagadish Ch. Mitra, 107 Mahatma Gandhi Road, Calcutta-7.	1 year from 1-2-1973
74	48	Shri Murarilal Arya, Arya Bhaban, P-375 Block-G, New Alipore, Calcutta-53.	1 year from 9-1-1973
75	49	Dr. Miss Urmila Khanna, 9/1B Mahatma Gandhi Road, Calcutta-9.	1 year from 15-1-1973
76	49	Shri Durga Prasad Chakrabartti ..	3 months from 7-2-1973
77	50	Shri Sambhu Nath Mukherjee, 50/A Suri Lane, Calcutta-14.	1 year from 7-2-1973
78	51	Shri Krishna Saday Goswami, 1/B Bankarai Street, Calcutta-12.	1 year from 19-4-1972
79	52	Dr. Pratap Ch. Chunder, 23 Nirmal Chunder Street, Calcutta-12.	1 year from 8-1-1973
80	53	Shri Mohsin A. Mogul, P-39 Mission Row Extention, Calcutta-13.	1 year from 26-8-1972
81	53	Shri Vidya Bhaskar Chaturvedi, 60 Bentick Street, Calcutta.	1 year from 23-2-1973
82	54	Shri Golam Mohammad Taher, 2 Outram Street, Calcutta.	1 year from 30-6-1972
83	54	Shri I. A. Hafesji, 45 Free School Street, Calcutta.	3 months from 7-2-1973
84	54	Dr. Mrinal Kr. Nandy, 67 Dharamtolla Street, Calcutta.	3 months from 7-2-1973
85	55	Shri Abdur Rahman Rustom, 26/1 Market Street, Calcutta-16.	1 year from 29-3-1972
86	55	Shri Hasaram Tejoomal Mahatani, 13/1A Free School Street, Calcutta-16.	1 year from 2-11-1972
87	56	Shri Sambhu Pan, 22 Durga Charan Doctor Road, Calcutta-14.	1 year from 9-1-1973
88	57	Shri Sailen Mukherjee, 15 Bechulal Road, Flat No. A-17, Calcutta-14.	3 months from 15-1-1973
89	57	Shri Bimal Chatterjee, P-30 New C. I. T. Road ,Calcutta-14.	3 months from 7-2-1973

ANNEXURE A—*Contd.*

Sl. No.	Ward No.	Name and Address	Period of Appointment
(1)	(2)	(3)	(4)
90	58	Dr. K. N. Dey, 1/1 Radha Nath Chowdhury Road, Calcutta-15.	3 months from 7-2-1973
91	59	Shri B. P. Khaitan, 32/2 Ballyganj Circular Road, Calcutta.	1 year from 20-2-1973
92	61	Shri Niranjan Das Gupta, B/8 Government Housing Estate, Sundari Mohan Avenue, Calcutta-14.	1 year from 23-2-1973
93	63	Dr. S. A. Mabud, 114 A. B. C. and D. Ripon Street, Calcutta-16.	1 year from 26-9-1972
94	63	Shri Sudhangshu Mohan Ghosh, 52 Ripon Street, Calcutta.	3 months from 7-2-1973
95	63	Shri Q. A. Khan, 3 Abdul Ali Row, Calcutta-16.	1 year from 7-2-1973
96	64	Shri Shahibzada Amjad Hossain, 36 Rafi Ahmad Kidwai Road, Calcutta-16.	3 months from 15-1-1973
97	64	Shri Kanhiyalal Mehrotra, 92 Elliot Road, Calcutta-16.	1 year from 4-7-1972
98	65	Shri Pravash Shyam, 1 Pretoria Street, Calcutta-16.	1 year from 20-4-1972
99	65	Shri M. Levy, 63 Park Street, Calcutta ..	3 months from 7-2-1973
100	66	Shri Shiv Ram Chada, 77/1A Park Street, Calcutta-16.	1 year from 9-12-1972
101	67	Shri Bijay Kumar Sen, B/3-15 Beehulal Road, Calcutta-14.	3 months from 7-2-1973
102	68	Shri N. K. Mitra, 18 Bondel Road, Calcutta-19.	3 months from 15-1-1973
103	68	Shri Ataur Rahaman, 8A Samsul Huda Road, Calcutta-17.	1 year from 28-6-1972
104	69	Shri Amin Ahmad, 52 Alimuddin Street, Calcutta-16.	1 year from 2-5-1972
105	71	Smt. Momota Adhikary, 51 Ballyganj Place, Calcutta-19.	1 year from 9-1-1973
106	71	Shri Chandan Chakravarty, 2E Ballyganj Place East, Calcutta-19.	1 year from 6-1-1973

ANNEXURE A—*Contd.*

Sl. No.	Ward No.	Name and Address	Period of Appointment
(1)	(2)	(3)	(4)
107	71	Jharna Sen, 209 Rash Behari Avenue, Calcutta-19.	3 months from 7-2-1973
108	72	Shri A. N. Haksar, 2B/B Raja Santosh Road, Alipore, Calcutta.	3 months from 15-1-1973
109	72	Shri Raghunath Dey, 11/2 Chakraberia Road, Calcutta-20.	1 year from 29-3-1972
110	72	Shri Manindra Nath Banerjee, 16 Sarat Bose Road, Calcutta-20.	3 months from 7-2-1973
111	72	Shri Nand Lal Jalan, 3/1 Queens Park, Calcutta.	3 months from 7-2-1973
112	73	Shri N. M. Trivedi, 45 Justice Chandra Madhab Road, Calcutta-20.	1 year from 9-12-1972
113	73	Shri Haripada Ghosh, 7A Madhab Chatterjee Lane, Calcutta-20.	1 year from 29-12-1972
114	73	Shri Somendra Nath Das	1 year from 12-9-1972
115	73	Shri A. V. Parikh, 9/2 Elgin Road, Calcutta-20.	1 year from 7-2-1973
116	74	Shri Satyendra Kr. Mitra, 8/D Ashu Biswas Road, Calcutta-25.	1 year from 16-12-1972
117	74	Shri Himangshu Kumar Neogi, 15/3 Priya Nath Mullick Road, Calcutta-26.	1 year from 2-11-1972
118	74	Sm. Swarupa Das, 5 Nafar Kundu Road, Calcutta.	1 year from 23-2-1973
119	74	Sm. Uma Ghosh, 81/1A Shyamananda Road, Calcutta-25.	3 months from 6-3-1973
120	74	Shri Sukhendu Mitra, 1 Townshend Road, Calcutta-25.	3 months from 6-3-1973
121	75	Shri Anjan Mukherjee, 76 Shyamaprosad Mukherjee Road, Calcutta-26.	1 year from 20-1-1973
122	75	Shri Bhagwan Das Haralalka, 35 Suburban School Road, Calcutta-25.	1 year from 20-2-1973
123	76	Shri Pitbas Chakrabarti, 6D Parbati Chakraborty Lane, Calcutta-26.	3 months from 15-1-1973
124	76	Shri Paramesh Ch. Roy Choudhury, 6/C Parbati Chakraborty Lane, Calcutta.	1 year from 6-3-1973

ANNEXURE A—*Contd.*

Sl. No.	Ward No.	Name and Address	Period of Appointment
(1)	(2)	(3)	(4)
125	78	Shri P. S. Vanchiswar, Flat No. 13, Central Government Officers Flats, Belvedre Estate, Calcutta-27.	1 year from 9-1-1973
126	78	Dr. Pranab Kr. Biswas, 11 Durgapur Lane, Calcutta-27.	1 year from 29-12-1972
127	78	Shri Kunj Behari Hada, 20 Raja Santosh Road, Calcutta.	1 year from 28-6-1972
128	78	Shri N. C. Shah, 1 Burdwan Road, Calcutta-27.	1, year from 3-5-1972
129	78	Shri T. A. Vyse, 4 Diamond Harbour Road, Calcutta-23.	3 months from 7-2-1973
130	79	Shri G. V. Swaika, 7 Moore Avenue, Calcutta-40.	1 year from 13-2-1973
131	80	Shri Bir Kumar Mukherjee, 2 Bisu Babu Lane, Calcutta-23.	1 year from 29-3-1972
132	80	Shri Mohan Kumar Mukherjee, 2 Bisu Babu Lane, Calcutta-23.	3 months from 7-2-1973
133	82	Shri Santi Roy, 22A, Braunfield Row, Calcutta-27.	3 months from 24-1-1973
134	83	Dr. Md. Guznavi, 34/B, Mominpur Road, Calcutta-23.	3 months from 24-1-1973
135	85	Sm. Geeta Basu, P-820, Block-P, New Alipore, Calcutta-53.	1 year from 29-12-1972
136	85	Shri Monohar Lal Bhari, 97 Park Street, Calcutta-16.	1 year from 9-12-1972
137	85	Shri Prabir Chakravorty, 23/N/1 Diamond Harbour Road, Calcutta-53.	1 year from 18-11-1972
138	85	Shri Niranjan Bhattacharjee, 56 Russa Road South, Calcutta.	1 year from 5-2-1973
139	85	Sm. Manorama Gupta, P-784, P-Block, New Alipore, Calcutta-53.	1 year from 6-3-1973
140	86	Shri Bimal Mitra, 29/1/1 Chetla Central Road, Calcutta-27.	3 months from 7-2-1973

ANNEXURE A—*Concld.*

Sl. No.	Ward No.	Name and Address	Period of Appointment
(1)	(2)	(3)	(4)
141	87	Shri Rash Behari Chakravorty, 5/B Nepal Bhattacherjee Street, Calcutta-26.	3 months from 24-1-1973
142	87	Shri Kanai Lal Mukherjee, 10/1/A Halder-para Road, Calcutta-26.	3 months from 7-2-1973
143	89	Sm. Ila Pal Chowdhury, 64 Lake Place, Calcutta-29.	1 year from 28-9-1972
144	90	Shri Shivapada Roy Choudhury, 21-F Deshapriya Park Road, Calcutta-26.	3 months from 24-1-1973
145	90	Shri Chandeswar Bhattacharjee, 30 Nakuleswar Bhattacharjee Lane, Calcutta-26.	3 months from 7-2-1973
146	91	Shri K. P. Mukherjee, 106A Manoharpukur Road, Calcutta-29.	1 year from 24-10-1972
147	91	Dr. Arun Ganguly, 22 Lansdowne Terrace, Calcutta-26.	1 year from 23-2-1973
148	91	Shri Ashoke Sarkar, 68/C Hazra Road, Calcutta-19.	3 months from 23-2-1973
149	91	Shri Manick Ch. Roy, 3 Deshapriya Park East, Calcutta-29.	3 months from 7-2-1973
150	92	Shri J. C. Dey, P-511 C. I. T. Scheme ..	1 year from 9-1-1973
151	92	Shri Manoj Deb, P-70 Lake Road, Calcutta-29.	1 year from 20-2-1973
152	93	Shri Krishna Kr. Khemka, 128 Southern Avenue, Calcutta-29.	1 year from 9-12-1972
153	93	Shri Provat Sircar, P-66 Lake View Road, Calcutta-29.	1 year from 29-3-1972
154	93	Dr. Brajo Gopal Panda, 7 Dr. Sarat Banerjee Road, Calcutta.	1 year from 4-7-1972
155	93	Shri B. K. Karnani, 23/21 Gariahat Road, Calcutta-19.	3 months from 7-2-1973
156	95	Sm. Sushila Singhee, 162/26/1 Lake Gardens, Calcutta-45.	3 months from 7-2-1973
157	95	Shri Suresh Ch. Sengupta, 188/6 Prince Anwar Shah Road, Calcutta-46.	3 months from 7-2-1973
158	95	Shri Snehendu Bikash Gope, 162/86 Lake Gardens, Calcutta.	1 year from 31-1-1973

List of Existing Justices of the Peace

HOWRAH

Sl. No.	Police Station	Name and Address	Period of Appointment
1	Golabari ..	Shri Bimal Mukherjee, 21 Ramlal Mookherjee Lane, Salkia.	1 year from 26-9-1972
2	Shibpur ..	Shri Ambika Banerjee, 42/5 Dharmadas Kundu Lane, Shibpur.	1 year from 19-1-1973
3	Shibpur ..	Shri Subhamoy Mukherjee, 9 Buxarh Road, Howrah.	1 year from 26-9-1972
4	Shibpur ..	Shri Bhumen Krishna Ghosh, 93 Ramkrishnapur Lane, Howrah-2.	1 year from 24-11-1972
5	Shibpur ..	Dr. Chandan Roy Choudhury, Roy Chowdhury House, Dharmatolla Lane, Shibpur, Howrah.	1 year from 2-5-1972
6	Shibpur ..	Shri Murari Mohan Banerjee, 43 Gopal Banerjee Lane, Howrah.	3 months from 7-2-1973
7	Shibpur ..	Shri Deb Sadhan Bose, 51/1 Ramkrishna Lane, Howrah.	3 months from 7-2-1973
8	Howrah ..	Dr. Saroj Kumar Chatterjee, 24/1 Kailash Bose Lane, Howrah.	3 months from 7-2-1973
9	Howrah ..	Shri Ajoy Ghosh, 2 Madhusudan Biswas Lane, Howrah-1.	1 year from 26-9-1972
10	Howrah ..	Shri Kishori Srivastava, 33H/2 Chintamony Das Road, Howrah.	1 year from 24-11-1972
11	Bantra ..	Shri Subudhi Bhusan Nandi, 94 Kali Kundu Lane.	1 year from 26-9-1972
12	Bantra ..	Shri Ashoke Kumar Mullick, 2/4 Lakshinarayan Chakrabarty Lane, Howrah.	1 year from 26-9-1972
13	Malipanchghara	Shri Gopal Ch. Saha, 114 Siba Gopal Banerjee Lane, Ghusuri.	1 year from 26-2-1973
14	Malipanchghara	Shri Nirode Kr. Sarkar, 143/1 G. T. Road, Howrah.	1 year from 24-5-1972
15	Bally ..	Shri Pannalal Kolay, 4 Haricharan Banerjee Road, Belurmath, Howrah.	1 year from 26-9-1972
16	Uluberia ..	Shri Shamal Kanti Biswas, Nona Uluberia, Howrah.	1 year from 28-9-1972
17	Uluberia ..	Shri Achyuta Ch. Das, Basudevpur, Uluberia.	1 year from 30-9-1972

List of Existing Justices of the Peace—*Contd.*

HOWRAH

Sl. No.	Police Station	Name and Address	Period of Appointment
18	Lillooah	.. Shri Kanai Lal Dey, Kona, Howrah.	1 year from 13-1-1973
19	Lillooah	.. Shri Bireswar Mukherjee, P-68 Natbar Pal Road, Howrah-5.	1 year from 24-11-1972
20	Sankrail	.. Shri Salil Kumar Pal, Rajganj, Sankrail, Howrah.	1 year from 13-1-1973

24-PARGANAS

Sl. No.	Police Station	Name and Address	Period of Appointment
21	Belgharia	.. Dr. Bhupesh Majumdar, 7 Pulpara Road, Calcutta-56.	1 year from 2-11-1972

MURSHIDABAD

Sl. No.	Police Station	Name and Address	Period of Appointment
22	Khargram	.. Shri Harendra Halder, Vill. and P.O. Nagar, Murshidabad.	1 year from 28-1-1973
23	Lalgola	.. Shri R shindra Narayan Roy, Lalgola Srimantapur, Murshidabad.	1 year from 18-4-1972
24	Lalgola	.. Shri Shamsuddin Sarkar, Mulidanga, Rajarampur, Lalgola, Murshidabad.	1 year from 18-4-1972

BURDWAN

Sl. No.	Police Station	Name and Address	Period of Appointment
25	Kalna	.. Shri Nurul Islam, Choto Deuripara, Kalna. Burdwan.	1 year from 28-1-1973

MIDNAPORE

Sl. No.	Police Station	Name and Address	Period of Appointment
26	Daspur	.. Shri Sudhir Bera, Daspur, Block II, Midnapore.	1 year from 28-1-1973
27	Daspur	.. Shri Bankim Ch. Sasmal, Daspur, Soyla, Sonakhali, Midnapore.	1 year from 28-1-1973
28	Kharagpur	.. Shri K. S. Bhandari, Jhaptapur, Kharagpur, Midnapore.	1 year from 4-7-1972

BANKURA

Sl. No.	Police Station	Name and Address	Period of Appointment
29	Bankura	.. Shri Kashinath Misra, Rampur, Bankura.	1 year from 28-1-1972

PURULIA

Sl. No.	Police Station	Name and Address	Period of Appointment
30	Purulia	.. Shri Abani Kanta Mondal, Mission Grand Road, Purulia Sadar.	1 year from 12-12-1972

শ্রীআবদুল বারি বিশ্বাস: এই যে জাস্টিস অব পিস ও পাবলিক প্রসিকিউটার—এদের নিয়োগের ক্ষেত্রে কি শিক্ষাগত যোগ্যতা অর্থাৎ কি কোয়ালিফিকেশন মোটামুটি থাকলে পর হতে পারবে ?

শ্রীআবদুস সাত্তার: এই যে জাস্টিস অব পিস তার কোয়ালিফিকেসন হচ্ছে—

(i) He should be normally resident in the local area for which he is appointed;

(ii) He should not before such appointment be less than 25 years and more than 60 years of age;

(iii) He should be literate and a person of some education;

(iv) He should be a person of integrity and of some local standing and should be otherwise suitable for appointment.

(v) He should be a person who has not been declared an insolvent or convicted of an offence which in the opinion of the State Government renders him unsuitable for such appointment.

These are the qualifications.

[1-40—1-50 p.m.]

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, যে সমস্ত মোক্তারকে অ্যাডভোকেট হিসাবে লাইসেন্স দেওয়া হয়েছে তাদের এই পাবলিক প্রসিকেউটর হিসাবে কেন নিয়োগ করা যায় না—এই বৈষম্যের কারণ কি, মন্ত্রিমহাশয় জানাবেন ?

শ্রীআবদুস সাত্তার: মোক্তার বাই স্ট্যাটুট অ্যাডভোকেট হয়েছে যেটা আপনি বলছেন—সেটা দেওয়া যাবে না, এই রকম কোন বিধিবন্ধ আইন আছে ব'লে আমি জানি না। মোক্তার অ্যাডভোকেট হয়েছে তাকে অ্যাপয়েন্টমেন্ট দেয় নি, এই কথা কে বলল আপনাকে ? এই রকম প্রশ্ন আমার জানা নেই।

শ্রীআবদুল বারি বিশ্বাস: এই রকম নজীর পশ্চিমবাংলায় দেখতে পাওয়া যাচ্ছে না। কিন্তু যদি এই রকম কেস আসে, তা হ'লে আপনি কি বিবেচনা ক'রে দেখবেন, যাদের সেই যোগ্যতা আছে বা এক্সপিরিয়েন্স আছে তাদের পাবলিক প্রসিকিউটর হিসাবে নিয়োগ করা যায় ?

শ্রীআবদুস সাত্তার: পাবলিক প্রসিকিউটরের জন্য প্যানেলে নাম আমাদের এখানে পাঠান ডিস্টিক্ট ম্যাজিস্ট্রেট, ইন কনসালটেসন উইথ দি ডিস্ট্রিক্ট জাজ এবং সেই প্যানেল থেকে গভর্নমেন্ট অ্যাপয়েন্টমেন্ট দেয়। যদি দেখা যায় যে, কেউ সুটেবল নয়, এমন কি বিধান আছে বাইরে থেকেও অ্যাপয়েন্টমেন্ট পেতে পারবে, তখন দরকার হ'লে অ্যাডভার্টাইজমেন্ট ক'রে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া যেতে পারে। এখন মোক্তার যারা অ্যাডভোকেট হয়েছে তাদের বার আছে ব'লে কিছু প্রশ্ন আমার কাছে নেই। তবে প্র্যাকটিস সম্বন্ধে আমি এটুকু বলতে পারি যে, তাদের মিনিমাম ফাইভ ইয়ার্স স্ট্যান্ডিং প্র্যাকটিস হওয়া চাই।

শ্রীআবদুল বারি বিশ্বাস: জুডিসিয়ারি এবং একজিকিউটিভ সেপারেশনের ব্যাপারে ক্রিমিন্যাল কোর্টে আর পুলিস পি পি না রেখে লইয়ার পি পি দেবার বিধান আপনি করবেন কি ?

শ্রীআবদুস সাত্তার: দ্যাট ইজ এ ম্যাটার অব ওপিনিয়ন।

শ্রীমহম্মদ দেদার বক্স: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই যে জাস্টিস অব পিস নিযুক্ত করেছেন এদের কাজ কি?

শ্রীআবদুস সাত্তার: আপনি সেপারেট নোটিস দেবেন, ব'লে দেব। তবে মোটামুটি এরা সার্টিফিকেট দেওয়া, অ্যাটেস্ট করা, ইত্যাদি এই রকম বিভিন্ন কাজ ক'রে থাকেন সকাল থেকে রাত্রি পর্যন্ত এবং এর ফলে আমাদের এম এল এ-দের কাজ খানিকটা কমে যায়। আর গ্রামবাংলায় সত্যিকারের কাজ কি হয় সে সম্বন্ধে আপনি একটা নোটিস দেবেন আমি পরে ব'লে দেব। তবে মোটামুটি এই কাজ হয়ে থাকে।

ডাঃ রমেন্দ্রনাথ দত্ত: কলকাতার বাহিরে কোন্ কোন্ জেলায় জাস্টিস অব পিস নিয়োগ করা হয়েছে, জানাবেন কি?

শ্রীআবদুস সাত্তার: নোটিস দিলে বলতে পারবো।

ডাঃ রমেন্দ্রনাথ দত্ত: ওয়েস্ট দিনাজপুরে কাউকে নেওয়া হয়েছে কিনা, বলতে পারবেন?

শ্রীআবদুস সাত্তার: আমার কাছে লিস্ট নেই, আমি লিস্ট এখানে নিয়ে আসি নি।

শ্রীআবদুল বারি বিশ্বাস: এই যে ১৮৮ জন জে পি-কে নিয়োগ করেছেন এটা কি ব্লক ভিত্তিতে নিয়োগ করেছেন এবং তা যদি হয়ে থাকে, তা হ'লে বাকি ব্লকগুলিতে জে পি নিয়োগের কোন ব্যবস্থা করবেন কি?

শ্রীআবদুস সাত্তার: ব্লক ভিত্তিতে নিয়োগের কোন প্রশ্ন নেই। তবে আপনি পার্টিকুলার একটা জায়গার বিষয় নিয়ে নোটিস দেবেন, আমি ব'লে দেব।

শ্রীআবদুল বারি বিশ্বাস: আমি বলেছি এই যে ১৮৮ জনকে নিয়োগ করা হয়েছে, এদেরকে কি ব্লক ভিত্তিতে নিয়োগ করা হয়েছে এবং কোন পদ্ধতির উপর নির্ভর ক'রে করা হয়েছে, সেটা বলবেন কি?

শ্রীআবদুস সাত্তার: গ্রামের দিকে ব্লক হয়, আর কলকাতার দিকে ওয়ার্ড হয়। এখন গ্রামের দিকে হ'লে নিশ্চয় ব্লক হিসাবে হবে।

শ্রীআবদুল বারি বিশ্বাস: তা যদি হয়ে থাকে, তা হ'লে এই ১৮৮ জন বাদ দিয়ে বাদবাকি যেসমস্ত ব্লক রইল সেই সমস্ত ব্লকে জে পি নিয়োগের ব্যবস্থা করবেন কিনা, সেটা জানাবেন?

শ্রীআবদুস সাত্তার: প্রশ্নের উত্তর হচ্ছে ব্লকে জে পি প্রায় নেই। ব্যাপারটা হচ্ছে আগে অ্যাপ্লিকেসন করতে হয় এবং তার আলাদা ফর্ম আছে। তারপরে এনকোয়ারি হয় এবং সেই এনকোয়ারির রিপোর্ট নিয়ে অ্যাপয়েন্টমেন্ট হয়। সেই রকম কোন লোক যদি আপনার ব্লকে থাকেন কিংবা অন্যান্য মেম্বার যাঁরা আছেন তাঁদের ব্লকে যদি থাকেন, তা হ'লে সেটা আমাকে দেবেন, আমি সে সম্বন্ধে এনকোয়ারি করাবো ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে দিয়ে এবং যদি দেখা যায় তিনি সুটেবল, তা হ'লে হি মে বি অ্যাপয়েন্টেড।

Mr. Speaker: *527, *528 and *529 are held over.

আলিপুর চিড়িয়াখানায় পশুপক্ষী

*৫৩১। (অনুমোদিত প্রশ্ন নং *১১০৪।) **শ্রীসুধীরচন্দ্র দাস:** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চিড়িয়াখানায় (আলিপুর) ১৯৭১ সালে ও ১৯৭২ সালে দর্শকগণের নিকট হইতে টিকিট বিক্রয় বাবত কত টাকা পাওয়া গিয়াছে;

(খ) ইহা কি সত্য যে, ঐ চিড়িয়াখানায় বর্তমানে পশু ও পক্ষীর সংখ্যা যথেষ্ট হ্রাস পাইয়াছে; এবং

(গ) সত্য হইলে, তাহার কারণ কি?

শ্রীসীতারাম মাহাতো: (ক) আলিপুর চিড়িয়াখানায় গত ১৯৭১ সালে এবং ১৯৭২ সালে দর্শকদের নিকট হইতে টিকিট বিক্রয় বাবত যথাক্রমে টাকা ৯,৭৭,৩৫৩ এবং টাকা ১১,৫৩,৬২৪·২৫ পাওয়া গিয়াছে।

(খ) না।

(গ) প্রশ্ন উঠে না।

শ্রীসুধীরচন্দ্র দাস: মাননীয় মন্ত্রিমহাশয় যা উত্তর দিলেন তাতে দেখা গেল যে, ১৯৭১ সালের থেকে ১৯৭২ সালে প্রায় দুই লক্ষ টাকা আয় বেড়েছে। মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, গত পাঁচ বছরের মধ্যে ১১ লক্ষ টাকার বেশী আয় হয়েছে এরকম কোন বছর আছে কিনা?

শ্রীসীতারাম মাহাতো: এটা জানাতে হলে নোটিস চাই।

শ্রীমহম্মদ সফিউল্লা: চিড়িয়াখানার সরীসৃপ ভবনে বহু সরীসৃপ নেই বা নষ্ট হয়ে গিয়েছে। এগুলি কেন নষ্ট হয়েছে তার কারণ অনুসন্ধান ক'রে এগুলি আনাবার ব্যবস্থা মাননীয় মন্ত্রিমহাশয় করবেন কি?

শ্রীসীতারাম মাহাতো: নষ্ট হয়ে গিয়েছে ব'লে আমার জানা নেই। তবে মাননীয় সদস্য মহাশয় যদি জানতে চান আমি জেনে পরে জানাতে পারবো।

শ্রীসুধীরচন্দ্র দাস: আমরা দেখেছি পাখির ঘরে অনেক ভাল পাখি একদম নেই, এ বিষয়ে মন্ত্রিমহাশয় লক্ষ্য রাখবেন কি?

শ্রীসীতারাম মাহাতো: হ্যাঁ, রাখা হবে।

শ্রীমহম্মদ সফিউল্লা: চিড়িয়াখানাতে অন্যান্য বহু মূল্যবান পশু মারা গিয়েছে। আমার জিজ্ঞাস্য, মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন সেগুলি কেন বিনিময়ের ভিত্তিতে অন্য দেশ থেকে আনা হচ্ছে না?

শ্রীসীতারাম মাহাতো: কি কি মূল্যবান পশু মারা গিয়েছে আমার জানা নেই। যদি জানান আমরা বিদেশ থেকে কিছু কিছু আনার চেষ্টা করবো।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় মন্ত্রিমহাশয় 'খ' প্রশ্নের উত্তরে বলছেন, না। আমার জিজ্ঞাস্য, এই যে বিভিন্ন রকম পাখি আসে সেগুলি গোনার পদ্ধতি কি—কে গোনে?

শ্রীসীতারাম মাহাতো: মাননীয় সদস্য যদি চিড়িয়াখানাতে যান, তা হ'লে সেখানে এ তথ্য পাবেন।

শ্রীমহম্মদ দেদার বক্স: এই যে পশু বা পাখি হ্রাস পাচ্ছে তার কারণ সেখানে ম্যালপ্র্যাকটিস হচ্ছে। মাননীয় মন্ত্রিমহাশয় যদি এটা জানেন, তা হ'লে সেটা বন্ধ করবার ব্যবস্থা করবেন কি এবং এইসব যাতে হ্রাস না পায় তার জন্য একটা কমিটি নিয়োগ করবার কথা চিন্তা করবেন কি?

শ্রীসীতারাম মাহাতো: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য মহাশয়কে জানাতে চাই যে, ওখানে একটা কমিটি আছে। তা ছাড়া পশু বা পাখি হ্রাস পাওয়ার যে কথা বললেন তাতে বলতে পারি এ ধরনের অভিযোগ আমার কাছে আসে নি। যদি আসে এ সম্পর্কে আমি নিশ্চয় ব্যবস্থা করবো।

ডঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায়: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে টাকা আদায় হয়, সেটা কি সরকারী কর্মচারীদের মাধ্যমে আদায় হয়, না কোন এজেন্সির মাধ্যমে আদায় হয়?

শ্রীসীতারাম মাহাতো: আমাদের যে কর্মচরী আছে তাদের মাধ্যমে আদায় হয়, সেখানে আমাদের যে কর্মচারীরা থাকে তারা আদায় করে।

শ্রীবীরেশ্বর রায়: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন চিড়িয়াখানায় এই যে সেসান্যাল বার্ডস্ আসে কোন্ কোন্ সেসানে কোন্ কোন্ বার্ডস আসে?

শ্রীসীতারাম মাহাতো ঃ নোটিস দিলে বলতে পারব।

Mr. Speaker: Starred question No. 532 is held over.

আলিপুর চিড়িয়াখানা

*৫৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *১২৪৯।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** পশুপালন এবং পশু-চিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আলিপুর চিড়িয়াখানায় বর্তমানে কি কি শ্রেণীর জন্তু-জানোয়ার, পশু-পক্ষী আছে;

(খ) উক্ত চিড়িয়াখানায় বর্তমানে কর্মচারীর সংখ্যা কত; এবং

(গ) কত টাকা জীব-জানোয়ারদের আহারাদির জন্য মাসিক ব্যয় হয়?

শ্রীসীতারাম মাহাতো ঃ (ক) আলিপুর চিড়িয়াখানায় বর্তমানে ৮২ প্রকার স্তন্যপায়ী ১৭৯ প্রকার পাখি ও ২৮ প্রকার সরীসৃপ আছে।

(খ) বর্তমানে এই চিড়িয়াখানায় তিনজন সরকারী অফিসার সহ কর্মচারীর সংখ্যা ২১৫ জন।

(গ) জীবজন্তুদের আহারাদির জন্য আনুমানিক ৩০,০০০ টাকা প্রতি মাসে ব্যয় হয়।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন বর্তমানে ওখানে কি কি জন্তু-জানোয়ার আছে এবং কি কি জন্তু-জানোয়ার মারা গেছে?

শ্রীসীতারাম মাহাতো ঃ আপনি চেয়েছেন কি কি প্রকার আছে? আমি অবশ্য এ সম্পর্কে একটা বড় লিস্ট দিয়েছি সেই লিস্ট পড়লে আপনারা বুঝতে পারবেন। সেই লিস্টে আমি শ্রেণী হিসাবে সংখ্যা ব'লে দিয়েছি। আপনারা সেই লিস্টটা দেখে নিতে পারেন।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন ১৯৭২ সালে কত জীব-জন্তু মারা গেছে?

শ্রীসীতারাম মাহাতো ঃ আপনি পার্টিকুলার নোটিস দেবেন, আমি ব'লে দেব।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মাননীয় মন্ত্রিমহাশয় ওখানে সিংহ আছে কিনা সেটা জানাবেন?

শ্রীসীতারাম মাহাতো ঃ হ্যাঁ।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, ওখানে কয়টা সিংহ আছে?

শ্রীসীতারাম মাহাতো ঃ কত সংখ্যায় সেটা বলা মুশকিল, সমস্ত তালিকা দেওয়া আছে, আপনারা দেখে নেবেন।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে, ৩০ হাজার টাকা খাবারের জন্য দেওয়া হয়। আমার প্রশ্ন হচ্ছে, কি কি জিনিস এই পশুপক্ষীদের খাবারের জন্য দেওয়া হয়?

শ্রীসীতারাম মাহাতো ঃ এখানে বিভিন্ন রকম জীবজন্তু আছে তাদের বিভিন্ন রকম খাদ্য দিতে হয়। কাজেই সেই বিভিন্ন ভাবে বিভিন্ন খাদ্যের জন্য খরচ হয় ৩০ হাজার টাকার মত।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন কোথা থেকে এই খাবার কেনা হয়; অর্থাৎ সরকারী কর্মচারীরা দোকান ঠিক করে, না যে লোক নিয়ে আসে তারা আনে। এটা কিভাবে নেওয়া হয়, এর জন্য কি কোন টেন্ডার দেওয়া হয়?

শ্রীসীতানাথ মাহাতো ঃ খাবার কোথা থেকে আসে সেটা নোটিস না দিলে বলা মুশকিল।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এই জীবজন্তুদের খাবারের জন্য খরচ হচ্ছে, কি কি জিনিস এদের খাওয়ানো হচ্ছে?

শ্রীসীতারাম মাহাতোঃ বিভিন্ন শ্রেণীর জীবজন্তু আছে। বিভিন্ন রকম জীবজন্তুর জন্য বিভিন্ন রকম খাবার আছে। কাজেই সেই তালিকা এখন দেওয়া সম্ভব নয়।

শ্রীকাশীনাথ মিশ্রঃ কোথা থেকে কেনা হয়, সেটা বলতে পারবেন কি?

শ্রীসীতারাম মাহাতোঃ খাদ্য সরবরাহ কি পদ্ধতিতে হয়ে থাকে সেটা যদি জানতে চান, তা হ'লে নোটিস দিলে বলতে পারবো।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, মাইগ্রেটেড বার্ড চিড়িয়াখানায় আসা কমে গেছে কেন?

শ্রীসীতারাম মাহাতোঃ আমি অবশ্য এই বিষয়ে জানি না, তবে আপনি যদি জেনে থাকেন, তা হ'লে আমাকে আলাদা ভাবে জানাবেন আমি ব্যবস্থা গ্রহণ করবো।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মুর্শিদাবাদ জেলায় বগাড়ী ব'লে একরকম পাখি পাওয়া যায়, সেই পাখি আপনার ঐ লিস্টে অছে কিনা জানাবেন কি? যদি না থাকে, তা হ'লে ঐ বগাড়ী পাখি এখানে আমদানি করার ব্যবস্থা করবেন কি?

শ্রীসীতারাম মাহাতোঃ যদি না থাকে, তা হ'লে আপনার উপর ভার দিয়ে দেবো যাতে সেইগুলো এখানে আনার ব্যবস্থা করতে পারেন।

Mr. Speaker: *534 held over. Honourable Members who have not called their questions may now call it, if present.

HELD OVER STARRED QUESTIONS

(to which oral answers were given)

অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারীদের পুনর্নিয়োগ

*৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৯।) **ডাঃ রমেন্দ্রনাথ দত্তঃ** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বয়স ৫৮ বৎসর পূর্ণ হইবার পর কোন সরকারী কর্মচারীকে ১৯৭২ সনের মার্চ মাসের পর এক্সটেনশন অথবা রি-এমপ্লয়মেন্ট দেওয়া হইয়াছে কিনা; এবং

(খ) (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, (১) ৩ মাস, (২) ৬ মাস এবং (৩) ১ বৎসরের জন্য কতজন গেজেটেড স্টাফ এবং কতজন নন্-গেজেটেড স্টাফকে এক্সটেনশন অথবা রি-এমপ্লয়মেন্ট দেওয়া হইয়াছে?

শ্রীশঙ্কর ঘোষঃ (ক) হ্যাঁ।

(খ) এ পর্যন্ত ৩৫টি অফিস হইতে সংবাদ পাওয়া গিয়াছে। বাকী কিছু অফিস হইতে সংবাদ পাওয়া যায় নাই। যে তথ্য পাওয়া গিয়াছে তাহার ভিত্তিতে নিম্নলিখিত উত্তর দেওয়া হইলঃ

		৩ মাস	৬ মাস	১ বৎসর
গেজেটেড স্টাফ	...	২১	২০	১৩
ননগেজেটেড স্টাফ	...	১৪	৩২	৩৭

মোট ১৩৭—(গেজেটেড ৫৪; ননগেজেটেড ৮৩।)

ডাঃ রমেন্দ্রনাথ দত্তঃ এই বেকার সমস্যার যুগে এতগুলো অফিসারকে ৫৮ বছরে রিটায়ার করার পরেও এক্সটেনশন দেওয়া হ'ল কেন?

শ্রীশঙ্কর ঘোষ: এতগুলো অফিসার নয়। আমাদের সরকারী কর্মচারী আছেন ২ লক্ষ ৮০ হাজার। এবং প্রতি বছর তাদের মধ্যে থেকে রিটায়ার করেন প্রায় আট হাজার। এই আট হাজার যারা রিটায়ার করেন, এই সব নিয়ে ১৩৭ জনকে দেওয়া হয়েছে, এটা বেশী জন নয়।

ডাঃ রমেন্দ্রনাথ দত্ত: তা হ'লে এই ১৩৭ জন লাকি আর বাদবাকী সব আন-লাকি? এতগুলো অফিসার যে রিটায়ার করছেন তার মধ্যে থেকে বেছে বেছে কিছু লাকি অফিসারকে এক্সটেনশন দেওয়া হচ্ছে?

শ্রীশঙ্কর ঘোষ: লাকি বা আন-লাকি ব্যাপার নয়। এই ৮ হাজার যারা রিটায়ার করছেন, যারা রি-এমপ্লয়মেন্টের জন্য দরখাস্ত করেন, কিন্তু বেশীর ভাগ ক্ষেত্রে নামঞ্জুর ক'রে দেওয়া হয়। কিন্তু কতকগুলো ক্ষেত্রে দিতে হয়। কিছু কিছু টেকনিক্যাল অফিসার আছেন যাদের দিতে হয়। যেমন গত বছর আমরা পি এস সি-র কাছ থেকে ৩৫ জন ইংরাজী স্টেনোগ্রাফার এবং ২০ জন বাংলা স্টেনোগ্রাফার চেয়েছিলাম, কিন্তু তারা আমাদের সব দিতে পারেন নি। তাদের যে পরীক্ষা হয়েছিল তাতে তারা মাত্র ১২ জন ইংরাজী স্টেনোগ্রাফার দিতে পেরেছিলেন এবং দু'জন বাংলা স্টেনোগ্রাফার দিতে পেরেছিলেন এবং তাদেরই নিয়োগ করা হয়েছে এবং সেই জন্যই এক্সটেনশন দিয়ে দিয়ে চালাতে হচ্ছে।

[2-00—2-10 p.m.]

ডাঃ রমেন্দ্রনাথ দত্ত: কে সি সাহাকে ফিসারী ডিপার্টমেন্টে এক্সটেনশন দেওয়া হয়েছে কিনা বলতে পারেন?

শ্রীশঙ্কর ঘোষ: নোটিস দেবেন, তা হ'লে বলতে পারব।

শ্রীরজনীকান্ত দলুই: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে এই বেকার সমস্যার উপর বিচার ক'রে রিটায়ারমেন্টের সময়-সীমা ৫৮ বৎসর থেকে কমিয়ে ৫৫ বৎসর করবার বিষয়ে কিছু চিন্তা করছেন কিনা?

শ্রীশঙ্কর ঘোষ: এই প্রশ্নের সঙ্গে এটার কোন সম্পর্ক নেই।

*52: Held over.

*346. Not called.

*352: Held over.

Mr. Speaker: *351 Reply to this question was not placed on the table as the copy of the reply was received by my office at late hour. So, it is held over.

ভাণ্ডারদহ বিলে রিভার পাম্প

***৩৫৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৮৯।) **শ্রীতিমিরবরণ ভাদুড়ী:** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় ভাণ্ডারদহ বিলে কতগুলি রিভার পাম্প আছে এবং তন্মধ্যে কয়টি চালু আছে; এবং

(খ) ঐ রিভার পাম্পগুলি ডিজেলে চলার জন্য প্রত্যেকটিতে গড়ে ঘংটায় কত খরচ পড়ে?

শ্রীআবদুস সাত্তার: (ক) ভাণ্ডারদহ বিল ও তাহার শাখা উপশাখায় ৬৩টি নদী সেচ প্রকল্প আছে এবং তাহার মধ্যে ৬০ প্রকল্প চালু আছে।

(খ) প্রতিটি ডিজেল-চালিত প্রকল্প চালাইতে শুধু ডিজেল ও মোবিল বাবত ঘণ্টায় আনুমানিক ১০ টাকা খরচ পড়ে (দুইটি ইঞ্জিন চালু হিসাবে)।

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: যে প্রকল্পগুলি চালু আছে সেগুলি প্রতিদিন কত ঘণ্টা চালু থাকে?

শ্রীআবদুস সাত্তার: এটা সেখানকার সেচের প্রয়োজনীয়তার উপর নির্ভর করে। প্রয়োজন হ'লে সমস্ত দিন জল দিতে হতে পারে, আবার প্রয়োজন না হ'লে সারা দিনে এক ঘণ্টাও চলে না, কোন ফিক্সড টাইম নাই।

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: এই পাম্পগুলি কত কিউসেক জল তুলতে পারে?

শ্রীআবদুস সাত্তার: নোটিস দেবেন।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, যেসকল কো-অর্ডিনেশন কমিটির সমর্থক অপারেটর এবং ডাবলু টি আছে, তারা থ্রেটনিং ক'রে জলসরবরাহের ক্ষেত্রে বাধা দিচ্ছে এবং ৮ ঘণ্টার বেশি কাজ করবে না বলছে, এটা কি সত্য?

শ্রীআবদুস সাত্তার: আমার কাছেও এই রকম অভিযোগ এসেছে। তারা নিজেরাই ঠিক করেছে যে, ৮ ঘণ্টার বেশী কাজ করবে না, কিন্তু আমাদের এই রকম কোন নির্দেশ নাই। কারণ জল যখন প্রয়োজন হয় তখন ১৬ ঘণ্টাও দিতে হয়, আবার যখন প্রয়োজন হয় না তখন ১ ঘণ্টাও দিতে হয় না, সুতরাং তাদের তখন কাজও করতে হয় না। এই রকম কোন অপারেটর বা অ্যাসিস্ট্যান্ট অপারেটরের সম্বন্ধে অভিযোগ পাওয়া গেলে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: এই প্রকল্পগুলি চালু হ'লে ভাণ্ডারদহ বিল থেকে ঠিক কত পরিমাণ জল পাওয়া যাবে?

শ্রীআবদুস সাত্তার: মোটামুটি একটা রিভার লিফটে যে পাইপ লাইন দিতে পারি তাতে ৩ একর পর্যন্ত উইদাউট পাইপ লাইনেই হয়। নওদাতে ১১৫ একর তারা উইদাউট পাইপ লাইনে করেছে কেবল চ্যানেল কেটে। সেই জন্য সেই হিসাবে ধরলে অনেক সময় উইদাউট পাইপ লাইনে ১০০ থেকে ১৫০ একর পর্যন্ত করা যায়। আর জলের যে হিসাব চেয়েছেন সেটা নোটিস দিলে ব'লে দিতে পারব।

*359: Held over.

*360: Not called.

*367 and *371: Held over.

*383: Not called.

বাঁকুড়া জেলায় খারিফ ও রবি শস্যের চাষ

*৩৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *৬১৮।) **শ্রীকাশীনাথ মিশ্র:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হিসাব অনুযায়ী ১৯৭২-৭৩ সালে বাঁকুড়া জেলায় কত একর জমিতে খারিফ এবং রবি শস্যের চাষ হইয়াছে;

(খ) ১৯৭১-৭২ সালে কত একর জমিতে ঐরূপ চাষ হইয়াছিল; এবং

(গ) প্রতি ব্লকে বর্তমান বৎসরে খারিফ এবং রবি শস্য উৎপাদনের হার কত?

শ্রীআবদুস সাত্তার: (ক) বাঁকুড়া জেলায় ১৯৭২-৭৩ সালে খারিফ শস্য চাষের আওতাভুক্ত জমির নির্ধারিত পরিমাণ প্রায় ৯·৩১ লক্ষ একর। আমন ও আউশ শস্য চাষের জন্য এই জমির নির্ধারিত পরিমাণ যথাক্রমে প্রায় ৮·১৫ লক্ষ একর এবং ১·১৬ লক্ষ একর। রবি চাষের এবং গম চাষের আওতাভুক্ত জমির পরিমাণ যথাক্রমে ০·৪১ লক্ষ এবং ০·৩৬ লক্ষ একর, বোরো চাষের ক্ষেত্রে এর পরিমাণ ০·০৫ লক্ষ একর।

(খ) ১৯৭১-৭২ সালে খরিফ শস্য চাষের আওতাভুক্ত জমির পরিমাণ ৯·৩৩ লক্ষ একর। আমন, আউশ, রবি, গম এবং বোরো শস্যের আওতাভুক্ত জমির নির্ধারিত পরিমাণ যথাক্রমে ৮·০২ লক্ষ একর, ১·৩১ লক্ষ একর, ০·৪০ লক্ষ একর, ০·৩৫ লক্ষ একর এবং ০·০৫ লক্ষ একর।

(গ) ১৯৭২-৭৩ সালে বাঁকুড়া জেলায় বিভিন্ন ব্লকে একর প্রতি খরিফ এবং রবি শস্যের গড় উৎপাদন-সম্বলিত একটি বিবরণী সন্নিবেশিত করা হইল।

Statement referred to in reply to clause 'Ga' of Starred Question No. 373.

ব্লকের নাম	খরিক				রবি	
	আউস (কিগ্রা হিসাবে)		আমন		গম	বোরো
	স্থানীয়	উচ্চফলনশীল	স্থানীয়	উচ্চফলনশীল		
বিষ্ণুপুর ..	৪৯৫	১,২৮৮	৫৮৬	১,২৮৮		
জয়পুর ..	৬৬৬	..	৪৪০	১,৪৫৮		
কোতলপুর ..	৮৫২	..	৪০৪	১,৭৪৭		
ইন্দাস ..	৭৩০	..	৯২১	১,৪৮৫		
পাত্রশায়র ..	৫৩০	..	৫৮৮	১,৯৭২		
সোনামুখী ..	৭৪২	..	৬৫৭	১,২৫০		
বাঁকুড়া—১ ..	২০৮	..	৪৯৪	১,৪৬২		
বাঁকুড়া—২ ..	৩৭৩	..	৭০০	১,৫০০		
ইন্দপুর ..	৩৭০	..	১০৮৮	১,৫৭৯		
খাতরা—১ ..	৩৬৯	..	১১৪৮	১,৫৩৭		
খাতরা—২ ..	৩৫৭	৬২৮	৫৯০	১,২২০		
রাণীবাঁধ ..	২৫০	..	৫৬০	১,২০৭	ফসলকাটা এখনও শুরু হয় নাই।	
রায়পুর—১ ..	৩৪৫	..	৪২৪	১,১২০		
রায়পুর—২ ..	৫০০	..	৮০৬	১,৩২৮		
সিমলাপাল ..	৫০০	১,১০৫	৭৯০	৯৮০		
তালড়াংরা ..	৫৩৯	..	৮৮৫	১,১৫৫		
ওনডা ..	৪০৮	..	৩৬১	১,০৫৩		
বড়জোড়া ..	৬০০	৯০০	৬০৮	১,৮০০		
ছাতনা ..	৩২৮	..	৭২৩	১,৬৬২		
শালতোড়া ..	..	..	৫৯২	১,২০৭		
মেঝিয়া ..	৫২৪	..	১২৫০	১,৬০০		
গঙ্গাজলঘাটি ..	..	..	৫৯৯	১,৭৪০		

শ্রীকাশীনাথ মিশ্র: ১৯৭১ সালে ৯·৩১ লক্ষ একর এবং ১৯৭১-৭২ সালে ৯·৩৩ লক্ষ একর—এই কমের কারণ কি?

শ্রীআবদুস সাত্তার: গত বছর অসম্ভব খরাই এর কারণ।

শ্রীকাশীনাথ মিশ্র: অল্পক্ষণ আগে আপনি উত্তর দিয়েছেন খরা হয় নি, কিন্তু এখন অসম্ভব খরা বলছেন—এর কারণ কি?

শ্রীআবদুস সাত্তার: একেবারে খরা হয় নি তা নয় খরা হয়েছে। কিন্তু খরা যেটুকুন হয়েছে তার ফলে এই কম। একেবারে খরা হ'লে তো ফসলই হ'ত না। ৯·৩১ আর ৯·৩৩—তার মানে বৃষ্টিও হয়েছে, খরাও আছে—একেবারে খরা নয়।

খরাপীড়িত জেলা

*৩৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *৬১৯।) **শ্রীকাশীনাথ মিশ্র:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালে পশ্চিমবঙ্গের কোন্ কোন্ জেলা খরা এলাকা হিসাবে ঘোষণা করা হইয়াছিল;

(খ) উক্ত খরার মোকাবিলার জন্য সরকার জেলাওয়ারী কত টাকা বরাদ্দ করিয়াছিলেন;

(গ) বাঁকুড়া জেলায় উক্ত খরার জন্য কত আমন, আউশ এবং রবি শস্যের ক্ষতি হইয়াছে; এবং

(ঘ) বাঁকুড়া জেলার খরা দূরীকরণের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

[2-10—2-20 p.m.]

শ্রীআবদুস সাত্তার: (ক) ১৯৭২ সালের পশ্চিমবঙ্গের কোন অঞ্চলকেই খরা অধ্যুষিত অঞ্চল বলিয়া ঘোষণা করা হয় নাই।

তবে ২৪-পরগনা, নদীয়া, মুর্শিদাবাদ, বর্ধমান, বীরভূম, বাঁকুড়া, মেদিনীপুর, হুগলী, হাওড়া, জলপাইগুড়ি, দার্জিলিং, মালদা, পশ্চিম দিনাজপুর, কুচবিহার এবং পুরুলিয়া জেলাগুলি ১৯৭২ সালের খরায় কমবেশী ক্ষতিগ্রস্ত হইয়াছে।

(খ) এ সম্পর্কে একটি বিবরণী সন্নিবেশিত হইল।

(গ) (১) আমন উৎপাদনের ক্ষেত্রে ক্ষতির নির্ধারিত পরিমাণ প্রায় ০·৫১ লক্ষ মেট্রিক টন যাহার আনুমানিক মূল্য ৬ কোটি টাকা।

(২) আউস উৎপাদনের ক্ষেত্রে ক্ষতির পরিমাণ প্রায় ০·৩৪ লক্ষ মেট্রিক টন যাহার আনুমানিক মূল্য ৪ কোটি টাকা।

(৩) রবিশস্য উৎপাদনের ক্ষেত্রে ক্ষতির নির্ধারিত পরিমাণ প্রায় ১,৬০০ মেট্রিক টন যাহার আনুমানিক মূল্য ১৯ লক্ষ টাকা।

(ঘ) বাঁকুড়া জেলার খরাঅধ্যুষিত এলাকাসমূহে নিম্নোক্ত ব্যবস্থাদি গ্রহণ করা হইয়াছে:

(১) পাম্পসেট বিতরণের জন্য ৩২ লক্ষ টাকা মঞ্জুর করা হইয়াছে, ১৬ লক্ষ টাকা মূল্যের ৩৮৫টি পাম্পসেট ইতিমধ্যে বিতরিত হইয়াছে;

(২) অগভীর নলকূপ খননের জন্য ইতিমধ্যে ৬৪,৫০০ টাকা মূল্যের ১,৭০০ মিটার পাইপ (নল) সরবরাহ করা হইয়াছে। ইহা ছাড়াও দুইটি গুচ্ছ অগভীর নলকূপ বসানোর কাজ চলিতেছে;

(৩) ৫৫০টি অগভীর নলকূপ খননের জন্য ৬ লক্ষ টাকা মঞ্জুর করা হইয়াছে;

(৪) ১৭টি নদী উত্তোলন জলসেচ প্রকল্পের কাজ শুরু হইয়াছে;

(৫) ৩২০টি কূপ খননের জন্য ৭ লক্ষ টাকা মঞ্জুর করা হইয়াছে;

(৬) অগভীর কূপ খননের জন্য ৩০,০০০ টাকা ভরতুকি দেওয়া হইয়াছে; এবং

(৭) বিপন্ন চাষিগণ কর্তৃক বীজ ক্রয়ের জন্য ৪ লক্ষ টাকা ঋণ হিসাবে মঞ্জুর করা হইয়াছে এবং ১৩ লক্ষ টাকা সার ক্রয় ঋণ বাবত মঞ্জুর করা হইয়াছে।

*Statement in reply to clause 'Kha' of Starred Question No. *384.*

১৯৭২ সালের খরা পরিস্থিতির মোকাবিলার জন্য প্রদত্ত কৃষিঋণ সম্পর্কিত বিবরণী

জেলার নাম	বীজক্রয় ঋণ	সারক্রয় ঋণ	কীটনাশক ঔষধক্রয় ঋণ	গোক্রয় ঋণ	পাম্পসেট ক্রয় বাবত ঋণ
	টা:	টা:	টা:	টা:	টা:
বাঁকুড়া ..	২,০০,০০০	১৭,৫০,০০০	২২,০০০	১,০০,০০০	১৬,০০,০০০
বীরভূম ..	৬,০০,০০০	৪০,০০,০০০	৫০,০০০	১,০০,০০০	১৪,০০,০০০
বর্ধমান ..	৮,০০,০০০	৫২,৫০,০০০	২,০০,০০০	১,০০,০০০	৩৫,০০,০০০
দার্জিলিং ..	৫০,০০০	২,০০,০০০	..	..	..
প: দিনাজপুর	১০,০০,০০০	৩৭,০০,০০০	২,০০,০০০	১,০০,০০০	৩০,০০,০০০
হাওড়া ..	১,২২,৪০০	১৬,৭০,০০০	১,৬৫,০০০	৭৫,০০০	২০,০০,০০০
হুগলি ..	৮,০০,০০০	৩৫,০০,০০০	১,৫০,০০০	৭৫,০০০	৩২,০০,০০০
জলপাইগুড়ি	৫০,০০০	৫,০০,০০০	৫০,০০০	২৫,০০০	..
মালদা ..	১২,০০,০০০	২৭,০০,০০০	৩,৬০,০০০	১,৫০,০০০	৩০,০০,০০০
মেদিনীপুর ..	৮,৬৪,০০০	৮৭,০০,০০০	৩৬,৭০,০০০	২,০০,০০০	৫৪,০০,০০০
মুর্শিদাবাদ ..	২২,০০,০০০	৪৫,০০,০০০	১,৬৫,০০০	১,৫০,০০০	৪১,০০,০০০
নদিয়া ..	১৭,০০,০০০	৩৬,০০,০০০	১,০০,০০০	১,০০,০০০	৩০,০০,০০০
২৪-পরগণা ..	১০,৭২,৯৬০	৪৬,২৮,০০০	৬,৫৬,০০০	২,০০,০০০	৫৫,০০,০০০
কুচবিহার ..	৫০,০০০	৭,০০,০০০	৫০,০০০	২৫,০০০	..
পুরুলিয়া ..	৫০,০০০	৬,০০,০০০	..	১,০০,০০০	১২,০০,০০০
মোট ..	১,০৭,৫৯,৩৬০	৪,৫৯,৯৮,০০০	৫৮,৩৮,০০০	১৫,০০,০০০	৩,৬৯,০০,০০০

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন ১৭টি নদী উত্তোলনের কাজ হয়েছে, কোথায় কোথায় হয়েছে জানাবেন কি?

শ্রীআবদুস সাত্তার: নোটিস দিতে হবে।

শ্রীকাশীনাথ মিশ্র: আমরা যেটা দেখেছি গত বছর থেকে ৫টি কমপ্লিট হয়েছে, বাকিগুলির কোন কাজ হয় নি, কেন হয় নি বলবেন কি?

শ্রীআবদুস সাত্তার: নিশ্চয়ই কাজ শুরু হয়েছে, যদি কোথাও কাজ না হয়ে থাকে নাম দিয়ে যাবেন দেখব।

'পাড়া' ব্লকে কৃষি ফার্ম স্থাপনের ব্যবস্থা

***৩৮৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৬৭৬।) **শ্রীশরৎচন্দ্র দাস:** কৃষি ও সমষ্টি-উন্নয়ন (সমষ্টি-উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, পুরুলিয়া জেলার পাড়া ব্লকে এখনও কোন ব্লক অফিস না থাকায় উন্নয়নকাজ ব্যাহত হইতেছে এবং ব্লকের কর্মচারীরা অত্যন্ত অসুবিধার মধ্যে আছেন;

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন;

(গ) সরকার কি অবগত আছেন যে, উক্ত ব্লকে এযাবত কৃষি ফার্ম না থাকার ফলে বীজ উৎপাদন তথা উন্নত মানের কৃষিশিক্ষা হইতে স্থানীয় জনগণ বঞ্চিত হইতেছেন; এবং

(ঘ) অবগত থাকিলে, উক্ত ব্লকে কৃষি ফার্ম স্থাপনের জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কি?

শ্রীআবদুস সাত্তার: (ক) পুরুলিয়া জেলার পাড়া ব্লকে ব্লক অফিসার আছে। তবে নিজস্ব অ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিংস্ এখনও হয় নাই।

(খ) অ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিংস স্থাপনের ব্যবস্থা করা হইতেছে।

(গ) ১৯৬৫-৬৬ সালে গোয়ালদি মৌজায় (জে এফ নং ৯৩) পাড়া ব্লক কৃষি খামার স্থাপন করা হইয়াছে।

(ঘ) প্রশ্ন উঠে না।

শ্রীশরৎচন্দ্র দাস: ব্লক অফিস যেখানে রয়েছে সেটা একটা ছোট্ট প্রকোষ্ঠে অফিস রক্ষা করা হচ্ছে, অফিস করতে জায়গা ওখানে পাওয়া যায় নি এটা সত্য কিনা?

শ্রীআবদুস সাত্তার: ভাড়া বাড়ি হতে পারে ছোট। আমরা আমাদের অ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিংস করবার জন্য চেষ্টা করছি। আপনি জানেন যে অ্যাজবেসটস্ দিয়ে স্টাফ কোয়ার্টার তৈরি হয়েছিল, কিন্তু তারপর খরা এল, অ্যাজবেসটসের তাপ তারা সহ্য করতে পারে নি।

শ্রীশরৎচন্দ্র দাস: ওখানে বলছেন এগ্রিকালচারাল ফার্ম করা হয়েছে—কেবল জায়গা অ্যাকুইজিসান করা হয়েছে, এগ্রিকালচারের কোন কাজ নেই, কিছু হয় নি, এটা জানেন কিনা?

শ্রীআবদুস সাত্তার: আমি সেই জায়গাটা ভিজিট করি নি। তবে আমি যে রিপোর্ট পেয়েছি তাতে দেখছি সেখানে কৃষি খামার আছে, অনেক ফার্ম আছে। পাকা বিল্ডিং নেই, কাঁচা বিল্ডিং রয়েছে একথা ঠিক। আপনি কি বলছেন খামার নেই?

শ্রীশরৎচন্দ্র দাস: খামার আছে। কিন্তু সেখানে কুয়ো করা হয় নি, কিছু করা হয় নি, অথচ আপনাকে মিথ্যা রিপোর্ট দিয়েছে যে, সব কিছু আছে।

শ্রীআবদুস সাত্তার: আমি দেখব।

শ্রীশরৎচন্দ্র দাস: এই যে ভুল তথ্য সরবরাহ করা হয়েছে আপনি তার জন্য তদন্ত করবেন কিনা? আপনারা আমাদের শ্রদ্ধার পাত্র, কাজেই মন্ত্রিমহাশয়রা এখানে ভুল তথ্য পরিবেশন করবেন সেটা আমরা চাই না। ওখানে এগ্রিকালচারাল ফার্ম নেই, কুয়ো নেই, অথচ ডিপার্টমেন্ট থেকে বলা হচ্ছে, এগ্রিকালচারাল ফার্ম আছে।

শ্রীআবদুস সাত্তার: আমি মনে করছি, এই খামার আপনাকে এবং যে অফিসার আমাকে এই তথ্য দিয়েছেন তাঁকে ভিজিট করাব।

শ্রীমহম্মদ সফিউল্লা: মাননীয় স্পীকার মহাশয়, আমি দেখছি বহু কোশ্চেন হেল্ড ওভার হচ্ছে এবং যে সমস্ত কোশ্চেনের উত্তর দেওয়া হচ্ছে সেগুলো যথাযথভাবে দেওয়া হচ্ছে না এবং যার ফলে আমরা সন্তুষ্ট হতে পারছি না। কোশ্চেনের উত্তর পাওয়া আমাদের একটা প্রিভিলেজ। আমি সংশ্লিষ্ট ডিপার্টমেন্টকে অনুরোধ করছি, বিশেষ ক'রে কৃষি বিভাগকে অনুরোধ করছি এই যে, ম্যাক্সিমাম কোশ্চেন হেল্ড ওভার হচ্ছে, তাঁরা যেন এর যথাযথ উত্তর দেন এবং অন্যান্য ডিপার্টমেন্টও যেন যথাযথ তথ্য দিয়ে মাননীয় সদস্যদের অবগত করান এবং ভবিষ্যতে যেন এরকম হেল্ড ওভার আর না হয়। আর মাননীয় স্পীকার মহাশয়ের নিকট অনুরোধ রাখছি তিনি এই ব্যাপারে আমাদের প্রোটেকসন দেবেন।

শ্রীআবদুস সাত্তার: আমি আজকে অনেক প্রশ্ন এনেছি, কিন্তু দেখছি অনেক মাননীয় সদস্য এখানে অনুপস্থিত রয়েছেন। আমি আজকে ১০টি প্রশ্ন এনেছি, কিন্তু দেখছি মেম্বাররা অনুপস্থিত রয়েছেন। আপনারা কেবল হেল্ড ওভার, হেল্ড ওভার বলছেন, কিন্তু ৪৪ থেকে ৫০টি প্রশ্নের যদি উত্তর দিতে হয় তা হ'লে টাইম লিমিট যেটা রয়েছে সেটাও বিবেচনা করুন। অনেক সময় নানা কারণে কোশ্চেন হেল্ড ওভার হয়, পেন্ডিং থাকে। কিন্তু আমি তো আজ অনেক প্রশ্ন নিয়েই রেডি ছিলাম। যা হোক, আজকে ২টা পর্যন্ত অনেক প্রশ্ন কভার করেছে এবং হেল্ড ওভারের জন্য প্রশ্ন বাদ গেছে আমার তা মনে হয় না।

শ্রীসুধীরচন্দ্র দাস: মাননীয় স্পীকার মহাশয়, অন এ পয়েন্ট অব প্রিভিলেজ। আমি একটি পুরাতন কথা বলতে এখানে দাঁড়িয়েছি। ১৯৬৫ সাল থেকে প্রসিডিংস্ বইগুলো ছাপা হচ্ছে না। ১৯৬৭ সালে দু'টি বেরিয়েছিল, কিন্তু তারপর আর একটিও বেরোয় নি। এই প্রসিডিংস্ বুক না পাবার জন্য এখানকার আলোচনা এবং মাননীয় সদস্যেরা যে সমস্ত কথা এখানে বলেন সেগুলি আমরা আমাদের এলাকায় গিয়ে বলতে পারছি না। প্রসিডিংস্ বই পাওয়া আমাদের একটা অধিকার। আমাদের সেই অধিকারকে কেন নষ্ট করা হচ্ছে বুঝতে পারছি না। এই সরকার শাসন ক্ষমতায় এসেছে আজ ১ বছর হ'য়ে গেল এবং আমরা জানি বি জি প্রেসে এখান থেকে রেকর্ড যা পৌঁছে দেওয়া হয়েছে সেখানে সেগুলো পড়ে রয়েছে। বি জি প্রেসে গিয়ে রেকর্ড পড়ে থাকা, সেগুলো ছাপা না হওয়া এবং এইভাবে ৭ বছর প'ড়ে থাকা এটা অত্যন্ত বিসদৃশ ব্যাপার। আমি মনে করি আমাদের অধিকার হরণ করা হয়েছে কাজেই এই ব্যাপারে যা কিছু করণীয় আপনি সেইভাবে নির্দেশ দিন।

STARRED QUESTIONS

(to which answer were laid on the table)

খরা এলাকায় সেচ

*৫০৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩২৩।) **শ্রীনিতাইপদ সরকার:** কৃষি বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বিগত খরাজনিত পরিস্থিতির বিষয় বিবেচনা করিয়া সরকার কৃষিক্ষেত্রে সেচ সম্প্রসারণের জন্য কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কি না; এবং

(খ) করিয়া থাকিলে, তাহার বিবরণ কি?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ, করিয়াছেন।

(খ) (১) ৮,০০০টি পাম্পসেটযুক্ত অগভীর নলকূপ স্থাপন ;

(২) ৪,৯০০টি পাম্পসেট বিতরণ ;

(৩) ২৫০টি গভীর নলকূপ স্থাপন ; এবং

(৪) ৬৫৬টি নদী হইতে জলতোলন কেন্দ্র স্থাপন।

পাঁচুড় এমারজেন্সী ওয়াটার সাপ্লাই স্কীম

***৫০৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৮০৬।) **শ্রীবিশ্বনাথ চক্রবর্তীঃ** স্বাস্থ্য (গ্রামীণ জল-সরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বেহালা (পশ্চিম) নির্বাচন কেন্দ্রের অন্তর্গত পাঁচুড়-রামদাসহাটি অঞ্চলের জন্যে গৃহীত পাঁচুড় এমারজেন্সী ওয়াটার সাপ্লাই স্কীমের কাজ কবে নাগাদ শেষ হবে?

স্বাস্থ্য (গ্রামীণ জলসরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ পাঁচুড় ইমারজেন্সি ওয়াটার সাপ্লাই স্কীমের কাজ ১৯৭৩ সালের ৩১শে ডিসেম্বরের মধ্যে শেষ হইবে বলিয়া আশা করা যায়।

ক্যানিং ২ নং ও বাসন্তী ব্লকে টিউবওয়েল

***৫০৭।** (অনুমোদিত প্রশ্ন নং *৯৭৩।) **শ্রীপঞ্চানন সিনহাঃ** স্বাস্থ্য (গ্রামীণ জলসরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, গত ১৯৭১ সালে নূতন কোয়ালিশন সরকারের সময়ে প্রতি ব্লকে ১০টি করিয়া নূতন টিউবওয়েল মঞ্জুর করা হইয়াছিল;

(খ) অবগত থাকিলে, মঞ্জুরীকৃত ঐ টিউবওয়েলগুলি ২৪-পরগনা জেলার ক্যানিং ২ নং ব্লকে এবং বাসন্তী ব্লকে বসানো হইয়াছে কি না এবং না হইয়া থাকিলে, তাহার কারণ কি; এবং

(গ) কবে নাগাত ঐগুলি বসানো হইবে?

স্বাস্থ্য (গ্রামীণ জলসরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) না। কোন ঠিকাদার পাওয়া যাইতেছে না।

(গ) যত শীঘ্র সম্ভব বসানো হইবে।

ওন্দা থানায় পানীয় জলের কূপ ও নলকূপ

***৫০৯।** (অনুমোদিত প্রশ্ন নং *১০৮৬।) **শ্রীশম্ভুনারায়ণ গোস্বামীঃ** স্বাস্থ্য (গ্রামীণ জলসরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে বাঁকুড়া জেলার ওন্দা থানায় কতগুলি গ্রামে সরকার কর্তৃক দেওয়া পানীয় জলের কূপ বা নলকূপ আছে এবং কতগুলি গ্রামে নাই;

(খ) যে সকল গ্রামে ঐরূপ কূপ বা নলকূপ নাই সেই সকল গ্রামে কূপ বা নলকূপ স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কি?

(গ) থাকিলে, কত দিনের মধ্যে উহা কার্যকরী হইবে;

(ঘ) যে সকল কূপ বা নলকূপ বর্তমানে আছে। সেগুলির মধ্যে কতগুলি কার্যকরী এবং কতগুলি অকেজো; এবং

(ঙ) অকেজোগুলি কত দিনের মধ্যে মেরামত করা সম্ভব হইবে?

স্বাস্থ্য (গ্রামীণ জলসরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৩০৪টিতে আছে এবং ৪৭টিতে নাই।

(খ) হ্যাঁ।

(গ) যত তাড়াতাড়ি সম্ভব চেষ্টা করা হবে।

(ঘ) সবগুলিই চালু আছে।

(ঙ) প্রশ্ন ওঠে না।

জয়ন্তী গ্রাম

***৫১৫।** (অনুমোদিত প্রশ্ন নং *১০৫৯।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ গত ২২শে ফেব্রুয়ারী,** ১৯৭৩ তারিখে প্রদত্ত অতারকিত ১৮নং (অনুমোদিত প্রশ্ন নং ১৪৪) **প্রশ্নোত্তর উল্লেখ** করিয়া কৃষি ও সমষ্টি উন্নয়ন (সমষ্টি উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় **অনুগ্রহপূর্বক** জানাইবেন কি, প্রতি 'জয়ন্তী গ্রাম' বাবত সরকার কিভাবে কত টাকা ব্যয় করিতে **মনস্থ** করিয়াছেন?

কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ প্রতি "জয়ন্তী গ্রাম" বাবত কোন নির্দিষ্ট পরিমাণ টাকা ব্যয়ের ব্যবস্থা নাই। সরকার প্রতি জয়ন্তী গ্রামে, স্কুল স্থাপন বা উন্নয়ন, পানীয় জলসরবরাহ, বিদ্যুৎ সরবরাহ, বাস্তু জমির ব্যবস্থা, গৃহনির্মাণ, রাস্তাঘাট নির্মাণ প্রভৃতি কাজে প্রয়োজনীয় অর্থ ব্যয় করিতে মনস্থ করিয়াছেন।

আড়খিষমা সেচ প্রকল্প

***৫২২।** (অনুমোদিত প্রশ্ন নং *৩৩৫।) **শ্রীনিতাইপদ সরকারঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নদীয়া জেলার আড়খিষমা সেচ প্রকল্পটি (রানাঘাট ১নং) দীর্ঘদিন হইতে অকার্যকরী অবস্থায় পড়িয়া আছে:

(খ) সত্য হইলে, উহার কারণ কি; এবং

(গ) উহা পুনরায় চালু করিবার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) সত্য।

(খ) পরিকল্পনাটির প্রারম্ভিক কাজ জনস্বাস্থ্য বাস্তু বিভাগ গ্রহণ করে এবং পরে কৃষি বাস্তু বিভাগকে হস্তান্তরিত করা হয়। কৃষি বাস্তু বিভাগকে কিছুটা কাজের অগ্রগতির পর কতকগুলি সমস্যার সম্মুখীন হইতে হয় এবং ঐ সমস্যাগুলিই কাজের অগ্রগতিকে সম্পূর্ণরূপে ব্যাহত করে।

(গ) অর্থ বরাদ্দ সাপেক্ষে প্রকল্পটি চালু করার কাজ আরম্ভ করিবার জন্য নির্বাহী বাস্তুকার (কৃষি সেচ), কল্যাণী বিভাগকে নির্দেশ দেওয়া হইয়াছে।

পশুপালন দপ্তরে প্রচার বিভাগ

***৫২৫।** (অনুমোদিত প্রশ্ন নং *১২৬৮।) **শ্রীসামসুল আলম খান:** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রতি জেলাতে পশুপালন বিভাগের আলাদা প্রচার বিভাগ গঠন করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা;

(খ) কলিকাতাস্থিত সদর দপ্তরে পশুপালন বিভাগের প্রচার বিভাগ ১৯৭১ হইতে ১৯৭৩ সালের ২৬এ ফেব্রুয়ারী পর্যন্ত বিভিন্ন জেলায় প্রচার কার্য করিয়াছিলেন কিনা; এবং

(গ) না করিয়া থাকিলে, তাহার কারণ কি এবং এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) প্রতি জেলাতে পশুপালন বিভাগের আলাদা প্রচার বিভাগ গঠন করার কোন পরিকল্পনা সরকারের নাই।

(খ) পশুপালন ও পশুচিকিৎসা দপ্তরের প্রচার বিভাগ ১৯৭১ হইতে ১৯৭৩ সালের ২৬শে ফেব্রুয়ারি পর্যন্ত বিভিন্ন জেলায় প্রচারকার্যে লিপ্ত ছিল।

(গ) পূর্বের জবাবের পরিপ্রেক্ষিতে এ প্রশ্ন ওঠে না।

বস্তী উন্নয়ন

***৫৩০।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৪১।) **শ্রীনিতাইপদ সরকার:** উন্নয়ন ও পরিকল্পনা (নগর ও শহর পরিকল্পনা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলকাতায় বস্তী উন্নয়নের জন্য ৪র্থ পরিকল্পনায় কত অর্থ বরাদ্দ করা হইয়াছে; এবং

(খ) কত অর্থ ১৯৭২ সালের ডিসেম্বর পর্যন্ত ব্যয়িত হইয়াছে?

উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) সি এম ডি এ এলাকায় বস্তী উন্নয়নের জন্য চতুর্থ পরিকল্পনায় দশ কোটি টাকা বরাদ্দ করা হইয়াছে।

(খ) ১৯৭২ সালের ডিসেম্বর পর্যন্ত এই বাবত মোট ৬২৩·৬৩ লক্ষ টাকা ব্যয়িত হইয়াছে।

পশুচিকিৎসাকেন্দ্রে কৃত্রিম প্রজনন ব্যবস্থা

***৫৩৪।** (অনুমোদিত প্রশ্ন নং *১২৯৮।) **শ্রীসামসুল আলম খান:** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) থানা পশুচিকিৎসাকেন্দ্রগুলিতে কৃত্রিম কোনও প্রজননের ব্যবস্থা আছে কিনা;

(খ) থাকিলে, মেদিনীপুর জেলার এগরা পশুচিকিৎসাকেন্দ্রে ও বালিঘাই (এগরা থানা) পশুচিকিৎসাকেন্দ্রে কৃত্রিম প্রজননের ব্যবস্থা আছে কিনা; এবং

(গ) বৈদ্যুতিক সুবিধা থাকা সত্ত্বেও এগরা থানার ১নং ও ২নং ব্লকের পশুচিকিৎসাকেন্দ্রে কৃত্রিম প্রজননের ব্যবস্থা না থাকার কারণ কি এবং এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন?

পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) কোনো ব্লক পশুচিকিৎসা কেন্দ্রেই কোন কৃত্রিম প্রজননকেন্দ্র বর্তমানে নাই।

HELD OVER STARRED QUESTIONS

(to which answers were laid on the table)

খরায় ফসলহানির পরিমাণ

***৩৪৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৩১৪।) **শ্রীনিতাইপদ সরকারঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বিগত বৎসরের খরায় পশ্চিমবঙ্গে বিভিন্ন জেলায় প্রভূত ফসলহানি ঘটিয়াছে ; এবং

(খ) অবগত থাকিলে, উক্ত ফসলহানির পরিমাণের কোনরূপ হিসাব সরকারের আছে কিনা এবং থাকিলে, উহা কত ?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) সরকারের কাছে এ বিষয়ে হিসাব আছে, সেই হিসাব নিম্নে প্রদত্ত হইলঃ

(১) বোরো ধানের ক্ষেত্রে ক্ষতির নির্ধারিত পরিমাণ ১·০৮ লক্ষ মেট্রিক টন, যাহার আনুমানিক মূল্য ১২·৯৬ কোটি টাকা।

(২) পাটের ক্ষেত্রে এই পরিমাণ ৭ ৫৭ লক্ষ বেল যাহার মূল্য ১৫·১৪ কোটি টাকা (বেল-প্রতি ২০০ টাকা হিসাবে)।

(৩) আউশ ধানের ক্ষেত্রে এই ক্ষতির নির্ধারিত পরিমাণ ২·৮৪ লক্ষ মেট্রিক টন যাহার আনুমানিক মূল্য ৩৪·০৮ কোটি টাকা (ভারতীয় খাদ্য কর্পোরেশনের দাম ১,২০০ টাকা, প্রতি মেট্রিক টন অনুযায়ী)।

(৪) আমন ধানের ক্ষেত্রে এ ক্ষতির পরিমাণ ৪·৩৩ লক্ষ মেট্রিক টন যাহার আনুমানিক মূল্য ৫১·৯৬ কোটি টাকা (নির্ধারিত ক্ষতির ভিত্তি ১৯৭২-৭৩ সালের ফলিত অর্থনীতি এবং পরিসংখ্যান ব্যুরো প্রদত্ত প্রামাণিক উৎপাদনের প্রাক্‌কলন)।

বর্ধমান জেলায় ক্র্যাশ প্রোগ্রাম

***৩৬০।** (অনুমোদিত প্রশ্ন নং *৯১৮।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ সালের ৩১শে জানুয়ারী পর্যন্ত বর্ধমান জেলায় ক্র্যাশ প্রোগ্রামে কোন্ কোন্ ব্লকে কত টাকা মঞ্জুর করা হইয়াছে ;

(খ) ক্র্যাশ প্রোগ্রামের কর্মসূচি রূপায়ণের ব্যাপারে স্কীমগুলি বর্ধমান জেলার বিধানসভা-কেন্দ্রসমূহে সমভাবে বণ্টন করা হইয়াছে কিনা ; এবং

(গ) উক্ত জেলায় ক্র্যাশ প্রোগ্রামের কর্মসূচি কোন্ বিধানসভা কেন্দ্রে সব চাইতে বেশি গ্রহণ করা হইয়াছে ?

কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এই বিষয়ে একটি বিবরণী সংলগ্ন পত্রে সন্নিবেশিত হইল।

(খ) না।

(গ) মঙ্গলকোট বিধানসভা কেন্দ্রে।

Statement referred to in reply to clause "Ka" of starred question No. 360

Blockwise allotment of funds under CSRE during 1972-73 (up to January 1973)

Name of the Block	Allotment in 1972-73 (up to January 1973)
	Rs.
1 Mongolkote	8,72,000
2 Galsi-II	73,000
3 Galsi-I	2,36,000
4 Bhatar	53,000
5 (i) Jamalpur (ii) Ausgram	2,53,000
6 Ausgram-II	89,000
7 Memari-II	7,24,400
8 Kanksa	1,46,000
9 Jamuria-II	10,000
10 Barabani	10,000
11 Kulti	24,000
12 Khandaghosh	42,000
13 Burdwan	34,800
14 Memari-I	32,400
15 Kulti and Salanpur	12,300

গড়বেতা থানায় কোল্ড স্টোরেজ

*৩৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫৬০।) **শ্রীসরোজ রায়ঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গড়বেতা থানা এলাকায় বর্তমানে কয়টি কোল্ড স্টোরেজ (আলু সংরক্ষণের জন্য) আছে ;

(খ) তন্মধ্যে কয়টি কোল্ড স্টোরেজ বর্তমানে চালু আছে ;

(গ) কয়টি কোল্ড স্টোরেজ নূতন হইয়াছে বা হইতেছে ;

(ঘ) ঐ থানার আমলাগোড়া নামক স্থানে পশ্চিমবঙ্গ সরকারের কোন কোল্ড স্টোরেজ আছে কি ?

(ঙ) থাকিলে, (১) উহা কোন্ সালে তৈয়ারি হইয়াছিল, (২) কত খরচ পড়িয়াছিল ; এবং (৩) বর্তমানে উহা কি অবস্থায় আছে ;

(চ) ঐ কোল্ড স্টোরেজটি বর্তমানে আছে কিনা এবং চালু না থাকিলে, উহা চালু না করার কারণ কি ; এবং

(ছ) ঐ কোল্ড স্টোরেজটি চালু করার কোন ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কি ?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৭টি।

(খ) ৬টি।

(গ) এই বছর একটি নূতন হইয়াছে। বর্তমানে কোন কোল্ড স্টোরেজ তৈয়ারি হইতেছে বলিয়া সরকারের জানা নাই।

(ঘ) হ্যাঁ।

(ঙ) (১) ১৯৬৭-৬৮ সালে ;

(২) ১৪,৪২,৬০৬ টাকা।

(৩) উহা এখনও চাল্ম করা যায় নাই।

(চ) এ কোল্ড স্টোরেজটি এখনও চাল্ম করা যায় নাই, কারণ কিছ্ম কিছ্ম আন্মষঙ্গিক কাজ এখনও সম্পূর্ণ হয় নাই।

(ছ) আন্মষঙ্গিক কাজ সম্পূর্ণ করিয়া কোল্ড স্টোরেজটি চাল্ম করার জন্য ওয়েস্ট বেঙ্গল অ্যাগ্রো-ইন্ডাস্ট্রিজ করপোরেশন লিমিটেডকে দেওয়ার প্রস্তাব বর্তমানে সরকারের বিবেচনাধীন রহিয়াছে।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

ম্মর্শিদাবাদে মেডিক্যাল কলেজ

৮৪। (অন্মমোদিত প্রশ্ন নং ৯৭২।) **শ্রীমহম্মদ দেদার বক্স:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অন্মগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ম্মর্শিদাবাদে সরকারের একটি মেডিক্যাল কলেজ সংস্থাপনের প্রস্তাব আছে ; এবং

(খ) সত্য হইলে, কোথায় এবং কবে নাগাত উহার গৃহ নির্মাণের কাজ আরম্ভ হইবে ?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) এবং (খ) পঞ্চম পরিকল্পনাকালে দ্মইটি ন্মতন মেডিক্যাল কলেজ সংস্থাপনের প্রস্তাব আছে। এ বিষয়ে কোনো চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হয় নি।

এম আর শপ

৮৫। (অন্মমোদিত প্রশ্ন নং ১০৫৩।) **শ্রীস্মকুমার বন্দ্যোপাধ্যায়:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অন্মগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রামাঞ্চলে একটি এম আর শপের অন্মমোদন পাইতে হইলে আবশ্যকীয় দরখাস্তটিকে কয়টি বিভাগ পরিক্রমা করিতে হয় এবং তাহার জন্য কত সময় লাগিতে পারে ; এবং

(খ) প্রতি ব্লকে কতগ্মলি করিয়া এম আর শপ আছে এবং বর্তমানে আর কতগ্মলি ন্মতন এম আর শপ অন্মমোদন করিবার পরিকল্পনা সরকারের আছে, এবং কবে ইহা কার্যকরী হইবে ?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) এম আর ডিলার নির্বাচনের ব্যাপারে রাজ্য-সরকার রাজ্যের প্রত্যেক জেলাতে সরকারী ও বেসরকারী সদস্য লইয়া "অ্যাডভাইসরী কমিটি ফর অ্যাপয়েন্টমেন্ট অফ এম আর ডিস্ট্রিবিউটরস্ অ্যান্ড রিটেলার্স" নামক কমিটি গঠন করিয়াছেন।

সংশোধিত রেশনিং এলাকায় এম আর ডিলার হিসাবে নিয্মক্ত হইবার জন্য আবশ্যকীয় দরখাস্তগ্মলি খাদ্য ও সরবরাহ বিভাগের সংশ্লিষ্ট মহকুমা নিয়ামকের নিকট পেশ করিতে হয়। মহকুমা নিয়ামকেরা দরখাস্তগ্মলি সম্বন্ধে প্রয়োজনীয় তদন্তের পর তাঁহাদের রিপোর্টসহ সংশ্লিষ্ট কমিটির নিকট সমীক্ষার জন্য পেশ করেন। কমিটি আবশ্যকীয় সমীক্ষার পর তাঁহার স্মপারিশ জেলাশাসকের নিকট পাঠান এবং জেলাশাসকের স্মপারিশ অন্মযায়ী খাদ্য ও সরবরাহ বিভাগের মহকুমা নিয়ামকগণ এম আর ডিলার নিয্মক্ত করিয়া থাকেন।

যাহাতে সরকারী বণ্টন ব্যবস্থা ব্যাহত না হয়, তাহার জন্য উপরোক্ত কার্যপ্রণালী, যতদ্মর সম্ভব অল্প সময়ের মধ্যে সমাধা করিবার জন্য নির্দেশ দেওয়া হইয়াছে।

(খ) সরকার নির্দেশ দিয়াছেন যে, সংশোধিত রেশনিং এলাকায় এর্মপভাবে এম আর শপ স্থাপন করিতে হইবে যাহাতে প্রত্যেক মৌজার অধিবাসীরা দোকানের স্মযোগ-স্মবিধা পান।

মৎস্য চাষী

৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ৮১৮।) শ্রীযতীন্দ্রমোহন রায়ঃ মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হিসাব অনুযায়ী পশ্চিমবঙ্গে মৎস্যচাষীর সংখ্যা কত ;

(খ) মৎস্যচাষীদের জন্য গত দুই বৎসরে ঋণ ও সাহায্য বাবত কত টাকা দেওয়া হইয়াছে ;

(গ) উক্ত টাকা পশ্চিম দিনাজপুর জেলায় মৎস্যচাষীদের মধ্যে কত টাকা দেওয়া হইয়াছে ; এবং

(ঘ) ১৯৭২-৭৩ সালে পশ্চিমবঙ্গে জেলাভিত্তিক টাকার বরাদ্দ কত ?

মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এ সম্পর্কে সরকারী হিসাব নাই।

(খ) পুকুর সংস্কার করিয়া মাছ চাষ করিবার জন্য ঋণদান প্রকল্পের অধীনে গত ১৯৭০-৭১ এবং ১৯৭১-৭২ সালে মৎস্যচাষীদের ঋণ বাবত যথাক্রমে ১·৫০ লক্ষ টাকা ও ৩·০১ লক্ষ টাকা দেওয়া হইয়াছে।

(গ) উক্ত টাকার মধ্যে পশ্চিম দিনাজপুর জেলায় ১৯৭১-৭২ সালে ঋণ বাবত মোট ২২,০০০ টাকা মৎস্যচাষীদের মধ্যে বিতরণ করা হইয়াছে। ১৯৭০-৭১ সালে কোন টাকা দেওয়া হয় নাই।

(ঘ) পুকুর সংস্কার করিয়া মাছ চাষ করিবার জন্য মৎস্যচাষীদের ঋণদান প্রকল্পের অধীনে ১৯৭২-৭৩ সালে এ পর্যন্ত জেলাভিত্তিক ঋণ ও সাহায্য বাবত বরাদ্দকৃত টাকার হিসাব-সম্বলিত একটি বিবরণী নিম্নে দেওয়া হইল।

Statement referred to in reply to clause (Gha) *of unstarred question No. 86*

পুকুর সংস্কার করিয়া মাছ চাষ করিবার জন্য মৎস্যচাষীদের ঋণদান প্রকল্পের অধীনে ১৯৭২-৭৩ সালে ঋণ বাবত এ পর্যন্ত জেলাভিত্তিক বরাদ্দকৃত টাকার পরিমাণ নিম্নরূপঃ—

জেলার নাম		বরাদ্দকৃত টাকার পরিমাণ
(১) ২৪-পরগনা (উত্তর)	...	১৪,০০০
(২) ২৪-পরগনা (দক্ষিণ)	...	২২,০০০
(৩) হাওড়া	...	২০,০০০
(৪) হুগলি	...	২২,০০০
(৫) নদিয়া	...	১৫,০০০
(৬) মুর্শিদাবাদ	...	১৭,০০০
(৭) মেদিনীপুর (পশ্চিম)	...	১৭,০০০
(৮) মেদিনীপুর (পূর্ব)	...	১০,০০০
(৯) মালদহ	...	১৭,০০০
(১০) পশ্চিম দিনাজপুর	...	১৭,০০০
(১১) বাঁকুড়া	...	১০,০০০
(১২) পুরুলিয়া	..	১০,০০০
(১৩) বীরভূম	...	১০,০০০
(১৪) দার্জিলিঙ	...	৩,০০০
(১৫) কোচবিহার	...	১২,০০০
(১৬) বর্ধমান	...	১৭,০০০

১৯৭২-৭৩ সালে খরা-ত্রাণ বাবত মৎস্যচাষীদের সাহায্য করিবার জন্য জেলা-ভিত্তিক বরাদ্দকৃত টাকার পরিমাণ নিম্নরূপঃ–,

জেলার নাম		বরাদ্দকৃত টাকার পরিমাণ
(১) মেদিনীপুর (পূর্ব)	...	১০,০০০
(২) মেদিনীপুর (পশ্চিম)	...	১৫,০০০
(৩) বাঁকুড়া	...	২০,০০০
(৪) পুরুলিয়া	...	২০,০০০
(৫) নদিয়া	...	১০,০০০
(৬) মালদহ	...	১২,০০০
(৭) পশ্চিম দিনাজপুর	...	১৩,০০০
(৮) মুর্শিদাবাদ	...	৫০,০০০

রানাঘাট ব্লকে পাঁচবেড়িয়া এবং বড়বাড়িয়াস্থিত গভীর নলকূপ

৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ৩২০।) **শ্রীনিতাইপদ সরকারঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নদিয়া জেলার রানাঘাট ২নং ব্লকে পাঁচবেড়িয়া এবং বড়বাড়িয়াস্থিত গভীর নলকূপ দুইটি চালু করিবার বিষয় সরকারের বিবেচনাধীন আছে ; এবং

(খ) সত্য হইলে, উহা কবে নাগাত চালু হইবে বলিয়া আশা করা যায় ?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) এখন বলা সম্ভব নয়, কারণ এই গভীর নলকূপ দুইটি এখন জনস্বাস্থ্য বিভাগের অধীনস্থ। ঐ বিভাগ হইতে কৃষি বিভাগে স্থানান্তর করিয়া সেচকার্যে ব্যবহারের উপযোগী করার বিষয় সরকারের বিবেচনাধীন আছে।

বাঁকুড়া জেলায় মৎস্যজীবীদের জন্য ঋণ ও অনুদান

৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ৯৫৬।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে বাঁকুড়া জেলায় মৎস্যজীবীর সংখ্যা কত এবং কোন্ ব্লকে কতজন মৎস্যজীবী বাস করেন ;

(খ) উক্ত মৎস্যজীবীদের জন্য ১৯৭১-৭২ সালে এবং ১৯৭২-৭৩ সালের জন্য কত টাকা ঋণ ও অনুদান হিসাবে মঞ্জুর করা হইয়াছে ;

(গ) ইহা কি সত্য যে, ১৯৭২-৭৩ সালে বাঁকুড়া জেলার প্রতি ব্লকে মৎস্যজীবীদের জাল বোনার জন্য সুতা দান করা হইয়াছে ; এবং

(ঘ) সত্য হইলে, প্রতি ব্লকে কত পরিমাণ সুতা দান বাবত দেওয়া হইয়াছে এবং কতজন মৎস্যজীবী উক্ত সুতা দান বাবত পাইয়াছেন ?

মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বাঁকুড়া-জেলায় মোট মৎস্যজীবীর সংখ্যা ৬,৪৪৪। ব্লক-ওয়ারী হিসাবের কোন তথ্য আমাদের নিকট নাই।

(খ) ১৯৭১-৭২ সালে এবং ১৯৭২-৭৩ সালে গরিব মৎস্যজীবীদের ঋণদান প্রকল্পের অধীনে প্রতি বৎসর ১৫,০০০ টাকা করিয়া ঋণ হিসাবে মঞ্জুর করা হইয়াছে।

মৎস্যজীবী কল্যাণ প্রকল্পের অধীনে উপরোক্ত দুই বৎসর যথাক্রমে ৭,০০০ টাকা এবং ৩,০০০ টাকা অনুদান হিসাবে মঞ্জুর করা হইয়াছে। এতদ্ব্যতীত খরাত্রাণ প্রকল্পে ১৯৭২-৭৩ সালে ২০,০০০ টাকা মঞ্জুর করা হইয়াছে।

(গ) এখনও পর্যন্ত কোন সুতা দান করা হয় নাই। তবে মৎস্যজীবী কল্যাণ প্রকল্প ও খরাত্রাণ প্রকল্পের অধীনে জাল বুনিবার সাহায্যের জন্য যথাক্রমে ২,০০০ ও ১০,০০০ টাকা বরাদ্দ আছে।

(ঘ) যেহেতু এখনও সুতা দান করা হয় নাই, সেই হেতু এই প্রশ্নের কোনও উত্তর এখন দেওয়া সম্ভব নহে।

হাস্কিং মিলের লাইসেন্স

৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ১০১১।) **শ্রীভবানীপ্রসাদ সিংহরায়ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, হুগলি জেলায় যে নূতন হাস্কিং মিলের লাইসেন্স দেওয়া হইয়াছে সেইগুলি কে কে পাইয়াছেন (নাম ও ঠিকানা সহ) তাঁহাদের বিস্তৃত বিবরণ?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ হুগলি জেলায় নূতন হাস্কিং মিল স্থাপনের জন্য কাহাকেও কোন পারমিট দেওয়া হয় নাই। অতএব ঐ জেলায় কোন নূতন হাস্কিং মিল চালু করার জন্য কোন লাইসেন্স দেওয়ার প্রশ্ন ওঠে না।

দুবরাজপুর, নলহাটি ও কীর্ণাহারকে মিউনিসিপ্যালিটির অন্তর্ভুক্তিকরণ

৯০। (অনুমোদিত প্রশ্ন নং ১০১৯।) **শ্রীশচীনন্দন সাউঃ** পৌরকার্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় দুবরাজপুরকে মিউনিসিপ্যালিটির অন্তর্ভুক্ত করার কোন সিদ্ধান্ত সরকার গ্রহণ করেছেন কি;

(খ) না করে থাকলে, তার কারণ কি; এবং

(গ) নলহাটি ও কীর্ণাহারকে মিউনিসিপ্যালিটির অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গ্রহণ করতে বিলম্ব হওয়ার কারণ কি?

পৌরকার্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) বিষয়টি সরকারের বিবেচনাধীন। এ বিষয়ে পঞ্চায়েত দপ্তরের মতামত লওয়া হইয়াছে; এবং প্রয়োজনীয় বিজ্ঞপ্তি শীঘ্রই প্রকাশিত হইবে।

(গ) নলহাটি ও কীর্ণাহার এলাকাকে মিউনিসিপ্যালিটির অন্তর্ভুক্ত করার কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন নেই।

জলপাইগুড়ি ডিভিসনের বিভাগীয় কমিশনার

৯১। (অনুমোদিত প্রশ্ন নং ৮৮৩।) **শ্রীনারায়ণ ভট্টাচার্যঃ** স্বরাষ্ট্র (সাধারণ শাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ মাস হইতে ১৯এ ফেব্রুয়ারি, ১৯৭৩ পর্যন্ত উত্তরবঙ্গে জলপাইগুড়ি ডিভিসনে মোট কতজন বিভাগীয় কমিশনার নিয়োগ ও বদলি হইয়াছেন (তাঁহাদের নাম সহ); এবং

(খ) প্রত্যেকের কার্যকালের সময় ও যোগদানের তারিখ?

স্বরাষ্ট্র (সাধারণ শাসন) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ও (খ) মোট ৫ জন। তাঁহাদের নাম, কার্যকালের সময় ও যোগদানের তারিখ নিম্নে দেওয়া হইলঃ

(১) শ্রী বি এস রাঘবন, আই এ এস, ৩১এ মে, ১৯৭১ হইতে ২৬শে এপ্রিল, ১৯৭২ পূর্বাহ্ণ পর্যন্ত।

(২) শ্রী জে সি সেনগুপ্ত, আই এ এস, ২৬শে এপ্রিল, ১৯৭২ হইতে ২১শে জুলাই, ১৯৭২ পূর্বাহ্ণ পর্যন্ত (প্রেসিডেন্সি ডিভিসনের কমিশনারের কার্যভার সহ)।

(৩) শ্রী কে পি এ মেনন, আই এ এস, ২১শে জুলাই, ১৯৭২ হইতে ১৭ই নভেম্বর, ১৯৭২ পূর্বাহ্ণ পর্যন্ত।

(৪) শ্রী এস ভি কৃষ্ণন, আই এ এস, ১৭ই নভেম্বর, ১৯৭২ হইতে ৩রা ফেব্রুয়ারি, ১৯৭৩ পূর্বাহ্ণ পর্যন্ত।

(৫) শ্রী এস সমাদ্দার, আই এ এস, ৩রা ফেব্রুয়ারি, ১৯৭৩ হইতে কার্যভার গ্রহণ করিয়াছেন (প্রেসিডেন্সি ডিভিসনের কমিশনারের কার্যভার সহ)।

পুরুলিয়া জেলায় ফুড ইন্সপেক্টর ও সাব-ইন্সপেক্টর

৯২। (অনুমোদিত প্রশ্ন নং ৯৫৪।) **শ্রীকিংকর মাহাতঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) পুরুলিয়া জেলায় কোন্ থানায় বা সার্কেলে বর্তমানে কতজন ফুড ইন্সপেক্টর বা সাব-ইন্সপেক্টর অব ফুড আছেন ;

(খ) ১৯৭২-৭৩ সালের (৩১এ ডিসেম্বরের) মধ্যে কতজন নতুন সাব-ইন্সপেক্টর অব ফুড নিয়োগপত্র পাইয়াছেন ;

(গ) উক্ত জেলায় কোন্ থানায় বর্তমানে কয়টি এম আর শপ আছে ও কোথায় কোথায় ; এবং

(ঘ) উক্ত জেলায় মোট কতসংখ্যক লোকের জন্য রেশন কার্ড দেওয়া হইয়াছে ?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পুরুলিয়া জেলায় বিভিন্ন থানায় খাদ্য বিভাগের মোট ১৮ জন ইন্সপেক্টর এবং ৩৩ জন সাব-ইন্সপেক্টর আছেন।

(খ) মোট ১৩৮ জন ; তন্মধ্যে ৬ জন পুরুলিয়া জেলায় নিয়োগের জন্য।

(গ) উক্ত জেলায় কোন্ থানায় এবং কোথায় বর্তমানে কয়টি এম আর শপ আছে তাহা নিম্নে প্রদত্ত তালিকায় দেখানো হইলঃ

থানার নাম	শহরাঞ্চলে	গ্রামাঞ্চলে	মোট
(১) পুরুলিয়া	৩১	৮২	১১৩
(২) ঝালদা	৮	৮২	৯০
(৩) পারা	৩	৩৭	৪০
(৪) রঘুনাথপুর	৮	৬০	৬৮
(৫) নেতুর্লা	..	৩	৩
(৬) বলরামপুর	৯	২৮	৩৭
(৭) কাশীপুর	১০	৪০	৫০
(৮) সান্তুরি	..	৩৩	৩৩
(৯) জয়পুর	..	২০	২০
(১০) বর্ধমান	..	২০	২০
(১১) হুরা	..	৪৮	৪৮
(১২) পাঞ্চা	..	৫২	৫২
(১৩) বাঘমুণ্ডি	..	৫৬	৫৬
(১৪) আরোষা	..	৬১	৬১
(১৫) বড়বাজার	..	৩৭	৩৭
(১৬) মানবাজার	..	৬২	৬২
মোট	৬৯	৭২১	৭৯০

(ঘ) উক্ত জেলায় মোট ২৯৯,৭৫২ জন লোকের জন্য রেশন কার্ড দেওয়া হইয়াছে।

পশ্চিম দিনাজপুর জেলায় কৃষকদের বীজ, হালের বলদ, সার প্রভৃতি খরিদ বাবত ঋণ

৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ৫৮৮।) **শ্রীযতীন্দ্রমোহন রায়ঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় ১৯৭২-৭৩ সালে কৃষকদের বীজ, হালের বলদ, সার প্রভৃতি খরিদ বাবত কোন টাকা ঋণ দেওয়া হইয়াছে কি না ;

(খ) হইয়া থাকিলে, ব্লকভিত্তিক উহার পরিমাণ কত ; এবং

(গ) ক্ষুদ্রচাষী উন্নয়ন প্রকল্পের মাধ্যমে ঐ জেলায় ব্লকভিত্তিক কতগুলি অগভীর নলকূপ বসানো হইয়াছে ?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) এই বিষয়ে একটি বিবরণী নিম্নে পেশ করা হইল।

(গ) ১৯৭২ সালের ডিসেম্বর মাস পর্যন্ত উক্ত প্রকল্পের মাধ্যমে ঐ জেলায় কোন অগভীর নলকূপ বসানো হয় নাই।

Statement referred to in reply to clause (Kha) *of unstarred question No. 93.*

Statement showing the amounts distributed so far during the current year (1972-73) amongst the farmers of West Dinajpur district

Name of Block.	Amount of seed purchase loan	Amount of cattle purchase loan	Amount of fertiliser loan
	Rs.	Rs.	Rs.
Raiganj	1,60,000	15,000	1,98,000
Kaliaganj	35,000	10,000	1,45,000
Hemtabad	35,000	10,000	1,30,000
Kushmandi	55,000	10,000	1,20,000
Bansihari	45,000	15,000	2,13,000
Itahar	1,00,000	20,000	2,05,000
Karandihi	37,000	10,000	1,59,000
Goalpokhar-I	60,410	10,000	1,49,000
Goalpokhar-II	71,000	10,000	1,49,000
Islampur	53,000	10,000	1,19,000
Chopra	50,750	10,000	1,19,000
Tapan	75,000	16,000	2,00,000
Hili	40,000	8,000	80,000
Gangarampur	65,000	16,000	1,85,000
Balurghat	91,000	16,000	2,07,000
Kumarganj	40,000	14,000	1,37,210
Total ..	10,13,160	2,00,000	25,15,210

পশ্চিমবঙ্গে যৌথ উদ্যোগে পরিচালিত শিল্প

৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ৮৫৮।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী ও বেসরকারী যৌথ উদ্যোগে পরিচালিত কোন শিল্প পশ্চিমবঙ্গে আছে কি ; এবং

(খ) না থাকিলে, যৌথ উদ্যোগে শিল্প স্থাপন করার কোন পরিকল্পনা আছে কি ?

শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ ; একটি। ওয়েস্টিং হাউস স্যাক্সবি ফারমার।

(খ) হ্যাঁ। পশ্চিমবঙ্গ শিল্পোন্নয়ন পর্ষৎ পশ্চিমবঙ্গে যৌথ উদ্যোগে বেশ কয়েকটি শিল্প স্থাপনের পরিকল্পনা লইয়াছেন যাহাদের মধ্যে উল্লেখযোগ্য কয়েকটির নামঃ

(১) টেলিভিশন প্রাপক যন্ত্র।

(২) নাইলন-৬।

(৩) মোটর গাড়ির টায়ার ও টিউব।

(৪) সিমেন্ট।

(৫) মিশ্র ইস্পাত।

শিল্পপতিদের মূলধন সরানো বন্ধ করার জন্য সরকারী ব্যবস্থা

৯৫। (অনুমোদিত প্রশ্ন নং ৭৫৩।) **ডাঃ ওমর আলীঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বহু শিল্পপতি এ রাজ্য থেকে অন্যত্র তাঁহাদের মূলধন সরানোর জন্য চেষ্টা করছেন ;

(খ) অবগত থাকলে, মূলধন সরানো বন্ধ করার জন্য সরকার কি ধরনের ব্যবস্থা অবলম্বনের কথা ভাবছেন ; এবং

(গ) ইতিমধ্যে কি কি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে ?

শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৬৭-৭১ সালের মধ্যে এইরকম মনোভাব ছিল। বর্তমানে এই মনোভাবের পরিবর্তন হইয়াছে।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

আসানসোল ও দুর্গাপুর মহকুমার ইউনিয়ন বোর্ডের নির্বাচন

৯৬। (অনুমোদিত প্রশ্ন নং ১০৬০।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, (১) ১৯৫৭ সাল হইতে আসানসোল ও দুর্গাপুর মহকুমার ইউনিয়ন বোর্ডগুলিতে কোনও নির্বাচন হয় নাই, ও (২) উক্ত মহকুমা দুইটির অধিকাংশ ইউনিয়ন বোর্ডগুলি বর্তমানে অচলাবস্থায় আছে ;

(খ) অবগত থাকিলে, উক্ত অচল ইউনিয়ন বোর্ডগুলির পরিবর্তে আসানসোল ও দুর্গাপুর মহকুমায় পঞ্চায়েত প্রথা প্রবর্তনের কোনও প্রকল্প সরকারের আছে কিনা ; এবং

(গ) থাকিলে, কবে নাগাদ উহা কার্যকরী হইবে ?

পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) (১) ১৯৬০ সালের পর আসানসোল ও দুর্গাপুর মহকুমার ইউনিয়ন বোর্ডগুলির পুনর্গঠনের জন্য কোন নির্বাচন অনুষ্ঠিত হয় নাই।

(২) হ্যাঁ।

(খ) ও (গ) বর্তমানে প্রচলিত পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন, ১৯৫৭ ও পশ্চিমবঙ্গ জিলা পরিষদ আইন, ১৯৬৩-এর স্থলে একটি নূতন আইন প্রণয়নের কথা সরকার গভীরভাবে চিন্তা করিতেছেন। নূতন আইন প্রবর্তিত হওয়ার পর এই বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হইবে।

পশ্চিমবঙ্গে রুগ্ন শিল্প

৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ৮৫১।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ** বন্ধ ও দুর্বল শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে রুগ্ন শিল্পের সংখ্যা কত ;

(খ) রুগ্ন শিল্পকে রুগ্ন নির্ধারণের পদ্ধতি কি ;

(গ) কতগুলি রুগ্ন শিল্পকে ১৯৭২-৭৩ সালের ১৬ই ফেব্রুয়ারি, ১৯৭৩ তারিখ পর্যন্ত সরকারী সাহায্য দেওয়া হইয়াছে ; এবং

(ঘ) সাহায্যের অনুদান ও ঋণের মোট টাকা ঐ তারিখ পর্যন্ত কত?

বন্ধ ও দুর্বল শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) রুগ্ন শিল্পের সঠিক সংখ্যা নির্ণয় সম্ভব নহে।

(খ) কোন বিশেষ পদ্ধতি এখনও উদ্ভাবিত হয় নাই। কেন্দ্রীয় যোজনা কমিশনের নিয়োজিত একটি সর্বভারতীয় বিশেষ কমিটি এই সম্পর্কে অন্যান্য বিষয়ের সঙ্গে এ বিষয়ে একটি সুচিন্তিত পদ্ধতি উদ্ভাবনের কাজে লিপ্ত আছেন। আপাততঃ যেসব ক্ষেত্রে শ্রমিকের প্রাপ্য বাকি পড়ে বা উৎপাদন হ্রাস পায় অথবা যেখানে শিল্প মালিকরাই রুগ্ন বলিয়া সাহায্য প্রার্থী হন, সরকার সেই সব ক্ষেত্রে তদন্ত করিয়া রুগ্ন শিল্প নির্ধারণ করেন।

(গ) যেসকল বন্ধ বা রুগ্ন শিল্পের কর্তৃত্ব সরকার অধিগ্রহণ করিয়াছেন তার মধ্যে অধিকাংশই বন্ধ ছিল। মাত্র তিনটি রুগ্ন পর্যায়ে পড়ে এবং এই তিনটির জন্য সরকার সাহায্য দিয়াছেন।

(ঘ) কোন ক্ষেত্রেই অনুদান দেওয়া হয় নাই। সরকার গ্যারান্টির মাধ্যমে ৩১·০৪ লক্ষ টাকা ব্যাঙ্ক হইতে ঋণের ব্যবস্থা করিয়াছেন।

রিষড়া এইচ্ গুরু ইনস্ট্রুমেন্টস্ অ্যান্ড প্রাইভেট লিমিটেড কারখানা

৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ১০১৪।) **শ্রীভবানীপ্রসাদ সিংহ রায়ঃ** বন্ধ ও দুর্বল শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, হুগলি জেলার রিষড়ায় অবস্থিত এইচ গুরু ইনস্ট্রু-মেন্টস্ অ্যান্ড প্রাইভেট লিঃ কারখানাটি বন্ধ আছে : এবং

(খ) অবগত থাকিলে—

(১) বন্ধের কারণ কি, ও

(২) এই কারখানাটি পুনরায় খোলার জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

বন্ধ ও দুর্বল শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) শ্রমিক-মালিক বিরোধ।

(২) উভয় পক্ষের বিরোধ আপোষে মীমাংসার জন্য সরকার চেষ্টা করিয়াছিলেন এবং পরে নিষ্পত্তির জন্য শ্রমিক আদালতে পাঠাইয়াছিলেন। ইহার বিরুদ্ধে কোম্পানি হাইকোর্টে মামলা দায়ের করিয়াছেন এবং এই মামলা হাইকোর্টের বিচারাধীন আছে।

জমি জরীপ বাবত খরচ

৯৯। (অনুমোদিত প্রশ্ন নং ৫৯০।) **শ্রীবলাইলাল শেঠঃ** ভূমি সম্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সেটেলমেন্টের জন্য ১৯৭২-৭৩ সালে (জানুয়ারি অবধি) কত টাকা খরচ হইয়াছে ; এবং

(খ) জেলাওয়ারী সেটেলমেন্টের কাজ কতদূর অগ্রসর হইয়াছে ?

ভূমি সম্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৪,৪৫,০০০ টাকা।

(খ) নিম্নলিখিত পাঁচটি জেলায় পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার আইন অনুযায়ী ভূমির স্বত্বলিপি সংশোধনের প্রথম পদক্ষেপ হিসাবে জমিদারী গ্রহণ আইনের ৪৭ ধারার নির্দেশ অনুসারে বর্তমান স্বত্বলিপিতে প্রয়োজনীয় পরিবর্তন করা হচ্ছে। ভূমি সংস্কার আইনের ৫১ ধারা অনুযায়ী স্বত্বলিপি সংশোধনের কাজেও হাত দেওয়া হয়েছে। অগ্রগতির বিবরণ নিচে দেওয়া হ'লঃ

জেলা	জমিদারী গ্রহণ আইনের ৪৭ ধারা অনুযায়ী স্বত্বলিপির পরিবর্তন		ভূমি সংস্কার আইনের ৫১ ধারা অনুযায়ী খানাপুরী ও বুঝারতের কার্য	
	মৌজার সংখ্যা	খতিয়ান সংখ্যা	ক্যাম্প সংখ্যা	খানাপুরী ও বুঝারতের সংখ্যা
				দাগ
পশ্চিম দিনাজপুর	১৬৩	৩৩,৮৩০	২৩	১৪,০০৫
বাঁকুড়া	৩৫৬	১২১,৩৯৭	১০৬	২২,৫৩৭
মুর্শিদাবাদ	৪১০	২৮৬,৮৭৭	১০০	২৪,০০০
হুগলি	২৬১	১৬৩,৮০০	৮৯	৫০০
দার্জিলিং	৪০	৫,০৬৪	৪	কাজ সুরু হয়েছে

ভ্যাসেকটমি বাবত ব্যয়

১০০। (অনুমোদিত প্রশ্ন নং ৮২২।) **শ্রীনরেশচন্দ্র চাকীঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সম্প্রতি যে "ভ্যাসেকটমি মাস" পালন করা হ'ল তার প্রচার বাবত কত টাকা ব্যয় হয়েছে ;

(খ) অস্ত্রোপচারের জন্য মাথাপিছু কোন্ বাবত কত টাকা দেওয়ার ব্যবস্থা ছিল ;

(গ) মোট কত সংখ্যা লক্ষ্যমাত্রা ধার্য ছিল ;

(ঘ) ১৬ই ফেব্রুয়ারী, ১৯৭৩ তারিখ পর্যন্ত মোট কতজনের অস্ত্রোপচার করা হইয়াছে ; এবং

(ঙ) এই বাবদে ১৬ই ফেব্রুয়ারি, ১৯৭৩ তারিখ পর্যন্ত মোট কত টাকা ব্যয় হইয়াছে ?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) "ভ্যাসেকটমি মাস" বলিয়া কোন মাস পালিত হয় নি তবে বিভিন্ন জেলায় ভ্যাসেকটমি ক্যাম্প খোলা হয়েছে। এখনও সব জেলায় এই ক্যাম্প শেষ হয় নি। প্রচার বাবত কত টাকা ব্যয় হয়েছে তার হিসাব এখনই দেওয়া সম্ভব নয়।

(খ) মাথাপিছু একশত টাকা। কোন্ বাবত কত টাকা দেওয়ার ব্যবস্থা ছিল তাহার একটি বিবরণী নিম্নে দেওয়া হইল।

(গ) ২১৯,৫০০ জন।

(ঘ) ১২৬,১৯১ জনকে।

(ঙ) মোট কত টাকা ব্যয় হয়েছে তার হিসাব এখনই দেওয়া সম্ভব নয়, কেন না কয়েকটি জেলায় এই ক্যাম্প চলছে।

Statement referred to in reply to clause (Kha) *of unstarred question No. 100*

Break up of expenditure per case

		Rs.
(i)	Payment to acceptor—	
	(a) Compensation for loss of wages	40.00
	(b) Transport for two days	4.00
(ii)	Food charges for two days (for hospitalised patients)	6.00
(iii)	Payment to Surgeon	2.00
(iv)	Payment to Assistant Surgeon and Para-medical and other staff	2.50
(v)	Contingency including transport charges for movement of personnel and stores, printing, stationery and publicity, etc.	19.00
(vi)	Cost of drugs and equipment	10.00
(vii)	Miscellaneous expenditure	15.50
(viii)	Ex-gratia payment to acceptor in case of post-operation complication/fatality	0.50
	Total	100.00

বিষ্ণুপুর পূর্ব বিধানসভা নির্বাচন কেন্দ্রের বিভিন্ন মৌজায় বৈদ্যুতীকরণ

১০১। (অনুমোদিত প্রশ্ন নং ৯০৮।) **শ্রীরামকৃষ্ণ বর:** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিষ্ণুপুর পূর্ব বিধানসভা নির্বাচন কেন্দ্রের কোন্ কোন্ মৌজায় বিদ্যুৎ সরবরাহের পরিকল্পনা অনুমোদিত হইয়াছে ; এবং

(খ) এই পরিকল্পনা কবে নাগাদ কার্যকরী হইবে?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) গঙ্গারামপুর, দেউলি সুলতানপুর, কালীচরণপুর, রামচন্দ্রপুর, চোরাহাটা, মুকুন্দপুর, গোবিন্দপুর, সুলতানগঞ্জ, কৃষ্ণপুর, কিশোরপুর, এগ্রাগ্রাম, নলবাগ, দাদপুর, দরমপুর, পাথরবেড়িয়া, রামচন্দ্রনগর, ভবানীপুর, বেওলবেরিয়া, জয়চণ্ডীপুর, ধষ্টিকা, বারকালিকাপুর, চন্দনদহ, মহালি, কালীবাটী, মামুদপুর, জয়রামপুর, শুকদেবপুর, চকশ্রীকৃষ্ণপুর দেরাহামপুর, শ্রীকৃষ্ণপুর, রামকৃষ্ণপুর, অভিরামপুর, গোটবেরিয়া, নাড়াভাঙ্গা,

সজনা, মাথালিয়া, চকশুকদেব, হাটবেরিয়া, ঝিকরবাড়ি, রামদেবপুর, ভেটেলি, রায়পুর, শ্যামপুর, রামনগর, চন্দ্রহাটি, আকুলশি, অমরবেরিয়া, নাহাজান, গগনগাবালিয়া, কামানবেরিয়া, খাগ্রাজগ্নি, রসকুজ, চাঁদপুর, কদমতলা, পার্বতীপুর, খড়িবেরিয়া, দক্ষিণ কাজিরহাট, সামালি, উত্তর কাজিরহাট, নাওবাদ, বনগ্রাম, দেউলি, বলরামপুর, দক্ষিণ গৌরীপুর, চকধীর, দৌলতাবাদ, বাহাদুরপুর, বিজয়রামপুর, চম্বি, ইয়ারপুরাম, দর্শটিনা, গাববেরিয়া, জালিপুর, রজকগাছালিয়া, কেশুড়োডাঙ্গা, খিরিশতলা, কৈখালি, চক বোশমমামুদ, ছোট রামনগর, গন্ধবাদুলি, রাস্তামহল, চকএনায়েৎনগর, সাপখালি, আবজাখালি, উত্তর গৌরীপুর, মাজের দাড়ি, আমগাছি, কৃষ্ণপুর, রঘুদেবপুর, করিমপুর, রাজারামপুর, রামমাখলারচক, কুবেরদাড়ি, বকেশ্বর, মাগুরখালি, চেয়ারি, চককালুনি, সালপুকুরিয়া, পানাকুজ, কলমীখালি, গংরাই, কালিপুর, চকনিতাই, কেওপুরকুরিয়া, চকনবশিকদার, বারহারিয়া, লক্ষ্মীকান্তপুর, বলখালি, উসরপাটা, তপনা, আঁধারমানিক, জলুফিয়া, মোসলাখালি, রসখালি, ভান্ডারিয়া, মৎস্যখালি, উচ্ছাখালি, মানিকজোড়, পীরখালি, পিনারালা, দমদমা-কিসমৎ, হাতা ধরুরামকৃষ্ণপুর ও কুষ্ঠিকা।

(খ) ১৯৭৪-এর মার্চের মধ্যে।

মন্ত্রিমহোদয়গণের যাতায়াত ও টেলিফোন বিল বাবত খরচ

১০২। (অনুমোদিত প্রশ্ন নং ৯২৭।) **শ্রীশীশ মহম্মদঃ** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৭২ সালের মার্চ মাস হইতে ১৯এ ফেব্রুয়ারি, ১৯৭৩ তারিখ পর্যন্ত মন্ত্রিমহোদয়গণের—

(১) যাতায়াত বাবত কত টাকার পেট্রোল খরচ হইয়াছে ;

(২) ট্রাভেলিং অ্যালাওয়েন্স বাবত কত টাকা খরচ হইয়াছে ; এবং

(৩) টেলিফোন বিল বাবত কত টাকা খরচ হইয়াছে?

অর্থ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (১) পশ্চিমবঙ্গের ২৭ জন মন্ত্রীর ব্যবহারের নিমিত্ত কলিকাতার পুলকার অফিস ও কয়েকটি জেলার (কারণ ৬ই মার্চ, ১৯৭৩ পর্যন্ত কেবল ৯টি জেলার সংবাদ পাওয়া গিয়াছে) গাড়িগুলিতে মোট খরচ হইয়াছে দুই লক্ষ সতের হাজার আট শত ষাট টাকা।

(২) পশ্চিমবঙ্গের ২৭ জন মন্ত্রীর ট্রাভেলিং অ্যালাওয়েন্স বাবত উক্ত এগার মাসে মোট খরচ হইয়াছে এক লক্ষ একান্ন হাজার আট শত ছিয়াশী টাকা। এই টাকার মধ্যে অফিস সংক্রান্ত কাজের জন্য যাতায়াতের ট্রেন ও প্লেন ভাড়াও আছে। এই ট্রেন ও প্লেন ভাড়ার টাকা মন্ত্রীরা পান না— সরকার ট্রাভেল এজেন্টদের বা এয়ার কোম্পানিদের এই টাকা দিয়া থাকেন।

মন্ত্রীরা যখন সরকারী কার্যোপলক্ষে কলিকাতার বাহিরে থাকেন তখন তাঁহারাই তাঁহাদের খাওয়া থাকার খরচ বহন করেন—সরকার করেন না। মন্ত্রীরা এই সময় দৈনিক ১২·৫০ টাকা হইতে ১৫ টাকা পর্যন্ত ভাতা পান ; শুধু দিল্লীতে থাকাকালীন তাঁহারা দৈনিক ২৫ টাকা করিয়া ভাতা পান। এই প্রসঙ্গে উল্লেখ করা যাইতে পারে যে, কলিকাতা হইতে দিল্লী পর্যন্ত দুইবার প্লেনে যাতায়াত করিলে পনের শত টাকার বেশি খরচ পড়ে।

(৩) পশ্চিমবঙ্গের ২৭ জন মন্ত্রীর টেলিফোন বিল বাবত উপরি-উক্ত এগার মাসে সত্তর হাজার পনের টাকা চল্লিশ পয়সা খরচ হইয়াছে। এই টাকার মধ্যে কয়েকটি টেলিফোনের সংস্থাপন খরচও (ইনস্টলেশন কস্ট) আছে।

ঝাড়গ্রাম থানা এলাকায় ডাকাতি

১০৩। (অনুমোদিত প্রশ্ন নং ৩।) **শ্রীহরেন্দ্রনাথ হালদারঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সম্প্রতি মুর্শিদাবাদ জেলায় খড়গ্রাম থানা এলাকায় কয়েকটি ডাকাতি সংঘটিত হইয়াছে ;

(খ) সত্য হইলে, ঐ সকল ঘটনার কোন তদন্ত হইয়াছে কিনা এবং হইলে তাহার ফলাফল কি ;

(গ) যে যে এলাকায় সম্প্রতি ডাকাতি হইয়াছে সেই সমস্ত এলাকায় পুলিশ ক্যাম্পের কোন ব্যবস্থা করা হইয়াছে কি না ; এবং

(ঘ) ঐ থানায় বর্তমানে কোন্ কোন্ জায়গায় পুলিশ ক্যাম্প আছে এবং উহাদের এরিয়া কিভাবে ভাগ করা হইয়াছে ?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না।

(খ) এবং (গ) প্রশ্ন উঠে না।

(ঘ) ইন্দ্রানী ও বি ডি ও অফিস নগর।

চার মাইল ব্যাসার্ধ লইয়া ক্যাম্পগুলি অবস্থিত।

শান্তিশৃঙ্খলা বিঘ্নকারীদের বিরুদ্ধে ব্যবস্থা

১০৪। (অনুমোদিত প্রশ্ন নং ৪১৫।) **শ্রীমহম্মদ দেদার বক্সঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) একশ্রেণীর লোক পশ্চিমবঙ্গে পুনরায় শান্তি ও শৃঙ্খলা বিঘ্নিত করার চেষ্টা করছেন —এ সম্পর্কে সরকারের কোন সংবাদ আছে কি ; এবং

(খ) থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন ?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এ সম্পর্কে বিশেষ কোন সংবাদ সরকারের গোচরে আসে নাই।

(খ) উল্লেখ করিবার প্রয়োজন নাই।

গত সাধারণ নির্বাচনের পর নিজ ঘর-বাড়ি হইতে বিতাড়িত ব্যক্তির সংখ্যা

১০৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৯৫।) **শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত সাধারণ নির্বাচনের পর নিজের বাড়ি-ঘর থেকে বিতাড়িত হয়েছেন এমন লোকেদের কোন সংবাদ সরকারের গোচরে আছে কি ;

(খ) (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হ'লে, তাদের সংখ্যা কত ;

(গ) তার মধ্যে সরকারী হিসাব অনুযায়ী ৩১এ জানুয়ারি, ১৯৭৩ পর্যন্ত কত লোক নিজেদের বাড়ি ফিরে গেছেন ; এবং

(ঘ) বাকিদের নিরাপদে বাড়ি ফেরার জন্য সরকার কোন ব্যবস্থা করিয়াছেন কি ?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না।

(খ), (গ) এবং (ঘ) প্রশ্ন উঠে না।

বীরভূম জেলায় গো-চিকিৎসা কেন্দ্র

১০৬। (অনুমোদিত প্রশ্ন নং ১০২১।) **শ্রীশচীনন্দন সাউঃ** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় বর্তমানে কয়টি গো-চিকিৎসা কেন্দ্র আছে ;

(খ) এই চিকিৎসা কেন্দ্রগুলিতে যথাযথ কর্মচারী আছেন কি ;

(গ) গো-চিকিৎসা কেন্দ্রের উন্নয়নের জন্য সরকার কি কি পরিকল্পনা নিয়েছেন ;

(ঘ) দুবরাজপুর থানার ধগড়িয়া গ্রামে এবং ইলামবাজার থানায় বাতিকার গ্রামে গো-চিকিৎসা কেন্দ্র খোলার কোন পরিকল্পনা আছে কি ; এবং

(ঙ) ইলামবাজার থানায় কোন পশুপালন খামার করার কোন পরিকল্পনা আছে কিনা ?

পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বীরভূম জেলায় বর্তমানে তিনটি পশুচিকিৎসা হাসপাতাল (ভেটেরিনারি হসপিটাল), ১৯টি পশুচিকিৎসালয় (ভেটেরিনারি ডিসপেনসারি), একটি ভ্রাম্যমাণ পশুচিকিৎসালয় (অ্যাম্বুলেটরি ক্লিনিক ভ্যান) এবং ১৯টি পশু-চিকিৎসা সাহায্যকেন্দ্র (ভেটেরিনারি এইড সেন্টার) আছে।

(খ) কয়েকটি বাদে সবগুলি কেন্দ্রেই যথাযথ সরকারী কর্মচারী আছেন।

(গ) গো-চিকিৎসা কেন্দ্রের উন্নয়নের জন্য সরকার নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করিয়াছেনঃ—

(১) প্রতি ব্লকে একজন করিয়া অতিরিক্ত পশুচিকিৎসক নিয়োগ।

(২) বিভিন্ন জেলায় প্রয়োজনীয় ঔষধ মজুত রাখা এবং সময়মত সরবরাহের জন্য তিনটি মেডিক্যাল স্টোর স্থাপন করা হইয়াছে।

(৩) পশুরোগ অনুসন্ধান শাখাটিকে শক্তিশালী করা হইয়াছে।

(৪) প্যারাসাইটজনিত রোগ দমনের জন্য বিভিন্ন জেলায় তিনটি উপ-কেন্দ্র সহ একটি প্যারা-সাইটিক কন্ট্রোল ইউনিট স্থাপন করা হইয়াছে।

(৫) "রিন্ডারপেস্ট" কার্যসূচিকে আরও সুদৃঢ় করার জন্য দুইটি চেক পোস্ট ও দুইটি ভিজিল্যান্স ইউনিট ইতিমধ্যেই স্থাপিত হইয়াছে। আরও একটি ভিজিল্যান্স ইউনিট ও আরও একটি চেক পোস্ট স্থাপনের প্রস্তাব কেন্দ্রীয় সরকার সম্প্রতি অনুমোদন করিয়াছেন।

(৬) গবাদির সংক্রমণজনিত গর্ভপাত অনুসন্ধানের জন্য সম্প্রতি একটি প্রকল্প অনুমোদিত হইয়াছে।

(৭) সমস্ত পশুচিকিৎসা কেন্দ্রে বার্ষিক ঔষধ সরবরাহের জন্য বরাদ্দ অর্থ বৃদ্ধির ব্যবস্থা করা হইয়াছে।

(ঘ) উল্লিখিত দুটি গ্রামেই পশুচিকিৎসা সাহায্যকেন্দ্র খোলার প্রস্তাব বিবেচনাধীন আছে।

(ঙ) না।

বিদ্যুৎ সংযোগপ্রাপ্ত গ্রাম

১০৭। (অনুমোদিত প্রশ্ন নং ৮৫৬।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ হ'তে ১৬ই ফেব্রুয়ারি, ১৯৭৩ পর্যন্ত কতগুলি গ্রামে বিদ্যুৎ সংযোগ করা হয়েছে ;

(খ) উক্ত সময়ে ক'টি ক্ষেত্রে বিদ্যুৎচালিত ডিপ টিউবওয়েল চালু করা হয়েছে ; এবং

(গ) যেসকল গ্রামের রাস্তা দিয়ে বিদ্যুতের লাইন গেছে, সেই রাস্তাগুলিতে বৈদ্যুতিক আলো জ্বালানোর কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৭২ সালের মার্চ হ'তে ১৯৭৩ সালের জানুয়ারির মধ্যে ১,৮৭০টি গ্রাম।

(খ) ৩১এ জানুয়ারি, ১৯৭৩ পর্যন্ত ১৫৬টি।

(গ) স্থানীয় মিউনিসিপ্যালিটি ও অঞ্চল পঞ্চায়েতগুলির আবেদন অনুযায়ী রাস্তাগুলিতে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা হয়।

'হরেকনগর মৌজায়' পি ডব্লু ডি-র জমি

১০৮। (অনুমোদিত প্রশ্ন নং ৪৮১।) **শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ** পূর্ত বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বেলডাঙ্গা থানার 'মৌজা হরেকনগর' পি ডব্লু ডিপার্টমেন্টের নামে কোন জমি আছে কি ; এবং

(খ) থাকিলে, ঐ জমি বর্তমানে কি অবস্থায় আছে ?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

গ্রামাঞ্চলে মাথাপিছু বরাদ্দকৃত চিনি

১০৯। (অনুমোদিত প্রশ্ন নং ১০৬৭।) **ডাঃ ওমর আলীঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রামাঞ্চলে মাথাপিছু চিনি বরাদ্দের পরিমাণ কত;

(খ) গ্রামাঞ্চলে মাথাপিছু চিনির বরাদ্দ বৃদ্ধি করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ;

(গ) মেদিনীপুর জেলায় গ্রামাঞ্চলে প্রতি সপ্তাহে কোটা অনুযায়ী চিনি সরবরাহ হয় কি না ;

(ঘ) না হ'লে তার কারণ কি ; এবং

(ঙ) কখন থেকে ঐ জেলায় প্রতি সপ্তাহে নিয়মিত চিনি সরবরাহের আশা করা যায় ?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বর্তমানে গ্রামাঞ্চলে মাথাপিছু প্রতি সপ্তাহে চিনি বরাদ্দের পরিমাণ ৫০ গ্রাম হইতে ১০০ শত গ্রাম পর্যন্ত।

(খ) মাথাপিছু চিনির বরাদ্দ বৃদ্ধি করার ইচ্ছা সরকারের আছে কিন্তু কেন্দ্র হইতে প্রাপ্ত এই রাজ্যের মাসিক চিনির বরাদ্দ না বাড়িলে গ্রামাঞ্চলে ববাদ্দের পরিমাণ বৃদ্ধি করা সম্ভব নয়।

(গ) মেদিনীপুর জেলায় গ্রামাঞ্চলে (রুরাল এরিয়া) প্রতি মাসে (সপ্তাহে নয়) কোটা অনুযায়ী চিনি সরবরাহ করা হয়।

(ঘ) প্রশ্ন উঠে না।

(ঙ) বর্তমানে প্রতি সপ্তাহের বদলে প্রতি মাসে নিয়মিত চিনি সরবরাহ করা হয়। ভারত সরকার কর্তৃক এই রাজ্যের মাসিক বরাদ্দ না বাড়ানো হইলে সাপ্তাহিক বরাদ্দভিত্তিক চিনি সরবরাহ সম্ভব নয়।

সর্বাধিক প্রচারিত দৈনিক সংবাদপত্র

১১০। (অনুমোদিত প্রশ্ন নং ৬৫০।) **শ্রীমহম্মদ সফিউল্লাঃ** তথ্য এবং জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে এই রাজ্যে প্রকাশিত এবং সর্বাধিক প্রচারিত দৈনিক সংবাদপত্র কোন্‌টি এবং এটি কোন্‌ ভাষায় প্রকাশিত হয় ;

(খ) এই রাজ্যে অন্যান্য ভাষায় প্রকাশিত দৈনিক সংবাদপত্রগুলি কি কি এবং সেগুলি কোথা থেকে প্রকাশিত হয় এবং তাহাদের দৈনিক প্রচারসংখ্যা কত ; এবং

(গ) এই রাজ্যে অন্যান্য ভাষায় প্রকাশিত অর্ধসাপ্তাহিক, সাপ্তাহিক, পাক্ষিক, মাসিক, ত্রৈমাসিক, ষাণ্মাসিক এবং বাৎসরিক পত্রপত্রিকাগুলির সংখ্যা কত এবং এগুলি কোথা থেকে প্রকাশিত হয় ?

তথ্য এবং জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) আনন্দবাজার পত্রিকা বাংলা ভাষায় প্রকাশিত হয়। প্রচারসংখ্যা ৩,০৪,৪০৪।

(খ) ইংরাজী ভাষায় প্রকাশিত দৈনিক—

		প্রচার সংখ্যা
(১) দি স্টেট্‌সম্যান	...	১৮২,২৫৮
(২) অমৃতবাজার পত্রিকা	...	১১২,১৯১
(৩) হিন্দুস্থান স্ট্যান্ডার্ড	...	৭৫,৮৪৯

হিন্দী ভাষায় প্রকাশিত দৈনিক—

(১) বিশ্বমিত্র	...	৫৪,৬৭৬
(২) সন্মার্গ	...	১৮,৫০৫
(৩) দৈনিক বড়বাজার	...	জানা যায় নি
(৪) ছাপতে ছাপতে	...	জানা যায় নি

উর্দু ভাষায় প্রকাশিত দৈনিক—

(১) আজাদ হিন্দ	...	৮,৭১৯
(২) রোজানা হিন্দ	...	৪,৮৭২
(৩) আসরে জাদিদ্‌	...	৫,৮৭৩
(৪) আন্সার	...	জানা যায় নি
(৫) ইম্বোজ	...	জানা যায় নি
(৬) গাজী	...	জানা যায় নি
(৭) রহবরে আলম	...	জানা যায় নি

পাঞ্জাবী ভাষায় প্রকাশিত দৈনিক—

(১) নভী প্রভাত	...	১,৪৫৩
(২) দেশ দর্পণ	...	জানা যায় নি

এইসব দৈনিকগুলি কলিকাতা হইতে প্রকাশিত হয়।

উপরোক্ত তথ্যগুলি ভারত সরকারের অডিট ব্যুরো সারকুলেশনের ১৯৭১ সালের সর্বশেষ রিপোর্টের ভিত্তিতে গৃহীত।

(গ) বাংলা ছাড়া অন্যান্য ভাষায় প্রকাশিত সাময়িক পত্রপত্রিকার সংখ্যা ৪১২। উহার তালিকা প্রকাশনের স্থানসহ লাইব্রেরীর টেবিলে উপস্থাপিত করা হইল।

কর্পোরেশনের শ্রমিকদের প্রভিডেন্ট ফান্ড

১১১। (অনুমোদিত প্রশ্ন নং ৪২৩।) **শ্রীঅশ্বিনী রায়ঃ** মিউনিসিপ্যাল সার্ভিসেস বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা কর্পোরেশনের শ্রমিকদের প্রভিডেন্ট ফান্ড তহবিলের টাকা জমার হিসাব আছে কি ; এবং

(খ) থাকিলে, ১৯৭২ সালের ডিসেম্বর পর্যন্ত গত ৫ বৎসরের প্রতি বৎসর প্রতি মাসে (১) শ্রমিকদের দেয় অর্থের পরিমাণ ও (২) কর্পোরেশনের জমা দেওয়ার পরিমাণ ?

মিউনিসিপ্যাল সার্ভিসেস বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ও (খ) কলিকাতা কর্পোরেশনের শ্রমিকদের ও অন্য কর্মচারীদের প্রভিডেন্ট ফান্ডে টাকা জমার হিসাব আলাদা করে রাখা হয় না। শ্রমিক ও অন্য কর্মচারীদের ঐ হিসাব একত্রে রাখা হয়। ১৯৭২ সালের ডিসেম্বর পর্যন্ত গত পাঁচ বছরে কর্পোরেশনের শ্রমিক ও অন্য কর্মচারীদের একত্রে প্রভিডেন্ট ফান্ডে দেয় টাকার পরিমাণ ও কর্পোরেশনের জমা দেওয়া টাকার পরিমাণের একটা বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

বাংলা ভাষায় প্রকাশিত দৈনিক সংবাদপত্র ও অন্যান্য পত্রিকা

১১২। (অনুমোদিত প্রশ্ন নং ৬৬১।) **শ্রীমহম্মদ সফিউল্লাঃ** তথ্য এবং জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাংলা ভাষায় প্রকাশিত অন্যান্য দৈনিক সংবাদপত্রগুলি প্রচারের ক্রম অনুযায়ী কি কি; এবং

(খ) বাংলা ভাষায় প্রকাশিত অর্ধ-সাপ্তাহিক, সাপ্তাহিক, পাক্ষিক, মাসিক, ত্রৈমাসিক, ষাণ্মাসিক এবং বাৎসরিক পত্র-পত্রিকাগুলি কি কি এবং এগুলি কোথা থেকে প্রকাশিত হয়?

তথ্য এবং জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বাংলা ভাষায় পশ্চিমবঙ্গ হইতে প্রকাশিত দৈনিক সংবাদপত্রগুলি প্রচারের ক্রম অনুযায়ী নিম্নে দেওয়া হইল। এই তথ্য ভারত সরকারের অডিট ব্যুরো সারকুলেশনের ১৯৭১ সালের সর্বশেষ রিপোর্ট থেকে গৃহীত হয়েছে।

বাংলা ভাষায় প্রকাশিত দৈনিক—		প্রচার সংখ্যা
(১) আনন্দবাজার পত্রিকা	...	৩০৪,৪০৪
(২) যুগান্তর	...	২১২,২৫৫
(৩) দৈনিক বসুমতী	...	৪৭,৭০৩
(৪) গণশক্তি	...	১৫,১২৫
(৫) পয়গম	...	১৪,১৪১
(৬) কালান্তর	...	১০,৬৯৪
(৭) লোকসেবক	...	জানা যায় নি
(৮) সত্যযুগ	...	জানা যায় নি

(খ) তালিকা প্রকাশনের স্থানসহ লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল। ভারত সরকারের সংবাদপত্রসমূহের রেজিস্ট্রারের সর্বশেষ রিপোর্ট অনুযায়ী এই তালিকা প্রস্তুত করা হইয়াছে।

[2-20—2-30 p.m.]

Mr. Speaker: Two points have been raised, one by Shri Mohammed Safiulla and the other by Shri Sudhir Chandra Das. Regarding the point raised by Shri Safiulla that many questions are not being answered on the floor of the House on the date fixed, the Hon'ble Minister, Shri Abdus Sattar, has given a reply. I can draw the attention of the House that even if the Member who has given notice of that particular question is not present the question will be treated as unstarred question and answer will be available on the library table. If the question is held over the answer is not placed

on the library table. Even if supplementary to any question is not put then the answer of that question will also be had on the library table as an unstarred question. So, I draw the attention of the Hon'ble Minister, Shri Abdus Sattar, that on a due date if the question is not answered or if the honourable Member is not present here the answer will be there on the library table; but if any answer is given then that answer will not be available on the library table. So, even if the Member is not present and no supplementary is put or if a particular question is not called then the honourable Members can have the answer but if it is held over no answer is available, no information is available, to this House. So, it is completely a different matter. If a member is absent answer is there but if the answer is not placed on the library table no Member can have anything—no information can be had regarding that question. So, I draw the attention of the Hon'ble Minister, Shri Sattar, that he will direct his department that as far as practicable and possible answers to all the questions, no matter whether any Member is present or not, may be placed on the library table. This is my observation regarding the point raised by the honourable Member, Shri Safiulla.

Regarding the second point raised by the honourable Member, Shri Sudhir Chandra Das, I think already a short notice question has been admitted and the Hon'ble Minister-in-charge of Parliamentary Affairs will answer the question and then you will be able to put supplementary question when the entire issue will be clear. I am told by my office that 27th next has been fixed for that short notice question.

LAYING OF RULES

Amendments to the West Bengal Panchayat Rules, 1958

Shri Santosh Kumar Roy: Sir, I beg to lay before the Assembly amendments to the West Bengal Panchayat Rules, 1958.

Shri Danis Lakra: Mr. Speaker, Sir, on a point of personal explanation. On Friday last when I was not in the House Mr. Besterwitch made an allegation that I had a hand in Hashimara incident. I categorically deny it. I have no knowledge of the incident and I am in no way connected with the miscreants alleged to be Congress workers.

Mr. Speaker: Now I call upon the Hon'ble Chief Minister, Shri Siddhartha Shankar Ray, to make a statement under rule 346.

Shri Siddhartha Shankar Ray: Mr. Speaker, Sir, in response to the statement of Mr. A. H. Besterwitch, an honourable Member of this House, calling attention to a matter of public importance, namely, alleged murder of one Abdul Kader Ansari in Jalpaiguri on the 9th March, 1973, may I make the following statement?

On the 8th of March, 1973 evening one group of persons went to Hasimara police outpost to lodge a complaint accusing another group of persons of tearing their posters and resorting to other undemocratic acts.

Meanwhile, a few persons led, as reported, by Sashthi Majumdar forcibly took away one Abdul Kader Ansari from the outpost premises in a jeep bearing registration number 'Bhutan'. A case was instituted in Kalchini police-station in the same evening by the members of the first group stating that three of their members had been kidnapped. The local Police immediately commenced search of the persons and the miscreants. It was revealed during investigation that only Abdul Kader Ansari was kidnapped. The dead body of Abdul Kader Ansari was found at Jaldapara forest near L.R.P. road on 9th March 1973. Intensive combing operation was conducted for arrest of the miscreants. Five of the miscreants including the cleaner of the jeep had been arrested so far. The jeep has also been seized. The N.C.O. and two constables of the outpost have been placed under suspension. Since this has happened in the premises of the outpost we wanted to know the facts. The deceased was involved as an accused in a case under section 307 of the Indian Penal Code. Sir, I am very sorry that this has happened but you will notice that the promptest and firmest action has been taken for the purpose of not only apprehending the accused but also suspending certain Police Constables in view of the fact that they should have prevented this.

Shri A. H. Besterwitch: On a point of clarification, Sir. I am thankful to the Hon'ble Chief Minister for the statement. But I think that if this action was taken earlier the life of Abdul Kader Ansari would not have been lost. The reason is that Kalchini thana has no vehicle. Later on we were compelled to give the thana our vehicle from Kalchini and then at night we along with a few constables went to Hasimara, and after that combing operation was done. My latest information which I have received to-day is that these five or six persons have not been arrested. As far as I know even from the papers that they have gone to Bhutan.

(Noise.)

Mr. Speaker: I am not allowing any discussion over this matter. The honourable Member has on a point of information stood to say that if action was taken earlier the life of Abdul Kader Ansari could be saved.

Shri Narayan Bhattacharya: I have received information that some of our members have been kidnapped.

Shri Siddhartha Shankar Ray: I would request the honourable Members not to disturb Shri Besterwitch. Let him finish his speech and after that I would say one or two words in this connection.

Shri A. H. Besterwitch: Sir, according to paper I find that the miscreants have gone to Bhutan. Wherever they go they should not be spared. I think most probably these people are in Hasimara Subhasini Tea Estate under the cover of the Manager of Subhasini Tea Estate. So, if combing operation was properly done all the culprits could be arrested.

Shri Siddhartha Shankar Ray: I am thankful to Mr. A. H. Besterwitch for having thanked me for my statement. But may I say that combing

operation started immediately after the information came to us and thereafter five people were arrested and for the purpose of seeing that such things do not happen in future and that the Police becomes vigilant—you have noticed we have suspended some police officials. Sir, these things had taken place during the United Front regime when they were in office, otherwise, these things would not have happened to-day.

LEGISLATION

The Bengal Wakf (Amendment) Bill, 1973

[2-30—2-40 p.m.]

Shri Abdus Sattar: Mr. Speaker, Sir, I beg to introduce the Bengal Wakf (Amendment) Bill, 1973.

(Secretary then read the title of the Bill)

Shri Abdus Sattar: Sir, I beg to move that the Bengal Wakf (Amendment) Bill, 1973, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বঙ্গীয় ওয়াকফ (সংশোধন) বিধেয়ক, ১৯৭৩, উত্থাপন করিতেছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বঙ্গীয় ওয়াকফ (সংশোধন) বিধেয়ক, ১৯৭৩, বিবেচনার জন্য আবেদন করিতেছি।

মহাশয়, বঙ্গীয় ওয়াকফ আইন, ১৯৩৪, এই রাজ্যস্থিত ওয়াকফ সম্পত্তিগুলির যথাযথ পরিচালন সম্পর্কে ব্যবস্থা করিবার জন্য বলবৎ আছে। উক্ত আইন প্রয়োগকালীন যেসমস্ত অভাব, অসুবিধা ও অসম্পূর্ণতা প্রতীয়মান হইয়াছে সেগুলি দূরীকরণের নিমিত্ত এবং এই রাজ্যে ওয়াকফ সম্পত্তিগুলির অধিকতর সুষ্ঠু পরিচালনার জন্য আইনটির সংশোধনের প্রস্তাব করা হইতেছে।

বর্তমানে তালিকাভুক্ত ওয়াকফসমূহের মতোয়ালীগণ ওয়াকফ পর্ষদে একজন সদস্য নির্বাচিত করিয়া থাকেন। ঐরূপ নির্বাচনে অনেক সময় নষ্ট হয় ও অনেক অর্থ ব্যয় হয়। সেইজন্য এইরূপ নির্বাচন সংক্রান্ত বিধান বাদ দেওয়ার প্রস্তাব করা হইয়াছে এবং তৎপরিবর্তে রাজ্য সরকার ওয়াকফ পর্ষদে আরও একজন মতোয়ালী সদস্যকে নিযুক্ত করিবেন এইরূপ প্রস্তাব করা হইয়াছে।

বর্তমানে শিয়া সম্প্রদায়ের অন্যতম শাখা দাউদীবোহ্‌রা সম্প্রদায় কর্তৃক সৃষ্ট ওয়াকফসমূহ আইনের আওতার মধ্যে পড়ে না। উক্ত সম্প্রদায় কর্তৃক সৃষ্ট ওয়াকফসমূহকে আইনের আওতায় আনিবার প্রস্তাব করা হইয়াছে। তৎসহ ইহাও প্রস্তাব করা হইয়াছে যে রাজ্য সরকার ওয়াকফ পর্ষদে যে শিয়া সদস্যগণকে নিযুক্ত করেন তাহাদের একজন দাউদীবোহ্‌রা সম্প্রদায়ভুক্ত হইবেন।

বর্তমানে মতোয়ালী কর্তৃক কোন ওয়াকফ সম্পত্তির হস্তান্তরের পূর্বে ওয়াকফ কমিশনারের অনুমতির প্রয়োজন হয়। কার্যক্ষেত্রে দেখা গিয়াছে যে, কিছু কিছু মূল্যবান ওয়াকফ সম্পত্তি বিশেষত কলিকাতাস্থ এইরূপ সম্পত্তির অবৈধ হস্তান্তর ঘটিয়াছে, এইরূপ অবৈধ হস্তান্তর রোধের জন্য দৃঢ়তর নিয়ন্ত্রণ ব্যবস্থার প্রয়োজন। সেইজন্য প্রস্তাব করা হইয়াছে যে, হস্তান্তরের নিমিত্ত পূর্ব অনুমতি দিবার ক্ষমতা কমিশনারের পরিবর্তে ওয়াকফ পর্ষদে ন্যস্ত হইবে। পর্ষদের উপস্থিত সদস্যগণের দুই-তৃতীয়াংশ কর্তৃক অনুমোদিত হইলে তবেই হস্তান্তরের নিমিত্ত পূর্ব অনুমতি আইনানুগ হইবে।

পর্ষদের বিনা অনুমতিতে কোন সম্পত্তি হস্তান্তরিত হইয়া থাকিলে তাহা পুনরুদ্ধারের নিমিত্ত স্বাভাবিকভাবে মামলা দায়ের করা প্রয়োজন। কিন্তু এইরূপ মামলা পরিচালনা করা ব্যয়সাধ্য ও সময়সাপেক্ষ। সেইজন্য প্রস্তাব করা হইয়াছে যে, এই প্রকার হস্তান্তরের ক্ষেত্রে পর্ষদ যথাযথ অনুসন্ধান করিয়া সংশ্লিষ্ট পক্ষকে হস্তান্তরিত সম্পত্তির পর্ষদে প্রত্যর্পণ করিবার আদেশ দিবে। সংশ্লিষ্ট পক্ষকে অবশ্য আদেশের পূর্বে কারণ দর্শাইবার সুযোগ দেওয়া হইবে এবং পর্ষদের আদেশ পাইবার পর সংশ্লিষ্ট পক্ষ ষাট দিনের মধ্যে উপযুক্ত দেওয়ানী আদালতে আপিলও করিতে পারিবে। এইরূপ বিধান করা হইতেছে।

কোন আপিল না করিলে অথবা আপিলের সময়সীমা উত্তীর্ণ হইলে অথবা আপিল বিফল হইলে পর্ষদ কর্তৃক প্রত্যর্পণের আদেশ কার্যকর হইবে এবং কালেক্টরগণ এইরূপ হস্তান্তরিত সম্পত্তির দখল লইয়া পর্ষদে প্রত্যর্পণ করিবে এই মর্মে বিধান ও প্রস্তাব করা হইয়াছে।

ওয়াকফ দলিলে কোন বিষয়ে সুনির্দিষ্ট বিধান না থাকিলে অথবা এইরূপ দলিলের কোন বিধান পরিবর্তিত অবস্থায় বা অন্য কোন কারণে কার্যকর করা সম্ভবপর না হইলে, পর্ষদ সম্পত্তির সুষ্ঠু পরিচালনার জন্য ও সম্পত্তির আয়ের যথাযথ বণ্টনের নিমিত্ত, দলিলের শর্তাবলীর প্রয়োজনীয় পরিবর্তন করিয়া উপযুক্ত আদেশ দিতে পারিবেন এইরূপ প্রস্তাব করা হইয়াছে। অবশ্য এইরূপ আদেশের পূর্বে সংশ্লিষ্ট পক্ষগণকে তাহাদের বক্তব্য পেশ করিবার সুযোগদানের নিমিত্তও প্রস্তাব করা হইয়াছে।

কতকগুলি বিশেষ কারণে অবাঞ্ছিত ও অনুপযুক্ত মতোয়ালীকে অপসারণের প্রয়োজন হইতে পারে। এইরূপ অপসারণের নিমিত্ত আদালতের শরণাপন্ন না হইয়া পর্ষদই যাহাতে যথাযথ আদেশ দিতে পারেন সেইরূপ প্রস্তাব করা হইয়াছে। অবশ্য সংশ্লিষ্ট মতোয়ালীকে এই আদেশের পূর্বে তাহার বক্তব্য পেশ করিবার সুযোগ দানের বিধানও প্রস্তাব করা হইয়াছে। অপসারিত মতোয়ালীকে জিলা আদালতে আপিল করিবার অধিকার দিবার প্রস্তাবও আছে।

মতোয়ালীদের কতকগুলি ব্যর্থতার জন্য এবং মিথ্যা বিবরণ, রিটার্ন বা তথ্য দাখিল করার দরুন তাহাদের প্রতি আরও বেশি দণ্ড বিধানের প্রস্তাব করা হইয়াছে।

যাহাতে ওয়াকফ সম্পত্তি পরিচালনার ক্ষেত্রে কোন ছেদ না পড়ে সেইজন্য এই প্রকার অতিরিক্ত বিধান প্রস্তাব করা হইয়াছে যে, কোন মতোয়ালীকে তাহার কর্তব্য সম্পাদনের জন্য পাওয়া না যাইলে অথবা এইরূপ কর্তব্য সম্পাদনের জন্য তিনি অসমর্থ হইলে তাঁহার পরিবর্তে অস্থায়ী-ভাবে মতোয়ালী নিয়োগের জন্য পর্ষদ আদেশ দিতে পারিবে।

কোন মতোয়ালীর অপসারণের অথবা তাহার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ব্যাপারে সেই মতোয়ালী তাঁহার আত্মপক্ষ সমর্থনের নিমিত্ত কোন খরচপত্র সংশ্লিষ্ট ওয়াকফ সম্পত্তি হইতে গ্রহণ করিতে পারিবেন না। তবে কোন আদালত এইরূপ খরচপত্র অনুমোদন করিলে, মতোয়ালী তাহার ব্যয়িত অর্থ সংশ্লিষ্ট ওয়াকফ সম্পত্তি হইতে গ্রহণ করিতে পারিবে এইরূপ প্রস্তাব করা হইয়াছে।

ওয়াকফ সম্পত্তির পরিচালনের ব্যয়ভার বৃদ্ধি পাইয়াছে। ওয়াকফ কমিশনারের কর্মচারীদের বেতন ও ভাতা রাজ্য সরকারী কর্মচারীদের মতো বৃদ্ধি করা হইয়াছে। এইসব অতিরিক্ত ব্যয়ভার বহনের নিমিত্ত ওয়াকফ ফান্ডে প্রদেয় চাঁদার হার বৃদ্ধি করা প্রয়োজন। সেইজন্য প্রস্তাব করা হইয়াছে যে, চাঁদার হার ওয়াকফ সম্পত্তির বার্ষিক নীট আয়ের পাঁচ শতাংশের পরিবর্তে ছয় শতাংশ হইবে। ওয়াকফ আল্-আল-আউলাদের চাঁদার হার বর্তমানে অন্যান্য ওয়াকফ সম্পত্তির চাঁদার হারের অর্ধেক। চাঁদার হারের এই তারতম্য তুলিয়া দিবার প্রস্তাব করা হইয়াছে, অর্থাৎ ওয়াকফ আল-আল-আউলাদের ক্ষেত্রেও চাঁদার হার ছয় শতাংশ হইবে।

চাঁদার হার বৃদ্ধির ফলে যে অতিরিক্ত আয় হইবে তাহা হইতে কতকগুলি জনহিতকর কাজে ব্যয় করিবার ক্ষমতা পর্ষদকে দেওয়ার প্রস্তাব করা হইয়াছে। পর্ষদ, মসজিদ নির্মাণ এবং মসজিদ সংস্কারের জন্য ও অন্যান্য উপযুক্ত ক্ষেত্রে আর্থিক সাহায্য দান করিতে পারিবে।

অধিকন্তু ইহাও প্রস্তাব করা হইয়াছে যে, বার্ষিক আয় পাঁচ হাজার টাকা বা তাহার বেশি এইরূপ ওয়াকফ সম্পত্তির ক্ষেত্রে বার্ষিক নীট আয়ের অতিরিক্ত দুই শতাংশ চাঁদা ধার্য হইবে এবং এইভাবে প্রাপ্ত অর্থ হইতে দরিদ্র ও মেধাবী ইসলাম ধর্মাবলম্বী ছাত্রছাত্রীদের শিক্ষা বিষয়ে সাহায্য দানের নিমিত্ত একটি বিশেষ অর্থভাণ্ডার গঠিত হইবে।

প্রস্তাব করা হইয়াছে, যেসমস্ত ওয়াকফ সম্পত্তির বার্ষিক আয় পাঁচ হাজার টাকার উপর তাহাদের হিসাবনিকাশ সরকারী হিসাব পরীক্ষকের দ্বারা পরীক্ষিত হইবে এবং এই সংক্রান্ত ব্যয় সংশ্লিষ্ট ওয়াকফ সম্পত্তিকে বহন করিতে হইবে।

প্রয়োজন হইলে উন্নয়নমূলক কার্যে অর্থ সংস্থানের জন্য ওয়াকফ কমিশনার পর্ষদের ও রাজ্যসরকারের পূর্ব অনুমতি লইয়া ঋণ গ্রহণ করিতে পারিবেন এইরূপ প্রস্তাব করা হইয়াছে।

অবৈধভাবে হস্তান্তরিত ও দখলীকৃত ওয়াকফ সম্পত্তি এবং অবৈধভাবে দায়দায়িত্ব সৃষ্ট হইয়াছে এইরূপ ওয়াকফ সম্পত্তি পুনরুদ্ধারের নিমিত্ত বা অবৈধভাবে সৃষ্ট দায়দায়িত্ব মোচনের নিমিত্ত কোন মামলা যাহাতে প্রচলিত তামাদি আইনের বিধানে তামাদি বলিয়া পরিগণিত না হয় সেইজন্য প্রস্তাব করা হইয়াছে যে, এইসব ক্ষেত্রে ১৯৪৭ সালের ১৫ই আগস্টের পূর্বে কোন মামলা তামাদি বলিয়া গণ্য না হইয়া থাকিলে তাহা আর তামাদি বলিয়া গণ্য হইবে না। ইহার দ্বারা বহু ওয়াকফ সম্পত্তির পুনরুদ্ধারের সুযোগ পাওয়া যাইবে।

ওয়াকফ সম্পত্তির পরিচালনের ব্যাপারে সুষ্ঠু নিয়ন্ত্রণের প্রয়োজন আছে। এইজন্য প্রস্তাব তাঁহাকে সাহায্য করিবার জন্য একজন ডেপুটি কমিশনারের প্রয়োজন। সেইজন্য একজন ডেপুটি কমিশনার নিয়োগের প্রস্তাব করা হইয়াছে। ইহার দ্বারা ওয়াকফ সম্পত্তিগুলির অধিকতর সুষ্ঠু পরিচালনা সম্ভব হইবে এবং ওয়াকফ ফান্ডের আয় বৃদ্ধি পাইবে।

ওয়াকফ সম্পত্তির পরিচালনের ব্যাপারে সুষ্ঠু নিয়ন্ত্রণের প্রয়োজন আছে। এইজন্য প্রস্তাব করা হইয়াছে যে, রাজ্যসরকার পর্ষদকে প্রয়োজনীয় সাধারণ বা বিশেষ নির্দেশ দিতে পারিবেন।

বর্তমানে পর্ষদের কোন সদস্যকে সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে বরখাস্ত করিবার অধিকার রাজ্যসরকারের আছে। কিন্তু সমগ্র পর্ষদকে বাতিল করিবার কোন ক্ষমতা সরকারের নাই। যথাযথভাবে কর্তব্য সম্পাদন না করিলে পর্ষদকে বাতিল করিবার প্রয়োজন হইতে পারে। এইজন্য আইনে উপযুক্ত বিধান সন্নিবেশিত হওয়া বাঞ্ছনীয়। এই উদ্দেশ্যে প্রস্তাব করা হইয়াছে যে, সরকার পর্ষদকে তাহার বক্তব্য পেশ করিবার সুযোগ দিয়া প্রয়োজন হইলে পর্ষদকে অনধিক দুই বৎসরের জন্য বাতিল করিতে পারে এবং তাহার স্থলে ইসলাম ধর্মাবলম্বী একজন প্রশাসক নিযুক্ত করিয়া তাহার উপর পর্ষদের সমস্ত দায়িত্ব অর্পণ করিতে পারে। এইরূপ বাতিলের আদেশে বাতিল করার কারণসমূহ প্রকাশ করিবার নিমিত্ত বিধানও আছে।

মহাশয়, এই বলিয়া আমি সংশোধনী আইনটি বিধানসভার অনুমোদনের প্রস্তাব সুপারিশ করিতেছি।

Mr. Speaker: There are motions for reference of the Bill to the Select Committee by Shri A. H. Besterwitch and Shri Shish Mohammad. The amendments are out of order. There are also motions for circulation of the Bill by Shri A. H. Besterwitch, Shri Timir Baran Bhaduri and Shri Shish Mohammad. All the amendments are in order. I call upon Shri Shish Mohammad to move his amendment.

শ্রীশীশ মহম্মদঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, দি বেঙ্গল ওয়াকফ (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৭৩, আজকে হাউসে উপস্থাপিত করা হয়েছে এবং সুপারিশ করা হয়েছে যাতে আমরা বিলটিকে মঞ্জুর ক'রে নিই। স্যার, এই বিলটি আমি আগাগোড়া প'ড়ে দেখেছি এবং মোটামুটিভাবে এই বিলটির মধ্যে একটা পদক্ষেপ নেওয়া হয়েছে এটা আমি অস্বীকার করি না। বিলটি পড়তে

গিয়ে দেখলাম কতকগুলি জায়গায় কতকগুলি ত্রুটি থেকে গেছে। সে সম্বন্ধে আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি এখানে কতকগুলি সাজেশন রাখছি, আশা করি তিনি এগুলি বিবেচনা করবেন। এই বিলের অর্থাৎ মূল আইনের ২৪নং উপধারায় বলা হয়েছে যে, যিনি সম্পত্তি ওয়াকফ ক'রে গেছেন তার থেকে যে নেট ইনকাম হবে তার একটা পার্সেন্টেজ পরিষদকে দেওয়া হবে মুসলিম মেধাবী ছাত্রদের লেখাপড়ার জন্য, মসজিদ সংস্কারের জন্য, সমাজ ও কল্যাণমূলক কাজে খরচ করবেন কোন কোন ক্ষেত্রে। স্যার, এখানে একটা জিনিস চোখে পড়ছে যে, ৫ হাজার টাকা নেট যেখানে ইনকাম সেখানে ২ পার্সেন্ট ধরা হয়েছে এবং ৫ হাজার টাকা ঊর্ধ্বে ৬ পার্সেন্ট ধরা হয়েছে। একটা ফ্ল্যাট রেট ধ'রে নেওয়া হ'ল। এটা কি যুক্তিসঙ্গত হ'ল সেটা আমরা বুঝতে পারছি না। আমি এখানে একটা সাজেসশন রাখতে চাচ্ছি স্যার, আপনার মাধ্যমে যে ৫ হাজার টাকা পর্যন্ত নেট ইনকাম-এর উপর ৩ পার্সেন্ট করা হোক। এর থেকে টাকা বেশি আদায় করতে পারবেন। আমরা দেখেছি যে, এখনও পর্যন্ত বহু মুসলিম মেধাবী ছাত্র অর্থাভাবে লেখাপড়া শিখতে পারে না, তাদের কিছু বেশি ক'রে দেওয়া হবে। আর একটা যুগান্তকারী পরিবর্তন করা যেতে পারে—ঐ যে ৫ হাজার টাকার উপর ১ হোক আর ২ কোটি হোক সেখানে ঐ ৬ পার্সেন্ট রাখা হ'ল। এখানে আমার সাজেশন হচ্ছে, ৫ থেকে ১০ হাজার টাকা পর্যন্ত ৬ পার্সেন্ট রাখা হোক, ১০ থেকে ২০ হাজার পর্যন্ত ১০ পার্সেন্ট করা হোক, ২০ হাজার থেকে ৩০ হাজার পর্যন্ত ১২ টাকা করা হোক, ৩০ হাজার টাকার ঊর্ধ্বে ১৫ টাকা করা হোক। মাননীয় স্পীকার, স্যার, আপনি নিশ্চয় জানেন যে, মাতোয়াল্লী অনেক সময় দেখা যায় যে, হয়তো একটা মসজিদে সামান্য চার পয়সার তেল দিলেন প্রদীপ জ্বালাবার জন্য, সামান্য কিছু দান করলেন, কয়েকটি গরিবকে খাইয়ে দিলেন, তারপর দেখা যায়, একটা মৌলবী একটা জলসা ক'রে বিরাট খরচ তিনি দেখিয়ে দিলেন। দেখা গেল সেখানে বিরাট টাকা খরচ হয়ে গেছে, সেই নেট যে ইনকাম তা আর নেই—সেই নেট ইনকাম খরচ হয়ে গেছে।

আমি জানি সরকার এই আইনের বলে একটা দৃঢ় পদক্ষেপ নেবার চেষ্টা করেছেন। কিন্তু এই আইনটা একটু গরিবের উদ্ধারে নিয়ে আসা হয়েছে, এটা একটা গরিব আইন। মতোয়াল্লীর কাছ থেকে টাকা নিয়ে সমাজকল্যাণ কাজে ব্যয় করা হবে, সেখানে নিশ্চয় কারো আপত্তি থাকবে না, যারা অন্ততঃ সুস্থ মস্তিষ্কসম্পন্ন ব্যক্তি তাঁদের সেক্ষেত্রে আপত্তি থাকবে না। কিন্তু সরকার এমন একটা আইন করলেন তাতে আমার মনে হয় এর দ্বারা বেশি কিছু করতে তিনি পারবেন না। মাননীয় স্পীকার, স্যার, আমি এই প্রসঙ্গে বলছি যে, পার্টিশন হবার পরে পূর্ব পাকিস্তান তথা বর্তমানে বাংলাদেশে মুসলিম সমাজে শিক্ষাদীক্ষায় যথেষ্ট উন্নতি হয়েছে। আমাদের এখানে স্কুল-কলেজ হয়েছে। কিন্তু একটা জাতির বহু মেধাবী ছাত্র অর্থাভাবে বহু নিচে পড়ে আছে। আপনারা হয়ত মনে করবেন এটা সাম্প্রদায়িকতার কথা, কিন্তু তা নয়। আমি এই কারণে বলতে চাইছি যেমন সেবায়েত-এর দেবোত্তর সম্পত্তি আছে, সেই দেবোত্তর সম্পত্তি থেকে টাকা নিয়ে আমাদের সমাজের শিডিউল্ড কাস্ট ছেলেদের কল্যাণকর কাজে দেওয়া হোক। এই ক্ষেত্রে যদিও সেটা পড়ে না, তবুও আমাকে প্রসঙ্গক্রমে বলতে হচ্ছে যে, সেই মুসলিম ছেলেরা অর্থাভাবে আজকে পড়তে পারছে না। বহু মেরিটরিয়াস ছেলে আছে তারা এই সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। আমি এই কারণে বলছি, বিভিন্ন শ্রেণীর লোক নিয়ে আমাদের এই ভারতবর্ষ গঠিত। এই ভারতবর্ষের মধ্যে একটি জাতির সমাজদেহ শিক্ষা-দীক্ষায় অনেক নিচে পড়ে আছে। সেটাকে রাষ্ট্রীয় জীবনই বলুন, আর সমাজজীবনই বলুন, এটা একটা অজ্ঞতার ব্যাধি এবং সেই অজ্ঞতার ব্যাধিকে যদি আজকে শিক্ষা-দীক্ষায় উন্নত করা যায়, তা হ'লে আমি মনে করি নিশ্চয় একটি সুস্থ, সবল, শক্তিশালী সমাজ গ'ড়ে উঠবে। আমি একটি উদাহরণ দিচ্ছি, একটি স্বাস্থ্যবান ব্যক্তির যদি একখানি পা খুব সরু হয়ে থাকে তা হ'লে কি স্যার, এটাকে সুস্বাস্থ্যের লক্ষণ বলব, সুস্থ দেহের লক্ষণ বলব? এটা নিশ্চয় অস্বাস্থ্যের লক্ষণ। একটি লোকের হাত, পা যদি অসম্ভব মোটা থাকে, সেই অনুপাতে দেহের অন্য অংশ অপেক্ষাকৃত সরু থাকে তা হ'লে সেটাও নিশ্চয় ভাল স্বাস্থ্যের লক্ষণ নয়। কাজেই সেইরকম আমাদের ভারতবর্ষের মধ্যে একটি সমাজ অত্যন্ত নিচু স্তরে এই শিক্ষাদীক্ষার দিক দিয়ে প'ড়ে থাকবে। আমাদের স্কুল-কলেজ হয়েছে। কিন্তু এই স্কুল-কলেজে গরিব মেধাবী ছেলেরা যেতে পারে না অর্থাভাবের

দরূন। আমি যে পার্সেন্টেজে সাজেসশন দিয়েছি এটা থেকে সরকার বেশি ক'রে টাকা আদায় করতে পারবেন এবং সেই টাকা তাদের শিক্ষা-দীক্ষায় ব্যয় করতে পারবেন। মাননীয় স্পীকার স্যার, আমি আর একটি বিষয়ে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব। এই আইনটি তৈরি হয়েছিল ১৯৩৪ সালে এবং সেই থেকে আজ পর্যন্ত এই আইনের কোন রকম পরিবর্তন ঘটে নি। এই প্রথম হয়ত আপনারা পরিবর্তন করতে যাচ্ছেন। এর সময় অতিক্রান্ত হয়ে যাচ্ছে ব'লেই তাড়াহুড়া ক'রে এই বিলটি এনে এটার পরিবর্তন করছেন। আমি মনে করি, এই আইনটির একটি যুগান্তকারী পরিবর্তন হওয়া দরকার। আধুনিক যুগে বহু কিছুর পরিবর্তন হয়ে গেছে, পুরাতন চলে গেছে, নতুনের আগমন হচ্ছে। এই নতুনের আগমনের সংগে সংগে ভারতবর্ষে বিরাট বিরাট পরিবর্তন আসছে। কিন্তু এই ওয়াকফ স্টেট বিলের ক্ষেত্রে দেখা গেল অত্যন্ত গরিবী আকারে পরিবর্তন আনা হ'ল। আমার কথা হচ্ছে, এই আইনটাকে আপাতত স্থগিত রাখা হোক এবং একটি কমিটি গঠন করা হোক, যেখানে সুস্থ বুদ্ধিসম্পন্ন লোকেরা থাকবেন এবং তাঁরা এটা বিচার-বিবেচনা করবেন। কাজেই সেই বিচার-বিবেচনা করার পরে যাতে একটা সুষ্ঠু শক্তিশালী যুগান্তকারী পরিবর্তন হ'তে পারে সেই রকম নূতন আকারে একটা আইন নিয়ে আসা হোক, ব্যাপক আকারে নিয়ে আসা হোক।

[2-50—3-00 p.m.]

এইভাবে তাড়াহুড়া ক'রে যেভাবে বিল আনা হচ্ছে সেটা ঠিক হচ্ছে ব'লে আমি মনে করছি না। তারপর, স্যার, আর একটি বিষয়ের প্রতি আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব। সেটা হচ্ছে, মাতোওয়ালী যদি কোন সম্পত্তি বিক্রি ক'রে দেয় এবং তারপর যদি কোন সম্মানীয় মুসলমান কোর্টে দরখাস্ত বা আবেদন করেন, তা হ'লে সেই সম্পত্তি স্টেট ফিরে পায়। কিন্তু যে ক্রেতা তাকে টাকা ফেরত দেবার কোন বিধান এই আইনে নেই। এর ফলে মাতোওয়ালী বার বার সেই সম্পত্তি বিক্রি ক'রে অর্থ ভোগ করার সুযোগ পেতে পারে। কাজেই আমার সাজেসশন হচ্ছে, ক্রেতাকে সুদ সহ টাকা ফেরত দেবার বিধান করা হোক। সবশেষে আমি বলব, সুস্থ মস্তিষ্কসম্পন্ন মুসলমান সমাজের থেকে কিছু এবং হিন্দু সমাজের দু-একজনকে নিয়ে একটা কমিটি করুন এবং সেই কমিটি সুষ্ঠুভাবে বিচার-বিবেচনা ক'রে মে মাসের মধ্যে তাঁদের রিপোর্ট দাখিল করুন এবং তারপর এই বিলকে বলিষ্ঠভাবে হাউসে নিয়ে আসুন। এই কথা ব'লে আমি শেষ করছি। আমি সার্কুলেশন মোশান মুভ করছি না।

Dr. A. M. O. Ghani: Mr. Speaker, Sir, I welcome this long awaited amending Bill. The most important and the most welcome amendment is the creation of a fund for the education of poor, meritorious students professing Islam and reading in recognised institutions. I believe if the Wakf resources could be properly pooled a large number of poor Muslim students could be benefited.

Another change is the appointment by the Government of two Mutawallis to the Wakf Board instead of electing them from the Mutawallis, which is usually a very difficult and expensive procedure. In principle we prefer elections. But if appointment saves a large sum of money for the Wakf fund and if the appointment is fair and free from undue and improper influence, I think it is quite right.

Inclusion of a Shia and a Dawoodi Bohra member in the Board will remove a longstanding grievance of these communities and will integrate all the three communities of Muslims in one Wakf Board, in one Wakf Act, and in one management. I do not like the Government to arrogate to itself the power of guiding the Board. It is against the spirit of the Shariat. It will also mar the sovereign status of the Board. But under extreme circumstances

of alleged or proved corruption, defalcation, misappropriation, or gross mismanagement the Board could be superseded for a specific period and replaced by a new Board. In the meantime an Administrator could be appointed.

I have certain doubts about the taking over power to remove a Mutawalli without the sanction of a civil court. I do not know if it is good in law. Again, a similar power to recover immovable property transferred without the sanction of the Board, without reference to a court of law is of doubtful merit, for under such executive authority there will be no guarantee of justice being done. I do not know the legal validity of this action.

Amendment 17(b) in section 28 of the Act replacing "Islamic Law" by "and in general with the provisions of Muhammedan law relating to Wakf", is in my opinion, redundant and quite bad. It will only add confusion and complication due to various extraneous interpretations of the provisions of the Muhammedan law. I think this amendment is best dropped.

It is a pity that after centuries of existence of the institution of Wakf no fund has accumulated for the benefit of those for whom the institution was promulgated. I mean the Public Wakfs and not Wakf-ul-ul-Aolad which is essentially meant for sustaining family provision. In fact, the Public Wakf was the first institution voluntarily socialising private property and securing it from being the instrument of private exploitation and profit. It is particularly laudable as it was conceived at least 12 centuries before ideas of socialism had taken shape, long before scientific socialism was formulated.

I thank this Ministry for giving, for the first time, serious thought to a matter of great interest to the minority community so long neglected. You remember, Sir, I brought a non-official amending Bill in 1958, but I withdrew it on the assurance of no less a person than late Dr. B. C. Roy that he would in the near future bring a comprehensive amending Bill after consulting leaders of Muslim thought. That has never materialised. You were also a member of the House then.

The provision for the appointment of a Deputy Wakf Commissioner is a difficult proposition. It means an extra drain on the limited funds of the Wakf Estates. But if it is absolutely essential for better management of the Wakf Estates and commensurate with the amount of work involved I have no objection, provided the appointment is made through the Public Service Commission and not made as a reward for any act of political favour or return of any other consideration. With these few words, I gratefully welcome the amending Bill and whole-heartedly support it. My only caution to the Ministry is that nothing should be done which violates or vitiates the spirit and letter of the Quoranic Law on Wakfs. It may be misunderstood by the Muslims. The original Bengal Wakf Act of 1934 was drafted after giving a serious thought to the Islamic Law by a Committee consisting of such eminent jurists as late Sir Syeed Naseem Ali, late Justice Sir Zahed Suharwardy, Mr. Handerson and Justice Sir Tarique Ameer Ali. All these

people were eminent judges of the Calcutta High Court. Sir Zahed Suharwardy was the Chairman of the Committee. They gave very serious and learned thought to it after consultation with leaders of Moslem thought. Repeated attempts were made by the Government of India for the total repeal of the Act and its replacement by the Central Act. But Muslims of Bengal in general and Muslim lawyers in particular have repeatedly prevented such encroachment by the Central Act for various reasons and conditions relating to Wakf Estates in Bengal and special needs of the Muslims of Bengal. Still while amending this Act I welcome the addition of section 75A after section 75 of the original Act, for this will act as a deterrent to the unscrupulous mutawallis who are tempted to rush to cheap litigation at the cost of Wakf Estates. Sir, I heartily support this amending Bill. Section 75A reads as follows: "A mutawalli shall not be entitled to spend funds of the Wakf Estate of which he is a mutawalli for meeting any costs, charges or expenses incurred by him in any suit, appeal or application or other proceedings for, or incidental to, his removal from office or the taking of any disciplinary action against him."

There is an amendment proposed by the RSP leader to send it to a Select Committee. I fear it will only delay the Bill; it will not make much learned additions to the clauses. I have experience of a Select Committee before when the whole thing was just talked out of time. Sir, you have declared it out of order. So I do not want to say anything further in this respect. There is another amendment for eliciting public opinion. I have also objection to that as that would be a mere waste of time. So I choose to support the Bill as it is.

Shri M. Shaukat Ali: Mr. Speaker, Sir, it is very good that a Bill has been introduced by an eminent lawyer, the Judicial Minister, Jonab Abdus Sattar. While supporting the Bill I would like to submit certain suggestions with a request to the Judicial Minister to take note of them so that he may bring a more comprehensive Bill than this sketchy one.

মিঃ স্পীকার, স্যার, আমি ওয়াকফ অফিসে এর জন্ম থেকে চাকরি করেছিলাম ১৯৪৭ সালে। সেই অভিজ্ঞতা নিয়ে আমি হাউসের সামনে আপনার মাধ্যমে কতকগুলো সাজেশনস রাখতে চাই। এটা অত্যন্ত আনন্দের কথা যে, একটা সংশোধনী বিল এসেছে। কিন্তু এই সংশোধনী বিলের মধ্যে এমন কতকগুলো জিনিস আছে, যেটা আমরা গ্রহণ করতে পারছি না। সেইজন্য আমি সরকারকে অনুরোধ করব, যেগুলো পরিবর্তন করবেন, সেইগুলো নিয়ে একটা কম্প্রিহেনসিভ বিল নিয়ে এসে এটা সংশোধন করবেন। প্রথম কথা হচ্ছে, দেখা যাচ্ছে যে, প্রিএম্বল চেঞ্জ করা হয়েছে। এখানে বলা হয়েছে

and whereas it is expedient to create a fund for the Education of poor and meritorious students professing Islam and reading in any recognised Institution.

যদি আপনি দেখেন, এই অ্যাক্ট যখন প্রথম ইন্ট্রোডিউস হয়েছিল, তার প্রিএম্বলটা যুক্তিযুক্ত। সেটায় বলা হয়েছে

whereas it is expedient to make provision for the proper Administration of Wakf property in Bengal.

এটাই হচ্ছে বেঙ্গল ওয়াকফ অ্যাক্টের প্রিএম্বল। এই ওয়াকফ প্রপার্টির অ্যাডমিনিস্ট্রেশন হওয়া উচিত। কিন্তু তার থেকে ছাত্রদের সাহায্যের জন্য টাকা-পয়সা আদায় করা, এটা যুক্তিযুক্ত হচ্ছে

না। ফর দিজ রিজনস্, আমি বলতে চাচ্ছি, এর প্রিএম্বলটা ডিফেক্টিভ, এটা আসা উচিত নয়। তা যদি না হয়, মোস্ট অব দি ক্লজেস উইল ফল থ্রু। এইজন্য ফান্ডামেন্টাল মুসলিম ল যদি আপনি দেখেন,

wishes of the wakf is the law, he is the law giver and the wishes of the law must be fulfilled.

আপনি দেখুন সেকশন ২৮ অব দি বেঙ্গল ওয়াকফ অ্যাক্ট কি বলছে,

The Commissioner of the Board in exercising their powers under this Act in respect of any wakf shall act in conformity with the directions of the wakif, the purposes of the wakf and any usage or custom of the wakf sanctioned by the Islamic law:

Provided that in furtherence of the objects of the wakf or in the interest of the beneficiaries of the Board may revise any provision in the wakf deed which has become inoperative or impossible of execution owing to efflux of time or changed conditions.

আপনার মেন সেকশন এবং প্রোভাইসো এই দু'টো দেখবেন, যা কিছু করা হবে ওয়াকফ বোর্ড বা

Wakf Board must be in conformity with the directions of the Wakif.

কোন লেজিসলেচারের ক্ষমতা নেই, কোন লেজিসলেচার আইন করতে পারে না

wishes of the wakif must not be fulfilled or something must go against. Therefore, I say, this Preamble is defective. Those additions are defective. If there is so then most of the clauses will fall through.

আজ এখানে মিঃ জাস্টিস আমির আলী, তিনি একজন এমিনেন্ট জুরিস্ট ছিলেন, তাঁর বখ্যাত মুসলিম ল'তে বলেছেন,

aw of wakf is the most important Branch of the Moslem law, for it is interwoven with the entire religious life and Social Economy of the Moslems.

সুতরাং এই ওয়াকফ-এর মধ্যে যদি এই পরিবর্তন করতে হয়, তা হ'লে সেটা অত্যন্ত যত্নের সংগে করতে হবে এবং অত্যন্ত ভেবে-চিন্তে করতে হবে হ্যাপহ্যাজারডলি করলে চলবে না। দেখতে পাবেন যে উইসেস অফ দি ওয়াকফের কথা কেন বললাম না, সেখানে প্রভিশন ভ্যারি করছে ওয়াকফ টু ওয়াকফ। সুতরাং একটা লেভি চাপিয়ে দিয়ে একটা কিছু টাকা আদায় করলাম এবং মুসলমান ছাত্রদের জন্য শিক্ষার ব্যবস্থা করলাম এটা ঠিক হবে না। কারণ ওদের যদি সাহায্য করতে হয়, তা হ'লে দু'টো উপায় আছে, একটা হচ্ছে হাজী মহসীন ফান্ড যেটাতে লক্ষ লক্ষ টাকা আছে সেটা রিলিজ ক'রে দিলে কোন অভাব হবে না। মাননীয় সদস্য গণি সাহেব বলেছেন, শাহীদ সুরাবর্দি কমিটি যেকথা বলেছে

We have endorsed the suggestion that if possible, surplus income derived from wakf should be utilised for the benefit of Moslem public.

সুতরাং মুসলিম পাবলিকের ওয়াকফের যে সারপ্লাস ইনকাম সেটা বের করবার কোন চেষ্টা হচ্ছে না। ওয়াকফ কমিশনারের কর্তব্য, ওয়াকফ বোর্ডের কর্তব্য সেই সারপ্লাস ইনকাম বার করবার এবং তার থেকে মুসলিম ছাত্রদের সাহায্য দেওয়া দরকার। আমি ইন্সট্যান্স হিসাবে ঠালবাগান ওয়াকফের কথা বলছি, সেখানে দি দেন ওয়াকফ কমিশনার শ্রীওয়াজির আলি, আই এ এস, তিনি এখন বাংলাদেশে আছেন, তিনি জাস্টিস আমির আলির সাহায্য নিয়ে একটা স্কীম করেছিলেন। সেই স্কীমটা একটু দেখলে মুসলমান ছাত্রদের সাহায্য করা যেতে পারে। এখন দেখা যাচ্ছে হাজি মহম্মদ মহসীন ওয়াকফের মেজর প্রপার্টি বাংলাদেশে বা ইস্ট পাকিস্তানে চলে গিয়েছিল, তখন হাজি মহম্মদ মহসীন ওয়াকফ থেকে বেশি টাকা পাওয়া যাচ্ছে না, যদিও

এদের লক্ষ লক্ষ টাকা রয়েছে। সেখানে একটা স্কীম ক'রে ২৫ হাজার টাকা মুসলমান ছাত্রদের জন্য বলা হয়েছিল, আজ সেটা ৫০ হাজার টাকায় দাঁড়িয়েছে। সেখানে অনেক মুসলমান ছাত্রকে সাহায্য করা যায় উইদাউট ব্রেকিং দি প্রভিশনস। সুতরাং আমি বলব এই ওয়াকফ ডিডের দিস অ্যামেন্ডিং প্রিএম্বল বাদ দিয়ে এবং ঐভাবে মুসলমান ছাত্রদের জন্য টাকা আদায় করে দাউদি বোরা কমিটির যখন বাংলাদেশে ২-৩টি ওয়াকফ আছে কিন্তু এদের যে আইন-কানুন আছে, সে সম্বন্ধে মিঃ ফৈজী বলেছেন এইগুলি পরিস্কার নয় এবং ওর সিয়ার এই অ্যামেন্ডমেন্ট অ্যাক্টে বলা হচ্ছে,
one number should be of the Daudi Bohra Committee.

[3-10—3-20 p.m.]

এইভাবে না ব'লে
Let him come as a Shia but not as a member of the Dawoodi Bohra Community. There are only 3/4 Shias in the Board and if anybody has to come he should come as a Shia.

আর একটি কথা হচ্ছে, আমি এখানে জুডিসিয়াল মিনিস্টারের অ্যাটেনশন ড্র করছি, একদিকে আফটার মোর দ্যান টুয়েলভ ইয়ারস ফ্রম দি ডেট অফ দি ট্রান্সফার।

Mr. Speaker: Are you referring any clause of the bill?

Shri M. Saukat Ali: Yes, Sir, I am referring to clause 21 which suggests a new section 54(A) proviso (B).

কিন্তু যে মুসলমান ল তাতে উইথ রিগার্ড টু ওয়াকফ মতোয়ালী বা সেবাইত বা ম্যানেজার যদি কেউ থাকেন তাঁর মৃত্যুর পর, রিটায়ারমেন্টএর পর, রিমুভ্যালের পর টুয়েলভ ইয়ার্স— কিন্তু এখানে যে লিমিটেশন পিরিয়ড কমিয়ে দেওয়া হ'ল ইট ইজ এগেনস্ট দি জেনারেল মহামেডান ল। —এ ছাড়া আরও কয়েকটা ডিফেক্ট আছে, মতোয়ালীকে জেলে পাঠাবার কথা বলছেন, কিন্তু বাবা ঠাকুরদা যেটা করে গেল তাতে এমন কি অপরাধ হ'ল যে, তা সিম্পল অর রিগরাস ইম্প্রিজনমেন্ট হয়ে ফাইন হবে। তারপর ইমিগ্রেশন সম্পর্কে হাইকোর্ট থেকে একটা জাজমেন্ট দিয়েছে তাতে বলেছে—
Migration is no disqualification. It is not that migration will only be to Pakistan. Migration may be to various countries. Therefore, it is no disqualification. Recently it has also been held that nationality is no disqualification.

রিসেন্টলি জাস্টিস শ্রী এস এন মুখার্জি অ্যান্ড জাস্টিস এ এন রায় হেডায়া অ্যান্ড আওয়ামগির কেস-এ বলেছেন, ন্যাশনালিটি ইজ নো ডিসকোয়ালিফিকেশন। তারপর এর মধ্যে ওয়াকফ ট্রাইব্যুনালএর ব্যবস্থা করা উচিত ছিল ফর মেকিং লিটিগেশন লেস কস্টলি অ্যান্ড মোর এক্সপিডিশাস। স্ট্যাম্প অ্যাক্ট-এর সংশোধনীর একটা প্রস্তাব থাকা উচিত ছিল টু মেক লিটিগেশন লেস কস্টলি। কিন্তু এসব এর মধ্যে নেই। তারপর আর একটা কথা হচ্ছে এই ওয়াকফ অ্যাক্ট অ্যামেন্ড আমরা করতে যাচ্ছি, কিন্তু ওয়াকফ অফিসের মধ্যে যে দুর্দশা চলছে সেইটা কি মন্ত্রিমহাশয় জানেন না।

দেখা যাচ্ছে ১৯৬৪ সাল থেকে ১৯৭২ সাল পর্যন্ত প্রত্যেক বছর ৬৫ হাজার, ৭৫ হাজার, ৫১ হাজার, ৮০ হাজার পর্যন্ত ডিফিসিট হচ্ছে যেখানে অ্যানুয়াল ওয়াকফ কন্ট্রিবিউশন হচ্ছে ১ লক্ষ ৪ হাজার টাকার মত। ওয়াকফ অফিস মতোয়ালী যে ডিপজিট ভেঙ্গে খাচ্ছে সেটার দিকে দেখছে না। ফলে ওয়াকফ কাঠামো ভেঙ্গে যাচ্ছে, ওয়াকফ স্টেটের যে উদ্দেশ্য সেটা সাধিত হচ্ছে না। সেখানে ডিপজিটগুলি ভেঙ্গে খাওয়া হচ্ছে, সেখানে তাদের দু' মাসের খোরাকি

নেই। সুতরাং অ্যামেন্ডমেন্ট ক'রে কি লাভ হবে আমি বুঝতে পারছি না। আমি যদিও বিলটাকে সাপোর্ট করছি, কিন্তু তবুও মাননীয় জুডিসিয়াল মিনিস্টারকে অনুরোধ করব তিনি যেন এই সমস্ত দিকে বিশেষ ক'রে নজর দেন।

শ্রীমহম্মদ সফিউল্লা ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় বঙ্গীয় ওয়াকফ সংশোধনী বিধেয়ক, ১৯৭৩ যে বিলটা উপস্থাপিত করেছেন আমি তা সম্পূর্ণ সমর্থন করছি। ওয়াকফ শব্দটার মানে রক্ষা করা, হেফাজত করা। আমাদের ভারতবর্ষে তিন ধরনের ওয়াকফ আছে, যথা —পাবলিক ওয়াকফ, কোয়াসি পাবলিক ওয়াকফ এবং প্রাইভেট ওয়াকফ—আমাদের পশ্চিমবঙ্গে খুব বেশি প্রচলিত। আমরা ওয়াকফ সম্বন্ধে কোরাণে কোন উল্লেখ পাই না, কিন্তু জনহিতকর কার্য, দয়া-দাক্ষিণ্যের কথা কোরাণের বহু জায়গায় আছে—যেমন, সুরা ৪১ ভার্স ১৯, সুরা ২ ভার্স ২১৫। ওয়াকফ সম্বন্ধে আমরা বর্ণনা পাচ্ছি প্রভু মহম্মদের খিলাফতের সময় দ্বিতীয় খলিফা ওমর খাইবারের একখণ্ড জমি ভগবানের নামে উৎসর্গ করেন। ভারতবর্ষে ওয়াকফ সম্বন্ধে বর্ণনা পাওয়া যায় আইনুল মুল্ক মুতানীর জুসা-ই-মারু এবং বারানি তারিখ-ই-ফিরোজ শাহিতে বহু ওয়াকফ সম্পত্তির বর্ণনা আছে। ওয়াকফের শাসনব্যবস্থা ছিল—

(১) কেন্দ্রীয় শাসন ঃ
  (অ) সুলতান;
  (আ) সদর-উস-সুদুর।

(২) প্রাদেশিক শাসন ঃ
  (অ) সদর-ই-সুবা ;
  (আ) সদর-ই-সরকার।

(৩) স্থানীয় শাসন ঃ
  (অ) কাজী-ই-পরগানা ;
  (আ) মাল্লা।

(৪) মুতওয়াল্লী।

ওয়াকফ প্রপার্টি সম্বন্ধে সেদিন বিধানসভায় মাননীয় মন্ত্রিমহাশয় একটা প্রশ্নের উত্তরে জানিয়েছেন ৬,৭২৩টি এনরোল্ড ওয়াকফ সম্পত্তি রয়েছে এবং বহু আন-এনরোল্ড সম্পত্তি রয়েছে যার সংখ্যা জানা নেই। যেসমস্ত ওয়াকফ সম্পত্তিগুলি নষ্ট হয়ে গেছে সেই সমস্ত ওয়াকফ প্রপার্টি রক্ষা করার মানসে আজ যে বিল উপস্থাপিত হয়েছে আমি সেই বিলকে সমর্থন করছি এবং বিশেষ ক'রে বিলের প্রিএম্বল অত্যন্ত মূল্যবান। এই প্রিএম্বলে ১৯৩৪ সাল যে সাবস্টিটিউট করা হয়েছে এটা সময়োপযোগী এবং যুগোপযোগী করা হয়েছে। কিছু কিছু ত্রুটি-বিচ্যুতি আমার চোখে পড়েছে, আমি ডিটেলে যেতে চাই না, তবে একটি বিষয়ের দিকে দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে সেকশন ২৮-এর প্রতি যেখানে বলা হচ্ছে

after the words "Islamic law", the words "and in general with the provisions of Mohammedan law relating to wakf" shall be added.

মুসলমানী আইন নয় ইসলামিক আইন, কারণ, ধর্মটাই হচ্ছে ইসলাম, সুতরাং ইসলামিক ল হওয়া উচিত। এটা একটা ছোট ত্রুটি, আশা করি এটা সংশোধন ক'রে নেবেন। আজকে পশ্চিমবঙ্গে বহু ওয়াকফ সম্পত্তি আছে যেসমস্ত সম্পত্তির নথিপত্র আপনাদের অফিসে নেই, সেই সমস্ত সম্পত্তি চারিদিকে ছড়িয়ে আছে, সেগুলি নষ্ট হয়ে গেছে। আমি বলব এই আইন হোক এবং এই আইনকে আরও ভালভাবে বিচার ক'রে সংশোধন ক'রে একটা পাকাপাকি ব্যবস্থা করবেন এই অনুরোধ মন্ত্রিমহাশয়কে ক'রে এই বিলকে সমর্থন ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীআবদ্ল বারি বিশ্বাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সামনে মাননীয় আইনমন্ত্রী মহাশয় যে বঙ্গীয় ওয়াকফ সংশোধন বিধেয়ক, ১৯৭৩ এনেছেন এটা আমি সমর্থন করি এবং এটা একটা বৈপ্লবিক আইন সেই বিষয়ে কোন সন্দেহ নেই। ১৯৬২ সাল থেকে আমি বিধানসভায় এবং বিধানপরিষদে বিভিন্ন জায়গার সদস্যর্পে কাজ ক'রে এসেছি এবং ১৯৬২ সাল থেকে চেষ্টা করছিলাম এই ওয়াকফ সম্পর্কিত আইনগ্লি পরিবর্তন ক'রে এমন একটা সঠিক আইন হওয়া দরকার যাতে সঙ্ঘবন্ধ এবং স্ষ্ঠ্ ব্যবস্থা প্রণয়ন করা যায়।

[3-20—3-30 p.m.]

দ্ঃখের কথা, অতীতকালে যেসমস্ত সরকার ছিলেন তাঁরা যে-কোন কারণেই হোক বা সঙ্কুচিত মনোভাবের জন্যই হোক এ সম্বন্ধে কিছ্ই করতে পারেন নি। আজকে আমাদের সরকার যে দৃঢ় এবং বলিষ্ঠ মনোভাব নিয়ে এগিয়ে গেছেন তার জন্য আমি সরকারকে ধন্যবাদ দিচ্ছি। এই আইন সম্বন্ধে মোটাম্টি আমাদের পাড়াগাঁয়ের লোক জানে, মন্ত্রিমহাশয় জানেন এবং প্রত্যক্ষদর্শী সকলেই জানেন যে, যেসমস্ত প্রপার্টি রয়েছে সেগ্লো মোতোয়ালীদের ব্যক্তিগত মালিকানায় পরিণত হয়েছে এবং তার ফলে এক-একটি মসজিদকে সামনে রেখে তার লব্ধ আয় এঁরা নিজেরা ব্যবহার করছেন, আত্মসাৎ করছেন। সৌকত আলি বললেন, বাবা ওয়াকফ করলেন এবং ছেলে জেলে গেল। কাজেই আরও শক্ত মনোভাব নেওয়া দরকার। অনেক ওয়াকফের শরীর জরাজীর্ণ হয়ে গেছে, কোথাও কোথাও নষ্ট হয়ে গেছে, কাজেই সেই হৃত শরীরকে রক্ষা করবার জন্য যে আইন এনেছেন সেটা খ্বই য্গোপযোগী এবং বলিষ্ঠ পদক্ষেপ। কাজেই আমি মনে করি এই ব্যাপারে কোন রকম মতভেদ থাকার কারণ নেই। এর মধ্য দিয়ে যে আয় হবে তার কিছ্ কিছ্ অংশ রেখে দেওয়া হয়েছে দরিদ্র ছাত্রদের জন্য, ছাত্রাবাসের জন্য। এটা একটা শ্ভ প্রচেষ্টা, কাজেই কোনরকম মতবৈষম্য থাকতে পারে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটা কথা যা বলতে চাই, সেটা হচ্ছে, অনেক ওয়াকফ সম্পত্তি যা নষ্ট হয়ে গেছে সেগ্লি সম্বন্ধে প্ঙ্খান্প্ঙ্খর্পে অন্সন্ধান ক'রে ওয়াকফ পর্ষদের অন্তর্ভুক্ত ক'রে তাকে উদ্ধার করতে হবে। হস্তান্তরিত সম্পত্তি উদ্ধারের জন্য যে আইন এনেছেন সেটা সমর্থনযোগ্য। অনেকে জোর ক'রে ঢ্কেছে, বাড়ি বেদখল করেছে, সেগ্লি উদ্ধার করা প্রয়োজন। অনেক মোতোয়ালি রয়েছে যাকে ১৯৬২ সালে দেখেছি দেহ তেমন বলিষ্ঠ ছিল না, কিন্তু এখন দেখছি এই সমস্ত সম্পত্তি ভোগ ক'রে এরকম মোটা হয়ে গেছে যে, যখন গাড়িতে চড়ে তখন গাড়িতে শরীর আটকে যায়। কাজেই এই যে বলিষ্ঠ আইন এসেছে একে গ্রহণ করা দরকার। আমি আর একটা কথা জানিয়ে দিতে চাই যে, পর্ষদ যেন এই আইনকে ইন টোটো কার্যে পরিণত করেন যাতে গরিব মান্ষের উপকার হয় এবং যারা আত্মসাৎ করেছে সেই মোতোয়ালীদের বির্দ্ধে যেন এই আইন কঠোরভাবে প্রয়োগ করা হয়। এই আইন খ্বই সমর্থনযোগ্য এবং আমি সেদিক থেকে একে সমর্থন করছি।

Shri Abdur Rauf Ansari: Mr. Speaker, Sir, I heartily support the Bengal Wakf (Amendment) Bill, 1973. Sir, this Bill is a long-felt desire of the Moslem community of West Bengal so far as the maintenance and administration of the wakf properties is concerned. It is long-felt, Sir, because we expected that when the so called progressive Government of the United Front came to power,—we thought they were progressive—they would bring some Bill of this type. But the Moslems were very much disappointed, and today we are very happy that this progressive Government, this popular Government has brought this popular Bill—the Wakf (Amendment) Bill, 1973.

Sir, much has been said on the Bill but I would not repeat the points already made. I would like to refer to a few points specifically. In the first place, a special provision has been made for the education of meritorious

students—boys and girls—out of the fund which was kept by the wakf and a cess of two per cent. has been imposed for that purpose. Secondly, previously there was a provision that a member was to be elected to the Board by the Mutwallis through ballot which used to cost about Rs.60 thousand for one election. Under this new Amendment that provision has been removed and the expense in connection therewith has been minimised. One of my friends has said that if a father had created a wakf but if his son did something wrong, why should not the son go to jail? Sir, he should not go to jail only. According to Islamic law he will go to "Jahannam", that is, the hell - there is fire in the hell and he will be burnt in that. In an ordinary jail there is simple imprisonment and he will get there even food and clothing but in the hell he would not get these things.

Thirdly, Sir, I find that in this Bill the wakfs of the Bohra and other communities have been amalgamated. It is a good sign that they have all been brought together within the purview of this Amendment Bill.

The next thing, Sir, is that previously we used to see that a mutwalli used to anyhow please the Commissioner to get the sanction for the transfer and sale of a property. But now he won't have that privilege and he has to go before a board, and only if the board by a two-thirds majority agrees, then he can transfer or sell the property, otherwise not. Here also an embargo has been put on the mutwallis just to protect the properties. Then, Sir, I find that the accounts of those wakfs whose income is above five thousand rupees, and all expenses incurred for litigation in connection therewith would be audited. Previously the mutwallis used to meet the expenditure for litigation from the income of the estates, but now if the mutwallis want to go in for litigation, they may do so but the expenditure for such litigation will not come from the wakf funds. This will serve the beneficial purpose of the fund for which it is created.

Then, Sir, I find that in the case of transfer or appointment of mutwallis, if there was any dispute, formerly the Commissioner used to decide the dispute. But now such a dispute will go to the Board and even after the Board decides the issue, the aggrieved party, if he so likes, can go to court. I am afraid, Sir, that in such cases the party may take undue advantage of the court, and, therefore, in future provision should be made for having some sort of Governmental machinery thereby bringing in an amendment.

Sir, if we go through the Bill from one end to the other, we will find that it is very useful and it will serve a long-felt desire of the people and their needs. There is also a provision in the Bill for the appointment of a Deputy Commissioner of Wakfs which will help the administration of the wakfs. We should see that this Bill is made effective and that the administration in the office of the Wakf Commissioner is run properly and in the right direction. Thank you, Mr. Speaker, Sir, and with these words I fully support this Bill.

Mr. Speaker: Honourable Members, the time which was allocated for this Bill is going to be over at 3-30 p.m. Under rule 290 may I take the consent of the House to extend the time by half an hour? (Voices: 'Yes'). Then, the time is extended up to 4 p.m. Now, I call upon Shri Daulat Ali.

শ্রী শেখ দৌলত আলি: মাননীয় স্পীকার মহাশয়, আমাদের মাননীয় মন্ত্রী আজকে যে বঙ্গীয় ওয়াকফ বিলটি এনেছেন, তা আমি সমর্থন করছি। সমর্থন এই জন্য যে, এই বিলটি অত্যন্ত যুগোপযোগী হয়েছে এবং আজকে এই বিলে সরকারের যে মনোভাব এবং সরকারের যে বলিষ্ঠ পদক্ষেপ তার স্বাক্ষর রয়েছে। আমি মনে করি, এই বিলের খবরে পশ্চিমবঙ্গের মুসলিম সমাজ অত্যন্ত আনন্দ বোধ করছে, তার কারণ হ'ল গ্রামবাংলার মুসলিম সমাজের দিকে চেয়ে দেখুন, তারা জমি ওয়াকফের নামে দিয়েছে, সেই জমির যা কিছু আয় নিজেরা ভোগ করে এবং আত্মসাৎ করে এবং এটা করে আবার তারা নানান রকমের পথ এবং পন্থা ধ'রে চক্রান্ত করে। আমাদের অভিজ্ঞতা আছে এবং সেইজন্যই বলছি আজকের পশ্চিম বাংলার মুসলিম সমাজ বা পশ্চিম বাংলার প্রতিটি মুসলিম এই সংশোধনী বিলের খবর পেয়ে তারা আনন্দ বোধ করছে।

[3-30—3-40 p.m.]

নানারকম ঘটনার সাক্ষ্য আছে। সময় অল্প, বেশি বলতে চাই না। তবে একটা কথা বলি। আজকে মাতোয়ালীর যে ব্যবস্থা হচ্ছে, এই মাতোয়ালীরা সম্পাদক হিসাবে বিভিন্ন জায়গায় পরিচিত হতে পারে এবং তার জন্য তাদের দুরভিসন্ধি বেশির ভাগ জায়গায় চরিতার্থ করে। যে জমি ওয়াকফের নামে দেওয়া আছে মসজিদের উন্নয়নকল্পে, সেই জমি আজকে আত্মসাৎ করলে তাদের বাহবা দেব, এইরকম যদি কেউ ভেবে থাকেন তো সেটা ঠিক হবে না। সেজন্য আমি বলছি যে, আজকে যে তাদের জেলে পাঠাবার ব্যবস্থা হচ্ছে এটা আনন্দের কথা। সেজন্য বিলকে সাধুবাদ জানানো দরকার। এই সম্পর্কে বলতে গিয়ে আমি অন্য একটা প্রসঙ্গের কথা একটু বলতে চাই। আগে বহু মুসলিম ছাত্র মহসীন ফান্ড থেকে টাকা পেত, কিন্তু এখন সেটা পায় না। কারণ সমগ্র মেরিটোরিয়াস ছেলেরা সেই টাকা পায়, সেজন্য মুসলিম ছাত্রদের বরাদ্দ কমে যায়। আজকে এই যে বিলের ভিতর টাকার একটা অংশ মেধাবী মুসলিম ছাত্রদের দেওয়ার প্রচেষ্টার কথা দেখতে পাচ্ছি এটা খুব আশাব্যঞ্জক। এই প্রচেষ্টাকে আমি সাধুবাদ জানাই।

এই প্রসঙ্গে আমি একটা কথা বলতে চাই, যারা জমি আত্মসাৎ করেছে তাদের শুধু জেলে পাঠালেই চলবে না, যে জমি খেয়ে ফেলেছে, আত্মসাৎ করেছে কি হস্তান্তর করেছে, সেই ব্যাপারে সুস্পষ্ট বক্তব্য যদি থাকত, তা হ'লে আমি আরও বেশি আনন্দ বোধ করতাম এবং মুসলিম জনসমাজও এটাকে সমধিক অভ্যর্থনা জানাত।

আমি আর একটা কথা বলতে চাইছি। এখানে এক বন্ধু চাঁদার পোরশন সমান ক'রে দেওয়া হয়েছে, এই সবন্ধে বলতে গিয়ে বললেন—টাকার পরিমাণ, পার সেন্ট বাড়ান দরকার। বিশেষ ক'রে আমাদের আর এস পি-এর বন্ধু একদিকে বললেন, দরিদ্র মুসলিম পরিবার, অন্যদিকে বললেন টাকার অঙ্ক বাড়াতে, এটা নিশ্চয়ই ঠিক নয়। যখন পশ্চিমবঙ্গে এই ধরনের বিল পাস হয় নি তখন জমি আত্মসাতের ভয় থাকত, আজকে যুগের প্রয়োজনে যে বিল আনা হয়েছে এটা নিশ্চয়ই অভিনন্দনযোগ্য। এই ব'লে, এই বিলকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী নুরুন্নেসা সাত্তার: মাননীয় স্পীকার মহাশয়, আমাদের ওয়াকফ সংশোধনী বিল আনার জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি। এটা আরও অনেক আগেই আনা উচিত ছিল, কিন্তু সেটা হয় নি। এখন এই সংশোধনী বিল আনার ফলে অনেক ভাল ভাল কাজ হবে। সংশোধনী বিলে যে কমিটি তৈরি করা হয়েছে, সেটা অত্যন্ত আনন্দের বিষয় হয়েছে। কিন্তু গ্রামাঞ্চলে যেসব ওয়াকফ সমিতিগুলি আছে, সেগুলি যথাযোগ্য কাজ করছে কিনা, সেই সম্পত্তির বাৎসরিক বরাদ্দ ঠিকমত আদায় হয় কিনা সেটা দেখা দরকার, তা না হ'লে যতই আমরা কমিটি গড়ি না কেন, কোন কাজ করতে পারব না যদি আদায় ঠিকমত না হয়। সেই কমিটির

অনেক দেবোত্তর বোর্ডের মাধ্যমে যে কাজ আছে, যেমন ইন্সপেক্টর গ্রামাঞ্চলে পাঠিয়ে তদ্বির ক'রে সম্পত্তির কত আয়ব্যয় হিসাবনিকাশ করা, এগুলি ঠিকমত হয় না। এই ইন্সপেক্টররা অনেক সময় গ্রামে যান না, অন্যান্য লোক দ্বারা কাজ সেরে নেন, কারণ গ্রামে যেতে তাঁদের কষ্ট হয়, খাওয়াদাওয়ার কষ্ট হয়, আমার ধারণা, এখানে বসেই কাজ ক'রে নিয়ে রিপোর্ট তৈরি ক'রে বোর্ডে পেশ করে।

আমার ধারণা হচ্ছে কতকগুলি প্রপার্টি আছে সেখানে যাতে ঠিকমত সুষ্ঠুভাবে কাজকর্ম হয় সেদিকে দৃষ্টি দিলে, সেখান থেকে অনেক টাকা এই বোর্ডের তহবিলে জমা পড়তে পারে এবং সেই টাকার দ্বারা আরও বহুরকম জনহিতকর কাজকর্ম হতে পারে। যেসমস্ত ওয়াকফ প্রপার্টি দরিদ্রদের সেবার জন্য দিয়ে গেছে তা সুষ্ঠুভাবে হয় না। সেই সমস্ত সম্পত্তি নিজেদের কাজে আত্মসাৎ করা হয়। এই সমস্ত সম্পত্তির যে মূল উদ্দেশ্য তার একটা হচ্ছে মসজিদ মেরামত করা, বোর্ড এই প্রপার্টির আয় থেকে মসজিদ মেরামতের খরচ দেয়। একজন মৌলভী সাহেব আছেন তিনি ঠিকমত মসজিদে আজান দেবেন, প্রত্যহ ঠিকমত নমাজ করবেন। কিন্তু তা মানা হয় না। সেই সম্পত্তি তাঁরা নিজেরা ভোগ করেন। এই আইনটা অনেকদিন ধ'রে করবার কথা ছিল। তা এতদিন হয় নাই। মেধাবী গরিব ছেলেমেয়েদের এই প্রপার্টির আয় থেকে সাহায্য করবার ব্যবস্থা আছে। এই কাজটা যাতে সুষ্ঠুভাবে পরিচালনা করা যায় তার জন্য মন্ত্রি-মহাশয়কে অনুরোধ জানাব। যে কমিটি গঠন হচ্ছে সে কমিটির মেম্বাররা সাজেশন দেবেন কোন্ কোন্ ছেলেমেয়েদের এই সম্পত্তি থেকে সাহায্য দেওয়া হবে, যাদের সত্যি সত্যি প্রয়োজন আছে—সেই রকম উপযুক্তদের যেন সাহায্য দেওয়া হয়।

আমি আরও বলব, মুসলিম ছাত্রদের থাকার জন্য হোস্টেলের প্রয়োজন। তারা শহরে এসে পড়াশুনা করতে পারে না থাকবার অসুবিধার জন্য। এই হোস্টেলের জন্য এই ফান্ড থেকে প্রয়োজনীয় অর্থের যেন বরাদ্দ করা হয়। তা হ'লে পরে, দরিদ্র মেধাবী মুসলিম ছেলেরা সেই হোস্টেলে থেকে পড়াশুনা করতে পারবে।

পরিশেষে আমি এই সংশোধনী বিল আনবার জন্য মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীআবদুস সাত্তার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মোটামুটিভাবে এই যে সংশোধনী বিল আনা হয়েছে, তাতে আমরা ওয়াকফ অ্যাক্টের যেসমস্ত সেকশন আছে, সে সেকশনগুলি ওয়াকফ অ্যাডমিনিস্ট্রেশনের বাধাস্বরূপ ছিল, তা দূর করবার জন্য আমরা চেষ্টা করেছি। এই বিলের সেকশন ৫-এর দ্বারা আমরা সেকশন ৮(২)(সি) যেটা দ্যাট হ্যাজ বিন ডিলিটেড অর অমিটেড, এইজন্য

"One member to be elected, in the manner prescribed by the State Government by the Mutwallis of enrolled Wakfs."

এই ইলেকশনের হিসেবে দেখা যায়, ৬১ হাজার থেকে ৭০ হাজার টাকা খরচ হয়। গোটা পশ্চিমবঙ্গে ছড়িয়ে গেছে মোতোয়ালী—এদের দিয়ে আর একজন মোতোয়ালী ইলেক্টেড করেন সম্পূর্ণ সরকারী খরচায়, এর সব টাকা সরকারকে বহন করতে হয়। এই টাকা ওয়াকফ ফান্ড থেকে আসে না। সেইজন্য

"One member to be elected, in the manner prescribed by the State Government, by the Mutwallis of enrolled Wakfs." This has been omitted.

সেই জায়গাতে আমরা সেকশন ৮(২)এ যেখানে

"Four members to be appointed by the State Government, of whom only one shall be a Shia and only one shall be Mutwalli."

আছে, সেখানে তার জায়গাতে—

"Five members to be appointed by the State Government, of whom one shall be a Shia and two shall be Mutwallis."

মোতোয়ালীর সংখ্যা আমরা বাড়িয়ে দিলাম এর দ্বারা। সরকারের যে ৬১ হাজার টাকা খরচ হত, তা এর দ্বারা বাঁচানো হ'ল। এই মোটামুটি যে পরিবর্তন একটা ইম্পর্ট্যান্ট পরিবর্তন, তারপর ক্রিয়েশন অব এডুকেশন ফান্ড—তার ক্লজ হচ্ছে ১৬। সেখানে আমাদের সেকশন ২৭(১)(এফ) বলছে,

"creation of an Education Fund for the education of poor and meritorious boys and girls professing Islam reading in schools, colleges and vocational institutions recognised by the State Government."

এটা আমরা অ্যাড করেছি। অনেকে বলবেন এবং অনেকে বলছেন, ওয়াকফ ডিডের বাইরে কিছু করা ঠিক নয়। অনেকে মোতোয়ালীর জন্য দুঃখ প্রকাশ করেছেন। বিশেষ ক'রে আমাদের সৌকত আলি সাহেব। আমি সৌকত আলি সাহেবকে বলতে চাইছি, মহামেডান ল অনুসারে ওয়াকফের ডেফিনেশন হচ্ছে,

Wakf means the permanent dedication by a person professing Mussalman faith, of any property for any purpose recognised by the Mussalman Law as religious, pious or charitable.

৭৪ মহামেডান ল-তে বলছে, ডেডিকেটেড মাস্ট বি পারমানেন্ট। আর অবজেক্ট অফ ওয়াকফ হচ্ছে,

The purpose for which Wakf may be created must be one recognised by Mohammedan law as religious, pious or charitable.

তা ছাড়া,

Wakf may also be created in favour of the settlers' families and their descendants.

এবং সেখানে প্রধান কারণ হচ্ছে

The mosque and provision for Imam to worship therein.

সেকেন্ডলি আছে,

Colleges and provisions for professors to preach in colleges.

আমরা এখানে গরিব মুসলমান ছাত্রদের জন্য দেবোত্তর প্রপার্টির মত ওয়াকফ প্রপার্টিতে রেখেছি। ওয়াকফের দুই ভাগ আছে, তার সংগে মসজিদ ভাল করার টার্মস জুড়ে দেওয়া হয়েছে। ওয়াকফ অল-অল-আউলাদ অর্থাৎ ডেডিকেটেড ফর দি বেনিফিসিয়ারিজ, এটা রিলিজিয়াস পারপাসে দেওয়া হয়, ওয়াকফ ডেডিকেটেড টু গড এবং নোবডি ইজ দি ওনার। সুতরাং সৌকত সাহেব যে বললেন, বাপ বেটার জন্য অর্থ রেখে গেলে তাকে জেলে যেতে হবে সেটা কি রকম? ওয়াকফের অর্থ যখন ডেডিকেটেড টু গড (অর্থাৎ ওয়াকফ-অল-অউলাদ) সেটা রিলিজিয়াস পারপাস, সুতরাং তার মিসইউজ করলে অথবা যদি কেউ আত্মসাৎ করে তাকে জেলে কেন, আরও বেশি কিছু দেওয়া যেতে পারে। কারণ দ্যাট ইজ অ্যান অফেন্স। তা ছাড়া, মুসলমান ছাত্রদের সাহায্য করার জন্য যে ফান্ড ক্রিয়েট করা হচ্ছে আমি বলব এটা রেভোলিউশনারি চেঞ্জ আনা হয়েছে। এর ফলে গরিব মেধাবী মুসলমান ছেলেরা যারা লেখাপড়া শিখতে পারছে না, তারা শিখতে পারবে। আমি জানি না কেন সৌকত সাহেব এতে বাধার সৃষ্টি করছেন। আবু মহম্মদ হানিফ সাহেব থেকে আরম্ভ ক'রে যদি অন্যান্য ইমামদের স্মরণ করেন তা হ'লে দেখতে পাবেন মোতোয়ালী হচ্ছে রিলিজিয়াস পারপাসে এবং মোতোয়ালী ক্ষমতা যিনি মিসইউজ করেন তার শাস্তির বিধান আছে এবং এখনও সেটা থাকবে। যে জরিমানা ছিল তা খুব অল্প ছিল। আমরা সেটা বাড়িয়েছি —হাজার টাকা করেছি—অথবা জেল হতে পারে—কিংবা জেল ও জরিমানা দুই-ই হতে পারে। কোর্ট যদি মনে করেন জেল দেওয়ার দরকার নেই, জরিমানা করা দরকার, তা কোর্ট করতে পারেন। তার জন্য এখানে সাফিসিয়েন্ট কোর্টকে ডিরেকশন দেওয়া হয়েছে এই আইনের প্রভিশনে। তারপর আর একটা প্রভিশন ছিল যে, যদি কোন মেতোয়ালী কোন টাকা খরচ করেন মিসইউজিং হিজ পাওয়ার সেখানে তাঁকে রিমুভ করার ব্যাপারে কমিশনারের পাওয়ার ছিল না, বোর্ডও ছিল

না; এখানে ক্লজ ১৮ অব দি বিল বলা আছে, যদি দেখা যায় কোন মোতোয়ালী তার পাওয়ার মিসইউজ করেছে ওয়াকফ-এর নির্দেশের বাইরে কাজ করছে ডিরেকশন মানছে না সেখানে বলেছি সেকশন ৪০-তে যে,

in the case of any wakf of which there is no mutwalli or where the mutwalli is not available, or the mutwalli is, in the opinion of the Board, not capable of acting as such or there appears to the Board to be an impediment to the appointment of a mutawalli, the Board may appoint for such period and on such conditions as it thinks fit a person to act as mutwalli.

এই বিধান করা হয়েছে। কোর্টের আদেশ আর নিতে হচ্ছে না। আর একটা প্রস্তাব আছে ট্রান্সফারের ব্যাপারে। সৌকত আলি সাহেব অনেকদিন এর সংগে জড়িত আছেন, তিনিও জানেন এবং আমাদের কলকাতার গনি সাহেব নিশ্চয় জানেন যে, কলকাতার বুকে—বাইরে তো দূরের কথা—অনেক সময় ওয়াকফরা

Without any permission from the Commissioner

অনেক সম্পত্তি হস্তান্তর করেছে—ইল্লিগ্যালি করেছে, বেআইনীভাবে হস্তান্তর করেছে। কেননা Under the Mahammadan Law Wakf property cannot be alienated. Wakf property is dedicated to God.

হস্তান্তর করতে হ'লে কমিশনারের পারমিশন নেবার বিধান ছিল। অনেক সময় দেখা গিয়েছে কমিশনারের পারমিশন কিভাবে সংগ্রহ ক'রে কায়দা ক'রে করা হয়েছে হস্তান্তর। বহু মূল্যবান ওয়াকফ সম্পত্তি নামমাত্র দামে হস্তান্তর করা হয়েছে। তাই এখানে বিধান করা হয়েছে যে, কমিশনারের কথা চলবে না। হস্তান্তর যদি করতে হয়, তা হ'লে বোর্ডের তিন ভাগের দু' ভাগ মেম্বারের মত থাকলে হস্তান্তর হবে।

শ্রী এম সৌকত আলিঃ বোর্ডের মেম্বারদের তা হ'লে জুডিসিয়াল ট্রেনিং থাকা দরকার।

শ্রীআবদুস সাত্তারঃ জুডিসিয়াল ট্রেনিং তো আপনার আছে। ট্রান্সফার করতে গেলে বোর্ডের উক্ত মেম্বারদের সম্পত্তি থাকা চাই। আর সভ্য হবার কি নিয়ম তাও আমি বলেছি—মোতোয়ালী থেকে হবে, আর মেম্বার অব দি অ্যাসেম্বলি, তাদের থেকে সভ্য থাকবেন—যে বিধান আছে, সেই অনুসারেই বোর্ডের মেম্বার হবেন। মেম্বাররা যদি মত দেন, তা হ'লে বিক্রি করতে পারবেন। তাও

Only on the grounds of legal necessity.

লিগ্যাল নেসেসিটি ছাড়া বিক্রি করতে পারবেন না। এই ক্লজে যোগ ক'রে আমি মনে করি ওয়াকফ সম্পত্তি যে নষ্ট হয়ে যায় এই আইন দ্বারা সে সম্পত্তি রক্ষা পাবে। এতে সকল সদস্যই মত দিয়েছেন। এই ট্রান্সফার ব্যাপারে অনেক দুর্নীতি ছিল। পানিশমেন্ট সম্বন্ধে আমি অবশ্য আগে বলেছি।

[3-50—4-10 p.m., including adjournment.]

আমি আর বেশি কিছু বলব না, মোটামুটি এই কয়েকটি কথা আপনাদের বললাম এবং আপনারা যাঁরা এই বিলটা সম্পূর্ণভাবে পড়েছেন তাঁরা নিশ্চয় এটা দেখেছেন। আর মহমেডান ল'র প্রভিশন সম্বন্ধে যেটা বলেছেন সেটা সম্বন্ধে আমি একটুখানি ব'লে দিচ্ছি ইসলামিক ল বা মহমেডান ল সেই সমস্ত পারপাজের জন্যই করা হয়েছে। ইট ইজ ইন কনফরমিটি উইথ দি ইসলামিক ল অ্যান্ড নট এগেনস্ট ইট। আই হ্যাভ রেড আউট দ্যাট। ১৭৮ যেটা আছে সেখানে ইট ইজ আন্ডার দি মহমেডান ল, ইউ উইল গেট ইট। ডিটেলসের দরকার ছিল না, কেননা সেখানে আমাদের সেন্ট্রাল ল' আছে, স্টেট ল আছে এবং ফর দি পারপাজ অব অ্যাডমিনিস্ট্রেশন এটা আমরা করেছি। অ্যাডমিনিস্ট্রেশনের ক্ষেত্রে ইসলামিক ল-তে সেই সমস্ত বিধান আছে।

ইসলামিক ল-তে এটা মোটামুটি ইনকরপোরেটেড হচ্ছে। এই কথা ব'লে যাঁরা সিলেক্ট কমিটিতে পাঠাবার কথা বলেছেন তার বিরোধিতা ক'রে মাননীয় সদস্যদের এটা গ্রহণ করার সুপারিশ ক'রে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker: The Circulation Motion has not been moved. So I put the motion of Shri Abdus Sattar to vote.

The motion of Shri Abdus Sattar that the Bengal Wakf (Amendment) Bill, 1973, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 22

The question that clauses 1 to 22 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 23

Mr. Speaker: There is an amendment in clause 23 by Shri Gyan Singh Sohanpal. The amendment is in order. Shri Sohanpal may please move his amendment.

Shri Cyan Singh Sohanpal: Mr. Speaker, Sir, I beg to move that in clause 23, for the proposed section 58A, the following section be substituted, namely:—

"Appeal.

58A. An appeal from an order of the Board under sub-section (1) of the section 58 shall be made within thirty days from the date of the order, before such authority and in such manner as may be prescribed."

Shri Abdus Sattar: Sir, I accept the amendment.

The motion of Shri Gyan Singh Sohanpal that in clause 23 for the proposed section 58A, the following section be substituted, namely:

"Appeal.

58A. An appeal from an order of the Board under sub-section (1) of the section 58 shall be made within thirty days from the date of the order, before such authority and in such manner as may be prescribed."

was then put and agreed to.

The question that clause 23, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

Clauses 24 to 30

The question that clauses 24 to 30 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 31

Mr. Speaker: There is one amendment to clause 31 by Shri Gyan Singh Sohanpal. The amendment is in order. Shri Sohanpal may please move his amendment.

Shri Gyan Singh Sohanpal: Sir, I beg to move that for clause 31, the following clause be substituted, namely:—

'**Amendment of section 84.**

31. In sub-section (2) of section 84 of the said Act,—

(1) after clause (c), the following clause shall be inserted, namely:—

"(cc) the delegation of powers, functions and duties by the Commissioner to the Deputy Commissioner;",

(2) after clause (k), the following clauses shall be inserted, namely:—

"(kk) the manner in which any property referred to in sub-section (8) of section 54A shall be dealt with;

(kkk) the authority before which and the manner in which an appeal shall be made under section 58A;",

(3) after clause (l), the following clause shall be inserted, namely:—

"(ll) any other matter which may be or is required to be prescribed.".'

Shri Abdus Sattar: Sir, I accept the amendment.

The motion of Shri Gyan Singh Sohanpal that for clause 31 the following clause be substituted, namely:—

'**Amendment of section 84.**

31. In sub-section (2) of section 84 of the said Act,—

(1) after clause (c), the following clause shall be inserted, namely:—

"(cc) the delegation of powers, functions and duties by the Commissioner to the Deputy Commissioner;",

(2) after clause (k), the following clauses shall be inserted, namely:—

"(kk) the manner in which any property referred to in sub-section (8) of section 54A shall be dealt with;

(kkk) the authority before which and the manner in which an appeal shall be made under section 58A;",

(3) after clause (l), the following clause shall be inserted, namely:—

"(ll) any other matter which may be or is required to be prescribed.".'

was then put and agreed to.

The question that clause 31 as amended do stand part of the Bill was then put and agreed to.

Clauses 32 to 37 and Preamble

The question that clauses 32 to 37 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Abdus Sattar: Sir, I beg to move that the Bengal Wakf (Amendment) Bill, 1973, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

(At this stage the House was adjourned for 20 minutes.)

(After adjournment)

VOTING ON DEMANDS FOR GRANTS

[4-20—4-30 p.m.]

Mr. Speaker: Demands for Grant Nos. 20 and 21 may be taken together.

DEMAND FOR GRANT No. 20

Major Head: 29—Medical

Shri Ajit Kumar Panja: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 28,01,92,000 be granted for expenditure under Grant No. 20, Major Head: "29—Medical".

DEMAND FOR GRANT No. 21

Major Heads: 30—Public Health, and 30A—Family Planning

Sir, on the recommendation of the Governor, I also beg to move that a sum of Rs. 16,21,93,000 be granted for expenditure under Grant No. 21, Major Heads: "30—Public Health", and "30A—Family Planning".

শ্রীঅজিতকুমার পাঁজা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে শুধু গ্র্যান্ট ২০ এবং ২১ নয়, ৩০(এ) পরিবার পরিকল্পনা একসংগে নিতে চাইছি।

রাজ্যপালের সুপারিশক্রমে আমি গ্র্যান্ট নং ২০, "২৯—মেডিক্যাল" খাতে ২৮ কোটি ১ লক্ষ ৯২ হাজার টাকা, ১৯৭৩-৭৪ সালের জন্য ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন করছি।

রাজ্যপালের সুপারিশক্রমে আমি গ্র্যান্ট নং ২১, "৩০—পাবলিক হেল্‌থ" এবং "৩০এ—পরিবার পরিকল্পনা" খাতে ১৬ কোটি ২১ লক্ষ ৯৩ হাজার টাকা ১৯৭৩-৭৪ সালের জন্য ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন করছি।

এই প্রসংগে আমি জানাচ্ছি যে, "২৯—মেডিক্যাল" খাতে ১৯৭৩-৭৪ সালের বরাদ্দ হচ্ছে ২৮ কোটি ১ লক্ষ ৯২ হাজার টাকা এবং "৩০—পাবলিক হেল্‌থ" এবং "৩০এ—পরিবার পরিকল্পনা" খাতে হচ্ছে যথাক্রমে ১৩ কোটি ৮৭ লক্ষ ৭২ হাজার টাকা এবং ২ কোটি ৩৪ লক্ষ ২১ হাজার টাকা। এই বরাদ্দগুলো ছাড়াও স্বাস্থ্য সংক্রান্ত বিষয়ের জন্য "৫০—পাবলিক ওয়ার্কস", "১০৩—ক্যাপিট্যাল আউটলে অন পাবলিক ওয়ার্কস", "১০৯—ক্যাপিট্যাল আউটলে অন আদার ওয়ার্কস" এবং "লোনস্ অ্যান্ড অ্যাডভান্সেস" খাতে অর্থ বরাদ্দ আছে। এই সকল খাতের সমস্ত বরাদ্দ অর্থ সমেত স্বাস্থ্য সংক্রান্ত বিষয়ের জন্য ১৯৭৩-৭৪ সালে মোট বরাদ্দ অর্থের পরিমাণ হ'ল ৪৭ কোটি ৮ লক্ষ ৫০ হাজার টাকা। এটা ১৯৭২-৭৩ সালের বরাদ্দ ৪১ কোটি ৩৫ লক্ষ ৩২ হাজার টাকার থেকে ৫ কোটি ৭২ লক্ষ ১৮ হাজার টাকা বেশি।

আমি সবিনয়ে জানাচ্ছি যে, সীমিত অর্থের মধ্যে স্বাস্থ্য প্রকল্পগুলো এমনভাবে নেওয়া হয়েছে যেন সুষ্ঠুভাবে রোগ নিয়ন্ত্রণ এবং উৎসাদন করা যায় ; যেন সমগ্র রাজ্যে আরোগ্য কর (কিউরেটিভ) এবং প্রতিষেধক (প্রিভেন্টিভ) স্বাস্থ্য ব্যবস্থার সংস্থান করা যায় ; যেন মেডিক্যাল এবং সহায়ক স্বাস্থ্য কর্মীর শিক্ষণসূচির প্রসার ঘটে। পরিবার পরিকল্পনার কার্যসূচিকে যথাযথ অগ্রাধিকার দেওয়া হয়েছে। এবার জলসরবরাহ এবং স্বাস্থ্য বিধান ব্যবস্থার উন্নতির জন্য বেশি পরিমাণ অর্থ বরাদ্দ করা হয়েছে।

আমি এখন বিধানসভার সমক্ষে আমাদের সরকারের ভবিষ্যতের স্বাস্থ্য ব্যবস্থার কর্মসূচির চিত্র রাখছি।

আরোগ্যকর কার্যাবলী

(ক) **কলকাতা এবং শিল্পাঞ্চলের হাসপাতালসমূহঃ** কলকাতার শিল্পাঞ্চলের হাসপাতাল-গুলোর সম্প্রসারণ এবং নতুন হাসপাতাল স্থাপনের নীতি আমরা গ্রহণ করেছি। এই নীতি অনুযায়ী কলকাতা মেডিক্যাল কলেজ হাসপাতাল, নীলরতন মেডিক্যাল কলেজ হাসপাতাল, আর জি কর হাসপাতাল, চিত্তরঞ্জন হাসপাতাল, হাওড়া জেনারেল হাসপাতালসমূহের সম্প্রসারণ করা হচ্ছে ; আর বেহালা, কামারহাটি, ভাটপাড়ায় নতুন হাসপাতাল স্থাপন করা হচ্ছে। সি এম ডি এ-র কর্মসূচি অনুযায়ী আরও কয়েকটি নতুন হাসপাতাল নির্মিত হবে। কল্যাণীর জওহরলাল নেহরু মেমোরিয়াল হাসপাতালে ৫০০ শয্যা চালু আছে। বক্ষরোগের চিকিৎসার বিশেষ হাসপাতালটিতে (গান্ধী মেমোরিয়াল) আরও ১০০ অতিরিক্ত শয্যা শীঘ্রই সংযোজিত হবে। নবদ্বীপের ১২৫ শয্যাযুক্ত সাধারণ হাসপাতাল এবং কলকাতার ৬৩ শয্যাযুক্ত অবিনাশ দত্ত মেটারনিটি হাসপাতাল চালু করার আদেশ দেওয়া হয়েছে।

চিকিৎসার সুযোগ-সুবিধার জন্য আমরা নিম্নলিখিত ব্যবস্থা অবলম্বন করেছিঃ

(১) **বহির্বিভাগ এবং জরুরি কার্যাবলীঃ** কলকাতার বড় বড় হাসপাতালগুলির ইমার-জেন্সি বিভাগে বিশেষজ্ঞ চিকিৎসক নিযুক্ত করা হয়েছে। যাতে জরুরি ক্ষেত্রে চব্বিশ ঘণ্টা রোগীরা তাঁদের দ্বারা চিকিৎসা করবার সুযোগ পান। এক্স-রে এবং প্যাথলজি বিষয়ক সুযোগ-সুবিধাও যাতে রোগীরা পেতে পারেন তজ্জন্য প্রয়োজনীয় অতিরিক্ত সাজসরঞ্জাম এবং সহায়ক স্বাস্থ্যকর্মীর ব্যবস্থা করা হয়েছে। বহির্বিভাগের সুযোগসুবিধার সংস্থান আরও বেশিভাবে যাতে রোগীদের জন্য করা সম্ভব হয় তার ব্যবস্থাও করা হচ্ছে।

(২) **পে-ক্লিনিক এবং পলিক্লিনিকঃ** নামমাত্র ব্যয়ে যাতে জনসাধারণ বিশেষজ্ঞের দ্বারা চিকিৎসার সুযোগ পান তজ্জন্য কলকাতায় পে-ক্লিনিক এবং পলিক্লিনিক স্থাপন করা হয়েছিল। বর্তমানে কলকাতায় একটি বিকেলের পে-ক্লিনিক এবং দুটি পলিক্লিনিক চলছে। সি এম ডি এ অঞ্চলে যত শীঘ্র সম্ভব যাতে চিকিৎসার সুযোগ ক'রে দেওয়া যায় তজ্জন্য তাঁদেরই অর্থানুকূল্যে আমরা ২০টি বহির্বিভাগীয় ক্লিনিক, ৪টি পলিক্লিনিক এবং ১০টি ভ্রাম্যমাণ ক্লিনিক স্থাপনের অনুমোদন দিয়েছি। এরূপ ১৬টি পলিক্লিনিক, ৮০টি বহির্বিভাগীয় ক্লিনিক এবং ২০টি ভ্রাম্যমাণ ক্লিনিক স্থাপনের পরিকল্পনা আছে। এইসব পলিক্লিনিকে বিশেষজ্ঞের দ্বারা চিকিৎসার সুযোগ রোগীরা পাবেন। দিনের নির্দিষ্ট সময়ে দরিদ্র রোগীরা এইসব বিশেষজ্ঞের চিকিৎসার সুযোগ বিনামূল্যে পাবেন।

[4-30—4-40 p.m.]

(৩) **জেলা ও মহকুমা হাসপাতাল এবং জেলার অন্যান্য সাধারণ হাসপাতালসমূহের উন্নয়নঃ** আমরা জেলা এবং মহকুমা হাসপাতালগুলোকে উন্নীত করবার এবং সেসবগুলোতে বিশেষজ্ঞ চিকিৎসক নিযুক্ত করবার নীতি গ্রহণ করেছি। আঞ্চলিক ভিত্তিতে এসব বিশেষজ্ঞের দ্বারা চিকিৎসার সুযোগ করতে পারলে জেলাগুলো থেকে কলকাতার হাসপাতালগুলোতে রোগীদের ভিড় নিশ্চিতভাবে কমে যাবে। জেলা এবং মহকুমা হাসপাতালে এরূপ বিশেষজ্ঞের চিকিৎসার

ব্যবস্থা গ্রামের লোকের খুবই উপকারে এসেছে এবং জনসাধারণের মধ্যে বেশ উৎসাহের সঞ্চার করেছে।

অল্পদিন আগে পর্যন্তও আমাদের লক্ষ্য ছিল প্রতি জেলা হাসপাতালে অন্তত ১৩১ শয্যা এবং প্রতি মহকুমা হাসপাতালে অন্তত ৬৮ শয্যা থাকবে। আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে প্রায় প্রতি ক্ষেত্রেই এই লক্ষ্যমাত্রায় এর মধ্যেই পেঁছানো সম্ভব হয়েছে এবং এখন আমরা এইসব হাসপাতালের বর্তমান স্থানের মধ্যে অতিরিক্ত শয্যার সংস্থান ক'রে অথবা নতুন নির্মাণকার্যের মাধ্যমে প্রতি জেলা হাসপাতালে ৫০০ শয্যা এবং মহকুমা হাসপাতালে ২৫০ শয্যার ব্যবস্থা করছি। বিশেষ প্রচেষ্টা ক'রে আমরা চতুর্থ পরিকল্পনায় এ পর্যন্ত প্রায় ১,৭০০ শয্যার সংস্থান করেছি।

জলপাইগুড়ি, বর্ধমান, মেদিনীপুর, পুরুলিয়া এবং হাওড়া জেলা হাসপাতালে এবং বনগাঁ শ্রীরামপুর, আরামবাগ এবং চন্দননগর মহকুমা হাসপাতালে নতুন নির্মাণকার্য চলছে ; ৬৮ শয্যাযুক্ত একটি নতুন মহকুমা হাসপাতাল ডায়মন্ড হারবারে খোলা হয়েছে। নবদ্বীপে ১২৫ শয্যা-বিশিষ্ট একটি সাধারণ হাসপাতাল চালু করবার নির্দেশ দেওয়া হয়েছে; রানাঘাট, কালনা, ঘাটাল এবং লালবাগে নতুন মহকুমা হাসপাতালের নির্মাণকার্য চলছে। সি এম ডি এ-র কর্মসূচি অনুযায়ী ভাটপাড়ায় একটি ৬৮ শয্যা-বিশিষ্ট এবং কামারহাটি ও দক্ষিণ হাওড়াতে ১৩১ শয্যা-বিশিষ্ট দু'টি হাসপাতাল স্থাপন করবার প্রস্তাব মঞ্জুর করা হয়েছে। মেদিনীপুর জেলার খড়্গপুরে ও দার্জিলিং জেলার কালিম্পঙে একটি মহকুমা হাসপাতাল স্থাপনের প্রস্তাব বিশেষভাবে বিবেচিত হচ্ছে। চতুর্থ পরিকল্পনার শেষ বছরে সি এম ডি এ-র অর্থানুকূল্যে সি এম ডি এ অঞ্চলে আরও কয়েকটি হাসপাতাল নির্মাণের পরিকল্পনা আছে।

চতুর্থ পরিকল্পনায় ১৯৭২-৭৩ সাল পর্যন্ত আমাদের হাসপাতালসমূহে মোট ৩,৮০০ শয্যার সংস্থান করা হয়েছে। ১৯৭৩-৭৪ সালে আরও ১,৮০০ শয্যা সংযোজিত হবে।

(খ) **স্বাস্থ্যকেন্দ্র :** গ্রামাঞ্চলে রোগ আরোগ্যকর এবং প্রতিষেধক ব্যবস্থার সংহত বন্দোবস্ত-স্বরূপ এ পর্যন্ত মোট ২৯০টি প্রাথমিক এবং ৫২৭টি উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হয়েছে। এগুলোতে রয়েছে মোট ৬,১২২টি শয্যা। গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রের পরিকল্পনানুসারে প্রতি ব্লকে থাকবে একটি প্রাথমিক এবং অন্তত দু'টি উপ-স্বাস্থ্যকেন্দ্র। এই কর্মসূচি অনুযায়ী প্রায় ২০০টি প্রাথমিক এবং উপ-স্বাস্থ্যকেন্দ্রের নির্মাণকার্যের অনুমোদন দেওয়া হয়েছে। পরবর্তী বছরের লক্ষ্যমাত্রা হচ্ছে আরও ২৮টি প্রাথমিক এবং ৩৫টি উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করা। এতে আর মাত্র ৬৫টি উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের কাজ বাকি থাকবে।

গ্রাম বাংলার লোকেদের চিকিৎসার আরও সুযোগ হিসেবে যেসব প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে উপযুক্ত জায়গা আছে সেখানকার শয্যাসংখ্যা বৃদ্ধি করা হবে। এদিকের লক্ষ্যমাত্রা হচ্ছে, বর্তমান বছরে ৫৭৫টি এবং আগামী বছরে ১,০০০ অতিরিক্ত শয্যার সংস্থান। স্বাস্থ্যকেন্দ্র সম্পর্কে আর একটি বিশেষ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। স্বাস্থ্যকেন্দ্রের ৩ কিলোমিটারের মধ্যে যেখানে বিদ্যুৎ লাইন আছে সেসব স্বাস্থ্যকেন্দ্রের বৈদ্যুতীকরণের জন্য একটি জরুরি কর্মসূচি গ্রহণ করা হয়েছে। প্রথম পর্যায়ে মোট ১২২টি স্বাস্থ্যকেন্দ্রের বৈদ্যুতীকরণ করা হয়েছে। এই কর্মসূচির দ্বিতীয় পর্যায়ে ৮৬টি স্বাস্থ্যকেন্দ্রের বৈদ্যুতীকরণ করা হবে। এ কাজও শীঘ্র সম্পন্ন হবে। এই প্রকল্পের মোট আনুমানিক ব্যয় ৬৯ লক্ষ টাকা। আগে কেবল স্বাস্থ্যকেন্দ্রের গৃহ এবং ডাক্তার ও নার্সদিগের বাসগৃহের বৈদ্যুতীকরণ করা হত। এখন সকল শ্রেণীর কর্মীর বাসগৃহে বিদ্যুতের আলোর ব্যবস্থা করা হচ্ছে। এইসব কেন্দ্রের ডাক্তার ও নার্সদের কাজের সুবিধার জন্য যন্ত্রপাতি ও প্রয়োজনীয় জিনিসের তালিকা দেওয়া হচ্ছে।

(গ) **বিশেষ ক্লিনিকসমূহ :** মফঃস্বলের জনসাধারণের দন্তচিকিৎসার সুযোগের জন্য গত দু' বছরে মহকুমা হাসপাতালগুলোতে ২১টি দন্তচিকিৎসার ক্লিনিক চালু করা হয়েছে। এ বছর আরও ৬টি ক্লিনিক মঞ্জুর করা হয়েছে।

দুর্গাপুরের মহকুমা হাসপাতালে যৌনব্যাধি চিকিৎসার ক্লিনিক মঞ্জুর করা হয়েছে। নীলরতন সরকার মেডিক্যাল কলেজ হাসপাতালে একটি মনোরোগের ক্লিনিক মঞ্জুর করা হয়েছে।

(ঘ) **হাসপাতাল কার্যাবলীর মান উন্নয়নের ব্যবস্থাঃ** হাসপাতালসমূহে চিকিৎসার সুযোগ-সুবিধার মান উন্নয়নের জন্য দৃঢ় ব্যবস্থা অবলম্বন করা হয়েছে। কলকাতা এবং জেলাসমূহের সকল হাসপাতাল এবং স্বাস্থ্যকেন্দ্রের রোগীদিগকে উন্নত ধরনের আহার্য দেবার ব্যবস্থা হিসেবে দৈনিক বরাদ্দ অধিকৃত শয্যাপ্রতি ২ টাকা থেকে বাড়িয়ে ২ টাকা ৫০ পয়সা করা হয়েছে। যক্ষ্মা হাসপাতালের আহার্যের দৈনিক বরাদ্দ তিন টাকা স্থির করা হয়েছে। হাসপাতাল এবং স্বাস্থ্যকেন্দ্রসমূহে যাতে নিয়মিত এবং পর্যাপ্ত পরিমাণ ওষুধ সরবরাহ করা হয় তার ব্যবস্থা করা হচ্ছে। এ ছাড়া জেলাসমূহে হাসপাতালের অ্যাম্বুলেন্স ব্যবস্থা উন্নীত করার প্রস্তাবও বিশেষভাবে বিবেচনা করা হচ্ছে।

(ঙ) **ব্লাড ব্যাঙ্কঃ** ব্লাড ব্যাঙ্কসমূহের রক্ত সরবরাহ ব্যবস্থার যথেষ্ট সম্প্রসারণ করা হয়েছে। এ পর্যন্ত জেলা হাসপাতালসমূহে ১৪টি জেলা ব্লাড ব্যাঙ্ক খোলা হয়েছে। কলকাতায় মেডিক্যাল কলেজ হাসপাতালের কেন্দ্রীয় ব্লাড ব্যাঙ্ক ছাড়াও এস এস কে এম, এন আর এস, এম সি, আর জি কর, যাদবপুর টি বি এবং ন্যাশনাল কলেজ (চিত্তরঞ্জন) হাসপাতালসমূহে ব্লাড ব্যাঙ্ক চালু আছে। কল্যাণীর জওহরলাল নেহরু মেমোরিয়াল হাসপাতালে এবং শ্রীরামপুর মহকুমা হাসপাতালে এরূপ ব্লাড ব্যাঙ্ক খোলার নির্দেশ দেওয়া হয়েছে। কিছু হাসপাতালে ২৪ ঘণ্টা ঐ ব্যাঙ্ক খোলা রাখার জন্য খুব তাড়াতাড়ি কাজ এগিয়ে যাচ্ছে।

(চ) **অনুদানঃ** বেসরকারী প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত হাসপাতাল, চিকিৎসালয়, শিশু ও মাতৃমঙ্গল ক্লিনিক ইত্যাদি সরকারী চিকিৎসা ব্যবস্থার পরিপূরক। আমরা উপযুক্ত ক্ষেত্রে এরূপ বেসরকারী হাসপাতাল এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহের সংরক্ষণের, উন্নতির এবং সম্প্রসারণের জন্য অনুদান দেবার নীতি অনুসরণ ক'রে আসছি। এসব প্রতিষ্ঠানের অনুদানের জন্য আগামী বছরে আমরা ২ কোটি ৬৮ লক্ষ, ১৮ হাজার টাকার বরাদ্দ করেছি। এই বরাদ্দের মধ্যে আছে উত্তরবঙ্গ এবং বর্ধমান বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল কলেজ এবং হাসপাতালের বরাদ্দ ৬০ লক্ষ টাকা এবং স্থানীয় পৌর সভাগুলির জল সরবরাহের প্রকল্পের জন্য অনুদান ৩৮ লক্ষ টাকা।

(ছ) **মোট শয্যাঃ** আমাদের হাসপাতালসমূহে প্রয়োজনের সময়ে শয্যা পাওয়া যাবে কিনা এটা আমাদের বেশ ভাবিয়ে তোলে। পশ্চিমবঙ্গে হাসপাতাল এবং স্বাস্থ্যকেন্দ্রসমূহে বর্তমানে (রাঁচি মানসিক হাসপাতালে এবং টি বি হাসপাতালে সংরক্ষিত ১,১৫৮টি শয্যা সহ) ৪১ হাজার শয্যা আছে। মুদালিয়ার কমিটির সুপারিশ হচ্ছে চতুর্থ বা পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনার শেষে প্রতি হাজার লোকের জন্য একটি হাসপাতাল শয্যার ব্যবস্থা করা হবে। এই লক্ষ্যমাত্রার জায়গায় বর্তমানে আমরা প্রতি হাজার লোকের জন্য ০·৯০ শয্যার ব্যবস্থা করতে পেরেছি। এটা ভারতবর্ষের সর্বোচ্চ স্থানে আছে ব'লে আমাদের বিশ্বাস।

প্রতিষেধক কার্যাবলী

আমি এখন স্বাস্থ্য বিভাগীয় কার্যাবলীর অন্যদিকে যাচ্ছি। এটি হচ্ছে রোগ-প্রতিষেধক দিক। এদিকে আমাদের প্রচেষ্টা হচ্ছে সংক্রামক রোগের নিয়ন্ত্রণ এবং পারিপার্শ্বিক স্বাস্থ্য বিধান এবং অন্যান্য স্বাস্থ্য বিষয়ক (জনস্বাস্থ্য) ব্যবস্থার উন্নতি সাধন।

সংক্রামক রোগের নিয়ন্ত্রণঃ আমি একটা প্রবচন উল্লেখ করছি। এটি হ'ল, 'রোগের প্রতিষেধ রোগের চিকিৎসার থেকে অধিকতর সুফলদায়ী'। পশ্চিমবঙ্গে বসন্ত, কলেরা, ম্যালেরিয়া, যক্ষ্মা, ফাইলেরিয়া, কুষ্ঠ প্রভৃতি রোগের প্রকোপ বেশি ; কাজেই এখানে এই উক্তিটি বিশেষভাবে প্রযোজ্য। লোকসংখ্যা বৃদ্ধিও গভীর উদ্বেগের সঞ্চার করছে। এই দিকটারও বিশেষভাবে মোকাবিলা করা প্রয়োজন। গ্রামাঞ্চলের স্বাস্থ্যকেন্দ্র এবং অন্যান্য স্বাস্থ্যবিষয়ক প্রতিষ্ঠানের মাধ্যমে আমরা সংক্রামক রোগসমূহের নিয়ন্ত্রণের কার্যকরী ব্যবস্থা গ্রহণ করছি। বর্তমানে কলকাতা এবং কয়েকটি জেলায় বসন্তরোগের প্রাদুর্ভাবে আমরা গভীরভাবে উদ্বিগ্ন। চতুর্থ

পরিকল্পনাকালে সম্ভবত চলতি বছরের ১৫ই আগস্টের মধ্যে এই বসন্তরোগকে নির্মূল করবার উদ্দেশ্যে এক সর্বাত্মক প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং যেসকল প্রতিষ্ঠান এই প্রচেষ্টার সহায়ক হবে সেগুলোকে রূপদান করা হচ্ছে। জরুরি প্রকল্প হিসেবে আমরা আমাদের সকল সম্বল একত্রীভূত ক'রে বর্তমানে বসন্তরোগের মোকাবিলা করছি। জনসাধারণের জন্য টিকা দেবার ব্যবস্থা করা হয়েছে ব্যাপকভাবে জরুরি ভিত্তিতে—স্বেচ্ছাসেবক এবং অস্থায়ী কর্মী নিয়োগ করা হয়েছে, যাঁরা সরকারী এবং পৌর প্রতিষ্ঠানসমূহের কর্মীদের সঙ্গে একত্রে টিকা দেবার কাজ ক'রে যাচ্ছেন। এ ছাড়া বিশ্বকর্মা বাহিনী এবং ভ্রাম্যমাণ অসামরিক জরুরি লোককেও টিকা দেবার কার্যে নিয়োগ করা হয়েছে।

জনসাধারণের মধ্যে বসন্তরোগের টিকা দেওয়া বাধ্যতামূলক করবার একটি প্রস্তাব আমাদের বিবেচনাধীন আছে।

জাতীয় ম্যালেরিয়া নিয়ন্ত্রণ এবং জাতীয় ম্যালেরিয়া উৎসাদন কর্মসূচি অনুযায়ী এ রাজ্যের বেশির ভাগ অংশ থেকে ম্যালেরিয়া দূর করা সম্ভব হয়েছে। রাজ্যের প্রায় ৭০ শতাংশ এখন ম্যালেরিয়া সংরক্ষণ পর্যায়ের আওতায় এসেছে, আর বাকি ৩০ শতাংশে চলছে আক্রমণ পর্যায়ের কাজ। এখানে পর্যবেক্ষণ ব্যবস্থার কাজ চলছে।

[4-40—4-50 p.m.]

যেসব অঞ্চলে ফাইলেরিয়ার প্রকোপ বেশি সেখানে এই রোগকে নিয়ন্ত্রিত করতে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এই রোগকে নির্মূল করবার জন্য রাজ্যের সদর ব্যুরো স্থাপন করা হয়েছে। তা ছাড়া একটি ভলান্টারী কন্ট্রোল ইউনিট এবং ৬টি শহরাঞ্চলের কন্ট্রোল ইউনিট চালু করবার অনুমোদনও দেওয়া হয়েছে। আশা করা যায়, ক্রমশ এরূপ ইউনিট বাড়িয়ে রাজ্যের এই রোগ-অধ্যুষিত অঞ্চলগুলোকে ফাইলেরিয়া উৎসাদন কর্মসূচির আওতায় আনা যাবে।

যক্ষ্মা জনস্বাস্থ্যের আর একটি বড় সমস্যা। যক্ষ্মা নিয়ন্ত্রণের সর্বাত্মক কর্মসূচি অনুযায়ী কলকাতা এবং রাজ্যের অন্যত্র অনেকগুলো চেস্ট ক্লিনিক এবং গৃহচিকিৎসার ইউনিট খোলা হয়েছে। বর্তমানে সমগ্র রাজ্যে প্রায় ১০০টি চেস্ট ক্লিনিক এবং টি বি সেন্টার রয়েছে। ৭টি বর্তমান টি বি সেন্টারকে উন্নীত করা হবে। ১৫টি ভ্রাম্যমাণ এবং একটি স্থিতিশীল বি সি জি টিকা কেন্দ্রের সাহায্যে এ রোগের প্রতিষেধক টিকা দেবার কাজ চালানো হচ্ছে। কলকাতার যাদবপুর টি বি হাসপাতালকে ঢেলে সাজাবার চেষ্টা চলছে।

রাজ্যের কিছু অঞ্চলে কুষ্ঠ রোগের প্রকোপ বেশি। কুষ্ঠ নিয়ন্ত্রণ কর্মসূচি অনুযায়ী এ পর্যন্ত ৯টি কুষ্ঠ নিয়ন্ত্রণ ইউনিট স্থাপন করা হয়েছে। এ ছাড়াও আছে রাজ্যসরকার পরিচালিত ৫৩০ শয্যা-বিশিষ্ট গৌরীপুর কুষ্ঠ কলোনি। এখানে কেবল সংক্রামক রোগীদের অন্তর্বিভাগীয় চিকিৎসা হয়ে থাকে। পরবর্তী বছরে আরও ৩টি কুষ্ঠ নিয়ন্ত্রণ ইউনিট এবং একটি কুষ্ঠ শিক্ষণকেন্দ্র স্থাপিত হবে।

রাজ্যসরকার কলেরা রোগের প্রাদুর্ভাবের অঞ্চলের জন্য একটি কলেরা নিয়ন্ত্রণ কর্মসূচি অনুমোদন করেছেন এবং একটি ভ্রাম্যমাণ ইউনিট স্থাপন করেছেন। ৮০টি ব্লকে কলেরা কর্মী নিযুক্ত করা হয়েছে।

সংক্রামক রোগ নিবারণে নিযুক্ত বেসরকারী প্রতিষ্ঠানে অনুদান দেওয়া হচ্ছে, যাতে তাঁরা তাঁদের কাজ চালিয়ে যেতে পারেন সুষ্ঠুভাবে।

পিয়ারডোবায় একটি লেপ্রসি আফটার-কেয়ার কলোনি স্থাপন করার প্রস্তাব বিশেষভাবে বিবেচিত হচ্ছে।

খাদ্যে ভেজাল নিরোধ: রাজ্যে খাদ্যে ভেজাল দমন করবার উদ্দেশ্যে সেদিকের ব্যবস্থাগুলো জোরদার করা হচ্ছে। করপোরেশন এবং অন্যান্য পৌর প্রতিষ্ঠানের অন্তর্ভুক্ত অঞ্চলে এসবের দায়িত্ব ঐ সব পৌর প্রতিষ্ঠানের কর্তৃপক্ষের উপর ন্যস্ত ; গ্রামাঞ্চলে এ বিষয়ের দায়িত্ব

সরকারের। পল্লী অঞ্চলের পাবলিক হেল্‌থ সার্কেলে নিযুক্ত স্যানিটারি ইন্সপেক্টর পার্ট টাইম ফুড ইন্সপেক্টরের কার্য করেন। অল্পদিন আগে ২২টি মহকুমার জন্য ২২টি পূর্ণ সময়ের জন্য ফুড ইন্সপেক্টরের পদ মঞ্জুর করা হয়েছে। বাকি মহকুমাগুলোর জন্য অনুরূপ ইন্সপেক্টর নিয়োগ করবার বিষয়টিও বিবেচিত হচ্ছে। বর্তমান সরকারের প্রত্যক্ষ নিয়ন্ত্রণে কলকাতায় ১টি পাবলিক হেল্‌থ লেবরেটরি এবং জেলায় ৪টি অনুরূপ লেবরেটরি চালু আছে। ফুড ইন্স-পেক্টরগণ যেসব খাদ্যের নমুনা সংগ্রহ করেন, এখানে সেগুলির পরীক্ষা হয়ে থাকে। এই লেবরেটরিগুলোর জন্য উন্নত ধরনের যন্ত্রপাতি সংগ্রহ করে এগুলোর উন্নয়ন করা হচ্ছে।

খাদ্যে ভেজাল দেবার বিষময় পরিণতি আমরা কিছুদিন আগে দেখেছি দমদমের বেদিয়াপাড়া অঞ্চলে। এখানে বহুলোক পঙ্গু হয়ে পড়েন। দীর্ঘ চিকিৎসায় তাঁরা আরোগ্যের পথে। ভেজালকারীদের আইনানুযায়ী শাস্তি বিধান হচ্ছে।

জল সরবরাহঃ মহাশয়, স্মরণ থাকতে পারে ১৯৭২-৭৩ সালে রাজ্যে এক অভূতপূর্ব খরা দেখা দিয়েছিল। রাজ্যসরকারের স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা বিভাগের উপর সমগ্র রাজ্যের খরাক্লিষ্ট অঞ্চলের জন্য পানীয় জল সরবরাহের দায়িত্ব এসে পড়ে। এই কর্মসূচি অনুযায়ী সরকার ২৩,৮৯৫টি জল সরবরাহের উৎসের সংস্থান করেছেন। এগুলো হচ্ছেঃ নতুন নলকূপ ৮,৪৮০ ; অকেজো নলকূপের সংস্কার ৭,৬৭২ এবং কাঁচা ও অগভীর কূপ ৭,৭৪৩টি। এ ছাড়া ৩৭,৮৭১টি নলকূপের মেরামত হয় এবং ৫,৬৮৪টি কূপ এবং ১,২১৫টি অগভীর কূপের সংস্কার করা হয়। এসব কার্যের ব্যয় সংস্থান হয়েছে খরা ত্রাণ, স্বাস্থ্য বাজেট এবং ভারত সরকারের ত্বরান্বিত জল সরবরাহ প্রকল্পের উৎসের জন্য নির্দিষ্ট অর্থ থেকে। ১৯৭৩-৭৪ সালের বাজেটে আরও ৩,০০০ নলকূপ এবং কূপের সংস্থান রয়েছে। বর্তমান রাজ্যের গ্রামাঞ্চলের পানীয় জলের প্রধান উৎস হ'ল নলকূপ ; কিন্তু নলকূপের কার্যকাল দশ বৎসরের মধ্যেই শেষ হয়ে যায়। তখন প্রয়োজন হয় এর জায়গায় নতুন আর একটির। যদিও রাজ্যের পল্লী অঞ্চলের নানা স্থানে এক লক্ষের মত নলকূপ বসানো হয়েছে, তবু এটা দীর্ঘমেয়াদী কোন ব্যবস্থা ব'লে মনে করা যায় না। কাজেই পাইপের সাহায্যে জল সরবরাহের ব্যবস্থাই আদর্শ ব'লে বিবেচিত হতে পারে। কিন্তু এর জন্য দরকার শুরুতেই এককালীন বহু অর্থ। যা হোক, রাজ্যসরকার এ কাজের প্রথম দিকে আরম্ভ করেছেন এবং এর মধ্যেই ৩৪টি পাইপের সাহায্যে জল সরবরাহের প্রকল্প মঞ্জুর করেছেন। এর মধ্যে ৫টি প্রকল্প চালু হয়ে গেছে এবং বাকি ২৯টি প্রকল্পের কাজ বিভিন্ন পর্যায়ে চলছে। ভারত সরকারের ত্বরান্বিত জল সরবরাহ কর্মসূচির আওতায় উল্লিখিত ৬টি প্রকল্পের কাজ গ্রহণ করা হয়েছে।

স্বাস্থ্য বিভাগের শহরাঞ্চলের জল সরবরাহ প্রকল্পের কর্মসূচি অনুযায়ী পৌর প্রতিষ্ঠান-গুলির ১৭টি প্রকল্পের কাজ চলছে। ঐসব অঞ্চলের জন্য ৪টি নতুন জল সরবরাহ প্রকল্পের অনুমোদন দেওয়া হয়েছে এবং অনুরূপ ১২টি প্রকল্পের কাজও গ্রহণ করা হবে। এই ১২টির মধ্যে কয়েকটিতে আছে বর্তমান প্রকল্পের উন্নতিসাধন।

রানীগঞ্জ কয়লাখনি অঞ্চলের জল সরবরাহ প্রকল্পের প্রথম অংশ আংশিকভাবে চালু করা হয়েছে এবং আশা করা যায়, এই প্রকল্পের পূর্ণতর সুযোগ অদূরভবিষ্যতে প্রায় ৩ লক্ষ অধিবাসীর কাছে পৌঁছে দেওয়া সম্ভব হবে। রাজ্যসরকার এই প্রকল্পের দ্বিতীয় এবং তৃতীয় অংশের কাজও বাস্তবে রূপায়িত করতে মনস্থ করেছেন। এতে প্রায় ৪ লক্ষ অধিবাসী উপকৃত হবেন। অর্থের সঙ্কুলান হ'লেই এই অংশগুলি মঞ্জুর করা হবে।

আনুষঙ্গিক কার্যাবলী

যেসকল আনুষঙ্গিক চিকিৎসা এবং জনস্বাস্থ্য সংক্রান্ত ব্যবস্থা রোগআরোগ্যকর এবং প্রতিষেধক দিকে পরিপূরক ব্যবস্থা হিসেবে কাজ করে সেগুলোর বিস্তৃত বিবরণ আমি এখন সভাকক্ষের সমক্ষে উত্থাপন করছি।

শিক্ষা এবং শিক্ষণ

(ক) **স্নাতক-পূর্ব এবং স্নাতকোত্তর মেডিক্যাল শিক্ষাঃ** স্নাতক-পূর্ব এবং স্নাতকোত্তর মেডিক্যাল শিক্ষার সুযোগ ক্রমশ সম্প্রসারিত করা হচ্ছে। পশ্চিমবঙ্গের পাঁচটি সরকারী মেডিক্যাল কলেজে এম বি বি এস কোর্সের জন্য মোট ৬৫৫টি আসন আছে। রাজ্যসরকারের অর্থে উত্তর-বঙ্গ এবং বর্ধমান বিশ্ববিদ্যালয়ের অধীন দু'টি মেডিক্যাল কলেজ স্থাপিত হয়েছে। এ দু'টির প্রত্যেকটিতে ৫০টি ক'রে আসন আছে। উপরি-উক্ত দু'টি বিশ্ববিদ্যালয়কে তাদের মেডিক্যাল কলেজ দু'টিতে সংরক্ষণ এবং অন্যান্য এককালীন ব্যয়ের জন্য প্রচুর অর্থ সাহায্য করা হচ্ছে। এ পর্যন্ত উত্তরবঙ্গ এবং বর্ধমান বিশ্ববিদ্যালয়কে যথাক্রমে ১ কোটি ৩১ লক্ষ ৩২ হাজার টাকা এবং ৩৫ লক্ষ ৫৭ হাজার টাকা ঐ উদ্দেশ্যে অনুদান দেওয়া হয়েছে।

উন্নততর স্বাস্থ্যবিষয়ক শিক্ষা এবং গবেষণার স্বার্থে কলকাতার স্কুল অব ট্রপিক্যাল মেডিসিনকে উহার সংলগ্ন হাসপাতালসহ সরকারের প্রত্যক্ষ পরিচালনায় আনা হয়েছে।

উন্নততর গবেষণার সুযোগ সহ বাঙ্গুর ইনস্টিটিউট অব নিউরোলজি সম্প্রসারিত এবং ইনস্টিটিউট অব অপথ্যালমোলজির উন্নতি সাধন করা হচ্ছে।

মেডিক্যাল শিক্ষার খাতে আমরা এ বছর ৩ কোটি ১১ লক্ষ ৪৩ হাজার টাকার বরাদ্দ করেছি।

(খ) **দন্তবিষয়ক শিক্ষাঃ** বি ডি এস পাঠ্যসূচির বার্ষিক ছাত্রের সংখ্যা ৫০। ডাঃ আর আহমেদ ডেন্টাল কলেজে এম ডি এস কোর্সের ব্যবস্থা করার বিষয়টি বিবেচনাধীন।

এ বছর দন্তবিষয়ক শিক্ষার জন্য আমরা ১৬ লক্ষ ৩০ হাজার টাকার বরাদ্দ করেছি।

অন্যান্য শিক্ষাসূচি

রাজ্যের স্বাস্থ্যবিষয়ক বিভিন্ন দিকে চাহিদা মেটাবার জন্য মেডিক্যাল অফিসার নার্স এবং অন্যান্য স্বাস্থ্য সহায়ক কর্মীর শিক্ষণের সুযোগ ক্রমশ সম্প্রসারিত করা হচ্ছে।

প্রতি বছর ৫০ জন ছাত্রের শিক্ষণের সুযোগ সহ নদিয়া জেলার কল্যাণীতে একটি ফার্মেসী ট্রেনিং সেন্টার এবং কলকাতা ন্যাশনাল মেডিক্যাল কলেজ হাসপাতালে একটি নার্সেস ট্রেনিং সেন্টার চালু করবার অনুমোদন দেওয়া হয়েছে। ১৯৭৩-৭৪ সালে আর একটি ফার্মেসী ট্রেনিং সেন্টার এবং একটি স্কুল অব অপ্টোমেট্রি স্থাপনের সংস্থানও করা হয়েছে।

[4-50—5-00 p.m.]

অন্যান্য কার্যাবলী

(ক) **প্রসূতি শিশুকল্যাণ এবং পরিবার পরিকল্পনা—প্রসূতি শিশুকল্যাণ কেন্দ্রঃ** সমগ্র রাজ্যে বর্তমানে ৩৫৭টি প্রসূতি ও শিশু কল্যাণকেন্দ্র আছে। এ ছাড়া স্বাস্থ্যকেন্দ্রগুলোতেও প্রসূতি ও শিশু কল্যাণ ব্যবস্থার সুযোগ আছে। রাজ্যে বর্তমানে প্রসূতি ও শিশুদের জন্য যথাক্রমে ৬,৮৫৪ এবং ১,৪৭২ শয্যা আছে।

রাজ্যে জনসাধারণের মধ্যে আহার্যের পুষ্টি সম্বন্ধে জ্ঞান যাতে আসে তজ্জন্য একটি অডিও-ভিস্যুয়াল ইউনিট স্থাপনের প্রকল্প অনুমোদন করা হয়েছে। এই ইউনিট ঘুরে ঘুরে জনসাধারণকে এ বিষয়ে অবহিত করবে। তা ছাড়া 'কেয়ার' সংস্থার মাধ্যমে শিশু এবং মায়েদের জন্য দুধ এবং দুধজাতীয় পুষ্টিকর খাদ্য বিতরণ করার ব্যবস্থাও অনুমোদিত হয়েছে।

(খ) **ভেষজ নিয়ন্ত্রণ আইন পরিকল্পনাঃ** ভেষজ নিয়ন্ত্রণ অধিকার ঔষধ এবং প্রসাধন সামগ্রীর উৎপাদনের মান বজায় রাখার এবং নিম্নমানের অথবা জাল ঔষধের উৎপাদন বা বিক্রয় বন্ধ করার সকল প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। এই অধিকারের নির্দেশে এবং প্রচেষ্টায় রাজ্যের ঔষধ প্রস্তুতকারী সংস্থাগুলোর যথেষ্ট উন্নতি সাধন করা হয়েছে এবং তাঁরা অতি প্রয়োজনীয় বহু ঔষধের চাহিদা মেটাতে সমর্থ হয়েছেন। কতকগুলি ঔষধ স্থানীয় কাঁচামাল থেকে উৎপাদন করা হচ্ছে।

জেলাসমূহে ভেষজ নিয়ন্ত্রণ সংস্থাকে জোরদার করবার উদ্দেশ্যে প্রতি জেলায় একটি ক'রে ড্রাগ ইন্সপেক্টরের পদ মঞ্জুর করা হয়েছে।

(গ) **আয়ুর্বেদীয় এবং হোমিওপ্যাথিক চিকিৎসা পদ্ধতি: আয়ুর্বেদ:** আয়ুর্বেদীয় চিকিৎসা পদ্ধতির উন্নততর শিক্ষা, চিকিৎসা এবং গবেষণার সুযোগের স্বার্থে সরকার ইতিপূর্বেই শ্যামাদাস বৈদ্যশাস্ত্র পীঠ এবং বিশ্বনাথ আয়ুর্বেদীয় মহাবিদ্যালয় সরকারী পরিচালনায় এনেছেন। এগুলো এখন সরকারী প্রতিষ্ঠানরূপে চালু আছে। সরকার শ্যামাদাস বৈদ্যশাস্ত্র পীঠে আয়ুর্বেদীয় শিক্ষার একটি স্নাতকোত্তর শিক্ষণ এবং গবেষণা কেন্দ্র স্থাপনের এবং বিশ্বনাথ আয়ুর্বেদ মহাবিদ্যালয়ে একটি আয়ুর্বেদীয় ফার্মেসী ট্রেনিং সেন্টার স্থাপনের কথা বিবেচনা করছেন। সরকারের সাহায্য পাবে এমন আয়ুর্বেদীয় চিকিৎসালয়ের একটি প্রকল্প অনুযায়ী ১৯টি চিকিৎসালয়ে ইতিমধ্যেই অনুদান দেওয়া হয়েছে এবং আরও ৫০টি অনুরূপ চিকিৎসালয়কেও এইরূপ অনুদান দেবার প্রস্তাব রয়েছে। সরকারী পরিচালনায় ১৬টি আয়ুর্বেদীয় চিকিৎসালয় (প্রতি জেলায় একটি ক'রে এবং কলকাতায় একটি) স্থাপন করার প্রস্তাবও সরকার অনুমোদন করেছেন। একটি সরকারী আয়ুর্বেদীয় ফার্মেসী এবং আয়ুর্বেদীয় ঔষধের গুল্মাদি চাষের জন্য একটি উদ্যান সরকার অনুমোদন করেছেন।

কলকাতা বিশ্ববিদ্যালয়ে একটি আয়ুর্বেদীয় ফ্যাকাল্টি প্রতিষ্ঠার প্রস্তাব বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের বিবেচনাধীন রয়েছে।

হোমিওপ্যাথি: ১৯৬৩ সালের ওয়েস্ট বেঙ্গল হোমিওপ্যাথিক সিস্টেম অব মেডিসিন আইন অনুসারে গঠিত হোমিওপ্যাথিক কাউন্সিল হোমিওপ্যাথিক চিকিৎসার শিক্ষা এবং পদ্ধতির মান নিয়ন্ত্রণ ক'রে আসছেন। বেসরকারী হোমিওপ্যাথিক হাসপাতাল এবং চিকিৎসালয়গুলোকে যথেষ্ট পরিমাণ অর্থ সাহায্য করা হচ্ছে সরকার থেকে। রাজ্যে সরকারী ১৬টি হোমিওপ্যাথিক চিকিৎসালয় (প্রতি জেলায় একটি ক'রে এবং কলকাতায় একটি) স্থাপনের অনুমোদন দেওয়া হয়েছে। কলকাতা বিশ্ববিদ্যালয়ে একটি হোমিওপ্যাথি ফ্যাকাল্টি প্রতিষ্ঠার প্রস্তাব বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বিবেচনাধীন রয়েছে। একটি সরকারী হোমিওপ্যাথিক কলেজ এবং হাসপাতাল স্থাপনের বিষয়টির প্রারম্ভিক পরীক্ষা হচ্ছে।

আয়ুর্বেদীয় শিক্ষা এবং গবেষণার জন্য ২৫ লক্ষ ৭৫ হাজার টাকা এবং হোমিওপ্যাথিক প্রতিষ্ঠানসমূহের জন্য ৪ লক্ষ টাকার বরাদ্দ করা হয়েছে।

হোমিওপ্যাথিক চিকিৎসার চাহিদা উত্তরোত্তর বাড়ছে। তাই আমরা বিশেষভাবে ভাবছি, হোমিওপ্যাথিক প্রতিষ্ঠানে শিক্ষা পেয়েছেন এমন কিছু রেজিস্টার্ড হোমিওপ্যাথিক চিকিৎসককে প্রাথমিক এবং উপ-স্বাস্থ্যকেন্দ্রে নিযুক্ত করা হবে।

(ঘ) **পরিবার পরিকল্পনা:** জনসংখ্যার বৃদ্ধিতে সরকার গভীরভাবে উদ্বিগ্ন। জনসংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গে আমাদের কৃষি, শিল্প এবং অন্যান্য দিকের সকল উন্নয়নের সুফল নষ্ট হয়ে যাচ্ছে। যদি জনসংখ্যার বৃদ্ধির হার যথেষ্ট না রোধ করা যায়, তবে উন্নয়নের ঈপ্সিত সুফল কোনদিনই কাজে আসবে না।

জনসংখ্যা বৃদ্ধি রোধ করবার উদ্দেশ্যে পরিবার কল্যাণ পরিকল্পনার এক সর্বাত্মক প্রকল্প কেন্দ্রীয় সাহায্যে রাজ্যের সর্বত্র সদর দপ্তর থেকে ব্লক পর্যায় পর্যন্ত চালু করা হয়েছে। এই কার্যসূচি অনুসারে জনসাধারণের কাছে পরিবার পরিকল্পনার সকল সুযোগসুবিধা পৌঁছে দেওয়া হচ্ছে।

এই উদ্দেশ্যে সারা বছর একটি স্টেট ফ্যামিলি প্ল্যানিং ব্যুরো কাজ ক'রে যাচ্ছে। এর আওতায় আছে, মাস মিডিয়া ডিভিশন, সেন্ট্রাল ফ্যামিলি প্ল্যানিং সেন্টার ডিভিশন, ডেমোগ্রাফিক অ্যান্ড ইভ্যালুয়েশন সেল, ১৮টি ডিস্ট্রিক্ট ফ্যামিলি প্ল্যানিং ব্যুরো, ৩০৪টি রুরাল ফ্যামিলি ওয়েলফেয়ার প্ল্যানিং সেন্টার (৩৩টি বেসরকারী সেন্টার সহ), ৩টি রিজিওন্যাল এফ পি ট্রেনিং সেন্টার, ৮টি পোস্ট পার্টাম ইউনিট, ২৩৮টি স্টেরিলাইজেশন বেড, ডিস্ট্রিক্ট মোবাইল আই ইউ সি ডি স্টেরিলাইজেশন ইউনিট প্রভৃতি।

এই সকল কর্মসূচি ত্বরান্বিত করবার জন্য গত অক্টোবর মাস থেকে জেলাসমূহে ব্যাপকভাবে ভেসেকটমি অপারেশন ক্যাম্প চালু করা করা হয়েছে এবং ১৯৭৩ সালের মার্চ মাসের শেষ নাগাত জেলাগুলিতেই এ কাজ শেষ হবে। এ বছরের শেষে প্রায় ২ লক্ষ লোকের এই সব ক্যাম্পে ভেসেকটমি অপারেশন করা হয়ে যাবে। দার্জিলিং জেলার তিনটি পার্বত্য মহকুমায় লাইগেশন ক্যাম্প করার ব্যবস্থা হচ্ছে।

মেডিক্যাল টারমিনেশন অব প্রেগনেন্সি আইন অনুসারে রাজ্যে এ পূর্যন্ত প্রায় ১,৫০০ প্রসূতির গর্ভমোক্ষণ করানো হয়েছে। এগুলি করানো হয়েছে মায়েদের স্বাস্থ্যের দিক ভেবে। কলিকাতার সকল সরকারী হাসপাতালে, জেলা হাসপাতালে এবং কলকাতার দুটি বেসরকারী হাসপাতালে এ সুযোগ আছে। এর জন্য একটি আলাদা হাসপাতাল স্থাপন করা যায় কিনা আমরা সেটা ভেবে দেখছি।

মেদিনীপুর জেলায় আই ইউ সি ডি কর্মসূচি দ্রুততর করবার জন্য একটি বড় ধরনের কর্মসূচি গ্রহণ করা হয়েছে। পরিবার পরিকল্পনা ব্যবস্থার পাশাপাশি প্রসূতি ও শিশু স্বাস্থ্যের যত্নের দিকে নজর দেওয়া হচ্ছে। এতে শিশুদের ডাবল/ট্রিপল অ্যান্টিজেন দিয়ে রোগ প্রতিষেধক শক্তি সঞ্চয়ের ব্যবস্থা করার সুযোগ থাকবে। মায়েরাও টিটেনাস টক্সওয়েড ইঞ্জেকশনের এবং অন্যান্য অপুষ্টিজনিত ব্যাধির ঔষধের সুযোগ পাবেন। শিশুদের বসন্ত রোগের টিকা এবং অন্ধত্ব নিবারণের জন্য ভিটামিন দেবার ব্যবস্থাও রয়েছে।

স্বাস্থ্যবিষয়ক অর্থবরাদ্দ

১৯৭১-৭২ সালের মাথাপিছু আয় গড়ে প্রায় ৩৪০ টাকা ছিল। ১৯৭২-৭৩ সালে মাথাপিছু স্বাস্থ্য খাতে ব্যয় ছিল ৯ টাকা ৮ পয়সা। ১৯৭৩-৭৪ সালে এটা দাঁড়াচ্ছে ১০ টাকা ২০ পয়সায় ; অর্থাৎ ১ টাকা ১২ পয়সা বৃদ্ধি হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকার শিশু, যুবক, বৃদ্ধ, রুগ্ন বা অক্ষম, সকলের কল্যাণের জন্য গভীর আগ্রহান্বিত।

আমাদের মন্ত্র: জনসাধারণের জন্য আমরা সুন্দর স্বাস্থ্য এবং স্বাস্থ্যকর পরিবেশ সৃষ্টি করব।

আমাদের পথ: গণতন্ত্র।

আমাদের লক্ষ্য: একটি স্বাস্থ্যোজ্জ্বল জাতি গঠন।

মহাশয়, গত বছর আশা করেছিলাম যে, আমাদের শিশুরা হয়ে উঠুক ফুলের মত সুন্দর, আর ক্ষেতে খামারে কর্মরত চাষী ও শ্রমিক ভাইয়েরা হয়ে উঠুক স্বাস্থ্যবান এবং সতেজ। এ বছর আপনাদের সকলের ও পশ্চিমবাংলার জনসাধারণের আশীর্বাদ চেয়ে বলতে চাই—

এটা আমাদের শ্লোগান নয়—এটা আমাদের শপথ।

মহাশয়, আমি "২৯—মেডিক্যাল", "৩০—পাবলিক হেল্‌থ" এবং "৩০-এ—পরিবার পরিকল্পনা" খাতের ব্যয়বরাদ্দ সভার অনুমোদনের জন্য পেশ করছি।

Mr. Deputy Speaker: All the cut motions are in order and taken as moved.

GRANT No. 20

Shri Timir Baran Bhaduri: That the amount of the demand be reduced to Re. 1—

Shri Pradyot Kumar Mahanti: That the amount of the demand be reduced to Rs. 100—

Shri Shish Mohammad: That the amount of the demand be reduced to Rs. 100—

GRANT No. 21

Shri Timir Baran Bhaduri: That the amount of the demand be reduced to Re. 1—

Shri Pradyot Kumar Mahanti: That the amount of the demand be reduced to Rs. 100—

Shri Timir Baran Bhaduri: That the amount of the demand be reduced to Rs. 100—

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কিছুক্ষণ আগে আমাদের মাননীয় মন্ত্রী গ্রান্ট নাম্বার ২০ এবং ২১ এবং গ্রান্ট নাম্বার ৩০-এ, ফ্যামিলি প্ল্যানিং-এর ব্যয়বরাদ্দের হিসাব আমাদের কাছে রাখলেন। আমরা যদি আগের বছরের হিসাবটা দেখি, তা হ'লে দেখা যাবে যে, স্বাস্থ্যের ব্যাপারে যে টাকা বরাদ্দ করা হয়েছে, তা প্রয়োজনের তুলনায় অনেক কম। গত বছর এই বরাদ্দতে ৩৪ কোটি টাকার উল্লেখ করেছিলেন, এবার সেখানে ৩৭ কোটি টাকার উল্লেখ করেছেন। মাত্র বেড়েছে ৩ কোটি টাকা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যেভাবে জিনিস-পত্রের দাম বাড়ছে এবং টাকার দাম যেভাবে কমছে তাতে গোটা পশ্চিমবাংলার জনস্বাস্থ্যের উপর যে টাকা বরাদ্দ করা হয়েছে, আমি মনে করি যে, খুব বেশী টাকা ঔষধ, সাজসরঞ্জাম ইত্যাদিতে ব্যয় করা যাবে না, প্রশাসন পরিচালনার জন্য, মাথাভারী আমলা পোষণের জন্য তার অর্ধেকের বেশী টাকা ব্যয় হয়ে যাবে। এই জন্য আমি স্বাস্থ্য দপ্তরের গ্রান্টের বিরোধিতা করছি।

[5-00—5-10 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা দেখেছি যাঁরা পশ্চিমবাংলার গ্রামাঞ্চল থেকে এসেছি, তাঁরা দেখছি, মোট শয্যাসংখ্যা সরকারী হিসেব অনুসারে দেখা যায় প্রায় ৪১ হাজার, আর পশ্চিম-বাংলার গ্রামাঞ্চলের জন্য দেওয়া হয়েছে মাত্র ৬,১০০ শয্যা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনি জানেন হাউসের যাঁরা গ্রামাঞ্চল থেকে এসেছেন তাঁরাও জানেন যে, গোটা ভারতবর্ষে প্রায় শতকরা ৭০ জন লোক গ্রামে বাস করে। এটা যদি সত্য হয়, এটাও আমরা হিসাব ক'রে দেখতে পাই যে, শতকরা ৭০ জন লোকের রোজগার ২০ টাকার নীচে; ২০ টাকাও রোজগার করতে পারে না—এই রকম লোকের সংখ্যা বেশী। এই ধরনের শতকরা ৭০ জন লোক গ্রামে বাস করে। এটা যদি সত্যি হয়, তা হ'লে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য যে, গ্রামকে ফাঁকি দিয়ে গ্রামের দিকে তাকানোর কথা যেটা বলছেন, তা ঠিকমত না ক'রে গ্রামকে ফাঁকি দিয়ে সহরকে কেন্দ্রীভূত ক'রে সমস্ত সরকারী চাকচিক্য বাড়াচ্ছেন সুকৌশলে। পশ্চিমবাংলার গ্রামাঞ্চলের দিকে তাকালে দেখা যাবে অদ্ভুত ব্যবস্থা। সামান্য নিম্নতম হাসপাতাল সাবসিডিয়ারি হেলথ্ সেন্টার, প্রাইমারি হেলথ্ সেন্টার এবং অন্যান্য জেলা হাসপাতাল যেগুলি আছে সেখানে এক টুকরো ব্যান্ডেজের কাপড় পর্যন্ত পাওয়া যায় না। ওষুধের কথা বলছেন, ফ্যামিলি প্ল্যানিং-এর কথা বলছেন, অথচ আমরা দেখছি, একজন দিনমজুর, গরিব মানুষ হাত কেটে গেলে, ফেটে গেলে, হাতে চোট লাগলে যখন হাসপাতালে যায়, তখন প্রিলিমিনারি এড হিসেবে একটি এ টি এস পর্যন্ত পাওয়া যায় না। এই হচ্ছে আমাদের অবস্থা। জেলা হাসপাতালের দিকে তাকালে দেখা যায়, প্রতিদিন সেখানে সাতশো আটশো হাজার আউটডোর পেসেন্ট, গ্রামের মফঃস্বলেও পাঁচ-সাতশো আউটডোর পেসেন্টকে যদি ঠিকমত ওষুধ দেওয়া হয়, তা হ'লে সে ওষুধ দু'-তিন মাসের বেশি যায় না। ডাক্তারদের বললে তাঁরা বলেন, আমরা জেলার দপ্তরে আবেদন-নিবেদন ক'রেও যা হিসেবে পাই, তা ছাড়া এর বেশী ঔষধ পাব না। তাকে আমাদের মেনে নিতে হবে। ডাক্তারবাবুরাও লজ্জা পান। কারণ তাঁরা বিবেকবান লোক—উচ্চ মধ্যবিত্ত ঘরের ছেলে। তাঁরা বলেন, গ্রামে এলাম গ্রামকে উন্নত করবার জন্য। অথচ এসে দেখছি কী? একটি মাত্র এ টি এস, কি সোডি-বাই কার্ব, সোডি সাইট্রাস, পটাস বা অ্যালক্যালিন মিক্চার ব্যবহার

হয়। আমরা দেখি, যেখানে একটা সুস্থ লোকের প্রতি ডোজে ১৫ থেকে ২০ গ্রেন ব্যবহার হবার কথা, সেখানে মাত্র দু' থেকে তিন গ্রেনের বেশী ব্যবহার করতে পারি না। তাই আমরা দেখছি গ্রামকে ফাঁকি দিয়ে কেবলমাত্র সহরকে বাঁচাবার চেষ্টা আপনি এর দ্বারা করছেন গ্রামে শতকরা ৭০ জন লোক বাস করে। আপনারা বার বার ক'রে এই গ্রামের উন্নতির জন্য কথা বলছেন। কিন্তু কার্যক্ষেত্রে সরকার তার বিপরীত ভূমিকাই পালন ক'রে আসছেন।

১৯৭০ সালের ডিসেম্বরে যে হিসাব পেয়েছি ব্যুরো অফ হেলথের সেখানে দেখতে পাচ্ছি প্রাইমারি হেলথ সেন্টার ২৪০টা আর সাবসিডিয়ারী হেলথ সেন্টার ৫৫৮। আর এখানে মন্ত্রি-মহাশয়ের হিসাবে দেখতে পাচ্ছি ৫৫৮ জায়গায় ৫২৬টা, আর ২৪০টার জায়গায় ২৮৮। ৫৫৮ জায়গায় ৫২৬, তা হ'লে কি বাকি ২৬টা উবে গেলো। অবশ্য ওনারা বলবেন ২২৮ জায়গায় ২৮৮ করেছেন। ও'দের হিসেব বড় গড়বড়ে হিসেব। ১৬টা যে হাসপাতাল করেছেন বলছেন তার মধ্যে অনেক হাসপাতাল যুক্তফ্রন্ট পিরিয়ডে ঠিক হয়েছিল। যেমন লালবাগ, রানাঘাট, ঘাটাল ইত্যাদি এগুলো ওই সময় মঞ্জুর হয়েছিল। সেই হিসাব আজকে টেনে এনে আজকে বলছেন, এইগুলো করেছেন। কি হিসাবের কারচুপি! হাসপাতাল বাড়াবার দিক আছে সেই সঙ্গে অন্যান্য জিনিস দেখতে হবে। শহরাঞ্চলের এবং গ্রামাঞ্চলের স্বাস্থ্যের দিকে লক্ষ্য রাখতে হবে। কিছুদিন আগে ইউনিভার্সিটির ব্যুরো অফ হেলথের যে হিসাব স্টেটসম্যান পত্রিকায় বেরিয়েছিল, ডাঃ দত্ত একজন মুখপাত্র, তিনি যে হিসাব করেছেন তাতে দেখা যাচ্ছে, ইউনিভার্সিটি এবং স্কুলের ছেলেদের স্বাস্থ্য পরীক্ষা ক'রে দেখা গিয়েছে, ২ লক্ষ ৫১ হাজার ৮০৪ জনকে পরীক্ষা ক'রে দেখা গিয়েছে পুষ্টির অভাবে প্রায় ৬৩ হাজার ছেলে রুগ্ন। শুধু হাসপাতাল বাড়ালেই হবে না। এই দিকে নজর দেওয়া দরকার। রুগ্নতা কি অবস্থায় দাঁড়িয়েছে। আমরা তাদের হিসাবে দেখতে পাচ্ছি যেখানে ব্যুরোতে সব ইনটেলিজেন্সিয়া ডাক্তার আছেন, ক্যালকাটা ইউনিভার্সিটির যে স্বাস্থ্য দপ্তর আছে তাদের হিসাবে দেখতে পাচ্ছি তারা ক্যালকাটা ইউনি-ভার্সিটিতে পরীক্ষা ক'রে দেখেছেন বেশির ভাগ ছেলেই টিউবারকুলোসিসে আক্রান্ত, যক্ষ্মারোগে আক্রান্ত। এই হচ্ছে বাংলাদেশের নওজোয়ানদের স্বাস্থ্যের অবস্থা। ও'রা বলছেন উন্নতি করেছেন, ক্যালকাটা ইউনিভার্সিটির ছেলেদের পরীক্ষা ক'রে দেখা গিয়েছে তাদের বুক ঝাঁঝরা হয়ে গিয়েছে এবং ডাক্তার বলছেন আরও আক্রান্ত হচ্ছে অপুষ্টিজনিত রোগে। ব্যাপকভাবে যদি গোটা পশ্চিমবাংলায় তদন্ত করা যায়, তা হ'লে দেখা যাবে এটা আরও প্রচুর গুণ বেড়ে গিয়েছে। আমি পশ্চিমবাংলার গ্রামাঞ্চল থেকে এসেছি, সেখানে শিডিউল্ড কাস্ট ঘরের ছেলে যারা বিড়ি বাঁধে বিশেষ ক'রে ঔরঙ্গাবাদ বা ফারাক্কায়, ওই সব অঞ্চলে বিড়ি বাঁধে মজুর তারা টি বি-তে আক্রান্ত।

[5-10—5-20 p.m.]

ও'রা বলছেন স্বাস্থ্যের কথা। লজ্জার কথা, দুঃখ লাগে আজকে ২৫ বছর ও'রা এই রাজ্যের পাওয়ারে আছেন। এখন বলছেন আমরা এক বছর আছি। এই সমস্ত কলকাতার বড় বড় হাসপাতালে ছাত্র ভর্তির ব্যাপারে দেখেছি, রোগী ভর্তির ব্যাপারেও দেখেছি। এই সমস্ত নীলরতন হাসপাতাল বলুন আর মেডিকেল কলেজেই বলুন আর চিত্তরঞ্জন হাসপাতালেই বলুন দূর দূর থেকে সব রোগী যারা আসে তাদের বলা হয়, টিকিট করো তার পর তোমাদের ব্যবস্থা হবে। আসলে ঐ টিকিটই করা হয় চিকিৎসা আর হয় না—শেষ পর্যন্ত তাদের এখানে এসে ঐ হুগলী নদীর ধারে তাদের ভবলীলা সাঙ্গ করতে হয় আর ঈশ্বরের কাছে ব'লে যেতে হয় পাপের রাজত্ব শেষ করো ঠাকুর। রোগী ভর্তির ব্যাপারে যা ঘটে তা সকলেই জানেন। ছাত্র ভর্তির কথা কি আর বলবো যুক্তফ্রন্ট সরকারের আমলে ছাত্র ভর্তির জন্য যে নীতি নির্ধারণ ক'রে দেওয়া হ'ল, যাতে মেধাবী ছাত্ররা সুযোগ পাবে—সেই ১৯৭১ সালের সেই নীতি পালটে দিয়ে এখন সুযোগ পাচ্ছে পিরিতের বন্ধুদের ছেলেরা, আমলাতন্ত্রের ছেলেরা। লজ্জার কথা নয় কি—আশা করি মন্ত্রিমহাশয় তাঁর জবাবী ভাষণে এর উত্তর দেবেন। যারা সেকেন্ড ডিভিসনের ছাত্র তারা সুযোগ পেয়েছে—আর যারা ফার্স্ট ডিভিসনের ছাত্র, মেধাবী ছেলে পশ্চিমবাংলার বাহাদুর ছেলে তারা স্থান পেল না—স্থান পেল মন্ত্রিমহাশয়ের কতকগুলি পোষ্য। রুর‍্যাল

এরিয়ায় যাতে ডাক্তাররা যান তার জন্য পরিবেশ সৃষ্টি করতে হবে এই কথা উনি বলেছেন। নিশ্চয় গ্রামকে বাঁচাতে হবে। তাই যুক্তফ্রন্ট সরকার ডাক্তারদের এই সুযোগ ক'রে দিয়েছিলেন যে, যারা তিন বছর পশ্চিমবাংলার গ্রামে গিয়ে ডাক্তারী করবেন রুর‍্যাল বেঙ্গলে তাদের টিচিং পোস্টে সুযোগ দেওয়া হবে। আমরা দেখেছি যে, এই গভর্নমেন্ট আসার পর এই একাডেমিক সাইডের সুযোগ যা ছিল তা বানচাল ক'রে দিলেন এবং সেখানে নিজেদের পেটোয়া লোককে পারমিসন দেওয়া হ'ল—অথচ যারা সাত আট বছর ধ'রে কাজ করলো ঐ গ্রামবাংলায় তারা সুযোগ পেল না। তাই ডাক্তারদের মধ্যে ছাত্রদের মধ্যে তাদের মনে একটা দোদুল্যমান অবস্থার সৃষ্টি হয়েছে। এদিকে মন্ত্রিমহাশয় বলছেন, গ্রামে যে সমস্ত ডাক্তার যাবেন তাদের মানসিকতার দিক থেকে তাদের জন্য পরিবেশ সৃষ্টি করতে হবে। অথচ দেখছি কতকগুলি পিরিতের লোক যারা কোন দিন গ্রামে গেল না মন্ত্রিমহাশয়ের আশেপাশে ঘুরঘুর করতে লাগলো তারাই সেই সুযোগ পেল। শুধু ডাক্তার পাঠালেই হবে না। সেই ডাক্তাররা যাতে ভাল ক'রে চিকিৎসা করতে পারে তার জন্য ঔষধ, যন্ত্রপাতি সেগুলি যাতে যায় সেদিকে নজর দিতে হবে। তিন দিন আগে মন্ত্রিমহাশয় বললেন, টাকার অভাবে মফঃস্বল হেলথ সেন্টারগুলিকে ঘিরে দিতে পারছেন না। বাউন্ডারী ওয়াল দিতে পারছেন না। তাই বলছি, মুর্শিদাবাদ জেলার যাঁরা এম এল এ আছেন তাঁরা জানেন যে, দেবগ্রাম হেলথ সেন্টারের কি অবস্থা। আমি অনেক দিন ধরে দেখেছি যে, শুয়োর বেড়াল কুকুর হাসপাতালে ঢুকে রোগীর খাবার খেয়ে আসছে। আমাদের সাত্তার সাহেবও দেখেছেন। অবশ্য উনি বলবেন, এ সব কিছু নয়, কারণ ওনার দলই তো রাজত্ব করছেন। কিন্তু আমি বিরোধী দলে যেহেতু আছি আমাকে বলতেই হবে এই সব কথা, কারণ আমার এটা কর্তব্য। আমি প্রায় সমস্ত গ্রামাঞ্চলের হাসপাতালগুলি দেখেছি—সেখানে একটি বেড়াও দেওয়া হয় নি। নার্সরা লাঞ্ছিত হচ্ছে। ডক্তারবাবুরা ভয়ে আতঙ্কিত হয়ে থাকেন। গ্রামের এক প্রান্তে মাঠের দিকে একটি হেলথ সেন্টার, একেবারে ধু ধু মাঠ। সেখানে তারা কি ক'রে থাকবে? মাঝে মাঝে সেখানে চুরি হয়, ভয় দেখানো হয়, এই হচ্ছে আমাদের জনস্বাস্থ্যের ব্যাপার। আমি এটাকে স্বাস্থ্য দপ্তর বলব না, এর নাম পালটে অস্বাস্থ্য দপ্তর রাখা হোক। স্বাস্থ্য কোথায় রক্ষিত হচ্ছে, কার স্বাস্থ্য রক্ষিত হচ্ছে? এখন তো নবর যুগ হয়েছে, কাজেই নতুন নতুন নামকরণ করা হোক, অস্বাস্থ্য দপ্তর রাখা হোক। আজকে পুষ্টির জন্য বাংলাদেশের ছেলেরা ভালভাবে শিক্ষার সুযোগ পাচ্ছে না। স্কুল কলেজের ছেলে-মেয়েরা আজকে টি বি-তে আক্রান্ত হয়েছে দেখা যাচ্ছে। আজকাল টি বি রোগ বেশী পরিমাণে ছাত্রের মধ্যে দেখা দিচ্ছে। এই রকম যখন অবস্থা সৃষ্টি হয়েছে তখন এর নাম পরিবর্তন ক'রে অস্বাস্থ্য দপ্তর রাখলে ভাল হয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শুধু কি তাই, আজকে প্রমোশনের দিকটা একটুখানি তাকিয়ে দেখুন। হেলথ সেন্টারের সঙ্গে যে সমস্ত সরকারী কর্মচারী নিযুক্ত আছে তাদের প্রমোশনের ব্যাপার নিয়ে কি রকম ব্যবহার করা হচ্ছে—আমরা দেখেছি পশ্চিম দিনাজপুরের গোয়ালপাড়ার একটি লোককে নোটিস দেওয়া হ'ল না, তাকে একেবারে বরখাস্ত করা হ'ল নেগলিজেন্সি অব ডিউটি এই ব'লে। এটা কি গণতন্ত্র? আজকে তারা যেহেতু অন্য ইউনিয়ন করেন সেই জন্য তাদেরকে ট্রান্সফার করা হচ্ছে। গণতন্ত্র ট্রেড ইউনিয়ন করার অধিকার দিয়েছে, সে আপনার দলেরই হোক, আর আমাদের দলেরই হোক, সে যে-কোন দলের লোক হতে পারে, কিন্তু নতুন ক'রে নানা পরিকল্পনা মাফিক নানান জায়গায় আজকে ট্রান্সফার করা হচ্ছে। আমরা কুচবিহার, ওয়েস্ট দিনাজপুরে দেখেছি যে, কিভাবে সেখানে ট্রান্সফার ক'রে দেওয়া হচ্ছে কোন সুযোগ না দিয়ে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শুধু কি তাই, এই মন্ত্রিসভা থেকে তো এই কথা ঘোষণা করা হ'ল না যে, গ্রামাঞ্চলের মানুষ হাসপাতাল করবার জন্য যে সমস্ত ১৫/১৬/১৭ হাজার টাকা ক'রে জমা দিয়েছিলেন সেখানে হাসপাতাল হবে। তারা ডাক্তার বিধানচন্দ্র রায়ের আমলে ১৯৪৯ সালের ১৬ই ডিসেম্বর তারিখে একটি মেমোরানডাম দিয়েছিলেন এবং সেই মেমো নং হচ্ছে ৭৭১১৪৪ এবং বি সি রায়ের নিকট আওরাঙ্গাবাদ থেকে আরো ১৫ হাজার টাকা মৃণালিনী মাতৃ শিশুসদনের জন্য জমা দিয়েছিলেন। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয়, সেই শিশুসদনের দরজা আজ পর্যন্ত খোলে নি। আমি আপনাকে বলতে পারি আওরঙ্গাবাদের মানুষ না খেয়ে না দেয়ে একদিন চাঁদা তুলে যে সমস্ত টাকা দিয়েছিলেন সেখানে কিন্তু হাসপাতাল হ'ল না। হাসপাতাল হ'ল কোথায়? ঐ মন্ত্রিসভার ইয়ে লোকেদের জায়গায় হ'ল। সেখানে ব্যাপকভাবে লোকে যক্ষ্মারোগে আক্রান্ত

হবে না কেন? ঐ হেঁ, হেঁ, হেঁ লোকেদের জায়গাতেই তো হবে। বাঃ বাঃ বাঃ কি চমৎকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার হঠাৎ ডি এল রায়ের সাজাহান নাটকের কথাটি মনে প'ড়ে গেল। মাননীয় মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন, আমার নিজের বিরুদ্ধে যে কথা বলবে, তাদের ঐভাবে আঘাত দিতে হবে। যেন আওরংগজেব বলছেন—মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তা হ'লে আমাকে যশোবন্ত সিং-এর ডায়ালগ বলতে হয়, "তোমার ঐ রক্ত চক্ষুকে আমরা ভয় করি না, ভয় করে ঐদিকে যারা বসে আছেন তারা"। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের বলা হ'ল বর্ণচোরা, বারি সাহেব বললেন, বর্ণচোরা। অদ্ভুত সালিশের লোক, মুখ্যমন্ত্রীকে সন্তুষ্ট করার জন্য আমাদের এই কথা বললেন। তা আমি বারি সাহেবকে বলি, ঐ মুখ্যমন্ত্রী বর্ণচোরার দিকে একটু তাকিয়ে দেখুন কি করেছেন তিনি।

[5-20—5-30 p.m.]

আজকে যুক্তফ্রন্টের সময়ের জ্যোতিবাবুর কথা বলা হয়, জ্যোতিবাবুকে নিয়ে শহিদ মিনারে মিটিং করা হয়। সিদ্ধার্থবাবু কোথায় ছিলেন? আমরা হচ্ছি বর্ণচোরা? আর উনি বিধান রায় থেকে সরে এসে, প্রফুল্লবাবু থেকে সরে এসে, জ্যোতিবাবু থেকে সরে এসে আজকে কোন্ দিকে এলেন, ইন্দিরা গান্ধীর দিকে—নব কংগ্রেসের দিকে, তা হ'লে কে বর্ণচোরা? আমরা আর এস পি দল ছোট দল হ'তে পারি, কিন্তু আমরা গর্ব ক'রে বলতে পারি—কেরালা পার্টির কথা বলেছেন, কেরালা পার্টিকে আমরা সাসপেন্ড করেছি, কংগ্রেসের সংগে, সি পি আই-এর সংগে আঁতাত করেছিল ব'লে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পরিবার পরিকল্পনার কথা বলতে গেলে বলতে হয় সে আর এক ব্যাপার। আমি দেখেছি, পরিমল রায় মুর্শিদাবাদ জেলার একজন কর্মচারী ইলেকট্রিসিটি ডিপার্টমেন্টে কাজ করতেন এবং তাঁর স্ত্রী ফ্যামিলি প্ল্যানিং-এ কাজ করতেন, পরিবার পরিকল্পনার সুযোগ নেবার জন্য বহরমপুর হাসপাতালে ভর্তি হলেন। এমন অপারেশন হ'ল, এমন ডাক্তার তার অপারেশন করলেন যে, ৬ মাস পরে তিনি নীলরতন সরকার হাসপাতালে মারা গেলেন। সেই ভদ্রলোক সি এম ও-র কাছে কান্নাকাটি ক'রে বললেন, আপনারা বলেছিলেন পরিবার পরিকল্পনা করাতে হবে, আপনাদের কথা অনুযায়ী আমার স্ত্রী সেই সুযোগ নেবার জন্য এলেন, আর তার অবস্থা কি হ'ল? স্যার, আপনাকে বলি, সেই ভদ্রলোকের দু'টি ছোট ছোট বাচ্ছা। ঐ তো কংগ্রেসেরই কাশীনাথবাবু বললেন, বাঁকুড়ার ফ্যামিলি প্ল্যানিং-এর কি অবস্থা। আমি স্যার, জানি আমাদের মুর্শিদাবাদ জেলার গরিব মানুষরা ১৮/২০/৪০ টাকার জন্য ফ্যামিলি প্ল্যানিং করাতে যায়। আর ঐ ফ্যামিলি প্ল্যানিং করাতে গিয়ে সমস্ত নার্ভ শিথিল হয়ে গিয়েছে। এসব কথা বললেই ও'রা বলেন, বাড়াবাড়ি করবেন না, দেখছেন না মন্ত্রিমহাশয় বিজ্ঞপ্তি দিয়েছেন, ছবি দিয়ে লিফলেট বার করা হয়েছে। আর মন্ত্রিমহাশয় বলেন, এসব চাপা দিয়ে রাখা হবে, পরে বার করা হবে। কিন্তু চাপা দিয়ে রাখা হবে কেন? সত্য মিথ্যা যেটা সেটা বলতে হবে তারপর যদি সাধারণ মানুষ চায় ফ্যামিলি প্ল্যানিং নিশ্চয় হবে। তারপর স্যার, কিছুদিন আগে উড়িষ্যা থেকে ডাক্তার আনার কথা মন্ত্রি-মহাশয় বললেন এবং তারপর আবার বললেন যে, না, তার দরকার হবে না। আমার কথা হ'ল, এখানে যদি পরিবেশ সৃষ্টি করা যায়, এই প্রসংগে গনি সাহেব বলেছেন, মেডিকেল অ্যাসোসিয়েশন বলেছেন, এখানকার অনেক ভাল ভাল ছাত্র আছেন যাঁরা গ্রামে যেতে পারেন। সেখানে যদি অ্যাপারেটাস থাকে, রোগীদের ঔষধ দেওয়া যায়, তাঁদের জন্য পরিবেশ সৃষ্টি করা যায়, নিশ্চয় তাঁরা যাবেন। তবে তাঁদের জন্য ৩/৪ বছর পরে যে সুযোগ দেবার কথা মন্ত্রিমহাশয় বলেছেন সেটা যেন তাঁরা পান। এই প্রসংগে আমাকেই দু'-চারজন ডাক্তার বলেছেন, দেখবেন, গ্রামাঞ্চলে যেন প'ড়ে না থাকি, খালি মন্ত্রিমহাশয়ের হেঁ হেঁ লোকেরা যেন সুযোগ না পান। কাজেই এই দিকে মন্ত্রিমহাশয়কে দৃষ্টি দিতে হবে। তারপর স্যার, আর একটা কথা বলতে চাই, শিলিগুড়ি হাসপাতালে দেখেছি একটাও এক্স-রে মেশিন নেই, অথচ আমরা দেখেছি ঐ লবণ হ্রদের হাসপাতালে যেখানে আউটডোরে লোকে অ্যাটেন্ড করে কি না করে তার ঠিক নেই, সেখানে একটা বড় রকমের এক্স-রে মেশিন বসানো হয়েছে।

আজকে তাদের বলবো গ্রামের দিকে তাকাতে, গ্রামের ভাল করতে। তারা হঠকারিতার কথা বলছেন। এখানে যারা কংগ্রেসের বিরোধী দলের সদস্য আছেন তারা বলবেন কিনা জানি না, কারণ বললে তারা থাকবেন কি থাকবেন না এসবের প্রশ্ন আছে। কিন্তু আমি বলবো, আমি গ্রামের মানুষের কথা বলতে এসেছি এই সভায়। কাজেই আমি বলতে চাই, এই দিকে নজর রাখতে হবে এবং নজর রেখে যাতে স্বাস্থ্য দপ্তর সেইভাবে চলে। কি পরিচালনার ক্ষেত্রে কি ছাত্র ভর্তির ব্যাপারে সব দিকে নজর রেখে সেইভাবে কাজ চালিয়ে যেতে হবে। ডাক্তার গ্রামে পাঠান, কিন্তু সেই সঙ্গে সঙ্গে রোগীর পথ্যের দিকেও নজর রাখতে হবে। আজকে যেখানে যাই ওই জিনিস দেখতে পাচ্ছি। গোটা ইউনিভার্সিটিতে আংশিক ভাবে ৬৩ হাজার ছেলে আজকে অপুষ্টি রোগে জড়িত। মাননীয় মুখ্যমন্ত্রী বললেন, দমদমে—কিন্তু মুর্শিদাবাদ জেলায় আজকে খাদ্য হিসাবে খেসারির ডাল খেয়ে ১৮ জন লোক মারা গেছে। আজকে চাষীদের অবস্থা কোথায় গিয়ে দাঁড়িয়েছে? শুধু তাই নয়, আমি জানি নওদা কনস্টিটিউয়েন্সি, জলঙ্গী কনস্টিটিউয়েন্সি ইত্যাদি জায়গায় আজকে খাদ্যের অভাবে মানুষ কি দুরবস্থার মধ্যে বাস করছে। কাজেই এই দিকে দৃষ্টি রাখতে হবে। শুধু কি টি বি রোগ হচ্ছে? আজকে দেখা যাচ্ছে দাঁতের রোগ, চোখের রোগ, সেটাও ঐ অপুষ্টিজনিত হচ্ছে, সেজন্য বলছি এদিকে বিশেষ নজর দেওয়া একান্ত দরকার। বেশী ব'লে লাভ নেই, যেটুকু বলেছি তাতে যদি কানে যায় যাবে। এই কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে একটি ঘটনার প্রতি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে কয়েক হাজার প্রাথমিক শিক্ষক বঙ্গীয় প্রাথমিক শিক্ষক সমিতির নেতৃত্বে এখানে এসেছেন তাদের বিভিন্ন দাবিদাওয়া পেশ করতে। তারা আজকে এসপ্লানেড ইস্ট-এ ২৪ ঘণ্টার জন্য অবস্থান করবেন। মাননীয় শিক্ষা-মন্ত্রী মহাশয় হাউসে আছেন, আপনার মাধ্যমে তাঁকে অনুরোধ করছি তিনি যেন তাদের সঙ্গে দেখা ক'রে এই প্রাথমিক শিক্ষকদের ব্যাপারে অন্তত আশ্বাস দেন।

Dr. A. M. O. Ghani: Mr. Deputy Speaker, Sir, before starting my discussion on the budget I beg to state that I was rather surprised by the remarks of my friend here on this side. I was reminded of a very interesting incident during the U.F. period, the most unprecedented strike in the National Medical College Hospital by all classes of workers. It was smashed by Shri Nani Bhattacharyya with the help of C.P.M. black legs. There was another incident, Sir. It was about Cocacola workers' stay-in-strike which was drowned in blood by Shri Jyoti Basu's police.

Now, Sir, I am entering the real discussion. Prior to the main discussion I would like, Sir, with your permission to bring to the notice of the Hon'ble Health Minister the unwholesome and almost inedible rice distributed through the Government ration shops to card-holders. It is as much a health problem as a food problem, a problem of malnutrition. In fact it is a health hazard like the Milo imported from U.S.A. adulterated with Dhutura or the wheat imported from the same country which was condemned in its own country as unfit for human consumption and used as cattle fodder, was considered fit for the Indians. This is all the strange when we find good, bad or indifferent rice sold by smugglers openly on the streets of Calcutta. While discussing the Health budget as I see it at a glance, I find that the total demand is Rs. 44 crores 20 lakhs 85 thousand under the heads "Medical". "Public Health" and "Family Planning". This is about five times the Budget of 1957 when I first came to this House. You were also here at that time. This increase is for two reasons, (1) the general price rise and

(2) wide expansion of health services in general, which latter is very welcome. I congratulate the Hon'ble Health Minister for the prompt and vigorous manner in which he faced up to the menace of smallpox epidemic this year. I hope he will show the same agility before the coming Cholera epidemic with the advent of the summer season and in proper time. But what about the dry vaccine lymph? There has been a shortfall in its supply by at least 50 per cent. during the last two months when mass inoculation should have

[5-30—5-40 p.m.]

been initiated. The delay was costly. This is because we have to depend upon its supply from the King Institute, Madras, from the Institute of Preventive Medicine, Hyderabad and from similar Institutions of Patuadanga in Uttar Pradesh. Calcutta has been deprived of a dry-lumph producing unit as scheduled for the Eastern Zone. A German firm agreed to supply us the necessary machinery of the value of Rs. 1,50,000 in rupee exchange. A reputed Indian firm offered the same at the cost of Rs. 50,000 only. Although the cost of importing from other States and cold storing these vaccines here is higher than the cost of their manufacture and although the 100 years old Bengal Vaccine Institute at 2 Convent Lane, Entally, Calcutta-15, is prepared to undertake the manufacture, the proposal was turned down. This old Calcutta Institute used to produce the liquid vaccine lymph enough for the whole of Bengal, in addition to Calcutta Corporation's production to meet the needs of Calcutta. Unfortunately for some mysterious reasons this liquid lymph production has been banned since May, 1972 by the Government. Both the varieties of lymphs are known to be equally efficacious and they are both used in advanced Western countries, the liquid variety being preferred for primary vaccination as the safer. Besides this earned a revenue of about Rs. 1 lakh a year by selling it to such buyers as the Railways, Jute and Textile mills, other industrial units, Tea gardens, military installations, Bhutan, Sikkim and other open markets in and about the province. This was also a source of employment to local youths. At the same time it was more economical than the freeze-dried variety, as it could be utilised for interrupted vaccinations to different groups of people on different dates unlike the dry variety the unused part of which has to be thrown away.

Sir, I welcome the Hon'ble Minister's promise of 3,300 more hospital beds and 190 more Health Centres during the year, as also his project of electrification of all Health Centres within a radius of 3 Kms from the power transmission lines. I also welcome a substantial increase in the grant for establishment of State Medical Research Council. This will encourage higher studies and specialised research.

The present Health Ministry is fortunate in having the C.M.D.A. schemes to undertake mass construction of sanitary latrines, sewers, drains, deep tube-wells, water-points, water-mains, roads and light points. Still I find in my constituency large spans of Bustee area are without any proper drainage, particularly Gobra Goresthan area, Tiljala Tapsia area and near Park Circus—

the Kasia Bagan Bustee area and even such a main road as Beck Bagan Row before Lower Range and Karaya Road remain flooded with overflow from drains even during the dry season. The water-supply is also in a critical state. The tube-wells either do not function or functions only for a few months. These are not conducive to health in the city apart from non-clearance of garbage. I also welcome the proposal to set up 50-bedded camps for eye-operation in each of the 321 Thanas of the State outside Calcutta. This is very good. But who are going to man these camps? Qualified doctors, eye-surgeons or quacks? I say this because I know that the Hon'ble Health Minister has a liberal and open mind as a layman about the systems of medicine existing in our country. I welcome the proposed Bill to make Rural Health Service obligatory. But, please do not send raw medical graduates to distant villages all alone to preside over the life and death of poor villagers without adequate supply of medicines and equipment, and without a chance of consultation with senior doctors when confronted with serious medical or surgical complications. This is what makes rural health service a night-mare for such young doctors. Instead of realising and relieving his very real and bonafide fears, anxieties and difficulties he is made a convenient scapegoat and a target of condemnation by all and even of physical assaults.

No health programme can suceed without full and wholehearted co-operation and participation of an appreciated medical profession. The correct tactics would have been more and more involvement of the entire medical profession in the health programme of the State as in Uttar Pradesh, rather than antagonisation. Doctors serving in the rural area should be periodically and regularly transferred to urban areas. We have examples of doctors condemned to continuous rural service or rather servitudes for 8 to 20 years. On the other hand there are more fortunate and priviledged doctors who enjoyed the services in and around Calcutta for similar period.

A doctor should not be given a promotion or a teaching post or opportunities for higher studies here and abroad unless he has completed three years of continuous rural health service. What really happens is that rural Government doctors stagnates in the village, neglected, with no one to do string pulling for him at Writers' Buildings to rescue him from the village. And yet it has been made to appear that the entire effort of the Government for rural health service founders on the rock of doctors' reluctance to go to villages as he is too fascinated by urban luxuries. "This is the most unkindest out of all".

The facts are that only 77 out of over 800 Health Centres are without doctors. The All-India urban rural doctor distribution ratio is 67:33. In West Bengal it is just the opposite, i.e., 33 urban to 67 rural doctors. Does it show that West Bengal doctors do not want to go to the villages? Besides, West Bengal Health Service Association with a membership of about 1,000 out of the total of about 4,000 Government doctors have denied this allegation. In their statement they have welcomed the proposed Bill to make rural health service compulsory, The recent joint statement of our Health Minister and

the President of West Bengal I.M.A., Dr. J. Majumdar, is welcome, that the call to serve in the rural areas now appear to have received a satisfactory response. This supports my contention. The earlier fault was perhaps is the approach.

What is the remedy. Sir, I would request our Government to be little more introspective, a little self-criticism to remove certain defects in the organisation of the Health Services. I point out a few examples.

Attendance in Health Centres—200 to 400 a day—Doctors—one only. It is impossible to attend to so many properly.

√ Pilferage of medicine—certain valuable supplies from Calcutta never reach some of the health centres. They go to the blackmarket.

√ Over-crowding in hospitals—400 to 500 patients where 250 beds provided Two patients occupying one bed. Patients sleeping on the floor—are not rare.

√ Common medicines like Sodi-bicarb, Tr. Iodine, Sulphur ointment, etc., not available in some health centres for months.

√ Sealdah E.S.I. Hospital—Pathological specimens examined daily—93. Pathologist—only one. No casualty department or staff. No Resident Surgeon or Physician. This is also an impossible situation.

√ Rudranagar Health Centre in Rampurhat totally neglected. It is the oldest primary health centre in the district. This is predominently Muslim area of Birbhum. There are other neglected centres too in other districts.

Grave allegation of corruption, nepotism, defalcation of fellowship money awarded by Indian Council of Medical Research to a junior research worker to Dr. R. N. Banerjee against Dr. D. P. Basu, Professor Director of Cardiology, Department of S.S.K.M. Hospital, also of gross neglect of official duty and pre-occupation with his own lucrative private practice. This calls for serious enquiry, if it is found true, necessary steps must be taken. Then there is another very important question, as already referred to, by the Minister I mean is the problem of T.B. A recent World Health Organisation Survey has shown that about two million of a population of 550 million in India suffer from active, serious and infective T.B. Ninety per cent. of them could be rendered non-infective in a fortnight, and cured in a year of intensive treatment. Eighty per cent. of the population could be protected by B.C.G. inoculation. What is the Government's achievement in this matter? West Bengal's contribution to pioneering work in the study and control of T.B. is unique, but little known to us. After a national survey, conducted under the Chairmanship of Dr. P. K. Sen, our renowned T.B. Specialist of world reputation, the Central Government adopted a T.B. Control Programme based on district centres, convey mostly the rural areas for the incidence of T.B. in both urban and rural areas is more or less the same nowadays. Out of two million serious cases in India about seven to eight lakhs needed

immediate hospitalisation. This is simply impossible at present considering the number of T.B. beds available, in our country. Hence, the stress on clinic based domicilliary treatment. But irregular and uncontrolled use of modern specific drugs can cause drug resistance. This must be taken serious note of, otherwise all the money spent for T.B. control will have become a colossal waste. In this respect we must recognise the invaluable service given by such non-official organisations as Bengal Tuberculosis Association, Niramoy, T. B. Relief Association and Social Welfare Organisation's Chest Clinics.

Family Planning still remains a neglected subject, though a separate head for grant in the Medical Budget is created for the last three years. A vigorous family planning campaign is needed not only for the health of the mother, or family economy or care of children, but as an urgent step to forestall population explosion on a world scale. Population of the world has grown by 50 per cent. between 1800 and 1900. It is likely to grow four times between 1900 and 2000. At this rate in 600 years, there will be no space left for man to lie down. Even food production cannot keep space with such fantastic rise of population. A judicious and acceptable method of family planning has to be pressed into the choice of the individual, including

[5-40—5-50 p.m.]

Nirodh, Vasectomy, oral contraceptive, even abortion as decisive example of Japan has proved. No dogma or few should intervene. But all these and all preventive measures against infectious diseases and epidemics are bound to fail, if unscientific methods of treatment are directly or indirectly recognised and encouraged even with budgetary sanction of Rs. 13,25,000 and Rs. 6,35,000 for their maintenance and development. Such sheer waste is not done in any other advanced State of the world. This system of medicines have no place for vaccination, inoculation, pure water supply, segregation, disinfection, etc. The germ and infection theory does not exist in them. They have no Surgery, Gynaecology or Radiology, no Opthalmology no Epidemiology. You can have either science or quacking. There can be no compromise between the two. Any compromise will only confuse the people and frustrate all health programmes. It will be included by a cruel saddism to present modern science to the urban rich and condemn the poor illiterate villagers to the tender mercies of quack. For this reason the Central Rural Health Scheme has been opposed by the I.M.A. and All India Medical Students' Association on 7th March 1973 in Delhi. Under this National Scheme rural medical personnel will be recruited from those practising indigenous medical science, like Ayurvedic or Unani and Homoeopathy.

If this is done, it will be a stupendous calamity for the people and for future generations. However, the Health Minister's announcement at the Third Medical Conference of the Bengal Medical Association at Andul yesterday is certainly reassuring.

I may conclude with an appeal which I have got and which I shall hand over to the Hon'ble Minister, to take over the administration of the Mohiary Lakshmi Kamal Hospital, Howrah. There is no legal bar to it now. The only living trustee Shrimati Lakshmi Priya Kundu Chowdhury is about 80 years' old, and this is her last wish to hand it over to the Government in order to save it from total demolition and for the service of the local people.

There is another still more urgent appeal. The other day the Hon'ble Minister denied all knowledge in his reply to my supplementary question but in the Hindusthan Standard of 9th March, 1973, as once before, a statement of Dr. A. K. Sen, a Council Member of the Institution, appeared purporting that the Chittaranjan Cancer Hospital and the Seva Sadan are facing immediate closure due to paucity of funds, asking the Government to take them over. These are pioneer institutions and the first of their kind in the country and deserve top priority for consideration at once, at least out of respect for the name of Deshbandhu Chittaranjan Das which is associated with them.

Sir, then there is another and final question before I conclude. There is something wrong in the affairs of the Calcutta National Medical College and Hospital. The Government had appointed two committees of enquiry—fiirst in 1970-71, a one-man enquiry committee under Justice Renupada Mukherjee and after that under Justice S. K. Sen, and another committee in 1972—a two-man enquiry committee under Dr. D. Rai Mahasay and Dr. Mahendra Sarkar. They are both reported to have submitted their reports but we are absolutely in the dark about their findings, particularly with my experience of that institution during the last three or four years of turmoil. May I request the Hon'ble Minister to enlighten us on the subject and whether we can see their reports. The Hospital and the College are situated in my constituency and so I am naturally very eager to know these things. With these words, Sir, I welcome the Health budget.

ডঃ কানাইলাল সরকারঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় যে গ্রান্ট প্লেস করেছেন এই গ্রান্টকে সমর্থন ক'রে দু'-চারটি কথা রাখতে চাই। প্রথমে অ্যাজ এ টিচার অব দি মেডিক্যাল প্রফেসান হিসাবে আমার কথা না বললে অন্যায় হবে, আজকে যে স্টেটমেন্ট উনি একটু আগে দিয়েছেন যে, কলকাতার ডাক্তাররা বাংলাদেশের গ্রামে যেতে চায় না, তার জন্য আমাদের সমস্ত চিকিৎসক এবং ছাত্রসমাজ অত্যন্ত দুঃখ এবং বেদনা পেয়েছেন। তার কারণ তাঁদের কখনও একথা মনে আসে নি যে, তাঁরা গ্রামের লোকেদের চিকিৎসা করবেন না। এই স্টেটমেন্ট আমলারা আপনাকে দিয়েছেন, কিন্তু আপনার স্টেটমেন্ট দেবার আগে একটু তলিয়ে দেখা উচিত ছিল, ডাক্তারদের ব্যথা কি এবং কেন তাঁরা গ্রামে যেতে চান না। ব্যথা দু'টো ছিল—একটা ব্যথা ছিল তাঁদের যে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হচ্ছিল সেটা অ্যাড-হক অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হচ্ছিল। অ্যাড-হক অ্যাপয়েন্টমেন্ট মানে পিওরলি টেম্পোরারি অ্যাপয়েন্টমেন্ট যার কোন সিকিউরিটি নেই, যার কোন সিনিয়রিটি নেই। তা ছাড়া তাঁরা যখন গ্রামে যাবেন তাঁদের কোন গ্যারান্টি দেওয়া হচ্ছিল না যে, কবে তাঁরা ফিরতে পারবেন, সারা জীবন হয়ত তাঁদের সেখানে কাটাতে হবে। উচ্চশিক্ষার সুযোগ তাঁরা পাবেন কিনা তার কোন বন্দোবস্ত ছিল না। ডাক্তারদের গ্রামে পাঠাবার জন্য ডাঃ বিধানচন্দ্র রায় ইনসেনটিভ দিয়েছিলেন, তিনি ডাক্তারদের অ্যাডিসনাল ২ শো টাকা ক'রে দিয়েছিলেন, সেটাকে কমিয়ে ৭৫ টাকায় নিয়ে আসা হয়েছে।

[5-50—6-00 p.m.]

কেন কমিয়ে আনা হ'ল সেটা দেখা উচিত। আমি স্বাস্থ্যমন্ত্রীকে বলব, আপনি আর একটা স্টেটমেন্ট দিয়ে যেটা বলেছেন সেটা খণ্ডন ক'রে দেবেন। আজকে যে ব্যয়বরাদ্দ প্লেস করেছেন তাকে সমর্থন ক'রে ২/১টি অবজার্ভেসন রাখতে চাই। আমার প্রথম অবজার্ভেসন হচ্ছে কোলকাতায় যে সমস্ত হাসপাতাল আছে সেগুলো ওভার-ক্রাউডেড। তা ছাড়া হাসপাতালে যে সমস্ত ডাক্তার রয়েছে সেটা রোগীর অনুপাতে কম। কাজেই আমি অনুরোধ করব, আউট-ডোরে ডাক্তারের সংখ্যা বাড়িয়ে দিন যাতে যারা সেখানে আসবে তারা ভালভাবে চিকিৎসার সুযোগ পায়। আমার দ্বিতীয় অনুরোধ হচ্ছে, আপনারা যেমন আফটারনুন পে ক্লিনিক করেছেন বা আফটারনুন পলিক্লিনিক করেছেন, ঠিক সেই রকম আফটারনুন আউটডোর করুন, না হলে সাধারণ মানুষ চিকিৎসার সুযোগ পাবে না। ধরুন একটা লোক যদি সকালবেলায় হাসপাতালে যায় এবং সেখান থেকে ফিরতে তার দেরী হয়, তা হ'লে তার কাজের অনেক অসুবিধা হয়। কিন্তু আপনারা যদি আফটারনুন আউটডোর করেন, তা হ'লে কারুর কাজের কোন ক্ষতি হবে না। কাজেই অনুরোধ করছি, এই ব্যবস্থা আপনারা করুন। তা ছাড়া আর একটা অসুবিধা যা রয়েছে সেটা হচ্ছে হাসপাতালে একটা সার্জিক্যাল কেস যদি আসে, তা হ'লে তাকে বছরের পর বছর ঘুরতে হয় ভর্তির জন্য। বেড বাড়ালেই এই সমস্যার সমাধান হবে না। আমার মনে হয়, সকালবেলায় যেমন অপারেসনের ব্যবস্থা আছে, সেই রকম বিকেলেও যদি অপারেসনের ব্যবস্থা হয়, তা হ'লে মানুষকে আমরা আরও সুবিধা দিতে পারব। মন্ত্রিমহাশয়ের কাছে আর একটা অনুরোধ রাখছি, পাবলিক সার্ভিস কমিশনে যে ১,২০০ ডাক্তার ইন্টারভিউ দিয়েছিলেন তাঁদের অ্যাপয়েন্টমেন্ট কেন দেওয়া হয় নি, সেই ব্যাপারে তিনি যেন একটা স্টেটমেন্ট দেন। মফঃস্বলের হাসপাতাল সম্বন্ধে মন্ত্রিমহাশয় অনেক কথা বলেছেন যে, হাসপাতাল অনেক বাড়িয়েছি, অনেক বাড়িঘরদোর হচ্ছে, শয্যাসংখ্যা বৃদ্ধি হচ্ছে। কিন্তু আসল জিনিস হচ্ছে ডাক্তারের সংখ্যা বাড়ান। তবে একথাও ঠিক যে, শুধু ডাক্তারের সংখ্যা বাড়ালেই হবে না, চিকিৎসার সব রকম সুযোগ আনতে হবে। ডায়মন্ডহারবার হাসপাতাল ওপেন করেছেন, কিন্তু সেখানে কোন এক্স-রে অ্যাপারেটাস পেঁছেছে ব'লে আমার জানা নেই। এর ফল কি হচ্ছে? ধরুন, আজকে যদি ডায়মন্ডহারবারে একজন লোকের হাত ভাঙ্গে, তা হ'লে তাকে কোলকাতায় আসতে হবে এবং ১০/১২ দিন ঘুরে তারপর চিকিৎসার ব্যবস্থা করতে হবে। কাজেই ডিস্ট্রিক্ট হাসপাতালগুলোকে ফুললী ইকুইপ্‌ড করা দরকার। আমাদের যে সমস্ত হেল্‌থ সেন্টার রয়েছে সেখানে ডাক্তার রাখতে হবে এবং আপনি বলেছেন, সদ্যপাশ-করা ডাক্তারদের গ্রামে পাঠাবেন। আমি বলব, এটা করবেন না। এতে দুই রকম অসুবিধা আছে। ধরুন, এখানকার একজন ডাক্তার যাঁর ফি ৬৪ টাকা বা ১২৮ টাকা তাঁর কাছে যদি কেউ যান, তা হ'লে তিনি প্রথমেই এক্স-রে, ব্লাড, ইউরিন, স্টুল ইত্যাদি নানা রকম ফিরিস্তি দেবেন ডায়গোনোসিস্‌ করবার জন্য এবং তারপর তার চিকিৎসার বন্দোবস্ত হবে। কিন্তু গ্রামে যে সদ্যপাশ-করা ডাক্তার যাবে তাঁর কাছে যদি কোন লোক চিকিৎসার জন্য আসে, তা হ'লে তাঁর কাছে এই সমস্ত ল্যাবরেটরি ফাইন্ডিংস্‌ করার কোন ব্যবস্থা নেই এবং তা ছাড়া তাঁর এই বিষয়ে তেমন কোন বিচক্ষণতাও আসে নি। কাজেই তিনি খুব অসহায় হবেন। আমার এক্ষেত্রে বক্তব্য হচ্ছে, যাঁদের গ্রামে পাঠাবেন তাদের জন্য ২ বছরের একটা ট্রেনিং-এর ব্যবস্থা করুন। আমি পোস্ট-গ্রাজুয়েট ট্রেনিং-এর কথাই বলছি। প্রত্যেক ডাক্তারকে ৬ মাস সার্জিক্যাল ওয়ার্ডে, ৬ মাস মেডিকেল ওয়ার্ডে, ৬ মাস গায়নাকোলোজিতে, ৬ মাস আই ওয়ার্ডে ইনটেনসিভ ট্রেনিং দেওয়া হবে এবং তারপর তাঁদের যদি গ্রামে পাঠান, তা হ'লে তাঁরা গ্রামের লোকদের চিকিৎসার দিক থেকে সুযোগ-সুবিধা দিতে পারবে। কাজেই অনুরোধ করছি সদ্যপাশ-করা ডাক্তারদের গ্রামে পাঠাবেন না, তাদের অসহায় অবস্থায় ফেলবেন না।

দ্বিতীয় জিনিস হচ্ছে, আপনারা চিকিৎসার বন্দোবস্ত নিয়েছেন, নূতন নূতন হাসপাতাল খুলেছেন, আপনারা জানেন যে, মিউনিসিপ্যাল এরিয়াতে, আমাদের কলকাতা কর্পোরেসনে যেমন আছে, যে সমস্ত হাসপাতালগুলি আছে, আউটডোর ডিসপেন্সারী আছে, বালী মিউনি-সিপ্যালিটিতে কিছু আউটডোর ডিসপেন্সারী আছে, দমদম মিউনিসিপ্যালিটিতেও কিছু আউটডোর ডিসপেন্সারী আছে, এগুলি মিউনিসিপ্যালিটি চালায়—কিন্তু আমাদের স্বাস্থ্য

দপ্তরের কাজ হচ্ছে সমস্ত মিউনিসিপ্যালিটিতে চিকিৎসার ব্যবস্থা করা। কতকগুলি মিউনিসিপ্যালিটির দায়িত্ব আপনারা নিয়েছেন বটে—কিন্তু আসল দায়িত্ব হচ্ছে আমাদের যে চিকিৎসা কেন্দ্রগুলি আছে মুমূর্ষু অবস্থায়, তাদের অবস্থা খুবই খারাপ। তাদের চিকিৎসা করা বা ঔষধ দেবার কোন ব্যবস্থা নাই, ডাক্তারদের মাইনে দেবার কোন অবস্থা নাই। আমি আশাকরি, আপনারা যেমন আমাদের যে সমস্ত টি বি ক্লিনিকগুলি আছে সরকারের তরফ থেকে ১০ হাজার টাকা ক'রে দেন এবং ডোমিসিলিয়ারী সেন্টারের জন্য একজন ডাক্তার রেখেছেন, কিছু হেল্‌থ ভিজিটর রেখেছেন, একজন ক্লার্ক-কাম বেয়ারার রেখেছেন। আবার মহিষাদলের চেস্ট ক্লিনিকে আপনারা ২০ হাজার টাকা দেন, স্ট্র্যান্ড রোড ক্লিনিকের জন্য আপনারা ২০ হাজার টাকা দেন। আমি বলি সেই রকম প্রত্যেক মিউনিসিপ্যালিটিতে যে হাসপাতালগুলি আছে, যেগুলিকে আপনারা কিছুটা সাহায্য করেন সেই সাহায্য নিয়েও তারা পারে না। সেগুলি আপনারা নিয়ে নিন। তা হ'লে আমার মনে হয় চিকিৎসার সুবিধা হবে। তা হ'লে সাধারণ মানুষ আরও সুবিধা পাবে। এছাড়া প্রিভেনটিভ মেডিসিনের কথা আছে। প্রিভেনটিভ মেডিসিনের মস্ত বড় লজ্জার কথা, সেটা হচ্ছে স্মলপক্সের ক্ষেত্রে। আজকে স্মলপক্স পশ্চিমবাংলার ক্ষেত্রে মহামারী রূপে এসে গেছে। আমরা জানি, আড়াইশো বছর আগে যেদিন স্মলপক্স ভ্যাকসিনেসন প্রথম আবিষ্কার হয় তখন সারা পৃথিবীর লোক মনে করেছিল যে, স্মলপক্স সারা পৃথিবী থেকে চলে যাবে। আমরা দেখি প্রায় সারা পৃথিবী থেকে এই রোগ চলে গেছে। কিন্তু কয়েকটি দেশে এখনও রয়েছে। তার মধ্যে একটা হচ্ছে অভাগা ভারতবর্ষ আর একটা হচ্ছে পাকিস্তান, আর একটা হচ্ছে নেপাল আর একটা হচ্ছে ফিলিপাইন। অনেক অনুন্নত দেশ যেমন ধরুন ঘানা, নাইজেরিয়া—এই সব জায়গা থেকেও স্মলপক্স ইর়াডিকেট হয়ে গেছে। তাই আমি আপনাকে অনুরোধ করবো, স্পীকার মহাশয়ের মাধ্যমে যে, স্মলপক্স দেশ থেকে ইরাডিকেট করুন—তা হ'লে ভারতবর্ষের কলঙ্ক আমরা নিশ্চয় মিটিয়ে দিতে পারবো। তা ছাড়া আরও কতকগুলি রোগ আছে যেগুলি ইরাডিকেট করা দরকার যেমন ডিপথিরিয়া, হুপিংকাপ, টিটেনাস। এগুলির প্রতিষেধক পাওয়া যায়, ট্রিবল অ্যান্টিজেনের মাধ্যমে। কিন্তু আমাদের পশ্চিমবঙ্গ স্বাস্থ্য দপ্তর থেকে যথেষ্ট পরিমাণ ট্রিবল অ্যান্টিজেন সরবরাহ করছেন না ব'লে ট্রিবল অ্যান্টিজেনের কাজ ব্যাহত হচ্ছে। তাই মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাবো যে, যাতে ট্রিবল অ্যান্টিজেন সরবরাহ হয় তার উপযুক্ত ব্যবস্থা করার জন্য। তারপর ইরাডিকেসন অব টিউবারকুলোসিস। এটা দূর করা শক্ত ব্যাপার। কারণ এটা সোসিও-ইকনমিক কন্ডিসন লোকে ভাল খাওয়া-দাওয়া করবে, ভালভাবে থাকবে, তবে যক্ষ্মারোগ নিবারণ হতে পারে। এছাড়া আমাদের স্বাস্থ্যে বলে যে, যক্ষ্মা রোগকে সারাতে পারি কি ক'রে —যদি আমরা ১৮ মাস কন্টিনিউয়াসলি উইদাউট স্টপেজ নূতন কেসকে তিনটি ড্রাগ দিই—স্টেপটোমায়াসিন, আইসোনেক্স, প্যাস—এই দিয়ে আমরা চিকিৎসা করতে পারি, তা হ'লে আমরা ইরাডিকেট করতে পারি। আমাদের ডোমিসিলিয়ারী ট্রিটমেন্ট-এর বন্দোবস্ত করতে হবে। এক গাদা হাসপাতাল ক'রে বেশী লাভ করতে পারবো না। কেন না হাসপাতালে যে চিকিৎসার সুখসুবিধা তাতে সিগারিগেসন অব টি বি পেসেন্টস বা অপারেসন প্রসিডিওর যে হাসপাতালে করা হয় তার সুযোগসুবিধা এবং টি বি বেডের সুযোগসুবিধা যারা নিতে পারে তারাই শুধু পায়। সেইজন্য আমরা চাই ডোমিসিলিয়ারী ট্রিটমেন্ট এবং চেস্ট ক্লিনিক অ্যাকটিভিটিজকে আরও বাড়াতে হবে যাতে তারা ভালভবে ঔষধগুলি পুরোপুরি পেতে পারে এবং সেজন্য সবচেয়ে বড় জিনিস হচ্ছে হোম ভিজিটার রাখতে হবে এবং যেগুলি নূতন আসবে সেগুলি ফলোআপ করতে হবে। এই কয়েকটি কথা ব'লে মন্ত্রিমহাশয়ের ব্যয়বরাদ্দের দাবি সমর্থন ক'রে আমার বক্তব্য শেষ করছি।

[6-00—6-10 p.m.]

শ্রীগৌতম চক্রবর্তী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় স্বাস্থ্য খাতে যে ব্যয়বরাদ্দ এনেছেন, তাকে সমর্থন করছি। সমর্থন করছি এই কারণে যে, তিনি ব্যয়বরাদ্দের মধ্যে বলেছেন, বিভিন্ন হাসপাতালে বেডের সংখ্যা বাড়ান হচ্ছে, কোথাও বা আরও বেশী ক'রে নার্সদের নূতনভাবে শিক্ষা যাতে দেওয়া যায় তার ব্যবস্থা করা হচ্ছে। তিনি বলেছেন, গ্রামে গ্রামে যে সমস্ত পাবলিক হেল্‌থ টিউবওয়েল দ্বারা জলসরবরাহের ব্যবস্থা আছে, সেই সমস্ত

টিউবওয়েল সারান হচ্ছে এবং তার সাথে সাথে আরও নূতন কিছু টিউবওয়েল বসান হচ্ছে ইত্যাদি ইত্যাদি। সেই কারণে যে আউটলুক তিনি রেখেছেন পশ্চিমবাংলার মানুষের দিকে তাকিয়ে, সেই আউটলুক সত্যই প্রশংসনীয়। কিন্তু একটা জিনিস দেখে আশ্চর্য হয়েছি। আশ্চর্য হয়ে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই, তিনি যে গাড়ি চড়েন, তাতে শুধুমাত্র পেট্রোল দেন, আর মোবিল এবং গ্রীজ না দেন, সে গাড়িটা সত্যিকারের রাস্তায় চলতে পারে কি? তিনি বলেছেন বিভিন্ন হাসপাতালের উন্নতিকল্পে সেখানে বেডের সংখ্যা বাড়াচ্ছেন, দরকার হ'লে ডাক্তারের সংখ্যা বাড়াচ্ছেন। কিন্তু যাদের দিয়ে সেই রোগীদের শুশ্রূষা করা হবে, তাদের সম্বন্ধে কিন্তু একটা কথাও বললেন না। আমি জানি, পশ্চিমবঙ্গের সরকার অত্যন্ত গরিব সরকার, যে সমস্ত ৪র্থ শ্রেণীর কর্মচারী আছে, ৩য় শ্রেণীর কর্মচারী আছেন, হঠাৎ ক'রে তাদের মাইনে বাড়িয়ে দেওয়া যায় না। কিন্তু যে সমস্ত কাজগুলি করতে একটি পয়সাও খরচ হয় না, সেগুলি তো করা যায়। শুধুমাত্র আমলাদের হাত দিয়ে ৪র্থ শ্রেণীর এবং ৩য় শ্রেণীর কর্মচারীদের অবহেলা করেছে, তাদের ন্যায্য পাওনা থেকে বঞ্চিত করেছে, তাদের সত্যিকার যে সমস্ত দাবিদাওয়া তা থেকে বঞ্চিত করেছে, এই কথাটা যদি আমলাদের বুঝিয়ে দেন, আমার মনে হয়, অনেকটা সুরাহা হবে। আমরা লক্ষ্য করছি, বিভিন্ন হাসপাতালে ২০/২২ বছর ধ'রে কাজ করছে, তাদের ট্রান্সফার হচ্ছে না, অথচ ৩/৪ কি ৫ বছর একটি হাসপাতালে নিযুক্ত আছে, তার ট্রান্সফার করা হচ্ছে। অদ্ভুত ব্যাপার। সেখানে একটা নির্দিষ্ট কর্মপন্থা যদি স্থির করা হয় যে, অমুক লোককে ২০ বছর সার্ভিস রাখার পর ট্রান্সফার করা হবে, অমুককে যিনি ১৫ বছর সার্ভিস রেখেছেন তাকে ট্রান্সফার করা হবে, এই ধরনের যদি একটা নির্দিষ্ট কর্মপন্থা ঠিক করা হয়, তিনি যে স্বপ্ন দেখছেন, সেটা সফল হতে পারে। তিনি বলেছেন, পশ্চিমবাংলার শিশুরা যাতে সুস্থ স্বাস্থ্যের অধিকারী হয় তার ব্যবস্থা সর্বাগ্রে করবেন। কিন্তু সেই শিশুদের স্বাস্থ্যকে সুস্থ করতে হ'লে, মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর স্বপ্নকে সার্থক করতে, যাদের দিয়ে সার্থক করাবেন, তাদের কথা কিন্তু তিনি বলেন নি। শুধুমাত্র ৩য় শ্রেণীর কর্মচারীই নয়, এমন হাসপাতাল আছে, পি জি-এর মত বিরাট বিরাট হাসপাতালে ডঃ ডি পি বড়ুয়ার মত বিরাট একজন ডাক্তার আছেন, এবং শুধুমাত্র পি জি হাসপাতালেই নয়' সারা পশ্চিমবাংলায় এমন বহু বড় বড় হাসপাতাল আছে, যেখানে তাঁর মত বিরাট ডাক্তাররা সময়মত ডিউটি দেন না, নির্দিষ্ট সময়ে যাতে সেবাশুশ্রূষার ব্যবস্থা হয়, সেই ব্যবস্থা অবলম্বন করেন না। পি জি-এর মত বাংলাদেশে এমন বহু হাসপাতাল আছে যেখানে অরাজকতা চলছে। জায়গায় জায়গায় তিনি নিজে গিয়েছেন, কোথাও কোথাও ৩য় এবং ৪র্থ শ্রেণীর কর্মচারী অন্যায় করেছে, ভুল করেছে, কোথাও বা চুরি করেছে, নিজের পেটের দায়ে, কিন্তু কোথাও কোথাও ডাক্তারও আছেন, যারা অনেক বেশী শিক্ষালাভ ক'রেও সত্যিকারের ডিউটি করেন না।

আর একটা কথা বলতে চাই, সার্ভিস রুলে এটা দেওয়া প্রয়োজন—যদি ঠিকমত ডিউটি না করে, না আসে তার পানিশমেন্ট হিসাবে ট্রান্সফার করা হবে, ঠিক সময়ে কাজ করতে না আসে সাসপেন্ড করা হবে। আমি শুনেছিলাম, কোন কর্মচারী যদি ঠিক সময়ে ডিউটিতে না আসে তাকে সাসপেন্ড করা উচিত, ট্রান্সফার করা উচিত। কিন্তু সার্ভিস রুলে এটাও আছে ২০/২৫ বছর ধ'রে যাঁরা স্বাস্থ্য দপ্তরের সঙ্গে জড়িত থাকলেন, যাঁরা দেশকে সার্ভিস দিয়ে গেলেন, তারপর যখন তিনি রিটায়ার করলেন—তখন কি সেই বৃদ্ধ ভদ্রলোকের গ্রাচুইটির পাওনা টাকা ইমিডিয়েটলি মিটিয়ে দেওয়া দরকার নয়? এতদিন দীর্ঘদিন তিনি লক্ষ লক্ষ রোগীর সেবা-শুশ্রূষা করলেন, তাঁকে কেওড়াতলা শ্মশানঘাটে নিয়ে যাওয়া পর্যন্তও তিনি তাঁর পেনসনের টাকা পেলেন না! এই রকম অন্যায় অত্যাচার স্বাধীন ভারতবর্ষে আর কতদিন চলবে? দিনের পর দিন তিনি কান্ট্রিকে সার্ভিস দিয়ে গেলেন—অথচ জীবিত অবস্থায় তিনি পেনসনের টাকাটা পেলেন না! এই রকম অন্যায়-অবিচার আর কতদিন চলতে পারে?

আমি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে জানাতে চাই, আপনি তো বড় হাসপাতালে গিয়ে বলেন, এসো, আমার তৃতীয় শ্রেণীর কর্মচারী ভাই, এসো, আমার চতুর্থ শ্রেণীর কর্মচারী ভাই, হাসপাতালে দুর্নীতি রোধ করতে হবে, চুরি বন্ধ করতে হবে। এই কথা বলার সাথে সাথে আপনি সেই হাসপাতাল কর্মচারীদের সম্বন্ধে একটি কথাও বলেন নি! শুধু আপনি তাদের কাছ থেকে আপনার পাওনা আদায় ক'রে নেবেন, আর তার বিনিময়ে তাদের কিছু

দেবেন না? এর পরে আবার হাসপাতালে গিয়ে যখন তৃতীয় শ্রেণী ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের কাছে আবেদন করবেন, তখন আপনার লজ্জা লাগবে না? আবার কোন্ মুখে তাঁদের কাছে গিয়ে বলবেন, এসো ভাইসব, আমরা হাসপাতালের উন্নতি করি, দুর্নীতি দূর করি, হাসপাতালের রোগীদের মঙ্গল করি?

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি, কিছুদিন আগে পি জি হাসপাতালে ধর্মঘট হয়েছিল। সেই সম্পর্কে আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীকে আমার আন্তরিক শুভেচ্ছা জানাচ্ছি। সেই পি জি হাসপাতালে যেদিন ধর্মঘট হয়, আমি স্বাস্থ্য প্রকল্পের কর্মচারীদের সঙ্গে জড়িত আছি, তাদের গ্রাহ্য সব দাবি-দাওয়ার ভিত্তিতে তাদের দাবির পাশে, আন্দোলনের পাশে আমি দাঁড়াই. সেই পি জি হাসপাতালের একজন চতুর্থ শ্রেণীর কর্মচারীর ট্রান্সফারের ব্যাপার নিয়ে কয়েকজন লীডার হাসপাতালের দরজা বন্ধ ক'রে দেন। আপনার মুখে শোনা পি জি হাসপাতালের দরজা যদি বন্ধ হয়, মুমূর্ষু রোগী যদি চিকিৎসার সুযোগ না পায় চতুর্থ শ্রেণীর এক কর্মচারীর অন্যায়ের জন্য—আমি তাকে ট্রান্সফার করবো; দরকার হ'লে আমি মন্ত্রিত্ব পদ থেকে রেজিগনেশন দেব। সেদিন আপনি যে বোল্ডনেস দেখিয়েছিলেন তার জন্য আপনাকে ভাল লাগে। আপনার বোল্ডনেসকে স্বাগত জানাই। তার সাথে আজকে যে সুন্দর চিত্র আমাদের সামনে তুলে ধরলেন. পশ্চিমবঙ্গের শিশুদের তিনি সুস্থ সবল ক'রে গ'ড়ে তুলবেন। এই শিশুদের যদি সুস্থ সবল স্বাস্থ্যবান করতে হয়, তা হ'লে এই কর্মচারীদের কথা একবার তাঁকে ভাবতে হবে। তার সাথে আমার কতকগুলি সাজেসান আছে। সেই সাজেসান হচ্ছে সেখানে লক্ষ লক্ষ টাকা ব্যয় করার কোন দরকার নাই। গ্রামাঞ্চলে যে সমস্ত হাসপাতাল আছে, প্রাইমারি হেল্থ সেন্টার আছে, যে সমস্ত সাবসিডিয়ারী হেল্থ সেন্টার আছে, সেখানে ৪টি বেডের জায়গায় ৬টি কি সাতটি বেড যদি করা যায়, তা হ'লে একই ডাক্তার দিয়ে স্টাফ দিয়ে চিকিৎসা করান যাবে। কাজেই গ্রামে আর নতুন কোন সাবসিডিয়ারি হেল্থ সেন্টার বা প্রাইমারি হেল্থ সেন্টার না ক'রে যেগুলি আছে সেখানে নতুন বেড যদি বাড়ানো যায়,, তা হ'লে গ্রামের সেই সমস্ত হেল্থ সেন্টারের যারা রোগী. সেই রোগীর বিরাট প্রেসার কমে যাবে। তারা হাহাকার করতে করতে আর শহরে ছুটে আসবে না।

আর একটা কথা স্বাস্থ্যমন্ত্রীকে জানাতে চাই। আমরা দেখছি, তিনি মেডিসিনের জন্য বহু অর্থ বরাদ্দ করেছেন। বহু দিন ধ'রে গভর্নমেন্ট থেকে বিভিন্ন হাসপাতালে এই মেডিসিন দেওয়া হয়। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য করেছি, এমন বহু হাসপাতাল আছে যেখানে পর্যন্ত মেডিসিন যায় না। সেখানে এত বেশী রোগীর ভীড় হয় যে, তারা সাফিসিয়েন্ট মেডিসিন পায় না রোগীদের সাপ্লাই করা যায় না। বিভিন্ন রোগে মেডিসিনের যে ডোজ ব্যবহার করা প্রয়োজন, সেখানে ন্যূনতম ডোজ দেওয়া হয়। ফলে রোগ বীজানু না মরে আরো বেড়ে যাচ্ছে, বীজানুকে ইমিউন ক'রে দেওয়া হচ্ছে।

[6-10—6-20 p.m.]

তাই মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে জানাতে চাই যে, ঔষধ সরবরাহ যেন বাড়ান হয়।

আর একটা কথা ব'লেই আমার বক্তব্য শেষ করবো। আমাদের বিভিন্ন জায়গায় হাসপাতালে যে কন্ট্রাক্ট সিস্টেম আছে, ডায়েট দেওয়ার যে কন্ট্রাক্ট ফর্ম আছে, যে টেন্ডার ফর্ম আছে তাতে কন্ট্রাক্টররা সই করেন, কিন্তু যে ডায়েট ডিস্ট্রিবিউসন করবেন, বলেন প্রকৃতপক্ষে সে ডায়েট ডিস্ট্রিবিউসান করেন না। কতদিন পশ্চিমবঙ্গের রোগীদের নিয়ে ছিনিমিনি খেলা হবে। সেই জন্য আমার মনে হয়, ডায়েট যারা সাপ্লাই করেন সেই সমস্ত কন্ট্রাক্টারের সাথে যে সমস্ত আমলার সম্পর্ক আছে সেই সমস্ত চুরিটুরি যাতে বিলুপ্ত হয় তার জন্য ব্যবস্থা অবলম্বন করা উচিত। আমি বেশ জোরের সঙ্গে বলছি যে, আমি প্রমাণ ক'রে দেবো, আমলাদের সাথে এই সব কন্ট্রাক্টারদের যোগাযোগ রয়েছে।

সবশেষে আবার বলছি, আজকে যে বাজেট এনেছেন তাকে স্বাগত জানাচ্ছি এবং আগামী দিনে আপনার স্বপ্ন সার্থক হবে, পশ্চিমবঙ্গ সুস্থ স্বাস্থ্যের অধিকারী হবে—এই আশা ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ্। বন্দে মাতরম্।

ডাঃ ভুপেন্দ্রনাথ বিজলী ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবি উপস্থিত করেছেন আমি সর্বান্তকরণে সমর্থন করি। সমর্থন করি এইজন্য যে, বিগত বছর আমাদের যে প্রগতিশীল সরকার যে চিন্তা নিয়ে যে ভাবনা নিয়ে এগিয়ে চলেছেন তাদের সেই প্রচেষ্টাকে আন্তরিকভাবে শ্রদ্ধা জানানো ছাড়া অন্য কিছু আমার নেই। আমি বসে বসে শুনছিলাম বিরোধী দলের তিমির ভাদুড়ীর বক্তৃতা, তিনি যে বক্তব্য রেখেছেন তা শুধু বিরোধিতা করবার জন্য। এই বাজেটের মধ্যে আন্তরিকতা আছে, প্রগতিশীলতা আছে তিনি তা ভুলে গিয়ে বিরোধিতা করবার জন্যই আজকে এই বক্তব্য রেখেছেন। আমি এই বাজেটের প্রতি শ্রদ্ধা জানিয়ে কিছু কিছু বক্তব্য রাখতে চাইছি। সেটা হচ্ছে মাননীয় মন্ত্রী বাজেট বক্তৃতায় যে চিত্র তুলে ধরেছেন সেটা হ'ল শয্যা, হাসপাতালের ব্যবস্থা, ইত্যাদি। এগুলো অনেক কিছু ঠিকই, কিন্তু আমরা চাই রোগমুক্ত বাঙলা। সেইজন্য বাজেটের প্রথমেই যেটা তিনি চিন্তা করেছেন তা করতে হবে। বাঙলাদেশের মানুষের মধ্যে অগণিত যে রোগ তা ইরাডিকেট করতে হ'লে হাসপাতাল বাড়িয়ে নয়, শয্যাসংখ্যা বাড়িয়ে নয়, নীরোগ বাঙলা আমাদের চিন্তা করতে হবে এবং সেইটা ভেবে নিউট্রিসানের ব্যবস্থা করতে হবে। প্রাইমারী হেলথ সেন্টার যেটা মুদালিয়র কমিশন চিন্তা করেছেন প্রায় ১০ হাজার লোক পিছু একটা হাসপাতালের ব্যবস্থা করা, আস্তে আস্তে আমাদের জনপ্রিয় সরকার সেই টারগেটে উপস্থিত হতে চলেছেন। কিন্তু আমরা পপুলেটেড এরিয়ার কথা চিন্তা করছি, কনসেনট্রেটেড এরিয়ার কথা চিন্তা করছি, কিন্তু যেখানে লোক কম সেখানকার কথা চিন্তা করছি না। কিন্তু সাগরে যদি যাই দেখতে পাবো সেখানে যে প্রাইমারী হেলথ সেন্টার আছে সেটা অনেক দূরে। তাই উনি যেটা বলেছেন মোবাইল হেলথ সেন্টারের ব্যবস্থা করার কথা সেটা জোরদার করতে হবে এবং এটা গ্রামবাংলার বিশেষ ক'রে প্রয়োজন। সহরে নানা রকম যানবাহন আছে এখানে কনভেন্সের সুযোগ আছে। কিন্তু গ্রামবাংলায় সেই ব্যবস্থা নেই। তাই আপনার মাধ্যমে আমাদের স্বাস্থ্যমন্ত্রীকে বিশেষভাবে অনুরোধ করছি, তিনি যেন মোবাইল ইউনিট বিশেষভাবে চালু করার ব্যবস্থা করেন এবং যেখানে জলপথ রয়েছে সেখানে যেন লঞ্চের ব্যবস্থা করেন, নতুবা ঐ প্রাইমারি হেলথ সেন্টার এবং সাবসিডি হেলথ সেন্টার যে উদ্দেশ্যে করা হয়েছে সেই উদ্দেশ্য ব্যাহত হবে। আর একটা কথা, আমার সময় খুবই সংক্ষেপ, অল্পে বলছি মেন্ট্যাল হাসপাতালের কথা বলা হয়েছে, মানসিক চিকিৎসার কথা বলা হয়েছে। এ সম্বন্ধে আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে বলতে চাই, এই মেন্ট্যাল হাসপাতালে ভর্তি হবার জন্য যা করতে হয় তা অত্যন্ত শ্রমসাধ্য এবং তাঁদের আত্মীয়-স্বজনকে এর জন্য খুব কষ্ট করতে হয়। সেখানে যে প্যারাফারনেলিয়া আছে সেই প্যারাফারনেলিয়া ঠিক করতে তাদের একেবারে শেষ হয়ে যেতে হয়। এগুলিকে আরও সহজ এবং সরল করবার জন্য আমি অনুরোধ করছি। তার পর মেন্ট্যাল হাসপাতাল কখনও বেসরকারী হবে না—সমস্ত সরকারীভাবে হোক এটা আমি আশা করছি। তার মর্গের ব্যবস্থা অত্যন্ত খারাপ—এগুলি এয়ারকন্ডিসন ও বিজ্ঞানসম্মত যাতে হয় তার ব্যবস্থা করা উচিত।

তার পর কন্ট্রোল অব টিউবারকুলোসিস। অত্যন্ত দুঃখের কথা পরিতাপের কথা যে, টিউবার-কুলোসিস রোগ দিনের পর দিন বেড়ে চলেছে। লেপ্রসি দিনের পর দিন বেড়ে চলেছে—ম্যালেরিয়া এখনও দেখতে পাচ্ছি—ম্যালেরিয়া ইরাডিকেট করা আজকে একান্ত প্রয়োজন। তার পর ফাইলে-রিয়া সম্বন্ধে বলতে চাই, কন্ট্রোল অব ফাইলেরিয়া অ্যান্ড টিউবারকুলার ডিজিজেস্ এইগুলি একেবারে উচ্ছেদ ক'রে দেওয়া দরকার—আজকে কন্ট্রোল অব ডিজিজেস-এর জন্য আগে ব্যবস্থা নেওয়া দরকার। তার পর ইন্ডিজেন্ট সিস্টেম অব মেডিসিন-এর জন্য অনেক কিছু আপনি করেছেন এজন্য আমি আপনাকে ধন্যবাদ জানাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সঙ্গে আমি বলতে চাই যে, আজকে অনেক হাসপাতালের অধ্যাপক ঠিকমত মাইনে পান না। এদিকে মন্ত্রি-মহাশয় যেন একটু নজর দেন। হোমিওপ্যাথি সিস্টেম অব মেডিসিন তিনি যে করেছেন সে সম্বন্ধে অনেক কিছু বলার আছে, সময় নাই, ই এস আই স্কীম সম্বন্ধে রিসেন্টলি অনেক আলোচনা হয়েছে; আজকে ডিস্ট্রিক্ট ডিসপেনসারি করা উচিত সে সম্বন্ধে কি ব্যবস্থা করবেন আশা করি মন্ত্রিমহাশয় তা বলবেন। এই ব'লে শেষ করছি। জয় হিন্দ্।

শ্রীরমেন্দ্রনাথ দত্ত: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি রেখেছেন আমি সেটা সমর্থন করছি। এই প্রসঙ্গে আমি বলতে চাই যে, আমাদের বন্ধু মাননীয় শ্রীতিমিরবাবু বলেছেন—তিনি অবশ্য আর এস পি-এর তরফ থেকে বলেছেন যে, আমরা নাকি আমাদের লিডার সিদ্ধার্থবাবুর রক্তচক্ষুকে ভয় করি। আর ওনারা সি পি এম-এর রক্তচক্ষুকে ভয় করেন। এবং তাঁদেরই ভয়ে নয় মাস পরে এই অ্যাসেম্ব্লীতে এলেন। উনি বলেছেন, মেডিকেল ডিপার্টমেন্ট নাকি ঠিক মত ফেমিলি প্ল্যানিং করতে পারছেন না। ওনারা বোধ হয় করেছেন যার ফলে ওনাদের সংখ্যা এখন তিন জনে দাঁড়িয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, স্বাস্থ্যমন্ত্রী মহাশয় উড়িষ্যা থেকে ডাক্তার আনতে চেয়েছিলেন তখন হয়তো ভাবতে পারেন নি যে, এখানের মেডিক্যাল গ্রাজুয়েটরা গ্রামে যাবেন। কারণ যুক্তফ্রন্ট সরকারের আমলে ডাক্তারদের গ্রামে যেতে সুযোগ দেওয়া হয় নি—বরং তারা গ্রামের ডাক্তারদের পিটিয়েছে। আমি উদাহরণ দিচ্ছি বাঁকুড়া জেলার বাগনা সাবসিডিয়ারী হেলথ সেন্টারের ডাক্তারকে পেটানো হয়েছিল। রোগীরা ঔষধ না পেয়ে খেপে গিয়েছিল—কিন্তু ও'রা কিছুই করেন নি তার জন্য। তার বদলে তার জি ডি এ, নার্স, সুইপার এদেরকে তারা ক্ষেপিয়েছিল—তাদের নিয়ে দল করেছে এই যে, তোমাদের চেয়ে ডাক্তার বেশী মাইনে পায়—কেন পাবে—তোমরা কাজ কোরো না। এর ফলে জি ডি এ, নার্স, সুইপার এর সবাই ইনসাবর্ডিনেট হয়ে গিয়েছিল। তাই ডাক্তারদের পক্ষে অ্যাডমিনিস্ট্রেসন চালানো একেবারে অসম্ভব হয়ে দাঁড়িয়েছে। ডাক্তারদের কোন অ্যাডমিনিস্ট্রেসন কন্ট্রোল নাই। সেই জিনিসটা আরও নষ্ট হয়ে গেছে যুক্তফ্রন্ট সরকারের সময় থেকে। কোন ডাক্তারের ইনক্রিমেন্ট ডিউ হ'লে রাইটার্স বিল্ডিংসে চিঠি দিয়েও পেতো না। কারণ রাইটার্স বিল্ডিংসের কোন স্টাফই তখন কাজ করতো না। আজকে সেই জিনিস পালটে গেছে।

[6-20—6-30 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়—আমাদের মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় যে কাজগুলি করেছেন তার জন্য আমি প্রসংশা করছি। ৩ থেকে ৪ বছর পর্যন্ত একটি সেন্টারে যে সমস্ত ডাক্তার রয়েছে তাদের বদলীর ব্যবস্থা করেছেন। এর ফলে একটি গ্রামে একজন ডাক্তারকে বেশীদিন এক জায়গায় পোস্টেড হ'তে হচ্ছে না। উনি হেলথ সেন্টারে ঔষধ পাঠিয়েছেন, অন্যান্য আরো অনেক ফেসিলিটিজ দিয়েছেন। সময় অভাবে আমি সবকিছু বলতে পারছি না। এই সব দেবার জন্যই আজকে গ্রামে ডাক্তার যেতে চাচ্ছে। তবে আমি মন্ত্রিমহাশয়কে একটি কথা জিজ্ঞাসা করবো, আজকাল এই রকম কোন দরখাস্ত পেয়েছেন কিনা যে গ্রামের ডাক্তাররা কোলকাতায় যেতে চাচ্ছে এবং কলকাতার ডাক্তাররা গ্রামে যেতে চাচ্ছে কিনা। উনি নিশ্চয় পেয়েছেন, সেকথা আমাদের কাছে আশা করি তিনি বলবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় খুব ভালভাবে অ্যাডমিনিস্ট্রেসন চালাচ্ছেন। তিনি ভাল মোটর ড্রাইভারের মত স্টিয়ারিং ঠিকভাবে ধ'রে আছেন। কিন্তু ফ্রন্ট গিয়ার না দিয়ে উনি ব্যাক গিয়ার দিয়ে বসে আছেন। বৈজ্ঞানিক প্রথায় উন্নতধরনের চিকিৎসা ব্যবস্থার দিকে না গিয়ে আমরা পিছিয়ে পড়ছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অন্যান্য দেশ কি করছে সেটা একবার শুনুন। আমেরিকায় অপারেশন থিয়েটারে মালটিপল চ্যানেল ডিভাইজ ইন্ট্রোডিউস ক'রে উন্নত ধরনের অপারেশন হচ্ছে। চীনে অকুপাঙ্চার পদ্ধতিতে পিন ফুটিয়ে আধুনিক ধরনের চিকিৎসা সম্প্রসারিত করা হচ্ছে। অন্যান্য সব দেশে মডার্ন কেমিথেরাপি নিয়ে রিসার্চ করছে এবং দিন দিন বৈজ্ঞানিক পদ্ধতিতে চিকিৎসার উন্নতি হচ্ছে। আমরা কি করছি? অবৈজ্ঞানিক চিকিৎসা আয়ুর্বেদ ও হোমিওপ্যাথি চিকিৎসা প্রসারের চেষ্টা করছি এবং অ্যালোপ্যাথি চিকিৎসার উন্নতির জন্য কি ব্যবস্থা রেখেছি সেটা একটু শুনুন। এক নং আমাদের বাজেটে এস্টাবলিসমেন্ট অব স্টেট কাউন্সিল অব মেডিকেল রিসার্চ-এর জন্য ১ লক্ষ টাকা ধরা হয়েছে। এই হেডে টাকা ধরাই থাকে, এ খরচ কোনদিন হয় না। পোস্ট গ্রাজুয়েট মেডিকেল এডুকেশন অ্যান্ড রিসার্চ-এর জন্য মাত্র ৯ লক্ষ টাকা ধরা হয়েছে, এর বেশীর ভাগই স্টাফের মাইনে দিতে চলে যায়। আমি আশা করেছিলাম যে, বৈজ্ঞানিক প্রথায় গোটা দেশের চিকিৎসার ব্যবস্থা করা হবে এবং তার উন্নতি করা হবে, কিন্তু তা করা হয় নি। আয়ুর্বেদিক পদ্ধতিতে চিকিৎসার জন্য কি করা হয়েছে সেটা একবার শুনুন। আয়ুর্বেদিক সিস্টেম অব মেডিসিনের জন্য ১০ লক্ষ ২৫ হাজার টাকা ধরা হয়েছে এবং আয়ুর্বেদিক শিক্ষা

গবেষণার জন্য ২৫ লক্ষ ৭৫ হাজার টাকা ধরা হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে অবাক হ'য়ে যাবেন, ডেভেলাপমেন্ট অব হোমিওপ্যাথির জন্য ৩ লক্ষ টাকা ধরা হয়েছে।,এই হোমিওপ্যাথির জন্ম হয়েছে জার্মানীতে এবং তার প্রসারের ক্ষেত্র হ'ল আমেরিকা। এই বৈজ্ঞানিক যুগে বিজ্ঞান সম্প্রসারিত হবার জন্য আজ আমেরিকা এবং জার্মানী এর অ্যাফিলিয়েশন তুলে দিয়েছে, সেখানে সরকার থেকে এক পয়সা খরচ করা হয় না। আর এই দু'টি চিকিৎসার জন্য আমরা আজকাল তাদের মরা ছেলে নিয়ে লালনপালন করার দায়িত্ব নিয়েছি, যার জন্য ডেভোলপমেন্ট অব হোমিওপ্যাথিতে আজকে বেশী ক'রে টাকা খরচ করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে কয়েকটি কথা জিজ্ঞাসা করতে চাই। ১নং হচ্ছে অন্য কোন দেশে গভর্নমেন্ট লেভেলে আয়ুর্বেদিক ও হোমিওপ্যাথি চিকিৎসার ব্যবস্থা আছে কিনা? ২নং হচ্ছে আপনার কোন বন্ধু যদি ডিপথেরিয়া, কলেরা, ম্যানিনজাইটিস, টি বি ইত্যাদি এই রকম কোন রোগে ভোগে, তা হ'লে কি আপনি তাকে হোমিওপ্যাথি পদ্ধতিতে চিকিৎসা করতে বলবেন? ৩নং হচ্ছে ব্লাড, স্টুল, ইউরিন, এক্স-রে ইত্যাদি এই সব বাদ দিয়ে অর্থাৎ রোগ নির্ণয় না ক'রে এই বৈজ্ঞানিক যুগে কাউকে আপনি হোমিওপ্যাথি কিংবা কবিরাজী পদ্ধতিতে চিকিৎসা করতে বলবেন? ৪নং হচ্ছে হোমিওপ্যাথি, আয়ুর্বেদিক মেডিসিনের স্ট্যান্ডার্ডাইজেসনের ব্যবস্থা অর্থাৎ মান নির্ণয়ের কোন ব্যবস্থা আপনি করেছেন কিনা? ৫নং হচ্ছে আয়ুর্বেদ ও হোমিওপ্যাথি ঔষধের সরকার থেকে কোন ডিস্ট্রিবিউশন বা সেলের ব্যবস্থা করা হয়েছে কিনা? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শেষ করার আগে আমি কয়েকটি কথা বলতে চাই। আমাদের হেলথ ডিপার্টমেন্টে যে সেক্রেটারি আছেন তিনি একজন কুখ্যাত লোক। এর বিরুদ্ধে আমরা বহু অভিযোগ করেছি, কিন্তু উনি এখন বেশ স্থায়িভাবে ওখানে বসে আছেন। আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি, ও'কে যেন এক্ষুণি ওখান থেকে ট্রান্সফার করা হয়। মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয় ভাল কাজ করেছেন, যার জন্য আজকে গ্রামে ডাক্তাররা যেতে চাইছেন এবং তার জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ্।

শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে হাউসে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন করেছেন আমি তার উপর আমার বক্তব্য রাখছি। আমি প্রথমেই মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি এই জন্য যে, গত বছরে এই দপ্তরের কার্যভার গ্রহণের পর তিনি ঐকান্তিকতার সংগে, নিষ্ঠার সংগে এই এক বছরের কার্যপরিচালনার মধ্যে দিয়ে গ্রামবাংলার দিকে সহানুভূতিপূর্ণ দৃষ্টি দিয়েছেন। তাঁকে আরো ধন্যবাদ জানাই এই জন্য যে, তিনি শুধু গ্রামবাংলার জনসাধারণের ধন্যবাদের পাত্র হন নি, গ্রামবাংলার বিভিন্ন হাসপাতালে এবং স্বাস্থ্যকেন্দ্রে যে সমস্ত স্বাস্থ্যকর্মী কাজ করছেন, ডাক্তার সহ তাঁদেরও মন তিনি জয় করেছেন তাঁর কার্যের দ্বারা। কিন্তু সংগে সংগে আপনার মাধ্যমে কতকগুলি ত্রুটি-বিচ্যুতির দিকে অত্যন্ত বিনয়ের সংগে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই যাতে ভবিষ্যতে সেগুলি দূর করা যায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় তাঁর ভাষণে বলেছেন যে, গ্রামবাংলাতে যে সমস্ত স্বাস্থ্যকর্মী নিযুক্ত আছেন বা কর্মরত আছেন তাঁদের সুযোগ-সুবিধার জন্য যেখানে ইলেকট্রিক লাইন আছে তার তিন কিলোমিটারের মধ্যে যে সমস্ত স্বাস্থ্যকেন্দ্র আছে সেগুলি বৈদ্যুতিকরণের ব্যবস্থা করেছেন এবং শুধু স্বাস্থ্যকেন্দ্রগুলি নয়, তাঁর বক্তৃতার মধ্যে আছে, ডাক্তার, নার্স এবং তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের বাসস্থানগুলিকেও বৈদ্যুতিকরণ করেছেন। অত্যন্ত বিনয় ও শ্রদ্ধার সংগে তাঁর বক্তৃতার প্রথম অংশ স্বীকার করলেও দ্বিতীয় অংশটা স্বীকার করতে পারছি না। অর্থাৎ যদিও পূজার পর স্বাস্থ্যকেন্দ্রগুলি বৈদ্যুতিকরণ হয়েছে ঠিক, কিন্তু কর্মীদের বাসস্থানগুলি বৈদ্যুতিকরণ হয় নি। এই প্রসংগে স্যার, আরও একটি বিষয়ের প্রতি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবো। ঐ সমস্ত স্বাস্থ্যকর্মীদের যদি ইলেকট্রিক কারেন্ট নিতে হয়, তা হ'লে তাদের নিজের খরচে যে ক্যশান মানি সেটা ডিপোজিট দিতে হয়। সরকারের এ বিষয়ে চিন্তা ভাবনা করা উচিত যে, সেই ক্যশান মানিটা সরকার থেকে দেওয়া যায় কিনা। তা যদি সম্ভব না হয়, তা হ'লে সেই কর্মী যখন ট্রান্সফার হবেন তখন সংগে সংগে সেই কাশান মানি যাতে রিফান্ড পেতে পারে সে ব্যবস্থা সরকারের করা উচিত। মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর গত এক বছরের প্রভূত চেষ্টার জন্য খুব কম হাসপাতালে ডাক্তারের অভাব আছে জানি, কিন্তু ঔষধপত্রের সরবরাহের ব্যবস্থা পূর্বের মতই রয়েছে, উন্নতি

খ্ব কমই হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ৪টি ইনস্টলমেন্টে এক বছরের ঔষধের কোটা স্বাস্থ্যকেন্দ্রগ্লি পায়। কিন্তু মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যদি খোঁজ নিয়ে দেখেন, তা হ'লে দেখবেন যে, একটি-দ্'টির বেশী ইনস্টলমেন্ট এক বছরের মধ্যে পেঁছায় না। জেলার মধ্যে যে সমস্ত

[6-30—6-40 p.m.]

সরবরাহ কেন্দ্র আছে সেখানে ঔষধ নিতে গিয়ে ডাক্তারখানার কর্মীদের প্রায়ই ফিরে আসতে হয়, কারণ সেখানে ঔষধ নেই। এই ভাবে গ্রামের মান্ষের ঔষধ পাওয়ার অস্বিধার স্ষ্টি হয় এবং তারা ঠিকমত ঔষধ পায় না। আর একটা জিনিস আপনার কাছে রাখতে চাই সেটা হচ্ছে হাসপাতাল সম্বন্ধে। অনেক সময় হাসপাতালের যারা স্টাফ তাঁরা বলেন যে, হাসপাতালের মধ্যে যে সমস্ত জলের কল খারাপ হয়ে গেছে সেগ্লি স্বাস্থ্য বিভাগ থেকে সারিয়ে দেওয়া হয় না বা মেরামত করা হয় না। মেরামতের দরকার হ'লে ডাক্তারবাব্কে লিখতে হয় পি ডব্লিউ ডি-র কাছে এবং তারা অনেক সময় ডাক্তারবাব্র কথা গ্রাহ্য করেন না। ফলে যে সমস্ত র্গী, ডাক্তার এবং কর্মচারী আছেন তাঁদের বহ্দিন ধ'রে জলকষ্ট ভোগ করতে হয়। সামনে গরম কাল আসছে, কাজেই এগ্লি স্বাস্থ্যবিভাগ থেকে যাতে তাড়াতাড়ি করা হয় সেটা দেখা উচিত। দ্বিতীয় কথা হচ্ছে, অনেক ছোট ছোট হ্সপাতাল চালান বা চিকিৎসালয় চালান মিউনিসিপ্যালিটি বা জেলাপরিষদ এবং কোথাও কোথাও অঞ্চল থেকে। সরকার যদি প্রয়োজন বোধ করেন, যদি স্বিধা হয়, তা হ'লে সেগ্লি গ্রহণ কর্ন। আর যদি গ্রহণ করা সম্ভব না হয়, তা হ'লে মিউনিসিপ্যালিটি বা জেলাপরিষদ যে সমস্ত হাসপাতাল চালাচ্ছেন তাদের অন্দান যেন উদার-ভাবে দেওয়া হয় এই বিষয়ে আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে দ্ষ্টি দিতে অন্রোধ করছি। কলকাতার হাসপাতালের কথা উঠেছে। আমি জানি, এসিয়ার মধ্যে সর্বশ্রেষ্ঠ হাসপাতাল ব'লে পরিচিত ছিল পি জি হাসপাতাল, আজকে যেটা স্কলাল কারনানী হাসপাতাল ব'লে পরিচিত। সেই হাসপাতাল সম্পর্কে কতকগ্লি ত্রটি-বিচ্যুতির কথা মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের কাছে রাখতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে ১৯৭১-৭২ সালের অডিট রিপোর্টে পি জি হাসপাতালের কথা আছে এবং তাতে উল্লেখ আছে যে, ৩৪ হাজার টাকার ঔষধপত্র শর্টেজ। মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর নিশ্চয়ই জানা আছে যে, প্রতি বছর ৮০ হাজার টাকার ফার্নিচার বাবতে খরচ হয় ঐ পি জি হাসপাতালে। ১৯৭১-৭২ সালের অডিট রিপোর্টের মধ্যে দেখবেন কট সম্বন্ধে আছে ৫৫টি রিপেইন্ট হয়েছে এবং তাতে খরচ করাও হয়েছে। কিন্তু ফিজিক্যাল ভেরিফিকেশানে দেখা গেল ৩৪টি। ক্যাটালগে লেখা হয়েছে ৫৫টি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে এ কথা বলতে চাই যে, প্রায় ৬ লক্ষ টাকার ঔষধ পি জি হাসপাতালের জন্য লোকাল পারচেজ করা হয়েছে। সেই ৬ লক্ষ টাকার ঔষধ কেনার মধ্যে কোন রকম কারচুপি কেন থাকবে। মন্ত্রিমহাশয়ের যদি আদেশ থাকে যে, ক্যাটালগ বহির্ভূত কোন ঔষধ পারচেজ করা যাবে না, কিন্তু দেখা যাচ্ছে এই যে ৬ লক্ষ টাকার ঔষধ কেনা হয়েছে এর মধ্যে অনেক ক্যাটালগ বহির্ভূত ঔষধ কেনা হয়েছে। কলকাতা শহরে গ্রামের লোকেরা ভাল চিকিৎসার জন্য ছ্টে আসে এবং এখানে এসে তারা হন্যে হয়ে ঘ্রে বেড়ায়। যখন কোন উপায় থাকে না তখন তারা এম এল এ-দের কাছে যান, মন্ত্রীদের কাছে যান এবং তাদের কাছ থেকে স্লিপ নিয়েও যখন কিছ্ হয় না তখন তারা হতাশ হয়ে ফিরে আসে। যখন হাসপাতালে যান তখন হাসপাতালের কর্তৃপক্ষ তাদের বলেন স্থান নেই সব র্গী ভর্তি হয়ে আছে, আমরা স্থান দিতে পারবো না। কিন্তু আশ্চর্যের বিষয় এমন একটা চক্র হাসপাতালে ঘ্রে বেড়াচ্ছে যখন মন্ত্রীর স্পারিশ নিয়েও গ্রামের লোকেরা ভর্তি হতে পারে না, তখন হাসপাতালের এপ্রন-পরা কিছ্ লোক যারা ঘ্রে বেড়াচ্ছে তাদের ১০, ১৫, ২০ টাকা দিলে তারা অদ্ভুতভাবে অ্যাডমিশন করিয়ে দেয়। এই যে চক্র, এই চক্রকে ভাঙ্গবার জন্য মাননীয় মন্ত্রিমহাশয়ের দ্ষ্টি আকর্ষণ করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, আউটডোর পেসেন্ট দিয়ে এই সমস্ত কন্ট্রোল মেডিসিন এবং প্রোটিনিউসান বা প্রোটিনেক্স চলে যাচ্ছে। এই সমস্ত জিনিস উইদাউট প্রপার ভেরিফিকেশান এবং অথরিটির অন্মতি ছাড়াই প্রোটিনিউসন এবং প্রোটিনেক্স-এর মত ভাল ভাল খাদ্য, ঔষধ আউটডোর পেসেন্ট দিয়ে চলে যাচ্ছে। পি জি হাসপাতালের খাতা দেখবেন পেয়িং বেড থেকে ফ্রি বেডে এবং ফ্রি বেড থেকে পেয়িং বেডে

যাবার যে রেজিস্টার ইট ওয়াজ নট প্রপারলি মেইনটেন্ড। এই যে লগ বুক থাকে অ্যাম্বুলেন্সের সেই অ্যাম্বুলেন্সের লগ বুকে দেখা যায় যে অনেক সময় সহি পর্যন্ত থাকে না।

এবং সেই অডিট রিপোর্টের মধ্যে আছে ২৬শে নবেম্বর, ১৯৭২ তারিখের পরে একটা স্টক লেজার করা হয়েছে এবং তার কতকগুলো পেজ ব্ল্যাঙ্ক অবস্থায় আছে। কেন জানি না অডিট প্লেস করা হয়েছে, তার মধ্যে ইনিসিয়াল পর্যন্ত নেই, এই জিনিস দেখা গেছে। এই সমস্ত বহু খুঁটিনাটি ত্রুটি-বিচ্যুতি মাননীয় মন্ত্রিমহাশয়ের ঐকান্তিক চেষ্টা থাকা সত্ত্বেও তিনি উন্নতি কি ক'রে করবেন, এই রকম চিন্তা দিবারাত্র থাকা সত্ত্বেও এমন একটা চক্র গ'ড়ে উঠেছে যার ফলে সমস্ত জিনিস ব্যর্থতায় পর্যবসিত হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা বিষয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে রাখতে চাই, অনেকে বলেন যে, ছাত্রভর্তির ব্যাপারে নাকি অনেক দুর্নীতি আছে। আমার অবশ্য এই বিষয়ে ডিরেক্ট নলেজ নেই, আমি কোন ওয়াইল্ড অ্যালিগেশন রাখতে চাই না। কিন্তু কিছুদিন পূর্বে একটা খবর বেরিয়েছিল, সেই খবরের কাগজ পড়ে আমার মনে একটা সন্দেহ জেগেছে এবং আরও বেশী সন্দেহ হ'ল যখন সরকার থেকে কোন প্রতিবাদ করা হ'ল না। সেটা কি? একজন তফসিলি সম্প্রদায়ভুক্ত ছাত্রী শ্রীমতী ছায়া সাহা, তিনি ভর্তি হয়েছিলেন কোন ডোনারের সুপারিশ মত। কিন্তু কি অজ্ঞাত কারণে তা হঠাৎ ক্যানসেল হয়ে গেল। সেই ছাত্রীটি মেডিকেল পড়ার সুযোগ থেকে বঞ্চিত হ'ল। আরও বেশী ক'রে সন্দেহ দেখা দিল আমাদের মনে যখন সরকার থেকে এই সংবাদের বিরুদ্ধে কোন প্রতিবাদ করা হ'ল না। মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অনুরোধ এই যেসমস্ত খবর বের হয়, এই সমস্ত খবর যদি সত্য হয়, তা হ'লে এর জন্য যারা দায়ী তাদের শাস্তি দেওয়া হোক এবং যদি মিথ্যা হয়, তা হ'লে যে সব কাগজে এই মিথ্যা খবর বেরোয়, তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা উচিত, এবং এই সরকারের এটা করা উচিত এই কথা অতি বিনয়ের সঙ্গে আপনার মাধ্যমে তাঁর কাছে রাখতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন ১৯৬৭ সালে ন্যাশনাল মেডিকেল কলেজ সরকার হাতে নিলেন, তারপর বহু জল এই গঙ্গা দিয়ে গড়িয়ে গেছে। একটা এনকোয়ারী কমিশন হ'ল, গতবারের অধিবেশনে সমস্ত সদস্যরা সরকারী পক্ষের এবং বিরোধী দলের, এমন কি মন্ত্রিমহাশয়রা পর্যন্ত এই এনকোয়ারী রিপোর্ট সম্বন্ধে বলেছেন, সেই এনকোয়ারী রিপোর্ট অনেক চেষ্টার পর বার করলেন, সেই রিপোর্টকে চেপে দেবার জন্য দায়ী কে, এবং যিনি চেপে দিয়েছিলেন, তার কি শাস্তি বিধান হ'ল, তা আজ পর্যন্ত পশ্চিম-বাংলার জনসাধারণ জানতে পারলো না। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী দুজন ডেপুটি ডিরেক্টর, অ্যাডমিনিস্ট্রেশন, নিলেন—দুজন কেন, তাঁর হাতকে শক্ত করবার জন্য চার-পাঁচজন লোক দিতে হবে, তিনি নিশ্চয়ই নেবেন, কিন্তু সঙ্গে সঙ্গে আমরা দেখতে চাই যে সেই বিভাগের কাজকর্মে উন্নতি বিধান হয়েছে। এই বিভাগে দুর্নীতি এমন ভাবে বাসা বেঁধে ছিল যে, এক বছরের মধ্যে সমস্ত জিনিসটা স্বাস্থ্যমন্ত্রীর পক্ষে নির্মূল করা সম্ভব নয়। কিন্তু আমরা যে উন্নতি আশা করেছিলাম তাঁর মত দৃঢ় ব্যক্তির কাছ থেকে, তিনি যে ঐকান্তিক চেষ্টা করেছিলেন, আমরা আশা করেছিলাম কিছু উন্নতি হবে কিন্তু হয় নি। আমি জানি না কোথায় এর গলদ, কোথায় এর মূল। তাঁর ঐকান্তিক চেষ্টাতেও পশ্চিমবঙ্গের স্বাস্থ্য বিভাগের বিভিন্ন কাজ সম্পর্কে সন্দেহ দূর করতে তিনি সক্ষম হন নি। অতএব মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে তাঁর কাছে একটা কথা রাখতে চাইছি, তিনি জনস্বাস্থ্য সম্পর্কে বলেছেন —আমরা ম্যালেরিয়া দূর করেছি। পশ্চিমবঙ্গ সরকার ম্যালেরিয়া দূর করেছেন ঠিকই কিন্তু আজকে আমি এমন একটা কেন্দ্র থেকে নির্বাচিত হয়ে এসেছি, যেটা পশ্চিমবঙ্গের শেষ দক্ষিণ প্রান্তে অবস্থিত, যার পাশে অন্য প্রদেশের বর্ডার। সেই এলাকাগুলো হচ্ছে দাঁতন, মোহনপুর, নয়াগ্রাম, ঝাড়গ্রাম প্রভৃতি। একদিকে বিহার এবং পুরুলিয়ার বর্ডার এবং অন্য দিকে উড়িষ্যার বর্ডার। এই সমস্ত এলাকায় গত বছর থেকে ম্যালেরিয়ার প্রকোপ বেড়েছে এবং এই বছরও বাড়বার মুখে। এই পর্যন্ত আমরা যতটুকু বন্ধ করেছি, আমাদের সরকার যেভাবে প্রচেষ্টা চালিয়েছে, আমাদের পাশের প্রদেশের সরকার উড়িষ্যা বা বিহার সরকার সেইভাবে প্রচেষ্টা চালাচ্ছে না। অতএব আজকে যেভাবে ম্যালেরিয়া নিয়ন্ত্রণ শুরু হয়েছে তাতে এই

[6-40—6-50 p.m.]

ম্যালেরিয়ার সংখ্যা বৃদ্ধির বিরুদ্ধে আমরা কি করছি, না আমরা স্প্রে করছি। লার্জ স্কেলে যদি আজকে যদি ম্যাস স্প্রে করা দরকার হয়, তা হ'লে ঐ পাশের এলাকা থেকে যে ম্যালেরিয়ার বীজাণু আসছে সেটা যদি ঠেকাতে হয়, তা হ'লে বর্ডার এরিয়ার তিন মাইলের মধ্যে আমাদের ম্যাস স্প্রে করা দরকার। অতএব ভারত সরকারের মাধ্যমে এবং ঐ সব প্রাদেশিক সরকারের সহযোগিতায় যাতে স্প্রে করা যায় তার জন্য চেষ্টা করতে হবে, সেই অনুরোধ আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর কাছে রাখছি। যে ম্যালেরিয়া পশ্চিমবাংলার বুক থেকে দূর হয়ে গিয়েছিল সেটা আজকে ঐ বর্ডার এরিয়া থেকে আবার ঢুকতে শুরু করেছে। আর একটা কথা বলতে চাই যে, লেপ্রসির কথা, আমাদের মেদিনীপুর জেলার উপজাতি অধ্যুষিত এলাকায় লেপ্রসি বেড়ে চলেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এই লেপ্রসির যে চিকিৎসা তাতে ওষুধ কম লাগে, বেশী লাগে ভিটামিন জতীয় ওষুধ। ঐ অঞ্চলে আজকে যে একটা লেপ্রসি সেন্টার আছে সেখানে প্রয়োজনের তুলনায় সাপ্লাই অনেক কম, সেই জন্য লেপ্রসি বেড়ে চলেছে। তাই আমাদের যে চেষ্টা আছে সেটা যাতে কাজে পরিণত হয় সেদিকে নজর দিতে মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি। আর টি বি-র ব্যাপারে সেখানে যে স্যানেটোরিয়াম আছে সেখানে এক-একটি রোগীকে ডাক্তারবাবু রোগী গেলে পর প্রেসক্রিপসন ক'রে দিলেন এবং ব'লে দিলেন যে, এলাকার স্বাস্থ্যকেন্দ্র থেকে টি বি-র ওষুধ নিয়ে যেতে, সেই রোগী ১৪/১৫ দিন ধ'রে ঘুরেও ডাক্তারবাবুর নির্দেশ মত টি বি-র ওষুধ পাচ্ছেন না। সেখানে ডাক্তারবাবুর প্রেসক্রিপসন মত সেই পরিমাণ টি বি-র ইনজেকশন নাই। অতএব আমি এই বিষয়গুলি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে অত্যন্ত বিনয়ের সঙ্গে অত্যন্ত শ্রদ্ধার সঙ্গে তুলে ধরছি, তিনি যদি একটু এনকোয়ারী ক'রে দেখেন, তা হ'লে দেখতে পাবেন এই ত্রুটি-বিচ্যুতিগুলি। প্রতিটি কাজে যে সকল ত্রুটি-বিচ্যুতি আছে সেগুলি দূর করবেন এই আশা এবং এই বিশ্বাস নিয়ে আমি আমার বক্তব্য শেষ করলাম।

ডাঃ এক্রামুল হক বিশ্বাস: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী ১৯৭৩-৭৪ সালের যে ব্যয়বরাদ্দ উপস্থিত করেছেন এই হাউসে তাকে আমি আন্তরিক ভাবে সমর্থন করছি এবং সমর্থন করতে গিয়ে কিছু বক্তব্য রাখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, কথায় আছে স্বাস্থ্যই সম্পদ। স্বাস্থ্য যদি ভাল থাকে, তা হ'লে সব ভাল। যদি সমগ্র পশ্চিম বাংলাকে একটা জাতীয় শরীর হিসাবে ধরা যায় এবং সেই শরীর বা স্বাস্থ্যকে সুন্দর এবং প্রাণবন্ত করা যায়, তা হ'লে নিশ্চয়ই আগামী দিনে এই পশ্চিমবাংলার সমস্ত রূপরেখা সুন্দর এবং সফল হবে। তাই মনানীয় মন্ত্রিমহাশয় তাঁর ভাষণে রাজ্যের জনসাধারণের জন্য একটা সুন্দর স্বাস্থ্য সৃষ্টি করার কথা বলেছেন। তার প্রকৃষ্ট উদাহরণ এই স্বাস্থ্য খাতে আজকে যে ব্যয়-বরাদ্দ ধরা হয়েছে। ১৯৬৭ সালে ২৬ কোটি ৩৮ লক্ষ টাকা ছিল এই খাতের বরাদ্দ আর এখন সেই খাতে বরাদ্দ করা হয়েছে ৪৭ কোটি ৯ লক্ষ টাকা। এই থেকেই প্রমাণ পাওয়া যায় যে, স্বাস্থ্যমন্ত্রী বলিষ্ঠ পদক্ষেপ নিয়েছেন এবং সেই দিকে এগিয়ে চলেছেন। নিশ্চয়ই স্বাস্থ্যমন্ত্রী সারা পশ্চিমবাংলার জনসাধারণের কিছু অন্তত স্বাস্থ্যের উন্নতি করবেন। তবুও আমি আপনার মাধ্যমে, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, আপনি জানেন শহর অঞ্চলে প্রচুর হাসপাতাল আছে এবং জনস্বাস্থ্যের সুযোগ-সুবিধা আছে।

কিন্তু তুলনামূলকভাবে দেখলে দেখব পল্লী অঞ্চলে সে ব্যবস্থা আজও নেই। সেখানে সাবসিডিয়ারী এবং প্রাইমারী হেলথ সেন্টার কিছু করা হয়েছে, কিন্তু তাও সমস্ত ব্লকে এবং অঞ্চলে নেই। তাই স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করব সাবসিডিয়ারি হেলথ সেন্টারে আরও সিট বাড়ান এবং হেলথ সেন্টার এবং সাবসিডিয়ারি সেন্টার আরও বাড়িয়ে যাতে জনসাধারণের উপকার করা যায় সেদিকে লক্ষ্য রাখুন। তিনি বলেছেন রুগীর খাদ্যের জন্য তিনি ২/৩ টাকা হিসাবে বাড়িয়েছেন। কিন্তু অনেক ক্ষেত্রে আমরা জানি রুগীদের জন্য সেই পুরো টাকা ব্যয় করা হয় না। কন্ট্রাকটার, অফিসার এবং ডাক্তারদের যোগসাজসে সে টাকা অন্য কোথাও উড়ে যায়। সেজন্য অনুরোধ করব, এ সম্বন্ধে একটা অনুসন্ধান কমিটি ক'রে এর একটা পর্যালোচনা করা উচিত। মেডিকেল কলেজ ও ছাত্র ভর্তির ব্যাপার নিয়ে অনেক কিছু হয়ে গেছে। দেখা গেছে,

অন মেরিট ভর্তি হয়েছে। কিন্তু দেখা গেছে, অনেকে মেরিটোরিয়াস নয় তারা ভর্তি হয়েছে। তাই তাঁকে অনুরোধ করব, গ্রামাঞ্চলের বিশেষ ক'রে মুসলিম ও শিডিউল্ড কাস্ট-এর ছাত্রদের অগ্রাধিকার দিয়ে তাদের পড়ার সুযোগ দিন যাতে তারা গ্রামের হেলথ সেন্টার-এর সাবসিডিয়ারি-গুলোতে চিকিৎসা করার সুযোগ পাবে এবং তাতে ডাক্তারের যে অভাব রয়েছে তাও দূর হবে। এই সঙ্গে বলব শ্রীদেদার বক্সের একটা আনস্টার্ড কোশ্চেন-এর মধ্যে একটা প্রশ্ন ছিল যে, মুর্শিদাবাদ জেলায় একটা মেডিকেল কলেজ স্থাপন করা হবে কিনা? এর উত্তরে তিনি বলেছিলেন, ২টি মেডিকেল কলেজ স্থাপনের কথা বিবেচনাধীন আছে। আমি তাই দাবি করছি বহরমপুরে যে সদর হাসপ'তাল আছে সেটিকে যেন মেডিকেল কলেজ-এ রূপান্তরিত করা হয়। কারণ এটা হলে নদীয়া, মুর্শিদাবাদ, বীরভূমের গ্রামের ছেলেরা পড়ার সুযোগ পাবে। ম্যালেরিয়া আমাদের দেশে নেই। কিন্তু বর্তমানে অনেক ইনফেকসাস ডিজিজেস আরও বেশী পরিমাণে আছে—যেমন স্মলপক্স, চিকেনপক্স, কলেরা ইত্যাদি। এই সমস্ত রোগ যাতে তাড়াতাড়ি দূর করা যায় সেই অনুরোধ করছি। গ্রামাঞ্চলে অনেক শিশু ম্যাল-নিউট্রিশন-এ ভুগছে। শহরাঞ্চলে এই সমস্ত শিশুদের জন্য নিউট্রিশাস ফুড বিতরণ করা হয়। কিন্তু পল্লী অঞ্চলে এই ব্যবস্থা নেই ব'লে সেদিকে দৃষ্টি দিতে অনুরোধ করছি। অ্যাডাল্টারেশন অব ফুড অ্যান্ড মেডিসিন আমাদের দেশে যা চলছে তার ফল দমদমে দেখা গিয়েছিল। এদিকে তাঁরা যে দৃষ্টি দিয়েছেন তার জন্য ধন্যবাদ জানাচ্ছি। ফ্যামিলি প্ল্যানিং-এর কথা যা বলেছেন তাতে বলছি যে ফ্যামিলি প্ল্যানিং-এর জন্য যেসব কন্ট্রাসেপ্টিভ মেডিসিন আছে সেগুলির জন্য সাবসিডি দিলে আমার মনে হয় ফ্যামিলি প্ল্যানিং আরও প্রাণবন্ত হবে। এই বলে আমি শেষ করছি।

[6-50—7 p.m.]

শ্রীনারায়ণ ভট্টাচার্য: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি স্বাস্থ্যমন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ এনেছেন তাকে সমর্থন করছি। পশ্চিমবঙ্গে এই প্রথম একজন স্বাস্থ্যমন্ত্রী তাঁর বিভাগের উন্নতির জন্য আপ্রাণ চেষ্টা করছেন, তাই পশ্চিমবঙ্গের সুদূর গ্রামাঞ্চলে কিছু কিছু ওষুধ গিয়ে পৌঁছাচ্ছে। স্বাস্থ্যমন্ত্রী তাঁর বক্তব্যে খুব ভাল ভাল ব্যবস্থার কথা উল্লেখ করেছেন ব'লে সুখী হয়েছি, আমি আরো সুখী হতাম যদি তিনি হাসপাতালসমূহে বিশেষ ক'রে মফঃস্বল হাসপাতাল-গুলিতে যে দুর্নীতি আছে সেই দুর্নীতি বন্ধ করার জন্য কিছু বক্তব্য এবং প্রস্তাব রাখতেন। এই দুর্নীতি আগে ততটা ছিল না, বিগত যুক্তফ্রন্টের সময় থেকে এটা প্রবল আকার ধারণ করেছে। মফঃস্বলে দাতব্য হাসপাতালগুলির নাম আমার মনে হয় ক্রেতব্য হাসপাতাল রাখা উচিত। আমি উত্তরবঙ্গের কথা বলি, আমি দায়িত্ব নিয়ে বলছি, উত্তরবঙ্গের জেলা হাসপাতাল এবং মহকুমা হাসপাতালের ডাক্তারবাবুদের বাড়ি গিয়ে রোগী দেখিয়ে ভিজিট না দিলে বেড পাওয়া যায় না বা ভাল চিকিৎসার ব্যবস্থা হয় না এবং অপারেশনের যে সমস্ত কেস আছে সেখানে কনট্রাক্ট করতে হয় আগে থেকে কত টাকা দিতে হবে, ৫০ কি ১০০ কি ২০০ টাকা, তা না হ'লে সেই অপারেশন হবে না। হাসপাতালে এক শ্রেণীর ডাক্তার আছেন যাঁরা এটা করেন, সবাই এটা করেন না। এছাড়া রোগীদের যে পথ্য সেই পথ্যের মধ্যে চুরি, ওষুধের ব্যাপারে চুরি, ডিউটিতে ফাঁকি চলছে। আমি সেদিন আমার কেন্দ্র আলিপুরদুয়ারে গিয়েছিলাম, সাংঘাতিক ব্যাপার, আমি দায়িত্ব নিয়ে বলছি, যদি আমার কথা মিথ্যা প্রমাণিত হয়, তা হ'লে আমি সদস্যপদ ত্যাগ করব, গত মাসের ২৭ তারিখে উত্তর চকিরাস গ্রামের শ্রীকর্মা উরাকে হত্যা করা হয় এবং তার পেটের নাড়ি-ভুঁড়ি ধওলা ঝরা নদীর জলে ফেলে দেওয়া হয়। পুলিস তার ডেড বডিকে মর্গে পাঠায় পোস্টমর্টেম করার জন্য, সেই পোস্টমর্টেমের উপর প্রভাব বিস্তার করে আসামী পক্ষ এবং রিপোর্ট দিয়েছে

Natural death due to tuberculosis. Viscera may be eaten by wild animals.

এইসব চলছে সেখানে। আমি আলিপুরদুয়ারের কথা একটু বলি, কেন না, এর আগে তিমির ভাদুড়ী মহাশয় বেশ ওজস্বিনী ভাষায় বলেছেন, আমি তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই ও'রা যখন ক্ষমতায় ছিলেন তখন ও'দের ননীবাবু আলিপুরদুয়ার থেকে দু'-দু'বার নির্বাচিত হ'য়ে স্বাস্থ্য মন্ত্রী হয়েছিলেন, তাঁর সময়ে স্বাস্থ্য বিভাগে দুর্নীতি ঢুকেছে, বসুমতী কাগজে ধারাবাহিকভাবে

দিনের পর দিন এই সমস্ত দুর্নীতির কথা ফলাও ক'রে লেখা হয়েছিল, ও'দের সরকার কি তার প্রতিবাদ করেছিলেন? করেন নি। কন্ট্রাক্ট দেওয়াতে দুর্নীতি, ওষুধের ব্যাপারে দুর্নীতি, নিয়োগ, পদোন্নতির ক্ষেত্রে টাকা নেওয়া হয়েছে এই রকম ঘটনার কথা উল্লেখ করতে পারি। বর্তমান স্বাস্থ্যমন্ত্রী যথেষ্ট চেষ্টা করছেন, অনেক উন্নতি হচ্ছে, কিন্তু তবুও একটা কথা বলব, দুর্নীতি দূর করতে হবে। মফঃস্বলের হাসপাতালগুলি দুর্নীতিতে ছেয়ে গেছে। আলিপুর-দুয়ার হাসপাতালটি ৬৮টি বেডের হাসপাতাল, তিনি সেখানে ১২৫টি বেড করেছেন। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী সুযোগ দিয়েছেন, কিন্তু জায়গা নেই, নতুন স্টাফ বাড়ান হয় নি, ওষুধপত্র বাড়ে নি, বিছানাপত্র নেই, সেখানে সার্জেন আছে, অপারেশনের ব্যবস্থা আছে, কিন্তু অ্যানেসথেটিক নেই। অ্যানেসথেটিক যদি না থাকে, তা হ'লে অপারেশন হবে কি ক'রে? ওখানে যে এক্স-রে মেসিন ছিল—ননীবাবু নির্বাচকমণ্ডলীকে খুশী করার জন্য একটা এক্স-রে মেশিন পাঠিয়েছিলেন, কিন্তু আলিপুরদুয়ারের লোকদের দুর্ভাগ্য সেই মেশিনটা ছিল অকেজো। আমাদের বর্তমান স্বাস্থ্য-মন্ত্রী একবার হাসপাতাল পরিদর্শন করেছিলেন, ৬ মাস আগে সেই মেশিনটি সারান হয়েছিল, কিছুদিন কাজও হয়েছে, কিন্তু আবার সেটা খারাপ হয়ে গেছে। সেখানে নতুন এক্স-রে মেশিন পাঠান দরকার। উত্তরবঙ্গে আপনারা একটা মেডিকেল কলেজ করেছেন। কেন করেছেন, না, উত্তরবঙ্গের ছেলেরা যাতে সুযোগ-সুবিধা পায় তার জন্য। কিন্তু উত্তরবঙ্গের সন্তানরা উত্তর-বঙ্গ মেডিকেল কলেজে ভর্তি হবার সুযোগ পান না। গতবারে যখন উত্তরবঙ্গ মেডিকেল কলেজ স্থাপিত হ'ল, তখন মাত্র ২ জন উত্তরবঙ্গের সন্তান ভর্তি হবার সুযোগ পেয়েছে, বাকি সব কলকাতা এবং কলকাতার আশে-পাশের ছেলে। পরে দার্জিলিংয়ের আর একটি ছেলে ভর্তির সুযোগ পেয়েছে অর্থাৎ মোট ৩ জন উত্তরবঙ্গের ছেলে সেখানে ভর্তির সুযোগ পেয়েছে। এবারে আমি আমার বক্তব্যের ইতি টানতে গিয়ে স্বাস্থ্যমন্ত্রীকে আবার বলছি, আমি একথা বলছি না যে, সকলেই দুর্নীতিগ্রস্ত বা সকলেই অসাধু। তবে একটা কথা ঠিক আগে আমরা জানতাম থানা বা পুলিসের মধ্যে দুর্নীতি আছে, ফুড সাপ্লাইস্ অফিসে দুর্নীতি আছে, কিন্তু এখন অনেকেরই মনের কথা হচ্ছে হাসপাতালগুলো নূতন ক'রে দুর্নীতির আখড়া হয়েছে। কোলকাতার হাসপাতাল দেখে আপনি এই দুর্নীতি বুঝতে পারবেন না, কোলকাতার আশেপাশের হাসপাতাল দেখলেও এটা বুঝতে পারবেন না। এটা বুঝতে হ'লে আপনাকে যেতে হবে উত্তরবঙ্গে এবং সেখানে গিয়ে আপনাকে সারপ্রাইজ ভিজিট দিতে হবে। আপনি যদি এটা করেন, তা হ'লে দেখতে পাবেন, টাকা ছাড়া সেখানে ভর্তি হওয়া যায় না। ডাক্তারবাবুর বাড়িতে গিয়ে তাঁকে ভিজিট দিয়ে বা আগে থেকে সেই ব্যবস্থা না করলে অপারেসন কেস-এ বা অন্যান্য মেজর কেস-এ কোন সুযোগ পাওয়া যায় না, রোগীরা বেড পায় না, মাটিতে গড়াগড়ি খেতে হয়। আমরা জানি মন্ত্রিমহাশয় নিজে মহৎ উদ্দেশ্য নিয়ে চেষ্টা করছেন এবং আমরা দেখেছি যমের সঙ্গে লড়াই ক'রে তিনি একটি জীবন বাঁচিয়ে রেখেছেন এবং কাগজে এটাও দেখেছি তিনি তার শিয়রে বসে ছিলেন। আমি চৌরঙ্গীতে গুলি ছোড়ার ঘটনা বলছি। যা হোক, সর্বশেষে আমি বলছি, এই দুর্নীতি দূর করুন, সত্যসত্যই পশ্চিমবাংলার হাসপাতালগুলো দুর্নীতিতে ছেয়ে গেছে।

ডাঃ ওমর আলি: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা খাতে ১৯৭৩-৭৪ সালের ব্যয়বরাদ্দের দাবি যা উত্থাপন করা হইয়াছে তাকে সমর্থন করতে গিয়ে আমি কিছু আলোচনার অবতারণা করছি। ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন করতে গিয়ে মন্ত্রিমহাশয় যে বিবৃতি দিয়েছেন তাতে একথা মনে হওয়া স্বাভাবিক স্বাস্থ্যসংক্রান্ত বিষয়ে হয় আমাদের আর কোন সমস্যা নেই, আর না হয় সেটা থাকলেও অদূর ভবিষ্যতে আর সেটা থাকবে না। ঘটনা যদি তাই হ'ত, তা হ'লে আমাদের ভাবনার বা সমালোচনার কিছু থাকত না। মন্ত্রিমহাশয় তাঁর বিবৃতিতে একটি মূল্যবান প্রবচন উল্লেখ করেছেন। প্রবচনটি হ'ল প্রিভেনসন ইজ বেটার দ্যান কিওর। সুতরাং এই নিরিখে জনস্বাস্থ্য সম্পর্কে আলোচনা করতে হবে ব'লে আমি মনে করি। তাঁর বিবৃতিতে হাসপাতাল এবং চিকিৎসাকেন্দ্রের সংখ্যা বাড়ানোর কথা আছে এবং এগুলিতে আসনসংখ্যা বাড়নোর কথা আছে। কিন্তু হাসপাতাল এবং চিকিৎসাকেন্দ্র কত বাড়ল এবং তাতে আসনসংখ্যা কত বাড়ল সেটা দিয়ে জনস্বাস্থ্যের অগ্রগতির কথা বিচার করা ঠিক হবে না ব'লে মনে করি। তেমনি আমি মনে করি, ঠিক হবে না বাজেটবরাদ্দে পূর্বের চেয়ে এবারে কত

টাকা বাড়ল সেই হিসেব দেখে জনস্বাস্থ্যের অগ্রগতির কথা বিচার করা। তিনি হিসেব দিয়েছেন, ৫ কোটির কিছু বেশী এবারে বাড়ান হয়েছে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমরা জানি গত কয়েক বছর ধ'রে কলেরা মহামারী আকারে আমাদের পশ্চিমবাংলায় দেখা দিয়েছিল এবং এবারে দেখছি বসন্ত রোগ তার স্থান গ্রহণ করেছে। বসন্ত উচ্ছেদের পরিকল্পনা যেটা শুনেছিলাম ব্যাপকভাবে শুরু করা হবে ১৯৭২ সাল থেকে সেটা যদি শুরু করা যেত, তা হ'লে এই করাল ব্যাধির কবলে বেশীর ভাগ মানুষকে আর পড়তে হ'ত না। ম্যালেরিয়া কন্ট্রোলের কথা স্বাভাবিকভাবে এসেছে এবং আমরা জানি ম্যালেরিয়া অনেকখানি কন্ট্রোল্ড হয়েছে। কিন্তু একথাও ঠিক যে, এই ম্যালেরিয়ার আক্রমণ শুধু আমাদের রাজ্যের সীমান্তবর্তী এলাকাতেই নয়, রাজ্যের অভ্যন্তরে অনেক জায়গায় ম্যালেরিয়া রোগীর সংখ্যা বাড়ছে এবং অনেকে একথা মনে করছে, যদি এখন থেকে উপযুক্ত প্রতিষেধক ব্যবস্থা গ্রহণ করা না হয়, তা হ'লে আবার ভয়াবহ মহামারিরূপে এই ম্যালেরিয়া দেখা দেবে।

[7-00—7-10 p.m.]

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের পশ্চিমবাংলার শতকরা ৭০ ভাগ লোক দারিদ্র্য সীমার নীচে বাস করেন। এর মধ্যে গ্রামাঞ্চলের লোকসংখ্যা হচ্ছে সবচেয়ে বেশী। জীবনযাত্রার ব্যয়সূচি যেভাবে বেড়ে যাচ্ছে তাতে এদের বেশীর ভাগ লোককেই অনাহারে অর্ধাহারে অথবা অখাদ্য, কুখাদ্য আর না হয় ভেজাল খাদ্য খেয়ে কোন রকমে জীবন কাটাতে হচ্ছে। বিশুদ্ধ পানীয় জলের সংকট গ্রামাঞ্চলে এখনো তীব্র। ৩/৪ মাইলের মধ্যে এখনো টিউবওয়েল নাই, এই রকম স্থানের সংখ্যা খুব কম নয় এবং এ কথা ঠিক যে, আমাদের রাজ্যে যতগুলি টিউবওয়েল আছে তার প্রায় শতকরা ৪০ ভাগই অকেজো। স্বাধীনতার ২৫ বছর পরে খাদ্য তো দূরের কথা পানীয় জলের সংস্থান থেকে গ্রামাঞ্চলের লক্ষ লক্ষ মানুষ আজও বঞ্চিত। সুষম খাদ্যের তো কোন প্রশ্নই নেই। স্যার, আজকের খবরে বেরিয়েছে, আনন্দবাজার পত্রিকায়, নিশ্চয়ই অনেকে লক্ষ্য করেছেন যে, প্রতি ব্লকে ৩৪টি ক'রে টিউবওয়েল বসানোর যে প্রোগ্রাম ছিল সেই প্রোগ্রাম কিন্তু সর্বতোভাবে কার্যকর হয় নি। আরো খবর নিয়ে জানা গিয়েছে যে, শেষ পর্যন্ত ২২৩টি ব্লকে টিউবওয়েল বসেছে বটে, কিন্তু এর মধ্যে ৯৩টি ব্লকে আদৌ বসে নি, ১১টি ব্লকের কোন সংবাদ সরকার জানেন না আর ৮টি ব্লকে পাথুরে মাটির জন্য টিউবওয়েল যায় নি, সুতরাং এই প্রোগ্রামও সম্পূর্ণভাবে কার্যকর হয় নি। আমি স্বাস্থ্যমন্ত্রীকে এইদিকে নজর দেবার জন্য বলব, কারণ হাসপাতাল এবং স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা বাড়িয়ে এসবের প্রতিকার করা যাবে না। আমি আগেই বলেছি বাজেটবরাদ্দে অর্থের পরিমাণ কত বাড়ল সেটা দেখিয়ে জনস্বাস্থ্যের অগ্রগতি বিচার করা ঠিক হবে না, দেখতে হবে বরাদ্দ অর্থের কত ভাগ বিভাগীয় এস্টাব্লিসমেন্টের জন্য এবং ম্যানেজমেন্টের জন্য খরচ হ'ল, আর কত ভাগ খরচ হ'ল সাড়ে চার কোটি মানুষের জন্য, এই হিসাব আমাদের জানা নেই, মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয়ই দিতে পারবেন। যে মাথাভারি আমলাতান্ত্রিক প্রশাসন ব্যবস্থা চালু আছে, তাতে আমাদের অনুমান বাজেটের বেশীর ভাগ টাকা এই সমস্ত এস্টাবলিসমেন্ট এবং অ্যাডমিনিস্ট্রেশনের পিছনে খরচ হয়ে যায়। সেক্রেটারী, জয়েন্ট সেক্রেটারী, ডিরেকটর, ডেপুটি সেক্রেটারী, ডেপুটি ডিরেকটর, অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার, যারা প্রকৃতপক্ষে যে সমস্ত ফিল্ড ওয়ার্কার আছেন, যারা প্রকৃত কাজ করেন, তাদের উপর ছড়ি ঘোরানো ছাড়া এই সমস্ত অফিসারদের আর কোন কাজ নেই এবং এই সমস্ত অফিসাররা বাজেটের সিংহভাগ নিজেদের পকেটে ভরেন। জনগণের সঙ্গে যাদের যোগাযোগ সেই সমস্ত কর্মিগণ এবং জনগণ এর থেকে বিশেষ কিছু পান না। এই সিস্টেম বদলাতে না পারলে জনস্বাস্থ্যের কোন অগ্রগতি সম্ভব নয়। মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, আমাদের রাজ্যসরকার চিকিৎসা এবং জনস্বাস্থ্যকে এক ক'রে দেখতে অভ্যস্ত। জনসাধারণের মধ্যে এই ধারণা তাঁরা ইচ্ছা ক'রে সৃষ্টি করেছেন যে, চিকিৎসার জন্য হাসপাতাল আর স্বাস্থ্য-কেন্দ্র প্রতিষ্ঠা করলেই জনস্বাস্থ্যের অগ্রগতি হয়, আসলে কিন্তু তা ঠিক নয়। চিকিৎসা হ'ল কিউরেটিভ মেজার, যার সঙ্গে হাসপাতাল বা স্বাস্থ্যকেন্দ্রের সম্পর্ক, আর জনস্বাস্থ্য হ'ল প্রিভেন্টিভ মেজার যার সঙ্গে হাসপাতাল বা চিকিৎসাকেন্দ্রের সম্পর্ক নেই অথবা থাকলেও খুবই কম। মন্ত্রিমহাশয় হয়তো বলবেন, স্বাস্থ্যকেন্দ্র এবং উপ-স্বাস্থ্যকেন্দ্র এলাকায় জনস্বাস্থ্যের

দিক দেখার জন্য চিকিৎসককে দায়িত্ব দেওয়া হয়েছে এবং তার জন্য তাদেরকে অতিরিক্ত কাজ হিসাবে পাবলিক হেলথের দিকে দৃষ্টি দিতে হয়। কিন্তু তারা জনস্বাস্থ্যের দিকগুলি মোটেই দেখেন না। আমরা জানি, কোথাও কোথাও কোন রোগ মহামারী আকারে দেখা দিলে সেই এলাকায় স্বাস্থ্যকেন্দ্রের বা উপ-স্বাস্থ্যকেন্দ্রের ডাক্তারদের তার জন্য কোন কৈফিয়ত দিতে হয় না, অবশ্য একথা ঠিক এইসব ডাক্তারদের নিজেদের কাজের উপরে এই জনস্বাস্থ্যের দিকে লক্ষ্য রাখা তাঁদের পক্ষে সম্ভব নয়। কেন না তাঁদের উপর রোগী এবং খাতাপত্রের চাপ এত বেশী যে, তাতেই তাঁরা হিমসিম খায়। আমরা জানি, স্বাস্থ্যকেন্দ্রের ডাক্তারদের কেরানীর কাজও করতে হয়, কেন না এই সমস্ত স্বাস্থ্যকেন্দ্রে কেরানী নিয়োগের কোন প্রভিশন নাই।

জনস্বাস্থ্যের দিক থেকে যদি দেখেন আপনি দেখবেন যে, স্যানিটারী ইন্সপেকটর যাঁরা আছেন এবং তাঁদের অধীনস্থ যে সমস্ত স্বাস্থ্য কর্মীরা আছেন যাঁরা স্বাস্থ্যকেন্দ্রের সঙ্গে যুক্ত। মজার কথা হ'ল এই যে, এইসব স্বাস্থ্যকর্মীরা স্যানিটারী ইন্সপেকটরের স্টাফ হ'লেও এদের উপর স্যানিটারী ইন্সপেকটরদের কোন কন্ট্রোল নেই, তার ফলে প্রশাসনিক জটিলতা দেখা দেয় এবং কোন কাজ সুষ্ঠুভাবে হয় না। এই পদ্ধতি বদলানো দরকার। আমাদের রাজ্যে ২৫/৩০ হাজার লোকের উপর একজন বেসিক হেলথ ওয়ার্কার আছে। ১৯৬৬ সালে দ্বিতীয় মুখার্জী কমিশন নিয়োগ করা হয়েছিল। সেই কমিশন সুপারিশ করেছিলেন যে, প্রতি ৫ হাজার পপুলেশনে একজন ক'রে বেসিক হেলথ ওয়ার্কার হবে। কিন্তু অনেক টাকা খরচের আশঙ্কায় ১৯৬৯ সালে রাজ্যসরকার একটা ডিপার্টমেন্টাল কমিটি করলেন, সেই কমিটির সুপারিশ হ'ল প্রতি সাড়ে ৬ হাজার লোকের জন্য গ্রামাঞ্চলে একজন ক'রে বেসিক ওয়ার্কার হবে। এবং ক্যালকাটা মেট্রোপলিটন এরিয়া বাদে ১৩ হাজার পপুলেশনের উপর একজন ক'রে বেসিক হেলথ ওয়ার্কার হবে। জানি না রাজ্যসরকার দ্বিতীয় মুখার্জী কমিশন অথবা তাঁদের দ্বারা নিযুক্ত ডিপার্টমেন্টাল কমিটির সুপারিশ কেন কার্যকর করছেন না। এই প্রসঙ্গে আমি আর একটা কথা বলতে চাই। বর্তমানে যে প্রশাসন ব্যবস্থা তা সম্পূর্ণ আমলানির্ভর এবং এর সঙ্গে জনসাধারণের কোন প্রাণের যোগ নেই, কাজের চেয়ে স্ট্যাটিস্টিকসের উপর জোর বেশী, তলার অফিসার এবং কর্মচারীরা উপরওয়ালাদের সন্তুষ্ট করতে এবং উপরওয়ালা সংখ্যাতত্ত্বের ভেল্কি দেখিয়ে মন্ত্রিমহোদয়কে সন্তুষ্ট করতে ব্যস্ত। লোকে দেখে স্বাস্থ্যকর্মীরা ইনজেকসনের সিরিঞ্জ এবং টিকা দেওয়ার সূচ নিয়ে ঘুরে বেড়াচ্ছে। যাদের জন্য এরা ঘুরছে তাদের কোন উৎসাহ নেই। যত অসুবিধা তলার খুদে অফিসার এবং কর্মীদের মোকাবিলা করতে হয়। উপর-ওয়ালারা মাঝে মাঝে গাড়ি হাঁকিয়ে অফিসে এসে নানা উপদেশ দিয়ে এবং কোন গুরুতর সমস্যার কথা বললে "আচ্ছা দেখব," ব'লে কান্তনা দিয়ে সরে পড়েন মাত্র। মন্ত্রিমহোদয়কে অনুরোধ করব, সত্যই যদি জনস্বাস্থ্যের অগ্রগতি চান, তা হ'লে এই আমলাতান্ত্রিক পদ্ধতি বদলান। যারা কাজ করে তাদের অসুবিধা দূর করুন, উপর তলার অফিসারদের জনসাধারণের কাছে যেতে বলুন। ব্লকে ব্লকে স্বাস্থ্য কমিটি, সেমিনার, আলোচনাচক্র প্রভৃতির মাধ্যমে জনসাধারণের সাথে প্রশাসনের যোগাযোগ ঘটান। জনস্বাস্থ্যের ব্যাপারে জনসাধারণকে উৎসাহিত করুন। বন্যা প্রভৃতি প্রাকৃতিক দুর্যোগের সময় জনস্বাস্থ্যের কাজ অনেক বেড়ে যায়। কিন্তু এই বাড়তি কাজ করার জন্য তলার স্বাস্থ্যকর্মী এবং অফিসারদের কোন বাড়তি কাজ করা হয় না। গ্রামের সঙ্গে যোগাযোগ রাখা এবং জনস্বাস্থ্যের কাজ করার জন্য সামান্য কয়েকটা টাকা খরচ ক'রে এক-আধটা নৌকা ভাড়া ক'রে নেওয়ার ক্ষমতাও এদের নেই। এ সম্পর্কে আমার প্রত্যক্ষ অভিজ্ঞতা আছে। এতে যা ক্ষতি হয় তা অপূরণীয়। টাকার অভাব থাকলে দু'-চারজন হাজারী দু' হাজারী মনসবদারকে বাদ দিয়ে সংস্থান করার জন্য আমি মন্ত্রিমহোদয়কে পরামর্শ দেব। এতে কোন ক্ষতি হবে না। পরিবার পরিকল্পনা সম্পর্কে আমার বক্তব্য হ'ল আমি দুঃখের সঙ্গে লক্ষ্য করছি, চিকিৎসা ও জনস্বাস্থ্যের মত জন্মনিয়ন্ত্রণ ও পরিবার পরিকল্পনাকে এক ক'রে দেখা হচ্ছে এবং জনসাধারণের মধ্যে এই ধারণা সৃষ্টি করা হচ্ছে যে, জন্মনিয়ন্ত্রণই হ'ল পরিবার পরিকল্পনা। আমি এই মনোভাবের বিরোধী। জন্মনিয়ন্ত্রণ পরিবার পরিকল্পনার একটি আবশ্যকীয় শর্ত মাত্র, পুরো নয়। আমি বুঝতে পারি না, কেন দু'টি বিষয়কে জড়িয়ে ফেলা হচ্ছে। দ্বিতীয়ত জন্মনিয়ন্ত্রণকে নেতিবাচক দৃষ্টিভঙ্গি থেকে দেখা হচ্ছে এবং এই ধারণা সৃষ্টি করা হচ্ছে যে, সবকিছু অর্থনৈতিক সমস্যার সমাধান এতেই নিহিত আছে।

জনসংখ্যার চাপ বাড়লে সমস্যা সমাধানে সংকট সৃষ্টি হয়, তা ঠিক, কিন্তু যত দোষ নন্দ ঘোষের মত জনসংখ্যা বৃদ্ধিকেই সব সমস্যার কারণ ব'লে হাজির করা মারাত্মক। এ হ'ল অর্থনৈতিক সমস্যাকে পাশ কাটিয়ে যাওয়া এবং সমস্যার প্রকৃত কারণকে উপলব্ধি ক'রে তার বিরুদ্ধে সংগ্রামকে অবহেলা করা। যদি দেখতাম যে, সীমিতসংখ্যক লোক নিয়ে গঠিত পরিবারে শিক্ষা, স্বাস্থ্য, অন্ন, বস্ত্র, বাসস্থানের কোন সমস্যা নেই অথবা তাদের অনাহারে, অর্ধাহারে থাকতে হয় না, রোগ হ'লে বিনা চিকিৎসায় মরতে হয় না, ভিক্ষার অন্নে জীবন ধারণ করতে হয় না, তা হ'লে আমিও বলতাম সব বাদ দিয়ে জন্মনিয়ন্ত্রণের উপর জোর দিন। ঘটনা কিন্তু তা নয়।

[7-10—7-20 p.m.]

জন্মহার নিয়ন্ত্রণের কোন দকরার নেই একথা আমি বলছি না, কিন্তু উৎপাদন বৃদ্ধি এবং শোষণ বন্ধ করার ব্যবস্থার দিকে অঙ্গুলি নির্দেশ না ক'রে জন্মহার নিয়ন্ত্রণের নেতিবাচক দৃষ্টিভঙ্গির আমি বিরোধী। দৃষ্টিভঙ্গি বদলান এবং পরিবর্তিত ইতিবাচক দৃষ্টিভঙ্গি অনুসরণ করলে কাজের ধারা বদলাবে। তখন আর টাকার লোভ দেখিয়ে জন্মনিয়ন্ত্রণের দিকে লোককে আকৃষ্ট করার দরকার হবে না। শুধু জন্মনিয়ন্ত্রণ নয়, পরিবার পরিকল্পনার দিকে মানুষ অগ্রসর হবে। তৃতীয়তঃ আমি একথা বলতে চাই যে, শুধু অস্ত্রোপচার ক'রে কিংবা লুপ পরিয়ে জন্মহার নিয়ন্ত্রণ করা যায় না। জন্মহার নিয়ন্ত্রণ করতে গেলে শিক্ষার প্রসার এবং অর্থনৈতিক অবস্থার উন্নতি করা দরকার। কেন না মাননীয় মন্ত্রিমহোদয় নিশ্চয়ই জানেন যে, শিক্ষায় অনগ্রসর এবং আর্থিক দিক থেকে দুর্বলতর লোকেদের মধ্যেই জন্মহার বেশী। এর পিছনে যে বৈজ্ঞানিক কারণ আছে তা কোনক্রমেই অস্বীকার করা যায় না। সুতরাং ইতিবাচক দৃষ্টিভঙ্গি গ্রহণ ক'রে এবং জন্মনিয়ন্ত্রণ ও পরিবার পরিকল্পনাকে একসঙ্গে গুলিয়ে না ফেলে জন্মহার নিয়ন্ত্রণের কাজে অগ্রসর হবার জন্য মাননীয় মন্ত্রিমহোদয়কে আহ্বান জানাচ্ছি।

এই কথা কয়টি ব'লে আমি এই বাজেট বরাদ্দের দাবিকে সমর্থন করছি।

শ্রীরজনীকান্ত দোলুই : মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, শ্রদ্ধেয় স্বাস্থ্যমন্ত্রী স্বাস্থ্যখাতে আমাদের সামনে যে বাজেটবরাদ্দ উপস্থিত করেছেন, তাকে আমি সম্পূর্ণ সমর্থন জানাচ্ছি। একটি স্বাস্থ্যোজ্জ্বল জাতি গঠনের লক্ষ্য নিয়ে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী গত এক বছর ধ'রে যে ঐকান্তিক প্রচেষ্টা দেখিয়েছেন তার কোন অতীত ইতিহাস আছে কি না জানি না, তাঁর এই ঐকান্তিক প্রচেষ্টাকে আমি আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। সেই সঙ্গে আপনার মাধ্যমে কয়েকটি সাজেসান শ্রদ্ধেয় স্বাস্থ্যমন্ত্রীর সামনে রাখছি। আশা করি স্বাস্থ্যমন্ত্রী মহাশয় আমার সাজেসানগুলি বিবেচনা ক'রে দেখবেন। চিকিৎসা ব্যবস্থাকে সময়সীমায় রূপান্তরিত করতে হ'লে আমাদের ছাত্রদের যে মেডিকেল ডিগ্রির সার্টিফিকেট দেওয়া হবে, তাদের গ্রামে গিয়ে চিকিৎসা করার ব্যবস্থাটা বাধ্যতামূলক করতে হবে। আর এম বি বি এস কোর্স যেটা রয়েছে, তাকে যদি নাতিদীর্ঘ ডিপ্লোমা কোর্স-এর মত করা যায়, তা হ'লে প্রচুরসংখ্যক চিকিৎসক তৈরি করা সহজে সম্ভব হতে পারে। এম বি বি এস কোর্স দীর্ঘ না ক'রে ডিপ্লোমা কোর্স করা যায় কি না সেটা স্বাস্থ্যমন্ত্রী মহাশয় বিবেচনা ক'রে দেখবেন।

তারপর ওষুধে যে ভেজাল দেখা যাচ্ছে তার প্রতিরোধকল্পে ভেজালকারীকে মিসায় আটকাবার ব্যবস্থা করলে তার এই ভেজাল দেবার প্রবৃত্তি চেক হতে পারে। মিসার মত শক্তিশালী ব্যবস্থা নিতে পারলে ওষুধে ভেজাল সহজে বন্ধ হতে পারে।

তারপর বিলেতী ওষুধের সমগুণ সম্পন্ন দেশী ওষুধ প্রস্তুত করবার জন্য একটি মেডিকেল কর্পোরেশন করা প্রয়োজন বলে মনে করি। আমাদের দেশে যে ব্যবস্থা রয়েছে ওষুধ তৈরীর তাতে এই মেডিকেল কর্পোরেশন গঠন করলে দেশী ওষুধের মান বিলেতী ওষুধের মানে উন্নীত করা সম্ভব হবে।

হাসপাতালে এবং বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্রে যে বিভিন্ন দুর্নীতির কথা শোনা যাচ্ছে তার প্রতিকার কল্পে সেখানে একটি ক'রে ভিজেলেন্স কমিটি করা দরকার। এই ভিজিলেন্স কমিটিকে যদি শক্তিশালী রূপে সংগঠন করা যায়, তা হ'লে সংগে সংগে হাসপাতালের অ্যাডমিনিস্ট্রেশনও স্মুথলি রান করানো সম্ভব হবে।

আমরা হামেসা হাসপাতাল থেকে ওষুধ চুরির কথা শুনতে পাচ্ছি—সেই ওষুধ চুরি চেক করতে গেলেও এই ভিজিলেন্স কমিটি থাকা প্রয়োজন। আশা করি মন্ত্রিমহাশয় এ জিনিসটার কথা একটু চিন্তা করে দেখবেন।

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আপনি জানেন মুদালিয়র কমিশন বলেছেন, যে জেলার পপুলেশন ৫৫ লক্ষ হবে, সেখানে একটি মেডিকেল কলেজ হবে। আমাদের মেদিনীপুর জেলা একটি বড় জেলা, তার লোকসংখ্যা ৫৫ লক্ষের অনেক বেশী অথচ অদ্যাবধি সেখানে একটা মেডিকেল কলেজ স্থাপন করার ব্যবস্থা হয় নি।,অথচ অন্যান্য জেলায় যেখানে লোকসংখ্যা ঐ ৫৫ লক্ষেরও কম, সেখানে মেডিকেল কলেজ স্থাপন করা হয়েছে। তাই আমি অনুরোধ করবো, মেদিনীপুরের মত একটি বড় জেলায় যেখানে ৫৫ লক্ষের বেশী লোকসংখ্যা রয়েছে, সেখানে অবিলম্বে যেন একটি মেডিকেল কলেজ স্থাপন করার ব্যবস্থা হয়। তিনি যে মেদিনীপুরে একটি মেডিকেল কলেজ স্থাপন করছেন একথা যেন তাঁর মুখ থেকে আজকে এখানে শুনতে পাই।

আমাদের পশ্চিমবংগ সরকারের যে কমিটমেন্ট ছিল যে প্রত্যেকটি সাবডিভিসনে একটি ক'রে হাসপাতাল হবে। আমাদের মেদিনীপুর জেলায় বহু সাবডিভিসন রয়েছে, সেখানে ঘাটাল মহকুমা ও সদর মহকুমা খড়্গপুরে একটি ক'রে হাসপাতাল হবার কথা ছিল। কিন্তু সেটা আজ পরিকল্পনায় রয়ে গেল। আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ, তিনি অবিলম্বে খড়্গপুরে ও ঘাটালে একটি ক'রে মহকুমা হাসপাতাল করুন।

এই কথা কয়টি ব'লে এই বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসনৎকুমার মুখার্জী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২৫ বছরের মধ্যে গ্রামবাংলার জন্য যা করা হয় নি তা এক বছরে করেছেন এই স্বাস্থ্যমন্ত্রী, কাজেই তাঁর বাজেটকে যে সমর্থন করবো সেটা নিশ্চয়ই বুঝতে পারছেন। আমরা জানি আজকে গ্রামবাংলায় কোন স্পেশালিস্টদের দরকার নেই। কিছুক্ষণ আগে একজন সদস্য বলছিলেন নূতন ডাক্তার পাঠাবেন না, আমি বলি নূতন কেন স্টুডেন্ট পারেন তো তও পাঠান, সেখানে কোয়াক ডাক্তার পর্যন্ত নেই। অনেক হাসপাতাল করছেন, বেড স্থাপন করছেন, কিন্তু ডাক্তার যাচ্ছে না। কেন? আমাদের ধারণা আজকে টিচিং এবং প্রফেসানকে আলাদা করতে হবে। আজকে পুরুলিয়ার এফ আর সি এস আর কলকাতার এফ আর সি এসের পার্থক্যটা কি হচ্ছে, কারণ তিনি পাবলিসিটি পাচ্ছেন যেটা পুরুলিয়ার ব্যক্তিটি পাচ্ছেন না। তিনি একদিকে প্র্যাকটিস করতে পারছেন, অন্যদিকে প্রফেসারী করতে পারছেন। কিন্তু টিচিং ও প্রফেসনকে আলাদা করতে হবে। এইটা যদি করেন, তা হ'লে ভাল হবে। আপনি হাসপাতাল এক্সপান্ড করছেন। আজকে ৫ বছরের যে ছেলেটি যে ৬০ বছর পর্যন্ত বাঁচবে হয়তো সে যখন এক্স-রে করতে আসছে হাত কি পা ভেংগে তাকে অনেক দিন অপেক্ষা করতে হয়। গ্রামবাংলায় যাতে ২৪-ঘণ্টার মধ্যে এক্স-রে হতে পারে তার ব্যবস্থা করতে হবে। আমরা জানি আজকে ওয়েস্টেজ অফ ইমপোর্টেড মেসিনারী হচ্ছে। আপনি ন্যাশনাল মেডিকেল কলেজে যান, আমি নিজে সেখানে গিয়ে দেখে এসেছি, সেখানে কোন রোগীর এক্স-রে করার দরকার কি কার্ডিওগ্রাফ করার দরকার তাকে উপর থেকে নীচে নামিয়ে আনা হচ্ছে। মিটারেল স্টেনোসিস ইনকমপিটেন্স থেকে তাকে মরা অবস্থায় বিছানায় শুইয়ে দেওয়া হচ্ছে, বলা হচ্ছে বিছানায় হার্টফেল ক'রে মারা গিয়েছে। এটা মিটারেল স্টেনোসিস ইনকমপিটেন্স নয়। বাট ইজ ইট নট অ্যাফেক্ট যে এটা মিটারেল স্টেনোসিস ইনকমপিটেন্স। আর যাতে তাকে উপর থেকে নীচে নামিয়ে আনতে না হয় কার্ডিওগ্রাফ করবার জন্য তার ব্যবস্থা নিশ্চয় করবেন এই বিশ্বাস নিশ্চয় আমাদের আছে। আর ফ্যামিলি প্ল্যানিংয়ের ইমপ্যাক্ট বড় একটা আমাদের দেশে হয় নি। তার কারণ এটা গভর্নমেন্টের উপরও একটা খুব ইমপ্যাক্ট করতে পারে নি। অনেক

সময় দেখা যায়, ছোট ছোট ছেলেরা এবং ৫০ বয়সের বুড়োরা পয়সার লোভে ওই ফ্যামিলি প্ল্যানিং ক'রে চলে যাচ্ছে, এইটা বন্ধ করা উচিত। আজকে মেডিকেল কলেজে ভর্তির জন্য ডিস্ট্রিকট-ওয়াইজ কোটা করা দরকার। কলকাতায় যে সমস্ত ছেলেরা ভর্তি হচ্ছে ডিস্ট্রিকট-ওয়াইজ কোটা হ'লে অনেক সমস্যার সমাধান হবে। মফঃস্বলে যে সমস্ত হাসপাতাল আছে সেখানে দুর্নীতি কিছু ঢুকেছে। আজকে একটা যদি পাওয়ারফুল ডিস্ট্রিক্ট লেভেল কমিটি করা যায়, তা হ'লে অনেক সমস্যার সমাধান হবে—এ বিষয়ে বিন্দুমাত্র সন্দেহ নেই। হেলথ সেন্টারগুলোর সাথে ডিস্ট্রিকট হাসপাতালগুলোর যদি টেলিফোন ব্যবস্থা করা যায়, তা হ'লে অনেক সমস্যার সমাধান হবে এবং শেষ করার আগে একটা কথা বলবো যে,

The handsome Health Minister being assisted by his efficient State Minister has presented a handsome budget.

[7-20—7-30 p.m.]

শ্রীললিত গায়েন: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা খাতে যে ব্যয়বরাদ্দ উত্থাপন করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। সমর্থন জানাতে গিয়ে বিরোধীপক্ষের দিকে তাকিয়ে বলতে হয় যে, আপনারা দু'বার নৌকায় চেপে বসেছেন—কিন্তু কি করেছেন? আজকে বাজেট সমালোচনা করছেন। কিন্তু সমালোচনা করা খুবই সহজ। এই প্রসঙ্গে আমার কিছু দিন আগের একটা ঘটনা মনে পড়ে। একটি নৌকা সমুদ্রের মাঝখান দিয়ে যখন যাচ্ছে তখন পাড় থেকে সেই নৌকার মাঝিকে নির্দেশ দেওয়া হচ্ছে যে, এইভাবে চল, ঐভাবে চল। যে মাঝি নৌকা চালাচ্ছে সে কি অসুবিধা হচ্ছে তা বুঝতে পারে। ওখানে ব'সে সমালোচনা করা খুবই সহজ। আজকে পাড়ে বসে সমালোচনা ক'রে যাচ্ছে। কিন্তু কাজ যা করেছেন তার নমুনা তো রেখে গেছেন এবং তা এই হাউসে স্বর্ণাক্ষরে লেখা থাকবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে স্বাস্থ্য খাতে যে বাজেট উত্থাপন করা হয়েছে তা সর্বাঙ্গসুন্দর হয়েছে এটা কেউই অস্বীকার করলে মনে হয় ভুল হবে। স্বাস্থ্য খাতে বলতে গিয়ে গ্রামবাংলার কথা মনে পড়ছে। স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করি যে, গ্রামাঞ্চল ও শহরের জন্য যদি আলাদা ক'রে টাকা স্যাংশন করতেন, তা হ'লে এই বাজেট আরও সর্বাঙ্গসুন্দর হ'ত। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয় জানেন, সুন্দরবন একটি অবহেলিত এলাকা। বর্তমানে সুন্দরবনের ডেভেলপমেন্টের কাজ চলছে এই সময় আমার মনে হয় সুন্দরবনের জন্য কিছু টাকা আলাদা ক'রে স্যাংশন ক'রে রেখে যদি বাজেট পেস করতেন, তা হ'লে এই বাজেট আরও সর্বাঙ্গসুন্দর হ'ত। কলকাতার আশেপাশে বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্র আছে, যানবাহন চলাচলের ব্যবস্থা আছে, স্বাস্থ্য দপ্তরের গাড়ি যাওয়া-আসা করতে পারে, ডাক্তার যেতে পারে, নার্স যেতে পারে। কিন্তু নদীবহুল জায়গা এই সুন্দরবন অঞ্চলের লোক কি ক'রে তাদের চিকিৎসা চালাবে? সেইজন্য আমি বলছি এই সব জায়গার জন্য যদি লঞ্চ ও নৌকার ব্যবস্থা ক'রে চিকিৎসার সুযোগ ক'রে দেন, তা হ'লে এই বাজেট আরও অনেক সর্বাঙ্গসুন্দর হ'ত ব'লে মনে করি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যুগান্তর পত্রিকায় একটা খবর আমাদের একটি বিষয় সম্বন্ধে কিছু বলবার সুযোগ ক'রে দিয়েছে। নর্থ সাবডিভিসন হাসপাতাল বরানগরের সম্বন্ধে হিন্ট দেওয়া হয়েছে যে, এটা নাকি বন্ধ হতে চলেছে। জানি না, কোন্ লোকের কর্তৃত্বে এই কাজ হচ্ছে—কার কারচুপি এর মধ্যে আছে। জানি না এই হাসপাতাল কি ক'রে বন্ধ হয়। এই ব্যাপারে আমি স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন রাখছি যেন এই হাসপাতাল বন্ধ না হয়, এর দ্বার যেন চিরদিন খোলা থাকে। তারপর টি বি পেসেন্টদের কথা বলতে চাই। গ্রামাঞ্চলের বিভিন্ন জায়গা থেকে মানুষ টি বি হাসপাতালে ভর্তি হবার জন্য দরখাস্ত করে। চাকুরির মত তাদের প্যানেল করা হয়। তার পর যখন তাদের সেই ভর্তি হবার সুযোগ এলো তখন দেখা গেল যে, সে আর নেই, পরজগতে চলে গেছে। তাই মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি, তিনি নিশ্চয় দেখবেন যাতে তাড়াতাড়ি এই টি বি রোগীদের ভর্তি করা যায় এবং সেইভাবে তিনি দৃষ্টি রাখবেন। এখানে আমি কিছু দিন আগের কথা উল্লেখ করতে চাই। কাঁচড়াপাড়া টি বি হাসপাতালের ৫০ হাজার টাকা তারা খরচ করতে পারে নি। সেখানকার অফিসার এই রিপোর্ট করলেন। দুঃখের বিষয়, একজন অফিসার যিনি রিপোর্ট করলেন ঐ সেক্রেটারী ও সুপারিন্টেন্ডেন্টের বিরুদ্ধে তারই

বদলি হয়ে গেল। অথচ যাদের বিরুদ্ধে রিপোর্ট হ'ল সেই সেক্রেটারী ও সুপারভাইজার তাদের বিরুদ্ধে কোন অ্যাকসন নেওয়া হয়েছে ব'লে আমার জানা নাই। মন্ত্রিমহাশয় এ দিকে সজাগ দৃষ্টি রাখবেন ব'লে আশা করি। বিরোধীপক্ষ থেকে বলা হয়েছে যে, আজকে স্বাস্থ্য দপ্তর অস্বাস্থ্য দপ্তরে পরিণত হয়েছে। গতকাল রাত সাড়ে এগারটার সময় রাইটার্স বিল্ডিংসের লোক টিকা দিচ্ছে কিনা সেটা দেখবার জন্য যে মন্ত্রিমহাশয় নিজে গিয়ে দেখেন তাকে কি অস্বাস্থ্য দপ্তর বলা চলে? নিশ্চয় বলা চলে না। এই ব'লে শেষ করছি।

শ্রীশচীনন্দন সাউঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় স্বাস্থ্যমন্ত্রী ২৯, ৩০ এবং ৩০-এ পরিবার পরিকল্পনা খাতে ব্যয়বরাদ্দের যে অনুমোদন এই সভায় চেয়েছেন আমি তাকে পরিপূর্ণভাবে সমর্থন করছি। সমর্থন করছি এই কারণে যে, আজকে যিনি স্বাস্থ্যমন্ত্রী, বিশেষ ক'রে আমরা গ্রামাঞ্চল থেকে নির্বাচিত হয়ে এসেছি সেদিক থেকে আমরা লক্ষ্য করেছি যে, তিনি অনেক ভাল ভাল কাজ ক'রে চলেছেন। তিমিরবাবু বললেন, আজকে স্বাস্থ্যকেন্দ্রগুলিতে নাকি ব্যান্ডেজ পাওয়া যায় না, এই স্বাস্থ্য দপ্তর নাকি অস্বাস্থ্য, কুস্বাস্থ্যকর দপ্তরে পরিণত হয়েছে। আমি বীরভূম জেলার ছেলে, আমি তিমিরবাবুকে বলছি, আপনি দুবরাজপুর স্বাস্থ্য-কেন্দ্রে আসুন বা বীরভূম জেলার যে-কোন স্বাস্থ্যকেন্দ্রে আসুন, উপ-স্বাস্থ্যকেন্দ্রে আসুন, সেখানে কোন্ জায়গায় ব্যান্ডেজ পাওয়া যায় না, সেটা আমাকে দেখিয়ে দিন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তিনি বললেন হাসপাতালের কর্মচারীদের নাকি ট্রান্সফার ক'রে দেওয়া হচ্ছে এবং সেই জন্য আজকে হাসপাতালগুলি নাকি বন্ধ হয়ে গেছে। আমি তিমিরবাবুর কাছে প্রশ্ন রাখছি, বীরভূম জেলা সদর হাসপাতালে যখন সাধারণ গরিব রোগীরা ওষুধ নিতে গিয়েছিল তখন প্রকাশ্য দিবালোকে কমপাউন্ডার তাদের কাছ থেকে ৮ আনা ক'রে পয়সা নিয়েছিল যুক্তফ্রন্ট সরকারের আমলে—কই তখন তো তিমিরবাবু কোন কথা বলতে পারেন নি? তার কারণ ঐ কর্মচারীরা তাদেরই ইউনিয়নের লোক, লাল ঝান্ডা ইউনিয়নের লোক। যুক্তফ্রন্ট সরকারের আমলে প্রকাশ্যে এই জিনিস করেছে। আর আজকে আমাদের মাননীয় স্বাস্থ্যমন্ত্রী ১১ মাসের মধ্যে বীরভূমে গিয়েছিলেন। যদি কোন জায়গায় এই রকম দুর্নীতি থাকে, তা হ'লে সেটা আমরা দূর করতে পারবো, এই কথা আমি দায়িত্ব নিয়ে বলছি। আপনারা হাসপাতালে যান কি? এম এল এ-দেরও দায়িত্ব আছে হাসপাতাল ঘুরে ঘুরে দেখার। আজকে হাসপাতালগুলিতে কি হয়েছে? আপনি ব'লে দিলেন, ব্যান্ডেজ পাওয়া যায় না। আপনি বললেন, সরকারী কর্মচারীদের ট্রান্সফার করা হয়েছে। যে সরকারী কর্মচারী কাজ করবে না তাদের নিশ্চয় ট্রান্সফার করা হবে। সেখানে দল ব'লে নয়, সে যে-দলেরই হোক, কাজ যারা করবে না আমাদের এই সরকার কোনক্ষেত্রেই তাদের ক্ষমা করবে না। আমাদের একটা পবিত্র দায়িত্ব আছে এবং এই পবিত্র দায়িত্ব নিয়েই আমরা এই বিধানসভায় এসেছি। আজকের যিনি স্বাস্থ্যমন্ত্রী পশ্চিমবাংলার ইতিহাসে এই রকম ধরনের স্বাস্থ্যমন্ত্রী আমরা দেখেছি কিনা তা আমাদের জানা নেই। আমি নিজে একটি কেন্দ্র সম্পর্কে বলতে চাই যে, এই ১১ মাসের মধ্যে যে বিদ্যুতের কথা তিনি বলেছিলেন, প্রতিটি স্বাস্থ্যকেন্দ্রে, উপ-স্বাস্থ্যকেন্দ্রে বিদ্যুতের ব্যবস্থা করেছেন এবং তৃতীয়/চতুর্থ শ্রেণীর কর্মচারীদের গৃহের জন্য যে ব্যবস্থা করেছেন তার জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাবো। দুবরাজপুরে জলের প্রকল্পটির কাজ চালু ক'রে দিয়েছেন এবং তার কাজও যথাযথ শুরু হয়ে গেছে। আজকে দুবরাজপুরের জজপুরে যেখানে কোন রকম ডাক্তার নিয়ে যাওয়া হ'ত না, এই মন্ত্রিসভা সেখানে ডাক্তার পাঠিয়ে দিয়েছেন। আজকে কোন জায়গায় ডাক্তারের অভাব নেই, ওষুধও যথাযথভাবে পাওয়া যাচ্ছে। তাই আমি তিমিরবাবুকে বলছি, তিনি গ্রামবাংলার দিকে তাকিয়ে দেখেন নি। আমি বীরভূম জেলার একটি গ্রামবাংলার কেন্দ্র থেকে প্রতিনিধিত্ব করতে এখানে এসেছি। আমি দায়িত্ব নিয়ে বলছি এইভাবে আমাদের জেলায় কাজ চলছে এবং এই সরকার বিশেষ ক'রে স্বাস্থ্য দপ্তরে যে দুর্নীতি ছিল, দুর্নীতির যে ব্যবসা ছিল, আমলাতন্ত্রের যে চক্রান্ত ছিল, সেই সমস্ত চক্রান্তকে এত অল্প দিনে ব্যর্থ ক'রে দিয়ে যেভাবে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে মাননীয় রাষ্ট্র-মন্ত্রী গোবিন্দচন্দ্র নস্কর পাল্লা দিয়ে কাজ শুরু করেছেন তাতে আমরা বিধানসভার সদস্য হিসাবে বর্তমান স্বাস্থ্য দপ্তরের মন্ত্রীকে পেয়ে গর্বিত এবং পশ্চিমবাংলার মানুষ এই রকম একজন স্বাস্থ্য দপ্তরের মন্ত্রীকে পেয়ে আজকে সত্যিই গর্ব অনুভব করছে। তাঁর সুদক্ষ পরিচালনার ফলে স্বাস্থ্য দপ্তর যে দুর্নীতিতে পরিণত হয়েছিল, তিমিরবাবু যে অস্বাস্থ্য দপ্তর

বলেছিলেন, সেটা অস্বাস্থ্য দপ্তর নয়, সুস্বাস্থ্য দপ্তরে আজকে পরিণত হয়েছে। আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে কয়েকটি সাজেসান রাখতে চাই। জেলা পরিষদ দ্বারা গ্রামাঞ্চলের যেসমস্ত স্বাস্থ্যকেন্দ্র পরিচালিত হয় সেগুলিকে অবিলম্বে সরকারী ব্যবস্থাপনায় নিয়ে আসার সিদ্ধান্ত গ্রহণ করুন। তার কারণ এই সমস্ত হাসপাতালগুলি অনেক দিন ধ'রে চলছে। তাদের যথাযথ ওষুধপত্র বা কার্য পরিচালনার ব্যবস্থা জেলা পরিষদ করতে পারছে না। দ্বিতীয়তঃ আজকে হেলথ সেন্টারগুলির জন্য অবিলম্বে একটি কমিটি গঠন ক'রে দিন। আজকে যেসমস্ত দুর্নীতির কথা উঠেছে সেখানে বিশেষ ক'রে ঐ কমিটির লোকেরা থাকলে সে বিষয়ে সত্বর ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হবে। অনেক মাননীয় সদস্য বলেছেন, মেডিকেল কলেজে ছাত্রভর্তির ব্যবস্থা জেলাভিত্তিক করা হোক। কারণ, গ্রামবাংলার ছেলেরা এই সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। তাই গ্রামবাংলার সদস্য হিসাবে আমার এই আবেদন সরকারের কাছে রইল যে, মেডিকেল কলেজে ভর্তির ব্যাপারে জেলাভিত্তিক আসনসংখ্যার ব্যবস্থা করা হোক। এই কথা ব'লে আমি বাজেটকে সমর্থন ক'রে আমার বক্তব্য শেষ করছি। বন্দে মাতরম্।

[7-30—7-40 p.m.]

শ্রীরামপিয়ারী রাম: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটা আমাদের সৌভাগ্যের কথা যে, আমাদের স্বাস্থ্যমন্ত্রী যিনি আজকে বাজেট পেস করেছেন, আমরা দেখেছি পশ্চিমবঙ্গের জন্য যা কিছু করা দরকার সবই তিনি দেখছেন। আজকে তাঁর বাজেট সমর্থন করতে উঠে একথা না ব'লে থাকতে পারছি না যে, তিনি যে পরিশ্রম ও চিন্তা করছেন তা বোধ হয় অন্য কেউ করতে পারতেন না। আমি এজন্য তাঁকে ধন্যবাদ দেব, কিন্তু তার সঙ্গে সঙ্গে কয়েকটি কাজের কথা যা তাঁর বাজেটে নেই সেটার সম্বন্ধে বলব। হাসপাতালের সম্বন্ধে বলতে গিয়ে প্রথমেই বলব, যে জায়গায় বেশী মানুষ বাস করে সে জায়গায় হাসপাতাল নেই। যেমন আজকে ইন্ডাস্ট্রিয়াল এরিয়া, পোর্ট এরিয়া যদি বাদ দেওয়া যায়, তা হ'লে পশ্চিমবঙ্গের আর কিছুই থাকে না। কারণ সেই সব জায়গায় দেখা যায় ২৷৷/৩ লক্ষ লোক বসবাস করেন। কিন্তু গভর্নমেন্টের তরফ থেকে একটা ৫০ বেডের হাসপাতালও সেখানে নেই। ঐ শম্ভুনাথ পন্ডিত হাসপাতাল যেটা সাউথ ক্যালকাটাতে আছে সেখানে আর লোক ধরার মত অবস্থা নেই। তা ছাড়া পি জি হসপিটালে তো জায়গাই পাওয়া যায় না। এর সঙ্গে সঙ্গে আমি আর একটা কথা বলব যে, দুর্নীতি চলছে। এখানে দু' রকমের ডাক্তার আছেন—প্র্যাকটিশনার আর নন-প্র্যাকটিশনার। নন-প্র্যাকটিশনার যাঁরা, তাঁরা অ্যালাউন্স নিচ্ছেন, টাকা আয় করছেন, কিন্তু আপনার মাধ্যমে, স্যার, আমি জিজ্ঞাসা করছি, পশ্চিমবঙ্গ সরকারের কতজন নন-প্র্যাকটিশনার ডাক্তার আছেন, যাঁরা প্র্যাকটিশ করে না? আর যদি প্র্যাকটিশ করেন, তা হ'লে এই টাকাটা সরকারের অপচয় করার কোন অর্থ হয় না। আর একটা ব্যাপারে আমি তাঁকে চিন্তা করতে বলব সেটা হচ্ছে কলেরা মহামারী সম্পর্কে। তবে তার আগে মাননীয় সদস্য ললিতবাবু যা বললেন সেইভাবে আমিও বলতে চাই, আমি দেখেছি, এই বসন্ত মহামারীর ব্যাপারে উনি যদি না থাকতেন, তা হ'লে এই মহামারী যেভাবে আসতো, লোক যেভাবে মরতো তা কেউ রোধ করতে পারতো না। উনি স্টাফ নিয়ে নিজে রাত্রি ১২/১টার সময় বেরিয়েছেন এবং পুলিসের সাহায্য নিয়ে ফুটপাতের ভিখারীদের টিকা দেবার ব্যবস্থা ক'রে স্মলপক্স থেকে তাদের বাঁচাবার চেষ্টা করেছেন। তবে এক মাস পরেই যে কলেরার প্রকোপ আসছে সে সম্বন্ধে বলব, এখানে কিন্তু শুধু টিকা দিলেই তা আটকানো যাবে না। তা করতে হ'লে ডিসইনফেকসান করতে হবে বস্তি এবং ড্রেনগুলিকে এবং তা যদি করা যায়, তা হ'লেই ভ্যাকসিনেশন কাজে লাগবে। তা ছাড়া পরিষ্কার জল সরবরাহ করতে হবে। এই ব্যাপারে এই পাবলিক হেলথ ইঞ্জিনীয়ারিং ডিপার্টমেন্টের যে সমস্ত টিউবওয়েল তা আমি গ্যারান্টি দিয়ে বলতে পারি ১/২ মাসের বেশী যায় না। কিন্তু ডিপার্টমেন্ট থেকে বিল কন্ট্রাকটরদের পেমেন্ট করা হয়। আমার এলাকায় আমি জানি টিউবওয়েল হয় নি। অথচ ইঞ্জিনীয়ারিং ডিপার্টমেন্ট বসে আছেন, তাঁরা কি করছেন জানি না। পাবলিক হেলথের বদলে নিজেদের হেলথ তৈরি করবার তাঁরা চেষ্টা করছেন কিনা ভগবানই জানেন। তারপর স্যার, আর একটা কথা বলব, ফাইলেরিয়া সারাবার জন্য ডিসপেন্সারী, ক্লিনিক ইত্যাদি করা হচ্ছে। কিন্তু এসব করলেই ফাইলেরিয়া দূর করা যায় না। যদি কোন মেডিক্যাল ম্যান একথা ব'লে থাকেন, তা হ'লে তিনি

ধাপ্পা দিয়েছেন, এর জন্য মশা তাড়াবার ব্যবস্থা করতে হবে। মশা দুই রকম—অ্যানোফিলিস ও কিউলেকস। এই কিউলেকস মশা যদি আমরা নির্মূল করতে না পারি, তা হ'লে ঐ ক্লিনিক, ডিসপেন্সারী বা হসপিটাল ক'রে ফাইলেরিয়া দূর করা যাবে না।

ম্যালেরিয়ার জন্য চিৎকার করছেন তার জন্য কি অবস্থা আছে, মশা যদি জন্মাতে না পারে, তা হ'লে ম্যালেরিয়া হতে পারে না। কিন্তু বস্তির অবস্থা যা হয়ে আছে, রাস্তাঘাটের অবস্থা যা হয়ে আছে সেগুলি ক্লীন করতে হবে, সেগুলি ক্লীন করা দরকার। যদি নোংরা জল না থাকে, তা হ'লে মশা জন্মাতে পারে না এবং ম্যালেরিয়া হতে পারে না। এর সঙ্গে আপনারা টি বি-র কথা বলেছেন। টি বি-র বিষয়ে বলতে গেলে—ক্যালকাটার জনসংখ্যা কত? ক্যালকাটার জনসংখ্যা কমপক্ষে যদি ধরা যায় ২৭ লক্ষ। এই ২৭ লক্ষের ভিতরে ক্যালকাটা কর্পোরেশন একটা হসপিটাল করেছেন ১০০ বেডের এবং আপনারা গভর্নমেন্টের তরফ থেকে ১০০ বেড। এই টু হানড্রেড বেড দিয়ে সাফিসিয়েন্ট হবে না। আমি আপনাকে বলবো সি এম ডি এ-র তরফ থেকে মোবাইল ডিসপেন্সারী মাত্র ২টি আনা হয়েছে, সেই রকম মোবাইল চেস্ট ক্লিনিকের ব্যবস্থা করুন। এক্স-রে প্ল্যান্ট বাড়িয়ে প্ল্যান্ট না দিয়ে যদি বড় ক্যামেরা প্ল্যান্ট পাওয়া যায় সেটা গোড়ার দিকে ফিট ক'রে এক্স-রে করতে পারবেন এবং ট্রিটমেন্ট করতে পারবেন। এর সঙ্গে সঙ্গে আর একটা কথা বলতে চাই, আপনারা প্রত্যেক জায়গায় সাধারণ মানুষকে গণতান্ত্রিক উপায়ে সুবিধা দেবেন। গণতান্ত্রিক রূপে কিভাবে হবে জানি না। যতটা আপনারা পারবেন না ততটা করবেন না। তার সঙ্গে যে রকম ই এস আই স্কীমে দেখা গেছে, লেবার ডিপার্টমেন্ট থেকে ডাক্তার অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়, সেই রকম ভাবে যদি প্রত্যেক অঞ্চলে স্বেচ্ছাসেবক দেন, তা হ'লে হয়ত করা যাবে। আর একটি কথা আপনার মাধ্যমে বলতে চাই, সেটা হচ্ছে ফ্যামিলি প্ল্যানিংয়ের কথা। ফ্যামিলি প্ল্যানিংয়ে আপনি অনেক প্রচেষ্টা করেছেন সেই প্রচেষ্টা যদি কন্টিনিউ করা যায়, তা হ'লে কিছু করা যাবে, তা না হ'লে অশিক্ষিত সমাজের ভিতরে কিছু করা সম্ভব নয়। এর জন্য হাউস ভিজিটর অ্যাপয়েন্ট করা দরকার। আর পাবলিক হেলথ ইঞ্জিনীয়ারিং থেকে বড় বড় টিউবওয়েল হয়—আমি গ্যারান্টি দিয়ে বলতে পারি ৭০টি টিউবওয়েল করা হয়েছিল বিগ ডায়মিটারের জন্য তার মধ্যে ৮০ পারসেন্ট বন্ধ হয়ে গেছে। সেগুলি আর চালানো যাচ্ছে না, তার জন্য ডিপার্টমেন্টকে একটু বলবেন। আপনি যেভাবে এগিয়ে গেছেন এইভাবে আরো চেষ্টা করুন আমাদের সহযোগিতা আপনার সঙ্গে থাকবে। এই কথা ব'লে আপনাকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri George Albert Wilson-de-Roze: Sir, I support the demands for the grants made under Head Nos. 20, 21 and Grant No. 30. I think, our State is grateful to the Hon'ble Health Minister for the immense step that he has taken in the field of health. Nevertheless, Sir, I regret to find that the same yelling angel associated with the demand under Grant No. 30A, which includes the barbaric practice of mass vasectomy and ligation, offends the moral sensibility of the majority of the citizens of the State and it is contrary to our national heritage. Sir, both the practices, vasectomy and ligation, are in practice universally. The effect is a permanent denial to the individual from exercising the right he has to procreate or not to procreate. It interferes with the liberty of the individual at its most intimate point. Sir, it is morally indefensible and morally wrong and Sir, what is morally wrong can never have any good effect. Sir, I submit that the basis of this programme is a well-nigh and uncritical acceptance of the Neo-Malthusian Theory originating with Western economists whose real concerns are not for the welfare of mandkind but for maintaining the tendency of the West. Sir, I ask this Government not to follow lavishly the pattern set up by the West for the welfare of the West, but to develop their own inspiration and their

own ideas in economics. Sir, as a very simple instance of the real situation, just look at the population increase between 1961 and 1971. It was about 24 per cent. But, Sir, look at the increase in food production during the same period—the increase in food production was double: it became 200 per cent. Sir, the economic effect of rushing headlong into this kind of population control, in 20 years from now, will be what happened in 1929 in America—a declining population facing an expanding economy with the result that you will have an economic collapse or invasion from outside by more vigorous and expanding nations. Sir, in the light of this observation, I regret that although I support heartily the demands under the Head Nos. 20, 21 and 30, I am unable to support the demand under Grant No. 30A. I ask, Sir, for an assurance from the Hon'ble Minister that the doctors and nurses working under the State will not be compelled or are not compelled to indulge in this programme against their intention. With these words, Sir, I conclude my speech.

[7-40—7-50 p.m.]

শ্রীসত্য ঘোষাল: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি তো গ্রামে ব'স করি, এখন গ্রামে টিকি থাকলেই যেমন পন্ডিত, তেমনি গলায় যদি নল থাকে, হাতে যদি ব্যাগ থাকে, তা হ'লে সে ডাক্তার। সুতরাং এই রকম ডাক্তারে গ্রাম ছেয়ে গেছে। প্রব্লেমটা একটু অন্যভাবে আমি দেখছি এই জন্য, কারণ শহরের শিক্ষা এবং গ্রামের শিক্ষার মধ্যে একটু তফাৎ আছে। শহরে যারা ডাক্তারী শেখেন, এ'রা বেশীর ভাগ হলেন স্পেশালিস্ট, আর গ্রামে যারা ডাক্তারী শেখেন এ'রা তো স্পেশালাইজড নন, এ'রা সবাই চিকিৎসা করেন এবং করতেও বাধ্য। যেমন গ্রামে আমি এমনি তো দেখি—ঐ একজন যেমন বললেন, আমাদের গ্রামে কোয়ালিফায়েড ডাক্তার দরকার নেই। এমনি ছাত্র হ'লেই পাঠিয়ে দিন। গ্রামে তো আমরা দেখি, যা ইচ্ছে নামের আগে একটা ডাক্তার বসিয়ে নিয়েছেন এবং পিছনে এম বি, এম বি বি এস, এম ডি, এম ডি এম এস, পি-এইচ ডি— এই রকম সব বড় বড় টাইটেল আমার গ্রামে দেখি। যারা খুব বেশী সদয় আমাদের প্রতি, তারা হয়তো ব্রাকেটে কচি সংসদে লালিমা পালের মত পুং লেখার মত ব্রাকেট-এ "হোমিও" লেখেন। যারা আমাদের প্রতি সদয় নয় তারা "হোমিও" লেখেন না। কিছু বোঝবার উপায় নেই। অনেকে দেখেছি লিখেছেন এম বি, ইউ এস এ—সে বড় ডাক্তার। আমাকে একদিন আমার কনস্টিটিউ-য়েন্সীতে কিছু লোক ঘিরে ধরেছিলেন, কেউ বললেন, আপনার ঐ ডাক্তার ছোট, ও হ'ল বড় এম ডি। এই ডাক্তার তার চেয়ে বড়, এ হ'ল এম বি বি এস, আর এ হ'ল সবচেয়ে বড়, এম ডি এম এস পি-এইচ। আমি বললাম এই টাইটেল তো আমরা কখনও শুনি নি। এই রকম ডাক্তারও প্রেসক্রিপশন লেখেন, বেআইনী তো হয় না, তাই ডাক্তারী করেন। তাঁরা ঔষধও লেখেন এবং ঔষধ সার্ভও হয়। সেই জন্য গ্রামে যে-কোন ডাক্তার গেলেই কাজে লাগে। কিন্তু তবু তো এই বিষয়ে একটা ভাবতে হবে, গ্রামে একটা ডাক্তার গেলে সে কি করবে। প্রশ্নটা উঠেছে এবং অনেক ডাক্তারবাবু এই কথা তুলেছেন এখানে, যে সমস্ত ডাক্তার সদস্য আছেন বিধানসভায় তাঁরা বলেছেন। আমার তো বলাই উচিত নয়। তবে আমি তো রুগী হই সময় সময়। সেই জন্য বলা চলে, আর অজিতবাবু ডাক্তার নন, কাজেই ভরসা পাচ্ছি বলবার। কিন্তু মুশকিল হচ্ছে যে, আমরা কি করবো। এখানে যাঁরা শেখেন, তাঁদের অনেক ফেসিলিটি আছে। কিন্তু গ্রামে যে সমস্ত ডাক্তার যান, তাঁরা সেখানে দেখেন ক্লিনিকেল প্র্যাকটিস। এখানে অনেক সুবিধা আছে, ইলেকট্রিসিটি আছে, ল্যাবরেটরি আছে, প্যাথলজিক্যাল বিষয়ে যাঁরা ডাক্তারী করেন তাঁদের সেখানে গিয়ে কি হবে। তাঁরা গ্রামে গিয়ে কি করবেন? গ্রামের একটা হেলথ সেন্টারে কিছুই নেই। এটা ব'লে তো লাভ নেই, অজিতবাবু তো এসেছেন মাত্র ১১ মাস। ও'র সদিচ্ছায় কিছু কিছু হচ্ছে। কিন্তু সেটা কতটুকু সেই বিষয়ে উনি নিজেই বলেছেন, আমার বলার দরকার নেই। এখন মুশকিল হচ্ছে কিছু করানো—কি ক'রে করাবো। উনি বললেন, ম্যালেরিয়ার কথা। আমি

জানি গ্রামে ম্যালেরিয়া আছে কি নেই কে বলে দেবে? আমি বলছি, অনেক রোগী আছে, যাদের টেরামাইসিন দিয়ে জ্বর বন্ধ হয় নি, কিন্তু নিভাকুইন খেয়ে বন্ধ হয়েছে। ক্লোরোকুইন ৬টা খেলে বন্ধ হয়। এখন ম্যালেরিয়া আছে কি নেই, কে বলবে, রক্ত পরীক্ষা করার তো কেউ নেই। এই রকম অসংখ্য কেস আমি জানি, আন্দাজে বলেন, তোর জ্বরটা কি ছেড়ে হচ্ছে, তা হ'লে নিভাকুইন খাও—কতক্ষণ থাকে—২/৪ ঘণ্টা থাকে? তা হ'লে ক্লোরোকুইন খাও, কিংবা আর একটা কিছু খাও, এই তো অবস্থা হয়। কে আমাদের স্টুল একজামিনেসন করে। আমি তো জানি, কিছু হ'লে—জ্বর যখন ছাড়ে না বা পেটের গোলমাল হয়, হজম হয় না, ডাক্তারের কাছে যাই। গ্রামের ডাক্তাররা বলেন এই ঔষধ খাও। কেউ নেট্রোসিল খাও, কেউ বলেন ফ্লেজিল খাও, কেউ আমাদের পরীক্ষা-টরিক্ষা কিছু করেন না। সেই জন্য গ্রামে পরীক্ষা করবার জন্য কিছু কি ব্যবস্থা হবে, না গ্রামে শুধু ডাক্তার যাবে—আমরা কথাটাকে ঘুরিয়ে দেখছি, কেন না, এই প্রশ্ন এখানে উঠেছে। যদি এই সব জিনিস না হয়, তা হ'লে গ্রামে তারা কি করবে? হেলথ সেণ্টারে একজন ডাক্তার গিয়ে কি হবে, কিছুই হবে না। কারণ সেখানে পোস্ট অফিসের কাজ হয়। আমাদের গ্রামের যে হেলথ সেণ্টার আমার মনে হয় সেটা পোস্ট অফিস। সেখানে এম বি পাস করা ডাক্তারও আছেন, কিন্তু এক্স-রে করবার কোন ব্যবস্থা নেই, কোন কিছুই নেই। সেটা ৫০ বেডের হেলথ সেণ্টার, কিন্তু পোস্ট অফিস ছাড়া আর কিছু নয়, কারণ তারা সেখানে রোগী গেলেই তাকে রেফার্ড টু সদর হসপিটাল, মেদিনীপুর, ক'রে দিল, তার পর আর কিছু হ'ল তো সেখান থেকে রেফার ক'রে দেবে কলকাতায় যেমন পোস্ট অফিসে করে, যদি কোন চিঠির ঠিকানা ভুল থাকে তা হ'লে রেফারড টু অমুক পোস্ট অফিস ক'রে দেয় এবং সেখান থেকে আবার অ্যাড্রেস রিডাইরেকট ক'রে দেয়। সেই রকম সবসিডিয়ারী হেলথ সেণ্টার থেকে রেফার হ'ল সদর হাসপাতালে মেদিনীপুরে, তারা রেফার করল কলকাতায়। তাদের কোন কিছু করার নেই, কারণ তাদের চিকিৎসা করবার ইচ্ছা থাকলেও উপায় নেই। এর কারণ হচ্ছে এক্স-রে করবার উপায় নেই, কোন কিছু পরীক্ষা করবার উপায় নেই, কলকাতায় এই সব সুবিধা আছে। ওখানে গেলে ওরা বলেন, দিন কতক এটা খাও না হয় ওটা খাও, কাশি হ'লে বলে, দূরে কাশ, টি বি হতেও পারে, এই রকম অবস্থা। আমি সেই জন্য অজিতবাবুর কাছে অনুরোধ রাখছি, তাঁর বিবেচনার জন্য। শুনলাম ডাক্তারবাবুরা গ্রামে যাচ্ছেন না, এটা ভাবা দরকার আছে যে, কেন ডাক্তারবাবুরা গ্রামে যাচ্ছেন না। গত বারে এখানে এই স্বাস্থ্য বাজেটে বলেছিলাম যে, এমন অনেক গ্রাম আছে যেখানকার হাসপাতালে দিনের বেলায় সূর্যের আলো পড়ে, রোগীর বিছানায় আর রাত্রে চাঁদের আলো, সেই হাসপাতালগুলি সেই রকমই আছে বহাল তবিয়তে। অজিতবাবু গিয়েছিলেন ইলেকশনের সময় রাধানগরে মিটিং করতে, তার পাশে খিরপায়ের স্বাস্থ্যকেন্দ্র ঠিক তেমনই আছে। ১০০ ব্লাড প্রেসার নিয়ে গেলে ১৮০ হয়ে যাবে। সেখানে থাকলে ভয়ে ব্লাড প্রেসার বাড়বে, কারণ কখন ছাদ পড়ে যাবে, কখন সাপ বেরুবে কোন কিছুর ঠিক নেই, অথচ সেই হেলথ সেন্টার বহাল তবিয়তে রয়েছে। আমি আশা করছি, উনি একটু সেদিকে নজর দেবেন এবং হয় এইগুলি ভেঙেগ দিয়ে নতুন বাড়ি করবেন, না হয় বিকল্প ব্যবস্থা করবেন। আমাদের এখানে গৌতমবাবু তৃতীয় এবং চতুর্থ শ্রেণীর কর্মচারীদের নিয়ে যে কথা বললেন সে কথা আমি আগেরবার বলেছিলাম যে, লোকে রিটায়ার করার সময় তার পেন্সন এবং গ্রাচুইটি যেটা সে পাবে তার সেটা পাওয়া উচিত। আমি আশা করেছিলাম এক বছরের মধ্যে অজিতবাবু এটা দেখবেন, কিন্তু সেটা এখনো পারেন নি, তবে নিশ্চয়ই তিনি সেটা লক্ষ্য করবেন। যদি তিনি চান, নাম ঠিকানা আমি সব দিয়ে দেব এবং এই রকম কিছু কিছু আমি বলতে পারি, কিন্তু তার মধ্যে আমি যাব না। এখন ওষুধ যেখান থেকে সরবরাহ করা হয় মেদিনীপুর জেলায় তার সম্বন্ধে দু'-একটা কথা বলব, তিনি সেগুলি একটু বিবেচনা ক'রে দেখবেন। যেমন ধরুন মেদিনীপুরে যে ডিস্ট্রিকট রিজার্ভ স্টোর আছে সেই স্টোর সম্বন্ধে আমি দু'-একটা কথা ও'কে বলতে চাই, যাতে এটাও উনি নজর দেন, কেননা এটা জেলার উপর তো। যখন মেদিনীপুরের ত্রাণ শিবিরগুলি উঠে যায় বৃন্দাবনপুর এবং শালবনীতে তখন এখানকার যা ওষুধপত্র স্টক করবার কথা ঐ ডিস্ট্রিকট রিজার্ভ স্টোরে। কিন্তু কোন কারণে সেগুলি স্টোরের ভিতরে না রেখে বাইরে রাখা হয়েছিল এবং এটা উনি জানেন। একমাত্র বৃন্দাবনপুরের ওষুধগুলি ডাক্তারবাবু ইচ্ছে ক'রে সি এম ও এইচ-এর নির্দেশ মত ভিতরে রেখেছিলেন, বাকি শালবনীর সমস্ত ওষুধগুলি ছিল স্টোরের বাইরে। সেগুলি সেখান থেকে হারিয়ে গিয়েছে, অর্থাৎ চুরি হয়ে গিয়েছে এবং

সেই দপ্তরের ইকুইপমেন্টগুলি কয়েক হাজার টাকার চুরি হয়ে গেল, এটা উনি জানেন অথচ তার জন্য বিশেষ কিছুই হয় নি। পুলিস তদন্ত হচ্ছে এবং সি এম ও এইচ সেখানকার ৩ জন নাইট গার্ড-এর বিরুদ্ধে অভিযোগ করে তাদের পুলিসে দিয়েছেন। অথচ এখন সেইসব ওষুধ স্টোরের ভিতরে রাখবার ব্যবস্থা হচ্ছে আর এত দিন সেখানে জায়গা হয় নি, সেগুলি বাইরে ফেলে রেখে হারিয়ে গেল। তা এখন আমাদের সন্দেহ হচ্ছে, এইগুলি যাতে হারিয়ে বা চুরি হয়ে যায় তার জন্যই কি বাইরে রাখা হয়েছিল এবং হারিয়ে যাবার পর ভিতরে রাখবার জায়গা হ'ল ? এটা একটু চিন্তা ক'রে দেখবেন এবং সেই সঙ্গে সঙ্গে এটাও দেখুন যে, এখনো পর্যন্ত ঐ স্টোরের ভিতর জল পড়ে এবং সেখানে রিপেয়ারিং হয় নি, কিছুই ব্যবস্থা হয় নি যার ফলে এখনো ওষুধপত্র নষ্ট হয়ে যায়। আর উনি নিশ্চয়ই জানেন, ওষুধপত্র পাওয়ার ব্যাপারে ও'র সদিচ্ছা থাকলেও আমাদের অন্য লোকের সদিচ্ছার উপর নির্ভর করতে হবে, তাঁরা হচ্ছেন ঐসব স্টোরের স্টোর কিপাররা। তাঁদের সঙ্গে যদি ভাব-ভালবাসা থাকে, তা হ'লে ৫০ বেডের হাসপাতাল যে ওষুধ পাবে তার চেয়ে বেশী ওষুধ পাবে ১০ বেডের হাসপাতাল. আর ত'র চেয়ে যদি বেশী ভাব-ভালবাসা থাকে, তা হ'লে আরো বেশী ওষুধ পাবে ২ বেডের হসপিটাল। সেই সঙ্গে আমি লক্ষ্য করত বলব, দু'টো মাইনর জিনিসের উপর, উনি নিশ্চয়ই জানেন যে, আমাদের ঐ ছোট-খাট হেলথ সেন্টারগুলিতে রোগী গেলে ব্যথাবেদনা নিয়ে তখন তাঁরা সঙ্গে সঙ্গে এ পি সি লিখে দেন, পাল্ভ এ পি সি। এখন এ পি সি-র মধ্যে উনি নিশ্চয়ই জানেন ফেনাসিটিন পাওয়া যায় না, কেপিন সাইট্রাস পাওয়া যায় না, শুধু এসপ্রিন পাওয়া যায়। শুধু এসপ্রিন দিলেই কি তাতে ফেনাসিটিন অথবা কেপিন সাইট্রাস দুই হবে, না অন্য কিছু লাগবে ?

[7-50—8-00 p.m.]

এটা কে না জানে সোডি বাইকার্ব হাসপাতালে নেই। তিনি জানেন কিনা জানি না মফঃস্বলের কোন হেলথ সেন্টারে সোডি বাইকার্ব যায় না। এখন যায় লিকুইড অ্যালকালিন। এই লিকুইড অ্যালকালিনের দাম সোডি বাইকার্ব-এর চেয়ে অনেক বেশী। আমি বলছি মেদিনীপুর জেলায় গত ১১ মাসের ভেতরে কোন সোডি বাইকার্ব যায় নি। গতবার আমি যা বলেছিলাম, এবারও বলছি অ্যালকালিন মিকসচার, সিনকোনা, অ্যালকালিন আইওডিন আমাদের রোগ ভাল করবার ইহারা সমীচীন। অর্থাৎ জ্বর হ'লেও দাও, মাথা ধরলেও দাও ঐ সালফাডাইয়াজিন, এস ডি জেড, বা অ্যালকালিন, এও যদি না থাকে, তা হ'লে কি সরবরাহ করা হয় জানি না ! এগুলিতো স্টোর করা যায়। এই সঙ্গে বলব এই স্টোরে যেসমস্ত ট্রাক আছে সেই ট্রাকগুলোর মাথার উপরে কোন শেড নেই। সেগুলি জলে ভিজে আস্তে আস্তে ক্ষয়ে যাচ্ছে। দামী দামী ট্রাক সব এইভাবে থাকে। গতবার সি এম ও এইচ-এর ৩টা গাড়ির কথা বলেছিলাম। এই গাড়িগুলি দৌড়াদৌড়ি না করার ফলে এর টায়ার সমস্ত নষ্ট হয়ে যাচ্ছে। এগুলি কি রিপেয়ার হবে না? এগুলি ওষুধ নিয়ে আসাযাওয়া করতে পারতো। তাই বলছি এদিকে একটু নজর দিন। এ সঙ্গে ফ্যামিলি প্ল্যানিং-এর কথা একটু বলব। এই ফ্যামিলি প্ল্যানিং সম্পর্কে রাজনৈতিক কোন আলোচনা করতে চাই না। তবে আমি বলব এই ফ্যামিলি প্ল্যানিং-এর নাম ক'রে যে ব্যাপক ভেসেকটমি ক্যাম্প, লুপ ক্যাম্প খোলার জন্য যে পোস্টার সেগুলি স্কুলের সামনে না দিলেই ভাল হয়। গার্লস স্কুলের বাহিরে এইসব পোস্টারগুলি না দিলেই ভাল হয়। হাই স্কুল-এর বেলাতেও ঐ একই কথা। স্কুলের ছোট ছোট ছেলেমেয়েদের তো আর লুপ বা ভেসেকটমি করার দরকার নেই। এবং তারা ফ্যামিলি প্ল্যানিং-এর মধ্যে পড়ছেও না। এই ফ্যামিলি প্ল্যানিং সম্পর্কে যেভাবে গৌতমবাবু বললেন তাতে আমার কোন কর্মচারীর পক্ষে বলার খুব বেশী দরকার নেই। কিন্তু এবার দেখলাম, সর্বত্র প্রবল উৎসাহ নিয়ে ফ্যামিলি প্ল্যানিং-এর জন্য ভেসেকটোমি ক্যাম্প হ'ল। সেই ফ্যামিলি প্ল্যানিং-এর যারা ভ্যালুয়েশান অফিসার তাঁরা গাঁয়ে যান লোক ধরতে যে, চল চল তোমাকে ৫০ টাকা পাইয়ে দেব। কিন্তু লোকেরা কাজ আছে ব'লে যেতে চায় না। কিন্তু গোবিন্দবাবু কাগজে এক সময় বিবৃতি দিয়ে অনেক কথা এবিষয়ে বলেছিলেন। কিন্তু তাদের কথা একবার ভাবুন তো ? এই ফ্যামিলি প্ল্যানিং-এর যাদের আপনারা পিভট বলেন সেই ফ্যামিলি প্ল্যানিং-এর যারা ভ্যালুয়েসান অফিসার তাদের পে-স্কেল হচ্ছে ২০০—৪৫০। কিন্তু এদের আন্ডার-এ যেসমস্ত ফ্যামিলি প্ল্যানিং হেলথ অ্যাসিস্ট্যান্ট,

কর্মাপিউটার আছে তাদের কত মাইনে? অথচ এদের কোয়ালিফিকেশন ম্যাট্রিক এবং ও'রা হলেন গ্রাজ্যুয়েট। ব্লক-এ যাঁরা এক্সটেনসন অফিসার থাকেন তাঁদের পে স্কেল হচ্ছে ৩০০—৬০০। সেজন্য আমি বলব এ'দের কথা একটু চিন্তা করা দরকার। এ বিষয়ে তাঁকে একটু হিসাব আমি দেখতে বলব। ফ্যামিলি প্ল্যানিং-এ আর যারা অ্যাকসেপটর তাদের জন্য বরাদ্দ করেছেন ৫০ টাকা—৪০ টাকা ট্রান্সপোর্ট এবং ফুড ইত্যাদি মিলিয়ে ৫০ টাকা। সেখানে সার্জেনদের জন্য বরাদ্দ করেছেন ২ টাকা। সার্জেনদের ট্রাক-এর ইকুইপমেন্ট-এর জন্য ১০ টাকা। কিন্তু সবচেয়ে মারাত্মক হ'ল কন্টিনজেন্সি ইনক্লুডিং ট্রান্সপোর্ট চার্জেস, এখানে আছে ২০০ টাকা। প্রিন্টিং, স্টেশনারি ৪½ টাকা এবং মিসলেনিয়াস এক্সপেন্ডিচার ১০½ টাকা। কিন্তু এই ৫০ টাকা কি সকলের আছে? এই ফ্যামিলি প্ল্যানিং-এর ভেসেকটমি ক্যাম্প-এ যারা অ্যাকসেপ্ট করল তারা ৫০ টাকা পেল, সার্জেনরা ২ টাকা পেল এবং সার্জেনকে যে অ্যাসিস্ট করবে সে ২½ টাকা পেল। সেই অ্যাসিস্ট্যান্ট-এর মধ্যে আছে সমস্ত রকম সার্জিক্যাল অ্যাসিস্ট্যান্ট, ড্রেসার ইত্যাদি। কিন্তু মিসলেনিয়াস কি? মিসলেনিয়াস-এ এতগুলি টাকা এবং কন্টিনজেন্সি-তে ২০ টাকা এটা কেন? যেখানে ডাক্তাররা পারে ২ টাকা এবং অন্যান্যরা পাবে ২০ টাকা সেখানে মিসলেনিয়াস ২০ টাকা করাটা আমি চিন্তা করতে বলব। ডাক্তাররা গ্রামে যাবার কথায় আমি কতকগুলি কথা আপনাদের চিন্তা করতে বলব। শুধু ডাক্তার দিলে হবে না, অন্যান্য অনেক জিনিসপত্র সংগে আছে। এ বিষয়ে আমার কতকগুলি কংক্রিট প্রস্তাব আছে সেগুলি তিনি বিবেচনা করুন। প্রথম হচ্ছে, কোলকাতার বাহিরে আধুনিক চিকিৎসা ব্যবস্থা প্রসার করা, তা না হ'লে ডাক্তাররা কিছু করতে পারবেন না। প্রতিটি জেলা, মহকুমা হাসপাতালে মেডিসিন, সার্জারি, প্যাথলজি, বাইওকেমিস্ট্রি ল্যাবরেটরি ব্যবস্থা করা, চোখ, নাক, কান, গলা ইত্যাদি রোগের বিশেষজ্ঞ দ্বারা চিকিৎসার ব্যবস্থা করুন। এ ছাড়া এইসব জেলা হাসপাতালে অন্ততঃপক্ষে ২ জন করে ফরেনসিক সার্জারি, প্লাস্টিক সার্জারি এবং রেডিও থেরাপি-র ব্যবস্থা করুন। এসব না ক'রে শুধু ডাক্তার পাঠালে কিছু করা যাবে না। আধুনিক চিকিৎসায় আশীর্বাদ দেওয়া যাবে না।

প্রতিটি উপ-স্বাস্থ্যকেন্দ্রে অন্তত ২ জন এবং প্রতিটি স্বাস্থ্যকেন্দ্রে অন্তত ৩ জন ডাক্তার নিয়োগ করুন এবং কেরানীর ব্যবস্থা করুন য'তে কেরানীর কাজ ডাক্তারকে করতে না হয়। প্রোমোসনের ক্ষেত্রে একটা নির্দিষ্ট এবং ন্যায়সঙ্গত নীতি যাতে থাকে তার ব্যবস্থা করুন, নন-প্র্যাকটিসিং ভাতা কেন্দ্রীয় হ'রে চালু করুন, ১২ বছর চর্কার হ'লে প্রত্যেককে সিলেকসান গ্রেডে উন্নীত করার ব্যবস্থা করুন, বাড়িভাড়ার বিষয়ে সর্বত্র একই নীতি চালু করুন যা এখন নাই এগুলি যদি মোটামুটি করতে পারেন, তা হ'লে গ্রামের দিকে যাওয়ার ব্যাপারে শহরের চিকিৎসকরা ইনসেনটিভ পাবে। আমি আশা করব, স্বাস্থ্য মন্ত্রিমহাশয় এগুলি বিবেচনা করবেন।

শ্রীবীরেশ্বর রায়ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবি নিয়ে এসেছেন আমি তাকে সমর্থন করছি এবং সমর্থন ক'রে আমি কয়েকটি কথা বলতে চাই। বিগত ৫ বছর আমাদের পশ্চিমবাংলায় বিভিন্ন প্রশাসনিক ক্ষেত্রে যে নৈরাজ্য এবং অরাজকতা দেখা দিয়েছিল স্বাস্থ্য বিভাগেও ঠিক অনুরূপ অবস্থা দেখা দিয়েছিল, আমি দু'-একটা ঘটনা এখানে উল্লেখ করছি। তিমিরবাবু এখানে আমাদের অনেক প্রশস্তি গেয়েছেন, আমি ওনার পার্টির কিছু প্রশস্তি গাইছি। আমাদের এলাকা বিশেষ ক'রে বালুরঘাট এলাকা ওনার পার্টির পীঠস্থান ছিল। সেখানে ও'দের নেতা এবং কর্মীরা বিভিন্ন দুর্নীতির ক্ষেত্রে কিরকম রেকর্ড করেছেন তার দু'-একটা নমুনা দিচ্ছি। এই বালুরঘাট হাসপাতালে ননীবাবুর সামনে যখন এক বাক্স ওষুধ খোলা হয় তখন তাতে দেখা গেল ওষুধের বদলে শুধু বালি আর খালি শিশি আছে, আর কিছু নেই। ও'নার পার্টির যে সমস্ত কর্মীরা হাসপাতাল দেখাশুনা করত তারা ডাক্তারদের সংগে সহযোগিতা ক'রে রোগী ভর্তির ব্যাপারে কমিশন আদায় করত এবং তাদের সেই অত্যাচারের বিরুদ্ধে বিভিন্ন ডেপুটেশান দেওয়া হয়েছে, ফলে অনেক ডাক্তারকে নিগৃহীত হতে হয়েছে। এছাড়া ও'নার পার্টি সমর্থিত কিছু লোকের অত্যাচারের কথা বলছি। গত বছর চোপরাতে ও'দের পার্টি সমর্থিত কিছু সার্ভিল্যান্স ওয়ার্কার ম্যালেরিয়া ইনস্পেকটরকে ঘেরাও ক'রে এবং মারধোর করে এবং তার গর্ভবতী স্ত্রীর উপর অত্যাচার করে। তাঁর অপরাধ ছিল এই সার্ভিল্যান্স ওয়ার্কাররা কাজ করবে না, বাড়ি বাড়ি গিয়ে যে নাম্বার নিতে হবে তা

করবে না, যে সমস্ত দিন তারা অনুপস্থিত থাকবে সেই সমস্ত দিনের বেতন তাদের দিতে হবে, এগুলি করতে তিনি রাজী ছিলেন না ব'লে তাঁর উপর অত্যাচার করা হয়। স্থানীয় এ ডি এইচ এস, মিঃ কর মহাপাত্র তাঁর উপর অনেক অত্যাচার করা হয়েছিল। যাদের দ্বারা এই সমস্ত অত্যাচার করা হয়েছে তাদের বিরুদ্ধে মন্ত্রিমহাশয়ের কাছে বিভাগীয় তদন্ত করার জন্য কেস দেওয়া হয়েছে।,আমি মাঝে মাঝে খোঁজ নিয়ে দেখেছি এখানেও ননীবাবুর কিছু চেলা রাইটার্স বিল্ডিংসে বসে আছে, তারা এই কেসটা যাতে ধামাচাপা পড়ে তার জন্য চেষ্টা করছে। আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব কেসটা যেন ধামাচাপা না পড়ে। আমি দু'-একটা সাজেসান মন্ত্রিমহাশয়ের কাছে রাখছি। গ্রামবাংলায় ডাক্তার যাবার জন্য উনি যে বাধ্যতামূলক ব্যবস্থা করেছেন ৩ বছর ক'রে প্রত্যেক ডাক্তারকে থাকতে হবে সেটা অভিনন্দনযোগ্য। আমি আশা করি গ্রামবাংলায় যে সমস্ত স্বাস্থ্যকেন্দ্র আছে সেখানে ভাল যোগ্যতাসম্পন্ন ডাক্তার যাবে। আমি মনে করি প্রত্যেকটি হেলথ সেন্টার মডার্নাইজ করা দরকার। জেলা এবং মহকুমা হেলথ সেন্টার-গুলি মডার্নাইজ করবেন বলেছেন, কিন্তু গ্রামবাংলার প্রাইমারী ও সাবসিডিয়ারী হেলথ সেন্টারগুলিকে যেন মডার্নাইজ করা হয় এবং বৈদ্যুতিকরণ করা হয়। তা হ'লে ডাক্তাররা ভবিষ্যতে সেখানে যেতে আপত্তি করবেন না।

[8-00 8-10 p.m.]

এছাড়া প্রত্যেকটি হাসপাতালে একটি ক'রে কমিটি থাকা উচিত এবং সেই কমিটির মধ্যে কিছু কিছু পাবলিককেও নেওয়া উচিত। যাঁরা সমাজসেবী এরকম লোক দেখে সেই কমিটিতে নিলে হাসপাতালে খাদ্যের ব্যাপারে যে কারচুপি হয়, ঔষধের ব্যাপারে যে কারচুপি হয় বা যে সমস্ত ঔষধপত্র পায় না, ব্ল্যাক মার্কেটিং হয় তার প্রতি তাঁরা তীক্ষ্ম নজর দিতে পারবেন। কাজেই অনুরোধ করছি প্রতি হাসপাতালে এবং স্বাস্থ্যকেন্দ্রে এই ধরনের কমিটিগুলি যেন করা হয়। এছাড়া টি বি পেসেন্ট যারা আউটডোরে আসে তাদের যাতে ফুড দেওয়া হয় তার জন্য যেন ব্যবস্থা অবলম্বন করেন। তারপর উত্তরবঙ্গের যে সমস্ত ছেলেরা মেডিকেল কোর্স পড়তে চায় তাদের জন্য সেখানে যাতে উপযুক্তসংখ্যক এবং নির্দিষ্টসংখ্যক সিট রাখা হয় তার জন্য আমি অনুরোধ করছি। আমাদের উত্তরবঙ্গে কোন ডাক্তার যেতে চান না, কারণ তাঁরা মনে করেন, এটা একটা পানিসমেন্ট এরিয়া। কাজেই উত্তরবঙ্গের ছেলেরা যদি সেখানে পড়বার সুযোগ পায়, তা হ'লে সেটা তারা মনে করবে না এবং এই সমস্ত এলাকায় ডাক্তার পাওয়া যাবে। একথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে স্বাস্থ্যমন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন করেছেন আমি তার প্রতি পূর্ণ সমর্থন জানাচ্ছি। পূর্ণ সমর্থন জানাচ্ছি এই কারণে আজকে ১১ মাসের মধ্যে সরকার হাসপাতাল এবং কলেকগুলির উন্নতির জন্য যে চেষ্টা করছেন এবং সেই চেষ্টা গ্রামে, গঞ্জে যেভাবে ছড়িয়ে দেবার প্রচেষ্টা করছেন তাতে আমাদের সকলের মনেই আশার সঞ্চার করেছে। এছাড়া আমরা দেখতে পাচ্ছি স্বাস্থ্যকেন্দ্রের কিছু কিছু উন্নতি হচ্ছে এবং গ্রামের স্বাস্থ্যকেন্দ্রগুলিতে বৈদ্যুতিকরণ করা হচ্ছে। তাঁর এই চেষ্টা সত্যই অভিনন্দনযোগ্য। তারপর শহরে সংক্রামক রোগ দূর করবার জন্য যে চেষ্টা করছেন তাকেও অভিনন্দন জানাচ্ছি। এছাড়া তাঁকে আরও বেশী ক'রে অভিনন্দন জানাচ্ছি এই জন্য যে, কুষ্ঠ রোগীদের কথা কেউ কোনদিন বলেন নি, সেকথা আজ মন্ত্রিমহাশয় বলেছেন। যারা সমাজে সবচেয়ে অবহেলিত তাদের পুনর্বাসনের কথা তিনি চিন্তা করছেন। আমাদের পুরুলিয়া এবং বাঁকুড়ায় এই কুষ্ঠ রোগী বেশী রয়েছে। কাজেই তাদের কথা উনি যা বলেছেন তার জন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। আমি মনে করি এই জন্য কুষ্ঠ রোগীরা তাঁকে আশীর্বাদ করবে। হাসপাতালে জলসরবরাহের ব্যাপারে দেখতে পাচ্ছি তার উন্নতির জন্য চেষ্টা করা হচ্ছে। তাঁর এই প্রচেষ্টাও অভিনন্দনযোগ্য। আমরা দেখতে পাচ্ছি তিনি গ্রামে, গঞ্জে ডাক্তার পাঠাবেন বলেছেন। কিন্তু আমি তাঁকে বলি, গ্রামে, গঞ্জে বড় বড় ডাক্তারের চেয়ে মাঝারি ডাক্তার পাঠালে ভাল হয়। বাঁকুড়াতে দেখেছি বড় বড় ডাক্তাররা শহরে থাকেন, গ্রামে থাকেন না এবং তার ফলে লোকেরা চিকিৎসার সুযোগ পায় না। কাজেই কিছু অভিজ্ঞতা আছে এরকম ডাক্তার পাঠাবার

চেষ্টা করুন। তারপর কোলকাতার হাসপাতালে দেখেছি ডে অ্যান্ড নাইট ইমার্জেন্সী খোলা থাকে এবং সেখানে এক্স-রে ব্যবস্থাও আছে। আমাদের গ্রামে, গঞ্জে যে হাসপাতাল আছে সেখানেও যদি দিবারাত্র এক্স-রে খোলা থাকে, তা হ'লে গ্রামবাসীদের এবং গরিব-দুঃখীদের আশীর্বাদ পাবেন।

আর একটা জিনিস আমরা যেটা দেখতে পাই যে, আজকে ঔষধের গোলমাল হচ্ছে, গরীব মানুষরা ঠিক মত ঔষধ পায় না, সেন্ট্রাল স্টে'র যা আছে, সেখানে আরো বেশী ক'রে সজাগ দৃষ্টি দেওয়ার ব্যবস্থা করতে হবে। আজকে আমরা দেখছি সবচেয়ে যেটা মারাত্মক ব্যাপার যে, জিনিসপত্র চুরি হয়ে যাচ্ছে, ইনস্ট্রুমেন্ট চুরি হয়ে যাচ্ছে, বিভিন্ন হাসপাতাল থেকে ঔষধপত্র চুরি হয়ে যাচ্ছে, সেটা যাতে বন্ধ করা যায় তার জন্য মন্ত্রিমহাশয়কে এই প্রশাসন যন্ত্রকে আরো সজাগ করবার জন্য অনুরোধ করছি। আজকে হাসপাতালে যেটা বড় জিনিস হচ্ছে যে, হাসপাতালে তৃতীয় এবং চতুর্থ শ্রেণীর কর্মচারী যারা আছেন, ত'রা ১৯৭১-৭২ সাল থেকে কোন জামাকাপড় পায় নি, অবিলম্বে তাদের জামাকাপড় দেওয়ার ব্যবস্থা করা দরকার। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমরা দেখতে পাই যে, হ'সপাতালে ডাক্তার, সিস্টার এবং জি ডি এ-র সংখ্যা অত্যন্ত কম, তাদের সংখ্যা আরো বাড়াতে হবে, তার জন্য তিনি যেন চেষ্টা করেন। তা ছাড়া আর একটা জিনিস হচ্ছে এই হাসপাতাল ক্যাম্প'সের মধ্যে আর এস-রা যাতে থাকতে পারেন তার ব্যবস্থা হওয়া দরকার। তা হ'লে সাধারণ গরিব মানুষরা আরো বেশী উপকার পেতে প'রেন এবং যাতে তারা হাসপাতালের অংশীদার হন তার জন্য বড় বড় ডাক্তার এবং আর এস-দের থাকবার ব্যবস্থা হাসপাতাল কম্পাউন্ডের মধ্যে করতে হবে। আমরা আরো দেখেছি যে সমস্ত অ্যাম্বুলেন্সগুলি আছে হাসপাতালে, সেগুলি প্রায় অকেজো হয়ে পড়ে থাকে এবং মেরামত করবার কোন ব্যবস্থাই নেই, সেগুলির প্রতি মন্ত্রিমহাশয়কে নজর দিতে হবে। তারপর প্রতিটি হাসপাতালে টেলিফোন ব্যবস্থা করতে হবে। হাসপাতালে টেলিফোন এবং অ্যাম্বুলেন্সের অভাবে অনেক সময় রোগী ম'রে যায়। সেই জন্য অবিলম্বে এই ব্যবস্থাগুলি করতে হবে। আজকে দুর্নীতি দূর করতে হ'লে সেক্রেটারীয়েট লেভেলে পরিবর্তন করতে হবে এবং প্রশাসন কাঠামোর পরিবর্তন করতে হবে। এই কয়টি কথা ব'লে স্বাস্থ্য দপ্তরের মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দ এখানে প্লেস করেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীরথীন তালুকদার: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের তরুণ স্বাস্থ্যমন্ত্রী, তিনি আইন ব্যবসায়ী হ'লেও, তিনি স্বাস্থ্য দপ্তরের ব্যয়বরাদ্দের দাবি, যা এখানে উত্থাপন করেছেন এবং সেই ব্যয়বরাদ্দ উত্থাপন করতে গিয়ে তাঁর বক্তব্যের মধ্যে আমি একটা স্বহৃদয়তা এবং বলিষ্ঠ পদক্ষেপ দেখতে পাচ্ছি, কিন্তু আমরা জানি যে, সদিচ্ছা আমাদের আছে, এবং মাননীয় মন্ত্রি-মহাশয়ের তো নিশ্চয়ই আছে, কিন্তু সেই সদিচ্ছাকে বাস্তবে রূপায়িত করবার দায়িত্ব যেসমস্ত আমলাতন্ত্র গ্রহণ করেছেন, সেই আমলাতন্ত্রের চালচলন এবং তাদের কার্যকলাপ আমাদের বহু ক্ষেত্রে হতাশ ক'রে দিচ্ছে এবং বহু ক্ষেত্রে আমরা লক্ষ্য করছি মাননীয় মন্ত্রিমহাশয়ের সদিচ্ছা থাকা সত্ত্বেও সেই কার্যগুলি রূপায়িত হচ্ছে না। যেমন ধরা যাক কলকাতা শহরে গত খরাতে ৭৩৮টি টিউবওয়েল বসানো হয়েছিল, এর মধ্যে ৪৩০টি টিউবওয়েল পাবলিক হেলথের পক্ষ থেকে এবং অবশিষ্টগুলি সি এম ডি এ-র পক্ষ থেকে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত দুঃখের কথা তার মধ্যে শতকরা ৭০টি টিউবওয়েল ২/৩ মাসের মধ্যে অচল হয়ে গিয়েছে এবং শতকরা ১০টি টিউবওয়েল জন্মকালেই মৃত্যু হয়েছে। এই সম্বন্ধে আমি ব্যক্তিগতভাবে পাবলিক হেলথ ইঞ্জিনীয়ারিং ডিপার্টমেন্টের যিনি মুখ্য বাস্তুকার—চিফ ইঞ্জিনীয়ার, তাঁকে বার বার বলেছি এবং তাঁকে একথাও বলেছি যে, আপনাদের লজ্জা ঢাকতে গিয়ে আমরা লজ্জায় পড়ে যাচ্ছি। আমরা অনেক বড় বড় কথা বলছি, প্রিভেনশন ইস বেটার দ্যান কিয়োর, কিন্তু এবার কলকাতা শহরে বসন্ত মহামারীরূপে দেখা দিয়েছে, আমরা জানি যে চাষী অভিজ্ঞ, যে কৃষক অভিজ্ঞ, তিনি মেঘের দিকে তাকালেই ব'লে দিতে পারেন কোন মেঘ থেকে বজ্র সহ বৃষ্টি হ'তে পারে, তাই আজকে যদি স্বাস্থ্য দপ্তরে সেই ধরনের নিষ্ঠাবান কর্মচারী এবং কর্মী থাকতেন, তা হ'লে বুঝতে পারতাম যে, কলকাতা শহরে পক্স এপিডেমিক আসছে, আপনারা সাবধান হোন, সতর্ক হোন।

[8-10—8-20 p.m.]

আজকে নিশ্চয়ই স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে দিবারাত্র পরিশ্রম ক'রে পক্সের মোকাবিলী করতে হ'ত না। তিনি বলেছেন, শহর থেকে, গ্রামাঞ্চল থেকে কলেরা মহামারী দূর করবেন। যদি পানীয় জলের সরবরাহের সংস্থান না করতে পারেন, যত বড় বড় কথা বলুন না কেন, যতই ইনোকুলেশন দিন না কেন, সত্যকারের কলেরা দূর করতে পারবেন না। এদিকে দৃষ্টি দেবার জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দুঃখের সংগে একটা কথা বলতে হচ্ছে। কয়েকজন এস এস কে এম হাসপাতাল সম্বন্ধে কিঞ্চিত কটাক্ষ করেছেন। এস এস কে এম হাসপাতালের আন্দোলন গ'ড়ে উঠেছিল নীতির প্রতিষ্ঠার জন্য। ডাঃ বিধানচন্দ্র রায়ের আমল থেকে দেখে আসছি, ৪র্থ শ্রেণীর কর্মচারীদের জেলার বাইরে বদলী করা হ'ত না। আমরা যখন দেখলাম এই কনভেনশন লঙ্ঘিত হচ্ছে, উপায়ান্তর না দেখে সমস্ত আলোচনা ব্যর্থ হওয়ায়, শ্রমিক কর্মচারীদের রাস্তায় নামতে হয়। হাসপাতালকে আমরা দুর্নীতিমুক্ত করতে চাই। ৪র্থ শ্রেণীর কর্মচারীরা সকলেই যুধিষ্ঠির পুত্র একথা আমি বলি না, এই দাবি করি না। কিন্তু এই অধস্তন কর্মচারীদের উপর সমস্ত দোষ চাপিয়ে যদি বড় বড় উপরওয়ালাদের দোষ না দেখেন, তা হ'লে যতই সদিচ্ছা থাকুক, সেই সদিচ্ছা কার্যকর করতে পারবেন না। আমরা ফেডারেশন অব হসপিটাল ওয়ার্কার্স ইউনিয়ন থেকে দাবি করেছিলাম, হাসপাতালকে দুর্নীতিমুক্ত করতে হ'লে উচ্চপর্যায়ের কমিশন বসানো হোক। আজকেও কাগজে দেখছি, লক্ষ লক্ষ টাকার ঔষধ ইত্যাদি হাসপাতাল থেকে এদিক-ওদিক হচ্ছে। এটা লজ্জার কথা, পরিতাপের কথা, যেখানে আমরা গণতান্ত্রিক পন্থায় সমাজবাদ প্রতিষ্ঠার কথা বলছি, সেখানে রন্ধ্রে রন্ধ্রে যদি ঘুন থাকে এবং সেই ঘুন যদি দূর না করতে পারি, তা হ'লে স্বাস্থ্যমন্ত্রীর যতই সদিচ্ছা থাকুক, সেই সদিচ্ছা কার্যকর করতে পারবেন না।

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি যে কেন্দ্র থেকে এসেছি, কালীঘাট কেন্দ্র, সেখানে ভারতবর্ষের দধীচি দেশবন্ধু চিত্তরঞ্জন-এর নামে একটা প্রতিষ্ঠান আছে। সেই প্রতিষ্ঠান সেই দধীচির দানে এবং সেবায় গ'ড়ে উঠেছিল। আজকে তার কি দুরবস্থা সেটা ভাষায় প্রকাশ করা যায় না। সেই প্রতিষ্ঠান প্রায় অবলুপ্তির পথে। আমি স্বাস্থ্যমন্ত্রীর নিকট দাবি জানাব—চিত্তরঞ্জনের নামাঙ্কিত প্রতিষ্ঠানটিকে জাতীয়করণ ক'রে জাতির সেবায় ভালভাবে উৎসর্গীকৃত করা হোক। তারপর পি এন রায় গ্রুপ অব হসপিটালস, তাঁর দানে এবং সেবায় গ'ড়ে উঠেছিল, সেই হাসপাতালকে জাতীয়করণ করার জন্য আমি আপনার মাধ্যমে দাবি জানাচ্ছি। আমি একথা বলতে পারি যে, মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর সদিচ্ছামূলক এবং সেবামূলক কাজ আমরা চাই। কিন্তু অনুগ্রহ ক'রে রাইটার্স বিল্ডিংসের ঘরে অজ্ঞাত কারণে নাম ভাঙ্গিয়ে এই ওয়ার্কার্স ইউনিয়নকে যেন কেউ পেপার ইউনিয়নে পরিবর্তন করার চেষ্টা না করেন এবং এই দিকে যদি তিনি নজর রাখেন, তা হ'লে আমাদের প্রতিষ্ঠানের সম্মান বাড়বে, সরকারেরও সম্মান বাড়বে। এই কথা ব'লে এই ব্যয়বরাদ্দকে সমর্থন ক'রে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঘিয়াসুদ্দিন আহমেদঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় স্বাস্থ্যখাতে যে ব্যববরাদ্দের দাবি করেছেন, তা আমি সমর্থন করছি। এই ব্যয়বরাদ্দ পূর্ববর্তী বছরগুলির তুলনায় কিছু বেশী, সেজন্য এই ব্যয়বরাদ্দ আশাব্যঞ্জক ব'লে মনে করি। আমি ব্যক্তিগতভাবে মনে করি যে, আমাদের মাননীয় স্বাস্থ্যমন্ত্রী অত্যন্ত সহৃদয়, সহানুভূতিশীল, কর্মদক্ষ এবং তাঁর কর্মদক্ষতার পরিচয় স্বাস্থ্যবিভাগে যে দুর্নীতি লুকিয়ে আছে, সেই দুর্নীতি দূর করার জন্য তিনি ইতিমধ্যে যে দৃঢ় পদক্ষেপ গ্রহণ করেছেন, তার থেকেই তাঁর কর্মদক্ষতার পরিচয় পাচ্ছি। এজন্য তাঁকে আমি সাধুবাদ জানাই।

তিনি তাঁর বক্তৃতায় আয়ুর্বেদ শাস্ত্রের যে চিকিৎসা পদ্ধতি আমাদের দেশে দীর্ঘকাল ধ'রে চ'লে আসছে, তার পুনরুজ্জীবনের কথা বলেছেন এবং চিকিৎসার অভাব দূর করবার জন্য যে

সেটা প্রয়োজন এই সব কথা ব'লে তার প্রতি যে পৃষ্ঠপোষকতা প্রদর্শন করেছেন, তার জন্য তাঁকে সাধুবাদ জানাই।

আর একটা প্রাচীন চিকিৎসা ব্যবস্থা যা আগে আমাদের দেশে প্রচলিত—সেই ইউনানি, যাকে আমরা বলি হেকিমী, সেই হেকিমী চিকিৎসা সম্বন্ধে তিনি কোন কথা বলেন নাই। তার জন্য আমি খুব হতাশ বোধ করছি। তিনি বাজেট বক্তৃতায় বলেছেন, বিভিন্ন হাসপাতালে বিশেষজ্ঞ চিকিৎসকের ব্যবস্থা করা হচ্ছে সরকারের একটি নীতি। এটা অত্যন্ত শুভেচ্ছার কথা। যদিও আমি এই বাজেট প্রস্তাবকে মনেপ্রাণে সমর্থন করছি, তবু একটা কথা মনে জাগছে, আমাদের এই পশ্চিমবঙ্গ রাজ্যে রোগীর বেডের সংখ্যা ৪২ হাজার। এর মধ্যে গ্রামের স্বাস্থ্যকেন্দ্রগুলিতে বেডের সংখ্যা ৬,১০০। কিন্তু এই গ্রামে বাস করে শতকরা প্রায় ৮০ জন মানুষ, আর শহরে বাস করে শতকরা ২০ ভাগ লোক। অথচ মাত্র শতকরা এই ২০ ভাগ শহরের মানুষের জন্য শতকরা ৯৫ ভাগ বেড শহরাঞ্চলের হাসপাতালে অবস্থিত। এই জিনিস দেখে আমার মনে হয় এটা সম্পূর্ণ অগণতান্ত্রিক, অসমাজবাদী ব্যবস্থা। গ্রামের হাসপাতালগুলিতে ও জেলা হাসপাতালগুলিতে বেডের সংখ্যা কম থাকায় রোগীর ভীড়ও বেশী হয়। মোট অ্যাকোমোডেসন যা থাকে তার চেয়ে অনেক বেশী রোগী সেখানে ভর্তি হ'তে বাধ্য হয়, যে পরিমাণ ডায়েট-এর বরাদ্দ থাকে, রোগীর সংখ্যা বেশী হওয়ায় তা ভাগ হয়ে মাথাপিছু প্রয়োজনের তুলনায় অনেক কম হয়। ফলে সংকট সৃষ্টি হয়। আমাদের কৃষ্ণনগর সদর হাসপাতালের কথা বলতে পারি। সেখানে চারশো বেডের ব্যবস্থা আছে, কিন্তু আটশো রোগী ভর্তি হয়ে আছে। তার মেঝে অত্যন্ত নোংরা ও অপরিষ্কার, মাছি সর্বদা ভন্ ভন্ করছে। সেখানে কোন স্বাস্থ্যবান মানুষ গেলে অল্প সময়ের মধ্যে সে অসুস্থ হয়ে পড়ে।

এই যে বিশেষজ্ঞ ডাক্তারদের জেলায় জেলায় পাঠানো হয়েছে, তাঁদের কথা একটু বলি। এই বিশেষজ্ঞরা হাসপাতালের রোগীর প্রতি দৃষ্টি না রেখে বেশী দৃষ্টি রাখেন নার্সিং হোমের দিকে। তাদের দুটো-একটা ফি না দিয়ে কেউ সরকারী হাসপাতালে ভর্তি হতে পারে না। আর যদি কেউ ফাঁকে ভর্তি হয়ে যায় ফি না দিয়ে, তা হ'লে তার আর দুর্দশার অন্ত থাকে না। তাকে অবহেলা করা হয়—তাকে বলে, যাও, তোমার কোন চিকিৎসা এখানে হবে না।

আর প্রাইমারী হেলথ সেন্টারে যে চিকিৎসার ব্যবস্থা আছে, সে সম্বন্ধে আমি বহুবার সি এম ও-কে বলেছি ওখানে ওষুধের বরাদ্দ বাড়ান। তিনি বলেন, তা বাড়ানো সম্ভব নয়। তিন মাস অন্তর অ্যালটমেন্ট দেওয়া হয়। সেখানে যদি ঠিকমত চিকিৎসা হয়, তা হ'লে ঐ তিন মাসের বরাদ্দ ওষুধে এক মাসও চলবে না। শুধু লাল জল দিয়ে রোগীর রোগ ভাল করার চেষ্টা হচ্ছে। জরাসন্ধের লৌহকপাটের জেলখানার কথা মনে পড়ে। তাই আমার প্রস্তাব হচ্ছে, ওষুধের সরবরাহ বৃদ্ধি করা হোক। গ্রামের রোগীরা কলকাতায় এসে যাতে আর দুর্ভোগ না ভোগে সেদিকে দৃষ্টি দেবার জন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

আর একটি অনুরোধ করছি—জেলাভিত্তিক মেডিকেল কলেজ ক'রে স্থান সংরক্ষণ যেন করা হয়। গ্রামে পানীয় জলের যে অভাব আছে, সেদিকেও তাঁকে দৃষ্টি দিতে বলি। সেই দিকে

[8-20—8-30 p.m.]

একটু নজর দিতে বলি এবং অনুরোধ জানাই। আমার এলাকা চাপড়া বিধানসভা কেন্দ্রের জন্য বরাদ্দ তিনজন ডাক্তার, কিন্তু বহুদিন হ'ল সেখানে একজনের বেশি যান নি। সেখানে মহিলা নার্সদের উপর বাইরের লোকদের নানা রকম অত্যাচার হয়। আমি সেইজন্য হাসপাতালের বেড়া দেওয়ার জন্য অনুরোধ জানাই। মুটিয়ায় একটা হেলথ সেন্টার আছে সেখানে গত তিন বছর হ'ল একজন ডাক্তারও স্থায়িভাবে যায় নি। এখনও ডাক্তারহীনভাবে আছে। এই ব'লে আপনাদের ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Deputy Speaker: Time allotted for discussion on the Grants No. 20 and 21 expires at 8-24 p.m. and now the Minister and the State Minister are still to reply. If the honourable Members kindly agree, then I may extend the time by one hour.

(Voices: Yes.)

So, the time is extended by one hour.

শ্রীতপন চট্টোপাধ্যায়: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মন্ত্রিমহাশয়ের ভাষণের থেকে তিমিরবাবুর ভাষণ বেশি মনোযোগ দিয়ে শুনেছি। তিমিরবাবু তাঁর ভাষণে পলিট ব্যুরোর ডাটা দিয়ে বোঝাতে চেয়েছেন যে, আমাদের মন্ত্রী শ্রীঅজিত পাঁজা মহাশয় ভাল কাজ করছেন না, তাঁদের আমলে ননী ভট্টাচার্য মহাশয় ভাল কাজ করেছেন। ননীবাবু যখন মন্ত্রী ছিলেন তখন তিনি হাসপাতালকে দলবাজির আখড়াখানায় পরিণত করেছিলেন। আজকে মন্ত্রী তাঁর সদিচ্ছার প্রমাণ দিয়েছেন, তিনি গ্রামাঞ্চলের অগণিত মানুষের জন্য ডাক্তার পাঠাবার ব্যবস্থা করেছেন যদিও ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েসান-এর প্রচুর বিরোধিতা করেছিলেন। কায়েমী স্বার্থের বিরুদ্ধে যখন কোন আঘাত হানা হয় তখনই বাধা আসবে। কিন্তু এই বাধা সত্ত্বেও আমাদের স্বাস্থ্যমন্ত্রীর যে গ্রামাঞ্চলের প্রতি সদিচ্ছা আছে তার প্রমাণ পাওয়া যায়। আমি মন্ত্রীকে বলবো মানুষের রোগ না সারিয়ে আগে হাসপাতালের রোগ সারান, যে দুর্নীতি হাসপাতালে রয়েছে সে দুর্নীতি দূর করুন। ব্যারাকপুর মহকুমা হাসপাতালে সেখানে একজন লোক হাত ভেংগে গেলে কলকাতায় তাকে ছুটে আসতে হয়, কারণ এক্স-রে নেই, ব্লাড নেই। কাজেই কলকাতার হাসপাতালের উপর চাপ বাড়ছে। তাই ইডেন হাসপাতালে একদিন যেয়ে দেখলাম লেখা আছে একটা বেডে তিনজন রুগী রাখা হয়। মাটিতে নীচে রুগীকে ভর্তি ক'রে রাখা হয়। হাসপাতালে ঘুষ না দিলে রুগী ভর্তি করা যায় না। কাজেই এই দুর্নীতি দূর করতে না পারলে হবে না। একটা দুঃখের কথা যে, এম বি বি এস পরীক্ষায় টোকাটুকি হয়। স্কুল ফাইনাল, বি এ, এম এ-তে টোকাটুকি হয়, কিন্তু এম বি বি এস-এও টোকাটুকি হচ্ছে। একদিন চোখের সামনে দেখলাম পোস্টমর্টেম করাতে গিয়ে পুরিয়া সাপ্লাই হচ্ছে। বি এ পাস ক'রে কেরাণীগিরি করতে গিয়ে ভুল করতে পারে, কিন্তু যারা এম বি বি এস পরীক্ষার মতো পরীক্ষায় টোকাটুকি চালাবে তারা পরে গিয়ে কি ক'রে রোগীর চিকিৎসা করবে? আর একটা ডিপার্টমেন্ট আছে যার সম্বন্ধে কিছুই বিশেষ বলা হয় নি। সেটা হচ্ছে পাবলিক হেলথ ডিপার্টমেন্ট, এটা পুলিস ডিপার্টমেন্টকে হার মানায়। পুলিস ডিপার্টমেন্টে যে দুর্নীতি চলে এখানে তার চেয়ে বেশি চলে। ১৯৬৪ সালে যে ইমারজেন্সী ওয়াটার সাপ্লাই প্রকল্প শুরু হ'ল সেটা ১৯৭২ সালে পর্যন্ত শেষ হয় নি। এটা আমার কন্‌স্টিটিউয়েন্সিতে হয়েছে। চীফ ইঞ্জিনীয়ারকে বহুবার বলেছি আজ পর্যন্ত শেষ হ'ল না। মাত্র কয়েকদিন আগে ৩১শে জুলাই, ১৯৭২ সালে দু'টি প্রকল্প হ'ল তাও বাড়িতে জল দেওয়া হয় না, রাস্তায় জল দেওয়া হয়। এইসব কনট্রাকটার ঘুষ খেয়ে বদমায়েসী ক'রে এই রকম করছে। তারা প্রত্যেকটি ব্যাপারে হাইকোর্টে যাচ্ছে এবং হাইকোর্টে গিয়ে আরবিট্রেসন কেস লাগিয়ে দিচ্ছে, কিছু করা যাচ্ছে না। প্রত্যেক জায়গায় এই রকম দুর্নীতি চলছে। এর মূল উৎপাটন যদি না করা যায়, তা হ'লে পাবলিক হেলথ ইঞ্জিনীয়ারিং ডিপার্টমেন্টকে যে কাজের দায়িত্ব দেওয়া হয়েছে সে কাজ কোন দিনই হবে না। এই পাবলিক হেলথ ইঞ্জিনীয়ারিং ডিপার্টমেন্টকে কলোনী করার কাজ দেওয়া হয়েছে, সেখানে কোন টেন্ডার ডাকা হচ্ছে না—তাদের যে টেন্ডার দেবার কথা সে কাজ তারা করছে না। আজকে পাবলিক হেলথ ডিপার্টমেন্ট একটি বাস্তুঘুঘুর আড্ডা হয়ে দাঁড়িয়েছে। আমরা পৌড়াদৌড়ি করছি এলাকার কাজ নিয়ে—কিছু সুরাহা করতে পারছি না। তাই আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো, এই দিকে নজর দেবার জন্য। তাঁর বাজেট বক্তৃতায় তাঁর যথেষ্ট সদিচ্ছা প্রকাশিত হয়েছে। আমার বিশ্বাস আছে তাঁকে দিয়ে আরও ভাল কাজ করা যাবে, এই দপ্তরকে দুর্নীতিমুক্ত ক'রে একে আবার পুনরুজ্জীবিত করতে হবে।

শ্রীগোবিন্দচন্দ্র নস্কর: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে স্বাস্থ্য খাতে যে ব্যয়বরাদ্দের দাবি জানানো হয়েছে এবং এই সভার কাছে সমর্থন চাওয়া হয়েছে তাতে মাননীয় সদস্যগণ যে সমর্থন জানিয়েছেন এবং অনেকে আমাদের দু'জনের কাজকর্মের যে প্রশংসা করেছেন তার জন্য আমরা তাঁদের কাছে কৃতজ্ঞ। এই বাজেট বক্তৃতা করতে গিয়ে যাঁরা সমালোচনার পথে বক্তৃতা রেখেছেন তাঁদেরকেও আমি ধন্যবাদ জানাচ্ছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই পশ্চিমবাংলার স্বাস্থ্য খাতে যে ব্যয়বরাদ্দ করা হয়েছে তাতে স্বাস্থ্য দপ্তর পশ্চিমবাংলার গ্রামাঞ্চল ও শহরাঞ্চলের মধ্যে কোন পার্থক্য রাখে নি। বরং স্ট্যাটিসটিকস ক'রে দেখলে দেখা যাবে যে, গ্রামাঞ্চলের স্বাস্থ্যের ব্যাপারে যে অবস্থা ছিল সেই অবস্থার ত্রুটি-বিচ্যুতিগুলি দূর করবার জন্য ব্যবস্থা অবলম্বন করেছি। বিধানসভার মাননীয় সদস্য শ্রীতিমির ভাদুড়ী মহাশয়, অনেক কিছু অপবাদের কথা ব'লে গেলেন। জানি না তিনি এই তথ্য কোথা থেকে পেলেন। তিনি বলেছেন যে, গ্রামাঞ্চলে ৬ হাজার শয্যাসংখ্যা আছে। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পশ্চিম-বাংলায় মোট শয্যাসংখ্যা হচ্ছে ৪১ হাজার—তার মধ্যে গ্রামাঞ্চলে, জেলা, মহকুমা, ব্লক ও প্রাইমারী এবং সাবসিডিয়ারী সমস্ত বেড মিলিয়ে বেডসংখ্যা হচ্ছে ১৪ হাজার আর শহরাঞ্চলের জন্য ২৭ হাজার। একথা আমরা জানি যে, শতকরা ৭০ থেকে ৮০ ভাগ লোক গ্রামে বাস করেন। তুলনা করতে গেলে গ্রামাঞ্চলের শয্যাসংখ্যা নিশ্চয় কম। কিন্তু বর্তমানে আমাদের আর্থিক অবস্থা এমন—এমনই টাকার অভাব রয়েছে যে, এই শয্যা বাড়াতে পারছি না। যাতে আমরা এই বাজেটের টাকা নিয়ে আরও প্রাইমারী বা সাবসিডিয়ারী হেলথ সেন্টার করতে পারি বা প্রতি ব্লকে ব্লকে হেলথ সেন্টার-এর ব্যবস্থা যাতে করা যেতে পারে তার ব্যবস্থা আমরা অবলম্বন করেছি। আমরা ১,৭০০ বেড এবারে গ্রামাঞ্চলের জন্য বাড়িয়েছি এবং আরও আমরা বাড়াতে চলেছি। তিনি বলেছেন ২৪৫টা হিসাবে এখানে ৯০টি কি ক'রে হ'ল, ৫৫৮টি সাবসিডিয়ারী সেটা ৫২৭ কি ক'রে হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পশ্চিমবঙ্গে ৩৩৫টি ব্লকের মধ্যে ২৯০টি ব্লকে প্রাইমারী হেলথ সেন্টারের অ্যাপ্রুভাল দিয়ে কাজ স্টার্ট করেছি। সেইজন্য ৫২৭টি সাবসিডিয়ারী হেলথ সেন্টার হচ্ছে, তবে আমাদের হিসাবে আছে যে, কিছু সাবসিডিয়ারী হেলথ সেন্টারে কিছু ভুলত্রুটি হচ্ছে, আমরা প্রাইমারী হেলথ সেন্টার পাই নি ব'লে। আপনাদের আমলে বিভিন্ন দলের সঙ্গে এমন একটা গন্ডগোল সৃষ্টি হয়েছে—সেখান থেকে আর এস পি, এম এল এ জিতেছে ব'লে সেখানে বেশী ক'রে হেলথ সেন্টারের ব্যবস্থা করা হয়েছে। হাসপাতাল করার জন্য যেখানে একটা জায়গা ঠিক করা হয়েছে সেই জায়গা নিয়ে সি পি এম এবং আরও দুই পার্টি মিলে ইনজাংসন দিয়ে হেলথ সেন্টার করা বন্ধ ক'রে দেওয়া হয়েছে। আজকে তা সত্ত্বেও সেই এলাকার প্রতি মানুষের সুবিধার জন্য কতকগুলি সাবসিডিয়ারী হেলথ সেন্টারকে প্রাইমারী হেলথ সেন্টারে আপগ্রেডিং-এর ব্যবস্থা করে দিয়েছি। তাই হয়তো তাঁর হিসাব অঙ্কে না মিলতে পারে। আজকে আমার মনে হয় যে, পশ্চিমবাংলার স্বাস্থ্য খাতে যে ব্যয়বরাদ্দ রাখা হয়েছে তার মধ্যে গ্রামের মানুষ যাতে সুচিকিৎসা পায় সেই ব্যবস্থা যাতে করা যায় তার দিকে আমরা লক্ষ্য রেখেছি। কারণ আমি চাষীর ঘর থেকে এসেছি—আমি গ্রামের মানুষ আমি জানি গ্রামের কি অবস্থা। এই ডিপার্টমেন্টের আমরা দু' ভাই সরকারী কর্মচারীদের সঙ্গে পরামর্শ ক'রে, তাদের অঙ্গুলি হেলনে নয়, আমাদের সাজেসনে এই বাজেটের সমস্ত বরাদ্দ এবং স্বাস্থ্য দপ্তরের বিভিন্ন উন্নয়নমূলক কাজে সম পরিমাণ অর্থের মধ্যে সংকুলান কি ক'রে করা যায় সেই ব্যবস্থা অবলম্বন করেছি।

[8-30—8-40 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে খেসারী ডা'ল সম্বন্ধে কথা বলা হয়েছে। আপনারা জানেন সেন্ট্রাল গভর্নমেন্টের নির্দেশ আছে যে, খেসারীর ডা'ল একটি নির্ধারিত পদ্ধতিতে খেতে হবে। মুর্শিদাবাদ জেলায় ২৮ জন লোক যে খেসারী ডা'ল খেয়ে পঙ্গু হয়েছে, যে স্ট্র্যাটেজিতে তৈরি করা উচিত ঠিকমত সিদ্ধ না ক'রে খাওয়ার জন্যই সেটা হয়েছে। সেই জন্য আমরা ব্যবস্থা নিয়েছি এবং সেখানে ফিজিওথেরাপী পাঠানোর ব্যবস্থা হয়েছে, হেলথ সেন্টারে চিকিৎসার ব্যবস্থা হয়েছে। আমি নিজে এ ডি এইচ ডাঃ গাঙ্গুলীকে সেখানে এনকোয়ারী ক'রে খাওয়ার পদ্ধতি প্রচার করবার জন্য পাঠিয়েছি। তিনি প্রচার শুরু করেছেন যে, খেসারী ডা'ল সিদ্ধ

ক'রে দু'বার জল ফেলে দিয়ে তারপরে খান। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে তিমিরবাবু বললেন, যুক্তফ্রন্ট সরকারের সময় যেসব হাসপাতাল করা হয়েছে আমরা করেছি ব'লে সেগুলিকে দেখাচ্ছি। এটা সম্পূর্ণ অসত্য কথা। তখন তারা কিছু কিছু প্রোপোজাল, প্রোগ্রাম নিয়ে থাকতে পারেন। কিন্তু আমার মনে হয় ১ বছরের মধ্যে আপনি আপনার নিজের বিবেককে জিজ্ঞাসা ক'রে দেখুন যে, আমরা দুজনে সদিচ্ছার মাধ্যমে পাড়ায় পাড়ায়, গ্রামে গঞ্জে হেঁটেছি এবং সাবসিডিয়ারী হেলথ সেন্টার, চ্যারিটেবল ডিসপেন্সারী ইত্যাদির কি সমস্যা আছে সেটা দেখেছি। পাবলিক হেলথ স্টাফের কি সমস্যা আছে সেটা আমরা এনকোয়ারি ক'রে দেখেছি। সেখানে যে অব্যবস্থা, দুর্নীতি রয়েছে সেটা দু'বার যুক্তফ্রন্টের আমলেই তৈরি হয়েছিল। তারা পাবলিক হেলথ স্টাফদের কাউকে কাজ করতে দেয় নি, সবাইকে নিয়ে খালি পার্টিবাজী করেছে। সমস্ত দিক থেকে একটা অরাজকতা সৃষ্টি করা হয়েছিল। আমি আজকে সেই সরকারী কর্মচারীদের কাছে আবেদন রেখে, বাংলাদেশ গড়বার মনোভাব রেখে তাদের আবার কাজে ফিরিয়ে এনেছি। আমরা ১ বছরের মধ্যে সব সমস্যার সমাধান করতে পারি নি বটে, কিন্তু অনেকটা করেছি। দুর্নীতির আখড়াগুলিকে সব দিক থেকে বন্ধ করার ব্যবস্থা আমরা করেছি। আমরা কতকগুলি অফিসারকে সাসপেন্ড করেছি, অনেককে শো-কজ পর্যন্ত করেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাই আমি আপনার কাছে আবেদন রাখতে চাই, আজকে পশ্চিমবাংলার স্বাস্থ্য খাতে যে ব্যয়-বরাদ্দ করা হয়েছে বিভিন্ন বিধানসভার সদস্যরা সে সম্বন্ধে যে সমালোচনা রাখলেন, যে সাজেসান রাখলেন, সেটা আমরা শিরধার্য করেছি। আপনাদের সকলের সহযোগিতা থাকলে আমরা পশ্চিমবাংলার স্বাস্থ্য বিভাগকে আরো উজ্জ্বল ক'রে তুলতে পারবো। সেই জন্য আমি বিধানসভার প্রত্যেকটি মাননীয় সদস্যের সাহায্য এবং সহযোগিতা কামনা করছি। মাননীয় প্রদ্যোৎ মহান্তি মহাশয় মেডিকেল কলেজে ভর্তির ব্যাপার নিয়ে বসুমতী পত্রিকায় ছায়া সাহার খবরটি বেশ ফলাও ক'রে বেরিয়েছে এবং তিনি সেই সম্পর্কে কতকগুলি কথা ব'লে গেছেন। এটা সম্পূর্ণ অসত্য কথা। আমি চ্যালেঞ্জ দিয়ে বলতে পারি, এটা যদি তিনি প্রমাণ করতে পারেন, তা হ'লে যেসব ক্যানডিডেট দেবেন তাদের প্রত্যেককে আমি নিজে ভর্তি করবার ব্যবস্থা ক'রে দেব। সেখানে আমরা দেখলাম, ন্যাশনাল মেডিকেল কলেজ থেকে একটি ডোনার সিটের জন্য একজন ডোনার ৪টি নাম পাঠিয়েছিলেন। একজনের নাম পাঠাবার কথা, কিন্তু তিনি ৪ জনের নাম পাঠিয়েছিলেন। ছায়া সাহা ব'লে যে ভদ্রমহিলা তার নম্বর সেই ৪ জনের মধ্যে সব চেয়ে কম। তাকে বার বার অনুরোধ করা সত্ত্বেও তিনি মার্কসসিট দিলেন না। তারপরে যখন মার্কসসিট দিলেন, তখন দেখা গেল যে, ৪ জনের মধ্যে তার নম্বর সবচেয়ে কম। সেই জন্য ৪ জনের মধ্যে থেকে ইন্টারভিউ ক'রে নেওয়া হয়েছে এবং তাদের মধ্যে যে বেশী নম্বর পেয়েছে এবং যে ফিটেস্ট তাকেই ভর্তি করবার ব্যবস্থা করা হয়েছে। দ্বিতীয়তঃ ছায়া সাহার বয়স, ডাক্তারী পড়বার ক্ষেত্রে যে বয়স দরকার, সেই বয়স অতিক্রম ক'রে গেছে। তৃতীয়তঃ ছায়া সাহা নিজেকে শিডিউল্ড কাস্ট প্রমাণ দিয়ে ভর্তি হতে এসেছিলেন। কিন্তু আমরা যে সার্টিফিকেট পাই তাতে সেই সার্টিফিকেট সন্দেহপূর্ণ হওয়ায় সেটা আবার উপযুক্ত কর্তৃপক্ষের কাছে প্রমাণ চেয়েছি, এখন পর্যন্ত আমরা তার কোন সদুত্তর পাই নি। সুতরাং এই সম্বন্ধে যেসমস্ত ঘটনা বা অভিযোগ করা হয়েছে তা সর্বৈব অসত্য এবং আপনার কাছে আমি এই উপযুক্ত উত্তর সদুত্তর হিসাবে ব্যক্ত করলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭২ সালে আমরা ৭০০ মত ছেলেকে ডাক্তারিতে ভর্তি করেছি এবং যে কমিটি বা বোর্ড করেছিলাম তার মধ্য দিয়েই পরীক্ষা নিয়ে, ইন্টারভিউ নিয়ে, টেস্ট নিয়ে একেবারে যারা যোগ্য প্রার্থী তাদেরকেই ভর্তি করবার ব্যবস্থা করা হয়েছে। তার মধ্যে একটিকেও অন্যায়ভাবে, অবৈধভাবে প্রশ্রয় দেওয়া হয় নি। সেখানে ব্যাক-ডোর দিয়ে কাজ করবার ব্যবস্থা করা হয় নি বা তারা কোন রকম সুযোগ পায় নি। পরিষ্কারভাবে সেখানে উপযুক্ত যোগ্যতার ভিত্তিতে ভর্তি করা হয়েছে। মাননীয় তিমির ভাদুড়ী মহাশয় বললেন, ১৯৭১ সালে ১০ জন প্রার্থীকে অবৈধভাবে ভর্তি করা হয়েছে। তিনি বলেছেন, এ সম্বন্ধে কোন রকম এনকোয়ারী করবার ব্যবস্থা করা হয় নি। কে তার হিসাব দেবে, কে তার সদুত্তর দেবে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি তখন এই দপ্তরের রাষ্ট্রমন্ত্রী ছিলাম এবং ডাঃ আবেদিন মন্ত্রী ছিলেন। তাঁর নাম, আমার নাম এবং সরকারের নামে যে অপবাদ দেওয়া হয়েছে তা সম্পূর্ণ অসত্য।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় তিমির ভাদুড়ী মহাশয়ের বিভিন্ন বক্তৃতা শুনে আশ্চর্য হয়ে যাচ্ছি। আজকে আমাদের স্বাস্থ্য দপ্তর এক গৌরবময় উজ্জ্বল ভূমিকা নিয়ে আপনাদের সহযোগিতা পেয়ে কাজ ক'রে চলেছেন। দুর্নীতিপরায়ণ কর্মচারীদের কিছু কিছু সংশোধন আমরা ক'রে নিয়েছি, কর্মচারীরা এখন প্রত্যেকে অ্যাকটিভ হয়ে কাজ করছেন এবং আমাদের পাশে এসে দাঁড়িয়েছেন। গত কয়েক বছর ধ'রে এই পশ্চিমবাংলার বুকে যে রক্তক্ষয়ী বিপ্লবের সূচনা ওরা করেছিলেন, যে অরাজকতা, মারামারি, হানাহানি, খুনখুনির রাজত্ব ও'রা সৃষ্টি করেছিলেন এবং সরকারী কর্মচারীরা যেভাবে সাহায্য করেছিলেন আজকে সেই দিক থেকে সরে এসে এই স্বাস্থ্য দপ্তরকে সমৃদ্ধ করার জন্য তারা ফিরে এসেছেন। আমরা তাদের বলেছি, আমরা তোমাদের পাশে আছি। সরকারী কর্মচারী, মন্ত্রী, বিধানসভার সদস্য, জনগণ সকলের মিলিত প্রচেষ্টায় আমরা পশ্চিমবাংলার স্বাস্থ্য দপ্তরকে উজ্জ্বল, প্রাণচঞ্চল ক'রে গ'ড়ে তুলতে পারবো এই আশা আমরা রাখি। আজকে সরকারী কর্মচারীরা আমাদের ডাকে সাড়া দিয়েছেন এবং প্রত্যেকে অ্যাকটিভ হ'য়ে কাজ করছেন। আর তা করছেন ব'লেই বসন্ত বা স্মলপক্সের যে প্রাদুর্ভাব দেখা দিয়েছিল তার বিরুদ্ধে আমরা দাঁড়াতে পেরেছি। আমি ও'দের জিজ্ঞাসা করি, ৫ হাজার স্টাফ কোন দিন বেরিয়েছিল? এটা ও'দের সময় সম্ভব হয় নি, কিন্তু আমাদের সময় এটা সম্ভব হয়েছে। অজিতদা নিয়েছিলেন কোলকাতা আর আমি ২৪-পরগনা, এইভাবে প্রত্যেকটি স্টাফকে সঙ্গে নিয়ে আমরা হাটে, মাঠে, গঞ্জে, লোককে দাঁড় করিয়ে করিয়ে টিকা দেবার ব্যবস্থা করেছি। আর ও'রা কি করেছিলেন দু' বছর ধ'রে? সমস্ত ডিপার্টমেন্টটাকে বানচাল ক'রে দিয়েছিলেন যার জন্যই এই সমস্ত প্রাদুর্ভাব আজকে দেখা দিয়েছে। তারপর মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উড়িষ্যা থেকে ডাক্তার আনার ব্যাপারে অনেক সমালোচনা শোনা যাচ্ছে। অমর যখন এই দপ্তরের দায়িত্ব নিলাম তখন দেখলাম গ্রামবাংলায় ৯৯টি স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার নেই। তখন আমরা ভাবলাম কি করা যায়। পি এস সি-র সিলেকসান থেকে নেওয়া তাও যাচ্ছে না, ৪/৫ বার রিমাইন্ডার দেওয়ার পরও যাচ্ছে না, তখন আমরা এড হক বেসিসে অ্যাপয়েন্টমেন্টের ব্যবস্থা করলাম। তাতে কিছুটা সুরাহা হ'ল, কিন্তু তবুও প্রায় ৪০টা ভেকেন্ট রয়ে গেল। আমরা তার জন্য বহু অনুনয়, বিনয় করলাম, কিন্তু তাতেও কোন লাভ হ'ল না। স্যার, আমাদের এই দারিদ্রক্লিষ্ট দেশ ২৫ বছর স্বাধীন হয়েছে ঠিক কথা, কিন্তু সমস্ত ব্যাপারে সুষ্ঠু ব্যবস্থা করা আমাদের পক্ষে সম্ভব হয় নি। আমরা জানি অব্যবস্থা অনেক আছে—ডাক্তারদের থাকার ভাল ব্যবস্থা নেই, ইত্যাদি, সেখানে আমরা বললাম, ৪/৫ মা'স যান, আমরা আপনাদের সঙ্গে রয়েছি, সমস্ত ব্যবস্থা আমরা করবো এবং তাদের কোয়ার্টারের জন্য নতুন অর্ডার দিয়েছি। পি ডবলিউ ডি-কে দেওয়া হয়েছে, নর্থ বেঙ্গল কনস্ট্রাকসান বোর্ডকে দেওয়া হয়েছে এবং তাতে কাজের কিছুটা সুরাহা হয়েছে। আমরা বললাম, আপনারা যান, কিন্তু যখন গেলেন না—একদিকে বিধানসভার সদস্যদের সমালোচনা অন্য দিকে হেলথ সেন্টারে গ্রামের মায়েদের ভা'য়েদের দুরবস্থা, তাদের দেখাশুনা হচ্ছে না, কম্পাউন্ডার দেখছে, ডাক্তার পোস্টিং হয়েছে তবুও যাচ্ছে না, রাইটার্স বিল্ডিংসে ঘুরে ঘুরে বেড়াচ্ছে অন্য জায়গায় পোস্টিং-এর জন্য, ট্রান্সফার অর্ডার ক্যানসেল করানোর জন্য, কোলকাতার কাছাকাছি থাকার জন্য তখন আমরা বাধ্য হলাম এবং উড়িষ্যার স্বাস্থ্যমন্ত্রী বঙ্কুবিহারীবাবু আমাদের সাহায্য করতে চাইলেন। বাঙ্গালী ভায়েদের শত অনুরোধ করা সত্ত্বেও যখন তাঁরা গেলেন না, তখন বাধ্য হয়ে গ্রামের দরিদ্র মানুষদের বাঁচাবার জন্য, তাদের দিকে লক্ষ্য দেবার জন্য আমরা তাঁর সেই ডাকে সাড়া দিলাম এবং সেখানে তিনি এগিয়ে এলেন। আজকে উড়িষ্যা থেকে যখন ডাক্তার আনার সিদ্ধান্ত গ্রহণ করা হ'ল, তখন দেখলাম বাঙ্গালী তরুণ ভাইরা এগিয়ে এলেন। আমি জানতাম তাঁরা আসবেন, কারণ, বাঙ্গালী জাতির একটা অনুভব শক্তি আছে, বুঝতে পারে, বাঙ্গালী বহু বিপ্লবের মধ্যে দিয়ে এসেছে, তাঁরা সঙ্গে সঙ্গে আমাদের ডাকে সাড়া দিয়ে দেশকে ভালবাসার জন্য বললেন, আমরা গ্রামে যেতে চাই, তাঁরা তাঁদের ভুল বুঝে সংশোধন ক'রে নিয়েছেন। ডাক্তারিটা শুধু চাকরি নয়, একথা মনে রেখে সেবা ও সদিচ্ছার মনোভাব নিয়ে আজকে তরুণ ভাইরা এগিয়ে এসেছেন এবং আমরা সেজন্য সে পদক্ষেপ থেকে সরে এসেছি। আমরা অনেকটা সংশোধন ক'রে নিয়েছি, আর মাত্র ২৭টি সাবসিডিয়ারী হেলথ সেন্টারে ডাক্তার পোস্টিং বাকি আছে। এবারে আমরা ৩৫০ জনকে পোস্টিং দিয়েছি এবং তার মধ্যে অনেক এফ আর সি এস, এম এস, এম ডি আছেন। তাঁরা

পর্যায়ক্রমে গ্রামাঞ্চলে জয়েন করবেন। তারপর স্যার, ঔষধ সরবরাহ সম্পর্কে নানান কথা বলা হয়েছে। আপনারা জানেন, দু'বারের যুক্তফ্রন্টের আমলে ঔষধ সরবরাহের ব্যাপারে কি কাজ হয়েছে। আমরা কমিটি ক'রে সেই কমিটির মাধ্যমে যে সেন্ট্রাল মেডিক্যাল স্টোর্স ছিল তা থেকে

[8-40—8-50 p.m.]

৪/৫ ভাগ ক'রে ডিস্ট্রিকটে আমরা বিভক্ত ক'রে দিয়েছি। সাপ্লাই যেখানে ৩ কোটি টাকা করা হ'ত, আমরা সেখানে ৪ কোটি টাকা করেছি। এই বছর ৪ কোটি টাকা অলরেডি হয়ে গেছে এবং আরো এক কোটি টাকা এক্সট্রা দিয়েছি ঔষধ সাপ্লাই করার জন্য। আমরা জানি কিছু কিছু ত্রুটিবিচ্যুতি রয়ে গেছে। সরকারী কর্মচারীরা যদি অ্যাকটিভ হয়ে এবং বিশেষ ক'রে আমাদের বিধানসভায় যে সমস্ত ভাইরা আছেন এবং শ্রদ্ধাভাজন যাঁরা আছেন তাঁরা যদি সকলে সহযোগিতা করেন, তা হ'লে যেটুকু দুর্নীতি আছে সেটাকে আমরা নির্মূল করতে পারবো। ফ্যামিলি প্ল্যানিংয়ের ক্ষত্রে তিমির ভাদুড়ী মহাশয় অনেক রকম কথা ব'লে গেলেন। ফ্যামিলি প্ল্যানিং সম্বন্ধে তিনি বলুন, তাঁর দলের তখন মন্ত্রী ছিলেন, সেই সময়ে ৩২১ লক্ষ টাকা পাঠান হয়েছিল এই ফ্যামিলি প্ল্যানিং দপ্তরে। তার মধ্যে ৩০০ লক্ষ টাকা ফেরত চলে গেল। কেন খরচ হ'ল না? এটা সেন্ট্রাল গভর্নমেন্টের টাকা কাজে লাগাতে পারলেন না। আজ আমরা সেন্ট্রাল গভর্নমেন্টের টাকা নিয়ে ১ লক্ষ ৮০ হাজার পুরুষকে ভেসেকটমি করাতে পেরেছি। কেন পেরেছি? জনসংখ্যার হার পশ্চিমবঙ্গে এমন চাপ সৃষ্টি করেছে, অর্থনৈতিক অবস্থা পর্যুদস্ত হয়ে যাচ্ছে। আজকে আমরা পরিবার পরিকল্পনার কার্যকে বাস্তবে রূপায়িত ক'রে সুষ্ঠু, স্বচ্ছ এবং সীমিত পরিবার করবার জন্য পশ্চিমবঙ্গের ভাইয়েদের এই পথে এগিয়ে নিয়ে যাচ্ছি। আমি আপনার মাধ্যমে সকল বিধানসভার সদস্যদের কাছে অনুরোধ রাখতে চাই যে, আপনারা আমাদের সহযোগিতা করুন। আপনারা সকলে যদি দুর্নীতি দেখতে পান তাহলে সঙ্গে সঙ্গে আমাদের কাছে জানাবেন আমরা কঠোর হস্তে সেটা দমন করবো। শুধু অফিসারদের মাধ্যমে নয়, আমরা নিজেরা গিয়ে ইনকোয়ারী করবো এবং ন্যায়সঙ্গতভাবে তা বাস্তবে রূপায়িত করবার চেষ্টা করবো। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সমস্ত বিধানসভার সদস্যকে এবং আপনাকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅজিতকুমার পাঁজা: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রথম বক্তা শ্রীতিমির ভাদুড়ী মহাশয় যা বলেছেন তার উত্তর আমি নিজে দিলাম না, আমাদের রাষ্ট্রমন্ত্রী শ্রীগোবিন্দ নস্কর তাঁর যথাযোগ্য উত্তর দিয়েছেন। শ্রীভাদুড়ী মহাশয় একটি কথা বলেছিলেন যে, তিনি গ্রামবাংলার লোক, গ্রাম-বাংলা থেকে এসেছেন এবং সেখানে নাকি স্বাস্থ্যের ব্যবস্থা হচ্ছে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি নিজে ডাক্তার নই। তবে চোখে তাঁর নিজের স্বাস্থ্যটা যে রকম দেখছি এবং ৪৫ মিনিট ধ'রে যে রকম জোর গলায় তিনি বক্তব্য রাখলেন একটু না কেঁপে তাতে বুঝতে পারছি তিনি গ্রাম থেকে এসেছেন এবং গত ১১ মাসে তাঁর স্বাস্থ্য ভালই আছে। তিনি যখন পিপলস রিপ্রেজেন্টেটিভ এবং ইলেকটেড হয়েছেন প্রায় ১ লক্ষ লোকের মাঝখান থেকে তখন এটা আশা করতে পারি যাদের রিপ্রেজেন্টেশানে তিনি এসেছেন তাঁদেরও স্বাস্থ্য এই ১১ মাসে ভাল আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তাঁরা এতদিন অ্যাসেমব্লীর মধ্যে আসেন নি বয়কট করেছিলেন। তারপর যখন এলেন তখন থেকে আজ পর্যন্ত একবারও কোন প্রশ্ন নেই যে, কোন স্বাস্থ্যকেন্দ্রে ব্যান্ডেজ নেই ব'লে, একবারও কোন মেনশান নেই, একবারও কোন বিশেষভাবে বলেন নি যে, কোন স্বাস্থ্যকেন্দ্রে ব্যান্ডেজ পাওয়া যাচ্ছে না, এই রকম কথা তাঁরা একবারও বলেন নি। এখন বলতে হবে তাই তিনি বলছেন, এর কারণ খুব পার্সন্যাল। ও'দের পার্টির, ও'দের বন্ধু এবং বড় নেতা তিনি আমার কেন্দ্রে আমার সঙ্গে নির্বাচনে প্রতিযোগিতা করেছিলেন। তাঁকে জনসাধারণের সহযোগিতায় দু'-দু'বার পর্যুদস্ত করার জন্য তিনি তাঁর পার্সন্যাল রাগটা আমার উপর দিয়েছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অন্যান্য যে সমস্ত কথা তিনি বলেছেন শ্রীনস্কর তার যোগ্য জবাব দিয়েছেন। তবে তিনি একটা জিনিস বলেছেন যে, উড়িষ্যা থেকে কেন ডাক্তার আনা হচ্ছে, ডাক্তারদের জন্য ভাল ব্যবস্থা করা উচিত, সেখানে যাবার জন্য পরিবেশ সৃষ্টি করা উচিত, তা হ'লে গ্রামে ডাক্তার যাবে, তা না হ'লে নয় এবং খুব আশ্চর্যের কথা, ইন্ডিয়ান

মেডিকেল অ্যাসোসিয়েশান-এর যেটা আমাদের সন্দেহ ছিল, এটা প্রমাণিত হ'ল—কিছু কিছু লোক যাঁরা সেটাকে রাজনীতির প্লাটফরম হিসাবে ব্যবহার করেছেন, তাঁরা যে যে কথা আমাদের সঙ্গে টেবিলে বলেছিলেন আমাদের তিমিরবাবু হুবহু তোতা পাখির মত সেগুলি বললেন এটা অদ্ভুত লাগলো। অদ্ভুত যোগাযোগ দেখেছি। কিন্তু অবাক লাগে এই জন্য যখন আমরা গ্রামবাংলার মধ্যে ঘুরে ঘুরে ১৬টা ডিস্ট্রিকট দেখছিলাম আমি এবং আমার রাষ্ট্রমন্ত্রী শ্রীনস্কর, সেখানকার বেস কর্মীরা যাঁরা আছেন তাঁদের সঙ্গে কথাবার্তা বলেছিলাম। প্রথম যখন গিয়েছিলাম কিছু কিছু যুবক ভয় পেয়েছিলেন কথাবার্তা বলতে। ক্রমে তাদের সঙ্গে যখন বন্ধুত্ব হ'ল, তাদের কাছে খবর পেলাম যে, এর আগে যখন যুক্তফ্রন্টের ননী ভট্টাচার্য মহাশয় মন্ত্রী ছিলেন, তখন এই স্বাস্থ্য দপ্তরের প্রিভেনসানের জন্য যাদের উপর ভার দেওয়া ছিল, প্রায় ৫/৭ হাজার কর্মী, তাদের স্বাস্থ্যের কাজের জন্য পাঠানো হ'ত। কিন্তু তাদের কাঁধে যে ঝোলাটা থাকতো তাতে থাকতো আর এস পি-র প্রচারপত্র, টিকার জিনিস নয়। তারা নিজেরা আমার কাছে ব'লে গেছেন—আজকে লজ্জায় মাথা নিচু হয়ে যাচ্ছে। আমরা যদি এই কাজ না করতাম—আমাকে ওরা দাদা ব'লে ডাকে, বন্ধু বলে—তারা বলেছে, সেই যুক্তফ্রন্টের সময় ঐ কাজ যদি না করতাম তা হ'লে আমাদের ভয় দেখানো হ'ত যে, এমন জায়গায় বদলি ক'রে দেওয়া হবে, সেখানে ঐ পার্টির এমন দল আছে, এক দিনের বেশী তারা বাঁচতেই পারবে না, তারা দুঃখ ক'রে বলেছে—মেয়ে এবং ছেলে কর্মী সকলে বলেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, প্রিভেন্টিভ মেজার নিতে গেলে একটা দীর্ঘস্থায়ী পরিকল্পনা দরকার। এক বছর, এক মাস বা ৮ মাস যদি কাজ বন্ধ থাকে, তা হ'লে তার খেসারত দিতে হয় বছর দুয়েক পরে, যখন নানারকম মহামারী এদিক-ওদিক উঁকি মারতে থাকে। আজকে সেই জিনিস হয়েছে, যদি সাত হাজার কর্মী গ্রামবাংলার মানুষের কাছে না গিয়ে, টিকে না দিয়ে বা নানারকম যে সমস্ত প্রিভেন্টিভ জিনিষ আছে, স্বাস্থ্য বিষয়ে শিক্ষার জিনিস আছে, সেগুলো না ব'লে কোন একটা পার্টি-র কথা বলবার জন্য তাদের নির্দেশ দেওয়া হয় এবং তাদের ভয় দেখানো হ'ত যে এই কাজ যদি না করেন, তা হ'লে তাদের উপর বিচার ব্যবস্থা করা হবে, তথাকথিত বিচার ব্যবস্থা—সেজন্য আজকে আমাদের এই অবস্থা। তিমিরবাবু আজকে কেঁচো খুঁড়তে গিয়ে সাপ পেয়েছেন। আজকে তিনি চিৎকার করছেন বুক ঝাঁজরা হয়ে গেছে স্কুলের ছাত্রদের। তিনি স্টেটসম্যান থেকে বললেন, তিনি ইউনিভার্সিটি থেকে বললেন। তাঁকে আজকে প্রশ্ন করি, তাঁরা যখন মন্ত্রীত্বে ছিলেন, তখন এই কথা বার বার বলেছি যে, কেন এই জিনিসগুলো হচ্ছে ৮/৯ মাস ধরে এবং তার পরের যে ১০ মাস, তাঁরা কি কোনরকমভাবে গ্রামবাংলার মধ্যে গিয়ে বা শহরাঞ্চলে গিয়ে কোন তথ্য জোগাড় করেছিলেন, তাঁরা একটা তথ্য জোগাড় করেছিলেন—মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে তথ্যগুলো হচ্ছে, যে কাদের গলায় লাল রুমাল আছে, আর কাদের গলায় লাল রুমাল নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, খুব লজ্জার কথা, খুব দুঃখের কথা, স্বাস্থ্য দপ্তরে যেখানে কোনরকম রাজনীতি আনা উচিত নয়, যেখানে শুধু দেখা উচিত কে রোগী, আজকে যদি কোন নকশালাইট প্রিজনার অসুস্থ হ'য়ে পড়ে, আমাদের জেলের মধ্যে ডাক্তার পাঠাতে হয়। আজকে তিমিরবাবুকে বলে দিচ্ছি এই সরকারের আন্ডারে যে সমস্ত ডাক্তারখানা আছে, হেলথ সেন্টার বা হসপিটাল আছে সেখানে তিনি এবং তাঁর দলের সবাই গিয়ে চিকিৎসা পেতে পারেন, কোন রকম বাছ বিচার করা হবে না। কিন্তু দুঃখের কথা এমন সময় ছিল, আমাদের কাছে তথ্য আছে যুক্তফ্রন্টের সময়, যদি তাদের দলের বা তাদের যুক্তফ্রন্ট দলের রোগী না হ'ত, রাত্রিবেলা তাদের দলের নার্স বা ক্লাস ফোর স্টাফ গিয়ে অক্সিজেনটা নাক থেকে খুলে দিয়ে তাদের মৃত্যুবরণ করানো হ'ত। এই জিনিসগুলো সারা পশ্চিমবাংলার মানুষের জানা উচিত, কিন্তু এখন গ্রামে যখন যাই পশ্চিমবঙ্গের ছেলেরা উৎসাহ দেখায়, তারা বলে এখানে স্বাস্থ্যকেন্দ্র এমন সুন্দর করা উচিত, ওখানে উপ-স্বাস্থ্যকেন্দ্র এমন করা উচিত, ওখানে ডাক্তার নিয়ে আসুন তাড়াতাড়ি, এখানে নার্স চাই, ওষুধ চাই, ওখানে টেলিফোন দরকার, ক'রে দিন, এখানে অ্যাম্বুলেন্স চাই, এই হচ্ছে আজকালকার যুবক-সমাজ, তারা আমাদের কাছে ঐই কথা বলছে। কিন্তু তাদের সময় হসপিটাল তৈরি হয় নি, শহীদ বেদী কোথায় কোথায় হয়েছে, তারই ওপেনিং তারা ক'রে দিয়ে চ'লে গেলেন। আর কি করলেন, যেখানে যত সন্ত্রাস যত খুন, যত জখম, তাই ক'রে হাসপাতালে জনসাধারণকে পাঠাতে থাকলেন। লজ্জা হওয়া উচিত যে, আজকে তিনি বলতে চাইছেন যে, স্বাস্থ্যের বিষয়ে কোন কিছু

হয় নি এই ১১ মাসে। তাঁরা প্রথমে ছিলেন ৯ মাস প্রায় এবং তারপর ১০ মাস কাল ছিলেন, তখন দেখা গেছে ফাইল-এর পর ফাইল তার মধ্যেও দেখা গেছে যেখানে ননীবাবু অত্যন্ত সদিচ্ছার সংগে কোথাও হসপিটাল করবার চেষ্টা করেছেন, সেখানে তাঁরই দল সি পি এম গোষ্ঠী চেষ্টা করেছে, দলবাজী ক'রে হাসপাতাল বন্ধ করেছে, নয় বা দলীয় যে অ্যাডভোকেট আছেন তাঁদের দিয়ে ইনজাংশন ক'রে দিয়েছে। সেই সমস্ত ইনজাংশান একটার পর একটা আমাদের ভেকেট

[8-50—9 p.m.]

করতে হচ্ছে, জজ সাহেবদের সামনে নিয়ে যেতে হচ্ছে এবং ক্রমশঃ ক্রমশঃ জমিগুলিকে তামাদির আওতায় এনে কাজ শুরু করার চেষ্টা করছি। এটা তাদের জানা উচিত, তিনি শাক দিয়ে মাছ ঢাকবার চেষ্টা করবেন না। তিনি বার বার নিজেদের দলের নেতৃস্থানীয় লোকেদের কথা বলছেন না, জ্যোতিবাবুর কথা বলছেন। তাই যদি হয়, তা হ'লে তিনি জেনে রাখুন, তিনি এসেছেন জনসাধারণেব প্রতিনিধি হয়ে, সেই জনসাধারণের বক্তব্য রাখবেন, কিন্তু যাঁরা আসেন নি তাঁদের মাইক্রোফোন হয়ে কাজ করবার জন্য নয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ডাক্তার আনার জন্য যখন চেষ্টা চলছিল তখন চতুর্দিকে দেখা গিয়েছে ক্রিটিসিজম। তখন আমরা দেখেছিলাম, এর মূলে ভেস্টেড ইন্টারেস্ট। সেটা কি শুধু ডাক্তার বাবুরা, এই প্র্যাকটিসিং এবং ননপ্র্যাকটিসিং, এনারা, না অন্য কিছু চলেছে, সেটা আজকে পরিষ্কার ভাবে পশ্চিমবাংলার মানুষের কাছে এবং অ্যাসেমব্লীর ভিতরে প্রমাণ হয়ে গেল যে, রাজনৈতিক চক্রান্ত ক'রে গ্রামবাংলায় তরুণ ডাক্তার যেতে দেওয়া হচ্ছে না। ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশন থেকে কতিপয় সদস্য এটা করছেন। কারণ দেশে স্বাস্থ্যের সুষ্ঠু ব্যবস্থা যদি না হয়, যদি চারদিকে রোগ ছড়িয়ে পড়ে, যদি মহামারী দেখা দেয়, যদি গ্রামে অসুখ ছড়িয়ে পড়ে, তা হ'লে জনসাধারণের কাছে বলতে পারবেন, এই সরকার কোন কাজ করছে না। এই সরকারকে দিয়ে কিছু হবে না এবং এইভাবে তারা সমর্থন আদায় করতে চাইছেন। লজ্জা হওয়া উচিত, মানুষের জীবন নিয়ে, শিশুর জীবন নিয়ে, নারীর জীবন নিয়ে যখন রাজনীতি হয়, তখন আমরা সেই রাজনীতিকে ধিক্কার জানাই। আজকে এই কথা বলা হ'ল যে, এই ১১ মাসের ভিতর কি কি করা সম্ভব হয়েছে এবং হয় নি। অনেক সদস্য এই কথা বলেছেন এবং আমরা জানি এই কথা কিছু কিছু জায়গায় সত্য যে, দুর্নীতি হাসপাতালের মধ্যে বাসা বেঁধেছে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কলকাতা শহরে যে সমস্ত বড় বড় তথাকথিত ডাক্তাররা আছেন, তাঁদের ফাইল যদি দেখেন, তা হ'লে দেখতে পাবেন, তাঁদের কারা এবং কোন সময় কোথা থেকে নিয়ে এসে কলকাতায় রাখা হয়েছে। যুক্তফ্রন্টের সময় সেই সমস্ত ডাক্তারবাবু ননীবাবুর নিজস্ব লোক হয়ে গেলেন, তখন তাঁরা কলকাতায় এসে রয়ে গেলেন। একজন একজন ক'রে তাঁদের এখানে এনে রাখা হয়েছিল, আর এখন তাঁদের সরানো যাচ্ছে না। এমন অনেক পোস্ট তৈরি হয়ে গেল আইন পরিবর্তন ক'রে, এমন কি স্পেশালিস্ট ক্যাডার পর্যন্ত তৈরি হয়ে গিয়েছিল। আজকে আইন নিয়ে যখন তাদের সরাবার চেষ্টা করা হচ্ছে তখন তা'রা ঐ আইনের অজুহাতে ইনজাংশান দিচ্ছে। তাই আজকে যাঁরা বলেন, গ্রামবাংলায় ডাক্তার নেই, তাদের আমি বলব যে, এর জন্য দায়ী তারা। তরাই প্রথম স্বাস্থ্য দপ্তরকে কলুষিত করেছিলেন। তাদের উপর পরিষ্কারভাবে আমি আজ দোষারোপ করছি। ক্লাস ফোর স্টাফ থেকে আরম্ভ ক'রে স্পেশালিস্ট ক্যাডার পর্যন্ত সমস্ত কিছুকে তারা কলুষিত করেছিলেন। নার্সিং স্টাফ এমন কি ডাক্তার-বাবুদের পর্যন্ত তাঁরা এইভাবে কলুষিত করেছিলেন। কিন্তু আজকে ঐ কর্মচারীরা, তাঁরা বুঝেছেন। তাঁরা এই ১১ মাসে বুঝতে পেরেছেন, বাংলার ছেলেরা সেই জন্যই আজকে গ্রাম বাংলার জন্য এগিয়ে আসছেন। তাঁরা বুঝতে পেরেছেন যে, হ্যাঁ, স্বাস্থ্য দপ্তরের মধ্যে রাজনীতির প্রশ্ন নেই, এখানে প্রশ্ন মানুষকে বাঁচাবার, রোগীকে ওষুধ দেবার। তারা বুঝতে পেরেছেন সাধারণ লোকের জন্য যে ওষুধ, রোগীদের জন্য যে ওষুধ সেটা চুরি করা উচিত নয়। যেখানে যেখানে চুরি হচ্ছে সেখানে আমরা স্টেপ নিচ্ছি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যরা অনেকেই জানিয়েছেন চুরির বিষয়ে সেই জন্য আমি তাঁদের জানাচ্ছি, ১১ মাসের মধ্যে আমাদের সাস্পেনসন করা হয়েছে নন-গেজেটেড স্টাফ ৫৭ জনকে এবং তাদের মধ্যে ১৩ জনকে কিছু কিছু পানিসমেন্ট দেবার পর আমরা রি-ইনস্টেটমেন্ট করতে বাধ্য হয়েছি, কারণ উপযুক্ত প্রমাণ আমাদের কাছে আসে নি ব'লে। তারপর আরো ৪৪ জনের কেস পেন্ডিং আছে এবং হিয়ারিং চলছে। আর ডিপার্টমেন্টাল প্রসিডিংস ড্রন আপ করা হয়েছে নানা কারণে ৬৮ জনের বিরুদ্ধে এবং তাদের মধ্যে ১৪ জনের বিরুদ্ধে পেনালটি ইম্পোজ করা হয়েছে। ৪ জনকে আমরা ছেড়ে দিতে বাধ্য হয়েছি, কারণ তাদের বিরুদ্ধে উপযুক্ত এভিডেন্স পাওয়া যায় নি। ৫৪ জনের বিরুদ্ধে এখনও কেস পেন্ডিং রয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন আমরা কাউকে ছেড়ে দিচ্ছি না, সে যেই হোন না কেন যত বড় ডাক্তারই হোন বা যে পোস্টেই থাকুন না কেন আমরা যদি তাঁদের বিরুদ্ধে প্রাইমা ফেসি কেস পাই, তা হ'লে সেটা পেয়ে তাঁদের বিরুদ্ধে উপযুক্ত প্রমাণ সংগ্রহ ক'রে তাঁদের সাস্পেনসন করছি।

আর জি কর মেডিকেল কলেজ-এর প্রিন্সিপাল-এর বিরুদ্ধে প্রাইমা ফেসি কেস পেয়েছিলাম ব'লে তাঁকে সাসপেন্ড করতে দ্বিধা করি নি এবং তাঁর বিরুদ্ধে কেস এখনও পেন্ডিং আছে। এইভাবে সারা পশ্চিমবাংলার মধ্যে যেখানে যেখানে যা যা লুকিয়ে আছে, যেখান যেখানে যুক্তফ্রন্টের সময় যা যা সব সম্পূর্ণ নষ্ট হয়েছিল সেখানে সেখানে আমরা ব্যবস্থা গ্রহণ করছি। তালুকদার মহাশয় বললেন, কোলকাতার বাহিরে ট্রান্সফার যেন না করা হয়। তিনি বলেছেন, ডাঃ রায় না কি এরকম নিয়ম ক'রে গিয়েছিলেন যে, কোলকাতার বাহিরে ক্লাস ফোর স্টাফকে পাঠানো উচিত নয়। এইরকম কোন নিয়ম আমার দপ্তরের জানা উচিত নয়। আমার মনে হয় না, এইরকম কোন নিয়ম তিনি করেছিলেন। আমরা ট্রান্সফার করেছি এজন্য যে আমরা জানি, আমরা গিয়ে দেখেছি এবং প্রমাণ পেয়েছি সেখানে তা করেছি। যেখানে যেখানে অ্যাডমিনিস্ট্রেটিভ গ্রাউন্ডে ট্রান্সফার হওয়া উচিত—অর্থাৎ একটা হাসপাতাল থেকে আর একটা হাসপাতালে যাওয়া উচিত সেটা আমরা করতে বাধ্য হয়েছি। যখন আমরা একটা ওয়ার্ড থেকে আর একটা ওয়ার্ড-এ ট্রান্সফার করতে যাই, তখন দেখেছি বাধা এসেছে। আমরা এনকোয়ারি শুরু ক'রে দেখলাম, গরিব মা হাসপাতালে এসেছে—তারা হাসপাতালে আসে সম্পূর্ণভাবে বিনা পয়সায় চিকিৎসা পাবার জন্য—সে যখন খাবার জন্য জল চাচ্ছে তখন ৪ আনা পয়সা না দিলে তাকে জল দেওয়া হয় না; কিংবা আবার যখন অসুস্থ হ'য়ে পড়েছে বেড প্যান দরকার তখন দেখা গেছে ১ টাকা না দিলে বেড প্যান দেওয়া হয় না। এটাকে কি মাননীয় সদস্যদের সহ্য করা উচিত? তিনি কোন্ ক্লাসের কর্মী, বড় ডাক্তার, কি ক্লাস ফোর স্টাফ এইরকম কোন বিচার আমরা করছি না। যেসমস্ত দরিদ্র ব্যক্তি যারা হাসপাতালে আসছে তারা যাতে উপযুক্ত চিকিৎসা ব্যবস্থা পায় সেজন্য আমরা এক হাসপাতাল থেকে আর এক হাসপাতালে ট্রান্সফার-এর ব্যবস্থা করেছি। আর একটা বিশেষ করণে ৩ বছরের উপরে যেখানে যাঁরা আছেন তাঁদের এক এক ক'রে পদ অনুযায়ী ট্রান্সফার করব। তিনি বললেন, তাঁরা অনশন করবেন। কিন্তু তিনি দেখুন তাঁরা কারা? তিনি দেখুন কাদের জন্য তিনি অনশন করবেন? আজ দুঃখের বিষয় অনশন হবে, ধর্মঘট হবে, মাইক্রোফোন চলবে, এস এস কে এম হসপিটাল-এর সামনে যেখানে গরিব সমস্ত জনসাধারণ রয়েছে। এস এস কে এম হসপিটাল-এ যেখানে সমস্ত হার্ট পেসান্ট থাকে, ইমারজেন্সী কেস সেখানে ডাক্তারবাবুরা গেলেও কেডস্ পায়ে দিয়ে যান। কিন্তু সেখানে যদি মাইক লাগিয়ে বক্তৃতা চলে, ইন্দিরা গান্ধী জিন্দাবাদ বলা হ'লেও সেটা দুঃখের কথা। কোন রাজনীতির কথা বলছি না। স্বাস্থ্য দপ্তর থেকে মানুষের প্রাণ বাঁচাতে হবে। কিন্তু আপনারা যাদের সাহায্য করছেন তাদের কি কলার পরিষ্কারভাবে সেটা দেখুন। আমি যেটা বলছি সেটা সম্পূর্ণ তথ্যের উপর ভিত্তি ক'রে বলছি, দায়িত্ব নিয়েই বলছি। অনেকে বলেছেন দুর্নীতি দূর করুন। দুর্নীতি দূর করা যায় এবং এর জন্য কোন রকর কমিটির দরকার নেই। ট্রান্সফার করা হ'লে আপনারা বলুন ট্রান্সফার সম্বন্ধে কোন কথা বলব না, তা হ'লেই দেখবেন সামনের বছরে কেউ বলবেন যে এখানে সেখানে দুর্নীতির বাসা বেঁধেছে। এর মধ্যে একটা ভেস্টেড ইন্টারেস্ট অপারেট করছে। আমাদের যা আইন আছে সেই আইন অনুযায়ী ও এভিডেন্সের উপর ভিত্তি ক'রে স্টেপ নেওয়া আমাদের পক্ষে সম্ভবপর নয়। সেজন্য আমরা ক্রমশঃ ক্রমশঃ এসবের বিরুদ্ধে ব্যবস্থা নিচ্ছি।

[9—9-10 p.m.]

অনেক জায়গায় অনেকে বলেছেন ছাত্রভর্তির ব্যাপারে; যদিও তিমির ভাদ্বড়ী মহাশয় পরিষ্কার ক'রে কিছ্ব বললেন না, প্রদ্যুৎ মহান্তি মহাশয় একমাত্র কেসের কথা বললেন—বললেন, ছাত্রভর্তির ব্যাপারে এবারে নাকি কিছ্ব কিছ্ব জায়গায় নানাভাবে ইল্লিগাল মেথডস্ নেওয়া হয়েছে। আমি পরিস্কারভাবে জানাতে চাই, মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবারে ১৫ হাজার ছেলে-মেয়ে পরীক্ষা দিয়েছিলেন এবং তাঁদের মধ্যে ৬৫০ জনকে সিলেক্ট করা হয়েছে। তিমির ভাদ্বড়ী মহাশয় বা প্রদ্যুৎ মহান্তি মহাশয় বা পশ্চিমবঙ্গের যে কোন জনসাধারণ যদি একটা মাত্র ইল্লিগা-লিটি দেখাতে পারেন, তা হ'লে তার পরের দিন আমি আর সংসদে আসতে চাই না এই কথা আমি আপনাদের পরিষ্কারভাবে জানিয়ে দিতে চাই। আমি পরিষ্কারভাবে চ্যালেঞ্জ অ্যাকসেপ্ট করছি যে, যে কোন একটা ইল্লিগালিটি দেখিয়ে দিন ৭৫০ জন ছেলে যাদের নেওয়া হয়েছে তাদের সম্বন্ধে। এম বি বি এস পরীক্ষায় কিছ্ব কিছ্ব টোকাটুকির খবর আমার কাছে এসেছে। এই আসার ফলে আমরা ঠিক করলাম যে, এম বি বি এস পরীক্ষায় যখন টোকাটুকি হয়েছে তখন জনসাধারণের স্বাস্থ্যের সবচেয়ে দায়িত্ব নিতে হবে তাই এন্ট্রান্স একজামিনেশন চালু করা হয়েছে এবং এই এন্ট্রান্স এগজামিনেশন অত্যন্ত সুন্দরভাবে হয়েছে। আমি নিজে সেখানে থেকে যে বোর্ড তৈরি করা হয়েছিল, মাননীয় সদস্যরা আমি যখন তাঁদের রিকোয়েস্ট করেছিলাম যে বোর্ডে কারা কারা আছেন এই নামটা আপনারা প্রশ্ন করবেন না তাঁরা আমার অনুরোধ রেখেছিলেন, সেই বোর্ড সম্পূর্ণ সিলেকট বোর্ড ডক্টরদের ছিল, তাঁরা ছাত্রদের খাতা পরীক্ষা করেন এবং পরীক্ষা করার ফলে আমরা এন্ট্রান্স একজামিনেসান সুষ্ঠুভাবে সম্পন্ন করতে পেরেছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখনও অবধি লিখিতভাবে একটাও আমার কাছে চার্জ আসে নি যে কার ক্যানডিডেট ভাল পরীক্ষা দিয়েছিল, কিন্তু পাশ করতে পারে নি। একজন ক্যানডিডেট লিখেছিলেন যে, তিনি ভাল পরীক্ষা দিয়েছেন, কিন্তু তিনি কেন পাশ করতে পারেন নি। সঙ্গে সঙ্গে তাঁর খাতা অন্য একজন ডাক্তারকে দিয়ে পরীক্ষা করান হয়েছে এবং সেই ডাক্তারবাবু ব'লে দিয়েছেন যে, এ যা নম্বর পেয়েছে এর চেয়ে বেশী নম্বর তার পাওয়া উচিত নয়। তাই তিনি ভর্তি হতে পারেন নি। সেই নম্বর যখন সেই ছাত্রকে বুঝিয়ে দেওয়া হয়েছে, তার মনে আর কোন খেদ ছিল না। ছায়া সাহার অ্যাডমিসান সম্বন্ধে কাগজে ফলাও ক'রে বেরুল। কিন্তু আমার দুঃখ লাগল একবার গভীরভাবে ভেবে কেউ দেখলেন না শিডিউল্ড কাস্ট ক্যানডিডেট হিসাবে সেই ভদ্র মহিলা যখন দরখাস্ত করেছিলেন তাঁর মার্কসের যা তফাত ছিল, সেকেন্ড ডিভিসান ক্যানডিডেটের ছিল শতকরা ৫০ পার্সেন্ট পাওয়া উচিত সায়েন্স সাবজেকটে, কিন্তু তা তিনি পান নি। তিনি ডোনার ক্যাটিগোরি থেকে এসেছিলেন, বয়স তাঁর বেশী ছিল, সেজন্য তাঁকে নেওয়া হয় নি। তিনি শিডিউল্ড কাস্ট ক্যানডিডেট ব'লে ডিক্লারেসান দিয়েছিলেন, কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা এনকোয়ারি ক'রে প্রাইমা ফেসি এভিডেন্স পেয়েছি যে তিনি শিডিউল্ড কাস্ট নন। তিনি মিথ্যা ডিক্লারেশন দিয়েছেন কি না সেটা আমরা সঠিকভাবে জানবার জন্য আমাদের যে তথ্য বিভাগ আছে তার কাছে ফাইল দিয়েছি এবং কিছু দিনের মধ্যে আশা করছি, আমরা সঠিক তথ্য জানতে পারব। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তাই কাগজে কিছু লিখবার আগে বড় ক'রে ফলাও ক'রে আমার অনুরোধ যাঁরা এই খবর কাগজকে দিচ্ছেন তাঁরা যেন জেনে নেন সত্যিকারের কিছু আছে কিনা। তাইতো আজ বলি এই পরীক্ষা সুন্দরভাবে সঠিকভাবে সম্পন্ন করা হয়েছে এবং এর মধ্যে এক বর্ণ কারচুপি কাউকে করতে দেওয়া হয় নি এবং যে যে ছেলে সুন্দরভাবে পরীক্ষা দিয়েছে তারা পরীক্ষায় পাশ করেছে, তাদের পাঠাতে পেরেছি। ডিস্ট্রিকট-ওয়াইজ কোটা সুপ্রীম কোর্টের আইন অনুযায়ী আপনারা অনেকে জানেন চালু থাকা সত্ত্বেও সেটা বন্ধ করতে বাধ্য হয়েছি গত বছর। এবারে আমরা যখন দেখলাম যে ডিস্ট্রিকট-ওয়াইজ কোটা করা উচিত, তা না হ'লে গ্রামবাংলার জনসাধারণ ঠিকমত ক'রে বিচার পাচ্ছেন না, তাঁরা ঠিকমত ক'রে ভর্তি হতে পারছেন না, আমরা আমাদের সমস্ত তথ্য দিয়ে সুপ্রীম কোর্টের জাজমেন্ট দিয়ে অ্যাডভোকেট-জেনারেলের কাছে ফাইল পাঠিয়ে দিয়েছি তাঁর ওপিনিয়নের জন্য এবং অপেক্ষা করছি, এই সুপ্রীম কোর্টের জাজমেন্ট মেনেও আমরা সুপ্রীম কোর্টের জাজমেন্টে যা যা করতে বলা আছে যে কিভাবে ডিস্ট্রিকট-ওয়াইজ কোটা করা উচিত, ঠিক সেইভাবে নিয়ে আমরা শীঘ্রই আইন প্রণয়ন ক'রে ব্যবস্থা নেব। মাননীয় উপাধ্যক্ষ

মহাশয়, গত বছর ঠিক এই সময়ে যখন প্রথম আমাদের অ্যাসেমব্লী শুরু হ'ল, তখন অনেক সদস্য বলেছিলেন ওষুধের অভাব। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার নিজের মনে আনন্দ হচ্ছে যে, আজকে এতদিন অ্যাসেমব্লী শুরু হয়ে গেছে এখন পর্যন্ত কোন সদস্য একবারও মেনসান করেন নি বা কোন প্রশ্ন রাখেন নি যে ওষুধের অভাব কোথাও আছে কিনা।

আমরা একটা প্রিন্সিপল নিয়েছিলাম ডিসেন্ট্রালাইজেসন অব স্টোর্স। আগে কোলকাতা থেকে ঔষধগুলো সব জায়গায় পাঠানো হ'ত, কিন্তু এখন আমরা উত্তর, দক্ষিণ, পূর্ব এবং পশ্চিম বাংলা এই ৪ ভাগে ভাগ করেছি এবং এইভাবে ঔষধ ডিসেন্ট্রলাইজ করেছি। আমরা বাড়ির অভাবে ভাল স্টোর পাচ্ছি না এবং সেইজন্য পি ডবলিউ ডিপার্টমেন্টকে বলেছি কাজ ত্বরান্বিত করবার জন্য। ২০০টি স্বাস্থ্যকেন্দ্র প্রাথমিক এবং উপ স্বাস্থ্যকেন্দ্র তৈরি করবার জন্য আমরা পি ডবলিউ ডিপার্টমেন্ট এবং কনস্ট্রাকসন বোর্ডকে বলেছি। আমরা জানি এবং কিছু কিছু সি পি আই সদস্য বলেছেন যে, কোথাও কোথাও কনডেম্ড বিল্ডিং রয়েছে। আমি নিজে গিয়ে দেখেছি বিল্ডিং কনস্ট্রাকসন যেগুলো স্বাস্থ্য দপ্তরের মধ্যে নয় সেখানে যাতে সমঝোতার অভাব না হয় সেইজন্য পি ডবলিউ ডি মিনিস্টার পাওয়ার মিনিস্টার এবং হেলথ মিনিস্টার একসঙ্গে মিলে আমরা একটা চেইন তৈরি করেছি এবং যেখানে যেখানে এই কাজ হচ্ছে সেখানে টপ প্রায়োরিটি দিয়ে যাতে তাড়াতাড়ি কাজ হয় তার চেষ্টা করছি। আমাদের ক্যাবিনেট ডিসিসন হ'ল ১২২টি হেলথ সেন্টার এবং ৩ কিলো মিটার মধ্যে ইলেকট্রিক লাইন গেছে এরকম জায়গা ইলেকট্রিফাইড করা হবে এবং ক্যাবিনেট থেকেই সময় নির্ধারণ ক'রে দেওয়া হয়েছে যে, এই তারিখের মধ্যে করা হবে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, পাওয়ার মিনিস্টার, হেলথ মিনিস্টার এবং পি ডবলিউ ডি মিনিস্টার একসঙ্গে মিলে কাজ ক'রে একে বাস্তবে রূপায়িত করছে। বাঁকুড়া জেলায় মেটারনিটি সেন্টারে বেডের অভাব ছিল। আমরা ১০০ বেড বাড়াবার কথা বলেছি, কারণ গ্রামবাংলা থেকে লোকেরা আসছে তাঁদের হয়ত ১/২/৩ দিন পর সন্তান হবে এবং তাঁরা যদি বেড না পান, তা হ'লে তাঁদের ফিরে যেতে হবে। সময় দেওয়া হয়েছিল ২ মাস। কিন্তু আমরা দেখলাম ২ মাসের মধ্যেই পাবলিক হেলথ ইঞ্জিনীয়ারিং ডিপার্টমেন্টের তরুণ কর্মীরা, তরুণ ইঞ্জিনীয়াররা ১০০ বেডেড মেটারনিটি হেলথ সেন্টার তৈরি করেছে এবং ২৫শে মার্চ মুখ্যমন্ত্রী সেটা ওপেন করবেন। এটা আমাদের কর্মীরাই করেছে। আমি দেখেছি তাদের যদি উৎসাহ দেওয়া যায়, তাদের যদি পথ দেখিয়ে দেওয়া যায়, তাদের যদি বলা হয় সরকার এটা চাচ্ছেন জনসাধারণের উপকারের জন্য, তাদের যদি বলা হয় তোমাদের অ্যাডমিনিস্ট্রেসনে কেউ ইন্টারফিয়ার করবে না যদি তোমরা সঠিকভাবে কাজ কর, তাদের যদি বলা হয় যদি কোন দুর্নীতি দেখা যায়, তা হ'লে সাংঘাতিক স্টেপ নেওয়া হবে, তা হ'লে আমি দেখেছি তাড়াতাড়ি কাজ হচ্ছে। যে সমস্ত সদস্য আমাদের কাজ ভাল হয়েছে বললেন তাতে আমরা উৎসাহ পাচ্ছি। আমরা চাচ্ছি পশ্চিমবাংলার মানুষ আমাদের আশীর্বাদ করবে যেটা পেয়ে আমরা এখানে এসেছি। আমরা যেন বর্ণে বর্ণে প্রমাণ করতে পারি যে, আমরা চাই সারা বাংলাদেশের মানুষের স্বাস্থ্য উজ্জ্বল হোক, শিশুরা ফুলের মত সুন্দর হয়ে উঠুক। বিদেশী অ্যাডভার্টাইজমেন্ট-এ নানা রকম ছবি ছাপা হয়, আমরা সেগুলি বন্ধ করবার নির্দেশ দিয়েছি। আমাদের গ্রামে যে সমস্ত স্বাস্থ্যকেন্দ্র আছে সেখানে হেলথ কম্পিটিসন হবে, বেস্ট বেবি কম্পিটিসন হবে এবং তার ছবি ছাপা হবে সেইদিকে আমরা নজর দিয়েছি। আমরা চাচ্ছি স্বাস্থ্যই যখন সম্পদ তখন জাতীয় স্বাস্থ্য জাতীয় সম্পদ। বন্দে মাতরম্। আমি ৬টি কাটমোসন যা এসেছে তার বিরোধিতা করছি।

শ্রীগৌতম চক্রবর্তী: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় যে ভাষণ হাউসে রাখলেন এবং মাননীয় সদস্যরা যে ভাষণ রাখলেন তাতে আমরা সকলেই একবাক্যে স্বীকার করছি যে, আমাদের স্বাস্থ্য প্রকল্পের কাজ ভাল হয়েছে, পশ্চিমবাংলার মানুষের স্বাস্থ্য রক্ষা হবে। কিন্তু আমার বক্তব্য হচ্ছে এখন রাত প্রায় সাড়ে ন'টা বেজে গেল এবং জানি না আরও কতক্ষণ হাউস চলবে। এই অবস্থায় এই সভায় যাঁরা রয়েছেন সেই মাননীয় সদস্যদের, রিপোর্টার-দের এবং মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়ের শরীর যে ভেঙ্গে যাচ্ছে তার পরিপ্রেক্ষিতে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় কিছু করবেন কিনা সেটা আমি জানতে চাই।

[9-10—9-21 p.m.]

The motion of Shri Pradyot Kumar Mahanti that the amount of the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Timir Baran Bhaduri that the amount of the demand be reduced to Re. 1, was then put and a division taken with the following result:—

Noes

A. M. O. Ghani, Dr.
Abdul Bari Biswas, Shri.
Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Banerjee, Shri Mrityunjoy.
Chakraborty, Shri Gautam.
Chatterjee, Shri Tapan.
Das, Shri Rajani.
Deshmukh, Shri Netai.
Dutt, Dr. Ramendra Nath.
Dutta, Shri Adya Charan.
Ekramul Haque Biswas, Shri.
Ghosh, Shri Sisir Kumar.
Gyan Singh, Shri Sohanpal.
Khan, Shri Gurupada.
Lakra, Shri Denis.
Mahato, Shri Ram Krishna.
Mandal, Shri Probhakar.
Md. Safiullah, Shri.
Misra, Shri Kashinath.
Mohammad Dedar Baksh, Shri.
Moslehuddin Ahmed, Shri.
Naskar, Shri Gobinda Chandra.
Nurunnesa Sattar, Shrimati.
Omar Ali, Dr. Sk.
Panja, Shri Ajit Kumar.
Ram, Shri Ram Peyare.
Roy, Shri Bireswar.
Roy, Shri Jagadananda.
Roy, Shri Santosh Kumar.
Saha, Shri Dulal.
Saraogi, Shri Ramkrishna.
Sarkar, Dr. Kanai Lal.
Shaw, Shri Sachi Nandan.
Sinha, Shri Atish Chandra.
Wilson-de Roze, Shri George Albert.

Ayes

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

The Ayes being 3 and the Noes 36, the motion was lost.

The motion of Shri Shish Mohammad that the amount of the demand be reduced by Rs. 100, was then put and a division taken with the following result:—

Noes

A.M.O. Ghani, Dr.
Abdul Bari Biswas, Shri.
Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Banerjee, Shri Mrityunjoy.
Chakraborty, Shri Gautam.
Chatterjee, Shri Tapan.
Das, Shri Rajani.
Deshmukh, Shri Netai.
Dutt, Dr. Ramendra Nath.
Dutta, Shri Adya Charan.
Ekramul Haque Biswas, Shri.
Ghosh, Shri Sisir Kumar.
Gyan Singh, Shri Sohanpal.
Khan, Shri Gurupada.
Lakra, Shri Denis.
Mahato, Shri Ram Krishna.
Mandal, Shri Probhakar.
Md. Safiullah, Shri.
Misra, Shri Kashinath.
Mohammad Dedar Baksh, Shri.
Moslehuddin Ahmed, Shri.
Naskar, Shri Gobinda Chandra.
Nurunnesa Sattar, Shrimati.
Omar Ali, Dr. Sk.
Panja, Shri Ajit Kumar.
Ram, Shri Ram Peyare.
Roy, Shri Bireswar.
Roy, Shri Jagadananda.
Roy, Shri Santosh Kumar.
Saha, Shri Dulal.
Saraogi, Shri Ramkrishna.
Sarkar, Dr. Kanai Lal.
Shaw, Shri Sachi Nandan.
Sinha, Shri Atish Chandra.
Wilson-de Roze, Shri George Albert.

Ayes

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

The Ayes being 3 and the Noes 36, the motion was lost.

The motion of Shri Ajit Kumar Panja that a sum of Rs. 28,01,92,000 be granted for expenditure under Grant No. 20, Major Head: "29—Medical", was then put and agreed to.

The motion of Shri Pradyot Kumar Mahanti that the Demand be reduced by Rs.100 was then put and lost.

The motion of Shri Timir Baran Bhaduri that the Demand be reduced to Re.1 was then put and a division taken with the following result:—

Noes

A. M. O. Ghani, Dr.
Abdul Bari Biswas, Shri.
Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Banerjee, Shri Mrityunjoy.
Bapuli, Shri Satya Ranjan.
Chakraborty, Shri Gautam.
Chatterjee, Shri Tapan.
Das, Shri Rajani.
Deshmukh, Shri Netai.
Dutt, Dr. Ramendra Nath.
Dutta, Shri Adya Charan.
Ekramul Haque Biswas, Shri.
Ghosal, Shri Satya.
Ghosh, Shri Sisir Kumar.
Gyan Singh, Shri Sohanpal.
Khan, Shri Gurupada.
Lakra, Shri Denis.
Mahato, Shri Ram Krishna.
Mandal, Shri Probhakar.
Md. Safiullah, Shri.
Misra, Shri Kashinath.
Mohammad Dedar Baksh, Shri.
Moslehuddin Ahmed, Shri.
Mukherjee, Shri Bhabani Sankar.
Mukherjee, Shri Sibdas.
Naskar, Shri Gobinda Chandra.
Nurunnesa Sattar, Shrimati.
Omar Ali, Dr. Sk.
Panja, Shri Ajit Kumar.

Noes

Ram, Shri Ram Peyare.
Roy, Shri Bireswar.
Roy, Shri Jagadananda.
Roy, Shri Santosh Kumar.
Saha, Shri Dulal.
Saraogi, Shri Ramkrishna.
Sarkar, Dr. Kanai Lal.
Shaw, Shri Sachi Nandan.
Sinha, Shri Atish Chandra.

Ayes

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Abstention

Wilson-de Roze, Shri George Albert.

The Ayes being 3, the Noes 39 and the abstention 1 the motion was lost.

The motion of Shri Timir Baran Bhaduri that the Demand be reduced by Rs.100 was then put and a division taken with the following result:—

Noes

A.M.O. Ghani, Dr.
Abdul Bari Biswas, Shri.
Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Banerjee, Shri Mrityunjoy.
Bapuli, Shri Satya Ranjan.
Chakraborty, Shri Gautam.
Chatterjee, Shri Tapan.
Das, Shri Rajani.
Deshmukh, Shri Netai.
Dutt, Dr. Ramendra Nath.
Dutta, Shri Adya Charan.
Ekramul Haque Biswas, Shri
Ghosal, Shri Satya.
Ghosh, Shri Sisir Kumar.
Gyan Singh, Shri Sohanpal.
Khan, Shri Gurupada.
Lakra, Shri Denis.
Mahato, Shri Ram Krishna.
Mandal, Shri Probhakar.
Md. Safiullah, Shri.
Misra, Shri Kashinath.

Noes

Mohammad Dedar Baksh, Shri.
Moslehuddin Ahmed, Shri.
Mukherjee, Shri Bhabani Sankar.
Mukherjee, Shri Sibdas.
Naskar, Shri Gobinda Chandra.
Nurunnesa Sattar, Shrimati.
Omar Ali, Dr. Sk.
Panja, Shri Ajit Kumar.
Ram, Shri Ram Peyare.
Roy, Shri Bireswar.
Roy, Shri Jagadananda.
Roy, Shri Santosh Kumar.
Saha, Shri Dulal.
Saraogi, Shri Ramkrishna.
Sarkar, Dr. Kanai Lal.
Shaw, Shri Sachi Nandan.
Sinha, Shri Atish Chandra.

Ayes

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Abstention

Wilson-de Roze, Shri George Albert.

The Ayes being 3, the Noes 39 and the abstention 1, the motion was lost.

The motion of Shri Ajit Kumar Panja that a sum of Rs.16,21,93,000 be granted for expenditure under Grant No. 21, Major Heads: "30—Public Health and 30A—Family Planning" was then put and a division taken with the following result:—

Ayes

A. M. O. Ghani, Dr.
Abdul Bari Biswas, Shri.
Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Banerjee, Shri Mrityunjoy.
Bapuli, Shri Satya Ranjan.
Chakraborty, Shri Gautam.
Chatterjee, Shri Tapan.
Das, Shri Rajani.
Deshmukh, Shri Netai.
Dutt, Dr. Ramendra Nath.

Ayes

Dutta, Shri Adya Charan.
Ekramul Haque Biswas, Shri.
Ghosal, Shri Satya.
Ghosh, Shri Sisir Kumar.
Gyan Singh, Shri Sohanpal.
Khan, Shri Gurupada.
Lakra, Shri Denis.
Mahato, Shri Ram Krishna.
Mandal, Shri Probhakar.
Md. Safiullah, Shri.
Misra, Shri Kashinath.
Mohammad Dedar Baksh, Shri.
Moslehuddin Ahmed, Shri.
Mukherjee, Shri Bhabani Sankar.
Mukherjee, Shri Sibdas.
Naskar, Shri Gobinda Chandra.
Nurunnesa Sattar, Shrimati.
Omar Ali, Dr. Sk.
Panja, Shri Ajit Kumar.
Ram, Shri Ram Peyare.
Roy, Shri Bireswar.
Roy, Shri Jagadananda.
Roy, Shri Santosh Kumar.
Saha, Shri Dulal.
Saraogi, Shri Ramkrishna.
Sarkar, Dr. Kanai Lal.
Shaw, Shri Sachi Nandan.
Sinha, Shri Atish Chandra.

Noes

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Abstention

Wilson-de Roze, Shri George Albert.

The Ayes being 39, the Noes 3 and the abstention 1, the motion was carried.

Adjournment

The House was then adjourned at 9-21 p.m. till 1 p.m. on Tuesday, the 13th March, 1973, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday the 13th March, 1973, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 11 Ministers, 5 Ministers of State, 2 Deputy Ministers and 131 Members.

[1-00—1-10 p.m.]

Oath or Affirmation of Allegiance

Mr. Speaker: Honourable Members, if any of you who have not yet made an oath or affirmation of allegiance, you may kindly do so.

(There was none to take oath.)

Starred questions to which oral answers were given

আর টি এ বোর্ড

*৫৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *৬৭৩।) **শ্রীঅশ্বিনী রায় ও শ্রীহরশঙ্কর ভট্টাচার্য:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলায় বর্তমান সরকার প্রতিষ্ঠিত হবার পর প্রতিটি জেলায় আর টি এ বোর্ড পুনর্গঠিত হইয়াছে কি ;

(খ) উত্তর 'হ্যাঁ' হইলে, বর্ধমান জেলায় উক্ত বোর্ড কবে গঠিত হইয়াছে ;

(গ) উক্ত বোর্ড গঠনের পর হইতে জানুয়ারি, ১৯৭৩ পর্যন্ত স্থায়ী ও অস্থায়ী বাস রুট মঞ্জুরীর সংখ্যা কত (পৃথক পৃথক ভাবে); এবং

(ঘ) মঞ্জুরীকৃত বাস রুটের মধ্যে ৩১শে জানুয়ারি পর্যন্ত চালু বাসের সংখ্যা এবং উক্ত সময়ের মধ্যে প্রত্যার্পিত অনুজ্ঞাপত্রের (পারমিট সারেন্ডারড্) (স্থায়ী ও অস্থায়ী) সংখ্যা ও বিবরণ কি ?

Shri Gyan Singh Sonhonpal: (a) Yes.

(b) In July, 1972.

(c) (i) Number of permanent bus routes and permits—nil.

(ii) Number of temporary permits—41, granted in 27 routes out of which 11 are new temporary routes.

(d) (i) 25 buses have been placed against the permits granted upto 31st January 1973.

(ii) Number of our letters during the said period, permanent—nil, temporary—41.

(e) A Statement containing information regarding number of temporary permits granted and the number of buses so granted has been placed on the Library Table.

ডঃ হরশঙ্কর ভট্টাচার্য: যেখানে ছাদের উপর লোক চড়ছে, সেখানে বর্ধমানের মতো বড় জেলাতেও আরও বেশি সংখ্যায় স্থায়ী এবং অস্থায়ী বাস রুট দেওয়া হ'ল না কেন এটা মন্ত্রিমহাশয় জানাতে পারবেন কি ?

শ্রীজ্ঞান সিং সোহনপাল: আরও দেওয়া হবে।

ডঃ হরশঙ্কর ভট্টাচার্য: যাদের এক্সিস্টিং বেসিসে রুট আছে তারা ক'টা হাইকোর্টে কেস করেছে যাতে নূতন বাস কেউ না পেতে পারে এই রকম তথ্য আপনার কাছে আছে কি?

শ্রীজ্ঞান সিং সোহনপাল: সেটা নোটিস দিলে বলতে পারব।

ডঃ হরশঙ্কর ভট্টাচার্য: আইনটা যে পরিবর্তন করা দরকার, তা না হ'লে হাইকোর্টে বারবার কেস হবেই এবং আইনটা পরিবর্তনের জন্য আমাদের সরকার এই সেসানে কোন বিল আনবেন?

Shri Gyan Singh Sohanpal: The Government is seriously considering this aspect.

শ্রীবাসুদেব হাজরা: মন্ত্রিমহাশয় জানাবেন কি, কিসের উপর ভিত্তি ক'রে আর টি এ বোর্ডের সদস্যদের নির্বাচিত করা হয়?

শ্রীজ্ঞান সিং সোহনপাল: এই প্রশ্ন এখানে ওঠে না।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, উদ্বাস্তু ত্রাণ বিভাগের প্রশ্ন নং ৫৩৭ এবং ৫৭৭ একই বিষয়ের উপর নির্ভর করছে। এই দু'টো প্রশ্ন একসঙ্গে হ'লে ভাল হয়।

Mr. Speaker: Starred question Nos. 537 and 577 may be taken up together.

শরণার্থী শিবিরের উদ্বৃত্ত ত্রাণসামগ্রী

***৫৩৭।** (অনুমোদিত প্রশ্ন নং *৬৮৪।) **শ্রীকাশীনাথ মিশ্র:** উদ্বাস্তু ত্রাণ এবং পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, শরণার্থী শিবিরগুলিতে যেসকল শরণার্থী আসিয়াছিলেন তাঁহাদের ব্যবহারের জন্য বিদেশ হইতে, ভারত সরকার এবং পশ্চিমবঙ্গ সরকার হইতে কম্বল, ধুতি, শাড়ী, জামা-প্যান্ট ইত্যাদি বিতরণের জন্য দেওয়া হইয়াছিল ;

(খ) সত্য হইলে, উক্ত দ্রব্যগুলি বিতরণ করা হইয়াছিল কিনা এবং হইলে প্রতি জেলায় কত পরিমাণ করিয়া এই সকল দ্রব্য বিতরণের জন্য দেওয়া হইয়াছিল এবং বিতরণ করা হইয়াছিল ;

(গ) বিভিন্ন জেলায় ঐরূপ কোন উদ্বৃত্ত দ্রব্য আছে কিনা ; এবং

(ঘ) থাকিলে, বাঁকুড়া জেলার শরণার্থী শিবিরের উদ্বৃত্ত দ্রব্যগুলি কি কি এবং ঐগুলি বর্তমানে কি অবস্থায় আছে?

শরণার্থীদের সাহায্য বণ্টন করার ব্যাপারে সি বি আই-এর তদন্ত রিপোর্ট

***৫৭৭।** (অনুমোদিত প্রশ্ন নং *১০৩৫।) **শ্রীআবদুল বারি বিশ্বাস:** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাংলাদেশ শরণার্থীদের সাহায্যের জন্য যেসমস্ত কম্বল, তাঁবু ও ত্রিপল কেনা হয়েছিল তাহার বিষয়ে সি বি আই তদন্ত করিয়াছে ;

(খ) সত্য হইলে, সি বি আই কোন তদন্ত রিপোর্ট দাখিল করেছেন কি ; এবং করে থাকলে তার ফলাফল কি ; এবং

(গ) সি বি আই-কে তদন্তের ভার কোন্ তারিখে অর্পণ করা হয় এবং কোন্ তারিখে তাঁদের তদন্ত রিপোর্ট দাখিল করেছেন?

শ্রীসন্তোষকুমার রায়: (ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ। এতৎসংক্রান্ত জেলাওয়ারি হিসাব বিধানসভার টেবিলে রাখা আছে।

(গ) হ্যাঁ।

(ঘ) **ব্যবহারের অনুপযুক্ত ৮৪টি তাঁবু ও ২৬৯টি ত্রিপল, ১৭২ খণ্ড সাবান, মানুষে খাওয়ার অনুপযুক্ত** ৩ টিন গুঁড়া দুধ, ২২ প্যাকেট ও ১২খানি কম্বল এবং ২ প্যাকেট মেয়েদের গায়ের শাল উদ্বৃত্ত হইয়াছে। স্থানীয় দুঃস্থ ব্যক্তিদের সাহায্যের জন্য ব্যবহার্য দ্রব্যগুলি ত্রাণবিভাগকে দেওয়া হইয়াছে।

শ্রীসন্তোষকুমার রায়ঃ (ক) হ্যাঁ।

(খ) সি বি আই-এর তদন্ত রিপোর্ট পাওয়া গিয়াছে এবং সে সম্বন্ধে যথাযোগ্য ব্যবস্থা অবলম্বন করা হইতেছে। জনস্বার্থের খাতিরে বর্তমানে উহার ফলাফল এখনই জানানো সম্ভব নয়।

(গ) ৩০এ অক্টোবর ১৯৭১ তারিখে সি বি আই-কে তদন্তের ভার অর্পণ করা হয়। কেন্দ্রীয় সরকার ৮ই ডিসেম্বর, ১৯৭২ তারিখে সি বি আই-এর তদন্ত রিপোর্ট রাজ্যসরকারকে পাঠাইয়াছেন।

শ্রীকাশীনাথ মিশ্রঃ মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে, বাঁকুড়া জেলাতে শিবিরের উদ্বৃত্ত জিনিসগুলি ত্রাণ দপ্তরকে দেওয়া হয়েছে। আমি জিজ্ঞাসা করছি আজ পর্যন্ত সেগুলি বিলি হয়েছে কি?

শ্রীসন্তোষকুমার রায়ঃ এটা তো এই প্রশ্নের সঙ্গে আসে না।

শ্রীকাশীনাথ মিশ্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ যেখানে ৩ টিন গুঁড়া দুধ নষ্ট হয়ে গেল— এগুলি উপযুক্ত ছিল। বাকি যেগুলি অনুপযুক্ত হয়ে যাচ্ছে সে সম্বন্ধে মন্ত্রিমহাশয় কি করছেন সেটা জানতে চাই?

শ্রীসন্তোষকুমার রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য প্রশ্নটি করেছে উদ্বাস্তু পুনর্বাসন দপ্তরের কাছে এবং সেই দপ্তর তার জবাব দিয়েছে। প্রসঙ্গত বলা যায় যে, জিনিস-গুলি দেওয়া হয়েছে—ঐ গুঁড়া দুধ আগেই নষ্ট হয়ে গিয়েছিল। মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন যে, উক্ত জিনিসগুলি ত্রাণ বিভাগকে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের মাধ্যমে বিলি করার জন্য দেওয়া হয়েছে। আশা করি, নিশ্চয় বিলি হয়েছে এবং যদি না হয়ে থাকে, তা হ'লে পরে বিলি হবে।

শ্রীকাশীনাথ মিশ্রঃ আপনি বলছেন ত্রাণবিভাগকে বিলি করার জন্য দেওয়া হয়েছে। কিন্তু কম্বলগুলি গোডাউনে পড়ে নষ্ট হয়ে যাচ্ছে, সেগুলি যাতে তাড়াতাড়ি বিলি হয় সেদিকে নজর দেবেন কি?

শ্রীসন্তোষকুমার রায়ঃ মাননীয় সদস্য যে বক্তব্য রেখেছেন আমি নিশ্চয়ই দেখব যে, সেগুলি কেন বিলি হয় নি। মানুষের অভাব থাকা সত্ত্বেও বিতরণের জন্য যা দেওয়া হয়েছে তা কেন বিলি হয় নি তার জন্য নিশ্চয় যথাযোগ্য কৈফিয়ত চাওয়া হবে।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় মন্ত্রিমহাশয় প্রশ্নোত্তরে জবাব দিয়েছেন যে, হ্যাঁ, সি বি আই-এর রিপোর্ট পাওয়া গিয়েছে, এবং সে সম্বন্ধে যথাযোগ্য ব্যবস্থা অবলম্বন করা হইতেছে। আমি তাঁকে জিজ্ঞাসা করি কি কি ধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং কাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে?

শ্রীসন্তোষকুমার রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, এই সমস্ত বিষয় স্বরাষ্ট্র দপ্তরের। জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন ব্যবস্থা নেন। উনি যে প্রশ্ন করেছেন আমরা তার জবাব স্বরাষ্ট্র দপ্তর থেকে নিয়েছি। স্বরাষ্ট্র দপ্তর থেকে যতদূর জেনেছি যে, তারা রিপোর্ট পেয়েছে এবং ব্যবস্থা গ্রহণ করছে।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ রিপোর্ট স্বরাষ্ট্র দপ্তর থেকে পান আর যে দপ্তর থেকেই পান। এই যে ৮ই ডিসেম্বর, ১৯৭২ তারিখে রিপোর্ট দাখিল করেছে সেই রিপোর্ট দাখিল করার পর থেকে গভর্নমেন্ট কাকে কাকে অভিযুক্ত করেছে বা রাজ্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন এটা ক্লিয়ার জানতে চাই।

[1-10—1-20 p.m.]

শ্রীসন্তোষকুমার রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আইনজ্ঞ, আপনি নিশ্চয় বুঝতে পারছেন যে, পুলিস কেসের সি বি আই তদন্তের ব্যাপার আমার দপ্তরের এক্তিয়ারের মধ্যে নেই, এটা স্বরাষ্ট্র বিভাগের ব্যাপার, তাঁরা এ সম্বন্ধে ব্যবস্থা গ্রহণ করবেন, সাধারণ প্রশাসন বিভাগ এ সম্বন্ধে ব্যবস্থা গ্রহণ করবেন।

Mr. Speaker: The question is, whether you, i.e., Government have received any report. So you are not supposed to know anything of the C. B. I. Report.

Shri Santosh Kumar Roy: Sir, this report is with the Home Department.

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই সি বি আই যে বিষয়টি নিয়ে তদন্ত করলেন সেই বিষয়ের মধ্যে কত লক্ষ টাকার বিষয়বস্তু ইনভল্‌ভড্‌ আছে সেটা অনুগ্রহ ক'রে জানাবেন কি?

শ্রীসন্তোষকুমার রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখনই আমার পক্ষে ঠিক সম্পূর্ণ তথ্য দেওয়া সম্ভব নয়। তবে যতদূর আমার স্মরণে পড়ে, যে বিষয়টি নিয়ে উনি প্রশ্ন করেছেন সেটা তাঁবু, ত্রিপল কেনার ব্যাপার এবং মনে হয় ৭০/৭৫ লক্ষ টাকা এর মধ্যে জড়িত আছে।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ৭০/৭৫ লক্ষ টাকা বড় একটা কম নয়। মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এই ৭০/৭৫ লক্ষ টাকার রিপোর্টটি এখন বর্তমানে কার কাস্টোডিতে আছে, সে রিপোর্ট কি স্বরাষ্ট্র বিভাগের কাছে আছে, না আপনার কোন দপ্তরের হেফাজতে সেই রিপোর্ট আছে?

শ্রীসন্তোষকুমার রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি তো জানিয়েছি যে, রিপোর্ট আমার দপ্তরের কাছে নেই এবং এই সি বি আই রিপোর্ট সম্বন্ধে আমার দপ্তর ব্যবস্থা গ্রহণ করবে না। আমার কাছে নেই, এ সম্বন্ধে আলাদা প্রশ্ন করলে কার কাছে আছে সেটা আমি তথ্য দিয়ে জানাব।

শ্রীরমেন্দ্রনাথ দত্তঃ আপনি বলেছেন এই রিপোর্ট ৮/১২ তারিখে এসেছিল। আপনার কাছে যদি না পাঠিয়ে থাকে, তা হ'লে আপনি সেটা জানলেন কি করে?

শ্রীসন্তোষকুমার রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য হয়ত নিশ্চয় জানেন সরকারের কাছে যে দপ্তর সম্বন্ধেই প্রশ্ন করা হোক, আমি ইচ্ছা করলে বলতে পারতাম যে, কিছু জানি না, কিন্তু মাননীয় সদস্যদের অবগতির জন্য এটা অন্য দপ্তর থেকে সংগ্রহ ক'রে জেনেছি এবং রিপোর্ট আমরা পেয়েছি মানে রাজ্যসরকার পেয়েছেন।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৭০/৭৫ লক্ষ টাকা তছরুপের ব্যাপার নিয়ে সি বি আই তদন্ত হচ্ছে। মাননীয় মন্ত্রিমহাশয় রিপোর্ট পেয়েছেন এবং আজকে তাঁর উত্তর দেবার কথা আছে, আপনি এটা অ্যাকসেপ্ট করেছেন। সেই রিপোর্টে কার কার বিরুদ্ধে অভিযোগ আছে এবং কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তার জিস্ট উনি বলতে পারবেন না কেন এবং উনি যে রিপোর্টটি এখানে এনেছেন সেটা কিসের রিপোর্ট?

Mr. Speaker: Hon'ble Minister has not stated that he has received any report. He has only come to know it from another department that the report has been received and it is with the Home Department.

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ ৭৫ লক্ষ টাকার তাঁবু, ত্রিপল এবং কম্বলের প্রশ্ন এতে আছে এবং এর মধ্যে কোন ফিকটিসাস ফার্ম এবং কোম্পানি জড়িত আছে কিনা, সেটা মাননীয় মন্ত্রি-মহাশয় জানাবেন কি?

শ্রীসন্তোষকুমার রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ সম্বন্ধে আমি রিপোর্ট দেখি নি, আমার পক্ষে বলাও সম্ভব নয়।

শ্রীশরৎচন্দ্র দাসঃ এই যে রিপোর্ট এসেছে, উনি বলছেন এটা স্বরাষ্ট্র দপ্তরে এসেছে। অভিযোগটা ছিল ত্রাণবিভাগ সম্বন্ধে এবং ত্রাণবিভাগের উপরই সেটার দেখাশুনার ভার আছে, তার ব্যবস্থা গ্রহণের জন্য স্বরাষ্ট্র দপ্তরে পাঠাবেন, এটাই হচ্ছে নিয়ম। কিন্তু সোজাসুজি স্বরাষ্ট্র দপ্তরে যায় কি করে? আপনার বিভাগের দুর্নীতি সম্বন্ধে তদন্ত হয়ে আপনার বিভাগকেই সেটা দিয়েছে এবং আপনি সেটা যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বনের জন্য হোম ডিপার্ট-মেন্টকে দিয়েছেন। তার মানে হচ্ছে আপনি সমস্ত রিপোর্টটি পড়েছেন এবং এর কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে আপনি তারপরে দিয়েছেন হোম ডিপার্টমেন্টে—এটা সত্য কিনা?

শ্রীসন্তোষকুমার রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যরা জানেন যে, কোন জিনিসে পুলিস কেস হ'লে স্বরাষ্ট্র বিভাগ তদন্ত করেন এবং যে-কোন দপ্তরের এফ আই আর বা ইনভেস্টিগেশনের ব্যাপারে তাঁরাই তদন্ত করেন। সেই তদন্তের রিপোর্ট সম্বন্ধে আমার দপ্তর এখন পর্যন্ত কিছু জানে না।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে, জনস্বার্থের খাতিরে এই রিপোর্ট এখনই প্রকাশ করা যাবে না। এই জনস্বার্থ কি যারা ৭৫ লক্ষ টাকা তছরূপ করেছে সেই অভিযুক্ত ব্যক্তিদের স্বার্থে না অন্য কোন স্বার্থে, কেন জনস্বার্থের কারণে এ জিনিস বের করা যাবে না, কার স্বার্থে?

শ্রীসন্তোষকুমার রায়ঃ মাননীয় সদস্য মহাশয় জানেন যে, বর্তমান সরকার অত্যন্ত উচ্চপদস্থ অফিসারদের বিরুদ্ধে এ বিষয়ে তদন্ত করছেন। সুতরাং তদন্তের বিষয় সবাইকে জানালে সেটা বাইরে প্রকাশ পাবে এবং তাতে ব্যবস্থা গ্রহণের পক্ষে অসুবিধা দেখা দিতে পারে। সেইজন্য জনস্বার্থের খাতিরে এটা প্রকাশ করা সম্ভব হচ্ছে না।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ বিধানসভার মাননীয় কিছু সদস্য নিয়ে গঠিত একটি কমিটিকে সেই গোপনীয় দলিলটি দেখতে দিতে মাননীয় মন্ত্রিমহাশয় রাজী আছেন কি?

(নো রিপ্লাই।)

শ্রীহরশঙ্কর ভট্টাচার্যঃ বিধানসভায় যখন এটা উঠেছে তখন সেই রিপোর্টের কপি সদস্যদের দেওয়া হোক।

Mr. Speaker: The Report is not going to be discussed here.

শ্রীঅসমঞ্জ দেঃ মাননীয় সদস্য শ্রীআবদুল বারি বিশ্বাস মহাশয়ের প্রশ্ন, জনস্বার্থের খাতিরে বলতে কি বোঝায় এর উত্তরে মাননীয় মন্ত্রিমহাশয় বললেন, সরকারী উচ্চপদস্থ অফিসাররা বিভিন্নভাবে সংশ্লিষ্ট থাকার ফলে প্রকাশ করা যাচ্ছে না। মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, সরকারী কর্মচারীদের দুর্নীতি ঢাকবার জন্য কি বিধানসভার সদস্যদের কাছে এটা দিতে রাজী হচ্ছেন না?

শ্রীসন্তোষকুমার রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য মহাশয়ের কেন এ ধরনের ধারণা হ'ল তা বুঝতে পারছি না। সরকার ব্যবস্থা গ্রহণের জন্য আপনারা জানেন, উচ্চপদস্থ অফিসারদের সাসপেন্ড ক'রে রাখা হয়েছে। আমরা কার্যকর ব্যবস্থা নিতে চাই আর সেইজন্যই যতক্ষণ তা না হচ্ছে ততক্ষণ সেটা প্রকাশ করা যাচ্ছে না।

Mr. Speaker: Minister has stated that for the public interest, he cannot divulge any more information on the report in question. As per rule you cannot put any supplementary on the report. So, I pass on to the next question.

শ্রীআবদ্দুল বারি বিশ্বাস: আমরা কোন মেরিটস্, ডিমেরিটসের মধ্যে যেতে চাই না, আমরা ডিটেলসেও যেতে চাই না। কার কার বিরুদ্ধে সি বি আই তদন্ত ক'রে রিপোর্ট দিয়েছেন এটুকু ইনফরমেশন তো আমরা পেতে পারি।

Mr. Speaker: As per rule, Minister can refuse to give reply for the public interest and he has already refused to give reply, because public interest is involved in it.

শ্রীআবদ্দুল বারি বিশ্বাস: মাননীয় মন্ত্রিমহাশয় জনস্বার্থের খাতিরে দয়া ক'রে জানাবেন কি, কতদিনের মধ্যে এদের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হবে?

শ্রীসন্তোষকুমার রায়: মাননীয় সদস্য মহাশয়ের সরকারের উপর আস্থা রাখা উচিত ছিল। আপনারা দেখেছেন, সরকার এ বিষয়ে অত্যন্ত সক্রিয়, সুতরাং হয়ত শীঘ্র জানতে পারবেন, কি ব্যবস্থা নেওয়া হয়েছে। কাজেই সেইটুকু সময় অপেক্ষা করুন।

শ্রীআবদ্দুল বারি বিশ্বাস: আমাদের আস্থার কোন রকম অভাব নেই। পূর্ণ আস্থা রেখেই জিজ্ঞাসা করছি, আপনি কি দয়া ক'রে জানাবেন, কোন্ তারিখের মধ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হবে?

(নো রিপ্লাই)

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য: জনস্বার্থের খাতিরে চেপে রাখা যায় আর প্রকাশ করা যায় না?

(নো রিপ্লাই)

মুর্শিদাবাদ ও মালদহ জেলার মৎস্যজীবী পরিবার

***৫৩৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৬৯২।) **শ্রীশীশ মহম্মদ:** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ ও মালদহ জেলায় বর্তমানে মৎস্যজীবী পরিবারের সংখ্যা কত ; এবং

(খ) তাহাদের পরিবারপ্রতি বাৎসরিক আয় কত—এ বিষয়ে সরকারের কোন তথ্য আছে কি না এবং থাকিলে তাহা কি?

শ্রীসন্তোষকুমার রায়:

(ক)	মুর্শিদাবাদ	১০,৩৩৭
	মালদহ	৩,০৩২

(খ) এ বিষয়ে সরকারী কোন তথ্য নাই।

শ্রীশীশ মহম্মদ: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, এ বিষয়ে সরকারী কোন তথ্য নেই। মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, মালদহ এবং মুর্শিদাবাদ জেলার মৎস্যজীবীদের বাৎসরিক পরিবারপ্রতি আয় কত সেটা জানবার চেষ্টা করবেন কি?

শ্রীসন্তোষকুমার রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার দপ্তরের অধীনে একটি স্ট্যাটিসটিকস্ সেল গঠন করবার প্রস্তাব বিবেচনা করছি এবং এই সেল গঠিত হ'লে প্রতি জেলায় মৎস্যজীবীদের পারিবারিক বাৎসরিক আয় কত সে সম্বন্ধে তথ্যাদি সংগ্রহ করা হবে।

[1-20—1-30 p.m.]

শ্রীঅসমঞ্জ দে: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এটা কতদিনের মধ্যে গঠন করা হবে?

শ্রীসন্তোষকুমার রায়: সেটা এখনই বলা সম্ভব নয়।

শ্রীঅসমঞ্জ দে: মাননীয় মন্ত্রিমহাশয় জানিয়েছেন যে, মালদহ জেলায় মৎস্যজীবী পরিবারের বাৎসরিক আয় সম্পর্কে তাঁর সঠিক ধারণা নেই। তিনি কি খবর রাখেন, মালদহ জেলায় যে জলকর, সেখানে জল প্রবেশ করতে পারে নি অথচ সরকার বছরের প্রথমেই খাজনা আদায় করছে এবং তার ফলে সেখানে আর্থিক চরম অবস্থার সৃষ্টি হয়েছে?

শ্রীসন্তোষকুমার রায়: এই রকম খবর আমাকে মাননীয় উপাধ্যক্ষ মহাশয় দিয়েছেন এবং সে সম্পর্কে ব্যবস্থা হচ্ছে।

শ্রীঅসমঞ্জ দে: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, কি ধরনের ব্যবস্থা নেওয়া হচ্ছে?

শ্রীসন্তোষকুমার রায়: যাতে তাদের অসুবিধা ভোগ করতে না হয়, তা থেকে রেহাই দেওয়া যায় তার ব্যবস্থা করা হচ্ছে।

শ্রীঅসমঞ্জ দে: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই যে জলের জন্য জলকর ইতিপূর্বে যা আদায় করা হয়েছে সেটা তাদের প্রত্যর্পণ করা হবে কিনা?

শ্রীসন্তোষকুমার রায়: মাননীয় সদস্য হয়ত বিষয়টি ঠিক জানেন না। আমিও ঠিক বলতে পারছি না, তবে আমার যতদূর মনে হচ্ছে জলকর রুখতে পারে না। এই ব্যাপারে মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমাকে যেটুকু জানিয়েছেন, কেন হচ্ছে, সেটা ভূমিরাজস্ব বিভাব ব্যবস্থা করেন। তাঁদের অনুরোধ জানিয়েছি।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই অনুন্নত মৎস্যজীবী সম্প্রদায়ের আর্থিক পুনর্বাসনের জন্য সরকারের কাছে কোন সুষ্ঠু পরিকল্পনা আছে কিনা, যদি থাকে, সেটা কি?

শ্রীসন্তোষকুমার রায়: মাননীয় সদস্য সুষ্ঠু বলতে কি বোঝাতে চাইছেন আমি বুঝতে পারছি না। তবে কিছু কিছু মৎস্যজীবীদের সাহায্যের জন্য সরকারের পরিকল্পনা আছে।

শ্রীআবদুল বারি বিশ্বাস: সুষ্ঠু বলতে মাননীয় মন্ত্রিমহাশয় বোঝেন না। আমি বলতে চেয়েছি ১০ টাকা, ১৫ টাকা, ২৫ টাকা বা একশত টাকা দিয়ে আত্মতুষ্টি করা সেই ব্যবস্থার কথা বাদ দিয়ে, কম্প্রিহেনসিভ আকারে এই ল্যান্ডলেসদের জন্য একটা প্রোগ্রাম নিয়েছেন, ভূমি-হীনদের আর্থিক পুনর্বাসনের জন্য এই যে প্রোগ্রাম নিয়েছেন, সেইরকমভাবে এই অনুন্নত মৎস্যজীবী সম্প্রদায়ের আর্থিক উন্নতি বিধানের জন্য সরকার থেকে কোন কম্প্রিহেনসিভ প্রোগ্রাম নেওয়া হয়েছে কিনা, যদি নেওয়া হয়ে থাকে, তা হ'লে সেটা কি জানাবেন কি?

Mr. Speaker: Mr. Biswas, the question is too wide to be answered in a supplementary. That is a matter of policy involving a long statement. Please be specific and do not put too wide a question involving policy matters.

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, যে নীতির কথা বললেন সেটা কি মুর্শিদাবাদ, মালদহ ছাড়া পশ্চিমবঙ্গের সর্বত্র ব্যবহার হবে কিনা?

শ্রীসন্তোষকুমার রায়: আমি কোন নীতির কথা বলি নি। আমাকে স্পেসিফিক কতকগুলি ঘটনার কথা মাননীয় উপাধ্যক্ষ মহাশয় জানিয়েছেন এবং সে সম্পর্কে ব্যবস্থা গ্রহণের কথা ভাবছি।

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, পশ্চিমবাংলায় যেসমস্ত মৎস্য-জীবীর ক্ষেত্রে গভর্নমেন্ট থেকে বন্দোবস্ত দেওয়া হয়েছে, সেগুলির ক্ষেত্রে কি ব্যবস্থা হবে?

শ্রীসন্তোষকুমার রায়: আপনি জানেন, জলের বন্দোবস্ত আমাদের দপ্তর থেকে করে না। এই সম্পর্কে যা করবার ভূমিরাজস্ব বিভাগের কাছে প্রশ্ন করুন।

শ্রীঅসমঞ্জ দে: জলের ব্যাপারে তথ্য আমার কাছে নেই, এই রকম বললে তো আমাদের প্রশ্ন করা চলে না। কারণ ইতিপূর্বে খাজনার টাকা সরকার আদায় করছে সে কথা বলেছি,

কিন্তু তার কোন উত্তর পাই নি। আমার প্রশ্ন হচ্ছে, মাননীয় মন্ত্রিমহাশয় কি খবর রাখেন মালদহের ৩ হাজার ৩২ জন মৎস্যজীবী আছেন। এই বছরে জলের খাজনা ১০ পার্সেন্ট বেশি হার বাড়িয়ে সরকার নির্ধারণ করেছেন?

শ্রীসন্তোষকুমার রায়ঃ আমার হাতে তথ্য নেই, কি হয়েছে এখন জবাব দেবার মত। তবে সরকার মালদহের মৎস্যজীবীদের কথা অবগত আছেন। মালদহের সম্পর্কে আমাদের মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমার কাছে একটা চিঠি দিয়েছেন, সে সম্পর্কে বিবেচনা করা হচ্ছে।

শ্রীঅসমঞ্জ দেঃ তাদের আর্থিক দুর্ভোগের কথা যদি দপ্তরের ধারণা না থাকে তা হ'লে তাদের পুনর্বাসনের কি সুষ্ঠু পরিকল্পনা করবেন, সেটা বুঝতে পারছি না, সে সম্বন্ধে কিছু বলবেন কি?

শ্রীসন্তোষকুমার রায়ঃ এটা মাননীয় সদস্যের নিজস্ব অভিমত। তিনি কি ক'রে বললেন যে আমরা অজ্ঞ, আমরা খবর রাখি না, এটা বুঝতে পারছি না।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, দক্ষিণ ভারতে যেমন আছে, মৎস্যজীবী যাঁরা হাতের কাজ জানেন যেমন জাল, নৌকা ইত্যাদি তৈরি করতে জানেন, এই সমস্ত তৈরি করার জন্য সরকার অনুদান দিয়ে সেন্টার খুলবেন এবং সেই সমস্ত তৈরি জিনিসের মার্কেটিং হবে, এই রকম পরিকল্পনা সরকারের আছে কি?

শ্রীসন্তোষকুমার রায়ঃ এই রকম কোন পরিকল্পনা আমাদের দপ্তরে নেই। তবে আমরা একটা মাস্টার প্ল্যান কমিটি করেছি। সেই কমিটি যা সুপারিশ করবেন তা বিবেচনা ক'রে সে সম্বন্ধে চিন্তা ক'রে আমরা ব্যবস্থা গ্রহণ করব।

শ্রীশীশ মহম্মদঃ মাননীয় মন্ত্রিমহাশয়, পূর্বেও স্বীকার করেছেন যে, গত বছর খরাজনিত পরিস্থিতির ফলে মাছ না পাবার জন্য মৎস্যজীবীদের আর্থিক দুরবস্থা ঘটেছে, মাননীয় মন্ত্রি-মহাশয় জানাবেন কি, সেটাই কি একমাত্র কারণ?

শ্রীসন্তোষকুমার রায়ঃ নানা কারণ আছে। মৎস্যজীবীদের অবস্থার উন্নতি কিছু হয় নি, এটা ঠিক। তবে গতবারে খরার জন্য অবস্থার আরও অবনতি হয়েছে।

শ্রীশীশ মহম্মদঃ নানা কারণের কথা বলেছেন, সেই কারণগুলো কি বলবেন?

শ্রীসন্তোষকুমার রায়ঃ নানা কারণের মধ্যে আছে, আমাদের দেশে মাছের উৎপাদন কম, মাছ ধরা পড়ে কম এবং গরিব মৎস্যজীবীরা মধ্যস্বত্বভোগীদের কাছ থেকে নানারকমভাবে শোষিত হন, এইরকম নানা কারণ আছে।

প্রাথমিক বিদ্যালয়

*৫৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭৬।) **শ্রীমহম্মদ সফিউল্লাঃ** শিক্ষা বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ মাস থেকে ১৯৭৩ সালের ৩১এ জানুয়ারি পর্যন্ত পশ্চিমবঙ্গে কতগুলি প্রাথমিক বিদ্যালয়কে অনুমোদিত (অ্যাফিলিয়েটেড) করা হইয়াছে;

(খ) ঐ সময়ে ঐ সমস্ত বিদ্যালয়ে প্রাথমিক শিক্ষকের সংখ্যা কত ছিল; এবং

(গ) বর্তমান আর্থিক বৎসরের মধ্যে আর কতজন প্রাথমিক শিক্ষক নিয়োগ করা হবে?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়ঃ (ক) ১৯৭২ সালের মার্চ মাস হইতে ১৯৭৩ সালের ৩১এ জানুয়ারি পর্যন্ত পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় মোট ২,১১৭টি প্রাথমিক বিদ্যালয়কে অনুমোদিত করা হইয়াছে।

(খ) ঐসকল বিদ্যালয়ে ৫,৭০৪ জন শিক্ষকের অনুমোদন করা হইয়াছে।

(গ) প্রাথমিক শিক্ষক নিয়োগ জেলার গ্রামাঞ্চলে স্কুল বোর্ডে পরামর্শদাতা কমিটির সুপারিশ এবং শহরাঞ্চলের জেলা বিদ্যালয় পরিদর্শক (প্রাথমিক শিক্ষা) মহাশয়ের সুপারিশের উপর নির্ভরশীল। আশা করা যায়, আরও ৩,০০০ শিক্ষকের নিয়োগ এই আর্থিক বৎসরে করা সম্ভব হইবে।

শ্রীমহম্মদ সফিউল্লা: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই যে অ্যাফিলিয়েটেড প্রাথমিক বিদ্যালয়, এর মধ্যে কতজন বেসিক ট্রেন্ড শিক্ষককে নিয়োগ করা হয়েছে, যে তারিখটা বলেছেন তার মধ্যে?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়: এটা বলা মুশকিল, অনুসন্ধান ক'রে বলতে হবে।

শ্রীমহম্মদ সফিউল্লা: ৩১এ জানুয়ারির পর আর কোন প্রাথমিক বিদ্যালয়কে অনুমোদন করা হবে কিনা?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়: নিশ্চয়ই।

শ্রীভবানীপ্রসাদ সিংহরায়: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, পশ্চিমবঙ্গে আনস্কুল্‌ড ভিলেজ আছে কিনা?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়: হ্যাঁ, আনস্কুল্‌ড ভিলেজ আছে।

শ্রীভবানীপ্রসাদ সিংহরায়: তার সংখ্যাটা বলবেন কি?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়: আমি অনুসন্ধান ক'রে দেখে বলতে পারি, তবে আনঅফিসিয়ালি বলছি ২৫০টি।

শ্রীভবানীপ্রসাদ সিংহরায়: সেইসব জায়গায় স্কুল করা হবে কি?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়: যত তাড়াতাড়ি সম্ভব করা হবে।

শ্রীঅসমঞ্জ দে: অনুমোদন দেবার সর্বোচ্চ কর্তৃত্ব ডিস্ট্রিক্ট প্রাইমারি এডুকেশন অ্যাডভাইসরি কমিটির হাতে থাকে, না, পশ্চিমবঙ্গের শিক্ষা দপ্তরের কোন কমিটির উপর থাকে?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়: ডিস্ট্রিক্ট অ্যাডভাইসরি কমিটি সুপারিশ করেন, আসলে অনুমোদন করেন সরকার।

[1-30—1-40 p.m.]

শ্রীঅসমঞ্জ দে: ডিস্ট্রিক্ট প্রাইমারি এডুকেশন বোর্ড তৈরি করা হয়েছে, এটা কি বিকেন্দ্রীকরণের উদ্দেশ্য নিয়ে, না অন্য কোন উদ্দেশ্য নিয়ে?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়: ক্ষমতা বিকেন্দ্রীকরণ নিশ্চয়ই, তবে সরকারের হাতেও ক্ষমতা রাখতে হবে।

শ্রীঅসমঞ্জ দে: সমস্ত এম এল এ-দের নিয়ে ডিস্ট্রিক্ট প্রাইমারি এডুকেশন অ্যাডভাইসরি বোর্ড তৈরি করা সত্ত্বেও তাদের সমস্ত ক্ষমতা দেওয়া হয় নি, এটা কি তাদের উপর আস্থা কম ব'লে?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়: মোটেই না। তবে সমস্ত সিলেকশন কমিটিতে এম এল এ-রা নেই।

শ্রীশ্যামসুন্দীন আহমেদ: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, নতুন যে স্কুলগুলি হচ্ছে তাতে বর্তমানে যে নিয়ম আছে ৪০ জন ছাত্র প্রতি একজন ক'রে শিক্ষক, কিন্তু এখন আমরা জানতে পারছি যে, তাতে ৩ জনের বেশি শিক্ষক দেওয়া যাচ্ছে না, তা হ'লে এই বিষয়ে সরকারের নীতিটা কি?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়: প্রথমে আমরা যতগুলি স্কুলকে দিতে পারি দিয়েছি, কিন্তু টিচার কম আছে ব'লে কম ক'রে দেওয়া হয়েছে, পরে এটা আমরা বাড়াব।

শ্রীশামসন্দিন আহমেদ: মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে, সরকারের একটা নীতি আছে যে চারটে ক্লাস নিয়ে একটা স্কুল চালু হয়, ওয়ান, টু, থ্রি, ফোর, কিন্তু সেখানে তিনজন শিক্ষক দিয়ে কিভাবে স্কুল চলবে, তাই এটা যাতে চারজন দিয়ে আরম্ভ করা যায় সে বিষয়ে কিছু চিন্তা করছেন কি?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়: আগেই আমি জানিয়েছি যে, কেন দেওয়া সম্ভব হয় নি, আগামী দিনে এটা হবে।

শ্রীঅসমঞ্জ দে: শহর অঞ্চলে কয়জন প্রাথমিক শিক্ষক দেওয়া হয় আর গ্রামাঞ্চলে কয়জন প্রাথমিক শিক্ষক দেওয়া হয়?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়: শহর অঞ্চলে চারজন আর গ্রামাঞ্চলে তিনজন।

শ্রীঅসমঞ্জ দে: এটার কারণ কি?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়: এটা আগে থেকেই হয়ে আসছে। শহরে গ্রামের চেয়ে ছাত্রসংখ্যা বেশি ব'লে এটা করা হয়েছে।

শ্রীঅসমঞ্জ দে: অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ স্যার, উনি বলছেন এর কারণ এটা চ'লে আসছে। আমি তাই বলছি যে, সি পি এম-এর সময় প্রাইমারি স্কুলগুলির যে বন্ধ্যা অবস্থা সৃষ্টি করা হয়েছিল সেটা মন্ত্রিমহাশয় কাটিয়ে উঠে তাদের অনুমোদন দিচ্ছেন, তাহলে কেন তিনি শহর অঞ্চলের সঙ্গে গ্রামাঞ্চলের এই প্রভেদ রাখছেন?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়: আমি বলেছি এর কারণ হিসাবে টাউনে কম্পারেটিভলি ছাত্র-সংখ্যায় বেশি পড়ে।

শ্রীঅসমঞ্জ দে: আপনি এর উত্তর হিসাবে বলেছেন যে, গ্রামাঞ্চলে তিনজন আর শহরাঞ্চলে চারজন এবং গ্রামে ছাত্র কম আর শহরে ছাত্র বেশি। কিন্তু আমরা জানি সরকারী নীতি হচ্ছে ৪০ জন ছাত্র, সেখানে ৪০ কেন অনেক জায়গায় ১০০, ১৫০, ২০০ ক'রে ছাত্র আছে, তা হ'লে সেখানে প্রয়োজন অনুযায়ী ব্যবস্থা নেবেন, এইটা করবেন কি?

Mr. Speaker: Mr. De, are you referring about discrimination between rural area and urban area?

শ্রীঅসমঞ্জ দে: আপনি হ্যাঁ কি না বলুন?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়: আমি যা বলেছি তার অর্থ এই যে, গ্রামে অ্যাভারেজ স্কুল প্রতি যে ছাত্রসংখ্যা থাকে তার চেয়ে শহরে বেশি থাকে। এর স্বাভাবিক কারণ হ'ল গ্রামের চেয়ে শহরে ডেনসিটি অব পপুলেশন অনেক বেশি।

শ্রীভবানীপ্রসাদ সিংহরায়: শহরে ৪ এবং গ্রামে ৩ জন স্টুডেন্ট রেসিও অনুযায়ী শিক্ষক নিয়োগ করা হয়। কিন্তু এই ডেনসিটি অফ পপুলেশন বলার কারণ কি এবং এই রেসিওর বিষয়ে শহরে ও গ্রামে যে বৈষম্য করা হয়েছে তা দূর করার প্রতিশ্রুতি দেবেন কি?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়: সমস্ত ব্যাপারটা ভেবে দেখা হচ্ছে এবং আগামী বছর থেকে অন্ততঃ যতগুলি ক্লাস ইউনিট থাকবে ততগুলি টিচার থাকবে।

শ্রীমহম্মদ দেদার বক্স: ২০ জন ছাত্র পিছু একজন ক'রে টিচার দেবার যে নীতি আছে সেটা কি আপনি বিবেচনা করবেন?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়: এখন এত টাকা নেই।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: এটাকে বৈষম্যমূলক আচরণ ব'লে কি মনে করেন?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়: আমি পূর্বেই এক্সপ্লেন করেছি যে, ডেনসিটি অফ পপুলেশন অনুযায়ী করা হচ্ছে।

শ্রীপরেশচন্দ্র গোস্বামী ঃ শহরে ও গ্রামে রেসিও অফ স্টুডেন্টস যদি একরকম থাকে, তা হ'লে একরকম শিক্ষক দেওয়া হবে কি?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায় ঃ বিষয়টি বিবেচনা করা হচ্ছে এবং মিনিমাম ক্লাস ইউনিট যতগুলি থাকবে সেইমত শিক্ষক দেব।

শ্রীনাসিরুদ্দিন খান ঃ আপনাদের ডিসিশন ছিল স্কুললেস ভিলেজ-এ আগে স্কুল করা হবে —সেই নীতির কি পরিবর্তন হয়েছে?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায় ঃ সেই ডিসিশনই আছে।

[1-40—1-50 p.m.]

শ্রীনাসিরুদ্দিন খান ঃ স্কুল স্যাংশনের ক্ষেত্রে একটা নিয়ম চালু আছে ইন্সপেক্টর, সাব-ইন্সপেক্টর যে রিপোর্ট দাখিল করবেন অ্যাডভাইসরি কমিটি সেইরকম স্যাংশন করবেন, কিন্তু ইন্সপেক্টরের রিপোর্ট থাকা সত্ত্বেও এক বছর স্কুল চলছে এইরকম স্কুলকে বাদ দিয়ে নতুন স্কুলের আবির্ভাব হ'ল এইরকম খবর আপনার জানা আছে কি?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায় ঃ এইরকম খবর আমার কাছে আসে নি।

শ্রীপ্রদীপকুমার পালিত ঃ মন্ত্রিমহাশয় (গ) প্রশ্নের উত্তরে বলেছেন ৩ হাজার প্রাথমিক শিক্ষক নিয়োগ করা হবে, সেটা কতদিনের মধ্যে করা হবে জানাবেন কি?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায় ঃ (গ) প্রশ্নের উত্তর যেটা ছিল সেটা আবার পড়ছি—আরও তিন হাজার শিক্ষক নিয়োগ এই আর্থিক বছরে ৩১এ মার্চের মধ্যে করা সম্ভব হবে।

শ্রীবীরেশ্বর রায় ঃ আমরা জানতাম যে, মোট ১২ হাজার প্রাথমিক শিক্ষককে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া যাবে, এখানে আর্থিক বছরে বলছেন ৩ হাজারকে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া যেতে পারে, আর বাদবাকিকে কত দিনের মধ্যে দেওয়া যাবে সেটা বলবেন কি?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায় ঃ আমি অ্যাপয়েন্টমেন্টের চিঠি নিয়ে প্রস্তুত, অ্যাডভাইসরি কমিটিগণ অনুগ্রহ ক'রে নাম পাঠালেই অ্যাপয়েন্টমেন্ট দিয়ে দেব।

শ্রীশরৎচন্দ্র দাস ঃ মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে, ভিলেজ এরিয়ার স্কুলে প্রতি ৩ জন শিক্ষক এবং টাউনে ৪ জন এই নির্দেশ থাকা সত্ত্বেও আপনার এস আই ভিলেজ-এর কোন কোন স্কুলের জন্য ৫/৬ জন শিক্ষকের রেকমেন্ডেশন স্কুল বোর্ডে পাঠাচ্ছে এটা আপনি কি জানেন?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায় ঃ এইরকম খবর আমার জানা নেই।

শ্রীআনন্দগোপাল রায় ঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, কোন কোন জেলা থেকে প্যানেল আসে নি, সেজন্য শিক্ষক নিয়োগ করা সম্ভব হচ্ছে না, বীরভূম জেলা স্কুল বোর্ড থেকে আপনার কাছে অ্যাপ্রুভের জন্য পাঠানো হয়েছে, কিন্তু এখনও অ্যাপ্রুভ করা হয় নি। কেন অ্যাপ্রুভ করা হয় নি, জানাবেন কি?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায় ঃ আমার তো ধারণা বীরভূম জেলার যেসমস্ত লিস্ট এসেছিল আমরা অনুমোদন ক'রে পাঠিয়ে দিয়েছি। আপনি অন্য প্রশ্ন করলে কবে পাঠিয়েছি সেটা জানাতে পারব।

শ্রীরজনীকান্ত দলুই ঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন, বর্তমান আর্থিক বছরে তিন হাজার শিক্ষক নিয়োগ করা হবে, এতে জেলাভিত্তিক কোটা কি থাকবে বলতে পারবেন কি?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায় ঃ কোটা আমার কাছে নেই।

জুনিয়ার বেসিক ট্রেন্ড বেকার শিক্ষক

*৫৪১। (অনুমোদিত প্রশ্ন নং *৯৩৭।) **শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ** শিক্ষা বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলায় কোন জুনিয়ার বেসিক ট্রেন্ড শিক্ষক বেকার আছেন কিনা ;

(খ) থাকিলে, কোন্ জেলায় কতজন ;

(গ) তাঁহাদের নিয়োগের বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন ;

(ঘ) মুর্শিদাবাদ জেলার স্কুল বোর্ডে সম্প্রতি দুইজন চতুর্থ শ্রেণী কর্মচারী নিয়োগ করা হয়েছে কিনা ; এবং

(ঙ) হয়ে থাকলে, এ বিষয়ে কোন বিজ্ঞাপন দেওয়া হয়েছিল কি না ?

Mr. Speaker: Starred question No. 541 is held over

রাজ্য পরিবহণ

*৫৪২। (অনুমোদিত প্রশ্ন নং *৮৮৮।) **শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে এন বি এস টি সি, ডি এস টি সি ও সি এস টি সি-এর পৃথক পৃথকভাবে ৩১এ ডিসেম্বর, ১৯৭২ পর্যন্ত আয় ও ব্যয়ের পরিমাণ কত ;

(খ) বর্তমানে প্রতিটি সংস্থায় কর্মচারীর সংখ্যা কত ; এবং

(গ) প্রতিটি সংস্থায় বর্তমানে সচল ও অচল বাসের সংখ্যা কত ?

Shri Gyan Singh Sohanpal:

(a) (Subject to Audit)

	Income (in lakhs)	Expenditure (in lakhs)
	Rs.	Rs.
C.S.T.C.	389.97	741.95
D.S.T.B.	19.57	42.97
N.B.S.T.C.	162.00	172.00

(b)

	(Number of employees)
C.S.T.C.	13,187
D.S.T.B.	850
N.B.S.T.C.	2,899

(c)

	Serviceable	Unserviceable
C.S.T.C.	862	423
D.S.T.B.	80	37
N.B.S.T.C.	274	24

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই সি এস টি সি-র যেসমস্ত বাস অচল হয়ে রয়েছে সেই অচল হবারই কারণ কি শুধু মেনটেনেন্স-এর অভাব, না অন্য কোন কারণও আছে ?

Shri Gyan Singh Sohanpal: Most of them have outlived their lives.

শ্রীআবদুল বারি বিশ্বাস: পরমায়ু শেষ হ'লে ঐ সমস্ত বাস বাড়াবার জন্য সরকার কি পরিকল্পনা গ্রহণ করেছেন?

Shri Gyan Singh Sohanpal: The Government has already taken up an accelerated programme.

শ্রীআবদুল বারি বিশ্বাস: ইদানীংকালে দেখা যাচ্ছে, নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্টে ভয়াবহ অ্যাক্সিডেন্ট হচ্ছে। আমার প্রশ্ন হচ্ছে, এটা কি টায়ার না থাকা এবং মেনটেনেন্স-এর অভাবের জন্য হচ্ছে?

শ্রীজ্ঞান সিং সোহনপাল: ইট ইজ নট এ ফ্যাক্ট।

শ্রীবীরেশ্বর রায়: মন্ত্রিমহাশয় জানাবেন কি, একটা গাড়ি প্রথম যেদিন রাস্তায় চালু হয় তার কতদিন পর সেটা অকেজো বা অচল হয়?

শ্রীজ্ঞান সিং সোহনপাল: অ্যাট লিস্ট টেন ইয়ার্স।

শ্রীবীরেশ্বর রায়: এক বছরের মধ্যে গাড়ি নষ্ট হয়ে গেছে, কনডেমন্ড হয়ে রয়েছে, এই খবর আপনি জানেন কি?

শ্রীজ্ঞান সিং সোহনপাল: দেয়ার মে বি মেক্যানিক্যাল ডিফেক্ট।

শ্রীঅসমঞ্জ দে: মন্ত্রিমহাশয় জানিয়েছেন তিনটি সংস্থায় আমাদের আয়ের চেয়ে ব্যয়ের পরিমাণ বেশি। আমার প্রশ্ন হচ্ছে এই ক্ষতির আসল কারণ কি?

Shri Gyan Singh Sohanpal: The expenditure has increased sharply due to the fixation of pay of the employees in the revised pay scales, increase in the rate of bonus paid to the employees from 4 per cent. to 8.33 per cent. Increased cost of the maintenance and operation of buses and out-shedding of a large number of buses also account for some increase in expenditure.

শ্রীঅসমঞ্জ দে: আমাদের বাস-এ যখন এত ক্ষতি বহন করতে হচ্ছে তখন হঠাৎ বোনাস নীতি ৪ পারসেন্ট থেকে ৮ পয়েন্ট ৩০ পারসেন্ট কেন বাড়ালেন?

Shri Gyan Singh Sohanpal: It is the policy of the Government.

Shri Harasankar Bhattacharyya: Will the Hon'ble Minister-in-charge be pleased to state if it is a fact that the North Bengal State Transport Corporation Workers' Union, the President of which is our Hon'ble Minister Shri Santosh Kumar Roy, has made a complaint to the Government that the real reason for the losses is the General Manager's misuse of money and funds against which the Government has instituted an enquiry?

[1-50—2-00 p.m.]

শ্রীনাসিরুদ্দিন খান: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, একটা কথা আমরা শুনতে পাচ্ছি যে, এই সরকার আসার পর লস-এর পরিমাণ অনেকখানি কমে গেছে এবং কম্পারেটিভলি আয়ের পরিমাণ বেড়ে গেছে।

শ্রীজ্ঞান সিং সোহনপাল: হ্যাঁ।

শ্রীনাসিরুদ্দিন খান: কত পরিমাণ বেড়েছে বলতে পারেন?

শ্রীজ্ঞান সিং সোহনপাল: আমরা সরকারে আসার পর এবং সি এস টি সি টেক-ওভার করার পর যেখানে আগে ছিল ৯৯ হাজার টাকা পার ডে ইনকাম তা বেড়ে এখন হয়েছে ১ লাখ ৫০ হাজার টাকা পার ডে ইনকাম।

শ্রীনাসিরুদ্দিন খান: নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট এর রুটে প্রাইভেট বাস দেবার পরিকল্পনা কি সরকারের আছে?

শ্রীজ্ঞান সিং সোহনপাল:...ন্যাশানালাইজড রুটে কোন প্রাইভেট বাস দেওয়া হয় না।

Shri Kumar Dipti Sen Gupta: Will the Hon'ble Minister be pleased to state whether, since this Ministry came into force, there has been basic improvement in the matter of collection in the three institutions, viz., N.B.S.T.C., D.S.T.C., and C.S.T.C,? Since you have already said 'Yes', please tell us what is the nature of improvement—the amount, the proportion and the ratio.

Shri Gyan Singh Sohanpal: I categorically say that there is definitely improvement in all the State Transport Corporations. If you want more details, please give me a notice on that.

Shri Kumar Dipti Sen Gupta: Sir, since, as a matter of fact, it is a public undertaking and we are always suffering losses, may I know from the Hon'ble Minister whether he will make a statement in the press regarding the detailed improvement about the collections so that the people may have some idea?

Shri Gyan Singh Sohanpal: It is a request for action.

শ্রীআবদুল বারি বিশ্বাস: এই সমস্ত মোটরের টায়ার এবং স্পেয়ার পার্টস যেগুলি নূতন সেগুলি সরিয়ে দিয়ে পুরানো স্পেয়ার পার্টস আপনার বাসগুলিতে রিপ্লেস করা হয় এটা কি আপনি জানেন?

শ্রীজ্ঞান সিং সোহনপাল: এইরকম খবর থাকলে আপনি আমাকে জানাবেন, আমি দেখব।

শ্রীপ্রদীপকুমার পালিত: এই যে স্টেট ট্রান্সপোর্টে লস হচ্ছে তার অন্যতম কারণ হচ্ছে অফিসারদের পেছনে প্রচুর টাকাপয়সা খরচ এবং জিনিসপত্রের মিসইউজ এবং মালপত্র বাইরে বিক্রি হয়ে যাচ্ছে এবং চুরি হয়ে যাচ্ছে।

শ্রীজ্ঞান সিং সোহনপাল: আপনার কাছে সেই রকম কেস থাকলে আমাকে দেবেন, আমি খোঁজ নেব।

শ্রীপ্রদীপকুমার পালিত: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিষয়ে আমি বহুবার জানিয়েছি এবং পঙ্কজবাবুও জানিয়েছেন। বাস নং ১৯০৬, ৩৪নং রুটে সকাল ১০টার সময় রাস্তায় বিক্রি হয়ে গেল। এইরকম কোন বিক্রি হওয়ার নিয়ম আছে কিনা মন্ত্রিমহাশয় জানাবেন এবং আমি আরও বলতে পারি বেলঘরিয়া ডিপো থেকে মালপত্র অনেক চুরি গেছে, কিন্তু যে চুরি করেছে তার বিরুদ্ধে কোন শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া তো দূরের কথা, তাকে তারাতলা ডিপোতে বদলি ক'রে দেওয়া হ'ল। তার নাম অশোক সরকার। তারপর আরও আছে, স্টেট ট্রান্সপোর্ট ডিপো থেকে টেস্ট করার নাম করে গাড়ি বের করে নিয়ে বিভিন্ন জায়গা এবং বিয়ে বাড়িতে ভাড়া খাটানো হয় এবং তারাই টাকা ইনকাম করে। কিন্তু এই বিষয়ে ডিপার্টমেন্টে জানালে দোষী ব্যক্তিকে ছেড়ে দেওয়া হয়েছে এবং নির্দোষ ব্যক্তিকে হয়রান করা হচ্ছে।

Mr. Speaker: According to rule, there is no scope for giving any information. You must follow the rule. Please put your question in a straight forward way. Please take your seat.

শ্রীপ্রদীপকুমার পালিত: মন্ত্রিমহাশয় স্পেসিফিক কেস চেয়েছিলেন আমি তাই দিচ্ছি।

Mr. Speaker: Shri Palit, without giving any long statement and information, you may put your supplementary. It is not according to rule. I cannot allow you to make a long statement.

শ্রীপ্রদীপকুমার পালিত: এই যে তথ্যগুলি জানালাম এই তথ্যগুলি মন্ত্রিমহাশয় অবগত আছেন কিনা এবং অবগত থাকলে কোন ব্যবস্থা অবলম্বন করেছেন কিনা জানালে বাধিত হবো।

Shri Gyan Singh Sohanpal: Mr. Speaker, Sir, the honourable Member has mentioned about the sale of a bus belonging to the C.S.T.C. This has already been mentioned in the House and I will make a statement tomorrow on that sale. The second point that has been brought to the notice of the House is that a C.S.T.C. bus being used for the purpose of marriage party. This particular incident has been detected by me and not by the honourable Member. The persons who are involved in this incident are under suspension and departmental proceedings have been drawn up.

বর্ধমান বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা তদন্ত কমিটি

*৫৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *৯৫১।) **শ্রীসরোজ রায়:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান বিশ্ববিদ্যালয়ে পরীক্ষা সংক্রান্ত দুর্নীতি বিষয়ে তদন্ত করিবার জন্য ১৯৭১ সালে একটি তদন্ত কমিটি গঠন করা হইয়াছিল ; এবং

(খ) উত্তর 'হ্যাঁ' হইলে, উক্ত কমিটি সরকারের নিকট রিপোর্ট দাখিল করিয়াছেন কিনা ; এবং করিলে তাহা কি?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়: (ক) হ্যাঁ।

(খ) না।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই কমিটির রিপোর্ট চেয়ে নিয়ে সরকার নিজে জনস্বার্থের খাতিরে এই কমিটির রিপোর্ট প্রকাশ করবেন কি না?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়: কমিটি বিশ্ববিদ্যালয় নিয়োগ করেছিল এবং তার রিপোর্ট আমাদের কাছে আসে নি। আমরা যতদূর জানি এর নিষ্পত্তি হয়ে গিয়েছে।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য: মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি, এই রিপোর্টে ছিল যে পরীক্ষা ব্যবস্থায় এই উপাচার্যের জন্য দুর্নীতি বৃদ্ধি পেয়েছিল এবং তার জন্য তাঁকে সরিয়ে দেবার কথা বলা হয়েছিল?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়: আমি তো আগেই বলেছি এই রিপোর্টটা আমাদের কাছে আসে নি।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই দুর্নীতিগ্রস্ত ব্যক্তিকে পুনরায় চার বছরের জন্য উপাচার্য নিয়োগ করা হয়েছে কি না?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়: একজন নূতন উপাচার্য নিয়োগ করা হয়েছে, তবে তিনি দুর্নীতিগ্রস্ত ব'লে অভিযুক্ত হয়েছেন কিনা আমার জানা নেই।

শ্রীনাসিরুদ্দিন খান: এই দুর্নীতি কি ঘুষ খাওয়ার দুর্নীতি, না পরীক্ষায় পাস করিয়ে দেওয়ার দুর্নীতি?

[2-00—2-10 p.m.]

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়: খুব জটিল প্রশ্ন করেছেন, উত্তর দেওয়া শক্ত।

শ্রীতুহিনকুমার সামন্ত: মাননীয় শিক্ষামন্ত্রী জানাবেন কি যে, তিনি বর্ধমানে যে ভাইস-চ্যান্সেলার নিয়োগ করেছেন তার বিরুদ্ধে দুর্নীতিমূলক রিপোর্ট তিনি জানেন কিনা?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়: না, জানি না।

শ্রীতুহিনকুমার সামন্ত: ১৯৭১ সালে যিনি বর্ধমান বিশ্ববিদ্যালয়েরর ভাইস-চ্যান্সেলার ছিলেন তিনি কোন্ ভিত্তিতে পদত্যাগ করেছিলেন জানেন কি?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়: তখনকার পরিস্থিতি যা ছিল তাতে অনেকগুলো কারণ থাকতে পারে।

শ্রীতুহিনকুমার সামন্ত: কি কি কারণ?

(নো রিপ্লাই)

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: আপনি যে রিপোর্টের কথা বললেন জানি না, সেটার সঙ্গে একটা খুব গুরুত্বপূর্ণ বিষয় আছে। এই কমিটির রিপোর্ট না দেওয়ার জন্য দীর্ঘদিন আগে পরীক্ষা হওয়া সত্ত্বেও পার্ট ওয়ান এবং পার্ট টু-র ফল এখনও পর্যন্ত বেরোল না। মন্ত্রিমহাশয় এই ব্যাপারে একটু দেখবেন কি যাতে কমিটির রিপোর্ট তাড়াতাড়ি দিয়ে পরীক্ষার ফল তাড়াতাড়ি বের হতে পারে?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়: আমার যতদূর খবর পরীক্ষার ফল ইতিমধ্যে ঘোষিত হয়েছে।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: এটা স্যার অ্যাবসলিউটলি ফল্স। গত বছরের কম্পার্টমেন্টাল পরীক্ষার ফলও এখনও বের হয় নি। আমি বর্ধমান বিশ্ববিদ্যালয়ের অন্তর্গত একটা কলেজে অধ্যাপনা করি।

(গোলমাল এবং বাধাদান।)

Mr. Speaker: Question hour is over. Held over questions. Starred question No. 204—Shri Sudhir Chandra Das.

Shri Gyan Singh Sohanpal: On a point of order, Sir. Mr. Speaker, Sir, I beg to draw your attention to rule 34 at page 21 of our Rules of Procedure dealing with questions. The rule says, "unless the Speaker otherwise directs, the first hour of every sitting shall be available for the asking and answering of questions." Sir, under this rule you have fixed the first hour for questions. Of late we find, Sir, that after the expiry of this one hour, you take up held-over questions, and sometimes these held-over questions take half an hour, sometimes one hour, sometimes more depending on the number of questions. Sir, I have gone through the rules very carefully. I have not come across any rule which empowers you, the Hon'ble Speaker, to extend the question more than one hour. Sir, it has been the convention of this House to take up held-over questions first followed by other questions on the list but in no case the one hour was extended. Sir, I would like to know from you under what authority, under what rule and under which convention this is being done.

Sir, I say this because this dislocates the entire business of the House and sometimes we have lot of inconveniences.

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার, মন্ত্রিমহাশয় বললেন যে, এক ঘণ্টার বেশি কোশ্চেন হয়। কিন্তু মন্ত্রিমহাশয়রা কোয়েশ্চেন হেল্ড-ওভার ক'রে রেখে দেন। প্রতিদিন ২-৩টা করে, অনেক সময় তার বেশি কোয়েশ্চেন তুলে রেখে দেওয়া হয়। সেইজন্যই টাইম বাড়াতে হয়। সবচেয়ে প্রবলেম হচ্ছে মন্ত্রিমহাশয়েরা সেই সমস্ত প্রশ্নের উত্তর যাতে না দিতে হয়, সাধারণ লোক যাতে না জানতে পারে সেই পলিসি গ্রহণ করেছেন। রুলসে আছে এক ঘণ্টা। কিন্তু সরকার পক্ষের মন্ত্রিমহাশয়রা দিনের পর দিন কোয়েশ্চেন হেল্ড-ওভার ক'রে যাচ্ছেন। এ ব্যাপারে আমরা আপনার প্রোটেকশন চাচ্ছি। এই হেল্ড-ওভার কোয়েশ্চেন যদি রোটেশন্যাল ডে-তে হয়, তা হ'লে কেন আপত্তি হবে এটা আমি জানতে চাই।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রিমহাশয় যে পয়েন্ট অব অর্ডার তুলেছেন আমি তার বিরোধিতা করি। আমি দেখতে পাচ্ছি, উনি যে পয়েন্ট অব অর্ডার তুলেছেন There is no point in the point of order.

এই কারণে যে, উনি যেটা পড়ে শোনালেন

Unless the Speaker otherwise directs. Mr. Speaker has directed that way. That is why the question hour is extended.

তা হ'লে ন্যাচার‍্যালি আমার মনে হয়, ও'র কোন পয়েন্ট অব অর্ডারের হেতু এখানে নেই।

Shri Gyan Singh Sohanpal: Mr. Speaker may direct either the first hour, or any other hour.

শ্রীমহম্মদ দেদার বক্স: স্যার, আপনি দেখুন ৫৩৫ থেকে ৫৮৪ এতগুলি স্টারড কোয়েশ্চেন আজকে রয়েছে। কি ক'রে সময় পাওয়া যাবে? আবার সাপ্লিমেন্টারি না করলে পরিষ্কার বোঝা যায় না। অনেক সদস্যের দুর্ভাগ্যবশত সময় জুটছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি এ বাপারে আমাদের প্রটেকশন দিন—যাতে এই কোয়েশ্চেনগুলির সংখ্যা কিছু কমিয়ে দেওয়া যায়। এই ৫০টি কোয়েশ্চেনের জন্য ১ ঘণ্টা সময়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর যাতে সুব্যবস্থা হয়—কোয়েশ্চেন কমিয়ে যাতে দু-তিনটি সাপ্লিমেন্টারি করতে পারে তার ব্যবস্থা করুন।

Mr. Speaker: Honourable Members, a point of order has been raised by the Hon'ble Minister for Parliamentary Affairs that in the rule it is provided that a fixed hour will be allotted for answering the questions. He has pointed out rule 34 and, according to rule 34, the first hour of the session has been allotted for answering the questions. Now, the point has been raised that there is no provision in the Rules of Procedure that held-over questions should be taken up after one hour. I agree with the Hon'ble Minister for Parliamentary Affairs that in the rules there is no specific provision for the held-over questions, but at the same time, I draw the attention of the House that these held-over questions are being taken up in this House for the last several years. So far as I know from my personal experience—I am a Member of this House for the last 17 years—the held-over questions are being taken up after one hour allotted for questions and that has already been a convention of this House—that the held-over questions will be taken up after the allotted first one hour of the House for answering the questions. As the point has been raised by the Minister-in-charge for Parliamentary Affairs, I will give my ruling after some time. but as we are following this system for several years, I allow the held-over

questions just now. I will consider the matter, ponder over the matter, look into the procedure and give my considered opinion after some time. I, however, allow the held-over questions for the time being.

[2-10—2-20 p.m.]

Shri A. H. Besterwitch: There is a precedent in the House. It is nothing new that all held-over questions are generally taken up after the question hour. As you say you are going to give your decision after some time, that is a very serious matter. Why do not the Ministers answer the questions as per schedule? In that case this point would not have arisen. I think the point of order raised by the Hon'ble Minister does not arise as there is a precedent in the House.

Shri Kumar Dipti Sen Gupta: Sir, for the purpose of assessment of the ultimate decision I shall be referring to you rule 364 which says: "All matters not specifically provided for in these rules and all questions relating to the detailed working of these rules shall be regulated in such manner as the Speaker may, from time to time, direct." It says "not specifically provided". Rule 34 says: "... the first hour of every sitting shall be available for the asking and answering of questions." That has been provided for. Even rule 364 will not be applicable in that view of the matter. You can come to any conclusion if there is no specific provision. In rule 34 there is a specific provision that "unless the Speaker otherwise directs, the first hour of every sitting shall be available for the asking and answering of questions." You can minimise that one hour but you cannot go beyond that.

Shri Abdul Bari Biswas: Sir, please refer to rule 46 which says: "Subject to the provisions of rule 40, the Speaker may direct that a question be placed on the list of questions for answer on a date later than that specified by a Member in his notice, if he is of the opinion that a longer period is necessary to decide whether the question is or is not admissible."

কোশ্চেন আওয়ারের জন্য এক ঘণ্টা সিডিউল্ড টাইম আমাদের দেওয়া আছে, কিন্তু Scheduled time held-over question should not be treated as a regular question.

Dr. Zainal Abedin: Sir, probably Shri Kumar Dipti Sen Gupta has mistaken the point in rule 364. Here 'question' means 'business'. I beg to correct him in that way. Now as you have said that you have reserved your ruling, I would invite your attention to rule 43 where the nature, the character and the type of questions are specified. I may point out that certain questions are asked and admitted which do not come under the purview of this rule. Constitution provides that certain questions are to be put, certain answers are to be given in the House, but I must admit that you allow such questions which you cannot allow. Without casting any reflection on you I would simply point out rule 43 together with the series entered therein. So I would request your Secretariat to be more careful in pointing out this discrepancy as per rule 43.

Mr. Speaker: A point has been raised that some questions are admitted which ought not to be admitted under rule 43. I would like to draw the attention of the Hon'ble Minister who has raised the point to go through the other rules also—particularly rule 45 where it says that it is the discretion of the Chair to admit any question and that cannot be questioned on the floor of the House. So I think there is no scope for any discussion in the matter. If a question is admitted by the Chair that cannot be challenged by anybody, not a question can be raised, on the floor of the House.

So, I would like to tell the Hon'ble Minister and also the Honourable Members that the finality lies with the Chair. If the Chair thinks fit the Chair can admit any question.

Dr. Zainal Abedin: But, Sir, admission of questions should not put others to difficulty—that is what I would like to point out to you.

Shri Gyan Singh Sohanpal: Mr. Speaker, Sir, I must respectfully submit that we do not mean any disresepct to the Chair but we have every right to make our submission. I fully agree with my colleague, Dr. Abedin, that though the Speaker has got the right, has got the discretion, but there are certain difficulties which you will have to take into consideration. For example, I may mention for your information, Sir, that I have received certain questions relating to ameneties enjoyed by the Members of Legislatures in other States. Now, Sir, how can you expect me or my department to give the answer within the specified period? Naturally, I will have to request you to hold over such questions and give us sufficient time so that we may get the answers from other States. But if you insist, if the honourable Members insist, that the questions should be answered on the day appointed we are really helpless in the matter and we will have to say that we cannot do anything.

Mr. Speaker: Regarding the question that has been pointed out to me I will look into it. The time as was asked for has already been granted to the Hon'ble Minister. In this connection I want to say that time has changed, our outlook also has changed. I bring to the notice of the Hon'ble Minister that now a number of statutes are there, for example, the University Statute is there and whether we can discuss any matter involving the university. A point was just raised by Shri Harasankar Bhattacharya and the Members were also agitating, about the examination of the Burdwan University. Rules are here and according to rules we should not generally admit any question which is not primarily the concern of the State Government. I must say the university administration or administration of any other Corporations set up by the Government is not primarily the concern of the State Government. They have got separate statutes, they are organised by separate committees and those committees are recognised by the Government through different statutes. Even rules are there and also the decision of other legislativve bodies including the

Lok Sabha is that in the vast changing circumstances, when we are authorising completely different authorities by creating statutes, creating universities, corporations and other self-governing institutions which are of vital importance, people are interested about running of those institutions involving public interest.

[2-20—2-30 p.m.]

If the Government say that as they are not running the institutions they cannot give answers in those matters though public interest is involved and so these questions should not be admitted, I would draw the attention of the House to the latest position of the Lok Sabha and other legislative bodies in this regard. They have gone one or two steps forward—they have stated that though it is not the primary duty of the Government to answer these type of questions as those concern the Bodies or Corporations formed by statutes, but as those are of public interest, questions relating to them should be admitted on the floor of the House, and that is the policy followed in Lok Sabha and in other States. Of course, it is not provided in the rules and there is bar that we should not admit such questions. But you will find that there are specific instances in Lok Sabha and in other Legislatures that this type of questions are being admitted because public interest is involved in them and the people's representatives who are present here cannot ignore such problems. In a socialistic State days will come when more power will be granted to such bodies, universities and corporations. So, what will be the function of the Legislatures if people's grievances cannot be questioned? Now a new outlook has been taken by the Speakers of different States and even by the Speaker of Lok Sabha that for public interest these types of questions should be admitted and as far as possible Ministers should come forward with the replies. So, from that broader outlook I have admitted some questions. I think all the Members and the honourable Ministers will agree that in view of the conditions prevailing in the society we should look to the public interest. We should also look to the interest of these bodies, universities, etc. Their problems are agitating the public mind. So, questions should be admitted because new outlook has been developed in different Legislatures and in Lok Sabha. Therefore, considering all the conventions that have been set up, and according to the parliamentary authorities, I have to admit some questions which according to the plain meaning ought not to have been admitted. Sometimes, some matters have to be considered. For instance, today I have been told by the Education Minister that there will be an Intermediate Board. Then questions regarding this may come in the House. Then there are Higher Secondary Board, Calcutta University, Burdwan University and many other bodies. So if questions regarding them are raised naturally I have to admit those questions as public interest is involved there. At the same time I must see how far it is possible for the Ministers to give answers. That point must be looked into. Due importance should be given to it. Some time questions are also rejected. I have instructed my office to place those questions before me and I personally look into

them. If I am satisfied I do not reject the questions. Generally such questions are admitted in all Legislatures. There may be some difficulties. I am here and the Hon'ble Ministers can consult me and I shall certainly look to their difficulties and give them sufficient time to collect detailed informations.

So, looking into the interest of the public, looking to the general concern about matters which honourable Members want to raise I have sometimes to admit liberally some questions.

Shri Gyan Singh Sohanpal: Mr. Speaker, Sir, we are really sorry that we are not correctly understood. We know that the society is fast changing. We do not want to stand in the way of pogress nor do we want to retard progress. Sir, the point at issue to-day is not why questions are admitted. You are the supreme authority, you should have discretionary power and you will certainly admit questions. Our submission is that if such questions as require materials to be procured from different sources are admitted they will take time and, consequently, they will be held over. You have not fixed any fixed time for disposal of these held-over questions. Sometimes it takes half an hour, sometimes one hour and sometimes more time. That dislocates our entire business. Sir, in order that there should be a scheduled programme you should ponder over the matter, and in order that you can save us from various difficulties, we have made this submission. We would request you to kindly examine it. So far as I know, it is not permitted under the rules and there is no convention to allow questions for more than one hour. Time for more than one hour on questions should not be allowed under any circumstances. If you think that rules are to be changed, if you think that conventions are to be made, then please change the rules and make a schedule like this that one or two or three hours, or even the whole day, will be set for answering questions. We do not object to this. That is our submission, Sir.

Dr. Zainal Abedin: Mr. Speaker, Sir, may I invite your attention to rule 309 of our Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly? There is a Committee on rules which can change the rules. Sir, even the Constitution is subject to a change several times according to the aspirations of the people. So, the Committee on Rules and the Business Advisory Committee can incorporate a certain provision here and that new provision may help us a lot. Again, Sir, kindly refer to rule 45. Here also it is clear that exercise of your discretion must be with reference to the provisions of these rules. I quote the exact words, "The Speaker shall decide on the admissibility of a question with reference to the provisions of these rules", etc. etc. My humble submission, Sir, is that the decision to admit a question should not put us to such a difficulty as the answer becomes almost impossible. Sir, before admitting any question this aspect should be looked into. We know it fully, Sir, that in a democracy the discretion of the Speaker is enormous but that should not create any confusion. This is our point, Sir.

[2-30—2-40 p.m.]

Mr. Speaker: I hope there will be no confusion. I have already given my interpretation of rule 43 after consulting authorities on parliamentary procedures written by Shri S. L. Shakder, Shri A. R. Mukherjea and also May's Parliamentary Practice. While admitting questions, I consult the recent procedures on admission of questions in the Lok Sabha and other State Legislatures with which I always keep a close contact. So far as my limited knowledge of parliamentary procedure is concerned, I always try to guard zealously the privilege of the House and for that reason I have not given any decision on the point that has been raised by the Hon'ble Minister of Parliamentary Affairs. After going through the rules and procedures that are being followed in Lok Sabha and in other State Legislatures I will give a final ruling as the point that has been raised is very grave one involving serious questions of rights and privileges of the Members of the House.

So, both the privileges of the Members which they do enjoy and the business of the House, should be guarded zealously by the Chair. Putting of questions and supplementaries is one of the most fundamental privileges that are being enjoyed by the Members of this House, but at the same time I must say that the Government business should not suffer. So there must be a balance somewhere. Now, looking to the interest and privilege that have been zealously guarded by the Chair—by my predecessors—I can say with all humility, that, so long as I shall be here I will guard, with all my zeal, knowledge and sincerity, the privileges that are being enjoyed by the Members of the House, and maintain the decency, decorum and dignity of the House. At the same time, Government business must be carried through. I shall ponder over the matter and give my final ruling afterwards because a very important point involving the rights and privileges of the Members has been raised by the Hon'ble Minister-in-charge of the Parliamentary Affairs. So, this matter should be given anxious consideration and looked into in all its details and after consulting all the authorities, I will give my final say in the matter. I would request honourable Members not to take any more time on the subject. Now I pass on to the held-over questions.

Held-over Starred Questions (to which oral answers were given)

প্রাথমিক বিদ্যালয়

*২০৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭০।) **শ্রীসুধীরচন্দ্র দাস:** শিক্ষা বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ১৯৭২-৭৩ সালে কোন্ কোন্ জেলায় কতগুলি প্রাথমিক বিদ্যালয় মঞ্জুরী দেওয়া হইয়াছে ;

(খ) ১৯৭৩-৭৪ সালে কোন্ কোন্ জেলায় কতগুলি প্রাথমিক বিদ্যালয় মঞ্জুরী দেওয়া হইবে ; এবং

(গ) পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় বর্তমানে মোট মঞ্জুরীপ্রাপ্ত প্রাথমিক বিদ্যালয় কত?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়ঃ (ক) ১৯৭২-৭৩ (২৮এ ফেব্রুয়ারি ১৯৭৩ পর্যন্ত) বিভিন্ন জেলায় মঞ্জুরী প্রদানের জন্য অনুমোদিত প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা—

জেলার নাম	শহরাঞ্চল	গ্রামাঞ্চল	মোট
বাঁকুড়া	৮	—	৮
বীরভূম	১০	৭১	৮১
কলিকাতা	৬৫	—	৬৫
বর্ধমান	১৮	২৬০	২৭৮
কোচবিহার	৯	—	৯
দার্জিলিং	১৫	২০	৩৫
হুগলি	৩৯	১৫০	১৮৯
হাওড়া	৪৫	৯০	১৩৫
জলপাইগুড়ি	২৩	১৪৭	১৭০
মালদহ	১১	১৫০	১৬১
মেদিনীপুর	৩৫	১০৪	১৩৯
মুর্শিদাবাদ	২০	২৮৯	৩০৯
পুরুলিয়া	৪১	১০২	১৪৩
২৪-পরগনা	১৯০	৩১০	৫০০
পশ্চিম দিনাজপুর	১৯	৭১	৯০
নদিয়া	১৮	৯১	১০৯

(খ) ১৯৭৩-৭৪ সালে জেলাওয়ারি মঞ্জুরীর জন্য বিদ্যালয়ের সংখ্যা এখনও স্থির হয় নাই। হা রাজ্যসরকারের আর্থিক সামর্থ্য এবং কেন্দ্রীয় সরকারের সাহায্যের উপর নির্ভরশীল।

(গ) পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় বর্তমানে মোট মঞ্জুরীপ্রাপ্ত (রেকগনাইজড) প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা (২৮এ ফেব্রুয়ারি, ১৯৭৩পর্যন্ত) [(ক)-এর অধীন প্রদত্ত সংখ্যা অন্তর্ভুক্ত]—

জেলার নাম	সংখ্যা
বাঁকুড়া	২,৫৯৬
বীরভূম	১,৬২৮
কলিকাতা	১,০৯৩
বর্ধমান	২,৮৮৪
কোচবিহার	১,১৪০
দার্জিলিং	৬৮৭
হুগলি	২,৪৪৪
হাওড়া	১,৮৮৯
জলপাইগুড়ি	১,৪৮০
মালদহ	১,৩৪৬
মেদিনীপুর	৬,৫৬৭
মুর্শিদাবাদ	২,১৩১
পুরুলিয়া	২,৪৩৯
২৪-পরগনা	৬,৪২৮
পশ্চিম দিনাজপুর	১,৭৬৬
নদিয়া	২,০২৩
মোট	৩৮,৫৪১

শ্রীসুধীরচন্দ্র দাস: যে তথ্য দিলেন তাতে দেখছি বাঁকুড়ায় ৮টি, জলপাইগুড়িতে ১৭০টি, বীরভূমে ৮১টি, মালদহে ১৬১টি, হুগলিতে ১৮৯টি, ২৪-পরগনায় ৫০০টি, মেদিনীপুরে ১৩৯টি—অর্থাৎ কোন সমতা রক্ষা করা হয় নি। কিন্তু এটাতে সামঞ্জস্য রক্ষা করার জন্য কোন ব্যবস্থা আর্থিক বৎসরে বিবেচনা ক'রে দেখবেন কি?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়: এই অবস্থা অনেকদিন সৃষ্টি হয়েছে, তবে আগামী দিনে এটা যাতে হয় সেটা বিবেচনা করব।

শ্রীশচীনন্দন সাউ: আপনারা সমতা রক্ষার চেয়ে অসমতা রক্ষার দিকেই বেশি নজর দিচ্ছেন না কি?

(কোন উত্তর নাই)

শ্রীঅসমঞ্জ দে: জনসংখ্যায় না আনস্কুলড্ ভিলেজেস কিসের ভিত্তির উপর প্রাথমিক বিদ্যালয়গুলিকে অনুমোদন দেওয়া হচ্ছে?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়: আনস্কুল্ড ভিলেজ, জনসংখ্যা সব কিছু দেখে করা হচ্ছে।

শ্রীকাশীনাথ মিশ্র: বাঁকুড়া, বীরভূম এবং মেদিনীপুরের বেলায় এই কমের কারণ কি?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়: এসব আগে থাকতেই চ'লে আসছে। বাঁকুড়ায় যা স্কুল আছে তা বীরভূমের চেয়ে বেশি, আবার মেদিনীপুরে যা স্কুল আছে তা বাঁকুড়া, বীরভূমের চেয়ে বেশি।

শ্রীকাশীনাথ মিশ্র: কিন্তু এই বৈষম্যমূলক নীতি কেন হচ্ছে?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়: আমার মনে হয় তুলনামূলকভাবে যা বিদ্যালয় আছে তা কম নয়।

শ্রীকাশীনাথ মিশ্র: সিডিউল্ড কাস্ট এবং ট্রাইবস্‌দের জন্য স্কুল দীর্ঘদিন হয়ে পড়ে থাকার কারণ কি?

(কোন উত্তর নাই।)

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: ১৯৬৭ সালে আনস্কুলড্ এরিয়ার একটা সারভে করা হয়েছিল এবং সেই অনুযায়ী যে লিস্ট হয় সেই লিস্ট অনুযায়ী কি মঞ্জুর করা হচ্ছে?

[2-40—2-50 p.m.]

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়: মোটামুটি আনস্কুলড ভিলেজের উপর প্রাধান্য দেওয়া হয়।

শ্রীনাসিরুদ্দিন খান: মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, সমস্ত ডিস্ট্রিক্টওয়াইজ পপুলেশন বেসিসে সমভাবে স্কুল আছে কিনা সেটা আপনি নিজে দেখেছেন?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়: পপুলেশনের ভিত্তিতে ইউনিফর্ম রেসিও নেই, অসমান আছে।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয়ই জানেন যে, স্কুল করার যে বিধি এবং বিধান আছে তা লঙ্ঘন ক'রে এতদিন স্কুল হয়েছে, আমার প্রশ্ন হচ্ছে, স্কুল সরকারী নিয়ম অনুযায়ী হচ্ছে কিনা বা হয়েছে কিনা? বাংলাদেশের লোকসংখ্যার অনুপাতে আমাদের যা রিডিং তাতে যা আসার মত ছাত্র আছে তার ভিত্তিতে আরও কত স্কুলের প্রয়োজন, কোন্ কোন্ জেলায় তা পূরণ হয়ে গেছে, কোন্ কোন্ জেলায় হয় নি, সমস্ত বিষয়টা তদন্ত ক'রে দেখার জন্য একটা বিশেষজ্ঞ কমিটি নিয়োগ করবেন কি?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়: একটা সামগ্রিক প্রাথমিক শিক্ষা আইন শীঘ্রই আসছে আপনাদের সামনে, সেই আইনের ব'লে নিশ্চয়ই রাজ্য বোর্ড থাকবে, জেলা বোর্ড থাকবে এবং অন্যান্য জায়গায় যেসমস্ত সংস্থা থাকবে তাঁরা এই বিষয়টি দেখবেন।

বাধ্যতামূলক অবৈতনিক প্রাথমিক শিক্ষাদান

***২১৩।** (অনুমোদিত প্রশ্ন নং *৩০৬।) **শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ** শিক্ষা বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলায় অবৈতনিক বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা প্রবর্তনের জন্য সরকার কোন পরিকল্পনা গ্রহণ করিয়াছেন কিনা ;

(খ) পশ্চিম বাংলার প্রাথমিক শিক্ষাপ্রাপ্তদের বর্তমান হার কত ;

(গ) পশ্চিম বাংলার ৬ হইতে ১৪ বছরের বয়স্কদের কত সংখ্যার মধ্যে কয়জন শিক্ষালাভ করিতেছে ;

(ঘ) ১৯৭২ সনে সারা পশ্চিম বাংলায় কতগুলি প্রাথমিক স্কুল সরকারী অনুমোদনের জন্য আবেদন করিয়াছে ; এবং

(ঙ) উক্ত আবেদনপত্র অনুযায়ী কয়টি স্কুলকে অনুমোদন দেওয়া হইবে এবং এইরূপ এক একটি স্কুলে কতজন শিক্ষক নিয়োগ করা হইবে?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়ঃ (ক) পশ্চিমবাংলায় গ্রামাঞ্চলের জন্য অবৈতনিক বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার পরিকল্পনা চালু আছে। সহরাঞ্চলে এই পরিকল্পনা ১৪টি পৌর এলাকায় এ পর্যন্ত চালু করা সম্ভব হইয়াছে। অন্যান্য পৌর এলাকার অবৈতনিক বাধ্যতামূলক শিক্ষা-প্রবর্তনের বিষয় সরকারের বিবেচনাধীন আছে।

(খ) ১৯৭১ সালের ৩১শে মার্চ তারিখের হিসাবে এই হার ছিল ৭৪·১৯%।

(গ) পশ্চিমবাংলার ৬—১৪ বৎসরের বালক-বালিকার সংখ্যা (১৯৭০-৭১ হিসাব মত) ৯২,০৮,০০০ জন এবং ঐ সালে প্রথম হইতে অষ্টম শ্রেণী পর্যন্ত পাঠরত বালক-বালিকার সংখ্যা ৫৬,৯৩,৭২৮ জন ছিল।

(ঘ) ইহা জানা নাই। একটি প্রেস বিজ্ঞপ্তিতে ১৯৭১ সালের ১৫ই জুন পর্যন্ত চালু বিদ্যালয় মঞ্জুরীর জন্য আবেদনের তারিখ ধার্য ছিল এবং ঐ সময়ের মধ্যে ৬,৫৬৯টি আবেদনপত্র পাওয়া গিয়াছিল।

(ঙ) উক্ত আবেদনপত্রগুলির ভিতর হইতে সংশ্লিষ্ট জেলা স্কুলবোর্ড ও সহরাঞ্চলের নির্বাচকমণ্ডলীর বিবেচনার পর বিদ্যালয়ের অনুমোদন দেওয়া হয়। আবেদনপত্রের বাহিরেও জেলা স্কুলবোর্ড ও সরকার নিজ বিবেচনায় বিদ্যালয় প্রতিষ্ঠা করিতে পারেন। এইরূপ বিদ্যালয়ে গ্রামাঞ্চলে গড়ে ৩ (তিন) জন এবং সহরাঞ্চলে ৪ (চার) জন শিক্ষক নিয়োগের ব্যবস্থা করা হইয়াছে। ১৯৭২-৭৩ সালে গ্রামাঞ্চলে ১,১৪০ ও সহরাঞ্চলে ১২৫টি বিদ্যালয় মঞ্জুরী দেওয়ার ব্যবস্থা করা হইয়াছে।

শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ যেসমস্ত স্কুলগুলিকে অনুমোদন দেওয়া হয়েছে সেখানে দেখা যাচ্ছে যারা এক্সিস্টিং টিচার ৫ থেকে ৬ জন ছিল তাদের বাদ দিয়ে ৩ জন এক্সিস্টিং টিচারকে অ্যাপয়েন্ট-মেন্ট দেওয়া হচ্ছে, বাকি ৩-৪ জন যে আছে তাদের সম্পর্কে সরকার চিন্তা করছেন কিনা?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়ঃ প্রথম অনুমোদনের বেলায় ৩ জনকে গ্রামে এবং শহরে ৪ জনকে আমরা চাকরি দিচ্ছি। তবে আর যারা চাকরি করছে যদি ছাত্রসংখ্যার অনুপাতে তাদের চাকরির প্রয়োজন হয়, তা হ'লে পরে তাদের চাকরি দেওয়ার কথা বিবেচনা করা হবে।

শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ এই সমস্ত শিক্ষকদের অনুমোদন দেওয়া হবে ব'লে বলছেন। আমার প্রশ্ন হচ্ছে তার জন্য কোন প্যানেল হয়েছে কি?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়ঃ আপনি বলেছেন, এক্সিস্টিং টিচার অর্থাৎ ইতিমধ্যে আনরেকগ-নাইজড্ স্কুলে তাঁরা শিক্ষাদান করছেন।

শ্রীমহম্মদ ইদ্রিস আলিঃ একথা কি ঠিক যে গ্রামাঞ্চলে কতগুলি স্কুলে ২ জন শিক্ষককে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়ঃ যদি ছাত্রসংখ্যা কম থাকে, তা হ'লে ২ জন দেওয়া হতে পারে।

শ্রীআবদুল বারি বিশ্বাস: ৬ হইতে ১৪ বৎসর বয়স পর্যন্ত ছেলে বা মেয়েদের শিক্ষালাভের জন্য ইতিমধ্যে যে স্কুলের ব্যবস্থা করা হয়েছে তাতে আরও স্কুলের প্রয়োজন আছে কিনা তার একটা সংখ্যাতত্ত্ব থাকা দরকার অর্থাৎ প্রয়োজন অনুসারে স্কুল দিয়েছে কিনা তার একটা সমীক্ষা দেওয়া দরকার। আমরা এমন অনেক জায়গা আছে দেখেছি যেখানে ছাত্র আছে, কিন্তু মাস্টার নেই অথবা মাস্টার আছে ছাত্র নেই। কাজেই জিজ্ঞাসা করছি এরকম একটা সমীক্ষা করবেন কিনা যে, কোন্ জেলায় কত প্রয়োজন, কত স্কুল দেওয়া যাবে, কত শিক্ষকের প্রয়োজন ইত্যাদি, ইত্যাদি?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়: এখনও এরকম কোন সিদ্ধান্ত নেই নি, তবে বিবেচনা করা যেতে পারে।

শিক্ষক দ্বারা স্থাপিত প্রাথমিক বিদ্যালয়

***২১১।** (অনুমোদিত প্রশ্ন নং *৫০৩।) **শ্রীশীশ মহম্মদ:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) যেসকল প্রাথমিক শিক্ষক নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপন করিয়া বিনা বেতনে শিক্ষকতা করিয়া যাইতেছেন, পশ্চিমবঙ্গে সেইসকল শিক্ষকের সংখ্যা এবং ঐরূপ বিদ্যালয়গুলির সংখ্যা কত, এ বিষয়ে সরকারের কোন তথ্য আছে কিনা এবং থাকিলে, তাহা কি কি; এবং

(খ) ঐসকল বিদ্যালয়কে সরকারী মঞ্জুরী দিবার কোন পরিকল্পনা আছে কি?

Mr. Speaker: As requested by the Hon'ble Minister just now, this question is held over.

প্রাথমিক শিক্ষক নিয়োগ

***২২৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৫২৫।) **শ্রীসুধীরচন্দ্র দাস:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় ১৯৭২-৭৩ সালের জানুয়ারি পর্যন্ত কতজন নূতন প্রাথমিক শিক্ষক নিয়োগ করা হইয়াছে; এবং

(খ) সব জেলায় নূতন ও প্রাথমিক শিক্ষক নিয়োগ করা হইয়াছে কিনা এবং না হইলে, কোন্ কোন্ জেলায় ও তাহার কারণ কি?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়: (ক) ১৯৭২-৭৩ সালে জানুয়ারি, ১৯৭৩ সাল পর্যন্ত গ্রামাঞ্চলে ৩,৬৪৪ এবং শহরাঞ্চলে ২,০৬০ মোট ৫,৭০৪ জন নূতন শিক্ষক নিয়োগ করবার জন্য অনুমোদন দেওয়া হয়েছে।

(খ) সব জেলাতে কমবেশি নূতন শিক্ষক নিয়োগের অনুমোদন দেওয়া হয়েছে। এই অনুমোদন জেলা হইতে অনুমোদনের জন্য প্রেরিত প্রস্তাবের উপর নির্ভরশীল।

শ্রীসুধীরচন্দ্র দাস: মন্ত্রিমহাশয় বললেন ৫ হাজার ৭০৪ জন মোট কর্মে নিয়োগ হয়েছে প্রাথমিক শিক্ষক। আমার প্রশ্ন হচ্ছে, এর মধ্যে শহরে কত হয়েছে এবং গ্রামাঞ্চলে কত হয়েছে এবং কলকাতা ও হাওড়াকে বাদ দিয়ে কত হয়েছে?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়: ফিগার দেখে বলব।

শ্রীসুধীরচন্দ্র দাস: সব জেলায় কি নিয়োগ করা হয়েছে? আমি যতটুকু জানি তাতে বলতে পারি ১৯৭২-৭৩ সালে মেদিনীপুরে হয় নি এবং আরও কোন কোন জায়গায় হয় নি। আপনি বলেছেন অনুমোদন দিয়েছেন। আমি পরিষ্কারভাবে জানতে চাই, শুধু মঞ্জুরী নয়, অ্যাপয়েন্টমেন্ট কত দেওয়া হয়েছে সেটা বলুন।

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়: আপনার প্রশ্নটা আর একবার বলুন।

শ্রীসুধীরচন্দ্র দাসঃ আপনি বলেছেন অনুমোদন দিয়েছেন। আমার প্রশ্ন হচ্ছে, কোন্ কোন্ জেলায় অনুমোদন দিয়েছেন এবং কোথায় কোথায় অ্যাপয়েন্টমেন্ট দিয়েছেন?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়ঃ নোটিস চাই।

[2-50—3-00 p.m.]

শ্রীসুধীরচন্দ্র দাসঃ আমি প্রশ্নটা একটু পরিষ্কার ক'রে বলছি। আপনারা অনুমোদন দেবার পর কি অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে এবং সেটা কোন্ কোন্ জায়গায়?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়ঃ অনুমোদন যদি দেওয়া হয়ে থাকে সেই স্কুল রেকগনাইজড হোক যেদিন থেকে রেকগনিশন দেওয়া হবে সেইদিন থেকে চাকরি পাবে।

গঙ্গার ভাঙ্গনের ফলে গৃহহারাদের পুনর্বাসন

*৩৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯৭।) **শ্রীশীশ মহম্মদঃ** ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় গঙ্গার ভাঙ্গনের ফলে যাঁহারা গৃহহারা হইয়াছেন তাঁহাদের পুনর্বাসনের জন্য সরকার কোন ব্যবস্থা করিতেছেন কিনা এবং করিলে, তাহা কি কি; এবং

(খ) উক্ত জেলায় ঐরূপ গৃহহারার সংখ্যা কত?

শ্রীসন্তোষকুমার রায়ঃ (ক) গৃহহারা পরিবারদের পুনর্বাসনের জন্য গৃহনির্মাণ অনুদান দেওয়া হইয়াছে এবং হইতেছে।

এ যাবৎ ৫২,৯৬৫ টাকা গৃহনির্মাণ অনুদান হিসাবে ৬২৬টি ক্ষতিগ্রস্ত দুঃস্থ পরিবারকে দেওয়া হইয়াছে।

(খ) গত ২৫ বৎসরের মধ্যে মোট ১৪,০৫০টি পরিবার।

শ্রীশীশ মহম্মদঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, ৫,৯৬৫ টাকা গৃহনির্মাণের বাবত দেওয়া হয়েছে বললেন—কতদিনের মধ্যে এটা দেওয়া হয়েছে?

শ্রীসন্তোষকুমার রায়ঃ ১৯৬৬-৬৭ সাল থেকে দেওয়া হয়েছে।

শ্রীশীশ মহম্মদঃ ৬২৬টি পরিবারকে সাহায্য দেওয়া হয়েছে পরিবার-প্রতি কত টাকা করে দেওয়া হয়েছে?

শ্রীসন্তোষকুমার রায়ঃ পরিবারপ্রতি ৩০ থেকে ২০০ টাকা অবধি দেওয়া হয়েছে।

শ্রীশীশমহম্মদঃ এই যে ৬২৬টি পরিবারকে সাহায্য দেওয়া হয়েছে তা বাদে ১৩,৪২৮টি পরিবার আছে, এরা কি অবস্থায় আছে সেই খবর কি আপনি জানেন?

শ্রীসন্তোষকুমার রায়ঃ হ্যাঁ, জানি, খুব অসুবিধায় আছে।

শ্রীশীশ মহম্মদঃ তাদের অসুবিধা দূর করবার জন্য কোন কিছু চিন্তা করছেন কি?

শ্রীসন্তোষকুমার রায়ঃ আমাদের আর্থিক ক্ষমতায় কুলাচ্ছে না।

সি এম এস পাচার

*৪০৭। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪৮।) **শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ** শিক্ষা বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন, ২১-৮-৭২ তারিখে বেলডাঙ্গা থানাতে সি এম এস (কর্ন-মিল্ক-সয়াবীন—এ কোয়ালিটি অব ফুড্) পাচার করিবার সময় গ্রামবাসী কর্তৃক প্রাইমারী স্কুলের জনৈক প্রধান শিক্ষক ধৃত হন; এবং

(খ) অবগত থাকিলে, উক্ত শিক্ষককে কি সাসপেন্ড করা হইয়াছে?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়ঃ (ক) হ্যাঁ, এইরূপ একটি অভিযোগ পাওয়া গিয়াছে।

(খ) সংশ্লিষ্ট শিক্ষককে সাসপেন্ড করা হয় নাই। জেলা বিদ্যালয় পরিদর্শক (প্রাথমিক), মুর্শিদাবাদ-এর নিকট এ বিষয়ে অবিলম্বে তদন্ত করিয়া প্রতিবেদন পাঠাইতে নির্দেশ দেওয়া হইয়াছে।

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: এই যে শিক্ষক যাকে হাতেনাতে ধরা হয়েছে, পুলিস কেস করেছে, কিন্তু এখনও পর্যন্ত তাকে সাসপেন্ড করা হয় নি কেন?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়: পুলিস কেস হ'লেও খালাস হয়ে যেতে পারে।

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: যখন তার বিরুদ্ধে পুলিস কেস আছে, হাতেনাতে ধরা পড়েছে, তাকে হাজতে নিয়ে যাওয়া হয়েছিল, তাকে এখনও সাসপেন্ড করা হ'ল না কেন?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়: আগে অফিসিয়াল রিপোর্ট আসুক, তারপরে দেখব।

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: এটা কবে থেকে কার্যকর হবে?

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়: রিপোর্ট না পেলে আমি কিভাবে অ্যাকশন নিতে পারি?

শ্রীবলাইলাল শেঠ: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, ১৯৫৯ সালে খুন, জখম-এর জন্য যেসমস্ত প্রাথমিক শিক্ষকদের বিরুদ্ধে কোর্ট কেস হয়েছিল তাদের কতজনকে বরখাস্ত করা হয়েছে?

দুঃস্থদের মধ্যে শীতবস্ত্র বিতরণ

*৪১০। (অনুমোদিত প্রশ্ন নং *৮৯০।) **শ্রীআবদুল বারি বিশ্বাস:** ত্রাণ এবং কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৭২-৭৩ সালে (জানুয়ারি মাস পর্যন্ত) এই রাজ্যের বিভিন্ন জেলায় দুঃস্থ লোকদিগকে শীতবস্ত্র হিসাবে কম্বল ও লেপ ইত্যাদি দেওয়া হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, কোন্ জেলায় কোন্ কোন্ ব্লকে কাহার মারফত উক্ত শীতবস্ত্র বিতরণ করা হইয়াছে?

দুঃস্থদের মধ্যে শীতবস্ত্র বিতরণ

*৪১২। (অনুমোদিত প্রশ্ন নং *৯১৯।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়:** ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৭২-৭৩ সালে পশ্চিমবঙ্গের প্রত্যেক জেলাতে ত্রাণ বিভাগ হইতে দুঃস্থ লোকদের মধ্যে বিতরণের জন্য শীতবস্ত্র দেওয়া হইয়াছে;

(খ) সত্য হইলে, বর্ধমান জেলায় কত টাকা মূল্যের এবং কি কি ধরনের শীতবস্ত্র কাহার মারফত ও কোন্ তারিখে দেওয়া হইয়াছে;

(গ) উক্ত শীতবস্ত্র বর্ধমান জেলায় কোন্ কোন্ ব্লকে ও কোন্ তারিখে কাহার মারফত বিলি করা হইয়াছে; এবং

(ঘ) বিলি করার সময় ব্লকসমূহে কোন্ কোন্ সমাজসেবী উপস্থিত ছিলেন?

Mr. Speaker: The question does not arise.

(Question Nos. *410 and *412 held-over.)

বর্ধমান-গলসী বাস রুট

*৪১৩। (অনুমোদিত প্রশ্ন নং *৯৪৯।) **শ্রীঅশ্বিনী রায়** এবং **শ্রীহরশঙ্কর ভট্টাচার্য:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলায় বর্ধমান হ'তে গলসী পর্যন্ত যাতায়াতের জন্য বাসের সংখ্যার কোনও তথ্য আছে কি;

(খ) থাকিলে, ১৯৭২ সালের ৩১এ মার্চ তারিখে উক্ত রাস্তায় চলাচলের জন্য মঞ্জুরীকৃত সাধারণ ও দ্রুতগামী বাসের সংখ্যা;

(গ) তন্মধ্যে প্রত্যহ গড়ে কতগুলি বাস চালু ছিল ; এবং

(ঘ) বাকিগুলি বন্ধ থাকার কারণ কি ?

Shri Cyan Singh Sohanpal: (a) Yes.

(b) 61 ordinary buses and 8 express buses.

(c) 45 to 60 buses operated daily on an average.

(d) (i) A few buses did not ply on the route temporarily due to mechanical disorder.

(ii) Injunction of the Court has restrained D.S.T.B. from plying 5 buses from Burdwan to Keshabgunge.

(iii) For want of buses D.S.T.B. is unable to ply 2 express buses in the Burdwan-Nabadwip route.

(iv) Some permits have been cancelled as the operators concerned had failed to apply for renewal of permit within the prescribed time.

শ্রীআবদুল বারি বিশ্বাস: অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, আপনি এখানে একটা কোশ্চেন হেল্ড-ওভার ক'রে রাখছেন, কিন্তু এখানে দেখছি যে, অনেক কোশ্চেন হেল্ড-ওভারের পর আবার হেল্ড-ওভার হয়ে থাকছে। এটা কি স্যার ?

Mr. Speaker: Mr. Biswas, I have passed over those questoins. Already the Minister is giving answer to another question.

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য: এ প্রশ্ন আনবার উদ্দেশ্য হচ্ছে যে, আপনি জানেন যে, যেখানে ৪৫ থেকে ৫০টি বাস প্রত্যহ চালু থাকার কথা, কিন্তু কার্যত ২০-২৫টি বাসও চালু থাকে না।

শ্রীজ্ঞানসিং সোহনপাল: আপনি যখন বলছেন তখন আমি খোঁজ ক'রে দেখব।

দ্রুতগামী বাস

*৪১৬। (অনুমোদিত প্রশ্ন নং *৯৫০।) **শ্রীঅশ্বিনী রায় এবং শ্রীহরশঙ্কর ভট্টাচার্য:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলায় কতকগুলি সাধারণ বাস রুটে দ্রুতগামী বাস চালানোর অনুজ্ঞাপত্র দেওয়া হয়েছে ; এবং

(খ) সত্য হ'লে, ১৯৭২ সালের ৩১এ মার্চ হ'তে ১৯৭৩ সালের ৩১এ জানুয়ারি পর্যন্ত এইরূপ বাস রুটের নাম ও ঐরূপ অনুজ্ঞাপত্র দেবার কারণ কি ?

Shri Cyan Singh Sohanpal: (a) Yes.

(b) (i) Burdwan to Chittaranjan.

(ii) Burdwan to Barakar.

(iii) Burdwan to Asansol.

(iv) Burdwan to Raneegunge.

(v) Burdwan to Palsona, via Katwa.

(vi) Burdwan to Daihat via Katwa.

(vii) Asansol to Katwa via Bud Bud, Guskura and Balgola.

In addition, permits have been issued to run limited-stop bus service on the route Burdwan to Kalna via Kalna Road.

These permits have been issued for the convenience of long distance passengers by reduction of the time of journey of the buses.

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই যেসমস্ত দ্রুতগামী বাস চালাবার অনুজ্ঞা দিয়েছেন তাতে অতিরিক্ত ভাড়া বৃদ্ধি করেছে এবং তার জন্য জনসাধারণের অত্যন্ত অসুবিধা হচ্ছে?

শ্রীজ্ঞানসিং সোহনপাল: আমরা নিউ রেট ঠিক করেছি, কিন্তু বর্ধমান আর টি এ-র ২৭।২ তারিখের মিটিংএ ঠিক করা হয়েছে যে, পেন্ডিং দি রিপোর্ট অব দি ফেয়ার এনকোয়ারি কমিশন নতুন ভাড়া চার্জ করা হবে না।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য: মাননীয় মন্ত্রিমহাশয় এখন বর্ধমান আর টি এ-কে নির্দেশ দেবেন কি যে, এই ভাড়া বৃদ্ধি যেন রোধ করা হয় এবং আর যেন দ্রুতগামী বাস চালু না করা হয়?

Shri Gyan Singh Sohanpal: It is a request for action.

STARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

বাসের সময়সূচী

*৩৯০। (অনুমোদিত প্রশ্ন নং *৬৭০।) **শ্রীঅশ্বিনী রায়** এবং **শ্রীহরশঙ্কর ভট্টাচার্য:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে বাসের (সরকারী ও বেসরকারী) সময়সূচী নির্ধারণের কোনও সরকারী নিয়মাবলী আছে কি; এবং

(খ) উত্তর 'হ্যাঁ' হইলে, তাহার বিবরণ এবং কবে থেকে এই নিয়মাবলী চালু আছে?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) ১৯৩৯ সালের মোটর ভেহিকল আইনের ৪৮(৩) ধারা অনুসারে আঞ্চলিক পরিবহণ কর্তৃপক্ষ সরকারী ও বেসরকারী বাসের সময়সূচি অনুমোদন করেন। উক্ত ধারায় বলা আছে—আঞ্চলিক পরিবহণ কর্তৃপক্ষ বাস পারমিট দিবার সময় অন্যান্য শর্ত সহ নিম্নলিখিত শর্তটি আরোপ করিতে পারেন—আঞ্চলিক পরিবহণ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত সময়সূচির নকল প্রতি বাসে এবং রুটের বা এখানকার নির্দিষ্ট বাসস্ট্যান্ডগুলিতে এবং অন্যান্য থামিবার জায়গায় প্রদর্শন করিতে হইবে।

যেসব আন্তর্জেলা বা আন্তঃরাজ্য রুটের বাস পারমিট রাজ্য পরিবহণ কর্তৃপক্ষ প্রদান করেন, সেইসব ক্ষেত্রে উক্ত আইনের ৪৪(৩)(গ) ধারাবলে রাজ্য পরিবহণ কর্তৃপক্ষ আঞ্চলিক পরিবহণ কর্তৃপক্ষের দায়িত্ব পালন করেন।

১৬ই ফেব্রুয়ারি ১৯৫৭ হইতে এই আইনের ৪৮(৩) ধারা বলবৎ করা হইয়াছে।

বন্যায় ক্ষতিগ্রস্ত শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে সাহায্য

*৫৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩৪৩।) **শ্রীনিতাইপদ সরকার:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭১ সালের বিধ্বংসী বন্যায় ক্ষতিগ্রস্ত সমুদয় বিদ্যালয় ও অন্যান্য শিক্ষা-প্রতিষ্ঠানের সংস্কারের জন্য আর্থিক অনুদান বরাদ্দ করিয়াছেন কিনা;

(খ) বিভিন্ন জেলা হইতে কতগুলি বিদ্যালয়ের আবেদন সরকারের নিকট পেশছাইয়াছে ; এবং

(গ) বন্যায় ক্ষতিগ্রস্ত শিক্ষাপ্রতিষ্ঠানের সাহায্যের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৭১ সালের বিধ্বংসী বন্যায় ক্ষতিগ্রস্ত বিদ্যালয় ও মহাবিদ্যালয়গুলির সংস্কারের জন্য সরকার ১৯৭১-৭২ সালে পঞ্চাশ লক্ষ টাকা আর্থিক অনুদান বরাদ্দ করেন। ১৯৭২-৭৩ সালে আর নূতন কোন আর্থিক অনুদান বরাদ্দ হয় নাই।

(খ) বিভিন্ন জেলা কর্তৃপক্ষ মোট ৭,৭৩৯টি বিদ্যালয়ের নিকট হইতে আবেদনপত্র পাইয়াছেন।

(গ) সরকার ইহার জন্য পূর্বোক্ত পঞ্চাশ লক্ষ টাকা আর্থিক অনুদান বরাদ্দ করেন। কিন্তু ভারত সরকারের নিকট হইতে ১৯৭২-৭৩ সালে আর কোন অর্থ না পাওয়ায় প্রায় অর্ধেক বিদ্যালয় আর্থিক অনুদান পায় নি। এইসব বিদ্যালয় যাহাতে অনুদান পায় তার জন্য ভারত সরকারের নিকট লেখা হয়েছে।

বৈদ্যুতিক ট্রেনের গতিপথ সম্প্রসারণ

*৫৪০। (অনুমোদিত প্রশ্ন নং *৭১৮।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, হাওড়া হইতে বর্ধমান ও শিয়ালদহ হইতে বর্ধমান বৈদ্যুতিক ট্রেনগুলিকে আসানসোল পর্যন্ত সম্প্রসারণের জন্য রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করিয়াছেন এবং কেন্দ্রীয় সরকার উক্ত প্রস্তাবে সম্মতি দিয়াছেন ; এবং

(খ) সত্য হইলে, উক্ত বৈদ্যুতিক ট্রেনগুলিকে কোন্ সময় হইতে আসানসোল পর্যন্ত সম্প্রসারণ করা হইবে ?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

গামারবনী ও পিয়ারডোবা শরণার্থী শিবির

*৫৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *১১০১।) **শ্রীফণিভূষণ সিংহ বাবুঃ** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গামারবনী ও পিয়ারডোবা শরণার্থী শিবিরের টালি, কাঠ ও টারফেল্টগুলি বর্তমানে কি অবস্থায় আছে ;

(খ) বর্তমানে উক্ত শিবিরে কতগুলি (১) ঘর আছে ও (২) অন্যান্য জিনিসপত্র ও সাজ-সরঞ্জাম আছে ; এবং

(গ) ঐগুলি বর্তমানে কিভাবে ও কাহার হেফাজতে আছে ?

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) শিবির দুইটির টালি, কাঠ ও টারফেল্ট প্রভৃতি বিনামূল্যে স্থানীয় দুঃস্থ, অনুন্নত সম্প্রদায় এবং শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে বিতরণ করা হইয়াছে।

(খ) (১) গামারবনীতে প্রায় এক হাজার এবং পিয়ারডোবাতে ঊনত্রিশটি।

(২) ২০টি গভীর নলকূপ ও ১৯টি নলকূপ ব্যতীত অন্য আর কিছু নাই।

(গ) অধিকাংশই অব্যবহৃত অবস্থায় বাঁকুড়ার জেলাশাসকের হেফাজতে আছে।

প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীগণকে পাঠ্যপুস্তক সরবরাহ

***৫৪৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৯৫৯।) **শ্রীশম্ভুনারায়ণ গোস্বামীঃ** শিক্ষা বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, পশ্চিমবঙ্গের প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীগণ সরকার প্রকাশিত সকল প্রকার পাঠ্যপুস্তক এখনও পায় নাই ;

(খ) সত্য হইলে, কারণ কি ; এবং

(গ) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন ?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) তিনটি জেলায় একমাত্র চতুর্থ শ্রেণীর ইংরাজি পাঠ্য-পুস্তক ছাড়া পশ্চিমবঙ্গে অনুমোদিত প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীগণ সরকার প্রকাশিত সকল প্রকার পাঠ্যপুস্তক পাইয়াছে।

(খ) সংশ্লিষ্ট প্রেসে লক-আউটের ফলে চতুর্থ শ্রেণীর ইংরাজি পাঠ্যপুস্তক মাত্র তিনটি জেলায় সরবরাহ করা সম্ভব হয় নাই। ঐ পুস্তক অন্য সব জেলায় দেওয়া হইয়াছে।

(গ) এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

Berhampore Special Jail

***546.** (Admitted question No. *1196.) **Shri Rajani Kanta Doloi:** Will the Minister-in-charge of the Home (Jails) Department be pleased to state—

(a) if the Berhampore Special Jail has been put into commission;

(b) if so, the present capacity of the Special Jail; and

(c) the number of special jails proposed to be constructed by the Government in the near future?

The Minister, Home (Jails) Department: (a) Yes.

(b) One thousand.

(c) Three.

Indian College of Art and Draftsmanship

***547.** (Admitted question No. *967.) **Shri Samsul Alam Khan:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) the present state of affairs of Indian College of Art and Draftsmanship at 139 Dhurmatala Street, Calcutta;

(b) the number of students there at present and duration of their courses; and

(c) if there is any proposal for taking over the said Institution by the Government?

The Minister for Education Department: (a) There are two sections in the College: the Day Section and the Evening Section.

The Day Section is not functioning on account of students' strike as a protest against allegedly irregular replacement of Shri Suhas Ray, Ex-Principal, by the Governing Body.

The Evening Section in functioning.

(b) There are about 200 students in the Day Section and 15 in the Evening Section.

(c) No.

প্রাকৃতিক বিপর্যয়ে শস্যহানির পরিপ্রেক্ষিতে টি আর ও জি আর

***৫৪৮।** (অনুমোদিত প্রশ্ন নং *১২১৯।) **শ্রীঅহীন্দ্র মিশ্রঃ** ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) প্রাকৃতিক বিপর্যয়ের দরুন যেসব ব্লকে শোচনীয়ভাবে শস্যহানি হইয়াছে সেইসব ব্লকে উদারভাবে জি আর ও টি আর-এর কাজ করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ;

(খ) থাকিলে, ঐরূপ কোন নির্দেশ সংশ্লিষ্ট সরকারী দপ্তরকে জানানো হইয়াছে কিনা ; এবং

(গ) হইয়া থাকিলে, তাহা কতদিন পূর্বে জানানো হইয়াছে ?

ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বৃদ্ধ, অন্ধ, খঞ্জ এবং বিকলাঙ্গ ব্যক্তি-দের খয়রাতি সাহায্য দেওয়ার এবং প্রয়োজনবোধে, দুর্দশাগ্রস্ত এলাকায় কর্মসংস্থানের জন্য টি আর-এর পরিকল্পনা আছে।

(খ) হ্যাঁ ; বিভাগীয় কমিশনার এবং জেলাশাসকদের জানানো হইয়াছে।

(গ) ২১এ ফেব্রুয়ারি, ১৯৭৩ সন।

কৃষ্ণনগর হইতে বহরমপুর পর্যন্ত রেল সার্ভিস

***৫৫০।** (অনুমোদিত প্রশ্ন নং *১২৪৪।) **শ্রীগিয়াসুদ্দিন আহম্মদঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) নদিয়া জেলার কৃষ্ণনগর শহর হইতে করিমপুর হইয়া মুর্শিদাবাদ জেলার বহরমপুর শহর পর্যন্ত রেল সার্ভিস খুলিবার কোন পরিকল্পনা সম্বন্ধে পশ্চিমবঙ্গ সরকারের কোনও তথ্য আছে কি ; এবং

(খ) থাকিলে, কবে নাগাত ঐ পরিকল্পনা বাস্তবে রূপায়িত হইতে পারে ?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

রাসবিহারী ঘোষের স্মৃতিরক্ষা

***৫৫১।** (অনুমোদিত প্রশ্ন নং *১০৮২।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ** পূর্ত বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাসবিহারী ঘোষের জন্মস্থান বর্ধমান জেলার তোড়কানা গ্রামে তাঁর কোন স্মৃতিসৌধ আছে কিনা ;

(খ) সরকার তাঁর স্মৃতিরক্ষার্থে কোন ব্যবস্থা গ্রহণ করেছেন কিনা ; এবং

(গ) না ক'রে থাকলে, তাঁর স্মৃতিরক্ষার্থে কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) কোন সরকারী সৌধ নাই। তবে এ ব্যাপারে কো বেসরকারী স্মৃতিসৌধ আছে কিনা তা শিক্ষা বিভাগের জানা নাই।

(খ) এবং (গ) না।

মহারাজা মণীন্দ্রচন্দ্র কলেজকে আর্থিক সাহায্যদান

***৫৫২।** (অনুমোদিত প্রশ্ন নং *১১০৩।) **শ্রীসুধীরচন্দ্র দাসঃ** শিক্ষা বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতাস্থ মহারাজা মণীন্দ্রচন্দ্র কলেজ সরকারী সাহায্যপ্রাপ্ত কলেজ কিনা ;

(খ) যদি উত্তর 'হ্যাঁ' হয়, তবে ঐ কলেজকে বার্ষিক কত টাকা করিয়া সাহায্য দেওয়া হয়

(গ) ইহা কি সত্য যে, অডিট রিপোর্টের ভিত্তিতে কলেজে আর্থিক সাহায্য দেওয়া হয় ; এব

(ঘ) সত্য হইলে, ১৯৬৯-৭০, ১৯৭০-৭১ এবং ১৯৭১-৭২ এই তিন বৎসরের ঐ কলেজে অডিট রিপোর্ট সরকারী দপ্তরে পেঁৗছিয়াছে কিনা ?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ। কলিকাতার যে সাতটি বৃহৎ কলেজ, "ফেজড্ রিডাকশন অব রোল-স্ট্রেংথ স্কীম" অনুসারে সরকারের নিকট হইতে নিয়মিত অর্থ সাহায্য পাইয়া থাকে এই কলেজটি তাহাদের অন্যতম।

(খ) গত কয়েক বৎসর (যথা ১৯৬৯-৭০ হইতে) অডিট রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে এই কলেজটিকে বাৎসরিক অন অ্যাকাউন্ট গ্র্যান্ট হিসাবে ৭০,০০০ টাকা অনুদান দেওয়া হইতেছে। এতদ্ব্যতীত অপরাপর বেসরকারী অনুমোদিত কলেজগুলির ন্যায় এই কলেজটিকেও ওল্ড স্কেল, নিউ ইম্প্রুভ্ড স্কেল, ইন্টিগ্রেটেড স্কেল, সরকারী মাগ্‌গীভাতা, বাবত অর্থসাহায্য দেওয়া হইয়া থাকে। উহার পরিমাণ বিভিন্ন বৎসরে বিভিন্ন রূপ হয়।

(গ) হ্যাঁ। ফেজ্‌ড রিডাকশন অফ রোল-স্ট্রেংথ স্কীম অনুযায়ী এই স্কীমের অন্তর্ভুক্ত কলেজগুলির অডিট রিপোর্টের ভিত্তিতে ঐ স্কীমে প্রদেয় টাকার চূড়ান্ত হিসাব হয় এবং তদনুসারে ফাইন্যাল অ্যাডজাস্টমেন্ট-এর জন্য অনুদান বরাদ্দ হয়। কিন্তু সব ক্ষেত্রেই অডিট রিপোর্ট না পাওয়া গেলেও পূর্বেই কিছুটা অনুদান অন অ্যাকাউন্ট গ্রান্ট হিসাবে দেওয়া হইয়া থাকে।

(ঘ) ঐ কলেজের ১৯৬৮-৬৯ সাল পর্যন্ত অডিট রিপোর্ট সরকার পাইয়াছেন। পরবর্তী বৎসরের অডিট রিপোর্ট এখনও সরকারী দপ্তরে পেঁৗছায় নাই।

মুর্শিদাবাদ জেলায় বন্যাবিধ্বস্ত এলাকায় বিদ্যালয়গৃহ সংস্কার

***৫৫৩।** (অনুমোদিত প্রশ্ন নং *১১২০।) **শ্রীমহম্মদ দেদার বক্সঃ** শিক্ষা বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলায় বন্যাবিধ্বস্ত এলাকায় বিদ্যালয়ের গৃহ সংস্কার ও ছাত্রদের তিনমাসের বেতন মকুব বাবত কেন্দ্রীয় সরকারের যে টাকা বরাদ্দ হয়েছিল তা খরচ হয় নি ব'লে ফেরত এসেছে ;

(খ) সত্য হ'লে ইহার কারণ কি ; এবং

(গ) মুর্শিদাবাদের জন্য বরাদ্দ যে টাকা ফেরত এসেছে সেই টাকা মুর্শিদাবাদে পুনরায় রি-অ্যালট্ করার জন্য সরকার কোন ব্যবস্থা করেছেন কি ?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) মুর্শিদাবাদ জেলায় ১৯৭১ সালের বন্যায় বিধ্বস্ত বিদ্যালয়গৃহের সংস্কারের জন্য মাধ্যমিক বিদ্যালয় পরিদর্শকের নিকট ২,৩০,০০০ টাকা এবং প্রাথমিক বিদ্যালয় পরিদর্শকের নিকট ৬,১০,০০০ টাকা (মোট ৮,৪০,০০০ টাকা) ১৯৭১-৭২ সালে বরাদ্দ করা হয়। উক্ত বরাদ্দ অর্থের মধ্যে বিদ্যালয় পরিদর্শক মাধ্যমিক বিদ্যালয়গুলির

জন্য ১,৮৫,০০০ টাকা ব্যয় করেন এবং ৪৫,০০০ টাকা ব্যয় করিতে অক্ষম হন। প্রাথমিক বিদ্যালয়গুলির জন্য ৬,১০,০০০ টাকা জেলা স্কুল বোর্ড ক্ষতিগ্রস্ত বিদ্যালয়গুলিকে মঞ্জুর করিয়াছেন।

ঐ জেলার ১৯৭১ সালের বন্যায় ক্ষতিগ্রস্ত ছাত্রদের বেতন মকুব বাবত ৪,৫৬,০০০ টাকা মঞ্জুর করা হয় এবং জেলা পরিদর্শক ৪,৩১,০০০ টাকা খরচ করেন।

অবশিষ্ট ২৫,০০০ টাকা এবং আরো ৫,০০০ টাকা অর্থাৎ মোট ৩০,০০০ টাকা ঐ জেলায় ছাত্রদের বেতন মকুব বাবত পরবর্তী বৎসরে পুনর্বণ্টন করা হয়।

(খ) মাধ্যমিক বিদ্যালয়গুলির জন্য বরাদ্দ অর্থ সম্পূর্ণ কেন খরচ হয় নাই তাহার কারণ জেলা পরিদর্শকের নিকট হইতে জানা যায় নাই।

(গ) সামান্য যে অর্থ মুর্শিদাবাদে জেলা পরিদর্শক খরচ করিতে পারে নাই তাহা এই বৎসর পুনর্বণ্টনের চেষ্টা চলিতেছে।

Digha Pilot Project

***557.** (Admitted question No. *934.) **Shri Abdul Bari Biswas:** Will the Minister-in-charge of the Fisheries Department be pleased to state—

(a) the name of the person who prepared the technical report, the scheme and the estimates relating to the Digha Pilot Project under the State Fisheries Development Corporation and when;

(b) when the said scheme and estimates were sanctioned by the Board of Directors; and

(c) (i) what was the area (in acres) of the project;

(ii) what were the costs of reclamation and earth-work for full development of the entire project area;

(iii) what was the acreage of water area expected to be created on full development of the entire project area at the cost as mentioned in (ii) above; and

(iv) what was the production of fish (pona fish) per year per acre of water area on the second, third, fourth and subsequent years after stocking it with fish fry and fingerlings?

The Minister for Fisheries Department: (a) Shri K. B. Banerjee, the then Chief Project Engineer of the State Fisheries Development Corporation Ltd., prepared the technical report, the scheme and the estimates of the Digha Pilot Project in September, 1967.

(b) The estimates of the pilot scheme were approved by the Board in its meeting held on 16th September, 1967.

(c) (i) The area of the Pilot Project is 177.16 acres.

(ii) Costs of reclamation and earthwork for full development of the entire Digha Project area is estimated at Rs.15.19 lakhs.

(iii) 800 acres.

(iv) Actual figures of production cannot be furnished as all the fishes produced are not caught.

However in 1970-71, 447 kg of Major Carp was caught and sold. In 1971-72, 426 kg of Major Carp was caught and sold. In these years per acre catch was 7.45 kg and 6.55 kg respectively.

নজরুল গীতির প্রকাশন

***৫৫৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৬৫৯।) **শ্রীমহম্মদ সফিউল্লাঃ** শিক্ষা বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কবি নজরুল ইসলাম রচিত গানের সংখ্যা কত ;

(খ) কবির সমস্ত গান একত্রিত ক'রে স্বরলিপি সহ প্রকাশ করার জন্য রাজ্য সরকার কোন ব্যবস্থা অবলম্বন করেছেন কিনা ;

(গ) একথা কি সত্য যে, কবির বহু গানের কোন হদিস পাওয়া যাচ্ছে না ; এবং

(ঘ) সত্য হ'লে, ঐগুলি উদ্ধারের জন্য সরকার কোন ব্যবস্থা অবলম্বন করেছেন কি ?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) আমাদের জানা নেই। বিভিন্ন গবেষক এ নিয়ে গবেষণা করছেন। কিন্তু এখনও কোন সিদ্ধান্তে উপনীত হতে পারেন নি।

(খ) না।

(গ) আমাদের জানা নেই।

(ঘ) প্রশ্ন উঠে না।

চুরুলিয়ায় শিক্ষানিকেতন স্থাপন

৫৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *৮৬৪।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের জন্মভূমি চুরুলিয়ায় রবীন্দ্রভারতীর ধাঁচে কোন শিক্ষানিকেতন স্থাপনের পরিকল্পনা আছে কিনা ; এবং

(খ) থাকিলে, পরিকল্পনাটি কি এবং কবে নাগাত কার্যকরী হইবে ?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না।

(খ) প্রশ্নটি ওঠে না।

উদ্বাস্তু পুনর্বাসন দপ্তরের স্থানান্তরকরণ

***৫৬০।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৪২।) **শ্রীনিতাইপদ সরকারঃ** উদ্বাস্তু, ত্রাণ এবং পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্তমানে উদ্বাস্তু পুনর্বাসন দপ্তরটি অকল্যান্ড হাউস হইতে স্থানান্তরিত করা হইয়াছে ;

(খ) সত্য হইলে, (১) স্থানান্তরের কারণ কি ; এবং (২) ইহার জন্য কত টাকা খরচ হইয়াছে ; এবং

(গ) পূর্বতন অফিসবাড়ীর এবং বর্তমান অফিসবাড়ীর মাসিক ভাড়া কত ?

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রকের সম্পত্তি এই অক্ল্যান্ড হাউস প্রত্যর্পণের তাগিদ পূর্ব হইতেই আছে। এ বৎসর অরবিন্দ জন্ম শতবর্ষপূর্তি উপলক্ষ্যে রাজ্যসরকার প্রতিরক্ষা মন্ত্রককে ৮নং সেক্সপীয়ার সরণীর বাড়িটি প্রত্যর্পণের প্রস্তাব দিলে উক্ত মন্ত্রক অক্ল্যান্ড হাউস তাঁহাদের নিকট প্রত্যর্পণের শর্তে সম্মত হন। তজ্জন্য অক্ল্যান্ড হাউসস্থিত শরণার্থী ত্রাণ ও পুনর্বাসন অধিকারকে স্থানান্তরিত করিতে হয়।

(২) আট হাজার টাকা ব্যয় মঞ্জুর করা হইয়াছে।

(গ) পূর্বতন অফিস বাড়ির মাসিক ভাড়া ৫৩৯ টাকা এবং বিদ্যুৎ ও জল ব্যবহারের জন্য ২১৬ টাকা, মোট ৭৫৫ টাকা। বর্তমান অফিস বাড়ির ভাড়া এখনও নির্ধারিত হয় নাই।

বাঁকুড়ায় টেস্ট রিলিফ বাবত মঞ্জুরীকৃত অর্থ এবং গম

*৫৬২। (অনুমোদিত প্রশ্ন নং *৯৫৫।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলাতে ১৯৭২ সালে টেস্ট রিলিফ বাবত মঞ্জুরীকৃত টাকা ও গমের মধ্যে বর্তমানে কত টাকা এবং গম জমা আছে ;

(খ) বাঁকুড়া জেলার ব্লক পিছু কত টাকা ও গম মজুত আছে ;

(গ) ইহা কি সত্য যে, উক্ত জেলায় প্রতি ব্লকে ১৯৭২ সালে শুরু করা বিভিন্ন রাস্তা ও পুকুরের কাজ অসমাপ্ত আছে ; এবং

(ঘ) সত্য হ'লে, কোন্ ব্লকে কয়টি করিয়া রাস্তা ও পুকুরের কাজ অসমাপ্ত আছে?

ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) মোট ১,৩৩,৮৪৮·৫ টাকা এবং ১৮৫ মেঃ টন ১ কুইন্টাল ৭৮ কেজি গম জমা আছে।

(খ) একটি বিবরণী (১নং) লাইব্রেরী টেবিলে রাখা হইল।

(গ) হ্যাঁ।

(ঘ) একটি বিবরণী (২নং) টেবিলে রাখা হইল।

গ্রামাঞ্চলে স্টেট ট্রান্সপোর্ট সারভিস

*৫৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *১১২৪।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রামাঞ্চলে স্টেট ট্রান্সপোর্ট সারভিস চালু করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকলে, কবে থেকে তা চালু করা হবে?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ও (খ) গ্রামাঞ্চলে অনেক স্থানে বিশেষতঃ উত্তরবঙ্গে রাষ্ট্রীয় পরিবহণ ব্যবস্থা চালু রয়েছে। ঐ ব্যবস্থার গ্রামাঞ্চলে ব্যাপক সম্প্রসারণ করার কোন প্রস্তাব বর্তমানে সরকারের বিবেচনাধীন নাই।

উপ-সহকারী বিদ্যালয়পরিদর্শকগণকে গেজেটেড মর্যাদা দান

***৫৬৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৯৬২।) **শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, শিক্ষা বিভাগের উপ-সহকারী বিদ্যালয়পরিদর্শকগণকে গেজেটেড মর্যাদা দেওয়া হইয়াছে অথচ ঐ একই বিভাগের শিক্ষাগত যোগ্যতায় ও বেতনক্রমে সমপর্যায়ের প্রথম গ্রেডের সমাজশিক্ষা সম্প্রসারণ আধিকারিকগণকে ঐ মর্যাদা দেওয়া হয় নাই ;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি ; এবং

(গ) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন ?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) ও (গ) এইরূপ একটি প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

Agreement for the Land of the Academy of Fine Arts

***569.** (Admitted question No. *968.) **Shri Samsul Alam Khan:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) if there was any agreement for the land of the Academy of Fine Arts, Cathedral Road, Calcutta; and

(b) if so, (i) the terms and conditions of the agreement, and (ii) whether the conditions were fulfilled?

The Minister for Education Department: (a) Yes; Two lease-deeds were executed.

(b) (i) (1) Promotion of cultural education including establishment of Art Galleries, Museum of Fine Art, housing of a library, in maintenance of Reference Book on Art and Culture, etc. etc.

(2) Rent for the first lease is to be paid by the Academy as follows:

(a) Re.1 per annum for first five years from 1st March 1956 upto 28th February 1961; and

(b) Rs.2,000 per annum from 1st March 1961 to 28th February 2055.

(3) Rent from the 2nd lease is to be paid by the Academy as follows:

(i) Re.1 per annum from 11th February 1960 to 28th February 1961;

(ii) Rs.600 per annum from 1st March 1961 to 28th February 2055;

(4) No structure should be built on the land leased out under the 2nd agreement.

(ii) Yes.

Absentee members of the staff of C.S.T.C.

***570.** (Admitted question No. *1197.) **Shri Rajani Kanta Doloi:** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased

to refer to the reply to question No. 172 (Admitted question No. 622) given on the 26th July, 1972, and state—

(a) if all the absentee members of the staff of C.S.T.C. have since joined their duties;

(b) if not, the reasons thereof; and

(c) the action taken by the Government in this regard?

The Minister for Home (Transport) Department: (a) Yes, except two employees.

(b) The two employees who did not resume duty alleged coercion and intimidation by others.

(c) The allegation of coercion and intimidation was found baseless on enquiry. No departmental action could be taken to terminate their services because of a pending High Court Rule.

রঘুরামপুর টেকনিক্যাল কলেজের গৃহনির্মাণ

*৫৭১। (অনুমোদিত প্রশ্ন নং *১১০৬।) **শ্রীসুধীরচন্দ্র দাশ:** গত ২০-২-৭৩ তারিখে প্রদত্ত তারকাচিহ্নিত *৫৬ (অনুমোদিত প্রশ্ন নং *১০) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উক্ত রঘুরামপুর টেকনিক্যাল কলেজের গৃহনির্মাণ বাবত কত টাকা বরাদ্দ ছিল এবং কত টাকা এ পর্যন্ত ব্যয় হইয়াছে এবং ঐ গৃহনির্মাণ কার্য শেষ করিতে আরও কত টাকা লাগিবে ;

(খ) ঐ গৃহগুলি নির্মাণের কাজ শেষ করিবার সময় লক্ষ্য কি ছিল ;

(গ) ঐ গৃহগুলি নির্মাণের কি কি কাজ এখনও বাকি আছে ; এবং

(ঘ) ঐ গৃহগুলি নির্মাণের কাজ কবে শেষ হইবে ?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) রঘুরামপুর পলিটেকনিকের রাস্তা সহ গৃহনির্মাণ বাবত ২০,০৬,৩৮৫ টাকা এস্টিমেট ধরা হয়। ইহার মধ্যে গৃহনির্মাণের অবশ্য প্রয়োজনীয় কাজ শেষ করিবার জন্যে কনস্ট্রাকসন বোর্ডকে ১৭,৪৬,৬৩৫ টাকা দেওয়া হইয়াছে। এই টাকা হইতে গত ৩১শে মার্চ ১৯৭২ তারিখ পর্যন্ত ৯,৭১,৬৬৯ টাকা ব্যয় হইয়াছে।

কার্য শেষ করিতে আরও প্রায় দশ লক্ষ টাকা লাগিবে।

(খ) কোন সময় লক্ষ্য নির্দ্ধারিত ছিল না।

(গ) ওয়ার্কশপের জন্য বাড়ি তৈয়ারি কাজ শেষ হইয়াছে, কিন্তু মূল গৃহনির্মাণের কাজ এখনও অনেক বাকী আছে।

(ঘ) সঠিক বলা সম্ভব নয়।

চা-বাগিচায় কীটনাশক ঔষধ ব্যবহারের ফলে উত্তরবঙ্গে মৎস্য মড়ক

*৫৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬২।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, চা-বাগিচাগুলিতে ব্যাপকভাবে কীটনাশক ঔষধ ব্যবহার করার ফলে উত্তরবঙ্গের পার্বত্য নদীগুলিতে প্রচুর মাছ মারা পড়ে ; এবং

(খ) সত্য হ'লে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করেছেন ?

মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এ ধরনের কোনো খবর আমাদের জানা নেই।

(খ) প্রশ্ন উঠে না।

রাজ্যের বিভিন্ন জেলে কয়েদীদের মাথাপিছু খাদ্যের বরাদ্দ

***৫৭৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৯৭৬।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বিভিন্ন জেলে অবস্থানরত কয়েদীদের মাথাপিছু প্রতিদিন কি পরিমাণ খাদ্য সরবরাহ করা হয় ;

(খ) ইহা কি সত্য যে, মাথাপিছু খাদ্য বরাদ্দের বিষয়ে বিভিন্ন জেলে বিভিন্ন পদ্ধতি অনুসৃত হয় ;

(গ) সত্য হইলে, ইহার কারণ কি ;

(ঘ) পশ্চিমবঙ্গের জেলগুলিতে কয়েদীদের শিক্ষাদানের, আমোদ-প্রমোদের ব্যবস্থা কোথায় কিরূপ আছে ; এবং

(ঙ) কয়েদীদের খাদ্য, বাসস্থান এবং শিক্ষাদান প্রভৃতি ব্যবস্থা উন্নত করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

The Minister for Home (Jails) Department: (a) Convicts in Jails are supplied with diets as prescribed in the Jail Code Rules, as far as practicable.

(b) No.

(c) Does not arise.

(d) (i) Adult Education Scheme has been introduced in all Central and District Jails.

Radio sets have been installed in the Central and some of the District and Sub-Jails. Cinema shows are periodically held in the Central and some other jails. Prisoners in Central and District Jails are allowed to participate in certain out-door and in-door games. Prisoners in Jails are also allowed to hold Jatra performance inside the Jail on festive occasions

(ii) The Jail Code Revision Committee set up by Government has been considering the matter in an integrated manner.

পিকক ইংলিশ রীডার

***৫৭৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৯৪৮।) **শ্রীঅশ্বিনী রায়** এবং **শ্রীহরশঙ্কর ভট্টাচার্যঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক প্রকাশিত ৪র্থ শ্রেণীর ইংরাজী পাঠ্য পুস্তক পিকক ইংলিশ রীডারে যেসমস্ত ভুল ছিল সেগুলি এখনও সংশোধন করা হয় নাই ; এবং

(খ) সত্য হইলে, সংশোধন না করার কারণ কি ; এবং এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন ?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না। ভুলগুলি সম্প্রতি যথারীতি সংশোধন করা হইয়াছে।

(খ) এই প্রশ্ন উঠে না।

কলিকাতায় ট্যাক্সির সংখ্যা

***৫৭৮।** (অনুমোদিত প্রশ্ন নং *১১২৭।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলকাতা শহরে বর্তমানে কতগুলি ট্যাক্সি চলে ; এবং

(খ) ট্যাক্সি সংখ্যা বাড়ানোর কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বর্তমানে ৭,৫৭৭টি ট্যাক্সি কলিকাতা শহরে চলে, উপরন্তু হাওড়ার ১৫৩ খানি সি এম ডি এলাকার জন্য প্রদত্ত পারমিটের ট্যাক্সি কলিকাতা এলাকায় চলিতে পারে।

(খ) আছে। আর টি এ কলিকাতার মোট ১১,৩৮৬টি ট্যাক্সি দেওয়ার পরিকল্পনা আছে। বিজ্ঞাপন মারফত আবেদনপত্র চাওয়া হইয়াছে, যাহা পেশ করিবার শেষ তারিখ ১৫ই মার্চ, ১৯৭৩। ইহা ছাড়া আর টি এ, হাওড়া আরও ৯১টি সি এম ডি এলাকার জন্য পারমিট মঞ্জুর করিয়াছেন।

দরিদ্র মৎস্যজীবীদের ঋণ মকুব

***৫৭৯।** (অনুমোদিত প্রশ্ন নং *৮২৫।) **শ্রীনিতাইপদ সরকারঃ** মৎস্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ডিসেম্বর, ১৯৭২ পর্যন্ত দরিদ্র মৎস্যজীবীদের নিকট হইতে ঋণ বাবত কত টাকা পাওনা আছে ; এবং

(খ) দরিদ্র মৎস্যজীবীদের উক্ত বকেয়া ঋণ মকুবের বিষয় সরকার বিবেচনা করিতেছেন কি ?

মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ডিসেম্বর ১৯৭২ পর্যন্ত দরিদ্র মৎস্যজীবিদের নিকট হইতে ঋণ বাবত প্রায় নিম্নলিখিত পরিমাণ টাকা পাওনা হইয়াছেঃ

		টাকা
আসল	...	১৪,৫৭,২৩৫
সুদ	...	১,৬৯,৯৫৫

(খ) না।

অষ্টম শ্রেণী পর্যন্ত বালকদের অবৈতনিক শিক্ষা

***৫৮০।** (অনুমোদিত প্রশ্ন নং *১১৪০।) **শ্রীশম্ভুনারায়ণ গোস্বামীঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ৮ম শ্রেণী পর্যন্ত বালকদের জন্যও অবৈতনিক শিক্ষা চালু করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, কতদিনের মধ্যে তাহা চালু করা হইবে ?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) গ্রামাঞ্চলে এবং কিছু কিছু পৌর অঞ্চলে চতুর্থ শ্রেণী পর্যন্ত নিম্ন বুনিয়াদী বিদ্যালয়ে পঞ্চম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষার ব্যবস্থা আছে। বালকদের জন্য অষ্টম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষা চালু করার কোন পরিকল্পনা বর্তমানে সরকারের বিবেচনাধীন নাই। প্রয়োজনীয় অর্থের ব্যবস্থা করা গেলে বিষয়টি বিবেচনা করা হইবে।

(খ) প্রশ্ন উঠে না।

Jail Security Force

***583.** (Admitted question No. *1205.) **Shri Ranaji Kanta Doloi:** Will the Minister-in-charge of the Home (Jails) Department be pleased to state—

(a) if the Government has any proposal to form a new Jail Security Force in West Bengal; and

(b) if so, the present position and the probable time of implementation of the proposal?

The Minister for Home (Jails) Department: (a) No.

(b) Does not arise.

প্রাথমিক স্কুলগুলিকে সরকারের কর্তৃত্বাধীনে আনয়ন

***৫৮৪।** (অনুমোদিত প্রশ্ন নং *১২৩৯।) **শ্রীতিমিরবরণ ভাদুড়ী:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যের সমস্ত প্রাথমিক স্কুলসমূহকে সরকারের কর্তৃত্বাধীনে আনার কোন পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকিলে, কোন্ সময় হইতে উহা কার্যকরী করা হইবে?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) না।

(খ) এ প্রশ্ন উঠে না।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

এম আর সপ্

১১৩। (অনুমোদিত প্রশ্ন নং ১২২৮।) **ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায়:** খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তিন হাজার ইউনিট (দুই হাজার "ক" শ্রেণীর ও এক হাজার অন্যান্য শ্রেণীর) একটি "এম আর" দোকানে বর্তমানে খাদ্য বিভাগ যে মাল সরবরাহ করেন "এম আর" দোকানের মালিক—

(১) তাহা কত টাকায় ক্রয় করেন (প্রতি সপ্তাহের হিসাবে), ও

(২) তাহা কত টাকায় বিক্রয় করেন (প্রতি সপ্তাহের হিসাবে);

(খ) সাধারণতঃ একটি "এম আর" দোকানের উপর কতগুলি ইউনিটের সরবরাহের দায়িত্ব থাকে; এবং

(গ) হুগলী জেলার পাণ্ডুয়া থানা এলাকায় কতগুলি "এম আর" দোকান আছে এবং কতগুলি রেশনের ইউনিট আছে?

খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) (১) প্রতি সপ্তাহে প্রায় ৫,৩৫৭·৮৫ টাকায় ক্রয় করেন।

(২) প্রতি সপ্তাহে প্রায় ৫,৪৯৩·০০ টাকায় বিক্রয় করেন।

(খ) একটি "এম আর" দোকানের উপর গ্রামাঞ্চলে ২,০০০ হইতে ২,৫০০ এবং পৌর অঞ্চলে ২,৫০০ হইতে ৩,০০০ ইউনিটের সরবরাহের দায়িত্ব থাকে।

(গ) হুগলী জেলার পাণ্ডুয়া থানা এলাকায় মোট ৫৪টি "এম আর" দোকানের মধ্যে ৬টি দোকান অচল। এই ৬টির মধ্যে ৩টি দোকানের মালিক "মিসা"-তে আটক আছেন এবং অপর ৩টিকে সাময়িক বরখাস্ত করা হইয়াছে।

এই ৫৪টি দোকানের উপর মোট ১,৬০,৩৪৮ ইউনিটের সরবরাহের দায়িত্ব আছে।

এশিয়া মেলা-৭২

১১৪। (অনুমোদিত প্রশ্ন নং ৭৯১।) **শ্রীকাশীনাথ মিশ্র:** গত ১৩ই ফেব্রুয়ারি, ১৯৭৩ তারিখে প্রদত্ত অতিরিক্ত ২নং (অনুমোদিত প্রশ্ন নং ২৮) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ঐ প্যাভেলিয়ন-এর জন্য যে ৩৫ জন মেয়ে ডেমন্সস্ট্রেটর নিয়োগ করা হইয়াছিল তাহাদের বেতন, খাদ্য, যাতায়াত ও অন্যান্য বাবত কত টাকা খরচ হইয়াছিল?

তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয়: ঐ প্যাভেলিয়ন-এর জন্য যে ৩৫ জন গার্ল গাইড নিয়োগ করা হইয়াছিল তাহাদের জন্য খরচের হিসাব নিম্নে দেওয়া হইল:

		টাকা
বেতন	...	৩৬,১৮৪·০০
যাতায়াত	...	২,১৭৪·০০
অন্যান্য	...	৩৯,৬৮৩·০০
	মোট	৭৮,০৪১·০০

খাদ্য বাবত কিছুই খরচ হয় নাই।

দুবরাজপুরে গোশালা

১১৫। (অনুমোদিত প্রশ্ন নং ১০২৩।) **শ্রীশচীনন্দন সাউ:** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার দুবরাজপুরের গোশালাটি বর্তমানে কিরূপ অবস্থায় আছে;

(খ) উক্ত গোশালাটি উন্নয়নের জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(গ) এই গোশালাটিকে ডেয়ারীতে রূপান্তরিত করার কোন প্রস্তাব সরকারের আছে কি?

পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) বীরভূম জেলার দুবরাজপুরের গোশালাটি একটি বেসরকারী প্রতিষ্ঠান এবং সেই কারণে ইহার সম্পর্কে তথ্য সরকারের হাতে নাই।

(খ) বর্তমানে এই গোশালাটির উন্নয়নের পরিকল্পনা সরকারের নাই।

(গ) এই গোশালাটিকে ডেয়ারীতে রূপান্তরিত করার কোন সরকারী প্রস্তাব নাই।

কান্দী মহকুমায় ঈদ্ উপলক্ষে চিনি সরবরাহ

১১৬। (অনুমোদিত প্রশ্ন নং ১০৭২।) **শ্রীহরেন্দ্রনাথ হালদার:** খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত জানুয়ারীতে ঈদ্ উপলক্ষে কান্দী মহকুমায় কত চিনি অ্যালটমেন্ট করা হয়েছিল; এবং

(খ) ঐ চিনি কোন্ থানায় কত দেওয়া হয়েছিল?

খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) গত জানুয়ারীতে ঈদ্ উপলক্ষে কান্দী মহকুমায় কোন লেভি চিনি বরাদ্দ (অ্যালট) করা হয় নাই।

(খ) এ প্রশ্ন উঠে না।

জেলা ও ব্লক ওয়ারী হাঁস-মুরগী ও শূকর পালন

১১৭। (অনুমোদিত প্রশ্ন নং ১০৫৫।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** পশুপালন এবং পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পশ্চিমবঙ্গ সরকার প্রতি জেলা ও ব্লকে হাঁস-মুরগী ও শূকর পালনের জন্য ব্যাপক কর্মসূচী গ্রহণ করিয়াছেন;

(খ) (ক) এর উত্তর "হ্যাঁ" হইলে প্রতি জেলায় সরকারী উদ্যোগে পরিচালিত বর্তমানে এইরূপ কয়টি কেন্দ্র আছে;

(গ) হাঁস-মুরগী এবং শূকর পালনের জন্য বেসরকারী উদ্যোগকে সরকার সহযোগিতা দিয়ে থাকেন কিনা;

(ঘ) সহযোগিতা দিয়া থাকিলে সরকারী সাহায্যে বিগত দশ মাসে এইরূপ কয়টি কেন্দ্র খোলা হইয়াছে; এবং

(ঙ) আসানসোল মহকুমায় বারাবনী, সালানপুর ও আসানসোল ব্লকে হাঁস-মুরগী এবং শূকর পালনের জন্য কোনও সরকারী সাহায্য দেওয়া হইয়াছে কিনা এবং না দেওয়া হইলে, তাহার কারণ কি?

পশুপালন এবং পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না, এ রকম কোন ব্যাপক কর্মসূচী এখনও পর্যন্ত গ্রহণ করা সম্ভব হয় নাই।

(খ) বর্তমানে ২৪-পরগনা, নদীয়া, মুর্শিদাবাদ, বর্ধমান, বীরভূম, বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর, মালদা, জলপাইগুড়ি ও দার্জিলিং এই এগারটি জেলায় মোট আঠারটি মুরগী খামার আছে। ইহা ছাড়া নদীয়ায় একটি ও মেদিনীপুরে একটি, মোট দুইটি হাঁসের খামার এবং নদীয়ায় একটি ও বাঁকুড়ায় একটি, মোট দুইটি শূকরের খামার আছে।

(গ) আর্থিক সাহায্য ছাড়া সম্ভাব্য অন্যান্য প্রকারের সাহায্য দেওয়া হইয়া থাকে—যেমন যতটা সম্ভব ন্যায্যমূল্যে সুষম খাদ্য সরবরাহ করা, উন্নত জাতের বাচ্চা সরবরাহ করা, প্রয়োজনীয় বৈজ্ঞানিক তথ্য সরবরাহ করা এবং উপযুক্ত পরামর্শ দেওয়া।

(ঘ) বিগত দশ মাসে সরকারী সহায়তায় কতগুলি বেসরকারী হাঁস-মুরগী ও শূকর পালন-কেন্দ্র প্রতিষ্ঠিত হইয়াছে তাহার সঠিক সংখ্যা সরকারের জানা নাই। কারণ খামার প্রতিষ্ঠার পর সরকারের সহিত রেজিস্ট্রিভুক্ত হওয়ার কোনো বাধ্যবাধকতা নাই।

(ঙ) আসানসোল মহকুমায় বারাবনী, সালানপুর ও আসানসোল ব্লকে উৎসাহী খামারীদের তথ্য সরবরাহ করা হইয়াছে, তবে কোন প্রকার আর্থিক সাহায্য দেওয়া হয় নাই। অর্থনৈতিক সাহায্য দেওয়ার প্রকল্প বর্তমানে চালু নাই।

নদীয়া জেলায় সেচ বিভাগের এক্সিকিউটিভ্ ইঞ্জিনীয়ার

১১৮। (অনুমোদিত প্রশ্ন নং ১১৮২।) **শ্রীকার্তিকচন্দ্র বিশ্বাসঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার সেচ বিভাগের "এক্সিকিউটিভ্ ইঞ্জিনীয়ার"-এর পদে বর্তমানে কোন লোক নিযুক্ত আছেন কি; এবং

(খ) না থাকিলে, তাহাদের কারণ কি এবং পূর্বের অফিসার বর্তমানে কোথায় আছেন?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ, আছেন।

(খ) প্রশ্ন উঠে না।

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: The Minister-in-charge of the Education Department will please make a statement on the subject of non-payment of over Rs.3,64,000 grant to the educational institutions of Purulia district—attention called by Shri Sukumar Bandyopadhyay, Shri Sarat Das and Shri Kashinath Misra on the 5th March, 1973.

[3-00—3-10 p.m.]

Shri Mrityunjoy Banerjee: 1. The grant of Rs.7,500 as approved by Government for payment to 15 urban primary schools in the district of Purulia at the rate of Rs.500 each has already been sanctioned. Necessary steps are being taken by the Education Directorate to release the grant during the current financial year in favour of individual schools selected for the purpose for their improvement.

2. The grant of Rs.2,02,000 as approved by Government for payment to certain types of secondary schools in the district of Purulia has already been sanctioned in the following manner:

(i) 40 junior high schools for boys at the rate of Rs.2,000 each.

(ii) 17 high schools for boys at the rate of Rs.4,000 each.

(iii) 6 high schools for boys at the rate of Rs.2,000 each.

(iv) 7 junior high schools for girls at the rate of Rs.2,000 each

(v) 7 high schools for girls at the rate of Rs.4,000 each.

Necessary steps are being taken by the Education Directorate for the drawal of the grant during the current financial year and for release of the same in favour of individual schools selected for the purpose for purchase of furniture, equipment, books, etc.

The following grants were also approved by the Cabinet:—

(1) J. K. College Hostel—Rs.50,000.

(2) Nistarani Girls' College Hostel and Bus—Rs.1,00,000.

(3) Raghunathpur College compound wall—Rs.15,000.

The cases are in the different stages of processing. It will take some time more before the amounts can be released. For construction of the hostel of J. K. College, land was acquired last year. It is proposed to have a hostel constructed for the students of J. K. College under the UGC scheme of financial assistance with State Government bearing one-third of the expenses as matching share. The question of release of grant for the proposed hostel will come after the detailed scheme is prepared and approval of the UGC is obtained and UGC releases its first instalment of matching

grant. No difficulty is, therefore, anticipated in release of the grants next year after the preliminaries have been finalised. Arrangements are being made for release of grant for purchase of the second bus for the Nistarini College. This will require approximately Rs.70,000. The question of constructing a second unit of hostel for the students of Nistarini College is being taken up with the Principal of the college. The scheme when finalised will be fitted into the UGC scheme of financial assistance under which the UGC will bear the major share (75 per cent.) of the expenses with the State Government paying the matching grant. This may be done during the next year. For construction of a boundary wall for the Raghunathpur College, the matter is under examination and attempts are being made to release grant within this year.

Mr. Speaker: The Minister-in-charge of the labour Department will please make a statement on the subject of dismissal of 350 supervisory personnel from Titaghur Paper Mills—attention called by Shri Sukumar Bandyopadhyay, Shri Kashinath Misra, Shri Abdul Bari Biswas, Shri Sarat Das and Shri Asamanja De on the 6th March 1973.

Dr. Gopal Das Nag: Mr. Speaker, Sir, in reply to the Calling Attention Motion of Shri Sukumar Bandopadhyay, Shri Kashinath Misra, Shri Abdul Bari Biswas, Shri Sarat Chandra Das and Shri Asamanja De on the subject of dismissal of supervisory staff from Titaghur Paper Mill I would inform the House that—

Early this year two of the Company's officers of No. 3 Mills at Orissa were served with retirement notices. To fill up one vacancy which is of a technical nature, the Company transferred a senior Technical Supervisor from No. 2 Mill at Kankinara on promotion.

On 11th January, 1973 it is alleged by the Company that at both the mills at Titaghur and Kankinara a large group of supervisors left their places of work without permission and entered the room of the local Manager and threatened him with dire consequences unless the management acceded to their demand for cancellation of the order of the transfer and the retirement unconditionally.

It is not true that 350 supervisory personnel were dismissed from service. According to the Management, six of the supervisors who led the deputation before the local management utterly misbehaved. As a result of this unruly behaviour they were asked by the management to explain their conduct. The management were not satisfied with the explanation furnished by the 6 supervisors concerned and apprehending that if they were allowed to continue in service they would cause damage to the plant and machinery and disrupt production, terminated their service for gross misconduct in terms of their contract of employment. Thereafter, as a protest against this action of the management a large section of the supervisors left their places of work leaving the plant and machinery unattended and is also reported to have demonstrated in groups inside the mill premises and

incited the workers from carrying out their normal duties. But the trainees, apprentices and some other supervisors, however, continued to work.

It is gathered that the total number of supervisors in the three mills is about 550 out of whom about 265 employed in West Bengal and about 100 in Orissa were not reporting for duties.

It is learnt that subsequently the supervisors in Orissa following a settlement had reported for work. It is reported by the management that several notices were issued requesting the supervisors in two mills of the Company in West Bengal who were abstaining from work to report for their normal duties after indicating that they would carry out the instructions of the superiors and perform the duties allotted to them in terms of their contract of employment and as a result of this a section of supervisors resumed their duties on the above basis, but the remaining supervisors did not give such assurance and continued to abstain from their work.

Production in the mills is reported to be normal. A series of meetings have taken place between the representatives of the management and the INTUC leaders for restoration of normalcy, but no settlement was reached through bipartite negotiations. It is reported that from the morning of 9th March 1973 four supervisors started hunger-strike in front of the Company's Head Office in Calcutta.

As a result of my intervention on 12th March, 1973 the matter has been resolved amicably. It has been agreed as follows·

(1) The supervisory staff who were abstaining from duty will resume their normal duties immediately;

(2) There will be no victimisation of any employee and continuity of their service will be maintained;

(3) The cases of six supervisors whose services have been terminated by the Company will be referred to adjudication by a tribunal. Endeavours will, however, be made by the parties to reach an amicable settlement out of court, and for this purpose the management will discuss with the President of the INTUC, West Bengal Branch.

(4) During the pendency of adjudication proceedings the six employees would be paid 50 per cent. of their basic and dearness allowance as a special case to mitigate their hardship.

Following the settlement the hunger-strike by the four supervisors was called off on 12th March, 1973.

[3-10—3-40 p.m.]

Sixteenth Report of the Business Advisory Committee

Mr. Speaker: I beg to present the sixteenth Report of the Business Advisory Committee, at its meeting held on the 12th March, 1973, in my

chamber, considered the question of allocation of dates and time for the disposal of the Legislative and Financial business and recommended as follows.

In partial modification of the programme of business circulated under item No. 363 in Bulletin Part II, dated 7th March, 1973, the programme of business for 14th, 15th and 16th March, 1973 has been revised as follows:

Wednesday, 14-3-73—

(i) The West Bengal Molasses Control Bill 1973, (Introduction, Consideration and Passing)—1 hour.

(ii) Grant No. 34 (50—Public Works) and

(iii) Grant No. 53 (103—Capital Outlay on Public Works)—2½ hours.

(iv) Grant No. 32 (39—Miscellaneous, Social and Developmental Organisations—excluding Welfare of Scheduled Tribes and Castes and other Backward classes), and

(v) Grant No. 45 (71—Miscellaneous—Sports) —1½ hours.

Thursday, 15-3-73—

(i) The Murshidabad Estate (Trust) (Amendment) Bill, 1973. (Introduction, Consideration and Passing)—1 hour.

(ii) Grant No. 19 (28—Education)—4 hours

Friday, 16-3-73—

(i) The Calcutta Metropolitan Water and Sanitation Authority (Amendment) Bill, 1973. (Introduction, Consideration and Passing) —1 hour.

(ii) Grant No. 54 (124—Capital Outlay on Schemes of Government Trading), and

(iii) Grant No. 17 (26—Miscellaneous Departments—Excluding Fire Services)—2 hours.

(iv) Grant No. 24 (33—Animal Husbandry, and 124—Capital Outlay on Schemes of Government Trading—Dairy and Animal Husbandry Schemes)—2 hours

There will be no Calling Attention or Mention cases from 14th to 15th March, 1973.

Hon'ble Minister-in-charge of the Parliamentary Affairs may now move this motion for acceptance.

Shri Gyan Singh Sohanpal: Sir, I beg to move that the Sixteenth Report of the Business Advisory Committee, presented this day, be agreed to by the House.

The motion was then accepted.

LAYING OF REPORT

The Annual Report on the Working and Affairs of the Westinghouse Saxby Farmer Limited for the year 1969-70

Dr. Zainal Abedin: Sir, I beg to lay the Annual Report of the Working and Affairs of the Westinghouse Saxby Farmer Limited for the year 1969-70.

LEGISLATION

The Motor Vehicles (West Bengal Amendment) Bill, 1973

Shri Gyan Singh Sohanpal: Sir, I beg to introduce the Motor Vehicles (West Bengal Amendment) Bill, 1973, and to place a statement as required under rule 72(1) of the Rlues of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the title of the Bill)

Sir, I beg to move that the Motor Vehicles (West Bengal Amendment) Bill, 1973, be taken into consideration.

Sir, the Bill seeks a minor amendment of renumbering section 68HH of the Motor Vehicles Act, 1939, inserted in the said Act by section 3 of the Motor Vehicles (West Bengal Third Amendment) Act, 1967 (West Bengal Act XIX of 1967). In the year 1967 when Calcutta State Transport Corporation was not in a position to maintain adequate services in all the notified routes in Calcutta, it became the imperative need of the time to allow private buses to ply in the notified routes in the interest of public service. But this could not be done until and unless the Motor Vehicles Act, 1939 was suitably amended. Considering the urgency of the need, local amendment of the Motor Vehicles Act, 1939, was moved in the State Legislature and passed. Accordingly, section 68 HH was inserted in the Motor Vehicles (West Bengal Third Amendment) Act, 1967. By virtue of enactment of the said section 68 HH of the Motor Vehicles Act, 1939 and enforcement thereof, this State Government was emplowered to grant temporary permits to private buses in notified routes or areas to meet the demand of the travelling public.

Now the Motor Vehicles Act, 1939, was amended by the Government of India in the year 1969 and this amended Act of 1969 did not repeal section 68HH invested in it by West Bengal Act XIX of 1967, but contains another section 68HH providing for disposal of articles found in vehicles of State

Transport Undertakings. Thus, in West Bengal, two sections bearing the same number, namely, section 68HH came in force. It was, accordingly, felt necessary to remove this anomaly immediately in view of the fact that section 68HH of the State Amendment was directly associated with the plying of private buses in Calcutta.

In view of the urgency of the matter, it was decided to amend section 68HH of the State Amendment as section 68HA by promulgation of the Motor Vehicles (West Bengal Amendment) Ordinance, 1972, as the State Legislature was not in session.

Sir, the Bill also seeks to repeal the said Motor Vehicles (West Bengal Amendment) Ordinance, 1972.

Sir, with these words, I commend my motion for consideration by the House.

Mr. Speaker: There is a motion for circulation of the Motor Vehicles (West Bengal Amendment) Bill, 1973, by Shri A. H. Besterwitch The amendment is in order. Shri Besterwitch, are you going to move your motion?

Shri A. H. Besterwitch: No Sir, I am not going to move.

The motion of Shri Gyan Singh Sohanpal that the Motor Vehicles (West Bengal Amendment) Bill, 1973, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1—4 and Preamble

The question that Clauses 1—4 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Gyan Singh Sohanpal: Sir, I beg to move that the Motor Vehicles (West Bengal Amendment) Bill, 1973, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

(At this stage the House was adjourned for 20 minutes)

[3-40—3-50 p.m.]

(After adjournment)

VOTING ON DEMAND FOR GRANTS

DEMAND FOR GRANT No. 49

Major Heads: 71—Miscellaneous—Irrecoverable Loans to displaced persons written off, 71—Miscellaneous—Expenditure on displaced persons, 71—Miscellaneous—Relief to Refugees from Bangladesh, 109—Capital Outlay on Other Works—Expenditure on displaced persons, and Loans and Advances to displaced persons

Shri Santosh Kumar Roy: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs.13,55,42,000 be granted for expenditure under Grant No. 49, Major Heads: "71—Miscellaneous—Irrecoverable Loans to displaced persons written off, 71—Miscellaneous—Expenditure on displaced persons, 71—Miscellaneous—Relief to Refugees from Bangladesh, 109—Capital Outlay on Other Works—Expenditure on displaced persons and Loans and Advances to displaced persons".

শ্রীসন্তোষ রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপাল মহোদয়ের সুপারিশ অনুযায়ী আমি এই সভায় প্রস্তাব করছি যে, ১৯৭৩-৭৪ সালের ৪৯ নম্বরের ব্যয়মঞ্জুরীর অন্তর্গত নিম্নোক্ত প্রধান প্রধান খাতে খরচের জন্য মোট ১৩ কোটি ৫৫ লক্ষ ৪২ হাজার টাকা মঞ্জুরী করা হোক। ৭১ বিবিধ, বাংলাদেশ থেকে আগত শরণার্থীদের ত্রাণের জন্য ৩ কোটি ৩০ লক্ষ টাকা, ৭১— বিবিধ উদ্বাস্তুগণের অপরিশোধ্য ঋণ মকুব এক কোটি ১০ লক্ষ টাকা, ৭১- বিবিধ উদ্বাস্তুগণের ব্যয় ইত্যাদি ৬ কোটি ২২ লক্ষ ৭ হাজার টাকা। ১০৯ নম্বর অন্যান্য কাজে মূলধন নিয়োগ উদ্বাস্তুগণের জন্য ব্যয় ৯৩ লক্ষ ৩৫ হাজার টাকা। রাজ্যসরকার কর্তৃক ঋণ ও অগ্রিম দান উদ্বাস্তুগণকে ঋণ অগ্রিম দান ২ কোটি টাকা। মোট ১৩ কোটি ৫৫ লক্ষ ৪২ হাজার টাকা মাত্র। মাননীয় অধ্যক্ষ মহোদয়, উদ্বাস্তু পুনর্বাসন বিভাগ সম্পর্কিত ৪৯ সংখ্যক ব্যয়মঞ্জুরীর দাবি উপস্থাপন প্রসঙ্গে আমি চলতি বছরে এই বিভাগের বিভিন্ন কর্মতৎপরতার এবং আগামী বছরের কার্যক্রমের একটি সংক্ষিপ্ত বিবরণ বর্তমান পাধিবেশনে পেশ করার অনুমতি চাইছি।

১। বিগত বাজেট অধিবেশনে আমি বলেছিলাম যে পশ্চিমবাংলায় প্রায় ২৫ বছর ব্যাপী উদ্বাস্তু সমস্যার সমাধানকল্পে আমরা একটি সামগ্রিক পঞ্চবার্ষিক পরিকল্পনা রূপায়ণে প্রয়াসী হয়েছি। আমি সানন্দে জানাচ্ছি যে, ইতিমধ্যেই আমরা ১৪৪ কোটি টাকা ব্যয়ের একটি সুষ্ঠু ও ব্যাপক পরিকল্পনা প্রণয়ন করেছি। এই পরিকল্পনায় আমরা প্রধানতঃ কিঞ্চিদধিক ৮ লক্ষ উদ্বাস্তু পরিবারের আর্থিক পুনর্বাসনের ওপরই সর্বাধিক গুরুত্ব আরোপ করেছি, কেননা এঁদের অধিকাংশই সরকারের কোন-না-কোন আনুকূল্যে বঞ্চিত না হ'লেও যথাযোগ্য আর্থিক পুনর্বাসন লাভে সক্ষম হন নি। এই কারণে আমাদের পরিকল্পনাটির অভিলক্ষ্য হ'ল উদ্বাস্তুদের আয়ের মান আমাদের জাতীয় আয়ের মানের সমান ক'রে তোলা। পরিকল্পনাটি কেন্দ্রীয় সরকার ও তাঁদের উদ্বাস্তু-সমীক্ষা সমিতির কাছে পেশ করা হয়েছে, কেননা সমীক্ষা সমিতির সুপারিশক্রমেই ভারত সরকার পুনর্বাসন খাতে অর্থমঞ্জুরী ক'রে থাকেন। পরিকল্পনার অন্তর্ভুক্ত কোন কোন সংকল্প সমীক্ষা সমিতি ইতিমধ্যেই পুঙ্খানুপুঙ্খরূপে পর্যালোচনা করেছেন। যোজনা কমিশনও শীঘ্রই পরিকল্পনাটি নিয়ে আলোচনায় বসবেন ব'লে আশা করি। এই প্রসঙ্গে আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, ভারত সরকারের কাছে আমাদের পরিকল্পনাটি বিন্দুমাত্র উপেক্ষিত হয় নি, বরং যথাযোগ্য সমাদরের সঙ্গেই গৃহীত হয়েছে।

২। গত বছরে আমি উল্লেখ করেছিলাম যে, স্বাধীনতার রৌপ্য জয়ন্তী উৎসবের স্মারক হিসেবে আমরা বিনামূল্যে উদ্বাস্তুদের বাস্তুজমির স্বত্বাধিকার অর্পণ করতে মনস্থ করেছি। এই প্রস্তাবটি কিঞ্চিৎ সংশোধিত আকারে সমীক্ষা সমিতির অকুণ্ঠ সমর্থনও লাভ করেছে। এই প্রস্তাবের বিভিন্ন দিক নিয়ে কেন্দ্রীয় সরকার আমাদের সঙ্গে ইতিমধ্যে আলাপ-আলোচনা করেছেন। প্রস্তাবটির সুদূরপ্রসারী গুরুত্ব বিবেচনা ক'রে একটা স্থির সিদ্ধান্তে পৌঁছতে ভারত সরকারের পক্ষে একটু বিলম্ব হওয়া স্বাভাবিক। আশা করছি ভারত সরকার শীঘ্রই একটি অনুকূল সিদ্ধান্তে পৌঁছবেন। অবশ্য প্রস্তাবটির বাস্তব রূপায়ণ একটি অত্যন্ত দুরূহ কাজ, কারণ ৫১৮টি সরকারী এবং ১৪৯টি জবরদখল উপনিবেশে বসবাসকারী প্রায় ১ লক্ষ ৪৫ হাজার পরিবারকে জমির স্বত্বাধিকার অর্পণ করতে হবে। এই কাজটির দুরূহতা উপলব্ধি ক'রে আবশ্যকীয় প্রাথমিক আয়োজন আমরা সম্পূর্ণ করেছি, যাতে কেন্দ্রীয় সরকারের অনুমোদন পাওয়ামাত্রই কাজ আরম্ভ করা সম্ভব হতে পারে।

৩। চলতি বছরে সরকারী ও জবরদখল উপনিবেশগুলির উন্নয়নের জন্য মঞ্জুরীকৃত অর্থ পর্যাপ্ত পরিমাণে ব্যয় করতে না পারায় আমি দুঃখিত। কিন্তু এই অসাফল্যের মুখ্য কারণ এই যে উন্নয়নের কাজে ব্যয়ের জন্য যে ঊর্ধ্বসীমা সাত বছর আগে বেঁধে দেওয়া হয়েছিল, মজুরী ও দ্রব্যমূল্যের ক্রমাগত ঊর্ধ্বগতির জন্য সেই সীমাবদ্ধ ব্যয়-হারের মধ্যে উন্নয়নের কাজ সম্পূর্ণ করা আর সম্ভব নয়। সে জন্যই প্রায় আট মাস পূর্বে উন্নয়ন খাতে ব্যয়ের ঊর্ধ্বসীমা অন্ততঃ শতকরা ৪০ ভাগ বৃদ্ধি করার জন্য আমরা কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করেছিলাম। আমাদের এই আবেদন সমীক্ষা সমিতির এবং কেন্দ্রীয় পূর্ত বিভাগ সমর্থন করেছেন এবং কেন্দ্রীয় পুনর্বাসন মন্ত্রকও অনুমোদন করেছেন; কিন্তু তবুও আমাদের প্রচুর চেষ্টা সত্ত্বেও কেন্দ্রীয় সরকারের যথারীতি নির্দেশনামা এ পর্যন্ত এসে পৌঁছয় নি। ফলে উপনিবেশগুলির উন্নয়ন কাজে আমাদের সক্রিয় ভূমিকা আশানুরূপ হতে পারে নি।

[3-50—4-00 p.m.]

৪। বিগত বাজেট অধিবেশনে আমি বলেছিলাম যে আমরা বেশ কয়েকটি পরিকল্পনার খসড়া তৈরি করেছি। সেগুলি বাস্তবে রূপায়িত হ'লে হাজার হাজার উদ্বাস্তুর অর্থনৈতিক পুনর্বাসনের সুব্যবস্থা হ'ত এবং বহু দুর্গত নরনারীর দুর্দশার অনেকখানি লাঘব হ'ত। আমাদের সেই খসড়াগুলি সমীক্ষা সমিতি বিচার ও পরীক্ষা ক'রে সরকারী অনুমোদনের জন্য সুপারিশ করেছেন। দুঃখের বিষয় পরিকল্পনাগুলি রূপায়ণের জন্য ১৯৭১ সালের জুন মাসের পরে কেন্দ্রীয় সরকার কোন অর্থ মঞ্জুর করেন নি। এ পর্যন্ত সমীক্ষা সমিতি ১১টি রিপোর্ট কেন্দ্রীয় সরকারের কাছে পেশ করেছেন, তার মধ্যে মাত্র ৪টি রিপোর্ট কেন্দ্রীয় সরকার অনুমোদন করেছেন এবং প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করেছেন। বাকী ৭টি রিপোর্ট দীর্ঘদিন যাবত কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন রয়েছে। আমি বলেছিলাম যে, একটি মুরগী-পালনের প্রকল্প, ৭টি শিল্প-উপনগরী স্থাপনের প্রকল্প, মহিলাদের বৃত্তিমূলক শিক্ষাদানের প্রকল্প, মৎস্যজীবিদের আর্থিক উন্নতির জন্য রচিত একটি প্রকল্প এবং নবাগত উদ্বাস্তুদের জন্য চিকিৎসা ও আরোগ্য-শালার প্রকল্প শীঘ্রই রূপায়িত করা হবে। কিন্তু এই সমস্ত প্রকল্পের একটিও ভারত সরকার এখনও মঞ্জুর করেন নি। যাই হোক, দু'-এক মাসের মধ্যে মুরগী-পালন, শিল্প-উপনগরী স্থাপন এবং মৎস্যজীবিদের জন্য রচিত প্রকল্পগুলির সম্বন্ধে ভারত সরকার চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন ব'লে আশা করা যায়। ৬,৭০০ শিবির-বহির্ভূত পরিবারকে বাস্তু ক্রয়, গৃহ নির্মাণ ও ক্ষুদ্র ব্যবসায়ের জন্য ঋণ দান সম্পর্কে সমীক্ষা সমিতির সুপারিশ এখনও কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন আছে। সুন্দরবনের হেড়োভাংগায়, বর্ধমানের সালানপুরে ও কলকাতার শহরতলীর পঞ্চান্নগ্রামে বহুসংখ্যক পরিবারকে পুনর্বাসন দেবার প্রস্তাব আমাদের পঞ্চবার্ষিক পরিকল্পনা অনুসারে নতুনভাবে ঢেলে সাজানো হচ্ছে।

৫। দণ্ডকারণ্য প্রকল্পে পুনর্বাসনে যেতে অনিচ্ছুক ছিলেন এরকম প্রায় ৮ হাজার পরিবারভুক্ত প্রায় ৪৫ হাজার উদ্বাস্তু প্রাক্তন শিবির এলাকায় বসবাস করছেন। এঁদের ভবিষ্যৎ বহু বছর অনিশ্চিত ছিল। আমার দপ্তরের বিশেষ অনুরোধে এবং সমীক্ষা সমিতির সুপারিশ অনুসারে কেন্দ্রীয় সরকার এ সমস্ত পরিবারকে পশ্চিমবাংলায় পুনর্বাসিত করতে রাজী হয়েছেন এবং সে জন্য প্রয়োজনীয় অর্থও বরাদ্দ করেছেন। গত বাজেট অধিবেশনে আমি বলেছিলাম যে, এঁদের পুনর্বাসনের কাজ এ বছর শেষ হবে আশা করা যায়। কিন্তু কাজটি শেষ করা সম্ভব হয় নি, এ জন্য যে এই ধরনের উদ্বাস্তুদের আশু পুনর্বাসনের পথে সবচেয়ে বড় বাধা হ'ল শিবির এলাকার জমিগুলি অধিগ্রহণ সম্পর্কে পদ্ধতিগত বিলম্ব। চলতি বছরে এইরকম দর্শটি প্রাক্তন শিবির এলাকার পুনর্বাসনের কাজ প্রায় সম্পন্ন করা হয়েছে। প্রাক্তন শিবির এলাকায় কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রকেরই কিছু কিছু জমি আছে। আমাদের বার বার অনুরোধ সত্ত্বেও এইসব জমি আমাদের কাছে হস্তান্তর করা হয় নি। বর্তমানে বিভিন্ন প্রাক্তন শিবির এলাকায় ৬২৯ একর জমির অধিগ্রহণের কাজ বিভিন্ন পর্যায়ে আছে। আশা করা যাচ্ছে যে, অনেক জমির আইন মাফিক দখল নেওয়া শীঘ্রই সম্ভব হবে।

৬। চলতি বছরে এ পর্যন্ত বিভিন্ন সরকারী সদনের ৮৭৫টি পরিবারকে পুনর্বাসন দেওয়া হয়েছে। ১,০০০ পরিবারকে পুনর্বাসন দেবার যে লক্ষ্যসীমা ছিল তা' চলতি আর্থিক বছরের মধ্যেই পূর্ণ হবে আশা করা যায়। আগামী আর্থিক বছরে ১,৫০০ সদনবাসী পরিবারের পুনর্বাসনের ব্যবস্থা করা সম্ভব হবে আশা করছি।

গত বাজেট অধিবেশনে আমি বলেছিলাম যে, যে-সমস্ত সদনবাসী পরিবার পুনর্বাসনযোগ্য নন তাঁদের জন্য ৬/৭টি স্থায়ী আবাস তৈরির প্রস্তাব আছে। ভারত সরকারের কাছ থেকে এই প্রস্তাবের অনুমোদন এখনও পাওয়া যায় নি।

এখন সদনবাসীদের মাথাপিছু মাসিক খরচ বাবত ৩৫ টাকা বরাদ্দ করা আছে। বর্তমান বাজার দরের তুলনায় এই বরাদ্দ নিতান্ত অপ্রতুল: এই বরাদ্দের সীমার ভিতরে সদনবাসীদের জন্য অত্যাবশ্যক সর্বকিছু করা মোটেই সম্ভব নয়। কাজেই এই বিষয়টি পুনর্বিবেচনার জন্য আমরা সমীক্ষা সমিতিকে অনুরোধ জানিয়েছিলাম। সমিতি আমাদের যুক্তি মেনে নিয়ে শুধু খাদ্য এবং বস্ত্রের জন্য বরাদ্দের সীমারেখা বাড়িয়ে মাথাপিছু মাসিক ৪৬ টাকা করার জন্য সুপারিশ করেছেন; শিক্ষা, চিকিৎসা, রোগ প্রতিষেধক, পরিচ্ছন্নতা এবং প্রশাসনিক খাতে খরচ বাবত পৃথক বরাদ্দের কথাও বলেছেন।

এযাবৎ আমার দপ্তরের অধীনস্থ ৪টি উৎপাদন কেন্দ্রের উৎপাদন-ক্ষমতা পুরোপুরি সদ্ব্যবহার করা সম্ভব হ'ত না; উৎপন্ন দ্রব্যগুলির চাহিদার অভাব এবং কাঁচা মাল সরবরাহের অনিশ্চয়তার জন্যই এই অবস্থার সৃষ্টি হয়েছিল। এই কেন্দ্রগুলি পুনর্গঠিত করা হয়েছে। অতীতের বাধাবিপত্তি ও অসুবিধা থেকে মুক্ত হয়ে উন্নতধরনের সংস্থা হিসেবে কেন্দ্রগুলি যাতে পরিচালিত হতে পারে সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে। পুনর্গঠনের ফলে ইতিমধ্যেই আশানুরূপ ফল পাওয়া গেছে।

৭। দক্ষিণ কলকাতার রবীন্দ্র সরোবরের আশেপাশে কেন্দ্রীয় সরকারের জমিতে বসবাসকারী ১,৫৯৪টি পরিবারের মধ্যে ১,১৪২টি পরিবারকে কলকাতার নিকটবর্তী বিভিন্ন উপনিবেশে পুনর্বাসন দেওয়া হয়েছে। বাকী ৪৫২টি পরিবারের সঙ্গে আরো ৬৮টি পরিবার যুক্ত হয়। তাঁদের সকলের পুনর্বাসনের জন্য পরিবার পিছু ৩,৮৫০ টাকা মঞ্জুর করা হয়েছে; কিন্তু এই পরিবারগুলি কলকাতার বাইরে যেতে রাজি নন। বায়নানামার মাধ্যমে কলকাতার শহরতলীতে জমি পাওয়া গেলে—যার জন্য চেষ্টা চলছে—তাঁদের পুনর্বাসন ত্বরান্বিত করা সম্ভব হবে।

এখনও কলকাতা শহরে ৪টি বাড়ি ও একটি জমিতে ৩৩৮টি উদ্বাস্তু পরিবার বসবাস করছেন। এঁদের জন্যে সরকারকে প্রতি মাসে ভাড়া দিতে হয়। এঁদের ১১৭টি পরিবারকে শহরের উপকণ্ঠে বনহুগলী উপনিবেশে স্থায়ী পুনর্বাসন দেবার ব্যবস্থা আমরা করেছিলাম। কিন্তু আমাদের সে প্রচেষ্টা সফল হয় নি। দুটি বাড়ির অধিবাসীদের স্বস্থানেই পুনর্বসতি দেবার প্রাথমিক ব্যবস্থা নেওয়া হয়েছে। আর ২টি বাড়ির বাসিন্দারা অন্যত্র যেতে রাজী ন'ন।

৮। চলতি বছরে জবরদখল উপনিবেশগুলিতে বসবাসকারী ১,৫০০ পরিবারকে যথাযথ অনুমোদন-পত্র দান ক'রে বৈধীকরণ করা হয়েছে। আরো ৪,৫০০ পরিবারের বৈধীকরণ বাকী আছে; তবে এই পরিবারগুলির অধিকাংশই আইনসিদ্ধ নির্দিষ্ট তারিখের পরে জমি দখল করেছেন। ১৯৫০ সালের ৩১শে ডিসেম্বরের পূর্বে যে সমস্ত জবরদখল উপনিবেশের পত্তন হয়েছিল শুধু সেগুলিই বৈধীকরণ যোগ্য। তারপরে যে সমস্ত জবরদখল উপনিবেশের পত্তন হয়েছে তার একটি তালিকা আমরা তৈরি করেছি—তাদের সংখ্যা ৮৭। এই উপনিবেশগুলিও বৈধীকরণের জন্য আমরা কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব পাঠাতে মনস্থ করেছি।

ইতিমধ্যে সরকারী উদ্যোগে প্রতিষ্ঠিত বিভিন্ন উপনিবেশের জমি দখলকারী ৮,৭০০ পরিবারকে বৈধীকরণের জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে। এই বৈধীকরণ ইতিমধ্যেই সুসম্পন্ন হয়ে যেত, কিন্তু এর জন্য প্রয়োজনীয় সংখ্যক কানুনগো, সারভেয়ার ও আমিন শ্রেণীর কর্মচারীর অভাব থাকায় তা সম্ভব হয় নি। ঐ শ্রেণীর কর্মচারী নিয়োগের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

৯। ভারতীয় ছিটমহল থেকে উত্তর বাংলায় আগত ১,১৫০ জন শরণার্থীর মধ্যে ২০০ জনকে ইতিমধ্যে পুনর্বাসন দেওয়া হয়েছে। আরও ২০০ জনকে চলতি বছরের মধ্যেই পুনর্বাসন দেওয়া হবে। বাকী ৭৫০ জনকে আগামী আর্থিক বছরের মধ্যেই পুনর্বাসন দেওয়া সম্ভব হবে আশা করি।

১০। চলতি বছরে পুরনো উদ্বাস্তুদের সন্তানসন্ততির শিক্ষা বাবত এক কোটি ৭৫ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে; এই টাকার বেশীর ভাগই রাজ্যসরকারের তহবিল থেকে দেওয়া হয়েছে। নতুন শরণার্থীদের সন্তানসন্ততির জন্য ব্যয় হয়েছে ৬ লক্ষ ৫০ হাজার টাকা। কেমন ক'রে নতুন শরণার্থীদের সনাক্ত করা হবে সেই সম্পর্কিত নীতিগত প্রতিবন্ধকের দরুণ এর বেশী অর্থব্যয় করা সম্ভব হয় নি। সম্প্রতি এই প্রতিবন্ধকটি দূর করা হয়েছে, ফলে আশা করা যায় যে চলতি আর্থিক বছরের মধ্যে শিক্ষা খাতে আরও ৩৫ লক্ষ টাকা ব্যয় করা সম্ভব হবে। আগামী বছরে পুরনো উদ্বাস্তুদের সন্তানসন্ততির শিক্ষার জন্য ২ কোটি ৬১ লক্ষ টাকা এবং নতুন শরণার্থীদের সন্তানসন্ততিদের শিক্ষার জন্য ১ কোটি ১৩ লক্ষ টাকা ব্যয় করা হবে। এর মধ্যে ২ কোটি টাকা দেওয়া হবে রাজ্য সরকারের তহবিল থেকে।

১১। গত বছরের সেপ্টেম্বর মাস পর্যন্ত উদ্বাস্তুদের চিকিৎসা বাবত ব্যয় হয়েছে ৮ লক্ষ ৭৯ হাজার টাকা। পরবর্তীকালে যা খরচ হয়েছে এবং যা হবে তার হিসাব ১৭ লক্ষ টাকার কিছু বেশী; অর্থাৎ চিকিৎসা খাতে মোট ব্যয় ২৬ লক্ষ টাকা। মোটামুট হিসাব অনুসারে আগামী বছর চিকিৎসা খাতে ৬৬ লক্ষ ৪০ হাজার টাকা ব্যয় করার সংকল্প আছে।

[4-00—4-10 p.m.]

১২। বাংলাদেশ থেকে শরণার্থীদের জন্য যে বিপুল পরিমাণ অর্থ (আনুমানিক ৮৫ কোটি টাকা) ব্যয়িত হয়েছিল তার হিসাব-নিকাশের কাজ অনেকখানি এগিয়ে গেছে। ১৯৭১-৭২ সালের হিসাবের সম্পূর্ণটা এবং ১৯৭২-৭৩ সালের হিসাবের প্রায় অর্ধেক তৈরি হয়েছে। হিসাবের আভ্যন্তরীণ পরীক্ষার প্রথম দফার কাজ শেষ হয়েছে, দ্বিতীয় দফার কাজ শীঘ্রই শুরু হবে।

১৩। প্রশাসনিক দক্ষতার উন্নতির জন্য পুনর্বাসন বিভাগের সদর দপ্তর ও জেলা দপ্তরগুলির বিভিন্ন স্তরের কর্মচারীদের কর্মস্থলের রদবদল করা হয়েছে। সদর দপ্তরের বিভিন্ন বিভাগ পুনর্বিন্যাস করা হচ্ছে যাতে দৈনন্দিন কাজকর্ম সুষ্ঠু ও ত্বরান্বিত হ'তে পারে। তা ছাড়া, কঠোর হাতে দুর্নীতি দমনের জন্যও নানারকম ব্যবস্থা নেওয়া হয়েছে। একটি গুরুত্বপূর্ণ ক্ষেত্রে অনুসন্ধানের জন্য হাইকোর্টের একজন অবসরপ্রাপ্ত বিচারপতিকে নিয়ে তদন্ত কমিশন গঠিত হয়েছে।

১৪। ১৯৭১-৭২ সালে উদ্বাস্তু পুনর্বাসন খাতে মোট ব্যয় হয়েছিল ৫ কোটি ৬১ লক্ষ টাকা। ১৯৭০-৭১ সালে মোট ব্যয় হয়েছিল ৭ কোটি ৯ লক্ষ টাকা, ১৯৬৯-৭০ সালে ৪ কোটি ৯৮ লক্ষ টাকা এবং ১৯৬৮-৬৯ সালে ৫ কোটি ১৬ লক্ষ টাকা। আমাদের জেলা অফিসগুলির অধিকাংশই এখনও বাংলাদেশের শরণার্থীদের সাহায্য সংক্রান্ত অবশিষ্ট কাজ নিয়ে ব্যস্ত আছে, তবুও এ পর্যন্ত যতখানি হিসাব পাওয়া গেছে তাতে দেখা যায় যে, গত বছরের সেপ্টেম্বর মাস পর্যন্ত পুনর্বাসনের কাজে ২ কোটি ৭২ লক্ষ টাকা ব্যয় হয়েছে। আশা করছি চলতি আর্থিক বছর শেষ হবার আগে ৬ কোটি ৬৬ লক্ষ টাকা ব্যয় হবে। এতে বোঝা যাচ্ছে যে, মঞ্জুরীকৃত অর্থ ব্যয়ের কাজ দ্রুততর হয়েছে। কিন্তু সমস্যা এই যে, আমাদের পরিকল্পনাগুলি চুলচেরা বিচার ক'রে রূপায়ণের জন্য অর্থমঞ্জুর করতে ভারত সরকার অত্যন্ত দেরী করেন, এবং তার ফলে মঞ্জুরীকৃত অর্থ আমাদের হাতে এসে পেঁছিবার আগেই জিনিসপত্রের মূল্যমান অনেক বৃদ্ধি পায়। তখন ঐ পরিকল্পনাগুলি রূপায়ণ করা কষ্টসাধ্য হয়ে ওঠে। তা ছাড়া, সমীক্ষা সমিতির সুপারিশ করা প্রস্তাব ও ভারত সরকারের নির্দেশনামার মধ্যে অনেক পার্থক্য থাকে, যার ফলে পরিকল্পনাগুলি সুষ্ঠুভাবে রূপায়িত করা সম্ভব হয় না।

১৫। উদ্বাস্তু পুনর্বাসনের দুরূহ সমস্যাগুলি কালে কালে জটিল থেকে জটিলতর হয়ে উঠেছে। কী কারণে এইসব জটিলতার সৃষ্টি হয়েছে আজ তার উল্লেখ বা ব্যাখ্যা করতে চাই না। তবে এইটুকু আশ্বাস আমি দিতে পারি যে, সমস্যা যতই জটিল হোক না কেন তার দ্রুত ও সন্তোষজনক সমাধানের জন্য কোনরকম প্রচেষ্টাই বাকী রাখা হবে না।

এই পর্বতপ্রমাণ কঠিন কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য আমি সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করি। আমার দেশবাসীর কাছে আবেদন জানাই যে, তাঁরা যেন জীবনের কোন ক্ষেত্রেই স্থানীয় অধিবাসী এবং উদ্বাস্তুদের মধ্যে কোনরকম প্রভেদ না রাখেন, কারণ আমাদের মাতৃভাষাই শুধু এক নয়, আমরা সবাই একই ইতিহাস, একই কৃষ্টি এবং একই ঐতিহ্যের অধিকারী। তা ছাড়া, ভারতের স্বাধীনতা সংগ্রামে আজকের এই উদ্বাস্তু ভাই-বোনদের বা তাঁদের পিতৃপুরুষের অকুণ্ঠ ত্যাগ স্বীকারের তুলনা নেই। পশ্চিমবাংলার আর্থিক ও সাংস্কৃতিক উন্নয়নের কাজেও তাঁদের বিপুল অবদান অনস্বীকার্য। উদ্বাস্তু ভাই-বোনদের কাছেও আমি আবেদন জানাই যে, তাঁদের সমস্যাগুলির চিরকালের জন্য সমাধানের কাজে তাঁরা যেন এগিয়ে আসেন এবং বলিষ্ঠ হাতে সরকারকে সাহায্য করেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্যের পরিশেষে আপনার মাধ্যমে মাননীয় সদস্যবৃন্দকে ১৯৭৩-৭৪ সালের ব্যয়বরাদ্দের দাবি মঞ্জুরি করতে অনুরোধ জানাচ্ছি।

Mr. Speaker: All the cut motions are in order and taken as moved. I call upon Shri Timir Baran Bhaduri.

Shri Timir Baran Bhaduri: That the amount of the demand be reduced to Re.1.

Shri Timir Baran Bhaduri: That the amount of the demand be reduced by Rs.100.

শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছুক্ষণ আগে পুনর্বাসন মন্ত্রিমহাশয় ১৯৭৩-৭৪ সালের যে ব্যয়বরাদ্দের প্রস্তাব রাখলেন তাতে দেখলাম তিনি আকারে ইঙ্গিতে স্বীকার করেছেন যে, কেন্দ্রীয় সরকারের কাছে বহু আবেদন-নিবেদন ক'রে আমরা পশ্চিমবঙ্গ সরকার ঠিকমত টাকা পয়সা না পাওয়ার জন্য প্রকল্পগুলি ঠিকমত পরিচালনা করা যাচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই পশ্চিমবঙ্গে উদ্বাস্তু ভাইরা দীর্ঘ ২৫ বছর ধ'রে বসবাস করছে, তাদের সম্বন্ধে আজ পর্যন্ত সঠিক কোন পরিকল্পনা বা প্রতিচ্ছবি পশ্চিমবঙ্গ সরকার জনসাধারণের কাছে তুলে ধরতে পারেন নি। ভারতের জাতীয় নেতৃবৃন্দ ঘোষণা করেছিলেন ভারতবর্ষ যেদিন ভাগ হ'ল সেদিন যে, পশ্চিমবঙ্গের উদ্বাস্তুদের সমস্ত সমস্যা, সমস্ত দায়-দায়িত্ব আমরা ভারতবাসী গ্রহণ করব। কিন্তু বড় দুঃখ পরিতাপের বিষয় যে, পশ্চিমবঙ্গের উদ্বাস্তু কলোনীর দিকে তাকালে দেখা যায়, তাদের সমস্যা সমাধানের কোন ছবি এই সরকার এঁকে দিতে পারেন নি।

পশ্চিম পাকিস্তানের উদ্বাস্তুদের সঙ্গে যদি আমরা পূর্ববঙ্গের উদ্বাস্তুদের তুলনামূলক-ভাবে দেখি তা হ'লে কি ধরনের ছবি দেখতে পাচ্ছি? আমরা দেখতে পাচ্ছি, পশ্চিম পাকিস্তানের উদ্বাস্তদের জন্য কেন্দ্রীয় সরকার অর্থ বরাদ্দ করেছেন, আর পূর্ববাংলার রিফিউজি ভাইরা আজ পর্যন্ত তাদের ঘরবাড়ি, বসতবাটি পায় নি, ছেলেমেয়েদের লেখাপড়ার সুযোগ পায় নি, চাকুরি-বাকরি পায় নি। রানাঘাট, কুপার্স ক্যাম্প, ধুবুলিয়া ক্যাম্পের দিকে যদি তাকাই, তা হ'লে দেখি সরকার আজকে ৩ বছর হ'ল তাদের রেশনের বরাদ্দ অর্ধেক কমিয়েছেন। তারপর আমরা দেখছি, ক্লাস নাইন, টেন, ইলেভেন-এর ছেলেদের যে সমস্ত টাকা, পরীক্ষার টাকা-পয়সা সাহায্য দেওয়া হ'ত এডুকেসন ফি, বুক গ্রান্ট দেওয়া হ'ত সেগুলি বন্ধ করা হয়েছে। ছোট ছোট রিফিউজি ভাইদের দেখি চায়ের দোকানে ৫/১০ টাকা মাইনেতে কাজ করছে। শিয়ালদহ স্টেশনে ভিক্ষার ঝুলি নিয়ে বসে রয়েছে। এই হ'ল পশ্চিমবাংলার রিফিউজি ভাইদের ছবি।

আমরা যদি পশ্চিম পাকিস্তানের রিফিউজিদের সঙ্গে পূর্ববঙ্গের রিফিউজিদের তুলনামূলকভাবে দেখি, তা হ'লে দেখব কি বিভৎস ছবি, কি চক্রান্ত চলেছে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি শুনলে অবাক হবেন কেরালা, পন্ডিচেরী, তামিলনাড়ু, মাদ্রাজ এবং পাঞ্জাবে দেখা গেছে যেসমস্ত মুসলমান ভাইরা পাকিস্তানে চলে গেছে তাদের প্রপার্টিও পশ্চিম পাকিস্তান থেকে যে সমস্ত রিফিউজিরা এসেছে তাদের কাছে বন্দোবস্ত দেওয়া হয়েছে। আমি তার একটা হিসেব আপনার কাছে রাখছি। ৬০ লক্ষ একর উৎকৃষ্ট জমি পশ্চিম পাকিস্তানের রিফিউজিদের মধ্যে বন্দোবস্ত দেওয়া হয়েছে। ৭ লক্ষ বাস্তু বাড়ি বন্দোবস্ত দেওয়া হয়েছে, ৩ লক্ষ ৫ হাজার দোকানপাট, বাজার, বস্তি ওই পশ্চিম পাকিস্তানের শরণার্থীদের জন্য দেওয়া হয়েছে। আর ভারত সরকার ২ লক্ষ ২১ হাজার ৮১০টি দোকান নির্মাণ করেছেন। ভারত সরকারের হিসেবে রয়েছে ১৯টি সুন্দর শহর করা হয়েছে। দিল্লী মহানগরীতে দেখেছি ৬৩ কোটি টাকা ব্যয় ক'রে সেখানে মহানগরী করা হয়েছে এবং প্রচুর টাকা ব্যয় ক'রে বাজার ক'রে দেওয়া হয়েছে। পশ্চিম পাকিস্তান থেকে যে সমস্ত উদ্বাস্তু ভাইরা তাদের যে সমস্ত ব্যাঙ্ক লোন এবং গ্রাচুইটি ছিল সেই সমস্ত কিছু কেন্দ্রীয় সরকার পেডআপ করেছে। পূর্ববাংলার রিফিউজিদের সঙ্গে যদি তুলনা করি, তা হ'লে দেখব কো-অপারেটিভ গ্রান্ট লোন, ইভেন আসাম কো-অপারেটিভ সোসাইটি যেটা ছিল তাদের যে সমস্ত টাকা লগ্নী করা ছিল তার জন্য কোন ক্ষতিপূরণ দেওয়া হয় নি। শুধু তাই নয়, ব্যাঙ্কে যে সমস্ত টাকা জমান ছিল সেই টাকা, গ্রাচুইটি, পাটকল এবং অন্যান্য কলের শ্রমিকদের যে সমস্ত পাওনা ছিল তাও পরিশোধ করা হয় নি--সেই সমস্ত হিসেব আমরা দেখতে পাচ্ছি। কেন্দ্রীয় সরকার ঘোষণা করছেন, পূর্ববাংলার রিফিউজিরা দাঁড়াতে পারে না, নিজেদের অধিকার গ্রহণ করতে পারে না। দন্ডকারণ্য কলোনীর কথা প্রথমে বললেন ৬০ হাজার রিফিউজিকে সেখানে পুনর্বাসন দেওয়া হবে পরে কেন্দ্রীয় সরকার ঘোষণা করেছিলেন যে, না তা

[4-10—4-20 p.m.]

দেওয়া সম্ভব নয়, মাত্র ১২ হাজার রিফিউজি পরিবারকে পুনর্বাসন দেওয়া হবে। অথচ তারা প্রচার করেন যে, আমাদের রিফিউজি ভাইয়েরা নাকি যেতে চান না। কিন্তু সেখানে কি পরিবেশ, তারা বলেছিল কেন্দ্রীয় সরকারের কাছে যে, তুমি আমাদের স্বায়ত্বশাসনের অধিকার দাও, তুমি আমাদের সমস্ত কিছু অধিকার দাও, তা হ'লে নিশ্চয়ই রিফিউজি ভাইয়েরা যাবে, কিন্তু বড়ই দুঃখের বিষয় আজ পর্যন্ত তা দেওয়া হ'ল না। রিফিউজি ভাইয়েরা তারা কোন আস্থা পান নি, তারা কেন জোর পান নি, যে তারা গেলে তারা রাজনৈতিক অধিকার পাবেন, তারা অর্থনৈতিক অধিকার পাবেন। আজকে পশ্চিমবাংলার প্রতিটি নাগরিকের সেই চিন্তা। আজকে আমরা দেখছি, আসামে কিভাবে বাঙ্গালীরা মার খাচ্ছে, উড়িয্যাতে সেদিন দেখলাম কিভাবে বাঙ্গালীরা মার খাচ্ছে, আমি বলছি কি ভরসায় সেখানে তাদের নিয়ে যাবেন। দন্ডকারণ্যের কথা বলা হয়, দন্ডকারণ্যের একটা হিসাব আমি দিই, সেখানে আপনারা বলেন যে, রিফিউজি ভাইয়েরা সেখানে যেতে চান না। পার্লামেন্টের এস্টিমেট কমিটি তারা যে হিসাব দিয়েছেন সেই হিসাবে আমরা দেখি তারা বলেছেন যে, উপযুক্ত পরিমাণে সরকারী কর্মচারী এবং টেকনিক্যাল ম্যান উপযুক্ত পরিমাণে না পাবার জন্য দন্ডকারণ্যের রিফিউজি পরিকল্পনা ব্যর্থ হয়েছে, অথচ দুর্ভাগ্যের বিষয় পশ্চিমবাংলার রিফিউজি ভাইদের উপর দোষ দেওয়া হয়। কেন্দ্রীয় সরকার একদিকে ঐক্যের কথা বলেন, তখন অন্যদিকে দেখি পশ্চিম পাকিস্তানের রিফিউজিদের সঙ্গে কি ধরনের ব্যবহার করা হয়েছে আর পূর্ববঙ্গের রিফিউজি ভাইদের সঙ্গে কি ধরনের ব্যবহার করা হয়েছে। বড়ই দুঃখের বিষয়, কলকাতা মহানগরীর আশেপাশের দিকে তাকালে আমরা দেখি আজ পর্যন্ত যে সমস্ত জবরদখল কলোনী মহানগরীকে কেন্দ্র ক'রে এবং পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে যে সমস্ত জবরদখল কলোনী গ'ড়ে উঠেছে এখন পর্যন্ত তাদের কোন দখলনামা দেওয়া হয় নি। আমরা দেখতে পাই টালিগঞ্জে এবং যাদবপুর এলাকায় এবং মুর্শিদাবাদ অঞ্চলে এবং নদীয়া অঞ্চলে যারা জবরদখল করেছিল এবং ১৯৫০ সালে যেহেতু ঐ কলোনীগুলি গ'ড়ে উঠে নি, সেখানে বলা হচ্ছে সরকারী দপ্তর থেকে কিছু করা সম্ভব নয়। যেহেতু ১৯৫০ সালের পর ঐ কলোনীগুলি গ'ড়ে উঠেছে, সুতরাং সরকার থেকে তাদের রিকগনাইজ করা হবে না। কিন্তু পশ্চিম পাকিস্তানে ১৯৫৭ সালের পর যেসমস্ত কলোনী গ'ড়ে উঠেছিল সেগুলি হুকুমনামা দেওয়া হয়েছে

এবং দখলী স্বত্ব দেওয়া হয়েছে। তাদের লোন দেওয়া হয়েছে এবং গ্রান্ট দেওয়া হয়েছে। আর ১৯৫০ সালের পর যে সমস্ত রিফিউজি ভাইয়েরা এসেছিল তাদের আমাদের সরকার কোন ভরসা দিতে পারেন নি। সেজন্য আমরা দেখতে পাচ্ছি যে, ১৯৫০ সালের পর হাজার হাজার রিফিউজি শিয়ালদা স্টেশনে এবং কলকাতা মহানগরীর রাস্তার ধারে প'ড়ে আছে। কোথায়ও তাদের নিয়ে যাওয়ার কোন ব্যবস্থা বা সুষ্ঠু পরিকল্পনা করা হয় নি যেহেতু তারা ১৯৫০ সালের পর এখানে এসেছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে আমি জিজ্ঞাসা করছি এবং মাননীয় সদস্যদের কাছে রাখছি যে যে সমস্ত স্বীকৃত কলোনী আছে তাদের পুনর্বাসন দেওয়ার চেষ্টা সরকার করেছেন যেমন টালিগঞ্জে বিদ্যাসাগর কলোনী, সেখানে ৩০০ পরিবার বাস করে। এইরূপ স্বীকৃত কলোনীগুলিকে আজ পর্যন্ত হুকুমনামা বা দখলীস্বত্ত্বের কাগজ দেওয়া হয় নি। যাদবপুরে আমরা দেখেছি সেখানে যেসব কলোনী আছে, যারা ল্যান্ড হোল্ডার বা প্ট হোল্ডার, যাঁরা টাকা দিয়েছিলেন—অজকে ৮/১০ বছর হয়ে গেল তাদের সঙ্গে কোন রকম বন্দোবস্ত করা হয় নি। তারপর আমরা দেখতে পাই কুপার্স ক্যাম্পে সেখানকার ছেলেমেয়েদের এডুকেশনের জন্য যে সমস্ত টিউশন ফি দেওয়া হ'ত বা বুক গ্রান্টের জন্য টাকা দেওয়া হ'ত তা বন্ধ করে দেওয়া হয়েছে। কুপার্স ক্যাম্পের বিধ্বস্ত ছবি আমরা দেখি, সেখানে ২০ বছর আগে যে সমস্ত কুঁড়ে ঘর তৈরি করা হয়েছিল তা আর পুনর্নির্মাণ হয় নি। তার ফলে বর্ষা কালে তারা বৃষ্টির মধ্যে বসবাস করছে এবং অধিকাংশ যক্ষ্মা রোগে আক্রান্ত। এই হচ্ছে এই সরকারের পুনর্বাসনের নজীর। একদিকে বলছেন টাকা নাই আর একদিকে দেখছি ক্যামাক স্ট্রীটে বিরলার বাড়ি ভাড়া নেওয়া হচ্ছে ৫৫ হাজার টাকায় এবং সেখানে ত্রাণ দপ্তর খোলার বন্দোবস্ত করা হচ্ছে। আজ আর ব্যয় করা হচ্ছে উবাস্তু দপ্তরের বড় বড় আমলাদের ঘর সাজাবার জন্য। এই পুনর্বাসন দপ্তরের বেশীর ভাগ টাকা ব্যয় করা হবে ঐভাবে। আমরা দেখেছি হাওড়া হুগলীতে যেসমস্ত প্রডাকশন সেন্টার আছে সেই সমস্ত প্রডাকশন সেন্টারে ৭০/৮০ জন অনাথা স্বামীহারা পুত্রহারা যে সমস্ত মা আছেন সেই সমস্ত পরিবারের জন্য স্বর্গত বিধানচন্দ্র রায় এদের পুনর্বাসনের ব্যবস্থা করেছিলেন এবং সেখানে অ্যালুমিনিয়ামের ঘর তাদের দিয়েছিলেন, কিন্তু তা থেকে আজ তাদের বঞ্চিত করা হচ্ছে। একটি মহিলা, আমি জানি, তিনি আমার কাছে দুঃখ করে বলেছিলেন, যেহেতু আমার কোন ছেলে নেই সেহেতু আমাকে ঘর থেকে বের ক'রে দেওয়া হয়েছে। সেখানে একাকিনীর জন্য কোন ব্যবস্থা নেই। এ কি যুক্তি? সেই অনাথ মহিলা তার যে অভিশাপ তা আপনাদের গায়ে গিয়ে লাগবে। আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, বলি যে তার এই অভিশাপের জন্য আপনারাই দায়ী। কারণ আপনারাই তাদের কাছে প্রতিশ্রুতি দিয়েছিলেন নির্বাচনের আগে যে যারা এই সমস্ত জমি জবরদখল ক'রে বসে আছে, ৫ কাঠাই হোক, এক কাঠাই হোক, অল্প মূল্যে সেই জমিগুলি তাদের বন্দোবস্ত দিয়ে দেবেন। তারা আশা ক'রে আপনাদের নির্বাচিত করেছিলেন। কিন্তু কোথায় আপনাদের সেই হুকুমনামা? এটা ধাপ্পাবাজী ছাড়া আর কিছুই নয়। অধ্যক্ষ মহাশয়, বড়ই পরিতাপের বিষয় আমরা রাস্তা ঘরবাড়িতে ঢুকে ঢুকে সমস্ত কালেকশন করেছি যে, সমস্ত বাংলাদেশ থেকে রিফিউজি এসেছিল, শরণার্থী এসেছিল, তাতে দেখেছি যে, সেখানে ৭ বছরের ৮ বছরের হিসাব পাওয়া যায় না, আমরা দেখেছি সেখানে লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা আত্মসাৎ করা হয়েছে। আপনারা হয়ত বলবেন যে, দেখুন আমরা বি বি মন্ডলকে সাসপেন্ড করেছি, কিভাবে তার চাকরি গিয়েছে, কিন্তু এই কারচুপির পিছনে শুধু বি বি মন্ডলের গায়ে হাত দেওয়ার আগে দেখতে হবে যে এর সঙ্গে আরো কে কে যুক্ত আছে এবং তাদেরও ঐভাবে ব্যবস্থা করা উচিত এবং সেই ষড়যন্ত্রের ভিতর সরকারের কোন লোক আছে কিনা দেখা উচিত। শুধু বি বি মন্ডল কেন, সেখানে যেসব শিবির কর্মচারী ছিল তারা ইভাকুইজদের জন্য যে সমস্ত লেপ, কম্বল দেওয়া হয়েছিল তা আত্মসাৎ করেছে এবং যার ফলে শিবিরবাসীরা একটি কম্বলও পায় নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বেলডাঙ্গায় রেজিনগরে একটা ক্যাম্প হয়েছিল সেখানে আমরা এটা হিসাব ক'রে দেখেছি। সেখানে একটি লোক পুকুরে মাছ ধরতে গিয়েছিল এবং সে যখন জাল ফেলে তখন তার জালে প্রায় ১০ টিন সরিষার তেল উঠে এলো। সে বললো, বাবু, আমি মাছ না পেলে কি হবে তার বদলে এই তেল

পেলাম। সেখানে এই সমস্ত অসাধু লোকরা রাতের অন্ধকারে ঐ তেল জলে ডুবিয়ে রেখেছিল যাতে পরে তা বাজারে বিক্রি করতে পারে। তার সঙ্গে আমলাতন্ত্রের কিছু লোক এবং ঐ পক্ষের কিছু সদস্য জড়িত ছিল। (হট্টগোল) আমরা জানি এই সমস্ত জিনিস চলছে। জলঙ্গী ইভাকুই ক্যাম্পে এই সব কারচুপি চলেছিল। সেখানে একটি পয়সাও তারা পায় নি। (হট্টগোল) একথা শুনে তাঁদের গায়ে চুলবুলি আরম্ভ হয়ে গিয়েছে। আমি সমস্ত দায়িত্ব নিয়েই একথা বলছি এবং যদি নাম চান তাও নিশ্চয়ই বলবো। (হট্টগোল) আজকে আমরা মাত্র তিনজন এসেছি এবং তাতেই দেখতে পাচ্ছি যে, রোগের ওষুধ পড়েছে। (হট্টগোল) ওষুধ ঠিকমত দেওয়া হয়েছে দাওয়াইখানায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর পুরানো কাসুন্দি ঘাটতে চাই না। মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অনুরোধ যে, তিনি কলিকাতা মহানগরী ছাড়াও সাধারণ লোকের কাছে ঘোষণা করেছিলেন যে, তাদের জমি দেওয়া হবে ইকনমিক্যালি কিন্তু তা হয় নি। তাদের ঘর করার জন্য সামান্য কিছু টাকা দেওয়া হয়েছে, ১০—২০—১০০ টাকা লোন দেওয়া

[4-20—4-30 p.m.]

হয়েছে। তাও প্রয়োজনের তুলনায় অনেক নগণ্য। গত পরশু আসার সময় দেখে এসেছি সন্তোষপুর কলোনীর যে সমস্ত এলাকা ডুবে গিয়েছিল তারা এখন স্টেশনে নূতন ক'রে উদ্বাস্তু হয়ে বসে আছে। ব্যান্ডেল স্টেশনেও সেই অবস্থা। আমি বেশী সময় নেব না, দুটো সত্য কথা বললে আপনারা চুড়বুড়ি আরম্ভ করবেন। আমি মন্ত্রিমহাশয়ের নিকট আবেদন করছি, পশ্চিমবাংলার উদ্বাস্তু ভাইদের যাতে অতি সত্বর পুণর্বাসন হয় এবং কেন্দ্রীয় সরকারের যে বিমাতৃসুলভ আচরণ তার বিরুদ্ধে এই সভা হতে প্রতিবাদ করুন। নিশ্চয়ই উদ্বাস্তু এলাকা হতে যে সমস্ত সদস্য এসেছেন তাঁরা আমার সাথে একমত হবেন। আমাদের এটা ন্যায্য দাবি এবং এ দাবি আদায় করতে হবে। কেন্দ্রীয় সরকারের বিমাতৃসুলভ আচরণ সহ্য করা হবে না। এই হুংকার কেন্দ্রীয় সরকারকে দেওয়া দরকার। এই ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি এবং আমি আমার মোশন মুভ করছি।

শ্রীঅসমঞ্জ দেঃ মাননীয় স্পীকার, স্যার, তিমিরবাবু হুঙ্কার, তর্জন-গর্জন অনেক কিছু ছেড়ে তাঁর বক্তৃতা শেষ করলেন। তবুও তাঁদের ধ্বনি পশ্চিমবাংলার কোন মানুষের কানে গিয়ে পোঁছাল না। সেটা দুর্ভাগ্য, দুঃখ ও পরিতাপের বিষয়। সুদূর দিল্লীর মসনদে বসা লোক-সভার নেত্রী ইন্দিরা গান্ধীর কানে গিয়ে পোঁছাবার জন্য যে জনসাধারণের সাহায্য, সহানুভূতি, সহযোগিতা এবং আশীর্বাদ প্রয়োজন সেইটার জন্য তিমিরবাবুকে আহ্বান জানিয়ে আমি আমার বক্তব্য শুরু করি। আজকে অনারেবল মিনিস্টার ডিম্যান্ড ফর গ্রান্টস নং ৪১ যে প্রস্তাব পেশ করেছেন তার উপর আলোচনায় অংশগ্রহণ করতে গিয়ে আমি আজ প্রথমেই লক্ষ্য করি পশ্চিম-বাংলার বর্তমান ৪½ কোটি মানুষের মধ্যে ১৯৪৬ সাল থেকে শুরু ক'রে যেদিন এই পশ্চিমবাংলার বুকে উদ্বাস্তু আসা শুরু হয়েছিল সেইদিন থেকে আজকে উদ্বাস্তুর সংখ্যা দাঁড়িয়েছে ৫১ লক্ষ। সরকারী হিসাব যদিও ৩১ লক্ষ। কিন্তু তাদের সন্তানসন্ততি হিসাব করলে দেখা যাবে ২·৮ পারসেন্ট রেট-এ গ্রোথ। এইটা নিয়ে সংখ্যা হচ্ছে ৫১ লক্ষ। স্বাধীনতার রজত জয়ন্তী বৎসর উদ্‌যাপিত হচ্ছে তবুও দুঃখের কথা এই ৫১ লক্ষের মধ্যে ২৫ লক্ষের পুনর্বাসন সম্ভব হয়েছে। বাকীদের পুনর্বাসনের জন্য রাজ্যসরকার একটা মাস্টার প্ল্যান তৈয়ারি করেছেন পাঁচ বছরে যার জন্য খরচা হবে ১৪৪ কোটি টাকা। কেন্দ্রীয় সরকারের কাছে এটা পাঠানো হয়েছে। নিশ্চয় কেন্দ্রীয় সরকারের কাছ থেকে দাবি আদায়ের প্রচেষ্টা অভিনন্দনযোগ্য। আমি মনে করি এই কলোসেল প্রবলেম সমাধানের জন্য এই বাজেটে যে টাকা ধরা হয়েছে ১৩ কোটি ৫৫ লক্ষ ৪২ হাজার টাকা সেটা প্রয়োজনের তুলনায় নিতান্তভাবে অকিঞ্চিৎকর এবং নিতান্ত নগণ্য। যদি মনে করি এক্স-ক্যাম্প পরিবারের সংখ্যা ছিল দশ হাজার তার মধ্যে আজকে মাত্র ১,২৪৫টি পরিবারের পুনর্বাসন দেওয়া সম্ভব হয়েছে। এটা নিশ্চয়ই সংখ্যাতত্ত্বের ভিত্তিতে আলোচনা করলে অত্যন্ত নগণ্য। তবে আমি রাজ্যসরকারের একটা প্রস্তাবকে অভিনন্দিত করছি। সেটা হচ্ছে নিম্ন আয়ের লোকদের ক্ষেত্রে যক্ষ্মা রোগীদের ক্ষেত্রে অগ্রাধিকার দিয়ে পুনর্বাসন দেওয়া

এই যে প্রস্তাব এই যে পরিকল্পনা এটা নিশ্চয় অভিনন্দনযোগ্য। তিমিরবাবু যক্ষ্মা রোগী যক্ষ্মা রোগী ব'লে চিৎকার ক'রে বাজার মাত করবার চেষ্টা করেছেন। আমার মনে হয় তিনি এই বাজেটের এই লাইন পড়েন নি ব'লে চিৎকার করেছেন। আমি নদীয়া জেলার নির্বাচিত প্রতিনিধি। এটা রিফিউজি অধ্যুষিত এলাকা—সেখানে ধুবুলিয়া ক্যাম্প আছে, চাকদা ক্যাম্প আছে, রূপশ্রী ক্যাম্প আছে—এই সমস্ত জায়গায় উদ্বাস্তুদের অসহনীয় জীবন ও দুঃখ-দুর্দশার কথা এবং সরকারী সুযোগ-সুবিধা থেকে তাদের বঞ্চিত হওয়ার কথা আমরা বার বার বিধানসভায় বসে মাননীয় মুখ্যমন্ত্রী এবং এই দপ্তরের মন্ত্রীদের কাছে জানিয়েছিলাম। কিন্তু দুঃখের বিষয়, তাদের সেই দুর্বিসহ অবস্থার মধ্যে আজকেও সরকারী নিয়মে দিনের পর দিন কাটাতে হচ্ছে। সেটা আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সেন্ট্রাল গভর্নমেন্ট-এর স্ক্রিনিং এনকোয়ারি কমিটি কয়েক বছর নন-ডোলিং পরিবারগুলির সাহায্য এবং পুনর্বাসনের জন্য সুপারিশ করেছিলেন, কিন্তু এই সুপারিশ সত্ত্বেও আজ পর্যন্ত এক বিরাট অঙ্ক এবং অর্ধেকেরও প্রায় বেশী সাহায্য থেকে বঞ্চিত রয়েছে। আমরা দেখেছিলাম এই পশ্চিমবঙ্গের রিফিউজি রিহ্যাবিলিটেশন ডিরেকটার একটা সার্কুলার দিয়েছিলেন প্রত্যেকটি ডি এম-কে প্রতিটি জেলায় জেলায় এবং সেই সার্কুলারের ভাষা ছিল

Extension of Rehabilitation facilities to the families rendered single due to deaths of their parents and other members.

এই নির্দেশ থাকা সত্ত্বেও সিঙ্গল ইউনিট বহু অংশগুলিকে নদীয়া ক্যাম্পের বহুলাংশে সাহায্য দেওয়া হচ্ছে না। আমাদেরই সরকারী আইনে ক্লাস ৯ ও ১০-এর ছাত্রছাত্রীদের বুক গ্রান্ট দেওয়া হয়। কিন্তু নদীয়ার ধুবুলিয়া ক্যাম্পে, রূপশ্রী ইত্যাদি ক্যাম্পে, কুপার্স ক্যাম্পের উদ্বাস্তুদের বঞ্চিত রাখা হয়েছে। আইনে আছে ম্যারেজ গ্রান্ট দেওয়ার কথা, কিন্তু নদীয়ার উদ্বাস্তু ভাইবোনেরা সেই সুযোগ থেকে বঞ্চিত আছে। এবং সবচেয়ে বড় কথা, মাননীয় স্পীকার মহাশয়, ১৯৬৪ সালের পর যারা মাইগ্রেটেড হয়েছে তারা কোন রকম সাহায্য পাচ্ছে না। সরকার পুনর্বাসনের উদ্দেশ্যে কৃষ্ণনগর ক্যাম্প ও রানাঘাট ক্যাম্পগুলিতে জমি বাবত প্রতি পরিবারকে ২,২৫০ টাকা দিয়ে থাকে। কিন্তু দুঃখের বিষয়, এই ঊর্ধ্বতন সরকারী অফিসাররা জমির মালিকদের সঙ্গে রহস্যজনকভাবে গোপন যোগসাজস করে মাত্র আড়াই কাঠা ক'রে জমি দিয়েছে, যেখানে আড়াই কাঠা জমির বাজার দর ৫০০ টাকা। আমরা দেখেছি ধুবুলিয়া ক্যাম্পে কাপড় দেওয়া হচ্ছে না, পানীয় জল, চিকিৎসা সমস্ত কিছু অব্যবস্থায় রয়েছে। আরও সবচেয়ে বড় কথা যে বাড়িগুলির অবস্থা এমন যে, মেরামতের জন্য সাহায্য না দিলে চরম দুর্ঘটনায় কবলিত হতে পারে। আমি বলতে বাধ্য হচ্ছি যে, এই অবস্থায় ২,২৫০ টাকা দিয়ে পশ্চিমবঙ্গে উদ্বাস্তুদের পুনর্বাসনের নামে নির্বাসন দেওয়া ছাড়া আর কিছুই হচ্ছে না। আমরা দেখেছি পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে দণ্ডকারণ্যের নামে ডোল বন্ধ ক'রে দেওয়া হয়েছে। কিন্তু এই ভারতবর্ষের বুকে আমরা দেখেছি পশ্চিম পাঞ্জাব থেকে পূর্ব পাঞ্জাবে যে উদ্বাস্তু ভাই-বোনেরা এসেছে তাদের প্রকৃত পুনর্বাসনের ব্যবস্থা করা হয়েছে। আর একটা কথা বলতে চাই, বাংলাদেশ থেকে আগত শরণার্থীদের ত্রাণের জন্য যে তাঁবু, কম্বল ও অন্যান্য জিনিসপত্র কেনা হয়েছে তা টেন্ডার ব্যতিরেকে ক্রয় করা হয়েছে। আমরা দেখেছি, পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে একজন বিভাগীয় উচ্চপদস্থ অফিসারকে সাসপেন্ড করা হয়েছে এবং তার মাধ্যমে সরকারের বলিষ্ঠ পদক্ষেপ প্রকাশিত হয়েছে। কিন্তু একথা নিশ্চয় বলতে পারি যে, আরও অনেক ব্যক্তি তার সঙ্গে সংশ্লিষ্ট আছে। তাই আমি এই হাউসের মেম্বার হিসাবে দাবি করেছিলাম যে, এই ব্যাপারে যেখানে ৭৫ লক্ষ টাকা তছরূপ হয়েছে সেখানে সেই সি বি আই-এর রিপোর্ট জনস্বার্থে প্রকাশ করা হোক। আমি আশা করবো, জনস্বার্থ যেখানে জড়িত, লক্ষ লক্ষ টাকা যেখানে তছরূপ হচ্ছে, সেখানে অবিলম্বে জনসাধারণের স্বার্থে, দরিদ্র মানুষের স্বার্থে এই রিপোর্ট প্রকাশ ক'রে আমাদের বিভাগীয় মন্ত্রী সকলের শ্রদ্ধাভাজন হোন ও আগামী দিনে ৫৮ লক্ষ লোকের মধ্যে যে মাত্র ২৫ লক্ষ লোকের পুনর্বাসন দেওয়া সম্ভব হয়েছে—আর বাকী লোককে অর্থনৈতিক পুনর্বাসন দিয়ে আজকে যেমন পাঞ্জাব সরকার করেছে পশ্চিমবঙ্গ সরকারও সেই নজীর প্রতিষ্ঠা ক'রে পশ্চিমবাংলাকে সমাজবাদের পথে এগিয়ে নিয়ে যান।

[4-30—4-40 p.m.]

শ্রীশিবপদ ভট্টাচার্য: মাননীয় স্পীকার মহাশয়, আজকে মাননীয় মন্ত্রিমহাশয়ের বক্তব্য শুনে খুবই হতাশ হয়েছি। গত বাজেটে ওনার বক্তৃতা শুনে একজন বাংলাদেশের উদ্বাস্তু হিসাবে আমার মনে একটা আশা জন্মেছিল যে, এই সরকার বিগত সরকারগুলি কংগ্রেস সরকার এবং যুক্তফ্রন্ট সরকার যেমন উদ্বাস্তু ভাই-বোনদের জন্য কিছু করেন নি, কিছু করবেন। এই সরকার অন্তত সেদিকে নজর দেবেন। কিন্তু আজকে মন্ত্রিমহাশয় যে বক্তৃতা দিলেন তাতে আমার মত বহু লোক হতাশ হয়েছে। উদ্বাস্তুদের জীবনের সবচেয়ে বড় প্রশ্ন যে, আশার কথা তিনি ঘোষণা করেছিলেন এই অ্যাসেমব্লী হাউসে দাঁড়িয়ে যে, আমরা এই হাজার হাজার লোক রয়েছে উদ্বাস্তু কলোনিগুলিতে তাদের আমরা মালিকানা স্বত্ব দেবো। কিন্তু এখন ঘোষণা করছেন যে, দেবেন না। উনি যে বক্তব্য রাখলেন তাতে সমস্ত বাংলাদেশে উদ্বাস্তু ভাই-বোনেরা আজ জানতে পারলো এই কথা। তিনি বলছেন, যদি কেন্দ্রীয় সরকার অনুমতি দেন, তা হ'লে দিতে পারেন। এইটাই আজকে বাংলাদেশের উদ্বাস্তু মানুষের প্রশ্ন ছিল যে, তারা মালিকানা পাবে কিনা। যে সমস্ত উদ্বাস্তু মানুষ ১৯৫০ সাল থেকে ছোট ছোট ঘরবাড়ি ক'রে বাস করছে এই সরকার তাদের মালিকানা দেবেন কিনা। কংগ্রেস সরকারের রাজত্বে তাদের প্রতি অবহেলা করা হয়েছে, যুক্তফ্রন্ট সরকারের আমলে তাদের কথা তো চিন্তাই করা হয় নি। তারা আশা করেছিল যে, এই সরকার তাদের ক'রে দেবেন। তিনি একই বক্তব্য উত্থাপন আজকে করলেন যে, স্বীকৃতির প্রশ্ন চলছে না, স্বীকৃতি আমরা দিতে পারছি না। তিনি বলেছিলেন ৪/৫ বছরের মধ্যে আমরা উদ্বাস্তু কলোনীগুলির উন্নয়ন শেষ ক'রে উদ্বাস্তু বিভাগ তুলে দেব। আজকে তিনি আবার একটি নতুন কথা বললেন যে, উদ্বাস্তু কলোনীগুলির কোন উন্নয়ন করতে পারেন নি। তিনি ব্যর্থ হয়েছেন। আজকে উন্নয়নের জন্য যদি খরচ করতে হয়, দাম বাড়ার ফলে সেই টাকা আশানুরূপ নয় ব'লে আমরা কেন্দ্রের কাছে লিখেছি এবং সেই জনাই উন্নয়ন করতে পারেন নি। মাননীয় স্পীকার, স্যার, আমি আপনার কাছে জিজ্ঞাসা করি একটি কলোনীর ডেভেলপমেন্টের জন্য যদি ৮ লক্ষ টাকা খরচ হয় সেখানে যদি সেই কলোনীর জন্য ৬ লক্ষ টাকা স্যাংসান করতে পারা যায়, তা হ'লে তো ৭০ পারসেন্ট ডেভেলপমেন্ট হতে পারে। তারপরে সি এম ডি এ রয়েছে, অন্যান্য এজেন্সী রয়েছে এবং সি এম ডি এ সেই কলোনীগুলিকে টাকা দিয়ে ডেভেলপ করতে পারত। আমি বরানগর এলাকায় বাস করি। আমার এলাকায় ব্যারাকপুর বেল্টে উদ্বাস্তু কলোনী রয়েছে। এই ব্যাপারে আমি বার বার উদ্বাস্তু বিভাগের কাছে গেছি। অনেকগুলি কলোনীর টাকা স্যাংসান করা হয়েছে। কিন্তু মার্চের মধ্যে যদি খরচ না হয়, তা হ'লে সেই টাকা বাতিল হয়ে যাবে। আজকে তিনি একটি নতুন কথা আমাদের বললেন, এই টাকা আমরা খরচ করতে পারবো না। এটা সত্যিই উদ্বাস্তুদের কাছে অত্যন্ত হতাশা যোগাবে। আজকে আমার বক্তব্য হচ্ছে, এই মন্ত্রিসভা সেখানে বলেছিলেন ৪ বছরের মধ্যে উন্নয়ন করবেন। ১ বছর চলে গেল, কিন্তু কলোনীগুলির ডেভেলপমেন্ট হ'ল না। আজকে সেখানে বলছেন যেহেতু ভ্যালুয়েশন বেড়েছে সেই হেতু করতে পারব না। আমি জিজ্ঞাসা করি এই সেন্টার ৫ বছর পরে যদি ১,৬০০ টাকার জায়গায় ১,৮০০ টাকা করে তাতে যে ডেভেলপমেন্ট হবে তখন তো তা হ'লে ১,৮০০ টাকার উপরে হয়ে যাবে ১,৯০০ টাকার মত দরকার হবে। আজকে যে জন্য আপনি ডেভেলপমেন্ট করতে পারছেন না ৫ বছর পরে আবার সেই একই প্রশ্ন দেখা দেবে এবং তখন আবার আপনাকে রেজলিউশন ক'রে কেন্দ্রের কাছে পাঠাতে হবে। কিন্তু আমি দুঃখিত সমস্ত উদ্বাস্তু বিভাগ ঘুরেছি, কনস্ট্রাকশন বোর্ড ঘুরেছি, পূর্ণাঙ্গ পরিকল্পনা সেখানে দেখতে পাই নি। সি এম ডি এ-র হাতে কোটি কোটি টাকা রয়েছে। কলোনী ডেভেলপমেন্ট করার জন্য কেন্দ্র উদ্বাস্তুদের যে টাকা দিচ্ছেন এবং সেখানে যদি সি এম ডি এ-র টাকা সংযুক্ত করা যায়, তা হ'লে আমি মনে করি কয়েক হাজার উদ্বাস্তু কলোনীকে অবিলম্বে ডেভেলপ করা যায়। সেই কথা কিন্তু এখন পর্যন্ত সরকার চিন্তা করছেন না। সেই জন্য আজকে আমাদের নিরাশ হতে হচ্ছে মন্ত্রিমহাশয়ের এই বক্তব্য শুনে। আজকে উন্নয়ন পরিকল্পনা যদি না করতে পারেন, যদি তাদের স্বীকৃতি না দিতে পারেন, তাদের জমি সত্যিই যদি না দিতে পারেন, তা হ'লে তারা আজকে মাথা গুঁজবার মত বসতবাটী করতে পারবে না। আজকে মন্ত্রিমহাশয় ঘোষণা করতে পারতেন যে, তাদের আমরা অর্পণপত্র দিয়েছি। সেটা যদি তিনি নাও ব'লে থাকেন, তা হ'লে

সেই অর্পণপত্রের বেসিসে তাদের হাউস বিল্ডিং লোন দেবেন এটাও বলতে পারতেন তাও ঘোষণা করলেন না। তাদের জীবনের কিছু সমস্যার সমাধান যদি না হয়, তা হ'লে এই কোটি কোটি টাকা কিসের জন্য ব্যয় হচ্ছে? আমরা টাকা দিয়েছিলাম, কেন্দ্র টাকা দিয়েছিল, মার্চের মধ্যে সেই টাকা ফিরে যাচ্ছে। সি এম ডি এ-র টাকা রয়েছে উন্নয়নের জন্য। একটা যদি কংক্রিট প্ল্যান থাকতো, তা হ'লে এই পরিকল্পনা আজকে অন্ততঃ এই কার্যের কিছুটা রূপায়ণ করতে পারতেন। আপনি গত অ্যাসেমব্লী সেসানে যে বক্তব্য রেখেছিলেন তাতে আমাদের মনে অনেক আশা জেগেছিল এবং বহু উদ্বাস্তু কলোনীর মানুষ আপনাকে অভিনন্দন জানিয়ে চিঠি দিয়েছিলেন, তাদের সেই আশাকে আপনি আজকে ব্যর্থ ক'রে দিচ্ছেন।

উদ্বাস্তু কলোনীর শিক্ষা ব্যবস্থা সম্বন্ধে কিছু কথা বলতে চাই। মাননীয় স্পীকার, স্যার, আপনি জানেন কিছু যদি জমি থাকে, তা হ'লে সি এম ডি এ ৬০ হাজার টাকা ক'রে দিতে পারবে প্রাথমিক স্কুল তৈরি করবার জন্য। বাংলাদেশে সি এম ডি এ এলাকার মধ্যে যেসমস্ত উদ্বাস্তু কলোনী রয়েছে তার প্রতিটি উদ্বাস্তু কলোনীর জমি রয়েছে, সেই জমি আপনি সি এম ডি এ-র হাতে হস্তান্তর ক'রে দিতে পারতেন এবং তার ফলে আজকে বাংলাদেশে কয়েক শত স্কুল বিল্ডিং গড়ে উঠতে পারত। সেই পরিকল্পনাও আজকে আপনারা কার্যকর করতে পারেন নি। উদ্বাস্তু কলোনীগুলির ছেলেরা আজকে পড়তে পারছে না, তাদের ঘরে ছাউনি নেই, জল পড়ছে। আপনি তাদের জন্য ক্যাপিটাল গ্রান্ট, বিল্ডিং গ্রান্টের কথা বলতে পারতেন, কিন্তু সেকথাও আপনার বক্তব্যের মধ্যে নেই। এমন কি আমরা জানি জলের ব্যবস্থা পর্যন্ত করা যায় না। এই সব কলোনী যেসমস্ত মিউনিসিপ্যালিটির ভিতরে তারাও কোন উন্নয়ন করতে পারছে না, জলের ব্যবস্থা করতে পারছে না। ১০ বছর আগে আপনার বিভাগ একটা টিউবওয়েল বসিয়ে দিয়েছে, সেটাও অকেজো হয়ে যাবার ফলে পানীয় জল সরবরাহের কোন সুরাহা হয় নি। যদি আমরা প্রচেষ্টা ক'রে সি এম ডি এ-র মারফত বা ঐ পাবলিক হেলথ-এর মারফত একটা টিউবওয়েল বসাবার ব্যবস্থা করি, তা হ'লে জমির স্বত্ব নিয়ে আপনার বিভাগকে যদি একটা চিঠি দেওয়া হয় সে চিঠিও কার্যকর হয় না, সেখানে আমাদের ছুটে যেতে হয়। আমার বরানগরের দৃষ্টান্ত আছে, সেখানে মন্ত্রিমহাশয়কে ছুটে যেতে হয়, হাত জোড় ক'রে বলতে হয় যে, এখানে আপনারা বসাতে দিন, এই তো অবস্থা আপনার বিভাগে চলছে। আপনি কথা দিয়েছিলেন যে, বাংলা-দেশের উদ্বাস্তুদের জন্য এই উদ্বাস্তু বিভাগ যেটা বাস্তুঘুঘুর বাসা হয়ে আছে সেই বিভাগ থেকে আপনি যদি কিছু করতে না পারেন, ত হ'লে সেই বিভাগ তুলে দেবেন। এই বিভাগ দিয়ে যদি কোন কাজ উদ্বাস্তুদের জন্য না করতে পারে, তা হ'লে এই বিভাগ রেখে লাভ কি? আপনি বলেছেন, আমরা কিছু কিছু জমি উদ্বাস্তুদের দিয়েছি। খোঁজ নিয়ে দেখুন সেই সমস্ত জমি বাস্তুঘুঘুরাই পেয়েছে। ঐ বনহুগলী স্কীম যেখানে আপনার বিভাগ থেকে একটা কো-অপারেটিভের মারফত যা কিছু জমি দেওয়া হয়েছে আমি আপনাকে বলতে পারি, আপনি যদি অনুসন্ধান ক'রে দেখেন, তা হ'লে দেখবেন সেখানে বাস্তুহারারা জমি না পেয়ে বাস্তুঘুঘুরাই জমি পেয়েছে এবং আজকে সেই জমি বিভিন্নভাবে বিক্রী করা হচ্ছে। সুতরাং আপনি যদি অনুসন্ধান ক'রে দেখেন, তা হ'লে দেখবেন, ৮০০ পরিবারের কথা বলেছেন সেখানে রিয়েল বাস্তুহারারা জমি পায় নি, আপনার বিভাগের দুর্নীতির জন্য। আমি এই কথা বলছি না যে আপনার বিভাগে কিছু কিছু ভাল অফিসার নেই, আমরা জানি তাঁরা চেষ্টা করছেন, কিন্তু তাঁরা ব্যর্থ হচ্ছেন। আপনার বিভাগের দু'-একজন অফিসারকে আমরা দেখেছি যাঁরা সত্যই চেষ্টা করছেন, কিন্তু প্রশাসনযন্ত্রের জন্য ব্যর্থ হচ্ছেন। এই উদ্বাস্তুদের সমস্যার সমাধান বিগত কংগ্রেস সরকার করেন নি, যুক্তফ্রন্ট সরকার করেন নি, এই না করার জন্য তাঁরা হতাশাগ্রস্ত হয়ে পড়েছেন এবং তার ফলে আপনারা জানেন একটা সন্ত্রাসের রাজত্ব এসেছিল যার ফলে সমস্ত ব্যারাকপুর বেল্ট দাউ দাউ ক'রে জ্বলেছিল, সেই হতাশাগ্রস্ত যুবকদের মনে আপনি একটু আশার আলো দেখিয়েছিলেন, কিন্তু তারপর যদি কেন্দ্রীয় সরকারের কাছে দরবার করতে হয় বা মুখ্যমন্ত্রীর কাছে ঐ অকল্যান্ড হাউস—ডিফেন্স ডিপার্টমেন্টের জায়গা নিয়ে দাবি করতে হয়, সেটার স্বত্বের জন্য বা সর্বোপরি এই উদ্বাস্তুদের মনে হতাশা যদি চলতেই থাকে, তা হ'লে বাংলাদেশের সন্ত্রাসকে বন্ধ করতে পারবেন না। ২৪-পরগনা জেলার ব্যারাকপুর বেল্টে আপনারা জানেন গত ৩ বছর ধ'রে সি পি এম সন্ত্রাস চালিয়ে এসেছে। তাদের নীচুস্তরের যে ক্যাডার

তাদের সম্বন্ধে আমরা জানি তাদের মধ্যে ছিলেন এই বৃহত্তর উদ্বাস্তু জনসাধারণ, যাদের জন্য বিগত কংগ্রেস সরকার কিছু করেন নি, যুক্তফ্রন্ট সরকারও কিছু করেন নি, তাঁরা আপনার কাছে কিছু আশা করেছিলেন। সুতরাং আজকে এই উদ্বাস্তুদের সম্পর্কে কোন কিছু করতে যদি এই সরকার ব্যর্থ হন এবং শুধু কেন্দ্রের দোহাই দেন, তা হ'লে কোন লাভ হবে না। কারণ, তা যদি করতে না পারেন, তা হ'লে এই উদ্বাস্তু বিভাগ কিসের জন্য ? তা হ'লে আপনি এই অ্যাসেমব্লী ফ্লোরে দাঁড়িয়ে যে প্রতিশ্রুতি দিয়েছিলেন, সেই অনুযায়ী আপনার বিভাগ তুলে দিন এবং আসুন আমরা সবাই মিলে কেন্দ্রের কাছে ঐক্যবদ্ধভাবে দাবি তুলি। এই উদ্বাস্তু জনজীবনের কথা, তাদের জমির স্বত্বের কথা, ১৯৫০ সালের পর যেসব উদ্বাস্তু এসেছে তাদের স্বীকৃতির কথা, উদ্বাস্তুদের বাড়ি করবার জন্য লোনের কথা, তাদের জন্য পানীয় জল, চিকিৎসা, শিক্ষা ইত্যাদির কথা যদি চিন্তা না ক'রে কেবলমাত্র একটা পরিকল্পনার কথা ব'লে বা ঐ কেন্দ্রের দোহাই দিয়ে খালি বসে থাকেন, তা হ'লে আমার মনে হয় এই সরকারের কাছে মানুষ যা আশা করেছিল তা করতে এই সরকার ব্যর্থ হবে। আমাদের এই গণতান্ত্রিক মোর্চা থেকে যে ১৭ দফা কর্মসূচির

[4-40—4-50 p.m.]

কথা বলা হয়েছিল, তার মধ্যে এই উদ্বাস্তু জীবনের কথাও ছিল। সেটা যদি ব্যর্থ হয়, তা হ'লে বাংলায় যে অবস্থার সৃষ্টি হবে সেটা অত্যন্ত শোচনীয়। তাই আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে একথা বলবো যাতে এই সমস্যার সমাধান করতে পারেন তার জন্য আরো জোর দিন, বিশেষ ক'রে আপনি যখন ঐ দপ্তরে আছেন। ঐ বিভাগের কিছু কিছু অফিসারকে অবিলম্বে বদলী করা দরকার। অকল্যান্ডের ডেভেলপমেন্ট অফিসার থেকে আরম্ভ ক'রে কিছু কিছু অফিসারকে বদলী করা একান্ত দরকার, তিনি যেন সেটা চিন্তা করেন। যতটুকু করতে পারা যায় তা'ই করুন। আর তা যদি না করতে পারেন, তা হ'লে ঐখানে বসে থেকে কিছু হবে না। আপনি এই বাস্তুঘুঘুদের বাসা ভাঙগতে চেষ্টা করুন। যদি তা না পারেন, তা হ'লে কিছুই করতে পারবেন না। আজকে মাস্টার প্ল্যান দিয়েছেন এবং আরো ছাপান বক্তৃতা দিচ্ছেন কিছু সেটা কার্যকর হচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রি-মহাশয়ের কাছে আবেদন করছি, তিনি যেন উদ্বাস্তুদের জীবনকে, তাদের সমস্যা নিয়ে আরো গভীরভাবে চিন্তা করেন। আজকে বলা হচ্ছে যে, এগুলি আমরা করতে পারি নি। কিন্তু এগুলি যদি না করতে পারেন, তা হ'লে বাংলাদেশের উদ্বাস্তু মানুষরা কি আশাভরসা নিয়ে এই সরকারের পাশে দাঁড়াবে ? এই সমস্ত সমস্যা ডেভেলপমেন্ট করার জন্য যে পরিকল্পনা রয়েছে সেটাকে কার্যকর করতে হবে। আজকে যখন সরকার রয়েছে, সি এম ডি এ যেখানে আছে, সমস্ত পরিকল্পনাকে কার্যকর করার জন্য, আজকে বস্তি উন্নয়ন হচ্ছে সি এম ডি এ-র টাকায়, আজকে কলোনীগুলি বস্তি থেকে আরো খারাপ অবস্থায় রয়েছে, সেই সব কলোনীগুলি সি এম ডি এ-র টাকায় উন্নত হতে পারে। কিন্তু এটা হবে না কেন আমি বুঝতে পারি না! আজকে টালিগঞ্জের উদ্বাস্তু কলোনীগুলি সি এম ডি এ-র টাকায় ডেভেলপড হচ্ছে। পশ্চিম-বাংলার অন্যান্য কলোনীগুলিও সি এম ডি এ-র টাকায় উন্নত হ'তে পারে। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে একথা বলতে চাই, যে সমস্ত কেন্দ্রের টাকা এবং সি এম ডি এ-র টাকা—এই দুটোকে একত্র ক'রে পশ্চিমবাংলায় উদ্বাস্তু কলোনী যেগুলি রয়েছে তার ডেভেলপমেন্ট করার অধিকাংশ কার্যকর করতে পারতেন। আপনারা জনস্বার্থের কথা বলছেন। আপনারা জানেন, সি এম ডি এ বিভিন্ন এলাকায় পলিক্লিনিক ক'রে তার সঙ্গে সঙ্গে চ্যারিটেবল ডিসপেন্সারিও করে। আপনার বিভাগে জায়গা আছে, জমি আছে, আপনিও করতে পারতেন। বিভিন্ন উদ্বাস্তু কলোনীতে যে জায়গা আছে সেখানে আপনি চ্যারিটেবল ডিসপেন্সারি করতে পারতেন। সুতরাং আজকে মাননীয় মন্ত্রিমহাশয়ের যে বক্তব্য, যে বক্তৃতা তিনি দিয়েছেন তাতে আমার মনে হয়, উদ্বাস্তু মানুষরা কিছু হতাশ হয়েছেন। এই বক্তব্য তারা আশা করে নি। আমি আশা করেছিলাম মন্ত্রিমহাশয় যে বক্তব্য উপস্থিত করছেন, যে বক্তব্য বাংলাদেশের মানুষের কাছে দিয়েছেন, যা রেডিও মারফত প্রচারিত হয়েছে সেই বক্তব্যকে আজকে কার্যকর করবেন। কিন্তু আমরা যা দেখলাম তাতে হতাশ হয়েছি। বিগত এক বছরের যে সরকার, বিগত যে কংগ্রেস সরকার, যে যুক্তফ্রন্ট সরকার তা থেকে নূতন দৃষ্টিভঙ্গি, নূতন কিছু আমরা দেখতে পাই নি। এই কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীনরেশচন্দ্র চাকী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন করেছেন তাকে আমি সমর্থন করি। সমর্থন ক'রে কয়েকটা কথা আপনার মাধ্যমে নিবেদন করতে চাই। আমি গত ২৫ বছর ধ'রে দেখছি, একটা জাত, যে জাতের পুকুর ভরা মাছ ছিল, গোয়াল ভরা গরু ছিল এবং গোলা ভরা ধান ছিল। সর্বোপরি ভারতবর্ষের স্বাধীনতার ইতিহাসে একটা উল্লেখযোগ্য ভূমিকা ছিল। সেই জাতটা তিলে তিলে চোখের সামনে নিঃশেষ হয়ে গেল, কিভাবে নষ্ট হয়ে গেল তার মর্মান্তিক চিত্র আমি আপন'র মাধ্যমে তুলে ধরতে চাই এবং তার প্রতিকারের দাবি করি। আমি দেখেছি, আমাদের ভারতবর্ষের প্রধানমন্ত্রী সেদিন বলেছিলেন যে পূর্ববাংলা থেকে ঘরবাড়ি ছেড়ে যেসমস্ত লোক চলে আসছে দরকার হ'লে দিল্লীর রাজপ্রাসাদ তাদের দেওয়া হবে। কিন্তু আজকে কি অবস্থা আমরা দেখছি? আমরা দেখছি লক্ষ লক্ষ উদ্বাস্তু যারা চলে এসেছেন তাদের বিভিন্ন ক্যাম্পে থাকতে দেওয়া হ'ল। সেই ক্যাম্পের অবস্থা কি? যেখানে একটা ঘরে একটা পরিবার থাকতে পারে না, সেখানে ৫/৭ ক'রে পরিবারকে রেখে দেওয়া হয়েছে। একটা পরিবার পিছু যে খরচ করা হ'ল—মাথাপিছু ৩৫ টাকা ক'রে দেওয়া শুরু হ'ল। এই টাকা সাধারণ ভাবে জীবনযাপন করবার জন্য যা প্রয়োজন, তার থেকে অত্যন্ত নীচু। যে পরিমাণ অর্থ তাদের পেছনে খরচ করবার কথা হ'ল এবং যে পরিমাণ খরচের বরাদ্দ দেখানো হয়েছে—আমি দৃঢ়তার সঙ্গে বলছি, এই অর্থের অধিকাংশই ব্যয় হয় ঐ কয়েকজন অফিসারের দুর্নীতির মাধ্যমে এবং অধিক পরিমাণ টাকা তাদের পকেটে চলে যায় এবং সাধারণভাবে উদ্বাস্তুদের জন্য বরাদ্দকৃত অর্থ তাদের জন্য ব্যয় করা হয় না। আজকে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যদি সেই কুপার্স ক্যাম্প, ধুবুলিয়া ক্যাম্প, রূপশ্রী ক্যাম্পে যান, তা হ'লে যা দেখবেন তাতে চোখের জল রাখতে পারবেন না। আজকে যারা ক্যাম্পে আছে তারা খেতে পায় না, মাথার উপর থাকবার মত চালা নেই। তারা দিনের পর দিন রোদে পুড়ে, বৃষ্টিতে ভিজে অমানুষের মত জীবন যাপন করছে। আজকে এই সরকারের প্রশাসন ব্যবস্থা কিভাবে একটা জাতিকে দুর্নীতির পথে ঠেলে দিচ্ছে, একটা জাতিকে কিভাবে ধ্বংসের দিকে ঠেলে দিচ্ছে, তার যদি প্রমাণ চান, তা হ'লে আপনি কুপার্স ক্যাম্প, ধুবুলিয়া ক্যাম্প, রূপশ্রী ক্যাম্পে গিয়ে দেখে আসুন। আজকে সেই মানুষগুলোকে বাধ্য করা হচ্ছে দুর্নীতির পথে যেতে। সেই মানুষগুলোকে যে পরিবেশের মধ্যে রাখা হয়েছে, সেই পরিবেশের মধ্যে যদি মাননীয় পুনর্বাসন মন্ত্রিমহাশয় সাত দিন থাকেন, আমি চ্যালেঞ্জ ক'রে বলছি যে, তাঁর মাথা খারাপ হয়ে যাবে। সেই পরিবেশের মধ্যে বছরের পর বছর লক্ষ লক্ষ লোককে রেখে দেওয়া হয়েছে। ১৩১টা সরকারী কলোনী যা করা হয়েছে, সেই সব কলোনীর অবর্ণনীয় দুর্দশার কথা ভাষায় বর্ণনা করা যায় না। বরং যে সব উদ্বাস্তু নিজের পায়ে দাঁড়িয়ে গ্রামে গঞ্জে তাদের বাসস্থান গ'ড়ে তুলেছিলেন, তাঁরা বেঁচে গেছেন। কিন্তু যারা সরকারের ঘাড়ে এসেছিল, সরকারের আহ্বানে সাড়া দিয়ে সরকারী ক্যাম্পের উপর নির্ভর করেছিল, তারা আজও নিজের পায়ের উপর দাঁড়াতে পারে নি সরকারী প্রশাসন ব্যবস্থার ত্রুটির জন্য। আজকে বিভিন্ন কলোনীতে অর্থনৈতিক পুনর্বাসন দেওয়া হয় নি। বিভিন্ন কলোনীতে সরকার বলছেন যে, পুনর্বাসন দেওয়া হয়েছে, কিন্তু আমি বলছি পুনর্বসতি বলতে যা জিনিস বোঝায় তা আজও তাদের দেওয়া হয় নি। তারা আজও খেতে পায় না, তাহেরপুর কলোনীতে গিয়ে দেখে আসুন, নস্করপুর কলোনীতে গিয়ে দেখে আসুন, ভবানীপুর কলোনী এবং আরও বহু কলোনী আছে, সেই সব কলোনীতে গেলে দেখতে পাবেন, সেখানকার অধিকাংশ লোক আজকে খেতে পায় না। তারা টি বি রোগগ্রস্ত, আপনি শুনলে অবাক হয়ে যাবেন, বিভিন্ন ক্যাম্প এবং কলোনীতে অধিকাংশ লোক আজকে টি বি রোগগ্রস্ত। প্রথমে ঠিক করা হ'ল যে, হাউস বিল্ডিং লোন ১,২৫০ টাকা এবং এস টি লোন ৭৫০ টাকা দেওয়া হবে, সর্ব মোট ১,৯৫০ টাকা। পরে সেটা ২,২৫০ টাকা করা হ'ল। বর্তমানে দেওয়া হচ্ছে সাত হাজার টাকা ক'রে মোট। আমি পরিষ্কার ভাবে বলছি, মন্ত্রিমহাশয় এই টাকা এইভাবে দেবেন না। পাঁচ হাজার টাকা দিচ্ছেন এস টি লোন। এই এস টি লোন দেবার কোন স্বার্থকতা নেই। একটা কলোনীতে আপনি পাঁচ হাজার পরিবারকে পুনর্বাসন দিচ্ছেন। পাঁচ হাজার পরিবারকেই আপনি লোন দিয়ে বলছেন যে ব্যবসা কর। বলুন তো মন্ত্রিমহাশয়, একটা জায়গায় পাঁচ হাজার পরিবারকে পুনর্বাসন দিয়ে বললেন যে, পাঁচ হাজারই ব্যবসা কর। এটা কি সম্ভব একটা জায়গায় পাঁচ হাজার লোক ব্যস

করবে, তাদের সবাই কি ব্যবসাদার হয়ে যাবে? এটা কি ক'রে সম্ভব আপনি বিচার করুন। এইভাবে বাজে টাকা খরচ করবেন না। কলকারখানা করুন এবং তাদের কর্মে নিয়োগের ব্যবস্থা করুন। বাকী যে কটা পরিবার থাকবে তাদের নিয়ে সেই ব্যবসা করবার জন্য বলুন, তবেই এই পরিকল্পনা স্বার্থক হবে। আমরা দেখেছি ১৯৫৪ সালে মেহেরচাঁদ খান্না কমিশন বসানো হয়েছিল, আমরা দেখেছি তার রিপোর্ট তাচ্ছিল্যভাবে ধূলায় লুণ্ঠিত হয়েছে। আমরা দেখেছি এন সি চ্যাটার্জি কমিশনের রিপোর্ট, অরুণ গুহ কমিশনের রিপোর্ট, আমরা দেখেছি রাজবংশী কমিশনের রিপোর্ট, কিন্তু সেই সব কমিটির রিপোর্টকে কার্যকর করা হয় নি। অত্যন্ত দুঃখের সঙ্গে, বেদনার সঙ্গে, ক্ষোভের সঙ্গে, একজন জাতীয়তাবাদী মানুষ হিসাবে আমি বলতে চাই যে, এই সব মানুষের দায়িত্ব সরকারকে পুরাপুরি বহন করতে হবে। এবং এই উদ্বাস্তু জর্জরিত পশ্চিমবাংলা আজকে সমস্যা মুক্ত হতে পারে না, যদি আমরা সমাধানের ক্ষত দূর করতে না পারি।

[4-50—5.00 p.m.]

আজকে দুর্নীতি বেড়ে চলেছে, আজকে উদ্বাস্তুরা যেভাবে চা'ল ব্ল্যাক করে ট্রেনে তাতে তাদের জীবন পর্যন্ত বিপন্ন হতে পারে। এ সব বাঁচবার জন্য, তারা আজকে একটা খড়কুটো ধ'রে বাঁচতে চাইছে, বাঁচবার চেষ্টা করছে। সরকার যদি এদের অর্থনৈতিক সমস্যা দূর করতে না পারেন তা হ'লে কোন সমস্যারই সমাধান হবে না, সমাজের দুর্নীতি দূর হবে না। সুতরাং এ ভাবে ক্যাম্পে রেখে তাদের উন্নতি করা যাবে না। আজকে বিভিন্ন ক্যাম্পে ২৫ বছর ধ'রে বিভিন্ন ক্যাম্পে কি নির্যাতনের মধ্যে উদ্বাস্তুদের রাখা হয়েছে, মাথা পিছু ৩৫ টাকা ক'রে বছরে তাদের দেওয়ার কথা, আর বছরে দু'বার কাপড় দেওয়ার কথা, কিন্তু কি হচ্ছে? কুপার্স ক্যাম্পে গিয়ে আমি দেখেছি কয়েকটি পরিবারকে বলা হয়েছে যদি তারা দণ্ডকারণ্যে না যায়, তা হ'লে তাদের টিউবওয়েল তুলে দেওয়া হবে এবং তারা যায় নি ব'লে তাদের টিউবওয়েল তুলে নিয়ে আসা হয়েছে এবং আপনার কর্মচারীরা বলেছেন, ওদের জল খেতে দেবে না। আমি আজকে শুধু মানুষ হিসাবে জানতে চাই যে, যারা বলে তাদের টিউবওয়েল তুলে জল খেতে দেবে না তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করেছেন? এদের বিষয়ে অবিলম্বে ব্যবস্থা গ্রহণের আশা রেখে এই ব্যয়বরাদ্দকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রীতপন চ্যাটার্জিঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর এস পি নেতারা উদ্বাস্তু নিয়ে রাজনীতি করতে চেয়েছেন, তাঁরা ভাবলেন যে, উদ্বাস্ত সমস্যার সমাধান হয়ে গেলে মিছিলে লোক পাবেন না। কিন্তু আমরা উদ্বাস্তু নিয়ে রাজনীতি করতে চাই নি, উদ্বাস্তুদের ভাল করতে চাই। এটা ঠিক কথা উদ্বাস্তু ব'লে চালিয়ে কিছু লোকের পকেট ভর্তি হয়েছে, অপর দিকে বিরাট সংখ্যক মানুষ আজকে ফুটপাতে প'ড়ে রয়েছে। যারা উদ্বাস্তুদের নামে এই সব চুরি করেছে তাদের সম্বন্ধে আজকে সি বি আইকে দিয়ে তদন্ত করানো হোক। আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই একটি দিকে, সেটা হচ্ছে এই সভায় দাঁড়িয়ে তিনি বলেছিলেন ১৫ই আগস্ট ১৯৭২ সালের মধ্যে ১৪৭টি কলোনীর উদ্বাস্তুদের দলিল দান করবেন, কিন্তু আজ পর্যন্ত সেই কাজ হয় নি। উদ্বাস্তুদের অর্থনৈতিক পুনর্বাসনের এখন পর্যন্ত কিছু করা হয় নি, এত দিন ধ'রে শুধু ডোল দিয়ে তাদের ঘোল খাওয়ানো হয়েছে, তাদের অর্থনৈতিক পুনর্বাসনের কথা ঘোষণা করা হচ্ছে না। আর একটা কথা, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় যে, ১৯৬৫ সালে ঠিক হয়েছিল ১,৬০০ করে টাকা প্রতি পরিবারকে উন্নয়ন খরচ হিসাবে দেওয়া হবে বা তাদের পিছনে খরচ করা হবে, এখন মূল্য বৃদ্ধির ফলে সেই টাকা দাঁড়িয়েছে ২,২৫০ টাকার। কিন্তু এখন কেন্দ্রীয় সরকারের কাছে এই ৬৫০ টাকার ডিফারেন্সটা যেটা ১২ কোটি টাকা প্রতি বছর পশ্চিমবঙ্গ সরকারকে বহন করতে হচ্ছে, কিছুতেই কেন্দ্রের কাছ থেকে কোন কিছু বার করতে পারছেন না। আমি তাই জানতে চাই যে, এই ১২ কোটি টাকা কেন্দ্রের বিবেচনায় আনা দরকার এবং এটা পেলে পশ্চিমবঙ্গের উদ্বাস্তুদের আরো উন্নয়ন করা সম্ভব হ'ত। তার পরে যেটা আজকে দেখা যাচ্ছে যে, সি এম ডি এ-র মাধ্যমে তাদের স্কীমে উন্নয়ন হবে, না অকল্যাণ্ডের নামে উন্নয়ন হবে, এটার আজও কোন ডিসিশন নিতে পারলেন না।

ব্যারাকপুর মহকুমা যেটা শিল্প অঞ্চল এবং উদ্বাস্তু অধ্যুষিত এলাকা, তার মধ্যে যেখানটা সি এম ডি এ এরিয়া সেখানে সি এম ডি এ লক্ষ লক্ষ কোটি কোটি টাকা খরচ করছে, কিন্তু সি এম ডি এ-এর এবং কনস্ট্রাকশন বোর্ড-এর মধ্যে কাজ ভাগাভাগি হয়ে যায়। সি এম ডি এ-কে দিয়েই আজ ব্যারাকপুর মহকুমার সমগ্র এলাকার উন্নয়ন সম্ভব হ'ত যদি সমগ্র এলাকাকে সি এম ডি এ এরিয়া ধরা হ'ত। মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রি-মহাশয়কে অনুরোধ করব যে, পি উবলিউ ডি-র ইঞ্জিনীয়ারদের দিয়ে আর দয়া ক'রে কলোনীর উন্নয়ন করবেন না, কারণ পি ডবলিউ ডি-র ইঞ্জিনীয়াররা এই সব ছোটখাট ব্যাপারে গুরুত্ব দিয়ে কাজ করেন না। এই না করার কারণ এখানে টাকা খরচ কম হয় আর পি ডবলিউ ডি-র অন্য কাজে তারা বেশী টাকা পকেটে পায় সেই জন্য এরা গুরুত্ব দেন না, সুতরাং এই ব্যবস্থা বাতিল করুন। আর ঐ রিফিউজিদের কনট্রাকট দেওয়া বন্ধ করুন। তাদের কনট্রাকট নেওয়ার ক্ষমতা নেই, তারা কনট্রাকট অন্য লোকেদের বেচে দেয় বা কনট্রাকট নিয়ে অর্ধেক কাজ ক'রে পালায়। আমার নির্বাচনী কেন্দ্রে আমি একজন অফিসারকে নিয়ে গিয়েছিলাম, তাঁকে দেখিয়েছি যে, কনট্রাকটররা অর্ধেক কাজ ক'রে রেখে পালিয়ে গিয়েছে। তারা পালিয়ে যায় কেন, না তাদের যে রেট দেওয়া হয় সেই তুলনায় বাজারের দাম অনেক বেড়েছে, তাই দেখা যায় যে, তারা অল্প কাজ ক'রে টাকা-পয়সা নিয়ে পালিয়ে গিয়েছে।

এই কলোনীর মধ্যে যে রাস্তা ছিল তার চেয়ে খারাপ রাস্তা দিয়ে তাদের এখন চলতে হয়। সেকথা বলব এমন ভাবে কাজ পরিচালনা করুন যার ফলে কলোনীর কাজ ত্বরান্বিত হয় এবং যে সমস্ত কাজ অর্ধেক হয়ে আছে সেগুলিকে শেষ করার ব্যবস্থা করুন। কলোনীর খানিকটা কাজ আছে পাবলিক হেলথ ইঞ্জিনীয়ারিং ডিপার্টমেন্ট, খানিকটা পি ডবলিউ ডি, খানিকটা অকল্যান্ড, খানিকটা রাইটার্স বিল্ডিংস- সুতরাং মানুষ বুঝতে পারে না কার কাছে যাবে এসব কাজের জন্য। সুতরাং বলছি এগুলি সুনির্দিষ্টভাবে যদি চালনা করান তা হ'লে কাজ হবে। আমি আবার অনুরোধ করব, কেন্দ্রীয় সরকারের সঙ্গে বসে ফয়সালা করুন, না হ'লে এই রকমভাবে প্রতি বছরই ১২ কোটি ক'রে টাকা ফেরত দিতে হবে। আপনারা যখন দিল্লী যাবেন তখন দয়া ক'রে একজন টেকনিকেল লোক নিয়ে দিল্লী যাবেন এবং তাঁরাই কেন্দ্রীয় সরকারকে বোঝাতে পারবেন পশ্চিমবাংলার টাকার দরকার আছে, কলোনী উন্নয়নের প্রয়োজন আছে। এ যদি না করা হয়, তা হ'লে কাজও এইভাবে চলবে এবং কিছু লোক এই উদ্বাস্তুদের নাম ক'রে লক্ষ লক্ষ টাকা কামিয়ে নেবে। বাংলাদেশের শরণার্থীদের ক্যাম্প থেকে যারা লক্ষ লক্ষ কোটি কোটি টাকা উপায় করেছে তাদের ব্যাপারগুলি তদন্ত করার জন্য সি বি আই-কে দিন এবং তাদের যোগ্য শাস্তি দিন। এইসব করলে পশ্চিমবাংলার রিলিফ ডিপার্টমেন্ট-এর ঠিক মতন কাজ হবে এবং গরিব কলোনীবাসীর উন্নয়ন হবে।

শ্রীঅনন্তকুমার ভারতীঃ স্যার, মন্ত্রিমহাশয় ১৯৭৩-৭৪ সালের জন্য যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করতে গিয়ে কয়েকটা কথা বলতে চাই। এই বাজেটে এদের সমস্যা সমাধানের একটা ঐকান্তিক প্রচেষ্টা মন্ত্রিমহাশয়ের লক্ষ্য করা গেছে। তিনি ৩ পাতার ৪ নম্বরে লিখেছেন বিগত বাজেট অধিবেশনে আমি বলেছিলাম যে, আমরা বেশ কয়েকটি পরিকল্পনার খসড়া তৈরি করেছি। সেগুলি বাস্তবে রূপায়িত হ'লে হাজার হাজার উদ্বাস্তুর অর্থনৈতিক পুনর্বাসনের সুব্যবস্থা হোত।" তাঁর সঙ্গে সুর মিলিয়ে একথাই বলছি যে আজ যদি বাংলা-দেশের ডিভিশন না হ'ত, ভারতবর্ষের পার্টিশন না হ'ত, তা হ'লে এই দপ্তর হ'ত না। ভারতবর্ষ ২৫ বছর স্বাধীন হয়েছে এবং ছিন্নমূল মানুষগুলির বিনিময়ে ভারতবর্ষ স্বাধীন হয়েছে--কিন্তু আমি দুঃখের সঙ্গে জিজ্ঞাসা করছি ৫৮ লক্ষ উদ্বাস্তু নিয়ে আর কতদিন রাজনীতি চলবে? মাননীয় শিবদাসবাবুর এলাকার একজন লোক একটু আগে আমার কাছে এসেছিলেন, তিনি বললেন যে, রেল লাইনের পাশে বনহুগলীতে যে কলোনী আছে তাতে সেখানকার অনেক লোককে জমি দেওয়া হয়েছে, অর্থ দেওয়া হয় নি, আবার অনেককে অর্থ দেওয়া হয়েছে কিন্তু জমি দেওয়া হয় নি। এটা একটা অদ্ভুত প্রহসন। সেখানে রাস্তা নেই, বাতি নেই। মানুষ-গুলি একটা নরককুণ্ডে বাস করছে। গত বছর বাজেট অধিবেশনে প্রতিটি সদস্য এক কথা বলেছিলেন যে, স্বাধীনতার রজতজয়ন্তী বর্ষ উপলক্ষে সরকার যেন এক বছরের মধ্যে যেখানে

[5-00—5-10 p.m.]

যেখানে কলোনী আছে সেগুলিকে রেকগনিসন দিন। কিন্তু দেখলাম ১৪৯টা জবরদখল কলোনীকে রিকগনিসন দেওয়া হয় নি। গত বছর এই সভাতে একটা আইন পাস করা হয়েছিল যে, জনস্বার্থে এবং সরকারী প্রয়োজনে যদি কোন জিনিস গ্রহণ করা হয়, তা হ'লে তার জন্য কোন আইন বেশীদিন আটকাতে পারবে না, তার জন্য দেরী হবে না। কিন্তু উদ্বাস্তুদের কলোনী দখলের বেলায় দেরি হচ্ছে কেন? তাই আপনার মাধ্যমে মাননীয় ত্রাণমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, যদি কিছু করা সম্ভব হয়, তা হ'লে দয়া ক'রে করুন। আজকে উদ্বাস্তু ত্রাণ দপ্তর এবং চুঙ্গী কর দপ্তর এই দুটি দপ্তরের দিকে তাকালে জোচ্চোরের আখড়া ব'লে মনে হয়। গত বছর গুরুত্বপূর্ণ কাজে যিনি ছিলেন সেই লোকটিকে সাসপেন্ড করা হয়েছে, কিন্তু আজ পর্যন্ত সে সম্বন্ধে তদন্ত পরিলক্ষিত হয় নি। আজকে একের পর এক পূর্ববাংলার ছিন্নমূল মানুষগুলি নেগলেকটেড হয়ে আসছে। আর একটা কথা আপনার মাধ্যমে ত্রাণমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি

Office of the Custodian for enemy property for India

প্রতি, ১৯৬৫ সালের দুটি লাইন আমি প'ড়ে দিচ্ছি—

With a view to give some relief to the Indian nationals, companies, etc., whose assets in Pakistan were seized by the Government of Pakistan during and after the Indo-Pakistan conflict in September 1965 and who have notified their losses to and filed claims with the Custodian for enemy property for India, the Government of India have now decided that an ad hoc interim relief in the form of ex-gratia grant from the consolidated fund of India at the rate of 25 per cent of the value of the verified claims restricted to a maximum of 25 lakhs in each case may be made to all Indian nationals.

কিন্তু অত্যন্ত দুঃখের কথা ১৯৬৮ সালে এই ফান্ডে ৬ কোটি টাকা অ্যালটমেন্ট হয়েছে, কেন্দ্রীয় সরকার করেছেন, পূর্ববাংলার উদ্বাস্তু মানুষগুলি যারা বহু সম্পত্তি ব্যবসা নষ্ট ক'রে এসে এখানে দাবি পেস করেছেন তাঁরা আজ পর্যন্ত টোটাল ৫০ লক্ষ টাকাও পা'ন নি, অথচ এই ফান্ড থেকে প্রায় ৪ কোটি টাকা খরচ হয়ে গেছে। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় ত্রাণমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, আজকে ১৫ বছর ধ'রে ৫৮ লক্ষ মানুষের সমস্যা সমাধান করা যখন সম্ভব হ'ল না, তখন এমন পলিসি গ্রহণ করুন যাতে এই মানুষগুলির জন্য সত্যই কিছু করা সম্ভব হয়। মাননীয় মন্ত্রিমহাশয়ের এদের সমস্যা সমাধানের আগ্রহ দেখে তিনি যে বাজেট পেস করেছেন তাকে আমি সমর্থন করছি।

শ্রীশিশিরকুমার ঘোষ: মিঃ স্পীকার, স্যার, উদ্বাস্তু পুনর্বাসন বিভাগের যে ব্যয়বরাদ্দের দাবি এখানে উপস্থাপিত করেছেন সেটা আমরা খুব মনোযোগ সহকারে দেখলাম। এখন এই উদ্বাস্তু বিভাগ কিভাবে চলছে এবং এই উদ্বাস্তু বিভাগের কিভাবে উন্নতি করবেন সে সম্পর্কে মাস্টার প্ল্যান হাজির করলেও আমাদের ঠিক আশা দিতে পারছেন না। কারণ, প্রথমত প্রোডাকসান সেন্টারগুলি মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর বক্তৃতায় বলেছেন যে, বৃত্তিমূলক প্রকল্প করবেন। আমি দুটো বৃত্তিমূলক প্রকল্প জানি, একটা হচ্ছে টিটাগড় প্রোডাকসান সেন্টার, আর একটা হচ্ছে চুঁচুড়ার নেয়া'র বেড প্রোডাকসান সেন্টার। এই দুটি প্রোডাকসান সেন্টার বৃত্তিমূলক প্রোডাকসান সেন্টার, এর সমস্ত কাজ বন্ধ হয়ে গেছে, কোথাও কোথাও যন্ত্রপাতি আছে, আবার কোথাও কোথাও বৃষ্টিতে যন্ত্রপাতি নষ্ট হয়ে যাচ্ছে, সুপারিনটেন্ডেন্ট আছেন, অন্য যাঁরা বৃত্তি শিখবেন তাঁরা আছেন কিন্তু যাঁরা শেখাবেন তাঁদের রাখার কোন ব্যবস্থা নেই, সেই শিক্ষণ প্রণালী উঠে গেছে। এই রকম অবস্থা যদি থাকে, তা হ'লে নতুন প্রকল্প কি নেবেন, কি মাস্টার প্ল্যান নিয়ে হাজির করছেন, সেই মাস্টার প্ল্যানে আরো ৫ বছরে কি হবে না হবে সেটা জানার আগে যা ছিল সেটা উঠে গেল কেন সে সম্বন্ধে যদি বলেন আমরা বাধিত হব।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বেশী দূর নয়, কোলকাতা থেকে মাত্র ১২ মাইল দূরে আপনি যদি খড়দহে যান, তা হ'লে দেখবেন সেখানে একটা পি এল ক্যাম্প আছে, উইমেনস ক্যাম্প নাম্বার থ্রি, সেই ক্যাম্পের অবস্থা যদি দেখেন, তা হ'লে বার বার লজ্জা পেতে হবে। আমি বেদিয়া দেখেছি, বিহারের চৌদহা দেখেছি, কিন্তু এই পি এল ক্যাম্পে যে অবস্থা, যে অব্যবস্থা রয়েছে সেটা দেখলে মনে হয় এই জিনিস বোধ হয় কোথাও নেই। সেখানে ৬৮৭ জন লোক থাকেন এবং মহিলাই বেশী। সেখানে ঘর আছে, কিন্তু চাল নেই। গতকালের বৃষ্টিতে সেখানে সকলেই ভিজেছে। সেখানে বাথরুম, ইউরিন্যাল আছে, কিন্তু সেগুলো ঘেরা নেই এবং পায়খানার কোন দরজা নেই। ১ বছর বয়সের ছেলে-মেয়েদের নিয়ে মায়েরা ওই ক্যাম্পে এসে হাজির হয়েছিল আজকে তাদের ছেলেমেয়েদের বয়স ২৫/২৬ বছর হয়েছে। এই ২৫/২৬ বছরের ছেলেমেয়েরা একত্রিত অবস্থায় থাকে এবং তাদের পায়খানার দরজা নেই, ইউরিন্যালের কোন আব্রু নেই। এই বিষয় নিয়ে আমি মন্ত্রিমহাশয়কে চিঠি লিখেছিলাম এবং তার জবাব মন্ত্রিমহাশয়ের ডিপার্টমেন্টের মাধ্যমে পেয়েছিলাম। কিন্তু তারপর আবার যখন জবাব চাইলাম যে, এই খোলা অবস্থার পরিবর্তন করুন, মেয়েদের লজ্জা নিবারণের ব্যবস্থা করুন, অত্যন্ত দুঃখের কথা ক্যাম্পে সেই আব্রুর ব্যবস্থা হ'ল না। এই পরিবেশে যে সমস্ত উদ্বাস্তু ভাইবোনেরা থাকে তাদের কাছ থেকে আমাদের সমাজ কি আশা করতে পারে। এরা যদি খুনী হয়, বদমায়েস হয় তার জন্য দায়ী কে? এর জন্য দায়ী হচ্ছে এই প্রশাসন যন্ত্র যারা পরিচালনা করেন তাঁরা। এই পি এল ক্যাম্পে আমাদের সরকার কি দিচ্ছেন, না, ১২ টাকা ১২ পয়সা মাসে, তারপর ৪ কেজি গম, ৪ কেজি চা'ল, ১ কেজি ১৪ ছটাক ডাল। ভারতবর্ষের কোথাও আজকাল কেজি ছাড়া নেই, কিন্তু এখানে এখনও সের এবং ছটাক চলে। এ ছাড়া এ'রা পাচ্ছেন প্রতি বছরে ৩ খানা শাড়ি, ৩টি সায়া এবং ৩টি ব্লাউজ। আজকে ১০ মার্চ, আর কিছুদিন পর বছর শেষ হবে কিন্তু তারা ১ খানার বেশী শাড়ি পায় নি। আমি বার বার মন্ত্রিমহাশয়ের দরজায় গিয়ে ধর্না দিয়েছি কিন্তু কোন সুরাহা হয় নি। তারপর দেখলাম তাদের গম কমিয়ে দেওয়া হ'ল। স্ট্যাটুটরি রেশনিং এলাকায় যখন গম কমান হ'ল তখন এদেরও গম কমিয়ে দেওয়া হয়। আমাদের এলাকায় আমরা যখন ১০ কেজি গম পেতাম তখন এই সমস্ত রিফিউজি মহিলারা দাবি করেছিল আমাদেরও গম বাড়ান হোক। তখন বলা হল, তোমাদের ডোল দেওয়া হচ্ছে কাজেই তোমাদের ঐ ৬ কেজি ৬০০ গ্রাম যেটা দেওয়া হচ্ছে সেটাই পাবে। কিন্তু এখন বাইরে যখন গম কমল তখন এদেরও কমান হ'ল। অথাৎ ৬ কেজি ৬০০-র জায়গায় ৪ কেজি হ'ল। ১২ টাকা ১২ পয়সা যেটা পেত সেটা তারা এখনও পায়। এই ১২ টাকা ১২ পয়সা দিয়ে তাদের তেল, নুন, জ্বালানি সব কিছুর ব্যয় বহন করতে হয়। ছেলে-মেয়েদের ৯ম শ্রেণীর পর থেকে শিক্ষা ব্যবস্থা বন্ধ হ'ল। আমরা মনে করেছিলাম, পি এল ক্যাম্পের এই সমস্ত উদ্বাস্তু মহিলাদের পুনর্বাসনের ব্যবস্থা করা হবে। কিন্তু সেখানে দেখলাম সরকারী দপ্তরে বিভিন্ন মত রয়েছে। অর্থাৎ যারা ছেলের মা তাদের জন্য ৭ হাজার টাকা এবং যারা মেয়ের মা তাদের জন্য ৩ হাজার টাকা স্যাংসন করা হয়।

[5-10—5-20 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনেক মেয়ের মা মেয়েকে বিয়ে দিয়েছেন ধার ক'রে, কিন্তু আজ পর্যন্ত সেই মেয়ের মা সরকারের যে টাকা দেয় তা পান নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা বারবার এই দাবি তুলেছি এবং বারবার আবেদন করেছি, কিন্তু আজ পর্যন্ত এর কোন সুরাহা হ'ল না। তাইতো আমরা দেখেছি ব্যারাকপুর বেল্টে ব্যারাকপুর মহকুমায় কি রকম অন্যায় সংঘটিত হচ্ছে এবং বারে বারে আমরা লক্ষ্য করেছি যে, উদ্বাস্তু ভাইবোনেরা এর সঙ্গে জড়িত হয়ে পড়ছে। কেন তারা জড়িত হয়ে পড়ছে, কি কারণে একবার কি আমরা ভেবে দেখছি না, চিন্তা করছি না। এখানে বলা হয়েছে, মিটিং লোক হবার জন্য, আমি বলি মিটিং-এ লোক হয় কেন। আমরা ডাকলেই কি হবে? আপনারা যদি তাদের সমস্যার সমাধান ক'রে দিতে পারেন, তা হ'লে আপনাদের সঙ্গে তারা থাকবে। যদি তাদের সমস্যার সমাধান করে না দিতে পারেন, তা হ'লে নিশ্চয়ই তারা আমাদের সঙ্গে থাকবে না। এই তো ইতিহাসের শিক্ষা। আপনারা খালি কেন্দ্রীয় সরকারের দিকে তাকিয়ে থাকবেন, তারা অনুমতি দিলেই তবে হবে, তারা স্বীকার না করলে কিছু হবে না। আপনারা নিজেরা কিছু করবেন না, সরকারের নিজস্ব পরিকল্পনা দ্বারা, সি এম ডি এ-র প্রকল্প দ্বারা আপনাদের অন্যান্য উন্নয়ন প্রকল্প দ্বারা অন্যান্য পরিকল্পনার

দ্বারা আপনারা এই সব উদ্বাস্তু ভাইবোনদের সমস্যার সমাধান করতে পারেন। এবং এই সমস্ত প্রকল্প যদি আপনারা গ্রহণ করেন, তা হ'লে আমরা সকলেই সমর্থন করব।

শ্রীকেশব ভট্টাচার্য: মাননীয় স্পীকার মহাশয়, উদ্বাস্তু ত্রাণ এবং পুনর্বাসন মন্ত্রিমহাশয় ১৯৭৩-৭৪ সালের ব্যয়বরাদ্দের বাজেট পেশ ক'রে মাননীয় মন্ত্রিমহাশয় যে ভাষণ দিলেন তা আমি শুনলাম, কিন্তু ভাষণের মধ্যে কোন আশার আলো দেখতে পেলাম না। অত্যন্ত দুঃখ এবং বেদনার কথা স্বাধীনতার ২৫ বছর পরে আমাদের আমলারা আমাদের একটি মাস্টার প্ল্যান উপঢৌকন দিয়েছেন। ২৫ বছর স্বাধীনতার রজতজয়ন্তীতে অনেক আনন্দ অনেক দীপাবলী জ্বালান হ'ল, কিন্তু আমি মাননীয় মন্ত্রীর কাছে জিজ্ঞাসা করি যে, আপনি কি বাস্তবিকই দরদী মন নিয়ে পশ্চিমবঙ্গের উদ্বাস্তু ভাইবোনদের কথা চিন্তা করেছেন? একবারও কি ভেবে দেখেছেন এই সব হতভাগা মানুষগুলির কি দুঃখ-যন্ত্রণার ভিতর দিয়ে, কি দুঃখবেদনার ভিতর দিয়ে তারা দিন যাপন করছে। আমি জানি না, মাননীয় মন্ত্রিমহাশয় উদ্বাস্তু কিনা, আমি জানি না মাননীয় মন্ত্রিমহাশয়ের উদ্বাস্তু জীবনের প্রত্যক্ষ অভিজ্ঞতা আছে কিনা। সেজন্য বলছি যে, তিনি যেভাবে মামুলি ভাষণ এই বিধানসভায় উত্থাপন করলেন তাতে আমরা কোন আশার আলো দেখতে পেলাম না। আমি যে এলাকায় বাস করি সেখানে ৭ লক্ষ উদ্বাস্তু বাস করে, সেটা হচ্ছে হাবড়া, অশোকনগর এবং কল্যাণগড় এলাকা। আজকে সেখানে ২৫ বছরের রাস্তাঘাট শেষ সীমায় গিয়ে পেঁাছেছে। সেখানে পানীয় জলের ব্যবস্থা নাই, তারা জল খেতে পাচ্ছে না। একটা জীর্ণ এলাকা সেখানে কি দারুণ নৈরাশ্য, সেখানে দুই বৎসর যাবত কি তান্ডব চলছে, সেই তান্ডব লীলার মূল সমস্যার সমাধান করতে না পারলে উদ্বাস্তুদের মনে যে নৈরাশ্য এসেছে তারা কোন পথে যাবেন তার সমাধান না করতে পেরে তারা একটা বিরাট হিংসার আগুনে জ্বলে পুড়ে মরছে। এবং তার জন্য সমস্ত পশ্চিমবাঙলায় এই একটা সন্ত্রাস উৎসাদিত হ'ল, আজকে ২৫ বছর পরে যখন ঐ হাবড়া কলোনীর দিকে তাকাই ওখানে যে প্রোডাকশন সেন্টার আছে, পি এল ক্যাম্প আছে, ২৫ বছর পরে আমাদের মাননীয় মন্ত্রীরা ওদের রিহ্যাবিলিটেশন দিচ্ছেন, অতি দুঃখের কথা বলছেন যে, ২৫ বছর পরে যখন তোমার পুত্র চাকুরি পাচ্ছে, তখন তুমি রিহ্যাবিলিটেশন বেনিফিট পাবে না, এটা কোন ধরনের যুক্তি? যে লোককে পুনর্বাসন দেওয়া উচিত ছিল সরকারের অপদার্থতার জন্য সরকারের গাফিলতির জন্য সে পুনর্বাসন পায় নি, তার জন্য আজ ২৫ বছর পরে সেই মায়েরা আজকে কেন পুনর্বাসনের বেনিফিট পাবে না, তা আমরা বুঝতে পারছি না। আমার কাছে অনেক তথ্য আছে, যে ছেলে আজকে ২৫ বছর পরে হয়ত স্পিনিং মিলে একটা কাজ পাচ্ছে, তার মাকে বলা হচ্ছে, তুমি পুনর্বাসন পাবে না, এটা কোন ধরনের কথা? আজকে যারা একটা কুঁড়ে ঘরে ছিল, যারা দীর্ঘ ২৫ বছর একটি আলো বাতাসহীন ঘরে বাস করত তারা আজকে পুনর্বাসনের মুখ দেখছেন, যখন সরকার তাদের টাকা দেবার জন্য মঞ্জুরী করেছেন, তখন একটা নতুন সার্কুলার প্রচার করছেন যে, তোমাদের ছেলেরা যেহেতু মুদিখানা বা কোন ইলেকট্রিকের কারখানায় চাকুরি পাচ্ছে, সুতরাং তারা আর পুনর্বাসনের বেনিফিট পাবে না। এই যদি ব্যাপার হয়, তা হ'লে আবার বিক্ষোভ হবে, চূড়ান্ত বিক্ষোভ হবে। মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব যে, আপনি দরদী মন নিয়ে বিচার করুন, এখানে অনেক সদস্য এবং সি পি আই-র বন্ধুরাও পি এল ক্যাম্পের কথা বলেছেন, আমি আমাদের মন্ত্রীকে বলছি, আপনার তো মায়া আছে, মমতা আছে, আপনি দয়া ক'রে একবার পি এল ক্যাম্পগুলি ঘুরে দেখুন যে, মানুষ কিভাবে নক্কারজনক জীবন যাপন করেন, কি কোরাপশন তাদের ভিতরে ঢুকে যাচ্ছে, কিভাবে তারা অমানুষিক দারিদ্র্যের মধ্যে জীবন কাটাচ্ছে, এটা আপনাকে বাস্তব উপলব্ধি করতে হবে। আমি যদি এই এয়ারকন্ডিশন ঘরে বসে ভাষণ দিই, আমরা যদি রাইটার্স বিল্ডিংস-এ বসে আমাদের বক্তব্য রাখি, তা হ'লে ঐ দরিদ্র উদ্বাস্তুদের জীবনের সঠিক অবস্থাকে উপলব্ধি করতে পারব না। আমি মনে করি, আমার মন্ত্রী প্রগতিশীল লোক, আমি মনে করি তাঁর কাজ করবার আগ্রহ আছে, দয়া ক'রে আপনি পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় উদ্বাস্তু এলাকা ঘুরে আসুন, আমলাতন্ত্রের চোখে নয়, নিজের চোখে ঐ উদ্বাস্তুদের অবস্থা দেখে আপনি বিচারবুদ্ধি প্রয়োগ ক'রে এগিয়ে যান, তা না হ'লে পশ্চিমবাংলার কোন সমস্যার সমাধান হবে না। আজকে যত কথাই বলি, আজকে ৬৫ হাজার টাকা মাসিক ব্যয় ক'রে আমরা ক্যামাক

স্ট্রিটের ঘর ভাড়া নিয়েছি, আমি আমার মন্ত্রীকে বলছি সরকার সল্ট লেকে কত টাকা ব্যয় করেছেন, সেখানে অনেক ঘর তৈরি করেছেন, সেখানকার কিছু ঘর নিয়ে নিন, তার দাম হয়ত দুই লক্ষ টাকা হবে, তা হ'লে হয়ত মাসে ৬৫ হাজার টাকা ভাড়া দিয়ে কেন আপনি পশ্চিম-বাংলার নিরন্ন মানুষের অর্থ নিয়ে ছিনিমিনি খেলবেন, এটি আপনাকে অনুধাবন করতে হবে। যদি আপনি উদ্বাস্তু পুনর্বাসন সমস্যার বাস্তব উপলব্ধি না করেন, তা হ'লে কত কাল আমরা এদের মিথ্যা কথা বলব, তা হ'লে আবার ২৫ বছর পরে ১৯৯৬ সালে হয়ত দেখব একটা মাস্টার প্ল্যান বিধানসভায় উপস্থিত হবে, তখন আমিও থাকব না, আপনিও থাকবেন না, কত কাল আর উদ্বাস্তুরা সবরীর প্রতীক্ষার মত কত দিন অপেক্ষা করবে? পশ্চিমবাংলায় উদ্বাস্তু পুনর্বাসনের জন্য আর আমরা কত দিন তাকিয়ে থাকব? পশ্চিম পাকিস্তানের উদ্বাস্তুরা ১৯১ টাকা ক্ষতি-পূরণ পেল আর আমরা নেহেরু-লিয়াকত আলীর চুক্তির ফলে আমরা কিন্তু ১ পয়সাও সম্পত্তির ক্ষতিপূরণ পেলাম না, আমাদের জোর দাবি ছিল না, আমাদের দাবি তারা উপস্থিত করতে পারেন নি। সদাশয় সেন্ট্রাল গভর্নমেন্ট পশ্চিম পাকিস্তানের উদ্বাস্তুদের টাকা দিয়েছে, লোন দিয়েছে, জায়গা দিয়েছে, সমস্ত রকম অ্যাডভান্টেজ দিয়েছে আর হতভাগ্য পূর্বপাকিস্তানের উদ্বাস্তুরা, যারা ফাঁসীর মঞ্চে জীবনের জয়গান গেয়ে গেল, যারা কারা প্রাচীরের অন্তরালে দিনের পর দিন জীবন ক্ষয় করল, কিন্তু তাদের যে ক্ষয়ক্ষতি হ'ল তা পূরণের কোন আশা বাস্তবে রূপায়িত হ'ল না। আমি একজন উদ্বাস্তু প্রতিনিধি, আমি যে অঞ্চলে বাস করি, তারা আজকে ২৫ বছর পরেও জমির মালিকানা পায় নি, আমি এটা আগেই বলেছিলাম, আমার বক্তব্যে আমার মন্ত্রিমহাশয় বলেছিলেন যে, আমি কেন্দ্রীয় সরকারকে লিখেছি, কেন্দ্রীয় সরকারকে লিখেছেন ২৫ বছর হয়ে গেল আজকে ২৫ বছর পরেও কেন তারা বাড়ির মালিকানা পেল না, ২৫ বছর পরেও কেন আমাদের অঞ্চলে রাস্তা হ'ল না, জলের কল হ'ল না এর কৈফিয়ত কে দেবে?

[5-20—5-30 p.m.]

২৫ বছর হ'ল আজকে আমাদের অঞ্চলে রাস্তাঘাট হ'ল না, জলকল হ'ল না, আর কতবার আশ্বাস দেবেন। এতো আশ্বাস দিচ্ছেন যে, পশ্চিমবাংলায় যদি সে আশ্বাসগুলো গোডাউন ক'রে রাখবার ব্যবস্থা হ'ত, তা হ'লে সে গোডাউন ভ'রে যেতো। তাই আমরা ঘরপোড়া গরু, সিন্দুরে মেঘ দেখলে ভয় পাই, আমরা আর আশ্বাসে আশ্বস্ত হ'তে পারি না। তাই মন্ত্রিমহাশয়কে দরদী মন দিয়ে উদ্বাস্তু সমস্যার সমাধানের জন্য আবেদন জানাচ্ছি। এই মন্ত্রিসভা পশ্চিমবাংলার জনগণের থেকে আশীর্বাদ পেয়েছেন তাকে যদি রক্ষা করতে চান, তা হ'লে উদ্বাস্তু সমস্যার সমাধান করতে হবেই। এর উপর পশ্চিমবঙ্গ মন্ত্রিসভার ভবিষ্যৎ নির্ভর করবে। যদি না করেন, তা হ'লে এর জবাব ১৯৭৭ সালে পাবেন। এই কথা স্মরণ করিয়ে দিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ্।

শ্রীসন্তোষকুমার রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যরা আজকে আমার বাজেটের উপর যে বক্তব্য রেখেছেন তাতে আমার মনে হয় বাজেট বক্তব্য যে উদ্দেশ্য নিয়ে আমি এখানে উপস্থিত করেছি তা তাঁরা ভালভাবে অনুধাবন করতে পারেন নি। মাননীয় সদস্যদের আমি আবার স্মরণ করিয়ে দিতে চাই যে গত বিধানসভায় যে প্রতিশ্রুতি আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের কাছে দিয়েছিলাম বা মাননীয় সদস্যদের মাধ্যমে পশ্চিমবাংলার উদ্বাস্তু ভাইদের জানিয়েছিলাম সেই প্রতিশ্রুতি থেকে আমি এক পাও পিছিয়ে যেতে চাই না। আজকে আমি বাজেট বক্তৃতায় তুলনামূলকভাবে এই কথা উত্থাপিত করেছি যে, আমাদের যে লক্ষ্য সেই লক্ষ্যে কতটা এগোতে আমরা পেরেছি। আগে থেকে যে লক্ষ্য স্থির করেছিলাম অল্প সময়ের মধ্যে যে লক্ষ্যে উপস্থিত হ'তে হবে সেই লক্ষ্যে পৌঁছবার জন্য যত তাড়াতাড়ি এগোবার দরকার ছিল সেদিকে তত তাড়াতাড়ি যেতে পারি নি। কিন্তু বাজেট বক্তৃতার সঙ্গে সঙ্গে আমরা যে প্রতিশ্রুতি দিয়েছিলাম উদ্বাস্তু পুনর্বাসনের জন্য যে প্রকল্প গ্রহণ করেছি, যে মাস্টার প্ল্যান গ্রহণ করেছি তাও দিয়েছিলাম। আমরা যা কাজ করতে পারি নি তাও বাজেট বক্তৃতায় উল্লেখ ছিল, তার সঙ্গে সঙ্গে আগামী দিনের যে কর্মসূচি সভার সামনে উপস্থিত করেছিলাম, সেই কর্মসূচির সমর্থনে তাঁদের কাছ থেকে বক্তব্য আশা করেছিলাম। সেদিকের থেকে আমি হতাশ হয়েছি।

হতাশ হয়েছি এই কারণে যে চিরকাল এই ২৫ বছর ধ'রে মাননীয় সদস্যরা দেখে এসেছেন প্রতি বিধানসভায় দাঁড়িয়ে মন্ত্রীরা কেবল আত্মপক্ষ সরকারী কর্মসূচির সমর্থনে ক'রে যাবেন। কিন্তু তা না ক'রে আমি আত্মসমালোচনা করেছিলাম। আমরা যে লক্ষ্য স্থির করেছিলাম, সে লক্ষ্যে উপনীত হ'তে পারি নি। আমাদের মাননীয় সদস্য তিমিরবাবু বিরোধী দলের সদস্য হিসাবে যে বক্তব্য রেখেছেন তাতে মনে হয় যে বাজেট বরাদ্দই আমরা উপস্থিত করি বা যে প্রকল্প বা যে কর্মসূচি আমরা গ্রহণ করি তার সমালোচনা করতে হবে তাই সমালোচনা করেছেন। তাঁর কথা শুনে একটা কথাই মনে হয়েছে উদ্বাস্তু জীবনের সঙ্গে, উদ্বাস্তু কলোনীর সঙ্গে তাঁর বোধ হয় সম্যক যোগাযোগ নেই। তিনি কতকগুলো পাবলিক অ্যাকাউন্টস কমিটি এবং এস্টিমেট কমিটির বক্তব্য উপস্থিত করেছেন। আমি মাননীয় সদস্য তিমিরবাবুকে স্মরণ করিয়ে দিতে চাই যে, ২৫ বছরের মধ্যে আর কোন সরকার এই পশ্চিমবাংলার উদ্বাস্তু পুনর্বাসনের ব্যাপারে পশ্চিম পাকিস্তান এবং পূর্ববঙ্গের উদ্বাস্তুদের মধ্যে যে পার্থক্য আছে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করেন নি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের জানাতে চাই যে, আমাদের এই সরকার যে মাস্টার প্ল্যান করেছেন সেটা যদি ভালভাবে পড়েন, তা হ'লে দেখবেন যে, সেখানে পরিষ্কারভাবে প্রতিটি ক্ষেত্রে তুলনামূলকভাবে আমরা বিশ্লেষণ করেছি যে, পশ্চিম পাকিস্তান কি করেছে এবং আমরা কোন কোন দিক থেকে বঞ্চিত হয়েছি--কোন কোন জিনিস আমরা ঐ মাস্টার প্ল্যানে দাবি করেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বিশ্বাস ছিল যে, এই সভা থেকে এই সমস্যা সমাধান কল্পে কেন্দ্রীয় সরকার যাতে তাড়াতাড়ি মাস্টার প্ল্যানের নির্দেশ মত টাকা দেন তার ব্যবস্থা করার জন্য প্রস্তাব আসবে। কিন্তু আমি হতাশ হয়েছি। এই মাস্টার প্ল্যানে আমি অত্যন্ত কম ধরেছি অত্যন্ত কম কর্মসূচি গ্রহণ করেছি। মোটামুটি এই উদ্বাস্তু ভাই-বোনরা আর পাঁচজন মানুষের মত সমপর্যায়ে যাতে থাকতে পারে সেই সামান্য অর্থই আমরা চেয়েছি। আমি আশা করেছিলাম যে, তাকে সমর্থন করবার জন্য আপনারা এগিয়ে আসবেন—যাতে তাড়াতাড়ি সেই টাকা পাওয়া যায় তার জন্য প্রস্তাব আসবে। মাননীয় সদস্যদের মধ্যে অনেকে বলেছেন যে, পি এল ক্যাম্পের ছাত্রছাত্রীদের টিউসন ফি বন্ধ হয়ে গেছে। এ খবর কোথা থেকে পেলেন জানি না। বন্ধ হবার কথা হয়েছিল—কিন্তু ১৯৭২ সালের এই টিউসন ফি রিলিজ ক'রে দেওয়া হয়েছে কেন্দ্রীয় সরকারের অনুমতি ব্যতিরেকেই রিলিজ ক'রে দিয়েছি। বক্তৃতার মাধ্যমে অনেকেই রেশন কমিয়ে দেবার কথা বলেছেন। এই রেশন চালু রাখবার ব্যবস্থা নেই, খাদ্য দপ্তর থেকে আমরা পাচ্ছি না। তবে আমি এইটুকু আশা দিতে পারি এবং আমি ইতিমধ্যেই আমার দপ্তরে নির্দেশ দিয়েছি যে, গম ছাড়া অন্য কোন খাদ্যশস্য দেওয়া যায় কিনা—যদি খাদ্যশস্য দেওয়া না যায়, তা হ'লে সেই পরিমাণ অর্থ যেন তাদের দিয়ে দেওয়া হয়। এই নির্দেশ আমি দিয়ে দিয়েছি আশা করি শীঘ্রই সে সম্বন্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে। আমাদের মাননীয় সদস্য শিবপদবাবু উদ্বাস্তুদের উন্নয়নের ক্ষেত্রে যেন সি এম ডি এ-র মাধ্যমে কাজ করা হয় এই প্রস্তাব রেখেছেন। সবটা ভালভাবে জানানো দরকার—যদি কলোনী উন্নয়নের জন্য এই সি এম ডি এ-এর টাকা যা পেয়েছি তা খরচ ক'রে দিই সেটা কি রকম হবে। তা হ'লে উদ্বাস্তুদের জন্য যে টাকা আমরা চেয়েছি তার কোন সার্থকতা থাকবে না। এই টাকা সম্পূর্ণ সি এম ডি এ-এর জন্য কেন্দ্রের থেকে পাওয়া গেছে এবং তাদের যা কাজ ছিল সেই টাকা তার জন্যই দেওয়া হয়েছে। এই উদ্বাস্তু বাবত যে সাহায্য আমরা কেন্দ্রের কাছ থেকে পাবো সেটাকে যদি সি এম পি ও বা সি এম ডি এ-এর সঙ্গে যুক্ত ক'রে সমগ্র উন্নয়ন ব্যবস্থা করা কি সম্ভব হবে? মাননীয় সদস্যরা এখানে আরও দু'-একটি বিষয়ে পরামর্শ দিয়েছেন—নিশ্চয় সে সম্বন্ধে আমি বিচার-বিবেচনা ক'রে দেখবো। সি এম পি ও এবং সি এম ডি এ-র সাহায্য নিয়ে উদ্বাস্তু কলোনীগুলির সামগ্রিক উন্নয়ন করা সম্ভব কিনা সেটা আপনারা একবার ভালভাবে বিচার ক'রে দেখবেন। আমি কেন্দ্রের কাছে প্রস্তাব করেছি যে, আরও খরচ বেড়ে যাবে, আমি মাননীয় সদস্যদের জানাতে চাই এবং আপনিও জানেন যে, কেন্দ্রীয় সরকারকে বোঝাতে সক্ষম হয়েছি এবং তাঁরা রাজী হয়েছেন বর্ধিত হারে খরচ দিতে। গত ৫ তারিখে আমার বিভাগের কমিশনারকে পাঠিয়েছিলাম—তিনি খবর নিয়ে এসেছেন যে, অতি শীঘ্র এই ব্যবস্থা কেন্দ্রীয় সরকার করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যরা নিশ্চয় বুঝতে

পারছেন যে, এইটুকু অপেক্ষা না ক'রে যদি ঐ টাকা ব্যয় করি তাতে আমাদের যে কাজ আগে যে রকম উন্নয়নের নামে কাজ হয়েছে যাতে অনেকে বলছেন ব্যর্থ হয়েছে সেই রকম হ'ত। সেই রকম ব্যর্থতা আমাদের হ'ত। যাতে সার্থক উন্নয়নের কাজ হয় তার জন্য আমরা চেষ্টা করছি এবং আমাদের চেষ্টা ফলপ্রসূ হয়েছে। আশা করি আগামী বছরের প্রথম থেকেই সি এম পি ও এবং সি এম ডি এ-এর সঙ্গে যুক্ত হয়ে কলোনীতে পয়ঃপ্রণালী ও পানীয় জলের ব্যবস্থা করতে সক্ষম হবো।

[5-30—5-40 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই কথা অস্বীকার করার উপায় নেই যে, আজকে উদ্বাস্তু ভায়েরা আমাদের পশ্চিমবাংলার অন্যান্য মানুষদের থেকে অনেকাংশে পিছিয়ে আছে। কিন্তু এই উদ্বাস্তু ভাইদের পশ্চিমবাংলার অন্যান্য সব মানুষের মত সমপর্যায়ে পেঁৗছে দেবার জন্য আমাদের মাস্টার প্লানের মাধ্যমে বিভিন্ন কর্মসূচি আমরা গ্রহণ করেছি। শিল্পনগরী স্থাপন ক'রে, শিল্প স্থাপন ক'রে অন্যান্য কাজের মাধ্যমে আমরা তাদের কাজ দেবার ব্যবস্থা গ্রহণ করেছি এবং আমরা আশা করছি যে, মাননীয় সদস্যদের যদি সাহায্য সহযোগিতা পাই, তা হ'লে পশ্চিম-বাংলায় এই মাস্টার প্ল্যান রূপায়ণ করতে নিশ্চয় সক্ষম হব। আমি এই কথা আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের পরিষ্কারভাবে জানিয়ে দিতে চাই যে, আমরা মন্ত্রিত্বের চাকরি করতে এখানে আসি নি। আমরা উদ্বাস্তু পুনর্বাসনের জন্য যে প্রতিশ্রুতি দেশের মানুষের কাছে দিয়েছি তা যদি পালন করতে না পারি, ব্যর্থ হই, দু'-এক বছরের মধ্যে যদি বুঝতে পারি সেই প্রতিশ্রুতি পালন করতে পারব না, তা হ'লে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের জানিয়ে দিতে চাই যে, এই আসনে বসবার যোগ্যতা আমার থাকবে না, নিশ্চয় আমি এখান থেকে সরে যাব। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের খালি বিচার করতে বলি যে, ১ বছরের মধ্যে তারা যদি আশা ক'রে থাকেন ২৫ বছর ধ'রে যাদেরকে উপেক্ষা করা হয়েছে, যাদের প্রতি সহানুভূমি দেখানো হয় নি, যাদের মানুষ ব'লে গণ্য করা হয় নি, তারা যদি মনে ক'রে থাকেন রাতারাতি সরকার পরিবর্তনের সঙ্গে সঙ্গে সব কিছু তাদের পরিবর্তন হয়ে যাবে, সব সমস্যার সমাধান হয়ে যাবে, তা হ'লে আমি বলব তা করা কারো পক্ষে সম্ভব নয়। আপনারা জানেন আমাদের দপ্তরের কর্মচারীদের, অফিসারদের দৃষ্টিভঙ্গির পরিবর্তনের ব্যবস্থা করতে হচ্ছে। মাননীয় সদস্যরা জানেন যে, সমস্ত দপ্তরের পুনর্বিন্যাস করতে হচ্ছে। বহু লোককে এখান থেকে স্থানান্তরিত করতে হচ্ছে। যেসমস্ত দপ্তরে অব্যবস্থা ছিল এবং সহানুভূতির অভাবে যেখানে কাজ হচ্ছিল না, সেই সব জিনিষ দূর করবার জন্য আমরা ব্যবস্থা গ্রহণ করেছি, সে কথা নিশ্চয়ই অল্প-বিস্তর মাননীয় সদস্যরা জানেন। জানেন এই জন্য যে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যদের অনেকেই এই সব স্থানান্তরিত অফিসারদের সম্বন্ধে তদবির-তদারক করতে আসেন যে, সরাবেন না। আমি তাদের প্রত্যেককে বলেছি যে, দীর্ঘদিন এক জায়গায় বসে বসে একটা ভেস্টেড ইন্টারেস্ট জন্মে গেছে, সেই জন্য তাদের স্থানান্তরিত ক'রে সমস্ত বিভাগের পুনর্বিন্যাস করা দরকার। কেন না, আমরা নতুন দৃষ্টিভঙ্গি নিয়ে নতুনভাবে উদ্বাস্তুদের সেবা করতে চাই এবং আমি আশা করি আমাদের বর্তমান সরকারের যে দৃষ্টিভঙ্গি সেই দৃষ্টিভঙ্গির সঙ্গে যদি মাননীয় সদস্যদের সাহায্য এবং সহযোগিতা পাই, তা হ'লে যতই বাধা থাকুক না কেন, সেই বাধাকে আমরা অতিক্রম ক'রে পশ্চিমবাংলার উদ্বাস্তু ভাইদের দীর্ঘ ২৫ বছরের যে সমস্যা রয়েছে সেই সমস্যাকে দূর করতে পারবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্যদের এই বক্তব্যের কোন কারণ খুঁজে পেলাম না—কোন্ জায়গায় আমরা বলেছি যে, উদ্বাস্তু ভাইদের বাস্তুজমির যে স্বত্ব সেই স্বত্ব দেওয়া থেকে বিরত আছি? আমি বাজেট বক্তৃতায় এই কথা বলেছি যে, তাদের স্বত্ব দেবার ব্যবস্থা সম্বন্ধে কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করেছি এবং তাতে আমরা আশানুরূপ সাড়া পেয়েছি। কেন্দ্রীয় সরকার সমস্ত জিনিসটাকে পুঙ্খানুপুঙ্খরূপে বিচার বিবেচনা করছেন। তাঁরা দু-একটি সাজেসান আমাদের কাছে পাঠিয়েছিলেন যে, এইভাবে করা যায় কিনা—কারণ এই বিনা টাকায় তাদের যে স্বত্ব দেওয়া হবে এই যে মকুব ক'রে দেওয়া হবে, এর একটা সুদূরপ্রসারী ক্রিয়া হবে। সেই জন্য কেন্দ্রীয় সরকার সমস্ত জিনিসটিকে পুঙ্খানুপুঙ্খরূপে বিচার-বিবেচনা ক'রে এ সম্বন্ধে তাঁরা

তাঁদের সিদ্ধান্ত জানাবেন এবং আমি আশা করি, এই রজত-জয়ন্তী বর্ষে উদ্বাস্তু ভাইদের এই স্বত্ব দিতে নিশ্চয় সক্ষম হব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিশির ঘোষ মহাশয় যে বক্তব্য রেখেছেন সে সম্বন্ধে আমি কিছু বলতে চাই। এই কথা ঠিক যে আমার দপ্তরের কমিশনার থেকে আরম্ভ ক'রে প্রত্যেক অফিসারকে আমি বলেছি যে, পশ্চিমবাংলায় এইভাবে পি এল ক্যাম্প রাখা চলে না। বর্তমান যুগোপযোগী ক'রে এই পি এল ক্যাম্পগুলির পুনর্বিন্যাস এবং সংস্কার ইত্যাদি সমস্ত কিছু করা দরকার এবং এই পি এল ক্যাম্প সম্বন্ধে আমরা কেন্দ্রীয় সমাজকল্যাণ বিভাগের সঙ্গে যোগাযোগ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত দুঃখিত এবং লজ্জিত যে, মাননীয় শিশির ঘোষ মহাশয় বলেছেন যে, অব্যবস্থা আছে। তিনি আমার কাছে বারবার আসেন নি, তিনি নিশ্চয় একটি চিঠি দিয়েছিলেন। তার জবাবও আমি দিয়েছি। তবে তিনি যদি আসতেন, তা হ'লে জানতে পারতেন---আমি জানি শিশিরবাবু নিশ্চয় কিছু কিছু কাজকর্মে আমার কাছে এসেছেন। কিন্তু কোন সময়েই কাজ এইভাবে অবহেলা ক'রে ফেলে রাখা আমার স্বভাবের মধ্যে পড়ে না। তিনি যে কথা বলেছেন যদি এই অবস্থা হয়ে থাকে, তা হ'লে আমি সত্যিই লজ্জিত এবং এ ব্যাপারে আমি তদন্ত করবো এবং এ সম্বন্ধে শীঘ্রই ব্যবস্থা করবো। মহিলারা ক্যাম্পের মধ্যে যদি আব্রুহীন অবস্থায় থাকেন, তা হ'লে তার ব্যবস্থা নিশ্চয় করা হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আশা করবো আমাদের পশ্চিমবাংলা সরকারের এবং পশ্চিমবাংলার উদ্বাস্তু পুনর্বাসন বিভাগের ভবিষ্যৎ দিনের যে কর্মসূচি, যে প্রকল্প এই সভায় উপস্থিত করেছি তা চিন্তা ক'রে উদ্বাস্তু ভায়েদের জন্য যে অল্প টাকা ব্যয়বরাদ্দের দাবি উপস্থিত করেছি তা আপনারা মঞ্জুর করবেন। যে প্রকল্পের কথা বলেছি তা যদি মঞ্জুর হয়, তা হ'লে হয়ত সামনের বছর সাপ্লিমেন্টারি গ্রান্ট পাস করাবার জন্য আবার সবার কাছে আসতে হবে। আমি আশা করি যে কাট-মোসান এনেছেন তা প্রত্যাহার ক'রে নেবেন। পশ্চিমবাংলার ২৫ বছরের যে উদ্বাস্তু সমস্যা আগামী ৪ বছরের মধ্যে তার যাতে সুরাহা করতে পারি, উদ্বাস্তু-দের প্রকৃত পুনর্বাসন যাতে দিতে পারি তার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে ন্যূনতম চাহিদা আছে তা যাতে পূরণ করেন তার জন্য সভা থেকে প্রস্তাব করবেন। এই বলে সমস্ত কাট-মোসানের বিরোধিতা ক'রে শেষ করছি।

Mr. Speaker: Now, I put to vote cut motion Nos. 2 and 3.

[5-40—5-50 p.m.]

The motion of Shri Timir Baran Bhaduri that the amount of the demand be reduced to Re. 1, and the motion of Shri Timir Baran Bhaduri that the amount of demand be reduced by Rs. 100—

were then put and a division taken with the following result:—

Noes

Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Bera, Shri Rabindra Nath.
Bhattacharya, Shri Keshab Chandra.
Bhattacharjee, Shri Shibapada.
Bijali, Dr. Bhupen.
Biswas, Shri Ananda Mohan.
Biswas, Shri Kartic Chandra.
Bose, Shri Lakshmi Kanta.
Chaki, Shri Naresh Chandra.
Chakraborty, Shri Gautam.
Chatterjee, Shri Tapan.

Noes—*Contd.*

Chattopadhay, Shri Gobinda.
Das, Shri Rajani.
Das, Shri Sarat Chandra.
Das, Shri Sudhir Chandra.
Das Gupta, Dr. Santi Kumar.
De, Shri Asamanja.
Deshmukh, Shri Netai.
Doloi, Shri Rajani Kanta.
Dutta, Shri Adya Charan.
Ghosh, Shri Lalit Kumar.
Ghosh, Shri Sisir Kumar.
Ghosh Moulik, Shri Sunil Mohan.
Gyan Singh, Shri Sohanpal.
Hajra, Shri Basudeb.
Halder, Shri Harendra Nath.
Isore, Shri Sisir Kumar.
Khan, Shri Gurupada.
Kolay, Shri Akshay Kumar.
Lakra, Shri Denis.
Mahato, Shri Ram Krishna.
Mahato, Shri Satadal.
Maitra, Shri Kashi Kanta.
Mandal, Shri Santosh Kumar.
Mazumdar, Shri Indrajit.
Md. Safiullah, Shri.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Mohammad Idris Ali, Shri.
Molla, Tasmatulla, Shri.
Mondal, Shri Aftabuddin.
Moslehuddin Ahmed, Shri.
Mukhopadhyaya, Shri Ajoy.
Naskar, Shri Ardhendu Sekhar.
Nurul Islam Molla, Shri.
Nurunnesa Sattar, Shrimati.
Panja, Shri Ajit Kumar.
Patra, Shri Kashinath.
Paul, Shri Bhawani.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Ram, Shri Ram Peyare.
Roy, Shri Bireswar.
Roy, Shrimati Ila.
Roy, Shri Jagadananda.
Roy, Shri Santosh Kumar.

Noes—*Concld.*

Saha, Shri Dulal.
Saha, Shri Dwija Pada.
Saren, Shrimati Amala.
Sarkar, Dr. Kanai Lal.
Sautya, Shri Basudeb.
Shaw, Shri Sachi Nandan.
Sinha, Shri Debendra Nath.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Topno, Shri Antoni.
Wilson-de Roze, Shri George Albert.

Ayes

Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Abstentions

Khan Nasiruddin, Shri.
Mahanti, Shri Prodyot Kumar.

The Ayes being 2 and the Noes being 68, the motions were lost.

The motion of Shri Santosh Kumar Roy that a sum of Rs. 13,55,42,000 be granted for expenditure under Grant No. 49, Major Heads: "71—Miscellaneous—Irrecoverable Loans to displaced persons written-off. 71—Miscellaneous—Expenditure on displaced persons, 71—Miscellaneous—Relief to Refugees from Bangladesh, 109—Capital Outlay on Other Works—Expenditure on displaced persons, and Loans and Advances to displaced persons."

was then put and a division taken with the following result:—

Ayes

Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Bera, Shri Rabindra Nath.
Bhattacharya, Shri Keshab Chandra.
Bijali, Dr. Bhupen.
Biswas, Shri Ananda Mohan.
Biswas, Shri Kartic Chandra.
Bose, Shri Lakshmi Kanta.
Chaki, Shri Naresh Chandra.
Chakraborty, Shri Gautam.
Chatterjee, Shri Tapan.
Das, Shri Barid Baran.
Das, Shri Rajani.

Ayes—*Contd.*

Das, Shri Sarat Chandra.
Das, Shri Sudhir Chandra.
Das Gupta, Dr. Santi Kumar.
De, Shri Asamanja.
Deshmukh, Shri Netai.
Doloi, Shri Rajani Kanta.
Duley, Shri Krishnaprasad.
Dutta, Shri Adya Charan.
Ghosh, Shri Lalit Kumar.
Ghosh Moulik, Shri Sunil Mohon.
Gyan Singh, Shri Sohanpal.
Hajra, Shri Basudeb.
Halder, Shri Harendra Nath.
Isore, Shri Sisir Kumar.
Khan, Shri Gurupada.
Lakra, Shri Denis.
Mahato, Shri Ram Krishna.
Mahato, Shri Satadal.
Maitra, Shri Kashi Kanta.
Mandal, Shri Santosh Kumar.
Mazumdar, Shri Indrajit.
Md. Safiullah, Shri.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Mohammad Idris Ali, Shri.
Molla, Tasmatulla, Shri.
Mondal, Shri Aftabuddin.
Moslehuddin Ahmed, Shri.
Mukhopadhyaya, Shri Ajoy.
Nurul Islam Molla, Shri.
Nurunnesa Sattar, Shrimati.
Panja, Shri Ajit Kumar.
Patra, Shri Kashinath.
Paul, Shri Bhawani.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Ram, Shri Ram Peyare.
Roy, Shri Bireswar.
Roy, Shrimati Ila.
Roy, Shri Jagadananda.
Roy, Shri Santosh Kumar.
Saha, Shri Dulal.
Saha, Shri Dwija Pada.
Saren, Shrimati Amala.
Sarkar, Dr. Kanai Lal.

Ayes—*Concld.*

Sautya, Shri Basudeb.
Shaw, Shri Sachi Nandan.
Sinha, Shri Debendra Nath.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Topno, Shri Antoni.
Wilson-de Roze, Shri George Albert.

Noes

Bhaduri, Shri Timir Baran.
Bhattacharya, Shri Harasankar.
Shish Mohammad, Shri.

Abstentions

Khan Nasiruddin, Shri.
Mahanti, Shri Prodyot Kumar.
Ghosh, Shri Sisir Kumar.

The Ayes being 65 and the Noes 3, the motion was carried.

Statement under rule 346

Mr. Speaker: I call upon Shri Gyan Singh Sohanpal to make a statement under rule 346.

Shri Gyan Singh Sohanpal: Sir, this morning I promised to make a statement relating to the sale of Government vehicle No. WBS 1906 belonging to the Calcutta State Transport Corporation.

On 2nd March, 1973, Hon'ble Member Shri Pankaj Banerjee raised the question of sale of Bus No. WBS 1906 of the Calcutta State Transport Corporation and referred to a news item in "Kalantar" of 26th February 1973. The news contained allegations that—

(1) Bus No. WBS 1906 was sold for only Rs.9,000 although an expenditure of approximately Rs.15,000 was incurred over the last six months towards its repairs; and that

(2) The vehicle did complete duty on the day it was sold. But it was marked as 'Rejected' and sold.

On 3rd March, 1973, I asked the Transport Commissioner to enquire into the transaction and submit a report. The result of his enquiry is as follows:

Calcutta State Transport Corporation has in its fleet altogether 202 Alcop. 1/1-350 Comet Engine—Single-Decker buses. The technical

opinion of the Director of Engineering of C.S.T.C. was that the Alcop. 1/1 vehicles, which had done only 2 or 3 lakhs kilometers so far would easily run for another 2 or 3 years if the engines were overhauled and the hydraulic-brake system was converted into air-brake system. The Management Board of the C.S.T.C. in its meeting, dated 3rd April, 1972, considered this matter and decided that it would be more economical and worthwhile to go in for overhauling and change of brake system even at a cost of Rs.30,000 per vehicle. The Board further decided that the vehicles which have done only 2 or 3 lakhs kilometers and which are likely to give further life of 2 or 3 years should be sorted out for overhauling and conversion of the braking system. The Board decided that there need not be any overhauling or change of braking system of vehicles, which have nearly served their life. Copy of the Board's resolutions are placed below. The implications of the resolutions is that out of 202 Alcop. 1/1 single-decker buses, only 51 are serviceable from the point of view of cost-effectiveness.

Out of the 151 unserviceable buses in terms of the Board's resolutions three vehicles, namely, WBS 1905, 1906 and 1907, were proposed to be sold in one lot. Their depreciated book-value as on 11th December 1972 was Rs. 2,210.10, Rs. 2,217.04 and Rs. 2,213.70, respectively. In accordance with the Board's resolution mentioned before, open tenders were invited through newspapers on 5th January, 1973 for sale of the buses. Four tenders were received. The highest offer for all the three buses was Rs. 11,257 for each vehicle although one tenderer offered a price of Rs. 15,000 only for bus No. WBS 1907. Of the four tenders only one tender for bus No. 1907 of Rs. 15,000 was a valid one. In order to get a more competitive price, it was decided to sell the vehicles by auction through Corporation's authorised auctioneer. The auction was restricted to the four parties who had offered prices at the tender. It was held on 9th February, 1973 and the highest offers of Rs. 12,500 from one Shri Satyajit Dutta in respect of WBS 1905 and that of Rs. 12,100 from one Shri Avtar Singh for WBS 1906 were accepted. The highest offer of Rs. 15,000 in respect of WBS 1907 was, however, not accepted as it was decided that it would not be sold at the price offered but would be sold in public auction along with other vehicles. WBS 1906 was delivered to Shri Avtar Singh after receipt of the money offered. WBS 1905 has not yet been delivered to Shri Satyajit Dutta.

It is not possible to state the exact amount spent on repairs on Bus No. WBS 1906 prior to its being sold but no heavy expenditure on account of any major repair on this vehicle was incurred during the last six months.

The date on which WBS 1906 was delivered to the purchaser Shri Avtar Singh was 23rd February, 1973. On that day, that bus was allotted three trips in Route No. 34 in the morning shift and it completed two trips. During the period from 5th January 1973 to 23rd February, 1973, this bus was allotted in the morning shift, a total number of 70 trips

on 25 days, of which the vehicle broke down on route on 10 days and performed only 50 trips. In the second shift the bus was allotted on route for four days 15 trips, but the vehicle completed only 8.5 trips. These facts indicate the low cost-effectiveness of the vehicle. It is also noteworthy that WBS 1906 gave only 40,000 km. on an average per annum during the last eight years. The Board's decisions, dated 3rd April, 1972, ibid, were taken on the premise that it would be uneconomic to retain such unserviceable buses in the fleet as the overhead expenses for their repair and maintenance would be too high. The transaction is, thus, covered by the Board's resolutions and in consonance with the existing rules and procedures of the Calcutta State Transport Corporation.

Copy of the minutes of the meeting of the Board of the Calcutta State Transport Corporation held on the 3rd April, 1972.

3. **To evolve a policy regarding condemnation of unserviceable and overaged vehicles.**—The Board approved that we should go in for a policy of automatic replacement of buses after the age of (a) 8 years or 5 lakh kilometers run, and (b) 12 years or 7½ lakh kilometers run, whichever is earlier, for single-decker buses and double-decker buses, respectively.

15. **Overhauling of Ashok Leyland Comet Alcop. 1/1 buses.**—The Board noted that out of the 203 Ashok Leyland Comet Alcop. 1/1 model buses in the Calcutta State Transport Corporation fleet, about 100 are lying in an unserviceable condition for quite some time past for engine overhauling and also frequent failures of its hydraulic-brake system. The Board also had a first-hand account of the technical difficulties from Shri R. K. Mukherjee, Works Manager, and now officiating also as Director of Engineering, Shri Mukherjee also explained to the Board that overhauling of the engines without change-over of the brake system will not be advisable since the hydraulic-brake system required import licence of certain rubber parts for its maintenance, which may not always be available. Shri Mukherjee also stated that the Alcop. 1/1 vehicles which had done only 2 or 3 lakh kilometers so far would easily give life for another 2 or 3 years if the engines are overhauled and the hydraulic-brake system converted into air-brake system as in Alcop. 3/1 vehicles.

After a careful consideration of the matter the Board decided that it would be more economical and worthwhile to go in for overhauling and change of brake system even at a cost of Rs. 30,000 (Rupees thirty thousand) per vehicle. However, the actual expenditure per vehicle may be even less. The Board, therefore, directed that the vehicles which have done only 2 to 3 lakh kilometer and which are likely to give further life of 2 or 3 years should be sorted out for overhauling and conversion of the braking system. On vehicles which have nearly served their life, we need not go in for any overhauling or change of braking system.

DEMAND FOR GRANT No. 38

Major Head: 64—Famine Relief

[5-50—6-00 p.m.]

Shri Santosh Kumar Roy: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,78,08,000 be granted for expenditure under Grant No. 38, Major Head: "64—Famine Relief.".

Mr. Speaker, sir, on recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,78,08,000 be granted for expenditure under Grant No. 38, Major Head, "64—Famine Relief" during the year 1973-74.

১৯৭৩-৭৪ সনটি একটি স্বাভাবিক ও ভালো বৎসর হবে এই আশায় উক্ত ব্যয়বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। এই খাতে ব্যয়বরাদ্দের মঞ্জুরী চাইবার আগে বর্তমান আর্থিক বৎসরের প্রাকৃতিক বিপর্যয় ও সেই পরিস্থিতি মোকাবিলা করতে কি কি ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হয়েছে সে বিষয়ে আমি কিছু বক্তব্য রাখতে চাই।

আপনি জানেন যে, অন্যান্য বৎসরের মত ১৯৭২ সালেও পশ্চিমবঙ্গ প্রাকৃতিক বিপর্যয়ের হাত থেকে রক্ষা পায় নি, গত আর্থিক বৎসরের সূচনাতেই পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা খরা কবলিত হয়, ১৯৭১ সালের ভয়াবহ বন্যায় ক্ষতিগ্রস্ত গ্রামবাসীরা দুর্দশামুক্ত হওয়ার আগেই এই খরা পরিস্থিতির উদ্ভব হওয়ায় গ্রামাঞ্চলে ব্যাপকভাবে দুর্দশার চিহ্ন পরিলক্ষিত হয়। অনাবৃষ্টি ও ক্রমগত তাপপ্রবাহের ফলে চাষের কাজ ভীষণভাবে ব্যাহত হওয়া ছাড়াও গ্রামাঞ্চলে পানীয় জলের অভাব চরমে পৌঁছায়; স্বাভাবিকের তুলনায় বহুলাংশে কম ও বর্ষার মরসুমে বৃষ্টিপাত বিলম্ব হওয়াতে খরা পরিস্থিতি ভয়াবহ ও চরম আকার ধারণ করে, গত বৎসরের খরা ব্যাপকতা, তীব্রতা ও স্থায়িত্বের যে নজির সৃষ্টি করেছে, পশ্চিমবঙ্গের ইতিহাসে তা বিরল।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এবার আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের এই খরার ক্ষতির পরিমাণ ও খরা পরিস্থিতি মোকাবিলা করার জন্য সরকার যে ব্যবস্থা গ্রহণ করেছেন সে সম্বন্ধে কিছু তথ্য পরিবেশন করতে চাই। পশ্চিমবঙ্গের মোট ৩৩,৮২৯ বর্গমাইল এলাকা ও ৪ কোটি ৪৪ লক্ষ ৪০ হাজার জনসংখ্যার মধ্যে ২৬,৪২৫ বর্গমাইল এলাকা ও ২ কোটি ২৩ লক্ষ ৯ হাজার লোক খরাকবলিত হয়। খরার ফলে যে শস্যহানি ঘটে তার মূল্য ৬৫ কোটি ৩৬ লক্ষ টাকা। ক্রমাগত তাপপ্রবাহের ফলে ৩২টি অমূল্য জীবন নষ্ট হয় ও ৭৩৯টি গবাদি পশু মারা যায়। সমগ্র বাঁকুড়া, পুরুলিয়া, মালদহ, পশ্চিম দিনাজপুর ও বীরভূম, মুর্শিদাবাদ, মেদিনীপুর ও নদিয়া জেলার কিছু কিছু অংশে চরম অবস্থার সৃষ্টি হয়। এই চরম সংকটজনক অবস্থায় গ্রামাঞ্চলের দুর্দশাগ্রস্ত অধিবাসীদের দুর্দশা লাঘবকল্পে যুদ্ধকালীন জরুরী অবস্থার মতো ব্যাপকভাবে ত্রাণব্যবস্থা গ্রহণ করতে হয়, সমস্ত জেলাতেই স্বাভাবিক নিয়মে হাজারে দুইজনের পরিবর্তে ২৫ জন মানুষকে খয়রাতি সাহায্য দেওয়ার ব্যবস্থা গ্রহণ করা হয় এবং অধিক ক্ষতিগ্রস্ত জেলার কোন কোন অঞ্চলে এই সাহায্য শতকরা ১৫ জনকে অবধি দেওয়া হয়। গ্রামাঞ্চলের অধিবাসীদের মধ্যে চাষের কাজ না থাকায় চরম বেকারির মোকাবিলায় ব্যাপকভাবে টেস্ট রিলিফের মাধ্যমে কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়। গত এপ্রিল, ১৯৭২ থেকে ডিসেম্বর, ১৯৭২ অবধি বিভিন্ন জেলায় মোট ৬ কোটি ৯ লক্ষ ৫৪ হাজার টাকা খয়রাতি সাহায্য দেওয়া হয়েছে এবং টেস্ট রিলিফের মাধ্যমে কর্মসংস্থান হয়েছে গ্রাম বাংলার কর্মহীন লোকের ৩ কোটি ৯৭ লক্ষেরও অধিক শ্রমদিবস। ব্যাপকভাবে টেস্ট রিলিফের কাজ চালু রাখায় বিভিন্ন জেলায় মোট ৯,৭৪৬টি রাস্তার সংস্কার, ১,৩৩৫টি নূতন রাস্তা নির্মাণ, ৫৩৫টি সেচের খাল খনন, ৭৯৩টি বাঁধ মেরামত ও ২,৯৭৮টি পুষ্করিণী খনন করা সম্ভব হয়েছে। এ ছাড়া অন্যান্য কাজের সংখ্যা হ'ল প্রায় ৪,০০০। টেস্ট রিলিফ বাবত মোট খরচ হয়েছে ৭ কোটি ৯৫ লক্ষ ৪২ হাজার টাকা। এ ছাড়া কৃষিঋণ হিসাবে ১ কোটি ৬১ লক্ষ ৪৩ হাজারের অধিক টাকা বিভিন্ন জেলায় বণ্টন করা হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই অস্বাভাবিক খরা পরিস্থিতির মধ্যেই জুলাই, ১৯৭২ থেকে সেপ্টেম্বর ১৯৭২-এর বিভিন্ন সময়ে পশ্চিমবঙ্গের নয়টি জেলা বন্যাকবলিত হয়। ঐ সকল জেলাগুলিতে মোট ১,৬৯০ বর্গমাইল এলাকা ও ১৭ লক্ষ ১৫ হাজারের অধিক লোক বন্যায় ক্ষতিগ্রস্ত হয়। বন্যার ফলে ৭৫,৪৫৩টি গৃহ আংশিক বা সম্পূর্ণভাবে বিনষ্ট হয় এবং শস্যের ক্ষতির পরিমাণ ১০ কোটি ৯ লক্ষ টাকার অধিক। বন্যার ফলে ১৯ জনের জীবনহানি ঘটে ও ২,৫২১টি গবাদি পশু মারা যায়। বন্যায় ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের দুর্দশা লাঘবকল্পে সরকার প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করেন। জরুরী সাহায্য হিসাবে খাদ্যশস্য, পোশাক, গুঁড়া দুধ ও ত্রিপল বিতরণ ছাড়াও ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের খয়রাতি সাহায্য, গৃহনির্মাণ অনুদান, ঋণ ও কৃষিঋণ দেওয়া হয়। পানীয় জলের চরম সংকট নিবারণের জন্য খরাকবলিত জেলাগুলিতে মোট ২৩,৮৯৫টি নতুন কূপ ও নলকূপ খনন এবং ৪৪,৭৭০টি কূপ ও নলকূপ সংস্কার করা হয়েছে।

১৯৭২-৭৩ সালে এই খরা ও বন্যা পরিস্থিতি মোকাবিলা করার জন্য ত্রাণ বিভাগকে মোট ১৭ কোটি ৬২ লক্ষ ৪১ হাজার টাকা ব্যয় করতে হয়। এ ছাড়া সরকারের অন্যান্য বিভাগ খরা ও বন্যাত্রাণে যে টাকা ব্যয় করেছেন তার পরিমাণ হ'ল ৬ কোটি ১১ লক্ষ ১৫ হাজার টাকা। এর মধ্যে স্বাস্থ্য দপ্তর প্রায় ৩ কোটি টাকা, কৃষি দপ্তর ২ কোটি ৩৯ লক্ষ টাকা, সেচ দপ্তর ৩১ লক্ষ ৭৪ হাজার টাকা, পশুপালন দপ্তর ১৭ লক্ষ ২০ হাজার টাকা, কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প দপ্তর ১৫ লক্ষ টাকা, পূর্ত ও সড়ক দপ্তর ৬ লক্ষ ৭১ হাজার টাকা ও মৎস্য দপ্তর দেড় লক্ষ টাকা।

প্রসঙ্গতঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ১৯৬৬-৬৭ সাল থেকে ১৯৭১-৭২ সাল অবধি ত্রাণ বিভাগ খরা, বন্যা, বিবিধ প্রাকৃতিক বিপর্যয়জনিত পরিস্থিতি মোকাবিলা করতে যে পরিমাণ অর্থব্যয় করেছে তার একটি হিসাব আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের জানাতে চাই--

বৎসর		টাকা
১৯৬৬-৬৭	...	৭,৭০,৩৮,০০০
১৯৬৭-৬৮	...	৯,০৫,৭৮,০০০
১৯৬৮-৬৯	...	১২,০৮,৫১,০০০
১৯৬৯-৭০	...	৭,৩৯,৪৮,০০০
১৯৭০-৭১	...	১০,৬৬,৭৪,০০০
১৯৭১-৭২	...	১৬,২৫,৮৮,০০০

গত ছয় বৎসরের ত্রাণ খাতে খরচের যে হিসাব আমি পেশ করলাম, তা পর্যালোচনা করলে সহজেই অনুমেয় যে বর্তমান আর্থিক বৎসরে ত্রাণ বিভাগ যে অর্থ ব্যয় করেছে, তা গত ছয় বৎসরের কোন বৎসরেই এই বিভাগ কর্তৃক ব্যয়িত হয় নি, সুতরাং মানুষের দুর্দশা লাঘবকল্পে এই বিভাগ যে সর্বতোভাবে দায়িত্বপালনে চেষ্টা করেছে তা বলাই বাহুল্য।

খরা পরিস্থিতি ভয়াবহ রূপ ধারণ করা মাত্রই রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে অবস্থার গুরুত্ব সম্যকভাবে উপলব্ধি করার জন্য ও খরাত্রাণ বাবত কি পরিমাণ কেন্দ্রীয় সাহায্যের প্রয়োজন তা পর্যালোচনার জন্য কেন্দ্রীয় সমীক্ষকদল পাঠানোর অনুরোধ জানান। এ পর্যন্ত তিনবার সমীক্ষক দল সরেজমিনে দুর্দশাগ্রস্ত অঞ্চল পরিদর্শন করেছেন এবং কেন্দ্রীয় সরকার এই রাজ্যে খরা ও বন্যাত্রাণের ব্যয়ের যে সীমা নির্দিষ্ট করেছেন, প্রয়োজনের তুলনায় তা নিতান্তই অপ্রতুল। রাজ্য সরকার খরা ও বন্যা ত্রাণকল্পে কেন্দ্রীয় সরকারের কাছে মোট ২১ কোটি ২ লক্ষ ২১ হাজার অনুদান বাবত ও ২৪ কোটি ২৮ লক্ষ ২৭ হাজার ঋণ বাবত ব্যয়ের এস্টিমেট পেশ করেন। কেন্দ্রীয় সমীক্ষক দলের সুপারিশ অনুযায়ী কেন্দ্রীয় সরকার ব্যয়ের সর্বোচ্চ সীমা ৯ কোটি ৩৯ লক্ষ ৫০ হাজার টাকা অনুদান বাবত এবং ২ কোটি ৮৩ লক্ষ ৫০ হাজার ঋণ বাবত নির্ধারিত করেছেন। কেন্দ্রীয় সরকারের সাহায্যদানের নীতি অনুযায়ী উক্ত সর্বোচ্চ সীমার মধ্যে রাজ্য সরকার ৩ কোটি ৩৯ লক্ষ ২৫ হাজার টাকা অনুদান বাবত ও ৪ কোটি

৫৩ লক্ষ ১২ হাজার ঋণ বাবত পেতে পারেন। এ যাবৎ রাজ্য সরকার ৩ কোটি ৪ লক্ষ টাকা অনুদান বাবত ও ৪ কোটি ১৫ লক্ষ টাকা ঋণ বাবত কেন্দ্র থেকে পেয়েছেন। কাজেই রাজ্য সরকার খরাত্রাণ ও বন্যাত্রাণকল্পে এ যাবত যে পরিমাণ অর্থ ব্যয় করেছেন সেই তুলনায় কেন্দ্রীয় সাহায্যের পরিমাণ কয়েকটি খাতে যথেষ্ট কম হওয়ায়, রাজ্য সরকার ইতিমধ্যে কেন্দ্রীয় সরকারকে বিশেষ কয়েকটি খাতে ব্যয়ের সর্বোচ্চ সীমা বর্ধিত করার জন্য অনুরোধ করেছেন। বিষয়টি পুনর্বিবেচনাকল্পে চলতি মার্চ মাসে আর একটি কেন্দ্রীয় সমীক্ষকদল আসছেন।

উপর্যুপরি প্রাকৃতিক বিপর্যয়ে বিধ্বস্ত গ্রামবাংলার দুর্দশাগ্রস্ত অধিবাসীদের ত্রাণকল্পে ত্রাণব্যবস্থা অব্যাহত রাখা প্রয়োজন হয়ে পড়েছে, কিন্তু ঐ ব্যবস্থা সুষ্ঠু এবং সুপরিকল্পিতভাবে পরিচালনের জন্য জেলা, মহকুমা ও ব্লকস্তরে যে সংস্থা ও কর্মীর প্রয়োজন, বর্তমানে তা নেই। বর্তমান সরকার বিষয়টির গুরুত্ব উপলব্ধি করে ত্রাণব্যবস্থা ত্বরান্বিত ও সুষ্ঠুভাবে বিতরণকল্পে জেলা থেকে ব্লক স্তরে প্রয়োজনীয় সরকারী সংগঠন ও কর্মী নিয়োগের বিষয়টি বিবেচনা করছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই উপলক্ষে যেসকল সংস্থা খরা ও বন্যাত্রাণে সরকারের সঙ্গে অকুণ্ঠ সহযোগিতা করেছেন তাঁদের সকলকে আমি আমার আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

এই প্রসঙ্গে আমি আর একটি বিষয়ের কথা উল্লেখ করছি। সুষ্ঠুভাবে ত্রাণকার্য পরিচালনা এবং অপচয় ও দুর্নীতিরোধের জন্য বিভিন্ন ত্রাণকার্যে বিধানসভার সদস্য ও স্থানীয় জন-প্রতিনিধিগণকে সংশ্লিষ্ট রাখা হয়েছে। যেমন অঞ্চল পর্যায়ে স্থানীয় বিধানসভা সদস্যের প্রতিনিধি, অঞ্চল পঞ্চায়েত প্রধান ও স্থানীয় গ্রাম-পঞ্চায়েতের অধ্যক্ষগণকে নিয়ে 'অঞ্চল রিলিফ কমিটি' গঠিত হয়েছে। ব্লক পর্যায়েও স্থানীয় বি ডি ও এবং স্থানীয় এম এল এ-কে নিয়ে 'ব্লক রিলিফ কমিটি' গঠন করা হয়েছে। এই কমিটিগুলির উপর স্থানীয়ভাবে ত্রাণকর্মসূচী প্রণয়ন, রূপায়ণ ও তদারকির দায়িত্ব দেওয়ার ফলে দুর্নীতি ও অপচয় বহুলাংশে রোধ করা সম্ভব হয়েছে।

সীমিত সম্পদের মধ্যে ত্রাণব্যবস্থার ব্যয়ের মাধ্যমে জাতীয় সম্পদ যাতে সৃষ্টি করা যায়, সেই উদ্দেশ্যে খয়রাতি সাহায্য কেবলমাত্র বৃদ্ধ, অক্ষম ও রোগগ্রস্তদের মধ্যে সীমাবদ্ধ রাখার সিদ্ধান্ত করা হয়েছে। অন্যান্য অভাবগ্রস্ত মানুষকে কর্মসংস্থানের মাধ্যমে সাহায্যদানের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। জেলাশাসকদের স্থায়ী উৎপাদন-ভিত্তিক কর্মসংস্থান প্রকল্প তৈরি করার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। গ্রামাঞ্চলে কর্মসংস্থানের উদ্দেশ্যে সম্ভাব্যক্ষেত্রে ক্রাশ ও স্পেশাল এমপ্লয়মেন্ট প্রোগ্রাম প্রভৃতি কর্মভিত্তিক প্রকল্প রূপায়ণের জন্যে সর্বতোভাবে চেষ্টা করা হবে। যেখানে এরূপ প্রকল্প রূপায়ণ সম্ভব নয়, অথচ কর্মসংস্থান করা প্রয়োজন, কেবলমাত্র সেখানেই বিকল্প ব্যবস্থা হিসাবে উৎপাদন-ভিত্তিক স্থায়ী প্রকল্প হিসাবে রিলিফ ওয়ার্ক বা রুরাল ওয়ার্ক চালু করা হবে।

প্রতি অঞ্চলে কর্মহীন দুঃস্থ ব্যক্তিদের তালিকা আগে থেকে তৈরি করে রাখা হবে এবং সেই তালিকাভুক্ত ব্যক্তিরাই রিলিফ ওয়ার্ক বা রুরাল ওয়ার্কে অংশ নিতে পারবেন। এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশ জেলাশাসকদের কাছে পাঠানো হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আগামী বছরের জন্য এই পরিকল্পনা সার্থক ও সুষ্ঠুভাবে রূপায়ণের জন্য মাননীয় সদস্যদের সাহায্য, উপদেশ ও সহযোগিতা প্রার্থনা করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্যের পরিশেষে আপনার মাধ্যমে মাননীয় সদস্যবৃন্দকে ১৯৭৩-৭৪ সালের ব্যয়বরাদ্দের দাবি মঞ্জুর করতে অনুরোধ জানাচ্ছি।

[6-00—6-10 p.m.]

Mr. Deputy Speaker: All the cut motions are in order and are taken as moved.

Shri Prodyot Kumar Mahanti: That the amount of the demand be reduced to Re. 1.

Shri Timir Baran Bhaduri: That the amount of the demand be reduced to Re. 1.

Shri Shish Mohammad: That the amount of the demand be reduced to Re. 1.

শ্রীশীশ মহম্মদঃ মাননীয় ডেপ্যুটি স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় ৩৮ নম্বর ফেমিন রিলিফ খাতে যে ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন করেছেন এবং তার জন্য সুপারিশ করেছেন আমি তার সম্পূর্ণ বিরোধিতা করছি। স্যার, এক্সপ্লানেটরি মেমোরান্ডাম অন দি বাজেট অব দি গভর্নমেন্ট অব ওয়েস্ট বেঙ্গল ফর দি ইয়ার নাইনটিন সেভেন্টিথ্রি-সেভেন্টিফোর এই বইয়ের ১৫৬ পৃষ্ঠায় বাজেট হেডে বলেছেন, দি ডিক্রিজ ইজ ডিউ টু স্মলার প্রভিশন ফর রিলিফ ইন দি হোপ অফ এ গুড ইয়ার। মাননীয় স্পীকার মহাশয়, আমি জানি না কি আশার আলো দেখে তিনি একথা বলেছেন, কার কাছ থেকে তিনি ভবিষ্যতের এই আলো দেখে এই কথা এই পুস্তকে সংযোজন করেছেন। আমরা জানি তাঁর যেসমস্ত সাঙ্গপাঙ্গ রাইটার্স বিল্ডিংস-এ বসে রয়েছেন তাঁরা তাঁকে যেসমস্ত যুক্তি দেন সেগুলি তিনি খতিয়ে দেখেন না, সেটা তিনি মঞ্জুর করেন এবং সেটাই সঠিক ব'লে মেনে নেন। আজকে পত্রিকায় দেখেছি, পশ্চিম বাংলায় নাকি চালের দর কমেছে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি পাড়াগাঁয়ে গিয়ে দেখুন কোথায় চালের দর কমেছে। আমলারা, উচ্চপদস্থ কর্মচারীরা মন্ত্রিমহাশয়কে সন্তুষ্ট করবার জন্য এবং নিজেদের উদ্দেশ্য সিদ্ধ করবার জন্য নখ চুলকে চুলকে মন্ত্রিমহাশয়ের সঙ্গে কথা বলেন এবং মন্ত্রিমহাশয়ও সেটা সাদরে গ্রহণ ক'রে কাগজে ফলাও ক'রে বলেন। এই প্রসঙ্গে দেখতে পাচ্ছি, ১৯৬৯-৭০ সালে যখন পুরুলিয়া এবং বাঁকুড়ায় খরা দেখা দিয়েছিল তখন এই দু'টি জেলায় ৭ কোটি ৩৯ লক্ষ টাকা ব্যয় করা হয়েছিল। ১৯৭০-৭১ সালে একটা ব্যাপক আকারে খরা দেখা দিয়েছিল এবং এমন কি বন্যাও সেই সময় প্রবল আকার ধারণ করেছিল যার ফলে ১০ কোটি ৬৬ লক্ষ টাকা খরচ করা হয়েছিল। আমরা গতবার দেখলাম সমগ্র পশ্চিম বাংলার বুকে উত্তর থেকে দক্ষিণ এবং পূর্ব থেকে পশ্চিম কোথাও বাকি ছিল না একাধারে খরা এবং তার ফলে মাঠের ধান শুকিয়ে গেল। সেই সময় বাজেটের প্রথম দিকে ১২ কোটি ১৭ লক্ষ ৬০ হাজার টাকা মঞ্জুর করা হয়েছিল। তখন পরিস্থিতি এমন ঘোরাল হয়েছিল যে, গ্রামাঞ্চলে ত্রাহি ত্রাহি রব সোচ্চারিত হয়ে উঠেছিল। তখন মন্ত্রিমহাশয়কে আবার বাজেট রিভাইজ করবার জন্য বাধ্য হ'তে হ'ল এবং তাতে ১১ কোটি ৩০ লক্ষ ৮৪ হাজার টাকা মোট খরচ হয়েছে। এই আমলাদের কথা শুনে গত বছর এত টাকা খরচ ক'রেও দেখা গেছে, দরিদ্র লোক যারা অন্নাভাবে দিন কাটাচ্ছে তাদের কাছে সত্যিকারের জি আর গিয়ে পৌঁছায় নি।

[6-10—6-20 p.m.]

সেক্ষেত্রে এবারে তিনি আশার আলো কি দেখতে পেলেন যে, একেবারে ৯ কোটি টাকা ঋণ ক'রে কেটে দিয়ে এবারে দাবি করেছেন মাত্র ৩ কোটি ৭৮ লক্ষ ৮ হাজার টাকা। হোপলেস— আমি আগেই বলেছি আমলাতন্ত্রের চক্রান্তে প'ড়ে তিনি বিভ্রান্ত হয়েছেন। তাঁকে রাঁচী পাঠাবার দরকার হবে কি? স্যার, এই প্রসঙ্গে একটা গল্প মনে পড়ে গেল, ইংলন্ডের রাজা ক্যানিউট ছিলেন। তাঁর মোসাহেবরা তাঁর কাছ থেকে সুযোগসুবিধা নেবার জন্য তাঁকে তোষামোদ করবার জন্য নখ চুলকে চুলকে বলেছিলেন যে, হুজুর, সমুদ্র পর্যন্ত আপনার অর্ডার ক্যারি করে। তাঁদের কথা শুনে তিনি সমুদ্রের কাছে গিয়ে বলেছিলেন, 'ওহে ঢেউ, ঢেউ তুলো না, আমাকে ভিজিয়ো না। কিন্তু সেদিন সমুদ্রের জল তাঁকে ভিজিয়ে দিয়েছিল। সমুদ্র তাঁর কথা শুনল না। আমারও তাই মনে হচ্ছে মাননীয় মন্ত্রিমহাশয় এই ১৯৭২-৭৩ সালের বাজেট বরাদ্দের যে টাকা দাবি করেছেন, আমি জিজ্ঞাসা করি তাঁকে, এমন কেউ কি প্রতিশ্রুতি দিলেন যে, এবার বছর ভাল যাবে, বেশি খরচা করতে হবে না, এই টাকাতেই চলবে। স্যার, আমি

বলছি এত কম টাকায় কি হবে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এবং অতীশচন্দ্র সিংহ মহাশয়, সাত্তার সাহেব, আতাউল গনি খান সাহেব এবং ভোলানাথ সেন মহাশয় এবং খাদ্যমন্ত্রী এবারে যখন বহরমপুরে গিয়েছিলেন এবং ৫ তারিখে যখন তাঁরা খাদ্য পরিস্থিতি নিয়ে আলাপ-আলোচনা করছিলেন সেদিন রাত্রে এক পশলা বৃষ্টি হয়েছিল এবং সকালবেলা খবরের কাগজে আমরা দেখলাম এই বৃষ্টি হবার জন্য ত্রাণমন্ত্রী মহাশয় একটু মুচকি হেসেছিলেন। এই খবরটা সুন্দরভাবে বেরিয়েছিল। স্যার, আমি এই কথা বলতে চাই, যে টাকা তিনি বরাদ্দ চেয়েছেন তা এত কম এবং তিনি এত কম টাকার সুপারিশ করেছেন তাতে আমার মনে হচ্ছে তিনি জ্যোতিষী হলেন কবে থেকে? তিনি কি নক্ষত্র গুণে ঠিক ক'রে নিয়েছেন যে, এ বছর সমস্ত ঠিকঠাক যাবে? বর্তমানে গ্রামের অবস্থা কি? গত বছর খরাজনিত পরিস্থিতি দেখা দিয়েছিল। সেইজন্য বলছি যে, কৃষকদের ঘরে ধান এল কোথা থেকে? গত বছর একেবারে ধান হয় নি, সেটা মন্ত্রিমহাশয় খুব ভালভাবেই জানেন। গ্রামাঞ্চলে কৃষকরা ঘটিবাটি বিক্রি ক'রে কোনরকমে খেয়ে-পরে বেঁচেছে। অথচ সেই জের এখন পশ্চিম বাংলার বুক থেকে মুছে যায় নি, তার মোকাবিলা করার জন্য মাত্র ৩ কোটি টাকা তিনি চেয়েছেন। স্যার, আপনি যদি বহরমপুরে যান সেখানে দেখবেন রেলওয়ে স্টেশনে, কলকাতা শহরের ফুটপাতে গ্রামাঞ্চলের হাজার হাজার লোক তারা প'ড়ে আছে, ভিক্ষাবৃত্তি ছাড়া আর কোন উপায় তাদের নেই। এই অত্যন্ত দরিদ্র শ্রেণীর কথা বাদ দিয়েও আমি দেখাতে পারি যে, আপনার আমার পরিচিত মধ্যবিত্ত সম্প্রদায়ের লোক তারাও ভিক্ষা চেয়ে বেড়াচ্ছে প্রাণ বাঁচানোর তাগিদে। এখন পর্যন্ত এই পরিস্থিতি ক্রমান্বয়ে এগিয়ে চলেছে এবং গ্রামবাংলায় দুর্ভিক্ষের পদধ্বনি শোনা যাচ্ছে।

মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আজ আমাদের গত বছরে যে খাদ্য পরিস্থিতি দেখা দিয়েছিল তার একটা দিক, আর একটা দিক যদি বলি, তা হ'লে শুনতে হয়ত খুব ভাল লাগবে না। আপনাদের এই যে আমলা-পোষা সরকার, এই আমলা-পোষা সরকারের জন্য গ্রামাঞ্চলে জোতদার বা যারা জমির হাঙ্গর তারা আজ বর্গাদারদের উচ্ছেদ ক'রে দিচ্ছে, তারা বেকার হয়ে যাচ্ছে, তাদের সাহায্যের জন্য আপনারা কি করেছেন? স্যার, গত বৎসরে আমরা দেখেছি মুর্শিদাবাদ জেলায় গঙ্গার ভাঙ্গন হয়েছে, কিন্তু সেখানে তবু ছিটেফোঁটা কিছু দিয়েছেন। কিন্তু এবার শীতের সময় যে ভাঙ্গন আরম্ভ হয়েছে দুর্গাপুর-শিবনগর এলাকায় এবং যে ভাঙ্গন এখনও চলছে, সেখানে এখন পর্যন্ত কোন দ্রব্য পেঁৗছে দেবার ব্যবস্থা করেন নি। গ্রামাঞ্চলে মডিফায়েড রেশনিং ব্যবস্থা আছে যেটাকে আমরা মাঝে মাঝে রেশন ব্যবস্থা বলি, অর্থাৎ কখন দেওয়া হয় কখন দেওয়া হয় না এবং তার পরিমাণও সামান্য, কিন্তু আজকে কয়েক মাস থেকে দেখতে পাচ্ছি, গ্রামাঞ্চলের রিলিফের ব্যবস্থা ভেঙ্গে গিয়েছে। সেখানে এখন চালের দর ১.৯৫ টাকা কেজি। মানুষ আজকে খেতে পাচ্ছে না, মানুষের রোজগার নেই, আপনাদের কর্তব্য ঐ লোকগুলিকে ত্রাণ দেওয়া, কিন্তু সেদিকে এখন পর্যন্ত লক্ষ্য করছেন না। আপনারা তাদের কথা চিন্তা করবেন কেন? আপনারা শীতাতপ ঘরে বসে আছেন এবং পাড়াগাঁয়ের লোকদের কুকুর-বিড়াল ছাড়া আর কিছু মনে করেন না, তাদের সাহায্য করার জন্য কি করেছেন?

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, প্রত্যেক ব্লকে ডেভেলপমেন্ট কমিটি আছে রিলিফ কমিটি আছে, এই রিলিফ কমিটিতে এম এল এ হিসাবে আমি তার চেয়ারম্যান ছিলাম। শপথ নেবার পর কিন্তু এখন সরকার থেকে নাকি একটি সার্কুলার গিয়েছে তাতে তা বদলে গিয়েছে, তাতে এখন আর আমি চেয়ারম্যান নেই এবং সেই নির্দেশ নাকি এখান থেকে গিয়েছে। আমি রুর‍্যাল ওয়াটার সাপ্লাইতে নেই, আমি ডেভেলপমেন্ট কমিটিতে নেই, জানি না অন্যান্য এম এল এ-রা আছেন কিনা। আমরা মাত্র তিনজন, আমাদের ক্ষেত্রেই এটা হয়েছে কিনা তা জানি না। বি ডি ও অফিসে নাকি এই সার্কুলার গিয়েছে, কিন্তু আমি এখনও পাই নি। (**শ্রীসন্তোষ কুমার রায়ঃ** এখন থেকে পাবেন।)

আমি যখন রিলিফ কমিটির চেয়ারম্যান হিসাবে কাজ করছিলাম তখন সেখানে এই ধরনের নজির রেখেছিলাম, আমি বলেছিলাম পশ্চিমবঙ্গ 'সরকার হয়ত আমাদের দলীয় সরকার না

হতে পারে, তা হ'লেও চুরি করা আমি বরদাস্ত করব না। আপনারা যাদের অ্যাপয়েন্টমেন্ট দিয়েছেন সুপারভাইজার হিসাবে ১২ টাকা ক'রে দিন, তারা পে মাস্টার এবং অঞ্চল প্রধান, এরা রিলিফ কমিটি থেকে আগাগোড়া চুরি ক'রে গিয়েছে। আমি এ ব্যাপারে মন্ত্রিমহাশয়ের দোষ দিচ্ছি না, কিন্তু তাঁর উপর দোষ দিচ্ছি যে, তিনি হিসাব দেখেন না। তারা যে হিসাব দেয় সেটাই তিনি গ্রহণ করেন। জানি কানাকে কানা বললে রাগ হয়। আপনাদের

[6-20—6-30 p.m.]

তাই রাগ হচ্ছে; কেননা আপনারা এর সাথে জড়িত আছেন। আমি দেখেছিলাম সুতি থানার সর্বত্র পরিক্রম ক'রে আপনারা টি আর-এ যে টাকা দিয়েছেন তার মাত্র কিছু কাজ হয়েছে আর বাকি সমস্ত গিয়েছে আপনাদের পোষা লোকের হাতে। আমি গোবিপুর, সবলা-বসন্তপুর, শেখপুরা অন্যান্য রাস্তার কথা বলেছিলাম- যে রাস্তার জন্য ২২শো টাকা মঞ্জুর হয়ে গিয়েছে, কিন্তু এখনও পর্যন্ত মাটি উঠল না। যে রাস্তা নদীগর্ভে চ'লে গিয়েছে, সেই রাস্তার টাকা মঞ্জুর হয়ে গেল। গত বছর রিলিফ কমিটির কিছু নজির তুলে ধরছি। সেই অঞ্চল প্রধানের আন্ডারে টি আর দিয়েছিলেন এবং তার আন্ডারে যে রিলিফ কমিটি আছে সেই কমিটি ফলস্ নামে টাকা দিয়েছিলেন। সাধারণ দুঃখী দরিদ্র যারা জিনিস পাওয়ার যোগ্য তারা পায় নি। তারা যে একেবারে পায় নি তা নয়, তারা পেয়েছে কিন্তু ফাঁকির মধ্যে পড়েছে। তারা যে লিস্ট তৈরি করেছিলেন তাতে বহু আজেবাজে লোকের নাম ছিল। এখান থেকে কাপড় গিয়েছে, কম্বল গিয়েছে, তাদের জন্য টাকা দিয়েছেন, কিন্তু গরিব লোকেরা বেশির ভাগই পায় নি। আপনারা তাদের ধরবেন না, যারা এইসব কাজ করেছে, কেননা সামনে ভোট আছে অসুবিধা হবে। আমি আপনার কাছে কিছু নজির তুলে ধরছি (কতকগুলি কাগজ দেখাইয়া) এই যে কুপনগুলো শ্রীধর গ্রামে বিলি হয়েছে সই ক'রে। যাদের নামে মাল দেওয়া হয়েছে তাদের একটি লোককেও পাবেন কি তদন্ত ক'রে? এস ডি ও এবং ম্যাজিস্ট্রেট-এর কাছে দরখাস্ত করা হয়েছিল। আমি নিজে পর্যন্ত গিয়েছিলাম, বলা হয়েছে, এই তো সবাই ক'রে যাচ্ছে—কিজন্যে বাধা দিচ্ছেন। কলকাতার সিনেমার নায়ক নায়িকার নামে সেইসব জিনিস বিলি হয়েছে—এর মধ্যে একটাও সেখানে নেই। এইবার যে ৩ কোটি টাকার ব্যয়বরাদ্দ দাবি করেছেন, কি হবে সে টাকা তা জানেন না? এটা ভূতের বাপের শ্রাদ্ধ হবে। দেখতে পাচ্ছি কি, মন্ত্রিমহাশয় খবর পাবেন যে, ওমুক জায়গায় খরা হয়েছে। চট ক'রে ছুটে যাবে পেট্রল খরচ ক'রে। তারপর জি আর। তার ক্যারিং কস্ট আছে। তার উপর ট্রাক ভাড়া আছে, তারপর দেখা যাবে যে সমস্ত মাল স্টেশনে গিয়ে পৌঁছাবে না। তাতে স্টেশন মাস্টার এবং স্টোরিং এজেন্ট যুক্তি ক'রে একটা হিসাব দেবেন যে, এত মাল চুরি হয়েছে। এতগুলো খরচ যদি হয়ে যায় সাধারণ গরিবের কাছে ত্রাণকার্যের জন্য কি পরিমাণ টাকা পাঠাবেন? আবার নতুন ক'রে লিস্ট তৈরি হবে। আমরা তো দেখলাম এবং দেখছি। প্রতি অঞ্চলে কর্মহীন দুঃস্থ ব্যক্তিদের তালিকা আগে থেকে তৈরি রাখা হবে। এই যে গ্রামে দুঃস্থ ব্যক্তিদের জন্য তিন টাকার যৎকিঞ্চিৎ যা দেবেন—তার তালিকা কিন্তু আগে থেকে তৈরি হয়ে গিয়েছে। যারা গরিব, যারা দুঃস্থ, যারা অত্যাচারিত, যারা লাঞ্ছিত তারা পান না। পান তারা কেবলমাত্র যারা মোটাসোটা, যারা লিস্ট তৈরি করেন।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার, মাধ্যমে আমি একটা সাজেশন রাখছি। আশা করি মাননীয় অন্যান্য বন্ধু সদস্যগণ সেটা গ্রহণ করবেন। মূল ব্যাপারটি নিশ্চয় সকলে সুপারিশ করবেন। ভোট এসে যাবে এবং সেই ভোট সংগ্রহ করতে গেলে কিছু স্বজনপোষণ করতে হয়, কিছু দল রাখতে হয়। তাই আমি এখানে সাজেশন দিচ্ছি যে, আপনারা একটা নূতন গ্র্যান্ট নম্বর ইন্ট্রোডিউস করুন যার হেড হবে কোরাপশন এবং এই কোরাপশন হেডে কিছু টাকা মঞ্জুর ক'রে নিন। তা হ'লে আর অসুবিধা হবে না। গ্রামাঞ্চলের গরিবের টাকা, জি আর মারার জন্য যে কর্মীদের রাখা হয়েছে তার আর দরকার হবে না। এই কথা ব'লে এই গ্র্যান্টের সম্পূর্ণ বিরোধিতা ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকৃষ্ণপ্রসাদ দুলে ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় ত্রাণমন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ উপস্থাপিত করেছেন সেই ব্যয়বরাদ্দকে সমর্থন করতে গিয়ে আমি কয়েকটি কথা বলতে চাই। স্যার, যে ব্যয়বরাদ্দ মন্ত্রিমহাশয় রেখেছেন তাতে তিনি ১৯৬৬ সাল থেকে ১৯৭২ সাল পর্যন্ত একটা হিসাব দিয়েছেন এবং সেই হিসাব থেকে দেখলাম যে, বর্তমান যে আর্থিক বৎসর এবং আগামী বৎসরের যে বরাদ্দ পেশ করেছেন তার সংগে এর কোন সামঞ্জস্য নেই। এ বছরের টাকা অত্যন্ত অল্প। এক্ষেত্রে আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব এই টাকা যাতে আরও বাড়ানো যায় তার যেন তিনি চেষ্টা করেন। তিনি যেসমস্ত প্রাকৃতিক বিপর্যয়ের কথা বর্ণনা করেছেন প্রচণ্ড খরা বা অতিবৃষ্টির জন্য বন্যায় যে শোচনীয় অবস্থার সৃষ্টি হয় আমাদের দেশের বিরাট কয়েকটি এলাকায় যা দেখা যায়, জীবননাশ থেকে আরম্ভ ক'রে দেশের অর্থনৈতিক কাঠামো পর্যন্ত বিনষ্ট হয়ে যায় সেই অর্থনৈতিক কাজকর্ম চালু রাখার জন্য আরও বেশি যাতে সমস্যার প্রতি সুষ্ঠু ব্যবস্থা ভালভাবে হয় তার জন্য আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব। এখানে একটা কথা না ব'লে পারছি না যে, মন্ত্রিমহাশয় যে সমস্যার কথা এতো পরিস্কারভাবে আলোচনার মাধ্যমে বক্তব্য রেখেছেন, তাতে মনে হয়েছে তিনি অত্যন্ত সহানুভূতির সংগে এই জিনিসকে অনুধাবন করেছেন এবং অন্তর দিয়ে অনুভব করার চেষ্টা করেছেন। কিন্তু অত্যন্ত দুঃখ লাগছে যে, দপ্তরের জন্য তিনি যে টাকা ধরেছেন তা অত্যন্ত সীমিত। তাই আমি আপনার মাধমে অনুরোধ করব, যাতে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে বেশি পরিমাণ টাকা এই সমস্যা সমাধানকল্পে দাবি করা হয় এবং সেই সাহায্য যাতে আমরা পেতে পারি তার জন্য মন্ত্রিমহাশয় যথোপযুক্ত ব্যবস্থা করবেন।

[6-30—6-40 p.m.]

মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, এই বিংশ শতাব্দীর শেষে দাঁড়িয়ে এই যে অনাবৃষ্টি, খরা, বন্যা ইত্যাদির মত প্রচণ্ড সমস্যা দেখা দেয়, যা নাকি আমাদের অর্থনৈতিক কাঠামো, জীবন-যাত্রাকে ভেঙে চুরমার ক'রে দেয় এখনও সেই সমস্যার একেবারে গোড়াতেই আছি, কিছুটা এগিয়ে গেছি, কিছুটা অতিক্রম করেছি, কিছুটা সমস্যার সমাধান করতে পেরেছি, এইরকম অবস্থাতেও নেই। এই কঠিন সমস্যার সমাধানকল্পে আমাদের নতুন চিন্তাধারায় কাজকর্ম সম্পর্কে ভাবতে হচ্ছে। গত বছর প্রচণ্ড খরা হয়েছিল, বিভিন্ন এলাকা জুড়ে যে বন্যা হয়েছিল এবং তার জন্য মানুষের অর্থনৈতিক জীবনযাত্রাকে আবার স্বাভাবিক করার জন্য কঠিন সমস্যা এসে পড়েছিল এবং সেই বিপদাপন্ন অবস্থা থেকে মানুষকে উদ্ধারের জন্যই আজকে এই গ্র্যান্ট সম্বন্ধে আলোচনা হচ্ছে। মানুষের খেয়ে-পরে বেঁচে থাকার কাজকর্মে সুরাহা করার জন্য, প্রাথমিক-ভাবে অর্থনৈতিক জীবনযাত্রাকে পুনঃপ্রতিষ্ঠিত করার জন্য এই বিভাগের আরও বেশি ক'রে অর্থ মঞ্জুর করার দরকার ছিল। এটা যদিও হয় না, তবুও আমি বলব এই সমস্যা থেকে অতিক্রান্ত হবার জন্য কেন্দ্রের কাছ থেকে যাতে আরও বেশি পরিমাণে টাকা পাওয়া যায় মন্ত্রি-মহাশয় নিশ্চয় সে চেষ্টা করবেন। স্যার, আর একটি জিনিস আমি দেখেছি বন্যা, অনাবৃষ্টি, খরার সময় বস্ত্র, খাদ্য কিংবা লোন আঞ্চলিক ভিত্তিতে কিংবা ব্যাপকভাবে যখন দেওয়া হয়েছিল সেটা অত্যন্ত দেরিতে পৌঁছেছিল এবং প্রয়োজনের তুলনায় সেটা অত্যন্ত নগণ্য ছিল এবং দুরবস্থার সময় না পৌঁছানোর জন্য অবস্থা অত্যন্ত ভয়াবহ আকার ধারণ করেছিল। আমরা আশা করতে পারি নি যে, এই অবস্থায় পৌঁছে যাবে। অর্থাৎ সরবরাহের ক্ষেত্রে এই যে ত্রুটি ছিল, সেটা যাতে ত্বরান্বিত করা যায় তার জন্য আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি। দুর্গত এলাকার লোকদের খাদ্য, বস্ত্র ইত্যাদি দিয়ে বাঁচাবার চেষ্টা আমাদের নিশ্চয় করতে হবে। কাজেই এই সমস্ত কাজকর্মের মধ্য দিয়ে যদি এমপ্লয়মেন্ট দেওয়া যায়, তা হ'লে তাদের জীবনযাত্রা স্বাভাবিক হতে পারবে এবং সেটা তাড়াতাড়ি করা দরকার। যৎসামান্য লোন দিয়ে তাদের জীবনধারণের মানকে স্বাভাবিক করতে গেলে সমস্যার সমাধান হবে না। তাতে সাময়িকভাবে এমপ্লয়মেন্ট দেওয়া যায় বটে, কিন্তু স্থায়িভাবে সেটা হয় না। কাজেই তাড়াতাড়ি সেই ব্যবস্থা করা দরকার। আমি যে এলাকার মানুষ সেই এলকার ডিস্ট্রিক্ট অ্যাসেসমেন্ট অথরিটি এবং অ্যাসেসমেন্ট অথরিটির অফিয়ালসরা যদি তাড়াতাড়ি ক'রে এলাকা চিহ্নিত ক'রে আর্থিক অনুদান, লোন, খাজনা আদায় করা স্থগিত কিংবা ঋণ মকুবের ব্যবস্থা করতেন, তা হ'লে আমার

মনে হয় জনসাধারণকে অল্প সময়ের মধ্যে রিলিফ দেওয়া যেত। এই ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী শ্রীসন্তোষ রায় মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি উপস্থিত করেছেন তাকে সমর্থন করতে উঠে ২-১টি কথা আপনার মাধ্যমে এই সভায় রাখতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যদিও আমার এ বিষয়ে বক্তব্য খুব সীমিত, তবুও বিরোধীপক্ষের বন্ধু শ্রীশীশ মহম্মদ সাহেব যে বক্তব্য রেখেছেন তার দু-একটার জবাব না দিলে আমার বক্তব্যের মধ্যে ত্রুটি থেকে যাবে। স্যার, উনি বলেছেন, গ্রাম বাংলায় দুর্ভিক্ষের পদধ্বনি শোনা যাচ্ছে। আমি ও'কে প্রশ্ন করতে চাই যে, আপনি গ্রামবাংলায় কোথায় কোথায় কি রকম দুর্ভিক্ষের পদধ্বনি শুনলেন? আমার জেলায় যদি শুনে থাকেন, তা হ'লে বলব তা সম্পূর্ণ অসত্য, অবাস্তব কথা, এ হেন অবাস্তব কথা পৃথিবীতে আর আছে ব'লে আমার মনে হয় না। স্যার, ও'রা সব হারিয়ে তিনজন মাত্র এসেছেন। ও'রা অনুশোচনা করেন, দুঃখ করেন, আবার বলেন, আমরা তো তিনজন এখানে আছি। যদিও স্যার, মানুষ ও'দের প্রত্যাখ্যান করেছেন, তবুও স্যার মাঝে মাঝে ও'দের তড়পানি দেখে মনে হয় এখানে এসে সস্তা কথা ব'লে ও'রা কিছুটা বাহবা নেবার চেষ্টা করছেন। স্যার, আমরা ভেবেছিলাম বিরোধী পক্ষ এমন গঠনমূলক সমালোচনা করবেন যাতে পশ্চিম বাংলার মানুষ উপকৃত হবেন, সরকার দিগ্‌দর্শন পাবেন, কিন্তু স্যার, সমালোচনার জন্য সমালোচনা করা ছাড়া দ্বিতীয় কোন কথা সাধারণ মানুষের উপকারের জন্য ও'রা রেখেছেন ব'লে আমার মনে হয় না। স্যার, শীশ মহম্মদ সাহেব কতকগুলি টোকেন দেখিয়ে তাঁর বক্তব্য রাখলেন। আমি স্যার, ১৯৬২ সাল থেকে রাজনীতিতে আছি, একই জেলার অধিবাসী, আমি ও'কে অত্যন্ত বিনয়ের সঙ্গে কোনরকম কটাক্ষ না ক'রে জিজ্ঞাসা করতে চাই যে, যুক্তফ্রন্টের আমলে আপনারা যখন ভূমিবণ্টন করতে গিয়েছিলেন, তখন আপনার এলাকায় আপনার পরিবারের লোকেদের জন্য খাস জমি নিয়ে বসে থাকলেন কেন? যারা ভূমিহীন কৃষক তাদের মধ্যে বিতরণ না ক'রে কেন সেই জমি নিয়ে বসে থাকলেন জবাব দিতে পারবেন কি? আমি স্যার, প্রকাশ্য সভায় দাঁড়িয়ে এর প্রতিবাদ করেছিলাম। আমি চ্যালেঞ্জ ক'রে ও'কে বলছি, আপনাদের সময় জমি বিতরণের ক্ষেত্রে আপনি নিজের এলাকায় নিজস্ব পরিবারের নামে, বেনামে খাস জমি নিয়ে সাধারণ মানুষকে বঞ্চিত করবার চেষ্টা করেছেন। আমি সেজন্য আপনাদের এইসব সমালোচনাকে ঘৃণাভরে প্রত্যাখ্যান করছি।

শ্রীশীশ মহম্মদ: অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার, খাস জমি বিলিবণ্টনের সময় যুক্ত-ফ্রন্টের আমলে আমি ও আমার পরিবার সে জমি নিয়েছি ব'লে উনি যা বলছেন সেটা সম্পূর্ণ ভিত্তিহীন, এটা তদন্ত হোক।

Mr. Deputy Speaker: There is no point of order. If there is any personal explanation to be submitted by you, you can do so but there is no point of order in what you have just now mentioned.

শ্রীআবদুল বারি বিশ্বাস: স্যার, ও'রা আজকে যে কথা বলছেন তা শুনে আমার মনে হচ্ছে, আমরা কোথায় আছি? এ যে ভূতের মুখে রাম নাম। যুক্তফ্রন্টের আমলে আপনারা ০·২ পার থাউজেন্ড জি আর দিয়েছিলেন। আর তাতে যাদের যাদের নাম রেখেছিলেন সেই গরিব মানুষদের মধ্যে, সেখানে রাজনীতি ক'রে আপনারা বলেছিলেন, তুমি কি আর এস পি-র সমর্থক, তুমি কি সি পি এম-এর সমর্থক, যদি না হও, ভিখারী তোমার নাম জি আর-এর খাতায় উঠবে না। স্যার, এরকম নির্লজ্জ রাজনীতি কংগ্রেস বা কংগ্রেসকর্মীরা কোনদিন করে নি, করবে না।

[6-40—6-50 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে দু-চারটি কথা নিবেদন করতে চাই। এই খাতে যে ব্যয়বরাদ্দ চাওয়া হয়েছে ক্রমশ দেখা যাচ্ছে ব্যয়বরাদ্দ অনেকটা বাড়ছে। গত ১৯৭১ সালের ফ্লাড, তারপরে ড্রট, বাংলাদেশে একটা অচল অবস্থা, এক অস্বাভাবিক অবস্থা

প্রিভেল করছে। কিন্তু আমি যে কথা বলতে চাচ্ছি সেটা হচ্ছে এই দপ্তরের যা বিগত দিন থেকে আরম্ভ ক'রে আজ পর্যন্ত আমরা যা চিন্তা করেছিলাম, আজকে ২৬ বছর স্বাধীনতা প্রাপ্তির পরেও এই দপ্তরের কাজকর্মে টাকা যেভাবে ব্যয় হচ্ছে সেই ব্যয় একটা সুষ্ঠু পরিকল্পনা মত করা উচিত ছিল। যদি আমরা সুষ্ঠু পরিকল্পনার মাধ্যমে এটাকে বাস্তবে রূপ দেবার চেষ্টা করতাম, তা হ'লে এতে আমরা ভাল ফল পেতাম। অবশ্য আপনারা বলবেন যে, আমরা ১১ মাস এসেছি। কিন্তু ১১ মাস আসলেও অতীতের অভিজ্ঞতা থেকে একথা আমাদের উল্লেখ না করলে চলবে না। যখন অতীতের দিকে আমরা তাকাই তখন দেখি অতীতে অবৈজ্ঞানিক বাস্তব জ্ঞানহীনতা অদূরদর্শিতার পরিচয় দেওয়া হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তাই একথা বলতে চাই, কিছুক্ষণ আগে এই পুনর্বাসন খাতের ব্যয়বরাদ্দ নিয়ে যখন আলোচনা হচ্ছিল তখন আমরা ভেবেছিলাম যে, বাংলাদেশের যেসমস্ত রেফিউজি এসেছে তাদের থাকবার জন্য আবাসস্থলও তৈরি হয়েছে। সেইসমস্ত টেন্ট কারা বিক্রয় করে? আজকে লক্ষ লক্ষ টাকার সম্পদ চ'লে গেল। আজকে দেখা গেল, কয়েক হাজার বিক্রয় হয়ে গেল রাতের অন্ধকারে, এই সব হওয়া উচিত নয় এবং যেসমস্ত কর্মকর্তা আছেন আমরা তাঁদের হুঁশিয়ার ক'রে দিতে চাই যে, আমরা যারা বিধানসভার সদস্য তাঁরা চোখ বুজে বসে থাকি না, একথা আপনারা স্মরণ রাখবেন। আমরা যেমন সর্বদিক থেকে সমালোচনা করতে চাই তেমনি গঠনমূলক যুক্তিও দিতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার মুর্শিদাবাদ জেলাকে কেন্দ্র ক'রে যে বিধ্বংসী ভাঙ্গন চলেছে এই ভাঙ্গনের মোকাবিলা করা পশ্চিমবঙ্গ সরকারের পক্ষে নিশ্চয়ই সম্ভব নয়। কেন্দ্রীয় সরকার এই সমস্ত দায়দায়িত্ব নিয়ে যে প্ল্যান তৈরি করা হবে সেই প্ল্যানমত সমস্ত লোককে পুনর্বাসন ব্যবস্থা করতে হবে। আপনারা জানেন, পাড়াগাঁয়ে গিয়ে সামান্য কিছু ড্রাই ডোল দিয়ে সাহায্য করা এটা আমরা চাই নি। আমরা চাই সুষ্ঠু পুনর্বাসন ব্যবস্থা। যে পুনর্বাসনের ভিত্তিতে এই খাতে টাকা আস্তে আস্তে কমতে কমতে এই খাতের অবলুপ্তি ঘটবে। এই সমস্যা মোকাবিলা করার জন্য কেন্দ্রীয় সরকার থেকে টাকার প্রয়োজন আছে এবং সেই সঙ্গে সঙ্গে বাস্তব এবং বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি নিয়ে এমন সুষ্ঠু পরিকল্পনা দিতে হবে যাতে এই দপ্তরের আস্তে আস্তে অবলুপ্তি ঘটে, আমাদের এত টাকা ব্যয় করতে না হয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার মুর্শিদাবাদ জেলায় একটা অস্বাভাবিক অবস্থা চলছে। তিনটি অঞ্চলে এই রকম অবস্থা হয়েছে এবং এর প্রতিকারের জন্য যথাশীঘ্র ব্যবস্থা অবলম্বন করার জন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

শ্রীশরৎচন্দ্র দাশঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় ত্রাণমন্ত্রী মহাশয় ফেমিন রিলিফের জন্য যে ব্যয়বরাদ্দের দাবি এই সভায় রেখেছেন সেটা সর্বান্তঃকরণে সমর্থন করছি এবং ঐ সম্পর্কে দু'-চারটি কথা আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে নিবেদন করছি। গত বৎসর যে সময়ে ভয়াবহ খরা দেখা দিয়েছে এবং পশ্চিমবঙ্গের অধিকাংশ জেলা খরাকবলিত হয়েছে সেই সময়ে দরাজ হাতে এবং অত্যন্ত তৎপরতার সঙ্গে এই সমস্যার মোকাবিলা করেছেন সেজন্য তিনি নিশ্চয়ই ধন্যবাদ পাবার যোগ্য। কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ২৩ কোটি টাকা গত বছর ব্যয় করা হয়েছে এবং পশ্চিমবঙ্গবাসীদের আগামী দিনের সন্তান-সন্ততিরা কি পেয়েছে সেটা বিবেচনা করা দরকার। ২৩ কোটি টাকা খরচ করায় তারা না পেয়েছে একটা ভাল রাস্তা, না পেয়েছে পুকুরের ভালভাবে সংস্কার, না পেয়েছে ভালভাবে কুয়ো খুঁড়তে। কাজেই এর কারণ কি সেটা অনুসন্ধান করতে হবে।

কয়েক যুগ পূর্বের আমাদের যে রিলিফ ম্যানুয়েল রয়েছে, সেই রিলিফ ম্যানুয়্যালের মাধ্যমে যদি কাজ করতে যাই, তা হ'লে হয়ত কিছু লোককে কিছু সাময়িক সাহায্য করা হবে, কিন্তু দেশের এবং আগামী দিনের জন্য আমরা কিছু করতে পারব না। সেইজন্য আপনার মাধ্যমে মাননীয় ত্রাণমন্ত্রীর কাছে নিবেদন জানাব যে, এই রিলিফ ম্যানুয়েলকে আবশ্যকীয় সংশোধন করুন। সংশোধন ক'রে যাতে ক'রে উৎপাদনভিত্তিক জিনিস তৈরি করতে পারি, তার যাতে ব্যবস্থা থাকে এবং সেই হিসাবে আপনারা কাজ ক'রে চলুন। এই ব্যাপারে আমার কয়েকটা প্রস্তাব অছে এবং নিবেদন করব। মাননীয় ত্রাণমন্ত্রী এইগুলি বিবেচনা করবেন। আমরা রিলিফ ম্যানুয়েল অনুযায়ী যে রিলিফের কাজে লোক নিয়োগ করি তাতে কোন পাকা

কাজ করবার ব্যবস্থা নেই। তাতে আছে শুধু কিছু রাস্তার ধুলো ছড়ানোর ব্যবস্থা এবং কিছু পুকুরের পঙ্কোদ্ধারের ব্যবস্থা এবং মাস্টার রোলে কিছু ভুয়ো লেবারের নাম লিখিয়ে সেই টাকাটা আত্মসাৎ করার ব্যবস্থা। এই কাজ ছাড়া আর কিছুই হচ্ছে না। গত বছর ব্যাপক-ভাবে মালদহ, মুর্শিদাবাদ, বাঁকুড়া, পুরুলিয়া প্রভৃতি জায়গায় খরার ফলে শস্যহানি হবার ফলে বর্তমানে হয়ত বিশেষ খাদ্যাভাব দেখা দেয় নি, কিন্তু আগামী চার-ছয় মাসের মধ্যে যে একটা ভয়াবহ খাদ্যাভাব দেখা দেবে এই বিষয়ে আমি মাননীয় ত্রাণমন্ত্রী মহাশয়কে প্রস্তুত হবার জন্য আবেদন জানাব। কিন্তু দুঃখের বিষয়, এই রিলিফ ডিপার্টমেন্টের আমলাদের টেরিলিন, টেরিকট-এর জামা-কাপড় পরা সাহেবী বেশের চেহারা দেখে অনুধাবন করা যায় না যে, আমাদের দেশে কোন অভাব আছে। কোন পরিকল্পনা করতে গেলে পাঁচটা জিনিসের দরকার হয়। প্রথম হচ্ছে বুদ্ধি। বুদ্ধি দিয়ে এইরকমভাবে পরিকল্পনা করতে হবে। দ্বিতীয় দফা হচ্ছে সার্থক পরিকল্পনা, পরিকল্পনায় যে অর্থ বিনিয়োগ করব, তাতে বর্তমানে দেশের জন্য কি করতে পারব এবং স্থায়ীভাবে কি করতে পারব। তৃতীয়তঃ আসবে অর্থ, এই অর্থ এমনভাবে খরচ করতে হবে যাতে অপচয় না ঘটে এবং দেশের সত্যকারের উন্নতি হয়। চতুর্থতঃ দেখতে হবে আন্তরিকতা আছে কিনা। পঞ্চম আসবে জনগণের আশীর্বাদ। কোন গণ-তান্ত্রিক রাষ্ট্র ব্যবস্থা জনগণের যদি কোন আশীর্বাদ না থাকে, তা হ'লে কোন পরিকল্পনা সার্থক হ'তে পারে না। এই যে রিলিফের জন্য টাকা খরচ করা হবে, জানি না কি পরিকল্পনা নিয়ে কাজ করবেন। তবে আমি নিবেদন করব, পল্লী অঞ্চলে যেভাবে বাড়িঘরদোরের অবস্থা রয়েছে—গত বছর ২৩ কোটি টাকা খরচ করেছেন, কিন্তু পল্লী অঞ্চলে আদর্শ গ্রাম রূপায়ণ করার চেষ্টা করুন। রিলিফের কাজে লোক লাগিয়ে পল্লী অঞ্চলের ঘর-গুলো যদি তৈরি করা হয়, তা হ'লে আলো-বাতাসযুক্ত ঘরবাড়ি পল্লী অঞ্চলে গ'ড়ে উঠতে পারে এবং আদর্শ পল্লী হিসাবে সেইগুলো পরিগণিত হবে। অন্য সমস্ত পরিকল্পনা ছেড়ে দিন, পল্লী অঞ্চলের ঘরবাড়ি পুরানো আমলের, সেইগুলো টেক আপ করুন এবং আধুনিক পদ্ধতিতে এই বাড়িগুলো রিলিফের মাধ্যমে তৈরি করান, তা হ'লে পল্লী অঞ্চলের লোকেরা আশীর্বাদ জানাবে। এই ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-50—7-00 p.m.]

শ্রীশচীনন্দন সাউ: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের ত্রাণমন্ত্রী আমাদের সামনে যে ফেমিন রিলিফ গ্র্যান্ট নং ৩৮, ১৯৭৩-৭৪ সালের পেশ করেছেন তাকে আমি পরিপূর্ণ সমর্থন জানাচ্ছি। সমর্থন জানাচ্ছি এই কারণে যে, পশ্চিম বাংলায় যে ভয়াবহ খরা দেখা দিয়েছিল, সেই খরা পরিস্থিতির এই ত্রাণমন্ত্রী যেভাবে মোকাবিলা করেছেন তার জন্য। শুধু সমর্থনই নয়, তাঁকে বিধানসভার সদস্য হিসাবে অভিনন্দন না জানিয়ে পারি না। আজ কিছুক্ষণ আগে আমাদের বিরোধী দলের সদস্য শ্রীশীশ মহম্মদ সাহেবের কাছ থেকে আমাদের ত্রুটির কথা শুনলাম। তাঁরা আজকে এই সব কথা বলেন কি ক'রে? তাঁদের যুক্তফ্রন্টের আমলে তাঁরা হাজারে দু' জন মানুষকে খয়রাতি সাহায্য দিয়েছিলেন, আর আমাদের এই সরকার ১০০ জনের ভিতর ১৫ জনকে সাহায্য দিয়েছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যুক্তফ্রন্টের আমলে যেসমস্ত অঞ্চলপ্রধান ছিল, তাঁদের নিয়ে যে রিলিফ কমিটিগুলি ছিল, সেগুলিকে তুলে দিয়েছিলেন এবং তুলে দিয়ে তাঁদের সদস্যদের দিয়ে রিলিফ কমিটি করেছিলেন। আজকে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন পশ্চিম বাংলায় যে পুরানো কমিটিগুলি ছিল তারা আবার এগিয়ে এসেছেন, তার মধ্যে সি পি এম-এর অঞ্চলপ্রধান আছেন, আর এস পি-র অঞ্চলপ্রধান আছেন, ফরোয়ার্ড ব্লকের অঞ্চলপ্রধান আছেন। আমার ইলামবাজারে মাননীয় শ্রীশীশ মহম্মদ সাহেব জানেন না, কারা অঞ্চলপ্রধান আছেন? আমরা বীরভূম জেলায় দেখেছি মাননীয় ত্রাণমন্ত্রী বিরোধী দলের সদস্যদের দিয়ে করা অঞ্চলপ্রধানের মাধ্যমে কাজ করছেন। আমি পরিষ্কারভাবে জানিয়ে দিতে চাই যে, আমাদের সরকার যে-কোন দুর্নীতির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে প্রস্তুত আছেন, যদি সরকার মনে করেন দুর্নীতি হচ্ছে, তা হ'লে সেখানে তার মোকাবিলা করবেন। পশ্চিমবঙ্গে এই আমলে যে টি আর ওয়ার্ক হয়েছিল আমি চ্যালেঞ্জ জানিয়ে বলছি, মাননীয় উপাধ্যক্ষ মহাশয় যে, পশ্চিম বাংলার ইতিহাসে সেইরূপ আমরা দেখি নি। সমস্ত

টি আর-এর কাজ আমাদের ছেলেরা, এম এল এ-রা পরিপূর্ণ দায়িত্ব নিয়ে, অঞ্চলপ্রধানরা দায়িত্ব নিয়ে এবং জনসাধারণের সহানুভূতি নিয়ে গ্রাম বাংলার সমস্ত রাস্তা করতে পেরেছেন! কোনদিন আমরা এই রকম কাজ দেখি নি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে রাস্তায় টি আর-এ করা হয়েছে সেটা অভাবগ্রস্ত মানুষের কর্মসংস্থানের মাধ্যমে করা হয়েছে। আমাদের সরকার আজকে যে সিদ্ধান্ত নিয়েছেন সে বিষয়ে ত্রাণমন্ত্রীকে আমি বলব, সেই রাস্তাগুলিতে যেন মোরামের বন্দোবস্ত করা হয় এবং হিউম পাইপ যদি দেওয়া হয়, তা হ'লে গ্রামবাংলার রাস্তাগুলি আরও ভাল হবে, সুন্দর হবে। আজকে গ্রামবাংলার মানুষের কর্মসংস্থানের মাধ্যমে সাহায্য দেওয়ার দায়িত্ব আমরা নিয়েছি। শীশ মহম্মদ সাহেব বা তিমিরবাবু চিৎকার করছেন, অথচ তাঁরা হাজারে একটি মানুষের কর্মসংস্থানের ব্যবস্থা করেছেন দেখাতে পারেন, কোন গরিব মানুষের উপকার করেছেন? তাঁরা যদি উপকার ক'রেই থাকেন, তা হ'লে আজকে আমাদের মানুষ আশীর্বাদ করত না। গ্রাম বাংলার গরিব মানুষকে দুর্দশাগ্রস্ত মানুষকে সহযোগিতা দেওয়ার জন্য আমাদের ত্রাণমন্ত্রী যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন সেই বরাদ্দকে আমি সমর্থন জানিয়ে আগামী দিনে আমরা আরও এগিয়ে যেতে পারব এই প্রতিশ্রুতি চেয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

শ্রীপ্রদ্যোৎ মহান্তী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের ত্রাণমন্ত্রী, ত্রাণ খাতে যে বরাদ্দ এই হাউসের কাছে চেয়েছেন এবং সেই সঙ্গে এই বরাদ্দের দাবি উত্থাপন করতে গিয়ে তিনি যে বক্তব্য রেখেছেন, সেই বক্তব্যটা আমি পড়েছি। আমি আশা করেছিলাম, গত এক বছরে তিনি যে শুধু এই মন্ত্রিসভার কার্য পরিচালনা করেছেন তাই নয়, তিনি পূর্বেও একজন সমাজসেবী হিসাবে পরিচিত ছিলেন পশ্চিমবঙ্গে। তাই আমরা আশা করেছিলাম, এই ত্রাণের বিষয়ে তাঁর বক্তৃতার মধ্যে সরকারী একটা সুষ্ঠু নীতি থাকবে।

আমি জানি দেশ স্বাধীন হবার পর এইরকম গতানুগতিক ব্যয় ত্রাণ খাতে শুধু আমাদের পশ্চিমবঙ্গ সরকার করেন নি, ভারতবর্ষের অনেক প্রাদেশিক সরকার এইরকমভাবে ডোল, রিলিফ, টি আর-এর মাধ্যমে ত্রাণকার্য করেছেন। আমরা যখন ত্রাণ খাতে ব্যয়বরাদ্দ বাড়াবার কথা বলি, তখন সরকার বলেন, আমরা যেভাবে ত্রাণকার্য করি, তাতে ভারত সরকার টাকা দিতে নারাজ। তাঁরা চান এমন একটা পরিকল্পনা প্রাদেশিক সরকারের কাছ থেকে আসুক ত্রাণকার্য হবে এবং তাতে একটা স্থায়ী সম্পদ সৃষ্টি হবে। অর্থাৎ যার জন্য ভবিষ্যতে ত্রাণ খাতে খরচ কম হবে এবং ভারত সরকারের কাছ থেকে টাকা চাইবার প্রয়োজন হবে না। আমি আশা করেছিলাম, মন্ত্রিমহাশয় তাঁর বক্তব্যের মধ্যে একটা পরিকল্পনার কথা বলবেন। কিন্তু তা নেই। তিনি ৬ বছরের একটি হিসাব দিয়েছেন—১৯৬৬-৬৭ সাল থেকে আরম্ভ করে ১৯৭১-৭২ সাল পর্যন্ত। ১৯৬৬-৬৭ সালে যেখানে ৭ কোটি টাকা খরচ হ'ত, সেখানে ১৯৭১-৭২ সালে ১৬ কোটি টাকা খরচ হচ্ছে। তিনি বললেন, আমরা যে ব্যয়বরাদ্দ বেশি করলাম, এর দ্বারা প্রমাণিত হয় দেশে ত্রাণকার্যের প্রগতিতে এই সরকার সম্পূর্ণ সজাগ। এটা একটা দিক। কিন্তু অন্য একটা দিক হচ্ছে কোন দেশের রিলিফ-এর খাতে ব্যয়বরাদ্দ বেশি হওয়া মানে সেই দেশের জাতির পক্ষে লজ্জার বিষয়। কিন্তু প্রাকৃতিক বিপর্যয় যখন আসে তখন বাধ্য হয়ে জাতির স্বার্থে সরকারকে টাকা খরচ করতে হয়। এ ছাড়াও আপনারা দেখবেন ত্রাণ খাতে প্রতি বছর খরচ বাড়ছে। এর কারণ হিসাবে আমি বুঝি কোন সুষ্ঠু পরিকল্পনা না থাকায় ভারত সরকারের নির্দেশমত কোন জাতীয় সম্পদ সৃষ্টির প্রকল্প আমরা করতে পারছি না। এর জন্য বছরের পর বছর রিলিফ প্রাপকের সংখ্যা বেড়ে যাচ্ছে। তিনি বলেছেন গত বছরের বন্যা ও খরার জন্য অনেক জায়গায় আমাদের সাহায্য দিতে হয়েছে। কিন্তু আমি যেমন সুষ্ঠু পরিকল্পনার অভাবের কথা বললাম তেমনি যেটুকু বরাদ্দ সরকার দিতে পারেন সেই বরাদ্দ প্রশাসন যন্ত্রের ত্রুটির জন্য ত্রাণ পাবার লোকেদের কাছে যায় না। গত বছর মেদিনীপুর জেলায় অনেক ব্লকে বন্যায় ঘর বিধ্বস্ত হওয়ায় যে টাকা সরকার দিলেন তার অনেক টাকা ব্লকে যায় নি।

[7-00—7-10 p.m.]

অথচ সরকার টাকা দিয়েছেন, জেলাকে অ্যালটমেন্ট দিয়েছেন, মহকুমা সেই অ্যালটমেন্ট পেল না। ১৯৭২ সালে মার্চ মাসের আগে বিভিন্ন ব্লক থেকে ঘর পুড়ে যাওয়া, বন্যার ফলে ঘর পড়ে যাওয়ার যেসমস্ত দরখাস্ত অনুদানের জন্য, ঋণের জন্য ব্লক থেকে মহকুমা অফিস হয়ে জেলা অফিসে পেঁছেছে, জেলা অফিস থেকে সেই বরাদ্দের টাকা এখনও ব্লক অফিসে গিয়ে পেঁছাল না। হয়ত ২৫-৩০টি দরখাস্ত আছে, সরকার পারবেন ৫টি, কি ৬টি, কিন্তু একটা দরখাস্তও মঞ্জুর হয়ে ব্লক অফিসে পেঁছাল না। কোথায় যে প্রশাসনের মধ্যে গলদ রয়েছে সেই গলদ খুঁজে বের করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আর একটি কথা মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে উপস্থিত করছি, সেটা হচ্ছে টেস্ট রিলিফের কাজে আমরা সক্ষম কর্মহীন লোকদের নিযুক্ত করি। কিন্তু সেই টেস্ট রিলিফের পরিকল্পনার মধ্যে ত্রুটি থেকে যাচ্ছে। সাধারণত আমরা গ্রামবাংলায় দেখি রাস্তার কাজ বেশি হয়, কোথাও কোথাও বোরো বাঁধ বাঁধা হয়, কোথাও কোথাও নদীতে বাঁধ বাঁধা হয়, কোথাও ক্যানেল কাটার কাজে অ্যালটমেন্ট যায়, সেই অ্যালটমেন্ট অনুযায়ী পরিকল্পনা অনুযায়ী, কিন্তু ত্রুটি থেকে যায়, যেমন একটা কাজ করতে করতে হঠাৎ সরকার বললেন, এই খাতে টাকা নেই, অ্যালটমেন্ট দেওয়া যাচ্ছে না, ফলে একটা ক্যানেল কাটতে কাটতে হয়ত অর্ধেক হয়েছে সেটাকে বন্ধ ক'রে দিতে হ'ল, বা বোরো বাঁধের হয়ত খানিকটা হয়েছে, সেই অবস্থায় বাঁধের কাজ বন্ধ ক'রে দিতে হ'ল, বা রাস্তার কাজ কিছুটা হবার পর সেই রাস্তার কাজ বন্ধ ক'রে দিতে হ'ল। সেজন্য আমার বক্তব্য হ'ল, কোন একটা কাজের জন্য যদি সম্পূর্ণ বরাদ্দ করেন, তা হ'লে সেই বরাদ্দ সেই কাজের পক্ষে সহায়ক হবে। কোন একটা কাজ সম্পূর্ণ না ক'রে যদি আরও দশটা কাজে হাত দেন, তা হ'লে সেই রিলিফ খাতে যে টাকা দেওয়া হবে তাতে সম্পদ সৃষ্টি হবে না। কারণ, আগামী বছরে কি অবস্থা হবে, রিলিফে টাকা থাকবে কিনা, সেই সমস্ত পরিকল্পনাগুলি অসমাপ্ত থেকে যাবে, জাতীয় সম্পদ সৃষ্টির কাজে লাগবে না। যেসমস্ত লোককে জি আর দেন সাধারণত তারা অন্ধ, পঙ্গু, বিকলাঙ্গ, খঞ্জ বা রুগ্ন, তাদের যতটুকু জি আর সরকার দেন তাতে সেটুকু তাদের বেঁচে থাকার পক্ষে যথেষ্ট নয়। এটা আবার একজাতীয় ভিক্ষাবৃত্তির মত। বারি সাহেব যেকথা বলেছেন, আমি তাঁর কথা সমর্থন ক'রে একথা বলি, এগুলি সরকারের কাছে ভিক্ষাবৃত্তি করা : যদিও সরকার বলেন, যারা পার্মানেন্ট লায়েবিলিটিজ, এই সমস্ত জি আর যাদের দিতে হয় তারা যদি কেউ ভিক্ষা করে, তা হ'লে তারা কেউ জি আর পাবে না। এটা বলেন এজন্য যে, টাকা নেই। টাকা যা থাকে, সে তুলনায় এদের সংখ্যা অনেক বেশি, সেজন্য সরকার বলেন যে, যারা ভিক্ষা করে তাদের জি আর দিও না। জি আর পায় না ব'লেই তাদের ভিক্ষা করতে হয়। জি আর দিচ্ছে না ব'লে ভিক্ষুকের সংখ্যা বেড়ে যাচ্ছে। এই যে বছর বছর জি আর দিয়ে যাওয়া এতে তারা ভাবে আমরা যেটুকু কাজ করতে পারি সেটুকু কাজও আমাদের করতে হবে না, আমরা জি আর পেয়ে যাব। আমি সেজন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে সরকারের কাছে একথা রাখব, যিনি খঞ্জ তিনি যে কাজ করতে পারেন যেমন দড়ি করতে পারেন, ছোবড়ার কাজ করতে পারেন, সুতা কাটতে পারেন, যিনি অন্ধ তিনি কি করতে পারেন এই সমস্ত কাজ খুঁজে বের ক'রে তাদের দিয়ে করান। এই রকম প্রকল্পের কথা চিন্তা করুন। জি আর দিন, কিন্তু তার পরিবর্তে তাদের কাছ থেকে কিছু কাজ পায় কিনা তার ব্যবস্থা করতে হবে এবং সেই সঙ্গে সঙ্গে তাদের জি আর-এর পরিমাণ বাড়িয়ে দিতে হবে।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আর বেশি কিছু না ব'লে আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে এই বক্তব্য রাখছি এবং তাঁর কাছে আশা করছি, তিনি এমন সব পরিকল্পনা বার করবেন যার মাধ্যমে এই ভিক্ষাবৃত্তি দেশ থেকে দূর হয়ে যাবে, জাতীয় সম্পদ সৃষ্টি হবে এবং এই খাতে খরচ দিন দিন কমে যাবে। একথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীবাসুদেব সাউট্টা ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে মন্ত্রিমহাশয় খরা এবং দুর্ভিক্ষপীড়িত মানুষদের সাহায্যের জন্য যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন আমি তাকে আন্তরিক-ভাবে এবং নীতিগতভাবে সমর্থন করছি। গত কয়েক বছর ধরে দেশব্যাপী হিংসা এবং হঠকারিতার ফলে পশ্চিম বাংলার অর্থনৈতিক বনিয়াদ ভেঙ্গে পড়েছিল এবং তার উপর বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের সময় প্রায় ১ কোটি শরণার্থীর আগমন আমাদের উপর একটা বিরাট অর্থনৈতিক চাপ সৃষ্টি হয়েছিল। তা সত্ত্বেও আমাদের জনপ্রিয় সরকার খরাক্লিষ্ট মানুষের সাহায্যের জন্য গত বছর যে বলিষ্ঠ পদক্ষেপ গ্রহণ করেছিলেন সেটা সত্যই প্রশংসনীয়। আর এস পি-র মাননীয় সদস্য শীশ মহম্মদ এই সভায় গরিব গরিব ব'লে খুব চিৎকার করছেন। কিন্তু এই গরিবদের জন্য সত্যই যে ওঁদের চোখের জল পড়েছে তার নমুনা কিন্তু বিগত কয়েক বছরে ওঁদের কাজের মধ্যে দেখতে পাচ্ছি না। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর কাছে কয়েকটি কথা তুলে ধরতে চাই। খরা এবং বন্যার সময় সরকারী সাহায্য যে সময়মত পেঁছায় নি তার কারণ অনুসন্ধান করতে হবে। আজকে ঐ দপ্তরে বহু অলস এবং শ্রমবিমুখ কর্মচারী রয়েছে, বহু দুর্নীতিপরায়ণ কর্মচারী রয়েছে যাদের কাজের ফলে খরাক্লিষ্ট এলাকায়, বন্যাকবলিত এলাকায় সরকারী সাহায্য ভান্ডার সময়মত পেঁছায় নি। অনেক কর্মচারী আছেন যাঁরা মন্ত্রিমহাশয়কে তোষামোদ করেন, যেমন একদিন তাঁরা করেছিলেন, সি পি এম প্রভাবিত যুক্তফ্রন্ট সরকারকে। তাই আমি মন্ত্রিমহাশয়কে সাবধান করছি, এই সমস্ত কর্মচারীদের সম্বন্ধে। আপনি সব সময় সজাগ থাকবেন, কারণ আপনি ডালে ডালে চলবেন, আর ওঁরা পাতায় পাতায় চলবেন। আপনাকে অনুরোধ করছি, আপনি দেখবেন খরাক্লিষ্ট দুর্গত ব্যক্তিদের জন্য বরাদ্দ যেন মাঝপথে নষ্ট না হয়। আমি মন্ত্রিমহাশয়ের কাছে আর একটা প্রস্তাব রাখছি, রিলিফ মেসিনারিকে ঢেলে সাজাতে করতে হবে। নিষ্ঠাবান, সৎ, দক্ষ কর্মচারীদের নিয়ে খরাত্রাণ কমিটি বা বন্যাত্রাণ কমিটি গঠন করা হোক। সামগ্রিক দৃষ্টিভঙ্গি নিয়ে কি ক্ষতি হয়েছে এবং সরকার কতখানি সাহায্য করতে পারবেন সেটা ঠিক ক'রে বলিষ্ঠ পদক্ষেপে এগিয়ে যেতে হবে। আমি মন্ত্রিমহাশয়কে জানিয়ে দিতে চাই, আপনার দপ্তর মোটেই তৎপর নয়। আমি একটা ছোট উদাহরণ দিচ্ছি। আমাদের সুন্দরবন এলাকায় পাথরপ্রতিমা থানায় ব্রজবল্লভপুর অঞ্চলে উত্তর গোবিন্দপুর আবাদ এবং দক্ষিণ গোবিন্দপুর আবাদ এই দুটি গ্রামের শস্য গত বছরের বন্যায় সম্পূর্ণরূপে নষ্ট হয়ে গেছে, পানীয় জল বলতে কিছু নেই, ৩ হাজার লোক বন্যার কবলে পড়েছিল। তাদের সাহায্যের জন্য মন্ত্রিমহাশয়ের কাছে আমরা বার বার দরখাস্ত দিয়েছি এবং তিনিও নোট দিয়ে সেটা তাঁর দপ্তরে পাঠিয়েছেন। মানবতাবোধে একটা উত্তর আমরা আশা করেছিলাম, কিন্তু দুঃখের বিষয়, কোন উত্তর এই দপ্তরের অফিসারদের কাছ থেকে আমরা পাই নি। অন্ধ, খোঁড়া, রোগ-গ্রস্ত, অকর্মণ্য লোকদের জন্য জি আর-এর ব্যবস্থা হয়েছে এবং তাদের নাকি কাজের মাধ্যমে কিছু দেওয়া হচ্ছে। কিন্তু আশ্চর্যের বিষয় এই অন্ধ, খোঁড়া, অকর্মণ্য লোক যারা কাজ করবে তাদের বরাদ্দের টাকা ব্লক থেকে ফিরে এসেছে।

[7-10—7-20 p.m.]

আজকে জি আর এবং টি আর-এর কাজ করার দরকার। আন-স্কীল্ড লেবারদের জন্য তাদের হাতে নগদ পয়সা তুলে দিতে হবে। আমাদের স্পেশ্যাল এমপ্লয়মেন্ট স্কীম এবং সি এস আই স্কীমে গ্রামদেশে দু-তিন-চার বিঘার জমির মালিকেরা জমি স্বেচ্ছায় ছেড়ে দিচ্ছে না। ফলে সমস্ত কাজ বন্ধ হয়ে যাচ্ছে। মাঝখানে আমরা যে আশা-উৎসাহ নিয়ে এগিয়ে যাচ্ছিলাম, তা ব্যাহত হচ্ছে। আমরা চাই, এই স্কীমগুলির সার্থক রূপায়ণ করতে। সেইজন্য বলিষ্ঠ কমিটি গঠন ক'রে সঠিক নির্ভুল নীতি নির্ণয় ক'রে আমাদের এগিয়ে যেতে হবে, নতুবা আমরা ত্রাণকার্যে কোনপ্রকারে সুষ্ঠুভাবে এগিয়ে যেতে পারব না। এই কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই গ্র্যান্ট যা মাননীয় মন্ত্রিমহাশয় এনেছেন তা সমর্থন করছি। আমি জানি না, কোন কাট মোশন আছে কিনা, যদি থাকে আমি

তার বিরোধিতা করি। কিন্তু সমর্থন করতে গিয়ে একটা বিষয় লক্ষ্য করছি যে, স্বাধীনতার ২৫ বছর পরেও এখনও দুর্ভিক্ষ এবং ত্রাণ খাতে মন্ত্রিমহাশয় টাকা চাইছেন এবং আমরা বিধানসভায় বসে দুর্ভিক্ষ এবং ত্রাণ সম্পর্কে আমাদের আলোচনা করতে হচ্ছে। ১৭৭০ সালে বাংলাদেশে ছিয়াত্তরের মন্বন্তর হয়েছিল। বঙ্কিমচন্দ্রের আনন্দমঠে সেই দুর্ভিক্ষের কথা আমরা পড়েছি। সেই দুর্ভিক্ষের পর ১৭৯৩ সালে যখন চিরস্থায়ী বন্দোবস্ত হ'ল, তারপর বাংলা-দেশে আর খুব বেশি দুর্ভিক্ষ হয় নি, অল্প-স্বল্প কিছু হয়েছিল। কিন্তু রায়তী এলাকায় প্রতি দু'-তিন বছর অন্তর দুর্ভিক্ষ হয়েছে আর ১৮৫০ সালের পর থেকে ইংরেজ সরকার কিছু কিছু ডোল দিয়ে এই দুর্ভিক্ষ রোধ করবার জন্য চেষ্টা ক'রে এসেছেন। কিন্তু আসল কথা হচ্ছে যে, খাজনাভিত্তিক ব্যবস্থা। আমাদের এই পশ্চিম বাংলায় খাজনাভিত্তিক কুটিরশিল্প ভেঙ্গে যাওয়াতে জমির উপর অত্যধিক চাপ এবং টাকায় খাজনা দেওয়া এবং মহাজনী সুদ এবং শেষের দিকে পাঠ চাষের ফলে খাদ্য উৎপাদন হ্রাস এই সমস্ত কারণ মিলে কৃষির একটা প্রচণ্ড অনুন্নতি এই পশ্চিমবাংলায় ঘটে গেছে। আসল কথা হচ্ছে, দ্বিতীয় বিশ্বযুদ্ধ ১৯৪৩ সালে আমাদের পশ্চিম বাংলায় দুর্ভিক্ষ হয়। এবং সেই দুর্ভিক্ষ ভয়াবহ আকার ধারণ করে এবং তার রূপ আমরা দেখেছি। দেশবিভাগের ফলে ভালো খাদ্য অঞ্চল পূর্ব বাংলায় চ'লে গেল, কিন্তু এইসব সত্ত্বেও স্বাধীনতার ২৬ বৎসর হয়ে গেছে এখনও ১৭৫ বৎসরের যে গ্লানি, সেই গ্লানিকে কাটিয়ে আমরা এখনও কৃষি অর্থনীতিকে শক্ত ভিতের উপর দাঁড় করাতে পারি নি। সেইজন্য দুর্ভিক্ষের কথা আমাদের বার বার শুনতে হচ্ছে। তার জন্য কিছু কিছু ডোল দিয়ে ভিক্ষুকে পরিণত করা এটাই আমাদের করতে হচ্ছে। আমার সবচেয়ে দুঃখ লাগে এমন একটা বিধানসভায় আমরা বসে আছি যেখানে ডোল এবং দুর্ভিক্ষ নিয়ে আলোচনা হচ্ছে, সেখানে কৃষি অর্থনীতিকে কোনরকমে শক্তিশালী করা যায় কিনা সে সম্বন্ধে কোন আলোচনা হচ্ছে না। আজকে কৃষির অনুন্নতির মূল কারণ হচ্ছে কৃষি অর্থনীতির স্ট্যাগনেশন। এই স্ট্যাগ-নেশন শুধু বন্যার ফলে হয়েছে, তা নয়। যে বছর খরা হয় নি সে বছরও দুর্ভিক্ষ হয়েছে। কেবল খরা এবং বন্যার উপর দোষ দিচ্ছেন কেন? আমরা জানি আমাদের বয়স হবার পর থেকে দেখছি প্রত্যেক বছর বাজেটে যে বছর বন্যা হয় নি, খরা হয় নি, সে বছরও কি ত্রাণ খাতে কোন টাকা ছিল না। আমরা জানি ছিল। আপনারা ডোল দেন কেন? খরা এবং বন্যা এই দু'টোর আমাদের খাত রয়েছে, শুধু এই কথা বলা ঠিক নয়। আমাদের কৃষি অনুন্নত এবং ২৬ বছর স্বাধীনতারও পরেও দুর্ভিক্ষ এবং ত্রাণ খাতে আলোচনা শুনতে হচ্ছে এবং সেইজন্য আমরা এই শীততাপনিয়ন্ত্রিত কক্ষে বসে আমাদের টাকাপয়সা পাস করতে হচ্ছে।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, দুর্ভিক্ষের শিকার হচ্ছে কারা, শিকার হচ্ছে গরিব চাষী, ভাগচাষী, তাদের ভিতর যে অংশটা ক্ষেতমজুর হয়ে যায়। গত দশ বছরের হিসাব তো আমি সেদিন আপনাদের বলেছিলাম যে, ১৫ পারসেন্ট থেকে ২৫ পারসেন্ট আমাদের দেশে ক্ষেতমজুর বৃদ্ধি হয়েছে, জনসংখ্যার ২৫ পারসেন্ট ক্ষেতমজুর হয়েছে, গড়ে প্রতি গ্রামে ৪১ জন ক'রে ক্ষেতমজুর বৃদ্ধি পেয়েছে, এরাই হচ্ছে দুর্ভিক্ষের শিকার। এরাই হচ্ছে আপনাদের জি আর, টি আর আপনাদের ত্রাণ ইত্যাদির জন্য দরকার। কেন ভাগচাষীরা উচ্ছেদ হ'ল, কেন গরিব চাষী ক্ষেতমজুর হ'ল? ঐ দিকটা যদি না ঠেকাতে পারেন ঐ ত্রাণের টাকা দিয়ে, ডোল দিয়ে, আপনারা ২২ কোটিই করুন আর ২৫ কোটিই করুন ঐভাবে দেশ চলবে না, ঐভাবে আপনারা কোথাও কোন পাত্তা পাবেন না। ৩ কোটি টাকা রেখেছেন, কেন্দ্র যাতে আরও বেশি টাকা দেয় সেইজন্য বেশি রাখেন নি, কেন্দ্র থেকে টাকা পাবেন এই ভরসা আছে, এই কারণে কম টাকা রেখেছেন, আপনারা এর বেশি টাকা খরচ করবেন। এটা তো হচ্ছে বাজেটের একটা বহিরঙ্গ, কিন্তু বাজেটের মূল কথাটা আমরা এইটুকু জানতে পারছি যে, গত দশ বছরে এই পশ্চিম বাংলায় কৃষি অর্থনীতির পরিবর্তন, এই পরিবর্তন দেখে আমাদের ধারণা হয়েছে, প্রতি বছর আপনাদের বাড়াতে হবে। কারণ ক্ষেতমজুর হওয়া থেকে আপনারা রক্ষা করতে পারছেন না। এই গরিব চাষী, ভাগচাষী নিয়ে এমন একটা সমবায় প্রথা আপনারা না করেন যে, তারা জমিহারা হবে না, কাজহারা হবে না। যদি রাজ্য পরিকল্পনা পর্ষদের পরিকল্পনা যেটা সেটা যদি আপনারা গ্রহণ না করেন, অথবা আমি জানি না যে, সেই পরিকল্পনা কতটা আপনারা গ্রহণ করবেন, কিন্তু সেই রকম যদি সর্বাঙ্গীণ পরিকল্পনা গ্রহণ না করেন,

তা হ'লে প্রতি বছর এই দুর্ভিক্ষ আর ত্রাণ খাতে টাকা আপনাদের বাড়বেই, আর আপনারা গর্ব করবেন যে, দুর্ভিক্ষ এবং ত্রাণ খাতে টাকা বাড়িয়েছি, এটাতে লজ্জা করা উচিত। লজ্জা করা উচিত, মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, যখন মন্ত্রিমহাশয় বলেন যে, আমরা দুর্ভিক্ষ ত্রাণ খাতে টাকা বাড়িয়েছি, কেন বাড়াতে হয়? কেন বাড়াতে হয় এটাই আজকের দিনে প্রশ্ন। আমার এই আলোচনা করতে একটু অস্বস্তি লাগছে যে, দুর্ভিক্ষ ত্রাণ খাতে আমরা যুক্তফ্রন্টের আমল থেকে বেশি টাকা দিয়েছি, এটা কি একটা গৌরব, এটা কি একটা আমাদের দেশের পক্ষে গৌরব যে, আমরা আগামী বছর আরও বেশি টাকা দেব? এটা কি একটা গৌরব! কি জানি আমার তো আলোচনাটাই একটা অস্বস্তি মনে হচ্ছে। তাই আমি একটু ইমোশনাল হয়ে গেলাম, তাই আমি এত কথা আপনাদের সামনে বলছি। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি বলছি কি যে, এই বিভাগটা তুলে দিন, যেমন পাবলিক ওয়ার্কস আছে, রাস্তা-ঘাট তৈরি করে সেই রকম একটা রুর‍্যাল পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্ট করুন, তা হ'লে আমি তার একটা মানে বুঝি। এই রুরাল পাবলিক ওয়ার্কসের পক্ষ থেকে আপনারা নতুন নতুন গ্রামাঞ্চলের কৃষি অর্থনীতিকে সংহত করবার জন্য কিছু কিছু কাজ আপনারা করুন, রেগুলার ওয়েতে করুন, নিয়মিতভাবে করুন, আর এই ত্রাণ-ট্রাণের নাম বলবেন না। পুকুর কাটা, কি ক'রে হবে, আমি বোলপুরে বার বার চেষ্টা করেছি পুকুর কাটাতে, কিন্তু এক পয়সা দু' পয়সা অংশ সেগুলি ভেস্টেড হয়েছে কি হয় নি, সেইজন্য পুকরগুলি কাটানো যায় নি। আপনারা আইন আনতে পারলেন না এক বছর ধরে, এতদিন ধ'রে আইনসভা আপনারা চালালেন, আইন করতে পারলেন না যে, যে-কোন পুকুর কাটাবার অধিকার সরকারের থাকবে, জলসেচের ব্যবস্থা হতে পারত, ছোট ছোট ইরিগেশন, আপনারা পুরো টাকাটা ইরিগেশনের জন্য স্মল টিউবওয়েল দিয়েই হোক অথবা খাল কেটেই হোক অথবা বাঁধ বেঁধে হোক, কিছুই হ'ল না। আমি তো আমার জায়গায় চেষ্টা করেছি, আমি পারি নি, ১৮৯৮ সালের ফেমিন কোডটা ফেলে দেওয়া উচিত, রুরাল পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্ট করা উচিত। স্টেট প্ল্যানিং বোর্ডের

[7-20—7-30 p.m.]

যে কৃষি উন্নয়ন পরিকল্পনা তার পরিপূরক হিসাবে রুর‍্যাল পাবলিক ওয়ার্কস তৈরি ক'রে এই টাকাটা খরচ করলে সেটা ভালো হবে। এইটুকু কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি। বোধ হয় মন্ত্রীরা একটু অসুবিধা বোধ করছেন। ও'রা হয়ত ভাবছেন সবই জানি, আবার জ্ঞান দেওয়া কেন। ও'রা অনেক জানেন ঠিকই, কিন্তু সে জ্ঞান তো কার্যকর হচ্ছে না।

শ্রীরজনী দাশঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় ত্রাণমন্ত্রী মহাশয় ত্রাণ খাতে যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন এটা সমর্থন করছি। এটা সমর্থন করছি এই জন্য যে, এইটার যে বিলিবণ্টনের ব্যবস্থা ব্লক এবং অঞ্চল পর্যায়ে কমিটি ক'রে এবং সব থেকে আর একটা দুঃস্থ ব্যক্তিদের তালিকা আগের থেকে তৈরি ক'রে রাখা আগের থেকে যেটার জন্য আমাদের মাননীয় সদস্য বিরোধীপক্ষের খুব দুঃখ করছেন এবং আশংকা করছেন ভাল লোক পাবে না, দুঃস্থ লোক পাবে না। এই তালিকা থেকে যদি সত্যই দুঃস্থ লোক পায়, তা হ'লে ওনাদের দলের আর কোন শোভাযাত্রা বের করতে পারবেন না। সেইজন্য এইটা আমি সমর্থন করছি এবং সমর্থন করতে গিয়ে অত্যন্ত দুঃখের সঙ্গে আমি মন্ত্রিমহাশয়কে দুটো বক্তব্য রাখছি। মন্ত্রিমহাশয় বলেছেন, এর থেকে অনেকে কৃষিঋণ পায়। যাই হোক, ত্রাণ খাত থেকে একটা জিনিস দুর্যোগে যদি বাড়ি ভেঙ্গে যায়, কি পুড়ে যায় আগুনে, তা হ'লে তারা যা পায় তা অতি সামান্য। একটা বাড়ি ধ্বংস হয়ে গেলে বা জমি গেলে অনেক সময় দেখা যায় যে, তারা অনেক দিন পরে ৪০।৫০ টাকা ক'রে পায়। তাই এই খাতে আরও বেশি টাকা রাখার জন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ রাখছি এবং তিনি একটা কথা স্বীকার করেছেন যেটা আমার বলার দরকার ব'লে মনে করি যে, ওনার বিভাগে উপযুক্ত কর্মী নেই। আমি জানি একটা মহকুমাতে একটা ব্লক অফিসে রিলিফ ইন্সপেক্টর নেই। এটা তাঁর নিজেরই স্বীকারোক্তি, কাজেই আমি আশা করছি, তাঁর স্বীকারোক্তি যাতে তাড়াতাড়ি কার্যকর হয় তার জন্য তিনি চেষ্টা করবেন। এই ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীভবানীপ্রসাদ সিংহরায়ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মন্ত্রিমহাশয় কর্তৃক উত্থাপিত অনুদান সংখ্যক ৩৮কে পরিপূর্ণভাবে সমর্থন করছি। এখানে আলোচনা শুনছিলাম এবং এই আলোচনার মধ্যে বোধ হয় উত্তরটা শীশ মহম্মাদ সাহেবের মিলেছে। সেটা হচ্ছে এই খাতে ব্যয়বরাদ্দ আরও বৃদ্ধি করা। আমার বন্ধু ডঃ হরশঙ্কর ভট্টাচার্য বিস্তৃতভাবে আলোচনা রেখেছেন, আমার আর এক বন্ধু মাননীয় প্রদ্যোৎ মহান্তী মহাশয় বোধ হয় রেখেছেন, সত্যি লজ্জার কথা, দুঃখের কথা, ভারতবর্ষের এক লক্ষ লোক জি আর পায় এবং এই খাতে বরাদ্দ বৃদ্ধি যে প্রয়োজন এই প্রয়োজন আমাদের জাতির পক্ষে লজ্জার কথা, দুঃখের কথা।

আমি সমর্থন করছি এইজন্য, গত ২৬ বছরে যা ঘটেছে তা দূর করার জন্য যে অ্যাপ্রোচ যে বিবৃতি মন্ত্রিমহাশয় রেখেছেন সেই অ্যাপ্রোচটা বোধ হয় সঠিক পথে চলেছে। এই যে রুর‍্যাল ওয়ার্ক করা হবে এবং তার জন্য যে লিস্ট করবেন এটা ঠিক আছে—এই অ্যাপ্রোচটা ঠিক আছে। হয়ত অনেকে বলবেন যে, কি ক'রে হবে, কোথা থেকে হবে, তার ভিতর দুর্নীতি থাকবে কিনা কিন্তু এইভাবে তালিকাবদ্ধ ক'রে আমরা উৎপাদনভিত্তিক স্থায়ী পরিকল্পনা যদি সঠিকভাবে করতে পারি, তা হ'লে আজ যেসব প্রশ্ন উঠেছে এই প্রশ্নগুলি আর থাকবে না। আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে বলব যে, এই রিলিফ ব্যাপারে, ত্রাণ বণ্টন ব্যাপারে যে রিলিফ ম্যানুয়েল আছে, তা যদি পরিবর্তন না হয়, তা হ'লে যেসব দুর্নীতির কথা এখানে আলোচনা হ'ল, যে ফাঁক দিয়ে দুর্নীতি হয় সেটা থেকে যাবে। এখানে আমি গত এক বছর ধ'রে সরকারকে এই কথা ব'লে আসছি যে, এই রিলিফ ম্যানুয়েল পরিবর্তন করার দরকার আছে। স্যার, আপনি জানেন, এই রিলিফ ম্যানুয়েল সম্বন্ধে—খুব দুঃখের কথা যে, মাসে ৪ কেজি গম বা চার টাকা দেওয়া হয় এবং তার উপর নির্ভর ক'রে এই সভা এই বরাদ্দ মঞ্জুর ক'রে যাবে—এটা খুবই লজ্জার কথা। অন্যভাবে যে মেসিনারির মধ্য দিয়ে ঐ রিলিফ বণ্টন করা হয় সেই মেসিনারি অত্যন্ত ডিফেক্টিভ মেসিনারি। এইভাবে যদি ত্রাণ বণ্টন করা হয়—আমি বিস্তৃত আলোচনায় যাচ্ছি না যে, কতখানি গণতান্ত্রিক হচ্ছে বা না হচ্ছে—অর্থাৎ ত্রাণ সামগ্রী যে সময় পৌঁছায় সে কথা ভাবার দরকার আছে। আজকে যে কথা মাননীয় হরশঙ্করবাবু বললেন যে, গ্রামে রিলিফ ব্যাপারে গ্রামীণ অর্থনীতি বিপর্যস্ত হয়ে যায়। কৃষি অর্থনীতির যে উন্নয়ন যে সম্প্রসারণ তার মধ্য দিয়ে এর সমাধান মিলবে। আশার কথা, পশ্চিমবঙ্গে কৃষি অর্থনীতিকে পরিবর্তন করবার জন্য এই সরকার সচেষ্ট হয়েছেন। ১৪ কোটি টাকা বাজে খরচ হয়। আজকে আমরা দেখেছি যে, কয়েক মাসের মধ্যে অগভীর নলকূপ, গভীর নলকূপ, লিফ্‌ট ইরিগেশন বহু হয়েছে। যেসব জায়গায় এই ধরনের খরা বা বন্যায় চাষের যে সমস্যা ছিল সেগুলি দূর করা হচ্ছে। আমি অনুরোধ করব, যদিও সীমাবদ্ধ ক্ষমতা তবুও গত ২৬ বছর ধ'রে পশ্চিম বাংলার প্রতিটি জেলার যদি হিসাব করা যায়, তা হ'লে দেখা যাবে, প্রচুর টাকা খরচ হয়েছে—কোথায়ও বন্যা, কোথায়ও এই সবের জন্য। তাই একটা সুস্পষ্ট পরিকল্পনা ক'রে শুধু জেলাশাসক বা তাঁর এজেন্সি যাঁরা রয়েছেন এস ডি ও, বি ডি ও—তাঁদের এর মধ্যে রাখলে বোধ হয় ঠিক হবে না। আমরা মূল যে সমস্যা সেই সমস্যায় যদি হাত না দিতে পারি, তা হ'লে ত্রাণ খাতে ব্যয় হবে, যেখানে জলনিকাশের জন্য ব্যয় হওয়া উচিত ছিল, কৃষির উন্নতির জন্য ব্যয় হওয়া উচিত ছিল। এইসব পরিবর্তনের কথা আমাদের নিশ্চয় ভাবতে হবে। আমি আপনার মাধ্যমে এই কথা বিশেষ ক'রে বিরোধী দলের বন্ধুদের বলতে চাই যে, ৩ কোটি টাকা গতবারেও ধরা ছিল, কিন্তু সেটা গিয়ে দাঁড়াল ২৩ কোটি টাকা। এবারে এই যে ৩ কোটি টাকা ধরা হয়েছে, যদি পশ্চিমবঙ্গের লক্ষ লক্ষ মানুষের জন্য প্রয়োজন হয়, তা হ'লে এই টাকা আবার বাড়বে—এই সম্বন্ধে সঠিক প্রমাণ এই সরকার দিয়েছে। এই টাকা বৃদ্ধির জন্য যে কাট মোশন আছে, আমি মনে করি, এটা যথাযথ হয় নি। তাই আমি আবেদন জানাচ্ছি যে, অন্তত এই কেলেঙ্কারী দূর করার জন্য, একটু আলোচনা করার জন্য, যে কাট মোশন দেওয়া হয়েছে সেটা তুলে নেওয়া হবে।

[7-30—7-40 p.m.]

শ্রীআফতাবুদ্দিন মণ্ডলঃ মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, মাননীয় মন্ত্রিমহাশয় যে ব্যয়-বরাদ্দ এই বন্যা এবং খরা মোকাবিলা করার জন্য নিয়ে এসেছেন তাকে আমি সমর্থন করছি।

সমর্থন করছি কিন্তু একটু লজ্জায় ঘোমটার আড়াল থেকে, এই কথা না ব'লে কোন উপায় নেই। মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, মাননীয় মন্ত্রিমহাশয় যে বক্তব্য রেখেছেন তাতে দেখছি, গোটা পশ্চিমবঙ্গের প্রায় অর্ধেক লোক প্রতি বছর এর দ্বারা অ্যাফেক্টেড হচ্ছে। এতে বিপদে পড়েছে এবং দেখা গেছে আমাদের ক্রপ, শস্যহানি হচ্ছে প্রায় ৬৫ কোটি ৩৬ লক্ষ টাকার মত এবং এই-রকম একটা অসহনীয় অবস্থার মধ্যে আমরা রয়েছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এক কথায় বলা যেতে পারে, শতাব্দীর অভিশাপ আমরা কাটিয়ে উঠতে পারি নি। যদি কেউ বলেন, শুধু প্রকৃতির রুদ্র রোষে এই জিনিস ঘটছে, তা হ'লে সেই কথা আমি মেনে নিতাম এবং মন্ত্রিমহাশয়কে ব'লে দিতাম, আরও বেশি ক'রে টাকা দিন। কিন্তু তা যদি না হয়ে মানুষের অবহেলার জন্য এই জিনিসগুলি হয়ে থাকে, তা হ'লে আমি বলতে পারি, মানুষের অবহেলার জন্য দশ টাকা ঘর পোড়ার ঋণ, চার কেজি গম দেওয়া, গ্রামবাংলার মানুষ মনে করেন, এটা ভিক্ষাবৃত্তির বেশি কিছু নয়। এই বিংশ শতাব্দীর যুগে দশ টাকা ঘরপোড়া ঋণ আর চার কেজি গম নেওয়ার জন্য বাড়ির বউকে ছেলেমেয়েদের হাত ধ'রে নিয়ে গিয়ে বি ডি ও অফিসের সামনে ঘণ্টার পর ঘণ্টা লাইন দিয়ে দাঁড়িয়ে থাকতে হয়। সভ্য জগতের ইতিহাসে এটা একটা কলঙ্কজনক অধ্যায় ব'লে আমি মনে করি। মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আমি তাই বলছিলাম, পশ্চিম বাংলার মানুষ মনে করছেন, যখন ড্রট হয়, বৃষ্টি হয় না, তখন অনেক ক্ষেত্রেই উপরের দিকে তাকিয়ে বলি 'ভগবানের মার', কিন্তু যখন দেখি দামোদরের বন্যায় হাওড়া, হুগলি ডোবে, রূপনারায়ণের বন্যায় মেদিনীপুর ডোবে, তখন কিন্তু আমরা মনে করতে পারি না যে, এটা ভগবানের মার। দামোদর স্কীম কার্যকর করার কথা হচ্ছে সেটা আমরা আনন্দ-বাজার, যুগান্তর ইত্যাদি সব কাগজেই প'ড়ে দেখেছি। আজকে যে ফরাক্কা তৈরি হয়েছে তার জন্য মুর্শিদাবাদ, মালদহে আবার নতুন ক'রে ভাঙন সৃষ্টি হয়েছে, যার ফলে সেখানকার হাজার হাজার মানুষ গৃহহীন হয়ে পড়েছে। এই যদি সৃষ্টি হয়ে থাকে আমাদের দেশে, তা হ'লে ভগবানের মার, প্রকৃতির রুদ্র রোষ ইত্যাদি মেনে নিতে পারছি না। এটা মানুষের সৃষ্টি ব'লে আমি মনে করছি। তাই আজকে এই বিংশ শতাব্দীর যুগে স্বাধীনতার ২৫ বছর পরেও যে টাকা আমরা ত্রাণের জন্য নিয়োজিত করছি তাতে এখানে দাঁড়িয়ে আমি এই কথা পরিষ্কারভাবে বলতে পারি এটা অত্যন্ত লজ্জার কারণ, এটা না রাখাই ভাল। আনঅথরাইজড লক্ষ লক্ষ টাকা ব্লকে যায়, কোথায় কিভাবে খরচ হয় কেউ তার হিসাব রাখে না, ঐ খালি দশ টাকা ঘরপোড়া লোন গ্র্যান্ট হয়। সেইজন্য আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব, যেসমস্ত অফিসার বসে বসে এই স্ট্যাটিস্টিকস্ তৈরি করেছেন, তাঁরা কত কি স্ট্যাটিস্টিকস্ দিয়েছেন সেটা খোঁজ ক'রে দেখুন। সাধারণ মানুষের ত্রাণের ব্যবস্থা ত্বরান্বিত না হ'লেও চাকরির আগে তারা যে অবস্থায় এসেছিলেন চাকরি করার পরে তাদের পুনর্বাসন অন্ততঃ ভালভাবে হয়েছে। এটা আপনি তদন্ত ক'রে দেখতে পারেন যে, তাদের জীবনযাত্রার উন্নতি অনেকখানি হয়েছে। তাই আমরা মনে করছি, এই টাকা প্রোডাক্টিভ ক্ষেত্রে ব্যবহার করা হোক। আমরা দেখছি ১৯৭২-৭৩ সালে ১৭ কোটি ৬২ লক্ষ ৪১ হাজার টাকা এই খাতে ব্যয় করা হয়েছে। কিন্তু ১৯৭৩ সালের মার্চ মাসে কত টাকা টি আর ওয়ার্কে দেওয়া হয়েছে সেটা দেখতে পাচ্ছি না, সেখানে প্রোডাক্টিভ কিছুই হয় নি। এবার আবার বন্যা হবে, মালদহ, মুর্শিদাবাদে ভাঙন থাকবে, দামোদরে আবার বন্যা আসবে, আবার ১৭ কোটি ৩৪ লক্ষ টাকা ব্যয় হবে। গ্রামাঞ্চলে চার কেজি ক'রে গম আর দশ টাকা ক'রে ঘরপোড়া লোন দিতে দিতেই টাকা শেষ, তাতে ক'রে সেই টাকা মানুষের কাজে লাগছে না। তাই আমরা বলি কৃষির উন্নতি ঘটান, কৃষির প্রসার ঘটান, তাতে অন্ততঃ-পক্ষে বাংলাদেশের এই মানুষকে বন্যার হাত থেকে বাঁচানো যেতে পারে। কাজেই এইভাবে কোটি কোটি টাকা ব্যয় না ক'রে অন্য খাতে ব্যয় করুন, যে খাতে ব্যয় করলে আগামী দিনে ভবিষ্যৎ ভাঙনের হাত থেকে মানুষকে বাঁচানো যেতে পারে, সেই খাতে ব্যয় করুন এবং তা হলেই সত্যিকারের একটি পোরসন জনসাধারণের কল্যাণকর কাজে এই টাকা নিয়োজিত হচ্ছে দেখা যাবে। তাই আমরা বলি, নতুনভাবে নতুন দৃষ্টিভঙ্গি নিয়ে বাংলাদেশের জনসাধারণকে বাঁচানোর জন্য প্রোডাক্টিভ মেজার নিয়ে এই টাকাগুলি খরচের ব্যবস্থা করুন, তাতেই আমি সমর্থন জানাচ্ছি। এই কথা ব'লে আর এস পি বন্ধুদের যদি কিছু কাট মোশন থাকে তার বিরোধিতা ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

শ্রীসন্তোষকুমার রায়ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বন্ধু শীশ মহম্মদ সাহেব যে বক্তব্য রেখেছেন, আমাদের এই সভার মাননীয় বন্ধু হরশঙ্করবাবু, ভবানীবাবু তার জবাব দিয়েছেন। কাজেই আমার আর এ সম্বন্ধে বিস্তারিত বলার প্রয়োজন নেই। আমাদের এই বাজেটে যে টাকা আমরা বরাদ্দ করেছি সেটা এইজন্য রাখতে হয়েছে যে, অতিরিক্ত এই বাবতে যদি আমরা ব্যয় করি সেটা যাতে কেন্দ্রের অনুদান বা ঋণ হিসাবে আমরা পেতে পারি এই আশা নিয়ে এটা করেছি। সুতরাং উনি যে আশঙ্কা করেছেন যে, বরাদ্দ না বাড়ালে কি ক'রে পশ্চিম বাংলার ত্রাণকার্য চলবে সে বিষয় ও'র উদ্বিগ্ন হবার প্রয়োজন নেই। যেটা প্রয়োজন হবে সে ব্যবস্থা পশ্চিম বাংলায় নিশ্চয় করা হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শীশ মহম্মদ সাহেব কতকগুলি দুর্নীতি ও অন্যায় কাজ হয়েছে ব'লে এখানে বক্তব্য রেখেছেন। মাননীয় শীশ মহম্মদ সাহেব যদি তাঁর ঐ নেতৃস্থানীয় দলের তল্পিবাহকের কাজ গত এক বছর ধ'রে না ক'রে যেদিন বিধানসভায় নির্বাচিত হয়েছেন বা যেদিন তাঁর উপর দায়িত্ব জনসাধারণ দিয়েছেন সেদিন থেকে তাঁর সে দায়িত্ব যথাযথভাবে পালন করতেন, তা হ'লে তাঁর এলাকায় ত্রাণের কাজে অপচয় হবার সম্ভাবনা দেখা যেত না। তিনি তাঁর দায়িত্ব পালন না ক'রে আজকে বিধানসভায় এসে বলছেন, এই অপচয় ও দুর্নীতি ঘটেছে। যে উদ্দেশ্য নিয়ে পশ্চিম বাংলার মানুষ তাঁকে নির্বাচিত ক'রে পাঠিয়েছেন, গত এক বছর ধ'রে তিনি বিধান-সভায় যোগদান না ক'রে, এম এল এ হিসাবে কাজ না ক'রে, তিনি জনসাধারণকে ঠকিয়েছেন। তারপর স্যার, আমাদের বন্ধু হরশঙ্করবাবু, তিনি আবেগের সঙ্গে বললেন যে, স্বাধীনতার ২৫ বছর পরেও এই দুর্ভিক্ষ ত্রাণ খাতে ব্যয়বরাদ্দ করতে হচ্ছে, এটা লজ্জা, ক্ষোভ এবং দুঃখের বিষয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্র্যান্টের নামটা ফেমিন রিলিফ ফান্ড, সুতরাং এ প্রশ্ন তাঁর মনে আসতে পারে। কিন্তু স্যার, এই গ্র্যান্টে যে অর্থ বরাদ্দ করা হয় সে অর্থ যে কারণে ব্যয় হয় সেটা পৃথিবীর সর্বদেশে সর্বকালের সব সরকারকে ব্যয় করতে হয়। যে সমাজতান্ত্রিক দেশের কথাই বলুন আর আমেরিকার মত দেশের কথাই বলুন, সব জায়গায় এই বাবতে অর্থ ব্যয় করতে হয়। এমারজেন্সি রিলিফের জন্য টাকা ব্যয় করতে হয় না, এরকম কোন সভ্য দেশ পৃথিবীতে আছে ব'লে আমার জানা নেই। তারপর মাননীয় হরশঙ্করবাবু ইস্ট ইন্ডিয়া কোম্পানির আমলের একটা বই কোথা থেকে যোগাড় ক'রে বললেন, ফেমিন কোডটা কেন এখনও চালু রাখা হয়েছে। আমি জানি না কোথা থেকে উনি এটা পেলেন, তবে মাননীয় সদস্য পণ্ডিত লোক, ও'র মত বিদ্যা-বুদ্ধি আমার নেই, তবে এটুকু জানা উচিত ছিল, এই ফেমিন রিলিফ, ফেমিন কোডটা এগুলি অনেকদিন পশ্চিম বাংলায় বাতিল হয়ে গিয়েছে। যে ভিত্তিতে ত্রাণ দপ্তর চলে সেটা সোস্যাল সিকিউরিটি মেজারস। এই প্রসঙ্গে একটা কথা বলতে চাই। সেটা হচ্ছে ১৯৫৯ সালে যখন পশ্চিম বাংলায় নতুন ক'রে ত্রাণ দপ্তরের জন্য ম্যানুয়্যাল তৈরি হয়েছিল তখন তার নাম দেওয়া হয়েছিল ম্যানুয়্যাল ফর রিলিফ অব দি ডিসট্রেসড। অর্থাৎ অভাবগ্রস্ত মানুষকে সাহায্য করা এর উদ্দেশ্য এবং এই ম্যানুয়ালের প্রিফেসে পরিষ্কারভাবে লেখা আছে,

The expenditure on relief is more in the nature of social service payment.

[7-40—7-52 p.m.]

এটা পরিষ্কার সোস্যাল সিকিউরিটি মেজার। আমাদের কিছু মানুষ ভূমিহীন ক্ষেতমজুর, যাদের সারা বছর রোজগার হয় না, দেশের মানুষ যখন তাদের দিকে তাকায় না, জোতদাররা তাকায় না, জমিদাররা তাকায় না, তখন তাদের দিকে তাকাবার জন্য সরকার এগিয়ে এসেছেন। এই ব্যবস্থা সরকারকে করতে হচ্ছে। আজকে উনি ইস্ট ইন্ডিয়া কোম্পানির যে বই বের করেছেন ; যে পদ্ধতিতে আমরা চলেছি সেটা খুলে পড়েন নি। এর মধ্যে পরিষ্কারভাবে মুখবন্ধে বলা আছে,

In the past the obligation of Government was only confined to preservation of life and when life was secured, the responsibility ceased. **কিন্তু এখন** Under the modern conditions not only preservation of life but the

maintenance of economic help of the people has devolved upon the State. It is no longer the policy of the Government to wait upon events but to fashion events so that scarcity or famine does not occur.

আগে ছিল মানুষ মরবে যখন তখন একটা ব্যবস্থা করা। আর এখনকার ব্যবস্থা হচ্ছে আগে থেকে ব্যবস্থা করা যাতে মানুষ মরবার মত অবস্থায় না যায়—এটাই সোস্যাল সিকিউরিটি মেজারস। আজকে ঐ ফেমিন রিলিফ খাত আছে ব'লে ক্ষোভ দুঃখ প্রকাশ করেছেন। চিন্তা ক'রে দেখব যে, এই গ্র্যান্টএর নামটা সামনের বছর পালটা'নো যায় কিনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য প্রদ্যোৎ মহান্তি মহাশয়, হরশংকরবাবু এবং আমাদের শেষ মাননীয় সদস্য আফতাবুদ্দিন মণ্ডল মহাশয় সকলে বলেছেন যে, এসব ঠিক হয়েছে, এখনও কার্যকর ব্যবস্থা নেওয়া হয় নি। কিন্তু মাননীয় সদস্যদের অবগতির জন্য খালি বক্তৃতা নয়, একটা লিখিত বক্তব্য প্রচারের জন্য দিয়েছি। এর মধ্যে পরিষ্কার লেখা আছে যে, এতদিন ধ'রে যে ব্যবস্থা ছিল সেই ব্যবস্থার আমরা পরিবর্তন চাই। আমরা বলেছি যে, অক্ষম, বৃদ্ধ, রোগগ্রস্ত ব্যক্তি ছাড়া খয়রাতি সাহায্য আমরা দেব না। বাকী লোককে কাজের মাধ্যমে সাহায্য নিতে হবে। এই যে অক্ষম, বৃদ্ধ রোগগ্রস্তদের কাজ করার ক্ষমতা নেই, এরা কাজ করতে পারে না, এদের ছাড়া বাকি লোককে কাজের মাধ্যমে সাহায্য নিতে হবে। এই জিনিস আমাদের করতে হবে। তাই এতদিন ধ'রে টেস্ট রিলিফ-এর কাজ যেভাবে হ'ত তার পরিবর্তন আমরা চেয়েছি। প্রদ্যোৎ মহান্তি মহাশয় নেতা, আমাদেরও এককালের নেতা প্রফুল্লদা, তাঁর আমলে পুরুলিয়া, বাঁকুড়ায় তখন কি নিয়ম হয়েছিল? কেউ যদি কোদাল ঘাড়ে ক'রে নিয়ে আসে বাড়ি থেকে তবে তাকে মজুরি দিতে হবে। আমরা এই ব্যবস্থার পরিবর্তন চাই। আমাদের মাননীয় সদস্য শরৎচন্দ্র দাশ মহাশয় বলেছেন যে, পরিবর্তনের সঙ্গে সঙ্গে বাঁকুড়া, পুরুলিয়ার প্রতিনিধিদের নিয়ে বসে তাঁদের বুঝিয়ে এই ব্যবস্থার পরিবর্তন যদি না করা যায়, তা হ'লে পশ্চিম বাংলায় গ্রামীণ অর্থনৈতিক পুনর্গঠন সম্ভব নয়। আমাদের এই যে কোটি কোটি টাকা ব্যয় করতে হচ্ছে, এই টাকা দিয়ে যাতে গ্রামাঞ্চলের সম্পদ সৃষ্টি করতে পারি, এটা যাতে অপচয় না হয়। কোনোমতে একটু মাটি কাটলেই যেন তাকে পয়সা দিতে না হয়, সেইরকম অবস্থা যাতে না হয় তার জন্য আমরা এই সমস্ত টেস্ট রিলিফএর নামটা পরিবর্তন ক'রে হরশংকরবাবু যে জিনিস চাচ্ছেন তার কাছাকাছি, রুর‍্যাল ওয়ার্ক প্রোজেক্ট নাম দিয়েছি এবং টেস্ট রিলিফ-এর কাজে পে মাস্টার, রোড মোহারির যারা ঐ দুর্নীতির সঙ্গে জড়িত তা সম্পূর্ণ ভুলে গিয়ে নতুন দৃষ্টিভঙ্গি নিয়ে, নতুন আশা নিয়ে গ্রাম বাংলায় কাজ করতে যাঁরা আসেন, সেই মানুষগুলিকে যাতে ঠিকমত দেখানো যায়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সেজন্য আমরা বলেছি যে, দুঃস্থ লোকের তালিকা প্রত্যেক অঞ্চলে রাখতে হবে। সেই দুঃস্থ লোকের তালিকা থেকে লোক নিয়োগ করতে হবে যাতে কোন তদন্ত করলে জানা যায় যে, সেই মানুষগুলি সত্যিকারের কাজ করেছে, কি করে নি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের বলছি যে, গ্রামবাংলার অর্থনৈতিক পুনরুজ্জীবনের জন্য যে কৃষি প্রয়োজন, উৎপাদনভিত্তিকে কোন প্রকল্প তৈরি করার জন্য আমরা জেলাশাসকদের নির্দেশ দিয়েছি এবং প্রকল্প এমনভাবে তৈরি করতে হবে, দরকার হ'লে রুরাল ওয়ার্ক প্রোজেক্টএর মাধ্যমে কাজ না ক'রে ক্যাশ প্রোগ্রামে সেই লোকেদের কাজের ব্যবস্থা করা হবে। মাননীয় সদস্য প্রদ্যোৎ মহান্তী মহাশয় বলেছিলেন যে, একটা প্রকল্প তৈরি হ'ল, সেটা শেষ হ'ল না এবং সমস্ত টাকাটাই অপচয় হ'ল। সেই জিনিস যাতে ভবিষ্যতে না হয়, সেই জিনিস যাতে ভবিষ্যতে না ঘটতে পারে সেইজন্য এই ব্যবস্থা করা হয়েছে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় সদস্যদের বলতে চাই, এই যে পরিবর্তন, এই পরিবর্তন হয়ত মাননীয় সদস্যরা বানচাল ক'রে দিতে পারেন মিছিল নিয়ে এসে। কিন্তু টেস্ট রিলিফের ধারায় কাজ করার নতুনভাবে পরিকল্পনা নেওয়া হয়েছে। ত্রাণ খাতে যে বরাদ্দ হয়েছে, এই বরাদ্দ' দ্বারা যাতে সম্পদ সৃষ্টি হ'তে পারে যাতে পশ্চিম বাংলায় কৃষি উৎপাদন বৃদ্ধি হ'তে পারে, সেইজন্য প্রকল্প রচনা করার জন্য নির্দেশ দেওয়া হয়েছে ডিস্ট্রিক্টে এবং সরকারী কর্মচারীদের সঙ্গে দেশের প্রতিনিধি এম এল এ-দের উপরও

দায়িত্ব দেওয়া হচ্ছে যাতে দুর্নীতি এবং অপচয় রোধ ক'রে সম্পদ সৃষ্টি হ'তে পারে। আমার মনে হয়, শীশ মহম্মদ সাহেব এটা নিশ্চয়ই বুঝেছেন। আমি আশা করি, তিনি যদি আমার কথা বুঝে থাকেন, তা হ'লে তাঁর যে কাট মোশন তিনি দিয়েছেন সেটা তিনি উইথড্র ক'রে নেবেন। যদি তিনি উইথড্র না করেন, তা হ'লে আমি তার বিরোধিতা ক'রে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Prodyot Kumar Mahanti that the amount of the demand be reduced to Re. 1, was then put and lost.

The motions of Shri Shish Mohammad and Shri Timir Baran Bhaduri that the demand be reduced to Re. 1, were then put and a division taken with the following result:

Noes

Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Banerjee, Shri Mrityunjoy.
Bhattacharyya, Shri Harasankar.
Biswas, Shri Ananda Mohan.
Chattaraj, Shri Suniti.
Das, Shri Rajani.
Dutta, Shri Adya Charan.
Ghose, Shri Sankar.
Ghosh, Shri Lalit Kumar.
Ghosh, Shri Sisir Kumar.
Gyan Singh, Shri Sohanpal.
Halder, Shri Harendra Nath.
Khan, Shri Gurupada.
Mahato, Shri Ram Krishna.
Mahato, Shri Sitaram.
Mahapatra, Shri Harish Chandra.
Misra, Shri Kashinath.
Mohammad Dedar Baksh, Shri.
Mondal, Shri Aftabuddin.
Moslehuddin Ahmed, Shri.
Pramanik, Shri Puranjoy.
Roy, Shri Bireswar.
Roy, Shri Jagadananda.
Roy, Shri Santosh Kumar.
Saha, Shri Dulal.
Saha, Shri Dwija Pada.
Shaw, Shri Sachi Nandan.
Sinha, Shri Debendra Nath.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Wilson-de Roze, Shri George Albert.

Ayes

Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Abstentions

Khan Nasiruddin, Shri.
Mahanti, Shri Prodyot Kumar.

The Ayes being 2, the Noes 31 and the abstentions 2, the motions were lost.

The motion of Shri Santosh Kumar Roy that a sum of Rs. 3,78,08,000 be granted for expenditure under Grant No. 38, Major Head: "64—Famine Relief.", was then put and a division taken with the following result:

Ayes

Abdul Bari Biswas, Shri.
Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Banerjee, Shri Mrityunjoy.
Bhattacharyya, Shri Harasankar.
Chattaraj, Shri Suniti.
Das, Shri Rajani.
Dutta, Shri Adya Charan.
Ghosh, Shri Sankar.
Ghosh, Shri Lalit Kumar.
Ghosh, Shri Sisir Kumar.
Gyan Singh, Shri Sohanpal.
Halder, Shri Harendra Nath.
Khan, Shri Gurupada.
Mahato, Shri Ram Krishna.
Mahato, Shri Sitaram.
Mahapatra, Shri Harish Chandra.
Misra, Shri Kashinath.
Mohammad Dedar Baksh, Shri.
Mondal, Shri Aftabuddin.
Moslehuddin Ahmed, Shri.
Pramanik, Shri Puranjoy.
Roy, Shri Bireswar.
Roy, Shri Jagadananda.
Roy, Shri Santosh Kumar.
Saha, Shri Dulal.
Saha, Shri Dwija Pada.
Shaw, Shri Sachi Nandan.
Sinha, Shri Debendra Nath.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Wilson-de Roze, Shri George Albert.

Noes

Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Abstentions

Khan Nasiruddin, Shri.
Mahanti, Shri Prodyot Kumar.

The Ayes being 31, the Noes 2 and the abstentions 2, the motion was carried.

Adjournment

The House was then adjourned at 7-52 p.m. till 1 p.m. on Wednesway, the 14th March, 1973, at the "Assembly House", Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, he 14th March, 1973, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri Apurba Lal Majumdar) in the Chair, 13 Ministers, Ministers of State, 2 Deputy Ministers and 161 Members.

Oath or Affirmation of Allegiance

1-00—1-10 p.m.]

Mr. Speaker: Honourable Members, any of you who have not made an)ath or Affirmation of Allegiance may kindly do so.

(There was none to take Oath)

STARRED QUESTIONS

(to which oral answers were given)

লাক্ষা শিল্প

*৫৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৯।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক রানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় কোন কোন্ জায়গায় ব্যাপকভাবে লাক্ষার চাষ করা হয়;

(খ) সরকার কি অবগত আছেন যে, লাক্ষা শিল্প বর্তমানে সঙ্কটের সম্মুখীন হইয়াছে;

(গ) অবগত থাকিলে, এই শিল্পকে বাঁচাইবার জন্য সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন;

(ঘ) এই রাজ্যে সকল জেলায় লাক্ষা চাষ সম্ভব কিনা এ বিষয়ে সরকার কোন সমীক্ষা করিয়াছেন কি; ও করিয়া থাকিলে, তাহার ফলাফল কি; এবং

(ঙ) পশ্চিমবাংলায় কোন লাক্ষা গবেষণাগার আছে কিনা ও থাকিলে, কোথায়?

শ্রীঅতীশচন্দ্র সিংহ: (ক) পশ্চিমবাংলার পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুর ও মুর্শিদাবাদ লায় লাক্ষার চাষ হয়।

(খ) হ্যাঁ।

(গ) লাক্ষা শিল্পের প্রধান প্রয়োজন ভাল বীজ সরবরাহ। বিগত খরায় লাক্ষা চাষের পক ক্ষতি হয় এবং চাষীরা বীজের অভাবে নূতন চাষ শুরু করিতে পারেন নাই। চাষীদের জ সরবরাহের জন্য ১,৯২,০০০ টাকা 'বিশেষ অর্থ' বিনিয়োগ পরিকল্পনায় সরকার হইতে প্রতি মঞ্জুর করা হইয়াছে। ভারত সরকারের লাক্ষা উন্নয়ন-অধিকারীদের সহায়তায় এ পর্যন্ত ষীদের ৪৩,০০০ টাকার বীজ সরবরাহ করা হইয়াছে। বাকী টাকার বীজ আগামী জ্যৈষ্ঠ সমে সরবরাহ করা হইবে।

(ঘ) এই রাজ্যে সকল জেলায় লাক্ষা চাষ সম্ভব নহে। চাষের জন্য প্রয়োজন কুল, পলাশ, কুসুম ইত্যাদি আশ্রয়বৃক্ষ। সরকারী সমীক্ষায় দেখা গিয়াছে যে সব জেলার পক্ষে লাক্ষা চাষের উপযুক্ত নয় এবং ঐ সব জায়গায় প্রয়োজনীয় আশ্রয়বৃক্ষ উৎপন্ন হয় না।

(ঙ) পশ্চিমবাংলায় কোন লাক্ষা গবেষণাগার নাই।

শ্রীমহম্মদ সাফিউল্লা: বাঁকুড়া ও পুরুলিয়া জেলার আদিবাসী যারা লাক্ষা চাষের উপর নির্ভরশীল তারা উপযুক্ত অর্থ ও শিক্ষার অভাবে এই শিল্পের উন্নতি করতে না পারায় সরকার থেকে তাদের জন্য অর্থ সাহায্য ও প্রশিক্ষণের ব্যবস্থা করবেন কি?

শ্রীঅতীশচন্দ্র সিংহ: উপজাতি কল্যাণ দপ্তর থেকে এর ব্যবস্থা আছে এবং ঐ দপ্তর থেকে বিনামূল্যে সাহায্যের ব্যবস্থা হিসাবে ৪০ টাকা ক'রে লাক্ষা বীজ দেওয়া হয়। তবে জেলাওয়ারী হিসাবে মোট কতজন চাষী সাহায্য পেয়েছেন তা উক্ত দপ্তরের এক্তিয়ারভুক্ত।

শ্রীমহম্মদ সাফিউল্লা: কুসুম,, কুল ও পলাশের গাছ থেকে লাক্ষা চাষ হয়। কিন্তু আরও অধিক লাক্ষা চাষ করা সম্ভব কিনা সরকার কি এবিষয়ে কোন পর্যবেক্ষণ করেছেন?

শ্রীঅতীশচন্দ্র সিংহ: এ তথ্য আমার জানা নেই।

শ্রীমহম্মদ সাফিউল্লা: সেদিন আনন্দবাজারে বের হয়েছিল যে, এক ধরনের গাছ থেকে লাক্ষা চাষ ক'রে ভাল ফল পাওয়া গেছে। কিন্তু আপনি কি জানাবেন যে, উৎপন্ন লাক্ষা যাতে সমবায় বিপণীর মাধ্যমে বিক্রি করা যায় তার ব্যবস্থা করার কথা কি বিবেচনা করবেন?

শ্রীঅতীশচন্দ্র সিংহ: বিবেচনা ক'রে দেখব।

শ্রীমহম্মদ সাফিউল্লা: বর্তমানে পশ্চিম বাংলায় লাক্ষাচাষী সংখ্যা কত এ বিষয়ে কোন সমীক্ষা করেছেন কি?

শ্রীঅতীশচন্দ্র সিংহ: আনুমানিক ১ লক্ষ—তবে প্রত্যক্ষভাবে নিযুক্ত আছেন এর সংখ্যা ২০ হাজার।

শ্রীশচীনন্দন সাউ: মাননীয় মন্ত্রিমহাশয় (ঘ) প্রশ্নের উত্তরে বলেছেন সমস্ত জায়গায় লাক্ষা চাষ করা সম্ভব নয়, কোন্ কোন্ জায়গায় লাক্ষা চাষ হচ্ছে জানাবেন কি?

শ্রীঅতীশচন্দ্র সিংহ: আমি তো (ক) প্রশ্নের উত্তরে জানিয়েছি পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুর ও মুর্শিদাবাদ জেলায় লাক্ষার চাষ হয়।

শ্রীনাসিরুদ্দীন খাঁন: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এই লাক্ষা চাষের কোন সমীক্ষা আছে কিনা যে কি পরিমাণ আয় এর থেকে পশ্চিমবঙ্গে হয়?

শ্রীঅতীশচন্দ্র সিংহ: মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাই সর্বভারতীয় হিসাব অনুসারে গত বছর ৫ কোটি টাকা মূল্যের সেলাক বিদেশে রপ্তানি হয়েছিল, তার মধ্যে এই রাজ্যের অংশ মূল্য ১ কোটি ৭০ লক্ষ টাকা।

মুর্শিদাবাদ জেলায় গঙ্গা নদীর ভাঙ্গন

***৫৮৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৫০০।) **শ্রীশীশ মহম্মদ:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মুর্শিদাবাদ জেলার ফরাক্কা, সমসেরগঞ্জ, সুতি ও রঘুনাথগঞ্জ থানাগুলিতে বিগত কয়েক বৎসর ধরিয়া ব্যাপক গঙ্গা নদীর ভাঙন চলিতেছে; এবং

(খ) অবগত থাকিলে, উক্ত এলাকায় গঙ্গার ভাঙ্গন প্রতিরোধের জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন?

শ্রীআবদুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী: মাননীয় স্পীকার মহাশয়, আমি এই প্রশ্নের উত্তর আগেই দিয়েছি।

(ক) হ্যাঁ।

(খ) যেসকল স্থানে ব্যাপক ভাঙ্গন দেখা দিয়াছে তাহার স্থানে স্থানে স্পার নির্মাণ করিয়া পশ্চিমবঙ্গ সরকার ইতিমধ্যে কিছু প্রয়োজনীয় সংরক্ষণমূলক কাজ সম্পন্ন করিয়াছেন। ইহার জন্য আনুমানিক ৩১ লক্ষ টাকা ব্যয় হইয়াছে। স্থায়ী প্রতিকারের জন্য ৬৩ কোটি টাকা ব্যয়ে কতকগুলি স্পার নির্মাণের একটি ব্যাপক প্রকল্প তৈয়ারি করা হইয়াছে। প্রকল্পটি অনুমোদন এবং প্রয়োজনীয় অর্থ সংস্থানের জন্য অনুরোধ জানাইয়া কেন্দ্রীয় সরকারের নিকট পাঠানো হইয়াছে। তা ছাড়া ফরাক্কা প্রকল্প কর্তৃপক্ষও বিশ্বনাথপুরের কাছে গঙ্গার দক্ষিণ তীরে চার মাইল বরাবর ভাঙ্গন প্রতিরোধক ব্যবস্থাদি গ্রহণ করিতেছেন।

বারাবনী ও সালানপুর ব্লকে গ্রামীণ বৈদ্যুতিকরণ প্রকল্প

*৫৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *৭১৫।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়:** বিদ্যুৎ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল মহকুমার বারাবনী ও সালানপুর ব্লকে গ্রামীণ বৈদ্যুতিকরণ প্রকল্পে কতগুলি গ্রামে ১৯৭২ সালে বিদ্যুৎ সরবরাহ করা হইয়াছে; এবং

(খ) বাকিগুলিতে কবে নাগাদ সরবরাহ করা হইবে?

শ্রীআবদুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী: (ক) একটিও না।

(খ) সালানপুর থানায় ৪টি গ্রাম ও বারাবনী থানায় ২টি গ্রাম বিদ্যুৎ সরবরাহের আওতায় মঞ্জুরিলাভ করিয়াছে এবং তাহার জন্য কাজ হাতে লওয়া হইয়াছে। উক্ত এলাকার আরও গ্রাম লইয়া বিদ্যুৎ সরবরাহের প্রকল্প রাজ্য বিদ্যুৎ পর্ষদ তৈরি করিতেছে।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এই যে, গ্রাম বৈদ্যুতিকরণ এটা কি শুধু মৌজার উপর দিয়ে লাইন টেনে নিয়ে যাওয়া, না, গ্রামে বিদ্যুৎ সরবরাহ করা, কোনটা সত্য?

শ্রীআবদুল বারি বিশ্বাস: যে সমস্ত গ্রামে এখনও বৈদ্যুতিকরণ হয় নি সেগুলি কত দিনের করা হচ্ছে।

শ্রীআবদুল বারি বিশ্বাস: যে সমস্ত গ্রামে এখনও বৈদ্যুতিকরণ হয় নি সেগুলি কত দিনের মধ্যে হবে?

শ্রীআবদুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী: আমাদের লোক নেওয়া আরম্ভ হয়েছে। আমরা মনে করছি মার্চ মাসে আমরা সমস্ত অ্যাপয়েন্টমেন্ট দিতে পারব এবং লোক নেওয়া শেষ হ'লে আমরা সব জায়গায় বিদ্যুৎ দিতে পারব।

শ্রীঅশ্বিনী রায়: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি সালানপুর থানা ও বারাবনী থানার গ্রামগুলির নাম কি?

শ্রীআবদুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী: নাম আমার কাছে নেই, নোটিস দিলে গ্রামগুলি জানাব।

শ্রীঅশ্বিনী রায়: কতগুলি গ্রাম কোন্ থানার বলেছেন, অতএব গ্রামগুলির নাম জানার জন্য অটোমেটিক্যালি সাপ্লিমেন্টারী হতে পারে। আপনি নামগুলি জানাবেন কি?

শ্রীআবদুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী: সালানপুর থানায় ১১টি গ্রামে এবং বারাবনী থানায় ১টি গ্রামে বিদ্যুৎ প্রকল্প রাজ্য বিদ্যুৎ পর্ষদের বিবেচনাধীন।

শ্রীঅশ্বিনী রায়ঃ ঐ যে একটি গ্রাম ঐ গ্রামের নাম কি ?

শ্রীআবদুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরীঃ আই অ্যাম সরি, আমি গ্রামের নাম দিতে পারছি না।

শ্রীআফতাবুদ্দিন মণ্ডলঃ আমাদের গ্রাম বৈদ্যুতিকরণের ব্যাপারে মূল টার্গেট হচ্ছে ইন্ডাস্ট্রি এবং ইরিগেশান, সেই ইন্ডাস্ট্রি এবং ইরিগেশানের দিকে লক্ষ্য রেখে কি গ্রাম বৈদ্যুতিকরণ করা হচ্ছে।

শ্রীআবদুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরীঃ যেটা আমাদের মেন উদ্দেশ্য সেটা হচ্ছে ইন্ডাস্ট্রিয়ালাইজেসানে ফার্স্ট স্ট্রাকচার তৈরি ক'রে রুরাল ইলেকট্রিফিকেসান করা। তার সঙ্গে সঙ্গে আমরা চিন্তা করছি যাতে ইরিগেশানে ম্যাকসিমাম পাওয়ার দিতে পারি যা আগেকার গভর্নমেন্ট করেন নি, তার জন্য চেষ্টা করছি।

[1-10—1-20 p.m.]

শ্রীনাসিরুদ্দিন খাঁনঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি কতগুলি গ্রামে ইলেকট্রিক লাইন গেছে, কতগুলি গ্রামে বৈদ্যুতিকরণ হয়েছে এবং কতগুলি গ্রামে লাইন যাওয়া সত্ত্বেও বৈদ্যুতিকরণ হয় নি ?

Mr. Speaker: The question is in respect of Asansol only.

শ্রীঅজিতকুমার গাঙ্গুলীঃ মন্ত্রিমহাশয় বললেন বারাবনী এবং সালানপুর ব্লকে বৈদ্যুতিকরণ করছেন। এই ব্লকে কতগুলি গ্রামে শ্যালো পাম্প-এর মেসিনে ইলেকট্রিক কারেন্ট দেওয়া হয়েছে বলবেন কি ?

শ্রীআবদুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরীঃ আমরা থানাভিত্তিক কথা বলি, ব্লকভিত্তিক কথা বলি না।

শ্রীঅজিতকুমার গাঙ্গুলীঃ এই থানাভিত্তিক কতগুলি পাম্পে পাওয়ার যোগ করা হয়েছে বলবেন কি ?

শ্রীআবদুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরীঃ এই প্রশ্ন থেকে এটা আসে না, সেপারেট কোশ্চেন দিলে উত্তর দিতে পারি।

শ্রীঅজিতকুমার গাঙ্গুলীঃ যারা ডিজেল ইঞ্জিন নিয়ে চালাচ্ছেন তাদের ডিজেল ইঞ্জিনগুলোতে পরে যখন ইলেকট্রিক যাবে তখন সরকার কি এগুলি নিয়ে নেবেন ?

Mr. Speaker: The question does not arise.

শ্রীআনন্দগোপাল রায়ঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি যেসমস্ত মৌজা দিয়ে বিদ্যুতের লাইন গেছে সেটা কে ঠিক করছে ?

Mr. Speaker: The question does not arise.

ইলামবাজার ও পুরন্দরপুর কো-অপারেটিভ রাইস্ মিল

***৫৯০।** (অনুমোদিত প্রশ্ন নং *১০১৮।) **শ্রীশচীনন্দন সাউঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলায় ইলামবাজার জোনাল কো-অপারেটিভ রাইস্ মিল ও পুরন্দরপুর কো-অপারেটিভ রাইস্ মিল সরকারী ব্যবস্থাপনায় পরিচালিত হয়;

(খ) সত্য হইলে, সরকার কর্তৃক মনোনীত কয় জন ক'রে প্রতিনিধি উক্ত মিল দুইটিতে আছেন; এবং

(গ) উক্ত মিল দুইটিতে বর্তমানে কত জন করিয়া কর্মী আছেন?

শ্রীঅতীশচন্দ্র সিংহ: (ক) ইলামবাজার যোনাল কো-অপারেটিভ রাইস মিলের কার্যাদি পরিচালন করেন কার্যনির্বাহক কমিটির সহযোগিতায় সরকারী নির্বাহী আধিকারিক এবং পুরন্দরপুর রাইস মিলের কার্যাবলী সিউড়ী সেন্ট্রাল কো-অপারেটিভ এগ্রিকলচারাল মার্কেটিং সোসাইটির কার্যনির্বাহক কমিটি দ্বারা পরিচালিত হয়।

(খ) রাজ্যসরকার উক্ত সমিতি দুইটির শেয়ার বা অংশ গ্রহণ করিয়াছেন বলিয়া প্রত্যেকটির পরিচালকমণ্ডলীতে তিনজন করিয়া সরকার মনোনীত প্রতিনিধি আছেন।

(গ) উক্ত সিউড়ী সমিতির রাইস মিলে একজন এবং জোনাল রাইস মিলে তিনজন কর্মী আছেন।

শ্রীশচীনন্দন সাহু: মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই মিল দুটোতে কোন্ তারিখ থেকে কাজ শুরু হয়েছে।

শ্রীঅতীশচন্দ্র সিংহ: এখনও কাজ শুরু হয় নি, সামনের সিজন থেকে কাজ শুরু হবে। একটা অন ট্রায়াল আছে আর একটার কনস্ট্রাকসন হচ্ছে।

শ্রীশচীনন্দন সাহু: কনস্ট্রাকসন কবে হয়েছিল জানাবেন কি?

শ্রীঅতীশচন্দ্র সিংহ: সেই তথ্য এখন আমার কাছে নেই। আপনি যদি পরে প্রশ্ন করেন, তা হ'লে জানাতে পারি।

শ্রীঅশ্বিনী রায়: আপনি বললেন, আগামী বছর থেকে মিল চালু হবে। আমার প্রশ্ন হচ্ছে, এই মিলের জন্য কনস্ট্রাকসন বলুন আর যাই বলুন এর জন্য কত টাকা মঞ্জুর করা হয়েছিল এবং তার মধ্যে কত টাকা খরচ হয়েছে তার কোন হিসেব আছে কি?

শ্রীঅতীশচন্দ্র সিংহ: এর মধ্যে শিউড়ী সেন্ট্রাল কো-অপারেটিভ এগ্রিকালচারাল মার্কেটিং সোসাইটি যে রাইস মিল তৈরি করছে সেখানে গভর্নমেন্টের শেয়ার ক্যাপিটাল হচ্ছে ৫ লক্ষ ৯ হাজার টাকা এবং জোনাল কো-অপারেটিভ রাইস মিল সোসাইটিতে গভর্নমেন্টের শেয়ার ক্যাপিটাল হচ্ছে ৪ লক্ষ ২৫ হাজার টাকা। এর মধ্যে কত খরচ হয়েছে এবং হাতে কত রয়েছে সেই তথ্য এখন আমার কাছে নেই। আপনি যদি জানতে চান, তা হ'লে আমি পরে আপনাকে জানাতে পারি।

শ্রীঅশ্বিনী রায়: কনস্ট্রাকসনের জন্য গভর্নমেন্ট কত টাকা এই দু'টি অর্গানাইজেসনকে দিয়েছে জানাবেন কি?

শ্রীঅতীশচন্দ্র সিংহ: এই রাইস মিলের ব্যাপারে গভর্নমেন্টের শেয়ার ক্যাপিটাল যেটা আছে সেটা আমি পূর্বেই বলেছি।

শ্রীশচীনন্দন সাহু: এই দু'টি মিল ৫/৬ বছর আগে থেকে মঞ্জুর হয়ে প'ড়ে রয়েছে এবং এখন পর্যন্ত যে হচ্ছে না তার জন্য ব্যবস্থা অবলম্বন করবেন কিনা?

শ্রীঅতীশচন্দ্র সিংহ: এই দু'টি মিল যাতে তাড়াতাড়ি চালু হয় তার জন্য যথাযথ ব্যবস্থা নেব।

শ্রীআফতাবুদ্দিন মণ্ডল: মাননীয় মন্ত্রিমহাশয় একটু আগে বললেন যে, আগামী সিজন থেকে এই মিল দু'টি চালু করবার ব্যবস্থা করলেন, তাতে আমি বলতে চাই, যে হারে কনস্ট্রাকশন চলছে এইভাবে যদি চলতে থাকে, তা হ'লে আগামী সিজন থেকে চালু হওয়া অসম্ভব। সেজন্য

আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব যে, তিনি যেন বিশেষভাবে নজর দেন যাতে আগামী সিজনে এই মিল দু'টি চালু হয়।

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ নিশ্চয়ই দেখব।

গঙ্গার ভাঙ্গনে বিধ্বস্ত ফরাক্কা বাঁধ

***৫৯১।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৯৫।) **শ্রীমহম্মদ দেদার বক্স:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) সরকার কি অবগত আছেন যে, গঙ্গার প্রবল ভাঙ্গনে মুর্শিদাবাদ জেলার ফরাক্কা বাঁধ ভীষণভাবে বিধ্বস্ত; এবং

(খ) অবগত থাকিলে, উক্ত এলাকার ভাঙ্গন নিয়ন্ত্রণের জন্য বন সৃষ্টির কোন পরিকল্পনা সরকারের আছে কি?

শ্রীআব্দুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরীঃ (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

শ্রীমহম্মদ দেদার বক্স: স্যার, এখানে প্রশ্নটা একটু ভুল ছাপা হয়েছে, আমি লিখেছিলাম ফারাক্কা এলাকায় কিন্তু এখানে ছাপা হয়েছে ফারাক্কা বাঁধ, সেজন্য স্যার আমি আবার কোশ্চেনটা দিতে চাই।

Mr. Speaker: This question has alread been answered on the floor of the House.

নবগ্রাম বিধানসভা কেন্দ্রের অন্তর্গত গ্রামসমূহে বৈদ্যুতিকরণ

***৫৯২।** (অনুমোদিত প্রশ্ন নং *১০৬৪।) **শ্রীআদ্যচরণ দত্তঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নবগ্রাম বিধানসভা কেন্দ্রের অন্তর্গত গ্রামসমূহে বৈদ্যুতিকরণের কাজ বর্তমানে আর্থিক বছরে সম্পন্ন করার প্রস্তাব আছে কিনা; এবং

(খ) প্রস্তাব থাকলে, কখন তার কাজ আরম্ভ হবে?

Mr. Speaker: Question No. *592—this question is held over.

কল্যাণী হ্যান্ডলুম ট্রেনিং সেন্টার

***৫৯৪।** (অনুমোদিত প্রশ্ন নং *১২৪১।) **শ্রীকার্ত্তিকচন্দ্র বিশ্বাস:** কুটির এবং ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) ইহা কি সত্য যে, কল্যাণীতে অবস্থিত হ্যান্ডলুম ট্রেনিং সেন্টারটি স্থানান্তরিত করা হইতেছে; এবং

(খ) সত্য হইলে,

(১) ঐ স্থানান্তরের কারণ কি, ও

(২) কোথায় স্থানান্তরিত করা হইতেছে?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ (ক) নদীয়া জেলায় কল্যাণীতে হ্যান্ডলুম ট্রেনিং সেন্টার নামে কোন প্রশিক্ষণ কেন্দ্র নাই। তবে সেখানে একটি বিদ্যুৎচালিত তাঁতের জন্য প্রশিক্ষণ তথা প্রদর্শন কেন্দ্র আছে। ইহাকে স্থানান্তরিত করিবার কোন পরিকল্পনা বর্তমানে সরকারের নাই।

(খ) (১) এবং (২) এ প্রশ্ন উঠে না।

শ্রীকার্ত্তিকচন্দ্র বিশ্বাস: এই ট্রেনিং সেন্টারে কতজন শিক্ষার্থী আছে?

শ্রীঅতীশচন্দ্র সিংহ: সেটা আলাদা প্রশ্ন করবেন, জেনে বলব।

মগরাহাট পশ্চিম বেসিন স্কীম

***৫৯৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৬৭৫।) **শ্রীরামকৃষ্ণ বর:** সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) মগরাহাট পশ্চিম বেসিন স্কীমের কাজ কত দিনে আরম্ভ হবে; এবং

(খ) এই প্রকল্পের জন্য কত টাকা বরাদ্দ আছে?

শ্রীআবদুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী: (ক) আগামী আর্থিক বৎসরের প্রথম-দিকেই কাজ আরম্ভ করা যাবে আশা করা যায়।

(খ) এই প্রকল্পের আনুমানিক মোট ব্যয় ১৫৪ লক্ষ টাকা। ১৯৭৩-৭৪ সালে এই প্রকল্পের জন্য প্ল্যান বহির্ভূত ৫০ লক্ষ টাকা বরাদ্দ আছে।

শ্রীরামকৃষ্ণ বর: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, উক্ত প্রকল্পের কাজ ঐ সঙ্গে করা হবে। আমি জিজ্ঞাসা করি, বর্তমানে যে অবস্থায় আছে তাই হবে, না আরও প্রস্থে বাড়ান হবে।

শ্রীআবদুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী: আমাদের মাননীয় চীফ মিনিস্টার এর ফাউন্ডেশান লে করবেন এবং এই কাজ ডিপার্টমেন্টালি করা হবে।

শ্রীরামকৃষ্ণ বর: এর টাকা সমস্ত কি কেন্দ্রীয় সরকার দেবেন, না রাজ্যসরকারও দেবেন?

শ্রীআবদুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী: সমস্তটাই সেন্ট্রাল গভর্নমেন্ট দেবেন।

ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের সদস্য

***৫৯৬।** (অনুমোদিত প্রশ্ন নং *১১৩৮।) **ডাঃ রমেন্দ্রনাথ দত্ত:** বিদ্যুৎ বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ড-এ বর্তমানে কত জন মেম্বার আছেন;

(খ) উত্তরবঙ্গের পাঁচটি জেলা থেকে কত জন মেম্বার ঐ বোর্ডে আছেন;

(গ) উঁহাদের মধ্যে কত জন পার্ট টইম এবং কত জন হোল্ টাইম মেম্বার; এবং

(ঘ) এই মেম্বারদের কে এবং কিভাবে নিযুক্ত করেন?

শ্রীআবদুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী: (ক) বর্তমানে ৬ জন সদস্য আছেন।

(খ) বর্তমানে একজন সদস্যও নাই।

(গ) তিনজন 'পার্ট টাইম' মেম্বার এবং তিনজন 'হোল টাইম' মেম্বার।

(ঘ) এই সদস্যদের ইলেকট্রিসিটি (সাপ্লাই) অ্যাক্ট, ১৯৪৮-এর পাঁচ নম্বর ধারার এক এবং দুই নম্বর উপধারা এবং ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ড রুলস্, ১৯৫৫-এর চার নম্বর ধারার এক নম্বর উপধারার ক্ষমতাবলে রাজ্যসরকার নিযুক্ত করেন।

ডাঃ রমেন্দ্রনাথ দত্ত: গত বছর কতজন মেম্বার ছিল এবং নর্থবেঙ্গলের ছিল কিনা?

শ্রীআবদুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী: মোট ৭ জন ছিল, একজন নর্থবেঙ্গল থেকে ছিল। এখন ৬ জন নেওয়া হয়েছে, আর একজন নর্থবেঙ্গল থেকে নেওয়া হবে। This is under consideration of the Government.

ডাঃ রমেন্দ্রনাথ দত্ত: গতবারে কে ছিলেন এবং তার কোয়ালিফিকেসন কি?

শ্রীআবদুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী: আমার কাছে এখন নাম নাই।

[1-20—1-30 p.m.]

শ্রীনারায়ণ ভট্টাচার্য: এই যে উত্তর বাংলার প্রতি বিমাতৃসুলভ আচরণ করা হচ্ছে, মেম্বার টেম্বার নেওয়া হচ্ছে না, কারণ কি?

Mr. Speaker: This question does not arise.

শ্রীফণীভূষণ সিংহবাবু: কিভাবে নির্বাচিত হন বা মনোনীত হন, এর ভিত্তি কি?

শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী: আগে যা ছিল পার্ট টাইম ছিল, এবার তিনজন হোলটাইমার হয়েছেন। ইঞ্জিনীয়ারিং থেকে নেওয়া হয়েছে শ্রী পি এল ব্যানার্জিকে হি উইল বি হোল টাইমার, আর দিয়েছি শ্রী পি কে বর্ধনকে, তিনি অ্যাকাউন্ট দেখবেন, মিঃ জে সি তালুকদারকে চেয়ারম্যান করেছি। বাকী তিনজন—শ্রী এস আর দাস, ফিনান্স কমিশনার, পেন অ্যানথোনি ফ্রম পাওয়ার ডিপার্টমেন্ট, অ্যান্ড মিঃ এ কে ঘোষ হু হ্যাভ লডেবল রেপুটেশন।

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: একটু আগে মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, তাঁর কাছে নাম নাই, এখন তিনি এগুলি প'ড়ে দিচ্ছেন কি ক'রে?

শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী: নট দিস্ প্রেজেন্ট বোর্ড।

ডাঃ রমেন্দ্রনাথ দত্ত: নূতন বোর্ড কবে ফর্মড হয়েছে?

শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী: নোটিস যদি দেন ব'লে দেব।

ডাঃ রমেন্দ্রনাথ দত্ত: মালদা জেলার উত্তরে যে জেলাগুলি আছে তা থেকে কোন মেম্বার হ'লে কি আপত্তি আছে? কেন না এই যিনি ছিলেন পি আর চৌধুরী তাঁকে বাদ দেওয়া হ'ল কেন?

Mr. Speaker: The answer has alreaddy been given that they are contemplating to take a member from North Bengal.

ডাঃ রমেন্দ্রনাথ দত্ত: যখন বোর্ড ফর্মড করা হ'ল নর্থ বেঙ্গল থেকে নেওয়া হ'ল না কেন, ৬ জন যখন করা হ'ল তখন সাতজন কেন করা হ'ল না?

Shri Abul Barkat Atwar Ghani Khan Chowdhury: We are considering the matter and we will take suitable decision.

Shri A. H. Besterwitch: I think, it is not a new thing to express that North Bengal is always a neglected area. Even now the Hon'ble Minister says that he is making arrangement for appointing a member to the Board from North Bengal.

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury: We also know our job. I can assure the honourable member that from North Bengal one member will be included in the Board. —

সেচ

***৫৯৮।** (অনুমোদিত প্রশ্ন নং *১০৭৩।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিক:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) যে সমস্ত জমিতে বৎসরে একবার সেচের জল দেওয়া হয় সেগুলির একর প্রতি জলকরের হার কত; এবং

(খ) যে সমস্ত জমিতে দুবার জল দেওয়া হয় সেগুলির বাৎসরিক জলকর কত?

শ্রীআব্দুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী: (ক) ও (খ) সেচ ও জলপথ বিভাগের অধীন বিভিন্ন সেচ প্রকল্পের জলকরের হারের একটি বিবরণী লাইব্রেরীর টেবিলে রাখা হইল।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: যে সমস্ত জমিতে একেবারে জল দেওয়া হয় নি, কিন্তু জলকর আদায় করা হয়, এটা মাননীয় মন্ত্রিমহাশয়ের জানা আছে কি?

শ্রীআব্দুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী: এই রকম তথ্য আমার জানা নাই। আমি এটা অ্যাশিওরেন্স দিতে পারি যে, এই রকম তথ্য যদি থাকে, তা হ'লে নিশ্চয়ই কন্সিডার করবো এবং ওয়াটার ট্যাক্স আদায় করবো না।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: একবার জল দিয়েছে, কিন্তু দু'বারের খাজনা আদায় করা হচ্ছে এই রকম আপনার জানা আছে কি?

শ্রীআব্দুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী: আমার কাছে সেই রকম কোন তথ্য নাই, যদি দেন আই উইল সার্টেনলি লুক ইনটু দি ম্যাটার।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: সম্প্রতি আপনার বিভাগ যে নোটিস দিয়েছে, সেই নোটিসে আছে—একবার জল দেওয়া হ'লেও দু'বার জল দেবার হারে কর দিতে হবে—এই রকম নোটিস সম্পর্কে আপনার কিছু জানা আছে কি?

Mr. Speaker: The Minister has already answered that he has no such information.

শ্রীসুধীরচন্দ্র দাস: চারিদিক থেকে আমাদের কাছে খবর আসছে, যেখানে জল যায় না বা জল ওঠে না, সে সব জমির উপরও কর ধার্য হচ্ছে। খাজনাও দ্বিগুণ, তিনগুণ, চারগুণ বৃদ্ধি হয়েছে। এ বিষয়ে চাষীদের বিব্রত করা হচ্ছে। মন্ত্রিমহাশয় কি এ সম্বন্ধে যথাযথ তদন্ত ক'রে তাড়াতাড়ি সেই সব জমিতে জল দেবার ব্যবস্থা করবেন কি?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury: Sir, what actually happens is that the rent collection is done by the L. & L. R. Department and not by the Irrigation Department.

শ্রীগুরুপদ খাঁন: এটা সম্বন্ধে কোন কোন মাননীয় সদস্যদের মনে কিছু সন্দেহ রয়েছে বিশেষ ক'রে সুধীরবাবু যে জেলার সদস্য ল্যান্ড রিফর্মস আইনে থেকে ব'লে দেওয়া হয়েছে কোনটা ইরিগেটেড, কোনটা নন-ইরিগেটেড। সে সম্বন্ধে যদি কারো কোন সন্দেহ থাকে কোন নন-ইরিগেটেড বা সেচ সেবিত এলাকার বহির্ভূত জায়গা—যদি সেচ এলাকা ব'লে ঘোষিত হয়ে যায়, শুধু খাজনা নয়, সিলিং-এর জন্যও আমরা চাষীদের উপর এই আইন প্রয়োগ ক'রে থাকি। এই আইনে বিধি দেওয়া আছে, যদি কোন রায়ত মনে ক'রে থাকেন যে, তার জমি নোটিফিকেশন-এ আছে সেচসেবিত ব'লে, অথচ সেচ পাচ্ছে না—তা হ'লে সেটাকে সেচসেবিত ব'লে ধরা উচিত নয়। সেখানে প্রত্যেক সাব-ডিভিসনের এস এল আর ও যিনি আছেন, তাঁর কাছে আবেদন করতে পারেন। তিনি সেই সমস্ত জায়গা প্রপার এনকোয়ারি ক'রে সেচসেবিত—কি সেচসেবিত নয়—ইরিগেটেড কি নন-ইরিগেটেড, সেটা সিদ্ধান্ত ক'রে এই আইন প্রয়োগ করবেন। এ সম্বন্ধে খুব শীঘ্র যদিও আইনে আছে যে ওয়াকিবহাল করা হয়েছে—ভেরি রিসেন্টলি আমরা সার্কুলার ছেড়েছি এস এল আর ও-র কাছে। এটা আমাদের ডিপার্টমেন্টের ব্যাপার, ইরিগেসন ডিপার্ট-মেন্ট ভুক্ত নয়। এটা স্যার, আপনার অনুমতি নিয়ে মাননীয় সদস্যদের জ্ঞাতার্থে একথা জানালাম।

Shri A. H. Besterwitch: Sir, the Hon'ble Minister has just now said that he has issued a circular and sent it to the S.L.R.Os. of various areas. Sir, I think the members of the House should receive copies of that circular so that they can easily find out what is going on in different areas. In that view, will the Hon'ble Minister be pleased to give us copies of the circular?

শ্রীগুরুপদ খাঁনঃ মাননীয় স্পীকার মহাশয়, আপনার অনুমতি নিয়ে বলছি, যেহেতু আমাদের পল্লী অঞ্চলে অনেক অল্পশিক্ষিত ও অশিক্ষিত রায়ত আছেন তাদের অসুবিধা হয়, মাননীয় সদস্যরা যখন এই আইনের যথার্থ প্রয়োগের জন্য চাচ্ছেন, আমি তাঁদের এই সার্কুলারের কপি পাঠাবো।

শ্রীপুরঞ্জয় প্রামাণিকঃ যদিও প্রশ্নটি রাজস্ব বিভাগের, অথচ সেচমন্ত্রী জবাব দিচ্ছেন। আমি রাজস্বমন্ত্রীকে জানাতে চাচ্ছি, এর আগে বহু জমি ক্যানেলের জল না পাওয়ার জন্য তদানীন্তন রেভেনিউ অফিসার এবং এ ডি এম সুপারিশ ক'রে সরকারের কাছে প্রেরণ করা সত্ত্বেও এখনো ৩/৪ বছরের মধ্যে সেই জমির ক্যানেলকর মকুব হয় নাই। তা মাননীয় মন্ত্রি-মহাশয়ের জানা আছে কি?

শ্রীগুরুপদ খাঁনঃ আমার অবশ্য তা জানা নাই। তবে যদি মাননীয় সদস্য এই রকম কোন স্পেসিফিক কেস দেন, আমি তদন্ত ক'রে ব্যবস্থা করবো।

[1-30—1-40 p.m.]

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ এটা খুবই গুরুত্বপূর্ণ প্রশ্ন। ডিপ-টিউবওয়েল বা শ্যালো টিউবওয়েলের জন্য একটা কম্যান্ড এরিয়া আছে সেটা গভর্নমেন্ট যা নির্ধারিত ক'রে দিয়েছেন সেই অনুসারে কর ধার্য হয়েছে। ওই কম্যান্ড এরিয়া বাদ দিয়ে অ্যাকচুয়াল যে জমির উপর জল যাচ্ছে তার উপর কর ধার্যের কথা চিন্তা করছেন কি?

শ্রীগুরুপদ খাঁনঃ আমি আগেও একথা বলেছি এবং মাননীয় সদস্য যদি ল্যান্ড রিফর্মস অ্যাকটটা ভাল ক'রে প'ড়ে দেখেন, তা হ'লে দেখতে পাবেন অ্যাকট-এ সেই রকম প্রভিসন করা আছে।

শ্রীপুরঞ্জয় প্রামাণিকঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি যে পশ্চিমবাংলায় যে সমস্ত ডিপ-টিউব-ওয়েল বা রিভার পাম্প স্থাপন করা হয়েছে এবং তাতে যে জলসরবরাহ করছেন সেচের জন্য তার জন্য ক্যানেল কর আদায় হয় না। তার জন্য সরকার কোন নূতন আইন প্রণয়ন করছেন কি?

শ্রীগুরুপদ খাঁনঃ এটা এগ্রিকালচার ডিপার্টমেন্টের মিনিস্টারকে জিজ্ঞাসা করাই ভাল।

হুগলী নদীর জোয়ার-ভাঁটা হইতে বিদ্যুৎ উৎপাদন

***৫৯৯।** (অনুমোদিত প্রশ্ন নং *১৩১১।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, হুগলী নদীর জোয়ার-ভাঁটা হইতে বিদ্যুৎ উৎপন্ন হইতে পারে বলিয়া একদল বিশেষজ্ঞ জানাইয়াছেন; এবং

(খ) সত্য হইলে,

(১) কবে বিশেষজ্ঞরা এ কথা জানিয়ছেন,

(২) কত মেগাওয়াট বিদ্যুৎ উৎপন্ন হইবার সম্ভাবনা,

(৩) এ বিষয়ে সরকার কত দূর অগ্রসর হইয়াছেন; ও

(৪) উক্ত কার্য সম্পাদন করিতে কত টাকা ব্যয় হইবে ও কত জন বেকার যুবক চাকরী পাইবে?

শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরীঃ (ক) হ্যাঁ।

(খ) (১) অতি সম্প্রতি।

(খ) (৩) জোয়ার-ভাঁটা হইতে বিদ্যুৎ উৎপাদনের সম্ভাবনা এখনও অনুসন্ধানের পর্যায়ে আছে।

(খ) (২) এবং (৪) অনুসন্ধান শেষে এ সম্পর্কে বিবরণ পাওয়া গেলেই বিদ্যুতের পরিমাণ, অনুমিত ব্যয়ের পরিমাণ এবং চাকুরির সম্ভাবনা নির্ণয় করা যাইতে পারে।

শ্রীকাশীনাথ মিশ্র: মন্ত্রিমহাশয় বলছেন অনুসন্ধান চলছে। কবে নাগাত অনুসন্ধানের কাজ শেষ হতে পারে?

শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী: এটা এখন ইনভেস্টিগেসান স্টেজে আছে। It is a verp complicated matter. So, I cannot tell you about the time. We are trying.

শ্রীকাশীনাথ মিশ্র: সমীক্ষা কবে নাগাত শেষ হতে পারে?

Mr. Speaker: It is not possible for the Minister to tell you about the time.

শ্রীকাশীনাথ মিশ্র: এর জন্য আপনাদের কাছে কোন কাগজপত্র এসেছে কি যে, এতো মেগাওয়াট উৎপন্ন হতে পারে বা এত ব্যয় হতে পারে—কোন এস্টিমেট আছে কি?

Shri Abul Barkat Atwal Ghani Khan Chowdhury: I have already told you that it is under investigation.

আমাদের দেশে হয় নি। ফরাসী দেশে এটা না কি হয়েছে এবং ফরাসী দেশের যে কনসাল এখানে আছেন তাঁকে নিয়ে চেষ্টা করা হচ্ছে।

শ্রীকাশীনাথ মিশ্র: যে বিশেষজ্ঞরা এসেছেন তাঁরা কোথা থেকে এসেছেন?

শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী: তাঁদের কাছে আমরা অ্যাসিস্ট্যান্স চাইছি। তাঁদের কাছে লিখেছি এবং তাঁদের বলবো হেলপ করতে।

শ্রীঅহিন্দ্র মিশ্র: হুগলী নদীর জোয়ার-ভাঁটা থেকে বিদ্যুৎ উৎপাদনের যে সমীক্ষা চলছে তাতে হুগলী নদীর কোন্ এলাকা বেছে নেওয়া হয়েছে?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury: It is too early to say all these. Investigation has just started.

কংসাবতী সেচপ্রকল্পের মাধ্যমে জমিতে জল দেওয়ার ব্যবস্থা

*৬০০। (অনুমোদিত প্রশ্ন নং *১০৮৭।) **শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী:** সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আগামী খারিফ মরশুমে "কংসাবতী সেচপ্রকল্পে"র মাধ্যমে কত একর জমিতে জল দেওয়ার ব্যবস্থা করা যাইবে; এবং

(খ) এই জমির মধ্যে বাঁকুড়া জেলায় কত একর এবং অন্যান্য জেলায় কত একর?

শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী: (ক) কংসাবতী সেচ প্রকল্প হইতে আগামী খারিফ মরসুমে ৪ লক্ষ ৫০ হাজার একর জমিতে সেচের জল দেওয়ার কর্মসূচি লওয়া হইয়াছে।

(খ) জেলাভিত্তিক জমির পরিমাণ এইরূপ:

		একর
বাঁকুড়া	...	২,১৫,০০০
মেদিনীপুর	...	২,২০,০০০
হুগলী	...	১৫,০০০

শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী: মন্ত্রিমহাশয় বললেন যে, খারিফ সেসানেই জল দেওয়া যাবে। এই জমিতে জল দেওয়ার জন্য যে ক্যানেল, মাইনর ক্যানেল এবং সাব-মাইনর ক্যানেল সেগুলো কি খারিফ সেসানের আগেই তৈরি হয়ে যাবে?

শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী: হ্যাঁ, ক্যানেলগুলো হবে। আমরা সেটা চেষ্টা করছি। কংসাবতী প্রকল্পের কংসাবতী ড্যাম সেটা তৈরি হয়ে গিয়েছিল, এবার আমরা কুমারী ড্যাম্প তৈরি করছি। আমরা মনে করছি কুমারী ড্যাম্প হয়ে যাবে এবং আমরা জল দিতে পারবো।

শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী: ঐ কুমারী ড্যাম থেকে কত জল সরবরাহ করা হয়েছে সেটা মন্ত্রিমহাশয় বলবেন কি?

শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী: বর্তমানে আমাদের কাছে যে রেকর্ড আছে তাতে কুমারী এবং আর একটি ড্যাম মিলিয়ে হিসাব দেওয়া আছে। শুধু কুমারী ড্যাম থেকে কত জল সরবরাহ করা হয় তার রেকর্ড এখানে নেই।

শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী: এই কুমারী ড্যাম থেকে ক্যানেল করবার জন্য আমাদের সাথে বাঁকুড়ায় গিয়ে আপনি ডিপার্টমেন্টাল অফিসারদের কাজটি ত্বরান্বিত করার জন্য নির্দেশ দিয়েছিলেন—সেই নির্দেশ দেওয়া সত্ত্বেও তারা ঢিমেতেতালায় কাজ চালাচ্ছে এটা কি আপনি জানেন?

শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী: আমাদের যে ডিপার্টমেন্ট কাজ করছে, তাদের আপনাদের সঙ্গে যোগাযোগ ক'রে তাড়াতাড়ি কাজ করবার জন্য নির্দেশ দিয়েছি। তার পরেও যদি কোন কমপ্লেন থাকে, তা হ'লে আমাকে স্পেসিফিক কেস দেবেন আমি নিশ্চয় দেখবো।

শ্রীফণীভূষণ সিংহবাবু: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, বাঁকুড়া জেলায় ২ লক্ষ ১৫ হাজার একর জমিতে জল দিচ্ছেন। বহু ক্যানেল জঙ্গল ভূমির উপর দিয়ে যাচ্ছে। সেই জঙ্গল ভূমির পারমিশন কেন পাওয়া যাচ্ছে না?

শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী: এ ব্যাপারটি নিশ্চয় আমি ডিপার্টমেন্টে খোঁজ নেবো।

শ্রীফণীভূষণ সিংহবাবু: মাননীয় মন্ত্রিমহাশয় খোঁজ নেবেন কি যে, আপনার ডিপার্টমেন্টের যে সব ইঞ্জিনীয়ার আছে তাঁরা ঐ কংসাবতীর জল বহু জায়গায় জঙ্গলের উপর দিয়ে নিয়ে যাচ্ছে এবং সেই কাজ দীর্ঘ দিন ধ'রে হচ্ছে। এই কাজ অতি শীঘ্র করবার জন্য কোন ব্যবস্থা নেবেন কি?

শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী: এখনই বলতে পারছি না, খোঁজ নিয়ে দেখবো।

শ্রীঅশ্বিনী রায়: আপনি 'ক' প্রশ্নের উত্তরে ব'লে গেছেন, ১৯৭৩ সালে ১ লক্ষ ৫০ হাজার একর জমিতে জল যাবে—মন্ত্রিমহাশয় বলবেন কি যে, ১৯৭২ সালে কি পরিমাণ জল জমিতে দেওয়া হয়েছিল?

Mr. Speaker: No figure is available with the Hon'ble Minister.

পাণ্ডুয়া থানায় 'ইরিগেশন ক্যানেল' হইতে সেচের জলপ্রাপ্ত জমি

*৬০৪। (অনুমোদিত প্রশ্ন নং *১১৯০।) **ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায়:** সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭১-৭২ সালে হুগলী জেলার পাণ্ডুয়া থানার কত একর জমি (১) খারিফ মরসুমে এবং (২) রবি মরসুমে "ইরিগেশন ক্যানেল" হইতে সেচের জল পাইয়াছিল; এবং

(খ) পাণ্ডুয়া থানার কত একর জমি ১৯৭২-৭৩ সালে (১) খারিফ মরসুমে, এবং (২) রবি মরসুমে ইরিগেশন ক্যানেল হইতে সেচের জল পাইয়াছে?

শ্রীআবদুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী: (ক) (১) ২৫ হাজার ৯৫ একর খারিফ মরসুমে, (২) ১৫ হাজার ৪ শত ৪৭ একর রবি মরসুমে।

(খ) (১) ২৫ হাজার ১৩৫ একর, (২) ১০ হাজার ৭৯২ একর।

শ্রীশৈলেন্দ্র চ্যাটার্জি: ১৯৭২-৭৩ সালে বোরো মরসুমে যে জল দেওয়া হয়েছে তা কোন্ কোন্ ক্যানেল মারফত দেওয়া হয়েছিল?

শ্রীআবদুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী: এটা ডিস্ট্রিবিউটারী চ্যানেল যা আমাদের আছে তারাই বলতে পারবে আমি বলতে পারি না।

শ্রীশৈলেন্দ্র চ্যাটার্জি: এবার নির্দেশ দিয়েছিলেন যে, বোরো মরসুমে কোন জল দেওয়া হবে না এবং রবি মরসুমেও কয়েকটি ক্যানেল ছাড়া জল দেওয়া হবে না সেইজন্য আমি জিজ্ঞাসা করছিলাম, কোন্ কোন্ ক্যানেল মারফত জল দেওয়া হবে?

[1-40—1-50 p.m.]

শ্রী এ বি এ গনি খাঁন চৌধুরী: আমার রেকর্ড যা বলছে তাতে দেখা যাচ্ছে ১৯৭২ সালে ক্যানেল হইতে খারিফ মরসুমে ও রবি মরসুমে যথাক্রমে ২৫,১৩৫ একর এবং ১০,৭৯২ একর জমি সেচের জল পাইয়াছে। উপযুক্ত বৃষ্টির অভাবে জলাধারে সেচের অনুপাতে জল কম থাকায় বোরো চাষের পরিমাণ কিছু কমিয়া গিয়াছিল। এবারেও বৃষ্টি হয় নি। রেন-ফেডের ব্যাপারে রেকর্ড হয় নি ব'লে এবারেও আমরা বোরোতে জল দেব না বলেছিলাম। আমাদের দিক থেকে ইরিগেশন ডিপার্টমেন্ট, এগ্রিকালচার ডিপার্টমেন্টকে জানিয়েছি যে, এবারেও আমরা বোরোতে জল দিতে পারবো না। তা সত্ত্বেও আমাদের যেটুকু জল ছিল তাতে ইলেকট্রিসিটিকে বিপদে ফেলেও আমরা জল দেবার চেষ্টা করেছি।

ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায়: ১৯৭২ সালের ২৬শে মে তারিখে ইরিগেশন ডিপার্টমেন্ট থেকে একটি গেজেট নোটিফিকেসন জাহির করেছিলেন যে, সমস্ত পাণ্ডুয়া থানার শতকরা ৯৮ ভাগ জমি সেচের জল পেয়েছে, সেটা মাঠই হোক, পুকুরই হোক, বাজারেই হোক, মন্দিরই হোক, আর মসজিদই হোক সমস্ত জমিই সেচের জল পেয়েছে—এই সম্পর্কে মন্ত্রিমহাশয় অবগত আছেন কিনা, জানাবেন?

শ্রী এ বি এ গনি খাঁন চৌধুরী: আমরা জল যতটা পরিমাণ দিয়েছি ইরিগেসন ডিপার্টমেন্ট সেই হিসাব আমাকে দিয়েছে। আপনি কোন রেকর্ড থেকে কথা বলছেন আমি জানি না।

শ্রীশৈলেন্দ্র চট্টোপাধ্যায়: আপনি বললেন ২৫ হাজার একর, আর ১৫ হাজার একর জমি জল পেয়েছে। গত বছর মে মাসে ইরিগেসন ডিপার্টমেন্ট থেকে গেজেট নোটিফিকেসন হয়েছে ১ লক্ষ একর জমি রবি মরসুমে সেচের জল পেয়েছে—এ সম্বন্ধে আপনি অবগত আছেন কিনা জানাবেন কি?

শ্রী এ বি এ গনি খাঁন চৌধুরী: সেটা আপনি আমাকে দেখাবেন।

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: মাননীয় মন্ত্রিমহাশয় অবগত আছেন কি এই বোরো চাষের জন্য কৃষি দপ্তর থেকে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী বিহার মুখ্যমন্ত্রীর কাছ থেকে জল নেবার জন্য কোন পত্র দিয়েছিলেন কিনা এবং সেই পত্রে বিহার সরকার জল দেওয়া সত্ত্বেও সেচ বিভাগ নেয় নি, কেন ফিরিয়ে দিল, সেটা জানাবেন কি?

মিঃ স্পীকার: ডাজ নট অ্যারাইজ।

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা খুব ইমপর্ট্যান্ট কোশ্চেন। হাজার হাজার বিঘা জমি প'ড়ে আছে জলের অভাবে; আজকে চাষ হচ্ছে না। বিহার সরকার জল দিতে রাজী হওয়া সত্ত্বেও সেচ দপ্তর কেন নিতে চাচ্ছে না এটাই আমরা জানতে চাচ্ছি। এই জল রিফিউজ করবার কারণ কি, মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন?

শ্রীসুব্রত মুখার্জি (কাটোয়া): মিঃ স্পীকার, স্যার, আমি আপনার অনুমতি নিয়ে বলছি এই বোরো চাষের জলের জন্য আমরা কয়েকবার সেচ দপ্তরের উপমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর সঙ্গে যোগাযোগ করেছি এবং গত বছর বোরো চাষের সময় জল দেওয়া হয়েছিল। এবারে বিহারের মুখ্যমন্ত্রীর কাছে আমাদের মুখ্যমন্ত্রী চিঠি লিখেছিলেন, তারপরের অবস্থা সম্বন্ধে আমরা কিছু জানি না। মাননীয় স্পীকার মহাশয়, এটা খুব জরুরী প্রশ্ন, কেননা তেনুঘাট থেকে জল নেবার জন্য তিনি বিহারের মুখ্যমন্ত্রীকে পত্র দিয়েছিলেন এবং তাঁরা সেই জল দিতে রাজীও হয়েছেন। এখন সেচ দপ্তর কেন জল নিচ্ছে না সে সম্পর্কে মাননীয় সেচমন্ত্রী যদি কিছু জানেন, তা হ'লে দয়া ক'রে সভার সামনে সেটা রাখুন।

Mr. Speaker: Please look to Starred Question No. 605 where almost identical issues have been raised.

ডি ভি সি-র টেনুঘাট জলাধার

*৬০৫। (অনুমোদিত প্রশ্ন নং *১২৩২।) **শ্রীঅশ্বিনী রায়:** সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ডি ভি সি-র টেনুঘাট (বিহার রাজ্যে) জলাধার হইতে পশ্চিমবঙ্গে সেচের জল সরবরাহের প্রশ্নটি বিহার সরকারের সহিত মীমাংসা হইয়াছে কিনা; এবং

(খ) মীমাংসা হইলে, (১) তাহার শর্ত কি কি ও (২) কার্যকর করার সময় সীমা?

শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী: (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

শ্রীঅশ্বিনী রায়: মাননীয় মন্ত্রিমহাশয় আমার প্রশ্নের জবাবে বলেছেন, প্রশ্নের মীমাংসা হয় নি। আমার জিজ্ঞাস্য, তেনুঘাটে যে জলাধার হয়েছে তার আদি প্রকল্পে এর জল পশ্চিমবাংলা সরকার সেচের জন্য পাবে এটা কি সিদ্ধান্ত ছিল?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury: The whole matter is under negotiation with the Bihar Government.

Mr. Speaker: Honourable Members, the Hon'ble Minister has told that the matter has not been settled and negotiation is going on between the two Chief Ministers. So it is not possible for the Hon'ble Minister to say anything at this stage.

Shri Aswini Roy: My submission is this that there was an original document which was printed and circulated to all concerned. Was it mentioned in that document whether the West Bengal State was to get water from the Tenughat reservoir?

Mr. Speaker: Honourable Members, when there is any correspondence or discussion is still going on it will be understood that the matter has not been finally decided and negotiation has to be completed in a future date. It may be with the Central Government or it may be with any other State.

At that stage under the rules he is not bound or is in a position to answer the question. Under the rules when negotiation is going on you cannot press the Minister to answer the question and he may not be in a position to answer the question.

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: মাননীয় স্পীকার মহাশয়, হাউসের কাছে প্রকৃত তথ্য প্রকাশ করা হচ্ছে না। এগ্রিকালচারাল কমিশনার বিহারের মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা ক'রে সেখান থেকে লিখিত আদেশ নিয়ে আসার পর উনি বলছেন করেসপনডেন্স চলছে। আমি মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই, বিহার সরকার তেনুঘাট থেকে জল দিলে তার জন্য দাম নেবেন ব'লে কোন পত্র দিয়েছেন কিনা?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury: The only thing I can say is that the negotiation is being conducted by the Agriculture Department for Boro cultivation and I am not in a position to answer that part of the question. But I do say that the entire matter is under negotiation with Bihar Government and it would not be a good thing for me to disclose that.

শ্রীসুব্রত মুখার্জি: আমাদের কাছে সংবাদ আছে যে, কৃষি দপ্তর সেচ দপ্তরকে বোরোর জল দেবার জন্য অনুরোধ করেছিলেন এবং বিহার সরকার ঐ পার টেন থাউজেন্ট গ্যালন জলের জন্য ৫০ পয়সা ক'রে দাম চেয়েছিলেন, সেই দাম চাইবার জন্য সেচ দপ্তর থেকে ঐ জল নেবার ব্যাপারটা চেপে দেওয়া হয়েছে, এটা কি সত্য? যদি সত্য হয়, তা হ'লে সঠিক তথ্য মাননীয় সেচমন্ত্রী মহাশয় সভার কাছে পেশ করুন এবং বক্তব্য রাখুন, আমরা শুনতে চাই।

Mr. Speaker: Honourable Members, the Hon'ble Minister has clearly stated that the negotiation is still pending. It has not been finalised and he has given a statement before the House.

Mr. Speaker: I draw your attention to rule 44 which states, "In matters which are or have been the subject of correspondence between the State Government and Government of India or the Government of any other State, no question shall be asked except as to matters of fact, and the answer shall be confined to a statement of fact." Here the statement of fact is that negotiation is still going on.

[1-50—2-00 p.m.]

শ্রীসুব্রত মুখার্জি: মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে এ কথা বলতে চাই যে, বোরো চাষের জন্য যে সময়ে জলের দরকার যদি নেগোসিয়েশান চাষের পরে নেগোসিয়েশান শেষ হয়, তা হ'লে এটা চাষীদের কাছে বেদনাদায়ক হবে। আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে, এই ব্যাপারে নেগোসিয়েশান কবে শেষ হবে এবং তিনি সভার সামনে এই তথ্য কবে দেবেন দয়া ক'রে সেটা জানালে আমরা অন্ততপক্ষে আমাদের জেলার চাষীদের কাছে এই সম্পর্কে সঠিক তথ্য পেশ করতে পারবো।

(নো রিপ্লাই)

শ্রীঅশ্বিনী রায়: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, নেগোসিয়েশান আছে। এখন এই নেগোসিয়েশানের ব্যাপারে অন্ততঃ যাতে তাড়াতাড়ি হয় তার জন্য কি পন্থা নিয়েছেন সেটা জানাবেন কি?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury: From time to time the representatives of both the Governments have sat together. Negotiation is going on and almost every month they are meeting. We are trying to have some sort of an understanding with the Bihar Government with regard to very many outstanding problems.

শ্রীঅশ্বিনী রায়ঃ আপনি জানেন গতবার এই ডি ভি সি থেকে ১ লক্ষ ৮১ হাজার এই রেঞ্জে জল দিতে পেরেছিলো। এবারে সেটা কমে গিয়ে ১/১২ ভাগে দাঁড়িয়েছে। তা হ'লে পশ্চিমবাংলা বিশেষ ক'রে ডি ভি সি অঞ্চলভুক্ত যে জেলাগুলি সেখানে কৃষিউৎপাদন কিভাবে ব্যাহত হচ্ছে সেটার গুরুত্ব দিয়ে এটা ত্বরান্বিত করার চেষ্টা করবেন কি?

শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরীঃ সার্টেনলি আই উইল ডু দ্যাট, কিন্তু ডিফিকাল্টি হচ্ছে এগুলি হচ্ছে রেন-ফেড যার ফলে ন্যাচার্যালি এই রকম হচ্ছে।

Last year there was drought and if the drought persisted this year the same thing would happen.

শ্রীপুরঞ্জয় প্রামানিকঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় যদি সত্য তথ্য পেশ না করেন, তা হ'লে আমাদের পক্ষে সদস্য থাকা মুশকিল। আমরা জানি বিহার সরকার জল দেবার জন্য নির্দেশ দিয়েছেন, কিন্তু এনারা সেটা নিচ্ছেন না।

Mr. Speaker: The answer is there, Mr. Pramanik. When the Minister replies that negotiation is still not complete I expect that the honourable Members will not insist on having further supplementaries.

শ্রীপুরঞ্জয় প্রামাণিকঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যদি বলেন আমি চিঠি এনে দিতে পারি। সেখান থেকে বিহার গভর্নমেন্ট লিখেছে ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টের কাছে জল নেবার জন্য, কিন্তু তাঁরা নেন নি। সে জন্য আমি বলছি এখানে সত্য তথ্য পরিবেশন করা হয় নি।

Mr. Speaker: Mr. Pramanik, you will have enough scope during discussion on Demands for Voting on Grants and during the discussion on the Appropriation Bill to place the actual fact which, according to you, has not been stated by the Hon'ble Minister.

শ্রীহরশঙ্কর ভট্টাচার্যঃ মাননীয় মন্ত্রিমহাশয়, মাননীয় সদস্য বিহার সরকার জল দিতে চেয়েছিলেন, কিন্তু পশ্চিমবঙ্গ সরকার নেন নি এই তথ্য সঠিক কিনা এটা জানাবেন কি?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury: Sir, there are two parts of this question. We are getting confused.

একটা তেনুঘাট সম্পর্কে আর একটা সেপারেট কথাবার্তা হচ্ছে বিহার গভর্নমেন্টের সঙ্গে

With very many outstanding problems. Negotiation is going on between the experts of West Bengal and Bihar Governments.

এবং আদার ম্যাটার যেহেতু নেগোসিয়েশান হচ্ছে সেহেতু আমার পক্ষে উত্তর দেওয়া সম্ভবপর নয়। যেটা তেনুঘাট থেকে জল নেবার সেটা এগ্রিকালচার ডিপার্টমেন্ট করছে, সেটা ইরিগেশান ডিপার্টমেন্ট করছে না সেজন্য আমার পক্ষে বলা সম্ভব নয়।

So, it is for the Agriculture Department to answer this question that is what I am saying all the time.

চাপড়া বিধানসভা কেন্দ্র এলাকায় মৎস্য চাষ ও সেচের জন্য রিজার্ভয়ার

***৬০৬।** (অনুমোদিত প্রশ্ন নং *১২৫৪।) **শ্রীগিয়াসুদ্দিন আহম্মদঃ** সেচ ও জলপথ বিভাগের **মন্ত্রিমহাশয়** অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলার চাপড়া বিধানসভা কেন্দ্র এলাকায় যেখানে প্রায় প্রতি বছর বর্ষার জমা জলে জলমগ্ন হইয়া হাজার হাজার বিঘার ফসল নষ্ট হয় এবং পুকুর ও বিলের মাছ ভাসিয়া যায়, সেখানে খাল খনন করিবার এবং মৎস্য চাষ ও সেচের ব্যবহারের জন্য রিজার্ভয়ার তৈয়ারির কোন পরিকল্পনা সরকারের আছে কিনা;

(খ) থাকিলে, ঐ খাল কোন্ কোন্ অঞ্চলের মধ্য দিয়া যাইবে ও কোন্ কোন্ বিলকে সংযুক্ত করিবে; এবং

(গ) কোন্ স্কীম-এর মাধ্যমে ঐ খাল খনন করা হইবে ও কবে নাগাত ঐ খাল খনন করা আরম্ভ হইবে?

শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরীঃ (ক) এইরূপ জলাশয় তৈরির কোনও পরিকল্পনা সেচ দপ্তরের নাই। তবে একটি জলনিকাশী পরিকল্পনা বিবেচনাধীন আছে।

(খ) প্রস্তাবিত খালটি পাথারিয়া, সুকনীর এবং আড়ংসরিয়া বিলকে সংযুক্ত করিবে।

(গ) এই স্কীমটির নাম চাপড়া থানার পাথারিয়া, সুকনীর এবং আড়ংসরিয়া বিল জলনিকাশী পরিকল্পনা। বর্তমানে বলা সম্ভব নয়।

রূপনারায়ণ নদের ভাঙ্গন

***৬০৮।** (অনুমোদিত প্রশ্ন নং *১৩৫০।) **শ্রীঅহীন্দ্র মিশ্রঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার মহিষাদল থানায় রূপনারায়ণ নদের প্রচণ্ড ভাঙ্গন রোধের জন্য সরকার ১৯৭১-৭২ এবং ১৯৭২-৭৩ (ফেব্রুয়ারি)-এর মধ্যে কত টাকা ব্যয় করেছেন;

(খ) উল্লিখিত সময়ের মধ্যে ঐ কাজে কোন্ কোন্ কন্ট্রাক্টর নিযুক্ত ছিল;

(গ) ভাঙ্গনের স্থায়ী প্রতিরোধ সম্ভব হয়েছে কিনা এবং না হলে, স্থায়ী সমাধানের জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কি; এবং

(ঘ) পরিকল্পনা থাকিলে, তাহার বিবরণ?

শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরীঃ (ক) ১৯৭১-৭২ সালে ছয় লক্ষ চুয়াত্তর হাজার দুইশত উনসত্তর টাকা এবং ১৯৭২-৭৩ সালে (ফেব্রুয়ারি পর্যন্ত) চার লক্ষ পঁষট্টি হাজার ছয়শত পাঁচ টাকা।

(খ) ঐ কাজে নিয়োজিত কন্ট্রাকটরদের নামঃ

(১) মেসার্স এস এম কনস্ট্রাকসন কোং,

(২) শ্রীপতিচন্দ্র মণ্ডল,

(৩) আর বি কনস্ট্রাকসন,

(৪) শীলা ইঞ্জিনীয়ারিং,

(৫) তাম্রলিপ্ত ইঞ্জিনীয়ারিং কোং,

(৬) হিমাংশুকুমার বেরা,

(৭) পি মাইতি,

(৮) মেসার্স ভৌমিক ব্রাদার্স,

(৯) হৃদয় ইঞ্জিনীয়ারিং,

(১০) কে এস কনস্ট্রাকসন,

(১১) বীরেন বেরা, এবং

(১২) রাম সামন্তই।

(গ) ভাঙ্গনের স্থায়ী প্রতিরোধ এখনও সম্ভব হয় নাই। স্থায়ী সমাধান অনুসন্ধান সাপেক্ষ।

(ঘ) বর্তমানে এই প্রশ্ন উঠে না।

শ্রীঅহীন্দ্র মিশ্রঃ মন্ত্রিমহাশয় বলছেন ভাঙ্গনের স্থায়ী প্রতিরোধ এখনও সম্ভব হয় নি এবং স্থায়ী সমাধান অনুধাবন সাপেক্ষে এই ভাঙ্গনটা খুব গুরুত্বপূর্ণ ব'লে কি মনে করেন?

শ্রী এ বি এ জি খাঁন চৌধুরীঃ সব জিনিসগুলোকেই গুরুত্বপূর্ণ ব'লে মনে করছি এবং ইরোশান বন্ধ করার জন্য গোটা পশ্চিমবাংলায় একটা স্কিম নিচ্ছি। এবং এটা মাননীয় সদস্যরা বুঝতে পারছেন যে, আমাদের সীমিত অর্থের জন্য আমরা অনেক জায়গায় এই সব কাজ করতে পারছি না। কিন্তু আমি সেদিন বাজেট স্পিচে বলেছি যে, আমরা একটা হোয়াইট পেপার বের করছি। সেখানে আমাদের সাজেসন থাকবে যে আমরা কি করে টাকা সংগ্রহ ক'রে তাড়াতাড়ি কাজগুলো করতে পারবো।

শ্রীঅহীন্দ্র মিশ্রঃ স্থায়ী সমাধান অনুসন্ধান করবেন বলছেন, কি ধরনের স্থায়ী সমাধানের কথা চিন্তা করছেন?

শ্রী এ বি এ জি খাঁন চৌধুরীঃ ইরোশন বন্ধ করতে হ'লে যা যা করতে হয় যেমন সাইনটিফিক্যালি এক্সপার্টস অ্যান্ড আদার থিংস, সেইগুলো আমরা পরিকল্পনা করবো যাতে আমরা ইরোশন বন্ধ করতে পারি।

শ্রীঅহীন্দ্র মিশ্রঃ কবে নাগাত শুরু হবে, মন্ত্রিমহাশয় কি বলতে পারবেন?

শ্রী এ বি এ জি খাঁন চৌধুরীঃ আমরা খুব তাড়াতাড়ি চেষ্টা করছি। মাননীয় স্পীকার, স্যার, তবে আমি কন্টেক্সট একটু বলতে চাই যে, আমাদের ইরিগেশন ডিপার্টমেন্ট-এর প্ল্যানিং সেক্শনে ভাল কাজ হ'ত না। আমরা ক্ষমতায় এসে এই প্ল্যানিং সেক্শন যাতে ভাল কাজ করতে পারে, প্রত্যেক জেলার একটা তথ্য দিতে পারে ইরোশন এবং ফ্লাড কন্ট্রোল অ্যান্ড ইরিগেশন সম্বন্ধে, সেটা আমরা চেষ্টা করছি।

শ্রীঅহীন্দ্র মিশ্রঃ মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে, ১৯৭১-৭২ সালে ছয় লক্ষ চুয়াত্তর হাজার দুইশত ঊনসত্তর টাকা এবং ১৯৭২-৭৩ সালে চার লক্ষ পঁয়ষট্টি হাজার ছয়শত পাঁচ টাকা ব্যয় করা হয়েছে এবং তাতে যেসব কনট্রাকটার কাজ করেছেন ব'লে এই মাত্র বললেন, এই সব কনট্রাকটাররা কি ওখানে স্থায়ী ভাবে করছেন এবং ঐসব কনট্রাকটারদের কাজের সততা সম্পর্কে আপনি কি নিঃসন্দেহ?

শ্রী এ বি এ জি খাঁন চৌধুরীঃ আই কান্ট অ্যানসার দিস।

[2-00—2-10 p.m.]

Mr. Speaker: Now we take up held over questions. Regarding the held over questions, a point of order was raised. I am not going to give my ruling just now. I am going to check up all the proceedings of our Legislative Assembly as far as possible and I will give my considered opinion after sometime. If possible to-morrow.

Dr. Zainal Abedin: Sir, in this connection could we place some facts ›fore you after the held over questions are disposed of?

Mr. Speaker: Yes.

HELD OVER STARRED QUESTIONS

(to which oral answers were given)

সেচ প্রকল্প

*৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *২২।) **ডাঃ রমেন্দ্রনাথ দত্তঃ** সেচ ও জলপথ বিভাগের ন্ত্রমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭১ সনের মার্চ হইতে ১৯৭২ সনের ৩১এ ডিসেম্বর পর্যন্ত সেচ বিভাগ হইতে মালদহ জেলার জন্য কতগুলি স্কীম স্যাংশন করা হইয়াছে এবং ঐ বাবতে কত টাকা খরচ করা হইয়াছে;

(খ) উক্ত সময়ের মধ্যে উত্তরবঙ্গের বাকী চারটি জেলার (দার্জিলিং, জলপাইগুড়ি, কুচবিহার ও পশ্চিম দিনাজপুর) জন্য ঐরূপ কতগুলি স্কীম স্যাংশন করা হইয়াছে এবং কত টাকা খরচ করা হইয়াছে: এবং

(গ) উক্ত সময়ের মধ্যে সারা পশ্চিমবাংলায় সেচ বিভাগ হইতে কত টাকা (এস্টাব্লিশমেন্ট কস্ট বাদে) খরচ করা হইয়াছে?

শ্রীআবদুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরীঃ (ক) ১৯৭১ সনের মার্চ মাস হইতে ৯৭২ সনের ডিসেম্বর পর্যন্ত সেচ বিভাগ হইতে মালদহ জেলার জন্য চারিটি স্কীম স্যাংসন রা হইয়াছে এবং এ বাবত ৩,৯৭,০৫৫ টাকা খরচ হইয়াছে।

(খ) উক্ত সময়ের মধ্যে উত্তরবঙ্গের বাকী চারিটি জেলার (দার্জিলিং, জলপাইগুড়ি, কুচবিহার পশ্চিম দিনাজপুর) জন্য এরূপ ২৭টি স্কীম স্যাংসন করা হইয়াছে এবং ১,২১,৬৫,৭৬৭ টাকা রচ হইয়াছে।

(গ) উক্ত সময়ের মধ্যে সারা পশ্চিমবাংলায় সেচ বিভাগ হইতে ৬,৫২,১১,৪৬৮ টাকা াস্টাবলিসমেন্ট কস্ট বাদে) খরচ হইয়াছে।

শ্রীরমেন্দ্রনাথ দত্তঃ ফ্লাড কন্ট্রোলের জন্য সেন্ট্রাল থেকে যে টাকা দেওয়া হয়েছিল সেটা কি র মধ্যে ধরা হয়েছে?

শ্রীআবদুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরীঃ আপনার প্রশ্নটাতে আপ টু ডেট বোঝাচ্ছে . এটা ১৯৭১ সালের সেপ্টেম্বর থেকে ডিসেম্বর পর্যন্ত। সুতরাং আপ টু ডেট ফিগার ন্য রকম।

শ্রীরমেন্দ্রনাথ দত্তঃ ১৯৭২ সালে কত টাকা ফ্লাড কন্ট্রোলে খরচ হয়েছে?

শ্রীআবদুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরীঃ সব কিছু নিয়ে?

শ্রীরমেন্দ্রনাথ দত্তঃ আপনি বললেন যে ২৭টি দিচ্ছেন, পশ্চিম দিনাজপুরে, জলপাইগুড়িতে ার দার্জিলিং-এর। এই স্কীমগুলির নাম বলতে পারবেন এবং কত টাকা লাগবে সেটা?

শ্রীআবদুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরীঃ আপনি নোটিস দেবেন ব'লে দেব।

শ্রীরমেন্দ্রনাথ দত্তঃ একটা লিস্ট কি টেবিলে দিতে পারবেন?

শ্রীআব্দুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী ঃ ডেফিনিটলী।

শ্রীরমেন্দ্রনাথ দত্ত ঃ পশ্চিম দিনাজপুর জেলায় কতগুলি স্কীম আছে ?

শ্রীআব্দুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী ঃ আপনি এটা আমার দৃষ্টিতে আনলেন, সুতরাং আমি আপনাকে পরে জানাব।

বর্গাদার উচ্ছেদ

*৪২৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬৪৭।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় বহু বর্গাদার উচ্ছেদ হইয়াছে;

(খ) সত্য হইলে বিভিন্ন জেলায় কতজন করিয়া বর্গাদার উচ্ছেদ হইয়াছে;

(গ) বাঁকুড়া জেলার বিভিন্ন ব্লকে কতজন ভাগচাষী উচ্ছেদ হইয়াছে; এবং

(ঘ) উক্ত উচ্ছেদের জন্য সরকার হইতে কি কি ব্যবস্থা লওয়া হইতেছে ?

শ্রীগুরুপদ খাঁন ঃ (ক) বহু বর্গাদার উচ্ছেদের সংবাদ সত্য নহে, কিছু কিছু উচ্ছেদের সংবাদ সরকারের গোচরে আসিয়াছে।

(খ) ও (গ) একটি বিবরণী টেবিলে রাখা হইল।

(ঘ) ঘটনাগুলি তদন্ত করিয়া পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার আইনের ১৯ক(২) ও ১৯খ ধারার বিধান অনুযায়ী ব্যবস্থা লওয়া হইতেছে।

(খ) বিভিন্ন জেলায় বর্গাদার উচ্ছেদের সংখ্যা ঃ

জেলা	সংখ্যা
হাওড়া	×
মালদা	৪
পুরুলিয়া	×
হুগলী	৪
পশ্চিম দিনাজপুর	৭
বাঁকুড়া	৮
বীরভূম	৩০
বর্ধমান	৬
দার্জিলিং	×
কুচবিহার	৬৪
মুর্শিদাবাদ	৩৫
২৪-পরগনা	৭১
মেদিনীপুর	১৪
নদিয়া	৩
জলপাইগুড়ি	১৫

(গ) বাঁকুড়া জেলার বিভিন্ন ব্লকে ভাগচাষী উচ্ছেদের সংখ্যা ঃ

ব্লকের নাম	সংখ্যা
বাঁকুড়া ১	×
বাঁকুড়া ২	×
ছাতনা	×
সালতোড়া	×
মেঝিয়া	×
গঙ্গাজলঘাটি	×
বরজোরা	২
ইন্দপুর	×
খাটরা ১	×
খাটরা ২	×
রাণীবন্দ	২
রায়পুর ১	×
রায়পুর ২	×
তালডাংরা	×
সিমলাপাল	×
ওন্ডা	×
বিষ্ণুপুর	×
জয়পুর	×
কোতুলপুর	×
সোনামুখী	×
পাত্রসায়ের	৪
ইন্দাস	×

শ্রীকাশীনাথ মিশ্র ঃ পশ্চিমবাংলায় এই যে ১৩১টি উচ্ছেদ হয়েছে এই উচ্ছেদের জন্য বর্তমানে কোন তদন্ত হয়েছে কি ?

শ্রীগুরুপদ খাঁন ঃ তদন্ত হয়েছে এবং বিধান অনুযায়ী ব্যবস্থা করা হয়েছে।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ কোন্ সালে এই উচ্ছেদগুলি হয়েছে ?

শ্রীগুরুপদ খাঁন ঃ আমার কাছে রেকর্ড নেই ব'লে বলতে পারছি না ঠিক কোন্ সালে হয়েছে। তবে যদি জানতে চান পরে জানাব।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ ১৩১ জন যে বর্গাদার উচ্ছেদ হয়েছে তাতে জমির পরিমাণ কত ?

শ্রীগুরুপদ খাঁন ঃ পরে প্রশ্ন করলে জবাব দেব।

আসানসোল ব্লকের গ্রাম বৈদ্যুতিকরণ

*৪২৪। (অনুমোদিত প্রশ্ন নং *৭০৭।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, আসানসোল ব্লকের অধীনস্থ গ্রামসমূহে গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজ বিন্দুমাত্র অগ্রসর হয় নাই;

(খ) সত্য হইলে, উক্ত ব্লকের অধীনস্থ গ্রামসমূহে বৈদ্যুতিকরণের কাজ বিলম্বিত হওয়ার কারণ কি; এবং

(গ) আসানসোল শহরের নিকটবর্তী গাড়ুই, গোবিন্দপুর, কুমারপুর, পলাসডিহা শীতলা, উত্তরধাদকা, মোজুড়ি, বনসরাকডি, কাল্লা, সাতপুখুরিয়া, পাঁচগাছিয়া, কন্যাপুর, মনোহরবহাল, মরিচকোঠা প্রভৃতি গ্রামে এখনও পর্যন্ত বিদ্যুৎ সরবরাহ না করার কারণ কি?

Mr. Speaker: I call upon Shri Abdul Bari Biswas to put this question.

Shri Abdul Bari Biswas: Admitted question No. 707.

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury: Sir, this question may be held over. Some information could not be collected.

Mr. Speaker: Some information relating to this question could not be collected and so it is held over.

Mahananda Master Plan

***434.** (Admitted question No. '881.) **Shri A. H. Besterwitch:** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) if the Government is aware of the fact that the lowest tenderer in respect of the works "Bhaluka Closing", "Bhaluka Channel", "Debipur Closing" and "Debipur Channel", under Mahananda Master Plan, have not been given the work;

(b) if so, the reasons thereof; and

(c) the name of the contractor who has been given the contract for the above works?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury: (a) Yes.

(b) The rates of the lowest tenderers being very low were considered unworkable; hence the work could not be entrusted to them.

(c) Messrs. Escon.

Shri A. H. Besterwitch: I think it is the practice of the government that when tenders are called, the lowest tender is accepted. Will the Hon'ble Minister be pleased to let me know how he came to the finding that the lowest tender was not workable?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury: According to the advice given to me by the Executive Engineer and the Superintending Engineers.

Shri A. H. Besterwitch: Will the Hon'ble Minister be pleased to state whether he is working under the instructions of his executives?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury: Actually that is not so, but on technical matters one has got to be guided by technical persons.

Shri A. H. Besterwitch: Is the Hon'ble Minister aware of the fact that another contract has been given to the same person without tenders being called?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury: That is not correct. I will explain the position. Although according to the rules in force the lowest tender has to be accepted, the rules also provide that in selecting the tender to be accepted the financial status of the individuals and firms tendering must be taken into consideration in addition to all other relevant factors. The reasons as to why government accepted the suggestions given by the Superintending Engineers and Executive Engineer are these. The tenders were opened on 18th January 1973. The lowest tendered rate varied from 37.85 to 11.89 below the schedule of rates for the four works. These very low rates were considered unworkable because works at Bhaluka and Debipur which were distributed last year through tender on rates 18.25 per cent. below and 17.13 per cent. below the schedule respectively could not be executed due to the poor rates.

[2-10—2-20 p.m.]

The result was havoc. Though there was no drought last year, in that particular area there was erosion and, moreover, at the present moment we are working on a time-bound schedule. So, in order to maintain the time-bound schedule we have to look into the speed of the work. The work of construction of pilot channel and construction of cross bundh across the river are allied works and one is dependent upon the other. As such, if two different contractors were entrusted with the two works of pilot channel and cross bundh, there was every likelihood of upsetting of the programme of work. In case one contractor failed to execute the work properly, hardly any time would have been left within this working season to get the work done through another agency after taking action against the contractor who had failed, in conformity with the contract clauses. This would have resulted in deferment of the work beyond this working season causing not only grave concern to the people to be benefited by these works, but also deferment of execution of the Mahananda Embankment Scheme itself. Over and above, there would have been a great deal of infructuous expenditure. It was, therefore, considered desirable to allot all the four works in question to a single contractor of sufficient capability and experience in river closing works.

Altogether 24 contractors participated in the tenders for the works and of them only 4 contractors participated in the tenders for all the four works. The names of these 4 contractors and their tendered rates are as follows:—

1. Messrs. Escon—9 per cent. below.
2. Messrs. Neo-built Corporation—7 per cent. below.

3. Messrs. Harmony Engineering—15 per cent. above.
4. Messrs. R. N. Lahiri & Co.—25 per cent. above.

Of the 4 contractors who tendered for all the four works, Messrs. Escon quoted the lowest rate, viz., 9 per cent. below for all the four works. Considering their past experience all the four works in question were entrusted to Messrs Escon at the tendered rate of 9 per cent. below the schedule, which was considered fair and workable.

Central assistance by way of loan was obtained for the Mahananda Embankment Scheme. Had the funds for the scheme been not spent during this financial year for selection of bad contractors, the State Government would have to face bitter criticism for non-utilisation of funds.

Shri A. H. Besterwitch: Will the Hon'ble Minister be pleased to state, if it is a fact that these persons who submitted lowest tenders did not receive this order because they were not agreeable to pay certain percentages to the officers concerned?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury: I am not aware of this sort of things.

Shri A. H. Besterwitch: I know personally that this is the custom.

Mr. Speaker: Mr. Besterwitch, the Minister says that he is not aware of it.

Shri A. H. Besterwitch: I know it personally, Sir, this is the custom.

(Noise)

Shri Abdul Bari Biswas: On a point of order, Sir.

Shri A. H. Besterwitch: I ask you to stop.

(Noise)

Shri Abdul Bari Biswas: On a point of order, Sir. On a point of order, Sir...

Mr. Speaker: Shri Biswas, he is the leader of a party sitting in the opposition. So far three members have come. Please allow him to speak and I think the Ministers are competent enough to give fitting and proper replies to the supplementaries. Why are you agitating? I will request Shri Biswas to allow the honourable member, Shri Besterwitch, to put his supplementary.

Shri A. H. Besterwitch: I know for a fact that this is the custom prevalent from the British period. I want to ask, is the Hon'ble Minister going to make an enquiry regarding the particular incident and if it is found that any offence is committed, will he take action against the person cencerned?

Shri Abul Barkat Atawal Chani Khan Chowdhury: We are trying to combat corruption and I think no Government was more conscious than what the Government is doing at the present moment. Honourable member is aware that there is a committee headed by a retired High Court Judge. If he has any grievance he can refer it to me and I will refer that to him, and Government will bow down to its verdict.

STARRED QUESTIONS

(to whiich answers were laid on the table)

বন্যাবিধ্বস্ত এলাকায় খাজনা মকুব

*৫৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩৩।) **শ্রীনিতাইপদ সরকারঃ** ভূমি এবং ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার ১৯৭১ সালের বন্যাবিধ্বস্ত এলকায় খাজনা মকুবের সিদ্ধান্ত ঘোষণা করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, ইহা কার্যকর করিবার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

ভূমি এবং ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৭১ সালের সেপ্টেম্বর মাসে হুগলী, বর্ধমান, বীরভূম, হাওড়া, মেদিনীপুর, নদীয়া, মুর্শিদাবাদ, মালদহ, জলপাইগুড়ি, ২৪-পরগনা ও কুচবিহার জেলার সমাহর্তাদের বন্যাবিধ্বস্ত এলাকায় খাজনা আদায় স্থগিত রাখিতে এবং যে সকল এলাকায় খাজনা মকুব করা প্রয়োজন তাহা জানাইয়া প্রয়োজনীয় প্রস্তাবাদি পাঠাইতে নির্দেশ দেওয়া হইয়াছিল।

(খ) এ পর্যন্ত কেবল নদীয়া ও মুর্শিদাবাদ জেলার সমাহর্তাদের নিকট হইতে খাজনা মকুবের প্রস্তাব পাওয়া গিয়াছে এবং সেইগুলি সরকারের বিবেচনাধীন রহিয়াছে।

মেদিনীপুরে মোহরার ও কেরানী পদের জন্য নিয়োগপত্র

*৫৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *১০৬৫।) **ডাঃ ওমর আলিঃ** ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুরের জেলা কালেক্টর সম্প্রতি মোহরার ও কেরানী পদে ৬৮ জনকে নিয়োগপত্র দিয়েছেন; এবং আরও শতাধিক পদে নিয়োগপত্র দিবার প্রস্তুতি নিয়েছেন; এবং

(খ) সত্য হলে, কি পদ্ধতিতে ও কিসের ভিত্তিতে নিয়োগপত্র দেওয়া হয়েছে?

ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) দি ওয়েস্ট বেঙ্গল সার্ভিসেস স্পেশাল রিক্রুটমেন্ট টু নন-টেকনিক্যাল ক্লাস থ্রি অ্যান্ড ফোর সার্ভিসেস অ্যান্ড পোস্টস্) রুলস্, ১৯৭২ অনুযায়ী কেবিনেট সাব-কমিটি কর্তৃক নির্বাচিত ব্যক্তিদের নিয়োগপত্র দেওয়া হয়েছে।

ল্যান্ড অ্যাডভাইসরী কমিটি কর্তৃক খাস জমি বিলি

*৫৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *১২৯৯।) **শ্রীসামসুল আলম খানঃ** ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ল্যান্ড অ্যাডভাইসরী কমিটি যে খাস জমি বিলি-বন্দোবস্ত দেন উহা চাষাবাদের সময়ের পূর্বে বিলি করার নির্দেশ সরকার দিয়াছেন কিনা;

(খ) দিয়া থাকিলে উহা পালিত হইতেছে কিনা তাহা দেখার কি ব্যবস্থা আছে; এবং

(গ) জে এল আর ও উপদেষ্টা কমিটির সম্পাদক হিসাবে সভা আহ্বান না করিলে উক্ত কমিটির চেয়ারম্যান সভা ডাকাইয়া খাস জমি বিলির ব্যবস্থা করিতে পারেন কি?

ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ব্লক পর্যায়ে ভূমি সংস্কার উপদেষ্টা কমিটিগুলি ১৯৭২ সনের এপ্রিল মাসে পুনর্গঠন করা হয় এবং তাহাদিগকে তৎক্ষণাৎ কার্য শুরু করিতে নির্দেশ দেওয়া হয়।

(খ) ভূমি বণ্টন করা হয় ভূমিসংস্কার সার্কেল অফিস হইতে এবং এই অফিসগুলির কাজকর্ম পরিদর্শন করেন মহকুমা ভূমিসংস্কার আধিকারিক এবং অতিরিক্ত জেলাশাসক (ভূমিসংস্কার)।

(গ) ভূমিসংস্কার উপদেষ্টা কমিটির স্থায়ী কোনও চেয়ারম্যান নাই। প্রতিটি সভায় উপস্থিত সদস্যগণই তাঁহাদের মধ্য হইতে সভার চেয়ারম্যান নির্বাচন করেন। জে এল আর ও উপদেষ্টা কমিটির সভা আহ্বান করিতে অযথা বিলম্ব করিতেছেন এরূপ কোনও অভিযোগ পাওয়া যায় নাই।

হুগলী জেলায় 'বোরো' ধান চাষের জন্য ডি ভি সি-র জল

*৬০৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৩১২।) **শ্রীবলাইলাল শেঠঃ** সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলায় ডি ভি সি-র জলের উপর নির্ভর ক'রে কত একর জমিতে "বোরো" ধান চাষ হইয়াছে; এবং

(খ) উক্ত চাষের জন্য কত দিন অবধি ডি ভি সি জল দিবার ব্যবস্থা করিয়াছেন?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বর্তমান বৎসরে (১৯৭২-৭৩) সালে প্রায় ৪০,০০০ একর জমিতে বোরো চাষ হইয়াছে।

(খ) ডি ভি সি (দামোদর ভ্যালি কর্পোরেশন)-এর জলাধারে জল থাকিলে ১৯৭৩ সালে ১৫ই এপ্রিল পর্যন্ত জল দেওয়ার চেষ্টা করা হইবে।

মসলিন শাড়ি

*৬০৯। (অনুমোদিত প্রশ্ন নং *৬৪।) **শ্রীমহম্মদ সফিউল্লাঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কুটির শিল্পের উন্নতিকল্পে মসলিন শাড়ির এদেশে উৎপাদন ও প্রচলন করার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কি না; এবং

(খ) থাকিলে, তাহা কি?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) মসলিন শাড়ি উৎপাদনের জন্য কোন পরিকল্পনা সরকারের নাই।

(খ) প্রশ্ন উঠে না।

কলিকাতা হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি

*৬১০। (অনুমোদিত প্রশ্ন নং *৯১২।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলিকাতা হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি এ পর্যন্ত ৫৬ লক্ষ টাকা লোকসান দিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, উক্ত লোকসানের কারণ কি ও সরকার উক্ত সোসাইটি সম্পর্কে কিরূপ কর্মপন্থা গ্রহণ করিয়াছেন?

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না। পরীক্ষিত হিসাব অনুযায়ী ৩০শে জুন, ১৯৭১ সাল পর্যন্ত ঐ সমিতির লোকসানের পরিমাণ ২৪,৮০,০০০ টাকা।

(খ) অনুমোদিত প্রাথমিক সমিতিগুলি কর্তৃক কলিকাতা হোলসেলকে দেয় প্রায় ২৪ লক্ষ টাকা বকেয়া রাখা অথচ ঐ অর্থের দরুন কলিকাতা হোলসেলের উচ্চ হারে সুদ প্রদান, বাড়িভাড়া এবং পরিচালনা ব্যয়ের বাহুল্য এবং নিয়মিত উপযুক্ত পরিমাণে চাহিদামত পণ্যসামগ্রী সরবরাহের ব্যবস্থার অভাব এবং অন্যান্য সংগ্রহ ব্যবস্থার ত্রুটি এই সমিতির ক্ষতির প্রধান কারণ। পরিচালন ব্যবস্থার ত্রুটির জন্য সম্প্রতি সরকার ঐ সমিতির পরিচালন কমিটি ভাঙিয়া দিয়া তাহার স্থলে একটি উচ্চক্ষমতাসম্পন্ন 'বোর্ড অফ অ্যাডমিনিস্ট্রেটরস্' নিয়োগ করিয়াছেন।

ভগবানগোলা থানায় জমি জরিপ ও সমীক্ষা

***৬১১।** (অনুমোদিত প্রশ্ন নং *১০১৬।) **শ্রীমহম্মদ দেদার বক্স:** ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা থানায় বর্তমান বৎসরে জমি জরিপের ও সমীক্ষার কাজ হবে না;

(খ) সত্য হলে, তার কারণ কি; এবং

(গ) কোন্ সময় উক্ত থানায় জরিপের কাজ আরম্ভ হবে ও কিভাবে হবে?

ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) মুর্শিদাবাদ জেলার জমি জরিপের ও রেকর্ড সংশোধনের কাজ পাঁচ বৎসরের মধ্যে সম্পূর্ণ করার জন্য কর্মসূচি অনুসারে উক্ত জেলাকে পাঁচটি ব্লকে ভাগ করা হইয়াছে। ভগবানগোলা থানার কাজ বর্তমান বৎসরের কর্মসূচির মধ্যে নাই।

(গ) পশ্চিমবঙ্গ ভূমিসংস্কার আইন ও নিয়মাবলীর বিধান অনুযায়ী উক্ত থানায় জরিপের কাজ আগামী বৎসর হ'তে আরম্ভ হবার কথা।

সুতার অভাবে তাঁত শিল্পের ক্ষতি

***৬১৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৪০।) **শ্রীনিতাইপদ সরকারঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, সুতার অভাবে নদীয়া জেলার তাঁত শিল্প ধ্বংস হইতে চলিয়াছে; এবং

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি কি ব্যবস্থা গ্রহণে উদ্যোগী হইয়াছেন?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) সুতার অভাবে নদীয়া জেলার তাঁতশিল্পীরা যে বিশেষ সমস্যার সম্মুখীন হইয়াছেন সে সমস্যা সম্পর্কে সরকার অবহিত আছেন।

(খ) এই সমস্যার সমাধানের জন্য সরকার নিম্নলিখিত ব্যবস্থাসমূহ গ্রহণ করিয়াছেনঃ—

(১) ভলান্টারি স্কীম এবং পুল ইয়ার্ন স্কীম অনুসারে নদীয়া জেলায় এ পর্যন্ত কো-অপারেটিভ সোসাইটি, অ্যাসোসিয়েশন ও অন্যান্যদের মোট ৭৮,০৬৬ কেজি হ্যাংক এর সুতা এবং ২৬,১৫০ কেজি কোন সুতা বরাদ্দ করা হইয়াছে।

(২) যাহাতে আরও সুতা এইসব স্কীম অনুসারে নদীয়া জেলায় দেওয়া যায় এবং কো-অপারেটিভ ও আদার দ্যান কো-অপারেটিভ।

জমির খাজনার হার

***৬১৫।** (অনুমোদিত প্রশ্ন নং *১০৭৫।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিক:** ভূমি এবং ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে একর প্রতি জমির খাজনার হার কত; এবং

(খ) ১৯৭১ সালে ও ১৯৭২ সালে ঐ হার কত ছিল?

ভূমি সম্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ১৯৭২ সালে পশ্চিমবঙ্গ ভূমি-সংস্কার আইনের ২৩খ ধারার সংশোধন করে যে সকল রায়ত ভূমিরাজস্ব রেহাই পাবার যোগ্য নন তাঁদের ক্ষেত্রে রাজস্ব সেচ এলাকায় তিনগুণ ও অন্য এলাকায় দ্বিগুণ বর্ধিত করা হয়েছে। সর্বক্ষেত্রে প্রযোজ্য একর প্রতি রাজস্বের কোন হার আইনে নিরূপিত হয় নাই।

(খ) জমিদারী উচ্ছেদের পূর্বে প্রজারা যে হারে ঊর্ধ্বতন মধ্যস্বত্বাধিকারীদের খাজনা দিতেন, সেই হারেই ১৩৭৮ সন পর্যন্ত রাজস্ব দেয় ছিল।

ঘিয়া ও কুন্তী নদীর অববাহিকা

***৬১৬।** (অনুমোদিত প্রশ্ন নং *১৩২৬।) **শ্রীকাশীনাথ পাত্র:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঘিয়া ও কুন্তী নদীর অববাহিকা উন্মুক্ত করার পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন কি; এবং

(খ) করিয়া থাকিলে, কবে নাগাদ উহার কাজ আরম্ভ হইবে?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ, প্রয়োজনীয় অনুসন্ধান ও পরিকল্পনা কার্য সরকার গত বৎসরেই গ্রহণ করিয়াছেন।

(খ) কেন্দ্রীয় জল ও বিদ্যুৎ পর্ষদের নিকট হইতে টেকনিক্যাল ক্লিয়ারেন্স পাওয়া গেলে এবং প্রয়োজনীয় অর্থের সংস্থান হইলেই কাজটি শুরু করা সম্ভব হইবে।

বাঁকুড়া জেলায় মধ্যস্বত্বভোগীদের ক্ষতিপূরণ

***৬১৮।** (অনুমোদিত প্রশ্ন নং *১১৪১।) **শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী:** ভূমি সম্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় কতজন মধ্যস্বত্বভোগীদের ১৯৭২ সালে ক্ষতিপূরণ দেওয়া হইয়াছে;

(খ) তাহাদের মধ্যে কতজনের ক্ষতিপূরণ পাঁচ হাজার টাকার মধ্যে ও কতজনের তার বেশী;

(গ) সরকার কি অবগত আছেন যে, ঐ সকল ক্ষতিপূরণ পাওয়ার জন্য জনসাধারণকে অনেকক্ষেত্রে বিশেষ অসুবিধায় পড়িতে হয়; এবং

(ঘ) অবগত থাকিলে, সে সম্বন্ধে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

ভূমি সম্ব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ৭,০০৪ জনকে।

(খ) যাঁদের ক্ষতিপূরণের পরিমাণ ৫,০০০ টাকার মধ্যে তাঁদের সংখ্যা ৫,৭৯০; যাঁদের পরিমাণ তদূর্ধ্বে তাঁদের সংখ্যা ১,২৪৪ জন।

(গ) না।

(ঘ) যাঁদের ক্ষতিপূরণের পরিমাণ ৫,০০০ টাকার মধ্যে তাঁদের তাড়াতাড়ি ক্ষতিপূরণ দেওয়ার জন্য বিশেষ ব্যবস্থা নেওয়া হয়েছে।

Typists, Copyists and Mappists in the Land Utilisation and Reforms Department

*619. (Admitted question No. *1316.) **Shri SHISH MOHAMMAD:** Will the Minister-in-charge of the Land Utilisation and Reforms Department be pleased to state—

(a) if it is a fact that several persons are engaged as Typists, Copyists and Mappists in the Department of Land Utilisation and Reforms; and

(b) if the answer to (a) be in the affirmative, what are (i) their service conditions and (ii) if they are regarded as regular Government employees?

The Minister for Land Utilisation and Reforms Department. (a) It is a fact that persons are engaged as Typists and Copyists on a remuneration basis, but there is no post of Mappist.

(b) (i) These Typists and Copyists are allowed a fee of Re.0.16 per folio subject to the provision that a Typist shall receive a minimum guaranteed remuneration of Rs.120 p.m. and a Copyist a minimum guaranteed remuneration of Rs. 80 p.m. They are also entitled to an additional remuneration at 37 per cent. of the said remuneration. Besides, D.A., House-rent allowance and Medical Allowance at the admissible rates are also allowed to them. An ad-hoc increase in remuneration at the rate of Rs.7.50 has recently been sanctioned. They are also entitled to the Contributory Provident Fund benefit, quasi-permanency/permanent status benefit, etc.

বন্যা প্রতিরোধ ব্যবস্থা

*৬২০। (অনুমোদিত প্রশ্ন নং *৭৫।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, প্রতি বছর পশ্চিমবঙ্গে জেলায় জেলায় যে ব্যাপক বন্যা হচ্ছে তার স্থায়ী প্রতিকারকল্পে সরকার কোন ব্যবস্থা অবলম্বন করেছেন কিনা এবং করে থাকলে, কি প্রকার ব্যবস্থা করেছেন?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ১৯৫৯ সনে প্রবল বন্যার পর সর্দার মানসিং-এর সভাপতিত্বে গঠিত বন্যা অনুসন্ধান কমিটি বিশদ অনুসন্ধানের পর দক্ষিণ, পশ্চিম ও মধ্য পশ্চিম-বঙ্গের বন্যা নিয়ন্ত্রণ ও বন্যা প্রতিরোধ এবং জলনিকাশী ব্যবস্থার এক বিশদ প্রতিবেদন পেশ করেন এবং সুনির্দিষ্ট পরিকল্পনাসমূহ (যাহাকে মাস্টার প্ল্যান বলা হয়) কার্যকর করার জন্য সুপারিশ করেন। সুপারিশমত প্রয়োজনীয় জরিপ ও অনুসন্ধান কার্যের পর বিশদ প্রকল্প প্রস্তুত ক'রে তা সীমিত অর্থ বরাদ্দের মধ্যে ক্রমান্বয়ে রূপায়িত করা হচ্ছে। উত্তরবঙ্গেও স্বল্প-মেয়াদী ও দীর্ঘমেয়াদী প্রকল্পসমূহ প্রস্তুত ক'রে অর্থ বরাদ্দমত কার্যকর করা হচ্ছে।

অনেকগুলি প্রকল্পের কাজ এর মধ্যেই শেষ হয়েছে এবং আরও অনেকগুলি কাজ বর্তমানে চলছে। এর ফলে বন্যাবিধ্বস্ত কিছু কিছু এলাকা উপকৃত হয়েছে। কিন্তু তা যথেষ্ট নয়।

সমস্ত প্রকল্প তাড়াতাড়ি রূপায়িত করতে যথেষ্ট অর্থের প্রয়োজন। কিন্তু দুঃখের বিষয়, রাজ্যসরকারের পক্ষে কেন্দ্রীয় সরকারের সাহায্য ব্যতিরেকে এই সমস্ত কাজের জন্য প্রয়োজনীয় অর্থ সংগ্রহ করা সম্ভবপর নহে। তাই প্রতি বৎসর সীমিত অর্থ বরাদ্দের মধ্যে প্রকল্পের কাজ গ্রহণ ক'রে কার্যকর করা হচ্ছে।

রাষ্ট্রায়ত্ত শিল্প কল-কারখানা

*৬২১। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪৭।) **শ্রীনিতাইপদ সরকার:** সরকারী সংস্থা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) ইহা কি সত্য যে, রাষ্ট্রায়ত্ত শিল্প কল-কারখানা লোকসানের ভিত্তিতেই চলিতেছে;

(খ) সত্য হইলে, কোন্ কোন্ ক্ষেত্রে কি পরিমাণ লোকসান হইতেছে; এবং

(গ) লোকসান বন্ধের কোন পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন কি?

সরকারী সংস্থা বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) এই বিভাগের অধীনস্থ কয়েকটি শিল্প কারখানা লোকসানের ভিত্তিতে চলিতেছে।

(খ) সংস্থার নাম		লোসানের পরিমাণ
		(সর্বসাকুল্যে ১৯৭১-৭২ সাল পর্যন্ত)
		টাকা
(১) দুর্গাপুর প্রোজেক্টস লিঃ	...	১৬,১৯,৮৬,৮৩৯
(২) দুর্গাপুর কেমিক্যালস্ লিঃ	...	৩,৯৭,৫২,১৭৭
(৩) কল্যাণী স্পিনিং মিলস্ লিঃ	...	৩,৩৮,৭৪,৮৭৯
(৪) ওয়েস্টিংহাউস স্যাক্সবি ফারমার লিঃ	...	১,২৭,৮৬,৬৫৩
		(সর্বসাকুল্যে ১৯৬৯-৭০ সাল পর্যন্ত)
(৫) ওয়েস্ট বেঙ্গল স্মল ইন্ডাস্ট্রিজ লিঃ	...	১৪,৩১,৮৭৪
		(সর্বসাকুল্যে ১৯৭০-৭১ সাল পর্যন্ত)
(৬) ইলেক্ট্রো মেডিকেল অ্যান্ড অ্যালায়েড ইন্ডাস্ট্রিজ লিঃ	...	১০,৪৭,০৬৮
		(সর্বসাকুল্যে ১৯৭০ ৭১ সাল পর্যন্ত)

(গ) যেসমস্ত সূচনা পাওয়া যাইতেছে তাহাতে প্রতীয়মান হয় যে, বর্তমানে বৎসরে এর মধ্যে অধিকাংশ প্রতিষ্ঠানে ক্ষতির পরিমাণ পূর্বাপেক্ষা উল্লেখযোগ্যভাবে কম হইবে:

(১) বিভিন্ন সরকারী শিল্প কারখানাগুলির মধ্যে পূর্ণ যোগসূত্র স্থাপন করিয়া সুনিয়ন্ত্রণের সাহায্যে প্রতিষ্ঠানগুলির কর্মদক্ষতা বৃদ্ধি করিবার উদ্দেশ্যে এই সরকারী সংস্থা (পাবলিক আন্ডারটেকিং) বিভাগের সৃষ্টি করা হইয়াছে।

(২) প্রতিষ্ঠানগুলির আভ্যন্তরীণ শৃংখলা পুনরুদ্ধার করার জন্য যথাযোগ্য ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে।

(৩) শিল্পপ্রতিষ্ঠানগুলির কাঁচামাল সরবরাহের ব্যাপারে বিভাগীয় কর্তৃপক্ষ তৎপর হইয়াছেন এবং প্রয়োজনবোধে কেন্দ্রীয় সরকার বা কেন্দ্রীয় সরকারী উদ্যোগগুলির সঙ্গে যোগাযোগ স্থাপন করিয়াছেন।

(৪) শিল্পপ্রতিষ্ঠানগুলির যন্ত্রপাতির মেরামত এবং রক্ষণাবেক্ষণের প্রতি মনোযোগী হইয়াছেন এবং প্রয়োজনবোধে বিদেশ হইতে যন্ত্রাংশ আমদানির ব্যাপারে তৎপর হইয়াছেন।

(৫) পরিচালনা ব্যবস্থা আরও দক্ষ, সৎ, যোগ্য এবং শ্রমিক-সহযোগিতামূলক ক'রে গ'ড়ে তোলা।

(৬) শিল্পপ্রতিষ্ঠানগুলির অব্যবহৃত ক্ষমতা যথাসম্ভব ব্যবহারের জন্য সচেষ্ট হইয়াছেন।

(৭) প্রতিষ্ঠানগুলির বোর্ডগুলির কার্যকরভাবে পুনর্গঠন করিয়াছেন এবং বোর্ডে শ্রমিক-নেতা গ্রহণ করিয়া কর্মীদের সহযোগিতার পথ প্রশস্ত করিয়াছেন।

(৮) প্রতিষ্ঠানগুলির উৎপাদন বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গৃহীত হইয়াছে।

(৯) প্রতিষ্ঠানগুলির জন্মগত ত্রুটিবিচ্যুতি দূর করার জন্য সাফল্যের জন্য প্রয়োজনীয় সম্প্রসারণের প্রস্তাব পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনার অন্তর্গত করার জন্য প্রস্তাব করা হইয়াছে।

(১০) প্রতিষ্ঠানগুলির উৎপাদনের বৈচিত্র্য ঘটাইবার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাইতেছে।

কুটির ও ক্ষুদ্র শিল্পের সম্প্রসারণ

***৬২২।** (অনুমোদিত প্রশ্ন নং *৯৭৪।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প দপ্তরের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কুটির ও ক্ষুদ্রশিল্পকে উৎসাহদানের জন্য রাজ্যসরকারের পক্ষ হইতে কি কি পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে;

(খ) কুটির ও ক্ষুদ্রশিল্প স্থাপন বাবত ১৯৭২-৭৩ সালে বিভিন্ন জেলায় কি পরিমাণ অর্থ দেওয়া হইয়াছে;

(গ) ১৯৭২-৭৩ সালে পশ্চিমবঙ্গের বিভিন্ন ব্লকে কুটির ও ক্ষুদ্রশিল্প স্থাপন বাবত প্রতি ব্লকে কি পরিমাণ অর্থ মঞ্জুরী করা হইয়াছে; এবং

(ঘ) কুটির ও ক্ষুদ্রশিল্প স্থাপনের জন্য অর্থ মঞ্জুরীর ব্যাপারে বেকার যুবকদের অগ্রাধিকার দেওয়া হয় কিনা?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) কুটির ও ক্ষুদ্র শিল্পকে উৎসাহ-দানের জন্য রাজ্যসরকারের তরফ হইতে নিম্নলিখিত সহায়ক প্রকল্পগুলি লওয়া হইয়াছে: যথা, (১) হস্তচালিত তাঁতশিল্পের জন্য কার্যকর মূলধন সরবরাহ; (২) কাঁচামাল সরবরাহ; (৩) উন্নত ধরনের তাঁত সরঞ্জাম বিতরণ; (৪) কারিগরি শিক্ষাদান; (৫) বি এস এ আই অ্যাক্ট অনুসারে অল্প সুদে ঋণদান; (৬) ভাড়া খরিদ পদ্ধতিতে দেশীয় যন্ত্রপাতির কেনার সুযোগ; (৭) বিদ্যুৎ ব্যবহার সম্পর্কে আর্থিক সহায়তা প্রদান, বাণিজ্য ব্যাংক থেকে ঋণস্বরূপ কার্যকর মূলধনের উপর দেয় সুদ সম্পর্কে আর্থিক সহায়তা প্রদান, কাঁচামাল ও মূলধনী যন্ত্রপাতি প্রভৃতির উপর আরোপণযোগ্য বিক্রয় কর ও প্রবেশ কর ফেরত দেওয়া; (৮) নির্বাচিত অনুন্নত জিলা বা অঞ্চলে মূলধন বিনিয়োগের উপর শতকরা ১০ ভাগ সরাসরি কেন্দ্রীয় অনুদান, ইত্যাদি।

(খ) কুটির ও ক্ষুদ্রশিল্প স্থাপন ও সম্প্রসারণ বাবত বি এস এ আই অ্যাক্ট অনুযায়ী যে পরিমাণ অর্থ ১৯৭২-৭৩ সালে দেওয়া হইয়াছে জেলাওয়ারী তাহার পরিমাণ লাইব্রেরী টেবিলে সংস্থাপন করা হইল।

(গ) জেলাশাসকগণকে বি এস এ আই অ্যাক্ট অনুযায়ী যে অর্থ বরাদ্দ করা হয় তাহা হইতে জেলাশাসকগণ ব্লকের চাহিদা অনুযায়ী অর্থ বরাদ্দ করেন।

(ঘ) কুটির ও ক্ষুদ্রশিল্প স্থাপনের জন্য অর্থমঞ্জুরির ব্যাপারে অন্যান্যদের মত বেকার যুবকরাও সকল প্রকার সুযোগসুবিধা পাইতে পারেন। এ ছাড়া শিক্ষিত বেকারদের জন্য কেন্দ্রীয় সরকারের সাহায্যপুষ্ট একটি বিশেষ প্রকল্প চালু আছে।

শ্যালো টিউবওয়েলের বৈদ্যুতিকরণ

***১০১।** (অনুমোদিত প্রশ্ন নং *১২০।) **শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে শ্যালো টিউবওয়েলের কতগুলি গত ৩১এ ডিসেম্বর পর্যন্ত বিদ্যুতায়িত করা হয়েছে;

(খ) ইতিপূর্বে চতুর্থ পরিকল্পনাকালের মধ্যে ৩৩ হাজার শ্যালো টিউবওয়েল বিদ্যুতায়িত হবে বলে স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের ও সরকারের যে ঘোষণা ছিল তা এখনও বলবৎ আছে কিনা; এবং

(গ) থাকিলে, তা পূরণের জন্য কি ব্যবস্থা করা হচ্ছে?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৩৪১টি।

(খ) সরকার চাহেন যে, যত বেশি সম্ভব স্যালো টিউবওয়েল বিদ্যুতায়িত হয়। তবে এ সম্বন্ধে সরকারের কোন নির্দিষ্ট ঘোষণা ছিল না। অবশ্য রাজ্য বিদ্যুৎ পর্ষদ চতুর্থ পরিকল্পনাকালের মধ্যে ৩৫ হাজার স্যালো টিউবওয়েল বিদ্যুতায়িত করার এক পরিকল্পনা গ্রহণ করেছিলেন। এই উদ্দেশ্যে রাজ্য বিদ্যুৎ পর্ষদ, সরকার এবং অন্যান্য উন্নয়নমূলক সংস্থার সহযোগিতায় কাজ করিতেছে।

(গ) এই কর্মসূচির রূপায়ণ কেবলমাত্র রাজ্য বিদ্যুৎ পর্ষদের একক প্রচেষ্টার উপর নির্ভরশীল নহে। ইহা বিভিন্ন কারণের উপর নির্ভর করে। এই উদ্দেশ্যে গ্রামীণ বৈদ্যুতীকরণ কর্পোরেশন, রাজ্যসরকারের কৃষি দপ্তর ও বিভিন্ন ব্যাঙ্কের সহযোগিতায় বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে। ইহা ছাড়া জরুরীভিত্তিক কর্মসূচি রূপায়ণের জন্য রাজ্য ও জেলা স্তরে বিভিন্ন কমিটি গঠিত হইয়াছে।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

আখেরীগঞ্জে পুলিস ক্যাম্প

১১৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৮০।) **শ্রীমহম্মদ দেদার বক্সঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মুর্শিদাবাদ-বাংলাদেশ সীমান্তে চুরি-ডাকাতি অত্যন্ত বেড়ে গেছে;

(খ) অবগত থাকলে, মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা থানার অধীন আখেরীগঞ্জে একটি স্থায়ী পুলিস ক্যাম্প স্থাপনের কথা সরকার চিন্তা করছেন কি;

(গ) স্থায়ী পুলিস ক্যাম্প বসানো হ'লে কবে নাগাদ বসানো হবে; এবং

(ঘ) উক্ত থানায় রাণীতলার অস্থায়ী ক্যাম্পকে স্থায়ীকরণের বিষয় সরকার চিন্তা করছেন কি?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ। খানিকটা বেড়ে গিয়েছে।

(খ) না।

(গ) প্রশ্ন উঠে না।

(ঘ) না।

হেমন্তকুমার বসুর মৃত্যুর তদন্ত

১২০। (অনুমোদিত প্রশ্ন নং ৫১৮।) **শ্রীরবীন্দ্র ঘোষঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) একথা কি সত্য যে, একটা কেন্দ্রীয় তদন্ত ব্যুরোর সর্বোচ্চ অফিসারকে শ্রদ্ধেয় হেমন্তকুমার বসুর মৃত্যুর রহস্য তদন্ত করার জন্য কেন্দ্রীয় সরকার পশ্চিম বাংলায় পাঠাইয়াছিলেন ; এবং

(খ) সত্য হ'লে উক্ত তদন্ত অফিসার কি ঐ ব্যাপারে কোন রিপোর্ট পেশ করেছিলেন ?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

হুগলি জেলায় ডিস্ট্রিক্ট রোড ফান্ডে রাস্তা সেস বাবত প্রদত্ত অর্থ

১২১। (অনুমোদিত প্রশ্ন নং ১১৬৩।) **ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায়ঃ** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) হুগলি জেলার "ডিস্ট্রিক্ট রোড ফান্ড"-এ ১৯৬৫-৬৬ সাল হইতে ১৯৭২-৭৩ সালের মধ্যে প্রতি বছরে আদায়ীকৃত 'রাস্তা সেস' হইতে কত টাকা দেওয়া হইয়াছে ;

(খ) ইহা কি সত্য যে. ১৮৮০ সালের "রোড সেস" অ্যাক্ট-এ (অ্যাক্ট ৯) পরিষ্কার নির্দেশ আছে যে. রোড সেস হইতে জেলায় যত টাকা আদায় হইবে তাহা হইতে আদায়ের খরচ বাদ দিয়া সমুদয় টাকা 'ডিস্ট্রিক্ট রোড ফান্ড'-এ জমা দেওয়া হইবে ; এবং

(গ) সত্য হইলে, বর্তমানে সেই নিয়ম প্রতিপালিত হয় কিনা এবং না হইলে তাহার কারণ কি ?

পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৬৩ সালের পশ্চিমবঙ্গ জিলা পরিষদ আইনের ৪১নং ধারা অনুযায়ী বর্তমানে ডিস্ট্রিক্ট রোড ফান্ড চালু নাই। কাজেই হুগলি জেলার ডিস্ট্রিক্ট রোড ফান্ডে 'রাস্তা সেস' হইতে টাকা দেওয়ার কোন প্রশ্ন উঠে না।

(খ) ও (গ) উপরোক্ত (ক) অংশের জবাবের পরিপ্রেক্ষিতে এ প্রশ্ন উঠে না।

ক্র্যাশ প্রোগ্রাম

১২২। (অনুমোদিত প্রশ্ন নং ১৩১৩।) **শ্রীবলাইলাল শেঠঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ সালে ক্র্যাশ প্রোগ্রাম বাবত কেন্দ্র হইতে কত টাকা পাওয়া গিয়াছে ; এবং

(খ) উক্ত টাকার মধ্যে ফেব্রুয়ারি ২০ তারিখ পর্যন্ত কত টাকা খরচ করা হইয়াছে ?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ২,২৪·২৩৫ লক্ষ টাকা।

(খ) ২৮এ ফেব্রুয়ারি, ১৯৭৩ তারিখ পর্যন্ত ২,৩৩·৩৪ লক্ষ টাকা।

ঝালদায় কলেজ

১২৩। (অনুমোদিত প্রশ্ন নং ১১৭২।) **শ্রীকিঙ্কর মাহাতঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঝালদাতে বর্তমানে কোন কলেজ চলিতেছে কিনা ; এবং

(খ) চলিয়া থাকিলে, উক্ত কলেজের স্থায়ী ব্যবস্থার জন্য সরকারের পক্ষ হইতে কি ব্যবস্থা লওয়া হইতেছে ?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এ সম্বন্ধে সরকার কিছু অবগত নহেন। এখানে একটি কলেজ স্থাপনের প্রস্তাব সরকার গ্রহণ করেন নাই।

(খ) প্রশ্ন উঠে না।

বন বিভাগে আয় ও ব্যয়

১২৪। (অনুমোদিত প্রশ্ন নং ৮৯১।) **শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** বন বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১ম, ২য়, ৩য় ও ৪র্থ পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে (পৃথক্ পৃথক্) এই বিভাগে কত টাকা অনুদান ও ঋণ সহ ব্যয় হইয়াছে ; এবং

(খ) পৃথক্ পৃথক্ভাবে পরিকল্পনাকালে আয় কত হইয়াছে?

বন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক)

পঞ্চবার্ষিক পরিকল্পনাকাল			মোট ব্যয় (লক্ষ টাকায়)
প্রথম (১৯৫১-৫২ ১৯৫৫-৫৬)	...	...	৩,২৩·২৪
দ্বিতীয় (১৯৫৬-৫৭—১৯৬০-৬১)	...	...	৫,২১·৮৩
তৃতীয় (১৯৬১-৬২—১৯৬৫-৬৬)	...	...	৭,৭৪·১৫
অ্যানুয়াল প্ল্যান্স (১৯৬৬-৬৭—১৯৬৮-৬৯)		...	৭,৫১·১৬
চতুর্থ (১৯৬৯-৭০ ১৯৭৩-৭৪) (আনুমানিক)	...	...	১৬,২৫·৬৯

(খ)

পঞ্চবার্ষিক পরিকল্পনাকাল			মোট আয় (লক্ষ টাকায়)
প্রথম	...	...	৩,৩৯·৯২
দ্বিতীয়	...	...	৭,৫৬·৮১
তৃতীয়	...	...	১০,২৩·১৯
অ্যানুয়াল প্ল্যান্স			
চতুর্থ (আনুমানিক)	...	...	১৭,১৭·৭৫

হরিণঘাটায় মাস্টার রোল ওয়ার্কার

১২৫। (অনুমোদিত প্রশ্ন নং ১১৮৪।) **শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায়ঃ** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ১৯এ ফেব্রুয়ারি, ১৯৭৩ তারিখে হরিণঘাটায় ২৪ জনকে মাস্টাররোল ওয়ার্কার হিসাবে নিয়োগ করা হয়েছে ;

(খ) সত্য হইলে, ঐ লোকদের নিয়োগ কে করেছেন এবং নিয়োগের কারণ কি ;

(গ) ইতিপূর্বে হরিণঘাটায় কোনো মাস্টার রোল ওয়ার্কারকে বরখাস্ত করা হইয়াছে কি ; এবং

(ঘ) হইয়া থাকিলে, কতজনকে বরখাস্ত করা হইয়াছে এবং মাস্টার রোলে মোট কতজন কর্মী আছেন?

পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) অতিরিক্ত পশুপালন অধিকর্তা, হরিণঘাটা। দীর্ঘকালীন ছুটি, কিছুসংখ্যক মাস্টার রোল ওয়ার্কারের মৃত্যু ইত্যাদি কারণে উক্ত লোকদের নিযুক্ত করা হয়।

(গ) হ্যাঁ।

(ঘ) ১৬ জন মাস্টার রোল ওয়ার্কারকে বরখাস্ত করা হইয়াছিল। তাহাদের মধ্যে ১০ জনকে পুনর্নিয়োগ করা হইয়াছে। বর্তমানে ফেব্রুয়ারি, ১৯৭৩ পর্যন্ত মোট ৮৬৯ জন মাস্টার রোল কর্মী হরিণঘাটা, কল্যাণীতে নিযুক্ত আছে।

নদিয়ার বাজারে অধিক মূল্যে সার বিক্রয়

১২৬। (অনুমোদিত প্রশ্ন নং ১১১২।) **শ্রীকার্তিকচন্দ্র বিশ্বাসঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) নদিয়া জেলায় এ বৎসর ব্লকভিত্তিক কত সার বণ্টনের জন্য দেওয়া হইয়াছে ;

(খ) সরকার কি অবগত আছেন যে, বর্তমানে নদিয়ার বাজারে অধিক মূল্যে সার বিক্রয় হইতেছে ; এবং

(গ) অবগত থাকিলে, ইহার প্রতিকারের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ব্লকভিত্তিক কোন সার বণ্টন করা হয় না।

(খ) অধিক মূল্যে সার বিক্রয়ের কিছু কিছু সংবাদ সরকার অবগত আছেন।

(গ) অধিক মূল্যে সার বিক্রয় বন্ধ করিবার জন্য রাজ্যসরকার সকল সার ব্যবসায়ীকে প্রতিদিন তাহাদের বিক্রয়কেন্দ্রে সারের মূল্য ও মজুত সারের পরিমাণের তালিকা চাষীদের অবগতির জন্য টাঙ্গাইতে নির্দেশ দিয়াছেন। এই আদেশ যথাযথ পালন করা হইতেছে কিনা ও কোথাও অধিক মূল্যে সার বিক্রয় হইতেছে কিনা তাহা দেখিবার জন্য সমস্ত জেলা কর্তৃপক্ষকে যথাযথ নির্দেশ দেওয়া হইয়াছে।

তফসিলী জাতি ও উপজাতি ছাত্রদের শিক্ষা বাবত খরচ

১২৭। (অনুমোদিত প্রশ্ন নং ১০৪০।) **শ্রীবলাইলাল শেঠঃ** তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) তফসিলী জাতি ও উপজাতি ছাত্রদের শিক্ষা বাবত ১৯৭২-৭৩ সালে জানুয়ারি পর্যন্ত কত টাকা খরচ করা হইয়াছে ; এবং

(খ) উক্ত সম্প্রদায়ভুক্ত কিরূপ আয়ের পরিবারের ছাত্রগণ স্টাইপেন্ড পাওয়ার উপযোগী ?

তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) মোট ১,৮৯,৩৩,০০০ টাকা।

(খ) কলেজীয় বৃত্তির ক্ষেত্রে—

(১) আদিবাসী ছাত্রদের পরিবারের আয়সীমার কোন বাধানিষেধ নাই ; এবং

(২) তফসিলী জাতির ক্ষেত্রে পরিবারের মাসিক আয় ৫০০ টাকা পর্যন্ত।

বিদ্যালয়ের বৃত্তির ক্ষেত্রে—

(১) আদিবাসী ও শিক্ষায় অধিকতর অনুন্নত তফসিলী জাতিভুক্ত ছাত্রদের বিদ্যালয়ের বেতন দান প্রকল্পে পরিবারের আয়সীমার কোন বাধানিষেধ নাই ; এবং

(২) অন্যান্য ক্ষেত্রে মাসিক আয় ৩০০ টাকা পর্যন্ত।

State Fisheries Development Corporation Ltd.

128. (Admitted question No. 933.) **Shri Abdul Bari Biswas:** Will the Minister-in-charge of the Fisheries Department be pleased to state—

(a) the amount of money the Government has placed at the disposal of the State Fisheries Development Corporation Ltd. so far—

(i) as Capital,

(ii) as loan, and

(iii) as grant from the Government of India for work under the Crash Scheme for Rural Employment;

(b) is Digha Pilot Project the name of the fishery project run by the Corporation very close to Digha township;

(c) if any work was done in the Digha Fishery Project under the Crash Scheme for Rural Employment; and

(d) if so, what has been the nature so far?

The Minister for Fisheries: (a) (i) Rs. 27.00 lakhs as Share Capital, (ii) Rs. 13.00 lakhs, and (iii) Rs. 14.14 lakhs.

(b) Yes. The Project is about 2 K.M. away from new Digha township.

(c) Yes.

(d) Excavation of new tanks in the existing char lands of the Project and deepening of existing peripheral circular lake.

Presentation of Second Report of the Committee on Government Assurance

Shri Abdul Bari Biswas: Sir, I beg to present the Second Report of the Committee on Government Assurance.

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি জরুরী বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের হাউসের মাননীয় সদস্য শ্রীজ্যোতির্ময় মজুমদার আজ ৩ দিন যাবত মঙ্গলকোট থানার সামনে অনশন করছেন এবং তাঁর অবস্থা মৃতপ্রায়। যেখানে স্মাগলিং হচ্ছে এবং এই ব্যাপারে পুলিস যে নিষ্ক্রিয় তার প্রতিবাদে এবং এই দুর্নীতির বিরুদ্ধে তিনি অনশন করছেন। আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যেন বিহিত ব্যবস্থা করা হয়।

Mr. Speaker: For the information of the House I can bring to the notice of the honourable Members that I also received a telegram from the said honourable Member that he is undergoing a fast, perhaps, for 48 hours and I have sent the telegram to the office of the Leader of the House, i.e., the Chief Minister. This much I can say that the matter has been brought to the notice of the Chief Minister.

LAYING OF REPORT

The 9th Annual Report on the Working and Affairs of the Durgapur Chemicals Limited for the year 1971-72

Dr. Zainal Abedin: Mr. Speaker, Sir, in compliance with section 619(a) and in pursuance of article 178 of the Articles of Association of the Durgapur Chemicals Limited, I beg to lay the 9th Annual Report on the Working and Affairs of the Durgapur Chemicals Limited for the year 1971-72.

[2-20—2-30 p.m.]

LEGISLATION

The West Bengal Molasses Control Bill, 1973

Shri Sitaram Mahato: Sir, I beg to introduce the West Bengal Molasses Control Bill, 1973.

(Secretary then read the Title of the Bill)

Shri Sitaram Mahato: Sir, I beg to move that the West Bengal Molasses Control Bill, 1973, be taken into consideration.

মাননীয় স্পীকার মহাশয়, শর্করা প্রস্তুতকারী মিলগুলির উপজাতবিশেষ মাতগুড় হইল এমন একটি প্রধান কাঁচামাল যাহা হইতে, পানোদ্দেশ্যে এবং শিল্প সংক্রান্ত উদ্দেশ্য, এই উভয়বিধ উদ্দেশ্যেই সুরাসার প্রস্তুত করা হয়।

(২) গড়ে প্রতি বৎসর ৫৪,০০০ মেট্রিক টন মাতগুড় পশ্চিমবঙ্গের প্রয়োজন, কিন্তু স্থানীয় উদ্যোগে যে মাতগুড় উৎপাদিত হয় তাহার পরিমাণ গড়ে প্রায় ৪,০০০ মেট্রিক টন। অতএব, আরও যে ৫০,০০০ মেট্রিক টন মাতগুড় পশ্চিমবঙ্গের দরকার তাহা প্রতি বৎসর অন্যান্য রাজ্য হইতে আমদানি করিতে হয়।

(৩) কোনরূপ মাতগুড়ই যাহাতে অবৈধ বাজারে চলিয়া যাইতে না পারে সেজন্য মাতগুড়ের উৎপাদন ও বণ্টনের উপর কড়া সরকারী নিয়ন্ত্রণ থাকা আবশ্যক। তদনুযায়ী পশ্চিমবঙ্গ সরকার বহু পূর্বে ১৯৪৯ খ্রীস্টাব্দে, পশ্চিমবঙ্গ মাতগুড় নিয়ন্ত্রণ আইন, ১৯৪৯-এর মাধ্যমে মাতগুড়ের উৎপাদন, যোগান, বণ্টন এবং কারবার নিয়ন্ত্রণ করিবার ক্ষমতা গ্রহণ করেন।

ঐ আইনটি রাজ্য বিধানমণ্ডল কর্তৃক কেন্দ্রীয় সরকারের সম্মতি সহ গৃহীত হয় প্রথমে সাত বৎসর মেয়াদের জন্য, কিন্তু বৈধতার মেয়াদ সময় সময় বাড়াইয়া দেওয়া হয়। ঐ বৈধতা সর্বশেষে বাড়ানো হয় ৩১এ মার্চ, ১৯৭৪ তারিখ পর্যন্ত। পশ্চিমবঙ্গ মাতগুড় নিয়ন্ত্রণ (পুনর্বিধিবদ্ধকরণ) আইন, (১৯৭১ খ্রীস্টাব্দের ২৫ আইন) নামক সে আইন অনুসারে ঐ বৈধতা ৩১এ মার্চ, ১৯৭৪ তারিখ পর্যন্ত বাড়ানো হয় তাহা একটি রাষ্ট্রপতির আইন এবং রাষ্ট্রপতির এই আইনটির মেয়াদ ১৯এ মার্চ, ১৯৭৩ শেষ হইয়া যাইবে।

উক্ত রাষ্ট্রপতির আইনের ধারাসমূহ যাহাতে ১৯এ মার্চ, ১৯৭৩-এর পরেও বলবৎ থাকে তদুদ্দেশ্যে আমি পশ্চিমবঙ্গ মাতগুড় নিয়ন্ত্রণ বিধেয়ক, ১৯৭৩, উত্থাপন করিতেছি। বিধেয়কে নিম্নলিখিত পরিবর্তন প্রস্তাবিত হইয়াছেঃ—

রাষ্ট্রপতির আইনটির (১৯৭১ খ্রীস্টাব্দের ১৫ আইন) ২ ধারায় উল্লিখিত পশ্চিমবঙ্গ মাতগুড় নিয়ন্ত্রণ আইন, ১৯৪৯-এর ১ ধারায় (৪) উপধারাটির আগাগোড়াই বাদ দেওয়া উচিত। আইনটিকে স্থায়ী ভিত্তির উপর দাঁড় করানোর জন্যই এইরূপ বাদ দেওয়া দরকার। আমি নিশ্চিত যে, মাননীয় সদস্যবৃন্দ আমার সহিত একমত হইবেন।

মহাশয়, এই বক্তব্যসহ সভা কর্তৃক গৃহীত হইবার জন্য আমি বিষয়টির উত্থাপন করিতেছি।

Mr. Speaker: There are 3 motions for circulation of the Bill from Shri A. H. Besterwitch, Shri Timir Baran Bhaduri and Shri Shish Mohammad. The amendments are in order. I call upon Shri A. H. Besterwitch to move his amendment.

Shri A. H. Besterwitch: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st May, 1973.

Sir, actually I would have been more happy if this Bill was brought in a more comprehensive manner. But unfortunately what we see that year after year a Bill is coming to control certain things and after that the Bill is again brought to recontrol those things. Here I find a good thing because Government is wanting to control a thing. Regularly everything is being controlled and is going to the blackmarket. Molasses is a very essential and a very important especially for spirit. Once there are Mohua. That Mohua has gone. But still Mohua is leaking out in West Bengal although it is controlled. I think the House will agree with me that if this thing is controlled at all, it should not go to the blackmarket so that illicit liquor is distilled. It always goes to the illicit business of the distillary. The Department knows that full well that these things are going but they are not taking any action. At the same time the Government should take particular notice that this molasses should be utilised also for medical purpose, for spirit. Actually I find the Medical Department has no spirit and they have to depend on God. So taking all these into considerations I cannot expect that this Government will control the mollasses in such a way that it does not go into that illicit trading as not only the Government is deprived of the taxes but also the Health Department is deprived of the requirements from the molasses such as, spirit, etc. With these words, Sir, I would again say that I cannot agree with this Bill.

শ্রীঅসমঞ্জ দেঃ মাননীয় স্পীকার মহাশয়, আজকে অনারেবল শ্রীসীতারাম মাহাতো 'দি ওয়েস্ট বেঙ্গল মোলাসেস কন্ট্রোল বিল, ১৯৭৩' নামক যে বিল এই বিধানসভায় উপস্থিত করেছেন, আমি প্রথমেই তাকে স্বাগত জানাই। এই বিষয়ে আলোচনাপ্রসঙ্গে আমি বলতে চাই যে, আমাদের সামনের বেঞ্চে উপবিষ্ট শ্রীবেস্টারউইচ যে অ্যামেন্ডমেন্ট এই বিল সম্পর্কে এনেছেন, তার মধ্যে কোন গঠনমূলক যুক্তির বা চিন্তার বহিঃপ্রকাশ ঘটে নি। তিনি কেবলমাত্র বলেছেন –

The Bill be circulated for the purpose of eliciting public opinion thereon by the 31st March, 1973.

অর্থাৎ এটা কোন একটা ব্যবস্থাকে বিলম্বিত বা প্রলম্বিত করার চেষ্টা করা ছাড়া আর কিছু নয়। উনি জনমতের কথা বলেছেন। আমি তাঁকে বলছি যখন ১৯৬৯ সালে বিরাট সংখ্যাগরিষ্ঠতায় মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির নেতৃত্বে যুক্তফ্রন্টের শাসন কায়েম করেছিল, তখন তিনি আজকে যে বড় বড় কথা বলছেন, তার নিদর্শন তাদের কার্যকলাপের মধ্যে পাই না। তাঁর এই অ্যামেন্ডমেন্টকে আমি স্বাগত জানাতাম যদি দেখতে পেতাম আজকে মাননীয় মন্ত্রী কর্তৃক আনীত বিলের মধ্যে কোন ত্রুটি আছে, গলদ আছে, বিচ্যুতি আছে এবং পরিষ্কার ক'রে তিনি সেই ইঙ্গিত দিয়েছেন, কিন্তু তাঁর এই সংশোধনীর মধ্যে কোন গঠনমূলক চিন্তার বহিঃপ্রকাশ ঘটে নি বা তেমন কিছু নাই। আমরা লক্ষ্য করছি, কেবলমাত্র বিরোধিতা করতে হয়, সমালোচনা করতে

হয় এবং তা না করলে পশ্চিম বাংলার বিধানসভায় তাঁদের বিরোধিতার রূপটি বজায় থাকবে না এই মনে ক'রে এবং সামনের বেঞ্চে বিরোধী আসনে বসার মাহাত্ম্য প্রমাণ করবার জন্যই, তিনি অ্যামেন্ডমেন্ট দিয়ে বিরোধিতা করছেন। আজকে এই বিলের আলোচনাপ্রসঙ্গে আমি একথা বলতে পারি যে, আমি নিশ্চিত যে, এই বিল সমর্থনযোগ্য। কেন? সমাজের কোন উৎপাদনে বা উপাদানে যদি অপ্রাচুর্য থাকে, তা হ'লে সেই সমস্যা সমাধানের জন্য উৎপাদনের ও বণ্টনের উপর সরকারী নিয়ন্ত্রণ বা কর্তৃত্ব প্রতিষ্ঠা করা প্রয়োজন। সেজন্যই এই বিল আনা হয়েছে। এই বিল নূতন কিছু নয়। মাননীয় মন্ত্রিমহাশয় প্রস্তাব উত্থাপন করার সময় পরিষ্কারভাবে বলেছেন—এই বিল আগেই ছিল, আমরা দেখেছি আইনের নির্দিষ্ট মেয়াদ শেষ হয়ে গেলে, সেই মেয়াদ বাড়াবার জন্য বার বার বিল বিধানসভায় আনা হয়েছে। নূতন কোন চিন্তা বা দৃষ্টিভঙ্গি নিয়ে নয়, সময় শেষে মেয়াদ বৃদ্ধির জন্য বিলকে যে বার বার আনতে হত, সেটা মেক-আপ ক'রে স্থায়ী ভিত্তিতে বিলকে প্রতিষ্ঠা করার জন্যই এই বিল উপস্থিত করা হয়েছে।

[2-30 - 2-40 p.m.]

কিন্তু মাননীয় স্পীকার, স্যার, এই আইনের উপর আলোচনা প্রসঙ্গে আমি দু-একটা কথা বলতে চাই যে, এই আইনে লেখা আছে অবৈধ বাজারে এই মালগুলি যাতে প্রবেশ করতে না পারে এবং আরও বলা হয়েছে--অজ্ঞানতাবশতঃ প্রমাণ করা গেলে তিনি দণ্ডনীয় হবেন না। এখানেই আমার ভয়, এখানেই আমার ভীতি, এখানেই আমার আতঙ্ক, এখানেই আমার সন্ত্রাস। কারণ এই যে অজ্ঞানতাবশতঃ প্রমাণ করা গেলে তিনি দণ্ডনীয় হবেন না, এই ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি এই আইনের ত্রুটি-বিচ্যুতির সুযোগ নিয়ে এখানে সেই ব্যবসাদার মুনাফাখোর, কালোবাজারীদের সঙ্গে সরকারী অফিসার, সরকারী ইন্সপেক্টরদের একটা গোপনীয় দুর্নীতির মধুচক্র গ'ড়ে ওঠে এবং তার ফলে আমরা দেখতে পাচ্ছি, এই আইন আগেও ছিল, তা থাকা সত্ত্বেও পশ্চিম বাংলার গ্রামে-গঞ্জে, পল্লী-প্রান্তরে, শহরে-নগরে সর্বত্র আমরা দেখতে পেয়েছি, এইভাবে কালোবাজারী মুনাফাখোরের দল এই মাতগুড়কে টিনের মধ্যে পুরে ভাল গুড়ের সঙ্গে মিশিয়ে উচ্চ মূল্যে বিক্রয় ক'রে তারা বিরাট মুনাফা লুণ্ঠন করত। তাই আমি বলি, মাননীয় স্পীকার স্যার, শুধু আইন করলেই চলবে না, যতক্ষণ না প্রশাসনিক কাঠামোকে শক্তিশালী করা যাচ্ছে, যতক্ষণ না প্রশাসনিক কাঠামোকে সৎ, পরিচ্ছন্ন এবং দুর্নীতিমুক্ত করা যাচ্ছে, যতক্ষণ না আমাদের সরকারী কর্মচারীদের সততা ও নিষ্ঠা সহকারে কার্যকলাপ পরিচালনার ক্ষেত্রে নূতনভাবে উদ্বুদ্ধ করা যাচ্ছে, ততক্ষণ পর্যন্ত এই আইন পাশ ক'রে নিলেই চলবে না, এইরকম আইন এনে প্রশাসনকে দুর্নীতিমুক্ত করা যাবে না, শুধু আইন এনে কাঁচামালের জোগান নিয়ন্ত্রণ করা যাবে না, কেবলমাত্র আইন এনে কাঁচামালের অপব্যবহার এবং উপজাত দ্রব্যের অপব্যবহারকে রোধ করা যাবে না। কেবল আইন এনে এই উপজাত দ্রব্যকে সঠিক সদ্ব্যবহারের মাধ্যমে অর্থনৈতিক অগ্রগতি ঘটানো সম্ভবপর হবে না। আমি আরও বলি, মাননীয় স্পীকার, স্যার, আইন আগেও ছিল কিন্তু গ্রামের লোক জানে না। মাতগুড় ভাল গুড়ের সঙ্গে মিশিয়ে বাজারে বিক্রয় করা হয়। তাঁরা জানেন তাঁদের বক্তব্য কিছু নাই। ঐ দু' আনা চার আনা কেজিতে কম দিলেই তারা কিনে নিয়ে চলে যায়। তাই মাননীয় স্পীকার, স্যার, আমি বলছি, আমাদের মন্ত্রিমহাশয়ের যদি সত্যি সত্যি উদ্দেশ্য ভাল থাকে, তা হ'লে এই আইন পাশ হবার পরে এই আইন যেন জনসাধারণের কাছে প্রচারিত হতে পারে। আইন পাশের আগে নয়, আইন পাশ হবার পরে কি উদ্দেশ্য নিয়ে সরকার এই আইনকে স্থায়ী ভিত্তিতে প্রতিষ্ঠিত করতে চাচ্ছেন, জনসাধারণের মধ্যে যেন তা প্রচারিত হয়, জনসাধারণের মধ্যে যেন একটা নূতন উৎসাহ উদ্দীপনা, আলোড়ন সৃষ্টি করা যায়, জনসাধারণ যাতে এই আইনের খুঁটিনাটি সম্পর্কে ওয়াকিবহাল হন এবং প্রতিটি খুঁটিনাটি সম্পর্কে ওয়াকিবহাল হ'লে পরে কালোবাজারী মুনাফাখোর জোতদার ব্যবসাদারদের বিরুদ্ধে, দুর্নীতিপরায়ণ ব্যবসাদারদের বিরুদ্ধে উপযুক্ত জনমত সৃষ্টি হ'তে পারে। এইজন্য এই আইন পাশ হবার পর জনসাধারণের মধ্যে মতামত হিসেবে জনগণের মধ্যে প্রচার হওয়া দরকার।

আর একটা বড় কথা, স্যার, আমি কেবল নেগেটিভ অ্যাপ্রোচ-এর কথা বলব না : আমি এর পজিটিভ অ্যাপ্রোচের কথাও বলব। আমরা দেখেছি এই চিনিশিল্পের ক্ষেত্রে উপজাত দ্রব্যের যাতে সঠিক সদ্ব্যবহার ঘটানো হয়, সেজন্য ভারতবর্ষের সরকার চিনি শিল্প উন্নয়ন পর্ষৎ বা

ডেভেলপমেন্ট কাউন্সিল তৈরি করেছেন। যদিও পশ্চিম বাংলার ক্ষেত্রে আমরা দেখছি যে, আমাদের মোট চিনি মাত্র দশ পার্সেন্ট গুড় থেকে পরিস্রাবণ পদ্ধতিতে উৎপাদন হয়ে থাকে। এই ডেভেলপমেন্ট কাউন্সিল চিন্তা করছেন কোন্ ওয়েজ অ্যাড ডিভাইসেস-এর দ্বারা এই উপজাত দ্রব্যের সঠিক সদ্ব্যবহার করা যায়। আমিও আজকে এই কথাটা মন্ত্রিমহাশয়কে বলতে চাই যে, এমন কিছু ওয়েজ অ্যান্ড ডিভাইস উদ্ঘাটন করা হোক—এমন কিছু পদ্ধতি আবিষ্কার করা হোক যার মাধ্যমে এই মাতগুড়ের উপজাত দ্রব্যের পরীক্ষা-নিরীক্ষা চালিয়ে যাতে সঠিক সদ্ব্যবহার করা সম্ভবপর হয়, যার ব্যবহারটা মোর এফেক্টিভ অ্যান্ড মোর প্রোডাক্টিভ করা যায় এবং যার সদ্ব্যবহার হয়, ইকনমিক রিটার্ন-এর পরিমাণ যার থেকে বেশি পরিমাণ করা যায়। যত উপজাত দ্রব্য এফেক্টিভলি কাজে লাগাতে পারব, ততই উপজাত দ্রব্যকে প্রোডাক্টিভলি কাজে লাগাতে পারব, যত উপজাত দ্রব্যের সদ্ব্যবহারের মাধ্যমে ইকনমিক রিটার্ন বাড়াতে পারব, তত উপজাত দ্রব্য ঐ কাজে ব্যয়িত না হয়ে অন্য কাজে বেরিয়ে যেতে পারবে না। ততই আমরা দেখতে পাব, এই কালোবাজারীর পরিমাণ, দুর্নীতির পরিমাণ প্রকৃত পরিমাণে কমে যাবে। তাই বলি, কেবলমাত্র নিয়ন্ত্রণ সৃষ্টি করলেই চলবে না, আজকের সরকারকে পরীক্ষা-নিরীক্ষার পদ্ধতির দ্বারা বিজ্ঞানের আবিষ্কৃত পদ্ধতির সম্পূর্ণ সদ্ব্যবহার দ্বারা এমন কোন পথ নির্ধারণ করতে হবে, এমন কোন নূতন নিশানা দেখাতে হবে, যে নিশানাকে কাজে লাগিয়ে এই উপজাত দ্রব্যকে, এই মাতগুড়কে অর্থনৈতিক উৎপাদনের কাজে আরও সঠিকভাবে, আরও এফেক্টিভলি, আরও প্রোডাক্টিভলি, আরও ইকনমিক্যালি কাজে লাগাতে পারি। তবেই কেবলমাত্র সরকারের এই আইনের সঠিক উদ্দেশ্য ও লক্ষ্য বাস্তবে রূপায়িত হবে। তা না হ'লে কেবল নেগেটিভ অ্যাপ্রোচ-এ আমি বিশ্বাসী নই।

যা হোক, এই আইন আজকে নতুন কিছু নয়, এই আইন চলছে অনেকদিন ধরে। বার বার এই বিধানসভার সম্মতি নেওয়া হত। স্থায়ী ভিত্তিতে এই আইনকে পাকাপাকিভাবে পশ্চিম বাংলার বুকে বসানোর জন্য আজকে মাননীয় মন্ত্রিমহাশয় এই যে বিল উত্থাপন করেছেন, আমি কংগ্রেসের একজন সভ্য হিসেবে এই বিলকে সম্পূর্ণভাবে স্বাগত জানাই এবং সমর্থন জানাই। এই কয়টি কথা ব'লে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসত্য ঘোষালঃ এই যে বিল, মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতে আপত্তি করবার কিছু নাই। কারণ এর উদ্দেশ্যটা ভাল এবং এই উদ্দেশ্যের দু'টো দিক আছে—একটা শিল্প সংক্রান্ত উদ্দেশ্য ; আর একটা পান উদ্দেশ্য। এখন শিল্প সংক্রান্ত উদ্দেশ্যটা সম্বন্ধে মাননীয় সদস্য অসমঞ্জবাবু বলেছেন। আমি আশা করব এই প্রথম উদ্দেশ্যটা রক্ষিত হবে। কিন্তু আর একটা ব্যাপার সম্বন্ধে আমার মনে একটা জিনিস উঁকি দিচ্ছে। সেটা হ'ল এই যে, পানোদ্দেশ্যে যাঁরা ব্যবহার করেন, এই নিয়ন্ত্রণটা হ'লে বা এই বিলটা পাশ হ'লেও চোরাই মদের সমস্যাটা যাবে না। চোলাই মদের সমস্যাটা অন্য রকম। সারাদিন যারা পরিশ্রম করে মেহনত করে বেশির ভাগ তারাই চোলাই মদে আসক্ত হয়ে পড়ে এবং এই আসক্তির মধ্যে একটা দিক আছে। যারা এর ফাইন্যান্সার তারা কাজ কারবারের জন্য পিছনে থাকে এবং তাদের ধরবার কোন ব্যবস্থা নেই। অল্প অল্প রেড হবে এবং রেড হবার পর কিছু কিছু গরিব লোক ধরা পড়বে, কিন্তু আসলে যারা শিখণ্ডীর মত ছিল তারা ধরা পড়বে না। আমরা যারা উপরতলার লোক তারা এটাকে অন্যায় ব'লে মনে করি, তাদের মাতাল ব'লে মনে করি। কিন্তু তারা এটাকে আর পাপ ব'লে মনে করে না। তাদের মধ্যে কেউ কবি হ'লে হয়ত বলত ঃ—

'এসো পাপ, এসো সুন্দরী,
তব চুম্বন অগ্নিমন্দিরা রক্তে ফিরুক সঞ্চরি।
অকল্যাণের বাজুক শঙ্খ
ললাটে লেপিয়া দাও কলঙ্ক
নিলাজ কালো কলুষশংক
বুকে দাও প্রলয়ঙ্করী।'

কিন্তু তারা তো সন্দীপ নয়, তারা একথা বলতে পারবে না। সেইজন্য আমরা তাদের ধরি এবং এর মধ্যে আরও জিনিস আছে। মাঝে মাঝে কাগজে বেরোয় চোলাই মদ পান ক'রে মৃত্যু। তাই ভদ্রলোকেরা যারা লুকিয়ে লুকিয়ে চোলাই মদ পান ক'রে থাকি, তাদের কাছে যে ছেলে বা মেয়ে তা বিক্রি করতে আসে তাকে বলে আগে তুমি এক গ্লাস খাও এবং এক ঘণ্টা ব'সে থাক এবং আমি দেখব, তুমি মর কিনা এবং যদি না মর, তা হ'লে দু' গ্লাস খাব। ফলে দেখা যায় যে, সকালবেলা বিক্রি করতে বেরিয়েছিল সে সকাল, বিকেল, রাত্রি প্রত্যেক সময় এক গ্লাস ক'রে খেতে খেতে রাত্রে যখন বাড়ি ফেরে তখন পা টলে এবং ১৫।২০ দিন যাবার পরে লিভার গেল, বুকটা গেল এবং চারপাশে ঝাঁঝরা হয়ে গেল। কাজেই এই প্রবলেম আছে। যদি এই দিকটার প্রতি লক্ষ্য না রাখেন তা হ'লে খুব মুশকিল হবে। আমি আগেও বলেছি, এই বিলে আপত্তির কোন কারণ নেই। কিন্তু অশিক্ষিত এবং নিচুতলার ব্যক্তিরা তাদের যে সমস্যা আছে তাতে যদি তারা জীবনধারণের আশ্বাস না পায়, তা হ'লে তারা নেশায় আসক্ত হয়ে পড়বে। এতো গেল নিচুতলার অবস্থা। আবার উঁচুতলায় দেখছি নানা ধরনের নেশা বাড়ছে এবং তার বিজ্ঞাপনও বেরোচ্ছে। শেষ পর্যন্ত আমরা গোটা সমাজ নেশাতুর হয়ে পড়ব এবং এইভাবে চললে বলতে হবেঃ—

'সুরাপান করি না শ্যামা, সুধা খাই জয় কালী ব'লে,
মনমাতালে মাতাল করে মা, মদমাতালে মাতাল বলে।'

এই বিলে আপত্তির কিছু নেই এবং বললাম ব'লে কেউ যেন মাতাল ব'লে ভাববেন না। এই ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

(সদস্যদের মধ্যে তুমুল হাস্যরোল)

শ্রীনারায়ণ ভট্টাচার্যঃ মাননীয় স্পীকার মহাশয়, আমাদের মাননীয় আবগারী মন্ত্রী যে বিলটা এনেছেন ওয়েস্ট বেঙ্গল মোলাসেস বিল আমি এটাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। আপনি জানেন, আমাদের পশ্চিমবঙ্গে বিশেষ ক'রে শিল্পাঞ্চলে- কোলিয়ারি এবং চা-বাগান এলাকায় এখন প্রচুর বেআইনী ভাঁটিখানা, চোলাইখানা এবং মদের কারখানা গজিয়ে উঠেছে। একদিকে যখন আমাদের জনপ্রিয় সরকার দেশের মেহনতী মানুষকে খেটে খাওয়া মানুষকে তাদের অবস্থার উন্নয়নের জন্য মাইনে এবং অন্যান্য সুযোগ-সুবিধা বাড়াচ্ছেন, তখন দেখছি, ওই বাড়তি অর্থ ওই বেআইনী মদখানায় চলে যাচ্ছে এবং তা যেয়ে পাতিবুর্জোয়ার হাতে গিয়ে জমছে। একটু আগে মাননীয় সদস্য বেস্টারউইচ এর বিরুদ্ধে বক্তব্য রাখছিলেন।

[2-40—2-50 p.m.]

আমি যতদূর জানি, মাননীয় সদস্য মিঃ বেস্টারউইচ চা-বাগানের শ্রমিকদের মধ্যে ট্রেড ইউনিয়ন করেন। তিনি নিশ্চয় অবগত আছেন, উনি যে এলাকার লোক ঐ বীরপাড়াতে ওনাদের পার্টি অফিসের আশেপাশে প্রচুর বেআইনী মদের দোকান আছে। ঐ যে ভুটান এলাকা আছে সেখান থেকে বেআইনী চোলাই মদ ডুয়ার্সের চা-বাগানগুলিকে একেবারে ছেয়ে ফেলেছে। উনি যে মাদক নিয়ন্ত্রণ বিল এনেছেন সেটা যদি কার্যকর হয়, তা হ'লে আমাদের ঐ পিছিয়ে থাকা সমাজ আদিবাসী ও শ্রমিক সমাজ তাদের খুবই মঙ্গল হবে। আমি উত্তরবঙ্গের দার্জিলিং ও জলপাইগুড়ি জেলার কথা বলি। ঐ নেপাল থেকে প্রচুর মানুষ বন এলাকায় আছে এবং বেআইনীভাবে বন দখল করছে। উনি বন বিভাগেরও মন্ত্রী উনি নিশ্চয় জানেন যে, ঐ বন অঞ্চলে মাতগুড় এনে বনের কাঠ কেটে জ্বালানি ক'রে মদ তৈরি হচ্ছে এবং ঐ মদ চা-বাগানের বিভিন্ন এলাকায় পাচার হচ্ছে। ভুটানের বেআইনী মদ ভুটান এলাকা থেকে জলপাইগুড়ি ও দার্জিলিংয়ের বিভিন্ন চা-বাগানে বিক্রি হচ্ছে। তার ফলে চা-বাগানের আদিবাসী ও নেপালী ভাইরা পুরুষানুক্রমে একটা অস্বাস্থ্যকর পরিবেশের মধ্যে আছে এবং তাদের জীবন ক্ষয়িষ্ণু হচ্ছে

—আর একদিকে লক্ষ লক্ষ টাকা যেটা আমরা আবগারি শুল্ক পেতাম সেটা থেকে বঞ্চিত হচ্ছি। যদি এই মাতগুড় নিয়ন্ত্রণ আইন হয়, তা হ'লে এই বেআইনী মদ চোলাই বন্ধ হবে এবং বেআইনী মদের দোকানও নিয়ন্ত্রিত হবে। আর একটা কথা হচ্ছে, আমাদের রাজস্ব ভান্ডারে অর্থের প্রয়োজন আছে নানা কাজের জন্য যে অর্থের দরকার সেখানে এই আইন দ্বারা আমাদের রাজস্ব বৃদ্ধি পাবে। আর একটা কথা ব'লে আমি শেষ করব। আমি উত্তরবঙ্গের কথা বলছি—সেখানে ডুয়ার্স চা-বাগান এলাকায় শুধু নয়, শহরেও একটা চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে—বেআইনী চোলাই মদের কারখানা তৈরি হয়েছে—অনেক চায়ের দোকান দিনের বেলায় চায়ের দোকান আর সন্ধ্যা-বেলায় মদের দোকান। এমনি কি এই কলকাতা শহরেও রয়েছে। আমি সেদিন বৌবাজারে গিয়েছিলাম—দেখলাম চায়ের দোকানে বে-আইনী চোলাই মদ বিক্রি হচ্ছে। আমি যেকথা বলছিলাম, ঐ আমার এলাকা আলিপুরদুয়ারে পুলিস ফাঁড়ির পাশে শহরের মাঝখানে চায়ের দোকানে বেআইনী চোলাই মদ বিক্রি হচ্ছে এবং সেখানে রিক্সাওয়ালা ও নিম্নমানের মানুষ সন্ধ্যা-বেলায় বিশ্রামের সুযোগে মনোরঞ্জনের সুযোগে ঐসব খাচ্ছে। আশা করি, মন্ত্রিমহাশয় এদিকে নজর দেবেন। এই আইনকে শুধু কাগজে সীমাবদ্ধ রাখলে হবে না। শুধু আমলাদের উপর নির্ভর না ক'রে যাতে এই আইন ভালভাবে কার্যকর হয়, যাতে মদ তৈরির দোকানগুলি বন্ধ হয়ে যায় তার ব্যবস্থা করবেন। এই ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

শ্রীসীতারাম মাহাতো: মিঃ স্পীকার, স্যার, আমাদের মিঃ বেস্টারউইচ সাহেব যে বক্তব্য এই বিল সম্পর্কে রেখেছেন আমি প্রথমেই তা অস্বীকার করছি। দ্বিতীয়তঃ তিনি বলেছেন, আমাদের মোলাসেস থেকে যা উৎপন্ন হয় সেটা নাকি মেডিসিনের জন্য বা হসপিটালে নিয়মিতভাবে দেওয়া হয় না। বিল উত্থাপনের সঙ্গে সঙ্গে আমি যে বক্তব্য রেখেছি তাতে পরিষ্কারভাবে বলা হয়েছে, মোলাসেস থেকে যা উৎপন্ন হয় সেটা যাতে নিয়মিতভাবে মেডিসিন, হসপিটাল এবং শিল্পের জন্য দেওয়া যায় সেইজন্য মোলাসেস নিয়ন্ত্রণ করা হচ্ছে এবং সেই উদ্দেশ্য নিয়েই এই বিলটি আনা হয়েছে। কাজেই আমি বুঝতে পারলাম না যে, তিনি কি উদ্দেশ্যে এই বিলের সঙ্গে একমত হতে পারলেন না। যাই হোক, এই সম্পর্কে মাননীয় সদস্যরা যে বক্তব্য রেখেছেন সেগুলি আমি অত্যন্ত মনোযোগ সহকারে শুনেছি। সেটা বাস্তবে যাতে কার্যকর হয় সেদিকে সরকার তীক্ষ্ন দৃষ্টি রাখবেন, এই আশ্বাস আমি প্রত্যেক মাননীয় সদস্যকে দিচ্ছি। ১৯৭৩ সালের ১৯এ মার্চ পর্যন্ত এই বিলের মেয়াদ আছে। কাজেই এই বিলকে আমাদের আজকের সভায় গৃহীত হতেই হবে এবং সেইজনাই আজকে আমি এটা উত্থাপন করেছি। শিল্পের সঙ্গে মাননীয় সদস্যরা সকলেই একমত। শিল্পের জন্য আমাদের দেশে মোলাসেসের প্রয়োজন এবং স্পিরিটের জন্যও প্রয়োজন হয়। এজন্য আমাদের ৫৪ হাজার মেট্রিক টন মোলাসেস প্রয়োজন হয়, অথচ আমাদের এখানে মাত্র ৫ হাজার মেট্রিক টন পাওয়া যায়। কাজেই ৫০ হাজার মেট্রিক টনের জন্য আমাদের বাহিরের উপর নির্ভর করতে হয়। অর্থাৎ বিহার, ইউ-পি, মহারাষ্ট্র ইত্যাদি রাজ্য থেকে আমাদের আনতে হচ্ছে। অথচ এই মোলাসেসের উপর পশ্চিমবঙ্গকে নির্ভর করতে হচ্ছে। আমাদের নেশার জন্য বলছি না, গুরুত্বপূর্ণ শিল্পে হাজার হাজার শ্রমিক ভাইবোন যে কাজ করছেন সেই সমস্ত শিল্পের জনাই এর বিশেষ প্রয়োজনীয়তা আছে। কাজেই এই মোলাসেস আমরা যে বাহিরের স্টেট থেকে পাচ্ছি তার উপর আমাদের সরকারের নিয়ন্ত্রণ থাকা অত্যন্ত প্রয়োজন। সেই শিল্পের জনাই আমরা এর উপর নিয়ন্ত্রণবিধি জারী করতে চাই। আর অনেক মাননীয় সদস্য বলেছেন, আইনের অপপ্রয়োগ যাতে না হয় সেদিকে লক্ষ্য রাখবেন। আমি আপনাদের বলতে পারি অবৈধভাবে যে চোলাই হচ্ছে সেই চোলাই যাতে বন্ধ হয় সেদিকে আমরা নিশ্চয় লক্ষ্য রাখব। তবে এটা সত্যি, যদি এইভাবে চোলাই চলতে থাকে, তা হ'লে বিভিন্নভাবে মানুষের ক্ষতি হতে পারে। সেইজন্য সরকারী নিয়ন্ত্রণাধীনে মোলাসেস থেকে স্পিরিট তৈরি ক'রে আমরাই সরবরাহ করব এবং যাদের একান্ত প্রয়োজন, যাদের না খেলেই নয়, সেই সমস্ত লোকরা যাতে সরকারের কাছ থেকে পেতে পারেন সেদিকে আমাদের লক্ষ্য আছে। কাজেই চোলাই মদ খেয়ে খেয়ে যেভাবে শরীর নষ্ট করছে সেটাকে আমাদের বন্ধ করতে হবে। অন্যান্য মাননীয় সদস্যরা যেসব মূল্যবান সাজেসশন রেখেছেন সেগুলি আমি নিশ্চয় বিবেচনা করব। আশা করি মাননীয় সদস্যরা এই বিলটিকে সমর্থন করবেন। এই ব'লে আমার বক্তব্য শেষ করছি।

[2-50—3-20 p.m.]

The motion that the West Bengal Molasses Control Bill, 1973, be circulated for the purpose of eliciting opinion thereon, was then put and a division taken with the following result:—

Noes

Abul Barkat Atawal Ghani Khan Choudhury, Shri.
Bandopadhayay, Shri Shib Sankar.
Banerjee, Shri Mrityunjoy.
Banerjee, Shri Pankaj Kumar.
Bapuli, Shri Satya Ranjan.
Basu, Shri Ajit Kumar (Hoog.).
Basu, Shri Ajit Kumar (Mid.).
Bharati, Shri Ananta Kumar.
Bhattacharyya, Shri Harasankar.
Bhattacherjee, Shri Susanta.
Biswas, Shri Ananda Mohan.
Biswas, Shri Kartic Chandra.
Bose, Shri Lakshmi Kanta.
Chakrabarti, Shri Biswanath.
Chakraborty, Shri Gautam.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Debabrata.
Chatterjee, Shri Kanti Ranjan.
Chatterjee, Shri Tapan.
Chattopadhay, Shri Gobinda.
Chowdhary, Shri Abul Karim.
Das, Shri Jagadish Chandra.
Das, Shri Sarat Chandra.
De, Shri Asamanja.
Deshmukh, Shri Netai.
Doloi, Shri Rajani Kanta.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Adya Charan.
Ganguly, Shri Ajit Kumar.
Gayen, Shri Lalit.
Ghosh, Shri Lalit Kumar.
Goswami, Shri Sambhu Narayan.
Gyan Singh, Shri Sohanpal.
Habibur Rahaman, Shri.
Halder, Shri Birendra Nath.
Halder, Shri Harendra Nath.
Hemram, Shri Kamala Kanta.
Khan, Shri Gurupada.
Kolay, Shri Akshay Kumar.

Noes

Lohar, Shri Gour Chandra.
Mahato, Shri Madan Mohan.
Mahato, Shri Kinkar.
Mahato, Shri Ram Krishna.
Mahato, Shri Satadal.
Maiti, Shri Braja Kishore.
Maitra, Shri Kashi Kanta.
Majhi, Shri Rup Sing.
Maji, Shri Saktipada.
Malladeb, Shri Birendra Bijoy.
Mandal, Shri Probhakar.
Mandal, Shri Santosh Kumar.
Mazumdar, Shri Indrajit.
Md. Safiullah, Shri.
Md. Shamsuzzoha, Shri.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Mohammad Idris Ali, Shri.
Molla, Tasmatulla, Shri.
Mondal, Shri Aftabuddin.
Mondal, Shri Amarendra.
Mondal, Shri Anil Krishna.
Moslehuddin Ahmed, Shri.
Mukherjee, Shri Sibdas.
Mundle, Shri Sudhendu.
Murmu, Shri Rabindra Nath.
Nahar, Shri Bijoy Singh.
Nurunnesa Sattar, Shrimati.
Omar Ali, Dr. Sk.
Oraon, Shri Prem.
Patra, Shri Kashinath.
Paul, Shri Sankar Das.
Phulmali, Shri Lalchand.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Roy, Shri Ananda Gopal.
Roy, Shri Aswini.
Roy, Shri Debendra Nath
Roy, Shri Jagadananda.
Saha, Shri Dwija Pada.
Saha, Shri Nirad Kumar.
Samanta, Shri Tuhin Kumar.
Saraogi, Shri Ramkrishna.

Noes

Sareh, Shrimati Amala.
Saren, Shri Joyram.
Sarkar, Shri Netaipada.
Sarkar, Shri Nil Kamal.
Sen, Shri Bholanath.
Shaw, Shri Sachi Nandan.
Singhababu, Shri Phani Bhusan.
Sinha, Shri Nirmal Krishna.
Talukdar, Shri Rathin.
Tewary, Shri Sudhanshu Sekhar.
Tirkey, Shri Iswar Chandra.
Wilson-de Roze, Shri George Albert.

Ayes

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

The Ayes being 3 and the Noes 95, the motion was lost.

The motion of Shri Sitaram Mahato that the West Bengal Molasses Control Bill, 1973, be taken into consideration, was then put and a division taken with the following result:

Ayes

Abul Barkat Atawal Ghani Khan Choudhury, Shri.
Bandopadhayay, Shri Shib Sankar.
Banerjee, Shri Mrityunjoy.
Banerjee, Shri Pankaj Kumar.
Bapuli, Shri Satya Ranjan.
Basu, Shri Ajit Kumar (Hoog.).
Basu, Shri Ajit Kumar (Mid.).
Bharati, Shri Ananta Kumar.
Bhattacharyya, Shri Harasankar.
Biswas, Shri Ananda Mohan.
Bose, Shri Lakshmi Kanta.
Chakrabarti, Shri Biswanath.
Chakraborty, Shri Gautam.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Debabrata.
Chatterjee, Shri Kanti Ranjan.
Chatterjee, Shri Tapan.
Das, Shri Jagadish Chandra,
Das, Shri Rajani.

Noes

Das, Shri Sudhir Chandra.
De, Shri Asamanja.
Deshmukh, Shri Netai.
Doloi, Shri Rajani Kanta.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Adya Charan.
Ganguly, Shri Ajit Kumar.
Gayen, Shri Lalit.
Ghosh, Shri Lalit Kumar.
Ghosh Moulik, Shri Sunil Mohon.
Goswami, Shri Sambhu Narayan.
Gyan Singh, Shri Sohanpal.
Habibur Rahaman, Shri.
Halder, Shri Birendra Nath.
Halder, Shri Harendra Nath.
Hemram, Shri Kamala Kanta.
Khan, Shri Gurupada.
Kolay, Shri Akshay Kumar.
Lakra, Shri Denis.
Lohar, Shri Gour Chandra.
Mahato, Shri Madan Mohan.
Mahato, Shri Kinkar.
Mahato, Shri Ram Krishna.
Mahato, Shri Sitaram.
Maiti, Shri Braja Kishore.
Maitra, Shri Kashi Kanta.
Majhi, Shri Rup Sing.
Maji, Shri Saktipada.
Mal, Shri Dhanapati.
Malladeb, Shri Birendra Bijoy.
Mandal, Shri Probhakar.
Mandal, Shri Santosh Kumar.
Majumdar, Shri Indrajit.
Md. Safiullah, Shri.
Md. Shamsuzzoha, Shri.
Misra, Shri Ahindra.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Mohammad Idris Ali, Shri.
Molla, Tasmatulla, Shri.
Mondal, Shri Aftabuddin.
Mondal, Shri Amarendra.
Mondal, Shri Anil Krishna.

Noes

Moslehuddin Ahmed, Shri.
Mukherjee, Shri Sibdas.
Mundle, Shri Sudhendu.
Murmu, Shri Rabindra Nath.
Nahar, Shri Bijoy Singh.
Nurunnesa Sattar, Shrimati.
Omar Ali, Dr. Sk.
Oraon, Shri Prem.
Paik, Shri Bimal.
Patra, Shri Kashinath.
Paul, Shri Sankar Das.
Phulmali, Shri Lalchand.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Roy, Shri Ananda Gopal.
Roy, Shri Aswini.
Roy, Shri Debendra Nath.
Roy, Shrimati Ila.
Roy, Shri Jagadananda.
Saha, Shri Dwija Pada.
Saha, Shri Nirad Kumar.
Samanta, Shri Tuhin Kumar.
Saraogi, Shri Ramkrishna.
Saren, Shrimati Amala.
Saren, Shri Joyram.
Sarkar, Shri Nil Kamal.
Sautya, Shri Basudeb.
Sen, Shri Bholanath.
Shaw, Shri Sachi Nandan.
Singhababu, Shri Phani Bhusan.
Sinha, Shri Nirmal Krishna.
Talukdar, Shri Rathin.
Tewary, Shri Sudhanshu Sekhar.
Tirkey, Shri Iswar Chandra.
Topno, Shri Antoni.
Wilson-de Roze, Shri George Albert.

Noes

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

The Ayes being 99 and the Noes 3, the motion was carried.

Clauses 1 to 10 and the Preamble

The question that clauses 1 to 10 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Sitaram Mahato: Sir, I beg to move that the West Bengal Molasses Control Bill, 1973, as settled in the Assembly, be passed.

The motion was then put and a division taken with the following result:

Ayes

Abul Barkat Atawal Ghani Khan Choudhury, Shri.
Banerjee, Shri Mrityunjoy.
Banerjee, Shri Pankaj Kumar.
Bapuli, Shri Satya Ranjan.
Basu, Shri Ajit Kumar (Hoog.).
Basu, Shri Ajit Kumar (Mid.).
Bera, Shri Sudhir Chandra.
Bharati, Shri Ananta Kumar.
Bhattacharya, Shri Narayan.
Biswas, Shri Ananda Mohan.
Biswas, Shri Kartic Chandra.
Bose, Shri Lakshmi Kanta.
Chakrabarti, Shri Biswanath.
Chakraborty, Shri Gautam.
Chakravarty, Shri Bhabataran
Chatterjee, Shri Debabrata.
Chatterjee, Shri Tapan.
Das, Shri Jagadish Chandra.
Das, Shri Rajani.
Das, Shri Sarat Chandra.
De, Shri Asamanja.
Deshmukh, Shri Netai.
Doloi, Shri Rajani Kanta.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Adya Charan.
Ganguly, Shri Ajit Kumar.
Gayen, Shri Lalit.
Ghosh, Shri Lalit Kumar.
Ghosh Moulik, Shri Sunil Mohon.
Goswami, Shri Sambhu Narayan.
Gyan Singh, Shri Sohanpal.
Habibur Rahaman, Shri.
Hajra, Shri Basudeb.
Halder, Shri Birendra Nath.
Halder, Shri Harendra Nath.
Hemram, Shri Kamala Kanta.
Khan, Shri Gurupada.

Ayes

Kolay, Shri Akshay Kumar.
Lakra, Shri Denis.
Lohar, Shri Gour Chandra.
Mahato, Shri Madan Mohan.
Mahato, Shri Kinkar.
Mahato, Shri Ram Krishna.
Mahato, Shri Sitaram.
Maiti, Shri Braja Kishore.
Maitra, Shri Kashi Kanta.
Majhi, Shri Rup Sing.
Maji, Shri Saktipada.
Malladeb, Shri Birendra Bijoy.
Mandal, Shri Arabinda.
Mandal, Shri Probhakar.
Mandal, Shri Santosh Kumar.
Mazumdar, Shri Indrajit.
Md. Safiullah, Shri.
Md. Shamsuzzoha, Shri.
Misra, Shri Ahindra.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mohammad Idris Ali, Shri.
Molla, Tasmatulla, Shri.
Mondal, Shri Aftabuddin.
Mondal, Shri Anil Krishna.
Mondal, Shri Khagendra Nath.
Moslehuddin Ahmed, Shri.
Mukherjee, Shri Sibdas.
Mundle, Shri Sudhendu.
Murmu, Shri Rabindra Nath.
Nahar, Shri Bijoy Singh.
Naskar, Shri Ardhendu Sekhar.
Nurunnesa Sattar, Shrimati.
Omar Ali, Dr. Sk.
Oraon, Shri Prem.
Patra, Shri Kashinath.

Ayes

Paul, Shri Sankar Das.
Phulmali, Shri Lalchand.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Roy, Shri Ananda Gopal.
Roy, Shri Aswini.
Roy, Shri Debendra Nath.
Roy, Shrimati Ila.
Roy, Shri Jagadananda.
Saha, Shri Dwija Pada.
Saha, Shri Nirad Kumar.
Samanta, Shri Tuhin Kumar.
Saraogi, Shri Ramkrishna.
Saren, Shrimati Amala.
Saren, Shri Joyram.
Sarkar, Shri Nil Kamal.
Sautya, Shri Basudeb.
Sen, Shri Bholanath.
Shaw, Shri Sachi Nandan.
Singhababu, Shri Phani Bhusan.
Sinha, Shri Nirmal Krishna.
Talukdar, Shri Rathin.
Tewary, Shri Sudhanshu Sekhar.
Tirkey, Shri Iswar Chandra.
Topno, Shri Antoni.
Wilson-de Roze, Shri George Albert.

Noes

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Abstention

Paik, Shri Bimal.

The Ayes being 99, the Noes 3 and the abstention 1, the motion was carried.

(At this stage the House was adjourned for 20 minutes)

[3-20—3-30 p.m.]

(After Adjournment)

Voting on Demands for Grants

Demand for Grant No. 34

Major Head: 50—Public Works.

Demand for Grant No. 53

Major Head: 103—Capital Outlay on Public Works.

Mr. Speaker: Now, Voting on Demand for Grants. Both Grant No.34 and Grant No. 53 may be taken up together.

Shri Bholanath Sen: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs.20,44,87,000 be granted for expenditure under Grant No. 34, Major Head: "50 Public Works."

Sir, I also move that on the recommendation of the Governor a sum of Rs.11,71,06,000 be granted for expenditure under Grant No. 53, Major Head: "103—Capital Outlay on Public Works."

Mr. Speaker, Sir, I have got circulated the Budget Speech both in English and in Bengali. With your permission I read the English text.

Sir, I have already placed before this House Demands for Grants under Grant No. 34 and Grant No. 53 with which the Public Works Department is concerned.

2. All Government buildings and roads as well as State-protected historical monuments, temples, etc., are financed out of provisions under Grant No. 34 and Grant No. 53 which correspond to the Major Heads "50—Public Works" and "103—Capital Outlay on Public Works" respectively.

Grant No. 34 (Major Head: 50—Public Works)

3. Original Works of construction valued up to rupees one lakh and all maintenance works in respect of buildings and roads borne on the books of the Public Works Department are met from the Major Head "50—Public Works". Moreover, cost of all Central Road Fund Works as well as the work of a portion of the all-weather road viz. Lateral Road from Bareilly in Uttar Pradesh to Amingaon in Assam (about 90 miles falling within West Bengal) is met from "50—Public Works" Budget. I may mention for information of the House that the works of seventeen road and bridge projects under the CRF (Allocation) Programme, estimated to cost Rs.2 crores, are well in progress. A supplementary programme of eight new road/bridge schemes estimated to cost Rs.1.10 crores was drawn up

and sent to the Government of India for approval. Sanction to seven of the schemes at a total cost of Rs.1.02 crores has just been received Execution of these works will be taken up shortly. The works are:—

(1) Widening and strengthening of Jagatballavpur—Sitapur—Jangipara Road in the district of Howrah and Hooghly at Rs.12.65 lakhs.

(2) Widening and strengthening of Bokpota Ghat and Ichchhanagari Road in the districts of Hooghly and Howrah at Rs.23.06 lakhs.

(3) Improvement of Narendrapur—Amta Road from the junction of Howrah—Amta Road near Munsirhat to the junction of Ranihati—Amta Road via Maju, Pankur and Jalasi in the district of Howrah at Rs.24.02 lakhs.

(4) Construction of road from Berui on Pandua—Kalna Road to Baikunthapur Bridge via Jamgram in Hooghly District at Rs.6.75 lakhs.

(5) Improvement of Mathurapur—Ghoradal Road in Mathurapur police-station in the district of 24-Parganas at Rs.26 lakhs.

(6) Reconstruction of Jagannath Road Over-bridge at Raniganj and improvement of Raniganj—Midnapur Road at Rs.7 lakhs.

(7) Renovation of Serampore Road in mouza Serampore, police-station Jainagar in the district of 24-Parganas at Rs.3.40 lakhs.

4. The work of the Lateral Road already mentioned is almost complete.

5. As in previous years, we have made a provision of Rs.10 lakhs under "50—Public Works—Original Works—Communication—Ordinary" for undertaking repairs and improvement of small stretches of roads/minor bridges on roads leading to hospitals, educational institutions and other public institutions in the rural areas of the State. This will go a long way in meeting the needs of the rural population.

6. A total sum of Rs.36.26 lakhs has been provided under the head "50—Public Works—Grants-in-aid". Out of this provision, statutory grant of Rs.31,50,000 to Calcutta Corporation and municipalities for expenditure on communications, and grant of Rs.1,50,000 to Calcutta Improvement Trust, are worth mentioning. The kutcha village roads constructed under the Test Relief Scheme by the Relief and Welfare Department have no bridges and culverts on them. To fill up these gaps, a special provision of Rs.2 lakhs has been made for sanctioning grants to local bodies towards construction of bridges and culverts on such roads.

Grant No. 53 (Major Head: "103—Capital Outlay on Public Works.")

7. Cost of all works valued more than rupees one lakh and creating assets having a life of 15 years or more and all Development Schemes under the Five Year Plan is met from the Major Head "103—Capital Outlay on Public Works." A large number of Development Schemes have been taken up under this head particularly the works of construction of hospitals, health centres, family welfare planning centres, educational and industrial institutions. Besides development works, some important normal works have also been undertaken from the provisions under this head. These include construction of residential quarters for the police staff all over the State, construction and expansion of jail buildings, court buildings, etc.

8. I have already informed the House in the last session that progress of works was being hampered greatly on account of our difficulties in procuring building materials like stone chips, metals, cement, etc. The problem continues to be still acute. We are not getting the full quota of steel for implementation of our schemes. Steps are, however, being taken to overcome these difficulties as far as possible. By increasing the ceiling limits for construction of health centres, we are now in a position to take up construction works of a large number of health centres in the rural areas.

9. The work of expansion of the Bankura Sammilani Medical College and Hospital at an estimated cost of Rs.41 lakhs has been taken up. Out of 800 health centres in the State, about 100 only could be electrified earlier. As for the rest, electrification of 122 health centres in the first phase, has already been completed. Electrification of further 86 health centres, in the second phase, has also been taken up.

10. The Bongaon-Bagda-Boyra Road is a vital line of communication in the jute growing areas of 24-Parganas and its proximity with Bangladesh border makes it distinct from other roads. The 80′-long Hamilton Girder Bridge on the 10th mile of the aforesaid road was washed away during the unprecedented floods of 1971. The gap had to be bridged as an extra-temporary measure during the Bangladesh Liberation War in December, 1971. This temporary bridge has to be replaced immediately by a modern permanent bridge to cater to the needs of the ever-increasing volume of traffic on this road. So, a sum of Rs.8,10,600 has been provided for construction of a high level RCC Bridge over river Kodalia at Asharu on the 10th mile of the said road.

11. The Sarsoona Main Road is an improtant link road between Calcutta and the rapidly growing Sarsoona Township. The major portion of the road is under the maintenance of Public Works Department; but the end portion belongs to the South Suburban Municipality. To meet the persistent publilc demand, decision has been taken to improve the Sarsoona

Main Road, including the end portion having a length of one-third of a mile along with the drains and culverts thereon at an estimated cost of Rs.1,72,300.

12. The State's Fourth Five-Year Plan for road development work began from 1969-70 with a plan provision of Rs.14.33 crores. This amount is hardly sufficient to complete even half of the continuing schemes of the Third Plan period. As a result the scope for execution of new road schemes has been severely restricted. A sum of Rs.4,84,20,000 has been provided in the current year's budget for road development works.

[3-30—3-40 p.m.]

13. During 1972-73 work has been in progress on 1,120 kms. of spill-over roads of the Third Plan. In addition, this Department has drawn up a plan for construction of another 3,200 kms. of new roads on which work has commenced in phases. About 230 kms. of roads under the State Sector are expected to be completed during the year 1972-73. During the year the following major bridges have been opened to traffic:—

(i) Little Rangit bridge at Singla Bazar, Darjeeling;

(ii) Rasulpur bridge on Tamluk—Contai Road, Midnapore;

(iii) Kunoor bridge on Panagarh - Illumbazar Road, Burdwan; and

(iv) Banka Silai bridge on Ghatal—Chandrokona Road, Midnapore.

The bridge over the Darakeswar on Bishnupur—Sonamukhi Road in Bankura is going to be opened to traffic within this month.

Besides completion of the above bridges, preliminary work in various stages in respect of the following major bridges is in progress:—

(i) Bridge over the Damodar at Sadarghat, Burdwan;

(ii) Bridge over the Subarnarekha at Kutighat, Midnapore;

(iii) Bridge over the Mansai at Mathabhanga, Cooch Behar.

(iv) Bridge over the Atrai at Balurghat, West Dinajpur;

(v) Abu Hyat Khan bridge on Bhagirathi river, Malda; and

(vi) Netaji Bridge on Kalindri river, Malda.

13. During the year 1973-74 it is expected that construction of a further 270 kms. of roads will be completed along with a major bridge over the Mundeswari at Harinkhola on Champadanga—Arambagh Road, Hooghly.

14. Of the Central Sector road schemes under execution of this Department, mention may be made of the Haldi Link Road (N.H.41), realigned portion of the N.H.34 on either side of Farakka Barrage, Asansol Byepass (of N.H.2) and Belghoria Expressway. As to the Belghoria Expressway, preliminary works, viz., land acquisition, soil investigation, collection of materials, etc. are in progress. Works is also in progress in respect of some major C.M.D.A. schemes including "Improvement of Howrah Station area", which is expected to be completed well within 1973-74. The improvement of traffic condition in the Howrah Station area by shifting the bus stand and providing sub-ways for traffic to and from railway station is going on in full swing. As a result of shifting of some bus stands and the opening of a major part of the sub-way network to traffic, the traffic condition has eased to a great extent. Land acquisition, soil investigation, earthwork and collection of materials in respect of Barrackpore—Kalyani Expressway are going on. The work on the approach roads of the Kalyani bridge is expected to commence shortly.

15. The Road and Building Research Institute of the Road Directorate is trying to find out some new sources of stone metal in the State to meet the present shortage. The Institute is also developing new specifications for road structures to ensure ultimate economy depending on the availability of local material and on the zones marked by different characteristics of soil.

16. Construction of 106 miles of market link roads at an estimated cost of Rs 1 crore has been taken up by the Public Works (Roads) Department at the suggestion of the Agriculture and Community Development Department to facilitate communication in the Kangsabati command area. The project is being financed by the Union Government. The work is likely to be completed during the Fourth Plan period.

17. With the view to perpetuating the memory of Shri Aurobinda, Government premises at 8 Shakespeare Sarani, Calcutta, where he spent his childhood days, has been converted into "Aurobindo Bhavan" and made over to Shri Aurobinda Samity, a Statutory Body constituted under the Shri Aurobindo Memorial Act, 1972 (West Bengal Act XXIV of 1972). The object of the Samity is to propagate the teachings of Shri Aurobindo amongst the masses so as to help them to raise their mental and moral outlook and to solve their cultural and spiritual problems in the light of such teachings. A sum of Rs.2 lakhs has been placed at the disposal of the Shri Aurobindo Samity, as grant of the State Government for discharging the functions of the Society.

18. A marble bust of Raja Ram Mohan is being prepared. This will be presented to the Radhanagar Ram Mohan Bi-Centenery Committee for installation in his ancestral home. Steps have also been taken for installation of a 9 ft. bronze statue of Saheed Surya Sen and a double life-size bronze statue of Shri Aurobindo. The Public Works Department is actively

considering a proposal for preparation of two marble busts of Matangini Hazra for presentation to the Matangini Smriti O Swadhinata Rajat Jayanti Samiti, Tamluk, for installation of one at her ancestral home at Alinan, police-station Tamluk and the other at the site at Tamluk Town where she attained martyrdom on the 29th September, 1942. A double life-size bronze statue of Rishi Bankim Chandra Chattopadhyay is under preparation.

19. Historical monuments in the State are being brought under State protection on a liberal basis under the Act XXXI of 1957. Repair works of 24 State protected historical monuments have sanctioned at a total cost of Rs.1,50,000 only. The works are in progress on scientific lines having due regard to archaeological principles. A lump provision of Rs.75,000 has also been made for the aforesaid purpose during the next financial year ('73-74). We have a scheme for publication of 16 books on historical monuments. The first volume of the series on Bankura district has already been published. The volume on Birbhum district in under print. The volume on some other districts are under preparation.

20. In my last budget speech I had already mentioned that in a limited sphere, the Public Works Department have been trying to open up scope of self-employment among unemployed engineers by liberally enlisting persons holding engineeding degrees and diplomas as Public Works Contractors. New enlistment in class I is being granted by this Department on fulfilment of the condition that the applicant should employ at least one technical person holding a recognised degree or diploma. It has also been made obligatory on the part of outside contractors participating an "open-tender" works to employ such technical hands under them Works up to the value of Rs.35,000 are being allotted to registered Co-operative Societies of Engineers on the basis of competitive tenders, subject to a weightage of 15 per cent. over the lowest tender with the benefit of exemption from payment of earnest money. 10 per cent. of group-maintenance works are also being set apart for allotment to such Co-operative Societies. Apart from this, minor repair and painting works up to Rs.5,000 and earth work up to Rs.20,000 are being allotted to Labour Co-operatives at par with the schedules of rates with the benefit of exemption from earnest money.

21. Under the special employment programme, the schemes for advance survey, soil exploration and quarrying of stonemetal have been undertaken. This will provide employment facilities to technical and non-technical personnel.

[3-40—3-50 p.m.]

Apart from what I have already told this House, there are certain other bridges and buildings which should be mentioned and which have been completed by the Public Works Department, viz., Sutanga bridge at

Mathabjanga, which is known as Abbasuddin Setu, the Subdivisional hospital building at Nabadwip, the Subdivisional hospital building at Diamond Harbour and the Subdivisional hospital building at Durgapur. Works on the following Subdivisional hospitals are nearing completion, viz., Subdivisional hospital building at Ranaghat, Subdivisional hospital building at Kalna. The work of the hospital building at Asansol is also well in progress. The work of a bridge over the river Silabati on Raniganj —Midnapore Road has also been started and is well in progress. The work of widening and strengthening N.H.34 from Chakdah to Dalkhola at a cost of about Rs.4.65 crores is also going on in full swing.

With these few words may I now request the House to approve of this demand already placed by me?

Mr. Speaker: All the cut motions are in order and they are taken as moved.

Shri Shish Mohammad: That the amount of the demand be reduced to Re.1.

Shri A. H. Besterwitch: That the amount of the demand be reduced by Rs.100.

Shri Timir Baran Bhaduri: That the amount of the demand be reduced by Rs.100.

Shri Shish Mohammad: That the amount of the demand be reduced by Rs.100.

Shri A. H. Besterwitch: Sir, I move the cut motion standing in my name. I am not going into the details of this grant, but I am particularly going to speak on the roads. Now, Sir, let me take, for instance, Balurghat in North Bengal. The India Government sanctioned a sum of Rs.31,77,000 for Raiganj—Hili Road. But unfortunately, this amount has been utilised not for this road, but for the roads of Bamangola, Gazole, Dinajpore and other places depriving the people who have been very badly affected by war. There are various letters from the Deputy Commissioner to this effect to the Government of India as well as to the State Government but the State Government is taking no action to see that this road is completed. Even the India Government has written a letter to the Deputy Commissioner on 2nd March, 1973. It also stated that the State Government has not taken any action or approached the Central Government for improvement of roads in this essentially war-torn area, that is, Balurghat. If this be the case, Sir, namely, that this department is not interested in certain areas which are war-torn and put into various misuse the money and thereby all the bridges and roads are finished up, it is a foregone conclusion, that whatever we may say here is of no value to us. Sir, as regards Balurghat, I have gone through all the books to see if there is

anything to be done in Balurghat, but there is nothing. Of course, the money might have gone somewhere; it might be that this amount of money was spent in the areas of the Ministers instead of spending it for the general public.

Now, Sir, if you go to Murshidabad, you will see the same thing. There are lots of places where in spite of writing, and writing nothing has been happening. Now take for instance, this item in the red book, item 94 at page 342. Here the estimated amount is Rs.17,90,400 but the actual expenditure in 1971-72 is Rs.90,056. Probable estimate for 1972-73 is Rs.75,000 and the budget estimate for 1972-73 is Rs.50,000.

Will the Hon'ble Minister go and see that area to find out as to whether although a lot of money has been spent there even a basket if earth has fallen on that road? I say, Sir, that not a basket of earth fell on that road and still such a lot of money has been spent. Where is the money going to? Is it going to somebody's pocket—I want to know that. Sir, I do not want to see the road in the same way for days and days. Again, Sir, you come to Murshidabad. You will be surprised to see the road communication in villages like Padmabati Anchal. It is a neglected area. In Moinaguri nothing has been done up till now. North Bengal is not going to be looked after by any Government whether it is the U.P. Government or the previous Government or this Government. It is the same story under every Government. I am regularly fighting on this issue but nobody seems to take any interest. Again, Sir, you will be surprised to know that there is no communication between Laudanga and other places in Beldanga area. During the last election in 1972, seven booths came with empty boxes. The people in those areas did not vote under protest for want of communication The Government is not taking any interest in the improvement of communication in these villages, Sir.

Now, I think Ajoy Babu will remember—and if Mr. Sen were here, he would have remembered too—that about the Dima Bridge I have been fighting with every Government but up till now in this budget too—the budget of the democratic and sociailst Government—there is no mention of this bridge. Alipurduar becomes disconnected during the monsoon. If the Dima Bridge is put up there, there will be communication between one part of Alipurduar subdivision and the other. I am regularly crying for this Dima Bridge but nobody is thinking of it. It is a very important bridge and a very important line of communication.

Now, Sir, if the Hon'ble Minister goes through his Red Book and all that between the years 1962 and 1967, he will find that huge amount of money was spent on the road between Jaigaon and Alipurduar, and Jaigaon and Cooch Behar but the road is in a bad state. I think the Ministers and Deputy Ministers have gone through the Jaigaon and Alipurduar Road, they have seen the condition of the road. That road was made during the British regime and the road is now as it was before. Nobody is taking

any interest on that road and yet huge amount of money has been spent on that road. Where has that money gone to God only knows. Similarly, the road at Sonarpur at the crossing of Jaigaon and Cooch Behar was constructed during the British regime, and it is still there in the same condition. Nothing has been done to it. I would request the Hon'ble Minister just to visit that area and see the condition of the road. There is every likelihood of accidents on that road—such a narrow road with heavy traffic—and accidents are taking place on that road. It is a very important road. I would request the Hon'ble Minister to go and visit that place. I think his departmental aides have seen and know the condition of the road.

[3-50—4-00 p.m.]

Sir, I do not know the reason why that road is not repaired although Dima Bridge is being constructed. I have always spoken about this road during the budget discussions. During 1966-67 also I spoke of this—suddenly we find huge amounts of money spent on various roads. The reply then given was, no such road existed. But, Sir, in spite of that money was spent. If the department is going to spend like this—without any road being there—I would request the Hon'ble Minister to just go and see the roads—if even a basket of earth is put on the roads. Sir, I say this not for the sake of criticism, but to see what is going on in this respect. I was a contractor myself and I know the conditions of the roads. No work is being carried on according to specification on any of the roads in West Bengal. Only here we find everything is all right. If you go to the villages you will find nothing is done according to specification. It is surprising. If the foundation of the road is strong I do not see why repairs will be necessary every six months. But here we find every six months repair work is going on because the foundation is not good. That is where it is. The roads are not being constructed according to specification. I can say, as a contractor, I had to leave because I could not go there with money bags, I refused to give bribes to anybody. Hence I personally left. This is the state of affairs. Sir, huge sums of money is being spent by the Government because the works are going on without any specification. There should be a very strict watch over all these works. If you go to Birpara you will see the wastage of materials right along the road—the materials are lying there without any utility. I do not know why these collections were made—right in front of my office, broken materials and singles are stacked. There should be some utility. Things are collected and stacked at some places. Why are these things being wasted? Everywhere these things are happening and there is nobody to take notice of these things. We are here as members only to criticise and leave, pass these things and go away. We have nothing to do after that. It is the Minister or his officers who will do everything. We have no authority. We only debate. Sir, excuse me, if I say, this is only a debating House and nothing more than that. Until we have the authority to see how the money is utilised, it is no use passing

any Money Bill. I, therefore, request the Hon'ble Minister to form such a strong committee that can move about and see that the money sanctioned is spent profitably and not wasted.

Shri Cyan Singh Sohanpal: These proposals should have come from the United Front Government.

Shri A. H. Besterwitch: These proposals came during United Front regime. Ajoy Babu knows that. Sir, it is a very funny thing that when we give suggestions Members from the Treasury Bench talk of United Front regime. Let me tell you that when United Front was in power u did not criticise previous Governments like you. Today you are doing mischief and you have come here to safeguard that mischief and blame the United Front Government. You are just like old wine in a new bottle. Why don't you blame your Congress which was in power? Why don't you blame yourself for doing the mischief from 1970 till today? What have you done? The United Front Government made one mistake in 1969 and not in 1967. In 1967 what happened? MLAs were sold and purchased like cattle and that is why United Front Government failed. They might have done a mischief during 1967, but they did not make any mischief in administrative affairs as you are doing now. So don't blame the United Front. Although I was not here in 1967—I was here in 1969 - I was the first man in this House to challenge the United Front when my office at Alipurduar was burnt. That was the first incident during United Front regime. Then nobody came. I was alone. So it's no use blaming the United Front Government in front of me. We did our bit during United Front regime. We fought the onslaught; we shouldered the onslaught and we are shouldering the onslaught now too. Don't talk of United Front Government as to what has been done and what should not have been done by them. Ask your Congress, they will answer it. Don't ask us. So this might be very clearly understood that during United Front regime, RSP was the only party that started the ball rolling and fought it first on the floor of the House. Then nobody came and said anything but it was taken up at higher level and then everybody condemned it. We know what United Front have done and what we have done. We know how to move. In 1971 we moved alone against the alliance. We did it alone and the three masketeers are here. We know how to fight and we do not bow our head to anybody. What is right we express and what is wrong we express. That is our duty, that is the policy on which we stand.

Shri Cyan Singh Sohanpal: Sometime you remain neutral also.

Shri A. H. Besterwitch: Sometime we remain neutral but not for you. We know our duty and that is our political life.

Mr. Speaker: Mr. Besterwitch, you are deviating from your points.

Shri A. H. Besterwitch: When they deviate me I cannot help. I have got to answer that. When the Minister says this I have got to answer that. Now, I request the Minister who has placed this Grant to see that it is followed in toto, that it does not remain only as a piece of paper. There is the question of spending of money behind this and I know they will not do this. That is why I have got to fight against it.

[4-00—4-10 p.m.]

Sir, if I see that they are sincerely working for this I am ready to support it. But I cannot do it at the present moment. Until I see the activities of this Government I cannot support. What did they do last year? Where has the money gone? Where is the money as shown in item 94, page 342 of this Red Book gone? Here is only one item about which I speak and I don't know what has happened to other items. So, Sir, when money is being misused I have got to fight against that.

With these words, Sir, I cannot, for the moment, support this Grant.

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: মাননীয় স্পীকার মহোদয়, আমাদের পূর্তমন্ত্রী পূর্ত খাতে যে ব্যয়-বরাদ্দ উত্থাপন করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। সমর্থন জানাচ্ছি এইজন্য যে, এতদিন যেসমস্ত রাস্তাঘাট নির্মাণ হচ্ছিল তা শহরাঞ্চলের মধ্যেই আবদ্ধ ছিল। কিন্তু এইবারের বাজেটে আমরা দেখতে পাচ্ছি পল্লী অঞ্চলের বিভিন্ন রাস্তাঘাট পরিকল্পনার মধ্যে ধরা হয়েছে। শুধু তাই নয়, বাংলাদেশের ২৮০টা নির্বাচনক্ষেত্র আছে, প্রতিটি নির্বাচনক্ষেত্রের একটা না একটা রাস্তা গ্রহণ করা হয়েছে। সেইজন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি। ধন্যবাদ জানাচ্ছি এইজন্য যে, আমরা পূর্বে এর আগে পূর্ত খাতে বহু বক্তৃতা দেখেছি, আমি নিজেও বহু বক্তৃতা রেখেছি পল্লী অঞ্চলের রাস্তার জন্য। কিন্তু আমরা দেখেছি শহরের রাস্তার জন্য মিউনিসিপ্যালিটি আছে, অন্তঃপ্রদেশ রাস্তার জন্য সেন্ট্রাল পি ডবলিউ ডি আছে, জেলার কিছু কিছু রাস্তা জেলা পরিষদ করেন, কিন্তু আমাদের পল্লীর সঙ্গে পল্লীর, থানার সঙ্গে থানার বড় বড় রাস্তার যোগাযোগের প্রয়োজন ছিল। সেটা বহুবার বিধানসভায় উত্থাপন করেছি, কিন্তু এইবারের বাজেটেই দেখলাম প্রতিটি কেন্দ্রে একটি রাস্তা গ্রহণ করা হয়েছে, যেটা এর পূর্বে কখনও হয় নি বা দেখি নি। স্বাধীনতার পূর্বে মাত্র ১১শো মাইল পিচের রাস্তা ছিল, তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা পর্যন্ত প্রায় ৮ হাজার পর্যন্ত পিচের রাস্তা হয়েছিল, কিন্তু চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় কয়েক বছরে যুক্তফ্রন্ট বা অন্যান্য শাসনে কোন রাস্তা হয় নি। মাত্র দু'-তিনশো মাইল রাস্তা টেক আপ করা হয়েছিল। এইবার সে জায়গায় দেখেছি, প্রতিটি কেন্দ্রে একটি রাস্তা গ্রহণ করা হয়েছে। তা ছাড়া বড় বড় ব্রীজ, যেসমস্ত ব্রীজের জন্য বহুদিন ধ'রে আবেদন-নিবেদন করা হয়েছে, যেসমস্ত ব্রীজ বৃটিশ আমল থেকে চাওয়া হয়েছে, যেমন সদরঘাট ব্রীজ বৃটিশ গভর্নমেন্ট ১৯৩৭ সালে তখন করেন নি, ১৯৬২ সালে কংগ্রেস গভর্নমেন্ট করেন নি, তারপর দু'-দু'টো যুক্তফ্রন্ট সেটা করেন নি সেটা করা হচ্ছে। পূর্তমন্ত্রীর বক্তৃতায় জানলাম সেদিন সেই ব্রীজ আগে হ'লে যেখানে ৪২ লক্ষ টাকা লাগত এখন সেটায় লাগবে এক কোটি ৩৫ লক্ষ। এখন সেই ব্রীজ নির্মাণ করা হচ্ছে। কোচবিহারে মানসাই নদীর উপর এবং মালদহতে বহু নূতন নূতন ব্রীজের পরিকল্পনা নিয়েছেন এবং ৫টি ব্রীজ ইতিমধ্যে সমাপ্ত করেছেন এবং আমি বলব, পল্লী অঞ্চলের রাস্তাঘাটের জন্য সরকার যেভাবে ব্যবস্থা করেছেন পূর্বে আমরা দেখি নি। তা ছাড়া আমি এইটা নিবেদন করব যে, আগে আমরা দেখেছিলাম পল্লী অঞ্চলের রাস্তাঘাটের জন্য চাষী ফসলের ন্যায্যমূল্য পেত না, কিন্তু আমরা দেখতে পাচ্ছি সেটা ঠিকভাবে পাওয়া যাবে। যেভাবে বাজেট করা হয়েছে তাতে অর্থনৈতিক পুনরুজ্জীবন হবেই। এবং এর জন্য বিস্তৃত পরিকল্পনা গ্রহণ করায় অর্থনৈতিক অবস্থা ফিরে যাবে গ্রামীণ আর্থিক উন্নয়ন

দেখা দেবে। গ্রামাঞ্চলের মানুষের জীবনের মান বৃদ্ধি পাবে। সেইজন্যই আমি এই বাজেটকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। এই বাজেটকে আরও সমর্থন জানাচ্ছি এই যে, যে অর্থ এখানে বরাদ্দ করা হয়েছে এর চেয়ে বেশি টাকা এর পূর্বে আর বরাদ্দ করা হয় নি। এবারে গতবারের চেয়ে আরও বেশি টাকা এবারে বরাদ্দ করা হয়েছে ১১ কোটি একটিতে আর একটিতে ২০ কোটি টাকা ধরা হয়েছে। ১৫।১৬।২০ কোটি টাকা এই খাতে এই সরকারের আগে বরাদ্দ করা হয় নি। পল্লী অঞ্চলের যোগাযোগ করার যে ব্যবস্থা করছেন তার জন্য আরও অর্থ বরাদ্দ করা উচিত ছিল। তবু যা করেছেন তাতে এই বাজেট সমর্থনযোগ্য। এই ব'লে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশিবপদ ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, পূর্তমন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি এখানে উত্থাপন করেছেন তাকে সমর্থন করতে এসে আমি গতবারে এই বাজেট বরাদ্দের সময় যে কথা বলেছিলাম সেই কথা আমি আবার পূর্তমন্ত্রী মহাশয়কে স্মরণ করিয়ে দিতে চাই। আমি যে কেন্দ্র থেকে নির্বাচিত হয়ে এসেছি সেই নির্বাচনী ক্ষেত্রে আমি যখন কলেজের ছাত্র ছিলাম সেই সময় শুনেছিলাম যে, সেখানে একটা রাস্তা হবে। ইউনিভার্সিটি থেকে বেরিয়ে আজ পর্যন্ত দেখছি সেই কল্পনার পাকা রাস্তা কল্পনাতেই রয়ে গেছে। এটা স্যার, আমি কিছুতেই বুঝতে পারছি না যে, ২০ কোটি ৫০ লক্ষ টাকা রাস্তার জন্য বরাদ্দ হয়েছে এখানে যদি ৪৪ কোটি বা ৫০ কোটি বরাদ্দ করা হ'ত, তাতে আমাদের কি উপকার হ'ত! এই ডিপার্টমেন্টে সীমাহীন অযোগ্যতা, শ্লথতা ও কর্মবিমুখতা বাসা বেঁধে বসে আছে। একটা রাস্তা শুরু হ'ল ১৯৬২ সালে ১৯৭২ সাল শেষ হয়ে গেল, এখনও সেই রাস্তা সমাপ্ত হয় নি। এই অবস্থা আমার কনস্টিটিউয়েন্সিতে রয়েছে। এখানে বলা হয়েছে প্রত্যেক কনস্টিটিউয়েন্সিতে অন্তত একটি ক'রে রাস্তা ধরা হয়েছে। কোন কোন ভাগ্যবান এম এল এ হয়ত তাঁর কনস্টিটিউয়েন্সিতে কিছু রাস্তা পেয়েছেন। কিন্তু দুর্ভাগ্যের দারুণ বোঝা আমি বহন করছি—আমার এলাকায় সিকি মাইল রাস্তারও ব্যবস্থা হয় নি। আমি বার বার এই কথা হাউসে বলেছি, অনুরোধ করেছি—কিন্তু ব্যবস্থা কিছুই হয় নি এবং আমি জানি না কবে হবে—কোন্ দিনে হবে এই আশ্বাস মন্ত্রিমহাশয়ের কাছে পাওয়ারও সম্ভাবনা নেই। তাই আমার বক্তব্য হচ্ছে, গ্রামবাংলায় রাস্তা ছড়িয়ে দেওয়া হয়েছে ঠিকই—রক্তবাহী ধমনীতে যেমন রক্ত প্রবাহিত হয়ে শরীরকে শক্তিশালী করে সেইরকম রাস্তা পল্লী অঞ্চলে ছড়িয়ে দিলে তা আমাদের অর্থনৈতিক শক্তি বাড়িয়ে দেবে। এখন অপরকে মালা দিতে আসছে ব'লে আমি আনন্দে নাচব এ অবস্থা আমার আসে নি। আমি অত্যন্ত বেদনার সঙ্গে, দুঃখের সঙ্গে, ক্ষোভের সঙ্গে বলব, ৪০ কোটি খরচ করা হোক আর ৫০ কোটি খরচ করা হোক আমার কনস্টিটিউয়েন্সিতে মানুষের কি আনন্দ, কি শান্তি দেবে তা বুঝতে পারছি না। গতবারে এখানে দাঁড়িয়ে এই কথা বলেছিলাম এবং এবারও তারস্বরে চিৎকার করছি, শুনছি হবে, হবে, হবে। কিন্তু কবে হবে ঐ রাস্তা তা যদি আমার অঞ্চলের লোক জানতে পারত, তা হ'লে তাদের ছেলেমেয়েরা আশ্বস্ত হ'ত যে সময়মত লোককে ডাক্তাখরানায় নিয়ে যাবার ব্যবস্থা এতদিনে হবে। আজকে গ্রামবাংলার মানুষের পাকা রাস্তার যথেষ্ট প্রয়োজন আছে। তাদের সামান্য পাকা রাস্তার সুযোগটুকু যদি না থাকে, তা হ'লে স্যার, অত্যন্ত ব্যথার সঙ্গে বলব ২০ কোটি কেন ৪০ কোটি টাকা খরচ করলেও কিছু হবে না। আজকে যে টাকা খরচের জন্য রাখা ছিল তা যদি নিয়মিত ব্যয় হ'ত বা ঠিকমত কাজে লাগত এবং সর্বত্র সমানভাবে ছড়িয়ে দেওয়া হ'ত তা হ'লে আমি খুবই আনন্দিত হতাম। এই কথা ব'লে এই বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[4-10—4-20 p.m.]

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: মিঃ স্পীকার, স্যার, মাননীয় বেস্টারউইচ সাহেব কাট মোশন এনে এতক্ষণ যেভাবে সমালোচনামূলক কথাবার্তা বললেন তাতে আমি বিস্মিত হলাম। মাননীয় স্পীকার মহাশয়, তাঁরা যখন যুক্তফ্রন্ট সরকারে ছিলেন সেই সময় এক ইঞ্চি রাস্তা কোথাও হয় নি। সেই সময় কোথাও একটিও হসপিটাল হয় নি। কতটা কি জনকল্যাণমূলক কাজ যুক্তফ্রন্ট সরকার করেছিলেন সেটার হিসাব নিশ্চয় আছে। দু'বার যুক্তফ্রন্ট সরকার শাসনক্ষমতায় এসেছিলেন, কিন্তু সেই সময় এক ইঞ্চি রাস্তাও তৈরি হয় নি, এটা আমরা অন্ততঃ চিরকাল বলতে পারব।

মাননীয় স্পীকার মহাশয়, আমি এই সরকারের কাজের নমুনা আপনার কাছে উপস্থিত করছি। যুক্তফ্রন্ট সরকারের সময় আমাদের বর্ধমান জেলার যিনি মন্ত্রী ছিলেন তাঁর কাছে আমাদের জেলার অত্যন্ত প্রয়োজনীয় দামোদর সেতু নির্মাণ করার জন্য কতকগুলি মানুষ আবেদন জানিয়েছিলেন। কিন্তু অত্যন্ত লজ্জা এবং ঘৃণার কথা যে, সেদিন তাদের প্রত্যাখ্যান করা হয়েছিল এবং শুধু প্রত্যাখ্যান করা হয় নি, অপমানিতও করা হয়েছিল। আমি আর এস পি বন্ধুদের জানিয়ে দিতে চাই যে, আমাদের বর্তমান জনপ্রিয় সরকার প্রতিষ্ঠিত হবার পরে এই জনপ্রিয় সরকারের পূর্তমন্ত্রী বার বার ঐ জায়গায় গিয়েছেন এবং অগণিত মানুষের দুঃখকষ্ট তিনি নিজে দেখেছেন এবং নদী পারাপারের কষ্টও উপলব্ধি করেছেন এবং সঙ্গে সঙ্গে ঐ সেতুটি নির্মাণের পরিকল্পনাও গ্রহণ করেছেন। আপনারা নিশ্চয় জানেন, গত ১১ই মার্চ ঐ স্থানে গিয়ে বর্তমান সরকারের মুখ্যমন্ত্রী প্রস্তাবিত কৃষক সেতুর শিলান্যাস করেছেন। এটা অত্যন্ত আনন্দের কথা, অত্যন্ত সুখের কথা এবং এইজন্য ঐ অঞ্চলের মানুষরা বর্তমান সরকারকে আশীর্বাদ জানাচ্ছে। আজকে আর এস পি বন্ধুদের দুঃখিত হবার কোন কারণ নেই। মানুষের দুঃখকষ্ট লাঘব করবার জন্যই বর্তমান সরকারকে সাধারণ মানুষ প্রতিষ্ঠিত করেছেন। আমি এইজন্য মাননীয় পূর্তমন্ত্রী এবং পূর্ত বিভাগের সমস্ত অফিসার এবং একজিকিউটিভ ইঞ্জিনীয়ারদের ধন্যবাদ জানাচ্ছি এবং ঐ অঞ্চলের মানুষরাও এর জন্য ধন্যবাদ জানাচ্ছে। আমি এই প্রসঙ্গে আপনার কাছে দু'-একটি কথা নিবেদন করতে চাই। আমাদের দেশের মানুষ রাস্তা চায়, কিন্তু রাস্তা তৈরি করবার কাজে আবার বাধা দেবার জন্য ইনজাংশন দিয়ে থাকে তাই আইন ক'রে যাতে এই ইনজাংশন বন্ধ করা যায়, সেজন্য আমি সরকারকে সচেষ্ট হ'তে আহ্বান জানাচ্ছি। আমরা দেখতে পাই, বিভিন্ন সময়ে জেলাপরিষদ, সি এস আর এস স্কীম, ক্রাস প্রোগ্রাম, টি আর ইত্যাদি বিভিন্ন ইনস্টিটিউশন-এর মাধ্যমে, বিভিন্ন বিভাগের মাধ্যমে রাস্তা তৈরি হয়ে থাকে। আমি সেইজন্য সরকারের কাছে প্রস্তাব রাখতে চাই, এইভাবে বিভিন্ন প্রতিষ্ঠানের মাধ্যমে রাস্তাগুলি তৈরি না ক'রে যদি পি ডবলিউ ডি, সেন্ট্রাল প্রতিষ্ঠানের মাধ্যমে রাস্তাগুলি তৈরি করা যায়, তা হ'লে অনেক ভাল হবে। আজকে যেখানে ক্রাস প্রোগ্রামে রাস্তার কাজ হচ্ছে আগামী দিনে হয়ত সেটা পি ডবলিউ ডি গ্রহণ করবে। সেইজন্য আমি অনুরোধ করছি, এগুলি পি ডবলিউ ডিপার্টমেন্টকেই তৈরি করতে দেওয়া উচিত, কেননা, রাস্তার দায়িত্ব যখন পি ডবলিউ ডিপার্টমেন্টের উপর ন্যস্ত আছে। স্যার, আমি আপনার মাধ্যমে আর একটি কথা জানাচ্ছি সেন্ট্রাল গভর্নমেন্টের প্ল্যানিং বোর্ডকে নিয়ে বিভিন্ন উন্নয়নমূলক কাজের জন্য কমিটি হয়েছিল। সেন্টার টাকা দেন রাস্তার জন্য। পি ডবলিউ ডিপার্টমেন্ট রাস্তা গ্রহণ করেন, কিন্তু ফাইন্যান্স ডিপার্টমেন্ট সেই টাকার অঙ্ক কেটে দেন এবং সেই টাকা অন্য খাতে ব্যবহার করা হয়। এটা অত্যন্ত দুঃখের কথা।

মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে বলতে চাই যে, এরকম প্র্যাকটিস কোনমতেই চলতে দেওয়া উচিত নয়। প্ল্যানিং বোর্ড, যেটা সেন্ট্রাল গভর্নমেন্টের যে টাকা দেন পি ডবলিউ ডিপার্টমেন্টকে সমস্ত টাকা পি ডবলিউ ডিপার্টমেন্ট নিজের ডিপার্টমেন্টের উন্নয়নের জন্য যাতে ব্যয় করতে পারে তার জন্য ব্যবস্থা থাকা একান্ত প্রয়োজন। তা ছাড়া স্যার, হাসপাতালগুলির সঙ্গে পাকা রাস্তার সংযোগ স্থাপনের জন্য লিঙ্ক রোডগুলি পাকা করার যে পরিকল্পনা সরকার নিয়েছিলেন সেগুলি কিন্তু পাকা হয় নি। এ ব্যাপারে যাতে সত্বর ব্যবস্থা গ্রহণ করা হয় তার জন্য স্যার, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি। সব শেষে আর একটি বিষয়ে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি, সেটা হচ্ছে, সরকারী ফ্ল্যাটে যাঁরা বসবাস করেন তাঁরা যাতে সেগুলির মালিকানা স্বত্ব পান তার জন্য ব্যবস্থা গ্রহণ করা দরকার। সরকার থ্রি রুম ফ্ল্যাটের মালিকানা স্বত্ব দিতে চেয়েছেন। কিন্তু টু রুম ফ্ল্যাটে যাঁরা বসবাস করেন তাঁরাও যাতে এই মালিকানা স্বত্ব পেতে পারেন উপযুক্ত মূল্য দিয়ে, সে ব্যবস্থা গ্রহণ করা দরকার। এই ব'লে বাজেট সমর্থন ক'রে মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ জানিয়ে শেষ করলাম।

শ্রীঅরবিন্দ মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পূর্ত ও গৃহনির্মাণ দপ্তরের মন্ত্রি-মহাশয় ১৯৭৩-৭৪ সালের যে ব্যয়বরাদ্দ আজ বিধানসভায় পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে আপনার মাধ্যমে কয়েকটি কথা নিবেদন করতে চাই। আমরা স্বাধীনতার রজত-জয়ন্তী বর্ষে গ্রামবাংলার মানুষের অর্থনৈতিক পুনরুজ্জীবন ঘটাবার সঙ্কল্প গ্রহণ করেছি।

কিন্তু দুঃখের কথা, আজও কোর্ট-কাছারীর কাজে শহরে আসতে হ'লে গ্রামের লোকদের ২০-২৫ মাইল কাঁচা রাস্তা পায়ে হেঁটে এসে বাস ধরতে হয়। আর বর্ষাকালে হাটবাজার করতে আসা কল্পনার বাইরে। অত্যন্ত আনন্দের কথা, মাননীয় মন্ত্রিমহাশয় এই বরাদ্দের মধ্যে বড় বড় রাস্তাগুলির সঙ্গে গ্রামের রাস্তাগুলির সংযোগ স্থাপনের জন্য উপযুক্তসংখ্যক গ্রামীণ রাস্তা তৈরির উপর গুরুত্ব দিয়েছেন। সরকারের কাছে নতুন নতুন রাস্তার প্ল্যান আসবে, রাস্তা হবে। এই প্রসঙ্গে বলতে চাই, আমাদের নদিয়া জেলার বিস্তীর্ণ এলাকা হচ্ছে বাংলাদেশের বর্ডার। আমরা শুনেছিলাম ১০ বছরের মধ্যে বর্ডারের সমস্ত ক্যাম্পগুলির সঙ্গে সংযোগ ক'রে একটা রাস্তা হবে, কিন্তু আজ পর্যন্ত সেই রাস্তা তৈরি হবার কোন লক্ষণ দেখতে পাচ্ছি না। যে রাস্তাগুলি হচ্ছে তা নদিয়া জেলার শহরাঞ্চলের দিকেই হচ্ছে। তাই মন্ত্রিমহাশয়ের কাছে দাবি করব, গ্রামবাংলার দিকে রাস্তা তৈরি করা হোক। স্যার, এই প্রসঙ্গে আরও একটা কথা বলব, সেটা হচ্ছে, আমার কনস্টিটিউয়েন্সির পাশে তেহট্ট এবং চাপড়ার উপর দিয়ে প্রায় ৬০ মাইল রাস্তা আমাকে বাসে ক'রে আসতে হয়। সেই বাসে ক'রে আসবার সময় আমি দেখেছি, রাস্তার পাশে এক-দেড় বছর ধ'রে পাথর, পীচের ড্রাম, ইট ইত্যাদি প'ড়ে আছে, কিন্তু সেগুলি সময়মত ব্যবহার করা হচ্ছে না বা কাজে লাগানো হচ্ছে না। রাস্তাগুলি মেরামতের অভাবে বাস চলাচলের অনুপযোগী হয়ে যাচ্ছে। প্রাথমিক পর্যায়ে মেরামত হ'লে যে খরচ হ'ত, পরে হ'লে হয়ত তার চেয়ে তিন গুণ বেশি লেগে যায়। দু'-একটি মেরামতী কাজের নজীর আমার কাছে আছে। কাজ শেষ হবার এক মাস যেতে না যেতেই সমস্ত খোয়া ও পীচ উঠে গিয়ে রাস্তাগুলি পূর্বের অবস্থায় দাঁড়িয়ে যায়। কি এর কারণ আমরা জানতে পারি কি? কারণ আর কিছুই নয়, সংশ্লিষ্ট কন্ট্রাক্টররা বিভাগীয় অফিসারদের ঘুম পাড়িয়ে রাখেন। প্রগতিশীল জনপ্রিয় সরকার পশ্চিম বাংলাকে সর্বাঙ্গীণ সুন্দর ক'রে গ'ড়ে তোলবার প্রাণপণ চেষ্টায় যেরূপ দ্রুতগতিতে এগিয়ে চলেছেন, বিভাগীয় অফিসাররা কিন্তু তত গতিশীল নন। তাই মাননীয় মন্ত্রিমহাশয়কে স্মরণ করিয়ে দিতে চাই যে, তাঁর কাজের সঙ্গে সঙ্গতি রেখে বিভাগীয় অফিসারগণও যেন গতিশীল হন। নইলে আপনার সকল প্রচেষ্টা ব্যর্থ হবে। এই ব'লে আমি ব্যয়বরাদ্দের দাবিকে পুনরায় সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[4-20—4-30 p.m.]

শ্রীঅজিতকুমার বসু: মাননীয় স্পীকার মহাশয়, এই পূর্তবিভাগ আমাদের দেশের একটা গুরুত্বপূর্ণ বিভাগ। আমাদের দেশের বিশেষ ক'রে গ্রামাঞ্চলে বেশির ভাগ মানুষের এই বিভাগ সম্পর্কে রীতিমত উৎসাহ আছে। কিন্তু একটা কথা আমার অনেকদিন ধ'রে ভাবতে হয়েছে, কি ব্যাপার, যে টাকা মন্ত্রিমহাশয় এখান থেকে চেয়েছেন সেটা তিনি নিশ্চয়ই পাবেন। কিন্তু এই যে ৩০।৩২ কোটি টাকা তাতে তার কর্মচারীদের মাইনা দিতেই ফুরিয়ে যাবে। বাকি পাবলিক ওয়ার্কসের জন্য ৫ থেকে ৭ কোটি টাকার বেশি পাবেন না। কাজেই এইরকম একটা গুরুত্বপূর্ণ ডিপার্টমেন্ট এবং তার জন্য এত অল্প টাকা এটা আমার কাছে কি রকম মনে হচ্ছে। কাজেই এই ব্যাপারটা একটু পরিষ্কার ক'রে এই ডিপার্টমেন্টের ওয়ার্কস সম্পর্কে আমাদের কাছে আসা দরকার। আমরা জানি, এই হেল্‌থ ডিপার্টমেন্টের অনেক কাজও এই পূর্ত-বিভাগের কাছে আসে এবং বোর্ড অব রেভিনিউ এদের কাজের ভারও এই ডিপার্টমেন্টের হাতে আসে। কারণ সেখানে বাড়িঘর তৈরি হয় রাস্তার কথা সামান্যই থাকে। কাজেই বেশির ভাগ লোক সে সম্পর্কে উৎসাহী। যেসব রাস্তা চারিদিকে ছড়িয়ে পড়েছে আমার মনে হয়, এত টাকা খরচ হচ্ছে এবং মোটামুটি রাস্তাঘাটের জন্য অল্প টাকা খরচ হচ্ছে, এর একটা প্রতিকার করা দরকার ব'লে মনে করি। সরকারের যে ইঞ্জিনীয়ারিং ব্যবস্থা আছে সেটি ৬টি ভাগে ভাগ করা আছে। এটা ৬টি উইংসে আছে। এই ৬টি উইংসের মধ্যে কোন কোন উইংসে প্রচুর কাজ, আবার কোন কোন উইংসে সামান্য কাজ নিয়ে চলছে বহুদিন ধ'রে। এর একটা প্রতিকার হওয়া দরকার। ধরুন, রোড কনস্ট্রাকশন বোর্ড যেটার কথা মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে বলছি। এই কনস্ট্রাকশন বোর্ড ডাইরেক্টরেট প্রতিষ্ঠা করেছিলেন ডাঃ বিধানচন্দ্র রায় এবং তখনকার দিনের নামজাদা লোক শচীন ব্যান্ডো চীফ ইঞ্জিনীয়ার ছিলেন। চার হাজার লোক নিয়ে এই প্রতিষ্ঠান হয়েছিল। বর্তমানে কমে ২ হাজার কর্মচারী এখানে কাজ করছেন এবং প্রায় ১০০ জন হাইলি

কোয়ালিফায়েড ইঞ্জিনীয়ার এখানে রয়েছে। কিন্তু জানি না, মন্ত্রিমহাশয় কি বলবেন, তবে আমার মনে হয় ক্যাপাসিটি অনুযায়ী এখানে কাজ হচ্ছে না। যত লোক এখানে আছে তাদের যদি কাজ দিতে হয়, তা হ'লে মোটামুটি কম ক'রে ৬ থেকে ৭ কোটি টাকা এখন খরচ করতে হবে। কিন্তু গত দশ বছরের হিসাব নিলে দেখা যাবে কোন বছরে ২ কোটি টাকার বেশি খরচ হয় নি। আবার কোন বছরে ৯০ লক্ষ টাকা খরচ হয়েছে। এত বড় একটা ডিপার্টমেন্ট, এত লোক, এত হাইলি কোয়ালিফায়েড ইঞ্জিনীয়ার এখানে আছে আর এখানে এত অল্প কাজ হচ্ছে। এই আবার দেখা যাবে কোন কোন উইংসে। যেখানে অত্যন্ত গুরুত্বপূর্ণ উইংস আছে—যেমন হাউসিং অথবা রোড-এর ওয়ার্কিং এখানে যে টাকা পাওয়া যাচ্ছে সেটা ফেরত যাচ্ছে, খরচ হচ্ছে না। এই উইংস এবং কাজের পদ্ধতি এটা পরিবর্তন করা দরকার। এই যে ৬টি উইংসে ভাগ করা আছে এবং এক একটা উইংসে প্রচুর লোক আছে তাদের ক্যাপাসিটি অনুযায়ী কাজ হচ্ছে না। এক একটা উইংসে মোটামুটি যা টাকা আসছে সেটা খরচ হচ্ছে না, সেটা ফেরত চ'লে যাচ্ছে ব'লে খবর রাখি এবং এই বিষয়ে মাননীয় মন্ত্রিমহাশয় আমাদের সঠিক খবর দেবেন ব'লে আশা রাখি।

আমার বক্তব্য হচ্ছে যে, প্রত্যেক উইংসে যেন তাদের ক্যাপাসিটি অনুযায়ী কাজ দেওয়া হয়, এই ব্যবস্থা হওয়া দরকার। আমরা যতটুকু খবর রাখি, সেটা হচ্ছে এই কাজ বণ্টনটা সেক্রেটারীরা করেন এবং সহজ নিয়ম অনুযায়ী এই কাজ বণ্টন হয় না, ফেভারিটিজম্ চলে, এ ছাড়াও অন্যান্য ব্যাপার আছে। কাজেই প্রত্যেক উইংসে ক্যাপাসিটি অনুযায়ী কাজ যাতে দেওয়া হয় তার ব্যবস্থা হওয়া দরকার ব'লে মনে করি। এবং এই না হবার জন্য, ঠিকমত কাজ ডিস্ট্রিবিউশন না হবার জন্য প্রচুর গোলমাল বাড়ছে। যার ফলে সমস্ত ডিপার্টমেন্টের ওয়ার্কিং-এর মধ্যে বিশৃঙ্খলা চলছে। মাননীয় স্পীকার মহাশয়, ২১ হাজার ২৭৫ জন স্টাফ স্ট্রেংথ, এতজন লোক এখানে রয়েছে। এর মধ্যে এ'রা কি বলেন জানি না, ক্লাস ফোর ১৪ হাজার ৪৯৯ জন এখানে কাজ করছেন। আর ৬ হাজার ৭৭৭ জন সুপিরিয়ার না কি বলেন, তাঁরা কাজ করছেন। এর মধ্যে তিন ভাগের এক ভাগ অনিয়িমিতভাবে কাজ করছেন। বছরের পর বছর ধ'রে হয়ত এইরকমভাবে কাজ ক'রে যাবেন। আমি মনে করি, অন্য কোন ডিপার্টমেন্টে এই রকম অব্যবস্থা নেই। সেখানে যে কর্মচারী আছেন তাঁদের তিন ভাগের এক ভাগ অনিয়মিতভাবে কাজ ক'রে যাচ্ছেন, তাঁরা পার্মানেন্ট হন নি, তাঁদের প্রোমোশন অনেক সময় হয় না এবং স্থায়ী কর্মচারী হিসাবে যেসমস্ত সুযোগসুবিধা পাওয়া যায় সেই সমস্ত সুযোগসুবিধা থেকে তাঁরা বঞ্চিত। পশ্চিম বাংলার কোন একটা বিভাগেও ওয়ার্কিং এইরকম ধরনের না হওয়া উচিত ব'লে মনে করি। ধরুন যাঁরা সারা জীবন অনিশ্চিতভাবে চাকরি করছেন, প্রোমোশন হবে না জানছেন, তাঁরা কাজে কোনরকম উৎসাহ দেখাতে পারছেন না। যে-কোন রাস্তায় এইজন্য যে ওয়ার্ক অ্যাসিস্ট্যান্টরা কাজ করছেন, তাঁরা উদাসীনভাবে কাজ করছেন। আপনারা জানেন না হয়ত অনেকে, যাঁরা এখানে ব'সে আছেন, কিন্তু আমরা জানি কাজে তাঁরা বেরোন না। যদি বা বেরোন, একটু ঘুরেফিরেই আবার বাড়িতে ঢুকে পড়েন। আমরা তাঁদের জিজ্ঞাসা ক'রে জেনেছি, তাঁরা বলেছেন, আমরা ওয়ার্ক অ্যাসিস্ট্যান্ট হিসাবে তিন হাজার জন পশ্চিম বাংলায় কাজ করছি, আমাদের কোন প্রোমোশন নেই, আমাদের চাকরির কোন ঠিক-ঠিকানা নেই, এবং সেইজন্য আমাদের কাজেও কোন ঠিক-ঠিকানা নেই। কাজেই অনিয়মিতভাবে যে তিন হাজার লোককে ফেলে রাখা হয়েছে, এদের নিয়মিত করা অত্যন্ত জরুরী প্রয়োজন হয়ে পড়েছে। তা না হ'লে দেশ এদের কাছ থেকে যে কাজ আশা করে, সেই কাজ তাদের কাছ থেকে পাওয়া যাবে না। ধরুন রেগুলার ভ্যাকান্সি যেসমস্ত আছে, সেই সমস্ত ভ্যাকান্সিতে এখান থেকে লোক নিয়ে পূরণ করা দরকার। অবশ্য পূরণ করবার কথা উঠেছে, মন্ত্রিমহাশয় হয়ত বলবেন যে, এইরকম সার্কুলার আছে। এই যে সুপারভাইজারি স্টাফ, এদের সংখ্যা তিন হাজার। এদের কোন প্রোমোশন হচ্ছে না। ১৯৬৬ সালে ঐ যে ভ্যাকান্সি হ'ল, এখান থেকে লোক নিয়ে যেয়ে পূরণ করা হবে, এই সমস্ত আদেশ দেওয়া সত্ত্বেও এদের মধ্যে আজও ৯০ পার্সেন্ট তাঁরা অনিয়িমিতভাবে কাজ ক'রে আসছেন। এখন এর প্রতিকার হওয়া দরকার। মোটামুটি কথা হচ্ছে, যে, টাকা তো নিশ্চয়ই দরকার, টাকার সংস্থান বহু ব্যাপারে হয়েছে। কিন্তু একটা জনকল্যাণমূলক কাজে বিপুলসংখ্যক কর্মচারী অনিয়মিত সার্ভিসের মধ্যে থাকে, তা হ'লে নিশ্চয়ই ভালভাবে কাজ হ'তে পারে না। সরকারের প্রতিশ্রুতি আছে যে,

[4-30—4-40 p.m.]

লোয়ার ডিভিশন ক্লার্ক আর এদের মধ্যে এই যে তফাতটা আছে মাইনা বা অন্য ইনকামের ব্যাপা৷ এইসমস্তগুলি আর রাখা হবে না। কিন্তু তিনটি পে-রিভিশন হয়ে গেল এই কয়েক বছরে মধ্যে অথচ তাদের পার্থক্যটা আরও বেড়ে গেল। সরকারের তরফ থেকে প্রতিশ্রুতি আ৷ এই বৈষম্যটা কমিয়ে আনবার, কিন্তু এটা বেড়ে যাচ্ছে, এটা আমাদের নজরে পড়ছে। আর একা কথা ওয়ার্ক অফ দি ডিপার্টমেন্ট সম্বন্ধে বলতে চাই, আমরা নিজেরা তার ভুক্তভোগী এবং মাননী মন্ত্রিমহাশয়কে আর একবার মনে করিয়ে দেব। ডিপার্টমেন্ট থেকে প্ল্যান তৈরি হ'ল সো রাস্তারই হোক আর ব্রিজেরই হোক বা অন্য কোন কনস্ট্রাকশনই হোক এবং সেটা ক্যাবিনেট থে৷ অ্যাপ্রুভড হ'ল, তারপর সেটা যখন ফাইন্যান্স ডিপার্টমেন্টে গেল তখন ফাইন্যান্স ডিপার্টমেন্টে স্যাংশন পেতে ২-৪ মাস নয়, অনেক সময় দেড় বছর কি তার চেয়েও বেশি সময় লেগে যায় এর ফলে আমাদের দেশে যেভাবে জিনিসপত্রের দাম বছরের পর বছর বাড়ে তাতে যখন প্ল্যা স্যাংশন হয়ে এল তখন দেখা গেল টাকায় কুলোচ্ছে না, যার ফলে সেই প্ল্যান আবার রিভাইজ৷ হ'তে যায় এবং এইভাবে বার বার রিভিশনের ভিতর দিয়ে অনেক সময় স্যাংশনড অর্থ ফাইনা৷ ডিপার্টমেন্ট থেকে আবার স্যাংশন হয়ে আসতে দেরি হচ্ছে, তার ফলে আবার রিভিশন হচ্ছে এর ফলে অনেক কনস্ট্রাকশন অ্যাপ্রুভড হয়ে যাওয়া সত্ত্বেও আজও কাজ আরম্ভ হয় নি। আ৷ মাননীয় মন্ত্রিমহাশয়কে আমার কনস্টিটিউয়েন্সির তিনটি রাস্তার কথা বলেছিলাম। বহুকা৷ আগে তারা অ্যাপ্রুভ্যাল পেয়েছে, সিঙ্গুর-মোসা রোড, সিঙ্গুর-হুগলি রোড, আর কামারকুণ্ডু বাজুরিয়া রোড—এই তিনটি রাস্তার ১৯৭১ সালে চেষ্টা ক'রে স্যাংশন করানো হয়েছিল, স্যাংশ৷ করানোর পর ১৯৭২ সালে তাদের ওয়ার্ক অর্ডার ইসু করা হ'ল এবং কন্ট্রাক্টর নিযুক্ত হ'ল কিন্তু ঐ রোড এতদিন না হওয়ার ফলে সেখানে বাজার দর বেড়ে গিয়েছে, খরচ বেড়ে গিয়েছে তার ফলে কন্ট্রাক্টররা আজকে সেই রাস্তা করছে না। বহুকালের পুরানো অ্যাপ্রুভড প্ল্যা৷ সেখানে স্যাংশন্ড হয়েছিল এবং স্যাংশন্ড হওয়ার পর দেখা গেল, ইতিমধ্যে সেখানে বাজা৷ দর বেড়ে গিয়েছে, যার ফলে পরবর্তীকালে কন্ট্রাক্টরা বলছে, এই রাস্তা আমরা করব না। একট জায়গায় যদি এইভাবে তিনটে রাস্তা প'ড়ে থাকে অ্যাপ্রুভড হওয়ার পর, স্যাংশন্ড হওয়ার পর তা হ'লে অন্যান্য জায়গায় কি হচ্ছে আমি ঠিক বলতে পারব না, অন্যান্য মাননীয় সদস্যরা সেকথ বলবেন। এটা হচ্ছে ওয়ার্কিং-এর মোটামুটি বড় ডিফেক্ট। ওয়ার্কিং-এর এই ত্রুটি দূর কর দরকার এবং পূর্তবিভাগ যাতে সরাসরি নিজেরা টাকা খরচ করতে পারে তার ব্যবস্থা হওয় দরকার। আর একটা কথা বলতে চাই, আজকালকার দিনের নিয়ম হচ্ছে ৬০ ফুট ল্যান্ড অ্যাকোয়ার করতে হবে, না হ'লে নাকি রাস্তা হবে না? আগের দিনে আমরা দেখেছি, ৩০ ফুটে৷ মধ্যে ভাল রাস্তা করা হয়েছে, কিন্তু আজকের নিয়মের ফলে বহু জমি নষ্ট হচ্ছে। তাই আমি মন্ত্রিমহাশয়কে উপলক্ষ্য ক'রে তাঁর ডিপার্টমেন্টের যাঁরা স্পেশালিস্ট আছেন তাঁদের কাছে রাখছি অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে যে এর ফলে অনেক জায়গার মানুষ রীতিমত বিভ্রান্ত হচ্ছে এবং অনেক জায়গায় ডাবল খরচ হচ্ছে। সেইজন্য আমি বলছি যে, রাস্তাগুলি যখন প্রথম তৈরি হবে তখন ভাল ক'রে করুন, এবং সেখানে যাতে ডিপার্টমেন্টাল সার্ভে হয় সেদিকে নজর রাখা দরকার।

১০।১৫ বছর আগে এর সার্ভে হয়ে অ্যাপ্রুভড ও স্যাংশনড হয়েছে। ১০।১৫ বছর ধ'রে সেখানে ঘরবাড়ি ক'রে তারা ব'সে আছে যার ফলে রাস্তা করতে অসুবিধা হচ্ছে। এইরকম ওয়ার্কিং অফ দি ডিপার্টমেন্ট-এর দিকে আপনি নজর দিন। আগামী বছর ২৫শে জানুয়ারি বিপ্লবী কবি মাইকেল মধুসূদন দত্তের ১৫০তম জন্মবার্ষিকী বছর পালন করা হবে। পূর্ববঙ্গের লোকেরা নানান হৈ-চৈ-এর মাধ্যমে মধুমেলা পালন করে। আমরা এখানে মালা দিয়েই আমাদের দায়িত্ব শেষ করি। আমাদের পূর্ব বাংলার ভাইরা যেভাবে তাঁর স্মৃতিরক্ষার ব্যবস্থা করেছেন আমরা সেইভাবে না করতে পারলেও আমি পূর্তবিভাগকে অনুরোধ করব, তাঁরা যেভাবে শ্রীঅরবিন্দের স্মৃতিরক্ষার ব্যবস্থা করেছেন সেইভাবে করতে পারেন এবং তাঁর সাহিত্যের সুলভ সংস্করণ বার করার ব্যবস্থা করুন। এই আবেদন জানিয়ে আমি শেষ করছি।

শ্রীমহাদেব মুখার্জি: মাননীয় স্পীকার মহাশয়, চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় প্রত্যেক নির্বাচনকেন্দ্রের বড় রাস্তার সঙ্গে ছোট রাস্তা যোগাযোগ করার জন্য যে অনুমোদন করেছেন এবং আমাদের আরামবাগে রাস্তা যে অনুমোদন করেছেন—সোদপুর-খুশীগঞ্জ, বনমালীপুর-গোড়ায়, রামনগর-গৌরহাটি—তার জন্য তাঁকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। এই বাজেট আলোচনায় আমি কিছু গঠনমূলক সমালোচনা করছি। গঠনমূলক সমালোচনায় বলব আজ দশ বছর অতীত হ'ল মাথাভাঙ্গা-বাড়ানল রাস্তা ১৯৬৩-৬৪ সালে অনুমোদন হয়ে এই রাস্তায় মাটির কাজ, কালভার্টএর কাজ হয়ে পড়ে আছে। প্রথম টেন্ডার কাজ করে নি। বর্তমানে শুনছি টেন্ডার হয়েছে, কিন্তু এখনও কাজ শুরু হয় নি। এই কাজ যাতে শুরু হয় এবং এই রাস্তায় পুলের জন্য যা এস্টিমেট পাঠানো হয়েছে সেই এস্টিমেট যাতে অ্যাপ্রুভড হয়ে কাজ আরম্ভ হয় তার জন্য অনুরোধ করছি। যোগাযোগের দিক থেকে—বর্ধমান ও হুগলি জেলা—এটা একটা ইম্পর্ট্যান্ট রাস্তা। অর্থাৎ এটা একটা ইন্টার-ডিস্ট্রিক্ট রোড হবে। অথচ এই রাস্তা দশ বছর ধ'রে প'ড়ে আছে। ব্রীজের জন্য ৪ লক্ষের উপর এস্টিমেট হয়েছে। এই রাস্তার জন্য এবং পুল দুটো যাতে মন্ত্রিমহাশয় অনুমোদন করেন তার জন্য তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। তারপর হরিণখোলা ব্রীজের কথা বলছি। এটা ১৯৬৪ সালে শুরু হয়েছিল—১৯৬৮ সালে শেষ হবার কথা। তখন ইঞ্জিনীয়াররা বলেছিলেন, তিনটা স্তর পর্যন্ত করতে হবে। কিন্তু এখন দেখা যাচ্ছে যে, আরও নাবাতে হবে—অর্থাৎ ১২৫ ফুটের বদলে ১৯০ ফুট পর্যন্ত করতে হচ্ছে। কিন্তু এখানে ২নং থাম যেটা সেটা ২।৩ ফুটে নেবে যাচ্ছে। মাটি পরীক্ষা করে সেই থামটি যাতে বালু স্তর পর্যন্ত নাবে এবং বর্ষার আগে যাতে মানুষ চলাচল করতে পারে এবং এই পুলের কাজ যাতে তাড়াতাড়ি হয় তার জন্য অনুরোধ জানাচ্ছি।

[4-40—4-50 p.m.]

ঐ পুলের জন্য যে ইঞ্জিনীয়ার আছেন আমি শুনেছি তিনি কাজ ঢিলেঢালাভাবে করছেন এবং তিনি ১৯৬৪ সালে যে রিভাইজড এস্টিমেট দিয়েছেন সেই এস্টিমেটের কপি আমার কাছে আছে, আজকে সেই এস্টিমেটের অনেক ফারাক হয়ে গেছে, সুপারিন্টেন্ডেন্ট ইঞ্জিনীয়ারের কাছে এস্টিমেট রিভিশনের জন্য পাঠিয়েছেন, কিন্তু সেই এস্টিমেট আজ পর্যন্ত অনুমোদিত না হওয়ায় কাজ অত্যন্ত মন্থরগতিতে হচ্ছে, কোম্পানি ঠিকমত কাজ করছে না। সেই রিভাইজড এস্টিমেট যাতে অনুমোদিত হয়, পুলের কাজ যাতে ত্বরান্বিত হয় তার জন্য মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করছি। কারণ বর্ধমান জেলা, হুগলি জেলা, বাঁকুড়া জেলা, এমন কি পুরুলিয়া জেলা পর্যন্ত যোগাযোগের রাস্তা এটি। সেজন্য মন্ত্রিমহাশয়ের কাছে এই কাজ ত্বরান্বিত করবার জন্য আবেদন জানাচ্ছি। আজকে রাস্তার অভাবের জন্য হাসপাতালে ফ্যামিলি প্ল্যানিং-এর কাজ করতে পারা যাচ্ছে না। আজকে ফ্যামিলি প্ল্যানিং-এর যে সুষ্ঠু পরিকল্পনা নিয়েছেন রাস্তা না থাকার জন্য মেটিরিয়াল হাসপাতালে নিয়ে যাওয়া সম্ভব হচ্ছে না, সেখানে ফ্যামিলি প্ল্যানিং-এর কাজ ব্যাহত হচ্ছে। আমি মাননীয় মন্ত্রিমহাশয় যে বাজেট উপস্থাপিত করেছেন তাকে সমর্থন ক'রে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীবাসুদেব সাউট্যা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, পূর্ত বিভাগের মাননীয় মন্ত্রিমহোদয় তাঁর দপ্তরের ব্যয়বরাদ্দের যে বাজেট পেশ করেছেন আমি তা আন্তরিকভাবে সমর্থন ক'রে আপনার মাধ্যমে তাঁর কাছে কয়েকটি বিষয় রাখতে চাই। আমাদের সম্পদ খুব কম, তার তুলনায় আমাদের অর্থনৈতিক আকাঙ্ক্ষা অনেক বেশি। সততা ও ন্যায়ের সঙ্গে অর্থনৈতিক উন্নয়ন করতে হবে জনগণের কাছে এই প্রতিশ্রুতি দিয়েছি। অর্থনৈতিক উন্নয়ন হবে তখনই যখন যোগাযোগ ব্যবস্থা দ্রুত করা যাবে। যোগাযোগ ব্যবস্থা ছাড়া অর্থনৈতিক উন্নয়ন কোনপ্রকারে সম্ভব নয়। সেদিক থেকে পূর্ত বিভাগের দায়দায়িত্ব অনেক বেশি। পূর্ত বিভাগের দায়দায়িত্ব দ্রুত পালন করতে হ'লে স্টাফ বাড়াতে হবে। আমরা সবাই দ্রুত কাজ চাই, সুষ্ঠুভাবে কাজ সম্পন্ন করতে চাই, কিন্তু স্টাফ কম থাকলে কাজ কোনপ্রকারে দ্রুত সম্পন্ন করা সম্ভব নয়। ইতিমধ্যে হেল্‌থ, ইরিগেশন, এগ্রিকালচার এই সমস্ত ডিপার্টমেন্টে দেখা গেছে অফিসার অন স্পেশাল ডিউটি কিছু কিছু লোক নিয়োগ ক'রে দপ্তরের কাজ ত্বরান্বিত করা হচ্ছে, কিন্তু পি ডবলিউ বিভাগের অফিসার অন স্পেশ্যাল ডিউটি, দ্যাট ইজ ও এস ডি কোন লোক আজ পর্যন্ত নিয়োগ করা হচ্ছে না, ফলে

কাজ পিছিয়ে পড়ছে, কাজ এগ্নচ্ছে না। ১৯৬৫ সাল থেকে এই দপ্তরের অধীনে আপার ডিভিশন, অ্যাসিস্ট্যান্ট, হেড অ্যাসিস্ট্যান্ট, সেকশন অফিসার, কোনরকমভাবে কোন পোস্ট বাড়ানো হচ্ছে না, ফলে কোন কাজ সুষ্ঠুভাবে দ্রুত মোটেই এগিয়ে যাচ্ছে না। আমি অনুরোধ করছি দ্রুত সৎ, দক্ষ, নিষ্ঠাবান, অভিজ্ঞ লোকদের এই সমস্ত পদে নিয়োগ করুন এবং এই ডিপার্টমেন্টের কাজ ত্বরান্বিত করা হোক। এই দপ্তরের অধীনে কতকগুলি ডিভিশন আছে, যেমন আলিপুর ডিভিশন, সিটি ডিভিশন, এই সমস্ত বড় বড় ডিভিশনের জন্য বছরে ১ কোটি টাকা খরচ করতে হয় এবং এইরকম বড় ডিভিশন থাকার ফলে কাজ সুষ্ঠুভাবে হচ্ছে না। আমি অনুরোধ করছি, বিভাগীয় মন্ত্রিমহাশয়ের কাছে, এই আলিপুর ডিভিশন, সিটি ডিভিশন এগুলিকে ছোট ছোট ক'রে তৈরি করা হোক এবং সার্কেলগুলিকে ছোট ছোট ক'রে তৈরি করা হোক, এর ফলে স্টাফ বাড়বে, এমপ্লয়মেন্ট বাড়বে এবং বিশেষ ক'রে বেকার সমস্যার যুগে কিছু লোক চাকরি পাবে। আমি একটা প্রস্তাব আপনার সামনে রাখতে চাই, আমাদের চীফ ইঞ্জিনীয়ার মহাশয় একটা প্রস্তাব রেখেছিলেন ফর স্টেংদেনিং অব পি ডবলিউ ডি, প্রস্তাবটি অর্থ দপ্তরে এখনও ফাইল চাপা অবস্থায় প'ড়ে রয়েছে, এই অর্গানাইজেশন যদি কার্যকর হয়, তা হ'লে নতুন লোক চাকরি পাবে এবং তাতে এই ডিপার্টমেন্ট আরও সুষ্ঠুভাবে চলবে।

আমি হরিয়ানা এবং উত্তরপ্রদেশে দেখেছি রুরাল রোড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন আন্ডারে সেপারেট চীফ ইঞ্জিনীয়ার এরকম একটা সংস্থা তৈরি করা হয়েছে এবং তার মাধ্যমে পি ডবলিউ ডি-র অন্তর্ভুক্ত করা হয়েছে জেলা পরিষদ এবং অঞ্চল পরিষদের রাস্তাগুলো। আমি বলতে চাই, আমাদের পশ্চিম বাংলায়ও ওইরকম রুরাল রোড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন-এর আন্ডার-এ সেপারেট চীফ ইঞ্জিনীয়ার এরকম একটা সংস্থা ইমিডিয়েটলি করা হোক। এটা করা হ'লে আমাদের রাস্তাঘাট করা যাবে এবং ডিস্ট্রিক্ট এমপ্লয়মেন্ট হবে এবং গ্রামে যারা আনস্কিল্ড লেবার রয়েছে তারা কন্ট্রাক্টরের মাধ্যমে কিছু কিছু কাজ পাবে। তা ছাড়া আমরা দেখতে পাচ্ছি, ছোট ছোট গ্রাম্য রাস্তার জন্য পশ্চিম বাংলায় মাত্র দশ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। গ্রাম্য রাস্তার জন্য এই দশ লক্ষ টাকা কিছুই নয়, তাই আমি প্রস্তাব করছি, এটা যখন অতি সামান্য তখন এটাকে বাড়িয়ে কমপক্ষে ২৫ লক্ষ টাকা করা হোক। পি ডবলিউ ডি-র অধীনে আর একটা বিভাগ আছে যার নাম হচ্ছে পুরাতত্ত্ব বিভাগ। তাদের যে খননকার্য হয় সেখানে দেখেছি গ্রামের আনস্কীল্ড লেবাররা কাজ করত। পাণ্ডুরাজার ঢিবি খনন করার সময় তাদের রিপোর্ট পাবলিশ করা হয় নি এবং কেন্দ্রীয় সরকার এটা বন্ধ ক'রে দিয়েছেন। আমি রাজ্যসরকারকে অনুরোধ করছি, কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করুন যাতে পুরাতত্ত্ব বিভাগের কাজ চালু হয় এবং গ্রামের আনস্কীল্ড লেবাররা সেখানে কাজ পায়। তারপর তৃতীয় শ্রেণীর কর্মচারীদের সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে, তাদের জন্য সাবসিডিয়ারি রেশনিং ব্যবস্থা চালু করুন। অর্থাৎ পুলিস বিভাগের যেমন কম দামে চা'ল, ডা'ল তেল দেওয়া হয়, এদের জন্যও সেইরকম ব্যবস্থা করা হোক। এতে অনেক নূতন নূতন দোকান খোলা যাবে এবং তার ফলে বেকাররা সুযোগ-সুবিধা পাবে। আর একটা জিনিস লক্ষ্য করছি, কন্ট্রাক্টররা কম রেটে দাম দিচ্ছে এবং তার ফলে লক্ষ লক্ষ গ্রামের শ্রমিকরা নানাভাবে একদিক থেকে প্রতারিত হচ্ছে এবং অপরদিকে কন্ট্রাক্টররা প্রচুর রোজগার করছে। এদের আইনগত কোন প্রোটেকশন নেই, গ্র্যাচুইটি নেই, নো ওয়ার্ক নো পে। আমি প্রস্তাব করছি, বিধানসভায় আইন করা হোক যাতে এই সমস্ত আনস্কীল্ড লেবারদের একটা আইনগত প্রোটেকশন দেওয়া যায়। তারপর আমার প্রস্তাব হচ্ছে অনাদৃত, অবহেলিত সুন্দরবন অঞ্চলে রাস্তা করা হোক। আমি মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ দিচ্ছি, কাকদ্বীপ থেকে পাথরপ্রতিমা পর্যন্ত যে রাস্তার প্রয়োজন ছিল তার আট মাইলের ব্যবস্থা তিনি করেছেন। কিন্তু এস্টেট অ্যাকুইজিশন থেকে কোনরকম নোটিস না দেবার ফলে সেখানকার লোকের অসুবিধা হচ্ছে। আমার আর একটা বক্তব্য হচ্ছে, প্রতিটি ব্লকে একটি ক'রে শহীদ বেদী তৈরি করা হোক উইথ ফুল ডেকোরেশন অ্যান্ড বিউটি এবং বড় বড় রাস্তার সঙ্গে লিঙ্ক রোড তৈরি করা হোক।

শ্রীতপন চ্যাটার্জি: মাননীয় স্পীকার মহাশয়, আমি প্রথমেই আর এস পি দলের মাননীয় সদস্যকে অভিনন্দন জানাচ্ছি এবং তারপর অভিনন্দন জানাচ্ছি মাননীয় মন্ত্রিমহাশয়কে। আমি দেখলাম বেস্টারউইচ সাহেব বুড়ো মানুষ হ'লেও তাঁর বুকের পাটা আছে। আমি দেখলাম

অ্যাসেমব্লীতে দাঁড়িয়ে তিনি সকলের আগে বললেন, যুক্তফ্রন্ট সরকারকেও আমি সমালোচনা করতাম এই পি ডবলিউ ডি-র ব্যাপারে। বেস্টারউইচ সাহেব বলেছেন যে, কিছুই হয় নি। তাঁর একথা মানতে আমি প্রস্তুত নই। স্বাধীনতার পর দেশের যদি কোন অগ্রগতি হয়ে থাকে, তা হ'লে সেটা হচ্ছে রাস্তাঘাট। চুরি, জোচ্চুরি হচ্ছে একথা ঠিক। আগে গ্রামের লোকের কাছে আশীর্বাদ চাইতে গেলে বলত, "দারোগা হও"। কিন্তু এখন তারা আশীর্বাদ চাইতে গেলে বলে, "পি ডবলিউ ডি-র ইঞ্জিনীয়ার হও।" মন্ত্রিমহাশয় যেটা বলেন নি সেটা আমি তাঁকে জানাচ্ছি যে, কলকাতা এবং শহরতলী এলাকায় পি ডবলিউ ডি-র জমি ব্যাপকভাবে জবরদখল হচ্ছে এবং আমরা দেখছি আজকে দশ মাইল রাস্তা যেতে দশ ঘণ্টা লাগছে। আমি আর টি এ-র একজন মেম্বার, আমি আর টি এ-র একটা মিটিং-এ চেয়ারম্যানকে বলেছিলাম, বাস আর দেবেন না, কারণ কলকাতায় যদি মিনি রেল চালু হয়, তা হ'লে কলকাতায় বাস-ট্রাম বন্ধ হয়ে যাবে। আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি, আমরা যখন সংখ্যাগরিষ্ঠ রয়েছি, তখন এই কুড়ি হাজার লোককে উচ্ছেদ করুন যারা জবরদখল ক'রে রয়েছে। পৃথিবীর কোথাও রাস্তায় মুলো বিক্রি করতে দেওয়া হয় না। দরিদ্র আছে, বেকার আছে ঠিক কথা, কিন্তু তার মানে এই নয় যে, অন্য লোককে বেকার ক'রে দেওয়া।

[4-50—5-00 p.m.]

কত লোক অ্যাক্সিডেন্ট হয়ে মারা যায়, তার খবর কে রাখে। কত মহিলা বিধবা হচ্ছে, কত মা সন্তানহারা হচ্ছে, এই ট্র্যাফিক জ্যামের জন্য। আপনি স্যার, কোন রাস্তায় যেতে পারবেন না এই ট্র্যাফিক জ্যামের জন্য। এই ট্র্যাফিক আজকে ভয়াবহ আকার ধারণ করেছে। কলকাতা শহরে সবচেয়ে বড় সমস্যা হচ্ছে ট্র্যাফিক জ্যাম। এবং এর জন্য দায়ী হচ্ছে জবরদখল। এটা যদি তুলতে না পারেন, তা হ'লে রাস্তা ক'রে কোন লাভ হবে না। এই জবরদখলের সঙ্গে জড়িয়ে আছে আপনার ডিপার্টমেন্টের আমলারা যারা টাকা খেয়ে সমস্ত কাজ করে। আপনারা যদি এদের ওঠাতে চান, তা হ'লে আমলারা আপনাদের পিছনে লেলিয়ে দেবে। আমি বলতে চাই, এখনও সময় আছে, দৃঢ়হস্তে এই জবরদখলের মোকাবিলা করুন। আর একটা বিষয়ে আমি বলতে চাই, সেটা হচ্ছে কন্ট্রাক্টরদের সম্পর্কে। এদের পক্ষেও বলার আছে, আবার বিপক্ষেও বলার আছে। কন্ট্রাক্টররা স্পেসিফিকেশন অনুযায়ী কাজ করে না। তারা আধা-খ্যাঁচড়া কাজ ক'রে পালিয়ে যায়। তারপরে গভর্নমেন্ট আর এগোতে পারে না। কন্ট্রাক্টরেরা চুপ ক'রে বসে থাকে। তারা চুরি করে। যেখানে যেরকম মেটিরিয়্যাল দেবার কথা তা তারা দেয় না। আবার কন্ট্রাক্টরদের অনেক অসুবিধাও আছে। এই মূল্যবৃদ্ধিজনিত অসুবিধা। আজকে সি এম ডি এ যা করেছে ১৯৭১ সালে তারা একটা লিস্ট বের করেছে, এই মূল্যবৃদ্ধি হয়েছে তার জন্য টেন্ডারের রেট এবং কন্ট্রাক্টরদের রেট বেড়ে গেল। আপনারা যদি এইরকম সিস্টেম চালু করেন এবং প্রত্যেক বছর রেট রিভাইজ ক'রে মূল্যবৃদ্ধির সঙ্গে সঙ্গে, তা হ'লে আমার মনে হয়, এটাতে ভালো কাজ হ'তে পারে। তারপর আর একটা কথা আমি বলতে চাই, সি এম ডি এ-এর সঙ্গে আপনাদের আরও যোগাযোগ করা উচিত। আমরা দেখেছি সি এম ডি এ যে ড্রেন টেক-আপ করেছে আবার পি ডবলিউ ডি সেই ড্রেন টেক-আপ করল। এতে ক্ল্যাশ হয়ে যাচ্ছে অনেক জায়গায়। যে রাস্তা সি এম ডি এ টেক-আপ করেছে, আবার পি ডবলিউ ডি সেই রাস্তা টেক-আপ করেছে। সুতরাং সু-পরিকল্পিতভাবে বৈজ্ঞানিক পদ্ধতিতে এগুলো করা দরকার। কতকগুলি অর্থ ব্যয় করলেই যে দেশের উন্নয়ন হয় সেকথা ঠিক নয়। অর্থগুলি ঠিকমত কাজে লাগবে কিনা সেটা আগে লক্ষ্য করা দরকার। বাজেটে বড় বড় ফিগার দিয়ে দেশের উন্নয়ন যাচাই করা যায় না, সেই অর্থ কিভাবে ব্যয় হচ্ছে এবং সেই অর্থ সমাজের মানুষের কতখানি কাজে লাগছে সেটাই প্রথমে লক্ষ্য রাখতে হবে। এবারে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের বাজেটকে প্রথমে ধন্যবাদ জানাই নি, কিন্তু এখন ধন্যবাদ দিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমাণিকলাল বেসরা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় তাঁর বিভাগের যে ব্যয়বরাদ্দ এখানে এনেছেন তাকে আমি সমর্থন জানিয়ে দু'-চারটে কথা বলতে চাই। বাঁকুড়া জেলায় পঞ্চম পরিকল্পনায় যে রাস্তাগুলি নেওয়া হয়েছে সেগুলি পর্যাপ্ত না হ'লেও অপর্যাপ্ত

বলছি না। চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় চামড়া থেকে ধর্মপুর পর্যন্ত যে রাস্তাটি হবার কথা ছিল সেটার কাজ এখনও পর্যন্ত হয় নি, সেটার জন্য আমি বিশেষ ক'রে মাননীয় মন্ত্রি-মহাশয়কে অনুরোধ জানাচ্ছি। কারণ তার পাশে তারাখালি নদীর সেতুর কাজ আরম্ভ হয়েছে সেখানে লোক কাজ করছে বটে, কিন্তু আমরা দেখছি, সেখানকার অধিবাসীরা হতাশ হয়ে পড়েছে, কারণ তাদের রাস্তার কাজ এখনও আরম্ভ হয় নি। মেদিনীপুর জেলার কয়েকটি রাস্তার কথা আমি বলতে চাই। গড়বেতা থানা থেকে কংসাবতী নদী পর্যন্ত সেই রাস্তার এমন অবস্থা হয়েছে যে, তাতে যানবাহন এখনও পর্যন্ত সুষ্ঠুভাবে চলাচল করতে পারে না, যদিও বাস এখনও পর্যন্ত চলাচল করছে, কিন্তু এইটুকু রাস্তা অতিক্রম করতে বাসের ৪৫ মিনিট সময় লাগে, যেখানে আগে ১৫ মিনিট লাগত। সেইজন্য আমি এই রাস্তাটি মেরামত করবার জন্য পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

আর একটা রাস্তা রামগড় থেকে ঝাড়গ্রাম শহর পর্যন্ত, এই রাস্তার অসুবিধার জন্য লোক-জনকে বেশ কষ্ট পেতে হয়। এখন যা অবস্থা, তাতে মানুষকে মেদিনীপুর খড়্গপুর ঘুরে ঝাড়গ্রামে যেতে হয়। সেজন্য এই রাস্তাটি যদি পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনায় গ্রহণ করা না হয়ে থাকে, সেটা যেন গ্রহণ করা হয়, তার জন্য অনুরোধ জানাই। শুধু এই রাস্তা গ্রহণ করলেই হবে না, এই রাস্তার উপর কংসাবতী নদী পড়ে, তার উপর সেতু নির্মাণ করা প্রয়োজন হয়েছে। এই সেতু নির্মাণ করা হ'লে মেদিনীপুর বীনপুর থানার যোগাযোগ রক্ষিত হবে। সেখান থেকে শিলদা-চাকুরিয়া রাস্তার যোগাযোগ পর্যন্ত রাস্তা অটুট থাকবে।

আর একটা গুরুত্বপূর্ণ রাস্তার কথা বলছি—সেটা হ'ল—বেলপাহাড়ী-বাঁশপাহাড়ী, রায়গঞ্জ-ঝিলিমিলি রাস্তা, গুরুত্বপূর্ণ রাস্তা, এই রাস্তাগুলি হ'লে দু'টি জেলার মধ্যে ঘনিষ্ঠ যোগা-যোগ সৃষ্টি হবে। তার ফলে ব্যবসা-বাণিজ্য এবং অন্যান্য সুযোগ-সুবিধা থেকে মানুষ উপকৃত হবে। আর বাকি যেসমস্ত পরিকল্পনা আছে, তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীবীরেশ্বর রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় আজকে যে ব্যয়-বরাদ্দ রেখেছেন, আমি সেটা সমর্থন করছি। আমি মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়কে আরও অভিনন্দন জানাচ্ছি এজন্য যে, তিনি বালুরঘাট আত্রেয়ী নদীর উপর বহু আকাঙ্ক্ষিত সেতু নির্মাণের জন্য শিলান্যাস করতে চলেছেন আগামী ১৮ই তারিখে, এই সংবাদ আমি পেয়েছি। কিন্তু সঙ্গে সঙ্গে আমি আর একটা কথাও বলতে চাই, সেটা হ'ল বর্ডার এরিয়ার রাস্তাগুলি সম্পর্কে। এই রাস্তাগুলির প্রতি ইনজাস্টিস করা হয়েছে। বিগত ইন্দো-পাক যুদ্ধের সময় বর্ডারের বিস্তীর্ণ এলাকা ক্ষতিগ্রস্ত হয়েছিল এবং সেখানকার রাস্তাগুলি ধ্বংসপ্রাপ্ত হয়েছিল। এ সম্বন্ধে আমি একটা কোশ্চেন এনেছিলাম, তখন জানতে পারলাম যে, কেন্দ্রীয় সরকার ৩৪০ মাইল রাস্তা চওড়া করার জন্য ৬৩ লক্ষ টাকা মঞ্জুর করেছেন। তার মধ্যে রায়গঞ্জ-হিলির জন্য ১ লক্ষ ৭ হাজার টাকা ধরা আছে। এই হিলির উপর প্রচণ্ড যুদ্ধ হয়েছে, তিন দিন অবিরাম শেলিং হয়েছে এবং সমস্ত রাস্তাই ধ্বংস হয়েছে। সেই হিলি থেকে গঙ্গারামপুর পর্যন্ত ৪০ মাইল রাস্তাকে বাদ দেওয়ার কারণ আমি বুঝতে পারছি না। কেননা বর্ডারের রাস্তাগুলি চওড়া করবার জন্যই সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে টাকা দেওয়া হয়েছে। তাই বর্ডারের রোডগুলি বাদ দেওয়ার কি কারণ থাকতে পারে?

বিগত যুদ্ধের সময় আমরা দেখেছি যে, গাড়িগুলি নিয়মিত চলাচল করতে পারত না, প্রতি-নিয়ত গাড়িগুলি ওয়ান ওয়ে ক'রে চলতে হ'ত, এখনও তাই করতে হয়। সামনে বর্ষা আসছে। তাই জনসাধারণ উদ্বিগ্ন, বিশেষ ক'রে হিলি থেকে বালুরঘাট পর্যন্ত ১৬ মাইল রাস্তা, বার ফুট চওড়া এবং গাড়ির এইটুকু রাস্তা অতিক্রম করতে দেড় ঘণ্টা সময় লাগে। আমি তাই মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে, তিনি যেন এই ১৬ মাইল রাস্তার জন্য বিশেষ ব্যবস্থা করেন এবং কেন্দ্রীয় সরকার যে উদ্দেশ্যে টাকা দিয়েছেন, তার যেন প্রপার ইউটিলাইজেশন হয়। এ ছাড়া আমি আর দু'-একটি কথা বলতে চাই টেন্ডারের ব্যাপারে।

[5-00—5-10 p.m.]

তারপর স্যার, আমি টেন্ডারের ব্যাপারে একটু বলছি। লোয়েস্ট টেন্ডারারকে কাজ দেওয়া হয়। কিন্তু তার লোয়েস্ট লিমিট কত তার কোন উল্লেখ সেখানে নাই। অনেক জায়গায় ৩০ পারসেন্ট, ৪০ পারসেন্ট লোয়েস্ট-এ কাজ হয়। তাতে কাজ নিলে প্রকৃত পরিকল্পনানুযায়ী কাজ হয় কিনা সেদিকে দৃষ্টি দেওয়া হয় না। অনেক সময় দেখা যায় সিমেন্টের পরিবর্তে বালি মিশিয়ে কাজগুলি করা হয়। মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব, লোয়েস্ট টেন্ডার-এর লোয়েস্ট লিমিট যেন থাকে এবং সেই লোয়েস্ট লিমিট-এর কাজ যেন গ্রহণ করা হয়।

তারপর মফঃস্বল স্বাস্থ্যকেন্দ্র সম্পর্কে একটু বলি। এই স্বাস্থ্যকেন্দ্রগুলি পি ডবলিউ ডি তৈরি করেন। অনেক জায়গায় অনেক ব্লকে প্রাইমারি হেল্‌থ সেন্টার এবং সাবসিডিয়ারি হেল্‌থ সেন্টারগুলি হালে তৈরি করা সম্ভব হয় নাই। কাজেই এই ডিপার্টমেন্টের মন্ত্রিমহাশয়কে অনুরোধ কবব, অতি সত্বর যেন এই হেল্‌থ সেন্টারগুলি সম্পূর্ণ করা হয়। শুধু তাই নয়, হেল্‌থ সেন্টারে যাওয়ার জন্য যে রাস্তা সেই রাস্তা অবিলম্বে পাকা করা হোক, যাতে ক'রে অনায়াসে মফঃস্বলের মানুষরা সহজে নিয়ে গিয়ে রোগী ভর্তি করতে পারে। এই ব'লে এই বাজেটকে সমর্থন জানাচ্ছি।

শ্রীশরৎচন্দ্র দাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পি ডবলিউ ডি মন্ত্রিমহোদয় যে বাজেট বরাদ্দ আমাদের সামনে পেশ করেছেন সেটাকে সমর্থন ক'রে দু'-চারটি কথা এই বিভাগের প্রতি বলতে চাই।

প্রথম শুরু করা যাক এই যে, আমাদের বিধানসভার মাননীয় সদস্যরা রয়েছেন, তাঁদের ব্যাপারে বাজেট পেশ করবার সময় প্রতিশ্রুতি দিয়েছিলেন মন্ত্রিমহাশয় যে, এঁদের থাকবার জন্য ভাল ব্যবস্থা করবেন। এম এল এ-দের বর্তমানে থাকবার যে ব্যবস্থা আছে, তা হচ্ছে ছোট ছোট প্রকোষ্ঠে তিনজন ক'রে এম এল এ সেখানে থাকেন। সেগুলি এমনভাবে তৈরি হয়েছে ছোট ছোট স্টেশনে যেমন থাকে মহিলা প্রতীক্ষালয়, ঠিক তেমনি ছোট ছোট ঘরে আমরা সেই এম এল এ হোস্টেলে থাকি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কৃতজ্ঞ থাকব, আপনি আমাকে প্রোটেকশন দেবেন আমাদের দুরবস্থার কথা একটু বলছি। মাননীয় মন্ত্রিমহাশয় যখন তাঁর ভাষণ পড়ছিলেন আমি তখন বাইরে গিয়েছিলাম। একটা প্রবাদ আছে, মা-বাপের দোষ দেখতে নাই; আর নিজের দলেরও দোষ দেখতে নাই। কিন্তু মন্ত্রীরা এমন সব কাজ করছেন যে, তা না ব'লে পারছি না। এই যে একটা ডিস্ট্রিক্টওয়াইজ তালিকা দেওয়া হয়েছে বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া ইত্যাদির স্কোয়ার মাইল এরিয়া হিসাবে। তাতে দেখছি বাঁকুড়ার জন্য বরাদ্দ করা হয়েছে ১৫ লক্ষ টাকা; বীরভূমের জন্য ১০ লক্ষ টাকা; বর্ধমানের জন্য ১৮ লক্ষ টাকা; মেদিনীপুরের জন্য সাড়ে চোদ্দ লক্ষ টাকা, পশ্চিম দিনাজপুরের জন্য যার আয়তন অনেক ছোট, পপুলেশনও কম, সেখানে বরাদ্দ করা হয়েছে সওয়া পাঁচ লক্ষ টাকা; মালদহের জন্য ৫ লক্ষ টাকা সেটা আমার পুরুলিয়া জেলা থেকেও ছোট এবং পপুলেশনও অনেক কম। আর আমার পুরুলিয়া জেলার জন্য ধরা হয়েছে মোটে সাড়ে তিন লক্ষ টাকা। এ যেন কুরু-পান্ডবেরা রাজার ছেলে তারা খাবে দুধ, তাদের সঙ্গে অস্ত্রশিক্ষা করতে গেছে অশ্বত্থামা দরিদ্রের সন্তান সে খাবে কুঁড়োগোলা জল। সেই অবস্থা দেখছি পুরুলিয়া জেলার ব্যাপারে, মন্ত্রিমহাশয় তাই করছেন। বৈষ্ণবকবিতার একটা ছত্র এখানে উল্লেখ না ক'রে পারছি না, সেজন্য মন্ত্রি-মহাশয়ের দুঃখিত হবার কারণ নাই—

"সখি রে—

ঢুড়াইতে দোষগুণ লেস নাহি পাওবি,

সব তুঁহু করবি বিচার।"

এত বছরেও পুরুলিয়ার জন্য কিছু সরকার করেন নাই। যে ভুল তথ্য দিয়েছেন তার জন্য আমরা শুধু মর্মাহত নই, লজ্জিতও বটে। পুরুলিয়া জেলায় দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় ২৪ মাইল রাস্তা মঞ্জুর হয়েছিল ঝালদা থেকে বাগমুন্ডি রোড, তার পর তৃতীয় ও

চতুর্থ পরিকল্পনা শেষ হয়ে গেল এমন কি পঞ্চম পরিকল্পনার মধ্যেও সেই ২৪ মাইল রাস্তা তাঁরা তৈরি করতে পারবেন না বলেই আমার ধারণা। এত অযোগ্য এই ডিপার্টমেন্ট। মন্ত্রি-মহাশয় পুরুলিয়া গেলে তাঁকে একথা বলি। তিনি বললেন, ল্যান্ড অ্যাকুইজিশন হচ্ছে না ব'লে এটা হচ্ছে না। এটা স্যার এক্সিস্টিং রোড। এই কাঁচা রোডটিকে পাকা করতে হবে। তিনি তীক্ষ্ণবুদ্ধিসম্পন্ন বিচক্ষণ ব্যক্তি। তিনি বলতে পারলেন না যে, ল্যান্ড অ্যাকুইজিশনএর জন্য টাকা দিয়েছেন, কোন লোকের বিরুদ্ধে কেস করা হয়েছে এজন্য। তা তিনি কিছু বলতে পারলেন না। সেইটা ডিপার্টমেন্ট বলতে পারছে না। আমি দু'টো চিঠি ওনাকে দিয়েছি এবং এই ডিপার্টমেন্টের রাষ্ট্রমন্ত্রীকে চিঠি দিয়েছি। ১২ মাইল রোড হচ্ছে লায়লাপুর-চিলিমারি। সেখানে ১ থেকে ৬ মাইল দু' বছর চলছে আর বাকি ৬ থেকে ১২ মাইল কোন লোকই পাওয়া যাচ্ছে না কন্ট্রাক্টর হিসাবে। বলা হচ্ছে, ল্যান্ড অ্যাকুইজিশনের জন্য সম্ভব হয় নি। মন্ত্রিমহাশয়কে একটা কথা বলি, গত ২৫ বছর ধ'রে অনেক কথা বলা হয়েছে, আর যেন বলা না হয়। বান্দোওয়ান ব'লে একটা ব্লক আছে সেখানে বি ডি ও-কে ১৪ মাইল গরুর গাড়ি ক'রে আসতে হয়। আমি সেখানে রাষ্ট্রমন্ত্রীকে নিয়ে গিয়েছিলাম। তিনি তারপর ৭ দিন বিছানা থেকে উঠতে পারেন নি এইরকম গায়ে ব্যথা হয়েছিল। আমরা সিডিউল্ড কাস্ট, সিডিউল্ড ট্রাইবস কমিটি থেকে দিল্লী গিয়েছিলাম। সেখানে আমাদের বলা হয়েছে, ট্রাইব্যাল বেল্টে যদি রাস্তা করা হয়, তা হ'লে কেন্দ্র টাকা দেবে। কিন্তু আপনারা সেই টাকা কেন দাবি করেন না। মন্ত্রিমহাশয় জানেন, এ বি সি—এই তিন রকমের রাজ্য আছে।

(এই সময় লাল বাতি জ্বলিয়া ওঠে।)

Mr. Speaker: Mr. Das, for Purulia I am allowing time for two minutes more.

শ্রীশরৎচন্দ্র দাস: যদি এখানে রাস্তাঘাট না হয়, তা হ'লে এখানে ভবিষ্যৎ ভয়াবহ। পুরুলিয়ার লোকদের এই উপেক্ষার অবস্থা চলতে পারে না। আমি দেখেছি অনেক জেলাকে ১০ লক্ষ টাকা দেওয়া হয়েছে, কিন্তু পুরুলিয়াকে দেওয়া হয়েছে সাড়ে তিন লক্ষ টাকা মাত্র। এখানে অহল্যাবাঈ রোড ব'লে একটা রোড আছে, বিহারে থাকার সময়ে আমি এটা স্যাংশন করিয়েছিলাম। ব্রীজ যে সময় তৈরি হ'ল সে সময় বিহারে চ'লে গেল। বিহার সমস্ত রোডটা তৈরি করেছে, সেটা পীচ দেওয়া, কি রিপেয়ার পর্যন্ত করেন নি। এই ১৪ বৎসর ধ'রে এই ডিপার্টমেন্টের এই কৃতিত্ব। যদি ব্রীজ দু'টো করা হয়, তা হ'লে ধানবাদ এবং বোকারো স্টীলের সঙ্গে আমাদের যোগাযোগ হ'য়ে যায়। ব্রীজ করা তো দূরের কথা, ও'রা রোড রিপেয়ারই করেন না। কোল-ফিল্ড এরিয়াতে এবং বারমেলিয়াতে এবং আসানসোলে ব্রীজের কোন পরি-কল্পনা নেই। আমাদের জেলাবাসী প্রায় ১৬ লক্ষ। আমাদের লোক গরিব লোক, তারা কোল-ফিল্ড এরিয়াতে যাবে সেখানে রোড রিপেয়ারিং পর্যন্ত তাদের উদ্দেশ্যের মধ্যে ছিল না। আমরা স্যার কি করব বলতে পারেন? এইভাবে চলতে দেওয়া যায় না। এইটা যদি না হয়, তা হ'লে ভাল হবে না সেটা ব'লে দিচ্ছি, পুরুলিয়া যদি এইভাবে থাকে, তা হ'লে ভাল হবে না। ইতি-মধ্যেই বান্দোওয়ান রোড বন্ধ করা হয়েছে এবং অরন্ধন করা হয়েছে। এইসব চললে পুরুলিয়ার লোক আপনাদের ঢুকতে দেবে না। তাতে কি হচ্ছে। আমাদের যারা লেবার তারা ছয় হাত চওড়া এবং ছয় হাত লম্বা মাটি কাটলে আমাদের গভর্নমেন্ট দিচ্ছে তিন টাকা, আর তারা পাচ্ছে দেড় টাকা। বাকি টাকা কে লাভ করছে—ঐ ঠিকাদার। এখানে একটা নির্দেশ থাকা উচিত যে, ওভারসিয়াররা এত টাকা পাবে, ঠিকাদাররা এত লাভ করবে। একটা সুনিশ্চিত রেট বেঁধে দেওয়া হোক যে, এত টাকা এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ারদের দিতে হবে, এত টাকা পি ডবলিউ ডিপার্ট-মেন্টকে দিতে হবে এবং এত টাকা ঠিকাদারকে দিতে হবে। এই রকম অবস্থাই আজকে হয়েছে। পরিশেষে আমি বলব যে, একটা সময়সীমা নির্ধারণ ক'রে দিতে হবে যে, এই রাস্তায় এত টাকা খরচ হবে, এই প্ল্যানের জন্য এত টাকা খরচ হবে এবং এই সময়ের মধ্যে করতে হবে। আমাদের মহান নেত্রী ইন্দিরা গান্ধী বিধাননগরে বলেছিলেন যে, তোমরা টাইম বাউন্ড পরিকল্পনা গ্রহণ কর। তাই আমি বলতে চাচ্ছি যে, একটা সময়সীমা ঠিক করুন। ১৫ মাইল রাস্তা হ'তে তিনটি পঞ্চবার্ষিক পরিকল্পনা চ'লে গেল। এ কখনই হ'তে পারে না। এই ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-10—5-20 p.m.]

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে আন্তরিকভাবে সমর্থন জানাচ্ছি। কিন্তু দুঃখের কথা, আমরা দেখতে পাচ্ছি সারা পশ্চিম বাংলায় বিশেষত গ্রামে প্রায় রাস্তাঘাট একেবারে নাই—এবং যেগুলি আছে সেগুলি চলার পক্ষে একেবারে অযোগ্য হয়ে আছে। এবং এই গ্রামবাংলায় রাস্তা না থাকার জন্য সেখানে চাষীরা যা উৎপাদন করছে সেই উৎপাদিত জিনিস শহরে তারা আনতে পারছে না তার জন্য তাদের প্রভূত ক্ষতিসাধন হচ্ছে। রাস্তার অভাবে বিশেষত বর্ষাকালে রোগীদের বিশেষত শিশুদের অসুখ হ'লে হাসপাতালে নিয়ে আসা যায় না। দেখা যায় মায়ের সামনে বাপের সামনে সন্তান বিনা চিকিৎসায় মারা যায়। আজকে এই দুরবস্থা দেখা দিয়েছে। মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর নিজের এলাকা ভাতার থানা সেখানে তিনি যোগাযোগ পর্যন্ত করতে পারেন না তাঁর এলাকায় এমন কি যেতে পর্যন্ত পারেন না। এইভাবে সারা পশ্চিমবঙ্গের যোগাযোগ ব্যবস্থা একেবারে অযোগ্য হয়ে পড়েছে। এর কারণ কি তা বিশ্লেষণ যদি করা হয়, তা হ'লে দেখতে পাব যে, প্রশাসনিক কিছু দুর্বলতা আছে—ডিপার্টমেন্ট এ ব্যাপারে মোটেই সজাগ হয় না—কেউ বলেন ম্যাপ পাচ্ছি না, কেউ বলেন, পাথর পাচ্ছি—স্প্রাউটিং হয়ে আছে, পাথর পাচ্ছি না—এইসব অভাব-অভিযোগ দেখা যায়। বাঁকুড়া জেলার ক্ষেত্রে এবং পুরুলিয়া জেলার ক্ষেত্রে একটা অসুবিধা দেখা গেছে এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ারের অফিস। তাই আমি সাজেসশন দিচ্ছি যে, প্রতি জেলায় ঐ এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ারের অফিস ছড়িয়ে দেওয়া দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানি যে, উনি ভোলানাথ—তিনি এক সময় শিব, এক সময় রুদ্র—তিনি গঠনমূলক কাজ করতে পারেন—সৃষ্টি করতে পারেন, আবার ধ্বংসও করতে পারেন। সেই ধ্বংসের রূপ আমরা দেখতে চাই না—আপনার সৃষ্টির দৃষ্টি চারিদিকে নিক্ষেপ করুন এই আশাই আমরা করি এবং তা হ'লে আমাদের পশ্চিম বাংলা নূতনরূপে পরিবর্তিত হবে। আর একটা অসুবিধা দেখা যায়—এই যে ডিপার্টমেন্ট, এর প্রতি জেলায় কোন স্টোর নেই এবং এই স্টোর না থাকার জন্য প্রচুর অপচয় হয়, পিচের ড্রাম চুরি হয়, অনেক সময় ঐ পাথরকুচি যা ধারে ধারে স্ট্যাগ করা থাকে বা যেসমস্ত লোহা-লক্কড় থাকে, স্টোর না থাকার জন্য, সেই সমস্ত মেটিরিয়াল চুরি বা নষ্ট হয়ে যায়। এইভাবে প্রচুর জিনিস দিনের পর দিন নষ্ট হয়। যদি ক্ষতিপূরণের হিসাব ক'রে দেখেন, তা হ'লে দেখতে পাবেন কয়েক কোটি টাকার জিনিস নষ্ট হয়েছে। আমরা দেখি প্রতি জেলার জন্য যে সময়ে টাকা বরাদ্দ করা হয় সময়ের অভাবে সে টাকা তারা খরচ করতে পারে না। মার্চের শেষে টাকা দেওয়া হ'ল ইয়ার এন্ডিং ৩১এ মার্চের মধ্যে খরচ করতে হবে। কিন্তু স্যার, আপনি দেখুন এই টাকা কি খরচ করা সম্ভব? টাকা ফেরত চ'লে আসে। ফলে পশ্চিম বাংলার গ্রামে-গঞ্জে রাস্তা হয় না। তবে আশার কথা যে, মন্ত্রিমহাশয়ের চেষ্টা আছে, তিনি সুন্দরবনের মত জায়গায় রাস্তা করছেন।

আজকে দেখতে পাচ্ছি গ্রাম বাংলার হসপিটালের সঙ্গে যোগাযোগের জন্য রাস্তা তৈরি করার পরিকল্পনা নিয়েছেন, এজন্য আমি আপনাকে অভিনন্দন জানাচ্ছি। বাঁকুড়া, পুরুলিয়া এবং মেদিনীপুর ইত্যাদি এইসব জায়গা থেকে আজকে বাঁকুড়া হাড়পাতালে রোগীরা ভর্তি হ'তে আসছে এবং এর সঙ্গে যোগাযোগের ব্যবস্থা করার জন্য যে কাজ চলেছে তার জন্য আমি আপনাকে অভিনন্দন জানাচ্ছি। সেই সঙ্গে সঙ্গে আমি এই কথাও বলব যে, আপনি আজকে আপনার প্রশাসনের দিকেও একটু নজর দিন এবং এই ডিপার্টমেন্টকে আরও বেশি সক্রিয় ক'রে তুলুন। আপনার কাছে আমার অনুরোধ, আপনার ঐ শান্ত মূর্তি, সৃষ্টির মূর্তি দিয়ে এই পশ্চিম বাংলায় নূতন কিছু সৃষ্টি করুন। এই কথা ব'লে আমি আপনাকে অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

শ্রীঅহীন্দ্র মিশ্র: মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় পূর্তমন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবি উপস্থিত করেছেন আমি তাকে সর্বান্তঃকরণে সমর্থন করছি। সেই সঙ্গে আজকে পূর্তবিভাগ যে দৃষ্টি-ভঙ্গি নিয়ে চলেছে সেই দৃষ্টিভঙ্গির প্রতি আমি তাঁর দৃষ্টি আকৃষ্ট করতে চাচ্ছি যে, কিছু কিছু দৃষ্টিভঙ্গি পরিবর্তনের প্রয়োজন হয়েছে। এই কথা আমাদের মনে রাখতে হবে যে, স্বাধীনতার পরে গত ২৫ বছর ধ'রে রাস্তা তৈরির ক্ষেত্রে বেশির ভাগই তদ্বির এবং অনুরোধের উপর হয়েছে।

আপনারা যদি শতকরা হিসাব ক'রে দেখেন, তা হ'লে দেখতে পাবেন যে, কোন কোন জেলাবে ভীষণভাবে বঞ্চিত করা হয়েছে। আবার কোন কোন জেলায় শতকরা ২৫।২৬।২৭।২৮।২৯ ভাগ পর্যন্ত রাস্তা হয়েছে, আবার কোথাও ১২।/১২॥ ভাগ রাস্তা হয়েছে। আমি এই প্রসঙ্গে মেদিনীপুর, পুরুলিয়া ইত্যাদি জেলার নাম উল্লেখ করতে পারি। আজকে রাস্তা তৈরির ক্ষেত্রে অতীতের দৃষ্টিভঙ্গি পরিবর্তন ক'রে যেসব জেলাকে বঞ্চিত করা হয়েছে গত ২৫ বছর ধ'রে তাদের ক্ষতিপূরণ ক'রে দিতে হবে এবং তাদের যাতে সেই বঞ্চিত অবস্থা থেকে বাঁচানো যায় তার জন্য সেই সব জেলায় রাস্তা দিতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাস্তা সম্পর্কে গ্রামের মানুষের আগে ধারণা ছিল যে, পাকা রাস্তায় চলা একটা বিলাসিতা। আজকের দিনে পাকা রাস্তায় চলা বিলাসিতা নয়। আমাদের সমাজজীবনে অর্থনৈতিক উন্নয়নের প্রয়োজনে এই পাকা রাস্তার প্রয়োজন আছে। আমি তো কোথাও দেখতে পেলাম না, এই কথা বলা হয়েছে যে অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে সহযোগিতা করতে পারে শুধুমাত্র সেইসব ক্ষেত্রেই পাকা রাস্তা তৈরি করা উচিত। যেমন ইংরাজীতে একটি কথা আছে, অল রোডস লিড টু রোম, তেমনি আজকে মাননীয় পূর্তমন্ত্রীর সব রাস্তা সেই রোমের দিকে যাক, যে রোম সমাজতন্ত্রের কথা বলে। আজকে সমাজতন্ত্র করতে গেলে, গ্রামের অর্থনৈতিক উন্নতি করতে গেলে রাস্তার উন্নতি ছাড়া দ্বিতীয় কোন পথ নেই। থার্ড অ্যান্ড ফোর্থ প্ল্যানে মঞ্জুর হয়েছে এমন কতকগুলি রাস্তার এক মাইল দেড় মাইলের কাজ বাকি রয়েছে। তার এক্সটেনশন রিপোর্ট রয়েছে এবং কন্টিনিউয়িং রাস্তা শেষ হচ্ছে না। এই এক মাইল স্যাংশনড রাস্তা, কিন্তু হচ্ছে না। এই রাস্তাগুলি এমন রাস্তার সঙ্গে যুক্ত আছে যেখান দিয়ে হাজার হাজার লক্ষ লক্ষ মানুষের জন্য ছোট ছোট চাষী, দোকানদারদের মাল আমদানি-রপ্তানি করতে হয়। এটা না হওয়ার জন্য তাদের উৎপাদনের অপব্যবহার হচ্ছে। টু হেল্প দি গ্রোথ অ্যান্ড ডেভেলপমেন্ট অব রুরাল ইকনমির কথা যেখানে বলা হচ্ছে সেখানে এই এক-দেড় মাইল রাস্তার কাজ শেষ হচ্ছে না, লোকে দশ-বারো বছর ধ'রে এই কথা শুনে আসছে কাজটা এইবার বুঝি হবে। অবশ্য আনন্দের কথা আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় কথা দিয়েছেন যে, কিছু কিছু নতুন রাস্তা গ্রহণ গ্রহণ করবেন বলেছেন। তা যদি হয়, তা হ'লে আমি বলব, এদিকে লক্ষ্য রেখে করা উচিত যাতে ক'রে এই রুরাল ইকনমি, ডেভেলপমেন্ট অ্যান্ড গ্রোথ হ'তে পারে। কারণ, এই সমস্ত রাস্তা গ্রামে-গঞ্জের হাট-বাজারের সঙ্গে সংযোগ স্থাপনের মাধ্যম হ'তে পারে। এই রাস্তা দিয়ে হাজার হাজার ব্যবসায়ী, ছোট ছোট তাঁতী, চাষী তাদের উৎপন্ন মালের আদান-প্রদানের মাধ্যমে নিজেদের জীবনের অর্থনৈতিক মান উন্নয়ন করতে পারে। আমি আর একটি কথা বলব যেটা দিয়ে পূর্ত-বিভাগের বহু টাকা সাশ্রয় হ'তে পারে। আমরা দেখতে পাচ্ছি যতক্ষণ পর্যন্ত না রাস্তা কমপ্লিটলি ড্যামেজ হচ্ছে, যতক্ষণ পর্যন্ত না রাস্তার খোয়া, পিচ উঠে যাচ্ছে, যতক্ষণ পর্যন্ত না অ্যাক্সিডেন্ট হচ্ছে, যতক্ষণ পর্যন্ত না বাস উল্টে যাচ্ছে, ততক্ষণ পর্যন্ত সেই রাস্তাগুলি রিপেয়ার হচ্ছে না। একটু আগে যদি টাকা স্যাংশন ক'রে রিপেয়ার ওয়ার্কে হাত দেওয়া যায়, তা হ'লে খুব অল্প টাকায় সেগুলি রিপেয়ার হ'তে পারে। পরে সেই রাস্তার জন্য বেশি টাকা দরকার হয় এবং পার্টিকুলারলি সেই টাকা কন্ট্রাক্টরদের পকেটেই চলে যায় এবং টাকাগুলি জলে ঢেলে দেওয়া হয়। আমি জানি না আমলাতান্ত্রিক পদ্ধতির কোন নিয়ম-কানুনের ত্রুটি-বিচ্যুতি আছে কিনা--হয়ত টাকা স্যাংশনে দেরি হয়, হয়ত অফিসার অসুবিধায় পড়েন, এখন থেকে এটাকে দূর ক'রে ভবিষ্যৎ হাতকে শক্তিশালী করার ব্যবস্থা করা হোক এবং ঠিক সময়ে রিপেয়ার করার ব্যবস্থা করা হোক। যে সময়ের বরাদ্দ সেই সময়ে যদি খরচ করা হ'ত, তা হ'লে আমরা তার থেকে টাকা বাঁচাতে পারতাম। এই কথা ব'লে আমি পূর্তমন্ত্রীর ব্যয়বরাদ্দকে সমর্থন ক'রে আমার বক্তব্য শেষ করছি।

[5-20—5-30 p.m.]

Mr. Speaker: Honourable Members, when the name of any individual Member is called but if he is not found here, he loses his chance to speak. I called the name of Shri Mohammad Dedar Baksh, but he was absent. At any rate, I allow Shri Dedar Baksh to speak.

শ্রীমহম্মদ দেদার বক্স: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ মাননীয় পূর্তমন্ত্রী পূর্ত বিভাগে ব্যয়বরাদ্দের যে দাবি মঞ্জুরীর জন্য এই হাউসে উপস্থিত করেছেন সেটাকে আমি সমর্থন ক'রে কয়েকটি বিষয়ের প্রতি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন গত সেসানে আমাদের জেলা পরিষদের রাস্তা--আমাদের মুর্শিদাবাদ জেলার আমার কনস্টিটিউয়েন্সিতে যে জেলা পরিষদের রাস্তা, সে সম্বন্ধে পুনঃ পুনঃ বলেছি, এটা খড়িবোনা-জিয়াগঞ্জ নামে অভিহিত, সেই রাস্তাটি নসীপুর, রানীতলা হয়ে জিয়াগঞ্জ ১২ মাইল, তাতে ৬ মাইল নেওয়া হয়েছে, কিন্তু সেই ৬ মাইলেরও আজ পর্যন্ত কোন ল্যান্ড প্ল্যান হ'ল না। আমি মুর্শিদাবাদ জেলার কনস্ট্রাকসন ডিভিসনের ইঞ্জিনীয়ারের সঙ্গে দেখা করেছিলাম। তাঁর অফিসে গেলে যে কেরানীরা রয়েছেন তারা প্রথমে বলেছিলেন, এই রাস্তার কোন নামই নেই। অনেক খুঁজে-পেতে সেই রাস্তার নাম পাওয়া গিয়েছে, কিন্তু তার ল্যান্ড প্ল্যান আজ পর্যন্ত হয় নি এবং কোন্ দিকে সেটা যাচ্ছে তা জানি না। শুধু যে দু' মাইল নসীপুর থেকে রানীতলা যাচ্ছে—অন্য দিকে ৪ মাইল যেটা যাচ্ছে তার কোন স্বার্থকতা নেই, এই ১২ মাইল রাস্তা যদি হয়, তা হ'লে কৃষিদ্রব্য জিয়াগঞ্জ বাজারে পেঁছানোর জন্য সুবিধা হবে। স্যার, আমি এই প্রসঙ্গে বলি, ঐ রাস্তাটিতে হাঁটু জল শুধু না, কোমর জল পর্যন্ত মাঝে মাঝে দাঁড়িয়ে যায়। তা ছাড়া যে ব্রীজগুলি আছে সেগুলিও নষ্ট হয়ে গেছে। কাজেই অবিলম্বে গোটা রাস্তাটি যাতে হয় সেদিকে দৃষ্টি আকর্ষণ করছি। তা ছাড়া মাধাইকালী ব্রীজ যেটা আখলিগঞ্জ কাৎলামারী রোডে ভৈরব নদীর উপর, সেটা অত্যন্ত প্রয়োজনীয়। এটা কাৎলামারী হয়ে, নদীয়া জেলা হ'য়ে কলকাতার সঙ্গে যোগাযোগ স্থাপন করতে পারে। কিন্তু সেই ব্রীজের প্রয়োজনীয়তা থাকা সত্ত্বেও আজ পর্যন্ত তা হয় নি। দ্বিতীয়তঃ মুর্শিদাবাদ জেলার বালুরঘাটে ব্রীজ নেই। এটা নদীয়া জেলা, মুর্শিদাবাদ জেলা ও বাংলাদেশের সঙ্গে সংযোগ স্থাপন করতে পারে। কাজেই মাননীয় মন্ত্রিমহাশয়কে অত্যন্ত বিনীতভাবে বলছি, এই ব্রীজের কাজে হাত দিন। যদি তা না হয়, তা হ'লে মুর্শিদাবাদ জেলার আমরা যারা এম এল এ রয়েছি হাউস বন্ধ হবার পর একদিন হয়ত আমরা অনশন করতে বাধ্য হবো। মাননীয় মন্ত্রিমহাশয় অবশ্য গ্রাম-বাংলার জন্য কিছু রাস্তা নিয়েছেন সেজন্য ধন্যবাদ জানাচ্ছি। অন্যান্যবার যেটা হয় অর্থাৎ সহরের জন্যই রাস্তা হয় গ্রামবাংলার মানুষকে মানুষ ব'লে মনে করা হয় না, এবারে তা হয় নি। আমাদের প্রগতিশীল সরকারের দৃষ্টিভঙ্গি হচ্ছে গ্রামবাংলাকে উন্নত করা। গ্রাম-বাংলার অর্থনীতির উন্নতি না করতে পারলে সেখানকার মানুষ বাঁচবে না। কাজেই রাস্তাঘাটের মাধ্যমে যোগাযোগ স্থাপন করে যাতে এই অর্থনৈতিক উন্নতি করা যায়। আর তা ক'রে পশ্চিমবাংলাকে সমৃদ্ধ করার যে ইঙ্গিত মন্ত্রিমহাশয় দিয়েছেন তার জন্য আপনার মাধ্যমে তাঁকে ধন্যবাদ দিচ্ছি। স্যার, আমি একজন নতুন সদস্য, আমার নাম প্রথমে তালিকাভুক্ত করা হয় নি, পরে তালিকাভুক্ত ক'রে এই ব্যয়বরাদ্দের উপর বলবার জন্য আপনি যে সুযোগ দিয়েছেন তার জন্য আমি আপনাকে অশেষ ধন্যবাদ জানিয়ে এবং এই ব্যয়বরাদ্দকে আবার সমর্থন ক'রে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker: Now I call upon Shri Ananda Gopal Roy. Your name was called and you were found absent. Henceforth, be present when your name is called. If you remain absent at the time when I call, you will lose your chance. But this time I allow you to speak.

শ্রীআনন্দগোপাল রায়: মাননীয় স্পীকার মহাশয়, পূর্তমন্ত্রী মহাশয় যে বিল উত্থাপিত করেছেন তাকে আমি সমর্থন করছি। সমর্থন ক'রে তিনি যে বীরভূমের প্রতি চরম অবহেলা করেছেন সেই সম্বন্ধে দু'-চারটি কথা বলতে চাই। বীরভূম জেলার অজয় বাঁধ ভীমগড়ের উপর রানীগঞ্জ-আসানসোল রাস্তার একমাত্র যোগাযোগের রাস্তা। এই বীরভূম জেলার ভল্লার গ্রামের রাস্তার কথা কিছু বলতে চাই। বর্ষার প্রারম্ভে এই সমস্ত রাস্তার এমন অবস্থা হয় যে যানবাহন চলাচল দূরের কথা মানুষ পর্যন্ত এই রাস্তা দিয়ে চলাচল করতে পারে না। এই বীরভূমের ২/৪টি রাস্তার কথা আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে নিবেদন করতে চাই। বোলপুরের রাজগ্রাম রাস্তা যাহা আমেদপুর থেকে মোল্লাপুর পর্যন্ত যে রাস্তা সেটা

আজ পর্যন্ত ব্যবহারের উপযোগী হ'ল না। এবং মোল্লারপুর থেকে আজ পর্যন্ত বীরভূম জেলা মুর্শিদাবাদের একমাত্র যোগাযোগের রাস্তা। কিন্তু দীর্ঘ ২৫ বছর ধ'রে এটাকে ব্যবহারের উপযোগী করা হ'ল না। মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি তিনি যদি এই রাস্তার উপর দিয়ে জিপ নিয়ে যেতে পারেন, তা হ'লে সেই রাস্তার প্রয়োজন নেই। আমি রামপুরহাট কেন্দ্র থেকে নির্বাচিত। সেখানে তারাপুর হেল্‌থ সেন্টার হ'তে পারুলিয়া (জয়বুদি গ্রাম) সেটাকে অবিলম্বে পাকা করার জন্য অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Bholanath Sen: Sir, I thought that the deliberations would go on up to 5 minutes to 6. But I now find that it is reduced by half an hour.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্যদের বক্তব্য খুব মনোযোগ সহকারে শুনেছি। এটা খুব আনন্দের কথা যে, অনেক সদস্যই বলেছেন যে, বরাদ্দ বাড়ান উচিত। কিন্তু আমরা গ্রান্ট-এ যা রেখেছি—অবশ্য অনেক টাকার কথা বলা হয়েছে, কিন্তু রোডস্‌-এর জন্য আপনারা যদি দেখেন যে শুধু রোডস্‌ কম্যুনিকেশনএর জন্য গ্রান্টএ আছে কম্যুনিকেশন-এ যা আছে এস্টাব্লিসমেন্ট বাদ দিলে কম্যুনিকেশন-এর জন্য আছে ১ কোটি ৮৫ লক্ষ ৭০ হাজার টাকা। মানে গড়ে প্রায় ২৫০ লক্ষ টাকা, সেতু করতে হয় গড়ে ৪ হাজার টাকা। সুতরাং টাকা অনেক বেশী প্রয়োজন। কিন্তু দেশের দরিদ্রতার জন্য, দেশের কর্মসংস্থানের জন্য আমাদের সীমিত অর্থের মধ্যে একটা নীতি গ্রহণ করতে হবে যে আমরা কোনটাকে বেশী প্রাধান্য দেবো আর কোনটাকে কম প্রাধান্য দেবো। সেই সব নানা কারণের জন্য মন্ত্রিসভা এই টাকা বরাদ্দ করেছেন। তবে এটাই সব নয়। এ ছাড়াও সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে কিছু টাকা আসে এবং এদিক-ওদিক থেকেও টাকা যোগাড় করার চেষ্টা করা হয় এবং আমরা সর্বদাই সজাগ যে প্রসপারিটি বা সম্পদে উন্নত হতে পারি নি। তবে এই রাস্তার মত ইনফ্রা-স্ট্রাকচার না হয় সেজন্য ভারত সরকার সজাগ এবং আমরাও সজাগ। সীমিত অর্থের মধ্য দিয়ে চেষ্টা করা হচ্ছে যাতে যতদূর সম্ভব দ্রুত কাজকে এগিয়ে নিয়ে যাওয়া যায়, যতটা সম্ভব গ্রামের উন্নতি করা যায়। আমি একথা বলতে পারি যে, আপনারা মার্চ শেষ হবার পরে যদি হিসাব দেখেন হয়ত ২/৪টি জায়গায় আমরা কাজ আরম্ভ করতে পারি নি, কিন্তু তা হ'লেও দেখবেন যে, এত কাজ আমরা করেছি যদিও ৩১শে মার্চ এখনও হয় নি সমস্ত হিসাব আসে নি, তবুও দেখবেন যে, এত কাজ আমরা করেছি, যখন প্রথম বিধানসভায় বসেছিলাম তখন এটা কল্পনা করতে পারি নি।

[5-30—5-40 p.m.]

অনেক বেশী কাজ করেছি এবং আরও অনেক বেশী কাজ করার জন্য আমরা প্রস্তুত হচ্ছি। আজকেই একটা খবর পেলাম যে, ভারত সরকার চিন্তা করছেন যে, আগামী পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনার মধ্যে যে সমস্ত গ্রামে ১৫ শত লোক বা তার থেকে বেশী লোক বসবাস করেন সেই সমস্ত গ্রামে কি ক'রে রাস্তা পৌঁছে দেওয়া যায়, তার চিন্তা করছেন। এবং তার জন্য আলোচনা করছেন। তখন স্বভাবতঃই আমি খুবই আনন্দিত হলাম এবং আশা করবো যে, আমরা ভবিষ্যত দিনে আরও অনেক বেশী রাস্তা করতে পারবো। এই রাস্তা ছাড়া আমরা অনেক কাজ করি। আপনারা যাঁরা বাজেট দেখেছেন, তাঁরা দেখবেন। কিন্তু রাস্তাটা মানুষের মনে দাগ কাটে বেশী, কারণ দৈনন্দিন ব্যাপারে মানুষ রাস্তাটাকেই বেশী ব্যবহার ক'রে থাকেন। ডাকবাংলো বা হেলথসেন্টার কে কবে বেশী ব্যবহার করেন। কিন্তু রাস্তা যার গ্রামের পাশ দিয়ে যায় সে রোজ তা ব্যবহার করেন। সেই জন্য প্রথম যখন এই সরকার হবার পর অ্যাসেমব্লীর মিটিং হ'ল, তখন প্রত্যেক এম এল এ-কে জানিয়েছিলাম, আপনাদের অঞ্চলের একটা রাস্তা অন্ততঃ এমনভাবে দিন যে রাস্তার কাজ আমি আস্তে আস্তে আরম্ভ করতে পারবো। আমার যতদূর ধারণা মার্চ থেকে সেপ্টেম্বর পর্যন্ত যাঁরা যাঁরা দিয়েছিলেন, যে সমস্ত এম এল এ রাস্তার কথা বলেছিলেন, তার মধ্যে কয়েকটা সিলেকশন হয়েছে, তবে তার মধ্যে গ্রোথ সেন্টার ডিপেন্ড ক'রে, হেলথ সেন্টার ডিপেন্ড ক'রে, ফিউচার প্রগ্রেস কি আছে, তার উপর ডিপেন্ড ক'রে, ২০ ইয়ার রোড প্ল্যান আছে, তার উপর ডিপেন্ড ক'রে, আমরা অনেক কিছু আলোচনা ক'রে, আমি এবং আমার অফিসাররা এক একটা রাস্তা দেখে সিলেক্ট করেছি। তাতে শনিবার, রবিবার, সোমবার

ব'লে কিছু ছিল না। আমরা কয়েকটা দিন সকাল আটটা থেকে রাত আটটা পর্যন্ত খেটে খুব কেয়ারফুলি এটা করা হয়েছে। কয়েক জায়গায় দেখা গেছে, কয়েকজন এম এল এ সেই পিরিয়ডের মধ্যে দেন নি। স্বভাবতঃই তাদের রাস্তা ইনক্লুড হয় নি। আমি নদীয়ার কথা বলতে পারি, সিলেকশন হয়ে যাবার পরও অর্ডার করা হয়েছে যে, ঐ অঞ্চলের যদি রাস্তা না থাকে, তা হ'লে নেওয়া উচিত। কিন্তু যে সমস্ত রাস্তা স্যাংশন হয়ে গেছে, সেই সমস্ত রাস্তার কাজ আগে করতে হবে। আমি এটা দেখলাম যে, এই হাউসে অভিযোগ কম, মাত্র তিন-চারটি অভিযোগ এখানে করা হয়েছে। তবে বেশীর ভাগ অঞ্চলের কাজ হয়েছে বা সার্ভে হচ্ছে। আমাদের সার্ভেয়ারের অভাব, আমরা সার্ভেয়ার পাচ্ছি না। ট্রেন্ড সার্ভেয়ার জোগাড় করা মুশকিল হচ্ছে। আমাদের রোলারের অভাব, আমাদের যে রোলার প্রয়োজন তা নেই। আমাদের জমির অভাব, কারণ আইন অনুসারে জমি অ্যাকুইজিশন না করলে আমাদের অধিকার থাকে না। যারা জমি মিউচুয়্যালি দিয়েছেন, সেখানে কাজ আরম্ভ হয়ে গেছে পরে অ্যাকুইজিশন হবে। তবে সব জায়গাতেই যে কাজ হবে, তা মাটির কাজ হবে। এতে দুটো জিনিসের সমাধান হবে, মানুষ কাজ পাবে, গ্রামের মানুষ, খরাপীড়িত, বন্যাপীড়িত অভুক্ত মানুষ যাদের রোজগার নেই, বেকার, তারা অন্ততঃ কিছু কাজ পাবে। তাদের সমাজের কিছুটা উন্নতির পথে এগিয়ে যাওয়া সম্ভব হবে। তারপর ধীরে ধীরে যখন পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনার জন্য টাকা পাবো যখন এইগুলো আমরা ব্ল্যাক টপিং তৈরি করতে পারবো।

আমি শুধু দুটো জায়গার কথা বলতে পারি, একটা হচ্ছে নদীয়া, যেখানে ইলেকশনের পর আমরা আরও ১ মাইল রাস্তা ফোর্থ প্ল্যান ছাড়া নেব ব'লে ঠিক করেছি। আর একটা হচ্ছে পুরুলিয়াতে ১৬৯ মাইল নতুন রাস্তা নেব ব'লে ঠিক করেছি। এ ছাড়া আরও নতুন নতুন পরিকল্পনা হচ্ছে তাতে মালটিপল রোড হবে, আর কতগুলি স্পেশাল প্রোগ্রাম আছে, যেগুলি এর মধ্যে ধরা নেই, শুধু পি ডবলু ডি (রোড) যেগুলি করছে সেইগুলি বললাম। গত ২৫ বছরে নদিয়াতে ৪·৭৩ মাইল রাস্তা হয়েছে, সেখানে আমরা ১০০ মাইল রাস্তা করব।গত ২৫ বছরের মধ্যে ৩১৬ মাইল রাস্তা হয়েছে পুরুলিয়াতে, সেখানে আমরা ১৬৯ মাইল রাস্তা নেব, এটা খুবই বড় পদক্ষেপ ব'লে আমি মনে করি। আপনাদের যে অ্যাডভাইস বা বক্তৃতা শুনলাম, সে বিষয়ে আমরা সর্বদা সজাগ থাকব, যাতে আমাদের ডিপার্টমেন্ট এফিসিয়েন্টলী, অনেস্টলী কাজ করতে পারে এবং আমাদের ডিপার্টমেন্টে যাতে ডিসিপ্লিন থাকে। এখানে ব্রীজ সম্বন্ধে মিঃ বেস্টারউইচ বলেছেন, ডিমা ব্রীজ আর রাজাভাতখাওয়া - জয়গাঁও রোড-এর উপর কোন ব্রীজ নেই, ঠিক কথা, কিন্তু

At present there is no proposal for construction of a bridge. There is a nice bridge over Dima on N. H. Road, section 3, which will connect the Hashimara with the rest of the district of Jalpaiguri.

কিন্তু জলপাইগুড়ি সম্বন্ধে আমি যত দূর জানি যে, অন্যান্য জেলার থেকে জলপাইগুড়ির দুর্ভাগ্য বেশী নয়, বরং কম। আপনি যদি দক্ষিণ সুন্দরবনে যান, তা হ'লে দেখতে পাবেন, সেখানে ১ মাইল রাস্তা পর্যন্ত ছিল না, আমরা প্রথম সেখানে রাস্তা আরম্ভ করেছি। প্রতিটি জায়গায় যেখানে যেখানে এম এল এ-রা আমাদের কাছে লিখিত অনুরোধ জানিয়েছেন সেখানে সেখানে কাজ হচ্ছে অথবা হবে এবং শীঘ্র হবে। আমরা যার জন্য পারছি না, সেটা হচ্ছে সার্ভেয়ারের অভাব। বালিঘাট ব্রীজের সম্বন্ধে আমি খবর নিয়েছি এবং সেটা আমরা করতে পারব। এই কথা ব'লে কাট মোশানগুলি অপোজ ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Shish Mohammad that the amount of the demand be reduced to Re.1 and the motions of Shri A. H. Besterwitch, Shri Timir Baran Bhaduri and Shri Shish Mohammad that the amount of the demand

be reduced by Rs.100, were then put to vote and a division taken with the following results—

Noes

Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Ali Ansar, Shri.
Basu, Shri Ajit Kumar (Hoog.).
Bauri, Shri Durgadas.
Bera, Shri Sudhir Chandra.
Biswas, Shri Ananda Mohan.
Chakrabarti, Shri Biswanath.
Chakraborty, Shri Gautam.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Kanti Ranjan.
Chatterjee, Shri Tapan.
Chattopadhay, Shri Gobinda.
Das, Shri Barid Baran.
De, Shri Asamanja.
Deshmukh, Shri Netai.
Duley, Shri Krishnaprasad.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Adya Charan.
Ghosh, Shri Lalit Kumar.
Ghosh, Shri Prafulla Kanti.
Ghosh, Shri Sisir Kumar.
Goswami, Shri Sambhu Narayan.
Gyan Singh, Shri Sohanpal.
Halder, Shri Harendra Nath.
Hemram, Shri Kamala Kanta.
Isore, Shri Sisir Kumar.
Jana, Shri Amalesh.
Khan, Shri Gurupada.
Lohar, Shri Gour Chandra.
Mahato, Shri Madan Mohan.
Mahata, Shri Thakurdas.
Mahato, Shri Kinkar.
Mahato, Shri Ram Krishna.
Mahato, Shri Satadal.
Mahato, Shri Sitaram.
Mahapatra, Shri Harish Chandra.
Mahbubul Haque, Shri.
Maitra, Shri Kashi Kanta.
Majhi, Shri Rup Sing.
Malladeb, Shri Birendra Bijay.
Mandal, Shri Arabinda.

Noes

Md. Safiullah, Shri.
Misra, Shri Ahindra.
Misra, Shri Kashinath.
Mohammad Dedar Baksh, Shri.
Molla, Tasmatulla, Shri.
Mondal, Shri Jokhi Lal.
Mondal, Shri Khagendra Nath.
Moslehuddin Ahmed, Shri.
Mukherjee, Shri Sibdas.
Mukhopadhyay, Shri Mahadeb.
Mukhopadhyaya, Shri Ajoy.
Mukhopadhyaya, Shri Girija Bhusan
Murmu, Shri Rabindra Nath.
Nurunnesa Sattar, Shrimati.
Oraon, Shri Prem.
Patra, Shri Kashinath.
Paul, Shri Bhawani.
Paul, Shri Sankar Das.
Phulmali, Shri Lalchand.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Roy, Shri Ananda Gopal.
Roy, Shri Bireswar.
Roy, Shri Debendra Nath.
Roy, Shrimati Ila.
Roy, Shri Santosh Kumar.
Roy, Shri Suvendu.
Saha, Shri Dulal.
Saha, Shri Dwija Pada.
Saraogi, Shri Ramkrishna.
Saren, Shrimati Amala.
Saren, Shri Dasarathi.
Saren, Shri Joyram.
Sarkar, Dr. Kanai Lal.
Sen, Shri Bholanath.
Shaw, Shri Sachi Nandan.
Singhababu, Shri Phani Bhusan.
Sinha, Shri Debendra Nath.
Sinha, Shri Niren Chandra.
Sinha, Shri Nirmal Krishna.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Talukdar, Shri Rath'n.
Tewary, Shri Sudhanshu Sekhar.
Wilson-de Roze, Shri George Albert.

Ayes

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

The Ayes being 3 and Noes 86, the motions were lost.

[5-40—5-50 p.m.]

The motion of Shri Bhonanath Sen that a sum of Rs.20,44,87,000 be granted for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works", was then put to vote and a division taken with the following results:—

Ayes

Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal
Ali Ansar, Shri.
Bauri, Shri Durgadas.
Bera, Shri Sudhir Chandra.
Biswas, Shri Ananda Mohan.
Chatterjee, Shri Tapan.
Chakraborty, Shri Gautam.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Kanti Ranjan.
Das, Shri Barid Baran.
De, Shri Asamanja.
Deshmukh, Shri Netai.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Adya Charan.
Ghosh, Shri Lalit Kumar.
Ghosh, Shri Prafulla Kanti.
Goswami, Shri Sambhu Narayan.
Gyan Singh, Shri Sohanpal.
Habibur Rahaman, Shri.
Halder, Shri Harendra Nath.
Hemram, Shri Kamala Kanta.
Isore, Shri Sisir Kumar.
Jana, Shri Amalesh.
Khan, Shri Gurupada.
Lakra, Shri Denis.
Lohar, Shri Gour Chandra.
Mahato, Shri Madan Mohan.
Mahato, Shri Kinkar.
Mahato, Shri Ram Krishna.
Mahato, Shri Satadal.

Ayes

Mahato, Shri Sitaram.
Mahapatra, Shri Harish Chandra.
Maitra, Shri Kashi Kanta.
Majhi, Shri Rup Sing.
Malladeb, Shri Birendra Bijoy.
Md. Safiullah, Shri.
Misra, Shri Ahindra.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Molla, Tasmatulla, Shri.
Mondal, Shri Jokhi Lal.
Mondal, Shri Khagendra Nath.
Moslehuddin Ahmed, Shri.
Mukherjee, Shri Mrigendra.
Mukherjee, Shri Sibdas.
Mukhopadhyaya, Shri Ajoy.
Nurunnesa Sattar, Shrimati.
Patra, Shri Kashinath.
Paul, Shri Bhawani.
Paul, Shri Sankar Das.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Roy, Shri Ananda Gopal.
Roy, Shri Bireswar.
Roy, Shri Debendra Nath.
Roy, Shrimati Ila.
Roy, Shri Santosh Kumar.
Roy, Shri Suvendu.
Saha, Shri Dulal.
Saha, Shri Dwija Pada.
Saraogi, Shri Ramkrishna.
Saren, Shrimati Amala.
Saren, Shri Dasarathi.
Sarkar, Dr. Kanai Lal.
Sen, Shri Bholanath.
Shamsuddin Ahmed, Shri.
Shaw, Shri Sachi Nandan.
Singhababu, Shri Phani Bhusan.
Sinha, Shri Debendra Nath.
Sinha, Shri Niren Chandra.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Talukdar, Shri Rathin.
Tewary, Shri Sudhanshu Sekhar.
Wilson-de Roze, Shri George Albert.

Noes

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Phulmali, Shri Lalchand.
Shish Mohammad, Shri.

Abstentions

Basu, Shri Ajit Kumar.
Chakrabarti, Shri Biswanath.
Chattopadhay, Shri Gobinda.
Duley, Shri Krishnaprasad.
Ghosh, Shri Sisir Kumar.
Mohato, Shri Tarakdas.
Mandal, Shri Arabinda.
Mukhopadhyaya, Shri Girija Bhusan.
Murmu, Shri Rabindra Nath.
Oraon, Shri Prem.
Saren, Shri Joyram.
Sinha, Shri Nirmal Krishna.

The Ayes being 76, and the Noes 4 and the Abstentions 12, the motion was carried.

The motion of Shri Bholanath Sen that a sum of Rs.11,71,06,000 be granted for expenditure under Grant No. 63, Major Head: "103—Capital Outlay on Public Works" was then put and agreed to.

(At this stage Shri A. H. Besterwitch and other Members of the RSP went out of the Chamber.)

Mr. Speaker: Mr. Besterwitch was feeling very unwell. So he wanted my permission to leave the House and I have given him permission to go away.

DEMAND FOR GRANT No. 32.

Major Head: "39—Miscellaneous Social and Developmental Organisations—Excluding Welfare of Scheduled Tribes and Castes and Other Backward Classes".

Shri Santosh Kumar Roy: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs.5,55,83,000 be granted for expenditure under Grant No. 32, Major Head: "39—Miscellaneous Social and Developmental Organisations—Excluding Welfare of Scheduled Tribes and Castes and Other Backward Classes".

Mr. Speaker, Sir, on the recommendation of the Governor, I beg to mave that a sum of Rs. 5,55,83,000 be granted for expenditure under Grant No. 32, Major Head: "39—Miscellaneous, Social and Developmental Organisations—Excluding Welfare of Scheduled Tribes and Castes and Other Backward Classes" during the year 1973-74.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আলোচ্য খাতে ব্যয়বরাদ্দ অনুমোদন করার জন্য অনুরোধ করার আগে আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের অবগতির জন্য আমি ত্রাণ ও কল্যাণ বিভাগ ছাড়াও এই খাতের অন্তর্ভুক্ত অন্যান্য বিভাগের সংশ্লিষ্ট কর্মসূচির একটি সংক্ষিপ্ত তালিকা পেশ করছি:

(১) ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগ	...	Control of Vagrancy, Directorate of Social Welfare, Government of India's Crash Programme of Nutrition for Children.
(২) বিচার বিভাগ	...	Registration of births, deaths and marriages.
(৩) শ্রম বিভাগ	...	Statistics of Industrial and Labour Disputes, Family Budget Investigation Scheme.
(৪) স্বাস্থ্য বিভাগ	...	Smoke Nuisance Commission.
(৫) অর্থ (শুল্ক) বিভাগ	...	State Statistical Bureau.
(৬) শিক্ষা বিভাগ	...	Contribution to the Nationial Library, Preservation and Translation of ancient Manuscripts.
(৭) পূর্ত বিভাগ	...	Construction Board.
(৮) পশুপালন ও পশুচিকিৎসা বিভাগ	...	Education and Training for Dairy Personnel.
(৯) পর্যটন বিভাগ	...	Tourist Organisation.
(১০) উন্নয়ন ও পরিকল্পনা বিভাগ	...	Evaluation Machinery, Town and Country Planning Organisations, Special and Backward Classes, Planning Organisation.
(১১) শিল্প ও বাণিজ্য বিভাগ	...	Change over to the Metric System.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমাজতন্ত্রী রাষ্ট্রে সরকারের সকল কার্যসূচির মুখ্য উদ্দেশ্য কল্যাণকর। সেই দৃষ্টিতে আলোচ্য খাতে ব্যয়বরাদ্দ অনুমোদনের পূর্বে এইসব কার্যসূচির সংক্ষিপ্ত বর্ণনা করা অবশ্যই প্রয়োজন। এই বরাদ্দের মধ্যে কল্যাণ দপ্তর ছাড়াও আরও অনেক দপ্তরের কর্মসূচি অন্তর্ভুক্ত আছে যা আমি আমার বক্তব্যের প্রথমেই জানিয়েছি। যেহেতু এইসব কর্মসূচির মধ্যে কল্যাণ দপ্তরের অন্তর্গত কর্মসূচিগুলিই গুরুত্বপূর্ণ, সেইজন্য এই ব্যয়বরাদ্দের প্রস্তাব আমি উপস্থিত করছি। আমি অনুভব করছি যে, আমাদের এই কর্মপরিধি খুব ব্যাপক ও যথেষ্ট নয়। বিশেষতঃ আজকের দিনে যখন জনগণের একটি বিরাট অংশ দারিদ্র্য-রেখার নীচে অবস্থান করছেন এবং স্বাভাবিকভাবেই সরকারের কাছে অনেক কিছুই আশা করেন, তখন তাঁদের বা তাঁদের প্রতিনিধিদের চোখে এর স্বল্পতা খুবই প্রকট। তবু এই ব্যয়বরাদ্দের মধ্যে কল্যাণ দপ্তরের যেসব কর্মসূচি অন্তর্ভুক্ত আমি সেগুলি সম্বন্ধে কিছু নিবেদন করছি।

আমাদের কল্যাণ দপ্তর যেসব কর্মসূচি পরিচালনা করেন তার বিবরণ আমি বক্তব্যের মুখবন্ধে তালিকার প্রথম দফায় বর্ণনা করেছি। "৩৯—বিবিধ"-এর মধ্যে কোন পরিকল্পনাভিত্তিক কাজের অবকাশ নেই—এই খাতের অন্তর্ভুক্ত রয়েছে উন্নয়নমূলক কাজের বাইরে যেসব কাজ দীর্ঘদিন হয়ে আসছে সেগুলির জন্যে। এগুলির মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে ভিক্ষাবৃত্তি নিয়ন্ত্রণ।

বেঙ্গল ভ্যাগ্রেন্সি অ্যাক্ট—যা কেবলমাত্র কোলকাতা ও পার্শ্ববর্তী শিল্পাঞ্চলে চালু আছে—তদনুযায়ী ছয়টি ভিক্ষুক আবাস, একটি ভিক্ষুক গ্রহণকেন্দ্র (রিসেপসান সেন্টার) ও একটি শিক্ষণকেন্দ্র চালু আছে। এইসব আবাসে থাকতে পারে ২,২৫০ জন আবাসিক। এদের সম্বন্ধে গত বৎসরে যা বলেছি তার পুনরাবৃত্তি করছি না। শুধু এইটুকু বলতে চাই যে, এই ব্যবস্থা প্রয়োজনের তুলনায় নিতান্তই অপ্রতুল, যার মূল কারণ অবশ্য আমাদের আর্থিক সীমাবদ্ধতা।

তা ছাড়া ভিক্ষাবৃত্তি নিরোধের প্রচেষ্টাকে সারা রাজ্যে প্রসারিত করার প্রয়োজনীয়তা আমি অনুভব করছি। তবে এই চেষ্টা শুধুমাত্র রাজ্যসরকারের চেষ্টার মধ্যে সীমিত নয়। কোলকাতা ও পার্শ্ববর্তী অঞ্চলে যেখানে ভারতের বিভিন্ন প্রান্ত থেকে অসংখ্য নরনারী বিশেষ ক'রে দুঃস্থ নরনারী সবসময় আসা-যাওয়া করছেন এবং যার জন্য কোনরকম কড়াকড়ি নেই—সেখানে স্থায়ী ও স্বল্পকালীন (টেম্পোরারী অ্যান্ড মাইগ্রেটরি) যারা চলে যান বা যেতে পারেন—তাঁদের নিয়ন্ত্রণ করতে গেলে পূর্বাঞ্চলের রাজ্যগুলিকে একযোগ কাজ করতে হবে। ইস্টার্ন জোনাল কাউন্সিল-এর সভায় যাতে এগুলি আলোচিত হয় ও ভিক্ষাবৃত্তি নিরোধের জন্য একটা সর্বভারতীয় ব্যবস্থা গ্রহণ করা হয়, সেজন্য আমরা সচেষ্ট আছি।

[5-50—6-00 p.m.]

দ্বিতীয়তঃ আলোচ্য বরাদ্দের অন্তর্ভুক্ত রয়েছে উত্তরপাড়ার মহিলা দুঃস্থাবাস এবং ১৪ বৎসর পর্যন্ত বয়স্ক বালকদের সংশোধনাবাস। এই দুটি আবাসে যথাক্রমে ২০০ ও ২০০, মোট ৪০০ জনের থাকার ব্যবস্থা আছে। তা ছাড়াও এখানে ছেলেমেয়েদের লেখাপড়া ও হাতের কাজ শেখানোর ব্যবস্থা আছে।

সমাজকল্যাণ দপ্তরের আর একটি কর্মসূচি ইতিমধ্যেই বিশেষ বিস্তৃতি ও জনপ্রিয়তা অর্জন করেছে। অপুষ্টিজনিত শিশুমৃত্যুর বর্ধিত হার ও দরিদ্র জনসাধারণের মধ্যে পুষ্টিকর খাদ্যের অভাব ও সেইকারণে কষ্টলাঘবের উদ্দেশ্যে ১৯৭০ সালে কেন্দ্রীয় সরকারের বিশেষ অর্থানুকূল্যে শিশু ও প্রসূতি পুষ্টি প্রকল্পের কাজ আরম্ভ হয়। এই প্রকল্প অনুসারে বছরে ৩০০ দিন শিশুদের প্রত্যহ মাথাপিছু ১৮ পয়সা ও নারীদের ২৫ পয়সা হিসাবে পুষ্টিকর খাদ্য দেওয়ার ব্যবস্থা হয়েছে। সমাজকল্যাণমূলক কাজে নিযুক্ত সংস্থাগুলির মাধ্যমে এই খাদ্য বণ্টিত হয়। বর্তমানে হাওড়া, হুগলী, বর্ধমান, ২৪-পরগনা ও কোলকাতার বস্তি এলাকায় পশ্চিম-বঙ্গের সমস্ত জেলার উপজাতি-অধ্যুষিত অঞ্চলে এবং পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুর, বীরভূম, মালদা ও পশ্চিম দিনাজপুর জেলাগুলির বিভিন্ন খরাকবলিত এলাকায় এই প্রকল্পটি চালু আছে। চলতি মাসের মধ্যে খড়্গপুর ও শিলিগুড়ি শহরের বস্তি অঞ্চলে পুষ্টিকেন্দ্র খোলার ব্যবস্থা সম্পূর্ণ হবে ব'লে আশা করা যাচ্ছে।

বিগত বাজেট আলোচনার সময় আপনাদের জানিয়েছিলাম যে, চলতি আর্থিক বছরে এই রাজ্যে মোট ৩৮৫,০০০ শিশু এবং গর্ভবতী ও প্রসূতি নারীকে এই প্রকল্পের অন্তর্ভুক্ত করার জন্য কেন্দ্রীয় অনুমোদন প্রার্থনা করা হয়েছিল। আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, সন্তোষ-জনক রূপায়ণ এবং অগ্রগতির ফলে কেন্দ্রীয় সরকার ১৯৭২-৭৩ সালে এই রাজ্যের মোট লক্ষ্যমাত্রা বৃদ্ধি ক'রে ৪,৯২,০০০ ধার্য করেছেন। এরই মধ্যে ৩,৬১,৩০০ এর উপর শিশু ও নারীকে ঘাটতি পরিপূরক খাদ্যে পৌঁছে দেওয়া সম্ভব হয়েছে। এই সংখ্যা আরও বৃদ্ধি পেত যদি পাঁউরুটির সরবরাহ মধ্যে বিঘ্নিত না হ'ত। চলতি মাসের মধ্যে উপকৃতের সংখ্যা যাতে লক্ষ্যমাত্রায় পৌঁছায় তার জন্য যথাসাধ্য চেষ্টা চলছে। এই প্রকল্পটির জনপ্রিয়তা ও প্রয়োজনের কথা বিবেচনা ক'রে মনে হয় এই বাবত অধিক পরিমাণে অর্থ বরাদ্দ ক'রে ব্যাপকতর ক্ষেত্রে ইহার সম্প্রসারণ ও রূপায়ণের কথা বিশেষভাবে চিন্তা করা দরকার।

এই উদ্দেশ্যে বর্তমান বছরে দু'টি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। বৃহত্তর কোলকাতার মধ্যে এমন অনেক উদ্বাস্তু এলাকা আছে যেগুলির স্থানীয় অবস্থা প্রায় বস্তির সমতুল্য অথচ এইসব এলাকায় প্রকল্পটি এতদিন চালু করা সম্ভব ছিল না। বর্তমানে কেন্দ্রীয় অনুমোদন নিয়ে স্থির করা হয়েছে যে, সমস্ত উদ্বাস্তু বসতি সি এম ডি এ-এর বস্তি-উন্নয়ন পরিকল্পনার অন্তর্গত সেইসব এলাকায় বিশেষ পুষ্টিকেন্দ্র খোলা যাবে। এছাড়া বর্তমানে বৃহত্তর কোলকাতার বাইরে যেসব শহরের জনসংখ্যা এক লাখের বেশী কেবলমাত্র সেইখানে বস্তি অঞ্চলে এই পুষ্টিকেন্দ্র খোলা যায়। মাননীয় সদস্যগণের অবগতির জন্য জানাচ্ছি যে, ১৯৭১ সালের আদমসুমারী অনুযায়ী যেসব শহরের জনসংখ্যা ষাট হাজারের বেশী সেইসব শহরের বস্তি ও দুঃস্থ জনবসতিপূর্ণ এলাকায় প্রকল্পটি প্রসারিত করতে চাওয়া হয়েছে এবং সংশ্লিষ্ট প্রস্তাবটি বর্তমানে কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন রয়েছে। শুধু তাই নয়, অন্যান্য এলাকার শিশু-নারীদের ন্যায় বিভিন্ন খরাকবলিত এলাকার শিশু ও নারীরা যাতে আরও অধিকতর সংখ্যায় এই প্রকল্পের সম্প্রসারণের মাধ্যমে উপকৃত হতে পারে সেদিকেও বিশেষ দৃষ্টি দেওয়া প্রয়োজন। তাই, যদি কেন্দ্রীয় অনুমোদন পাওয়া যায় তা হ'লে আগামী ১৯৭৩-৭৪ সালে অর্থাৎ চতুর্থ পরিকল্পনার শেষ বছরে বর্তমান লক্ষ্যমাত্রা ৪,৯২,০০০ থেকে বাড়িয়ে ৬,৫০,০০০ করার পরিকল্পনা আমাদের আছে।

আমি তাই আনন্দের সঙ্গে ঘোষণা করছি যে, আমাদের এই কর্মপ্রচেষ্টা ক্রমশঃ জনগণের সমর্থন লাভ করছে এবং ব্যাপকতর ক্ষেত্রে ক্রমশঃ আমাদের কর্মোদ্যোগকে প্রসারিত করার যে সুযোগ উপস্থিত হয়েছে আমরা তার পরিপূর্ণ সদ্ব্যবহার করতে চাই।

With these words, Sir, I commend my motion for the acceptance of the House.

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি একটু আশ্চর্য হয়ে গেলাম যে ব্যয়বরাদ্দের দাবি এখানে উপস্থিত করা হয়েছে তার মধ্যে অনেকগুলি বিভাগের অনেকগুলি কথা আছে। ত্রাণ এবং কল্যাণ দপ্তরের মন্ত্রিমহাশয় কেবল দু'টো জিনিষের কথা বলেছেন। প্রধানতঃ একটা স্পেশ্যাল নিউট্রিশন্যাল প্রোগ্রাম এবং অপরটি ভ্যাগ্রান্সি কন্ট্রোল। এ ছাড়াও যে সমস্ত কর্মসূচি ব্যয়বরাদ্দের অন্তর্ভুক্ত আছে সে সম্বন্ধে একটা কথাও বললেন না। বোধ হয় বিভিন্ন খাতে ছড়ানো আছে ব'লে তিনি বললেন না। তা সত্ত্বেও দু'-চার কথা বলা দরকার অন্যান্যগুলি সম্পর্কে। যেমন এই ব্যয়বরাদ্দের মধ্যে আছে স্টেট ইউনিট অব অ্যাপ্লায়েড স্ট্যাটিসটিক্স। এর জন্য যে টাকা বরাদ্দ করা হয়েছে স্ট্যাটিসটিক্সের ব্যাপারটা আমি শুধু মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে উপস্থিত করতে চাই। স্ট্যাটিসটিক্স উন্নয়নশীল অর্থনীতির মধ্যে একটা গুরুত্বপূর্ণ ব্যাপার। যদিও সরকারী পরিসংখ্যানকে আমাদের অনেক লোক সন্দেহের চোখে দেখেন। আমাদের দেশে কৃষির পরিসংখ্যান নেওয়া হয় গ্রামের চৌকিদারের কাছ থেকে। সেইজন্য পরিসংখ্যানের ব্যাপারটিকে আরো গুরুত্বপূর্ণ বৈজ্ঞানিক ভিত্তির উপর স্থাপন করা দরকার ব'লে আমার মনে হয় এবং আলাদা ক'রে স্ট্যাটিস-টিক্যাল ইউনিট না লিখে এখন যখন আমাদের রাজ্যে স্টেট প্ল্যানিং বোর্ড হয়েছে, পরিকল্পনা পর্ষদ হয়েছে তার অধীনে যে সমস্ত স্ট্যাটিসটিক্যাল ইউনিটগুলিকে পরিসংখ্যান নেবার জন্য যে আলাদা ইউনিট রয়েছে তার মধ্যে নিয়ে যাওয়াই ভাল। তা হ'লে খানিকটা বৈজ্ঞানিক ভিত্তিতে কাজ হ'তে পারে। আর এই সত্যতার সম্পর্কে খানিকটা নিরসন হওয়া যায়। এখন এই স্ট্যাটিসটিক্সের ব্যাপারটা বিভিন্ন স্টেট ইউনিটের কাজকর্মকে প্ল্যানিং বোর্ডের আওতায় যাতে দেওয়া যায় সে সম্পর্কে মন্ত্রিসভা ভেবে দেখবেন ব'লে আমি আশা করছি। দ্বিতীয় কথা, কতকগুলি প্ল্যানিং অর্গানিজেশনে টাকা পয়সা ব্যয়বরাদ্দের দাবিও এখানে উপস্থিত করা হয়েছে। আসানসোল প্ল্যানিং অর্গানিজেশন, হলদিয়া প্ল্যানিং অর্গানিজেশন, হলদিয়া প্ল্যানিং সেল, এবং আরবান অ্যান্ড রিজিওন্যাল প্ল্যানস ইত্যাদির কথা আছে। এই সম্পর্কে আমি মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়ের মাধ্যমে মন্ত্রিসভাকে অনুরোধ করব, যেমন আসানসোল প্ল্যানিং অর্গানিজেশনের জন্য ৫ লক্ষ ৬০ হাজার টাকা ব্যয়বরাদ্দ করা আছে। এটা তো বহুদিন ধ'রে হচ্ছে। একটা অর্গানিজেশন হচ্ছে, তারা এখনও কোন প্ল্যান প্রসব করে নি। অতি দুঃখের কথা যে, তাঁদের অফিস মেন্টেন করবার জন্য এই খাতে টাকা বরাদ্দ করা হয়েছে অথচ আসানসোল

এলাকায় এবং বৃহত্তম শিল্পাঞ্চল অঞ্চল বর্ধমান অঞ্চল সেখানে এখনো জলের প্রচন্ড অভাব, বিদ্যুতের অভাব, রাস্তাঘাটের অভাব, সুয়ারেজের অভাব, এদের উন্নয়নের পরিকল্পনা এখনো পর্যন্ত গৃহীত হ'ল না। অথচ প্ল্যানিং অর্গানিজেশনের জন্য বছর বছর টাকা ধার্য করা হচ্ছে। সেইজন্য আমি মন্ত্রিসভাকে অনুরোধ করব, বর্ধমান থেকে আরম্ভ ক'রে বার্নপুর, দুর্গাপুর যে বৃহত্তর গ্রাম এবং শিল্প এলাকা আছে সেটা মিলিয়ে একটা বর্ধমান ডিস্ট্রিক্ট ডেভেলপমেন্ট অথরিটি ক'রে দিন—সি এম ডি এ-র মডেলে। যাতে প্ল্যানিংটা হয় এবং কাজকর্মও হতে পারে। প্ল্যানিং অর্গানিজেশনের জন্য বারে বারে টাকার বরাদ্দ চাওয়া হবে এটাতে কি কাজ হবে বুঝতে পারছি না।

[6-00—6-10 p.m.]

হলদিয়ার দু'টি প্ল্যানিং সেল, তার জন্য আড়াই লক্ষ টাকা ধার্য করা হয়েছে। সমস্ত প্ল্যানিংটাকে প্ল্যানিং বোর্ডের কাছে দেওয়া হচ্ছে না, টুকরো টুকরো ক'রে আংশিকভাবে পরিকল্পনা করার জন্য, অফিস, সেল ক'রে টাকা বরাদ্দ করার জন্য দরকার কি?

টুরিজম অর্গানিজেশন খাতে টাকার বরাদ্দ চাওয়া হয়েছে। পশ্চিমবাংলার বিভিন্ন অঞ্চলকে টুরিস্টদের কাছে যাতে আকর্ষণীয় করা যায়, ইত্যাদি ব্যাপারে মন্ত্রিসভা ভাবছেন, তাঁরা মিটিংও করেছেন পূর্বাঞ্চলে। দেখতে পাচ্ছি, এই টুরিজমে অনেক টাকা চাওয়া হয়েছে। একটা কথা বলি, দেখতে পাই অনেক জায়গায় টুরিস্টদের জন্য অনেক টুরিস্ট লজ করা হয়েছে। কিন্তু আমাদের সরকারী লজে এত বেশী ভাড়া, এত বেশী খরচ যে এই টুরিস্ট লজগুলি লসে যাচ্ছে। বিহারে আমাদের পার্শ্ববর্তী রাজ্যে কিন্তু টুরিস্টদের এই ব্যাপারে খরচ অনেক কম। তা ছাড়া টুরিজম ডিপার্টমেন্ট থেকে যে ব্যবস্থা তাতে বিশেষ কোন পাবলিসিটিও চোখে পড়ে না। বাইরে থেকে এখানে আসেন যাঁরা বেড়াতে তাঁদের জন্য কোন গাইড, পথপ্রদর্শকের ব্যবস্থা আছে ব'লে মনে হয় না। এই অবস্থায় যে টুরিজমে টাকা দেওয়া হচ্ছে, মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রিসভাকে অনুরোধ জানাচ্ছি কি ক'রে টুরিজমকে আরও আকর্ষণীয় ক'রে তোলা যায় এবং সহজলভ্য করা যায় তার জন্য সত্যসত্যই ভাবুন, কিভাবে সার্থকভাবে ব্যয় হয় সেকথা চিন্তা করুন।

চেঞ্জ ওভার টু মেট্রিক সিস্টেম, এর জন্য টাকার বরাদ্দ চাওয়া হয়েছে। কেন বুঝতে পাচ্ছি না। এটাতো অনেক দিন আগেই হয়ে গেছে। প্রতি বছর অফিস মেন্টেন করার জন্য টাকার বরাদ্দ করবেন, কিন্তু এত টাকা কেন? এর মধ্যে রিজিওনাল প্ল্যানিং আরও অনেক বড় বড় ব্যাপার, ঝাড়গ্রামকে রাখার জন্য, সুন্দরবন, নর্থবেঙ্গল-এর জন্য টাকার বরাদ্দ চেয়েছেন, হলদিয়া, স্টেট প্ল্যানিং বোর্ড, ডিস্ট্রিক্ট প্ল্যানিং অর্গানিজেশন ইত্যাদির জন্য অনেক টাকা চেয়েছেন। আমি মন্ত্রিসভার কাছে একটি বিষয়ে বলব এবং সেজন্য যে টাকা চেয়েছেন তা অত্যন্ত অপ্রতুল। যেমন সুন্দরবনের ডেভেলপমেন্ট, একটা কমিটি করেছেন, গভর্নমেন্ট একটা দপ্তর ক'রে একজন মন্ত্রীর অধীনে দিয়েছেন, সেখানে ৩৫ লক্ষ টাকা চেয়েছেন। সুন্দরবনের যারা বিশেষজ্ঞ তাদের মতে শস্য সম্ভাবনা এখনও রয়েছে, ঠিকমত কর্মসূচি হয়, তবে সুন্দরবন পশ্চিমবাংলার শস্যভান্ডার হিসাবে গ'ড়ে উঠতে পারে। সেখানে জাপানের মত মৎস্যচাষের কেন্দ্র হ'তে পারে। সেই চিন্তা করুন। সুন্দরবন যাতে পশ্চিমবাংলার আর্থিক ক্ষেত্রে একটা বিরাট অবদান রাখতে পারে, সেজন্য আমি মনে করি আরও বেশী টাকা বরাদ্দ দেওয়া উচিত ছিল এবং নির্দিষ্ট সময়সূচি নিয়ে তার মধ্যে যাতে সুন্দরবনের উন্নয়ন করা যায় তার জন্য ঘোষণা করা উচিত ছিল।

উত্তরবাংলার প্ল্যানিং অর্গানিজেশনের জন্য টাকা চাওয়া হয়েছে। এ সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে, সমগ্র উত্তরবাংলার যদি উন্নয়ন সাধন সত্য সত্যই করতে হয়, তা হ'লে উত্তরবাংলাকে দেশের অন্যান্য উন্নত অংশের সঙ্গে যুক্ত করতে হবে। সেখানে ডাবল রেলওয়ে করতে হবে। যদি সেখানকার ট্রান্সপোর্ট সিস্টেমের উন্নতি না করা যায়, তা হ'লে উত্তরবাংলার কোনরকম আর্থিক এবং সামাজিক উন্নতি করা সম্ভব নয়। এই ট্রান্সপোর্ট সিস্টেমের উন্নতির জন্য, টাকার বরাদ্দ করার জন্য, ডাবল রেলওয়ে করার জন্য, সরকারের উপর চাপ সৃষ্টি করতে হবে এবং সেইজনাই আপনার কাছে এই সমস্যা সমাধানের বিষয় উপস্থিত করলাম।

স্মল স্কেল ইন্ডাস্ট্রিজ এবং স্ট্যাটিসটিক্স ইত্যাদির জন্য টাকা বরাদ্দ করা হয়েছে। এ সম্বন্ধে আমি বলতে চাই, সরকারের যে পরিসংখ্যান সেই সম্বন্ধে আমাদের সকলেরই অত্যন্ত খারাপ ধারণা। স্ট্যাটিসটিক্স সম্বন্ধে একটা কথা আছে—লাই, ড্যাম লাই আর স্ট্যাটিসটিক্স। এই পরিসংখ্যান বিভাগকে সত্য সত্যই বৈজ্ঞানিক ভিত্তিতে উন্নতি করার জন্য স্টেট প্ল্যানিং বোর্ডের আন্ডারে দিতে বলছি এবং মন্ত্রিসভার কাছে এই অনুরোধ জানাচ্ছি যে, আরও যোগ্য লোককে রিক্রুট ক'রে প্ল্যানিং বোর্ডকে স্বয়ংসম্পূর্ণ করুন। যে সমস্ত পরিকল্পনা হয় সেই কাজগুলি সম্পন্ন করতে গেলে নির্ভুল এবং সঠিক পরিসংখ্যান ছাড়া উন্নয়নমূলক কাজ এগোতে পারে না।

এ ছাড়া আর দু'-একটি কথা আমি মন্ত্রিসভার কাছে উপস্থিত করতে চাই। স্পেস্যাল নিউট্রিশান প্রোগ্রাম এবং ভ্যাগ্রান্সি অ্যাক্ট সম্বন্ধে একটু বলবো। আমরা জানি আমাদের সরকারের আর্থিক ক্ষমতা সীমাবদ্ধ, যার জন্য সমাজকল্যাণের বিশেষ কিছু করা যাচ্ছে না।

সেখানে আমি বলি আমাদের আর্থিক ক্ষমতা সীমাবদ্ধ, সে বিষয়ে কোন সন্দেহ নাই। এই আর্থিক ক্ষমতা বাড়াবার জন্য একটা বিপুল সামাজিক পরিবর্তন দরকার তার জন্য একটা দৃষ্টিভঙ্গি দরকার। অর্থশালী লোকদের কাছ থেকে টাকা আদায় করবার জন্য একটা চেষ্টা থাকা দরকার। সেটা এই বাজেটের কর্মকান্ডের মধ্যে নেই, এই টোটাল বাজেটের মধ্যেও সেটা প্রতিফলিত হওয়া দরকার ছিল, তা হয় নাই। কাজেই আপনার এই ছোট্ট ব্যয়বরাদ্দ কি ক'রে আর তা সম্ভব হয়।

এই সঙ্গে আরও দু'-একটি কথা এই পরিকল্পনার মধ্যে অন্তর্ভুক্ত করবার চেষ্টা করা যেত। পশ্চিমবাংলায় কলকাতা ও কলকাতার শহরতলিতে প্রচুর নারীশ্রমিক কাজ করেন। তাদের একটা মস্ত বড় সমস্যা নারী শ্রমিক--বিশেষ ক'রে যাঁরা চা-বাগানে ও কয়লা খনিতে কাজ করেন, তাঁরা যখন কাজে যান, তখন তাঁদের ছোট শিশুদের রক্ষণাবেক্ষণ একটা মস্তবড় সমস্যা হ'য়ে দাঁড়ায়, ফলে শিশুরা নানারকম অপুষ্টিতে ভোগে। তাই আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব পরীক্ষা-মূলকভাবে তিনি কতকগুলি জায়গায় বিশেষ ক'রে চা-বাগিচা অঞ্চলে ও কয়লাখনি অঞ্চলে কয়েকটি ক্রেচ্ তৈরি করতে পারেন। সেই ক্রেচে নারী শ্রমিকদের শিশুদের রক্ষণাবেক্ষণের ব্যবস্থা হতে পারে। আশা করি সরকার এদিকে একটু নজর দেবেন। আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে সেই অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী নুরুন্নেসা সাত্তার ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই বিধানসভায় আমাদের ত্রাণমন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ উপস্থাপিত করেছেন, তাকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে দু'-চার কথায় আমার বক্তব্য এখানে রাখছি।

আজ যে সমাজে আমরা বাস করছি--সেখানে নানারকম দুর্নীতি রয়েছে এবং অসংখ্য অসহায় দুঃস্থ মানুষ অসহায়ভাবে জীবনযাপন করছে বিশেষ ক'রে গ্রামাঞ্চলে। আমি গ্রামাঞ্চলের এক নিপীড়িত জায়গা থেকে এসেছি। পূর্বস্থলী হচ্ছে আমার নির্বাচনকেন্দ্র, সেখানে অনেক নিরাশ্রয় বৃদ্ধা মহিলা আছেন, যারা কর্মক্ষম নন, তাঁরা কোন শ্রমসাধ্য কাজ করতে পারেন না। অন্ধ মূক বধিরও অনেক আছে। সেদিকে মাননীয় ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি তাদের জন্য বার্ধক্যভাতা কোন প্রতিষ্ঠানের মাধ্যমে যেন দান করা হয়।

সমাজে আর দুষ্টক্ষতের মত রয়েছে জঘন্য পতিতাবৃত্তি। এই পতিতাবৃত্তি নিবারণ করবার জন্য মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে অনেক ভদ্রমহিলাও জীবিকার্জনের জন্য এই জঘন্য পথে পা বাড়িয়েছেন। এটা অত্যন্ত দুঃখের কথা, বেদনার কথা এবং লজ্জার কথা। একবার এই ঘৃণ্য পতিতাবৃত্তি আইন ক'রে বন্ধ করবার জন্য কেন্দ্রীয় সরকার চেষ্টা করেছিলেন। কিন্তু ফল হয় নাই তেমন। ক্ষুধার জ্বালায় নিজেদের জীবিকার্জনের কোন উপায় নাই ব'লেই নিজেদের দেহ বিক্রি ক'রে অর্থোপার্জন করেন। এটা আমাদের পক্ষে খুবই লজ্জার কথা। অথচ আমরা বড়াই করি আমরা উন্নত সমাজে, শিক্ষিত সমাজে বাস করছি। যে শিক্ষার গর্ব আমরা করি, সে শিক্ষার গর্ব এখন কোথায়? কোন মহিলা যখন পেটের তাড়নায় এই ঘৃণ্য পন্থা অবলম্বন করে, তখন দুঃখ হয়, বেদনা হয়! তখন ভাবি, কোন্ সমাজে আমরা বাস করছি?

আজ বৈজ্ঞানিক উন্নতির যুগেও আমরা এক পঙ্কে অন্ধকার গলিতে বাস করছি! সমাজে এরকম আরো কত কি দুর্নীতি চলছে। আমি আপনার মাধ্যমে ত্রাণমন্ত্রীকে অনুরোধ করবো তিনি ভালভাবে একটু দৃষ্টি দিয়ে এই সমস্ত দুর্নীতি সমাজ থেকে দূর করবার চেষ্টা করুন। যদি দরকার হয় কেন্দ্রের সাহায্য নিয়ে এই পতিতাবৃত্তি রোধ করবার জন্য, সমাজকে আরো পরিষ্কার করবার জন্য একটি পরিকল্পনা রচনা করতে পারেন, সমাজকে আরো আনন্দদায়ক ক'রে গ'ড়ে তুলতে চেষ্টা করবেন।

অনেক দুঃস্থ ছেলেমেয়ে আছে তাদের জন্য একটা হোম তৈরি করা দরকার। দুঃস্থ মহিলাদের জন্যও কুটিরশিল্পের ব্যবস্থা করা যেতে পারে। তা হ'লে তাদের কিছু আর্থিক সংস্থান হতে পারে। যাদের শক্তিসামর্থ্য আছে এই রকম অসহায় বিধবাদের জন্য কুটিরশিল্পের ব্যবস্থা করতে পারলে তারা আর ভিক্ষাবৃত্তির আশ্রয় গ্রহণ করবে না। দ্বারে দ্বারে গিয়ে তাদের যাতে আর ভিক্ষা করতে না হয় তেমন ব্যবস্থা মন্ত্রিমহাশয় করুন। না হ'লে দরজা-জানলা খুললেই শুনতে হয় মা, একটি রুটি দাও। দেবার সামর্থ্য না থাকলেও না দিয়ে পারা যায় না; তবু তাদের কিছু দিতে হয়। তবু তাদের ফিরিয়ে দেওয়া যায় না। তাদের পরণে কাপড় নেই, শীতে কুন্ডলী পাকিয়ে প'ড়ে থাকে। যদি তাদের জন্য সম্ভব হয় যেন ত্রাণ খাত থেকে দেওয়া হয়। সেইজন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি। জয় হিন্দ্।

[6-10—6-20 p.m.]

শ্রীমতী ইলা রায়ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, আজকে সমাজকল্যাণ মন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবি আমাদের সভায় এনেছেন আমি তা পূর্ণ সমর্থন করছি। কিন্তু সমর্থন ক'রেও একটা কথা না ব'লে পারছি না। সেটা হ'ল আমাদের দেশে অর্থসংকট চলেছে। আজকে আমাদের দেশ এই অর্থসংকটের জন্য সাধারণ মানুষ ঘরে ঘরে হাহাকার ক'রে চলেছে এবং ভিক্ষুকের সংখ্যা দিনের পর দিন বেড়ে চলেছে। সরকার নানাবিধ পরিকল্পনা নিয়েছেন এবং বলছেন ভিক্ষুক আমরা রাখবো না, ভিক্ষাবৃত্তি মহাপাপ, কিন্তু কোথায়! আমরা দেখতে পাচ্ছি, দিনের পর দিন একশোর মধ্যে ৭০ ভাগ ভিক্ষুকের সংখ্যা এবং তা বেড়েই চলেছে, ভিক্ষুক তো কমে নি, ভিক্ষুক বেড়েই চলেছে। এইভাবে যদি একটা স্বাধীন দেশের সভ্য দেশের নাগরিক ভিক্ষা করে তবে সরকারের লজ্জা হওয়া উচিত। তাই আজকে এখানে যখন সমাজকল্যাণ গ্রান্ট এসেছে তখন কিছু বক্তব্য রাখতেই হচ্ছে এবং বলতেই হচ্ছে, দিনের পর দিন দেখছি, বহু শিশু সন্তান দিনের পর দিন গলির মোড়ে প'ড়ে আছে, বহু ছোট ছোট শিশুকে স্টেশনে ফেলে মা কোথায় চলে গিয়েছে, বহু শিশুকে ফেলে মা অন্য লোকের সাথে বেরিয়ে গিয়েছে, এটা কি সমাজের কলঙ্ক নয়? এর জন্য সরকারকে ব্যবস্থা করতে হবে। আমরা সভ্য দেশের নাগরিক হিসাবে দিনের পর দিন এইসব দেখতে পারবো না। অনেক ঘটনা আমার কেন্দ্রে হয়। গ্রামাঞ্চল থেকে মহিলা নিয়ে আসে ওই সব মহিলাকে কি বলা হয়, জানি না, বোধ হয় শুনেছি কুটনির কাজে বিক্রি করা হয়। সেই সব মেয়েদের নিয়ে সমাজের নানা রকম কুখ্যাত কাজ করা হয়। সেই সব মেয়েদের মধ্যে ভাল ভাল ঘরের মেয়ে আছে—ব্রাহ্মণ আছে, কায়স্থ আছে, বৈদ্য আছে, তাদের যার নাম সোনাগাছি সেখানে বিক্রি করা হয়। সরকার বলছেন এই ব্যবসা রাখবেন না। কোথায় সরকারের পরিকল্পনা জানতে চাই। দিনের পর দিন এই আর্থিক সংকটের জন্য আমাদের সমাজের নানাবিধ মহিলা এইসব কাজ আরম্ভ করেছেন। আপনি চৌরঙ্গী রোডে রাত্রে ১০টা ১১টার পরে যদি যান দেখবেন বহু মহিলা সেখানে নানাবিধ পোষাক পরে দাঁড়িয়ে থাকে। আমি দুঃখের সঙ্গে জানাতে বাধ্য হচ্ছি আমরা জনতার ভোটে এই হাউসে এসেছি এই কুখ্যাত কেলেঙ্কারী থেকে সমাজকে আমরা মুক্ত করতে চাই।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বহু শিশু বড় বড় ঘর থেকে এসেছে এবং মধ্যবিত্ত ঘরের মহিলারাও যারা নাকি পেটের জ্বালায় জ্বলে মরছে তারা নাকি এইভাবে রাতের অন্ধকারে চৌরঙ্গীর মোড়ে এইসব ব্যবসা ক'রে থাকে। সেইজন্য আজকে সরকারকে পরিকল্পনা নিতে হবে—কারণ অর্থ সঙ্কটের জন্যই এই সব কাজ হচ্ছে। আজকে দেশের প্রত্যেকটি সন্তানের জন্য সুপরিকল্পিত ব্যবস্থা গ্রহণ করতে হবে। অন্ধ বহু আছে—এদের মধ্যে শিল্পীও আছে যারা

গাইতে পারে, কবিতা বলতে পারে, হাতের কাজ করতে পারে। আজকে নানাবিধ পরিকল্পনা নিয়ে তাদের মধ্যে যে বেকারত্ব আছে সেই বেকার সমস্যার সমাধান করতে হবে। মাননীয় মন্ত্রিমহাশয় এখানে বসে আছেন তিনি জানেন যে, এই যেসব হোম হয়েছে এই হোমগুলি কিভাবে পরিচালিত হয়। এখানে ভিখারী ছেলেমেয়ে আছে আবার ভাল ভাল পরিবারের ছেলে-মেয়েরাও আছে। তাদের জন্য ভাল শিক্ষার ব্যবস্থা করত হবে, পুষ্টিকর খাদ্য দিতে হবে এবং এদেরকে সুনাগরিক ক'রে তোলার জন্য সুপরিকল্পিতভাবে কার্যক্রম গ্রহণ করতে হবে। আজকে আমরা যে সমাজে বসে আছি সে সমাজের অবস্থা কি? তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে জানিয়ে দিতে চাই যে, উনি যে ক'রেই হোক দিল্লী থেকে টাকা এনে পরিকল্পনা ক'রে এই যে সব অন্ধ, আতুর, এবং যেসব শিশু কোন দিন স্নেহ পায় নি, মমতা পায় নি, মাতৃহারা, তাদের যেন ব্যবস্থা করেন। এই দাবি জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। বন্দে মাতরম্।

Shri Denis Lakra: Mr. Deputy Speaker, Sir, Social Welfare is a very comprehensive subject and many things can be said on this subject. Right at the beginning; the Hon'ble Minister-in-charge has told the honourable Members that we have got very limited funds and we are to undertake all the social activities. There are some other social activities which are looked after by some other Departments. We are mainly concerned with the control of Vagrancy. We are running Homes for women and a nutrition programme which is a scheme of the Government of India. Just now two of our honourable Members referred to the unfortunate lives of some of our sisters who lead miserable lives. We have got sympathy for them. We know that due to poverty most of our sisters lead very dishonourable lives. We want that they should get proper rehabilitation. There should be more Homes to settle them up and schemes to give some gainful employment to such sisters. But unfortunately, we do not have adequate resources to undertake such activities. Like some of my honourable friends here, I have also seen that the beggars are roaming about on the streets. Sometimes I do think that they should be rounded up and put in Homes and provided with food and clothing. But the honourable Members know that we have got a very limited number of Homes and only one production centre. After rounding up the vagrants, they should be put to the production centre.

Sir, we have got a keen desire to have some more Homes and make an end to this beggary. But, here again, the question of resources comes in, for which we have not been able to do something tangible for them. As regards our unfortunate sisters, some of whom due to economic problems and some of whom due to unhappy family atmosphere, leave their houses and take some other avocations, we are trying to rehabilitate them within our means.

[6-20—6-30 p.m.]

We have got only one such Home at Uttarpara where 200 sisters and 200 boys have been accommodated. They are getting some sort of training and a little bit of education there. Our chief concern is the nutrition programme. Mr. Deputy Speaker, Sir, honourable Members know fully

well that 75 per cent. of our population live below poverty line. Naturally children do not get nutritious food for their growth and they fall victim to various kinds of diseases. For this reason, we are trying to help the children up to the age of 6, the expectant mothers and the nursing mothers by giving them nutritious food so that they keep up their growth and health properly. We have got so far 4 lakh units to feed the children up to the age of 6, the expectant mothers and the nursing mothers. Now we want to cover up the whole of the State under this programme. Mostly these units are set up in urban slum areas where children suffer due to malnutrition. There are some units in rural areas also particularly among the backward sections who have a very miserable life.

Sir, I think many more things could have been achieved if we had adequate means to carry out our such welfare measures. With these few words, I request the honourable Members to support this grant for Social Welfare.

The motion of Shri Santosh Kumar Roy that a sum of Rs.5,55,93,000 be granted for expenditure under Grant No. 32, Major Head: "39—Miscellaneous Social and Development Organisations—Excluding Welfare of Scheduled Tribes and Castes and Other Backward Classes" was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 45

Major Head: 71—Miscellaneous—Sports

Shri Bholanath Sen: Mr. Deputy Speaker, Sir, the Minister-in-charge Shri Prafulla Kanti Ghosh is lying ill. So, with your permission may I read his speech in English?

Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs.59,18,000 be granted for expenditure under Grant No. 45, Major Head: "71—Miscellaneous—Sports" for the year 1973-74.

2. While the above amount is meant for sports and games for youths in general a separate provision has been made under Grant No. 19, Major Head: "28—Education" for students. The Education Minister will move for the above provision.

3. Out of this provision of Rs.59,18,000 only an amount of Rs.6,84,000 is meant for normal expenditure which is of a recurring nature. Another Rs.2,34,000 is for continuance of development schemes sanctioned

during the period 1966-69 and only Rs.50,00,000 will go towards the implementation of development schemes under the Fourth Five-Year Plan.

4. Sports and games like other development activities play a very important role in building a nation. I must confess that the provision proposed for sports and games is rather small when one considers the needs of the State. I would have been happy if I could propose a large provision but having regard to the limited resources of the State, I must remain content with the provision now proposed. I assure the House that we shall make every endeavour in future to find more funds for such an important purpose. I am happy to say that the Chief Minister endorses my views in the matter.

5. The role of Government in the field of sports and games has to be kept in view while preparing programmes for the development of sports. Members are aware that in a democratic country like ours the principle of non-interference in sports has been accepted for a long time. Government activities have been limited mainly to providing financial and other assistance to non-official agencies for development of sports and games. But direct participation and initiative of Government in providing facilities for sports and games cannot also be altogether ruled out.

6. Government have been assisting the Sports Associations, Youth Clubs and Educational Institutions for construction of Stadia, Gymnasium and Swimming platforms, acquisition and development of playgrounds and purchase of sports goods and equipments. Financial assistance is also given towards holding of competitions and tournaments in different barnches of sports.

7. Construction of a utility stadium at Midnapore has been sanctioned. Schemes for construction of stadia at Tamluk, Purulia and Bishnupur have been sent to the Government of India for sanction. Schemes for Stadia at Kalna, Contai and Ashokenagar (Habra) are now under the consideration of the Sports Department. A scheme for flood-lighting two of the enclosed football grounds in Calcutta is also under examination. Physical Education Organisers have been functioning in 50 rural development blocks and giving guidance to local youths and youth clubs in organising various sports activities including competitions and tournaments. State Sports Associations are given grants for participation in National Meets and also for holding competitions in the State. Many sportmen who have been famous in their days, now unfortunately in distress, are being given financial assistance. The State Government have sanctioned funds for participation of School Contingents in different National School games. One of the School teams, viz., the Kumar Ashutosh Institution, Calcutta,

won the Subrata Mukherjee Cup Tournament in an All India Competition. The performances of the State School Contingent in the last National School Games, 1972, were:

Venue	Boys	Place	Girls	Place
Imphal-Autumn Meet, 1970	Football	1st	Swimming	1st
	Swimming	1st	Table Tennis	2nd
	Table Tennis	1st		
Cuttack-Winter Meet, 1972	Volleyball	2nd	Gymnastics (Individual 1st & 2nd places in Gymn.)	1st
	Athletics	3rd		
	Gymnastics	3rd		
	(Individual place in Gymn).	2nd		

Recently, the West Bengal School Cricket Team became runners-up in the All-India School Cricket Competition held at Kanpur.

8. A contingent from the State participated in the 3rd All India Rural Sports Tournament recently held in Delhi.

[6-30—6-40 p.m.]

9. For some time there has been a concentration of various sports activities in the city of Calcutta to the neglect of the districts and rural areas. There was a time, however, when the districts were the nurseries of Calcutta Football. But this is not so at present. Government have decided to take certain steps immediately for the development of sports in the districts and rural areas. I have already sent an appeal to expert football coaches to visit the districts and organise Coaching Camps there for intensive training of local talents. On the recommendation of these expert coaches selected players will be given further training in Calcutta. Expert coaches in small area games such as Volleyball, Basket-ball, Judo, Kabbadi, Khokho, etc., are proposed to be sent to the districts to impart training to village youths in these games.

A larger number of play grounds for students and youths in the districts and rural areas will be provided for. Exhibition matches in which prominent Calcutta teams will participate are proposed to be organised in the districts. The local players will be greatly enthused by the demonstration of improved standards in these exhibition matches. I have already requested the 3 leading football clubs to take part in exhibition matche in the districts and their response is favourable.

Tournaments will be organised in Calcutta in which teams from districts will also participate.

10. Government have decided to reorganise the existing State Sports Council to enable the Council to function more effectively than at present.

11. I would recall with gratitude the gesture shown by our Union Finance Minister for granting income tax relief to industrialists for utilisation of funds by them for promotion and development of sports. I would appeal to the industrialists in this State to come forward and help Government in its programme for development of sports. I would suggest that they adopt young and telented players and help their all round development.

12. As regards direct participation of Government mention may be made of the construction of additional galleries in the Eden Gardens Cricket Ground. The performance of Government in this regard can well be a matter of pride. Concrete galleries with 10,000 additional seats were constructed and completed within a record time of three months thereby enabling a larger number of spectators to witness the Cricket Test Match in December-January last. Government also arranged in co-operation with the CAB sale of about 5000 Test Match tickets to members of the public through lottery. We have also been able to get the sanction of the Government of India for the construction of an international standard Swimming Pool-cum-Stadium in Calcutta under the Central Government scheme at an estimated cost of Rs.38 lakhs. The cost of land will be borne by the State Government and the balance will be met by the Central Government. A gymnasium for women in the city has been constructed at the Institute of Education for Women, Hastings House, Calcutta.

13. A mass rally of 5000 selected boys and girls from different schools was held on 19. 11. 72 in Calcutta to celebrate the Silver Jubillee of India's Independence.

14. I would now come to the most important project, viz., the construction of a composite Stadium in Calcutta. Members are aware of the circumstances in which the long-cherished hope of the people of West Bengal for a Stadium in the city could not be fulfilled so long. At one time construction of a composite stadium of cricket and football at the Eden Gardens was contemplated. But the idea had to given up for various reasons. The prevailing opinion among the lovers of sports and games appears to be that the existing cricket ground at the Eden Gardens should be developed and maintained as a Cricket Stadium. The expansion of accommodation already done is a part of this scheme for a full-fledged Cricket Stadium. Government have decided to construct a separate stadium for football and Hockey in the Salt Lake City. Details of the scheme are being worked out. Meanwhile, in order to meet the immediate demand of football lovers we are taking steps to increase the accommoda-tion in East Bengal/Aryan and Mohan Bagan/ Calcutta football grounds from 25,000 seats to 50,000 in each. Already 2,000 seats have been increased in the East Bengal/Aryan ground.

15. We are endeavouring our best for the promotion of sports and youth activities in the State but I admit that much remains to be done. I assure the Members that my Department is anxious to see that the youths of the State are provided with larger opportunities for development of their body and mind through sports and games.

16. I would now commend the budget for consideration of the House and move that a sum of Rs.59,18,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 45, Major Head: "71—Miscellaneous—Sports" for the year 1973-74.

[6-40—6-50 p.m.]

শ্রীশিশির কুমার ঘোষঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী শ্রীভোলানাথ সেন মহাশয় যে ৪৫নং গ্রান্টের ব্যয় মঞ্জুরী অনুমোদনের জন্য এই অ্যাসেমব্লীতে রাখলেন তার সম্পর্কে আলোচনা করতে গেলে প্রথমে বলতে হয় গতবার এই বাজেট আলোচনার যেসমস্ত বিষয়গুলোর প্রতি আলোকপাত করা হয়েছিল এবং মাননীয় ক্রীড়ামন্ত্রী যে সমস্ত কথা বলেছিলেন, আজকে বাজেট আলোচনায় আমরা দেখলাম যে অবস্থায় আগে পড়েছিল, সেই অবস্থার বিশেষ কিছু পরিবর্তন হয় নি। আমি আসছিলাম আমার নির্বাচনক্ষেত্র থেকে, হঠাৎ দমদম ক্যান্টনমেন্ট স্টেশনে দেখলাম, দেওয়ালে লেখা আছে, দাও আমাদের স্টেডিয়াম, আমরা রাখবো দেশের নাম। এই লেখাটা লেখা হয়েছিল যখন গত অলিম্পিকে ভারতবর্ষ ক্রীড়াতে যে বিপর্যয় পড়েছিল, সেই সময় যুবকরা এই কথা লিখেছিলেন। স্টেডিয়াম সম্পর্কে বহু দাবি উঠেছে এবং এই দাবি নিয়ে আমরাও প্রচুর আলোচনা করেছি। গতবার শুনলাম, এই স্টেডিয়াম সম্পর্কে সল্ট লেকে চেষ্টা করা হবে এবং এবারে মন্ত্রিমহাশয় বলছেন যে, সেখানে ফুটবল এবং হকির জন্য স্টেডিয়াম করার কথা চিন্তা করেছেন। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে একটা জিনিস স্মরণ করতে বলি, এই জিনিসটা কি আপনারা একবারও ভাবছেন না, কলকাতায় যে রেসকোর্স আছে, সেই রেস কোর্সকে তুলে দিয়ে কেন স্টেডিয়াম তৈরি করতে পারছে না? কত লোকের চোখের জল, কত লোকের ওখানে কান্না লুকিয়ে রয়েছে সেই চোখের জলকে মুছিয়ে দেবার জন্য সব থেকে বড় কাজ হবে যদি ঐ রেস কোর্সকে স্টেডিয়ামে পরিণত করতে পারি। আমাদের যুবকদের জন্য, আমাদের স্কুল, কলেজের ছাত্রদের জন্য এই রেস কোর্সে স্টেডিয়াম তৈরি ক'রে দিয়ে এই পাপকে দূর করবার চেষ্টা করবো না কেন? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, স্টেডিয়াম সম্পর্কে মন্ত্রিমহাশয় ভাষণে বললেন যে, মেদিনীপুরেরটা অ্যাকসেপ্টেড হয়েছে। বাকীগুলো ইন্ডিয়া গভর্নমেন্টের বিচারসাপেক্ষ আছে। এবং অশোকনগর, কালনা, এবং কন্টাই-এর বিষয়টা স্পোর্টস ডিপার্টমেন্টের বিচারসাপেক্ষে আছে। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো, এই বিচারসাপেক্ষ কথাটা বাদ দিয়ে যত তাড়াতাড়ি কার্যকর করা যায় তার চেষ্টা করুন। আমাদের পশ্চিমবঙ্গের স্পোর্টস হচ্ছে শহরকেন্দ্রিক স্পোর্টস। গ্রামের দিকে এর নজর অত্যন্ত কম এবং এই বিষয়ে যদি গ্রামের দিকে নজর না দেওয়া যায় এবং মফঃস্বলের বিভিন্ন ক্লাব এবং জিমনাস্টিক ক্লাবকে যদি সরকারী অর্থ সাহায্য না করা যায়, তা হ'লে আমাদের এই বিষয়ে কিছু উন্নতি হবে না। সেখানে যে উৎসাহী ছেলে স্পোর্টসম্যান আছে, তারা স্টেডিয়ামের অভাবে কিছু করতে পারছে না। মাননীয় মন্ত্রিমহাশয়কে নিশ্চয়ই এই বিষয়ে চিন্তা করতে বলব। যে অর্থ দিলে বিভিন্ন ক্লাব চলতে পারে সেই অর্থসংগতি তাদের নেই। কেবলমাত্র কলকাতার কয়েকটি বড় বড় ক্লাবের সংগতি আছে, কিন্তু গ্রামের যে সমস্ত ক্লাব, মফঃস্বলের যে সমস্ত ক্লাব তাদের ভাল স্পোর্টসম্যান থাকা সত্ত্বেও অর্থের জন্য ভাল কোচের অভাব। বিভিন্ন মফঃস্বল এবং গ্রামে প্রশিক্ষক, যদি সরকারী প্রশিক্ষক পাঠাতে পারি, তা হ'লে ভাল হয়, সেই ব্যবস্থা যদি ক'রে দেন, তা হ'লে আমার মনে হয়, নিশ্চয়ই বাংলাদেশ ভাল ভাল খেলোয়াড় তৈরি করতে পারবে। মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আপনি নিশ্চয়ই জানেন যে, যেসমস্ত খেলোয়াড়রা খেলাধূলা করেন, তাদের আর্থিক অবস্থা কত খারাপ। যদি তাদের অবস্থা এই রকম খারাপ থাকে, তা হ'লে তারা খেলার মানের উন্নতি করতে পারবেন

না। অবশ্য কিছু কিছু বেসরকারী জায়গায় এবং সরকারী কাজেও তাদের নিয়োগ করবার ব্যবস্থা আছে, ভাল ভাল খেলোয়াড়রা সেখানে নিযুক্ত হন কিন্তু সেটার পরিমাণ অত্যন্ত কম। তাই সেটা যাতে আরো বাড়ানো যায় এবং তাদের খেলার পরিবেশ যাতে আরো ভাল করা যায় তার জন্য নিশ্চয়ই আমাদের চেষ্টা করা উচিত। পশ্চিমবাংলায় কতগুলি ক্লাব আছে, গ্রামে এবং মহকুমায় যে সমস্ত ভাল ভাল ক্লাব, তাদের যাতে সরকারী তরফ থেকে কোচ দেওয়া যেতে পারে তার ব্যবস্থা করা উচিত। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সব চেয়ে বড় কথা হচ্ছে যাদের জন্য আমরা এই সমাজ গড়তে চাইছি, যাদের জন্য ভারতবর্ষকে গ'ড়ে তুলতে চাইছি তাদের খেলাধুলার জন্য, শরীরগঠন করবার জন্য যদি স্কুল এবং কলেজ থেকেই প্রশিক্ষণের ব্যবস্থা না করতে পারি, স্পোর্টস-এর ব্যবস্থা না করতে পারি, শরীরচর্চার ব্যবস্থা না করতে পারি, তা হ'লে কিছুই হবে না, তাই স্কুল কলেজে স্পোর্টস-এর জন্য প্রশিক্ষকের ব্যবস্থা করা উচিত। যেটা ইতিমধ্যে দিল্লী, রাজস্থান এবং পাঞ্জাবে হয়েছে, সেই জন্য আমি আপনার মাধ্যমে অনুরোধ করবো, এই ব্যবস্থা সরকার যাতে অবিলম্বে করেন। আর কাউন্সিল অফ স্পোর্টস-এর বিষয়ে তিনি কিছু বলেছেন, আমি এই বিষয়ে বলব যে, দক্ষ খেলোয়াড়দের নিয়ে কাউন্সিল অফ স্পোর্টস গঠন করুন। যদি সত্যিকারের খেলোয়াড়দের ভাল করতে চান, তা হ'লে এই কাউন্সিল অফ স্পোর্টস-এ পশ্চিমবঙ্গে যেসমস্ত অন্যান্য স্পোর্টস সংগঠন আছে তাদের সরকারের সঙ্গে সংযোগ স্থাপন করতে হবে, তবে উন্নতি করতে পারবেন, এবং এই জন্য এটা গ'ড়ে তুলুন। আমি শেষ কথা বলব, মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আপনি জানেন গত মিউনিক অলিম্পিকে অত্যন্ত ছোট ছোট দেশগুলি ভাল ফল দেখালো, কারণ সেই সব দেশ একটা নতুন পরিকল্পনা নিয়েছিলেন, সেইরূপ পরিকল্পনা গ্রহণ করবার জন্য আমাদের সরকারকে আহ্বান জানাই।

শ্রীবীরেন্দ্রবিজয় মল্লদেব: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি স্পোর্টস মন্ত্রী যে বরাদ্দ এনেছেন তাকে সমর্থন ক'রে দু'-একটা বক্তব্য রাখছি। প্রথমেই আমি সরকারকে অভিনন্দন জানাচ্ছি যে তাঁরা কলকাতায় একটা কম্পোজিট স্টেডিয়াম, ফুটবল, হকি এবং অন্যান্য যেসব স্পোর্টস হবে তার জন্য করার সিদ্ধান্ত করেছেন। আমি সেই সিদ্ধান্তকে অভিনন্দন জানাচ্ছি। কারণ অলিম্পিক স্ট্যান্ডার্ড যে স্টেডিয়াম হবে তার জন্য প্রশস্ত জায়গা দরকার, কিন্তু কলকাতায় সেই রকম জায়গা নেই, অতএব কলকাতার বাইরে সল্ট লেকে যে স্টেডিয়াম হ'তে চলেছে সেটাকে আমি অভিনন্দন জানাচ্ছি। আমি আর একটা সরকারী সিদ্ধান্তকে অভিনন্দন জানাচ্ছি সেটা হচ্ছে ইডেন গার্ডেনকে শুধু ক্রিকেটের জন্য রেখেছেন ব'লে। কারণ ক্রিকেট গ্রাউন্ডে কখনো ফুটবল খেলা হ'তে পারে না। আমরা দেখেছি মোহনবাগান-ইস্টবেঙ্গল বা মোহনবাগান-মহামেডান-এর যে খেলাগুলি ইডেন গার্ডেনে হয়েছে সেগুলি একটু বৃষ্টি হওয়ার পর আর ভালভাবে অনুষ্ঠিত হ'তে পারে নি এবং ফুটবলের স্ট্যান্ডার্ড অত্যন্ত খারাপ হয়ে গিয়েছিল। এর ফলে গত ওয়েস্ট ইন্ডিজ যখন ট্যুর করেছিল তখন অত্যন্ত নিম্নমানের পিচ আমরা দেখেছিলাম, যার ফলে টেস্ট খেলা মোটেই ভাল হয় নি। অতএব ইডেন গার্ডেনকে যে কম্পোজিট-এর আওতা থেকে বাদ দেওয়া হয়েছে তার জন্য ধন্যবাদ দিচ্ছি। গ্রামবাংলায় খেলাধুলার উপর যে নজর দেওয়া হয়েছে সেই উপলক্ষে মেদিনীপুর জেলার অনেক জায়গায় স্টেডিয়াম করার প্রপোজাল হয়েছে। এই উপলক্ষে বলতে চাই ঝাড়গ্রাম সাবডিভিসন খেলাধুলার ক্ষেত্রে অত্যন্ত অগ্রসর। এবার যে ডিস্ট্রিক্ট স্পোর্টস হয়ে গেল তাতে স্কুলএর ক্ষেত্রে ঝাড়গ্রাম সাবডিভিসনে ফার্স্ট হয়েছে। সেখানে আদিবাসী বহু ছেলেদের ভবিষ্যৎ উজ্জ্বল আছে। সেখানে এবার একটি ছেলে অল ইন্ডিয়াতে ফার্স্ট হয়েছে। অতএব এই রকম জায়গায় যেখানে ভবিষ্যৎ আছে সেখানে যদি একটা স্টেডিয়াম হয়, তা হ'লে অত্যন্ত খুশী হব। তমলুক, কণ্টাইয়ের ক্ষেত্রে যে প্রোপোজাল আছে সেখানে ঝাড়গ্রামে জনসাধারণের চেষ্টায় যে একটা ছোট স্টেডিয়াম আছে তাকে যদি সরকারী আনুকূল্য দেওয়া যায় তা হ'লে সেখানে একটা ভাল স্টেডিয়াম হ'তে পারে। এই কথা ব'লে যে গ্রান্ট এসেছে তাকে অভিনন্দন জানিয়ে আমি শেষ করছি।

শ্রীশঙ্করদাস পাল: মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, ১৯৭৩-৭৪ সালের জন্য স্পোর্টস খাতে যে ব্যয়বরাদ্দ পেশ করা হয়েছে তাকে সমর্থন ক'রে ২।১টি কথা বলতে চাই। রাজনীতিতে প্রবেশ করার আগে জেলার খেলাধুলার সঙ্গে আমার বিশেষ যোগ ছিল এবং জানারও সুযোগ

হয়েছিল। আমরা দেখতে পাই আমরা হকিতে যে বিশ্ববিজয়ী আখ্যা পেয়েছিলাম, তা এখন আর নেই। ক্রিকেট ও ফুটবলের মানও আমাদের অনেক নীচে নেমে গেছে। সেজন্য কেন্দ্রীয় সরকার ও রাজ্যসরকার খেলাধুলার মান যাতে আরও উন্নত করা যায় তার জন্য যথেষ্ট প্রচেষ্ট করছেন। ১৯৭৩-৭৪ সালের যে ব্যয়বরাদ্দ পেশ করা হয়েছে তাতে দেখছি ১৯৭১-৭২ সালে এই খাতে খরচ ধরা হয়েছিল ১৭ লক্ষ ৩০ হাজার ৬৪২ টাকা। ১৯৭২-৭৩ সালে ৫৭ লক্ষ ৭ হাজার টাকা, ১৯৭৩-৭৪ সালে ৫৯ লক্ষ ১৮ হাজার টাকা। এটা বিশ্লেষণ করলে দেখা যাবে কণ্টিনজেন্সি খাতে ব্যয়বরাদ্দ গত বছরের তুলনায় ৩৩ হাজার টাকা বাড়ান হয়েছে এবং গ্রান্ট-ইন-এড কন্ট্রিবিউসান খাতে গত বছরের তুলনায় ১৫ হাজার টাকা বেশী ধরা হয়েছে। কিন্তু ডেভেলপমেন্ট অব স্পোর্টস অ্যান্ড গেমস, ফিজিক্যাল এডুকেশন প্রভৃতি খাতে বরাদ্দ বাড়ে নি। ফিন্যানসিয়াল অ্যাসিস্ট্যান্স টু নিডী স্পোর্টসম্যান খাতে বিগত ৩ বছরে যা ছিল এবারও তাই আছে। আমার দৃঢ় বিশ্বাস খেলাধুলার ক্ষেত্রে উল্লেখযোগ্য পরিবর্তন আনতে গেলে প্রতিটি ক্ষেত্রে ব্যয় বাড়াতে হবে। কারণ ডেভেলপমেন্ট অব ফিজিক্যাল এডুকেশন না হ'লে নিডি স্পোর্টসম্যানদের আর্থিক সাহায্যের পরিমাণ না বাড়ালে কিভাবে ডেভেলপমেন্ট অব স্পোর্টস অ্যান্ড গেমস হবে? আমাদের এ রাজ্যে ঘটনা বিরল নয়, প্রখ্যাত প্রখ্যাত খেলোয়াড়েরা যাদের অটোগ্রাফ নেওয়ার জন্য একদিন লোকের ভীড় জমে যেত তাদেরই দেখা গেছে যে, পরবর্তী জীবনে তাদের বন্ধুদের কাছে সাহায্যের জন্য হাত পাততে। অর্থাৎ যে হাতে তাঁরা অটোগ্রাফ দিতেন সেই হাতেই তাদের অর্থসাহায্য নিতে দেখা গেছে। তাই আমাদের ভূতপূর্ব বিশ্ববিদ্যালয়ের ডাবল ব্লু এবং প্রেসিডেন্সি কলেজ ও ল কলেজ-এর ট্রিপল ব্লু মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ তিনি এদিকে নজর দেবেন যাতে খেলাধুলার ক্ষেত্রে একটা বৈপ্লবিক পরিবর্তন আনা সম্ভব হয়।

[6-50—7-00 p.m.]

আমাদের ক্রীড়ামন্ত্রী যদি এই ব্যাপারে আরো অর্থ সাহায্য চাইতেন, তা হ'লে এই হাউস সানন্দে সেই অর্থ বরাদ্দ করতেন। রাজ্যের খেলাধুলাকে অগ্রগতির দিকে নিয়ে যাওয়ার পথে সবচেয়ে বড় প্রতিবন্ধক হ'ল, এর বর্তমান পরিচালন ব্যবস্থা। এই বিষয়ে আমার অভিমত বর্তমানে জেলায় জেলায় যে ডিস্ট্রিক্ট ইউথ ওয়েলফেয়ার কাউন্সিল আছে তাকে ডিস্ট্রিক্ট স্পোর্টস ডেভেলপমেন্ট বোর্ড হিসাবে পুনর্বিন্যাস করতে হবে। এই বোর্ডের দায়িত্ব থাকবে এর আওতা-ভুক্ত সমগ্র জেলাতে সমস্ত রকম খেলাধুলা সংগঠিত করা, ক্রীড়া প্রতিষ্ঠানগুলিকে আর্থিক অনুদান দেওয়া, খেলোয়াড় তৈয়ারি করা, বাছাই করা, সংগঠিত করা। এই বোর্ড গঠিত হবে সরকারী অফিসার অভিজ্ঞ এবং প্রাক্তন খেলোয়াড় ক্রীড়া সংগঠক এবং স্থানীয় জনপ্রতিনিধি প্রভৃতিকে নিয়ে। জেলা স্তর থেকে আরম্ভ ক'রে ব্লক স্তর পর্যন্ত এই রকম বোর্ড গঠন করতে হবে। ব্লকের স্পোর্টস ডেভেলপমেন্ট বোর্ড গঠিত করতে হবে ব্লকের অধীনস্থ প্রতিটি স্কুলের ট্রেন্ড ফিজিক্যাল ইনস্ট্রাকটর্স ও বিভিন্ন ক্লাবের ক্রীড়া সংগঠকগণকে নিয়ে এবং এই বোর্ডের উপর ন্যস্ত থাকবে খেলাধুলাকে সংগঠিত করার দায়দায়িত্ব। ব্লক স্তর থেকে উদীয়মান খেলোয়াড়গণকে বাছাই করতে হবে, তাদের প্রয়োজনীয় আর্থিক সাহায্য দেওয়ার ব্যবস্থা করতে হবে যাতে ক'রে তাদের পেটের চিন্তা করতে না হয়। প্রতিটি স্কুলে স্কুলে স্পোর্টস স্কলারসিপ-এর প্রচলন করতে হবে এবং এইভাবেই খেলাধুলার পরিধি বাড়াতে হবে। সবচেয়ে যেটা দেখলাম বাজেট স্পীচে মুর্শিদাবাদ জেলাতে স্টেডিয়ামের কোন পরিকল্পনা নেই। মুর্শিদাবাদ জেলার বহরমপুরে যাতে একটা স্টেডিয়াম হয় তার জন্য আমি একটা বিশেষ দাবি রাখলাম। এই ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

(At this stage the red light was lit and the Honourable Member having reached the time limit resumed his seat)

Shri George Albert Wilson-de Roze: Mr. Deputy Speaker, Sir, Bengal is primarily the home of great sportsmen of world class. But the difficulty for the last few years has been that we have a new class of sportsmen i.e.

the political sportsmen, and that has been the main trouble with the sporting field. Sir, since the Council of Sports is to be reorganised, I would suggest that somebody, in whom we can have world class sportsmanship like Leisley Claudius, the great hockey champion of world class, should be the Chairman of such Council or Committee. By that, the committee would immediately get some status as being a body not influenced by any political consideration but by top-class sportmen. Sir, through you I would request the Hon'ble Minister to place the eminent sportsmen in all these Councils so that the public and sporting world might have complete confidence in these Sports Councils.

Sir, the second thing that I want to suggest is that there is no training institution in West Bengal for sports-masters and sports-mistresses. As far as I am aware, there is only one such institution in Jaipur. Sir, Bengal is the home of sportsmen and we should have an institution here for training the sports-masters and sports-mistresses and, it is only by training them that the entire body in the field of sports can be very much profited with their experience. The Hon'ble Minister for Parliamentary Affairs comes from Kharagpur. There is a first class stadium there constructed many years ago which is now going to ruin. Sir, with the co-operation of the Railway Authorities, perhaps this will be a fitting place for setting up a training institute for sports-masters and sports-mistresses at Kharagpur which has been the home of many great sportsmen. So I suggest that the Hon'ble Minister should seriously look into the question of building a training centre for sports-masters and sports-mistresses from which systematic development of sports can take place.

With these words, Sir, I support the grant moved by the Hon'ble Minister.

ডাঃ **কানাইলাল সরকার:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের পূর্তমন্ত্রী ক্রীড়ামন্ত্রীর তরফ থেকে যে স্পোর্টস বাজেট এনেছেন মেজর হেড ৫১, আমি তাকে পূর্ণ সমর্থন জানিয়ে দু-একটা বক্তব্য রাখতে চাই: এই বিষয়ে আর আর বক্তা যেভাবে বলেছেন আমার দৃষ্টিভঙ্গি সেই রকম না হয়ে অন্যরকম। আমার দৃষ্টিভঙ্গি থেকে আমি একটা জিনিস দেখেছি ১৯৪৭ সাল থেকে স্বাধীনতা পাবার পর এই ২৫ বছরে আমরা স্বাধীনতা জয়ন্তী উৎসব করেছি, কিন্তু যেটা সবচেয়ে বেশী অবহেলিত হয়ে আছে সেটা হচ্ছে আমাদের ক্রীড়া স্পোর্টস গেমস্। সেটা ভারতবর্ষে অবহেলিত হয়েছে, আমাদের বাংলাদেশে বিশেষভাবে অবহেলিত হয়েছে। আজকে স্টেডিয়াম করার কথা হচ্ছে, কোচের কথা হচ্ছে, সব রকমের কথা হচ্ছে।

কিন্তু সবচেয়ে আজকে দুঃখের কথা ছেলেরা খেলবে কোথায়? তারা কি ঘরে বসে খেলবে, না ছাদের মাথায় বসে খেলবে? আপনারা যদি লক্ষ্য করেন, তা হ'লে দেখবেন ছেলেদের খেলার কোন জায়গা নেই। কোলকাতার জনসংখ্যা যখন কম ছিল তখন আমরা দেখেছি প্রত্যেক পাড়ায় পাড়ায় খেলার মাঠ ছিল যেখানে ছেলেরা খেলা করত। আমি আলিপুর অ্যাসেমব্লী কনস্টিটিউ-এন্সীর কথা বলছি। আমাদের ওখানে খেলার মাঠ ছিল ৭টি এবং ৭টি বড় বড় ক্লাব ছিল। আলিপুর স্পোর্টিং ক্লাব, চেতলা ইউনিয়ন ক্লাব, রাখী সঙ্ঘ, রামকৃষ্ণ অ্যাথলেটিক ক্লাব, চেতলা স্কুল ক্লাব, গোপালনগর অ্যাথলেটিক ক্লাব, ভূকৈলাশ অ্যাথলেটিক ক্লাব ইত্যাদি, ইত্যাদি এবং দেখেছি ছেলেরা সেখানে মাঠে খেলাধুলা করত। স্বাধীনতার পর

দেখেছি আমাদের স্বাস্থ্য দপ্তরে প্রচুর টাকা বরাদ্দ হয়েছে এবং তার ফলে বড় বড় হাসপাতাল হয়েছে, ডিস্পেন্সারি হয়েছে, সব রকম উন্নতি হয়েছে। শিক্ষার ক্ষেত্রে দেখেছি বড় বড় বাড়ি হয়েছে। রাস্তাঘাটের দিক থেকে দেখতে পাচ্ছি অনেক বড় বড় রাস্তা, সড়ক ইত্যাদি হয়েছে। কিন্তু এই স্পোর্টস-এর ব্যাপারে দেখছি কিছুই হয় নি। আমরা দেখলাম, আলিপুর ক্লাবের জায়গা নেওয়া হ'ল সেখানে একটা রাস্তা হবে। এর ফলে ৫০ বছরের আলিপুর ক্লাব উঠে গেল। চেতলা ইউনিয়ন ক্লাব ছিল যেখানে ছেলেরা ৫০ বছর ধ'রে খেলাধুলা করত। আমরা দেখলাম সেখানে একটা সাইডিং হয়ে খেলার মাঠ চলে গেল। এইভাবে আমরা দেখছি খেলার মাঠ সব চলে গেছে। যেখানে আমরা আগে ৬/৭ হাজার লোক থাকতাম সেখানে এখন ৪০ হাজার লোক রয়েছে এবং দেখছি ছেলেদের জন্য খেলার মাঠ আর নেই। তারপর, ছোট ছোট খেলা, যেমন ভলিবল, বাসকেট বল, ব্যাডমিন্টন, কবাডি যার মধ্য দিয়ে ছেলেরা খেলাধুলার ব্যবস্থা করত সেগুলিও দেখছি নষ্ট হয়ে গেছে। আমরা দেখেছি দক্ষিণ কলিকাতা প্রচুর ভলিবল, বাসকেট বল প্রোমোট করেছিল। কিন্তু এখন সমস্ত মাঠ চলে গিয়ে এখন ৩টিতে ঠেকেছে। আমার মনে হয় এগুলিও হয়ত দখল হয়ে যাবে। আমি মন্ত্রিমহাশয়কে বলছি, যতই আপনারা পার্ক স্টেডিয়াম করুন না কেন যতক্ষণ পর্যন্ত এই খেলার মাঠ সংরক্ষণ না করছেন, ততক্ষণ পর্যন্ত কিছুই হবে না। আপনারা যেমন গোচারণ ভূমি সংরক্ষণ করেছেন এক্ষেত্রেও সেই রকম ব্যবস্থা করুন। আপনারা বলছেন, ছেলেরা রকে বসে আড্ডা দেয়, অ্যান্টি-সোস্যাল এলিমেন্ট হয়ে যাচ্ছে। আপনারা যদি ছেলেদের জন্য খেলার ব্যবস্থা করতে না পারেন, তা হ'লে তারা রকে বসে আড্ডা মারবেই। আমরা ছোটবেলায় দেখেছি দেড় মাইল/দু মাইল খেলার মাঠ ছিল এবং আমরা স্কুল থেকে এসে বই রেখে দিয়ে খেলার মাঠে যেতাম। কাজেই বলছি আপনাদের এই খেলার মাঠ সংরক্ষণ করতে হবে। ফুটবলে বাংলাদেশ এক সময় অগ্রণী ছিল। কিন্তু আজকে দেখতে পাচ্ছি, ফুটবলে বাংলাদেশ পিছিয়ে রয়েছে এবং বাংলার বাইরে থেকে খেলোয়ার আনতে হচ্ছে। আমরা বাংলাদেশে গোষ্ঠ পালের মত খেলোয়াড় দেখেছি, কিন্তু আজকে খেলার মাঠের অভাবে ওই ধরনের খেলোয়াড় আর জন্মাচ্ছে না। কাজেই খেলার মাঠের ব্যবস্থা করুন একথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুধীরচন্দ্র বেরা: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের ক্রীড়ামন্ত্রী যে বাজেট বরাদ্দ এনেছেন আমি তাকে পুরোপুরি সমর্থন করছি। আমাদের ক্রীড়ামন্ত্রী প্রফুল্লকান্তি ঘোষ মহাশয় যিনি অসুস্থ হয়ে রয়েছেন তাঁর কথা আজকে আমার খুব মনে পড়ছে। আমাদের ক্রীড়ামন্ত্রী প্রফুল্লকান্তি ঘোষ মহাশয় ব্যক্তিগতভাবে খেলার ব্যাপারে খোঁজখবর নিতেন এবং এখনও খবর পাই তিনি এই খেলার ব্যাপারে খোঁজখবর নিচ্ছেন।

[7-00—7-10 p.m.]

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের দেশে সমাজ ব্যবস্থা, রাষ্ট্র ব্যবস্থা, এবং শিক্ষা ব্যবস্থার মধ্যে কতকগুলি ত্রুটি আছে। তার মধ্যে অল ওয়ার্ক অ্যান্ড নো প্লে এই ব্যবস্থার মধ্যে আমরা চলেছি। খেলাধুলার দিকে অমরা এতদিন মোটেই নজর দিই নি। আমাদের এই সরকার এখন খেলাধুলার দিকে নজর দিতে শুরু করেছেন এবং আমরা আশা করি এই খেলাধুলার মধ্য দিয়ে উপেক্ষিত এবং অবহেলিত যৌবন একটা চ্যালেঞ্জ পাবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই খেলাধুলার ব্যাপারে আমাদের কিছু কিছু দুর্বলতা আছে। আমরা সত্যিকারের ট্যালেন্ট খুঁজে বের করি না। খেলাধুলার মধ্যে আজ অসংখ্য দলাদলি। তার জন্য আমাদের মান নষ্ট হয়ে যাচ্ছে। এইদিকে আমাদের বিশেষভাবে নজর দিতে হবে। এবং খেলাধুলা শুধু ফুটবল, ক্রিকেট এবং তা কলকাতার মধ্যে সীমাবদ্ধ না রেখে গ্রাম-গ্রামান্তরে ছড়িয়ে দিতে হবে। যাতে মাস্ পার্টিসিপেশন ইন স্পোর্টস হয়। এবং যাতে বৈজ্ঞানিক পদ্ধতিতে খেলাধুলার মান উন্নয়ন করতে পারি। এখানে একটা কথা না ব'লে পারছি না, ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গই একমাত্র রাজ্য যেখানে ফুটবলের উপর অ্যামিউজমেন্ট ট্যাক্স আছে। আমি আশা করি, ক্রীড়ামন্ত্রী এটা রহিত করবেন। এবং আরো আশা করব যে, জিমন্যাসিয়ামের ইম্প্রুভমেন্টের জন্য তিনি বিশেষভাবে নজর দেবেন। আজকে বাজেটে যে বরাদ্দ চেয়েছেন তা যদি আরো চার-পাঁচ গুণ

বেশি হ'ত, তা হ'লে আমি খুশী হতাম। ব্লক থেকে আরম্ভ ক'রে কোলকাতা শহরে সর্বত্র খেলাধূলার বন্যা যাতে বয়ে যায় তার জন্য চেষ্টা করবেন। যাতে আমাদের দেশের তরুণরা দলাদলি ভুলে সত্যিকারের খেলাধূলার মধ্যে যেতে পারেন তার জন্য মন্ত্রিমহাশয় নজর দেবেন। খেলাধূলার মাধ্যমেই একমাত্র ম্যান্স্ সাউন্ড মাইন্ড অ্যান্ড সাউন্ড বডি বিল্ড আপ দি ক্যারেকটার অব নেশান তৈরি করা যেতে পারে। এই ব্যাপারে আমাদের সরকার নিশ্চয়ই এইদিকে দৃষ্টি দেবেন। এই ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীভবানীশংকর মুখার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী ভোলানাথ সেন মহাশয় যে ব্যয়বরাদ্দ এখানে পেশ করেছেন সেই ব্যয়বরাদ্দ আমি নিশ্চয় সমর্থন করছি। কারণ নেই মামার চেয়ে কানা মামা ভাল। তিনি ৬০ লক্ষ টাকা বরাদ্দ চেয়েছেন যদিও আমরা জানি সেটা জনসংখ্যা অনুপাতে অত্যন্ত কম। আমি আশা করি, ইন্টারিম বাজেট স্পোর্টস সম্বন্ধে আবার তিনি বেশী টাকা রাখবেন। আমি এবারে একটা পুরানো কথায় ফিরে যাচ্ছি। ১৯০৫ সালে বাংলাদেশে বঙ্গভঙ্গ আন্দোলন আরম্ভ হয়েছিল, তখন বৃটিশরা ভাবলেন যে, ওরে বাবা এতো মহাগণ্ডগোলের ব্যাপার সব দিক দিয়ে এদের মারতে হবে। সেই রকম প্রচেষ্টাই শুরু হয়েছিল। খেলাধূলার মধ্যে কি প্রচেষ্টা হয়েছিল সেটা আপনাদের বলি। তারা তখন প্রত্যেকটি ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে ডেকে বলেছিলেন যে, প্রত্যেক স্কুলে তোমরা একটি ক'রে স্কুল মাঠ ক'রে দাও এবং সেখানে ফুটবল কম্পিটিশন চালু ক'রে দাও। কম্পিটিটিভ ফুটবল স্কুলের ছেলেরা খেলবে তাদের বয়েস যাকে বলে টিনএজারস তারাই এই কম্পিটিটিভ ফুটবল খেলবে। অথচ নিজেদের দেশে ওরা ফুটবল খেলা ব্যান্ড ক'রে দেন। তারা জানতেন যে, এই টিনএজারসরা যদি ফুটবল খেলে এবং এটা খেলতে গিয়ে তাদের যে একজরসন হয়, তাতে একজন এবল বডি ম্যান ফার্স্ট রাউন্ড, সেকেন্ড রাউন্ড এবং খেলার পর যে একজারসন হয় তাতে তাদের ওয়ান পাউন্ড অব ফ্রেস ব্লাড রক্ত জল হয়ে ঘাম হয়ে বেরিয়ে আসে। তাদের আমরা কোন রিফ্রেসমেন্ট দিতে পারি না। কোন খাবার খেয়ে তা রিপ্লেস হয় না। সুতরাং ঐভাবে টিনএজারদের মেরে ফেলো এই ছিল বৃটিশ গভর্নমেন্টের পলিসি এবং আপনারা ভাল ক'রে লক্ষ্য ক'রে দেখবেন, তখনকার ইতিহাস প'ড়ে থাকেন, তা হ'লে দেখবেন এর কিছু আভাস দীনেশ সেনের লেখা বইতে আছে।

ইংলন্ডে টিনএজার্সদের ফুটবল খেলা বন্ধ ক'রে দিয়েছে। আজকের দিনে যেখানে তাদের খেলতে দিচ্ছে না, সেখানে আমাদের সারা পশ্চিমবাংলায়, সারা ভারতবর্ষের আশেপাশে ছোট ছোট ছেলেপুলেদের ফুটবল কম্পিটিশান খেলা চলছে। আমি বিশেষ ক'রে বলতে চাই, কলকাতার মনোরমা এবং অন্যান্য বহু ক্লাবে ফুটবল সীজনে সমস্ত টিনএজার্সদের ফুটবল কম্পিটিশন খেলা হচ্ছে। এতে ক'রে আমাদের পশ্চিমবাংলার জনস্বাস্থ্য কেবল নয়, মানুষের মনকেও নষ্ট ক'রে ফেলছে। সেইজন্য আমি এ সম্বন্ধে দয়া ক'রে চিন্তা করতে বলছি। মিনিস্টার অনেকেই এখানে আছেন—ভোলানাথ সেন মহাশয় আছেন, সন্তোষবাবু আছেন, গুরুপদ খাঁন মহাশয় আছেন, জয়নালবাবু রয়েছেন, আপনারা ইংল্যান্ড থেকে খবর নিন, রাশিয়া থেকে খবর নিন, দেখুন সেখানে টিনএজার্সদের মধ্যে ফুটবল কম্পিটিশান হয় কিনা। যদি না হয়, আমাদের এখানেই বা কেন হবে? এ বিষয়ে বিশেষ চিন্তার প্রয়োজন আছে। অবশ্য বড়ো হয়ে খেলতে কোন আপত্তি নেই, আমাদের নিশ্চয়ই ইন্টারন্যাশনাল কম্পিটিশনে দাঁড়াতে হবে। আজকে ফুটবল হ্যাজ বিকাম এ ন্যাশনাল গেম নাউ ইন ইন্ডিয়া। সুতরাং ছেলেরা যখন বড়ো হবে তখন ফুটবল খেলবে।

আমি আর একটা জিনিস বলতে চাইছি। ফিন্যান্স মিনিস্টার শংকরবাবুকে একথা লিখে জানিয়েছিলাম যে, আমাদের দেশে অ্যামিউজমেন্ট ট্যাক্স অন গেমস অ্যান্ড স্পোর্টস দয়া ক'রে বন্ধ করুন। সারা পশ্চিম বাংলা ছাড়া আর কোথাও এটা নেই। হয়তো বলবেন, এই অ্যামিউজমেন্ট ট্যাক্স বন্ধ করলে ৬০/৭০ লক্ষ টাকা লস হবে, এই টাকা কোথা থেকে পাব। পয়েন্ট হচ্ছে এই যে হর্স রেসিং, তার উপর ট্যাক্স করতে পারেন, এক একটা ঘোড়া কত দামে বিক্রি হয়, তার উপর ট্যাক্স বসাতে পারেন, লিভিং অ্যানিমেলকে যদি এক্সক্লুড করেন, রেসিং ইন পার্টিকুলার ট্যাক্স করতে পারেন। ক'রে অ্যামিউজমেন্ট ট্যাক্স অন গেম্স অ্যান্ড স্পোর্টস বন্ধ করুন।

(নির্দিষ্ট সময় অতিবাহিত হওয়ায় মাননীয় সদস্য আসন গ্রহণ করলেন।)

শ্রীভোলানাথ সেন: আমি মাননীয় সদস্যদের কথা, সব কথা, মনোযোগ দিয়ে শুনলাম। তাঁরা যেসব কথা বললেন, সে সম্বন্ধে ডিপার্টমেন্ট যাতে চিন্তা করে, তার জন্য চেষ্টা করব। আমার আর কিছু বলার নাই।

Mr. Deputy Spaker: The cut motions have not been moved. So, I put the main demand to vote.

The motion of Shri Bholanath Sen that a sum of Rs.59,18,000 be granted for expenditure under Grant No. 45, Major Head: "71-Miscellaneous—Sports." was then put and agreed to.

Adjournment.

The House was then adjourned at 7-10 p.m. till 1 p.m. on Thursday, the 15th March, 1973, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 15th March 1973, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 13 Ministers, 7 Ministers of State, 2 Deputy Ministers and 159 Members.

[1-00—1-10 p.m.]

Mr. Speaker: Honourable Members, any of you who have not yet made an oath or affirmation of allegiance, may kindly do so.

(There was none to take oath.)

STARRED QUESTIONS

(to which oral answers were given)

গণ্ডার শিকার

*৬২৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলদাপাড়া ও গরুমারা অভয়ারণ্য দু'টি স্থাপিত হওয়ার পর থেকে ১৯৭২ সালের ৩১এ ডিসেম্বর পর্যন্ত চোরা শিকারীদের দ্বারা নিহত গণ্ডারের সংখ্যা কত?

(খ) এ পর্যন্ত কতজন চোরা শিকারীকে ধরা হয়েছে ও তাদের কি ধরনের শাস্তি প্রদান করা হয়েছে;

(গ) নিহত গণ্ডারের খড়্গ উদ্ধার করা গেছে কিনা এবং গেলে, কতগুলি উদ্ধার করা খড়্গ সরকার এ পর্যন্ত বিক্রয় করেছেন ও এ থেকে কত টাকা আয় করেছেন; এবং

(ঘ) জলদাপাড়ায় নিহত গণ্ডারগুলির জন্য কুচবিহারের ডি এফ ও-কে কোন কৈফিয়ত তলব করা হয়েছে কিনা ও হলে, তার রিপোর্ট কি?

শ্রীমহম্মদ সফিউল্লা: স্যার, আমি একটা অনুরোধ করবো ৬৫১ নম্বর কোশ্চেনটা সিরিয়াস টাইপের। এটা যদি একসাথে করেন তা হ'লে ভাল হয়।

Mr. Speaker: Subject-matter is not identical.

Shri Mahammad Safiulla: Sir, the allegation is very serious.

Mr. Speaker: The procedure is otherwise. After one hour if the Minister requests the Chair that in the public interest the question should be answered, only then I can consider the matter.

শ্রীমহম্মদ সফিউল্লা: ওই লোকটির বিরুদ্ধে ভিজিলেন্স কমিশনের রিপোর্ট আছে, অথচ তিনি আই জি ফরেস্ট হ'য়ে গেলেন, তা হ'লে শাস্তি হ'ল কি ক'রে?

Please allow these two questions to be taken up together.

Mr. Speaker: That is not possible. The subject-matter is not identical. Minister may please reply to the question.

শ্রীসীতারাম মাহাতো: (ক) ১৯৬৮ সালের এপ্রিল মাস থেকে ১৯৭২ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত জলদাপাড়া ও গরুমারা অভয়ারণ্য দু'টিতে চোরা শিকারীদের দ্বারা নিহত গণ্ডারের সংখ্যা যথাক্রমে ৩৩ ও ৬।

ইহার পূর্বে গণ্ডারের চোরা শিকারের বিশেষ সমস্যা ছিল না এবং এইরূপ শিকারের নির্ভুল সংখ্যা দেওয়া সম্ভব নয়।

(খ) জলদাপাড়া অভয়ারণ্যে গণ্ডার শিকার এবং সংশ্লিষ্ট অপরাধে এ পর্যন্ত ১৮টি মামলা দায়ের করা হয়েছে। এর মধ্যে ১টি মামলার আসামী আদালত কর্তৃক খালাস পেয়েছে এবং বাকী মামলাগুলি এখনও আদালতের বিচারাধীন রয়েছে।

গরুমারা অভয়ারণ্যে গণ্ডার শিকার এবং সংশ্লিষ্ট অপরাধে ৬ জন লোককে ধরা হয়েছে এবং তাঁহাদের বিরুদ্ধে মামলা চলছে।

(গ) ১৫টি খড়্গ উদ্ধার করা গেছে এবং ২টি উদ্ধার করা খড়্গ এ পর্যন্ত বিক্রয় করা হয়েছে এবং এ থেকে ১১,০৬১ টাকা ৭০ পয়সা আয় হয়েছে।

(ঘ) কুচবিহারে ডি এফ ও-কে আরো তৎপর হ'তে বলা হয়েছে।

শ্রীমহম্মদ সফিউল্লা: মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, এই যে জলদাপাড়া অভয়ারণ্যে কোন্ বিট-এ ঐ গণ্ডার মরে?

শ্রীসীতারাম মাহাতো: কোন্ বিট-এ মরেছে সে সম্পর্কে বলা সম্ভব নয়।

শ্রীমহম্মদ সফিউল্লা: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এটা কি সত্য যে, এন ভি এফ মেন পোস্টেড থাকা সত্ত্বেও ঐ গণ্ডারগুলি মারা পড়েছে?

শ্রীসীতারাম মাহাতো: এন ভি এফ থাকায় আর হয় নি। এর আগে যে সব গণ্ডার মারা গেছে সে সম্পর্কে ইনভেস্টিগেশন হচ্ছে।

শ্রীমহম্মদ সফিউল্লা: ঐ গরুমারা অভয়ারণ্যে বড় বড় গণ্ডার বিট করা হয়েছে সেখানে এন ভি এফ পোস্টেড ছিল কিনা?

শ্রীসীতারাম মাহাতো: যখন মারা হয়েছিল সে সময় এন ভি এফ ছিল না- সেই সময়ই কিছু কিছু এন ভি এফ পোস্টিং হচ্ছিল—তবে সব এরিয়াতে পোস্টিং তখনও হয় নি।

শ্রীমহম্মদ সফিউল্লা: এই যে অভয়ারণ্যের আশেপাশে লার্জ নাম্বার হার্ডেড ক্রিমিন্যাল সব রয়েছে যা ফরেস্ট ডিপার্টমেন্ট জানেন তাদের শাস্তিমূলক কি ব্যবস্থা নিয়েছেন?

শ্রীসীতারাম মাহাতো: যারা পোচিং করেছে—গণ্ডার মেরেছে—তাদের সম্পর্কে ক্রিমিন্যাল কেস আছে এবং সেই কেসের এখনও পর্যন্ত বিচার চলছে।

শ্রীমহম্মদ সফিউল্লা: মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন, গণ্ডারের খড়্গ বিক্রি ক'রে ১১ হাজার ৬১ টাকা ৭০ পয়সা লাভ হয়েছে। এই যে সরকার থেকে খড়্গ বিক্রি করছেন তাতে গণ্ডার মারা এনকারেজ করা হচ্ছে না -এই খড়্গ বিক্রি না ক'রে এগুলি ডেস্ট্রয় করবার ব্যবস্থা করবেন কি?

শ্রীসীতারাম মাহাতো: সমস্ত বিক্রি হয় নি, কিছু হয়েছে—বাকী সব রাখা আছে।

শ্রীমহম্মদ সফিউল্লা: এই গণ্ডারের ইউরিন ঔষধ হিসাবে বিক্রি হয়, একথা যদি সত্য হয়, তা হ'লে গণ্ডার প্রিজারভেসনে এটা ক্ষতি হবে কিনা?

শ্রীসীতারাম মাহাতো: ঔষধ হয় কিনা এ অভিজ্ঞতা আমার নাই।

নাসির্দ্দিন খাঁন: গণ্ডারের খড়্গ বিক্রি ক'রে লাভ হয়। কিন্তু গণ্ডারের চামড়া খুব মূল্যবান—এই চামড়া বিক্রি করারও কি সরকারের এক সঙ্গে ব্যবস্থা আছে খড়্গ বিক্রির সঙ্গে সঙ্গে?

শ্রীসীতারাম মাহাতো: সে খবর আমার জানা নেই।

শ্রীআবদুল বারি বিশ্বাস: গণ্ডারের শৃঙ্গচূর্ণ পশ্চিম এশিয়াতে ৫০ থেকে ৭০ হাজার টাকা কেজি বিক্রি হয়। এই জিনিস তদন্ত করার জন্য পশ্চিম এশিয়াতে মন্ত্রিমহাশয় লোক পাঠাবেন কিনা?

শ্রীসীতারাম মাহাতো: এ বিষয় আমরা বিবেচনা ক'রে দেখবো।

শ্রীআবদুল বারি বিশ্বাস: এই যে গণ্ডার শিকার হয় এবং খুব মূল্যবান জিনিস এ থেকে পাওয়া যায় এবং এর সিং চূর্ণ ৫০/৭০ হাজার টাকা কেজি দরে বিক্রি হয়, এ সম্পর্কে মন্ত্রি-মহাশয় একটা স্টেটমেন্ট করবেন কিনা?

Mr. Speaker: Answer is already there.

শ্রীঅশ্বিনী রায়: এই প্রশ্নের উত্তরে বললেন, গণ্ডার মারা সম্বন্ধে কৈফিয়ত তলব করা হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে ঐ সময় ঐ বিভাগে কে ছিলেন এবং বর্তমানে ঐ ডি এফ ও পোস্টে কোন ব্যক্তি আছেন? তার নাম কি?

শ্রীসীতারাম মাহাতো: ঐ ডি এফ ও পোস্টে যিনি ছিলেন এখন তিনিই আছেন।

[1-10—1-20 p.m.]

শ্রীশরৎচন্দ্র দাস: মাননীয় মন্ত্রিমহোদয় জানাবেন কি, এই যে অবৈধভাবে শিকার করা হচ্ছে এবং যেসব উঁচু দরের অফিসার এর সঙ্গে জড়িত আছে সে সম্পর্কে সি বি আই তদন্তের কোন রিপোর্ট আপনার দপ্তরে আছে কিনা, জানাবেন?

শ্রীসীতারাম মাহাতো: আমার জানা নেই। তবে জলদাপাড়া পোচিং সংক্রান্ত ব্যাপারে গতবারেও এই হাউসে প্রশ্ন উঠেছিল এবং সেই প্রশ্নের উপর ভিত্তি ক'রে একটি এনকোয়ারি কমিটি করা হয়েছে এবং সেই কমিটিতে বিধানসভার মাননীয় সদস্য প্রশ্নকর্তা মহম্মদ সফিউল্লা সাহেব বিশেষ অবজারভার হিসাবে ছিলেন। কাজেই সেখানে কি রহস্য আছে না আছে, তদন্ত কমিটির রিপোর্ট থেকে সম্পূর্ণভাবে সেটা পাওয়া যাবে। সেটা এখন পরীক্ষা ক'রে দেখা হচ্ছে। সরকারীভাবে সেটা আমরা পেলেই আমি হাউসে উপস্থিত ক'রে দেব এবং নিশ্চয় কমিটির রিপোর্ট টেবিলে দেওয়া হবে।

শ্রীনারায়ণ ভট্টাচার্য: আপনার ডিপার্টমেন্টাল এনকোয়ারি রিপোর্টে বেশ কিছুসংখ্যক চোরাকারবারী এবং তাদের দলপতিদের নাম নিশ্চয় আছে এবং সে সম্বন্ধে আপনি নিশ্চয় অবগত আছেন। কাজেই সেই রিপোর্ট সম্পর্কে আপনি তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা নিয়েছেন সেটা জানাবেন কি?

শ্রীসীতারাম মাহাতো: সেই কমিটির মধ্যে বিধানসভার মাননীয় মেম্বাররা আছেন। কাজেই সেই এনকোয়ারি কমিটি যদি কিছু অবজারভেসন রেখে থাকেন, তাদের নাম উল্লেখ ক'রে থাকেন, তা হ'লে আমরা নিশ্চয় সেই চোরাকারবারীর দলপতিদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করবো।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন- ইণ্ডিয়া গভর্নমেন্টের যিনি ইনস্পেক্টর-জেনারেল অব ফরেস্ট মিঃ কনক লাহিড়ী তিনি এই গণ্ডার মারার যে দুর্নীতি, সেই দুর্নীতির সঙ্গে জড়িত আছেন কিনা এবং তার বিরুদ্ধে তদন্ত হয়েছে কিনা, জানাবেন কি?

শ্রীসীতারাম মাহাতো: না, সেরকম কিছু আমার জানা নেই।

শ্রীআবদুল বারি বিশ্বাস: আমি ক্যাটিগোরিক্যালি জানতে চেয়েছি যে, কনক লাহিড়ী ইন্ডিয়া গভর্নমেন্টের বর্তমান ইনস্পেক্টর-জেনারেল অব ফরেস্ট, যিনি এই পশ্চিমবাংলার বন বিভাগের কর্মকর্তা ছিলেন, তাঁর বিরুদ্ধে কোন রিপোর্ট আছে কিনা—এইটা আমি জানতে চেয়েছি। আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি, সেখানে তদন্ত করা হয়েছে, সেটা খোঁজ ক'রে দেখুন। আমার বক্তব্য হচ্ছে কনক লাহিড়ীর বিরুদ্ধে রিপোর্ট এসেছে, সেটা আপনি জানেন কিনা এবং সে সম্পর্কে হাউসে স্টেটমেন্ট করবেন কিনা—এটা মন্ত্রিমহাশয় বলবেন কি?

শ্রীসীতারাম মাহাতো: না, সেরকম কোন রিপোর্ট আসে নি।

শ্রীআবদুল বারি বিশ্বাস: কনক লাহিড়ীর বিরুদ্ধে তদন্ত রিপোর্ট আছে কিনা এবং ইনস্পেক্টর-জেনারেল করার আগে পশ্চিমবঙ্গ সরকারের এই বিভাগের কোন কর্মকর্তা তার ফাইল লুকিয়ে রেখে ইন্ডিয়া গভর্নমেন্টের এই বৃহত্তম পোস্টে নিয়ে যাবার পথে সাহস হয়েছিল কিনা --সে বিষয়ে আপনি কি এই হাউসে কোন আলোকপাত করবেন?

শ্রীসীতারাম মাহাতো: মাননীয় অধ্যক্ষ মহাশয়, পোচিং সংক্রান্ত ব্যাপারে আমাদের একটি কমিটি আছে তাঁরা জানতে পারবেন কারা জড়িত আছে। তবে আমি তো উত্তর দিয়েছি, না। তা ছাড়া হাউসের মাননীয় সদস্যদের নিয়ে একটি কমিটি করা হয়েছে এবং সেই কমিটির রিপোর্ট এসে গেছে এবং সেটা এখন একজামিন করা হচ্ছে। সেই রিপোর্ট আমরা টেবিলে দেব। সেই কমিটিতে বিধানসভার মাননীয় সদস্য যাঁরা আছেন তাঁরা যদি, কারা এই পোচিং সংক্রান্ত ব্যাপারে জড়িত ছিলেন, তাঁদের নাম সেখানে লিপিবদ্ধ করেন, তা হ'লে সরকার নিশ্চয় তাঁদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা অবলম্বন করবেন।

Ambulance cars of Asansol Government Hospital

*624. (Admitted question No. 724.) **Shri Sukumar Bandyopadhyay:** Will the Minister-in-charge of Health Department be pleased to state—

(a) whether the Government is aware that the ambulance cars under the disposal of Asansol Government Hospital have been out of order for several years; and

(b) if so, the action taken by the Government in this regard?

Shri Ajit Kumar Panja: (a) The ambulance cars go out of order from time to time but arrangement was made by the Chief Medical Officer of Health to allot an ambulance to carry on the work.

(b) (i) One ambulance has been brought down to Calcutta for thorough repairs.

(ii) A proposal for purchasing a new ambulance is under consideration.

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, বর্তমান ব্যবস্থা গ্রহণের আগে কতদিন ধরে ঐ আসানসোল গভর্নমেন্ট হাসপাতালে অ্যাম্বুলেন্স ব্যবহার করা যায় নি?

শ্রীঅজিতকুমার পাঁজা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, অ্যাম্বুলেন্স ব্যবহার করতে পারা গিয়েছিল। দুটি অ্যাম্বুলেন্স যা আসানসোল গভর্নমেন্ট হাসপাতালে আছে সে দুটিই পুরানো, সেজন্য মাঝে মাঝে খারাপ হয়ে যায় এবং সেগুলি রিপেয়ার করা হয়। ফেব্রুয়ারি মাসের প্রথম দিকে যখন আমি সেখানে গিয়েছিলাম তখন একটা অ্যাম্বুলেন্সের অবস্থা খুব খারাপ দেখেছিলাম, সেজন্য সেটাকে কোলকাতায় আনা হয়েছে থরো রিপেয়ারের জন্য। আর একটা নতুন কেনার জন্য অর্থ দপ্তরকে জানানো হয়েছে।

শ্রীঅজিতকুমার গাঙ্গুলী: এই অ্যাম্বুলেন্স যে খারাপ হয়, এটা ডিটারমিন করবার এক্তিয়ার কার মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজা: এটা ডিটারমিন করেন সি এম ও এইচ আর ডিস্ট্রিক্ট-এ হ'লে ডিস্ট্রিক্ট মেডিকেল অফিসার অব হেলথ। তাঁরা ইঞ্জিনীয়ার যাঁরা আছেন তাঁদের পরামর্শ নিয়ে ডিটারমিন করেন।

শ্রীঅজিতকুমার গাঙ্গুলী: এই সি এম ও এইচ থাকেন দূরে। এগুলি আউট অব অর্ডার ক'রে ফেলে রাখে এবং তার ফলে রোগীদের জীবন বিপন্ন হয়। এগুলি রিয়েলি আউট অব অর্ডার কিনা জানবার জন্য কোন ব্যবস্থা অবলম্বন করবেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজা: ব্যবস্থা আছে। হাসপাতালেব বা হেলথ সেন্টারে যিনি মেডিকেল অফিসার ইন-চার্জ তিনি যদি অ্যাম্বুলেন্স খারাপ হয়েছে ব'লে সি এম ও এইচ-কে জানান, সি এম ও এইচ তখন এক্সপার্ট রিপোর্ট বা ইঞ্জিনীয়ার্স রিপোর্ট নিয়ে সেটা সেন্ট্রাল ওয়ার্কশপে জানান এবং আমরা ব্যবস্থা গ্রহণ করি।

শ্রীঅজিতকুমার গাঙ্গুলী: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, কত সময় আউট অব অর্ডার থাকলে রোগীদের শিফ্‌ট করবার জন্য স্পেশাল অ্যারেঞ্জমেন্ট করা হয়?

শ্রীঅজিতকুমার পাঁজা: যদি খবর পাই তাড়াতাড়ি ব্যবস্থা করি। আর যদি খবর না পাই, হঠাৎ কল আসে, তা হ'লে আমরা অপারগ, কিছু করতে পারি না।

শ্রীঅশ্বিনী রায়: মাননীয় মন্ত্রিমহাশয় যা উত্তর দিলেন তাতে আমার জিজ্ঞাস্য, অ্যাম্বুলেন্স না পাওয়া গেলেও আসানসোল শহরে অনেক ভাড়া গাড়ি পাওয়া যায়, সেগুলি এমার্জেন্সী কেসে আপনারা ব্যবহার করতে পারেন। সে বিষয়ে চিন্তা করেছেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজা: এখনও পর্যন্ত যে রুলস আছে তাতে পারা যায় না।

শ্রীঅশ্বিনী রায়: খারাপ হবার যেখানে সম্ভাবনা রয়েছে সেখানে এই পরিস্থিতিতে নিয়মটা পরিবর্তনের কথা ভাবছেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজা: না, আমরা পরিবর্তনের কথা ভাবছি না। কারণ আমাদের যে সেন্ট্রাল ওয়ার্কশপ আছে এবং ডিস্ট্রিক্টে যে সমস্ত ওয়ার্কশপ আছে সেগুলিকে আমরা জোরদার করতে শুরু করেছি। এগুলি জোরদার হ'লে গাড়ির অভাবটা, খারাপ হয়ে থাকার জন্য অনেক কমে যাবে।

দোকান কর্মচারী

*৬২৫। (অনুমোদিত প্রশ্ন নং *১০৭৭।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিক:** শ্রম বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হিসাব অনুযায়ী পশ্চিমবঙ্গে বর্তমানে দোকান কর্মচারীর সংখ্যা কত;

(খ) উঁহাদের দৈনিক কত ঘণ্টা ক'রে কাজ করতে হয়; এবং

(গ) উঁহাদের জন্য সপ্তাহে কয় দিন করিয়া ছুটির ব্যবস্থা আছে?

ডাঃ গোপালদাস নাগ: (ক) ১৯৬৩ সালের দোকান ও সংস্থা আইনের আওতাভুক্ত এলাকা-সমূহে রেজিস্ট্রীকৃত দোকানগুলিতে নিযুক্ত মোট কর্মচারীর সংখ্যা ২,২২,৭৭৬ জন।

(খ) উপরোক্ত আইন অনুসারে দোকান কর্মচারীদিগকে পূর্ণ কাজের দিনে সাড়ে আট ঘণ্টা এবং অর্ধ ছুটির দিনে সাড়ে পাঁচ ঘণ্টা পর্যন্ত স্বাভাবিক কাজ করানো যায়।

(গ) উপরোক্ত আইন অনুসারে সপ্তাহে এক নাগাড়ে দেড় দিন ছুটির ব্যবস্থা আছে।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: এই দোকানের মালিক, যারা এই নিয়ম মেনে চলে না ছুটির দিন বা কাজের ঘণ্টা, তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা হয় কি?

ডাঃ গোপালদাস নাগ: যারা আইনের বিধিবন্ধ ব্যবস্থা মানেন না, তাদের বিরুদ্ধে প্রসিকিউট করা হয়।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: কিন্তু আমরা দেখতে পাচ্ছি, এই রকম ভাবে ব্যবসায়ের মালিকরা এই আইন মেনে চলেন না, তাদের বিরুদ্ধে কোন শাস্তিমূলক ব্যবস্থা সরকার গ্রহণ করছেন না কেন?

ডাঃ গোপালদাস নাগ: যে মালিক ধরা পড়ে, ইনস্পেক্টররা যাদের ধরতে পারেন তাদের শাস্তি হয় এবং যারা কায়দা ক'রে ফাঁকি দেন তাঁদের শাস্তি হয় না। তবে আপনি যদি সেই রকম কোন দোকানের নাম দিতে পারেন, তা হ'লে আমরা সেটা অনুসন্ধান ক'রে দেখবো এবং তার বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করবো।

শ্রীঅশ্বিনী রায়: কিছু কিছু দোকান আছে, যে দোকানের কর্মচারীদের এখনও পর্যন্ত শপ এস্টাবলিশমেন্ট আইনের আওতায় আনা হয় নি, যেমন লিকার শপ্স অ্যান্ড ওয়াইন শপ্স, এদের কি শপ এস্টাবলিশমেন্ট পারভিউ-এর মধ্যে আনবার কথা কি সরকার ভাবছেন?

ডাঃ গোপালদাস নাগ: যে সমস্ত দোকান শপ এস্টাবলিশমেন্ট অ্যাক্টের আওতায় আসে নি, তাদের প্রত্যেককে এই আইনের আওতায় আনার কথা সরকার চিন্তা করছেন।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: এই পর্যন্ত এই আইনে কতজনকে প্রসিকিউট করা হয়েছে?

ডাঃ গোপালদাস নাগ: সেই সংখ্যা আমার কাছে নাই, নোটিস দিলে বলতে পারবো।

শ্রীনাসিরুদ্দিন খাঁন: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এদের ওভারটাইম দেবার কোন প্রভিশন আছে কিনা?

ডাঃ গোপালদাস নাগ: আইনতঃ ওভারটাইম দেবার কোন ব্যবস্থা নেই, তবে ইন্ডিভিজুয়াল অ্যারেঞ্জমেন্ট ক'রে ওভারটাইমের ব্যবস্থা থাকতে পারে।

শ্রীনাসিরুদ্দিন খাঁন: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এদের ওভারটাইম দেবার ব্যবস্থা করার কথা সরকার চিন্তা করছেন কিনা?

ডাঃ গোপালদাস নাগ: আইনতঃ ওভারটাইম দেবার কোন ব্যবস্থা থাকবে না। কারণ আপনারা হয়তো জানেন গত বিধানসভা অধিবেশনে একটা সর্বসম্মত প্রস্তাব এখানে পাস হয়েছিল যে পশ্চিমবাংলায় ওভারটাইম যথাসম্ভব কম ক'রে নূতন কর্মসংস্থানের ব্যবস্থা করা হোক।

শ্রীনাসিরুদ্দিন খাঁন: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, ৮৷৷ ঘণ্টা ক'রে ডিউটি। আট ঘণ্টা ক'রে যেখানে অন্য কর্মচারীদের থাকে সেখানে এদের পক্ষে এটা বেশী হ'ল না?

ডাঃ গোপালদাস নাগ: না, ফ্যাক্টরী অ্যাক্ট অনুযায়ী ডিউটি ৮৷৷ ঘণ্টা এবং এর ভেতর থেকেই রিসেস তারা পায় আধ ঘণ্টা।

শ্রীতুহিনকুমার সামন্ত: এই দোকান কর্মচারীদের বেতন বাড়িয়ে দেবার কোন পরিকল্পনা আছে কি?

ডাঃ গোপালদাস নাগ: না, নেই।

[1-20—1-30 p.m.]

ধান্য ক্রয়

*৬২৬। (অনুমোদিত প্রশ্ন নং *১১১৮।) **শ্রীকানাই ভৌমিক:** খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২২এ ফেব্রুয়ারি, ১৯৭৩, পর্যন্ত সরকার কত ধান্য ক্রয় করিয়াছেন; এবং

(খ) এ বছরের ধান্য ক্রয়ের লক্ষ্য কত ছিল?

শ্রীকাশীকান্ত মৈত্র: (ক) গত ২৪শে ফেব্রুয়ারি ১৯৭৩ তারিখে যে সপ্তাহ শেষ হয়েছে সে পর্যন্ত সমগ্র পশ্চিমবাংলায় ১,১৯,২৫০ মেট্রিক টন চা'ল সরকার ক্রয় করেছেন।

(খ) এই খরিফ বৎসরে (১লা নভেম্বর, ১৯৭২ থেকে ৩১শে অক্টোবর ১৯৭৩ পর্যন্ত) সমগ্র পশ্চিমবাংলায় সরকার ৩ লক্ষ মেট্রিক টন চা'ল ক্রয় করার লক্ষ্যমাত্রা স্থির করেছেন।

শ্রীকানাই ভৌমিক: এই যে কিনেছেন, এক লক্ষ কয়েক হাজার টন, তার মধ্যে লেভির কত, রাইস মিল থেকে কত এবং ওপ্‌ন মার্কেট থেকে কত?

শ্রীকাশীকান্ত মৈত্র: প্রশ্ন যেমন দিয়েছেন সেই অনুযায়ী যে সপ্তাহ শেষ হয়েছে—২৪শে ফেব্রুয়ারির মধ্যে কত প্রকিয়োরমেন্ট হয়েছে সেই ফিগার দিলে—আপ টু টেন্‌থ মার্চ আমাদের প্রকিয়োরমেন্ট হয়েছে ১ লক্ষ ২৯ হাজার ৩ শত মেট্রিক টন। এর মধ্যে লেভি ফ্রি আছে ৩২ হাজার ৭৭৭ মেট্রিক টন এবং প্রডিউসার্স লেভি যেটা পেয়েছি সেটা হচ্ছে মোট ৩৫ হাজার ৯৫০ মেট্রিক টন।

শ্রীকানাই ভৌমিক: এত কম সরকারের হাতে আসবার কারণ কি?

শ্রীকাশীকান্ত মৈত্র: আমি বলতে চাই এর কারণ একাধিক। প্রথমতঃ সরকারের যে প্রকিয়োরমেন্ট প্রাইস সংগ্রহ মূল্য ৫৯ টাকা তার সঙ্গে বোনাস দিয়ে ৬৪ টাকা পার কুইন্টাল, আমি মনে করি এই যে প্রকিয়োরমেন্ট প্রাইস, এটা উৎসাহব্যঞ্জক নয়। দ্বিতীয় কারণ হচ্ছে মার্কেট প্রাইস, রুলিং মার্কেট প্রাইস, চলতি বাজার দর এই প্রকিয়োরমেন্ট প্রাইসের চাইতে অনেক বেশী। এর ফলে ওপ্‌ন মার্কেটে, ডিরেক্ট পার্চেজ সেন্টার ক'রে সরাসরি খরিদ করা। তৃতীয় কারণ হচ্ছে, খরাজনিত অবস্থার ফলে দেশের মানুষের মধ্যে একটা ধারণা জন্মেছে যে, দাম হয়তো বাড়বে। সেই সূত্র ধ'রে কিছু ব্যবসাদার এবং লোকেরা চা'লটা হেল্ড ব্যাক ক'রে রেখেছে। এর ফলে মার্কেট অ্যারাইভাল হচ্ছে না। দেশে একটা প্যানিক সাইকোসিস ক্রিয়েট করা হয়েছে, কিছু নেতা, কিছু রাজনৈতিক কর্মী, তারা সমানে দুর্ভিক্ষের আতঙ্ক ছড়াচ্ছেন, এর ফলে লোকের মনে একটা ধারণা হয়েছে। পঞ্চম হচ্ছে বিহারে চা'লের দাম পশ্চিমবঙ্গে যে মার্কেট প্রাইস তার চেয়ে বেশী এবং সেই জন্য পাচার হচ্ছে—স্মাগলিং হয়ে এই রাজ্যের বাইরে চলে যাচ্ছে। এই সব নানান কারণে এই সব ব্যাপার হচ্ছে, সংগ্রহ লক্ষ্য যদিও ৩ লক্ষ টন, কিন্তু ১ লক্ষ ২৯ হাজার টনের বেশী করতে পারি নি।

শ্রীঅশ্বিনী রায়: অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, আমার পয়েন্টটা হচ্ছে একই ধরনের প্রশ্ন ৬৩৩নং প্রশ্নটি যদি এক সঙ্গে আলোচিত হয়, তা হ'লে ভাল হয়, সেই জন্য আমি আপনার কাছে সেই পারমিশন চাইছি।

Mr. Speaker: Yes, I also give permission for calling of starred question No. *633 by Shri Aswini Roy.

ধানের সংগ্রহ মূল্য

*৬৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *১২৩৩।) **শ্রীঅশ্বিনী রায়ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ধানের সংগ্রহ মূল্য বৃদ্ধির বিষয় সরকারের বিবেচনাধীন আছে; এবং

(খ) সত্য হইলে, এইরূপ মূল্য বৃদ্ধির ভিত্তি এবং চালু করার সময়সীমা?

শ্রীকাশীকান্ত মৈত্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে (ক) ও (খ) প্রশ্ন দুটির একই সঙ্গে জবাব দিচ্ছি। সমগ্র বিষয়টি কেন্দ্রীয় সরকারের এক্তিতারভুক্ত। এই সম্পর্কে রাজ্যসরকারের মনোভাব কেন্দ্রীয় সরকারকে জানান হয়েছিল। আমরা প্রতিবার দিল্লীকে জানিয়েছি যে, ১৯৬৬ সালের যে দাম তার চেয়ে আজকে বাজার দর অনেক বেড়ে গিয়েছে। আজকে যে সংগ্রহমূল্য ধরা হচ্ছে সেটা আনরেমিউনারেটিভ, এটা রিয়েলিস্টিক নয়।

শ্রীবলাইলাল শেঠঃ দেড় লক্ষ মেট্রিক টন যেটা আদায় লক্ষ্য এই ৩ লক্ষ মেট্রিক টনের মধ্যে, তার মধ্যে কতটা লেভির মাধ্যমে?

শ্রীকাশীকান্ত মৈত্রঃ লেভির মাধ্যমে লক্ষ্য আগে থেকে বলা শক্ত, কেন না এটা নির্ভর করে প্রোডাকশনের উপর। প্রোডাকশনের উপর আমরা সেই ভাবে লেভি দিচ্ছি। মাননীয় সদস্যরা জানেন, খরা পরিস্থিতির জন্য যে অবস্থা হয়েছিল সেটা বিবেচনা করতে হবে, তার পর ওয়াটার লগিং হয়েছে। অতএব চাষীদের ছাড় দেওয়া হয়েছে, তার পর বিলেটেড মনসুন,, এই সব কম্পাসিওনেট গ্রাউন্ড বিবেচনা করতে হয় এবং এইগুলি বিবেচনা না ক'রে খাদ্য দপ্তরের অফিসাররা যদি টারগেট ঘোষণা করে, তা হ'লে সেটা নোসনালী হবে, রিয়েলিস্টিক হবে না।

শ্রীঅশ্বিনী রায়ঃ আপনি বললেন যে, এটা কেন্দ্রীয় সরকারের ব্যাপার, তবে ব্যক্তিগতভাবে আপনি বললেন যে, এই সংগ্রহমূল্য বাড়ানো উচিত। তা হ'লে আপনি এই সম্পর্কে কেন্দ্রীয় সরকারকে কি এই পয়েন্টে বলেছেন, যে দর বাড়ানো উচিত?

শ্রীকাশীকান্ত মৈত্রঃ মাননীয় সদস্যকে আমি বলেছি যে, ইমপুটসে দাম বেড়ে গিয়েছে, সুতরাং ১৯৬৬ সালে বাজারে ধানের যে দাম সে দিক থেকে আজকে সব জিনিসের দাম বেড়ে গিয়েছে, কৃষকদের যদি আজকে ১৯৬৬ সালের দাম দেওয়া হয়, তা হ'লে সেটা রিয়েলিস্টিক হবে না। তাই আমি বলেছি যে, চাষীদের খামার থেকে বা তাদের বাড়ি থেকে ধান গরুর গাড়ি ক'রে বা রিক্সার ক'রে সরকারের পারচেসিং সেন্টারে নিয়ে যাবে আর তার খরচটা সে দেবে, এটা করলে রিয়েলিস্টিক হবে না।

শ্রীঅশ্বিনী রায়ঃ তা হ'লে আমরা এটা অনুভব করছি, এবং আপনার ইমপ্রুভমেন্ট যতটা হচ্ছে তার থেকে দেখা যাচ্ছে মাত্র ৫৭ হাজার টন মার্কেটেবল সারপ্লাস থাকবে, এবং এটা সংগ্রহ করা যাচ্ছে অ্যাট্রাকটিভ প্রাইসের জন্য। তা হ'লে আমরা সকলেই যখন এটা অনুভব করছি যে, এই মূল্যটা বাড়ানো উচিত, তখন আপনি কি এটা মনে করছেন যে, আমরা বিধানসভার মাননীয় সদস্যরা যদি এই ধরনের একটা প্রস্তাব এই বিধানসভা থেকে গ্রহণ করি, তা হ'লে কি কেন্দ্রীয় সরকারকে নামানো যাবে এই ব্যাপারে?

শ্রীকাশীকান্ত মৈত্রঃ আপনাদের অবগতির জন্য জানাতে চাই এবিষয়ে সকল সদস্যই একমত যে, ধান প্রকিওরমেন্ট প্রাইস বাড়ান উচিত। এগ্রিকালচারাল প্রাইস কমিশন প্রত্যেক বছর তাঁদের রেকমেন্ডেশন দেন হুইটের প্রকিওরমেন্ট প্রাইস কি হবে, প্যাডি প্রকিওরমেন্ট প্রাইস কি হবে এবং এটাও জানেন যে, বিভিন্ন রাজ্যে প্রাইস ডিফারেন্সিয়েশন আছে। ধানের দাম, কোর্স গ্রেন-এর দাম আমাদের এখানে যা অন্য রাজ্যে তার চেয়ে কম। কেন্দ্রীয় সরকারের এগ্রিকালচারাল প্রাইস কমিশন-এর রেকমেন্ডেশন অনুযায়ী তারা যে সমস্ত রাজ্য কোর্স গ্রেন বা প্যাডি তার দাম আরও কম। এসব যায়গায় দাম বাড়িয়ে পশ্চিমবাংলার দাম কমিয়ে আনার চেষ্টা করছি।

এ বিষয়ে মুখ্যমন্ত্রীর সঙ্গে আমার সঙ্গে এবং কৃষিমন্ত্রীর সঙ্গে দীর্ঘ আলোচনার পর দিল্লীতে গিয়ে গত ১০ই জানুয়ারী আমাদের যে হোলসেল টেকওভার কমিটির বৈঠক হয় তাতে আমি একজন সদস্য ছিলাম—এগ্রিকালচারাল প্রাইস কমিশন-এর রেকমেন্ডেশন অনুযায়ী উই সুড নট কনসিল এনিথিং—আপনাদের অ্যাডভাইস চাই তাতে আমাদের একটা প্রস্তাব হচ্ছে এগ্রিকালচার প্রাইস কমিশন-এর রেকমেন্ডেশন অনুযায়ী যখন আমাদের কাজ করতে হচ্ছে তখন এটুকু অপশন দেওয়া হোক আমাদের ট্রান্সপোর্টেশন চার্জ বলিয়া ৪ বা ২ টাকা বাড়াতে পারি, তা হ'লে সেটা করা যায় কিনা? সে সম্বন্ধে কেন্দ্রীয় সরকারের অনুমতি পাই নি।

শ্রীঅশ্বিনী রায়ঃ আপনি প্রাইস না বাড়িয়ে বোনাস-এর পরিমাণ বাড়ান সেটাতে তো সরকারের এক্তিয়ার আছে। ইনসেন্টিভ প্রাইস-এর দিকে না গিয়ে ইন দি ফরম অব বোনাস আমরা এটা বাড়াতে পারি কি?

শ্রীকাশীকান্ত মৈত্রঃ আমি এটা জানি না, তবে গরিব চাষীদের দিকটাও বিবেচনা করতে হবে। যে সমস্ত বিগ প্রোডিউসার্স আছে তাদের যথেষ্ট পরিমাণ হোডেড স্টক আছে। কয়েকটা জেলা সারপ্লাস জেলা এবং সেখানে ডেফিনিটলি হোর্ডেড স্টক আছে এবিষয়ে সন্দেহ নেই। তবে যে কারণ বলছি তাতে মার্কেট-এ অ্যারাইভাল কমেছে কিন্তু যদি বোরোর প্রোডাকশন ভাল হয় এবং হুইট হার্ভেস্টেশন ভাল হয় এবং কেন্দ্র থেকে যদি গমের বরাদ্দ বাড়ে, তা হ'লে মার্কেট অ্যারাইভাল বাড়বে এবং প্রকিওরমেন্ট বাড়বে। তবে এটা বিবেচনা করতে বলব এটা হ'লে যারা গরীব চাষী তারা ধান বিক্রি করেছে তারা কোন বেনিফিট পাবে না। আর একটা কথা বলছি যে, দিল্লীতে আর একটা কথা বলেছি যে, যদি গমের সরবরাহ গ্রামাঞ্চলে রেশনে দিতে পারতাম—পার্টিকুলারলি যে সমস্ত সারপ্লাস জেলা আছে সেখানে তাহলে গরিব লোকেরা রেশনে গম পেলে বাজারে ধান-চা'ল ছেড়ে দিত এবং তা হ'লে আমাদের প্রকিওরমেন্ট ইমপ্রুভ করত। আর একটা অনুরোধ করেছি, আমাদের গম বরাদ্দ বাড়ানো হোক যাতে রেশনে গম বাড়াতে পারি এবং তা হ'লেও মার্কেট অ্যারাইভাল ইমপ্রুভ করবে। তবে সাধারণ চাষীর উপর কোন জুলুম হয় এটা আমরা চাই না।

শ্রীমৃগেন্দ্র মুখার্জিঃ লেভি ধার্যের জন্য, লেভি সংগ্রহের জন্য ১ কোটি টাকা এফ সি আই ওভারটাইম দিয়েছে এটা জানেন কি? ২নং হচ্ছে লেভি যেটা ধার্য করা হয়েছিল উৎপাদনের তুলনায় লক্ষ্য সেটা খুব কম ছিল—কিন্তু এটা কেন হ'ল তদন্ত করবেন কি?

শ্রীকাশীকান্ত মৈত্রঃ ওভারটাইম সম্বন্ধে বলছি উইথ পার্ডনেবল প্রাইড খাদ্য দপ্তরে বলতে পারি ফর দি ফার্স্ট টাইম ইন ওয়েস্ট বেঙ্গল ফুড এস্টাব্লিশমেন্ট ওভারটাইম পেমেন্ট বন্ধ ক'রে দেওয়া হয়েছে এফ সি আই-এর অপারেশনাল সেকসনে যতগুলি ড্রাইভার মোটর ট্রাকের আছে, গোডাউনের অফিস আছে যেখানে দিনরাত কাজ হয় সেখানে এটা উপায় নেই করতে হবে। এফ সি আই আমাদের কন্ট্রোলে নয় রিজিওনাল ম্যানেজার' ফুড কর্পোরেশন অব ইন্ডিয়া আছেন। সেখানে ওভারটাইম পেমেন্ট সিস্টেম বন্ধ ক'রে দেবেন। এক কোটি টাকা এই রাজ্যের খরচ হয় না। এই রাজ্যে কত খরচ হয়েছে সেটার হিসাব দেব, আবার কত কমেছে সেটাও দেব।

[1-30—1-40 p.m.]

এগ্রিকালচার ডিপার্টমেন্ট থেকে ক্রপ প্রোডাকসান এস্টিমেট যা দেন তার উপর নির্ভর ক'রে আমরা আমাদের লক্ষ্যমাত্রা ঠিক করেছিলাম। কিন্তু এটা ঠিক কয়েকটা জেলায় দারুণ ক্ষতি হয়ে গেছে, নদীয়া, মুর্শিদাবাদ, ২৪-পরগনা জেলার অনেকাংশে ধান লাল হয়ে গেছে বৃষ্টির অভাবে, সুতরাং প্রোডাকসান অনেক কমে গেছে। সেজন্য লক্ষ্যমাত্রা যা করেছিলাম সেটা বেশীই করেছিলাম।

শ্রীকানাই ভৌমিকঃ আপনি দাম বেড়ে যাওয়ার এবং ক্রয় কম হওয়ার স্টক কম থাকার যে কারণ দেখিয়েছেন তার সুযোগ জোতদার এবং হোর্ডাররা নিয়ে এই সরকারের পলিসিকে বানচাল করবার চেষ্টা করছে সেই বিষয়টা কি আপনি স্টাডি ক'রে দেখেছেন?

শ্রীকাশীকান্ত মৈত্র : এই যে নানাবিধ কারণে এটা হচ্ছে এতে জোতদার, মজনুতদাররা যেমন করছে তেমনি এক শ্রেণীর রাজনীতিবিদরাও দুর্ভিক্ষ হবে, দাম বাড়ছে, এই রকম একটা প্যানিক ছড়াচ্ছে, যার ফলে জোতদাররা সেই সুযোগ নিচ্ছে এবং জোতদারদের চক্রান্ত আরো জোরদার হয়ে যাচ্ছে এই ধরনের অপপ্রচারের ফলে।

শ্রীকানাই ভৌমিক : এই যে প্যানিক সৃষ্টি হচ্ছে বিভিন্ন দিক থেকে—গভর্নমেন্টের দিক থেকে, খাদ্য দপ্তরের দিক থেকে কম হয়েছে, দিল্লী দিচ্ছে না, আমরা ক্রয় কম করেছি, এই সমস্ত যে ঘটনা প্রতিদিন বেরুচ্ছে এবং সেটা খাদ্যমন্ত্রীর দপ্তর গভর্নমেন্টের মুখ থেকে বেরুচ্ছে এটা যে প্যানিক সৃষ্টিতে সাহায্য করছে এটা কি ভেবে দেখেছেন?

শ্রীকাশীকান্ত মৈত্র: মাননীয় সদস্য সম্পূর্ণ ভ্রান্ত। খাদ্যমন্ত্রী হিসাবে আমি মনে করি বিধানসভার বাইরে যে বিপুল জনগণ আছেন তাঁদের কাছে জানানর দায়িত্ব আছে। গত বছর যেখানে ১ লক্ষ ২৫ হাজার টন গম পেয়েছি সেখানে সেটা ক'মে গিয়ে ৮০ হাজার টন হচ্ছে, গভর্নমেন্ট রেশনে কোন গম দিতে পারছে না, সেখানে এই জিনিসটা কি ক'রে গোপন করা যাবে, সেখানে সঙ্গে সঙ্গে মাননীয় সদস্যের বোঝা উচিত পশ্চিমবঙ্গে যে পাবলিক ডিস্ট্রিবিউসান সিস্টেম আছে ভারতবর্ষে এর চেয়ে এফিসিয়েন্ট পাবলিক ডিস্ট্রিবিউসান সিস্টেম আর কোন রাজ্যে নেই, এটা আমি গর্ব ক'রে বলতে পারি। তবে এর মধ্যে যে ত্রুটি আছে সেগুলি আপনাদের সহযোগিতায় দূর করা সম্ভব। পাবলিক ডিস্ট্রিবিউসান যতদিন থাকবে ততদিন এই সংকট নিশ্চয়ই কাটিয়ে উঠতে পারব এই বিষয়ে কোন সন্দেহ নেই।

শ্রীকানাই ভৌমিক : মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন, এই সমস্ত ঘটনা সত্যই জানান দরকার, নিশ্চয়ই জানান দরকার। কিন্তু এই জানানর ফলে সাধারণ মানুষের মধ্যে এই রকম যে প্যানিক সৃষ্টি হচ্ছে যে গভর্নমেন্ট যখন বলছেন খাদ্য কম ক্রয় করা হয়েছে, গভর্নমেন্ট বলছেন সেন্টার কম দিচ্ছে, দাম না বাড়ালে কিনতে পারা যাচ্ছে না, এর মধ্য দিয়ে যে প্যানিক সৃষ্টি করা হচ্ছে এটা আপনি মনে করছেন কিনা?

Mr. Speaker: The question has already been answered.

শ্রীকাশীকান্ত মৈত্র : দেশে দুর্ভিক্ষ এসে গেছে এই বলা একটা জিনিস আর দেশে খাদ্য উৎপাদন কম হচ্ছে দুটোর মধ্যে একটা কোয়ালিটেটিভ ডিফারেন্স আছে।

শ্রীআবদুল বারি বিশ্বাস : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন ইহা কি সত্য মার্কসবাদী কমিউনিস্ট পার্টির নেতা জ্যোতি বসু, হরেকৃষ্ণ কোঙার এবং প্রমোদ দাসগুপ্ত পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় সভা-সমিতি ক'রে এই খাদ্যব্যবস্থা সম্বন্ধে বিভ্রান্তিকর উক্তি প্রচার করছেন এবং যদি করেন, তা হ'লে জনস্বার্থের বিরুদ্ধে কোন কাজ করলে তার বিরুদ্ধে কি কার্যকর ব্যবস্থা গ্রহণ করেছেন?

Mr. Speaker: That is a hypothetical question.

শ্রীআবদুল বারি বিশ্বাস : ইহা কি সত্য পশ্চিমবঙ্গের মার্কসবাদী কমিউনিস্ট পার্টির নেতা জ্যোতি বসু, হরেকৃষ্ণ কোঙার এবং প্রমোদ দাসগুপ্ত বাংলাদেশের বিভিন্ন জায়গায় সভা-সমিতি ক'রে এই খাদ্যদ্রব্য মূল্যবৃদ্ধি সংগ্রহনীতির বিরুদ্ধে অপপ্রচার চালিয়ে যাচ্ছে ব'লে খাদ্য সংগ্রহের অবস্থা খানিকটা শোচনীয় হয়েছে?

Mr. Speaker: Again, it is a double question.

শ্রীআবদুল বারি বিশ্বাস : ইহা কি সত্য পশ্চিমবাংলার মার্কসবাদী কমিউনিস্ট পার্টির নেতা জ্যোতি বসু, হরেকৃষ্ণ কোঙার এবং প্রমোদ দাসগুপ্ত এই তিনজন পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় সভা-সমিতি ক'রে খাদ্যসংগ্রহনীতির বিরুদ্ধে অপপ্রচার চালিয়ে যাচ্ছে।

শ্রীকাশীকান্ত মৈত্র : আমি তাঁদের বক্তৃতা শুনতে যাই নি, সংবাদপত্রের মাধ্যমে তাঁদের বক্তৃতা বিভিন্ন সময়ে যা বেরিয়েছে তাতে তাঁরা এই ধরনের উক্তি করেছেন এটা সত্য।

[1-40—1-50 p.m.]

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ আমি জিজ্ঞাসা করছি এটা যদি সত্য হয়, তা হ'লে তাঁদের কার্যকলাপ বর্তমান অগ্নিগর্ভ অবস্থায় ৪ কোটি ৪৪ লক্ষ লোকের স্বার্থবিরোধী কিনা?

শ্রীকাশীকান্ত মৈত্রঃ মাননীয় সদস্যদের সহযোগিতা, জনগণের দেশপ্রেম এবং আমাদের দৃঢ় সংকল্পের দ্বারা এইসব অপপ্রচার সত্ত্বেও আমরা সংকট কাটিয়ে উঠবোই উঠব।

শ্রীনাসিরুদ্দিন খাঁনঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি গত বছর কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আমরা যে পরিমাণ খাদ্যশস্য পেয়েছিলাম এবারে যে তার থেকে কম পেলাম এটা কি আসলে কেন্দ্রীয় সরকারের সংকটের জন্য, না অন্য কোন কারণ এর পেছনে রয়েছে?

শ্রীকাশীকান্ত মৈত্রঃ এবারে ভয়াবহ অবস্থা মহারাষ্ট্রে এবং গুজরাটে হয়েছে এবং আপনারা অনেকেই জানেন, সারা ভারতবর্ষে ফলন খারাপ হয়েছে। তবে কেন্দ্রীয় সরকারের মন্ত্রী বলেছেন, এবারে গমের ফলন অভাবনীয় ভাল হবে পাঞ্জাব এবং হরিয়ানায়, কাজেই এবারকার যে প্রোডাকসন পজিসন তাতে চিন্তার কোন কারণ নাই।

শ্রীনাসিরুদ্দিন খাঁনঃ মন্ত্রিমহাশয় লেভি এবং বাইরে কেনা ধানের মোট বললেন। আমার প্রশ্ন হচ্ছে লেভি এবং বাইরে কি একই দরে কিনছেন?

শ্রীকাশীকান্ত মৈত্রঃ মাননীয় সদস্যেরা জানেন, আমাদের লেভি ফ্রি ব'লে একটা পার্চেস আছে সেখানে দাম আলাদা। সেখানে ফিফ্‌টি পারসেন্ট আমরা নেই এবং তার উপর আমাদের সেন্ট পারসেন্ট কন্ট্রোল আছে। ডিস্ট্রিক্ট কন্ট্রোলার, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট স্পনসর্ড করেন, পার্মিট দেন এবং বিভিন্ন জেলা থেকে চা'ল নিয়ে এসে ডেফিসিট জেলায় চা'ল দেওয়া হয়।

শ্রীনাসিরুদ্দিন খাঁনঃ বাইরে যেটা কিনলেন এবং লেভিতে যেটা কিনলেন তার দামে তফাৎ কত?

শ্রীকাশীকান্ত মৈত্রঃ লেভি ফ্রি চালের দর হচ্ছে ১২৫ টাকা পার কুইন্টাল—নেকেড গ্রেন।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ মন্ত্রিমহাশয় নিশ্চয়ই জানেন যে, কেন্দ্রীয় সরকারের তরফ থেকে সরবরাহের অভাবের জন্যই হোক আর চা'ল গুদামজাত করবার জন্যই হোক ক্রেতার কাছে খাদ্য গিয়ে পৌঁছাচ্ছে না এবং তার জন্য তাদের মনে প্যানিক সৃষ্টি হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে প্যানিক সৃষ্টি হ'লে প্রোকিওরমেন্ট কি ক'রে আটকায়? প্রোকিওর্ড চা'ল যাদের কাছে রয়েছে তাদের তো প্যানিকের কোন কারণ নেই।

শ্রীকাশীকান্ত মৈত্রঃ আপনার প্রশ্নটা বুঝলাম না।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ প্যানিক বন্ধ করবার জন্য প্রোকিওর্ড যা রয়েছে সেটা টেনে বার করুন। প্যানিকের নাম ক'বে প্রোকিওরমেন্ট করবেন না, এর এক্সপ্লানেসন কি দেবেন?

শ্রীকাশীকান্ত মৈত্রঃ মাননীয়া সদস্যা একটি বক্তৃতা করলেন। আমি তাঁকে বিনয়ের সংগে বলছি, আমাদের একটা গণতান্ত্রিক প্রশাসনে কাজ করতে হয়, আইনের শাসন মেনে চলতে হয় এবং পারিপার্শ্বিক অবস্থা বিচার করতে হয়। আমরা যদি আমলাতন্ত্রের উপর ভার দিয়ে পুলিসকে বলি, লাঠি নিয়ে এস এবং যার ঘরে ধান আছে নিয়ে এস, তা হ'লে মানুষের উপর উৎপীড়ন হবে। আমরা সেই উৎপীড়ন চাই না, আমরা সহযোগিতা চাই। মাননীয়া ভগ্নী যদি আমাকে এই রকম রিপোর্ট দেন যে ওখানে প্রচুর চা'ল এবং গম মজুত রয়েছে, তা হ'লে আমি উচ্চপর্যায়ের অফিসার দিয়ে জুলুম করব না, ন্যায্যভাবে যাতে সেই হোর্ড পেতে পারি সেই ব্যবস্থা করব।

শ্রীকানাই ভৌমিকঃ আমাদের পশ্চিমবাংলা থেকে পাচার হয়ে চা'ল বিহারে চলে যাচ্ছে। এই স্মাগলিং বন্ধ করার জন্য কি ব্যবস্থা করেছেন, বিহার গভর্নমেন্টের সংগে কি এ নিয়ে পারস্পরিক আলোচনা বা কথাবার্তা চলছে?

শ্রীকাশীকান্ত মৈত্র: আমাদের পশ্চিমবাংলা থেকে চা'ল বিহারে গেলে তারাতো ইন্টারেস্টেড হবেই, এমনিতে স্মাগলিং-এর বিরুদ্ধে অফিসিয়েলী বলবে, কিন্তু এটা তো ঠিক যে, চা'ল সেখানে গেলে অ্যাভেলেবিলিটি বাড়বে এবং সেজন্য হিউম্যান প্রপেন্সিটি হচ্ছে যে, তারা চাইবে। সেজন্য পশ্চিমবাংলার বর্ডার স্ট্রেন্দেন করার জন্য চেষ্টা করছি, মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করেছি। আমি নিজেও আই জি এবং প্রত্যেক জেলার ম্যাজিস্ট্রেটের সঙ্গে এবং এস পি-র সঙ্গে, এনফোর্সমেন্ট ব্রাঞ্চের সঙ্গে কনফারেন্স করেছি এবং সর্বাধিক গুরুত্ব দিচ্ছি যাতে এই স্টেট বর্ডার স্ট্রেন্দেন করা যায়, বিহারে স্মাগলিং না হতে পারে।

খরা পরিপ্রেক্ষিতে বন বিভাগকে অর্থ প্রদান

***৬২৭।** (অনুমোদিত প্রশ্ন নং *৬০৮।) **শ্রীকাশীনাথ মিশ্র:** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ সালে খরার পরিপ্রেক্ষিতে বাঁকুড়া জেলায় বন বিভাগকে কত টাকা দেওয়া হয়েছে; এবং

(খ) ঐ টাকা কি কি কাজে ব্যয়িত হয়েছে?

শ্রীসীতারাম মাহাতো: (ক) ৫,০৯,১০০ টাকা।

(খ) বন-উন্নয়ন ও ভূমিসংরক্ষণের কাজে ব্যয়িত হচ্ছে।

শ্রীকাশীনাথ মিশ্র: এই ৫,০৯,১০০ টাকার মধ্যে কত টাকা আজ পর্যন্ত খরচ হয়েছে?

শ্রীসীতারাম মাহাতো: ১৯৭৩ সালের জানুয়ারী মাস পর্যন্ত এই প্রকল্পে ৪০,৬৪২·৭৫ টাকা খরচ হয়েছে।

শ্রীকাশীনাথ মিশ্র: বাকী টাকা কত দিনের মধ্যে খরচ হবে?

শ্রীসীতারাম মাহাতো: বাকী টাকার কাজ হচ্ছে, যেভাবে কাজ হবে সেই লেবারের জন্য টাকা খরচ হয়ে যাবে।

শ্রীকাশীনাথ মিশ্র: এতে কত পরিমাণ বন-উন্নয়ন এবং ভূমিসংরক্ষণ হয়েছে?

শ্রীসীতারাম মাহাতো: তা বলা সম্ভব নয় এখন, নোটিস দিলে ব'লে দেব।

শ্রীকাশীনাথ মিশ্র: এই ৪০,৬৪২ টাকা খরচ হয়েছে, এতে কত ভূমিসংরক্ষণ হয়েছে, কি কি কাজ হয়েছে?

শ্রীসীতারাম মাহাতো: বন-উন্নয়ন এবং ভূমিসংরক্ষণ দু' রকম কাজ হবে।

শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে টাকা খরচ দেখান হয়েছে তার সবটাই কি বন-সংরক্ষণের জন্য খরচ হয়েছে, নাকি অফিস পারপাসেও খরচ হয়েছে?

শ্রীসীতারাম মাহাতো: যে টাকা খরচ হয়েছে সেটা বন-উন্নয়ন এবং ভূমিসংরক্ষণের জন্য, অফিস খরচের জন্য নয়।

শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী: অফিস এস্টাব্লিশমেন্টের জন্য কোন খরচ হয়েছে কিনা, জানতে চাই।

শ্রীসীতারাম মাহাতো: যে টাকা খরচ হচ্ছে সেটা বন-উন্নয়ন এবং ভূমি-সংরক্ষণের জন্য, এর মধ্যে অফিসের খরচ ধরা নাই।

শ্রীবীরেন্দ্রবিজয় মল্লদেব: মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন, এ বছর বন উন্নয়নের জন্য ৫ লক্ষ টাকা ধরা আছে এবং এখন পর্যন্ত ৪০ হাজার টাকা খরচ হয়েছে। এই ফিনানসিয়াল ইয়ার মার্চ মাসে শেষ হয়ে যাচ্ছে, এত কম টাকা কেন খরচ হ'ল, এই ব্যাপারে মন্ত্রিমহাশয় বলবেন কি?

Mr. Speaker: This question relates to Bankura only—five lakhs of rupees were allotted for the district of Bankura.

[1-50—2-00 p.m.]

শ্রীবীরেন্দ্রবিজয় মল্লদেব: বাকি টাকাটা কেন খরচ হ'ল না ?

শ্রীসীতারাম মাহাতো: এই বাকি টাকাটা খরচ হচ্ছে। জানুয়ারী পর্যন্ত খরচ দেওয়া আছে। মার্চ পর্যন্ত কত খরচ হবে সেটা এখন বলতে পারছি না।

শ্রীমানিকলাল বেসরা: সয়েল কনজারভেসানের কাজ যেখানে চলছে সেখানে শ্রমিক এবং তত্ত্বাবধায়কদের কি হারে বেতন দেওয়া হচ্ছে ?

শ্রীসীতারাম মাহাতো: প্রত্যেক জায়গায় ডিভিসন্যাল কমিটি আছে তাতে মাননীয় সদস্যরা মেম্বার এবং রেঞ্জ কমিটিও আছে। সেখানে কি হারে কাজ হচ্ছে তার উপর নির্ভর করে এটা। ক্রাশ প্রোগ্রামের কাজে ম্যাক্সিমাম তিন টাকা পায়। অবশ্য কাজের কোয়ানটাম হিসাবে বেতন দেওয়া হয়। সে সম্পর্কে মাননীয় সদস্যরা মেম্বার আছেন সে খবর নিশ্চয় রাখবেন।

শ্রীনাসিরুদ্দিন খাঁন: মন্ত্রিমহাশয় কি জানাবেন যে শুধু বাঁকুড়া জেলাতেই কি এই রকম স্পেশাল অ্যালটমেন্ট হয়েছিল বন বিভাগের জন্য ?

Mr. Speaker: This question does not arise.

শ্রীশক্তিপদ মাঝি: বন বিভাগ থেকে যা স্যাংশন ছিল তার মধ্যে ৪০ হাজার টাকা খরচ হয়েছে। বাকি টাকাটা খরচ না হওয়ার জন্য কার গাফিলতি আছে ? যেখানে বাঁকুড়াতে আমরা রিলিফের জন্য বলছি সেখানে কেন টাকাটা খরচ হবে না ?

শ্রীসীতারাম মাহাতো: এই টাকা বরাদ্দ আছে এবং এই টাকা থেকে খরচ হওয়ার জন্য কাজ চলছে এবং কাজ চলবে।

রানীগঞ্জ কয়লাখনি এলাকায় জলসরবরাহ প্রকল্প

*৬২৮। (অনুমোদিত প্রশ্ন নং *৭৯৮।) **শ্রীআবদুল বারি বিশ্বাস:** স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে রানীগঞ্জ কয়লাখনি এলাকার জন্য সুসংবদ্ধ জলসরবরাহ পরিকল্পের একটি অংশ চালু হওয়ার সংগে সংগে উক্ত পরিকল্পনা অনুযায়ী ১৪টি উপনগরী ও ২১৭টি গ্রামে জলসরবরাহের ব্যবস্থা করা হইয়াছে;

(খ) সত্য হইলে, কোন্ কোন্ ১৪টি উপনগরীতে এই জলসরবরাহ প্রকল্প গ্রহণ করা হইয়াছে; এবং

(গ) এই প্রকল্পগুলিতে মোট অর্থ মঞ্জুরীর পরিমাণ কত ?

শ্রীঅজিতকুমার পাঁজা: (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) 'রানীগঞ্জ কয়লাখনি অঞ্চল জলসরবরাহ' প্রকল্পের ১ম অংশের কাজ আনুমানিক ৩৫৪ কোটি টাকা ব্যয়ে সরকার কর্তৃক মঞ্জুর করা হয়েছে।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মন্ত্রিমহাশয় (ক) প্রশ্নের উত্তরে বলেছেন না। এইবার রাজ্যপালের ভাষণের যে পুস্তিকা বিলি করা হয়েছে তাতে এই কথাগুলো আছে, 'রানীগঞ্জ কয়লাখনি অঞ্চল জলসরবরাহ......

Mr. Speaker: Mr. Bari, according to rules you cannot quote from or read any paper or book while making supplementary.

শ্রীআবদুল বারি বিশ্বাস: এইবার রাজ্যপালের ভাষণে বলা হয়েছে ১৪টি উপনগরী এবং ২০০টি গ্রামে জলসরবরাহ করা হয়েছে—কোন্‌টা সত্য ?

Mr. Speaker: I disallow this question—you cannot quote that.

শ্রীবলাইলাল শেঠ: সরকার কর্তৃক এই রকম কোন কাজের কথা ঘোষণা করা হয়েছিল কি?

শ্রীঅজিতকুমার পাঁজা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুশকিল হচ্ছে মুর্শিদাবাদ জেলা থেকে আসছেন বারি মশাই রানীগঞ্জ সম্পর্কে প্রশ্নের উত্তরে গোলমাল ক'রে ফেললেন। কাজেই যেটা বলা হয়েছে সেটা হচ্ছে ২১২টি কোলিয়ারী, ৩৯০টি গ্রাম এবং ১৭টি শহরাঞ্চলে এবং সমগ্র জায়গাটা ৩৭৫ মাইল বিস্তৃত, অধিবাসীর সংখ্যা সাড়ে ৬ লক্ষ এবং আনুমানিক ব্যয় ৭ কোটি ৭৩ লক্ষ।

শ্রীঅশ্বিনী রায়: এই যে বৃহত্তর অঞ্চল বললেন যাতে প্রায় ৭৬ লক্ষ লোকের বাস বললেন—এই অঞ্চলের জন্য যে পরিকল্পনা নেওয়া হয়েছে এই পরিকল্পনার মধ্যে আসানসোল মিউনিসিপ্যালিটি এলাকার জলসরবরাহ ব্যবস্থা কি এর মধ্যে পড়ে? না, সেটা স্বতন্ত্র?

শ্রীঅজিতকুমার পাঁজা: প্রথম জিনিস যেটা রয়েছে মাইথন রিজারভার থেকে যে জলসরবরাহ করা হবে তাতে আসানসোল মিউনিসিপ্যালিটির কিছু অংশ ফাঁক পড়ছে—কতটা ফাঁক পড়ছে নোটিস দিলে বলতে পারি।

শ্রীঅশ্বিনী রায়: আসানসোল শহরে এখন থেকেই জলকষ্ট আরম্ভ হয়েছে, এবং তার জন্য গতবারে আপনারা একটা সাময়িক ব্যবস্থা করেছিলেন, সেই ধরনের সাময়িক ব্যবস্থা করবেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই জলকষ্ট হবার সম্ভাবনা আছে ব'লে ১৫ দিন আগে আসানসোলে আমি একটা মিটিং করেছিলাম তাতে সুকুমার ব্যানার্জি ছিলেন ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট ছিলেন—আমরা তার জন্য স্কীম তৈরি ক'রে রেখে দিয়েছি। শ্যালো টিউব ওয়েল বা অন্য উপায়ে আমরা জলকষ্ট দূর করতে পারবো এবং তা মোকাবিলা করবার জন্য আমরা প্রস্তুত আছি।

শ্রীআবদুল বারি বিশ্বাস: ইহা কি সত্য যে, ঐ জলসরবরাহ পরিকল্পনায় তিনটি জেনারেটার বার্স্ট ক'রে গিয়েছে?

শ্রীঅজিতকুমার পাঁজা: শ্রী বিশ্বাস আবার ভুল করেছেন, বার্স্ট করেছে যেটা সেটা হচ্ছে রিফ্লেক্ট ভালব এবং একটি?

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে রাজ্যপালের ভাষণে যে তথ্য দেওয়া হয়েছিল সেটা সত্য কিনা?

Mr. Speaker: I disallow the question.

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: স্যার, উনি বললেন না, আর রাজ্যপালের ভাষণে রাজ্যপাল বললেন হয়েছে—তা হ'লে কোনটি সত্য, আর কোনটি মিথ্যা?

Mr. Speaker: Mr. Pramanik, you can elicit information from the Hon'ble Minister. It is not a matter of cross-examination and you cannot cite any statement from any other paper and contradict the Hon'ble Minister. You can have some information from the Hon'ble Minister but cannot cross-examine him.

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: স্যার, আমি দেখছি যে, একটা কন্ট্রাডিকসন হচ্ছে; উনি বলছেন না, আর রাজ্যপাল বলেছেন হয়েছে—এটা আমরা সঠিকভাবে জানতে চাই।

Mr. Speaker: If you feel that the statement that is being supplied in the House is not correct and the Hon'ble Minister is misleading the House you can bring a privilege motion before the House. But you cannot put supplementaries in this way.

শ্রীপূরঞ্জয় প্রামাণিক: তা হ'লে স্যার, আমি এটা প্রিভিলেজ মোসনে মুভ করছি।

শ্রীজ্যোতির্ময় মজুমদার: স্যার, আমি একটা প্রিভিলেজ মোসন আনতে চাই।

Mr. Speaker: You shall have to give due notice to office. I shall look into the matter and then decide whether it will be a privilege motion.

শ্রীজ্যোতির্ময় মজুমদার: স্যার, এই বিধানসভায় রাজ্যপালের যে ভাষণ বিতরণ করা হয়েছিল তার মধ্যে লেখা হয়েছিল যে, রানীগঞ্জ কয়লাখনি অঞ্চলে জলসরবরাহ করার সুবন্দোবস্ত করা হয়েছে। আমি মন্ত্রিমহাশয়ের কাছ থেকে জানতে চাচ্ছি যে এটা সত্য—কি অসত্য।

শ্রীকানাই ভৌমিক: স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার, সরকারের গুরুত্বপূর্ণ ঘোষণা পরস্পরবিরোধী বলে। এই পরস্পরবিরোধী তথ্য এখানে দেবার কারণ কি সেটা জানা দরকার। কোন কোশ্চেন করলে তার উত্তরে মন্ত্রিমহাশয় কোন বিভ্রান্তিকর তথ্য দিতে পারেন কিনা?

[2-00—2-10 p.m.]

মিঃ স্পীকার: মাননীয় মন্ত্রিমহাশয় কোন বিভ্রান্তিকর উত্তর দিতে পারেন না। যা তিনি বিশ্বাস করেন এবং যা ইনফর্মেসন তাঁর কাছে আছে......

On the basis of that information he is giving the answer on the floor of the House and that should be treated as correct answer. You all know that after getting the question the Minister has to collect various information and materials. His replies are based on those materials and information. Of course there may be some bonafide mistakes. But when he is giving the replies he has a bonafide belief that perhaps those materials and information are correct. If any honourable Member is not satisfied with his answer he may move a privilege motion and give a notice to me. But when he is stating should be accepted as true. It may so happen that the Hon'ble Minister can also amend his own reply subsequently if he finds that some mistakes have cropped up and that there was material defect in his reply. In that case he can rectify his previous answer.

শ্রীকানাই ভৌমিক: অ্যানাদার পয়েন্ট অব অর্ডার, স্যার, মাননীয় স্পীকার মহাশয়, আমার পয়েন্ট অব অর্ডার হচ্ছে এই, সরকারের দেয় দু'টি তথ্যের মধ্যে যদি গরমিল দেখা যায়, তা হ'লে কি মাননীয় মন্ত্রি মহাশয় যে তথ্য দেবেন সর্বোপরি সেটাই কারেক্ট ব'লে গণ্য হবে?

Mr. Speaker: The statement made by an Honourable Minister on the floor of the House will be accepted as true. This much I can say.

শ্রীকানাই ভৌমিক: মাই কোশ্চেন ইজ ক্লিয়ার, গভর্নমেন্টের দু'টি খুব গুরুত্বপূর্ণ মহল থেকে দেয় তথ্যের মধ্যে যদি কোন গরমিল থাকে, তা হ'লে মাননীয় মন্ত্রিমহাশয়ের দেয় তথ্যই কি সর্বোপরি কারেক্ট ব'লে গণ্য হবে?

Mr. Speaker: No, I cannot give a verdict on that. I can only say that the answer given by the Hon'ble Minister on the floor of the House is true. But if any honourable Member thinks that the Minister is deliberately suppressing some facts and misleading the House by not giving the correct answer then he can give a notice to move a privilege motion that the Hon'ble Minister is not giving the correct answer and he is misleading

the House and that it is the contempt of the entire House as what the Minister has stated is completely contradictory to the facts. If there is such a grave charge then I will certainly look into the matter and consider the privilege motion.

Now, question hour is over and I will pass on to the next item of business.

শ্রীকানাই ভৌমিক: স্যার, অন এ পয়েন্ট অব ইনফর্মেসন, আমার বক্তব্য হচ্ছে এই, বর্তমানে এই ঘূর্ণিবাত্যা এবং শিলা বৃষ্টির ফলে আমাদের মেদিনীপুর জেলার কতকগুলি অঞ্চল বিশেষ ক'রে তমলুক, ময়না, গড়বেতা ও শালবনী বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। ১০ জন মারা গেছে, কয়েকজন আহত হয়েছে এবং তাইচুং ফসল সম্পূর্ণ বিধ্বস্ত হয়েছে। পানের বরোজ সম্পূর্ণ বিনষ্ট হয়ে গেছে, কতকগুলি এলাকার লোক একেবারে গৃহহীন অবস্থায় আছে। সেখানে এখন রিলিফ গিয়ে পৌঁছায় নি, ত্রিপল পৌঁছায় নি, কোন কিছু ব্যবস্থা হয় নি। আমি সেই এলাকাগুলি ঘুরে দেখে এসেছি, এই অবস্থা সেখানে চলেছে। সরকার জেনে রাখুন এই রকম শিলাবৃষ্টি এবং ঘূর্ণিবাত্যা সেখানে সামগ্রিকভাবে যা ক্ষতি করেছে তার তুলনা নেই এবং এই ধরনের ঘটনা এখনও ঘটছে। এই দিকে স্বরায় ব্যবস্থা গ্রহণ করার জন্য সরকারকে অনুরোধ করছি।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায়: মাননীয় স্পীকারমহাশয়, মাননীয় সদস্য মহাশয় একটু আগে যা বললেন সে সম্পর্কে বলছি যে, সেখানে একটা গুরুতর অবস্থার সৃষ্টি হয়েছে, সেখানকার অবস্থা দেখে মনে হচ্ছে সমস্ত ধান যেন কেটে নিয়ে চলে গিয়েছে। এরকম অবস্থা খুব কম দেখা যায়। কাজেই এ দিকে দৃষ্টি দেবার জন্য মন্ত্রিসভাকে অনুরোধ জানাচ্ছি।

শ্রীজ্যোতির্ময় মজুমদার: মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি টেলিগ্রাম আপনাকে পাঠিয়েছিলাম গত ১২ তারিখে আপনি নিশ্চয় সেই টেলিগ্রামটি পেয়েছেন। আজকে এই সভায় জানাতে বাধ্য হচ্ছি যে, গত ১২ থেকে ১৪ তারিখ সন্ধ্যা ৬টা পর্যন্ত পুলিসের জুলুমের প্রতিবাদে আমি ও আমার সঙ্গে আরো ২৫ জন কর্মী অনশন করেছিলাম। যে তিনটি দাবি নিয়ে আমরা অনশন করেছিলাম সেগুলি হচ্ছে, কাটোয়ার এস ডি পি ও-র ট্রান্সফার, কাটোয়ার টাউন অফিসারের সাস্‌পেন্সান এবং মিথ্যা মামলা প্রত্যাহার। স্যার, আপনি জানেন, এটা আমি টেলিগ্রাম মারফত আপনাকে জানিয়েছিলাম। বর্ধমানের কাটোয়া সাবডিভিসনের পুলিস সাধারণ মানুষের উপর অত্যাচার করছে, এমন কি তাদের যেভাবে মারধোর করছে কোন সভ্যদেশের পুলিস সেভাবে অত্যাচার করতে পারে না। দুঃখের সঙ্গে জানাতে বাধ্য হচ্ছি, ৪৮ ঘণ্টা অনশন করার পরও আমার একটিও দাবি পূরণ করা হয় নি। তাই স্যার, বলছি, ১৮ তারিখ--রবিবারের মধ্যে যদি আমার দাবি পূরণ করা না হয়, তা হ'লে ১৯ তারিখ সোমবার বিকাল ৪টে থেকে আমি আমরণ অনশন করতে বাধ্য হব। আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ ক'রে বলছি, আমার দাবিগুলির প্রতি সরকার দৃষ্টি দিন, দাবিগুলি মেনে নিন এবং এ বিষয়ে যদি কোন বিবৃতি মন্ত্রিমহাশয়ের দেবার থাকে, তা হ'লে অবিলম্বে সে বিবৃতি এই হাউসে রাখুন।

শ্রীপঙ্কজকুমার ব্যানার্জী: মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্য একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করেছেন। সেখানে পুলিস নিরীহ জনতার উপর অত্যাচার করছে। কাজেই এ বিষয়ে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করা হোক।

Mr. Speaker: Regarding the facts which have been stated by Shri Mojumdar, I can also let you know that I received a telegram that Shri Mojumdar was undergoing hunger-strike for 48 hours and yesterday that fact was brought to the notice of this House. On receipt of the telegram from Shri Mojumdar, I sent the telegram with a note to the Hon'ble Chief Minister for taking necessary action in the matter.

Unfortunately, Hon'ble Chief Minister is not here. He has gone perhaps to Delhi. Even then the matter was brought to the notice of the Hon'ble Ministers, who were present.

ডাঃ রমেন্দ্রনাথ দত্ত ঃ অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, সেকশান ২০৯, সাব-সেকশান ৪এ-টা দেখুন স্যার, এখানে আছে যে, বাজেট সেসানে কোনরকম বিল বা অন্য কিছুর ডিসকাসন হতে পারে না। এ বিষয়ে আমি আপনার রুলিং চাইছি।

মিঃ স্পীকার ঃ আপনি সবটা পড়ুন।

Dr. Ramendra Nath Dutt: Sir, rule 209(4) reads as follows: (4) On a day appointed under sub-rule (1) for the voting of grants, no other business shall, except with the consent of the Speaker, be taken up earlier than one hour before the time fixed for adjournment for the day, but nothing.........

অ্যাডজর্নমেন্টের এক ঘণ্টা আগে হতে পারে, প্রথমে হতে পারে না।

Mr. Speaker: You are pointing out sub-rule (4) of rule 209, i.e.,—On a day appointed under sub-rule (1) for the voting of grants, no other business shall, except with the consent of the Speaker, etc., etc. If I give consent, I think the matter is quite all right. Not only myself, but also all my predecessors who occupied this position as Speaker always gave consent for taking up Bills. Besides, the question as to whether the Bills will be taken up was also decided in the Business Advisory Committee and the allocation of time and which Bills will be taken up on which date was also fixed up by the Business Advisory Committee and on the recommendation of the Business Advisory Committee the matter was placed before the House and it was unanimously adopted by the House. Perhaps you have forgotten it. Dr. Dutta, I know, you are a senior Member of this House. But when the resolution was moved by the Hon'ble Minister for Parliamentary Affairs and was unanimously accepted by this House, I think there is no point of order involved in it.

Dr. Ramendra Nath Dutt: I have never seen it previously

Mr. Speaker: I can say from my personal experience as a Member of this House for the last 17 years that, that is the practice.

Shri Gyan Singh Sohanpal: Let him see the proceedings of 1963.

Mr. Speaker: I think, Mr. Dutt will look into the proceedings of the House that it is being taken up regularly.

শ্রীঅশ্বিনী রায় ঃ মিঃ স্পীকার, স্যার, আসানসোলে জলের কষ্ট এত তীব্র আকার ধারণ করেছে, সেইজন্য ওখানকার এম এল এ এই বিষয়ে টেলিগ্রাম পাঠিয়েছেন, আমি সেটা পড়ছি না, কিন্তু আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের কাছে এই টেলিগ্রামটি পাঠিয়ে দিচ্ছি এবং তাঁকে এই বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ জানাচ্ছি।

STARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

টিটাগড় পেপার মিলের সুপারভাইজারি স্টাফ ছাঁটাই

*৬২৯। (অনুমোদিত প্রশ্ন নং *১০৮৯।) **শ্রীশিশিরকুমার ঘোষঃ** শ্রম বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) টিটাগড় পেপার মিলের সুপারভাইজারি স্টাফের কর্মবিরতির কারণ কি;

(খ) সুপারভাইজারি স্টাফদের কতজনকে ছাঁটাই করা হয়েছে; এবং

(গ) সরকারের তরফ থেকে ছাঁটাই কর্মচারীদের পুনর্বহাল করাবার জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ছয়জন সুপারভাইজারি স্টাফকে ছাঁটাই করায় কোম্পানীর সুপারভাইজারি স্টাফদের এক অংশ কর্মবিরতি পালন করিয়াছিলেন।

(খ) ছয়জনকে।

(গ) শ্রমমন্ত্রীর হস্তক্ষেপের ফলে বিরোধটির ১২ই মার্চ, ১৯৭৩ তারিখে মীমাংসা হইয়াছে।

হাস্কিং মিলের লাইসেন্স

*৬৩০। (অনুমোদিত প্রশ্ন নং *১১৬৯।) **শ্রীফণিভূষণ সিংহ-বাবুঃ** খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার বেকার শিক্ষিত যুবকদের নিকট হইতে হাস্কিং মিলের লাইসেন্সের জন্য কয়টি দরখাস্ত পাওয়া গিয়াছে;

(খ) উক্ত জেলায় কিভাবে হাস্কিং মেশিন লাইসেন্স দেওয়া হইতেছে ও এই জন্য কোন কমিটি করা হইয়াছে কিনা; এবং

(গ) হইয়া থাকিলে, কমিটির সদস্যদের নাম কি?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বাঁকুড়া জেলা হইতে প্রাপ্ত মোট ৫৩৪টি নূতন হাস্কিং মিল পারমিট/লাইসেন্স-এর আবেদনপত্রের মধ্যে কতগুলি উক্ত জেলার শিক্ষিত বেকার যুবকদের নিকট হইতে পাওয়া গিয়াছে তাহা এ বিষয়ে স্থানীয় তদন্তের পূর্বে বলা সম্ভব নহে।

(খ) সরকারের সংশোধিত আদেশ জারী হওয়ার পর হইতে আজ পর্যন্ত এই রাজ্যে কাহাকেও কোন পারমিট দেওয়া হয় নাই, সুতরাং বাঁকুড়া জেলায় হাস্কিং মেশিন লাইসেন্স দেওয়া হইতেছে —এ প্রশ্ন উঠে না। অবশ্য এই রাজ্যের বিভিন্ন জেলায় প্রয়োজনানুসারে নূতন পারমিট মঞ্জুর করিবার বিষয়ে খাদ্য ও সরবরাহ অধিকর্তাকে উপদেশ প্রদানের নিমিত্ত সরকার সমগ্র রাজ্যের জন্য "হাস্কিং মিল্‌স অ্যাডভাইসরি কমিটি" নামক মাত্র একটি কমিটি গঠন করিয়াছেন।

(গ) উক্ত উপদেষ্টা কমিটির সদস্যদের নাম নিম্নে দেওয়া হইলঃ

(১) শ্রী এস কে সেনগুপ্ত, আই এ এস, ডাইরেকটর অফ ডিস্ট্রিক্ট ডিস্ট্রিবিউশন, প্রোকিওর-মেন্ট অ্যান্ড সাপ্লাই—চেয়ারম্যান।

(২) শ্রী পি কে সেনগুপ্ত, অ্যাডিশন্যাল ডাইরেকটর অফ রেশনিং (বর্তমানে ডাইরেকটর, নন্‌-সিরিয়াল এসেন্সিয়াল কমোডিটিজ)—সেক্রেটারী কনভেনর।

(৩) অধ্যাপক সৌগত রায়, ৭৭ আচার্য জগদীশচন্দ্র বোস রোড, কলিকাতা—মেম্বার।

(৪) শ্রীরজনীকান্ত দোলুই, এম এল এ, গ্রাম কল্যাণপুর, পোঃ নারাজোল, থানা দাশপুর, জেলা মেদিনীপুর—মেম্বার।

(৫) শ্রীঅজিতকুমার বসু, এম এল এ, গ্রাম খেলার, পোঃ কালচিনী, থানা খড়্গপুর, জেলা মেদিনীপুর—মেম্বার।

(৬) শ্রীসুকুমার চট্টোপাধ্যায়, এম এল এ, গ্রাম বোকরা, পোঃ রায়না, জেলা বর্ধমান—মেম্বার।

(৭) শ্রীতুহিনকুমার সামন্ত, এম এল এ, ১ রানীসাগর দক্ষিণঘাট, বর্ধমান—মেম্বার।

(৮) শ্রীআবদুল বারি বিশ্বাস, এম এল এ, গ্রাম উত্তর ঘোষপাড়া, পোঃ মুরাদপুর আর্জি, থানা জলঙ্গী, জেলা মুর্শিদাবাদ—মেম্বার।

(৯) শ্রীপঞ্চানন সিনহা, এম এল এ, গ্রাম ও পোঃ ক্যানিং, জেলা ২৪-পরগনা—মেম্বার।

(১০) শ্রীকুমুদ মণ্ডল, প্রাক্তন এম এল এ, পোঃ বারুইপুর, জেলা ২৪-পরগনা—মেম্বার।

(১১) শ্রীঅজিত বোস, পোঃ ও জেলা মালদহ—মেম্বার।

(১২) শ্রীস্বরাজবন্ধু ভট্টাচার্য, পোঃ রায়গঞ্জ, জেলা পশ্চিম দিনাজপুর—মেম্বার।

(১৩) শ্রীপিযুষ বোস, পোঃ শিলিগুড়ি, জেলা দার্জিলিং—মেম্বার।

(১৪) অধ্যাপক মানবেন্দ্র মৌলিক, পোঃ ও জেলা জলপাইগুড়ি—মেম্বার।

(১৫) শ্রীঅশোককুমার দত্ত, মিউনিসিপ্যাল কমিশনার, পোঃ শান্তিপুর, জেলা নদীয়া—মেম্বার।

(১৬) শ্রীএরসাদ খাঁন, ৪২ ওয়েস্টার্ন স্ট্রীট, কলিকাতা ১৩—মেম্বার।

(১৭) শ্রীমোতাহার হোসেন, এম এল এ, গ্রাম ও পোঃ রামপুরহাট, জেলা বীরভূম—মেম্বার।

(১৮) শ্রীনীরেন সেনগুপ্ত, রবীন্দ্র সরণী, বাঁকুড়া—মেম্বার।

(১৯) শ্রীসনতকুমার মুখার্জি, এম এল এ, পোঃ ও জেলা পুরুলিয়া—মেম্বার।

(২০) শ্রীসুনীল কর, এম এল এ, নরনারায়ণ রোড (উত্তর), পোঃ ও জেলা কুচবিহার—মেম্বার।

(২১) শ্রীশিবু চৌধুরী, মিউনিসিপ্যাল কমিশনার, পোঃ কৃষ্ণনগর, জেলা নদীয়া—মেম্বার।

(২২) অধ্যাপক শেখর ব্যানার্জী, পোঃ কাঁথি, জেলা মেদিনীপুর মেম্বার।

(২৩) শ্রীভোলানাথ ঘোষ, ২৮ বৌবাজার স্ট্রীট, কলিকাতা-১২—মেম্বার।

(২৪) শ্রীসন্তোষকুমার মন্ডল, এম এল এ, গ্রাম চাকধানুমন্ডল, পোঃ শ্যামবাসুর চক্, থানা কুলপি, জেলা ২৪-পরগনা—মেম্বার।

(২৫) শ্রীনির্মল ব্যানার্জী, সহ-সভাপতি, ২৪-পরগনা জেলা যুব কংগ্রেস, ১২৭এ পার্ক স্ট্রীট, কলিকাতা—মেম্বার।

(২৬) শ্রীসনৎকুমার মুখার্জি, সভাপতি, মধ্য কলিকাতা জেলা কংগ্রেস কমিটি, ১৬ গোকুল বড়াল স্ট্রীট, কলিকাতা-১২—মেম্বার।

(২৭) শ্রীঅনিল গুহনিয়োগী, পোঃ ধুপগুড়ি, জেলা জলপাইগুড়ি—মেম্বার।

(২৮) শ্রীমোসলেউদ্দিন আহমেদ, এম এল এ, গ্রাম কোকিল, পোঃ দৌলতপুর, থানা বংশীহারি, জেলা পশ্চিম দিনাজপুর—মেম্বার।

(২৯) শ্রীগৌতম চক্রবর্তী, এম এল এ, "পবিত্র বিহার", বাঁধ রোড, পোঃ মালদহ, থানা ইংলিশবাজার, জেলা মালদহ—মেম্বার।

গ্রামীণ ট্যাপ-ওয়াটার স্কীম

***৬৩১।** (অনুমোদিত প্রশ্ন নং *৯৪১।) **শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ** স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কেন্দ্রীয় সরকার পশ্চিমবংগ সরকারকে গ্রামীণ ট্যাপ-ওয়াটার স্কীমের জন্য টাকা মঞ্জুর করেছিলেন; এবং

(খ) সত্য হইলে,

(১) কোন্ সালে কত টাকা মঞ্জুর করেছিলেন, ও

(২) উক্ত স্কীম পশ্চিমবাংগলায় চালু হয়েছে কিনা ও হলে, কোথায় কোথায় ?

স্বাস্থ্য (গ্রামীণ জলসরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এবং (খ) ১৯৭২-৭৩ সালে কেন্দ্রীয় সরকারের অ্যাকসেলেরেটেড রুরাল ওয়াটার সাপ্লাই কার্যক্রমের মাধ্যমে নিম্নলিখিত ৪টি প্রকল্প ৩২ লক্ষ ৫৯ হাজার টাকা ব্যয়ে মঞ্জুর করিয়াছিলেন—

(১) ময়নাগুড়ি;

(২) দুবরাজপুর;

(৩) মানবাজার; এবং

(৪) শালতোড়া।

ঐ চারটি প্রকল্পের সম্পূর্ণ ব্যয় কেন্দ্রীয় সরকার বহন করছেন।

বেকার বাঙালী

***৬৩২।** (অনুমোদিত প্রশ্ন নং *১১৪৫।) **শ্রীরজনীকান্ত দলুইঃ** শ্রম বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে বাঙালী বেকারের সংখ্যা কত;

(খ) আগামী ফাইনান্সিয়াল বৎসরে কতজন বেকারের কর্মসংস্থান হতে পারে বলে আশা করা যায়;

(গ) মার্চ, ১৯৭২ হ'তে ২৩শে ফেব্রুয়ারি, ১৯৭৩ পর্যন্ত কতজন বেকারের কর্মসংস্থান হয়েছে; এবং

(ঘ) চাকুরি ছাড়া অন্য কোন কর্মসংস্থান প্রকল্প সরকারের বিবেচনাধীন আছে কি ?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বাঙালী অবাঙালী নির্বিশেষে কর্মপ্রার্থীদের নাম এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলিতে তালিকাভুক্ত করা হইয়া থাকে। ৩১শে জানুয়ারি, ১৯৭৩ তারিখে পশ্চিমবঙ্গের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলিতে মোট ১৪,০৩,৯২৯ জন তালিকাভুক্ত কর্মপ্রার্থীর মধ্যে আনুমানিক শতকরা ৯৫ জন বাঙালী।

(খ) ১৯৭২ সালে ২৫,৭৪০ জন কর্মপ্রার্থী এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে চাকুরি পাইয়াছিলেন। আগামী ফাইনান্সিয়াল বৎসরে অর্থাৎ ১৯৭৩-৭৪ সালে অনুরূপ সংখ্যা বা তদপেক্ষা কিছু বেশী সংখ্যক কর্মপ্রার্থীর কর্মসংস্থান হইতে পারে।

(গ) মার্চ, ১৯৭২ হইতে জানুয়ারি, ১৯৭৩ পর্যন্ত ২৩,৬৩২ জন কর্মপ্রার্থীর এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলির মাধ্যমে কর্মসংস্থান হইয়াছে। ১৯৭৩ সালের ফেব্রুয়ারি মাসের পরিসংখ্যান এখনও পাওয়া যায় নাই।

(ঘ) এই সম্পর্কে একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

পশ্চিম দিনাজপুরের বনাঞ্চলে রেস্ট হাউস

***৬৩৪।** (অনুমোদিত প্রশ্ন নং *১৪১০।) **শ্রীযতীন্দ্রমোহন রায়ঃ** বন বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় বিভিন্ন বনাঞ্চলে কতগুলি রেস্ট হাউস নির্মাণ করা হইয়াছে; এবং

(খ) রেস্ট হাউসগুলি হইতে বাৎসরিক আয় কত?

বন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) তিনটি।

(খ) কোন আয় হয় না।

দুবরাজপুর জলসরবরাহ প্রকল্প

***৬৩৫।** (অনুমোদিত প্রশ্ন নং *১০১৭।) **শ্রীশচীনন্দন সাউঃ** স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) বীরভূম জেলায় দুবরাজপুরে জল সরবরাহ প্রকল্পের কাজ সরকার কর্তৃক অনুমোদিত হইয়াছে কিনা; এবং

(খ) হইলে, উহার কাজ কবে নাগাদ শুরু ও শেষ হইবে?

স্বাস্থ্য (গ্রামীণ জলসরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) প্রাথমিক কাজ শুরু হয়েছে। ১৯৭৫-৭৬ সাল নাগাদ শেষ হবে আশা করা যায়।

সিমেন্ট

***৬৩৬।** (অনুমোদিত প্রশ্ন নং *১৮৬০।) **শ্রীনরেশচন্দ্র চাকীঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে সিমেন্ট কোথা থেকে আসে; এবং

(খ) কি ভাবে এই সিমেন্ট বণ্টন করা হয়?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বর্তমানে পশ্চিমবঙ্গে বিহার, উড়িষ্যা, মধ্য-প্রদেশ, মহীশূর ও তামিলনাড়ু এই পাঁচটি রাজ্য থেকে সিমেন্ট আমদানি করা হয়।

(খ) বর্তমানে সিমেন্ট বণ্টনের উপর কোন সরকারী নিয়ন্ত্রণ নাই। এখন অন্য আর পাঁচটি অনিয়ন্ত্রিত জিনিসের মতই ব্যবসায়িক ভিত্তিতে সিমেন্টের ক্রয়বিক্রয় হয়ে থাকে।

নার্সিং ট্রেনিং

***৬৩৭।** (অনুমোদিত প্রশ্ন নং *১০৮৩।) **শ্রীশম্ভুনারায়ণ গোস্বামীঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ১৯৭২ সালে কতজন সিনিয়র ও কতজন জুনিয়র নার্সের (মহিলা) পরীক্ষা গ্রহণ করা হইয়াছে এবং তাহাদের মধ্যে কতজনকে প্যানেলভুক্ত করা হইয়াছে;

(খ) যাদের নাম প্যানেলভুক্ত করা হইয়াছে তাহাদের সকলকেই ট্রেনিং দেওয়ার ব্যবস্থা করা হইয়াছে কি; এবং

(গ) না হইয়া থাকিলে, তাহার কারণ কি?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক)

	পরীক্ষার্থীর সংখ্যা	প্যানেলভুক্ত সংখ্যা
সিনিয়র নার্সিং	৩,০৩৩	২৬১
জুনিয়র নার্সিং	১,৭৯৩	২৬৫

(খ) না।

(গ) নীচের তিনটি কারণে প্যানেলভুক্ত সকলের এখন পর্যন্ত ট্রেনিং-এর ব্যবস্থা করা যায় নিঃ

(১) প্রতিটি প্যানেলই দুটি সেসন-এর জন্য তৈরি করা হচ্ছে। দ্বিতীয় সেসন এখনও শুরু হয় নি।

(২) যাদের শিক্ষাকেন্দ্রে যোগ দিতে ডাকা হয়েছিল তারা সকলে যোগ দিতে আসে নি।

(৩) প্যানেলভুক্ত সকলে স্বাস্থ্য পরীক্ষায় পাস করতে পারে নি।

সরকারী গুদামে মজুত খুদ

*৬৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৬২।) **শ্রীসুধীরচন্দ্র দাসঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে সরকারী গুদামে মজুত খুদ মহারাষ্ট্র প্রভৃতি অন্য প্রদেশে চালান করিবার জন্য নির্দেশ আসিয়াছে, এবং

(খ) সত্য হইলে, পশ্চিমবঙ্গের জন্য ঐ খুদের বরাদ্দ না থাকার কারণ কি এবং এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পশ্চিমবঙ্গের "ভারতীয় খাদ্য কর্পোরেশন" এর গুদামে মজুত খুদ মহারাষ্ট্র সহ অন্য কোন রাজ্যে চালান করিবার নির্দেশ আসে নাই।

(খ) এ প্রশ্ন উঠে না।

জেলা ও মহকুমা হাসপাতালগুলির শয্যাসংখ্যা

*৬৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *১১০০।) **শ্রীভবতারণ চক্রবর্তীঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, জেলা হাসপাতালগুলির শয্যাসংখ্যা বৃদ্ধি করিয়া ৫০০ ও মহকুমা হাসপাতালগুলিতে ২৫০ শয্যার ব্যবস্থা করা হইবে বলিয়া সিদ্ধান্ত হইয়াছে;

(খ) সরকার কি অবগত আছেন যে, বাঁকুড়া জেলার বিষ্ণুপুর মহকুমা হাসপাতালে শয্যাসংখ্যা বর্তমানে ৫৮ অথচ এই হাসপাতালে ১৫০ এর উপর রোগী থাকে এবং অনেক রোগীকে মেঝের উপর শুইয়া থাকিতে হয়;

(গ) অবগত থাকিলে, এই হাসপাতালটির শয্যাসংখ্যা বৃদ্ধি করার পরিকল্পনা আছে কিনা এবং থাকিলে, কবে নাগাদ উহা কার্যকরী হইবে;

(ঘ) এই হাসপাতালের অ্যাম্বুলেন্সটি বিকল হইয়া পড়িয়াছে এবং এক্স-রে যন্ত্রটিও মধ্যে মধ্যে বিকল হইয়া পড়ায় ফটো তোলার ব্যাঘাত সৃষ্টি হয়—এ বিষয়ে সরকারের কোন সংবাদ আছে কি;

(ঙ) থাকিলে, এই অ্যাম্বুলেন্সটির পরিবর্তে একটি নূতন অ্যাম্বুলেন্স ও একটি নূতন এক্স-রে যন্ত্র সরবরাহ করার বিষয় সরকার কি ব্যবস্থা করিয়াছেন; এবং

(চ) এই হাসপাতালে কম্বল ও বিছানার চাদরের জন্য বারবার তাগাদা দেওয়া সত্ত্বেও ঐগুলি এখনও না পেঁছানর কারণ কি এবং কবে নাগাদ ঐগুলি পেঁছাইবে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) এবং (গ) এ হাসপাতালের বর্তমান শয্যাসংখ্যা (৫৮) প্রয়োজনের তুলনায় কম হওয়ায় রোগীদের খুব অসুবিধা হচ্ছে। সেজন্য শীঘ্রই ৬৭টি অতিরিক্ত শয্যা এখানে চালু করা হবে।

আরও ৪৫টি শয্যার ব্যবস্থা করার জন্য নতুন নির্মাণকার্য শীঘ্রই অনুমোদিত হবে।

(ঘ) এবং (ঙ) অ্যাম্বুলেন্সটি খুব পুরানো ব'লে এখানে একটি নতুন অ্যাম্বুলেন্স দেবার প্রস্তাব আছে।

এক্স রে সম্বন্ধে খোঁজ নেওয়া হচ্ছে। কোন ত্রুটি থাকলে সংশোধন করার ব্যবস্থা করা হবে। আর প্রয়োজন বোধে নূতন এক্স-রে দেবার বিষয় বিবেচনা করা হবে।

(চ) গত ডিসেম্বরে এখানে ১১৪টি কম্বল পাঠানো হয়েছে।

পাঁশকুড়ায় ৫০-শয্যাবিশিষ্ট নূতন হাসপাতাল

*৬৪০। (অনুমোদিত প্রশ্ন নং *১১৩৫।) **ডাঃ ওমর আলিঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) মেদিনীপুর জেলার পাঁশকুড়ায় ৫০-শয্যাবিশিষ্ট একটি নূতন হাসপাতাল প্রতিষ্ঠা করার কোন প্রস্তাব সরকারের আছে কি, এবং

(খ) থাকিলে--

(১) হাসপাতাল প্রতিষ্ঠার কাজ কতদূর অগ্রসর হয়েছে, এবং

(২) কবে নাগাদ উক্ত হাসপাতাল চালু হবে বলে আশা করা যায়?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

ব্লাড ব্যাঙ্ক

*৬৪১। (অনুমোদিত প্রশ্ন নং *১১৩৬।) **ডাঃ রমেন্দ্রনাথ দত্তঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি–

(ক) পশ্চিমবাংলায় ব্লাড ব্যাঙ্ক নাই, এরকম কোন জেলা আছে কি; এবং

(খ) থাকিলে—

(১) কয়টি জেলায় ব্লাড ব্যাঙ্ক নাই; এবং

(২) এই বৎসরের মধ্যে কোন জেলায় ঐরূপ ব্লাড ব্যাঙ্ক স্থাপন করার পরিকল্পনা আছে কি?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না।

(খ) (১) এবং (২) প্রশ্ন ওঠে না।

ময়ূরেশ্বর ২নং ব্লকে প্রাথমিক হেলথ সেন্টার

*৬৪২। (অনুমোদিত প্রশ্ন নং *১১৭০।) **শ্রীলালচাঁদ ফুলমালি:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার ময়ূরেশ্বর ২নং ব্লকে কোন প্রাথমিক হেলথ সেন্টার না খোলার কারণ কি;

(খ) উক্ত স্থানে প্রাথমিক হেলথ সেন্টার স্থাপনের জন্য কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(গ) থাকিলে, কবে নাগাদ তাহা কার্যকরী হইবে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ঐ ব্লকের সাতপালসায় (বাসুদেবপুর) একটি ১০ শয্যা-যুক্ত প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র অস্থায়িভাবে চালু আছে।

(খ) স্থায়ী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পরিকল্পনা আছে।

(গ) এখন সঠিক বলা সম্ভব নয়।

পুরুলিয়া বরাবাজার ব্লকে স্বাস্থ্যকেন্দ্র

*৬৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *১১৯০।) **শ্রীরূপসিং মাঝি:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) পুরুলিয়া জেলার বরাবাজার ব্লকে কোন শ্রেণীর কয়টি স্বাস্থ্যকেন্দ্র আছে;

(খ) উক্ত স্বাস্থ্যকেন্দ্রের কার্য পরিচালনার জন্য কোন গৃহ আছে কিনা;

(গ) থাকিলে, উহার বর্তমান অবস্থা কিরূপ;

(ঘ) ঐ গৃহ পুনর্নির্মাণের কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(ঙ) থাকিলে কবে নাগাদ উহা রূপায়িত হইবে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) বর্তমানে একটি অস্থায়ী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র চালু আছে।

(খ) এবং (গ) স্বাস্থ্যকেন্দ্রটির গৃহাদির অবস্থা সন্তোষজনক নয়।

(ঘ) আছে।

(ঙ) এখন সঠিক বলা সম্ভব নয়।

নদিয়া জেলায় স্বাস্থ্যবিভাগের গাড়ি খোয়া যাওয়ার ব্যাপারে তদন্ত

*৬৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *১১৪০।) **শ্রীকার্ত্তিকচন্দ্র বিশ্বাস:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) ইহা কি সত্য যে, সম্প্রতি নদিয়া জেলার স্বাস্থ্য বিভাগের গাড়িটি খোয়া গিয়াছে;

(খ) সত্য হইলে, (১) কবে খোয়া গিয়াছে; ও (২) উহা উদ্ধারের জন্য কি ব্যবস্থা করা হইয়াছে; এবং

(গ) এই খোয়া যাওয়ার ব্যাপারে কোন তদন্ত করা হইয়াছে কিনা এবং হইলে, তাহার রিপোর্ট কি?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) না।

(খ) এবং (গ) প্রশ্ন ওঠে না।

প্রাথমিক ও উপ-স্বাস্থ্যকেন্দ্রে প্রয়োজনীয় ঔষধ

*৬৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *১২৪৬।) **শ্রীগিয়াসুদ্দিন আহম্মদঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, প্রাথমিক ও উপ-স্বাস্থ্যকেন্দ্রগুলিতে বরাদ্দ ঔষধের পরিমাণ প্রয়োজনের তুলনায় অনেক কম; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এবং (খ) ঔষধের দাম বেড়ে যাওয়ায় বরাদ্দ অর্থ অনেক সময় কম হয়।

উলুবেড়িয়া হাসপাতাল

*৬৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *১২৬৬।) **শ্রীরবীন্দ্র ঘোষঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উলুবেড়িয়া শহরে যে মহকুমা হসপিটাল আছে বর্তমানে তাহার দুরবস্থার বিষয় সরকার অবগত আছেন কি;

(খ) থাকিলে, ঐ হসপিটালে প্রয়োজনীয় ডাক্তার ও সাজসরঞ্জাম আছে কিনা এবং না থাকিলে, তাহার কারণ কি;

(গ) উলুবেড়িয়া হসপিটালে একটি ব্লাড ব্যাঙ্ক স্থাপনের কোন পরিকল্পনা আছে কি?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) সরকারের কাছে এ রকম কোন খবর নেই।

(খ) প্রয়োজনীয় ডাক্তার ও সাজসরঞ্জাম আছে।

(গ) বর্তমানে নেই।

এগরা ও পানিপারুল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

*৬৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *১২৭৯।) **শ্রীসামসুল আলম খানঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় এগরা ১নং ব্লকে এগরা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ও এগরা ২নং ব্লকের পানিপারুল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে শয্যা সংখ্যা কত;

(খ) শয্যা সংখ্যা অনুসারে ঐ সমস্ত প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসক নিযুক্ত আছেন কিনা; এবং

(গ) ঐ দুই স্বাস্থ্যকেন্দ্রে টেলিফোন দেওয়ার জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এগরা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ৫০ শয্যা এবং পানিপারুল অস্থায়ী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ৬ শয্যা।

(খ) এগরা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ৪ জন চিকিৎসক থাকবার কথা। বর্তমানে সেখানে ৩ জন আছেন। পানিপারুল অস্থায়ী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ১ জন থাকবার কথা। ১ জনই নিযুক্ত আছেন।

(গ) এগরা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে টেলিফোন দেবার জন্য প্রয়োজনীয় এস্টিমেট সংগ্রহ করা হচ্ছে। পানিপারুল স্বাস্থ্যকেন্দ্রের জন্য প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করা হচ্ছে।

জঙ্গিপুর মহকুমা সদর হাসপাতাল

*৬৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৩৫।) **শ্রীহাবিবুর রহমানঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার জঙ্গিপুর মহকুমা সদর হাসপাতালে কয়টি রোগীর বিছানা নির্দিষ্ট আছে;

(খ) গত এক বৎসরে দৈনিক গড়ে কতজন রোগী হাসপাতালে ভর্তি ছিল;

(গ) উক্ত হাসপাতালে রোগীর সংখ্যানুপাতে ডাক্তার ও অন্যান্য কর্মচারী আছেন কিনা;

(ঘ) হাসপাতালে ভর্তি রোগীদের সংগে সাক্ষাৎ করার জন্য বহিরাগতদের জন্য সময় নির্দিষ্ট করা আছে কিনা; এবং

(ঙ) সময় নির্দিষ্ট থাকিলে তা পালন করা হয় কিনা, দেখার কি ব্যবস্থা আছে ?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৬৮টি।

(খ) ১০০ থেকে ১২৫ জন।

(গ) আছেন। তবে বেশী রোগী আসার জন্য তাঁদের অসুবিধা হয়।

(ঘ) আছে।

(ঙ) ওয়ার্ডগুলির প্রধান প্রবেশ পথে দারোয়ান আছে।

মুর্শিদাবাদ সদর ও লালবাগ হাসপাতালের ঔষধ ও পথ্যের চোরাকারবার

*৬৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৫৮।) **শ্রীমহম্মদ দেদার বক্সঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার সদর হাসপাতালে এবং লালবাগ হাসপাতালে রোগীদের ঔষধ ও পথ্যাদি নিয়ে চোরাকারবার হচ্ছে, এ বিষয়ে কোন অভিযোগ সম্প্রতি সরকার পেয়েছেন কি;

(খ) পেয়ে থাকলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করেছেন; এবং

(গ) পশ্চিমবংগের বিভিন্ন হাসপাতালে জনপ্রতিনিধিমূলক কমিটি করে হাসপাতালের পরিচালনভার দেওয়ার কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) না।

কানাইপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

*৬৫০। (অনুমোদিত প্রশ্ন নং *১৪২০।) **শ্রীগোবিন্দ চ্যাটার্জীঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সমগ্র উত্তরপাড়া থানা এলাকায় কানাইপুর অঞ্চলে প্রস্তাবিত কানাইপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটি গ্রাম এলাকার একমাত্র স্বাস্থ্যকেন্দ্র হবে;

(খ) সত্য হইলে, উক্ত স্বাস্থ্যকেন্দ্রের গৃহনির্মাণ হয়ে গেলেও কেন্দ্রটি এখনও চালু না করার কারণ কি;

(গ) কবে এই স্বাস্থ্যকেন্দ্র চালু করা হবে; এবং

(ঘ) কতগুলি বেড থাকবে এবং কোন বিশেষজ্ঞ চিকিৎসক থাকবেন কি ?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) উত্তরপাড়া শ্রীরামকৃষ্ণ ব্লক অঞ্চলে দুটি উপ-স্বাস্থ্য-কেন্দ্র স্থাপিত না হওয়া পর্যন্ত কানাইপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটিই একমাত্র স্বাস্থ্যকেন্দ্র।

(খ) পূর্ত বিভাগের কাছ থেকে এখনও গৃহাদির দখল পাওয়া যায় নি।

(গ) দখল পাওয়া গেলেই এটা চালু করার ব্যবস্থা করা হবে।

(ঘ) এই স্বাস্থ্যকেন্দ্রে ৬টি শয্যা থাকবে। কোন বিশেষজ্ঞ চিকিৎসক থাকবেন না।

বন বিভাগের কতিপয় অফিসারের বিরুদ্ধে ভিজিলেন্স কমিশনের রিপোর্ট

*৬৫১। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯।) **শ্রীমহম্মদ সফিউল্লাঃ** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গের বন বিভাগের কয়েকজন অফিসারের বিরুদ্ধে ভিজিলেন্স কমিশনের রিপোর্ট আছে;

(খ) সত্য হলে, কোন কোন্ অফিসারের বিরুদ্ধে এবং সরকার তাঁদের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করেছেন; এবং

(গ) উক্ত রিপোর্টগুলি সভায় পেশ করবেন কি?

বন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) ও (গ) যেহেতু রিপোর্টগুলি গোপনীয় এবং বর্তমানে বিবেচনাধীন আছে ঐগুলি এবং ঐ অফিসারদের নাম জনস্বার্থের খাতিরে এখনই জানানো সম্ভব নয়। তবে এই বিষয়ে সরকার যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করিতেছেন।

Gouripur State Leprosy Home and Hospital

652. (Admitted question No. 623.) **Shri Kashinath Misra:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether the Government is aware that (i) the State Leprosy Home and Hospital at Gouripur is always full and at no time the number of inmates falls below 530, and (ii) the aforesaid Home is going to be closed down; and

(b) if so, what action has been taken or proposed to be taken by the Government for its continuance?

The Minister for Health Department: (a) (i) Yes.

(ii) No.

(b) Does not arise.

বনস্পতি তৈলকলে সরিষার ব্যবহার

*৬৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৩১।) **শ্রীঅশ্বিনী রায়ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বনস্পতি তৈলকলগুলি প্রচুর সরিষা ব্যবহার করিতেছে;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি;

(গ) গত তিন বৎসরে এবং ১৯৭৩ সালের জানুয়ারি ও ফেব্রুয়ারি মাসে পশ্চিমবাংলার বনস্পতি তৈলকলগুলি কি পরিমাণ সরিষা ও সরিষাজাতীয় বীজের ব্যবহার করিয়াছে; এবং

(ঘ) পশ্চিমবঙ্গে উক্ত বৎসরগুলির প্রতি বৎসরে অন্যান্য রাজ্য হইতে কত সরিষা আমদানী করা হইয়াছে ?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এবং (খ) হ্যাঁ। বনস্পতি উৎপাদনে বাদাম তৈলের প্রতিকল্প (সাবস্টিটিউট) হিসাবে ব্যবহারের নিমিত্ত বনস্পতি উৎপাদকগণ পরিশোধিত সরিষার তৈল উৎপাদন করিতেছেন। ইহার কারণ হইল, ১৫॥ কিলোগ্রাম (টিন সহ) পরিশোধিত সরিষার তৈলের মূল্য টিনসহ সম পরিমাণ বাদাম তৈলের মূল্য অপেক্ষা ১০ টাকা কম। ইহা ব্যতীত মূল্য কম হওয়ার জন্য হোটেল এবং রেস্তোরাঁয় পরিশোধিত সরিষার তৈলের চাহিদা থাকায় বনস্পতি উৎপাদকগণ উক্ত তৈল উৎপাদন করিয়া বাজারে বিক্রয় করিতেছেন।

(গ) এবং (ঘ) সরিষা এবং সরিষা জাতীয় বীজ ব্যবসায়িগণ ব্যবসায়িক ভিত্তিতে আমদানি করায় সরকারের নিকট এই সম্পর্কে কোন সুস্পষ্ট রিপোর্ট নাই; তবে ব্যবসায়িক মহল হইতে জানা গিয়াছে যে, ব্যবসায়িগণ ব্যবসায়িক ভিত্তিতে এই রাজ্যে প্রতি বৎসর ২॥ হইতে ৩ লক্ষ টন সরিষা আমদানি করিয়া থাকেন।

রানীগঞ্জ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

***৬৫৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৮৭০।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলায় রাণীগঞ্জ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে প্রয়োজনীয় সংখ্যক চিকিৎসক নাই; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি এবং উক্ত স্বাস্থ্যকেন্দ্রে প্রয়োজনীয় চিকিৎসক ও ঔষধ সরবরাহের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন ?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) ডাক্তারের স্বল্পতা হেতু প্রয়োজনীয় সংখ্যক চিকিৎসক উক্ত স্বাস্থ্যকেন্দ্রে নিযুক্ত করা সম্ভব হয় নাই।

পাবলিক সার্ভিস কমিশন মনোনীত একজন চিকিৎসককে উক্ত স্বাস্থ্যকেন্দ্রে কাজ করিবার জন্য নিয়োগপত্র দেওয়া হইয়াছে।

ঔষধ সরবরাহের অপ্রাচুর্যের কথা গোচরে আসিলে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হয়।

গ্রামাঞ্চলে নূতন হাসপাতাল নির্মাণ

***৬৫৫।** (অনুমোদিত প্রশ্ন নং *১০৭১।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রামাঞ্চলে নূতন হাসপাতাল নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কি;

(খ) থাকিলে, কতগুলি নির্মাণ করা হইবে, এবং

(গ) কবে নাগাত উহাদের নির্মাণকার্য শুরু হইবে ?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) ১৯টি দশ-শয্যাযুক্ত প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ত্রিশ-শয্যাযুক্ত গ্রামীণ হাসপাতালে উন্নীত করার একটি প্রস্তাব বিবেচিত হচ্ছে। এ ছাড়া আর দুটি প্রস্তাবও পরীক্ষাধীন আছে।

(গ) এখন বলা সম্ভব নয়।

Enquiry Commission on the workings of the Medical Colleges

*656. (Admitted question No. *1291.) **Shri Rajani Kanta Doloi:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether the Government is considering any proposal to appoint any Commission to enquire into the working of the Medical Colleges in this State; and

(b) if so, when the Commission is likely to be appointed?

The Minister for Health Department: (a) No.

(b) Does not arise.

নিরাময় টি বি স্যানাটোরিয়াম

*৬৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৭৬।) **শ্রীশচীনন্দন সাউ:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকার নিরাময় টি বি স্যানাটোরিয়ামের জন্য বৎসরে কত টাকা খরচ করেন;

(খ) ঐ স্যানাটোরিয়ামে যক্ষ্মারোগীর জন্য কতগুলি শয্যা আছে;

(গ) বর্তমানে সমস্ত শয্যায় কি রোগী ভর্তি আছেন;

(ঘ) কেন্দ্রীয় সরকার ইহার জন্য কোন অর্থ বরাদ্দ করেন কিনা এবং করিলে, কত টাকা; এবং

(ঙ) উক্ত প্রতিষ্ঠানে কিভাবে রোগী ভর্তি করা হয়?

স্বাস্থ্য বিভাগর মন্ত্রিমহাশয়: (ক) স্বাস্থ্য বিভাগ ২৫টি সংরক্ষিত শয্যার রক্ষণাবেক্ষণের জন বছরে প্রায় এক লক্ষ টাকা অনুদান দিয়ে থাকেন।

(খ) ৩১৬টি।

(গ) না।

(ঘ) এ বিষয়ে কোন বিবরণ স্বাস্থ্যদপ্তরে নেই।

(ঙ) স্বাস্থ্য দপ্তর কর্তৃক সংরক্ষিত ২৫টি শয্যায় স্বাস্থ্য অধিকারের অধীনে সেন্ট্রাল সিলেকসান কমিটি-র সুপারিশক্রমে রোগী ভর্তি করা হয়। অন্যান্য সংরক্ষিত শয্যার ক্ষেত্রে সংরক্ষণকারী সংস্থার সুপারিশের ভিত্তিতে স্যানাটোরিয়াম কর্তৃপক্ষ রোগী ভর্তি ক'রে থাকেন। অসংরক্ষিত শয্যায় স্যানাটোরিয়ামের নিজস্ব নিয়মানুযায়ী রোগী ভর্তি হয়।

মেডিকেল কলেজে ছাত্রভর্তি

*৬৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮২।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন মেডিকেল কলেজে ডাক্তারী পড়ার জন্য বর্তমানে কতগুলি আসন আছে;

(খ) বিগত ১৯৭২ সালে কতজন ছাত্র ডাক্তারী পড়ার জন্য পরীক্ষা দিয়াছিল এবং তাদের কতজন পরীক্ষায় উত্তীর্ণ হয়;

(গ) উক্ত বৎসরে কতজন ছাত্রকে রাজ্যের বিভিন্ন মেডিকেল কলেজে ভর্তির সুযোগ দেওয়া হয়; এবং

(ঘ) কোন্ কোন্ মেডিকেল কলেজে দাতাদের নামে আসন সংরক্ষিত আছে এবং সেগুলির সংখ্যা কত ?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৭৫৫টি আসন।

(খ) ১৪,৫৯৬ জন ছাত্রছাত্রী জয়েন্ট এনট্রান্স পরীক্ষা দিয়েছিলেন। প্রাপ্ত নম্বরের ভিত্তিতে পরপর ভর্তির জন্য নির্বাচনের বিধি প্রচলিত। সুতরাং কতজন পরীক্ষায় উত্তীর্ণ হয়, সে প্রশ্ন উঠে না।

(গ) ৭৫৪ জন ছাত্রছাত্রীকে।

(ঘ) ১৯৭২-৭৩ শিক্ষা বছরে নিম্নোক্ত মেডিক্যাল কলেজসমূহে নিম্নলিখিত সংখ্যক আসন দাতাদের মনোনীত প্রার্থীদের জন্য সংরক্ষিত ছিলঃ

(১) মেডিক্যাল কলেজ, কলকাতা	...	১টি
(২) আর জি কর মেডিক্যাল কলেজ, কলকাতা	...	৫টি
(৩) কলকাতা ন্যাশনাল মেডিক্যাল কলেজ, কলকাতা	...	৫টি
মোট	...	১১টি

শিল্প বিরোধ আইনের পরিবর্তন

***৬৫৯।** (অনুমোদিত প্রশ্ন নং *৯২০।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকার শিল্প বিরোধ আইন পরিবর্তনের কথা চিন্তা করিতেছেন;

(খ) সত্য হইলে, কবে নাগাদ উক্ত পরিবর্তন বাস্তবে রূপায়িত হইবে; এবং

(গ) শিল্প বিরোধ আইন অনুযায়ী শ্রম আদালতসমূহে কতগুলি মামলা বর্তমানে বিচারাধীন আছে ?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) সাংবিধানিক ব্যবস্থা অনুসারে শিল্প বিরোধ আইন রাজ্যস্তরে সংশোধন করিতে হইলে রাষ্ট্রপতি তথা কেন্দ্রীয় সরকারের অনুমোদনের প্রয়োজন। বিষয়টি এখন কেন্দ্রের বিবেচনাধীন বলিয়া এই বিষয়ে কোন নির্দিষ্ট সময়সীমা বলা সম্ভব নয়।

(গ) সরকারের নিকট সর্বশেষ যে হিসাব আছে তদনুযায়ী সমস্ত শিল্প ন্যায়পীঠ ও শ্রম আদালতগুলিতে শিল্প-বিরোধ আইনভুক্ত নানা ধরনের মোট ১,৮৭৬টি মামলা বিচারাধীন আছে।

দুর্বল শিল্পকে সাহায্যদান

***৬৬০।** (অনুমোদিত প্রশ্ন নং *১১৩৩।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ** বন্ধ ও দুর্বল শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ মাস থেকে জানুয়ারি, ১৯৭৩ পর্যন্ত সরকার কতগুলি দুর্বল শিল্পকে সাহায্য দিয়েছেন; এবং

(খ) এই বাবত কত টাকা দিয়েছেন ?

বন্ধ ও দুর্বল শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) উক্ত সময়ের মধ্যে যেসকল শিল্প সংস্থাকে সরকার সাহায্য দিয়েছেন তাহার মধ্যে ১৬টাই বন্ধ ছিল; মাত্র ৩টা দুর্বল পর্যায়ে পড়ে।

(খ) এই তিনটা শিল্প প্রতিষ্ঠানকে ব্যাঙ্ক গ্যারান্টি মাধ্যমে সরকার ৩১·৩৪ লক্ষ টাকা ঋণ সংগ্রহ করিয়া দিয়াছেন।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

গিরীশ খালের উপর স্লুইস গেট্

১২৯। (অনুমোদিত প্রশ্ন নং ১১১১।) **শ্রীকার্ত্তিকচন্দ্র বিশ্বাসঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, নদীয়া জেলার অন্তর্গত তেহাট্টা থানার চাঁদেরঘাটের প্রস্তাবিত গিরীশ খালের উপর স্লুইস গেটের নির্মাণকার্য কবে নাগাত আরম্ভ হইবে?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ প্রস্তাবিত স্লুইস নির্মাণ প্রকল্প প্রস্তুত করিবার জন্য প্রয়োজনীয় অনুসন্ধান ও জরীপ কার্য গ্রহণ করা হইয়াছে। কবে নাগাত স্লুইস নির্মাণ-কার্য আরম্ভ হইবে তাহা বর্তমানে বলা সম্ভব নয়।

ভগবানপুর থানায় মাস্টার প্ল্যান

১৩০। (অনুমোদিত প্রশ্ন নং ১২১৬।) **শ্রীঅমলেশ জানাঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মেদিনীপুর জেলায় ভগবানপুর থানার জল নিস্কাশন সমস্যা সমাধানের জন্য সরকার কর্তৃক 'মাস্টার প্ল্যান' রচনার কাজ শুরু হইয়াছে;

(খ) সত্য হইলে, বর্তমানে উহা কি অবস্থায় আছে; এবং

(গ) কবে নাগাত ঐ পরিকল্পনা অনুসাবে কাজ শুরু হইবে বলিয়া আশা করা যায়?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) ঐ অঞ্চলের বিভিন্ন নিকাশী খালের জরীপ কার্য গত জানুয়ারি মাসে আরম্ভ হইয়াছে এবং এখনও চলিতেছে।

(গ) জরীপ ও অনুসন্ধান কার্যের শেষে ১৯৭৪ সালের জুন মাস নাগাত পরিকল্পনা তৈরী হইতে পারে। পরিকল্পনা রূপায়ণের কাজ কবে আরম্ভ করা সম্ভব হইবে তাহা বর্তমানে বলা সম্ভব নয়।

সেকেন্ডারী স্কুলের করণিক ও সরকারী তৃতীয় শ্রেণীর করণিকদের বেতনের পার্থক্য

১৩১। (অনুমোদিত প্রশ্ন নং ১০৬৮।) **শ্রীকিংকর মাহাতঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সেকেন্ডারী স্কুলের করণিকদিগকে রাজ্য সরকারী অফিসের তৃতীয় শ্রেণীর (এল ডি সি) করণিকদের সমান বেতন দেওয়া হইতেছে কি;

(খ) না হইলে, তাহার কারণ কি; এবং এ বিষয়ে সরকার কোন ব্যবস্থা গ্রহণ করিতেছেন কি; এবং

(গ) উক্ত শ্রেণীর স্কুলের পিয়নেরা অন্যান্য সরকারী অফিসের চতুর্থ শ্রেণীর কর্মচারীর মত সুযোগ সুবিধা না পাওয়ার কারণ কি?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না।

(খ) ও (গ) বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়গুলির শিক্ষক ও অ-শিক্ষক কর্মীদের নিয়োগকর্তা বিদ্যালয়গুলির পরিচালক সমিতি এবং তাঁহাদের বেতন দিবার দায়িত্বও এই পরিচালক সমিতি-গুলির। অর্থ-বরাদ্দের সঙ্গে সঙ্গতি রাখিয়া সরকার ঘাটতিভিত্তিক অনুদান প্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক ও অ-শিক্ষক কর্মীদের বেতন হার নির্দিষ্ট করিয়া দিয়াছেন।

জোকা অঞ্চল পঞ্চায়েত এলাকায় বিদ্যুৎ সরবরাহ

১৩২। (অনুমোদিত প্রশ্ন নং ৯৪৪।) **শ্রীরামকৃষ্ণ বর:** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহা অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বেহালা থানার জোকা অঞ্চল পঞ্চায়েত এলাকার কোন্ কোন্ গ্রামে বিদ্যুৎ সরবরাহ পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে; এবং

(খ) উক্ত অঞ্চল পঞ্চায়েত এলাকায় বর্তমানে কোন্ কোন্ গ্রামে বিদ্যুৎ সরবরাহ ব্যব আছে?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) জোকা অঞ্চলের কিছু অংশ ক্যালকাটা ইলেকট্রি সাপ্লাই কর্পোরেশন লিঃ-এর মধ্যে পড়ে এবং উক্ত সংস্থা তাহাদের এলাকাভুক্ত অঞ্চলে বিদ সরবরাহের ব্যবস্থা নিয়াছে। জোকার বাকি অংশ রাজ্য বিদ্যুৎ পর্ষদ-এর এলাকাভুক্ত এবং অংশে বিদ্যুৎ সরবরাহের কোন নির্দিষ্ট পরিকল্পনা নাই।

(খ) (১) জোকা ও (২) হাঁসপুকুরিয়া মৌজায়।

রামনগর বিধানসভা কেন্দ্রের বিভিন্ন মৌজায় বৈদ্যুতীকরণ প্রকল্প

১৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ১০০৪।) **শ্রীহেমন্ত দত্ত:** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশ অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রামনগর বিধানসভা কেন্দ্রেব কোন্ কোন্ মৌজায় ১৯৭২-৭৩ সালে বিদ্যুৎ সরবরা পরিকল্পনা অনুমোদিত হইয়াছে;

(খ) উক্ত পরিকল্পনা কবে নাগাত কার্যকরী হইবে; এবং

(গ) গ্রিড লাইনটি দহদয়া, মেদিনীপুর, কাশীপুর ও বসন্তপুর মৌজায় লইয়া যাইবা কোন পরিকল্পনা সরকারের আছে কিনা, এবং থাকিলে, উহা কবে নাগাত কার্যকর হইবে?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) রামনগর থানার অধীন তালগাছারি, সঈদপুর, বড়রঙ্ক ও নারিহা—এই চারটি মৌজায়।

(খ) উপরি-উক্ত চারটি মৌজার প্রত্যেকটিতেই ইতিমধ্যে বিদ্যুৎ সরবরাহ করা হইয়াছে।

(গ) এরূপ কোন পরিকল্পনা নাই।

সয়েল টেস্টিং, ফার্টিলাইজার ডেমনস্ট্রেশনের জন্য ল্যাবরেটরি

১৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ৮৮৯।) **শ্রীআবদুল বারি বিশ্বাস:** কৃষি বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, এই রাজ্যে কেন্দ্রীয় সরকার (সয়েল টেস্টিং, ফার্টিলাইজার ডেমনস্ট্রেশন) ইত্যাদির জন্য ল্যাবরেটরি স্থাপন করতে চান;

(খ) সত্য হইলে, কোন্ জেলার কোথায় এইপ্রকার উন্নয়নমূলক কাজের প্রস্তাব আছে; এবং

(গ) ঐ প্রস্তাব কবে নাগাত কার্যকরী হবে?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) কেন্দ্রীয় সরকার সারের ভোগ বাড়াইবার জন্য একটি সার উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করিয়াছেন। এই পরিকল্পনার দুইটি দিক আছে, যথা—সারের প্রয়োগ হাতেকলমে দেখানো এবং মাটি পরীক্ষার সুযোগ বাড়াইবার জন্য যন্ত্রপাতি সরবরাহের দ্বারা বর্তমান মাটি পরীক্ষার ল্যাবরেটরিগুলোকে উন্নত করা। এছাড়া একটি চলমান মাটি পরীক্ষার ভ্যান (গাড়ি) কেন্দ্রীয় সরকারের নিকট হইতে পাওয়া গিয়াছে। এই রাজ্যে নিজস্ব সারের উন্নয়ন প্রকল্প আছে এবং ইহার জন্য পঞ্চবার্ষিক পরিকল্পনার অর্থ বরাদ্দ হইয়াছে।

(খ) এই রাজ্যে মোট তিনটি মাটি পরীক্ষার ল্যাবরেটরি আছে—কলকাতা, বর্ধমানে এবং টালিগঞ্জে। কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রদত্ত মাটি পরীক্ষার ভ্যানটিকে বর্ধমান ল্যাবরেটরির সহিত সংযুক্ত করা হইয়াছে। কেন্দ্রীয় সরকারের আরও একটি ভ্যান এই রাজ্যকে দেওয়ার কথা আছে।

(গ) এই প্রস্তাব আগামী আর্থিক বছর নাগাত কার্যকর হওয়ার সম্ভাবনা আছে।

LEGISLATION

The Murshidabad Estate (Trust) (Amendment) Bill, 1973

Shri Abdus Sattar: Sir, I beg to introduce the Murshidabad Estate (Trust) (Amendment) Bill, 1973, and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the title of the Bill.)

[2-10—2-20 p.m.]

Shri Abdus Sattar: Sir, I beg to move that the Murshidabad Estate (Trust) (Amendment) Bill, 1973, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মুর্শিদাবাদ জমিদারী (ট্রাস্ট) (সংশোধন) বিধেয়ক, ১৯৭৩ বিবেচনার জন্য আবেদন করিতেছি।

মহাশয়, ১৯৬৩ সালের মুর্শিদাবাদ জমিদারী (ট্রাস্ট) আইন দ্বারা ঐ বছরের ১লা মে থেকে মুর্শিদাবাদ নবাব পরিবারের সম্পত্তির পরিচালন ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব অফিসিয়াল ট্রাস্টীর উপর বর্তায়। অফিসিয়াল ট্রাস্টীর উপর বর্তাবার আগে থেকেই মুর্শিদাবাদ জমিদারীর আর্থিক অবস্থা স্বচ্ছল ছিল না। বর্তমানে এই জমিদারী চরম আর্থিক সংকটের সম্মুখীন হয়েছে। সম্পত্তি থেকে প্রাপ্ত আয় এতই অপ্রতুল যে, তা থেকে স্বত্বভোগীদের কোন ভাতা দেওয়া তো দূরের কথা, সম্পত্তির পরিচালন ব্যয়, ভূমিরাজস্ব, পৌর কর এবং অন্যান্য দায়দায়িত্বও সমগ্রভাবে মেটানো সম্ভব নয়।

১৯৬৩ সালের মুর্শিদাবাদ জমিদারী (ট্রাস্ট) আইনের ৫(৩)(এ)(ii) ধারা অনুযায়ী জমিদারীর সমস্ত পাওনা ও দায় জমিদারীর আয় থেকে মেটাতে হবে। জমিদারীর মূল তহবিল থেকে টাকা নিয়ে বা স্থাবর সম্পত্তি বিক্রি ক'রে এই রকম পাওনা ও দায় মেটাবার কোন বিধি আইনে নেই। এই অসুবিধা দূর করার জন্য আইনটির সংশোধন দরকার।

এই উদ্দেশ্যে আইনের ৪ ধারার পরে একটি নতন ধারা ৪এ যোগ করার প্রস্তাব করা হয়েছে। এই নতন ধারাতে বলা হয়েছে যে, অফিসিয়াল ট্রাস্টী সরকারের পূর্ব অনুমতি নিয়ে জমিদারীর স্থাবর সম্পত্তি বিক্রি ক'রে সেই টাকা দিয়ে জমিদারীর পাওনা ও দায় মেটাতে পারবে। কিন্তু কোন ঐতিহাসিক বা ধর্মীয় বাড়ি এই উদ্দেশ্যে বিক্রি করতে পারবে না।

অধিকন্তু মুর্শিদাবাদ জমিদারী (ট্রাস্ট) (সংশোধন) অর্ডিন্যান্স, ১৯৭২, জারি ক'রে প্রবীণতম স্বত্বভোগী সৈয়দ ফতেইয়ার আলি মির্জাকে জমিদারীর মূল তহবিল থেকে এককালীন তিন হাজার পাঁচ শত টাকা তাঁর জরুরী চিকিৎসা ব্যয় মেটাবার জন্য ২০শে নভেম্বর, ১৯৭২ তারিখে দেওয়া হয়েছে। অর্ডিন্যান্সের এই বিধানটি সংশোধনী বিধেয়কে সন্নিবেশিত হয়েছে।

এই সূত্রে আমি জানাচ্ছি যে, অফিসিয়াল ট্রাস্টীর হাতে জমিদারী ১লা মে, ১৯৬৩ তারিখে আসার সময় জমিদারীর মূল তহবিলের পরিমাণ ছিল ৮৭৫,১৮৩ টাকা। মূল তহবিল থেকে ২১শে অক্টোবর, ১৯৬৩ ও ২৪শে নভেম্বর, ১৯৬৬ তারিখে তদানীন্তন নবাব বাহাদুর সৈয়দ

ওয়াবিশ আলি মির্জাকে যথাক্রমে ৬,০০,০০০ টাকা ও ২,১৩,৩৯২ টাকা আইনের সংশোধন করে দেওয়া হয়েছিল। জমিদারীর একটি সম্পত্তির অ্যাকুইজিসনের ক্ষতিপূরণ বাবত ৬,১২,৭৪১ টাকা ৫৬ পয়সা এবং ১লা মে, ১৯৬৩ তারিখের আগের পি এল একাউন্ট বাবত ১,২৮,৯০৬ টাকা ৪ পয়সা এবং অন্যান্য কয়েকটি খাতে অল্প পরিমাণ টাকা মূল তহবিলে যোগ দেয়। তার ফলে মূল তহবিলের নীট পরিমাণ দাঁড়ায় ৮,১৭,০২২ টাকা ৩২ পয়সা। কিন্তু এই পুরা তহবিলটি আয়কর বিভাগ বকেয়া আয় করের দায়ে অ্যাটাচ ক'রে নিয়ে নেয়।

এরপর ২রা আগস্ট, ১৯৭২ তারিখে আর একটি সম্পত্তির অ্যাকুইজিসন-এর ক্ষতিপূরণ বাবত ৪২,৭৯৭ টাকা ৮৪ পয়সা মূল তহবিলে জমা পড়ে। এ থেকে ২৩শে নভেম্বর, ১৯৭২ তারিখে মুর্শিদাবাদ জমিদারী (ট্রাস্ট) (সংশোধন) অর্ডিন্যান্স, ১৯৭২ জারি করে সৈয়দ ফতেইয়ার আলি মির্জাকে ৩,৫০০ টাকা দেওয়া হয়। বাকী টাকা থেকে ৮,৭৭৫ টাকা ঐ সম্পত্তির দরুন আগে নেওয়া সেলামী বাবত ফেরত দিতে হবে। এর ফলে জমিদারীর মূল তহবিলের পরিমাণ দাঁড়াবে ৩০,৫২২ টাকা ৮৪ পয়সা।

মহাশয়, এই বলিয়া আমি সংশোধনী আইনটি বিধানসভায় অনুমোদনের প্রস্তাব সুপারিশ করিতেছি।

Mr. Speaker: There are motions for circulation of the Bill by Shri Timir Baran Bhaduri, Shri Shish Mohammad and Dr. A. M. O. Ghani. All the cut motions are in order. I now call upon Shri Shish Mohammad to move his circulation motion.

Shri Shish Mohammad: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th June, 1973.

মাননীয় স্পীকার, স্যার, দি মুর্শিদাবাদ এস্টেট (ট্রাস্ট) (অ্যামেন্ডমেন্ট) বিল ১৯৭৩ যা উপস্থাপিত করা হয়েছে এর মধ্যে আমার কিছু বক্তব্য রাখার আছে। প্রথমে একটা বিষয়ে মাননীয় স্পীকার মহাশয়, আপনার দৃষ্টি আকর্ষণ করছি, রুলে আছে, ৬৪ পাতায় ৭২ [illegible] যে, এই বিলগুলি অন্তত কমপক্ষে ৫ দিন আগে হাউসের মাননীয় সদস্যদের কাছে পৌঁছে দেওয়ার কথা কিন্তু বিলগুলি দেখা যাচ্ছে কি, না আমরা ১ দিন কি ২ দিন আগে পাচ্ছি। অথচ এই বিলের উপর আমাদের অ্যামেন্ডমেন্ট দেওয়ার দরকার আছে এবং [illegible] অরিজিন্যাল আইনগুলি দেখার অসুবিধা বোধ করছি। কাজেই এই বিষয়ে আমি মাননীয় স্পীকার মহাশয়, আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি এই বিলগুলি পরবর্তী সময় যথাযথভাবে যাতে আসে সেটা দেখবেন। কালকে ক্যালকাটা মেট্রোপলিটান বিলটা পেলাম যার ফলে তার উপর অ্যামেন্ডমেন্ট দেওয়া খুবই কঠিন।

মাননীয় স্পীকার মহাশয়, এই দি মুর্শিদাবাদ এস্টেট (ট্রাস্ট) (অ্যামেন্ডমেন্ট) বিল এর আলোচনা করতে দীর্ঘ সময় লাগবে। আমরা বিরোধীপক্ষের তরফ এক বা দুইজন বক্তা [illegible] সময় পাব, কিন্তু আমার বিশ্বাস যে, সরকার পক্ষের সদস্যরাও অনেকে এই বিলের উপর [illegible] রাখবেন।

[2-20—2-30 p.m.]

কাজেই বিলে যে সময় দেওয়া হয়েছে সেটা যথেষ্ট নয় ব'লে মনে করছি। এই বিল সম্বন্ধে আলোচনা করতে গেলে পূর্বের ইতিহাস বলতে হয়। পলাশীর যুদ্ধের দীর্ঘদিন পরে ১৭৯১ সালে যখন মুর্শিদাবাদের নবাব নাজির পদে অধিষ্ঠিত ছিলেন হোসেন আলি মির্জা সে সময় ইংরাজ সরকার মুর্শিদাবাদ স্টেট থেকে সমস্ত মূল্যবান বস্তু ইংলন্ডে নিয়ে যায়। সেজন্য তার সঙ্গে এবং বৃটিশ সরকারের সঙ্গে একটা হিচাহিচ শুরু হয়। চালাক বৃটিশ সরকার বাংলার শেষ স্মৃতির যে নবাব ছিলেন তাঁর সঙ্গে একটা শর্ত হ'ল যে তিনি নবাব বাহাদুর পদ পাবেন তবে নাজির পদ ত্যাগ করতে হবে এবং তার বদলে তিনি ২ লক্ষ ৩০ হাজার টাকা ইয়ারলি

পাবেন। এই টাকা পরবর্তীকালে যখন ভারত ভাগ হ'ল তখন কেন্দ্রীয় সরকার তাঁর দেয় স্বীকার করলেন এবং দিয়েছেন। ১৯৬৩ সালে যখন পশ্চিম বাংলার মুখ্যমন্ত্রী ডাঃ রায় ছিলেন তখন মুর্শিদাবাদ এস্টেট-এর জন্য একটা ট্রাস্ট বিল আনা হয় তাতে ঠিক হয় তারা এই মুর্শিদাবাদ এস্টেটের দায়িত্ব গ্রহণ করবেন এবং সরকার সেখানে একজন অফিসিয়াল ট্রাস্টি মনোনীত করবেন। এই অফিসিয়াল ট্রাস্টির বেলায় ঠিক হ'ল তিনি এই পদে অধিষ্ঠিত থেকে এস্টেট পরিচালনা করবেন এবং তার জন্য তিনি মাসিক পাবেন ১৯ হাজার ১৬৬ টাকা ১০ আনা ৮ পাই। এইভাবে টাকা দিয়ে একটা নতুন নবাব করলেন পশ্চিমবঙ্গ সরকার। আর শর্ত হ'ল, নবাব পদে বর্তমানে যিনি অধিষ্ঠিত আছেন সেই ওয়াসিফ আলির জ্যেষ্ঠপুত্র তিনি পাবেন মাসিক ৩ হাজার টাকা এবং লেট নবাবের পুত্ররাও কিছু পাবেন এবং কন্যারা মাসিক ৫০০ টাকা করে পাবেন। আর মুর্শিদাবাদ নবাব পরিবারের যেসমস্ত বিল্ডিংস আছে সেসমস্ত রিপেয়ার-এর জন্য বাৎসরিক ২০ হাজার টাকা দেওয়া হবে। নবাব ওয়ারেস আলি মির্জা ইহুদি রমণী বিবাহ করেছিলেন। তিনি যখন ১৯৬৯ সালে মারা গেলেন তখন তার গর্ভজাত, ঔরসজাত সন্তান ভারতীয় নাগরিকত্ব ত্যাগ করে বিলেত চলে গেলেন। সেসময় কেন্দ্রীয় সরকারের উচিত ছিল সঙ্গে সঙ্গে মুর্শিদাবাদ এস্টেট-এর জন্য একজন সাকসেসর নিযুক্ত করা। সেখানে ভারত সরকার ব্যর্থতার পরিচয় দিয়েছেন। ১৯৬৯ সালের পরে মহারাজা অব কোচবিহার, মহারাজা অব জয়পুর মারা গেছেন, সঙ্গে সঙ্গে তাদের সাকসেসর নিযুক্ত করে দেওয়া হয়েছে, কিন্তু মুর্শিদাবাদের ক্ষেত্রে দেওয়া হয় নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মারা গেল বেশ হ'ল, আমরা সাকসেসর নিযুক্ত করলাম না, দরকার নেই, একজন অফিসিয়াল রিসিভারকে গদিতে বসিয়ে দেওয়া হ'ল, কিন্তু দেনার পর দেনা হয়ে যাওয়াতে স্থাবর সম্পত্তি যা আছে সেটা বিক্রি করে সেই দেনা শোধ করা হবে কেন? কথা ছিল সেখানে যা ইনকাম হবে সেই ইনকামে এইসব খরচ চালান হবে। পশ্চিমবঙ্গ সরকার একজনকে সেখানে বসিয়ে দিয়েছেন, তিনি যা ইনকাম করবেন তা থেকে এটা মেটাবেন। দেনা হয়েছে ভাল কথা, কিন্তু পশ্চিমবঙ্গ সরকারকে সেই দেনা মেটাতে হবে। ঐতিহাসিক যেসমস্ত জিনিস ছিল সেই জিনিসগুলি, ওখানে কড়া গার্ড নাকি আছে, পাহারা দেওয়া সত্ত্বেও আজ সেই জিনিসগুলি চুরি হয়ে গেছে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি যদি চান আমার কাছে তার লিস্ট আছে, আমি সেই লিস্ট সাবমিট করতে পারি কোন্ জায়গা থেকে কি মূল্যবান বস্তু চুরি গিয়েছে তার সমস্ত লিস্ট আমার কাছে আছে। আমরা জানি ঐতিহাসিক দ্রব্যাদি রক্ষা করবার জন্য ভারত সরকার বিভিন্ন জায়গায় টাকা খরচ করছেন। কিন্তু সেই ঐতিহাসিক গুরুত্বসম্পন্ন সেই সমস্ত বস্তু রক্ষা করার জন্য যে টাকা খরচ করা দরকার আমরা তো বলেছি মন্ত্রিমহাশয়কে যে সেই টাকা মঞ্জুর করার দাবি করে তিনি সুপারিশ করুন হাউসে নিশ্চয়ই আমরা মঞ্জুর করবার জন্য প্রস্তুত আছি। আমার বক্তব্য হচ্ছে, যেক্ষেত্রে বলা হচ্ছে যে, মসজিদ ঐতিহাসিক গুরুত্বসম্পন্ন বস্তু, এগুলি রক্ষা করবেন আর বাকি স্থাবর সম্পত্তি বিক্রি করবেন, কোনটা ঐতিহাসিক গুরুত্বসম্পন্ন জিনিস হবে সেটা কি ক'রে ঠিক করবেন? ব'লে দিলেই হ'ল যে, এটা ঐতিহাসিক গুরুত্বসম্পন্ন জিনিস নয়। ফ্রম নর্থ-ইস্টার্ন বেডরুম নং ১৯ হাজারদুয়ারী সেখান থেকে কি কি বস্তু চুরি গিয়েছে তার লিস্ট আছে, ফ্রম দি বিগ ইমামবাড়া অব মুর্শিদাবাদ ট্রাস্ট, মেনি ভ্যালুয়েবল আর্টিকেলস স্টোলেন, সেটা আমার কাছে আছে। ফ্রম উইদিন দি কিল্লা ইন মুর্শিদাবাদ কম্পাউন্ড বিল্ডিং এখান থেকেও চুরি হয়েছে। আমি জানি হাজারদুয়ারী নেওয়া হবে কিন্তু হাজারদুয়ারী নিতে গেলে এস্টেটস অ্যাকুইজিশন অ্যাক্ট আছে তাতে নিয়ে নেওয়া হউক না কেন এবং যে সম্পত্তি নেওয়া হবে সেটা জনসাধারণের কল্যাণের জন্য কেন ব্যবহার করা হবে না? এটা বিক্রি করা কেন হবে?

[2-30—2-40 p.m.]

আপনাদের অফিসিয়াল রিসিভার বিক্রি করেছে এবং সেটাকে ঢাকবার জন্য অধিগ্রহণ করা হয়েছে। মাননীয় স্পীকার মহাশয়, বাৎসরিক ইনকাম যেটা হচ্ছে সেখানে খরচ বাদ দিয়ে দেখছি সাড়ে তিন হাজার টাকা উদ্বৃত্ত হচ্ছে। এটা থাকা সত্ত্বেও কেন তাহলে দেনা হ'ল? তারপর পার্ক স্ট্রীটের বাড়ি যার দাম হচ্ছে ৬৫ লক্ষ টাকা, সেটা কে নেবে সেটা ঠিক ক'রে রেখেছেন তো? **মাননীয় স্পীকার মহাশয়, চৌরঙ্গী রোডের উপর যে বিল্ডিং আছে, ফ্ল্যাট**

আছে, অফিসিয়াল রিসিভার সেখানকার এক-একটি ফ্ল্যাট ৫-৬ হাজার টাকা ভাড়া দিয়ে সমস্ত টাকা তিনি পকেটস্থ করেন, সেলামী পকেটস্থ করেন। আমি চাই দেনার দায় মিটিয়ে দেবার পর বাকি টাকা পশ্চিমবঙ্গ সরকার গ্রহণ করুন এবং সেই টাকা সমাজকল্যাণের কাজে ব্যয় করুন। আমি চাই না, তাদের সম্পত্তি ফিরিয়ে দেওয়া হোক, আমি চাই, সেই সম্পত্তি জনগণের মধ্যে দেওয়া হোক। কেন এটা বিক্রি করা হবে যখন আপনারা নিজেরা গদিতে বসে কন্ট্রোল করছেন? ১৯৬৩ সালে যে অ্যাক্ট হয়েছিল সেটাকে আবার সংশোধন করা হয়েছে। আমাদের কাছে সেটা সার্কুলেট করা উচিত ছিল, এটা আপনাদের কর্তব্য ছিল, কিন্তু আমরা সেটা পাই নি। আমার বক্তব্য হচ্ছে, আমরা যদি জনগণের উদ্দেশ্যে নেই, তা হলে সাড়ে তিন হাজার টাকা কেন দেব সেই টাকা জনগণের কল্যাণের জন্য ব্যয়িত হবে। কাজেই মনে হয়, এর পেছনে নিশ্চয়ই কোন উদ্দেশ্য বা হেতু আছে। মাননীয় স্পীকার মহাশয়, যাঁর কথা বললেন, সেই ফতে আলী মির্জা মেডিকেল চিকিৎসার জন্য সাড়ে তিন হাজার টাকা চেয়েছেন। আরও দু-একজন হয়ত দশ হাজার টাকা চাইবেন, আরও কেউ হয়ত দশ হাজার টাকা চাইবেন এবং আপনারা এইভাবে তাঁদের সেটা দেবেন এবং তারপর ৩৫ লক্ষ টাকা দেনার অজুহাতে গ্রহণ করবেন এটাই মনে হয় আপনাদের উদ্দেশ্য। স্যার, এরকম একটা ঐতিহাসিক গুরুত্বপূর্ণ জিনিস যেটা ওয়ার্লডের মধ্যে কম দেখা যায়, যেটা আমাদের মুর্শিদাবাদে রয়েছে সেটাকে এঁরা বিক্রি করতে চাচ্ছেন। শুধু মুর্শিদাবাদের নয়, বিহার, আসাম, উড়িষ্যা, ইংল্যান্ড, আমেরিকার জনসাধারণ এটা দেখতে চায়, এটা বাংলাদেশের একটা ইতিহাস। দুঃখের বিষয়, এই জিনিস আপনারা বিক্রি করছেন নানারকম ছল-চাতুরির মাধ্যমে। থার্মোমিটার রয়েছে আপনাদের হাতে, কাজেই আপনাদের ওপিনিয়ন-এর উপর নির্ভর করছে কোনটা ঐতিহাসিক এবং কোনটা ঐতিহাসিক নয়।

মাননীয় স্পীকার মহাশয়, আমার আপত্তি সেখানে। আপনারা রক্ষা করুন ঐতিহাসিক গুরুত্বপূর্ণ জিনিসগুলিকে এবং সেই রক্ষা করার জন্য যে টাকা বরাদ্দ করা দরকার, সেটা দাবি করুন, নিশ্চয়ই হাউসের বন্ধু সদস্যরা সেটা মঞ্জুর করবেন। কিন্তু দেখতে পাচ্ছি তা নয়। এর উদ্দেশ্য আলাদা। এর পশ্চাতে চক্রান্ত ক্রিয়া করছে। কিন্তু এই যে ঐতিহাসিক গুরুত্বপূর্ণ এতগুলি জিনিস বিক্রি হয়েছে পুলিশ পাহারা সত্ত্বেও, আমি দাবি করছি যে, এর তদন্ত হোক এবং তদন্ত পরিষদ গঠন করা হোক। ১৯৬৩ সাল থেকে আজ পর্যন্ত যেসমস্ত দ্রব্য হারিয়েছে, সেগুলি তদন্ত ক'রে বাহির করা হোক, কোথায় গেল, কেন গেল। যদি বার না করেন, ভারতবর্ষ ক্ষমা করবে না, কেউ ক্ষমা করবে না, ইতিহাস ক্ষমা করবে না। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি এবং আমি আমার মোশন মুভ করছি।

Dr. A. M. O. Ghani: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st May, 1973. Mr. Speaker, Sir, the debate on this Bill boils down to a debate on the tragedies of the Murshidabad Estate, which is the most fortunate and at the same time the most unfortunate estate of West Bengal. Since its betrayal into the hands of British Imperialism at the battle of Plassy over two centuries ago and the murder of Serajuddaula, the estate was handed over those loyal to the British Crown. Their luxuries and extravagance soon overwhelmed the estate in a sea of indebtedness. The British Parliament came to the rescue of their stooges by promulgating a special Act to write off debts of the Estate. The money-lenders were dumb-founded. This encouraged the continuance of the luxuries, which started dwindling of the Estate's assets, till late Dr. B. C. Roy, like the British, came to their rescue, by enacting the Murshidabad (Trust) Act 1963. The Estate was handed over to the dubious care of an Official Trustee at a fabulous atrocious exorbitant monthly salary. There are serious allegations of corruption against this Trustee. It is said that he

misappropriates the salami money. He charges more rent that what he enters in the account book sometimes ten times more. All this is easily possible specially in respect of Estate's Calcutta properties. I do not vouch for the truth of these allegations. But this much I know from direct personal interview with the beneficiaries that they have not received a paise of their dues as heirs to the Estate of Murshidabad ever since 1964. If all this is true, it is serious enough to call for an immediate commission of enquiry, instead of giving the Trustee additional powers to sell portions of the Estate's property to pay off the debt incurred by him. I understand that it is to the tune of Rs. 35 lakhs. Certainly the deprived beneficiaries are in no way responsible for this debt, and they can never be penalised for actions of the Trustee. Sir, it seems that someone higher up is backing the Trustee from behind the screen for his personal benefits. The question for investigation is how did this colossal debt accumulate during the last ten years when the Estate was in charge of the Official Trustee, specially when the beneficiaries were not paid a paise of their dues? Certainly the beneficiaries were in no way responsible for this debt. The hunger-strike of Nigar Ara Begum recently proves this. She had given a public statement that deprived of her share of the Estate income by the Official Trustee, she was forced to live on the charity of her uncle, Syed Fateh Yab Ali Meerza. Then there is a provision in the amending Bill to pay Rs. 3,500 to Syed Fateh Yab Ali Meerza. I do not know for what I know him for the last 40 years. He is an exceptionally modest person

[2-40 2-50 p.m.]

—too modest for a feudal family. Sir, I saw him yesterday. He told me that he met with an accident when he fractured his thigh bone. He walks with a limp. He said that he had to spend over Rs. 10,000 for his treatment, for which he had submitted a bill to the Trustee. But the amount still remains unpaid. He said he has already received Rs. 3,500 as provided in amending Bill perhaps as a consolation—an added insult to the injury. He said that besides all these he has been maintaining all the 9 beneficiaries (4 brothers and 5 sisters) living in the Park Street house at his own expense, either by selling his valuable personal assets, or by borrowing from friends, just because of non-payment to the beneficiaries by the Official Trustee.

Besides, it is too late in the day to revive the Murshidabad Estate (Trust) Act by passing this amending Bill. There is no need of a special Act when the entire princely order has been already abolished by the Central Government and even the State Governments have started abolition of zamindaries. The Estate of Murshidabad could easily be governed by the laws of Islam regarding inheritance and ownership of property,............

Shri Abdus Sattar: No, this cannot be governed by the law of Islam.

Dr. A. M. O. Ghani: It should be. Then, Sir, as I was saying ownership of property, instead of imposing an expensive trusteeship on a bankrupt Estate like that of Murshidabad. Strictly speaking, it is against

the spirit of the Shariat also. That is why, in all humility I request the Hon'ble Minister to repeal not only this Bill but even the Murshidabad Estate (Trust) Act, also, or at least to circulate it for public opinion, specially for Muslim opinion, which is likely to misunderstand the intentions behind it.

Thank you, Sir.

শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বিচারবিভাগের মন্ত্রী এই যে বিল এনেছেন আমি তাকে সমর্থন করছি। সমর্থন ক'রেও আজ যেন বড় একটা সন্তুষ্ট হতে পারছি না। কারণ আমি ভেবেছিলাম বোধ হয় এই সংশোধনীর মধ্য দিয়ে এমন একটা ব্যবস্থাপনা তৈরি হচ্ছে যেখানে শোষণ এবং শাসন—উভয়েই বন্ধ হবে। মুর্শিদাবাদ এস্টেট অ্যাক্ট এটা অতীত দিনের নবাবী অ্যাক্ট এবং সেই অ্যাক্ট ১৯৬৩ সালে সংশোধন ক'রে স্টেট অ্যাক্ট করা হয়েছিল। স্বাধীন হবার পর স্বাধীন দেশের সরকার এই অ্যাক্ট কিছুতেই করতে চান নি। তার বহুবিধ কারণ ছিল। কিন্তু ১৯৬৩ সালে তদানীন্তন সময়ে এই নবাব পরিবারের এক সন্তান সৈয়দ কাজেম আলী মির্জা মশায় যিনি তদানীন্তন সময়ে ঐ সরকারের উপমন্ত্রী ছিলেন সেই সময় আইনের প্রথম সংশোধন নিয়ে আসা হ'ল। আমি সেই সময় বিধানসভার সদস্য ছিলাম। আমরা আপত্তি দিয়েছিলাম। আমরা চেয়েছিলাম, ঐ মুর্শিদাবাদের বুকে এমন একটা আইন তৈরি হোক যার দ্বারা নিজাম উক্ত কেল্লার ভিতরে যে হাজার হাজার মানুষ বাস করে তাদের সুখ-স্বাচ্ছন্দ্য এবং তাদের স্বার্থের দিকে তাকিয়ে তা হবে। কিন্তু স্টেট অ্যাক্ট হবার পর দেখা গেল, তাদের উপর অত্যাচার এবং নিপীড়ন যা চলছিল, তা এখনও চলছে। আমরা বলেছিলাম, এ আইন অত্যন্ত বেআইনী আইন, এই আইন হওয়া উচিত নয়। এই আইন হওয়া আমাদের পক্ষে একটা কলঙ্কজনক। আমরা মনে করি, এই সংশোধনীর দ্বারা এই সম্পত্তি বিক্রি ক'রে তার দেনা এবং দায়দায়িত্ব মিটিয়ে দেওয়ার ব্যবস্থা এটা স্বয়ংসম্পূর্ণ ব্যবস্থা নয়।

এইরকম একটা স্টেট ট্রাস্ট হওয়া উচিত। এখানে এমন একজন ট্রাস্টি রয়েছে যার মাইনে মাসে প্রায় দু হাজার টাকা। এইরকম ধরনের লোক রাখা উচিত নয়। আমরা জানি এই স্টেট অ্যাক্ট এমন একটা আইন যেখানে কিছুটা সাংবিধানিক সংকট জড়িত আছে—সংবিধানের প্রশ্ন জড়িত আছে। যেখানে ভারতবর্ষের রাজা-মহারাজাদের ভাতা কেড়ে নেওয়া হতে চলেছে আইন সংশোধন ক'রে এমন কি সংবিধান সংশোধন ক'রে এটা তৈরি করা হচ্ছে সেখানে আজকে এই মুর্শিদাবাদ এস্টেট অ্যাক্ট-এর অধীনে যেখানে হাজারদুয়ারী, ইমামবাড়া রয়েছে ইত্যাদি বহু ঐতিহাসিক স্থানগুলি সুরক্ষিত করা দরকার সেটা কি ক'রে হচ্ছে তা বুঝতে পারছি না। সেই পলাশীর প্রান্তরে বাংলা বিহারের যে শেষ অধ্যায় রচিত হ'ল এবং বৃটিশরাজ বর্বরভাবে যে কাজ করল আজকে ভেবেছিলাম যে, সেটা আমরা সুরক্ষিত করতে পারব—অতীতের যে ঐতিহ্য সেটা রক্ষা করতে পারব। কোন নবাব বাহাদুরকে সাড়ে তিন হাজার টাকা দিয়ে রাখার কোন যুক্তি আমি দেখতে পাচ্ছি না। আজকে আমাদের চিন্তা করা উচিত যে, ঐ সমস্ত সম্পত্তি সরকারের বিচার অনুযায়ী নিজের হাতে গ্রহণ করা উচিত এবং সেই সম্পত্তির যে দেনা এবং দায়দায়িত্ব আছে সেগুলি সরকার নিজে মিটিয়ে দিয়ে এই ঐতিহাসিক স্থানগুলিকে সুরক্ষিত করা হচ্ছে সরকারের কর্তব্য ব'লে মনে করি। মাননীয় সদস্য শীশ মহম্মদ যে প্রশ্ন তুলেছেন, আমি সে সম্বন্ধে বলছি যে, এই চুরি বহুদিন থেকে চলছে। কোন কোটি টাকার মণিমুক্তা যা ঐসমস্ত ঘরে ছিল সেইসমস্ত জিনিস চ'লে গেছে কোন অন্ধকার পথে। এই অবস্থায় সেখানে একটা এনকোয়ারি কমিটি—একটা অত্যন্ত পাওয়ারফুল এনকোয়ারি কমিট হওয়া উচিত যে, কোটি কোটি টাকার সম্পত্তি মণিমুক্তা হাজারদুয়ারী, ইত্যাদি ঘর থেকে বেরিয়ে কোন অন্ধকার পথে চলে গেছে সেটা অনুসন্ধান করা দরকার। পশ্চিম বাংলার তথা ভারতবর্ষের পূর্ব মানুষরা যাতে দেখতে পায়, ঐ বাংলা বিহার ও উড়িষ্যার নবাবের যে শেষ স্তম্ভ যে শেষ পরিচয় ছিল সেগুলি সুরক্ষিত করার জন্য আমি সরকারকে জানাচ্ছি। আমি এখানে দু'টি জিনিস সংযোজন করতে চাই। নিজামতকিল্লায় যে বাঁদী পরিবার ছিল, তারা আজকে উদ্বাস্তু, তাদের কোন

সংস্থান নাই, আজকে তাদের প্রতি করভার চাপিয়েছেন। আজকে সরকার যদি সেই সব সম্পত্তি অধিগ্রহণ ক'রে সেইসব মেহনতী মানুষ এবং হাজার হাজার চাষীকে সেখানে পুনর্বাসন করতে পারতেন। আমি ঐ জেলার লোক, আমি ভাল ক'রেই ওখানকার অবস্থা জানি। এই আইন সাময়িকভাবে এনেছেন আনুন—কিন্তু এর পরে একটা সুষ্ঠু আইন এনে যাতে তার দ্বারা এই ঐতিহাসিক স্থান সুরক্ষিত করা যায় আমি আশা করি সেইরকম ব্যবস্থা করবেন এবং এইসব ঐতিহ্যপূর্ণ স্থানগুলি সরকার প্রপারলি মেনটেন ক'রে দেশের স্বার্থ বজায় রাখবেন। এই কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

[2-50—3-00 p.m.]

শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি: মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে সরকার মুর্শিদাবাদ জমিদারি আইন সংশোধন করবার জন্য এখানে বিল এনেছেন। আমার আগের বক্তা মাননীয় সদস্য শ্রীশীশ মহম্মদ সাহেব বলেছেন যে, এই ট্রাস্ট অ্যাক্ট ১৮৯১ সালের অ্যাক্ট মতে এখানে একটা প্রভিন্সিয়াল অ্যাক্ট করা হয়েছে এবং সেটা ছিল ১৮৯১ সালের সেন্ট্রাল অ্যাক্ট। তারপরে ১৯৬৩ সালে যে অ্যাক্ট তৈরি করা হ'ল তার প্রথম সেনটেন্স যেটা আছে সেটা যদি পড়ি তা হ'লে দেখতে পাবেন সেখানে বলছে

"An Act to provide for the creation of trustee in respect of properties enjoyed by the Late Nabab Bahadur of Murshidabad for the benefit of his sons and daughters."

আজকে যে অ্যামেন্ডমেন্ট আমাদের সামনে আনা হয়েছে তাতে মাননীয় মন্ত্রিমহাশয় রেখেছেন যে, সেই ট্রাস্টের প্রপার্টি আমরা ১৯৬৩ সাল থেকে আজ পর্যন্ত চালিয়ে এমন দেনাগ্রস্ত হয়ে পড়েছি যে, সেই দেনা শোধ করবার জন্য আজকে সম্পত্তি বিক্রি করবার ক্ষমতা সরকারের নেওয়া উচিত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ভেবে দেখতে বলি যে, আমরা যদি এই ক্ষমতা সরকারকে দিই, তা হ'লে ট্রাস্টির যে উদ্দেশ্য সেই উদ্দেশ্যে আরও পরিষ্কার ক'রে বলা হয়েছে,

Whereas it is necessary to give effect to the said desire of Late Nabab Bahadur of Murshidabad and to that effect, created a trust in respect of properties of Murshidabad Estate enjoyed for the benefit of his sons and daughters.

তবে দুটো পথ আছে। একটা পথ হচ্ছে সম্পত্তি বিক্রি ক'রে দিয়ে দেনা শোধ করা। আর সত্যিকারের যদি দেনা হয়ে গিয়ে থাকে, যথার্থভাবে সেটা ভুলক্রমেই হোক বা অন্য কোন গাফিলতিতেই হোক, তা হ'লে সেই দেনা শোধ করা নিশ্চয় দরকার। একটি পথ যেটা সরকার নিতে যাচ্ছেন সেটা হচ্ছে সম্পত্তি বিক্রি ক'রে দেওয়া আর একটি হচ্ছে, যে এস্টাব্লিশমেন্ট কস্ট চলছে, যে প্রশাসন যন্ত্রের দ্বারা মুর্শিদাবাদ এস্টেট ট্রাস্ট পরিচালিত হয় তার ইম্প্রুভমেন্ট হ'তে পারে, এস্টাব্লিশমেন্ট কস্ট কমিয়ে এবং সেই এস্টাব্লিশমেন্ট কস্ট কমিয়ে দেনা শোধ করতে পারা যায়। কিন্তু সেটা না ক'রে যদি সরকারকে ক্ষমতা দেওয়া হয়, যে ক্ষমতার দ্বারা তিনি সম্পত্তি বিক্রি ক'রে দিয়ে দেনা মেটাবেন তা হ'লে ট্রাস্টের যে উদ্দেশ্য সনস, ডটারদের বেনিফিট দেওয়া, সেটা করা যাবে না। আর একটি জিনিস সেকশন (৫)-এর পরিবর্তন করতে চেয়েছেন। তাতে একমাত্র একটি লোকের নাম ক'রে বলা হচ্ছে যে, তাকে সাড়ে তিন হাজার টাকা ক'রে দেওয়া হোক। আজকে সেটা যদি সংশোধন না করা হয়, তা হ'লে কি ক'রে বলেন যে, ভবিষ্যতে আর কখন দেওয়া হবে না? সনস অ্যান্ড ডটারস-এর ব্যাপারে বলছেন

Court will decide who are the legal sons and daughters.

এবং সেই প্রপার্টি ট্রাস্ট অনুযায়ী সনস অ্যান্ড ডটারস পাবে। আমরা শুনেছি যে টাকা দেওয়া হয়েছে সেটা ট্রাস্টের টাকা নয়, গভর্নমেন্টের যে ৪০ হাজার টাকার একটা ফান্ড ছিল সেখান থেকে চিকিৎসার জন্য টাকা দেওয়া হয়েছে। আমরা এও শুনেছি যে, আর একজন দাবিদার

শ্রীকাজেম আলি মির্জা সাহেব তিনি বলেছিলেন, আমি অসুস্থ, আমাকে টাকা দেওয়া হোক। কাজেই স্যার, এটা সরকারের সুইট উইলের উপর ছেড়ে দেওয়া যাবে না। কে সন, কে ডটার সেটা সরকারীভাবে ব'লে দেওয়া হোক। কাজেই এটা ট্রাস্টের সুইট উইলের উপর ছেড়ে দেওয়া যায় না। কেননা, কে লিগ্যাল সন, কে লিগ্যাল ডটার সেটা কোর্ট ডিসাইড করবে দেওয়া আছে। অতএব মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ রাখছি যে, আমরা আজকে সোস্যালিস্টিক স্টেটের কথা বলছি, আর জমিদারি আইন সংশোধন করছি, আগেকার দিনে যে সরকার ছিল তাকে সোস্যালিস্টিক বলে কিনা জানি না, এই সরকার নিজেকে বলে মোর সোস্যালিস্টিক, এই মোর সোস্যালিস্টিকের সঙ্গে, এই আইন পরিবর্তন অতীতের কার্যকে রূপ দেবার জন্য, অ্যাপ্রুভাল দেবার জন্য করুন, কিন্তু সেটা করবার আগে হাউসের সামনে এমন একটা কম্প্রিহেনসিভ অ্যাক্ট আনুন। স্টেট জমিদারি আইনের কি অসুবিধা, সুবিধা আছে সে সম্বন্ধে গনি সাহেব বলেছেন। এই আইনটা আগে বিতরণ করা হোক, জনমত সৃষ্টি করা হোক এবং জনমত গঠন ক'রে নতুন ক'রে কম্প্রিহেনসিভ অ্যাক্ট করার ব্যবস্থা করা হোক। এই কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীহরেন্দ্রনাথ হালদার: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় দি মুর্শিদাবাদ ট্রাস্ট এস্টেট অ্যামেন্ডমেন্ট বিল আমাদের কাছে যেটা উপস্থিত করেছেন, সেই বিল সমর্থন ক'রে আমি আপনার মাধ্যমে কয়েকটি গুরুত্বপূর্ণ প্রস্তাব মন্ত্রিমহাশয়কে দিচ্ছি। স্যার, এখানে বিরোধী পক্ষের বন্ধুরা অনেক বড় বড় কথা বললেন দু' হাজার টাকা বেতন দিয়ে কর্মচারী পোষা হচ্ছে ইত্যাদি, এ সম্বন্ধে তিমিরবাবু বলেছেন, বারি সাহেবও বলেছেন। আমি আর বিশেষ কিছু বলতে চাই না, তবে এইটুকু বলতে চাই যে, যেদিন আমি হাজার দুয়ারীতে যাই সেইদিন যারা হাজারদুয়ারী পরিষ্কার করছিল এবং আমাদের বিভিন্ন জায়গা দেখিয়ে দিচ্ছিল, তাদের বেতনের কথা জিজ্ঞাসা করেছিলাম। এইসমস্ত কর্মচারীদের বেতনের কথা ট্রাস্টীর কাছে উল্লেখ করে না। আমি তাই মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে উল্লেখ করব যে সেইসব কর্মচারীদের বেতনের কথা চিন্তা করুন। তারপর বলা হয়েছে, কোন হিস্টরিকাল প্লেস–মন্দির, মসজিদ বা ধর্মীয় প্রতিষ্ঠান বিক্রি করা হবে না। বিক্রি করা হবে না ব'লে সেগুলির সংস্কার করা হবে না এটা কি রকম কথা? সেইসমস্ত দিকে ট্রাস্টিরা চিন্তা করেন না। আমি স্যার, ঐ বেতনের প্রসঙ্গে আর একটা কথা এখানে বলব যে, ঐ নবাব বাহাদুরের সমাধিতে যিনি সান্ধ্য প্রদীপের শিখা দেখান, তাঁকে জিজ্ঞাসা করলে পর তিনি বলেছিলেন যে, তিনি মাসে চার টাকা বেতন পান। এইসমস্ত ব্যাপার যাতে ট্রাস্ট চিন্তা করেন তার জন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব। কারণ এইসমস্ত সাধারণ দুঃস্থ কর্মচারীদের কথা যদি ট্রাস্টীরা চিন্তা না করেন, তা হ'লে ট্রাস্টী থাকার প্রয়োজনীয়তা কোথায়? তারপর নবাব বাহাদুরের হাজার দুয়ারীতে যেসব তথ্য ছিল তা অনেক হারিয়ে গিয়েছে। স্যার, গত যুক্তফ্রন্টের আমলে যেসব জিনিস আনা হয়েছিল হাজারদুয়ারী থেকে সেগুলি আজ কোথায় আছে আমরা জানি না। কাজেই মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই আপনার মাধ্যমে যে, ফ্রি অ্যান্ড ফেয়ার ইলেকশন বইয়ে কথিত আছে যে, জ্যোতিবাবু স্বরাষ্ট্রমন্ত্রী থাকাকালীন হাজারদুয়ারী থেকে বেশ কিছু দর্শনীয় জিনিসপত্র এনেছিলেন, আজ পর্যন্ত তা হাজারদুয়ারীতে পৌঁছায় নি। সে সম্বন্ধে সরকার কি ব্যবস্থা অবলম্বন করেছেন জানতে চাই। এই ব'লে এই বিলকে সমর্থন ক'রে শেষ করলাম।

শ্রীআবদুস সাত্তার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের উপর প্রথম বক্তা হচ্ছেন আর এস পি দলের শীশ মহম্মদ সাহেব। তিনি হচ্ছেন বিপ্লবী সমাজতান্ত্রিক দলের লোক। তিনি যখন বক্তৃতা করতে ওঠেন তখন তাঁদের বেঞ্চে মাত্র একজন ছিলেন এখন দেখছি তিমিরবাবুও তাঁর পাশে এসে বসেছেন। তিনি বক্তৃতা করতে গিয়ে বললেন, আমি একজন আছি, এখন দেখছি তাঁরা দু'জন। যাই হোক, তাঁরা বক্তৃতা শুনে মনে হ'ল তিনি বিপ্লব করতে এসেছেন। তিনি যা বক্তৃতা করলেন তাতে দেখলাম তিনি নবাব বাহাদুরের ফ্যামিলির কারুর দ্বারা ব্রিফ্‌ড হয়ে এসে এখানে কতকগুলি বক্তব্য রাখলেন। দুঃখের কথা, উনি আজকে ব্রিফ নিয়েছেন নবাবের জমিদারের। উনি আবার বিপ্লব করবেন? এই আইনটা মুর্শিদাবাদ এস্টেট ট্রাস্ট অ্যাক্ট, এটা

হয়েছিল ১৯৬৩ সালের বোধ হয় ৫ই জানুয়ারি তারিখে। এই আইনটা যখন প্রথম হয়, যদিও আমি ব্যক্তিগতভাবে সরকারের মন্ত্রী, এই একটা প্রাইভেট প্রপার্টি নিয়ে আইন করা হয়েছে, সত্যিকারের এটা করা উচিত ছিল না।

(এ ভয়েসঃ সে সময় তো আপনিও ছিলন।)

মির্জা সাহেবও ছিলেন, বর্তমানেও আছেন। তিনি সেই ফ্যামিলির সন্তান, তাঁর সাহায্যে এই আইনটা করা হয়েছিল।

[3-00—3-10 p.m.]

গভর্নমেন্টের আইনে প্রাইভেট প্রপার্টি নিয়ে এই ট্রাস্ট অ্যাক্ট করা হয়েছিল। যেহেতু চ্যালেঞ্জড কিছু হয়েছিল এবং পাস্ট লিগাসী কিছু আছে এই পাস্ট লিগাসী আমাদের বহন করতে হচ্ছে। পরে আমি বলছি এই আইনে কি করা হয়েছে। এই যে বলেছেন ঐতিহাসিক জিনিস চুরি হয়ে গেছে আমি এজন্য অত্যন্ত দুঃখিত। সেখানকার অনেকেই এই বিষয়ে জড়িত আছেন এবং হাজারদুয়ারীর আটজনকে সাসপেন্ড করা হয়েছে। তাদের কেস পেন্ডিং রয়েছে, ইন-ভেস্টিগেশন চলছে। কিন্তু চুরি কারা করছে আমি এখানে বলতে পারছি না, যেহেতু এটা সাব জুডিস ম্যাটার। কলকাতায় যে বাড়ি আছে সেখানে তালা ভাঙ্গা হয়েছে, সেটা আর কেউ [illegible] নবাবেরই এক ছেলে ফতে আলি মির্জা, তার বিরুদ্ধে সিভিল সুট ইজ পেন্ডিং। আজকে [illegible] ডাঃ গনি কতকগুলি সিরিয়াস অ্যালিগেশন এগেনস্ট দি ট্রাস্টি করেছেন। আমি এই [illegible]গুলি সম্বন্ধে তাঁকে ইনভাইট করছি আমাকে যদি তিনি লিখিতভাবে দেন, তা হ'লে [illegible] আই স্যাল টেক অ্যাকশন এগেনস্ট দ্যাট ট্রাস্টি। আপনি যে বলেছেন ১৯ হাজার টাকা [illegible] দেওয়া হয়েছে, আমি বলতে পারি ফান্ড থেকে একটা পয়সাও দেওয়া হয় নি। গভর্ন-[illegible] থেকে যে সাত হাজার টাকা পান সেটা পশ্চিমবঙ্গ সরকার থেকেই পান। সেই অফিসিয়াল [illegible] থেকে দেখা যায় যে, সেখানে ফান্ড থেকে কোন বেনিফিসিয়ারিজ আর নট গেটিং এনি [illegible]। সেকসন ফাইভ অব দি অ্যাক্ট-এ বলা হয়েছে যে, এর আগে মির্জা সাহেব যিনি [illegible] এল এ ছিলেন তখন ওঁদের যে টাকা ছিল ফিক্সড ডিপোজিট ৮ লক্ষ ৭৫ হাজার ১৮৩ টাকা ঐ কাজেম আলি মির্জা সাহেবের বড় ভাই ওয়ারেজ আলি মির্জা সাহেব যখন টাকা [illegible]রেছিলেন তখন ৬ লক্ষ টাকা দেওয়া হয়েছিল ২১এ অক্টোবর ১৯৬৩ তারিখে ঐ গচ্ছিত টাকা [illegible]থেকে। এখন দেখা যাচ্ছে যে, দেয়ার ইজ নো প্রভিশন ইন দি অ্যাক্ট, অতএব বেনিফিসিয়ারিদের [illegible]তে দিতে পারি সেই প্রভিশন রাখার জন্য এটা অ্যামেন্ড করতে হচ্ছে। এটা আপনারা সকলেই [illegible]নেন যে, এটা অর্ডিনান্স করা হয়েছিল এই হাউসের যাঁরা পুরাতন মেম্বার আছেন তাঁরা [illegible] এটা জানেন। এখন দেখা যাচ্ছে, ৪ লক্ষ ১১ হাজার ৭০০ টাকা, তারপর যুক্তফ্রন্টের [illegible] আগে ৩ লক্ষ টাকার মত, এইভাবে অন্যান্য নিয়ে মোট টাকার ইন্টারেস্ট ইনক্লুডিং দি [illegible]াপিটাল সমস্তটা অর্থাৎ এন্টায়ার অ্যামাউন্ট ওয়াজ অ্যাটাচড অ্যান্ড টেকেন ওভার বাই দি [illegible] ট্যাক্স ডিপার্টমেন্ট। এই যে ৪২ হাজার ৭৯৭ টাকা ৮০ পয়সা কম্পেনসেশন সেল-[illegible]িডস বাবত জমা পড়ে ২রা আগস্ট ১৯৭২ তারিখে। সৈয়দ ফতে ইয়ার আলি মির্জা [illegible]সপাতালে চিকিৎসার জন্য যান এবং আবেদন করেন যে, আমি হাসপাতালের পয়সা দিতে [illegible]রছি না - ইন ফ্যাক্ট হি ওয়াজ ইন ডিস্ট্রেস, তাই তাঁকে দেওয়া হয় হিউম্যানিটেরিয়ান গ্রাউন্ডে [illegible] হাজার ৫০০ টাকা। সেইজন্য তাঁকে ৩ হাজার ৫০০ টাকা দেওয়া হয়েছিল, ৪২ হাজার [illegible]৯৭ টাকার মধ্যে থেকে এটা দেওয়া হয়েছে। সেইজন্য আইনকে অ্যামেন্ড করতে হচ্ছে। আর [illegible]কটা জিনিস কেন পরিবর্তন করছি

[illegible]ection 4A is added to clause 2 which says that "Notwithstanding anything [illegible]ontained in this Act, the Trustee may, for the purposes of paying off debts [illegible]d discharging liabilities relating to the Murshidabad Estate, sell, with [illegible]e previous approval of the State Government, any immovable property [illegible]he Estate and utilise the proceeds thereof for such purposes".

ডেটস কি আছে, মুর্শিদাবাদ এস্টেটের ডিউজ টু গভর্নমেন্ট অফ ইন্ডিয়া ২৪ লক্ষ ১৭ হাজার ৭৭৪ টাকা ৩৪ পয়সা, ডিউজ টু গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গল ২ লক্ষ ৬৫ হাজার ২৯৩ টাকা ৪৭ পয়সা, এরিয়ার্স অফ ইনকাম ট্যাক্স আপ টু ১৯৭২-৭৩ তার দরুন আছে ১ লক্ষ ৯ হাজার ৪৪০ টাকা, এরিয়ার্স অফ ওয়েলথ ট্যাক্স এস্টিমেটেড ; তার মধ্যে আছে ৭৮ হাজারের মত, এরিয়ার্স অফ এক্সপেন্ডিচার ট্যাক্স এইভাবে ইন্ডিয়া গভর্নমেন্টের কাছে ডেটস্ হচ্ছে ২৬ লক্ষ ৮৩ হাজার ৭২ টাকা ১১ পয়সা, বেনিফিসিয়ারিজ আর নট গেটিং এ পাই, তার কারণ হচ্ছে

Section 5(3) says: "From the balance of the sum received under clause (2) of section 3 and the sums received under clause (3) of that section, the Trustee shall pay—(a) first, (i) all costs incurred by the Trustee in managing and administering the trust properties and the income therefrom, including costs of such repairs and improvements of any of the trust properties other than the Mosques and Imambarahs as appear necessary to the Trustee and are approved by the State Government; and (ii) all revenues, rents, cesses, rates, taxes, debts and liabilities in respect of the Murshidabad Estate and the trust properties and amounts required to satisfy any decree, order or judgment of the court in relation thereto. (b) secondly, to the Imambarah Committee for the purpose of the maintenance of the Mosques and Imambarahs and the performance of the prescribed religious ceremonies, such amount as may be specified by the State Government by order made in this behalf from time to time."

Mr. Speaker: Hon'ble Minister will take some more time. As I have been told, one hour will be over by 3-13 p.m. So, with the sense of the House the time may be extended by 15 minutes more.

(Pause)

The time is extended by 15 minutes more.

Shri Abdus Sattar: As I was saying, thirdly, after making the payments referred to in clauses (a) and (b), which shall be apportioned proportionately and adjusted against the sums received under clauses (2) and (3), respectively, of section 3, and the monthly payment referred to in sub-section (2), the balance remaining out of the sum received under clause (2) of section 3, to the Nawab Bahadur, and from the balance remaining out of the sums received under clause (3) of that section, an allowance of etc., etc.

[3 10--3-20 p.m.]

এখন দেখুন প্রথম ও দ্বিতীয় দফায় দেবার পর কি অবস্থা হচ্ছে। এই এস্টেট-এর বছরে ইনকাম হচ্ছে ২ লক্ষ ৩৬ হাজার ৬৫ টাকা ৭৬ পয়সা এবং এক্সপেন্ডিচার হচ্ছে যদি সমস্ত অ্যালাউন্স টু অল দি বেনিফিসিয়ারিজ ধরি, তা হ'লে ৬ লক্ষ ৩৫ হাজার ৫৪৬ টাকা ৮৪ পয়সা অর্থাৎ মোটামুটি ব্যালেন্স হচ্ছে ৩ লক্ষ ৯৯ হাজার ৪৪ টাকা ঘাটতি। এখন প্রশ্ন হচ্ছে, ফার্স্ট ও সেকেন্ড-এর মীট করার পর তখন বেনিফিসিয়ারিজ আসে। কিন্তু ফার্স্ট অ্যান্ড সেকেন্ড মীট করার আয় থাকে না ব'লে তাদের দেওয়া হয় না। এই আইনে এমন কোন বিধান নেই যে, পশ্চিমবঙ্গ সরকারের বাজেট থেকে দেওয়া হবে--দিতে হ'লে এখান থেকেই দিতে

হবে। কিন্তু আমাদের যে ইনকাম এবং প্রথম ও দ্বিতীয় দফায় যেসমস্ত খরচ হবে এই খরচ মীট করার পর আর থাকে না, ফলে দেবার সম্ভাবনা নেই। নেতারা বেগমের কথা বলেছেন। আমরা দুঃখিত তিনি অনশন করছিলেন। তাঁকে পেছন থেকে কেউ খাড়া করেছিল। তিনি এসেছিলেন লন্ডন থেকে। তিনি পারমিশন চেয়েছিলেন, আমাকে সেখানে থাকতে পারমিশন দেওয়া হোক। কিন্তু সে যাতে ঢুকতে না পারে, সেজন্য ফতে ইয়া মির্জা বাধা সৃষ্টি করেছিল এবং তাঁকে ঢুকতে দেয় নি। তারপর তাঁকে দু' মাসের জন্য থাকতে দেওয়া হয়েছিল। তাঁর ছোট বোন তাঁকে বাড়িতে ঢুকতে দেওয়া হ'ল না। যদিও সেখানে অনেক ঘর খালি পড়ে আছে। সেখানে তাঁকে কোন ঘর থেকে বার করা হয় নি। তিনি উপরে থাকেন। দু বোন একসঙ্গে থাকতে পারে না। কিন্তু প্রশ্ন হচ্ছে তাঁর বুদ্ধি নেই, সেখানে তাঁকে খাড়া করা হয়েছিল। ঐ পরিবারের কিছু লোক পলিটিক্স করেছে। এক বোন থাকার জায়গা চাচ্ছে, তাকে থাকতে দেওয়া হয় নি। গনি সাহেব তাঁর কথা বললেন ব'লে এই কথা বলছি। তাঁকে বাড়ি থেকে এভিকশন-এর কোন প্রশ্নই হয় না। নবাব বাহাদুরের কন্যা থাকতে পারবেন না এ হয় না। কিন্তু তাঁকে ঢুকতে দেওয়া হয় নি। তিনি পুলিস হেল্প চেয়েছিলেন। কিন্তু আই পাসড অর্ডার সিম্পলি যে, ইউ গো টু কোর্ট অর গো টু থানা এবং তারপর পুলিস হেল্প নাও। অর্থাৎ আমি কিছু করতে পারব না। এখানে এই সমস্ত ফ্যাকশন কাজ করছে। আমি বলছি হাজারদুয়ারীর সঙ্গে ইমামবাড়া রিলিজিয়াস পোরসন বাদ দিয়ে—প্রভৃতির যেসমস্ত হিস্টরিক্যাল চিহ্ন আছে সেসব এনসিয়েন্ট মনুমেন্ট অ্যাক্ট অনুসারে নেবার জন্য আমরা ইন্ডিয়া গভর্নমেন্টকে বলেছি। আমি যদি জুডিসিয়াল মিনিস্টার থাকি, তা হ'লে হাজারদুয়ারী, ইমামবাড়া নেবার পর আই উইল রিপিল ইট। আমরা এই অ্যাক্টকে রিপিল করতে চাই—রাখা ঠিক হয় না। এই অ্যাক্ট এখনও রাখা ঠিক নয়, আমি বলছি এই অ্যাক্ট গভর্নমেন্টের অবৈধ সন্তান এই অ্যাক্ট রাখার কোন কারণ থাকতে পারে না। কিন্তু এই এনসিয়েন্ট মনুমেন্ট অ্যাক্ট হাজারদুয়ারী এবং ইমামবাড়া যতক্ষণ পর্যন্ত না নিয়ে নেওয়া হচ্ছে এই হাজারদুয়ারী এবং ইমামবাড়ার ক্ষতি হয়ে যাবে ; সত্যিকারের নষ্ট হয়েছে এবং নষ্ট হচ্ছে যার রিপেয়ার করতে কয়েক লক্ষ টাকা দরকার। সেই টাকা এই এস্টেটের নেই। আজকে যদি হাজারদুয়ারী ছেড়ে দেওয়া হয় নবাব পরিবারের, তা হ'লে সেটা নষ্ট হয়ে যাবে। যেসমস্ত প্রশ্ন উঠেছে আমি আশা করি আপনাদের সন্তুষ্ট করতে পেরেছি এবং কেন এই আইনটার অ্যামেন্ডমেন্ট হয়েছে সেকথা বলতে সক্ষম হয়েছি। আশা করি এই আইনটা অনুমোদন করবেন এবং সার্কুলেশন মোশনের জন্য যে অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে আমি তার বিরোধিতা করছি।

The motion of Shri Shish Mohammad that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and a division taken with the following result:—

Noes

Abdul Bari Biswas, Shri.
Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Baidya, Shri Paresh.
Bandopadhayay, Shri Shib Sankar.
Banerjee, Shri Mrityunjoy.
Bera, Shri Sudhir Chandra.
Besra, Shri Manik Lal.
Bijali, Dr. Bhupen.
Chaki, Shri Naresh Chandra.
Chakraborty, Shri Gautam.

Noes

Chakravarty, Shri Bhabataran.
Chatterjee,Shri Kanti Ranjan.
Chowdhary, Shri Abdul Karim.
Das, Shri Sarat Chandra.
De, Shri Asamanja.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Adya Charan.
Gayen, Shri Lalit.
Ghosh, Shri Lalit Kumar.
Ghosh, Shri Prafulla Kanti.
Ghosh Moulik, Shri Sunil Mohan.
Goswami, Shri Sambhu Narayan.
Gyan Singh, Shri Sohanpal.
Habibur Rahaman, Shri.
Hajra, Shri Basudeb.
Halder, Shri Harendra Nath.
Hatui, Shri Ganesh.
Hembrom, Shri Patrash.
Karar, Shri Saroj.
Khan, Shri Gurupada.
Kolay, Shri Akshay Kumar.
Lohar, Shri Gour Chandra.
Mahato, Shri Madan Mohan.
Mahato, Shri Satadal.
Maitra, Shri Kashi Kanta.
Majhi, Shri Rup Sing.
Maji, Shri Saktipada.
Malladeb, Shri Birendra Bijoy.
Mandal, Shri Nrisinha Kumar.
Md. Safiullah, Shri.
Md. Shamsuzzoha, Shri.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Molla, Tasmatulla, Shri.
Mondal, Shri Aftabuddin.
Mondal, Shri Khagendra Nath.
Moslehuddin Ahmed, Shri.
Mukherjee, Shri Mrigendra.
Mukherjee, Shri Sibdas.
Mukhopadhyay, Shri Mahadeb.
Mukhopadhyaya, Shri Ajoy.
Nahar, Shri Bijoy Singh.
Paik, Shri Bimal.
Panja, Shri Ajit Kumar.
Paul, Shri Bhawani.

Noes

Paul, Shri Sankar Das.
Pramanick, Shri Gangadhar.
Pramanick, Shri Puranjoy.
Roy, Shri Debendra Nath.
Roy, Shrimati Ila.
Roy, Shri Jagadananda.
Roy, Shri Krishna Pada.
Saha, Shri Dulal.
Saha, Shri Dwija Pada.
Saha, Shri Nirad Kumar.
Saha, Shri Radha Raman.
Samanta, Shri Tuhin Kumar.
Santra, Shri Sanatan.
Saraogi, Shri Ramkrishna.
Saren, Shrimati Amala.
Saren, Shri Dasarathi.
Sarkar, Shri Nil Kamal.
Shaw, Shri Sachi Nandan.
Sheth, Shri Balai Lal.
Sinha, Shri Panchanan.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Tewary, Shri Sudhansu Sekhar.
Wilson-de Roze, Shri George Albert.

Ayes

A. M. O. Ghani, Dr.
Bhaduri, Shri Timir Baran.
Bhattacharya, Shri Harasankar.
Chakravarti, Shri Biswanath.
Ghosal, Shri Satya.
Mitra, Shrimati Ila.
Mukhopadhyay, Shrimati Gita.
Murmu, Shri Rabindra Nath.
Oraon, Shri Prem.
Roy, Shri Aswini.
Saren, Shri Jayram.
Shish Mohammad, Shri.
Sinha, Shri Nirmal Krishna.

The Ayes being 13 and the Noes 79, the motion was lost.

শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমাদের সদস্য আপনাকে পূর্বে নিয়েছিলেন ভোট দেওয়ার সুইচে ডিফেক্ট আছে, সেই ব্যাপারটা সংশোধন করা হয় নি। তিনি ...ন উঠে দাঁড়িয়ে বলছেন, তাঁর ভোটটা যেন রেকর্ড করা হয়। রোজ রোজ সেই রকম হওয়াটা ...চত নয়।

[3-20—3-50 p.m.]

Mr. Speaker: I now put to vote the Circulation Motion of Dr. A. M. O. Ghani.

(The motion was then put to voice vote. Shrimati Ila Mitra called for a division.)

Shri Abdul Bari Biswas: Mr. Speaker, Sir, I rise on a point of order. When you put the motion to vote none of our C.P.I. friends say 'Ayes'.

Mr. Speaker: Shrimati Ila Mitra stood up and asked for a Division on this particular motion.

Shri Gyan Singh Sohanpal: Sir, so far as your ruling is concerned we bow down to it. But I would only request you to examine the Tape Record where you would find that nobody had said 'Ayes'.

Mr. Speaker: Please cast your vote.

The motion of Dr. A. M. O. Ghani that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon, was then put and Division taken with the following results:

Noes

Abdul Bari Biswas, Shri.
Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Abul Barkat Atawal Ghani Khan Choudhury, Shri.
Baidya, Shri Paresh.
Banerjee, Shri Mrityunjoy.
Bera, Shri Sudhir Chandra.
Bijali, Dr. Bhupen.
Bose, Shri Lakshmi Kanta.
Chaki, Shri Naresh Chandra.
Chakraborty, Shri Gautam.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Kanti Ranjan.
Das, Shri Sudhir Chandra.
De, Shri Asamanja.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Adya Charan.
Gayen, Shri Lalit.
Ghosh, Shri Lalit Kumar.
Ghosh, Shri Prafulla Kanti.
Ghosh Moulik, Shri Sunil Mohan.
Goswami, Shri Sambhu Narayan.
Gyan Singh, Shri Sohanpal.
Habibur Rahaman, Shri.

Noes

Hajra, Shri Basudeb.
Halder, Shri Harendra Nath.
Hatui, Shri Ganesh.
Hembrom, Shri Patrash.
Karar, Shri Saroj.
Khan, Shri Gurupada.
Kolay, Shri Akshay Kumar.
Lohar, Shri Gour Chandra.
Mahato, Shri Madan Mohan.
Mahato, Shri Sitaram.
Moitra, Shri Kashi Kanta.
Maji, Shri Saktipada.
Malladeb, Shri Birendra Bijoy.
Mandal, Shri Nrisinha Kumar.
Md. Safiullah, Shri.
Md. Shamsuzzoha, Shri.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Molla, Tasmatulla, Shri.
Mondal, Shri Aftabuddin.
Mondal, Shri Khagendra Nath.
Mosleuddin Ahmed, Shri.
Mukherjee, Shri Mrigendra.
Mukherjee, Shri Sibdas.
Mukhopadhyaya, Shri Ajoy.
Nahar, Shri Bijoy Singh.
Omar Ali, Dr. Sk.
Paik, Shri Bimal.
Panja, Shri Ajit Kumar.
Paul, Shri Bhawani.
Paul, Shri Sankar Das.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Puranjoy.
Roy, Shri Debendra Nath.
Roy, Shrimati Ila
Roy, Shri Jagadananda.
Roy, Shri Krishna Pada.
Saha, Shri Dulal.
Saha, Shri Dwija Pada.
Saha, Shri Nirad Kumar.
Saha, Shri Radha Raman.
Samanta, Shri Tuhin Kumar.
Santra, Shri Sanatan.
Saraogi, Shri Ramkrishna.
Saren, Shrimati Amala.

Noes

Saren, Shri Dasarathi.
Sarkar, Shri Nil Kamal.
Shaw, Shri Sachi Nandan.
Sheth, Shri Balai Lal.
Shukla, Shri Krishna Kumar.
Sinha, Shri Panchanan.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Tewary, Shri Sudhansu Sekhar.
Wilson-de Roze, Shri George Albert.

Ayes

A. M. O. Ghani, Dr.
Basu, Shri Ajit Kumar.
Besra, Shri Manik Lal.
Bhaduri, Shri Timir Baran.
Bhattacharyya, Shri Harasankar.
Chakrabarti, Shri Biswanath.
Ghosal, Shri Satya.
Mitra, Shrimati Ila.
Mukhopadhyay, Shrimati Gita.
Murmu, Shri Rabindra Nath.
Oraon, Shri Prem.
Roy, Shri Aswini.
Saren, Shri Joyram.
Shish Mohammad, Shri.
Sinha, Shri Nirmal Krishna.

The Ayes being 15 and the Noes 78, the motion was lost.

The motion of Shri Abdus Sattar that the Murshidabad Estate (Trust) (Amendment) Bill, 1973, be taken into consideration was then put and a Division taken with the following results:

Ayes

Abdul Bari Biswas, Shri.
Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Abul Barkat Atawal Ghani Khan Choudhuri, Shri.
Baidya, Shri Paresh.
Banerjee, Shri Mrityunjoy.
Bijali, Dr. Bhupen.
Bose, Shri Lakshmi Kanta.
Chaki, Shri Naresh Chandra.
Chakrabarti, Shri Biswanath.
Chakraborty, Shri Gautam.

Ayes

Chatterjee, Shri Kanti Ranjan.
Das, Shri Sudhir Chandra.
De, Shri Asamanja.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Adya Charan.
Gayen, Shri Lalit.
Ghosh, Shri Lalit Kumar.
Ghosh, Shri Prafulla Kanti.
Ghosh Moulik, Shri Sunil Mohon.
Goswami, Shri Sambhu Narayan.
Gyan Singh, Shri Sohanpal.
Habibur Rahaman, Shri.
Hajra, Shri Basudeb.
Halder, Shri Harendra Nath.
Halder, Shri Manoranjan.
Hatui, Shri Ganesh.
Hembrom, Shri Patrash.
Karar, Shri Saroj.
Khan, Shri Gurupada.
Kolay, Shri Akshay Kumar.
Lohar, Shri Gour Chandra.
Mahanto, Shri Madan Mohan.
Mahato, Shri Satadal.
Maitra, Shri Kashi Kanta.
Majhi, Shri Rup Sing.
Maji, Shri Saktipada.
Malladeb, Shri Birendra Bijoy.
Mandal, Shri Nrisinha Kumar.
Md. Safiullah, Shri.
Md. Shamsuzzoha, Shri
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri
Molla, Tasmatulla, Shri.
Mondal, Shri Aftabuddin.
Mondal, Shri Khagendra Nath.
Mosleuddin Ahmed, Shri.
Mukherjee, Shri Mrigendra.
Mukherjee, Shri Sibdas.
Mukhopadhyay, Shri Mahadeb.
Mukhopadhyaya, Shri Ajoy.
Nahar, Shri Bijoy Singh.
Omar Ali, Dr. Sk.
Paik, Shri Bimal.
Panja, Shri Ajit Kumar
Paul, Shri Bhawani.
Paul, Shri Sankar Das.

Ayes

Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Puranjoy.
Roy, Shri Debendra Nath.
Roy, Shrimati Ila.
Roy, Shri Jagadananda.
Roy, Shri Krishna Pada.
Saha, Shri Dulal.
Saha, Shri Dwija Pada.
Saha, Shri Nirad Kumar.
Saha, Shri Radha Raman.
Samanta, Shri Tuhin Kumar.
Santra, Shri Sanatan.
Saraogi, Shri Ramkrishna.
Saren, Shrimati Amala.
Saren, Shri Dasarathi.
Sarkar, Shri Nil Kamal.
Shaw, Shri Sachi Nandan.
Sheth, Shri Balai Lal.
Shukla, Shri Krishna Kumar.
Sinha, Shri Panchanan.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Tewary, Shri Sudhanshu Sekhar.
Wilson-de Roze, Shri George Albert.

Noes

Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Abstentions

A. M. O. Ghani, Dr.
Basu, Shri Ajit Kumar.
Besra, Shri Manik Lal.
Bhattacharyya, Shri Harasankar.
Chakrabarti, Shri Biswanath.
Ghosal, Shri Satya.
Mitra, Shrimati Ila.
Mukhopadhyaya, Shri Girija Bhusan.
Murmu, Shri Rabindra Nath.
Oraon, Shri Prem.
Roy, Shri Aswini.
Saren, Shri Joyram.
Sinha, Shri Nirmal Krishna.

The Ayes being 80, the Noes 2 and the Abstentions 13, the motion was carried.

Clauses 1 to 4 and Preamble.

The question that Clauses 1 to 4 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Abdus Sattar: Sir, I beg to move that the Murshidabad Estate (Trust) (Amendment) Bill, 1973, as settled in the Assembly be passed.

The motion of Shri Abdus Sattar that the Murshidabad Estate (Trust) (Amendment) Bill, 1973, as settled in the Assembly be passed, was then put and agreed to.

(At this stage the House was adjourned for 20 minutes.)

(After adjournment.)

VOTING ON DEMANDS FOR GRANTS

DEMAND FOR GRANT No. 19

Major Head: 28—Education

Shri Mrityunjoy Banerjee: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 87,38,91,000 be granted for expenditure under Grant No. 19, Major Head. "28—Education".

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের সুপারিশ অনুযায়ী আমি ১৯৭৩-৭৪ সনের জন্য ১৯নং অনুদানের অন্তর্গত "২৮-শিক্ষা" মুখ্য শীর্ষখাতে ব্যয় বাবত (গ্র্যান্ট নং ১৯, মেজর হেড "২৮—এডুকেশন") মোট ৮৭ কোটি ৩৮ লক্ষ ৯১ হাজার টাকা বরাদ্দের দাবি উত্থাপন করার অনুমতি প্রার্থনা করছি।

এই ৮৭ কোটি ৩৮ লক্ষ ৯১ হাজার টাকা ছাড়াও ১৯৭৩-৭৪ সনের বাজেটে বিভিন্ন অনুদান অংশে নিম্নলিখিত প্রয়োজনের জন্য স্বতন্ত্র বরাদ্দ নির্ধারিত হয়েছে—

(ক) বৈজ্ঞানিক সংস্থা এবং প্রতিষ্ঠানের জন্য সহায়ক দান ও অনুদান ;

(খ) বিভিন্ন শিক্ষায়তনের ভবন নির্মাণ ও সংস্কার ;

(গ) খেলাধুলা, শারীরিক শিক্ষা এবং যুবকল্যাণমূলক কাজকর্মের উন্নতি ;

(ঘ) বিভিন্ন শিক্ষায়তনকে ঋণদান ;

(ঙ) জাতীয় বৃত্তির জন্য অগ্রিম ব্যয় (লোনস্ ফর ন্যাশনাল স্কলারশীপস্) ;

(চ) শিক্ষকদের পেনসন এবং অবসরগ্রহণান্তিক অন্যান্য সুবিধা দান ;

(ছ) শিক্ষাবিভাগের সরকারীভবনগুলির সংস্কার ও রক্ষণাবেক্ষণ ;

(জ) সরকারী ও বেসরকারী অনাথ আশ্রমের দৈনন্দিন ব্যয়নির্বাহ ;

(ঝ) বাংলাদেশের শরণার্থীদের জন্য বিভিন্ন শিক্ষাপ্রকল্প রূপায়ণ ;

(ঞ) সমষ্টি-উন্নয়ন (কমিউনিটি ডেভেলপমেন্ট) কর্মসূচির অন্তর্গত শিক্ষাপ্রতিষ্ঠানগুলির ব্যয় নির্বাহ ;

(ট) জেলার ভৌগোলিক অভিধান (ডিস্ট্রিক্ট গেজেটিয়ার) প্রণয়ন।

১৮নং অনুদানের অন্তর্গত ২৭-বিজ্ঞান বিভাগ মুখ্য শীর্ষ অংশে (গ্র্যান্ট নং ১৮, মেজর হেড, ২৭-সায়েন্টিফিক ডিপার্টমেন্টস) বৈজ্ঞানিক সংঘ ও প্রতিষ্ঠানগুলিকে সহায়কদান ও অনুদান বাবত স্বতন্ত্র বরাদ্দের দাবি আমি যথাসময়ে পেশ করব। অন্যান্য অনুদানের ব্যয়বরাদ্দ উপস্থাপিত করবেন সংশ্লিষ্ট ভারপ্রাপ্ত মন্ত্রিগণ। ১৯৭৩-৭৪ সনের শিক্ষা বিষয়ে ব্যয়বরাদ্দের অধিকাংশই অবশ্য ১৯নং অনুদানের বর্তমান প্রস্তাবের অন্তর্গত।

২। মুখ্য শীর্ষ "২৮—শিক্ষা" (মেজর হেড "২৮-এডুকেশন") খাতের অন্তর্গত মোট ৮৭ কোটি ৩৮ লক্ষ ৯১ হাজার টাকা বরাদ্দের মধ্যে ৬৭ কোটি ৬২ লক্ষ ৬৪ হাজার টাকা হ'ল প্রতিশ্রুত ব্যয় (কমিউটেড এক্সপেন্ডিচার) বা সাধারণ ব্যয়ের বরাদ্দ। উন্নয়নমূলক পরিকল্পনার ব্যয় এ থেকে স্বতন্ত্র। প্রতিশ্রুত ব্যয়-বরাদ্দ থেকে সরকারী প্রশাসনের খরচ এবং তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার শেষ পর্যন্ত যে সব সরকারী শিক্ষায়তন প্রতিষ্ঠিত হয়েছিল তাদের পরিচালনার ব্যয়, তথা বেসরকারী প্রতিষ্ঠানগুলি পরিচালনার জন্য অনুদানের ব্যয় নির্বাহ করা হবে। উন্নয়নমূলক পরিকল্পনা রূপায়ণের জন্য ধার্য হয়েছে ১৯ কোটি ৭৬ লক্ষ ২৭ হাজার টাকা। এর মধ্যে আবার তিনটি বার্ষিক (১৯৬৬-৬৯) পরিকল্পনা কালে গৃহীত প্রকল্পগুলির ব্যয়-নির্বাহের জন্য প্রয়োজন হবে ৮ কোটি ৬৭ লক্ষ ৯৬ হাজার টাকা। চতুর্থ পরিকল্পনাকালে এ যাবত গৃহীত প্রকল্প এবং ১৯৭৩-৭৪ সনে অনুমোদিত প্রকল্পগুলির উন্নতি ও সম্প্রসারণের জন্য ব্যয়বরাদ্দ ধরা হয়েছে ১১ কোটি ৮ লক্ষ ৩১ হাজার টাকা।

[3-50—4-00 p.m.]

৩। এই সভা নিশ্চয়ই অবগত আছেন যে, বর্তমানে সর্বস্তরের বিদ্যায়তনগুলিতে ছাত্র-ছাত্রীর সংখ্যা বহুগুণ বৃদ্ধি পেয়েছে। নূতন স্কুল এবং কলেজ প্রতিষ্ঠার প্রয়োজন এত ব্যাপক হারে বৃদ্ধি পেয়েছে যে, শিক্ষার সুযোগ প্রসারের বহুবিধ প্রয়াস সত্ত্বেও প্রয়োজন এবং বৃদ্ধির মধ্যে সমতা রক্ষা করা সম্ভব হয় নি। উন্নয়নমূলক প্রকল্পে পর্যাপ্ত পরিমাণ অর্থের অভাবে বৃদ্ধির এই হার রক্ষা করাও কঠিন হয়ে পড়বে। চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় শিক্ষার মোট বরাদ্দ ৩২ কোটি ৯৩ লক্ষ ৫৪ হাজার টাকা ধার্য হয়েছিল। এর মধ্যে প্রথম চার বছরে খরচের পরিমাণ আনুমানিক ২১ কোটি ৯৭ লক্ষ টাকা। ১৯৭৩-৭৪ সনে চতুর্থ পরিকল্পনার খাতে ৯ কোটি ৫১ লক্ষ টাকা ধার্য হয়েছে। ইহা পূর্বের নির্দিষ্ট বরাদ্দ থেকে প্রায় ১ কোটি ৪৬ লক্ষ টাকা কম। এই ৯ কোটি ৫১ লক্ষ টাকা বরাদ্দের মধ্যে ১৯৭৩-৭৪ সনে ১৯নং অনুদান অংশের বরাদ্দ ৮ কোটি ৬৯ লক্ষ টাকা। বাকি টাকা অন্যান্য অনুদানে ধরা হয়েছে।

৪। বলা বাহুল্য যে, মাত্র ৩১ কোটি ৪৮ লক্ষ টাকার বরাদ্দ নিয়ে চতুর্থ পরিকল্পনাকালে শিক্ষার সর্বস্তরে উন্নতি সাধন করা অসম্ভব। সেজন্য প্রাথমিক শিক্ষার উপরই সমধিক গুরুত্ব আরোপ করা হয়েছে।

৫। বর্তমানে গ্রামাঞ্চলে অনুমোদিত প্রাথমিক বিদ্যালয়ে প্রথম থেকে চতুর্থ শ্রেণী পর্যন্ত এবং অনুমোদিত নিম্ন বুনিয়াদী বিদ্যালয়ে প্রথম থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত শিক্ষা অবৈতনিক এবং বাধ্যতামূলক। ১৪টি পৌরসভার এলাকাধীন অঞ্চলও এই অবৈতনিক ও বাধ্যতামূলক শিক্ষাব্যবস্থার আওতায় পড়ে। অন্য পাঁচটি পৌরসভার এলাকায় প্রাথমিক শিক্ষা অবৈতনিক হলেও বাধ্যতামূলক নয়। ১৯৭১ সনের ১লা জানুয়ারি থেকে সমস্ত শহর-অঞ্চলে শুধু বালিকাদের জন্য প্রথম শ্রেণী থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত শিক্ষা অবৈতনিক করা হয়েছে। গ্রামাঞ্চলে পূর্ব থেকেই এ ব্যবস্থা বলবৎ ছিল।

৬। চতুর্থ পরিকল্পনার অব্যবহিত পূর্বে পশ্চিমবঙ্গে নিম্ন বুনিয়াদী বিদ্যালয়সহ মোট ৩৪ হাজার ৬ শত ৭২টি প্রাথমিক বিদ্যালয় ছিল। ঐ সময় কলিকাতা কর্পোরেশনের প্রাথমিক বিদ্যালয়গুলির শিক্ষকসমেত শিক্ষকসংখ্যা ছিল ১ লক্ষ ১৫ হাজার ২ শত ৮২ জন। চতুর্থ পরিকল্পনাকালে ১৮ হাজার নূতন শিক্ষক নিযুক্ত করার প্রস্তাব ছিল।

চতুর্থ পরিকল্পনার প্রথম তিন বৎসরে (অর্থাৎ ১৯৬৯-৭০ হইতে ১৯৭১-৭২) ৩ হাজার ৩ শত ১৭টি প্রাথমিক বিদ্যালয় মঞ্জুর করা হয়। ঐ সময়ে চলতি বিদ্যালয়গুলিতে অতিরিক্ত শিক্ষক নিয়োগ সহ মোট ১২ হাজার ৯ শত ২০ জন শিক্ষকের পদও মঞ্জুর করা হয়। ১৯৭২-৭৩ সনে শহর এলাকায় ৫ শতজন শিক্ষক সহ ১ শত ২৫টি প্রাথমিক বিদ্যালয় মঞ্জুর করা হয়েছে। ১৯৬৩ সনের পশ্চিমবঙ্গ শহরাঞ্চল প্রাথমিক শিক্ষা আইন অনুযায়ী ১৯৭২ সালের ১লা জানুয়ারি থেকে বাঁকুড়া পৌর এলাকায় অবৈতনিক ও বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার প্রবর্তন করা হয়েছে এবং সেখানে ২০টি নূতন প্রাথমিক বিদ্যালয় মঞ্জুর করা হয়েছে।

৭। শিক্ষিত বেকারদের চাকুরী দেবার পরিকল্পনায় ভারত সরকারের কাছ থেকে আর্থিক সাহায্য নিয়ে ১৯৭১-৭২ সনে ১ হাজার ৭৫টি প্রাথমিক বিদ্যালয় মঞ্জুর করা হয়। বর্তমান বিদ্যালয়গুলিতে অতিরিক্ত ৭ শত শিক্ষক নিয়োগ সহ ঐ পরিকল্পনায় ঐ বৎসর ৪ হাজার ১ শত শিক্ষকের পদ মঞ্জুর করা হয়। ঐ একই পরিকল্পনায় ১৯৭২-৭৩ সনে আরও ৪ হাজার প্রাথমিক শিক্ষকের পদ মঞ্জুর করা হয়েছে। এর মধ্যে ৩ হাজার ৫ শত জন শিক্ষক ১২ শতটি নূতন প্রাথমিক বিদ্যালয়ে এবং ৫ শত জন চলতি বিদ্যালয়ে নিযুক্ত হবেন। চতুর্থ পরিকল্পনার শেষ পর্যন্ত উপরোক্ত শিক্ষকদের বেতন বাবত ব্যয়ভার বহনের জন্য ভারত সরকার আর্থিক সাহায্য দেবেন। পরে হয়ত এই ভার এ সরকারকে বহন করতে হবে।

৮। উল্লিখিত যেসমস্ত প্রাথমিক বিদ্যালয় এবং শিক্ষকের পদ মঞ্জুর করা হয়েছে তার মধ্যে ১৯৭৩ সনের ৩১এ জানুয়ারি পর্যন্ত ৩ হাজার ৭ শত ৫১টি বিদ্যালয় স্থাপনের অনুমোদন দেওয়া হয়েছে। ১৯৭৩ সনের ২২এ ফেব্রুয়ারি পর্যন্ত মোট ১০ হাজার ১ শত ৭৬ জন শিক্ষকের নিয়োগ অনুমোদন করা হয়েছে।

৯। ১৯৭১-৭২ সনে (অর্থাৎ ১-৪-৭১এ) ৬ থেকে ১১ বৎসর বয়স্ক শিশুদের আনুমানিক সংখ্যা ছিল ৬২ লক্ষ ২৮ হাজার। ঐ বৎসর ১ম থেকে ৫ম শ্রেণী পর্যন্ত ছাত্রছাত্রীর আনুমানিক সংখ্যা ছিল ৪৬ লক্ষ ২০ হাজার অর্থাৎ ৬ থেকে ১১ বৎসর বয়স্ক শিশুদের মোট সংখ্যার শতকরা ৭৪·১ অংশকে শিক্ষার আওতায় আনা হয়েছিল। আশা করা যাচ্ছে যে মঞ্জুরীকৃত সমস্ত শিক্ষক নিযুক্তির পর ১৯৭৩-৭৪ সনে ৫২ লক্ষর বেশি ৬ থেকে ১১ বৎসর বয়সের বালক-বালিকাদের অর্থাৎ ঐ বয়সের মোট বালক-বালিকাদের শতকরা প্রায় ৮২ ভাগকে প্রাথমিক শিক্ষার আওতায় আনা যাবে।

১০। প্রাথমিক শিক্ষার সুষম ও একই ধরনের উন্নতির জন্য সরকার শীঘ্রই একটি ব্যাপক আইন প্রণয়ন করবেন। এই আইন কলিকাতা সহ সমস্ত শহরাঞ্চল ও গ্রামাঞ্চলে প্রযুক্ত হবে। আইনের খসড়াটি এখন চূড়ান্ত প্রণয়নের পর্যায়ে আছে।

ইতিমধ্যে জেলা বিদ্যালয় পর্যদগুলি (ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডস) অবদমনের (সুপারসেশন) সময় সীমা ১৯৭৩ সনের ৯ই মে পর্যন্ত সম্প্রসারিত হয়েছে। (প্রাথমিক) জেলা বিদ্যালয় পরিদর্শকের সাহায্য ও পরামর্শদানের জন্য পরামর্শদাতা সমিতিগুলিকে পুনর্গঠিত করা হয়েছে। একটি পৃথক আদেশবলে এই পরামর্শদাতা সমিতিগুলিকে প্রাথমিক শিক্ষক নিয়োগের জন্য তালিকা প্রস্তুতের ক্ষমতা দেওয়া হয়েছে।

১১। ১৯৭১-৭২ আর্থিক বৎসরে ৬ শত ৭০টি প্রাথমিক বিদ্যালয়ে শ্রেণী-কক্ষ নির্মাণের জন্য রাজ্য সরকারের প্রদেয় অংশ সহ কেন্দ্রীয় সাহায্যের মোট পরিমাণ ছিল ৪০ লক্ষ ২০ হাজার টাকা। এ ছাড়া প্রায় ২ লক্ষের উপর তফসিলভুক্ত জাতি এবং উপজাতি সম্প্রদায়ের ছাত্র-ছাত্রী এবং ছাত্রীদের বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণের উদ্দেশ্যে ৩ লক্ষ ৬১ হাজার ৫ শত টাকার কেন্দ্রীয় সাহায্য পাওয়া গিয়েছিল। পরামর্শদাতা সমিতিগুলির অনুমোদনক্রমে ৫ শত ৭৭টি শ্রেণী-কক্ষ নির্মাণের স্থান নির্বাচিত হয়েছে এবং আশা করা যাচ্ছে নির্মাণ-পর্ষদের মুখ্য বাস্তুকার (চীফ ইঞ্জিনীয়ার, কনস্ট্রাকশন বোর্ড) এগুলি নির্মাণের জন্য শীঘ্রই ব্যবস্থা অবলম্বন করবেন। ১৯৭২-৭৩ সনে ২ লক্ষ ১ শত ৯০ জন তফসিলভুক্ত জাতি ও উপজাতি সম্প্রদায়ের ছাত্রছাত্রী এবং ছাত্রীদের বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণের জন্য অনুরূপভাবে ৬ লক্ষ ২ হাজার টাকার কেন্দ্রীয় সাহায্য পাওয়া গেছে।

[4-00—4-10 p.m.]

১২। সীমিত আর্থিক সঙ্গতির মধ্যে রাজ্যসরকার অনগ্রসর অঞ্চলেও প্রাথমিক বিদ্যালয় নির্মাণের জন্য অনুদান মঞ্জুর করে যাচ্ছেন। চতুর্থ পরিকল্পনাকালে কলিকাতা-শহরাঞ্চল-উন্নয়ন-কর্তৃপক্ষের (সি এম ডি এ) সৌজন্যে প্রাথমিক বিদ্যালয় ভবন নির্মাণের এক পরিকল্প গ্রহণ করা হয়েছে।

১৩। অনুমোদিত প্রাথমিক বিদ্যালয়ের প্রথম ও দ্বিতীয় শ্রেণীর ছাত্র-ছাত্রীদের বিনামূল্যে বাংলা ও নেপালী সাহিত্য-বিষয়ক পাঠ্যপুস্তক বিতরণের পরিকল্পটি চালু আছে। এই পরিকল্পের ফলে প্রায় ২৮ লক্ষ ছাত্রছাত্রী উপকৃত হচ্ছে। অন্যান্য ভাষা অঞ্চলের যেসব ছাত্রছাত্রী পশ্চিমবঙ্গে শিক্ষাগ্রহণ করছে বিনিময়-প্রথার মাধ্যমে তাদের মাতৃভাষায় রচিত পাঠ্যপুস্তক বিতরণ করার ব্যবস্থা অবলম্বনের জন্য আলাপ-আলোচনা চলছে।

তৃতীয় শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত প্রাথমিক পাঠ্যপুস্তক রচনা, বিতরণ ও বিক্রয়ের সরকারী পরিকল্পটি চালু আছে। এই পরিকল্পনার তালিকায় বর্তমানে ৩১টি পুস্তক আছে। এর মধ্যে ১৫টি বাংলা, ১৩টি নেপালী ও ৩টি ইংরেজি ভাষায় রচিত। এই পরিকল্পে ১৯৭২-৭৩ সনে মুদ্রিত পুস্তকের সংখ্যা হবে ৩৩ লক্ষ ৫ হাজারের উপর। এই পুস্তক এবং আগেকার অবশিষ্ট পুস্তক দ্বারা প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণীর প্রায় ৩৩ লক্ষ ৫০ হাজার ছাত্রছাত্রী উপকৃত হবে।

১৪। অবৈতনিক ও বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা পরিকল্পকে সফল ক'রে তুলতে হ'লে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের এবং জেলা-বিদ্যালয় পর্ষদের কর্মীদের চাকুরির অবস্থার উন্নতি করা যে প্রয়োজন, সে বিষয়ে রাজ্যসরকার খুবই সচেতন। প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য রাজ্যসরকার নিম্নলিখিত সুযোগ-সুবিধার ব্যবস্থা করেছেনঃ-

(ক) কতকগুলি শর্ত সাপেক্ষে এক বৎসর ক'রে নিয়োগকাল বাড়িয়ে শিক্ষকদের চাকুরির মেয়াদ ৬৫ বৎসর পর্যন্ত বাড়ানো যেতে পারে।

(খ) পূর্বে নিযুক্ত ম্যাট্রিক পাশ প্রধান শিক্ষকগণ শিক্ষক শিক্ষণ বিষয়ে শিক্ষাপ্রাপ্ত না হ'লেও প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের জন্য ধার্য বিশেষ ভাতা পাবেন।

(গ) ১৯৭০ সালের ১লা এপ্রিল থেকে শিক্ষকদের বেতনের সঙ্গে মহার্ঘ ভাতা যোগ ক'রে সংশোধিত বেতনের হার চালু করা হয়েছে। ১৯৭১ সালের ১লা অক্টোবর থেকে মাসিক ৮ টাকা হারে নূতন মহার্ঘ ভাতা মঞ্জুর করা হয়েছে। ১৯৭২ সালের ১লা জুলাই থেকে প্রতি শিক্ষককে মাসিক ৭ টাকা ক'রে তদর্থক বর্ধিত বেতন (অ্যাড-হক ইনক্রিজ ইন পে) দেওয়া হচ্ছে।

(ঘ) প্রাথমিক শিক্ষকগণের নিয়মিতভাবে বেতন-প্রাপ্তি সুনিশ্চিত করার উদ্দেশ্যে কলিকাতা কর্পোরেশন ও হাওড়া মিউনিসিপ্যাল এলাকায় খুব শীঘ্রই ব্যাঙ্ক-চেকের দ্বারা বেতনদানের পদ্ধতি চালু করা হচ্ছে।

(ঙ) পেনসনের নিয়মকানুনও বিধিবন্ধ করা হয়েছে এবং সেগুলি শীঘ্রই গেজেটে প্রকাশ করা হবে।

জেলা বিদ্যালয় পর্ষদের (ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড) কর্মীদের জন্য নিম্নলিখিত সুযোগ-সুবিধার ব্যবস্থা করা হয়েছেঃ—

(ক) গ্র্যাচুইটির ঊর্ধ্বসীমা ১৫ শত টাকা থেকে বাড়িয়ে ২ হাজার টাকা পর্যন্ত করা হয়েছে।

(খ) অতিরিক্ত সময় কাজ করার জন্য ড্রাইভারদের ক্ষেত্রে ভাতা মঞ্জুর করা হয়েছে।

(গ) চতুর্থ শ্রেণীর কর্মচারীদের উভয় পক্ষে-প্রদেয় ভবিষ্যনিধি (কন্ট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড স্কীম) পরিকল্পের আওতায় আনা হয়েছে।

বলা বাহুল্য যে, যেসমস্ত সুযোগ-সুবিধা এখন পর্যন্ত দেওয়া হয়েছে সেগুলি যথেষ্ট নয়। কিন্তু বর্তমান অপ্রতুল আর্থিক সঙ্গতির পরিপ্রেক্ষিতে রাজ্যসরকারের পক্ষে এর বেশি আর কিছু করা সম্ভব হচ্ছে না।

১৫। অপচয় ও অচল-অবস্থা (ওয়েস্টেজ অ্যান্ড স্ট্যাগনেশন) দূরীকরণের জন্য চতুর্থ পরিকল্পনায় কতকগুলি পরিদর্শকের পদ সৃষ্টির পরিকল্প গ্রহণ করা হয়েছে।

১৬। যেসকল প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষা-সরঞ্জামের প্রয়োজন তার প্রত্যেকটিতে ২ শত টাকা মূল্যের সরঞ্জাম সরবরাহ করা হয়ে থাকে। চতুর্থ পরিকল্পনার প্রথম চার বছরে এজন্য মোট প্রায় ১৪ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে।

১৭। গ্রামাঞ্চলে প্রাথমিক বিদ্যালয়গুলিতে ছাত্রীদের নিয়মিত উপস্থিতির জন্য বাৎসরিক প্রায় ১ লক্ষ ৫০ হাজার টাকা ব্যয়ে একটি বৃত্তিদানের প্রকল্প চালু আছে।

১৮। পশ্চিমবঙ্গে প্রাথমিক বিদ্যালয়গুলিতে ছাত্রছাত্রীদের মধ্যাহ্নকালীন আহার্য সরবরাহের প্রকল্প চালু আছে। ১৯৬৫ সনে ৮ হাজার ছাত্রছাত্রীর জন্য গভর্নমেন্ট অব ওয়েস্ট বেঙ্গল-সি এ আর ই স্কুল মিল সিটি প্রোগ্রাম -এ শহরাঞ্চলের বিদ্যালয়ে খাদ্য বিতরণ প্রকল্প প্রবর্তন করা হয়। বর্তমানে ঐ প্রকল্পে উপকৃত ছাত্রছাত্রীর সংখ্যা প্রায় ১ লক্ষ ৫৪ হাজার। শিশু শিক্ষার্থীদের মধ্যে দুধ ও রুটি বিতরণ করা হয়ে থাকে। এই প্রকল্পের সুযোগ শুধু কলকাতার প্রাথমিক স্তরের বিদ্যালয়গুলিতে শিক্ষারত শিশুদের মধ্যেই সীমাবদ্ধ। এর জন্য যে আহার্যের প্রয়োজন হয় তা সি এ আর ই কর্তৃক বিনামূল্যে সরবরাহ করা হয়ে থাকে। শিশুদের মধ্যে আহার্য বিতরণের প্রকল্পটি (ফীড দি চিলড্রেন এড প্রোগ্রাম) ১৯৬৬ সনে হাওড়া ও ২৪-পরগনা জেলায় চালু করা হয়। প্রতি জেলায় ১ লক্ষ হিসেবে মোট ২ লক্ষ শিশু এতে উপকৃত হচ্ছে। এই প্রকল্প অনুসারে শিক্ষার্থীদের মধ্যে ভাত, ডাল এবং সবজি বিতরণ করা হয়। এর জন্য যে খাদ্য-সামগ্রীর প্রয়োজন তা চার্চেস অক্সিলিয়ারি ফর সোস্যাল অ্যাকশন দান করে থাকেন।

কলকাতা ছাড়া অন্য জেলাগুলিতে শিশু-পুষ্টিকর খাদ্য প্রকল্পটি চালু আছে। এই প্রকল্প অনুসারে প্রতিদিন প্রাথমিক স্তরের দশ লক্ষ ছাত্রছাত্রীর মধ্যে মধ্যাহ্নকালীন আহার্য বিতরণ করা হয়। এর জন্য যে খাদ্যদ্রব্যের প্রয়োজন তা সি এ আর ই বিনামূল্যে সরবরাহ করে থাকেন।

কেন্দ্রীয় সরকারের অর্থানুকূল্যে শিশু-পুষ্টিকর খাদ্য প্রকল্পটির আওতায় উপকৃতের সংখ্যা আরও ৬ লক্ষ বাড়ানোর কথাও বিবেচনা করে দেখা হচ্ছে।

১৯। প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের প্রশিক্ষণের জন্য রাজ্যে ৭৫টি শিক্ষা প্রতিষ্ঠান আছে। এতে মোট আসন সংখ্যা ৬ হাজার ৩ শত। ১৯৭২-৭৩ আর্থিক বৎসরে রাজ্য পরিকল্পনা খাতে শিক্ষক-শিক্ষণের উন্নতির জন্য ৫ লক্ষ টাকার বরাদ্দ ধার্য হয়েছিল।

২০। তৃতীয় পরিকল্পনার শেষে ৫ হাজার ৪ শ' ৩৮টি মাধ্যমিক বিদ্যালয়ে ৬ষ্ঠ থেকে ১১ শ' শ্রেণী পর্যন্ত ছাত্রের সংখ্যা ছিল ৮ লক্ষ ৩২ হাজার ১ শ' ৭ জন এবং ছাত্রীর সংখ্যা ছিল ৩ লক্ষ ৪৯ হাজার ৯ শ' ৪৩ জন। বর্তমান ছাত্রছাত্রীর সংখ্যা সংলগ্ন বিবরণীতে দেওয়া হয়েছে।

[4-10—4-20 p.m.]

২১। উপযুক্ত পরিমাণ অর্থের অভাবে ১৯৭২-৭৩ সনে কোনো নূতন মাধ্যমিক বিদ্যালয়কে অনুমোদন দেওয়া সম্ভব হয় নি। আর্থিক অবস্থার উন্নতি না হওয়ায় ১৯৭৩-৭৪ সনেও

বেশিসংখ্যক নূতন মাধ্যমিক বিদ্যালয়কে অনুমোদন দেওয়া সম্ভব হবে না। অপরিকল্পিত-ভাবে মাধ্যমিক বিদ্যালয় বৃদ্ধি রোধের জন্য রাজ্যের বিভিন্ন অঞ্চলে মাধ্যমিক শিক্ষার সুযোগ-সুবিধা কি রকম আছে তা নূতন করে সমীক্ষা করে দেখার প্রয়োজন। মাধ্যমিক শিক্ষার জন্য জেলা-শিক্ষা-উপদেষ্টা সমিতি গঠন করা হয়েছে। উদ্দেশ্য ঃ

(ক) জেলাগুলিতে মাধ্যমিক স্তরের শিক্ষার সুযোগসুবিধা পরিমাপ করা, নূতন বিদ্যালয় স্থাপন এবং অনুমোদন করার বিষয়ে জেলা বিদ্যালয় পরিদর্শককে পরামর্শ দেওয়া,

(খ) জেলা বিদ্যালয় পরিদর্শককে মাধ্যমিক শিক্ষার উন্নতির জন্য সম্প্রসারণ প্রকল্প সম্বন্ধে পরামর্শ দেওয়া,

(গ) মাধ্যমিক বিদ্যালয়গুলিতে অনুদান বিতরণের বিষয়ে জেলা বিদ্যালয় পরিদর্শককে পরামর্শ দেওয়া, এবং

(ঘ) মাধ্যমিক শিক্ষা সংক্রান্ত অন্যান্য যে সমস্ত বিষয় এই সমিতির দৃষ্টিতে আনা হবে সে বিষয়ে পরামর্শ দেওয়া।

২২। এতদিন মাধ্যমিক বিদ্যালয়গুলির অনুদান শিক্ষা-অধিকর্তার অফিস থেকে মঞ্জুর করা হত। এখন মাধ্যমিক বিদ্যালয়গুলিতে সংশিলষ্ট জেলা বিদ্যালয় পরিদর্শকের দপ্তর থেকে যথাসময়ে এবং নিয়মিতভাবে অনুদান বিলির ব্যবস্থা করা হয়েছে।

২৩। গ্রাম অঞ্চলের মেধাবী ছাত্রছাত্রীদের মধ্যে জাতীয় বৃত্তি প্রদানের প্রকল্প চালু হয়েছে। সারা রাজ্য প্রতিযোগিতামূলক পরীক্ষার সাহায্যে নির্বাচিত ৪২ জন ছাত্র ও ৪ জন ছাত্রীকে উক্ত বৃত্তি প্রদান করা হয়েছে। যেসব শিক্ষার্থী বাড়ি থেকে এসে বিদ্যালয়ে পড়বে তাদের ক্ষেত্রে এই বৃত্তির পরিমাণ হবে বছরে ৫ শত টাকা আর আবাসিক শিক্ষার্থীদের ক্ষেত্রে এর পরিমাণ হবে বছরে ১ হাজার টাকা।

২৪। মাধ্যমিক স্তরে শতকরা ৬৫ জন শিক্ষক শিক্ষণপ্রাপ্ত নন। এঁদের শিক্ষণ-বিষয়ে প্রশিক্ষণের জন্য বর্ধমান ও উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের এলাকাধীনে ৩১টি কেন্দ্রে আংশিক সময়ের জন্য সান্ধ্য বি-এড্ পাঠক্রম প্রবর্তন করা হয়েছে। শীঘ্রই উক্ত বিশ্ববিদ্যালয় দুটির এলাকাধীনে অনুরূপ আরও ১৬টি প্রশিক্ষণ কেন্দ্র অনুমোদন করা হবে। কলকাতা বিশ্ববিদ্যালয় এখনও প্রকল্পটি অনুমোদন করেন নি। সেজন্য আংশিক সময়ের জন্য সান্ধ্য বি-এড্ পাঠক্রমের সুবিধা সারা রাজ্যে প্রবর্তন করা যায় নি। সেই প্রকল্পানুসারে প্রতিটি শিক্ষার্থী মাসে ৩০ টাকা ভাতার সঙ্গে এককালীন পুস্তক অনুদান হিসাবে ৭৫ টাকা পাবেন। প্রতিটি প্রশিক্ষণ কেন্দ্রে আংশিক সময়ের জন্য পাঁচটি শিক্ষকের পদ এবং তিনটি অশিক্ষক কর্মীর পদ আছে।

২৫। যাতে যথেষ্ট সংখ্যায় প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক-শিক্ষিকা পাওয়া যায় সেজন্য ১৯৭২ সনের শিক্ষাবর্ষ থেকে শিক্ষক-শিক্ষণ মহাবিদ্যালয়গুলিতে শতকরা ৫০টি আসন শিক্ষকতা কর্ম গ্রহণেচ্ছু নূতন স্নাতকদের জন্য এবং শতকরা বাকি ৫০টি আসন কর্মরত শিক্ষক-শিক্ষিকাগণের জন্য নির্দিষ্ট করে রাখা হয়েছে।

এ ছাড়া যেসব শিক্ষক-শিক্ষণ-মহাবিদ্যালয়ে নূতন আসন সৃষ্টির সুযোগ আছে সেখানে আসন সংখ্যা শতকরা ১০ ভাগ বাড়ানো হয়েছে। এই সকল অতিরিক্ত আসন নূতন স্নাতকদের দ্বারা পূর্ণ করা হচ্ছে। দরিদ্র মেধাবী স্নাতকদের শিক্ষকতা কার্যে আকৃষ্ট করার উদ্দেশ্যে শিক্ষক-শিক্ষণ-মহাবিদ্যালয়ে পড়ার সময়ে তাঁদের মাসিক ৪০ টাকা হারে বৃত্তি দানের ব্যবস্থা করা হয়েছে। শতকরা ১০ ভাগ অতিরিক্ত আসন সহ যেসব শিক্ষক-শিক্ষণ মহাবিদ্যালয়ে নূতন স্নাতকদের সংখ্যা মোট অনুমোদিত গ্রহণযোগ্য ছাত্রসংখ্যার শতকরা ৬০ ভাগের বেশি নয় সেখানে সব নতুন স্নাতককেই এই বৃত্তি দেওয়া হবে।

২৬। সমাজবিরোধীদের কার্যকলাপে ক্ষতিগ্রস্ত বিভিন্ন ধরনের শিক্ষা প্রতিষ্ঠানে ১৯৭২-৭৩ সনে ৫ লক্ষ টাকা অনুদান বিলি করা হয়েছে যাতে ঐ সকল শিক্ষা প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত পুস্তক, আসবাবপত্র ও সরঞ্জাম ক্রয় এবং মেরামতের ব্যয় বহন করতে পারে। ১২৬টি শিক্ষাপ্রতিষ্ঠানকে এই অনুদান বিলি করা হয়েছে। ১৯৭০ সালের বন্যায় বিধ্বস্ত অথবা ক্ষতিগ্রস্ত ১১৬টি শিক্ষা-প্রতিষ্ঠানের পুনর্নির্মাণ অথবা মেরামতের জন্য ১৯৭২-৭৩ সনে ৩ লক্ষ ১ হাজার ২ শ' টাকা অনুদান হিসেবে বিলি করা হয়েছে।

২৭। ১৯৭১-৭২ সনে উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়গুলির গবেষণাগার ও গ্রন্থাগারের উন্নতি-কল্পে ৭ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে। এ উদ্দেশ্যে চলতি বছরে (১৯৭২-৭৩) এ পর্যন্ত আনুমানিক ৬ লক্ষ ৭২ হাজার টাকা বিলি করা হয়েছে।

২৮। রাজ্যসরকার মাধ্যমিক শিক্ষার যে নতুন কাঠামো অনুমোদন করেছেন তাতে দশ শ্রেণীবিশিষ্ট বিদ্যালয়গুলিতে শুধু সাধারণ শিক্ষার ব্যবস্থা থাকবে। ১ম থেকে ৮ম শ্রেণী পর্যন্ত শিক্ষাসূচীতে হাতের কাজ ও সমাজসেবার ব্যবস্থা থাকবে। ৯ম ও ১০ম শ্রেণীতে কোন না কোন ক্র্যাফ্‌ট বা ট্রেড শিক্ষা দেওয়া হবে যাতে তারা পরে উৎপাদনভিত্তিক অথচ সমাজের পক্ষে প্রয়োজনীয় কাজে লিপ্ত হতে পারে। পরিবর্তিত শিক্ষা ব্যবস্থা ১৯৭৪ সনের ১লা জানুয়ারি থেকে প্রচলনের জন্য সরকারী বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। এই ১০ বছরের বিদ্যালয় শিক্ষা-কাঠামোর পরে ২ বছরের এক মধ্যবর্তী শিক্ষা-ব্যবস্থা প্রবর্তিত হবে। এই দু'-বছরে বৃত্তি-মূলক এবং বহুমুখী শিক্ষা হবে যাতে শিল্প, কৃষি, বাণিজ্য প্রভৃতি বিষয় থাকবে।

২৯। একথা নিশ্চিত যে,, মধ্যবর্তী স্তরের শিক্ষা প্রবর্তনের জন্য যথেষ্ট অর্থের প্রয়োজন। রাজ্যসরকার তাঁর সীমিত আর্থিক অবস্থার মধ্যে থেকে এই ব্যয় করতে সমর্থ হবেন না। প্রয়োজনীয় অর্থের জন্য কেন্দ্রীয় সরকারের উপর নির্ভর করতে হবে। পাঠ্যতালিকা, পাঠ্যবিষয়, পরীক্ষাপদ্ধতি এবং অন্যান্য আনুষঙ্গিক বিষয় পুঙ্খানুপুঙ্খরূপে ও সতর্কতার সঙ্গে পর্যালোচনা করে রাজ্যসরকার তার প্রস্তাব ও নীতি গ্রহণ করবে।

৩০। মাত্র ৮০টি বিদ্যালয় ছাড়া ১৯৬২ সনের ৩১শে ডিসেম্বর পর্যন্ত অনুমোদিত সকল বিদ্যালয়কেই সম্পূর্ণ ঘাটতি পূরণ অনুদান প্রকল্পের আওতায় আনা হয়েছে। ঐ ৮০টি মাধ্যমিক বিদ্যালয় সহ যেসকল বিদ্যালয় ১৯৬৩ সন থেকে ১৯৬৯ সনের মধ্যে অনুমোদিত হয়েছে সেগুলিকে বিভিন্ন হারে বাৎসরিক ২৫ হাজার থেকে ৬ হাজার টাকা পর্যন্ত থোক অনুদান মঞ্জুর করা হয়। যেসকল বিদ্যালয় ১৯৭০ ও ১৯৭১ সনে অনুমোদিত হয়েছে আর্থিক অনটনের জন্য সেগুলিকে কোনপ্রকার এককালীন অনুদান মঞ্জুর করা সম্ভব হয় নি।

৩১। রাজ্যসরকার, ১৯৭২ সনের ৫ই মে থেকে, ১৯৭০ সনের ১লা জানুয়ারি পর্যন্ত অনুমোদিত মাধ্যমিক ও উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়গুলির বেতনের ঘাটতি পূরণের প্রকল্প কতকগুলি শর্ত সাপেক্ষে প্রবর্তন করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। খুব শীঘ্র এই অনুদান দেওয়া আরম্ভ হবে।

৩২। সুষ্ঠু পরিচালনা ও কর্তব্য সম্পাদনের জন্য পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষাপর্ষদ পুনর্গঠন করা হয়েছে। এই শিক্ষাপর্ষদকে আরও প্রতিনিধিত্বমূলক করা হয়েছে। তিনজন বিধানসভার সদস্য এবং মাদ্রাসা শিক্ষা সম্বন্ধে উৎসুক দুইজন শিক্ষাবিদ এই পর্ষদের সভ্য

হবেন। এতদিন পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষাপর্ষদ শুধু উপদেষ্টা শিক্ষাপর্ষদই ছিল। কিন্তু বর্তমানে এই পর্ষদকে মাদ্রাসা শিক্ষা পরিচালন এবং উন্নতির জন্য অনেক ক্ষমতা দেওয়া হয়েছে। উচ্চতর মাধ্যমিক ছাড়া অন্য সকল প্রকার মাদ্রাসাকে এ পর্ষদ অনুমোদন করবে এবং মাদ্রাসাগুলিতে শিক্ষক ও অশিক্ষক কর্মীর পদ মঞ্জুর করবে। এই পর্ষদ পাঠ্যসূচি প্রণয়ন, পরীক্ষা গ্রহণ, নিয়ম-কানুন প্রণয়ন প্রভৃতি বিষয়েও তার ক্ষমতা প্রয়োগ করবে। পশ্চিমবঙ্গ সিনিয়র এডুকেশনাল সার্ভিস কেডারের একজন অফিসার এই পর্ষদের সচিব হবেন এবং এই পর্ষদের নিজস্ব অফিস, অফিসার ও অন্য কর্মচারী থাকবে।

৩৩। একটি কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় সহ পশ্চিমবঙ্গে মোট ৭টি বিশ্ববিদ্যালয় আছে। রাজ্যসরকারের আর্থিক সংগতি সীমিত থাকা সত্ত্বেও বিশ্ববিদ্যালয়গুলির পরিচালন ব্যয় বহনের নিমিত্ত উল্লেখ্য অনুদান দেওয়া হচ্ছে। দেখা যাচ্ছে অধিকাংশ বিশ্ববিদ্যালয় বিশেষ ক'রে কলকাতা বিশ্ববিদ্যালয় অর্থাভাবের সম্মুখীন হয়েছেন এবং আর্থিক সাহায্য যথেষ্ট পরিমাণে বাড়ানোর জন্য রাজ্যসরকারের কাছে আবেদন করেছেন। এই আবেদন রাজ্যসরকার বিশেষভাবে বিবেচনা ক'রে দেখছেন। তবে আশংকা করা হচ্ছে যে, আর্থিক সংগতির অপ্রাচুর্যের জন্য এই সকল দাবি পুরোপুরি মেটানো সম্ভব হবে না। বিশ্ববিদ্যালয়গুলিরও উচিত তাঁদের নিজস্ব আর্থিক সম্পদ বাড়ানো এবং ব্যয়ভার কমানোর উদ্দেশ্যে প্রাপ্য আর্থিক সম্পদের দিকে দৃষ্টি রেখে আরও সামঞ্জস্যপূর্ণ ব্যয়বরাদ্দের পরিকল্পনা করা। বিশ্ববিদ্যালয়গুলিতে অশিক্ষক কর্মী নিয়োগ ও তাঁদের বেতন সংক্রান্ত বিষয়ে কোনও একটি সমধর্মী নীতি (uniform policy) অনুসৃত না হওয়ায় শুধু যে নানা প্রকার জটিলতারই যে সৃষ্টি হচ্ছে তাই নয়, এর ফলে কোনো কোনো ক্ষেত্রে আন্দোলন এবং অসন্তোষের কারণও দেখা দিচ্ছে। যা হোক, এই বিষয়টি রাজ্যসরকারের পরীক্ষাধীন রয়েছে। বিভিন্ন বিশ্ববিদালয়ে স্নাতকোত্তর শ্রেণীতে অতিরিক্ত ছাত্র-ভর্তির বিষয়টিও রাজ্যসরকার সক্রিয়ভাবে বিবেচনা ক'রে দেখছেন। রাজা রামমোহন রায়ের দ্বি-শততম জন্মবার্ষিকী স্মরণে বক্তৃতার ব্যবস্থার জন্য রাজ্যসরকার কলিকাতা বিশ্ববিদ্যালয়কে অর্থ মঞ্জুর করেছেন।

[4-20—4-30 p.m.]

৩৪। পশ্চিমবঙ্গে বর্তমানে ১৫টি সরকারী মহাবিদ্যালয়, ৬টি সরকারী শিক্ষক-শিক্ষণ মহাবিদ্যালয়, ৫৭টি সরকারী সাহায্যপুষ্ট (Spoonsored) মহাবিদ্যালয় এবং ৫টি সরকারী সাহায্যপুষ্ট (Sponsored) শিক্ষক-শিক্ষণ মহাবিদ্যালয় সহ মোট ২ শ' ৫৮টি স্নাতক পর্যায়ের মহাবিদ্যালয় আছে। রাজা রামমোহন রায়ের দ্বিশততম জন্মবার্ষিকী স্মরণে হুগলি জেলার রাজা রামমোহন মহাবিদ্যালয়টিকে সরকারী সাহায্যপুষ্ট (Govt. Sponsored) মহাবিদ্যালয় প্রকল্পের আওতায় আনা হয়েছে। উক্ত মহাবিদ্যালয়টির উন্নয়নে বর্তমান বৎসরে ২ লক্ষ ২৪ হাজার টাকা মঞ্জুর করা হয়েছে।

৩৫। চতুর্থ পরিকল্পনায় দুর্গাপুর শিল্পাঞ্চলে ছাত্রছাত্রীদের মধ্যে শিক্ষার সুযোগ সম্প্রসারণের নিমিত্ত একটি সরকারী মহাবিদ্যালয় স্থাপন করা হয়েছে। ছাত্রছাত্রীদের মধ্যে উচ্চ শিক্ষা-সম্প্রসারণের জন্য এ বছর থেকে এই মহাবিদ্যালয়ে বিজ্ঞানের বিভিন্ন শাখায় অনার্স কোর্স চালু করা হয়েছে। কৃষ্ণনগর মহাবিদ্যালয়ে ছাত্র ভর্তির চাপ বিবেচনা ক'রে সম্প্রতি সেখানে প্রাতঃকালীন বিভাগ খোলা হয়েছে।

৩৬। কোনও কোনও মহাবিদ্যালয়ে পাস, অনার্স এবং সামরিক শিক্ষা প্রবর্তনের অনুমোদন দেওয়া হয়েছে। প্রায় ১০০টি নতুন পদ সৃষ্টি ক'রে যথোপযুক্তভাবে সেগুলি পূরণ করা হয়েছে।

অর্থাভাব থাকা সত্ত্বেও মহাবিদ্যালয়সমূহে শিক্ষার সুযোগকে প্রসারিত ও উন্নত করার জন্য অনুদানের ব্যবস্থা করা হয়েছে।

৩৭। আর্থিক বরাদ্দের সীমিত অবস্থা বিবেচনা করে রাজ্য সরকার সম্প্রসারণ অপেক্ষা দৃঢ়ীকরণের নীতি অনুসরণ করার প্রতি আগ্রহশীল। এ সত্ত্বেও কোনো কোনো অঞ্চলে বিশেষ চাহিদা বিবেচনা করে রাজ্য সরকার চলতি আর্থিক বছরে কিছু সংখ্যক স্নাতক মহাবিদ্যালয় স্থাপনে সম্মত হয়েছেন। দেখা যাচ্ছে যে, রাজ্যের বিভিন্ন অঞ্চলের বহু মহাবিদ্যালয় অপ্রচুর ছাত্রসংখ্যাজনিত সমস্যা এবং অর্থ-সংকটের সম্মুখীন। বিনা পরিকল্পনায় কয়েক বৎসর যাবৎ খাপছাড়াভাবে কলেজ স্থাপনের এ একটা পরিণাম। এ অবস্থা দূরীকরণের উদ্দেশ্যে সরকার একটি রাজ্য উপদেষ্টা পর্ষদ স্থাপনের কথা চিন্তা করছেন। অনুমোদনকারী বিশ্ববিদ্যালয়ের সহযোগিতায় এই পর্ষদ নূতন মহাবিদ্যালয় স্থাপনের প্রশ্ন বিবেচনা করবেন, এবং বর্তমান মহাবিদ্যালয়গুলির উন্নতিসাধন, শিক্ষাদানের সুযোগসুবিধা বৃদ্ধি এবং বিভিন্ন বিষয়ের অনুমোদনের ব্যাপারে সামঞ্জস্য রক্ষার জন্য কাজ করবেন। বিভিন্ন খাতে সরকার অথবা বিশ্ব-বিদ্যালয়-মঞ্জুরী-কমিশন কর্তৃক মঞ্জুরীকৃত অর্থ যাতে যথাযথভাবে এবং অধ্যাপক ও ছাত্রছাত্রীদের প্রকৃত স্বার্থে ব্যয় করা হয় সেদিকে দৃষ্টি রাখার জন্য রাজ্য সরকার শিক্ষা-অধিকারের অধীনে একটি বহির্বিভাগীয় সংগঠন (ফিল্ড অর্গানিজেশন) গড়ে তোলার কথাও চিন্তা করছেন। এই সংগঠন বিশ্ববিদ্যালয়গুলির সহযোগিতায় কাজ করবে।

৩৮। মহাবিদ্যালয়ের শিক্ষকদের অর্থনৈতিক অবস্থার উন্নতিকল্পে ১৯৬৯ সালের ১লা এপ্রিল থেকে একটি অখণ্ডিত বেতন-হার মঞ্জুর করা হয়েছে। বে-সরকারী মহাবিদ্যালয়ের সমস্ত অনুমোদিত শিক্ষকগণই কতগুলি শর্তসাপেক্ষে ঐ বেতনহার পাবার অধিকারী। অখণ্ডিত বেতনহার অনুসারে বেতন নির্ধারিত না হওয়া পর্যন্ত যে সমস্ত শিক্ষক, প্রবর্তিত নূতন হারে বেতন পাচ্ছেন না তাঁদের আপাততঃ মাসে তদর্থক (অ্যাড-হক) ৬০ টাকা করে দেওয়া হচ্ছে।

৩৯। ভারত সরকারের সহযোগিতায় রাজ্যসরকার বিশ্ববিদ্যালয় পর্যায়ে উচ্চশিক্ষার ক্ষেত্রে আঞ্চলিক ভাষায় পুস্তক রচনার জন্য একটি কার্যসূচী গ্রহণ করেছেন।

৪০। দারিদ্র্যের জন্য যাতে কোন প্রকৃত মেধাবী ছাত্র উচ্চশিক্ষালাভে বঞ্চিত না হয় সেজন্য রাজ্য ও কেন্দ্রীয় সরকার স্টাইপেন্ড, বৃত্তি প্রভৃতির সংখ্যা ক্রমশ বৃদ্ধি করার নীতি গ্রহণ করেছেন। বিভিন্ন সাধারণ পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধা অনুযায়ী বৃত্তি প্রদান করা হয় এবং মেধা ও প্রয়োজনের ভিত্তিতে স্টাইপেন্ড নির্ধারিত হয়। বিদ্যালয়ের সমাপ্তি পরীক্ষায় উত্তীর্ণ দরিদ্র ও মেধাবী ছাত্রছাত্রীদের উচ্চশিক্ষালাভের সুযোগদানের জন্য রাজ্যসরকার যথেষ্ট সংখ্যক স্টাইপেন্ড ও বৃত্তি দিয়ে থাকেন। বিদ্যালয়ের সমাপ্তি পরীক্ষার পরবর্তী পাঠক্রমের জন্য প্রায় দশ হাজার অভাবগ্রস্ত অথচ মেধাবী ছাত্রছাত্রী প্রতি বৎসর ভারত সরকার প্রবর্তিত জাতীয় বৃত্তি ও জাতীয় ঋণ-বৃত্তির সুযোগ লাভ করছে। এ ছাড়া, প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের সন্তান-সন্ততি প্রতি বৎসর কেন্দ্রীয় সরকারের মেধা বৃত্তি পরিকল্পের সুযোগ পেয়ে থাকে। প্রায় ২০০ জন ছাত্রছাত্রী বর্তমানে এ সুযোগ পাচ্ছে।

স্বাধীনতা আন্দোলনে ত্যাগস্বীকার ও দুঃখ বরণ করেছেন এমন ব্যক্তিদের সন্তান-সন্ততি রাজ্য সরকারের কাছ থেকে বৃত্তি ও অন্যান্য শিক্ষাসংক্রান্ত সুযোগ-সুবিধা পেয়ে থাকে। প্রায় ১,৫০০ ছাত্রছাত্রী এ সুযোগ পাচ্ছে।

৪১। প্রাথমিক, মাধ্যমিক, মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয় স্তরের শিক্ষা ছাড়াও শারীরিক শিক্ষা, সামাজিক ও সাংস্কৃতিক শিক্ষা, সমাজকল্যাণ ও কারিগরী শিক্ষা বিষয়েও নানারূপ কর্মসূচী রয়েছে।

৪২। শারীরিক শিক্ষামূলক কার্যসূচীর ক্ষেত্রে ১৯৭৩-৭৪ সনের ব্যয়ের প্রধান অংশ ৪৫নং অনুদানের ৭১নং বিবিধ ক্রীড়া মুখ্য শীর্ষ খাত থেকেই নির্বাহিত হবে। ১১নং অনুদানের ২৮নং শিক্ষা মুখ্য শীর্ষ খাতে মাধ্যমিক বিদ্যালয়ের ক্রীড়াঙ্গনের উন্নতি এবং যন্ত্রপাতি, ক্রীড়া সামগ্রী ইত্যাদি ক্রয় বাবদ অতি সামান্য অর্থই ধরা হয়েছে।

৪৩। সমাজ শিক্ষা ও সাংস্কৃতিক শিক্ষা ক্ষেত্রে বয়স্ক শিক্ষা-কর্মসূচী প্রবর্তনের উপর যথেষ্ট গুরুত্ব আরোপ করা হয়েছে। বর্তমানে রাজ্যের বিভিন্ন অংশে ৬ হাজার ৬ শ ৯৭টি আক্ষরিক শিক্ষাকেন্দ্র ও নৈশ বিদ্যালয় পরিচালিত হচ্ছে। এদের মধ্যে ৪ হাজার ৯২টি কেন্দ্র কৃষি ও সমাজ উন্নয়ন বিভাগ কর্তৃক পরিচালিত। এ ছাড়া জেলা সমাজ-শিক্ষা আধিকারিকদের প্রত্যক্ষ তত্ত্বাবধানে ১ হাজার ২৩টি এক-শিক্ষক-বিশিষ্ট পাঠশালা রয়েছে। গত বছর এইসব আক্ষরিক শিক্ষাকেন্দ্র ও নৈশবিদ্যালয় থেকে আনুমানিক ৭৯ হাজার বয়স্ক ব্যক্তি সাক্ষরতা লাভ করেছেন। এ ছাড়া গত বছর এক-শিক্ষক-বিশিষ্ট পাঠশালা থেকে প্রায় ৩৩ হাজার বয়স্ক ব্যক্তি অক্ষরজ্ঞান লাভ করেছেন। ভারত সরকার প্রবর্তিত কৃষক-সাক্ষরতা কর্মসূচী অনুযায়ী ৬০টি কেন্দ্র পরিচালিত হয়েছিল। প্রতি কেন্দ্রে ৩০ জন করে শিক্ষার্থী দুই দফায় ছয় মাস ধরে শিক্ষালাভ করতেন। বর্ধমান জেলায় এই কর্মসূচী প্রথম প্রবর্তিত হয়। পরে তা বীরভূম, বাঁকুড়া ও কুচবিহার জেলায় সম্প্রসারিত হয়েছে। শীঘ্রই এই কর্মসূচী মেদিনীপুর, ২৪ পরগণা ও মুর্শিদাবাদ জেলায় সম্প্রসারিত হবে।

৪৪। এই সভা জেনে আনন্দিত হবেন যে, ২৪ পরগণা জেলার ১নং বসিরহাট ব্লকের ঘোজাডাঙ্গা গ্রাম থেকে নিরক্ষরতার অভিশাপ সম্পূর্ণ দূরীভূত হয়েছে। স্থানীয় যুবকবৃন্দের ঐকান্তিক চেষ্টা ও সহযোগিতায় এবং ঘোজাডাঙ্গা সাধারণ পাঠাগারের সাহায্যে ও শিক্ষা-অধিকারের কর্মী ও অন্যান্য সরকারী কর্মীদের সহযোগিতায় এক বৎসরের মধ্যে ওই গ্রামের সমস্ত লোকের মধ্যেই সাক্ষরতা বিস্তার লাভ করেছে।

৪৫। বর্তমানে এ রাজ্যে ৪২টি বয়স্ক-উচ্চ-বিদ্যালয় আছে। সাক্ষর ও সদ্য-সাক্ষর বয়স্কদের জন্য এসব বিদ্যালয়ে একটি ৪ বছরের পাঠক্রম প্রচলিত আছে। চার বছরের শেষে ছাত্রেরা মধ্য শিক্ষাপর্ষদের স্কুল ফাইনাল পরীক্ষায় বসতে পারে। শতকরা ৯০-এর মত ছাত্র উচ্চ বিদ্যালয়ের শেষ পরীক্ষায় পাশ করে।

৪৬। পশ্চিমবঙ্গে বর্তমানে ৭টি সরকারী গ্রন্থাগার, ১৭টি স্পনসর্ড জেলা গ্রন্থাগার, ২০টি স্পনসর্ড মহকুমা বা শহরাঞ্চলের গ্রন্থাগার, ২৪টি স্পনসর্ড আঞ্চলিক গ্রন্থাগার এবং ৬ শ ৪টি স্পনসর্ড গ্রামীণ গ্রন্থাগার আছে। এ ছাড়া প্রায় ১ হাজার পাঠাগার কেন্দ্র ও ১ হাজারের উপর সাহায্যপ্রাপ্ত সাধারণ গ্রন্থাগার আছে।

কলিকাতা সহ ষোলটি জেলার মধ্যে তেরটি জেলাতেই ইতিমধ্যে সমাজশিক্ষা বিষয়ে জেলা পরামর্শদাতা সমিতি গঠিত হয়েছে। ২৪ পরগনা, হুগলী এবং দার্জিলিঙ জেলাতেও শীঘ্রই এরূপ পরামর্শদাতা সমিতি গঠিত হবে।

৪৭। গত মে মাসে ভারত সরকার জাতীয় গ্রন্থাগারে ৫০ লক্ষ টাকা অনুদানযোগ্য মূলধন (ক্যাপিটাল কন্ট্রিবিউশন) সমন্বিত রাজা রামমোহন রায় ফাউণ্ডেশনের উদ্বোধন করেন। রাজ্যসরকারের শিক্ষা বিভাগও এই ফাউন্ডেশনে দু' লক্ষ টাকা দিয়েছেন। এই রাজ্যে পাঠাগার কর্মসূচীর সম্প্রসারণে এই ফাউন্ডেশন সাহায্য করবে।

৪৮। (ক) রাজ্যসরকারের সহযোগিতায় কেন্দ্রীয় সরকার সমাজবিজ্ঞান সম্বন্ধে গবেষণার ক্ষেত্রে সাহায্যদান, অগ্রগতি ও সামঞ্জস্য বিধানের জন্য কলকাতায় একটি সমাজবিজ্ঞান অধ্যয়ন কেন্দ্র (সেন্টার ফর স্টাডিজ ইন সোস্যাল সায়েন্স) খুলেছেন। এই কেন্দ্রে আলোচ্য বিষয়গুলির মধ্যে পশ্চিমবঙ্গ তথা পূর্বাঞ্চলের সমস্যাগুলির উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হবে। রাজ্যের শিক্ষাবিভাগ এই কেন্দ্রের পরিচালন ও আবর্তক ব্যয় হিসাবে বছরে অনধিক ৫ লক্ষ টাকা মঞ্জুর করতে স্বীকৃত হয়েছেন। এই কেন্দ্রের কাজ কিছুদিন হ'ল আরম্ভ হয়েছে।

(খ) কেন্দ্রীয় সরকারের অর্থানুকূল্যে রাজ্যসরকার কলকাতার ১নং উড্‌বার্ন পার্ক রোডস্থিত স্বর্গীয় শরৎচন্দ্র বসুর বাসভবনটি অধি-গ্রহণ করতে মনস্থ করেছেন এবং প্রারম্ভিক ১ লক্ষ ৪৩ হাজার টাকা ব্যয়ে এখানে একটি গবেষণাকেন্দ্র, একটি গ্রন্থাগার এবং একটি সংগ্রহশালা খোলার সিদ্ধান্ত করেছেন। কুমারটুলি ও কৃষ্ণনগরের শিল্পীদের হাতে গড়া প্রতিমূর্তির নিদর্শনও এখানে রাখা হবে।

[4-30—4-40 p.m.]

৪৯। নিম্নলিখিত বিষয়গুলি বাবদও রাজ্যসরকার ব্যয় মঞ্জুর করেছেনঃ

		টাকা
(ক)	মাদ্রাসার জন্য পুস্তক ব্যাঙ্ক বাবদ (বুক ব্যাঙ্ক) ...	৭,০০০
(খ)	প্রতিটিকে ৩,০০০ টাকা হিসাবে ৬টি মাদ্রাসার জন্য তদর্থক অনুদান	১৮,০০০
(গ)	দেবানন্দপুরে স্বর্গীয় শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের জন্মভিটা ক্রয় ও উন্নয়নের জন্য	৪০,০০০
(ঘ)	চুঁচুড়ায় রবীন্দ্র-ভবনের নির্মাণকার্য সম্পূর্ণ করার জন্য ...	১,০০,০০০
(ঙ)	শ্রীরামপুরে রবীন্দ্র ভবনের উন্নয়নের জন্য ...	২৫,০০০
(চ)	উত্তরপাড়া সাধারণ পাঠাগার প্রাঙ্গণে শ্রীঅরবিন্দ হল নির্মাণের জন্য	৩০,০০০
(ছ)	সরকার অনুমোদিত ৪৮টি পাঠাগারের প্রত্যেকটি ৩,০০০ টাকা হিসাবে	১,৪৪,০০০
(জ)	মেদিনীপুর জেলায় ৪টি সাধারণ হলের জন্য (৫০,০০০ টাকা হিসাবে)	২,০০,০০০

৫০। রাজ্যের শিক্ষিত বেকার যুবকদের কর্মসংস্থানের জন্য ভারত সরকার প্রবর্তিত একটি বিশেষ কর্মসংস্থান পরিকল্প চালু করা হয়েছে। এই পরিকল্প অনুসারে এ রাজ্যে ৬০০টি এক-শিক্ষক-বিশিষ্ট পাঠশালা এবং ৫০০টি শিক্ষাদান কেন্দ্র (টিউটোরিয়াল সেন্টার) মঞ্জুর করা হয়েছে। কোনো কোনো জেলায় এগুলির কাজ আরম্ভ হয়েছে। অন্যান্য জেলাগুলিতেও শীঘ্রই কাজ আরম্ভ হবে।

৫১। শিক্ষাবিভাগের সাংস্কৃতিক কর্মসূচীর ক্ষেত্রে "অরোভিলের" ভারত নিবাস প্রাঙ্গণে স্বতন্ত্র পশ্চিমবঙ্গ প্যাভিলিয়ন নির্মাণের জন্য আর্থিক সাহায্য মঞ্জুর বিশেষ উল্লেখযোগ্য ঘটনা। এখানে বাঙালীর জীবন ও সাংস্কৃতিক বৈশিষ্ট্যগুলি প্রদর্শিত হবে। পশ্চিমবঙ্গের চারুশিল্প, কারুশিল্প, সাহিত্য, সংগীত, শিল্প প্রভৃতি বিভিন্ন ক্ষেত্রে যে মহান ঐতিহ্য আছে সেগুলি প্রদর্শনেরও ব্যবস্থা থাকবে।

৫২। পশ্চিমবঙ্গ ও আন্দামানের এন সি সি আধিকারিকের অধীনে এই রাজ্যে ৭১টি এন সি সি সংস্থা (এন সি সি ইউনিটস্) আছে। সেগুলি দেখাশুনার জন্য ৭টি গ্রুপ হেড-কোয়ার্টার্স আছে। প্রতিটি প্রতিষ্ঠানে নিয়মিত সামরিক বাহিনীর অফিসার দ্বারা শিক্ষণ ব্যবস্থা ছাড়াও শিক্ষার্থীদের (ক্যাডেটস্) সমর শিক্ষায় হাতে-কলমে শিক্ষা দেবার জন্য বাৎসরিক শিক্ষণ শিবিরের ব্যবস্থা করা হয়।

৫৩। অনাথ বালকবালিকাদের আশ্রয়দানের জন্য ১০টি রাষ্ট্রীয় কল্যাণভবন সহ মোট ৭৪টি কল্যাণভবন ও নিরাশ্রয়ভবন রয়েছে। সুযোগ লাভে বঞ্চিত এবং দুর্দশাগ্রস্ত পরিবার-সমূহের সন্তানদের সামাজিক ন্যায়বিচার প্রদান করাই এ সকল কর্মসূচীর মুখ্য উদ্দেশ্য। এই কর্মসূচীর মাধ্যমে তারা সাংস্কৃতিক ও বৃত্তিমূলক শিক্ষায় শিক্ষিত হবার সুযোগ পেয়ে দেশের যোগ্য নাগরিক বিসাবে গড়ে উঠবে। বয়স্ক আবাসী ছাত্রছাত্রীদের ঔপজীবিক পুনর্বাসনের (অক্যুপেশন্যাল রিহ্যাবিলিটেশন) জন্যও নানাভাবে চেষ্টা করা হয়।

৫৪। বাস্তু ও প্রযুক্তিবিদ্যায় অব-স্নাতক (আন্ডারগ্র্যাজুয়েট) এবং স্নাতকোত্তর (পোস্ট-গ্র্যাজুয়েট) শিক্ষাদানের জন্য বর্তমানে রাজ্যে ২টি সরকারী বাস্তু মহাবিদ্যালয় এবং ৪টি সরকারী প্রযুক্তি মহাবিদ্যালয় (কলেজ অফ টেকনোলজি)—(২টি বস্ত্র-প্রযুক্তিবিদ্যা মহাবিদ্যালয়, ১টি চর্ম-প্রযুক্তিবিদ্যা মহাবিদ্যালয় এবং ১টি মৃৎশিল্প-কাঁচশিল্প প্রভৃতি প্রযুক্তিবিদ্যা মহাবিদ্যালয়) আছে। এ ছাড়া এ রাজ্যে ডিপ্লোমা পর্যায়ের ২৩টি স্পনসর্ড ও একটি সরকারী পলিটেকনিক আছে। ২০টি স্পনসর্ড জুনিয়র টেকনিক্যাল স্কুলও আছে। রাজ্যে প্রযুক্তি অধিকারের

(ডাইরেক্টরেট অফ টেকনিক্যাল এডুকেশন) পরিচালনায় কয়েকটি প্রাক্‌বৃত্তিমূলক শিক্ষণকেন্দ্র ও কিছু ব্যাপার-বিদ্যালয় (ট্রেড স্কুল) আছে। এ ছাড়া কেটারিং টেকনোলজি শিক্ষাদানের একটি এবং প্রিন্টিং টেকনোলজি শিক্ষাদানের একটি শিক্ষা প্রতিষ্ঠান আছে।

৫৫। যোগ্যতা উন্নয়ন কর্মসূচী (কোয়ালিটি ইম্প্রুভমেন্ট প্রোগ্রাম) প্রকল্প অনুযায়ী স্থির হয়েছে যে সরকারী খরচায় এম, টেক ও ডক্টরেট ডিগ্রী লাভের জন্য বাস্তু মহাবিদ্যালয় ও প্রযুক্তি মহাবিদ্যালয় থেকে প্রতি বছর ১০ জন ক'রে অধ্যাপক পাঠাবেন। এ বৎসরও বিবেচনার জন্য ইতিমধ্যেই দরখাস্ত আহ্বান করা হয়েছে। তা ছাড়া প্রদর্শকসহ প্রায় ৩০ জন পলিটেকনিকের শিক্ষকদের সরকারী খরচায় শিক্ষণের জন্য প্রযুক্তি শিক্ষক-শিক্ষণ প্রতিষ্ঠানে পাঠান হয়। শিল্প সম্বন্ধে ব্যবহারিক জ্ঞান লাভের জন্য বাস্তু-মহাবিদ্যালয় ও পলিটেকনিকের শিক্ষকদের ভারত সরকারের পরিকল্পনানুযায়ী বিভিন্ন শিল্প সংস্থায় তিন মাসের জন্য পাঠানোর ব্যবস্থা হয়েছে। এই সময় তাঁরা ভ্রমণ-ভাতা ও বেতন ছাড়াও তিন মাসের জন্য মাসিক ৩০০ টাকা হারে বৃত্তি পাবেন

৫৬। পলিটেকনিক শিক্ষার পাঠ্যসূচী সংশোধনের জন্য একটি বিশেষজ্ঞ-সমিতি গঠন করা হয়েছে। তাঁদের প্রতিবেদনটি প্রায় প্রস্তুত। পলিটেকনিক শিক্ষা ও শিল্পের মধ্যে ঘনিষ্ঠ সংযোগ স্থাপনের জন্য একটি শিল্প সংযোগ সংস্থা (ইণ্ডাস্ট্রিয়াল লিয়াসঁ বোর্ড) স্থাপন করা হয়েছে। পশ্চিমবঙ্গে প্রযুক্তিবিদ্যার উন্নতির জন্য একটি পৃথক্‌ প্রযুক্তি-অধিকার কিছুদিন হল স্থাপন করা হয়েছে। প্রযুক্তি শিক্ষা অধিকর্তাও নিযুক্ত হয়েছেন।

৫৭। শিক্ষার ক্ষেত্রে আমাদের আরও অনেক কিছু করতে হবে এবং কতকগুলি জিনিস খুব তাড়াতাড়ি করতে হবে। আবার কিছু কিছু জিনিস বাতিলও করতে হবে। এখন সবচেয়ে বড় প্রয়োজন হচ্ছে শিক্ষাপ্রতিষ্ঠানগুলিকে আভ্যন্তরীণ দলাদলি, দলীয় রাজনীতি এবং [illegible] স্বার্থের প্রভাব থেকে মুক্ত করা। শিক্ষার অপচয় নিবারণ এবং গুণগত উৎকর্ষলাভের জন্য পাঠ্যসূচীর সংশোধন, পাঠক্রমের পুনর্গঠন, উন্নত শিক্ষাদান ব্যবস্থা এবং পরীক্ষা পদ্ধতির সংস্কার প্রভৃতি কয়েকটি সুদূরপ্রসারী কার্যসূচী হাতে নিতে হবে। কিন্তু এগুলি রূপায়িত [illegible] হলে সর্বভারতীয় স্তরে ব্যবস্থা অবলম্বন ও শিক্ষাবিদ এবং অন্যান্য বিশেষজ্ঞদের পরামর্শ [illegible] প্রয়োজন। এই লক্ষ্যে উপনীত হবার প্রাথমিক পদক্ষেপ হিসাবে সরকার সম্প্রতি বিভিন্ন [illegible] আলোচনা চক্রের ব্যবস্থা করেছেন এবং এ বিষয়ে পাওয়া অভিমতগুলি গভীরভাবে পর্যালোচনা করে দেখা হচ্ছে। আরও চক্র অনুষ্ঠিত হবে।

৫৮। বিদ্যালয়ের স্তরে সংখ্যাগত বিস্তৃতি আর্থিক সঙ্গতির উপর নির্ভর করে। [illegible] আর্থিক সংস্থান এবং যেটুকু সুযোগ-সুবিধা আমাদের হাতে আছে সেগুলিকে একটু বিচার বিবেচনা ক'রে সুষম এবং সদ্ব্যবহার করলে বর্তমান পরিস্থিতিতেও অনেক উপকার লাভ করা যাবে। নিকট অতীতে অপরিকল্পিতভাবে বিদ্যালয় ও মহাবিদ্যালয় স্থাপন করার ফল এই হয়েছে যে, অনেক শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্র কম অথচ শিক্ষক বেশী আছেন। পক্ষান্তরে আবার অনেক শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্রসংখ্যা প্রচুর অথচ শিক্ষক, গবেষণাগার ও অন্যান্য সুযোগ-সুবিধা কম রয়েছে। এই অবস্থা মোটেই সন্তোষজনক নয় এবং এর প্রতিকার আবশ্যক। জেলায় জেলায় যে উপদেষ্টা সমিতি গঠিত হয়েছে তাঁদের এ বিষয়ে আরও সতর্ক দৃষ্টি রাখতে হতে পারে। একদিকে রাজনৈতিক পরিস্থিতির অবনতি এবং অন্যদিকে পরিদর্শকের স্বল্পতা বিগত বছরগুলিতে বিদ্যালয় পরিদর্শনের ক্ষেত্রকে সঙ্কুচিত করে রেখেছিল। এই পরিদর্শন ব্যবস্থাকে এখন নিয়মিত এবং ফলপ্রসূ ক'রে তুলতে হবে। সর্বোপরি, একথা মানতেই হবে যে, শিক্ষক সমাজের সাহায্য ও সক্রিয় সহযোগিতা ছাড়া শিক্ষাব্যবস্থার কি পূর্ণাঙ্গ, কি আংশিক, কোন উন্নয়নই সম্ভব নয়। এই শিক্ষক সমাজে বহু প্রতিভাবান ব্যক্তি রয়েছেন। এ'দের সেবাবোধকে পূর্ণমাত্রায় জাগ্রত করতে হবে। সেবাব্রত একদা আমাদের দেশে গৌরবের বস্তু ছিল। কয়েক বছর আগেও শিক্ষকদের মধ্যে এই সেবার মনোভাব পরিলক্ষিত হত।

৫৯। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একথাগুলি ব'লে আমি বাজেট বিবেচনা করার জন্য উপস্থাপিত করছি এবং ১৯৭৩-৭৪ সালের জন্য ১৯নং অনুদানের ২৮নং শিক্ষা মুখ্য শীর্ষ খাতে ৮৭ কোটি ৩৮ লক্ষ ৯১ হাজার টাকা মঞ্জুর করার আবেদন রাখছি।

Mr. Speaker: I understand that cut motions Nos. 7 and 8 are not going to be moved. All other cut motions are in order and are taken as moved. Now, I call upon Shri Shish Mohammad.

Shri Timir Baran Bhaduri: That the amount of the demand be reduced to Re. 1.

Shri Pradyot Kumar Mahanti: That the amount of the demand be reduced to Re. 1.

Shri Pradyot Kumar Mahanti: That the amount of the demand be reduced by Rs. 100.

Shri A. H. Besterwitch: That the amount of the demand be reduced by Rs. 100.

Shri Shish Mohammad: That the amount of the demand be reduced by Rs. 100.

শ্রীশীশ মহম্মদঃ মাননীয় স্পীকার, স্যার, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় শিক্ষা খাতে যে ব্যয়-বরাদ্দের দাবি উপস্থিত করেছেন এবং তা মঞ্জুরীর জন্য সুপারিশ করেছেন, তার উপর আলোচনা করার আগেই আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর নিকট একটা আবেদন রাখছি যে, আজকে পশ্চিম বাংলার শিক্ষক সমিতির চার-পাঁচ শত সদস্য তাঁদের ১৭-দফা কর্মসূচির ভিত্তিতে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আবেদন রাখতে এসেছেন। তাঁরা বিধানসভা অভিমুখেই আসছিলেন, কিন্তু পুলিস তাঁদের এসপ্ল্যানেড ইস্টে আটকেছে। আমি অনুরোধ করব শিক্ষামন্ত্রীর কাছে যে, তিনি তাঁদের কাছে উপস্থিত হয়ে তাঁর বক্তব্য রাখুন এবং তাঁদের যে দাবিদাওয়ার কাগজপত্র সঙ্গে এনেছেন, সেটা তিনি গ্রহণ করুন। মাননীয় স্পীকার মহাশয়, শিক্ষা খাতে ব্যয়বরাদ্দের আলোচনা প্রসঙ্গে প্রথমেই যেটা আমার চোখে পড়ে সেটা শিক্ষা সংক্রান্ত এবং শিক্ষা দপ্তর। আমি দেখতে পাচ্ছি, চিরকাল ধ'রে দেখে আসছি তাঁর যেন একটা উদাসীন ভাব। সাক্ষরতার দিক দিয়ে আজকে পশ্চিম বাংলার শতকরা ৭০ জন লোক একেবারে অজ্ঞ। মাননীয় স্পীকার, স্যার, নিরক্ষরতা দূর করার জন্য পশ্চিম বাংলা সরকারের যে পরিকল্পনার কথা আমরা শুনলাম মাননীয় মন্ত্রিমহাশয়ের বাজেট বক্তৃতার মধ্যে তাতে সুস্পষ্ট এটা দেখলাম—১৯৭০/৭১/৭২-তে এই রেখেছে, কিন্তু সেটা কি হবে তার সংখ্যা কিন্তু দেখলাম না।

[4-40—4-50 p.m.]

আজকে পশ্চিম বাংলা তথা ভারতবর্ষের শিক্ষার দিক দিয়ে মান অত্যন্ত নিম্নে নেমে গিয়েছে, আজকে বাঙালীদের ভারতের বাইরের প্রদেশের কাছে মাথা হেঁট ক'রে চলতে হয়। অতি প্রাচীন কালের কথা যেকথা আমরা শুনেছিলাম হোয়াট বেঙ্গল থিংকস্ টুডে, ইন্ডিয়া থিংকস্ টুমরো। এখন সেই কথাটা উল্টো হয়ে গিয়েছে, হোয়াট ইন্ডিয়া থিংকস্ টুডে বেঙ্গল থিংকস আফটার-ওয়ার্ডস। স্বাধীনতার রজত জয়ন্তী উৎসব আজ পালিত হয়ে গেল, আজ স্বাধীনতার ২৬ বছর অতিক্রান্ত হয়ে গেল। কিন্তু পশ্চিমবঙ্গের শিক্ষাব্যবস্থার ক্ষেত্রে যে অরাজকতা চলছিল তা আজও বিদ্যমান। আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ ক'রে বলি, আপনি অনুগ্রহপূর্বক কঠোর পদক্ষেপ বাড়িয়ে শিক্ষাব্যবস্থার ক্ষেত্রে যে অরাজকতা চলছে সেটা দমন করুন। (জনৈক সদস্যঃ আগে অরাজকতা চলতো।) আগেই চলুক আর পিছেই চলুক, যিনি গদীতে আছেন তাঁকে সেটা দমন করতে হবে। দুনিয়ার দরবারে আজকে বাঙালীকে শিক্ষার দিক থেকে মাথা হেঁট ক'রে চলতে হয়। ভারতের সংবিধান ২৩ বছর পূর্বে রচিত হয়েছিল। প্রথমেই লেখা আছে, ডাইরেক্টিভ প্রিন্সিপলস্ অফ দি স্টেট পলিসি। সংবিধান প্রবর্তনের দশ বছরের মধ্যে ১৪ বছর পর্যন্ত বয়স্ক শিশুদের অবৈতনিক বাধ্যতামূলক শিক্ষাব্যবস্থার প্রবর্তন করা। যদি এটা আইনের দিক দিয়ে বাধ্যতামূলক নয়, কিন্তু আমি মনে করি নীতির দিক দিয়ে এটা

বাধ্যতামূলক হওয়া উচিত। আজ ২৩ বছর অতিক্রান্ত হয়ে গেল। কিন্তু তা হ'ল না। দশ বছরের মধ্যে হওয়া তো দূরের কথা! এই যে নিরক্ষরতা পশ্চিমবঙ্গের গ্রাম থেকে গ্রামাঞ্চলে রয়ে গেল, তার জন্য হয়তো আমরা জনসাধারণের কাছে ভারতের সংবিধান মেনে নিয়ে ভারতের সংবিধান মাথায় ক'রে নিয়ে যখন বলতে যাই, তোমাদের মধ্যে জ্ঞানের আলো জ্বালা সরকারের দায়িত্ব, সেজন্য সরকারের কাছে আবেদন-নিবেদন কর, সেই সময় আমরা হয়ে যাই রাষ্ট্রদ্রোহী, সমাজবিরোধী। আমাদের তখন নানারকমভাবে দমন করবার চেষ্টা করা হয়, এমনকি পৃথিবী থেকে উৎখাত করবার চেষ্টা করা হয়। আজকে পশ্চিমবঙ্গে যে নিরক্ষরতা রয়ে গিয়েছে, পশ্চিমবঙ্গের যুবক আছে, ছাত্রসমাজ আছে, তরুণসমাজ আছে, তাদের নিয়োগ ক'রে নিরক্ষরতা দূর করুন, অভিযান চালিয়ে পশ্চিম বাংলার গ্রাম অঞ্চল থেকে নিরক্ষরতা দূর করুন।

মাননীয় স্পীকার, স্যার, আমরা জানি যে, সেই নিপীড়িত জনগণ এবং তরুণ যুবকদের মধ্যে থেকে যদি নিরক্ষরতা দূর হয়ে যায়, তা হ'লে বিপদ হবে। সেই কারণে এটাকে ঢেকে রেখে দেবার চেষ্টা হচ্ছে। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় স্বীকার করেছেন যে, পশ্চিমবঙ্গের শিক্ষা দীক্ষা আদৌ সন্তোষজনক নয়—তবে চেষ্টা করবেন সে কথা তিনি বলেছেন এবং চেষ্টা করবেন যেটা বলেছেন তা মাত্র ২-৪ লাইনে শেষ ক'রে দিয়েছেন। পশ্চিমবঙ্গের শিক্ষাব্যবস্থার যে আসল সমস্যা তাকে অতি অল্প কথার মধ্যে দিয়ে সমাধান ক'রে দিলেন। এটা ভাবতে গেলে বিস্মিত হতে হয়। প্রাথমিক শিক্ষকদের বরাদ্দের বৃদ্ধির পরিমাণ ৭৯ লক্ষ টাকা ধরা হয়েছে। আমি আপনার মাধ্যমে বলতে চাই, এই ৭৯ লক্ষ টাকায় প্রাথমিক শিক্ষাক্ষেত্রে কি বা কতখানি অগ্রসর হবে? যেক্ষেত্রে ৬ বৎসর থেকে ১১ বৎসর পর্যন্ত কেবলমাত্র শিক্ষাব্যবস্থা প্রবর্তনের কথা সামান্য বলা হয়েছে যা স্পষ্টভাবে আমরা দেখতে পাচ্ছি না। তার পর দেখা যাচ্ছে, শিক্ষাগত কর্মসূচির জন্য ২ কোটি ৫৬ লক্ষ টাকা আছে। এতে কোন্ উদ্দেশ্য সাধিত হবে? যেখানে এই দেশে ৪ কোটি ৪৪ লক্ষ লোক বাস করে সেখানে কি এই টাকা সমস্যার সমাধান করতে পারবে? এই প্রশ্ন আজ বার বার মনে জাগছে। আমরা দেখতে পাচ্ছি যে, প্রাইমারি স্কুলের শিক্ষকদের বেতনের হার সরকার থেকে ঘোষণা ক'রে বলা হয়েছে এবং এই ঘোষণা ক'রে দিয়েই সমস্ত কিছু দায় সেরে দিয়েছেন। আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে প্রশ্ন রাখতে চাই যে, এই প্রাথমিক শিক্ষকদের নিয়মিতভাবে বেতন পান কিনা সেদিকে তিনি নজর দিয়েছেন? বেতন নির্ধারণ ক'রে দিতে পারেন– কিন্তু কেন সেই টাকা নিয়মিত তাঁরা পাচ্ছেন না এই প্রশ্নই আজকে বড় হয়ে দেখা দিয়েছে। স্যার, আপনি জানেন ১৬৫ থেকে ২০০ টাকা পর্যন্ত প্রাথমিক শিক্ষকদের বেতন দেওয়া হয়। কিন্তু তাঁদের মাগ্গী ভাতার কথা এবার শুনতে পেলাম না। তা হ'লে কি বাজারে প্রাথমিক শিক্ষকদের জন্য কোন দ্রব্যমূল্য বৃদ্ধি পায় নি, তারা কি সস্তা দরে জিনিস কিনতে পারবেন? তা তো নয়। বেসরকারী ক্ষেত্রে কি দেখতে পাচ্ছি? দেখতে পাচ্ছি যেসমস্ত শিক্ষক সেখানে আছেন সেখানকার ছাত্রদের বেতনের উপর নির্ভর ক'রে দিন চালাতে হচ্ছে। কোন মাসে ৩০ টাকা, কোন মাসে ৪০ টাকা, কোন মাসে ৫০ টাকা পায়। সরকার থেকে যে অনুদান দেওয়া হয় মালিকপক্ষ তা আত্মসাৎ ক'রে নিচ্ছে।

[4-50—5-00 p.m.]

সেইজন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব, আপনি এগুলি একটু খুঁটিয়ে দেখুন। মিঃ স্পীকার, স্যার, আমরা দেখলাম গত বছর যখন অবৈতনিক বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা ব্যবস্থা চালু হ'ল তখন প্রাইমারি ক্ষেত্রে ছেলেদের কিছু বই দেবার ব্যবস্থা করেছিলেন। তখন ১০ লক্ষ টাকা ছিল, এবারও দেখছি সেই ১০ লক্ষ টাকাই থেকে গেল। ভেবেছিলাম এবারে তিনি কিছু বেশি আকারে টাকা ধার্য করবেন এই অবৈতনিক প্রাথমিক শিক্ষাব্যবস্থার ক্ষেত্রে, কিন্তু তা করেন নি। আমাদের এই পশ্চিম বাংলায় গরিবের সংখ্যাই বেশি, সেখানে ছাত্ররা বই পেলে তাদের মধ্যে উৎসাহ আসবে। এর ফলে সেখানে তাদের উৎসাহ পর্যন্ত আর বাড়বে না। যথা জায়গাতেই আবার থেকে গেল। আজকে প্রাইমারী স্কুলগুলির অবস্থাটা একবার দেখুন। কোন স্কুলের চাল নেই, কোন স্কুলের বেঞ্চ নেই, কোন স্কুলের টেবল নেই, চেয়ার নেই। তাই প্রাইমারি স্কুলের ছেলেদের সবাইকে ঘাসের উপর বসিয়ে সেই বিশ্বভারতী ইউনিভার্সিটির মত

ক'রে দেওয়া হবে? গত বন্যার সময় যেসমস্ত স্কুল প'ড়ে গিয়েছিল সরকার তাদের কিছু অনুদান দিয়েছেন। কিন্তু আমরা দেখতে পেলাম বহু স্কুল এখন পর্যন্ত সেই সাহায্য থেকে বঞ্চিত হয়েছে। আমি সেইজন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব, আপনি অন্তত এগুলি সম্বন্ধে একটু তদন্ত ক'রে দেখবেন। টাকার অভাবে আজকে সেই সমস্ত স্কুল খড়ের চাল পর্যন্ত তুলতে পারে নি। মাধ্যমিক স্কুলের শিক্ষকরা যথাসময়ে বেতন পায় না। ঘাটতি স্কুলগুলিকে গভর্নমেন্ট-এর গ্রান্ট-ইন-এড দেবার একটা সিস্টেম চালু আছে। কিন্তু যথাসময়ে সেই গ্রান্টের টাকা যায় না। আবার যদিও বা যায়, সেই বিল ভাঙাতে গেলে ট্রেজারি এবং ব্যাঙ্কে ঘুষ দিতে হয়। তাই আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব, তিনি যেন এ বিষয়ে একটা সুনির্দিষ্ট কর্মপদ্ধতি গ্রহণ করেন যাতে ক'রে তাদের সেই ঘুষ আর না দিতে হয়। মিঃ স্পীকার, স্যার, বহু বি টি শিক্ষক আছেন। বহু শিক্ষক বি টি ট্রেনিং দিতে পারেন নি। তদানীন্তন সরকারের আমলে ঠিক হয়েছিল ১০ বছর শিক্ষকতা করার যোগ্যতা যাদের আছে তাদেরকে বি টি স্কেল দেওয়া হবে। এটা ১৯৬৬ সালের ব্যাপার। আমি জিজ্ঞাসা করি ১৯৬৬ সালের পর আজ পর্যন্ত কি তাদের দশ বছরের এক্সপিরিয়েন্স হয় নি? তাই আমি তাঁকে অনুরোধ করব, দশ বছরের এক্সপিরিয়েন্স যাদের হয়েছে তাদেরকে বি টি স্কেল দেবার ব্যবস্থা করুন। যে নতুন শিক্ষাব্যবস্থা প্রবর্তন হচ্ছে তাতে আমরা কি দেখতে পাচ্ছি? ৩২ বছরের মধ্যে এমন একটা হেরফের হয়ে যাচ্ছে যেটা নাকি গিনিপিগরূপে ব্যবহার করা হচ্ছে এবং ছেলেদের জেনারেশন নষ্ট হয়ে যাচ্ছে। এখন জুনিয়র স্কুল, মাধ্যমিক, উচ্চ-মাধ্যমিক স্কুলগুলির শিক্ষকদের অবস্থা অত্যন্ত কঠিন হয়ে দাঁড়িয়েছে। তাদের হাট-বাজার করবার জন্য কেরানীবাবুদের কাছে পাঁচ টাকার জন্য হাত পেতে দাঁড়িয়ে থাকতে হয়। তাই আমি মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করব, আপনি শিক্ষাজগৎকে বাঁচান, সেই সঙ্গে সঙ্গে শিক্ষক মহাশয়দেরকেও বাঁচাবার ব্যবস্থা করুন। সর্বস্তরেই আজকে শিক্ষা দরকার এবং এই শিক্ষা ছাড়া আজকে কিছুই নেই। শিক্ষকরাই আপনাকে এই আসনে বসিয়েছে এবং তাদের কাছ থেকেই আপনি এখানে এসেছেন। কাজেই তাদের প্রতি আপনি নজর রাখুন, দৃষ্টি দিন। এই ব'লে আমি আমার মোশন মুভ করছি।

শ্রীগৌতম চক্রবর্তীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় শিক্ষা খাতে যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন সেই ব্যয়বরাদ্দকে সমর্থন ক'রে আপনার মাধ্যমে জানাচ্ছি যে, বিধান সভার একজন সদস্য হয়ে এবং পশ্চিমবঙ্গের ছাত্র রাজনীতির সাথে জড়িত থেকে কিছুটা হতাশ হয়েছি। দীর্ঘদিন ধ'রে পশ্চিম বাংলার সর্ববৃহৎ ছাত্র সংগঠন ছাত্র পরিষদ, সারা পশ্চিম বাংলার শতকরা ৯৬টি কলেজের ছাত্র ইউনিয়ন যাদের হাতে আছে সেই ছাত্র পরিষদের মনের কথা অর্থাৎ পশ্চিমবঙ্গের বৃহত্তম ছাত্র সংগঠন এবং ছাত্রদের কথা কিন্তু তুলে ধরা হয় নি। পশ্চিম বাংলায় প্রগ্রেসিভ ডেমোক্রেটিক সরকার প্রতিষ্ঠিত হবার পর বিধানসভার সদস্যরা এবং পশ্চিম বাংলার সংগ্রামী মানুষরা একটা বিরাট কিছু আশা করেছিলেন, কিন্তু বর্তমানে শিক্ষাখাতে যে ব্যয়-বরাদ্দ করা হয়েছে তার পরিপ্রেক্ষিতে আমরা হতাশ হয়েছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, আজ থেকে ২০ বছর আগে পশ্চিম বাংলার ছাত্রসমাজকে যেসমস্ত বই পড়ানো হত অর্থাৎ প্রাথমিক স্কুলগুলির ছাত্রদের যেসমস্ত বই পড়ানো হত সেখানে গ্রামের যে চিত্র তুলে ধরা হয়েছিল আজকে স্বাধীনতার ২৫ বছর পরে কিন্তু গ্রামের চেহারা সেরকম নেই। অর্থাৎ পাঠ্য-পুস্তকের সাথে বর্তমান ভারতবর্ষ বা পশ্চিম বাংলার কোথাও মিল নেই। আজকে আমরা দেখছি, এই ছাত্রসমাজ যখন স্কুল থেকে বেরিয়ে কলেজে গিয়ে প্রবেশ করছে তখন রাস্তার মাঝখানে দাঁড়িয়ে জাতীয় সম্পত্তি—ট্রাম-বাস ধ্বংস করছে, পোড়াচ্ছে। আজকে সারা পশ্চিম বাংলার ছাত্রসমাজের মধ্যে বিরাট একটা বিক্ষোভ দানা বেঁধে আছে। আমি মনে করি শিক্ষা-ব্যবস্থা যদি সংগ্রামী মানুষকে, ছাত্রসমাজকে আগামী দিনের সুনির্দিষ্ট পথ দেখিয়ে না দেয়, শিক্ষাব্যবস্থার মধ্যে দিয়ে যদি আগামী দিনের পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষের দরিদ্র মানুষদের কথা উপলব্ধি করতে না পারা যায়, তা হ'লে আগামী দিনে যারা স্কুল থেকে বেরিয়ে কলেজে বা ইউনিভার্সিটিতে যাবে তারা জাতীয় সম্পত্তি ধ্বংস করবে। যে শিক্ষাব্যবস্থার সঙ্গে আগামী দিনের কর্মপন্থার কোন সামঞ্জস্য নেই, সে শিক্ষাব্যবস্থার মাধ্যমে পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষের বুকে সমাজতন্ত্র প্রতিষ্ঠা করা যাবে না। কবিগুরু রবীন্দ্রনাথ বলেছিলেন, "ইংরাজদের কামান আছে, ইংরাজদের বন্দুক আছে, কিন্তু ইংরাজদের ২৬টা অক্ষর কি কম?" ইংরাজ সাম্রাজ্যবাদ

ভারতবর্ষের বুক থেকে চিরতরে বিলুপ্ত হয়েছে, কিন্তু ভারতবর্ষের মানুষের মনকে পরাধীন ক'রে রেখে গিয়েছে। আজও আমি মনে করি পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষের বুকে ইংরাজদের শোষণ চলছে। একদিকে আমরা দেখছি, গ্রামে গ্রামে হাজার হাজার, লক্ষ লক্ষ শিশু শিক্ষার আলো দেখতে পায় নি, অন্যদিকে বড়লোকের সন্তানরা কনভেন্ট, লরেটো, ডন বস্কো-তে শুধু তাদের জন্মানোর অধিকার নিয়ে পড়াশুনা ক'রে বেরিয়ে এসে কুইন্স ইংলিশ ব'লে ভারতবর্ষ তথা পশ্চিম বাংলায় কায়েম হয়ে বসে আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে শুধুমাত্র শিক্ষামন্ত্রীর কাছে আবেদন করছি না, তার সাথে বিধানসভার প্রত্যেকটি সদস্যের কাছে এবং প্রগ্রেসিভ গভর্নমেন্টের প্রত্যেকটি মিনিস্টারের কাছে আবেদন করছি, যদি মনোভাব চেঞ্জ না করেন, তা হ'লে আগামী দিনে সমাজতন্ত্র প্রতিষ্ঠা হ'তে পারে না।

[5-00—5-10 p.m.]

সমাজতন্ত্র তখনই প্রতিষ্ঠিত হবে, যতক্ষণ পর্যন্ত না আমরা আমাদের দেশকে ভালবাসতে পারব, আমরা আমাদের দেশের মানুষের হৃদয় জয় করতে পারব। ততদিন পর্যন্ত ভারতবর্ষে তথা পশ্চিম বাংলায় সমাজতন্ত্র প্রতিষ্ঠা হতে পারে না। আমরা হাজার চেঁচাই না কেন সমাজতন্ত্র জিন্দাবাদ, ইন্দিরা গান্ধী জিন্দাবাদ। এতে সত্যকারের সমাজতন্ত্র ভারতবর্ষে প্রতিষ্ঠিত হতে পারে না। যে বন্ধু কনভেন্ট থেকে পাশ ক'রে এলেন এবং সুন্দর সুন্দর ইংরাজী ব'লে বড় বড় পরীক্ষায়, আই এ এস পরীক্ষায় কৃতী ছাত্র হিসাবে স্বীকৃতি পেল, কিন্তু সামান্য দরিদ্র সন্তান তারা হয়ত সামান্য স্কুল থেকে বা গ্রামের স্কুল থেকে বা কর্পোরেশনের স্কুল থেকে মাস্টার মহাশয়ের বেত্রাঘাত খেয়ে কোনরকমে পাশ করল, এই যে তফাত, এই তফাত থাকতে পারে না ছাত্রসমাজের ভেতরে। আগামী দিনে যদি সত্যকারের সমাজতন্ত্র প্রতিষ্ঠা করতে হয় তা হ'লে এই মিশনারী প্রথা পশ্চিম বাংলা তথা ভারতবর্ষ থেকে উৎখাত করতে হবে। শুধুমাত্র একজন মাননীয় সদস্য বা একজন মাননীয় মন্ত্রীর গলা থেকে যদি এই আওয়াজ বেরোয় তা হ'লে কিন্তু আগামী দিনে আমাদের এই দাবিকে আমরা প্রতিষ্ঠা করতে পারব না। আমি সেই সমস্ত সদস্যদের অনুরোধ জানাচ্ছি, যাঁরা আমাদের কথায় কথায় বিরোধিতা করছেন, আমাদের মূল লক্ষ্য হবে আগামী দিনে পশ্চিম বাংলার তথা ভারতবর্ষের ছাত্র সমাজের কাঠামোকে যদি ঠিক করতে হয় তা হ'লে প্রত্যেককে এক সুরে, একই শ্লোগান দিতে হবে। মাননীয় স্পীকার মহাশয়, আরও একটা মর্মান্তিক বেদনাদায়ক বক্তব্য এখানে রাখতে চাই। সেটা হচ্ছে যে, ছাত্র সমাজকে যাঁরা শিক্ষা দিচ্ছেন আগামী দিনে পশ্চিম বাংলার তথা ভারতবর্ষের শিক্ষা কাঠামোকে, জাতির কাঠামোকে যাঁরা তৈরি করবেন, সেই সমস্ত শিক্ষকদের কথা কিন্তু বলা হয় না। শুধুমাত্র মাইনে দিয়ে অথবা এক হাজার, দু' হাজার টাকা দিয়ে যদি মনে করেন প্রত্যেকটি শিক্ষকের প্রতি তাঁদের কর্তব্য শেষ হ'ল, তা হ'লে আমি তাঁদের বলব যে, তাঁরা খুব ভুল করছেন। যে মানুষ বড় বড় আই এ এস অফিসার, মার্কেন্টাইল ফার্মের অফিসার তৈরি করলেন, আমাদের ছাত্রসমাজকে পথ দেখালেন, নতুন পথের সন্ধান দিলেন, সেই শিক্ষককে কিন্তু সামাজিক স্বীকৃতি দেওয়া হ'ল না। যারা দিনের পর দিন রাতের অন্ধকারে আমাদের শিক্ষা দিলেন, আমাদের তৈরি করলেন, তাদের একটা অ্যাটেস্টেশনের পর্যন্ত ক্ষমতা দেওয়া হ'ল না। সেইজন্য মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি, আপনার মাধ্যমে যে তাদের সামাজিক স্বীকৃতি দিতে আগামী দিনে একজন গেজেটেড অফিসারের সমতুল্য ক্ষমতা একজন হাইস্কুলের শিক্ষককে দিতে হবে। আমি আপনার মাধ্যমে আর দু'-একটা কথা বলতে চাই, অবিলম্বে পশ্চিম বাংলায় বাধ্যতামূলক শিক্ষাব্যবস্থা চালু করতে হবে। তা যদি না করতে পারেন, আপনারা যতই স্কুল তৈরি করুন না কেন, শিক্ষাক্ষেত্রে আমরা আলো দেখাতে পারব না। সুতরাং আইন ক'রে ভারতবর্ষ তথা পশ্চিম বাংলার প্রত্যেকটি ছাত্রকে বাধ্যতামূলকভাবে শিক্ষাব্যবস্থার আওতার মধ্যে আনতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ ছাড়াও আরও একটা কথা বলতে চাই আমি মনে করি আমাদের পশ্চিমবঙ্গ সরকার অত্যন্ত গরিব সরকার, এই সরকারের পক্ষে সব কিছু ব্যয়ভার বহন করা সম্ভবপর নয় না। কিন্তু আমি মনে করি, আগামী দিনে সত্যকারের যদি পশ্চিম বাংলাকে সোনার বাংলা গড়তে হয়, আগামী দিনে যদি কলেজ স্ট্রীটের মোড়ে জাতীয় সম্পত্তি ধ্বংস না করতে হয়, আগামী দিনে যদি সত্যকারের এখানে সমাজতন্ত্র প্রতিষ্ঠা করতে হয় তা হ'লে শিক্ষার ব্যাপার

উন্নতি ছাড়া সম্ভব নয়। তাই আমি মনে করি শিক্ষার উন্নতিকল্পে আগামী দিনে শিক্ষা বিষয়ে এমার্জেন্সি ঘোষণা করা হোক, পশ্চিম বাংলার মানুষের কাছে আর একটা ট্যাক্সেশন চাপানো হোক।

এখানে বলা হোক যে, তুমি যে মুহূর্তে একটা দেশলাই কিনছ সেই মুহূর্তে তোমাকে একটা পয়সা দিতে হবে ভারতবর্ষের দরিদ্র মানুষের শিক্ষার জন্য। যখন আমরা সিনেমায় প্রবেশ করবার জন্য টিকিট পারচেজ করব, সেই সময় আরও দশটা পয়সা আমাদের দিতে হবে। এখানে আমরা বলব এই দশটা পয়সা আমরা দিচ্ছি ভারতবর্ষের দরিদ্র ভাইদের শিক্ষার জন্য ট্যাক্স হিসাবে। যদি আমরা এটা না উপলব্ধি করতে পারি, তা হ'লে কিন্তু সত্যিকারের পশ্চিম বাংলার ছাত্রসমাজের কথা চিন্তা করা হ'ল না। তাই আজকে আমি এই সভায় স্পীকারের মাধ্যমে এই আবেদন করছি আপনাদের কাছে যে, শুধুমাত্র বিধানসভার আসনে বসে বড় গলা ক'রে তমুক চাই, তমুক চাই ব'লে গেলে তা ভুল হবে। আজকে এখানে একশ' জনের মত শিক্ষক এবং বিভিন্ন স্কুলের প্রধান শিক্ষকরা আছেন তাঁদের কাছে বলছি যে, তাঁরা এমন কিছু ছাত্র প্রোডাকশন দিন, তারা রিভোল্ট করুক বাইরে গিয়ে এবং তাঁরা সেই নেতৃত্ব দিন। তারা জনগণের ইচ্ছাকে প্রেসার দিয়ে সরকারের কাছ থেকে অধিকার আদায় করতে পারবে। আপনার মাধ্যমে মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই আবেদন জানাচ্ছি যে, যদি কোন বন্ধু এই কাজ করতে গিয়ে লাল সেলাম বলেন বা কোন বন্ধু বন্দে মাতরম্ বলেন, যাই বলুন না কেন, তাকে আমরা সমর্থন করব। তবে আগামী দিনে আমাদের ছাত্রসমাজকে সত্যিকারের আলো দেখাতে হবে, সেই আলো দেখাতে যে বন্ধু লাল সেলাম ব'লে এগিয়ে আসবেন তাঁকে যেমন সমর্থন জানাব, যে বন্ধু বন্দে মাতরম্ ব'লে এগিয়ে আসবেন তাঁকেও ঠিক সেইরকমই সমর্থন করব। এই ব'লে এই বাজেটকে সমর্থন জানিয়ে আমি বক্তব্য শেষ করছি। জয় হিন্দ, বন্দে মাতরম্।

(At this stage sounds of clapping were heard from the Visitors' Gallery upstairs.)

Mr. Speaker: Honourable Members, it is very unfortunate that the strangers here are clapping. I will request the Honourable Members, who have given Visitors' Cards to different persons, to tell them that in the history of this House such things never happened here. So, I want to have their co-operation in the matter. This request I make to all the Honourable Members.

Shri Tapan Chatterjee: Sir, please speak in Bengali so that the strangers can understand.

Mr. Speaker: It is only for the Members and not for the strangers. I am addressing the honourable Members that they must instruct their visitors that henceforward no such clappings should be made by the strangers in this House.

শ্রীনরেশচন্দ্র চাকি: আপনার বক্তব্য ওঁদেরও জানা দরকার সেইজন্য এটা বাংলায় বলুন।

Mr. Speaker: Please take your seat.

অনারেবল মেম্বারস যাঁরা আছেন, তাঁদের অনুরোধ করব যে যাঁরা তাঁদের কাছ থেকে কার্ড নিয়ে যান তাঁদের যেন ইনস্ট্রাক্ট করেন, ভিজিটরস কার্ডসের পিছনের দিকের ইনস্ট্রাকশনগুলি দেখতে। তাঁদের আইডেন্টিফাইড পারসনসরা ইন টোটো যেন সেইগুলি ফলো করেন। এই হাউসের ডিগনিটি এবং মর্যাদা দীর্ঘদিন ধ'রে বজায় রাখা হয়েছে গণতন্ত্রের মন্দির হিসাবে, নতমস্তকে সেই পুরাতন ঐতিহ্যকে স্মরণ ক'রে আমরা একে পবিত্র রাখবার চেষ্টা করি। এই সমস্ত মর্যাদা যাতে পরিপূর্ণভাবে পালিত হয় তার জন্য আমি সমস্ত সদস্যের একনিষ্ঠ সমর্থন দাবি করছি।

[5-10—5-20 p.m.]

শ্রীমতী ইলা মিত্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রী তাঁর বাজেটে প্রস্তাব করেছেন শিক্ষা খাতে ৮৭ কোটি ৩৮ লক্ষ ৯১ হাজার টাকা খরচ হবে। আমরা ১৮১৬ সাল থেকে অনেক এগিয়েছি। সেদিনকার চার্টার আইন অনুসারে সারা ভারতবর্ষে ১ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছিল। টাকার অঙ্কে এই খরচ নিশ্চয় বহুগুণ বেড়েছে এবং শিক্ষারও অনেক উন্নতি হয়েছে। কিন্তু মূল দৃষ্টিভঙ্গির কোন পরিবর্তন হয় নি। শিক্ষার নামে বৃটিশ শাসনের সময় মেকলে যে শ্রেণী বৈষম্যের বুনিয়াদ গ'ড়ে তুলতে চেয়েছিলেন আজ পর্যন্ত সেই ব্যবস্থাই চলছে। শিক্ষা আমাদের শিক্ষাদানের সমাজ জীবনের সঙ্গে ইন্টিগ্রেটেড না ক'রে অ্যালিনিয়েটেড ক'রে দিয়েছে। এই শিক্ষানীতির নামে তারা দিয়েছিল ফিলট্রেশন থিয়োরি। স্বাধীনতার ২৫ বছর পর যখন দেখি সেই নিরক্ষরতা, শিক্ষার আধুনিক অর্থনৈতিক উন্নয়নের হাতিয়ার না হয়ে স্ট্যাটাস সিম্বল থেকে যাচ্ছে, যখন দেখি শিক্ষার সাহায্যে একদল ইলাইট তৈরি হচ্ছে, তখন বাজেট বরাদ্দের সমস্ত আলোচনা অর্থহীন ব'লে মনে হয়। কত প্রাইমারি স্কুল খুলব, কতজন বেকার প্রাইমারি শিক্ষককে চাকরি দিয়ে বেকার দশা থেকে মুক্তি পাবে, মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের বেতন দান ব্যবস্থা বিকেন্দ্রীকরণ করা হবে--নিশ্চয় এগুলির মূল্য আছে। কিন্তু দুঃখের বিষয়, কি রাজ্যপালের ভাষণে, কি অর্থমন্ত্রীর ভাষণে, কি ৯০ মিনিট ধরে শিক্ষামন্ত্রীর ভাষণে শিক্ষা জগতে বর্তমানে যে বিস্ফোরক অবস্থা তা ধরা পড়ে নি। কি নিষ্ঠুর পরিহাস? দেখছি বাজেটে টাকা খরচ হবে একটা নীতিকে কার্যকরী করার জন্য। শিক্ষার মাধ্যমে সমাজে একটা ওরিয়েন্টেশন আনার জন্য ব্যবস্থা হচ্ছে। গণতান্ত্রিক মোর্চার কর্মসূচিতে মানুষের কাছে আমরা কি প্রতিশ্রুতি দিয়েছিলাম? আমরা বলেছিলাম জনগণ ও জাতীয় পুনর্গঠন চাহিদা অনুযায়ী শিক্ষা ও পরীক্ষা ব্যবস্থার সংস্কারসাধন। প্রতিক্রিয়াশীল ও সাম্প্রদায়িক ভাবাদর্শের উৎসাদন এবং সেস্থলে মাতৃভূমি ও জনগণের সেবার ভাবাদর্শ স্থাপন। আমরা বলেছিলাম গণতান্ত্রিক ও বৈজ্ঞানিক ভিত্তিতে শিক্ষাব্যবস্থার পাঠ্যক্রম ও শিক্ষাদান পদ্ধতির সংস্কার সাধন। শিক্ষকদের বেতন ও ভাতা নিয়মিতকরণ এবং ছাত্রদের সুযোগসুবিধা প্রসার। আমরা বলেছিলাম সার্বজনীন শিক্ষাব্যবস্থার প্রবর্তন। মাধ্যমিক ও উচ্চশিক্ষা ব্যবস্থাকে শক্তিশালী করা, কারিগরী শিক্ষার উপর জোর প্রদান করা। শ্রমিক, নারী ও অনুন্নত সংখ্যালঘুদের জন্য শিক্ষাব্যবস্থাকে জোরদার করা। আমরা বলেছিলাম জনগণের সর্বস্তরে শিক্ষার মাধ্যম হিসাবে বাংলা ভাষার প্রবর্তন। আমরা বলেছিলাম একটি রাজ্য পরিকল্পনা বোর্ড, একটি রাজ্য শিক্ষা মঞ্জুরী কমিটি এবং একটি রাজ্য শিক্ষা বোর্ড গঠন করা হোক। কিন্তু এক বছর পার হয়ে গেল, তার কোন দিকে কোন পদক্ষেপের ইঙ্গিত শিক্ষামন্ত্রীর ভাষণের মধ্যে নেই। আজ আমরা কি অবস্থার মধ্যে এই বাজেট বিতর্ক করছি? কয়েক হাজার প্রাথমিক শিক্ষক খোলা আকাশের নিচে ২৪ ঘণ্টা কাটিয়ে গেলেন এবং এখনও কয়েক হাজার প্রাথমিক শিক্ষক এসপ্ল্যানেড মোড়ে বসে আছেন। কলেজের অধ্যাপকরা কঠিনতর আন্দোলনে নামবেন কিনা তার জন্য ওপিনিয়ন পোল নিলেন এবং সংখ্যাগরিষ্ঠতার মাধ্যমে আন্দোলনের সিদ্ধান্ত গ্রহণ করেছেন। মাধ্যমিক শিক্ষক ও কলেজীয় অধ্যাপকদের মধ্যে আজ বিক্ষোভ ধূমায়িত এবং পরীক্ষা প্রহসনের বলি লক্ষ লক্ষ ছাত্র আজ দিশেহারা।

বহরমপুরে ছাত্র পরিষদের সম্মেলনে দাঁড়িয়ে এককালের শিক্ষক বর্তমানে কেন্দ্রীয় মন্ত্রী কংগ্রেস নেতা ডাঃ দেবীপ্রসাদ চ্যাটার্জি বলেছেন, এই শিক্ষাব্যবস্থার ঔপনিবেশিক চরিত্র সম্পর্কে তিনি নকশালপন্থীদের সঙ্গে একমত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এত সব কাণ্ডকারখানার কোন প্রতিফলন কি রাজ্যপালের, কি অর্থমন্ত্রীর, কি শিক্ষামন্ত্রীর কারোর আচরণে আপনি দেখতে পেয়েছেন? শিক্ষায় এই ফাঁকি কিন্তু দু'জন ধরতে পেরেছিলেন, একজনের নাম রবীন্দ্রনাথ ঠাকুর, আর একজনের নাম মোহনদাস করমচাঁদ গান্ধী। ইলাইটিস্টিক শিক্ষাকে বিসর্জন দিয়ে শিক্ষাকে উৎপাদনের অঙ্গ করতে হবে এই ছিল রবীন্দ্রনাথ এবং গান্ধীজীর শিক্ষা চিন্তার মূল কথা। অত্যন্ত দুঃখের হ'লেও একথা বলতে বাধ্য হচ্ছি, আমাদের শিক্ষামন্ত্রী রবীন্দ্রনাথ, গান্ধীজীর নাম হয়ত মুখে আনেন, কিন্তু তিনি মনে মনে ভজনা করেন মেকলের। তিনি সাম্রাজ্যবাদী শিক্ষানীতিরই উত্তরসাধক। তাই পুরানো শিক্ষা কাঠামোকে ভেঙ্গে স্ট্রাকচারাল চেঞ্জের কোন

গত তাঁর ভাষণে দেখতে পেলাম না। শিক্ষা জগতে আজ নতুন হাওয়া বইয়ে দিতে হবে, মুহূর্ত দেরি করার সময় নেই। ১৯৭১ সালে শিক্ষামন্ত্রী যতটুকু আশার সঞ্চার আমাদের করতে পেরেছিলেন, বর্তমান শিক্ষামন্ত্রী সেই আশার প্রবাহকে বন্ধ ক'রে দিয়েছেন। দুঃখের সঙ্গেও একথা বলতে বাধ্য হচ্ছি যে, যখন কংগ্রেস সভাপতি ডাঃ শংকরদয়াল শর্মা সি আই এ-র অপকর্মের বিরুদ্ধে সতর্কবাণী উচ্চারণ করছেন, যখন সংবাদপত্রে প্রকাশিত হচ্ছে সি আই এ প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর প্রাণনাশের চক্রান্ত করছে, তখন শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায় মহাশয়ের প্রত্যক্ষ পৃষ্ঠপোষকতায় কলকাতা বিশ্ববিদ্যালয়ে সি আই এ-র চক্র গ'ড়ে উঠেছে। আমি জানতে চাই, মাননীয় অধ্যক্ষ মহাশয়, অধ্যাপক অম্লান দত্তের মত পরিচিত আমেরিকার স্বার্থসেবককে কেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর হিসাবে নিয়োগ করা হ'ল? শিক্ষামন্ত্রী বিশ্ববিদ্যালয়ের কেষ্টবিষ্টুদের মধ্যে সুপরিচিত। মার্কিন লবীর সঙ্গে দহরম-মহরম করছেন। নিয়োগের কথা যখন এসে পড়ল তখন আরও দু'টি নিয়োগ সম্পর্কে আমি প্রশ্ন করতে চাই। শিক্ষামন্ত্রী মহাশয় বর্ধমান বিশ্ববিদ্যালয়ে পাঠিয়েছেন ডাঃ রমারঞ্জন মুখোপাধ্যায়কে। ইনি সেই ব্যক্তি যিনি সত্যপ্রিয় রায়ের স্নেহভাজন ছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সত্যপ্রিয়বাবু যাঁকে বর্ধমানের শিক্ষাকে বিপর্যস্ত করবার জন্য জহ্লাদ হিসাবে নিয়োগ করেছিলেন তিনিই আবার মৃত্যুঞ্জয়বাবুর একেবারে একান্ত বিশ্বাসভাজন ব্যক্তি হয়ে পড়েছেন। সত্যেন্দ্রমোহন চট্টোপাধ্যায়কে আনা হয়েছে মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি ক'রে। এঁর যোগ্যতা কি আমরা জানি না। মধ্যশিক্ষা পর্ষদের সভাপতির পদ বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদ থেকে কোন অংশে ছোট নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এ যাবৎ যাঁরা এ পোস্টে নিযুক্ত হয়েছেন তাঁদের অ্যাকাডেমিক অ্যাটেনমেন্ট-এর একটা স্ট্যান্ডার্ড ছিল, কিন্তু এঁর শিক্ষাগত বা প্রশাসনিকগত যোগ্যতার কি পরিচয় শিক্ষামন্ত্রী পেয়েছেন আমরা জানি না, বর্ধমান বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার হিসাবে, প্রফুল্লচন্দ্র সেনের বশংবদ হিসাবে, কামারপুকুরে শ্রীপ্রফুল্লচন্দ্র সেনের স্বার্থের অতন্দ্র প্রহরী হিসাবে শিক্ষক ও শিক্ষামোদী জনগণের কাছে তিনি কুখ্যাত হয়েছেন। আমেরিকান লবী সত্যপ্রিয় রায়ের বা শ্রীপ্রফুল্লচন্দ্র সেনের প্রিয়পাত্র না হ'লে আজকে মৃত্যুঞ্জয় বাবুর রাজত্বে পাত্তা পাওয়া যাচ্ছে না। ঘটনা পরম্পরায় এটাই কিন্তু প্রতিষ্ঠিত হ'তে চলেছে। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ সম্পর্কে আমি হুঁশিয়ারি দিতে চাই।

[5-20—5-30 p.m.]

কামারপুকুর কলেজের ব্যাপার লজ্জাজনক অধ্যায়। সেখানে ১৮ জন অধ্যাপক ছাঁটাই হয়েছিলেন ঐ পি সি সেনের কেরামতিতে। এই ব্যাপারে আমাদের শিক্ষামন্ত্রী এবং সরকার নীরব এবং শিক্ষামন্ত্রী ঐ কলেজকে কেন্দ্র ক'রে পশ্চিম বাংলার অধ্যাপক সমাজকে আন্দোলনের রাস্তায় ঠেলে দিলেন এবং নাটের গুরু সত্যেন্দ্রমোহন চ্যাটার্জিকে প্রমোশন দিলেন। এই অবস্থা থেকে আমাদের শিক্ষামন্ত্রী আশা করি নিশ্চয়ই ফিরে আসবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলেজ শিক্ষক, মাধ্যমিক শিক্ষক, প্রাথমিক শিক্ষক, শিক্ষা প্রতিষ্ঠানের অশিক্ষক কর্মচারী, ছাত্রসমাজ সকলেই আজ বিক্ষুব্ধ। কাজেই এই সমস্ত অংশের সংগঠিত আন্দোলনের নেতাদের সঙ্গে শিক্ষামন্ত্রী মহাশয় এবং সরকার অবিলম্বে বসুন। এদের বার বার পথে নামতে দেবেন না। শিক্ষকরা যদি বার বার রাজপথে নামেন, তা হ'লে সরকারের কোন মর্যাদা বাড়ে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রাথমিক শিক্ষার প্রসারণের কথা কিছু বলা হয়েছে। এই বিধানসভায় চার বছর আগে, ১৯৬৯ সালে আমার একটা প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়েছিল। ঐ প্রস্তাবে বলা হয়েছিল, ১৯৭০ সালের ১লা জানুয়ারি থেকে সমস্ত প্রাথমিক বিদ্যালয়বিহীন গ্রামে ওয়ান-টিচার ওয়ান-ক্লাশ প্রাইমারি স্কুল খোলা হবে। আমরা এলিমেন্টারি এডুকেশনকে ফ্রি ইউনিভার্সাল কম্পালসরি করতে প্রতিশ্রুতিবদ্ধ। কিন্তু দুঃখের বিষয়, দশ বছরের জায়গায় ২৩ বছর কেটে গেল, এখনও কয়েক হাজার গ্রামে একটিও প্রাথমিক বিদ্যালয় নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এলিমেন্টারি এডুকেশনের যে কনসেপশন সংবিধানে রয়েছে সেটা হচ্ছে অষ্টম শ্রেণী পর্যন্ত। সেজন্য রাজ্যপালের শাসনে শিক্ষা উপদেষ্টা করুণাকেতন সেন অষ্টম শ্রেণী পর্যন্ত শিক্ষাকে অবৈতনিক করার একটি পর্যায়ক্রম কার্যসূচি উপস্থিত করেছিলেন। বিধানসভায় আমার ঐ প্রস্তাব এবং অষ্টম শ্রেণী পর্যন্ত শিক্ষা অবৈতনিক করা এই কার্যসূচি অবিলম্বে কার্যকর করা হোক। সার্বিক প্রাথমিক শিক্ষা

আইনের স্বর্ণমৃগ সত্যপ্রিয় রায় যেমন বার বার দেখিয়েছেন, আমাদের শিক্ষামন্ত্রী মহাশয়ও তাই দেখাচ্ছেন। আমি মনে করি, অবিলম্বে এই বিল বিধানসভায় পেশ করা উচিত। বিভিন্ন বিশ্ববিদ্যালয় আইন যা চালু আছে সেখানে না আছে ছাত্র প্রতিনিধিত্বের ব্যবস্থা, না আছে অশিক্ষক কর্মচারীদের প্রতিনিধিত্বের ব্যবস্থা। নির্বাচিত শিক্ষক প্রতিনিধিত্ব মামুলি ধরনের। কাজেই প্রতিটি বিশ্ববিদ্যালয় আইনের সংশোধন দরকার। ছাত্র প্রতিনিধিত্ব, অশিক্ষক কর্মচারীদের প্রতিনিধিত্ব এবং নির্বাচিত শিক্ষক প্রতিনিধিত্ব সংখ্যাগরিষ্ঠতার প্রশ্নটিকে আর হিসাবে আটকে রেখে দেবেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষার একটা গুরুত্বপূর্ণ দিক হচ্ছে সময়সীমা। দশ থেকে এগারো ক্লাস এবং এগারো ক্লাস থেকে বারো ক্লাসে পর্যবসিত করা হয়েছে। এতে প্রকৃত সমস্যাকে ছুঁতে পারবে না। কাজেই একটা স্ট্রাকচারাল চেঞ্জ প্রয়োজন। যে শিক্ষা শিক্ষার্থীকে তার পারিপার্শ্বিক এবং উৎপাদন ব্যবস্থা থেকে বিচ্ছিন্ন করে সেই শিক্ষা-ব্যবস্থা অবসান ক'রে এমন শিক্ষা কাঠামো চালু করতে হবে যা শিক্ষার্থীকে উৎপাদন ব্যবস্থা এবং সমাজবিপ্লবের মূলধন যোগাবে। গান্ধীজী, রবীন্দ্রনাথ, লেনিন বুর্জোয়া ঔপনিবেশিক শিক্ষার বিকল্প শিক্ষাব্যবস্থাকে এইদিক থেকে গ'ড়ে তুলতে চেয়েছিলেন। অর্থাৎ আজকে আমাদের শিক্ষার কেন্দ্রবিন্দু হবে এগ্রিকালচারাল অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল পলিটেকনিক। কল্যাণী বিশ্ব-বিদ্যালয় নিয়ে অনেক কাণ্ডকারখানা হয়েছে। আমার বক্তব্য হচ্ছে কৃষি বিদ্যালয়কে কৃষিবিপ্লবের হাতিয়ারে পরিণত করুন।

প্রতি ব্লকে ব্লক সীড-ফার্ম আছে, তাকে কেন্দ্র ক'রে কৃষি বিদ্যালয় গ'ড়ে তুলুন। দক্ষ কেডারের অভাবে সমবায় আন্দোলন মার খেয়ে যাচ্ছে। সমবায়কে প্রতিটি বিদ্যালয়ের পাঠ্য-তালিকাভুক্ত করুন, উন্নত ধরনের বীজ তৈরি, রাসায়নিক সারের ব্যবহার যথাযথ করতে হ'লে উদ্ভিদবিদ্যা, রসায়ন প্রভৃতি যতখানি জানা দরকার বিদ্যার্থীকে তা জানাবার ব্যবস্থা করুন। শিক্ষা কাঠামো বলতে আমি এটাই বুঝি। আর এও বুঝি যে, মেকলের প্রবর্তিত কাঠামো নয়। রবীন্দ্রনাথ-গান্ধী-লেনিন উদ্ভাবিত কাঠামোকেই কার্যকর করতে হবে। তার জন্য পাঠক্রমেরও পুনর্বিন্যাস প্রয়োজন। তবেই শিক্ষার্থী শিক্ষার মধ্য দিয়ে সমাজজীবন থেকে বিচ্ছিন্ন হয়ে শুধু হোয়াইট কলার জব-এর রেসপেক্টেবিলিটি চাইবে, সে নিজেকে সমাজের উৎপাদন প্রক্রিয়া অপরিহার্য অঙ্গ হিসাবে মনে করবে। শিক্ষা উৎপাদন বৃদ্ধির সহায়ক হবে।

বার বার মেকলের কথা এসে পড়ছে। মেকলের ভূতকে ঘাড় থেকে নামাতে হবে। মেকলে, আমহার্স্ট, হার্ডিঞ্জরা মোটামুটি শিক্ষা জগতকে বদান্য জমিদারদের হাতে ছেড়ে দিয়েছেন—কলোনিয়েল ফিউডাল অর্থনীতিতে যা স্বাভাবিক, তাঁরা তাই করেছিলেন। ২৫ বছর ধ'রে শত শত কোটি টাকা শিক্ষা জগতে পাম্প ইন ক'রে ১৯৬৭-এর আগের সাবেকী কংগ্রেসীরা একদল শিক্ষা ব্যবসায়ীর সৃষ্টি করেছেন। এদের হাতে শিক্ষা দপ্তর কোটি কোটি টাকা দিয়ে দেন, এরা শিক্ষকদের প্রতারণা করে, অভিভাবকদের শোষণ করে। শিক্ষা জগৎকে একচেটিয়া পুঁজি-পতিদের সুপার ট্যাক্স ইভেশন বা শহর এবং গ্রামের শিক্ষা টাউট ও ব্যবসায়ীদের দু' পয়সা ক'রে নেবার ক্ষেত্র হিসাবে ছেড়ে দেবেন না। টেক্সট বই সহ সমস্ত শিক্ষাব্যবস্থার জাতীয়করণ করুন। এক ধরনের স্কুল করুন। অনেক পয়সা খরচ ক'রে ডঃ কোঠারীর অধ্যক্ষতায় কেন্দ্রীয় শিক্ষা দপ্তর একটা শিক্ষা কমিশন নিয়োগ করেছিলেন। এই শিক্ষা কমিশন শিক্ষাক্ষেত্রে শ্রেণীবৈষম্য দূর করার জন্য নেইবারহুড স্কুল সিস্টেম চালু করতে বলেছিলেন। তারপর তা ধামাচাপা প'ড়ে গেছে। কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীর কণ্ঠে আবার মডেল স্কুল-এর ঔপনিবেশিক চিন্তার অনুরণন শোনা যাচ্ছে। আমাদের শিক্ষাজগৎকে ঘিরে নানা চক্রান্ত চলছে। এ চক্রান্ত চলতে দেবেন না। ক্লাস এডুকেশনকে কবরস্থ ক'রে মাস এডুকেশন-এর ব্যবস্থা করুন। শিক্ষা আন্দোলনের নেতাদের পরামর্শ নিন, ছাত্রদের অভিযোগ শুনুন, অশিক্ষক কর্মচারীদের দিকে দেখুন। শিক্ষার একটা নূতন ঝোঁক আনুন। আর সব শেষ কথা মার্কিনী অনুপ্রবেশ সহায়ক না হয় তার বিরুদ্ধে রুখে দাঁড়ান। তবেই পি ডি এ সার্থক হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতদিন যাবত যে ধরনের শিক্ষা পরিকল্পনা গৃহীত হয়েছে, সেগুলি ছিল বর্তমান শিক্ষা কাঠামো বজায় রেখে জনবৃদ্ধির চাপে কোন্ কোন্ দিকে কতটা প্রসার ঘটবে তা হিসাব করা এবং তালিকাবদ্ধ করা। এই ধরনের শিক্ষা পরিকল্পনার বিষময় ফল ঘটেছে

বিভিন্নমুখী উৎপাদন বৃদ্ধির প্রয়োজনের সংগে বিভিন্নমুখী শিক্ষার প্রসার ঘটে নি। এই কারণে শিক্ষিত, অশিক্ষিত, অর্ধশিক্ষিত, বেকার গ্র্যাজুয়েটের দল হামলার পর হামলায় এই শিক্ষাব্যবস্থা ভেংগে দিচ্ছে। আজ তাই জোড়াতালি নয়, স্ট্রাকচারাল চেঞ্জ, নতুন দৃষ্টিভংগি চাই। নিছক শিক্ষা পরিকল্পনার জন্য পরিকল্পনা নয়, অর্থনৈতিক পরিকল্পনা সফল করার উপযোগী শিক্ষা কাঠামো গ'ড়ে তুলতে হবে। এইজন্য আমরা বলি যে, অর্থনৈতিক পরিকল্পনাই শিক্ষা পরিকল্পনার মূল ভিত্তি। তাই সরকার অবিলম্বে দু'টি কাজ করুন। সুষ্ঠু শিক্ষা পরিকল্পনা রচনা করুন, আর একটা হ'ল শিক্ষাকে জাতীয়করণ করুন। এই ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-30—5-40 p.m.]

শ্রীনাসিরুদ্দিন খানঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজ শিক্ষামন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবি হাউসের সামনে রেখেছেন তার আলোচনায় অংশগ্রহণ করতে যেয়ে শিক্ষামন্ত্রী কত যোগ্য সেই বিষয়ে প্রথমেই একটা কথা বলব। ১৯৭২ সালের গেজেটে উনি ১৯৭২ সালে স্পনসর্ড স্কুলগুলোর নির্বাচন হবে ব'লে ঘোষণা করলেন। কিন্তু আজও অনেক স্কুল আছে যেখানে অ্যাডমিনিস্ট্রেটর আছেন। যদি উনি জানতে চান তবে আমি তার হিসাব দেব। যেহেতু সময় কম, সেইহেতু নিজে থেকে দিচ্ছি না, তবে উনি যদি জানতে চান তবে দিতে পারি। একথা অবশ্য নতুন কথা নয়। কারণ শিক্ষা ব্যাপারে যেদিন প্রশ্ন করি উনি বলেন ওখানে কিছু জবাব দেওয়ার নেই। তা আর কি হবে? আমাকে গৌতমবাবুর একটা কথা বলতে হচ্ছে। আমি বলব ব'লে মনে করেছিলাম, উনি বলেছেন সেটা আবার আমি তুলব। আমি একেবারে অজ পাড়াগাঁয়ের ছেলে। তো আমাদের পাড়াগাঁয়ের শিক্ষা অবস্থা কোন্ পর্যায়ে। গতকাল রাত্রে আমি এক জায়গায় গিয়েছিলাম। ছেলেটার বয়স ৮ বছর, টাইমউড থেকে বেরিয়ে অন্য একটা স্কুল ডন বস্কোতে ভর্তি হয়েছে। সে আমাকে বলছিল যে, ফাদারের সাথে ক্যারাম বোর্ড খেললাম এবং ওঁকে নিলে গেম দিয়ে দিলাম। আমার কিউরিওসিটি জাগল, তার সাথে দু' বোর্ড খেললাম। আট বছরের ছেলে একটা বোর্ড নিয়ে আট পয়েন্ট পেল আর আমি আট পয়েন্ট পেলাম। এবার বলি পাড়াগাঁয়ের স্কুল আর মিশন স্কুলের তফাত কোথায়। আমার নওদা স্কুলে তড়িঘড়ি করতে যেয়ে একটা ছেলে টিফিনের সময় গ্লাস ভেংগে দিয়েছে ব'লে সেই স্কুলের হেডমাস্টার তাকে এমন প্রহার করেছে যে, তার পায়খানা বেরিয়ে গেল। এই হচ্ছে তফাত। আপনিও স্যার পাড়াগাঁয় ঘোরা লোক। সেই শিক্ষা ছাড়া কিছু হবে না। পাড়াগাঁয়ে স্কুলের ছেলেরা মায়ের কেচে দেওয়া কাপড় পরে স্কুলে যায়, কিন্তু ফিরে আসলে কাপড় পরিবর্তন করা ছাড়া উপায় থাকে না। এইভাবে স্কুলে যাওয়া না পশুশালায় যাওয়া? আমাদের হাউসে যত সদস্য এসেছেন তাদের মধ্যে প্রায় দুশো জন সদস্য হচ্ছেন পাড়াগাঁয়ের। প্রাথমিক শিক্ষাব্যবস্থা সম্পূর্ণরূপে ভালো না হ'লে যেকথা গৌতমবাবু বলেছেন সমাজব্যবস্থা ভাল আর কোনদিন হবে না, হওয়া সম্ভবপর নয়। প্রাথমিক শিক্ষাক্ষেত্রে আর একটা বিষয় বর্তমান সরকারের দেখছি যেটার ব্যাপারে বরাবর তিনটি সরকারই একই জিনিসের উপর স্ট্যান্ড ক'রে আছেন। সেটা হচ্ছে এই, যে গ্রামে স্কুল নাই, সেই গ্রামে প্রথম স্কুল দিতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদি চান আমার কাছে লিস্ট আছে, মন্ত্রিমহাশয়কে আমি অনেক তালিকা দিতে পারি, যে গ্রামে একটিও স্কুল নাই। এস আই ইন্সপেকশনে বলছে যে, এই নওদা থানায় যদি স্কুল হয়, তা হ'লে সেটা এই ফার্স্ট স্কুল হবে। সেইসব জায়গায় স্কুল মঞ্জুর না ক'রে সেখানে রাজনৈতিক কলাকৌশল চালানো হচ্ছে। যে গ্রামে মেলা স্কুল আছে সেইখানেই স্কুল তৈরি হচ্ছে। এটা অতীব আশ্চর্যের বিষয়। এ যদি হয়, যদি রাজনৈতিক কলাকৌশল এই শিক্ষার মধ্যে প্রবেশ করে, তা হ'লে অবস্থা সেই যুক্তফ্রন্ট সরকারের মতই হবে। স্যার আপনি আইনজ্ঞ মানুষ, আপনি জানেন একটা গ্রামীণ কথা আছে যে, হাকিম ফেরে তবু হুকুম ফেরে না। কিন্তু আমাদের সরকার হাকিম ও হুকুম দুই-ই ফিরিয়ে দেয়। গত যে সরকার ছিল সেই সরকার একটা সিদ্ধান্ত নিয়েছিলেন যে, ৮ম শ্রেণী পর্যন্ত শিক্ষা অবৈতনিক করা হবে এই রকম একটা স্টেপ নেওয়া হবে। এই ব্যাপারে আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে পারি কি যে, এর কি বাস্তবে রূপদান দেওয়া হয়েছে? স্যার, আপনি জানেন একটা নতুন জিনিস শুনতে পাচ্ছি, অবশ্য গেজেটে পাই নি—খবরের কাগজে দেখেছিলাম যে, এই সরকার নতুনভাবে চিন্তা করছেন যে, স্কুল থেকে সংস্কৃত,

আরবি এবং উর্দু যেটা ছেলেরা পড়ে সেটা নাকি তুলে দেওয়া হবে। জানি না কতদূর সত্য। একটা জিনিস আপনার মাধ্যমে এখানে রাখছি যে, এদেশের বিশেষত মুসলমান সম্প্রদায় যারা খুব গরিব তারা এই স্কুলের মাধ্যমে কোরান শরিফ একটু-আধটু আরবি পড়বার সুযোগ পায়। যদি আইন ক'রে এই ব্যবস্থা তুলে দেওয়া হয়, তা হ'লে বিশেষত মুসলিম সম্প্রদায়ের অন্তরে তা লাগবে। তাই আমি সবিনয়ে অনুরোধ করছি যে, এ কাজ যেন তিনি না করেন। আমি কলেজী শিক্ষার কথা বলছি। কলেজের যে শিক্ষাপ্রথা যে বৃত্তিগত শিক্ষা ছিল তাকে হ্রাস ক'রে যদি কারিগরি শিক্ষার প্রতি জোর দেওয়া হ'ত, তা হ'লে আনএমপ্লয়মেন্ট প্রব্লেম-এর যে ভয়ানক রূপ যে হেডেক হয়ে দাঁড়িয়েছে তা অন্ততপক্ষে কিছুটা হ্রাস পেত। ছেলেরা যদি আজকে কারিগরি শিক্ষায় শিক্ষিত হ'ত, তা হ'লে এমপ্লয়মেন্ট এমপ্লয়মেন্ট ক'রে পাগলের মত তারা ঘুরে বেড়াত না, তারা তাদের নিজেদের জীবনধারণের মত ব্যবস্থা করতে পারত। সে সম্বন্ধে আমি একটু চিন্তা করবার জন্য এই হাউসে মন্ত্রিমহাশয়কে আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি যে, নতুন কোন ব্যবস্থা অন্তত এই কলেজী শিক্ষায় করা যায় কিনা? এটা দয়া ক'রে একটু ভেবে দেখবেন।

[5-40—5-50 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি বিশেষভাবে বলতে চাই যে, এটা এই সরকারের দোষ নয় তবে ত্রুটি—সেই ত্রুটিটা কি সেটা একটু শুনুন, ভারি ইন্টারেস্টিং কথা। আমাদের ওখানকার একটি মস্তান ছেলেকে তার বাবা বলছে, হ্যাঁ রে খোকা, তুই লেখাপড়া করছিস না তো, পাশ করবি কি করে? সে বলল, দেখ বাবা, তোমাকে কোন চিন্তা করতে হবে না, কি ক'রে পাশ করতে হয় তা আমার জানা হয়ে গেছে। তারপরে দেখা গেল, একদিন হেডমাস্টার মহাশয় তাকে তাড়িয়ে দিয়েছেন স্কুল থেকে। কি ব্যাপার—বাবা ছুটে গেল, পরীক্ষা বন্ধ ক'রে দেওয়া হয়েছে। দেখা গেল, ছেলে পকেট থেকে কাগজ বের ক'রে টুকছিল, তাকে ধরেছে পরীক্ষার মাঝে। তখন সে একটা চাকু বের ক'রে দেখাল, যে বের করবে তাকে দেখে নেব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৬৭ সাল থেকে আজ পর্যন্ত যে পরিমাণ ছেলে পাশ করেছে তাদেরকে যদি আবার পরীক্ষায় বসানো যায়, তা হ'লে ২ পারসেন্টও পাশ করবে কিনা সন্দেহ আছে। তারা যদি সব বই খাতা নিয়েও বসে এবং প্রফেসর, মাস্টাররা যদি সব ঠিক ক'রেও দেন, তা হ'লে তারা দেখে দেখেও লিখতে পারবে না, এমন সব ছেলে পাশ করেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় এই ব্যবস্থা আর কত দিন পর্যন্ত চলবে? এ সম্বন্ধে আপনি একটা কিছু ব্যবস্থা করুন। আজকে শিক্ষার মান অত্যন্ত নিচে চলে গেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই একটু আগে মাননীয় ইলা মিত্র ব'লে গেলেন রাষ্ট্রীয়করণ, রাষ্ট্রীয়করণ, রাষ্ট্রীয়করণ—এই কথা আপনি শুনলেন। এই রাষ্ট্রীয়করণের যে কি ফল সেটা আপনি দু' দিন আগেই দেখেছেন। আগে আড়াই টাকায় কয়লা পাওয়া যাচ্ছিল, আর যেমনি রাষ্ট্রীয়করণ হ'ল অমনি চার টাকাতেও আর মিলছে না। রাষ্ট্রীয়করণের ফলটা আমরা এবার হাড়ে হাড়ে বুঝতে পারছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি তার একটি উজ্জ্বল দৃষ্টান্ত আপনার কাছে রাখব। আপনারা সকলে গিয়ে দেখে আসতে পারেন যে, একটি মাদ্রাসা বোর্ড আন্ডার আলেয়া মাদ্রাসা সেকশনে আছে, সেটা হায়ার সেকেন্ডারী সেকশন, সেটা ঐ সরকারী রাষ্ট্রীয়করণ স্কুল তিন বছর হয়ে গেল সেখানে আজ পর্যন্ত হেডমাস্টার নিয়োগ হ'ল না, তিন বছর আগে সেই স্কুলের হেডমাস্টার মারা গেছেন এই সরকারের এমনই ব্যবস্থা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আশ্চর্য ব্যাপার যে, এখন পর্যন্ত একটা হেডমাস্টারকে সেখানে অ্যাপয়েন্ট করা গেল না। অ্যাডভার্টাইজমেন্ট করলে যেখানে একটা এম এ, বি টি-র জায়গায় স্ক্রুটিনি করা যায় না, এত অ্যাপ্লিকেশন আসে সেইখানে দেখা গেল তিন বছর আগে একজন হেডমাস্টার মারা গেছেন আজ পর্যন্ত হেডমাস্টার নিয়োগ করা হয় নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটি জিনিসের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করব। এই কথা সকলেই জানেন যে, মুসলমানরা খুব গরিব। হাজী মহম্মদ মহসীন এই গরিব মুসলমান ছেলেদের জন্য একটি ফান্ড ক্রিয়েট ক'রে গিয়েছিলেন। সেই মহসীন ফান্ড থেকে গরিব দুঃস্থ পরিবারের ছেলেদের লেখাপড়া শিক্ষা করবার জন্য টাকা দেবার ব্যবস্থা ক'রে গিয়েছিলেন। আমি ১৯৬৯ সাল থেকে বার বার ব'লে আসছি যে, এই ফান্ডের হদিশ কোথায়

আমরা জানতে পারছি না। আজকে যদি মাননীয় মন্ত্রিমহাশয় প্রস্তুত না হয়ে থাকেন, তা হ'লে স্পেশালি সেই ফান্ডের কি অবস্থা হয়ে আছে, সে সম্বন্ধে দয়া ক'রে আমাদের একটু জানিয়ে দেবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনারা সকলেই জানেন যে, মুর্শিদাবাদ জেলা কৃষিপ্রধান জেলা। ওখানে কৃষিতে একটুখানি উন্নতি হয়েছে। তার কারণ, ওখানে অধিকসংখ্যক মুসলমান বাস করে।

একটু আগেই ঐ মুর্শিদাবাদ স্টেটের কথা উঠেছিল এবং সেই ব্যাপারে একটা অ্যামেন্ডমেন্টও হ'ল। আমি স্যার, আপনার মাধ্যমে সভার সকলের কাছে একটি বিশেষ অনুরোধ রাখছি, এতে এক ঢিলে দু' পাখি মারা যাবে। সেটা হচ্ছে, হাজারদুয়ারীতে যদি একটি কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপন করা যায়, তা হ'লে নবাবের স্মৃতি রক্ষার ব্যবস্থাও হবে, আর সংগে সংগে একটি বিশ্ববিদ্যালয়ও হতে পারবে। কাজেই এটা করা যায় কিনা একটু চিন্তা ক'রে দেখবেন। তারপর স্যার, মন্ত্রি-মহাশয়ের বাজেটের আর একটি অংশ দেখে অত্যন্ত বিস্মিত হলাম। সেটা হচ্ছে স্ত্রীশিক্ষা খাতে টাকা অনেক কম দেখিয়েছেন। কিন্তু এটা কি রকম কথা? মেয়েদের শিক্ষার খাতে টাকা অধিক রাখা হবে এটাই আমরা আশা করেছিলাম এবং কথাও সেরকম ছিল, কিন্তু কাজের বেলায় দেখছি একেবারে উল্টো। স্যার, আপনি জানেন, ভারতবর্ষে স্ত্রীশিক্ষা ঠিক পর্যায়ে পৌঁছাতে পারে নি ব'লেই শিক্ষার ক্ষেত্রে একটা চরম অবনতি আমরা দেখতে পাই। কাজেই এর জন্য বিশেষ ব্যবস্থা করা প্রয়োজন। তারপর স্যার, আর একটি বিষয়ের প্রতি অত্যন্ত বিনীতভাবে আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে দৃষ্টি আকর্ষণ করছি। সারা কলকাতায় এই মুসলমান মেয়েদের থেকে লেখাপড়া করবার জন্য একটাও হোস্টেল নেই। এরা একেই লেখাপড়ায় অনুন্নত তার উপর যদি একটু সুযোগসুবিধা না পায়, তা হ'লে তো কথাই নেই। তা ছাড়া বিরাট টাকা-পয়সা খরচ করাও সম্ভব নয়। কাজেই কলেজের মেয়েদের জন্য একটা হোস্টেল করা যায় কিনা সেটা একটু চিন্তা ক'রে দেখবেন। তারপর স্যার, আর একটি বিষয়ের কথা বলব, সেটা এই দপ্তরের সংগে ইন্টারলিংকড্। 'রেডিয়েন্ট' পেপারে একটা খবর বেরিয়েছে 'ডিসক্রিমিনেশন ইন ওয়েস্ট বেংগল' এই ক্যাপসন দিয়ে। তাতে বলছে, ৮০০ ছাত্র যেখানে মেডিক্যাল কলেজগুলিতে ভর্তি হয়েছে সেখানে মুসলমান ছাত্র মাত্র ১২ জন। আপনারা হয়ত বলবেন যে মার্কস অনুপাতে নেওয়া হয়েছে, কিন্তু আমি বলছি এ ব্যাপারে ইন্ডিয়ান কনস্টিটিউশনে একটা প্রভিশন আছে। আমি যখন গভর্নমেন্টে ছিলাম তখন সেটা কেরালা থেকে আনিয়েছিলাম, তাতে কিভাবে প্রিভিলেজ দেওয়া যাবে। এটার প্রতি নজর দেওয়া দরকার কারণ মাত্র ১২ জন ছাত্র এটা একটা লজ্জার ব্যাপার। তারপর স্যার, একটি ব্যাপারে খুব খুশি হয়েছি, সাত্তার সাহেব বললেন ব্যবস্থা হয়েছে, আমি কৃতজ্ঞতা জানাচ্ছি। সেটা হচ্ছে, মাদ্রাসা সিস্টেমের যে বোর্ড সেটা সেল্ফ সাফিসিয়েন্ট বোর্ড প্রায় ক'রে এনেছেন, আইন করলেই হয়, এজন্য আমি আন্তরিকভাবে ধন্যবাদ জানাচ্ছি। এই ব'লে শেষ করলাম।

শ্রীগৌতম চক্রবর্তী: অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, আমি আপনার মাধ্যমে এই সভার কাছে দুঃখ প্রকাশ করছি এইজন্য যে, আমি বক্তৃতার করবার পর জানি না কে হঠাৎ হাততালি দিয়ে উঠেছিল। আমি আপনার কাছে প্রতিশ্রুতি দিচ্ছি, আগামী দিনে এমন বক্তৃতা আমি দেব না যাতে হাততালি পড়ে। এই সংগে আরও প্রতিশ্রুতি আপনাকে এবং সভার সকল সদস্যকে দিচ্ছি যে, আপনাদের সকলের সংগে আমি সহযোগিতা ক'রে চলব।

[5-50—6-00 p.m.]

শ্রীতুহিনকুমার সামন্ত: মাননীয় স্পীকার মহাশয়, এই হাউসে আজ পর্যন্ত এই রকম কোন ঘটনা ঘটে নি। অবিভক্ত কংগ্রেস সরকারের আমলেও ঘটে নি এবং যুক্তফ্রন্টের আমলেও ঘটে নি। দর্শকদের তরফ থেকে এই হাততালি দেওয়া, আজকে নতুন নজির সৃষ্টি হ'ল। কেন হ'ল এই বিষয়ে একটা অনুসন্ধান করা দরকার। দু নম্বর হচ্ছে, যেসমস্ত সদস্য হাততালি দিয়েছেন, তাঁদের নামগুলো মাননীয় স্পীকার মহাশয় আপনি গ্রহণ করার চেষ্টা করুন এবং কোন্

এম এল এ-র ইস্যু-করা কার্ড, কে এইগুলো সাপ্লাই করেছেন, সেইগুলো জানবার চেষ্টা করুন। কারণ এই সম্বন্ধে সতর্কতা অবলম্বন করার প্রয়োজন আছে ব'লে আমি মনে করি।

Mr. Speaker: I will look into the matter.

ডাঃ শান্তিকুমার দাশগুপ্ত: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করলেন তাকে আমি আন্তরিকভাবে সমর্থন করছি। প্রথমেই তাঁকে অভিনন্দন জানাচ্ছি এই জন্য, তিনি আর্থিক অবস্থাকে কেন্দ্র ক'রে বলেছেন যে, সেইজন্য প্রাথমিক স্তরের উপর সমধিক গুরুত্ব আরোপ করা হয়েছে, এটা অভিনন্দনযোগ্য। যে টাকার চৌহদ্দির মধ্যে আমরা চলি তাতে নিশ্চিতভাবে সমাজবাদী চিন্তার প্রাথমিক পর্যায়কে সবচেয়ে বেশি গুরুত্ব দেওয়া উচিত। আমি আবার তাঁকে এইজন্য আমার আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। সেইসঙ্গে প্রাথমিক শিক্ষালয়ের যে সমস্যাগুলো দেখা দিয়েছে, যে কথা কোন কোন বক্তা বলেছেন, এটা ঠিক কোন কোন জায়গায়—একটা গ্রামে হয়ত দুটো স্কুল আছে এবং এমন বহু গ্রাম আছে যেখানে স্কুল নেই। এর কারণ হচ্ছে, ব্যক্তিগত প্রচেষ্টায় এই স্কুলগুলো তৈরি হ'ত। সরকার নিজে থেকে খুব কমই প্রচেষ্টা করেছেন। আমি মনে করি সরকারের নিজের প্রচেষ্টায় যদি স্কুল তৈরি করা যায় এখন থেকে, তা হ'লে নিশ্চয়ই যেসব গ্রামে স্কুল নেই, সেই সব গ্রামে প্রাথমিক শিক্ষালয় স্থাপন করা সম্ভব হবে। একটা জিনিস আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করতে চাই, সেটা হ'ল, এই একটা নিয়ম আছে, ৪০ জনে একজন শিক্ষক, এই নিয়মটার বোধ হয় পরিবর্তন হওয়া প্রয়োজন। যেখানে চারটে ক্লাস সেখানে চারজন শিক্ষক তো বটেই, একজন হেডমাস্টার ধ'রে পাঁচজন রাখা দরকার। যদি সেকশন ভাগ হয়, তা হ'লে নিশ্চয়ই সেখানে শিক্ষক দিতে হবে। তা না হ'লে স্কুল খোলা হ'ল, অনেক ছেলে এল, কিন্তু পড়াশুনা হ'ল না। সুতরাং এই বিষয়টা তিনি দেখবেন। আর একটা বিষয় তাঁর দৃষ্টি আকর্ষণ করছি, পাঠ্যসূচি বা বই যেগুলো আছে, সেই বই সম্বন্ধে একটু নজর রাখা দরকার। আমি জানি কতকগুলো এমন বই আছে, যেগুলো যুক্তাক্ষর বর্জিত, অত্যন্ত সহজ বই, এতে গ্রামের কৃষিকেন্দ্রিক অনেক বিষয় এর ভিতর আলোচিত হয়েছে, শহরের শিল্পকেন্দ্রিক অনেক বিষয় সেখানে আলোচিত হয়েছে, যদি সেইগুলো বিকল্প পাঠ্য হিসাবে সিলেবাস-এ আনলে গ্রামের লোকেদের সেচ, কৃষি সম্বন্ধে ধারণা হবে, এবং শহরের শিল্প সম্বন্ধে ধারণা হবে, এদিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। মাধ্যমিক শিক্ষায় আজকে একটা পরিবর্তন ঘটতে যাচ্ছে। ১০ ক্লাসের পর আরও দুটো শ্রেণী হ'তে যাচ্ছে। আমি মনে করি যে, এটা শুভ লক্ষণ। কিন্তু আমি দেখলাম বলা হয়েছে ১১ এবং ১২-র ভেতর তিনটে স্ট্রীম করার কথা উল্লেখ করা হয়েছে। এগ্রিকালচার, ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড টেকনিক্যাল এবং কমার্সিয়াল। আমার তো জানা আছে, এই রকম তো ১১-ক্লাসেও ছিল, কিন্তু তার পঠন-পাঠন পর্যায়ে, তার উপযুক্ত ক্ষেত্র ছিল না ব'লে এইগুলোর কোন কার্যকারিতা দেখাতে পারে নি। আমরা কলেজের মাস্টার হিসাবে জানি যে, ১১-ক্লাস থেকে টেকনিক্যাল পাস ক'রে ছেলেদের কি দুরবস্থা হচ্ছে। সায়েন্স পড়েছে, তারপর বি এস-সিতে ভর্তি হতে চাইছে, কিন্তু আবার প্রি-ইউনিভার্সিটি সায়েন্স দিতে হচ্ছে। তার মানে টেকনিক্যাল পাস ক'রে কোন ওপেনিং নেই। সেইজন্য এইদিকেও আমি আমাদের মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তারপর প্রাথমিক স্তর থেকে মাধ্যমিক স্তরের মধ্যে বিশেষ ক'রে একটা কথা স্মরণ করাতে চাই যে আমাদের রাষ্ট্রায়ত্ত সংস্থা হচ্ছে বিভিন্ন ক্ষেত্রে। কিন্তু সমস্ত রাষ্ট্রীয় ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি যে, সেগুলি সার্থকতা লাভ করতে পারছে না। এটা না পারার কারণ হ'ল জাতীয় চিন্তা আমাদের মধ্যে আসে নি। আমরা দেশকে দেব, এই কথা ভাবতে পারছি না। অর্থাৎ জাতীয় চেতনা যেটা, সেটা প্রাথমিক স্তর থেকে মাধ্যমিক স্তর পর্যন্ত দেবার একেবারেই চেষ্টা করি নি। সেইজন্য আমাদের রাষ্ট্রায়ত্ত ব্যবস্থাগুলি একেবারে বিপর্যস্ত হয়ে যায়। তাই আমি শিক্ষা-মন্ত্রীকে অনুরোধ করব এটা প্রাথমিক স্তর থেকে মাধ্যমিক স্তর পর্যন্ত আনতে হবে। আমাদের জাতীয় আন্দোলনের ইতিহাস, জাতীয় বড় বড় নেতাদের চিত্র, এইগুলি রাখতে হবে। একটা ঘরে এক্জিবিশন করতে হবে এবং সেখানে মাস্টার মহাশয়রা প্রয়োজন হ'লে প্রতিদিন যাতে তাদের শিক্ষা দিতে পারেন এইসব বিষয়ে তার ব্যবস্থা করতে হবে। তবেই তারা জাতীয় ইতিহাসের মধ্যে দিয়ে জাতীয় শিক্ষায় চিন্তা এবং সততা অর্জন করতে পারবে। সেইজন্য এইগুলি তাদের

সামনে তুলে ধরতে হবে। এমন কি কোথায় কোন্ চাষীভাই বেশি উৎপাদন করেছে, কোথায় কোন্ শ্রমিক ভাই ভাল ক'রে তাঁর কাজ করতে পেরেছেন, সেগুলিও ছেলেদের সামনে এনে দিতে হবে প্রতিদিনের পাঠের মধ্যে দিয়ে। তা হ'লে আমাদের রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলি ঠিকভাবে চলতে পারবে। তাই আমি এই বিষয়টির প্রতি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ ক'রে আর একটা কথা বলব, বিশেষ ক'রে আজকের দিনে যেটা প্রয়োজনীয় হয়ে পড়েছে, সেটা হচ্ছে সোস্যাল এডুকেশন। সোস্যাল এডুকেশন সম্বন্ধে আমাদের শিক্ষাবিভাগের একটা বিষয় আছে বটে, কিন্তু আমার মনে হয় এই সোস্যাল এডুকেশনের জন্য একটা আলাদা ডাইরেক্টরেট তৈরি ক'রে দেওয়া উচিত। সম্পূর্ণ আলাদাভাবে সোস্যাল এডুকেশনকে প্রাধান্য দিতে পারলে আজকে সেটা খুব প্রয়োজনীয় হবে এবং সেখান থেকে সমাজকল্যাণমূলক সিদ্ধান্ত নেওয়া যাবে। পলিটেকনিক-গুলির সমস্যার কথাও আমি আপনার সামনে তুলে ধরতে চাই। আজকে যে ১১ কি ১২টি পলিটেকনিক আছে, তাদের নিয়ে নেওয়া প্রয়োজন। এইগুলির টেকনিক্যাল, এগ্রিকালচারাল অ্যান্ড কমার্সিয়াল সাইডে প্রয়োজন আছে। অথচ পলিটেকনিকে ছাত্রসংখ্যা ভয়াবহভাবে কমে গেল দেখলাম। এখন বলা হচ্ছে পলিটেকনিকের জন্য কিছু সুষ্ঠু ব্যবস্থা করা হচ্ছে এবং সে সম্বন্ধে একটি প্রতিবেদন পেয়েছি। কিন্তু আমার ধারণা এখনও বোধ হয় পরিপূর্ণ প্রতিবেদন বের করতে পারেন নি। এর কারণ সিলেবাস তৈরির জন্য আপনারা পলিটেকনিকগুলির যেসব লোক ঐ কমিটিতে নিয়েছেন, তাঁরা সব টেকনিক্যাল ইঞ্জিনীয়ার্স। কিন্তু সিভিল ইঞ্জিনীয়ার্স না আনার ফলে ঐ বিষয়ে পাঠ্য তৈরি হয় নি, সেইজন্য আজকে অসুবিধা হচ্ছে। মেক্যানিক্যাল বা ইলেকট্রিক্যালরা সিভিলের পাঠ্য তৈরি করতে পারবেন না। তাই আমি সেইদিকে শিক্ষা-মন্ত্রীকে একটু নজর দিতে বলব। আমরা জানি দিল্লী থেকে ২ কোটি ১৮ লক্ষ টাকার গ্র্যান্ট পাওয়া গিয়েছে। একটা চিঠিও দেখলাম ১৯এ সেপ্টেম্বর, ১৯৭২ তারিখের টেকনিক্যাল এডুকেশন ডাইরেক্টরের কাছ থেকে পলিটেকনিকগুলির কাছে গিয়েছে। সেখানে পলিটেকনিক-গুলিকে বলা হচ্ছে, এই টাকা বরাদ্দ করা হ'ল, এইটা দিয়ে ঐখানে প্রোডাকসন সেন্টার তৈরি করা যায় কিনা দেখুন। তার মানে আমাদের ছেলেরা শুধু সেখানে পড়বে না, তার ফাঁকে কিছু রোজগার করবার স্কীমের কথা বলা হয়েছে। সেই স্কীম খুব দ্রুত তৈরি করতে বলা হচ্ছে। জ্ঞান ঘোষের নামে যে একটা পলিটেকনিক আছে, সেখানে একটা স্কীম দেওয়া হয়েছে—কিন্তু সেখানে এখনও কাজ আরম্ভ করা যায় নি।

এর দিকে নজর দিলে আমাদের ছেলেদের পলিটেকনিক পড়া সার্থক হবে। এ না হ'লে ২ কোটি ১৮ লক্ষ টাকা সেটা চলে যাবে। আর একটি কথা বলব স্ট্যাটিউট বদল করা হোক, আর যে করেই হোক এটা করা যায় কিনা যে, প্রত্যেকটা কলেজে নন-টিচিং, টিচিং এবং ছাত্রদের নিয়ে একটা সংস্থা করা যায় কিনা যে সংস্থাগুলি কলেজে যে অসুবিধাগুলি হয় তা দূর করতে পারবে। দু-একদিন আগে দেখলাম ১৯৭০ সাল পর্যন্ত যে স্কুলগুলিকে অনুদান দেওয়া হবে, ডেফিসিট দেওয়া হবে সেখানে কতকগুলি আইন বেঁধে দেওয়া হয়েছে কিন্তু এতে যে অসুবিধা হবে সেদিকে শিক্ষামন্ত্রীকে একটু দৃষ্টি দিতে হবে। সর্বশেষ কথা বাংলা ভাষার মাধ্যমে সমস্ত শিক্ষাব্যবস্থা যখন চালু হতে চলেছে তখন বাংলা ভাষার মাধ্যমে সমস্ত সরকারী কাজ হোক এবং শিক্ষাবিভাগ থেকে এটা প্রথমেই চালু হোক। এই কটি কথা ব'লে আমি এই বাজেটকে অভিনন্দন জানাচ্ছি।

[6-00—6-10 p.m.]

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ শিক্ষামন্ত্রী যে বাজেট উপস্থিত করেছেন সে সম্পর্কে আমার প্রথমেই মনে হচ্ছে পশ্চিমবাংলার শিক্ষক এবং শিক্ষা জগতে যাঁরা সম্পর্কিত বিশেষ ক'রে কর্মচারী, ছাত্র বটেই—তাঁরা কেউ এই বাজেটে ব্যয়বরাদ্দের দাবি ও তার টাকার অংক দেখে খুশী হবেন না। এই মুহূর্তে পশ্চিমবাংলার বিভিন্ন স্তরের শিক্ষকগণের মধ্যে প্রচণ্ড বিক্ষোভ দেখা দিচ্ছে। প্রথমেই আমরা আশা করেছিলাম এই যে দাবি উপস্থিত হয়েছে তাতে শিক্ষামন্ত্রী শিক্ষকগণের কাছে একটা ঘোষণা করেছেন—বেতন বৃদ্ধি করা না হ'লেও য মাসের প্রথম ২/৩ তারিখের মধ্যে সর্বস্তরের শিক্ষকরা তাঁদের সামান্য বেতন পাবেন। কিন্তু

এই গ্যারাণ্টি সরকার তাঁদের দিতে পারছেন না এবং তিনিও এরকম কোন সুস্পষ্ট ঘোষণা করলেন না। আমি তাঁকে জানাতে চাই যে, তিনি যত কথাই বলুন শিক্ষার মধ্যে যে সমস্ত শিক্ষকরা দেশের ছাত্রদের গড়বেন, পশ্চিমবাংলার বিভিন্ন বিদ্যালয়ে শিক্ষাদান করবেন তাঁরা সামান্য যে বেতন পান তা নিয়মিতভাবে দেবার তিনি ব্যবস্থা করবেন। কারণ তা না হ'লে পশ্চিমবাংলার শিক্ষাক্ষেত্রে যে অব্যবস্থা আছে তা দূর হবে না। সুতরাং অসন্তুষ্ট শিক্ষককুল নিয়ে সমাজতান্ত্রিক ও গণতান্ত্রিক শিক্ষাব্যবস্থা করা যায় না। আজ পশ্চিমবাংলার শিক্ষকদের কি অবস্থা—বিশেষ ক'রে মাধ্যমিক শিক্ষকদের? একথা সকলেই জানেন যে এদের জন্য একটা স্কেল চালু আছে। কিন্তু অধিকাংশ স্কুল সেই স্কেল ও মাইনে দিতে পারেন না। গতবার এ নিয়ে যখন বিধানসভায় দাবি ওঠে তখন তিনি বলেছিলেন, ১৯৭২ সালে মে মাসের মধ্যে সমস্ত ডিফিসিট মাইনে, ঘাটতি বেতন দেওয়া হবে। এখন তিনি কতকগুলি সর্তের কথা বলছেন যেগুলি পালন করতে পারলে ডিফিসিট গ্রান্ট দেওয়া হবে। তার প্রথম সর্ত হচ্ছে ২৫০ জন ছাত্র হওয়া দরকার। আমি তাঁকে বলব সর্তের কথা বলবেন না। গতবারের বাজেট বিবৃতির পর থেকে শিক্ষকরা অনেক আশা করেছিল। দীর্ঘকাল ধরে এম এ পাশ করা শিক্ষকরা ২৫০ টাকার মধ্যে ১৫০ টাকায় মাষ্টারী করেন। তাঁরা আশা করেছিলেন আপনার ঘোষণার পর মাধ্যমিক শিক্ষকরা তাঁদের ঘোষিত স্কেল অনুযায়ী মাইনে পাবেন। আপনি আবার তার ঘাড়ের উপর কতকগুলি শর্ত চাপিয়ে দিচ্ছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী মহাশয়কে অনুরোধ করব তিনি যদি শর্তের ব্যাপারটা প্রত্যাহার করেন, তা হ'লে আমরা খুশী হব। আমরা খুশী হব তিনি যদি আজকে এখানে সেই ঘোষণা করেন যে, বাংলাদেশের সমস্ত স্কুল ডেফিসিট স্যালারি স্কীমে টাকা পাবে, ১৯৭০ সাল পর্যন্ত যারা অনুমোদিত তারা পাবে এবং পরবর্তী কালে যারা অনুমোদিত তারা যাতে পায় সেজন্য সক্রিয় নীতি গ্রহণ করবেন এটা ঘোষণা করুন তাতে আমরা খুশী হব, শিক্ষক সমাজ খুশী হবেন। শিক্ষামন্ত্রী মহাশয় তাঁর বিবৃতিতে বলেছেন টাকার অভাবের জন্য প্রাথমিক শিক্ষার উপর সবচেয়ে বেশী গুরুত্ব দেবেন। মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি তাঁকে মনে করিয়ে দিতে চাই পশ্চিমবঙ্গ একমাত্র রাজ্য সারা ভারতবর্ষের মধ্যে যেখানে এখনও প্রাথমিক শিক্ষা ফ্রি হয় নি। আজকে বাংলাদেশের শিক্ষককুল, অভিভাবকরা তাঁর কাছে দাবি করছে আপনি একথা বলুন কেন পশ্চিমবঙ্গ ভারতবর্ষের মধ্যে একমাত্র রাজ্য যেখানে ফ্রি প্রাইমারী এডুকেশন চালু হয় নি? অন্য জায়গা থেকে অর্থ সংগ্রহ ক'রে বাজেট বিবৃতিতে বলবেন এই বছর থেকে পশ্চিমবঙ্গে ফ্রি প্রাইমারী এডুকেশন চালু হ'ল। কিন্তু সেকথা তিনি বলতে পারলেন না। টাকার অভাব আছে সত্য, টাকা অন্যান্য ক্ষেত্র থেকে পাওয়া যায়। বৃহত্তর প্রয়োজনে যেখানে অন্য রাজ্যগুলি চালু করতে পারে সেখানে পশ্চিমবঙ্গে কেন সেই ঘোষণা করতে পারবেন না আমি বুঝতে পারছি না। অথচ আমরা পশ্চিমবঙ্গের মানুষ শিক্ষার দিক থেকে ভারতবর্ষের মধ্যে গর্ব ক'রে থাকি। প্রাথমিক শিক্ষকদের মাইনে দেবার কতকগুলি ব্যবস্থার কথা বলেছেন, কতকগুলি সুবিধার কথা বলেছেন। মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি শিক্ষামন্ত্রী মহাশয়কে মনে করিয়ে দিচ্ছি তিনি ৬৫ বছর পর্যন্ত শিক্ষকদের চাকরি বাড়াবার কথা বলেছেন, তাঁর বিবৃতিতে একথা বলেছেন এ বি সি ক্যাটিগরির টিচারদের হেডমাস্টারদের হেডমাস্টার অ্যালাওয়েন্স দেওয়া হবে, এতে গৌরবের কিছু নেই, এটা আগেই হয়েছে। প্রাথমিক শিক্ষকদের অ্যাড-হক ইনক্রিজ ইন পে ৭ টাকা দেওয়া ছাড়া আর কি করতে পারলেন? আমি শিক্ষামন্ত্রীকে জিজ্ঞাসা করব একদিকে সরকার যেখানে এমপ্লয়ার, যেখানে সরকারই কর্মচারীদের চাকরির মালিক, প্রাথমিক শিক্ষকদের চাকরির মালিক, অন্তত ক্লাস ৩ যে স্টাফ সরকারী অফিসে আছে তাঁরা যে বেতন পান তার চেয়ে কম হবে না প্রাথমিক শিক্ষকদের বেতন এমন একটা ব্যবস্থা নিতে পারছেন না কেন? যে বেতন প্রাথমিক শিক্ষকদের দেন সেই বেতন নিয়ে তাঁদের সংসার চলে না, তাঁদের শিশুদের গ'ড়ে তুলবেন একথা ভাবা তাঁদের পক্ষে দুরাশা। এছাড়া প্রাথমিক শিক্ষকদের অনেক অভিযোগ আছে সরকারের বিরুদ্ধে। সমস্ত ডি আই অফিসগুলি যেখানে প্রাথমিক শিক্ষকদের প্রভিডেন্ট ফান্ড-এর হিসাব রাখার ব্যবস্থা আছে সেই ব্যবস্থা অত্যন্ত খারাপ। এই সম্পর্কে শিক্ষকরা অত্যন্ত বিক্ষুব্ধ। শিক্ষামন্ত্রী মহাশয় এই সম্পর্কে নিশ্চয়ই ব্যবস্থা অবলম্বন করবেন। পেনসন স্কীমের কথা বলা হয়েছে। সেকেন্ডারী টিচারদের পেনসান স্কীম চালু আছে, কিন্তু অভিযোগ

হচ্ছে আজ পর্যন্ত পশ্চিমবঙ্গে যত মাধ্যমিক শিক্ষক রিটায়ার করেছেন তাঁরা কেউ পেনসান পান নি। মাধ্যমিক শিক্ষক অবসর পেয়ে গেছেন, অনেকে মারা গেছেন, অনেকে বৃদ্ধ বয়সে ছাত্রদের কাছে ভিক্ষা করছেন পেনসান পান নি। সামান্য যেটুকু টাকা পেনসান দেবেন সেটা আগে থেকে ব্যবস্থা করে তাঁদের কাছে পেঁাছে দেবার ব্যবস্থা শিক্ষা দপ্তর করতে পারেন নি। কলেজ শিক্ষকদের সম্পর্কে একটা কথা বলতে চাই। আগেই বলেছিলাম, মাননীয় স্পীকার মহাশয়, পশ্চিমবঙ্গে প্রাইভেট কলেজগুলির শিক্ষকদের খুব দুরবস্থা। আপনি ৩০০-৮০০ ইন্টিগ্রেটেড স্কেলের কথা বলেছেন, আপনি কি জানেন সাড়ে তিন হাজারের মধ্যে ৩ হাজার কলেজ শিক্ষক পশ্চিমবঙ্গে ১ শো থেকে ১৫০ টাকা মাইনেতে চাকরি করতে বাধ্য হচ্ছে? থার্ড প্ল্যান চলে যাবার পরও সেই সমস্ত টিচারদের স্কেল ফিক্সেসান হয় নি, কোন ইনক্রিমেন্ট নেই। একজন প্রথম শ্রেণী, দ্বিতীয় শ্রেণীর এম এ ১৫০ টাকায় বিভিন্ন কলেজে পড়াচ্ছেন। শিক্ষা দপ্তরের এমনই অবস্থা যে যাঁরা নতুন শিক্ষক তাঁদের ইনটিগ্রেটেড পে স্কেল ফিক্সেসান করতে পারছে না ৪/৫ বছর ধ'রে। এই লজ্জাকর অবস্থার অবসান করবেন কিনা সেটা আমি মন্ত্রিমহাশয়ের কাছ

[6-10—6-20 p.m.]

থেকে জানতে চাই। ডি এ সম্বন্ধে আপনি একটা সার্কুলার দিয়ে ব'লে দিলেন, কলেজ শিক্ষকরা ১৪০/১৫০ টাকার বেশী ডি এ পাবে না। অথচ তাঁরা বার বার দাবি করছেন ইউনিফর্ম ডি এ দিন। কিন্তু আপনারা সেই ব্যবস্থা করলেন না এবং তার ফলে কলেজ শিক্ষকরা বিক্ষুব্ধ। বিশ্ববিদ্যালয় সম্বন্ধে আমি একটা কথা বলতে চাই। বিশ্ববিদ্যালয় স্তরে পেনসন ব্যবস্থা চালু হচ্ছে শিক্ষকদের জন্য প্রাইমারী স্তরে মাধ্যমিক শিক্ষকদের পেনসন ব্যবস্থাও চালু হয়েছে, অথচ মাঝখানে কলেজ শিক্ষকরা পড়ে রইল যাঁদের পেনসনের কথা আপনি বলেন নি। তাই মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীকে অনুরোধ করছি কলেজ শিক্ষকদেরও পেনসন দেবেন এটা নীতিগতভাবে স্বীকার করুন। যাঁরা কলেজে পড়িয়েছেন ৮০/৯০ টাকা বেতনে তাঁদের এখন দুরবস্থা চলছে বৃদ্ধ বয়সে তাঁরা খেতে পাচ্ছেন না। কাজেই তাঁদের জন্য সামান্য পেনসনের ব্যবস্থা ক'রে তাঁদের আশীর্বাদভাজন হন এই অনুরোধ করছি। তারপর, সমগ্র শিক্ষাজগৎ পরিচালন ব্যবস্থার ক্ষেত্রে প্রাথমিক স্তরে প্রাইমারী এডুকেসন চালাচ্ছে ডিস্ট্রিক্ট এডুকেসন বোর্ড। কিন্তু একথা বললে অন্যায় হবে না যে, অ্যাডভাইসরি কমিটি যা করেছেন সেগুলি মোর অর লেস্ পলিটিকাল অ্যাডভাইসরি কমিটি। পলিটিক্যাল অ্যাডভাইসরি কমিটি হ'লে তার মধ্যে যে মানুষগুলো থাকবেন তাঁরা শিক্ষক নির্বাচনের ক্ষেত্রে, স্কুল নির্বাচনের ক্ষেত্রে খানিকটা রাজনীতি ঢোকাবে যে রাজনীতি আমাদের দেশের পক্ষে উপযুক্ত নয়। তিনি বলছেন একটা কম্প্রিহেনসিভ প্রাইমারী এডুকেসন অ্যাক্ট আনবেন। একটা অথরিটি একবার দিলেন যাতে শিক্ষকদের প্রতিনিধি থাকবে এবং তাঁরাই পরিচালনা করবেন। মাধ্যমিক শিক্ষকদের ক্ষেত্রে ম্যানেজিং কমিটি যা করেছেন সেটা দুর্নীতিতে ভরা। কাজেই এর পরিবর্তন করুন এবং শিক্ষকদের বেশী সংখ্যক প্রতিনিধিত্ব দেবার ব্যবস্থা করুন। এবারে আমি ছাত্রদের দৃষ্টিভঙ্গি থেকে আর একটা দাবি করছি। আজকে যারা ছাত্র কলেজ এবং বিশ্ববিদ্যালয় স্তরে আছে তাদের কলেজ এবং বিশ্ববিদ্যালয় পরিচালনার ব্যাপারে প্রতিনিধিত্ব স্বীকার ক'রে এবারেই একটা আইন আনুন এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষানীতি কিভাবে চলবে সেখানে ছাত্রদের চিন্তাকে স্থান দিন। তারপর আমার বক্তব্য হচ্ছে শিক্ষা প্রতিষ্ঠান থেকে ব্যক্তিগত মালিকানার অবসান ঘটান। এখনও দেখছি ট্রাস্ট কলেজ রয়েছে যারা কলেজগুলোকে ব্যবসা প্রতিষ্ঠানে পরিণত করেছে। এগুলির অবসান করবার জন্য সংবিধানের সংশোধন হয়েছে কাজেই বলছি এই ট্রাস্ট কলেজের অবসান ঘটিয়ে শিক্ষকদের সহযোগিতা নিন, শিক্ষা প্রতিষ্ঠান থেকে ব্যক্তিগত মালিকানার অবসান ঘটান। কেরালাতে আপনারা এবং আমরা একসঙ্গে মিলে লড়াই করেছি ক্যাথলিক মিসনের বিরুদ্ধে। এখানেও এই ট্রাস্ট কলেজের মালিকরা যারা মুনাফা করছে সেটা অবিলম্বে বন্ধ করুন এই অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীপ্রদ্যোৎকুমার মোহান্তি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এখানে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় যে বাজেট রেখেছেন ১৯৭৩-৭৪ সালের জন্য, সেই বাজেটকে যদি ১৯৭২-৭৩-এর সঙ্গে তুলনা করি, আমি দেখবো, সেই খাতে প্রায় ৯ কোটি টাকা বৃদ্ধি পেয়েছে এই বছর। বাজেট বই যে সমস্ত সদস্যরা পড়েছেন, দেখেছেন, সেই বইয়ের মধ্যে একটা নোট আছে, এই যে ব্যয়-বরাদ্দ বৃদ্ধি হয়েছে, তার প্রধান কারণ হচ্ছে—ডেফিসিট স্কীমে স্কুলগুলিকে নেবার জন্যই ব্যয়বরাদ্দ বৃদ্ধি করা হয়েছে। এই ব্যয়বরাদ্দের সমালোচনা করতে উঠে আমি একটা কথার উপর জোর দিতে চাই। কার জন্য এই ব্যয়বরাদ্দের অর্থ দিচ্ছেন? আজকে এই যে এডুকেশন, সেটা কি সত্যকারের স্বাধীন দেশের উপযুক্ত এডুকেশন? দেশ স্বাধীন হয়েছে ২৫ বছর হয়েছে, কিন্তু আমাদের এডুকেশন পলিসি কি একটা স্থির করা হয়েছে? আজকে আমরা দেখতে পাচ্ছি রেয়ারলি থার্টি পারসেন্ট শিক্ষিত। অতএব আজকে যদি এডুকেশন পলিসি স্থির না করতে পারেন, তা হ'লে কিসের জন্য এই বরাদ্দ? গোড়ায়ই তো গলদ থেকে যাচ্ছে। আপনারা বলছেন দেশে সোস্যালিজম আনবেন। কোন্ পথে আনবেন? ডেমোক্রেটিক পথে? আজকে যে শিক্ষা ব্যবস্থা তাতে কি সোস্যালিজম আনা সম্ভব? আজকের এই শিক্ষা ব্যবস্থা দ্বারা কি সোস্যালিজম আনা সম্ভব? এই শিক্ষা ব্যবস্থা গতানুগতিক পথে চলেছে। ফলে কি হয়েছে? স্কুল কলেজ বাড়ছে, বাড়াতে হবে কেন না এই জন্য সামাজিক প্রেসার আছে, পলিটিক্যাল প্রেসার আছে, তাই স্কুল কলেজ বাড়ান হচ্ছে নীতি বহির্ভূতভাবে। ফলে কোয়ান্টিটেটিভ এক্সপ্যানশন হচ্ছে বটে কোয়ালিটেটিভ এক্সপ্যানশন হচ্ছে না। যদি এডুকেশনকে ইনভেস্টমেন্ট ধরি, তা হ'লে কি দাঁড়ায়। একটা ইন্ডাস্ট্রিতে ইনভেস্ট করলে যে সমস্ত প্রোডাকশন হবে তার সম্বন্ধে দেখতে হবে। আজকে এডুকেশন যে প্রকারের তাতে যে সমস্ত ছাত্র লেখাপড়া শিখে বেরুচ্ছে তারা সাবস্ট্যান্ডার্ডের হচ্ছে। ফলে আজকে দেখছি লক্ষ লক্ষ ছেলে বেকার। যে সমস্ত ডেভেলপ্‌ড কান্ট্রি আছে সেখানে মামুলি শিক্ষা ব্যবস্থায় শিক্ষা দেওয়া হয় না, সেখানে শিক্ষা নীতিকে ভেঙ্গে ঢেলে লাইফ ওরিয়েন্টেড ক'রে সম্পূর্ণ নূতন ক'রে শিক্ষা ব্যবস্থা করা হয়েছে অথচ ২৫ বছর হয়ে গেল এর মধ্যে কিছু হচ্ছে না, মাননীয় শিক্ষামন্ত্রী এই বিভাগে গত এক বছর ধ'রে আছেন, এখনও শিক্ষানীতি কি হবে সে সম্বন্ধে তাঁর ভাষণে কিছু দেখলাম না। আর শিক্ষানীতি আমি মনে করি স্থির করবেন শিক্ষাবিদরা, সরকার নয়। কেন না শিক্ষানীতি কি হবে সেটা নির্ভর করে শিক্ষাবিদদের উপরই। শিক্ষাবিদরা শিক্ষানীতি তৈরি ক'রে দেবে এবং সরকার তা মেনে নেবেন ইন টোটো। বিভিন্ন কমিশন হয়েছে, মুদালিয়ার কমিশন, রাধাকৃষ্ণ কমিশন, বহু কমিশন আমরা দেখেছি, তাঁরা বহু ভাল ভাল রিপোর্টও দিয়েছেন। কিন্তু সেই কমিশনের রিপোর্ট কি গ্রহণ করেছেন সরকার? আজকে শিক্ষাবিদদের দিয়ে শিক্ষানীতি এডুকেশন পলিসি স্থির করতে হবে এবং এই ব্যাপারে আমলাতন্ত্রের কোন আপত্তি শোনা হবে না এবং তাঁরা যে পলিসি স্থির করে দেবেন, সেই নীতি সরকার গ্রহণ করবেন। তা যদি না করেন যে ব্যবস্থা চলছে, তা দ্বারা আনএমপ্লয়েড ইয়ুথ আন্ডার এমপ্লয়েড ইয়ুথ তৈরি হবে, এ ছাড়া আর কিছু হবে না।

আর একটা বিষয়ে ব'লে আমি আমার বক্তব্য শেষ করতে চাই। সরকারীভাবে শিক্ষানীতি থাকুক আর নাই থাকুক, সরকার যে সমস্ত সিদ্ধান্ত নিচ্ছেন, সেগুলিও কার্যকর হচ্ছে না ঠিক সময়ে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন অনেক সদস্য উদ্বেগ করেছেন। গত বছর সরকার প্রতিষ্ঠা হবার পর প্রথম বিধানসভায় শিক্ষামন্ত্রী মহাশয় এবং মুখ্যমন্ত্রী মহাশয় এই আশ্বাস দিয়েছিলেন যে ১৯৭০ সালের ১লা জানুয়ারি থেকে বিদ্যালয়ে ঘাটতি অনুমোদন দেওয়া হবে এবং শিক্ষকদের মাইনে মাসের প্রথমে দেওয়ার ব্যবস্থা হবে।

[6-20—6-30 p.m.]

গত এক বছর ধ'রে এই বিধানসভার সদস্যরা, শিক্ষক সমিতিগুলো এবং জনসাধারণের মধ্যে যারা শিক্ষার প্রতি অনুরাগী তারা বহু চেষ্টা করায় এবং সরকারের উপর চাপ সৃষ্টি করায় একটা সার্কুলার বেরোলো। তাতে থাকলো না শিক্ষকদের কথা, শিক্ষার উন্নতির কথা, শিক্ষার পরিবেশের উন্নতির কথা, সেগুলোর চিন্তা করা হ'ল কি ক'রে সরকারী প্রতিশ্রুতি রাখা যায়

এবং ব্যয়বরাদ্দ কমান যায়। শিক্ষকদের মাইনের কথা থাকলো। কিন্তু তার লাইব্রেরীর কথা, তার ফার্নিচার, বিল্ডিং, সায়েন্স অ্যাপারেটাস, ইকুইপমেন্ট সেসবের কথা বলা হ'ল না। সেগুলো দেওয়া হবে না ব'লে বলছেন। আমি অবশ্য সে সার্কুলার দেখি নি। কিন্তু প্রধান শিক্ষক সমিতির স্টেটমেন্ট বেরিয়েছে সেটা দেখেছি এবং তাতে ২৫ হাজার শিক্ষক অ্যাফেক্ট হবে। মুখ্যমন্ত্রীর যে প্রতিশ্রুতি ছিল, শিক্ষামন্ত্রীর যে প্রতিশ্রুতি ছিল তা ঢাকটা কিভাবে পালন করা এবং ব্যয়বরাদ্দ কিভাবে হবে তা দেখাতে গিয়ে এইভাবে কাজ সেরেছেন। সরকার বলেছিলেন, এক বছরের মধ্য রুলস ফর ম্যানেজমেন্ট অফ সেকেণ্ডারী স্কুলস তৈরি করবেন, তা করতে পারলেন না। বহু জায়গায় স্কুল পরিচালক সমিতির যে মেয়াদ তা উত্তীর্ণ হয়ে গিয়েছে তাকে রিকনস্টিটিউট করা যাচ্ছে না, যেহেতু নূতন রুল সরকার তৈরি করতে পারেন নি। ১৯৩০ সালের রুর‍্যাল প্রাইমারী এডুকেশন অ্যাক্ট, এক বছর হয়ে গেলো তার ড্রাফট এখনও করতে পারলেন না। মাননীয় সদস্য চক্রবর্তী বললেন, বোর্ড যেগুলো গঠন করা হয়েছে সেগুলো পলিটিক্যাল কন্‌সিডারেসানে করা হয়েছে। আমি সেকথা না ব'লে বলবো, বিধানসভার সদস্য যারা আছেন অ্যাডভাইসরী বোর্ডে তাঁরা জানেন অনেক সময় প্রশাসন যন্ত্রের জন্য নানা বিপদে পড়তে হচ্ছে এই অ্যাডভাইসরী বোর্ডকে। তারা যে কাজ করতে চান তা তাঁরা করতে পারেন না। কারণ অ্যাডভাইসরী কমিটি যা হয়েছে তার নিয়ম-কানুনে অনেক ত্রুটি-বিচ্যুতি আছে। প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে যে নীতিতে তাঁরা চলছেন তার ইমপ্লিমেন্টেসান করতে হ'লে রুর‍্যাল প্রাইমারী এডুকেশন অ্যাক্ট যেটা ১৯৩০ সালের তার পরিবর্তন করতে হবে। সুতরাং আজকে যে নীতিই থাক না কেন তা কার্যকর করাতে হবে। মাননীয় সদস্যা ইলা মিত্র একটা খুব সংকটের কথা বলেছেন। তিনি বলেছেন আজকে যে প্রো-ভাইস-চ্যান্সেলার নিয়োগ করা হচ্ছে, আজকে যে বোর্ডের প্রেসিডেন্ট নিয়োগ করা হচ্ছে শিক্ষা জগৎকে চালাবার জন্য সেখানে সি আই-এর এজেন্ট, প্রফুল্লচন্দ্র সেনের এজেন্ট, সত্যপ্রিয়বাবুর এজেন্ট—এই রকম বিভিন্ন এজেন্ট নিয়োগ করা হচ্ছে। আমি শিক্ষামন্ত্রীকে শুধুমাত্র প্রফুল্ল সেনের এজেন্ট, সি আই এ-এর এজেন্ট, বা সত্যপ্রিয়বাবুর এজেন্ট সেটা দেখতে বলি না. আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীকে অনুরোধ করি যে, আপনাকে যদি শিক্ষাক্ষেত্র থেকে নৈরাজ্য দূর করতে হয়, তা হ'লে শিক্ষা ব্যবস্থা যাই থাকুক না কেন তাকে যদি রক্ষা করতে হয়, তা হ'লে শিক্ষাক্ষেত্র থেকে সমস্ত রকম রাজনীতিকে দূর করুন। শ্রীমতী মিত্র বলেছেন, প্রো-ভাইস-চ্যান্সেলার অম্লান দত্ত সি আই এ-র এজেন্ট। আমরা দেখেছি কিছুদিন আগে পর্যন্ত কলকাতা বিশ্ববিদ্যালয় একটা শ্রেষ্ঠ বিশ্ববিদ্যালয় ছিল। সেই বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলার নিয়োগের সময় বহু রকম বাদ-বিতণ্ডা হয়েছে। ছাত্র পরিষদ একটি প্রতিনিধিত্বমূলক সংস্থা, গৌতম চক্রবর্তী বলেছেন, ছাত্র পরিষদ বিরাট সংস্থা। তাঁরা প্রকাশ্যে বলেছেন এই সত্যেন সেনের দ্বারা কলকাতা বিশ্ববিদ্যালয় চলবে না, আমরা এর বিরোধিতা করি। অ্যাপয়েন্টমেন্টের সময় কি দেখলাম, তিনি আবার চার বছরের জন্য পুনর্নিযুক্ত হলেন। আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী মহাশয়কে অনুরোধ করি যে, এখানে কে জি বি-র এজেন্ট নিয়োজিত হল কিনা সেটা একটু দেখবেন যেমন প্রফুল্ল সেনের বা সত্যপ্রিয় রায়ের সি আই এ-এর এজেন্ট নিয়োজিত হল কিনা দেখবেন, ভাইসচ্যান্সেলার এবং প্রোভাইসচ্যান্সেলার ক্ষেত্রে। রাজনীতিকে যদি শিক্ষাজগৎ থেকে বিতাড়িত করতে না পারেন তা হ'লে যে ব্যবস্থা হোক না কেন সব বানচাল হয়ে যাবে। মাধ্যমিক স্কুলের রেজাল্ট খারাপ হ'লে প্রধান শিক্ষককে দায়ী করা হয় যে কেন এই রকম অধঃপতন হ'ল। আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে বলবো, এই প্রধান শিক্ষককে শুধু দায়ী করলে চলবে না। কেন না তার হাত শক্ত কোথায়? তার হাত আগে শক্ত করতে হবে—এই যে গ্রান্ট ইন এড দেওয়া হয়, আজকে দ্রব্যমূল্য অতি মাত্রায় বৃদ্ধি পেয়েছে—সেখানে শিক্ষকরা যে বেতন পান সেই হার পুনর্বিবেচনা করা দরকার। প্রধান শিক্ষক যখন শিক্ষকদের কিছু বলেন তখন তাঁরা বলেন, আপনি নিয়মিত বেতন দিতে পারেন বা বেতনের হার বাজার অনুপাতে বৃদ্ধি করতে পারেন যে আমি ভালকরে পড়াবো? তাঁরা বলেন, আপনি কি একটা ভাল চেয়ার, টেবিল বা একটা আলমারি দিতে পারেন? আমি মন্ত্রিমহাশয়কে বার বার অনুরোধ করেছি এবং এখনও করছি যে, যাতে এই যে গ্রান্ট ইন এড—এটা ঠিকমত সময়ে শিক্ষকদের কাছে পৌঁছে দেবার ব্যবস্থা ক'রে দিন। এই ব্যবস্থা কেন হবে না? এই দিকে প্রশাসনিক যন্ত্রকে যদি সচল না করতে পারেন, তা হ'লে কিছুই হবে না। শিক্ষামন্ত্রী বলেছেন

যে, পরিদর্শক বাড়ছে। কিন্তু যাঁরা আছেন তাঁরা কি কোন দিন স্কুল পরিদর্শন করেন? কোন দিনই করেন না। তিনি স্কুলে যান যখন প্রাইজ ডিস্ট্রিবিশন হয়, কিংবা নূতন রেকগনিসন-এর সময় সেই স্কুলে যান, অ্যানুয়েল ভিজিট স্কুল থেকে একেবারে উঠে গেছে। শিক্ষকরা প্রধান শিক্ষককে তো আর আমলই দেয় না। আর প্রধান শিক্ষক এই পরিদর্শকের দেখা পান না যদি না তিনি তাঁর অফিসে যান। আমার বক্তব্য হচ্ছে নূতন ক'রে পরিদর্শক বাড়াবেন তাতে আমার কোন আপত্তি নেই- কিন্তু যে ইনস্পেক্টররা রয়েছেন তাঁরা যাতে ঠিকমত অফিস করেন, স্কুল ভিজিট করেন, সেই রকম ব্যবস্থা করুন। আর একটা কথা আমাদের মেদিনীপুর জেলায় মাধ্যমিক শিক্ষা বোর্ড—এডুকেশন অ্যাডভাইসারী কমিটি আছে—তারা একটা সিদ্ধান্ত ক'রে হাই স্কুল কয়েকটি মঞ্জুরীর জন্য পাঠিয়েছেন এবং এই দপ্তরেও তিন-চার মাস হ'ল পাঠিয়েছে-- কিন্তু এখনও তারা মঞ্জুরী পেল না। আশা করি শিক্ষামন্ত্রী সেটা একটু দেখবেন। সেই বোর্ডের যে বক্তব্য সেটা কোথায় পড়ে আছে সেটা এখনও বোঝা যাচ্ছে না; আশা করি মন্ত্রিমহাশয় সেদিকে একটু দৃষ্টি দেবেন। এই ব'লে মাননীয় অধ্যক্ষ মহাশয় আমার বক্তব্য শেষ করছি।

শ্রীপরেশচন্দ্র গোস্বামীঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দ আপনার সামনে রেখেছেন তার উপর তিনি দীর্ঘ বক্তৃতা করেছেন। এবং সেখানে অনেক ভাল ভাল বক্তব্য রেখেছেন—সেগুলি আমি নিশ্চয় সমর্থন করবো। কিন্তু সংগে সংগে এই কথাও বলবো যে তাঁর বক্তব্যের মধ্যে যে সমস্ত বক্তব্য তাঁর নিজের সেগুলির মধ্যে কিছু কিছু বক্তব্য এই হাউসের এবং বিশেষ ক'রে ক্যাবিনেটের সর্বোপরি মুখ্যমন্ত্রী মহাশয়ের বক্তব্যের পরিপন্থী হয়েছে। সে সম্বন্ধে আমি তাঁকে বিবেচনা করতে বলবো। তার আগে প্রদ্যোৎ মহান্তি মহাশয় যা বলেছেন তার মধ্যে তিনি অনেক ভাল কথা বলেছেন। অবশ্য আমি বলি না যে শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায় মহাশয় এমন কাজ করেছেন যে তার সমালোচনা হবে না। আজকে যে সমালোচনা এসেছে তার দায়-দায়িত্ব তাঁকেই নিতে হবে। স্বাধীনতার পর দীর্ঘ ২৫ বছরে আমাদের অনেক ভাল কাজ হয়েছে। তার মধ্যে শিক্ষা পরিকল্পনাও একটা ভাল কাজ।

[6-30—6-40 p.m.]

বিগত ২৫ বছরে অনেক শিক্ষামন্ত্রী এসেছিলেন, কিন্তু শিক্ষাখাতে ব্যয়বরাদ্দ যেভাবে নেওয়া উচিত ছিল, সেভাবে তাঁরা নিতে পারেন নি। আজকে মাননীয় শিক্ষামন্ত্রীকে ধন্যবাদ জানাবো যে, তিনি অনেক ভাল ভাল চিন্তা করেছেন এবং যে ঘাটতিভিত্তিক অনুদানের কথা বলেছিলেন সেই ঘাটতিভিত্তিক অনুদান একটা বলিষ্ঠ পদক্ষেপ এবং মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় পশ্চিম বাংলার এই অর্থনৈতিক পরিস্থিতি বুঝেও যে ২ কোটি টাকার অতিরিক্ত ব্যয়বরাদ্দ আজকে নিয়েছেন সেই জন্য নিশ্চয় তাঁকে ধন্যবাদ জানাবো। প্রাথমিক শিক্ষা থেকে শুরু ক'রে তিনি নানান পরিকল্পনা আজকে হাতে নিয়েছেন এই মাত্র ১ বছরের মধ্যে, তার জন্য তাঁকে আমি ধন্যবাদ জানাবো। সেই সংগে সংগে আমি আর একটি কথা বলব যে, বিগত এক বছর ধরে পশ্চিমবাংলার বিধানসভায় আমরা যে দাবি তুলেছিলাম এবং যে দাবি পশ্চিমবংগের প্রাথমিক শিক্ষক সমিতি দীর্ঘ আন্দোলনের দ্বারা কার্যকর করেছেন—পশ্চিমবংগের সমস্ত শিক্ষক সমাজ আজকে পথ চেয়ে বসেছিলেন তাঁরা যে নিয়মিত বেতন পাচ্ছিলেন না, স্কেল অনুযায়ী বেতন পাচ্ছিলেন না, যার জন্য আমরা বলেছিলাম যে, সকল বিদ্যালয়কেই ঘাটতিভিত্তিক অনুদান দেওয়া হোক এবং তৎকালীন কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী সিদ্ধার্থশংকর রায় মহাশয় সেটা শর্তসাপেক্ষে নয় শর্তহীন নিরপেক্ষভাবে তাকে অনুমোদন করেছিলেন এবং পশ্চিমবাংলার শিক্ষামন্ত্রী, বিধানসভা অনুমোদন করেছিলেন, আশা করি ক্যাবিনেটেও এটা সিদ্ধান্ত হয়েছে—কাজেই ক্যাবিনেটের যেটা সিদ্ধান্ত হয়েছে, মুখ্যমন্ত্রী যেটার সিদ্ধান্ত নিয়েছেন, হাউস যেটার সিদ্ধান্ত নিয়েছে আজকে হঠাৎ মাননীয় শিক্ষামন্ত্রী তাঁর বাজেট বক্তৃতায় যে শর্ত আরোপ করেছেন সেটা অত্যন্ত দুঃখজনক। আমি বলছি পশ্চিমবাংলায় এই শর্ত আরোপের জন্য, সার্কুলার যেটা দিয়েছেন ৩০০টি স্কুলে এবং ২নং উপধারাতে যেটা বলেছেন তাতে যেখানে ১৫০ এবং ২৫০ জন ছাত্র আছে সেখানে কেবল অনুদান দেওয়া হবে। যেখানে গ্রান্ট ইন এড নেই, ১৯৭০ সাল পর্যন্ত

যে স্কুলগুলিকে অনুমোদন দেওয়া হয়েছে সেখানে স্কুল ফাইন্যাল স্কুলে ১৫০ থাকতে হবে, হায়ার সেকেন্ডারী স্কুলে ২৫০ জন ছাত্র থাকতে হবে। এটা একটা বিস্ময়কর ব্যাপার। ১৯৭২-৭৩ সালে যাদেরকে গ্রান্ট ইন এড দিয়েছেন মাননীয় শিক্ষামন্ত্রী, সেখানে কি হবে বুঝতে পারছি না। আমি এই অ্যাপ্লিকেসন দেখিয়ে অনুরোধ করবো যে, শর্ত আরোপ করা হয়েছে গ্রান্ট ইন এড সম্বন্ধে স্কুল ফাইন্যাল স্কুলে ১৫০ জন এবং হায়ার সেকেন্ডারী স্কুলে ২৫০ জন ছেলে থাকবে, এইভাবে ২ হাজার স্কুল প্রায় এতে পড়ে যাবে, এটা অগণতান্ত্রিক কাজ হবে। জানি না এটা কার মাথা দিয়ে বেরুল, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় এই সার্কুলার পড়েছিলেন কিনা আমি জানি না, তাঁর বেঞ্চের পিছনে যাঁরা বসে আছেন তাঁরা হয়ত এই সার্কুলার দিয়েছেন, যাঁরা নাকি এই দীর্ঘ ২৫ বছর ধ'রে সরকারকে নানাভাবে অনেক সমালোচনার সম্মুখীন করেছেন। আজকে মাননীয় শিক্ষামন্ত্রী বলিষ্ঠ স্টেপ নিয়ে, মাননীয় মুখ্যমন্ত্রী পশ্চিমবাংলার সাধারণ শিক্ষকদের কাছে, শিক্ষাজগতের কাছে ধন্যবাদের পাত্র হয়েছিলেন, এইবার ঐ আমলাতন্ত্রের ধারাবাহিকতার মধ্যে পড়ে যে শর্ত আরোপ করেছেন তাতে তিনি সমস্ত শিক্ষক সমাজকে আজকে একটা দারুণ সমালোচনা, বিক্ষোভের সম্মুখে ঠেলে দিলেন। আমি তাই মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ করবো যে, এখনও সময় আছে, আপনি এই শর্ত প্রত্যাহার করুন এবং প্রত্যাহার ক'রে সমস্ত শিক্ষক সমাজকে, শিক্ষা ব্যবস্থাকে আজকে সুষ্ঠুভাবে চলতে দিন। আমাদের এই বিধানসভার মাননীয় সদস্যদের মধ্যে কেউ কেউ শিক্ষক এম এল এ হতে পারেন, আবার নাও হতে পারেন, তারা প্রত্যেকে নিজ নিজ এলাকায় ফিরে গিয়ে কি বলবেন সেটা একটুখানি ভেবে দেখুন। স্যার, এটা একটা ভাইটাল জিনিস। এটা প্রত্যাহার যদি না করেন, তা হ'লে অল্প দিনের মধ্যে পশ্চিমবাংলার বুকে আগুন জ্বলে যেতে পারে। ১০ বছর থেকে যেসব স্কুল ঘাটতিভিত্তিক সাহায্য পেয়ে আসছিল এই সার্কুলারের ফলে তাদের এই ঘাটতি কাটা যাবে এবং কোন কোন স্কুল ৫০ হাজার টাকার পরিবর্তে ২ হাজার টাকা পাবে। এই বলে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ্।

শ্রীশিবদাস মুখার্জীঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী শিক্ষা খাতের যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন আমি তা পুরোপুরি সমর্থন করছি। এই ব্যয়বরাদ্দের দাবি পূর্ববর্তী সালের তুলনায় অনেক বেশি, সেই জন্য আমি মনে করি, এর ফলে শিক্ষার ধারা চারিদিকে প্রবাহিত হবে এবং দ্রুত গতিতে ছড়িয়ে পড়বে। আমাদের সরকারের ইচ্ছা হচ্ছে গণতান্ত্রিক সমাজবাদ প্রতিষ্ঠা করা, কিন্তু এই গণতান্ত্রিক সমাজবাদ প্রতিষ্ঠা করতে গেলে শিক্ষিত জনগণের দরকার। শিক্ষিত জনগণ না থাকলে সরকার প্রকৃত গণতান্ত্রিক সমাজবাদ প্রতিষ্ঠা করতে পারবেন না। কিন্তু মাত্র এক হাজার প্রাথমিক বিদ্যালয় এবং কিছু এক-শিক্ষকবিশিষ্ট বিদ্যালয় ও কিছু টিউটোরিয়াল সেন্টার খুলে এই শিক্ষাব্যবস্থাকে কতদূর এগিয়ে নিয়ে যাওয়া যাবে তা আমি বুঝতে পারছি না। আমাদের দেশের জনগণের শতকরা ৬৭ ভাগ অশিক্ষিত বা নিরক্ষর। তাদের শিক্ষার জন্য কোন সুনির্দিষ্ট ইঙ্গিত এই বাজেটে নেই। তাই অত্যন্ত দুঃখের সঙ্গে একথাগুলি বলতে হচ্ছে। প্রাথমিক শিক্ষা সম্বন্ধে কতকগুলি সুনির্দিষ্ট প্রস্তাব রাখছি, আশা করি মন্ত্রিমহাশয় এগুলির সুরাহা করবেন। স্কুলহীন গ্রামগুলিতে একটি ক'রে বিদ্যালয় করা দরকার। যে সমস্ত গ্রামে দু' হাজারের বেশী পপুলেশান রয়েছে সেই সমস্ত গ্রামে দুটি ক'রে বিদ্যালয় খোলার একান্ত প্রয়োজন রয়েছে ব'লে আমি বিশেষ ক'রে মনে করি। তা ছাড়া শহরের শিক্ষাকেন্দ্রে দেখা যায় ৪ জন ক'রে শিক্ষক নিযুক্ত করা হয়, আর গ্রামের স্কুলগুলিতে তিনজন ক'রে শিক্ষক নিয়োগ করা হয়। এই যে বৈষম্যমূলক আচরণ এটা সম্পূর্ণভাবে দূরীভূত ক'রে প্রত্যেক স্কুলে ৪ জন ক'রে শিক্ষক নিযুক্ত করা দরকার বলেই আমি মনে করি। তারপর ৪০ জন ছাত্র পিছু একজন ক'রে শিক্ষক নিযুক্ত করা হয়, এটাও পরিবর্তন করা দরকার। স্বাধীনতার পূর্বে এই যে ব্যবস্থা এটা আজও চলে আসছে। আজকে যদি আমি ২৬ বছরের যুবক হই, তা হ'লে সেই পূর্বের অবস্থা আজও আমি দেখছি। কাজেই আগামী দিনে এই ধারা পালটে যাতে ৩০ জন ছাত্রের জন্য একজন শিক্ষক নিযুক্ত করা হয় সেজন্য আবেদন জানাচ্ছি। তারপর প্রাইমারী স্কুলগুলোতে যে সমস্ত কমিটি রয়েছে সেখানে শিক্ষকদের সঙ্গে অত্যন্ত খারাপ ব্যবহার করা হয়। এডেড প্রাইমারী স্কুলের যারা সম্পাদক হন তারা শিক্ষকদের দিয়ে বাড়ির

সমস্ত কাজ করিয়ে নেন। আমি ব্যক্তিগতভাবে এটা জানি। এই যে কমিটি এর ব্যাপারে দৃষ্টি দেওয়া দরকার এবং অভিভাবকদের ২-১ জনকে এতে নেওয়ার ব্যবস্থা করা দরকার। তারপর স্কুলগুলিতে বছরে অন্ততঃ দুবার পরিদর্শনের ব্যবস্থা করা দরকার। দুবার না হ'লে স্কুলগুলির অবস্থা শোচনীয় হয়ে পড়ে। শিক্ষকরা ঠিকমত স্কুলে কাজ করেন না। তা ছাড়া বয়স্ক লোকদের জন্য ডিস্ট্রিক্ট সোশ্যাল এডুকেশান অফিসারের তত্বাবধানে প্রত্যেক দিন সন্ধ্যার পর ২ ঘণ্টা ক'রে যদি শিক্ষা দেওয়া যায় তা হ'লে গ্রামের লোকেরা অধিক শিক্ষিত হয়ে উঠবে। তারপর আর একটা বিষয় অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি, প্রাইমারী শিক্ষকদের যে ১৭০/১৮০ টাকা মাহিনা সেটা নেবার জন্য তাদের ডাক বিভাগকে পয়সা দিতে হয়। এর জন্য সুস্পষ্টভাবে কোন কৈফিয়ত পাওয়া যায় না। তাই মাননীয় শিক্ষামন্ত্রীকে বলব, এই প্রথা অবিলম্বে তুলে দিয়ে প্রাথমিক শিক্ষকরা যাতে মাসের প্রথম দিকে মাহিনা পান তার ব্যবস্থা করুন। তারপর আর একটি বিমাতৃসুলভ আচরণের কথা বলছি। ক্যাম্প এলাকার প্রাথমিক স্কুলের শিক্ষকদের মাহিনার সঙ্গে অন্যান্য স্কুলের শিক্ষকদের মাহিনার তারতম্য রয়েছে। নিম্নবুনিয়াদী শিক্ষা সংস্কারের ক্ষেত্রে বলছি, আইনের প্রয়োজন রয়েছে। এই কথা ব'লে আমি শেষ করলাম।

[6-40—6-50 p.m.]

শ্রীতুহিনকুমার সামন্তঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের শিক্ষার কথা অমৃত সমান, যে ভজে পশ্চিমবঙ্গের শিক্ষা জগতের আমলাদের সেই হয় বিদ্বান, সেই হয় মহাজন। রিপোর্ট একটা আছে গভর্নমেন্টের, তার তাৎপর্য বিশ্লেষণ ক'রে বলি অল এডুকেশন ইজ ফ্রি ইন জম্মু অ্যান্ড কাশ্মীর, তামিলনাড়ুতে সমস্ত এডুকেশন ফ্রি, কেরালা, মধ্যপ্রদেশ, মাইসোর প্রভৃতি জায়গায় সেকেন্ডারী স্টেজ পর্যন্ত ফ্রি। মহারাষ্ট্রের প্রাইমারী এডুকেশন ফ্রি, ১,২০০ টাকার নিচে যাদের মাইনে তাদের ছেলে-মেয়েদের এডুকেশন ফ্রি, গুজরাটেও ঐ একই রকম। রাজস্থানে অল এডুকেশন ফ্রি ফর গার্লস, পশ্চিমবঙ্গের শিক্ষামন্ত্রী যে ভাষণ দিয়েছেন সেটা হচ্ছে যোগ বিয়োগের ভাষণ। ৩টে ছিল ৪টে হয়েছে। আমরা যদি দেখি সারা ভারতবর্ষে যতগুলো প্রদেশ আছে, সেই প্রদেশগুলির মধ্যে সব থেকে বেশী বাজেট বরাদ্দ পশ্চিমবঙ্গের জন্য হয়েছে কিন্তু এখন পর্যন্ত আমরা কিছু করতে পারলাম না শিক্ষা ব্যবস্থায়, এটা কিসের জন্য? অনেক টাক-মাথাওয়ালা, অনেক পাকা চুলওয়ালা শিক্ষা বিভাগে অনেক আমলা বসে আছেন, আমি বলব শিক্ষামন্ত্রীকে যে তিনি দয়া ক'রে আগে ওদের বিদায় করুন। ওদের যদি বিদায় করতে না পারেন, তা হ'লে অল এডুকেশন ফ্রি যা তামিলনাড়ুতে হয়, যা বিহারে হয়, প্রাইমারী ফ্রি এডুকেশন, যা মাইসোরে হয়, অন্ধ্রপ্রদেশে হয় পশ্চিমবঙ্গে কোন দিন হবে না। এই শিক্ষা-ব্যবস্থা যেটা চ'লে আসছে সেটা তাদেরই মাথা থেকে সৃষ্টি হয়েছে। ইংরাজরা উপনিবেশবাদ শিক্ষা শিখিয়ে গিয়েছিল। আমরা সেই ঔপনিবেশিক শিক্ষা গ্রহণ ক'রে চলেছি এবং তার মাঝে মাঝে প্যাঁচ কষে আমলারা ডেফিসিট গ্রান্টের কথা বলেন, যে কথা আমাদের শ্রদ্ধেয় পরেশ গোস্বামী মহাশয় বলেছেন। অনেক কথা ভাষণে বলা হয়েছে। সময় অল্প, একটু বেশী সময় পেলে বেশী ক'রে বলতে পারতাম। এখন পশ্চিমবাংলার সমস্ত গ্রামে কোন প্রাইমারী স্কুল হয় নি। শহরে প্রাথমিক স্কুল এখন অবৈতনিক হয় নি। কনস্টিটিউশনাল রাইট আছে যদি ভারতবর্ষের জনসাধারণ তোলে দিস ইজ আওয়ার রাইট যে প্রাইমারী এডুকেশন বাধ্যতামূলক হওয়া প্রয়োজন তা হ'লে সংবিধান অনুযায়ী সেই দাবি সরকার মানতে বাধ্য। কিন্তু পশ্চিম-বাংলায় প্রাইমারী এডুকেশন এখন পর্যন্ত বাধ্যতামূলক হয় নি। কি জবাব দেব জনসাধারণের কাছে কি কনস্টিটিউশনাল রাইটস তাদের আছে? তারা যদি প্রশ্ন করেন যে কেন সময়মত শিক্ষকরা বেতন পান না এর জবাব কে দেবে? প্রাথমিক শিক্ষকদের বেতনের কথা নাই বা বললাম—জীর্ণ শীর্ণ চেহারা নিয়ে ঘুরে বেড়ান। এই হচ্ছে আমাদের প্রাইমারী এডুকেশনের চেহারা। যেখানে চটকলের শ্রমিকরা ১৬৫ টাকা মাইনে পান সেখানে আমাদের প্রাথমিক শিক্ষকরা কত পান? তারা পান ১৫০ টাকা। পেনসন কেউ পান কি না জানি না ১/২ জন শিক্ষক হয়ত পেয়ে পাচ্ছেন। কিন্তু ইন জেনারেল পেনসন দেবার কোন বন্দোবস্ত আজ পর্যন্ত করা হয় নি। সেকেন্ডারী স্কুলের কথা বলি ডেফিসিট গ্রান্টের কথা বলা হয়েছে, অনেক কারিগরি ক'রে

নেক প্যাঁচ মারা হয়েছে। দেখেশুনে শক্ত ক'রে খুব ট্যাক্টফুলি, টেকনিক্যালি যাতে স্কুল-লোকে ডেফিসিট করা যায় তার চক্রান্ত করা হয়েছে। তার মধ্যে যে সার্কুলার দেওয়া হয়েছে, হ সার্কুলারটি কি সার্কুলার সেটা সম্বন্ধে শিক্ষামন্ত্রীকে বলব যে, তিনি একজন শিক্ষক সাবে ওটা উইথড্র ক'রে নিন, তা না হ'লে তিনি সমস্ত শিক্ষাজগৎকে অপমান করছেন। মাদের সিলেবাস সম্বন্ধে অনেক কথা হয়েছে। ৯/১০ ক্লাসের সিলেবাসের পরিবর্তনের কথা য়েছে, আমি শিক্ষামন্ত্রীকে বলতে চাই যে, যদি সিলেবাস করতে চান, তা হ'লে পঞ্চম শ্রেণী থেকে সিলেবাস করার চেষ্টা করুন। অন্যান্য দিকের কথা বাদ দিলাম, বন্যায় ক্ষতিগ্রস্ত স্কুলের গৃহনির্মাণ ইত্যাদির জন্য টাকা-পয়সা তো গভর্নমেন্ট দেওয়া বন্ধ ক'রে দিয়েছেন। য়গঞ্জে একটা স্কুল ছিল, সেই স্কুল নকশালরা পুড়িয়ে দিয়েছিল। সেই স্কুলটি ভাল ঐতিহ্য-ন্ন স্কুল, কিন্তু দিনের পর দিন শিক্ষা দপ্তরে বার বার দরখাস্ত করা হয়েছে, সেই দরখাস্তের কান উত্তর পাওয়া যায় নি। সেটা এখন এক্সজিকিউসন হয় নি। আমি জানি এডুকেশন ডিপার্টমেন্ট ইজ ফর মেনটেনেন্স অব ফাইলস, এরা শুধু ফাইল মেনটেন করেন, এছাড়া আর কিছু কর্তব্য আছে ব'লে আমি মনে করি না।

আমি কলেজের শিক্ষা সম্বন্ধে একটু বলছি যে, কলেজগুলিকে একটা ওয়ান পেটার্নে যদি না আনতে পারা যায়, তা হ'লে শিক্ষাব্যবস্থায় একটা বিরাট বৈষম্য থেকে যাবে। কি সরকারী, কি স্পনসর্ড, কি বেসরকারী, এমন কি মিশনারী প্রতিষ্ঠানকে একটা নিয়মের মধ্যে আনতে হবে। আমি মিশনারী শিক্ষাব্যবস্থাকে অবিলম্বে তুলে দেবার দাবি জানাচ্ছি। আজকে মিশনারী [illegible] লাভ ক'রে আমরা দেখতে পাচ্ছি ঐ মার্কেন্টাইল ফার্মে চাকুরির সুযোগ নিচ্ছে। দু'পাতা [illegible] বলতে পারলে অনেকে কৃতার্থ হয়ে যায়, যে ভাল সংস্কৃত বলতে পারে বা উর্দু বলতে [illegible] সে পণ্ডিত নন, তাকে আমরা পণ্ডিত ব'লে মনে করি না, যে দু'পাতা ইংরাজী বলতে [illegible] তাকে আমরা পণ্ডিত ব'লে মনে করি। যে ইংরাজ সারা ভারতবর্ষকে শাসন এবং শোষণ [illegible] জন্য এই শিক্ষাব্যবস্থা চালু করেছিল [illegible] দের দেশেও এম এ, বি এ পাশ ক'রে প্রফেসর [illegible] এই রকম কোন ব্যবস্থা নেই, তাদের দেশে [illegible] লোক অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের [illegible] আছেন, কিন্তু আমাদের দেশে তা [illegible] যায় না। অতএব এটা আজকে শিক্ষামন্ত্রীকে [illegible] হবে, এই দুর্নীতি বন্ধ করতে হবে, এই [illegible] দূর করতে না পারেন তা হ'লে [illegible] গড্ডালিকা প্রবাহের মত অবস্থা হবে। [illegible] বিশ্ববিদ্যালয়ের কথা আমি একটু বলব, সেখানে ২৫ জন সভ্য আছেন তাদের মধ্যে এমন [illegible] আছেন যারা কোন দিন সভার মিটিং-এ [illegible] এরা হ'লেন দুর্গাপুরের ম্যানেজার, বার্নপুরের ম্যানেজার, কোল কমিশনার, মহারাজা অফ [illegible] ফিনান্স সেক্রেটারী, চিত্তরঞ্জনের ম্যানেজার। এই যদি শিক্ষাব্যবস্থা হয় তা হ'লে আমি [illegible] আর অন্যের হাতে তামাক খাবেন না, প্রয়োজনীয় এই সব ব্যবস্থাগুলি অবিলম্বে [illegible] তা না হ'লে এডুকেশন ব্যবস্থার কোন দিন উন্নতি হবে না।

শ্রীমৃগেন্দ্র মুখার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষামন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে আমি সমর্থন করছি। সমর্থন করবার আগে আমি পশ্চিমবঙ্গের শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটা ভয়াবহ সমস্যার দিকে যে সমস্যাটা হ'ল পশ্চিমবঙ্গের নিরক্ষরতার সমস্যা। এই রাজ্যে নিরক্ষর নর-নারীর সংখ্যা হ'ল ২ কোটি ৯৭ লক্ষ ৫১ হাজার ৩৫০ এবং সরকারী হিসাবে পশ্চিমবঙ্গের স্থান হ'ল দ্বাদশ। আজকে ২৫ বছর পরেও যদি পশ্চিমবঙ্গে এত বিরাট সংখ্যক নিরক্ষর থেকে যান, তা হ'লে সেটা আমাদের জাতীয় জীবনের কলঙ্ক। শুধুমাত্র আমাদের সরকারী উদ্যোগে বেশী থাকলেই হবে না, ব্যাপক গণ-উদ্যোগ গড়তে যদি না পারি, তা হ'লে কিছুই হবে না এবং এই বিষয়ে সরকারী প্রচেষ্টা গ্রহণ করতে হবে সেই জন্য এই বিষয়ের প্রতি আমি শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত এক বছর আগে ১৯৭১-৭২ সালে পশ্চিমবঙ্গের শিক্ষাক্ষেত্রে যে বিশৃঙ্খলার সৃষ্টি হয়েছিল সমস্ত শিক্ষা-ব্যবস্থা বানচাল হয়ে গিয়েছিল গণ-টোকাটুকি যে হয়েছে সে সম্বন্ধে একটা এনকোয়ারী হওয়া দরকার ছিল। আমি জানি এইরূপ ঘটনা আমেরিকাতে ঘটেছে ইউরোপের বিভিন্ন দেশে ঘটেছে এমন কি সমস্ত বিশ্বে এই জিনিস ঘটেছে, এই রকম অশান্তি এবং বিশৃঙ্খলা দেখা দিয়েছে,

তার জন্য আমেরিকা যুক্তরাষ্ট্র স্টিফেন বেন্ডার-এর নেতৃত্বে একটি কমিশন গঠন করেছিলেন, সেই কমিশন এনকোয়ারী করেছিলেন এবং তারা সেই এনকোয়ারী রিপোর্টে বলেছেন শিক্ষা-ব্যবস্থাকে ঢেল সাজাবার কথা। এই পুরনো শিক্ষাব্যবস্থাই কেবল এই ভয়াবহতার কারণ। এই ভয়াবহতা একমাত্র পশ্চিমবাংলাতে ঘটছে না এটা বিশ্বের বিভিন্ন দেশেই ঘটছে। তাই আজকে এই শিক্ষাব্যবস্থাকে নতুন ক'রে গ'ড়ে তুলতে হবে এবং এটা দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমাজতন্ত্র যদি গ'ড়ে তুলতে হয়, তা হ'লে তার রথচক্র হবে এই শিক্ষাব্যবস্থা।

[6-50—7-00 p.m.]

সমাজতান্ত্রিক শিক্ষাব্যবস্থার কথা আমরা স্লোগান-এ বলি, বক্তৃতায় বলি, কিন্তু কিভাবে তা কার্যকর করা যায় তার জন্য কেউ কোন সুপারিশ নিয়ে হাজির হন নি। এই শিক্ষাব্যবস্থা সম্পর্কে আমরা যা বুঝি সেটা হচ্ছে শিক্ষাকে একমাত্র উৎপাদনমুখী করা দরকার। এক্ষেত্রে কোটারী কমিশন বলেছেন এবং ন্যাশনাল পলিসি অন এডুকেশন-এ বলা হয়েছে, ওয়ার্কস এক্সপিরিয়েন্স শিক্ষাব্যবস্থা করা দরকার। এই ওয়ার্কস এক্সপিরিয়েন্স থাকলে পর শিক্ষায় মানসিকতার মধ্য দিয়া গণ-টোকাটুকি রোধ করা যায়। আরও কয়েকটা বিষয় অ্যানোম্যালি আমাদের মধ্যে রয়েছে। যেমন রয়েছে কলেজ ছাত্রসংখ্যা ২ লক্ষ বিশ্ববিদ্যালয়ে ১ লক্ষ এবং হিউম্যানিটিজ স্ট্রীম শতকরা ৮০ জন ছাত্র। এই যে একটা গড্ডালিকা প্রবাহ চলছে এর পরিবর্তন আনতে গেলে যে সামাজিক দৃষ্টিভঙ্গি দরকার সেক্ষেত্রে আমরা জানি ১৪ বছরের গলদ এক বছরে দূর করা যায় না। আমরা জানি যেভাবে শিক্ষাব্যবস্থার উপর ধর্ষণ হয়েছে তা ১ বছরে দূর করা যায় না। আলাদিনের আশ্চর্য প্রদীপের মত এই সরকারের কাছে যারা আশা করেছেন সমস্ত সমস্যার সমাধান ১ বছরের মধ্যে করে দিতে তাঁরা মূর্খের স্বর্গে বাস করছেন। যদি শিক্ষা-ব্যবস্থা আমূল পরিবর্তন করতে হয় তা হ'লে রাইটার্স বিল্ডিংস থেকে সেটা সম্ভব নয়। রাজনৈতিক দল ছাত্র ও শিক্ষক আন্দোলনের মধ্যদিয়ে নূতন শিক্ষাব্যবস্থা করা দরকার। আমাদের মোর্চার শরীক সি পি আই তাঁর যুক্তফ্রন্টের মন্ত্রিসভায় ছিলেন। সত্যপ্রিয়বাবু সেদিন ছাত্রদের কাছে বলেছিলেন শিক্ষাব্যবস্থার সংস্কার তিনি করবেন। কিন্তু তিনি কি করেছেন? টেস্ট পেপার নিয়ে এ বি টি এ-র রাজনীতি করেছেন। অর্থাৎ সেখানে শিক্ষাকে ব্যবসার স্তরে নিয়ে যাওয়া হয়েছিল। আজ তাই শিক্ষাব্যবস্থার পরিবর্তন আনতে গেলে সামগ্রিক দৃষ্টিভঙ্গি নেওয়ার দরকার আছে। প্রাইমারী শিক্ষায় শতকরা ৭০ জন আসছে উচ্চশিক্ষায় শতকরা ৩ জন আসছে, কিন্তু মধ্যখানে ৬৭ পারসেন্ট ছাত্র অন্য দিকে চলে যাচ্ছে। তাই আজ নূতনভাবে সিলেবাস করতে হবে। গণ-টোকাটুকির কারণ সিলেবাসের মধ্যে আছে। সিলেবাসকে যদি উৎপাদনমুখী করতে হয় তা হ'লে মিলিটারি স্টাডিস এগ্রিকালচার ইত্যাদি দিয়ে যেগুলি শেখাবে আমাদের কাজের লোকের দরকার হয় সেই সমস্ত বিষয় সিলেবাসের অন্তর্ভুক্ত করা উচিত। অর্থাৎ হলদিয়াতে মেরিন ইঞ্জিনীয়ারিং কলেজ, আসানসোলে দরকার মাইনিং কলেজ। এইভাবে ইঞ্জিনীয়ারিং এগ্রিকালচার ইত্যাদি বিষয়ে সর্বক্ষেত্রে শিক্ষার সঙ্গে যুক্ত করা দরকার। তবে এটা এক বছরে সম্ভব নয় ধীরে ধীরে এ জিনিস করতে হবে। কেননা কোন জায়গায় গ্যাপ থেকে গেলে সেই গ্যাপ মোটান যাবে না। আমরা জানি তিনি যে ব্যালেন্স প্লেস করেছেন তাতে এখনই এ জিনিস আসা সম্ভব নয়। প্রফুল্ল সেনের সময় লোকে খাদ্যমন্ত্রী হতে ভয় পেতেন আর এখন শিক্ষামন্ত্রী হতে সকলেই ভয় পান। কারণ এখানেই সবচেয়ে আন্দোলন হয়। তাই বলব মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে ইনডো ক'রে তাঁকে সমস্ত জিনিস চিন্তা করতে হবে। কোর্স-এর কথা বলা হয়েছে কলেজের কথা বলা হয়েছে। কিন্তু বলব উচ্চশিক্ষার দিকে দৃষ্টি না দিয়ে প্রাইমারী শিক্ষার উন্নতির দিকে বেশি দৃষ্টি দিতে হবে তবে শিক্ষাব্যবস্থার ব্যাপক পরিবর্তন করতে পারব। আর একটি দিকে তাঁর দৃষ্টি আকর্ষণ ক'রে বলছি যে কলেজের ক্ষেত্রে একটা ভীষণ বৈষম্য আছে। যেমন আমি একটা বইয়ের স্ট্যাটিসটিক্যাল এডুকেশন ইন ইন্ডিয়া—১ পাতা থেকে পড়ছি সেখানে বলছে Annual expenditure per student, in 31.5 per cent of the colleges the expenditure involved per student did not exceed Rs.200 while in 23.7 per cent of the colleges the amount was higher than Rs.500.

এই বৈষম্য কেন থাকবে? যেখানে এক একটা কলেজের ছাত্রপিছু ৫০০ টাকা খরচ হচ্ছে, আবার কোথাও ২০০ টাকার নীচে খরচ হচ্ছে। একথা এ জন্য বলছি যে, শিক্ষাব্যবস্থার মধ্য দিয়ে আমাদের চরিত্র গঠন করা দরকার। কারণ তা না হলে দুর্নীতি দূর করা যাবে না, সমাজতন্ত্রও প্রতিষ্ঠা করা যাবে না। শিক্ষাব্যবস্থার মধ্যে অনেকগুলি গলদ আছে। অনেক জায়গায় শিক্ষা চলে গেছে ব্যক্তিগত মালিকানার হাতে, অনেক জায়গায় গেছে একচেটিয়া কয়েকজন ব্যবসায়ীর হাতে। যেমন এখানে বিড়লার নামে স্কুল কলেজ হচ্ছে। মিশনারীদের স্কুল কলেজ হচ্ছে অর্থাৎ এখানে এক ক্লাস বাবু তৈরি হচ্ছে। বহরমপুর ছাত্র পরিষদের সম্মেলনে এই কথাই বলা হয়েছিল যে, একমাত্র মিশনারীদের স্কুল কলেজে পড়ে ছাত্ররা জানতে পারে তার ভবিষ্যৎ কি হবে। সেখান থেকে তারা উঁচু জায়গায় যাবে, বড় বড় অফিসার হবে। এই বৈষম্য যদি আমরা দূর করতে না পারি, তা হলে সমাজতন্ত্রের স্লোগান অন্ততঃ আমাদের মুখে শোভা পায় না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ কেমন বৈষম্যের কথা - বি এ ডিগ্রি পেল যে ছাত্র সে স্কুলে গেলে পাবে ১৭৫ টাকা, ব্যাঙ্কে গেলে পাবে ৬০০ টাকা, সরকারী কর্মচারী হ'লে পাবে ৩৫০ টাকা, আর ৩ বছর ধ'রে কুলীন হয়ে যদি আই এ এস হতে পারে, তা হ'লে ১১০০, ১২০০, ১৬০০ টাকা তার হয়ে গেল। এইভাবে যদি বি এ ডিগ্রির তিন শ্রেণীর মানুষ তৈরি করা হয়, তা হ'লে কি বি এ ডিগ্রি ছিঁড়ে ফেলে দেবে না? আজকে তাই বিভিন্ন জায়গায় কলেজ ইউনিভার্সিটিতে শিক্ষার প্রতি একটা অনীহা এসে গেছে। ভবিষ্যৎ সম্পর্কে অনিশ্চয়তা দূর করতে শিক্ষাব্যবস্থার মধ্যে এমন কোন সিলেবাস আমরা তৈরি করতে পারি না যাতে ছাত্ররা অনুপ্রাণিত হয়ে শিক্ষায় আসে? টেকনিক্যাল এডুকেশন ব্যাপকভাবে পশ্চিমবঙ্গে ব্যাহত হয়ে গেছে। কারণ, ছাত্ররা আজকাল পলিটেকনিক পড়তে চায় না, তারা জানে পলিটেকনিক পাশ করলেও তাদের টাইপ শিখতে হবে অফিসের কর্মচারী হবার জন্য। এই অবস্থা যদি দূর করতে না পারি, কলেজ থেকে যেসব ছাত্র পাশ করবে তাদের চাকরির নিরাপত্তার নিকটবর্তী কোন ব্যবস্থা গ'ড়ে তুলতে না পারি, তা হ'লে শিক্ষাব্যবস্থার প্রতি তাদের আস্থা থাকবে না, ব্যাপক বিশৃঙ্খলা আবার সেই পরীক্ষার মধ্য দিয়ে বিদ্যালয়ের মধ্য দিয়ে নতুন ক'রে সৃষ্টি হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষা প্রতিষ্ঠানের বিভিন্ন অবস্থায় আমরা দেখেছি যে দুর্নীতির অভিযোগ এসেছে। আমি কি শিক্ষামন্ত্রী মহাশয়কে অনুরোধ করতে পারি না সেইসব দুর্নীতি সম্পর্কে তদন্তের ব্যবস্থা ক'রে জনসাধারণের কাছে সৎ আছি এটা জানিয়ে দেওয়া এবং এই দুর্নীতির পিছনে কারা আছে, কারা দোষী সাব্যস্ত হ'ল এবং সরকার কি করছেন সেটা জানিয়ে দেওয়া? আমরা তো অর্থের দিক থেকে জানি ব্যাপক অর্থ খরচ ক'রেও সব কিছু করতে পারব না। আমরা জানি সকলকে চাকরি দিতে পারব না, কিন্তু কেন আমরা সবাইকে জানাব না যে, আমরা সৎ হয়ে আছি, আমরা কোন অসততা করি নি। নিদেনপক্ষে এটা করতে তো পয়সা খরচা লাগে না। আমি শিক্ষামন্ত্রী মহাশয়কে অনুরোধ করব তাঁর নীতির মধ্য দিয়ে, তাঁর কার্যকলাপের মধ্য দিয়ে অন্তত একটা জিনিস পশ্চিমবঙ্গের মানুষের কাছে দিন যাতে এই শিক্ষাব্যবস্থার প্রতি জনসাধারণের আস্থা বজায় থাকে, এর মধ্যে যেন কোন রকম বৈষম্য না থাকে। আর একটা কথা আমি শিক্ষামন্ত্রীর কাছে তুলে ধরছি সেটা হচ্ছে আমরা যে শিক্ষা ব্যবস্থা গ'ড়ে তুলতে চাই সেই শিক্ষাব্যবস্থায় দেশপ্রেমের কথা যেন থাকে। দেশের বিভিন্ন মণীষীদের কথা, জাতীয়তাবোধের কথা যদি প্রাথমিক শিক্ষা থেকে শেষ শিক্ষা পর্যন্ত আমরা নিয়ে যেতে পারি, তা হ'লে আজকে ছাত্রদের বলতে হবে না যে, বিদ্যালয়ে তোমরা বোমা মেরো না। কিছুদিন আগে রামমোহন রায়ের বিদ্যাসাগরের মাথা কাটা গেছে, নতুন সরকার তৈরি হবার পর প্লাসটিক সার্জারি ক'রে আমরা সেইসব মাথা বসিয়ে দিয়েছি। জানি না এমন কোন দিন আসবে কিনা যেদিন আবার ওঁদের মাথা কাটা যাবে। সেজন্য মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ করি, তিনি এমন নীতি প্রণয়ন করুন যাতে অন্তত রামমোহন রায়, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরকে আমরা পশ্চিমবঙ্গে বাঁচিয়ে রাখতে পারি। কারণ, পশ্চিমবঙ্গ আজ যা চিন্তা করে ভারতবর্ষ আগামী কাল সেই চিন্তাই করবে এই কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে স্কুল কলেজে আজকে ঠিকমত পড়াশুনা হয় না। সুশিক্ষার প্রয়োজনীয়তা সম্বন্ধে আমরা সকলেই একমত। কিন্তু ঠিক পথ খুঁজে পাচ্ছি না, কারণ, গলদ কোথায় সেই বিষয়ে সরকার আদৌ সচেতন নন। বর্তমান শিক্ষাব্যবস্থা অবৈজ্ঞানিক, যুগের অনুপযোগী। বর্তমান শিক্ষাব্যবস্থা বাস্তব জীবনের প্রয়োজন মেটাতে পারে না। শিক্ষাকে উৎপাদনমুখী ও সমাজতান্ত্রিক করতে হবে। শিক্ষার ধারাকে সমাজতান্ত্রিক ধাঁচে প্রবাহিত করতে হবে। বৃত্তিমুখী শিক্ষা আজকে একান্ত প্রয়োজন। এই প্রসঙ্গে বলি সিলেবাস উপর থেকে চাপিয়ে দিলে চলবে না। যাঁরা ছাত্র পড়ান তাঁরা ছাত্রদের মানসিক পরিচয় জানেন, ছাত্রদের মানসিক পরিবেশে কি রকম সিলেবাস প্রয়োজন সেটা শিক্ষকরা তৈরি করতে পারেন। উপর থেকে সিলেবাস চাপিয়ে দিলে চলবে না। শিক্ষার মাধ্যমে জাতীয় চেতনা বোধকে দেশপ্রেমে উদ্বুদ্ধ করতে হবে। দূর দেশের ইতিহাস পড়াবার আগে নিজের দেশের ইতিহাস ভূগোল শেখাতে হবে। সিলোন একটা ছোট দেশ, আজ থেকে ১১ বছর আগে সেখানে শিক্ষাকে জাতীয়করণ করা হয়েছে, কিন্তু আমাদের পশ্চিমবঙ্গে শিক্ষাকে জাতীয়করণ করা হয় নি।

[7-00—7-10 p.m.]

এই প্রসঙ্গে বলি মন্ত্রিমহাশয় ১৩ পাতার একটি বাজেট বক্তৃতা এখানে পাঠ করলেন, কিন্তু দুঃখের কথা, গ্লানির কথা তাতে আমাদের তফসিল সম্প্রদায়ের উন্নতির কথা কিছু বলা হয় নি। ইন্দিরা গান্ধীর নেতৃত্বে যে সরকার গঠিত হয়েছে তার নির্দেশ হচ্ছে সমাজতন্ত্রের প্রতিষ্ঠা। কিন্তু এই তফসিল সম্প্রদায়ের ছাত্রদের কথা এই বাজেটের মধ্যে নেই। ১১নং অনুচ্ছেদে যে সাহায্যের কথা বলা হয়েছে সেগুলি সমস্ত কেন্দ্রের টাকা। আমাদের স্টেট-এর কি কন্ট্রিবিউসন আছে সেটা আমি বুঝতে পারছি না। আমি মনে করি শিক্ষামন্ত্রী মহাশয় তফসিলদের উপেক্ষা করেছেন। কাজেই অনুরোধ করছি এদের প্রতি সুবিচার করুন। এবারে আমি কলেজ শিক্ষকদের কথা কিছু বলব। কলেজ শিক্ষকদের বর্তমানে বিভিন্ন অসুবিধার মধ্য দিয়ে কাজ করতে হয়। প্রাইমারীতে, সেকেন্ডারীতে এবং বিশ্ববিদ্যালয়ে রিটায়ারমেন্টের বয়স ৬৫ বৎসর, আর কলেজ শিক্ষকদের ক্ষেত্রে দেখছি ৬০ বৎসর। এই বৈষম্য কেন থাকবে? পেনসনের ব্যাপারে দেখছি প্রাইমারী স্কুল এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের ক্ষেত্রে পেনসন প্রথা ইন্ট্রোডিউসড হয়েছে, অথচ এই ব্যাপারে কলেজ শিক্ষকদের কি অপরাধ জানতে পারছি না। আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় কিছুদিন আগে পর্যন্ত কলেজ শিক্ষক ছিলেন। কাজেই অনুরোধ করছি অবিলম্বে এই পেনসন প্রথা চালু করুন এবং ৬ হাজার কলেজ শিক্ষকের পরিবারকে বাঁচান। তারপর, প্রভিডেন্ট ফান্ডের ব্যাপারে দেখছি সরকারী অফিসে প্রভিডেন্ট ফান্ডের হার হচ্ছে ৮ পয়েন্ট ৩৩। কিন্তু আমাদের ক্ষেত্রে দেখছি ৬ পয়েন্ট ২৫। অর্থাৎ ১৬ মাস কাজ করলে ১ মাসের বেতন প্রভিডেন্ট ফান্ডে জমা হয়। আমাদের ক্ষেত্রে এই বৈষম্য কেন থাকবে বুঝতে পারছি না। থার্ড ফাইভ ইয়ার প্ল্যানে যে সমস্ত শিক্ষকদের নিযুক্ত করা হয়েছে তাঁদের পার্মানেন্ট করা হয় নি তাঁদের পোস্টগুলো স্যাংসন করা হয় নি। স্পনসর্ড কলেজে অনেক কাজ বেড়েছে কাজেই সেখানে ভাইস-প্রিন্সিপাল নিয়োগ করুন এবং প্রাইভেট কলেজগুলোকে গ্রান্ট-ইন-এইড স্কীমের আওতায় আনুন। তারপর শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনার ক্ষেত্রে নন-টিচিং স্টাফ এবং ছাত্রদের অংশ রাখা প্রয়োজন। সরকারী স্পনসর্ড লাইব্রেরীতে যাঁরা কাজ করেন তাঁদের বেতনের হারে কিছু অব্যবস্থা রয়েছে। বর্ধমান ইউনিভার্সিটি অ্যাক্ট ১৯৫৯ অনেক আগে রচিত হয়েছিল। এখন যুগের ভাবধারা পালটেছে, অনেক সমস্যা বেড়েছে, কিন্তু সেই আইন অ্যামেন্ড করা হয় নি। আমি মনে করি বর্ধমান ইউনিভার্সিটি অ্যাক্ট, ১৯৫৯ অবিলম্বে সংশোধন করা দরকার। এই অ্যাক্টের ১৭নং অনুচ্ছেদে বলা হয়েছে,

The Vice-Chancellor shall be the whole-time officer of the University and shall be the administrative and academic head of the University.

কিন্তু দুঃখের কথা, সেখানে অনেক গোলযোগ দেখা যাচ্ছে, কারণ সেখানে যিনি মহামান্য চ্যান্সেলর (গভর্নর) তাঁকে হেড অব দি ইউনিভার্সিটি করা হয় নি।

শ্রীমনোরঞ্জন হালদার : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে শিক্ষামন্ত্রী মহাশয় শিক্ষা খাতে বাজেট বরাদ্দের জন্য ৬৯ অনুচ্ছেদ বিশিষ্ট যে বক্তৃতা এখানে রেখেছেন সেই ভাষণকে আমি সমর্থন করছি। তবে সমালোচনা করছি কয়েকটি স্পেসিফিক পয়েন্ট-এর উপর কারণ সেই কয়েকটি পয়েন্টে আমি হতাশার ছবি পেয়েছি। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি দেখবেন এই ভাষণের ১৮নং অনুচ্ছেদে লেখা রয়েছে মিড-ডে টিফিনের জন্য শহরাঞ্চলের স্কুলে ব্যবস্থা রয়েছে। কিন্তু আপনি জানেন গ্রাম বাংলায় যে সমস্ত স্কুল আছে এবং সেখানে যে সমস্ত ছেলেরা পড়ে তাদের অভিভাবকদের যে অর্থনৈতিক অবস্থা সেটা শহরাঞ্চলের ছেলেদের অভিভাবকদের চেয়ে অনেক খারাপ।

আমি আশা করেছিলাম বিধানসভায় যে সমস্ত সদস্য আছেন তাঁদের অধিকাংশই যেহেতু গ্রামবাংলা থেকে এসেছেন, সেজন্য গ্রামবাংলার কথা তাঁরা বেশী ক'রে বলবেন। আমি আশা করেছিলাম যে, গ্রামবাংলায় যে সমস্ত প্রাইমারী স্কুল আছে, সেই স্কুলের ছাত্রছাত্রীদের জন্য মিড-ডে টিফিনের ব্যবস্থা করা হবে। কিন্তু সেই আশা থেকে বঞ্চিত হয়েছি। স্কুল বোর্ডের মেম্বাররা মিটিং-এর মাধ্যমে এই সিদ্ধান্ত নিয়েছিলেন যে প্রতি ২৫ জন পিছু একজন ক'রে শিক্ষকের ব্যবস্থা করবেন। কিন্তু আমি হতাশ হয়েছি, সে সম্বন্ধে একটি লাইন বা কথাও নাই, বাজেটের মধ্যে কোন কিছু সে সম্বন্ধে আলোচনা করা হয় নি। তাই আমি শিক্ষামন্ত্রী মহাশয়ের নিকট আবেদন জানাব, তিনি যেন এ দিকটা চিন্তা করে দেখেন যাতে প্রতি ২৫ জন ছাত্র পিছু একজন করে শিক্ষকের ব্যবস্থা করা যায়। আপনি স্যার, জানেন গত নির্বাচনের সময় জনসভায় আমরা যে ১৭ দফা কর্মসূচির কথা বলেছিলাম, তার মধ্যে এক দফা ছিল যে ক্লাস এইট পর্যন্ত শিক্ষা অবৈতনিক করা হবে। কিন্তু দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, এই যে বাজেট এখানে পাশ করা হচ্ছে, তার মধ্যে সে সম্বন্ধে একটা লাইনও নাই। সেজন্য আমরা যে আশা করেছিলাম এবং জনসাধারণ যে আশা করেছিল সেই আশা থেকে আমরা নিশ্চয়ই বঞ্চিত হয়েছি। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি জানেন যে আজ থেকে ৭ বছর আগে কলেজ শিক্ষকদের বেতনের ব্যাপারে সুপারিশ করার জন্য প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, আজও সেই প্রতিশ্রুতি বাস্তবে রূপ দেওয়া হয় নি। আজকে বিহারের সঙ্গে তুলনা ক'রে দেখুন। সেখানে ন্যূনতম বেতন কলেজ শিক্ষকের হচ্ছে ৪০০ টাকা। কিন্তু পশ্চিমবঙ্গের কলেজগুলিতে দেখা যাবে কোন কলেজে পাচ্ছে, কোন কলেজে পাচ্ছে না। আমাদের দেশে জিনিসের যে বাজারদর, তার সঙ্গে বিহারের জিনিসের বাজার দরের যদি তুলনা করা যায় দেখা যাবে আমাদের এখানে সেই দর অনেক বেশী। সেদিকেও বিবেচনা ক'রে মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ করছি, এই সব অধ্যাপকদের জন্য কোন ব্যবস্থা করা যায় কিনা।

গ্রামবাংলায় যে সমস্ত প্রাইমারী স্কুল আছে, সেগুলির দিকে তাকালে দেখবেন, মাটির দেওয়াল খড়ের চাল, সেই চালের মধ্য দিয়ে বৃষ্টি পড়ে। আমরা আশা করি, জনপ্রিয় সরকারের শিক্ষামন্ত্রী নিশ্চয়ই গ্রামবাংলার প্রাইমারী স্কুলগুলির অবস্থা উন্নতির জন্য--বিল্ডিং-এর ব্যবস্থার জন্য, ফার্নিচারের ব্যবস্থার জন্য গ্রান্ট দেবেন এবং এই ব্যাপারে তিনি একটা সুস্পষ্ট নির্দেশ দেবেন। তারপর এই শিক্ষা বিভাগের অ্যাডমিনিস্ট্রেশনের দিকে তাকালে দেখবো সেখানেও হতাশা এবং বেদনার চিত্র রয়েছে, ডি আই অফিস থেকে ডি পি আই অফিস পর্যন্ত পলিটিক্স এবং নন-কোঅপারেশন চলছে এবং সর্বত্র এটাই হচ্ছে।

(সময়সীমা উত্তীর্ণ হওয়ায় মাননীয় সদস্য আসন গ্রহণ করলেন।)

শ্রীজগদীশচন্দ্র দাস : মাননীয় স্পীকার মহাশয়, পশ্চিমবাংলার শিক্ষা খাতে ব্যয়বরাদ্দের সমর্থন জানিয়ে কিছু বলতে চাই। আমাদের এই গণভবনে বহু শিক্ষামন্ত্রী হয়েছেন, বহু সরকার হয়েছে। এবং ঠিক তেমনি ভাবেই সেই সরকারের শিক্ষামন্ত্রিগণ তাঁদের বাজেট এখানে রেখেছেন, আর তখন গণভবনের বাইরে হতভাগ্য শিক্ষকের দল রাজপথে দাঁড়িয়ে হাঁ ক'রে তাকিয়ে দেখেছে --এই গণভবনে তাঁদের জন্য শিক্ষামন্ত্রী মহাশয়রা কিছু অ্যানাউন্স করেন কিনা। যেমন

সত্যপ্রিয়বাবু। তাঁর কাছে আমরা অনেক আশা-আকাঙ্ক্ষা করেছিলাম, তিনি পশ্চিমবঙ্গের হতভাগ্য শিক্ষকদের অনেক আশা-আকাঙ্ক্ষার কথা বলেছিলেন, আমাদের নিয়ে তিনি অনেক আন্দোলনও করেছিলেন। কিন্তু দেখা গেল তাঁর একমাত্র কাজ হ'ল পশ্চিমবাংলার শিক্ষামন্ত্রী

[7-10—7-20 p.m.]

হয়ে জনগণের রায়ে, অভিভাবকদের রায়ে যে কমিটি হয়েছিল সেগুলো ভেঙ্গে দিয়ে অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করা। তিনি ভুলে গেলেন ৮ম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষার কথা, তিনি জেহাদ ঘোষণা করলেন কেন্দ্র টাকা দিচ্ছে না, অথচ কেন্দ্র পশ্চিমবাংলার শিক্ষক এবং ছাত্রদের জন্য যা পাঠাতেন সে টাকা ব্যয় না ক'রে বেইমানী ক'রে দিল্লীতে ফেরত পাঠিয়েছেন। আজকে উত্তর তিনি পেয়েছেন। আজকে শিক্ষামন্ত্রীকে ছোট্ট একটা অনুরোধ করবো, তিনি যেন শিক্ষকদের প্রতি আশার বাণী রাখেন, তিনি যেন সত্যপ্রিয় রায়ের মতো না করেন, তা হ'লে তাঁর দশাও ঐ রকম হবে। আজকে লজ্জার কথা স্বাধীনতার ২৫ বছর হয়ে গেল আজ পর্যন্ত জাতীয় শিক্ষানীতি কি এটা নির্ধারণ করতে পারলাম না। আজকে সারা পৃথিবীতে নিরক্ষর লোকের যা সংখ্যা আমাদের দেশে তার অর্ধেক। পশ্চিমবঙ্গে যদি দেখেন, তা হ'লে দেখবেন নিরক্ষর লোকের সংখ্যা ৫০ লক্ষ ৫০ হাজার বেড়েছে। আমরা আজকে বেকার সমস্যার কথা বলি। আজকে অন্তত যদি প্রাথমিক শিক্ষা অবৈতনিক চালু করতে পারি, তা হ'লে আরও ৪০ হাজার স্কুলের দরকার। সেখানে তিনজন ক'রে শিক্ষক নিয়োগ করলে এক লক্ষ ২০ হাজার লোক নিয়োগ হতে পারে। সামান্য জিনিস, সামান্য কাজটা করলে একটা বিরাট বেকারের কর্মসংস্থান হতে পারে। আমাদের শিক্ষামন্ত্রীর একটা ঘোষণায় শিক্ষকরা আনন্দে উৎসাহিত হয়েছে, আমাদের শিক্ষকদের জন্য ডেফিসিট গ্রান্ট ১৯৭০ সাল পর্যন্ত যে সব স্কুলকে অ্যাফিলিয়েসান দিয়েছেন দেবেন। কিন্তু হঠাৎ দেখা গেল নিয়ম দেখানো। সেই গল্পে আছে শাশুড়ী বউকে বলছেন, ওই কলা আছে, তারপর কনুই দেখাচ্ছেন, অর্থাৎ কলা খেতে গেলে ঠেঙ্গাবো। শিক্ষামন্ত্রীর কথাও ঠিক তাই। বলছেন, তোমাদের জন্য দেওয়া হ'ল, আবার কনুই দেখাচ্ছেন। আমার অনুরোধ কনুই দেখাবেন না। আমরা পশ্চিমবাংলার শিক্ষকরা অনুরোধ করি এবং আমরা আশা করি আপনি যা ঘোষণা করবেন তা কার্যকর করবেন। সত্যপ্রিয়বাবুর কথা মনে রাখবেন। তিনি একটা পে-কমিশন বসিয়েছিলেন। আমরা হতভাগ্য প্রাথমিক শিক্ষকরা ভাবলাম, আমাদের মাইনে তিনশো টাকা হবে, মাধ্যমিক শিক্ষকরা ভাবলেন আমাদের মাইনে ৬ শো টাকা হবে, আর কলেজ শিক্ষকদের কথা তো ছেড়েই দিলাম। তারপর আমাদের ভাগ্যে কিছুই জুটলো না। পশ্চিমবঙ্গের শিক্ষাব্যবস্থা যেটা ভেঙ্গে চুরমার হয়ে গিয়েছে তাকে দেখুন, তাকে বাঁচান। আজকে স্কুল বোর্ড একটা ঘুঘুর বাসা। এক একটা স্কুলে অ্যাডমিনিস্ট্রেটর কি অ্যাডহক কমিটি নিয়োগের ব্যাপারে টালবাহানা চলে। আমার কেন্দ্রের অন্তত ১০টা স্কুল যেখানে এখনও অ্যাডমিনিস্ট্রেটর কি অ্যাডহক কমিটি নেই, আবার ম্যানেজিং কমিটিও নেই। আমি জানি না সারা পশ্চিমবাংলায় এই রকম হতভাগ্য স্কুলের সংখ্যা কত। আজকে কয়েকটি দাবি রেখে আমার বক্তব্য শেষ করছি। যেমন ৮ম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষা এটাতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ। আশা করেছিলাম এর কিছুটা ইঙ্গিত পাওয়া যাবে। আশা করি এই দিকটার বিষয়ে কিছুটা নজর দেবেন। আর বলবো দুর্নীতির কথা। আপনি কোটি কোটি লক্ষ লক্ষ টাকার হিসাব পেশ করছেন। পশ্চিমবঙ্গের শিক্ষা দপ্তরে সবচেয়ে বেশি দুর্নীতির বাসা। এই দুর্নীতির দিকে যদি নজর না রাখেন, তা হ'লে আপনার সব চিন্তা ব্যর্থ হয়ে যাবে। পশ্চিমবঙ্গে শিক্ষাক্ষেত্রে অনেক সমস্যা আছে।

বোর্ড একটা ঘুঘুর বাসা হয়েছে—সেই ঘুঘুর বাসা শেষ করুন। আমরা যেমন শ্রমিকদের জন্য কমপালসারি গ্রাচুইটি পাশ করতে পেরেছি সেই রকম কমপালসারি গ্রাচুইটি শিক্ষকদের জন্য অবিলম্বে চালু করুন। অবশ্য কোন কোন ভাগ্যবান শিক্ষকরা পান। তারপর শিক্ষকদের পেনসন ব্যবস্থা চালু করুন। কল্যাণী ইউনিভার্সিটির আন্ডারে কাঁচরাপাড়া এবং চাকদাতে দুটি কলেজ করেছেন। কিন্তু আজ পর্যন্ত একটি একাডেমিক কাউন্সিলের মিটিং হয় নি। এই বিষয়ে মন্ত্রিমহাশয় নিশ্চয় দেখবেন এবং ঐ কলেজগুলি যাতে বাঁচে তার ব্যবস্থা করবেন।

শ্রীনরেশচন্দ্র চাকীঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন আমি তাকে পূর্ণ সমর্থন করছি। কারণ এর মধ্যে ভাল ভাল কথা বলা হয়েছে এবং ভাল ভাল কাজও উনি করেছেন। কিন্তু শিক্ষক হিসাবে এই ব্যয়বরাদ্দের বিবৃতি থেকে আমরা খুব একটা আশান্বিত হতে পারি নি। আমরা আশা করেছিলাম যে তাঁর বক্তৃতার মধ্যে একটা নীতি- একটা আদর্শ থাকবে। তা থেকে আমরা বঞ্চিত হয়েছি। রবীন্দ্রনাথের কথায় বলতে গেলে বলতে হয়, নৌকার তলায় যে ফাঁক রয়েছে সেই দিকে লক্ষ্য দিতে হবে। অর্থাৎ আমি দেখলাম শিক্ষার যে আসল সমস্যা, সেই সমস্যা শিক্ষামন্ত্রী অনুধাবন করেন নি। সেটা অনুধাবন ক'রে সেই সমস্যা সমাধানের বিন্দুমাত্র ইংগিত আমরা পাচ্ছি না। আমরা জানি এডুকেসন কি জিনিস, স্বামী বিবেকানন্দ বলেছিলেন,

Education is the manifestation of perfection already in man.........

মানুষের সৎগুণাবলীর পূর্ণ বিকাশের নাম হচ্ছে শিক্ষা। কোথায় সে শিক্ষা? সেই সৎগুণাবলীর বিকশিত করবার কোন ব্যবস্থা শিক্ষা জগতে কি আছে? দেখতে পাচ্ছি স্কুল থেকে কলেজ থেকে পাশ ক'রে আমাদের ছেলেরা যে অফিসার হচ্ছে সে এদেশের মানুষ হয়ে এদেশের লোকের থেকে ঘুষ খেতে দ্বিধা বোধ করে না। যে দেশের শিক্ষা ঘুষ খাওয়া অফিসার সৃষ্টি করে সেই শিক্ষাব্যবস্থা সমাপ্তির প্রয়োজন আছে। তাই আমি নূতন শিক্ষাব্যবস্থা চালু করার জন্য দাবি জানাই। এখানে মাইনে বাড়ানোর প্রশ্ন নাই, ৩-৪টি স্কুল করলে এর সমাধান হবে না। অন্তত প্রয়োজন হচ্ছে যে সমস্যা আছে সেই সমস্যার আসল যে বিষয়বস্তু তার দিকে আমাদের তাকাতে হবে। ম্যান মেকিং এডুকেসন আজকে আমাদের দেশে প্রবর্তন করতে হবে। প্রাচীন আদর্শে শিক্ষাকে ফিরিয়ে আনতে হবে-প্রাচীন যে আবাসিক শিক্ষাব্যবস্থা ছিল তাকে ফিরিয়ে আনতে হবে। সেই শিক্ষা পেয়ে যদি মানুষ মানুষ হয়ে থাকে তা হ'লে সেই শিক্ষাব্যবস্থাকে আধুনিক শিক্ষাব্যবস্থার মাধ্যমে আনলে কেন মানুষ তৈরি হবে না? আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি যে, আবাসিক শিক্ষা প্রচলন করুন, আশ্রম শিক্ষাকে আধুনিকীকরণ ক'রে মানুষ তৈরি করুন। নূতন আদর্শগত শিক্ষা দেবার ব্যবস্থা করুন যাতে দেশের লোকের মধ্যে দেশাত্মবোধ জাগে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি শিক্ষামন্ত্রীকে আরও অনুরোধ করতে চাই যে, আমাদের দেশে যে শিক্ষাপদ্ধতি আছে তাকে পরিবর্তন ক'রে যাতে দেশের লোকের মনে দেশাত্মবোধ জাগ্রত হয় সেই ধরনের শিক্ষাব্যবস্থা চালু করা দরকার ব'লে মনে করি। আজকে শুধু বড় বড় কথা বললে হবে না, শুধু একটা বিবৃতি দিলেই হবে না। আজকে উপলব্ধি করতে হবে। শুধু বাংলাদেশ নয়, গোটা ভারতবর্ষ যাতে এক ছাঁচে গ'ড়ে উঠে তার ব্যবস্থা করতে হবে। শিক্ষাব্যবস্থা এমনভাবে চালু রয়েছে যাতে ছাত্ররা বিপথগামী হচ্ছে, তাদের অধঃপতন হচ্ছে এবং এই শিক্ষাব্যবস্থা তাদের ধ্বংসের পথে নিয়ে যাচ্ছে। তাই আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীকে অনুরোধ করবো যে, এই সব ছেলেমেয়েদের কথা আপনি চিন্তা করুন এবং এই শিক্ষাব্যবস্থাকে পূর্ণ জাতীয়করণ করুন। প্রাথমিক বিদ্যালয়ে অনুদান দেবার সংগে সংগে যেমন সেটা সম্পূর্ণ সরকারের আয়ত্বাধীনে আনা হয় সেই রকম সমস্ত শিক্ষা-ব্যবস্থাকে সরকার নিজের হাতে নিয়ে পরিষ্কারভাবে শিক্ষক ও ছাত্রদের সমস্যা সমানভাবে সমাধানের ব্যবস্থা করতে হবে।

[7-20 - 7-30 p.m.]

শ্রীবারিদবরণ দাশঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয় এবং আমার সমব্যথী বিধানসভার সদস্য, আমি সমব্যথী বলছি এই কারণে যে, একটু আগে এখানে বিভিন্ন বক্তা শিক্ষা জগতের বিভিন্ন বক্তব্য তুলে ধরেছেন এবং তাদের অনেকগুলি কথার সংগে আমি একমত। আমরা যারা রাজনীতি করি বা শিক্ষা জগতে চিন্তা নায়ক ব'লে যারা চিহ্নিত হয়েছেন তারা -আমরা সব সময়েই আমাদের স্বপক্ষে বক্তব্য ব'লে থাকি। অবশ্য সকল ইতিহাসের মালিক, সকল নবজাগরণের মালিক হ'ল ছাত্র, যুবসমাজ, অথচ ক্ষমতা যখন দখল হয়, শাসন ক্ষমতায় আমরা যখন আসি তখন সবার আগে ভুলে যাই সেই কমিউনিটির কথা, আর যারা বরাবর প্রত্যেকে নির্লজ্জ রাজনীতির লড়াই ক'রে জাতির কাছে নতুন দিগন্ত খুলে দেয় তাদের কথা। আজকে শিক্ষামন্ত্রীর বাজেট বক্তব্য এবং

তাঁর যে দাবি তাকে আমি সমর্থন করছি এবং সমর্থন করতে গিয়ে এই কথা বলতে চাই যে, এই বাজেট বক্তব্য নিয়ে আমি ছাত্রসমাজের কাছে কি উত্তর দেব ? উত্তর দেব যে, আগামী দিনে বাংলাদেশের মাটিতে তোমাদের সামনে নতুন জানালা খুলে দিলাম, নতুন শিক্ষাব্যবস্থার ইঙ্গিত আনলাম --এই কথা বললে মিথ্যা কথা বলা হবে। আমি জানি শিক্ষামন্ত্রীর হাতকে অনেক শক্ত করবার জন্য যে প্রচেষ্টার কথা ছিল-- সত্যিই একটা পুরাতন ঘুঁটি শিক্ষাজগতে আঁকড়ে বসে আছে। আজকে আমার বক্তব্য হচ্ছে এই, জনগণের কাছ থেকে একটা বিরাট ইঙ্গিত নিয়ে আমরা এই সরকার কায়েম করেছি এবং আমরা বিধানসভায় এসেছি। জনগণের সেই ইঙ্গিতকে যদি বাস্তবে রূপায়িত করতে হয়, আগামী দিনে যদি একটা মানুষ তৈরি করবার পরিকল্পনা নিতে হয়, অন্যান্য মন্ত্রীরা কি কাজ করছেন না করছেন বলতে চাই না, কিন্তু এই শিক্ষাজগৎ সম্বন্ধে কি কাজ করছেন না করছেন সে বিষয়ে নতুন ক'রে চিন্তা করতে হবে। মাননীয় শিক্ষামন্ত্রী একজন প্রাক্তন শিক্ষক। তিনি শুধু শিক্ষাজগতের মানুষ নন, তিনি এমন একটি গুরু দায়িত্ব নিয়েছেন, যার চিন্তা আগামী দিনে নতুন জাগরণ নিয়ে আসবে, সেদিকে নির্ভর করেই মাননীয় শিক্ষামন্ত্রী কাজ করছেন না আমি বলছি না। কিন্তু যে ইঙ্গিত আসবার কথা ছিল যে সম্বন্ধে অনেক অনেক কথা বলেছিলেন দি আইডিয়্যাল অব অল এডুকেসন অব অল ট্রেনিং মাস্ট বি ম্যান মেকিং—আজকে স্বাধীনতার ২৫ বছর পেরিয়ে গেল, আমরা রজত জয়ন্তী বর্ষ পালন করছি, কিন্তু সুখময় শিক্ষা দেবার জন্য আমরা হাজির হতে আজও পারলাম না, শিক্ষাজগতে একটা বৈপ্লবিক ডাক কোথাও দিতে পারলাম না, কি আমরা, কি মার্কসবাদী কমিউনিস্ট পার্টি, কেউই দিতে পারল না এর জন্য আমরা দুঃখিত। শিক্ষাজগতে বৈপ্লবিক ডাক আসবার কথা ছিল, এই জিনিসগুলি দরকার ছিল, সেখানে যদি আমরা পথ হারাই তাহলে আগামী দিন অন্ধকার হয়ে দাঁড়াবে। আজকে শিক্ষামন্ত্রীর সেই বক্তব্য তার ধারে কাছে গিয়ে পৌঁছায় নি। তিনি বলেছেন ১০ ক্লাসের পরে আরো ২ বছর বাড়ানো হবে, সেখানে বিভিন্ন বৃত্তিমূলক শিক্ষা দেওয়া হবে। পার্টিসিপেসন অব দি স্টুডেন্টস নেশান বিল্ডিং প্রোগ্রাম হাজির করার কথা ছিল, সেটাও আমরা হাজির করতে পারলাম না। ক্রাফ্‌ট ওরিয়েন্টেড এডুকেসন-এর কথা বলেছিলেন শিক্ষামন্ত্রীর বক্তব্য সেই ধারে কাছেও পৌঁছায় নি। বৃত্তিমূলক শিক্ষা হায়ার সেকেণ্ডারী লেভেলে আছে। বৃত্তিমূলক শিক্ষা থেকে পার হয়ে কোথায় গেছি ? বিধানসভার সদস্য হয়েছি, মাসটি গেলে মাইন পাই, মাইনে পাবার আগে ডিগ্রী শিক্ষা নিয়েছি, বিশ্ববিদ্যালয়ের শিক্ষা নিয়ে একটি বছর দেওয়ালে দেওয়ালে ধাক্কা খেয়েছি। জব ওরিয়েন্টেড এডুকেসন এনে দিতে পারা যায় শুধুমাত্র লিমিটেড পিপলকে এই প্রিভিলেজ দিতে পারা যায়, কিন্তু আমি বলছি একটা কিছু আমূল পরিবর্তন না করতে পারলে এটা একটা ভয়ঙ্কর হিসাবে আমাদের সামনে হাজির হবে। মাননীয় শিক্ষামন্ত্রী আজকে সেখানে গেছেন, অনেক মাননীয় সদস্য বারে বারে বলেছেন তাদের কয়েকটি গুরুত্বপূর্ণ দাবি আছে, উচ্চস্তরের দাবির কথা তাঁরা বলেন নি। আজকে আমাদের জীবন কিভাবে গ'ড়ে উঠবে ? আমরা যে শিক্ষার মূল আশা ভরসা, আমরা যে ছাত্রসমাজ, আমাদের কি দাবি, কার কি চিন্তা বাস্তবে রূপায়িত করবার জন্য ইউনিভার্সিটি গভর্নিং বডি, কলেজ, সিণ্ডিকেটে আজও আমাদের প্রতিনিধিত্ব হ'ল না, আমাদের চিন্তার মালিকানা হতে পারল না। আজকে আমি বিশ্ববিদ্যালয়ের নাম করতে চাই না, অনেক ইনস্টিটিউসন আছে, অনেক গভর্নিং বডিই পরিচালনা করেন তেলকলের মালিক, ময়দা কলের মালিক, আটাকলির মালিক। তাই আজকে আমার কাছে প্রশ্ন আসছে যে, পার্টিসিপেসন ইন অ্যাকাডেমিক রিফর্মসের জন্য আমাদের প্রয়োজন আছে। কারণ আমরা দীর্ঘ ২৫ বছরের ইতিহাসের পাতা প'ড়ে দেখেছি, মাঝের ৪ বছরের প্রথম দিকে দেখলাম অনেক চিন্তাশীল, অনেক শিক্ষাজীবী, বুদ্ধিজীবীরা বারে বারে শিক্ষাব্যবস্থার পরিবর্তনের কথা বলেছেন, পরীক্ষা ব্যবস্থা পরিবর্তনের কথা বলেছেন, কিন্তু কেউই পথ দেখিয়ে দিতে পারলেন না যে পরীক্ষা ব্যবস্থা কোন্ পথে আসবে।

আজকে সবাই আওয়াজ তুলছেন গণটোকাটুকি চলছে। গণটোকাটুকি যারা করে তাদের আমি মনেপ্রাণে ঘৃণা করি, আমি বিশ্বাস করি এ পথে হাঁটলে বাংলাদেশের ছাত্রসমাজ আগামী দিনে ভারতবর্ষে বা বিশ্বের কোথাও পা দিয়ে দাঁড়াতে পারবে না। কিন্তু আমি জোর গলায়

বলতে পারি, মেরিট জাজ ক'রে দেখুন আমাদের ছেলেরা আজকে সর্বভারতীয় পরীক্ষায় ঠিক সমান যোগ্যতা নিয়ে দাঁড়াতে পারে। হঠাৎ দেখলাম কি? গণটোকাটুকি বানচাল করে দেবার জন্য সুন্দর পরিকল্পনা নিয়ে উলটো দিকে চলতে আরম্ভ করলেন। হঠাৎ দেখা গেল পাশের হার নেমে গেল। ৫ বছর আগে যদি ৬৫ পারসেন্ট পাশ ক'রে থাকে আজকে ২৫ পারসেন্ট পাশ করল, মাঝে হয়ত ৮০ পারসেন্ট পাশ করেছে, আমি কথার কথা বলছি, এর মানে কি? আজকে ২৫ পারসেণ্ট পাশ করিয়ে আমার আপনার মত গার্জেনদের টাকা নষ্ট ক'রে, সরকারের টাকা নষ্ট ক'রে ইনস্টিটিউসনের স্ট্যান্ডার্ড দেখাতে শুরু করলেন। গণটোকাটুকি বন্ধ করতে হলে ২৫ পারসেন্ট পাশ করিয়ে নাকি স্ট্যান্ডার্ড দেখাতে হবে। একি কথা? আমি স্যার, আপনার মাধ্যমে কতকগুলি কথা এখানে রাখতে চাই। আজকে এই প্রসংগে শিক্ষকদের কথাও বলতে চাই। মাননীয় শিক্ষামন্ত্রী কয়েকদিন আগে একটি কলেজের সিলভার জুবিলি সেলিব্রেসনে প্রদীপ জ্বালিয়ে এসেছিলেন। আমার এক বন্ধু সেখানে ছিলেন। শিক্ষামন্ত্রী যখন ফিরে আসছেন সেই সময় কয়েকজন শিক্ষক আমার বন্ধুটিকে বললেন সিলভার জুবিলি প্রদীপ জ্বলছে, স্বাধীনতার রজত জয়ন্তী বর্ষের প্রদীপও জ্বলছে, কিন্তু আজ পর্যন্ত আমরা তিন মাসের মাইনা পাই নি। যাঁরা ঘরে ঘরে লক্ষ লক্ষ বাতির রোশনাই জ্বালিয়ে দেবার দায়িত্ব নিয়েছেন বা বাংলাদেশে তথা ভারতবর্ষের শিক্ষাজগতের দায়িত্ব নিয়েছেন এবং যাঁরা আগামী দিনে মানুষ তৈরি করবার দায়িত্ব নিয়েছেন তাঁদের দায়িত্ব যদি আমরা পালন করতে না পারি, এখানে শিক্ষাজগতের পরিবর্তন কোন দিন আনা যাবে না। স্কুল কলেজ রাস্তাঘাট, ল্যাবরেটরি ইত্যাদি হয়ত হবে কিন্তু একটা গোটা মানুষ তৈরি করবার পরিকল্পনা কোনদিন বাস্তবায়িত হতে পারবে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আঞ্চলিক ভাষায় শিক্ষার ব্যবস্থা করতে হবে, অনেক দিন ধ'রে এই দাবি উঠেছে। এ দাবি আমি আবার আপনার মাধ্যমে রাখতে চাই। মিশনারী শিক্ষাব্যবস্থা সম্বন্ধে আমার বন্ধুরা বলেছেন, আমি বলতে চাই ইকুইটেবল ডিস্ট্রিবিউসন অব প্রপার্টি চাই এবং তার পরিপ্রেক্ষিতে বলতে চাই ২০০ বা ১০০ টাকা খরচ করবার ক্ষমতা যার আছে, সে হয়ত ভাল ছেলে তৈরি করতে পারে—স্বাধীনতার রজত জয়ন্তী বর্ষে আজকে আমাদের রাষ্ট্র আর শিশু রাষ্ট্র নয়, সেই রাষ্ট্র সেই টাকা খরচ ক'রে, সেই দায়িত্ব নিয়ে ভাল ছেলে তৈরি করতে পারবে না কেন বা দায়িত্ব নেবে না কেন এই বিরাট প্রশ্নটা আমি আপনার মাধ্যমে সভাব কাছে রাখতে চাই। তারপর স্যার, যারা দুর্দিনে দেশের দায়িত্ব নিয়েছিলেন তাঁদের কথাও আমাদের ভাবতে হবে--সেই সব সাহিত্যিক যাঁরা অভাবগ্রস্ত তাঁদের কথাও আমাদের ভাবতে হবে। আমি জানি 'ভারতবর্ষ' পত্রিকার সম্পাদক শ্রীফণীন্দ্রনাথ মুখার্জি বর্তমানে অসুস্থ এবং শয্যাশায়ী। তাঁকে পেনসন দেবার দায়িত্ব এডুকেসন ডিপার্টমেন্টকে নিতে হবে। তা ছাড়া জাতীয় ঐতিহ্যপূর্ণ যেসমস্ত সংস্থা যেমন বঙ্গীয় সাহিত্য পরিষদ, একটা প্রাচীন প্রতিষ্ঠান আজকে নষ্ট হয়ে যাচ্ছে। সেখানকার বাড়ি ভেঙ্গে যাচ্ছে, দুষ্প্রাপ্য গ্রন্থ ও ম্যাগাজিন সংরক্ষণ করা যাচ্ছে না। আমি সর্বশেষে বলব, শিক্ষাজগতে বিপ্লবের ডাক এসেছে সেই ডাকে কণ্ঠ মেলাতে হবে। যিনি কণ্ঠ মেলাতে পারবেন না, তিনি আগামী দিনে আসামীর কাঠগড়ায় দাঁড়াবেন, এই কথা ব'লে আমি শেষ করলাম।

শ্রীকান্তিরঞ্জন চ্যাটার্জি: শ্রদ্ধেয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন আমি তা সমর্থন করছি এবং তা ক'রে সাথে সাথে দুঃখ প্রকাশও করছি। কারণ, আমাদের শিক্ষাব্যবস্থার জন্য যে ন্যূনতম টাকার প্রয়োজন তা এতে নেই। গত বছর যে টাকা ছিল তা থেকে অল্প কিছু বাড়িয়ে দিয়ে এবারের বাড়তি প্রশংসাটা নেওয়া হচ্ছে। কিন্তু প্রকৃতপক্ষে এতে আমাদের শিক্ষাব্যবস্থা চলে না। আমাদের শিক্ষাব্যবস্থার যে ভাবমূর্তি সেটা বহুদিন ধ'রে চলে আসছে। সেই মেকলে সাহেবের মত কৃতি শিল্পী থেকে শুরু ক'রে আজকে আমাদের শ্রদ্ধাভাজন শিক্ষামন্ত্রীর হাতে সেটা পড়েছে। যুগ যুগ ধ'রে যে ব্যবস্থা ছিল, তার ভিতরে যখন যে শিল্পী এসেছেন সেইভাবে তিনি তা সাজিয়ে নিয়েছেন। এখন যে চেহারাটা হাজির হয়েছে তাতে এত অল্প টাকায় এই মূর্তিকে সাজানো সম্ভব ব'লে আমার মনে হয় না। বহু বক্তা বহু কথা ব'লে গিয়েছেন, আমি শুধু আমাদের গ্রামাঞ্চলের দু'-একটি কথা নিবেদন ক'রে আমার বক্তব্য শেষ করবো। এটা আপনারা সকলেই লক্ষ্য ক'রে দেখেছেন যে সরকারের তরফ

থেকে যেসব শিক্ষা প্রতিষ্ঠান হয়েছে—সরকারী স্কুল, কলেজ ইত্যাদি তার চেয়ে বেশী হয়েছে জনসাধারণের প্রচেষ্টায়। সাধারণ জনগণ প্রাথমিক বিদ্যালয়, জুনিয়ার হাই, উচ্চ বিদ্যালয় ইত্যাদি করেছেন।

[7-30—7-40 p.m.]

উচ্চ বিদ্যালয় করেছেন এবং আমার বদ্ধমূল ধারণা যে সরকারের মাধ্যমে প্রচেষ্টা যদি চলত, তা হ'লে এতদিনে এত শিক্ষা প্রতিষ্ঠান, এত লোকের শিক্ষা সম্ভব হ'ত না। অনুদানের উৎসাহে জনসাধারণ সব স্কুল রক্ষা করেছেন এবং তার ফলে এর পরিসর এবং পরিধি বেড়েছে। আজকে ন্যাশনালাইজেসনের কথা উঠেছে। আমি এ সম্বন্ধে প্রতিবাদ করছি না, তবে সরকারের যে দপ্তর আছে তার সম্বন্ধে বিক্ষোভ রয়েছে এবং আমরা কিছু কিছু ক্ষেত্রে যেমন ন্যাশনালাইজেসন করেছি সে সম্বন্ধে বন্ধুবর নাসিরুদ্দিন সাহেব বলেছেন যে, কয়লা খনি জাতীয়করণ ক'রে দিয়ে এখন কি অবস্থা হয়েছে -সুতরাং এই ক্ষেত্রে ন্যাশনালাইজেসন করা সম্ভব কিনা এটা শক্ত কথা। আমি শুধু এই কথা বলব যে প্রাইমারী স্কুলগুলো করা হয়েছে সেই প্রাইমারী স্কুলগুলো যে অবস্থায় রয়েছে সে সম্বন্ধে আমি নিবেদন করবো যে, যত দ্রুতগতিতে গ্রামাঞ্চলে প্রাইমারী স্কুলগুলোর জন্য বাড়ি-ঘর ক'রে দেওয়া যায় তার প্রচেষ্টা করুন। যদিও শিক্ষামন্ত্রীর কথায় উৎসাহ কিছুটা পেয়েছি, তিনি বলেছেন যে ধীরে ধীরে কিছু শ্রেণীকক্ষ বিশিষ্ট ঘর প্রাইমারী স্কুলগুলোর জন্য হচ্ছে। আর কতদিন অপেক্ষা করতে হবে? ২৫ বছর তো হয়ে গেল, গ্রামে স্কুল ঘর হওয়া নিশ্চয় উচিত। আর একটা জিনিস, এই প্রাথমিক বিদ্যালয়ের জন্য সরকার অনেক ঘর ক'রে দিয়েছেন। কিন্তু তার স্যানিটারি অ্যারেঞ্জমেন্ট, কিম্বা টিউবওয়েল ইত্যাদি এই সব কিছু করেন নি। ইংরেজ আমলে যেমন ডন বস্কো কোম্পানীর স্কুল-কলেজের জোর ছিল, স্বদেশী আমলে বেসিক এসে দেখা দিয়েছিল, কিন্তু যে যুগেই যেটা ধরি, ধীরে ধীরে সেটা আলগা হবে এবং নূতন জিনিস এসে যায়, সুতরাং পুরানটা কমপ্লিট হবার পরেই বাতিল হয়ে যায়। আমি অনুরোধ করবো যে, সমস্ত প্রাথমিক শিক্ষাকে এক স্তরে আনা, আর একটা নিবেদন আছে, শিক্ষার মান অনেক কমে গেছে। সেই জন্য নিচের দিকে যদি দৃষ্টি না দিই, তা হ'লে শিক্ষার মান বাড়বে কি করে? প্রাথমিক স্কুলে প্রতি ৪০ জন ছেলেতে একজন শিক্ষক, আমি শিক্ষামন্ত্রীর কাছে আপনার মাধ্যমে অনুরোধ রাখবো যদি দয়া ক'রে এই বছর থেকে ৩০ জন ছাত্রের জন্য একজন শিক্ষক দেন, তা হ'লে সুবিধা হবে। এই যে একটা নিয়ম চ'লে আসছে চারটে ক্লাসে তিনজন মাস্টার, এর ফলে প্রতি ঘণ্টায় এক দল ছাত্রকে মাঠে রাখতে হবে, এই নিয়মটা পালটে দেওয়া ভাল। প্রাথমিক স্কুলে সামনে বছর থেকে পাঁচটি ক্লাস আসছে, অন্ততঃ মিনিমাম ছয়টি ক'রে শিক্ষক দেবার ব্যবস্থা করা হোক। ত্রিশজন ছাত্রকে একটা শিক্ষকের হাতে দেবার ব্যবস্থা করা হোক। আর ট্রেন্ড শিক্ষক আমাদের দেশে কিছু রয়েছে.. তাদের অগ্রাধিকার দেওয়া উচিত। প্রাথমিক শিক্ষকদের স্তরে যে জিনিসটা চলছে, জুনিয়ার হাই সম্পর্কে বলছি। এবারে সরকার কিছু জুনিয়ার হাই মঞ্জুর করেছেন। আমি অনুরোধ করব ১৯৭৩ সাল পর্যন্ত গ্রামে যে স্কুল জনসাধারণের প্রচেষ্টায় স্থাপিত হয়েছে এইগুলোকে আগামী বছরের মধ্যে মঞ্জুরী দিয়ে দেওয়া হোক। দ্বিতীয়তঃ হচ্ছে হাই স্কুল সম্পর্কে বহু বক্তা তাঁদের বক্তব্য রেখেছেন, আমি এই সম্পর্কে বলবো হাই স্কুলের জন্য গ্রামাঞ্চলে যেখানে যেখানে বাড়ি-ঘর নেই, কিংবা সন্ত্রাসের জন্য পড়ে গেছে, তাদের সাহায্য দেওয়া উচিত। আর যে নিয়মের কথা প্রতি বক্তা বারে বারে বলেছেন যে পবিত্র ঘোষণা হয়েছে যে ডেফিসিট গ্রান্ট দেওয়া হবে, তার রুলসের পার্মুটেশন এবং কম্বিনেশনের মধ্যে ফেলে বাতিল ক'রে দেওয়া ঠিক হবে না, এই অনুরোধ রাখছি। কারণ গ্রামাঞ্চলে একটা শিক্ষা প্রতিষ্ঠান গ'ড়ে তোলা খুবই শক্ত, সেখানে ২৫০ জন ছাত্র না থাকলে যদি টাকা না দেন, তা হ'লে মুশকিল। কলকাতা শহরের স্কুলগুলো নানা রকম সুবিধা পায়, শহরাঞ্চলে সি এম ডি এ-র সাহায্য পায়, আর গ্রামাঞ্চলে যারা কষ্ট ক'রে একটা শিক্ষার ব্যবস্থা করলো, তাদের ২৫০টি ছেলে না হ'লে ডেফিসিট গ্রান্ট কাটা যাবে, কিংবা তাদের এত পার্সেন্ট মাইনে না দিলে, অথবা কনসেশন দিলে টাকা দেওয়া হবে না, আমি বলছি গ্রামের মাহাত্মটা রাখতে দেওয়া উচিত। যখন ঘোষণা হয়েছে তখন আমরা উল্লসিত হয়েছি।

সুতরাং ওটা কোন আইন-কানুনের মধ্যে ফেলে না দিয়ে ওটা দেবার ব্যবস্থা করুন। এবার একটা স্থানীয় কথা আমি বলতে চাই,, ফিজিক্যাল কালচার এডুকেশন সম্পর্কে বলবো, বাণীপুরে ফিজিক্যাল কালচার এডুকেসনের একটা কলেজ রয়েছে। আর একটা বি টি কলেজ সম্পকে তিনি ঘোষণা করেছেন গান্ধী সেন্টিনারীতে বি টি কলেজের যে ১২০ লক্ষ্য—সেটাকে কেটে দিয়ে ৬২ না ৬৩ করা হয়েছে, এখন আবার ১০% বাড়ছে, এতে আমাদের কি সাহায্য হ'ল? আজকে এখানে অধিক সংখ্যক ছাত্র বছরে আসছে। হাবড়া থানায় ৫০টি স্কুল রয়েছে, সেখান থেকে দু'টো ক'রে ছেলে নিলে আমাদের কুলোয় না। মাননীয় মন্ত্রিমহাশয় তার ঘোষণায় ৪০টি ক'রে বি টি কলেজে বাড়াবার ব্যবস্থা করেছেন ব'লে তাঁকে আমি অভিনন্দন জানাচ্ছি। আর আমি একটা কথা বলছি সেটা হচ্ছে আমাদের ১৯৭৩ সালের মধ্যে যেসব স্কুল-এর ইনস্পেকশন হয়ে গিয়েছে তাদের মঞ্জুরী দেবেন বলেছেন ব'লে আমি তাঁকে অভিনন্দন জানিয়ে আমার বক্তব শেষ করছি।

শ্রীফণীভূষণ সিংহবাবু: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী আজকে শিক্ষা খাতের যে ব্যয়বরাদ্দ এনেছেন তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। পূর্ণ সমর্থন জানাতে গিয়ে শিক্ষা বিভাগে ১৯৬৭ সাল থেকে ১৯৭১ সাল পর্যন্ত যে একটা ভয়াবহ অবস্থা চলছিল সেটা আমরা আজকে কাটিয়ে উঠেছি যার ফলে শিক্ষাক্ষেত্রে শান্তি ফিরে এসেছে। শুধু তাই নয় অনেক জায়গায় বা জেলায় কোটা হিসাবে টিউটোরিয়াল ক্লাস স্থাপন করবার সিদ্ধান্ত নিয়েছেন। আর একটা কথা আমি বলতে চাই, আমরা দেখেছি কয়েকদিন আগে শিক্ষা বিভাগের ৩৪৩নং সার্কুলারে যেসব হাই স্কুল বা হায়ার সেকেন্ডারী স্কুলকে ১৯৭২ সালের মে মাস থেকে অনুদান দেওয়ার কথা বলা হয়েছিল, তাতে কিন্তু সে বিষয়ে আমরা হতাশ হয়েছি, সেই জন্য এই বিষয়ে আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় শিক্ষামন্ত্রীকে আর একটা কথা বলতে চাই যে, আপনি এই সার্কুলার অবিলম্বে প্রত্যাহার করুন। আজকে এই শিক্ষক এবং শিক্ষাকর্মীদের যে আশা-আকাঙ্ক্ষা দিয়েছিলেন এবং আমাদের মুখ্যমন্ত্রী ও শিক্ষামন্ত্রী যে ঘোষণা করেছিলেন তাতে তাদের আশা জেগেছিল। আজকে সেখানে সেই সার্কুলার পাওয়ার পর তাদের মধ্যে একটা হতাশা দেখা দিয়েছে। প্রাথমিক থেকে মাধ্যমিক শিক্ষা স্তরে যেসমস্ত শিক্ষক কর্মীরা আছেন তারা দীর্ঘদিন ধ'রে মাঝে মাঝে, এমন কি ৬ মাস ৭ মাস বেতন পান না। সেই জন্য আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি যে, দীর্ঘদিন ধ'রে বেতন না পাওয়ার ফলে আজকে একটা বিরাট অশান্তির মধ্যে শিক্ষকরা বাস করছেন, তাদের দিকে একটু নজর দিন। মাসের প্রথম তারিখে না হয় অন্তত মাসের ১৫ তারিখের মধ্যে মাইনে দেওয়া যাতে সম্ভব হয় সেটা দেখবেন। আমরা দেখেছি দীর্ঘ ২৫ বছর ধ'রে বাঁকুড়া জেলায়, গতকাল সংবাদপত্রেও মাননীয় মন্ত্রী দেখেছেন এই ২৫ বছর পরেও শিক্ষিতের সংখ্যা ২৬·৩ পারসেন্ট। এই জেলায় ২০ লক্ষ লোকের বাস। সেই জন্য ঐ জেলায় আরও বেশী ক'রে প্রাথমিক স্কুল এবং আরো ২০০ মাধ্যমিক স্কুল চালু করা দরকার। আমি মাধ্যমিক স্কুলের উপদেষ্টা কমিটির সদস্য হিসাবে দেখেছি ১৯৭২-৭৩ সালে আপনি যে সংখ্যক স্কুল স্থাপন করবেন বলেছেন, তাতে বাঁকুড়ায় দীর্ঘ ২৫ বছর ধ'রে শিক্ষিতের সংখ্যা কত কম সুতরাং আমরা সমাজতন্ত্র যদি গ'ড়ে তুলতে চাই, তা হ'লে আপনার কাছে আবেদন জানাচ্ছি, এই দিকে একটু লক্ষ্য রাখবেন। আমরা গণতান্ত্রিক সমাজবাদের কথা গ্রামে গিয়ে নির্বাচনের আগে বলেছিলাম, এবং বিভিন্ন দাবি-দাওয়া মেটাবো ব'লে পশ্চিমবাংলার সাড়ে ৪ কোটি মানুষের আশীর্বাদ এবং সহযোগিতা নিয়ে আমরা এই পবিত্র বিধানসভায় এসেছি, তাই তাদের দাবি-দাওয়া আপনার মাধ্যমে সরকারের কাছে তুলে ধরছি। আর একটা অনুরোধ করছি যে, এই অবহেলিত শিক্ষক এবং শিক্ষাকর্মীদের প্রতি দৃষ্টি রেখে একটা ব্যবস্থা গ্রহণ করবেন।

[7-40—7-50 p.m.]

শ্রীঅসমঞ্জ দে: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজ শিক্ষাখাতে যে ব্যয়বরাদ্দ শিক্ষা-মন্ত্রী পেশ করেছেন তার উপর আলোচনা করতে গিয়ে আমার মনে হয় ১৯৭২ সালে জনতার বিপুল রায়ে নির্বাচিত হয়ে আমরা এখানে এসেছি এবং কংগ্রেস পিপলস্ মেন্ডেট নিয়ে এই

সরকার গঠন করেছেন। মেন্ডেট হচ্ছে কি না বাংলাদেশের ৪ই কোটি মানুষ তারা ট্রেডিশনাল এডুকেশন-এর বিরুদ্ধে জেহাদ ঘোষণা করেছেন। আমাদের মন্ত্রিসভার সদস্যরাও কিন্তু এই ট্রেডিশনাল স্কুল-এর লোক। এই ট্রেডিশন এডুকেশন-এ ভারতবর্ষের লোক শিক্ষিত হয়েছিলেন তাঁদের মধ্যে অরিজিন্যাল থিঙ্কার হিসাবে মহাত্মা গান্ধী প্রথম এর বিরুদ্ধে বলেছিলেন। আজ ক্লাস ৮ পর্যন্ত যে শিক্ষার কথা বলছি সেখানে

Government of India has accepted the policy of basic education.

আমার প্রশ্ন হচ্ছে

Why this has been discarded? There is a Basic Education Board appointed by the Government of West Bengal.

তাদের পরামর্শ নিয়ে শিক্ষাকে কেন আজকে রি-ওরিয়েন্ট করার চেষ্টা হচ্ছে না? এর জবাব শিক্ষামন্ত্রীর কাছ থেকে চাই। পণ্ডিত নেহেরুর সময় শিক্ষানীতি ছিল

People's participation plus Government co-operation.

কিন্তু তা দূর ক'রে দিয়ে সরকার ব্যুরোক্রেসীর উপর নির্ভর করছেন, যে ব্যুরোক্রেসী বেসিক এডুকেশনকে সম্পূর্ণভাবে নষ্ট করেছে।

Bureaucracy is so strong and powerful in our State that they have been able to scuttle the new spirit of education enunciated by Mahatma Gandhi and Pandit Jawaharlal Nehru and successive Education Ministers succumbed to the pressures of bureaucracy.

এই স্লোগান দিয়ে এরা ছাত্র, শিক্ষক ও জনসাধারণের মধ্যে একটা বিভ্রান্তি সৃষ্টি করতে যাচ্ছে। আসলে সংকট পরিকল্পনায় নয়, আসল সংকট হচ্ছে পরিকল্পনাকে বাস্তবে রূপদান করা। আজ সিলেবাস নিয়ে যে বহু কথা হয়েছে। ডি পি আই-এর একটা সেল এই সিলেবাস সম্বন্ধে তৈরি করা হয়েছে। সেকেন্ডারী বোর্ড গত ২ বছর ধ'রে দশ দশটা সিলেবাস করেছে। কিন্তু দেখা গেছে যে তা থেকে একটা মাত্র মূসিক প্রসব হয়েছে। আমি বলতে চাই স্যার আশুতোষ মুখার্জি যখন ক্যালকাটা ইউনিভার্সিটি থেকে ম্যাট্রিকুলেশন সিলেবাস করেছিলেন তখন তিনি কোন অতি পণ্ডিত যোগাড় না ক'রেই একটা সিম্পল সিলেবাস করেছিলেন।

We can accept it easily as a model with some changes which will be recommended by the Basic Education Board.

১৮৭০ সালে এই পশ্চিমবাংলার বুকে প্রথম পুরানো চিন্তাধারা নিয়ে এডুকেশন ডাইরেক্টরেট চলতে শুরু করে এবং সেই ধারা আজ পর্যন্তও আছে। তা নিয়ে আমি মনে করি জাতীয় শিক্ষানীতি কোনদিনই বাস্তবায়িত হবে না। এই এডুকেশন ডাইরেক্টরেটকে রিভাইজ করা দরকার এবং প্রস্তাব করছি রিভিসন-এর জন্য ডাইরেক্টরেট-এর কি পোস্ট-এ জাতীয় মনোভাব সম্পন্ন লোক থাকা দরকার। এবং সরকার অবিলম্বে সমস্ত বিবেচনা ক'রে উপযুক্ত কর্মসূচি নির্ধারণের জন্য বিধানসভার সভ্যদের নিয়ে একটা কমিটি গঠন করুন। আজ দেখছি সারা রাজ্যে স্কুল ফাইনাল অর হায়ার সেকেন্ডারি পরীক্ষার জন্য টেস্ট পেপার নিয়ে ব্যাপক একটা র‍্যাকেটিয়ারিং চলছে। আসলে এই টেস্ট পেপার নিয়ে একটা মনি মেকিং বিজিনেস চলছে এবং কয়েকটা শিল্প প্রতিষ্ঠান এ বি টি এ ইত্যাদির মতন তাঁরা এই ব্যবসা ভালভাবে চালাচ্ছেন। আমি বলতে পারি এই এ বি টি এ টেস্ট পেপার থেকে প্রায় ১৫ লক্ষ টাকা মতন আয় করে। আসলে কিন্তু এর পেছনে একটা বিগ মানি ব্যাগ রয়েছে। শিক্ষক সমাজের প্রতিনিধি হয়ে বামপন্থীর কথা ব'লে তাঁরা ব্যবসা করে প্রচুর মুনাফা ক'রে যাচ্ছেন। এটা রাজনৈতিক ব্যাপার নয়, কমিশন দেবার নাম ক'রে সি পি এম-এর পক্ষ থেকে শিক্ষকদের নিজেদের দলে তাঁরা এনেছেন।

Mr. Deputy Speaker: Honourable Members, under rule 289 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, the allocation of time for discussion of today's Grant No. 19 is due to expire at 7-48 p.m. There are good number of speakers still left who are to make their speech. Besides, the Education Minister is to give his reply. I, therefore, call upon Hon'ble Shri Gyan Singh Sohanpal to move his motion for extension of time.

Shri Gyan Singh Sohanpal: Sir, under rule 290 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I beg to move with your consent that the allocation of four hours' time in respect of Grant No. 19, which is due to expire at 7-48 p.m. may be extended up to 10 p.m.

The motion was then put and agreed to.

শ্রীমৃগেন্দ্র মুখার্জীঃ অন এ পয়েন্ট অব রিকোয়েস্ট, স্যার। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এটা আপনার মাধ্যমে জানান দরকার আছে, ট্রান্সপোর্ট মিনিস্টারকে বলবেন যে, ১০টার সময় হাউস ভাংগলে ট্যাক্সির যেন অ্যারেঞ্জমেন্ট থাকে।

শ্রীঅসমঞ্জ দেঃ মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আমি পরিষ্কার বলতে চাই পশ্চিমবংগের ক্ষেত্রে মিশনারী সিস্টেম অব এডুকেশন ভীষণভাবে জাতীয় স্বার্থকে দিনের পর দিন ব্যাহত করছে। পশ্চিমবংগে আমরা দেখতে পেয়েছি ৫৩টি অ্যাংগলো-ইন্ডিয়ান স্কুল আছে এবং ৫৩টি অ্যাংগলো-ইন্ডিয়ান স্কুলে ২০ হাজারের অধিক ভারতীয় শিক্ষার্থী আছে এবং ২ হাজারের মত ভারতীয় শিক্ষক-অশিক্ষক কর্মচারী এর সংগে জড়িত। অত্যন্ত আশ্চর্যের বিষয় আজ ২৫ বছর পরে আমরা স্বাধীনতা জয়ন্তী বর্ষ পালন করছি অথচ ১৯২৯ সালে ইউরোপিয়ান স্কুলগুলির উদ্দেশ্যে রচিত বোর্ড দ্বারা এখনও সেই অ্যাংগলো-ইন্ডিয়ান স্কুলগুলি পরিচালিত হচ্ছে। আমি একটা আইনের ধারা উল্লেখ ক'রে বলছি যে, এই অ্যাংগলো-ইন্ডিয়ান স্কুলগুলি কোথা থেকে টাকা পাচ্ছে। একটা বইএ রচিত আইনে আছে
Seven thousand schools get assistance from the following sources:—
Australia, America, Germany and British Council.

স্যার, এরা দিনের পর দিন বৃটিশ কাউন্সিলের মত বৈদেশিক সংস্থার দ্বারা নিয়ন্ত্রিত এবং বৈদেশিক অর্থে পরিপুষ্ট। এই শিক্ষাব্যবস্থা কিভাবে ভারতীয় ছাত্রছাত্রীদের জাতীয় চেতনা উন্মেষে বাধা সৃষ্টি করছে সেটা আমি আনন্দবাজার পত্রিকার একটা অংশ প'ড়ে আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। ১৮ই ডিসেম্বর, ১৯৭২ তারিখের আনন্দবাজার পত্রিকায় প্রকাশিত কলকাতার কড়চায় কি ধরনের জাতীয় ইতিহাস পড়ান হয়ে থাকে তার একটা নজীর দিচ্ছি। আনন্দবাজার পত্রিকার সাংবাদিক একটি মেয়েকে প্রশ্ন করছেন, টিপু সুলতান কে? ছোট্ট মেয়েটি বললে টিপু সুলতান একজন গুন্ডা। তখন তিনি বললেন, সে কি? মেয়েটি দৃঢ়স্বরে বললে, হ্যাঁ, সে তার ইতিহাস বইএ পড়েছে, টিপু সুলতান একজন গুন্ডা এবং শিবাজী একজন ডাকাত। তারপর সাংবাদিক প্রশ্ন করলেন সিরাজদৌল্লা কে—প্রথমটা মনে করতে পারল না, তারপর মনে ক'রে বললে, এই লোকটা ছিল বেংগলের ইনএফিসেয়েন্ট রুলার। সাংবাদিক তারপর বললেন আর সূর্য সেন ছিলেন বুঝি ডাকাতের সর্দার? মেয়েটি সূর্য সেনের নাম শুনে নি, তার ইতিহাস বইতে নেই। ফুলের মত ফুটফুটে সুন্দর সরল এই মেয়েটা আজকে মিশনারী স্কুলগুলিতে কিভাবে কুশিক্ষা পাচ্ছে এইগুলি থেকে আমরা পরিষ্কারভাবে বুঝতে পারি। তাই এইসব স্কুলে ইতিহাসের নামে কি পড়ান হচ্ছে সেই বিষয়ে শিক্ষা বিভাগের কর্তৃপক্ষকে নেড়ে-চেড়ে দেখবার জন্য অনুরোধ জানাচ্ছি। ইংরাজীতে কথা বলতে শিখলে দেশের ঐতিহ্যকে এবং শিল্পকে অবজ্ঞা করতে হবে ইংরাজী স্কুলে পড়া অধিকাংশ ছেলে-মেয়েকে দেখলে তাই মনে হয়। এই ব্যাপারটা নিয়ে কিছুদিন আগে মিশনারী সিস্টেম অব

এডুকেশন-এর রিকনস্ট্রাকসান অ্যান্ড রিওরিয়েন্টেসান-এর জন্য লোকসভায় একটা বিল এল, তার নাম হ'ল জয়েন্ট কমিটি অন দি দিল্লী স্কুল এডুকেশান বিল, ১৯৭২। রাজ্যসভা এবং লোকসভার সদস্যদের নিয়ে দিল্লী স্কুল এডুকেশন বিল হ'ল। আমি বলছি কলকাতার বুকে এই ৫৩টি অ্যাংগলো-ইন্ডিয়ান স্কুল ২০ হাজার ভারতীয় জাতীয় শিক্ষার্থীদের জাতীয় ইতিহাস সম্বন্ধে ওয়াকিবহাল না ক'রে দিনের পর দিন তাদের দেশাত্মবোধের চেতনা থেকে সরিয়ে দিচ্ছে, এইসব যাতে চলতে না পারে সেদিকে দৃষ্টি দেওয়া একান্ত প্রয়োজন। এইসব স্কুল বৃটিশ কাউন্সিল, জার্মানী, অস্ট্রেলিয়া এবং বিভিন্ন বৈদেশিক সংস্থার কাছ থেকে টাকা নিয়ে আমাদের দেশের শিক্ষার্থীদের মনের মধ্যে জাতীয়তাবোধের চেতনাকে জাগ্রত করার পরিবর্তে এইভাবে বৈদেশিক পরাধীনতার চেতনা বৃদ্ধি করছে। এই যে আমরা সি আই এ ব'লে চিৎকার করছি, বৈদেশিক এজেন্ট ব'লে চিৎকার করছি, কিন্তু এই ধরনের জিনিসের যদি পরিসমাপ্তি ঘটাতে না পারি, তা হ'লে জাতীয় চেতনার উন্মেষ হতে পারে না। তাই আমি প্রস্তাব করছি, দিল্লীতে যেমন ক'রে লোকসভা এবং রাজ্যসভার সদস্যদের নিয়ে দিল্লী স্কুল এডুকেশান বিল, ১৯৭২ আনা হয়েছে, তেমনি পশ্চিমবঙ্গ বিধানসভার সদস্যদের নিয়ে একটা ক্যালকাটা এডুকেশান বিল আনা হোক যার দ্বারা মিশনারী শিক্ষা সংস্কার সাধনের মাধ্যমে দেশাত্মবোধের চেতনা প্রত্যেক ভারতীয় শিক্ষার্থী লাভ করতে পারে, এই অনুরোধ জানিয়ে এবং এই বাজেটকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[7-50—8-00 p.m.]

Shri George Albert Wilson-de-Roze: On a point of order, Sir, Mr. Asamanja De has quoted from certain papers. Will he kindly place those papers to you so that they can be seen? These things can be produced from pocket and some of the statements made here are deliberately and totally false statements. Will you kindly request him to place those papers before you so that they can be discussed?

Shri Asamanja De: Sir, you ask for my paper, I can submit them to you. But I think that no Member has got any right to cast aspersion on another Member. Mr. De-Roze is an Anglo-Indian. I do not disrespect him. But I can say that he is not quite acquainted with many rules or with what is going to be implemented or regularised or going to be accepted by the Rajya Sabha and the Lok Sabha. So, there is no right of one Member of making any aspersion on another Member. I demand that my privilege and right would be protected by the Chair by you, Sir, being the custodian of the House.

শ্রীদ্বিজপদ সাহা: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় শিক্ষা খাতে যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি। মাননীয় শিক্ষামন্ত্রী এই সভায় একটি কথা বলেছেন যে, শিক্ষাক্ষেত্রে বিশেষ ক'রে প্রাথমিক শিক্ষায় ব্যাপক অপচয় হচ্ছে এবং সে সম্বন্ধে তিনি বলেছেন, কিছুসংখ্যক পরিদর্শক নিয়োগ করলে এই অপচয় রোধ করা সম্ভব হবে। কিন্তু আমি মনে করি, শিক্ষামন্ত্রী যদি এই দৃষ্টিভঙ্গি নিতেন যে কি কারণে এই বিরাট অপচয় হচ্ছে এবং সেদিকে যদি তিনি নজর দিতেন, তা হ'লে এই অপচয় দূর হত। যেখানে শিক্ষক এবং ছাত্রদের সংখ্যার অনুপাত হচ্ছে ১ এবং ৪০ সেটা যদি কমান না যায়, তা হ'লে এক্ষেত্রে অপচয় রোধ করা যাবে না। আমি শিক্ষামন্ত্রী মহাশয়কে আর একটা কথা জানিয়ে দিতে চাই যে, বিশেষ ক'রে প্রাথমিক শিক্ষকদের আর্থিক দুরবস্থার কথা যদি চিন্তা না করেন তা হ'লে শিক্ষার মান উন্নয়ন করা সম্ভব হবে না এবং শিক্ষাক্ষেত্রে অপচয় রোধ করা সম্ভব হবে না। আমি মনে করি, এই ব্যাপারে কিছু আমরা এখনই করতে পারি। যে সমস্ত শিক্ষক মারা যান

তাঁদের প্রভিডেন্ট ফান্ড এবং গ্রাচুইটি পেতে কি যে নাজেহাল হতে হয় এবং কি দুর্ভোগ এবং যন্ত্রণা ভোগ করতে হয় সেটা বোধ হয় মন্ত্রিমহাশয় জানেন না। আমি আশাকরি মন্ত্রিমহাশয় এর প্রতি দৃষ্টি দেবেন এবং যাঁরা মারা যাবেন তাঁদের প্রভিডেন্ট ফান্ড এবং গ্রাচুইটি যাতে ১ মাসের মধ্যে পান তার ব্যবস্থা তিনি করবেন। বিদ্যালয় গৃহের ব্যাপারে আমরা দেখেছি কখনও ২৫ হাজার কখনও ২২ হাজার এবং কখনও ১১ হাজারের ঘর। কিন্তু যেখানে ঘর নেই, মাটির দেয়াল হয়েছে সেখানে কোন ব্যবস্থা হচ্ছে না। আজকাল একটা নূতন পরিকল্পনা দেখছি, মাঝখানে একটা ঘর এবং তার চারিপাশে বারান্দা। এটা কোথা থেকে এল বুঝতে পারছি না। সেখানে না হয় বর্ষাকালে স্কুল, না হয় গ্রীষ্মকালে স্কুল—এটা যে কি ধরনের পরিকল্পনা বুঝতে পারছি না। আমার বক্তব্য হচ্ছে এই সমস্ত ঘর করবার সময় স্থানীয় চাহিদা অনুসারে এবং স্থানীয় লোকের পরামর্শ অনুসারে যেন ঘর তৈরি করা হয় এবং তা যদি করেন, তা হ'লে দেখবেন কম খরচে মজবুত ঘর তৈরি করা যাবে। তারপর গ্রামাঞ্চলে দেখবেন তফসিল ছেলেরা বা তফসিল উপজাতি ছেলেরা খেতে পায় না, কাপড় পরতে পারে না এবং স্কুলে আসতে পারে না এবং তার জন্য দেখছি একটা বিরাট অংশের অপচয় হচ্ছে।

আমি একটা অনুরোধ রাখব, যেমন, যেসমস্ত গরিব ছেলেরা স্কুলে পড়তে আসে, তাদের পোশাক-পরিচ্ছদ স্কুল থেকে যেন সরবরাহ করা হয়, সেদিকে যেন নজর দেওয়া হয়। আর একটা অনুরোধ আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে রাখব। আমরা দেখছি অনেক শিক্ষক দীর্ঘদিন ধ'রে শিক্ষকতা করেছে, কিন্তু অবসর সময়ে তাঁরা কোন মর্যাদা পান না। সেজন্য যে সমস্ত সাব-ইনস্পেক্টার নিয়োগ করার কথা বলছেন, সে সম্বন্ধে আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে বলতে চাই যে, তিনি যেন প্রতিটি অঞ্চলে এই সমস্ত অভিজ্ঞ শিক্ষকদের মধ্য থেকে নিয়োগ করেন এবং প্রতিটি সার্কেলে তাদের মধ্য থেকে পরিদর্শক বা ইনস্পেক্টার নিয়োগ করেন। যে সমস্ত শিক্ষক এই কাজের উপযুক্ত শিক্ষকতায় অভিজ্ঞ তাঁরা যাতে এই সমস্ত পদে নিযুক্ত হতে পাবে, তার জন্য আমি আপনার নিকট অনুরোধ জানিয়ে এবং মাননীয় শিক্ষামন্ত্রী কর্তৃক আনীত ব্যয়-বরাদ্দের দাবিকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ্।

শ্রীবিমল পাইক: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, শিক্ষা খাতে অনেক কথারই আলোচনা হচ্ছে। আমি আমার বাস্তব জীবনের একটা ঘটনার কথা আমার বক্তব্যের প্রাথমিক পর্যায়ে যেটা মনে পড়ছে সেটা একটু ব'লে নিতে চাই। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি কাঁথি প্রভাতকুমার কলেজে বছর ষোল যাবৎ অধ্যাপনা করি এবং কাঁথি কোর্টে ওকালতি করি। একদিন হঠাৎ বেলা ১১টার সময় শুনতে পেলাম কাঁথি কলেজে বোমা ফাটছে, ছেলেরা টেস্ট পরীক্ষা দেবে না ঠিক করেছে। শেষ কর্তব্য মনে ক'রি আমি সেখানে গেলাম। আমি কলেজে গিয়ে দেখলাম, কলেজের প্রিন্সিপালকে শ'পাঁচেক ছেলে ঘিরে রয়েছে, আমি সেখানে গিয়ে পেঁছাতেই কয়েকটি ছেলে ফিসফাস ক'রে প্রিন্সিপাল মহাশয়কে ছেড়ে দিল। যারা গোলমাল করছিল, তাদের মধ্য থেকে জনপাঁচেক পান্ডা ধরনের ছেলেকে ডেকে জিজ্ঞাসা করলাম, হ্যাঁ রে, তোরা হঠাৎ চুপ ক'রে গেলি কেন, আমাকে দেখে? তখন তারা বলল, স্যার, আপনি জানেন, ছেলেরা আপনাকে খুব ভক্তি করে শ্রদ্ধা করে। আমি তখন মনে মনে ভাবলাম, আমি তো এমন কিছু ভাল কাজ করেছি ব'লে মনে হচ্ছে না? তাদের জিজ্ঞাসা করলাম, আমাকে ভক্তি করিস, শ্রদ্ধা করিস, ব্যাপারটা কি বলতো? তারা বললে, হ্যাঁ স্যার, আমাদের কলেজে দেখুন, নকশাল আছে, সি পি আই আছে, সি পি এম আছে, আদি কংগ্রেস আছে, আরও অনেকে আছে, কিন্তু স্যার, আপনাকে ছেলেরা ভক্তি করে, এ বিষয়ে কারও দ্বিমত নাই। আমি জানতে চাইলাম, কে বলতো। তারা বললে, আপনার বিরুদ্ধে যদি কেউ কিছু বলে তবে তার পিঠের ছাল তুলে নেব। আমি বললাম, ব্যাপারটা কি বলতো। তারা তখন জানালে, ব্যাপারটা আর কিছু নয় আপনি স্যার, কলেজে আসেন না, আর পড়ান না বলে। প্রকৃতপক্ষে শিক্ষা সম্পর্কে আমার একটা ধারণা হয়ে গেছে, আমার ব্যক্তিগত ধারণা, আমার কোন ছাত্র এসে যদি বলে, ফার্স্ট ডিভিশনে পাশ করেছে, কি ফার্স্ট ক্লাস পেয়েছে, আমার একটা ধারণা হয়, বোধ হয় ছেলেটা ভাল নকল করতে পারে। কোন শিক্ষকের আমাদের কলেজে যদি সুনাম শুনি, আমার ধারণা হয় ভদ্রলোক বোধ হয় মোটেই পড়ান না, কোন ইনস্টিটিউশন যদি ভাল ব'লে জানা যায়, আমার ধারণা হ

বোধ হয় সেক্রেটারী এবং হেডমাস্টার মশাই ভাগটা ভালভাবেই করছেন। আর কেউ যদি এসে বলে, ছেলেটাকে পড়াবার জন্য রাতে আমার ঘুম হয় না, তখন মনে হবে ভদ্রলোক বোধ হয় ৭-৮ মাসের বেতন দেন না, এডুকেশন অফিসার যার নামে সুনাম শুনি, মনে হবে ভদ্রলোক বোধ হয় এদিক-ওদিক করেন। আমাদের শিক্ষামন্ত্রী যখন বলেন, এটা গুরুতর ব্যাপার, ভেবে-চিন্তে দেখতে হবে, আমার ধারণা—তাদ্বারা কিছু হবে না।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আর একটা কথা ব'লে আমার বক্তব্য শেষ করব। আজকে শিক্ষা খাতে কথা হচ্ছে। ভূমিরাজস্ব মন্ত্রী এসে এখানে বসেছেন। এর অর্থ যাই হো'ক না কেন, আমার মনে একটা এর অন্তর্নিহিত অর্থ আছে।

[8-00—8-10 p.m.]

আপনি জানেন পুরাণ নিশ্চয়ই পড়েছেন। লক্ষ্মীর সঙ্গে সরস্বতীর ভয়ানক বিবাদ ছিল। লক্ষ্মী হচ্ছেন ধনের প্রতীক আর সরস্বতী হচ্ছেন বিদ্যার প্রতীক। আমাদের পশ্চিমবঙ্গে সরস্বতীর বাহন হচ্ছেন মৃত্যুঞ্জয়দা আর লক্ষ্মীর বাহন হচ্ছেন গুরুপদদা। দু'জনের মধ্যে মিল নেই। এটা পরিষ্কারভাবে বলছি। কি রকম যখন দেখলেন ধনীরা যারা আছে যাদের টাকা-কড়ি আছে তারা সরস্বতীর বাহন মৃত্যুঞ্জয়দার সাথে খুব ঘোরাঘুরি করলেন, তখন লক্ষ্মীর বাহন গুরুপদদা ক্ষেপে গেলেন এবং তখন বললেন আইন তৈরি কর। যারা ধনীরা মৃত্যুঞ্জয়দার অর্থাৎ সরস্বতীর বাহনের পিছনে ঘুরছেন তাদের জমিজমা কেড়ে নাও। তিনি কেড়ে নিলেন, তারা সকলে ছুটে এল মৃত্যুঞ্জয়দার কাছে। মৃত্যুঞ্জয়দা বললেন, মাভৈঃ তোমাদের কোন ভয় নেই। তোমাদের জমি কেড়ে নিয়েছে—আমি ব্যবস্থা ক'রে দিচ্ছি?—কি ব্যবস্থা? তোমরা খুলে দাও সেকেন্ডারি স্কুল আমি টাকা দেব। সত্যি কথা মৃত্যুঞ্জয়দা যে সেকেন্ডারি স্কুল খুলেছেন সেগুলোর সেক্রেটারীদের অনেকেরই রাতারাতি তিনতলা পাকা বাড়ি। তার হেড মাস্টার মহাশয়দের অনেকেরই মোটা অঙ্কের ব্যাঙ্ক ব্যালেন্স। আমাদের দেশে একটা কথা আছে—কি করবে জমিদারী যদি থাকে সেকেন্ডারি। এই সেকেন্ডারি থাকলে আর রক্ষে নেই। আর এক জায়গায় দেখবেন যে এই দু'জনের মধ্যে কি রকম গরমিল। কথায় আছে উকিল, ব্যারিস্টাররা হচ্ছেন সরস্বতীর বাহন এবং ভক্ত। আমাদের ভূমিরাজস্ব মন্ত্রী তাদের উপর ক্ষেপে গেলেন। তিনি সব আইন করছেন—সেখানে লিখে দিচ্ছেন নো সিভিল সুট স্যাল লাই। এস্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট-এ আসুন—ল্যান্ড রিফর্ম অ্যাক্ট-এ আসুন। পরশুদিন যে আইনটা পাশ হ'ল রেস্টোরেশন অব অ্যালাইনেটেড ল্যান্ড। সেখানেও লিখে দিচ্ছেন, নো সিভিল সুট স্যাল লাই।

তারা ছুটলো মৃত্যুঞ্জয়দার কাছে কি হবে? উনি বললেন, তোমাদের চিন্তা নেই, আমি হাই স্কুল, সেকেন্ডারি স্কুল ক'রে দিচ্ছি। মোকদ্দমা চালাও। সত্যি কথা বলতে কি আমাদের মেদিনাপুর ডিস্ট্রিক্ট-এ ২১০টা স্কুল, আমার কাছে ১০০টা ব্রিফ আছে। অন্য কিছু কথা নয় একটা কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

মৃত্যুঞ্জয়দা ঘন তমসার পার হতে আলোক বর্তিকা জ্বালাবার যে প্রয়াস করেছেন তা আশাপ্রদ ভাবে ফলবতী হোক এই কথা ব'লে তিনি যে বায়বরাদ্দ চেয়েছেন তাতে আমার সমর্থন জানিয়ে আমার বক্তব্যের ইতি করছি।

শ্রীমদনমোহন মাহাতোঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী আজকের হাউসে শিক্ষা খাতে যে ব্যয়বরাদ্দ এনেছেন আমি সেই দাবি সর্বান্তঃকরণে সমর্থন করছি। সমর্থন করতে গিয়ে একটা আবেদন আমাদের শিক্ষামন্ত্রী এবং পশ্চিমবঙ্গ সরকারের কাছে রাখতে চাই। আপনি জানেন পুরুলিয়া জেলা একটা অনুন্নত এবং অনগ্রসর জেলা। এই জেলার অনগ্রসরতার যতগুলো কারণ আছে তার মধ্যে সর্বপ্রধান এবং প্রথম কারণ শিক্ষার সুযোগের অভাব। জন-সংখ্যার অনুপাতে পুরুলিয়া জেলাতে খুব কমসংখ্যক মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক এবং কলেজ আছে।

শুধু উচ্চশিক্ষার সুযোগের অভাব নয় এখানে প্রাথমিক শিক্ষারও বিশেষ অভাব এবং অসুবিধা আছে। বিশেষ ক'রে আদিবাসী, হরিজন এবং অনুন্নত সম্প্রদায়ভুক্ত গ্রামগুলোতে এখনও প্রাথমিক স্কুল প্রতিষ্ঠিত হয় নি। যার ফলে অসংখ্য আদিবাসী, হরিজন এবং অনুন্নত সম্প্রদায়ের ছেলে শিক্ষার আলো দেখতে পায় নি। কাজেই আমার অনুরোধ, পুরুলিয়া জেলার প্রতি যেন পশ্চিমবঙ্গ সরকার একটু বিশেষ নজর দেন। আর একটা কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করতে চাই। এই পুরুলিয়া জেলা তখনকার মানভূম বিহার রাজ্যের অন্তর্ভুক্ত ছিল। তখন পুরুলিয়া জেলায় কতকগুলো গভর্নমেন্ট স্পনসর্ড জুনিয়ার বেসিক স্কুল ছিল। সেই স্কুলগুলির অবস্থা এখন চরমে উঠেছে। সেই স্কুলের শিক্ষকগণ গভর্নমেন্ট সার্ভেন্ট ব'লে পরিগণিত হ'লেও পশ্চিমবঙ্গ সরকার তাদের প্রতি নজর দেন নাই। তাদের সার্ভিস এখনও কনফার্ম হয় নি। আমি নজীর দিতে পারি অনেক শিক্ষক রিটায়ার ক'রে গেছে, তবু তাদের সার্ভিস এখনও কনফার্মড হয় নি। গভর্নমেন্ট সার্ভেন্ট হ'লেও পেনসন হতে তারা বঞ্চিত হয়েছে। এই বিষয়ে আমি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আর একটা কথা বলতে চাই, যেহেতু পুরুলিয়া একটি বিশেষ অনগ্রসর জেলা, উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের জন্য যে অনুদান মঞ্জুর করার ব্যবস্থা করেছেন যেন প্রত্যেক স্কুল সেই অনুদান পায়—এই ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি এবং মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দ উপস্থিত করেছেন তাকে সম্পূর্ণ সমর্থন জানাই।

শ্রীশেখ দৌলত আলি: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় আজকে এই সভায় শিক্ষা খাতে ব্যয়বরাদ্দের জন্য যে অনুদান চেয়েছেন আমি তাকে পূর্ণ সমর্থন করি এবং কয়েকটি ক্ষেত্রে তাঁকে আমি স্বাগত জানাই। কেননা তাঁর বক্তব্যের মধ্যে প্রাথমিক শিক্ষা স্তরে যে দীর্ঘ ব্যয়ের কথা বলেছেন আমরা তা লক্ষ্য করেছি। আর একটা ক্ষেত্রে তাঁকে স্বাগত জানাই যে, সুন্দরবন এলাকায় শিক্ষার জন্য ৫০ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে। এবং বিভিন্ন ক্ষেত্রে তাদের মানসিকতার পরিবর্তন হয়েছে এজন্য তাঁকে আমি ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু একটি বিষয়ে আমি শিক্ষামন্ত্রীকে বলবো, আশা করি তাতে শিক্ষামন্ত্রী মহাশয় সজাগ হবেন। যাঁরা পলিটিক্যাল সাফারার ছিলেন তাদের ছেলেমেয়েদের শিক্ষালাভের জন্য যে বরাদ্দ আগের বছর ছিল সেটা কমিয়ে দেওয়া হয়েছে। আগের বাজেটে ছিল ১ লক্ষ ৭৫ হাজার টাকা। এবারে সেটা কেন কমিয়ে ১ লক্ষ টাকা করা হ'ল তা ঠিক বুঝতে পারছি না। যারা দেশের স্বাধীনতার জন্য নিজেদের জীবনকে উৎসর্গ করেছে তাদের ছেলে-মেয়েরা আরও বেশী শিক্ষালাভ করুক এই ব্যবস্থাই হওয়া দরকার। তারা যদি আরও বেশী আনুকূল্য লাভ না করে, তা হ'লে বুঝতে হবে যে, আমরা তাঁদের প্রতি অবিচার করছি। যেখানে এই পশ্চিমবঙ্গে আমলাতন্ত্রের মাতব্বর এবং অন্যান্য বুরোক্রেসি যারা রয়েছে তাদের বাড়ির ছেলেমেয়েরা উন্নত অবস্থায় পড়াশুনা করতে পারে সেখানে রাজনৈতিক নির্যাতিত কর্মীদের ছেলেমেয়েদের শিক্ষা খাতে টাকা কমানোর কোন যুক্তি নেই। শিক্ষকদের যে সার্ভিস কন্ডিসন সেটা নিশ্চয় উন্নত হওয়া উচিত। গতবারে এই জন্য ২১ লক্ষ ১২ হাজার টাকা ধরা হয়েছিল এবারে সেখানে দেখছি ২০ লক্ষ ২০ হাজার টাকা করা হয়েছে। যেখানে আমাদের এগিয়ে যাবার কথা সেখানে কি ক'রে পিছিয়ে আসা সম্ভব হ'ল! এখানেও মনে হয় কোথায় যেন আমলাতন্ত্রের কারচুপি রয়েছে। আর একটা কথা আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীকে জানাতে চাই সেটা হচ্ছে দীর্ঘ দিন ধ'রে পশ্চিমবঙ্গে মুসলিম শিক্ষা পদ্ধতি অবহেলিত হচ্ছিল—আজকে ওনার ভাষণে একটা স্বীকৃতি পেলাম যে, একটা মাদ্রাসা বোর্ড গঠন করবার তিনি ব্যবস্থা করছেন। এর জন্য আমি তাঁকে সাধুবাদ জানাই।

[8-10—8-20 p.m.]

কিন্তু সঙ্গে সঙ্গে তাঁকে এই কথা স্মরণ করিয়ে দিতে চাই, আলেয়া মাদ্রাসায় লেকচারার নিয়োগ করবার জন্য ইন্টারভিউ হয়েছিল কিনা জানি না এবং কার কারচুপিতে সেই নিয়োগপত্র যায় নি সেটা জানি না। গতবারের বাজেটে এই মাদ্রাসা শিক্ষাব্যবস্থার জন্য ৫০ হাজার টাকা ব্যয় করবার কথা ছিল, কিন্তু এবার রিভাইজড বাজেটে কেন জানি না মাত্র ২৫ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে। এই মাদ্রাসা বোর্ডের শিক্ষাব্যবস্থা সম্পর্কে প্রথম থেকে একটি কথা বললে এর যথেষ্ট পরিষ্কার বক্তব্য হবে সেটা হচ্ছে মাদ্রাসা বোর্ডে কোন কিছু চিঠি লিখতে গেলে রিপ্লাই কার্ড দিতে হবে, আজকে সেই জন্য বলছি অন্যান্য ক্ষেত্রে যখন ব্যয়বরাদ্দ বাড়াবার চেষ্টা করছেন

তখন পাশাপাশি মাদ্রাসা বোর্ডের শিক্ষাব্যবস্থা ঢেলে সাজাবার কথা চিন্তা করছেন না এবং তাদের আর্থিক দৈন্য মোচনের কোন কথা এখানে নেই ব'লে আমি অত্যন্ত হতাশ হয়েছি। আমি আশা করবো, আজকে পরিষ্কার ক'রে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে তার উত্তর দিতে হবে। আজকে মাদ্রাসা বোর্ডের শিক্ষা পদ্ধতিতে দু'টি স্কীম অর্থাৎ একটি ওল্ড স্কীম, আর একটি নিউ স্কীম চালু আছে। যেখানে এ এম পাশ করলে আমরা বলছি হায়ার সেকেন্ডারি, স্কুল ফাইনালের সমতুল্য হবে। কিন্তু বাস্তবে ইন্টারভিউ করার ক্ষেত্রে বিমাতৃসুলভ আচরণ করা হচ্ছে আমরা দেখতে পাচ্ছি। এই মাদ্রাসা বোর্ডের আর্থিক দৈন্য দূর করতে হবে। আর এই নিউ, ওল্ড স্কীমের সঙ্গে আকাশ-পাতাল তফাৎ রাখায় আজকে শিক্ষিত জনসাধারণের মধ্যে হতাশা নেমে এসেছে, সেটা দূর করবার ব্যবস্থা করুন। আর একটি দিকে আমি শিক্ষামন্ত্রীর সঙ্গে একমত তিনি বলেছেন যে শিক্ষকদের মধ্যেও অনেক প্রতিভাবান ব্যক্তি রয়েছে। আজকে শিক্ষক সমাজ অনেক আশা-আকাঙ্ক্ষা নিয়ে আপনার উপর চেয়ে বসেছিলেন, তাঁদের অভাব-অভিযোগের প্রতি যদি নজর দেওয়া না হয়, তা হ'লে তাঁরা আবার ফুটপাতে নামতে বাধ্য হবেন এবং সেই প্রতিভাবান ব্যক্তিগুলি যদি আজকে আবার পথে নামেন, তা হ'লে সরকারকে নানান রকম অসুবিধার সম্মুখীন হতে হবে। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয়ের ব্যয়বরাদ্দকে সমর্থন ক'রে এই কথা বলতে চাই যে, আজকে বাস্তব পরিস্থিতির উপর লক্ষ্য রেখে শিক্ষা জগৎকে দুর্নীতিমুক্ত ক'রে তুলুন। এই কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকেশবচন্দ্র ভট্টাচার্য: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের শিক্ষামন্ত্রী যে বাজেট উপস্থাপিত করেছেন আমি তাকে সমর্থন করছি। এই বিধানসভায় আমাদের বহু বন্ধু অনেক আর্তনাদ করেছেন, অনেক সমালোচনা করেছেন, অনেক গঠনমূলক কথা বলেছেন। তাঁদের এই সব বক্তব্যগুলি আমাদের শিক্ষামন্ত্রীর হৃদয়ে নতুন সুরে নাড়া দিতে পেরেছে কিনা আমরা জানি না। এই কথাগুলি যদি তাঁর হৃদয়ে প্রকৃত আঘাত ক'রে থাকে, তা হ'লে তিনি দয়া ক'রে এই বিধানসভায় উত্তর দেবার সময় সেগুলির উত্তর দিলে আমরা খুব আনন্দিত হবো। আমাদের এই শিক্ষামন্ত্রী তিনি একজন শিক্ষাবিদ এবং এই অ্যাসেমব্লীর সদস্য। তিনি পুরানো মানুষ, তাঁকে আমরা সমর্থন জানাই। রাষ্ট্রসংঘে নোবেল পুরস্কারের জন্য তাঁর নাম পাঠাবার কথা বলব। আজকে তাঁর উত্তরের মাধ্যমে এই কথা তাঁকে বলতে হবে যে, পশ্চিমবাংলায় রবীন্দ্রনাথ, বঙ্কিমচন্দ্রের বাংলাভাষা সর্বস্তরে প্রচলন করতে হবে—এই কথা আজকে আমাদের ঘোষণা করতে হবে। এই কথা আপনাকে ঘোষণা করতে হবে প্রাথমিক শিক্ষকরা আজকে যে বেতন পান তাতে তারা ঠিক মত শিক্ষাদান করতে পারেন না, সেই জন্য আজকে তৃতীয় শ্রেণীর সরকারী কর্মচারীদের সমতুল্য বেতন তাদের দিতে হবে। সেই সঙ্গে সঙ্গে প্রাথমিক স্কুলের শিক্ষকরা যাতে ঠিকমত স্কুলে অ্যাটেন্ড করেন, তাঁরা যাতে কোন মতেই শৈথিল্য না দেখান তার জন্য ইনস্পেক্টরের উপর কড়া নির্দেশ জারী করতে হবে।

আমি জানি না ডেফিসিট গ্রান্ট হবে কিনা, বহু ফ্যাঁকড়া উপস্থিত হয়েছে। তবে ডেফিসিট গ্রান্ট দেন বা না দেন সমস্ত প্রাথমিক শিক্ষককে সরকারী কোষাগার থেকে নিয়মিত বেতন দিতে হবে। তা ছাড়া মাসে মাসে মানি অর্ডার বাবত আমরা প্রায় এক লক্ষ টাকা ব্যয় করি। এই টাকাটা কেন্দ্রীয় সরকারকে না দিয়ে পশ্চিমবঙ্গের শিক্ষার উন্নতির জন্য ব্যয় করলে আমরা আনন্দিত হব। সব শেষে শিক্ষামন্ত্রী মহাশয়কে বলব, আজকে এই বিধানসভায় দাঁড়িয়ে ঘোষণা করুন, আপনার এই যে প্রচেষ্টা এটা অব্যাহত থাকবে। এই ঘোষণা যদি আমরা পাই, তা হ'লে আনন্দচিত্তে আপনার বাজেটকে সমর্থন জানিয়ে আমরা আনন্দ করবো। কারণ যে সমস্ত শিক্ষক বন্ধুরা আজকে বাইরে আছেন তাঁরা যখন আমাদের জিজ্ঞাসা করবেন, আমাদের সম্পর্কে আপনারা কি বক্তব্য রাখলেন, কি নিয়ে এলেন, কি প্রতিশ্রুতি পেলেন তখন যেন বলতে পারি আমাদের শিক্ষামন্ত্রী পশ্চিমবাংলার শিক্ষকদের বাঁচাবার জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করেছেন। আপনি যদি এই কাজ করেন, তা হ'লে আমরা সমস্ত সভ্যরা, পশ্চিমবঙ্গের সমস্ত মানুষ আপনাকে ধন্যবাদ জানিয়ে, সাধুবাদ জানিয়ে আগামী দিনে আপনার জয়গান করবো। এই কথা ব'লে বাজেটকে সমর্থন জানিয়ে শেষ করলাম।

শ্রীমহম্মদ দেদার বক্স: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় ১৯৭৩-৭৪ সালের যে ব্যয়বরাদ্দের দাবি মঞ্জুরের জন্য সভায় পেশ করেছেন তাকে আমি পরিপূর্ণভাবে সমর্থন জানাচ্ছি। মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর বিবৃতিতে যা বলেছেন তাতে, কি প্রাথমিক, কি মাধ্যমিক, কি উচ্চ মাধ্যমিক, কি কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষা তার প্রতিটি স্তরে শিক্ষাব্যবস্থার পরিবর্তনের দৃষ্টিভঙ্গি দেখতে পেয়েছি, তার জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। বিশেষ ক'রে তিনি সীমিত অর্থে এই যে প্রাথমিক শিক্ষার উপর জোর দিতে চেয়েছেন এর জন্য ধন্যবাদ জানাচ্ছি। কারণ এতে গ্রামবাংলার লোকেরা বুঝতে পারবেন যে, হ্যাঁ, শিক্ষা খাতে ব্যয়বরাদ্দ ক'রে নিরক্ষরতা দূরীকরণের একটা বলিষ্ঠ পদক্ষেপ নেওয়া হয়েছে। তবে এতে আত্মসন্তুষ্টির কোন কারণ দেখি না। আমি শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে দাবি রাখবো যে, যেসমস্ত গ্রামে প্রাথমিক বিদ্যালয় নেই সেই রকম প্রতিটি গ্রামে বিদ্যালয় করতে হবে। প্রথম শ্রেণী থেকে চতুর্থ শ্রেণী পর্যন্ত ৪টি শ্রেণীর জন্য ৪ জন শিক্ষক দিতে হবে। বর্তমানে যে ৪০ জন ছাত্র পিছু একজন শিক্ষক আছেন সেটা পরিবর্তন ক'রে কেন্দ্রীয় সমীক্ষা অনুযায়ী ২০ জন ছাত্র প্রতি একজন ক'রে শিক্ষক দিতে হবে। কেননা মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, ছাত্র সমাজই জাতির মেরুদণ্ড। এদের যদি গড়তে হয়, তা হ'লে এদের ভিতটা ভাল ক'রে তৈরি করতে হবে। তা ছাড়া স্যার, যাঁরা শিক্ষকতা করছেন তাঁদের মত একই কোয়ালি-ফিকেসান নিয়ে সরকারী দপ্তরে যাঁরা চাকরি করছেন তাঁরা বেশী বেতন পাচ্ছেন। অর্থাৎ সরকারী দপ্তরে যাঁরা কাজ করছেন তাঁদের মত বেতন শিক্ষকরা পাচ্ছেন না। তাঁদের যাতে উপযুক্ত বেতন দেওয়া হয় সেদিকে দৃষ্টি আকর্ষণ করছি। তা ছাড়া মাধ্যমিক স্কুলের হেড মাস্টারদের সঙ্গে সহ-শিক্ষকের স্কেলের একটা বিরাট ব্যবধান আছে। অথচ ইনস্টিটিউশনের শিক্ষাব্যবস্থা বা মাধ্যমিক স্তরের শিক্ষা ব্যবস্থা, নির্ভর করছে সহ-শিক্ষকদের উপর। এই বৈষম্য দূর করার জন্য আবেদন জানাচ্ছি। উপরন্তু আপনি লক্ষ্য করেছেন, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উচ্চ মাধ্যমিক এবং মাধ্যমিক স্তরে যে লাইব্রেরী বা ল্যাবরেটরী বিল্ডিং রয়েছে এই সব জায়গায় কোন নাইট গার্ড নেই, এত টাকা নষ্ট করা হচ্ছে, ফল্‌স ভাউচার হচ্ছে, তবুও সেদিকে দৃষ্টি দেওয়া হয় না। এবং ম্যানেজিং কমিটি সম্বন্ধে বলছি, প্রত্যেকটি ম্যানেজিং কমিটি স্তরে ছাত্র সমাজ থেকে প্রতিনিধি হিসাবে নিতে হবে এবং গার্জেন সাইড থেকে মনোনয়ন করতে হবে। কারণ এটা রাজনৈতিক ডিপো হয়ে যাচ্ছে। কাজেই সেটাকে যদি রাজনীতি মুক্ত করতে হয়, তা হ'লে ম্যানেজিং কমিটির মনোনয়ন প্রার্থী থাকবেন অভিভাবক, বিদ্যানুরাগী এবং ছাত্র সমাজের প্রতিনিধি। এটা হবে মাধ্যমিক স্তর থেকে বিশ্ববিদ্যালয় স্তর পর্যন্ত। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পেন্‌সনের কোন বন্দোবস্ত নেই, জাতীয় শিক্ষক-শিক্ষিকারা অবসর পাবার পরেও শ্মশান ঘাটে, কবরস্থানে যাচ্ছে, কিন্তু তবুও তাদের কোন ব্যবস্থা হচ্ছে না। আমি এই কথা বলতে চাই ১৯৭০ সালের ১লা জানুয়ারি পর্যন্ত যে ডেফিসিট গ্রান্টের কথা বলা হয়েছে মাধ্যমিক স্কুলগুলোর ক্ষেত্রে, সেই রকম মাদ্রাসার ক্ষেত্রে কোন উল্লেখ নেই। মাননীয় মন্ত্রি-মহাশয়কে আরো বলব ইন্টারমিডিয়েটের পরে ৩ বছরের যে ডিগ্রী কোর্স করা হয়েছে, এটাতে সময় নষ্ট করা হবে এবং মাতৃভাষার মাধ্যমে বিশ্ববিদ্যালয়ে শিক্ষা দেবার ব্যবস্থা করতে হবে। গান্ধীজীর যে বেসিক এডুকেসন সেটাকে কার্যকর করতে হবে এবং সেটা কারিগরী শিক্ষার মাধ্যমে করতে হবে, তা ছাড়া হবে না। এই ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

[8-20—8-30 p.m.]

শ্রীরূপসিং মাঝী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে শিক্ষামন্ত্রী শিক্ষা খাতে যে ব্যয়বরাদ্দ নিয়ে এসেছেন সেটাকে আমি আংশিকভাবে সমর্থন জানিয়ে আমার বক্তব্য রাখছি। প্রশাসনিক অবস্থার জন্য প্রাইমারী এবং সেকেন্ডারি শিক্ষার ক্ষেত্রে কি অবস্থা হয়েছে সে সম্বন্ধে বিভিন্ন বক্তা ব'লে গেছেন। ইন্‌ডিসিপ্লিন্ড—বিশৃঙ্খলা সৃষ্টি যেখানে সেখানে হয়েছে না হবার সম্ভাবনা আছে। আমি শিক্ষামন্ত্রী মহাশয়কে স্মরণ করিয়ে দিচ্ছি তিনি যেন স্কুলে গিয়ে ডিস্টার্বেন্স সৃষ্টি না করেন। কারণ, স্কুলে গিয়ে ডিস্টার্বেন্স সৃষ্টি বন্ধ করা আমাদের কর্তব্য। প্রাথমিক অব্যবস্থা থাকার জন্য সেকেন্ডারী শিক্ষকদের, প্রাইমারী

শিক্ষকদের নিয়মিত বেতন আমরা দিতে পারছি না, ২-৩ মাস ধ'রে তারা বেতন পাচ্ছে না। আমি নিজের অঞ্চলে গিয়ে দেখেছি এবং আমি যে স্কুলে শিক্ষকতা করি এবং আমার এলাকার অন্যান্য স্কুলগুলিতে দেখা যাচ্ছে ২-৩ মাস ধ'রে তারা বেতন পাচ্ছে না। বিরোধী পক্ষের এ বি টি এ অর্গানাইজেসন অন্যান্য শিক্ষক সংস্থা তারা শিক্ষকদের মধ্যে ঢুকে, ছাত্রদের মধ্যে ঢুকে বিক্ষোভ সৃষ্টি করার জন্য উঠে পড়ে লেগেছে। আমার আশঙ্কা হচ্ছে কিছু দিনের মধ্যে শিক্ষকদের মধ্যে একটা ব্যাপক বিশৃঙ্খলা দেখা দিতে পারে। এটা যেন না হয়, প্রশাসনিক দৃষ্টিভঙ্গিতে তিনি একটু শক্ত হয়ে নজর রাখেন এবং বেতন নিয়মিত দেবার চেষ্টা করেন। এই ছাড়া মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি শিক্ষামন্ত্রী মহাশয়কে স্মরণ করিয়ে দিতে চাই যে, যে সমস্ত স্কুলে ২৫ জন ছাত্র থাকে, প্রত্যেকটি ২৫ জন ছাত্রের জন্য একজন শিক্ষক নিয়োগ হবার কথা সেখানে আপনাদের সার্কুলারে আছে পার থার্টি একজন শিক্ষক নিয়োগের ব্যবস্থা হচ্ছে। যে সমস্ত অঞ্চল ট্রাইব্যাল এলাকা, সেই সমস্ত এলাকায় আইনের মাধ্যমে একজন সাঁওতাল শিক্ষক নিয়োগের কথা আমাদের রাখা দরকার। যদি এই ব্যবস্থা না থাকে, তা হ'লে অবিলম্বে তার ব্যবস্থা করার প্রয়োজন আছে ব'লে আমি মনে করি।

বর্তমান সরকার ক্যাস প্রোগ্রাম স্কীমে ৫ হাজারটি ক'রে স্কুল বিল্ডিং করবার যে ব্যবস্থা রেখেছেন সেটা যদি চিফ ইঞ্জিনীয়ার, কনস্ট্রাকশন বোর্ডকে দেওয়া হয় আমার মনে হয় সেই কনস্ট্রাকশনের কাজ রূপায়িত হবে না, কারণ আমরা জানি চিফ ইঞ্জিনীয়ার, কনস্ট্রাকশন বোর্ড আজকে ডিপার্টমেন্টের কাজ করতে পারছে না। এই জন্য আমি অনুরোধ করছি সেটা যেন এই ডিপার্টমেন্টের মাধ্যমে রূপায়িত হয়। বেসিক স্কুলগুলিকে উপেক্ষা করা হচ্ছে, শুধু তাই নয় হাই স্কুলগুলিকে ডেফিসিট গ্রান্টের আওতায় ফেলে দেওয়া হচ্ছে। কিন্তু জোনাল স্কুলগুলিকে ডেফিসিট গ্রান্টের আওতায় ফেলা হয় না। মেদিনীপুর জেলার মত পুরুলিয়া জেলাতেও সবচেয়ে যারা অনুন্নত, যাদের অনেকেই ক্রিমিনাল সেই খেড়িয়া সম্প্রদায়ের শিশুদের শিক্ষার জন্য আবাসিক স্কুল করা উচিত। কারণ রাজ্যের উন্নতির জন্য সৈনিক স্কুলগুলিকে ফুলফ্লেজ্‌ড করা উচিত। কারণ ঐ বিদ্যালয়েই গরিব মেধাবী ছাত্ররা ভর্তি হওয়ার সুযোগ পায়, স্কলারশিপ পায়, মিলিটারী ট্রেনিং দেবার এটাই একমাত্র প্রতিষ্ঠান। আর পলিটেকনিকগুলিকে ন্যাশনালাইজ করা হোক, এবং পলিটেকনিকগুলির জন্য সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে টাকার দাবি করা হোক। আমি মনে করি, ডিস্ট্রিক্টের প্রতিটি ব্লকে ইন্টারমিডিয়েট কলেজ এবং জোন-ওয়াইজ ডিগ্রী কলেজ স্থাপনের প্রস্তাব রাখা উচিত। আর একটা জিনিস শিক্ষামন্ত্রীকে স্মরণ করিয়ে দিচ্ছি সেটা হচ্ছে ভাষা সম্বন্ধে এবং আমি দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, আঞ্চলিক ভাষা হিসাবে সাঁওতাল ভাষাকে চালু করা হয় নি এবং এর জন্য ২-৪ বছর ধ'রে আন্দোলন চ'লে আসছে। এই আন্দোলন আগামী দিনে বিপ্লবে পরিণত হতে পারে এবং এটা বিপ্লবে পরিণত হওয়ার সম্ভাবনা আছে, এটাকে কোন সরকার কোন ভদ্র সমাজ চেপে রাখতে পারবে না। তাই আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং বর্তমান সরকারকে জানিয়ে দিচ্ছি যে শিক্ষাক্ষেত্রে সাঁওতালী ল্যাঙ্গোয়েজকে অবিলম্বে চালু করুন আমাদের সাঁওতালী ভাষাকে মর্যাদা দিন।

শ্রীগণেশচন্দ্র হাটুই : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শ্রদ্ধেয় শিক্ষামন্ত্রী শিক্ষা খাতে ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন করেছেন তাকে আমি আন্তরিকভাবে সমর্থন করছি। অনেক বক্তা বলেছেন যে ২৫ বছর পার হয়ে গেল অথচ দেশ থেকে নিরক্ষরতা দূর হ'ল না। সবে মাত্র ১ বছরও আমাদের পার হয় নি, যদি দেশ থেকে নিরক্ষরতা দূর না হয়ে থাকে তাহলে এর জন্য দায়ী ২০ বছরের প্রফুল্লবাবুর সরকার, আর ২২ মাসের যুক্তফ্রন্ট সরকার। আমাদের সময় এখনও আছে, সেই সময়সীমার মধ্যে যদি আমরা অগ্রসর হতে না পারি, তা হ'লে নিশ্চয়ই আমাদের দায়ী করবেন। আর একটা কথা অনেকেই বলেছেন গ্রামের স্কুল সম্বন্ধে, যেসব স্কুললেস ভিলেজ আছে সেখানে নাকি এখনো আমরা বিদ্যালয় স্থাপন করতে পারি নি। প্রতিটি বিদ্যালয়ের ক্ষেত্রে আমাদের একটা নীতি আছে যে, ডি পি আই থেকে একটা অ্যাপ্রুভড লিস্ট প্রত্যেক জেলায় পাঠানো হয়। আমি হুগলী জেলা স্কুল বোর্ডের ভাইস চেয়ারম্যান, আমি জানি আধ মাইল অন্তর, এমন কি সিকি

মাইল অন্তর প্রাথমিক স্কুলকে মঞ্জুরী দেওয়া হয়েছে। ডি পি আই থেকে অ্যাপ্রুভড যে লিস্ট গিয়েছে সেটাকে যদি বাতিল ক'রে দিতে হয় এবং অ্যাডভাইসারী কমিটিকে যদি ক্ষমতা দিতে হয়, তা হ'লে সেটা সুষ্ঠু ব্যবস্থা হবে না। আপনারা যদি নিজেদের এলাকা পর্যালোচনা ক'রে দেখেন, এনকোয়ারী করেন যে, সেখানে কোন গ্রামে বিদ্যালয় নেই, বা স্কুললেস ভিলেজ কোন আছে কিনা এবং সেটা বোর্ডকে জানালে তারা নিশ্চয়ই দেখবে যাতে সেখানে অবিলম্বে বিদ্যালয় স্থাপন করা যায়। আমার মনে হয় এর জন্য খুব একটা সময় প্রয়োজন হবে না। আর একটা জিনিস প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা নিয়মিত বেতন পাচ্ছেন না, নিয়মিত না পাওয়ার কারণ প্রভিডেন্ট ফান্ড করার জন্য স্কুল বোর্ডের যে কর্মচারীরা আছেন তাদের সংখ্যা খুব কম।

[8-30—8-40 p.m.]

তাঁরা মাসের ১৫ তারিখ থেকে মনি অর্ডার ফরমে বেতন দেবার জন্য লিখতে শুরু করেন। কিন্তু পোস্ট অফিসের কর্মচারীরা সহযোগিতা করেন না। অনেক সময় দেখা গেছে মনি অর্ডার লেখা সত্ত্বেও পোস্ট অফিসের কর্মচারীরা যথাসময়ে এগুলি বিলি করে না। প্রাথমিক শিক্ষকদের যদি নিয়মিত বেতন দিতে হয়, তা হ'লে এই প্রথা তুলে দিতে হবে। ব্যাঙ্কের চেকের মাধ্যমে বেতন দেবার যে নিয়ম চালু হয়েছে সেটা যেন গ্রামাঞ্চলে চালু করা হয়। এর দ্বারা সরকারের কোন ক্ষতি হবে না। হুগলী জেলায় মনি অর্ডার-এর জন্য যে টাকা খরচ হয়—প্রায় ১৬ হাজার টাকার মত—প্রতি সার্কেলে ৭-৮ টাকা, সেখানে ২ জন বেকার ছেলের যদি কর্মসংস্থানের ব্যবস্থা করেন, তা হ'লে চেক লেখার জন্য যে সময় লাগবে তাতেও প্রতি মাসে ১লা তারিখে শিক্ষকরা বেতন পেতে পারবেন। গ্রামাঞ্চলে ব্যাঙ্ক চেকের দ্বারা বেতন দেবার পদ্ধতি যদি চালু করা হয়, তা হ'লে শিক্ষকরা যথাসময়ে বেতন পেতে পারবেন। আর ৩০ জন ছাত্রের জন্য যদি একজন শিক্ষক প্রাইমারী স্কুলে নিয়োগ করা হয় তা হ'লে শিক্ষার কিছুটা উন্নতি হবে। এই ব'লে আমি শেষ করছি।

শ্রীমসলেউদ্দিন আমেদঃ স্যার, শিক্ষামন্ত্রী যে ব্যয়বরাদ্দ রেখেছেন তাকে সমর্থন করি এ জন্য যে প্রাথমিক শিক্ষাব্যবস্থাকে আরও সুষ্ঠুভাবে জোরালো করার যে দাবি উত্থাপন করেছেন এবং মাধ্যমিক শিক্ষাব্যবস্থার স্তরে প্রথম থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত হাতেকলমে শিক্ষা এবং নবম থেকে দশম শ্রেণী পর্যন্ত ক্র্যাফ্‌ট ট্রেড যে ব্যবস্থা করেছেন এবং এগারো ও ১২ ক্লাস-এর এগ্রি-কালচার-এর বিভিন্ন স্তরের যে ব্যবস্থা করেছেন তার জন্য তাঁকে ধন্যবাদ দিচ্ছি। একটা ঘরের ভিতের উপর যেমন ঘর নির্ভর করে তেমনি একটা জাতি নির্ভর করছে শিক্ষার উপর। এই শিক্ষা নির্ভর করছে প্রাথমিক শিক্ষার উপরে। এই প্রাথমিক শিক্ষা যদি ভাল না করতে পারি, শিক্ষার মান যদি উন্নত না করতে পারি, তা হ'লে আমরা যে জাতীয় শিক্ষার কথা বলছি সেটা হবে না। আমি পশ্চিম দিনাজপুর জেলার লোক। সেখানকার সমস্ত জায়গা ঘুরে এই ধারণা হয়েছে যে, প্রাথমিক শিক্ষকরা স্কুলে যেভাবে শিক্ষাদান করেন সেটা না দেখলে বিশ্বাস হবে না। ১৫০।২০০ জন ছাত্রের জন্য একজন কেবলমাত্র শিক্ষক। কিন্তু একের পক্ষে শিক্ষাদান করা সম্ভব নয়। সুতরাং শিক্ষকের হার যদি বাড়ান না যায়, তা হ'লে শিক্ষাদান করা সম্ভব নয়। অনেক স্কুল আছে যেখানে ঘরের চাল নেই, বসবার জায়গা নেই। এই যদি অবস্থা হয়, তা হ'লে শিক্ষার উন্নতি হবে না। মুখ্যমন্ত্রী সেদিন এই পবিত্র বিধানসভায় বলেছিলেন, আমাদের মতন লোক এখানে না এসে দরিদ্র শ্রমিক শ্রেণীর লোক যেদিন এখানে আসবে সেদিন সত্যিকারের সমাজতন্ত্রের স্বার্থক রূপায়ণ হবে।

একথা খুবই সত্য এবং আমরাও দেখতে পাচ্ছি শহরাঞ্চলে বড় বড় বিদ্যালয়, শহরাঞ্চলে বড় বড় এবং ভাল ভাল প্রাথমিক বিদ্যালয় এবং শহরাঞ্চলে বড় বড় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়েছে এবং গ্রামাঞ্চলে সেরকম কোন ব্যবস্থা নেই। আমরা আরও দেখতে পাচ্ছি আজকে আই এ এস এবং ডবলিউ বি সি এস হয়ে যে-সমস্ত ছেলেরা বের হচ্ছে তারা সব বড়লোকের ছেলে। শহরাঞ্চলে বড় বড় লোকের ছেলেরা পড়ার সুযোগ-সুবিধা পায় এবং অপরপক্ষে দেখছি পাড়াগাঁয়ের গরিব

ছেলেরা পড়ার সেই সুযোগ-সুবিধা পায় না। মন্ত্রিমহাশয় যদি আমাদের ইসলামপুর অঞ্চলে যান তাহ'লে দেখতে পাবেন ২-৩ মাইল দূরে দূরে এক একটি প্রাথমিক বিদ্যালয় রয়েছে এবং সেখানে গরিব শ্রেণীর লোকই বেশী। আমাদের এবারে প্রথমে কোটা দেওয়া হয়েছিল ৯০টি এবং পরে দেওয়া হয়েছে ৭০টি। কিন্তু আমাদের পার্শ্ববর্তী জেলায় দেখতে পাচ্ছি, তাদের কোটা আমাদের চেয়ে অনেক বেশী। আমি তাদের সঙ্গে ঈর্ষা করছি না, তাদের দিন। আমার বক্তব্য হচ্ছে, আমাদের প্রতিও লক্ষ্য রাখুন। ইসলামপুর এলাকা যেটা বিহারের সঙ্গে সংযুক্ত ছিল আজকে সেখানে গিয়ে দেখুন ২-৩ মাইল দূরেও একটা স্কুল হয় নি। আমি ইন্টারভিউ নিতে গিয়ে দেখেছি বহু বিদ্যালয়ের চাহিদা আছে, কিন্তু আমরা দিতে পারছি না। শহরে যেমন ভাল ভাল প্রাথমিক বিদ্যালয় রয়েছে সেই রকম যেন গ্রামেও আদর্শ বিদ্যালয় স্থাপন করা হয় এই অনুরোধ আমি শিক্ষা মন্ত্রিমহাশয়ের কাছে রাখছি। তারপর আমরা দেখতে পাচ্ছি মাধ্যমিক বিদ্যালয়ে ক্রীড়ার কোন ব্যবস্থা নেই এবং ক্রীড়া শিক্ষক নেই। কোথাও কোথাও যা আছে সেই শিক্ষকের ব্যবস্থা স্কুল থেকে করা হয়েছে, সরকারী দপ্তর থেকে বাধ্যতামূলকভাবে ক্রীড়া শিক্ষক রাখার কোন ব্যবস্থা করা হয় নি। তাই আমি শিক্ষামন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি প্রত্যেক স্কুলে যেন বাধ্যতা-মূলকভাবে ক্রীড়া শিক্ষক রাখা হয়। তারপর আমরা দেখতে পাচ্ছি নাইট গার্ডের কোন ব্যবস্থা নেই। এই নাইট গার্ড না থাকার জন্য দেখেছি বহু স্কুলে চুরি হয়েছে এবং বহু স্কুল পুড়িয়ে দেওয়া হয়েছে। কাজেই অনুরোধ করছি, নাইট গার্ডের ব্যবস্থা করুন। আমরা ছোটবেলায় দেখেছি বিকেল হ'লেই আমরা খেলাধুলার জন্য বেরিয়ে পড়তাম বাড়িতে গালাগালি করা সত্ত্বেও। আজকে যে ছাত্র বিশৃঙ্খলা দেখতে পাচ্ছি তার কারণ হচ্ছে ক্রীড়ার অভাব। কাজেই আমরা যদি ছেলেদের জন্য ক্রীড়ার ব্যবস্থা করতে পারতাম, তা হ'লে ছেলেরা এই বিশৃঙ্খলা ভুলে গিয়ে তাদের চরিত্র গঠন করতে পারত এই ক্রীড়ার মাধ্যমে। একথা ব'লে এই ব্যয়বরাদ্দ সমর্থন ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের শিক্ষামন্ত্রী যে বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি। এই ব্যয়বরাদ্দ সমর্থন করতে গিয়ে আমি আপনার মাধ্যমে দু'-একটা কথা না ব'লে পারছি না। একথা আজ অস্বীকার করলে চলবে না যে, স্বাধীনতার দীর্ঘ ২৫ বছর পরও আমরা বৃটিশ সরকারের সেই ঔপনিবেশিক শিক্ষাব্যবস্থা থেকে বিশেষ এগোতে পারি নি এবং আজকেও আমরা সমস্ত নাগরিককে আক্ষরিক জ্ঞানসম্পন্ন করতে পারি নি। এটা কোন গৌরবের কথা নয়।

[8-40—8-50 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৬৯-৭১ সালের মধ্যে শিক্ষাক্ষেত্রে যে নৈরাজ্য, যে নাশকতামূলক খুনোখুনির রাজনীতি চলেছে, তা থেকে আমাদের সতর্কতার শিক্ষা গ্রহণ করা উচিত। আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী মহাশয়কে বলব যে, আমাদের শিক্ষাক্ষেত্রে ধীরে চল নীতি চলেছে, এই নীতির পরিবর্তন ক'রে আমাদের জলদি চল নীতি গ্রহণ করতে হবে। তা না হ'লে আগামী দিনের নাগরিকরা আমাদের ক্ষমা করবে না। আমার একথার উপর স্থির এবং নিশ্চিত বিশ্বাস রাখতে হবে।

আমি এখন বাজেটের ব্যয়বরাদ্দকে সমর্থন ক'রে দু'-একটি কথা না ব'লে পাচ্ছি না। আমি জানি বিভিন্ন দেশের কৃতী সন্তানদেরই ডিসেন্ট পে দিয়ে, প্রাথমিক শিক্ষার দায়িত্ব দেওয়া হয় দেশের ভবিষ্যৎ নাগরিক তৈরি করার-জন্য। কিন্তু দুঃখের বিষয়, আমাদের দেশে দেখব, যে ছেলে কোন চাকুরি পাচ্ছে না, সংস্থান নাই, সেই প্রাথমিক শিক্ষার শিক্ষকতা ক'রে জীবিকা অর্জন করে। আমাদের চিন্তা করতে হবে আগামী দিনে কি ক'রে আমরা দেশের ভবিষ্যৎ নাগরিক-দের গ'ড়ে তুলতে পারি এবং সেদিকে দৃষ্টি রেখে আমাদের প্রাথমিক শিক্ষার পরিবর্তন করতে হবে, শিক্ষার সুব্যবস্থা করতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের গ্রামে যে ঘরটি সবচেয়ে ভাঙা, যে ঘরের চাল নাই, সেটাই হচ্ছে প্রাথমিক বিদ্যালয়। আবার অধিকাংশ গ্রামে

াথমিক বিদ্যালয়ও নাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী হাশয়কে অনুরোধ করব, আজকে গ্রামে প্রাথমিক শিক্ষার অনুকূল পরিবেশ যাতে তৈরি হয় সদিকে লক্ষ্য রাখতে হবে। আর একটা আশ্চর্য জিনিস, প্রতি ৪০টি ছাত্রের জন্য একজন ক'রে শক্ষক দেওয়া হয়। আমি এখানে আপনার মাধ্যমে এই অনুরোধ রাখব যে, প্রাথমিক স্কুলে যখানে ২০ জনের বেশি ছাত্র আছে, সেখানে একজনের স্থানে আর একজন শিক্ষক না দিলে শক্ষা দেওয়া সম্ভব নয়। ছোট ছোট শিশুদের শিক্ষা দেওয়ার জন্য প্রি-প্রাইমারি কোর্স দেওয়া রকার, কম্পালসরি 'গুরু মা' দেওয়া দরকার, যাতে ছোট ছোট ছেলেদের মানসিক বৃত্তি তৈরি তে পারে, পড়ায় মন আনতে পারে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আর একটা জিনিস লব। আমাদের গ্রামবাংলার না খাওয়া মানুষেরা তাদের ছেলেদের প্রাথমিক স্কুলে দিতে ারে না। তারা তাদের ছেলেদের দিয়ে কিছুটা রুজি-রোজগার করায়, বিভিন্ন কাজ করায়, কউ কেউ রাখালের কাজ করে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ রব, এই সব ছেলেদের যেন দুপুরবেলায় টিফিন দেওয়ার ব্যবস্থা করা হয় যাতে এই খেটে াওয়া মানুষের ছেলেরা প্রাথমিক বিদ্যালয়ে এসে শিক্ষা নিতে পারে।

আমি আর একটা কথা বলি। আমরা দেখলাম প্রাথমিক স্কুলে চতুর্থ শ্রেণীতে যারা পড়ে াদের ইংরেজী বই পাওয়া যায় না, এই বই কতদিন পরে পাওয়া যাবে এবং তারা তারপরে শক্ষা গ্রহণ করবে তার স্থিরতা নাই, তাতে অনেক অসুবিধা হচ্ছে। বই বিতরণ করা হয়, কিন্তু ংরেজী বই বিতরণ করা হয় না। আমি এই প্রসঙ্গে বলতে চাই, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় দি এই বই দেওয়ার ভার সোস্যাল এডুকেশন অফিসারের উপর না দিয়ে বেকার ছেলেদের জেন্সি দেন, তা হ'লে আমার মনে হয় তাড়াতাড়ি বই বিক্রির ব্যবস্থা হ'তে পারে। এই ব'লে ামি আমার বক্তব্য শেষ করছি।

Shri Abdul Karim Chowdhury

मिस्टर डिप्टी स्पीकर, सर, आज माननीय शिक्षा मंत्री ने इस हाउस में जो एजूकेशन बजट लाया है, इसको हम समर्थन करते हैं। ये बजट समर्थन करते हुए हम दो-तीन बातें इनके सामने रखना चाहते हैं। वेस्ट दिनाजपुर डिस्ट्रिक्ट में इस्लामपुर सब-डिविजन के मुतल्लिक हम यह कहना चाहते हैं कि एजूकेशन में यह सबडिविजन बहुत बैक-वर्ड है। १६ वर्ष के करीब यह बिहार में था। बिहार से यह बंगाल में शामिल किया गया, लेकिन अभी तक हमारा यह इलाका एजूकेशनली डवलप नहीं हुआ है। यह इलाका बहुत पिछड़ा हुआ है। हमारे इस इलाके में ६–६, ७–७ मील तक कोई स्कूल बिलकुल नहीं पड़ेगा। इसलिए यहाँ के बच्चे पढ़ नहीं पाते हैं। जो कुछ स्कूल हैं भी वे इस सब-डिविजन की माँग को पूरा नहीं कर पाते। इसलिए हम शिक्षामंत्री से रिक्वेस्ट करते हैं कि हमारे इस सब-डिविजन में स्कूल का नम्बर बढ़ा दिया जाय।

डिप्टी स्पीकर, सर, मैं एक अफसोस की बात कहूँगा, ये सब-डिविजन बिहार में होने की वजह से यहाँ के बच्चे हिन्दी और उर्दू के थे। लेकिन स्कूलों में हिन्दी और उर्दू टीचर बोल

कर कोई टीचर एप्वाइन्टमेन्ट नहीं पाता। दूसरे टीचर जो हिन्दी नोइङ्ग—उर्दू नोइङ्ग नहीं है, दूसरे सबजेक्ट के हैं, एप्वाइन्टमेन्ट पाते हैं। वही लोग हिन्दी-उर्दू के क्लास को लेते हैं। इसलिए एजूकेशन-मिनिस्टर साहेब से मेरा रिक्वेस्ट है कि इस सब-डिविजन के हाई स्कूलों में उर्दू-हिन्दी नोइङ्ग टीचर को एप्वाइन्टमेन्ट दें।

एक बड़े अफसोस की बात मैं मंत्री महोदय से कहूँगा कि यही एक सब-डिविजन है, मैं समझता हूँ पूरे बंगाल में, जहाँ एक भी कालेज नहीं है। अफसोस की बात है कि ६०-७० मील की दूरी पर एक कालेज है। यहाँ के बच्चे बहुत गरीब हैं। मैट्रिक—हाई स्कूल या हायर सेकेण्डरी पास करने के बाद हायर एजूकेशन के लिए बहुत दूर नहीं जा पाते हैं। इसलिए हमारी सरकार के पास तीन वर्ष से इस इलाके के लिए कालेज के लिए कोशिश की जा रही है। लेकिन कालेज के लिए अभी तक कुछ भी नहीं हुआ है। हमारी सरकार ने नो आब्जेक्शन रीपोर्ट दी है, लेकिन नार्थ बंगाल यूनिवरसीटी के रजिस्ट्रार और इन्स्पेक्टर आफ कालेजेज ने इस्लामपुर में जाकर रिपार्ट की, इनक्वायरी की और इन्स्पेक्शन भी किया और उन्होंने यह कहा है कि अगर गवर्नमेन्ट इस कालेज के लिए हाफ सेलरी टी० ए० डी० ए० फार टीचिंग एण्ड नन् टीचींग स्टाफ के लिए नहीं ग्रान्ट करेगी तो इस कालेज को अफिलिएशन मिलना नामुमकिन हो जायगा। इसलिए मैं मंत्री महोदय से रिक्वेस्ट करूँगा कि इस कालेज की मंजूरी के लिए जल्द कोई इन्तजाम करें।

और एक बात जो बहुत जरूरी है, उसके बारे में मैं कहना चाहता हूँ कि १९७१ के साल में जब कि बंगला देश और पाकिस्तान के साथ कन्फिलिक्ट हुआ था तो उस समय इसलामपुर हाई स्कूल सबोटेज हुआ। उस समय आफिस बिल्डिंग—क्लास रूम टूट-फूट गया। लेकिन उसकी मरम्मत के लिए अभी तक कोई भी ग्रान्ट हमारे स्कूल में नहीं पहुँचा। जिससे स्कूल की मरम्मत कराई जाय। इसलिए फौरन इस स्कूल की मरम्मत के लिए ग्रान्ट देने का इन्तजाम किया जाय।

और एक बात मैं कहना चाहता हूँ और उम्मीद करता हूँ कि हमारी इन बातों को सुनकर हमारे मंत्री महोदय जरूर पूरा करेंगे। हमारा डिस्ट्रिक्ट वेस्ट दिनाजपुर कृषि प्रधान डिस्ट्रिक्ट है। हमारे यहाँ अगर एक एग्रीकलचरल कालेज बनाया जाय तो यहाँ के बच्चे-लड़के एग्रीकलचरल कालेज में दाखिला लेकर एग्रीकलचर को इम्प्रूभमेन्ट दे सकेंगे और शिक्षा भी पा सकेंगे।

ये बातें कहते हुए मैं अपना भाषण समाप्त करता हूँ और इस बजट का समर्थन करता हूँ।

ডঃ হরশঙ্কর ভট্টাচার্য: মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, এত রাত হয়ে গিয়েছে, মাননীয় সদস্যদের ধৈর্যের উপরে চাপ পড়ে যাবে, তাই আমি আর বেশি বলতে চাই না। কিন্তু শিক্ষার ব্যাপারটা এত গুরুত্বপূর্ণ যে কিছু না বললেও চলছে না। মৃগেনবাবু একটা কথা বলেছেন, প্রফুল্ল সেনের আমলে খাদ্যমন্ত্রী হতে লোকে ভয় পেতেন, আর এখন শিক্ষামন্ত্রী হতে ভয় পান। কথাটা কিন্তু ঠিক নয়। শিক্ষামন্ত্রীর সামনে একটা চ্যালেঞ্জ আছে। সেটা উনি গ্রহণ করবেন কিনা সেইটাই প্রশ্ন। আজকে পশ্চিমবঙ্গের শিক্ষাজগৎ যেভাবে এবং নির্বাচনের সামনে এই ভাঙগা-গড়া আমরা লক্ষ্য করেছি। এবং এই চ্যালেঞ্জের সম্পূর্ণ রিপ্লাই শিক্ষামন্ত্রী তাঁর এই

8-50—9-00 p.m.]

বাজেটে দিতে পারেন নি। একটা চ্যালেঞ্জ এসেছে সেই চ্যালেঞ্জের সামনে যেরকম বাজেট তৈরি করা দরকার যেরকম শিক্ষা কাঠামোর কথা ভাবা দরকার আমাদের শিক্ষামন্ত্রী তদুপযুক্ত রেসপন্স করতে পারেন নি। এইটা হ'ল শিক্ষা বাজেট সম্পর্কে আমাদের মূল বক্তব্য। শিক্ষা জগতে যেরম বিশৃঙ্খলা তাকে পথ দেখিয়ে নিয়ে যাবার মত তেমন বাজেট আমাদের শিক্ষামন্ত্রীর নয়। প্রথম বাজেটে—তখন ভাবলাম যা হোক একটা কিছু হ'ল—এ বছর এক বছর শেষ হয়ে গেল আমরা আশা করেছিলাম যে, একটা পরিকল্পনা, একটা সামগ্রিক চিত্র, একটা ভবিষ্যৎ রূপরেখা দেখতে পাব। কিন্তু দুঃখের কথা, ঐ হিসাব-নিকাশ ছাড়া, কয়টি স্কুল হ'ল, কয়টি শিক্ষক নিয়োগ হ'ল এবং হবে সেটা আছে। কিন্তু একটা সামগ্রিক রূপরেখা আমার চোখের সামনে ভেসে উঠে নি। এই যে প্রাইমারি এডুকেশন—এটা একটা ফার্স, হায়ার এডুকেশন একটা ফ্রড আর হায়ার এডুকেশন যাঁরা চালাচ্ছেন দেখা যাচ্ছে উচ্চ শিক্ষার যাঁরা উচ্চ শিক্ষক শুধু তাঁরা কেন সমগ্র শিক্ষাজগতের সমস্তটা একটা ফার্স অবস্থায় এসে গেছে। উদ্দেশ্যহীন লক্ষ্যহীন কেমন ক'রে কতকগুলি গ্র্যাজুয়েট তৈরি, কতকগুলো এম এ, কতকগুলি এম এস-সি, কতকগুলো কম কম তৈরি করলেই শিক্ষার বিকাশ পায় না। বেঙ্গল আনএমপ্লয়মেন্ট কমিটির একটা রিপোর্ট আপনাদের অবগতির জন্য উল্লেখ করতে চাই। আমাদের এই শিক্ষাব্যবস্থা একটা বাঁশের মত সম্পূর্ণ লম্বা হয়ে উঠে গেছে- একটার সঙ্গে আর একটা ইকোয়্যাল ডিসট্যান্সে নাই- কি রকম যেন নড়বড়ে অবস্থা। এই সমস্ত বাতিল ক'রে ব্রাঞ্চিং ট্রি অসংখ্য শাখায়—একটা কাণ্ড থেকে শাখায় শাখায় একটা শাখা থেকে আর একটা শাখায় যাবার মত সুযোগ থাকা নাই। ঐ বাঁশের মত প্রাইমারি এডুকেশন থেকে—আই এ, বি এ, এম এ, এম এস-সি এই রকম একটা কাঠামো নয়, যার খুঁটি নাই নড়বড়ে সেইরকম নয়। ওনারা বলেন, উচ্চ শিক্ষা জগতে ওভারক্রাউডিং হচ্ছে, প্রচুর ছাত্র এসে যাচ্ছে। প্রচুর ছাত্র শিক্ষাজগতে আসে নি। আমাদের দেশে ২ কোটি ২৭ লক্ষ ছেলে যদি নিরক্ষর থাকে, তা হ'লে নিশ্চয় প্রচুর আসতে পারে নি। প্রচুর ছাত্র আসছে না, আমাদের প্রচুর ছাত্র আনতে হবে। আর আসছে না এটাই হচ্ছে আমাদের শিক্ষামন্ত্রীর ভরসা। সত্যিই যত উচ্চ শিক্ষা পাওয়া উচিত তত পাচ্ছে না। এটা হচ্ছে আমাদের দেশের একটা সমস্যা যে অর্থনৈতিক অগ্রগতি হচ্ছে না, চাকুরি নাই, শিল্পহীন হচ্ছে এইজন্য শিক্ষা জগতে বিশৃঙ্খলা এইরকম একটু কথাবার্তা শুনা যায়। এখানে একটা প্রশ্ন রাখি যে, যদি জার্মান, জাপান এইসব দেশের মত অত্যন্ত দ্রুত তৈরি করতেন, তা হ'লে শিক্ষামন্ত্রী মহাশয় বুকে হাত দিয়ে বলুন যে, ঐ সমস্ত অযোগ্য ছাত্র দিয়ে ঐ সমস্ত বি এ, এম এ, এম এস-সি গ্র্যাজুয়েট তাদের চাকুরি হত, কলকারখানায় যান্ত্রিক কাজে লাগাতে পারতেন? অর্থনৈতিক উন্নতি হয় নি বেঁচে গেছেন। যদি সত্যিই হ'ত, তা হ'লে, ঐ গ্র্যাজুয়েট, এম এ, এম এস-সি পাশ করেছে তারা আরও বেশি মেরিটের প্রমাণ হ'ত। অর্থনৈতিক উন্নতি হ'লে বিপদ হ'ত। পরিষ্কারভাবে প্রমাণিত হয়ে যেত এই শিক্ষা কাঠামো অর্থনৈতিক ভিত্তি উন্নত দেশে কোন কারখানায়, বৈজ্ঞানিক প্রতিষ্ঠানে অথবা যান্ত্রিক কৃষি, কোন ক্ষেত্রে নিয়োগের উপযুক্ত ছাত্র তৈরি করছে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কথা উঠেছে যে, সমাজতান্ত্রিক শিক্ষা কি রকম হবে। সমাজতান্ত্রিক শিক্ষা হচ্ছে এমন এমন শিক্ষা যেটা শ্রমমুখী হয়, যার উদ্দেশ্য হচ্ছে শ্রমের প্রতি মর্যাদা ফিরিয়ে আনা, যার উদ্দেশ্য হচ্ছে এমন মানুষ তৈরি করা, যারা পরিশ্রম করতে ভয় পাবে না, যারা নিজেরা পরিশ্রমের জন্য এগিয়ে যাবে, সমাজে সম্পদ তৈরি করবার জন্য উপযুক্ত পরিশ্রমে নিযুক্ত হবে। শুধু তাই নয়, সমাজতান্ত্রিক শিক্ষা হচ্ছে এমন শিক্ষা যেটা বিজ্ঞানের উপর

ভিত্তি ক'রে, মানুষের চিন্তা বৈজ্ঞানিক করে, পরিশ্রমমুখী করে এবং বিজ্ঞানভিত্তিক করে। এই চিন্তা করার কথাই কোঠারি কমিশন বলেছেন। কি বলেছেন—স্কুল এডুকেশন ভোকেশনালাইজ করতে হবে। আমাদের এখানে আমরা কি দেখলাম ১০ ক্লাস স্কুলের একটি ক্লাস ক্রাফ্‌ট হবে—একে স্কুল ভোকেশনালাইজ বলে না, এটা কোঠারি কমিশনের নির্দেশ নয়। ১০ ক্লাসের একটি ক্লাসের দায়িত্ব এটা সামগ্রিক শিক্ষা বা সেকেন্ডারি এডুকেশনকে ভোকেশনালাইজ করা হ'ল না। ভোকেশনালাইজ করতে হ'লে আপনাকে আরও তলা থেকে ভোকেশনালাইজ করতে হবে। আপনাকে আমি যেকথা আগেকার বাজেট বক্তৃতায় বলেছিলাম, হয়ত আগামীবারের বাজেটেও বলতে হবে, তবে এবারেও আমি রিপোর্ট ক'রে যাচ্ছি প্রতি গ্রামে একটা ক'রে স্কুল সর্বমোট ৫০ হাজার স্কুল পশ্চিমবঙ্গে আপনাদের দিতে হবে, এটা আপনারা ঘোষণা করুন যে, আগামী বছর আমরা দেব। যেমন ধরুন সাধারণ বিদ্যালয়ের পাশাপাশি প্রতি অঞ্চলে একটি ক'রে জুনিয়র কৃষি বিদ্যালয় আপনাকে রাখতে হবে, প্রতিটি ব্লকে আপনাকে একটি ক'রে সিনিয়র কৃষি বিদ্যালয় রাখতে হবে। রাজ্য পরিকল্পনা পর্ষদের যে কৃষি উন্নয়ন পরিকল্পনা হচ্ছে তার সঙ্গে সঙ্গে শিক্ষা পরিকল্পনাকে ডোভটেল করতে হবে, জড়িয়ে দিতে হবে, একটির ভিত্তিতে আর একটি তৈরি হবে, এইটেই হচ্ছে শ্রমমুখী পরিকল্পনা অথবা ভোকেশনালাইজ। শহরের প্রতিটি ফ্যাক্টরির সঙ্গে যুক্ত করতে হবে একটি পলিটেকনিককে, এটা আপনাকে রাখতে হবে, এগুলিই হচ্ছে ভোকেশনালাইজ অব সেকেন্ডারি এডুকেশন। কোঠারি কমিশনকে যদি সত্যি সত্যি কার্যকরী করতে চান এবং সমাজতান্ত্রিক শিক্ষাব্যবস্থার কাঠামো যেটা শ্রমমুখী এবং বিজ্ঞানমুখী, এটা যদি করতে চান, তা হ'লে সেইভাবে শিক্ষা পরিকল্পনা রচনা করুন। এক বছর কিন্তু কম সময় নয়। মাননীয় শিক্ষামন্ত্রী অনেক সময় পেয়েছিলেন, উনি সেই সময়কে ঠিকমত ব্যবহার করলেন না। একটি কথা উনি নিজেই বাজেটে শিক্ষার সামগ্রিক পরিকল্পনা পেশ করলেন না। কেন্দ্রীয় সরকারের কাছে টাকা ফেরত পাঠালেন। আমি জানি না এই কথা সত্য কিনা। যদি সত্য হয়, তা হ'লে এর মত দুঃখজনক খবর আর কিছু নেই। এমপ্লয়মেন্ট রি-ওরিয়েন্টেড স্কীমের জন্য সেন্ট্রাল গভর্নমেন্ট পশ্চিমবঙ্গকে ৯ লক্ষ টাকা দিয়েছিলেন। এই ভোকেশনালাইজের জন্য ৯ লক্ষ টাকা কিছু নয়। কিন্তু এই ৯ লক্ষ টাকাও ব্যবহার করা হ'ল না, সাড়ে আট লক্ষ টাকা বোধ হয় ফেরৎ যাচ্ছে, মাত্র পঞ্চাশ হাজার টাকা খরচ হয়েছে, এই হচ্ছে আজকের দিনে অবস্থা। বিশ্ববিদ্যালয় সম্পর্কে দু'-একটি কথা না বললে চলবে না। আমরা সকলেই জানি যে, শিক্ষা ও গবেষণার মান প্রতিটি বিশ্ববিদ্যালয়ে আজকাল অত্যন্ত নিচু হয়ে গেছে। এর কারণ কি? এর অনেক কারণ আছে। ওভার-ক্রাউডিং শুধু এর কারণ নয়। এর কারণ হচ্ছে পূর্বে সেখানে ভর্তি হয় নি কি? গণ-টোকাটুকির যুগে আপনারা ভর্তি করবার সময় অ্যাডমিশন টেস্ট করেন নি, অ্যাডমিশন টেস্ট আপনাদের করতেই হবে ভর্তি করবার জন্য। আপনারা যদি শুধু নাম্বারের ভিত্তিতে বা রাজনৈতিক চাপে পড়ে ছাত্র ভর্তি করেন, তা হ'লে সেখানকার মান উঁচু থাকতে পারে না। পরীক্ষা ব্যবস্থা ভেঙে গিয়েছে। নতুন পরীক্ষা ব্যবস্থার একটা রূপরেখা তাই আমরা তাঁর বাজেট ভাষণে পেলাম না। এক বছর ধ'রে উনি সেটা তৈরি করতে পারলেন না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শিক্ষামন্ত্রী জানেন যে, অধ্যাপক নিয়োগের ব্যাপারে গোষ্ঠীগত স্বার্থের জিনিস আজকাল শুধু চলছে। দর্শনের নিয়োগ যদি হয়, তা হ'লে আমরা জানি কোন্ গ্রুপের ছেলে দর্শনের লেকচারার হবে।

[9-00—9-10 p.m.]

ইকনমিকস হ'লে আমরা জানি, ফিজিক্স হ'লে, কেমিস্ট্রি হ'লে এক একটা গ্রুপ আজকে ওয়েস্ট বেঙ্গলে সৃষ্টি হয়েছে যে গ্রুপের ছেলেরা বিশ্ববিদ্যালয়ে চাকরি পাচ্ছে, এটা অত্যন্ত সত্য কথা। একথাগুলি আজকে আইনসভার সামনে ভেসে আসা দরকার যে, এরকম একটা অপদার্থ শিক্ষক বা অধ্যাপক নিয়োগ নীতি, দুর্নীতিগ্রস্ত নীতি এটা প্রতিটি বিশ্ববিদ্যালয়ে চলছে। উত্তরবঙ্গ, কল্যাণী এবং বর্ধমান প্রধানত এই তিনটি বিশ্ববিদ্যালয়ের আইনগুলি এত অগণতান্ত্রিক যে, সেই অগণতান্ত্রিক আইনে গণতান্ত্রিক শিক্ষার প্রসার হয় না। এই বর্ধমান বিশ্ববিদ্যালয়ে ২৫ জন মাত্র সিনেটের মেম্বার। এই সেদিন গুজরাট বিশ্ববিদ্যালয়ের আইন হ'ল ১৬৭ জন সিনেটের মেম্বার। কলকাতা বিশ্ববিদ্যালয়ে সম্ভবত ১৬০ জন মেম্বার। আর ঐ বর্ধমান

বিশ্ববিদ্যালয়ে যেখানে মাত্র ২৫ জন মেম্বার তার ভেতরে আবার ২০ জন এক্স-অফিসিও। তা ছাড়াও মাননীয় সদস্য তুহিন সামন্ত বলছিলেন, তার ভেতরে ৬ জন নিয়মিত অনুপস্থিত থাকেন। এই যদি বিশ্ববিদ্যালয় আইন হয়— এক বছরের মধ্যে আইনের পরিবর্তন করলেন না, তা হ'লে আপনারা সত্যি সত্যি বিশ্ববিদ্যালয়গুলিকে উন্নত করতে চান লোকে এটা ভাববে কি ক'রে? অন্তত একটা মডেল অ্যাক্ট ইউ জি সি তো পাঠিয়ে দিয়েছে, ইউ জি সি-র সেই মডেল অ্যাক্ট ফর ইউনিভার্সিটিজ অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের আইন অবিলম্বে পরিবর্তন করুন। মামলাদের কথা আমি বলি না। আমি এখানে একটা উদাহরণ দেব। দু বছর হ'ল স্ট্যাটুট পাশ হয়েছে, বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলারের সই হয় নি। কেমন ক'রে চলে এডুকেশন ডিপার্টমেন্ট তা আপনারাই ভাল বলতে পারেন। অনেক প্রতিশ্রুতি শিক্ষামন্ত্রী গতবার দিয়েছিলেন, কিন্তু পূরণ হ'ল কোথায়? (মৃত্যুঞ্জয় ব্যানার্জি: আমি প্রতিশ্রুতি দিই নি।) কোথায় আপনাদের স্টেট এডুকেশন বোর্ড? আপনি বলেছিলেন, আমার স্মরণ আছে যে, সমস্ত প্রাইমারি, সেকেন্ডারি, কলেজ, ইউনিভার্সিটির ভেতরে যে কো-অর্ডিনেশন, সেই কো-অর্ডিনেশন এখন হচ্ছে না। এমন একটা কোনরকম বডি নেই যে বডি এই সমস্ত স্তরকে কো-অর্ডিনেট করবে। রাজ্যপালের ভাষণে নেই, আপনি বলছেন, প্রতিশ্রুতি দেন নি, আমার স্মরণ আছে, রাজ্যপালের ভাষণে একথা আছে। সেই ভাষণ আপনাদের দ্বারা লিখিত, কোথায় সেই স্টেট এডুকেশন বোর্ড? আপনারা প্রতিশ্রুতি দিয়েছিলেন, কিন্তু পালিত হয় নি। যেমন ধরুন, স্টেট গ্রান্টস কমিশন রাজ্যপালের ভাষণে আছে, শিক্ষামন্ত্রী স্মরণ করবেন, সেই স্টেট গ্রান্টস কমিশন করার কথা বলেছিলেন, ১২-১৩ মাস হয়ে গেল, কিন্তু এখনও পর্যন্ত সেই প্রতিশ্রুতি পালিত হয় নি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, একটা ইউনিভার্সিটি সার্ভিস কমিশন পশ্চিমবঙ্গের অধ্যাপক সমিতির চিরকালের দাবি। ডঃ রাধাকৃষ্ণণ যিনি ভারতবর্ষের রাষ্ট্রপতি ছিলেন, সেই ডঃ রাধাকৃষ্ণণ যখন পশ্চিমবঙ্গের কলেজ ও বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক সমিতির সভাপতি ছিলেন বরিশাল কনফারেন্সে আমার স্মরণ আছে বলেছিলেন, ইউনিভার্সিটি সার্ভিস কমিশন চাই। কলেজ কমিটির ভাইপো, ভাগ্নে, ভাইঝিরা যাতে কলেজের অধ্যাপকের চাকরি না পায় এবং সমস্ত কলেজ ও ইউনিভার্সিটির অধ্যাপকরা যাতে সুষ্ঠুভাবে নিযুক্ত হ'তে পারে এর জন্য একটা ইউনিভার্সিটি সার্ভিস কমিশন করার কথা তিনি বলেছিলেন। তিনি আজ হয়ত রাষ্ট্রপতি হিসাবে নেই, কিন্তু সেই ইউনিভার্সিটি সার্ভিস কমিশন আমরা দেখতে পাই নি। তা ছাড়া সমস্ত মেডিক্যাল কলেজগুলি নিয়ে একটা মেডিক্যাল ইউনিভার্সিটি, সমস্ত ইঞ্জিনীয়ারিং কলেজগুলি নিয়ে একটা ইঞ্জিনীয়ারিং ইউনিভার্সিটি, এগুলির দরকার আছে, এগুলি আমরা পূরণ আশা করেছিলাম। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সর্বশেষে আমি নুরুল হাসান সাহেব পাঞ্জাব বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন উৎসবে যে ভাষণ দিয়েছিলেন সেই ভাষণের কথাটা আমি একটু উল্লেখ করতে চাই। আমি এটা এই কারণে চাই যে, মাননীয় শিক্ষামন্ত্রী তাঁর বাজেট ভাষণে তফসিলী ও আদিবাসীদের শিক্ষার কথা বিশেষভাবে বলেন নি। এই প্রসঙ্গে আমি কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী যিনি পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনার শিক্ষা নীতি যিনি রচনা করছেন তাঁর ভাষণটা স্মরণ করিয়ে দিতে চাই। সেই ভাষণে নুরুল হাসান মহাশয় এই কথা বলেছেন যে, সমগ্র উচ্চ শিক্ষার সুযোগ শুধু উচ্চ বর্ণের লোকেরাই পাচ্ছে, অভিজাত শ্রেণীর লোকেরাই পাচ্ছে। কলোনিয়াল এডুকেশনের এই হচ্ছে পরিণতি, এই পরিণতি যদি না পালটানো যায়, তা হ'লে চীনে যেরকম সাংস্কৃতিক বিপ্লব হয়েছে, চীনে যেমন সাংস্কৃতিক বিপ্লবের মাধ্যমে সমগ্র শিক্ষা প্রতিষ্ঠানগুলো ভেঙ্গে গেছে, আমাদের দেশেও সেই রকম প্রচণ্ড রক্তাক্ত বিপ্লবের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানগুলো ভেঙ্গে যাবে। সুতরাং এইগুলোর উন্নতি করা একান্ত প্রয়োজন। শিক্ষামন্ত্রী মহাশয়, গত বছর অনেক আশা এবং প্রতিশ্রুতি এই হাউসে দিয়েছিলেন, আমি অনুরোধ করছি, এই শিক্ষা ব্যবস্থার প্রভূত উন্নতি ক'রে এই ভয়াবহ বিপদের হাত থেকে তিনি বাঁচাবেন। এই ব'লে আমার বক্তব্য শেষ করছি।

Shri George Albert Wilson-de Roze: Mr. Deputy Speaker, it is with great regret I find that a note of communalism entered into the discussion today. I, as a member of a community, that has been in education in Bengal for 240 years, intended only to make constructive

suggestions as to the whole pattern of education because of the experience of my community. But, Sir, I am first constrained to deal with Professor Asamanja De, who unfortunately is not here. Sir, you will remember that a little while back Professor Asamanja De placed before this very House statements which were palpably and wilfully false about one of the Principals of our schools—Mr. Hicks. Professor De said that Mr. Hicks had replaced his staff with 20 Anglo-Indians. Sir, I immediately went to the Calcutta Boys' Schools and I found that his statement is totally, wilfully and malignly false for which Professor De had to apologise to me later. Sir, it is well-known that in 1967 I fought the General Election on the Jan Sangh ticket. On that occasion, Sir, I had the opportunity to meet all the topmost all-India leaders of the Jan Sangh. Sir, I regret to say that this kind of deep spirit of communalism I found in one of the leaders of the Jan Sangh. That is Mr. Balraj Madhok. I suggest that Professor Asamanja De go out and join Mr. Balraj Madhok. That is his proper spiritual home.

শ্রীশচীনন্দন শাউ: অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, মাননীয় সদস্য অসমঞ্জ দে মহাশয়, তিনি বর্তমানে হাউসে নেই। তিনি তখন যে কথা বলেছেন, উইলসন ডি রোজ মহাশয় বাংলা বুঝতে পারেন নি ব'লে তিনি আবার ইংরাজী ক'রে বলেছিলেন, তা সত্ত্বেও তিনি এই ধরনের কথা বলছেন, এর জন্য আমি প্রতিবাদ জানাচ্ছি।

[9-10—9-20 p.m.]

Shri George Albert Wilson-de Rozc: I am sorry, my friend had to interrupt me. Sir, I have to be on the defensive; I had no intention of saying these things except to make constructive suggestions but I have to be on the defensive and I am compelled to be for the communalism that has been displayed by Professor Asamanja De. One thing, Sir, that I fear is this. Professor Asamanja De has been elected by the majority party to the Senate of the University. He also aspires, I understand, to be on the Syndicate. Sir, I feel afraid for minority interests if somebody with such communal tendencies is allowed to hold such a responsible position, and I hope the ruling party will reconsider its views as to the suitability of this candidate for the high office in the University.

Sir, with regard to the Anglo-Indian schools, it is very well-known that these schools with their educational standards cannot on any ground suffer any kind of criticism. The standards maintained are of the highest kind. When the whole of Bengal was convulsed, when almost every second school in the State went to the High Court, when there was mal-administration—Headmaster going against Managing Cosmittee, Managing Committee against Managing Committee—in all these troublesome times—these schools maintained their unbroken tradition. Sir, the charge against these schools that they are not national is a false charge.

Sir, in the four wars that have been waged against India and in Bangladesh, it is very well-known what my community did. This small microscopic minority—I don't think I have to say it—it is known to every

person—how we were in the forefront, how we shed our blood. Sir, this kind of communalism does not fit in spirit with the claims of a party, which says that it is democratic and wedded to socialism. Sir, these persons, who profess and preach communal sentiments ought not to be in the party, which professes democratic socialism. It is better that they went out.

Sir, this school system which is called the Anglo-Indian School system began here in the year 1730 with funds from the East India Company for the sons of its servants. The first school was established in Calcutta in 1730. There were no Missionaries then. In 1789 was established the Calcutta Free School and also the Upper Military and Lower Military Orphanages. There were no Missionaries then.

Sir, Professor S. K. Mukherjee, the Dean of the Faculty on Education of the Baroda University says in his History of Education that before the Hindu College was established there were 20 Anglo-Indian Schools in this city. Our system of education was here and it came from the officers of the Hindu College. Sir, amongst the first teachers of the Hindu College was Henry Derozio. Sir, Professor R. C. Majumdar, the famous historian, said in his recent lecture on Rammohan Roy that if there was any thought of revolution, if there was anti-British sentiment instilled in the youth of Bengal, it was for Henry Derozio. Sir, my community has played its role and my community will continue to play its role. We have, Sir, in this State 74 schools.

(At this stage the blue light was lit.)

Sir, you will have to give me time because of the importance of the subject. We have 74 schools in this State. We are educating 45 thousand children. Of that, only 5 thousand are Anglo-Indians. We are rendering a service to the general community. It is not our fault, Sir, that we cannot fit everybody in. We would be happy to give to every child that comes to our school an opportunity to get in. Sir, what happened was this. By an order of the British Government in which we had no hand, in 1882, when the school code for our schools was laid down, it was said that no more than 15 per cent. of those schools would be from any other community, they all had to be from our community. That was laid down by the British Government and we had no hand in it. When the Constitution was framed, we willingly agreed that at least 40 per cent. of the pupils in each school would be from other communities. We opened our doors. Sir, today the position is, as I say, not more than 10 per cent. or 15 per cent. of the students in any school belong to our community. Sir, another false impression, which persists amongst my friends here is that these schools cater only to the rich. Sir, that is not true and that is not our fault.

Our children are going to school in rickshaws from Eliott Road and they have to compete with children who are coming to school in cars, whose fathers own one or more cars. We are suffering, we feel it. If

there is any battle in Bengal between the 'haves' and the 'have-nots', we, Sir, will not be on the side of the 'haves'. It so happens that our system of education with its long tradition of 240 years is the best educational system in this State. Not only in this State but we have a co-ordinated syllabus throughout India. We have tried to maintain its standards and we have tried to bring up our children as nationalists. These unfounded attacks on our schools should cease. I am sorry that my younger friends in the House have criticised our educational system as not providing the proper kind of education. Sir, I agree with them. The very criticism that they made shows that the educational system has not given the kind of education that they should have. Sir, the Constitution of India, which was framed, provided in Article 29 that any section of the citizens residing in the territory of India or any part thereof having a distinct language, script or culture of its own shall have the right to conserve the same. Then Article 30 says, all minorities, whether based on religion or language, shall have the right to establish and administer educational institutions of their choice, and, further, the State shall not, in granting aid to educational institutions, discriminate against any educational institution on the ground that it is under the management of a minority community, whether based on religion or language. Sir, I do wish that the educational system in the State turned out citizens, turned out men of imagination and broad outlook, men, who, if they are strong and in a majority, would be just and fair to the weak and to those who are in a minority. Sir, I hope that today communal storm will blow over and that I will be able to work hand in hand with all my friends here for the uplift of the State. Jai Hind

শ্রীশচীনন্দন সাউঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৭৩-৭৪ সালে শিক্ষাখাতের যে বায় বরাদ্দ শিক্ষামন্ত্রী উপস্থিত করেছেন তাকে আমি পরিপূর্ণ সমর্থন করি। পশ্চিম বাংলার বুকে শিক্ষা জগতে কি ঝড় বয়ে গিয়েছিল তা সকলেই জানেন। আমরা দেখেছি শিক্ষা জগতে কি তান্ডব নৃত্যের সৃষ্টি হয়েছিল। তখন শিক্ষককে ছাত্র ছোরা দেখিয়েছে, অনেক স্কুল পুড়িয়ে দেওয়া হয়েছে এবং শিক্ষার জীবনে এক চরম দুর্দিন এসেছিল। অনেক সদস্য শিক্ষা সংস্কারের কথা বললেন। কিন্তু আমি বলতে চাই ১১ মাসের রাজত্বে শিক্ষামন্ত্রী যেভাবে এই কার্যগুলি করেছেন তার জন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। শিক্ষা দপ্তরে দুর্নীতি আছে, চরম অপচয় আছে এবং এর কার্যকলাপে কোন সদস্যই সন্তুষ্ট নন। কিন্তু শিক্ষা দপ্তরে কি দলাদলি হয়েছে, কি দলীয় রাজনীতি হয়েছে, কি কায়েমী স্বার্থ প্রভাব বিস্তার করেছিল তা সকলেই জানেন। সেসব জিনিসকে এই মুহূর্তে পরিষ্কার করা সম্ভব। এই অল্প সময়ের মধ্যে তিনি সমস্ত জেলাভিত্তিক শিক্ষক উপদেষ্টা কমিটি করেছেন এবং তার মাধ্যমে সেখানে কিভাবে শিক্ষাবিস্তারের সমস্যার সমাধান করা যায় তার জন্য ব্যবস্থা করেছেন।

[9-20—9-30 p.m.]

স্যার, আমি এখনই শুনলাম তাঁরা বললেন, পশ্চিম বাংলার বুকে প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করবার কোন ব্যবস্থা নেই। কিন্তু আমি মনে করি এটা করা সম্ভব। মাননীয় শিক্ষামন্ত্রী ওয়ান-টিচার পাঠশালা করেছেন এবং আমরা দেখছি শিক্ষকরা সকলেই বলছেন, সকলকে বাধ্যতামূলক শিক্ষা নিতে হবে। কিন্তু মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনিই বলুন, গ্রাম বাংলার লোক যারা খেতে পায় না, গরিব মানুষের ছেলে যাদের সকালে কাজে বেরুতে হয় এবং সন্ধ্যায় ফিরে আসতে হয় তাদের ক্ষেত্রে এই প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করা কি ক'রে সম্ভব হবে? কাজেই আমার মনে হয় যাদের পেটে ভাত নেই, পরণে কাপড় নেই তাদের জন্য যদি

নাইট স্কুল বা ওয়ান-টিচার পাঠশালার ব্যবস্থা করেন, তা হ'লে রাত্রিবেলায় সেখানে এই সমস্ত গরিব মানুষের ছেলেদের পড়ার ব্যবস্থা হ'তে পারে। কোথাও ৩০ টাকা, কোথাও ৬০ টাকা গ্রান্ট দেওয়া হয়। এতে বোঝা যাচ্ছে, আমাদের চিন্তা আছে কিন্তু সংকুলান নেই। তবে যেভাবে ক'রেই হোক একে এগিয়ে নিতে হবে এবং গ্রামবাংলায় বাধ্যতামূলক শিক্ষার ব্যবস্থা করতে হবে। সমালোচনা করা সোজা, কিন্তু বাস্তবে পরিণত করা সুকঠিন। আমি শুনেছিলাম বিরোধী পক্ষের বক্তব্য তাঁরা সমালোচনা করেছেন। তাঁদের একটা কথা মনে রাখা দরকার যে, শিক্ষা জগতে আজকে নতুন ক'রে বিশৃঙ্খলা দেখা দেয় নি। এন সি সি-র কথা যা বলা হয়েছে, তাতে আমি মনে করি, এর বিস্তার করা দরকার জাতিকে সুশৃঙ্খল করবার জন্য। তারপর গেম শিক্ষক নামমাত্র যা রয়েছে সেই অবস্থার পরিবর্তন করা দরকার। শিক্ষা জগতে শিক্ষামন্ত্রী মহাশয়কে বলা হচ্ছে শিক্ষার সংস্কার করুন এবং তা না করলেই শিক্ষামন্ত্রীর উপর রক্তচক্ষু দেখান হচ্ছে। আপনারা একটা জিনিস লক্ষ্য করুন শিক্ষকদের যে মনোভাব থাকা উচিত, যে জাতীয়তাবোধ থাকা উচিত সেটা আজকে কোথায়? আজকে গণ-টোকাটুকি বন্ধের জন্য ছাত্র পরিষদ নতুন ক'রে ডাক দিয়েছে পশ্চিম বাংলার মুখ্যমন্ত্রীর আহ্বানে। স্যার, আমরা দেখেছি আজকে যাঁরা বিরোধী দলে রয়েছেন তাঁরা কিভাবে পশ্চিম বাংলার জনজীবনকে বিপর্যস্ত করেছিল, কিভাবে ছাত্রসমাজকে পঙ্গু করেছিল এবং এই ব্যাপারে আমরা যুক্তফ্রন্ট থেকে আরম্ভ ক'রে নকশালপন্থীদের সকলকেই দেখেছি। আমরা দেখেছি শিক্ষার কি অবস্থা হয়েছিল এবং শিক্ষা জগতে কি অবস্থা হয়েছিল। কিন্তু আজকে যাঁরা বলছেন, নাইট স্কুল চলছে না, আমি এসব তাঁরা সম্পূর্ণ মিথ্যা কথা বলছেন। আমাদের জেলায় দেখেছি স্কুল-কলেজ চলতে শুরু হয়েছে। শিক্ষাব্যবস্থায় যে বিপর্যয় এসেছে তার জন্য শিক্ষামন্ত্রীকে দোষারোপ করলে হবে না। যেসমস্ত সাজেশনস্ এখানে উপস্থাপিত করা হয়েছে সেগুলি যথাযথ রূপায়িত করবেন এবং আজকে শিক্ষা সংস্কারের যে দাবি উঠেছে সেক্ষেত্রে দলবাজির ঊর্ধ্বে উঠে, জাতীয়তাবোধ নিয়ে একে বিচার করবেন এবং সেইভাবে শিক্ষাব্যবস্থা গঠন করবেন এই আশা নিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জিঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে আজকের আলোচনায় যোগদানকারী আমাদের সহৃদয় সদস্যা ভগ্নী ও ভাইগণকে তাঁদের বিভিন্ন মন্তব্য, আলোচনা এবং সমালোচনার জন্য আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। তাঁরা অনেক গঠনমূলক বক্তব্য রেখেছেন, এজন্য তাঁদের প্রতি আমি বিশেষভাবে কৃতজ্ঞ। তবে শিক্ষা বিষয়টা এমনই যে, তার উপর বক্তৃতা দেওয়া সহজ, তাকে কাজে লাগানো তত সহজ নয়। এমন কি, যদি সাধারণভাবে কোন শিক্ষকের সামনে দুটি প্রশ্ন রাখা যায় যে, আপনি শিক্ষার উপর শিক্ষা দেওয়া বক্তৃতা দান আর ছেলেদের সেই শিক্ষা নিয়ে শিক্ষার ভিত্তিতে শিক্ষিত করা, এই দুইটির মধ্যে কোন্‌টাকে সহজ ব'লে মনে করেন, আমার ধারণা অধিকাংশ শিক্ষকই শিক্ষাদানের চেয়ে শিক্ষামূলক বক্তৃতা দেওয়া সহজ ব'লে মনে করবেন। তবু আমি বলব না যে, শিক্ষাব্যবস্থার সম্প্রসারণ ত্রুটিহীন এবং আমরা গত এক বছরে সেই কাজ করতে সক্ষম হয়েছি। আমি মুক্তকণ্ঠে স্বীকার করি যে, শিক্ষা-ব্যবস্থায় অনেক ত্রুটি আছে। প্রাথমিক থেকে বিশ্ববিদ্যালয় স্তর পর্যন্ত শিক্ষার পাঠ্যসূচি, পাঠক্রম এখনও সেকেলে ধরনের, পরীক্ষা পদ্ধতি অতি অবাস্তব এবং অবৈজ্ঞানিক, শিক্ষাদানে যথেষ্ট গলদ আছে এবং এটাও স্বীকার করি, বিভিন্ন স্তরে শিক্ষকদের পারিশ্রমিক যথেষ্ট নয়। বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকের তুলনায় কলেজের অধ্যাপক পারিশ্রমিক কম পান, কলেজের অধ্যাপকের তুলনায় মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক পারিশ্রমিক কম পান, মাধ্যমিক শিক্ষকের তুলনায় প্রাথমিক শিক্ষক পারিশ্রমিক কম পান। বিভিন্ন পর্যায়ে শিক্ষকদের পারিশ্রমিক আরও বেশি হওয়া উচিত। আরও সুন্দর ও ভাল হওয়া উচিত। এবং তাঁর চাকুরিগত ব্যবস্থাও। আমি এটাও লক্ষ্যের মধ্যে রেখেছি, যদি সঙ্গতি সংগ্রহ করা যায় এবং যেমন যেমন সঙ্গতি সংগৃহীত হবে নিশ্চয়ই নিচের দিক থেকে শিক্ষকদের উন্নতি করা হবে। অর্থাৎ যে শিক্ষক বা শিক্ষক শ্রেণীর পারিশ্রমিক সবচেয়ে কম, সেই প্রাথমিক শিক্ষক যার উপর প্রাথমিক শিক্ষার দায়িত্ব দেওয়া আছে, শিক্ষার ভিত্তি স্থাপনের দায়িত্ব যার উপর আছে, তার পারিশ্রমিক উন্নতি করার উপর অগ্রাধিকার থাকবে। এই কারণে গত বছর আমাদের সীমিত সঙ্গতি সত্ত্বেও তাদের বেতন মাসিক সাত টাকা হারে বৃদ্ধি করা হয়েছে। একথাও আমি স্বীকার করি যে, একজন শিক্ষক

পারিশ্রমিক যেমনই হোক না কেন, সেটা তাঁর নিয়মিত পাওয়া উচিত। খুব দুঃখের বিষয় যে, বিভিন্ন স্তরে শিক্ষকদের পারিশ্রমিক ঠিক সময়ে পেঁাছচ্ছে না। এর অনেক কারণ থাকতে পারে। তার মধ্যে একটা কারণ, আমার মনে হয়, শিক্ষা প্রতিষ্ঠানগুলি অধিকাংশ ক্ষেত্রেই বেসরকারী। বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে বেতন দেওয়ার দায়িত্ব নিশ্চয়ই সরকারের আছে, কিন্তু সঙ্গে সঙ্গে সেই দায়িত্ব আছে শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে যেসব পরিচালক সমিতি আছে তাদেরও, যদি কোন শিক্ষা প্রতিষ্ঠানে টুইশন বাবত প্রাপ্য ঠিকমত আদায় না হয়, তা হ'লে নিশ্চয়ই নিয়মিত বেতন দান ব্যাহত হবে, সে বিষয়ে সন্দেহ নাই। তবু এটা আমাদের লক্ষ্যের মধ্যে আছে যে, কম পারিশ্রমিক হ'লেও বিভিন্ন স্তরে শিক্ষক বা অধ্যাপক যাতে নিয়মিত বেতন পান সেদিকে সাহায্য করার জন্য আমাদের সকলকে, যেমন সরকারকে তেমনি যেসব শিক্ষা প্রতিষ্ঠান আছে, সেই সব শিক্ষা প্রতিষ্ঠানগুলির কর্তৃপক্ষকে সমবেতভাবে জোরের সঙ্গে সচেষ্ট হতে হবে।

[9-30—9-40 p.m.]

বিভিন্ন শিক্ষা স্তরে বিভিন্ন সমস্যার উপর গুরুত্ব আরোপ করা হয়েছে। নিশ্চয় এটা সকলে স্বীকার করবেন যে, সকল সমস্যা বা এতদিনের পুঞ্জীভূত সমস্যা এক বছরে সমাধান করা যাবে না। দুঃখের বিষয় আমি গত বছর ধ'রেই লক্ষ্য করেছি আমাদের শ্রদ্ধেয় শিক্ষক ভাই-ভগিনীরা তাঁদের বেতন স্কেল, তাঁদের নিয়মিত বেতন দেওয়া, তাঁদের পেনশন, তাঁদের গ্রাচুইটি এবং তাঁদের বিভিন্ন ধরনের সমস্যা এক বছরেই মেটাবার দাবি নিয়ে তাঁরা অধিকাংশ সময় এগিয়ে এসেছেন। আজকে শিক্ষাক্ষেত্রে জটিল সমস্যার সমাধান করতে গেলে তার উপযুক্ত পরিবেশ যেটা হয়েছে সেটা বজায় রাখা বেশি প্রয়োজন। তাই বিভিন্ন সময়ে যদি আন্দোলনের একটা চাপ দেন, বিভিন্ন সময়ে যদি দাবিদাওয়া পূরণের কথাই ভাবতে হয়, তা হ'লে নিশ্চয় শিক্ষার সংস্কার, শিক্ষার উন্নতি বা যেসমস্ত সমস্যা এতদিন জমা হয়ে আছে সেগুলো দূর করার চেষ্টা করায় বাধা না দেওয়াই ভাল। তবে আমি চেষ্টা করব শিক্ষক মশাইদের যেসব অসুবিধা আছে তাঁদের বেতন হার, নিয়মিত বেতন দান ইত্যাদি বিষয়ে অসুবিধা দূর করার এবং সেসব সমস্যা সব সময়েই আমার চিন্তার মধ্যে থাকবে এবং সবগুলো একদিনে করতে না পারলেও আস্তে আস্তে করতে পারব ব'লে বিশ্বাস রাখি। বেতন দান এক বছর আগে যতটা অনিয়মিত ছিল গত বছর তার চেয়ে কম অনিয়মিত হয়েছে এবং এই কমটা আগামী দিনে আরও কমবে এই আশা রাখি। প্রাথমিক শিক্ষার উপর গুরুত্ব দেওয়া হবে, আমার বাজেট বক্তৃতায় বলেছি। এই বিষয়ে কেন্দ্রীয় সরকার আমাদের যথেষ্ট সাহায্য করেছেন এবং ভবিষ্যতেও করবেন এবং সেই ব্যাপারে অনেক সদস্য উল্লেখ করেছেন। যেসব বিদ্যালয়বিহীন গ্রাম আছে সেগুলোতে যাতে সর্বপ্রথম বিদ্যালয় প্রতিষ্ঠিত হয় নিশ্চয় সেদিকে আমাদের দৃষ্টি দিতে হবে। সরকারী হিসাবে আমি দেখেছি প্রায় ২৫০।৩০০ গ্রাম এখনও বিদ্যালয়বিহীন। তবে আমি এই হিসাব মানি না এবং সম্প্রতি আমি এম এল এ ভাইদের অনুরোধ রাখব, তাঁদের যদি জানা থাকে কোন্ কোন্ বিশেষ গ্রাম বিদ্যালয়-বিহীন আমাকে জানাবেন, যথাশীঘ্র সম্ভব সেখানে যাতে বিদ্যালয় স্থাপিত হয় তার চেষ্টা করা হবে। প্রাথমিক শিক্ষা সার্বজনীন করা বা অবৈতনিক করার ব্যাপারে অনেক সমালোচনা হয়েছে এই বিষয়ে আমি অগ্রসর হয়েছিলাম, হিসাবপত্র পরিকল্পনা প্রস্তুত হয়েছিল এবং সম্ভাব্য ব্যয়ের একটা মাত্রা স্থির হয়েছিল সেটা এক কোটি টাকার কাছাকাছি হয়েছিল। কিন্তু আপনি জানেন, প্রাথমিক শিক্ষকদের বেতন বৃদ্ধি এবং ঘাটতিভিত্তিক অনুদান চালু করার জন্য প্রায় তিন কোটি টাকার ব্যয়ভার আমরা বহন করেছি। এর এক-তৃতীয়াংশ পেলেই আমাদের পশ্চিম-বঙ্গে যে ন্যূনতম চাহিদা আছে সেটা পূরণ করা সম্ভব হত।

তবে আমি বলব, আগামী দিনে যে শিক্ষা সংস্থা আছে--সারা প্রাথমিক শিক্ষা অবৈতনিক আছে সেখানে নজর দেব। আমাদের সরকারের আর্থিক উন্নতির সঙ্গে সেটা সম্ভব হবে। একটা কম্প্রিহেনসিভ প্রাইমারি এডুকেশন বিল যেটার বহুদিন থেকে এখানে চাহিদা আছে, বহুদিন থেকে প্রয়োজনীয়তা অনুভব করা গেছে, খুব সম্ভব এই চলতি সেসনেই সেটা রাখা সম্ভব হবে। মাধ্যমিক শিক্ষা ক্ষেত্রে সমালোচনা হয়েছে। ঘাটতিভিত্তিক অনুদান সম্বন্ধে যে সরকারী সার্কুলার, নির্দেশনামা জারী হয়েছে তার মধ্যে আছে, অনেক শর্ত আমাদের সন্নিবিষ্ট করতে

হয়েছে যা অনেক শিক্ষা প্রতিষ্ঠানের কঠোর ব'লে মনে হয়েছে, আমারও হয়েছে.—এতো অসুবিধা সত্ত্বেও ঘাটতিভিত্তিক অনুদান আগেকার প্রতিশ্রুতি মত আমরা চালু করতে সম্মত হয়েছি। কতকগুলি শিক্ষককে এ থেকে বঞ্চিত করার উদ্দেশ্য আমার ছিল না। মোটামুটি ঠিক করেছি যেসব আগেকার ছাত্রসংখ্যা ১৫০ বা তার বেশি তাদের ক্ষেত্রে ইনডিভিজুয়াল কেস—মেরিট অনুযায়ী মোটামুটি শিক্ষক-ছাত্র অনুপাতে তাদের ঘাটতিভিত্তিক অনুদান দেওয়া হবে। সাধারণভাবে গত বছর আমরা নানা বিষয়ে বিভিন্ন শিক্ষা সংস্থার সঙ্গে আলাপ-আলোচনা ক'রে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছি, বিভিন্ন ব্যবস্থাও গ্রহণ করেছি। এই শিক্ষা ব্যাপারে যতদূর সম্ভব শীঘ্র শিক্ষক ও অন্যান্য শিক্ষা অনুরাগী ব্যক্তিদের মতামত বিনিময়ের মাধ্যমে যা নীতি নির্ধারিত হবে সেইভাবে ব্যবস্থা অবলম্বন করা হবে। আমরা বিভিন্ন শিক্ষা সংস্থা ও অন্যান্য শিক্ষানুরাগী নিয়ে একটা সেমিনারের ব্যবস্থা করেছি—সেই সেমিনার আরও কিছুদিন চলবে। বিভিন্ন পর্যায়ের শিক্ষক ও অন্যান্য শিক্ষা সংস্থার মতামত নিয়ে আগামী দিনের দীর্ঘকালীন শিক্ষাব্যবস্থা গৃহীত হবে। শিক্ষার উন্নতি করতে সব চেয়ে দরকার হচ্ছে শিক্ষা প্রতিষ্ঠানকে রাজনীতিমুক্ত করা, তাকে দলাদলির ঊর্ধ্বে নিয়ে যাওয়া। দুঃখের বিষয়, এই দিক থেকে বিভিন্ন ক্ষেত্রে যথেষ্ট ব্যতিক্রম দেখা যায়। এখানে একজন বিশিষ্ট সদস্য কয়েকটি উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে উচ্চতর কর্মকর্তা নিয়োগ ক্ষেত্রে ব্যক্তিগত কথা উল্লেখ করেছেন, আমি জানি না এই রকম উল্লেখ যৌক্তিক হয়েছে কিনা। আমার দিক থেকে বর্তমান সরকারের পক্ষ থেকে ঘোষণা রাখতে পারি, যতদূর সম্ভব রাজনীতির ঊর্ধ্বে গিয়ে আমরা নিয়োগ করতে এগিয়েছি। এবং তার একটা উজ্জ্বল প্রমাণ হচ্ছে যে ছাত্র পরিষদ আজ দেশের উন্নতিতে জান লড়িয়ে দিয়েছে যাদের অবদান যথেষ্ট উল্লেখযোগ্য তারা যাকে সুপারিশ করেছিল তাকে উপেক্ষা ক'রে অন্য জায়গা থেকে এক নতুন শিক্ষাবিদকে এক উচ্চ পদে এক বিশেষ ব্যক্তিকে নিয়োগ করা হয়েছে।

[9-10 - 9-52 p.m.]

এটাই যথেষ্ট প্রমাণ যে আমরা রাজনীতি থেকে সম্পূর্ণ দূরে থাকতে চাই। আমরা তাই অনুরোধ রাখব বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, বিভিন্ন শিক্ষা কর্মকর্তাদের কাছে যে তারা যেন এই নীতি অনুসরণ করেন, তা না হ'লে আমরা যে অবস্থা থেকে উদ্ধার পেয়েছি, আবার সেই অবস্থাতেই ফিরে যাব। শিক্ষার উন্নতি করতে হ'লে নিশ্চয় শিক্ষাকে রাজনীতি থেকে দূরে সরিয়ে রাখতে হবে। ছাত্রদের মতের উপর আমরা যথেষ্ট গুরুত্ব দিই। যে কারণে আমরা বিভিন্ন আলোচনাচক্রে ছাত্র সংগঠনের প্রতিনিধিদের ডেকেছি এবং এই নীতি স্বীকার ক'রে নিয়েছি যে, বিশ্ববিদ্যালয় পরিচালনার ক্ষেত্রে ছাত্রদের প্রতিনিধিত্ব থাকবে। তবে ঠিক কি আকারে সেই প্রতিনিধিত্ব দেব তা এখন নির্দিষ্ট হয় নি। অন্যান্য রাজ্য বা অন্যান্য বিশ্ববিদ্যালয় কিভাবে সেই জিনিস রূপ দিয়েছে তা আমরা পর্যালোচনা ক'রে দেখছি। পরিশেষে আমি আপনার মাধ্যমে এই সভায় এই কথা জানাতে চাই যে, শিক্ষাক্ষেত্রে প্রকৃতপক্ষে যদি আমরা উন্নতি করতে যাই, যদি উল্লেখযোগ্য কোন পরিবর্তন আনতে যাই, তা হ'লে সবাই মিলে এক সঙ্গে এক জোটে সহযোগিতাপূর্ণ মনোভাব নিয়ে সক্রিয় সহযোগিতার ভিত্তিতে কাজ করতে হবে। সহযোগিতা চাই সরকারের সঙ্গে পশ্চিম বাংলার শিক্ষা প্রতিষ্ঠানগুলির, সহযোগিতা চাই শিক্ষকদের সঙ্গে অভিভাবকদের, সহযোগিতা চাই শিক্ষকদের সঙ্গে ছাত্রদের, সহযোগিতা চাই ছাত্রদের সঙ্গে সরকারের। আপনার মাধ্যমে আমি তাই বিশেষভাবে অনুরোধ রাখব আমাদের সকল শিক্ষক সদস্য এবং সামগ্রিকভাবে শিক্ষক সম্প্রদায়ের কাছে যে, ছেলেদের ভবিষ্যৎ তাঁদেরই হাতে। সরকার চেষ্টা করবে তাদের চাকরির অবস্থার উন্নতিতে, এই সীমিত সঙ্গতির উপর নির্ভর না ক'রে তারা যেন অনুগ্রহপূর্বক তাদের যে দায়িত্ব আছে সেটাকে পালন করতে এগিয়ে আসেন। নিশ্চয় কে কত পারিশ্রমিক পেলেন তার ভিত্তিতে আমাদের দেশে কোনদিন শিক্ষাদানের কাজ চলে না। সব শিক্ষকদের মধ্যেই আমরা একই সেবাব্রত দেখেছি এবং পশ্চিমবঙ্গের যথেষ্ট প্রতিভাবান শিক্ষক আছেন, তাঁরা ইচ্ছা করলে, তাঁরা যদি আন্তরিকভাবে সহৃদয়তার সঙ্গে এগিয়ে আসেন, তা হ'লে এই শিক্ষাদানের কাজ আরও উজ্জ্বল, আরও সার্থক হবে। একজন সদস্য বলেছেন, মেকলের ইনফিলট্রেশন থিওরি সম্বন্ধে-- আমি আপনার মাধ্যমে তাঁদের কাছে যেকথা রাখতে চাই সেটা হ'ল এই যে, শিক্ষার আসল উদ্দেশ্য হচ্ছে ছাত্রদের কল্যাণ। সেইজন্য সরকার

প্রভূত অর্থ ব্যয় করছেন শিক্ষা বাজেটে এবং সেই ব্যয়ের অধিকাংশ সুযোগ, অধিকাংশ উপকার প্রথমেই যাচ্ছে শিক্ষক মহাশয়দের কাছে। তাঁরা সেটা ইনফিলট্রেট করিয়ে ছাত্রদের কাছে পৌঁছে দিচ্ছেন। সুতরাং এই ইনফিলট্রেশনের কাজ যদি সুন্দর না হয়, এর মধ্যে যদি কোথাও কিছু ফাঁক থাকে, তা হ'লে আমরা যতই অর্থ ব্যয় করি না কেন, যতই সুন্দর শিক্ষা ব্যবস্থা আমরা প্রণয়ন করি না কেন, যতই সুন্দর পাঠ্যসূচি রচনা করি না কেন, পরিশেষে যাদের মঙ্গল করাই আমাদের উদ্দেশ্য সেই ছাত্রসমাজ, তাদের অবস্থার উন্নতি করতে পারব না। আমরা দেখতে পাব তারা কেউ কলেজে বা বিশ্ববিদ্যালয়ে যোগদান ক'রে পরীক্ষা হ'লে ঠিকমত লিখতে পারছে না, আকাশের দিকে তাকিয়ে আছে, চেয়ার টেবিল ভাঙছে, আর তার যে ফলাফল হচ্ছে সেটা অত্যন্ত শোচনীয়। তাই পরিশেষে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সকল সদস্যের নিকট সহযোগিতা কামনা ক'রে এবং আমার এই প্রস্তাবিত বাজেটের প্রতি তাদের সমর্থন কামনা ক'রে আমার বক্তব্য শেষ করছি এবং সঙ্গে সঙ্গে যে কাট মোশনগুলি উপস্থিত হয়েছে সেগুলির বিরোধিতা করছি।

The motions of Shri Prodyot Kumar Mahanti that the amount of the demand be reduced to Re. 1, and that the amount of the demand be reduced by Rs. 100 were then put and lost.

The motions of—

Shri Timir Baran Bhaduri that the amount of the demand be reduced to Re. 1,

Shri A. H. Besterwitch that the amount of the demand be reduced by Rs. 100,

Shri Shish Mohammad that the amount of the demand be reduced by Rs. 100,

were then put and a division taken with the following results:

Noes

Abdus Sattar, Shri.
Ali Ansar, Shri.
Banerjee, Shri Mrityunjoy.
Bhattacharya, Shri Keshab Chandra.
Bhattacharyya, Shri Harasankar.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Kanti Ranjan.
Chowdhary, Shri Abdul Karim
Das, Shri Barid Baran.
Deshmukh, Shri Netai.
Ghosal, Shri Satya.
Ghosh, Shri Lalit Kumar.
Ghosh, Shri Prafulla Kanti.
Goswami, Shri Paresh Chandra.
Goswami, Shri Sambhu Narayan.
Gyan Singh, Shri Sohanpal.
Halder, Shri Manoranjan.
Khan, Shri Gurupada.

Noes

Mahato, Shri Madan Mohan.
Mahato, Shri Satadal.
Majhi, Shri Rup Sing.
Malladeb, Shri Birendra Bijoy.
Mandal, Shri Nrisinha Kumar.
Misra, Shri Kashinath.
Mitra, Shrimati Ila.
Mohammad Dedar Baksh, Shri.
Moslehuddin Ahmed, Shri.
Mukherjee, Shri Mrigendra.
Mukherjee, Shri Sibdas.
Oraon, Shri Prem.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Roy, Shri Debendra Nath.
Saha, Shri Dwija Pada.
Samanta, Shri Tuhin Kumar.
Saren, Shrimati Amala.
Sarkar, Shri Netaipada.
Shaw, Shri Sachi Nandan.
Singhababu, Shri Phani Bhusan.
Sinha, Shri Atish Chandra.
Sinha, Shri Debendra Nath.
Wilson-de Roze, Shri George Albert.

Ayes

Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

The Ayes being 2 and the Noes 42, the motions were lost.

The motion of Shri Mrityunjoy Banerjee that a sum of Rs.87,38,91,000 be granted for expenditure under Grant No. 19, Major Head: "28—Education", was then put and a division taken with the following results:

Ayes

Abdus Sattar, Shri.
Ali Ansar, Shri.
Banerjee, Shri Mrityunjoy.
Bhattacharya, Shri Keshab Chandra.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Kanti Ranjan.
Chowdhury, Shri Abdul Karim.
Das, Shri Barid Baran.
Deshmukh, Shri Netai.

Ayes

Ghosh, Shri Lalit Kumar.
Ghosh, Shri Prafulla Kanti.
Goswami, Shri Paresh Chandra.
Goswami, Shri Sambhu Narayan.
Gyan Singh, Shri Sohanpal.
Halder, Shri Manoranjan.
Khan, Shri Gurupada.
Mahato, Shri Madan Mohan.
Mahato, Shri Satadal.
Majhi, Shri Rup Sing.
Malladeb, Shri Birendra Bijoy.
Mandal, Shri Nrisınha Kumar.
Misra, Shri Kashinath.
Mohammad Dedar Baksh, Shri.
Moslehuddin Ahmed, Shri.
Mukerji, Shri Mrigendra.
Mukherjee, Shri Sibdas.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Roy, Shri Debendra Nath.
Saha, Shri Dwija Pada.
Samanta, Shri Tuhin Kumar.
Saren, Shrimati Amala.
Shaw, Shri Sachi Nandan.
Singhababu, Shri Phani Bhusan.
Sinha, Shri Atish Chandra.
Sinha, Shri Debendra Nath.
Wilson-de Roze, Shri George Albert.

Noes

Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Abstentions

Mitra, Shrimati Ila.
Ghosal, Shri Satya.
Sarkar, Shri Netaipada.
Oraon, Shri Prem.

The Ayes being 37, Noes 2 and the Abstentions 4, the motion was carried.

Adjournment

The House was then adjourned at 9-52 p.m. till 1 p.m. on Friday, the 16th March, 1973, in the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 16th March, 1973, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the chair, 13 Ministers, 7 Ministers of State, 2 Deputy Ministers and 147 Members.

[1-00—1-10 p.m.]

Oath or affirmation of allegiance

Mr. Speaker: Honourable Members, any of you who have not yet made an oath or affirmation of allegiance, may kindly do so.

(There was none to take oath.)

STARRED QUESTIONS

(to which oral answers were given)

কবি নজরুলকে রাষ্ট্রীয় সম্মান

*৬৬২। (অনুমোদিত প্রশ্ন নং *৬৪৯।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) অগ্নিযুগের বিদ্রোহী কবি নজরুল ইসলামকে রাষ্ট্রীয় সম্মানে ভূষিত করার জন্য কেন্দ্রীয় সরকারের সহিত রাজ্য সরকার কোন যোগাযোগ করিয়াছেন কি; এবং

(খ) করিয়া থাকিলে, তাহার ফলাফল কি?

(Shri Subrata Mukhopadhaya rose to speak from the seat of the Hon'ble Minister for Irrigation Department.)

Mr. Speaker: Mr. Mukherjee, you are taking your seat in a separate place. You know, in May's Parliamentary Practice and other books, the direction given is that a Member has to speak from the seat allotted to him by the Speaker. Unless you seek the permission of the Speaker and the Speaker is agreeable to allow you to sit and speak from another position, you cannot do that.

Shri Subrata Mukhopadhaya: Sir, I seek your permission.

Mr. Speaker: All right, I allow you.

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: (ক) এবং (খ) কবি কাজী নজরুল ইসলাম ইতিপূর্বেই "পদ্মভূষণ" সম্মানে ভূষিত হইয়াছেন। ১৯৬০ সালের সাধারণতন্ত্র দিবসে রাষ্ট্রপতি কর্তৃক এই সম্মান প্রদত্ত হয়।

শ্রীমহম্মদ সফিউল্লা: "ভাঙ্গার গানের" মত জ্বালাময়ী কাব্য, "ঝিঙেফুলের" মত স্নিগ্ধ শিশুকাব্য এবং "চক্রবাকের" মত রোমান্টিক কাব্যের কবিকে রবীন্দ্র পুরস্কার কি প্রদান করা হয়েছে?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: এই প্রশ্ন এখানে ওঠে না, তবে যদি জানতে চান নোটিস দেবেন, জানিয়ে দেব।

শ্রীমহম্মদ সফিউল্লা: কবিকে রাজ্য সরকারের তরফ থেকে অনারারী ডক্টরেট উপাধিতে ভূষিত ক'রে বাংলা ও বাঙ্গালীর গৌরব বাড়াবেন কি?

Mr. Speaker: That is up to the Universities.

শ্রীমহম্মদ সফিউল্লা: কবির নামে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে অধ্যাপকের পদ সৃষ্টি ক'রে বাংলা ও বাঙ্গালীর গৌরব বাড়াবেন কি?

Mr. Speaker: That also depends on the University. The State Government has got nothing to do. That will be decided by the Senate and the Syndicate and not by the Ministry.

পুলিশ থানার আয়তন সীমা পুনর্বিন্যাসকরণ

*৬৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *৮৮৫।) **শ্রীআবদুল বারি বিশ্বাস:** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) সারা রাজ্যে পুলিশ থানার আয়তন সীমা পুনর্বিন্যাসের কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি; এবং থাকিলে, প্রস্তাবটি কি; এবং

(খ) উক্ত প্রকারের পুনর্বিন্যাস কার্য কবে নাগাদ কার্যকর করা হবে?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

শ্রীআবদুল বারি বিশ্বাস: এই সমস্ত থানার সীমানা কতদিন আগে নির্ধারিত হয়েছিল এবং স্থাপিত হয়েছিল?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: এর উত্তর এখন দেওয়া যায় না।

শ্রীআবদুল বারি বিশ্বাস: যে লোকসংখ্যা নিয়ে থানা হয়েছিল এখন তার চেয়ে অনেক লোক হয়েছে একথা কি ঠিক?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: হ্যাঁ।

শ্রীআবদুল বারি বিশ্বাস: আগেকার তুলনায় ক্রাইম-এর সংখ্যা, আকার, প্রকার কি বেড়ে গেছে?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: সব থানার ক্ষেত্রে এক জিনিস হয় না।

শ্রীতুহিনকুমার সামন্ত: পশ্চিমবঙ্গে আরও বেশি পরিমাণে পুলিস আউটপোস্ট বাড়াবেন কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: আপনারা যেখানে পুলিশের বায়বরাদ্দ কমানোর কথা বলেন সেখানে আবার এরকম বলছেন কেন?

শ্রীপরেশচন্দ্র গোস্বামী: অ্যাডমিনিস্ট্রেটিভ ইউনিট ব্লক হিসাবে ঠিক হয়েছে। সেখানে ব্লক হিসাবে আনা হ'লে অ্যাডমিনিস্ট্রেশনের কি সুবিধা হবে না?

Mr. Speaker: It is a matter of opinion.

শ্রীনিতাইপদ সরকার: অদূরভবিষ্যতে এ বিষয়ে বিবেচনা করবেন কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ সে সম্ভাবনা আছে।

শ্রীনাসিরুদ্দিন খানঃ প্রত্যেক থানায় গাড়ির ব্যবস্থা করা হয়েছে কি?

Mr. Speaker: The supplementary question does not arise out of this question.

আদর্শ গ্রাম গঠন

৬৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *১০৪৬।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন (গ্রামীণ গৃহনির্মাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, স্বাধীনতার রজত জয়ন্তী উপলক্ষে আদর্শ গ্রাম গঠনের পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন ; এবং

(খ) সত্য হইলে, (১) কোন্ জেলায় কয়টি আদর্শ গ্রাম গঠন করা হইবে ; এবং (২) উক্ত কাজের জন্য কত টাকা বরাদ্দ আছে?

শ্রীভোলানাথ সেনঃ (ক) স্বাধীনতার রজত জয়ন্তী উপলক্ষে আদর্শ গ্রাম গঠনের কোনও পরিকল্পনা সরকার গ্রহণ করেন নাই। তবে এই উপলক্ষে জয়ন্তী গ্রাম গঠনের একটি পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন।

(খ) (১) প্রতিটি ব্লকে একটি করিয়া "জয়ন্তী গ্রাম" গঠন করা হইবে। তদনুসারে বর্ধমান জেলায় ৩৩টি, বীরভূম জেলায় ১৯টি, বাঁকুড়া জেলায় ২২টি, পুরুলিয়া জেলায় ২০টি, মেদিনীপুর জেলায় ৫২টি, হুগলি জেলায় ১৭টি, হাওড়া জেলায় ১৪টি, ২৪-পরগনা জেলায় ৫১টি, নদিয়া জেলায় ১৬টি, মুর্শিদাবাদ জেলায় ২৬টি, মালদহ জেলায় ১৫টি, পশ্চিম দিনাজপুর জেলায় ১৬টি, জলপাইগুড়ি জেলায় ১৩টি, দার্জিলিং জেলায় ১০টি, কোচবিহার জেলায় ১১টি—মোট ৩৩৫টি "জয়ন্তী গ্রাম" গঠন করা হইবে।

(২) উক্ত কাজের জন্য পৃথক্‌ভাবে কোনও টাকার বরাদ্দ নাই। তবে বিভিন্ন বিভাগ কর্তৃক যেসকল উন্নয়নমূলক কার্যসূচি রূপায়িত হইবে "জয়ন্তী গ্রাম" তাহাতে অগ্রাধিকার পাইবে।

শ্রীকাশীনাথ মিশ্রঃ ব্লক-এ যে একটা করে "জয়ন্তী গ্রাম" করার চেষ্টা হচ্ছে তাতে সেটা কিভাবে সিলেকশন হবে?

শ্রীভোলানাথ সেনঃ বি ডি সি থেকে সিলেকশন করা হয়ে গেছে।

শ্রীকাশীনাথ মিশ্রঃ ব্লক-এ যেটা হয়েছে সেটা কি পদ্ধতিতে হয়েছে?

শ্রীভোলানাথ সেনঃ আপনি তো একটা বি ডি সি-র চেয়ারম্যান, আপনি নিশ্চয় জানেন কিভাবে সিলেকশন হয়েছে।

শ্রীকাশীনাথ মিশ্রঃ আপনারাই সিলেকশন করেছেন, কিন্তু বলছেন টাকা নেই এবং বলছেন বিভিন্ন বিভাগ থেকে কাজ হবে। কিন্তু বিভিন্ন বিভাগ থেকে কিভাবে কাজ হবে?

শ্রীভোলানাথ সেনঃ নির্বাচিত তালিকা প্রত্যেক ডিপার্টমেন্ট-এ পাঠানো হয়েছে—যেমন স্বাস্থ্য, শিক্ষা, পূর্ত, উপজাতিকল্যাণ, রাজ্য বিদ্যুৎ পর্ষদ, পাওয়ার বিভাগ ইত্যাদি যাতে সেখানে অবিলম্বে সমস্ত কাজ হতে পারে। এই সমস্ত গ্রাম সিলেক্ট হ'লে তবে প্রায়োরিটি দিয়ে কাজ হবে।

শ্রীকাশীনাথ মিশ্রঃ কবে এই কাজ আরম্ভ হবে?

শ্রীভোলানাথ সেনঃ সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে টাকা বরাদ্দ হয়েছে তাতে বাস্তু জমি ও গৃহ-নির্মাণের জন্য ৩৫০ টাকা ব্যয় হবে। তবে কবে করা হবে সেটা এম এল এ-দের উপর ডিপেন্ড করবে।

[1-10—1-20 p.m.]

শ্রীকাশীনাথ মিশ্র: প্রতিটি ব্লকের চেয়ারম্যান, আমরা সকলেই আছি অ্যাডভাইসরি কমিটিতে; আমরা সিলেকশন করলাম, কিন্তু কাজ কবে আরম্ভ হবে? প্রতিটি গ্রাম আমাদের তাগাদা দিচ্ছে, কাজ কবে আরম্ভ করবেন জানাবেন কি?

শ্রীভোলানাথ সেন: যথাশীঘ্র আরম্ভ হবে। প্রত্যেক ডিপার্টমেন্ট থেকে সেখানে টাকা খরচ করা হবে। সুতরাং যদি এম এল এ-রা যাঁরা বি ডি সি কমিটির চেয়ারম্যান তাঁরা যদি এটা নিয়ে প্রত্যেক ডিপার্টমেন্টের সঙ্গে যোগাযোগ করেন, তা হ'লে ভাল হয়। কারণ, এম এল এ-দের সহায়তায় কাজটা আরম্ভ হবে। কবে কমপ্লিট হবে এটা বলা মুশকিল।

শ্রীকাশীনাথ মিশ্র: আমরা জানি টাকা দিয়েছেন, কিন্তু অনেক জায়গায় কাজ হয় নি। যেখানে দেখা যাচ্ছে টাকা নাই সেখানে বিভিন্ন দপ্তর থেকে টাকাটা আনা আমাদের পক্ষে কি সম্ভব হবে?

শ্রীভোলানাথ সেন: সংশ্লিষ্ট দপ্তরকে যদি ব'লে দেওয়া হয় যে, এই বছরের মধ্যে আপনার যা কর্তব্য সেটা আপনারা করুন, তা হ'লে আমার ধারণা প্রত্যেক বি ডি সি-র চেয়ারম্যান যদি চেষ্টা করেন, তা হ'লে কাজটা ত্বরান্বিত করা যায়। আপনারা জানেন ডিপার্টমেন্ট কিভাবে মুভ করে। সুতরাং যেখানকার এম এল এ যত বেশি অ্যাকটিভ হবেন সেখানকার কাজ তত তাড়াতাড়ি হবে।

শ্রীজ্যোতির্ময় মজুমদার: ১৯৭৩ সালের আগস্ট মাসের আগে প্রতিটি জয়ন্তী ভিলেজ পরিকল্পনাকে বাস্তবে রূপায়িত করা হবে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, এটা কি সত্য?

শ্রীভোলানাথ সেন: আমি ব্যক্তিগতভাবে জানি না, এই ডিপার্টমেন্ট ২০ মাস হ'ল আমার কাছে এসেছে। তবে সেই প্রতিশ্রুতি দেওয়া হোক বা না হোক ডিপার্টমেন্ট নিশ্চয়ই চেষ্টা করবে যাতে জয়ন্তী বছরের মধ্যে কমপ্লিটেড হয়। যদি না হয় যেখানে না হবে আমি অনুরোধ করব মাননীয় সদস্যদের যাঁরা বি ডি সি-র চেয়ারম্যান আছেন তাঁরা এটা নিয়ে তাগাদা করবেন।

শ্রীজ্যোতির্ময় মজুমদার: জয়ন্তী ভিলেজ প্রোগ্রাম বাস্তবে রূপায়িত করার ক্ষেত্রে মাননীয় মন্ত্রিমহাশয় অবিলম্বে প্রতিটি বিভাগকে সক্রিয় অংশগ্রহণ করার জন্য নির্দেশ দেবেন কি?

শ্রীভোলানাথ সেন: সেই বিষয়ে কোন সন্দেহ নেই। সিলেকশন হয়ে গেছে, টাকা ডিপার্টমেন্ট থেকে বিলি হয়ে গেছে, কথা হচ্ছে তাকে অ্যাক্টিভাইজ করা। এই অ্যাক্টিভাইজ করতে গেলে প্রত্যেক ব্লকে যাঁরা চার্জে আছেন তাঁরা যদি সেইসব ডিপার্টমেন্টে তাগাদা করেন, তা হ'লে কাজটা ত্বরান্বিত হবে। আমরা সবাই খুশি হব যদি ১৯৭৩ সালের মধ্যে হয়ে যায়।

শ্রীগৌতম চক্রবর্তী: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এমন বহু জেলা আছে যেসমস্ত জেলার ব্লক ডেভেলপমেন্ট অফিসার জায়গা সিলেকশন ক'রে পাঠিয়ে দিয়েছেন, সেইসব জায়গায় অবিলম্বে ভিলেজ পরিকল্পনা হবে কিনা?

শ্রীভোলানাথ সেন: আমরা নিশ্চয়ই চেষ্টা করব, তবে আপনারাও চেষ্টা করবেন।

শ্রীগৌতম চক্রবর্তী: চেষ্টা করব তো আমরা শুনে আসছি কিন্তু কার্যক্ষেত্রে দেখা যাচ্ছে ইমপ্লিমেনটেশন হচ্ছে না। আপনি কি প্রতিশ্রুতি দিতে পারবেন অবিলম্বে করবেন?

শ্রীভোলানাথ সেন: আমি তা হ'লে বলি কতটুকু স্টেপ নেওয়া হয়েছে। প্রতি বাস্তু জমি ও তার উন্নয়ন বাবত ৩৫০ টাকা ব্যয়ের যে পরিকল্পনা আছে জয়ন্তী গ্রাম তাতে অগ্রাধিকার পাবে। ৩৫০টি পরিকল্পনা নেওয়া হয়েছে। প্রতি বাস্তু জমি ও ময়লা আবর্জনা পরিষ্কার পদ্ধতির উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকার ৬৩ লক্ষ টাকা বরাদ্দ করেছেন, জয়ন্তী গ্রামসমূহে

তার অংশ ব্যয়িত হবে। প্রাইমারী স্কুলে শিক্ষক নিয়োগ ও এ'দের গৃহনির্মাণের জন্য কেন্দ্রীয় সরকার সারা ভারতে ৩০ কোটি টাকা ব্যয়বরাদ্দ করেছেন। ইহার অংশ পশ্চিমবঙ্গে জয়ন্তী গ্রামে ব্যয়িত হবে। পল্লী-অঞ্চলে জলসরবরাহের জন্য কেন্দ্রীয় সরকার ৩৮ কোটি টাকা বরাদ্দ করেছেন, তার অংশ পশ্চিমবঙ্গের জয়ন্তী গ্রামসমূহ অগ্রাধিকার পাবে। হরিজনদের বিষয়ে কেন্দ্রীয় সরকার ১ কোটি টাকা বরাদ্দ করেছেন।

এই টাকার অংশ এবং পল্লী-অঞ্চলে বিদ্যুৎ সরবরাহ করবার জন্য নির্দিষ্ট অর্থ অন্যান্য জয়ন্তী গ্রামে ব্যয়িত হবে। গ্রামাঞ্চলের জন্য কৃষি মন্ত্রণালয় ৫০ কোটি টাকা বরাদ্দ করেছেন তার অংশও পশ্চিমবাংলায় ব্যয়িত হবে। এতদ্ব্যতীত অন্যান্য যেসকল উন্নয়নমূলক কাজ ব্লকে হবে তাতেও জয়ন্তী গ্রাম অগ্রাধিকার পাবে। এই জয়ন্তী গ্রাম যাঁরা ডিসাইড করেছেন তাঁরা যদি ইমপ্লিমেনটেশনের ব্যাপারে অ্যাক্টিভ হন, তা হ'লে সরকারের সদিচ্ছা আছে। আপনারা যদি যোগাযোগ করেন, তা হ'লে আমার মনে হয় সরকারের যাঁরা কর্মচারী রয়েছেন তাঁরা নিশ্চয়ই সেই কাজ করবেন। তবে তাঁরা যদি না করেন, তা হ'লে আমাকে জানাবেন এবং আমি [illegible] বিহিত করবার চেষ্টা করব।

শ্রীতুহিনকুমার সামন্তঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি, প্রতিটি জয়ন্তী গ্রামের জন্য অর্থ বরাদ্দ কি একই রকম ?

শ্রীভোলানাথ সেনঃ সমান টাকা হতে পারে না কারণ এটা নিড-বেসড প্রোগ্রাম। রাস্তা [illegible] এবং তার উন্নয়ন বাবত ৩৫০ টাকা এবং তারপর আছে ইলেকট্রিসিটি দেওয়া। কাজেই এই [illegible] উপর জিনিসটা ডিপেন্ড করবে। এটা যখন নিড-বেসড প্রোগ্রাম তখন লোকসংখ্যার [illegible] একটা রয়েছে। অর্থাৎ লোকসংখ্যা কমবেশি হ'লে সেখানে খরচও সেই অনুসারে কম-বেশি হবে।

শ্রীপরেশচন্দ্র গোস্বামীঃ জয়ন্তী ভিলেজের সঙ্গে সংযুক্ত করবার জন্য যে পাকা রাস্তা আছে তার সংযোগ সাধন কিভাবে করবেন ?

শ্রীভোলানাথ সেনঃ রাস্তার উন্নয়ন করবার জন্য যা করা প্রয়োজন সেটা করবার চেষ্টা করা হবে।

Mr. Speaker: Honourable Members, about 15 minutes have been taken for this particular question. I would draw the attention of the Honourable Members that too many supplementaries are not encouraged even in Lok Sabha. So unless you co-operate with me I cannot proceed. There are a number of questions here. So I pass over to the next question, *666.

সারা ভারত গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতা

*৬৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *১১৪৩।) **শ্রীঅশ্বিনী রায়ঃ** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সম্প্রতি অনুষ্ঠিত সারা ভারত গ্রামীণ ক্রীড়ায় পশ্চিমবঙ্গ রাজ্য অংশ গ্রহণ করেছিল ; এবং

(খ) সত্য হ'লে, উক্ত খেলায় জেলাভিত্তিতে কতজন অংশ গ্রহণ করেন এবং এই বাবত সরকারী খরচের পরিমাণ ?

Mr. Speaker: I am told that the materials have not been collected, and, therefore, the Minister is asking for time. So the question is held over.

আই এ এস অফিসার

***৬৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *১২৩০।) শ্রীশৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায়ঃ** স্বরাষ্ট্র (সাধারণ শাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে জেলাওয়ারী কতজন অভিজ্ঞ আই এ এস (দশ বছরের অধিক অভিজ্ঞতাসম্পন্ন) অফিসার নিযুক্ত আছেন ;

(খ) বর্তমানে কলিকাতায় কতজন ঐরূপ অভিজ্ঞ অফিসার নিযুক্ত আছেন ;

(গ) ইহা কি সত্য যে, অভিজ্ঞ আই এ এস অফিসারদের কলিকাতায় ট্রান্সফার লওয়ার প্রবণতা অত্যধিক বেশি ; এবং

(ঘ) সত্য হইলে, জেলায় উন্নয়ন ও পরিকল্পনার কর্মসূচি রূপায়ণের প্রতি লক্ষ্য রাখিয়া সরকার এ বিষয়ে কি ব্যবস্থা লইতেছেন ?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ (ক) ৭ জন, যথা—(১) বর্ধমান জেলা—১ জন; (২) হুগলি জেলা (বর্ধমান বিভাগের কমিশনার)—১ জন ; (৩) পুরুলিয়া জেলা—১ জন ; (৪) ২৪-পরগনা জেলা (প্রেসিডেন্সী কমিশনার সহ)—২ জন ; (৫) হাওড়া জেলা—১ জন ; এবং (৬) দার্জিলিং জেলা—১ জন। মোট—৭ জন।

(খ) ৫৭ জন।

(গ) একথা ঠিক বলা যায় না, কারণ স্বাভাবিকভাবেই অভিজ্ঞ অফিসারদের কলিকাতার পদে নিযুক্ত করা হয়।

(ঘ) এ প্রশ্ন উঠে না।

[1-20—1-30 p.m.]

ডঃ শৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় যে উত্তর দিলেন তাতে দেখছি মাত্র দশ বছরের অভিজ্ঞতাসম্পন্ন অফিসার হিসাবে কলকাতায় আছেন ৫৭ জন এবং সমগ্র বাংলায়, কলকাতার বাইরে আছেন ৭ জন, কারণ হিসাবে বলতে গিয়ে বলেছেন, স্বাভাবিক, এই স্বাভাবিক কথাটা বলার কারণ কি ?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ মাননীয় সদস্য বোধ হয় উত্তরটা ভুল শুনেছেন। আমি (গ) প্রশ্নের উত্তরে বলেছি, একথা ঠিক বলা যায় না, কারণ স্বাভাবিকভাবেই অভিজ্ঞ অফিসারদের কলিকাতার পদে নিযুক্ত করা হয়। আপনি যা বললেন, সংখ্যাতত্ত্ব সম্বন্ধে যে সাপ্লিমেন্টারি করলেন, তাতে খানিকটা ভুল হচ্ছে এই যে, কলকাতায় যেসমস্ত অভিজ্ঞ আই এ এস অফিসার নিযুক্ত আছেন, তাঁরা শুধুমাত্র কলকাতার জন্য নয়, সারা বাংলাদেশের জন্যই নিযুক্ত থাকেন।

ডঃ শৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায়ঃ সমগ্র দেশের তাঁরা কি কি কাজ ক'রে থাকেন, অ্যাডমিনিস্ট্রেটিভ, এক্সিকিউটিভ, কি কি কাজ ক'রে থাকেন ?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ এক্সিকিউটিভ তো বটেই।

ডঃ শৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায়ঃ কলকাতার জন্য অ্যাডমিনিস্ট্রেটিভ প্ল্যানিং অ্যান্ড এক্সিকিউটিভ কতটা কাজ ক'রে থাকেন ?

Mr. Speaker: The question is disallowed.

ডঃ শৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় এটা বলবেন কি যে, কিছুদিন আগে নির্দেশ দেওয়া হয়েছিল যে, পাঁচ বছরের কম অভিজ্ঞতাসম্পন্ন আই এ এস অফিসারদের কোন ডিস্ট্রিক্টের চার্জে দেওয়া হবে না, এটা সত্য কিনা ?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ বিশেষ অভিজ্ঞ বলা হয় তাঁদের, যাঁদের দশ বছরের বা তার অধিক অভিজ্ঞতা আছে, তাঁদের বড় ডিস্ট্রিক্টে ম্যাজিস্ট্রেট পদে বা এই ধরনের পদে দেওয়া হয়, আর তা থেকে কম অভিজ্ঞ যাঁরা, তাঁদের ছোট জেলায় বা মহকুমায় দেওয়া হয়।

শ্রীতুহিনকুমার সামন্তঃ মন্ত্রিমহাশয় কি জানাবেন, কোন রিটায়ার্ড আই এ এস অফিসার বর্তমানে সরকারের কোন উচ্চপদে আসীন আছেন কিনা?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ আমার জানা নাই।

অঞ্চল পঞ্চায়েত সচিব

***৬৬৮।** (অনুমোদিত প্রশ্ন নং *১২৮৫।) **শ্রীফণীভূষণ সিংহবাবুঃ** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) অঞ্চল পঞ্চায়েত সচিবগণ সরকারী কর্মচারী হিসাবে গণ্য হন কিনা ;

(খ) হইলে, সরকারী কর্মচারীদের দেয় সকল সুযোগসুবিধা ইঁহাদের না দেওবার কারণ কি ; এবং

(গ) উক্ত সুযোগসুবিধা দিবার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

শ্রীসন্তোষকুমার রায়ঃ (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) বর্তমানে কোন পরিকল্পনা নাই।

শ্রীফণীভূষণ সিংহবাবুঃ আমাদের এই জনপ্রিয় সরকারের কাছে গত আগস্ট মাসে এই প্রসংগে কর্মচারী সমিতি ডেপুটেশন দিয়েছিলেন সে সম্বন্ধে মন্ত্রিমহাশয় জানেন কি এবং সে সম্বন্ধে আমাদের মাননীয় দলনেতা কি বলেছিলেন যে, তাঁদের বিষয় বিবেচনা করা হচ্ছে?

শ্রীসন্তোষকুমার রায়ঃ অঞ্চল পঞ্চায়েতের সচিবরা বার বার ডেপুটেশন দিয়ে তাঁদের বক্তব্য রেখেছেন। তাঁদের বিষয় বিবেচনা ক'রে দেখছি মন্ত্রী বা কেউ একথা বলেছেন কিনা আমার জানা নেই।

শ্রীশম্ভুনারায়ণ গোস্বামীঃ অদূরভবিষ্যতে এদের সরকারী কর্মচারী হিসাবে গণ্য করার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

শ্রীসন্তোষকুমার রায়ঃ আমি তো আগেই বলেছি বর্তমানে কোন পরিকল্পনা নেই।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মন্ত্রিমহাশয় কি জানাবেন, যদি এই সমস্ত পঞ্চায়েত সচিবদের সরকারী কর্মচারী হিসাবে গণ্য করা হয়, তা হ'লে আর্থিক দায়দায়িত্ব সরকারের ঘাড়ে চাপবে কিনা?

শ্রীসন্তোষকুমার রায়ঃ আমাদের যতগুলো স্বয়ংশাসিত সংস্থা আছে, যেমন অঞ্চল পঞ্চায়েত, জেলা পরিষদ বা মিউনিসিপ্যালিটিগুলো তারা কেউই সরকারী কর্মচারী নয়। সরকারী কর্মচারী হিসাবে গণ্য হ'লে নিশ্চয় সরকারের দায়দায়িত্ব বাড়বে। কিন্তু এই ধরনের কর্মচারীরা সরকারী কর্মচারী হিসাবে গণ্য হন না।

শ্রীইন্দ্রজিৎ মজুমদারঃ এদের সরকারী কর্মচারী হিসাবে গণ্য করছেন না, কিন্তু এদের অ্যাপয়েন্টিং অথরিটি কে জানাবেন কি?

শ্রীসন্তোষকুমার রায়ঃ এদের প্রথম রুল হয়েছিল ১৯৫৮ সালে তখন সেখানে ছিল ডাইরেক্টর অফ পঞ্চায়েত, কিন্তু তারপর জেলা পরিষদের ফাইন্যান্স অ্যান্ড এস্টাব্লিশমেন্টের স্ট্যান্ডিং কমিটি করা হয়। এইরকমভাবে......

শ্রীইন্দ্রজিৎ মজুমদার ঃ আমি জানতে চাইছি বর্তমানে কে অ্যাপয়েন্টিং অথরিটি ?

শ্রীসন্তোষকুমার রায় ঃ আগে ডাইরেক্টর অফ পঞ্চায়েত অ্যাপয়েন্টিং অথরিটি ছিলেন।

শ্রীইন্দ্রজিৎ মজুমদার ঃ এই সচিবদের অ্যাপয়েন্টিং অথরিটি কে আমি সেইটাই জানতে চাইছি।

শ্রীসন্তোষকুমার রায় ঃ মাননীয় সদস্যদের সবারই জানা যে, এই নিয়ে অঞ্চল পঞ্চায়েতের সেক্রেটারীরা হাইকোর্টে একটা মোকদ্দমা করেছেন এবং বারে বারে এটা সংশোধন হয়েছে। এই বিষয়ে সম্পূর্ণ বলতে হয়। তা না হ'লে ঐ রকম জবাবে আমার উত্তরটা সদস্যরা ভুল বুঝতে পারেন।

[1-30—1-40 p.m.]

যদি সমস্তটা বলতে দেন, তা হ'লে বলি, না হ'লে এই অবস্থায় এটাই শুনুন।

শ্রীসুব্রত মুখার্জি ঃ মাননীয় মন্ত্রিমহাশয় বলছেন, আগে কিভাবে অ্যাপয়েন্টমেন্ট হ'ত এবং ভবিষ্যতে কিভাবে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হবে - কিন্তু আমার প্রশ্ন হচ্ছে বর্তমানে কিভাবে দেওয়া হবে এবং কে দেবে ?

শ্রীসন্তোষকুমার রায় ঃ ১৯৬৯ সালে যে রুলস অ্যামেন্ডেড হয়েছিল সেই অনুযায়ী জেলা পরিষদের এস্টাব্লিশমেন্ট অ্যান্ড স্ট্যান্ডিং কমিটি হচ্ছে অ্যাপয়েন্টিং অথরিটি।

শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ মাননীয় মন্ত্রিমহাশয় এটা কি জানেন যে, ঐ জেলা পরিষদের স্ট্যান্ডিং কমিটি এই সমস্ত পঞ্চায়েত সেক্রেটারীদের অ্যাপয়েন্টমেন্ট দেবার ক্ষমতা নেই, তারা রেকমেন্ডিং অথরিটি। আসলে রাইটার্স বিল্ডিংয়ের ডিরেক্টর হচ্ছে এদের অ্যাপয়েন্টিং অথরিটি।

শ্রীসন্তোষকুমার রায় ঃ ১৯৬৯ সালে সংশোধন হয়েছিল জেলা পরিষদের ফাইন্যান্স অ্যান্ড এস্টাব্লিশমেন্টস্ স্ট্যান্ডিং কমিটি এদের অ্যাপয়েন্টিং অথরিটি হবে এখনও সেটাই আছে।

শ্রীসনৎকুমার মুখার্জি ঃ মনে করুন বিহার গভর্নমেন্ট থেকে বেঙ্গল গভর্নমেন্টের কাছে টেরিটোরি ট্রান্সফার হ'ল তখন বিহার গভর্নমেন্টের ঐ জায়গার অঞ্চল পঞ্চায়েত সেক্রেটারীদের চাকুরি বেঙ্গল গভর্নমেন্টের কাছে ট্রান্সফার ক'রে দিল। বিহারে এঁরা সরকারী কর্মচারী বলে গণ্য। এটা যখন গভর্নমেন্ট টু গভর্নমেন্ট ট্রান্সফার হ'ল, তখন তারা কি সরকারী কর্মচারী বলে গণ্য হবে ?

শ্রীসন্তোষকুমার রায় ঃ এইরকম ট্রান্সফার হয়েছিল কিনা ওয়েস্ট বেঙ্গলে সে সম্পর্কে নোটিস না দিলে বলতে পারব না।

(গোলমাল।)

Mr. Speaker: Hon'ble Members, you should know that when the Hon'ble Minister wants a notice, that is also an answer according to the rules.

শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায় ঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, জেলা পরিষদই এদের অ্যাপয়েন্টিং অথরিটি। আমি জানতে চাচ্ছি, বর্তমানে ঐ অঞ্চল পঞ্চায়েত সেক্রেটারি যাঁরা আছেন তাঁদের সার্ভিস কন্ট্রোল করছেন কে ? তাঁদের ট্রান্সফার ইত্যাদি এইসব কন্ট্রোল করেন কে ?

শ্রীসন্তোষকুমার রায় ঃ মাননীয় সদস্য জানেন যে, হাইকোর্টে এ ব্যাপারে মোকদ্দমা আছে। সেই সমস্তকিছু আটকে আছে।

(Several Members rose to speak.)

Mr. Speaker: Honourable Members, please take your seats. I know that you have got a number of supplementaries, but it is a fact that the Hon'ble Minister has taken charge of this Department temporarily only a few days back. It is not the Department with which he was connected for the last one year. It is only a temporary arrangement that he is in charge of this Department. So, perhaps it is not possible for the Hon'ble Minister to give answer to all details of your queries and supplementaries. Shri Prafulla Kanti Ghosh was in charge of this Department. I will now request you to confine yourselves on the broad principles and not to go into the minor details. I think, the details which you want to have are not very important.

শ্রীসন্তোষকুমার রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাইনর ডিটেলস সম্বন্ধে কিছু জানতে চাইলে জবাব দেবার মত—মন্ত্রী যখন আমি, দপ্তরের ভার নিয়েছি তখন জবাব দিতে বাধ্য। কিন্তু মাননীয় সদস্যরা এটা খুব ভালভাবেই জানেন যে, অঞ্চল পঞ্চায়তের সেক্রেটারীরা সরকারী কর্মচারী কি সরকারী কর্মচারী নয়, এ নিয়ে অঞ্চল পঞ্চায়েতের সেক্রেটারীরা হাইকোর্টে একটা মোকদ্দমা করেছেন এবং আপনারা জানেন, এই অ্যাপয়েন্টিং অথরিটি বিভিন্ন সময়ে সরকারী নির্দেশে পালটানো হয়েছে। সেইজন্য ও'রা সমস্ত জিনিসটা অবগত আছেন, এর বেশি কিছু তথ্য আজকের সভায় আমার জানানোর মত কিছু নেই।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, সর্বশেষ অঞ্চল পঞ্চায়েত সচিবদের যে নিয়োগপত্র দেওয়া হয়েছে তা ডিস্ট্রিক্ট পঞ্চায়েত অফিসার অ্যাডভার্টাইজমেন্ট ক'রে তাদের ইন্টারভিউ নিয়ে অ্যাপয়েন্টমেন্ট দিয়েছেন, এই কথা কি ঠিক?

Mr. Speaker: As per statement of the Hon'ble Minister, it is seen that the entire matter is subjudice. The Panchayet Secretaries have filed an application to the Honourable High Court praying that they should be treated as Government employees. This matter is before the High Court for pronouncing judgment. As the matter is subjudice, I think no further supplementary should be put on this particular question. Now I pass on to the next question.

Mr. Speaker: Starred questions Nos. *669 and *670 are taken together.

নেহেরু ইউথ সেন্টার

*৬৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৫১।) **ডাঃ একramul হক বিশ্বাসঃ** যুবকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মোট কয়টি নেহেরু ইউথ সেন্টার খোলা হয়েছে;

(খ) ঐ সেন্টার কোন্ কোন্ জেলায় কয়টি ক'রে খোলা হয়েছে; এবং

(গ) মুর্শিদাবাদ জেলায় বহরমপুর সদর মহকুমায় অনুরূপ কোন সেন্টার হয়েছে কিনা?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ (ক) পাঁচটি।

(খ) মেদিনীপুর, বর্ধমান, মুর্শিদাবাদ, ২৪-পরগনা, দার্জিলিং জেলায় প্রত্যেকটিতে একটি ক'রে কেন্দ্র খোলা হয়েছে।

(গ) হ্যাঁ। একই রকম সেন্টার বাকি চারটি জেলায় খোলা হয়েছে। তবে দার্জিলিং জেলায় সেন্টারের কাজ এখনও আরম্ভ হয় নি।

যুবকল্যাণ কেন্দ্র

***৬৭০।** (অনুমোদিত প্রশ্ন নং *১০৫৬।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** যুবকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গের প্রতিটি জেলায় যুবকল্যাণ কেন্দ্র চালু করা হইবে ;

(খ) সত্য হইলে, যুবকল্যাণ কেন্দ্রগুলি কোন্ কর্ম সম্পাদন করিবে ;

(গ) পশ্চিমবঙ্গের কোন্ কোন্ স্থানে এইরূপ যুবকল্যাণ কেন্দ্র স্থাপিত হইয়াছে ;

(ঘ) মহকুমা ও ব্লকভিত্তিক যুবকল্যাণ কেন্দ্র স্থাপিত হইবে কিনা ; এবং

(ঙ) যুবকল্যাণ কেন্দ্রসমূহের প্রতিটির জন্য কি পরিমাণ অর্থব্যয় করা হইবে?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ (ক) হ্যাঁ।

(খ) যুবকল্যাণের বিভিন্ন বিষয়ই এই নেহরু যুবকেন্দ্রগুলির কার্যসূচির অন্তর্ভুক্ত অর্থাৎ সাধারণ জ্ঞান, কারিগরি শিক্ষা, সাংস্কৃতিক কার্যকলাপ, খেলাধুলা ও বিভিন্ন সমাজসেবামূলক কাজে যুবকদের সংগঠিত করাই এর উদ্দেশ্য।

(গ) মেদিনীপুর জেলায় মেদিনীপুরে, বর্ধমান জেলায় বর্ধমানে, মুর্শিদাবাদ জেলায় বহরমপুরে, ২৪-পরগনা জেলায় বারাসাত ও দার্জিলিং জেলায় দার্জিলিং-এ।

(ঘ) হ্যাঁ।

(ঙ) প্রতিটি যুবকেন্দ্রের মোট খরচ আপাততঃ বৎসরে ২০,০০০ টাকা।

শ্রীললিত গায়েনঃ এই সমস্ত যে কেন্দ্রগুলি খোলা হয়েছে তাতে এক-একটি কেন্দ্রে মোট কত টাকা ক'রে খরচ হচ্ছে, এটা কি মন্ত্রিমহাশয় জানাবেন?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ আমি তো বললাম, প্রতি বছর মোট ২০ হাজার টাকা ক'রে খরচ হবে, আর আপাততঃ যেটা খরচ করতে শুরু হয়েছে সেটা বিভিন্ন কেন্দ্রে বিভিন্ন রকম।

শ্রীললিত গায়েনঃ এ পর্যন্ত কোন কেন্দ্রে টাকা দেওয়া হয়েছে কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ কি পারপাসে বললে বলতে পারব।

শ্রীসুব্রত মুখার্জি (কাটোয়া)ঃ পশ্চিমবঙ্গে যে ক'টি যুবকল্যাণকেন্দ্র খোলা হয়েছে সেই প্রত্যেকটি কেন্দ্রের জন্য কোন উপদেষ্টা কমিটি তৈরি করা হয়েছে কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ এই প্রস্তাবটি গ্রহণ করা হয়েছে এবং আগামী এক সপ্তাহের মধ্যেই তা হয়ে যাবে।

শ্রীসরোজ কাঁড়ারঃ আজ পর্যন্ত ঐ কেন্দ্রগুলিতে কতজনকে নিয়োগ করা হয়েছে জানাবেন কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ খালি ইয়ুথ লিডার এবং আনুষঙ্গিক কিছু স্টাফ—একজ্যাক্টলি সংখ্যাটা এখন বলতে পারছি না।

শ্রীসরোজ কাঁড়ারঃ এই নিয়োগের পদ্ধতিটা কি ছিল, সেটা মাননীয় মন্ত্রিমহাশয় দয়া ক'রে জানাবেন কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ কেন্দ্রীয় সরকার থেকে একটি কমিটি ক'রে দেওয়া হয়েছে এবং সেই কমিটিতে পাবলিক অ্যাপ্লিকেশন নেওয়া হয় এবং তারপরে তা থেকে গ্রহণ করা হয়।

শ্রীরজনীকান্ত দোলুইঃ এই যুবকল্যাণকেন্দ্রগুলি চালু করা হয়েছে বিভিন্ন অ্যাক্টিভিটিজের মাধ্যমে যুবকদের আকৃষ্ট করবার জন্য—আজ পর্যন্ত সেই যুবকল্যাণকেন্দ্রের প্রতি যুবকরা কি রকম সাড়া দিয়েছে সেটা মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ বিভিন্ন জেলায় যুবকরা এটাকে নিজের মত ক'রে নিতে পেরেছে এটাই সবচেয়ে বড় সংবাদ এবং বিভিন্ন জেলার যুবকরা বিভিন্ন গঠনমূলক কাজে অংশীদার হবার জন্য এগিয়ে এসেছে।

[1-40—1-50 p.m.]

শ্রীজ্যোতির্ময় মজুমদারঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই সমস্ত যুবকল্যাণকেন্দ্রগুলি শহরেই সীমাবন্ধ থাকবে, না গ্রামাঞ্চলেও খোলা হবে?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ হ্যাঁ।

শ্রীজ্যোতির্ময় মজুমদারঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, গ্রামাঞ্চলে এই ধরনের যুবকল্যাণকেন্দ্রগুলি আগামী কতদিনের মধ্যে স্থাপন করতে এই মন্ত্রিসভা সক্ষম হবেন?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ সঠিকভাবে বলা যাচ্ছে না। কারণ এটা কেন্দ্রীয় সরকারের সঙ্গে যৌথ উদ্যোগের ব্যাপার। এর অনেকটা নির্ভর করছে কেন্দ্রীয় সরকারের পরিকল্পনার উপর। তবে এটা বলতে পারি, পশ্চিমবঙ্গে যুবকল্যাণকেন্দ্রগুলি দ্রুতগতিতে এগিয়ে যাচ্ছে।

শ্রীনিতাইপদ সরকারঃ মাননীয় মন্ত্রিমহাশয় কয়েকটি জেলার নাম করেছেন যেখানে যুবকল্যাণকেন্দ্র চলছে। মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, সমস্ত জেলায় এই কেন্দ্রগুলি আগামী কতদিনের মধ্যে খোলা হ'তে পারে?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ একজ্যাক্টলি আমার পক্ষে বলা মুশকিল। তবে প্রতিটি জেলার অনুমতি পাওয়া গিয়েছে। যে কথা আগে বলছিলাম, একমাত্র পশ্চিমবাংলাই কেন্দ্রীয় সরকারের কাছ থেকে প্রতিটি জেলার জন্য অনুমোদন পেয়েছে, এটা আমাদের কৃতিত্বের কথা। আমরা খুব চেষ্টা করছি ৬ মাস বা এক বছরের মধ্যে প্রতিটি জেলাতে প্রথমে একটি ক'রে পরে আরও বেশি ক'রে যাতে করা যায়।

শ্রীশিবদাস মুখার্জিঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, নদিয়া জেলার জন্য এরকম কোন পরিকল্পনা আছে কিনা এবং থাকলে কবে নাগাত হ'তে পারে?

Mr. Speaker: Already answered.

শ্রীসনৎকুমার মুখার্জিঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই সমস্ত কেন্দ্রগুলিতে যে সমস্ত কর্মচারীদের নিয়োগ করা হবে, তারা সরকারী কর্মচারী হিসাবে গণ্য হবে কিনা?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ হ্যাঁ।

শ্রীকাশীনাথ মিশ্রঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এর জন্য বর্তমানে কতজন কর্মচারী নিয়োগ করা হয়েছে?

Mr. Speaker: Already answered.

Fly-over at Chatapather Railway level crossing

***671.** (Admitted question No. *725.) **Shri SUKUMAR BANDYOPADHYAY:** Will the Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) whether the Government is aware that thousands of motor vehicles are frequently detained unnecessarily by the traffic at Chatapather Railway level crossing on G. T. Road within the Asansol Municipal area; and

(b) if so, what action the Government has taken towards implementation of the proposed fly-over at Chatapather already sanctioned by Union Government?

Shri Abdul Bari Biswas: With your permission, Sir, admitted question No. *725.

Shri Bholanath Sen: (a) Yes.

(b) The construction of the proposed fly-over at Chatapather has been agreed to by the Railways. The scheme is being vigorously pursued and finalised in consultation with the Railways. Detailed planning and design are expected to be completed soon, after which the works would be taken up.

শ্রীজ্যোতির্ময় মজুমদার ঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এটাকে বাস্তবে রূপায়িত করার কাজ ত্বরান্বিত করার জন্য রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করেছেন কিনা?

শ্রীভোলানাথ সেন ঃ হ্যাঁ, অনুরোধ করেছি। ইন ফ্যাক্ট তাদের সঙ্গে কথা হয়েছে—এখানে দু'টি জিনিস আছে, রাস্তার অ্যালাইনমেন্টটা চেঞ্জ ক'রে দেওয়া হচ্ছে যাতে লেভেল ক্রসিং-এর উপর যেতে না হয়, ঘুরিয়ে দেওয়া হচ্ছে এবং দ্বিতীয়তঃ লেভেল ক্রসিং-এর উপর একটা ফ্লাই-ওভারের কথা হচ্ছে। তাতে ব্রীজের যে খরচা, অ্যাকচুয়ালি ব্রীজেরটা রেলওয়ে বোর্ড দেবে আর দু'পাশের অ্যাপ্রোচ রোড সেটা আমাদের দিতে হবে। তাতে যে খরচ হবে সেই টাকাটা আমরা রেলওয়ে সেফ্‌টি ফাণ্ড থেকে কিছুটা পাব এবং এই জাতীয় ডায়ালগ চলছে, প্রায় ডিসিশন হয়ে এসেছে।

শ্রীজ্যোতির্ময় মজুমদার ঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, কতদিনের মধ্যে এটা হতে পারে?

শ্রীভোলানাথ সেন ঃ এটা এখনও স্যাংশন হয় নি, স্যাংশন হ'লে হবে।

শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ এই যে প্রকল্প করা হয়েছে, এই প্রকল্পে আনুমানিক কত বরাদ্দ করা হয়েছে?

শ্রীভোলানাথ সেন ঃ এইটুকু আমি জানি যে, আমাদের খরচ পড়বে ২২ লক্ষ ৫০ হাজার টাকা এবং রেলওয়ে বোর্ড থেকে বাকি টাকাটা দেওয়া হবে। তবে ডিটেল্‌ড এস্টিমেট বা অ্যাকসেপ্টেড এস্টিমেট যাকে বলে সেই স্টেজে এখনও ঠিক আসে নি, নেগোসিয়েশনের স্টেজ এখনও কমপ্লিট হয় নি।

শ্রীগোবিন্দ চ্যাটার্জি ঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, ফ্লাই-ওভার নির্মাণ করবার জন্য কোন ক্রাইটেরিয়া আছে কিনা, কি কি কন্ডিশন স্যাটিসফাই করলে কোন জায়গায় ফ্লাই-ওভার করা যেতে পারে?

শ্রীভোলানাথ সেন ঃ সাধারণতঃ ফ্লাই-ওভার জিনিসটা ডিপেন্ড করে, কত ট্রাফিক যায় রাস্তার উপর দিয়ে, কতখানি ট্রাফিক হোল্ড আপ হয়, কত ট্রেন বাইপাস করে, টানেল করা সম্ভব কিনা, এই সমস্ত নানা বিষয় আছে।

শ্রীঅশ্বিনী রায় ঃ এই যে ফ্লাই-ওভার করছেন, এটা ফর বোথ ওয়ে ট্রাফিক অর ওয়ান ওয়ে ট্রাফিক?

শ্রীভোলানাথ সেন ঃ ফ্লাই-ওভার ফর বোথ ওয়ে ট্রাফিক হবে। তবে সেন্ট্রাল গভর্নমেন্ট ন্যাশনাল হাইওয়েটা চেঞ্জ করছে, যাতে লেভেল ক্রসিং অ্যাভয়েড করা যায়। এটা রেলওয়ে লাইনের প্যারালাল হবে, ফ্লাই-ওভারে কোন কনজেশনের চান্স থাকবে না এবং এই ফ্লাই-ওভার ইউজ হবে কম।

দুর্নীতির দায়ে অভিযুক্ত পুলিস অফিসার ও কর্মচারী

***৬৭২।** (অনুমোদিত প্রশ্ন নং *১১২৯।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিক:** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান সরকার প্রতিষ্ঠিত হবার পর থেকে ৩১এ জানুয়ারি, ১৯৭৩ পর্যন্ত কতজন পুলিস অফিসার ও কর্মচারী দুর্নীতির দায়ে অভিযুক্ত হয়েছেন : এবং

(খ) তাঁহাদের মধ্যে কতজনের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: (ক) কলিকাতা পুলিস ৫ এবং পশ্চিমবঙ্গ পুলিস ৮৬।

(খ) কলিকাতা পুলিস ৫ এবং পশ্চিমবঙ্গ পুলিস ২০।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, যারা অভিযুক্ত হয়েছে পশ্চিমবঙ্গ পুলিসের ৮৬ জন, তার মধ্যে মাত্র ২০ জনের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে, আর বাকি ৬৬ জন কি অবস্থায় আছে, সেটা জানতে চাইছি।

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: তাদের প্রসিডিংস চলছে।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: মাননীয় মন্ত্রিমহাশয় সম্প্রতি কলকাতার রাস্তায় নিজে হাতে একজন পুলিস কর্মচারীকে ঘুষ নেবার দায়ে অভিযুক্ত করেছেন, তার সম্বন্ধে কি ব্যবস্থা করেছেন, সেটা জানাবেন কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: এই প্রশ্নের থেকে ওটা আসে না, যদি জানতে চান, তা হ'লে অন্যভাবে নিয়ে আসবেন, তখন জানাব।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: সম্প্রতি বিধানসভার মাননীয় সদস্য শ্রীজ্যোতির্ময় মজুমদার মহাশয় কাটোয়ায় পুলিস অফিসারের বিরুদ্ধে যেসমস্ত অভিযোগ এনেছেন, তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: মাননীয় সদস্যকে অনুরোধ করছি, দয়া ক'রে যদি তিনি মূল প্রশ্নটা দেখেন, তা হ'লে বুঝতে পারবেন।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: আমি সেটা পরিষ্কারভাবে জানি, দ্যাট আই নো ভেরি ওয়েল, তা হ'লেও এটা একটা কোশ্চেন এবং এর মধ্যে অনেক কিছু জড়িয়ে আছে, একজন এই হাউসের মাননীয় সদস্যের জীবন-মরণের সমস্যা জড়িয়ে আছে।

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: একটা স্পেসিফিক কোশ্চেন আনুন, স্পেসিফিক্যালি উত্তর দেওয়া হবে।

শ্রীললিত গায়েন: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, কোন্ পদ্ধতিতে এদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: এদের বিরুদ্ধে বিভিন্ন চার্জ আছে, ডিপার্টমেন্টাল নথিপত্র আমরা দেখি এবং সেই অনুসারে অর্ডার দেওয়া হয়।

শ্রীজ্যোতির্ময় মজুমদার: পুলিসের বিরুদ্ধে স্পেসিফিক অ্যালিগেশন দেওয়া সত্ত্বেও কতজনের মধ্যে তাদের বিরুদ্ধে শাস্তিবিধান করা হয়?

Mr. Speaker: It is not possible for the Minister to answer that question. involves legal procedure which may take any amount of time.

শ্রীজ্যোতির্ময় মজুমদার: গত ১২ই তারিখে আমি টেলিগ্রামে আপনার মাধ্যমে জানিয়েছি, ক্যাবিনেটকে জানিয়েছি, কিন্তু এখনও পর্যন্ত সেই বিষয়ে মন্ত্রিসভা বা আই জি, এস বি, কারও কাছ থেকে কোন উত্তর পাই নি। আমি গতকাল হোম ডিপার্টমেন্টে গিয়েছিলাম, কিন্তু সেখানে মন্ত্রী ছিলেন না, আজকে উনি এখানে উপস্থিত আছেন। তাই আজকে আমি জানতে চাইছি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: আমি জানি ব্যাপারটা গুরুতর, কিন্তু এটা এই মূল প্রশ্নের মধ্যে আসে না।

শ্রীসরোজ রায়: এমন কোন পুলিস হয়ত দুর্নীতি করল এবং তার জেলার আই ডি বা এস পি-কে জানান হ'ল, তা হ'লে সেটা মন্ত্রিমহাশয় জানতে পারেন কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: অনেক সময় জানতে পারা যায় না, ডিপার্টমেন্টালি ডিস্ট্রিক্ট লেভেলে সেটা এস পি, আই জি লেভেলে প্রডিউসড হয়, বিশেষ গুরুত্বপূর্ণ ব্যাপার হ'লে আমরা জানতে পারি।

শ্রীসরোজ রায়: এইরকম দুর্নীতির প্রশ্ন সরাসরি মন্ত্রিমহাশয়কে কি জানানো যায়?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: নিশ্চয়ই।

শ্রীসরোজকুমার রায়: জেলাভিত্তিক কতজন পুলিস অফিসারের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

Mr. Speaker: If the list is there then it may be placed on the Library Table.

শ্রীসরোজ রায়: এস পি কি জেলার কোন পুলিস সম্পর্কে কোন সংবাদ দিতে পারে এবং তা পাওয়া সত্ত্বেও যদি কোন এস পি দীর্ঘকাল চুপ ক'রে থাকেন, তা হ'লে কি তাঁকে দুর্নীতিতে অভিযুক্ত করা যায়?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: এটা দুর্নীতির পর্যায়ে পড়ে না, তবে তিনি অভিযুক্ত হলেন অন্যভাবে।

[1-50—2-00 p.m.]

মেদিনীপুরে সুইমিং পুল

*৬৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *১১৮৬।) **শ্রীরজনীকান্ত দলুই:** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুরে একটি সুইমিং পুল তৈয়ারির জন্য কিছু টাকা গত মার্চ মাসে স্যাংশন করা হইয়াছিল; এবং

(খ) সত্য হইলে, (১) কত টাকা স্যাংশন করা হইয়াছিল; এবং (২) উক্ত সুইমিং পুল তৈয়ারির কাজ কতদূর অগ্রসর হইয়াছে?

শ্রীভোলানাথ সেন: (ক) সত্য।

(খ) (১) মোট ব্যয়িতব্য ২,০৪,০০০ টাকার মধ্যে ১,৬৩,০০০ টাকা সরকারী অনুদান মঞ্জুর করা হইয়াছিল। বাকি টাকা মেদিনীপুর সুইমিং ক্লাবের দেওয়ার কথা।

(২) সুইমিং পুল তৈয়ারির কাজ আরম্ভ হয় নাই।

শ্রীরজনীকান্ত দলুই: সুইমিং পুল যদি কোথাও করা হয় তার জন্য সরকারের কি নীতি আছে?

শ্রীভোলানাথ সেন ঃ আপনি প্রশ্ন করেছেন মেদিনীপুরের সুইমিং পুলের ব্যাপারে, সুতরাং সেই সম্বন্ধে আমি বলতে পারি। জেনারেল পলিসি যদি জানতে চান, তা হ'লে একটা সেপারেট কোশ্চেন করবেন।

শ্রীরজনীকান্ত দলুই ঃ গত মার্চ মাসে ১ লক্ষ ৬৩ হাজার টাকা মঞ্জুর করা হয়েছে মেদিনীপুর টাউনে একটা সুইমিং পুল করবার জন্য। এক বছর হয়ে গেল এখনও পর্যন্ত কাজ হ'ল না কেন?

শ্রীভোলানাথ সেন ঃ এর কারণ আছে। মেদিনীপুর ডেভিস ট্যাঙ্কে সুইমিং পুলের পরিকল্পনা ১৯৭২ সালে মঞ্জুর করা হয়েছিল। সরকার মঞ্জুর করেছিল ১ লক্ষ ৬৩ হাজার টাকা, ইউথ ওয়েলফেয়ার কাউন্সিলকে দেওয়া হয় এবং সেখানে নির্দেশ দেওয়া হয় উক্ত অর্থ সুইমিং পুলের প্রকল্প অনুসারে বিবেচনা ক'রে ব্যয় করা হবে। গত নভেম্বর মাসে মেদিনীপুরের জেলাশাসক সরকারকে ওর‍্যালি জানান যে, ডেভিস ট্যাঙ্কের নিচে দিয়ে জল চোঁয়ায় এবং আমরা আই আই টি থেকে ইঞ্জিনীয়ার এনে ডিস্ট্রিক্টে এক্সামিনেশন করিয়েছি। এতে দেখা যাচ্ছে ঐ ট্যাঙ্ক সুইমিং পুল করার পক্ষে সুইটেবল নয় এবং সেইজন্য জেলাশাসক জানান যে, সেখানে সুইমিং পুল করায় অসুবিধা আছে। তাই অন্য জায়গায় সুইমিং পুল করতে গেলে খরচ পড়বে ৩ লক্ষ ৬৫ হাজার টাকা অর্থাৎ ২ লক্ষ টাকা বেশি, তার পর প্রাচীর ইত্যাদির জন্য আরও লাগবে ১৫ থেকে ২০ হাজার টাকা, যদিও আমরা ৫০ হাজার স্যাংশন করেছি এবং সুইমিং ক্লাবের কিছু টাকা দেবার কথা ছিল এবং এর ভিত্তিতে সুইমিং পুল করার জন্য ৫০ হাজার টাকা দেবার কথা ছিল, কিন্তু তাঁরা এই ব্যয় বহন করতে পারছেন না। তবে এই বিষয়ে ডিপার্টমেন্টালি ফাইনালাইজ ক'রে মন্ত্রিসভা থেকে একটা ডিসিশন নেব।

শ্রীশঙ্করদাস পাল ঃ মুর্শিদাবাদ জেলায় বহরমপুরে সুইমিং পুল করার পরিকল্পনা আছে কি?

Mr. Speaker: This question does not arise.

শ্রীরজনীকান্ত দলুই ঃ যে টাকা স্যাংশন করেছেন—১ লক্ষ ৬৩ হাজার টাকা— সেটা তো এক বছর হয়ে গেল, কিন্তু সেই টাকা এই আইটেম থাকবে কিনা?

শ্রীভোলানাথ সেন ঃ জেলা ইউথ ওয়েলফেয়ার কাউন্সিলএ এই টাকা দেওয়া আছে এবং পরিকল্পনা চলছে। তবে আই আই টি থেকে এই সাইট রিজেক্ট হয়েছে। এই ট্যাঙ্কএর জল মাটির নিচে চলে যায় এবং তাতে সুইমিং পুল ভাল হবে না। অন্য জায়গায় এটা হ'লে ৩ লক্ষ ৬৬ হাজার টাকা খরচ হবে। যা হোক জিনিসটা নিয়ে আলোচনা চলছে এবং এ টাকা ল্যাপ্‌স হবে না।

চাপড়া-তেহট্ট-করিমপুর-বাংলাদেশ সীমান্ত অঞ্চলে চুরি-ডকাতি

***৬৭৫।** (অনুমোদিত প্রশ্ন নং *১২৫৯।) **শ্রীগিয়াসুদ্দিন আহমদ ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের নদিয়া জেলার চাপড়া-তেহট্ট-করিমপুর-বাংলাদেশ বর্ডার অঞ্চলে চুরি এবং ডাকাতির স্থায়ী প্রতিকারকল্পে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন ; এবং

(খ) ঐ সব অঞ্চলে নাগরিকদের মধ্যে আগ্নেয়াস্ত্রের লাইসেন্স দেওয়ার কথা সরকার চিন্তা করিতেছেন কি?

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় ঃ মাননীয় সদস্যকে অনুরোধ করছি, এটা হোল্ড ওভার করতে। আমি সম্প্রতি পশ্চিম দিনাজপুরে গিয়েছিলাম। সেখানে বি এস এফ-এর সঙ্গে আলোচনা হয়েছে এবং এইরকম আরও আলোচনা ক'রে এক সাথে পুরো জিনিসটা হাউসএর কাছে রাখতে চাই। সুতরাং দয়া ক'রে সময় দিলে ভাল হয়।

Mr. Speaker: The question is held over.

টেন্ডারার নিয়োগ

*৬৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *১২১৭।) **ডাঃ রমেন্দ্রনাথ দত্তঃ** পূর্ত বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকারী কাজে এস্টিমেটেড রেটের থেকে কম রেটের (অ্যাবাভ ২৫% টেন্ডারারকে কাজ দেওয়া হয় ; এবং

(খ) (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে, (১) প্রত্যেক কাজ অ্যালটমেন্টের আগে টেন্ডারারকে অ্যানালিসিস করিয়া দেখাইতে বলা হয় কিনা যে, অত কম রেটে কাজ কি করিয়া হইতে পারে ; (২) যাঁহারা এস্টিমেট করেন তাঁহাদের কাছে কোন কৈফিয়ত চাওয়া হয় কিনা ; এবং (৩) এভাবে কাজ লইয়া ঠিক মতন কাজ হয় কিনা তাহা দেখা হয় কি?

শ্রীভোলানাথ সেনঃ (ক) প্রশ্নকর্তা এখানে দুই রকম প্রশ্ন করায় প্রশ্নটি ঠিক বোধগম্য হইতেছে না। একই সঙ্গে 'কম রেটের' ও অ্যাবভ ২৫ পারসেন্ট বা শতকরা ২৫ ভাগ উপরের কথা বলা হইয়াছে। যাহা হউক, ইহা সত্য যে,, সরকারী কাজে এস্টিমেটেড রেটের থেকে কম রেটেও টেন্ডারারকে কাজ বিলি করা হয়।

(খ) (১) বলা হয় না।

(২) প্রশ্ন উঠে না।

(৩) হ্যাঁ।

শ্রীরমেন্দ্রনাথ দত্তঃ আমার প্রশ্নে গোলমাল কিছু নেই। অ্যাবভ ২৫% মানে যদি কেউ ৩০% কি ৪০% লেস দেয় সেক্ষেত্রে অ্যাবভ ২৫ পারসেন্ট হবে। সেজন্য বিভ্রান্তিকর নয়।

শ্রীভোলানাথ সেনঃ আপনার প্রশ্ন ছিল "সরকারী কাজে এস্টিমেটেড রেটএর থেকে কম রেটের অ্যাবভ ২৫% টেন্ডারারকে কাজ দেওয়া হয়"—কম রেট হ'লে লেস দ্যান ২৫% হবে অ্যাবভ ২৫% তো আর হয় না।

শ্রীরমেন্দ্রনাথ দত্তঃ কাজ দেওয়ার আগে যখন ওয়ার্ক অ্যানালিসিস করা হয় না তখন কাজ কমপ্লিসান হবার পরে কি ক'রে ধরেন ২৫ পার্সেন্ট লেস ডিপার্টমেন্টাল হেডে ঠিকমত হয়েছে?

শ্রীভোলানাথ সেনঃ একটা শিডিউল অব রেট আছে সেই শিডিউল অব রেট অনুযায়ী কি কাজ হবে তার এস্টিমেট তৈরি হয়। তবে এটা ঠিক, অনেক সময় আনএমপ্লয়েড ইঞ্জিনীয়ার কো-অপারেটিভ বা যে ব্যক্তির কম সামর্থ্য আছে তাদের তাড়িয়ে দেওয়ার জন্য বা অন্য কোন কারণে কোন কন্ট্রাক্টর আন্ডারকোট করে। আন্ডারকোট করার সঙ্গে আমাদের অ্যাকসেপট্যান্সের সম্পর্ক নেই। আমরা লোয়েস্ট টেন্ডার নিই, কিন্তু যদি সেই কাজ ঠিকমত না করে, তা হ'লে যে সিকিউরিটি ডিপজিট জমা থাকে সেই জমা ফরফিটেড হয়ে যায় এবং আমরা নতুন টেন্ডার কল করি।

Mr. Speaker: The question hour is over. Now held over questions.

HELD OVER STARRED QUESTIONS

(to which oral answers were given)

পশ্চিমবঙ্গে লেখ্য ও কথ্য ভাষা

*৩১। (অনুমোদিত প্রশ্ন নং *৭০।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** স্বরাষ্ট্র (সংবিধান ও নির্বাচন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে লেখ্য ও কথ্য ভাষার সংখ্যা কত;

(খ) কতগুলি ভাষার বর্ণমালা আছে এবং কতগুলি মৌখিক ভাষারূপে প্রচলিত; এবং

(গ) কোন্ ভাষায় কত লোক কথা বলে?

[2-00—2-10 p.m.]

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: (ক) ১৯৬১ সালের জনগণনা রিপোর্ট অনুসারে পশ্চিমবঙ্গের অধিবাসীরা যে সব ভাষায় কথা বলেন, তাহাদের মোট সংখ্যা ২৭৭। উক্ত রিপোর্ট অনুযায়ী দশ হাজার বা তদধিক ব্যক্তি যে সব ভাষায় কথা বলেন, তেমন ভাষার সংখ্যা ২৬। পশ্চিমবঙ্গের মোট ২৭৭টি ভাষার মধ্যে কতগুলির লিখিতরূপ বর্তমান, সে সম্বন্ধে সঠিক ও পূর্ণ পরিসংখ্যান নাই। তবে গ্রীয়ার্সন কৃত ল্যাঙ্গোয়েজ সার্ভে অব ইন্ডিয়ার অভিমত অনুযায়ী পূর্বোক্ত ২৬টি প্রধান ভাষার মধ্যে ১৮টি ভাষার লিখিত রূপ বর্তমান।

(খ) পশ্চিমবঙ্গের কতগুলি ভাষার বর্ণমালা আছে, সে সম্বন্ধে পূর্ণ ও নির্ভুল তথ্যাদি আমাদের জানা নাই। তবে ১৯৬১ সালের জনগণনার ভিত্তিতে পশ্চিমবঙ্গের যে ২৬টি ভাষাকে প্রধান বলিয়া গণ্য করা চলে গ্রীয়ার্সন কৃত ল্যাঙ্গোয়েজ সার্ভে অব ইন্ডিয়ার অভিমত অনুসারে তন্মধ্যে ১৮টি ভাষার বর্ণমালা বিদ্যমান।

(গ) ১৯৬১ সালের জনগণনা রিপোর্ট অনুসারে পশ্চিমবঙ্গের বিভিন্ন ভাষাভাষীর সংখ্যা সম্বলিত একটি তালিকা লাইব্রেরীর টেবিলে উপস্থাপিত করা হইল। সংবিধানের অষ্টম তফসিলে বর্ণিত ১৫টা ভাষায় যাঁহারা কথা বলেন, তাঁহাদের সংখ্যা সম্পর্কে ১৯৭১ সালের জনগণনার ভিত্তিতে জনগণনা দপ্তর হইতে সাময়িকভাবে যে খসড়া তথ্য পাওয়া গিয়াছে উক্ত তালিকায় তাহাও অন্তর্ভুক্ত করা হইল।

Statement referred to in reply to clause (Kha) *of starred question No *31*

Serial No.	Name of the mother tongue	Number of speakers of languages according to 1961 Census	Number of speakers of languages as per provisional figures of 1971 Census
1	2	3	4
(1)	Adibhasa	4,807	Not available.
(2)	Adibhasa-Bhotia	26	Do.
(3)	Adibhasa-Kurukh/Oraon	2,101	Do.
(4)	Adibhasa-Munda	13,140	Do.
(5)	Adibhasa-Nagesia	2	Do.
(6)	Adim	24	Do.
(7)	Adivasi	27	Do.

Statement referred to in reply to clause (Kha) *of starred question No. *31*—contd.

Serial No.	Name of the mother tongue	Number of speakers of languages according to 1961 Census	Number of speakers of languages as per provisional figures of 1971 Census
1	2	3	4
(8)	Afgani/Kabuli/Pakhto/Pashto/Pathani ..	318	Not available
(9)	African	2	Do.
(10)	American	2	Do.
(11)	Angami	2	Do.
(12)	Arabic/Arabi	1,278	Do.
(13)	Arakanese	16	Do.
(14)	Armenian	44	Do.
(15)	Assamese	8,279	2,756
(16)	Assirian	4	Not available
(17)	Asuri	757	Do.
(18)	Baha	2	Do.
(19)	Baisiya	27	Do.
(20)	Baiti	5	Do.
(21)	Balochi/Baluchi	1	Do.
(22)	Banari	5	Do.
(23)	Baori	21	Do.
(24)	Barik	864	Do.
(25)	Barjaian	28	Do.
(26)	Bengali	29,408,246	37,806,568
(27)	Beriya	126	Not available.
(28)	Bhagat	211	Do.
(29)	Bhandari	1	Do.
(30)	Bhangra	31	Do.
(31)	Bhili	5	Do.
(32)	Bhogta	20	Do.
(33)	Bhohoe	3	Do.
(34)	Bhojpuri	490	Do.
(35)	Bhopali	1	Do.
(36)	Bhotia-Unspecified	3,182	Do.
(37)	Bhuiya/Bhuyan-Oriya	434	Do.
(38)	Bhumij	1,272	Do.
(39)	Bhumijali	35	Do.
(40)	Bhutnagri	145	Do.
(41)	Bihari	339	Do.
(42)	Bilaspuri	424	Do.
(43)	Birhor	12	Do.
(44)	Birjia/Brijia/Binjhia	74	Do.

Statement referred to in reply to clause (Kha) *of starred question No. *31*—contd.

Serial No.	Name of the mother tongue	Number of speakers of languages according to 1961 Census	Number of speakers of languages as per provisional figures of 1971 Census
1	2	3	4
(45)	Bodo/Boro	5,903	Not available.
(46)	Burmese	242	Do.
(47)	Canadian	17	Do.
(48)	Ceylonese/Simelu/Singhalese	16	Do.
(49)	Chamaiya	14	Do.
(50)	Chinese/Chini	10.384	Do.
(51)	Coor	72	Do.
(52)	Coorgi/Kodagu	1	Do.
(53)	Czech/Czechoslovakian	4	Do.
(54)	Danish	24	Do.
(55)	Dehari	18	Do.
(56)	Deshi	2	Do.
(57)	Deswali	9	Do.
(58)	Deswali/Hariani	12	Do.
(59)	Devanagari	23	Do
(60)	Dhangri	1,096	Do.
(61)	Dhimal	11	Do
(62)	Dogri	642	Do.
(63)	Dukpa	1,089	Do.
(64)	Dutch	141	Do.
(65)	English	39,325	Do.
(66)	Finnish	22	Do.
(67)	French	191	Do.
(68)	Gabaro	85	Do.
(69)	Ganga	151	Do.
(70)	Garhwali	1,436	Do.
(71)	Garo	172	Do.
(72)	Gayari	16	Do.
(73)	Geneng	..	Do.
(74)	German	297	Do.
(75)	Ghatwal	119	Do.
(76)	Goanese	19	Do.
(77)	Gondi	75	Do.
(78)	Gorh	131	Do.
(79)	Gorkhali	513	Do.

Statement referred to in reply to clause (Kha) *of starred question No. *31*—contd.

Serial No.	Name of the mother tongue	Number of speakers of languages according to 1961 Census	Number of speakers of languages as per provisional figures of 1971 Census
1	2	3	4
(80)	Gosai	2	Not available.
(81)	Gouriya	251	Do.
(82)	Greek	156	Do.
(83)	Gujarati	25,707	34,030
(84)	Gulgula	20	Not available.
(85)	Gurmukhi	44,613	Do.
(86)	Gurung	12	Do.
(87)	Hajong/Hajong	5	Do.
(88)	Hebrew/Jewish	14	Do.
(89)	Hindi	1,894,039	2,474,689
(90)	Hindustani	6	Not available.
(91)	Ho	236	Do.
(92)	Indonesian	9	Do.
(93)	Irish	14	Do.
(94)	Israeli	2	Do.
(95)	Italian	48	Do.
(96)	Jaini	2	Do.
(97)	Japanese	180	Do.
(98)	Jhalo Malo	4	Do.
(99)	Jhara	30	Do.
(100)	Kachchhi	33	Do.
(101)	Kagate	44	Do.
(102)	Kahari	21	Do.
(103)	Kamari..	20	Do.
(104)	Kami	5	Do.
(105)	Kaugri	2	Do.
(106)	Kannada	683	1,700
(107)	Kardhani	8	Not available.
(108)	Karmali	12,533	Do.
(109)	Karnataka	14	Do.
(110)	Karunmkhatan	21	Do.
(111)	Kashj	14	Do.
(112)	Kashmiri	99	278
(113)	Kawari	6	Not available.
(114)	Khaira	18,325	Do.

Statement referred to in reply to clause (Kha) *of starred question No. *31*—contd.

Serial No.	Name of the mother tongue	Number of speakers of languages according to 1961 Census	Number of speakers of languages as per provisional figures of 1971 Census
1	2	3	4
(115)	Khambu	25	Not available.
(116)	Khandeshi	5	Do.
(117)	Khansi	20	Do.
(118)	Kharia	832	Do.
(119)	Khasi	182	Do.
(120)	Kherwari	280	Do.
(121)	Khezha	..	Do.
(122)	Khond/Kondh	150	Do.
(123)	Khortha/Khotta	51,394	Do.
(124)	Kisan-Kurukh/Oraon	102	Do.
(125)	Koch	14	Do.
(126)	Koda/Kora	7,766	Do.
(127)	Kol	938	Do.
(128)	Kolkamar	208	Do.
(129)	Konai	10	Do.
(130)	Konkani	724	Do.
(131)	Konwar	45	Do.
(132)	Koraputi	153	Do.
(133)	Koya	69	Do.
(134)	Ksarwar	1	Do.
(135)	Kshatri	3	Do.
(136)	Kumauni	29	Do.
(137)	Kurmali Thar	15	Do.
(138)	Kurmi	272	Do.
(139)	Kurukh/Oraon	215,636	Do.
(140)	Ladakhi	5	Do.
(141)	Lama	42	Do.
(142)	Latin	6	Do.
(143)	Lepcha	8,855	Do.
(144)	Limbu	335	Do.
(145)	Lodha	5	Do.
(146)	Lohari	116	Do.
(147)	Lohari/Kurukh/Oraon	707	Do.
(148)	Lohari/Malpaharia	27	Do.
(149)	Lohari-Munda	123	Do.

Statement referred to in reply to clause (Kha) *of starred question No.* *31—contd.

Serial No.	Name of the mother tongue	Number of speakers of languages according to 1961 Census	Number of speakers of languages as per provisional figures of 1971 Census
1	2	3	4
(150)	Lushai/Mizo	18	Not available.
(151)	Madan	5	Do.
(152)	Madhesi	6,519	Do.
(153)	Madrasi	1,017	Do.
(154)	Magahi/Magadhi	40	Do.
(155)	Mahari	20	Do.
(156)	Mahato	45	Do.
(157)	Mahili	4,422	Do.
(158)	Maithili	1,084	Do.
(159)	Malabar	282	Do.
(160)	Malayalam	8,320	14,155
(161)	Malgiri	37	Not available.
(162)	Malmaja	5	Do.
(163)	Malo	17	Do.
(164)	Malpaharia	7,992	Do.
(165)	Malto	14	Do.
(166)	Mandi	9	Do.
(167)	Mangari	557	Do.
(168)	Manipuri/Meithei	123	Do.
(169)	Manjhi	208	Do.
(170)	Marathi	13,239	7,205
(171)	Marwari	20,146	Not available
(172)	Mech	10,118	Do.
(173)	Metali	2	Do.
(174)	Mirdha-Koda/Kora	76	Do.
(175)	Mita	1	Do.
(176)	Morma	3	Do.
(177)	Mru	48	Do.
(178)	Muchi	397	Do.
(179)	Multani	10	Do.
(180)	Munda-Unspecified	49,411	Do.
(181)	Mundari	31,486	Do.
(182)	Murari	16	Do.
(183)	Mushahar	159	Do.
(184)	Naga-Unspecified	620	Do.

*Statement referred to in reply to clause (Kha) of starred question No. *31*—contd.

Serial No.	Name of the mother tongue	Number of speakers of languages according to 1961 Census	Number of speakers of languages as per provisional figures of 1971 Census
1	2	3	4
(185)	Nagari-Hindi	3,043	Not available.
(186)	Nagauri	8	Do.
(187)	Nagabanshi	5	Do.
(188)	Nagesia	1,483	Do.
(189)	Nagi	2	Do.
(190)	Naiki-Banjari	90	Do.
(191)	Neof	2	Do.
(192)	Nepali	524,284	Do.
(193)	Newari	111	Do.
(194)	Norwegian	91	Do.
(195)	Nuniya	16	Do.
(196)	Oriya	212,890	151,937
(197)	Paharia	2,287	Not available.
(198)	Pali	7	Do.
(199)	Pardhan	..	Do.
(200)	Parui	3	Do.
(201)	Paschima	8	Do.
(202)	Pasi	2	Do.
(203)	Pasma	14	Do.
(204)	Persian	467	Do.
(205)	Peshawari	3	Do.
(206)	Philippine	7	Do.
(207)	Polish	2	Do.
(208)	Portuguese	16	Do.
(209)	Proja	14	Do.
(210)	Punjabi	12,398	66,350
(211)	Pussi	7	Not available.
(212)	Rabha	6,101	Do.
(213)	Rahiya	1,029	Do.
(214)	Raj	348	Do.
(215)	Raj	1,342	Do.
(216)	Rajasthani	11,507	Do.
(217)	Rajbangsi	18,760	Do.
(218)	Rajghar	44	Do.
(219)	Rajputani	15	Do.

*Statement referred to in reply to clause (*Kha*) of starred question No. *31*—contd.

Serial No.	Name of the mother tougue	Number of speakers of languages according to 1961 Census	Number of speakers of languages as per provisional figures of 1971 Census
1	2	3	4
(220)	Rajwari	5	Not available
(221)	Rak	382	Do.
(222)	Ranat	2	Do.
(223)	Ranthia	13	Do.
(224)	Rasmiati	27	Do.
(225)	Latiya	7	Do.
(226)	Rishi	8	Do.
(227)	Roman	13	Do.
(228)	Russian	116	Do.
(229)	Sadan/Sadri	88,700	Do.
(230)	Saibya	109	Do.
(231)	Sankara	12	Do.
(232)	Sanskrit	4	171
(233)	Santali	1,121,447	Not available
(234)	Sardari	9	Do.
(235)	Sasna	22	Do.
(236)	Savara	1,139	Do.
(237)	Scotish	4	Do.
(238)	Sherpa	2,159	Do.
(239)	Siamese/Thai	9	Do
(240)	Sikhi	1	Do.
(241)	Sikkim Bhotia	153	Do
(242)	Sindhi	2,165	5,092
(243)	Spanish	24	Not available.
(244)	Subha	..	Do.
(245)	Sudia	439	Do.
(246)	Sunwar	277	Do.
(247)	Surajpuri	145	Do.
(248)	Swani	3	Do.
(249)	Swiss	27	Do.
(250)	Tamang	3,435	Do.
(251)	Tamaria	2	Do.
(252)	Tamil	32,663	21,454
(253)	Tangkhul	2	Not available.
(254)	Taroni	16	Do.

Statement referred to in reply to clause (Kha) *of starred question No. *31*—concld.

Serial No.	Name of the mother tongue	Number of speakers of languages according to 1961 Census	Number of speakers of languages as per provisional figures of 1971 Census
1	2	3	4
(255)	Tasti	143	Not available.
(256)	Tebag	5	Do.
(257)	Teli	19	Do
(258)	Telugu	80,930	84,492
(259)	Tewari	23	Not available.
(260)	Thar	55	Do.
(261)	Tharu Awadhi	3	Do.
(262)	Thatma	4	Do
(263)	Tibetan	7,883	Do.
(264)	Tirahutiya	2	Do.
(265)	Toto	383	Do.
(266)	Totoja	47	Do.
(267)	Tulu	1	Do.
(268)	Turi	1,093	Do.
(269)	Turkish/Turkistani..	7	Do.
(270)	Udangmudria	46	Do.
(271)	Uhando	19	Do.
(272)	Uhord	10	Do.
(273)	Upabhasha	489	Do.
(274)	Urdu	832,847	950,363
(275)	Utkali	472	Not available.
(276)	Votga	6	Do.
(277)	Yugoslavian	4	Do.

শ্রীমহম্মদ সফিউল্লা: মন্ত্রিমহাশয় জানাবেন কি, আচার্য সুনীতিকুমার চ্যাটার্জীর নেতৃত্বে ভাষার সংখ্যা, ভাষার সমীক্ষা এবং সমস্যা সম্বন্ধে রাজ্যসরকার কমিটি গঠন করে এই বিষয় সঠিক তথ্য আহরণ করবেন কিনা ?

Mr. Speaker: I disallow this question. It is a request for action.

শ্রীমহম্মদ সফিউল্লা: মন্ত্রিমহাশয় জানাবেন কি, গ্রীয়ার্সন ছাড়া অন্য কোন ভারতীয় ভাষাতত্ত্ববিদের ভাষা সম্বন্ধে কোন সমীক্ষা আছে কিনা ?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: সমীক্ষা সম্বন্ধে আমার কাছে এখন কিছু নেই। ডিপার্টমেন্টে যদি থাকে, তা হ'লে আমি দেব।

শ্রীমহম্মদ সফিউল্লা: সম্প্রতি সাঁওতাল ভাষার বর্ণমালা সমস্যা নিয়ে মতভেদ দেখা দিয়েছে এবং অলিচিপি এবং রোমান লিপি সমর্থকদের মধ্যে বিরোধ রয়েছে। আমার প্রশ্ন হচ্ছে, এই বিষয় রাজ্যসরকার ভাষাতত্ত্ববিদদের নিয়ে কমিটি ক'রে সাঁওতাল ভাষার উপযোগী বর্ণমালা করা যায় কিনা সেটা চিন্তা করবেন কি?

Mr. Speaker: This question does not arise. Regarding Santhali alphabet and language the Central Government may decide the matter by appointing a committee of experts. It is not a matter of the State Government.

শ্রীমহম্মদ সফিউল্লা: একথা কি সত্য যে, সম্প্রতি রাজ্যসরকার দার্জিলিং পার্বত্য এলাকায় সরকারী কাজকর্ম চালাবার জন্য নেপালী ভাষাকে গ্রহণ করেছেন?

Mr. Speaker: It is not within the jurisdiction of the State Government.

শ্রীমহম্মদ সফিউল্লা: রাজ্যসরকার তাঁদের কাজকর্মে নেপালী ভাষা গ্রহণ করেছেন কিনা সেটা বলতে পারবেন না?

Mr. Speaker: That is already there in the Official Language Act. You can have the information from that Act.

ভারত বনাম ইংলন্ডের ক্রিকেট টেস্ট ম্যাচের টিকিট

*১৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৫।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালে ৩০শে ডিসেম্বর হইতে ইডেন উদ্যানে ভারত বনাম ইংলন্ডের মধ্যে যে ক্রিকেট খেলা হইয়াছিল তাহাতে কত টাকার টিকিট বিক্রয় হয়;

(খ) ঐ সময়ে প্রত্যহ গড়ে কতজন দর্শক ক্রিকেটখেলা দেখিতে সুযোগ পাইয়াছিলেন; এবং

(গ) ইডেনের স্টেডিয়ামটি সম্পূর্ণ নির্মাণ করার জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

ভারত বনাম ইংলন্ডের ক্রিকেট টেস্ট খেলার টিকিট বণ্টন

*১৯১। (অনুমোদিত প্রশ্ন নং *888।) **শ্রীনিতাইপদ সরকার:** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালে ডিসেম্বর মাসে ভারত বনাম ইংলন্ডের যে টেস্ট ক্রিকেট খেলা হইয়াছিল তাহাতে টিকিটের বণ্টন ব্যবস্থা কিভাবে করা হইয়াছিল;

(খ) ইহা কি সত্য যে, ঐ বাবতে বিলির জন্য সরকারের নিকট বিশেষ ধরনের টিকিট ছিল; এবং

(গ) সত্য হইলে, উক্ত টিকিট সরকার কিভাবে বিলি করিয়াছিলেন?

Mr. Speaker: Both the questions may be taken up together.

Shri Md. Safiulla: I did not find the answer on the Table. I earnestly request you to hold over the question.

Mr. Speaker: Held over starred questions Nos. *187 and *191 are again held over.

কল্যাণেশ্বরীতে ট্রান্সফরমার ফাটার তদন্ত

*১৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩০।) **শ্রীঅশ্বিনী রায়ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের এপ্রিল মাসে বর্ধমান জেলার কল্যাণেশ্বরীতে (কুলটি থানা) ট্রান্সফরমার ফাটিয়া যাওয়ায় যে দুর্ঘটনা ঘটে তাহার কোন তদন্ত হইয়াছে কি; এবং

(খ) হইলে, (১) কি ধরনের তদন্ত হইয়াছে; (২) কাহারা তদন্ত করিয়াছিলেন; (৩) তদন্তের ফলাফল; এবং (৪) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা লইয়াছেন?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) দুর্ঘটনাজনিত কেসে পুলিশ যে রকমের তদন্ত করে সেই ধরনের তদন্ত হয়েছিল।

(২) বর্ধমান পুলিশের ডি আই বি দপ্তরের জনৈক অফিসার।

(৩) প্রাথমিক তদন্তে মনে হয় ঘটনাটি অ্যাকসিডেণ্টাল।

(৪) নিহত অফিসারদের উত্তরাধিকারীদিগকে পরিবার পিছু ১০,০০০ টাকা আর্থিক ক্ষতিপূরণ দেওয়া হয়েছে। ক্ষতিগ্রস্ত ট্রান্সফরমারগুলিকে ফেলে দেওয়া হয়েছে।

শ্রীঅশ্বিনী রায়ঃ ট্রান্সফরমারের এই যে দুর্ঘটনা ঘটল তাতে বোঝা যায় নিশ্চয়ই যান্ত্রিক গণ্ডগোল কিছু ছিল। আমার প্রশ্ন হচ্ছে আপনি যে তদন্ত কমিটি নিয়োগ করলেন ডি আই বি অফিসারকে দিয়ে তাঁর কোন টেকনিক্যাল কোয়ালিফিকেসন ছিল কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ তিনি সংগে ছিলেন এবং আরও অনেক টেকনিক্যাল অফিসার ছিলেন।

শ্রীঅশ্বিনী রায়ঃ এনকোয়ারীর সময় কোন টেকনিক্যাল পার্সন ছিলেন কিনা?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ যখন তদন্ত করতে যাওয়া হয়, তখন একজন অফিসারের উপর ভার দেওয়া হয় এবং তিনি টেকনিক্যাল এবং নন-টেকনিক্যাল ম্যান-এর সাহায্য নিতে পারেন।

শ্রীঅশ্বিনী রায়ঃ ট্রান্সফরমারের ভেতর কোন গণ্ডগোল ছিল, তার জন্য এই দুর্ঘটনা হয়েছে সেই রকম কোন রিপোর্ট এই তদন্তের ফলে পেয়েছেন কি অথবা মূল কারণ কিছু পেয়েছেন কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ প্রাথমিক তদন্তে দেখা গেছে এটা অ্যাক্সিডেন্টাল, ডিটেলস আর কিছু নেই।

শ্রীঅশ্বিনী রায়ঃ এই ট্রান্সফরমার কোন্ কোম্পানী সাপ্লাই করেছিল?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ নোটিস দিন, হেল্থ ডিপার্টমেন্ট থেকে জানতে হবে।

শ্রীইন্দ্রজিৎ মজুমদারঃ এই ট্রান্সফরমার কোন্ বছরে তৈরি হয়েছিল?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ সেম অ্যানসার, নোটিস চাই।

2-10 2-20 p.m.]

পাক ন্যাশনাল প্রপারটি

*৩১৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮৪।) **শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) পশ্চিমবঙ্গে "পাক ন্যাশনাল" প্রপারটি কোন্ জেলায় কত; এবং

(খ) বর্তমানে ঐ সম্পত্তির রক্ষণাবেক্ষণ কে করিতেছে?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ

(ক)

(১) মুর্শিদাবাদঃ কিছুই নাই।

(২) পুরুলিয়াঃ ৭২ কাঠা জমি ও ১টি বাড়ি।

(৩) বীরভূমঃ ১৫১ একর।

(৪) বর্ধমানঃ বসতবাড়ি, পুকুর ও বাগান সহ ১৮০ একর।

(৫) হুগলীঃ কিছুই নাই।

(৬) কলিকাতাঃ এই ব্যাপারে বোম্বাইস্থিত কাস্টোডিয়ানকে লেখা হইয়াছিল, তিনি জানাইয়াছেন যে, প্রয়োজনীয় তথ্যাদি সংগৃহীত হইতেছে।

(৭) দার্জিলিংঃ এই ব্যাপারে কোন সংশ্লিষ্ট কাগজপত্র এই জেলায় নাই।

(৮) মেদিনীপুরঃ বাড়িঘর সহ ১২১ বিঘার মত। বাড়িঘরের মূল্য ১,৩২,৩০০ টাকা তন্মধ্যে ৮২ বিঘা জমির মালিকানা পাক ও ভারতীয় নাগরিকের। ইহার মূল্য ৪৯,০০০ টাকা।

(৯) বাঁকুড়াঃ ৭৬ একর এবং ৯৯ দশমিক।

(১০) জলপাইগুড়িঃ ২২৭·২৮ একর।

(১১) ২৪-পরগনাঃ ১০·৩৬৬৬ একর।

(১২) পঃ দিনাজপুরঃ বাড়িঘর সহ জমি ৫৩ দশমিক; চাষের জমি ১৩ একর ৩০ দশমিক

(১৩) কুচবিহারঃ ৬৩৮·৩ একর।

(১৪) হাওড়াঃ কেবল একটি সম্পত্তির অধিকাংশ অংশীদার পাক নাগরিক। সম্পত্তির পরিমাণ জানা যাইতেছে না।

(১৫) মালদহঃ ৮৬৭·২৬ একর।

(১৬) নদীয়াঃ ২১৯·১৩ একর।

(খ)

(১) মুর্শিদাবাদঃ প্রশ্ন উঠে না।

(২) পুরুলিয়াঃ দীর্ঘমেয়াদী ভিসা লইয়া জমির মালিক দেখাশুনা করেন।

(৩) বীরভূমঃ শত্রু সম্পত্তি রক্ষণাবেক্ষণকারীর তরফে জে এল আর ও।

(৪) বর্ধমানঃ পাক নাগরিকেরাই।

(৫) হুগলীঃ প্রশ্ন উঠে না।

(৬) কলিকাতাঃ শত্রু সম্পত্তি রক্ষণাবেক্ষণকারীর উত্তর অপেক্ষা করা হইতেছে।

(৭) দার্জিলিংঃ কোন সংশ্লিষ্ট কাগজপত্র এই জেলায় নাই।

(৮) মেদিনীপুরঃ পাক নাগরিক ও তাহাদের ভারতীয় আত্মীয়েরা।

(৯) বাঁকুড়াঃ প্রশাসন আধিকারিক, উদ্বাস্তু সম্পত্তি পরিচালন সমিতির তরফে।

(১০) জলপাইগুড়িঃ শত্রু সম্পত্তি রক্ষণাবেক্ষণকারী।

(১১) ২৪-পরগনাঃ ভারত সরকারের শত্রু সম্পত্তির রক্ষণাবেক্ষণকারী।

(১২) পঃ দিনাজপুরঃ বি ডি ও।

(১৩) কোচবিহারঃ জে এল আর ও।

(১৪) হাওড়াঃ ভারত সরকারের শত্রু সম্পত্তির রক্ষণাবেক্ষণকারী।

(১৫) **মালদাঃ** জে এল আর ও।

(১৬) নদীয়াঃ **শত্রু সম্পত্তির রক্ষণাবেক্ষণকারীর** তরফে জে এল আর ও ১১৪·৪৩ একর দেখাশুনা করেন এবং বিভিন্ন ব্যক্তি ২৪·৭০ একর দেখাশুনা করেন।

শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ পাকিস্তানের নাগরিক মুর্শিদাবাদ জেলায় বসবাস করছে কিনা?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ না।

শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ এই রকম খবর কি আপনার জানা নাই।

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ আমার কাছে কোন সংবাদ নাই।

শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ আপনি কি বলবেন মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা থানার বাপদার আবদুল হামিদাজী পাকিস্তানী নাগরিক কিনা?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ আপনি লিখিতভাবে দেবেন, দেখব।

শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ ১৯৬২ সাল থেকে পাকিস্তানী নাগরিক হওয়া সত্ত্বেও এখন পর্যন্ত সেই সমস্ত সম্পত্তিগুলি কার দায়িত্বে আছে?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ আপনি তো স্পেসিফিক প্রশ্ন করছেন, কিন্তু স্পেসিফিক উত্তরের বাইরে গেলে অসুবিধা হয়, আপনি স্পীকার স্যার, একটু দেখুন। নোটিস দেবেন, তা হলে বলে দেওয়া যাবে।

Mr. Speaker: Mr. Bhaduri, it is a legal question as to who are the citizens of Pakistan or of any other country. I must say it is a legal question. I know that in the Citizenship Act, 1955, it is stated as to who are the citizens of India, or citizens of Pakistan or citizens of any other foreign country. So, it is a difficult question. We have Hon'ble High Courts and other Tribunals. If anybody goes there, he may have clear decision. It is a very intricate question involving legal niceties. So, it is not possible for the Hon'ble Minister to give reply on this legal matter.

শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ কারা পাকিস্তানী নাগরিক এটা বিচার-বিবেচনা করছেন কোন্ দপ্তর?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ নোটিস দিন।

শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ পাকিস্তানী নাগরিক, এখনও ভারতবর্ষে বসবাস করছে, এদের সম্বন্ধে সমীক্ষা কোন্ দপ্তর থেকে করছে?

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ আমি শ্রীতিমিরবরণ ভাদুড়ীর প্রশ্নটা ঠিক বুঝতে পারছি না, পাকিস্তানী তিনি কিভাবে বিবেচনা করছেন? বাংলাদেশে যারা আছে, নাকি পশ্চিম পাকিস্তানে যারা আছে? এখন পাকিস্তান বলতে তো পশ্চিম পাকিস্তানকেই বুঝায়। সেদিক থেকে দেখলে দেখবেন পশ্চিমবাংলায় পাকিস্তানী সিটিজেন্ ব্যাপার নেই।

শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ এখন পর্যন্ত পাক ন্যাশনাল কাস্টোডিয়ান অফিস বম্বেতে আছে, এখনও পাকিস্তানী প্রপার্টি হিসাবেই সেখানে দেখা হচ্ছে, বাংলাদেশে প্রপার্টি হিসাবে ট্রিটেড হচ্ছে না, পাকিস্তানী প্রপার্টি হিসাবে ট্রিটেড হচ্ছে।

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ বাংলাদেশের মুসলিম ভাইদের পাকিস্তানী ন্যাশনাল বলার দিন চলে গিয়েছে।

শ্রীতিমিরবরণ ভাদ্দুড়ীঃ মাননীয় মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই, তা হ'লে কেন পাক-ন্যাশনাল প্রপার্টি ব'লে উল্লেখ করা হ'ল?

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ পশ্চিমবঙ্গের নাগরিকদের, ভারতবর্ষের নাগরিকদের মুসলিম হ'লে অন্যায়ভাবে পাকিস্তানী ন্যাশনাল বলার দিন আর নেই, সেটা চলবে না।

শ্রীতিমিরবরণ ভাদ্দুড়ীঃ সেটার যদি ডকুমেন্টারী এভিডেন্স থাকে, তা হ'লে বলুন।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ এটা তো জানা কথা।

Mr. Speaker: The reply has already been given. Before 2 years they were the nationals of Pakistan, but now they are the nationals of Bangladesh because of political changes. So, according to the change of political situation, definition, nature of question and supplementaries should also be changed.

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ আমি একটা গুরুতর কথা হাউসের সামনে রাখছিলাম। এটা আমরা অনেক বছর ধ'রেই দেখছি যে জেনুইন সিটিজেন অফ ইন্ডিয়া মুসলিম ব'লে তাকে ব'লে দেওয়া হ'ল পাকিস্তানী ব'লে। ও সব দিন চলে গিয়েছে। এ প্রশ্ন তুলবেন না।

শ্রীতিমিরবরণ ভাদ্দুড়ীঃ আমি আপনার অনুমতি নিয়ে বলি যে, তিনি যে হিসাব দাখিল করেছেন তাতে পাকিস্তানী ন্যাশনালের প্রপার্টি ব'লে উল্লেখ করা আছে। সেটা সেইভাবে উল্লেখ করলেন কেন?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ সেটা পাকিস্তানী প্রপার্টি ব'লে আছে।

শ্রীতিমিরবরণ ভাদ্দুড়ীঃ আপনারা সেইভাবে ট্রিটেড করেন ব'লেই উত্তর ওইভাবে দেওয়া হয়েছে।

শ্রীনাসিরুদ্দীন খাঁনঃ উনি যে ফ্যামিলির কথা বলছেন বাফদার হাজি সাহেবের কথা। তিনি রাজশাহীর লোক উনি জানেন। সেটা তো বাংলাদেশ হয়ে গিয়েছে। তার কথা উনি কেন টেনে আনছেন?

শ্রীতিমিরবরণ ভাদ্দুড়ীঃ তার কথা আমি টেনে আনছি না। পাক ন্যাশনাল প্রপার্টি ব'লে উল্লেখ করেছেন সেইজন্য আমি বলছি।

Mr. Speaker: Shri Bhaduri, as per the Government report so far available, the information has been given by the Hon'ble Minister. In reply to your supplementary, the Hon'ble Minister furnished information on the basis of the official documents that such and such properties of Pakistan nationals are left in different districts. He cannot furnish any other information. It is very clear. Now I pass on to the next question.

নকসাল আন্দোলন অভিযোগে ধৃত বন্দী

*৩২৭। (অনুমোদিত প্রশ্ন নং *৭১০।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** স্বরাষ্ট্র (পুলিস) দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে নকসাল আন্দোলনের অভিযোগে ধৃত বন্দীর সংখ্যা কতজন এবং তাহাদের মধ্যে কিশোর ও যুবকের সংখ্যা কত;

(খ) কিশোর ও যুবক বন্দীদের মধ্যে কতজন ছাত্র ও কয়জন কর্মরত ছিলেন; এবং

(গ) স্বাধীনতার রজতজয়ন্তী বর্ষে উক্ত কিশোর এবং যুবকদের মুক্তি দেওয়ার কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ (ক) ধৃত বন্দীর সংখ্যা ১৭,৭৮৭ জন। তাহাদের মধ্যে কিশোর ১,৩৯৯ জন এবং যুবক ১২,০১৬ জন।

(খ) মোট কিশোর ও যুবক বন্দীদের মধ্যে ছাত্র ছিলেন ৫,১৫১ জন এবং কর্মরত ছিলেন ২,০৯০ জন।

(গ) এইরূপ কোন নির্দিষ্ট প্রস্তাব বিবেচনাধীন নাই।

পুলিস কনস্টেবল নিয়োগে শিক্ষাগত যোগ্যতার মান

*৩৩১। (অনুমোদিত প্রশ্ন নং *৫২৮।) **শ্রীসুধীরচন্দ্র দাশঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য সম্প্রতি পুলিস কনস্টেবল নিয়োগের ব্যাপারে উহাদের শিক্ষাগত যোগ্যতার মান স্কুলফাইনাল পাশ ধার্য করা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, ইহার পূর্বে শিক্ষাগত যোগ্যতার মান কি ধার্য ছিল?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ (ক) পাবলিক সার্ভিস কমিশনের এক্তিয়ার বহির্ভূত সরকারের অধীন সমস্ত নন-টেকনিক্যাল তৃতীয় শ্রেণীর পদে নিয়োগের ব্যাপারে সম্প্রতি অর্থ দপ্তরের বিশেষ নিয়োগবিধি অনুযায়ী স্কুল ফাইনাল বা হায়ার সেকেন্ডারী ও সমতুল পরীক্ষা পাশ শিক্ষাগত মান ধার্য হইয়াছে।

(খ) বিশেষ নিয়োগবিধি প্রবর্তিত হওয়ার পূর্বে পুলিস কনস্টেবল পদে নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা পঞ্চম শ্রেণী মান পর্যন্ত ছিল।

[2-20—2-30 p.m.]

শ্রীসুধীরচন্দ্র দাসঃ এই নির্দেশ দেবার আগে বিভিন্ন জেলাতে ৫ম, ৮ম ও ৯ম শ্রেণী পর্যন্ত অনেক যুবককে রিক্রুট করার জন্য তাদের শরীরের ফিটনেস, মিডিকেল ফিটনেস এবং পুলিস ভেরিফিকেশন হয়ে তাদের প্যানেল করা হয়েছে এটা কি আপনি জানেন?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ এই অর্ডার হয়ে গেছে অ্যাপয়েন্টমেন্ট দেবার আগে।

শ্রীসুধীরচন্দ্র দাসঃ আমি ঠিক বুঝতে পারলাম না, এই রকম প্যানেল হয়েছে কিনা বিভিন্ন জেলায় নির্দেশ দেবার আগে?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ প্যানেল হয়েছে কিনা এই রকম সংবাদ আমার জানা নাই, তবে বিচ্ছিন্নভাবে এই সংবাদ আমার কাছে এসেছে।

শ্রীসুধীরচন্দ্র দাসঃ আমি জানি তাদের শরীরের ফিটনেস দেখা হয়েছে, মেডিকেল ফিটনেস ভেরিফায়েড হয়েছে এবং একটা লিস্ট হয়ে গেছে। অনেক টাকাকড়ি খরচ হয়েছে। নির্দেশ দেবার আগে প্যানেল হয়েছে—সেখানে মঞ্জুরী দেবার কি অসুবিধা আছে?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ আইন অনুযায়ী অসুবিধা দেখা দিয়েছে।

শ্রীনাসিরুদ্দিন খাঁনঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, এখানে বিভিন্ন সম্প্রদায়ের ব্যক্তিদের শরীরের মাপের হিসাব বিভিন্ন ছিল—সেই সম্প্রদায়ভিত্তিক—সেটা এখনও আছে—না উঠে গেছে?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ পার্বত্য অঞ্চলের বেলায় শুধু আছে। সম্প্রদায়ভিত্তিক কিছু নাই।

শ্রীনাসিরুদ্দিন খাঁনঃ মুসলমানদের মেজারমেন্ট-এর বেলায় কিছু বেশী ছিল সেটা কি আপনি জানেন?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ না, এখনও নাই।

পাকা রাস্তা ও সেতু নির্মাণ

***৪৭৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৭০৯।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালে পশ্চিমবঙ্গে কয়টি পাকা রাস্তা এবং সেতুর নির্মাণ কার্য শেষ হইয়াছে;

(খ) ১৯৭২-৭৩ সালে (জানুয়ারী পর্যন্ত) পশ্চিমবঙ্গে কোন্ জেলায় কয়টি পাকা রাস্তার কাজ শুরু হইয়াছে;

(গ) আসানসোল মহকুমায় ১৯৭২-৭৩ সালে জানুয়ারি পর্যন্ত প্রতি ব্লকে কোন্ কোন্ রাস্তার কাজ শুরু হইয়াছে; এবং

(ঘ) আসানসোল মহকুমায় বিশেষ গুরুত্বপূর্ণ রাস্তা নয়নগঞ্জ-পানুড়িয়া, পানুড়িয়া-হিন্দুস্থান কেবলস্ ভায়া শিয়াঁকুলবেড়িয়া, দোমোহানি-চুরুলিয়া ইত্যাদি রাস্তার নির্মাণকার্য কবে শুরু হইবে?

শ্রীভোলানাথ সেনঃ (ক) ৩১টি রাস্তা ও ১১টি সেতু।

(খ) ২৪-পরগনা ৩২, মেদিনীপুর ১৫, হাওড়া ৪, হুগলী ৮, বর্ধমান ১৪, বাঁকুড়া ১২, পুরুলিয়া ৪, নদীয়া ৪, মুর্শিদাবাদ ১০, মালদা ৫, বীরভূম ১৫, কুচবিহার ১, জলপাইগুড়ি ১, পশ্চিম দিনাজপুর ৪, এবং দার্জিলিং ৩।

(গ) বরবানী থানার অন্তর্গত লালগঞ্জ দোমোহানি রাস্তা।

(ঘ) লালগঞ্জ-পানুড়িয়া-হিন্দুস্থান কেবলস্ রাস্তার অংশ লালগঞ্জ গৌবাড়ি রাস্তা এবং দোমোহনি চুরুলিয়া রাস্তার কাজ শীঘ্রই শুরু হইবার সম্ভাবনা আছে।

Shri Abdul Bari Biswas: With your permission, Sir, admitted question No. 709.

শ্রীভোলানাথ সেনঃ স্যার, এই কোশ্চেনের অ্যানসারটা যদিও আমার কাছে আছে, তবুও এই দু'টি জিনিস সম্বন্ধে আমি ব্যক্তিগতভাবে স্যাটিসফায়েড হতে চাই। ঐ যে ৩১টি রাস্তা ও ১১টি সেতু বলা হয়েছে আমার মনে হয় অনেকগুলি রাস্তা হয়েছে—এটা ঠিক কমপ্লিট নয়। তাই আমি আপনার কাছে অনুরোধ করছি এটা কি হেল্ডওভার করা যাবে না।

Mr. Speaker: Yes, it is held over.

Railway Level Crossing to connect Shamsul Huda Road and Tiljala Road

***483.** (Admitted question No. *943.) **Dr. A. M. O. GHANI:** Will the Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) if there is a public demand for a level crossing as a continuation of Shamsul Huda Road on the west of the rail line connecting it with Tiljala Road on the east of the railway line;

(b) the annual figure of deaths for the last two years caused by being run over or knocked down by tranis on the said line near that area because of the absence of a controlled level crossing; and

(c) if there is any communication road between Tiljala area and Park Circus-Ballygunge area on either side of the rail line within the Park Circus overbridge and Broad Street level crossing—a distance of about 3/4 kilometre.

Shri Bholanath Sen: (a) Yes.

(b) 8 in 1971, 6 in 1972.

(c) No.

শ্রী এ এম ও গনিঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, পাবলিক ডিমান্ড ফর এ লেবেলক্রসিং আছে—আমার প্রশ্ন হচ্ছে কত দিন থেকে আছে?

শ্রীভোলানাথ সেনঃ কতদিন থেকে এই পাবলিক ডিমান্ড আছে, স্পেসিফিক এটা বলা মুশকিল।

শ্রী এ এম ও গনিঃ আমার প্রশ্ন হচ্ছে কত বছর ধ'রে এই ডিমান্ড পাবলিকের আছে?

শ্রীভোলানাথ সেনঃ এই রকম ইনফরমেশন আমার নেই।

শ্রী এ এম ও গনিঃ মাননীয় মন্ত্রিমহাশয় এই ডিমান্ড কত দিনের তা বলতে পারছেন না। আমার এবং সুব্রতবাবুরও এলাকা। তিনিও জানেন যে, বহুদিন থেকে এই ডিমান্ড রয়েছে। ১৯৭১ এবং ১৯৭২ সালে যথাক্রমে ৮ ও ৬ জন লোক মারা যায়। আমি স্পেসিফিক ডেট চাচ্ছি না। একটা লেবেল ক্রসিংয়ের ডিমান্ড অনেক দিন ধ'রে পাবলিক করছে কিনা এবং সে সম্বন্ধে আপনি কিছু করেছেন কি?

শ্রীভোলানাথ সেনঃ এটা নিয়ে সার্ভে চলছে। এ সম্বন্ধে ডিপার্টমেন্ট সচেতন। এই সার্ভের কাজ হয়ে গেলে তার পর অ্যাডমিনিস্ট্রেটিভ ফিসেবিলিটি দেখা হবে।

ডাঃ এ এম ও গনিঃ এই লেভেল ক্রসিং হ'লে শুধু পার্কসার্কাস, তিলজলা এলাকায় নয়, লোয়ার সারকুলার রোড বেগবাগান সহ অন্যান্য এলাকার লোকেরাও উপকৃত হতে পারে, মোট কথা এন্টায়ার্লি সাউথ টু ওয়েস্ট লোকেদের উপকার হয়। মোট কথা সাউথ ক্যালকাটার থরো-ফেয়ার হয়ে যায়। কাজেই এই গুরুত্ব বুঝে প্রায়রিটি দিয়ে ত্বরান্বিত করবার চেষ্টা করবেন কি?

শ্রীভোলানাথ সেনঃ হ্যাঁ, নিশ্চয় করবো, এটা খুবই প্রয়োজন।

দুর্গাপুর এক্সপ্রেস হাইওয়ে

***৪৮৯।** (অনুমোদিত প্রশ্ন নং *১০৩১।) **শ্রীভবানীপ্রসাদ সিংহরায়ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দুর্গাপুর এক্সপ্রেস হাইওয়ের কাজ কবে নাগাত শেষ হইবে;

(খ) এই রাস্তার কাজ বিলম্বিত হওয়ার কারণ কি; এবং

(গ) এই রাস্তার উপর যে জমি পড়িয়াছে, তাহার ক্ষতিপূরণ প্রদান সম্পূর্ণ হইয়াছে কিনা এবং না হইলে, কোন্ কোন্ জেলার কোন্ কোন্ মৌজায় বাকী আছে এবং বাকী থাকার কারণ কি?

শ্রীভোলানাথ সেনঃ (ক) ও (খ) অর্থাভাবের জন্য এই রাস্তার কাজ ধীরে ধীরে অগ্রসর হইতেছে এবং কবে শেষ হইবে তাহা এখনই বলা সম্ভব নয়।

(গ) বর্ধমান জেলায় সম্পূর্ণ হইয়াছে। হুগলী জেলায় জমির ক্ষতিপূরণ সংক্রান্ত কিছু কিছু আনুষ্ঠানিক খুঁটিনাটি (ফর্মালিটিজ) সম্পন্ন না হওয়ায় হুগলী জেলার অন্তর্গত গোবিন্দপুর, রতনপুর, জলাঘাটা, গাজীপুর এবং সিঙ্গের ভেড়ি মৌজার কোন কোন প্লটের ক্ষতিপূরণ দেওয়া বাকী আছে। বর্ধমান জেলার সব মৌজার ক্ষতিপূরণের টাকা দেওয়া হইয়াছে।

শ্রীভবানীপ্রসাদ সিংহরায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, ১৯৬৭ সাল থেকে ১৯৬৮ সাল পর্যন্ত এই দুর্গাপুর এক্সপ্রেস ওয়ের টাকা মঞ্জুরী খাত থেকে কেটে দেওয়া হয়েছিল কিনা, জানাবেন কি?

শ্রীভোলানাথ সেনঃ না, কথা হ'ল এই ওয়েস্ট বেঙ্গল ডেভেলাপমেন্ট কর্পোরেশনের হাতে দুর্গাপুর এক্সপ্রেস ওয়ের ভার দেওয়া হয়েছিল। এখন সেন্ট্রাল গভর্নমেন্টের সঙ্গে কথা চলছে যাতে সেন্ট্রাল গভর্নমেন্ট আমাদের টাকা দেয় এবং সেই নেগোসিয়েসন প্রায় ফাইন্যাল স্টেজে এসে

গেছে। কিন্তু সেন্ট্রাল গভর্নমেন্ট টাকা দেবার অপেক্ষা না করে কিছু কিছু কাজ স্টেটের যে টাকা আছে সেখান থেকে আমরা চালিয়ে যাচ্ছি যতটা আমরা করেছি সেটা নষ্ট যাতে না হয় সেই জন্য।

শ্রীভবানীপ্রসাদ সিংহরায়ঃ এই রাস্তাটির ব্যাপারে হাজার হাজার একর জমি নেওয়া হয়েছে এবং বহু গ্রামের উপর দিয়ে এই রাস্তাটি যাচ্ছে। এখন যে সময় কাজটি বন্ধ করা হয় তখন যে এস্টিমেট ছিল এবং কাজ বন্ধ ক'রে দেবার পরে যে এস্টিমেটের পরিমাণ বেড়ে গেছে, এ সম্বন্ধে মাননীয় মন্ত্রিমহাশয় অবগত আছেন কি?

শ্রীভোলানাথ সেনঃ কাজ যখন হয়েছিল আমার কাছে যে খবর আছে তাতে দেখতে পাচ্ছি সেই সময় নিশ্চয় পরিমাণ কম ছিল, এখন পরিমাণ বেশী হয়েছে। তার কারণ এখন এই দুর্গাপুর এক্সপ্রেস ওয়ের ব্যাপার নিয়ে সেন্টারের সঙ্গে কথা চলছে যাতে এটাকে সেন্ট্রাল সেকটর রোড হিসাব নেওয়া যায়। তার খরচ অনেক বেশী। এটা ৬ লেন হবে। ৩ লেন এদিকে, আর ওদিকে ৩ লেন হবে। এটা শুধু দুর্গাপুরেই থামবে না, কলকাতা থেকে দুর্গাপুর হয়ে আসানসোল পর্যন্ত যাবে। ক্যালকাটা পালসিট যে সেকসান তাই নিয়ে আমাদের সঙ্গে নেগোসিয়েসন চলছে গভর্নমেন্ট অব ইন্ডিয়ার। কিন্ত ইতিমধোই আমরা ২ কোটি ৪০ লক্ষ টাকা খরচ করেছি এই রাস্তাটির উপর এবং ওয়েস্টবেঙ্গল ডেভেলাপমেন্ট কর্পোরেশন যতটা কাজের ভার নিয়েছিল প্রথমে তারা পারে নি এবং ডেভেলাপমেন্ট কর্পোরেশন ব্যর্থ হওয়ায় লিকুইডেশন হয়ে যায় এবং তার ফলে সেই কাজ এখন রোডস্ ডিপার্টমেন্ট করছে।

শ্রীভবানীপ্রসাদ সিংহরায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে, হুগলী জেলার কিছু কিছু জায়গার গ্রামের নাম করেছেন যে তাদের ক্ষতিপূরণ দেওয়া বাকি আছে। ঐ গোবিন্দপুর মৌজার যে বাড়িগুলি পড়েছে সেই বাড়িগুলির ক্ষতিপূরণের ব্যাপারটি কত দিন ধ'রে প'ড়ে আছে এবং সেখান থেকে কোন আবেদন পেয়েছেন কিনা, সেটা মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীভোলানাথ সনঃ কোন্ বাড়ির ক্ষতিপূরণ কবে থেকে প'ড়ে আছে সেই ফ্যাক্টস নিয়ে আপনি জানাবেন, আমি দেখবো।

[2-30—2-40 p.m.]

শ্রীভবানীপ্রসাদ সিংহরায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় অবগত আছেন কি, সেই সময় এই কমপেনসেসানের জন্য যে এস্টিমেট করা হয়েছিল আজকে সেই দায়টা অনেক বৃদ্ধি পেয়েছে?

শ্রীভোলানাথ সেনঃ না, তা পায় না। যেদিন আইন অনুসারে এটা অ্যাকোয়ার করা হয় সেদিনের দাম দেওয়া হয়, পরে দাম দেওয়া হয়। এতে কমলে বেশী পাবে, বাড়লে কম পাবে।

শ্রীগোবিন্দচন্দ্র চ্যাটার্জিঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন, দুর্গাপুর এক্সপ্রেস ওয়ে গঠনের কাজ যে পর্যন্ত হয়েছে তার মাঝে মাঝে সংযোগ বিচ্ছিন্ন হয়ে আছে? যদি অবগত থাকেন, তা হ'লে সেই সংযোগ নির্মাণের কাজকে অগ্রাধিকার দেবেন কি?

শ্রীভোলানাথ সেনঃ আমি আমার প্রশ্নের উত্তরে বলেছি যে, কতকগুলি জায়গায় জমি পাওয়া যায় নি, কতকগুলি জায়গায় জমি পাওয়া গিয়েছে। কতকগুলি জায়গায় কাজ হচ্ছে। ওয়েস্ট-বেঙ্গল ডেভেলাপমেন্ট কর্পোরেশনের কাছ থেকে নিয়ে ১ কোটি ৫৩ লক্ষ টাকা খরচ করেছিলাম। তারপর আমরা আরো কিছু খরচ করেছি এবং আপ-টু-ডেট ২ কোটি ৪০ লক্ষ টাকা খরচ করেছি। এই রাস্তাটা বহু কোটি টাকার প্রজেক্ট। কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলেছি যাতে পুরো টাকাটা পাই। পেলে কাজটা হয়ে যাবে।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্যঃ বাঁকা ব্রীজটার কি হ'ল?

শ্রীভোলানাথ সেন: দুর্গাপুর এক্সপ্রেস ওয়ের যে পোরসান নিয়ে কথা হচ্ছে তার উপর আপনি সেটা বলছেন বাঁকা ব্রীজ বর্ধমান ডিভিসানে, দ্যাট ইজ কমপ্লিটলি ডিফারেন্ট। দুর্গাপুর এক্সপ্রেস ওয়ে ডানকুনি থেকে আরম্ভ হচ্ছে।

শ্রীমহম্মদ সফিউল্লা: এই যে রাস্তাটির কাজ আরম্ভ হয়েছে এর উপর পাঁচঘরা-চণ্ডিতলার অন্তর্গত, সেখানে কালভার্ট ও ওভারব্রিজ তৈরি করার জন্য আমরা দীর্ঘদিন ধ'রে আবেদন করছি। মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এবিষয়ে বিবেচনা করছেন কিনা?

Mr. Speaker: It is not possible for the Hon'ble Minister to reply out of this question.

শ্রীমহম্মদ সফিউল্লা: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যে সমস্ত জায়গা অ্যাকোয়ার করা হয়েছে তাদের ক্ষতিপূরণ দেওয়া হচ্ছে না ব'লে কাজ অনেক জায়গায় হচ্ছে না, এটা সত্য কিনা?

শ্রীভোলানাথ সেন: ক্ষতিপূরণ দিলেও কাজ করা যেত না তার কারণ টাকা অনেক বেশী খরচ। এক ক্যালকাটা পার্লসিট সেক্সানেই বোধ হয় ১২ কোটি টাকার বেশী লাগবে।

শ্রীজ্যোতির্ময় মজুমদার: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এটা কি সত্য, বর্ধমান জেলার তাতারপুর মৌজার অধিবাসীরা ক্যানেল ও অন্যান্য ব্যাপারে সম্পত্তিহীন হবার পর আর এই রাস্তার জন্য সম্পত্তি ছেড়ে দিতে রাজী হচ্ছে না?

শ্রীভোলানাথ সেন: আমি অফ-হ্যান্ড বলতে পারবো না, আপনি সেপারেট কোশ্চেন দিন, আমি উত্তর দেব।

শ্রীগণেশ হাটুই: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই রাস্তার কাজ ল্যান্ড অ্যাকোয়ার করা হয় নি ব'লে হচ্ছে না, না, কমপেনসেসান দেওয়া হয় নি ব'লে হচ্ছে না, কোন্‌টা সত্যি?

Mr. Speaker: Already sufficient answer has been given.

সরকার কর্তৃক প্রকাশিত 'পশ্চিমবঙ্গ' ও 'ওয়েস্ট বেঙ্গল' পত্রিকা

***৪৯৭।** (অনুমোদিত প্রশ্ন নং *১০৭৬।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিক:** তথ্য এবং জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক বাঙলা ভাষায় প্রকাশিত 'পশ্চিমবঙ্গ' ও ইংরাজী ভাষায় প্রকাশিত 'ওয়েস্ট বেঙ্গল' পত্রিকার কত কপি প্রকাশ করা হয়;

(খ) কত কপি বিনামূল্যে বিলি করা হয়;

(গ) ঐ পত্রিকার বিক্রয়সংখ্যা বাড়ানোর জন্য সরকার কোন ব্যবস্থা করিয়াছেন কি; এবং

(ঘ) ঐ পত্রিকায় বিজ্ঞাপন বাবত বৎসরে কত আয় হয়?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: (ক) পশ্চিমবঙ্গ (সাপ্তাহিক) ৭,০০০ কপি প্রকাশ করা হচ্ছে। (চাহিদা বৃদ্ধির মুখে এবং মুদ্রণসংখ্যা শীঘ্রই বাড়ানোর প্রস্তাব রয়েছে)। ওয়েস্টবেঙ্গল (পাক্ষিক) ৪,৫০০ কপি সম্প্রতি প্রকাশ করা হচ্ছে।

(খ) বিনামূল্যে পশ্চিমবঙ্গ বিলি করা হয় ২,৭০০ কপি। বিনামূল্যে ওয়েস্টবেঙ্গল বিলি করা হয় ৪,৩৯০ কপি।

(গ) হ্যাঁ। বিক্রয়সংখ্যা বাড়াবার উদ্দেশ্যে এজেন্ট সংখ্যা বাড়ান হচ্ছে এবং জেলা ও মফঃস্বল দপ্তরে গ্রাহক বাড়ানর ব্যবস্থা করা হয়েছে, ইতিমধ্যে কিছু ফলও পাওয়া গিয়াছে।

(ঘ) বিজ্ঞাপন বাবত আয় বৎসরে পশ্চিমবঙ্গে ১,৭০০ টাকা (১৯৭২-৭৩ সালের হিসাব) এবং বিজ্ঞাপন বাবত আয় বৎসরে ওয়েস্ট বেঙ্গলে ৫০০ টাকা (১৯৭২-৭৩ সালের হিসাব)।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: পশ্চিমবঙ্গ এবং ওয়েস্ট বেঙ্গল পত্রিকায় মন্ত্রীরা কোথায় কি করছেন, এই সব খবর কম পরিবেশন ক'রে তথ্য ও সংবাদ বেশি সংখ্যক পরিবেশন করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: পশ্চিমবঙ্গ ও ওয়েস্ট বেঙ্গল-এর স্ট্যান্ডার্ড আগের চেয়ে অনেক বেশী উঠেছে এবং আগামী দিনে আরও ভাল করবার চেষ্টা করছি।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: বাজারে অনেক রকম পত্রিকা রয়েছে, সেই পত্রিকাগুলো যেরকম ভাবে সেল হচ্ছে ওয়েস্টবেঙ্গল বা পশ্চিমবঙ্গ সেই রকম ভাবে বিক্রি হচ্ছে না। জনসাধারণ যাতে এই পত্রিকা বেশী ক'রে পড়েন, তার জন্য সরকার থেকে কোন ব্যবস্থা করা হয়েছে কিনা ?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: হ্যাঁ, করা হয়েছে।

শ্রীইন্দ্রজিৎ মজুমদার: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, দু'হাজারের উপর কপি বিনামূল্যে দেওয়া হয়, মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, কাদের মধ্যে এইগুলো দেওয়া হয় ?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: বুদ্ধিজীবী, মাননীয় মন্ত্রিমহাশয়দের, উচ্চপদস্থ কর্মচারীদের এবং বিভিন্ন রাজ্যের মন্ত্রিমণ্ডলীকে এই কপি পাঠানো হয়।

শ্রীললিত গায়েন: এক বছর আগে পশ্চিমবঙ্গ এবং ওয়েস্টবেঙ্গল ব'লে পত্রিকা যে দৃষ্টি-ভঙ্গি নিয়ে বেরিয়েছিল, সেই দৃষ্টিভঙ্গির কোন পরিবর্তন হয়েছে কি ?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: হ্যাঁ, এর আমূল পরিবর্তন হয়েছে।

হুগলী জেলার রাস্তা পাকাকরণের কাজ

***৪৯৮।** (অনুমোদিত প্রশ্ন নং *১০৩২।) **শ্রীভবানীপ্রসাদ সিংহরায়:** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলার কোন্ কোন্ রাস্তা পাকা করিবার জন্য বর্তমান আর্থিক বৎসরে কাজ চলিতেছে;

(খ) এই রাস্তাগুলির মধ্যে কতগুলি চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনা কালের এবং কতগুলি তাহার আগের পরিকল্পনা কালের;

(গ) আগের পরিকল্পনা কালের রাস্তাগুলিতে কাজ না হওয়ার কারণ কি; এবং

(ঘ) উক্ত জেলায় এই আর্থিক বৎসরের মধ্যে সরকারী হাসপাতালের সঙ্গে সংযোগকারী রাস্তাগুলি পাকা করা হইবে কি ?

শ্রীভোলানাথ সেন: (ক) নিম্নলিখিত রাস্তাগুলি পাকা করার কাজ চলিতেছে:

(১) বৈঁচি-ভাসতারা-মাঝিনান-বেলমুড়ি রাস্তা;

(২) খামারগাছি এবং জিরাট বাজারের মধ্যেকার মিসিং লিঙ্ক;

(৩) তারকেশ্বর হেলথ্ সেন্টার রাস্তা;

(৪) এস টি কে কে রাস্তা থেকে বড়াইল পর্যন্ত সংযোগকারী রাস্তা: এবং

(৫) পান্ডুয়া-পোলবা রাস্তা থেকে দক্ষিণা কালীর মন্দির পর্যন্ত সংযোগকারী রাস্তা।

(খ) উপরের (ক) (১) রাস্তাটি ৩য় পরিকল্পনার, বাকি ৪টি রাস্তা ৪র্থ পরিকল্পনার অন্তর্ভুক্ত।

(গ) জমি না পাওয়ায় এবং আদালতের ইনজাংসান থাকায় কাজ হয় নি।

(ঘ) বর্তমানে তারকেশ্বর হেল্থসেন্টার রাস্তা পাকা করা হচ্ছে।

শ্রীভবানীপ্রসাদ সিংহরায়ঃ বৈঁচি, ভাসতারা, বেলমড়ি রাস্তার কথা মন্ত্রিমহাশয় বলেছেন, এই বৈঁচির কাজ কবে নাগাত শেষ হবে মন্ত্রিমহাশয় বলতে পারবেন কি ?

শ্রীভোলানাথ সেনঃ এই তারিখ বলা আমার পক্ষে সম্ভব নয়।

শ্রীভবানীপ্রসাদ সিংহরায়ঃ তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় সেনেটজায়ের শ্বারবাসিনী রোড এবং ভাণ্ডারহাটের কুমরুল রোড, এইগুলোর কাজ শুরু হয়েছে কি ?

শ্রীভোলানাথ সেনঃ এখানে এই প্রশ্ন ওঠে না।

শ্রীভবানীপ্রসাদ সিংহরায়ঃ হুগলী জেলায় অনেক হেল্‌থসেন্টার সংযোগকারী রাস্তায় মাটির কাজ হয়েছে, আগামী আর্থিক বৎসরে এইগুলো পাকা করার কথা কি মন্ত্রিমহাশয় চিন্তা করছেন ?

শ্রীভোলানাথ সেনঃ পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনায় আরও ছয়টি হেল্‌থ সেন্টারে যাবার জন্য রাস্তা পাকা ক'রে দেবার জন্য হুগলী জেলায় প্রকল্প নেওয়া হয় এবং আশা করি সেগুলো আরম্ভ হবে।

2-40—2-50 p.m.]

শ্রীভবানীপ্রসাদ সিংহরায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন, এই ৬টি রাস্তার মধ্যে একটা রাস্তা হচ্ছে চুঁচুড়া-দশঘরা রোড এবং মাকালপুর লিঙ্ক রোডের এস্টিমেট করা হয়েছিল তার অর্ধেক কাজ হয়েছে বাকিটা মাটির অভাবে হচ্ছে না, এটা কি আপনি জানেন ?

শ্রীভোলানাথ সেনঃ কোন পার্টিকুলার রাস্তা সম্বন্ধে আপনার যদি প্রশ্ন থাকে আপনি আলাদা জানাবেন আমি ব'লে দেব।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ চন্ডীতলা থেকে ১ মাইল রাস্তা বার করবার জন্য ১০ হাজার টাকার একটা অফার পেয়েছি, কিন্তু জেলা পরিষদ থেকে কোন নির্দশ না পাওয়ায় আমরা কাজ করতে পারছি না।

শ্রীভোলানাথ সেন ঃ জেলা পরিষদের সঙ্গে আমাদের কোন সম্পর্ক নেই।

সরকারী কাজকর্মে বাংলাভাষার ব্যবহার

*৫০০। (অনুমোদিত প্রশ্ন নং *৮৬৯।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যের রাজ্যভাষা (স্টেট ল্যাংগুয়েজ) বাংলা কি;

(খ) (ক)-এর উত্তর হ্যাঁ হইলে, সরকারী কাজকর্মে উক্ত ভাষার ব্যবহার চালু আছে কিনা;

(গ) সরকারী কাজকর্মে পূর্ণভাবে বাংলাভাষা চালু না থাকিলে, তাহার কারণ কি; এবং

(ঘ) কতদিনে সরকারী কাজকর্মে পূর্ণরূপে বাংলাভাষা চালু হইবে বলিয়া আশা করা যায় ?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ (ক) হ্যাঁ, তবে দার্জিলিং জেলার তিনটি পার্বত্য মহকুমার প্রশাসনিক কার্যের জন্য বাংলা ও নেপালী উভয় ভাষাকেই রাজ্যভাষা হিসাবে ঘোষণা করা হইয়াছে।

(খ) হ্যাঁ।

(গ) বাংলা টাইপিস্ট ও লঘুলিপিকের এবং টাইপরাইটারের অভাব।

(ঘ) সুনির্দিষ্ট সময় নির্ধারণ করা এখনই সম্ভব হইতেছে না। সরকারী কার্যে পূর্ণরূপে বাংলাভাষা দ্রুত চালু করিবার জন্য একটি কমিটি গঠন করিবার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে। ঐ কমিটি সমস্যার বিভিন্ন দিক আলোচনাপূর্বক উহার সমাধানের উপায় নিরূপণ

করিবেন। ইতিমধ্যে বাংলাভাষা চালু করিবার জন্য সরকারের ব্লক পর্যায়ের অফিস হইতে সচিবালয়ের বিভিন্ন অফিস পর্যন্ত কতগুলি বাংলা টাইপরাইটার যন্ত্র, টাইপিস্ট ও লঘুলিপিকের প্রয়োজন সে সম্পর্কে তথ্য সংগ্রহ করা হইতেছে।

শ্রীকৃষ্ণকুমার শুক্লা: মন্ত্রিমহাশয় বললেন যে, টাইপরাইটারের অভাবে বাংলাভাষা পুরোপুরি চালু করা সম্ভব হচ্ছে না। মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন বাংলা টাইপরাইটার আনার কোন ব্যবস্থা করছেন কিনা?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: চেষ্টা করা হচ্ছে।

শ্রীঅজিতকুমার গাঙ্গুলী: কতদিন ধরে এই বাংলা টাইপরাইটারের অভাব ফিল করছেন?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: আমরা যে এক বছর এখানে এসেছি, সেই এক বছর ধ'রেই ফিল করছি।

শ্রীঅজিতকুমার গাঙ্গুলী: যখন আমরা বাংলাভাষাকে চালু করতে এতই আগ্রহী, তখন আপনার অফিসাররা কার্বন দিয়ে কাজ চালু করতে পারেন কিনা?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: এই ব্যবস্থা করায় অসুবিধা অছে, তবে আমরা সব রকম চেষ্টা করছি, অফিসাররা চেষ্টা করছেন, কিন্তু আমরা দেখছি এখানে অনেক এম এল এ ইংরাজীতে প্রশ্ন করেন।

শ্রীবিজয়সিং নাহার: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, টাইপরাইটারের অভাবে বাংলা চালু করা যাচ্ছে না। মাননীয় স্পীকার মহাশয়, অ্যাসেমব্লীতে যে সমস্ত হেডিং ইত্যাদি ইংরাজীতে হচ্ছে সেগুলি বন্ধ ক'রে বাংলায় চালু করা যায় কিনা এটা আপনি দেখবেন?

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি যেটা বললেন সেটা আপনি বিচার ক'রে দেখবেন। আমি এটা বলতে চাইছিলাম যে, অফিসিয়াল ল্যাংগোয়েজ অ্যাক্ট, ১৯৬২ সালে আমরা পাশ করেছিলাম। কিন্তু ১৯৬২ সাল থেকে ১৯৬৭ সাল পর্যন্ত একটা সরকার এখানে ৫ বছর ছিল, অথচ সেই সময় এই বিষয়ে কিছু করা হয়েছে ব'লে আমি খবর পাচ্ছি না। তার পর ১৯৬৭ সালের পর সরকার এসেছে, গিয়েছে কিন্তু তারা বিশেষ কিছু করেছে ব'লে আমরা খবর পাচ্ছি না। ১৯৬২ সাল থেকে যেটা হচ্ছে না, সেটা আমরা করবার চেষ্টা করব। তবে সময় লাগবে কিন্তু এটা আমরা বলতে পারি না যে এক দিনের ভেতর ক'রে ফেলব।

শ্রীবিজয়সিং নাহার: ১৯৬২-৬৭ সালের, উনি যদি অনুগ্রহ ক'রে ফাইলগুলি দেখেন, তা হ'লে দেখতে পাবেন, পশ্চিমবঙ্গ সরকার বাংলাভাষাকে বাড়াবার জন্য টাইপরাইটার তৈরি করিয়েছে এবং আরো অনেক ব্যবস্থা করিয়েছে, যেটা আজকে হচ্ছে না।

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়: মাননীয় সদস্য মন্ত্রী ছিলেন তখন ৫ বছর ধ'রে, তিনি আশ্চর্য হয়ে যাবেন শুনলে, যদি তার মন্ত্রিসভার কার্যকলাপ সম্বন্ধে এই হাউসে বলি।

শ্রীবিজয়সিং নাহার: অনুগ্রহ ক'রে যদি বলেন, তা হ'লে আমরা শুনতে রাজি আছি এবং লোকেও জানুক যে আমরা কি করেছি না করেছি।

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়: মাননীয় সদস্য মহাশয় ঐ বিষয়ে যত কম কথা বলবেন ততই শুভ।

শ্রীবিজয়সিং নাহার: আপনারা এখন বড় বড় কথা বলতে আরম্ভ করেছেন, আমরা কাজ না ক'রে বলতাম না।

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়: কাজ না করে কি বলবেন?

শ্রীবিজয়সিং নাহার: ২০ বছরে যা হয়েছে এখন তার কিছু হচ্ছে না এবং আপনারা তো আমাদের লিগেসি হিসাবে কাজ করছেন।

শ্রীজ্যোতির্ময় মজুমদার: বিধানসভার ভেতরে মন্ত্রীরা যেসব বিবৃতি পাঠ করেন সেগুলি বাংলায় দিতে গেলে টাইপরাইটারের অভাব কারণ নয়। সুতরাং এখানে এটা চালু করবেন কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: সামগ্রিকভাবে বলা হয়েছে—একমাত্র কারণ নয়। অন্যতম কারণ।

SHORT NOTICE STARRED QUESTIONS

(to which oral answers were given)

সাপ্তাহিক 'জনমত'

***687.** (Short Notice) (Admitted question No. *1774.)

শ্রীআবদুল বারি বিশ্বাস: তথ্য এবং জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে মুর্শিদাবাদ জেলায় 'জনমত' নামে একটি সাপ্তাহিক সংবাদপত্র আছে;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তাহা হইলে উক্ত কাগজে ১৯৭১ সালের ১৪ই নভেম্বর সংখ্যায় হরেকৃষ্ণ মাইতির লেখা কোন নিবন্ধ আছে কি; এবং

(গ) থাকিলে, হরেকৃষ্ণ মাইতির আসল নাম কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: (ক) ও (খ) হ্যাঁ।

(গ) হরেকৃষ্ণ মাইতি আসল নাম নয়। প্রাথমিক অনুসন্ধানে হরেকৃষ্ণ মাইতির আসল নাম সরকারের পক্ষে জানা সম্ভব হয় নি। এ বিষয়ে বিশদ অনুসন্ধান চলছে।

শ্রীআবদুল বারি বিশ্বাস: হরেকৃষ্ণ মাইতির আসল নাম জানার পক্ষে বাঁধা কি কি আছে?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: প্রেস অ্যাক্ট-এ আছে অনেক সময় যদি কেউ গোপন করতে চান সম্পাদক তা করতে পারেন।

শ্রীআবদুল বারি বিশ্বাস: তিনি একজন সরকারী কর্মচারী এবং ডিস্ট্রিক্ট পাবলিসিটি অফিসার—এই রকম একজন সরকারী কর্মচারী কোন সরকারের অধীনে কাজ ক'রে সরকার বা সরকারের কোন মন্ত্রীর বিরুদ্ধে কটাক্ষপাত করতে পারেন কিনা?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: ছদ্মনামে লেখা হয়েছে এবং কটাক্ষ করা হয়েছে। কিন্তু আমাদের কাছে যথেষ্ট প্রমাণ নেই যাতে প্রমাণ হ'তে পারে যে, সেই অফিসারই এটা লিখেছেন।

শ্রীআবদুল বারি বিশ্বাস: আমি জেলার প্রেস অ্যাডভাইসরি বোর্ড-এর মেম্বার, আমি যতদূর জানি এবং এটা একেবারে ধ্রুবসত্য যে এ'র নাম অরুণ মজুমদার এবং আমার জেলার পাবলিসিটি অফিসার। কোথা থেকে তাঁর সাহস হ'ল যে, তদানীন্তন সময়ের কোন মন্ত্রীর বিরুদ্ধে কটাক্ষপাত ক'রে লিখতে পারেন এবং এর বিরুদ্ধে কোন চার্জ ফ্রেম করা হয়েছে জানাবেন কিনা?

Mr. Speaker: Mr. Biswas, I disallow this question, because the Minister has categorically stated that he is still to receive conclusive proof as to whether that Writer is a Government employee or not. But you are taking him as a Government employee and putting your supplementaries. So, on the basis of the categorical reply of the Minister your next supplementary does not arise.

শ্রীকৃষ্ণকুমার শুক্লা: মন্ত্রিমহাশয় বলেছেন প্রেস অ্যাক্ট-এ এমন ব্যবস্থা আছে যাতে সম্পাদক ইচ্ছা করলে গোপন করতে পারেন। কিন্তু এই গোপন উদ্ধার করে সত্য প্রকাশ করার কোন ব্যবস্থা স্বরাষ্ট্র বিভাগের আছে কিনা?

[2-50—3-00 p.m.]

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: এটা মূল প্রশ্নের মধ্যে আসে না।

শ্রীকৃষ্ণকুমার শুক্লা: ছদ্মনামে যদি কেউ কুৎসা রটান, তা হ'লে তার আসল নাম উদ্ঘাটন করার কোন ব্যবস্থা আছে কিনা?

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়: স্বরাষ্ট্র বিভাগের কি ইনস্ট্রুমেন্ট আছে না আছে সেটা কি আপনি জানতে চান?

শ্রীকৃষ্ণকুমার শুক্লা: আপনি অনুসন্ধান ক'রে আমাদের জানাবেন কি?

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়: আমরা আমাদের প্রেসকে বিশ্বাস করি।

বালীরঘাট পন্টুন ব্রীজ

***688.** (Short Notice) (Admitted question No. *1775.)

শ্রীআবদুল বারি বিশ্বাস: পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মুর্শিদাবাদ জেলায় বালীরঘাট পন্টুন ব্রীজটি সম্প্রতি ভাঙ্গিয়া গিয়াছে;

(খ) সত্য হইলে, ঐ ব্রীজটি মেরামত এবং আর একটি পাকা ব্রীজ নির্মাণের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন;

(গ) এই ব্রীজ ভাঙ্গার কারণ কি; এবং

(ঘ) এই ব্রীজের অবস্থা শোচনীয় হইয়া আসিতেছিল এই মর্মে সংবাদ কতদিন পূর্বে সরকার পাইয়াছিলেন?

শ্রীভোলানাথ সেন: (ক) হ্যাঁ।

(খ) ও (গ) ব্রীজটি মেরামত করার ব্যবস্থা হইতেছে।

সরকার একটি পাকা ব্রীজ নির্মাণের পরিকল্পনা গ্রহণ করিয়াছেন। তৎসম্পর্কিত কারিগরী সমীক্ষা শেষ হইয়াছে, এখন ডিজাইনের কাজ চলিতেছে।

(ঘ) ব্রীজটি মেরামতের প্রয়োজন দুর্ঘটনার কিছুকাল পূর্বে অনুভূত হইয়াছিল এবং মেরামতের কাজ আরম্ভ হয়।

শ্রীআবদুল বারি বিশ্বাস: এটা কি সত্য যে, বাংলাদেশের শরণার্থী যখন আসল, বাংলাদেশ মুভমেন্টের সময় থেকে এই বালিরঘাট পন্টুন ব্রীজটার অবস্থা শোচনীয় হয়ে আসছিল?

শ্রীভোলানাথ সেন: শোচনীয় হয়ে আসছিল ঠিক বাংলাদেশের জন্য কিনা তা বলতে পারি না, তবে এটা বলতে পারি ২২শে নভেম্বরের আগে এটাকে রিপেয়ার করা হয় এবং ২২শে নভেম্বর আবার ব্রীজটাকে কমিশন করা হয়। রিপেয়ার করার সময় কতকগুলি নাট, বোল্ট লাগানো হয়। সন্দেহ করা হচ্ছে, নাট-বোল্ট খুলে চুরি ক'রে নিয়ে গেছে সেজন্য এবং দ্বিতীয় কারণ হ'ল ১০ টনের লিমিট আছে, তার বেশি যাওয়া উচিত নয়, তা সত্ত্বেও এই লরীটা ছিল ১৩ টনের, ৫ মাইলস্ পার আওয়ার এর বেশি স্পীডে যাওয়া উচিত নয়, তা সত্ত্বেও অনেক লরী বহু স্পীডে যায় এবং অনেক বেশি মাল নিয়ে যায়। এই নিয়ে জেলাশাসকের সঙ্গে পুলিসের সঙ্গে বহু লেখালেখি হয়, কিন্তু তাঁরা এটা বন্ধ করতে পারেন নি। সুতরাং পন্টুন ব্রীজ, যে ব্রীজ খুব পুরাতন, যে ব্রীজের উপর দিয়ে ১০ টনের বেশি যাওয়া উচিত নয়, সেই ব্রীজে যদি ১০ টনের বেশি ট্রাক যায়, তা হ'লে অ্যাক্সিডেন্ট হবে এতে আশ্চর্যের কিছু নেই। পুলিস এই ব্যাপারে ইনভেস্টিগেশন করছে। শুনেছি বোল্টগুলি খুলে চুরি ক'রে নিয়ে যাওয়াতে এই দুর্ঘটনাকে আরও ত্বরান্বিত করেছে।

শ্রীআবদুল বারি বিশ্বাস: ইহা কি সত্য, এই পন্টুন ব্রীজের এক বয়া থেকে আর এক বয়ার মাঝখানে যে জায়গা কোলাপ্‌স হয়েছে সেখানকার ৮।৯টি বোল্ট এই ব্রীজ কোলাপ্‌স হওয়ার আগে খুলে নিয়ে গিয়েছিল?

শ্রীভোলানাথ সেন: আগে খুলে নিয়ে গিয়েছিল কি সঙ্গে সঙ্গে খুলে নিয়ে গিয়েছিল এ সম্বন্ধে যে এগজামিনেশন, ইনভেস্টিগেশন করা হচ্ছে তাতে ধারণা হচ্ছে ব্রীজ থেকে বোল্ট-গুলি আগেই খুলে নেওয়া হয়েছিল।

শ্রীআবদুল বারি বিশ্বাস: সেখানে অফিসার, কর্মচারী আছেন, তাঁরা প্রপার মেনটেন্যান্স করেন, কিন্তু তাঁদের চোখের সামনে এই যে খুলে নিয়ে গেল, এর জন্য যে কর্তব্যে অবহেলা তার জন্য ঐ ব্রীজের যেসমস্ত কর্মচারী আছেন তাঁদের বিরুদ্ধে কোন কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি?

শ্রীভোলানাথ সেন: এই অবহেলা যে কার এই সম্বন্ধে নিশ্চয়ই তদন্ত হবে। ইন ফ্যাক্ট আজকেই বলেছি তদন্ত করতে। এই পন্টুন ব্রীজ দেখার জন্য একমাত্র ওয়ার্ক অ্যাসিস্ট্যান্ট, ৪ জন মজদুর থাকে, তারা যখন যখন দরকার হয় রিপেয়ার করে। কিন্তু তার থেকে বেশি আশ্চর্যের ব্যাপার হ'ল, একটা পন্টুন ব্রীজ তার দু'পাশে লোক থাকে ১১ জন, তারা থাকা সত্ত্বেও এই চুরিটা কিভাবে সম্ভব হ'ল এটা দেখার জন্য আমি স্টেপ নেবার চেষ্টা করছি। আজকে বলেছি ফারদার ইনভেস্টিগেশন করতে কারোর কোন দায়িত্ব আছে কিনা কাজে অবহেলার জন্য।

শ্রীআবদুল বারি বিশ্বাস: দু'টি লোক মারা গেছে, ট্রাক সেখানে ডুবে গেছে এবং সেই ট্রাক তোলার ব্যবস্থা আজ পর্যন্ত হয় নি। যদি ওখানকার সরকারী কোন কর্মচারীর অবহেলার জন্য ব্রীজ কোলাপ্‌সড ক'রে থাকে, তা হ'লে এই ট্রাক উদ্ধারের ব্যবস্থা করবেন কিনা এবং যারা মারা গেছে তার জন্য ক্ষতিপূরণ দেবার ব্যবস্থা করবেন কিনা?

শ্রীভোলানাথ সেন: এই প্রশ্নটায় অনেক জিনিস জড়িয়ে আছে। তবে উত্তরটা দিচ্ছি। এই যে ট্রাকটা ডুবেছে সেটা ব্রীজের নাট অ্যান্ড বোল্ট চুরি যাবার জন্য হয়ে থাকতে পারে, কারুর কাজের অবহেলার জন্য এটা ঘটে থাকতে পারে। কিন্তু ব্রীজে একটা সাইনবোর্ড ছিল যে, এর উপর দিয়ে ১০ টনের বেশি মাল নিয়ে যাবে না। যে ট্রাকটি ডুবেছে তাতে কমপক্ষে ১৩ টন মাল ছিল। এখন যদি কেউ জেনেশুনে ১০ টনের জায়গায় ১৩ টন মাল নিয়ে গিয়ে থাকে এবং তার জন্য ব্রীজ ধ্বসে পড়ে, তা হ'লে অন্য কাউকে দায়ী করা আইনত সম্ভব হবে কিনা সেটা আমার সন্দেহ আছে। তবে বোল্ট এবং নাট খুলে নেবার জন্য এই দুর্ঘটনা ঘটেছে কিনা সেই বিষয়ে খোঁজ নেবার জন্য নির্দেশ দিয়েছি।

শ্রীশঙ্করদাস পাল: ট্রাকে যে ১৩ টন মাল ছিল এটা কি ক'রে বোঝা গেল, ট্রাক তো ডুবেই গেল? সুতরাং আপনাকে যে অফিসার রিপোর্ট দিয়েছে সে আপনাকে মিস্‌লিড করেছে এটা ঠিক কিনা?

শ্রীভোলানাথ সেন: প্রত্যেক টনে ১ টাকা ক'রে দেবার নিয়ম। ট্রাকের ড্রাইভারকে যে রসিদ দেওয়া হয়েছে তাতে দেখা যাচ্ছে ১৩ টাকার রসিদ দেওয়া হয়েছে। যেখানে ১০ টন মাল নেবার কথা সেখানে ড্রাইভার মালসুদ্ধ ১৩ টন নিয়েছে এটার দ্বারাই তা প্রমাণিত হচ্ছে।

শ্রীসরোজ রায়: মাননীয় স্পীকার মহাশয়, অন্য বিষয়ে যাবার আগে আমি একটি বিশেষ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। ১১ তারিখে সাইক্লোন হয়েছে, আমি গড়বেতা থানার আমার কনস্টিটিউয়েন্সিতে ২ দিন ধ'রে দেখে এসেছি, ৯ জন মারা গেছে এবং ৪০ জন আহত হয়েছে এই সাইক্লোন এবং হেইলস্টর্ম-এ। এখানে যে ক্ষতি হয়েছে তার পরিমাণ প্রায় ১৫ লক্ষ টাকার মত, বাড়ির ঘরের চালের করোগেটেড সিট উড়ে গেছে, ফসলের ক্ষতি হয়েছে প্রায় ৩০ লক্ষ টাকার মত। কাজেই ইমিডিয়েটলি সেখানে রিলিফ দেবার ব্যবস্থা করতে হবে। আই আর এইট ইত্যাদি ধান যা বোনা হয়েছিল তা ধ্বংস হয়ে গেছে। রবি ফসল এবং অন্যান্য জিনিস সম্পূর্ণ ধ্বংস হয়ে গেছে। কাজেই সেখানে রিলিফ দেওয়া দরকার। ২ হাজার তাঁবু অন্তত এখনই যদি না দেন, তা হ'লে যেসমস্ত মানুষ খোলা আকাশের নিচে পড়ে রয়েছে তাদের কষ্টের অন্ত থাকবে না। এখানে আমরা কিছু আলোচনার আগে এই বিষয়ে রিলিফ মিনিস্টার এখনই স্টেপ নিন যদি এই মানুষগুলোকে বাঁচাতে হয়। কারণ এদের ঘর নেই, খাদ্য নেই, সেখানে খড়ের কাহন যেখানে ৫ টাকা ছিল তা বেড়ে ১৩ টাকা হয়ে গেছে। এরকম পরিস্থিতি গড়বেতা থানার ৭।৮।১০নং ব্লকে। সেখানে সমস্ত কিছু ধ্বংস হয়ে গেছে। কাজেই ইমিডিয়েটলি সেখানে রিলিফ দেবার ব্যবস্থা করা হোক।

[3-00—3-10 p.m.]

শ্রীগৌতম চক্রবর্তী: মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রি-মহাশয়ের কাছে একটা আবেদন রাখছি। দীর্ঘ ২৬ মাস বন্ধ থাকার পর বঙ্গলক্ষ্মী কটন মিল গত ৭ই জুন, ১৯৭২ সালে এই মিলের কর্তৃত্ব ভারত সরকার নিয়েছেন। এদের সহযোগিতায় যেসমস্ত বঙ্গলক্ষ্মী কটন মিলের কর্মচারী প্রোডাকশন করতে চাইছেন, তাঁদের উপর অন্যায় অত্যাচার করা হচ্ছে, মালিকপক্ষের বিভিন্ন গুন্ডাদের দ্বারা। গত দু'দিন থেকে বঙ্গলক্ষ্মী কটন মিলের ২০০ জন কর্মচারীকে অফিসে আটকে রাখা হয়েছে এবং বার বার ক'রে কমিশনার অব পুলিসের কাছে এবং সংশ্লিষ্ট থানায় জানানো সত্ত্বেও, পুলিস থেকে কোন ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে না এবং যেসমস্ত কর্মচারী বঙ্গলক্ষ্মী কটন মিলের সঙ্গে জড়িত আছে কিন্তু মালিক পক্ষের স্বার্থে নিজেদের জড়িত করছে না, সেই সমস্ত কর্মচারীদের পরিবারের লোকজনদের দীর্ঘদিন ধ'রে মালিকপক্ষের গুন্ডারা ভয় দেখাচ্ছে। এখন পর্যন্ত বঙ্গলক্ষ্মী কটন মিলের সেই সমস্ত কর্মচারী আটকা প'ড়ে আছে। আপনার মাধ্যমে মাননীয় সংশ্লিষ্ট মন্ত্রি-মহাশয়ের কাছে আবেদন করছি যে, এই সমস্ত কর্মচারীদের অবিলম্বে মুক্তি যাতে হয় তার ব্যবস্থা করুন এবং এই সমস্ত কর্মচারীদের পরিবারবর্গকে যাতে কোন ভয় দেখানো না হয়, তার জন্য এবং তাদের নিরাপত্তা ব্যবস্থা অবলম্বনের অনুরোধ জানাচ্ছি।

STARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

কাওরাপুকুর-জুলপিয়া রাস্তা

***৬৬৩।** (অনুমোদিত প্রশ্ন নং *৬৭৪।) **শ্রীরামকৃষ্ণ বর:** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাওরাপুকুর-জুলপিয়া রাস্তার কাজ কত দিনে শেষ হবে ;

(খ) উক্ত রাস্তার কাজ কখন আরম্ভ করা হয়েছিল ; এবং

(গ) উক্ত রাস্তার জন্য কত টাকা বরাদ্দ ছিল ?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) আশা করা যায়, আগামী বৎসরের শেষ ভাগে কাজটি সম্পূর্ণ হবে।

(খ) ১৯৬৩ সালে।

(গ) ১০,৮৯,১০০ টাকা।

ঝালদা-বেগুনকোদর রাস্তা

***৬৭৪।** (অনুমোদিত প্রশ্ন নং *১১৭৪।) **শ্রীকিঙ্কর মাহাত:** পূর্ত বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) ঝালদা-বেগুনকোদর রাস্তার কাজ আরম্ভ হইয়াছে কিনা ;

(খ) আরম্ভ না হইলে, ইহার কারণ কি ; এবং

(গ) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা লইতেছেন ?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ও (খ) রাস্তার কাজ আরম্ভ হয়, ১ মাইল কাজও হয়, কিন্তু ঠিকাদার ভাল কাজ না করার জন্য চুক্তি বাতিল করা হইয়াছে।

(গ) নতুন ঠিকাদারের নিয়োগের ব্যবস্থা করা হইতেছে।

বান্দোয়ান ও মানবাজার ব্লকে পাকা রাস্তা

***৬৭৮।** (অনুমোদিত প্রশ্ন নং *১৩০৯।) **শ্রীশীতলচন্দ্র হেম্ব্রম:** পূর্ত বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পুরুলিয়া জেলার বান্দোয়ান ব্লকে ও মানবাজার ২নং ব্লকের পুরুলিয়া সদরের সাথে যোগাযোগ করার এক ইঞ্চিও পিচ রাস্তা নাই ;

(খ) সত্য হইলে, ঐ ব্লক দুইটিতে পিচ রাস্তা করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(গ) থাকিলে, পরিকল্পনাটি কতদিনে কার্যে রূপায়িত হইবে বলিয়া আশা করা যায় ?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ও (খ) একথা সম্পূর্ণ সত্য নহে যে, ঐ অঞ্চলে যোগা-যোগের জন্য কোনও পিচ রাস্তা নাই, যদিও কোন কোন অংশে ঐ ব্যবস্থা এখনও সম্পূর্ণ হইয়া উঠে নাই। ইতিমধ্যেই দামদা (পুরুলিয়া) চাকালতোড়-দরদী কেন্দা-মানবাজার সড়কটির নির্মাণকাজ সম্পূর্ণ হইয়াছে; তা ছাড়া বলরামপুর পুরুলিয়া সদর ৩২নং জাতীয় সড়কের মাধ্যমে যুক্ত; বলরামপুর-বরাভূম-সিন্দুরী সড়কের কাজ চলিতেছে এবং বান্দোয়ানের সহিত উক্ত সড়কটিকে যুক্ত করার পরিকল্পনা আছে।

(গ) আগামী পরিকল্পনাকালে কাজ সমাপ্ত হইবে বলিয়া আশা করা যায়।

ঝালদা-বাগমুণ্ডী রাস্তা

***৬৭৯।** (অনুমোদিত প্রশ্ন নং *১৩৪০।) **শ্রীনিতাইপদ দেশমুখঃ** পূর্ত বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার ঝালদা-বাগমুণ্ডী রাস্তার ১৬ মাইল হইতে ২১ মাইল পর্যন্ত রাস্তায় মাটির কাজের জন্য ঠিকাদার নিয়োগ করা হইয়াছে কিনা;

(খ) নিয়োগ করা হইয়া থাকিলে, কাজ শেষ করার সময়-সীমা কি;

(গ) উক্ত সময়ে কাজ শেষ হইয়াছে কিনা এবং শেষ না হইয়া থাকিলে, ইহার কারণ কি; এবং

(ঘ) সরকার এ বিষয়ে কি ব্যবস্থা করিতেছেন?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) ১৯৭৩ সালের ডিসেম্বর মাস।

(গ) ও (ঘ) প্রশ্ন উঠে না।

সমাধিস্থান সংরক্ষণ

***৬৮০।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৮১।) **শ্রীমহম্মদ সফিউল্লাঃ** পৌর কার্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, কলিকাতার বাগমারী-ইকবালপুরের ষোল আনা গোর-স্থান, মানিকতলা ও গোবরা প্রভৃতি সমাধিস্থানগুলি সংরক্ষণের অভাবে অবনতির পথে চলিয়াছে;

(খ) অবগত থাকিলে, ঐ সমস্ত সমাধিস্থানগুলি সংরক্ষণের জন্য কি ব্যবস্থা করা হইয়াছে;

(গ) ঐ সমস্ত সমাধিস্থান হইতে বহু মৃতদেহ চুরি যায় এরূপ কোন সংবাদ সরকারের দৃষ্টিগোচরে আসিয়াছে কি; এবং

(ঘ) আসিলে, এইরূপ অপরাধ দমন করিবার জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

পৌর কার্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) উক্ত সমাধিস্থানগ্দলি যে সংরক্ষণের অভাবে অবনতির পথে চলছে, ইহা সত্য নহে। প্রকৃতপক্ষে, উক্ত সমাধিস্থানগ্দলি সংরক্ষণের জন্য সম্ভবপর সকল রকম ব্যবস্থা নেওয়া হয়ে থাকে।

(খ) ও (ঘ) প্রশ্ন উঠে না।

(গ) না।

পান্দড়িয়ায় প্দলিস চৌকি

***৬৮১।** (অন্দমোদিত প্রশ্ন নং *৮৬৬।) **শ্রীস্দকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** স্বরাষ্ট্র (প্দলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অন্দগ্রহপ্দর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, আসানসোল মহকুমার বারাবনী থানার পান্দড়িয়াতে একটি স্থায়ী প্দলিস চৌকি স্থাপন করা হইবে ; এবং

(খ) সত্য হইলে, উক্ত প্রস্তাব কার্যকর করার জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) একটি প্দলিস চৌকি স্থাপনের কথা প্দলিস কর্তৃক বিবেচিত হইতেছে এবং এজন্য প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করা হইতেছে।

(খ) সরকারের নিকট এখনও কোন স্দনির্দিষ্ট প্রস্তাব আসে নাই।

বিভিন্ন [illegible] ওয়ার্ক

***৬৮২।** (অন্দমোদিত প্রশ্ন নং *১১৬২।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** প্দর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অন্দগ্রহপ্দর্বক জানাইবেন কি, বর্তমানে প্দর্ত বিভাগ হইতে রাজ্যে কি কি কনস্টাকশন-এর কাজ হাতে লওয়া হয়েছে এবং সেগ্দলি কি অবস্থায় আছে ?

প্দর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ এই সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য প্দর্ত বিভাগের ১৯৭৩-৭৪ সালের ম্দদ্রিত বাজেটে মোটাম্দটিভাবে পাওয়া যাবে।

মহিলা প্দলিস

***৬৮৩।** (অন্দমোদিত প্রশ্ন নং *১০৩৬।) **শ্রীআবদ্দল বারি বিশ্বাসঃ** স্বরাষ্ট্র (প্দলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অন্দগ্রহপ্দর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে কি কোন মহিলা প্দলিস আছেন ;

(খ) থাকিলে, বর্তমানে কোন্ পদে কতজন আছেন ;

(গ) তাঁহাদের নিয়োগের পদ্ধতি কি এবং শেষ কোন্ সালে নিয়োগ করা হইয়াছে ;

(ঘ) এই সমস্ত মহিলা প্দলিসের 'প্রমোশন'-এর কোন ব্যবস্থা আছে কিনা এবং না থাকিলে, উহার কারণ কি ; এবং

(ঙ) বর্তমানে অধিক সংখ্যায় মহিলাদের প্দলিসের বিভিন্ন পদে চাকুরি দেবার কোন পরিকল্পনা আছে কি ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ)

	পঃ বঃ পুলিস	কলিঃ পুলিস	মোট
(১) ইন্সপেক্টর	×	১	১
(২) সাব-ইন্সপেক্টর	৮	১২	২০
(৩) এ এস আই	১৯	৪০	৫৯
(৪) কনস্টেবল	৯	×	৯

(গ) (১) মৌখিক ও লিখিত প্রতিযোগিতামূলক পরীক্ষায় মহিলা সাব-ইন্সপেক্টর ও এ এস আই নিয়োগ করা হয়। বিজ্ঞাপনের মাধ্যমে দরখাস্ত গ্রহণ করা হয়।

(২) কলিকাতা পুলিস—১লা আগস্ট ১৯৭০ এবং পশ্চিমবঙ্গ পুলিস—নভেম্বর ১৯৭২।

(ঘ) হ্যাঁ, বিভাগীয় পরীক্ষায় যোগ্য প্রমাণিত হইবার পর শূন্যপদ সাপেক্ষে "প্রমোশন" দেওয়া হয়।

(ঙ) কলিকাতা পুলিসে এই ধরনের কোন পরিকল্পনা নাই, তবে পশ্চিমবঙ্গ পুলিসে মহিলা পুলিসের সংখ্যা বৃদ্ধির কথা চিন্তা করা হইতেছে।

বে-আইনী জুয়ার আড্ডা

***৬৮৪।** (অনুমোদিত প্রশ্ন নং *১১৯৯।) **শ্রীরজনীকান্ত দলুইঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, কলিকাতার বিভিন্ন স্থানে অনেক বে-আইনী জুয়ার আড্ডা আছে ; এবং

(খ) অবগত থাকিলে, ঐরূপ বে-আইনী জুয়ার আড্ডার সংখ্যার কোন হিসাব আছে কিনা, এবং থাকিলে, কয়টি ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ। তবে নির্দিষ্ট কোন আড্ডাস্থান নাই।

(খ) জুয়ার আড্ডা জনসাধারণের সমক্ষে কোন নির্দিষ্ট স্থানে বসে না। কাজেই এইরূপ জুয়ার আড্ডার সংখ্যা কত, তা সরকারের পক্ষে সঠিক বলা সম্ভব নয়।

Government advertisements in different newspapers

***686.** (Admitted question No. *1202.) **Shri RAJANI KANTA DOLOI:** Will the Minister-in-charge of the Information and Public Relations Department be pleased to state—

(a) the amount of advertisements given by the Government during the year 1971-72 to the following newspapers:

(i) the Hindusthan Standard;

(ii) the Ananda Bazar Patrika;

(iii) the Statesman;

(iv) the Amrita Bazar Patrika;

(v) the Jugantar; and

(b) the criteria for—

(i) selection of these newspapers, and

(ii) determination of the quantum of advantisement to be given to each of them?

The Minister for Information and Public Relations Department: (a) Amount of advertisement given by the Government during the year 1971-72 as follows:

(i) Hindusthan Standard Rs. 1,46,500.85.

(ii) Ananda Bazar Patrika—Rs. 7,44,769.19.

(iii) Statesman - Rs. 3,17,213.61.

(iv) Amrita Bazar Patrika—Rs. 3,33,741.12.

(v) Jugantar—Rs. 5,36,144.06.

(b) (i) Government selected these newspapers for placing Government advertisements with due regard to (a) circulation of the papers, and (b) readership.

(ii) Quantum of advertisement to be given to each of the above dailies is never determined beforehand. This department utilise the columns of above dailies as and when required. The volume of release depends on (a) circulation of the paper, and (b) readership intended to be reached for the purpose of the particular advertisement.

প্‌লিস কর্তৃক সাংবাদিক ও ফটোগ্রাফারদের কাজে বাধা দান

*৪৮৪। (অন্‌মোদিত প্রশ্ন নং *৮৪৬।) **শ্রীজগদীশচন্দ্র দাশঃ** স্বরাষ্ট্র (প্‌লিস) বিভাগের মন্ত্রিমহাশয় অন্‌গ্রহপ্‌র্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সাংবাদিক ও ফটোগ্রাফাররা যাহাতে অবাধে কাজকর্ম করিতে পারেন তাহার জন্য সরকারী নির্দেশ আছে ;

(খ) সত্য হইলে, কি কি নির্দেশ এবং কোন্‌ সময়ে ঐর্‌প নির্দেশ দেওয়া হইয়াছিল ;

(গ) সরকার কি অবগত আছেন যে, বর্তমানে সাংবাদিক ও ফটোগ্রাফাররা প্‌লিস ও অন্যান্য শ্রেণীর ব্যক্তির দ্বারা প্রায়ই কাজে বাধাপ্রাপ্ত হইতেছেন ;

(ঘ) অবগত থাকিলে, গত তিন বৎসরে কলিকাতায় এর্‌প বাধাদানের কয়টি ঘটনার বিষয় সরকারের দ্‌ষ্টিগোচরে আসিয়াছে ; এবং

(ঙ) এই বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ও (খ) এই বিষয়ে বিশেষ ধরনের কোন সরকারী অর্ডার নাই। তবে সাংবাদিক ও ফটোগ্রাফারগণ যাহাতে অবাধে কাজকর্ম করিতে পারেন তাহার জন্য প্রচলিত প্রথা অনুসারে তাঁহাদিগকে আক্রিডিশন কার্ড ইস্যু করা হয়।

(গ) এইরূপ সংবাদ জানা নাই।

(ঘ) এবং (ঙ) প্রশ্ন উঠে না।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

পশ্চিমবঙ্গে ভেটারিনারি ফিল্ড অ্যাসিস্ট্যান্ট

১৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৩০৮।) **শ্রীঅজিতকুমার বসুঃ** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি –

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে ভেটারিনারি ফিল্ড অ্যাসিস্ট্যান্ট কতজন আছেন ;

(খ) তাঁহারা কি টেকনিক্যাল পদে কাজ করেন ; এবং

(গ) (খ)-এর উত্তর হ্যাঁ হ'লে তাঁদের যথাযথ ১৮ মাস ট্রেনিং নেওয়ার (কর্মরত) পরও নিম্নতম করণিকদের বেতনের হার থেকেও কম হওয়ার কারণ কি?

পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বর্তমানে পশ্চিমবঙ্গে ১,৩৩১টি ভেটারিনারি ফিল্ড অ্যাসিস্ট্যান্ট পদ আছে।

(খ) ভেটারিনারি ফিল্ড অ্যাসিস্ট্যান্ট পদগুলি ওয়েস্ট বেংগল সার্বর্ডিনেট ভেটারিনারি কৃতক, ক্লাস থ্রি-র অন্তর্ভুক্ত।

(গ) ভেটারিনারি ফিল্ড অ্যাসিস্ট্যান্টদের কর্মরত অবস্থায় ১৮ মাসের ট্রেনিং নেওয়ার ব্যবস্থা নাই। সরকারের অধীনে বিভিন্ন পদের কার্যের প্রকৃতি ও গুরুত্ব অনুযায়ী বেতনক্রম নির্ধারিত হয়।

মেদিনীপুর জেলায় প্রজননক্ষম ষাঁড়

১৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ১২৮৩।) **শ্রীসামসুল আলম খানঃ** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় সরকার কয়টি প্রজননক্ষম উন্নত জাতের ষাঁড় দিয়াছেন ;

(খ) মেদিনীপুর জেলায় কোন্ ব্লকে ঐ জাতের ষাঁড় কয়টি করিয়া দেওয়া হইয়াছে ;

(গ) ঐ ধরনের কতগুলি ষাঁড় জেলায় অকেজো অবস্থায় রহিয়াছে ; এবং

(ঘ) এগরা থানায় ১নং ও ২নং ব্লকে এরূপ অকেজো ষাঁড়ের সংখ্যা কত?

পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৮৭টি। ইহা ছাড়া অল্পদিনে প্রজননক্ষম হইবে এইরূপ ৩৭টি ষাঁড়ও দেওয়া হইয়াছে।

(খ)	১। মেদিনীপুর	... ...	৩
	২। খড়্গপুর	... ...	১৭
	৩। চন্দ্রকোণা	... ...	৭
	৪। ঘাটাল	... ...	৩৩
	৫। ময়না	... ...	২
	৬। তমলুক	... ...	৩
	৭। মহিষাদল	... ...	১৪
	৮। সুতাহাটা	... ...	১
	৯। কাঁথি	... ...	১
	১০। এগরা	... ...	১
	১১। পটাশপুর	... ...	১
	১২। গড়বেতা	... ...	৩
	১৩। নারায়ণপুর গড়	... ...	৪
	১৪। কেশিয়াড়ী	... ...	১০
	১৫। ঝাড়গ্রাম	... ...	২৪
		মোট	১২৪টি

(গ) কোন অকেজো ষাঁড় নাই।

(ঘ) এগরা থানায় ১নং ও ২নং ব্লকে কোন অকেজো ষাঁড় নাই।

পশ্চিমবঙ্গে উন্নতমানের উচ্চফলনশীল ধান

১৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ৬৫২।) **শ্রীমহম্মদ সাফউল্লা:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে উন্নত মানের উচ্চফলনশীল ধানগুলি কোথা থেকে প্রথম আমদানি করা হয়েছিল ;

(খ) ঐ সমস্ত ধানের কবে থেকে আমাদের রাজ্যে চাষ শুরু হয় ; এবং

(গ) এই সমস্ত ধানের একর-প্রতি ফলন কত ?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) পশিচমবঙ্গে উচ্চফলনশীল উন্নত মানের ধানগুলির মধ্যে তাইচুঙ্গ নেটিভ-১, তাইনান-৩ এবং তাইচুঙ্গ-৬৫ ১৯৬৫-৬৬ সালে তাইওয়ান হইতে আমদানি করা হইয়াছিল এবং আই-আর-৮ ১৯৬৬-৬৭ সালে ফিলিপাইন হইতে আমদানি করা হইয়াছিল। অন্যান্য উচ্চফলনশীল ধান আমাদের দেশেই উৎপাদিত।

(খ) তাইচুঙ্গ নেটিভ-১, তাইনান-৩ এবং তাইচুঙ্গ-৬৫ ধানের চাষ পশ্চিম বাংলায় ১৯৬৬-৬৭ সালে এবং আই-আর-৮ ধানের চাষ পশ্চিম বাংলায় ১৯৬৭-৬৮ সালে শুরু হয়।

(গ) এ সম্বন্ধে একটি তালিকা নিম্নে প্রদত্ত হইল:

জাত		একরপ্রতি ফলন খরিফ ঋতুতে মণ	একরপ্রতি ফলন বোরো ঋতুতে মণ
১। তাইচুংগ নেটিভ-১	...	৪০-৪৫	৭০-৮০
২। তাইনান-৩	...	৩৫-৪০	৬০-৭০
৩। তাইচুংগ-৬৫	...	৩৫-৪০	৬০-৭০
৪। আই-আর-৮	...	৪৫-৫০	৮০-১২০
৫। জয়া	...	৪৫-৫০	৮০-১২০
৬। আই-আর-২০	...	৪৫-৫০	৭০-৯০
৭। পংকজ	...	৫০-৫৫	[বোরো ঋতুতে চাষযোগ্য নহে]
৮। রত্না	...	৪০-৪৫	৬৫-৮০

কির্তিপুর ধুবড়া পাড়ার রেশন ডিলার

১৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ৭৮৮।) **শ্রীহরেন্দ্রনাথ হালদার:** খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) খড়গ্রাম থানার কির্তিপুর ধুবড়া পাড়ার রেশন ডিলার ব্যাক্ ডেট্-এ এবং বিনা মেমোতে চিনি বিলি করেছেন এরূপ কোন অভিযোগ সরকার পেয়েছেন কি ; এবং

(খ) পেয়ে থাকলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করেছেন ?

খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) খড়গ্রাম থানার কির্তিপুর বুধড়পাড়ার (ধুবড়া পাড়ার নয়) রেশন ডিলার মহঃ মাসুদ আলির বিরুদ্ধে ব্যাক্ ডেট্এ এবং বিনা মেমোতে চিনি বিলি করার অভিযোগ পাওয়া গিয়াছে।

(খ) এই রেশন ডিলারের ডিলারশিপ বাতিল করা হইতেছে এবং তাহার স্থলে নূতন ডিলার নিযুক্ত করার ব্যবস্থা করা হইতেছে।

দরিদ্র কৃষকদের পশুচিকিৎসার জন্য ঔষধ

১৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৩০১।) **শ্রীসামসুল আলম খান:** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, রোগাক্রান্ত গরুর চিকিৎসার জন্য অর্থাভাবে বাজার হইতে ঔষধ ক্রয় করিতে সক্ষম না হওয়ায় দরিদ্র কৃষকদের পশু চিকিৎসার অভাবে মারা যাইতেছে ;

(খ) অবগত থাকিলে, দরিদ্র কৃষকদের জন্য পশুচিকিৎসা কেন্দ্র হইতে প্রয়োজনীয় ঔষধ বিনামূল্যে সরবরাহ করার কোন পরিকল্পনা আছে কি ; এবং

(গ) থাকিলে, তাহা কি ?

পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) এরূপ কোন তথ্য জানা নাই।

(খ) ও (গ) পশুচিকিৎসা কেন্দ্র হইতে বিনামূল্যে ঔষধ সরবরাহের ব্যবস্থা পূর্ব হইতেই আছে।

পশ্চিমবঙ্গে দিনমজুরের সংখ্যা

১৪০। (অনুমোদিত প্রশ্ন নং ৮৬১।) **শ্রীতিমিরবরণ ভাদুড়ী:** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সরকারী হিসাব অনুযায়ী পশ্চিমবঙ্গে দিনমজুরের সংখ্যা কত?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়: দৈনিক মজুরির ভিত্তিতে সাময়িকভাবে নিযুক্ত শ্রমজীবীর সংখ্যা সম্পূর্ণভাবে জানা নাই, তবে—

(১) পশ্চিমবঙ্গে রেজিস্ট্রীকৃত কলকারখানাসমূহে দৈনিক গড়পড়তা নিযুক্তির সংখ্যা ৮,০৮,৫৪৭ জন (৩১-১২-৭১ তারিখ অনুযায়ী)।

(২) ৩১-১-৭১ হিসাব অনুযায়ী চা-বাগিচাসমূহে মোট নিযুক্তির সংখ্যা ২,২৪,৮৯০ জন।

(৩) কৃষিক্ষেত্রে অসংগঠিত মজুরের সংখ্যা ১৯৭১ সালের পরিসংখ্যান অনুযায়ী—৩২,৪৬,০০০।

(৪) কয়লাখনিসমূহে গড়পড়তা ১৯৭১ সালের দৈনিক নিযুক্তির সংখ্যা ৯৯,২২০ জন।

শিল্প শ্রমিকদের দৈনিক মজুরি

১৪১। (অনুমোদিত প্রশ্ন নং ৮৫৯।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিক:** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ভারতবর্ষের কোন্ প্রদেশে শিল্প শ্রমিকদের দৈনিক মজুরি সব থেকে কম;

(খ) কোথায় সব থেকে বেশি; এবং

(গ) পশ্চিমবঙ্গে শ্রমিকদের গড় দৈনিক আয় কত?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) এই সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকারেরর নিজস্ব কোন তথ্য নাই। তবে ১৯৭১ সালের তথ্যের ভিত্তিতে তৈয়ারি কেন্দ্রীয় শ্রম মন্ত্রণালয়ের ইণ্ডিয়ান লেবার স্ট্যাটিসটিক্স অনুযায়ী—জম্মু ও কাশ্মীর;

(খ) পূর্বোল্লিখিত তথ্য অনুযায়ী মধ্যপ্রদেশ;

(গ) পশ্চিমবঙ্গে শিল্পে নিযুক্ত শ্রমিকদের গড় দৈনিক আয় মাথাপিছু ৭ টাকা ৫৬ পয়সা।

[ইণ্ডিয়ান লেবার স্ট্যাটিসটিক্স, ১৯৭২ অনুযায়ী ১৯৭১ সালের তথ্যের ভিত্তিতে তৈয়ারি]

পুরুলিয়া জেলায় ব্লকভিত্তিক সমবায় সমিতি

১৪২। (অনুমোদিত প্রশ্ন নং ১০৭০।) **শ্রীকিংকর মাহাত:** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় ব্লক-ওয়াইজ সমবায় সমিতির সংখ্যা কত;

(খ) ১৯৭২ ও ১৯৭৩ সালের জানুয়ারী পর্যন্ত বি ডি ও অফিসের মাধ্যমে সরকার কত টাকা কোন্ সমবায় সমিতিকে দিয়াছেন;

(গ) উক্ত জেলায় কোন ব্লকে কোন নূতন সমবায় সমিতি গঠন করার সরকারী নির্দেশ আছে কি; এবং

(ঘ) থাকিলে, কয়টির জন্য নির্দেশ আছে?

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয়: (১) পুরুলিয়া (১)—২৯, (২) পুরুলিয়া (২)—৪৬, (৩) জয়পুর—২৮, (৪) ঝালদা (১)—৩৮, (৫) ঝালদা (২)—২৮, (৬) অর্শা—৩২, (৭) বাগমুণ্ডি—৩৪, (৮) বলরামপুর—৩৪, (৯) বড়বাজার—৩৭, (১০) বান্দোয়ান—২৫, (১১) হুড়া—৪৫, (১২) পুনচা—৫৬, (১৩) মানবাজার (১)—৫৫, (১৪) মানবাজার (২)—৩৩, (১৫) কাশীপুর—২৮, (১৬) সাত্তরী (১)—১২, (১৭) নেতুরিয়া—১৫, (১৮) রঘুনাথপুর (১)—৩৭, (১৯) রঘুনাথপুর (২)—৩৬ ও (২০) পারা—৩০।

(খ) পাম্প সেট ক্রয় করিবার জন্য দুইটি সমবায় সমিতিকে ৮,৫০০ টাকা দেওয়া হইয়াছে (বাবুইজোর সমবায় কৃষি উন্নয়ন সমিতি—৪,২৫০ টাকা ; পারুই সমবায় কৃষি উন্নয়ন সমিতি—৪,২৫০ টাকা)।

(গ) এই সম্পর্কে সরকারের কোনও বিশেষ নির্দেশ নাই।

(ঘ) প্রশ্ন উঠে না।

Statement under rule 346

Mr. Speaker: I call upon Shri Ajit Kumar Panja to make a statement under rule 346.

শ্রীঅজিতকুমার পাঁজা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল প্রশ্নোত্তরের সময় শ্রীআবদুল বারি বিশ্বাস একটা প্রশ্ন করেছিলেন—রানীগঞ্জ কয়লাখনি এলাকার জন্য সুসংবদ্ধ জল-সরবরাহ পরিকল্পের একটি অংশ চালু হওয়ার সংগে সংগে উক্ত পরিকল্পনা অনুযায়ী ১৪টি উপনগরী ও ২১৭টি গ্রামে জল-সরবরাহের ব্যবস্থা করা হইয়াছে কিনা, আমি উত্তরে বলিয়াছিলাম 'না'। তখন মাননীয় সদস্য এবং অন্যান্য কয়েকজন সদস্য বললেন যে, রাজ্যপাল যে ভাষণ দিয়েছিলেন ৯ই ফেব্রুয়ারি ১৯৭৩ সালে, সেই ভাষণের সংগে, আমার উত্তরের গরমিল রয়েছে। রাজ্যপাল তাঁর ভাষণে যেটা ইংরেজীতে পড়েছিলেন, তাতে লেখা ছিল:

> Thirteen piped water-supply schemes have been sanctioned in selected rural areas of the State and a portion of the comprehensive water-supply scheme for the Raniguuge Coalfield Area, which aims at providing water-supply to 14 townships and 217 villages, has not been commissioned.

তার বাংলা অনুবাদ আছে (৮নং পাতা, ৩৩নং অনুচ্ছেদ) "রাজ্যের কয়েকটি নির্বাচিত গ্রামাঞ্চলে তেরটি কলের জল-সরবরাহ পরিকল্প অনুমোদন করা হয়েছে এবং রানীগঞ্জ কয়লাখনি এলাকার জন্য সুসংবদ্ধ জল-সরবরাহ পরিকল্পের একটি অংশ চালু হয়েছে, শেষোক্ত পরিকল্পনা অনুযায়ী ১৪টি উপনগরীতে ও ২১৭টি গ্রামে জল-সরবরাহের ব্যবস্থা করা হয়েছে।"

প্রশ্ন ছিল সংগে সংগে চালু হয়ে গেছে কিনা, প্রকল্প অনুযায়ী ১৪টি উপনগরীতে ও ২১৭টি গ্রামে ব্যবস্থা করা হয়েছে। আমার উত্তর এবং মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে কোন গরমিল নাই।

LEGISLATION

The Calcutta Metropolitan Water and Sanitation Authority (Amendment) Bill, 1973

Shri Sankar Ghose: Mr. Speaker, Sir, I beg to introduce the Calcutta Metropolitan Water and Sanitation Authority (Amendment) Bill, 1973.

(Secretary then read the title of the Bill.)

Shri Sankar Ghose: Sir, I beg to move that the Calcutta Metropolitan Water and Sanitation Authority (Amendment) Bill, 1973, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটা আনা হয়েছে দুটো কারণে। একটা কারণ হ'ল ক্যালকাটা মেট্রোপলিটান ওয়াটার অ্যান্ড স্যানিটেশন অথরিটি অ্যাক্ট, ১৯৬৬-তে যে ব্যবস্থা ছিল আমাদের এই বিধানসভা থেকে ৭ জন সদস্য মনোনীত হবেন জেনারেল কাউন্সিলে, আর তিনজন সদস্য মনোনীত হবেন জেনারেল কাউন্সিলে ওয়েস্ট বেঙ্গল লেজিসলেটিভ কাউন্সিল থেকে। এটা সেকশন সেভেনে বলা ছিল

The General Council mentioned in section 4 shall consist of 17 ex officio members, 3 members nominated by the State Government.

তারপর যেটা গুরুত্বপূর্ণ সেটা হচ্ছে,

Ten members representing the State Legislature of whom 7 shall be elected by the members of the West Bengal Legislative Assembly and 3 by the members of the West Bengal Legislative Council.

সুতরাং ১০ জন সদস্যর মধ্যে যাঁরা নির্বাচিত হবেন কিংবা মনোনীত হবেন এই স্টেট লেজিসলেচার থেকে তার মধ্যে সাত জন ছিলেন বিধানসভা থেকে এবং তিন জন ছিলেন কাউন্সিল থেকে। কিন্তু কাউন্সিল এখন আর নেই, সেটা অবলুপ্ত হয়েছে। তাই এই বিল আনতে হয়েছে। দুটো পথ ছিল। আমরা বলতে পারতাম কাউন্সিলে যে তিনজন সদস্য ছিলেন জেনারেল কাউন্সিলে সেটা কমে যাবে। আমরা সে পথ নিই নি। আমরা লেজিসলেটিভ কাউন্সিল অবলুপ্ত হয়ে যাওয়ার পর তাদের মধ্যে যে তিনজন পেতেন বা মনোনীত হতেন আমরা আমাদের বিধানসভা থেকে আরও তিনজন বাড়িয়ে দিয়েছি। আগের ৭ জনের জায়গায় যাতে ১০ জন যেতে পারেন জেনারেল কাউন্সিলে। এই বিলটার মূল উদ্দেশ্য হ'ল তাই। আর একটা উদ্দেশ্য আছে এই বিলের। সেকশন ৫তে কিছুটা সংশোধন আমরা করেছি। যেখানে বন্দোবস্ত রয়েছে যে, রাজ্যসরকার কিছু সদস্য মনোনীত করতে পারেন জেনারেল কাউন্সিলে। তার সেকশন ৭ এর সাব-সেকশন ২-তে ছিল

The nominated members shall hold office for such term as the State Government may decide.

এইটা যুক্তিযুক্ত ব্যবস্থা যে, যাদের নমিনেটেড করা হবে তাদের রাজ্য সরকার একটা সময়সীমা নির্দিষ্ট ক'রে দেবেন কতদিন থাকবেন। কিন্তু আমাদের সেকশন ৫-তে ছিল রাজ্য সরকার বোর্ড অফ ডাইরেক্টরসে যে ডাইরেক্টর মনোনীত করবেন তাঁদের জন্য ব্যবস্থা ছিল ২/৪/৬ বছর একটা বিশিষ্ট সময়সীমার জন্য তাঁদের মনোনীত করতে পারবেন।

Section 5(2)—The term of office of the first Board of Directors to be appointed under clause (a) of sub-section (1) shall be for different periods of 2, 4 and 6 years as the State Government may decide in each case and all Directors appointed thereafter for 6 years.

কিন্তু এটা হচ্ছে রাজ্য সরকার যাঁদের মনোনীত করবেন তাঁদের সময়সীমা সম্পর্কে নির্দিষ্ট কিছু থাকবে না এবং এই সাব-সেকশন ৫(২) কে ৭(২) নীতি অনুসারে পরিবর্তন করতে চাই। এই দুটো হচ্ছে এই বিলের মূল উদ্দেশ্য। একটা হচ্ছে যেখানে আমাদের বিধানসভায় ৭ জন সদস্যের বদলে ১০ জন পেতে পারি তার ব্যবস্থা। সেটা হ'ল মূল উদ্দেশ্য এই বিলের। আশা করি এই বিলকে সমর্থন জানাবেন।

[3-10—3-20 p.m.]

Shri Timir Baran Bhaduri: I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th June, 1973.

মাননীয় স্পীকার, স্যার, আজকে এই যে কলিকাতা মেট্রোপলিটান ওয়াকার অ্যান্ড স্যানিটেশন অথরিটি (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৭৩ এখানে আনা হ'ল তা অগণতান্ত্রিক কায়দায় আনা হয়েছে। প্রতিটি বিল যেভাবে আনা হচ্ছে তাতে দেখতে পাচ্ছি যে, সেগুলি অগণতান্ত্রিক কায়দায় আনা হচ্ছে। এই বিল আগে অর্ডিন্যান্স করা হয়েছিল—কিন্তু যেহেতু এই অর্ডিন্যান্সের মেয়াদ শেষ হয়ে যাচ্ছে সেই হেতু এটি বিল আকারে আনা হ'ল। প্রতিটি বিলই জনসাধারণের মতামত না নিয়েই এর আগে আনা হয়েছে। বর্তমান এই বিলটি যে এলাকার জনসাধারণের জন্য নিয়ে আসা হ'ল তাদের কোনই মতামত নেওয়া হচ্ছে না। এটা একটা অগণতান্ত্রিক কায়দা। সেইজন্য এই বিলকে আমি সম্পূর্ণভাবে বিরোধিতা করছি। উনি বলেছেন যে, এই কমিটির সদস্য নির্বাচিত হবে ১০ জন। আগে ছিল ৭ জনকে নিয়ে, এখন আরও তিন জন বাড়িয়ে দেওয়া হ'ল। ও'রা আজকে এই হাউসে সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেছেন এবং তাঁরা কিভাবে এই হাউসে এসেছেন সেটা পশ্চিম বাংলার জনসাধারণ এবং কলকাতার মানুষ ভালভাবেই জানেন। ও'রা কারচুপি ক'রে আজ এই জনসভায় এসেছেন। এবং এই জনসভায় এসে আবার তাঁরা এই বিলে একটা বড় কারচুপির রাস্তা নিচ্ছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন নির্বাচনে কিভাবে জনসাধারণের গণতান্ত্রিক অধিকার খর্ব হয়েছে। লোককে পাইপ গান দেখিয়ে নানারকমভাবে নির্বাচিত হয়েছেন। আজকে যেহেতু তাঁরা সংখ্যাগরিষ্ঠ, সেইহেতু এই বিলে আরও সংখ্যাগরিষ্ঠতা অর্জন করবার জন্য এবারে আবার তিনজনকে কারচুপি ক'রে নিয়ে আসছেন। এই গণতন্ত্রকে নস্যাৎ করার পদ্ধতিকে আমরা যারা এখানে আছি আমরা বলব, ...

Shri Abdul Bari Biswas: On a point of privilege, Sir.

Mr. Speaker: Mr. Biswas, I will request you not to be too sensitive. Please allow Mr. Bhaduri to speak. You will have your chance. The Hon'ble Minister is here and he will be giving a fitting reply. So, please allow him to speak.

শ্রীআবদুল বারি বিশ্বাস: স্যার, এটা আমরা জানি যে, ও'রা এই সব কথা ব'লে বিধানসভায় উত্তেজনা এনে খবরের কাগজে পাবলিসিটি পাবার চেষ্টা করছেন। স্যার, আপনি যদি কথাগুলি বিশ্লেষণ করেন, তা হ'লে দেখবেন উনি কয়েকদিন আগে যা বলেছেন এবং আজকে যা বললেন তার মধ্যে তফাত আছে। এই বিধানসভায় যাঁরা এসেছেন তাঁরা কি ক'রে এসেছেন তা সকলেই জানেন। উনি বলছেন কারচুপি ক'রে এসেছে। স্যার, এতো সস্তায় তিনি এই সমস্ত কথা ব'লে চ'লে যাবেন? এ নিয়ে বহু ঝঞ্ঝাট হয়েছে আপনার রুলিং দেওয়া হয়েছে। ও'র এই যে প্রসিডিংস আজকে যে বক্তব্য উনি রেখেছেন, আপনাকে অনুরোধ করব, যেহেতু উনি ক্যাটাগোরিক্যালি বলেছেন যে, আমরা কি ক'রে এসেছি—কারচুপি ক'রে এসেছি। আমরা কোন কারচুপি ক'রে আসি নি, সি পি এম কারচুপি ক'রে এসেছিল। এবং আপনারাও তাদের লেজুড় হয়ে সেইভাবে এসেছিলেন একথা সকলেই জানে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে প্রিভিলেজের প্রশ্ন ইনভলভড আছে। আপনার কাছে আমি বিচার চাচ্ছি যে, মাননীয় সদস্য শ্রীতিমির ভাদুড়ী বার বার এই বিধানসভাকে কটাক্ষ ক'রে আপনার রুলিং ওবলাইজ না ক'রে ডিসওবে করছে।

কিন্তু আজকে তাঁর কথা উনি ছাড়া বা তাঁর অন্য কোন লোক আছে কিনা, অন্যান্য সদস্যদের বিরুদ্ধে কটাক্ষপাত করেছেন এবং আমরা করচুপি ক'রে এসেছি ব'লে যে বলা হয়েছে সে সম্বন্ধে বিচার চাই। তাই স্যার, আমরা অনুরোধ করব দ্যাট পোরশন সুড বি এক্সপাঞ্জড ফ্রম দি প্রসিডিংস।

শ্রীগণেশচন্দ্র হাটুই: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা বাদ দেওয়া উচিত। কেননা, এটাকে আমরা আমাদের মর্যাদাহানিকর ব'লে মনে করছি।

Mr. Speaker: Mr. Bhaduri, I will request you not to speak anything that can seriously injure the feeling or dignity of any individual Member present here. We are discussing just a Bill—The Calcutta Metropolitan Water and Sanitation Authority (Amendment) Bill—and we should confine ourselves to the Bill. I think you will appreciate that it is no use generating heat by attacking any honourable Member who is occupying a seat here as a Member. Every honourable Member is here by his own constitutional rights under the People's Representation Act and so we should not unnecessarily generate heat by attacking or injuring his dignity and his character as a people's representative. So, may I request Mr. Bhaduri again not to use such language which will injure the feeling of any honourable Member of this House!

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: স্যার, আপনার বক্তব্য আমি নিশ্চয় মেনে নিচ্ছি। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি জিনিসে বড় আনন্দ হ'ল যে, ওষুধ ঠিকমত জায়গায় ব্যবহৃত হয়েছে। ওষুধ যে ঠিকমত জায়গায় পড়েছে সেটা আজকে পরিষ্কার হয়ে গেছে। যাক আমি আর এই নিয়ে কারচুপির কথা বলব না। আমাদের মাননীয় সদস্য বারি সাহেব যে অসন্তুষ্ট হয়েছেন সেই নিয়ে আমি আর কারচুপির কথা বলব না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে বক্তব্য রাখলাম সেই বক্তব্যের মধ্য দিয়ে এই কথাই বলতে চেয়েছিলাম, এই যে ৩ জন সদস্যকে নির্বাচিত করা হচ্ছে এবং সেই নির্বাচিত সদস্য যাঁরা আসছেন, আমি স্যার, এইভাবে আর ঐ কথা বলছি না হাউস ধ'রে নেবে, জনসাধারণ ধ'রে নেবে, যাই হোক একটা ক'রেই আবার আসছেন। আমি স্যার, সেইজন্য এই বিলের সম্পূর্ণ বিরোধিতা করছি। অগণতান্ত্রিক উপায়ে বিলটি আনা হচ্ছে এবং কলকাতাবাসীরা এটার দ্বারা উপকৃত হবেন, তাঁদের একটা মতামত নেওয়া দরকার। স্যার, যেসমস্ত জনপ্রতিনিধি এর আগে মিউনিসিপ্যালিটি বা করপোরেশনে ছিলেন তাঁদের ওঁরা বাতিল ক'রে দিয়েছেন এবং বাতিল ক'রে দিয়ে নিজেদের মনোমত লোকদেরই আবার এই সংস্থার ভিতর আনা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ'রা যখন সমাজতন্ত্র, গণতন্ত্রের কথা বলছেন তখন ক্যালকাটা সুবারবন এলাকায় যেসমস্ত মিউনিসিপ্যালিটি ছিল তাদের পুনর্নির্বাচিত ক'রে সেই জনপ্রতিনিধিদের নিয়ে যদি এই বিলটি আনা হ'ত, তা হ'লে সেই বিলকে আমি অভিনন্দন জানাতাম। সেইজন্যই আমি এই বিলের সম্পূর্ণ বিরোধিতা করছি এবং বিরোধিতা ক'রে আমি আমার মোশন মুভ করছি।

শ্রীঅসমঞ্জ দে: মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় তিমির ভাদুড়ী মহাশয় তাঁর বক্তব্যের মধ্যে বলতে চেয়েছেন, যেন একটা ক্ষমা-ঘেন্না প্রকাশ করেছেন। তিনি বলেছেন, ওষুধ ঠিক জায়গায় পড়েছে। আমি ওঁকে জানিয়ে দিতে চাই, উনিও জনতার রায়ে নির্বাচিত হয়ে এখানে এসেছেন। নির্বাচনের ক্ষেত্রে ওষুধ দেবার মালিকানা তিমিরবাবুর নেই, যাদের হাতে আছে তারা হচ্ছে পশ্চিম বাংলার সাড়ে চার কোটি মানুষ এবং এই সাড়ে চার কোটি মানুষ তাদের কার্যকলাপে, ধ্বংসাত্মক লীলায় বীতশ্রদ্ধ হয়ে একেবারে সমুদ্রে নিক্ষেপ ক'রে ১৯৭২ সালের নির্বাচনে প্রকৃত ওষুধই দিয়েছেন। সেই প্রকৃত ওষুধ দেবার ফলেই তিমিরবাবুরা এই বিধানসভার ঐ জায়গায় এই অবস্থায় ৩ জনে বসে আছেন। ওষুধ দেবার মালিক আর এস পি দলের তিমির ভাদুড়ী নয়, তাঁরা সঙ্কীর্ণ হয়ে কোথায় গেছেন সেটা একবার নিজেরা বিচার ক'রে দেখুন। ঐ বিহারীলালের ভাষায় বলতে হয়, "সমুদ্রের মধ্যে দুটি মাছ কিল্‌বিল্ করছে"—সেই বিহারীলালের ভাষা মত দেখা যাবে এই দু'টি মাছও আর কিলবিল করবে না, পশ্চিম বাংলা থেকে মুছে যাবে, তাদের কবরস্থান হবে এবং সেই জিনিস হতে আর বেশি দেরি নেই।

[3-20—3-30 p.m.]

শ্রীগোবিন্দ চ্যাটার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় আজকে যে বিল এখানে উত্থাপন করেছেন তার অবজেক্টস অ্যান্ড রিজনসের মধ্যে যে দ্বিতীয় অংশটা, বিধান পরিষদ বিলুপ্ত হয়ে যাবার পর বিধানসভার সমস্ত সদস্যরা.........

শ্রীআবদুল বারি বিশ্বাস: অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, আমি একটি প্রিভিলেজ-এর পয়েন্ট তুলেছিলাম। মাননীয় সদস্য তিমির ভাদুড়ী মহাশয় দিনের পর দিন যে ধরনের বক্তব্য উপস্থিত করছেন এই বিধানসভার চত্বরে তার জন্য জনসাধারণের মনে বিভ্রান্তি আসা স্বাভাবিক। আমি স্যার, আজকে তাই আপনার কাছে অনুরোধ রেখেছিলাম যে, আপনি দয়া ক'রে প্রসিডিংসটা দেখুন এবং বিনয়ের সঙ্গে দাবি জানিয়েছিলাম যে, সেই অংশটা এক্সপাঞ্জ করা হোক। এইভাবে পার্লামেন্টারি ডেমোক্রেসির সুযোগ নিয়ে যেভাবে উনি কটাক্ষপাত ক'রে চলেছেন তাতে আমাদের প্রিভিলেজ নষ্ট হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকেও উনি যথেষ্ট বক্তব্য উপস্থিত করেছেন এবং তাতে আমাদের প্রিভিলেজ নষ্ট হয়েছে। আপনিও স্যার, এই হাউসের সদস্য, আপনারও বোধ হয় প্রিভিলেজ নষ্ট হয়েছে। কাজেই এই অংশটা এক্সপাঞ্জ করা হোক। এইভাবে পার্লামেন্টারি ডেমোক্রেসির সুযোগ নিয়ে উনি বিধানসভার চত্বরে দাঁড়িয়ে অযথা অসত্য বক্তব্য রেখে যাবেন এটা হ'তে পারে না। তাই আপনার কাছে আবার দাবি রাখছি এবং পয়েন্ট অব প্রিভিলেজ রেজ করছি, আপনি দয়া ক'রে রুলিং দিন।

Mr. Speaker: Mr. Biswas, the point was raised, discussed and after that Mr. Bhaduri spoke something and Mr Asamanja De also gave a statement. I think the matter has been disposed of. I would request you not to press the matter any further and let us proceed peacefully with to-day's business. If any word is used by an individual Member and after that you go on raising point of privilege, point of order then it is very difficult to proceed with the business I would say that this sort of statement should not be made on the floor of the House. Mr. Bhaduri also agreed that he will not utter these things in future. So I think we should not proceed any further with this matter and I would request you and other honourable Members not to take seriously one or two remarks of any Member. I also as a Speaker feel that this kind of statement should not be made in the House by any Member. That is not a parliamentary attitude. Now I call upon Shri Gobinda Chatterjee to speak.

শ্রীগোবিন্দ চ্যাটার্জি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ক্যালকাটা মেট্রোপলিটান ওয়াটার অ্যান্ড স্যানিটেশন অথরিটি অ্যামেন্ডমেন্ট বিল, যেটা এখানে উপস্থিত করেছেন সে সম্বন্ধে বলছি—দ্বিতীয় পর্যায়ে যেকথা বলা হয়েছে, যে বিধানমণ্ডলীর আগে যে ১০ জন সদস্যকে নির্বাচিত ক'রে সি এম ডবলিউ এস এ-তে পাঠাতেন, তার মধ্যে সাত জন ছিলেন বিধানসভা থেকে এবং বিধান পরিষদ থেকে তিন জন প্রতিনিধি রাখা হত। এখন থেকে ১০ জন সদস্যই বিধানসভা থেকে সি এম ডবলিউ এস এ-র জন্য নির্বাচিত ক'রে পাঠাবেন। এই অংশটা আমি সমর্থন করছি। কিন্তু প্রথমাংশে যে অধিকার চাওয়া হয়েছে, সেটা সম্বন্ধে আমি বলছি:

> In the Calcutta Metropolitan Water and Sanitation Authority for such periods as may be considered necessary by such Governments

অর্থাৎ সরকার যতদিন পছন্দ ব'লে মনে করবেন ততদিন সেখানে যাঁরা ফুল টাইম ডিরেক্টর থাকবেন, তাঁদেরকে অনির্দিষ্ট কালের জন্য কর্ম মেয়াদ বাড়িয়ে দেওয়া চলবে, মূল বিলে সেটা ছিল যে যাঁরা পূর্ণ সময়ের জন্য অধিকর্তা থাকবেন তাঁদের দু' বছর, চার বছর বা ছয় বছর পর্যন্ত সময়কাল নির্ধারিত হবে। আমার সেই সম্পর্কে বলার কথা হচ্ছে, এই যাঁরা পূর্ণ সময়ের

জন্য অধিকর্তা নিযুক্ত হবেন, তাঁরা যদি সুপার অ্যানুয়েটেড স্টাফ না হন, অবসরপ্রাপ্ত স্টাফ না হন, তা হ'লে তাঁদের কর্মকালের মেয়াদ বাড়ানোতে কোন আপত্তি থাকতে পারে না, কিন্তু তাঁরা যদি অবসরপ্রাপ্ত হন, তা হ'লে তাঁদের ক্ষেত্রে একটা প্রশ্ন এসে যাচ্ছে। কারণ আমরা সকলেই জানি যাঁরা অবসরপ্রাপ্ত অফিসার হন, অধিকর্তা হন, তাঁরা অবসর গ্রহণের পরে দীর্ঘদিন কাজ করতে করতে তাঁদের কর্মক্ষমতা হারিয়ে ফেলেন এবং উদ্যোগ নেবার যে ব্যাপারটা আছে, এর মধ্যে সেটা অনেক শিথিল হয়ে যায়। এ ছাড়া জুনিয়ার অফিসারদের পদোন্নতি, যদি অবসরপ্রাপ্ত অফিসারদের কর্মমেয়াদ বাড়িয়ে দেওয়া যায়, তা হ'লে আটকে যায় এবং তার ফলে কিছু কিছু ক্ষেত্রে নতুন নিয়োগও ব্যাহত হয়। আমি বিশ্বাস করতে প্রস্তুত নই যে, পশ্চিম বাংলায় এমন ইঞ্জিনিয়ার নেই, এমন টেকনোক্রাটস নেই যারা এই ক্যালকাটা মেট্রোপলিট্যান স্যানিটেশন অথরিটি পরিচালনার যোগ্যতা রাখে না। এবং সেইজন্য কেবলমাত্র অবসরপ্রাপ্ত অফিসারদের মধ্যে থেকেই রাখতে হবে, এই রকম ধারণা আমি বিশ্বাস করি না। আমি জানি না ক্যালকাটা মেট্রোপলিটান ওয়াটার অ্যান্ড স্যানিটেশন অথরিটির মধ্যে কতজন অবসরপ্রাপ্ত অধিকর্তা হিসাবে আছে এবং ব্যক্তিগতভাবে তাদের প্রতি আমার কোন অনুরাগ বা বিরাগও নেই, কিন্তু এটা বলতে পারি, তাদের যদি কেউ থাকেন, তা হ'লে সেই অবসরপ্রাপ্ত ব্যক্তিদের যে নির্ধারিত কর্মকাল আছে দুই, চার অথবা ছয় বছর, এই কর্মকাল শেষ হয়ে যাবার পরে তাদের অবসরকাল আরামে বিরামে মধুময় ক'রে তুলুন, এটা সকলেই কামনা করব এবং নতুন যাঁরা আসবেন বা নতুন যাঁরা আসতে পারেন, তাঁদের উপর সংস্থাগুলোর পরিচালনার ভার ছেড়ে দিন, এটাই আমরা আশা করব। সেইজন্য মন্ত্রিমহাশয়ের কাছে আমরা এটা বলতে চাই যে, এই সংশোধন অ্যাজ সাচ কোন আপত্তি থাকতে পারে না। কিন্তু যদি অবসরপ্রাপ্ত ব্যক্তিদের নিয়োগের প্রশ্ন আসে, তা হ'লে আমাদের কিন্তু একটু আপত্তি আছে এবং এইজন্য বলতে চাই এই নিয়োগটা সর্বসম্মত তখনই হবে, যখন মন্ত্রিমহাশয় এই সভাকে এই আশ্বাস দেবেন যে এই অবসরপ্রাপ্ত ব্যক্তিদের ক্ষেত্রে এই আইনের সুযোগ নিয়ে তাদের কর্মকাল বাড়িয়ে দেওয়া হবে না। মোটামুটি এটাই হচ্ছে আমার বক্তব্য।

[3-30—3-40 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটা বুনিয়াদী প্রশ্ন এখানে উত্থাপন করতে চাই, সেটা হচ্ছে এই সি এম ডবু এস এ-কে আলাদাভাবে বাঁচিয়ে রাখার কোন সার্থকতা আছে কিনা? কারণ সি এম পি ও পরিকল্পনা, ক্যালকাটা মেট্রোপলিটান প্ল্যানিং অথরিটি আর সি এম ডবু এস এ-র জল-সরবরাহ এবং আদায়ী ব্যবস্থা সংক্রান্ত পরিকল্পনাগুলি কার্যকর করবেন এবং পৌর প্রতিষ্ঠানগুলির সংশ্লিষ্ট দপ্তরের দায়দায়িত্ব গ্রহণ করবেন। এর ফলে স্থানীয় স্বায়ত্তশাসন ব্যবস্থা—যার জন্য ভারতের মানুষ ইংরেজের আমলে দীর্ঘদিন সংগ্রাম করেছেন স্বয়ং দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ, সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় স্থানীয় স্বায়ত্তশাসন ব্যবস্থাকে প্রসার করবার জন্য, একে রক্ষা করবার জন্য আন্দোলন করেছেন, আমরা সকলে জানি লর্ড লিটনের আমলের সেই যে স্বায়ত্তশাসন ব্যবস্থা তার জন্য যে সুযোগসুবিধা প্রবর্তিত হয়েছিল, এই সি এম ডবলু এস এ আইনের ফলে সেই পৌর প্রতিষ্ঠানগুলি করপোরেশনগুলি, তাদের যে অধিকার সেইগুলি অনেকাংশে খর্ব হয়েছে। কারণ যদি জল-সরবরাহ ব্যবস্থা এবং জঞ্জাল অপসারণ ব্যবস্থা, এই-গুলির সমস্ত ভার এবং সেই সংক্রান্ত দপ্তরের আয়গুলি যদি নিয়ে নেওয়া হয়, তা হ'লে মিউনিসিপ্যালিটিগুলি, করপোরেশনগুলির খুবই সামান্য অবশিষ্ট থাকবে, এটা কিন্তু আজকে গভীরভাবে বিচার করবার প্রয়োজন আছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে একটা আবেদন জানাচ্ছি, এই যে অথরিটি ক্রিয়েটেড, এইটা ১৯৬৫ সালে সি এম ডবলিউ এস এ যে বিল এসেছিল, সম্ভবত ১৯৬৬ সাল থেকে এই অ্যাক্ট কাজ করছে, কিন্তু কি করতে পেরেছে তাদের কার্যকালের মধ্যে? এই কয় বছরের মধ্যে ওয়াটার সম্বন্ধে তাঁরা সুনির্দিষ্ট সিদ্ধান্ত দিতে পারেন নি। যে টারগেট নিয়েছিলেন সেটা হচ্ছে ২০০১ সালে অর্থাৎ এই শতাব্দীর মধ্যে কিছু

হবে না। ২০০১ সালের তাঁরা টারগেট নিয়েছিলেন, সেই সময় মেট্রোপলিটান এরিয়ায় জল-সরবরাহ করবেন এবং যে অনাদায়ী ব্যবস্থার দায়িত্ব—সেগুলি এখনও গ্রহণ করতে পারেন নি, সেগুলি পৌরসভার কাছে থেকে গিয়েছে। একটা ছোট পরিকল্পনা করলে আপত্তি আছে এবং বড় একটা পরিকল্পনা করতে কয়েক শ' টাকার ব্যবস্থা না হ'লে এই যে মেট্রোপলিটান ওয়াটার অ্যান্ড স্যানিটেশন অথরিটি হয়েছিল, এই অথরিটির মতে—যাঁরা এটা করেছিলেন তাঁদের পছন্দ হচ্ছে না। অনেকেই ব'লে থাকেন, ছোট পরিকল্পনার জন্য ১০ হাজার টাকা ব্যয় হবে না, অথচ ১০ কোটি টাকার পরিকল্পনার সম্ভাবনা আছে, এই রকম অদ্ভুত অবস্থা। এই মেট্রোপলিটান এরিয়ায় ছোট-খাট জল-সরবরাহ ব্যবস্থা করার জন্য ১০ লক্ষ, ২০ লক্ষ, ২৫ লক্ষ টাকা খরচ করলেই একটা মিউনিসিপ্যাল টাউনে জল-সরবরাহ ব্যবস্থাকে সুনিশ্চিত করা যায়। কিন্তু গোটা এই যে মেট্রোপলিটান এরিয়া রয়েছে, এই মেট্রোপলিটান ডিস্ট্রিক্ট রয়েছে, এর মধ্যে জল-সরবরাহ ব্যবস্থা করতে গেলে বহু টাকার প্রয়োজন। সেই টাকার যখন একসঙ্গে সংস্থান হচ্ছে না, মানুষকে চিরকালের জন্য অপেক্ষা করতে হবে, কবে ২০০১ সাল বা আমরা মরে যাব তার পর আমাদের ছেলে বা নাতীরা জল খাবে, এটা কোন সুসংহত চিন্তা হ'তে পারে না। সেইজন্য আমরা যদি ছোট ছোট পরিকল্পনা ছোট ছোট পৌরসভার মধ্যে বা করপোরেশনের মধ্যে বা মাঝারি পরিকল্পনাগুলি করি স্থানীয় উদ্যোগ নিয়ে, তা হ'লে সেগুলি গ্রো করা যাবে এবং তার সঙ্গে সঙ্গে মানুষকে কিছুটা রিলিফ দেওয়া যাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সি এম ডবু এ বিল ১৯৬৫ সালে এসেছিল, তারপর সিলেক্ট কমিটিতে গিয়েছিল, সেই রিপোর্টের পর ১৯৬৬ সালের ডিসেম্বর মাসে এই বিল কার্যকর হয়েছিল। সি এম ডি এ-এর অ্যাকচুয়াল অ্যাক্টটা গত বছর এই লেজিসলেচারে আসে এবং সেটাকে অ্যাডপ্ট করা হয়েছে। সি এম ডি এ একটা প্রসঙ্গে বলেছেন, আপনার অবগতির জন্য আমি এখানে বলতে চাই যে, সি এম ডি এ অ্যাক্ট কি জন্য হচ্ছে

In order to secure effective implementation of the development plans it was felt that this authority may also perform the function of formation of plans, and co-ordination of their execution and supervision of such development projects as are financed by it.

সেকশন ১৫তে সেগুলিকে তারা ইলাবরেট করেছে ফরমুলেশন, কো-অর্ডিনেশন, সুপারভিশন অ্যান্ড ফাইন্যান্সিং, অ্যান্ড এক্সিকিউশন—এই সম্বন্ধে সুস্পষ্টভাবে সি এম ডি এ অ্যাক্টে বলা হয়েছে, সি এম ডি এ শুধু একটা ওয়াটার অ্যান্ড স্যানিটেশন অথরিটি নয়, ওয়াটার অ্যান্ড স্যানিটেশন অথরিটি ছাড়াও যেসব মিউনিসিপ্যাল সার্ভিসগুলি আছে এই মেট্রোপলিটান ডিস্ট্রিক্টের মধ্যে তাদের সকল বিষয়-বস্তুগুলিকে নিয়ে একটা সুসংহত পরিকল্পনার ভিত্তিতে তাঁরা কার্যকর করবেন। যাতে উন্নয়নের ধারা প্রবহমাণ থাকে, সেটা যেন ব্যাহত না হয়, সেইজন্য সি এম ডি এ অ্যাক্ট তৈরি হয়েছে। আমরা সংবাদপত্রে দেখেছি যে, সরকার চিন্তা করছেন বোরো কাউন্সিল, মেট্রো কাউন্সিল ইত্যাদি আধুনিক পদ্ধতিতে আন্তর্জাতিক মান অনুযায়ী করার কথা, এটা করা দরকার। আমরা আশা করছি, যখন বোরো কাউন্সিল করা হবে, যখন মেট্রো কাউন্সিল করা হবে, তখন এই পৌরসভা-গুলির যে গণতান্ত্রিক অধিকার, করপোরেশন যে গণতান্ত্রিক অধিকার ভোগ ক'রে থাকেন, গ্রাম পঞ্চায়েতগুলি যে গণতান্ত্রিক অধিকার ভোগ ক'রে থাকেন এবং নিম্নতম সংস্থাগুলি যদি টু-টায়ার অর্গানিজেশন হয়, তা হ'লে এই নিম্নতম সংগঠনগুলি তাদের অধিকার ভোগ করবেন এবং সেগুলি প্রসারিত হবে। এই বিলটা যখন সংশ্লিষ্টভাবে গভর্নমেন্ট-এর গেজেট নোটিফিকে-শন হবে, তখন আমরা মতামত দিতে পারব সেইজন্য আমরা অপেক্ষা করছি। যখন সি এম ডি এ অ্যাক্ট-এর মত কম্প্রিহেনসিভ অথরিটি করার কথা হচ্ছে তখন সি এম ডবু এস এ-কে জিইয়ে রাখার উইজডামটা কি আমি অত্যন্ত বিনীতভাবে এটা প্রশ্ন করতে বাধ্য হচ্ছি।

এই যে মাল্টিপ্লিসিটি অফ অর্গানিজেশন এটা কেন ? একটা সিংগল কম্প্রিহেনসিভ অথরিটির পক্ষে একটা কন্সিস্টেন্ট প্ল্যানিংএর এক্সিকিউশন কতখানি সার্থক হবে ব'লে মনে করি এবং সেটা বিবেচনা করতে বলেছি। আমি মেট্রোপলিটান প্ল্যানিংএর বিরোধিতা করছি

না। আজকে আধুনিক যুগে মেট্রোপলিটান প্ল্যানিং অত্যন্ত গুরুত্বপূর্ণ জিনিস। এটা হ'লে কলকাতা ও তার পার্শ্ববর্তী অঞ্চলের সংগে গ্রামও বাঁচবে। রাস্তা যদি সরু হয়, ট্রাফিক যদি জ্যাম থাকে, তা হ'লে শিল্পপ্রসার হ'তে পারে না। একজন লরী বা ট্রাক ড্রাইভারের ৫ মাইল দূর থেকে কলকাতা শহরে আসতে তার সারাদিন লাগে, তা হ'লে তার ট্রান্সপোর্ট কস্ট বাড়বে এবং শিল্পেও ডেভেলপমেন্ট হবে না। সেজন্য মেট্রোপলিটান প্ল্যানিং-এর দ্বারা ভাল রাস্তাঘাট হয়, পরিষ্কার-পরিচ্ছন্ন শহর হয়, স্বাস্থ্য ও শিক্ষার ব্যবস্থা হয়, তা হ'লে কারুর আপত্তি নেই। এটা কমন ইন্টারেস্ট, কাজেই মেট্রোপলিটান প্ল্যানিং-এর বিরোধিতা করছি না। আমরা মেট্রোপলিটান প্ল্যানিংও অভিনন্দন করছি। কিন্তু এই প্ল্যানিং-এর সময় এর প্রপার এক্সিকিউশনএর কথা চিন্তা করা দরকার। সো মেনি অথরিটিজ, মাল্টিপ্লিসিটি অফ অথরিটিজ-এর কো-অর্ডিনেশন হয়, সি এস ডব্লু অ্যান্ড এস এ-র মধ্যে কো-অর্ডিনেশন হয়, তা হ'লে এসব জিনিস হয় না। যে কারণে বলছি যে পৌর সভার অধিকারকে সঙ্কুচিত ক'রে এসবের সৃষ্টি হয়েছিল। ঠিক সেই কারণেই বলছি আমরা ৫।৬টা অথরিটি যদি রেখে দিই, ডিপার্টমেন্ট রেখে দিই, তা হ'লে কোন কো-অর্ডিনেশন হবে না। এদিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

It is high time that C.M.P.O., C.M.W.S.A. and C.M.D.A. be merged to a single authority. In the interest of effective implementation of development plans, in the interest of Metropolitan planning, in the interest of co-ordination of the execution of plans and in the interest of principles of local self-governing institutions, I fervently appeal to the Hon'ble Minister to take an initiative in the matter and cherish the hope that he will be pleased to assure the House in this regard.

সর্বশেষে একটা কথা বলব। আজ যখন বাংলা ভাষায় আলোচনা করার দাবি উঠেছে তখন আমি বক্তব্য রাখতে গিয়ে ইংরাজী ভাষার আশ্রয় নিয়েছি ব'লে ক্ষমা চাচ্ছি। এই ব'লে সকলকে অভিনন্দন জানিয়ে শেষ করছি।

শ্রীকেষ্টপদ রায়ঃ অন এ পয়েন্ট অব ইনফরমেশন, স্যার, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী, মন্ত্রিসভার সদস্য এবং বিধানসভার সমস্ত সদস্যদের কাছে একটা সংবাদ দিচ্ছি। এক বছর আগে এই সরকার তৈরি হবার জন্য পশ্চিমবঙ্গে যারা প্রচণ্ড রাজনৈতিক সংগ্রাম করেছিল সেই যুব কংগ্রেস আজ একটা বিরাট মিছিল নিয়ে এখানে এসেছেন। আমলাতন্ত্র, প্রতিক্রিয়াশীল চক্রের বিরুদ্ধে সরকারকে সতর্ক ক'রে দেবার জন্য এবং সরকারকে তাঁর প্রগতিমূলক কর্মসূচিকে বাস্তবে রূপদান করার জন্য বিধানসভার বাহিরে যে বিরাট সমাবেশ হয়েছে তাতে মুখ্যমন্ত্রী, মন্ত্রিসভার সদস্যরা এবং বিধানসভার সদস্যদের হাজির হয়ে সেখানে তাঁদের বক্তব্য রাখার জন্য অনুরোধ করছি।

[3-40—3-50 p.m.]

Shri Abdur Rauf Ansari: Mr. Speaker, Sir, I support the Calcutta Metropolitan Water and Sanitation Authority (Amendment) Bill, 1973. Sir, this Calcutta Metropolitan Authority was formed in 1966 after the C.M.P.O. came into existence thanks to the thinking of our great leader Dr. Bidhan Chandra Roy. It was through his dream that the C.M.P.O. took shape and the C.M.P.O. gave birth to the C.M.W.S.A.

Sir, due to the growth of the city and with the number of houses and buildings growing and constructions round about the city, and to meet the need for the supply of drinking water and filtered water to the people in

Calcutta and suburbs and at the same time to discharge fowl and filthy water through outfall, it was very much essential that some sort of a body should be formed.

Sir, this body came into existence in 1966 and its main objective was the promotion and operation of the schemes for the supply of water, sewerage, drainage, sewage disposal and collection and disposal of night soil in areas yet to be developed and matters connected with and incidental to the functions mentioned in clause 1 of the Act. Sir, the Calcutta Corporation is one of the oldest municipalities in Asia, if not in the world. The Calcutta Corporation is under statutory obligation to give per head at least 25 gallons of water. But even after such a long period and with funds from various sources the Calcutta Corporation failed to reach up to 25 gallons. It has reached only up to 18 to 20 gallons per head. Sir, with limited resources of these municipalities lying on both sides of the river Hooghly—they have got no experts on the technical side, their monetary condition is also miserable—they cannot meet the requirements of the growing number of people for the supply of drinking water and disposal of sewage. Naturally some sort of authority was essential keeping in view the future generation and a hundred years in our sight, and that is why this body was formed and it started work. But unfortunately due to lack of sufficient funds they could not succeed with their projects. But we are very thankful to our Prime Minister, the Central Government and at the same time our State Government that they are going on with useful programmes and giving monetary help to the C.M.W.S.A. in implementing such programmes to meet the requirement of water supply and disposal of sewage.

Sir, my friend has just now opposed this Bill because he was just discussing that there was provision in the Act that there should be representatives in the General Council—seven from the Assembly and three from the Council. Well, it is very good. When there is an Assembly, only the people's representatives are there, and those three persons from the Council will be taken from the Assembly. My friend who objected to the Bill just now from the R.S.P. should know that in 1969 they were in power, and when they were in power, this body, the C.M.W.S.A. was in existence. Were they sleeping? They never thought of the people. They could have done this in their own period. I find they have moved an amendment and they oppose this Bill. They want to oppose for the sake of opposition only. They have no constructive proposal. I am afraid, they have not even gone through the Bill or its merits—what the Authority wants to do in Calcutta and its neighbouring areas. They have no idea of its working. I am fully supporting the Bill because I feel that the amendment brought in by the Finance Minister will serve the purpose in a great measure. At the same time, I am in full agreement with the term of Directors, as proposed by the Government because it is best known to Government who are the experts and who should be brought in. I, therefore, fully support the Bill and hope that the amendments by my friend will be withdrawn. I again support the Bill.

শ্রীশঙ্কর ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আবদুর রব আনসারি এবং মাননীয় সদস্য গোবিন্দ চ্যাটার্জি এই বিলকে সমর্থন জানিয়েছেন ব'লে আমি তাঁদের ধন্যবাদ জানাচ্ছি। মাননীয় সদস্য তিমিরবাবু এই বিলের বিরোধিতা করেছেন এবং বলেছেন জনসাধারণের কাছে এটা আপনাদের দেওয়া উচিত। স্যার, জনসাধারণ বিধানসভার সমস্ত সদস্যদের নির্বাচন ক'রে পাঠিয়েছেন। আমাকে নির্বাচন ক'রে পাঠিয়েছেন, তিমিরবাবুকে নির্বাচন ক'রে পাঠিয়েছেন, অন্যান্যদেরও নির্বাচন ক'রে এখানে পাঠিয়েছেন। নির্বাচিত করার পর প্রতি ব্যাপারে যদি আবার জনসাধারণের কাছে রেফারেন্ডাম করতে হয়, তা হ'লে জনসাধারণ আর কখনও আমাদের নির্বাচিত ক'রে পাঠাবার প্রয়োজনীয়তা বোধ করবে না। যদি কোন ব্যাপারে আমরা নির্বাচিত প্রতিনিধিরা আমাদের মতামত ব্যক্ত করতে না পারি, প্রত্যেক বিলে যদি আবার জনসাধারণের কাছে যেতে হয়, তা হ'লে বুঝতে হবে, আমরা নির্বাচিত প্রতিনিধি নই, আমাদের উপর তাদের কোন আস্থা নেই। আমরা যদি আমাদের মতামত ব্যক্ত করতে না পারি, তা হ'লে বিধানসভা তুলে দেওয়া উচিত। রেফারেন্ডাম করতে হবে প্রতিটি বিলে জনসাধারণের কাছে এটা হ'তে পারে না। তিমিরবাবু আরও একটা অ্যামেন্ডমেন্ট এনেছেন। আমি যেখানে বলেছি এই বিধানসভার ১০ জন সদস্য জেনারেল কাউন্সিলে যাবে সেখানে শ্রীতিমিরবরণ ভাদুড়ী অ্যান্ড শ্রীশীশ মহম্মদ টু মুভ দ্যাট ইন ক্লজ থ্রি (ওয়ান) ফর দি ওয়ার্ডস "টেন মেম্বার্স" দি ওয়ার্ডস "ফাইভ মেম্বার্স" বি সাবস্টিটিউটেড। বিধানসভার সদস্যদের মধ্য থেকে আগে ৭ জন যেতেন জেনারেল কাউন্সিলে। আমি সেখানে বলেছি ১০ জন যাবেন। কিন্তু তিমিরবাবু বলছেন, বিধানসভা থেকে ১০ জন নয়, ৫ জন যাবেন। আমি মনে করি এই প্রস্তাব সম্বন্ধে কিছু না বলাই ভাল। তিনি আর একটা কথা এখানে বারে বারে ব্যবহার করেন। মাননীয় সদস্য গোবিন্দ চ্যাটার্জি এখানে নতুন এসেছেন। তিনি হাইকোর্টের মাধ্যমে প্রমাণ করেছেন নির্বাচন কি, কারা কি মত নিয়েছিলেন, কোন্ দল সৎ কি অসৎ পথ নিয়েছে এবং এই ব্যাপারে হাইকোর্টের দ্বার খোলা আছে এবং সেখানে প্রমাণ হয়ে গেছে কি হ'তে পারে। সি এম ডবলিউ এস এ যে কাজ করছে কেবল গত ২ বছর হয় আরম্ভ হয়েছে। কলকাতায় বহু বছর কোন কাজ হয় নি। সি এম ডবলিউ এস এ বহুদিন আগে ১৯৬৭ সালে স্থাপিত হয়েছিল, কিন্তু তারা কোন কাজ করতে পারে নি। এর কারণ হচ্ছে তখন টাকা ছিল না। সি এম ডি এ যখন এল তখন এই টাকা এল। কলকাতার জন্য যে কাজ সেটা আরম্ভ হয়েছে ডাঃ রায়ের সময় এবং এটা সমর্থন ক'রে পণ্ডিত নেহরু ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিলের মিটিং-এ বলেছিলেন কলকাতার যে সমস্যা এটা স্পেশ্যাল প্রব্লেম, এটা ন্যাশনাল প্রব্লেম, কাজেই এর জন্য একটা আলাদা ব্যবস্থা নিতে হবে। কলকাতার সমস্যার জন্য যখন টাকা আনার কথা হয়, তখন ভারতবর্ষের নানা স্থান থেকে আপত্তি উঠেছিল। কিন্তু পণ্ডিত নেহরু এবং ডাঃ রায় এটাকে সমর্থন করেছিলেন। পরবর্তী কালে ১৯৭০ সালে এই সি এম ডি এ হয়। এটা যে সম্ভব হ'ল তার কারণ হচ্ছে এটা ডাঃ রায়ের স্বপ্ন ছিল এবং পণ্ডিত নেহরু ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিলের মিটিং-এ এটাকে সমর্থন করেছিলেন।

[3-50—4-20 p.m.]

সি এম ডি এ যখন হয়, তখন শুধু কতগুলি পরিকল্পনা নেওয়া হয়, তখন কোন কাজ করা সম্ভব হয় নি। ৭০ দশকে কাজ আরম্ভ হয়েছে। যখন সি এম ডি এ এবং সি এম ডবু এস এ এসেছে, এক দশক চলে গেছে তখন শুধু প্রকল্প হয়েছে, কোন কাজ হয় নি। তারপর আমরা নিয়ে এসেছি। কলকাতা সম্বন্ধে এক সময় আমাদের ধারণা হয়েছিল যে, কলকাতাকে রক্ষা করা সম্ভব হবে না। কারণ এখানে এত সমস্যা রয়েছে অথচ অর্থ নেই। কলকাতা কর্পোরেশনের অর্থ ছিল না যে, কলকাতার উন্নয়ন তারা করবে। তারপর সি এম ডি এ এল এবং অনেক পরিবর্তন এসেছে। এই ২ বছরের মধ্যে যে উন্নতি হয়েছে সেটা মানুষ ১৯৭০ সালে কল্পনাও করতে পারে নি। বস্তীতে যে কাজ হচ্ছে সেটা মানুষ বিশ্বাস করতে পারত না। বস্তীর মধ্যে আলো যাবে, রাস্তা হবে সেটা মানুষ বিশ্বাস করত না। সি এম ডি এ যখন ১৯৭০ সালে কাজ আরম্ভ করল তখন প্রচণ্ড বাধা এসেছিল। কিন্তু এখন বস্তীর মানুষের সমর্থন এবং আশীর্বাদ আমরা পেয়েছি এবং সি এম ডি এ এবং সি এম ডবলিউ এস এ-র কাজ চলেছে।

এতে যাতে বিধানসভার সদস্যরা আরও বেশি ক'রে জড়িত হ'তে পারে সেইজন্য এই আইন আমরা এনেছি এবং এখান থেকে যাতে ১০ জন যেতে পারেন তার ব্যবস্থা করেছি। কিন্তু তিমিরবাবু সেখানে বলেছেন ৫ জন যাবেন। আমি তাঁকে সমর্থন করতে পারছি না। আমরা চাই, বিধানসভার সদস্যরা যাতে আরও বেশি ক'রে সি এম ডি এ এবং সি এম ডবলিউ এস এ-র সঙ্গে জড়িত হ'তে পারেন, তাঁদের বক্তব্য সেখানে রাখতে পারেন এবং সি এম ডি এ এবং সি এম ডবলিউ এস এ-র কাজ যেন জনস্বার্থে আরও ত্বরান্বিত করতে পারে। একথা ব'লে আমি হাউসের সামনে এই বিল রাখছি। . আই রিগ্রেট আই কান্ট অ্যাকসেপ্ট দি অ্যামেন্ডমেন্ট।

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and a division taken with the following results:—

Noes

A.M.O. Ghani, Dr.
Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal
Ali Ansar, Shri.
Bandopadhayay, Shri Shib Sankar
Bapuli, Shri Satya Ranjan.
Basu, Shri Ajit Kumar (Hoog.).
Bhattacharjee, Shri Shibapada
Bijali, Dr. Bhupen.
Biswas, Shri Ananda Mohan
Bose, Shri Lakshmi Kanta.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Tapan.
Chattopadhay, Shri Gobinda
Das, Shri Barid Baran.
Das, Shri Sarat Chandra.
Das Mohapatra, Shri Kamakhyanandan
Dutt, Shri Ramendra Nath
Ghose, Shri Sankar.
Ghosh, Shri Sisir Kumar.
Ghosh Moulik, Shri Sunil Mohon
Goswami, Shri Sambhu Narayan.
Gyan Singh, Shri Sohanpal
Hatui, Shri Ganesh.
Hembrom, Shri Patrash.
Hemram, Shri Kamala Kanta.
Karan, Shri Rabindra Nath.
Khan, Shri Gurupada.
Khan Nasiruddin, Shri
M. Shaukat Ali, Shri.
Mahato, Shri Kinkar.
Mahato, Shri Sitaram.
Maitra, Shri Kashi Kanta.
Majhi, Shri Rup Sing.

Noes—concld.

Malladeb, Shri Birendra Bijoy.
Mandal, Shri Probhakar.
Mitra, Shri Haridas.
Mondal, Shri Khagendra Nath.
Mukherjee, Shri Sibdas.
Mukherjee, Shri Subrata.
Mukhapadya, Shri Tarapoda.
Mukhopadhyaya, Shri Ajoy.
Mundle, Shri Sudhendu.
Murmu, Shri Rabindra Nath.
Nahar, Shri Bijoy Singh.
Nurunnesa Sattar, Shrimati.
Oraon, Shri Prem.
Patra, Shri Kashinath.
Paul, Shri Bhawani.
Pramanick, Shri Gangadhar.
Ram, Shri Ram Peyare.
Roy, Shrimati Ila.
Roy, Shri Suvendu.
Saha, Shri Dwija Pada
Saha, Shri Nirad Kumar.
Saraogi, Shri Ramkrishna.
Sarkar, Shri Netaipada.
Sautya, Shri Basudeb.
Sen, Shri Bholanath.
Sen, Shri Sisir Kumar.
Sheth, Shri Balai Lal.
Singha, Shri Satyanarayan.
Singhababu, Shri Phani Bhusan.
Sinha, Shri Nirmal Krishna.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Talukdar, Shri Rathin.
Tewary, Shri Sudhanshu Sekhar.
Tirkey, Shri Iswar Chandra.
Wilson-de Roze, Shri George Albert.

Ayes

Bhaduri, Shri Timir Baran.
Ganguly, Shri Ajit Kumar.
Shish Mohammad, Shri.

The Ayes being 3 and the Noes 69, the motion was lost.

The motion of Shri Sankar Ghose that the Calcutta Metropolitan Water and Sanitation Authority (Amendment) Bill, 1973, be taken into consideration was then put and agreed to.

Clauses 1 and 2

The question that Clauses 1 and 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

Mr. Speaker: There are amendments in the name of Shri Timir Baran Bhaduri and Shri Shish Mohammad. The amendments are out of order. However, if they like they may speak.

Shri Timir Baran Bhaduri:

স্যার, আমরা কিছু বলছি না।

The question that Clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 4, 5 and the Preamble

The question that Clauses 4, 5 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Sankar Ghose: Sir, I beg to move that the Calcutta Metropolitan Water and Sanitation Authority (Amendment) Bill, 1973, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

(At this stage the House was adjourned for 20 minutes.)

(After adjournment)

Voting on Demands for Grants

DEMAND FOR GRANT No. 54

Major Head: 124—Capital Outlay on Schemes of Government Trading

DEMAND FOR GRANT No. 17

Major Head: 26—Miscellaneous Departments—Excluding Fire Services

[4-20—4-30 p.m.]

Shri Kashi Kanta Maitra: Sir, on the recommendations of the Governor I beg to move that a sum of Rs.14,11,46,000 be granted for expenditure under Grant No. 54, Major Head: "124—Capital Outlay on Schemes of Government Trading."

Sir, on the recommendations of the Governor I also beg to move that a sum of Rs.7,30,16,000 be granted for expenditure under Grant No. 17, Major Head: "26—Miscellaneous Departments—Excluding Fire Services."

শ্রীকাশীকান্ত মৈত্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের অনুমোদনক্রমে আমি সবিনয়ে প্রস্তাব করছি যে, ৫৪ নং অনুদানের অন্তর্গত ১২৪—সরকারী ব্যবসায়ে মূলধন বিনিয়োগ খাতে ১৪ কোটি ১১ লক্ষ ৪৬ হাজার টাকা মঞ্জুর করা হোক। স্যার, রাজ্যপালের অনুমোদনক্রমে আমি সবিনয়ে আরও প্রস্তাব করছি যে, ১৭ নং অনুদানের অন্তর্গত ২৬— দমকলবাহিনী বাদে বিবিধ বিভাগ খাতে ৭ কোটি ৩০ লক্ষ ১৬ হাজার টাকা মঞ্জুর করা হোক।

এই প্রসংগে খাদ্যদপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী হিসাবে আমি মাননীয় বিধানসভার সদস্যদের কাছে এই লিখিত পুস্তকটি রাখছি এবং এটাকে যেন পঠিত ব'লে ধরে নেওয়া হয়। সমগ্র বিবরণটি আমি আর পড়তে চাই না। তার চেয়ে আমি আপনাদের পরামর্শ ও সমালোচনা শুনতে চাই। এই সংগে কয়েকটি কথা আমি আপনার অনুমতি নিয়ে মাননীয় সদস্যদের কাছে নিবেদন করতে চাই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সরকারের খাদ্য দপ্তরের দায়িত্ব পাবার পর আমি কয়েকটি জিনিসের প্রতি বিশেষভাবে লক্ষ্য রেখেছিলাম। প্রথম হচ্ছে, রেশন ব্যবস্থাকে আরও সুনিশ্চিত করতে চেয়েছিলাম। দ্বিতীয়ত, পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেম-এর মধ্যে যে ত্রুটি-বিচ্যুতি ও দুর্নীতি আছে সেই ত্রুটিবিচ্যুতি ও দুর্নীতি দূর করতে চেয়েছি, তৃতীয়ত আমরা চেয়েছি রেশন ব্যবস্থাকে আরও সম্প্রসারণ করতে—ঐ অবহেলিত শ্রেণীর মানুষ যারা আগে রেশন পেত না, যাতে তারা নিয়মিত রেশন সপ্তাহে পায় তার ব্যবস্থা করা, চতুর্থত, রেশন ব্যবস্থায় শুধু চা'ল, গম, চিনি—এর মধ্যে সীমাবদ্ধ না রেখে আরও কনজাম্পশন বাস্কেট থেকে এসেনসিয়াল আইটেম যাতে রেশনের মাধ্যমে জনসাধারণের মধ্যে দিতে পারি তার জন্য চেষ্টা করেছি। পঞ্চমত, এই রেশন ব্যবস্থায় পাবলিক ডিস্ট্রিবিউশনের মাধ্যমে যাতে বেকার কর্মক্ষম যুবকদের কর্মসংস্থানের সুযোগ করা যায় তার চেষ্টা করেছি। খাদ্য দপ্তরের বিভিন্ন স্থানে যেসমস্ত পদ শূন্য ছিল, সরকারের এবং মুখ্যমন্ত্রীর অনুমতি নিয়ে সেই পদ পূর্ণ ক'রে বেকারদের কর্মসংস্থান করেছি। খাদ্য দপ্তর ও সরবরাহ দপ্তরের মাধ্যমে নানাভাবে যাতে সাধারণ মানুষের মধ্যে প্রত্যাশা সৃষ্টি করে তার চেষ্টাও আমরা করেছি। আমাদের দেশে নিত্যপ্রয়োজনীয় জিনিস এক শ্রেণীর অসাধু ব্যবসায়ী যাতে মুনাফা লুটতে না পারে, জনসাধারণ যাতে হয়রান না হয়, দ্রব্যমূল্য যাতে স্থিতিশীল রাখতে পারি এই সরকার সেই আদর্শ সামনে রেখে এগিয়ে যেতে চেয়েছে ও কয়েকটি লক্ষ্য নিয়ে আমরা কাজ করবার চেষ্টা করেছি।

আমি মাননীয় সদস্যদের, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে বলতে চাই যে, এই রাজ্যে অতীতে পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেম এত বেশি জোরদার হয় নি। আমি খুব সবিনয়ে মাননীয় সদস্যদের এই কথা বলছি যে. যে দপ্তরের দায়িত্ব আপনারা আমার উপরে দিয়েছেন, জানি এটা খুব দুরূহ দায়িত্ব, খুব কঠিন কাজ, একেবারে কাঁটার ন্যায় এই দপ্তর থেকে মানুষের জনপ্রিয়তা অর্জন করা খুব শক্ত। কিন্তু জনপ্রিয়তা আমার কাছে পাওয়া না পাওয়া বড় কথা নয়, জনতার সেবক হিসাবে আমি কাজ ক'রে যাচ্ছি। ভুলত্রুটি থাকবে, তবে এটা সুনিশ্চিতভাবে বলতে পারি, এই দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী হিসাবে আমি চেষ্টা করছি জনতার সেবক হিসাবে প্রতিনিয়ত কাজ ক'রে যেতে এবং দুর্নীতির বিরুদ্ধে দুর্বারভাবে সংগ্রাম চালিয়ে যাবার চেষ্টা করছি। আমি কয়েকটি তথ্য মাননীয় সদস্যদের কাছে রাখব। যেমন ধরুন ১৯৬৯ সালে পাবলিক ডিস্ট্রিবিউশন সেন্টারে সংশোধিত রেশন এলাকা এবং বিধিবদ্ধ রেশন এলাকায় আমরা চা'ল সরবরাহ করেছিলাম ৬ লক্ষ টন, সেই সময়টা যুক্তফ্রন্ট সরকারের আমল ছিল। গম সরবরাহ করা হয়েছিল সাড়ে এগার লক্ষ টন। পপুলেশন কাভার্ড ইন ১৯৬৬ আন্ডার রেশনিং ২ কোটি ৩৫ লক্ষ। ১৯৭০ সালে চা'ল সরবরাহ করা হয়েছে ৭ লক্ষ ৭০ হাজার মেট্রিক টন এবং গম সরবরাহ করা হয়েছিল ১২ লক্ষ টন, রেশনিং পপুলেশন সংখ্যা ছিল ২ কোটি ৪০ লক্ষ। ১৯৭১ সালে চা'ল সরবরাহ করা হয়েছে সাড়ে নয় লক্ষ টন, উদ্বাস্তুদের জন্য ২ লক্ষ ৭০ হাজার মেট্রিক টন ধ'রে নিয়ে এবং গম সরবরাহ করা হয়েছে ১৩ লক্ষ ৪০ হাজার মেট্রিক টন। তখন এই রাজ্যে রেশনিং পপুলেশন ছিল ২ কোটি ৩৫ লক্ষ এবং ১৯৭০ সালে যা ছিল ১৯৭১ সালেও তাই ছিল। ১৯৭২

সালে আমরা পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেমে চা'ল সরবরাহ করেছি ৯ লক্ষ টন, গম সরবরাহ করেছি ১৪ লক্ষ টন। আর রেশনিং পপুলেশন কাভার্ড হয়েছিল ২ কোটি ৭১ লক্ষ অর্থাৎ যেখানে ২ কোটি ৩৫ লক্ষ ছিল সেটা বেড়ে গিয়ে ২ কোটি ৭১ লক্ষ হ'ল। আর অফ-টেক রেশনে কি পরিমাণ মাল নিয়েছে মানুষ তার থেকেই প্রমাণ হবে আমাদের পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেম কত দক্ষতার সঙ্গে কাজ করেছে। তাতে আমরা দেখছি ১৯৭২ সালে সবচেয়ে বেশি রেশনিং-এ চা'ল, গম, চিনি মানুষ নিয়েছে। আমরা দেখছি ১৯৭২ সালে এই সরকার ক্ষমতায় আসার পরে সবচেয়ে বেশি স্কেলে চা'ল, গম, চিনি রেশনে দিয়েছে। আমি শুধু আপনাদের জানাবার জন্য এখানে স্কেলটি দিয়ে দিচ্ছি। ১৯৬৯ সালে বিধিবদ্ধ রেশনিং এলাকায় চা'ল ৯৫০ গ্রাম ক'রে দেওয়া হয়েছিল। ১৯৭১ সালে কোয়ালিশন গভর্নমেন্টের সময় এই দপ্তরের ভার আমারই উপর ছিল তখন ৫০ গ্রাম ক'রে বাড়িয়ে ১০০০ গ্রাম করা হয়। এই সরকার আসার পরে আমরা দিল্লীর সঙ্গে দরবার ক'রে বিধিবদ্ধ রেশনিং এলাকায় ১ হাজার গ্রামের জায়গায় বাড়িয়ে ১,১০০ গ্রাম ক'রে চা'ল প্রতি সপ্তাহে প্রতি প্রাপ্তবয়স্কদের দেবার ব্যবস্থা করেছি। গম ছিল আড়াই হাজার গ্রাম। ১৯৬৯ সালে যেখানে রেশনিং-এ গমের বরাদ্দ ছিল ১,৬৫০ গ্রাম এবং এই ১,৬৫০ গ্রাম আর ৯৫০ গ্রাম মোট ২,৬০০ গ্রাম চা'ল, গমে মিলিয়ে প্রতি সপ্তাহে বিধিবদ্ধ রেশনিং এলাকায় দেওয়া হয়েছিল, ১৯৭২ সালে সেখানে আমরা বাড়িয়ে ৩,৬০০ গ্রাম করেছি। ভারতবর্ষের কোন রাজ্যে এ পর্যন্ত বিধিবদ্ধ রেশনিং এলাকায় সিরিলস, রাইস অ্যান্ড হুইট এইভাবে দেওয়া হয় নি। আমরা বিধিবদ্ধ রেশনিং এলাকায় যে স্কেলে সুগার দিই, ভারতবর্ষের কোন আর্বান সিটিতে এই জিনিস নেই। এই সরকার আসবার আগে যেখানে ১৫০ গ্রাম ক'রে চিনির বরাদ্দ ছিল, সেটা ধাপে ধাপে বাড়িয়ে ২৫০ গ্রাম ক'রে করা হয়েছে এবং সেই ২৫০ গ্রাম ক'রে আজও আমরা রাখতে পেরেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে খুব বিনয়ের সঙ্গে নিবেদন করতে চাই, কেন্দ্র আগে পশ্চিমবঙ্গকে যে পরিমাণে প্রতি মাসে চিনির বরাদ্দ দিতেন তার চেয়ে পরিমাণ এখন অনেক কমে গেছে, অর্থাৎ প্রায় ১,৮০০ টনের মত কমে গেছে, কিন্তু তা সত্ত্বেও আমরা চিনির স্কেল ঠিকই রাখতে পেরেছি আপনাদের সকলের সহযোগিতা নিয়ে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দেখা যাচ্ছে রেশনিং স্কেল আমরা বাড়িয়েছি এবং বেশি লোককে আমরা রেশনিং-এর আওতায় এনেছি এবং রেশন ব্যবস্থাকে আরও সুদৃঢ় করেছি। শুধু প্রসঙ্গক্রমে বলতে পারি যে, পশ্চিম বাংলার সুন্দরবন অঞ্চল যেটা অন্যতম অবহেলিত একটি অঞ্চল পুরুলিয়া এবং ঝাড়গ্রামের সঙ্গে, রেশন ব্যবস্থা চালু হবার পরে সেই সুন্দরবনে কোনকালেই রেশনে চা'ল দেবার ব্যবস্থা ছিল না, এই সরকার সেখানে রেশনে চা'ল দেবার ব্যবস্থা করে। ১৯৭১ সালে কোয়ালিশন গভর্নমেন্টের সময় আমরা প্রথম সেটা চালু করি এবং বর্তমানে সেই সুন্দরবনে সাড়ে এগার লক্ষ লোক রেশনে চা'ল পাচ্ছে। এটা কোনকালে ছিল না, এই সরকার এই কৃতিত্ব দাবি করতে পারে।

[4-30—4-40 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আরও আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের জানাতে চাই যে, আমরা কর্মসংস্থান বাড়াবার চেষ্টা করছি—রেশনের দোকান আমরা বাড়াবার চেষ্টা করছি। বিধিবদ্ধ রেশনিং এলাকায় ৪২টি রেশনের দোকান বেকার যুবকদের দেওয়া হয়েছে যাতে কর্মসংস্থানের পথ তারা নিজেরাই ক'রে নিতে পারে। এটা অবশ্য আমি নিজে করি নি, আমার দপ্তরের অন্যতম নীতি হচ্ছে, আমলাতান্ত্রিকতার উপর নির্ভর না ক'রে বিধানসভার সদস্য, বিধানসভার সদস্য নন এমন ব্যক্তি এবং সরকারী অফিসার নিয়ে কমিটি করা হয়েছে এবং সেই রেশনিং কমিটির মাধ্যমে রেশনের দোকান দেবার ব্যবস্থা হয়েছে। আমরা কমিটি ক'রে দিয়েছি এবং কমিটির মাধ্যমে এই রাজ্যে আমরা বিভিন্ন বিষয়ে লাইসেন্স দেবার ব্যবস্থা করেছি। হাস্কিং মেসিন দেবার জন্য লাইসেন্সিং বোর্ড ক'রে দিয়েছি তাতে বিধানসভার মাননীয় সদস্যরা আছেন, বিধানসভার সদস্য নন এমন ব্যক্তিও আছেন, তাঁরা অর্থাৎ এই হাস্কিং কমিটি নির্বাচন করবেন কোন্ কোন্ এলাকায় হাস্কিং মেসিন দেবার লাইসেন্স দেওয়া হবে এবং মোট কত দেওয়া হবে। এইসব ব্যাপারে সিদ্ধান্ত নেবার দায়িত্ব আমরা তাঁদের উপরই ছেড়ে দিয়েছি। তারপর মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিল্প সম্প্রসারণের জন্য আমরা পশ্চিম বাংলায় খাদ্য দপ্তর থেকে ৭টি ময়দার কল দিয়েছি। অত্যন্ত

বিনয়ের সঙ্গে আপনাদের সেবক হিসাবে আমি দাবি করতে পারি যে, পশ্চিম বাংলার ১১ মাসের ইতিহাসে ৭টি জেলাতে ৭টি ময়দার কল স্থাপন করা এটা নিশ্চয় কৃতিত্বের দাবি করতে পারে, এটা আমরা করেছি। তা ছাড়া বর্ধমান, মেদিনীপুর, জলপাইগুড়ি বা প্রতিটি জেলাতে যাতে একটি ক'রে ময়দার কল করতে পারি তার জন্য কেন্দ্রের অনুমতি চেয়েছি। এই প্রস্তাব দিল্লীতে গিয়েছে, আপনাদের সহযোগিতা ও দিল্লীর অনুমতি পেলে এই কমিটির মাধ্যমে আমরা লাইসেন্স দেবার ব্যবস্থা করব। তারপর চা'ল, গম, চিনি ছাড়াও কন্ট্রোল্‌ড ক্লথ ন্যায্যমূল্যে মোটা ধুতি, শাড়ি, শার্টিং, লংক্লথ বিক্রির জন্য আমরা ব্যবস্থা করছি এবং প্রতি জেলাতে কমিটি গঠন করবার নির্দেশ দিয়ে দিয়েছি। সেখানকার মাননীয় বিধানসভার সদস্য এবং অন্যান্য বেসরকারী সদস্যরা তাতে থাকবেন। কলকাতা এবং বাইরে এই কমিটি আমরা গঠন করছি এবং কমিটির মাধ্যমে এই কাপড় বিক্রি করা হবে। মাসে ১৭ লক্ষ মিটার কাপড় আমাদের পশ্চিমবঙ্গের জন্য বরাদ্দ হয়েছে। এই কাপড় যে পরিমাণে আসবে আমরা কো-অপারেটিভ এবং বেকার যুবকদের দিয়ে দোকান করিয়ে এই কাপড় বিক্রি করব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই সরকার গঠিত হবার পর আমাদের লক্ষ্য হচ্ছে, রেশনিং ব্যবস্থাকে আরও সুদৃঢ়, সুন্দর ও উন্নত করা। আমি জানি যে, রেশনে যে চা'ল দেওয়া হয় তা অত্যন্ত নিকৃষ্ট মানের। এ ব্যাপারে অনেক মাননীয় সদস্য সমালোচনা করেন, আমি তার জন্য অভিনন্দন জানাই। কারণ, এই সমালোচনা ক'রে তাঁরা সরকারকে আদৌ বেকায়দায় ফেলছেন না, এই সমালোচনা ক'রে তাঁরা বরং সরকারের হাতকেই জোরদার করছেন। ব্যক্তিগতভাবে খাদ্যমন্ত্রী হিসাবে আমি মনে করি এতে তাঁরা আমার দপ্তরের হাতকে জোরদার করছেন যাতে কেন্দ্র থেকে সিদ্ধ চা'ল পাবার ব্যাপারে আমরা জয়ী হ'তে পারি, পেতে পারি। তবে এখানে নিয়ে এসে যে স্যাম্পল দেখানো তার কোন দরকার আছে ব'লে আমি মনে করি না। কারণ আমি নিজেই খাদ্যমন্ত্রী হিসাবে বিভিন্ন গুদামে গিয়েছি; গুদাম সিল করেছি, খাদ্য করপোরেশনের ব্যবস্থার সমালোচনা করেছি, কাজেই তারপর এই স্যাম্পল দেখানোর কোন প্রয়োজন আছে ব'লে আমি মনে করি না। তা ছাড়া একজন খ্যাতনামা ব্যক্তি যাঁর সততা সকল রকম সন্দেহের ঊর্ধ্বে সেই এন সি রায়, যিনি বিড়লা বাড়ির রহস্য উদ্ঘাটন করতে গিয়ে প্রাক্তন কংগ্রেসী আমলে চাকরি খুইয়েছিলেন, যিনি অ্যাসিস্ট্যান্ট সেলস্ ট্যাক্স কমিশনার ছিলেন, সেই মিস্ট্রি অব বিড়লা হাউসের লেখক এবং স্বর্গত সাংবাদিক দেবজ্যোতি বর্মণের সহযোগিতায় যিনি মিস্ট্রি অব বাজোরিয়া-জালান লিখেছেন সেই রকম একজন খ্যাতনামা, সৎ, নির্ভীক ব্যক্তিকে আমি চা'ল সম্পর্কে তদন্ত করবার জন্য কমিশনের চেয়ারম্যান নিযুক্ত করেছিলাম। সেই কমিশনের আরও সদস্য যাঁরা ছিলেন তাঁরা হলেন মাননীয় এম পি শ্রীআমজাদ আলি এবং আমাদের বিধানসভার দু'জন সদস্য মাননীয় পঙ্কজ ব্যানার্জি ও নরেশ চাকী মহাশয়। আমি বিধানসভার কাছে কোন জিনিস গোপন করি না, আমি মনে করি, পাবলিক ইন্টারেস্টে এইসব কথা বলা প্রয়োজন আছে যে, এই তদন্ত কমিশন যখন করি তখন এফ সি আই-এর হেড কোয়ার্টার আমাদের এই প্রস্তাবে সম্মত হন নি। তাঁরা বলেছিলেন, রাজ্য সরকার যদি এইভাবে কমিটি গঠন করেন এবং তদন্ত করেন, তা হ'লে তার সঙ্গে সহযোগিতা করতে পারব না। আমি পরিষ্কারভাবে খাদ্য করপোরেশনের চেয়ারম্যান, ম্যানেজিং ডাইরেক্টরকে জানিয়েছিলাম যে, এই রাজ্যে যে তদন্ত কমিশন আমরা গঠন করেছি জনগণের স্বার্থে সেই তদন্ত কমিশনের কাজ চলবে, আমরা কোন বাধা শুনব না। আমরা চাই, তদন্ত কমিশনের মাধ্যমে সত্য বেরিয়ে আসুক, জনসাধারণ জানুক কেন খারাপ চা'ল পশ্চিমবঙ্গের মানুষ পাচ্ছে এবং এর প্রতিকারের পথ কি, তা সেই কমিশন তদন্ত করেছেন এবং তার রিপোর্ট সাবমিট করেছেন। আমি খুব বিনয়ের সঙ্গে জিজ্ঞাসা করতে চাই, আমি তো ইচ্ছা করলে সেই রিপোর্ট মাননীয় সদস্যদের কাছে গোপন করতে পারতাম, সেই রিপোর্ট ছাপবার ব্যাপারে দেরি করতে পারতাম। কিন্তু রিপোর্ট পাবার সঙ্গে সঙ্গে সেটা ছাপাবার ব্যবস্থা করেছি এবং সেদিন মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার অনুমতি নিয়ে এখানে বিলি করবার ব্যবস্থা করেছি, সংবাদপত্রের প্রতিনিধিদের কাছে দিয়েছি যাতে জনমত সংগঠিত হ'তে পারে এবং শুধু তাই নয়, দিল্লীতে মুখ্যমন্ত্রী সম্মেলনে আমাদের মুখ্যমন্ত্রী এক্সটেনসিভলি এন সি'রায় কমিটির রিপোর্ট পড়ে শোনান যে, পশ্চিম বাংলায় খাদ্য করপোরেশন যে চাঁল দিচ্ছে তার মান কত খারাপ, আমরা তার প্রতিকার করবার চেষ্টা করছি। অতএব মাননীয় সদস্যরা যে সমালোচনা করছেন, সেটা ঠিক করেছেন এবং এই সমালোচনা ক'রে আমাদের কোন

অসুবিধা সৃষ্টি করেন নি বরং আমাদের হাতকে জোরদার করেছেন। কেন্দ্রের সঙ্গে এই প্রশ্ন নিয়ে আজকে একটা লড়াই চলছে, ওখানকার আমলাতান্ত্রিকতার সঙ্গে লড়াই চলছে। কারণ কেন্দ্রের খাদ্য দপ্তরকে আমি জানিয়েছিলাম যখন পশ্চিম বাংলায় এইরকম অসহনীয় অবস্থায় আতপ চা'ল ছাড়া অন্য চা'ল পাবার পথ নেই, এর একটি প্রতিকারের বিকল্প পথ কি, আমি তখন প্রস্তাব রেখেছিলাম পঞ্জাব, হরিয়ানায় যারা শুধু আতপ চা'ল তৈরি করেন, তাঁদের আতপ চা'লের পরিবর্তে যাঁরা শুধু সিদ্ধ চা'ল করেন এবং সেই সিদ্ধ চা'ল যাতে পশ্চিম বাংলায় খাদ্য করপোরেশন পাঠান কেন্দ্রীয় সরকারের ভাণ্ডার থেকে সেই ব্যবস্থা করা হোক এবং প্রতি কুইন্টাল দু টাকা ক'রে যাতে দাম দেওয়া হয়। এই ব্যাপারে একটা দৈনিক পত্রিকা আমাকে সমালোচনা করেছিলেন, তাঁরা লিখেছিলেন আমি নাকি ব্যবসায়ীদের স্বার্থে কথা বলছি। আজকে দিল্লীতে ৩ টাকা ১৫ পয়সা ক'রে চা'ল বিক্রি হচ্ছে, মহারাষ্ট্রে ৩ টাকা ২০ পয়সা ক'রে চাল বিক্রি হচ্ছে, কেরালাতে নিজে খাদ্যমন্ত্রী সম্মেলনে গিয়ে দেখেছি কেরালায় চা'লের দাম তিন টাকার উপর, গুজরাটে চালের দাম তিন টাকা ক'রে হয়েছে। সেখানে আমরা কেন্দ্রের কাছে বলেছি যে, দু' পয়সা ক'রে কিলোতে যদি দাম বাড়ে, প্রয়োজন হ'লে রাজ্য সরকার আমরা ভরতুকি দেব। গত-বার আমরা ভরতুকি দিয়েছিলাম। ১৯৭১ সালে চা'লের দাম দু পয়সা ক'রে বাড়াবার প্রস্তাব ছিল, সেটা সকলে মানে নি, সেই দু পয়সা আমরা ভরতুকি দিয়েছি, খাদ্য দপ্তর রাজী হয় এবং ক্যাবিনেট-এ শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায় আমাদের মুখ্যমন্ত্রী ছিলেন, তিনি সেই প্রস্তাবে সম্মত হয়েছিলেন, সেই ভরতুকির জন্য দু কোটি টাকা দিতে হয়েছিল। আজকে দরকার হ'লে ভরতুকি দেব। এই বিষয়ে জনসাধারণ আপত্তি করবে না, যদি আতপ চা'লের জায়গায় ১ টাকা ২৮ পয়সা ক'রে আতপ চা'ল যে খাচ্ছে, ১ টাকা ৩০ পয়সা দিয়ে যদি সিদ্ধ চা'ল পাওয়া যায় তা হলে কেউ আপত্তি করবে না। পাবলিক ইন্টারেস্টএ এই প্রস্তাব আমি রেখেছি। এই ব্যাপারে সহযোগিতা আমি চাইছি, আপনারা সরকারের হাত জোরদার, মুখ্যমন্ত্রীর হাত জোরদার করুন এবং আপনাদের বলছি ব্যাপারটা অনেকদূর গড়িয়েছে, পঞ্জাব এবং হরিয়ানার মুখ্যমন্ত্রীরা আমাদের মুখ্যমন্ত্রীকে লিখেছেন এই প্রস্তাব শোনবার পর যে, আমরা এই প্রস্তাবে রাজী আছি। পাঞ্জাবের খাদ্যমন্ত্রী গত ডিসেম্বর মাসে এখানে এসে আমাকে জানিয়ে যান, যদি কেন্দ্রীয় অর্থ দপ্তর রাজী হন, তা হ'লে এই বছরই ৫০ হাজার টন সিদ্ধ চা'ল তারা দিতে পারবে। কেন্দ্রীয় অর্থ দপ্তরকে আমি লিখেছি, দেখা করেছি, টেলিপ্রিন্টার মেসেজ পাঠিয়েছি এবং তাতে কতটা কাজ হয়েছে জানি না। কিন্তু শেষ পর্যন্ত কেন্দ্রীয় খাদ্য মন্ত্রক এই ব্যাপারে রাজী হয়েছেন, শুধু অর্থ দপ্তরের লাল ফিতেয় আটকে রয়েছে। এখানেও আবার লড়াই লাগবে। আমি এই কথা বলতে চাই, কালকে যখন প্রশ্ন উঠেছিল, আমাদের বিধানসভার একজন বিশিষ্ট সদস্য শ্রদ্ধাভাজন ব্যক্তি শ্রীকানাই ভৌমিক, তিনি বললেন, আপনারা এইরকমভাবে যে বক্তৃতা করছেন, গেল গেল বলছেন, এতে তো আতঙ্ক ছড়াচ্ছে, এতে তো প্রকিওরমেন্ট ব্যাহত হবে। আমি তাঁকে কালকে বলেছিলাম যে, এই ধারণা ভুল। আমি বলেছিলাম, জনগণের স্বার্থে, দেশের স্বার্থে প্রকৃত সত্য দেশকে জানাতে হবে, কারণ দেশে যদি একটা দারুণ সংকট দেখা দেয়, তখন হয়ত সরকারই বলবে, আপনারাও হয়ত বলবেন লেট আস টাইটেন আপ আওয়ার বেল্টস। সুতরাং আমি যদি আগে থেকে প্রকৃত তথ্য না জানাই, আপনারা আমাকে ভুল বুঝবেন, আপনারাই হয়ত তখন বলবেন যে, আমি হয়ত প্রকৃত তথ্য দেশকে জানাই নি। সরকারকে বিভ্রান্ত করেছি এবং জাতিকে একটা সংকটের মুখে ফেলে দিয়েছি। এই সমস্ত দায়িত্ব আপনাদের সঙ্গে শেয়ার করতে চাই। তাই আমি বলেছিলাম প্রতি টেলিগ্রামের মাধ্যমে পশ্চিম বাংলার পার্লামেন্টের সমস্ত সদস্য - সি পি আই সদস্যদের কাছেও পাঠিয়েছি—আজকে আমি গর্ব ক'রে বলতে পারি যে, পশ্চিম বাংলার ইতিহাসে একটা নতুন জিনিস ঘটেছে, সংবাদপত্র আমাদের সমস্যাগুলো জোরালোভাবে তুলে ধরেছে, সেইজন্য সরকারপক্ষ থেকে এবং খাদ্য দপ্তর থেকে তাদের অভিনন্দন জানাচ্ছি।

[4-40—4-50 p.m.]

পার্লামেন্টের মেম্বাররা শ্রীআমজাদ আলীর নেতৃত্বে, শ্রীমতী পূরবী মুখার্জির নেতৃত্বে একটা শক্তিশালী লবি তৈরি করেছেন পশ্চিম বাংলার হয়ে এবং তাঁরা কেন্দ্রের কাছে গিয়ে এই

কথা বলেছেন। আমাদের মুখ্যমন্ত্রী দিল্লী গিয়েছিলেন, কেন্দ্রীয় খাদ্যমন্ত্রীর সংগে দেখা ক'রে —আজকের কাগজেই দেখেছেন ৫ হাজার টন বাড়্তি গম পেয়েছেন, ৮০ হাজার থেকে ৮৫ হাজার হয়েছে। আমরা এটা বিভিন্ন জেলায় ভাগ ক'রে দেব যাতে গমের ঘাটতি থেকে মানুষকে বাঁচাতে পারা যায়। আজকে আমাদের চেষ্টায় দিল্লীতে পশ্চিম বাংলার হয়ে পশ্চিম বাংলার মানুষের হয়ে একটা শক্তিশালী দেশপ্রেমিক লবি তৈরি হয়েছে। আমি আশা করি, এটা নিশ্চয় সকলের অভিনন্দন পাবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সদস্যদের সকলকে বলতে চাই যে, দুর্নীতি দমনের জন্য আমরা ভিজিলেন্স কমিটি করেছি, এর আগে কখনও ভিজিলেন্সের ব্যবস্থা ছিল না তদারকির ব্যবস্থা ছিল না, আমরা তদারক ব্যবস্থা করেছি। প্রত্যেক অঞ্চলে অঞ্চলে, ব্লকে ব্লকে আমরা ভিজিলেন্স কমিটি তৈরি ক'রে দিয়েছি এবং তারা তদন্ত করছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটা কথা আপনার মাধ্যমে জানাচ্ছি, অনেক মাননীয় সদস্যের ধারণা, খাদ্য-শস্যের ব্যবসায় লাভ হয় না, সরকারের লোকসান হয়। সরকারের অন্যান্য পাবলিক এন্টার-প্রাইসেও লোকসান হয়। যে কথা বলছিলাম, শুধু চা'ল-গমের মধ্যে সীমাবদ্ধ না রেখে অন্য ব্যবসায় নামতে হবে, যেটা মাননীয় সদস্য সত্য ঘোষাল এখানে প্রস্তাব করেছিলেন যে, সমস্ত ব্যাপারটা আমাদের সরকারে দিয়ে দেওয়া হোক, রেশন দোকানের মাধ্যমে সব কিছু দেওয়া হোক। এই প্রস্তাব সম্পর্কে আমি বলেছিলাম, এটা বাস্তবসম্মত হবে না। শুধু এটা জানাচ্ছি যে আমাদের সরকার যে নীতি নিয়ে চলেছে সেটা কতটা বাস্তবসম্মত, সেটা আমি দেখাচ্ছি একটা ঘটনা দিয়ে। কলকাতার ডালের বাজারে দু' মাস আগে মসুর ডাল, ছোলার ডাল-এর কি দাম ছিল? আমরা যাদের কাছ থেকে- কেন্দ্রীয় সংস্থার কাছ থেকে ৫০০ টন ডাল কিনে বিক্রি করেছি ১ টাকা ৮০ পয়সা দামে। ঐ ডাল বিক্রি করার পরও আরও ডাল পেয়েছে, প্রত্যেক জেলাশাসককে আমরা লিখেছি যে, আপনারা আমাদের কাছ থেকে মসুর ডাল নিন এবং ছোলার ডাল নিয়ে যান। ছোলার ডাল আমরা ১,২০০ টন যা কিনেছি তা আপনারা নিয়ে যান, কিন্তু কোন জেলা থেকে কোন প্রস্তাব আসে নি। আমাদের সংগে তাদের সম্মেলনে দেখা হয়েছে ডিস্ট্রিক্ট কন্ট্রোলার, সাব-ডিভিসনাল কন্ট্রোলার, ফুড অ্যান্ড সাপ্লাই, তাঁরা এসে বলছেন যে, আমাদের ওখানেও ১ টাকা ৭০ পয়সা থেকে ১ টাকা ৮০ পয়সা মসুর ডালের দাম নেমে গিয়েছে, সুতরাং কলকাতা থেকে মসুর ডাল নিয়ে গিয়ে আমাদের ওখানে পড়তায় পোষাবে না। দিস ইজ এক্স্যাক্টলি হোয়াট উই ওয়ান্টেড টু অ্যাচিভ অ্যান্ড উই হ্যাভ অ্যাচিভড এটা তো আমরা চাই। প্রত্যেক দোকানের মাধ্যমে, সারা পশ্চিম বাংলায় ১৩ হাজার দোকানের মাধ্যমে বিউলির ডাল, ছোলার ডাল, মসুর ডাল, পৃথিবীর কোন সরকার, ভারতবর্ষের কোন সরকার কোনদিন দিতে পারবে না। কিন্তু আমাদের লক্ষ্যটা কি, বাফার স্টক তৈরি করে মসুর ডালের তৈরি ক'রে বাজারের দর যখন বাড়বে তখন সেটা সাপ্লাইয়ের চেষ্টা করা। এটা করার ফলে ছোলার ডালের সংগে সংগে দাম কমে গিয়েছে। ১ টাকা ৮০ পয়সা থেকে আজকে কাগজে বিজ্ঞাপন দেওয়া হয়েছে ১ টাকা ৫০ পয়সায় নেমেছে। ১,৭০০ দোকানকে এক সপ্তাহে আমরা ছোলার ডাল বিক্রি করেছি, বাকি ১,৭০০ দোকানের মাধ্যমে বাকিটা বিক্রি করা শুরু ক'রে দেব। আমরা এই যে ডালের ব্যবসা শুরু করেছি তাতে জনগণকে রিলিফ দিচ্ছি। এর ফলে দাম অনেক কমে গিয়েছে এবং সরকারের লাভ হয়েছে। আমি দেখাব যে, সরকার ডালের ব্যবসায় এই প্রথম লাভ করেছেন, লোকসান হয় নি, সামান্য মার্জিন নিয়ে আমরা ব্যবসা করেছি, আমরা জনগণকে দিয়েছি, আমরা লাভ করেছি। মহারাষ্ট্র থেকে আমরা চিনি এনেছিলাম ৭ হাজার টন আমাদের মুখ্য-মন্ত্রীর চেষ্টায়— মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন কিংবা খুশি হবেন, আজকে বাজারে চিনির দাম কত আমি জানতে চাই, কলকাতায় আজকের খবর হচ্ছে ৩ টাকা ৫০ পয়সা কেজি। আমাদের গুদামে ৯,৬০০ মেট্রিক টন চিনি রয়েছে। এই চিনির কথা আমি প্রত্যেক জেলায় লিখছি, নিয়ে যান—কিন্ত কোন জেলা থেকে কোন রেসপন্স আসছে না। কলকাতায় আমরা বিজ্ঞাপন দিয়েছি এস্টাব্লিশমেন্টগুলিকে, কমার্শিয়াল হাউসগুলিকে, যে আপনারা ন্যায্যদামে চিনি কিনুন। কিন্তু কোন সাড়া পাওয়া যাচ্ছে না, কারণ খোলা বাজারে চিনির দাম পড়ে গিয়েছে, আমরা এই চিনিটা ৩ মাস ধ'রে ধ'রে রেখেছি, ব্যবসায়ীরা বুঝতে পারছে যে, চিনিটা বাজারে ছাড়লেই দাম পড়ে যাবে। এই যে বেনিফিট কনজিউমাররা পাচ্ছে

এটা কি কোন কোয়ান্টিফাই করা যায় না? অথচ এই সম্ভাবনা আছে, এই চিনি বেশিদিন ধ'রে রাখলে গলে যাবে, হয়ত চিনির খাতে কিছু লোকসান হয়ে যেতে পারে, কিন্তু চিনি আমাদের ধ'রে রাখতে হচ্ছে জনগণকে একটা রিলিফ দেওয়ার জন্য এবং সেই জনগণকে আমরা রিলিফ দিতে পেরেছি।

জনসাধারণকে সেই রিলিফ আমরা দিতে পেরেছি। আমাদের হাতে এই মজুত ভান্ডার রাখার এই সুযোগ হয়েছে। আমরা গ্রাম থেকে কড়াইয়ের ডাল কিনেছি ৬ হাজার টন। পশ্চিম বাংলায় এ জিনিস আর হয় নি। এই ডা'ল কিনেছি প্রডিউসারদের কাছ থেকে। আমরা যেখানে ১৪০ টাকা পার কুইন্টাল কিনেছি সেখানে দিনাজপুরে ৮০।৮২।৮৫ পয়সা পার কেজি ডাল বিক্রি হচ্ছে। আমরা এই ডাল কিনে বাফার স্টক করেছি যাতে ডালের দাম কমে যাবে। আমরা সুন্দরবন, পশ্চিম দিনাজপুর থেকে আড়াই হাজার মেট্রিক টন শুকনো লংকা কিনেছি। আপনারা যাঁরা সমালোচনা করেন তাঁরা দেখবেন এই লংকা যেটা কেনা শুরু করেছি—বাজারে সেটা ৮।৯ টাকা ক'রে বিক্রি করে, সেটা আমরা অনেক কম দামে বিক্রি করতে পারব। সুতরাং ডাইরেক্টরেট-এর মাধ্যমে কাজ শুরু করেছি তাতে জনসাধারণের সুবিধাই হবে। আমি ভেবেছিলাম আজ প্রফুল্ল সেন মহাশয় আসবেন এবং এখানে ভাষণ দেবেন। তাঁর সংগে আমার রাজনৈতিক মতভেদ প্রচন্ড। আমি যখন বিরোধী পক্ষে ছিলাম তখন তাঁকে নাস্তানাবুদ করতাম ব'লে হয়ত তাঁর মনে ক্ষোভ থাকতে পারে। কিন্তু খাদ্যের ব্যাপারে তাঁর অভিজ্ঞতা আমার চেয়ে বেশি। আজ তিনি কিছু গঠনমূলক সমালোচনা করবেন এটা আশা করেছিলাম। সি পি আই বন্ধুদের কাছ থেকেও শুনব। ১৯৬২ সাল থেকে আমি বলতে পারি বিধানসভায় যাঁরা তরুণ সদস্য এসেছেন—সি পি আই, আর এস পি এবং আমাদের পক্ষে এর মধ্যে অনেক ভাল বক্তা আছেন। স্যার, আপনিও একজন খ্যাতনামা বক্তা। এই সভায় এত এফেক্টিভ স্পীকার খুব কমই আছে। আমি সমালোচনায় ভীত নই। সমালোচনা ছাড়া গণতন্ত্র বাঁচে না। সেজন্য বলছি কঠোর সমালোচনা করুন, বাস্তববাদী সমলোচনা রাখুন। তবে যেটুকু ভাল হয়েছে সেটার স্বীকৃতি দিন এবং সমালোচনা যেন উদ্দেশ্যপ্রণোদিত না হয়। একথা ব'লে মন্তব্য, সমালোচনা, প্রস্তাব এবং গঠনমূলক সাজেশন-এর জন্য অপেক্ষা করছি।

Shri Timir Baran Bhaduri: Sir, I beg to move that the amount of the demand be reduced by Rs.100.

Shri Timir Baran Bhaduri: Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re.1

শ্রীশীশ মহম্মদঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ মন্ত্রিমহাশয় ৫৪নং গ্রান্টের আর্থিক ব্যয়বরাদ্দ দাবি যা উত্থাপন করেছেন সেই প্রসংগে কিছু সমালোচনা করছি এবং কিছু গঠনমূলক সমালোচনা আমি করব। আমি তাঁর বক্তৃতা খুব ধৈর্য সহকারে শুনলাম। তাঁর বক্তব্যের মধ্যে দিয়ে একটা জিনিস সুস্পষ্টভাবে বুঝলাম যে, ১৯৬২ সাল থেকে তিনি যে বাক্‌চাতুরী দেখাতেন আজ সরকার পক্ষে গিয়েও সেই জিনিস রেখে দিচ্ছেন এবং শেষকালে তিনি প্লীজ করার চেষ্টা করছেন। কারণ দেখছি খাদ্য দপ্তরের ভার নিয়ে তিনি যে পরিচয় দিচ্ছেন তাতে তিনি খাদ্য পলিসিকে সম্পূর্ণ ব্যর্থতায় পর্যবসিত করেছেন।

[4-50—5-00 p.m.]

সেজন্য তিনি আগেই পথটা পরিষ্কার ক'রে নিয়েছেন। তিনি যখন খাদ্য দপ্তরের ভার নিয়ে ছিলেন সেই সময় আমি দেখেছিলাম খবরের কাগজে হেড লাইনে লেখা ছিল এবং সংগে সংগে তাঁর ফটো বেরিয়েছিল যে, তিনি মানুষকে আর অখাদ্য-কুখাদ্য খাওয়াবেন না, বাংলাদেশের মানুষকে তিনি ভাল চা'ল দেবেন, ভাল গম দেবেন, আতপ চাল আর আসবে না, সিদ্ধ চাল খাওয়াবেন। স্যার; তাই আপনার মাধ্যমে জানাতে চাই, কয়েকটি গুদামের খবর শুনতে পেয়েছিলাম, সেখানে কিছু খাদ্য জমা ছিল সেগুলি নাকি অখাদ্যে পরিণত হয়েছিল, মানুষের

খাবার যোগ্য ছিল না, সেগুলিকে তালা বন্ধ ক'রে রাখা হয়েছিল। খুব ভাল কথা। কিন্তু এবারে দেখা গেল, সেই অখাদ্য-কুখাদ্যগুলিকে এখান থেকে ওখানে নিয়ে গিয়ে ওখান থেকে সেখানে নিয়ে গিয়ে আমাদের ঘরে পেঁৗছে দেবার চেষ্টা করলেন। স্যার, উনি আমাদের পশ্চিম-বঙ্গের জনসাধারণকে বিধবা ব্রত পালন করবার জন্য নির্দেশ দিয়ে দিলেন আতপ খাও। সিদ্ধ চাল দেওয়ার কথা, আতপ বন্ধ করার কথা তিনি নিজেই ঘোষণা করেছিলেন, অথচ আমরা দেখলাম কেবল আতপ আর আতপ। সিদ্ধ চাল তবু যা আমরা পাচ্ছি সেগুলি খাবার যোগ্য নয়। আমরা দেখতে পাচ্ছি, কলকাতা শহরে যে গম দেওয়া হচ্ছে সেই গম পশুর খাদ্য কি মানুষের খাদ্য তা ঠিক করা যাচ্ছে না। স্যার, আমি গমের স্যাম্পল নিয়ে এসেছি, গত পরশু-দিন কোন্ দোকান থেকে পাওয়া গেছে তাও আমার কাছে লেখা আছে, আপনি পরীক্ষা ক'রে দেখতে পারেন, তাতে কেবল গোবর, ছাগলের পায়খানা আছে। মিঃ স্পীকার, স্যার, আমাদের খাদ্যমন্ত্রীকে ১৯৬৭ সালে আমাদের মন্ত্রিসভার যুক্তফ্রন্টের মন্ত্রী হিসাবে দেখেছিলাম। তাঁকে আমরা দেখেছিলাম ১৯৬২ সালে বামপন্থী হিসাবে। তিনি বাগ্মী পুরুষ, যোগ্য কৌঁসুলী এই বিষয়ে কোন সন্দেহ নেই। তিনি চালের দাবিতে মাঠে-ময়দানে বিধানসভায় বলেছেন, পশ্চিমবঙ্গে যথেষ্ট খাদ্য আছে, পশ্চিমবঙ্গ সরকার সেটা আদায় করতে পারে নি। আজকে নিশ্চয়ই পশ্চিমবঙ্গের জনসাধারণ তাঁকে সেই আসনে বসিয়েছেন। তিনি প্রোকিওরমেন্টএর ব্যাপারে ঘোষণা করেছিলেন যে, তিনি পশ্চিমবঙ্গে ৩ লক্ষ টন সংগ্রহ করবেন।

তারপর আমরা দেখলাম, তিনি জানালেন, ১ লক্ষ টনের বেশি হ'ল না। (জনৈক সরকার পক্ষের সদস্যঃ আপনারা বাধা দিচ্ছেন।) স্যার, সরকার পক্ষের সদস্যের কাছ থেকে শুনতে হচ্ছে আমরা নাকি বাধা দিচ্ছি। তা হ'লে খাদ্যমন্ত্রী বলুন, এই বিরোধী দলগুলি খাদ্য প্রোকিওর-মেন্টে বাধা দেন এবং নানারকম চক্রান্ত সৃষ্টি ক'রে যাতে প্রোকিওরমেন্ট না হয় সেই চেষ্টা করেন। তিনি যদি একথা বলেন, তা হ'লে কি তিনি তার দ্বারা এটাই প্রমাণ করছেন না যে, বর্তমান খাদ্যমন্ত্রীও যুক্তফ্রন্ট সরকারের সময় এরকম চক্রান্ত করতেন? স্যার, কালোবাজারী, মজুতদারী, ফাটকাবাজরা যেমন আছে, ঠিক তেমনি সরকারেরও ডি আই আর আছে, মিসা অ্যাক্ট আছে। কিন্তু এইসব অ্যাক্টের মাধ্যমে তাদের কয়জনকে ঝোলান হয়েছে তার কোন নজীর আমাদের সামনে নেই। আমরা ভালভাবেই জানি ও'রা আপনাদের গুরুমহাশয়, ও'দের গায়ে হাত দিলে আপনাদের গদি টলমল, তাই গদি রক্ষা করবার জন্য ও'দের বাঁচিয়ে রাখতে হবে। স্যার, সরকার ঘোষণা করেছেন, পাইকারী ব্যবসাক্ষেত্র রাষ্ট্রীয়করণ করা হবে। সেদিন যখন বেসরকারী একটা বিল উত্থাপন করা হয়েছিল তখন আমরা দাবি করেছিলাম পূর্ণাঙ্গ রাষ্ট্রীয়-করণের। যাঁরা বেসরকারী বিল এনেছিলেন তাঁরা সেটা গ্রহণ করেন নি এবং আপনাদের কাছ থেকে সেই রাষ্ট্রীয়করণের একটা আভাস পর্যন্ত আমরা পাই নি। আমরা সাজেশনস্ রেখেছিলাম পূর্ণাঙ্গ রাষ্ট্রীয়করণ যদি হয়, তা হ'লে সরকার খাদ্য সংগ্রহ করতে নিশ্চয়ই পারবেন এবং একটা সুনির্দিষ্ট পথ অবলম্বন করতে পারবেন। কিন্তু এই সমস্ত কালোবাজারী, ফাটকাবাজ, মজুতদার যারা রয়েছে তাদের সুযোগ দেবার জন্য এটা আপনারা করছেন না। যারা পাইকারী ব্যবসায়ী, যারা আড়তদার তাদের দোকানের সামনে অল্প অল্প চাল এবং গম নিয়ে যে বিক্রি করছে তাতে কি প্রমাণ হচ্ছে? এতে প্রমাণিত হচ্ছে কালোবাজারী, মজুতদার এবং জোতদাররা আপনাদের থেকে অনেক বেশি চালাক—তাদের কাছ থেকে সময় সময় আপনারা শিক্ষা নেবেন। মাননীয় স্পীকার মহাশয়, আজকে মন্ত্রিমহাশয় বললেন, এর পর তিনি নাকি ডাল সাপ্লাই দেবেন। ছোলার ডাল সম্বন্ধে বলেছেন, সেই ডাল সাপ্লাই হ'লে বাজারে ডালের দর কমে যাবে। আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি, সেই ডাল পরীক্ষা ক'রে দেখেছেন কি, সেই ছোলার ডালের মধ্যে খেসারী ডাল আছে কিনা?

[5-00—5-10 p.m.]

প্রত্যেক জায়গায় ভেজাল, তেলে ভেজাল, লবণে ভেজাল, চালে ভেজাল, গমে ভেজাল, সর্বত্র ভেজাল। এই ভেজাল ধরবার মত আপনাদের কোন যন্ত্র তৈরি আছে ব'লে দেখতে পাচ্ছি না। তারপর রেশন ব্যবস্থার কথা। আমরা খুব তো লম্বা লম্বা বক্তৃতা শুনলাম, চলুন একবার

গ্রামের দিকে যাই—গ্রামের লোককে কি পরিমাণ রেশন দিচ্ছেন। উদাহরণস্বরূপ একটা কথা বলতে বাধ্য হচ্ছি, এখানে শুনলাম মন্ত্রিমহাশয় বললেন কলেজের প্রফেসরদের বেশি পরিশ্রম করতে হয়, তাই তাদের বেতন বেশি। মাধ্যমিক শিক্ষকরা তাদের থেকে কম পরিশ্রম করে, তাই তাদের বেতন কম। প্রাথমিক শিক্ষকদের বেতন কম কারণ তাদের পরিশ্রম নাই। তা হ'লে কলেজের অধ্যাপকরা কি আড়াই কেজি খান, আর প্রাথমিক শিক্ষকরা ২ কেজি খান। গ্রামাঞ্চলে মডিফায়েড রেশন সিস্টেম এমন যে মাঝে মাঝে রেশন পায়, অর্থাৎ কখনও পায়, কখনও পায় না। কিন্তু ক' মাস থেকে গ্রামাঞ্চলে রেশন বন্ধ ক'রে দেওয়া হয়েছে। এই যে সামান্য ৫০।৬০ গ্রাম চা'ল মানুষকে দেওয়া হয়, আচ্ছা, নিজের বুকে হাত দিয়ে বলুন তো, এই ৫০।৬০ গ্রাম চালে সপ্তাহ চ'লে কিনা?

শ্রীকাশীকান্ত মৈত্র: এত অসত্য কথা বলতে পারেন? ৫০ গ্রাম রেশন কোথায় দেওয়া হয়?

শ্রীশীশ মহম্মদ: আড়াই শো গ্রাম সপ্তাহে দিলে তাকে পার ডে ৫০ গ্রাম ছাড়া আর কি বলা যেতে পারে? হিসাব করলে তো তাই পড়ে। শহরাঞ্চলে দেখুন রেশনের পরিমাণ কমিয়ে দিয়েছেন—কেন তা হবে? আপনি তো প্রথমে বলেছিলেন পূর্ণভাবে রেশন ব্যবস্থা চালু রাখবেন। আজ আপনার এই ব্যর্থতা কেন এল, এর কারণ কি? আমরা জানি আমলারা, জোতদাররা, মজুতদাররা এবং ফাটকাবাজরা, এরা আপনাদের গুরুদেব -তাদের জব্দ করতে পারছেন না, এদের বাঁচিয়ে রাখার জন্যই আপনারা বলছেন বামপন্থী দল চক্রান্ত করছে। যদি কোন বামপন্থী দলের লোকেরা চক্রান্ত ক'রেই থাকে তার জন্য আপনারা কি ব্যবস্থা নিয়েছেন? কেবল মাঠে-ময়দানে বক্তৃতা দিয়ে জনসাধারণকে বিভ্রান্ত করবার চেষ্টা করছেন। জনসাধারণ কিন্তু তাতে বিভ্রান্ত হবে না। আজকে আপনার দপ্তর সম্বন্ধে আগেই স্বীকার করেছেন আপনার দপ্তরে অন্যায় বেশি হচ্ছে, অন্যায় ভরে আছে। গ্রামাঞ্চলে যিনি ইন্সপেক্টর আছেন তাঁকে ঘুষ দিতে হয়, ডিস্ট্রিক্ট কন্ট্রোলারকে ঘুষ দিতে হয়, কেরানীবাবুদের কিছু না দিলে টি ও চালান পাশ করা যায় না, তা না হ'লে রেশন দেবে না, ২।৩ দিন লেট হয়ে যাবে। ভিজিলেন্স কমিটির কথা বললেন—এই ভিজিলেন্স কমিটি ভালভাবে কাজ করুক দেশের সেবা করুক আপত্তি নেই। আর যান গ্রামাঞ্চলে দোকান দেওয়ার ব্যাপারে ইন্সপেক্টরকে ঘুষ লাগে, কন্ট্রোলারকে লাগে, কেরানীবাবুকে তদ্বির-তদারকির জন্য লাগে, যিনি যান এই ব্যাপারে তাঁকে, এখন আবার একটু বেড়ে গিয়েছে, ভিজিলেন্স কমিটির মেম্বারদের তাঁদের দিতে লাগে। এম এল এ-রা সাধু হ'তে পারেন, কিন্তু যে গভর্নমেন্ট নমিনী দিয়েছেন তারা পাড়াগাঁয়ে কি অবস্থা চালাচ্ছে গিয়ে দেখুন। ঘুষের পর ঘুষ দিতে হয়, তা না হ'লে দোকান মঞ্জুর হবে না। আর সেই দোকানদাররা পাঁচশো টাকা ঘুষ দিয়ে দোকান নেবে চুরি না করলে তাদের চলবে না। তেলের দিকে যদি যাই, তা হ'লে দেখব আমেরিকান সরষে তারা কিনছে, সেটা ভাঙ্গাচ্ছে। আমাদের পশ্চিমবঙ্গের ছোট ছোট তেলকলের মালিক তারা খাঁটি সরষে কিনে খাঁটি তেল উৎপাদন করতে পারছে না। কারণ ঐ আমেরিকান সরষের তেলের সঙ্গে এই খাঁটি সরষের তেলের দামের বিরাট তফাৎ। ফলে এদিক থেকে বেকারের সংখ্যা বাড়ছে। আর আরেকদিকে দ্রব্যমূল্য একের পর এক বেড়ে যাচ্ছে। আপনারা যে জিনিসটার কথা বলছেন যে, আপাতত এই জিনিসটার দরটা একটু বেশি হয়ে গেল তার উপর এটা তো কমছে না, তার সঙ্গে বাজারের অন্যান্য দ্রব্যের দরও বাড়ছে। আপনারা যেটাতে হাত দিচ্ছেন সেটার দর বাড়ছে, কয়লাতে হাত দিয়েছেন, কয়লার দর বেড়েছে। সব তাতেই ডাকাতি শুরু হয়েছে। আপনি বললেন পাঞ্জাবে, মধ্যপ্রদেশে চালের দর আড়াই টাকা, তিন টাকা। তার কি অর্থ আড়াই টাকা, তিন টাকা যেহেতু সেইজন্য আমাদের করতে হবে। কিন্তু তিন টাকা কেন হবে? একটা বলিষ্ঠ নীতি ঘোষণা করুন না কেন। কাজেই আমাদের পশ্চিমবঙ্গে যে খাদ্য ব্যবস্থা, যে পলিসি আপনি নিয়েছেন আমি মনে করি তা সম্পূর্ণ ব্যর্থতায় পর্যবসিত হয়েছে। এই ব'লে আমি আমার মোশন মুভ করছি এবং গ্র্যান্টের বিরোধিতা করছি।

শ্রীনাসিরুদ্দিন খান: মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে খাদ্যমন্ত্রী যে গ্র্যান্ট নম্বর ৫৪ অনুদানের অন্তর্গত '১২৪—সরকারী ব্যবসায়ে মূলধন বিনিয়োগ' খাতে ১৪ কোটি ১১ লক্ষ ৪৬ হাজার টাকার দাবি সভায় রেখেছেন তার উপর আজকে বলতে উঠে আমি একটা কথা আজকে বলতে চাই যে, একটা কথা জেনেছি গতবারে যে খাদ্যশস্য সেন্টার থেকে দিয়েছিল এই পশ্চিমবঙ্গকে সেই অনুপাতে এইবারে অনেক কম দিয়েছে সেটা আমি সেদিনকার প্রশ্নোত্তরের সময় জেনেছি। কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রিমহোদয় তথা হাউসের সকল সদস্যকে যাঁরা উপস্থিত আছেন তাঁদের একটা জিনিস জানবার জন্য অনুরোধ জানাচ্ছি।

[5-10—5-20 p.m.]

যে এই পশ্চিমবঙ্গে বিফোর পার্টিশন ২ লক্ষ ৫৫ হাজার একর জমিতে জুট উৎপন্ন হ'ত। এর পরে সেটা বৃদ্ধি পেয়ে ১১ লক্ষ ৬০ হাজার একরে এই জুট উৎপাদন দাঁড়িয়েছে। এই জুটের জমি ধানের জমি থেকেই হয়েছে এবং সেইসব জমিতে এখন ধান উৎপাদন বন্ধ হয়েছে। এই ৯ লক্ষ একর জমিতে যেখানে ধান উৎপাদন হ'ত সেই জমি আজ ধান উৎপাদন থেকে বঞ্চিত হয়ে পাট উৎপাদন হচ্ছে। আর এই পাটের যে টাকা—বাইরের থেকে ফরেন কারেন্সি যা আসে এই পাটের মাধ্যমে সমুদয় ভারতবর্ষের হিসাবে দেখা যায় সমস্ত ভারতবর্ষের যা ইনকাম তার তিন ভাগের এক ভাগ। এবং এটা শুধু পশ্চিম বাংলার পাট থেকেই হয়। চায়ের কথাও বলি, চা থেকে যে টাকা আয় হয় সেই টাকা চার ভাগের এক ভাগ পরিমাণ টাকা এই পশ্চিমবঙ্গের চা থেকে পাওয়া যায়। একটা জিনিস আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয় ও সদস্যদের কাছে রাখছি যে, পশ্চিমবঙ্গে খাদ্যে অনটন হবে কেন? যেখানে সেন্টার একটা প্রভূত ইনকাম এই পশ্চিমবঙ্গের পাট থেকে পায় তার ধানের জমি নষ্ট ক'রে যেখানে পাট উৎপন্ন হয় সেখানে কোন্ হিসাবে এই পশ্চিমবঙ্গে খাদ্যশস্যের ঘাটতি পড়বে? যেখান থেকে একটা বিরাট জাতীয় ইনকাম মোট তিন ভাগের এক ভাগ এই পশ্চিমবঙ্গ থেকে হয় অথচ দেখা গেল খাদ্যশস্য গত বছরের তুলনায় এবার কম দেওয়া হ'ল সেন্টার থেকে এবং শুধু যে এ বছরই কম দেওয়া হ'ল তা নয়, প্রত্যেক বছরই দেখা যাচ্ছে ঘাটতি, ঘাটতি আর ঘাটতি। প্রয়োজন মেটাবার মত ক্ষমতা কি এই পশ্চিমবঙ্গের এক বছরও হ'ল না! এটা কেন আমরা হ'তে দেব? আমাদের এই পশ্চিমবঙ্গের বিধানসভায় এমন কি কোন সিদ্ধান্ত নিতে পারি না আমরা কি দাবি করতে পারি না সেন্টারের কাছ থেকে যে, যেখান থেকে এই রকম একটা বিরাট ইনকামের অঙ্ক- সমস্ত ইনকামের তিন ভাগের এক ভাগ পাওয়া যায় অথচ এই পশ্চিমবঙ্গে খাদ্যশস্যের অভাব হবে কেন? আমি মনে করি যে, পশ্চিমবঙ্গের প্রতি কোন একটি কারণে সেন্টার একটা অনমনীয় মনোভাবের পরিচয় দিচ্ছে। এটা আমরা চাই সেন্টার আমাদের যে দাবি, আমাদের যে অধিকার যে আমরা প্রচুর জমি নষ্ট করেছি জুট উৎপাদন করতে গিয়ে এবং খাদ্যশস্য আমরা কমিয়ে ফেলেছি পশ্চিমবঙ্গে এবং তাতে সেন্ট্রালের বিরাট একটা ইনকাম হচ্ছে। আর সেইখানে খাদ্যশস্যের অভাব, ঘাটতি বরাবরের জন্য থেকে যাবে, তার প্রতিকার একটা হবে না। একা খাদ্যমন্ত্রীর কোন পলিসিতে ত্রুটিবিচ্যুতি আছে কিনা সে নিয়ে আমরা অনেক সমালোচনায় অবতীর্ণ হচ্ছি এবং চিরদিন হয়ে এসেছি এবং আজও হচ্ছি। যদি সেন্ট্রাল থেকে খাদ্যশস্যের ঘাটতি মেটাবার জন্য তাঁরা সিদ্ধান্ত না নেন তবে এই পশ্চিমবঙ্গের খাদ্য দপ্তর যাই নিন না কেন কারও পক্ষেই প্রয়োজন মেটানো সম্ভবপর নয়। যে পলিসিই অ্যাডাপ্ট করুন না কেন, কিছুতেই সম্ভবপর নয়। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে সভার কাছে আবেদন রাখছি যে, পশ্চিমবঙ্গের এই খাদ্য ঘাটতির সমস্যার সমাধানের দায়িত্ব সেন্টারকে সম্পূর্ণভাবে নিতে হবে এবং এই দাবি আমাদের রাখতে হবে এবং সেন্ট্রালের কাছ থেকে আমাদের অধিকার আদায় করতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এই আতপ চাল, আর সিদ্ধ চাল খাওয়ার ব্যাপারটা অনেকেই বুঝতে পারেন, কিন্তু আমি বিশেষ বুঝতে পারি না। তবে একটা জিনিস বুঝেছি যে, এই আতপ চাল খেতে বুকে একটু জ্বালা করে হয়ত বা অভ্যাস নেই ব'লে এই জ্বালা করে। এই আতপ চাল আর সিদ্ধ চালের ব্যাপার নিয়ে মাননীয় শীশ মহম্মদ সাহেব অনেক বক্তব্য রাখলেন যে, ভাল সিদ্ধ চাল খাওয়াবেন বলেছিলেন মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়, এখন আর পারছেন না, সেই আতপ চালই খাওয়াচ্ছেন। এই একই ধান থেকে আতপ চাল আর

সিদ্ধ চাল হচ্ছে। আমার মনে হয় এই সিদ্ধ চাল করতে খরচ একটু বেশি হয়। এই আতপ উঠিয়ে দিয়ে কোন্ রাস্তায় গেলে বিপুল পরিমাণে সিদ্ধ চাল পাওয়া যাবে সেই রকম কোন ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে কিনা মাননীয় মন্ত্রিমহোদয়ের সেরকম কিছু জানা থাকলে আমাদের একটু জানিয়ে দেবেন, বিনয়ের সঙ্গে সেই আবেদন আমি আপনার মাধ্যমে মন্ত্রি-মহাশয়কে জানিয়ে দিচ্ছি। আর একটি কথা মাননীয় শীশ মহম্মদ সাহেব খুব বাস্তব কথা তুলেছেন, যে কথায় আপনারা খুব হৈ চৈ ক'রে উঠেছেন। এটা অতীব সত্য কথা। হাউস মাত করার জন্য আমি বলছি না। সেটা হচ্ছে ইন্সপেক্টরদের ব্যাপার, আপনারাও এটা জানেন, কিন্তু স্বীকার করছেন না। রেশন দোকানদারদের কাছ থেকে ইন্সপেক্টরদের একটা ঘুষের কোটা আছে। এটা সত্য কথা। এটা একেবারে সপ্তাহের জন্য অ্যালট করাই আছে। প্রতি সপ্তাহে তারা রেশন দোকানদারদের কাছ থেকে একটি ক'রে ঘুষের কোটা নেয় এবং সেটা কিভাবে রেশন দোকান-দারদের কাছ থেকে তুলে নিয়ে আসে সে কথা আপনারা হয়ত নিশ্চয় জানেন। আপনারা যদি বিস্তারিত শুনতে চান আমি শুনিয়ে দিতে পারি। আমার কিছুদিন রেশনের দোকান ছিল। আমি সামলাতে পারি নি ব'লে ছেড়ে দিয়েছি। সেই হিসাবে আমার একটা অভিজ্ঞতা আছে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমাদের মাননীয় খাদ্যমন্ত্রী তিনি নিজের সমালোচনা নিজেই তীব্রভাবে করেছেন, অনেক জিনিস তিনি পারেন নি, এই কথা তিনি নিজেই স্বীকার করেছেন। এজন্য আমি তাঁকে ধন্যবাদ দিচ্ছি।

[5-20—5-30 p.m.]

তবে তিনি তাঁর দপ্তরের সমালোচনা নিজেই যথেষ্ট করেছেন। তিনি বলেছেন, দুর্নীতি রোধের প্রচেষ্টা দুর্নিবার গতিতে আমরা চালিয়ে যাব। রেশনের ব্যাপারে ভিজিলেন্স তিনি করেছেন এবং সেই ভিজিলেন্সে যদিও আমরা আছি অঞ্চল প্রধান হিসাবে, কিন্তু আমি বলব, এটা ইনঅ্যাকটিভ ভিজিলেন্স। এই ভিজিলেন্সে দুর্নীতি রোধ করা একটা শক্ত ব্যাপার। অবশ্য আমাদের শ্রদ্ধেয় মন্ত্রিমহাশয় ভেবেছিলেন এই দুর্নীতি নিশ্চিতভাবে দমন করা সম্ভবপর। তারপর স্যার, আর একটা বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের এই পশ্চিমবঙ্গের বুকে মোটামুটি ৫৫ থেকে ৫৬ লক্ষ নন-ফুড প্রডিউসিং ফ্লোটিং পপুলেশন আছে, তারা বাইরের লোক, নানানভাবে এই পশ্চিমবঙ্গে আছে। কাজেই এখানে ফুড শর্ট পড়ার একটা বিশেষ কারণ আছে। সেইজন্য সেন্টারকে এ বিষয়ে অবহিত ক'রে তাদের উপর বিশেষ চাপ সৃষ্টি করা দরকার যাতে সেন্টার থেকে আমাদের প্রয়োজনমত খাদ্য আমরা পেতে পারি। আমি যে যে বিষয় এখানে উত্থাপন করলাম সেসব বিষয়ে কিছু করা যায় কিনা অ মন্ত্রিমহাশয়কে চিন্তা করতে বলছি এবং সব শেষে বলছি, আমরা যতই সমালোচনা করি না কেন এটা স্বীকার না ক'রে পারছি না যে, আমাদের যিনি খাদ্যমন্ত্রী তিনি শুধু খাতা-কলমেই খাদ্যমন্ত্রী নন, আন্তরিক-ভাবে আপ্রাণ চেষ্টা তিনি চালিয়ে যাচ্ছেন। তাঁর এই চেষ্টার জন্য তাঁর প্রশংসা না ক'রে পারলাম না। এই কথা ব'লে আমি শেষ করলাম।

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের এই বিধানসভায় খাদ্যমন্ত্রী তাঁর খাদ্য বিভাগের জন্য যে ১৪ কোটি ১১ লক্ষ ৪৬ হাজার টাকা মঞ্জুরীর জন্য এনেছেন, আমি সানন্দে নিশ্চয়ই তা অনুমোদন করছি এবং সঙ্গে সঙ্গে স্বীকার করছি যে, তাঁর যে আন্তরিক প্রচেষ্টা—পশ্চিমবঙ্গের মানুষকে খাওয়াবার চেষ্টা তিনি করছেন। একটু আগে বিরোধী বন্ধুরা অনেক সমালোচনা করলেন। আজকে সরকারী পক্ষের প্রথম বক্তা হিসাবে তাঁদের বলব এবং তাঁদের একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই, এর আগে যুক্তফ্রন্ট সরকারের আমলে পাঁচ টাকা কেজি পর্যন্ত চালের দাম উঠেছিল। কিন্তু আমরা জানি না, তাঁরা সেদিন বিধানসভার ভেতর এইরকম সরব ছিলেন কিনা। এই চালের দর বৃদ্ধির সঙ্গে সঙ্গে সরকার সব পুলিসকে শিখিয়ে দিয়েছিল গুলী করো, তাতে মানুষ মরল এবং খাদ্য আন্দোলনের নামে একটা বিভীষিকার সৃষ্টি করেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই খাদ্যনীতির সমর্থনে বলতে গিয়ে কিছু কিছু জায়গায় আমার কিছু কনস্ট্রাকটিভ সাজেশন আছে। সেটা হচ্ছে এই, মাননীয় খাদ্যমন্ত্রীর সৎ প্রচেষ্টা থাকলেও এই কথা স্বীকার করতে হবে যে, তাঁর ঐ বিভাগের সরকারী আমলারা

এবং সরকারী কর্মচারীদের একাংশ এবং মহামান্য পুলিস এবং পুলিসের আমলাদের একাংশ যাদের উপর দায়িত্ব দেওয়া আছে, তাঁরা সরকারের এই কর্ডনিং প্রথা, এই কর্ডনিং প্রথাকে চালু রাখার ব্যবস্থা করেন যাতে ক'রে চোরাকারবারী না হয়, সেটা লক্ষ্য রাখবেন, সেই দায়িত্ব তাঁরা নিষ্ঠার সঙ্গে পালন করবেন। আমি জানি না যে কর্ডনিং প্রথা চালু আছে তার কি নাম হবে ইন্টার-ডিস্ট্রিক্ট কর্ডনিং, না ইন্টার-থানা কর্ডনিং, না ইন্টার-সাবডিভিসনাল কর্ডনিং। কাটোয়া থেকে মঙ্গলকোটে চাল নিয়ে আসছে হয়ত লোকে বিক্রি করতে এবং সেই পয়সা দিয়ে হয়ত তারা সারাদিনের সংসার খরচ চালাবেন। কিন্তু চাল যখন মঙ্গলকোটে আমদানি করা হ'ল, তখন তাদের উপর কেস দেওয়া হচ্ছে। ফলে চাষীদের মনে একটা আতঙ্ক সৃষ্টি হচ্ছে। আমি যেটা বলতে চাইছি, ইনফ্লো অর্থাৎ চাল যখন ঢুকছে তখন তাদের উপর লাঠি পেটানো হচ্ছে। কিন্তু আউটফ্লো যখন হয়, তখন সেখানে পুলিসের তৎপরতা আমরা দেখতে পাচ্ছি না। আমি মনে করি পুলিসের আমলাদের একাংশ আমাদের এই যে খাদ্য নীতি, এই খাদ্য নীতিকে বানচাল করছে। এই সম্পর্কে সজাগ এবং সতর্ক দৃষ্টি দেওয়া প্রয়োজন। আমরা বহুবার বলেছি যে, আমাদের চাল এবং গমের ব্যবসা পুরোপুরিভাবে সরকারকে হাতে নিতে হবে, মাঝখানে কোন ব্যক্তিগত মালিকানা থাকবে না। এর ফলে একটা চোরাকারবারী, ফাটকাবাজী প্রভৃতি আমাদের এই সমস্ত ব্যবসাটাকে বানচাল ক'রে দিচ্ছে এবং ভবিষ্যতেও দেবে। সুতরাং আশু যেটা প্রয়োজন দাম-দস্তুর, খাদ্যনীতি সব ছেড়ে সেই স্টেট ট্রেডিং অব ফুড এটার দিকে সর্বাগ্রে দৃষ্টি দেবার প্রয়োজন আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার যে বক্তব্য আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রীর কাছে পোঁছে দিতে চাই সেটা হচ্ছে আমাদের এই যে খাদ্য নীতি বা ব্যবস্থার মধ্যে আমরা গ্রাম বাংলার প্রতিনিধিরা মনে করি যে, একটু বৈষম্য রয়েছে। গ্রামের মানুষ ঠিক সময়ে তাদের সামান্য চাহিদা অনুযায়ী চিনি তাঁরা পান না, দু-তিন মাস ধ'রে এক-একটা গ্রামে হয়ত চিনিই গিয়ে পেঁছয় নি। কেন, গ্রামের মানুষ কি চিনি খেতে পারে না? আমরা দেখছি শহরে কত করে চাল হবে, ডাল হবে এই সব পরিমাণের কথা বলা হয়েছে—কলকাতা শহরে ন্যায্য-মূল্যে ডাল দেওয়া হবে, তার কথা বলেছেন। মাননীয় খাদ্যমন্ত্রীর কাছে আমার অনুরোধ এই যে, শহরের কথা শুধু বলেছেন, কলকাতাকেন্দ্রিক চিন্তা করেছেন তাঁর খাদ্য নীতির মধ্যে এবং খাদ্য ব্যবস্থার মধ্যে শুধু কলকাতার চিন্তা-ভাবনা না ক'রে সুদূর গ্রাম বাংলার অন্ধকারের মধ্যে হাজার হাজার লক্ষ লক্ষ মানুষ যে বাস করছে, তাদের জন্য ন্যায্যমূল্যে নিত্যপ্রয়োজনীয় জিনিস যাতে দেওয়া যায়, সেই সম্পর্কে সক্রিয় ব্যবস্থা তিনি অবিলম্বে গ্রহণ করুন। তা যদি না করা যায়, তা হ'লে পল্লীগ্রামের মানুষ একদিন আন্দোলনের পথে নামবে।

[5-30—5-40 p.m.]

শ্রীকামাখ্যানন্দন দাস মহাপাত্র: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই আমার পূর্ববর্তী বক্তা মাননীয় সুব্রতবাবুকে অভিনন্দন জানাচ্ছি স্টেট ট্রেডিং-এর পক্ষে তিনি বক্তব্য রেখেছেন ব'লে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আমার আলোচনাকে কেন্দ্রীভূত করব আমাদের পশ্চিম বাংলার ইন্টারন্যাল প্রোকিওরমেন্টের বিষয়ে। মাননীয় কাশীকান্তবাবু অনেক কথা বলেছেন, কিন্তু পশ্চিম বাংলার ধান-চালের প্রোকিওরমেন্টের ব্যাপারে আজকে যখন তিনি তাঁর ব্যয়বরাদ্দ উত্থাপন করছিলেন তখন তিনি একটা কথাও উপস্থিত করেন নি। গতকাল প্রশ্নোত্তরের সময় তিনি স্বীকার করেছেন যে, পশ্চিমবাংলায় তাঁর প্রোকিওরমেন্ট ফেল করেছে। মাননীয় কাশী-কান্তবাবু তার জন্য বিভিন্ন রাজনৈতিক দলগুলিকে দায়ী করেছেন। একজন দায়িত্বশীল মন্ত্রীর কাছ থেকে আশা করেছিলাম অন্য কিছু কারণ জানতে পারব। এটা কি সত্যি যে, আজকে পশ্চিম বাংলায় প্রোকিওরমেন্ট ফেল করছে, কিছু কিছু রাজনৈতিক দল বাধা সৃষ্টি করছে সেইজন্য? যখন সারা ভারতবর্ষে গমের পাইকারী ব্যবসা নিয়ন্ত্রণ করা হচ্ছে, যখন হোলসেল ট্রেড টেকওভার করার জন্য কথা হচ্ছে, তখন আমাদের দুর্ভাগ্য পশ্চিম বাংলার খাদ্যমন্ত্রী মাননীয় কাশীকান্তবাবু, তিনি হোলসেল ট্রেড নেওয়ার বিরুদ্ধে নীতিগতভাবে এই কথা বলেছেন এবং তার পিছনে নানান যুক্তি খাড়া করেছেন। বলছেন ৫০ লক্ষ টাকা লাগবে, গোডাউনের অসুবিধা আছে ইত্যাদি নানারকম যুক্তি খবরের কাগজে দেখছি।

শ্রীকাশীকান্ত মৈত্র: অসত্য কথা।

শ্রীকামাখ্যানন্দন দাস মহাপাত্র: আজকে তিনি বলছেন অসত্য কথা। তাঁর বিভিন্ন বক্তৃতা, যেগুলি খবরের কাগজে বেরিয়েছে তাতে দেখা গিয়েছে। আর সত্য কি অসত্য যাচাই হবে কাজে, কথায় নয়। হোলসেল ট্রেড যদি আজকে কাশীবাবু হাতে নিতে পারতেন, তা হ'লে পশ্চিম বাংলার আজকে আমরা নিশ্চয়ই অন্য চেহারা দেখতাম। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি অন্য একটা বিষয়ে আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করতে চাই, আপনি নিশ্চয়ই জেনেছেন খবরের কাগজের মাধ্যমে। ২১এ মার্চ সারা ভারতবর্ষের বিভিন্ন ব্যবসায়ীরা লক-আউট ঘোষণা করেছেন, ধর্মঘট ঘোষণা করেছেন। দিল্লীতে তাঁদের সম্মেলন হয়ে গিয়েছে, সেই সম্মেলন থেকে তাঁরা ২১এ ধর্মঘট ঘোষণা করেছেন, তাঁরা জেহাদ ঘোষণা করেছেন কেন্দ্রীয় সরকারের গমের পাইকারি ব্যবসা রাষ্ট্রায়ত্ব করার যে নীতি সেই নীতিকে বানচাল করবার জন্য। তাঁরা বলেছেন, ২১এ মার্চ হরতালই শুধু নয়, তারপর তাঁরা আরও জোরদার আন্দোলন করবেন। আমি আমার কংগ্রেসী বন্ধুদের একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই, পাইকারী ব্যবসায়ীদের দিল্লীতে সম্মেলন হয়েছে, তার মধ্যে কিছু কিছু ব্যবসায়ী নীতিগতভাবে এই ব্যবস্থাকে সমর্থন করেন এই সন্দেহে এবং অবশেষে মতবিদ্বেষী হওয়ায় তাঁদের কনফারেন্স এক মাসের জন্য বন্ধ হয়ে গেল।

সমগ্র ভারতবর্ষে যে জিনিস হচ্ছে ফুড ফ্রন্ট একচেটিয়া বড় বড় ব্যবসায়ীরাও সে জিনিসটাকে সংগঠিত করছে। আজ যে অশুভ শক্তিমন্ত্রে অন্ধকার ঘনীভূত করেছে, উড়িষ্যাতে যা করেছে, আসামের বুকে যে ভাতৃঘাতী দাঙ্গা করেছে সেই শক্তিই আজ ভারতবর্ষের মানুষকে না খাইয়ে মারবার চক্রান্ত করছে। ২১শে মার্চ স্ট্রাইক-এর মাধ্যমে তারা এই জেহাদ ঘোষণা করেছে। পশ্চিম বাংলার মত রাজ্যে এই অশুভ শক্তির মোকাবিলা করার জন্য আগে থেকে প্রস্তুতি দেখলাম না এবং খাদ্যমন্ত্রীও খাদ্যশস্যের পাইকারী ব্যবসা হাতে নিলেন না। আপনারা জানেন তিনি কি নীতি ঘোষণা করেছেন। এফ সি আই-এর মাধ্যমে অবশ্য তিনি কিছু ধান কিনেছেন। কিন্তু তিনি বলছেন এতে বিভিন্ন রাজনৈতিক দল বাধা সৃষ্টি করছেন। আপনি বলতে পারেন জনসাধারণের সহযোগিতা ছাড়া কবে, কোথায় কোন ডি-হোর্ডিং হয়েছে? গ্রামের জোতদার মজুতদাররা কোথায় ধান লুকিয়ে রাখে কে না জানে। কিন্তু সেই জনসাধারণকে যদি সেই ডি-হোর্ডিং-এর বিরুদ্ধে উদ্বুদ্ধ না করা যায়, জনসাধারণের ডাইরেক্ট হেল্প না নেন এবং আমলা অফিসারদের দিয়ে ডি-হোর্ডিংকে সাকসেস করাতে চান, তা হ'লে কিছুই হবে না। অনেকে যুক্তফ্রন্টের আমলে ৫ টাকা কেজি চা'লের কথা বলেছেন। কিন্তু এটা জানা আছে যে, ১৯৬৭ সালে যখন যুক্তফ্রন্ট গভর্নমেন্ট তৈরি হয়েছিল, তার আগেই প্রোকিওরমেন্ট টাইম শেষ হয়। সে সময় ছিল প্রফুল্ল সেনের সরকার। সেই ১৯৬৭ সালে কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গকে ১০ লক্ষ টন গম এবং ১·৮ লক্ষ টন চা'ল দিয়েছিলেন। এবার ১৯৭২ সালে কেন্দ্রীয় সরকার দিয়েছেন ১৪·২ লক্ষ টন গম এবং ৬·৬ লক্ষ টন চা'ল। এটা কি বিচার ক'রে দেখবেন না? তা ছাড়া প্রোকিওরমেন্ট টাইম তখন ছিল না। সঙ্গে সঙ্গে একথা বলতে চাই যে, শুধু খাদ্যশস্যের পাইকারী ব্যবসায়ীরা যুদ্ধ ঘোষণা করেছে তা নয়। সংবাদপত্রে সকলেই দেখেছেন যে ডি-হোর্ডিং এর কথায় ওয়ার্ল্ড ব্যাঙ্ক-এর লোকেরা ভারতবর্ষে এসে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে হুইট ন্যাশনালাইজ করার পলিসি সম্বন্ধে তথ্য চেয়েছে। সংবাদপত্রে এও দেখেছি যে, তারা কেন্দ্রীয় সরকারকে এবিষয়ে ধমকও দিয়েছে যে, পাইকারী ব্যবসা রাষ্ট্রায়ত্ত করলে ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে সাহায্য বন্ধ হতে পারে। খাদ্য বিষয়টা শুধুমাত্র এক মুঠো চা'ল, চিনি, গম, ডা'ল ইত্যাদির ব্যাপার নয়, এই খাদ্যকে কে কবজা করছে না করছে তার উপর নির্ভর করে সমাজের শক্তি বিন্যাসের প্রভাব কতখানি। গ্রামাঞ্চলে জোতদার, মহাজনেরা একদিকে যেমন জমি নিয়ে তাদের ক্ষমতা বজায় রাখে অন্যদিকে তেমনি খাদ্য মজুত করে রেখে সমাজে তারা প্রভাব বিস্তার করে। তাই ভারতবর্ষে যখন গমের পাইকারী ব্যবসা হাতে নেবার নীতি ঘোষণা করা হয়েছে তখন ভারতবর্ষের বাহিরের সাম্রাজ্যবাদী শক্তি এবং মধ্যেকার চরম প্রতিক্রিয়াশীল শক্তি ভারতবর্ষের মানুষকে না খাইয়ে মারার ষড়যন্ত্র করছে। এক্ষেত্রে আপনি জবাব দিন পশ্চিমবঙ্গের মিলগুলিকে ৫০ পারসেন্ট কালোবাজারী করার সুযোগ ছেড়ে দিয়ে আপনি কি পারবেন পশ্চিমবাংলাকে দুর্ভিক্ষের হাত থেকে রক্ষা করতে।

[5-40—5-50 p.m.]

আমি তো একথা বুঝি না কোথায় বাধা আছে? ভূমিরাজস্বমন্ত্রী বার বার বলেছেন, লক্ষাধিক জমি হাইকোর্টে ইনজাংসান ক'রে জোতদাররা আটকে রেখে দিয়েছে, যে আইনের ফলে সরকার সেই জমি নিতে পারছেন না, হাইকোর্টে ইনজাংসান রয়েছে, আমি মাননীয় কাশীবাবুর কাছ থেকে জানতে চাই, সেই জমির ফসলটা দখল করতে আপত্তি কোথায়? সেই লক্ষাধিক জমির ফসল তো আদায় করতে পারি এবং সেইভাবে খাদ্য সংগ্রহ করতে পারি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত দুঃখ এবং ক্ষোভের সংগে একথা বলতে হচ্ছে, আজকে একচেটিয়া পুঁজিপতিরা ভারতবর্ষের খাদ্যশস্যের রাষ্ট্রীয়করণের বিরুদ্ধে যে কথা বলে সেই একই যুক্তি একই তথ্য মাননীয় কাশীবাবু এখানে উপস্থাপিত করেছেন। তাঁর বক্তব্য টাকা কোথায়, ৫৫ কোটি টাকা কোথায় পাব? সেই টাকা ন্যাশনালাইজড ব্যাংক থেকে পাবেন। খাদ্যশস্যের হোলসেল ট্রেডের রাষ্ট্রীয়-করণের জন্য ব্যাঙ্ককে বলুন যে, টাকা ব্যাঙ্ক থেকে আগামী বছরের জন্য বড় বড় ব্যবসাদাররা পাবে সেই টাকা ব্যবসাদারদের দেবেন না, সেই টাকা আমি পাব। ১৯৬৭ সালে ব্যাংক ন্যাশনা-লাইজড ছিল না, কিন্তু আজ এই ব্যাংক কেন্দ্রীয় সরকার কন্ট্রোল করেন, কেন্দ্রে কংগ্রেস নেতৃত্ব, এখানে কংগ্রেসের বাহন, সুতরাং যে সমস্ত যুক্তি এখানে উপস্থাপিত করেছেন সেই যুক্তি ভ্রান্ত, অচল। আমি কংগ্রেসী বন্ধুদের অনুরোধ করব, আজকে পবিত্র দায়িত্ব হচ্ছে ভ্রান্ত খাদ্যনীতি থেকে পশ্চিমবংগকে রক্ষা করা। আমি কোন ব্যক্তির বিরুদ্ধে কোন ব্যক্তিকে আক্রমণ করতে চাই না, কিন্তু আজ যদি ভ্রান্ত খাদ্যনীতি থেকে পশ্চিমবংগকে রক্ষা করতে হয়, তা হ'লে দিল্লী আমাদের খাদ্য দিচ্ছে না তাকে খাদ্য চাইব, কিন্তু তার আগে আমার নিজের দায়িত্ব যদি পালন করতে না পারি, তা হ'লে আমার কি মোরাল রাইট আছে দিল্লীর কাছে আরো খাদ্য চাওয়ার? আমি পশ্চিমবঙ্গের আভ্যন্তরীণ খাদ্য সংগ্রহকে সাফল্যমণ্ডিত না ক'রে সুচতুরভাবে প্রতিক্রিয়া-শীলদের পক্ষে ওকালতি করব আর পশ্চিমবংগকে ঠেলে দেব দুর্ভিক্ষের মুখে, পশ্চিমবঙ্গের কংগ্রেসের মুখে এই যুক্তি বাস্তবে চলতে পারে না। আমি আশা করব, আমাদের কংগ্রেসী বন্ধুরা কংগ্রেসের মধ্যে যাঁরা গণতন্ত্রী আছেন তাঁরা পশ্চিমবঙ্গের ভ্রান্ত খাদ্যনীতি থেকে পশ্চিম-বংগকে উদ্ধার করবেন এবং এই ভ্রান্ত খাদ্যনীতির যিনি প্রবর্তক কাশীবাবু তাঁকে সেই ভ্রান্ত খাদ্যনীতি থেকে সরিয়ে এনে সঠিক পথে উপস্থাপিত করবেন এই আশা ভরসা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসনৎকুমার মুখার্জী: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, একমাত্র ভারতবর্ষ ছাড়া বোধ হয় পৃথিবীতে এই রকম খাদ্য নিয়ে রাজনীতি করা চলে না। আজকে যেভাবে আমার বিরোধী আর এস পি দলের বন্ধু এবং সি পি আই দলের বন্ধু বলছেন, তাতে নিজেকে পাবলিসিটি করতে চাইলেন। কিন্তু পৃথিবীতে আজ পর্যন্ত কোথাও খাদ্য নিয়ে রাজনীতি হয় নি, দলমত নির্বিশেষে সেখানে এই খাদ্য সমস্যা সমাধানের চেষ্টা করে। এই সেদিন রাশিয়া এবং চীন দুটো দেশই আমেরিকা থেকে তাদের খাদ্য নিয়ে এসেছে, কোন কাগজে তো এর বিরুদ্ধে বলা হয় নি। অথচ আমাদের দেশে খাদ্য নিয়ে রাজনীতি চলে। আমাদের এখানে আবার খাদ্য নিয়ে রকমফের আছে—কেউ ছাগল খাবে, খাসি খাবে না, কেউ খাসি খাবে, পাঁঠা খাবে না, কিন্তু মুরগির বেলায় দুটোই প্রযোজ্য। সিদ্ধ চা'ল, না আতপ চা'ল—যেখানে খাদ্যের অভাব সেখানে এই বিলাসিতা কেন? বিলাসিতা কাদের সাজে? আমাদের অন্তত এই বিলাসিতা সাজে না। আজকে আমাদের দেশে ১২ মাসে ১৩ পর্ব লেগেই আছে—বিয়ে, শ্রাদ্ধ, অন্নপ্রাশন, পরীক্ষায় পাশ, এগুলিকে কেন্দ্র ক'রে একজন আর একজনকে খাওয়াচ্ছে। প্রত্যেক দিন হাজার হাজার লোক খাচ্ছে। সেখানে যে খাদ্যের অপচয় হচ্ছে তার বিরুদ্ধে তো একটা কথা কেউ বলছেন না। আমি কাশী-বাবুকে অনুরোধ করব, তিনি যে খাদ্যনীতি নিয়েছেন সেই খাদ্যনীতিকে আজকে পশ্চিমবঙ্গে রুথলেসলি ইমপ্লিমেন্ট করুন। আজকে দেখছি পশ্চিমবঙ্গ ডেফিসিট এস্টেট, এখানে ১/৪ ভাগ প্রোকিওরমেন্ট হয়, আর বাকি থ্রি-ফোর্থ আসে সারপ্লাস স্টেট হরিয়ানা এবং পাঞ্জাব থেকে। বর্তমানে কোয়ালিটি কন্ট্রোল নিয়ে মন্ত্রিসভা এন সি রায়ের নেতৃত্বে যে এনকোয়ারী করিয়েছেন সেই রিপোর্ট সদস্যদের মধ্যে বিলিয়ে দেওয়া হয়েছে।

তিনি গোডাউন সিজ করেছেন, নানা রকম কাজ করেছেন, কাজেই কোয়ালিটি বেটার করবার জন্য তাঁর যে চেষ্টা রয়েছে সে বিষয়ে কোন দ্বিমত নেই। কিন্তু একটা জিনিস আমি দেখলাম, এফ সি আই-কে কেউ কিছু বললেন না। এটা অত্যন্ত সেন্ট্রালাইজড বডি, পাওয়ারফুল বডি। আমরা জানি পাওয়ার মিনস্ করাপসন, অ্যাবসলিউট পাওয়ার, অ্যাবসলিউট করাপসন। আমরা দেখেছি যে মুহূর্তে তারা চিনি হাতে নিয়েছে সেই মুহূর্তে চিনির কোয়ালিটি নষ্ট হয়েছে। কাজেই আমি পরিষ্কার জানাতে চাই, আমাদের স্টেট কর্পোরেশন গঠন করতে হবে—দ্বিতীয় কোন রাস্তা নেই। আমরা নন-এসেনসিয়াল কমোডিটিস ডাইরেকটোরেট গঠন করেছি, বাফার স্টক ক'রে মজুতদারদের আতঙ্ক সৃষ্টি করেছি—এগুলি অভিনন্দনযোগ্য। তারপর, শালিমার গোডাউনে কাপড়ের বেল বাজেয়াপ্ত করার পর দেখলাম সঙ্গে সঙ্গে রেলওয়ের আইন সংশোধন করা হ'ল—এটাও অভিনন্দনযোগ্য এবং আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। আমরা এই যে নন-এসেনসিয়াল কমোডিটিস ডাইরেকটোরেট গঠন করেছি এটা শুধু বাফার স্টক নয়, এটা আমাদের বেকার সমস্যার সমাধানের একটা সুষ্ঠু পথ। আমরা দেখেছি বাঙ্গালী ছেলেদের চাকুরি দেওয়া যাচ্ছে না। কিন্তু এই সেল্ফ-অ্যাপয়েন্টমেন্ট-এ দেখেছি হাস্কিং লাইসেন্স দিয়ে বাঙ্গালীর ছেলেদের জন্য ব্যবস্থা করা হয়েছে। বাঙ্গালী ছেলেদের যদি ব্যবসাতে না আনা যায়, তা হ'লে শ্যামবাজার ৫ মাথার মোড়ে ফলক লাগিয়ে তাতে লিখতে হবে, "এখানে এক সময় বাঙ্গালী ব'লে একটা জাতি বাস করত।" কাজেই বার বার বলছি, এই বিষয়ে আপনারা একটা রিয়ালিস্টিক ভিউ নিন এবং ধানের দর বাড়িয়ে দিন। আজকে যে প্রোকিওরমেন্ট করছেন, সেখানে যাতে বাঙ্গালীর ছেলেরা চান্স পায়, আনএমপ্লয়েড ছেলেরা চান্স পায়, তার জন্য অনুরোধ করছি। আমি মন্ত্রিমহাশয়ের কাছে আর একটা অনুরোধ করব, যে সমস্ত দুর্নীতিগ্রস্ত অফিসার আছেন তাঁদের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করুন এবং তাঁর যে আপসহীন সংগ্রামের পরিচয় আমরা পেয়েছি সেই পরিচয় আমাদের দিন। আপনাকে সমর্থন করবার জন্য আপনার পাশে বাংলাদেশের সাড়ে চার কোটি মানুষ দাঁড়িয়ে আছে। আর একটা কথা বলি, সিগারেটের দুইদিকে আগুন ধরিয়ে যেমন সিগারেট খাওয়া যায় না, ঠিক তেমনি একদিকে আমলাতন্ত্রকে গাল দেব অর্থাৎ ব্যুরো-ক্রেটিক অ্যাডমিনিস্ট্রেসনকে গাল দেব, আবার টোটাল রেশনিং-এর দাবি করব এটা হ'তে পারে না। আমাদের মন্ত্রিমহাশয় যে বাজেট এখানে উপস্থিত করেছেন আমি তাকে সমর্থন করছি এবং বলছি, স্ট্রং ম্যান, দাই নেম ইজ ফুড বাজেট অ্যান্ড দাই নেম ইজ কাশীকান্ত মৈত্র।

শ্রীশঙ্করদাস পাল: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, খাদ্যমন্ত্রী মহাশয় ২৬নং দমকল বাহিনী বাদে যে ৭ কোটি ৩০ লক্ষ ১৬ হাজার টাকার দাবি পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি। আমাদের খাদ্যমন্ত্রী স্বীকার করেছেন যে, খোলাবাজারে মাছ এবং মাংসের দাম বেড়েছে। আমি মনে করি, এই দাম বাড়ার পেছনে কিছু একচেটিয়া অসাধু ব্যবসায়ীরা রয়েছে এবং তারাই দাম বাড়িয়েছে। আমি আশা করি, খাদ্যমন্ত্রী মহাশয় এই দিকে নজর দেবেন এবং এই অসাধু ব্যবসায়ীরা যাতে কৃত্রিম উপায়ে দাম না-বাড়ায় তার প্রতি লক্ষ্য রাখবেন। আমরা আর একটা জিনিস দেখেছি পূজার আগে তিনি শালিমার রেল ইয়ার্ডে ১৩০ বেল সুতি কাপড় রিকুইজিসন করেছিলেন। আমি মনে করি, এটা একটা দুঃসাহসিক এবং বৈপ্লবিক প্রচেষ্টা। সরকার এটা আগে করেন নি, আমাদের সুযোগ্য খাদ্যমন্ত্রীর সহায়তায় এই জিনিস হয়েছিল। তারপর রেশনের দোকান মারফত এই যে চা'ল, ডাল সরবরাহ করবার ব্যবস্থা করেছেন তাতে আমি দাবি করছি অবিলম্বে এটা চালু করা হোক এবং পশ্চিমবাংলার সাধারণ মানুষ যাতে সুযোগ-সুবিধা পায় তার ব্যবস্থা করা হোক। কয়লার দাম যাতে না বাড়ে এবং সুষ্ঠু আমদানী এবং সরবরাহ যাতে হয় তার জন্য বলছি জেলাভিত্তিক কমিটি করুন এবং লক্ষ্য রাখুন, যাতে অসাধু ব্যবসায়ীরা সুযোগ সুবিধা করতে না পারে। আমার সামনের বন্ধুরা খাদ্যমন্ত্রী সম্বন্ধে কটাক্ষ করেছেন। আমি জানি তাঁদের সমালোচনা করতে হবে, কোন উপায় নেই। এই খাদ্য বিভাগ থেকে এর পূর্বে পি সি সেন যেকথা বলেছিলন, আমাদের খাদ্যমন্ত্রী কিন্তু সেকথা কখনও বলেন নি—অর্থাৎ তিনি আমাদের কাঁচাকলা খেতে বলেন নি। পশ্চিমবাংলার মানুষের যদি অন্ন-বস্ত্রের সংস্থান হয়, তা হ'লে তাদের একটা সুরাহা হবে। বামপন্থী বন্ধুরা যে ক্রিটিসিজম করছেন আমি

মনে করি এটা তাঁরা করছেন কাগজে ফ্ল্যাস করবার জন্য। আমাদের খাদ্যমন্ত্রী যেভাবে কাজ করছেন সেটা বিশেষ প্রশংসা পাবার যোগ্য। তিনি এই ৭ কোটি ৩০ লক্ষ ১৬ হাজার টাকার মঞ্জুরী যেটা চেয়েছেন তাকে সমর্থন ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-50—6-00 p.m.]

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, খাদ্যমন্ত্রী কর্তৃক বাজেটবরাদ্দের যে দাবি উপস্থিত করা হয়েছে এই দাবিকে সমর্থন ক'রে আপনার মাধ্যমে আমি দু'-চারটি বক্তব্য রাখতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মানুষ প্রথম ভূমিষ্ঠ হয়েই চাই খাবার আর চাই ঘুম অর্থাৎ ভূমিষ্ঠ হবার পরেই দরকার হয় খাবারের। আমাদের বিরোধী পক্ষের বন্ধু শীষ মহম্মদ সাহেবের বক্তৃতা শুনলেন। গোটা বক্তৃতায় আপনি স্যার, দেখবেন মানুলী ধরনের সমালোচনা ছাড়া মেঠো সমালোচনা ছাড়া কোন গঠনমূলক প্রস্তাব কিংবা কোন তথ্যপূর্ণ সমালোচনা তিনি রাখতে পারেন নি। সস্তায় কিস্তিমাৎ করা অনেক সহজ জিনিস। মনে পড়ে গত বছর খাদ্যের উপর মোশন এনে বক্তৃতা করেছিলাম, তখন আপনার নিশ্চয়ই মনে আছে, বাংলাদেশের খাদ্য ঘাটতির পরিপূরক হিসাবে ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশের খাদ্যনীতি কি ধরনের হওয়া উচিত, সে সম্বন্ধে এখানে বক্তৃতা রেখেছিলাম। আজ ১০ মাস পরে আজকে এক জায়গায় হয়েছি, আজকে নিশ্চয়ই পরিবর্তিত অবস্থায়, ফলপ্রসূ অবস্থার কথা সকলেরই স্বীকার করা উচিত। আজকে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সারা বাংলায় ৪ কোটি ৪৪ লক্ষ লোকের বাস। খাদ্যের মোটামুটি ঘাটতি এখানে লেগেই আছে। আপনাকে আমি একটা চিত্র দিই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের ১৯৬৫ সালে যে খাদ্য হয়েছিল, তাতে ঘাটতির পরিমাণ ছিল ১৩·৩৫ লক্ষ টন, কেন্দ্র আমাদের দিয়েছিল ১১·১২ লক্ষ টন, ১৯৬৬ সালের খাদ্য ঘাটতি হয়েছিল ২০·৯৫ লক্ষ টন এবং কেন্দ্র দিয়েছিল ১৬·৫১ লক্ষ টন, ১৯৬৭ সালে খাদ্য ঘাটতি হয়েছিল ২২·৩ লক্ষ টন, আমরা কেন্দ্র থেকে পেয়েছিলাম ১১·৯২ লক্ষ টন, ১৯৬৮ সালে ঘাটতি হয়েছিল ২০·৫০ লক্ষ টন, আর আমরা পেয়েছি কেন্দ্র থেকে ১৫·১৬ লক্ষ টন। ১৯৬৯ সালে খাদ্যে ঘাটতি হয়েছিল ১১·৪২ লক্ষ টন আর আমরা পেয়েছি কেন্দ্র থেকে ১৩·০৯ লক্ষ টন। আমি আমার বিরোধী পক্ষের সদস্যদের একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই। পশ্চিমবঙ্গের প্রতি হাজারে জন্ম এবং মৃত্যুর হারের তুলনা করলে ১৯৭১ সালে সেন্সাস রিপোর্টে মৃত্যুর হার পার থাউজেন্ড ৬·০ আর জন্মের হার পার থাউজেন্ড ১৪·১, অতএব প্রতি বছর আমাদের ৮·১ লোক পার থাউজেন্ড পপুলেশন বাড়ছে। ১৯৪৭ সাল থেকে দেশ বিভাগের পর কত মানুষ জন্ম নিয়েছে এবং প্রাপ্তবয়স্ক হয়েছে একবার হিসাব ক'রে দেখুন। খাদ্য উৎপাদন বৃদ্ধি সম্পর্কে আমাদের কৃষিমন্ত্রী ১৮ই মে তারিখে ১৯৭২ সালে, যে হিসাব দিলেন তাতে তিনি বললেন যে, ৭০·৬০ হাজার টন খাদ্য উৎপাদিত হবে।

আমাদের এই দেশে মোটামুটি টারগেট ক'রে রাখতে হবে ৯০ লক্ষ টন খাদ্যের দরকার হবে। আমাদের বিভিন্ন কারণে বাদ দিয়ে যা থাকে তার উপরে ৩৪ লক্ষ মেট্রিক টন আমাদের খাবার ফলাতে হবে আগামী এক দশকের মধ্যে। এই কথাটা মনে রেখে যদি হিসাব ক'রে দেখি, তা হ'লে মনে হয় ভাল হবে। এই একটা গুরুত্বপূর্ণ অবস্থা বাংলাদেশের ৪ কোটি ৪৪ লক্ষ লোক যে খাদ্যব্যবস্থার উপর দাঁড়িয়ে আছে। আজ এই অবস্থার সামনে দাঁড়িয়ে যদি গঠনমূলক সমালোচনা না ক'রে যদি মেঠো বক্তৃতা দিই, তা হ'লে কোন লাভ হবে না। তাই আমি বলছিলাম বিরোধী পক্ষের বন্ধুদের আজকে আপনাদের চিন্তা করে দেখতে হবে। আমাদের যিনি খাদ্যমন্ত্রী এই দপ্তর নেওয়ার পর তিনি নিজেই স্বীকার করেছেন, এখানে খাদ্যের দাম কিছু বেড়েছে, এখানে কেন্দ্র থেকে কিছু কম পাওয়ায়। আজকের কাগজে দেখলাম প্রতি মাসের বরাদ্দ থেকে ৫০ হাজার মেট্রিক টন বোধ হয় বেশি পাচ্ছি। আজকে খাদ্যের যে সমস্যা সেই সমস্যার মোকাবিলা এর সঙ্গে জড়িত। তাই আমি বলছিলাম এর সঙ্গে কৃষির ব্যবস্থা, সেচ ব্যবস্থা এবং বিদ্যুৎ—সবই অঙ্গাঙ্গীভাবে জড়িত। আজকে খাদ্যের উৎপাদন বৃদ্ধির জন্য প্রচেষ্টা নেওয়া দরকার সেটা সকলে মিলে করা দরকার। কিন্তু আপনারা কি করছেন? একদিকে খাদ্যের অভাব দেখা দিয়েছে, খাদ্যের প্রোকিওরমেন্ট যে ফেল করেছে সেটার একমাত্র কারণ না

হ'লেও সেটাও একটি কারণ যে এই নিয়ে রাজনীতি চলছে। কারণ জ্যোতি বসু, প্রমোদ দাশ-গুপ্ত, হরেকৃষ্ণ কোঙার আপনারা যাদের লেজুড় বৃত্তি ক'রে থাকেন, তারা গ্রামে গিয়ে বলছে, আজকে দারুণ খাদ্যের অভাব যাতে মানুষ খাদ্য যা আছে উঠিয়ে রাখে। এখানে আপনারা চেষ্টা করছেন জোতদার, মজুতদার, কালোবাজারিকে সাহায্য করতে। বাংলাদেশে বেঁচে থাকার এটা ভুল চিন্তা, এই চিন্তা ক'রে থাকলে আপনাদের মৃত্যু ছাড়া কোন উপায় নেই। অবশ্য আপনাদের মৃত্যু হয়েই গিয়েছে। আজকে রেশনে ৫০ গ্রাম ক'রে দেওয়া হচ্ছে বলেছেন। এর চেয়ে অসত্য ভাষণ আর ভূ-ভারতে নেই। এই ধরনের কথাবার্তা বাংলাদেশের মানুষ আর বিশ্বাস করে না। এই কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ রমেন্দ্রনাথ দত্তঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় খাদ্যমন্ত্রী যে ব্যয়বরাদ্দ রেখেছেন তা আমি সমর্থন করছি। এই প্রসঙ্গে কিছু বলতে চাই। দুর্গাপূজোর আগে প্রত্যেক বারে দেখতাম বড় বড় কাপড়ের ব্যবসায়ীরা শালিমারের গুদামে কাপড় স্টক করতো। এর ফলে বাজারে কাপড়ের দাম বেড়ে যেতো। যুক্তফ্রন্ট আমলে করেছে, আগের কংগ্রের আমলেও করেছে। কোন ফুড মিনিস্টারকে এর বিরোধিতা করতে দেখি নি। এইবার প্রথম দেখলাম

[6-00—6-10 p.m.]

কাশীবাবু দৃঢ় পদক্ষেপ নিয়ে তাদের সেটা বানচাল ক'রে দিয়েছেন। ৭২ ঘন্টার নোটিস দিয়ে ডিলারদের কাপড় নিতে বাধ্য করিয়েছেন। যারা নেয় নি তাদের সমস্ত কাপড় নিলাম ক'রে দিয়েছিলেন। এই প্রসঙ্গে আমি কাশীবাবুকে বলবো, তিনি যেন দৃঢ়তার সঙ্গে চেষ্টা করেন যাতে এই কাপড় ব্যবসায়ীরা কাপড়ের দর বাড়াতে সুযোগ না পায়। কাশীবাবু সাতটি ছোট ছোট ফ্লাওয়ার মিলের লাইসেন্স মফঃস্বল শহরে দিয়েছেন। তিনি বলেছেন যে, গমের উৎপাদন বাড়বে, সেজন্য ফ্লাওয়ার মিল করতে হবে। স্যার, আপনি শুনলে অবাক হবেন যে, এই ফ্লাওয়ার মিলের লাইসেন্স দেবার সঙ্গে সঙ্গে সেন্টার থেকে ৫টি বড় ফ্লাওয়ার মিলের লাইসেন্স দিয়েছে এবং তাদের রেকমেন্ড করেছে ডিরেক্টার অব ইন্ডাস্ট্রিজ। সেই ফ্লাওয়ার মিলের নাম হচ্ছে ভারত ফ্লাওয়ার মিল, জলপাইগুড়ি; নর্দার্ন ফ্লাওয়ার মিল, শিলিগুড়ি; মদনমোহন ফ্লাওয়ার মিল, বর্ধমান; পুরুলিয়া ফ্লাওয়ার মিল, পুরুলিয়া; অরুণ ফ্লাওয়ার মিল, পুরুলিয়া। এতে ছোট ছোট যারা মিল করেছে যেগুলি সম্পূর্ণ পশ্চিমবাংলার লোক পেয়েছে, সেগুলি লস খাবে। যেগুলি ঐ বড় মিল হচ্ছে যেখানে একটিও বাঙালী নেই। এই সব মিল যদি করতে দেওয়া হয় তা হ'লে এমন কি হাস্কিং মেসিন পর্যন্ত মার খাবে। বেকার ছেলেদের বেকার সমস্যা সমাধান করবার জন্য ছোট ছোট মিলের যে কাজ দেবেন বলেছিলেন এই সব মিল হ'লে কটেজ ইন্ডাস্ট্রি হাস্কিং মিল সব মার খাবে। আমি খাদ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যাতে এইসব মিল সিমেন্ট ও লোহার পারমিট যেন না পায়, মিল চালাতে যেন না পারে সেই ব্যবস্থা করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, প্রোকিওরমেন্ট অব রাইস সেন্ট্রাল গভর্নমেন্টের ফুড কর্পোরেশনের আন্ডারে আছে। আমাদের এতে কোন কন্ট্রোল নাই। আমি অনুরোধ করবো, খাদ্যমন্ত্রী মহাশয় আগে যেমন ছিল আমাদের প্রভিন্সিয়াল গভর্নমেন্টের আন্ডারে প্রকিওর করা হ'ত, সেই সিস্টেম উনি যেন আবার চালু করেন। এই এফ সি আই-তে প্রচুর দুর্নীতি চলছে, তাতে আমাদের কন্ট্রোল নেই সব সময় আমাদের যা দিচ্ছে তাই খেতে হচ্ছে, এমন কি চা'লকে আমরা ভাল ক'রে ঝেড়ে নেবো সেখানেও বাধা সৃষ্টি করছে। স্যার, আপনি শুনলে অবাক হবেন, এই এফ সি আই দু' বছর আগে ৩।৪ লক্ষ মণ ধান দিয়ে দিল কোন মিলকে সে মিল এখন হাওয়া হয়ে গেছে, সেই টাকা আদায় করবার কোন এই এফ সি আই থেকে চেষ্টা করা হয় নি। এর পরে আমি টেক্সটাইল লাইসেন্সের কথা বলছি। একটা অ্যাডভাইসারী কমিটি হয়েছে টেক্সটাইল লাইসেন্স দেবার জন্য, আমরা দেখলাম এই কলকাতায় মাত্র ৬ হাজার ৮ শত টেক্সটাইল লাইসেন্স ছিল। এই অ্যাডভাইসারী কমিটি ক'রে আমরা গত ছয় মাসে ৫০০ লাইসেন্স বাড়িয়েছি। আপনি শুনলে অবাক হবেন স্যার, অন্তত ২০,০০০ আন-লাইসেন্স সপ এইভাবে চলছে। একটি বড় আন-লাইসেন্সড ব্যবসার আমি নাম করছি ন্যাশনাল ট্রেডার্স সিন্ডিকেট, ১৪/২ ওল্ড চিনাবাজার স্ট্রীট, কলিকাতা, তার পার্টনারের নাম হচ্ছে

সত্যনারায়ণ টিবরেওয়ালা, বালকৃষ্ণ টিবরেওয়ালা, তাঁদের বাড়ীর ঠিকানা হচ্ছে পি ৭১, ব্লক ডি, নিউ আলিপুর। তারা লক্ষ লক্ষ টাকার ব্যবসা ক'রে যাচ্ছে, কোন রকম ট্যাক্স দিচ্ছে না এবং লাইসেন্সও করে নি। আমি খাদ্যমন্ত্রীকে অনুরোধ করবো পুলিশের হেল্প নিয়ে তার যেন প্রতিকার করার চেষ্টা করেন। এই কথা ব'লে এই বাজেটকে সমর্থন ক'রে এবং মন্ত্রিমহাশয়কে আন্তরিক ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীবীরেন্দ্রবিজয় মল্লদেব ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, আমাদের খাদ্যমন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবি এনেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য রাখছি। তাঁর বক্তব্যের মধ্যে তিনি অনেক যুক্তি দেখিয়েছেন এবং পশ্চিমবঙ্গে যে সমস্যা আছে সেই সমস্যার সমাধান কিভাবে করা যায় তার জন্য যে বলিষ্ঠ দৃষ্টিভঙ্গি রেখেছেন, তিনি যে চিন্তা করছেন, প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন তার জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। এই খাদ্য দপ্তর পরিচালনার মধ্য দিয়ে আজকে আমরা অনেক নতুন দৃষ্টিভঙ্গি দেখতে পাচ্ছি। আগে যেরকম গতানুগতিক-ভাবে চলত এবারে তার অনেক পরিবর্তন হয়েছে এবং সেটা আমরা কতকগুলি ক্রিয়াকলাপের মধ্য দিয়ে দেখতে পেয়েছি। প্রথমতঃ ভিজিলেন্স কমিটি গঠনের একটা প্রয়াস চলেছে এবং যার ফলে জনসাধারণ এই খাদ্য দপ্তরের সাথে ওতঃপ্রোতভাবে জড়িয়ে পড়েছেন এবং সেই ভিজিলেন্স কমিটির অ্যাকটিভিটির জন্য আজকে খাদ্যের মূল্য বৃদ্ধি হচ্ছে না এবং এই নতুন দৃষ্টিভঙ্গি নেওয়ার জনাই তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। এই পশ্চিমবঙ্গের প্রত্যেকটি অঞ্চলে ২টি থেকে ৫টি হাস্কিং মিল দেবার জন্য প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন এবং লাইসেন্স দেবার কথা বলছেন, এই প্রচেষ্টাকে আমি সাধুবাদ জানাচ্ছি। পশ্চিমবঙ্গের ছোট ছোট শিল্পক্ষেত্রে ময়দাকলগুলি করার জন্য যে প্রচেষ্টা হচ্ছে সেটাও আমি ধন্যবাদ জানাচ্ছি। তিনি বাজেট বক্তৃতায় বলেছেন ৭টি অঞ্চলে দিচ্ছেন। যদিও তাঁর বক্তব্যের মধ্যে ছিল না, তিনি তাঁর ভাষণে বলেছেন দু'টি বড় জেলা বর্ধমান, মেদিনীপুরে এগুলি দেবেন। তিনি এই যে বক্তব্য রেখেছেন সেটা অত্যন্ত আনন্দের কথা এবং এইসমস্ত ময়দাকলগুলি যদি চারিদিকে ছড়িয়ে পড়ে এবং তাড়াতাড়ি চালু হ'লে আমরা অত্যন্ত খুশী হব। কেন্দ্রীয় সরকার এফ সি আই-এর মাধ্যমে পশ্চিমবঙ্গে খাদ্য সংগ্রহ করেন। সেই সাথে সাথে পশ্চিমবঙ্গের নিজস্ব সংগ্রহ ব্যবস্থা একটা যাতে থাকে এবং পশ্চিমবঙ্গের বাহিরে থেকে যাতে খাদ্য আমদানি করতে পারে তার জন্য তিনি যে একটা চেষ্টা চালিয়েছিলেন সেই চেষ্টাকে আমি সাধুবাদ জানাই। সাধুবাদ জানাই সেই প্রচেষ্টাকে যে প্রচেষ্টায় এই গম জাতীয়-কারণ হয়েছে। কিন্তু জাতীয়করণ হওয়া সত্ত্বেও লেভি ক'রে গম আদায়ের যে চেষ্টা করা হয় নি সেই প্রচেষ্টাকে আমি সাধুবাদ জানাচ্ছি। সি পি আই-এর বন্ধুরা বলেছেন যে, চা'লের ব্যবসা কেন জাতীয়করণ হ'ল না—আমাদের কংগ্রেস সরকারের নীতিই হচ্ছে এই এবং সেটাকে আমি সমর্থন ক'রে বলব, এই খাদ্যশস্যের পাইকারী ব্যবসার উপর গ্রামের লক্ষ লক্ষ মানুষের ভবিষ্যৎ নির্ভর করছে। সরকারী ব্যবস্থা যদি ঠিক না থাকে— তা হ'লে চা'লের দাম বেড়ে যায় এবং তার ফলে গ্রামাঞ্চলে মানুষের অসুবিধা হতে পারে। সরকারী যন্ত্রকে ঠিক না ক'রে খাদ্যের মত একটা নিত্যপ্রয়োজনীয় জিনিস নিয়ে আমরা খেলা করতে পারি না। আজকে আমাদের সরকারী ব্যবস্থা যা আছে তাকে আরো সম্প্রসারিত করতে হবে, গোডাউন বাড়াতে হবে। সরকারী ব্যবস্থা ভেঙ্গে পড়লে মানুষের অভাব-অভিযোগ বেশী ক'রে দেখা দেবে, অনাহার দেখা দিতে পারে। সেই জন্য খাদ্যমন্ত্রী যে নীতি যে সমস্ত যন্ত্রকে ঠিক ক'রে তারপরে খাদ্যের ব'বসা জাতীয়করণ, সেই নীতিকে আমি সমর্থন জানাচ্ছি। মাননীয় খাদ্যমন্ত্রী যে বক্তব্য রেখেছেন তাকে আমি সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[6-10—6-20 p.m.]

শ্রীশিবশঙ্কর বানার্জী ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় খাদ্যমন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন করেছেন আমি তাকে আন্তরিকভাবে সমর্থন জানাচ্ছি। মাননীয় খাদ্যমন্ত্রী খাদ্য দপ্তরের ভার নিয়ে দুর্নীতির ঘুণধরা এই বিভাগের মধ্যে প্রাণের সঞ্চার করার জন্য নিঃসন্দেহে অনেকগুলি ভাল ব্যবস্থা নিয়েছেন। কোয়ালিটি কন্ট্রোল করার জন্য, রেশন ডিলারদের মধ্যে অসাধু ব্যবস্থা দূর করার জন্য, নিত্যপ্রয়োজনীয় দ্রব্য যেমন কাপড়, শালিমার গোডাউনে রেখে কৃত্রিম অভাবের

সৃষ্টি করার যে চক্রান্ত তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করেছেন, নিশ্চয় এটা প্রশংসার যোগ্য। তাঁর আন্তরিকতার অভাব নেই, এটা নিশ্চয় আমরা স্বীকার করবো, কিন্তু শুধুমাত্র আন্তরিকতা দিয়েই সব ব্যবস্থা শেষ হবে না, সে কথাটাও আজকে বলার প্রয়োজন আছে। প্রাক্তন খাদ্যমন্ত্রী মাননীয় প্রফুল্ল সেন মহাশয় এখানে নেই, তাঁকে আমি অভিনন্দন না জানিয়ে পারছি না, সেই কবে কোন্ দিন কর্ডানিং, প্রোকিওরমেন্ট, লেভি ব্যবস্থা যা ক'রে গিয়েছিলেন সেই সমূহ ব্যবস্থা আজও বিদ্যমান। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই ব্যবস্থা থাকার ফলে গোটা জাতটাই আজকে চোর হয়ে গেল, মরাল ব্রেক-ডাউন হয়ে গেল। আমি কর্ডানিং এরিয়ার একেবারে প্রান্তে বাস করি। একদিকে নদীয়া জেলা, অন্যদিকে বর্ধমান জেলা। বর্ধমান জেলা থেকে রোজ চা'ল চলে আসছে নদীয়া জেলায়। প্রাইমারী স্কুলে ছাত্র নেই, জিজ্ঞাসা করলে বলে, ব্লাক করতে গিয়েছে, মাস্টার নেই, কেন নেই জিজ্ঞাসা করলে বলে, ব্লাক করতে গিয়েছে, দাড়ি কামায় যেসব নাপিত, তারাও নেই, দাড়ি কামানো হচ্ছে না, কেন জিজ্ঞাসা করলে বলে, নাপিত ব্লাক করতে গিয়েছে—গোটা জাতটাই ব্লাক করতে চ'লে যাচ্ছে যে ব্যবস্থায় এই ব্যবস্থার পরিবর্তন করা যায় কি না এ আমাদের আজকে ভাবতে হবে। মাননীয় প্রফুল্ল সেন মহাশয় দয়া ক'রে যে অবদান রেখে গিয়েছেন সেই অবদান আমরা চিরকাল বহন ক'রে যাব কিনা এটা ভেবে দেখার প্রয়োজন আছে ব'লেই আমি মনে করি। তারপর স্যার, আর একটা কথা বলতে চাই, যেটা এর আগেও বলেছি, সেটা হচ্ছে আমরা যে পাট তৈরি করি সেই পাট বিদেশের বাজার থেকে ভারতের জন্য সোনা নিয়ে আসে এবং সেই সানা দিয়ে আমরা খাবার কিনে নিয়ে আসি এবং সেই খাবার চলে যায় মহারাষ্ট্রে দারুণ খরা পরিস্থিতির জন্য। আমাদের তৈরি পাটের টাকায় কেনা খাবার খরা পরিস্থিতির জন্য অন্যত্র চ'লে যাবে আর দারুণ খরায় পীড়িত এই পশ্চিমবাংলার মানুষ তা জুল জুল ক'রে তাকিয়ে দেখবে এ হতে পারে না। আমি তাই বলতে চাই, পশ্চিমবঙ্গের মানুষ মাননীয় খাদ্যমন্ত্রীর পিছনে আছেন, কেন কেন্দ্রকে বোঝান যাবে না যে, আমাদের তৈরি পাট ও চা দিয়ে যেখানে জাতীয় আয় সঞ্চয় করা হয় সেখানে কেন আমাদের খাদ্যের জন্য বিশেষ ব্যবস্থা করা যাবে না, কেন একই হারে অন্য প্রদেশের সঙ্গে ব্যবস্থা করা হবে? একথাটা আজকে বলার প্রয়োজন আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি সব শেষে মাননীয় খাদ্যমন্ত্রী কাশীবাবুকে এই কথাটা বলতে চাই যে, যে যন্ত্র দিয়ে ক্ষুধা এবং অভাবমুখী দারিদ্র্যকে আঘাত করতে চাইছেন সেই যন্ত্রে মর্চে ধ'রে গিয়েছে—দুর্নীতির মর্চে। যে প্রশাসন যন্ত্র দিয়ে আপনি খাদ্য বিভাগকে চালু রাখতে চাইছেন সেই প্রশাসনের অস্থিতে অস্থিতে মজ্জায় মজ্জায় ঘুণ ধ'রে গিয়েছে। এর ব্যবস্থা যদি করতে না পারবেন তা হ'লে কোন কিছুই লাভ হবে না। প্রতিটি ব্যবস্থাকে পরিবর্তন করতে না পারলে কোন সাধু প্রচেষ্টা বা কোন আন্তরিকতা আমাদের খাদ্যাভাব দূর করতে পারবে না। এই কথা ব'লে আমি শেষ করলাম।

Mr. Deputy Speaker: Honourable Members, the time for discussion of these 2 Grants, viz., Grant No. 54 and Grant No. 17, is due to expire at 6-20 p.m. But there are quite a number of Members, who are yet to speak. Besides, the Hon'ble Minister is to give his reply. It is, therefore, necessary that some more time is allotted for discussion of these 2 Grants together. I, accordingly propose, subject to your approval of course, that under rule 290 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly the time for discussion of these two grants be extended by one hour, i.e., up to 7-20 p.m. (Voice: Yes.)

So, by leave of the House time is extended up to 7-20 p.m.

শ্রীসুধীরচন্দ্র দাস: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের খাদ্যমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন, সেই ব্যয়বরাদ্দকে পূর্ণ সমর্থন করছি এবং তাঁর বক্তব্য খুব মনোযোগ সহকারে শুনেছি এবং যে আভাস দিয়েছেন, যতটুকু করতে পারবেন তিনি, তাতে আমি খুব আশান্বিত হয়েছি। তাঁর দৃঢ় পদক্ষেপের প্রতি আমাদের পূর্ণ সমর্থন এবং সহযোগিতা রয়েছে। একটা কথা আমার জানার দরকার আছে, আমরা ধানের সংগ্রহ মূল্য বাড়াতে পারছি না, কেন্দ্রের তাতে আপত্তি আছে।

কিন্তু একটা বিষয় খাদ্যমন্ত্রীর কাছে জানতে চাই যে সংগ্রহমূল্য নির্ধারিত হয়েছে পশ্চিমবঙ্গে, সেটা অন্যান্য প্রদেশের থেকে সর্বোচ্চ না অন্যান্য রাজ্যে কি দর আছে, যার জন্য এটাকে বাড়াতে পারা গেল না, এটা জানার দরকার আছে। কেননা সংগ্রহ করতে পারা যায় নি, যদি আমরা সংগ্রহমূল্য বাড়িয়ে দিতে পারি, তা হ'লে সংগ্রহ ভাল হ'ত এবং এখন বোনাস দেবার নিয়ম সমর্থন করতে পারি না। আর একটা বিপদ এসেছে যার সংকেত আমি দিতে চাই। কমিটি ক'রে দিয়েছেন ডিলারদের সমস্ত কারচুপি ধরবার জন্য। সেই তদারকি সম্বন্ধে আমি বলতে চাই, আমি অনেক জায়গায় ঘুরেছি, অর্থাৎ সরকার এত কষ্ট ক'রে, এত টাকা খরচ ক'রে, এত গাড়ি ক'রে যে মাল পেশছে দিচ্ছে এবং ডিলারদের কাছে পেশছে যাচ্ছে, সেই ডিলাররা মাল পাচার ক'রে দিচ্ছে, এটার জন্য তদারকি কমিটির কথা বলেছেন। তদারকি ক'রে বহু জায়গায় ধরা হচ্ছে, কিন্তু ধরা সত্ত্বেও সেই ডিলারদের পরিবর্তন করতে পারা যায় না হাইকোর্টের রুলিং দেখানোর ভয়ে, আর একটা ডিলারকে পরিবর্তন করা যাবে না, অন্য উদ্বৃত্ত জেলার সঙ্গে তার এলাকাকে যোগ ক'রে দেওয়া হবে। এর ফলে সমস্ত কাজ পণ্ড হতে বসেছে, আইনগত বাধা এসেছে, সেই সম্পর্কে খাদ্যমন্ত্রী বিশেষভাবে দৃষ্টি দেবেন। আর একটা খবর আমি পেয়েছি, খুদ সম্পর্কে। খুদ সব মহারাষ্ট্রে চ'লে যাচ্ছে। কৃষ্ণনগরের কিছু লোক রিপোর্ট করেছে। এফ সি আই যারা নিজস্ব ক্রেতা, খুদ কিনতে গেলে ওখানে বলা হচ্ছে খুদ, ব্রোকেন রাইস বিক্রি হবে না, কারণ ঐগুলো মহারাষ্ট্রে চ'লে যাবে, এই সম্পর্কে খাদ্যমন্ত্রী সন্ধান নিয়ে আমাদের পরিষ্কার করবেন, আমি মনে করি পশ্চিমবঙ্গের জন্য খুদ দরকার এবং এই খুদ কখনও অন্য রাজ্যে যাওয়া উচিত হবে না।

শ্রীশচীনন্দন সাউঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবঙ্গের খাদ্য সরবরাহ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রীকাশীকান্ত মৈত্র মহাশয় যে ব্যয়বরাদ্দ এখানে উপস্থিত করেছেন আমি তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। সমর্থন জানাচ্ছি এই কারণে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবাংলার বুকে যে সময়োচিত দায়িত্ব তাঁরা নিয়েছেন, ঠিক সেই মুহূর্তে পশ্চিমবাংলায় প্রচণ্ড খরা পরিস্থিতির মোকাবিলা তাঁদের করতে হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের সরকার যে মুহূর্তের দিকে চলেছে সেই মুহূর্তে আপনি জানেন—বীরভূম জেলাকে পশ্চিমবাংলার শস্যভাণ্ডার বলা হয়। কিন্তু সেখানে গতবারে ৫/৬টি থানা খরার ফলে একেবারে ধান হয় নি এবং বর্তমানে যে লেভির ব্যবস্থা করা হয়েছে সেই লেভি চাষীরা দিতে পারছে না। আমরা শত চেষ্টা ক'রে চলেছি, কিন্তু তা সত্ত্বেও যেখানে খরা হয়েছিল, জলের জন্য সেখানে চাষ হয় নি, সেখানে কিভাবে খাদ্যোৎপাদন হতে পারে। মাননীয় সদস্য শীষ মহম্মদ সাহেব বলেছেন যে, আজকে আমাদের সরকার নাকি দুর্নীতিপরায়ণ মানুষদের, কালোবাজারীদের,

[6-20—6-30 p.m.]

মজুতদারদের সহায়তা করছে। শীষ মহম্মদ সাহেবকে আমি আজকে বলছি যে, আমাদের এই সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর আমাদের মাননীয় খাদ্যমন্ত্রী শ্রীকাশীকান্ত মৈত্র বীরভূম জেলায় পরিদর্শনে গিয়েছিলেন এবং সব ধানকল পরিদর্শন করেছেন। সেখানকার সমস্ত সরকারী কর্মচারীরা তাঁর এই হঠাৎ উপস্থিতিতে বিস্মিত হয়ে গিয়েছিলেন। আরো জানিয়ে রাখি শীষ মহম্মদ সাহেবকে, আমাদের সরকার দুর্নীতির প্রশ্রয় দেয় না। আমি জানি, আমাদের বীরভূমে সাঁইথিয়া, বোলপুর প্রভৃতি জায়গায় অনেক বড় বড় ব্যবসায়ীকে কালোবাজারীদের মিসায় আটক করা হয়েছিল আমাদের এই সরকার এবং আমাদের খাদ্যমন্ত্রী কাশীকান্ত মৈত্রের সহায়তায়। আমাদের এই সরকার দুর্নীতি, কালোবাজারীকে প্রশ্রয় দেবে না, তাই এই ভিজিলেন্স কমিটি—এই ভিজিলেন্স কমিটি কেন গঠন করা হচ্ছে? আমি শীষ মহম্মদ সাহেবকে জানিয়ে দিতে চাই যে, যুক্তফ্রন্টের আমলে যে জিনিস হয়েছিল ঐ সরকারী কর্মচারীরা—সাব-ইনস্পেক্টর অব ফুড বা ইনস্পেক্টর অব ফুড তারা ঐ যে গ্রামের রেশন দোকানগুলি আছে সেই দোকানগুলিতে গেলে তারা ভয় পেত না। চালের যারা এম আর ডিলার তাদের সঙ্গে যোগসাজসে যে পরিস্থিতির সৃষ্টি হয়েছিল সেটা আমরা যুক্তফ্রন্টের আমলে লক্ষ্য করেছিলাম। আজ

ভিজিলেন্স কমিটির মাধ্যমে যদি এনকোয়ারী হয়, তা হ'লে রেশন দোকানদাররা এম এল এ-দের দ্বারা গঠিত ভিজিলেন্স কমিটিকে আজকে ভয় পাবে এবং ঐসব সরকারী কর্মচারীরা—সাব-ইনস্পেক্টররা বা ইনস্পেক্টররা ভয় পাবে এবং এই ভিজিলেন্স কমিটিতে আমরা যাঁরা এম এল এ-রা আছি আমরা সে দিকে যথাবিহিত লক্ষ্য রাখছি দুর্নীতিকে দমন করার জন্য। দুর্নীতিকে প্রশ্রয় দেবার জন্য এ সরকার গঠিত হয় নি, দুর্নীতিকে নির্মূল করবার জন্য এই সরকার গঠিত হয়েছে। আমাদের সি পি আই বন্ধু বললেন, কাশীকান্তবাবু নাকি খাদ্যশস্যকে টেক-ওভার করছেন না এবং এইসব টেক-ওভার করবার জন্য পশ্চিমবঙ্গের প্রদেশ কংগ্রেসের সভাপতি তিনি নাকি এর পক্ষে বলেছেন এবং প্রদেশ কংগ্রেসের এ বিষয়ে সিদ্ধান্তও হয়েছে। সেই বন্ধুকে বলি, বন্ধু, এইভাবে আমাদের মধ্যে বিভেদ আনবার চেষ্টা করবেন না। কাশীকান্তবাবুর সিদ্ধান্ত মানে পশ্চিমবঙ্গ মন্ত্রিসভার সিদ্ধান্ত। কোন বিষয়ে যদি কোন নীতি অরুণবাবু ঘোষণা ক'রে থাকেন, তা হ'লে নিশ্চয় কাশীবাবু সেটা ঘোষণা করবেন। কাজেই আমাদের মধ্যে এইভাবে দলাদলি সৃষ্টি করার যে চেষ্টা সেটা পাগলামি। আমি পশ্চিমবঙ্গ প্রদেশ কংগ্রেসের সদস্য, আমি জানি, কাশীকান্তবাবু পশ্চিমবঙ্গে টেক-ওভারের বিপক্ষে কোন কথা বলেন নি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় কাশীকান্ত মৈত্রের কাছে শুধু একটা সাজেসান রাখবো, আজকে আপনি জানেন, আমাদের গ্রামবাংলার থানায় থানায় সার্কেল ইনস্পেক্টার আছেন, কিন্তু সার্কেল ইনস্পেক্টারদের থানায় কোন অফিস না থাকায় জনসাধারণ তাঁদের সঙ্গে যোগাযোগ করতে পারেন না। এই জন্য থানা বা ব্লক অফিসের পাশে অন্ততঃ ফুড ডিপার্টমেন্টের সার্কেল ইনস্পেক্টারদের অফিস অবিলম্বে করবার ব্যবস্থা করুন।

(নির্ধারিত সময় অতিবাহিত হওয়ায় বক্তা তাঁহার আসন গ্রহণ করেন।)

শ্রীমতী ইলা রায়ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের খাদ্য দপ্তরের ব্যয়বরাদ্দের দাবি নিয়ে খাদ্যমন্ত্রী যেটা পেশ করেছেন সেই সম্বন্ধে আমি আমার বক্তব্য রাখছি। আজকে সারা পশ্চিমবাংলায় আমরা কি খাচ্ছি, প্রথমেই এই প্রশ্ন আসছে। রেশন দোকানগুলির ভেতর দেখা যাচ্ছে আতপ চা'লের স্তূপ। তেলের ভেতর মবিল ভেজাল, ঘিয়ের ভেতরে চর্বি দিয়ে ডালডা দিয়ে ভেজাল দেওয়া হচ্ছে।

আমরা কোথায় বাস করছি? আমাদের স্বাধীন দেশের নাগরিকরা এইভাবে দিনের পর দিন ভেজাল খেয়ে তারা পঙ্গু হতে চলেছে। আমাদের জনপ্রিয় সরকার বহু আশীর্বাদ নিয়ে আজ এই বিধানসভার ভেতরে এসেছেন। তাঁরা কি মানুষের কাছে ঘৃণিত বন্ধু হবেন, না আরও আশীর্বাদ পাবেন সেকথাই আজ প্রশ্ন। দিনের পর দিন যেভাবে খাদ্যদ্রব্যে ভেজাল চলছে তাতে আমরা যারা জনসাধারণের সঙ্গে মিট করি তারা জানে তাদের বিক্ষোভ কোথায়। তাই বলব তিনি যেন খাদ্য দপ্তরকে আমলাদের দিয়ে তৈরি না করেন। নিজেই যেন একটু দেখেন এবং তাতে জনসাধারণের ভালই হবে। এবং জনসাধারণ আর পঙ্গু হবেন না। আমার কেন্দ্রে বিশ্বেশ্বর মিল ব'লে একটি মিল, সে তেলের ভেতরে রেড়ির তেল দিয়ে বিক্রি করায় স্থানীয় যুবকভাইরা সেই তেল ধ'রে থানায় দিল। কিন্তু থানা অফিসার মোটা ঘুষ খেয়ে ৪ ঘন্টার মধ্যে সেই মালিককে ছেড়ে দেয়। এইভাবে দিনের পর দিন যেখানে দুর্নীতি বেড়ে যাচ্ছে সেখানে আমরা কি চুপ ক'রে বসে থাকব? খাদ্যদ্রব্যে ভেজাল মানে দেশের কলঙ্ক এবং দেশের মানুষের জীবনী শক্তি তাতে নষ্ট হয়ে যাচ্ছে। তাই খাদ্যমন্ত্রীকে অনুরোধ করব, আপনি খাদ্য দপ্তরকে পুলিশ দিয়ে এনকোয়ারি করিয়ে ভেজালকারীদের রাস্তার মোড়ে বেঁধে তাদের শাস্তি দিন, তা হ'লে দেশের সমস্যার সমাধান হবে।

শ্রীপ্রভাকর মণ্ডলঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, খাদ্যমন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে সমর্থন করি এজন্য যে তিনি তাঁর বাজেট বক্তৃতায় যে কথা বলেছেন তা থেকে এই জিনিসটা পরিষ্কার যে, এই ভয়াবহ খাদ্য পরিস্থিতির মোকাবিলার জন্য তিনি মানবিকভাবে চেষ্টা ক'রে যাচ্ছেন বা যাতে আরও ভয়াবহ আকার ধারণ না করতে পারে তার জন্য চেষ্টা তিনি করছেন।

আমাদের সরকারী খাদ্যনীতিকে বানচাল করার জন্য আর এস পি বন্ধুরা সি পি এম-এর সঙ্গে হাত মিলিয়ে দিনের পর দিন গ্রামে গ্রামে গিয়ে জোতদারদের উৎসাহিত করছেন যাতে ক'রে এই সরকারের খাদ্য সংগ্রহ নীতি বিফলে পর্যবাসিত হয়। সেজন্য বলছি তিনি যেন এদিকে একটু সজাগ দৃষ্টি দেন। আমার সঙ্গে গেলে আমি প্রমাণ ক'রে দেব আপনাদের কর্মীরা সি পি এম-এর সঙ্গে হাত মিলিয়ে এই প্রচেষ্টা করছেন কি না। পুলিশও আমাদের খাদ্যনীতিকে বানচাল করার জন্য যথেষ্টভাবে সক্রিয়। সাধারণ মানুষরা যেখানে নিজের প্রয়োজনের জন্য নিজের এলাকার ভেতরে ২।৫ কেজি চা'ল বিক্রি করতে যায় সেখানে সেইসব নিরীহ মানুষের উপর পুলিশ আক্রমণ চালায়। কিন্তু যেখানে রাতের অন্ধকারে দিনের পর দিন হাজার হাজার মণ চাল পাচার হচ্ছে, সেখানে কিন্তু পুলিশ নীরব দর্শক হয়ে আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গ্রামবাংলায় খাদ্যের যে ভয়াবহ অবস্থা সৃষ্টি হয়েছে সেটা আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টিতে আনছি। আজকে গ্রামবাংলায় পুলিশ দিনের পর দিন রাতের অন্ধকারে চোরাকারবারী-দের সঙ্গে হাত মিলিয়ে হাজার হাজার মণ খাদ্যশস্য পাচার করছে, অথচ নিরীহ মানুষ নিজের প্রয়োজনে নিজের জেলার ভেতর বা থানার ভেতর বিক্রি করতে গেলে পুলিশের হাতে লাঞ্ছিত হয়ে চালান যাচ্ছে। আমি আমার নিজের কেন্দ্রের কথা বলতে পারি, সেখানে খাদ্য ভয়াবহ রূপ ধারণ করেছে, সেখানে খেটে-খাওয়া মানুষ দিনের পর দিন খেতে না পেয়ে গ্রাম ছেড়ে চ'লে যেতে বাধ্য হয়েছে। আমি সরকারের কাছে আবেদন রাখব, তাঁরা যেন খাদ্য বণ্টন ব্যবস্থায় বিমাতৃসুলভ মনোভাব পরিত্যাগ করেন এবং গ্রামবাংলার সাধারণ মানুষ যাতে ন্যায্যমূল্যে খাদ্যদ্রব্য পায় তার জন্য আবেদন জানিয়ে এবং এই বাজেটকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-30—6-40 p.m.]

শ্রীতপন চ্যাটার্জী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তাকে আমি সমর্থন জানাই। তিনি তাঁর বাজেট বক্তৃতার ৭ নম্বর পাতায় চতুর্থ প্যারাগ্রাফে লিখেছেন, কানাডিয়ান রেপ সিডজাত সরষের তেল অব্যাহতভাবে কলকাতা অঞ্চলের রেশন দোকান মারফত বণ্টনের ব্যবস্থা নিশ্চয়ই খোলাবাজারে সরষের তেলের দাম কমিয়ে আনতে সাহায্য করেছে। আমি, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই, গতকাল অমৃতবাজার পত্রিকার প্রথম পাতায় বড় বড় অক্ষরে বেরিয়েছে, কেন্দ্রীয় সরকার ক্যানাডা থেকে রেপ সিডের আমদানি কমিয়ে দিয়েছেন। এর ফলে ১ লক্ষ ৩০ হাজার পরিবার রেশনে সরষের তেল পাবে না। শুধু তাই নয় ১৩৩টি তেলকল বন্ধ হয়ে যাবে এবং এর ফলে ২৫ হাজার শ্রমিক বেকার হবে। রেশনে সরষের তেলের দর ৪·৪০ টাকা ছিল,, সেই সময় খোলাবাজারে ছিল ৬·২০ টাকা। আমি মন্ত্রিমহাশয়ের এই সম্পর্কে দৃষ্টি আকর্ষণ করছি এবং তিনি যদি সত্বর ব্যবস্থা না নেন, তা হ'লে এটা ভয়াবহ আকার ধারণ করতে পারে। আর একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হচ্ছে ওয়েস্টবেঙ্গল সাবর্ডিনেট ফুড অ্যান্ড সাপ্লাইজ সার্ভিস অ্যাসোসিয়েসান ব'লে একটা অ্যাসোসিয়েসান আছে, তাঁরা আমাদের বিধানসভার সদস্যদের কাছে একটা আবেদনপত্র পেশ করেছেন, তাতে আমরা দেখতে পাচ্ছি, ১৯৫৬ সালে ফুড ইনস্পেক্টরদের মাইনে ছিল ২৮৬ টাকা, বর্তমানে সেটা ৩০০ থেকে ৬০০ টাকা হয়েছে। অথচ সাব-ইনস্পেক্টর, এক্সাইজ, যাদের মাইনে ছিল ১৯৫৬ সালে মাত্র ৭৫ টাকা তাদেরও ৩০০ থেকে ৬০০ টাকা হয়েছে। সাব-রেজিস্ট্রার যাদের ছিল ৬০ টাকা ১৯৫৬ সালে তাদের এখন হয়েছে ৩০০ থেকে ৬০০ টাকা। এই ধরনের যদি বেতন সমতা না থাকে, তা হ'লে কি ক'রে আমাদের খাদ্য দপ্তরের কর্মচারীরা কাজ করবে? তাঁদের কাছে কাজ আশা করছি, কিন্তু তাদের ন্যায্য দাবি-দাওয়া যদি আমরা সমর্থন না করি, তা হ'লে তারা ভালভাবে কাজ কি ক'রে করবে? তৃতীয় প্রশ্ন হচ্ছে, সবচেয়ে বড় প্রশ্ন, বহু জায়গায় ভূয়া রেশন কার্ড আছে, এই ভূয়া রেশন কার্ড ধরার কোন চেষ্টা হচ্ছে না। এই ভূয়া রেশন কার্ডকে প্রশ্রয় দিচ্ছে দোকানের মালিক। এফ সি আই-এর কাছে যে চা'ল আছে তাদের ভাড়া করা লোক আছে তারা সেই চা'ল এবং গম বস্তা থেকে নামিয়ে দিয়ে সমপরিমাণ কাঁকর বস্তায় ভর্তি ক'রে দিয়ে রেশনের দোকানে পাঠায়। ধান গাছের আগায় ধান হয়, কাঁকর থাকে মাটিতে, সুতরাং ধানের সঙ্গে কাঁকর মিশতে

পারে না। অথচ অসাধু ব্যবসায়ীরা এই চা'ল এবং গম বের ক'রে নিয়ে তাতে কাঁকর মেশাচ্ছে। গতকাল অমৃতবাজার পত্রিকায় রেপ সিড সম্বন্ধে যে খবর বেরিয়েছে তার প্রতি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসরোজ রায়ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমার সময় অল্প তাই কয়েকটি কথায় আমার বক্তব্য পেশ করতে চাই। প্রোকিওরমেন্ট-এর কথা বলতে গিয়ে বলব যে, মন্ত্রিমহাশয়ের এখন থেকে বোঝা উচিত, আমাদের প্রোকিওরমেন্ট দুর্বল। আমি একটা জিনিস পয়েন্ট-আউট করতে চাই। আমি একটা চিঠি লিখে তাতে বলেছিলাম, মাঘ মাস থেকে প্রোকিওরমেন্ট করা উচিত ছিল যখন ধান বিক্রি হচ্ছে। এই সময় গরিব কৃষকরা অভাবের জন্য ধান বিক্রি ক'রে দেয়, কাজেই তখনই প্রোকিওরমেন্ট করা উচিত ছিল। আপনারা সেটা না করলেও বড় বড় ব্যবসায়ীরা সেটা করেছে এবং সেই ধান তারা কিনেছে। আপনারা এই যে লেভি করেছেন তাতে দেখছি তারা সস্তায় যেটা কিনেছে সেটাই দিচ্ছে। আজকে কার দিকে নজর রেখে প্রোকিওরমেন্ট করবেন সেই দৃষ্টিভঙ্গি যদি না থাকে, তা হ'লে এখানে কথা উঠবে, খাদ্য নিয়ে রাজনীতি করা হচ্ছে। পি সি সেন যখন ছিলেন তখন তাঁর কাছে শুনতাম, খাদ্য নিয়ে রাজনীতি হচ্ছে। গত বছর বর্তমান খাদ্যমন্ত্রী বলেছিলেন, খাদ্য নিয়ে রাজনীতি করা হচ্ছে। আজকেও এখানে সেই প্রশ্ন উঠেছে। আপনারা রাজনীতি না করতে পারেন, কিন্তু লক্ষ্য করুন, রাজনৈতিক শক্তি সংগঠিত হচ্ছে আমাদের সরিয়ে দেবার জন্য। আপনারা অন্ধের মত বালিতে মুখ লুকাবেন না। হোলসেল ট্রেডিং অব ফুড গ্রেনস টেকওভার করা হবে কেন্দ্রীয় সরকারের এই মত যখন বেরিয়ে পড়ল, তখন একটা কনফারেন্স হ'ল ফুড গ্রেনস ডিলারদের এবং তাঁরা ডিসাইড করলেন ২১ বা ২৩ তারিখ সারা ভারতবর্ষে স্ট্রাইক ডাকবেন। কোথা থেকে তাঁরা এই সাহস পেলেন? একটা খাদ্য ব্যবস্থা যেটাকে কেন্দ্রীয় সরকার থেকে আরম্ভ ক'রে আমরা সকলে চেষ্টা করছি এগিয়ে নিয়ে যাব তার বিরুদ্ধে এতবড় একটা সংগ্রাম, সেই জিনিসকে বানচাল করবার এই যে সাহস এটা তারা কোথা থেকে পেল জানেন কি? আপনারা কি জানেন সেখানে কে প্রিজাইড করেছিল? সেখানে প্রিজাইড করেছিল এস কে কিরলোসকার। আপনারা বোধ হয় জানেন না কোথা থেকে তিনি এলেন। তিনি হলেন একজন প্রমিনেন্ট লিডার, ফেডারেসন অব ইন্ডিয়ান কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিস। শুধু তাই নয়, তিনি হলেন মহারাষ্ট্র চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিস-এর প্রেসিডেন্ট এবং তিনি হলেন ভারতবর্ষের অন্যতম একচেটিয়া পুঁজিপতি। আজকে এই কিলোসকার বিদেশী মূলধনের সঙ্গে তার নিজের মূলধন লাগিয়ে সিলনে ব্যবসা করছে, আফরিকাতে ব্যবসা করছে, সাউথ-ইস্ট এসিয়ান কান্ট্রি এবং ওয়েস্ট জার্মানীতে তার ক্যাপিটাল গেছে। কাদের সঙ্গে তিনি গাঁটছড়া বেঁধেছেন জানেন কি? তাঁর সঙ্গে মদত দিচ্ছে জনসংঘ। আপনারা রাজনীতির প্রশ্ন তুলেছেন, কিন্তু লক্ষ্য করুন সমস্ত জিনিসটাকে বানচাল করবার জন্য চেষ্টা করা হচ্ছে। আমরা রাজনীতি করছি না, রাজনীতি করা হচ্ছে সকলকে সরিয়ে দেবার জন্য এবং জনসঙ্ঘ এর পেছনে দাঁড়িয়েছে। জনসঙ্ঘ বলছে ফুড গ্রেন্স-এর হোলসেল ট্রেড-টাকে টেকওভার করার, কারণ হচ্ছে আজকে খাদ্যের ব্যবস্থা খারাপ হচ্ছে। এর পেছনে

[6-40—6-50 p.m.]

রয়েছে রি-অ্যাকশনারি ফোর্স, ক্রান্তি দল, স্বতন্ত্র পার্টি, ভেস্টেড ইন্টারেস্ট রয়েছে। মাননীয় মন্ত্রিমহাশয়ও স্বীকার করেছেন মুনাফাখোরদের কার্যকলাপ খুব খারাপ এবং আজকে এই যে দক্ষিণপন্থী দলগুলি জমায়েত হয়েছে, কিসের জন্য, কার বিরুদ্ধে? যাতে ভারতবর্ষ কোন একটা সুষ্ঠু খাদ্যনীতি নিয়ে বেরিয়ে না আসতে পারে। আজকে সেই সুষ্ঠু খাদ্যনীতি নিতে গেলে আমাদের স্টেট ট্রেডিং-এর সামনে আসতে হয়। কেন্দ্রীয় সরকার আজকে ভাবছে স্টেট ট্রেডিং টেকওভারের কথা সেই সময় চারিদিক থেকে সেই চেষ্টাকে বানচাল ক'রে দেবার জন্য রি-অ্যাকশনারী ফোর্স চেষ্টা করছে আজকে এই দিক থেকে নজর সরিয়ে নেবার জন্যই বিভিন্ন জায়গায় দেখতে পাচ্ছি প্রদেশগুলিকে ভাগ করার চেষ্টা হচ্ছে, অন্ধ্রে সেই জিনিস ঘটছে। বিভিন্ন জিনিস ঘটছে, ভাষার ভিতর নাক গলাচ্ছে, আপনারা দেখুন ভাষার নামে আসামে কি

ঘটেছে। এই সব ঘটনার প্রতি চোখ বুজে থাকলে চলবে না। আপনারা ভাবতে পারেন যে এই ক'রে দু'দিন গভর্নমেন্ট চালিয়ে দেবেন, তা ভাবুন। কিন্তু মনে রাখবেন আজকে শুধু আমাদের বাংলাদেশই নয়, সারা ভারতবর্ষে রি-অ্যাকশনারি ফোর্স সক্রিয়, অ্যামেরিকান এজেন্টরা অত্যন্ত সক্রিয়। একথা আজতো আপনাদের নেতারাই বলছেন, কেন বলছেন? কেননা বাস্তবে এই সমস্ত ঘটনা ঘটছে। আজকে তাই সেদিকে নজর রাখবার দরকার আছে। সেজন্যই স্টেট্ ট্রেডিং এত বড় জিনিসটা আসছে। খাদ্য নিয়ে রি-অ্যাকশনারি ফোর্স নিজেরাই জমায়েত হচ্ছে। যেমন পুঁজিপতিদের দল নিজেদের হাতে ক্ষমতা রেখে সমগ্র অর্থনীতিকে ভেঙে দিতে চায়, খাদ্যের দিক থেকেও এরা সে জিনিস করতে চায়। এ দিক থেকে ভাববার দরকার, ভাবুন। এই যে খাদ্যনীতি ২৫ বছর যাবত চলেছে, কোন কোন ব্যাপারে কোন কোন সময় প্রোকিওরমেন্ট কিছুটা সম্ভব হয়েছে। কিন্তু আজকে একটা ক্রাইসিস্ দেখা দিয়েছে—খরা। কিন্তু যে ব্যবস্থা তা বানচাল হয়ে যাচ্ছে। কিছুটা প্রোকিওর করলেন, কিছুটা বণ্টন করলেন, কিন্তু শেষ পর্যন্ত ধাক্কাটা নিয়ে পড়ল কেন্দ্রীয় গভর্নমেন্টের উপর। ভাবলেন গভর্নমেন্ট এত দেবেন, পরে দেখা গেল দিলেন না। আশা করলেন এত প্রোকিওর করবেন, কিন্তু পরে দেখা গেল ধান-চা'ল চ'লে গিয়েছে, পারলেন না। সেজন্যই স্টেট ট্রেডিং নীতি হিসাবে গ্রহণ করুন। (সময় শেষ হয়ে যাওয়ায় মাননীয় সদস্য আসন গ্রহণ করলেন।)

শ্রীমতী নুরুন্নেসা সাত্তার: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে খাদ্যের উপর ব্যয়বরাদ্দের যে দাবি পেশ করা হয়েছে আমি সেই দাবিকে আন্তরিক সমর্থন ক'রে দুই-একটি কথা বলতে চাই। সমস্যা আমাদের বহু আছে, গৃহসমস্যা আছে. স্বাস্থ্যসমস্যা আছে, কিন্তু সব থেকে প্রধান সমস্যা এই খাদ্যসমস্যা। মানুষ প্রথমে জন্মগ্রহণ ক'রেই চায় খাবার, খাই খাই ক'রেই জন্মায়। অতএব এই খাদ্যসমস্যার সমাধান করা একটা দুরূহ ব্যাপার। আমাদের সাড়ে চার কোটি লোক। তবে আমি একথা বলবো যে, আমাদের খাদ্যমন্ত্রী অত্যন্ত দৃঢ়তার সঙ্গে এই সমস্যামে চ্যালেঞ্জ জানিয়েছেন। খাদ্যের সমবণ্টনের জন্য রেশন দোকান করা হয়েছে। কিন্তু সেখানে আইনকে ফাঁকি দিয়ে বহু ভুয়া রেশন কার্ড চালু আছে। মাননীয় মন্ত্রী মহাশয়কে আপনার মাধ্যমে অনুরোধ করবো তিনি যেন যে সমস্ত দোকান আছে তাতে সার্চ করেন. ন্যায্যমূল্যের দোকানে অনুসন্ধান ক'রে দেখেন কোন্ ভুয়া রেশন কার্ড সেখানে আছে কিনা।

আর একটা কথা, কালবাজারী বন্ধ না করলে আমাদের যে খাদ্যঘাটতি আছে, তা পূরণ হবে না, পূরণ করা সম্ভব হবে না, বরং আরও ঘাটতি হবে। আমাদের কর্ডন আছে. পুলিশ আছে, সরকারী আমলা আছে। দুষ্কৃতকারীরা টাকা দিয়ে ব্ল্যাকমার্কেট করে, রেশন ব্যবস্থার মধ্যে তাদের ব্যবসা চালু রাখে। এত ব্যবস্থা সত্ত্বেও পুলিশের সামনে দিয়ে লরীর পর লরী নিয়ে বেরিয়ে যায়, অল্প-স্বল্প যারা নিয়ে যায়. তাদেরই ধরা হয়. তাদের উপরই নির্যাতন করে, আর এই যে ট্রাকের পর ট্রাক, এমন কি নৌকা ক'রে গঙ্গা দিয়ে এত খাদ্য নিয়ে পেরিয়ে যায় তা তারা দেখতে পায় না। তখন তাদের পকেটে নোটের তাড়া পড়ে, সেইজন্য তারা দেখতে পান না। এইজন্য সরকারকে বলি আরও দৃঢ়ভাবে এই চোরাকারবার যাতে না হয়, সেইজন্য ব্যবস্থা করুন। দৃঢ়তার সঙ্গে দৃঢ় পদক্ষেপে ব্যবস্থা নিতে হবে। তা না হ'লে খাদ্যসমস্যার ঘাটতি থেকেই যাবে। আর একটা অভিনন্দনযোগ্য কাজ যেটা খাদ্যমন্ত্রী করেছেন সেটা হচ্ছে তিনি কেন্দ্রের সঙ্গে যোগাযোগ করেছেন এবং আমাদের খাদ্যঘাটতি পূরণের জন্য তিনি আন্তরিকভাবে চেষ্টা করছেন। যেটা ইলাদি বললেন সেটা অত্যন্ত খাঁটি কথা। আমরা কি খাই? কাঁকর, বালি মিশিয়ে খাচ্ছি, তাতে চা'ল-গম ইত্যাদি এক ভাগও আছে কিনা সন্দেহ। সেটা পেটে যেয়ে পেট খারাপ হচ্ছে। তেল, ঘি, দুধ. মাখন যা খাচ্ছি সেইটাই ভেজাল। অতএব আমরা মানুষটাই ভেজালে পরিণত হচ্ছি। আজ ঔষধেও ভেজাল, যে ঔষধ খেয়ে মানুষ প্রাণ ধারণ করবে। এই দুর্নীতির বিরুদ্ধে যদি দৃঢ় হস্তে ব্যবস্থা নিতে না পারেন. তা হ'লে আরও খারাপ হবে। আমাদের মানুষ যে কিভাবে বেঁচে থাকবে জানি না, জীর্ণ শরীর নিয়ে বেঁচে থাকবে, মানুষের কোন রকম পরিচয় নিয়ে। এই কথা ব'লে আমি বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

শ্রীকাশীকান্ত মৈত্র: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যদের সমালোচনা, মন্তব্য সাধারণ বক্তব্য শুনলাম। তাঁদের সমালোচনার জন্য ধন্যবাদ জানাচ্ছি। অনেকে বাস্তবগ্রাহ্য বক্তব্য রেখেছেন। তবে প্রথমেই আমি মাননীয় সদস্য আর এস পি দলের শীষ মহম্মদ সম্বন্ধে বলতে চাই, বিধানসভা গণতন্ত্রের পীঠস্থান, নিশ্চয় সমালোচনা করবেন। কিন্তু এতো অসত্য ভাষণ। একথা অস্বীকার করলেন কি ক'রে যে, পশ্চিমবাংলার ইতিহাসে এত পরিমাণ চা'ল, গম বিলি কখনও হয় নি। তাঁর দলের উঞ্ছবৃত্তি, সংবিধানকে নিয়ে উঞ্ছবৃত্তি জানা আছে। তাঁদের দলের নেতারাও মন্ত্রী ছিলেন। তাঁদের দলের নেতা যতীন চক্রবর্তী তিনি নিজে দলের পক্ষ থেকে বার বার বলেছেন, আমরা গণতন্ত্রে বিশ্বাসী নই। কিন্তু ১৯৬৯ সালে যখন যুক্তফ্রন্ট হ'ল তখন দেখা গেল তিনি সেই মন্ত্রিসভার পরিষদীয় বিষয়ক মন্ত্রী। এমনই অদৃষ্টের পরিহাস। কাজেই তিনি যে সেই দলের লোক হয়ে এই রকম ভাষণ দেবেন তাতে আশ্চর্যের কি আছে। তিনি বলেছেন দুর্নীতিদমন নাকি করা হচ্ছে না। এখানে কয়েকজন মাননীয় সদস্য শ্রীমতী ইলা রায় এবং নুরুন্নেসা সাত্তার যেকথা বলেছেন, আমি তার বিবরণ দিচ্ছি। যাচাই ক'রে নিন সংবাদপত্রের মাধ্যমে। প্রত্যেক বছর খবরের কাগজ জানিয়ে দেয় কি করা হয়েছে। এক বছর এই সরকার আসার পর দুর্নীতিদমন হয়েছে কিনা। আমরা সমস্ত দুর্নীতির বিরুদ্ধে লড়াই আরম্ভ করেছি, শালিমারের কথা ছেড়ে দিলাম, এই বছর যত মামলা রুজু করেছি তার ইতিহাস এই পশ্চিমবঙ্গে নেই এবং যেসমস্ত খাদ্যশস্য সীজ ক'রে এবং কনফিসকেট ক'রে নেওয়া হয়েছে তার মূল্য হবে ১ কোটি ৬১ লক্ষ ৫ হাজার ৭১৪ টাকা। কখনও স্যার,

[6-50—7-00 p.m.]

এই রকম হয়েছে? ২৫ বছর ধ'রে কোন্ সরকারের এই রকম অ্যাচিভমেন্ট আছে? ইলা রায় মহাশয়াকে আমি অনুরোধ করবো যে, তিনি একটু দায়িত্ব নিয়ে কথা বলবেন। সরষের তেলের মধ্যে মবিল তেল খাওয়াচ্ছি। এই রকম অযৌক্তিক অবাস্তব ভাষণ তিনি রাখবেন? কংগ্রেস দলের হ'লেও আমি সমালোচনা করতে বাধ্য হচ্ছি। দুর্নীতি এখানে বাস করছে? এই ক্যানাডিয়ান রেপ সিড অয়েল সেটা এমন তেল আমরা বিক্রি করছি তাতে সাংবাদিকরা আমার কাছে এসে বলেছে, আপনি এই ক্যানাডিয়ান রেপ সিড অয়েল পশ্চিমবঙ্গকে দিন। আমাদের তপন চ্যাটার্জি বলেছেন, এটা গ্রামে গ্রামে দেওয়া উচিত। কিন্তু কি করবো, মাত্র ১,৩০০ টন তেল পাই—তা এই বৃহত্তর কলকাতায় আমরা সরবরাহ করি। দ্যাট মিন্স ওনলি ২০ পারসেন্ট অব দি টোটাল রিকোয়ারমেন্ট।

এ বছর যেসব রেশন এলাকায় দুর্নীতি ধরা পড়েছে এবং যে জিনিস আমরা পেয়েছি ঐ স্ট্যাটুটারী এলাকা থেকে তার মূল্য হচ্ছে ১৯,২২,৬৮০ টাকা আর বাংলাদেশে পাচার করার চেষ্টা করেছে এমন জিনিসের মূল্য যা আমরা ক্রোক করেছি তা হচ্ছে ১৪,২২,৯৪১ টাকা। এ ব্যাপারে আমাদের মাননীয় শচীনন্দন সাউ বলেছেন। আমরা ব্যবস্থা নিই নি একথা কি ক'রে বলছেন? আমরা ১৭৪ জনকে মিসায় আটকেছি। হাস্কিং মিলের মালিক ৩ জনকে মিসায় আটকেছি; ৪ জন হোর্ডারকে মিসায় আটকেছি; ৪২ জন ব্লাক মার্কেটিয়ারকে আমরা মিসায় আটকেছি; ৭৪ জন স্মাগলারকে আটকেছি; ২০ জন এম আর ডিলারকে মিসায় আটকেছি; রি-কেটার অব এফ সি আই ফুডগ্রেনস ১৪ জনকে মিসায় আটকেছি। এতেও বলছেন যে আমাদের কোন অ্যাচিভমেন্ট নাই। আমাদের এখানে সরোজবাবু, কামাক্ষাবাবু অনেক বক্তব্য রেখেছেন। আমি আশ্চর্য হয়ে যাচ্ছি যে, ও'রা এইসব মিথ্যা কথা কেন বললেন। আমি হোলসেল ট্রেডের বিরোধী নই। আমি রাজনীতি শিখতে রাজী আছি—কিন্তু এই রকম? অভিজ্ঞতার চেয়ে বড় শিক্ষা আর কেউ দিতে পারে না। আমি আজ বলছি যে, হোলসেল ট্রেড স্যুড বি টেকেন ওভার ইন্ ফেজড ম্যানার। আমি ডিসেম্বর মাসেও এ কথা বলেছিলাম যে, ধাপে ধাপে হোলসেলকে টেকওভার করতে হবে। এ নিয়ে দিল্লীতেও ডিস্কাসন হচ্ছে। আমার বক্তব্য মুখ্যমন্ত্রী থেকে মন্ত্রিসভার সবাই সমর্থন করেছেন এবং মন্ত্রিসভা রাজী আছেন ব'লে সিদ্ধান্ত নিয়েছি। চালাকি দিয়ে ভাল কাজ করা যায় না। গত ১৫ই ডিসেম্বর সম্মেলন হয়ে গেল। আমি সেখানে দীর্ঘ ভাষণ রেখেছিলাম এবং প্রথম ভাষণ দিয়েছিলাম। এই সব করতে

ফিনান্সিয়েল ইমপ্লিকেসন, গোডাউন প্রব্লেম, স্টোরেজ প্রব্লেম, ভেহিকলস্ প্রব্লেম, আনএমপ্লয়-মেন্ট প্রব্লেম,, কো-অপারেসান প্রব্লেম, লোক নিয়োগ করার ব্যাপার আছে, কর্পোরেশন করতে হবে। এই কথা তাঁরা বলেছেন। কিন্তু তাদেরই দল কেরালায় আছে—শ্রীঅচ্যুত মেনন তিনি কমিউনিস্ট পার্টির নেতা—তাঁর সরকারের খাদ্যমন্ত্রী মহাশয় সেই ডিসেম্বরে যে সম্মেলন হ'য়ে গেল তাতে ছিলেন। আমি খাদ্যমন্ত্রী হিসাবে যে ভাষণ দিয়েছিলাম তা সকলেই মেনে নিয়েছিলেন। কেরল সরকারের পক্ষ থেকে ভাষণ দিয়েছিলেন মিঃ কৃষ্ণমূর্তি, আই এ এস, ফুড সেক্রেটারী। আমার প্রত্যেকটি কথা প্রত্যেক রাজ্যের খাদ্যমন্ত্রী সমর্থন করেছেন। দিল্লীতে যদি যান সেই ভাষণ টেপ রেকর্ড করা আছে বাজিয়ে শুনে নেবেন—আপনাদের তো কেন্দ্রে বড় বড় লোক রয়েছেন। ডোন্ট ট্রাই টু অ্যাসাসিনেট ক্যারেকটার। আমি বলতে চাই, কেরল গভর্নমেন্ট তো আপনাদের গভর্নমেন্ট—তারা তো একটি কথাও বললেন না। আপনারা তো সালিমারের গুদামের কথা বললেন না। মেদিনীপুর জেলায় কি দারুণ খরা গেছে। আমি সেখানে সর্বাধিক গম পাঠিয়েছি। সবচেয়ে আগে মেদিনীপুরে পাঠিয়েছি। এগুলি কি আমি দাবি করতে পারি না। রাশিয়ান খুদ খরা অঞ্চলে পাঠিয়েছি। এই রাশিয়ান খুদ খরা অঞ্চলের লোকরা খেয়ে খুব আশীর্বাদ করেছে। স্পেশালি এই খুদ আমি মেদিনীপুরে পাঠিয়েছি।

কাদের এই সব কথা বলছেন? রাশিয়া খুদ পাঠিয়েছে দেশের সংকটে খাওয়ানো হয়েছে। এই খুদের সম্বন্ধে সুধীরবাবু বলেছেন। কিন্তু আমি বলছি, আপনারা কেরালায় কি করছেন দেখুন। এখানে আমরা এখন গমের বরাদ্দ কমিয়ে দিয়েছি। ৩,৬০০ গ্রাম ক'রে ডিসেম্বর পর্যন্ত দিয়েছি,, আজ গমের বরাদ্দ কলকাতার বিধিবদ্ধ রেশনিং এলাকায় ১ হাজার গ্রাম করিয়েছি, গ্রামাঞ্চলেও তাই করেছি, ১,১০০ গ্রাম আর মিলিয়ে করেছি ২,১০০ গ্রাম রেশনে দিচ্ছি। কেরলে কি হয়েছে পড়ে শোনাচ্ছি।

The Economic Times, Thursday, the 4th January, 1973. ... State trading in food grains would be against the interest of Kerala. According to official sources it is pointed out that unless the Centre gives an assurance to meet the State's rice requirement in full and ensures regular supply of rice to the State which has been living on wagon to mouth basis existence a food crisis might be imminent. The present rice ration of 160 grammes per adult per day is found to be inadequate for the rice eating population and a large section of the people goes in for extra rice from the open market. It is estimated that nearly 5 lakh tonnes of rice arrive in Kerala for distribution in open market from the neighbouring States from where it is bought through private trade channel. Take-over of food grains trade would shut out the source with the result that rice will not be available in the open market. In the absence of adequate alternative arrangement it is feared that black-market might flourish side by side with State trading. If the Government were to introduce monopoly procurement of paddy in the State there would be very little rice available in the open market and naturally price of rice will shoot up.

এটা কি কালোবাজারীর রিপ্রেজেন্টেটিভ, তার স্টেটমেন্ট হচ্ছে? দিস ইজ এ স্টেটমেন্ট ফ্রম দি অফিসিয়েল সোর্স অব কেরালা গভর্নমেন্ট।

কেরালা গভর্নমেন্ট—যাঁর নেতা হচ্ছেন অচ্যুত মেনন। আপনারা কি কাগজ পড়েন নি? আমরা দ্রব্যমূল্য বৃদ্ধির জন্য ১·৫০ ক'রে ছোলার ডাল বিক্রি করেছি। সি পি আই-এর কাগজ কালান্তরে লিখেছে, পচা একটা ডাল নিয়ে এসেছে, এখানে ১·৩০ ক'রে মুসুরীর ডাল পাওয়া যাচ্ছে। ১·৩০ পয়সা দরে যদি মুসুরীর ডাল পাওয়া যায়, তা হ'লে আপনারা চীৎকার করছেন

কেন দ্রব্যমূল্য বৃদ্ধি ঘটেছে ব'লে? শুধু সমালোচনা করতে হবে, গাল দিতে হবে, তাতে কিছু হবে না, আপনারা কিন্তু আমাকেই আরো শক্ত করবেন। ইউ উইল স্টিল মাই উইল টু ফাইট রি-অ্যাকশনারী ফোর্সেস। আপনারা এতে কিছু সুবিধা করতে পারবেন না। আপনারা বলছেন, মনোপলি প্রোকিওরমেন্ট—মনোপলি প্রোকিওরমেন্ট সম্বন্ধে কেরালা গভর্নমেন্ট বলছেন, কেন্দ্রীয় সরকার সব বরাদ্দ যদি না দেয়, তা হ'লে আমরা কি করবো? আজকে রাজ্যের অবস্থা ভাবতে হবে। ১ লক্ষ ৮৫ হাজার টন প্রতি মাসে আমাদের গমের দরকার হয় এবং ৮০ হাজার টন শুধু বিধিবদ্ধ রেশনিং এলাকায় চ'লে গেল এবং ২৭টি ময়দাকলের রিকোয়ারমেন্ট হচ্ছে ৭০ হাজার মেট্রিক টন প্রতি মাসে, আর বাকি যে মেট্রিক টন থাকলো সেটা দিয়ে পশ্চিমবাংলার সমগ্র সংশোধিত রেশনিং এলাকার গমের চাহিদা মেটাতে হবে। সম্ভব কি? পশ্চিমবঙ্গে এতদিন গম প্রোকিওরমেন্ট হয় নি, গমের মজুত ভাণ্ডারও নেই। আমি সরোজবাবু এবং কামাক্ষাবাবুকে জিজ্ঞাসা করছি, তা হ'লে কোথা থেকে আমরা গম দেব? সেই জন্য আমি বলেছিলাম,

Very well, if you want complete take-over then give us solemn assurance that it will be the Central responsibility to ensure adequate supply of wheat and rice so that we can maintain public distribution system at the present level, so that supply cannot cause any dislocation of public distribution system and we can increase rice and wheat ration, because I feel that it is the basic and fundamental thing, it is the duty of any Government to ensure basic supply of cereal throughout the country, throughout the year to all classes of consumers at fair and reasonable price. That is a paramount task, it must take precedence to all other tasks—that is my problem and that is what I have said at the Delhi Food Ministers' Conference.

[7-00—7-10 p.m.]

এটা কি ভুল হয়েছে? ভুল যদি হয় বলুন, ভুল হয়েছে। যেটা অন্য রাজ্য করেছে, আমরাও তাই করেছি। কাকে বলছেন এসব কথা? আমি জিজ্ঞাসা করছি, সোভিয়েট রাশিয়া যেটা সোশালিস্ট কান্ট্রি—ভেজাল সোশ্যালিজম বললে আপনারা সি পি আই-এর বন্ধুরা অন্ততঃ স্বীকার করবেন না, আর যে ক'রে করুক, সেই সোভিয়েট রাশিয়াতে ১৯১৭ সালের পর সেখানে টোটাল টেকওভার হয়েছে। তারপর ১৯১৮ সালে ৪৫ হাজার সেনাকে লাগানো হয়েছিল। তারা গ্রাম থেকে, চাষীর ঘর থেকে জোর ক'রে খাবার এনেছিল। কি হ'ল শেষ কালে? দেখা গেল, রাশিয়াতে তারা যে পরিমাণ খাদ্য সংগ্রহ করেছিলেন খোলাবাজারে শস্যের দাম তার চেয়ে ৩।৪ গুণ বেশী—তারা মেটাতে পারেন নি। গ্রামে গ্রামে লড়াই শুরু হয়ে গেল,, কৃষকরা বিদ্রোহ করল। ১৯২১ সালে যে বিদ্রোহ হয়েছিল তাতে ১৬ হাজার সৈনিক—জেনে রাখুন আপনারা, এগুলি আপনাদের কাগজে লিখবেন যদি সৎ সাহস থাকে, আমি বলছি মিথ্যা হ'লে শাস্তি নেব, ১৬ হাজার সৈনিক বিদ্রোহ করেছিল রাশিয়ার কৃষকদের জন্য। আর ট্রটস্কির নেতৃত্বে মহামতি লেনিনের নির্দেশে ম্যান টু ম্যান গুলি ক'রে মারা হয়েছিল। আপনারা মনে করেছিলেন ক্লাস স্ট্রাগল শুরু হয়ে গেল, তা নয়। মহামতি লেনিন সেদিন বলেছিলেন না এটা ক্লাস স্ট্রাগল নয়। আজকে সেই রাশিয়ায় ৫০ বছরের উপর নিরবিচ্ছিন্ন সমাজতান্ত্রিক পরীক্ষা হবার পর আজকে আমেরিকা রাশিয়ার কমিউনিজমের আত্মিক অন্নদাতা। ২৫ কোটি টন গম আসছে কেন? সেখানে তো জোতদারের চক্রান্ত নেই, সেখানে তো কির্লোস্কার, বিড়লা, বাজোরিয়ার চক্রান্ত নেই। সেখানে কি ক'রে হ'ল? টোটাল প্রোকিওরমেন্ট ওয়েছে, ওয়ান পার্টি স্টেট, কারুর বিরোধিতার কোন অধিকার নেই, তা হ'লে আজকে রাশিয়াতে ৫০ বছর পর ফুডে এই ফেলিওর হয়ে গেল কেন? ১৯১৩ সালে জারিস্ট রাশিয়া হুইট এক্সপোর্ট করেছে। এটা জেনে রাখুন, গম রপ্তানি করেছে জারিস্ট রাশিয়া ইউরোপে। ১৯২১ সালে সেই রাশিয়ার হুইটের যে প্রোডাকসান ছিল তার ওয়ান-থার্ডে এসেছে কেন? ইট ইজ এ হিস্টরিক্যাল ট্রুথ—এটা গল্প কথা নয়, সত্য ঘটনা। আজকে সেই ঐতিহাসিক অভিজ্ঞতার আলোকে আমাদের শিক্ষা নিতে

হবে। সুতরাং বাজার গরম ক'রে কোন লাভ নেই। যেটা রিয়েল ফ্যাক্ট সেটা ফেস করতে হবে। আমি আবার বলছি— আমরা দুর্নীতির বিরুদ্ধে যে লড়াই শুরু করেছি তাতে শীষ মহম্মদ সাহেব, কামাক্ষাবাবু যে যাই বলুন না কেন বা তাঁরা প্রশংসা করুন বা না করুন, তাতে আমাদের কিছু যায় আসে না, আমরা সেই লড়াই চালিয়ে যাব। আমি মাননীয় শীষ মহম্মদ সাহেবকে জিজ্ঞাসা করছি, ১৯৬৭ সালে যুক্তফ্রন্টের আমলে তাঁর দলের মন্ত্রী ছিলেন শ্রীননী ভট্টাচার্য, বন্ধু আমার ১৯৬৭ সালে চা'লের প্রোকিওরমেন্ট ক্যালেন্ডার ইয়ারে কত হয়েছিল? ১ লক্ষ ৫০ হাজার মেট্রিক টন। আর প্রোকিওরমেন্ট ফেল করবার পর কামাক্ষ্যাবাবু তথ্য দিলেন যে, কেন্দ্র মাত্র পাঠিয়েছে ১ লক্ষ ৮০ হাজার মেট্রিক টন চা'ল। কেন্দ্র যদি এত কম সরবরাহ করে, তা হ'লে পশ্চিমবঙ্গ সরকার কি ক'রে রেশন দেবে? আমি বলছি, তাঁদের দলের মাননীয় সদস্যদের যে, কেন্দ্র কম চা'ল, গম পাঠানোর জন্য যদি রেশন ব্যবস্থা খারাপ হয়ে থাকে, তা হ'লে সেদিন আর এস পি, সি পি এম, সি পি আই প্রভৃতি মার্কসিস্ট পার্টিরা খাদ্যমন্ত্রী প্রফুল্ল ঘোষ যখন মেদিনীপুর গিয়েছিলেন তখন তাঁর কাছা খুলে দিয়েছিলেন কেন? ব্যক্তিগতভাবে তাঁর চরিত্র হনন করতে গিয়েছিলেন কেন? কেন বলেন নি এর জন্য প্রফুল্ল ঘোষ মহাশয় দায়ী নয়, সমস্ত দায়িত্ব কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী জগজীবন রাম মহাশয়ের। প্রফুল্ল ঘোষ মহাশয়কে ধ'রে আপনারা ক্যারেকটা-রাইজেসন করেছেন। ইউ আর ট্রাইং দি সেম ট্যাকটিক্স এগেন। তারপর অবশ্য প্রফুল্ল ঘোষ মহাশয় ভুল করেছিলেন, জনতাকে তিনি দূরে সরিয়ে দিয়েছিলেন, পরিষদীয় গণতন্ত্রে তিনি বিশ্বাসী ছিলেন না, সংখ্যাধীক্যকে তিনি শ্রদ্ধা জানান নি। আমরা পরিষদীয় গণতন্ত্রে ও সংখ্যাধিক্যকে শ্রদ্ধা করি এবং সেই ম্যানডেট নিয়েই আমরা কাজ করবার চেষ্টা করছি। আর আপনারা দুমুখো নীতি নিয়ে চলেছেন। কেন সেই সময় যুক্তফ্রন্ট থেকে দায়িত্ব নেন নি, কেন বিধানসভায় দাঁড়িয়ে বলেন নি এসব কথা? আপনাদের রাজনীতি হচ্ছে, কাঁঠাল খাব অথচ কাঁঠালের আঠা গায়ে মাখবো না, তা হয় না। আমি সি পি আই-এর বন্ধুদের বলছি, কাঁঠাল যদি ভেঙ্গে খান আঠা আপনাদের মাখতেই হবে। ওয়ারেন হেস্টিংসের যখন ইমপিচমেন্ট হয়েছিল বিলাতে তখন কি হয়েছিল? তখন সমগ্র ব্রিটিশ পার্লামেন্টে ওয়ারেন হেস্টিংসকে কনডেম ক'রে ইমপিচ করা হ'ল। ইমপিচ ক'রে বলা হ'ল, ওয়ারেন হেস্টিংস অন্যায় করেছেন, বৃটিশ গণতন্ত্রের প্রতি অমর্যাদা দেখিয়েছেন এবং রানী সাহেবার আদেশের বিচুতি ঘটিয়েছেন। অথচ বৃটিশ সাম্রাজ্যবাদীরা ওয়ারেন হেস্টিংস এ দেশে যে বিরাট সাম্রাজ্য ফেঁদে গেলেন তার বেনিফিট কিন্তু সবটাই নিলেন। তাঁরা কাঁঠালটি খেলেন, কিন্তু আঠাটি মাখলেন না। তা তো হয় না, ইতিহাস যাঁরা পড়েন, ইতিহাস যাঁরা পর্যালোচনা করেন, তাঁরা এই কথাই বলবেন যে, You cannot eat the cake and have it too, you cannot have it both ways.

আপনাদের বলছি,

If you live in a glass-house please do not throw stones at the passersby.

কাঁচের ঘরে বাস ক'রে রাস্তার ধারের মানুষকে ইট ছুঁড়বেন না, তাতে ফল ভাল হবে না। নাসিরুদ্দিন সাহেব খুব একটা গুরুত্বপূর্ণ প্রশ্ন এখানে তুলেছেন, তাঁর এই অকপট সত্য ভাষণের জন্য আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। তিনি একটা প্রব্লেম-এর কথা বলেছেন যে, আমরা ১২ হাজার একর জমিতে জুট তৈরি করছি—ফরেন এক্সচেঞ্জ আর্নার্স—আমরা সেই ফরেন এক্সচেঞ্জ আর্নার্স-এর জায়গায় যদি ধানের চাষ করি, তা হ'লে পশ্চিমবঙ্গের উন্নতি হবে। এটা খুব মৌলিক প্রশ্ন। আমি নিজে ব্যক্তিগতভাবে এই সভায় বিরোধী পক্ষে যখন ছিলাম, তৎকালীন খাদ্যমন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয়ের কাছে প্রস্তাব রেখেছিলাম, ব্যক্তিগতভাবে আমি তাঁকে বলছি, আমার মত যদি জানতে চান, দিল্লীর খাদ্যমন্ত্রী সম্মেলনে শ্রী ডি পি ধর-এর উপস্থিতিতে আমি পরিষ্কারভাবে বলেছিলাম এই রকম যদি হয়, কেন্দ্র থেকে পর্যাপ্ত পরিমাণে চা'ল এবং গম না পাওয়া যায়, পশ্চিমবাংলার যে ঘাটতি আছে, এখান থেকে কয়লা, লোহা, পাট, চা প্রভৃতির যে সুযোগ সারা ভারতবর্ষ নিচ্ছে,

The benefits of green revolution must percolate to the deficit and surplus States alike.

আমি বলেছিলাম, যদি এই রকম অবস্থা চলে—পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় মুখ্যমন্ত্রী এবং

কৃষিমন্ত্রী অনেক ফলন করাবার জন্য আপ্রাণ চেষ্টা করছেন, তাদের কাছে আমি অনুরোধ করবো যে, নূতন ক'রে ভেবে এই রকম একটা পলিসি থাকা দরকার। ব্যক্তিগতভাবে আমি মনে করবো, যে পাটচাষীদের বোঝাতে হবে এবং তাদের ধানের দিকে আনতে হবে। কিন্তু মনে রাখতে হবে ধানের দিকে গেলে ধানের উপযুক্ত দাম দিতে হবে চাষীকে। সেইজন্য মাননীয় নাসিরুদ্দিন সাহেব যে গুরুত্বপূর্ণ প্রস্তাব রেখেছেন, আমি সেটা বিবেচনাযোগ্য ব'লে মনে করি। তিনি যে এই রকম একটা গঠনমূলক বক্তব্য রেখেছেন তার জন্য ধন্যবাদ জানাচ্ছি। মাননীয় সনৎ মুখার্জী যে টোটাল টেকওভার-এর কথা বলেছেন—সমস্ত কিছু যদি রাষ্ট্রের হাতে চ'লে যায়—ব্যুরো-ক্রাটাইজেশনের সমস্যার কথা বলেছেন, সেটা সম্ভব, সেটা হয় পৃথিবীতে, সবদেশে হয়েছে, আমি আশা করেছিলাম যে, নাসিরুদ্দিন সাহেব, শীষ মহম্মদ সাহেব তাঁরা অন্ততঃ কোয়ালিটি কন্ট্রোল-এর উপর আমি যে রিপোর্ট রেখেছি, সেটা প'ড়ে তার উপর বক্তৃতা করবেন। একবারও কেউ তার উপর বক্তৃতা করলেন না। কোয়ালিটি কন্ট্রোল সম্বন্ধে আমাদের বক্তব্য বলেছি, দিল্লীর সঙ্গে লড়াই করেছি, আমি এই কথা বলতে চাই যে, কোয়ালিটি ইমপ্রুভ করতে হবে এবং সেই জন্য আমরা বলেছি যে, পাঞ্জাব এবং হরিয়ানায় যে ধান হয়, তা থেকে সিদ্ধ এবং আতপ দুই রকমই চা'ল হয়। পাঞ্জাব এবং হরিয়ানাতে যে হাস্কিং মেসিন আছে, রাইস মিলস আছে, তার যে বয়লার্স অ্যান্ড ইকুইপমেন্ট, সেই দিয়ে শুধু আতপ চা'ল তৈরি হয়, বয়লারগুলো পালটে পারবয়লিং ইকুইপমেন্টস বসাতে হবে। এইটুকুর জন্য অ্যাডিশনাল ইনসেন্টিভস্ দরকার, তারা সেইজন্য মনে করে অ্যাডিশনাল ইনসেন্টিভস দিলে সিদ্ধ চা'লের কল বসাতে পারবে। পশ্চিম-বাংলা এবং কেরালাতে সিদ্ধ চা'ল দিতে তারা পারে। আমি সেই জন্য কামাক্ষাবাবুকে বলতে পারি কেরালার খাদ্যমন্ত্রী বা মুখ্যমন্ত্রী তো এইসব কথা বলেন নি, আমি পশ্চিমবঙ্গের বাসিন্দা এবং মন্ত্রী হিসাবে বলেছিলাম এবং আমি জানি কেরালারও ঐ একই সমস্যা, সিদ্ধ চা'লের সমস্যা এবং এই প্রস্তাব যখন রেখেছিলাম কেরালার খাদ্যমন্ত্রী আমাকে জোরালোভাবে সমর্থন জানিয়ে-ছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিভিন্ন সদস্যরা যেসব বক্তব্য রেখেছেন, আমি মনোযোগ সহকারে শুনেছি, তাঁরা যেসব গঠনমূলক প্রস্তাব রেখেছেন আমি সেইগুলো অত্যন্ত গভীরভাবে এবং সহানুভূতির সঙ্গে শুধু বিবেচনা করবো, তা নয়, সেইগুলো যত তাড়াতাড়ি কার্যকর করা যায় তার চেষ্ট করবো। রেপ সিড সম্বন্ধে তপনবাবু যা বলেছেন, আমি শুধু বলছি, কাগজে বেরোবার আগেই দিল্লীতে গিয়ে আমি দরবার করেছি, মুখ্যমন্ত্রীকে টেলিপ্রিন্টার পাঠিয়েছি এবং এই বিষয়ে মুখ্যমন্ত্রী আলোচনা করেছেন। আজকে মুখ্যমন্ত্রী আমাকে জানালেন যে, সেন্ট্রাল টিম কলকাতায় আসছে, আর একটা শুভ খবর দিচ্ছি, আমরা হুইট প্রোকিওরমেন্ট প্রোগ্রাম নিচ্ছি। আজকে ক্যাবিনেটএ সে সম্বন্ধে ডিসিসান হয়েছে। ডাঃ আবেদিন সে সম্বন্ধে আমাকে জানালেন যে, খাদ্য কর্পোরে-শন-এর পক্ষ থেকে ৪০ লক্ষ টাকা কো-অপারেটিভ সোসাইটিকে দেওয়া হবে ইন্টারেস্ট-ফ্রি লোন, তাই দিয়ে হুইট যাতে কেনা যায়, এই সিদ্ধান্ত আজকে আপনার কাছে ঘোষণা করছি। এইসব সহযোগিতা নিয়ে সরকারের যে কর্মসূচি সেই কর্মসূচিকে আমরা বাস্তবে রূপ দিতে পারবো। শেষ করার আগে আমি দুটো ঘোষণা করবো। স্ট্যাটুটরি রেশনিং এলাকায় আমি একটা উপদেষ্টা বোর্ড গঠন করবো। আজকে বিতর্কের পরেই আগামী সপ্তাহের মধ্যে এই বিষয়ে ঘোষণা ক'রে দেব, কয়েকজন বিধানসভার সদস্য এবং পার্লামেন্ট এর সদস্য নিয়ে স্ট্যাটুটরী রেশনিং এলাকায় পাবলিক ডিস্ট্রিবিউসান সিস্টেম থ্রু চেক, সুপারভিশন, কন্ট্রোল, ইন্সপেকসান, রেগুলেসান, এই করবার জন্য কি কি দরকার, এই রেকমেন্ডেসান তাঁরা দেবেন, তার জন্য একটা সেপারেট অ্যাডভাইসারী স্টেট কমিটি ক'রে দেব।

[7-10—7-20 p.m.]

গ্রামবাংলার রেশন ব্যবস্থার উন্নতি করবার জন্য, পরামর্শ দেবার জন্য, দুর্নীতি দূর করবার জন্য একটা অ্যাডভাইসারী বোর্ড করব বিধানসভার সদস্যদের নিয়ে। এই ব'লে যে সব কাট মোশান রাখা হয়েছে সেগুলির বিরোধিতা ক'রে যে অনুদান বা ব্যয়বরাদ্দ মঞ্জুরীর জন্য প্রস্তাব রেখেছি সে সম্বন্ধে মাননীয় সদস্যদের কাছ থেকে সমর্থন প্রার্থনা ক'রে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Timir Baran Bhaduri that the amount of the demand be reduced by Rs.100 was then put and a division taken with the following results:

Noes

Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Bandopadhayay, Shri Shib Sankar.
Chatterjee, Shri Tapan.
Chattopadhay, Shri Sukumar.
Das, Shri Sudhir Chandra.
Das Gupta, Dr. Santi Kumar.
De, Shri Asamanja.
Dutta, Shri Adya Charan.
Ghose, Shri Sankar.
Gyan Singh, Shri Sohanpal.
Halder, Shri Harendra Nath.
Hatui, Shri Ganesh.
Khan, Shri Gurupada.
Khan, Nasiruddin, Shri
Mahato, Shri Kinkar.
Mahato, Shri Sitaram.
Maitra, Shri Kashi Kanta.
Maji, Shri Saktipada.
Mandal, Shri Probhakar.
Md. Safiullah, Shri.
Misra, Shri Kashinath.
Mukherjee, Shri Mrigendra.
Mukhapadya, Shri Tarapoda.
Nurunnesa Sattar, Shrimati.
Paul, Shri Bhawani.
Pramanick, Shri Gangadhar.
Ram, Shri Ram Peyare.
Ray, Shri Siddhartha Shankar
Roy, Shri Saroj.
Roy, Shri Santosh Kumar.
Saha, Shri Dwija Pada.
Samanta, Shri Tuhin Kumar.
Saraogi, Shri Ramkrishna.
Sautya, Shri Basudeb.
Shaw, Shri Sachi Nandan.
Singha, Shri Satyanarayan.
Sinha, Shri Debendra Nath.
Talukdar, Shri Rathin.

Ayes

Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Abstentions

Anwar Ali, Shri.
Mandal, Shri Arabinda.
Murmu, Shri Rabindra Nath
Oraon, Shri Prem.

The Ayes being 2, the Noes 39, and the abstentions 4, the motion was lost.

The motion of Shri Kashi Kanta Maitra that a sum of Rs.14,11,46,000 be granted for expenditure under Grant No. 54, Major Head: "124—Capital Outlay on Schemes of Government Trading", was then put and a division taken with the following result:

Ayes

Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Bandopadhayay, Shri Shib Sankar.
Chaki, Shri Naresh Chandra.
Chatterjee, Shri Tapan.
Chattopadhyaya, Dr. Sailendra.
Das Gupta, Dr. Santi Kumar.
Dutta, Shri Adya Charan.
Ghose, Shri Sankar.
Gyan Singh, Shri Sohanpal.
Halder, Shri Harendra Nath.
Hatui, Shri Ganesh.
Khan, Shri Gurupada.
Khan, Nasiruddin, Shri.
Mahato, Shri Kinkar.
Mahato, Shri Sitaram.
Maitra, Shri Kashi Kanta.
Maji, Shri Saktipada.
Mandal, Shri Probhakar.
Md. Safiullah, Shri.
Misra, Shri Kashinath.
Mukherjee, Shri Mrigendra.
Mukhapadya, Shri Tarapoda.
Nurunnesa Sattar, Shrimati.
Paul, Shri Bhawani.
Pramanick, Shri Gangadhar.
Ram, Shri Ram Peyare.

Ayes—concld.

Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shri Saroj.
Roy, Shri Santosh Kumar.
Saha, Shri Dwijapada.
Samanta, Shri Tuhin Kumar.
Saraogi, Shri Ramkrishna.
Sautya, Shri Basudeb.
Shaw, Shri Sachi Nandan.
Singha, Shri Satyanarayan.
Sinha, Shri Debendra Nath.
Talukdar, Shri Rathin.

Noes

Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Abstentions

Anwar Ali, Shri.
Bhattacharjee, Shri Shibapada.
Mandal, Shri Arabinda.
Murmu, Shri Rabindra Nath.
Oraon, Shri Prem.

The Ayes being 38, Noes 2 and the abstentions 5, the motion was carried.

The motion of Shri Timir Baran Bhaduri that the amount of the demand be reduced to Re.1 was then put and a division taken with the following result:

Noes

Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Bandopadhayay, Shri Shib Sankar.
Chatterjee, Shri Tapan.
Chattopadhay, Shri Sukumar.
Das, Shri Sudhir Chandra.
Das Gupta, Dr. Santi Kumar.
Dutta, Shri Adya Charan.
Ghose, Shri Sankar.
Gyan Singh, Shri Sohanpal.
Halder, Shri Harendra Nath.

Noes—concld.

Hatui, Shri Ganesh.
Khan, Shri Gurupada.
Khan, Nasiruddin, Shri.
Mahato, Shri Kinkar.
Mahato, Shri Sitaram.
Maitra, Shri Kashi Kanta.
Maji, Shri Saktipada.
Mandal, Shri Probhakar.
Md. Safiullah, Shri.
Misra, Shri Kashinath.
Mukherjee, Shri Mrigendra.
Mukhapadhya, Shri Tarapoda.
Nurunnesa Sattar, Shrimati.
Paul, Shri Bhawani.
Pramanick, Shri Gangadhar.
Ram, Shri Ram Peyare.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shri Saroj.
Roy, Shri Santosh Kumar.
Saha, Shri Dwija Pada.
Samanta, Shri Tuhin Kumar.
Saraogi, Shri Ramkrishna.
Sautya, Shri Basudeb.
Shaw, Shri Sachi Nandan.
Singha, Shri Satyanarayan.
Sinha, Shri Debendra Nath.
Talukdar, Shri Rathin.

Ayes

Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Abstentions

Anwar Ali, Shri.
Bhattacharjee, Shri Shibapada.
Mandal, Shri Arabinda.
Murmu, Shri Rabindra Nath.
Oraon, Shri Prem.

The Ayes being 2, the Noes 38 and the abstentions 5, the motion was lost.

The motion of Shri Kashi Kanta Maitra that a sum of Rs.7,30,16,000 be granted for expenditure under Grant No. 17, Major Head: "26--Miscellaneous Departments—Excluding Fire Services", was then put and a division taken with the following result:

Ayes

Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Bandopadhayay, Shri Shib Sankar.
Chatterjee, Shri Tapan.
Chattopadhay, Shri Sukumar.
Das, Shri Sudhir Chandra.
Das Gupta, Dr. Santi Kumar.
Dutta, Shri Adya Charan.
Ghose, Shri Sankar.
Gyan Singh, Shri Sohanpal.
Halder, Shri Harendra Nath.
Hatui, Shri Ganesh.
Khan, Shri Gurupada.
Khan, Nasiruddin, Shri.
Mahato, Shri Kinkar.
Mahato, Shri Sitaram.
Maitra, Shri Kashi Kanta.
Maji, Shri Saktipada.
Mandal, Shri Probhakar.
Md. Safiullah, Shri.
Misra, Shri Kashinath.
Mukherjee, Shri Mrigendra.
Mukhapadya, Shri Tarapoda.
Nurunnesa Sattar, Shrimati.
Paul, Shri Bhawani.
Pramanick, Shri Gangadhar.
Ram, Shri Ram Peyare.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shri Saroj.
Roy, Shri Santosh Kumar.
Saha, Shri Dwija Pada.
Samanta, Shri Tuhin Kumar.
Saraogi, Shri Ramkrishna.
Soutya, Shri Basudeb.
Shaw, Shri Sachi Nandan.
Singha, Shri Satyanarayan.
Sinha, Shri Debendra Nath.
Talukdar, Shri Rathin.

Noes

Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Abstentions

Anwar Ali, Shri.
Bhattacharjee, Shri Shibapada.
Mandal, Shri Arabinda.
Murmu, Shri Rabindra Nath.
Oraon, Shri Prem.

The Ayes being 38, the Noes 2 and the abstentions 5, the motion was carried.

DEMAND FOR GRANT No. 24

Major Heads: 33—Animal Husbandry and 124—Capital Outlay on Schemes of Government Trading—Dairy and Animal Husbandry Schemes.

[7-20—7 30 p.m.]

Shri Sitaram Mahato: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs.19,55,20,000 be granted for expenditure under Grant No. 24, Major Heads: "33—Animal Husbandry" and "124—Capital Outlay on Schemes of Government Trading—Dairy and Animal Husbandry Schemes."

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের সুপারিশক্রমে আমি ২৪নং প্রধান খাতঃ "৩৩ অ্যানিম্যাল হাজব্যান্ড্রি" ও "১২৪- ক্যাপিট্যাল আউটলে অন স্কীমস অফ গভর্নমেণ্ট ট্রেডিং ডেয়ারী অ্যান্ড অ্যানিম্যাল হাজব্যান্ড্রি স্কীমস" খাতে ১৯৭৩-৭৪ সালের জন্য ১৯,৫৫,২০,০০০ টাকা ব্যয়বরাদ্দের দাবি পেশ করিতেছি।

পশুপালন, পশুচিকিৎসা, দোহশালা ও দুগ্ধ সরবরাহ ব্যবস্থা চালু রাখা ও উহাদের উন্নতির জন্য এই অর্থের প্রয়োজন।

আমার জন্য নির্দিষ্ট অল্প সময়ের মধ্যে এই বিভাগের প্রধান প্রধান কাজ এবং বিভিন্ন উন্নয়ন প্রকল্পের অগ্রগতির একটি সংক্ষিপ্ত বিবরণ দিতে চেষ্টা করিব।

গো-উন্নয়ন, মুরগি-উন্নয়ন, শূকর-উন্নয়ন, মেষ ও ছাগ উন্নয়ন এবং হরিণঘাটা-কল্যাণী পশুগবেষণা ও গো-উৎপাদন কেন্দ্র পশুপালন কর্মসূচির প্রধান অংগ।

(১) গো-উন্নয়ন

গো-উন্নয়নের কাজ এই বিভাগের প্রধান কার্য-সূচি হিসাবে নিয়মিতভাবে চলিতেছে। "কী-ভিলেজ" প্রকল্প এবং নিবিড় গো-উন্নয়ন প্রকল্প নামে দুইটি প্রধান গো-উন্নয়ন প্রকল্প রাজ্যের নির্দিষ্ট অঞ্চলে চালু রহিয়াছে। প্রায় ৫.৫ লক্ষ গাভী এই প্রকল্প দুইটির অন্তর্ভুক্ত। হলস্টিন ও জার্সি এই দুই জাতের বিদেশী ষাঁড়ের উন্নত পুংবীজের সাহায্যে কৃত্রিম প্রজনন দ্বারা স্থানীয় অনুন্নত গাভী উন্নয়নের কাজ এই দুইটি প্রকল্পের মাধ্যমে চলিতেছে। পশুপালন

অধিকারের অধীনে এই উদ্দেশ্যে ৫৪২টি কৃত্রিম প্রজননকেন্দ্র ও উপকেন্দ্র রহিয়াছে। ১৯৭১-৭২ সালে এই সব কেন্দ্র ও উপকেন্দ্র মাধ্যমে ১,১৩,৬৭৯টি কৃত্রিম প্রজনন সম্পন্ন হয় এবং ৪৬,৪৫৩টি উন্নত গো-বৎস জন্মে। বর্তমান আর্থিক বৎসরের প্রথম ৯ মাসে অর্থাৎ ১৯৭২ সালের ডিসেম্বর মাস পর্যন্ত ৯৪,৬১৭টি কৃত্রিম প্রজনন সম্পন্ন হইয়াছে এবং ৩১,৩০৬টি গো-বৎস জন্মিয়াছে। পশুচিকিৎসা হাসপাতালে ও শহর অঞ্চলে নির্দিষ্ট কেন্দ্রের মাধ্যমে পশুচিকিৎসা বিভাগ ১৯৭১-৭২ সালে ৩৪,৯৭৭টি কৃত্রিম প্রজনন সম্পন্ন করিয়াছেন।

গ্রামাঞ্চলে কৃত্রিম প্রজননের সুযোগসুবিধা বৃদ্ধির পরিপ্রেক্ষিতে রাজ্যসরকার সম্প্রতি পুরুলিয়া, মেদিনীপুর, বীরভূম ও পশ্চিম দিনাজপুর এই চারিটি জেলায় চারিটি নূতন "কী ভিলেজ" ব্লক মঞ্জুর করিয়াছেন। প্রত্যেকটি "কী ভিলেজ" ব্লকের জন্য একটি করিয়া নিজস্ব পুংবীজ সংগ্রহকেন্দ্র থাকিবে। এই চারিটি "কী ভিলেজ" ব্লক ১৯৭৩-৭৪ সালে কাজ আরম্ভ করিবে। মাটিগাড়া বহুমুখী দুগ্ধ প্রকল্পের গো-শালা অঞ্চলে দুগ্ধ উৎপাদন বৃদ্ধির জন্য "আই-সি-ডি" প্রোজেক্টের অনুরূপ একটি গো-উন্নয়ন প্রকল্প মালদহ ও পশ্চিম দিনাজপুর জেলায় চালু করার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে। এই নূতন "কী ভিলেজ" ব্লকগুলি এবং নূতন গো-উন্নয়ন প্রকল্পটি চালু হইলে আরও দুই লক্ষ গাভী গো-উন্নয়ন প্রকল্পের আওতায় আসিবে। ইহা গ্রামীণ অর্থনীতি উন্নয়নে বিশেষ সহায়ক হইবে। এই প্রসঙ্গে মাননীয় সদস্যগণের অবগতির জন্য আমি উল্লেখ করিতে চাই যে, পশ্চিমবঙ্গে প্রজননক্ষম গাভীর সংখ্যা ৪১ লক্ষ, তন্মধ্যে এই সব বিভিন্ন গো-উন্নয়ন প্রকল্পের অন্তর্ভুক্ত গাভীর সংখ্যা মাত্র সাড়ে সাত লক্ষ। সুতরাং বহুসংখ্যক গাভীকে এখনও গো-উন্নয়ন প্রকল্পের অধীনে আনিতে হইবে। গো-উন্নয়ন ক্ষেত্রে কি বিপুল পরিমাণ কাজ এখনও বাকি তাহা সহজেই অনুমেয়। গ্রামাঞ্চলে গো-উন্নয়নকার্যের প্রসারের জন্য পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনায় যাহাতে অধিকতর অর্থ বরাদ্দ করা হয় সেইজন্য আমি মাননীয় সদস্যগণের আন্তরিক সহযোগিতা কামনা করি।

পশুখাদ্য চাষ এবং সুষম খাদ্য বণ্টন গো-উন্নয়ন কর্মসূচির বিশেষ গুরুত্বপূর্ণ অঙ্গ। খামারীদের নিকট উন্নত প্রকারের পশুখাদ্য বীজ ও চারা সরবরাহ করার জন্য এবং অধিক ফলনশীল ও পুষ্টিকর পশুখাদ্যশস্য চাষের উন্নত প্রণালী প্রদর্শনের জন্য এই রাজ্যের বিভিন্ন অঞ্চলে পাঁচটি পশুখাদ্য বীজ সংবর্ধন ও প্রদর্শন খামার রহিয়াছে। ১৯৭১-৭২ সালে ৮৯৫ কুইন্টাল পশুখাদ্য বীজ ও চারা খামারীদের মধ্যে বণ্টন করা হয় এবং কৃষকের নিজ জমিতে ৩৪২টি ক্ষেত্রে পশুখাদ্য চাষ প্রদর্শন করা হয়। বর্তমান আর্থিক বৎসরে প্রথম নয় মাসে অর্থাৎ ডিসেম্বর, ১৯৭২ পর্যন্ত ৮০৯ কুইন্টাল পশুখাদ্য বীজ বণ্টন করা হইয়াছে এবং ৮৩৭টি প্রদর্শনক্ষেত্র (ডিমনস্ট্রেশন প্লট) স্থাপন করা হইয়াছে।

উচিত মূল্যে সুষম পশুখাদ্য বণ্টনের জন্য হরিণঘাটায় পশুখাদ্য তৈয়ারির দুইটি কেন্দ্র রহিয়াছে। এই দুইটি কেন্দ্র হইতে ১৯৭১-৭২ সালে ১,৫৫৩ মেট্রিক টন এবং ১৯৭২-৭৩ সালের প্রথম ছয় মাসে ৮৯৯ মেট্রিক সুষম পশুখাদ্য সরবরাহ করা হইয়াছে।

(২) মুরগি উন্নয়ন

বর্তমানে এই রাজ্যে আটটি মুরগি খামার, দুইটি মুরগি সংবর্ধন কেন্দ্র ও বারটি মুরগি সম্প্রসারণ কেন্দ্র আছে। এই সকল খামারে উৎপন্ন ডিমের একটা মোটা অংশ এখন খামারীদের সরবরাহের উদ্দেশ্যে মুরগিবাচ্চা উৎপাদনের কাজে লাগানো হইতেছে। ১৯৭১-৭২ সালে পুরা বৎসরে যেখানে ১,১১,২৫৯টি মুরগি বাচ্চা সরবরাহ করা হইয়াছিল সেখানে বর্তমান ১৯৭২-৭৩ সালের প্রথম নয় মাসে ১,৩০,১৩৯টি মুরগি বাচ্চা সরবরাহ করা হইয়াছে। বর্তমান আর্থিক বৎসরে বিগত ডিসেম্বর মাস পর্যন্ত মুরগি উন্নয়ন প্রকল্পের বিপণন শাখা কলিকাতায় পঞ্চাশ লক্ষ ডিম সরবরাহ করিয়াছে। "মার্জিনাল ফারমারস্ অ্যান্ড এগ্রিকালচারাল লেবারস্ ডেভালপমেন্ট প্রোগ্রাম"-এর অধীনে মুরগি উন্নয়ন প্রকল্প কার্যকরী করার উদ্দেশ্যে পুরুলিয়া জেলায় দেড় হাজার মুরগি লইয়া একটি মুরগি খামার স্থাপনের প্রকল্প সরকার সম্প্রতি মঞ্জুর করিয়াছেন।

"অ্যাপ্লায়েড নিউট্রিশন প্রোগ্রাম"-এর অধীনে এই রাজ্যে বর্তমানে ৫৫১টি "পোলট্রি ইউনিট" চালু আছে। নামখানা ও কাকদ্বীপে একটি করিয়া মোট দুইটি মুরগি খামারের নির্মাণকার্য চলিতেছে। আশা করা যাইতেছে খামার দুইটি ১৯৭৩-৭৪ সালে চালু করা যাইবে। এই খামার দুইটি চালু হইলে সুন্দরবন অঞ্চলের অনুন্নত এলাকা মুরগি উন্নয়ন কর্মসূচির অন্তর্ভুক্ত হইবে।

(৩) শূকর উন্নয়ন

শূকর মাংস ও মাংসজাত দ্রব্যের চাহিদা বৃদ্ধির পরিপ্রেক্ষিতে হরিণঘাটার "বেকন ফ্যাক্টরির" উৎপাদনক্ষমতা দ্বিগুণ করার কাজ চলিতেছে। ১৯৭৩-৭৪ সালে কালিম্পঙ-এ একটি শূকর প্রজনন খামার স্থাপনের প্রস্তাব আছে।

(৪) মেষ ও ছাগল উন্নয়ন

উন্নতজাতের মেষ সংবর্ধনের জন্য কল্যাণী ও পেডং এ দুইটি মেষ প্রজনন খামার আছে। স্থানীয় মেষপালের উন্নতির জন্য এই রাজ্যে সাতটি মেষ সম্প্রসারণ কেন্দ্র আছে। হরিণঘাটা খামারে একটি ছাগ উন্নয়ন শাখা রহিয়াছে। সেখান হইতে প্রজননের জন্য উন্নত শ্রেণীর ছাগল গ্রামাঞ্চলে সরবরাহ করা হইয়া থাকে।

এই প্রসঙ্গে আমি স্বীকার করিতেছি যে মেষ ও ছাগ উন্নয়ন প্রকল্প এই রাজ্যে বিশেষ অগ্রসর হয় নাই। এই কার্যসূচি আরও জোরদার করার প্রয়োজনীয়তা সরকার অনুভব করিয়াছেন।

(৫) হরিণঘাটা-কল্যাণী কমপ্লেক্স

হরিণঘাটা ও কল্যাণী যুক্তভাবে এই রাজ্যে পশুপালন কর্মসূচির স্নায়ুকেন্দ্র। ইহা বৃহদায়তন দুগ্ধ ও সংকর জাতের গো-উৎপাদন কেন্দ্র। এখানে স্থানীয় জলবায়ু উপযোগী পশুখাদ্য উৎপাদন, পশু প্রজনন এবং উন্নত গাভী উৎপাদন বিষয়ে বিভিন্ন দিকে ফলিত গবেষণা ও অনুসন্ধান চালানো হইয়া থাকে।

১৯৪৯ সালে হরিণঘাটায় যে পশু গবেষণা ও পশু উৎপাদন কেন্দ্র স্থাপিত হইয়াছিল, তাহাই এই রাজ্যে পশুপালন ক্ষেত্রে প্রথম উল্লেখযোগ্য প্রকল্প। কেন্দ্রটি গরু, মেষ, ছাগল, শূকর, হাঁস ও মুরগির আদর্শ খামার হিসাবে কার্য করিবে এই পরিপ্রেক্ষিতে প্রকল্পটি রচিত হয়। এই কেন্দ্রটি স্থাপনের পর রাজ্যের বিভিন্ন স্থানে ছাগল, মেষ, শূকর, হাঁস ও মুরগি প্রভৃতি উন্নয়ন কর্মসূচি গ্রহণ করা হইয়াছে। এই সকল কর্মসূচির মাধ্যমে বিভিন্ন জেলায় যে সমস্ত পশু উন্নয়ন কেন্দ্র স্থাপিত হইয়াছে, সেইগুলি বর্তমানে ঐ সকল এলাকায় আদর্শ খামার হিসাবে কাজ করিতেছে। এই জন্য হরিণঘাটায় অবস্থিত মেষ, ছাগল, শূকর, হাঁস-মুরগির খামারগুলির প্রয়োজনীয়তা ক্রমশঃ হ্রাস পাইতেছে। এইগুলি এখন বিকেন্দ্রীকরণ করিয়া জনসাধারণের মধ্যে পশুপালনে অধিকতর উৎসাহ সঞ্চার করার প্রয়োজনীয়তা অনুভব হইতেছে। ইহা ছাড়া, এই সকল পশুখামারের গুণাগুণ, আর্থিক ফলাফল ও অভীষ্ট লক্ষ্য পূরণে কতটা সাফল্য অর্জন করা গিয়াছে তাহারও যথাযথ মূল্যায়ন করা দরকার। পশুসম্পদের সামগ্রিক উন্নতির জন্য নূতন দৃষ্টিভঙ্গি লইয়া রাজ্যের পশুখামারগুলির মূল্যায়ন, পুনর্বিন্যাস ও পুনর্গঠন একান্ত প্রয়োজন। এই সব উদ্দেশ্যে সরকার সম্প্রতি কয়েকজন বিশেষজ্ঞ লইয়া একটি অনুসন্ধান কমিটি গঠন করিয়াছেন। এই কমিটির রিপোর্ট পাইবার পর ফার্ম ও ইউনিটগুলির পুনর্গঠনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

ইহা ছাড়াও প্রতিটি ফার্ম এবং প্রতিটি জেলাতে জেলা ও ব্লকস্তরে পশুপালন ও পশুচিকিৎসা উপদেষ্টা কমিটি (অ্যানিম্যাল হাজব্যান্ড্রি অ্যান্ড ভেটারিনারি সারভিসেস অ্যাডভাইসরি কমিটি) গঠনের প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে। জেলা ও ব্লকস্তরে পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের কর্মসূচি যথাযথভাবে সম্পাদন হইতেছে কিনা এবং ফার্মগুলির কার্য সুষ্ঠুভাবে পরিচালিত হইতেছে কিনা তাহা লক্ষ্য রাখা কমিটিগুলির মুখ্য উদ্দেশ্য হইবে।

[7-30—7-40 p.m.]

পশুচিকিৎসা

কৃষি অর্থনীতিতে পশুচিকিৎসার এক বিশিষ্ট স্থান রহিয়াছে। উন্নত জাতের গরু, মেষ, ছাগল, শূকর এবং মুরগি উৎপাদনের সমস্ত প্রচেষ্টা মারাত্মক পশুরোগের আক্রমণে অতি অল্পকালের মধ্যে নিষ্ফল হইয়া যাইতে পারে। সুতরাং পশু-উন্নয়ন প্রচেষ্টার সুষ্ঠু এবং ব্যাপক পশুচিকিৎসা ব্যবস্থা অপরিহার্য। পশুচিকিৎসা ব্যবস্থাকে শক্তিশালী করার জন্য এই রাজ্যে ইতিমধ্যেই অনেকগুলি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে। আমার এই বিভাগের দায়িত্বভার গ্রহণের পর সাতটি নূতন পশুচিকিৎসার হাসপাতাল স্থাপন করা হইয়াছে। শীঘ্রই আরও দুইটি নূতন হাসপাতাল খোলা হইবে। পশুচিকিৎসা হাসপাতাল, ডিস্পেন্সারী এবং সাহায্যকেন্দ্রগুলির (এড্ সেন্টার) প্রয়োজনীয় ঔষধ ও চিকিৎসা সরঞ্জামের জন্য বাৎসরিক বরাদ্দের পরিমাণ দ্বিগুণ করা হইয়াছে। বিভিন্ন জেলায় প্রয়োজনীয় ঔষধ মজুত রাখা এবং সময়মত সরবরাহের জন্য তিনটি মেডিক্যাল স্টোর স্থাপন করা হইয়াছে। গ্রামাঞ্চলে পশুচিকিৎসার ক্রমবর্ধমান চাহিদার পরিপ্রেক্ষিতে প্রতি ব্লকে একজন করিয়া অতিরিক্ত পশুচিকিৎসক নিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে। ইহার ফলে গ্রামাঞ্চলে পশুচিকিৎসা ব্যবস্থার সম্প্রসারণ সম্ভব হইবে। পশুরোগ অনুসন্ধান শাখাটিকেও শক্তিশালী করা হইয়াছে। প্যারাসাইট-জনিত রোগ দমনের জন্য বিভিন্ন জেলায় তিনটি উপকেন্দ্র সহ একটি "প্যারাসাইটিক কন্ট্রোল ইউনিট" স্থাপন করা হইয়াছে। "রিণ্ডারপেস্ট" উচ্ছেদ কার্যসূচি আরও সুদৃঢ় করিবার জন্য গত বৎসর অনুমোদিত দুইটি চেকপোস্ট ও দুইটি "ভিজিল্যান্স ইউনিট" ছাড়াও অতিরিক্ত একটি "ভিজিল্যান্স ইউনিট" ও একটি চেকপোস্ট স্থাপনের প্রস্তাব কেন্দ্রীয় সরকার সম্প্রতি অনুমোদন করিয়াছেন। গবাদির সংক্রমণজনিত গর্ভপাত অনুসন্ধানের জন্য একটি প্রকল্প অনুমোদিত হইয়াছে। প্রকল্পটির ব্যয়ভার কেন্দ্রীয় সরকার ও রাজ্যসরকার যুক্তভাবে বহন করিবেন।

দুর্গাপুরে একটি বিজ্ঞানসম্মত মাংস কারখানা স্থাপন প্রকল্পটির দ্রুত রূপায়ণের প্রচেষ্টা চলিতেছে। কেন্দ্রীয় সরকারের নির্দেশ অনুযায়ী নূতন করিয়া প্রকল্পটির "প্রোজেক্ট রিপোর্ট" প্রস্তুত করা হইয়াছে এবং কেন্দ্রীয় সরকারের নিকট অনুমোদনের জন্য পাঠানো হইয়াছে। প্রাথমিক কাজ হিসাবে জমির চারিদিকে প্রাচীর নির্মাণের ব্যবস্থা করা হইয়াছে।

পশুপালন ও পশুচিকিৎসা বিষয়ে আমার বক্তব্য শেষ করার পূর্বে এই বিভাগের কর্মসংস্থানের যে বিশেষ প্রশিক্ষণ প্রকল্প লওয়া হইয়াছে সে বিষয়ে মাননীয় সদস্যদের অবহিত করিতে চাই। এই প্রকল্পের মাধ্যমে এক হাজার "নন টেকনিক্যাল" এবং একশত "টেকনিক্যাল" মোট এগারশত গ্রাম্য যুবককে গো-পালন ও মুরগি-পালন বিষয়ে ছয় মাসের প্রশিক্ষণ দেওয়া হইতেছে। প্রশিক্ষণকালে শিক্ষার্থিগণ মাসিক "স্টাইপেন্ড" পাইবেন। আশা করা যায় প্রশিক্ষণ শেষে এই সকল যুবক গো-পালন ও মুরগি-পালন ক্ষেত্রে নিজেদের প্রতিষ্ঠিত করিতে পারিবেন এবং গ্রামের কৃষকদের পশুপালন বিষয়ে সাহায্যও করিতে পারিবেন। সংকর জাতের গরু-পালন, মুরগি-পালন, শকর-পালন, মেষ ও ছাগ-পালন প্রভৃতি স্বনিয়োগের (সেলফ্ এমপ্লয়মেন্ট) পক্ষে বিশেষ কার্যকরী হইবে। এই সকল বৃত্তির প্রসারণ রাজ্যের বর্তমান বেকারী দূরীকরণে সহায়তা করিবে।

দোহবর্ধন ও দুগ্ধ সরবরাহ

(১) হরিণঘাটা ও বেলগাছিয়া সেন্ট্রাল ডেয়ারীর সম্প্রসারণ

এখন আমি দোহ-উন্নয়ন ও দুগ্ধসরবরাহের কথায় আসিব।

বৃহত্তর কলিকাতা অঞ্চলের ক্রেতাগণের দুগ্ধের চাহিদা ও সরকারী ডেয়ারী ফ্যাক্টরিগুলির উৎপাদন ক্ষমতার মধ্যে যে ব্যবধান আছে, তাহা পূরণের জন্য বেলগাছিয়া সেন্ট্রাল ডেয়ারীর উৎপাদন ক্ষমতা দৈনিক ১ লক্ষ ৫০ হাজার লিটার হইতে বাড়াইয়া ২ লক্ষ ৫০ হাজার লিটার

করার জন্য অনুমিত ১·১০ কোটি টাকার একটি প্রকল্প রচনা করা হইয়াছিল। প্রকল্পটির অধিকাংশ কাজই শেষ হওয়ার মুখে। আশা করা যায়, আগামী আর্থিক বৎসরের মাঝামাঝি এই সম্প্রসারণের কাজ শেষ হইলে হরিণঘাটা ডেয়ারী এবং বেলগাছিয়ার সেন্ট্রাল ডেয়ারীর বর্তমান উৎপাদন ক্ষমতা ১ লক্ষ ৭০ হাজার লিটারের স্থানে ২ লক্ষ ৭০ হাজার লিটার হইবে। এই প্রসঙ্গে উল্লেখ করা প্রয়োজন যে, সেন্ট্রাল ডেয়ারীর সম্প্রসারণকার্য বিশ্বখাদ্যসূচির ৬১৮নং পরিকল্পের অধীনে প্রাপ্ত আর্থিক সাহায্যের ফলে ত্বরান্বিত হইতেছে।

(২) দুর্গাপুর ডেয়ারী

আনুমানিক ১ কোটি ৮৪ লক্ষ টাকা ব্যয়ে দুর্গাপুর সরকারী ডেয়ারী ফ্যাক্টরি নির্মাণের প্রকল্প হাতে লওয়া হইয়াছিল। ডেয়ারীর যন্ত্রপাতি সংগ্রহ ও সংস্থাপন, ডেয়ারী ফ্যাক্টরি, প্রশাসন গৃহ, রাস্ত প্রভৃতি নির্মাণের অধিকাংশ কাজই শেষ হইয়াছে এবং ১৯৭২ সালের ২রা অক্টোবর ৫০ হাজার লিটার স্ট্যান্ডার্ড মিল্ক উৎপাদনক্ষমতাবিশিষ্ট ডেয়ারী ফ্যাক্টরিটি চালু করা হইয়াছে। দৈনিক ১২ শত লিটারেরও বেশি আইসক্রিম উৎপাদনক্ষমতাসম্পন্ন একটি আইসক্রিম তৈয়ারির যন্ত্রও এখানে বসানো হইয়াছে। আশা করা যাইতেছে যে, এই ডেয়ারী ফ্যাক্টরি কয়েক মাসের মধ্যেই পূর্ণমাত্রায় দুগ্ধ ও আইসক্রিম উৎপাদনে সক্ষম হইবে। এই প্রসঙ্গে আমি উল্লেখ করিতে চাই যে, দুর্গাপুর ফ্যাক্টরিতে উৎপাদিত আইসক্রিম ৮ই ডিসেম্বর, ১৯৭২ তারিখ হইতে কলিকাতায় বিক্রয় সুরু হয়। এই আইসক্রিম "হিমক্রিম" নামে পরিচিত এবং ইহা ৫০ মিলিলিটার মাপের পাত্রে প্রতিটি ৬০ পয়সা মূল্যে বিক্রয় করা হইতেছে। এই আইসক্রিম বাজারে ছাড়া হইয়াছে এবং জনসাধারণের মধ্যে বেশ ভালই বিক্রয় হইতেছে।

দুগ্ধ সংগ্রহ ও শীতলীকরণের কেন্দ্র স্থাপন

সরকারী ডেয়ারীগুলিতে কাঁচা দুগ্ধের যোগান বাড়াইবার জন্য এবং গ্রামাঞ্চলের দুগ্ধ উৎপাদনকারীদের উৎপাদিত দুগ্ধ যাহাতে সহজে বিক্রীত হয় সেজন্য গ্রামের গোশালা অঞ্চলে পর্যায়ক্রমে দুগ্ধ সংগ্রহ ও শীতলীকরণের অনেকগুলি কেন্দ্র স্থাপন করা হইতেছে। বর্তমান আর্থিক বৎসরে এইরূপ সাতটি নূতন কেন্দ্র স্থাপন এবং পুরাতন দুইটি কেন্দ্রের পুনর্নবীকরণের কার্যসূচি হাতে লওয়া হইয়াছে। এ পর্যন্ত পাঁচটি নূতন কেন্দ্র স্থাপিত হইয়াছে এবং দুগ্ধ সংগ্রহ ও শীতলীকরণের একটি পুরাতন কেন্দ্রকে পুনর্নবীকরণ করা হইয়াছে। এই প্রকল্পটি গ্রামাঞ্চলের দুগ্ধ উৎপাদকদের বিশেষ উপকারে আসিবে কারণ তাহারা তাহাদের উৎপাদিত দুগ্ধের জন্য কেবল তৈয়ারী বাজারই পাইবে তাহা নহে, লাভজনক মূল্যও পাইবে। এইভাবে এই প্রকল্প গ্রামীণ অর্থনীতির উন্নয়নে এবং গ্রামের দোহশালাগুলিতে নিয়োগের ক্ষমতা বৃদ্ধিতে বিশেষ সহায়ক হইবে। এই প্রসঙ্গে উল্লেখযোগ্য যে দুগ্ধের ক্রয়মূল্য গত সেপ্টেম্বর মাস হইতে কেজি প্রতি ১৫ পয়সা বাড়াইয়া দেওয়া হইয়াছে কিন্তু দুগ্ধের বিক্রয়মূল্য বাড়ান হয় নাই।

দুগ্ধ সরবরাহের এজেন্সি দিবার জন্য প্রকল্প

বেকার যুবকদিগকে মোটামুটি আয় করিবার সুযোগ দিবার জন্য ২৪-পরগণা, নদীয়া ও হাওড়া জেলার বিভিন্ন অঞ্চলে দুগ্ধ বিক্রয়ের এজেন্সি দেওয়া হইয়াছে। হরিণঘাটা, বেলগাছিয়া ও দুর্গাপুর ডেয়ারীর উৎপাদন বৃদ্ধির সঙ্গে সঙ্গে এইরূপ এজেন্সির সংখ্যা আরও বাড়ানো সম্ভব হইবে।

মোবাইল মিল্কবার

চব্বিশটি আসনযুক্ত একটি ভ্রাম্যমান "মিল্কবার" ১৯৭২ সালের ২২শে ডিসেম্বর উদ্বোধন করা হইয়াছে। ভারতে এইরূপ "মিল্কবার" এখানেই সর্বপ্রথম চালু করা হইল। চকোলেট দুগ্ধ বিক্রয় ছাড়াও দুর্গাপুর ডেয়ারীতে উৎপন্ন "হিমক্রিম" আইসক্রীমও এই মিল্কবারে বিক্রয় করা হইতেছে। যে বাসটিতে মিল্কবার স্থাপন করা হইয়াছে তাহা সুসজ্জিত ও শীতাতপ-নিয়ন্ত্রিত।

[7-40—7-50 p.m.]

হরিণঘাটা ডেয়ারীতে প্রস্তুত ঘি

১৯৬০-৬১ সালে হরিণঘাটা ডেয়ারীতে ঘি উৎপাদন সুরু করা হয়। ক্রমে ক্রমে এই ঘি খুবই জনপ্রিয়তা অর্জন করে। জনসাধারণের চাহিদা সম্পূর্ণভাবে পূরণ করা সম্ভব হয় নাই। তবে ১৯৭১-৭২ সালে মোট ১৮,২৯৭ কিলোগ্রাম ঘি বিক্রয় করা হইয়াছে। ইহার জন্য মূল্য বাবত মোট ২,৮৬,২০২ টাকা ৬০ পয়সা আদায় হইয়াছে। ১৯৭২-৭৩ সালের ২৭শে ফেব্রুয়ারী, ১৯৭৩ তারিখ পর্যন্ত ৫৪,৯০৬ কিলোগ্রাম ঘি বিক্রয় হইয়াছে এবং মূল্য বাবত মোট মোট ৮,৬৩,৯৮৮ টাকা ৮০ পয়সা আদায় হইয়াছে। ঘিয়ের পরিমাণ আরও বৃদ্ধি করিবার পরিকল্পনা কার্যকরী করার সর্বপ্রকার প্রচেষ্টা চলিতেছে।

ভ্রাম্যমাণ তদারকি কমিটি (মোবাইল ভিজিলেন্স কমিটি)

গত বৎসর আগস্ট মাসে নানাবিধ অসদুপায়ে দুগ্ধ বিক্রয়, চুরি, ভেজাল ইত্যাদি বন্ধ করার উদ্দেশ্যে একটি ভ্রাম্যমাণ তদারকি কমিটি গঠন করা হইয়াছে। এই কমিটি বৃহত্তর কলিকাতার নানা স্থানে অবস্থিত দুগ্ধ বিক্রয় কেন্দ্র এবং দুগ্ধ বহনকারী গাড়ী, রাস্তা ইত্যাদিতে অতর্কিতে হানা দিয়া অসদুপায়ে দুগ্ধ বিক্রয়, চুরি ও ভেজাল বহুলাংশে রোধ করিতে সক্ষম হইয়াছে।

এই কমিটি স্বল্পসময়ের মধ্যে দুগ্ধ বিক্রয় কেন্দ্র হইতে অসদুপায়ে দুগ্ধ বিক্রয়ের ঘটনা সাতাশটি ক্ষেত্রে হাতে-নাতে ধরিতে সক্ষম হইয়াছে। ঘটনার সহিত জড়িত ৪৫ জন ব্যক্তির মধ্যে ৪১ জনকে সাময়িকভাবে বরখাস্ত করা হইয়াছে এবং ইহাদের বিরুদ্ধে বিভাগীয় তদন্ত চলিতেছে। বাকি চারজনের বিরুদ্ধে "অভিযোগ পত্র" (চার্জসীট) দেওয়া হইয়াছে।

পুরাতন ব্যবস্থার পুনঃপ্রবর্তন

দুগ্ধের মূল্য চেকে বা অন্যান্য পদ্ধতিতে জমা দিবার যে প্রথার প্রচলন করা হইয়াছিল, তাহাতে নানারূপ অসুবিধা দেখা দেয়। সেইজন্য গত বৎসর জুন মাস হইতে ক্রেতাদের সুবিধার্থে "দুগ্ধ বিক্রয় কেন্দ্র" মারফত অগ্রিম মূল্য জমা দিবার পুরাতন ব্যবস্থা পুনরায় চালু করা হইয়াছে। ইহাতে যেমন সরকারের আর্থিক অপচয়ের পথ বন্ধ হইয়াছে, অপরদিকে তেমনি ক্রেতাদের দুগ্ধের মূল্য জমা দিবার ব্যাপারে যথেষ্ট সুবিধা হইয়াছে।

চেক, ড্রাফট এবং পোস্টাল অর্ডার ইত্যাদির মাধ্যমে দুগ্ধের মূল্য আদায়ের পদ্ধতি প্রচলিত হইবার ফলে ২৮,৬৪১টি চেক, ড্রাফট এবং পোস্টাল অর্ডার ইত্যাদি সংশ্লিষ্ট সংস্থা দ্বারা অগ্রাহ্য হয়। ফলে সরকারকে ১১,২৪,০৯৩ টাকা ৯৭ পয়সা লোকসানের সম্মুখীন হইতে হয়। এই বিষয়ে বিশেষ উদ্যোগ গ্রহণ করার ফলে ৮,৪৭,৫০১ টাকা ৫৭ পয়সা আদায় করা সম্ভব হইয়াছে। বাকি ২,৭৬,৫৯২ টাকা ৪০ পয়সা আদায়ের জন্য প্রয়োজনীয় সর্বপ্রকার ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে। আশা করা যায়, অবলম্বিত ব্যবস্থায় বাকি টাকা দ্রুত আদায় করা সম্ভব হইবে।

নূতন দুগ্ধকার্ড বিতরণ ও দুগ্ধ বিক্রয় কেন্দ্র স্থাপন

গত ১৯৭২ সালের এপ্রিল হইতে ১৯৭৩ সালের ফেব্রুয়ারী মাস পর্যন্ত অতিরিক্ত মোট ১৮,২৩০টি দুগ্ধের কার্ড জনসাধারণের মধ্যে বিতরণ করা হইয়াছে এবং পাঁচিশটি নূতন "দুগ্ধ বিক্রয় কেন্দ্র" নানাস্থানে খোলা হইয়াছে। বর্তমানে "দুগ্ধ বিক্রয় কেন্দ্রে"র সংখ্যা ৬০৩টিতে দাঁড়াইয়াছে।

হিসাবপদ্ধতি সরলীকরণ

সুষ্ঠু এবং যথাযথভাবে হিসাব-নিকাশ সংরক্ষণ ও পরীক্ষা এবং ব্যয়সংকোচের সহজ সরল উপায় নির্ধারণের জন্য একটি দক্ষ ও বিশিষ্ট বেসরকারী চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট প্রতিষ্ঠানকে নিযুক্ত করা হইয়াছে। এই প্রথম সরকার কোন বেসরকারী প্রতিষ্ঠান দ্বারা কলিকাতা দুগ্ধ প্রকল্পের হিসাব-নিকাশের ব্যবস্থা করিলেন।

অপারেশন ফ্লাড

আমি পূর্বেই উল্লেখ করিয়াছি যে, বিশ্ব খাদ্যসূচির ৬১৮নং পরিকল্পের আর্থিক সহায়তায় বেলগাছিয়া সেন্ট্রাল ডেয়ারীর দুগ্ধ উৎপাদন ক্ষমতা ১ লক্ষ ৭০ হাজার লিটার হইতে বৃদ্ধি করিয়া ২ লক্ষ ৭০ হাজার লিটারে উন্নীত করা হইতেছে।

কলিকাতার নিকটে ডানকুনিতে আনুমানিক ৪ কোটি টাকা ব্যয়ে দৈনিক ৪ লক্ষ লিটার উৎপাদন ক্ষমতাবিশিষ্ট একটি ডেয়ারী স্থাপন করা হইতেছে। এখানে ডেয়ারী নির্মাণের জন্য যে জমি অধিগ্রহণ করা হইয়াছে এখন তাহার উন্নয়নের কাজ চলিতেছে। এই ডেয়ারীর পূর্ত কর্ম রাজ্যসরকার সম্পন্ন করিবেন কিন্তু ন্যাশনাল ডেয়ারী ডেভেলপমেন্ট বোর্ড পূর্ত কর্ম বিষয়ে উপদেষ্টার কাজ করিবেন এবং কারখানার যন্ত্রপাতি সংস্থাপনের কাজও করিবেন। এই ডেয়ারীর স্থাপত্য ও গঠন সংক্রান্ত বিষয়সমূহ ন্যাশনাল ডেয়ারী ডেভেলপমেন্ট বোর্ডের সহিত পরামর্শক্রমে চূড়ান্ত করা হইতেছে। পূর্ত কার্য শীঘ্রই আরম্ভ হইবে। ১৯৭৪ সালে এই ডেয়ারীর নির্মাণকার্য শেষ হইবে বলিয়া আশা করা যায়। এই ডেয়ারী চালু হইলে বৃহত্তর কলিকাতা অঞ্চলের বহুসংখ্যক ক্রেতার দুগ্ধের চাহিদা পূরণ করিবে।

মাটিগাড়া ডেয়ারী

শিলিগুড়ির নিকট মাটিগাড়ায় নির্মীয়মান বহুমুখী ডেয়ারী রাজ্যের পঞ্চবার্ষিক পরিকল্পনায় বরাদ্দকৃত অর্থে দোহ-উন্নয়ন কর্মসূচির মাধ্যমে স্থাপন করার কথা ছিল। এখন এই ডেয়ারীটি ৬১৮নং প্রকল্পের মাধ্যমে প্রাপ্ত অর্থের সাহায্যে নির্মাণ করা হইতেছে। এই ডেয়ারীটি স্থাপনের জন্য মূলধনী ব্যয়ের পরিমাণ ২ কোটি ১৪ লক্ষ টাকা ধরা হইয়াছে। এই পরিমাণ আরও বৃদ্ধি পাইতে পারে। এই ডেয়ারীতে দৈনিক প্রায় ৩,৮২২ লিটার দুগ্ধ, ৫,৪২৪ কিলোগ্রাম গুঁড়াদুধ, এবং ১,৫৪০ লিটার মাখন উৎপন্ন হইবে। এই ডেয়ারীর জন্য কাঁচা দুগ্ধ সংগ্রহের উদ্দেশ্যে কালিম্পং, বিজনবাড়ি, বাগ্‌গোরা, মিরিক এবং সুখিয়াপুখরিতে একটি করিয়া মোট পাঁচটি দুগ্ধ শীতলীকরণের কেন্দ্র স্থাপন করা হইতেছে। ডেয়ারী ফ্যাক্টরির নির্মাণকার্যের অধিকাংশই শেষ হইয়াছে, "প্রোডাকশন ব্লকে"র নির্মাণকার্য হাতে লওয়া হইয়ছে। আমদানীযোগ্য যন্ত্রপাতির অধিকাংশই কলম্বো পরিকল্পনার মাধ্যমে নিউজিল্যান্ড সরকারের নিকট হইতে পাওয়া গিয়াছে। এই ডেয়ারীর নির্মাণকার্য ১৯৭৪ সালের প্রথম দিকেই শেষ হইবে বলিয়া আশা করা হইতেছে। নির্মাণকার্য দ্রুত নিষ্পন্ন করার উপর বিশেষ গুরুত্ব দেওয়া হইয়াছে।

সেন্ট্রাল ডেয়ারী সম্প্রসারণের কাজ শেষ হইলে কলিকাতা শহরের গবাদি পশুগুলিকে শহরের বাহিরে সরাইয়া পুনর্বাসন দেওয়ার প্রকল্পটি ন্যাশনাল ডেয়ারী ডেভেলপমেন্ট বোর্ডের নিকট উপস্থাপিত করা হইবে। এই সংস্থাটি ৬১৮নং প্রকল্পের রূপদানের জন্য ভারত সরকার কর্তৃক গঠিত হইয়াছে।

বিশ্ব খাদ্যসূচির ৬১৮নং পরিকল্পের অধীনে শিলিগুড়িতে একটি পশুখাদ্য মিশ্রণের কারখানা স্থাপন করা হইতেছে। এই কারখানার জন্য প্রয়োজনীয় জমি অধিগ্রহণ করা হইয়াছে এবং কারখানা নির্মাণের কাজ আরম্ভ করার ব্যবস্থা করা হইতেছে।

এই রাজ্যে যেসমস্ত নূতন ডেয়ারী গড়িয়া উঠিতেছে সেগুলিতে ব্যবহারের জন্য প্রচুর পরিমাণে কাঁচা দুধের প্রয়োজন। সুতরাং বিশ্ব খাদ্যসূচির ৬১৮নং পরিকল্পে গো-উন্নয়নের ব্যবস্থাও রাখা হইয়াছে। গো-উন্নয়নকে ত্বরান্বিত করিতে হইলে যথেষ্ট সংখ্যক বিদেশী ষাঁড়ের প্রয়োজন। ইন্ডিয়ান ডেয়ারী কর্পোরেশন এই পরিকল্পের জন্য বারোটি বিদেশী ষাঁড় বরাদ্দ করিয়াছেন। ঐ ষাঁড়গুলি দিল্লীতে গত ১৩ই মার্চ আসিয়া পৌঁছিয়াছে। দিল্লী হইতে স্থলপথে সত্বর কলিকাতা আনিবার জন্য ব্যবস্থা করা হইয়াছে। এর ফলে উন্নত জাতের গো-প্রজননের সম্প্রসারণ ঘটিবে। গুজরটের আনন্দে অবস্থিত বিদেশী ষাঁড় উৎপাদন খামার হইতে আরও বারটি প্রজনন ষাঁড় বরাদ্দ করা হইয়াছে। এই ষাঁড়গুলি উত্তরবঙ্গে মাটিগাড়া ডেয়ারীর নিকটস্থ অঞ্চলে বিতরণ করা হইবে। আটটি বিদেশী ষাঁড় লইয়া একটি পুংবীজ সংগ্রহ কেন্দ্র শিলিগুড়িতে স্থাপন করা হইবে এবং বাকি চারটি ষাঁড় স্থানীয় গবাদির উৎপাদন ক্ষমতা বাড়াইবার উদ্দেশ্যে মালদহ জেলায় বিতরিত হইবে।

দুগ্ধবতী গাভীর উন্নতিবিধানের জন্য ইন্ডিয়ান ডেয়ারী কর্পোরেশন এই পরিকল্পের জন্য তিরিশটি বিদেশী জার্সি গাভী এবং তিনটি প্রজনন ষাঁড় বরাদ্দ করিয়াছেন। গত ৯ই মার্চ ঐগুলি এখানে আসিয়া পৌঁছিয়াছে। মেদিনীপুর জেলার শালবনীতে ভারত সরকারের খরচায় একটি বিদেশী ষাঁড়-প্রজনন খামার স্থাপনের জন্য ইন্ডিয়ান ডেয়ারী কর্পোরেশনকে আরও বিদেশী গাভী ও ষাঁড় দিবার জন্য অনুরোধ করা হইয়াছে। এই সমস্ত গাভী ও ষাঁড় "অপারেশন ফ্লাড"এর অধীনস্থ জিলাগুলির জন্য ষাঁড় সরবরাহের ও জমাট শুক্রসংরক্ষণাগার স্থাপনের মূল কেন্দ্র হিসাবে কার্য করিবে। এইসকল গাভী ও ষাঁড়-এর মাধ্যমে পশুপালন উন্নয়নের কার্য এই রাজ্যে ত্বরান্বিত হইবে।

প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারীদের নিকট হইতে দুগ্ধ সংগ্রহের জন্য গ্রামীণ সমবায় সমিতি গঠনের একটি প্রস্তাব রহিয়াছে। এই সমিতি গঠনের কাজ দার্জিলিং জেলায় এবং মুর্শিদাবাদ, নদীয়া ও উত্তর ২৪-পরগনা জেলায় অবস্থিত আই. সি. ডি. ব্লক অঞ্চলে শুরু করা হইবে। ন্যাশনাল ডেয়ারী ডেভেলপমেন্ট বোর্ড প্রেরিত একটি দল উপরি-উক্ত অঞ্চলে কাজ আরম্ভ করিবে বলিয়া আশা করা যায়।

যেসমস্ত আই. সি. ডি. ব্লক অঞ্চলে সংকর-জননের কাজ আরম্ভ হইয়াছে সেখানে পশুরোগ চিকিৎসার জন্য প্রয়োজনীয় ঔষধপত্র এবং অ্যাম্বুলেটারি ক্লিনিক ভ্যান পাঠাইবার ব্যবস্থা করা হইয়াছে।

এইসব ব্যাপক কার্যসূচি যখন রূপায়িত হইবে তখন এই রাজ্যের দুগ্ধের চাহিদা বহুল পরিমাণে পূরণ করা যাইবে এবং কর্মসংস্থানের বিরাট সম্ভাবনা দেখা দিবে। এই বৃহৎ কর্মসূচির সফল রূপায়ণে আমি মাননীয় সদস্যগণের সহযোগিতা ও সহানুভূতি কামনা করি।

মহাশয়, আমি প্রস্তাব করিতেছি যে, ২৪নং খাতঃ "৩৩--অ্যানিম্যাল হাজব্যান্ড্রি" এবং "১২৪—ক্যাপিট্যাল আউটলে অন স্কীমস্ অব গভর্নমেন্ট ট্রেডিং—ডেয়ারী অ্যান্ড অ্যানিম্যাল হাজব্যান্ড্রি স্কীমস্" খাতে ১৯৭৩-৭৪ সালের জন্য ১৯,৫৫,২০,০০০ টাকা (ঊনিশ কোটি পঞ্চান্ন লক্ষ কুড়ি হাজার) টাকা ব্যয়বরাদ্দ অনুমোদন করা হউক।

Mr. Deputy Speaker: There is one cut motion and it is in order. I now call upon Shri Timir Baran Bhaduri to speak.

Shri Timir Baran Bhaduri: That the amonut of the demand be reduced to Re.1.

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যে গ্র্যান্ট নং ২৪-এর ব্যয়বরাদ্দের দাবি বিভাগীয় মন্ত্রিমহাশয় পেশ করলেন এবং সেই দাবি পেশ করার সময় যেসমস্ত দুগ্ধ পরিকল্পনার কথা ব'লে গেলেন তা শুনে আশ্চর্য হলাম। তিনি ব'লে গেলেন আগামী দিনে

আমরা যেসমস্ত পরিকল্পনা হাতে নিয়েছি তাতে আশা করছি যে, পশ্চিম বাংলার লোক দুধ-ভাত খেয়ে জীবন চালিয়ে দেবেন। এবারে মাননীয় পশুপালন মন্ত্রী বললেন, দুধের অভাব আর থাকবে না—আর ওদিকে খাদ্যমন্ত্রী বললেন, তিনি চাল দেবেন। তা হ'লে পশ্চিম বাংলার লোক একেবারে দুধে-ভাতে খেয়ে জীবন চালিয়ে দেবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই একটা দপ্তর, এই দপ্তরে যারা থাকে বিশেষ ক'রে ঐ পশু এবং পক্ষী গরু-মোষ-ছাগল ওরা তো আন্দোলন করতে জানে না, দাবি-দাওয়া আদায় ক'রে নিতে পাচ্ছে না। এ এক অদ্ভুত দপ্তর। তাই মন্ত্রি-মহাশয় নিশ্চিত হয়ে আছেন, রাম রাজা আছে কোন অভাব হবে না। আমাদের পশুপালনমন্ত্রী তাঁর বিভাগে বসে বসে কেবল উন্নয়ন পরিকল্পনা করছেন। একথা কি জানেন যে, কলকাতা মহানগরীর মাঝখানে স্লটার হাউস আছে ঐ ট্যাংরায়। সেখানে যাঁরা ভারপ্রাপ্ত হয়ে ব'সে আছেন তাঁদের জমিজায়গার হিসাব কি আপনারা রাখেন ? তাঁরা ৬-৭ মাস থাকেন, কি এক বছর থাকেন, এই সময়ের মধ্যে বেশ একটা মোটা অংকের ব্যাংক ব্যালান্স বাড়িয়ে নেন, তিনি এদিকে একটু নজর দিন। আপনারা দেখলে অবাক হয়ে যাবেন, যেসমস্ত গরু ৭-৮-১০-১২ কেজি ক'রে দুধ দেয় সেই সমস্ত গরুকে যখন রাস্তা দিয়ে নিয়ে যাওয়া হয় তখন দেখা যায় কিভাবে এগুলিকে বিক্রি করা হয়—সেখানে বেশ একটা মোটা অংক ডাক্তারবাবুদের পকেটে দেওয়া হয়। ডাক্তারবাবুরা ৬-৭ মাস থাকেন, তাঁরা জানেন এই সময়ের মধ্যে বেশ একটা মোটা অংক তাঁদের কামিয়ে নিতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রামবাংলার অবস্থাটা একবার চিন্তা ক'রে দেখুন, সেখানে কি হচ্ছে ? বেলডাঙ্গা, দেবগ্রাম, বেথুয়াডাহারিতে চিলিং প্ল্যান্ট আছে। ' সেই চিলিং প্ল্যান্টগুলির দিকে একটু নজর দিন। তাঁরা বলেছিলেন, দুধ প্রকল্প যদি কার্যকর করতে হয়, ঠিকমত দুধের প্রোডাকশন যাতে ডেভেলপ হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে এবং দুধের যারা ব্যবসায়ী তাদের কাছ থেকে গভর্নমেন্ট দুধ পারচেজ করবে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি, দুধের ব্যবসার সঙ্গে যাদের কোন সম্পর্ক নেই সেই সমস্ত মিডলম্যানদের দীর্ঘদিন ধ'রে রেখে দিয়েছেন এবং এই মিডলম্যানরা টাকা ইনভেস্ট ক'রে ছোট ছোট দুধ প্রোডাকশনকারী বিশেষ ক'রে গোয়ালাদের কাছে মোটা টাকা দাদন দেন এবং তাদের কাছ থেকে সস্তা দরে দুধটা কিনে নিয়ে চিলিং প্ল্যান্টে দেন। সেখানে অফিসারবাবু আছেন, তাঁর সঙ্গে সব মাসিক বন্দোবস্ত ঠিক করাই আছে। কি রকম পয়েন্ট ঠিক করা আছে দেখুন। সেখানে ৪০ পারসেন্ট ফ্যাট হবে কি ৪১ পারসেন্ট হবে তা নিয়েও বেশ একটা কারচুপি আছে। কেননা, অফিসে যাঁরা থাকেন তাঁদের সঙ্গে তো বন্দোবস্ত একেবারে ঠিকই করা আছে, কাজেই অসুবিধা কিছুই হয় না, মাসোহারা তো পেয়েই যাচ্ছেন। খালি শুধু একবার ব্যারোমিটার ডুবিয়ে ব'লে দিলেই হ'ল এই এই পয়েন্ট আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বেলডাঙ্গা থেকে যেসমস্ত দুধ আসে সেই দুধে অনেক সময় ফ্যাট বাড়াবার জন্য সালফেট ব্যবহার করা হয় এবং হরিণঘাটায় যখন আসে তখন আর দুধ থাকে না, ছানা হয়ে যায়। সেই দুধ হসপিট্যালের রোগীদের খাওয়ানো হয়, মানুষকে খাওয়ানো হয়, সেইদিকে আপনারা একটুখানি ভাল ক'রে নজর দিন। তবে এই দপ্তরের মন্ত্রী ভদ্রলোক, শান্ত লোক, আমি বেশি কিছু বলব না। আপনি একটু খোঁজ-খবর নিয়ে দেখুন পশু হসপিট্যালে গেলে একটা কোন ওষুধ পাওয়া যায় কিনা—আমি কিছুদিন আগেও বলেছি আবার বলছি, গভর্নমেন্ট কিছু যেখানে করে নি এবং মানুষ যেখানে ওষুধ পায় না, সেখানে পশু ওষুধ পাবে কি ক'রে ? টিটেনাসের ওষুধ এ টি এস পাওয়া যায় না হসপিটালে, সালফার ড্রাগস ওষুধ পাওয়া যায় না। ইয়ংম্যান ডাক্তার পশ্চিম বাংলার গ্রামে গিয়ে ঘুরে বেড়ান, তাঁরা বলেন, দেখুন কি দেব, আমাদের কাছে মান্থলি ওষুধের যে কোটা আসে তাতে আমরা দিতে পারি না। এই ডিপার্টমেন্টটাই দেখতে পাচ্ছি এই রকম। শুধু হসপিটালে কেন, যে জায়গাতেই আপনারা যাবেন সেইখানে এই অবস্থা দেখতে পাবেন। এই সঙ্কর জাতের যেসমস্ত বাছুর পল্লীতে দেওয়া হয় সাবসি-ডাইজড রেটে, সেখানেও দেখা যায়, ঐ কংগ্রেস পক্ষের লোকেরাই আছে। বি ডি ও-র সাথে যাঁদের যোগাযোগ আছে তাঁরাই পাবেন। আমরা জানি ভেটারিনারি ডাক্তার যাঁরা থাকেন তাঁদের সঙ্গে ওদের একটা রফা হয়ে যায়। মেডিকেলের ব্যাপারে একটা ডেথ সার্টিফিকেট দিয়ে দেন, গরুগুলি উধাও হয়ে যায়, বাছুরগুলি উধাও হয়ে যায়, সেখানে গরু আর খুঁজে পাওয়া যায় না। কি অবস্থা, কোন সময় আবার পেটে চ'লে যায়, কোন সময় অন্য জায়গায় চ'লে যায়, মঙ্গলবারের হাটে সব বিক্রি হচ্ছে এই কথা আমি দায়িত্ব নিয়ে বলছি। যদি তাদের নাম চান, আমি নাম

দিয়ে দেব। সেই সমস্ত গরু আজকে ব্ল্যাকমার্কেটে বিক্রি হচ্ছে। একটা সঙ্কর জাতের গরু বাজারে এমনি কিনতে গেলে ১,২০০/১,৬০০/১,৭০০/১,৮০০ ক'রে টাকা লাগে অথচ মঙ্গল-বারের হাটে সেগুলি খুব কম দামে বিক্রি হয় বোধ হয় ৫০/৬০ টাকা ক'রে হবে। সেখানে ঐ মেডিকেলের ব্যাপারে ডাক্তারবাবুরা ডেথ সার্টিফিকেট লিখে দেন। এ একটা অদ্ভুত ব্যাপার। তাই আমি মন্ত্রিমহাশয়কে বলব, আপনি যদি এদিকে একটুখানি নজর দেন, তা হ'লে ভাল হবে। ক্যালকাটা ইউনিভার্সিটির ছাত্রদের স্বাস্থ্য পরীক্ষা করতে গেলে দেখা যায় যে, তাদের মধ্যে অপুষ্টিজনিত রোগ বৃদ্ধি পাচ্ছে দিনের পর দিন এবং তারা যক্ষ্মারোগে আক্রান্ত হচ্ছে, আর আমাদের এই বিধানসভায় আইসক্রিম দুধ নিয়ে এসে খাওয়ানো হচ্ছে। এই বিলাসিতা মন্ত্রিসভার জায়গাকে আমি ঘৃণা বোধ করি এবং এখানে যাঁরা সদস্য আছেন তাঁদের এই বিলাসিতা থাকা উচিত নয়। যেখানে ছাত্রদের আমরা এক বোতল দুধ খাওয়াতে পারছি না, তারা যক্ষ্মারোগে আক্রান্ত হচ্ছে দিনের পর দিন, গরিব মানুষ যেখানে দুধ পাচ্ছে না, সেখানে এই রকম বিলাসিতা করাকে আমি ঘৃণা বোধ করি। পশ্চিম বাংলার ক'টা বাড়িতে আজকে দুধ খায়?

[7-50—8-00 p.m.]

মধ্যবিত্ত, নিম্ন-মধ্যবিত্ত বাড়ির লোকেরা বুকে হাত দিয়ে বলুন ক'টা ছেলেমেয়ের হাতে দুধের বোতল ধরিয়ে দিতে পারেন। কাজেই আজকের এইসব দিকে নজর দিতে হবে। তারপর স্লটার হাউসগুলির দিকে তাকিয়ে দেখুন, কি অবস্থা সেখানে? ভাল ভাল গরু যারা দুধ দিতে পারে এবং যাদের দ্বারা দুধের প্রোডাকশন বাড়তে পারে সেই সমস্ত গরুগুলিকে অন্যায়ভাবে নিয়ে এসে স্লটার হাউসে শেষ ক'রে ফেলা হচ্ছে। তারপর স্যার, মন্ত্রিমহাশয় বলেছেন যে, দুধ খাওয়াচ্ছেন, আইসক্রিম তৈরি করছেন, সেই আইসক্রিম দুর্গাপুর থেকে আনা হচ্ছে ইত্যাদি। দুর্গাপুর থেকে কলকাতা এতখানি রাস্তা পার হয়ে সেগুলি আনতে কত খরচ হয় সেটা উনিই জানেন, আমি তাঁর কাছে একটি প্রসঙ্গের উল্লেখ করব। স্যার, ডাঃ বিধানচন্দ্র রায় পশ্চিম বাংলার বিশেষ ক'রে কলকাতার মধ্যবিত্ত এবং নিম্ন-মধ্যবিত্ত বাড়ির মেয়েরা যাতে লেখাপড়ার খরচ চালাতে পারে তার জন্য ডিপো সেন্টার করেছিলেন এবং সেই ডিপো সেন্টারে মেয়েদের নিযুক্ত করেছিলেন। কিন্তু সেই মান্ধাতা আমলের ৪০ টাকা মাহিনা আজও তাদের দেওয়া হয়, তাদের মাহিনা বাড়াবার কোন কথা এখানে দেখছি না। স্যার, এই ব্যাপার নিয়ে যখন তাঁরা আন্দোলন করতে গেলেন তখন ঐ দল, যাঁরা আজকে সরকার চালাচ্ছেন তাঁরা কিছু ভাড়াটে মস্তান দিয়ে তাঁদের সেই আন্দোলনকে স্তব্ধ ক'রে দিলেন। আজকে দেখা যাচ্ছে, সেই সমস্ত মস্তানরা নানারকমভাবে তাদের ভয় দেখাচ্ছে, শাসন গর্জন করছে। সেই সমস্ত মেয়েরা এডুকেশন ডেভেলপ ক'রে কাজের অভিজ্ঞতা অর্জন করেছে। তারা দীর্ঘদিন ধ'রে দাবি জানাচ্ছে, ডেপুটেশন দিচ্ছে এই ব'লে যে, আমাদের ঠিকমত কাজ দেওয়া হোক এবং আমরা যাতে সরকারী কর্মচারী হিসাবে ট্রিটেড হ'তে পারি তার ব্যবস্থা করা হোক, কাজেই আমি এদিকে মন্ত্রিমহাশয়কে দেখতে বলছি। তারপর ভেটেরেনারি ডাক্তারদের জন্য এম বি বি এস কোর্স চালু করার কথা আপনারা বলেছিলেন, কিন্তু লাল ফিতার বাঁধন আজও খোলে নি। আজকে করুন না, অন্য রাজ্যে এ ব্যবস্থা চালু না থাকার জন্য আমাদের ছেলেরা তো সুযোগ পাবে। বহু বি এ, বি এস-সি পাশ করা ছেলে ঘুরে বেড়াচ্ছে তাদের সুযোগ দিন। এই সমস্ত বেকার ইয়ং ব্লাড তাদের আপনার ডিপার্টমেন্টে নিয়ে আসুন এবং এই ডিপার্টমেন্টের কাজ ভালভাবে চালনা করুন এই কথা আমি মন্ত্রিমহাশয়কে বলব। স্যার, এই প্রসঙ্গে একটি কথা আমি দায়িত্ব নিয়ে বলছি। বেলগাছিয়াতে যেসমস্ত টিচিং স্টাফ আছেন তাঁরা ৫।৬ বছর সার্ভিস দিয়ে যাচ্ছেন, কিন্তু এখনও পর্যন্ত তাঁদের পার্মানেন্টভাবে নিযুক্ত করা হচ্ছে না। তাঁরা ৫।৬ মাস মাহিনা পান না। যখন ডেপুটেশন দেন তখন ৫।৬ মাস টেম্পোরারিভাবে তাঁদের রেখে দেওয়া হয়। এইভাবে ৬ বছর তাঁরা সার্ভিস দিয়ে আসছেন। কাজেই তাঁদের দিকে নজর দেবার জন্য আমি মন্ত্রিমহাশয়কে বলব। তারপর স্যার, ঐ অস্ট্রেলিয়া থেকে যেসমস্ত ডাক্তার ও অফিসাররা গরু কিনতে যান যদি ভিজিলেন্স এনকোয়ারি করেন, তা হ'লে হয়ত ধরা পড়বে তাঁরা কি রেটে গরু কিনে নিয়ে আসেন এবং কি রেট গভর্নমেন্টকে দেখানো হয়। সেখানে একটা মস্তবড় কালো হাত কাজ করছে। সেগুলি মন্ত্রিমহাশয় বাধা দিন। দুধ যেমন বাড়াতে

চাইছেন তেমনি এর সঙ্গে সংশ্লিষ্ট যে হাজার হাজার ছেলেমেয়ে তারা যাতে উপযুক্ত কাজ ও বেতন পেতে পারেন বা তাঁদের যে দাবি সেদিকেও একটু লক্ষ্য করুন। স্যার; রাত্রি অনেক হয়ে গিয়েছে, আর কিছু বলতে চাই না, সব শেষে বলছি, মাননীয় মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি আজকে সভায় পেশ করেছেন তার সম্পূর্ণ বিরোধিতা ক'রে আমি শেষ করলাম।

শ্রীনাসিরুদ্দিন খান: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পশুপালন ও চিকিৎসা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় আজকে যে ব্যয়বরাদ্দ দাবি উত্থাপন করেছেন, সে সম্বন্ধে আলোচনা করতে যেয়ে প্রথমে দু'-একটা কথা বলতে চাই। আপনি জানেন, আজ সারা পশ্চিম বাংলায় কৃষিভিত্তিক মানুষ প্রায় শতকরা ৭০ জন। এই কৃষি উন্নয়নের আসল বস্তু হচ্ছে গরু। আজ বস্তুতঃ পশ্চিমবঙ্গে যা জমি তার শতকরা দু' পারসেন্ট ট্রাক্টর দ্বারা চাষ হচ্ছে। বাকি ৯৮ পারসেন্ট জমি গরুর উপর নির্ভর ক'রে চাষ হয়। চাষের উন্নতিকল্পে যদি গরুই একমাত্র সম্বল হয় এবং সেই গরুর চিকিৎসার জন্য ব্লকে ব্লকে একটা চিকিৎসাকেন্দ্র আছে, সেই চিকিৎসাকেন্দ্রের অবস্থা অত্যন্ত নিম্ন পর্যায়ের। এটা আমি বিনীতভাবে আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে রাখছি, সত্যই তিনি শান্ত এবং ভদ্র মানুষ, তিনি এই বিষয়ে একটু বিবেচনা ক'রে দেখবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গ্রামবাংলায় মোট ২,৯২৬টি অঞ্চলে প্রাথমিক গো-চিকিৎসা-কেন্দ্র, সেখানে একজন ক'রে ডাক্তার থাকেন এবং কয়েকজন মাত্র অ্যাসিস্ট্যান্ট থাকেন। আর একটা বিশেষ দিক বলছি যেটা আপনি নিজেও জানেন, এমন কোন দিন গেল না, যেদিন গরু চিকিৎসার জন্য পাঠিয়ে একটুও ঔষধ মিলল। খুব জোর একটা প্রেসক্রিপশন লিখে দেওয়া হ'ল এবং বলা হ'ল, বাইরে থেকে কিনে নিন। এই রকম যদি চলে, আমার বিনীত অনুরোধ, এটা চাষের ক্ষেত্রে এবং চাষীদের ক্ষেত্রে একটা খুবই দুরাশা এবং হতাশার ব্যাপার। আমি কিছুদিন আগে জানলাম যে, প্রতি ব্লকে যে ৪৩২টি গোচিকিৎসাকেন্দ্র আছে তাতে আর একজন ক'রে ভেটেরিনারি সার্জন-অ্যাসিস্ট্যান্ট সার্জন দেওয়া হ'ল। তাঁদের বেতনের হার ৪০০ টাকা থেকে ৬০০ টাকা, সেই ক্ষেত্রে আমার অনুরোধ, যদি ফিল্ড অ্যাসিস্ট্যান্ট-এর সংখ্যা বৃদ্ধি করা হ'ত, তা হ'লে এমপ্লয়মেন্ট বাড়ত আর অঞ্চলভিত্তিক আরও কিছু চিকিৎসা ব্যবস্থা হ'ত। আমি অনুরোধ করব আপনার মাধ্যমে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যাতে এই প্রতিটি অঞ্চলে, ২,৯২৬টি অঞ্চলে একটা ক'রে এইড সেন্টার খোলা হয়, এদিকে তিনি যেন দৃষ্টি দেন। আর একটা বিশেষ দিক আছে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গোচিকিৎসার বড় হাসপাতাল সব শহরের দিকে অবস্থিত।

[8-00—8-10 p.m.]

পাড়াগাঁয়ে গরু থাকল আর তার যে চিকিৎসা ব্যবস্থা সেটা থাকল শহরে। এই ২০ ৩০ মাইল দূর থেকে একটা মানুষের চিকিৎসার জন্য যাওয়া যায়, কিন্তু পশুর চিকিৎসার জন্য যাওয়া কি ক'রে সম্ভব? এই সম্বন্ধে নতুন কিছু ব্যবস্থা করা যায় কিনা সে বিষয়ে আমি সবিনয়ে আপনার মাধ্যমে হাউসে রাখছি। আর একটা কথা আপনার মাধ্যমে আমি হাউসে রাখছি সেটা হচ্ছে এই যে, ফিল্ড অ্যাসিস্ট্যান্ট যাঁরা আছেন তাঁদের বেতন খুবই অল্প ১৮০ টাকা থেকে ৩৫০ টাকা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটা জিনিস আমি সম্প্রতি জানলাম যে, এই ফিল্ড অ্যাসিস্ট্যান্টদের চাকুরিতে কোনদিন কোন প্রমোশনের প্রভিশন নেই। এই চাকুরিতে শুরু থেকে শেষ পর্যন্ত সে যতই ভাল কাজ করুন না কেন প্রমোশন পাবেন না। প্রমোশনের ব্যবস্থা না থাকলে কোন্ অনুপ্রেরণায় মনপ্রাণ দিয়ে কাজ করবেন? অথচ একটা জিনিস ভি এল ডাবলু বা গ্রামসেবকরা একই শিক্ষা নিয়ে একই স্কেলে আছে এবং তাঁরা প্রমোশন পান, এমন কি বি ডি ও পর্যন্ত একজন গ্রামসেবক হ'তে পারেন। সেইজন্য এই ফিল্ড অ্যাসিস্ট্যান্টদের নতুন চিন্তাধারা নিয়ে প্রমোশনের ব্যবস্থা করা যায় কিনা সে বিষয়ে আমি আপনার মাধ্যমে অনুরোধ রেখে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশক্তিকুমার ভট্টাচার্য: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে পশুপালনমন্ত্রী যে বাজেট বক্তৃতা রাখলেন আগামী বছরের জন্য তার ভিতর দিয়ে আমরা অনেক কিছু দেখতে পাচ্ছি। তিনি ডেভেলপমেন্টের যেসব স্কীম রেখেছেন তাতে আমার মনে হয় আমরা অনেকখানি এগিয়ে যেতে

পারব দুগ্ধ সরবরাহের ব্যাপারে। কিন্তু আমাদের একটা সন্দেহ জাগছে যে, আমরা যেভাবে চলছি তাতে ক'রে ঠিক এগোতে পারব কিনা। একটা আমলাতান্ত্রিক কায়দা আমাদের ভিতর রন্ধ্রে রন্ধ্রে ঢুকে বসে আছে, তার আমি একটা চিত্র রাখব। হরিণঘাটায় যে ডেয়ারী ফার্ম আছে—আমি সেই হরিণঘাটা থেকে এসেছি, সেখানে যে পশুপালন বিভাগ আছে, সেই বিভাগের কয়েকটা উদাহরণ দিয়ে আমি মাননীয় মন্ত্রীকে আপনার মাধ্যমে এটা উপলব্ধি করাবার চেষ্টা করব। হরিণঘাটায় পশুপালন বিভাগের যে ফার্ম রয়েছে সেই ফার্মের অনেক জমি হরিণঘাটায় রয়েছে ১৫ বিঘা, কল্যাণীতে ৪০০ বিঘা, নর্থ ফার্মে ৯০০ বিঘা। এর মধ্যে যে গ্রীন ফডার চাষ হচ্ছে সেটা মাত্র ৭০০ বিঘায়, বাকি জমিগুলি সব পতিত প'ড়ে রয়েছে। এই পতিত জমিগুলিতে গরু চরে। এর মধ্যে বাইরের গরু এসে ঢুকে, সেখানে তার দিয়ে ঘেরা ছিল, সেই তার এখন ছিঁড়ে গিয়েছে, সেখানে রক্ষণাবেক্ষণের কোন ব্যবস্থা নেই। জমিগুলি যদি ঠিকমত চাষ করা হ'ত, তা হ'লে কন্ট্রাক্টরের মাধ্যমে যে পরিমাণ বিচুলি কেনা হয়, সেই কোটি কোটি টাকা বেঁচে যেত। আমরা প্রতি বছরে ৫০ হাজার কুইন্টাল গরুর খাদ্য হিসাবে বিচুলি কিনি। এইগুলি যদি জমিতে চাষ করতাম, তা হ'লে আমাদের অনেক অর্থ বেঁচে যেত। যদি চাষ করা সম্ভব না হয়, তা হ'লে যেসমস্ত জমি আমরা দখল ক'রে ভাগচাষীদের দিয়ে বা ক্ষেতমজুরদের দিয়ে চাষ করাচ্ছি, সেই রকম এই জমিগুলিতে তাদের দিয়ে ফসল ফলাতে পারতাম।

এখানে যে ম্যানেজমেন্ট রয়েছে সেই ম্যানেজমেন্টএর ব্যবস্থা একেবারে জঘন্যতম। অ্যানিম্যাল হাজব্যান্ড্রিতে যিনি অফিসার আছেন, তিনি অফিসের অ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিংস-এ থাকেন। ইন্সপেকশন বাংলোতে থাকেন। তাঁর যদিও কোয়ার্টার আছে তা হ'লেও তিনি ইন্সপেকশন বাংলো বা অ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিংস-এ থাকেন। এটুকুনের ভেতরেই তাঁর যাতায়াত। তিনি ফিল্ড-এ যাবেন না, কর্মচারীদের কাজের ভার দেন না। এইরকম একটা অরাজক অবস্থা সেখানে চলছে। মন্ত্রিমহাশয় যদি দয়া ক'রে আমায় নিয়ে যান তা হ'লে আমি সব দেখিয়ে দিতে পারি। এখানে যে স্টাফ আছে তা যথেষ্ট পরিমাণ আছে অর্থাৎ ৪৬৭ জন এবং ডেলি পেড রয়েছে ২৯০ জন। এখানে ৩৩টা ট্রাক্টর আছে—এর ভেতরে ১০টি ট্রাক্টর চলে এবং বাকিগুলি পড়ে থেকে অকেজো হয়ে যাচ্ছে। এগুলি যদি চালানো যায়, তা হ'লে অনেক লোকের কাজের সংস্থান হয়। এখানে ১০খানা ভেহিকল্‌স্ আছে। এই ১০খানা ভেহিকল্‌স ফেলে রাখা হয় এবং কন্ট্রাক্টর মারফত ফডার লরী ক'রে বই করা হয়। এতে ক'রে অনেক অর্থের অপচয় হয়। এই অপচয় বন্ধ করতে গেলে এই ভেহিকল্‌সগুলি চালাতে হবে। এস্টেট সেকশনএ যেখানে গার্ডেনিং করা হয়েছে সেই গার্ডেনিং-এর জন্য ৩০০ জন ওয়ার্কার আছে। সেই ৩০০ জন ওয়ার্কার অলমোস্ট এনজয়িং রিটায়ার্ড লাইফ। সেখানে তাদের কোন কাজ নেই। এই লোকগুলিকে যদি অন্য জায়গায় কাজ করানো যায়, তা হ'লে অনেকটা সাশ্রয় হয়। কিন্তু এই লোকগুলি রিটায়ার্ড লাইফ-এর মত থাকে। এটা বন্ধ করা দরকার। এখানে ক্যাটেল সেকশন আছে। এই ক্যাটল সেকশন-এ হরিণঘাটায় ১,৬৯৮টি এবং কল্যাণীতে ৪,১০০ ক্যাটল আছে। গত ২ বছরের মধ্যে নূতন কিছু ক্যাটেল হয়েছে। কিন্তু যে ক্যাটেলগুলি মরে গেছে সেগুলিকেই আবার ঘুরিয়ে ফিরিয়ে দেখানো হচ্ছে। উন্নত ধরনের যেসব গরু আমদানি করা হয়েছে—হরিয়ানা, জার্সি—সেগুলিকে ঠিকমত রাখা হচ্ছে না। তারপর গো প্রজননের ব্যাপারে ইনসেমিনেশন যেগুলি করা হয়েছে সেই ইনসেমিনেশন সেন্টারগুলিতে ব্রীডিং পৌঁছাতে পৌঁছাতেই সেগুলি নষ্ট হয়ে যায় এবং কোন কাজের হয় না এবং মানুষ গরু নিয়ে গিয়ে বিক্ষুব্ধ হয়। এগুলির দিকে দৃষ্টি দেওয়া দরকার। হরিণঘাটা ডেয়ারি ফার্ম-এ ল্যাবরেটরি আছে। সেই ল্যাবরেটরিকে ইম্প্রুভ করা দরকার। সেই ল্যাবরেটরিকে যদি ইম্প্রুভ করতে পারি, তা হ'লে সেখানে অনেক ইনসেমিনেশনএর কাজ হয়। এই সমস্ত ইনসেমিনেশন সেন্টার-এ ভেটেরিনারি ডাক্তার থাকে না। এটা একটা মস্ত বড় দোষ। সুতরাং এই সমস্ত ইনসেমিনেশন সেন্টার-এ ডাক্তার থাকা দরকার। তারপর পিগারি সেকশন একটা মস্ত বড় লাভের ব্যবসা। এখানে ২০০টা পিগ রাখার অ্যাকোমডেশন আছে। কিন্তু এখন বর্তমানে যে সংখ্যা আছে তাতে ১২,০২৯টি পিগ আছে। এই সংখ্যা বাড়ানো দরকার। এটা একটা লাভজনক বিজনেস। এই বিজনেস যদি ভালভাবে করা যায় তা হ'লে ক্ষতির পরিমাণ কম হয়। এখানে শেড-এর অসুবিধা আছে, ইলেকট্রিসিটি মাঝে মাঝে ফেল করে। সেজন্য সেখানে একটা

জেনারেটর থাকা দরকার—যে জেনারেটর অসময়ে ইলেকট্রিক সাপ্লাই দেবে। এখানে যে পোলট্রি সেকশন আছে তাতে ১৫ হাজার বার্ড রাখার মত অ্যাকোমোডেশন আছে। কিন্তু বর্তমানে ৭ হাজার বার্ড আছে। এখানেও কোন উন্নতিমূলক কাজ দেখতে পাওয়া যাচ্ছে না। আপনি যদিও বাজেটে অনেক উন্নতিমূলক কাজের কথা বলেছেন, কিন্তু আসলে কিছুই হচ্ছে না।

[8-10—8-20 p.m.]

এই হরিণঘাটা ডেয়ারী ফার্ম একটা মস্ত বড় ফার্ম এবং এটা পশ্চিম বাংলায় একটা উল্লেখ-যোগ্য স্থান দখল ক'রে আছে। কিন্তু আজ এটা ধ্বংসের দিকে যাচ্ছে। এইরকম একটা অরাজকতা এখানে সৃষ্টি হয়েছে যার ফলে এই অবস্থা হচ্ছে। তারপর আই সি পি ডবলিউ, পি এল ৪৮০ দিয়ে এখানে হাঁস-মুরগির চাষাবাদ হয়। কিন্তু এরও কোন উন্নতি নেই। এই পোলট্রি সেকশনটা তুলে দিয়ে পি এল ৪৮০-র সঙ্গে যোগ করা দরকার। হরিণঘাটা-কল্যাণী ফার্মে কেনাবেচার জন্য একটা পারচেজ সেকশন আছে কিন্তু তাতে স্টাফ না দিয়ে অন্য সেকশন থেকে জিনিসপত্র কেনাবেচা হয়। এতে যে দুর্নীতি হয় সেটা দূর করা দরকার। এখানে আরও যে দুর্নীতি আছে সেগুলি সময়ের অভাবের জন্য বলতে পারছি না। শুধু এখানকার একজন দুর্নীতিপরায়ণ অফিসারের কথা বলছি। এই পারচেজ সেকশনএ একজন অফিসার আছেন তাঁর নাম হচ্ছে হেমেন দাস। তিনি লক্ষ লক্ষ টাকা আত্মসাৎ ক'রে হরিণঘাটা ডেয়ারি ফার্মের পাশে একটা করাত কল করেছেন, ট্রাক্টর, লরি, জমি কিনেছেন। তাঁর সম্বন্ধে এনকোয়ারি করা দরকার। এটা একটা মস্তবড় দুর্নীতির আড়ত। এখানে আরও দুর্নীতিপরায়ণ অফিসার আছেন তাঁদের সম্বন্ধে এনকোয়ারি করুন এবং উপর থেকে এনকোয়ারি কমিশন পাঠান, তা হ'লে লোকের মনে উৎসাহ হবে এবং দুগ্ধ প্রকল্পের অনেক উন্নতি হবে। এই ব'লে আমি শেষ করছি।

Mr. Deputy Speaker: Honourable Member, Shri Bhattacharya, you have taken the time of your Party and the time has been utilised fully for your purpose. It is for this reason I cannot give any time to another speaker of your Party.

Now, honourable Members, the time for discussion of this Grant is to expire at 8.20 p.m. There are quite a few speakers who would like to speak. Besides, the Hon'ble Minister also will have to give his reply. It is, therefore, necessary that some more time should be allowed for discussion of this Grant. I accordingly propose, subject to your approval, that under rule 290 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, the time for discussion of this Grant may be extended by half-an-hour, i.e., up to 8.50 p.m. (Voices: Yes.)

The time is extended up to 8.50 p.m.

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই মাননীয় মন্ত্রিমহাশয় যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। কিছুক্ষণ আগে মাননীয় সদস্য আর এস পি দলের তিনি যে বিপ্লব করলেন তাঁর সেই বিপ্লব পশুর মধ্য দিয়ে চলে গেল। আমি তার মধ্যে যেতে চাই না, কারণ ১৯৬৭ সাল থেকে ১৯৬৯ সাল পর্যন্ত পশুর মত যে দৌরাত্ম্য আমাদের দেশে চলছিল তাতে পশু নিয়ে আর ঘাঁটা চলে না। আমি একটা কথা বলতে চাই, প্রথমেই মন্ত্রিমহাশয় দুগ্ধ প্রকল্পের কথা বলেছেন। আজকে আমরা দেখতে পাচ্ছি, পশ্চিম বাংলার দুগ্ধ প্রকল্প কেন্দ্র যেখানে কম ছিল সেখানে বেশি কয়েকটা দেখতে পাচ্ছি। যেমন দুর্গাপুরে হয়েছে এবং আরও চেষ্টা করা হচ্ছে। আমি দুর্গাপুরের কথা বলছি, কারণ

দুর্গাপুরের সঙ্গে আমাদের বাঁকুড়ার কিছু সম্পর্ক আছে। বাঁকুড়ায় বেশ কয়েকটা চিলিং সেন্টার রয়েছে এবং আরও কয়েকটি প্রস্তাব মন্ত্রিমহাশয়ের কাছে এসেছে, আশা করি তিনি সেগুলি খোলার চেষ্টা করবেন। আমরা দেখছি হরিণঘাটায় আমাদের বেশ কিছু পরিমাণ দুধ নষ্ট হচ্ছে। সেখানে জেনারেটরের অভাব ব'লে এটা নষ্ট হচ্ছে। কাজেই জেনারেটরের ব্যবস্থা করা একান্ত প্রয়োজন ব'লে আমি মনে করি। আর একটা জিনিস দেখতে পাচ্ছি যে, কয়েক লক্ষ টাকার বোতল ভেঙ্গে গেছে। এটা বন্ধ করতে হবে, না হ'লে সরকারী অর্থের অপচয় হবে। আমি এর প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। অদ্ভুত সৃষ্টি ভগবানের, এমন সৃষ্টি তিনি করেছেন! আমরা একদিকে দেখতে পাচ্ছি মানুষের জন্য পরিবার পরিকল্পনা করছি, মানুষের পরিবারকে সীমিত করবার জন্য, আর অপরদিকে দেখছি আমরা পশুর সংখ্যা বৃদ্ধি করবার জন্য দৃষ্টি দিয়েছি। অদ্ভুত সৃষ্টি ভগবানের! আজকে গো-প্রজননের কথা মন্ত্রিমহাশয় বলেছেন, আজকে গরুর সংখ্যা বৃদ্ধির জন্য প্রয়োজন সুস্থ ষাঁড়। যদি আমরা সুস্থ গাই পাই, সুস্থ ষাঁড় পাই, তবেই হবে সুস্থ সবল বাছুর। আজকে তিমিরবাবুর যে দুধের কিছুটা শরীরটা দেখতে পাচ্ছি যে, সেখানে কিছুটা কম হয়েছিল দুধের পরিমাণটা—সেখানে ষাঁড়ের—ওনার মত যদি সবল ষাঁড় পাওয়া যায়, তা হ'লে আমার মনে হয় আমাদের এই দুধের পরিমাণটা যে অবস্থাটা দেখা দিয়েছে সেটা কিছুটা পূরণ করতে পারব। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের বড় জিনিস হচ্ছে আমাদের যে গো-চিকিৎসা কেন্দ্র আছে, তার উন্নতির দিকে দৃষ্টি দেওয়া উচিত। সেখানে আমরা দেখতে পাচ্ছি ডাক্তার টাক্তারের অভাব রয়েছে—কাজেই এইদিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তা ছাড়া আমরা দেখতে পাচ্ছি তাঁর ডিপার্টমেন্টে বেশ কিছু লোক নিয়োগ হ'তে পারে। ভেটেরিনারি ফিল্ড অ্যাসিস্টান্ট সেখানে ২,৪৯৪ জনকে নিয়োগ করা যেতে পারে। ক্লাস ফোর স্টাফ ২,৪৯৪ জন নিয়োগ হ'তে পারে—মোট ৫ হাজার লোকের কর্মসংস্থান হ'তে পারে। আজকে বেকার সমস্যা তীব্র আকারে দেখা যাচ্ছে, বেকার যুবকেরা চাকুরি খুঁজে বেড়াচ্ছে। অর্থমন্ত্রীর বাজেটে দেখেছি ১,১০০ লোককে ট্রেনিং দেওয়া হচ্ছে। আমি তাই অনুরোধ করছি, যেসমস্ত ভেকেন্সি রয়েছে সেখানে যেন বেকার যুবকদের চাকুরি দেওয়া হয়। এই অবলা প্রাণীর জন্য কেউ চিন্তা করে নি। আপনি অবলার দিকে নজর দিয়েছেন, সেজন্য আপনাকে ধন্যবাদ এবং সবকারকে ধন্যবাদ দিচ্ছি, কারণ অবলার প্রতি তাঁদের নজর আছে। জয় হিন্দ্—বন্দে মাতরম্।

শ্রীবাসুদেব সাউথিয়া: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে এই সভায় পশুপালন এবং পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় তাঁর যে দাবি পেশ করেছেন তাকে আমি আন্তরিক-ভাবে সমর্থন করছি এবং মন্ত্রিমহাশয়কে অশেষ ধন্যবাদ জানাচ্ছি। আমি যে তাঁকে ধন্যবাদ দিচ্ছি তার কারণ হচ্ছে সুন্দরবন-কাকদ্বীপ মুরগি খামার-এর নির্মাণকার্য শেষ হয়ে এসেছে এবং ১৯৭৩-৭৪ সালে এটা চালু করা হবে ব'লে তিনি জানিয়েছেন। তাঁর এই কাজের জন্য আমি সুন্দরবনবাসীর পক্ষ থেকে তাঁকে ধন্যবাদ দিচ্ছি। এবারে আমি তাঁর কাছে কয়েকটি অনুরোধ রাখছি। আমার অনুরোধ হচ্ছে, মুর্শিদাবাদ জেলায় গরু-বাছুরের উন্নতির জন্য যেমন ইনটেনসিভ ক্যাটেল ডেভেলপমেন্ট প্রোজেক্ট-এর মাধ্যমে ব্যাপক কর্মসূচি গ্রহণ করা হয়েছে, ঠিক তেমনি সুন্দরবনেও ঐরকম কর্মসূচি গ্রহণ করা হোক। আমাদের সুন্দরবনে প্রচুর ক্যাটেল গ্রেজিং ফেসিলিটিজ রয়েছে, কাজেই এই ধরনের একটা প্রকল্প যদি সুন্দরবনে চালু করা যায়, তা হ'লে সেখানে ডেয়ারি ফার্ম করা যাবে।

[8-20—8-30 p.m.]

আর্টিফিসিয়াল ইনসেমিনেশন খুললে বেশ কিছু বেকার ছেলেদের চাকুরি দেওয়া যাবে। আমি এ বিষয়ে সুন্দরবনে অধিক সচেষ্ট হ'তে অনুরোধ জানাই। অক্ষয়নগরে যে পোলট্রি ফার্ম চালু হচ্ছে এটা বেশ ভাল কাজ হয়েছে।

আমি এই সঙ্গে আর একটা অনুরোধ মন্ত্রিমহাশয়কে জানাই। গ্রামবাংলায় গরু-বাছুরের অবস্থা ভাল নয়, দেখলে মনে হয় বুঝি ঘিয়ে ভাজা গাইয়ে পরিণত হয়েছে। রাস্তায় চলতে পারে না, এই সমস্ত গরু দিয়ে চাষবাস করা কষ্টকর। তাই আমি এই দপ্তরের জন্য প্রচুর অর্থ

দাবি করছি এবং মন্ত্রিমহাশয়কে বলছি যে, তিনি এই বিষয়ে সচেষ্ট হোন, নইলে পশুপালন এবং পশুচিকিৎসা প্রতিটি ব্লকে করা কোনপ্রকারে সম্ভব হবে না। আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভাকে অনুরোধ করব যে, এই দপ্তরকে প্রচুর পরিমাণে অর্থ দিতে হবে। এগ্রিকালচারের উন্নতি করতে হ'লে, অ্যানিম্যাল হাজব্যান্ড্রি ডিপার্টমেন্টের দিকে বিশেষ যত্ন নিতে হবে। এ ছাড়া কিছুতেই কৃষির উন্নতি করা সম্ভব নয়। এই দপ্তরকে যে টাকা দেওয়া হয়, তা অতি সামান্য, মাননীয় মন্ত্রিমহাশয় যথেষ্ট উৎসাহ নিয়ে কাজ করছেন, যথেষ্ট আনন্দ পাচ্ছি তাঁর কাজে এবং বক্তব্যে, এই দপ্তরকে আরও টাকা দেওয়া যায় কিনা সে সম্বন্ধে আপনারা ভাবুন।

সর্বশেষে মন্ত্রিমহাশয়কে আবার ধন্যবাদ জানাই, তিনি কাকদ্বীপে পোলট্রি ফার্ম চালু করবেন, এতে খুব আমরা খুশি। জয় হিন্দ।

শ্রীগণেশ হাতুই : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশুপালন এবং পশুচিকিৎসা বাবত ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় ব্যয়বরাদ্দের মঞ্জুরীর জন্য যে দাবি পেশ করেছেন, তাকে আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি। আর এস পি দলের তিমিরবাবুও একটা কথা স্বীকার করেছেন যে, সরকার দুগ্ধ প্রকল্পের দিকে নজর দিয়েছেন, যাতে বেশি পরিমাণে দুগ্ধ পাওয়া যায় তার জন্য চেষ্টা করছেন। হুগলির ডানকুনিতে চার কোটি টাকায় একটা ডেয়ারি ফার্ম করার কাজ দ্রুত এগিয়ে চলেছে, এখানে বিরাট দুধের ডেয়ারি স্থাপন করা হবে। এটা হ'লে সেখানে ৭০০ বেকার ছেলে চাকুরি পাবে, এ ছাড়া কলকাতা এবং তার আশেপাশে দুগ্ধ সরবরাহের সুবিধা হবে।

আর একটা কথা আমি বলতে চাই। গ্রামাঞ্চলে যেসমস্ত পশুচিকিৎসার জন্য হাসপাতাল আছে, সেখানে যে ঔষধ সরবরাহ করা হয়, তার পরিমাণ অতি অল্প। মন্ত্রিমহাশয়ও সেকথা স্বীকার করেছেন, এই ৩০০ টাকার বদলে যদি ৬০০ টাকাও দেওয়া যায়, তা হ'লেও আমি মনে করি তা পর্যাপ্ত নয়, ঔষধের পরিমাণ আরও বাড়াতে হবে, তা না হ'লে কোন চিকিৎসা হবে না। একজনের জায়গায় আর একজন ডাক্তার বাড়াবার কথা হচ্ছে, কিন্তু ঔষধ না দিলে শুধু ডাক্তার বাড়িয়ে কি হবে? কিন্তু যদি ঔষধের পরিমাণ বাড়ানো হয়, তা হ'লে যেসমস্ত গরু বা হাঁস-মুরগির অসুখ করে, সেগুলির বিনা পয়সায় চিকিৎসা হ'তে পারবে। এ গেল এক দিক। আবার অনেক সময় গ্রামাঞ্চলে যেসমস্ত পশুহাসপাতাল আছে, সেখানে দেখা যায় সরকার থেকে যেসমস্ত ঔষধ দেওয়া হয়, সেগুলি রাতের অন্ধকারে চোরাপথে চালান হয়ে যায়। অনেক সময় দেখা যায়, খাতায় প্রেসক্রিপশন লেখা আছে, অথচ বাইরে থেকে কিনে নিয়ে আসতে বলা হয়। এই চুরি কারবার বন্ধ করতে হবে, যাতে প্রেসক্রিপশন অনুযায়ী ঔষধ পাওয়া যায়, পেনিসিলিন ইঞ্জেকশন ইত্যাদিও বাইরে থেকে কিনে আনতে অনেক সময় বলা হয়। সেইভাবে ইঞ্জেকশন দেওয়া হয়েছে গরুকে। এই দিকটার উপর গ্রামীণ অর্থনীতি নির্ভর করছে। গ্রামে বেশি বাড়িতে মুরগি পালন করা হয় এবং এর দ্বারা তারা সামান্য কিছু আয় করে ও এর থেকে নিজেদের দু'বেলা দু'মুঠো অন্ন সংগ্রহ করতে পারেন। গ্রামে দুধের অভাবে গ্রামের হাসপাতালগুলোতে যে দুধ দেওয়া হয় তার প্রায় সবটাই জল। গ্রামে একটা পকেট ক'রে যদি সংকর জাতের গাভী দেওয়া যায় এবং যদি নিয়ম করা যায় যে, এত ক'রে দুধ হাসপাতালকে দিতে হবে, তা হ'লে সেখানের হাসপাতালগুলোতে রোগীরা দুধ পেতে পারে। শহরের হাসপাতালগুলোতে দুধ সরবরাহের ব্যবস্থা আছে। কিন্তু গ্রামের হাসপাতালগুলোতে যে দুধ পৌঁছায় তার সবটাই জল। আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব, একটা নির্দিষ্ট গ্রামকে বেঁধে নিয়ে সেখানে যদি সংকর জাতের গাভী সাপ্লাই করেন এবং সেখান হ'তে যে দুধ আসবে তা যদি হাসপাতালের রোগীদের ও শিশুদের খাওয়ানো হয়, তা হ'লে ভাল হয়। এখন যে পোলট্রি ফার্ম আছে সেখানে চিকিৎসার অভাবে অনেক মুরগি মারা যায়। এই জন্যে চিকিৎসার ব্যবস্থা করা দরকার। পোলট্রি ফার্ম-এর মাধ্যমে অনেক বেকার ছেলে কাজ পেতে পারে। এই ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীতিমিরবরণ ভাদ্বড়ী: মিঃ ডেপ্বটি স্পীকার, স্যার, আমি একটা পয়েন্ট অফ অর্ডার তুলতে চাই। আমি বক্তৃতা দিয়ে হাউস থেকে চলে যাওয়ার পর মাননীয় সদস্য শ্রীকাশীনাথ মিশ্র আমার সম্পর্কে যে কথা বলেছেন আমি আপনার মাধ্যমে জিজ্ঞাসা করতে চাই যে, সেকথা কি বলা চলে? তিনি নাকি আমার নাম ক'রে বলেছেন তিমিরবাব্বর মত অনেক ষাঁড়ের দরকার। আপনার এখানে টেপ আছে আপনি সেটা শ্বন্বন। আমি আপনার ভারডিক্ট চাইছি। আমার বক্তব্য হচ্ছে ক্যাটাগরিক্যালি আপনি টেপ শ্বন্বন।

শ্রীতপন চ্যাটার্জি: উনি তাঁর বক্তৃতায় বলেছেন ও'র দিকে হাত দেখিয়ে, আমরা দ্বধ পাই না, উনি দ্বধ পান তাই ওনার ও রকম নধরকান্তি চেহারা।

Mr. Deputy Speaker: Mr. Bhaduri, it is not a point of order but it is like a personal explanation. I personally could not hear the remarks alleged to have been made by Shri Kashinath Misra, but since you are claiming, I would hear the tape recording to-morrow and decide the matter. Now, the Hon'ble Minister may kindly reply.

শ্রীসীতারাম মাহাতো: মিঃ স্পীকার, স্যার, আমি ২৪ নম্বর খাতে ব্যয়বরাদ্দের যে দাবি করেছি তাতে আমি দেখলাম প্রায় সমস্ত সদস্যই আন্তরিকভাবে তার সমর্থন করেছেন। আমি সেইজন্য তাঁদের প্রত্যেককে আপনার মাধ্যমে অভিনন্দন জানাচ্ছি। আমাদের বিরোধী পক্ষের তিমিরবাব্ব এই সম্পর্কে কিছ্ব বলেছেন। আমি কেবলমাত্র তাঁর সম্পর্কে কিছ্ব বলব। তিনি হয়ত বলবেন আমাদের পশ্বজগতে পশ্বদের বিভিন্ন রকম যে খাবার দেওয়া হয় তাতে মনে হয় যেহেতু তারা কোন আন্দোলন বা মিছিল বা বিদ্রোহ করতে পারে না, সেইজন্য তাদের এখনও পর্যন্ত অবহেলিত ক'রে রাখা হয়েছে। আমি এ সম্পর্কে বলতে চাই তিমিরবাব্বর ধারণা আগে

[8-30—8-39 p.m.]

যা ছিল সে ধারণা থাকতে পারে—কিন্তু আমি স্পষ্ট ক'রে বলতে চাই, বর্তমান সরকারের যে দ্ষ্টিভঙ্গি তা অত্যন্ত উদার, সহান্বভূতিশীল এবং আমরা জানি শ্বধ্ব মিছিল এবং সম্মেলন ক'রে তার দ্বারা সমাজের আসল চিত্র ফ্বটে ওঠে আমাদের এই সরকার তা বিশ্বাস করে না। সমস্ত মান্বষের প্রতি শ্বধ্ব নয় সর্বশ্রেণীর এবং প্রতিটি মান্বষের তারা মিছিল কর্বক আর না কর্বক তাদের অভাব-অভিযোগ তাদের দাবি-দাওয়া সম্পর্কে এই সরকার অত্যন্ত সচেতন। এই সরকার শ্বধ্ব মান্বষের সম্পর্কে সহান্বভূতিশীল নন, পশ্ব-পক্ষীদের সম্পর্কেও অত্যন্ত সহান্বভূতিশীল, তারা আন্দোলন-মিছিল কর্বক আর নাই কর্বক, তাতে কিছ্ব আসে যায় না। দরদী মনোভাব নিয়ে অন্তর থেকে প্রত্যেকের অভাব-অভিযোগ প্রত্যেকের দাবিদাওয়া এই সরকার উপলব্ধি করেছে। তাই আজ আমরা একদিকে যেমন সমাজের প্রতিটি স্তরের চাহিদা অভাব-অভিযোগ সম্পর্কে লক্ষ্য রাখছি এবং সেদিক থেকে বিভিন্ন রকম পরিকল্পনা ক'রে সেই সমস্যা দ্বর করতে সচেষ্ট, অপরদিকে পশ্ব-পক্ষী সম্প্রদায় সম্পর্কে অন্বর্পভাবে সচেষ্ট। আমি বিশেষ কিছ্ব বলতে চাই না, তিমিরবাব্ব এই কথা বলেছেন ব'লে -তার উত্তর দিলাম। বাজেট বক্তৃতার আগাগোড়া যদি ভাল ক'রে পড়ে দেখেন, তা হ'লে দেখবেন যে, ২৫ বছরে এই পশ্চিম বাংলায় এই খাতে—পশ্বপক্ষী লালনপালন, তাদের চিকিৎসা ইত্যাদি যা হয় নি আমি জোর ক'রে বলতে পারি যে, এই এক বছরে তার অনেকগ্বণ আগিয়ে গিয়েছে। আমরা লক্ষ্য করেছি কিছ্ব কিছ্ব অভিযোগ আছে। আমি স্পষ্ট ক'রে বলতে পারি তার সব ব্যবস্থাই আমরা করেছি। এবং আমার প্রথম বক্তব্যে তার প্রতিটি উল্লেখ করা আছে। যদি কোথায়ও ত্র্বটি-বিচ্যুতি থেকে থাকে আমরা সমস্ত স্তরে তার জন্য ব্যবস্থা অবলম্বন করেছি ঐ বক্তৃতার মধ্যে তা পরিষ্কারভাবে বিশ্লেষণ করা আছে। আর বিশেষ কিছ্ব বলার নাই,. আমি যে কাট মোশনগ্বলি আনা হয়েছে সেগ্বলি সম্পূর্ণ অস্বীকার ক'রে আমার এই বরাদ্দকে সমর্থন করার জন্য প্রার্থনা করি—এই ব'লে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Timir Baran Bhaduri that the amount of the demand be reduced to Re.1 was then put and a division taken with the following results:

Noes

Baidya, Shri Paresh.
Bhattacharjee, Shri Keshab Chandra.
Bhattacharjee, Shri Susanta.
Chatterjee, Shri Tapan.
Chattopadhay, Shri Sukumar.
Das, Shri Sudhir Chandra.
Das Gupta, Dr. Santi Kumar.
Dutta, Shri Adya Charan.
Ghose, Shri Sankar.
Gyan Singh, Shri Sohanpal.
Hatui, Shri Ganesh.
Khan, Shri Gurupada.
Khan, Nasiruddin, Shri.
Mahato, Shri Kinkar.
Mahato, Shri Sitaram.
Maitra, Shri Kashi Kanta.
Maji, Shri Saktipada.
Mandal, Shri Arabinda.
Misra, Shri Kashinath.
Mukherjee, Shri Mrigendra.
Murmu, Shri Rabindra Nath.
Nurunnesa Sattar, Shrimati.
Oraon, Shri Prem.
Paul, Shri Bhawani.
Paul, Shri Sankar Das.
Pramanick, Shri Gangadhar.
Ram, Shri Ram Peyare.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shri Saroj.
Roy, Shri Santosh Kumar.
Saraogi, Shri Ramkrishna.
Sautya, Shri Basudeb.
Shaw, Shri Sachi Nandan.
Singha, Shri Satyanarayan.
Sinha, Shri Debendra Nath.
Talukdar, Shri Rathin.

Ayes

Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

The Ayes being 2 and the Noes 36, the motion was lost.

The motion of Shri Sitaram Mahato that a sum of Rs.19,55,20,000 be granted for expenditure under Grant No. 24, Major Heads: "33—Animal Husbandry" and "124—Capital Outlay on Schemes of Government Trading —Dairy and Animal Husbandry Schemes", was then put and agreed.

Adjournment

The House was then adjourned at 8.39 p.m. till 1 p.m. on Monday, the 19th March, 1973, at the Assembly House, Calcutta-1.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 19th March, 1973, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the chair, 12 Minsters, 8 Ministers of State, 2 Deputy Ministers and 120 Members.

Oath or affirmation of allegiance

[1—1-10 p.m.]

Mr. Speaker: Honourable Members, any of you who have not yet made an oath or affirmation of allegiance, may kindly do so.

(There was none to take oath.)

Starred Questions

(to which oral answers were given)

আলিপুর পশুশালার জীবজন্তু

***৬৮৯।** (অনুমোদিত প্রশ্ন নং *২৬৬।) **শ্রীমহম্মদ সফিউল্লাঃ** পশুপালন এবং পশু-চিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আলিপুর পশুশালায় দুষ্প্রাপ্য ও মূল্যবান যেসমস্ত প্রাণী মারা গেছে সেগুলি অন্য দেশ হতে পুনরায় আনা হয়েছে কিনা;

(খ) হয়ে থাকলে, কোন্ কোন্ দেশ থেকে এবং মূল্য দিয়ে না কোন জন্তুর বিনিময়ে; এবং

(গ) মূল্য দিয়ে হ'লে, তাহার পরিমাণ কত?

শ্রীসীতারাম মাহাতোঃ (ক) আলিপুর পশুশালায় যে সমস্ত দুষ্প্রাপ্য ও মূল্যবান প্রাণী মারা গিয়াছে তার সবগুলি আনা সম্ভব হয় নাই। তবে কিছু কিছু দুষ্প্রাপ্য প্রাণী পুনরায় আনা হইয়াছে।

(খ) কোন দুষ্প্রাপ্য জন্তু মূল্য দিয়ে অন্য দেশ থেকে আনা হয় নাই। সাধারণতঃ এই দেশে সহজলভ্য জন্তুর বিনিময়ে অন্য দেশ হইতে এই দেশে দুষ্প্রাপ্য জন্তু আনা হইয়া থাকে।

দুষ্প্রাপ্য জন্তুগুলি কোন্ কোন্ দেশ হইতে এবং কি কি পশুপক্ষীর বিনিময়ে আনা হইয়াছে তাহা নিম্নোক্ত তালিকায় প্রদত্ত হইলঃ

রেঙ্গুন পশুশালাকে দেওয়া হইয়াছে		**আলিপুর পশুশালায় আসিয়াছে**	
	১৯৭০-৭১		
আগুইটি	... ১. ১	টুবাকো	... ২
চাইনিজ সিলভার ফেজেন্ট	... ১. ১	কানাডা গুজ	... ১, ১
বালিবোড়া	... ২	মালয়েব সূর্য ভাল্লুক	... ০, ১
বেনেটওয়ালা বি	... ০. ১	পিগ টেল বানর	... ২. ২
লাইয়ন টেল বানর	... ০. ১	ক্রাব ইটিং বানর	... ২, ২
		ফিলিপাইন শজারু	... ১, ১
	১৯৭১-৭২		
নীল গাই	... ০, ১	বার্মাব বাঘ	... ১, ১
ঘড়িয়াল	. ২	বার্মার কুমীর	... ৬
কালো রাজহাঁস	.. ১. ১	রেটিকুলেটেড ময়াল	... ২
কালো গলা স্টর্ক	. ১. ১	বার্মার ময়ূর	... ০, ১
কৃষ্ণসার	... ১, ১		
ভারতীয় ময়ূর	.. ০. ১		
নেগার পশুশালা (মালয়েশিয়া)-কে দেওয়া হইয়াছে		**আলিপুর পশুশালায় আসিয়াছে**	
	১৯৭০-৭১		
লাইয়ন টেল বানর	.. ০. ১	মালয়েব সূর্য ভাল্লুক	... ১, ২
বনেট বানর	... ১, ১	সাদা হাত ভল্লুক	.. ১, ১
সারস	... ১, ১	ক্রাব ইটিং বানর	... ১, ২
হনুমান	... ১, ১		
এডেলেড পশুশালাকে (অস্ট্রেলিয়া) দেওয়া হইয়াছে		**আলিপুর পশুশালায় আসিয়াছে**	
	১৯৭১-৭২		
লাইয়ন টেল বানর	... ১, ১	ইউরো ক্যাঙগারু	... ১, ১
কে-সি-সালে (হংকং)-কে দেওয়া হইয়াছে		**আলিপুর পশুশালায় আসিয়াছে**	
	১৯৬৮-৬৯		
ভুটান গ্রে-পিকক ফেজেন্ট	.. ১. ১	ইলেকটাস প্যারট	... ১. ১
		রউল রউল	... ১, ১
		রুকস্ প্যারাকিট	... ১. ১
	১৯৭০-৭১		
ট্রাগো প্যান	... ১. ১	আরগাস ফেজেন্ট	... ১, ১
পিকক ফেজেন্ট	... ০, ১	রেড সাইডেড ইকলেক্টাস	... ১. ০
গ্রীন ম্যাগ পাই	.. ১, ১	সাইট্রন ক্রেস্টেড কাকাতুয়া	... ১, ১
নীল তাদা	... ২, ২	লেসার সালফার ক্রেসটেড কাকাতুয়া	... ১, ১;
হোয়াইট ক্যাপ রেড স্টার্ট	... ১, ১	গ্রেট হোয়াইট কাকাতুয়া	... ১, ১

ন্যাশনাল জ্যুলজিক্যাল পার্ক (ওয়াশিংটন)-কে দেওয়া হইয়াছে **আলিপুর পশুশালায় আসিয়াছে**

১৯৬৮-৬৯

হনুমান ... ১, ০ স্পাইডার বানর ... ১, ১

ফ্রাঙ্কফার্ট (জার্মানী) পশুশালাকে দেওয়া হইয়াছে **আলিপুর পশুশালায় আসিয়াছে**

১৯৬৮-৬৯

ব্ল্যাক আইরিশ ... ১, ১ ব্রাস টার্কি ... ১, ১

(গ)মূল্য দিয়া কোন জন্তু বিদেশ হইতে আনা হয় নাই।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ ১৯৭০ সাল থেকে মালয়েশিয়ান এবং ১৯৭১ সাল থেকে আমেরিকান প্রতিষ্ঠানের সঙ্গে বিনিময় ব্যবস্থার জন্য পশুশালার কর্তৃপক্ষ চেষ্টা ক'রে আসছেন, কিন্তু সেটা এখনও কার্যকর হয় নি। মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, কেন কার্যকর হয় নি?

শ্রীসীতারাম মাহাতোঃ এটা আমার জানা নেই, আপনি যদি চান পরে জানাতে পারি।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ ভারতীয় বন্য জন্তুর মধ্যে অনেক মূল্যবান স্পেসিমেন চিড়িয়াখানায় নেই। এইসব না থাকার জন্য চিড়িয়াখানার আকর্ষণ কমে যাচ্ছে, এটা মন্ত্রিমহাশয় জানেন কি, যদি জানেন, তা হ'লে এর প্রতিকারের ব্যবস্থা করবেন কি?

শ্রীসীতারাম মাহাতোঃ এটা আমার জানা নেই তবে আপনি যখন বলেছেন তখন খোঁজ নিয়ে দেখবো এবং যদি সম্ভব হয় ব্যবস্থা করবো।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, একথা কি সত্য যে, এক জোড়া গণ্ডারের জন্য পশুশালার কর্তৃপক্ষ রাজ্যসরকারের কাছে আবেদন করেছেন? যদি সত্য হয়, তা হ'লে সেই গণ্ডার কোথা থেকে দেওয়া হবে মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীসীতারাম মাহাতোঃ আমার জানা নেই।

সরকারী দপ্তরে শূন্যপদ পূরণ

*৬৯০। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৭।) **শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ২০এ মার্চ, ১৯৭২ হইতে ৩১এ জানুয়ারি, ১৯৭৩ এর মধ্যে সরকারী চাকুরিতে কত নূতন পদ সৃষ্টি করা হয়েছে এবং কত পুরোনো শূন্যপদ পূরণ করা হয়েছে; এবং

(খ) এইসকল ক্ষেত্রে শূন্যপদ পূরণের পদ্ধতি কি?

শ্রীশংকর ঘোষঃ (ক) ১৬ই মার্চ, ১৯৭৩ পর্যন্ত কতকগুলি অফিস হইতে পাওয়া তথ্যের ভিত্তিতে ২০এ মার্চ, ১৯৭২ হইতে ৩১এ জানুয়ারি, ১৯৭৩ পর্যন্ত সরকারী চাকুরিতে ৬৭৭টি নূতন পদ সৃষ্টি করা হয়েছে এবং পুরানো ১,৮৩১টি শূন্যপদ পূরণ করা হয়েছে।

(খ) যে সমস্ত পদের নিয়োগবিধিতে পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে নিয়োগের ব্যবস্থা আছে, সেক্ষেত্রে উক্ত কমিশনের মাধ্যমে কর্মচারী নিযুক্ত করা হয়। পি এস সি-র এলাকা বহির্ভূত অকারিগরী তৃতীয় ও চতুর্থ শ্রেণীর শূন্যপদ এক বৎসরের জন্য ওয়েস্ট বেঙ্গল সার্ভিসেস (স্পেশাল রিক্রুটমেন্ট টু নন টেকনিক্যাল ক্লাস থ্রি অ্যান্ড ফোর সার্ভিসেস অ্যান্ড পোস্টস্) রুলস্, ১৯৭২ অনুসারে পূরণ করা হয়। এতদ্ব্যতীত অন্যান্য পদনিয়োগকর্তাগণ নির্দিষ্ট নিয়োগবিধি অনুসারে নিজেরাই পূরণ করেন।

শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন এই যে 'ক' প্রশ্নের উত্তরে দেখা যাচ্ছে যে, ১,৬৭৭টি নূতন পদ সৃষ্টি হয়েছে, সেটা পূরণ কতদিনের মধ্যে হবে এবং কিসের ভিত্তিতে হবে?

শ্রীশঙ্কর ঘোষঃ সেটার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে, যত শীঘ্র করা যায়।

শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি সময়টা বলবেন?

শ্রীশঙ্কর ঘোষঃ সময় নিশ্চয়ই জানতে পারবেন তবে এখন বলা সম্ভব নয়।

শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন স্টেট ইলেকট্রিসিটি বোর্ডে যেসমস্ত নিয়োগপত্র দেওয়া হয়েছে বা নিয়োগ করা হয়েছে তাদের যোগ্যতা অনুযায়ী বেতন স্কেল দেওয়া হচ্ছে না?

শ্রীশঙ্কর ঘোষঃ মূল প্রশ্নের সংগে এর সম্পর্ক নেই।

শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এই যে নূতন পদ সৃষ্টি হ'ল তাতে কোন ইন্টারভিউ নেওয়া হয়েছে কিনা?

শ্রীশঙ্কর ঘোষঃ অনেক পদ আছে কিছু ক্ষেত্রে পাবলিক সার্ভিস কমিশন আছে সেটা একরকম ভিত্তিতে হয়। আরো বিভিন্ন রকম আছে। কাজেই একটা পার্টিকুলার কেস হ'লে সেটা বিচার করা যেতে পারে।

শ্রীমতী গীতা মুখার্জীঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, তৃতীয়, চতুর্থ শ্রেণীর কর্মচারীদের নিয়োগের ক্ষেত্রে অ্যাপয়েন্টিং অথোরিটি তাঁরা চাকুরি দেন। মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, একথা কি সত্য যে, বর্তমানে সরাসরি রাইটার্স বিল্ডিংস্ থেকে, মন্ত্রীর দপ্তরই এই অ্যাপয়েন্টিং অথোরিটির কাজ নিজেরা হাতে নিয়েছেন?

শ্রীশঙ্কর ঘোষঃ অ্যাপয়েন্টিং অথোরিটি যারা আগে ছিলেন তাঁরাই আছেন, রিক্রুটমেণ্ট রুলস অনুযায়ী নিয়োগ করা হচ্ছে। যদি রিক্রুটমেণ্ট রুলস্-এর কপি চান, তা হ'লে হাউসে দেওয়া যেতে পারে।

শ্রীমতী গীতা মুখার্জীঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, আগে যারা অ্যাপয়েন্টিং অথোরিটি ছিলেন তাঁরাই আছেন, তা যদি হয়, তা হ'লে এই রকম কি ক'রে সম্ভব হচ্ছে রাইটার্স বিল্ডিংস্ থেকে সরাসরি এম এল এ-রা সেখানে অফিসে বসে কতকগুলি নিয়োগপত্রের গোছ হাতে নিয়ে তাঁরা চাকুরি দিচ্ছেন?

শ্রীশঙ্কর ঘোষঃ এই রকম তথ্য সরকারের জানা নেই।

শ্রীমতী গীতা মুখার্জীঃ এইরকম তথ্য যদি সরকারের নজরে আনি, তা হ'লে এগুলি হাউসে ইনফর্ম করবেন কি?

(নো রিপ্লাই)

রাজ্য সরকারী কর্মচারী ফেডারেশনের আন্দোলন

*৬৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *৮১১।) **শ্রীনরেশচন্দ্র চাকীঃ** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) সরকার কি অবগত আছেন যে, পশ্চিমবঙ্গ সরকারী কর্মচারী ফেডারেশন বিভিন্ন দাবীর ভিত্তিতে আন্দোলনে নেমেছেন; এবং

(খ) অবগত থাকিলে, (১) দাবীগুলি কি কি; ও (২) এইসব দাবীদাওয়া সম্বন্ধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন?

শ্রীশঙ্কর ঘোষঃ (ক) হ্যাঁ।

(খ) দাবিসনদের অনুলিপি লাইব্রেরী টেবিলে রাখা হইয়াছে।

উক্ত দাবিগুলি সম্পর্কে সরকারের বক্তব্য

(ক) শিবির কর্মচারীদের বিকল্প চাকুরি সম্পর্কেঃ সম্প্রতি সিদ্ধান্ত হইয়াছে যে, পাবলিক ভিস কমিশনের এলাকাবহির্ভূত সকল অ-কারিগরী তৃতীয় ও চতুর্থ শ্রেণীর শূন্য পদসমূহ চ বৎসরের জন ওয়েস্ট বেঙ্গল সার্ভিসেস (স্পেশাল রিক্রুটমেন্ট টু নন-টেকনিক্যাল ক্লাস থ্রি ন্ড ক্লাস ফোর সার্ভিসেস অ্যান্ড পোস্টস্) রুলস, ১৯৭২ অনুসারে পূরণ করা হইবে। বিধি অনুসারে শূন্যপদসমূহ পূরণ করার সময় যোগ্য উদ্বৃত্ত শিবির কর্মচারীদের বিষয় শ্যই সহানুভূতির সঙ্গে বিবেচনা করা হইবে।

(খ) জয়েন্ট কনসালটেটিভ কমিটি সম্পর্কেঃ রাজ্যের কর্মচারীদের সঙ্গে সরকারের সম্পর্ক তিসাধনের জন্য জয়েন্ট কনসালটেটিভ কমিটি গঠনের প্রস্তাব বর্তমানে বিবেচনাধীন ছে।

(গ) কনটিনজেন্ট কর্মচারীদের সম্পর্কেঃ সরকার সম্প্রতি সিদ্ধান্ত করিয়াছেন যে, এখন তে কনটিনজেন্ট কর্মচারীদের নিরবচ্ছিন্ন ও পূরা সময়ের (হোল টাইম) সমগ্র কার্যকাল য়া পেন্সন প্রদান করা হইবে।

(ঘ) 'মিসা' আইন প্রয়োগ সম্পর্কেঃ নিম্নোক্ত আপত্তিজনক কর্মসমূহ থেকে কোন ব্যক্তিকে ত করার জন্য 'মিসা' আইন প্রয়োগ করা হয়ঃ

(১) ভারতের প্রতিরক্ষার বিরোধিতা, ভারতের সঙ্গে বিদেশী কোন রাষ্ট্রের সম্পর্ক ক্ষুন্ন বা ভারতের নিরাপত্তা বিঘ্নকারী কোন কাজ ;

(২) রাজ্যের নিরাপত্তা বা আইনশৃংখলা ক্ষুন্ন হয় এমন কাজ; এবং

(৩) জনসাধারণের পক্ষে অবশ্য প্রয়োজনীয় সরবরাহ বা কাজ ব্যাহত হয় এমন কোন কাজ।

যে ব্যক্তি উপরি-উক্ত কোন ক্ষতিকারক কার্যে লিপ্ত আছেন তিনি কেবলমাত্র সরকারী চারী বলিয়াই ঐ আইনের আওতা হইতে রেহাই পাইতে পারেন না।

পুলিস কোন মিথ্যা মামলা করিয়াছেন এইরূপ সংবাদ সরকারের কাছে নাই। কিন্তু র্দিষ্ট কোন মামলার বিষয় জানালে আমরা খোঁজ করিয়া দেখিতে পারি।

(ঙ) চতুর্থ শ্রেণীর কর্মচারীদের অন্যান্য শ্রেণীর মত ছুটির সুবিধা দেওয়া সম্পর্কেঃ র্থ শ্রেণী ও অন্যান্য শ্রেণীর কর্মচারীদের মধ্যে অর্জিত ছুটি ছাড়া অন্য ছুটির ক্ষেত্রে কোন র্ক্য নাই। যে পার্থক্যটুকু আছে তাহা দূর করা যায় কিনা সরকার বিবেচনা করিয়া খতেছেন।

দাবিসনদের অন্যান্য দাবিগুলি বিশদভাবে পরীক্ষা করা যায়, কিন্তু সরকারের সীমিত আর্থিক ক্ষমতার জন্য ঐ দাবিগুলি বর্তমানে পূরণ করা সম্ভবপর নাও হইতে পারে।

এই প্রসঙ্গে উল্লেখ করা যাইতে পারে যে, কর্মচারীদের বেতনের হার সংশোধন ও তাহাদের বাড়িভাড়া ও চিকিৎসা ভাতা বৃদ্ধি এবং মাগ্গী ভাতা মঞ্জুর করার জন্য সরকারকে অধিক আর্থিক দায় বহন করিতে হইতেছে।

পে-কমিশনের সুপারিশ অনুসারে ১লা এপ্রিল, ১৯৭০ তারিখ হইতে সরকারী কর্মচারীদের বেতন হার সংশোধন করা হইয়াছে, বাড়িভাড়া ভাতা, চিকিৎসা ভাতার হার বৃদ্ধি করা হইয়াছে এবং যে সমুদয় সরকারী কর্মচারী ১লা এপ্রিল, ১৯৭০ তারিখের পূর্বে অবসর গ্রহণ করিয়াছেন, তাঁহাদের পেন্সন অন্তর্বর্তীকালীন বৃদ্ধি করা হইয়াছে। ইহার জন্য সরকারের বার্ষিক অতিরিক্ত ৯ কোটি টাকা খরচ হইবে।

১লা অক্টোবর, ১৯৭১ তারিখ হইতে সরকারী কর্মচারীদের মাগ্গী ভাতা মঞ্জুর করা হইয়াছে। ইহার জন্য বার্ষিক ব্যয় হইতেছে ২ কোটি ৫৮ লক্ষ টাকা। কলিকাতা, অন্যান্য পৌরসভা, বে-সরকারী শিল্প প্রতিষ্ঠান, জিলা পরিষদ এবং পঞ্চায়েতের কর্মচারীদেরও মাগ্গী ভাতা মঞ্জুর করা হইয়াছে। সরকারকে ইহার জন্য বার্ষিক ২ কোটি ৩৭ লক্ষ টাকা ব্যয় করিতে হইতেছে।

[1-10—1-20 p.m.]

শ্রীনরেশচন্দ্র চাকী: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই ইভাকুরিজ ক্যাম্প এমপ্লয়িজ যারা আছে, তাদের বলা হয়েছিল যে, যখন নূতন চকুরি নিয়োগ করা হবে, তাদের কথা বিবেচনা করা হবে। আজ পর্যন্ত যা নূতন নিয়োগ হয়েছে, তার মধ্যে এই ইভাকুয়িজ ক্যাম্প এমপ্লয়িদের কত জনকে নিয়োগ করা হয়েছে?

শ্রীশংকর ঘোষ: নোটিস না দিলে বলতে পারবো না, কারণ মূল প্রশ্নের সঙ্গে এই বিষয়টা আসে না।

শ্রীনরেশচন্দ্র চাকী: এই প্রশ্নটা রিলিভেন্ট, রিলিফ ক্যাম্পের যাঁরা কাজ করেছেন তাঁদের একটা দাবি ছিল চাকরি দেবার জন্য। উনি উত্তরে বলেছেন, ইভাকুয়ি ক্যাম্প এমপ্লয়িদের দিয়ে পূরণ করা হবে। সুতরাং আমার নেক্সট প্রশ্ন করা স্বাভাবিক যে, কতজনকে চাকুরি দিয়েছেন এই ইভাকুয়িজ ক্যাম্প এমপ্লয়িদের মধ্য থেকে?

শ্রীশংকর ঘোষ: এই প্রশ্নটা নীতিগত প্রশ্ন, ফেডারেশনকেও এই বিষয়ে বলা হয়েছে। তবে আপনি ডিটেলস্ চান, নোটিস দেবেন, জানিয়ে দেবো। এখন আমার কাছে পার্টিকুলার কিছু নেই।

শ্রীনরেশচন্দ্র চাকী: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, উনি যে ভাতা বৃদ্ধির কথা বললেন, সেটা কোন তারিখ থেকে এবং কবে সেটা ঘোষণা করা হয়েছে এবং বাড়ানো হয়েছে?

শ্রীশংকর ঘোষ: ভাতা বৃদ্ধির কথা ১লা অক্টোবর, ১৯৭১ সাল হইতে সরকারী কর্মচারীদের মাগ্গী ভাতা মঞ্জুর করা হইয়াছে এবং এর জন্য ৫ কোটি সরকারের খরচ হচ্ছে।

শ্রীনরেশচন্দ্র চাকী: মাননীয় মন্ত্রিমহাশয় কি মনে করেন ১লা অক্টোবর, ১৯৭১ তারিখে যে প্রাইস ইন্ডেক্স ছিল, সেই প্রাইস ইন্ডেক্স এখন আছে, না বৃদ্ধি হয়েছে?

শ্রীশংকর ঘোষ: এই বিষয়ে আপনিও জানেন এবং আমিও জানি, সুতরাং এই বিষয়ে বলার দরকার নেই।

শ্রীনরেশচন্দ্র চাকী: এই যে প্রাইস ইন্ডেক্স বৃদ্ধি হয়েছে, তার জন্য সরকারী কর্মচারীদের আরও ভাতা বৃদ্ধির কথা সরকার চিন্তা করছেন কি?

শ্রীশংকর ঘোষ: পশ্চিমবঙ্গ সরকারের যে সীমিত অর্থ আছে তার ভেতর ভাতা বৃদ্ধি পাঁচ কোটি টাকার বেশী ১লা অক্টোবর থেকে করা হয়েছে এবং বর্তমানে এই সীমিত অর্থ থেকে সম্ভব কিনা সেটা দেখা যাবে।

শ্রীমতী গীতা মুখার্জী: মাননীয় মন্ত্রিমহাশয় প্রশ্নোত্তর দিতে গিয়ে শিবির কর্মচারীদের সম্পর্কে বললেন যে, তাদের কাজ দেবার ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। মন্ত্রিমহাশয় জানাবেন কি, শিবির কর্মচারীদের সেই কাজ দেবার জন্য যে বাছাই করা হচ্ছে, তারা শাসক পার্টির সমর্থক কিনা সেটা দেখা হচ্ছে এবং তা না হ'লে তাদের অযোগ্য ব'লে বিবেচনা করা হচ্ছে?

শ্রীশংকর ঘোষ: এই সমস্ত মনগড়া চিন্তা সম্পর্কে আমার কিছু বলার নেই।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি অনুগ্রহ ক'রে জানাবেন, যে সরকারী কর্মচারীদের মহার্ঘ্য ভাতার সমস্যাই কি এক মাত্র আর্থিক সমস্যা ?

শ্রীশঙ্কর ঘোষঃ এটা কখনোই একমাত্র সলুশন হতে পারে না, সরকার এই জন্য নানা রকম ব্যবস্থা নিচ্ছেন, পেনসন ইত্যাদি যারা কন্টিনজেন্ট স্টাফ ছিল তাদের জন্য ব্যবস্থা করা হচ্ছে, এবং ক্যাবিনেটে সরকারী কর্মচারীদের জন্য সিদ্ধান্ত নেওয়া হচ্ছে।

শ্রীনরেশচন্দ্র চাকীঃ তৃতীয় এবং চতুর্থ শ্রেণীর কর্মচারীরা যে হারে মাইনা পান সেটা অন্যান্য প্রদেশের তুলনায় কম না বেশী ?

মিঃ স্পীকারঃ ডাজ নট অ্যারাইজ।

শ্রীনরেশচন্দ্র চাকীঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, অফিসের মধ্যে স্লোগান দেওয়া বেআইনী কিনা ?

Mr. Speaker: It does not arise out of this question. This is a seperate problem altogether and no supplementary arises out of the present question. Please take your seat.

Master Plan for North Bengal region and other districts

***695.** (Admitted question No. *1203.) **Shri RAJANI KANTA DOLOI:** Will the Minister-in-charge of the Development and Planning (T. & C.P.) Department be pleased to state—

(a) the estimated cost of the Master Plan prepared by the Government for the development of North Bengal regions;

(b) whether the Government has prepared any Comprehensive Scheme or Master Plan for the development of Midnapore, Bankura and Purulia districts on the same pattern as in clause (a) above; and

(c) if so, the expenditure likely to be incurred for development of these areas and probable time schedule, if any, for completion of the work?

Shri Sankar Ghose: (a) No Master Plan has yet been prepared for development of all the North Bengal regions. But Siliguri Planning Organisation prepared an interim development plan and comprehensive development plan for Greater Siliguri area in 1965 and 1968 respectively. That organisation has also prepared a number of development plans including schemes relating to—

(i) traffic improvement scheme within the Siliguri Town, and

(ii) reconstruction and remodelling of Darjeeling Chawk Bazar—traffic circulation and environmental improvement which are being started.

(b) and (c). No Comprehensive Scheme or Master Plan for the development of Midnapur, Bankura and Purulia districts has yet been prepared and accordingly no expenditure has yet been incurred. Work has started in CMPO to prepare a plan for these areas. Executions of quite a good number of schemes in these regions are, however, in progress by different

departments of the Government, viz., Irrigation, Agriculture, Power, Development and Planning Departments, etc. Some of the said schemes are indicated below:

(a) Schemes sponsored by the Government of India for providing employment to the rural people—

(i) crash scheme for rural employment;

(ii) pilot intensive rural employment project; and

(iii) drought prone area programme;

(b) Irrigation Scheme:

(i) Midnapore Canal Irrigation system to irrigate one lakh acre of land; and

(ii) Kangsabati Project; covering 3 districts, namely, Bankura, Midnapore and Hooghly;

(c) Flood Control Scheme—Resuscitation of River Kalighai (Midnapore).

(d) Dubda Basin Drainage Scheme (Midnapore).

(e) Special employment programme for Purulia, Bankura and Midnapore districts.

[1-20—1-30 p.m.]

শ্রীরজনীকান্ত দলুই: মেদিনীপুর, বাঁকুড়া ও পুরুলিয়া ৩টা ব্যাকওয়ার্ড জেলার জন্য আগে যেমন কোন রকম মাস্টার প্ল্যান-এর কথা চিন্তা করা হয় নি, তেমনি আগামীদিনে এই-রকম ব্যাকওয়ার্ড জেলাগুলির ডেভেলপমেন্ট-এর জন্য কোন রকম মাস্টার প্ল্যান করার চিন্তা আছে কিনা?

শ্রীশংকর ঘোষ: এই সমস্ত অবহেলিত জেলার জন্য আগে কোন কাজ হয় নি। এবিষয়ে আমরা সি এম ডি এ, সি এম পি ও-কে বলেছি। এ সমস্ত জেলায় আরও বিভিন্ন রকমের স্কীম হচ্ছে এবং আরও স্কীম করার চেষ্টা করছি।

শ্রীনারায়ণ ভট্টাচার্য: উত্তরবঙ্গে ৫টা জেলার উন্নয়নের জন্য কোন পরিকল্পনা রচনা করার সিদ্ধান্ত সরকারের আছে কিনা?

শ্রীশংকর ঘোষ: উত্তরবঙ্গে ৫টা জেলায় বিভিন্ন চেষ্টা চলছে। এই সমস্ত জেলাগুলিকে অবহেলা করা হয়েছিল। শিলিগুড়ির জন্য একটা বোর্ড আছে এবং দার্জিলিং-এর জন্য যে একটা অ্যাডভাইসারি কমিটি আছে তাতে ক্যাবিনেট মিনিস্টার আছেন ও সরকারী ও বেসরকারী প্রতি-নিধিও আছেন। একটা নর্থ বেঙ্গল ডেভেলপমেন্ট বোর্ড হয়েছে।

শ্রীনারায়ণ ভট্টাচার্য: শিলিগুড়ি ও দার্জিলিং ছাড়া বাকী ৪টি জেলার জন্য কবে নাগাত পরিকল্পনা করা হবে?

শ্রীশংকর ঘোষ: আমাদের নর্থ বেঙ্গল ডেভেলপমেন্ট বোর্ড আছে সেটা সমস্ত নর্থ বেঙ্গল নিয়ে আছে। এখন এই সমস্ত জেলাতে যাতে আরও পরিকল্পনা হতে পারে তার জন্য বিভিন্ন রকম স্কীম নিচ্ছি।

শ্রীকুমারদীপ্ত সেনগুপ্ত: মুর্শিদাবাদ ও নদীয়াতে ঐ ধরনের মাস্টার প্ল্যান এবং ডেভেলপমেন্ট করার কথা চিন্তা করছেন কি?

শ্রীশঙ্কর ঘোষ: নদীয়া ও মুর্শিদাবাদের প্রশ্ন এতে নেই।

শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত: নদীয়া ও মুর্শিদাবাদের ডেভেলপমেন্ট কি কমপ্লিট হয়ে গেছে?

শ্রীশঙ্কর ঘোষ: এগুলির উন্নতি হওয়া দরকার—সেটা আমরা চেষ্টা করব। তবে নদীয়া ও মুর্শিদাবাদের উপর অবিচার করেছেন প্রশ্নকর্তা।

শ্রীআবদুল বারি বিশ্বাস: নর্থ বেঙ্গল ডেভেলপমেন্ট ও সুন্দরবন ডেভেলপমেন্ট-এর জন্য পরিকল্পনা নিয়েছেন। কিন্তু মুর্শিদাবাদ, নদীয়া, বীরভূম নিয়ে মিডল বেঙ্গল-এর ডেভেলপমেন্ট করার পরিকল্পনা কি আছে?

Mr. Speaker: The Hon'ble Minister has stated that these two districts have not been mentioned in the question itself. So if any injustice has been done, that has been done by the honourable Member who has put this question. The Hon'ble Minister is not aware whether any such development scheme or master plan is there.

শ্রীআবদুল বারি বিশ্বাস: নর্থ বেঙ্গল-এর জন্য যেমন স্কীম নেওয়া হয়েছে, তেমনি মুর্শিদাবাদ, নদীয়া ও বীরভূমের জন্য মিডল বেঙ্গল ব'লে একটা ডেভেলপমেন্ট বোর্ড করবেন কিনা?

Mr. Speaker: The Hon'ble Minister is not ready to answer the question regarding that two districts.

শ্রীনারায়ণ ভট্টাচার্য: মেদিনীপুর, বাঁকুড়া ও পুরুলিয়া জেলাকে নিয়ে ডেভেলপমেন্ট বোর্ড করার কোন পরিকল্পনা আছে কি?

শ্রীশঙ্কর ঘোষ: আমাদের প্রোপোজাল আছে কাজের জন্য এবং এই সমস্ত জেলায় যাতে কাজ হয় সেটা আমরা চেষ্টা করছি এবং তার জন্য প্ল্যান আমরা করব।

সরকারী কর্মচারীদের ট্রান্সফার টি এ বাবত অর্থ ব্যয়

*৬৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *৮০৩।) **শ্রীকাশীনাথ মিশ্র:** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৭১-৭২ ও ১৯৭২-৭৩ সালে (জানুয়ারি মাস পর্যন্ত) পশ্চিমবঙ্গে সরকারী কর্মচারীদের স্থানান্তরের জন্য ট্রান্সফার টি এ বাবত সরকারের কত টাকা ব্যয় হয়েছে?

শ্রীশঙ্কর ঘোষ: পশ্চিমবঙ্গ সরকারের অধীনস্থ অধিকাংশ অফিস হইতে (১৬ই মার্চ, ১৯৭৩ পর্যন্ত) যে তথ্য পাওয়া যায় তার ভিত্তিতে দেখা যায়, এ বাবত সরকারের ১৯৭১-৭২ সালে মোট ১,৪৪,৫৯৯·৮৪ টাকা এবং ১৯৭২-৭৩ (জানুয়ারি মাস পর্যন্ত) সালে মোট ৩,২৫,৩৩০·৮৮ টাকা খরচ হয়েছে।

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন ১৯৭১-৭২ সালে ১,৮৪,৫৯৯·৮৪ টাকা এবং ১৯৭২-৭৩ সালে মোট ৩,২৫,৩৩০·৮৮ টাকা কি কারণে এতটা বেড়েছে?

শ্রীশঙ্কর ঘোষ: এটার কারণ পরিষ্কার। ট্রান্সফারের কতকগুলি নীতি আছে, একটা নীতি আছে যে সমস্ত অফিসারদের হাতে পার্মিট, লাইসেন্স, লোন এই সমস্ত দেবার ক্ষমতা আছে সেই সমস্ত অফিসাররা যাতে অন্তত ৩ বছরের বেশী এক জায়গায় না থাকতে পারে সেটা আমাদের নীতি। এই নীতি অনুসরণ করা হচ্ছিল না। এই সরকার আসার পর চেষ্টা করা হচ্ছে এই সমস্ত ক্ষেত্রে যেখানে নানা অভিযোগ আসত পারে একজন অফিসার যাতে ৩ বছরের বেশী না থাকতে পারে তার জন্য জোর ক'রে ট্রান্সফার করেছি, এই নীতিকে কার্যকর করার চেষ্টা করেছি, তাতে লার্জ স্কেলে ট্রান্সফার হয়েছে, খরচ খুব বেশী হবে।

শ্রীকাশীনাথ মিশ্র : তৃতীয় শ্রেণী, চতুর্থ শ্রেণী, গেজেটেড অফিসার এদের প্রতিটির ক্ষেত্রে আলাদা আলাদা ভাবে দেখতে পাই, গেজেটেড অফিসারদের ব্যাপারে বেশী টাকা খরচ হয়েছে, এর কারণ কি?

শ্রীশংকর ঘোষ : এটা মূল প্রশ্নের সাথে কিছু নেই, তবুও বলছি। ট্রাভেলিং অ্যালাওয়েন্সের যে রেট আছে সেটা গেজেটেড অফিসারদের এক রকম, ক্লাস থ্রি-র রেট আর এক রকম।

শ্রীকাশীনাথ মিশ্র : এই রেটটা কিভাবে ঠিক করা হয়?

শ্রীশংকর ঘোষ : তার ডিটেলড রুলস্ আছে।

শ্রীগংগাধর প্রামাণিক : যেসব অফিসার পার্মিট, লাইসেন্স দেন তাঁরা ৩ বছর যাতে এক জায়গায় না থাকেন সেজন্য এত ট্রান্সফার করতে হয়েছে, এটা কি সব ডিপার্টমেন্টে করা হয়েছে? সিভিল সাপ্লাই ডিপার্টমেন্টে করা হয়েছে?

শ্রীশংকর ঘোষ : কোন বিশেষ ডিপার্টমেন্টে কি হয়েছে সেটা নোটিস দিলে জানিয়ে দেব, কিন্তু যেটা বলেছি এই বছরে ট্রান্সফারের জন্য অনেক বেশী খরচ হয়েছে। আমরা আইনটাকে কার্যকর করার চেষ্টা করেছি, লাইসেন্স, পার্মিট যেসব অফিসার দেন তাঁরা যাতে এক জায়গায় শিকড় গেড়ে না বসতে পারেন তার চেষ্টা করেছি।

শ্রীগংগাধর প্রামাণিক : যদি এমন কোন ডিপার্টমেন্ট থাকে যেখানে ৩ বছরের বেশী একজন অফিসার আছেন তাঁরা যাতে ট্রান্সফার হন সেদিকে তিনি লক্ষ্য দেবেন কি?

শ্রীশংকর ঘোষ : যদি সেই রকম ডিপার্টমেন্ট থাকে সেই বিভাগের মন্ত্রী আছেন, তাঁকে দিলেই আমরা নিশ্চয়ই দেখব।

শ্রীনরেশচন্দ্র চাকী : রাইটার্স বিল্ডিংসে, নিউ সেক্রেটারিয়েট বিল্ডিংস-এ বহু কর্মী আছেন এঁদের বদলি করার কোন ব্যবস্থা সরকারী নিয়মের মধ্যে আছে কি?

শ্রীশংকর ঘোষ : এই ব্যবস্থা আমরা চালু করেছি, সেজন্য বললাম এদের ট্রান্সফারের জন্য অনেক বেশী খরচ হয়েছে। এই কাজটা চালিয়ে যেতে হবে, যা কিছু গলদ আছে সেটা সংশোধন করতে হবে।

শ্রীআবদুল বারি বিশ্বাস : ডাইরেক্টর অব ইন্ডাস্ট্রিজ, শ্রীউদয়ন চ্যাটার্জী, তিনি নিউরাইটার্স বিল্ডিংসে অনেক দিন আছেন, তিনি লাইসেন্স, পার্মিট দেন, তাঁকে ট্রান্সফার করা হবে কিনা?

শ্রীশংকর ঘোষ : একটা বিশেষ অফিসার সম্বন্ধে বললে নোটিস লাগবে।

শ্রীআবদুল বারি বিশ্বাস : এবারে তিনি দীর্ঘদিন নিউরাইটার্স বিল্ডিংসে আছেন, তাঁকে এখান থেকে বের করে দেওয়ার কোন ব্যবস্থা গ্রহণ করবেন কিনা?

Shri Sankar Ghose: This is a request for action.

উত্তরবংগ হইতে রাজস্ব আদায়

*৬৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *৮৮৪।) **শ্রীনারায়ণ ভট্টাচার্য :** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) উত্তরবংগের পাঁচটি জেলা, যথা কুচবিহার, জলপাইগুড়ি, দার্জিলিং, পশ্চিম দিনাজপুর ও মালদহ গত পাঁচ বৎসরে বিভিন্ন খাতে কেন্দ্র ও রাজ্য সরকারের মোট রাজস্ব আদায়ের পরিমাণ কত; এবং

(খ) উপরি-উক্ত পাঁচটি জেলায় বিগত পাঁচ বৎসরে বিভিন্ন উন্নয়নমূলক খাতে মোট ব্যয়ের পরিমাণ কত?

শ্রীশঙ্কর ঘোষ: (ক) ও (খ) হিসাবরক্ষা সংক্রান্ত বিষয়ে রাজ্যই সর্বনিম্ন ইউনিট। রাজ্য-সরকার ও কেন্দ্রীয় সরকারের আয় ও ব্যয়ের জেলাওয়ারী হিসাব রাখা হয় না—বিভিন্ন খাতে কেন্দ্রীয় ও রাজ্য তহবিলে কত জমা এবং উহা হইতে কত খরচ হয় তাহার হিসাবই রাখা হইয়া থাকে। কোনও বিশেষ খাতে, যথা—রিলিফ, কৃষি, প্রভৃতি কেন্ জেলাতে কত ব্যয় হইয়াছে সে সংবাদ সংগ্রহ করা যাইতে পারে। কিন্তু, জেলাওয়ারী সমস্ত আয় ও ব্যয়ের হিসাব সংগ্রহ করা খুবই কঠিন। কুচবিহার জেলায় কোনও ডিলার কুচবিহারে দেয় বিক্রয়-কর কলিকাতায় জমা দিতে পারেন। এবং ঐ জেলার কোনও রাস্তা বা স্কুল নির্মাণের ব্যয় কলিকাতা হইতে দেওয়া যাইতে পারে। এই স্থলে ঐ জেলা হইতে কত বিক্রয়-কর আদায় হয় এবং ঐ জেলার রাস্তা ও স্কুল নির্মাণ করিতে কত ব্যয় হয় তাহা নির্ধারণ করিতে অনেক তথ্য সংগ্রহ করিতে হইবে।

[1-30—1-40 p.m.]

শ্রীনারায়ণ ভট্টাচার্য: মন্ত্রিমহাশয় জানাবেন কি, ১৯৭২ সালে জলপাইগুড়ি বা কুচবিহার জেলার কোন্ কোন্ রাস্তা বা স্কুল কোলকাতার বরাদ্দ থেকে টাকা পেয়েছে?

শ্রীশঙ্কর ঘোষ: স্পেসিফিক কোশ্চেন করুন, আমি অ্যানসার দেব।

শ্রীনারায়ণ ভট্টাচার্য: আপনি বলেছেন তথ্য সংগ্রহ করতে সময় লাগে। আমি জানতে চাই ভবিষ্যতে এই ধরনের তথ্য সংগ্রহ করবেন কিনা?

শ্রীশঙ্কর ঘোষ: তথ্য সংগ্রহ করতে অনেক সময় লাগবে। আমরা এ জি, ওয়েস্ট বেঙ্গল-কে লিখেছিলাম এবং তিনি বলেছেন, আমাদের জেলাওয়ারি কোন হিসেব নেই, আমাদের পার্টিকুলার হেড অনুযায়ী আছে এবং ব্রেক আপ ক'রে করতে গেলে অনেক সময় লাগবে।

শ্রীনারায়ণ ভট্টাচার্য: মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই চা হ'তে আমাদের কত আয় হয় বৈদেশিক মুদ্রা এবং আন্তঃর্দেশীয় শুল্কে?

শ্রীশঙ্কর ঘোষ: মূল প্রশ্নের সঙ্গে এর কোন সংযোগ নেই। আপনি নোটিস দিলে আমি বলতে পারি।

শ্রীনারায়ণ ভট্টাচার্য: একথা কি সত্য যে, উত্তরবঙ্গে বিভিন্ন খাতে আয় অত্যন্ত বেশী এবং ব্যয় কম হয়?

শ্রীশঙ্কর ঘোষ: তথ্য সংগ্রহ হ'লে বোঝা যাবে। তবে এটুকু বলতে পারি উত্তরবঙ্গের জন্য যাতে কাজ হয় সেই চেষ্টা আমরা করছি।

শ্রীনারায়ণ ভট্টাচার্য: আয়ের চেয়ে ব্যয় কম হয় এটা সত্য কিনা?

শ্রীশঙ্কর ঘোষ: তথ্য সংগ্রহ হ'লে বলা যাবে।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মন্ত্রিমহাশয় জানাবেন কি, জেলাওয়ারী আয় বা ব্যয় অথবা জোন-ওয়াইজ আয় বা ব্যয় এইভাবে কি ব্যয়িত হয়ে থাকে? অর্থাৎ সরকারের কি নীতি এটা যে, জেলাওয়ারী আয়ের ভিত্তিতে ব্যয় হয়ে থাকে?

শ্রীশঙ্কর ঘোষ: সরকারের নীতি সারা পশ্চিমবাংলার ভিত্তিতে হয়। আমাদের ইউনিট হচ্ছে স্টেট। তবে অবহেলিত জেলা যদি হয়, তা হ'লে সেখানে দৃষ্টি দেওয়া হয়।

শ্রীরবীন্দ্রনাথ বেরা: মন্ত্রিমহাশয় জানাবেন কি, বিভিন্ন জেলাগুলিতে বকেয়া খাজনা আদায় সন্তোষজনক কিনা?

শ্রীশঙ্কর ঘোষ: এটা মূল প্রশ্নের সঙ্গে সমধর্মীয় প্রশ্ন নয়।

শ্রীভবানী পাল : মন্ত্রিমহাশয় জানাবেন কি, পশ্চিমবাংলায় ৪টি প্ল্যান পিরিয়ড শেষ হবার মধ্যে পারক্যাপিটা কত খরচ হয়েছে?

শ্রীশঙ্কর ঘোষ : এই জাতীয় আর একটা প্রশ্ন অর্থাৎ পারক্যাপিটা ইনকাম সম্বন্ধে আর একটা প্রশ্ন রয়েছে। এটা এই প্রশ্নের সঙ্গে সংযুক্ত নয়।

শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত : মন্ত্রিমহাশয় বললেন, উন্নয়নমূলক কার্যে স্টেটটাকে ইউনিট ধরা হয়। আমি জানতে চাই, যে সমস্ত জায়গায় আজ পর্যন্ত উন্নয়নের কোন ব্যবস্থা হয় নি তার জন্য তিনি সর্ববিষয়ক সার্ভে তৈরি করেছেন কিনা?

শ্রীশঙ্কর ঘোষ : আমি আগেই বলেছি স্টেটাকে ইউনিট হিসেবে ধরা হয় এবং যেগুলি অবহেলিত জেলা সেখানে যাতে বেশী কাজ হয়, তার জন্য অনেক প্রকল্প নেওয়া হচ্ছে।

শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত : উপযুক্তভাবে এবং সম্পূর্ণভাবে কোথায় কত জিনিস কম আছে সে সম্বন্ধে কোন সার্ভে হবে কিনা?

শ্রীশঙ্কর ঘোষ : কিছু কিছু সার্ভে অনেক জায়গায় হচ্ছে।

শ্রীরজনীকান্ত দলুই : মন্ত্রিমহাশয় জানাবেন কি, পশ্চিমবাংলা থেকে সেন্ট্রাল গভর্নমেন্টের যে রাজস্ব আদায় হয় তাতে আমাদের যে ডেভেলপমেন্ট-এর কাজ হয় সেখানে ওই রাজস্ব আদায়ের সম পরিমাণ অর্থ ডেভেলপমেন্ট ওয়ার্কের জন্য কেন্দ্রীয় সরকার পশ্চিমবাংলাকে দেন কি?

শ্রীশঙ্কর ঘোষ : প্রশ্ন ছিল উত্তরবঙ্গের ৫টি জেলা সম্বন্ধে। কেন্দ্রীয় সরকার সম্বন্ধে প্রশ্ন করলে উত্তর দেব।

শ্রীভবানী পাল : মন্ত্রিমহাশয় জানাবেন কি, ৩টি প্ল্যান পিরিয়ডের মধ্যে সমস্ত পশ্চিমবাংলায় অ্যাভারেজ খরচ হয়েছে ২০০ টাকা, আর উত্তরবঙ্গে পারক্যাপিটা খরচ হয়েছে ৫ টাকা, এটা কি সত্য?

শ্রীশঙ্কর ঘোষ : এরকম তথ্য আমার কাছে নেই।

নদিয়া জেলায় ইক্ষুচাষ

*৭০০। (অনুমোদিত প্রশ্ন নং *১২৫৩।) **শ্রীঘিয়াসুদ্দিন আহম্মদ :** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলার বর্ডার অঞ্চলে ইক্ষুচাষ বৃদ্ধির কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, এই প্রস্তাবিত ইক্ষুচাষ হইতে উৎপাদিত ইক্ষু, সরকার কিরূপভাবে ব্যবহার করিবেন?

Mr. Speaker: The question No. *700 is held over.

Typists, Copyists and Mappists working in Finance Department

***703.** (Admitted question No. *1341.) **Shri SHISH MOHAMMAD:** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) if it is a fact that a large number of employees are working as Typists Copyists and Mappists in this Department;

(b) if the answer to (a) be in affirmative, what are their Service Conditions;

(c) whether the Government is considering for treating them as regular Government employees; and

(d) if so, what action has since been taken in this regard?

Shri Sankar Ghose: (a) Typists and copyists employed in the Finance Department are of the following categories:—

(I) Typists and Copyists borne in the regular establishment as whole-time Government servants;

(II) Typists and Copyists employed on daily rated basis; and

(III) Typists and Typists-Copyists employed on piece rate basis with guaranteed minimum remuneration.

No Mappist is employed in this Department.

(b) Category (I): Regular Government servants in the scale of Rs.230 to Rs.425 basic grade.

Category (II): Typists are paid at the rate of Rs.8 for full day and Rs.4 for half day work for the actual days of work.

Copyists are paid at the rate of Rs.9 per day for actual days of work.

Category (III): (i) Generally typists and copyists are employed on piece rate on a fee of about 0.22 paise per folio with a minimum guaranteed remuneration of over Rs.250 p.m. for Typist and about Rs.210 p.m. for Copyist.

(ii) Earned leave (non-cumulative) is admissible at the following scale and in addition to the usual casual leave:—

Service		Leave admissible
Less than 10 years	..	16 days a year
10 years but less than 15 years	...	23 days a year
15 years and above	...	31 days a year.

(iii) Contributory provident fund benefit is admissible on 6.4 per cent basis.

(c) Not yet.

(d) Does not arise.

Shri A. H. Besterwitch: The Hon'ble Minister has stated a lot of things. Will the Hon'ble Minister be pleased to state how does a person come to the category I of regular Government servants in the scale of Rs.230 to Rs.425?

Shri Sankar Ghose: He comes to category I, when we need regular Government servants so far as Typists and Copyists are concerned. But when we need daily rated workers, they come under category II, and when we need piece rated workers, they come under category III.

Shri A. H. Besterwitch: There are certain categories of typists and copyists who are working for over 3 years. But as regards the people who are working for more than 10 years, will the Hon'ble Minister be pleased to state if they come under this category of Rs.230 to Rs.425?

Shri Sankar Ghose: It is not the number of years, but it is the nature of work and the nature of requirement. So far as the category I is concerned, those who are regular employees they fall under this category. We have got piece rated and daily rated schemes.

Shri A. H. Besterwitch: It is surprising that the Minister says that they are regular workers. Actually the typists and copyists are regular workers and still they are deprived of the benefits of Government employees and they take up piece rate work indefinitely. Will the Hon'ble Minister be kind enough to let me know, whether he is going to upgrade the people who are working regularly on piece rate to the status of permanent Government employees?

Shri Sankar Ghose: The honourable member has prefixed the question by saying something about his surprise. But so far as his surprise is concerned, I cannot answer on that state of his mind. So far as our Government policy is concerned, we have found that this system is working very well. We have regular employees, we have piece rated employees and particularly the public want their services. When we have piece rated system, there is incentive scheme, and this has worked very well so far.

[1-40—1-50 p.m.]

Shri A. H. Besterwitch: I cannot really understand the policy of the Government as the Finance Minister has stated. I have seen persons working on the very same job year after year, they are becoming old and still they are on piece-rate. If these people cannot be made permanent Government employees, who else can be? That means some new persons would be coming in as Government employees. What I want to know is whether these persons, who are working year after year on this particular work, becoming old and are on the point of retirement, are going to come under the category of permanent Government employees?

Shri Sankar Ghose: The persons who are working there under category III sometimes earn more than those under category I because there is an incentive scheme. This is a scheme which has been working very well and that is why Government has not yet thought of changing the scheme.

শ্রীআবদ্‌ল বারি বিশ্বাস: বিভিন্ন রেজিস্ট্রি অফিসে যে সমস্ত কপিস্টরা কাজ করে থাকে তাদের দলিল পিছ্‌ এক রকম পয়সা দেওয়া হয়, এই প্রথা বন্ধ ক'রে তাদের সরকারী কর্মচারী হিসাবে গণ্য করার কোন সরকারী পরিকল্পনা আছে কিনা মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীশঙ্কর ঘোষ: রেজিস্ট্রি অফিসে যারা কপিস্ট আছে, তাদের পিস রেটের ভিত্তিতে কাজ দেওয়া হচ্ছে এবং তাতে করে কাজটা হয়ে যাচ্ছে, এখন পর্যন্ত দেখা যাচ্ছে জর‍ুরী ভিত্তিতে করতে হ'লে দরকার পিস রেটের, যাতে কাজটা তাড়াতাড়ি হয়। মাসিক মাইনে দিয়ে কাজটা করাতে গেলে, এই প্রথার বদল করতে হয়, তা হ'লে সমস্ত জিনিসটা বিবেচনা করতে হয়।

শ্রীগঙ্গাধর প্রামাণিক: এই যে কম্পিস্টরা পিস রেটে কাজ করছে নূতন লোক নিয়োগ করার সময়, তাদের নিয়োগ করার সুযোগ হচ্ছে না কেন? নূতন লোক নেবার অ্যাডভারটাইজ করলে, তাদের অ্যাপ্লিকেশন করার বাধা কোথায়, ইচ্ছা করলে তারাও তো অ্যাপ্লিকেশন করতে পারে, এ বিষয়ে মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীশঙ্কর ঘোষ: মাননীয় সদস্য যে কথা বলেছেন তা খাঁটি কথা, যখন রেগুলার এস্টাবলিশমেন্টে লোক নেওয়া হয়, তখন এই যারা পিস রেটে কাজ করে তারাও অ্যাপ্লিকেশন করতে পারে এবং যোগ্য হ'লে তাদের নিশ্চয়ই নেওয়া হয়।

নদিয়া জেলায় ব্লকওয়ারী বরাদ্দকৃত ডীপ ও শ্যালো টিউবওয়েল এবং রিভার পাম্প

*৭০৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৩১৯।) **শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায়:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৭২ সালে নদিয়া জেলায় ব্লকওয়ারী কতগুলি ডীপ টিউবওয়েল, রিভার পাম্প ও বিদ্যুৎচালিত শ্যালো টিউবওয়েল বরাদ্দ করা হইয়াছিল;

(খ) কিসের ভিত্তিতে বরাদ্দ করা হইয়াছে এবং কাহার দ্বারা করা হইয়াছে; এবং

(গ) কালীগঞ্জ ব্লকে বিদ্যুৎচালিত শ্যালো টিউবওয়েল বরাদ্দ করা হইয়াছে কিনা এবং না হইলে, তাহার কারণ কি?

Mr. Speaker: Question No. *704 is held over.

কল্যাণী বিশ্ববিদ্যালয়

*৭০৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৪১।) **শ্রীআবদুল বারি বিশ্বাস:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কল্যাণী বিশ্ববিদ্যালয়কে পূর্ণাঙ্গ কৃষিবিদ্যালয়ে রূপান্তরিত করার প্রস্তাব আছে কি;

(খ) "(ক)" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে, তাহা বর্তমানে কি অবস্থায় আছে;

(গ) ইহা কি সত্য যে, কেন্দ্রীয় সরকার এই বিশ্ববিদ্যালয়কে পূর্ণাঙ্গ কৃষিবিশ্ববিদ্যালয়ে পরিণত না করিলে ইউ জি সি গ্রান্টসহ অন্যান্য সুবিধাপ্রদান বন্ধ করা হইবে বলিয়া জানাইয়াছেন; এবং

(ঘ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা লইয়াছেন?

Shri Abdul Bari Biswas: Sir, it is not necessary to raise this question. It has already been answered.

কলার চাষ

*৭০৯। (অনুমোদিত প্রশ্ন নং *৬৯৯।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, হুগলি জেলায় সিঙ্গুর, দিয়াড়া, নসীবপুর প্রভৃতি স্থানে ব্যাপকভাবে কলাচাষ করা হয়;

(খ) অবগত থাকিলে, এই সমস্ত [illegible] সরকারী সাহায্যের কোন ব্যবস্থা আছে কিনা;

(গ) রাজ্যের কোথায়ও কলাচাষ গবেষণাকেন্দ্র আছে কি; এবং

(ঘ) থাকিলে,

(১) ইহা কোথায় অবস্থিত; ও

(২) এখানে কি ধরনের গবেষণা করা হয়?

শ্রীআবদুস সাত্তার: (ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ, কলাচাষীদের সরকার হইতে কারিগরী পরামর্শ ও সাহায্য দানের ব্যবস্থা আছে; ইহা ছাড়া কলাচাষ গবেষণা কেন্দ্রে উৎপন্ন অধিক ফলনশীল জাতের কলার চারা চাষীদিগকে বিতরণ করা হয়।

(গ) হ্যাঁ।

(ঘ) (১) চুঁচুড়ায়।

(২) এই কেন্দ্রে কলাচাষের বিভিন্ন সমস্যার উপর গবেষণা হয়, যথা—

(ক) স্থানীয় জলহাওয়ায় কি ধরনের কলা চাষ উপযোগী;

(খ) সার ব্যবহারের প্রয়োজনীয়তা নিরূপণ; এবং

(গ) বিভিন্ন জাতের কলা বপনের সময় নিরূপণ ইত্যাদি।

শ্রীমহম্মদ সফিউল্লা: মহীশূরের হর্টিকালচারাল ডিপার্টমেন্টের ডিরেক্টার শ্রীমারি গৌর ক্যাভান্ডিস জাতীয় কলার চাষ ক'রে সাফল্য অর্জন করেছেন। এখন এই জাতীয় কলার চাষ গুজরাট ও মহারাষ্ট্রে প্রচুর পরিমাণে হচ্ছে। মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার জিজ্ঞাস্য আমাদের এই রাজ্যে এই ক্যাভান্ডিস জাতীয় কলার চাষ হচ্ছে কিনা?

শ্রীআবদুস সাত্তার: আমাদের এখানেও কলাচাষের ব্যাপার নিয়ে রিসার্চ হচ্ছে। আমরা পশ্চিমবাংলায় সেইভাবে এখনো নেই নি—মহারাষ্ট্রে ও গুজরাটে যেভাবে নিয়েছে। কাবুলী কতকগুলি ভ্যারাইটি হুগলীতে করা হচ্ছে।

শ্রীমহম্মদ সফিউল্লা: আপনি কি জানাবেন এই রাজ্যে কোন জাতীয় কলার ফলন বেশী হয় এবং এগুলির ব্যাপক চাষ কোথায় ও কিভাবে হয়?

শ্রীআবদুস সাত্তার: আপনি যে সমস্ত রিসার্চ-এর কথা বলেছেন, আমাদের এখানে কোনটার ফলন বেশী হয় সে সম্বন্ধে কোন রিসার্চ এখনো আমাদের এখানে হয় নি। তবে হুগলীতে যে কলার চাষ হয় তা থেকে জানতে পেরেছি চাঁপাকলা থেকে কাবুলী ভ্যারাইটির ফলন বেশী হয়। তবে আপনি একবার কলা লাগিয়ে দেখবেন।

শ্রীমহম্মদ সফিউল্লা: সিঙ্গাপুরী, মর্তমান ইত্যাদি উৎকৃষ্ট জাতের কলা এই রাজ্যে যাতে বেশী হয় তার জন্য ব্যবস্থা করবেন কি?

শ্রীআবদুস সাত্তার: রিসার্চ যখন আমরা করছি, তখন নিশ্চয়ই আপনার কথা মনে রাখবো।

শ্রীআবদুল বারি বিশ্বাস: কেরালায় যে এই রকম মস্ত বড় লম্বা ও মোটা লাল রঙের কলা চাষ হয় যা ৬০ পয়সায় বিক্রি হ'তে দেখেছি, সেই ধরনের কলার আমদানি করবার জন্য সরকার কোন প্রচেষ্টা নেবেন কি?

শ্রীআবদুস সাত্তার: আপনি যে সাইজের কলা হাত লম্বা ক'রে দেখালেন, সেই সাইজের কি কলা, তার কি নাম সেটা বললে পরে দেখবো।

শ্রীশিবশঙ্কর পাল: পশ্চিমবাংলায় যে কলা হয় তা বাইরে রপ্তানি করবার ব্যবস্থা আছে কি?

শ্রীআবদুস সাত্তার: ঐই কলার কাল্টিভেশন বেশী ক'রে করা গেলে তা রপ্তানির সম্ভাবনা আছে।

শ্রীকুমারদীপ্ত সেনগুপ্ত: মন্ত্রিমহাশয় বললেন যে, বাইরে এক্সপোর্ট করা যেতে পারে। তিনি কি আমাদের এই আশ্বাস দেবেন যে এক্সপোর্ট করার উদ্দেশ্য নিয়ে পশ্চিমবাংলায় ব্যাপকভাবে কলার চাষের পরিকল্পনা গ্রহণ করবেন?

শ্রীআবদুস সাত্তার: আমাদের কৃষির যেটা ব্যাপার এতে অনেক বিষয়ে অনেক গবেষণা আমরা করতে পারি, বাইরে পাঠাতে পারি। কিন্তু আমাদের মূল যেটা, অর্থাৎ খাদ্য—প্যাডি এবং হুইট—এই সমস্যা সমাধান করবার জন্য আমরা এখন লেগে আছি। এই সমস্যা সমাধানের পরে কলা, নারকেল ইত্যাদি করবো। যেখানে দ্বিতীয় ফসল পাচ্ছি না, গমও হয় না, সেখানে অন্য ফসল দেওয়া যায় কি যায় না—তার চেষ্টা হচ্ছে। যেমন সুন্দরবন এলাকায় কলা দিয়ে সুন্দর করা যায় কিনা দেখবো। আলু তো আমাদের এখানে হচ্ছে।

[1-50—2-00 p.m.]

শ্রীকুমারদীপ্ত সেনগুপ্ত: গরিব কলাচাষীদের মহাজনরা কলা দেখিয়ে দেয়। তাদের আর্থিক সাহায্য বা লিগ্যাল এড মন্ত্রিমহাশয় দেবেন কি?

শ্রীআবদুস সাত্তার: এখন কলা দেখাবার জন্য কোন সাহায্য দিই না। কলা পাওয়ার জন্য সাহায্য প্রয়োজন। সেটা আমরা দেখবো।

শ্রীঅজিতকুমার বসু: এই কলাচাষকে চাষ ব'লে ধরা হচ্ছে না, তাই অন্যান্য চাষীরা এগ্রিকালচার ডিপার্টমেন্ট থেকে কৃষিঋণ পেয়ে থাকেন তা তারা পাচ্ছে না। এই সম্পর্কে সুব্যবস্থা মন্ত্রিমহাশয় করবেন কি?

শ্রীআবদুস সাত্তার: আমরা এখন কলার উপর ঋণ দিচ্ছি না, স্বীকার করছি। কারণ অন্যান্য সাঁডসে ঋণ আরও বেশি দরকার ব'লে এতে দেওয়া হয় না। এখন আমরা রিসার্চ করছি, প্রয়োজন হ'লে এক্সপানসান হবে, তখন দেখবো।

শ্রীভবানীপ্রসাদ সিংহরায়: মন্ত্রিমহাশয় কি জানেন হুগলী জেলার একটা বিস্তীর্ণ এলাকার কয়েকটি থানা এলাকা তারা কলা চাষের উপর নির্ভর করে এবং কলা বেচে ধান এবং গম কেনে এবং সেই চাষ আজকে উঠে যাচ্ছে?

শ্রীআবদুস সাত্তার: আপনি কলাচাষের এলাকা থেকে এসেছেন, শুনলাম আপনার কলাও আছে। আপনি নিশ্চয় কলাচাষ উঠান নি। হুগলী যখন যাই তখন কলাগাছই দেখতে পাই এবং আমি যতদূর জানি কলাচাষীরা ব্যাঙ্ক ঋণ পাচ্ছে কমার্সিয়াল প্রডাক্ট ব'লে অনেক সময় লোন দিয়েছে। এটা উঠে যাচ্ছে এটা তো জানি না। এ ব্যাপারে খবর নেবো এবং ব্যবস্থা করার চেষ্টা করবো।

শ্রীগঙ্গাধর প্রামাণিক: কলাচাষ রিসার্চ মনোযোগ সহকারে হচ্ছে না। যাতে মনোযোগ সহকারে রিসার্চ হয় তার আশ্বাস আপনি দিয়েছেন। সাথে আপনি তার একটা আশ্বাস দেবেন কি যে আমাদের পণ্ডিতেরা রিসার্চ করার পর যে কলা পাওয়া যাচ্ছে সেটা আবার কলা দেখানোর অবস্থায় দাঁড়াবে না?

(নো রিপ্লাই।)

শ্রীসরোজ রায়: কলাচাষে ব্যাঙ্কের ঋণ দেওয়া হচ্ছে এই রকম কোন স্পেসিফিক কেস আপনার কাছে আছে কি? কারণ আমাদের কাছে স্পেসিফিক কেস আছে কলাচাষে ব্যাঙ্ক ঋণ দেওয়া হচ্ছে না ব'লে।

শ্রীআবদুল সাত্তার: আমি পোলবা ব্লকে গিয়েছিলাম। সেখানে একটা ব্যাঙ্কের ব্রাঞ্চ উদ্বোধন করা হ'ল, যতদূর মনে পড়ে স্টেট ব্যাঙ্কের হবে। সেই সময় এই রকম অভিযোগ এসেছিল যে, রাস্তার ধারে যারা কলাচাষ করছে তারা ঋণ পাচ্ছে, কিন্তু যারা ইন্টেরিয়ারে চাষ করছে তারা পাচ্ছে না। অর্থাৎ যাদের রাস্তার ধারে তাদের অনেক সুবিধা আছে তারা লোন পাচ্ছে, যারা ভিতরে আছে তারা লোন পাচ্ছে না। এই রকম শুনেছিলাম।

শ্রীঅজিতকুমার বসুঃ সেটা দু'টো একটা ক্ষেত্রে হয়েছে, ইন জেনারেল হচ্ছে না। এর একটা প্রতিকার হওয়া দরকার নয় কি?

শ্রীআবদুস সাত্তারঃ কলাচাষ করুন।

শ্রীকুমারদীপ্তি সেনগুপ্তঃ মাননীয় মন্ত্রিমহাশয় কলাচাষ সম্বন্ধে এবং তার উন্নতি যাতে হয় সে সম্বন্ধে ব্যবস্থা অবলম্বন করেছেন বলেছেন—আমি জিজ্ঞাসা করি তিনি জীবনে কতখানি মোটা লম্বা চওড়া কলা নিজে ভোগ করেছেন?

Mr. Speaker: The question is disallowed.

বৃহত্তর কলিকাতার উন্নয়ন

*৭১০। (অনুমোদিত প্রশ্ন নং *৭৪৭।) **শ্রীনিতাইপদ সরকারঃ** উন্নয়ন এবং পরিকল্পনা (শহর ও নগর পরিকল্পনা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার সি এম ডি-এর তত্ত্বাবধানে বৃহত্তর কলিকাতা উন্নয়নের জন্য প্রচুর অর্থ বরাদ্দ করিয়াছিলেন;

(খ) সত্য হইলে, চতুর্থ পরিকল্পনায় বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত এবং ১৯৭২ সালের ডিসেম্বর পর্যন্ত উক্ত অর্থের কত ব্যয় হইয়াছে;

(গ) উন্নয়নের জন্য সরকার কোন নির্দিষ্ট সময়সীমা ধার্য করিয়াছেন কিনা; এবং

(ঘ) করিলে, সেইমত কাজ হইয়াছে কি?

শ্রীশঙ্কর ঘোষঃ (ক) হ্যাঁ।

(খ) চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় বৃহত্তর কলিকাতা উন্নয়নের জন্য পরিকল্পনা খাতে ৪২·৮৮ কোটি টাকা বরাদ্দ করা হইয়াছে। উক্ত অর্থের মধ্যে ১৯৭২ সালের ডিসেম্বর পর্যন্ত খরচ হইয়াছে মোট ২৫ কোটি ৩৫ লক্ষ ৪১ হাজার টাকা। উপরি-উক্ত সমুদয় অর্থই রাজ্য পরিকল্পনা খাতে (স্টেট প্ল্যান বাজেট) হইতে খরচ হইয়াছে। রাজ্য পরিকল্পনা খাতে বরাদ্দ করা টাকা ছাড়াও পরিকল্পনা বহির্ভূত ব্যয়বরাদ্দ হইতে সি এম ডি এ যে সমস্ত খরচ খরচা করিয়াছে তাহার হিসাব উপরে বর্ণিত খরচের মধ্যে ধরা হয় নাই।

(গ) বিশ্বস্বাস্থ্য সংস্থা ও সি এম পি ও কর্তৃক বৃহত্তর কলিকাতার সর্বাঙ্গীণ উন্নয়নের জন্য যথাক্রমে কয়েকটি "মাস্টার প্ল্যান" ও একটি "বেসিক ডেভেলপমেন্ট প্ল্যান" তৈয়ারি হইয়াছে। ঐ প্ল্যানগুলিতে গুরুত্ব অনুসারে বিভিন্ন প্রকার উন্নয়নমূলক কাজের জন্য পর্যায়-ক্রমিক নির্দিষ্ট সময়সূচি নির্ধারিত আছে।

(ঘ) হ্যাঁ, মোটের উপর হইতেছে।

শ্রীগোবিন্দ চ্যাটার্জিঃ মন্ত্রিমহাশয় অবগত আছেন কি যে, এই সি এম ডি এ-এর পরিকল্পনাভুক্ত যে সমস্ত স্কীম সেগুলি রেলের ওয়াগনের অভাবে সিমেন্ট, পাথর ইত্যাদি না আসতে পারার জন্য বহু কাজ ব্যাহত হচ্ছে এবং অবগত থাকলে ওয়াগন সাপ্লাই এনসিওর করবার ব্যবস্থা করবেন কি?

শ্রীশঙ্কর ঘোষঃ এই ওয়াগন সমস্যা সর্বভারতীয় সমস্যা—এই সমস্যা এক এক সময় এক এক রকম আকার ধারণ করে। এ নিয়ে দিল্লীর সঙ্গে আলোচনা হয়েছে এবং আমাদের এখানে প্ল্যানিং মিনিস্টার সুব্রহ্মণিয়াম এসেছিলেন তাঁর সঙ্গে আমার এবং মুখ্যমন্ত্রী ও অন্যান্য মন্ত্রীর সঙ্গে আলোচনা হয়েছে। এবং আমরা বিশেষভাবে চেষ্টা ক'রে কিছু উন্নতি করেছি।

শ্রীনিতাইপদ ঘোষঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, মোট বরাদ্দ ছিল যা তার অনুপাতে খরচ হয়েছে ২৫ কোটি ৩৫ লক্ষ টাকার মত। এত কম টাকা খরচ হবার কারণ কি—কি কি কারণে বিলম্ব হচ্ছে?

শ্রীশংকর ঘোষ: কম খরচ মোটেই হয় নি, সি এম ডি এ দু' বছর আরম্ভ হয়েছে, যা টাকা বরাদ্দ হয়েছে সবটাই খরচ হয়ে যাবে—বরং আরও টাকায় প্রয়োজন আছে।

শ্রীগোবিন্দ চ্যাটার্জি: ওয়াগনের ব্যাপারে পশ্চিমবঙ্গ অত্যন্ত অবহেলিত—তার প্রতিকারের জন্য মন্ত্রিমহাশয় আরও কার্যকর ব্যবস্থা নেবেন কিনা?

শ্রীশংকর ঘোষ: এর উত্তর আমি আগেই দিয়েছি—ওয়াগনের জন্য সর্বদাই চেষ্টা চলেছে—আরও ভাল ক'রে চেষ্টা অহরহ চলছে।

শ্রীকানাইলাল ভৌমিক: এই বৃহত্তর কলকাতা উন্নয়নে পশ্চিমবঙ্গে যে দুর্নীতি চলেছে সেই দুর্নীতির খবর কি আপনার জানা আছে?

শ্রীশংকর ঘোষ: না।

শ্রীগোবিন্দ চ্যাটার্জি: মাননীয় মন্ত্রিমহাশয় কি স্বীকার করবেন যে, ওয়াগনের ব্যাপারে পশ্চিমবঙ্গ অবহেলিত হয়েছে।

শ্রীশংকর ঘোষ: এই প্রশ্নই তো আপনি আগে করেছিলেন। এর জবাব আমি দিয়েছি।

Per capita income

***712.** (Admitted question No. *1214.) **Shri RAJANI KANTA DOLOI:** Will the Minister-in-charge of the Development and Planning Department be pleased to state—

(i) Per Capita income;

(ii) Percentage of estimated total population working in registered factories;

(iii) Percentage of non-agricultural workers to total workers; and

(iv) Percentage of population in urban area in relation to total population?

Shri Sankar Ghose: (i) Per capita income of West Bengal in 1971-72 was Rs.550.40 at current prices.

(ii) 1.83 per cent in 1971.

(iii) 42.50 per cent as per Census of 1971.

(iv) 24.75 per cent.

[2-00—2-10 p.m.]

শ্রীরজনীকান্ত দোলুই: মাননীয় মন্ত্রিমহাশয় জানালেন যে, ১৯৭১-৭২ সালে পারক্যাপিটা ইনকাম ছিল ৫৫০·৪০ পয়সা। ১৯৬৯-৭০ সালে পারক্যাপিটা ইনকাম কত ছিল সেটা মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীশংকর ঘোষ: ১৯৬৯-৭০ সালে পারক্যাপিটা ইনকাম ছিল ৫১৫·৬০ পয়সা।

শ্রীরজনীকান্ত দোলুই: দেখা যাচ্ছে পারক্যাপিটা ইনকাম অনেক বেড়েছে, এর জন্য আমাদের বর্তমান সরকারকে আমরা অনেকাংশে দায়ী ব'লে মনে করতে পারি কিনা—সেটা মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীশংকর ঘোষ: পারক্যাপিটা ইনকাম বেড়েছে, কিন্তু আরো যাতে বাড়ানো যায় তার জন্য আমাদের প্রত্যেকের সহযোগিতা দরকার।

Mr. Speaker: The question hour is over. Now held over questions.

Held over Starred Questions

(to which oral answers were given)

মুর্শিদাবাদ জেলায় পানীয় জলের নলকূপ

***৩৫১।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৯৮।) **শ্রীশীশ মহম্মদঃ** স্বাস্থ্য (গ্রামীণ জল-সরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত বৎসর মুর্শিদাবাদ জেলায় কতগুলি পানীয় জলের নলকূপ (১) নূতন বসানো হইয়াছে এবং (২) রি-সিঙ্কিং করা হইয়াছে;

(খ) সরকার কি অবগত আছেন যে, ১৯৭২ সালে গঙ্গা নদীর ভাঙ্গনের ফলে ২নং (সুতি) সমষ্টি-উন্নয়ন কেন্দ্রের মেরুপুর গ্রামের অধিবাসীরা সিদিরপুরে রাস্তার পার্শ্বে বহু কষ্টে বসবাস করিতেছে এবং সেখানে পানীয় জলের কোন নলকূপ না থাকায় বিশেষ কষ্ট পাইতেছেন; এবং

(গ) অবগত থাকিলে, ইহার প্রতিকারকল্পে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

শ্রীআবদুস সাত্তারঃ (ক) ১৯৭১-৭২ সালে—

(১) নূতন বসান নলকূপের সংখ্যা ৮৬।

(২) রি-সিঙ্কিং-এর সংখ্যা ৫৩।

তবে ১৯৭২ সালের মে হইতে অদ্যাবধি

নূতন ... ৭৬।

রি-সিঙ্কিং ... ২,০৭৫।

(খ) এবং (গ) সুতি ব্লকের রাস্তার পাশে বসবাসকারী উদ্বাস্তুদের জন্য বিভিন্ন জায়গায় জরুরী ভিত্তিতে ১০টি নলকূপ বসানো হইয়াছে। এছাড়া আরো দু'টি নলকূপ বসানোর নির্দেশ দেওয়া হইয়াছে।

শ্রীশীশ মহম্মদঃ ঐ সিদিরপুর এলাকায় কতদিনের মধ্যে এই দু'টি টিউবওয়েল বসানো হবে, সেটা মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীআবদুস সাত্তারঃ আমি অলরেডি অর্ডার দিয়ে দিয়েছি। এরকম নদীর ভাঙনে রঘুনাথগঞ্জে কয়েক হাজার লোক বাস করে এবং সেখানে ১০টি কমপ্লিট হয়ে গেছে এবং আরো দু'টি বসানোর ইনস্ট্রাকসন দিয়েছি।

শ্রীশীশ মহম্মদঃ সিদিরপুর গ্রামে ৫০০ ঘর লোক বসতি স্থাপন করেছে। সেখানে এই দু'টি টিউবওয়েল বসানোই কি আপনি যথেষ্ট বলে মনে করেন?

শ্রীআবদুস সাত্তারঃ আমি বলছি সেখানে এখন দু'টি টিউবওয়েল বসালে তারা খানিকটা মুক্তি পাবে।

শ্রীশীশ মহম্মদঃ আপনি এখন দু'টি বসাচ্ছেন। কিন্তু এই দু'টি বসানোর পরে সেখানে আর বসানোর কোন প্রয়োজনীয়তা আছে বলে আপনি মনে করেন কিনা—সেটা জানাবেন কি?

শ্রীআবদুস সাত্তারঃ আমি বলছি আগে দু'টি বসুক এবং এই দু'টি দিয়ে কাজ চলুক তারপরে দেখা যাবে।

Mr. Speaker: Question No. *352 is held over.

সারের ঘাটতি

***৫০৮। (অনুমোদিত প্রশ্ন নং *৭৯৬।) শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** কৃষি বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ আর্থিক বৎসরে সেচের সুবিধা প্রাপ্ত এলাকায় চাষের কাজে কি পরিমাণ সারের প্রয়োজন;

(খ) এই সার বণ্টনের মাধ্যম কি; এবং

(গ) সারের ঘাটতি পূরণের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

শ্রীআবদুস সাত্তারঃ (ক) কেবলমাত্র সেচসেবিত এলাকার সারের প্রয়োজনের পরিমাণ নির্ধারণ করা হয় না। সমগ্র পশ্চিমবঙ্গে সেচ ও অসেচ এলাকার চাষের কাজের জন্য ১৯৭২-৭৩ সালে ৪,৯৪,০০০ টোন বিভিন্ন প্রকার সারের প্রয়োজন অনুমান করা হইয়াছিল।

(খ) কেন্দ্রীয় সরকার যে সার রাজ্যসরকারকে দেন তাহা বণ্টনের জন্য রাজ্যসরকার কতকগুলি মুখ্য বণ্টনকারী (প্রিন্সিপাল ডিস্ট্রিবউটিং এজেন্ট) নিযুক্ত করিয়াছেন। এই সকল মুখ্য বণ্টনকারিগণ তাহাদের সাব-ডিলার মারফত গ্রামে গ্রামে সার বণ্টন করিয়া থাকেন। এই সকল মুখ্য বণ্টনকারীদের মধ্যে কো-অপারেটিভ মার্কেটিং ফেডারেশন ও এগ্রো ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনও আছেন। এই দুইটি সংস্থা মারফত বর্তমান ৮০ ভাগ সার বন্টন করা হইয়া থাকে।

ইহা ছাড়া দেশজ সার প্রস্তুতকারিগণ তাহাদের প্রস্তুত সার নিজেদের ডিলার মারফত বণ্টন করেন। সুষ্ঠু সার বণ্টনের জন্য রাজ্যসরকার ঐ সকল দেশজ সার প্রস্তুতকারিগণের (ইন্ডিজেনাস ম্যানুফ্যাকচারার্স) সহিত সকল সময় যোগাযোগ রক্ষা করিয়া চলেন এবং চলিতেছেন।

(গ) সারের ঘাটতি পূরণের জন্য রাজ্যসরকার নিয়মিত কেন্দ্রীয় সরকারের সহিত যোগাযোগ রক্ষা করিয়া চলিতেছেন এবং প্রায় ৬,৭৫৮ টোন বিভিন্ন সার গত মাসে এই রাজ্যে বণ্টন করা হইয়াছে। ভারতের বিভিন্ন সার কারখানা হইতে যতদূর সম্ভব বেশী পরিমাণে সার আনার ব্যবস্থা করা হইতেছে।

রাজ্যসরকারের অনুরোধে কেন্দ্রীয় সরকার ফার্টিলাইজার কর্পোরেশনের ট্রম্বে কারখানা হইতে সুফলা সার আনার অনুমতি দিয়াছেন এবং ৭,২১৫ টোন সুফলা সার গত জানুয়ারি ও ফেব্রুয়ারি মাসে এই রাজ্যে আসিয়াছে।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ এই যে সারের ঘাটতি এটা পূরণ করার জন্য কেন্দ্রীয় সরকারের সঙ্গে পরামর্শ ক'রে পশ্চিমবাংলায় সার তৈরির কারখানা করার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

শ্রীআবদুস সাত্তারঃ সারের কারখানার ব্যাপারটা কেন্দ্রীয় সরকারের ব্যাপার। পশ্চিমবঙ্গের দুর্গাপুরে কেন্দ্রীয় সকারের একটি কারখানা আছে। সেই কারখানাটি এখনও কমিশন্ড হয় নি সেইজন্য এখানে সার পাচ্ছি না। এটা হ'লে সমস্যা অনেকটা লাঘব হতে পারে।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, দুর্গাপুরের সার কারখানায় কত দিনের মধ্যে প্রোডাকসান আরম্ভ হবে এবং কি পরিমাণ সার উৎপাদনের লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে?

শ্রীআবদুস সাত্তারঃ এটা পশ্চিমবাংলা সরকারের এক্তিয়ারের বাইরে, কেন্দ্রীয় সরকারের ব্যাপার। তবে অতি সত্বর যাতে এটা চালু হতে পারে তার জন্য তাদের সঙ্গে আমরা যোগাযোগ রক্ষা ক'রে চলেছি। কিন্তু সেখানে মেকানিক্যাল ডিফেক্ট থাকার জন্য নাকি তাঁরা বলছেন, এটা চালু করতে পারছেন না।

শ্রীনরেশচন্দ্র চাকী: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, বর্তমানে পশ্চিমবাংলায় সার নিয়ে যে হারে ফাটকাবাজী বা কালোবাজারী চলছে সেটা বন্ধ করার জন্য তিনি কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

শ্রীআবদুস সাত্তার: ফাটকাবাজী বা চোরাকারবারী বন্ধ করার জন্য একটা আইন আছে। সেই আইনের বিধান অনুসারে যারা ফাটকাবাজী বা চোরাকারবারী করছে তাদের প্রসিকিউট করবার ব্যবস্থাও আছে। এই ব্যবস্থা অনুযায়ী কিছু কিছু প্রসিকিউটও আমরা করেছি। তবে মাননীয় সদস্য মহাশয়ের যদি কোন কেস জানা থাকে যে অমুক ফাটকাবাজী করছে, সত্যিকারের প্রমাণ যদি দিতে পারেন এবং সে নাম যদি দেন নিশ্চয় ব্যবস্থা করব।

শ্রীনরেশচন্দ্র চাকী: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, একথা কি সত্য যে, বেশী দাম দিলে সার পাওয়া যায়, কিন্তু সরকারী নির্ধারিত দামে সার পাওয়া যায় না ?

শ্রীআবদুস সাত্তার: বেশী দাম দিলে সার পাওয়া যায় আর সরকারী নির্ধারিত দামে সার পাওয়া যায় না এ খবর আমার জানা নেই। পেছনের পথ দিয়ে যেটা পাচার হয় সে সম্বন্ধে আমার কাছে অভিযোগ এসেছে। আমার কাছে তালিকাও আছে, আমরা কয়েকজন ডিলারের বিরুদ্ধে কেস করেছি।

শ্রীসরোজ রায়: মাননীয় মন্ত্রিমহাশয় কোরাপসানের কথা বলতে গিয়ে বললেন, কয়েকজন ডিলারদের এগেনস্টে কেস হয়েছে। আমার জিজ্ঞাস্য, সার বণ্টনকারী যারা তাদের মাধ্যমে সার চোরাকারবারে গিয়েছে এমন কোন কেস আপনার কাছে আছে কি ?

শ্রীআবদুস সাত্তার: কোন স্পেসিফিক কেস নেই। এ ব্যাপারে জানতে হ'লে আপনাকে প্রথমে আমাদের বণ্টনের মাধ্যমের কথা জানতে হবে। আমরা যে সার কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাই তার ৮০ ভাগ আমরা কো-অপারেটিভ এবং এগ্রো-ইন্ডাস্ট্রিস কর্পোরেশনের মাধ্যমে দিই। বাকি ২০ ভাগ অন্যান্য ডিলারদের মাধ্যমে দেওয়া হয়। কো-অপারেটিভ এবং এগ্রো-ইন্ডাস্ট্রিস কর্পোরেশনের ডিলার আছে, অন্যান্য যারা এজেন্ট তাদেরও ডিলার আছে, তাদের মাধ্যমে বণ্টন করা হয়। যারা আইন ভঙ্গ করেছে তাদের সম্বন্ধে কিছু কিছু কেস আমার কাছে আছে।

[2-10—2-20 p.m.]

শ্রীসরোজ রায়: মাননীয় মন্ত্রিমহাশয়, একটি প্রশ্ন আগে করা হয়েছিল যে, বাজারে বেশী দাম দিলে সার পাওয়া যাচ্ছে এবং আপনি প্রশ্নের জবাবে বলেছেন যে, এই রকম কোন খবর আপনার কাছে নেই। অর্থাৎ যেটা মেনসান করতে চেয়েছেন চোরাবাজারী। আমি জানতে চাচ্ছি গত মরসুমের রবি ক্রপ যেগুলি সে সম্পর্কেও আপনার দপ্তরে চিঠি এসেছিল যে, ঐ সময়েও অনেক সার চোরাবাজারে বিক্রয় হয়েছিল। এই রকম কোন তথ্য আপনার কাছে আছে কি ?

শ্রীআবদুস সাত্তার: চোরাকারবারীরা সেই হিসাব আমাকে দেয় না। যেটা নিয়মমত বিক্রয় হয় সেই হিসাব আমরা পাই। যেটা ডিলাররা নিয়মমত বিক্রয় করে তার হিসাব আমি পাই, কিন্তু চোরাপথে বা চোরাকারবারীরা যেটা বিক্রয় করে সেটা আমার কাছে আসবে কি ক'রে? এটা দুই রকম ভাবে পাচার হ'তে পারে। এটা ডিলার বা সাব-ডিলার, যাদের নামে রেকর্ড নেই তাদের মাধ্যমে পাচার হ'তে পারে। দোকান থেকে চাষীর নামে চলে যাচ্ছে এইভাবেও হ'তে পারে। এমন চাষীর নাম যদি থাকে যে চাষী সত্যিকারের ফার্টিলাইজার পায় নি অথচ তার নামে দেখান আছে যে, ফার্টিলাইজার নেওয়া হয়েছে, তা হ'লে সেই রকম কেস আমাকে দেবেন আমি নিশ্চয়ই ব্যবস্থা করবো।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, মুর্শিদাবাদ জেলার জলঙ্গী ব্লকে যে থানা মার্কেটিং কো-অপারেটিভ সোসাইটি আছে, গত বৎসর ঐখান থেকে ইউরিয়া সার চোরা পথে চলে গেছে বিভিন্ন নামে এন্ট্রি দেখিয়ে। এই সম্পর্কে সরকারের কাছে অভিযোগ করা হয়েছিল, এটা কি আপনি অবহিত আছেন?

শ্রীআবদুস সাত্তার: আপনি নামগুলি দেবেন, আমি এনকোয়ারি করবো।

শ্রীবাসুদেব হাজরা: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, আগে বলা হয়েছিল যে সব জায়গায় অন্ততঃ ফলনশীল ধান হচ্ছে, সেই সেই জায়গায় সারের ব্যবস্থা বিশেষভাবে করা হবে। আমার এলাকায় ধান হচ্ছে এবং ধান হওয়ার একটা যোগ্য জায়গা। সরকারের সার পাঠাবার কোন পরিকল্পনা এখানে আছে কিনা?

Mr. Speaker: This question does not arise.

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: মাননীয় মন্ত্রিমহাশয়, বহু সদস্যদের একটিই প্রশ্ন যে, সারের চোরাবাজারী হচ্ছে এবং যারা এই চোরাবাজারী করছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা করছেন। আপনি যে এ সম্পর্কে অবহিত আছেন সেটা আপনি স্বীকার করেছেন। আমার প্রশ্ন হচ্ছে যখন আজকে দেশে খাদ্যসঙ্কট দেখা দিয়েছে, উপযুক্ত সারের অভাবে খাদ্যশস্য উৎপাদন হতে পারছে না, তখন প্রচলিত আইন বদলিয়ে সারের চোরাকারবারে যারা লিপ্ত আছে তাদের নিবর্তনমূলক আইনে গ্রেপ্তার করার কথা চিন্তা করছেন কিনা?

শ্রীআবদুস সাত্তার: সারের যে আইন আছে, তাতে চোরাকারবারী যারা করছে তাদের গ্রেপ্তার করার বিধান আছে এবং সেই অনুযায়ী প্রসিকিউট করাও হয়। আমি শুনেছি এবং চোরাকাববারী নিয়ে অনেক সদস্য বলেছেন। এখন আজকে এই চোরাকারবারী বন্ধ করতে গেলে সকলের সহযোগিতার প্রয়োজন। এ ব্যাপারে আইনও আছে, ধরার প্রশ্নও আছে। আপনারা যদি ধরিয়ে দিতে পারেন, তা হ'লে নিশ্চয়ই ব্যবস্থা গ্রহণ করবো।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: মাননীয় মন্ত্রিমহাশয়, যারা এই চোরাকারবারী করছে এ ব্যাপারে আপনি বলেছেন যে, শাস্তির বিধান আছে। যারা ধরা পড়েছে তাদের শাস্তির পরিমাণটা কত জানাবেন কি?

(নো রিপ্লাই।)

Mr. Speaker: Mr. Bandyopadhyay, This is a legal issue. The Minister is not bound to give any answer to it.

গভীর নলকূপ ও লিফট ইরিগেশন প্রকল্প

*৫১৪। (অনুমোদিত প্রশ্ন নং *১০৩৩।) **শ্রীভবানীপ্রসাদ সিংহরায়:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার চলতি আর্থিক বৎসরে জেলাওয়ারী কতগুলি গভীর নলকূপ এবং লিফট ইরিগেশন প্রকল্প মঞ্জুর করিয়াছেন;

(খ) কিভাবে গভীর নলকূপ এবং লিফট ইরিগেশন প্রকল্পের স্থান জেলায় নির্বাচন করা হয়; এবং

(গ) এই আর্থিক বৎসরে ঐ বাবদে হুগলী জেলায় কিভাবে স্থান নির্বাচন করা হইয়াছে?

Mr. Speaker: Question No. *514 is held over.

Distribution of seeds and fertilizers through co-operatives of the unemployed educated youths

***517.** (Admitted question No. *1208.) **Shri RAJANI KANTA DOLOI:** Will the Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) if the Government has any proposal to give agencies of fertilizers and seeds to co-operatives formed by the educated unemployed young men; and

(b) if so, the nature of help the Government proposes to render to the young men who would come forward to form co-operatives and to take up such agencies?

Shri Abdus Sattar: (a) The State Government have no objection in principle to appointing co-operatives of the educated unemployed youngmen as distributing agents of fertilisers and seeds grown in Government farms. Proposals in this respect are welcome.

(b) Each case will be considered on its merits. Seeds grown in Government farms are sold to co-operatives at a commission of 10 per cent.

শ্রীরজনীকান্ত দলুই: মাননীয় মন্ত্রিমহাশয় জানালেন যে, এডুকেটেড আনএমপ্লয়েড ইয়ংম্যানরা যদি কো-অপারেটিভ করতে চায় তা হ'লে সরকার থেকে তাদের এজেন্সি দেওয়া হবে, কোন রকম অসুবিধা হবে না, মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই পর্যন্ত কতগুলো এডুকেটেড আনএমপ্লয়েড ইয়ংম্যানদের কো-অপারেটিভের এজেন্সি দেওয়া হয়েছে?

শ্রীআবদুস সাত্তার: এই বিষয়ে নোটিস দিলে বলতে পারবো। তবে এই রকম আপনার জানা যদি কেউ আনএমপ্লয়েড ছেলে কো-অপারেটিভ-এর ডিলারশিপ চায়, তা হ'লে তাদের দেওয়া যাবে।

শ্রীরজনীকান্ত দলুই: এই আনএমপ্লয়েড এডুকেটেড ইয়ংম্যানদের কো-অপারেটিভকে ১০ পার্সেন্ট কমিশন দেওয়া ছাড়া আর কোন রকম সাহায্য করার কথা চিন্তা করছেন কি?

শ্রীআবদুস সাত্তার: বোধ হয় প্রশ্নটা উনি পড়েন নি, এখানে আছে
Seeds grown in Government farms are sold to co-operatives at a commission of 10 per cent.
আপনি যা প্রশ্ন করলেন, তার মধ্যে এটা পড়ে না।

সেচ ব্যবস্থা

*৫১৯। (অনুমোদিত প্রশ্ন নং *১২৫৭।) **শ্রীগিয়াসুদ্দিন আহমেদ:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) যেসব এলাকা ডিপ টিউবওয়েল এবং রিভার লিফট ইরিগেশন বসাইবার পক্ষে উপযোগী নহে, এইরূপ এলাকায় সেচের ব্যবস্থার জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন; এবং

(খ) যেসব এলাকা "গুচ্ছ প্রকল্পে"র অধীনে আনিবার কথা ছিল কিন্তু ঐ প্রকল্প উপযোগী বলিয়া বিবেচিত হয় নাই, ঐসব এলাকায় সেচের ব্যবস্থার জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন?

শ্রীআবদুস সাত্তার: (ক) উপযুক্ত ক্ষেত্রে অগভীর নলকূপ খনন বা পাম্পসেট বসাইবার ব্যবস্থা করা হইতেছে; কতকগুলি এলাকায় কূপ খনন করিয়াও সেচের ব্যবস্থা করা হইতেছে।

(খ) ক্ষেত্র বিশেষে উপযুক্ত হইলে নদী হইতে জল উত্তোলন প্রকল্প ডিজেল পাম্প চালিত অগভীর নলকূপ বা অল্প অশ্বশক্তিবিশিষ্ট পাম্প বসানো যাইতে পারে।

শ্রীনরেশচন্দ্র চাকী: মন্ত্রিমহাশয় কি জানাবেন, সেচহীন এলাকাগুলোতে প্রধানতঃ বর্গাদার বা প্রান্তিক চাষী বা মার্জিন্যাল কাল্টিভেটাররাই বেশী বাস করেন?

শ্রীআবদুস সাত্তার: আপনি যা বললেন তা ঠিক নয়। সেখানে বড় ছোট সব রকম চাষীই বাস করে। তবে সেচ মানে যেখানে রিভার লিফ্‌ট আছে, কিংবা ডিপটিউবওয়েল আছে, সেখানে ছোটবড় সকলকেই সেচ দেবার বিধান আছে। তবে পাম্প সেট বিতরণের ব্যাপারে একরের উপর যাদের জমি তাদের দেবার নিয়ম ছিল। আমি এই দপ্তরে আসবার পরে যাতে গ্রুপ সিস্টেম করতে পারে তার ব্যবস্থা করলাম। কিন্তু তার পরও দেখা গেল যে, ছোট চাষীকে বাদ দিয়ে বড় চাষীরা গ্রুপ করার চেষ্টা করছে, সেই জন্য ছোট চাষীরা যাতে সেচের সুবিধা পায় সেই জন্য আমরা এই বছর বিদ্যুৎচালিত শ্যালো টিউবওয়েল বসাচ্ছি যাতে ছোট চাষীরা চাষ করতে পারে।

শ্রীগিয়াসুদ্দিন আহমেদ: আমার প্রশ্ন হচ্ছে যে, রিভার লিফ্‌ট ইরিগেশন হচ্ছে, যেখানে ডিপ টিউবওয়েল বসেছে, সেই সব জায়গায় বর্ধিষ্ণু চাষীরা বাস করেন সেখানে বড়লোক চাষীরা বাস করেন বেশী। যেখানে গরিব চাষীদের বাস সেইসব গ্রাম অবহেলিত, সেখানে রিভার লিফ্‌টের কোন বন্দোবস্ত নেই এবং ডিপটিউবওয়েলের ব্যবস্থা করা যায় নি ইলেকট্রিক লাইন নেই ব'লে।

শ্রীআবদুস সাত্তার: আমি এই প্রশ্নের উত্তর আগেই দিয়ে দিয়েছি যে, এই কথা সত্য নয়।

[2-20—2-30 p.m.]

শ্রীদ্বিজপদ সাহা: যে সমস্ত এলাকায় কোন বড় রকমের সেচের স্কীম নেই, সেই সমস্ত জায়গায় যে সমস্ত ছোট ছোট নদী রয়েছে সেগুলি থেকে মাইনর ইরিগেশন স্কীম বা যে সমস্ত বড় বড় পুকুর রয়েছে সেখানে এস আই স্কীমের মাধ্যমে ব্যাপক জলসেচের ব্যবস্থা করবেন কিনা?

শ্রীআবদুস সাত্তার: যেখানে শ্যালো টিউবওয়েল বসে নি, যেখানে ডিপ টিউবওয়েল বসে নি সেখানে নদী থেকে তোলার ব্যবস্থা করা হচ্ছে। তবে সব জায়গায় করতে পারি নি, এখনো অনেক জায়গা আছে। তবে আমরা এক বছরে যা করেছি গত ২৫ বছরের মধ্যে ২/১ বছর মিলিয়ে এই রকম কাজ করতে কেউ পারেন নি। তবে পুরুলিয়া বা বাঁকুড়ায় চাষীদের ৬০০ টাকা দিয়ে ডাগ ওয়েল দিয়ে নিজেদের ক'রে নিতে বলা হচ্ছে। সব জায়গায় এক বছরে করা সম্ভব নয়।

শ্রীদ্বিজপদ সাহা: যেসব জায়গায় এই ধরনের সুযোগ-সুবিধা নেই, সেই সমস্ত এলাকায় মাইনর ইরিগেশন স্কীম বা এস আই স্কীমের ব্যবস্থা করবেন কি?

শ্রীআবদুস সাত্তার: আমরা ব্যাপকভাবে শুরু করেছি আগামী বছরে আরো ব্যাপক করব। তবে মাইনর ইরিগেশনটা নির্ভর করছে দু'টো জিনিসের উপর, একটা হচ্ছে ডিজেল চালিত আর একটা হচ্ছে বিদ্যুৎ চালিত। ডিজেলে মাইনর ইরিগেশন করলে অনেক সময় দেখা যায় তার যে খরচ তাতে অনেক বেশী পড়ছে। সেই জন্য আমরা ঠিক করেছি, বিদ্যুৎ বাড়িতে না দিয়ে বিদ্যুৎ মাঠে নিয়ে যাওয়া দরকার এবং যেখানে বিদ্যুৎ যাবে আমরা সেখানে মাইনর ইরিগেশন দেব এবং একটা কমপ্যাক্ট এরিয়া নিয়ে যাতে মাইনর ইরিগেশন দেওয়া যায় তার ব্যবস্থা করা হচ্ছে।

শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায়: ইলেকট্রিকের শ্যালো ক্লাস্টারগুলির সাইডগুলি কে সিলেক্ট করে?

শ্রীআবদুস সাত্তার: সাইট সিলেকশন করেন ডি এম, তার পর আমাদের ইলেকট্রিসিটি ডিপার্টমেন্টের লোক আছেন, এগ্রিকালচার ডিপার্টমেন্টের লোক আছেন, তারা কোথায় কোথায় কানেকশন দেওয়া যাবে এইসব মোটামুটি ঠিক ক'রে, নিজেদের মধ্যে একটা যোগাযোগ ক'রে এটা ঠিক করেন। তবে আপনি বলবেন যে, প্ল্যানিং কমিটি একটা আছে, এই বছরে আমরা তাড়াহুড়ার মধ্যে সেটা আর ক'রে উঠতে পারি নি। তবে কমিটি করার দরকার আছে কিনা

চিন্তা ক'রে যদি দেখা যায় কমিটি করার ফলে আমাদের ভাল কাজ হবে, তবে নিশ্চয়ই সেটা ভেবে দেখব। বর্তমানে ডি এম-কে চেয়ারম্যান হিসাবে এগ্রিকালচার ডিপার্টমেন্টের অফিসারকে ও বি ডি ও-কে নিয়ে, এলাকার সুবিধা-অসুবিধা দেখে ঠিক করেন এবং সেইভাবে কাজ করা হয়।

শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, তিনজন সরকারী অফিসারকে নিয়ে সাইট সিলেকশন করেন, আমরা দেখতে পাচ্ছি, একটা ব্লকে ২০টা হচ্ছে আর একটা ব্লকে হচ্ছেই না যদিও সেখানে ইলেকট্রিসিটি পাওয়ার সব রকম সুবিধা আছে, তা হ'লে তারা এটা কিসের ভিত্তিতে ঠিক করেন?

শ্রীআবদুস সাত্তারঃ মাননীয় সভ্যকে বলছি যে, উৎপাদন বাড়াতে হবে, সেই জন্য ক্লাস্টার স্কীমে যে শ্যালো টিউবওয়েল দেখছি মিনিমাম ১২টি শ্যালো টিউবওয়েল বসানোর জন্য জায়গা সিলেক্ট করা হয়, কারণ ১২টি শ্যালো টিউবওয়েল পিছু একজন ক'রে লোকাল ছেলেকে রাখা হবে—অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হবে।

সেই হিসাবে মিনিমাম ২টা ক্লাস্টার—দরকার হ'লে ৪টা ক্লাস্টার বসাতে পারি—২৪টা। আর একটা লক্ষ্য আছে একটা এরিয়া যখন নিয়েছি সেই এরিয়া-র একটা কম্প্যাক্ট এরিয়া যদি থাকে এবং সেখানে যদি ইলেকট্রিসিটির সুবিধা থাকে তা হ'লে সেই এরিয়া কভার করার চেষ্টা করেছি। এটা স্ক্যাটার্ড ওয়ে-তে না হয়ে যাতে ভবিষ্যতে ইম্প্যাক্ট হতে পারে এবং চাষের ইনস্ট্রাকসান দিতে পারে এবং অন্যান্য বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষ করার জন্য হেল্প করতে পারে তার জন্য বিভিন্ন কনস্টিটিউয়েন্সিওয়াইজ ভাগ না ক'রে এটা এমনভাবে দেওয়া হয় যাতে ১২, ২৪, ৩৪ হতে পারে। অর্থাৎ যাতে ১২টার কম না হয়। এইভাবে ১২টা কম্প্যাক্ট এরিয়া বেছে নেওয়া হয় এবং আগামী বছরে ব্যাপকভাবে এই স্কীম চালু করা হবে।

শ্রীসরোজ রায়ঃ আপনারা ইতিমধ্যে অনেক ডীপ টিউবওয়েল করেছেন। কিন্তু জানাবেন কি উত্তর মেদিনীপুর, বাঁকুড়া ও পুরুলিয়াতে যেসমস্ত কম উর্বর জমি আছে সেই জায়গায় প্ল্যানিং ক'রে ডীপ টিউবওয়েল বসাবার কোন প্ল্যান আছে কি?

শ্রীআবদুস সাত্তারঃ বাঁকুড়া, পুরুলিয়াতে ৩০ ফুট নীচে ত জল পাওয়া যায় না পাথর পাওয়া যায়—সুতরাং সেখানে ডীপ টিউবওয়েল-এর প্রশ্ন উঠে না।

River-Lift Irrigation Schemes

***527.** (Admitted question No. *1209.) **Shri RAJANI KANTA DOLOI:** Will the Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) Whether the Government has examined the impact of the River-Lift Irrigation Schemes of the Agriculture Department on the cultivators and noted their reactions;

(b) if so, the salient points of the findings; and

(c) the recommendations of the study team, if any?

Shri Abdus Sattar: (a) No formal examination of the impact has been done

(b) and (c) Does not arise.

শ্রীরজনীকান্ত দলুইঃ কোন ফর্মাল একজামিনেশন করা হয় না যে লিফ্ট ইরিগেশন থেকে জল পাওয়া যাবে কি না, সুতরাং কোন রকম ইনফর্মাল একজামিনেশন করা হয়েছে কিনা?

শ্রীআবদুস সাত্তার: আপনি বলছেন ফর্মাল ইনভেস্টিগেশন করা হয় নি। তবে সকলেই জানেন যে রিভার লিফ্‌ট ইরিগেশন-এর ফলে সেখানকার স্থানীয় লোকের মনে একটা আশার সঞ্চার হয়েছে এবং এর একটা ইমপ্যাক্ট হয়েছে লোকের মনে তাতে সন্দেহ নেই। আমি যেখানে গেছি সেখানে লোকে আগ্রহ দেখিয়েছে এই রিভার লিফ্‌ট-এর জন্য।

শ্রীসরোজ রায়: বহু জায়গায় লিফ্‌ট ইরিগেশন না হয়ে লোকেরা অ্যাপয়েন্টমেন্ট নিয়ে চলে গেছে এটা কি সত্য?

শ্রীআবদুস সাত্তার: নোটিস দিলে বলতে পারব। রিভার লিফ্‌ট যাতে বসে না থাকে তার জন্য আমি প্রস্তুত। এই রকম কেস হ'লে ভুল হ'তে পারে—থাকলে দেবেন আমি দেখব।

শ্রীরজনীকান্ত দলুই: এই ফাইনান্সিয়াল ইয়ারে আর কতগুলি রিভার লিফ্‌ট ইরিগেশন বসাবার চিন্তা করছেন?

শ্রীআবদুস সাত্তার: আমি এর পরে বাজেটের সময় বলব, তবুও বলছি রিভার লিফ্‌ট গত ২৫ বছরে ৯ শো কয়েকটি বসেছে। এই ১ বছরে আমি অনেকের সঙ্গে দর কমিয়ে যেখানে ৫২৫টি ছিল এমারজেন্সি আর ৮০টি ছিল নর্ম্যালে তার মানে মোট ৬০৫টি ছিল সেখানে আমি ৭ শোর উপর বসাব এই আমার পরিকল্পনা আছে।

কৃষি বিভাগের কর্মচ্যুত 'মাস্টাররোল' কর্মী

***৫২৮**। (অনুমোদিত প্রশ্ন নং *১৩১০।) **শ্রীভবানীপ্রসাদ সিংহরায়:** কৃষি এবং সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কৃষি বিভাগের অন্তর্গত গ্রাউন্ড ওয়াটার অ্যান্ড সারফেস ওয়াটার ইনভেস্টিগেশন ইউনিট (পোদ্দার কোর্ট, কলিকাতা)-এ ১৯৭১ সাল হতে কর্মরত কিছু কর্মীকে (মাস্টাররোল) সম্প্রতি কর্মচ্যুত করে সেই জায়গায় নূতন কর্মী নিয়োগ করা হয়েছে; এবং

(খ) সত্য হ'লে, (১) ইহার কারণ কি, এবং (২) ঐ পুরাতন কর্মীদের কাজে বহাল রাখার জন্য সরকার কি ব্যবস্থা করেছেন?

শ্রীআবদুস সাত্তার: (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

তরমুজ চাষ

***৫২৯**। (অনুমোদিত প্রশ্ন নং *৬৫৬।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হুগলি জেলার চাঁপাডাঙ্গা প্রভৃতি অঞ্চলে দামোদর নদের দুই পারে বালুকাময় স্থানে প্রচুর তরমুজের চাষ হয়;

(খ) সত্য হইলে, সরকারী উদ্যোগে তরমুজ চাষের কোন ব্যবস্থা আছে কি; এবং

(গ) গত দুই বৎসরে তরমুজের ফলন কম হওয়ার কারণ সম্বন্ধে সরকারের কোন তথ্য থাকিলে, তাহা কি?

শ্রীআবদুস সাত্তার: (ক) হ্যাঁ।

(খ) বর্তমানে নাই।

(গ) সরকারের নিকট এরূপ কোন তথ্য নাই।

[2-30—2-40 p.m.]

শ্রীমহম্মদ সফিউল্লা: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি কয়েক বছর পূর্বে গাঢ় সবুজ রঙের তরমুজ হুগলী জেলার বিভিন্ন হাটে দেখা যেত, এগুলি বর্তমানে আমদানি না হওয়ার কারণ কি?

শ্রীআবদুস সাত্তার: ব্যাপার হচ্ছে আমার কৃষি বিভাগ এখনও তরমুজের কারবার করে নি, সেই বিষয়ে আমি কোন সমীক্ষা রাখি নি। তবে আপনি যখন বলছেন, তখন খবর রাখতে হবে নোটিস দিলে।

শ্রীমহম্মদ সফিউল্লা: কলকাতার বাজারে জৌনপুরের প্রচুর তরমুজ আমদানি হয়, অথচ আমাদের দেশী তরমুজ আমদানি হয় না, এর কারণ কি?

শ্রীআবদুস সাত্তার: তরমুজের তথ্য আমার কাছে নেই, নোটিস দিলে জানাব।

শ্রীমহম্মদ সফিউল্লা: সরকার কৃষি অফিস মারফত যে যে জায়গায় তরমুজের চাষ হতে পারে সেই সেই জায়গাগুলি সমীক্ষা করে এই চাষটা যাতে চালু হয় তার চেষ্টা করবেন কি?

শ্রীআবদুস সাত্তার: ভেবে দেখব।

শ্রীভবানী পাল: কৃষিমন্ত্রী মহাশয় জানাবেন কি, কুচবিহার এবং জলপাইগুড়ি জেলায় তিস্তা এবং তোর্ষার বড় বড় চর পড়ে আছে, সেখানে তরমুজের চাষ হতে পারে, গভর্নমেন্ট এগিয়ে এসে এইসব জমিগুলিতে এই চাষ করার চেষ্টা করবেন কি?

শ্রীআবদুস সাত্তার: আমার জানা নেই, আপনি জানালে চেষ্টা করব।

Starred Questions

(to which answers were laid on the table)

সরকারী চাকুরিতে নূতন লোক নিয়োগ

*৬৯২। (অনুমোদিত প্রশ্ন নং *১৬২।) **শ্রীঅশ্বিনী রায়:** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যে ১৯৭২ সালের ১১ই মার্চ হইতে ১৯৭৩ সালের ২০এ ফেব্রুয়ারি পর্যন্ত ১ম ও ২য় শ্রেণীতে সরকারী চাকুরিতে মোট কতজনকে নূতন নিয়োগ করা হইয়াছে এবং;

(খ) নিযুক্ত কর্মচারীদের মধ্যে কতজন (১) আদিবাসী, (২) তফসিলী, (৩) মুসলিম ও (৪) নেপালী আছেন?

অর্থবিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ১৬ই মার্চ, ১৯৭৩ পর্যন্ত অধিকাংশ অফিস হইতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে দেখা যাচ্ছে ১ম শ্রেণীতে ১৪৮ জনকে এবং ২য় শ্রেণীতে ২৬৭ জনকে নূতন নিয়োগ করা হয়েছে।

(খ) (১) ৫ জন, (২) ১৪ জন, (৩) ১৪ জন, এবং (৪) ১১ জন।

অকেজো গভীর নলকূপ

*৬৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৪৫।) **শ্রীনিতাইপদ সরকার:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে চালু নাই এরূপ গভীর নলকূপের সংখ্যা কোন্ জেলায় কত; এবং

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক)

২৪-পরগনা ১৯টি

মেদিনীপুর ১৪টি

হাওড়া ১৪টি

বাঁকুড়া ১৩টি

হুগলী ৯টি

বীরভূম ২টি

বর্ধমান ৪টি

মুর্শিদাবাদ ১৫টি

নদীয়া ১৯টি

মালদহ ৬টি

পশ্চিম দিনাজপুর ৫টি

কুচবিহার ৮টি

মোট . ১২৮টি

(খ) ট্রান্সফরমার ও নলকূপের যন্ত্রপাতি চুরি, জেলা এবং মহকুমা সদরে যন্ত্রাংশের দুষ্প্রাপ্যতা, অল্প পরিমাণ জল নির্গমণ ও জলস্তর অনেক নীচে পড়িয়া যাওয়া।

রাসায়নিক সার কারখানা

*৬৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৭৬।) **শ্রীললিতমোহন গায়েনঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যে রাসায়নিক সারের চাহিদা পূরণের জন্য রাজ্যসরকারের কর্তৃত্বাধীনে সার কারখানা স্থাপনের কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উহা কার্যকরী হইবে?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বর্তমানে নাই।

(খ) প্রশ্ন উঠে না।

ব্লক প্রশাসন

*৬৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *১২২৩।) **শ্রীঅহীন্দ্র মিশ্রঃ** সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বি ডি ও-দের ব্লক প্রশাসন নিয়ন্ত্রণের কোন সুযোগ নাই; এবং

(খ) সত্য হইলে,

(১) ইহার কারণ কি; ও

(২) ঐ সুযোগ দেওয়ার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

সমষ্টি-উন্নয়ন (সমষ্টি-উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না।

(খ) (১) এবং (২) প্রশ্ন উঠে না।

শিক্ষিত বেকার দ্বারা গঠিত সমিতির মাধ্যমে গরু-মহিষ, হাঁস-মুরগী পালন

***৭০১।** (অনুমোদিত প্রশ্ন নং *১৩২০।) **শ্রীফণিভূষণ সিংহবাবু:** পশুপালন ও পশু-চিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শিক্ষিত বেকারদের দ্বারা গঠিত সমিতির মাধ্যমে হাঁস-মুরগী, গরু-মহিষ পালনের কোন কর্মসূচি গ্রহণ করা হইয়াছে কিনা;

(খ) হইয়া থাকিলে, সরকারী অনুদান ও ঋণ দেওয়া হয় কিনা;

(গ) ঐ সমিতিকে অন্য কোন সংস্থা থেকে ঋণ দেবার ব্যবস্থা আছে কিনা এবং ব্যবস্থা থাকিলে, কিভাবে দেওয়া হয়; এবং

(ঘ) ঐরূপ ঋণ বাঁকুড়া জেলার কতগুলি সমিতিকে এ পর্যন্ত দেওয়া হইয়াছে?

পশুপালন এবং পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) না।

(খ) 'ক' প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন উঠে না।

(গ) এই সম্পর্কে কোন তথ্য পশুপালন ও পশুচিকিৎসা দপ্তরের জানা নাই।

(ঘ) 'খ' প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন উঠে না।

চাষের উন্নয়ন

***৭০২।** (অনুমোদিত প্রশ্ন নং *১২৭৫।) **শ্রীসামসুল আলম খান:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রতি ব্লকে চাষের উন্নয়নের জন্য পাওয়ার টিলার, পাওয়ার ডাসটার প্রভৃতি কৃষি-সরঞ্জাম, ব্লক-অঞ্চল কিংবা সমবায় সমিতির মাধ্যমে ভাড়ায় অথবা ঋণে চাষীদের মধ্যে সরবরাহের পরিকল্পনা সরকারের আছে কি;

(খ) সরকার কি অবগত আছেন যে, বীজ, সার ও কীটনাশক ঔষধের জন্য ব্লকের মাধ্যমে সরকারী ঋণ যথাসময়ে চাষীদের মধ্যে বিতরণের জন্য পৌঁছায় না; এবং

(গ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) বর্ধমান জেলায় আই এ ডি পি স্কীমে কৃষকদিগকে ট্রাক্টর ভাড়া দিবার ব্যবস্থা আছে। এ ছাড়া পশ্চিমবঙ্গে অ্যাগ্রো-ইন্ডাস্ট্রিজ করপোরেশন লিমিটেড তাহাদের কাস্টম সারভিস কেন্দ্রের মাধ্যমে বিভিন্ন জেলায় কৃষকদিগকে ট্রাক্টর, পাওয়ার টিলার, প্রেসার এবং ডাস্টার ভাড়ায় দিবার ব্যবস্থা করিয়াছে। এই প্রসঙ্গে উল্লেখ করা যাইতে পারে যে, ঐ করপোরেশন বেকার কৃষিস্নাতক, বিজ্ঞানস্নাতক এবং কারিগরী ডিপ্লোমাধারিগণের দ্বারা ও ব্যাংক কর্তৃক প্রদত্ত ঋণের সাহায্যে পরিচালিত হয় এইরূপ কয়েকটি অ্যাগ্রো-সার্ভিস কেন্দ্র স্থাপন করিয়াছেন।

(খ) পশ্চিমবঙ্গ সরকার সময় সময় কেন্দ্রীয় সরকারের নিকট হইতে প্রাপ্ত অর্থ ঋণ হিসাবে চাষীদের দিয়া থাকেন। বীজ, সার ও কীটনাশক ঔষধের জন্য প্রদত্ত ঋণের ক্ষেত্রে বিলম্ব এড়াইবার জন্য যথাসাধ্য ব্যবস্থা গ্রহণ করা হয়। এই ঋণের টাকা প্রথমে জেলাশাসকের নিকট দেওয়া হয় এবং জেলা কর্তৃপক্ষ চাষীদের মধ্যে ঋণ বিতরণের জন্য উহা বিভিন্ন ব্লকে ভাগ করিয়া দেন।

(গ) প্রশ্ন ওঠে না।

চুংগী কর

***৭০৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৫২।) ডাঃ মহম্মদ এক্রামুল হক বিশ্বাসঃ** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকার ১৯৭২ সালের মার্চ মাস হ'তে ১৯৭৩ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত মোট কত টাকা চুংগী কর বাবদ আদায় করেছেন; এবং

(খ) উক্ত আদায়ীকৃত টাকা কোন্ কোন্ খাতে ব্যয় হয়ে থাকে?

অর্থ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১১,৩৮,৫৩,৯৭৫ টাকা (বিভাগীয় তথ্য অনুযায়ী)।

(খ) আদায় করার খরচ বাদে নীট আয়ের শতকরা ৫০ ভাগ কলিকাতা মেট্রোপলিটান ডেভেলপমেন্ট অথরিটিকে এবং অবশিষ্ট শতকরা ৫০ ভাগ কলিকাতা মেট্রোপলিটান এরিয়ার অন্তর্ভুক্ত বিভিন্ন মিউনিসিপ্যাল বা অন্যান্য স্থানীয় সংস্থাকে অনুদান হিসাবে দেওয়া হয়।

শালবনী ফডার ফার্ম

***৭০৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৪০২।) শ্রীঠাকুরদাস মাহাতঃ** পশুপালন এবং পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় শালবনী থানার ফডার ফার্মে গত ১৯৭২ সালের ডিসেম্বর মাস পর্যন্ত মোট কত টাকা লগ্নী করা হইয়াছে এবং ঐ সময় পর্যন্ত মোট কত পরিমাণ পশুখাদ্য প্রস্তুত করা হইয়াছে;

(খ) উক্ত ফার্মের উন্নয়নকল্পে ১৯৭৩-৭৪ সালের আর্থিক বৎসরের জন্য কত টাকা বরাদ্দ করা হইয়াছে;

(গ) ফার্মের বিভিন্ন পদে গত ১৯৭২ সালের ডিসেম্বর মাস পর্যন্ত কি ধরনের কত কর্মী নিযুক্ত হইয়াছেন;

(ঘ) উক্ত ফার্মে কয়টি কোন্ শ্রেণীর গাভী গবেষণার জন্য রাখা হইয়াছে;

(ঙ) গবেষণায় সন্তোষজনক ফল পাওয়া গিয়াছে কিনা; এবং

(চ) পাওয়া গেলে, উক্ত স্থানে ফডার ফার্মের সহিত ডেয়ারী প্রকল্প চালু করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

পশুপালন এবং পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) মেদিনীপুর জেলায় শালবনী ডার ফার্মে ১৯৭২ সালের ডিসেম্বর মাস পর্যন্ত মোট ২৫ লক্ষ ১৭ হাজার টাকা লগ্নী করা য়েছে এবং উক্ত সময়ের মধ্যে ৪০১ মেট্রিক টন পশুখাদ্য উৎপন্ন হয়েছে।

(খ) উক্ত ফার্মের উন্নয়নকল্পে ১৯৭৩-৭৪ সালে আনুমানিক ৩,০০,০০০ টাকা বরাদ্দ আছে।

(গ) শালবনী ফার্মে ১৯৭২ সালের ডিসেম্বর পর্যন্ত নিম্নলিখিত কর্মী নিযুক্ত হয়েছেনঃ—

গেজেটেড অফিসার—৩ জন

তৃতীয় শ্রেণীর কর্মচারী—২৮ জন

চতুর্থ শ্রেণীর কর্মচারী—২৫ জন

মাস্টার রোল (সারা সময়ের জন্য)—৬০ জন

মাস্টার রোল (সাময়িক)—৩০০ জন

মোট—৪১৬ জন

(ঘ) কেন্দ্রীয় সরকারের কৃষি গবেষণা প্রকল্পের অধীনে ১০টি উন্নত সংকর জাতের গাভী গবেষণার জন্য শালবনী ফার্মে আছে।

(ঙ) যেহেতু প্রকল্প এক বছরেরও খুব কম সময় পূর্বে চালু হয়েছে, সেইজন্য এখনই গবেষণার ফল সন্তোষজনক কিনা বলা সম্ভব নয়।

(চ) উপরে বলা হয়েছে।

শালবনীতে ডেয়ারি প্রকল্প চালু করিবার কোন পরিকল্পনা বর্তমানে নেই।

কল্যাণী বিশ্ববিদ্যালয়

*৭০৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৪১।) **শ্রীআবদুল বারি বিশ্বাস:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) কল্যাণী বিশ্ববিদ্যালয়কে পূর্ণাঙ্গ কৃষিবিদ্যালয়ে রূপান্তরিত করার প্রস্তাব আছে কি;

(খ) "(ক)" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে, তাহা বর্তমানে কি অবস্থায় আছে;

(গ) ইহা কি সত্য যে, কেন্দ্রীয় সরকার এই বিশ্ববিদ্যালয়কে পূর্ণাঙ্গ কৃষিবিশ্ববিদ্যালয়ে পরিণত না করিলে ইউ জি সি গ্রান্টসহ অন্যান্য সুবিধাপ্রদান বন্ধ করা হইবে বলিয়া জানাইয়াছেন, এবং

(ঘ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) কল্যাণী বিশ্ববিদ্যালয়কে দুই ভাগ করিয়া একটি পৃথক কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপনের সিদ্ধান্ত সম্প্রতি নেওয়া হইয়াছে।

(গ) ইউ জি সি শুধু কলা ও বিজ্ঞান শাখাকে টাকা দেয়। কৃষি শাখাকে ইউ জি সি কোন টাকা দেয় না।

(ঘ) প্রশ্ন উঠে না।

কাজুবাদাম

*৭১১। (অনুমোদিত প্রশ্ন নং *১১০৭।) **শ্রীসুধীরচন্দ্র দাস:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) পশ্চিমবাংলার কাজুবাদামের চাষ কোন জেলার কোন কোন মহকুমায় হয়;

(খ) ঐ কাজুবাদাম চাষের সম্প্রসারণের উদ্দেশ্যে সরকারের কোন পরিকল্পনা আছে কিনা এবং

(গ) পরিকল্পনা থাকিলে, ঐ চাষের সম্প্রসারণের উদ্দেশ্যে কোন জেলার কোন কোন মহকুমায় কত টাকা বরাদ্দ আছে, এবং ঐ বরাদ্দ টাকার মধ্যে কত টাকা ব্যয় হইয়াছে?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) প্রধানতঃ মেদিনীপুর জেলার কাঁথি মহকুমার সমুদ্র-উপকূলবর্তী অঞ্চলে এবং ঝাড়গ্রাম মহকুমায় কাজুবাদামের চাষ হয়। এ ছাড়া বাঁকুড়া, বীরভূম, বর্ধমান ও পুরুলিয়া জেলায়ও বিক্ষিপ্তভাবে কাজুবাদামের চাষ হয়।

(খ) বর্তমানে নাই।

(গ) প্রশ্ন উঠে না।

দ্বিতীয় হুগলিসেতু

*৭১৩। (অনুমোদিত প্রশ্ন নং *১২০৬।) **শ্রীঅশ্বিনী রায়ঃ** উন্নয়ন ও পরিকল্পনা (শহর ও নগর পরিকল্পনা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দ্বিতীয় হুগলিসেতু নির্মাণের জন্য বৈদেশিক মুদ্রার প্রয়োজন আছে কি; এবং

(খ) থাকিলে, বিভিন্ন স্তরে এইরূপ কত মুদ্রার প্রয়োজন এবং ২৬এ ফেব্রুয়ারি, ১৯৭৩ পর্যন্ত এইরূপ কত মুদ্রা ব্যয় হইয়াছে?

উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) প্রকল্পের জন্য মোট ৮,২৭,৮০০ পাউন্ড (ভারতীয় মুদ্রায় প্রায় ১৫০ লক্ষ টাকা) বৈদেশিক মুদ্রার প্রয়োজন। বিভিন্ন স্তরে আর্থিক বৎসর অনুযায়ী প্রয়োজনীয় বৈদেশিক মুদ্রার হিসাব নিম্নে দেওয়া গেলঃ—

(পাউন্ড হইতে টাকায় রূপান্তরিত মূল্যে)

আশু প্রয়োজন—১০ লক্ষ টাকা

১৯৭৩-৭৪ সালে প্রয়োজন—৬৬ লক্ষ টাকা

১৯৭৪-৭৫ সালে প্রয়োজন—২৮ লক্ষ টাকা

১৯৭৫-৭৬ সালে প্রয়োজন—২১ লক্ষ টাকা

১৯৭৬-৭৭ সালে প্রয়োজন—১৫ লক্ষ টাকা

১৯৭৭-৭৮ সালে প্রয়োজন—১০ লক্ষ টাকা

মোট—১৫০ লক্ষ টাকা

কেন্দ্রীয় সরকার এই প্রকল্পের জন্য প্রয়োজনীয় বৈদেশিক মুদ্রা এখন পর্যন্ত রাজ্যসরকারকে দেন নাই। সেই কারণে এখন পর্যন্ত এই প্রকল্প বাবত বৈদেশিক মুদ্রা খরচের প্রশ্ন আসে না।

পশ্চিমবঙ্গ রাজ্য লটারী

*৭১৫। (অনুমোদিত প্রশ্ন নং *১০৫৪।) **ডাঃ মহম্মদ এক্রামুল বিশ্বাসঃ** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকার পরিচালিত 'স্টেট লটারিজ'-এর বিগত আর্থিক বর্ষে কত টাকা লাভ বা লোকসান করেছেন; এবং

(খ) লোকসান হইলে, কি কারণে লোকসান হয়েছে?

অর্থ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৭২ সনের ফেব্রুয়ারিতে টিকিট বিক্রয় শুরু করিয়া মার্চ মাসে পশ্চিমবঙ্গ রাজ্য লটারীর যে খেলা হয় তাহাতে ৮৩,৩৩৮·০৫ টাকা লোকসান হয়। গত ২০এ মার্চ, ১৯৭২ তারিখে বর্তমান সরকার কার্যভার গ্রহণ করিবার পর বিশেষ বিবেচনা করিয়া পুরস্কারের কাঠামো ও এজেন্টদিগকে দেয় কমিশনের হার পরিবর্তন করেন। ফলে অবস্থার উন্নতি হয়। ১৭তম খেলা (২২এ জুলাই, ১৯৭২ তারিখে অনুষ্ঠিত) ও ১৮তম খেলায় (৪ঠা নভেম্বর, ১৯৭২ তারিখে অনুষ্ঠিত) যথাক্রমে ৩৬,৭১৯·৯৪ টাকা এবং ৩৫,৬৪৮·৬৫ টাকা লাভ হইয়াছে।

(খ) বিগত বর্ষের শুরুতে যে লোকসান হয় তাহার কারণগুলি এইঃ—

(১) প্রথম প্রথম যাঁহারা লটারীর মাধ্যমে প্রচুর অর্থাগমের আশায় প্রায়ই টিকিট ক্রয় করিতেন তাঁহারা বরাংবার পুরস্কার পাইতে ব্যর্থ হইয়া হতোৎসাহ হইয়া পড়িয়াছেন এবং টিকিট ক্রয়ে তাঁহাদের আগ্রহ কমিয়া গিয়াছে। তাহা ছাড়া লটারীর পুরস্কারের উপর আয়কর দিতে হয় বলিয়াও লটারীর আকর্ষণ কমিয়া গিয়াছে।

(২) পুরস্কারের পুরাতন কাঠামোতে লোকসান সম্ভাবনা বেশি ছিল।

(৩) বিভিন্ন রাজ্যসরকার পরিচালিত লটারীসমূহ ও বেসরকারী লটারীগুলির মধ্যে তীব্র প্রতিযোগিতা।

মড়াউড়িদহ রিভার লিফ্‌ট স্কীম

***৭১৬।** (অনুমোদিত প্রশ্ন নং *১৩৮৮।) **শ্রীকাশীনাথ মিশ্র: কৃষি বিভাগের মন্ত্রি-মহাশয়** অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, তারাফেণী নদীর মড়াউড়িদহের উপর 'রিভার লিফ্‌ট স্কীম'টি তৈরি হইলে বাঁকুড়া জেলার রাইপুর এলাকার ১নং এবং ২নং ব্লকের ১৪টি মৌজার প্রায় পাঁচ হাজার একর জমিতে সেচের জল পাইবে এবং দক্ষিণ বাঁকুড়ার অনুন্নত এলাকার উন্নতি হইবে; এবং

(খ) অবগত থাকিলে,

(১) কবে নাগাদ ঐ স্কীমের কাজ কার্যকর করা হইবে;

(২) উক্ত স্কীমটি করিতে সরকারের কত টাকা ব্যয় হইবে; ও

(৩) উক্ত স্কীমটি বর্তমানে কি পর্যায়ে আছে?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) এইরূপ কোন স্কীম তৈয়ারির নির্দেশ দেওয়া হয় নাই।

(খ) এই প্রশ্ন উঠে না।

মুরগির মড়ক

***৭১৯।** (অনুমোদিত প্রশ্ন নং *৭০৩।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, প্রতি বছর বসন্তকালে ব্যাপকভাবে মুরগির মড়ক শুধু হয় এবং বহু মুরগি মারা পড়ে;

(খ) অবগত থাকিলে, (১) মড়ক দমনের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করেছেন ও (২) সাধারণত কি কি রোগে মুরগি ব্যাপকভাবে মারা পড়ে;

(গ) সরকার পরিচালিত কোন মুরগি খামার আছে কিনা এবং থাকলে, কয়টি ও কোথায় কোথায়; এবং

(ঘ) বেসরকারী মুরগিপালকদের সরকারী সাহায্যের কোন ব্যবস্থা আছে কি?

পশুপালন এবং পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) পশুপালন ও পশুচিকিৎসা বিভাগ অবগত আছেন যে, কখনও কখনও বসন্তকালে মুরগির মড়ক দেখা দেয় এবং ফলে অনেক মুরগি মারা যায়।

(খ) (১) মড়কের খবর পাওয়ামাত্রই কি রোগজনিত মড়ক তাহা অনুসন্ধান করিয়া নির্ণয় করা হয় এবং সঙ্গে সঙ্গে প্রতিষেধক হিসাবে টিকা দেওয়ার ব্যবস্থা করা হয়। রোগগ্রস্ত মুরগির যথোপযুক্ত চিকিৎসারও ব্যবস্থা করা হয়।

(২) [illegible] এবং মুরগির বসন্ত-

(গ) সরকার পরিচালিত নয়টি বড় মুরগির খামার রহিয়াছে। ইহার মধ্যে কলিকাতার টালিগঞ্জে একটি, নদিয়া জেলায় কৃষ্ণনগর, রানাঘাট ও হরিণঘাটায় একটি করিয়া মোট তিনটি, মেদিনীপুর জেলায় ডিগরি ও মেদিনীপুরে একটি করিয়া মোট দুইটি, ২৪-পরগনার গোবরডাঙ্গায় একটি ও জলপাইগুড়ি জেলায় মোহিতনগরে একটি মুরগির খামার অবস্থিত। ইহা ছাড়া বাঁকুড়া, পুরুলিয়া, সিউড়ি, মালদহ, ফুলিয়া, বহরমপুর, কালিম্পং, কার্সিয়াং, জুনপুট ও বর্ধমানে একটি করিয়া মুরগি সম্প্রসারণ অথবা উৎপাদন কেন্দ্র রহিয়াছে।

(ঘ) বেসরকারী মুরগিপালকদের কারিগরি শিক্ষা ও পরামর্শ দেওয়া হইয়া থাকে। তদ্ভিন্ন সরকারী নথিভুক্ত খামারীদের ন্যায্যমূল্যে মুরগির খাবার যথাসম্ভব দেওয়া হয়। তাহাদের খামারে উৎপাদিত ডিম ও মুরগি সরকারী বিপণন সংস্থা উচিতমূল্যে ক্রয় হয়। বিভিন্ন বয়সের ভাল জাতের মুরগির বাচ্চা বেসরকারী খামারীদের কাছে ন্যায্যমূল্যে বিক্রয় করা হয়। ইহা ছাড়া বেসরকারী মুরগিপালকদের ক্ষেত্রে বিনামূল্যে ঔষধ ও প্রতিষেধক টিকা দেওয়ারও ব্যবস্থা আছে। বেসরকারী মুরগিপালকদের সরকারী অর্থসাহায্য দেওয়ার ব্যবস্থা বর্তমানে চালু নাই।

কৃষিভিত্তিক ব্লক

*৭২০। (অনুমোদিত প্রশ্ন নং *১২৬৫।) **শ্রীরজনীকান্ত দলুই:** কৃষি ও সমষ্টি-উন্নয়ন (সমষ্টি-উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার কৃষিভিত্তিক ব্লক গঠনের বিষয় পরিকল্পনা করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে,

(১) কৃষিভিত্তিক ব্লকের ভিত্তি কিরূপ হইবে;

(২) কতগুলি ঐরূপ ব্লক গ্রহণ করিবার প্রস্তাব সরকারের রহিয়াছে; ও

(৩) মেদিনীপুর জেলার ঐরূপ কতগুলি ব্লক কৃষিভিত্তিক ব্লক হিসাবে গ্রহণ করিবার প্রস্তাব আছে?

কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

দুগ্ধ উৎপাদন ও পশুপক্ষী পালন প্রশিক্ষণ

*৭২১। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৮৯।) **শ্রীকাশীনাথ মিশ্র:** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) ইহা কি সত্য যে, পশুপালন বিভাগের অধীনে বর্তমানে রাজ্যের সর্বত্র ১,১০০ জন যুবক দুগ্ধ উৎপাদন ও পশুপক্ষী পালনের প্রশিক্ষণ লইতেছেন; এবং

(খ) সত্য হইলে,

(১) কোন্ জেলার কতজন করিয়া এই প্রশিক্ষণের সুযোগ পাইয়াছেন; ও

(২) উক্ত যুবকদের কিভাবে এবং কবে লওয়া হইয়াছে?

পশ্বপালন এবং পশ্বচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ, এই প্রকল্পে এখনও পর্যন্ত ১,০০৪ জন যুবক প্রশিক্ষণ লইতেছেন।

(খ) (১) জেলাভিত্তিক প্রশিক্ষণে নিযুক্ত যুবকদের সংখ্যা নিম্নরূপঃ—

২৪-পরগনা—১৫১
হাওড়া—২৭
নদিয়া—৪৬
মুর্শিদাবাদ—৭১
মালদা—৩৭
পঃ দিনাজপুর—৬৭
জলপাইগুড়ি—৩৮
দার্জিলিং—২০
কোচবিহার—৩৯
হুগলি—৪২
বর্ধমান—৮৭
বীরভূম- ৫৮
বাঁকুড়া—৮২
পুরুলিয়া—৬৪
মেদিনীপুর—১৭৫

মোট—১,০০৪

(২) প্রশিক্ষণ প্রকল্পে নিযুক্ত টেকনিক্যাল যুবকদের ক্ষেত্রে বিভিন্ন জেলা সমাহর্তার সুপারিশক্রমে পশুপালন অধিকর্তা নিয়োগপত্র দিয়াছেন। কৃষিজীবী পরিবার হইতে আগত নন্-টেকনিক্যাল যুবকদের ক্ষেত্রে সংশিলষ্ট জেলা সমাহর্তা নিয়োগপত্র দিয়াছেন।

১৯৭২ সালের ডিসেম্বর মাস হইতে কর্মী নিয়োগ শুরু হইয়াছে।

জেলাওয়ারী চালু ও অ-চালু গভীর নলকূপ

***৫২।** (অনুমোদিত প্রশ্ন নং *২৪২।) **শ্রীবীরেশ্বর রায়ঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে জেলাওয়ারী মোট কতগুলি গভীর নলকূপ আছে;

(খ) এই গভীর নলকূপগুলির মধ্যে কতগুলি চালু অবস্থায় আছে এবং কতগুলি অ-চালু অবস্থায় আছে;

(গ) যেগুলি অ-চালু আছে সেগুলির কোন্‌টা কত দিন থেকে এবং কি কারণে অচল আছে;

(ঘ) সেগুলি চালু করিবার জন্য সরকার কোনও কার্যকরী ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কিনা;

(ঙ) করিয়া থাকিলে, তাহা কি; এবং

(চ) এই গভীর নলকূপগুলি কত একর জমিতে জলসেচ করিতে পারে এবং এ বৎসর খরিফে কত একর জমিতে জলসেচ করিতে সমর্থ হইয়াছে?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হইতে (চ) ১৯৭১-৭২ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গে ১,৭৫৬টি গভীর নলকূপ খনন করা হইয়াছিল। সেগুলি সম্বন্ধে একটি বিস্তৃত বিবরণী লাইব্রেরী টেবিলে পেশ করা হইল।

নির্ধারিত মূল্যে সার ইত্যাদি সরবরাহ

*৩৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬৮।) **শ্রীনির্মলকৃষ্ণ সিন্‌হাঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কৃষি-উৎপাদন বৃদ্ধির স্বার্থে যাবতীয় রাসায়নিক সার, খৈল ও কীটনাশক ঔষধ কৃষকেরা যাতে বারো মাস সরকারী নির্ধারিত দামে পেতে পারে তার জন্য সরকার কোন ব্যবস্থা করেছেন কিনা; এবং

(খ) কৃষির জন্য অত্যাবশ্যক এইসব জিনিস যারা কালোবাজারী করে সেইসব মুনাফালোভী ব্যবসায়ীদের বিরুদ্ধে সরকার কোন ব্যবস্থা গ্রহণ করেছেন কিনা এবং ক'রে থাকলে, তাহা কি ?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৫৭ সালের সার নিয়ন্ত্রণ আদেশবলে ভারত সরকার বিভিন্ন সারের দাম নির্ধারণ করেন এবং কেন্দ্রীয় পুল হইতে প্রাপ্ত সার রাজ্য সরকার নির্ধারিত মূল্যে সরকারী এজেন্টদের মাধ্যমে কৃষকদের মধ্যে বিক্রয়ের ব্যবস্থা করেন।

কৃষি বিভাগ কর্তৃক খৈলের মূল্য নির্ধারিত হয় না।

বর্তমানে বেসরকারী ব্যবসায়ী কর্তৃক বিক্রীত কীটনাশক ঔষধের উপর কোনরূপ সরকারী মূল্য নিয়ন্ত্রণ নাই।

(খ) হ্যাঁ : সারের কালোবাজারী সম্পর্কে পুলিশ এবং সংশ্লিষ্ট আঞ্চলিক অফিসারদের সতর্ক করিয়া দেওয়া হইয়াছে। আইন অনুযায়ী পুলিশ কর্তৃপক্ষ দুষ্কৃতকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করেন।

বিশ্রামজোড় বাঁধ

*৫১০। (অনুমোদিত প্রশ্ন নং *৯২২।) **শ্রীশরৎ দাসঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার সাঁতুড়ি থানার যশপুর গ্রামে বিশ্রামজোড় নামক জোড় বাঁধটির কাজ কতদূর অগ্রসর হইয়াছে; এবং

(খ) কবে নাগাদ উহার কাজ সম্পূর্ণ হইবে ?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এই বাঁধের প্রকল্প বর্তমানে প্রস্তুতি-স্তরে আছে।

(খ) প্রকল্প প্রস্তুতের পরে যদি সরকার কর্তৃক অনুমোদিত ও মঞ্জুরীকৃত হয় তবেই এ প্রশ্ন উঠিবে।

পুরুলিয়া ও মেদিনীপুর জেলায় 'হিমঘর'

*৫২০। (অনুমোদিত প্রশ্ন নং *১২৬৭।) **শ্রীসামসুল আলম খানঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া ও মেদিনীপুর জেলাতে বিলাতী বেগুন, বেগুন, কপি, আলু ইত্যাদি সংরক্ষণের জন্য কোন 'হিমঘর' আছে কিনা;

(খ) 'হিমঘর' না থাকিলে, চাষীদের স্বার্থে উক্ত জেলায় প্রতিটি ব্লকে 'হিমঘর' খোলার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(গ) থাকিলে কবে নাগাদ সেই পরিকল্পনা কার্যকরী হইবে ?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পুরুলিয়া জেলায় কোন 'হিমঘর' নাই। মেদিনীপুর জেলায় ১৩টি 'হিমঘর' আছে।

(খ) এই জেলা দুইটিতে প্রতিটি ব্লকে 'হিমঘর' খোলার কোন পরিকল্পনা বর্তমানে সরকারের নাই।

(গ) প্রশ্ন উঠে না।

Unstarred Questions

(to which written answers were laid on the table)

ভগবানপুর থানার বিভিন্ন গ্রামে বৈদ্যুতীকরণ

১৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ১২১৫)। **শ্রীঅমলেশ জানাঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার অন্তর্গত ভগবানপুর থানার কতগুলি গ্রামকে বৈদ্যুতীকরণের জন্য সরকার স্থির করিয়াছেন ;

(খ) উক্ত বৈদ্যুতীকরণের কাজ কবে নাগাদ শুরু হইবে ; এবং

(গ) কবে শেষ হইবে বলিয়া আশা করা যায় ?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৫৫টি মৌজা।

(খ) ১০টি মৌজার কাজ ইতিমধ্যেই আরম্ভ হইয়াছে। বাকি ৪৫টি মৌজার কাজ ক্রমশ হাতে লওয়া হইবে।

(গ) ১৯৭৩-৭৪ সালে, অবশ্য সিমেন্ট, পোল, ইস্পাত ইত্যাদি প্রয়োজনীয় দ্রব্য সময়মত পাওয়া গেলে।

বন্ধ কারখানা

১৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৪২।) **শ্রীরবীন্দ্র ঘোষঃ** বন্ধ এবং দুর্বল শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) ২০এ জানুয়ারি, ১৯৭২ থেকে ৩১এ জানুয়ারি, ১৯৭৩ পর্যন্ত কতগুলি বন্ধ কারখানা খোলা হইয়াছে ;

(খ) কত লোক চাকুরি ফিরে পেয়েছেন ; এবং

(গ) উক্ত সময়ের মধ্যে কয়টি কল-কারখানা নতুন ক'রে বন্ধ হয়েছে, এবং ইহাতে কত শ্রমিক কর্মচ্যুত হয়েছেন ?

বন্ধ ও দুর্বল শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৫৩টি।

(খ) ২১,৫৩৫।

(গ) ১৫১টি কল-কারখানা নতুন ক'রে বন্ধ হয়েছে এবং তার ফলে ৮,৪৭২ জন শ্রমিক কর্মচ্যুত হয়েছেন।

রাজ্যের বিভিন্ন অরণ্যে নিহত বন্যপ্রাণী

১৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ৯৪।) **শ্রীমহম্মদ সাফিউল্লাঃ** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের জানুয়ারি হইতে ১৯৭৩ সালের ৩১এ জানুয়ারি পর্যন্ত পশ্চিমবঙ্গের বিভিন্ন অরণ্যে নিহত বন্যপ্রাণীর সংখ্যা কত ;

(খ) ঐ সময়ে ঐ সমস্ত বন্যপ্রাণীদের মধ্যে কতগুলি চোরা শিকারীদের দ্বারা, কতগুলি অনুমোদিত শিকারীদের দ্বারা মারা পড়ে ; এবং

(গ) ঐ সময়ে যত বন্যপ্রাণী মারা পড়িয়াছে তাহার মধ্যে কোন্ প্রাণীর সংখ্যা সর্বাপেক্ষা বেশি ?

বন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) উত্তরবঙ্গে নিহত বন্যপ্রাণীর সংখ্যা এখনও সংকলিত হয় নি। অন্যান্য অঞ্চলে নিহত বন্যপ্রাণীর সংখ্যা ৬৬টি।

(খ) উল্লিখিত ৬৬টির সবগুলিই চোরা শিকারীদের দ্বারা মারা পড়ে।

(গ) বন্য মুরগি।

বাঁকুড়া জেলায় বন বিভাগের অন্তর্ভুক্ত জমি

১৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ৬০৬।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় কত একর জমি বন বিভাগের অন্তর্ভুক্ত ; এবং

(খ) কত একর জমিতে গভীর জঙ্গল আছে ?

বন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৩৪৬,০৭৮ একর।

(খ) ৮৬,৪৮৭ একর।

ক্যালকাটা মেডিক্যাল কলেজ এবং এস এস কে এম (পি জি) হসপিট্যালে শয্যাসংখ্যা

১৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ১১৩৭)। **ডাঃ রমেন্দ্রনাথ দত্তঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নিউরোসারজারীর জন্য ক্যালকাটা মেডিক্যাল কলেজ-এ এবং এস এস কে এম (পি জি) হসপিট্যালে কতগুলি করিয়া বেড আছে ;

(খ) নিউরোসারজারীর জন্য ক্যালকাটা মেডিক্যাল কলেজ ও এস এস কে এম (পি জি) হসপিট্যালে কোথায় কয়জন (১) ডাক্তার, (২) নার্স ও (৩) অন্যান্য শ্রেণীর কর্মচারী আছেন ; এবং

(গ) উক্ত ২টি হসপিট্যাল ছাড়া অন্য কোন হাসপাতালে এ বিষয়ে কোন বেড আছে কিনা ও থাকিলে, কয়টিতে আছে ?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) মেডিক্যাল কলেজ হাসপাতালে—২৫টি ও এস এস কে এম হাসপাতালে—১৯টি।

(খ)

	মেডিক্যাল কলেজ হাসপাতালে	এস এস কে এম হাসপাতালে
(১) ডাক্তার ...	৩	৪
(২) নার্স ...	৫	৪
(৩) অন্যান্য কর্মচারী ...	৫	৪

(গ) আরও ৩টি হাসপাতালে আছে, যথা—

(১) নীলরতন সরকার হাসপাতালে -৩০টি।

(২) চিত্তরঞ্জন হাসপাতালে ১৪টি।

(৩) বাঙ্গুর ইনস্টিটিউট অফ নিউরোলজিতে ১০টি।

এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলিতে তালিকাভুক্ত কর্মপ্রার্থী

১৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ১১৮০।) **শ্রীকাশীনাথ মিশ্র:** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৩ সালের ফেব্রুয়ারি মাসে (২০এ ফেব্রুয়ারি পর্যন্ত) পশ্চিমবঙ্গের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলিতে তালিকাভুক্ত প্রার্থীর সংখ্যা কত ;

(খ) উক্ত তালিকার মধ্যে মহিলা কর্মপ্রার্থীর সংখ্যা কত ; এবং

(গ) এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ মারফত ১৯৭২-৭৩ সালে (২০এ ফেব্রুয়ারি পর্যন্ত) কতজন কর্মপ্রার্থীর কর্মসংস্থান হইয়াছে?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) রেজিস্ট্রেশন প্রভৃতির পরিসংখ্যান মাসিক ভিত্তিতে প্রস্তুত হইয়া থাকে। ১৯৭৩ সালের ফেব্রুয়ারি মাসের পরিসংখ্যান এখনও প্রস্তুত হয় নাই।

৩১এ জানুয়ারি, ১৯৭৩ তারিখে পশ্চিমবঙ্গের বিভিন্ন কর্মসংস্থান কেন্দ্রসমূহে (এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলিতে) তালিকাভুক্ত প্রার্থীর সংখ্যা ১,৪০০,৬৭৪।

(খ) মহিলা কর্মপ্রার্থীর সংখ্যা ১২৬,৩৩৬ জন।

(গ) ১লা জানুয়ারি, ১৯৭২ হইতে ৩১এ জানুয়ারি, ১৯৭৩ পর্যন্ত এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলির মাধ্যমে মোট ২৭,২১৯ জন কর্মপ্রার্থীর কর্মসংস্থান হইয়াছে।

প্রাথমিক শিক্ষকদের মাসিক বেতন

১৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ৮৪৩।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিক:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রাথমিক শিক্ষকদের মাসিক মাহিনা কত ;

(খ) এই বেতন বাড়ানোর কোন প্রস্তাব সরকারের আছে কি ; এবং

(গ) থাকিলে, কবে থেকে তা চালু হবে?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) প্রাথমিক শিক্ষকেরা নিম্নলিখিত হারে বেতন পান:

(১) প্রধান শিক্ষক ১৭৫—৩ ২১৪ ৪ ২৫০ ; ইহা ছাড়া নিম্নবুনিয়াদি বিদ্যালয়ের জন্য ১৫ টাকা ও অন্যান্য বিদ্যালয়ের জন্য ১০ টাকা হারে বিশেষ বেতন।

(২) শিক্ষক:

ক শ্রেণী- ১৭৫—৩—২১৪—৪—২৫০।

খ শ্রেণী—১৬৫—২—২০৫।

গ শ্রেণী—১৫৫—১—১৬৫—২—১৮৫।

উক্ত তিন হার ছাড়াও প্রাথমিক শিক্ষকগণ ৮ টাকা মহার্ঘ ভাতা ও ৭ টাকা অ্যাড হক বেতন পান। এ বেতন ১লা জুলাই, ১৯৭২ তারিখ হইতে মাসিক ৭ টাকা হারে বাড়ানো হয়েছে।

(খ) না।

(গ) কোন প্রশ্ন উঠে না।

পুরুলিয়া জেলায় লাক্ষা উৎপাদনকারী কুসুম গাছ

১৫০। (অনুমোদিত প্রশ্ন নং ৭৮৫।) **শ্রীশরৎ দাসঃ** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় বন বিভাগের ডিমার্কেশন এরিয়ার মধ্যে উৎকৃষ্ট লাক্ষা উৎপাদনকারী কুসুম গাছের সংখ্যা কত ;

(খ) উক্ত জেলায় কুসুম গাছ রক্ষণাবেক্ষণের জন্য এবং লাক্ষা উৎপাদনের জন্য কি কি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে ;

(গ) ইহা কি সত্য, গত কয়েক বৎসরে ব্যাপক হারে কুসুম গাছ নষ্ট করা হইয়াছে ;

(ঘ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কি কি ব্যবস্থা করিয়াছেন ; এবং

(ঙ) লাক্ষা গাছ হইতে গত তিন বৎসরে সরকারের কত টাকা আয় হইয়াছে ?

বন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এ পর্যন্ত গণনা করা হয় নাই।

(খ) কুসুম গাছকে "সংরক্ষিত" ঘোষণা করা হইয়াছে এবং জংগল ক্রেতাগণকে এই গাছ কাটিতে দেওয়া হয় না। ইহা কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগকে তাঁহাদের প্রয়োজন অনুসারে লাক্ষা উৎপাদনের জন্য "লীজ" দেওয়া হয়।

(গ) না।

(ঘ) প্রশ্ন ওঠে না।

(ঙ) লাক্ষা চাষে সরকারের সরাসরি আয়ের কোন পরিকল্পনা নাই। প্রসংগতঃ জানান যায়, আটটি সরকারী বীজ সরবরাহ কেন্দ্র মারফত বৎসরে গড়ে প্রায় কুড়ি হাজার টাকা মূল্যের লাক্ষা বীজ চাষীদের সরবরাহ করা হইয়া থাকে।

শিল্পে উৎপাদিত দ্রব্যে শ্রমিকের অংশ

১৫১। (অনুমোদিত প্রশ্ন নং ৮৫৭।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি—

(ক) সমগ্র পশ্চিমবঙ্গে শিল্পে উৎপাদিত দ্রব্যের কত শতাংশ শ্রমিকেরা পায় ;

(খ) সরকরী ও বেসরকারী ক্ষেত্রে কোন পার্থক্য আছে কি ;

(গ) থাকলে, তার কারণ কি ; এবং

(ঘ) সরকারী শিল্পক্ষেত্রে একই প্রকার কাজে নিযুক্ত শ্রমিকদের জন্য একই প্রকার বেতনহার চালু করার কোন পরিকল্পনা আছে কি ?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পশ্চিমবঙ্গে শিল্পে উৎপাদিত দ্রব্যের অংশ শ্রমিকেরা পান না। তাঁহারা বেতন পাইয়া থাকেন।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

(ঘ) এ রকম কোন পরিকল্পনা গ্রহণের প্রয়োজন দেখা দেয় নাই।

মহম্মদবাজার ব্লকে ভূগর্ভস্থ জল পরীক্ষার প্রকল্প

১৫২। (অনুমোদিত প্রশ্ন নং ৭৫০।) **শ্রীনিতাইপদ ঘোষঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার অন্তর্গত মহম্মদবাজার ব্লকের পশ্চিমাংশে ভূগর্ভস্থ জল পরীক্ষা করিবার জন্য কোন পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে কিনা ; এবং

(খ) হইয়া থাকিলে, কত দিনের মধ্যে উক্ত পরীক্ষা সম্পন্ন হইবে?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

আসানসোল মহকুমায় পরিত্যক্ত কয়লাখনি হইতে সেচ প্রকল্প

১৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ৮৬৫।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, আসানসোল এলাকার পরিত্যক্ত কয়লাখনিসমূহ হইতে জল উত্তোলন করিয়া আসানসোল মহকুমার জমিতে জলসেচের জন্য সরকার একটি পরিকল্পনা গ্রহণ করিয়াছেন ; এবং

(খ) সত্য হইলে, উক্ত পরিকল্পনা বর্তমানে কি অবস্থায় আছে?

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না।

(খ) এই প্রশ্ন উঠে না।

পুরুলিয়া জেলায় ব্লকভিত্তিক প্রাইমারী হেল্‌থ সেন্টার ও সাব-হেল্‌থ সেন্টার

১৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ৯৬৫।) **শ্রীকিংকর মাহাতোঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলাতে বর্তমানে ব্লক-ওয়াইজ কয়টি প্রাইমারী হেল্‌থ সেন্টার ও সাব-হেল্‌থ সেন্টার আছে ;

(খ) ১৯৭২-৭৩-এর মধ্যে কোন্ কোন সাব বা হেল্‌থ সেন্টারের বাড়ি তৈরির কাজ চলিতেছে ;

(গ) ঝালদা ও ইলুর স্বাস্থ্যকেন্দ্রের কাজ কবে নাগাত শেষ হইবে ;

(ঘ) বর্তমানে পুরুলিয়া সদর হাসপাতালে কত শয্যাসংখ্যা আছে এবং কত রোগী সেখানে আছেন ; এবং

(ঙ) উক্ত হাসপাতালে বর্তমানে কয়জন ডাক্তার, নার্স ও অন্যান্য শ্রেণীর কর্মচারী আছেন?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ

(ক)

ব্লকের নাম	প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র সংখ্যা	উপস্বাস্থ্য-কেন্দ্র সংখ্যা
মানবাজার-১	১	২
মানবাজার-২	..	৩
রঘুনাথপুর-১	১	১
রঘুনাথপুর-২	১	২
বাগমুণ্ডী	১	২
আরষা	১	১
বান্দোয়ান	১	..
ঝালদা-১	১ (অস্থায়ী)	..
ঝালদা-২	১	১
নেতুরিয়া	..	১
কাশীপুর	১	১
সাঁতুরী	১ (অস্থায়ী)	১
পাড়া	১	১
পুরুলিয়া-২	১ (অস্থায়ী)	১
বলরামপুর	১	..
জয়পুর	১ (অস্থায়ী)	..
বড়বাজার	১	..
হুরা	১	২
পুঞ্চা	১	২
মোট	১৭	২১

(খ) ঝালদা এবং কুস্তর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের কাজ চলছে।

ইলু উপস্বাস্থ্যকেন্দ্রের কাজ শেষ হয়ে গেছে। পিচাশি এবং বালিতোড়া উপস্বাস্থ্যকেন্দ্রের কাজ চলছে।

(গ) ১৯৭৩ সালের মার্চ মাসের মধ্যেই ঝালদা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের কাজ শেষ হবে বলে আশা করা যায়। ইলু উপস্বাস্থ্যকেন্দ্রের কাজ শেষ হয়ে গেছে।

(ঘ) অনুমোদিত শয্যাসংখ্যা ২৫০। রোগীর সংখ্যা ২৯০ জন (৫ই মার্চ, ১৯৭৩)।

(ঙ)

ডাক্তার—১৪ জন।
নার্স—৩৬ জন।
ফার্মাসিস্ট—৪ জন।
ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট—৩ জন।
এক্স-রে অ্যাসিস্ট্যান্ট—১ জন।
সোস্যাল ওয়ার্কার—২ জন।
ক্লার্ক—২ জন।
স্টোর কীপার—২ জন।
ওয়ার্ড মাস্টার—২ জন।
চতুর্থ শ্রেণীর কর্মচারী—৬৪ জন।
সুইপার—২৪ জন।

Calling attention to matters of urgent public importance

Mr. Speaker: I have received four notices of calling attention on the following subjects, namely:—

(1) Suspension of some of the employees of the Keshoram Cotton Mills—from Shri Monoranjan Halder, Shri Sheikh Daulat Ali and Shri Sudhendu Mundle;

(2) Attack of Shri Alamgir Sattar, son of Sm. Nurunnesa Sattar, M.L.A. on 3rd March, 1973 by the C.P.I.(M) workers—from Shri Monoranjan Pramanik;

(3) Non-payment of salaries to the teachers and non-teaching staff of Ramananda College in Bankura for the last three months from Shri Kashinath Misra, Shri Sukumar Bandyopadhyay, Shri Debabrata Chattopadhyay and Shri Narayan Bhattacharya; and

(4) Rampage in Hashimara-Kalchini area by anti-social elements under the leadership of a certain political party and its leaders, Shri Nani Bhattacharya and others, by kidnapping of Tea Estate workers and causing extensive damage to the local Congress office—from Shri Narayan Bhattacharya, Shri Debabrata Chattopadhyay, Shri Kashinath Misra, Shri Sukumar Bandyopadhyay, Shri Ram Krishna Mahato and Shri Durga Das Bauri.

I have selected the notice of Shri Manoranjan Halder, Shri Sheikh Daulat Ali and Shri Sudhendu Mundle on the subject of suspension of some of the employees of Keshoram Cotton Mills.

The Hon'ble Minister-in-charge may please make a statement to-day, if possible or give a date for the same.

Shri Gyan Singh Sohanpal: On Thursday next, Sir.

শ্রীপরেশচন্দ্র গোস্বামী: মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এইমাত্র খবর পেলাম, পশ্চিমবঙ্গের প্রায় ২৫ হাজার শিবির কর্মচারী আউট অফ এমপ্লয়মেন্ট হয়েছে।

Mr. Speaker: Please take your seat. You have not sought my permission. I now call upon Shri Narayan Bhattacharya.

Mention Cases

শ্রীনারায়ণ ভট্টাচার্য: মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। গত সপ্তাহে ১০-১১-১২ তারিখে জলপাইগুড়ি জেলার কালচিনি থানার হাসিমারা এলাকায় চা-বাগান অঞ্চলে আর এস পি দলের নেতৃত্বে এক নৃশংস তাণ্ডব ঘটনা ঘটেছে। সেখানে মণীন্দ্র দাস এবং আর একজন কর্মীকে আর এস পি-র ননী ভট্টাচার্য, গোপাল মৈত্র এবং সুরেশ তালুকদারের নেতৃত্বে কিডন্যাপ করা হয়েছে এবং পরে তাদের আহত অবস্থায় পাওয়া যায়। মণীন্দ্র দাস আলিপুরদুয়ার হাসপাতালে রয়েছে, তার

অবস্থা খারাপ। ঐ এলাকার বিচবাগানে দু' জন আদিবাসী শ্রমিকের উপর আর এস পি গুন্ডারা আক্রমণ চালায় এবং তীর চালায় এবং তাতে দু' জন আদিবাসী শ্রমিক আহত হয়েছে। হাসিমারাতে যে কংগ্রেস কার্যালয় আছে সেখানে ননী ভট্টাচার্যের নেতৃত্বে হামলা চলে এবং সেখানে কংগ্রেস পতাকা পোড়ায় এবং আমাদের জাতীয় পতাকা নষ্ট করে এবং অফিস ভেঙে তছনছ করে। এই গোপাল মৈত্রের বিরুদ্ধে খুনের মামলা রয়েছে। তিনি যুক্তফ্রন্ট সরকারের আমলে রাতারাতি একটা রাইফেল এবং রিভলভারের লাইসেন্স পেয়েছিলেন, অথচ তাঁর কোন ইনকাম নেই। আমি জানি না কি ক'রে সেই লাইসেন্স সে পেল। সে প্রকাশ্য দিবালোকে সেখানে জিপে ক'রে রাইফেল নিয়ে ঘুরছে এবং সকলকে টেরোরাইজ করছে। পুলিসের কাছে অভিযোগ করা হয়েছে, কিন্তু কাউকে গ্রেপ্তার করা হয় নি। মিঃ বেস্টারউইচ সেদিন এখান থেকে ওয়াক-আউট করেছিলেন এবং তার জন্য পাবলিসিটি পেয়েছেন। কিন্তু আজকে দেখুন তাঁর দলের লোক ওখানে গুন্ডাবাজি করছে। এই জিনিস জানাবার জন্য এখানে কেউ নেই এবং আমারও মেনশন করবার সুযোগ ছিল না। কাজেই আমি বলছি, অবিলম্বে সরকারের তরফ থেকে ব্যবস্থা নিতে হবে। এই গোপাল মৈত্র তিন বৎসর পূর্বে অ্যাবসকন্ড করেছিল। তার রাইফেল এবং রিভলভারের লাইসেন্স কেন ক্যানসেল করা হয় নি এবং কি ক'রে সে এখনও বাইরে ঘুরছে সেটা আমি জানতে চাই।

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি মাননীয় সদস্যকে জানাতে চাই আমি নিজে এই গুরুত্বপূর্ণ ব্যাপারটা উড়িয়ে দিতে চাই না। আমি মাননীয় সদস্যকে অনুরোধ করছি তিনি আজকে বা কালকে আমার সঙ্গে অফিসে এসে দেখা করুন। আমি ডিটেলস্ জেনে এবং নোট নিয়ে যথাযথ ব্যবস্থা করব।

শ্রীললিত গায়েনঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সোনারপুর থানায় নূতন ক'রে নূতন কায়দায় ডাকাতি শুরু হয়েছে। এখানে স্বরাষ্ট্র দপ্তরের রাষ্ট্রমন্ত্রী উপস্থিত রয়েছেন, কাজেই তাঁর কাছে অনুরোধ রাখছি, তিনি এই সম্বন্ধে তদন্ত করার ব্যবস্থা করুন। আমরা দেখছি ডাকাতরা পুলিসের বেশে বিভিন্ন জায়গায় ডাকাতি করছে এবং তার ফলে অসুবিধা হয়েছে এই যে, আসল পুলিস গেলে গ্রামবাসীরা পুলিসের বেশে ডাকাত এসেছে মনে ক'রে প্রকৃত পুলিসকে কাজ করতে দিচ্ছে না। তারা মনে করছে পুলিসের বেশে ডাকাত এসেছে। মন্ত্রিমহাশয় যখন এখানে উপস্থিত রয়েছেন তখন আমি তাঁর কাছে অনুরোধ রাখছি, এই যে নূতন রকমের কায়দা-কানুনে ডাকাতি আরম্ভ হয়েছে এটা যদি অবিলম্বে বন্ধ না করেন, তা হ'লে এই ধরনের ডাকাতি ডায়মন্ডহারবার এবং সোনারপুরে ছড়িয়ে পড়বে।

[2-40—2-50 p.m.]

শ্রীকাশীনাথ মিশ্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বাঁকুড়ার একটি গুরুতর বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আজ কিছুদিন হ'ল বাঁকুড়াতে রেশনে চাল এবং গম যেখানে ৭০০ গ্রাম ক'রে চাল দেওয়া হ'ত এবং ৫০০ গ্রাম ক'রে মাথাপিছু গম দেওয়া হ'ত তা বন্ধ ক'রে এখন ৩০০ গ্রাম চাল এবং ৪০০ গ্রাম গম দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাঁকুড়া জেলা অত্যন্ত গরিব এবং সেখানে যারা আশেপাশে থেকে মাথায় ক'রে চাল নিয়ে আসত তা পুলিসের অত্যাচারে বন্ধ হয়ে গেছে এবং সেখানে এখন চাল ১ টাকা ৬০ পয়সা দরে বিক্রি হচ্ছে। সাধারণ মানুষ তাতে একবেলাও খেতে পাচ্ছে না। সেজন্য আমি অনুরোধ করব, অবিলম্বে কার্ড-হোল্ডার যারা সি এবং ডি তাদের চাল এবং গমের পরিমাণ আগের মত বাড়িয়ে দেওয়া হোক। আমি এই বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীঅশ্বিনী রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুতর বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেটি হচ্ছে স্মল এবং কটেজ ইন্ডাস্ট্রি বিভাগ সম্পর্কে। বর্ধমান জেলার কাটোয়া এবং কালনা সেখানে আজ ২০ হাজার তন্তুজীবীরা বেকার হয়ে পড়েছে।

তারা সস্তায় বা ন্যায্য দামে সুতা পাচ্ছে না। সেজন্য তারা পুরানো সেই মহাজনদের কাছ থেকে ঋণ নিচ্ছে এবং আবার তাদের কাছেই তাঁতের কাপড় কম দামে বিক্রি করতে বাধ্য হচ্ছে। তাঁতের কাপড়ের বাজার না থাকার জন্য এবং সরকার থেকে কেনার ব্যবস্থা না থাকার জন্য বা ব্যাঙ্ক থেকেও কোনরকম ঋণ না পাবার জন্য গ্রামের সেই পুরানো মহাজনদের কাছেই তারা কাপড় বিক্রি করতে বাধ্য হচ্ছে। এইজন্য প্রায় ২০ হাজার তন্তুজীবী আজ বেকারির সম্মুখীন হয়েছে। আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব যাতে এদের বাঁচানোর কোন ব্যবস্থাপনা তিনি গ্রহণ করেন যেমন অন্ধ্র, তামিলনাড়ু ও কেরলে যে ধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে সেই রকম একটা কিছু ব্যবস্থা গ্রহণ করুন এই অনুরোধ জানাব।

শ্রীতপন চ্যাটার্জি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর একটি গুরুতর বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই। কলকাতার ডাঃ আর আমেদ ডেন্টাল হসপিটালে গত ৫ই মার্চ, ১৯৭২ তারিখ থেকে ছাত্ররা অনির্দিষ্টকালের জন্য ধর্মঘট ক'রে আছে যার জন্য হাজার হাজার রোগীর প্রত্যহ অসুবিধা হচ্ছে। ছাত্রদের একমাত্র দাবি হচ্ছে যারা বি ডি এস পাশ করেছে কিংবা পড়ছে তাদের এক বছরের জন্য কনডেন্স এম বি কোর্স প্রবর্তন ক'রে তাদের এম বি বি এস ক'রে দেওয়া হোক। আজকে গ্রামে এম বি বি এস ডাক্তারদের দারুণ অভাব। সেই পরিপ্রেক্ষিতে এদের যাঁরা বি ডি এস পাশ করছেন বা পড়ছেন তাঁরা যদি কনডেন্স এম বি বি এস কোর্সের সুযোগ পান, তা হ'লে গ্রামের ডাক্তারদের অভাবের সমস্যার খানিকটা সমাধান হবে। তা ছাড়া ডেন্টাল কলেজে পড়তে অনেক পয়সা তাদের ব্যয় হয়, কিন্তু সেই অনুযায়ী তারা জীবিকা অর্জন করতে পারে না এবং তাদের মধ্যে হতাশা এবং বেকারত্ব দেখা দিচ্ছে। ইতিমধ্যে কলকাতা বিশ্ববিদ্যালয় তাঁরা বি ডি এস কোর্সের পর কনডেন্সড এম বি বি এস কোর্স করার জন্য সম্মতি দিয়েছেন, কিন্তু কয়েকজন স্বাস্থ্য দপ্তরের আমলাদের জন্য এই ব্যবস্থা বানচাল হয়ে যাচ্ছে। সুতরাং আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব যারা বি ডি এস পড়ছে বা পাশ করেছে তারা যাতে কনডেন্সড এম বি বি এস কোর্স পড়ার সুযোগ পায় সেই বিষয়ে মাননীয় মন্ত্রিমহাশয় বিশেষ দৃষ্টি দেবেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

শ্রীকৃষ্ণপদ রায়: মাননীয় স্পীকার মহাশয়, আমি গতকালকার সন্ধ্যায় একটি ঘটনার কথা আপনার সামনে এবং স্বরাষ্ট্র দপ্তরের মন্ত্রীর কাছে পৌঁছে দিতে চাই। ঘটনাটি এই। সর্বজনপরিচিত [illegible] অত্যন্ত পরিচিত একজন কংগ্রেস কর্মী শ্রীদুলাল মাঝি গতকাল সন্ধ্যা ৬টার সময় নকশালপন্থী যুবক ব'লে কথিত এবং পরিচিত আততায়ীর দ্বারা প্রকাশ্য স্থানে গুলীবিদ্ধ হয়ে নিহত হয়েছেন। আমরা জানি অত্যন্ত সুপরিকল্পিতভাবে শ্রীদুলাল মাঝিকে উগ্রপন্থী যুবকরা, খানিকটা রিভেঞ্জ হিসাবে বলা যেতে পারে, হত্যা করেছে। যখন নকশালপন্থী আন্দোলন হাওড়ায় ব্যাপকভাবে চলে, তখন শ্রী মাঝি অত্যন্ত সাহসিকতার সঙ্গে তাদের বিরুদ্ধে ভূমিকা গ্রহণ করেছিলেন এবং তাদের অধিকাংশকে ধরিয়ে দেবার জন্য পুলিসকে সাহায্য করেছিলেন। তিনি সেদিন সাহসিকতার সঙ্গে জাতীয়তাবাদী আদর্শ নিয়ে নকশালপন্থীদের বিরুদ্ধে এগিয়ে গেছলেন ব'লেই তাদের গুলীর আঘাতে আজকে তাঁকে প্রাণত্যাগ করতে হয়েছে। মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রী এখানে উপস্থিত আছেন, আমি তাঁদের কাছে এই ঘটনাপ্রসঙ্গে জানতে চাই, যেসমস্ত ক্রিমিন্যাল নকশালপন্থী বহু মার্ডারের সঙ্গে যুক্ত থাকার পরেও আদালত থেকে মুক্ত হয়ে বাংলাদেশের শহরে এবং গ্রামের নানা জায়গায় নিরাপদে ঘুরে বেড়াচ্ছে, তাদের সম্পর্কে সরকার কি চিন্তা করছেন, তাঁদের পুলিস দপ্তরই বা কি চিন্তা করছেন, এই সম্পর্কে একটা সিদ্ধান্ত এখনই আমাদের জানিয়ে দিন। এই যে আততায়ী কাল গুলী চালিয়েছে, সে এবং হাওড়ার নকশাল আন্দোলনের প্রথম সারির নেতা কান্দু এবং আর কয়েকজন পাঁচটা পর্যন্ত বিভিন্ন স্থান থেকে এসে এক জায়গায় এই ঘটনার কিছু আগে মিলিত হয়েছিল। আমি এই সন্দেহ এবং আশঙ্কা প্রকাশ করছি যে, সরকারের এই শান্তি পরিস্থিতির সুযোগ নিয়ে এই নকশালীরা বাংলাদেশের কোথাও সংগঠিত হয়ে অতর্কিতে আঘাত ক'রে জনগণকে ভীত সন্ত্রস্ত করার চেষ্টা করছে। শ্রীদুলাল মাঝির মত জাতীয়তাবাদী কংগ্রেস কর্মীর রক্তপাত আমাদের কাছে নতুন কিছু নয়। কিন্তু আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে

জানতে চাইছি, এই ধরনের আততায়ীর বিরুদ্ধে ব্যবস্থা নেবার জন্য সরকার কি চিন্তা করছেন, রাজনৈতিক দিক থেকেই বা আমরা কি ব্যবস্থা নিতে পারি, এটা আমাদের জানা দরকার আছে। এই কথা ব'লে আমি মাননীয় স্পীকার মহাশয়, আশা করব যে, মাননীয় স্বরাষ্ট্র-মন্ত্রী এবং মুখ্যমন্ত্রী মহাশয় এই রকম গুরুতর ব্যাপার যাতে বন্ধ হয় তার জন্য জবাবে কিছু বলবেন।

শ্রীসিদ্ধার্থশংকর রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য খুবই গুরুত্বপূর্ণ প্রশ্ন উত্থাপন করেছেন বিধানসভায়, ব্যাপারটা নিশ্চয়ই গুরুত্বপূর্ণ এবং এর জন্য আমরা ব্যবস্থা করছি। ৬ জনকে গ্রেপ্তার করা হয়েছে, মাননীয় সদস্য বোধ হয় জানেন। আমি অনুরোধ করব মাননীয় সদস্যকে যে, তিনি ঐ অঞ্চলের মানুষকে জানাবেন যে, এই ব্যবস্থা সরকার নিয়েছেন এবং যা করণীয় তা নিশ্চয় সরকার করবেন।

Shri A. H. Besterwitch: Mr. Speaker, Sir, I am lucky since the Chief Minister and the Minister of State for Home Affairs are here. Yesterday, while coming from Siliguri some persons came and surrounded me and complained that girls of the Railway Higher Secondary School in the Railway Colony were molested by some people. It happened on the 28th February, 1973. The girls, they believed, somehow or other got rid of these people and went to the school and the ruffians also followed them up to the school. When a boy protested he was very badly assaulted. After this the parents and guardians of the girls along with a couple of students went to the Headmaster and make a report and asked for protection. But it so happened that on their return these parents and guardians were warned that if they proceeded on like this they would face severe consequences.

[2-50—3-20 p.m.]

I request the Chief Minister to look into this matter so that the girls of this school are not molested in this way. When I asked them—"who are these people"? They said, "they are all wagon breakers and belong to some political party". Sir, I do not wish to express anything more. I want to be in anyway impartial. I also want the Government to make enquiry into this and I will be very happy if I get a report in this House.

শ্রীকাশীনাথ পাত্র: মাননীয় স্পীকার মহোদয়, আপনি নিশ্চয়ই জানেন আগামীকাল ২০এ মার্চ থেকে হায়ার সেকেন্ডারি পরীক্ষা আরম্ভ হচ্ছে। কিন্তু সেকেন্ডারি বোর্ডের কার্যকলাপ আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীকে জানাতে চাই। আমার ব্লকে দশঘরা পরীক্ষা কেন্দ্রের ছাত্র-ছাত্রীর সংখ্যা ৬০১। অথচ প্রশ্নপত্র বাংলার গেছে ৩৯০খানা এবং ইংরেজীর গেছে ৩৯০খানা। এর দ্বারা কোনক্রমেই পরীক্ষা চালানো যেতে পারে না। যে চিঠি গেছে ইনচার্জের কাছে তা খুলে দেখা গেল হরিপাল সেন্টারের চিঠি। কিন্তু দশঘরার চিঠি কোথায় গেল? খোঁজখবর নিয়ে জানলাম, দশঘরার চিঠি গিয়ে হরিপালে হাজির হয়েছে। এই যে অব্যবস্থা—আজকের মধ্যে এই সম্পর্কে একটা বিহিত ব্যবস্থা না হ'লে কালকে সেন্টারের পরীক্ষা বন্ধ হয়ে যাবে। এই সম্পর্কে অবিলম্বে ব্যবস্থা অবলম্বনের জন্য সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

Shri Sheik Daulat Ali:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয় আপনার কাছে উল্লেখ করছি এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল ডায়মন্ডহারবারের একটা অয়েল মিলের মালিক গোপালচন্দ্র চণ্ডী—তিনি সরষের বীজ ভাঙ্গানোর নাম ক'রে ১৩ বস্তা শেয়ালকাঁটার

বীজ ভাঙাছিলেন, তখন কংগ্রেসের তরুণ কিছু কর্মী সেখানে গিয়ে জড়ো হন এবং প্রতিবাদ জানান। ফলে পুলিস তাকে গ্রেপ্তার করে। আজকে আসবার সময় জানতে পারলাম পুলিস ঐ অসাধু দুর্নীতিপরায়ণ কালোবাজারী মিলমালিককে অবিলম্বে ছেড়ে দেবার ব্যবস্থা করছেন। এটা খুবই দুঃখের যে, যে তেল খেলে মানুষ পঙ্গু হয়ে যায়, সেই শেয়ালকাঁটার তেলকে সরষের তেল ব'লে চালাবার এরা চেষ্টা করছে। এই সম্পর্কে আমি দাবি করছি এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, এইরকম অসাধু দুর্নীতিপরায়ণ কালোবাজারী তেলকলের মালিককে অবিলম্বে 'মিসা'য় আটক ক'রে তদন্ত করা হোক।

ডায়মন্ডহারবার নদীপথে জাহাজ চলাচল করে। আমার কাছে খবর—রাতের অন্ধকারে ঐ সব জাহাজ থেকে এই শেয়ালকাঁটার বীজ সরষের বীজ ব'লে আমদানি করা হয়। আমি দাবি করছি এই বিষয়ে একটা পূর্ণাঙ্গ তদন্ত করা হোক এবং এই ধরনের মিলমালিকরা যাতে উপযুক্ত শাস্তি পায় তার ব্যবস্থা করা হোক।

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য একটা গুরুত্বপূর্ণ কথা তুলেছেন। তিনি যদি লিখিতভাবে আমাকে দেন, তা হ'লে আমি উপকৃত হব। মিলমালিক সে তেলেরই হোক, কিংবা চালেরই হোক— অন্যায় করলে তাকে শাস্তি পেতেই হবে। আপনাকে জানাতে পারি কালকেই সই ক'রে দিয়েছি– বাঁকুড়া জেলার একজন রাইস মিলের মালিককে গ্রেপ্তারের অর্ডার দিয়েছি।

শ্রীঅজিতকুমার গাঙ্গুলীঃ মাননীয় মুখ্যমন্ত্রী একজন দক্ষ ল-ইয়ার, তিনি জানেন অ্যাডাল্টা-রেশন বন্ধ করবার জন্য যে আইন আছে, তাতে বিশেষ কিছুই করা যায় না। মার্ডারারদের জন্য যেমন কঠোর শাস্তির বিধান আছে, তেমনি ব্যবস্থা যাতে এইসব ক্ষেত্রে নেওয়া যায়, তার জন্য মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি।

সি এম ও এইচ, পুরুলিয়া কর্তৃক এম এল এ-র প্রতি দুর্ব্যবহারের অভিযোগ

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সম্ভবত আপনার টেবিলে একটা তার-বার্তা আছে, শ্রদ্ধেয় দলনেতা মুখ্যমন্ত্রীর কাছে তারবার্তা এসেছে, শ্রদ্ধেয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে তারবার্তা এসেছে ১৭ তারিখে বেলা ১২টার সময় পুরুলিয়া জেলার এম এল এ শ্রীদুর্গাদাস বাউরী জনস্বার্থে কতকগুলো আলোচনার জন্য এবং আরও কয়েকজন রোগীকে হাসপাতালে ভর্তির ব্যাপারে আলোচনা করতে যান। সেখানে তিনি যে সম্প্রদায় থেকে এসেছেন, আপনারা জানেন যে, সেই সম্প্রদায় তফসিলী বাউরী সম্প্রদায়। সি এম ও এইচ রোগী ভর্তির ব্যাপারে বলেন যে, আপনারা কি মনে করেন বাউরী-চাউরী সম্প্রদায়ের লোকদের জন্য রাজকীয় চিকিৎসার ব্যবস্থা করতে হবে? স্বভাবতই শ্রীদুর্গাদাস বাউরী বাউরী সম্প্রদায় নিয়ে কথা বলায় ক্ষুণ্ণ হন এবং সি এম ও এইচ-কে বলেন, আপনি বাউরী সম্প্রদায় নিয়ে কথা বলতে পারেন না। সি এম ও এইচ উত্তেজিত হলেন এবং শ্রীদুর্গাদাস বাউরীকে কঠোর ভাষায় গালাগালি করলেন এবং এমনকি শ্রীদুর্গাদাস বাউরীকে ঘর থেকে চ'লে যেতে বলেন। সি এম ও এইচ-এর ঘর থেকে তিনি মাথা নত ক'রে চোখের জল ফেলতে ফেলতে বেরিয়ে আসেন। পুরুলিয়ার যুব কংগ্রেস, ছাত্র পরিষদের সদস্যদের সামনে এই লাঞ্ছনা এবং অপমান সংঘটিত হয় ১৭ই তারিখে। আমাদের শ্রদ্ধেয় দলনেতা মুখ্যমন্ত্রীর উদ্দেশ্যে এবং আপনার উদ্দেশ্যে জানাই যে, এই নিয়ে তিনটি ঘটনা ঘটল। জয়েন্ট ডাইরেক্টর অফ পঞ্চায়েত শ্রীআবদুল বারি বিশ্বাসকে, শ্রীপঙ্কজ ব্যানার্জিকে একজন শিক্ষা দপ্তরের আমলা এবং পুরুলিয়ার এই ঘটনায় সদস্যদের সম্মানহানি হয়েছে, মর্যাদা নষ্ট হয়েছে এবং শ্রীদুর্গাদাস বাউরীর সঙ্গে অত্যন্ত দুর্ব্যবহার করা হয়েছে! আমরা জানি প্রশাসন চালাতে গেলে প্রশাসকের দরকার এবং আমলাদের সহযোগিতার প্রয়োজন আছে, আমাদের তাঁদের প্রতি ভালবাসা আছে, সব কিছু আছে। কিন্তু আমরা যারা বিধান-সভার সদস্য হয়ে এসেছি তারা নিশ্চয় আমলাদের কাছে আমাদের সম্মান বন্ধক দিয়ে আসি নি, আমরা নিশ্চয়ই তাদের কাছে দাসখত রেখে আসি নি। বার বার তিনবার এই ঘটনা ঘটেছে। জানি না ভবিষ্যতে কতবার ঘটবে এবং পশ্চিমবঙ্গের নির্বাচিত প্রতিনিধিরা আর কতবার এইভাবে অপমানিত এবং লাঞ্ছিত হবেন। এই হাউসের নেতা শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী উপস্থিত আছেন।

তাঁর কাছে বিচার আশা করি। বহু সভ্য আজকে এই ঘটনায় দুঃখ ভারাক্রান্ত রয়েছেন, অনেক সদস্য তাঁর চোখের জল দেখেছেন। তাঁর সঙ্গে এমন ভাষায় কথা বলা হয়েছে যা এই বিধানসভায় উচ্চারণ করা যায় না। আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি এদিকে আকর্ষণ করছি এবং মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি এর প্রতিকার যেন সম্ভব হয়। তা না হ'লে এই আমলারা পশ্চিম-বঙ্গের জনগণের স্বার্থরক্ষার জন্য এই প্রগতিশীল সরকার যে কর্মসূচি গ্রহণ করেছেন সেই প্রগতিশীল কর্মসূচিকে বানচাল করবে, সাধারণ মানুষের মনে আনবেন বিক্ষোভ। এই কথা ব'লে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং আমার বক্তব্য শেষ করছি।

শ্রীতুহিনকুমার সামন্ত: মাননীয় অধ্যক্ষ মহাশয়, ব্যাপারটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আজকে বিধানসভার সদস্যদের বিভিন্ন ক্ষেত্রে যেভাবে অপমান করা হচ্ছে এর জন্য যদি সুচিন্তিতভাবে পন্থা অবলম্বন না করা যায়, তা হ'লে আগামী দিনে বিধানসভার সদস্যদের যেখানে সেখানে আরও বেশি অপমানিত হতে হবে এবং......

Mr. Speaker: Honourable Members, no discussion is allowed. The matter has been placed before the House and the attention of all the Members have already been drawn. I think, there is no scope for any discussion on this subject.

শ্রীনিতাই দেশমুখ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পুরুলিয়া জেলার এম এল এ। এই ঘটনা সেদিন বারোটায় ঘটে। তারপর একটার পর থেকে দোকানে দোকানে আলোচনা হয়। আমাদের বিধানসভা সদস্যদের প্রতি যে ব্যবহার করা হয়েছে তাকে আমরা লাঞ্ছনা ব'লে মনে করছি এবং ভবিষ্যতে এই ঘটনা আবার হবে এই ভেবে আমরা আতঙ্কিত। আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে সত্যিকার এর একটা প্রতিকার হয়।

Mr. Speaker: Attention has already been drawn.

(At this stage the house was adjourned for 20 minutes.)

(After adjournment)

[3-20--3-30 p.m.]

Shri Kumar Dipti Sen Gupta: Mr. Speaker, Sir, may I draw your kind attention to the fact that just now Shri Sukumar Banerjee has mentioned about an insult to an M.L.A. Shri Bauri. Sir, the exact insulting words uttered have not been expressed by Sukumar Babu but the facts have been ascertained by us from Shri Bauri. I understand that when Shri Bauri had stated that he was a Member of the Assembly, that gentleman had the courage and guts to say that "the Assembly is a bogus place attended by worthless people. Let the Assembly go to hell." Sir, this is a clear contempt of the House, and it affects the dignity of the House. As such, many of us, the members, as signatories have filed a petition before you, Sir, for the purpose of bringing this matter to the Privilege Committee for action. Sir, this is not the first incident, and this is not the first time that this incident has occurred. There is a conspiracy to hurl insults not to the M.L.A.s but to the people of West Bengal, and that conspiracy is being hatched by Writers' Buildings. Sir, we would appeal through you to the people's leader, Shri Siddhartha Shankar Ray, either to make a statement or to take some action so that our prestige and dignity, and democracy in West Bengal may be upheld.

Shri Siddhartha Shankar Ray: I think if action is required to be taken, instead of a privilege motion, we can take more effective action than by passing a privilege motion. If you will allow me, I shall deal with the whole matter and take necessary action.

Shri A. H. Besterwitch: It is a serious aspersion on the House and it is for the Speaker to take action.

Shri Kumar Dipti Sen Gupta: Sir, we are grateful to the Hon'ble Chief Minister. Since no less a person than the Hon'ble Chief Minister has assured the House that our interests would be better served not by passing this particular motion and that he would take action, I submit, Sir, that we are not going to press this motion. We offer our sincerest thanks to our Chief Minister for this assurance.

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রিভিলেজ মোশানে আমার নাম ছিল। আমাদের মাননীয় নেতা ব্যবস্থা নেবেন বলেছেন, সেইজন্য আমি আমার মোশান উইথড্র করছি।

শ্রীআদ্যচরণ দত্ত: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমারও নাম আছে, আমি প্রত্যাহার ক'রে নিচ্ছি।

শ্রীনিতাইপদ দেশমুখ: স্যার, এতে আমারও নাম আছে, আমি প্রত্যাহার ক'রে নিচ্ছি।

Mr. Speaker: Honourable Members, as you are not pressing the matter in view of the assurance given by the Leader of the House, on the floor of the House, the matter is dropped.

শ্রীঅনন্তকুমার ভারতী: মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে উত্তর বেলেঘাটায় বন্ধ ডাকা হয়েছে, শোনা যাচ্ছে সেটা পুলিশী সন্ত্রাসের বিরুদ্ধে। কালকে হোলি খেলা হয়েছে। সেখানে কয়েকটি ছেলেকে অ্যারেস্ট করা হয়েছে। কাল বিকাল থেকে আরম্ভ ক'রে এখন পর্যন্ত বহু লোক সেখানে জমায়েত হয়ে বিক্ষোভ জানাচ্ছে এবং আমি আশা করব, আমাদের মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী, প্রিয় মুখ্যমন্ত্রী এখানে উপস্থিত আছেন, এ বিষয়ে তাঁরা নিশ্চয় খবর রেখেছেন এবং এ সম্বন্ধে একটা স্টেটমেন্ট করবেন ব'লে আমি আশা রাখি।

Supplementary Estimates for the year 1972-73

Shri Sankar Ghose: Mr. Speaker, Sir, in terms of Article 205 of the Constitution I lay before the House a statement showing the Estimated Supplementary Expenditure for the year 1972-73 amounting to Rs.169 crore 23 lakh 48 thousand 207 of which the voted items account for Rs.68 crore 73 lakh 66 thousand 501 and the charged items for Rs.100 crore 49 lakh 81 thousand 706. Reasons for the supplementary expenditure have been given under each head in the statement.

VOTING ON DEMANDS FOR GRANTS

DEMAND FOR GRANT No. 22

Major Heads: 31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research

Shri Abdus Sattar: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs.24,84,66,000 be granted for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research."

মাননীয় অধ্যক্ষ মহোদয়, বিগত কয়েক বছরের প্রাকৃতিক দুর্বিপাকের ফলে এ বছর পশ্চিমবাংলাকে অভাবিত এবং দীর্ঘ খরার মধ্য দিয়ে অতিক্রম করতে হয়েছে। এই খরায় রাজ্যের আউশ ও আমন ধান এবং পাটের উৎপাদন দারুণ ক্ষতিগ্রস্ত হয়েছে। ১৯৭১-৭২ সালের মোট উৎপাদন ৫৬·২২ লক্ষ টোনের জায়গায় এ বছরের খরিফ মরশুমে তণ্ডুল জাতীয় শস্যের উৎপাদন ৫২ লক্ষ টোনের বেশি হয়ত হবে না। গত বছরের পাটের মোট উৎপাদন ৩৪·৪ লক্ষ বেলের হিসেবে এ বছর পাটের উৎপাদনে ৭ লক্ষ বেল ঘাটতি অনুমান করা হচ্ছে। উল্লিখিত দু'টি শস্যের ক্ষয়ক্ষতির মোট পরিমাণ হবে প্রায় ৪১ কোটি টাকা। এ বছর গম এবং বোরো ধানের চাষও ভয়ঙ্করভাবে বিপর্যস্ত হয়েছে। আমরা এ বছর এক মিলিয়ন টোন গম এবং এক মিলিয়ন টোন বোরো ধানের উৎপাদন আশা করছি। বিগত বছরের গম ও বোরো ধানের উৎপাদন যথাক্রমে ৯·০৭ লক্ষ টোন এবং ৯·২ লক্ষ টোনের সঙ্গে যদিও এ বছরের গম ও বোরো ধানের প্রত্যাশিত উৎপাদন অঙ্কের তফাৎ খুব বেশি নয়, তবুও বলা যেতে পারে যে, আবহাওয়া অতটা প্রতিকূল না হ'লে আমরা বোরো ও গমের প্রতিটি শস্যই কমপক্ষে ১·৫ মিলিয়ন টোন উৎপন্ন করতে পারতাম।

খরিফ মরশুমের ক্ষয়ক্ষতি যথাসম্ভব পূরণ করতে রবি মরশুমে বাড়তি উৎপাদন সুনিশ্চিত করার জন্য কেন্দ্রীয় সরকারের ১৪ কোটি টাকা সাহায্যে জরুরি কৃষি উৎপাদন কর্মসূচি রূপায়িত হচ্ছে। এই কর্মসূচির মাধ্যমে ১১টি জেলায় সেচের সুযোগ-সুবিধা বাড়িয়ে তোলা হবে। রাজ্য সরকারের ৬·০৭ কোটি টাকার সাধারণ ক্ষুদ্র সেচ কার্যসূচির আওতার বাইরে রাজ্য-সরকার এই জরুরি কর্মসূচি নিয়েছেন। প্রস্তাবিত এই কর্মসূচিতে রাজ্যসরকার ৫২৫টি নদী সেচ প্রকল্প চালু করবেন, ২৫০টি গভীর নলকূপ খনন করবেন এবং অগভীর নলকূপের সঙ্গেই ৭,৫০০ পাম্প সহ সর্বমোট ১৫,০০০ পাম্প বিতরণ করবেন। সাধারণ ক্ষুদ্র সেচ কার্যসূচিতে ২,৫০০ পাম্প সেট বিতরণ করা ছাড়াও ৮০টি নদী সেচ কার্যসূচি রূপায়ণ এবং ৩,০০০ অগভীর নলকূপ বসানোর কাজ আশা করা হয়েছিল। এই কার্যসূচিকে আরও বেশি কার্যকর এবং কম খরচায় করবার জন্যে রাজ্যসরকার উদ্যোগ নিয়েছেন, যাতে মানসম্মত জিনিসপত্র সুলভে বা ন্যায্য দরে পাওয়া যায়। আগে কৃষকরা বাজার থেকে প্রতি ফুট ১০ টাকা থেকে ১১ টাকা হিসেবে সেচের পাইপ কিনতে বাধ্য হত ; অথচ সেগুলোর বেশির ভাগই খুব উন্নত মানের নয়। ইন্ডিয়ান টিউব কোম্পানীর কাছ থেকে বেশি পরিমাণে নিশ্চিত মানের ভালো পাইপ কিনে আমরা ডি জি এস অ্যান্ড ডি দরের ভিত্তিতে প্রতি ফুট ৬·৩০ টাকা হিসেবে কৃষকদের ভালো পাইপ কেনার সুযোগ দিতে পারছি। বিবিধ ক্ষুদ্র সেচ প্রকল্পের প্রয়োজনে ব্যবহৃত এঞ্জিন, পাম্প এবং পাইপের দর কমাবার জন্যেও চেষ্টা করা হয়েছে। পাম্প সেটের সরবরাহ-কারীদেরও ব্লকের হেডকোয়ার্টারে নিখরচায় বা বিনামূল্যে পাম্প সরবরাহের জন্যে বলা হয়েছে। মোটামুটি হিসেব ক'রে দেখা গেছে, এই ব্যবস্থায় প্রায় ১·২৭ কোটি টাকা বেঁচেছে। তার ফলে, সরকারী ঋণ নিচ্ছে এমন কৃষকদের ঋণগ্রস্ততা অনেক কমবে এবং অন্যদিকে নানা প্রকল্পের জন্যে নির্দিষ্ট অর্থেই আরও বেশি সংখ্যক প্রকল্প গ্রহণ করা হবে। নদী সেচ প্রকল্পের পরিমাণ মৌলিক লক্ষ্যমাত্রা ৬০৫ থেকে বাড়িয়ে ৭৩৬ ক'রে তোলা সম্ভব হয়েছে। ১৯৭১-৭২ সাল পর্যন্ত ৯৪০টি নদী সেচ প্রকল্প ছিল এবং মাত্র একটি বছরে ১৯৭২-৭৩ সালে ৭৩৬টি নদী সেচ প্রকল্প চালু করা হচ্ছে। চলতি আর্থিক বছরে কমপক্ষে ১৫,০০০

অগভীর নলকূপ বসানো যেত বলা যেতে পারে। আশা করা যাচ্ছে, এ বছরে নেওয়া, ক্ষুদ্র সেচ প্রকল্পগুলোর কাজ পাইপ বসানো, ক্ষেতের নালা তৈরি ইত্যাদি সমেত সম্পূর্ণ হয়ে গেলে রবি মরশুমে ৩ লক্ষ একরে সেচ দিতে সক্ষম হবে এবং খরিফ মরশুমের সেচ এলাকার চেয়ে তা প্রায় দ্বিগুণ হবে।

এ বছর যখন রাজ্যসরকার অগভীর নলকূপের কার্যসূচি গ্রহণ করলেন, ব্যক্তিগতভাবে কৃষকের কাছে তখন তা ঋণ প্রকল্পের মতই মনে হয়েছিল। এই প্রকল্পানুসারে দুই একরের কম জমির অধিকারী ক্ষুদ্র চাষীরা ঋণ নিতে পারতেন না। রাজ্যসরকার প্রকল্পটিকে সংশোধন করতে চাইলেন, যাতে দুই একরের কম জমির মালিক ক্ষুদ্রচাষীরাও ঋণ পেতে পারেন।

ছোট ছোট সুবিধাজনক দলে অন্তর্ভুক্ত হয়ে ক্ষুদ্র চাষীরা এভাবে এই প্রকল্পের সুবিধাদি ভোগের অধিকারী হলেন। কিন্তু এই প্রকল্পের কাজের একটি পর্যালোচনা থেকে দেখা যাচ্ছে যে, এই প্রকল্প থেকে ক্ষুদ্র চাষীরা আশানুরূপ উপকার পাচ্ছেন না। বেশির ভাগ ক্ষেত্রেই অপেক্ষাকৃত ভাল অবস্থাপন্ন কৃষকরাই দল গড়তেন এবং তাঁরা ক্ষুদ্র চাষীদের সেচ এলাকার সুযোগ দিতে চাইতেন না। তাঁরা চাষের এলাকার জন্যে বেশি দরে ক্ষুদ্র চাষীদের কাছে জল বিক্রি করেছেন। সেজন্যে, অগভীর নলকূপের সেচসেবিত এলাকার সমস্ত কৃষকদেরই উপকৃত করার উদ্দেশ্যে কৃষি বিভাগ থেকে বিদ্যুতের সাহায্যে গভীর নলকূপ প্রকল্প রূপায়িত করা হবে বলে রাজ্যসরকার স্থির করেন। এভাবে সেচের আওতায় একটি এলাকাকে সন্নিবদ্ধ ক'রে চূড়ান্ত মাত্রায় উৎপাদন লাভ করা সম্ভব হবে। এবং তা ছাড়া সরকারকে ব্যবহৃত জলের জন্যে শুল্ক দিয়ে ক্ষুদ্র কৃষকরাও সহজে সেচের জল ভোগ করার সুযোগ পেলেন। কৃষি বিভাগ পরিচালিত অগভীর নলকূপ প্রকল্প যেসব জেলায় রূপায়িত হয়েছে, সেসব জেলায় এই প্রকল্প ইতিমধ্যেই খুব জনপ্রিয়তা লাভ করেছে। এই প্রকল্পটি যথেষ্ট উৎসাহ ও উদ্দীপনা সৃষ্টি করার ফলে রাজ্যসরকারকে জরুরি কৃষি কার্যসূচির ব্যয়ের পরিধি ১৪ কোটি টাকা থেকে ১৫·১৪ কোটি টাকায় বাড়িয়ে ক্ষুদ্র সেচ প্রকল্পের জন্যে অধিকতর অর্থ মঞ্জুর করতে হয়েছিল। গভীর নলকূপের তুলনায় অগভীর নলকূপের খরচের দিক থেকে সুবিধাও যে অনেক বেশি, তাও প্রতিপন্ন হয়ে গেছে। হিসেব করে দেখা গেছে যে, আনুমানিক ১ লক্ষ ৩২ হাজার টাকা ব্যয়ে ২৪টি অগভীর নলকূপের একটি গুচ্ছের সাহায্যে নলকূপ বসানোর সঙ্গে সঙ্গে পাইপ লাইন ইত্যাদি না বসিয়েই ২৪০ একর জমিতে সেচ দেওয়া যেতে পারে। অথচ প্রায় একই পরিমাণ অর্থ ব্যয়ে একটি গভীর নলকূপ গড়ে মাত্র ১০০ একরে সেচ দিতে পারে। তা ছাড়া পাইপ লাইন বসানো হ'লে পরে উল্লিখিত পরিমাণ জমিতে ঠিকমত সেচ দেওয়া যেতে পারে। এবং তাতে সময়ও লাগে বেশি। ৩,৬০০ অগভীর নলকূপ চালু ক'রে প্রায় ৩০০ স্থানীয় বেকার যুবকের কর্মসংস্থান করাও সম্ভব।

[3-30—3-40 p.m.]

চলতি বছরে এই ক্ষুদ্র সেচ কার্যসূচির মাধ্যমে দু'টি পর্যায়ে প্রচুর পরিমাণে কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে। প্রথমতঃ নির্মাণ পর্যায়ে এবং তারপর উৎপাদন পর্যায়ে। নির্মাণ পর্যায়ে চাকুরিপ্রাপ্ত দক্ষ কর্মীর সংখ্যা দাঁড়াচ্ছে মোট ৯,০৫৫ এবং অদক্ষ কর্মীর সংখ্যা হচ্ছে মোট ৩,১৭০ জন। উৎপাদন পর্যায়ে একই রকম পরিমাণে কর্মসংস্থান হচ্ছে এবং চাকুরিপ্রাপ্ত কর্মীর সংখ্যা দাঁড়াচ্ছে ১·২ লক্ষ। এই পর্যায়ে পুরোপুরি চাকুরিপ্রাপ্তের সংখ্যা হিসেব করা হচ্ছে প্রতি কর্মীর বছরে ২৫০ দিন কাজের ভিত্তিতে। কর্মসংস্থানের এই রকম বরাদ্দ ছাড়াও, বিপণন, পরিবহণ, সংরক্ষিত কৃষি উৎপাদন বিক্রয় ইত্যাদির মাধ্যমে আনুষঙ্গিক এবং আংশিক কাজে লোক নিয়োগের সম্ভাবনা বরাবরই থাকবে। এই ধরনের কর্মসংস্থানের হিসাব উৎপাদন পর্যায়ে মোট কর্মবিনিয়োগের পরিমাণের শতকরা ১০ জন ধরা যেতে পারে। এবং আনুষঙ্গিক ও আংশিক ধাঁচের কর্মসংস্থান বাবত পুরোপুরি চাকুরিপ্রাপ্ত ব্যক্তির সংখ্যা হচ্ছে মোট ১২,০০০। তাছাড়া গভীর নলকূপ এবং নদী থেকে জল উত্তোলনের কাজ পরিচালনা করার জন্যে ২,০০০ দক্ষ কর্মী এবং ৭৩৭ জন অদক্ষ কর্মী কারিগরি (টেকনিক্যাল) কর্মী ও অকারিগরি (নন-টেকনিক্যাল) কর্মী হিসেবে স্থায়ী চাকুরি পাবেন।

রাজ্যসরকারের বিভিন্ন ক্ষুদ্র সেচ প্রকল্প বাবত ওয়েস্ট বেঙ্গল অ্যাগ্রো-ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের মাধ্যমে পাম্প সেট বিলি করা হচ্ছে। তার ফলে চলতি আর্থিক বৎসরে এই সরকারী প্রতিষ্ঠানটির প্রায় ১৬ লক্ষ টাকা লাভ করার সুযোগ হবে। কৃষকদের কল্যাণের উদ্দেশ্যে গঠিত সরকার পরিচালিত এই কর্পোরেশন ইতিমধ্যেই ২৭টি অ্যাগ্রো সার্ভিস সেন্টার খুলেছে। চার-পাঁচ মাসের মধ্যেই ২৭ থেকে বেড়ে গিয়ে এই সংখ্যা ১০০তে গিয়ে পৌঁছবে। মেরামতি ও অন্যান্য সাহায্য সুযোগ সহ ন্যায্য দরে কৃষকরা যাতে উত্তম মানের জিনিস পেতে পারে, সেজন্যে কর্পোরেশন ডিজেল এঞ্জিন তৈরি করার প্রস্তাবও দিয়েছে। অদূরভবিষ্যতে বিদ্যুৎচালিত ঝাড়াই যন্ত্র এবং ওষুধ ছিটোনোর যন্ত্র তৈরি করারও একটি কার্যসূচি কর্পোরেশনের রয়েছে।

১৯৭৩ সালে পশ্চিমবঙ্গের আনুমানিক জনসংখ্যা ৪৬·৮৩ মিলিয়নের জন্যে মাত্র ১৩·৭৮ মিলিয়ন একর চাষের জমি নির্দিষ্ট। ১৯৭১ সালের জনগণনার ওপর শতকরা ২·৫ ভাগ লোক বৃদ্ধির হিসাবে ১৯৭৩ সালের জনসংখ্যা ধরা হচ্ছে। এ রাজ্যে মাথাপিছু এক বিঘারও কম জমি জুটছে। খাদ্যের প্রয়োজনে এ রাজ্যে ৮৩·৫৫ লক্ষ টোন তন্ডুল জাতীয় শস্যের প্রয়োজন ধরে নেওয়া হচ্ছে। অবশ্য শস্যের অপচয়, বীজের জন্যে মজুত ইত্যাদি বাদ দিয়েই এই পরিমাণ ধরা হচ্ছে। পরিকল্পনা কমিশন এবং কেন্দ্রীয় কৃষি মন্ত্রকের সঙ্গে পরামর্শক্রমে রাজ্যের তন্ডুল জাতীয় শস্য উৎপাদনের লক্ষ্যমাত্রা ১৯৭৩-৭৪ সালে ৮১·৪০ লক্ষ টোন ধার্য হয়েছিল। সেজন্যে আমরা বাড়তি ১ মিলিয়ন টোন তন্ডুল জাতীয় শস্য উৎপাদনের উদ্দেশ্যে জরুরী উৎপাদন কার্যসূচি গ্রহণ করার প্রস্তাব করছি। অবশ্য কেন্দ্রীয় সরকারের কাছে এই উদ্দেশ্যে পেশ করা প্রকল্পটি মঞ্জুর হয়। অনুমান করা হচ্ছে, ক্ষুদ্র সেচ প্রকল্পে ৩৫-৪০ কোটি টাকা বিনিয়োগ করতে পারলে এবং প্রকল্প রূপায়ণে যথেষ্ট সংখ্যক কর্মচারীর এবং চাষীর সহযোগিতা পেলে গম এবং চালের বাড়তি ১ মিলিয়ন টোন উৎপাদন সম্ভব হবে। এবং এই বাড়তি উৎপাদনের বাৎসরিক মূল্য প্রায় ১০০ কোটি টাকা, তা ছাড়া এই প্রকল্প রূপায়ণের ফলে রবি মরশুমে ৫·২০ লক্ষ একরে এবং খরিফে প্রায় ৮ লক্ষ একরে সেচ শক্তি সম্প্রসারিত করা যাবে।

বোরো ধান চাষের উৎসাহ দেখে কৃষি বিভাগ বোরো চাষের জরুরী কর্মসূচির মাধ্যমে দু' বছরের মধ্যে খাদ্যে স্বয়ম্ভরতা লাভের উদ্দেশ্যে ১৯৭২ সালে একটি আশাব্যঞ্জক পরিকল্প তৈরি করেছেন। এই প্রকল্পটি দু' বছরের মধ্যে রূপায়িত করার জন্যে মোট ৫৫ কোটি টাকা ধার্য হয়েছিল। কৃষি মন্ত্রক এই প্রকল্পটির উচ্চ প্রশংসা করেছেন এবং কৃষি বিভাগ কর্তৃক নির্দিষ্ট সময় মেয়াদ দু' বছরের জায়গায় তিন বছরের মধ্যে প্রকল্পটি সম্পন্ন করার আদেশ মঞ্জুরের জন্যে সুপারিশ করেছেন। এই কর্মসূচির জন্যে কেন্দ্রীয় কৃষি দপ্তরকে ১০ কোটি টাকা অবিলম্বে মঞ্জুরের জন্যেও সুপারিশ করা হয়েছে। এই প্রকল্প গ্রহণের আগে পশ্চিমবঙ্গ খরা কবলিত হয়ে পড়েছিল এবং সেজন্যে কেন্দ্রীয় সরকার গ্রামীণ কার্যসূচির অংশ হিসেবে ১৪ কোটি টাকা বরাদ্দের জরুরি কৃষি উৎপাদন কার্যসূচি মঞ্জুর করেছিলেন। যেহেতু আমরা জরুরি উৎপাদন কার্যসূচি সাফল্যের সঙ্গে রূপায়িত করতে সক্ষম হয়েছি, সেজন্যে তন্ডুল জাতীয় শস্যে স্বয়ম্ভর হতে জরুরি কার্যসূচির একটি বৃহত্তর প্রকল্প গ্রহণ করার জন্যে আমরা কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানিয়েছি।

[3-40—3-50 p.m.]

মাঝে মাঝে প্রাকৃতিক দুর্যোগ সত্ত্বেও এই বিভাগের কাজ যে বেশ সন্তোষজনকভাবেই এগিয়েছে তা ১৯৬৬-৬৭ এবং ১৯৭১-৭২ সালের তন্ডুল জাতীয় শস্যের উৎপাদনের দিকে তাকালেই বুঝতে পারি। ১৯৬৬-৬৭ সালে যেখানে তন্ডুল জাতীয় শস্যের উৎপাদন হয়েছিল ৪১·৫৬ লক্ষ টোন, সেখানে ১৯৭১-৭২ সালে হয়েছে ৭৫·৪৩ লক্ষ টোন।

বেশি মাত্রায় সার ব্যবহার, অধিক ফলনশীল শস্যের ব্যাপক প্রচলন, উন্নত মানের চাষব্যবস্থা, প্রকল্পানুযায়ী সেচ ব্যবস্থার সম্প্রসারণ এবং চাষীভাইদের সক্রিয় সহযোগিতার ফলেই এই উৎপাদন বৃদ্ধি সম্ভব হয়েছে। বিভিন্ন সেচ প্রকল্পগুলির সঠিক রূপায়ণের ফলে আজ দেশের

দিকে দিকে সেচ ব্যবস্থা সুসম্প্রসারিত হয়েছে। এ রাজ্যে, ১৯৭১-৭২ সালের শেষ পর্যন্ত ১,৭৫৬টি গভীর নলকূপ বসানো হয়েছে, এর মধ্যে বিদ্যুৎ সংযোগ করা হয়েছে ১,৬৭৮টিতে। ৯৪৩টি নদী-সেচ ব্যবস্থা চালু হয়েছে ১৯৭১-৭২-এর শেষ পর্যন্ত। বর্তমানে এই সমস্ত নলকূপের আনুষঙ্গিক কাজ গ্রহণ করা হয়েছে। এ ছাড়াও এ রাজ্যের বিভিন্ন অংশে এখন অনেকগুলো ক্ষুদ্র সেচ এবং জলনিকাশের নালা তৈরির প্রকল্পের কাজ চলছে।

কৃষকদের তরফ থেকে সারের চাহিদা বৃদ্ধি এবং জাতীয় ক্ষেত্রে সারের অপ্রতুলতার জন্যে আমাদের রাজ্যেও এর যথেষ্ট ঘাটতি রয়েছে। তা ছাড়া কেন্দ্রীয় সরকারও এবার বাইরে থেকে যথেষ্ট পরিমাণ সার আমদানি করতে পারছেন না। সার পরিবেশকদের দিক থেকেও অনেক রকম কেলেঙ্কারির কথা আমরা বিভিন্ন জেলা থেকে পাচ্ছি। যথাসম্ভব বিভিন্ন জায়গা থেকে সার সংগ্রহ এবং তার সুষ্ঠু বণ্টনের জন্যে আমরা সম্ভাব্য সব ব্যবস্থাই নিয়েছি। অ্যাগ্রো ইন্ডাস্ট্রিজ করপোরেশন এবং বিভিন্ন সমবায় সমিতির মাধ্যমে অনেক সার বিলি করা হয়েছে। জেলার সমস্ত অফিসার এবং সার পরিদর্শকদের এ ব্যাপারে তীক্ষ্ণ দৃষ্টি রাখতে বলা হয়েছে এবং তাঁদের নির্দেশ দেওয়া হয়েছে, তাঁরা যেন তাঁদের এলাকায় মাঝে মাঝেই ঘুরে দেখেন এবং পরিবেশকদের কোন দুর্নীতি দেখলেই তার যথাযোগ্য ব্যবস্থা গ্রহণ করেন। এই দুর্নীতির ব্যাপারে কোন ঘটনা জানতে পারলে বর্তমান সরকারের তরফ থেকেও তার কঠোর শাস্তির ব্যবস্থা করা হচ্ছে। আমাদের মোট প্রয়োজনীয় ৪·৯৪ লক্ষ টোন সারের জায়গায় ১৯৭৩ সনের ফেব্রুয়ারি মাস পর্যন্ত পেয়েছি মাত্র ২·২১ লক্ষ টোন। এই ঘাটতি বিশেষ ক'রে দেখা যাচ্ছে, নাইট্রোজেন জাতীয় সার এবং তার মধ্যে ইউরিয়া সারের ক্ষেত্রেই সবচেয়ে বেশি। এদিকে আমার ইউরিয়া সারের চাহিদাও সবচেয়ে বেশি। এ বছরে মোট প্রয়োজনীয় ১·৫০ লক্ষ টোন ইউরিয়া সারের ক্ষেত্রে গত ফেব্রুয়ারি মাসের শেষ পর্যন্ত আমরা সংগ্রহ করতে পেরেছি মাত্র ৩৮,০৫২ টোন। সার ক্রয় ঋণ বণ্টন করার জন্যে বিভিন্ন জেলার কালেক্টারদের মোট ৪,৮৪,৯৮,০০০ টাকা এর মধ্যেই দেওয়া হয়েছে।

সার এবং অন্যান্য ঋণ ছড়িয়ে দেওয়া হচ্ছে—(১) বর্গাদারদের, যাঁদের ৪ একরের বেশি জমি নেই ; (২) উদ্বাস্তু কৃষক যাঁদের নিজেদের জমি নেই, অথচ ৫ একর পর্যন্ত সরকারী জমিতে চাষ করছেন ; এবং (৩) বাৎসরিক লাইসেন্সের ভিত্তিতে ৪ একর পর্যন্ত সরকারী ন্যস্ত জমিতে যাঁরা চাষ করছেন, তাঁদের।

গত বছরের বন্যা এবং এ বছরের খরায় অগণিত কৃষকদের দুঃখ-দুর্দশার কথা চিন্তা ক'রে সরকার স্থির করেছেন যে, যেসমস্ত কৃষক আগের ঋণ পরিশোধ করতে পারেন নি, তাঁরাও এ বছর এই সার বা অন্যান্য কৃষি ঋণ পাবেন।

শস্যোৎপাদন বাড়ার দুটি প্রধান কারণ হচ্ছে, অধিক ফলনশীল শস্যের ব্যাপক প্রচলন এবং একই জমিতে একাধিক শস্যের উৎপাদন। এ দুটিতেই উৎসাহজনক ফল পাওয়া গেছে। গত কয়েক বছরের মধ্যে আমাদের এখানে গম চাষের এলাকা এবং উৎপাদন বেড়েছে বিপুলভাবে। গত ১৯৬৭-৬৮ সালে যেখানে চাষ হয়েছিল মাত্র ১,৯৫,২১৬ একর জমিতে এবং উৎপাদন হয়েছিল মাত্র ৭১,০০০ টোন, সেখানে ১৯৭১-৭২ সালে গম চাষের জমির এলাকা বেড়ে দাঁড়িয়েছে ১০,৪৩,৭৪৮ একরে এবং উৎপাদন হয়েছে ৯,২১,০০০ টোন। ১৯৭৩-৭৪ সালে গম চাষের লক্ষ্যমাত্রা স্থির হয়েছে ১৫ লক্ষ একর। দেশব্যাপী খরা এবং বৃহৎ জলাধারগুলি থেকে জল না পাওয়ায় ১৯৭২-৭৩ সালের গম চাষের লক্ষ্যমাত্রা ১৫ লক্ষ একরে আমরা পৌঁছোতে পারি নি।

ডি ভি সি থেকে এবার মাত্র ৩ লক্ষ একর ফিট জল পাওয়া যাবে, যেখানে গত বছর প্রায় ৮ লক্ষ একর ফিট জল তাঁরা দিয়েছিলেন। এই পরিপ্রেক্ষিতে আপৎকালীন ব্যবস্থা হিসেবে কৃষি বিভাগ ৯টি জেলাতে বোরো বাঁধ তৈরি করার জন্য ২৫ লক্ষ টাকা মঞ্জুর করেছেন। এতে আরও প্রায় ১ লক্ষ একর জমি বোরো ধান চাষের আওতায় আসবে। গত ১৯৬৭-৬৮ সালে বোরো

ধানের চাষ হয়েছিল মাত্র ১,৩৫,৪১৫ একর জমিতে এবং উৎপাদন হয়েছিল ১,১০,৫০০ টোন, সেখানে ১৯৭১-৭২ সালে এর চাষ এয়েছে ৭,৫২,৪৪৭ একরে এবং উৎপাদন দাঁড়িয়েছে ৯,৩৩,৯০০ টোনে।

চতুর্থ পরিকল্পনায় একই জমি থেকে একাধিক ফসল তোলার লক্ষ্যমাত্রা স্থির হয়েছিল ৩১,৬২,০০০ একরে, তবে সেচ এবং জলনিকাশী ব্যবস্থা সম্প্রসারণের ফলে ১৯৭৩-৭৪ সালের শেষভাগে আরও ১৮,৬৭,০০০ একর জমি এর আওতায় আসবে বলে আশা করা যাচ্ছে।

এদেশে প্রধান বৈদেশিক মুদ্রা আহরণকারী পণ্য—পাট চাষের প্রতিও যথারীতি গুরুত্ব আরোপ করা হয়েছে। কেন্দ্রীয় সরকারের সাহায্যপ্রাপ্ত পাটের বিশেষ প্যাকেজ পরিকল্পনায় ১৯৭৩-৭৪ সালে ৬২,৫০০ একর জমিতে পাট চাষ হবে বলে স্থির হয়েছে। পাটের আঁশের ন্যায়সঙ্গত মূল্য সম্পর্কে আমাদের মত আমরা কেন্দ্রীয় সরকারের কৃষি মূল্য কমিশনকে জানিয়ে দিয়েছি। আমরা বলেছি, প্রাথমিক বাজারে পাটের ন্যায্যমূল্য কুইণ্টাল প্রতি ১৫৩ টাকা হওয়া উচিত এবং এতে কৃষকরা ন্যায্য লাভও যেমন পাবেন, পাটচাষে উৎসাহিতও হবেন তেমনি। বর্তমানে এ বিষয়টি কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন রয়েছে

পশ্চিমবঙ্গে খাবার তেল এবং ডা'লের যথেষ্ট ঘাটতি রয়েছে। কৃষি বিভাগ ১৯৭৩-৭৪ সালের শেষ, অর্থাৎ চতুর্থ পরিকল্পনার শেষ পর্যন্ত এরাজ্যের লোকের প্রয়োজনীয় খাবার তেল এবং ডা'লের একটা হিসেব নিয়েছেন। হিসেব অনুযায়ী আমাদের প্রয়োজনীয় ডা'লের প্রায় ৪৯ শতাংশ এবং খাবার তেলের ৫ শতাংশ এখানকার উৎপাদনেই মিটবে। এ দু'টি কৃষি পণ্যের উৎপাদনের ক্ষেত্রে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণ করা হয়েছে। আমাদের উদ্দেশ্য হচ্ছে সেচ, সার এবং রাইজোবিয়াম কালচার ব্যবহারের মাধ্যমে ডা'ল শস্যের উৎপাদন বাড়ানো এবং তা একটা খুব কঠিন কাজও নয়। কিন্তু খাবার তেলের ঘাটতি মেটাতে হ'লে আমাদের খরিফ চাষের পর ফেলে রাখা ধানী জমিতে দ্বিতীয় একটি শস্য তুলতে হবে। এবং দ্বিতীয় শস্য হিসেবে সূর্যমুখী, বাদাম এবং তুলোর চাষ করা হবে ব'লে স্থির হয়েছে। তুলোতে শুধু আঁশই নয়, এর থেকে খাবার তেলও পাওয়া যায়। এ জাতীয় শস্যসমূহের চাষ হ'লে গ্রামে কৃষিভিত্তিক শিল্প গ'ড়ে উঠবে এবং বেশ কিছু লোকের কর্মসংস্থানেরও সুযোগ হবে। এখানে উল্লেখ করা যেতে পারে পশ্চিমবঙ্গে প্রতি বছর ২২ কোটি টাকারও বেশি তুলোর আঁশ এবং ৩১ কোটি টাকার মত খৈল আমদানি করতে হয়। সূর্যমুখী এবং বাদাম তেল সহ খাবার তেলের ক্ষেত্রে যদি আমরা স্বয়ংসম্পূর্ণতা অর্জন করতে পারি তা হ'লে প্রতি বছর ১১০ কোটি টাকার একান্ত প্রয়োজনীয় পণ্যসামগ্রী আর আমাদের অন্য রাজ্যে থেকে আমদানি করতে হবে না।

[3-50—4-00 p.m.]

কৃষিপণ্যের উৎপাদকরা যাতে ঠিকমত লভ্যাংশ পান এবং উৎপাদন আরও বাড়াতে উৎসাহিত হন তার জন্যে বিপণনের সুযোগ বৃদ্ধি করার সক্রিয় ব্যবস্থাদি নেওয়া হয়েছে। এই পরিপ্রেক্ষিতে ১৯৭২ সালের আগস্ট মাসে পশ্চিমবঙ্গ বিধানসভায় অনুমোদিত পশ্চিমবঙ্গ কৃষি বিপণন (নিয়ামক) আইনটি প্রয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়েছে এবং এটি শীঘ্রই সারা রাজ্যে চালু হবে। এই আইনটি চালু হবার সিদ্ধান্ত নেবার সঙ্গে সঙ্গেই দু'টি প্রকল্প তৈরি করা হয়েছে যার মাধ্যমে কৃষিজাত দ্রব্যাদির সুষ্ঠু বিপণনের জন্য প্রয়োজনীয় সংস্থাদি গঠন করা যায়।

বিশ্ব ব্যাংকের কাছ থেকে ১২ কোটি টাকার দীর্ঘ মেয়াদী ঋণ নিয়ে ৫০টি নির্দিষ্ট বাজার প্রতিষ্ঠার উদ্দেশ্যে ১৪·২২ কোটি টাকার একটি প্রকল্প বিশ্ব ব্যাংকের অনুমোদিত আন্তর্জাতিক উন্নয়ন সংস্থার কাছে পেশ করা হয়েছে। কিছুদিন আগে বিশ্ব ব্যাংকের এক পর্যবেক্ষক দল এই উদ্দেশ্যে কলকাতায় এসেছিলেন এবং তাঁরা আমাদের অনুকূলে প্রকল্পটি বিবেচনা করবেন বলে আশ্বাস দিয়েছেন। এ ছাড়া কেন্দ্রীয় সরকার, কৃষি অর্থ বিনিয়োগ সংস্থা, স্টেট ব্যাঙ্ক এবং অন্যান্য রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের সাহায্য নিয়ে আরও ১১টি কৃষি বিপণন কেন্দ্রের উন্নয়নের জন্যে আরেকটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। কংসাবতী প্রকল্পের অন্তর্গত অঞ্চলসমূহের বিপণন

ব্যবস্থার উন্নয়নের জন্য ১৯৭১-৭২ সালে যেসমস্ত বাজার ও যোগাযোগরক্ষাকারী রাস্তা নির্মাণের কাজ শুরু হয়েছিল, তা এখনও চলছে। এই কাজ ১৯৭৪ সালের মার্চ মাসের মধ্যেই শেষ হয়ে যাবে। এর সবটাই কেন্দ্রীয় সরকারের অর্থানুকুল্যে সম্পন্ন হচ্ছে।

ক্ষুদ্র ও প্রান্তিক চাষী এবং কৃষি শ্রমিকদের আর্থিক অবস্থার উন্নয়নের জন্যে ক্ষুদ্র চাষী উন্নয়ন সংস্থা প্রতিষ্ঠিত হয়েছে দার্জিলিং, হুগলি এবং পশ্চিম দিনাজপুর জেলায় এবং প্রান্তিক চাষী ও কৃষি শ্রমিক উন্নয়ন সংস্থা প্রতিষ্ঠা করা হয়েছে বাঁকুড়া ও পুরুলিয়া জেলাতে। দার্জিলিং-এর প্রকল্পটিতে ক্ষুদ্র ও প্রান্তিক উভয় শ্রেণীর চাষীই অন্তর্ভুক্ত। প্রকৃত কৃষকদের বেছে নিয়ে ব্লক অফিসের সাহায্যে ঋণদাতা বিভিন্ন প্রতিষ্ঠানের কাছে ঋণের দরখাস্ত করা এবং কৃষকদের প্রয়োজনানুযায়ী ঋণের ব্যবস্থা করাই এই সমস্ত সংস্থাগুলোর কাজ। আশা করা যায়, সমবায় ব্যাংক এবং রাষ্ট্রায়ত্ত ব্যাংকসমূহ কৃষকরা যাতে প্রয়োজনীয় ঋণ পান সেদিকে লক্ষ্য রাখবেন। ক্ষুদ্র চাষীদের ঋণের ওপর শতকরা ২৫ ভাগ হিসেবে এবং প্রান্তিক চাষীদের ঋণের শতকরা ৩৩⅓ ভাগ হিসেবে ভরতুকি দেওয়া হবে ব'লে সরকার স্থির করেছেন। বিশেষ বিশেষ ক্ষেত্রে শতকরা ৫০ ভাগ পর্যন্তও ভরতুকি দেওয়া হবে।

যোজনা কালের জন্যে প্রতিটি ক্ষুদ্র চাষী উন্নয়ন সংস্থার জন্যে ১·৫০ কোটি টাকা এবং প্রতিটি প্রান্তিক চাষী ও কৃষি-শ্রমিক উন্নয়ন সংস্থার জন্যে ১ কোটি টাকা ক'রে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাওয়া যাবে। এই টাকা নিম্নলিখিতভাবে খরচ করা হবে—

(১) নির্বাচিত কৃষকদের বিভিন্ন অর্থনৈতিক প্রতিষ্ঠান থেকে নেওয়া ঋণের পরিপ্রেক্ষিতে ভরতুকি সাহায্য দান।

(২) কেন্দ্রীয় সমবায় ব্যাংকে ফান্ড ও নন-ওভারডিউ কাভারেজ বাবত অনুদান।

(৩) প্রয়োজনীয় সংস্থা গড়ে তোলার জন্যে অনুদান।

(৪) কর্মকেন্দ্রের দৈনন্দিন ব্যয়নির্বাহ।

সংস্থা গঠনের প্রাথমিক সমস্যা, প্রচুর বাকি ও দায়-দায়িত্বের ফলে সমবায় ব্যাংকগুলো থেকে প্রয়োজনমত টাকা না পাওয়া, রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলোর কৃষি অর্থনীতি সম্বন্ধে অনভিজ্ঞতা এবং তাদের সাংগঠনিক অপ্রতুলতার ফলে এই প্রকল্পের কাজগুলো শুরু হতে কিছুটা দেরি হয়ে যায়। এই সংস্থাগুলোর জন্যে কেন্দ্রীয় সরকার প্রদত্ত ১৩৫·১৮ লক্ষ টাকার মধ্যে ১৯৭৩ সালের জানুয়ারি মাস পর্যন্ত ৯৬·৪৯ লক্ষ টাকা খরচ হয়েছে।

এ রাজ্যের উপর্যুপরি খরাকবলিত এলাকাগুলোর জন্যে কেন্দ্রীয় সরকারের সাহায্য নিয়ে গঠিত হয়েছে খরাকবলিত এলাকা প্রকল্প। পুরুলিয়া জেলা, বাঁকুড়া জেলার ৭টি থানা, মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমার ৬টি থানার খরাপীড়িত অধিবাসীদের অভাব-অভিযোগ দূর করাই এই প্রকল্পটির উদ্দেশ্য। এই প্রকল্পটির বিশেষ উদ্দেশ্য নিম্নরূপঃ

(১) দুর্গত এলাকায় সম্ভাব্য সকল প্রকার অর্থনৈতিক ও কারিগরি সাহায্য মোটামুটি স্থায়িভাবে করা।

(২) কূপ খননের দ্বারা উপযুক্ত জলসেচের ব্যবস্থা করে নিবিড় প্রথায় সবজি চাষের প্রতি স্থানীয় অধিবাসীদের আকৃষ্ট করা।

(৩) সমস্ত শ্রেণীর লোকেদের বিশেষ ক'রে ক্ষুদ্র চাষী, প্রান্তিক চাষী এবং ভূমিহীন কৃষি শ্রমিকদের কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির জন্যে শ্রমভিত্তিক কর্মকেন্দ্র স্থাপন। এই উদ্দেশ্যে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ১৯৭০-৭১ থেকে ১৯৭৩-৭৪ পর্যন্ত সময়কালের জন্যে যে ৪০৫·৮৫ লক্ষ টাকা পাওয়া গেছে, তার মধ্যে ১০৮·১১ লক্ষ টাকা খরচ হয়েছে গত ফেব্রুয়ারি মাস পর্যন্ত এবং আগামী জুন মাসের মধ্যে মোট ২০৫ লক্ষ টাকা খরচ হবে বলে মনে হয়। অবশিষ্ট যোজনাকালের জন্যে বাকি থাকবে ২০০ লক্ষ টাকা। আশা করা যাচ্ছে যোজনাকালের মধ্যে কেন্দ্রীয় সরকারের মঞ্জুরীকৃত টাকার পুরোটাই খরচ করা সম্ভব হবে।

গ্রামীণ বেকার সমস্যার যথাযোগ্য মোকাবিলা করার জন্যে কেন্দ্রীয় সরকারের সাহায্য নিয়ে একটি জরুরি কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এই কর্মসূচি অনুযায়ী (১) জেলায় জেলায় সরাসরি শ্রমভিত্তিক ও উৎপাদনকেন্দ্রিক কর্মকেন্দ্র স্থাপন, এবং (২) জেলার সর্বাঙ্গীণ উন্নতির জন্যে জেলা উন্নয়ন প্রকল্পগুলির সঙ্গে সঙ্গতি রক্ষা করে দীর্ঘস্থায়ী সম্পদ সৃষ্টি করা হবে। এই প্রকল্প অনুযায়ী প্রতি বছর প্রতি জেলায় ১,০০০ লোকের কর্মসংস্থান সম্ভব হবে। এ বাবত ১৯৭২-৭৩ সালে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আমরা মোট ৩২০ লক্ষ টাকা পেয়েছি এবং ১৯৭৩ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত এই টাকার মধ্যে আমরা খরচ করেছি ২৩৩·৩৪ লক্ষ টাকা এবং এতে কর্মসংস্থান সম্ভব হচ্ছে ৭৫·৭৩ লক্ষ শ্রম দিনের। এ বছর মেদিনীপুর জেলার নয়াগ্রাম ব্লকে পাইলট ইনটেনসিভ রুরাল এমপ্লয়মেন্ট প্রকল্প নামে একটি নতুন প্রকল্প গৃহীত হয়েছে। এই ব্লকের প্রকল্পগুলির রূপায়ণের কাজে ১৫-৫৯ বৎসর বয়স্ক বেকার এবং আধা-বেকারদের কর্মসংস্থানের ব্যবস্থা করাই এর উদ্দেশ্য। বর্তমান বছরে এই প্রকল্পটির রূপায়ণের জন্য ১১·৩৩ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে এবং ১৯৭৩ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত এই মঞ্জুরীকৃত অর্থের মধ্যে ৩·১৬ লক্ষ টাকা খরচ হয়েছে এবং এতে ১·০৩ লক্ষ শ্রম দিনের সংস্থান করা সম্ভব হয়েছে। ১৯৭৩-৭৪ সালে এই প্রকল্পটি রূপায়ণের জন্যে ২০ লক্ষ টাকা ধরা হয়েছে।

গ্রামাঞ্চলে শিল্প ও কৃষি বিষয়ে সমীক্ষার জন্যে গ্রামীণ শিল্প সমীক্ষা নামে একটি নতুন সংস্থা গঠিত হয়েছে কেন্দ্রীয় সরকারের সাহায্য নিয়ে। এই সমীক্ষার উদ্দেশ্য হচ্ছে কোন অঞ্চলের কৃষি পরিসংখ্যান, জনসংখ্যা ও আয়, বর্তমান সেচের অবস্থা, পানীয় জল, যোগাযোগ ব্যবস্থা ও বিদ্যুৎ সরবরাহ এবং ব্যাপক প্রকল্পের সুবিধার জন্যে কণ্টুর ম্যাপ তৈরি, প্রভৃতি তথ্য সংগ্রহ করা।

প্রকল্প অনুযায়ী সমীক্ষার কাজ শুরু করার জন্যে দুটি বিভাগ তৈরি করা হয়েছে— একটি মেদিনীপুরে এবং অপরটি পুরুলিয়াতে। প্রতি বিভাগে ২৫টি ক'রে সমীক্ষক দল আছে। এবং এক-একটি দলে থাকছেন ২ জন জুনিয়ার ইঞ্জিনীয়ার, একজন জুনিয়ার সয়েল সার্ভেয়ার, একজন ফিল্ড অ্যাসিস্ট্যান্ট এবং ৫ জন লস্কর। এই সমীক্ষা কাজের উপযুক্ত ক'রে তোলার জন্যে এ পর্যন্ত মোট ৯২ জন জুনিয়ার ইঞ্জিনীয়ারকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে এবং আরও ১২ জন বর্তমানে শিক্ষাধীন আছেন। ১৯৭৩ সালের ফেব্রুয়ারির শেষ পর্যন্ত মেদিনীপুর ও পুরুলিয়া জেলার ২৮টি গ্রামের এই সমীক্ষা সম্পন্ন হয়েছে এবং আরও ২৮টি গ্রামে বর্তমানে এই সমীক্ষা চালানো হচ্ছে। সমীক্ষার প্রাথমিক পর্যায়ে কাজের অগ্রগতি কিছুটা ব্যাহত হয়েছে, কারণ এ বছরই এ প্রকল্পটি শুরু হয় এবং সংস্থার প্রাথমিক সাংগঠনিক জে বেশ কিছুটা সময় অতিবাহিত হয়। এই প্রকল্প অনুযায়ী মেদিনীপুর জেলায় ২,৪৪২টি গ্রামে এবং পুরুলিয়া জেলায় ২,৪৯০টি গ্রামে এই সমীক্ষা হবে। এ বিষয়ে স্ত কারিগরী শিক্ষার্থীদের উপযুক্ত শিক্ষা সমাপ্ত হ'লে আগামী বছর থেকে এই প্রকল্পের জ পুরোদমে চলবে ব'লে মনে হয়। এই প্রকল্প বাবত কেন্দ্রীয় সরকার ১০·৯৬ লক্ষ টাকা ুর করেছেন। বর্তমান আর্থিক বছরেই সম্পূর্ণ অর্থ খরচ হবে ব'লে আশা করা যায়।

আমাদের সামনে রয়েছে পঞ্চম যোজনা। আমরা নিশ্চয়ই এই যোজনাকালের মধ্যে খাদ্যে য়ম্ভরতা লাভের জন্যে বহুমুখী ও নিবিড় কৃষির এক ব্যাপক কর্মসূচি রূপায়িত করতে ক্ষম হব। আমরা পঞ্চম যোজনার দিকে লক্ষ্য রেখে কাজ করছি। চতুর্থ যোজনার চেয়ে ঞ্চম যোজনার কার্যসূচি আরও ব্যাপক হবার প্রয়োজনও রয়েছে। কৃষকদের নিশ্চিত সেচের যোগ দেবার জন্যে কার্যকরী পদক্ষেপ নিতে আমরা এ রাজ্যে ক্ষুদ্র সেচ সংস্থা (মাইনর রগেশন কর্পোরেশন) গঠন করার প্রস্তাব করছি। এবং তা গ'ড়ে উঠলে বৃহদাকারে ব্যাঙ্ক-ুহের কাছ থেকে অর্থ সাহায্য পাওয়া যাবে। পঞ্চম যোজনায় ব্যাপক আঞ্চলিক উন্নয়ন কল্প (কম্প্রিহেনসিভ এরিয়া ডেভেলপমেন্ট প্রোজেক্ট) নামে আরেকটি গুরুত্বপূর্ণ প্রকল্প পায়িত হবার কথা। এই প্রকল্পানুসারে গ্রামীণ জনসাধারণের অর্থনৈতিক মান ভালোভাবে

উন্নত করার উদ্দেশ্যে এক লপ্তের জমির কোনো এলাকা বাছাই ক'রে সেই অঞ্চলের কৃষি, পশুপালন, মাছের চাষ, কুটিরশিল্প ইত্যাদির সমৃদ্ধি ঘটাতে গভীর প্রয়াস নেওয়া হবে। কিছু কিছু মনোনীত এলাকায় আমরা শীঘ্রই এরকম কয়েকটি প্রকল্পের কাজ শুরু করব।

আমাদের রাজ্যে, যেখানে শতকরা ৭০ থেকে ৭৫ জন কৃষিনির্ভর, সেখানে জনসাধারণের সুনিশ্চিত কল্যাণ করতে হ'লে একমাত্র আধুনিক বিজ্ঞান ও কারিগরী বিদ্যার মাধ্যমে কৃষির উন্নতি ঘটিয়েই করা যেতে পারে। জাতীয় সম্পদ বৃদ্ধি এবং জীবনযাত্রার মানোন্নয়নের ব্যাপার ছাড়াও, কৃষিকার্যসূচির মাধ্যমে বেকারদের কর্মসংস্থানেরও চূড়ান্ত সুযোগ রয়েছে। কৃষির উন্নতির ফলে স্বাভাবিকভাবেই কৃষিভিত্তিক শিল্পের পত্তন ও সম্প্রসারণ ঘটে। এবং তার ফলেও শিক্ষিত বেকার এবং দক্ষ ও অদক্ষ কর্মীদের চাকুরির সুযোগ সৃষ্টি হয়। চলতি বছরে রাজ্য কৃষি বিভাগ এ ব্যাপারে যে পদক্ষেপ নিয়েছেন, তা অবশ্যই বেকার সমস্যা এবং আধা-বেকার সমস্যার মোকাবিলা করতে এবং সাধারণ মানুষের উন্নততর জীবনযাত্রার মান সুনিশ্চিত করতে যথেষ্ট সাহায্য করেছে। সমৃদ্ধ রাজ্য গ'ড়ে তুলতে হ'লে আগামী কয়েক বছরের মধ্যে কৃষি ও কৃষিভিত্তিক শিল্পের উন্নতির জন্যে সর্বাধিক গুরুত্ব দিতে প্রত্যেকেই সম্মত হবেন বলে আমি নিশ্চিত। আমাদের সাবেকী ও সনাতনী কৃষি প্রথাকে বিজ্ঞান ও কারিগরি বিদ্যার ভিত্তিতে সমৃদ্ধ ক'রে তুলতে সাহায্যকারী, কৃষি বিভাগের এই কার্যসূচি এবং কৃষকদের দ্রুত পদক্ষেপের ভিত্তিতে আমরা বিশেষভাবে কৃষক সাধারণের এবং এ রাজ্যের জনসাধারণের সামাজিক ও অর্থনৈতিক মানোন্নয়ন করতে সক্ষম হব ব'লে আমরা সুনিশ্চিত।

Mr. Speaker: There are some cut motions under this grant. I understand cut motions Nos. 4 and 5 are not going to be moved. The other cut motions are in order and taken as moved. I now call upon Shri Timir Baran Bhaduri to speak.

Shri Timir Baran Bhaduri: That the amount of the demand be reduced to Re. 1.

Shri Pradyot Kumar Mahanti: That the amount of the demand be reduced by Rs. 100.

[4-00—4-10 p.m.]

শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে গ্র্যান্ট নাম্বার ২২-তে যে ব্যয়বরাদ্দের হিসেব বা ফিরিস্তি মন্ত্রিমহাশয় রাখলেন সেই ফিরিস্তির আলোচনায় অংশগ্রহণ ক'রে যে কথাটা আজকে বলা দরকার বা প্রয়োজন সেটা হচ্ছে ইংরেজ আমল থেকে গ্রামীণ অর্থনীতি কৃষি সম্পদ বাজার পণ্যে পরিণত হয়েছে এবং সে কথাটা মনে রেখে আলোচনা করলে সুবিধা হয়। মাননীয় কৃষিমন্ত্রী অনেক কিছু বলেছেন যে, এখানে পাম্প করব, এখানে রিভার পাম্প করব। অর্থাৎ সবই বে বো বা—কবে হবে তার কোন নিশ্চয়তা নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাঁর কার্যপদ্ধতি যদি পর্যালোচনা করা যায়, তা হ'লে এর কি ভবিষ্যৎ সেটা আমরা জানতে পারছি না। মাননীয় কৃষিমন্ত্রী জানেন যে, জমিতে জল দিতে পারি বা না পারি মানুষের চোখের জল জমিতে গিয়ে পড়বে। এটা তিনি জানেন যে, জমিতে জল গিয়ে পড়ুক বা না পড়ুক গরিব চাষী এবং গরিব কৃষকের চোখের জল জমিতে গিয়ে পড়বে। মন্ত্রিমহাশয় প্রশ্নোত্তরের সময় বলেছিলেন আগে আমাদের ১.৯৪২টি রিভার পাম্প সেট ছিল। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয় আমরা দুঃখের সঙ্গে সরকারী হিসেবে দেখতে পাই ২০০টির বেশী একটিও পাইপ লাইন তৈরি হয় নি। এই রিভার পাম্পে ৩০০ একর কম্পাউন্ড এরিয়াতে চাষ হ'ত। কিন্তু আমরা জানি ২০০-র বেশী কোথাও পাইপ লাইন তৈরি হয় নি। এটা হচ্ছে ও'দের কার্যাবলী এবং তারপরও ও'রা বলেন আমরা অনেক কিছু করব। কিছুদিন আগে কেন্দ্রীয় সরকারের জরুরী প্রকল্প অনুযায়ী কেন্দ্রীয় সরকার ঘোষণা করলেন এবং সাত্তার সাহেব কেন্দ্রীয় সরকারের অনুরোধে ১৪ কোটি টাকার একটি কৃষি প্রকল্প পশ্চিমবাংলায় চালু করবার জন্য নিয়ে এলেন।

খুব ভাল কথা, সাজানো গোজানো কথা, সেই প্রকল্প চালু করতে গিয়ে—আমরা নই, কেন্দ্রীয় গভর্নমেন্ট তাদের বিশ্বাস করতে পারে নি যে, পাঁচ মাসে ১০ কোটি টাকা খরচা হয়েছে কি না। কিছুদিন আগে আনন্দবাজার পত্রিকায় সুদেব রায়চৌধুরী মহাশয় একটা আর্টিকেল বের করেছিলেন তাতে লিখেছিলেন যে, পার্লামেন্ট থেকে যে সমস্ত সদস্যবৃন্দ পশ্চিমবঙ্গে এসেছিলেন দেখবার জন্য যে সাত্তার সাহেবের কথা মত ঠিক মত ১০ কোটি টাকা খরচা হয়েছে কিনা। আমরা সন্দেহ করছি না যে, এই টাকাটা ইঁদুরে খেয়ে ফেলেছে। ভারতের প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী, তিনিই পাঠিয়েছেন ১২ জন পার্লামেন্টের সদস্য এম পি-কে, তাঁরা পশ্চিমবাংলায় এসেছিলেন, তাঁদের কলকাতার বড় বড় নামকরা হোটেলে প্রতিদিন ৯৪ টাকা খরচা ক'রে রাখা হয়েছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এদের কথা বলি যদি চুরি না হয়ে থাকে, যদি ইঁদুরে খেয়ে ফেলে না থাকে, তা হ'লে নদীয়া জেলার কয়েকটা জায়গা দেখিয়ে এদের বলা হ'ল যে, এটা সুন্দরবন। ঐ যে আমাদের বলা হয় 'বাঙালকে' হাইকোর্ট দেখান, সেরকম এই এম পি-দেরও হাইকোর্ট দেখান হ'ল। স্যার, এমনি কৃষি দপ্তর যে সেই কৃষি দপ্তর থেকে এঁরা আসার পরে কোন কিছু ঘোষণা করা হ'ল না, সংবাদপত্রে কোন কিছু বলা হ'ল না এবং এই সব সদস্যবৃন্দ কোথায় কোথায় যাবেন সেকথাও একদম চেপে রাখা হ'ল। এই হচ্ছে আমলাতন্ত্রদের চরিত্র যা জনসাধারণ দেখতে পাচ্ছে। কেন্দ্রীয় সরকারের দপ্তর থেকে যাঁরা এলেন, তাঁদের কাছে কিছু জানান হ'ল না। মাননীয় মন্ত্রীকে আমি জিজ্ঞাসা করি যে, ১৪ কোটি টাকা ব্যয়ে যে পাম্প সেট কেলেঙ্কারী যেটা কাগজে বেরিয়েছিল, সেই ঘটনা অনুসন্ধান করবার জন্য তরফদার কমিশন রিপোর্ট অনুযায়ী সেটা কেন এখনও কার্যকর করা হ'ল না। তরফদার কমিশন বলেছিলেন যে, চাষীদের হাতে আরও অল্পমূল্যের পাম্প সেট দিতে হবে। আরও একটা ঘটনার কথা বলি। কিছুদিন আগে বাঙুরে যে ফসফেট দেওয়া হয়েছিল তা নিম্ন মানের জন্য, তাদের লাইসেন্স বন্ধ ক'রে দেওয়া হয় নি কেন? সারের কেলেঙ্কারীর কথা আমরা বলেছি। শুধু আমরা নয়, কংগ্রেস পক্ষের অনেক সদস্যও এই সার নিয়ে যে ব্ল্যাকমার্কেটিং চলছে সে সম্বন্ধে বলেছেন। তরফদার কমিশন বলেছেন সারে যে ভেজাল চলছে তা তাঁরা ধরতে পেরেছেন, চাষীরা যে ঔষধ ব্যবহার করে পোকামাকড় মারবার জন্য, তার মধ্যেও ভেজাল আছে, তা আপনারা বন্ধ করতে পারছেন না। এ ছাড়াও আরও যেসব গোপন তথ্য আমাদের কাছে আছে, দরকার হ'লে এখানে সব বলব। মাননীয় মন্ত্রিমহাশয় এই সভায় বলেছেন যে, কৃষিতে জল দেবেন এবং ঔষধ এবং সার দেবেন। তা হ'লেও কৃষিসমস্যা সমাধান হবে না। আজকে গরিব চাষীদের সাইকোলজি বুঝা দরকার। আজকে তারা কি চায় সেটা বুঝা দরকার। আমরা যখন গ্রামাঞ্চলে যাই, তখন দেখি গরিব চাষীরা, যারা মাথার ঘাম পায়ে ফেলে উৎপন্ন করে, যে ফসল তারা পয়দা করে, সেই ফসল তারা ঠিকমত বাজারে বিক্রী করতে পারে না। মহাজনরা যারা দাদন দেয়, তাদের ফসল এদের গোলায় যেয়ে ঢোকে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এলেকায় মুর্শিদাবাদ জেলায় গরিব চাষী পাট উৎপাদন করে।

[4-10—4-20 p.m.]

মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই, আপনার বাড়ির কাছেইতো, বহরমপুরে নাগ কোম্পানী রয়েছে। পাটের বীজ তারা কি দামে বিক্রী করেছে, আপনি কি তা জানেন না? তারা, আমি নাগ কোম্পানীর কথা বলছি, ১ টাকা ৭২ পয়সা নিয়ে পাটের বীজের প্যাকেট বিক্রি করেছে, এই সরকারের মন্ত্রী আপনি, কিন্তু আপনি তো বাধা দিতে পারেন নি। লক্ষ লক্ষ চাষী সেই পাটের বীজ কিনে নিয়ে তাদের ক্ষেতে রোপণ করল, কিন্তু ভাল প্রোডাকশন তারা পেল না, কম পেল, যার জন্য তারা দাম পায় নি। আজকে এই দিকে দৃষ্টি দিতে হবে। যখন ঠিক করা হ'ল যে, বি ডি ও অফিসের মাধ্যমে চাষীর ঘরে সার পৌঁছে দেবেন, কো-অপারেটিভের মাধ্যমে সার দেবেন, কাজে আমরা কি দেখলাম, সার নিয়ে কত কেলেঙ্কারী হ'ল, বেলডাঙ্গা কো-অপারেটিভের সার নিয়ে যে কেলেঙ্কারী, তা আমার কাছেই প্রমাণ আছে। সাত্তার সাহেব জানেন এগ্রিকালচারাল কলেজের প্রিন্সিপালকে এ ব্যাপারে তদন্ত করতে দেওয়া হয়েছিল। আমরা এই বেলডাঙ্গা কো-অপারেটিভের ব্যাপারে জানি ৪০০/৫০০ প্যাকেটের উপর লেখা ছিল 'এ' ক্লাস জোতদারদের নাম। মুর্শিদাবাদের বেলডাঙ্গা কো-অপারেটিভের কথা কি আর বলব, অনেক মেম্বার

ফল্‌স নামে লেখা হয়েছিল এবং সেই রকম ক'রে ফল্‌স মেমো ক'রে বীজ বার ক'রে নিয়ে সেই বীজ বাজারে বিক্রী করেছিল ২০/২২ টাকা দরে। পাটের বীজ নিয়ে বেলডাঙ্গা কো-অপারেটিভ অনেক কেলেঙ্কারী করেছে। (শ্রীআবদুল বারি বিশ্বাসঃ নাম ব'লে দিন।) আপনিতো দীর্ঘদিন ধ'রে বহরমপুর কোর্টে প্র্যাকটিস ক'রে আসছেন, আপনি তো খুব ভালই জানেন কে চোর, কে ডাকাত, আপনিই তো দলের জামিন নিতেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটা ব্যাপার কি রকম অদ্ভুত। সেটা বলি, পাটের বীজ নিয়ে তো এই রকম হ'ল, চাষী পেল না। যখন প্রকৃতির দয়ায় জল হয়, বর্ষার সময় অতিরিক্ত জল পেয়ে যখন চাষী ফসল ফলায়, তখন এ'রা বলেন দেশে সবুজ বিপ্লব ঘটছে। আজকে ফাইভ ইয়ার প্ল্যানে কি হচ্ছে, চাষী তো চোখে সর্ষের ফুল দেখছে, গরিবী বিপ্লব হচ্ছে। সাত্তার সাহেবের হাতে কৃষি দপ্তর। তিনি ১৫ লক্ষ একর জমিতে গম চাষ করবেন। আজকে ১০ লক্ষ একরে এখন পর্যন্ত চাষ হয় নি। এ'রা কত কথা বলছেন, কিন্তু সেচকে কোথায় নিয়ে চলেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটু সেচের হিসাব দিই। পশ্চিমবাংলায় ১ কোটি ৩৬ লক্ষ একর জমি আমাদী জমি। এই জমির ভিতর দেখা যাচ্ছে তার এক-ষষ্ঠাংশ জমিই সেচভুক্ত এলেকার মধ্যে পড়ে না। যখন কোন কিছু এ সম্বন্ধে বলতে যাই এটাতো প্রফুল্লচন্দ্র সেনের সময়ের ব্যাপার, এটাতো আমরা কিছু জানি না। আরে, ওটাতো যুক্তফ্রন্টের আমলের ব্যাপার, এই রকম ব'লে সমস্যাটাকে এড়িয়ে যাবার চেষ্টা হয়। আমার প্রশ্ন হচ্ছে প্রফুল্লবাবুর আমলে কি আপনারা ছিলেন না? তখন থেকে হিসাব ক'রে দেখা যাক, সেচ প্রকল্পে কি উন্নতি হয়েছে। এ'রা নাকি ৯২৪টি প্রকল্প চালু করেছেন। গ্রামবাংলায় রিভার লিফ্‌টিং-এর কথা বলেন, সেখানে তো পাইপ লাইনই বসান হয় নি, পাম্প নাই। তা ছাড়া জমি যে জল পায়, আপনি জানেন তার অর্ধেক জল মাটি শুষে নেয়, দেখা গেছে ২৫ থেকে ৭০ বিঘা জমি জল পাচ্ছে। আজকে চাষীকে বাঁচাতে হয় তো এই সমস্ত দিকে তাকান দরকার। সঙ্গে সঙ্গে আমি আর একটা বলি। মাননীয় সাত্তার সাহেব বললেন, বর্গাদারদের আমরা সুযোগ দেব। অদ্ভুত ব্যাপার। মুর্শিদাবাদে কি দু'জন কি চারজনের নামও রেকর্ডেড হয়েছে? বেলডাঙ্গা, নওগাঁ, হরিহরপুর এই সমস্ত জায়গা দেখুন, সেখানে কি কোন ভাগিদারদের নাম রেকর্ডভুক্ত হয়েছে?

আর রেকর্ডভুক্ত না থাকার জন্য কৃষকরা কৃষি সাহায্য পাবে না, বি ডি ও অফিস থেকে সারের লোন তারা পাবে না, পাটের যে ওষুধ তাও তারা পাবে না।

বর্ধমান বীরভূম হুগলী যেসব জেলায় আলু চাষ হয় সেখানে আলু চাষ কি ধরনের চলছে, আপনি তা শুনলে অবাক হয়ে যাবেন। যখন চাষীরা আলু তৈরি করেন তখন তার দাম থাকে চার টাকা, পাঁচ টাকা—ছয় টাকা; আরামবাগের মার্কেট থেকে হুগলীর মার্কেট থেকে মজুতদাররা কিছু বিশী দামে সেই আলু পারচেজ ক'রে নিয়ে যায় এবং কোল্ড স্টোরেজে রেখে দেয়। সেই আলুই পরে বেশী দামে কিনতে ঐ চাষীদের তখন ২২, ২৪, ২৫ টাকায় কিনতে হয়।

আর একটা ব্যাপার জানিয়ে দেই, যখন পাট উৎপন্ন হয় তখন দাম কম থাকে। প্রয়োজনের তাগিদে চাষীদের কম দামে পাট বিক্রয় ক'রে দিতে হয়। কিন্তু যখন তারা ঘরদোর সারাবার জন্য পাটের দড়ি কিনতে যায়, তখন অনেক বেশী দাম এই পাটচাষীদের দিতে হয়। এই দামের ফারাক অনেকখানি। সুতরাং এদের দিয়ে চাষীদের মূল সমস্যার সমাধান হবে না। এ'রা আবার নতুন ক'রে ভাঁওতা দিচ্ছেন চাষীদের। তাঁরা নাকি দশ হাজার একর জমি এক সঙ্গে নিয়ে চাষ করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা আবাক হয়ে যাই যখন শুনি ১০ হাজার একর জমি একত্রে নিয়ে যারা করবেন—তাদের খাবার দিতে হবে এবং অন্যান্য সুযোগ-সুবিধা দিতে হবে। এর দ্বারা চাষী উপকৃত না হ'লেও উপকৃত হবে মিডল ক্লাস—ঐ নামকরা জমিদার জোতদাররা। হাইকোর্টে যে জমিগুলি আটকে আছে ৫০ হাজার মামলা রয়েছে, সেই মামলা থেকে জমি খালাস ক'রে ভূমিহীন চাষীদের মধ্যে একনমিক বেসিস-এ যদি জমিগুলি ডিস্ট্রিবিউশন করা যায় তা হ'লে চাষীদের মনে একটি উৎসাহ-উদ্দীপনা জাগান সম্ভব হবে। কাজেই

চাষীর সাইকোলজি বুঝতে হবে। চাষী যদি আপনাদের কথা ঠিকমত বুঝতে না পারে, তা হ'লে ফসলও ঠিকমত চাষী উৎপন্ন করতে পারবে না। তারা যাতে সহজে আপনাদের কথা বুঝতে পারে সেইভাবে তাদের কাছে যেতে হবে। প্যান্টকোট পরা বাবুদের দেখলে চাষীরা ভয়ে ঠিকমত কথা বলতে পারে না। পাটের সার কিভাবে কতটা ব্যবহার করতে হবে সে সম্বন্ধে তাদের বোঝাতে হবে সহজ সরল ভাবে। ঘামে ভেজা দেহ নিয়ে চাষী যখন বি ডি ও অফিসে যায়, তখন তাদের কাছে ঘেঁষতে দেওয়া হয় না, তাদের দূরে ঠেলে রাখা হয়। ফলে এগ্রিকালচার-এর জন্য যা কিছু দরকার, তা তারা পায় না। তা পায় কে? তা পায় ঐ সমস্ত ব্লক এরিয়ার অল্পসংখ্যক মধ্যবিত্ত শ্রেণীর লোক; আর পায় বারি সাহেবের লোক, যারা ব্ল্যাকমার্কেট ক'রে হাজার হাজার টাকা জমিয়ে রেখেছে, নিজেদের কাছে গচ্ছিত রেখেছে। আমরা জানি গরিব চাষীদের একটি লোকও সেই সার বীজ লোন ইত্যাদি পায় না। গরিব চাষী কৃষিলোন পায় না। এই হচ্ছে ফিরিস্তি। আজ এ'রা আবার বলছেন, এই সব আমরা করবো। আপনি জানেন, স্যার, এটা রেকমেন্ড করা হয়েছিল সিঙ্গুরে একটা পোটাটো রিসার্চ ল্যাবরেটরী স্থাপিত করা হবে। আজও তা হ'ল না। এই আলু একটি ক্যাশ ক্রপ। এই ফসলকে যদি উন্নতির পথে নিয়ে যেতে হয়, তা হ'লে সে সম্বন্ধে রিসার্চ করা দরকার। সে ব্যবস্থা এ'দের কোথায়? তারপর পাম্পের কথা। সেই পাম্প কেলেঙ্কারীর কথা তো স্যার আমরা সকলে জানি। সেই পাম্প পাচ্ছে কারা? ব্লক অফিসকে যারা টাকা দিতে পারে। এদের অন্ধকার চিত্র আরো আছে। আমরা জানি এই সম্পর্কে কেন তালুকদার কমিশনের রিপোর্ট প্রকাশিত হ'ল না? কেন চাষীকে সস্তা দরে পাম্প দেওয়া হ'ল না, আমরা জানি এখনও পর্যন্ত ইউরিয়া সার ৭০/৮০ টাকা বস্তায় বস্তায়

[4-20—4-30 p.m.]

চ'লে আসছে বীরভূম দিয়ে। আমরা গিয়েছি ধরতে, পুলিশ গিয়েছে ধরতে। দেখা গিয়েছে সরকার পক্ষের লোকেরা বাধার সৃষ্টি করেছে। এই হচ্ছে ফিরিস্তি। চাষকে যদি উন্নত জায়গায় নিয়ে যেতে হয়, চাষের ফসল যদি বাড়াতে হয় তবে চাষীর সাইকোলজি বুঝতে হবে, তাদের সমব্যথী হতে হবে। বর্গাদারদের রেকর্ড করান। আমি জানি একজন বর্গাদারের ৫/১০/৮ বিঘে জমি, কিন্তু যেহেতু বর্গাদারের নাম রেকর্ডভুক্ত নেই, সেই হেতু তারা লোন পায় নি। আবার দেখুন ২৫/৩০ লক্ষ বর্গাদার আছে তার মধ্যে মাত্র ৮ লক্ষ বর্গাদারের নাম রেকর্ড করান আছে, বাকি এত লক্ষ বর্গাদারের নাম রেকর্ড করান নাই। এইসব বাকি বর্গাদারেরা সাহায্য পাবে না। যারা ভুঁইফোঁড় মহাজন, যারা কৃষিপণ্য নিয়ে আসতে চাইছে তারা জমি কেনার চাইতে ফসল বেশি চাইছে, তারা জমির ভালো করবে না। এই হচ্ছে অবস্থা। আমি এই ব্যয়বরাদ্দের দাবির বিরোধিতা করি এবং বিরোধিতা করতে যেয়ে যেকথাটা বলা দরকার সেটা আবার রিপিট করি, সাত্তার সাহেব যদি কৃষির উন্নতি চান, তা হ'লে বর্গাদারদের নাম রেকর্ড করান, চাষীকে সুযোগ দিন, চাষী বুঝবে যে, এটা তার নিজস্ব জমি। কোন বর্গাদার যদি দু' বিঘে জমি ভাগচাষে করে এবং ১৫ কাঠা জমি তার নিজস্ব জমি থাকে, তা হ'লে দেখা যাবে চাষীর সেই ১৫ কাঠা জমিতেই ভাল ফসল হয়। চাষী বুঝতে পারে এই ১৫ কাঠা জমি আমার এবং এই যে পয়দা এবং এই যে পরিশ্রম তার ফসল যা হবে তা হবে তার নিজের। আর এটা যদি ঠিকমতো না করা যায়, যদি আপনি পাম্প সেট না নিয়ে যান, যদি লিফ্‌ট ইরিগেসান না নিয়ে যান, যদি সার না নিয়ে যান, তা হ'লে কিছুই হবে না। ও'রা বলছেন সার। কিন্তু ডাঃ ধর যিনি কৃষিবিজ্ঞানী তিনি বলেছেন মাত্র ৫ হাজার মেট্রিক টন উৎপন্ন হয়। আর আমাদের প্রয়োজন এর চেয়ে অনেক বেশি গুণ। তার উপর ১৯৭২ সাল কলকাতা কর্পোরেশন এলাকায় নর্দমার জল যে আবর্জনা স্তূপ থেকে যে প্রকল্প চালু ছিল, সেটা পর্যন্ত বন্ধ ক'রে দিয়েছেন। সে প্রকল্প থেকে গরিব চাষীরা সস্তায় জিনিস পেতো। সেটা আজকে বন্ধ হয়ে গিয়েছে। তা থেকে জৈব সার উৎপন্ন হবার সুযোগ আছে। সেদিকে নজর দিন, তা হ'লে চাষীরা আরও বেশি পয়দা করতে পারবে। আমি দেখেছি একটা জমিতে তিনটে ফসল হয় যদি সার এবং জল জমিতে দেওয়া যায়। এই দিকে দৃষ্টি দিতে হবে। এইসব সুযোগ ছড়িয়ে দিতে হবে সবার মধ্যে, শুধুমাত্র মুষ্টিমেয় লোকের মধ্যে নয়। কৃষি দপ্তরের কিছু লোক তারা ব্লক অফিসে গিয়ে মিটিং ক'রে আসবেন, তা হ'লে হবে না।

তাদের গ্রাম থেকে গ্রামান্তরে যেতে হবে। চাষীর কথা বুঝতে হবে। তারা কি চাইছে তা বুঝতে হবে। এইসব করতে হবে। আজ পশ্চিমবঙ্গে ২৫/৩০ হাজার গ্রাম আছে। এই গ্রামগুলোকে ছোট ছোট ইউনিট ক'রে যদি বিকেন্দ্রীকরণ করা যায়, ক্ষমতা কেন্দ্রীভূত না ক'রে, তা হ'লে ভাল হবে। এই ব্যয়বরাদ্দের দাবির বিরোধিতা ক'রে আমি আমার মোশান মুভ করছি।

শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় কৃষি খাতে ব্যয়বরাদ্দের দাবি পেশ করতে গিয়ে যে বক্তৃতা করলেন সেই বক্তৃতার আগাগোড়া অনুধাবন ক'রে দেখলাম সমস্ত জায়গায় কৃষি ক্ষেত্রের অনগ্রসরতাকে কেমন ক'রে সর্বক্ষেত্রে সক্রিয় করতে পারা যায় তার সর্বাঙ্গীণ প্রচেষ্টা তাঁর বক্তৃতার মধ্যে পেয়েছি। একথা অস্বীকার করা মানে দিবালোককে অস্বীকার করার মত। আজকে পশ্চিমবঙ্গে চাষীদের সর্বক্ষেত্রে অগ্রগতি হয়েছে, একটা রেভলিউসনারী অগ্রগতি হয়েছে। মাননীয় বন্ধু তিমিরবাবুর মুখে শুনলাম কিছুই হয় নি ওনারা তো রেভলিউসনারি সুবিধা পার্টি দ্বিতীয় মহাযুদ্ধে যুদ্ধের সময় যত লোক মারা গিয়েছিল তার চেয়ে বেশী মারা গিয়েছিল তার পরে জনডিস রোগে। ওনাদের মত লোক ওনাদের মত সুবিধাবাদী পার্টি তা তো দেখবেনই। আমার মনে হয় ওনারও বোধ হয় জনডিস রোগ হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি ওনাকে হাসপাতালে পাঠাবার ব্যবস্থা করুন। না হ'লে এই অসময়ে এই রকম একটা মহামূল্যবান জীবনকে আমরা হারাবো। এই রকম রোগ না হ'লে উনি তো প্রতিদিন এই কলকাতা থেকে বেলডাঙ্গা যাওয়া আসা করেন ট্রেনে। তিনি কি দেখতে পান না যে, রাস্তার দু' ধারে সবুজ ধানের মেলা, হরিৎ বনের ক্ষেত্র। এটা তো আর কল্পনার কথা নয়। কিন্তু তার চোখ তো হলদে হয়ে গেছে—যা তিনি দেখতে পাচ্ছেন সব মিলে গিয়ে ধূসর হয়ে গেছে। চারিদিকে নূতন ফসল ফলাবার চেষ্টা নিয়ে নূতন ক'রে জলসেচের বিহিত ব্যবস্থা করা হচ্ছে। আর এই সময়ে বিরোধী পক্ষের বন্ধু কেবল বলছেন, কিছুই হ'ল না, কিছুই হ'ল না, কিছুই হ'ল না। উনি নেহাতই যখন সমালোচনার কিছু পেলেন না তখন ব'লে বসলেন, পার্লামেন্টের ডেলিগেসন এসেছিল সাত্তার সাহেব কি পরিমাণ অর্থ অপব্যয় করেছেন তা দেখবার জন্য। এই যে একটা কথা আছে প্রতিবেশীর ছেলে দারোগা হ'লে বলে, ও দারোগা হয়েছে বটে, মাইনে পাবে না। ও'রা বলছেন, ঐ পার্লামেন্টের পার্টি এদের ভুল ধরতে এসেছিলেন এবং তারা রিজ কন্টিনেন্টাল হোটেলে ছিলেন। কিন্তু সেই পার্টিতে কে কে ছিলেন তা জানলে ও'রা নিশ্চয় একথা প্রকাশ করতো না। যা হোক বিরোধী দলের বক্তৃতা রেখে আমার বক্তব্য শেষ করতে চাই না। আমাদের কৃষিমন্ত্রী মহাশয়কে একটি কথা বলতে চাই যে, কৃষিতে এ যাবতকাল বহু কোটি টাকা আমরা খরচ করেছি। কিন্তু সে অর্থ সত্যিই সুসময়ে কৃষকদের কাছে পৌঁছাতে পারলো কি না সেদিকে দৃষ্টি দেবার প্রয়োজনীয়তা আছে। কিছু দিন আগে সরকারী সমীক্ষায় জানা গেল যে, অনেক চাষী নাকি ভূমিহীন হয়ে গেল। কেন হ'ল তা সমীক্ষা করার প্রয়োজন আছে। সরকার অর্থ ঢাললেও সত্যিই সেটা গরিব চাষীদের কাছে পৌঁছায় না। এটা দেখার একান্ত প্রয়োজন আছে। আমি কৃষিমন্ত্রীকে বলতে চাই, আপনারা যে পরিকল্পনা করছেন ঐ যেসব শ্যালো টিউবওয়েল বা ডিপ টিউবওয়েল করছেন সেখানে প্রতিনিধিদের বক্তব্য যদি না থাকে, তা হ'লে অনেক ক্ষেত্রে কৃষি ব্যবস্থা সার্থক রূপ পাবে না। তাই আমি এ বিষয়ে বলতে চাই, এতে জনসাধারণের মধ্যে যেন বিরূপ প্রতিক্রিয়া না হয়। কেননা আমি দেখে এলাম জানুয়ারি মাসের শেষ সপ্তাহে গমের বীজ বিলি হচ্ছে। যখন গম চারিদিকে কাটার সময় হয়ে গেল সেই মুহূর্তে গমের বীজ বিলি করা হচ্ছে। আমি আবেদন করতে চাই এই ব্যবস্থা জানুয়ারি মাসের শেষ সপ্তাহে চাষী গমের বীজ পেল এই ব্যবস্থার পরিবর্তন দৃঢ় হাতে বন্ধ করার প্রয়োজনীয়তা আছে। মাটির তলায় জল আছে এবং সেই জল সমীক্ষা করার নিশ্চয় প্রয়োজন আছে। এটা সমীক্ষা ক'রে দেখার জন্য জিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়া, তারপর রিসার্চ কমিটি এবং আন্ডারগ্রাউন্ড ওয়াটার এই সব মিলে একটা কো-অর্ডিনেসন কমিটি কেন থাকবে না? মাটির তলায় কত জল আছে, কোন্ কোন্ নদী দিয়ে কতটা জল বয়ে যায় এবং তা থেকে আমরা কতটা নিতে পারি এ সম্পর্কে ঐ রিসার্চ কমিটি দিয়ে কি আমরা ব্যবস্থা গ্রহণ করতে পারি না? কেন থাকবে না

[4-30—4-40 p.m.]

ব্লকে ব্লকে সয়েল টেস্ট করবার ব্যবস্থা এবং কি পরিমাণ সারের প্রয়োজন হবে সেই জন্য সয়েল টেস্ট করবার ব্যবস্থা কেন থাকবে না? এদিকে আমাদের দৃষ্টি দিতে হবে। সত্যিকারের চাষীদের যদি কল্যাণ করতে হয়, তা হ'লে মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে, এদিকে একটুখানি দৃষ্টি দিন। আমরা চোখের সামনে দেখতে পাচ্ছি রুরাল ক্রেডিটের ব্যাপারে অত্যন্ত পিছিয়ে আছি। অন্যান্য রাষ্ট্রের তুলনায় রিজার্ভ ব্যাঙ্ক যে রুরাল ক্রেডিটের ব্যবস্থা করেছেন আমাদের এখানে তার পরিমাণ অত্যন্ত নগণ্য। কেন এদিকে দৃষ্টি দেওয়া যাবে না? কাজেই এদিকে দৃষ্টি দেওয়ার প্রয়োজনীয়তা আছে। মাননীয় কৃষিমন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাবো যে, তিনি একটি জাতির জীবনে নতুন জোয়ার এনেছেন, এই কথা স্যার অস্বীকার ক'রে লাভ নেই। আমরা স্যার, ছোটবেলায় শরৎ বর্ণনায় পড়েছিলাম, "নতুন ধান্যে হবে নবান্ন তোমার ভবনে ভবনে"—আজকে সেই শরৎকালের নবান্ন, ঐ বিপ্লবী সুবিধাবাদী বন্ধুদের বিশেষ ক'রে বলছি, নতুন দিনের আলোয় বাংলাদেশ একেবারে ভ'রে গেছে। এখানে আজকে প্রতি মাসে নবান্ন হয়। আজকে প্রতি মাসে নতুন ধান আমাদের দেশে গ'ড়ে তোলা সম্ভব হয়েছে। সেই আলোর পরিপ্রেক্ষিতে কৃষিক্ষেত্রে যেসব ত্রুটি-বিচ্যুতি আছে সেদিকে আমাদের বিশেষ দৃষ্টি দেবার প্রয়োজন আছে। আমি বিশ্বাস করি, আমাদের কৃষিমন্ত্রীর সুযোগ্য নেতৃত্বে সেই ত্রুটি-বিচ্যুতি দূর হয়ে নতুন দিন আমাদের কাছে আরো সুন্দর হয়ে ধরা দেবে।

শ্রীঅমলেশ জানাঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের মাননীয় কৃষিমন্ত্রী কৃষি খাতে যে ব্যয়বরাদ্দের দাবি রেখেছেন সেই ব্যয়বরাদ্দের দাবিকে আমি আন্তরিকভাবে সমর্থন জানাচ্ছি। আমাদের এই রাজ্যে শতকরা ৭০/৮০ ভাগ মানুষ কৃষিজীবী। তাই এই রাজ্যের অর্থনীতি মূলতঃ কৃষির উপর নির্ভরশীল। তাই কৃষির উন্নতি ছাড়া এই রাজ্যের অর্থনৈতিক কাঠামো কখনই সুদৃঢ় হতে পারে না, এ সম্পর্কে বিন্দুমাত্র সন্দেহের অবকাশ নেই। স্বাধীনতার পরে অনেক দেরী হয়ে গেছে, কিন্তু অতীতের কোন সরকার এই কৃষি অর্থনীতিকে একটি সুদৃঢ় ভিত্তির উপর দাঁড় করাবার জন্য কোন রকম প্রচেষ্টা ইতিপূর্বে দেখান নি। আমাদের এই সরকার কৃষিব্যবস্থাকে আজকে নূতন ধাঁচে, নূতন দৃষ্টিভঙ্গি দিয়ে দেখছেন। সেই জন্য আমরা অত্যন্ত গর্ব অনুভব করছি এবং অত্যন্ত আনন্দিত হচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে এই কৃষি খাতে ব্যয়বরাদ্দ বাজেটে অংশগ্রহণ ক'রে অত্যন্ত দুঃখের সাথে একটি বিষয়ের প্রতি আমাদের মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হাউসের মাননীয় সদস্যরা জানেন যে, বিগত ৫ বছর ধ'রে ১৯৬৮ সাল থেকে একই সাথে অথবা পর্যায়ক্রমে বন্যা বা খরার তাণ্ডবলীলা আমাদের এই বাংলাদেশে চলেছে। এর ফলে আমাদের পশ্চিমবাংলার পঙ্গু অর্থনীতি আরো পঙ্গু হয়ে গেছে। আজকে কৃষক সর্বস্বান্ত হয়ে গেছে, কৃষক আজকে সর্বহারা হয়ে গেছে। কিন্তু অত্যন্ত দুঃখের কথা, বেদনার কথা এই ৫ বছর ধ'রে কৃষকদের যে কৃষিঋণ দেওয়া হয়েছিল এই বছর কৃষকের কাছ থেকে সেই কৃষিঋণ আদায়ের জন্য নোটিস গেছে সরকার পক্ষ থেকে। শুধু তাই নয়, সরকার কর্তৃক যেসমস্ত এলাকা খরা, বন্যা কবলিত ব'লে ঘোষণা করা হয়েছে, সেই সমস্ত এলাকার কৃষকরাও আজকে এই নোটিসের হাত থেকে রেহাই পায় নি। ট্রাজেডি এইখানেই শেষ নয়, সরকার বন্যা, খরা এলাকা ঘোষণা ক'রে এতদিন ঋণ আদায় স্থগিত রেখেছিলেন, চাষীরা সেই ঋণ যথাসময়ে শোধ দিতে পারে নি ব'লে এই বছর খেলাপী সুদ সহ ঋণ আদায়ের নোটিস দিয়েছেন। শুধু তাই নয়, ঋণের অনাদায়ী টাকার জন্য প্রতিটি কৃষকের কাছে আজকে সার্টিফিকেট যাচ্ছে। যদি ঋণ অনাদায়ী হয়, তা হ'লে তার সম্পত্তি ক্রোক ক'রে সেই ঋণ আদায়ের ব্যবস্থা করা হচ্ছে, সেটা অত্যন্ত দুঃখ এবং বেদনার কথা।

যখন কৃষি ব্যবস্থা ও কৃষি অর্থনীতির পুনরুজ্জীবনের চেষ্টা চলছে তখন কৃষকদের এইভাবে হতাশার অন্ধকারে ঠেলে দেবার কোন যুক্তি দেখতে পাচ্ছি না। আজকে এই ঋণ আদায়কে কেন্দ্র ক'রে গ্রামে হাহাকারের সৃষ্টি হয়েছে। তাই স্যার আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রীর সদয় দৃষ্টি এদিকে আকৃষ্ট ক'রে বলছি, যে ঋণের টাকা বন্যার জলে ভেসে গিয়ে নিঃশেষ হয়ে গিয়েছে, যে ঋণের টাকা খরার আগুনে পুড়ে নিঃশেষ হয়ে গিয়েছে সেই ঋণের হাত থেকে যেন

কৃষকদের রেহাই দেওয়া হয়। আজকে একদিকে নিত্য প্রয়োজনীয় জিনিষপত্রের দাম উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে, গ্রামে টেস্ট রিলিফের কাজ চলছে না, অন্য দিকে এই ঋণের টাকার জন্য সরকারের কাছ থেকে যে আঘাত এসেছে সে দিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকৃষ্ট ক'রে বলছি, তিনি অত্যন্ত সহৃদয়তার সঙ্গে এর দিকে দৃষ্টি দিন। সমগ্র কৃষিঋণ না হোক সার লোন যেটা কৃষকরা নিয়েছিল এবং যেটা মাঠে বিনিয়োগ ক'রে প্রতিদানে কিছু পায় নি, নিঃশেষ হয়ে গিয়েছে, সেই সার লোনটা অন্তত মকুব করা হোক। সব শেষে বলব স্যার, আজকে যখন সমগ্র কৃষিব্যবস্থাকে ঢেলে সাজাবার চেষ্টা হচ্ছে তখন শস্যবীমা চালু করা একান্ত প্রয়োজন। কারণ যেখানে লাখ-পতির গাড়ির নিরাপত্তার জন্য, কোটিপতির বাড়ির নিরাপত্তার জন্য, কলকারখানা, ব্যবসাবাণিজ্যের নিরাপত্তার জন্য বীমা ব্যবস্থা চালু আছে সেখানে দরিদ্র কৃষকের শস্যের নিরাপত্তার জন্য কেন বীমা ব্যবস্থা চালু থাকবে না? তাই স্যার, আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি এইদিকে আকৃষ্ট করছি, তিনি যেন অবিলম্বে এই রাজ্যে কৃষিবীমা চালু করার ব্যবস্থা করেন। এই ব'লে আমি শেষ করলাম।

ডাঃ সেখ ওমর আলিঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ কৃষি খাতের ব্যয়বরাদ্দের যে দাবি উত্থাপন করা হয়েছে অনুমোদনের জন্য সে সম্পর্কে আলোচনা করতে গিয়ে আমি মাননীয় কৃষিমন্ত্রীর যে বাজেট বিবৃতি সেই বাজেট বিবৃতির শেষ থেকে শুরু করছি। তিনি তাঁর বিবৃতিতে বলেছেন, "আমাদের রাজ্যে, যেখানে শতকরা ৭০ থেকে ৭৫ জন কৃষিনির্ভর, সেখানে জনসাধারণের সুনিশ্চিত কল্যাণ করতে হ'লে একমাত্র আধুনিক বিজ্ঞান ও কারিগরী বিদ্যার মাধ্যমে কৃষির উন্নতি ঘটিয়েই করা যেতে পারে। জাতীয় সম্পদ বৃদ্ধি এবং জীবনযাত্রার মানোন্নয়নের ব্যাপার ছাড়াও, কৃষিকার্যসূচির মাধ্যমে বেকারদের কর্মসংস্থানেরও চূড়ান্ত সুযোগ রয়েছে। কৃষির উন্নতির ফলে স্বাভাবিকভাবেই কৃষিভিত্তিক শিল্পের পত্তন ও সম্প্রসারণ ঘটে।" মাননীয় কৃষিমন্ত্রীর এই যে উপলব্ধি—রিয়েলাইজেসান, এই উপলব্ধি সঠিক এবং এটাকে আমি সমর্থন করি। কিন্তু এটা যদি কার্যকর করতে হয়, তা হ'লে তাঁকে অনেকগুলি শর্ত পালন করতে হবে, যা ছাড়া এই উপলব্ধিকে কার্যকর করা যাবে না। মাননীয় কৃষিমন্ত্রী নিশ্চয় একথা জানেন, আমাদের রাজ্যে প্রকৃত কৃষক যারা তাদের হাতে বেশীর ভাগ জমি নেই। তিনি এও জানেন যে, ২ হেক্টরের কম জমির যারা মালিক তারাই কৃষকদের মধ্যে সবচেয়ে বেশী—৬৩ ভাগ, কৃষিজমি তাদের দখলে আছে শতকরা ১৯ ভাগ, অপর দিকে ১০ হেক্টরের বেশী জমির যারা মালিক তারা কৃষকদের মাত্র শতকরা ৫ ভাগ, কিন্তু তাদের দখলে আছে মোট কৃষিজমির শতকরা ৩০ ভাগ। আমাদের ল্যান্ড হোল্ডিংসের এই যে ডিস্ট্রিবিউসান এর যদি পরিবর্তন না করা হয় মৌলিক এবং প্রকৃত ভূমিসংস্কারের মাধ্যমে, তা হ'লে কৃষি পুনর্গঠনের কর্মসূচি কার্যতঃ সাধারণ কৃষককে সাহায্য না ক'রে বড় বড় কৃষকদের সাহায্য করবে। আমি একটি বই পড়ছিলাম, জর্জ রজার্সের লেখা ডেমোক্রেটিক অ্যান্ড ইকনমিক চেঞ্জেস ইন ইন্ডিয়া। এই বইটিতে তিনি পরিস্কার ভাবে একথা বলেছেন যে, তৃতীয় পরিকল্পনা পর্যন্ত সরকার কৃষিখাতে যে বিনিয়োগ করেছেন এবং এই বিনিয়োগের যে ফল ফলেছে তা ঐ শতকরা ৫ জন কৃষক, তারা ভোগ করছে। দরিদ্র কৃষকদের ভোগে বিশেষ কিছু আসে নি। সেজন্য আমি এই বিষয়ে গুরুত্ব দিতে চাই।

[4-40—4-50 p.m.]

আমি সেজন্য বলছি যে, প্রথমত আমাদের রাজ্যসরকারের যেসব কৃষক ঋণভারে জর্জরিত তাদের সম্পর্কে নূতন ক'রে চিন্তা করা দরকার। মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর বিবৃতিতে বলেছেন যে, খরা এবং বন্যার ফলে যারা ঋণ নিয়েছেন অথচ পরিশোধ করতে পারেন নি তাদের আবার ঋণ দেওয়া হবে। ঋণ দেওয়া হোক এই সিদ্ধান্তের সঙ্গে আমি একমত। কিন্তু ঋণ দিয়ে কৃষকের উন্নতি করা সম্ভব নয়। কৃষকরা যাতে ঋণ পরিশোধ করতে পারে তার ব্যবস্থাও এর সঙ্গে সঙ্গে থাকা দরকার। আমি জানি, ঋণভারে জর্জরিত কৃষককে শুধু ঋণ দিয়ে তাদের উন্নতি করা যাবে না। সেজন্য আমি প্রস্তাব করবো, কৃষকের উপর যে সরকারী এবং বে-সরকারী ঋণের বোঝা চেপে আছে, তার মধ্যে বে-সরকারী যেসমস্ত ঋণ সেই ঋণকে জাতীয়করণ করা হোক।

যে কৃষক জমি বন্ধক দিয়ে বা অন্য কিছু বন্ধক দিয়ে ঋণ নিয়েছেন সেই ঋণের দায়িত্ব সরকার গ্রহণ করুক এবং ১০ থেকে ১৫ বছরের কিস্তিতে সেই ঋণ আদায় করুক। তা হ'লে কৃষক তার সেই বন্ধকী জমি নিয়ে এসে চাষের উন্নতি করতে পারবে। এই ঋণ যদি প্রয়োজন হয়, তা হ'লে নিশ্চয়ই মকুব করতে হবে। যেখানে যে রকম কিস্তি ছিল সেটা বাড়িয়ে দেওয়া দরকার। অগভীর নলকূপের জন্য রাজ্যসরকার কয়েক কোটি টাকা ঋণ দিয়েছেন। আমি জানি কৃষকরা এই ঋণ শোধ দিতে পারে না। কারণ তাদের অর্থনৈতিক অবস্থা দিনের পর দিন খারাপ হচ্ছে, প্রাকৃতিক দুর্যোগের ফলে। শুধু তাই নয়, নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দাম যেভাবে বাড়ছে, জীবনযাত্রার ব্যয় যেভাবে বাড়ছে তাতে তারা নিজেদেরই সামাল দিতে পারছে না। কিস্তির যেখানে ৫ বছরের প্রস্তাব ছিল আমি সেখানে প্রস্তাব করবো এটা ১০ বছর করা হোক। আমাকে অনেক কৃষক বলেছে যে, আমরা ঋণ পরিশোধ করতে চাই, আমাদের কিস্তি বাড়িয়ে দেওয়া হোক। এই কিস্তি বাড়ান হ'লে আলাদা ক'রে সুদ যেন আমাদের ঘাড়ে না চাপে। এটা ধীরে ধীরে করা হোক, আমরা ঋণ শোধ করতে পারবো। কাজেই এ ছাড়া কৃষকের অর্থনৈতিক জীবনকে উন্নত করা সম্ভব নয়। গতবারে রাজ্যপালের ভাষণের বিতর্কে অংশগ্রহণ করতে গিয়ে বলেছিলাম যে, কৃষিক্ষেত্রে যে পুঁজিবাদী শোষণ শুরু হয়েছে সেটা উৎখাত করতে হবে। শুধু ডিপ টিউবওয়েল বা শ্যালো টিউবওয়েল করলেই সমস্যার সমাধান হবে না। পুঁজিবাদী শোষণ নূতন ক'রে দেখা দিয়েছে। সারের দাম বাড়বার মধ্য দিয়ে, পাম্প-এর দাম বাড়বার মধ্য দিয়ে, কীটনাশক ঔষধের দাম বাড়বার মধ্য দিয়ে এই একচেটিয়া পুঁজিপতিদের যে শোষণ সেটা বন্ধ করতে না পারলে কিছুই করা যাবে না। এ ক্ষেত্রে কৃষি কমিশনর কৃষককে ফসল লাভজনক মূল্যে দেওয়ার যে সুপারিশ করেছেন, সেটা সরকারের গ্রহণ ক'রে শিল্প পণ্যকে সম্পদ ক'রে কৃষিজাত পণ্যের দাম ঠিক করা দরকার, তা ছাড়া কৃষকের উন্নতি হতে পারে না। সারের প্রসঙ্গে আলোচনা হয়েছে। বাজেট বিবৃতিতে এবং প্রশ্নোত্তরে মাননীয় মন্ত্রিমহাশয় অনেক কথা বলেছেন যে, সারের স্বল্পতা আছে, কিন্তু সারের চোরাবাজারী যদি বন্ধ করা না যায়, তা হ'লে কি হবে? আমার নিজের অভিজ্ঞতা আছে, মন্ত্রিমহাশয়ও জানিয়েছেন। তা ছাড়া কৃষি কমিশনার বলেছেন কলকাতার চোরাবাজারে শত শত টন সার চলে যাচ্ছে এবং সেই সার ৯১৭ টাকার পরিবর্তে ১৮ শত টাকা ক'রে বিক্রয় হচ্ছে। আমি ২টি ঠিকানা দিয়েছি এবং বলেছি যে, দেখুন তাদের ওখানে ইউরিয়া সারের স্টক পাবেন আপনারা তাদের ধরুন। এই ঠিকানা দিয়ে অনেকদিন আগে বলেছি, কিন্তু আজ পর্যন্ত তার কোন ফল ফলেছে ব'লে আমার মনে হয় না। আমি কৃষিমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো তিনি যেন এই চোরাকারবারী বন্ধ করবার জন্য দয়া ক'রে অগ্রসর হন, তা না হ'লে সর্বনাশ হবে। আমরা দেখছি, ইউরিয়া সার কেন্দ্রীয় সরকারের কাছ থেকে রাজ্যসরকার নেন ৮৭৯ টাকা পার টন এবং সেই সার আধা-সরকারী এবং বে-সরকারী প্রতিষ্ঠানকে আট টাকা লাভে বিক্রি করা হয়। দাম বেড়ে হয় ৮৮৭ টাকা পার টন এবং জন-সাধারণের জন্য ধার্য মূল্য ৯৫৯ টাকা পার টন। কিন্তু ঐ সার চাষীরা কিনছে ১১ শত থেকে ১৮ শত টাকা পার টন। সুতরাং কত টাকা এইভাবে কৃষকদের কাছ থেকে চোরাকারবারীদের হাতে চলে যাচ্ছে তা ভাবতেও ভয় লাগে। সুতরাং সারের চোরাকারবারী যদি বন্ধ না করতে পারি এই টাকার অপচয় বন্ধ করা যাবে না। কৃষি পুনর্গঠনের বিষয়ে আমি আর একটা কথা বলতে চাই যে, চাষীরা মাটি পরীক্ষা করিয়ে সার দেওয়া সেই সম্পর্কে এখনও পর্যন্ত ভাল রকম সুযোগ পান না। যে কয়েকটি স্থানে এই সুযোগ আছে সেইগুলো এত দূরবর্তী স্থানে অবস্থিত যে কৃষকরা তার সুযোগ গ্রহণ করতে পারেন না। যা হোক আমি এই সম্পর্কে কৃষিমন্ত্রী মহাশয়কে অগ্রসর হতে অনুরোধ করবো। তিনি এই যে ২৪টি ক'রে শ্যালো টিউব-ওয়েল বসাবার কথা বলেছেন, আমি অনুরোধ করবো তিনি যেন ২৪টির জায়গায় ১২টি ক'রে দুটি গুচ্ছ নিয়ে করেন, তা হ'লে আরও বেশী জায়গায় দেওয়া যাবে। আমি যে কথা বললাম, আশা করি তিনি এই বিষয়ে বিচার-বিবেচনা করবেন। এই ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত শুক্রবার আপনার কাছে যে বক্তব্য আমি রেখেছিলাম, আপনি বলেছিলেন যে সোমবার এই হাউসের মধ্যে আপনি আপনার রুলিং দেবেন, সেই সম্পর্ক এখন আপনি বলুন কি রুলিং আপনি দেবেন।

Mr. Deputy Speaker: I shall give my ruling to-morrow or day after to-morrow.

শ্রীসুনীলমোহন ঘোষমৌলিক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের কৃষিমন্ত্রী যে সবুজ বিপ্লবের বাজেট আমাদের সামনে রেখেছেন এবং রূপ দেবার চেষ্টা করেছেন সেইজন্য তাঁকে আমি অভিনন্দন জানাচ্ছি এবং তাঁর এই যে সুদীর্ঘ ভাষণের মধ্যে যেসব কথা উল্লেখ করেছেন সেটা দেখে আমাদের মনে খুব আশা জেগেছে এবং সেই সম্বন্ধে আমি দু'একটা কথা আপনার মাধ্যমে রাখতে চাই। এই বিপ্লবকে সফল করতে গেলে আমরা চাই উৎকৃষ্ট বীজ, জল এবং সার। আমি গতবার বলেছিলাম এই বীজের ব্যাপারে আমাদের মহারাষ্ট্র এবং রাজস্থানের উপর নির্ভর করতে হয়। সেই জন্য একটা স্টেট ফার্ম ক'রে উৎকৃষ্ট বীজ যাতে আমাদের এই রাজ্যে হয় তার ব্যবস্থা তিনি যেন করেন। তা না করলে, আমার পূর্ববর্তী বক্তা যা বললেন যে, জানুয়ারি মাসের শেষে গমের বীজ এসে পেঁছায় এবং এই দেরীতে পাওয়ার ফলে আমাদের বণ্টন করতে সময় লেগে যায়। সেই জন্য আমি আপনার মাধ্যমে অনুরোধ জানাবো আমাদের পশ্চিমবাংলায় যাতে স্টেট ফার্ম ক'রে ভাল পাটের বীজ, হাই ইল্‌ডিং গমের বীজ এবং হাই ইল্‌ডিং ধানের বীজ যাতে দেওয়া যেতে পারে তার ব্যবস্থা করবেন। জলের যেটা ব্যবস্থা করেছেন, গুচ্ছ ব্যবস্থা, সেই গুচ্ছ যেখানে ইলেকট্রিসিটি আছে, সেখানেই এখন সেটা সীমাবদ্ধ হবে। যেখানে ইলেকট্রিসিটি নেই, সেখানে এই গুচ্ছের সুযোগ হচ্ছে না। অথচ সেই জায়গায় কিছু কিছু শ্যালো এই ডিপার্টমেন্ট থেকে লোন দিয়েছেন, সেখানে পাম্প একান্ত প্রয়োজন। এই গুচ্ছ পরিকল্পনার

[4-50—5-00 p.m.]

জন্য প্যাকেজ প্রোগ্রাম দেওয়া বন্ধ হয়ে গিয়েছে। সেই জন্য আমি অনুরোধ করব যতক্ষণ পর্যন্ত সকল জায়গায় ইলেকট্রিক না যাচ্ছে—এই ইলেকট্রিক গ্রিড না যাওয়ার জন্য গুচ্ছ পরিকল্পনা বন্ধ হয়ে যাচ্ছে সেই জন্য অনুরোধ করছি, এটা যেন বন্ধ হয়ে না যায় সেটা দেখবেন। পাম্প বা শ্যালো যেটা এতদিন দেওয়া হতো সেটা যেন বন্ধ না করেন। আর সারের জন্য আমি বলছি, বিহার থেকে সার আনা বিহার গভর্নমেন্ট বন্ধ ক'রে দিয়েছে। সেজন্য আমাদের দুর্গাপুরে যে সার কারখানা সেটা অবিলম্বে খোলার জন্য এই সরকার যেন কেন্দ্রীয় সরকারের কাছে চাপ দিয়ে ব্যবস্থা করেন এই অনুরোধ আমি কৃষিমন্ত্রীকে একান্তভাবে করছি। এই সার না হ'লে তাঁর শুভ ইচ্ছা সাফল্য লাভ করবে না, এই ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুশান্ত ভট্টাচার্য : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই কৃষিমন্ত্রী কর্তৃক আনিত যে ভাষণ বিধানসভায় রাখা হয়েছে তাকে স্বাগত এবং সমর্থন জানাচ্ছি। স্বাগত এবং সমর্থন জানাচ্ছি এই জন্য যে, কৃষি বিপ্লব তিনি সৃষ্টি করেছেন, কৃষি এবং কৃষকদের বিপ্লব, সেই জিনিস ২৫ বছর ধ'রে হয় নি। কিন্তু আমি কয়েকটি কথা মাননীয় উপাধ্যক্ষের মাধ্যমে কৃষি-মন্ত্রীর কাছে রাখছি, সেটা হ'ল এই যে, বিভিন্ন শিল্পপতি কৃষিক্ষেত্রে নামতে শুরু করেছেন। মাননীয় কৃষিমন্ত্রীর অবগতির জন্য জানাচ্ছি যে, ১০ হাজার একর-এর পরিকল্পনা আমাদের কম্প্রিহেনসিভ এরিয়া ডেভেলপমেন্ট প্রোগ্রামের অন্তর্ভুক্ত করেছেন। যেটা সি এ ডি পি ইনসিয়েটিভ নিয়েছে সরকারের তরফ থেকে, সেটা করার প্রয়োজন আছে ব'লে আমি মনে করি। কেন না আজকে এই যে প্রোগ্রাম প্ল্যানিং বোর্ড নিতে যাচ্ছে, এটা যদি আজকে কৃষিভিত্তিক পরিকল্পনায় রূপায়িত করা যায়, তা হ'লে কৃষিজীবী মানুষ এবং বেকার ছেলেদের চাকরি ইত্যাদি এই ১০ হাজার একরের পরিকল্পনার মাধ্যমে করা যাবে ব'লে আমি মনে করি। কিন্তু কৃষিক্ষেত্রে আজকে অনেক শিল্পপতিরা নামছেন, আমার মনে হয় এই বিষয়ে অবিলম্বে ব্যবস্থা অবলম্বন করা দরকার। কারণ সেখানে কৃষকদের শোষণ শুরু হয়ে গিয়েছে, সেখানে হয়ত ১০০ মণ ফসল উৎপাদন দেখান হচ্ছে, হয়ত প্রকৃতপক্ষে ১০০ একরে ১০০ মণ ফসল ফলছে, কিন্তু তার বিনিময়ে ২,৪০০/২,৫০০ টাকা খরচ হচ্ছে। আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, প্ল্যানিং বোর্ডের যে সমস্ত সদস্যদের নিয়ে কম্প্রিহেনসিভ এরিয়া ডেভেলপমেন্ট প্রোগ্রাম আমাদের হাওড়া জেলায় হয়ে গেল, পান্নালালবাবু, অজিতবাবু তাঁরা সব গেলেন এবং তাঁরা সমস্ত

এলাকা ঘুরে ঘুরে দেখলেন, সেই সমস্ত এলাকার মানুষ বলছেন যে, অবিলম্বে সরকার দ্বারা এই সি এ ডি পি নেওয়া হোক। তাঁরা সেখানে দেখেছেন সি এ ডি পি করবার জন্য সেখানকার সাধারণ মানুষ অত্যন্ত আগ্রহী। কিন্তু তারা চান না কোন কোম্পানী, কোন ক্যাপিটালিস্ট যারা ইন্ডাস্ট্রির ক্ষেত্রে মুনাফা অর্জন করেছে, তারা কৃষিক্ষেত্রে গিয়েও মুনাফা অর্জন করুক। সেই জন্য এটা মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, এই সমস্ত এলাকায় ১০ হাজার একরের সরকারের যে পাল্টা প্রোজেক্ট সেটা গ্রহণ করুন, এবং এটা আমি বিশ্বাস করি যে, সরকার এটা গ্রহণ করবেন। আর একটা কথা আমি বলতে চাই যে, সার ডিস্ট্রিবিউশনের মধ্যে একটা নিশ্চয়ই সুষ্ঠু ব্যবস্থা অবলম্বন করার প্রয়োজন রয়েছে। আমি একটা ঘটনার কথা বলছি দুটো সারের ওয়াগন দেখলাম হাওড়া জেলার বাগনান স্টেশনে রয়েছে, আমি জিজ্ঞাসা করলাম, এই সার কোথা থেকে এসেছে, স্টেশন মাস্টার বলছেন, কিছু বলতে পারছি না, তবে সিন্ধিয়া থেকে আসছে, সেল্‌ফ বুকিং রয়েছে। তখন আমি বললাম, এই সার আটক ক'রে রেখে দিন, যখন ফার্টিলাইজার কর্পোরেশনের লোক আসবে, তখন আপনি আমাকে ডাকবেন। যখন ফার্টিলাইজার কর্পোরেশনের লোক এলো, তখন আমি তাদের সঙ্গে দেখা করলাম, কিন্তু তারা বলতে পারল না যে, কিভাবে এই সার নিয়ে ডিস্ট্রিবিউট করা হবে। তখন আমি সেখানে যে সমস্ত কো-অপারেটিভ রয়েছে সেই কো-অপারেটিভের মাধ্যমে সার ডিস্ট্রিবিউট করবার ব্যবস্থা করলাম। আমার বক্তব্য যে, আজকে যদি পশ্চিমবাংলায় স্টেট লেভেলে কমিটি ক'রে দেওয়া হয়, তা হ'লে এটা সুষ্ঠুভাবে হতে পারবে। তাই আজকে পশ্চিমবঙ্গে সারের ডিস্ট্রিবিউশন কমিটি অবিলম্বে করার প্রয়োজন আছে ব'লে আমার মনে হয়। কেবলমাত্র শ্যালো টিউবওয়েল দিয়ে হবে না। হাওড়া জেলার বেশীর ভাগ জায়গায় শ্যালো টিউবওয়েল করা সম্ভব নয়। সেজন্য এখানে অবিলম্বে ডিপ টিউবওয়েল করার জন্য আবেদন করছি।

শ্রীসত্যরঞ্জন বাপুলী: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, গ্রান্ট নং ২২-তে প্রায় ২৫ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। ১৯৭২-৭৩ সালে ছিল ১৮ কোটি ৯৬ লক্ষ ৩১ হাজার টাকা। অর্থাৎ প্রায় ৬ কোটি টাকার মত বাড়ান হয়েছে। এই কৃষি বিভাগে যে ৬ কোটি টাকা বাড়ান হয়েছে তার তুলনায় কাজ যে হয়েছে সে বিষয়ে সন্দেহ নেই। আজ এই গ্রান্ট নং ২২-কে পূর্ণ সমর্থন ক'রে ২/১টি কথা বলতে চাই। আজ এগ্রিকালচারকে যদি প্রাধান্য দিই, তা হ'লে দেখতে হবে ভেটেরিনারি এবং অ্যানিমেল হাজবেন্ড্রী-তে কতখানি প্রাধান্য দিচ্ছি। এগ্রিকালচার বেস করে দুটোর উপরে। আমাদের দেশে পাওয়ার টিলার-এ চাষ খুব কম জমিতেই হয়। সেজন্য বেশীর ভাগ চাষ হয় বলদ দিয়ে। সুতরাং আমাদের দেখতে হবে অ্যানিমেল হাজবেন্ড্রী ডিপার্টমেন্ট-এ কত টাকা দিচ্ছি। আজ যদি দেখি ভেটেরিনারি ডিপার্টমেন্ট-এ বলদ মেনটেন করার জন্য টাকা বেশী নেই, তা হ'লে কি হবে? কৃষকের যে সম্পদ বলদ যা দিয়ে সে জমি চাষ করে সেই ডিপার্টমেন্ট-কে যে টাকা দেওয়া হচ্ছে এবং সেই ডিপার্টমেন্ট-এ যত টাকা দেওয়া উচিত তা ঠিক মত দেওয়া হচ্ছে না এবং বরাবরই এই ডিপার্টমেন্ট নেগলেক্ট হবার জন্য এগ্রিকালচার ডিপার্টমেন্ট-এর কাজ অত্যন্তভাবে ব্যাহত হচ্ছে, তা হ'লে কি উন্নতি হবে? কৃষক চাষ করবে বলদ দিয়ে, কিন্তু দেখতে পাই প্রত্যেক ব্লকে একজন ক'রে ভেটেরিনারি ডাক্তার পাওয়া যায় না। মন্ত্রিমহাশয় চেষ্টা করছেন কি ক'রে দোফসলা ফলান যায়, বেশী ক'রে চাষ করান যায়। কিন্তু প্রথম জায়গায় গণ্ডগোল অর্থাৎ কৃষকের যে সম্পদ সেই বলদকে বাঁচাবার জন্য, যাতে দুর্দিনে সে চাষ করতে পারে তার জন্য ঋণ, এগুলি ঠিকমত দেওয়া হচ্ছে না। এর সঙ্গে বীজের সম্পর্কও আছে, ইরিগেশনের ব্যাপার আছে। এগ্রিকালচার, এগ্রিকালচার ব'লে চিৎকার করলেই উন্নতি হবে না। বড় জিনিস হচ্ছে জল। চাষীরা যদি জল পায়, তা হ'লে কৃষির উন্নতি অনেক হবে। সেজন্য কৃষি বিভাগ থেকে মাইনর ইরিগেশন-এর অনেক কাজ হচ্ছে। অনেক জায়গায় সি এস আর ই স্কীম-এ অনেক কাজ হচ্ছে, ছোট ছোট খাল কাটা হচ্ছে, বিজার্ভ ট্যাঙ্ক হচ্ছে, খালগুলি সংস্কার করা হচ্ছে। আজ কৃষি বিভাগের যদি উন্নতি করতে হয়, তা হ'লে পাঞ্জাব, হরিয়ানার দিকে যদি তাকিয়ে দেখি, তা হ'লে দেখব কৃষিক্ষেত্রে সেখানে যথেষ্ট উন্নতিলাভ করেছে। কিন্তু পশ্চিমবঙ্গে সেরূপ হয় নি। কারণ প্রথমেই আমরা দেখছি

Irrigation system of West Bengal is bad as possible.

এখানে ইরিগেসন সিস্টেম নেই—মাত্র কিছু কিছু জায়গায় এই সেচ ব্যবস্থা হয়েছে। কিন্তু সারা সুন্দরবন এলাকায় যারা পশ্চিমবাংলার শুধু ধান চা'ল দিতে পারে না, মাছও দিতে পারে—আজ এখানে এ বিষয়ে ২টা ইমপর্টেন্ট গ্রান্ট রয়েছে যা আমরা পাশ করব—সেখানে ইরিগেশন-এর কি ব্যবস্থা আছে? আমি বলব ইরিগেশন-এর কোন ব্যবস্থা নেই।

[5-00—5-10 p.m.]

আজকে সারা সুন্দরবন এলাকায় ইরিগেশানের কোন ব্যবস্থা নেই। ইরিগেশান ডিপার্টমেন্ট থেকে যদি কিছু কাজ করা হ'ত, তা হ'লে মাননীয় কৃষিমন্ত্রী যে চেষ্টা করছেন তার কিছুটা সার্থক হত। আমি আজ সকাল বেলায় সুন্দরবন এলাকায় গিয়েছিলাম, সেখানে ৭ মাইল নদীতে বাঁধ দিয়ে সেচ প্রকল্প করা হচ্ছে। আমরা ২৫/২৬ বছর স্বাধীনতা পেয়েছি কিন্তু আজ পর্যন্ত সুন্দরবন এলাকায় সেচ পরিকল্পনা নেই, ডিপ টিউবওয়েল নেই। যদিও কৃষিমন্ত্রী একটা ডিপ টিউবওয়েল করেছেন, কিন্তু সেখানে পাওয়ার যায় নি ব'লে সেটা অকেজো হয়ে পড়ে আছে। এগ্রিকালচারকে যদি বড় করতে হয়, তা হ'লে যে জিনিসের উপর প্রাধান্য দিতে হবে সেটা হ'ল ভেটেরিনারি অ্যান্ড অ্যানিমেল হাজবেন্ড্রী ডিপার্টমেন্ট, যেটা কৃষকদের সবচেয়ে বড় সম্পদ, যেটা না হ'লে কৃষকরা কখনও ভাল ক'রে চাষ করতে পারে না। তাই ইরিগেশান ডিপার্টমেন্ট থেকে ইরিগেশানের জন্য যদি ভালভাবে ব্যবস্থা করা না যায় প্রত্যেক জায়গায় ইলেকট্রিসিটি দিয়ে চাষ হবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমাদের এই সরকার গ্রামে গ্রামে ইলেকট্রিসিটি ছড়িয়ে দিচ্ছেন, কিন্তু প্রত্যেক জায়গায় ডিপ টিউবওয়েল ক'রে ইলেকট্রিসিটির মাধ্যমে জল দিয়ে চাষ সম্ভব নয়। সেখানে যদি আমরা রিজারভার করি যেমন ওয়েস্টার্ন কান্ট্রিজ রিজারভার করে, আমাদের এখানে হিলি এরিয়াতে দার্জিলিং-এ পাহাড়ের চারিদিকে জল ধ'রে রেখে দিয়ে সেই জল চারিদিকের মাঠে দিয়ে চাষ করা হয়, যেসমস্ত মজে যাওয়া ছোট ছোট স্রোত আছে সেগুলিকে স্লাইস গেট দিয়ে আটকে রিজারভার করতে পারি সেগুলি ন্যাচারাল রিজারভার, সেখানে অত্যন্ত কম পয়সা খরচ ক'রে প্রকৃতির সঙ্গে হাত মিলিয়ে রিজারভার করতে পারি, ব্লাইন্ড স্ট্রীম যেগুলি ক্যানসার অব সুন্দরবন, সেগুলিকে বন্ধ ক'রে দিয়ে যদি রিজারভার করতে পারি, তা হ'লে মাননীয় কৃষিমন্ত্রী যে আপ্রাণ চেষ্টা করছেন দু'ফসলী ক'রে পশ্চিমবঙ্গকে কৃষিতে স্বয়ংসম্পূর্ণ করার জন্য তাঁর সেই চেষ্টা সার্থক হবে। আমরা দেখছি মাইনর ইরিগেশানে কিছু টাকা খরচ করা হয়েছে। কিন্তু আমি বলব ইরিগেশান ডিপার্টমেন্টের মাইনর ইরিগেশানে আরো টাকা বরাদ্দ করা দরকার, আরো বেশী ক'রে কাজ করা দরকার। কারণ, মাইনর ইরিগেশান একমাত্র পশ্চিমবঙ্গকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করতে পারে। মাননীয় খাদ্যমন্ত্রী প্রফুল্লচন্দ্র সেন মহাশয় বলতেন, আমরা খাদ্যে দু'বছরের মধ্যে স্বয়ংসম্পূর্ণ হয়ে যাব, কিন্তু আজকে তা কেন হচ্ছে না? হচ্ছে না এই কারণে যে আমাদের ডিপার্টমেন্টের মধ্যে কো-অর্ডিনেসান নেই। এগ্রিকালচার, ভেটেরিনারি এবং কো-অপারেটিভ এই তিনটি ডিপার্টমেন্টের কারোর সঙ্গে কারোর কো-অর্ডিনেসান নেই। সরকার টাকা দিচ্ছেন, কিন্তু ব্যয় ঠিক সময়মত হচ্ছে না। সার দিচ্ছে জমি চাষ হয়ে যাবার পর সেই সার যাচ্ছে, কৃষি লোন গরু কেনার লোন চাষ হয়ে যাবার পর পাওয়া যায়। বিভিন্ন জায়গায় ল্যাক অফ কো-অর্ডিনেশান-এর জন্য আমরা কৃষি ক্ষেত্রে যতটা উন্নতি লাভ করতে পারতাম ততটা করতে পারছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি কৃষিমন্ত্রী মহাশয়ের কাছে আমার একটা সাজেসান রাখছি, তিনি নিশ্চয়ই এই বিষয়ে লক্ষ্য রাখবেন, কেন না তিনি সুন্দরবনে সানফ্লাওয়ার, গ্রাউন্ড-নাট, তুলা কি ক'রে লোনা জলে তৈরি করা যায় তার জন্য আপ্রাণ চেষ্টা করছেন। আমি নিজেও দেখেছি সেখানে সানফ্লাওয়ার গ্রাউন্ডনাট, তুলার চাষ ভাল হয়, কিন্তু ইরিগেশান এবং ভেটেরি-নারি এই দু'টোর উপর বেশী ক'রে এই ডিপার্টমেন্ট থেকে লক্ষ্য দিয়ে চাষ করাবার ব্যবস্থা করুন। এই কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীপুরঞ্জয় প্রামাণিকঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে কৃষিমন্ত্রী যে বাজেট এই বিধানসভায় উপস্থাপিত করেছেন আমি তা সর্বান্তঃকরণে সমর্থন করছি। প্রথমে আমি মাননীয় সদস্য তিমিরবাবু যে কথা বললেন সেই সম্বন্ধে দু'-একটি কথা বলব। তিমিরবাবু যখন যুক্তফ্রন্ট

সরকার হয়েছিল তখন তাঁরা দরিদ্র কৃষক সমাজকে রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধির জন্য গিনিপিক হিসাবে ব্যবহার করেছিলেন। তারা সমস্ত চাষী সমাজকে একটা রাজনৈতিক খাদে ঢালবার জন্য চেষ্টা করলেন, তাদের অসহায় অবস্থার কথা বিবেচনা ক'রে, তাদের হিংসাশ্রয়ী করবার চেষ্টা করলেন এবং প্রত্যেক জায়গায় দেখেছি নকশালবাড়ি সৃষ্টি করবার চেষ্টা করেছিলেন। তিনি বললেন এখন পর্যন্ত নাকি পাইপ লাইন হয় নি। আপনি বর্ধমান জেলায় গিয়ে দেখে আসুন, অধিকাংশ জায়গাতেই পাইপ লাইন হয়ে গেছে। তা ছাড়া তিনি বললেন, সেন্ট্রাল স্টাডি টিম এসেছিলেন এবং ১৪ কোটি টাকার মধ্যে যে সাত কোটি টাকা দিয়েছিলেন, সেই সাত কোটি টাকা খরচ হয়েছে কিনা এবং কিভাবে সেটা খরচ হয়েছে সেটা দেখাই ছিল উদ্দেশ্য। পার্লামেন্টের তিনজন সদস্য এবং বিধানসভার তিনজন সদস্য নিয়ে একটা কমিটি আছে, এই টাকা ঠিকভাবে খরচ হয় কিনা সেটা দেখার জন্য। আমার মনে হয় মাননীয় সদস্য সেটা জানেন না। বাংলাদেশে বর্তমানে কৃষি বিপ্লব এসেছে, গত ২৫ বছরে বাংলাদেশে মাত্র ১,৫০০টি ডিপ টিউবওয়েল ছিল এবং তার মধ্যে ২০০টি অকেজো ছিল এবং যুক্তফ্রন্ট সরকার সেই ২০০টিও চালু করতে দেন নি। কিন্তু এই সরকার আসার পর তার মধ্যে ১৯৮টি চালু হয়েছে যার ফলে আমরা দেখতে পাচ্ছি সাড়ে তিন লক্ষ মণ ধানের উৎপাদন বৃদ্ধি হয়েছে এবং ৬৩ হাজার বিঘা জমিতে জল পাচ্ছে যেটা যুক্তফ্রন্ট সরকার করতে পারেন নি। তা ছাড়া এ বছর যে ব্যয়বরাদ্দের দাবি তুলেছেন, তাতে দেখছি ২৫০টি ডিপ টিউবওয়েল, ৩০০টি রিভার লিফ্‌ট ইরিগেশান এবং ৭২৫টি শ্যালো টিউবওয়েল দেওয়া হয়েছে এবং তার ফলে ৩·৫ লক্ষ একর জমিতে চাষ হবে এবং ৪৫ লক্ষ মণ অধিক ধান উৎপন্ন হবে। এ বৎসর কৃষি বিভাগে যেভাবে কাজ হয়েছে, আগামী দু' বছরে যদি এইভাবে কাজ হয়, তা হ'লে খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অনিবার্য একথা বলা যায়। আমি কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ ক'রে বলছি, যদি খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করতে হয়, তা হ'লে বৈজ্ঞানিক ভিত্তিতে কৃষিকার্য চালু করুন। এবং সেই ভাবে যাতে চাষ হয় সেদিকে নজর দিন এবং ঠিকমত যাতে জল পায় তারও ব্যবস্থা করুন। কৃষিকে বিজ্ঞানভিত্তিক করতে হ'লে জলের প্রয়োজন। কাজেই সেচ এবং কৃষি বিভাগের সহযোগিতা প্রয়োজন। এটা না করলে ঠিক হবে না।

এবারে আমাদের জেলায় বোরো ধানে ঠিকমত জল দিতে পারে নি এবং তার ফলে দেখেছি ৮০ হাজার একর জমিতে চাষ হ'ল না—মাত্র ৬০ হাজার একরে চাষ হয়েছে। সেইজন্যই বলছি, কৃষি বিভাগ যদি সেচ বিভাগের সঙ্গে সহযোগিতা না করেন, তা হ'লে যেভাবে আমরা আশা করছি, সেভাবে হবে না। আমি যে জেলার অধিবাসী, সেটাকে বলা হয় পশ্চিমবাংলার শস্য-ভান্ডার। সেখানে প্যাকেজ প্রোগ্রামের জন্য ৫ কোটি টাকা ব্যয় করা হয়েছে এবং নিবিড় চাষ প্রকল্পের জন্য বহু পরীক্ষা-নিরীক্ষা এবং গবেষণা চলেছে। এই সমস্ত কাজ যাতে আমাদের জেলায় কৃষিভিত্তিক এবং সম্পূর্ণ বৈজ্ঞানিক প্রথায় চলে সেইজন্য সেখানে একটা এগ্রিকালচার কলেজ প্রয়োজন। আগেকার সরকার এটা মঞ্জুর করেছিলেন এবং কেন্দ্রীয় সরকার অনুমোদন দিয়েছিলেন। কিন্তু এবারের বাজেটে সেই কৃষি কলেজের বরাদ্দ না থাকার জন্য আমি মন্ত্রি-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ ক'রে বলছি যে, আমাদের বর্ধমান জেলায় একটা কৃষি কলেজ করা একান্তই প্রয়োজন। আর একটা কথা বলতে চাই যে, আমরা আমাদের প্রয়োজন অনুযায়ী সার পাচ্ছি না। আমরা যাতে আমাদের প্রয়োজন অনুসারে পুরোপুরি সার পাই সেইজন্য কেন্দ্রীয় সরকারের কাছে আপনারা বলুন। একথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি এবং এই বাজেটকে পূর্ণ সমর্থন জানাচ্ছি।

[5-10—5-20 p.m.]

শ্রীপ্রদ্যোৎকুমার মোহান্তিঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে এই হাউসের সামনে আমাদের কৃষিমন্ত্রী প্রায় ২৫ কোটি টাকা বরাদ্দের দাবি উত্থাপন করেছেন, ১৯৭৩-৭৪ সালের কৃষি খাতে ব্যয়বরাদ্দের জন্য। আজকে ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন ক'রে যে ভাষণ মাননীয় কৃষিমন্ত্রী রেখেছেন তা আমি পড়েছি। আমি আশা করেছিলাম এর পূর্বতন যিনি কৃষিমন্ত্রী ছিলেন, অনেকে তাঁর নাম করেছেন, তিনি হচ্ছেন শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয়, তাঁর ভাষণ থেকে—

শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয় যখন তিনি এই খাতে ব্যয়বরাদ্দের দাবি রাখতেন, তার থেকে নূতন কিছু এর মধ্যে পাব ব'লে আশা করেছিলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন পশ্চিম-বাংলায় যে অর্থনীতি তা প্রধানতঃ কৃষির উপর নির্ভরশীল। অতএব এই বিভাগ পশ্চিমবাংলার জনগণের কাছে একটা গুরুত্বপূর্ণ বিভাগ, একথা সকলেই স্বীকার করেন। কৃষির দু'টি উদ্দেশ্য প্রধানতঃ। এক উদ্দেশ্য উৎপাদন বৃদ্ধি করা, আর এক উদ্দেশ্য টু রেমেডি দি ইম্‌ব্যালেন্সেস। আজকে কেবলমাত্র কৃষি উৎপাদন বৃদ্ধি করলেই কৃষি বিভাগের দায়িত্ব শেষ হ'ল না, যদি না সেই উৎপন্ন কৃষিজাত দ্রব্য এগ্রিকালচারিস্ট এবং কন্‌জুমারদের বেনিফিটেড্ না করতে পারে। অতএব কৃষি উৎপাদন বাড়াবার জন্য কৃষি বিভাগের উদ্দেশ্য থাকবে। তেমনি সেই উৎপন্নের দ্বারা যাতে কৃষক এবং কৃষিজাত দ্রব্য যাঁরা ভোগ করেন, তাঁরা যাতে উপকৃত হন তার ব্যবস্থা করতে হবে। আমি দেখছি মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় অনেক সত্য কথা বলেছেন তাঁর ভাষণের মধ্যে। তাঁর বিভাগের ত্রুটি-বিচ্যুতির কথা, তাঁর বিভাগের অক্ষমতার কথা এই ভাষণের মধ্যে আছে। আমি একথা বলি না যে, কৃষিব্যবস্থা বহুযুগ ধ'রে অবহেলিত, আমাদের বর্তমান কৃষিমন্ত্রী মহাশয় মাত্র এক বছর দায়িত্ব নিয়ে সমস্ত ত্রুটি-বিচ্যুতি দূর ক'রে দেবেন; কিন্তু যতই সদুদ্দেশ্য থাকুক না কেন, গোড়ায় যে গলদ, সেই গলদ দূর করতে না পারলে উনি যতই পরিশ্রম করুন না কেন, যতই ক্ষিপ্রতার সঙ্গে কাজ করুন না কেন, তাতে ঈপ্সিত ফল পাওয়া যাবে না। এই যে আমাদের প্রকৃতির উপর নির্ভরশীল যে কৃষি মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় বলেছেন যে, গত বছর প্রাকৃতিক দুর্যোগ এবং খরার জন্য আমাদের উৎপাদন কমে গেল, সঙ্গে সঙ্গে তিনি একথাও স্বীকার করেছেন যে, আজকে কৃষিব্যবস্থা সম্পূর্ণ দৈবের উপর নির্ভরশীল আমাদের পশ্চিমবাংলায়। আমি যে কথা বলছিলাম এই যে কৃষিব্যবস্থায় গোড়ায় গলদ সো ফার অ্যাজ দি ডেভেলপমেন্ট অব এগ্রিকালচার ইজ কনসার্ন্ড। এর মধ্যে কোন ইন্টিগ্রেটেড, কম্প্রিহেন্সিভ, কো-অর্ডিনেটেড প্রোগ্রাম নাই।

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনি জানেন যে কেবলমাত্র কৃষিমন্ত্রী মহাশয় ইচ্ছা করলেই কৃষির উৎপাদন বৃদ্ধি হবে না, যে সমস্ত কৃষক কৃষিজাত দ্রব্য উৎপাদন করে, তাদের কল্যাণসাধন করতে পারবেন না যদি না তিনি সেচ বিভাগ, ভূমিসংস্কার বিভাগ, বিদ্যুৎ বিভাগ, ঋণ বিভাগ, সমবায় বিভাগ--এগুলি নিয়ে এক সঙ্গে না কাজ করেন বা করতে পারেন। আজকে জল নাই, এ বছর খরা হ'ল। অনেক কাজ তিনি করেছেন, অনেক চেষ্টাও তিনি করেছেন, কিন্তু আজকে এই যে অভাব ইন্টিগ্রেটেড প্রোগ্রামের, কো-অর্ডিনেটেড প্রোগ্রামের এটা দূর করতে হবে। ফলে কি হয়, ডিপ টিউবওয়েল বসান, শ্যালো টিউবওয়েল বসান, চাষী চাষ করতে গিয়ে দেখে যে চাষ তার লাভজনক হচ্ছে না। আজকে ৩/৪টি বিভাগকে যদি না একটা কম্প্রিহেন্সিভ প্রোগ্রামের মধ্যে না আনা যায়, কাজ হবে না। এটা করতে পারলে চাষীর কস্ট অব প্রোডাকশন কম হবে, সঙ্গে প্রোডাকশন বাড়বে। এক দিকে আমাদের চাষীদের প্রোডাকশনের পরিমাণ বাড়াবার চেষ্টা করতে হবে অন্যদিকে চাষী যাতে তার উৎপন্ন দ্রব্যের ন্যায্য দাম পায় তার ব্যবস্থা করতে হবে। সেই ব্যবস্থা সম্ভব নয় যদি না তিন-চারিটি বিভাগের মধ্যে কো-অর্ডিনেশন না থাকে। যদিও আজকে এটা আমাদের কৃষিমন্ত্রীর দায়িত্ব, কিন্তু আমাদের মন্ত্রিসভা তো জয়েন্ট রেসপনসিবিলিটির ব্যাপার। অতএব ৪/৫টি বিভাগের সমন্বয়সাধন না করতে পারলে কৃষির বা কৃষকের উন্নতি করা সম্ভব হবে না। আজকে কি দেখছি? জল নাই। সার নাই। চাষীকে ডিপ টিউবওয়েল বসিয়ে দিলেন বটে, কিন্তু হয়ত বিদ্যুৎ গিয়ে পৌঁছাল না। তার ফলে সেখানকার যে পরিমাণ জল উঠা দরকার তা উঠছে না। চাষী দেখল দিনের পর দিন যে খরচ ক'রে চাষ করছে, তাতে তার বিশেষ লাভ হচ্ছে না, ফলে সে উৎসাহ হারিয়ে ফেলে, যেখানে সে ধান চাষ করে সেখানে সেই ধান চাষ ছেড়ে হয়ত অন্য চাষে যায় এবং সেটা সে কিভাবে করতে পারে সেই চেষ্টাই করে। এইভাবে চাষী দিনের পর দিন গরিব হতে থাকে, পরে একদিন তার ভিটে মাটি বিক্রি হয়ে যায়। এটা প্রমাণ হয়ে যাবে যদি আপনারা একটি হিসাব নেন, যারা ছোট জমির মালিক ছিল, তারা ক্রমে ক্রমে ভূমিহীন হয়ে যাচ্ছে।

কৃষি বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় যে কথাটা বিভিন্ন প্রশ্নের উত্তরে বলতে চেয়েছেন এবং স্বীকার করেছেন সেটা হ'ল, সার নিয়ে দুনীতি হচ্ছে। কিন্তু দুনীতি কিভাবে বন্ধ করা যায় সেটা তিনি বললেন না। তাঁর অসহায় অবস্থা ছাড়া আমি আর কিছু বুঝি না। আজকে ফার্টিলাইজার কর্পোরেশন, এগ্রো-ইন্ডাস্ট্রি কর্পোরেশনের মাধ্যমে প্রধানতঃ সার বিলি করা হয় এবং একথাও ঠিক যে বেশী দাম দিলে সার বাজারে কিনতে পাওয়া যায়। তার মানে চোরা-কারবারী হচ্ছে। কে চুরি করে? কে প্রশ্রয় দিচ্ছে? মাননীয় মন্ত্রিমহাশয় বললেন, ধরিয়ে দিন, শাস্তিবিধান করব। কে ধরিয়ে দেবে? আমাদের কৃষি বিভাগের অফিসারই তো সার বণ্টন করেন। কেন্দ্রীয় সার পাবার পর এগ্রো-ইন্ডাস্ট্রিজ, কো-অপারেটিভ সোসাইটি, ফার্টিলাইজার কর্পোরেশন, তারা কিভাবে সার বিলি বণ্টন ব্যবস্থা করলেন, তারপর অ্যালটমেন্ট করলেন, তার উপর তদারকি দায়িত্ব তো বিভাগের। সেই বিভাগীয় ত্রুটি-বিচ্যুতি দূর করা দরকার। বাজারে কোথা থেকে সার গেল, সোর্স কোথায় সেটা ধরতে হবে। মন্ত্রিমহাশয় তো তাঁর অসহায় অবস্থার কথা বললেন। তাঁর বিভাগে অনেক ভাল অফিসার আছেন, যাঁরা চান দুর্নীতি দূর করতে। আমরা তো এমনিতেই কেন্দ্র থেকে সার কম পাই। যেটুকু পাই ফার্টিলাইজার কর্পোরেশন, এগ্রো-ইন্ডাস্ট্রিজ, কো-অপারেটিভ সোসাইটি মারফত সার বিলি-বণ্টন ব্যবস্থাকে দুর্নীতি-মুক্ত করতে হবে। আজকে সারা পশ্চিমবাংলার সদস্যরা জানেন যে, নাইট্রোজেনাস সার নিতে চাষী আগ্রহী। প্রতি ব্লকে ব্লকে অনেকগুলি গ্রামসেবক আছে। এক সময় এই গ্রামসেবক দিয়ে প্রচার করিয়েই এই নাইট্রোজেনাস সার ব্যবহার করতে চাষীকে শিখান হয়েছে। আজকে বিকল্প সার বের ক'রে সেই সার ব্যবহার করার জন্য এই গ্রামসেবকদের দিয়েই প্রচার করতে হবে। সেই কাজ করানোর দায়িত্ব কৃষি বিভাগের। সেই দায়িত্ব ঠিকমত গ্রামসেবকরা পালন করছেন কিনা তা

[5-20—5-30 p.m.]

তদারক হয় না। আমরা জানি, কৃষি দপ্তরে অনেক অফিসার আছেন, তাঁরা চান, হ্যাঁ, এই কৃষি বিভাগে এমন কিছু করা হোক যাতে কৃষিব্যবস্থার আমূল পরিবর্তন করা যাবে। কৃষিমন্ত্রীও আজকে বলেছেন, সাবেকী কৃষিব্যবস্থা পরিবর্তন করে নতুনভাবে কৃষিকে গ'ড়ে তুলতে হবে। রবীন্দ্রনাথের বইতেও পড়েছি, প্রফুল্লচন্দ্র সেন মহাশয়ও ব'লে গেছেন এবং বর্তমান মন্ত্রিমহাশয়ও বলেছেন, সাবেকী কৃষিব্যবস্থা বাদ দিয়ে নূতন ব্যবস্থা আনতে হবে। আমি জিজ্ঞাসা করি, সেই নূতন ব্যবস্থাটা কী? জনগণ তা জানতে চায়। মন্ত্রিমহাশয় যে নূতন ব্যবস্থা কৃষি ব্যবস্থার মধ্যে প্রবর্তন করতে চান তাঁর ভাষণের মধ্যে বলেছেন; কিন্তু তাঁর সেই ভাষণে সেই নতুন ব্যবস্থার কোন হদিস্ তিনি দেন নাই, সেই গতানুগতিক পন্থায় লাঙ্গল দেবে, জল দেবে ইত্যাদি। যাতে চাষ বাড়বে কি বাড়বে না তার কোন ইন্টিগ্রেটেড প্রোগ্রাম এর মধ্যে নেই। সাবেকী ব্যবস্থা দূর করতে না পারলে, কৃষি সম্বন্ধে সক্রিয় কোন ব্যবস্থা গ্রহণ না করতে পারলে, সারের যেটা অভাব তার বিকল্প কোন সারের ব্যবস্থা না করতে পারলে, ডিপ টিউবওয়েল-এর ব্যবস্থা না করতে পারলে, শ্যালো টিউবওয়েল-এর ব্যবস্থা না করতে পারলে, যেখানে এগুলো বসছে বা রিভার পাম্প বসছে, তার সাইট সিলেকসান নিয়ে এমন গলদ যার সঙ্গে জনপ্রতিনিধিদের কোন যোগাযোগ নাই। একজন বৈদ্যুতিক বিভাগের লোক, একজন সেচ বিভাগের লোক, আর একজন বি ডি ও-র লোক—এই তিনজন লোক মিলে এমন জায়গা সেগুলো বসাবার জন্য ঠিক করলেন যে, সেখান থেকে জল আর উঠলো না। আবার যে জল উঠলো তা টার্গেট এরিয়ায় গিয়ে পৌঁছল না। কাজেই এই সাইট সিলেকশনের ব্যাপারে জনপ্রতিনিধিদের সঙ্গে যোগাযোগ থাকা দরকার। সেই সাথে আরও যোগাযোগ থাকা প্রয়োজন জল সম্বন্ধে আগ্রহী চাষীদের। টার্গেট এরিয়াতে সাইট সিলেকশনের ব্যাপারে এই সবের যোগাযোগ থাকা দরকার।

রাজ্যপালের ভাষণের উপর বিতর্কের সময় আমি একটি কথা বলেছিলাম, এই ফার্টিলাইজার কর্পোরেশন-এর ঘুষ নেওয়া সম্বন্ধে। কণ্টাই রোড স্টেশনে যে মালটা একজন ডিলারকে দিলেন চারজন ডিলারকে দিলেন না। আবার সেই অফিসার বালিচক থেকে এনে ঘুষ নিয়ে তার একজনকে দিলেন। কাজেই এই ঘুষখোর দুর্নীতিপরায়ণ অফিসারদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করতে হবে। আমার এলাকা দাঁতন এক নম্বর ব্লক কালিদহে একটা রিভার পাম্প

বসান হয়েছে। কিন্তু দু' বছর ধ'রে সেই পাম্প জনসাধারণ চালাতে দিচ্ছে না। কেন? না, জলের গভীরতা সেখানে এত কম যে চার দিন পাম্প চালু রাখলে সেই জল শুকিয়ে যাবে—গরু-বাছুরেও আর জল খেতে পাবে না। সেই সম্বন্ধে জনসাধারণ আপত্তি ক'রে দরখাস্ত করেছে, বি ডি ও-কেও লেখা হয়েছে। আমি এম এল এ হিসাবে অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনীয়ার, মেদিনীপুর-কে মুখে বলেছি এবং বাঁকুড়ায় যিনি থাকেন একজিকিউটিভ ইঞ্জিনীয়ার তাঁকে চিঠি লিখেছি—সুবর্ণরেখা নদীতে সোনাকানিয়াতে পাম্প বসানোর জন্য। এখনো সে ব্যবস্থা হ'ল না। বি ডি ও জনসাধারণের বক্তব্যকে কোন মূল্য দেয় না—তাঁরা খেয়ালখুসি মত তাঁদের কাজ করেন। ঝাড়গ্রাম মহকুমার একটি গ্রামে চারটি পাম্প পড়ে আছে। তার সঙ্গে বিরাট বিরাট পাইপও অকেজো অবস্থায় পড়ে আছে। কোন কর্মচারী সেগুলি কাজে লাগাবার ব্যবস্থা করছেন না। এই সিলেকশনের ব্যাপারে যদি জনপ্রতিনিধি, আগ্রহী চাষী ও সমাজকর্মীদের কাজে লাগান না যায়, তবে যে টাকা সরকার খরচ করছেন, তার দ্বারা ঈপ্সিত ফল পাওয়া সম্ভব হবে না।

আর একটি কথা ব'লে আমার বক্তব্য শেষ করছি। যেসমস্ত লোককে বিভিন্ন রাষ্ট্রে কৃষির অবস্থাদি পর্যবেক্ষণের জন্য পশ্চিমবাংলার বাইরে পাঠানো হয়, সেই সমস্ত কর্মীদের সিলেকসান-এর মধ্যে অনেক ত্রুটি-বিচ্যুতি দেখা যায়। যাঁরা কৃষিকাজ করেন না এমন সব লোককে মাদ্রাজ, গুজরাট, মহীশূর, কেরালা ইত্যাদি রাজ্যে মনোনীত ক'রে পাঠানো হয়ে থাকে। এই যে সিলেকসান হয় যারা প্রকৃত চাষী তাদের যাতে সিলেকটেড ক'রে পাঠানো যায় তার ব্যবস্থা যেন ভবিষ্যতে করা হয়। তা না হ'লে আসল উদ্দেশ্যই ব্যর্থ হয়ে যাবে।

আপনি জানেন, স্যার, অনেক পরীক্ষা-নিরীক্ষা ক'রে সুন্দরবনে তুলার চাষের ব্যবস্থা করা হয়েছিল। আমরা কাগজে পড়েছি ১৯ হাজার একর তুলোর চাষ পরীক্ষা করা হয়েছিল ২০ লক্ষ টাকা ব্যয় করে। তুলো ফলেছিল ৫ হাজার কেজি। অর্থাৎ এক কেজি-তে দাম পড়েছিল ৫ হাজার টাকা। যদি কম ক'রে পরীক্ষা করা হ'ত তা হ'লে এতো টাকা সরকারের নষ্ট হ'ত না। কাজেই আজকে কম ক'রে পরীক্ষা কেন্দ্রগুলো করা উচিত। সরকার ঠিক করেছেন ১০ হাজার একর জায়গা নিয়ে সমস্ত কৃষি গবেষণা কেন্দ্র করবেন এবং চাষীকে দিয়ে চাষ করবেন। আমাদের অভিজ্ঞতায় দেখেছি ব্লকে ব্লকে এগ্রিকালচার ফার্ম এবং সেই ফার্মের হিসাব নিয়ে দেখবেন মাননীয় কৃষিমন্ত্রী তার পাশে যে চাষী চাষ করে নিজের জমিতে তার কস্ট অফ প্রোডাকসন-এর চেয়ে এগ্রিকালচার ফার্মের কস্ট অফ প্রোডাকসান অনেক বেশি। আজকে প্ল্যানিং বোর্ডের মত অনুসারে ১০ হাজার একর জমি নিয়ে যে পরীক্ষা-নিরীক্ষা করবার চেষ্টা করছেন আবার তা ব্যর্থতায় পর্যবসিত হবে। রাশিয়ায় এটা ব্যর্থতায় পর্যবসিত হয়েছে এবং সেটা হবার পর যুগোশ্লোভিয়াতে এটা নেয় নি, পোল্যান্ডে নেয় নি, তারা বলেছে, রাশিয়াতে যেহেতু ব্যর্থ হয়েছে আমরা নেবো না। আমি সেইজন্য বলি অনেক ভেবে চিন্তে যেন এইসব পরীক্ষা-নিরিক্ষা করেন। এই কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীভবানী পালঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি কৃষিমন্ত্রীর ব্যয়বরাদ্দের দাবি সমর্থন করতে গিয়ে কিছু বলবো। বিশেষ ক'রে পাট চাষ এবং পাট চাষী সম্বন্ধে। কৃষিমন্ত্রী তাঁর বক্তৃতায় বলেছেন গত বছরের মোট উৎপাদন ৩৪·৪ লক্ষ টন থেকে ৭ লক্ষ বেল এইবার আমাদের কম হয়েছে। এইটা খরার জন্য কতখানি আর কতখানি পাট চাষীদের অনীহার জন্য ভেবে দেখতে হবে। গত বছর যখন পাটের চাষ হয়, তখন মে মাসে জলের কিছু কিছু প্রয়োজন হয়েছিল। পাট চাষ এতো কম হওয়া উচিত ছিল না। খাদ্যশস্য সেখানে ৫৬ লক্ষ টনের মধ্যে ৫২ লক্ষ টন হয়েছে, মাত্র ৪ লক্ষ টন কম হয়েছে। সেখানে পাট চাষ এত কম হওয়ার কারণ কি শুধু খরা? আমাদের পাট চাষের জমি ১২ লক্ষ একরের মতো। পার্টিশানের আগে যেখানে ২·৬৬ হাজার ছিল সেটা বেড়ে গিয়ে ত্রিইটা হয়েছে। এই জমি কোথা থেকে এসেছে? যে ভালো জমি ধান চাষের ছিল সেটা কনভার্ট করা হয়েছে পাটচাষে। সারা ভারতবর্ষে ২৪ লক্ষ একর জমিতে পাটচাষ হয়। পশ্চিমবঙ্গে একমাত্র রাজ্যে ১২ লক্ষ একর হয় এবং সবচেয়ে ভালো পাটও এখানে হয়। পাট হয় পশ্চিমবঙ্গে, বিহারের কিছু অংশে, উড়িষ্যার কিছু অংশে, আসামে আর

ত্রিপুরায়। ১২ লক্ষ একরের পাটচাষীরা পশ্চিমবাংলাতে কি পায়? ১২ লক্ষ একর যার উপর নির্ভর ক'রে গ'ড়ে উঠেছে জুট ইন্ডাস্ট্রি বা পাট কারখানা যেখানে পাট উৎপন্ন হয় সেখানে নয় তার থেকে কয়েক শো মাইল দূরে কলকাতার আসে-পাশে হুগলী নদীর দু' ধারে। পাট চাষীরা কত দাম পায়? আজকে বাজার দর ৬৩·৫০ পয়সা পার মণ প্রাইস, আর গভর্নমেন্ট বেঁধে দিয়েছেন ৪২ টাকা ক'রে। চাষীরা কিন্তু এর চেয়ে অনেক কম দামে পাট বিক্রি করে। কারণ অনেক আগে পাট কথা বলতে শুরু করার আগে, পাট নিংড়ানো হয় নি তখন মহাজন টাকা দিয়েছে যাতে পাট চাষী ৩০/৩৫ টাকা দরে বিক্রি করে। আমি একটা ধ'রে নিয়ে এক একরের

[5-30—5-40 p.m.]

মোটামুটি একটা হিসাব করেছি। এক একর জমিতে ১২০টি ম্যান ডেজ লাগে যদি ৫ টাকা ক'রে ধরি, তা হ'লে ৬০০ টাকা। তারপর বীজ কিনতে হয় তিন টাকা ক'রে এক বিঘায়। আমি কেমিকেল ম্যানিওর কথা বলছি না, গ্রামে হয় তো তা ব্যবহার হয় না। আমি ধরছি গোবর ইত্যাদি কাল্টিভেশন করার জন্য ঐ সমস্ত সারের ক্যারিং খরচ ইত্যাদি সব মিলে আরও ২৩০ টাকা খরচ হয়। যা হোক আমি ধ'রে নিলাম ৭০০ টাকা খরচ পার একর। আর পাট উৎপাদন হয় পার একর ১২ মণ। তা হ'লে এই ১২ মণের দাম ধরুন দেখবেন চাষীরা তাদের ন্যায্য দাম পায় না। এই ব্যাপারের কোন রকম ব্যবস্থা পশ্চিমবঙ্গ সরকার আজ পর্যন্ত করতে পারেন নি। পাটের যে পার একর প্রোডাকসান এবং পার একর অ্যাভারেজ যা উৎপাদন হয় তাতে চাষী তার খরচ পর্যন্ত তুলতে পারে না। একটা জুট কমিশন বসানো হয়েছিল—কিন্তু সেই জুট কমিশন আজ পর্যন্ত কোন রকম চাষীদের নিরাপত্তার কিছু করতে পারেন নি। ১৯৩৯ সালে ফ্লাউট কমিশন হয়। সেখানে দেখা যায় ১ মণ পাটের পরিবর্তে ৩ মণ ধান পাওয়া যায়। এদিকে ধানের জমি আপনি কনভার্ট করেছেন পাটের জমিতে। আজকে পশ্চিম-বাংলায় যে পাটের উৎপাদন হয় সেই টাকা কি পশ্চিমবঙ্গে আসে? কৃষকরা বর্ষাকালে পাট উৎপন্ন করে। আর পাটকলে সেই পাট আসে তার অনেক পরে। তাই চাষীরা যখন বিক্রি করে তার অনেক বেশী দামে পাটকলে তার অনেক পরে বিক্রি হয় এবং সেই পাটকলে যে শ্রমিক কাজ করে সেও বাংলাদেশের চাষীর ছেলে নয়। তাই আমি কৃষিমন্ত্রীকে বলবো তিনি একবার ভেবে দেখুন যে, এই যে ধান বন্ধ ক'রে পাট করছেন তার মুনাফা তার ইনকাম ট্যাক্স তার এক্সাইজ ডিউটি তার এমপ্লয়মেন্ট এই সবেরই দিক থেকে এই পশ্চিমবাংলা কত পাচ্ছে। তাই আমি বলছি যে, পাটের একটা দাম একটা সিলিং বেঁধে দিন এবং এই সমস্ত কিছুকে ডিসেন্ট্রা-লাইজ ক'রে যেসব জায়গায় পাট তৈরি হয় সেই সব জায়গায় চ'লে যেতে হবে এবং দেখতে হবে যে, এই সব পাট চাষীরা যারা বছরের অন্য সময়ে বসে থাকে তাদের সেখানে কলকারখানা ক'রে যাতে তারা অন্য সময়ে কাজ পেতে পারে সেই দিকে চিন্তা করতে হবে। এই কথা ব'লে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীতুহিনকুমার সামন্তঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের বিরোধী দলের তিমিরবাবু যে কথা বললেন প্রথমে এ সম্বন্ধে একটা কথা বলতে চাই। আমাদের এই বিধানসভায় কোন সাইকোলজিস্ট ছিলেন না। আনন্দের কথা যে, তাঁর মত একজন সাইকোলজিস্ট আমরা পেয়েছি। অনেক কথা তিনি বলেছেন। তিনি রেকর্ডের কথা বলেছেন। ও'রা গ্রামে গিয়ে বলেন যে, সরকারের জল—এ জলে কাজ হবে কি ক'রে। জলের সারবস্তু নষ্ট হয়ে গেছে ঐ ইলেকট্রিসিটি সব টেনে বের ক'রে নিয়েছে, জলে আর কোন পদার্থ নেই, এই জল দিয়ে প্রোডাকসন হতে পারে না। ও'রা বলেন, সার অ্যামোনিয়াতে খড়িমাটি আছে, নুন দেওয়া আছে। এই রকম বিভ্রান্তিকর প্রচার তাঁরা করেছেন এবং ক'রে থাকেন—কিন্তু দুঃখের বিষয় কিছু কনস্ট্রাকটিভ বলতে পারেন না। ওনারা বার বার যুক্তফ্রন্ট সরকারের কথা বলেন এবং যুক্তফ্রন্ট সরকারের স্বপ্ন দেখেন। কিন্তু তিমিরবাবুকে বলতে চাই যে যুক্তফ্রন্ট সরকারের আমলে কয়টি প্রজার স্থায়ী স্বত্ব দিতে পেরেছেন? আমি বর্ধমান জেলার লোক, আমি জোর ক'রে বলতে পারি যে, একটিও পারেন না। যা হোক, আপনারা সমালোচনা করবেন করুন, তাতে আমাদের কোন

আপত্তি নাই, কিন্তু যে সমলোচনা করবেন সেটা কনস্ট্রাকটিভ হওয়া চাই এবং তাতে আমরা শিক্ষা পাবো। যা হোক, আমি আসল কথায় আসি। এই রকম আজগুবি ডিপার্টমেন্ট আর হয় না। অনেক রকম ডিফেক্ট আছে। কথায় আছে এই পশ্চিমবঙ্গের মাঠে সোনা ফলানো যায়। কিন্তু সেটা সম্ভব যদি বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষ করা যায়।

বিভিন্ন দেশে আমরা দেখেছি বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষ হবার ফলে পরিস্থিতির উন্নতি হচ্ছে, প্রোডাকসান বেড়েছে। কিন্তু পশ্চিমবঙ্গের কোন জায়গাতেই এই বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষ হয় না। চাষীদের সরকারের তরফ থেকে কোন প্রশিক্ষণ দেবার বন্দোবস্ত করা হয় নি। তরমুজ কাঁকর মাটিতে হবে, না বেলে মাটিতে হবে সে শিক্ষাও চাষীদের নেই। প্রশিক্ষণ দেবার ব্যবস্থা থাকলে কৃষিক্ষেত্রে ভালভাবে ৩ বার ক'রে ফসল ফলানো যায়। তার বপনের পদ্ধতি আছে, কাটারও পদ্ধতি আছে। এই সমস্ত ক্ষেত্রে আমরা দেখেছি কোন প্রকার বৈজ্ঞানিক পদ্ধতি নেই। কৃষির প্রোডাকসানের ক্ষেত্রে যদি বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি, বৈজ্ঞানিক পটভূমিকা না থাকে, কেমন ক'রে সার প্রয়োগ করতে হয়, কখন কোন্ সারের প্রয়োজন এসব জ্ঞান যদি না থাকে, তা হ'লে প্রোডাকসান কি ক'রে বাড়বে? এই কথা আমি যদি মাননীয় কৃষিমন্ত্রীকে জিজ্ঞাসা করি, তিনি তো চাষীর ঘরের ছেলে, তিনিও বলতে পারবেন না। তার কারণ এটাই নিয়ম, এটাই পশ্চিমবঙ্গের চাষীদের অজ্ঞতা। কাজেই সেখানে আপনি ২৫ কোটি টাকা কেন, ৫০০ কোটি টাকা নিয়োগ করলেও কিছু হবে না। কারণ, চাষীরা ঠিকমত জানে না, কেমন ক'রে চাষ করতে হয় কেমন ক'রে চাষ হয়। কৃষকরা জানে না কোন্ সয়েলে কতটা পরিমাণে কি সার দিলে রাসায়নিক প্রক্রিয়ার ফলে তাদের উৎপাদন বাড়বে, এ জ্ঞান তাদের নেই। কৃষিক্ষেত্রে আমরা এই দৈন্য চিরকাল দেখতে পাচ্ছি এবং কোন প্রশিক্ষণ কেন্দ্র না থাকার ফলেই হয়ত এই অবস্থা হয়েছে। গ্রামসভার উপর এই দায়িত্ব দেওয়া আছে। তারা নিজেরাই চাষের কিছু বোঝে না। কাজেই তারা কিভাবে চাষীদের বোঝাবে সেটাই আমার কাছে সব চেয়ে আশ্চর্যের কথা। তারপরে আসি জলের কথায়। সত্য বাপুলি মহাশয় বলেছেন, চাষীদের জল চাই, জল যদি দিতে পারেন, তা হ'লে চাষ হতে পারে। অত্যন্ত আনন্দের কথা বিগত ২৫ বছরে যা হয় নি বর্তমান কৃষিমন্ত্রীকে ধন্যবাদ জানাই তিনি প্রতিটি অঞ্চলে অঞ্চলে কেন্দ্রে কেন্দ্রে ডিপ টিউবওয়েল, রিভার পাম্প বসাচ্ছেন। আমি আজকে আমার এলাকার চাষীদের তরফ থেকে গর্ব অনুভব করতে পারি যে, বর্তমান সরকার কৃষিক্ষেত্রে উৎপাদন বাড়াবার জন্য ডিপ টিউবওয়েল এবং রিভার পাম্পের ব্যবস্থা করেছেন। কিন্তু সব চেয়ে বড় জিনিস হচ্ছে এই আজগুবি ঋণ পদ্ধতি ঋণ পদ্ধতির ব্যাপারটা হচ্ছে এই রকম। গরু কেনার জন্য টাকা চাষের পরে যায়, রবি মরশুমের টাকা খারিফ মরশুমে পৌঁছলে তবে যায়, ফার্টিলাইজার লোন চাষ হয়ে গেলে, ধান পেকে গেলে যায়। এই ফার্টিলাইজার লোন ঠিক সময় মত না পৌঁছলে চাষীরা কি করে ধানে সার দিতে পারে সেটা একটুখানি চিন্তা ক'রে দেখুন। পাইপে গাঁজা ভরে খায় নাকি, এখানে ডিপার্টমেন্ট যেন নেই বললেই হয়। কাজেই চাষীদের যে ঋণ আমরা দেব সেটা যেন ৩ মাস আগে থেকে চাষীদের কাছে গিয়ে পৌঁছায়, যাতে চাষীরা একটা প্ল্যান, প্রোগ্রাম করতে পারে যে, এই এই বাবতে আমরা টাকা খরচ করবো। আমি দেখেছি একটি চাষীকে ৫০ টাকা ঋণ দেওয়া হয় গরু কেনার জন্য ২৫ টাকা সারের জন্য ঋণ দেওয়া হয়। আমি কৃষিমন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই, আপনি নিজেই বলুন তো এই ২৫ টাকায় চাষ হয় কিনা? একজোড়া গরুর দাম আজকাল ৭০০ টাকা যদি হয়, তা হ'লে সেখানে আপনি ৫০ টাকা কি ১০০ টাকা দিলেন এতে কি গরু পাওয়া যায়? আমার মনে হয় গরুর একটা ঠ্যাংও বোধ হয় হবে না। বাস্তব দৃষ্টিভঙ্গি আপনারা গ্রহণ করুন, তবেই কৃষির উন্নতি হবে। এই কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅজিতকুমার বসু: (মেদিনীপুর) মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি এনেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানাই। সমর্থন জানাই এই কারণে যে, বিশেষ ক'রে তিনি আজকে পশ্চিমবাংলায় কৃষি বিপ্লব আনতে যাচ্ছেন। মেদিনীপুর জেলা আগে সারপ্লাস জেলা ছিল, এখনও তাই এবং বিগত কয়েক বছরের খরা, বন্যার জন্য কৃষিক্ষেত্র ব্যাপক ভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। আমাদের এই পশ্চিমবাংলায় আমরা ৭০/৭৫ জন

লোক কৃষির উপর নির্ভর ক'রে থাকি এবং গ্রামবাংলার অধিকাংশ লোকই এই কৃষির উপর নির্ভর ক'রে আছে। কাজেই এই কৃষি খাতে আরো বেশী অর্থ বরাদ্দ করা উচিত ছিল ব'লে আমি মনে করি।

[5-40—5-50 p.m.]

প্রথমতঃ হচ্ছে সেচের বিশেষ ব্যবস্থা করা দরকার। মেদিনীপুর সদর, ঝাড়গ্রাম, পুরুলিয়া, বাঁকুড়া এই সব এলাকায় যে সব পতিত জমি প'ড়ে আছে তাতে কোন ফসল হয় না, এদিকে আমি কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে সুন্দরবন এবং দীঘাতে সেচের ব্যবস্থা ক'রে সরকারী মাধ্যমে যে রকম তুলা চাষের ব্যবস্থা করা হয়েছে সেই রকম বাঁকুড়া, পুরুলিয়া, ঝাড়গ্রামে বিকল্প ব্যবস্থা যদি গ্রহণ করতেন, তা হ'লে আমি মনে করি একটা কৃষি বিপ্লব আসতো। কাজেই ঝাড়গ্রাম, বাঁকুড়া, মেদিনীপুর সদর মহকুমার যে সব এলাকা এখনও পতিত প'ড়ে আছে সেই সব এলাকায় সত্বর সেচের ব্যবস্থা করা একান্ত প্রয়োজন ব'লেই আমি মনে করি। মাননীয় সদস্য তুহিনবাবু যে কথা বললেন তাতে আমি তাঁর সঙ্গে একমত যে, সেচের ব্যবস্থা যদি আমরা ঠিকমত করতে না পারি, তা হ'লে আমাদের কৃষিব্যবস্থার উন্নতি ঠিকমত হবে না। তারপর স্যার, বি ডি ও-দের মাধ্যমে যে কৃষিঋণ দেওয়া হয় —তুহিনবাবুর সঙ্গে আমি একমত, পশু কেনার জন্য সার ইত্যাদির জন্য যে ঋণ দেওয়া হয় তা অতি সামান্য। তাতে সার তো দূরের কথা পাথেয় খরচ পর্যন্ত জোটে না।

শ্রীসুব্রত মুখার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সভায় মাননীয় কৃষিমন্ত্রী তাঁর কৃষিখাতের ব্যয়বরাদ্দের জন্য যে অনুমোদন চেয়েছেন আমি সানন্দে সেই অনুমোদন করছি। কারণ মাননীয় কৃষিমন্ত্রীর একটা সার্বিক চেষ্টা আমরা দেখেছি। তিনি পশ্চিমবঙ্গের কৃষিতে একটা বিপ্লব আনতে চাইছেন, সবুজ বিপ্লবের স্বপ্ন তিনি দেখছেন। আমরাও তাকে ত্বরান্বিত করতে চাই। কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রিমহাশয়কে বলতে চাই যে, প্রদীপের নিচেই কিন্তু অন্ধকার। তাঁর এই যে সৎ প্রচেষ্টা, এটা কিছু কিছু আমলা, কিছু কিছু কর্মচারী বানচাল ক'রে দেবার চেষ্টায় আছেন। তিনি যদি প্রথম থেকে সজাগ এবং সতর্ক না থাকেন, তা হ'লে শেষ পর্যন্ত দেখা যাবে তাঁর এই আন্তরিক প্রচেষ্টা বরবাদ হয়ে যাবে। তাঁর এই প্রচেষ্টা যে কিছু কিছু বরবাদ হচ্ছে সে সম্পর্কে বলতে গিয়ে প্রথমেই বলব, কেন্দ্রীয় সরকার একটা ফার্টিলাইজার প্রমোশন প্রোগ্রাম দিয়েছিলেন- কোন্ জমিতে কি ধরনের সার দেওয়া দরকার তার পরীক্ষা-নিরীক্ষার ব্যবস্থা কেন্দ্রীয় সরকার করেছিলেন। আমি জানি না, আমার কাছে যতদূর সংবাদ আছে, তাতে বলতে পারি এই প্রোগ্রাম পশ্চিমবঙ্গে গ্রহণ করা হয় নি। আমি জানি না এর জন্য কে বা কারা দায়ী। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে চাষীরা চারি-দিক থেকে বিপর্যস্ত হচ্ছে। তারা সময়মত ঋণ, বীজ, সার ইত্যাদি পায় না। চাষ হয়ে যাবার পর বীজ, সার পায়। সেখানে যদি সে উৎকৃষ্ট মানের সার চায়, তা হ'লে সে তা পায় না। স্যার, এই প্রসঙ্গে এখানকার যাঁরা গ্রামবাংলার সদস্য আছেন তাঁরা আমার সঙ্গে একমত হবেন যে, এবারে চাষের সময় অতি নিকৃষ্ট মানের সার, যেটাকে সুফলা সার বলা হয় তা দেওয়া হয়েছে। চাষীরা এই সার নিতে চায় না, তারা বলে, এই সারে জমির বা চাষের কোন উপকার হবে না, কিন্তু তবুও এই সার দেওয়া হয়েছে। এই সারের যারা কারবারী তারা উন্নত মানের সার গোডাউনে লুকিয়ে রেখে এমন একটা কৃত্রিম অভাব সৃষ্টি করেছিল যে, চাষীদের বাধ্য করেছিল এই সার নিতে। আমি জানি না এটা কতদূর সত্য যে, এর পেছনে কৃষি বিভাগের কোন কোন আমলার হাত আছে, যারা এই সুফলা সার ফার্টিলাইজার কর্পোরেশনের, জোর ক'রে বিক্রি করানোর পেছনে ইন্ধন বা মদত যুগিয়েছিল।

এই যে নিকৃষ্ট মানের সার চাষীর উপরে জোর ক'রে চাপিয়ে দেওয়া হ'ল সে জন্য এই বিষয়ে তিনি আজকে তদন্ত করার ব্যবস্থা করবেন কিনা? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার কাছে খবর আছে, বিভিন্ন ব্লকে যে সমস্ত গ্রামসেবকরা আছেন, যারা চাষীদের উৎসাহিত করেন, যারা কৃষিকে বিজ্ঞানসম্মত করার জন্য শিক্ষণাবেক্ষণ নিয়ে থাকেন। সেখানে একটা গ্রামসেবক

প্রশিক্ষণকেন্দ্র আছে, যে প্রশিক্ষণকেন্দ্রে বিভিন্ন ব্লক থেকে মাঝে মাঝে গ্রামসেবকদের পাঠান হয় চাষের দিনের পর দিন কত উন্নতি হচ্ছে, তাকে কিভাবে বিজ্ঞানসম্মত করা যায় এগুলি দেখার জন্য। কিন্তু আজ দীর্ঘদিন ধ'রে সেই গ্রামসেবক প্রশিক্ষণকেন্দ্রটি বন্ধ হয়ে আছে কিনা? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে কৃষি বিপ্লব বা সবুজ বিপ্লবের আমরা স্বপ্ন দেখছি। সেখানে যদি দেখা যায় যে, কৃষি বিভাগের কোন আমলা বা কোন অধঃস্তন কর্মচারী তাদের নিজেদের ব্যক্তিগত স্বার্থে বিভাগকে পরিচালিত করছে এবং চাষীকে প্রতারিত করছে, তা হ'লে সেই আমলা বা সেই কর্মচারী তিনি যে কোন ব্যক্তি হোন না কেন তার সম্পর্কে যদি আমরা সক্রিয় চিন্তা-ভাবনা না করি, তা হ'লে এটা কখনই সফল হবে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কৃষিমন্ত্রী মহাশয়ের কাছে আর একটা আর্জি রাখতে চাই। সেই আর্জিটা হচ্ছে কৃষি বিভাগ থেকে সেচ বিভাগের মধ্যে কোন সমন্বয় নেই। দেখা গেছে, হয়ত কোন এলাকায় একটা বিল সংস্কার করলে সেখানে ৩/৪ হাজার একর জমির হয়ত ফসল বাঁচান যাবে। এখন এই বিল সংস্কার নিয়ে এই দু'টি বিভাগের মধ্যে একটা বিতর্ক শুরু হ'ল, একটা ঠাণ্ডা লড়াই শুরু হ'ল। অর্থাৎ কৃষি বিভাগ সেই কাজ করবে, না সেচ বিভাগ সেই কাজ করবে। ওরা বলছে এত হাজার টাকার প্রোগ্রাম যদি হয়, তা হ'লে এটা আমাদের দায়িত্ব আর তার বেশী হ'লে সেটা ওদের দায়িত্ব। এই যে দু'টি বিভাগের মধ্যে একটা সার্বিক উন্নয়নের পরিকল্পনা নিয়ে একটা ঘাত, প্রত্যাঘাত এবং ঠাণ্ডা লড়াই তার জন্য চাষীকে বঞ্চিত হতে হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আপনার কাছে আমার আবেদন এই যে, আজকে পশ্চিমবাংলায় বেকার সমস্যা ভয়াবহ রয়েছে এবং কৃষি বিভাগে আজ পর্যন্ত বহু পদ খালি রয়েছে। সেই পদগুলি পূরণ করার জন্য এখন পর্যন্ত কোন ব্যবস্থা করা হচ্ছে না। কৃষি বিভাগে আজকে কাজ বেড়ে গেছে, তাদের দায়িত্ব বেড়ে গেছে। সেই কাজ এবং দায়িত্ব বাড়ার সঙ্গে সঙ্গে গোটা কৃষি বিভাগকে যদি নূতন ক'রে পুনর্বিন্যাস না করা হয়, তার কাজের দায়িত্ব এবং ক্ষমতাকে যদি বিকেন্দ্রিকরণ না করা হয়, তা হ'লে একটি বা দু'টি লোক নিয়ে এই বিরাট সমস্যার সমাধান করা সম্ভব নয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য শেষ করার আগে আমি আপনার কাছে আর একটি আর্জি রাখতে চাই। কৃষি বিভাগের বিভিন্ন অব্যবস্থা সম্পর্কে এবং কোন কোন কর্মচারী সম্পর্কে কিছু কিছু মন্তব্য দিয়ে বিভিন্ন সংবাদপত্রে এই সব সংবাদ বেরিয়েছে। আমি আপনার টেবিলে এটা রাখতে চাই এবং আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রী মহাশয়ের কাছে এই ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীঅজিতকুমার গাঙ্গুলীঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের এই কৃষি ব্যাপারে ব্যাকুলতা উপলব্ধি করি এবং প্রশংসা করি। কিন্তু এর জন্য যা প্রয়োজন সে সম্পর্কে একটা ভাবতে বলি। তার আগে প্রদ্যুৎবাবুকে বলি, তিনি রাশিয়ার যে পদ্ধতি তাতে ক্ষুব্ধ। যুগোশ্লোভিয়া এবং পোল্যাণ্ডের কথা বলেছেন। তিনি বোধ হয় জানেন না, যুগোশ্লোভিয়া তার যে ত্রুটি স্বীকার ক'রে সোভিয়েট রাশিয়ার বৈজ্ঞানিক পদ্ধতি গ্রহণ করেছে। কাজেই সোভিয়েট-এর কথা বললে ভয়ের কিছু নেই। কেউ যদি বলে মানুষ দুই পায়ে চলে, তা হ'লে সেটা তো অন্যায় হয় না। কাজেই সত্যকে সত্য ব'লে গ্রহণ করা ভাল।

[5-50—6-00 p.m.]

কিন্তু যে কথা আপনার মাধ্যমে এখানে উপস্থিত করতে চাচ্ছি সেটা হচ্ছে থার্ড ফাইভ-ইয়ার প্ল্যানে যে স্টাডি টিম অ্যাপয়েন্ট করা হয়েছিল, এই বিষয়ে মাননীয় সদস্যরা দেখেছেন, ১৯৬৬ সালে অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মস কমিশন যে স্টাডি টিম অ্যাপয়েন্ট করেছিলেন, তাতে সেই টিম বলছেনঃ

Administrative Reforms Commission...Study Team appointment... Agricultural administration had in recent times swelled to enormous proportion both at Centre and State level. It has become a heterogeneous body of the

joint venture. Each branch rising to establish an empire of its own with a view to ensure prestige and security in service. This has resulted to diffusion of responsibility and tremendous duplication and overlapping of efforts and cause frequent wastage of resources of financial and technical man power.

এই কথাটা তারা স্টাডি ক'রে বুঝেছিলেন। এখানকার উপস্থিত সদস্য এবং মন্ত্রিমহাশয় লক্ষ্য করেছেন। মাননীয় সদস্যরা আপনার কাছে রাখতে চাইছেন যে, কো-অর্ডিনেশন হচ্ছে না, ইন্টিগ্রেটেড হচ্ছে না। সেই স্টাডি টিম এটাই কনক্লুড করেছেঃ

It would be a dangerous game to proceed on a false presumption.. the situation is exclusive and calls for a dynamic approch to agriculture before it is too late.

আজকে আমাদের এখান থেকেই বুঝতে হবে ব্যাপারটা কি। এই রিপোর্ট যদি দেখেন, তা হ'লে দেখবেন, আমি গভীরভাবে উপলব্ধি করেছি যে, এবারে আপনার অফিসাররা ইরিগেশন ব্যাপারে বিশেষ ক'রে জোর দিয়ে তুলে ধরেছেন, সেটা নিশ্চয়ই প্রয়োজন আছে সেই বিষয়ে সন্দেহ নেই। কিন্তু অনেক বক্তা বলেছেন যে, প্রয়োজন আছে সেই অনুপাতে হয় নি। কিন্তু মন্ত্রি-মহাশয় জানেন যে, এই এগ্রিকালচার আমাদের জীবনে কত প্রয়োজন। কারণ তিনি এই পশ্চিমবাংলার ছেলে। এই এগ্রিকালচার হচ্ছে আমাদের জীবনের গুরুত্বপূর্ণ দিক। ইট কন্ট্রি-বউটস অ্যাবাউট ফিফটি পার্সেন্ট অব দি ন্যাশনাল ইনকাম। যে জাতীয় আয় আমরা বলি তার অধিকই এগ্রিকালচার থেকে আসে। এগ্রিকালচারে আমাদের প্রায় সেভেন্টি পার্সেন্ট অব দি পপুলেশন আছে।

Bulk of the wages...comes to 50 per cent. of the export trade. ...Raw materials to large sector industries.

অর্থাৎ কাপড়, পাটের কল জানেন এই সাপ্লাই করেন। এটা সাধারণ ভাবে যদি একটা এগ্রি-কালচার ডিপার্টমেন্ট ব'লে মনে ক'রে থাকেন, তা হ'লে ব্যর্থ হয়ে যাবে সব। সেই জন্য মাননীয় পেটুলি মহাশয় যা বললেন যে এটাকে ইন্টিগ্রেটেড সাইন্টিফিক পজিশনে... .

Agriculture process is a strategic element in the process of economic development of a country.

নয়ে আসা দরকার। তা যদি না করা যায়, তা হ'লে ভাল ফল পাওয়া যাবে না। ইট ইজ নট দি সাম আপ ওয়ান। এগ্রিকালচার অ্যান্ড ইন্ডাস্ট্রি দু'টোকে একসঙ্গে দেখতে হবে। এই রকম ভাবে বুঝতে হবে। অতএব ১৮ কোটি টাকা থেকে ২৫ কোটি টাকা খরচ হচ্ছে কিনা ইট ইজ টু এ সাম আপ ওয়ান। আমরা এটাকে একটা জায়গায় এনে তুলতে পারছি কিনা এই অ্যাগ্রো-ইন্ডাস্ট্রিকে, এটা কিছু সম্পদ পর্যায়ে আনা যাচ্ছে কিনা সেটা দেখতে হ'লে রিলেটেড টু এগ্রিকালচার সকলকেই দেখতে হবে। স্কোরভের কথা যদি জানা থাকে সেখানে দেখতে পাবেন, সেখানে তিনি বলছেন,

There is no contradiction between industrial and agricultural development. He pointed out that 2 things are co-related. So both were necessary for a balanced economic development. You cannot isolate one from the other, for growing more food you need better fertilizer and for that you need machinery.

এটার মধ্যে কোন পার্থক্য নেই। আমি এই কথা বলবো, এই দু'টোকে যদি পরিপ্রেক্ষিত ভাবে না দেখি, তা হ'লে মন্ত্রিমহাশয়ের সব গুলিয়ে যাবে। সবকিছু একত্রিত ক'রে যদি করতে না পারি, তা হ'লে এখানকার বহু সদস্যই যা বলেছেন, তা হ'লে আবার সেই বাধা এসে দাঁড়াচ্ছে,

দে হ্যাভ বিকাম দি স্টাম্বলিং ব্লক। কৃষির অগ্রগতি হচ্ছে না, আপনার সহৃদয়তা আছে, আপনি দরদ দিয়ে ভাবছেন, কিন্তু এ দরদ কোথায় যাবে? আপনি গোবরডাঙ্গা অঞ্চলে গিয়েছিলেন, সেখানে একজন ভদ্রলোক নাম হচ্ছে সুদেব রায় চৌধুরী, আমিও গিয়েছিলাম, যুগান্তরে বেরিয়েছে, সত্যযুগে, আনন্দবাজারে, স্টেটসম্যানে বেরিয়েছে সেই বিবৃতি, কিন্তু তার মধ্যে কিছুই নেই। অথচ সুদেববাবু বলছেন এখানে কৃষকদের পাম্প নিয়ে জল বেশী দামে বিক্রি করার চেষ্টা করা হচ্ছে, আর আপনি বলেছেন তাদের মিশায় ধরা হচ্ছে। আমিও বলছি যে, জল বেশী দামে যারা বিক্রি করছে তাদের মিশায় ধরা হোক। কিন্তু সেখানে সরকারী টিউবওয়েল যায় নি, সেখানে ৪০ জন ক্ষেতমজুর আর ৩৫ জন কৃষক মিলে ৫০ একর জমি চাষ করে। আপনি দেখেছেন আজকে কালেকটিভ ফার্মিং-এর দিকে যখন নিয়ে যেতে হবে যখন মডার্নাইজড করতে হবে এবং আপনার বক্তৃতার শেষ দিকে যে কথা আছে 'সনাতনী কৃষি প্রথাকে বিজ্ঞান ও কারিগরী বিদ্যার ভিত্তিতে সমৃদ্ধ ক'রে তুলতে সাহায্যকারী' ইত্যাদি, আপনি পদ্ধতি ভালই ধরেছেন প্রত্যেক জায়গায়, কিন্তু আপনার ডিপার্টমেন্টকে সেই জায়গায় নিয়ে যেতে পারেন নি, তারা সেই পুরনো জিনিস ধ'রে ব'সে আছে। আজকে এখানকার সব সদস্যরাই বলেছেন, আমি আর সে কথা বলতে চাই না, তাদের কাছে গেলে কোন এনকারেজমেন্ট নাই, তাদের কতকগুলি স্টিরিওটাইপড আইডিয়াজ আছে তারা সেই আইডিয়া পুশ করবেন। কৃষিক্ষেত্রে ধানের বীজ সারের ব্যবস্থা এই সব সরকারী ভাবে না হ'লে কিছুই হবে না। সেই জন্য আমি আপনার কাছে আবেদন রাখছি যে, এই বিষয়ে যদি কিছু করতে হয়, যদি মডার্নাইজড করতে হয়, তা হ'লে দুটো কাজ করতে হবে, কৃষকদের বাঁচাতে হবে সেই জন্য ডাঃ ওমর আলী ব'লে গিয়েছে যে, ঋণকে ন্যাশনালাইজ করতে হবে। যে ঋণ দেওয়ার কথা বলেছেন সে সম্বন্ধে ক্রপ ইনসিওরেন্সের কথা গত বছর আমি বলেছিলাম আপনি চেষ্টা করবেন কিনা জানি না। আমরা হাউসে রোজ দেখছি, সিক ইন্ডাস্ট্রি [illegible] ইন্ডাস্ট্রি সরকারী ব্যবস্থায় খোলবার চেষ্টা [illegible] হচ্ছে এবং মজুরদের এইভাবে কাজ দেওয়ার চেষ্টা করা হচ্ছে। সরকারের এই ব্যবস্থার প্রশংসা নিশ্চয়ই আছে, কিন্ত আমি বলি কৃষকদের ফসলের জন্য মন্ত্রিমহাশয় এই রকম একটু ভাবেন না কেন? এখানেও আপনাকে ভাবতে হবে ফসল যদি সব শেষ হয়ে যায়, তা হ'লে কি [illegible] কারখানায় ফায়ার ইন্সিওরেন্স আছে কিন্ত কৃষকদের ব্যাপারে নির্দিষ্ট ব্যবস্থা কিছু [illegible] আপনি যদি জিনিসটা বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি নিয়ে করতে চান তা হ'লে আমি এই কথা বলি এবং কৃষি গবেষণা যাঁরা করেছেন তাঁদের কথার উদ্ধৃতি দিয়ে আমার নিজের কথা নয়

The way out is to turn the small and scattered peasants farms into la[rge] united farms based on the common cultivation of the soil, to introdu[ce] collective cultivation of the soil on the basis of the new and higher tec[h]niques. The way out is to unite the small and lower peasants unit gradually and surely not by pressure but by examination and persuasi[on] into large farms based on co-operative cultivation of the soil with the [use] of Agriculture machinery and scientific method. There is no way out.

এ জিনিস না করতে পারলে আর কোন প্রতিকার নেই। আমরা দেখেছি বনগাঁয়ে ফালয়া [illegible] একটা গ্রামে মেসিন ব্লক যেটা স্যাংসন হয়ে গেছে, কিন্ত আজ পর্যন্ত সেই মেসিন পেল [illegible] চৌবেড়েতে ঘর হয়ে পাইপ বসে আছে, কিন্তু আজ পর্যন্ত মোটর যাচ্ছে না। তবে এর থেকে অফিসাররা উত্তর দিচ্ছেন সমস্ত ব্যবস্থা হয়েছে। কিন্তু এইভাবে যদি করতে হয়, তা হ' মডার্নাইজ করতে গেলে পাওয়ার পাম্প, টিউবওয়েল, ফার্টিলাইজার ইত্যাদি সমস্ত জিনি[সে] একটা সংহত ব্যবস্থা না করতে পারি, তা হ'লে কৃষির উন্নতি হবে না। আমি তাই আপ[নার] মাধ্যমে বলব কো-অর্ডিনেটেড করুন।

[6-10—6-20 p.m.]

শ্রীপ্রফুল্ল মাইতি: মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, মাননীয় কৃষিমন্ত্রী যে ব্যয়বরাদ্দের দা[বি] নিয়ে এসেছেন তাকে সমর্থন করছি এবং তাঁর লিখিত ভাষণে যে সবুজ বিপ্লবের ইঙ্গিত রয়ে

তার জন্য তাঁকে আন্তরিক ধন্যবাদ দিচ্ছি। আজ একথা অনস্বিকার্য যে, আমাদের অর্থনীতি সম্পূর্ণভাবে কৃষির উপর নির্ভরশীল। এই কৃষির উন্নতির জন্য যে যে ব্যবস্থা নেওয়া প্রয়োজন তার মধ্যে নিঃসন্দেহে সেচব্যবস্থা অগ্রাধিকার পেতে পারে। পশ্চিমবাংলায় ক্ষুদ্র সেচ পরিকল্পনা যা আছে তাতে গ্রামাঞ্চলে যে শ্যালো টিউবওয়েল বসানোর ব্যবস্থা করা হয়েছে তাতে কৃষির উন্নতি হয়েছিল ঠিক। কিন্তু এই শ্যালো যারা বসাতে পেরেছে এবং যারা এবিষয়ে সুযোগ পায় দেখা যায় তারা সব সংগতিসম্পন্ন কৃষক। দরিদ্র কৃষকদের জন্য হালে ব্যবস্থা করা হয়েছে যে, কয়েকজন গ্রুপ ক'রে শ্যালো বা পাম্পসেট পেতে পারে। কিন্তু এই ব্যবস্থার মধ্যে যে জটিলতা রয়েছে তাতে এই শ্রেণীর কৃষকরা এর সুযোগ পাচ্ছে না। এর জন্য উদার শর্তাবলী দিয়ে আজ তাদের সাহায্য করতে হবে এবং সেচব্যবস্থার আওতায় আনতে হবে। রিভার লিফ্‌ট ইরিগেশন হালে খুব জনপ্রিয়তা অর্জন করেছে। কিন্তু এই ব্যবস্থাও খুব অপ্রচুর। এই রিভার লিফ্‌ট ইরিগেশন-এ কোথাও কোথাও যা দেওয়া হয়েছে তাতে খুব কাজ হচ্ছে না। এজন্য যে সেচ বিভাগের সঙ্গে কোন কো-অর্ডিনেশন নেই। আমি তাই কৃষিমন্ত্রীকে অনুরোধ করব তিনি যেন সেচ বিভাগের সঙ্গে কথাবার্তা বলে এমন একটা ব্যবস্থা অবলম্বন করুন যাতে বৃষ্টির পর ছোট ছোট নদীগুলিতে বাঁধ দেওয়া যায়।

শ্রীপ্রবোধকুমার সিংহরায়ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় তাঁর বাজেট ব্যয়বরাদ্দের দাবির সমর্থনে যে বক্তব্য রেখেছেন আজকে গ্রামবাংলার শতকরা ৮০ জন লোক যারা কৃষির উপর নির্ভরশীল তাদের মনের কথাই তাঁর ভাষণে প্রতিফলিত হয়েছে বলে আমি তাঁকে আবার আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। আজকে গ্রামবাংলার মানুষ কৃষক কৃষির উন্নতির বিষয়ে নিজেরাও অনেক চিন্তা করতে শিখেছে, ভাবতে শিখেছে। যদি এর প্রকৃত মূল্যায়ন করা হয়, তাদের দাবি দাওয়ার দিকে সুযোগ সুবিধা দিয়ে যদি মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর দপ্তরকে সজাগ করতে পারেন, তা হ'লে আমার মনে হয় তিনি যে লক্ষ্যে পৌঁছাতে যাচ্ছেন তাতে আরো দ্রুততার সঙ্গে এগিয়ে যাওয়া সম্ভবপর। আজকে ব্যবস্থা অনেক হয়েছে, কিন্তু যেসব জায়গায় বিদ্যুৎ নেই মাননীয় মন্ত্রিমহাশয় উল্লেখ করেছেন যে সেখানে ক্লাস্টার টাইপ অফ শ্যালো টিউবওয়েল, ডিপ টিউবওয়েল বসানো যাবে না। আমাদের উত্তরবঙ্গে বিশেষ ক'রে আমরা যে এলাকা থেকে নির্বাচিত হয়েছি সেখানে গ্রামীণ বিদ্যুতের কোন রকম সুযোগ-সুবিধা নেই, সেই এলাকাগুলি যাতে সেচের সুবিধা থেকে বঞ্চিত না হয় সেজন্য আপনার কাছে অনুরোধ রাখব মজে যাওয়া নদী, খাল, খাঁড়ি এগুলি যদি স্লুইস গেট ক'রে রিজারভার ক'রে দেন, কিছু কিছু পাম্প ব্যবস্থা ক'রে দেওয়ার সুযোগ ক'রে দেন, তা হ'লে মানুষ নিজের চেষ্টাতে সেচ নিয়ে কৃষির পূর্ণ উন্নতি করতে পারবে ব'লে আমার বিশ্বাস। সর্বপ্রথমে আমাদের এলাকায় যেসব জায়গায় বিদ্যুৎ গিয়ে এখনও পৌঁছাতে পারে নি তারা যাতে এই রকম সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত না হয় সেই অনুরোধ আমি মাননীয় কৃষিমন্ত্রী মহাশয়ের কাছে রাখব। আমি আর একটি কথা বলব সেটা হচ্ছে আমাদের জেলায় বহু সরকারী পুকুর আছে, সেই সমস্ত পুকুরের সংস্কার হ'লে সেচের সুবিধা সম্প্রসারিত হতে পারে। আমি আশা করব সরকার সেদিকে দৃষ্টি দেবেন। স্যারের ব্যাপারটা আমি কৃষিমন্ত্রী মহাশয়ের দৃষ্টিতে আনতে চাই। স্যার বাবত যে অর্থ আপনি মঞ্জুরি দেন এই নগদ অর্থ বিলি-বণ্টনের ক্ষেত্রে বহু জায়গায় বহু বাধা-বিপত্তির সৃষ্টি হয়। সেজন্য আমার বক্তব্য হচ্ছে ব্লক পর্যায়ে যে অর্থ বরাদ্দ করেন সেটা নগদ টাকায় না দিয়ে সার দিতে বলুন। সেদিকে আপনি একটু চেষ্টা ক'রে দেখবেন এই অনুরোধ আপনার কাছে রাখছি। আর একটা কথা হচ্ছে অনেক জায়গায় খাল কাটার প্রয়োজন রয়েছে। আমার অনেক সহকর্মী বন্ধু বলেছেন সেচ সম্পর্কিত যেসব পরিকল্পনা কৃষকের মঙ্গল আনতে পারে সেইসব পরিকল্পনা রূপায়ণের জন্য সেচ দপ্তরকে আপনার দপ্তরের আওতায় আনা উচিত। একথা চিন্তা করার জন্য অনুরোধ রেখে এই বাজেটকে আবার সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকার্তিকচন্দ্র বিশ্বাসঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রী কৃষি ক্ষেত্রে সবুজ বিপ্লব আনার জন্য ১৯৭৩-৭৪ সালের যে ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন করেছেন তাকে আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি। মাননীয় তিমিরবাবু বলেছেন কৃষি ক্ষেত্রে কিছু উন্নতি হয় নি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর কৃষকরা নতুনভাবে চাষ করার যে অনুপ্রেরণা পেয়েছেন সে সম্পর্কে কিছু বক্তব্য আপনার সামনে তুলে ধরতে চাই। আমরা লক্ষ্য ক'রে দেখেছি ১৯৭১-৭২ সালে গভীর নলকূপের সংখ্যা ছিল ১,৭৫৬টি, এই সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর ১৯৭২-৭৩ সালে এই ১ বছরে আরো ২৫০টি বৃদ্ধি পেয়েছে। নদী সেচ প্রকল্প দেখেছি ১৯৭১-৭২ সালে ৯৪৩টি নদী সেচ প্রকল্প ছিল, এই সরকার আসার পর ১৯৭২-৭৩ সালে ১ বছরে ৭৩৬টি নতুন নদী সেচ প্রকল্প চালু করেছেন। তাছাড়া আমরা দেখেছি গম চাষের ক্ষেত্রে ১৯৬৭-৬৮ সালে উৎপাদনের পরিমাণ ছিল ৭১ হাজার টন, ১৯৭২-৭৩ সালে তার পরিমাণ দাঁড়িয়েছে ১০ লক্ষ ৪৩ হাজার ৭৮৮ টন।

[6-10—6-20 p.m.]

তণ্ডুলের ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি ১৯৬৬-৬৭ সালে আমাদের উৎপাদনের পরিমাণ ছিল ৭৫ লক্ষ ৪৩ হাজার টন এবং এটা থেকেই বুঝতে পারছি কৃষি ক্ষেত্রে উন্নতি হয়েছে কিনা। আগে যে সেচ প্রকল্পের প্রচলন ছিল কৃষি ক্ষেত্রে তাতে দেখছি গভীর নলকূপের ব্যবস্থা ছিল। আমাদের কৃষিমন্ত্রী এখন গভীর নলকূপের পরিবর্তে গুচ্ছ নলকূপের ব্যবস্থা করেছেন এবং তাতে দেখছি চাষীদের মধ্যে প্রভূত সাড়া জেগেছে। গভীর নলকূপের যে চাষ হয় তার পরিমাণ হচ্ছে ১২৫ থেকে ১৫০ বিঘা পর্যন্ত। কিন্তু গুচ্ছ নলকূপে দেখছি প্রায় ৩০০ বিঘা জমি চাষ করা যাবে। গভীর নলকূপে দেখেছি দীর্ঘদিন ধ'রে চাষ করলে পর জমির উপর একটা লেয়ার পড়ে যায় এবং তাতে জমির ক্ষতি হয়। কিন্তু গুচ্ছ নলকূপে সেই অসুবিধা হচ্ছে না। আমাদের কৃষিমন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন করেছেন তাতে দেখছি প্রায় ১,৬০০ পাম্প সেট সহ শ্যালো টিউবওয়েল বসাবার পরিকল্পনা গ্রহণ করেছেন। আমরা লক্ষ্য করেছি আগে যে শ্যালো এবং পাম্প সেট বিলি-বণ্টনের ব্যবস্থা ছিল তাতে সাধারণতঃ বড় বড় চাষীরা এগুলি পেত, ক্ষুদ্র চাষীরা এই সুযোগ পেত না। আমাদের কৃষিমন্ত্রী যে ব্যবস্থা করেছেন তাতে দেখছি ৪ বিঘা পর্যন্ত রায়তি জমি সেখানে যাতে কো-অপারেটিভের মাধ্যমে শ্যালো এবং পাম্পসেট পায় তার ব্যবস্থা করেছেন। তারপর আমার বক্তব্য হচ্ছে, কৃষিব্যবস্থায় আমরা কিছু অব্যবস্থা লক্ষ্য করছি। অনেক ক্ষেত্রে আমরা দেখেছি ডিপ টিউবওয়েল বা রিভার পাম্প মাসের পর মাস খারাপ হয়ে রয়েছে এবং চাষীরা ডিপার্টমেণ্টে জানান সত্ত্বেও সময়মত জল দিতে পারে নি। সেই জন্য আমি কৃষিমন্ত্রীকে বলেছি প্রত্যেক ব্লকে টেকনিসিয়ান ডিপার্টমেন্ট খোলা হোক এবং গভীর নলকূপ বা শ্যালা টিউবওয়েল বা রিভার পাম্প খারাপ হবার সঙ্গে সঙ্গে সেখানে সেগুলো সারাবার ব্যবস্থা হোক। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এরপর আমার বক্তব্য হচ্ছে সারের ক্ষেত্রেও আমরা কতগুলি অব্যবস্থা দেখছি। আমাদের দেশের যে পরিমাণ সার প্রয়োজন সেই পরিমাণ সার তারা পায় না। কৃষিমন্ত্রী বলেছেন, যে পরিমাণ সার আমাদের প্রয়োজন তার অর্ধেক পরিমাণ আমরা পাই। এই ব্যাপারে কিছু অব্যবস্থা আমরা লক্ষ্য করেছি। আমরা দেখেছি এডুকেটেড ইউথরা সার কিনে সেই দোকানেই সেই সার বিক্রি ক'রে বিভিন্ন চাষীর নামে রসিদ কেটে দিয়ে দেয়। একথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ্।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, কৃষি খাতে মাননীয় কৃষিমন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবি আপনার মাধ্যমে এনেছেন, সে সম্বন্ধে দু'-চারটি বক্তব্য রাখতে চাই। কৃষি এমনই একটা দপ্তর যে দপ্তর নিজে কাজ করলে স্বয়ংসম্পূর্ণতা আনতে পারবে না, এর সঙ্গে চাই বিদ্যুৎ বিভাগ, তার সঙ্গে চাই সেচ বিভাগ, তার সঙ্গে চাই গভর্নমেন্ট আন্ডারটেকিং —এই সব মিলে সুসংবদ্ধভাবে একটা পরিকল্পনা চাই। এবং যদি তা না হয়, তা হ'লে কৃষি দপ্তর ফলপ্রসূ করার পক্ষে অনেক অন্তরায় সৃষ্টি হতে বাধ্য। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কৃষিতে আজকে সবুজ বিপ্লবের কথা বলা হচ্ছে, তখন বিরোধী পক্ষের কয়েকজন সদস্য এমন কি সি পি আই-এরও অনেক বন্ধুরা এমন এমন কথা বলছেন এবং এমন এমন সমালোচনা করছেন, যেগুলি অসার ব'লে প্রমাণিত হচ্ছে। আর এস পি মাননীয় সদস্য তিমিরবাবু, এখন

উপস্থিত নেই, শীস মহম্মদ সাহেব আছেন, আমি তাঁকেই বলি যে, আপনি তো মুর্শিদাবাদ জেলার লোক, আজ যদি তিমিরবাবু উপস্থিত থাকতেন, তা হ'লে সাংবাদিক বন্ধুদের নিয়ে মন্ত্রিমহাশয়কে নিয়ে এবং এম এল এ এ নিয়ে, যদি তিমিরবাবুর এলেকায় যাওয়া হয়, তা হ'লে সকলেই দেখতে পাবেন যে তিমিরবাবুর এলাকার কি পরিমাণ উন্নতি হয়েছে। তিমিরবাবুর এলেকায় যে পরিমাণ কপির চাষ হয়, যে পরিমাণ আলুর চাষ হয়, যে পরিমাণ পটলের চাষ হয়, আজ কলকাতায় যত এই ধরনের খাদ্যজাত দ্রব্য আসে, তার অধিকাংশ পরিপূরণ করে মুর্শিদাবাদ জেলা একথা সত্য কিনা। তিমিরবাবুই আজকে বলুন যে, তিমিরবাবুর এলেকায় যদি যাওয়া যায়, তা হ'লে আজকে দেখা যাবে সন্ধ্যার পর ঐ বেলডাঙ্গা থানার বুকে চারিদিকে আলো, সেখানে শ্যালো টিউবওয়েল বসেছে কিনা, সেখানে হ্যান্ড টিউবওয়ল, হাতে যেটাকে সেচ দেওয়া হয়, তেমন টিউবওয়েল বসেছে কিনা এবং তাঁরই ভান্ডারদহ এলেকার উপরে কতগুলি সেচ প্রকল্প হয়েছে। অথচ তিমিরবাবু নির্লজ্জের মত ব'লে গেলেন যে, কিছুই হয় নি। স্যার আমরা কোথায় আছি তা হ'লে। এত অসত্য এই ধরনের কথাবার্তা ব'লে বিধানসভার সাহায্য নিয়ে পার্লামেন্টারী ডেমোক্রেসীর সুযোগ নিয়ে এসব কি বলা সাজে স্যার, তাঁর মত সদস্যের দ্বারা? বাস্তব সত্য স্বীকার করতে হবে। তা যদি না হয়, তা হ'লে সত্যের অপলাপ করা হবে। (শ্রীশীস মহম্মদঃ আপনি অসত্য কথা বলছেন।) মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যখনই কথা বলতে উঠি, তখনই এই আর এস পি সদস্যরা আমার বক্তৃতায় বাধা দেন। আজকে তিমিরবাবুর এলেকার কথা তাঁকে জিজ্ঞাসা করতে চাই, তিনি এখানে শপথ ক'রে বলুন যে, তাঁর এলেকায় কোন উন্নয়নমূলক প্রকল্প নেওয়া হয়েছে কিনা। সেখানে ফসল ফলছে কিনা। সেখানে গম চাষ বৃদ্ধি হয়েছে কিনা। ধান উৎপাদন বৃদ্ধি হয়েছে কিনা। এই কথা ব'লে তারপর অন্য কথা বলবেন। তিনি বললেন যে পাম্প সেট বহু কথাবার্তা হয়েছে, স্যার, আপনি জানেন, যখন এগারটা পাম্প সেট নির্বাচিত করা হ'ল, তখন কতকগুলি স্বার্থসংশ্লিষ্ট ব্যক্তি যাদের পাম্প সেট নির্বাচন করা হ'ল না, তাঁরা কতকগুলি অপপ্রচারে নেমে গেলেন। নানা রকম অপপ্রচার করতে লাগলেন। আমি একটা কোম্পানীর নাম জানি, ভোটাস কোম্পানী আমাদের বহরমপুরে তাঁরা এমন এমন পাম্প সেট বিতরণ করেছিলেন, চাষী যেদিন নিয়ে গেছে, তার পরদিনই বন্ধ হয়ে গেছে। কোন রকম তারা আন্ডারটেকিং নেয় নি, কোন রকম মেরামত করার দায়িত্ব তাঁরা নেন নি। উপরন্তু স্মল কজ কোর্টে ৭ জন চাষীর বিরুদ্ধে মোকদ্দমা ক'রে দিয়েছে। একটা যদি অসত্য কথা বলি, তা হ'লে আমি এই সভা থেকে পদত্যাগ ক'রে চলে যাব। কিন্তু যে সমস্ত পাম্প সেট কোম্পানীর হয়ে ও'রা দালালী করছেন, ১১টি পাম্প সেট যেটা নির্বাচন করা হয়েছিল, সেটা নিশ্চয়ই বোনাফাইড এবং জেনুইন। পরবর্তী কালে কমিশন ডাকা হয়েছিল, কমিশন যাদের বলেছে, নিশ্চয়ই তাদের কথা শোনা হয়েছে, আজকে যদি চাষীর স্বার্থে কাজ করতে হয়, তা হ'লে নিশ্চয়ই পাম্প সেট বসাতে হবে। তা না করলে হবে না। কৃষিমন্ত্রী মহাশয়কে একটি কথা সবিনয়ে বলতে চাই, শুধু জল দিলে কখনও ফসল হবে না, আজ সারের যে অবস্থা, আজকে আমি বলতে চাই, আমাদের এখানে ৪ লক্ষ ৯৪ হাজার মেট্রিক টন সারের দরকার আছে, সেখানে মাত্র আড়াই লক্ষ মেট্রিক টন সার আমরা পেয়েছি। এই সার যদি আমরা না দিতে পারি, সেচের জমিতে যদি সার না দিতে পারি, তা হ'লে ওয়ান-থার্ড ফসলও হবে না। আজকে সেই সারের কি ব্যবস্থা হচ্ছে। পশ্চিমবাংলার বুকে কেন্দ্রীয় সরকারের সাহায্য নিয়ে সারের কারখানা কেন আমরা খুলতে পারব না? পাঞ্জাবের দিকে তাকিয়ে দেখুন। সেখানে বৈজ্ঞানিক উপায়ে আধুনিকীকরণ ক'রে চাষ ক'রে স্বয়ংসম্পূর্ণ হতে পেরেছে। পশ্চিমবাংলার বুকে এক ফসলের জমিতে অধিক ফসল ফলান এবং একাধিক ফসল ফলাতে গেলে, আজকে সারের প্রয়োজন। আজকে আমি কৃষিমন্ত্রীকে ধন্যবাদ দেব যে, তিনি ৪ লক্ষ ৯৪ হাজার টন, যে সারের প্রয়োজন তা কেন্দ্রীয় সরকারের কাছে দাবি পেশ করেছেন এবং আমাদের পশ্চিমবাংলার বিধানসভার সদস্যদেরও এই বক্তব্য থাকা উচিত যে, আজকে ৪ কোটি ৪৪ লক্ষ লোকের খাদ্যের জন্য কেন্দ্রীয় সরকারকে সারের পরিপূরক ব্যবস্থা করতে হবে। এবং অগ্রগতি ঘটাতে না পারলে ঘনবসতিপূর্ণ

[6-20—6-30 p.m.]

পশ্চিমবাংলার শান্তিশৃঙ্খলা বিঘ্নিত হতে বাধ্য হবে। আপনার মাধ্যমে ডেপুটি স্পীকার মহাশয়, (এখানে লাল আলো জ্বলে উঠল) আমাকে আর একটু সময় দিন, আর দুই-একটি কথা নিবেদন করতে চাই। আজকে গ্রামের দিকে চাষীকে লোন দেবার কথা বলা হচ্ছে। গতকাল আমি বাড়ি থেকে এসেছি, আমি আমার ব্লকে দেখেছি সেখানে দেড় লক্ষ টাকা লোন দেওয়া হয়েছে। বোধ হয় সমস্ত ব্লকে লোন এইভাবে দেওয়া হচ্ছে। নিশ্চয়ই দেওয়া হচ্ছে, কেন না আমার ব্লকের জন্য আলাদা ব্যবস্থা হতে পারে না। এখন কথা হচ্ছে যাতে এই লোন সুষ্ঠুভাবে বণ্টিত হয় এবং চাষীর হাতে পৌঁছায়, সেজন্য মাননীয় সদস্যদের বক্তব্য এখানে রাখা উচিত। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি দু'-একটি কথা দুর্নীতি সম্বন্ধে বলব। আজকে গ্রামসেবকদের কাজ বি[illegible] আর লিস্ট করা, টি আর স্কীম নেওয়া, লোন বিলি করার ব্যবস্থা রাখা এবং সয়েল টেস্টিং সেন্টার প্রতিটি ব্লকে থাকা দরকার। আজকে গ্রামসেবকদের নিজস্ব একটা দায়িত্ব থাকা দরকার কৃষিজাত সম্পদ কি ক'রে বাড়ান যায় সেদিকে তাদের নিজেদের একটা দায়িত্ব থাকা দরকার। এবং এই দায়িত্ব যে গ্রামসেবকদের আছে এটা বুঝিয়ে দেবার জন্য কৃষি দপ্তরকে সজাগ হতে হবে। আপনি স্যার, নিশ্চয়ই জানেন আজকে সর্টেজ অফ ইলেকট্রিসিটি আছে। সেজন্য কৃষিমন্ত্রী এবং বিদ্যুৎমন্ত্রীর পরামর্শক্রমে দুর্গাপুর থেকে বিদ্যুৎ কম আনছেন। আমরাও সারা দেশে বিদ্যুতের ব্যবহার কমিয়ে এনেছি এবং গ্রামের দিকে সেচের জন্য সেই বিদ্যুৎ দিচ্ছি। যে হারে সেচ দেওয়া হবে সেই হারে যত বিদ্যুৎ প্রয়োজন তা যাতে পাওয়া যায় সেই প্রেসিডেন্স বিদ্যুৎমন্ত্রী এবং কৃষিমন্ত্রীকে দিতে হবে। তবে পশ্চিমবাংলা সরকার চাষের জন্য মুখ্যমন্ত্রীর নেতৃত্বে ১৩ কোটি টাকা কেন্দ্রীয় সরকার থেকে পেয়েছেন—এই ১৩ কোটি টাকা যথাযথভাবে ব্যয়িত হয়েছে ব'লে আমার ধারণা। আজকে বিরোধী দলের সদস্যরা নানা রকম কথা ব'লে [illegible] বিভ্রান্ত করবার চেষ্টা করবেন না। এই কথা ব'লে আমি যে সাজেসন কৃষি সম্পর্কে দিয়েছি আশা করি কৃষিমন্ত্রী সেই সাজেসন মনে রাখবেন। এই ব'লে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ্।

শ্রীশীস মহম্মদ ঃ অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, মাননীয় সদস্য বারি সাহেব তিমিরবাবুর প্রতি একটা কথা ব্যবহার করলেন, তিনি তাঁকে নির্লজ্জ ব'লে উল্লেখ করলেন। দিনের পর দিন তাঁরা এইরকম বলছেন। সেদিনও একটা কথা বলা হ'ল। স্যার, এইরকম কথা কি অ্যাসেমব্লি হাউসে ব্যবহার করা চলে?

শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ আমি নির্লজ্জ বলি নি, আমি বলেছি নির্লজ্জের মত কথা বলছেন।

শ্রীশচীনন্দন সাউ ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গে কৃষিখাতে ১৯৭৩-৭৪ সালের জন্য যে ব্যয়বরাদ্দ মাননীয় মন্ত্রিমহাশয় মঞ্জুরীর জন্য উপস্থিত করেছেন আমি তাকে পরিপূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য রাখছি। আমি সমর্থন জানাই এই কারণে, আমি যখন বীরভূম জেলা থেকে কলকাতার দিকে আসছিলাম ট্রেনে ক'রে আমি দেখলাম সারা বর্ধমানের মাঠগুলি সবুজ হয়ে গেছে। এত বড় খরা গেল আমাদের মাননীয় কৃষিমন্ত্রী যেভাবে এই খরার মোকাবিলা করেছেন এবং অতি অল্প সময়ের মধ্যে যেভাবে চাষীর ক্ষেতে জল পৌঁছে দিয়েছেন বিভিন্ন প্রকল্পের মাধ্যমে, পশ্চিমবাংলার বিধানসভার সদস্য হিসাবে মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি অভিনন্দন না জানিয়ে পারি না। আমি এবার বীরভূম জেলার চাষীদের কথা মাননীয় কৃষিমন্ত্রীর সামনে কিছু তুলে ধরতে চাই। আপনি স্যার, জানেন বীরভূমের রায়নগর বিধানচন্দ্র রায় মহাশয় একটা সীসল ফার্ম স্থাপন করেছিলেন আজকে সেটা নষ্টের দিকে। আজও সেই ফার্মের যদি উন্নতি ঘটান যায়, তা হ'লে বীরভূমের বেকার সমস্যার খানিকটা সমাধান সম্ভব। কাজেই সীসল ফার্মকে নূতন ক'রে পুনঃস্থাপন করবার জন্য মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে একটু আগে এখানে শুনলাম মাননীয় তিমিরবাবু আমাদের

সরকারের দুর্নীতি সম্পর্কে কিছু বললেন। তিমিরবাবু শুনে আশ্চর্য হবেন আমাদের জেলার কৃষি অফিসার যিনি ১৯ বছর ধ'রে বীরভূম জেলায় আছেন তাঁর সম্পর্কে নানা দুর্নীতির অভিযোগ ঘটেছিল।

বিরোধী পক্ষের নাসিরুদ্দিন সাহেব যখন কৃষি দপ্তরের মন্ত্রী ছিলেন, তখন তাঁকে ট্রান্সফার করা হয়েছিল, কিন্তু তিনি তাঁর এই ট্রান্সফার অর্ডার চেক ক'রে দিয়েছিলেন। তারপর যে ইনজাংসান হয়, মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় তা ভেকেট ক'রে অন্য অফিসারকে সেই জায়গায় বসিয়েছেন। এ থেকে প্রমাণিত হয় আমাদের সরকার দুর্নীতিকে প্রশ্রয় দেয় না। রাজনগর সীসল ফার্মের দুর্নীতি সম্বন্ধে আমরা যে তদন্ত দাবি করেছি, মন্ত্রিমহাশয় পূর্ণ আশ্বাস দিয়েছেন, সে সম্পর্কে তিনি তদন্ত করবেন। কৃষিমন্ত্রী তাঁর নিষ্ঠা ও কর্তব্যের মধ্য দিয়ে এটাই প্রমাণ ক'রে চলেছেন যে, পশ্চিমবাংলার বুকে কৃষি বিপ্লবের যে আহ্বান তিনি জানিয়েছেন, তা নিশ্চয়ই সার্থক হবে, সফল হবে।

আর একটি জিনিস কৃষিমন্ত্রীকে স্মরণ করিয়ে দিচ্ছি, তিনি খরাকবলিত এলাকার জন্য যে প্রকল্প নিয়েছেন, তার মধ্যে বীরভূমের রাজনগর, খয়রাসোল, দুবরাজপুরকে অন্তর্ভুক্ত করা হয় নি। সেখানে ডিপ টিউবওয়েল হয় না, শ্যালো টিউবওয়েলও হয় না। জলের জন্য আকাশের দিকে চেয়ে ভগবানকে ডাকা ছাড়া আর গত্যন্তর থাকে না। সেইসব এলাকাকেও খরা প্রকল্পের মধ্যে অন্তর্ভুক্ত ক'রে নিলে আমরা খুসী হব।

আর একটি ব্যাপার এই প্রসঙ্গে জানিয়ে রাখি, বীরভূমে যে সমস্ত কান্দর আছে সেখানে স্লুইস গেট ক'রে দিলে সেচের জলের অভাব খানিকটা মিটতে পারে।

মাননীয় কৃষিমন্ত্রী আজকে পশ্চিমবাংলার বিধানসভায় যে ব্যয়বরাদ্দ এনেছেন, তাকে আমি পরিপূর্ণ সমর্থন জানাচ্ছি। কারণ তাঁর কার্যকলাপে আমরা সন্তুষ্ট হয়েছি এবং লক্ষ্য করছি তাঁর প্রতি পদক্ষেপ যা তিনি নিয়েছেন, তা সত্যিকারের গরিব চাষী, নিম্ন চাষীদের কল্যাণের জন্য নিয়োজিত। তাঁর প্রচেষ্টা সার্থক হোক। এই কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Deputy Speaker: Honourable Members, according to rule 289 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly the allocation of time for discussion of to-day's Grant No. 22 is due to expire at 6-28 p.m. There are quite a number of Members who are still to make their speeches. Besides, the Agriculture Minister is to give his reply. I, therefore, request Hon'ble Minister, Shri Gyan Singh Sohanpal to move his motion for extension of time.

Shri Gyan Singh Sohanpal: Mr. Deputy Speaker, Sir, under rule 290 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I beg to move with your consent that the allocation of 3 hours' time in respect of Grant No. 22 which is to expire at 6-28 p.m. may be extended upto 7.45 p.m.

The motion was then put and agreed to.

Report of the Business Advisory Committee

Mr. Speaker: I beg to present the Seventeenth Report of the Business Advisory Committee which at its meeting held on the 19th March, 1973 in

my chamber considered the question of allocation of time for disposal of Mention Cases and Calling Attention Notices and recommended as follows:—

That 30 minutes time may be allotted for disposal of Mention Cases and Calling Attention Notices on and from 20th March, 1973 to 29th March, 1973. There will be no question for oral answer during the abovementioned days. The Minister in charge of Parliamentary Affairs may now move the motion for acceptance.

[6-30—6-40 p.m.]

Shri Gyan Singh Sohanpal: Sir, I beg to move that the Seventeenth Report of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

The motion was then put and agreed to.

Shri Sukumar Bandyopadhyay: On a point of privilege, Sir,

স্যার, অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ। আমাকে যে বিজনেস অ্যাডভাইসরী কমিটির রিপোর্ট এখানে রাখা হ'ল সেটা নিশ্চয় নীতিগতভাবে আমরা গ্রহণ করবো। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন প্রশ্নোত্তরের ব্যাপারটা যদি না থাকে বা চলে যায়, তা হ'লে আমাদের অধিকার থাকবে না। আমরা যেটুকু জানতে চাইছি, তাও জানতে পারব না।

Mr. Speaker: I think, no discussion on it is necessary because the motion has already been adopted by the House.

শ্রীঅজিতকুমার বসু: মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওই মোশান সম্বন্ধে বক্তব্য কিছু নেই। আমার এই প্রসঙ্গে বক্তব্য হচ্ছে, এই বাজেট সেসানে কিছু বিল এলো দেখলাম। এবারের বিশেষ পরিস্থিতির জন্য সেই বিল সম্বন্ধে আমরা আপত্তি জানাই নি। আমি শুধু একটা কথা বলতে চাই যে, এটা যেন প্রিসিডেন্স হিসাবে না ধরা হয়।

শ্রীজ্ঞানসিং সোহনপাল: নূতন কিছু করা হয় নি।

Mr. Speaker: I should tell the honourable Members that the Bills which have been introduced in the House during this Budget Session were all Ordinance Bills and these types of Bills were always introduced during the Budget Sessions in the past. It is not a new convention in our House. Similarly, the question hour had been dispensed with previously on many occasions, the senior Members are well aware of the procedure. But during this Session I was trying to accommodate, as far as possible, the question hour, but of late, it has been found that sometimes the sitting of the House went upto 10 p.m., because the honourable Members were very eager to participate in discussions on different Grants and in other matters and so, the sitting was extended upto 10 p.m. I must say that was also a deviation because, according to rule 290, the Speaker has got the power, after taking the sense of the House, to extend the time up to one hour. But, in this particular case, for enabling the honourable Members to participate in discussion, previously one hour's time had been extended, but on a demand from the honourable Members for more participation in the debate it has

been extended. So, to accommodate the honourable Members and to give them opportunity so that they can participate in the debate, the procedure to be followed is that there should be no question hour. In the Education Grant--you know, that was an important Grant—a large number of honourable Members participated in the debate and today, in the Agriculture Grant also. Tomorrow, I understand, the Grant on General Administration will come and day after tomorrow, the Grant on Labour and Employment. After that, will come Grant on Police and then Land and Land Revenue. So, there are still many important Grants before us and I think the honourable Members are more interested to participate in discussions and debates on all these Grants. Keeping in view the feelings expressed by different Members, the Business Advisory Committee met and came to the conclusion that by curtailing the question hour more time should be allotted on these Grants. This has been unanimously adopted in the Business Advisory Committee and just now it has been adopted by the Members of the House. So, no new convention is going to be introduced or no privilege is going to be curtailed nor your privilege is going to be forfeited. We are just following a procedure that had been followed in all the years before. Previously, perhaps the senior Members may remember, this system was obtaining here. Now, I call upon Shri Aftabuddin Mondal to speak.

(Shri Narayan Bhattacharya rose to speak)

Mr. Bhattacharya, you are going to loose your valuable time. There are many honourable Members who are eager to participate in the debate.

শ্রীনারায়ণ ভট্টাচার্য: আমি যে কথা বলতে চাইছি সেটা হচ্ছে মেম্বাররা ডিবেটে পার্টিসিপেট করতে চান ঠিকই, কিন্তু প্রশ্নোত্তরের অংশগ্রহণে আগ্রহী। আমরা মোর দ্যান ওয়ান থাউজেন্ড কোশ্চেন করেছি যেগুলো পশ্চিমবঙ্গের জনস্বার্থের সঙ্গে অত্যন্ত গুরুত্বপূর্ণভাবে জড়িয়ে আছে।

Mr. Speaker: The questions which have already been admitted will have no chance of being orally answered. They will be treated as admitted unstarred questions and the answers thereto will be laid on the library table. The only difficulty will be that you would not be able to put supplementaries.

শ্রীনারায়ণ ভট্টাচার্য: স্যার, যদি সাপ্লিমেন্টারী না করি, তা হ'লে কোশ্চেনটা পরিষ্কার হয় না।

Mr. Speaker: Only 8 to 10 questions are generally taken up in one hour so that you are able to put your supplementaries only on those questions. In the list of questions today there were 33 questions, but you could put supplementaries only on 8 to 10 questions. Supplementaries and queries were made on unimportant and trifling matters forgetting about time which could have been utilised for other important questions. At any rate, this

convension in this House—not only in this House, but also in other Houses—is being followed. So it is not a new convention that is going to be introduced here.

I now call upon Shri Aftabuddin Mondal.

DISCUSSION ON GRANT NO. 22

শ্রীআফতাবুদ্দিন মণ্ডল: মাননীয় স্পীকার, স্যার, আমাদের কৃষিমন্ত্রী বলেছেন, কৃষি বিপ্লব জিন্দাবাদ। আমিও তাঁর সঙ্গে কণ্ঠ মিলিয়ে বলি জিন্দাবাদ এবং তিনি যে গ্রান্টের দাবি পেশ করেছেন তাকে সমর্থন করি। এবং সমর্থন করতে গিয়ে আমি কতকগুলি কথা বলছি। স্যার, আমি জানি যে, এগ্রিকালচার ডিপার্টমেন্টের কাজ মাঠে গিয়ে চাষ ক'রে দেওয়া নয়, এই ডিপার্টমেন্টের প্রধান কাজ হবে দু'টি—একটি রিসার্চ আর একটি এক্সটেনসন। এবং এই দু'টি কাজের সাফল্যের উপর পশ্চিমবঙ্গের কৃষি বিপ্লব সংঘটিত হতে পারে। কিন্তু এর মধ্যে অনেক ব্যর্থতার অভিযোগ আছে। আমি ব্যক্তিগতভাবে জানি এবং সংবাদপত্রের মধ্যেও দেখেছি যে, এই দু'টি কাজের মধ্যে ব্যর্থতা আছে। যে-কোন দেশে যদি কৃষি বিপ্লব আনতে হয়, তা হ'লে রিসার্চের উপর সব থেকে বেশী মূল্য দিতে হবে। অবশ্য সেদিকে আমাদের লক্ষ্য দেওয়া হয়েছিল ব'লে আমাদের এই পশ্চিমবঙ্গে ১৭টি রিসার্চ ল্যাবরেটারী আছে এবং তার জন্য খরচও হয় প্রচুর। কিন্তু তা থেকে আমরা বিশেষ তথ্য সংগ্রহ করতে পারছি না। আমাদের পশ্চিমবঙ্গের কৃষি তথ্য সংগ্রহের জন্য তাকিয়ে থাকতে হচ্ছে অন্য দেশের দিকে। অন্য কোন দেশের ল্যাবরেটারীতে কি বের করেছে, তা নিয়ে আমাদের রিসার্চ আরম্ভ হয়। কেন এই অবস্থা, কেন ভালভাবে এই সব রিসার্চ ল্যাবরেটারী তৈরি করা হয় নি। কারণ উপযুক্ত মানের রিসার্চ ল্যাবরেটারী ছাড়া গবেষণা করা সম্ভব নয়। হায়দরাবাদ রাইস রিসার্চ ইনস্টিটিউট-এর দিকে, আই সি এ আর-এর দিক চেয়ে বসে আছি যে, তাদের বুলেটিন পেলে সেই বুলেটিন অনুসারে রিসার্চ হবে। আমাদের নিজেদের রিসার্চ ল্যাবরেটারী থেকে উপকৃত হতে পারছি না। কেন হতে পারছি না? এই রিসার্চ ল্যাবরেটারী ব্যাপারে কতকগুলি পয়েন্ট আছে। স্যার, আপনি জানেন, এই রিসার্চ ল্যাবরেটারীর যিনি কর্তা হয়ে বসে আছে সেই ডিরেক্টার অফ এগ্রিকালচার তিনি এই রিসার্চ ল্যাবরেটারীতে নূতনভাবে গবেষণা করার মত কোন ব্যবস্থা করেন নি। তিনি সব সময় তাঁর এক্সটেনসন নিয়ে ব্যস্ত থাকেন। অফিসারদের কোন স্কোপই নাই রিসার্চ করার। তা হ'লে প্রমোসন আটকে যাবে। তাই তাঁকে মনোরঞ্জন করার জন্য অফিসারদের তাঁর অফিসের আশেপাশে পাওয়া যায়। সেই ডিরেক্টারের আছে থেকে প্রমোসন নেবার জন্য ডিরেক্টারের আশে-পাশে সাব-অর্ডিনেট অফিসাররা ঘুরে বেড়াচ্ছে রিসার্চ ল্যাবরেটারীর সঙ্গে তাদের তত ঘনিষ্ঠতা নেই। দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, ডাঃ বি এন ঘোষ, এক্স-চেয়ারম্যান, চিনসুরা রাইস রিসার্চ স্টেসন—হি ওয়াজ ওয়েল-নোন অ্যাজ এ রাইস ফিজিওলজিস্ট—ডিরেক্টারের হুইমের উপর সেই অফিসারকে তার মর্যাদা নিয়ে রিটায়ার্ড ক'রে স'রে যেতে হয়েছে। তাঁর কোন দোষ ছিল না। ভাল এত বড় একজন লোক যাঁকে নিয়ে খুব ভালভাবে রাইস রিসার্চ করা যেতো তাকে সরিয়ে দেওয়া হ'ল। আর ডিপার্টমেন্ট নিজের ইচ্ছামত রিসার্চ ল্যাবরেটারী পরিচালনা করতে

[6-40—6-50 p.m.]

আরম্ভ করলেন। মাননীয় স্পীকার মহাশয়, আপনারা জানেন অর্ধেক লোককে এখন বিচিত্র পদ্ধতিতে কাজ করতে হচ্ছে। যেমন কেউ যদি ভাল রাইস রিসার্চার থাকেন ডিপার্টমেন্টের খেয়ালখুশী মত তাকে পাটে ট্রান্সফার করা হচ্ছে, আবার পাট থেকে লোক নিয়ে আসা হচ্ছে। ফলে সবাই মার খাচ্ছে। রাইস স্পেশালাইজড কিছু করতে পারছেন না। কোন কংক্রিট সাজেসানস দিতে পারছেন না, রিসার্চ ল্যাবরেটারী থেকে নতুনভাবে গবেষণা ক'রে কিছু বের করতে পারছেন না। কি প্রচণ্ড সাফল্যমণ্ডিত করার উগ্র বাসনা এই ডিপার্টমেন্টের মাথায় ঢুকে যায় এবং ডিপার্টমেন্টের সেই বাসনার ফলেই আজকে সমস্ত দিকে এই অবস্থা হচ্ছে। আমি এর প্রমাণ দিয়ে বলতে চাই, সরকারী উদ্যোগে সুন্দরবন এলাকায় তুলো চাষের ব্যবস্থা করা

হয়েছিল। সমস্ত ট্রাক্টর, সমস্ত পাওয়ার-টিলার ট্রান্সফার ক'রে পাঠানো হ'ল সুন্দরবন এলাকায় তুলো চাষ করবার জন্য। ফলে পশ্চিমবাংলার ধান মার খেল, বোরো মার খেল। কারণ, যখন ধান বসানোর সময় তখন পাওয়ার-টিলার, ট্রাক্টার পাওয়া গেল না, অভিজ্ঞ লোকদের পাওয়া গেল না, মার খেল ধান। কোন্ সময় মার খেল? যে সময়ে পশ্চিমবাংলায় খাদ্যের উপর একটা বিরাট ধ্বস নেমেছে, আমরা যখন দু' মুঠো চা'লের জন্য রেশনের দিকে লাইন দিয়ে আছি, দিল্লীর কাছে হাত পেতে বসে আছি সেই সময়। আপনার ঐ পিছনে বসে বসে খালি মাথা নাড়ছেন, তাদেরই খেয়ালখুশী মত সুন্দরবনে সমস্ত অফিসারদের পাঠিয়ে দিয়ে রিসার্চ ক'রে তুলো চাষ ক'রে কি হ'ল-- কিছুই হ'ল না, না হ'ল তুলো, আর না হ'ল ধান, বাংলাদেশের হ'ল সর্বনাশ, একটা কণাও বাড়ল না। কোন্ জেলার ভূমির গঠন কি সেটা কিন্তু দেখার চেষ্টা করা হচ্ছে না। কোন্ জমিতে কোন্ মাটিতে কোন্ ফসল সব চেয়ে বেশী হ'তে পারে ল্যাবরেটারীতে সেটা দেখা হচ্ছে না। ফলে কৃষির কাজ ব্যাহত হচ্ছে, ব্যাহত হচ্ছে কৃষির উন্নতি। মিঃ স্পীকার, স্যার, আপনি জানেন মাটির কত তলায় জলের লেয়ার আছে সেটা গবেষণা ক'রে দেখা হচ্ছে না এবং যে লেয়ারে জল আছে সেই লেয়ারে ডিপ টিউবওয়েল, শ্যালো টিউবওয়েল বসানো যায় কিনা সেটা গবষণা ক'রে দেখা হচ্ছে না। হুইমজিক্যাল অবস্থায় ডিপ টিউবওয়েল, শ্যালো টিউবওয়েল বসানো হচ্ছে। আপনারা কি জানেন কোন কোন সংবাদপত্র মহল, কোন কোন বিশেষজ্ঞ মহল আশংকা করছেন যে, অদূরভবিষ্যতে পশ্চিমবঙ্গের কোন কোন এলাকা মরুভূমির রূপ ধারণ করতে পারে তাদের এই দায়িত্বজ্ঞানহীন কাজের ফলে? এর জন্যে দায়ী কে সেটাই আজকে আমাদের খুঁজে বের করতে হবে। তাই আমি মাননীয় মিনিস্টারকে বলব, তিনি এদিকে একটুখানি দৃষ্টি দেবেন। স্যার, আপনি জানেন, পোকামাকড় মারার জন্য পোকামাকড়ের চরিত্র পর্যন্ত ওরা বোঝেন না। আমরা জানি, এগ্রিকালচার ডিপার্টমেন্ট থেকে একটা ব্যবস্থা করা হয়েছিল। এই রিসার্চ ল্যাবরেটারী পোকামাকড়ের চরিত্র জানে না, কোন্ পোকামাকড় প্রতিকারের জন্য কি ওষুধ দিতে হয় তাও জানে না। ফলে ধ্বংস হচ্ছে পশ্চিমবাংলার কৃষিজীবী। আপনারা জানেন, হীরক রায় পোকামাকড় সম্বন্ধে গবেষণা করেছেন। এখানকার প্রত্যেকটি খবরের কাগজে সেটা বেরিয়েছে এবং প্রচণ্ডভাবে পাবলিসিটি হয়েছে এবং সেই হীরক রায়ের রিসার্চকে ভারতে সর্বপ্রথম ব'লে আখ্যা দেওয়া হয়েছে, অথচ এগ্রিকালচার ডিপার্টমেন্ট থেকে হীরক রায়ের আডভাইসগুলি পোকামাকড় রোধ সংক্রান্ত ব্যাপারে, চাষীদের স্বার্থে চারিদিকে ছড়িয়ে দেওয়া হচ্ছে না। অথচ আমরা দেখতে পাচ্ছি, কোটি কোটি টাকা খরচ করা হচ্ছে। আমরা জানি রাজ্যসরকারের উদ্যোগে সোয়াবিন, তুলো এবং সূর্যমুখী ফুলের চাষ করা হয়েছিল। স্যার, আপনি জানেন এর জন্য রাজ্যসরকার লক্ষ লক্ষ টাকা খরচ করেছেন। কিন্তু ফল কি হ'ল? এই বছরের রিপোর্ট নিয়ে দেখবেন, সোয়াবিন, তুলো, সূর্যমুখী ফুলের চাষ সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছে। অথচ লক্ষ লক্ষ টাকা খরচ হ'ল, অফিসার নিয়োগ হ'ল, উপযুক্তভাবে কোথাও ফসল ফলেছে কিনা জানতে পারলাম না। আমরা দেখতে পেলাম, একটা এক্সপেরিমেন্ট ব্যর্থ হ'ল। কোন্ সয়েলের কি কাজ হ'তে পারে সেটা দেখলেন না। আমরা জানতাম, ইলেকট্রি-সিটি সুড ফলো ডিপ টিউবওয়েল, কিন্তু এখন দেখছি ডিপ টিউবওয়েল সুড ফলো ইলেকট্রিসিটি। এগ্রিকালচার মিনিস্টারও বলেছেন, ইলেকট্রিসিটি ডিপ টিউবওয়েলকে ফলো করে, কিন্তু এখন ঠিক তার উল্টো জিনিস দেখতে পাচ্ছি। ইলেকট্রিসিটির সঙ্গে ডিপ টিউব-ওয়েলের সঙ্গে সম্পর্ক এখন এত খারাপ যে, সেটা ভাষায় প্রকাশ করা যায় না। এই কথা ব'লে বাজেটকে সমর্থন ক'রে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীবাসুদেব হাজরা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রী কৃষিখাতের যে ব্যয়বরাদ্দ এনেছেন তা আমি সমর্থন করছি। এক বছরের মধ্যে আমাদের সরকার কৃষির উন্নতির জন্য যে প্রচেষ্টা চালিয়েছেন, যে তৎপরতা দেখিয়েছেন তার জন্য আমরা সত্যিই গর্বিত। মাননীয় সদস্য প্রদ্যোত মহান্তি মহাশয় বললেন, এই সরকার সম্পূর্ণ দৈবের উপর নির্ভরশীল হ'য়ে পড়েছে, কৃষির জন্য কিছুই করে নি। আজকে বাঁকুড়াতে ডট হয়ে গেল, আকাশে জল হ'ল না ব'লে কিছুই হ'ল না ইত্যাদি। আমি তাঁকে বলতে চাই আপনারাও তো ২০ বছর সরকারে ছিলেন, কি করেছেন আপনারা? এক বছর যে ছেলের বয়স সে যে কাজ করেছে ২০ বছরের ছেলে সে কাজ করে নি। এই প্রসঙ্গে স্যার, বলতে চাই, আমাদের তৎকালীন খাদ্য ও মুখ্য মন্ত্রী

শ্রীপ্রফুল্লচন্দ্র সেন, যাঁকে আরামবাগের গান্ধী বলা হয়, সেখানে তিনি কি করেছেন? লোকে বলে, আরামবাগে তো প্রফুল্লবাবু সব ক'রে দিয়েছেন। কি করেছেন তিনি? আজকে বছরের পর বছর খানাকুলে বন্যা হয়, সেখানকার অধিবাসীদের দুর্দশার সীমা নেই, তারা ভিক্ষুকে পরিণত হয়েছে। আর আমাদের সরকার এক বছরের মধ্যে কি করছেন যদি দেখতে চান, চলুন খরচ ক'রে নিয়ে গিয়ে দেখিয়ে আনবো। সেখানে ৩০ হাজার একর জমিতে ধানের চাষ হয়েছে। কৃষির উন্নতির জন্য ৭০ হাজার টাকা খরচ ক'রে মুণ্ডেশ্বরীতে বাঁধ দিয়ে শিরা-উপশিরার মত চারিদিকে জল ছড়িয়ে দেওয়া হয়েছে। কাজেই এ সরকার গর্ব পাবার যোগ্য। আর আপনারা কি করেছেন ২০ বছর ধ'রে? তিমিরবাবুর কথা আর বলব না। কারণ যে ইতিহাস তাঁরা সৃষ্টি করেছেন সেটা গোপন থাকাই ভাল। অল্পদিনে যে কাজ তাঁরা করেছেন সেটা সমালোচনার বাইরে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সব শেষে আমি বলব, আরো অগ্রগতির জন্য যেমন আমাদের সরকারকে আরো বলিষ্ঠ করবো, আরো সহযোগিতা করবো সংগে সংগে কয়েকটি বক্তব্য রাখবো। প্রথম কথা হ'ল কৃষির উন্নতি হচ্ছে কিনা সেটা আমাদের সর্বাগ্রে দেখতে হবে। মাথার ঘাম পায়ে ফেলে যারা দেশকে অন্ন যোগাচ্ছে তাদের কথা আমাদের সর্বাগ্রে ভাবতে হবে। এই প্রসংগে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় বহুদিন আগে বলেছিলেন, "কটি উচ্চৈশ্রবাকে অতিক্রম করে ৫ দিনের পথ এক দিনে পেঁছান।" সেখানে চাষীদের সম্পর্কে একটা কথা আছে। এই যে চারিদিকে উন্নতির কথা শোনা যাচ্ছে, "বলুন দেখি চশমা-নাকে বাবু, তোমা হইতে এই হাসিম সেখ ও রামা কৈবর্ত্তের কি উপকার হইয়াছে?" কাজেই ঐ কৃষকদের চোখের জল যদি আমরা মুছিয়ে দিতে পারি, তাদের পাশে গিয়ে দাঁড়াতে পারি, তবেই কৃষির উন্নতি বাস্তবে রূপ পাবে।

শ্রীমহাদেব মুখোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রীর ব্যয়বরাদ্দের উপর বলতে গিয়ে বলতে চাই যে, এক বৎসর আমাদের মাননীয় মন্ত্রী যেভাবে হাল ধরেছেন, দেশের দুর্যোগ এবং খরাকে অতিক্রম করার জন্য যে কাজ করেছেন তার নমুনা আমার কনস্টিটিউয়েন্সী বা আমি যে কেন্দ্র থেকে দাঁড়িয়েছি সেটা আমি তাঁর কৃতিত্বের কিছু নমুনা বা নজীর এখানে উল্লেখ করতে চাই। আমার কনস্টিটিউয়েন্সীতে আমরা পাম্প সেট পেয়েছি ২॥ লক্ষ টাকার, শ্যালো ১॥ লক্ষ টাকার, ফার্টিলাইজার লোন ৩ লক্ষ ৫ হাজার টাকা, সিড ১ লক্ষ ১৫ হাজার টাকা, সি পি লোন ১ লক্ষ ১৫ হাজার টাকার ইত্যাদি পেয়েছি। মন্ত্রিমহাশয় এক বৎসরের মধ্যে কৃতিত্বের সংগে কৃষির উন্নতির জন্য যে সব মহৎ কাজ করেছেন তার জন্য ওখানকার কৃষককুল ধন্য। আমি কয়েকটি পয়েন্ট বলতে চাই। আপনি কাজ করেছেন খুব ভাল। আপনি কাজ করেছেন

[6-50—7-00 p.m.]

ভাল। কিন্তু আমাদের ৩০ হাজার একর কৃষি জমির মধ্যে এখনও ১৬/১৭ হাজার একর কৃষি জমি বিনা সেচ অবস্থায় পড়ে আছে। এটাকে সেচ ব্যবস্থায় রূপান্তরিত করতে গেলে আমাদের ওখানে যে রিভার লিফ্‌ট আছে সেটা 'এ' টাইপ এবং এই 'এ' টাইপকে 'বি' টাইপ করতে গেলে আজকে ৮/৯ হাজার ফুট পাইপলাইন সেটা ১৬ হাজারে পরিণত হবে এবং অসেচ যে এলাকা পড়ে আছে সেটা সেচ এলাকায় পরিণত হবে। এই যে শ্যালো টিউবওয়েল, আমার কনস্টিটিউয়েন্সিতে ২ হাজারের উপর শ্যালো টিউবওয়েল এখনও পর্যন্ত ইলেকট্রিফিকেশান হয় নি এবং লিফ্‌ট ইরিগেশনাও ইলেকট্রিফিকেশান হয় নি। গতবার এগ্রিকালচার সম্পর্কে বক্তৃতা দিয়েছিলাম। আমি যে কনস্টিটিউয়েন্সিতে দাঁড়িয়েছি সেখানে ২ হাজারের উপর শ্যালো, ৪০টির উপর ডিপ টিউবওয়েল, ৩৮টি রিভার লিফ্‌ট—এগুলিতে ইলেকট্রিফিকেশানের কথা বলেছি। সত্যিকারের চাষের উন্নতি করতে গেলে ইলেকট্রিফিকেশান দরকার হয়। আমাদের আরামবাগ মহকুমায় মহা ক্ষতি হয়েছে। সিনিয়র জিয়োলজিস্ট ওখানে গিয়ে মাটি পরীক্ষা ক'রে যে রিপোর্ট দিয়েছেন তাতে সারা আরামবাগ মহকুমায় কোন শ্যালো হবে না। আরামবাগ মহকুমায় এখন শ্যালো টিউবওয়েলের কাজ হচ্ছে। এখন যদি এগুলি বন্ধ করা হয়, তা হ'লে আরামবাগের সর্বনাশ হয়ে যাবে। তাই আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি এই কাজ যাতে বন্ধ না হয় তার জন্য ভালভাবে অনুসন্ধান ক'রে এর বিহিত ব্যবস্থা করবেন।

শ্রীপঞ্চানন সিনহাঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় কৃষি খাতে যে ব্যয়বরাদ্দের দাবি উপস্থাপন করেছেন তাকে পরিপূর্ণভাবে সর্বান্তঃকরণে সমর্থন করি। মাত্র এক বৎসর হ'ল তিনি এই সমস্যাজর্জরিত পশ্চিমবাংলার এত সমস্যাক্লিষ্ট কৃষি দপ্তরের ভার নিয়েছেন। তাঁর ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন করার সঙ্গে সঙ্গে যে পুস্তিকা তিনি দিয়েছেন তার প্রতি ছত্রে ছত্রে দেখতে পাচ্ছি যে, তাঁর সদিচ্ছা রয়েছে। তাঁর এই নূতন দৃষ্টিভঙ্গির জন্য, নূতন চিন্তাধারার জন্য তাঁকে আমি অভিনন্দন জানাচ্ছি। কিন্তু দুঃখের সঙ্গে একথা উল্লেখ না ক'রে পারছি না, আমি সুন্দরবনের যে এলাকা থেকে নির্বাচিত হয়েছি সেই সুন্দরবনের কৃষি উন্নয়ন সংক্রান্ত বিশেষ কোন প্রকল্পের কথা এই ১৪ পৃষ্ঠাব্যাপী পুস্তিকার মধ্যে পেলাম না। হয়ত তিনি অপ্রয়োজনীয় ভেবেছেন, কিন্তু তাঁর অবগতির জন্য ছোটখাট দু'-একটি অবস্থার কথা এই সুযোগে তাঁর নজরে আনছি। আপনি জানেন যে, আমাদের সুন্দরবনে বাসন্তী, ক্যানিং এই সমস্ত এলাকায় কোন ডিপ সিঙ্কিং টিউবওয়েল অথবা রিভার লিফ্‌ট ইরিগেশান অথবা শ্যালো টিউবওয়েল ইত্যাদি কোন রকম ব্যবস্থা আজ পর্যন্ত করা সম্ভব হয় নি। হয়ত এই বিষয়ে রিসার্চ হচ্ছে, হয়ত রিসার্চ সাকসেসফুল হ'লে হবে। কিন্তু এক-ফসলি সুন্দরবনে আমন ছাড়া আর কিছুর চাষ হয় না, সে জন্য এই দিকে গুরুত্ব দিয়ে চিন্তা করতে হবে। এ ছাড়া অন্যান্য যে সমস্ত জিনিস যেমন লোন ডিস্ট্রিবিউশান সম্পর্কে অনেক সদস্য অনেক অব্যবস্থার কথা বলেছেন। সে সম্পর্কে রিপিটেশান না করলেও একথা বলতে চাই যে, এক বছরের মধ্যে সরকার ফার্টিলাইজার বাবত প্রচুর টাকা ঋণ দিয়েছেন, এটা সত্য কথা। কিন্তু সেই টাকা ঠিক মত দেওয়া হয় নি। এই টাকার বেশীর ভাগই স্পেসিফিক ক্ষেত্রে ফার্টিলাইজারে ব্যয় না হয়ে সেটা উদরস্থ হয়েছে বা অন্যভাবে ব্যয় হয়েছে। সুতরাং সার কেনার জন্য যে টাকা দিয়েছেন সেটা এই বাবতে খরচ হয়েছে কিনা কৃষি বিভাগে যাঁরা আছেন তাঁদের এগুলি ঠিকমত দেখা কর্তব্য। কিন্তু তাঁরা ঠিকমত দেখেন না। অনেক সময় দেখা যায় যে, ফল্‌স ভাউচার দিয়ে বি ডি ও-র কাছ থেকে টাকা নিচ্ছে। পশ্চিমবাংলার সর্বত্র ফার্টিলাইজার পাওয়া যাচ্ছে না, এটা সত্যি কথা। আমাদের সুন্দরবনের অবস্থাও একই রকম। সেখানে যে ইউরিয়া সার পাওয়া যাচ্ছে সেটা ভেজাল, এবং দামও বেশী ৪/৫ গুণ বেশী এবং এটা অত্যন্ত কায়দা ক'রে যোগাড় করতে হয়।

আমি একটা বিষয় না উল্লেখ ক'রে পারছি না। বাস্তব অভিজ্ঞতার জন্য সিলেকশন ক'রে চাষীদের নিয়ে যাওয়া হচ্ছে সুদূর মাদ্রাজ, কেরালা, মহীশূর, যে কি ক'রে সেখানে উন্নত প্রথায় চাষবাস হয়। কিন্তু আমরা সেখানে দেখতে পাচ্ছি যে, যারা প্রকৃত চাষী, তারা অনেক ক্ষেত্রে যেতে পায় না, যাদের সঙ্গে চাষের কোন সম্পর্ক নেই, এমন কিছু ছেলেকে নিয়ে যাওয়া হয়েছে। আমি একটা ব্লকের নাম বলতে পারি, ক্যানিং দুই নং ব্লকের কোন চাষী যায় নি, কিছু অফিসার ফার্স্টস ক্লাসে ক'রে গেলেন, এতে চাষীদের কি লাভ হবে জানি না। মাননীয় মন্ত্রিমহাশয় এদিকটা একটু দেখবেন, কারণ মন্ত্রিমহাশয়ের সততা আছে, কর্মপ্রচেষ্টা আছে। এই বিষয়গুলো একটু দেখবেন, এই আবেদন জানিয়ে আমার বক্তৃতা শেষ করছি।

Shri Abdul Karim Chowdhury:

मिस्टर स्पीकर, सर, आज हमारे कृषि मंत्री ने जो बजट एग्रीकलचर के लिए लाया है, हम उसका समर्थन करते हैं—इस ग्रान्ट को आन्तरिक समर्थन जनाते हैं मि० स्पीकर, सर, आपके माध्यम से इस्लामपुर सबडिविजन के मुतल्लिक कुछ कहना चाहते हैं। वह यह है कि इस्लामपुर सबडिविजन में गरीब किसान ज्यादा हैं। उनकी खास पूँजी गोरू यानी बैल है। गोरू-बैल यही एक सोर्स है जिससे वे अपनी खेती करते हैं। लेकिन हमें बड़े दुख के साथ कहना पड़ता है कि ३-४ महीने से हमारे इस बोर्डर इलाका से काफी गोरू-बैल यानी हमारे किसानों की पूँजी डकैत—कैटिललिफ्टर उठा कर ले गये हैं। जिससे इस इलाके के गरीब

किसानों का काफी नुकसान हुआ है इस रिपोर्ट पर हमारे विलभेड चीफ मिनिस्टर श्री सिद्धार्थ शंकर राय ने श्री जैनेल अवेडिन को साथ लेकर मौके पर इन्क्वायरी की। उन्होंने गाँव-गाँव में जाकर तहकीकात की, आन दी स्पाट जाकर उन्होंने इन्क्वायरी की। आइ० जी०, पुलिस, और बी० एस०, एफ० आइ० जी० को साथ लेकर उन्होंने इन्सट्रक्शन दिया कि दो एक रोज के भीतर कैटिल लिफ्टिंग बन्द होना चाहिए। बी० सी० एफ० फोर्स और बी० सी० एफ० एथार्टी ने रात-दिन काफी खटकर चोरी-डकैती को काफी हद तक बन्द कर दिया। लेकिन जिन किसानों की पूँजी यानी कैटिल उटा कर डकैत ले गये हैं, उन्हें कैटिल खरीदने के लिए कृषि मंत्री से मेरा निवेदन है कि सी० पी० लोन जल्द भेजें। ताकि हमारे गरीब किसान भाई सी० पी० लोन से गोरू-बैल खरीद कर अपनी जमीन को आबाद कर सकें। अगर सी० पी० लोन जल्द नहीं भेजा गया तो वे लोग अपनी जमीन को जोत बोकर आबाद नहीं कर सकते हैं।

एक बात मैं और कहना चाहका हूँ कि और इस्लामपुर ब्लाक में जो बी डी० ओ० हैं, वे बहुत ही खराब व्यवहार करते हैं। उनका मैनर इतना खराब है, जिसकी वजह से ब्लाक का काफी इम्प्रूभमेन्ट नहीं हो सकता है। वहाँ की पब्लिक उनसे कन्टैक्ट नहीं कर पाती है। बी० डी० ओ० के व्यवहार से वहाँ की पब्लिक उनकी आफिस में नहीं जा पाती है। मैं वहाँ का एक एम० एल० ए० हूँ फिर भी वे हमारे साथ अच्छा व्यवहार नहीं रखते हैं। मैंने इसकी शिकायत स्टेट सी० डी० मिनिस्टर श्री आनन्द मोहन विश्वास से की और उन्होंने टेलिग्राफिक आर्डर भेज कर बी० डी० ओ० को ट्रान्सफर किया। लेकिन सात महीना हो गया, बी० डी० ओ० साहब वहाँ अभी तक काम कर रहे हैं। सात-आठ महीना हो गया बी० डी० ओ० ने एक भी बी० डी० सी० मिटिंग नहीं की। इस्लामपुर ब्लाक कितनी तरक्की किया है, कितनी उन्नति किया है हम अभी तक नहीं जान पाये हैं। इसलिए मैं कहूँगा कि जल्द से जल्द उनके ट्रान्स्फर के लिए ऐक्शन लिया जाय और बी० डी० ओ० साहब को कहीं और ट्रान्स्फर करके भेज दिया जाय।

यही कह कर मैं इस बजट को समर्थन करते हुए अपना भाषण समाप्त करता हूँ।

[7-00—7-10 p.m.]

শ্রীগিয়াসুদ্দিন আহমেদ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রী কৃষি খাতে যে ব্যয়-বরাদ্দের দাবি করেছেন, তাকে সমর্থন ক'রে আমি আমার বক্তব্য রাখছি। কৃষির উন্নয়নই কর্মসংস্থানের মূল, উৎপাদনের মূল, এবং অন্যান্য সমস্যার উন্নতির মূল একথা সরকার উপলব্ধি করতে পেরেছেন সেই জন্য আমি আনন্দিত। আমাদের এই রাজ্যে মোট জমির পরিমাণ ৮৩,৬৮,০০০ হেকটর, তন্মধ্যে জঙ্গল ১১,৯৮,০০০ হেকটর, কৃষির অযোগ্য জমির পরিমাণ ১২,৮৮,০০০ হেকটর, পতিত জমি ২,৭৯,০০০ হেকটর এবং কৃষি যোগ্য জমির পরিমাণ ৬৬,৫৩,০০০ হেকটর। এর মধ্যে ১৮,১০,০০০ হেকটর-এ সেচের ব্যবস্থা সম্পূর্ণ হয়েছে। ১,০০,০০০ হেকটর জমি বহু ফসলা চাষের আওতায় আনা হয়েছে। এতদ্‌সত্ত্বেও আত্মতৃপ্তির

অবকাশ নেই, কারণ আমাদের সুজলা-সুফলা শস্যশ্যামলা বাংলাদেশ পাঞ্জাব এবং হরিয়ানার থেকে পিছিয়ে পড়েছে। সরকার এ পর্যন্ত মোট শতকরা ৩০ ভাগ জমিতে সেচের ব্যবস্থা করতে পেরেছেন, কিন্তু সেচ ব্যবস্থা ব্যতিরেকে উৎপাদন বৃদ্ধির কথা চিন্তা করার কোন অর্থই হয় না। আমরা দেখছি কৃষি খাতে বরাদ্দ দাবি করা হয়েছে মোট ২৫ কোটি টাকা মাত্র, যেটা মোট বাজেটের কয়েক শতাংশ মাত্র, যেখানে কৃষি সমস্ত উন্নয়নের মূলে। আমাদের কল-কারখানা অর্থাৎ ফ্যাক্টরিগুলির মূলেও কৃষি এবং আমাদের মূল যে উদ্দেশ্য ব্যাপকভাবে কর্মসংস্থানের ব্যবস্থা করা সেটা এর উপরই নির্ভর করছে। সেই কৃষি খাতে এই যে বরাদ্দ এটা অত্যন্ত কম ব'লে আমার মনে হয়। এখানে যে বরাদ্দ করা হয়েছে সেই বরাদ্দ যদি সুষ্ঠুভাবে ভালভাবে সুন্দর-ভাবে কাজে নিয়োগ করা যায়, তা হ'লে জনসাধারণের অনেক উপকার হতে পারবে। পশ্চিমবঙ্গের শতকরা ৭৫ ভাগ লোক বাস করেন গ্রামে এবং এদের মধ্যে শতকরা ৬০ থেকে ৬৫ ভাগ দারিদ্র্য-রেখার নীচে আছেন। আমাদের কৃষি ক্ষেত্রে শক্তি অত্যন্ত সীমিত, এর জন্য সোসিয়াল অ্যান্ড ল্যান্ডইউস অ্যান্ড সার্ভে অ্যান্ড প্ল্যানিং দরকার, ইকোনমিক্যাল সার্ভে দরকার, কৃষিতে বৈজ্ঞানিক পদ্ধতি অবলম্বন ও যন্ত্রীকরণ, প্যাকেজ প্রোগ্রাম-এর ব্যাপ্তি সাধন, প্রকৃত কৃষককে জমির মালিকানা দান, কৃষি ঋণ, উন্নত ধরনের বীজ, রাসায়নিক সার এবং কীটনাশক ঔষধ উপযুক্ত পরিমাণে সরবরাহ, কৃষি মজুরদের জন্য ন্যূনতম মজুরী আইন প্রবর্তন এবং কৃষি দপ্তরের দায়িত্ব দান। অতীতে ইতিহাস প্রমাণ করেছে কৃষি উন্নয়ন ও শিল্প প্রসার হ'লেই দারিদ্র্য নিরসন এবং কর্মসংস্থান হয় এটা আমরা জানি। সরকারকে অবহিত ক'রে বলতে পারি এই পর্যন্ত সেচের ব্যবস্থা যা হয়েছে তা বর্ধিষ্ণু গ্রামেই হয়েছে, যেখানে শিক্ষিত এবং বিত্তশালী কৃষকরা বাস করেন, যে সমস্ত এলাকায় এখনো সেচ ব্যবস্থা নেই সেখানে একটা সেচের ব্যবস্থা করুন। আমি সর্বশেষে এই বাজেট বরাদ্দকে সমর্থন ক'রে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ্।

শ্রীঅজিত বসু: মাননীয় স্পীকার মহাশয়, আমাদের পশ্চিমবাংলা ভারতবর্ষের অন্যান্য জায়গার তুলনায় অনেক গরিব দেশ। এখানে দারিদ্র্যসীমার তলায় বাস করে ৭০ জন—যদিও ভারতবর্ষে মোটামুটি ৪০ জন লোক এই শ্রেণীভুক্ত। এখানে শিল্পোন্নতি হয়েছে ব'লে জানা গেলেও শতকরা ৭৫ ভাগ লোক কৃষির উপর নির্ভরশীল। এরকম একটা গরিব দেশে কৃষির পুনর্গঠন আমাদের সামনে আজ সবচেয়ে বড় সমস্যা। এক্ষেত্রে সে চেষ্টা সম্প্রতি আমাদের দেশে আরম্ভ হয়েছে। তবে আমি এর একটা পুরানো অবস্থার পর্যালোচনা ক'রে আপনার মাধ্যমে দু'-একটি কথা বলতে চাই। সাম্রাজ্যবাদীরা আমাদের দেশে সামন্ততান্ত্রিক উৎপন্ন ব্যবস্থার উপর নির্ভর ক'রে কৃষিব্যবস্থা চালু রাখার ফলে একদিকে উৎপন্ন ব্যবস্থা প্রতিহত হয়, তেমনি আর একদিকে শোষণের ফলে কৃষকরা গরিব হয়েছিল। পরবর্তী কালে স্বাধীনতা পাবার পর আমাদের দেশে যে ধনতান্ত্রিক ব্যবস্থা চালু হওয়ায় কৃষিতে বাণিজ্যিক বীজের অনুপ্রবেশ হ'ল। এর ফলে কৃষিতে একটা রূপান্তর ঘটে এবং তার জন্য অর্থকরী ফসলের চাষ বাড়ে। সঙ্গে সঙ্গে একথাও চিন্তা করতে হবে যে ধনতান্ত্রিক পুঁজিবাদ কৃষিতে সংহত করতে গিয়ে আমাদের দেশে মজুরী খাটিয়ে চাষ বাড়ল। এর ফলে কিছু গরিব চাষীও আন্ডার রায়ত জমি থেকে উৎখাত হ'ল এবং একটা ধনতান্ত্রিক চাষ চলতে লাগল। গত ২৫ বছরে অনেক টাকা লগ্নী করা হয়েছে। নিশ্চয় এর ফলে হরিয়ানা, পাঞ্জাব, পশ্চিমবঙ্গে কিছু কিছু যে ফসল বেড়েছে তাতে কোন সন্দেহ নেই। কিন্তু আমাদের মন্ত্রিসভা এটা স্বীকার করেছেন যা কিছু হচ্ছে তাতে উপরতলার কয়েকজন লোকের পকেটে গেছে। সরকার পাম্প করছেন এবং বিভিন্ন জায়গা থেকে যেসমস্ত টাকা আসছে তা থেকে বেনিফিটেড হয়েছে ধনী লোকেরা। এইভাবে কৃষিতে একদল ধনিক শ্রেণীর আবির্ভাব হয়েছে যারা কৃষি থেকে বেশ কিছু টাকা করেছে। তাদের দিকেই দেখলে হবে না বরং যারা স্মল ফার্মার, মার্জিনাল ফার্মার আছে তাদের দিকেও দেখতে হবে। এবার একটা নূতন দৃষ্টিভঙ্গির পরিচয় পাচ্ছি। আমি বলতে চাই সেন্ট্রাল স্টাডি টিম যে ডাইনামিজম-এর কথা বলেছেন সেই ডাইনামিজম-এর কথা চিন্তা করা দরকার। অনেকগুলি শ্যালো টিউবওয়েল মারফত কৃষিব্যবস্থার কিছুটা উন্নত করার চেষ্টা করা হচ্ছে। কিন্তু আমি বলতে চাই, দেশে যে সবুজ বিপ্লব করার কথা চিন্তা করছেন সেটা কাদের উপর নির্ভর ক'রে চিন্তা করবেন? আমাদের গ্রামাঞ্চলে শতকরা ৬০ ভাগ কৃষক যারা জমির উপর নির্ভরশীল

তাদের কথা চিন্তা করতে হবে। শুধু উপরতলার কয়েকজন ধনী চাষীর দ্বারা সবুজ বিপ্লব করা যায় না। পাঞ্জাব, হরিয়ানার কথা বলা হয়েছে। সেখানে ১৭ ভাগ জমিতে যে সবুজ বিপ্লব হয়েছে সেটা করেছেন অল্প কয়েকজন ধনী চাষী। এবিষয়ে আজ পশ্চিমবঙ্গে নূতনভাবে চিন্তা করা হচ্ছে। আমি যে কথা বলতে চাই সেটা হচ্ছে যে, ৫০ থেকে ৬০ ভাগ মাঝারী, ছোট ছোট চাষী, মার্জিনাল ফার্মার, স্মল ফার্মার তাঁদের উপর নির্ভর ক'রে সবুজ বিপ্লবের কথা চিন্তা করলে সবচেয়ে ভাল হবে। মোটামুটি তাদের বিশেষভাবে সাহায্য করা উচিত। তাদের জন্য যা কিছু করা হচ্ছে সেটা অল্পই তাদের কাছে যাচ্ছে। সুতরাং তাদের উপর বেশী ভাবে নির্ভর করা হোক, সাহায্য করা হোক। পুঁজিবাদী শোষণ ও পুরানো সামন্ততান্ত্রিক শোষণের ফলে তাদের অবস্থা অত্যন্ত খারাপ হচ্ছে। সরকার থেকে যদি বিশেষ ব্যবস্থা না করা হয়, তা হ'লে তারা জমি রাখতে পারবে না। সেজন্য আমি অনুরোধ করব, এদের জন্য কো-অপারেটিভ করতে হবে, এদের বাজারী শোষণের হাত থেকে মুক্তি দিতে গেলে মার্কেটিং কো-অপারেটিভ-এর মাধ্যমে ফসল বিনিময়ের ব্যবস্থা করতে হবে। তাদের ট্রাকটর দিয়ে সাহায্য

[7-10—7-20 p.m.]

করতে হবে, তাদের ঋণ ও সারের ব্যবস্থা করতে হবে। এইভাবে সমস্ত কো-অপারেটিভ এবং কালেকটিভাইজেশনের মধ্য দিয়ে যদি চেষ্টা করেন, যদি অ-ধনতান্ত্রিক পথে কৃষি বিকাশে সবুজ বিপ্লবের কথা ভাবেন, তা হ'লে আমি মনে করি তিনি ঠিক পথ ধরেছেন। নিশ্চয়ই গত প্ল্যানিং এর চেয়ে পঞ্চম যোজনায় ডবল টাকা খরচ হবে, তারে নিশ্চয়ই অনেক জায়গায় কৃষির উন্নতি ঘটবে, কিন্তু কালেকটিভাইজেসান, কো-অপারেসানের মারফত তাদের সব রকমে সাহায্য ক'রে অ-ধনতান্ত্রিক পথে কৃষি বিকাশে যদি অগ্রসর হন, তা হ'লে তাতে ভাল হবে। দ্বিতীয় কথা হচ্ছে মন্ত্রিমহাশয়ের কাছে রাখতে চাই, পঞ্চম যোজনায় সি এ ডি পি যে প্রকল্প রেখেছেন আমরা সে সম্বন্ধে বিস্তারিত তথ্য এখনও পাই নি, তবুও যেটুকু মনে হচ্ছে সেটুকু তাঁর কাছে তুলে ধরা দরকার। আপনারা প্রথম বছরে প্রত্যেক জেলায় একটা ক'রে প্রকল্প গ্রহণ করেছেন। ধরুন একটা প্রকল্পের টাকা যোগাড় করতে পারবেন, কিন্তু একটা কথা জিজ্ঞাসা করি, এর উপযুক্ত কেডার আপনার আছে কি? কোথায় সেই সেলফলেস অফিসিয়াল ব্লক, কোথায় সেই নিরপেক্ষ আমলাতন্ত্র, কোথায় সেই দেশানুগতপ্রাণ আমলাতন্ত্রে যাঁরা জনসাধারণকে বুঝেন, জনসাধারণের চিন্তার সঙ্গে ওতপ্রোতভাবে জড়িয়ে আছেন? সেই রকম আমলাতন্ত্র না হ'লে এই প্রকল্পকে কার্যকর করতে পারা যাবে ব'লে মনে করি না। সরকারী ঋণের ব্যাপারে পক্ষপাতিত্ব হচ্ছে, অযোগ্যতা পদে পদে, এদের দিয়ে এই প্রকল্প পুরাপুরি কার্যকর করতে পারবেন ব'লে ভরসা করতে পারছি না। তৃতীয় কথা হচ্ছে, সরকার সমস্ত ফসল কিনে নেবেন। আমি একটা কথা মনে করিয়ে দিতে চাই পাঞ্জাবের সবুজ বিপ্লবের কথা উঠেছে, সেখানকার সরকার বাজার দরের চেয়ে কিছু বেশী দামে গম কিনে, চাষী গাড়ি ক'রে সরকারী গুদামে হাজির হয়, কিন্তু সেখানে গিয়ে শুনল গুদামে জায়গা নেই, ফলে ফিরে এসে খোলা বাজারে কম দামে গম বিক্রি করতে বাধ্য হয়। এই সম্বন্ধে কি ভাবা হয়েছে? আমাদের জেলায় যে অঞ্চলে সি এ ডি পি প্রকল্প হতে চলেছে সেই অঞ্চলে গোডাউন তৈরি হয় নি, মার্কেটিং-এর কোন ব্যবস্থা গ'ড়ে উঠছে না, এই সমস্ত ব্যবস্থা করতে হবে। চতুর্থ কথা হচ্ছে, জমি কেউ সরকারকে না জানিয়ে বিক্রি করতে পারবে না। যেখানে বিক্রি করতে পারবে না সেখানে লিজ দেবে। উপরতলার লোকেরা এই সমস্ত জমি গরিব মার্জিনাল চাষীদের কাছ থেকে লিজ নেবে ১৫ বছরের জন্য, ফলে পেজান্ট্রি ইন জেনারেল যাদের সুযোগ-সুবিধা পাবার কথা তারা তো থেকে বঞ্চিত হবে। পঞ্চম কথা হচ্ছে, মানুষের মধ্যে উৎসাহ সৃষ্টি করতে গেলে যে কমিটি করবেন বলেছেন সেই কমিটি সরকারী [illegible] প্রতিনিধিত্ব নিয়ে হচ্ছে, গরিব চাষীদের প্রতিনিধি খুব অল্প আছে। শেষ কথা হচ্ছে, ভাগচাষীদের সম্বন্ধে আপনারা কি ভাবছেন? আমার জেলায় যেখানে এই প্রকল্প হচ্ছে সেখানে অনেক ভাগচাষী আছে, তাদের অবস্থা কি হবে? তাদের কি মেরে জমি থেকে তাড়িয়ে দেওয়া হবে, না এই প্রকল্পে কৃষির পুনর্গঠনের ক্ষেত্রে

তাদের একটা বিশেষ জায়গা থাকবে সেটা ঠিকভাবে আজো জানা যায় নি। এই সমস্ত জিনিস জানা দরকার। আমার অনেক কিছু বলার ছিল, যেহেতু আর সময় নেই, আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীনিতাই দেশমুখ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় কৃষিমন্ত্রী কৃষি খাতে যে ব্যয়বরাদ্দ এনেছেন তাকে সর্বান্তঃকরণে সমর্থন ক'রে এই বিষয়ে কয়েকটি কথা বলতে চাই। আমি যে জেলা থেকে এসেছি সেটা হচ্ছে পুরুলিয়া জেলা। আজকে পশ্চিমবাংলার অন্যান্য জেলার জোতদার এবং ভাগচাষীদের প্রসংগে যে আলোচনা হচ্ছে তাতে আমরা যদি পুরুলিয়া জেলার দিকে তাকাই, তা হ'লে দেখব সেখানে সিলিং-এর সর্বোচ্চ সীমায় যাদের জমি আছে তাদের ছেলেরা চাকুরীর জন্য ছুটে যায়। কিন্তু অপর দিকে দেখা যায় কেবলমাত্র শুকিয়ে আছে চাষীরা এবং তাতেই বোঝা যাচ্ছে তারা কোথায় আছে। আমরা দেখছি দলে দলে ছেলেরা চাকুরীতে চলেছে, গ্রাম ছেড়ে শহরে আসছে এবং গ্রামে থাকছে সেই সমস্ত মানুষ যাদের দিয়ে বিজ্ঞানসম্মত উপায়ে কিছু করা যাবে না। সেইজন্য আমি বলছি, কৃষিক্ষেত্রে যদি কিছু করতে হয়, তা হ'লে পশ্চিমবাংলার সর্বত্র যেসমস্ত পরিকল্পনা নিচ্ছেন সেটাকে সব জায়গায় কাজে লাগান উচিত নয়। পুরুলিয়া বিহারে মালভূমি ছিল এবং সেখানকার মাটি পশ্চিমবাংলার অন্যান্য জায়গার মাটি থেকে পৃথক। সেখানে দেখা যায় বহু চাষী চাষের জন্য যে টাকা খরচ করে তার অর্ধেকও তাদের ঘরে আসে না। এর ফলে আমরা দেখেছি তারা কোল ফিল্ড এরিয়াতে চলে যায় কাজ করবার জন্য এবং বর্ধমান জেলায় যখন চাষ হয় তখন সেখানে কাজ করবার জন্য শ্রমিক আসে পুরুলিয়া থেকে। আমাদের পুরুলিয়ায় সেপ্টেম্বরের শেষ পর্যন্ত সবুজ ধান দেখা যায়, কিন্তু তারপর দেখি সেই ধান আর হ'ল না। আমি মনে করি যথেষ্ট সুযোগ রয়েছে এই পুরুলিয়ায়। পুরুলিয়ার চারিপাশে যে পাহাড় রয়েছে সেখানে বহু স্রোতস্বিনী রয়েছে এবং একে যদি বাঁধ দিয়ে কাজে লাগান যায়, তা হ'লে অনেক কাজ হয়। কিন্তু গত ২৫ বছরে কিছুই করা হয় নি। সেখানে যথেষ্ট ট্যাঙ্ক আছে, পুকুর আছে—এগুলির সংস্কার ক'রে সেখানে যদি জল দেওয়া যায়, তা হ'লে ভাল হয়। এই সমস্ত ট্যাঙ্কের মালিকানা ১০/১২/২০/২৫ জনের। এগুলির মালিকানা স্বত্ব যদি সরকারের হাতে নেওয়া যায়, তা হ'লে ভাল হয়। তারপর সয়েল কনজার্ভেসন অব কংসাবতী, এটা সরকারের বাস্তব পরিকল্পনা, এতে মাটির ক্ষয় নিবারণ করা হচ্ছে। কিন্তু এর সংগে সংগে সেখানে যদি জোড়বাঁধ করা হয়, তা হ'লে সেচের যথেষ্ট সুযোগ পাবে। আমরা শুনছি মার্জিনাল ফার্মারের কথা। আমার বক্তব্য হচ্ছে সেই এলাকায় যদি ডিপার্টমেন্ট, ভি এল ডবলিউ এবং ব্যাঙ্ক কর্মচারীকে এক করা যায়, তা হ'লে চাষীদের সুযোগ দেওয়া যাবে। সেখানে মার্জিনাল ফার্মার কি অবস্থায় রয়েছে তার জন্য তদন্ত করুন এবং দেখুন এই মার্জিনাল ফার্মার স্কীমে কয়টা কুয়ো হয়েছে। কাজেই আমাদের প্রশাসন ব্যবস্থাকে ভাল করতে হবে যাতে প্রত্যেকটি চাষী সরকারের সুযোগ-সুবিধা পেতে পারে। আমি আর একটা কথা বলতে চাই, পুরুলিয়ার জন্য তার নিজস্ব উপযুক্ত পরিকল্পনা আপনারা গ্রহণ করুন, না হ'লে কিছুই করা যাবে না।

[7-20—7-30 p.m.]

শ্রীপরেশ বৈদ্য: মাননীয় স্পীকার মহাশয়, আমাদের কৃষিমন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ এনেছেন, আমি তাকে পূর্ণ সমর্থন জানিয়ে কয়েকটি বক্তব্য রাখছি। সুন্দরবন অঞ্চলে সেখানে বর্তমান বছরে তুলা চাষের সরকারী তরফ থেকে প্রচেষ্টা করা হয়েছে। কিন্তু ঐ সমস্ত অঞ্চল এক ফসলী দেশ। সেখানে ধান চাষ ছাড়া আর কিছুই হয় না। কেবলমাত্র এই বছরে সরকারী তরফ থেকে তুলা চাষের উৎসাহ আমরা দেখছি এবং সেখানে কিছুটা কৃতকার্যও হয়েছেন। কিন্তু ঐ সমস্ত এলেকায় যে সমস্ত খাল এবং ছোট ছোট নদীর যে সমস্ত খাল উঠেছে, সেই সমস্তগুলিকে যদি বেঁধে দেওয়া যায়, তা হ'লে স্মল ইরিগেশনের ব্যবস্থা করা যেতে পারে। এখানে একমাত্র বর্ষার জল এবং বৃষ্টি ছাড়া আর কিছু নাই। সেখানে শ্যালো টিউবওয়েল, ডিপ সিঙ্কিং টিউবওয়েল ছাড়া অন্য কোন স্কোপ আমরা দেখি নি বা সরকারী কোন প্রচেষ্টা হয় নি। যে সমস্ত খাল এবং ছোট ছোট নালা উঠেছে, সেগুলিকে বেঁধে দিলে ক্ষুদ্র সেচের ব্যবস্থা করতে

পারা যায় এবং এতে মৎস্য চাষের ব্যবস্থা হতে পারে। সুন্দরবনে আমরা দেখছি সামান্য জায়গাতে তিল চাষ হচ্ছে, সেখানে আরও ব্যাপকভাবে তিল চাষ করতে পারা যায়, তা হ'লে সর্ষের বদলে তিলের তেলই পর্যাপ্ত পরিমাণে পেতে পারি। কেন না আজকাল সর্ষের তেলের মধ্যে ব্যাপকভাবে ভেজাল দেওয়া হচ্ছে। সুতরাং সুন্দরবনে যদি সরকার তিল চাষের জন্য নজর দেন, এবং সরকারী তরফ থেকে যদি প্রচেষ্টা চালান হয়, তা হ'লে সেখানে প্রচুর তিল উৎপাদন হ'তে পারে। এই সুন্দরবন অঞ্চলে পৌষ মাঘ মাসে ধান কাটার পরে আর সাধারণতঃ চাষ হয় না। সুতরাং এই তিল চাষ বা তুলা চাষ বা অন্যান্য ড্রাই সিজনের যে সমস্ত চাষ যদি করা যায়, তা হ'লে সেখানে ভালভাবে হতে পারে। কিন্তু এই সমস্ত এলাকায় গরুগুলি অত্যন্ত দুর্বল, সুতরাং চাষীদের ইচ্ছা থাকলেও তাদের উৎসাহ জাগে না, তারা চাষ করতে পারে না। সেজন্য যদি এই সমস্ত এলেকায় আপনারা যদি পাওয়ার-টিলারের ব্যবস্থা করতে পারেন সমষ্টি-উন্নয়নের মাধ্যমে, তা হ'লে অনেক জমি চাষ হতে পারে এবং সেখানে ইকনমিক ডেভেলপমেন্ট হতে পারে। প্রত্যেকটি অঞ্চলে একটি ক'রে পাওয়ার-টিলার যাতে দেওয়া হয়, সেই অনুরোধ আমি মন্ত্রি-মহাশয়কে জানাচ্ছি। তা হ'লে অনেক জমি সেখানে চাষ হতে পারে। আর বিশেষ ক'রে এই সমস্ত এলাকা আরও অনেক ডেভেলপমেন্ট হ'তে পারে, যদি সরকার লক্ষ্য দেন এবং অন্যান্য জিনিসও সেখানে উৎপাদন হতে পারে। এই কয়েকটি কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীআবদুস সাত্তারঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সর্বপ্রথম মাননীয় সদস্যদের ধন্যবাদ জানাচ্ছি যে, তাঁরা আমার এই বিভাগের ব্যয়বরাদ্দের দাবি সকলেই সমর্থন করেছেন। আমাদের বিরোধী দলের তিনজন সদস্য যাঁরা আছেন, তার মধ্যে থার্ড ম্যান, তিমির ভাদুড়ী মহাশয়, তিনি এখানে কয়েকটি কথা বলেছেন। তিমিরবাবুকে এইটুকু বলতে পারি, তিমিরবাবু আপনি যদি জেগে ঘুমান, তা হ'লে কিছু বলা যাবে না। কিন্তু আপনার যদি চোখ থেকে থাকে, তা হ'লে আপনার কোথাও যেতে হবে না, শুধু বেলডাঙ্গা থেকে ঘুরে আসুন, অর্থাৎ আপনি যে জেলা থেকে এসেছেন, সেই জেলা থেকে একবার ঘুরে আসুন যে আপনারা থাকতে কি করেছেন, আর আমরা এক বছরের মধ্যে কি করেছি, এর পরিচয় আপনি পাবেন। আপনাকে যদি একটা ফিগার দিই, আপনার এলেকাতে আপনি তখন এম এল এ নির্বাচিত হয়েছিলেন, কিন্তু এই ঘরে ঢোকেন নি, কিন্তু এইবারে আপনি এই ঘরে ঢুকেছেন, আপনার ওখানে কি দিয়েছি শুনতে। বেলডাঙ্গা এক নম্বর ব্লকে শ্যালো টিউবওয়েল সেখানে টার্গেট ছিল ৫৬টি, সেখানে ৫৬টিই দেওয়া হয়েছে। দু' নম্বর ব্লকে ১০৮টি টার্গেট ছিল, ১০৭টি দিয়েছি। আপনি এই থেকে বিচার করতে পারেন, আমি অন্য জায়গায় কি দিয়েছি। আপনি আরও শুনলে আশ্চর্য হয়ে যাবেন ওখানে ৬০টির বেশী টিউবওয়েল বসেছে। আপনারা আমাকে কি দিয়েছিলেন মনে আছে কি? আপনারা ১৯৬৭-৬৮ সালে এখানে এসেছিলেন প্রথম যুক্তফ্রন্ট, আপনাদের কাছ থেকে আমি কি পেয়েছিলাম, কোর্ট কম্পাউন্ডে মার খেয়েছিলাম, আর তার জন্য হাসপাতালে ছিলাম। কিন্তু আপনাকে কি দিয়েছি? শ্যালো টিউবওয়েল দিয়েছি। আর কি দিয়েছি? আপনি পাম্পসেট পেয়েছেন আপনার কনস্টিটিউয়েন্সিতে ৯৪টি, যার মূল্য হচ্ছে ৩ লক্ষ ৭৬ হাজার টাকা, শ্যালো টিউবওয়েল যা দিয়েছি তার মূল্য হচ্ছে ৬০ হাজার টাকা আর ডিপ টিউবওয়েল যেটা হয়েছে তার দাম হচ্ছে ৪ লক্ষ ৯০ হাজার টাকা। রিভার লিফ্‌ট, আগেকার কথা আমি বলছি না, আমি এসে দিয়েছি, পাঁচটি, এক-একটির দাম ৭৫ হাজার টাকা, সে হিসাবে এই পাঁচটির দাম হচ্ছে ৩ লক্ষ ৭৫ হাজার টাকা। এ ছাড়া আমরা কাজ করেছি যেটা আপনি বলতে পারবেন। আমি আপনার কথা বলতে বলছি না, আপনি বসে একবার আগাগোড়া প্রত্যেক বছরের হিসাবটা ক'রে দেখুন, তা হ'লেই বুঝতে পারবেন। যদি মনে ক'রে থাকেন যে, আপনি বিরোধী দলে আছেন, কাজেই বিরুদ্ধে কিছু না বললে চলে না, সেটা অবশ্য আলাদা কথা। তবে হিসাবে আপনি দেখুন—আপনারা ১৯৬৭-৬৮ সালে ডিপ টিউবওয়েল করছেন, 'নিল'। ডিপ টিউবওয়েল—নট এ সিঙ্গল ডিপ টিউবওয়েল ওয়াজ সাঙ্ক। এবং ১৯৬৮-৬৯ সালেও কিছু করেন নি। সেখানে আপনি এ বছর পেয়েছেন ২৫০টি। আপনারা ৯ মাস থাকলেন, কিন্তু রিভার লিফ্‌ট করলেন, 'নিল', রাজত্ব করলেন। এ বছর সে জায়গায় পেয়েছেন ৭৩৬টি, দাম কমিয়ে টাকা

বাঁচিয়ে এটা আমরা করেছি। যেখানে ২৫ বছরে হয়েছিল ২০টি, আমরা সেখানে করেছি ৭৩৬টি, এর চেয়ে আপনি আর বেশী কি আশা করতে পারেন? পাম্পসেট ১৯৬৭-৬৮ সালে ৩,৩৮৩টি এবার ১৪,৪৮৭টি, শ্যালো টিউবওয়েল ছিল ২,৪৯১টি সেটা এবার বেড়ে হয়েছে ১০,৫০০টি, তারপর বেড়ে হ'ল ১৫ হাজার। এখন আমি খবর পেলাম, সেটা ষোল হাজার হয়েছে। এই সমস্ত ছাড়া আমরা কি করেছি? বিভিন্ন টেন্ডার যা এসেছিল সে সবের আমরা দাম কমিয়েছি, পার সেটে ১০/১২ হাজার ক'রে কমিয়েছি, ফলে ২৭ লক্ষ ১৮ হাজার টাকা বেঁচেছে। পার পাম্প সেটে ৪৫৩ টাকা ক'রে কমান হয়েছে। বিগ্ এঞ্জিন ফর রিভার লিফ্ট ইরিগেশন সেখানে বাঁচান হয়েছে ইলেকট্রিক মোটর অ্যাট দি রেট অফ ফোর থাউজেন্ড, ৪৭০টি সেটে ৪ লক্ষ ৮০ হাজার টাকা, ডিজেলে ১ লক্ষ ৫৭ হাজার টাকা, স্টেট ওন্ড শ্যালো টিউবওয়েলে ১৭ লক্ষ টাকা আর পাইপে প্রতি ফুটে ৩/৪ টাকা ক'রে বেঁচেছে, তা হিসাব ক'রে দেখছি ৫৯ লক্ষ টাকা এবং সব মিলিয়ে বেঁচেছে ১ কোটি ৩১ লক্ষ টাকা।

এ ছাড়া একটা জিনিস আমি তুলে ধরতে চাই, সেটা হচ্ছে তুলো চাষ নিয়ে। কিছু পত্রিকা আমাদের মেম্বার সুব্রত মুখার্জী (নম্বর ২) আমাকে দিয়ে গেছেন। একটি হচ্ছে বসুমতী, আর একটা হচ্ছে আনন্দবাজার পত্রিকা। এঁরা এ নিয়ে কয়েকটি প্রবন্ধ লিখেছেন।

[7-30—7-40 p.m.]

এই তুলো চাষ নিয়ে অনেক জল্পনা-কল্পনা হয়েছে। তুলো চাষের ব্যাপারে প্রদ্যোৎবাবু ও তিমিরবাবু প্রায় একই কথা বলেছেন। এই পত্রিকা দেখে বোধ হয় বলেছেন। কিন্তু আমি এই তুলো চাষের যে হিসেব দেব তাতে গোপন কিছু রাখবার কোন প্রশ্ন নাই। আমি গত দুদিন তুলো চাষের বিভিন্ন ফার্মে ঘুরেছি। এর আগেও একদিন ঘুরেছি, এতে দেখা যাচ্ছে যে সমস্ত কথা লেখা হয়েছে, আমার মনে হয়, এর সঙ্গে সত্যের কোন সম্বন্ধ নাই। প্রথম হচ্ছে, ২০ লক্ষ টাকা খরচ ক'রে অনেক তুলো পেয়েছি। প্রদ্যোৎবাবু বলেছেন, ১৯ হাজার টাকা প্রতি একর তুলো জমির জন্য ব্যয় হয়েছে ২০ লক্ষ টাকা, আর তুলো উৎপন্ন হয়েছে ৫ হাজার কেজি। হ'তে পারে, দুর্যোগ-দুর্বিপাক হ'তে পারে। কিন্তু আসল ব্যাপার তা নয়। আসল খরচ হয়েছে, সেটা ১৯৬৯-৭০ সালে তুলো চাষ হয়েছিল ৩০ একরে, তাতে কার্পাস হয়েছে ২ হাজার ৪০০ মেট্রিক টন। দাম হ'ল ১১ হাজার ৪০০ টাকা, খরচ হ'ল ৪,৫০০ টাকা। ১৯৭০-৭১ সালে তুলোর চাষ হয়েছিল ৩,৭২৮ একরে, পেয়েছিলাম ২৩৫ মেট্রিক টন। আর ভ্যালু অফ কার্পাস ৫ লক্ষ ৬৪ হাজার টাকা। আর খরচ হয়েছিল ৫ লক্ষ ৭ হাজার টাকা। ১৯৭১-৭২ সালে ড্রাউটের ফলে অনেক নষ্ট হয়ে গিয়েছিল। তবুও যে হিসেবটা তিনি দিলেন, ১৯ হাজার নয়। ১৬ হাজার ২১৩ টাকা; খরচ বললেন ২০ লক্ষ টাকা নয়, ১২ লক্ষ টাকা। তুলো পাওয়া গেছে ঐ ৫ হাজার কেজি নয়, ১৪০ মেট্রিক টন, তার দাম ৩ লক্ষ ৩৪ হাজার টাকা। ক্ষতি হয়েছে ঠিকই তা স্বীকার করছি। আমি নিজে চাষীদের কাছে গিয়েছি। কালকে আনন্দবাজার, যুগান্তর এবং সত্যযুগের রিপোর্টারদের নিয়ে গিয়েছিলাম মথুরাপুর ফার্মে। তাঁরা দেখে এসেছেন। এই তুলো কোন জায়গায় ৩ কুইন্টাল, কোন জায়গায় ৪ কুইন্টাল, কোন জায়গায় দু' কুইন্টাল হয়েছে। জলের অভাব যেখানে আছে সেখানে কম হয়েছে। যেখানে আর্লি লাগান হয়েছে, ময়শচার ছিল সেখানে ফলন ভাল হয়েছে। অন্য জায়গায় তত ভাল হয় নাই, খারাপ হয়েছে। তবে কেন তুলোর দরকার? যেখানে সুন্দরবনে ৪ লক্ষ হেকটর জমি—মোট জমি ১০ লক্ষ একর জমিতে একটা ফসল হয়, সেই সুন্দরবনকে সুন্দর ক'রে তুলতে গেলে গ্রাউন্ডনাট, সুগারবিট, পেপার সান ফ্লাওয়ার ছাড়া আর কোন ফসল হতে পারে না। ধান ছাড়া যেখানে গম হবে না সেখানে কেউ অন্য কিছু চাষ করতে যাবে না। সেই একটা ফসল মনোক্রপ হচ্ছে ধান। তারপর আর কিছু হয় না। আমি চাষীকে জিজ্ঞাসা করেছি, চাষী বলেছে, তুলো দিলে আর একটি লাভ হয়, সেই পাতা পড়ে সবুজ সারের কাজ হয়। তাতে ফলনও বাড়ে ধানের। আমরা হিসেব করে দেখেছি। যেখানে ৩ কুইন্টাল তুলো হয়, খরচ বাদ দিয়ে ৪০০ থেকে পাঁচশো টাকা লাভ থাকে।

অনেক কথা বলবার ছিল, তা সময়াভাবে বলতে পারলাম না। আমি সমস্ত কাট মোশনের বিরোধিতা করছি। আর একটি কথা বলা হয়েছিল এগ্রিকালচারাল কর্পোরেশন-এর কথা। আগামী ফিফ্‌থ ফাইভ-ইয়ার প্ল্যান দূরের কথা—অদূর ভবিষ্যতে যাতে এটা হতে পারে তার জন্য আমরা চেষ্টা করছি এবং প্রায় ক'রেও ফেলেছি।

The motion of Shri Pradyot Kumar Mahanti that the Amount of the demand be reduced by Rs.100 was then put and lost.

The motion of Shri Timir Baran Bhaduri that the amount of the demand be reduced to Re.1 was then put and a division taken with the following result:—

Noes

Abdul Bari Biswas, Shri
Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Baidya, Shri Paresh.
Bandopadhayay, Shri Shib Sankar.
Bandyopadhyay, Shri Sukumar.
Bhattacharya, Shri Keshab Chandra.
Bhattacharya, Shri Narayan.
Biswas, Shri Kartic Chandra.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Tapan.
Chowdhary, Shri Abdul Karim.
Das, Shri Barid Baran.
Dutta, Shri Adya Charan.
Dutta, Shri Hemanta.
Ghose, Shri Sankar.
Ghosh Moulik, Shri Sunil Mohon.
Gyan Singh, Shri Sohanpal.
Hajra, Shri Basudeb.
Halder, Shri Harendra Nath.
Mahato, Shri Sitaram.
Md. Shamsuzzoha, Shri.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Moitra, Shri Arun Kumar.
Mondal, Shri Aftabuddin.
Mukherjee, Shri Sibdas.
Nurunnesa Sattar, Shrimati.

Noes

Patra, Shri Kashinath.
Paul, Shri Bhawani.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Roy, Shrimati Ila.
Roy, Shri Jagadananda.
Roy, Shri Santosh Kumar.
Saha, Shri Dwija Pada.
Sen, Shri Sisir Kumar.
Shaw, Shri Sachi Nandan.
Singha Roy, Shri Probodh Kumar.
Sinha, Shri Panchanan.
Talukdar, Shri Rathin.

Ayes

Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Abstentions

Basu, Shri Ajit Kumar.
Mukherjee, Shri Mahadeb.
Panda, Shri Bhupal Chandra
Sarkar, Shri Nitaipada.

The Ayes being 2 and the Noes 12 the motion was lost

The motion of Shri Abdus Sattar that a sum of Rs.24,84,66,000 be granted for expenditure under Grant No. 22, Major Heads: 31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research, was then put and agreed to.

VOTING ON DEMAND FOR GRANTS

DEMAND FOR GRANT NO. 23

Major Head: 31—Agriculture—Fisheries

[7-40—7-50 p.m.]

Shri Santosh Kumar Roy: Sir, on the recommendations of the Governor I beg to muove that a sum of Rs.98.81,000 be granted for expenditure under Grant No. 23, Major Head: "31—Agriculture—Fisheries".

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের সুপারিশক্রমে আমি ২৩ নম্বর প্রধান খাতে '৩১—এগ্রিকালচার— ফিশারিজ' খাতে ১৯৭৩-৭৪ সালের জন্য ৯৮,৮১,০০০ টাকা (আটানব্বুই লক্ষ একাশি হাজার টাকা) ব্যয়বরাদ্দ মঞ্জুরী প্রস্তাব পেশ করছি।

গতবারের ব্যয়বরাদ্দ পেশ করবার সময় আমি পশ্চিমবাংলায় মাছের চাহিদার তুলনায় সরবরাহের অভাবের কথা বলেছিলাম। গত এক বছরে সে অবস্থার উল্লেখযোগ্য পরিবর্তন আনা সম্ভব হয় নি। তবে মাছের আড়ৎদার ও ভেড়ির মালিকেরা যে কৃত্রিম অভাব সৃষ্টি করছেন সরকার তার মোকাবিলা করবার জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন এবং বাংলাদেশ থেকে মাছ আমদানি ব্যবস্থার উন্নতি সাধন হ'লে মাছের অভাব অনেকখানি হ্রাস পাবে ব'লে আশা করা যায়।

আজ ১৯শে মার্চ এক বিশেষ দিন। বর্তমান সরকারের এক বছর পূর্ণ হ'ল আজ। এই সুযোগে রাজ্য মৎস্য বিভাগের উদ্যোগে গত এক বছর সময়ে কি করা সম্ভব হয়েছে তার একটি সংক্ষিপ্ত বিবরণী আমি মাননীয় সদস্যগণের কাছে পেশ করছি।

চব্বিশ-পরগনা জেলার বাসন্তী ব্লকে ও কুচবিহার জেলার ভেটাগুড়িতে দু'টি 'ফিশ সীড ফাম' স্থাপিত হয়েছে এ বছর। প্রাথমিক কাজ শেষ করে ফার্ম দু'টির পুকুরগুলিতে চারা-পোনা ছাড়া হয়েছে। এ বছর সরকারী কর্তৃত্বাধীনে বিভিন্ন জেলায় যে ত্রিশটি ফিশ ফার্ম আছে সেগুলিও ঐ ফিশ সীড ফার্ম থেকে উৎপন্ন ৭২৫ কুইন্টাল মাছ ও ৫০ লক্ষাধিক চারা-পোনা ও চালা পোনা বাজারে সরবরাহ করা হয়েছে। বিশেষ কর্মসংস্থান প্রকল্পের মাধ্যমে ১৯৭২-৭৩ সালে বাঁকুড়া, বীরভূম, মেদিনীপুর, পুরুলিয়া, মুর্শিদাবাদ, পশ্চিম দিনাজপুর বর্ধমান ও চব্বিশ-পরগনা প্রভৃতি জেলায় কয়েকটি খাস জলাশয় সংস্কারের কাজে হাত দেওয়া হয়েছে। সংস্কারের পর আগামী বছর এর কিছু কিছু অংশে ফিশ ফার্ম ও ফিশ সীড ফার্ম স্থাপন করা সম্ভব হবে।

কংসাবতী জলাধার থেকে পরীক্ষামূলকভাবে মাছ ধরার কাজ এ বছরেই শুরু করা হয়েছে। এ পর্যন্ত ঐ জলাধার থেকে সংগৃহীত প্রায় ৬০ কুইন্টাল মাছ নিকটবর্তী বাজারে সরবরাহ করা হয়েছে। মাছ ধরার কাজে স্থানীয় মৎস্যজীবীদের নিয়োগের ফলে কিছু গরিব মৎস্যজীবীদের কর্মসংস্থান করাও সম্ভব হয়েছে।

হরমোন ইনজেকশন প্রয়োগে কৃত্রিম উপায়ে ডিমপোনা উৎপাদনের কাজে উল্লেখযোগ্য অগ্রগতি বর্তমান আর্থিক বর্ষে সম্ভব হয়েছে। বেসরকারী ও সরকারী খামারে এই পদ্ধতি প্রয়োগে আনুমানিক ৫৩৮ লক্ষাধিক ডিমপোনা উৎপন্ন হয়েছে।

বর্তমান আর্থিক বৎসরের সবচেয়ে উল্লেখযোগ্য কর্মসূচি হচ্ছে ব্যারাকপুরস্থিত কেন্দ্রীয় সরকারের গবেষণা প্রতিষ্ঠানের সক্রিয় সহযোগিতায় রাজ্যসরকারের কুলিয়া মৎস্য চাষ খামারে কো-অর্ডিনেটেড রিসার্চ প্রোজেক্ট ফর কম্পোজিট ফিশ কালচার নামে একটি প্রকল্পের রূপায়ণ। এই প্রকল্পের উদ্দেশ্য হ'ল উন্নত ধরনের মৎস্যচাষ পদ্ধতি দ্বারা হেক্টর প্রতি প্রায় তিন হাজার কেজি মাছ উৎপাদনের ব্যবস্থা করা। নদীয়া জেলার অঞ্জনা বিলে যে সরকারী খামার আছে সেখানেও অনুরূপভাবে একটি কেন্দ্র স্থাপন করবার জন্য এ বছর রাজ্যসরকারের দেয় ব্যয়বরাদ্দ মঞ্জুর করা হয়েছে। এই পদ্ধতি প্রয়োগে সাফল্যলাভ করলে আভ্যন্তরীণ জলাশয় থেকে মাছ উৎপাদনের পরিমাণ বহুল পরিমাণে বৃদ্ধি পাবে।

গরিব মৎস্যজীবিগণ যাতে মাছ ধরার সাজসরঞ্জাম ক্রয় করতে পারেন সেজন্য ১৯৭২-৭৩ সালে ৪ লক্ষ ১০ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে। ঋণ ও অর্থ সাহায্য ছাড়াও মৎস্যজীবী অধ্যুষিত অঞ্চলে নলকূপ খনন ও গৃহনির্মাণ কার্যে সাহায্যের জন্য ১ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

পশ্চিমবঙ্গ সরকারের অধীন স্টেট ফিশারিজ ডেভেলপমেন্ট কর্পোরেশন কর্তৃক মৎস্যচাষ ক্ষেত্র ও জলাভূমি উন্নয়ন, যোগাযোগের রাস্তা নির্মাণ প্রভৃতি কাজের জন্য মেদিনীপুর জেলার দীঘা ও আলমপুর এবং চব্বিশ-পরগনার মহারাজগঞ্জে গ্রামীণ কর্মসংস্থানের মজুরী প্রকল্পের

কাজ ১৯৭১-৭২ সালের শেষ দিকে আরম্ভ করা হয়। ১৯৭২ সালের এপ্রিল থেকে ১৯৭৩-এর জানুয়ারি পর্যন্ত ঐ প্রকল্পগুলি চালু রাখার ফলে ৭ লক্ষাধিক টাকা ব্যয়ে ২ লক্ষ ৩৭ হাজার ৪ শত ১৯টি শ্রমদিবসের মত কর্মসংস্থান সম্ভব হয়েছে। এই প্রসঙ্গে উল্লেখ করা দরকার য়, গ্রামীণ কর্মসংস্থানের জরুরী প্রকল্পের অধীনে বিভিন্ন জেলা সমাহর্তাদের মারফৎ ঐ ধরনের কর্মসূচি রূপায়ণের জন্য বর্তমান আর্থিক বর্ষে ১৯ লক্ষ ৮৪ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে। এর ফলে ৬ লক্ষ ৬১ হাজার ৩ শত ৩০টি শ্রমদিবসের মত কর্মসংস্থান করা সম্ভব হবে।

লবণহ্রদ এলাকার জলাভূমি উন্নয়নের কাজ হাইকোর্টের ইনজাংশন-এর ফলে বাধাপ্রাপ্ত হয়েছে। আমরা আশা করি হাইকোর্টের মামলা সরকারের অনুকূলেই নিষ্পত্তি হবে। তখন এ এলাকার কাজ ত্বরান্বিত করা হবে। যন্ত্রচালিত নৌকার সাহায্যে সমুদ্রোপকূলবর্তী অঞ্চলে মাছ ধরার কাজ অব্যাহত রয়েছে। ১৯৭২-৭৩ সালের শুরু থেকে ১৯৭৩ সালের জানুয়ারি পর্যন্ত মোট ৪৮০ কুইন্টাল মাছ বাজারে সরবরাহ ক'রে প্রায় ৮০ হাজার টাকা পাওয়া গেছে।

রাজ্যের মৎস্যজীবী সমবায় সমিতিগুলির মাধ্যমে মৎস্যচাষের উন্নতির জন্য বর্তমান আর্থিক বছরে মৎস্য বিভাগে একটি 'সমবায় সেল' গঠন করা হয়েছে। ঐ সেল সমবায় সমিতিগুলির পুনর্গঠনের উদ্দেশ্যে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করছেন। সমীক্ষাতে আগামী আর্থিক বর্ষে এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হবে।

এগ্রিকালচারাল রিফাইন্যান্স কর্পোরেশনের অর্থ সাহায্যে চব্বিশ-পরগনা জেলার বনগ্রাম, বারাসত ও বসিরহাট মহকুমার পুষ্করিণী ও হাজামজা বিল-বাওড় উন্নয়ন এবং মাছ চাষের জন্য দুটি প্রকল্প প্রণয়ন করা হয়েছে। এগ্রিকালচারাল রিফাইন্যান্স কর্পোরেশন থেকে অর্থ বরাদ্দ পাওয়া গেলে এই প্রকল্পগুলি রূপায়িত করা হবে।

চব্বিশ-পরগনা রায়চকে একটি মাছ ধরার বন্দর নির্মাণের জন্য রাজ্যসরকার ১৯৭২ সালের ফেব্রুয়ারিতে প্রায় ১৬ একর জমি কলকাতা পোর্ট কমিশনার্স কর্তৃপক্ষকে হস্তান্তরিত করেছেন। যোগাযোগকারী রাস্তা নির্মাণ ও অন্যান্য প্রাথমিক কাজে হাত দেওয়া হয়েছে। এই বন্দরের হিমঘর, বরফকল, ফিশ মিল তৈরির কারখানা ইত্যাদির ব্যবস্থা স্টেট ফিশারীজ ডেভেলপমেন্ট কর্পোরেশন করবে। এ বাবত আনুমানিক ব্যয় ৩৫·১৩ লক্ষ টাকার ভিতর ২৭·৬৩ লক্ষ টাকা দিতে কেন্দ্রীয় সরকার রাজি হয়েছেন। আশা করা যায় আগামী বছর এ কাজে হাত দেওয়া যাবে।

এই বন্দর নির্মাণের কাজ শেষ হ'লে যাতে বঙ্গোপসাগর থেকে মাছ ধরার কর্মসূচি রূপায়ণে দেরি না হয় সেজন্য স্টেট ফিশারীজ ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড ৭ খানি ট্রলারের সাহায্যে মাছ ধরার একটি প্রকল্প রচনা করেছেন। এ বাবত আনুমানিক ব্যয় ২·২৭ কোটি টাকা যাতে এগ্রিকালচারাল রিফাইন্যান্স কর্পোরেশন থেকে পাওয়া যায় সেজন্যও চেষ্টা করা হচ্ছে।

মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, গত বছর কোন্ পথে অগ্রসর হ'লে রাজ্যের অভ্যন্তরীণ জলাশয়ের সর্বাঙ্গীণ উন্নতি সাধন, মৎস্য সরবরাহ বৃদ্ধি এবং গরিব মৎস্যজীবীদের দুর্দশা লাঘব করা সম্ভব হবে তা নির্ধারণ করার জন্য সরকার একটি উচ্চক্ষমতাসম্পন্ন কমিটি গঠন করেন। কমিটির সুপারিশ সহ 'মাস্টার প্ল্যান' এ বছরের ভিতর দাখিল করার কথা। আমরা আশা করছি, পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নের সময় ঐ 'মাস্টার প্ল্যান' ও সুপারিশ-গুলি আমাদের বিশেষভাবে সাহায্য করবে।

শেষ করবার আগে আমি বাংলাদেশ থেকে বাণিজ্য চুক্তি বলে মাছ আমদানির বিষয়ে দু'-একটি কথা বলতে চাই। ১৯৭২-৭৩ সালে মোট ৯ কোটি টাকা মূল্যের মাছ আমদানির কথা আছে। কিন্তু ১৯৭২-এর অক্টোবর থেকে আমদানি শুরু হবার পর এ পর্যন্ত মোট আমদানির পরিমাণ লক্ষ্যমাত্রার থেকে অনেক কম রয়েছে; ১২ই মার্চ ১৯৭৩ সাল অবধি মোট মাছের সরবরাহ হয়েছে ১০৫ মেট্রিক টন, যার দাম আনুমানিক ৫৫·৩০ লক্ষ টাকা। বাংলাদেশের চারটি কেন্দ্র—নারায়ণ-

গঞ্জ, গোয়ালন্দ, খুলনা ও যশোহর থেকে ট্রাক যোগে মাছ আমদানি করতে হচ্ছে, কারণ এখনো পর্যন্ত সরাসরি রেলপথে ব্যবস্থা নেই। সংগ্রহ কেন্দ্রগুলির কয়েকটিতে বরফের অভাব, বাংলাদেশের অভ্যন্তরে ট্রাক পাওয়ার অসুবিধা এবং বাংলাদেশে সাম্প্রতিককালে মাছের মূল্য বৃদ্ধি ইত্যাদি নানাবিধ কারণের জন্য আশানুরূপ মাছ আমদানি করা যায় নি। আশা করি এসব কারণ দূর হ'লে অদূর ভবিষ্যতে সরবরাহ আশানুরূপ বৃদ্ধি পাবে ও কলকাতার বাজারে তার প্রভাব পড়বে।

মাননীয় সদস্যগণকে আমি পুনর্বার জানাতে চাই যে, তাঁদের মূল্যবান পরামর্শ ও সক্রিয় সহযোগিতা লাভে আমি বিশেষ আগ্রহী। একমাত্র এই পথেই আমরা পশ্চিমবঙ্গের সার্বিক উন্নয়নের লক্ষ্যে পৌঁছতে পারব।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথা কয়টি ব'লে আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যগণকে ১৯৭৩-৭৪ সালের ব্যয়বরাদ্দের চাহিদা মঞ্জুরীর জন্য অনুরোধ করছি।

Shri Timir Baran Bhaduri:

That the amount of the demand be reduced to Re.1.

That the amount of the demand be reduced by Rs.100.

[7-50—8-00 p.m.]

শ্রীশীস মহম্মদ: মাননীয় স্পীকার মহাশয়, মৎস্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় মৎস্যচাষের জন্য যে ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন করেছেন সেই প্রসঙ্গে কয়েকটি কথা না ব'লে পারছি না। অবশ্য স্যার, অল্প কথার মধ্যে বলবার চেষ্টা করলেও এটা আমাদের স্বীকার ক'রে নিতে হবে যে, মাছের সঙ্গে মৎস্যজীবীদের নিবিড় সম্পর্ক, আমি সেই তথ্যটাই তুলে ধরতে চাই। স্যার, আমরা দেখছি, মাছের উৎপাদন যেহেতু কমে যাচ্ছে, সেইহেতু যতই দিন যাচ্ছে ততই মাছের যোগান কমে যাচ্ছে। স্যার, আমরা বাঙ্গালী। আমরা দুমুঠো ভাতের সঙ্গে চাই এক টুকরো মাছ। কিন্তু স্যার, আমাদের ভাত খাওয়াও দিন দিন কমে যাচ্ছে আর ঐ মাছ সপ্তাহে এক টুকরো পর্যন্ত আমরা পাচ্ছি না। এই প্রসঙ্গে কয়েকটি বক্তব্য আপনার মাধ্যমে মন্ত্রি-মহাশয়ের কাছে রাখতে চাই। আপনারা জানেন, পশ্চিমবঙ্গে প্রচুর বিল, ভেড়ী, জলাশয় আছে। কিন্তু এগুলি কার অধীনে আছে? ভাল ক'রে খোঁজ নিলে দেখবেন, এগুলি ব্যক্তিগত মালিকাধীনে আছে। এরা ঠিকমত মাছ উৎপাদন করে না। আমরা দেখেছি, যে সময় মাছের পোনা ছাড়া দরকার সে সময় তারা মাছের পোনা ছাড়ে না বা সেদিকে তারা নজর দেয় না। এমন সময় তারা মাছের পোনা ছাড়ে যখন মাছের দেহ বৃদ্ধির সময় থাকে না। ফলে অল্প পরিমাণ মাছ হয় এবং সেই মাছ বেশী দামে সরবরাহ ক'রে তারা অধিক মুনাফা লোটবার চেষ্টা করে। তারপর পশ্চিমবঙ্গ সরকার কল্যাণীতে যে মাছ চাষের পরিকল্পনা করেছিলেন, গভীর সমুদ্রে মাছ ধরার যে পরিকল্পনা করেছিলেন তা ব্যর্থ হ'ল কেন? তার বিশেষ কারণ, এই দু'টি কাজকে সাফল্যমণ্ডিত করার জন্য যে টাকা বরাদ্দ করা হয়েছিল—আমার মনে হয় মাননীয় মন্ত্রিমহাশয় এই যে বইটা এটা হয়ত বুঝে উঠতে পারেন নি। যাঁরা তৈরি করেন তাঁদের পেছনে বিরাট লেজ আছে। এঁরা এমন প্যাঁচ কষে এটা তৈরি করেন যে, তিনি হয়ত ধ'রে উঠতে পারেন নি। হয়ত ভুল হয়ে যাচ্ছে, কিন্তু বাস্তব সত্যটা তিনি তাঁর বক্তব্যের মাধ্যমে একদিন স্বীকার করবেন। এই কাজকে এগিয়ে নিয়ে যাবার জন্য যে সমস্ত ব্যবস্থা গ্রহণ করা উচিত সেই সমস্ত ব্যবস্থা গ্রহণ না ক'রে এঁরা করেন কি? টাকাকড়ি নানান চক্রান্তের মধ্যে দিয়ে হজম করবার ব্যবস্থা করেন। সময়কালে যখন টাকার প্রয়োজন হয় তখন বলেন, টাকা নেই, ফলে পরিকল্পনা ব্যর্থ হয়।

তারপর আমরা দেখছি যে আমাদের পশ্চিমবঙ্গ সরকার বিভিন্ন স্টেট থেকে এমন কি বাংলাদেশ থেকেও মাছের আমদানি ক'রে থাকেন। সেখানেও কিন্তু একটা চক্রান্ত খেলা করছে। এটাকে কন্ট্রোল করে কারা? এই যে ফিশিং কর্পোরেশন ছিল সেটাও ব্যর্থ হয়েছে। এগুলি

কারা করছে? এর পিছনে বড় বড় আমলাদের হাত আছে। বাইরের দেশ থেকে যখন মাছ আমদানি হয়, যেমন যেমন মাছ দিলে কলকাতা এবং পশ্চিমবাংলার সমস্ত লোক মাছ পেতে পারতেন সেই পাবার পথটা তাঁরা হারাচ্ছেন। সেখানে দেখা যাচ্ছে, যারা হোলসেলার তাদের কাছে মাছ দিয়ে দিচ্ছেন। ঐ হোলসেলাররা মাছ নিয়ে বরফের গাদায় রেখে দেন এবং তাঁদের বলেন, এখন আর মাছ আমদানি করবেন না, যথাসময়ে মাছ আমদানি করবেন। যখন বাজারে মাছের দাম বাড়বে, যখন আমরা এই মাছগুলি সাপ্লাই দেবো তখন দেবেন এবং যা মুনাফা হবে তার কিছু পরিমাণ আমরা আপনাদের দেবো। এই যে চক্রান্ত, এটা আমরা দেখতে পাচ্ছি। এ ছাড়া আরো আমরা দেখতে পাচ্ছি, সরকারের ব্যক্তিগত মালিকানায় যারা বাংলাদেশ এবং অন্যান্য জায়গা থেকে মাছ নিয়ে আসতো, তারা আমলাদের সঙ্গে চক্রান্ত ক'রে পশ্চিমবঙ্গ সরকারের মাছ আমদানি করার যে প্ল্যান দর কমাবার যে উদ্দেশ্য সেটাকে সম্পূর্ণভাবে নষ্ট ক'রে দিচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি কথা আপনার মাধ্যমে আমি বলতে চাই সেটা হচ্ছে, যেমন ভূমি ছাড়া ফসলের কথা চিন্তা করা যায় না। আর কৃষক ছাড়া ভূমির কথা চিন্তা করা যায় না। তেমনি এই মৎস্যজীবী ছাড়া কি মাছের কথা চিন্তা করা যায়? আজকে যে সমস্ত মৎস্যজীবী, যারা সত্যিকারের মাছের সঙ্গে অঙ্গাঙ্গিভাবে জড়িত, তাদের অবস্থা কি? আজকে পশ্চিমবঙ্গের এক প্রান্ত থেকে অন্য প্রান্ত পর্যন্ত দেখুন, তারা কি অবস্থার মধ্যে বাস করছে? কাজেই আজকে যদি তাদের অবস্থার উন্নতি করা না যায়, আজকে যদি সরকার তাদের মাছ ধরার সাজসরঞ্জামের দিকে লক্ষ্য না দেন, তা হ'লে শুধু বাংলাদেশ থেকে বা অন্য প্রভিন্স থেকে মাছ আমদানি ক'রে বাহাদুরি করাটা ন্যায়সংগত ব'লে আমি মনে করি না। অবশ্য মাছ আমদানি করতে হবে এবং সঙ্গে সঙ্গে মাছের উৎপাদন ক'রে স্বয়ংসম্ভরতা অর্জন করতে হবে, তা হ'লেই পশ্চিমবঙ্গে মাছের চাহিদা মেটানো যেতে পারে। কিন্তু সে ক্ষেত্রে প্রয়োজন কি? প্রয়োজন হচ্ছে মৎস্যজীবীদের মধ্যে সমবায় আন্দোলন গ'ড়ে তুলতে হবে। মৎস্যজীবীরা দিনের পর দিন অর্থহীন হয়ে পড়ছে। তাদের জাল, মুগা ইত্যাদির অভাবে তারা গভীর জলে গিয়ে মাছ ধরতে পারছে না। ফলে দেখা যাচ্ছে, আজকে তারা মাছ ধরার বৃত্তি ত্যাগ ক'রে অন্য বৃত্তি অবলম্বন করার জন্য ছুটছে। কাজেই সেদিকে তাদের মন আকৃষ্ট করার জন্য ব্যবস্থা করতে হবে। তাদের নৌকা, জাল তৈরি করার জন্য অর্থ সাহায্য দিতে হবে, ঋণ দিতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে একথা বলতে চাই, তিনি হয়ত জানেন না 'জগতবেড়' নামে একটা জাল আছে। এই জাল তৈরি করতে গেলে ১০/১২ হাজার টাকা খরচ হয়। এই জালের জন্য যদি দাম দেওয়া হয়, তা হ'লে আমি মনে করি, এই জাল দিয়ে পদ্মার গভীরে গিয়ে এরা মাছ ধরতে পারে। এই জাল হ'লে ৪০ হাত কেন, ১০০ হাত জলের নীচে গিয়ে তারা মাছ ধরতে পারে এবং তা থেকে পশ্চিমবাংলায় অনেক মাছের চাহিদা মেটানো যেতে পারে। কিন্তু জালের জন্য তাদের যে দাম দেওয়া হয় তাতে তাদের কিছুই করা সম্ভব হয় না। এই প্রসঙ্গে আর একটি কথা বলতে চাই সেটা হচ্ছে, আপনার যেসমস্ত কর্মচারী তারা কেবল টাকা মঞ্জুর ক'রেই বসে থাকেন। টাকাটা কোন্ খাতে ব্যয় হচ্ছে সেটা তারা লক্ষ্য করেন না। লক্ষ্য করেন কারা? ঐ নিম্ন কর্মচারী বা উচ্চ কর্মচারী যেই হোক—এই কর্মচারীদের সঙ্গে মৎস্যজীবীদের কোন সম্পর্ক থাকে না। এরা যখন অফিসারদের সঙ্গে দেখা করতে আসে, তখন এত আস্তে আস্তে পা ফেলে যেন বাঘের কাছে যাচ্ছে ছাগলের বাচ্চা। মৎস্যজীবীদের সম্পর্কে যে সমস্ত কর্মচারী আছেন তাদের সঙ্গে এদের সম্পর্ক নিবিড় ক'রে তুলতে হবে। মৎস্যাবীজীদের মধ্যে এই যে ভীতির সঞ্চার হয়ে আছে, এই ভীতির সঞ্চারকে সরিয়ে দিতে হবে এবং সেইভাবে আপনারা কর্মচারীদের ট্রেনিং দেবেন যাতে গ্রামে গিয়ে যোগাযোগ করেন, তা হ'লে তাদের ভয় কেটে যাবে। ওরা যখন অফিসারগুলোর সঙ্গে দেখা করতে আসে, তখন

[8-00—8-10 p.m.]

তারা এত আসতে আসতে পা ফেলে চলে, যা দেখে মনে হয় যেন বাঘের কাছে ছাগল বাচ্চা যাচ্ছে। এই মৎস্যজীবীদের সম্পর্কে এমন নিয়মকানুন করতে হবে যাতে তাদের এই সম্পর্কে ভীতির সঞ্চার হয়ে আছে, সেই ভীতি তাদের দূর হয়ে যায়। এবং ঐভাবে আপনাদের কর্মচারীদের, আপনাদের অফিসারদের ট্রেনিং দেবেন। তারা গ্রামে গিয়ে যাতে যোগাযোগ করতে

পারেন। এই রাইটার্স বিল্ডিংস-এ বসে তাদের বিষয় ব্যবস্থা করা যাবে না, তারা যে সমস্ত গ্রামে থাকে সেখানে কর্মচারীদের নিয়োগ করতে হবে। মাননীয় স্পীকার মহাশয়, আমি আরও একটা কথা বলতে চাই, যত খাল, বিল, ভেড়ী আছে সেইগুলো ন্যাশনালাইজ করুন, এবং সরকার আওতায় এনে মৎস্যচাষের ব্যবস্থা করুন। আমি আর একটা কথা বলতে চাই, পশ্চিমবঙ্গে অনেক হাজামজা পুকুর আছে, সেই পুকুরগুলো আইনের মাধ্যমে সরকারী আওতায় নিয়ে এসে সেইগুলো সংস্কার করার ব্যবস্থা করুন। এর ফলে কয়েকটি উদ্দেশ্য সাধিত হবে। প্রথমতঃ সেইগুলোতে মাছচাষের ব্যবস্থা করা যাবে, দ্বিতীয় উদ্দেশ্য চাষযোগ্য জমিতে কিছু পরিমাণ জল সেচ দিতে পারা যাবে, তৃতীয়তঃ পানীয় জলের চাহিদা মেটানো যাবে। পশ্চিমবঙ্গে মশারী জাল দিয়ে যে মাছের ডিম ধরা হয়, সেই ডিম ধরার ফলে দেখা যায় রুই, কাতলা, মৃগেল এবং ফলুই এই কয়টি মাছ ছাড়া সমস্ত মাছ মরে যায়। এই মাছের ডিম ধরা ১০/১৫ বছর হ'ল আরম্ভ হয়েছে, এই জিনিস পশ্চিমবাংলার সব জায়গাতেই হচ্ছে। কিন্তু আগে এই জিনিস হ'ত না, আগে মাছের পোনা ধরা হ'ত। এই পোনা ধরার সিস্টেম তুলে দিয়ে মাছের ডিম ধরার ব্যবস্থা যতদিন ধ'রে চালু হ'ল, তারপর থেকেই মাছের বংশ ধ্বংস হতে আরম্ভ হয়েছে। এই চার রকম মাছ যেমন রুই, কাতলা, মৃগেল, ফলুই ব্যতিরেকে অন্য সব মাছ ডিম অবস্থাতেই মারা পড়ছে। এক গ্রাম মাছের ডিম থেকে ১০০ মণ বা তারও বেশী মাছ উৎপাদন হ'তে পারে। এক কুনকে বা এক বাটি মাছের ডিম থেকে কত মাছ জন্মাতে পারে একবার চিন্তা করে দেখুন, এই মাছ ডেইলি নষ্ট হয়ে যায়। সেই জন্য মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো, তিনি যেন এই বিষয়টার দিকে লক্ষ্য রাখেন। এই বিষয়ে আমি একটা উদাহরণ দিচ্ছি, আমি একটা স্কুলে মাস্টারি করি। সেখানে বনমহোৎসবের সময় গাছ লাগানো হল, সেখানে এস ডি ও এলেন, এস ডি পি ও এলেন, ভুরিভোজন হ'ল বিরাট ক'রে, কিন্তু দেখা গেল সেই গাছটা মরে গেল। সেই রকম এই যে টাকা, এই টাকা ঠিক ভাবে খরচ হচ্ছে কিনা সেটা দেখতে হবে। আর যদি মনে করেন যে, একজন বামপন্থী কি বলছেন না বলছেন সেদিকে কান দেবার দরকার নেই, তা হ'লে যত কাজই করুন না কেন, যত টাকা খরচ করুন না কেন কোন কিছুই সফল হবে না, এই ব'লে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীরথীন তালুকদার: অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, আমাদের কাছে এটা ভুল বোঝা-বুঝি হ'তে পারে ব'লে আমি মনে করছি। আপনি দেখুন ভাষণের তৃতীয় পৃষ্ঠার দ্বিতীয় প্যারার তৃতীয় লাইনে যেখানে বলা হয়েছে 'আমরা আশা করি হাইকোর্টের মামলা সরকারের অনুকূলেই যাবে', এটা যদি বাইরে চলে যায়, তা হ'লে সরকারের কোন অসুবিধা হবে কিনা, সেই বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীসন্তোষকুমার রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, যখন আমাদের বিরুদ্ধে এই ইনজাংশন দেওয়া হয়েছে তখন আমরা তার বিরুদ্ধে কোর্টে কেস করেছি, এবং অনেকগুলিরই নিষ্পত্তি হয়ে গিয়েছে, সবই সরকারের অনুকূলে এবং সেই জন্যই আশা করছি যে, এই মামলাটারও আমাদের পক্ষে রায় হবে। এর মধ্যে কোন কিছু অন্যায় কথা আমরা উল্লেখ করি নি।

Mr. Speaker: Honourable Members, if there is any reflection on the Hon'ble High Court, or any attempt to introduce matters that may influence the Hon'ble High Court, that is not desirable. Merely wishing that the High Court decision may be in our favour or—mere expression of hope that the High Court decision may be in our favour—according to me, is merely an inference.

আমবা আশা করি—
means, it may be in our favour, it may not also be in our favour. I think there is nothing wrong in it.

শ্রীনারায়ণ ভট্টাচার্য: মাননীয় স্পীকার, স্যার, ছোটবেলায় একটা ছড়া শুনেছিলাম, মৎস্য মারিব খাইব সুখে, লিখিব পড়িব মরিব দুঃখে'। আমাদের বাংলাদেশে সে মাছও নেই, আর সে সুখও নেই। সেই পাকা রুই মাছের কালিয়া, গলদা চিংড়ীর মালাইকারী, ভাতে ইলিশ মাছ

আর সেই বড় কৈ মাছ কোথায় ? এইগুলি সব ইতিহাসের কিম্বদন্তী হয়ে দাঁড়িয়েছে। আমাদের এই পশ্চিমবঙ্গের শতকরা ৮০ জন মৎস্যাশী, তাদের মাথাপিছু প্রতি দিন ৫৮ গ্রাম মাছের বরাদ্দ কোথায় ? আমাদের প্রয়োজন সাড়ে ৭ লক্ষ মেট্রিক টন প্রতি বছরে, সেখানে মাছের সাপ্লাই মাত্র ২॥ লক্ষ মেট্রিক টন, অর্থাৎ প্রতি বছরে ১/৩ অংশ মানুষ পাচ্ছে। এই ২॥ লক্ষ মেঃ টন তার মধ্যে শতকরা ৩০ ভাগ পাচ্ছি পশ্চিমবঙ্গ থেকে, বাকি ৭০ ভাগ আমাদের বাইরের অন্যান্য রাজ্য থেকে আমদানি করতে হয়। মাননীয় স্পীকার স্যার, আমাদের ইন্টারন্যাল ফিশারীর জন্য যে সমস্ত ডিস্ট্রিক্ট ফিশারী অফিসগুলি আছে সেগুলি সম্বন্ধে আমি বলব তাদের কাজ সম্পূর্ণ ব্যর্থ হয়েছে, তারা কিছু করতে পারেন নি। আমাদের মৎস্যজীবী যারা আছেন তাদের যে লোন দেওয়া হয় সেটা দেওয়া ঠিক মত হয় না। সমস্ত বছর বিভিন্ন জেলার ফিশারী অফিস-গুলি ঘুমায়, আর বছরের শেষে মার্চ মাসে তাড়াতাড়ি ক'রে যারা দরখাস্ত ক'রে থাকে তাদের ডেকে আনে ঋণ দেওয়ার জন্য নয়, সাহায্য করবার জন্য নয়, কমিশন যাতে পাওয়া যায় সেই জন্য। কমিশন আদায় করবার জন্য ঋণ দেওয়া হয়। সরকারের বহুবার দৃষ্টি আকর্ষণ করেছি। অন্যান্য জাতের মাছের চাষের জন্য যেমন চাইনিস প্রেসিস, সাইপ্রেসাস কারপেস, গ্রাস কারপো ইত্যাদি, এইগুলি ফিশারী কর্পোরেশন ক'রে উন্নতি করা হবে বলা হচ্ছে, কিন্তু বিভিন্ন জেলায় যে সমস্ত ফিশারী ডিপাটনমেন্টের অফিসার্স আছেন, তাদের অকর্মণ্যতার জন্য কোন পুকুরেই এই মাছের চাষ হয় নি। ডিপ সি ফিশিং-এর জন্য ট্রলার কেনা হয়েছে, সেগুলি আমাদের নদী বন্দরে কন্টিনেন্টাল স্লোপে ঘোরে, ফিসারী দপ্তরের অফিসারদের প্রমোদ ভবন হয় বা ফিশারী ডিপার্টমেন্টের বিউটি স্পটের কাজ করছে।

[8-10—8-20 p.m.]

মাছ কিছুই পাতে পড়ে না। সুন্দরবনের নদী থেকে মাছ ধ'রে বিক্রি করার পরিকল্পনা আজ আর নেই। কিন্তু দি গভর্নমেন্ট ওনলি কনসিভড দি আইডিয়া বাট ডিড নট ডেলিভার ইট অ্যাট অল। আমাদের সাধারণ জেলেরা মাছ ধ'রে নিয়ে আসে পাইকারী বাজারে। আমি ক্যানিং-এর কথা বলছি। ক্যানিং-এর বাজারে বিক্রি করে। এই মাছের বাজারের অবস্থা দেখলে মনে হয় না আমাদের এই রাজ্যে ফিশারী ডিপার্টমেন্ট আছে। ক্যানিং-এর ফিশারী বাজারে ঢুকলে অন্নপ্রাশনের ভাত উঠে আসে। আজ ক্যানিং বাজার নিরামিষ অবাঙ্গালীদের হাতে। ভেড়ীওয়ালাদের সরকার আজও কায়দা করতে পারে নি। অথচ বারে বারে খবরের কাগজে বলা হচ্ছে এগুলি রাষ্ট্রায়ত্ত করা হচ্ছে। আমাদের এখানে ৯৮ লক্ষ ৮৯ হাজার টাকা যা বরাদ্দ চাওয়া হয়েছে তা অত্যন্ত কম। আপনি জানেন কেরল রাজ্য আমাদের পশ্চিমবাংলার চেয়ে অনেক ছোট। সেখানে প্রতি বছর ও'রা ৬ কোটি টাকা এই মৎস্যখাতে বরাদ্দ রাখেন। অথচ আমাদের চতুর্থ পরিকল্পনায় আমরা ৩ কোটি টাকা বরাদ্দ রাখতে পারলাম না। কাজেই অর্থের যদি সংস্থান না হয়, তা হ'লে মৎস্যচাষের উন্নতি হবে না। তাই আমি মনে করি আমাদের এই মৎস্য বিভাগ এবং মৎস্য উৎপাদনকে হাই প্রাইয়রিটি দিতে হবে। আমি জানি পঞ্চম পরিকল্পনায় যাতে পশ্চিমবঙ্গ মাছের ব্যাপারে স্বয়ংসম্পূর্ণ হ'তে পারে তার জন্য আমাদের স্টেট প্ল্যানিং কমিশন ২০ কোটি টাকার জন্য তাঁরা রেকমেন্ড করেছেন। তাই আপনার মাধ্যমে সরকারের কাছে দাবি রাখব, আগামী পরিকল্পনাকালে যাতে ২০ কোটি টাকা পশ্চিম-বঙ্গের মৎস্য বিভাগ ব্যয় করতে পারে তার যেন ব্যবস্থা হয়। কৃষিমন্ত্রী গ্রীন রেভলিউশনের কথা বললেন। আমার মনে হয় এর পাশাপাশি ব্লু রেভলিউশনের কথা বলা উচিত। অর্থাৎ সমুদ্রের নীল জলে যেখানে মাণিক লুকিয়ে আছে সেই ডিপ সী ফিশিং-এর ব্যবস্থা করা উচিত। তামিলনাড়ু, কেরালা, গুজরাট এই ব্যবস্থা করে কোটি কোটি টাকা বৈদেশিক মুদ্রা অর্জন করছে। আমরা পশ্চিমবাংলা থেকে চিংড়ি চালান দিয়েও বৈদেশিক মুদ্রা অর্জন করছি। এই ব্লু রেভলিউশন কৃষি বিপ্লবের সঙ্গে সঙ্গে করতে হবে। আমি মনে করি আমাদের পশ্চিমবাংলার প্রভাতী সংবাদপত্রগুলিতে বেশ প্রমাণ সাইজের রুই, ইলিশের ফটোর পাশে মৎস্যমন্ত্রীর ফটো থাকলে আনন্দ ছাড়া আর কিছুই হতে পারে না।

শ্রীনিতাইপদ সরকার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বাংলাদেশে অতীতের বহু মৎস্যমন্ত্রী বহু ভাষণ দিয়েছেন, আমাদের সন্তোষবাবুও আজকে ভাষণ দিয়েছেন, গতবারেও তিনি ভাষণ দিয়েছিলেন। আমি একটা কথা বলি, আমাদের এই যে মৎস্য বিভাগ এই বিভাগের অযোগ্যতা, অপদার্থতা একটা মহাভারত সৃষ্টি করেছে এবং সেই মহাভারত ঢাকবার জন্য সব সময় দেখছি এই মৎস্য বিভাগের ব্যয়বরাদ্দ এবং তার যে আলোচনা এবং সমালোচনা তাতে এত কম সময় দেওয়া হয় যে, বিভিন্ন জিনিস খুঁটিয়ে তুলে ধরার কোন উপায় থাকে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, আমাদের বাংলাদেশের মানুষ প্রায় ৭০ ভাগ দারিদ্র্যের সীমার নিচে রয়েছে এবং আমাদের বাংলাদেশের ৭০ লক্ষ যে মৎস্যজীবী যারা গভীর সমুদ্রে হোক, তার পাড়ে হোক, সুন্দরবনে হোক, মিঠে জলে হোক যারা মৎস্য শিকার করে তারা দারিদ্র্যের সীমার নিচে রয়েছে। কিন্তু আজ মৎস্যমন্ত্রীর ভাষণে সেই দারিদ্র্যপীড়িত মৎস্যজীবিগণের উন্নয়নের কোন সুষ্ঠু বৈজ্ঞানিক পরিকল্পনার আশ্বাস আমরা কিছু পাই নি। তিনি মাস্টার প্ল্যানের কথা হাউসে দাঁড়িয়ে বলেছেন যে, তাঁরা অন্তর্বর্তীকালীন রিপোর্ট দাখিল করেছেন, কিন্তু সেই মাস্টার প্ল্যানের মধ্য দিয়ে কি কি কাজ করতে চাইছেন সেটা আমাদের কাছে প্রকাশ করা হয় নি। কিন্তু আমরা একটু বলতে পারি এই যে, মৎস্যজীবী সম্প্রদায় যাদের কঠোর পরিশ্রমের ফলে আজকে বাঙ্গালীদের কাছে সামান্য প্রোটিন পৌঁছে দেওয়া সম্ভব হচ্ছে তাদের দুঃখদুর্দশার কথা ভালভাবে জনসমক্ষে আসছে না। আমার কথা শুধু নয়, আমাদের মাননীয় অধ্যক্ষ মহাশয় ভাগীরথী পত্রিকায় একটা প্রবন্ধ লিখেছেন, সেই প্রবন্ধে তিনি মৎস্যজীবীদের কথা দরিদ্র মানুষগুলির কথা যেভাবে তুলে ধরেছেন তাঁর কথা নিয়ে আমি বলব কি দারুণ অবস্থার মধ্য দিয়ে আজকে মৎস্যজীবী সম্প্রদায় চলেছে। তিনি বলেছেন, আমাদের আজকে ভাবতে হবে তাদের কথা যাদের কঠোর শ্রমে জনসমাজকে এই অত্যাবশ্যক প্রোটিন খাদ্য যোগান সম্ভব হচ্ছে। শীতের প্রত্যুষে যে জেলে গায়ে একখানি গামছামাত্র জড়িয়ে প্রতিকূল নদীস্রোতের সাথে লড়াই করতে করতে মাছের সন্ধানে বেরিয়ে পড়ে, গ্রীষ্মের রৌদ্র আর বর্ষার জল অকরুণভাবে তার মাথার উপর বয়ে যায়, তাদের নীরব কান্না কান পেতে শুনতে হবে। বস্তুত, এই অবহেলিত মৎস্যজীবীদের বাঁচার দাবিকে মেনে নিয়ে পূর্ণাঙ্গ মৎস্যচাষ আইন আজ পর্যন্ত প্রণয়নের কথা ভাবা হয় নি। জমিতে যে ফসল বোনে তার অধিকার নিয়ে অনেক সরকারী বিধি হয়েছে, কিন্তু সে জমি জলায় ভরে গেলে, তাতে মাছের চাষ ক'রে ফসল উপহার দেয় যে মৎস্যচাষী, জলায় তার অধিকার রক্ষাকল্পে কোন আইন নেই। 'লাঙ্গল যার জমি তার' এই দাবি সোচ্চার হয়ে উঠেছে অনেকদিন, কিন্তু নীরব মৎস্যজীবীর কণ্ঠে 'জাল যার জলা তার' এই ধ্বনি এখনও যেন ক্ষীণকণ্ঠেরই আকুতি। ভূমি-সংস্কার আইনে জোতদারদের বাড়তি জমি দখল করার জন্য সরকার যথোপযুক্ত ব্যবস্থা করেছে; কিন্তু বৃহৎ জলাশয়, জলাজমি বা বিল গরিব মৎস্যজীবীদের স্বার্থে দখল করার ব্যাপারে সরকারের আগ্রহ কোথায়? একচেটিয়া ব্যবসাদারের পীড়নে ও মুনাফা শিকারীদের করাল গ্রাসে প'ড়ে নিরীহ ও ব্যবহারজ্ঞানরহিত মৎস্যজীবী আজ সর্বস্বান্ত। কিন্তু তাদের কান্না আর রাত্রির আকাশে কাঁপন তোলে না; শুধু নিজেদের জীবনকেই ভারাক্রান্ত করে। ভাগীরথী নামক পত্রিকায় মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই চিত্র তুলে ধরেছেন। আমি মনে করি মৎস্যজীবীদের অবস্থা সত্যই তিনি তুলে ধরেছেন। আর একটা কথা বলি, আমাদের মৎস্যমন্ত্রী মহাশয় গত বছর তাঁর বাজেট বক্তৃতায় বলেছিলেন যে, আমার ধারণা মৎস্য বিভাগকে দীর্ঘকাল ধ'রে যথাযথ গুরুত্ব না দেওয়ার জন্য এই রাজ্যে মাছের অভাব অনগ্রসর সম্প্রদায়ের দুর্বিষহ অবস্থার সৃষ্টি করেছে। এই কথা গতবারের বাজেট বক্তৃতায় তিনি স্বীকার ক'রে নিয়েছিলেন। কেরালা, তামিলনাড়ু রাজ্যে মৎস্য বিভাগের জন্য বরাদ্দের পরিমাণ প্রায় ৩ কোটি টাকা। ঐ দু'টি রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গে বরাদ্দের পরিমাণ ১/৩ অংশ কম। আমাদের এই প্রথম, দ্বিতীয়, তৃতীয় পরিকল্পনাগুলি গেল সেই পরিকল্পনায় এই বিভাগকে বরাবর অবহেলা করা হয়েছে এবং এই বিভাগের সাথে আমাদের দেশে প্রোটিনের মত জিনিস যা বাঙ্গালীদের কাছে সরবরাহের স্বার্থ রয়েছে, তার সাথে ৭০ লক্ষ মানুষের যে স্বার্থ তাকে অবহেলা করা হয়েছে। প্রথম পরিকল্পনায় মাত্র ১ কোটি ৫৪ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছিল, দ্বিতীয় পরিকল্পনায় তা কমে গিয়ে মাত্র বরাদ্দ হ'ল ৭৫ লক্ষ ৭৪ হাজার টাকা। তৃতীয় পরিকল্পনায় ২ কোটি ৪ লক্ষ টাকা এবং চতুর্থ পরিকল্পনায় ২ কোটি ৮৫ লক্ষ টাকার মত বরাদ্দ করা হয়েছিল।

[8-20—8-30 p.m.]

অথচ এই পরিকল্পনায় সামান্য বরাদ্দ করা হয়। আমরা দেখতে পাচ্ছি অন্যান্য রাজ্য থেকে এই কয়েক বছরে প্রায় ২০০ কোটি টাকার মত মাছ আমদানি করা হয়েছে। এই টাকার একটা সামান্য অংশ যদি জলাভূমির উন্নয়ন এবং গভীর সমুদ্রে মৎস্য শিকারের জন্য ব্যয় করা হত, তা হ'লে এই যে মাছের জন্য হাহাকার এটা দূর হত। কোলকাতা বলুন আর মফঃস্বলই বলুন, আমরা দেখছি মাছ মেলে না। কিন্তু এই অবস্থার একটা প্রতিকার করা যেত। গতবারের তুলনায় এবারের বাজেট বরাদ্দের মাত্র কয়েক লক্ষ টাকা বাড়িয়েছেন। কিন্তু এই বৃদ্ধি চাহিদার তুলনায় এতই নগণ্য যে, এটা চোখের সামনে ভেসে ওঠে না এবং এর মধ্য দিয়ে মৎস্যচাষের উন্নয়ন এবং মৎস্য সরবরাহের কোন আশা আমরা পোষণ করতে পারি না। কাজেই বলছি, এই মৎস্য বিভাগ তুলে দিন। এটা রাখার স্বার্থকতা কি আমরা সেটা বুঝতে পারছি না। তারপর বহু টাকার যে অপচয় হচ্ছে তার ভূরিভূরি উদাহরণ আমরা দিতে পারি, সময় নেই ব'লে দিতে পারছি না। কাজেই আপনি ভেবে দেখুন কি করা যায়। আমি মৎসামন্ত্রীকে বলছি, এখনও সময় আছে, ১৭ দফা কর্মসূচিতে আমরা বলেছি, একচেটিয়া পুঁজিবাদকে আমরা উঠিয়ে দেব, সামন্তবাদীদের অবশেষ যা আছে তাকে উঠিয়ে দেব এবং শ্রমিক, কৃষক এবং মেহনতি মানুষের অবস্থার যাতে উন্নতি করা যায় সেই দিকে যাব। কৃষকদের ক্ষেত্রে এই সামন্তবাদকে কিছু কিছু উঠিয়ে দেওয়া হয়েছে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন ১৯৫৩ সালের যে ভূমি-সংস্কার আইন সেই আইনের নাগপাশে এখনও ট্যাংক ফিশারীকে রাখা হয়েছে, ভেড়ির নাম ক'রে ৪০০/৫০০ বিঘা জমি রেখে দেওয়া হয়েছে। আজকে এর সংগে জড়িয়ে রয়েছে ইরিগেশন ডিপার্টমেন্ট এবং সমবায় বিভাগ। আমার বক্তব্য হচ্ছে মৎস্য বিভাগে যে সমস্ত বিষয়গুলি চলছে সেগুলি যদি চেষ্টা ক'রে আমরা দূর করতে পারি, তা হ'লে ভাল হবে। মৎস্যচাষের জন্য প্রয়োজন পূর্ণাংগ আইন। আমাদের ভূমিরাজস্ব মন্ত্রী আশ্বাস দিয়েছিলেন মেছোঘেরি তুলে দিয়ে ট্যাংক ফিশারির দখল নেবেন এবং পূর্ণাংগ আইন করবেন। কিন্তু আমরা তার কোন ভরসা পাচ্ছি না যে, সেটা কবে হবে। এখনও পর্যন্ত সামন্তবাদীদের করাল-গ্রাসে মৎস্যজীবীরা শোষিত হচ্ছে এবং ৮ লক্ষ একর জমি ট্যাংক ফিশারী হিসেবে রয়েছে এবং যেগুলি বেশীর ভাগই প্রাইভেট লোকের কাছে রয়েছে। আপনারা এগুলি অধিগ্রহণ করবার চেষ্টা করুন এবং এই যে বিল, বাঁওর প্রভৃতি রয়েছে সেখানে যাতে মৎস্যচাষীদের অধিকার দেওয়া হয় সেদিকে অগ্রসর হন, একথা সবিনয়ে আমি মন্ত্রিমহাশয়ের কাছে বলছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, এই যে স্টেট ফিশারী ডেভেলপমেন্ট কর্পোরেশন হয়েছে এ'রা ১৯৬৬ সালের নভেম্বর মাসে চেষ্টা করেছিলেন এই সমস্ত ফিশারী, ভেড়ির জমি অধিগ্রহণ ক'রে উত্তর এবং দক্ষিণ লবণহ্রদ প্রকল্প করবেন। কিন্তু আইনে আটকে যাচ্ছে এবং হাইকোর্টের দ্বারস্থ হচ্ছে মালিকরা। কেরালা সরকার যদি বাগিচা অধিগ্রহণ করতে পারেন আইন সংশোধন ক'রে, তা হ'লে এখানে বাধা কোথায়? আমরা দুহাত বাড়িয়ে রয়েছি সহযোগিতা করব ব'লে। কাজেই আপনাদের কাছে অনুরোধ রাখছি, এই যে সামন্তবাদী শোষণ রয়েছে এর অবসান ঘটান। তারপর গভীর সমুদ্রে যারা মাছ ধরতে যায়, সুন্দরবনের ভেতর যারা মাছ ধরতে যায় তাদের উপর কি যে মহাজনী শোষণ রয়েছে সেটা একবার লক্ষ্য করুন। যারা সমুদ্রে মাছ ধরতে যাচ্ছে তাদের পেছন পেছন এই সমস্ত মহাজন যারা দাদন দিয়ে রেখেছে তারাও সেখানে যাচ্ছে। যারা জীবন বিপন্ন করে মৎস্য তোলে, সেই মাছ তারা জলের দামে মহাজনের কাছে বিকিয়ে দিতে বাধ্য হয়। অর্থাৎ কেউ মরে বিল সেচে কেউ খায় কই। অর্থাৎ এই মৎস্য-জীবীরা যারা মাথার ঘাম পায়ে ফেলে জীবন বিপন্ন ক'রে সুন্দরবনের সমুদ্রে মাছ ধরছে, সেই মাছ তারা জলের দামে বেচে দিতে বাধ্য হয় এবং সেই মাছ কলকাতায় আট টাকা নয় টাকা কিলো-প্রতি বিক্রি হয় এবং এই যে মাঝখানে এত টাকার ফারাক এটা চলে যায় সম্পূর্ণ মিডলম্যানের কাছে, সুদখোর মহাজন দাদনদারের কাছে। আমি এখানে দাবি করব যে, বহতা নদনদীগুলি আছে, সেই বহতা নদনদীর জলকর মকুব ক'রে দেওয়া হোক। মাননীয় সাত্তার সাহেব এখানে আছেন, আমি একটা ঘটনার কথা বলছি। তাঁর এলেকায় হাজি বাগদু মহালদার ব'লে একজন ইজারাদার আছেন, তাঁর আবার একজন মালিক আছেন, তিনি জমিদার, মুর্শিদাবাদের লোক, তার একটা জলকর আছে, জলকরের নাম হচ্ছে ডিহি ইসলামপুর গঙ্গাপথ জলপথ, সেই

জলকরটি ৫/৬ হাজার টাকায় ঐ হাজি বাগদু মহালদারকে ইজারা দেওয়া হয়েছে ১০০ বছর ধ'রে, ১৯৭৬ সালে সেটা শেষ হবে। সেই জমিদার উনি আবার ১৯/২০ হাজার টাকায় হাজি বাগদু মহালদারকে ইজারা দেন, আর এই ভদ্রলোক প্রায় ২০ লক্ষ টাকার মত আদায় করেন মৎস্যজীবীদের কাছ থেকে। শোষণটা কিভাবে চলছে দেখুন, এটা যদি মাননীয় মন্ত্রিমহাশয় বন্ধ করতে পারেন, তা হ'লে মৎস্যজীবীরা বে'চে যাবে। এই কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীহেমন্ত দত্ত: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মৎস্যমন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দের বাজেট আমাদের সামনে এনেছেন তাঁকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি দুই-একটি কথা বলতে চাই। প্রথমেই আমাকে কবির ভাষায় আরম্ভ করতে হয়। অন্নদা যখন ভবানন্দ ভবন যাত্রা করেছিলেন তখন যে পাটনী খেয়া পারাপার ক'রে তার কাছে আশিস নিয়েছিলেন, সে বলেছিল: 'আমার সন্তান যেন থাকে দুধে-ভাতে' তবে দুধ এখন আমাদের স্বপ্নের বিষয় হয়ে গেছে, বাস্তবের নির্মম সংঘর্ষে সেই স্বপ্ন ছিন্নভিন্ন। তবে এখন আমরা দুধের সাধ ঘোলে মিটাতে চাই। অন্ততঃ মাছ দিয়ে আমরা ঘোলের অভাবটা পূরণ করতে পারি। কিন্তু সেই মাছও এখন স্বপ্নের বিষয় হয়ে গেছে। আমরা বাজারে এখন ১০/১২ টাকা ক'রে কেজি মাছ কিনতে বাধ্য হচ্ছি। যারা হাইয়ার ইনকাম গ্রুপ, তাদেরও রেঞ্জের বাইরে চলে গেছে। যারা দীনদরিদ্র তাদের তো কথাই নাই। এমন কি যাদের আয় বেশী তারাও একটা কন্ট্রোল্ড ভাবে সকালে মাছ খেলেন তো রাত্রে নিরামিষ, এইভাবে চালাচ্ছেন। এখন আমাদের সত্যিকারের দুঃখের বিষয় যে, মৎস্য বিষয়ে সরকারের কোন বিশেষ প্রচেষ্টা আছে ব'লে মনে হচ্ছে না। এখানে দেখলাম এগ্রিকালচারের ঘরে ফিশারী আছে। যিনি এগ্রিকালচারের ঘরে ফিশারী রেখে গিয়েছিলেন তার পরিকল্পনার তারিফ করতে হয়। কেন না এগ্রিকালচার যেমন দরকার তেমনি আমাদের মাছও দরকার। ভাতের সঙ্গে এক টুকরা মাছ না হ'লে আমাদের চলে না। নারায়ণবাবু এই মাছের অনেক প্রশংসা করেছেন, সত্যি কথা, মাছ যদি ভালভাবে রান্না হয়, তার কথা উঠলেই জিভে জল আসে। দুধ দিয়ে ততখানি ভালভাবে খাওয়া যায় না। কবিরা পর্যন্ত তার প্রশস্তি করেছেন। একজন কবি বলেছেন, তপসী মাছের সম্পর্কে তিনি বলেছিলেন:

'প্রকৃত কনককান্তি কমণীয় প্রায়
গালভরা গোঁপ দাড়ি তপস্বীর প্রায়।'

কিন্তু মাছের খাতে বরাদ্দ যা দেখছি, এক কোটি টাকাও নয়, আটানব্বই লক্ষ কুড়ি হাজার টাকা, অ্যালটমেন্ট খুব বেশী নয় এবং সরকারী প্রচেষ্টাও খুব তীব্রভাবে আছে ব'লে আমি মনে করি না এবং যার জন্য আমাদের মাছ আমদানি করতে হচ্ছে অন্য জায়গা থেকে। ক্ষুদ্র কেরল রাজ্যে সেখানে প্রায় দু' কোটি টাকা বরাদ্দ করা হয়েছে, তামিলনাড়ুতে প্রায় দু' কোটি টাকার মত বরাদ্দ করা হচ্ছে, কিন্তু পশ্চিমবঙ্গে কোন রকম চেষ্টা আছে ব'লে আমি মনে করি না। আমার সময় শেষ হয়ে যাওয়াতে আর বিশেষ কিছু না ব'লে এই ব্যয়বরাদ্দের দাবিকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[8-30 - 8-40 p.m.]

শ্রীসন্তোষকুমার রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় বন্ধু শীস মহম্মদ সাহেব প্রথমে মাছের উপর আক্রমণ ক'রে বক্তৃতা রাখলেন, অনেক সময় বললেন। আপনার তো মৎস্য-জীবীদের অবস্থা এবং মৎস্যচাষের অবস্থা সম্বন্ধে প্রত্যক্ষ অভিজ্ঞতা কিছু আছে। তা থেকে আপনি বুঝতে পাচ্ছেন, মাননীয় শীস মহম্মদ সাহেব এখানে বিরোধী সদস্য হিসাবে আছেন, কিছু বলতে হয়, তাই বললেন, কিন্তু তাঁর বাস্তব অভিজ্ঞতা কিছু নাই। আমাদের পশ্চিমবাংলার আমলাদের প্রশংসা করবার মত অবস্থা না হ'তে পারে, কিন্তু অহেতুক আমলাদের আক্রমণ করার মত বিষয়ও ঘটে নি। গত ২৫ বছর ধ'রে এই দপ্তরের প্রতি অবহেলা দেখান হয়েছে, এমন কি পশ্চিমবাংলার মৎস্য প্রকল্পের জন্য যে তথ্য-উপকরণ--ইনফ্রা স্ট্রাকচার--তৈরি করা দরকার ছিল, তা পর্যন্ত হয় নি। আমি এই দপ্তরের দায়িত্ব নিয়ে, মাছের জন্য প্রকল্প করতে যেয়ে দেখি

জলাশয় কি আছে, পটেনশিয়েলিটি কি আছে তা পর্যন্ত পশ্চিমবঙ্গের আগের আগের সরকার ক'রে যান নি। আগেকার কংগ্রেস সরকার তা করতে ব্যর্থ হয়েছেন এবং এ'রা (বিরোধী দল) যে কদিন বসেছিলেন তখনও কিছু করতে পারেন নি।

(আর এস পি বেঞ্চ হতেঃ আপনারা থাকলেও তাই হ'ত।)

আমরা যদি থাকতাম, তা হ'লে এই অবস্থা চলতে দিতাম না। আপনারা ছিলেন, কিছুই এ বিষয়ে করে যান নি, নিজেরা ঝগড়াঝাটি করেছেন, গরিবদের আশা ও বিশ্বাস নিয়ে এখানে বসেছিলেন, কিন্তু তাদের জন্য কাজ করবার সময় নাই। আমি এই আশ্বাস দিতে চাই যে, মৎস্য বিভাগের সামগ্রিক উন্নয়নের জন্য কেবল আরও বেশী টাকা ঢাললেই হবে না, কি আছে, উপকরণ, তথ্য সেসব সংগ্রহ করা দরকার। আমি বুঝি মাননীয় সদস্যদের ক্ষোভ, এত অল্প বরাদ্দ কেন? কিন্তু আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিভাগের মন্ত্রী হিসাবে বলছি, আমার পক্ষেও এই দপ্তরের অবস্থা যা ছিল, তাতে এর চেয়ে বেশী অর্থ দাবি করবার মত যৌক্তিকতা খুঁজে পাই নি। কারণ যে কাজ করব, কোথায় করব, কি নিয়ে করব, সেই তথ্যগুলি পর্যন্ত এই দপ্তরের হাতে ছিল না। মাননীয় সদস্যরা যেটার উপর আরও বেশী জোর দেবেন, আক্রমণ করবেন ব'লে মনে করেছিলাম, সেটা হ'ল পশ্চিমবাংলার মাছের ভেড়ী, যে মাছের ভেড়ীগুলি এখনও কায়েমী স্বার্থের হাতে রয়েছে। একথা ঠিক যে কায়েমী স্বার্থের হাত থেকে এগুলি নিয়ে ব্যাপকভাবে উন্নয়ন করতে না পারলে পশ্চিমবঙ্গের মৎস্যজীবীদের সামগ্রিক উন্নয়ন সম্ভবপর নয়, পশ্চিমবাংলার মানুষকে মাছ খাওয়ান সম্ভব নয়। এ বিষয়ে সরকার সচেষ্ট এবং ব্যবস্থা গ্রহণ করছি। মাননীয় সদস্য নিতাইপদবাবু ব'লে গেলেন, কেরলে বাগিচা দখল হয়ে গিয়েছে, এখানে কেন হচ্ছে না। আমি মাননীয় সদস্যকে জানাতে চাই, কেরলে বাগিচা দখল কবে হয়েছে জানি না, তবে প্রফুল্লবাবু প্রতিক্রিয়াশীল বলা হ'লেও তাঁর আমলেই কিন্তু ভেড়ী দখল করবার জন্য একটা আইন হয়েছিল। এই ভেড়ী দখলের আইনের বিরুদ্ধে, চলতি ব্যবস্থায় সংবিধানের যে সুযোগ আছে, সেই সুযোগে মামলা ক'রে আটকে দেওয়া হয়েছে। আপনি জানেন বেশীর ভাগ হাইকোর্টের মামলা আমাদের পক্ষে আসলেও, এর বিরুদ্ধে আপীল হয়েছে সুপ্রীম কোর্টে, আমরা সেজন্য ভেড়ী দখল করতে পারি নি এবং তার জন্য উন্নয়ন করা সম্ভব হয় নি। আমি জানি না, কি ভিত্তির উপর তিনি বললেন। কোন্ ব্যবস্থা করলে হতে পারে সেটা যদি আপনার মাধ্যমে বলেন এবং এই আশ্বাস দিতে পারেন যে, এই ব্যবস্থা করলে হাইকোর্ট আসবে না, সুপ্রীম কোর্ট আসবে না—এখনই ভেড়ী দখল করতে পারি, আমি বলতে পারি, আমি এক পা এগিয়ে গিয়ে এখনই দখল নিয়ে নেব।

কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানি আমাদেরও অভিজ্ঞতা আছে, আমরা এ বিষয়ে তথ্য সংগ্রহ করেছি। একটা আইন তার নিষ্পত্তি প্রায় আমাদের অনুকূলে পেঁৗছে গেলে। সেটার উল্লেখ এখানে না করাই ভাল। তা হ'লে কমপ্লিকেশন আরো বেড়ে যাবে। এটা শেষ হ'লে আমরা সব ব্যবস্থা নিতে পারবো মাছের জন্য, মৎস্যজীবীদের অর্থনৈতিক উন্নতির জন্য সবকিছু আমরা করতে পারবো।

নিতাইপদবাবু বলেছেন, মুর্শিদাবাদের জলকরের কথা, একজন জমিদার ২৫ বছর যাবত ইজারা নিয়েছেন। আগামী ১৯৭৬ সালে সে ইজারা বাতিল হবে। তিনি যুক্তফ্রন্ট সরকারের আমলে আদৌ এ বিষয়ে তৎপর হন নি। আমরা দেখবো, ১৯৭৬ সালে সেই ইজারা বাতিল করতে পারি কিনা? এ সম্বন্ধে খুঁটিয়ে পরীক্ষা ক'রে দেখা হবে এই আশ্বাস তাঁকে এখন আমি দিচ্ছি।

বর্তমান সরকার হচ্ছে দেশের ঐ খেটে খাওয়া গরিব মানুষের কল্যাণের জন্য সতত সচেষ্ট। এই গরিব মানুষগুলোর স্বার্থ আমরা রক্ষা করবো। ঐ কায়েমী স্বার্থের উপর আঘাত হানতে কোন সময় আমরা ভীত নই। আমি আশা করবো যাঁরা নিজেদের প্রগতিবাদী দল বলেন সেই দলের মাননীয় শীস মহম্মদ সাহেব তাঁর সমস্ত কাট মোশন প্রত্যাহার ক'রে নেবেন; যদি তা না করেন, তা হ'লে আমার দলের মাননীয় সদস্যরা তা বাতিল ক'রে দেবেন।

The motions of Shri Timir Baran Bhaduri—

That the amount of the demand be reduced to Re.1 and also

That the amount of the demand be reduced by Rs.100, were then put and a division taken with the following result:

Noes

Abdul Bari Biswas, Shri.
Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Bandyopadhyay, Shri Sukumar.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Tapan.
Chowdhary, Shri Abdul Karim.
Das, Shri Barid Baran.
Dutta, Shri Adya Charan.
Dutta, Shri Hemanta.
Ghose, Shri Sankar.
Ghosh Moulik, Shri Sunil Mohon.
Gyan Singh, Shri Sohanpal.
Halder, Shri Harendra Nath.
Mahato, Shri Sitaram.
Md. Shamsuzzoha, Shri.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mukherjee, Shri Sibdas.
Paul, Shri Bhawani.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Puranjoy.
Roy, Shrimati Ila.
Roy, Shri Jagadananda.
Roy, Shri Santosh Kumar.
Saha, Shri Dwija Pada.
Shaw, Shri Sachi Nandan.
Singha Roy, Shri Probodh Kumar.
Sinha, Shri Debendra Nath.
Talukdar, Shri Rathin.

Ayes

Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Abstentions

Panda, Shri Bhupal Chandra.
Sarkar, Shri Nitaipada.

The Ayes being 2 and the Noes 30, the motions were lost.

The motion of Shri Santosh Kumar Roy that a sum of Rs.98,81,000 be granted for expenditure under Grant No. 23, Major Head: "31—Agriculture—Fisheries", was then put and agreed.

Adjournment

The House was then adjourned at 8-40 p.m. till 2-30 p.m. on Tuesday, the 20th March, 1973, at the Assembly House, Calcutta-1.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 20th March, 1973, at 2-30 p.m.

Present

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 13 Ministers, 8 Ministers of State, 2 Deputy Ministers and 160 Members.

Oath or affirmation of allegiance

[2-30—2-40 p.m.]

Mr. Speaker: Honourable Members, any of you who have not yet made an oath or affirmation of allegiance, may kindly do so.

(There was none to take oath)

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

১৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ১০৮৪।) **শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া জেলায় "দ্বারকেশ্বর সেচ প্রকল্প" নামে একটি প্রকল্প সরকার গ্রহণ করিয়াছেন ; এবং

(খ) সত্য হইলে, (১) এই প্রকল্পের কাজ কবে নাগাত আরম্ভ ও শেষ হইবে ; এবং (২) ঐ প্রকল্প সম্পূর্ণ করিতে কত টাকা খরচ হইবে এবং কত একর জমিতে জলসেচের ব্যবস্থা করা যাইবে ?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) বাঁকুড়া জেলায় "দ্বারকেশ্বর সেচ প্রকল্প" নামে কোন প্রকল্পের কাজ সরকার গ্রহণ করেন নাই। তবে বাঁকুড়া ও পুরুলিয়া জেলার সন্নিহিত এলাকায় দ্বারকেশ্বর রিজার্ভয়ের প্রজেক্ট নামে একটি প্রকল্পের প্রাথমিক অনুসন্ধান কার্য সমাপ্ত হইয়াছে এবং প্রকল্প তৈরির জন্য বিস্তৃত অনুসন্ধান কার্য আরম্ভ হইয়াছে।

(খ) উপরি-উক্ত (ক) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এ প্রশ্ন উঠে না।

সরকারের ন্যস্ত খাস জমি

১৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪৫৪।) **শ্রীনিতাইপদ সরকার:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের ডিসেম্বর পর্যন্ত কত একর জমি সরকারের খাস দখলে আসিয়াছে এবং উহার পরিমাণ কোন্ জেলায় কত ; এবং

(খ) উক্ত জমির মধ্যে কোন্ জেলায় কত জমি জানুয়ারি, ১৯৭৩ পর্যন্ত বিলিবন্দোবস্ত করা হইয়াছে ?

মেদিনীপুরের পশ

দিত প্রশন নং ১৩০
ন্ত্রিমহাশয় অনুগ্রহ

অঞ্চল সচিবের পঞ্চায়েত সম্প্রসারণ আধিকারিক পদ প্রাপ্তি

১৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৬২।) **শ্রীঅজিতকুমার বসু:** পঞ্চায়েত বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, অঞ্চল সচিবগণের মধ্যে কয়েকজন পঞ্চায়েত সম্প্রসারণ আধিকারিক হইয়াছেন ;

(খ) সত্য হইলে, কোন্ কোন্ জায়গায় সচিবগণ এই সুযোগ পাইয়াছেন ;

(গ) বর্তমান অঞ্চল সচিবগণের দাবি-দাওয়া সম্বলিত কোন স্মারকলিপি সরকার পাইয়াছেন কি ;

(ঘ) পাইয়া থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন ; এবং

(ঙ) দফাদার, চৌকিদারদের বেতন বৃদ্ধির কোন পরিকল্পনা সরকারের আছে কি?

পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) না ; ইহা সত্য নহে।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) হ্যাঁ।

(ঘ) স্মারকলিপিটি সরকারের বিবেচনাধীন রহিয়াছে।

(ঙ) বর্তমানে কোন পরিকল্পনা নাই।

খড়গ্রাম থানা এলাকায় ডাকাতির সংখ্যা

১৬০। (অনুমোদিত প্রশ্ন নং ৭৮৭।) **শ্রীহরেন্দ্রনাথ হালদার:** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ সালের জানুয়ারি মাস পর্যন্ত মুর্শিদাবাদ জেলার খড়গ্রাম থানায় ডাকাতি সংঘটিত হওয়ার ঘটনার সংখ্যা কত ; এবং

(খ) এ বিষয়ে কতজন ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ১৯৭২ সালে মুর্শিদাবাদ জেলার খড়গ্রাম থানায় সাতটি ডাকাতি সংঘটিত হইয়াছিল। ১৯৭৩ সালের জানুয়ারি মাস পর্যন্ত কোন ডাকাতি হয় নাই।

(খ) ৭৬ জন লোককে উক্ত ডাকাতি সংক্রান্ত ব্যাপারে গ্রেপ্তার করা হইয়াছে।

ধানভানা কলের নূতন লাইসেন্স

১৬১। (অনুমোদিত প্রশ্ন নং ১১১৭।) **শ্রীকানাই ভৌমিক:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালে সরকারের সংশোধিত আদেশ জারী হওয়ার পর হইতে ১৯৭৩ সালের জানুয়ারি পর্যন্ত পশ্চিম বাংলায় জেলাওয়ারী ধানভানা কলের (হাস্কিং মিল) নূতন লাইসেন্স কয়টি দেওয়া হইয়াছে ;

(খ) ইহা কি সত্য যে, এই লাইসেন্স মঞ্জুরীর জন্য প্রতি জেলায় একটি করিয়া কমিটি গঠন করা হইয়াছে ; এবং

(গ) সত্য হইলে, ঐ জেলাওয়ারী কমিটির সদস্যদের নাম কি?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৭২ সালে সরকারের সংশোধিত আদে জারী হওয়ার পর হইতে ১৯৭৩ সালের জানুয়ারি পর্যন্ত নূতন ধানভানা কল স্থাপনের জ এই রাজ্যে কাহাকেও কোন পারমিট দেওয়া হয় নাই। অতএব ধানভানা কল চালু করার জ কোন লাইসেন্স দেওয়ার প্রশ্ন ওঠে না।

(খ) না। সমগ্র রাজ্যের জন্য কেবলমাত্র একটি কমিটিই গঠন করা হইয়াছে।

(গ) এ প্রশ্ন ওঠে না।

মাঝেরচর গ্রামে গরিব কৃষকদের জমি দখল

১৬২। (অনুমোদিত প্রশ্ন নং ৮১৪।) **শ্রীনরেশচন্দ্র চাকীঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগে মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সম্প্রতি নদিয়া জেলার কল্যাণী থানার অন্তর্গত মাঝেরচর গ্রামে জোরপূর্বক গরি কৃষকদের জমি দখল করার কোন ঘটনার খবর সরকারের আছে কি ;

(খ) (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, এইরূপ ঘটনার কয়টি কেস কল্যাণী থানায় নথিভুক্ত কর হইয়াছে এবং রাণাঘাট কোর্টে কয়টি মোকদ্দমা হইয়াছে ; এবং

(গ) এইসব দরিদ্র কৃষকদের রক্ষা করিবার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) কল্যাণী থানায় কোন কেস নাই। শুধু রাণাঘাট কোর্টে একটি মোকদ্দমা নথিভু হইয়াছে।

(গ) ১৪৪নং সি-আর পি সি ধারা অনুসারে নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে।

আসানসোল মহকুমার গ্রামগুলিতে পানীয় জল সরবরাহ

১৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ১০৬২।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** স্বাস্থ্য (গ্রামীণ জল সরবরাহ) দপ্তরের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন, পর পর দুই বৎসর ভয়াবহ খরার ফলে আসানসোল মহকুমার গ্রামগুলি বর্তমানে প্রায় জলশূন্য হইয়া পড়িয়াছে ;

(খ) অবগত থাকিলে, খরাজনিত পরিস্থিতির মোকাবিলার জন্য উক্ত মহকুমার গ্রামসমূহে পানীয় জল সরবরাহের স্থায়ী কি ব্যবস্থা করা হইয়াছে ; এবং

(গ) আসানসোল মহকুমার বারাবনী, সালানপুর ও আসানসোল ব্লকে বিগত দশ মাসে পানীয় জল সরবরাহ করার জন্য কি কি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে?

স্বাস্থ্য (গ্রামীণ জলসরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) গত দুই বৎসর খরার সময় এই অঞ্চলে জলকষ্ট হইয়াছিল।

(খ) উক্ত অঞ্চলের জলকষ্ট স্থায়ীভাবে দূর করার জন্য রানীগঞ্জ কোলফিল্ড ওয়াটার সাপ্লাই স্কীম (পার্ট-১) গ্রহণ করা হইয়াছে এবং উহা সমাপ্তির মুখে। উক্ত পরিকল্পনার দ্বিতীয় ও তৃতীয় পার্ট পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনার অন্তর্ভুক্ত করার প্রস্তাব আছে। ইহা ছাড়া ১৯৭২-৭৩ সালে প্রতি ব্লকে ৩৫টি করিয়া কূপ খনন করিবার নির্দেশ দেওয়া হইয়াছে।

(গ) বারাবনী ব্লকে ৪৪টি, সালানপুর ব্লকে ২৯টি ও আসানসোল ব্লকে ৪৭টি জল উৎস নির্মাণ করা হইয়াছে।

ফ্যামিলি প্ল্যানিং দপ্তরের স্টল

১৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ৮৭৮।) **শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ফ্যামিলি প্ল্যানিং দপ্তর হইতে ১৯৭২ সালে ও ১৯শে ফেব্রুয়ারি, ১৯৭৩ তারিখ পর্যন্ত কোথায় কোথায় স্টল খোলা হইয়াছিল ; এবং

(খ) প্রতি স্টলে কত টাকা খরচ হইয়াছে ?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এবং (খ) একটি বিবরণী নিম্নে পেশ করা হইল।

Statement referred to in reply to clauses (Ka) and (Kha) of unstarred question No. 164

বিবরণী

	স্টল বাবত খরচ হয়েছে টাকা
১। কলিকাতা ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে যুবমেলা ও প্রদর্শনীতে ...	১২,০০০·০০
২। উত্তর কলিকাতার মুজিব উদ্যানে আয়োজিত স্বদেশী মেলায় ...	৫,০০০·০০
৩। কলিকাতা ময়দানে বঙ্গ সংস্কৃতি সম্মেলনে আয়োজিত প্রদর্শনীতে ...	১০,০০০·০০
৪। সল্ট লেকে নিখিল ভারত কংগ্রেস অধিবেশনে আয়োজিত প্রদর্শনীতে ...	৩৯,১২৫·০০
৫। বাগবাজার দুর্গোৎসব পূজামণ্ডপে আয়োজিত প্রদর্শনীতে ..	১,৬০০·০০
৬। কলিকাতা ময়দানে এ আই টি ইউ সি-এর সম্মেলনে আয়োজিত প্রদর্শনীতে ...	১২,৮৬৯·৭৭
৭। মুর্শিদাবাদ জেলার কৃষ্ণনাথ কলেজ প্রাঙ্গণে পশ্চিমবঙ্গ ছাত্র পরিষদ কর্তৃক আয়োজিত প্রদর্শনীতে ...	৫,০০০·০০
৮। মুর্শিদাবাদ জেলায় ভাগীরথী বক্ষে সাঁতার প্রতিযোগিতা উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে নৌকার উপর চলন্ত প্রদর্শনী ...	১,৮০০·০০
৯। হুগলি জেলার আটপুরে স্থানীয় প্রদর্শনীতে ...	৮০০·০০
১০। হুগলি জেলার আরামবাগে মহকুমা পর্যায়ে আয়োজিত প্রদর্শনীতে ...	২,০০০·০০
১১। নদিয়া জেলার রানাঘাট মহকুমায় আয়োজিত প্রদর্শনীতে ...	৫০০·০০
মোট	৯০,৬৯৪·৭৭

Digha Pilot Project under the State Fisheries Development Corporation Ltd.

165. (Admitted question No. 905.) **Shri Abdul Bari Biswas:** Will the Minister-in-charge of the Fisheries Department be pleased to state—

(a) as against the estimates relating to Digha Pilot Project under the State Fisheries Development Corporation Ltd.—

(i) the actual area covered by the Project;

(ii) the actual expenditure on reclamation and earthwork from funds other than those received by the Corporation for C.S.R.E. work and the acreage of water area actually created thereby;

(iii) the actual expenditure on reclamation and earthwork from funds received for C.S.R.E. work and the acreage of water area actually created thereby; and

(iv) how much of the created water area was kept stocked in 1968-69, 1969-70, 1970-71 and 1971-72 and what were the quantities of fish—Pona fish and estuarine fishes separately—actually lifted in 1969-70, 1970-71, 1971-72 and 1972-73 up to the end of January, 1973; and

(b) is there further scope for creation of water area within the Project site; if so, how much more water area?

The Minister for Fisheries: (a)—

(i) 177.16 acres

(ii) Actual expenditure Rs. 5,38,214
Actual water area created—65 acres

(iii) Actual expenditure Rs. 2,33,806
Actual water area cerated—19 acres

(iv)

Year	Water area stocked	Quantity lifted	
		Major carp	Estuarine fish
1968-69	7 acres	Nil	Nil
1969-70	60 acres	3 kg.	1,487 kg. 780 grm
1970-71	65 acres	447 kg.	2,487 kg 685 grm
1971-72	65 acres	426 kg.	2,002 kg.
1972-73 (up to January 1973)	65 acres	141 kg.	1,448 kg

(b) The entire area (177.16 acres) of Digha Plot Project has been developed. However, there is scope for development of further water area of 716 acres outside the Pilot Project area as and when the main scheme is implemented.

Number of fishery projects under the State Fisheries Development Corporation Ltd.

166. (Admitted question No. 930.) **Shri Abdul Bari Biswas:** Will the Minister-in-charge of the Fisheries Department be pleased to state—

(a) the number of fishery projects the State Fisheries Development Corporation Ltd. run under it and the names and locations of such projects;

(b) the actual expenditure incurred up to 31st December, 1972, in each such project for (i) earthwork, and (ii) other works done under the Crash Scheme for Rural Employment Scheme, actual quantity of earthwork done in each project, local rate for such earthwork in each such project and the rate allowed by the Corporation under the Crash Scheme for Rural Employment; and

(c) the contractors' rate allowed by the Corporation at Frasergunge at the time when the same type of work was being done under the Crash Scheme for Rural Employment by the Corporation?

The Minister for Fisheries: (a) Three fishery projects, viz., Frasergunge Fisheries Project at Maharajgunge, 24-Parganas, Digha Fisheries Project at Digha, Midnapore, and Alampore Fisheries Project at Balisai, Midnapore, are run by the State Fisheries Development Corporation Ltd.

(b) The details are given below:

	Actual expenditure incurred up to 31-12-72 for earthwork done under the Crash Scheme for Rural Employment		Actual expenditure incurred up to 31-12-72 for other works done under the Crash Scheme for Rural Employment
			Rs.
1	Frasergunge Project—(Rs. 2,42,268)	..	7,046
2	Digha Project—(Rs. 2,33,806) ..	..	13,240
3	Alampore Project—(Rs. 3,97.787) ..	..	91,564

Actual quantity of earthwork done up to 31st December, 1972, under Crash Scheme for Rural Employment in each project:

					Cft.
1	Frasergunge Project	..	..	..	5,328,000
2	Digha Project	..	..	..	4,427,401
3	Alampore Project	..	..	..	8,808,895

The rate of Rs. 45 per 1,000 cft. of earthwork with leads up to 200 ft. and all lifts was allowed by the State Fisheries Development Corporation Ltd. as per plan and design of the schemes drawn up under the Crash Scheme for Rural Employment. Before execution of the Crash Scheme for Rural Employment Projects such earthwork in the localities in question was not undertaken and as such the local rate for similar type of earthwork is not known.

(c) Contractors were appointed for excavation of some tanks at Frasergunge before execution of Crash Scheme for Rural Employment work. Their rates were Rs. 33 and Rs. 32.62 paise per 1,000 cft. of earth-work with leads up to 150 ft.

জেলাভিত্তিক উচ্চ ইংরাজি বিদ্যালয়ের সংখ্যা

১৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৩।) **শ্রীঅশ্বিনী রায়ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে জেলাওয়ারী উচ্চ ইংরাজি স্কুলের সংখ্যা (উচ্চ মাধ্যমিক ও মাদ্রাসা সহ) কত ; এবং

(খ) প্রতিটি জেলায় লোকসংখ্যার ভিত্তিতে একটি ক'রে স্কুল গ'ড়ে লোকসংখ্যার কত অংশের চাহিদা পূরণ করা যেতে পারে?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বিভিন্ন প্রকার প্রতিষ্ঠানের সংখ্যা—

জিলার নাম	উচ্চতর বিদ্যালয়	উচ্চ বিদ্যালয়	উচ্চতর মাদ্রাসা	উচ্চ মাদ্রাসা
বাঁকুড়া	৯১	১০৬	..	১
বীরভূম	৬৬	১০৯	..	৪
বর্ধমান	১৭৪	১৯১	..	৩
কলিকাতা	২৫৬	১২৯	..	..
কুচবিহার	২১	৪২	..	৩
দার্জিলিং	২৩	৩০	..	..
হুগলি	১৮৭	১২০	১	৪
হাওড়া	১৫৪	৯৩	..	..
জলপাইগুড়ি ..	৪৪	৪১	..	..
মালদহ	৩৬	৩৮	৩	১৯
মেদিনীপুর	২৯৮	২৯৮	..	২
মুর্শিদাবাদ	৮১	১০১	২	১০
নদিয়া	৮৪	১০৯	..	১
পুরুলিয়া	৩৩	৫৩	..	.
২৪-পরগণা ..	৩৭৫	৪০৯	..	৯
পশ্চিম দিনাজপুর ..	৩৮	৫৫	..	
মোট ..	১,৯৬১	১,৯২৪	৬	৫৬

ইহা ছাড়া অ্যাংলো ইন্ডিয়ান উচ্চতর বিদ্যালয় আছে ৫২টি এবং ১৫৯টি উচ্চ বিদ্যালয়ের মঞ্জুরী দিবার জন্য পর্ষদের নিকট সুপারিশ করা হইয়াছে।

(খ) শুধু লোকসংখ্যার ভিত্তিতে স্কুল গঠন করিবার কোন পরিকল্পনা নাই।

বসন্ত রোগ

১৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ১১৭৮।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় বর্তমান বৎসরের ২২এ ফেব্রুয়ারি পর্যন্ত কতজন বসন্ত রোগে আক্রান্ত হইয়া মারা গেছেন ;

(খ) বাঁকুড়া জেলায় উক্ত সময়ে প্রতি ব্লকে কতজন আবালবৃদ্ধবনিতা টিকা লইয়াছেন ; এবং

(গ) উক্ত জেলায় কতজন ভ্যাকসিনেটর প্রতি ব্লকে টিকা দেওয়ার কাজে নিযুক্ত আছেন ?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) জেলাভিত্তিক মৃত্যুর সংখ্যা নীচে দেওয়া হ'লঃ—

জিলার নাম	সংখ্যা
কুচবিহার	১
হুগলি	৩৬
বর্ধমান	১৯
বীরভূম	১৪
পুরুলিয়া	৪
মেদিনীপুর	২০
হাওড়া	৯৩
২৪-পরগণা	৪৭৫
কলিকাতা	২৬৭
নদিয়া	৫
মুর্শিদাবাদ	২
মোট ..	৯৩৬

অন্যান্য জেলায় বসন্ত রোগে কেহ মারা যায় নি।

(খ) এবং (গ) একটি থানাভিত্তিক বিবরণী নিম্নে দেওয়া হইল।

Statement referred to in reply to clauses (Kha) and (Ga) of unstarred question No. 168

থানা (রুরাল পাবলিক হেলথ সার্কেল)	টিকাদানে নিযুক্ত কর্মচারীর সংখ্যা		টিকা দান		মোট
	স্যানিটারি ইন্সপেকটর	হেলথ অ্যাসিস্ট্যান্ট ভ্যাক্সিনেটর	প্রাথমিক টিকা	পুনঃ টিকা	
১। বাঁকুড়া সদর ..	১	১৩	১২৩	৫,১৯৭	৫,৩২০
২। ছাতনা ..	১	১০	৮৯৮	১১,৪৯৮	১২,৩৯৬
৩। গঙ্গাজলঘাটি ..	১	৬	১,২৪৪	৪,০৬৪	৫,৩০৮
৪। শালতোড়া ..	১	৬	২৬০	৪,৩০৬	৪,৫৬৬
৫। মেঝিয়া ..	১	৬	২৬৫	১,০৩৮	১,৩০৩
৬। বড়জোরা ..	১	৭	১,২৮৪	১১,৮৮৫	১৩,১৬৯
৭। ওন্দা ..	১	৮	১,৭২২	১৪,১৫৭	১৫,৮৭৯
৮। তালডাংরা ..	১	৬	৫৮১	৩,২১৩	৩,৮০২
৯। ইন্দপুর ..	১	৬	৬২৯	৪,০৮৯	৪,৭১৮
১০। খাতরা ..	১	৮	৬৮৮	৬,০৬৩	৬,৭৫১
১১। রাইপুর ..	১	৮	৮৮৮	৭,২২৯	৮,১১৭
১২। রানীবাঁধ ..	১	৫	৪৯৬	২,৫৯৬	৩,০৯২
১৩। সিমলাপাল ..	১	৬	৯৩২	৭,০১৫	৭,৯৪৭
১৪। বিষ্ণুপুর ..	১	৮	৫৭৫	৭,৯৫১	৮,৫২৬
১৫। জয়পুর ..	১	৬	৫২১	৫,৭৫৭	৬,২৭৮
১৬। সোনামুখী ..	১	৭	৪৪৯	৫,২০৭	৫,৬৫৬
৭। পাত্রসায়র ..	১	৬	৮৫৩	৬,০৭৬	৬,৯২৯
৮। ইন্দাস ..	১	৫	৫৯১	৭,২৫০	৭,৮৪১
৯। কোতুলপুর ..	১	৫	৯১০	৪,৪৮৫	৫,৩৯৫

বেহালা পশ্চিম নির্বাচনকেন্দ্রে সি এম ডি এ-র উন্নয়ন পরিকল্পনা

১৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ৭৩৬।) **শ্রীবিশ্বনাথ চক্রবর্তী:** উন্নয়ন ও পরিকল্পনা (শহর ও নগর পরিকল্পনা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বেহালা পশ্চিম নির্বাচন কেন্দ্রে ১৯৭২-৭৩ সালের জন্য সি এম ডি এ কোন্ কোন্ উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করিয়াছেন ; এবং

(খ) বেহালা পশ্চিম নির্বাচন কেন্দ্রের অন্তর্ভুক্ত গণিপুর, জোকা ও পাঁচুড় অঞ্চলে পানীয় জল সরবরাহের জন্য সি এম ডি এ কর্তৃপক্ষ কোনও পরিকল্পনা গ্রহণ করিয়াছেন কি ?

উন্নয়ন ও পরিকল্পনা (শহর ও নগর পরিকল্পনা) বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) উক্ত কেন্দ্রে নিম্নলিখিত উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে:

(১) সাউথ সুবারবন মিউনিসিপ্যালিটির অন্তর্ভুক্ত এলাকার পানীয় জল সরবরাহ বৃদ্ধির পরিকল্পনায় কাজ কিছুটা করা হইয়াছে। এই প্রকল্পের পরিবর্তে বর্তমানে সেকেন্ডারী গ্রিড সিস্টেমের অন্তর্ভুক্ত আরও বড় প্রকল্প তৈয়ারি করা হইতেছে।

(২) ঐ অঞ্চলে পূর্বে গৃহীত পানীয় জল সরবরাহ প্রকল্পের কাজ শেষ হইয়াছে।

(৩) মনিখালি ফিডার চ্যানেল প্রকল্প যাহা উক্ত কেন্দ্রে জলনিকাশী সমস্যার সমাধানে সহায়তা করিবে।

(৪) চড়িয়াল বেসিন ড্রেনেজ প্রকল্প উক্ত কেন্দ্রে জলনিকাশী সমস্যার সমাধানে সহায়তা করিবে।

(৫) সাউথ সুবারবন মিউনিসিপ্যালিটির অন্তর্ভুক্ত এলাকায় মিউনিসিপ্যালিটির কর্তৃপক্ষ সি এম ডি এ-র আর্থিক সহায়তায় বিভিন্ন উন্নয়নকার্য গ্রহণ করিয়াছেন, যেমন রাস্তাঘাট সংস্কার ও উন্নয়ন, জলনিকাশী ব্যবস্থার উন্নয়ন, খাটা পায়খানা স্যানিটারী পায়খানায় রূপান্তর করা ইত্যাদি। তা ছাড়া, অঞ্চল পঞ্চায়েত এলাকায় রাস্তাঘাট সংস্কার ও উন্নয়নের কাজও গ্রহণ করা হইয়াছে।

(৬) বিদ্যাসাগর হাসপাতালের চত্বরে পলিক্লিনিক স্থাপন ও বীরেন রায় রোডে রোগী দেখা ও ব্যবস্থাপত্র ও ঔষধাদি বিতরণের ব্যবস্থা করা হইয়াছে।

(৭) উক্ত কেন্দ্রে দুটি পার্ক নির্মাণের প্রকল্প অনুমোদিত হইয়াছে।

(৮) ডায়মন্ডহারবার রোডকে চওড়া করা হইতেছে।

(খ) পাঁচুড় অঞ্চলে পানীয় জল সরবরাহের প্রকল্প সি এম ডি এ কর্তৃক অনুমোদিত হইয়াছে। অন্য দুটি অঞ্চলের জন্য পরিকল্পনা তৈয়ারি করা হইতেছে।

পশ্চিমবঙ্গে মঞ্জুরীকৃত হাই স্কুল ও বিভিন্ন শ্রেণীর জুনিয়র হাই স্কুল ও প্রাইমারী স্কুলের সংখ্যা

১৭০। (অনুমোদিত প্রশ্ন নং ৭৭৫।) **শ্রীআনন্দগোপাল রায়:** শিক্ষা বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে ১৯৭৩ সালে কোন্ জেলায় কতগুলি (ক) হাই স্কুল, (খ) টু-ক্লাস জুনিয়ার হাই স্কুল, (গ) ফোর-ক্লাস জুনিয়ার হাই স্কুল ও (ঘ) প্রাইমারী স্কুল মঞ্জুরী দেওয়া হইয়াছে ?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হাই স্কুল—

(১) কলিকাতা	... ...	২
(২) মেদিনীপুর	... ...	৫
(৩) বর্ধমান	... ...	২
(৪) হাওড়া	... ...	১
মোট	...	১০

(খ) টু-ক্লাস জুনিয়র হাই স্কুল—

মেদিনীপুর ১

মোট ... ১

(গ) কোন ফোর-ক্লাস জুনিয়ার হাই স্কুল মঞ্জুরী দেওয়া হয় নাই।

(ঘ) পশ্চিমবঙ্গে ১৯৭২-৭৩ সালে মোট ১.২৬৩টি প্রাইমারি স্কুল মঞ্জুরীর সিদ্ধান্ত লওয়া হইয়াছে। জেলাওয়ারী সংখ্যা নিম্নরূপঃ

জেলা		গ্রাম	শহর	মোট
(১) কলিকাতা	..	..	১৮	১৮
(২) ২৪-পরগণা	..	১৯০	২২	২১২
(৩) হুগলি ..	..	৭০	৮	৭৮
(৪) হাওড়া ..	..	৬০	১৭	৭৭
(৫) নদিয়া ..	..	৮০	১৪	৯৪
(৬) বাঁকুড়া ..	..	২৫	৫	৩০
(৭) বীরভূম ..	..	৪৫	৪	৪৯
(৮) বর্দ্ধমান ..	..	১৯০	৫	১৯৫
(৯) কুচবিহার	..	৩৫	২	৩৭
(১০) দার্জিলিং	..	৩০	৫	৩৫
(১১) জলপাইগুড়ি	..	৬৫	২	৬৭
(১২) মালদহ ..	..	৭৫	২	৭৭
(১৩) পশ্চিম দিনাজপুর	..	৬৫	৩	৬৮
(১৪) মেদিনীপুর	..	৭০	৮	৭৮
(১৫) মুর্শিদাবাদ	..	১১৫	৫	১২০
(১৬) পুরুলিয়া	..	২৫	৩	২৮
		১.১৪০	১২৩	১,২৬৩

ইহা ছাড়া শহরে দু'টি অতিরিক্ত স্কুলের কোটা সংরক্ষিত আছে।

পুরুলিয়া জেলার বিভিন্ন ব্লকে বৈদ্যুতীকরণ

১৭১। (অনুমোদিত প্রশ্ন নং ৬৮০।) **শ্রীকিংকর মাহাতঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) ১৯৭২ সালে পুরুলিয়া জেলার কোন্ ব্লকের অধীন কয়টি গ্রামে বিদ্যুৎ সরবরাহ করা হইয়াছে ;

(খ) উক্ত জেলায় আরও কয়টি গ্রামে ১৯৭২ ৭৩ সালের অবশিষ্ট সময়ের মধ্যে ইলেকট্রিসিটি দেওয়া হইবে এবং তাহা কোন্ কোন্ গ্রামে ; এবং

(গ) পুরুলিয়া জেলার অন্তর্গত ঝালদা ২নং ব্লকের অধীন বার্মানিয়া বেন্যাডি অঞ্চলে কত-দিনের মধ্যে বিদ্যুৎ দেওয়া হইবে বলিয়া আশা করা যায় ?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৬টি থানার অন্তর্গত ৬৩টি গ্রামে, যথা—

ক্রমিক সংখ্যা ও থানার নাম				বিদ্যুতায়িত গ্রামের সংখ্যা
১। ঝালদা	..	..	..	১
২। কাশীপুর	..	..	..	১
৩। মানবাজার	..	..	..	২
৪। নেতুরিয়া	..	..	..	২০
৫। রঘুনাথপুর	..	.	.	৩৪
৬। সাঁতুরিয়া	..	..	..	৫
		মোট	..	৬৩

(খ) ৭টি থানার অন্তর্গত ৫২টি গ্রামে, যথা—

ক্রমিক সংখ্যা ও থানার নাম		গ্রামের সংখ্যা	গ্রামের নাম
১। রঘুনাথপুর	..	৯	মাছকুণ্ডা, ধানুকতোর, দাইকিয়াবি, হুরারা, নীলদিহি, নবগ্রাম, বড়মেসিয়া, গোপীনাথপুর ও বাঘাদাবার।
২। কাশীপুর	..	৬	পলাশকলা, কল্লালি, বেকো, জরিয়া, ভলাগরা ও সানাইঝুড়ি।
৩। মানবাজার	..	৮	মেতিয়ালা, জাব্‌লা, মধুপুর, জিতুগোরী, সিদুরগর, গোপালনগর, পাথরবাটি ও ঝাড়বেজদা।
৪। পুরুলিয়া	..	১৪	গোলকুনরা, শিমুলিয়া, সরুলিয়া, সিংবাভার, বন্ধগড়, চাবগলি, দুমদুমি, কোটলাই, বীরগিরি, দামদা, মাহারা, মানুড়জোড়, গেংড়া ও কোত্‌রা।
৫। পীরা	..	৪	পলাশকুড়া, লিপান্য, ঝাওড়া ও ভনাররা।
৬। নেতুরিয়া	..	৬	শর্বরী, দীঘা, নওদা, বর্ত্তরিয়া, লক্ষবাদ ও বকবাড়ী।
৭। সাঁতুরিয়া	..	৫	গাংপুর, ভেতি, মুবাদ্দি, দুলাদি ও মধুবনপুর।

(গ) থানাভিত্তিক ও মৌজাভিত্তিক তথ্য রাজ্য বিদ্যুৎ পর্ষদ তৈরি করে। ঝালডা থানার অন্তর্গত তিনটি গ্রামে, যথা—পথঝালডা (জে এল নং ১৬২), দুমারিয়া (জে এল নং ১৬৩), ও বানসা (জে এল নং ৩৫) বিদ্যুতায়িত করার প্রকল্প মঞ্জুরী লাভ করিয়াছে এবং ইহাদের কাজ ইতিমধ্যেই শুরু হইয়াছে। আশা করা যায়, ১৯৭৩ সনের ডিসেম্বরের মধ্যে উহাদের কাজ শেষ হইবে। উক্ত থানার অন্যান্য মৌজায়ও বিদ্যুতায়িত করার কাজ উহাদের সম্ভাব্যতা অনুযায়ী রাজ্য বিদ্যুৎ পর্ষদ বিবেচনা করিতেছে।

মৎস্যজীবীদের সাহায্যার্থে ঋণ ও অনুদান

১৭২। (অনুমোদিত প্রশ্ন নং ৮২৬।) **শ্রীনিতাইপদ সরকারঃ** মৎস্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে মৎস্যজীবীদের সাহায্যের জন্য নানারূপ ঋণ ও অনুদান বরাদ্দ করা হইয়া থাকে;

(খ) সত্য হইলে, ১৯৭২-৭৩ সালে কোন্ জেলায় কি কি পরিমাণ ঋণ ও অনুদান ব
করা হইয়াছে ; এবং

(গ) ১৯৭২-৭৩ সালে জানুয়ারি পর্যন্ত বিভিন্ন জেলায় ঋণ ও অনুদানের জন্য মোট
আবেদনপত্র সরকারের নিকট জমা পড়িয়াছিল এবং তন্মধ্যে মোট কতজন আবে
কারীকে উক্ত ঋণ ও সাহায্য মঞ্জুর করা হইয়াছে?

মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) এতৎসম্পর্কিত তথ্যাদি সম্বলিত একটি বিবরণী (বিবরণী ১) নিম্নে দেওয়া হইল

(গ) এতৎসম্পর্কিত তথ্যাদি সম্বলিত একটি বিবরণী (বিবরণী ২) নিম্নে দেওয়া হই
মঞ্জুরীকৃত ঋণ ও অনুদান বিতরণের কাজ চলিতেছে। ৩১শে মার্চ, ১৯৭৩ তারিখের ম
বরাদ্দ সমস্ত অর্থ বিতরণ করা সম্ভব হইবে বলিয়া আশা করা যায়।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 17

বিবরণী (১)

এ পর্যন্ত বিভিন্ন জেলায় বরাদ্দকৃত ঋণ ও অনুদানের পরিমাণ

জেলা	ঋণ (দুঃস্থ মৎস্যজীবীদের সাহায্যদান প্রকল্পের অধীনে প্রদেয়)	অনুদান (মৎস্যজীবীদে কল্যাণসাধন প্রকল্পের অধীনে প্রদেয়)
	টাকা	টাকা
২৪-পরগণা (উত্তর)	১৫,০০০	৫,০০০
২৪-পরগণা (দক্ষিণ)	৫,০০০	৬,০০০
হাওড়া	৫,০০০	৩,০০০
হুগলি	২৬,২০০	১১,৯০০
নদিয়া	১০,০০০	৫,০০০
মুর্শিদাবাদ	১৫,০০০	৯,০০০
মেদিনীপুর (পশ্চিম)	৫০,০০০	৯,০০০
মেদিনীপুর (পূর্ব)	১,৪৬,৮০০	১০,১০০
মালদহ	২০,০০০	৭,০০০
পশ্চিম দিনাজপুর	২৫,০০০	৫,০০০
বাঁকুড়া	১৫,০০০	৩,০০০
পুরুলিয়া	৩০,০০০	৪,০০০
বীরভূম	৫,০০০	৪,০০০
দার্জিলিং	..	২,০০০
কুচবিহার	১৭,০০০	৮,০০০
বর্ধমান	২৫,০০০	৮,০০০

Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 172.

বিবরণী (২)

জেলা	আবেদন পত্রের সংখ্যা		যতগুলি আবেদন এপর্যন্ত মঞ্জুর করা হইয়াছে	
	ঋণের জন্য	অনুদানের জন্য	ঋণের জন্য	অনুদানের জন্য
২৪-পরগণা (উত্তর) ..	৩১৩	২,২৯৬	৩	..
২৪-পরগণা (দক্ষিণ) ..	৮০০	৪৭৪	৭	..
হাওড়া	৪০৮	৩,০০৫	৩১	..
হুগলি . ..	৭১৩	৪,২২৬	১৮	৫
নদিয়া	১,৫০০	৬,৩৪৫	২৭	১০
মুর্শিদাবাদ	২৪৬	৮,৭৬৫	..	..
মেদিনীপুর (পশ্চিম) ..	৭৬৫	২,৫২৪	৪৫	..
মেদিনীপুর (পূর্ব) ..	৮৭০	২,০০০	৬০	..
মালদহ	১,১০২	৫,০০০	৫৮	..
পশ্চিম দিনাজপুর ..	৪৬৮	২,৩৮১	৫৬	৩৪
বাঁকুড়া	৪১৪	১,৮৯১	১৮	১১২
পুরুলিয়া	২২১	৯৭৬	১৪	৯৪
বীরভূম .. .	৬৩৪	২,২৯৮	..	..
দার্জিলিং	৬১৭	২,১৬৭	..	..
কুচবিহার	৬৫০	২,০০০	২০	
বর্ধমান	১,০০০	১,২০০	..	..

*সমস্ত ব্লক ফিসারী ডেভেলপমেন্ট কমিটি কর্তৃক অনুমোদিত ঋণ ও অনুদান লাভের যোগ্য আবেদনকারীদের তালিকা এখনও জেলা মৎস্য আধিকারিকের নিকট পৌঁছায় নাই।

'বেসিক হেল্‌থ সার্ভিসেস' সম্পর্কিত দ্বিতীয় মুখার্জী কমিটি

১৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ৭৫৪।) **ডাঃ ওমর আলীঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৬৬ সালে ভারত সরকার 'বেসিক হেল্‌থ সার্ভিসেস' সম্পর্কিত দ্বিতীয় মুখার্জী কমিটি গঠন করিয়াছিলেন ; এবং

(খ) সত্য হইলে,—

(১) কমিটির প্রধান প্রধান সুপারিশগুলি কি কি ; ও

(২) রাজ্যসরকার সুপারিশগুলি কতটা কার্যকর করিয়াছেন ?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) হ্যাঁ।

(খ) (১) ১৯৬৬ সালে উক্ত কমিটি সংক্রামক রোগের দূরীকরণ সংস্থার কার্যক্রমগুলির ক্রমশ একীকরণ ক'রে বেসিক হেল্‌থ সার্ভিসেসে রূপান্তরিত করার জন্য নিম্নলিখিত সুপারিশ করেছিলেন :

(১) প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র পর্যায়

(ক) প্রতি ১০,০০০ লোকের জন্য একজন বুনিয়াদি স্বাস্থ্য কর্মী (বেসিক হেল্‌থ ওয়ার্কার) আবশ্যক।

(খ) প্রতি চারজন বুনিয়াদি স্বাস্থ্য কর্মীর কাজ পরিদর্শন করবার জন্য একজন পরিদর্শক (হেল্‌থ ইন্সপেক্টর) আবশ্যক।

(গ) প্রতি স্বাস্থ্যকেন্দ্রে একজন ক'রে করণিক আবশ্যক।

(ঘ) স্বাস্থ্যকেন্দ্রের অন্তর্গত সকল প্রকার কার্যক্রম ডাক্তারের তত্ত্বাবধানে চলবে।

(ঙ) পরিবার-পরিকল্পনা কার্যসূচির জন্য একজন পৃথক মেডিক্যাল অফিসারের প্রয়োজন।

(চ) মাতৃমঙ্গল ও শিশুকল্যাণ, স্কুল হেল্‌থ ও প্রতিরোধক কার্যক্রম ইত্যাদির জন্য একজন মহিলা ডাক্তার প্রয়োজন। অভাবে পাবলিক হেল্‌থ নার্স নিয়োগ করা যায়।

(২) জেলা স্বাস্থ্য সংস্থা পর্যায়

(ক) জেলা পর্যায়ে স্বাস্থ্যকেন্দ্র পরিচালিত বুনিয়াদি স্বাস্থ্য কার্যক্রমের পরিদর্শক ব্যতীত সুষ্ঠু কার্য চালাবার জন্য কতকগুলি বিশেষ সুবিধার বন্দোবস্ত করতে হবে যেমন—(অ) এক্স-রে, (আ) ডায়গোনোস্টিক লেবরেটারি, (ই) ডেন্টাল ইউনিট (ঈ) ব্লাড ট্রান্সফিউশন ও (উ) যথেষ্ট সংখ্যায় অ্যাম্বুলেন্স।

(খ) জেলা পর্যায়ে একজন নন-প্র্যাকটিসিং চীফ মেডিক্যাল অফিসার ও তার নীচে একজন ডেপুটি চীফ মেডিকেল অফিসার—যাঁদের মধ্যে একজন ফ্যামিলি প্ল্যানিং ও অন্যজন অন্যান্য স্বাস্থ্যব্যবস্থা দেখাশুনা করবেন।

(গ) স্বাস্থ্য পর্যায়ে সমস্ত সংস্থার জন্য জেলাতে একটিমাত্র হেল্‌থ এডুকেশন ইউনিট থাকা বাঞ্ছনীয়।

(ঘ) একজন অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার সব রকম প্রশাসন কাজের দেখাশোনা করবার জন্য নিয়োগ করতে হবে। এ ছাড়া পরিবার-পরিকল্পনা ও অন্যান্য স্বাস্থ্য সংস্থার জন্য একজন ক'রে অ্যাকাউন্টস অফিসার প্রয়োজন।

(ঙ) প্রতি ১০টি স্বাস্থ্যকেন্দ্রের বুনিয়াদি স্বাস্থ্য কার্যক্রম পরিদর্শন করাবার জন্য একজন ক'রে হেল্‌থ সুপারভাইজার আবশ্যক।

(চ) ফ্যামিলি প্ল্যানিং, মাতৃমঙ্গল ও শিশুকল্যাণ বিভাগে পরিদর্শনার্থে একজন নার্সিং সুপারভাইজার প্রয়োজন।

(ছ) জেলা পর্যায়ে একজন পাবলিক হেল্‌থ ইঞ্জিনীয়ার আবশ্যক।

(৩) **লেবরেটারি সার্ভিস**

(ক) প্রতি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে অনুবীক্ষণাগার স্থাপনের প্রয়োজন এবং তার জন্য একজন ক'রে লেবরেটারি অ্যাসিস্ট্যান্ট আবশ্যক।

(খ) জেলা সদরে লেবরেটারির কার্যাবলী আরও উন্নত করা প্রয়োজন, যাতে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলির প্রয়োজনীয় উচ্চ পর্যায়ের লেবরেটারির কাজ করানো সম্ভব হয়।

(৪) **ট্রেনিং**

বুনিয়াদি স্বাস্থ্য পর্যায়ের সমস্ত কর্মীদের বিশেষ ট্রেনিং দেবার জন্য শিক্ষাকেন্দ্রের আবশ্যক।

(৫) **শহরাঞ্চল**

প্রতি ১৫,০০০ লোকের জন্য একজন ক'রে বুনিয়াদি কর্মী ও প্রতি ৫ জন বুনিয়াদি কর্মীর উপর একজন পরিদর্শক আবশ্যক।

(২) বর্তমানে ২২৪টি ব্লক এলাকা ম্যালেরিয়া ইরাডিকেশন মেন্টেন্যান্স পর্যায়ে পেঁৗছেচে। এই এলাকাগুলিতে প্রতি ১০,০০০ জন বসতিতে একজন ক'রে বেসিক হেলথ ওয়ার্কার আছেন। তাঁরা ম্যালেরিয়া ভিজিলেন্স ছাড়াও, বসন্ত, কলেরা ইত্যাদি ছোঁয়াচে রোগের প্রতিষেধক কাজ করতে সাহায্য করেন।

প্রতি ৬ অথবা ৭টি ব্লক এলাকায় কর্মীদের তদারকী করার জন্য একজন ক'রে হেল্‌থ সুপারভাইজার আছেন।

কলকাতা শহরতলী, হাওড়া ও হুগলি জেলার শিল্পাঞ্চলে ম্যালেরিয়া রোগের প্রাদুর্ভাব আশঙ্কাজনিত এলাকগুলিতে প্রতি ১৫,০০০ লোকের জন্য একজন ক'রে বেসিক হেলথ ওয়ার্কার আছেন এবং প্রতি ৫ জন ঐরূপ ওয়ার্কারের কার্য পরিদর্শনের জন্য একজন ক'রে ইন্সপেক্টর আছেন।

পুরুলিয়া জেলার বিভিন্ন রুটে বাসের সংখ্যা

১৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ৯৬৬।) **শ্রীকিঙ্কর মাহাত**ঃ স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পুরুলিয়া জেলাতে কয়টি বাস, কোন্ কোন্ রুটে চলে ;

(খ) উক্ত জেলায় ১৯৭২-৭৩ সালে (জানুয়ারি পর্যন্ত) কোন্ কোন্ রুটে নূতন বাস রাস্তায় চলার জন্য লাইসেন্স দেওয়া হইয়াছে ; এবং

(গ) উক্ত জেলাতে কয়টি ট্যাক্সিকে পারমিট দেওয়া হইয়াছে (১৯৭২ এর ডিসেম্বর পর্যন্ত) এবং কাহাকে কাহাকে ?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বর্তমানে পুরুলিয়া জেলায় ৬৪টি রুটে ১১২টি বাস চলে। কোন্ রুটে কয়টি বাস চলে তাহার একটি বিবরণী নিম্নে দেওয়া হইল।

(খ) উক্ত জেলায় ১৯৭২-৭৩ সালে (জানুয়ারি পর্যন্ত) পুরুলিয়া হইতে মানবাজার হইয়া কুইলাপাল এবং পুরুলিয়া হইতে হুরা হইয়া বাঁকুড়া রুটের প্রত্যেকটিতে একটি করিয়া পারমিট মঞ্জুর করা হইয়াছে।

(গ) উক্ত জেলায় (১৯৭২-এর ডিসেম্বর পর্যন্ত) নিম্নলিখিত ব্যক্তিগণের প্রত্যেককে একটি করিয়া ট্যাক্সি পারমিট মঞ্জুর করা হইয়াছে—(১) রৈসমী সিং, (২) সেওয়া সিং, (৩) সন্তোক সিং, (৪) হাজারা সিং, (৫) সুবোধ মুখার্জি, (৬) সুভাষ সরকার, (৭) শেখ সলিমুদ্দিন এবং (৮) গুরুদিপ সিং।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 174.

বর্তমানে পুরুলিয়া জেলায় চলাচলকারী বাসের তালিকা

	রুটের নাম	বাসের সংখ্যা
১।	পুরুলিয়া হইতে আসানসোল ভায়া রঘুনাথপুর, পাঞ্চেৎ	১
২।	পুরুলিয়া হইতে পাঞ্চেৎ ভায়া রঘুনাথপুর	১
৩।	পুরুলিয়া হইতে দিসেরগরঘাট ভায়া রঘুনাথপুর	১
৪।	পুরুলিয়া হইতে সালতোড়া ভায়া রঘুনাথপুর, দিসেরগরঘাট, মধুকুন্ডা	২
৫।	পুরুলিয়া হইতে ইন্দ্রবিল ভায়া রঘুনাথপুর, কাশীপুর	১
৬।	পুরুলিয়া হইতে গৌরাঙ্গধি ভায়া আদ্রা, কাশীপুর	১
৭।	পুরুলিয়া হইতে কাশীপুর ভাষা রঘুনাথপুর, আদ্রা	১
৮।	পুরুলিয়া হইতে আদ্রা ভায়া রঘুনাথপুর	১
৯।	পুরুলিয়া হইতে হুরা ভায়া রঘুনাথপুর, আদ্রা, কাশীপুর	১
১০।	পুরুলিয়া হইতে সাওতালদি ভায়া ঝাপ্রা, পারা, দুরা	২
১১।	পুরুলিয়া হইতে সাওতালদি ভায়া গোলকুন্ডা, মালথাদি	১
১২।	পুরুলিয়া হইতে সাওতালদি ভায়া গোলকুন্ডা, নদীহা	১
১৩।	পুরুলিয়া হইতে দুরা ভায়া গোলকুন্ডা, নদীহা	১
১৪।	সাওতালদি হইতে পুঞ্চা ভায়া রঘুনাথপুর, আদ্রা, হুরা	১
১৫।	সাওতালদি হইতে আসানসোল ভায়া রঘুনাথপুর, পাঞ্চেৎ	১
১৬।	পুরুলিয়া হইতে কলিকাতা	১
১৭।	পুরুলিয়া হইতে বাঁকুড়া ভায়া রঘুনাথপুর	৩
১৮।	পুরুলিয়া হইতে দুর্গাপুর ভায়া বাঁকুড়া	৩
১৯।	পুরুলিয়া হইতে দুর্গাপুর ভায়া সালতোড়া	১
২০।	পুরুলিয়া হইতে মানহার ভায়া রঘুনাথপুর, সানতুড়ি	১
২১।	পুরুলিয়া হইতে পুঞ্চা ভায়া হুরা	৬
২২।	পুরুলিয়া হইতে বাঁকুড়া ভায়া হুরা, পুঞ্চা	১
২৩।	পুরুলিয়া হইতে সোনাথলি ভায়া হুরা	১
২৪।	পুরুলিয়া হইতে পরাশিয়া ভায়া হুরা	১
২৫।	পুরুলিয়া হইতে বাঁকুড়া ভায়া হুরা	৩
২৬।	পুঞ্চা হইতে চৌশিয়ামা ভায়া হুরা, লাধুর্কা, কাশীপুর	১
২৭।	পুঞ্চা হইতে দিসেরগরঘাট ভায়া হুরা, কাশীপুর	১
২৮।	পুরুলিয়া হইতে টাটা ভায়া বলরামপুর	৫

	রুটের নাম	বাসের সংখ্যা
২৯।	পুরুলিয়া হইতে টাটা ভায়া বলরামপুর, বরবাজার, পতম্‌দা	১
৩০।	পুরুলিয়া হইতে বান্দোয়ান ভায়া বরবাজার, বলরামপুর	২
৩১।	পুরুলিয়া হইতে বান্দোয়ান ভায়া চাকাল্‌তোর, বরবাজার	১
৩২।	পুরুলিয়া হইতে বরবাজার ভায়া বলরামপুর	২
৩৩।	পুরুলিয়া হইতে বাগমুণ্ডি ভায়া বলরামপুর	৩
৩৪।	পুরুলিয়া হইতে সুইসা ভায়া বলরামপুর, বাগমুণ্ডি, মাদলা, চোর্দা	১
৩৫।	পুরুলিয়া হইতে সুইসা ভায়া বলরামপুর, বাগমুণ্ডি, কালমাটি	২
৩৬।	পুরুলিয়া হইতে রাঁচি ভায়া ঝাল্‌দা, তুলিন	৪
৩৭।	পুরুলিয়া হইতে মুরি ভায়া ঝাল্‌দা, তুলিন	৬
৩৮।	পুরুলিয়া হইতে বাগমুণ্ডি ভায়া ঝাল্‌দা	২
৩৯।	পুরুলিয়া হইতে ব্রজপুর ভায়া ঝাল্‌দা	১
৪০।	পুরুলিয়া হইতে বেগুনকোদার ভায়া ঝাল্‌দা	১
৪১।	পুরুলিয়া হইতে ধানবাদ ভায়া চাস্‌	৪
৪২।	পুরুলিয়া হইতে হাজারীবাগ ভায়া চাস্‌	১
৪৩।	পুরুলিয়া হইতে সীতানালা ভায়া চন্দনকেয়ারী	১
৪৪।	ধানবাদ হইতে রাঁচী ভায়া চাস্‌মোর, ঝাল্‌দা, তুলিন	৫
৪৫।	ধানবাদ হইতে টাটা ভায়া পুরুলিয়া	১
৪৬।	হাজারীবাগ হইতে টাটা ভায়া পুরুলিয়া	১
৪৭।	রাঁচী হইতে টাটা ভায়া পুরুলিয়া	১
৪৮।	টাটা হইতে বান্দোয়ান ভায়া বরবাজার, বলরামপুর	২
৪৯।	কাটরাস হইতে টাটা ভায়া পুরুলিয়া	১
৫০।	ধানবাদ হইতে রঘুনাথপুর ভায়া পুরুলিয়া	১
৫১।	রাঁচী হইতে দুর্গাপুর ভায়া পুরুলিয়া	১
৫২।	পুরুলিয়া হইতে কুইলাপাল ভায়া মানবাজার	২
৫৩।	পুরুলিয়া হইতে জামটোরিয়া ভায়া মানবাজার	১
৫৪।	পুরুলিয়া হইতে বোরো ভায়া মানবাজার	২
৫৫।	পুরুলিয়া হইতে আঁকরো ভায়া মানবাজার	১
৫৬।	পুরুলিয়া হইতে মানবাজার	৩
৫৭।	পুরুলিয়া হইতে মানবাজার ভায়া মাঝিহীরা	১
৫৮।	পুরুলিয়া হইতে আর্‌শা ভায়া সির্‌কাবাদ	৬
৫৯।	পুরুলিয়া হইতে সির্‌কাবাদ	১
৬০।	পুরুলিয়া হইতে চেলীয়ামা	১
৬১।	পুরুলিয়া হইতে কাশীপুর ভায়া চেলীয়ামা	১
৬২।	পুরুলিয়া হইতে কুমারী নদীঘাট	১
৬৩।	পুরুলিয়া হইতে বাঁকুড়া ভায়া মানবাজার	১
৬৪।	খাতড়া হইতে বলরামপুর	১

Calling attention to matters of urgent public importance

Mr. Speaker: I have received 6 notices of calling attention on the following subjects, namely:—

(1) No supply of D.V.C. water for irrigation at Jangipara block in Hooghly district—from Shri Ganesh Chandra Hatui.

(2) Hunger strike by 30 employees of Shyamadas Baidya Sastra Pit College and Hospital and Biswanath Ayurbade College and Hospital—from Shri Kashinath Misra, Shri Narayan Bhattacharyya, Shri Debabrata Chatterjee, Shri Sukumar Bandyopadhyay, Shri Sarat Das and Shri Abdul Bari Biswas.

(3) Sanction of loan and grant for the weavers of Bankura district—from Shri Kashinath Misra, Shri Sarat Das and Shri Sukumar Bandyopadhyay.

(4) Closure of 200 electric bulb manufacturing industries from the 16th March last—from Shri Sukumar Bandyopadhyay, Shri Abdul Bari Biswas and Shri Kashinath Misra.

(5) Closure of Damodar Iron and Steel Works in Burdwan district—from Shri Sukumuar Bandyopadhyay.

(6) Reported looting of movable properties from the houses of certain inhabitants under P.S. Beldanga in Murshidabad district—from Shri Abdul Bari Biswas.

I have selected the notice of Shri Sukumar Bandyopadhyay, Shri Abdul Bari Biswas and Shri Kashinath Misra on the subject of closure of 200 electric bulb manufacturing industries from the 16th March last. Hon'ble Minister in charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Shri Gyan Singh Sohanpal: On Friday next, Sir.

Mention Cases

শ্রীরবীন ঘোষঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পরিবহণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৯এ মার্চ, ১৯৭৩ তারিখে উলুবেড়িয়া সাবডিভিশনাল টাউনে সেখানে বাসস্ট্যান্ড ব'লে কিছু নেই, চারটে রুটের বাস এস ডি ও-র খাস কামরার সামনে দাঁড়ায় রাস্তায়। গতকাল বেলা একটা নাগাত ৬২নং রুটের ডবলিউ বি ইউ ৮০৮ সেই বাস মেদিনীপুর ক্যানেলে পড়ে যায়। এর ফলে একজন প্রি-ইউ আর্টসের ছাত্র এবং একজন জওয়ান ছেলে প্রাণত্যাগ করেছে। একজনকে তার মধ্যে মৃতাবস্থায় মর্গে নিয়ে যাওয়া হয়। আর একজনের মৃতদেহ লালবাজার থেকে ক্রেন গিয়ে রাত্রি দুটোর সময় মৃতাবস্থায় উদ্ধার করে। উলুবেড়িয়া সাবডিভিশন্যাল টাউনে কোন বাস স্ট্যান্ড নেই। সরকারের এই অনমনীয় মনোভাবের জন্য ১৫-২০ হাজার মানুষ সেখানে জড়ো হয়েছিল অত্যন্ত উত্তেজিত হয়ে। আমি, থানা অফিসার এবং আরও কয়েকজন মিলে সাধারণ মানুষকে আশ্বাস দিয়ে তাদের ফিরিয়ে দেওয়া হয়েছে। ছেলে দুটির নাম গোলাম মর্তোজা এবং সিরাজুল।

আমি আশা করব, ঐখানে বাসস্ট্যান্ডের ব্যবস্থা করা হোক। যাঁরা মারা গেছেন তাঁদের ফ্যামিলির সান্ত্বনা দেবার জন্য সুব্যবস্থা করতে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আশা করি পরিবহণমন্ত্রী মহাশয়, সেখানে একটি বাসস্ট্যান্ড করবার জন্য তদন্ত ক'রে তার ব্যবস্থা করবেন।

শ্রীগণেশ হাটুই ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। ঝিংরা গ্রাম জগৎবল্লভপুর ও গাজিপাড়া ব্লকের সীমান্তবর্তী একটি গ্রাম। এই গ্রামে সরকার থেকে একটি গভীর নলকূপ বসানো হয়েছে বৈদ্যুতিক সংযোগের কাজও সম্পন্ন হয়েছে। এই জলে ঝিংরা ও চড়কপোঁতা মাঠের চাষীরা সেচের সুবিধা পেতে পারেন। কিন্তু জগৎবল্লভপুর ব্লকের বি ডি ও এবং এ ই ও স্থানীয় সি পি এম ক্যাডার মোশারফ হোসেন ও ঐ পার্টির আর একজন সমর্থক কালীপদ মুখার্জির দ্বারা কিছু অর্থের বিনিময়ে প্রভাবিত হয়ে চড়কপোঁতা ও অন্যান্য এলাকায় জল দিচ্ছেন না। এখন গভীর নলকূপ থেকে যে চ্যানেলগুলো টেনে নিয়ে যাওয়া হচ্ছে তাতে ক'রে কতকগুলি ব্যক্তিবিশেষের জমি চাষের সহায়তা করবে। অত্যন্ত দুঃখের বিষয় যে, ঐ গভীর নলকূপ সংলগ্ন জমিগুলি, যথা, চড়কপোঁতা ও ঘোলার মাঠে এই গরিব চাষীদের জন্য যথোপযুক্ত সেচের সুযোগ না রেখে সুদীর্ঘ এক লম্বা চ্যানেল টেনে সরকারী অর্থের অপচয় ক'রে রেল লাইন ও পাকা রাস্তা ক্রশ ক'রে দলীয় স্বার্থ জড়িত জমিগুলিতে জলসেচের ব্যবস্থার জন্য স্থানীয় সি পি এম ক্যাডারের কথামত বি ডি ও এবং এ ই ও কাজ করবার নির্দেশ দিয়েছেন। এমন কি ঝিংরা গ্রামের ১০ ফুট উপরের একটি ডাঙ্গা জমি যা সাহেববাগান ব'লে অভিহিত তার উপর স্পাউট বসানো হয়েছে ক্ষুদ্র ও দরিদ্র চাষীদের স্বার্থ জলাঞ্জলি দিয়ে। ঐ বি ডি ও এমনই সি পি এম স্বার্থে প্রভাবান্বিত যে, গত খরার সময় যখন মাননীয় সদস্য শ্রীরজনী দলুই ঐ ব্লকে গিয়েছিলেন তখন শোনা যায় বি ডি ও অফিস ছেড়ে অন্যত্র চলে গিয়ে গা ঢাকা দিয়েছিলেন। ঐ চ্যানেল কাটার ব্যাপারে ঝিংরা রূপপুর গ্রামের গণ্যমান্য ব্যক্তিদের কোন মতামত নেওয়া হয় নি কেন, এটাও ভাববার কথা। এই বিষয়ে একটি পূর্ণাঙ্গ তদন্ত করার জন্য অবিলম্বে এই বিধানসভার ২/৩ জন এম এল এ-কে পাঠানো হউক। পরিশেষে আমি এ ব্যাপারে বি ডি ও এবং দীর্ঘদিন ধ'রে ওখানে আছেন এবং ঐ ব্লকের এ ই ও-এরও অবিলম্বে বদলির দাবি ও আইনগত শাস্তির যাতে ব্যবস্থা হয় তা করার জন্য মাননীয় কৃষিমন্ত্রীকে আপনার মাধ্যমে নিবেদন ক'রে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমহম্মদ সফিউল্লা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ব্যাপারটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমিও ঐ অফিসারদের সাসপেনশন দাবি করছি। কারণ এটা একটা সিরিয়াস অ্যালিগেশন।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় এই হাউসে উত্থাপন করছি। বাঁকুড়া জেলাতে সি আর এস যে স্কীম—সেই স্কীমে বিভিন্ন ব্লকে কাজ আরম্ভ হয়েছিল। এবং এই স্কীমে সেখানকার দুঃস্থ শ্রমিকরা ও অন্যান্য হাজার হাজার শ্রমিক সেই কাজ করছিল। বর্তমানে সেই কাজগুলি বন্ধ হবার উপক্রম হয়েছে। তাই আমি অনুরোধ করছি, এই সি আর এস স্কীমের পরিবর্তে সেখানে রুর্যাল ওয়ার্ক স্কীম অবিলম্বে যাতে চালু হয় তার জন্য আপনার মাধ্যমে বর্তমান মন্ত্রিসভার কাছে এই বক্তব্য রাখলাম।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা এই বিধানসভায় প্রতিদিন অন্ন-বস্ত্র ও বাসস্থানের সমস্যা নিয়ে আলোচনা করি। কিন্তু আমাদের যে কৃষ্টি এবং সংস্কৃতি সেদিক সম্পর্কে ইতিপূর্বে আলোচনা আমরা করি নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিম বাংলায় বাংলা সাহিত্যের পত্রিকাগুলি এক বিরাট সমস্যার সম্মুখীন হয়েছে। সেই সমস্যা সম্পর্কে আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী ও মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিম বাংলায় যেসব দৈনিক সংবাদপত্রের যেসব মালিক আছে তাদের পরিচালনায় অনেক সাপ্তাহিক পত্র-পত্রিকা মাসিক পত্রিকা প্রকাশিত হয়। এবং সেখানে সরকারের তরফ থেকে বিজ্ঞাপন, অ্যাডভারটাইজমেন্ট প্রভৃতি অনেক সুবিধা দেওয়া হয়। উক্ত পত্রপত্রিকা অনেক সময় ঐসব দৈনিক সংবাদপত্রের পৃষ্ঠপোষক দ্বারাও পরিচালিত হয়। কিন্তু এই পশ্চিমবঙ্গে সৃজনী ধারার রচনা প্রকাশ ক'রে যেসমস্ত পত্রিকা মানুষের মনে নূতন আলোক-পাত করে—এমন অনেক পত্রিকা আছে যেখানে সরকারের কোন আনুকূল্য দেবার কোন ব্যবস্থা করা হয় নি। তাদের নিউজপ্রিন্ট পাবারও কোন সুযোগ নাই।

[2-40—2-50 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা তাই আজকে আপনার মাধ্যমে প্রস্তাব করব যে, যেসমস্ত সাহিত্য পত্রিকা আছে পশ্চিমবঙ্গে তাদের সরকার পক্ষ থেকে কিছু কিছু সাহায্যদান, মাসিক সাহায্যদান এবং কাগজ সংগ্রহের ব্যাপারে সুবিধাদান, নিয়মিতভাবে বিজ্ঞাপন সরবরাহ এবং সরকারী অন্যান্য আনুকূল্য দেওয়া হোক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এদিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীসুব্রত মুখোপাধ্যায় (কাটোয়া): মাননীয় স্পীকার, স্যার, পশ্চিমবঙ্গের তাঁতশিল্পে একটা দারুণ সঙ্কট দেখা দিয়েছে, সুতোর দাম প্রচণ্ডভাবে বাড়ছে। কিন্তু সেই হারে কাপড়ের দাম বাড়ে নি। আজকে এই বিধানসভার কাছে কাটোয়া, কালনা, নবদ্বীপ, শান্তিপুর, নদিয়া প্রভৃতি জায়গা থেকে অন্ততপক্ষে ৮।১০ হাজার তাঁতী, যাঁরা তাঁতশিল্পের সঙ্গে যুক্ত আছেন, তাঁরা এসেছেন। আমরা জানি, আমাদের এই জনপ্রিয় সরকার এই শিল্পে নিযুক্ত শিল্পীদের ন্যায্য-দরে সুতো দেবার ব্যবস্থা ইতিমধ্যেই গ্রহণ করেছেন এবং তাঁতবস্ত্র সরকারী উদ্যোগে কেনার ব্যবস্থা করেছেন। মাননীয় স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে আমাদের জনপ্রিয় ক্ষুদ্র এবং কুটিরশিল্প দপ্তরের মন্ত্রীর কাছে আবেদন জানাতে চাই যে, তিনি দয়া ক'রে ঐ সমাবেশের সামনে উপস্থিত হয়ে সরকারী নীতি যদি ব্যাখ্যা করেন, তা হ'লে আমরা তাঁকে অভিনন্দন জানাবো। আমি আশা করি, এই ৮।১০ হাজার মানুষের আবেদনে সাড়া দিয়ে আমাদের মাননীয় জনপ্রিয় মন্ত্রী উক্ত সমাবেশের সামনে গিয়ে সরকারী নীতি ব্যাখ্যা করবেন।

ডাঃ জয়নাল আবেদিন: মাননীয় অধ্যক্ষ মহোদয়, ভারত সরকার কর্তৃক সুতোর নিয়ন্ত্রণ এবং বণ্টন ব্যবস্থা সম্বন্ধে যে বিজ্ঞপ্তি বেরিয়েছে তার পরিপ্রেক্ষিতে বাজারে সুতোর অভাব দেখা দিয়েছে এবং সুতোর মূল্য এক এক জায়গায় এক এক রকম দেখা দিয়েছে। ইতিমধ্যেই আমরা যে ব্যবস্থাগুলি করেছি তা মাননীয় সদস্যদের জানিয়ে দিচ্ছি। আগে যাঁরা এসেছিলেন তাঁতশিল্পী, তাঁতী বন্ধু, তন্তুবায় শিল্পী তাঁদের আমি বলেছি আমাদের স্টেট গভর্নমেন্ট-এর পাবলিক আন্ডারটেকিং কল্যাণী স্পিনিং মিলের সুতো আমরা কাউন্টার সেল শুরু ক'রে দিয়েছি, সেখান থেকে যে-কোন মূল্যের সুতো, যখন খুশি কিনতে পারবেন। এই সুতো কোন হোলসেলারকে দেওয়া হবে না, শুধু তাঁতীদেরই দেওয়া হবে। আমরা যা প্রোডাক-শন করি তার সবটাই তাঁতীভায়েরাই কেনেন। আমরা কাউন্টার সেলের হুকুম দিয়ে দিয়েছি। অ্যাজ ফর দি কন্ট্রোল্ড গুড্স যেটা আমরা পাব তার ইনফ্রা-স্ট্রাকচার-এর প্রোপোজাল কমপ্লিট করেছি।

As soon as the allotment is received by the State Government, we will be in a position to channelise the yarn to handloom and powerloom weavers through public distribution system.

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে বিষয়টির প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি সেটা একটি নূতন ঘটনা নয়, বারে বারে এই বিষয়টির প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে এবং সরকারের তরফ থেকে কিছু কিছু কাজ করা হয়েছে সে বিষয়ে কোন সন্দেহ নেই। তবে দুঃখের বিষয় হ'ল এই, আজকে বসন্ত রোগ যেভাবে ছড়িয়ে পড়ছে বা হসপিট্যালে মৃত্যুর সংখ্যা বেসরকারীভাবে যেটা আমরা পাচ্ছি তা অত্যন্ত চাঞ্চল্যকর এবং উদ্বেগ-জনক হয়ে দাঁড়িয়েছে। হসপিট্যালে চিকিৎসা যা হচ্ছে তার থেকে বেশি অচিকিৎসা, অব্যবস্থায় অনেক রোগী ভুগছে, মারা যাচ্ছে, এই রকম একটা অস্বাভাবিক অবস্থা কলকাতা শহর এবং তৎপার্শ্ববর্তী এলাকায় প্রিভেল করছে। এই অস্বাভাবিক অবস্থার মোকাবিলা করার জন্য সরকারপক্ষ থেকে যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তাকে আরও বলিষ্ঠ করা হোক এবং সক্রিয় ক'রে তোলা হোক এবং এই বসন্ত রোগ যাতে মহামারী রূপে চারিদিকে ছড়িয়ে না পড়ে এবং হসপিট্যালে মৃত্যুর হার যাতে কমে আসে, আইসোলেশন ওয়ার্ড যাতে ভালভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন করে রাখার ব্যবস্থা করা হয়, চিকিৎসা যাতে ভালভাবে হয় তার ব্যবস্থা করা হোক এই দাবি আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে রাখছি। এই ব'লে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅজিতকুমার পাঁজা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, বসন্ত রোগ সম্বন্ধে শ্রীবিশ্বাস যেটা বললেন, এই রোগের প্রবণতা যেভাবে দেখা যাচ্ছে সেটা অনেকদিন আগেই আমাদের ভাবিয়ে তুলেছিল। আমি হাউসের সামনে মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাতে চাই যে, দিন দশেক আগে এ সম্পর্কে একটি স্টেটমেন্ট করেছি। মাননীয় শ্রীবিশ্বাস যেটা বললেন যে, রোগের চিকিৎসা হচ্ছে না, মারা যাচ্ছে, সেটা সত্য নয়। কলকাতা বা পার্শ্ববর্তী অঞ্চলে যাতে আর ছড়িয়ে না পড়ে তার জন্য সমস্ত রকম ব্যবস্থা নেওয়া হয়েছে এবং ইনফেকশাস ডিজিজ হসপিট্যাল, বেলেঘাটা, সেখানে তাদের আলাদা ক'রে রেখে উপযুক্ত ট্রিটমেন্ট করবার জন্য ব্যবস্থা হচ্ছে।

তবে যাঁরা জন্ম থেকে টিকা নেন নি বা রিভ্যাকসিনেশন করান নি তাঁরা যদি আক্রান্ত হন বা তাঁদের যদি বসন্ত হয়, তা হলে তাঁদের বাঁচানো কঠিন হয়ে পড়ছে। যদিও ভয়াবহতা দেখা দিয়েছে, কিছু কিছু কাগজে কিছু কিছু ভুল তথ্য থাকার ফলে জনসাধারণের মনে যাতে কোন রকম ভুল বোঝাবুঝি না হয় সেজন্য আমি গতকাল একটা প্রেস কনফারেন্স করেছিলাম এবং তাতে রিপোর্টার যাঁরা এসেছিলেন তাঁদের কাছে পুরো তথ্য জানিয়েছি, বে-সরকারী তথ্য নয়, সরকারী তথ্য। তা ছাড়া সেই তথ্য যেখানে যেখানে পাঠানোর কথা—জেনেভা, ওয়ার্ল্ড হেল্থ অর্গানাইজেশনে, দিল্লীতে, ডিরেক্টর জেনারেল অব হেল্থ সার্ভিসে পাঠানো হয়েছে। কর্পো-রেশন থেকে যেটা প্রতি সপ্তাহে পাঠানো হয়, পাঠানো হয়েছে। নতুনত্ব যেটা করা হয়েছে সেটা হচ্ছে কর্পোরেশন থেকে কাগজে কাগজে পাঠানো হত, কতজন অ্যাটাক্‌ড হয়েছে, কতজন মারা গিয়েছে, জনসাধারণের মধ্যে যাতে বিভ্রান্তি ছড়িয়ে না পড়ে এবং এই শত্রুর মোকাবিলা যাতে আমরা একসঙ্গে করতে পারি সেজন্য কর্পোরেশনে আমি অর্ডার দিয়েছিলাম যে, কর্পোরেশনের মাধ্যমে প্রেস রিপোর্টারদের কাছে তথ্য না গিয়ে আমার মাধ্যমে যাবে। যাঁরা যাঁরা এসেছিলেন তাঁদের তথ্য আমি জানিয়েছি। তাঁরা গতকাল আমাকে জানিয়েছেন যে. এতে তাঁদের অসুবিধা হচ্ছে। এতদিন ধরে যেভাবে তাঁরা নিউজটা পেতেন সেভাবে পেলে তাদের পক্ষে জনসাধারণকে জানানোর সুবিধা হয়। এটার সম্বন্ধে আলোচনা করছি, আজকেই ডিসিশন নেব. এবং যাতে প্রেস রিপোর্টারদের জনসাধারণকে জানাতে অসুবিধা না হয় সেজন্য উপযুক্ত সরকারী তথ্য তুলে ধরবার ব্যবস্থা হবে। তবে এই হাউসের মাননীয় সদস্যদের মাধ্যমে আমি পশ্চিম বাংলার মানুষকে জানাতে চাই যে, সরকার এই সমস্যার পুরোপুরি মোকাবিলা করার জন্য যথেষ্ট ব্যবস্থা নিয়েছেন এবং আমাদের যে ব্যবস্থা, গ্রাপিক কারভ সেটা আমাদের আয়ত্তের মধ্যে এসেছে। কিছুদিনের মধ্যে সম্পূর্ণ আয়ত্ত করতে পারব ব'লে আমি আশা করছি।

শ্রীদেবব্রত চ্যাটার্জি: মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আলিপুরদুয়ারে কুমারগ্রাম থানার অন্তর্গত একটি রাস্তা যেটি কুয়াডাঙ্গা গ্রামের ভেতরে গিয়েছে, আর একটি গিয়েছে শামুকতলা হয়ে টিঁয়ামারী হাট, এই দু'টি রাস্তার এমন অবস্থা যে, বর্ষার সময় তো দূরের কথা, সাধারণ সময়েই জনসাধারণ যাতায়াত করতে পারেন না। অথচ এই দু'টি রাস্তাই ঐ এলাকার জনসাধারণ বহির্বিশ্বের সঙ্গে যোগাযোগ রাখার রাস্তা। মাসান্তিক বেতার ভাষণে আমলারা মাননীয় মুখ্যমন্ত্রীকে দিয়ে ঘোষণা করিয়েছিলেন যে এই রাস্তা দু'টি সম্পূর্ণ হয়ে গিয়েছে। এ সম্পর্কে তাঁর দৃষ্টি আকর্ষণ করলে তিনি সঙ্গে সঙ্গে একজিকিউটিভ ইঞ্জিনীয়ারকে এই রাস্তা দুটি করে দেবার জন্য বলেন। কিন্তু আশ্চর্যের বিষয় এখনও পর্যন্ত রাস্তা দুটি হয় নি। কাজেই স্যার, আপনার মাধ্যমে আমাদের মাননীয় পূর্তমন্ত্রী ও মুখ্যমন্ত্রীর কাছে বিনীত নিবেদন এই যে, এই রাস্তা দুটি অবিলম্বে তৈরি করার নির্দেশ দিয়ে জনসাধারণের কাছে আমাদের মুখরক্ষার ব্যবস্থা করুন।

শ্রীসুধীরচন্দ্র বেরা: মাননীয় স্পীকার মহাশয়, পশ্চিমবঙ্গের বিভিন্ন ব্যবসায়ী প্রতিষ্ঠান যেগুলি অবাঙ্গালীদের দ্বারা পরিচালিত সেখানে কিভাবে বাঙ্গালীদের অন্ন মারা যাচ্ছে সেই তথ্যই আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং মন্ত্রিসভার অন্যান্য সদস্যদের সামনে তুলে ধরছি। এন্ড্রু ইয়ুল কোম্পানির ৫১ পারসেন্ট শেয়ার কিনে বি আর কানোরিয়া বি পি

পোদ্দার, বি এন ঝুনঝুনওয়ালা, এরা বজবজ অ্যামালগামেটেড মিলস লিঃ নাম দিয়ে ১লা নভেম্বর, ১৯৭১ সাল থেকে ব্যবসা শুরু করেন। এরা সুপারভাইজারি স্টাফদের মধ্যে যারা বাঙ্গালী তাদের আস্তে আস্তে সরিয়ে দিয়ে তার জায়গায় অবাঙ্গালীদের লাগাচ্ছে। এ পর্যন্ত যে ৭ জন সুপারভাইজারি স্টাফকে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে তারা হলঃ (১) মিঃ সোমানী (জুট পারচেজিং ম্যানেজার), (২) মিঃ কাপানি (গানি ইনচার্জ), (৩) মিঃ মেহতা (স্টোরস পারচেজিং অফিসার), (৪) মিঃ মালপানি (এজেন্সি ম্যানেজার), (৫) মিঃ বাগ-ডোরিয়া (জুট সেল মাস্টার), (৬) মিঃ বৈদ্য (জুট সেল মাস্টার), (৭) মিঃ চন্দক (অ্যাকা-উন্ট্যান্ট), এরা সবাই হাজার টাকার উপর মাহিনা পায়। আর আটশো টাকার উপর যারা মাহিনা পায় তারা হলঃ (১) মিঃ জৈন, (২) মিঃ শেঠ, (৩) মিঃ চোরারিয়া। এদের মধ্যে একজনও বাঙ্গালী নেই। মিঃ বৈদ্য আঠারোশো টাকা মাহিনা, ফ্রি-ফার্নিশ্‌ড কোয়ার্টার ও গাড়ি ইত্যাদি পান।

[2-50—3-00 p.m.]

বাঙ্গালী ছেলেরা যখন ভাল লেখাপড়া শিখে ডিগ্রি নিয়ে এম এস-সি পাশ ক'রে, ইঞ্জিনীয়ারিং পাশ ক'রে পিয়নের চাকরি পাচ্ছে না, তখন ক্লাস থ্রির বিদ্যা নিয়ে অ্যামালগামেটেড জুট মিলে তারা ১৮ শত টাকার বেশি মাইনে পাচ্ছে। এর থেকে পরিহাসের কথা আর কি হতে পারে? আর একজন মিঃ চোরারিয়া, তিনি ষষ্ঠ শ্রেণীর বিদ্যা নিয়ে সাড়ে আটশত টাকা মাইনে, গাড়ি, বাড়ি এবং আরও অন্যান্য জিনিস পাচ্ছেন। এগুলি নিয়ে সাধারণ বাঙ্গালী কর্মচারীদের মধ্যে বিশেষ ক'রে সুপারভাইসরি স্টাফদের মধ্যে অসন্তোষ হয়েছে। তার ফলে সুপারভাইসরি স্টাফদের উপর মালিকদের ভীষণ আক্রোশ হয় এবং মিঃ বি পি নন্দী, তিনি স্টাফ অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক, তাকে মেডিক্যালি আনফিট ক'রে রিটায়ার করানোর চেষ্টা হচ্ছে। প্রসঙ্গ-ক্রমে উল্লেখ করা যায় যে, মিঃ বি পি নন্দীকে খ্যাতনামা চিকিৎসক বলেছেন, তাঁর এককালে টি-বি হয়েছিল, কিন্তু এখন তিনি কমপ্লিটলি কিওর এবং কোয়াইট ফিট ফর দি জব। কিন্তু ঐ অবাঙ্গালী প্রতিষ্ঠানটিতে যেসমস্ত বাঙ্গালী সুপারভাইসরি স্টাফ আছে তাদের অন্যায়ভাবে সরিয়ে দিচ্ছে এবং সরাবার চেষ্টা করছেন। এই যে দারুণ একটা চক্রান্ত বিস্তার করছেন সে সম্পর্কে সরকারকে অবহিত হবার জন্য দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীঅসমঞ্জ দেঃ মাননীয় স্পীকার, স্যার, আজকে পশ্চিম বাংলার মন্ত্রিসভার এক বছর পূর্তি হ'ল। এই এক বৎসর সময়ের মধ্যে সিদ্ধার্থ রায়ের জনপ্রিয় সরকার সুষ্ঠু প্রশাসনিক ব্যবস্থার মাধ্যমে পশ্চিম বাংলায় ভয়ভীতি, সন্ত্রাস, আতঙ্কের হাত থেকে নিষ্কৃতি পেয়ে সুস্থ স্বাভাবিক জীবনযাত্রার পূর্ণ প্রতিষ্ঠা ঘটেছে। ঠিক সেই সময়ে পুলিশ অফিসিয়ালস সমাজ-বিরোধী চক্রান্ত ক'রে কিভাবে সরকারবিরোধী কার্যকলাপে লিপ্ত হয়েছে তার একটা ঘটনার নজির আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করি এবং তার প্রতিবিধানের জন্য দাবি করছি। কলকাতার স্ট্রান্ড রোডে পোস্তাবাজারে কয়েক শত এন্টি-সোস্যাল এলিমেন্টস্‌ কয়েক-দিন ধ'রে তারা বোমা, ক্র্যাকারস্‌ বর্ষণ ক'রে চলেছে। এর ফলে বহু শ্রমিক আহত হয়েছে এবং ১২ জন শ্রমিককে ইনজিওরড অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়েছে। স্থানীয় শ্রমিক-দের পক্ষ থেকে ঐ জোড়াবাগান থানার ও-সি, পুলিশ সাব-ইন্সপেক্টর দাশগুপ্তের কাছে এফ আই আর কমপ্লেইন লজ করা হয়েছে কিন্তু আজ পর্যন্ত সম্পূর্ণভাবে তাঁরা নিশ্চুপ হয়ে রয়েছেন। যেভাবে জনপ্রিয় সরকার প্রতিটি ক্ষেত্রে শান্তিশৃঙ্খলা প্রতিষ্ঠা করার জন্য বলিষ্ঠ পদক্ষেপ নিয়ে এগিয়ে চলেছেন, সেজন্য বলছি এই ঘটনা সম্পর্কে উপযুক্ত দৃষ্টি দিয়ে যাতে অবিলম্বে এই অ্যান্টি-সোস্যাল এলিমেন্টসদের অ্যারেস্ট ক'রে যাতে সেই এলাকার সাধারণ শ্রমিকের স্বার্থে যাতে শান্তি-শৃঙ্খলা পুনরায় বজায় রাখা সম্ভব হয় সেজন্য আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীজগদীশচন্দ্র দাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিম বাংলার ১৯৭২ সালের সাধারণ নির্বাচনের পরে পশ্চিম বাংলার সাধারণ মানুষ নিশ্চিন্তে প্রতিদিন ঘুমাতে পারছেন এই ভেবে যে, খুনখারাপির রাজত্ব শেষ হয়েছে, কবর হয়েছে। খুনখারাপির রাজত্বের জন্মদাতা সি পি

এম-এর কবর হ'লেও তাদের প্রেতাত্মাগুলি এখনও বিভিন্ন জায়গায় ঘুরে বেড়াচ্ছে এবং এই প্রেতাত্মাগুলির একটা সেন্টার নৈহাটিতে হয়েছে। গত পরশুদিন ৭০ বৎসর বয়স্ক একজন বৃদ্ধ তাকে ঘরের মধ্যে ঢুকে কিছু আততায়ী গুলীবিদ্ধ ক'রে নিহত করে। এই ঘটনা নিয়ে নৈহাটিতে গত দুই মাসে ৬টি খুন হয়। কিছুদিন আগে মাননীয় সদস্য পঙ্কজ ব্যানার্জি একটা খুনের কথা আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর নজরে এনেছিলেন। সেই ঘটনা হচ্ছে একটা তরুণ কংগ্রেসের যুবক তার গলা একদিকে আর ধড় একদিকে। কিছুদিন আগে একজন শ্রমিক কারখানা থেকে ফিরছিল তার সপ্তাহ নিয়ে, কিন্তু সে আর বাড়িতে ফিরে যেতে পারে নি। তার কিছুদিন আগে আর একটি কুলি সেও বাড়িতে যেতে পারে নি, তাকেও হত্যা করা হয়েছে। এই নিয়ে ৬টি খুনের ঘটনা গত দুই মাসে ঘটেছে। শুধু খুন নয়, নৈহাটি থানা এলাকায় সেখানে ছিনতাই, মদের আড্ডা পাইকারি রেটে চলছে, কোন মেয়ে সেখানে ভদ্রভাবে রাস্তায় চলাফেরা করতে পারে না। সেখানে নকশালদের সেন্টার হয়েছে। এমন কি সেখানে নকশালদের প্রসেশন পর্যন্ত বের হয়। আর সেখানকার সি আই অব পুলিশ আছেন—সেই কুখ্যাত সাঁইবাড়ির কথা গোটা বাংলা দেশের মানুষ ভুলে যায় নি। সাঁইবাড়ির যিনি ও-সি ছিলেন তিনি সেখানে সি-আই হয়েছেন, ঐ চিত্ত মুখার্জি, তিনি ব'লে বেড়ান যে, তিনি নাকি এখনকার মন্ত্রিসভার জনৈক সদস্যের আস্থাভাজন এবং আশীর্বাদপুষ্ট। যাই হোক, আমি এই ঘটনা তুলে ধরছি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে অবিলম্বে সেখানে যদি হস্তক্ষেপ না করা যায়, তা হ'লে নিশ্চয়ই খুনের বন্যা বয়ে যাবে।

শ্রীমহম্মদ দেদার বক্স: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, প্রবল খরার ফলে মুর্শিদাবাদ জেলা বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। বিশেষ ক'রে লালগোলা, ভগবানগোলা, নবগ্রাম প্রভৃতি অঞ্চল। বাগড়ি অঞ্চলে রবিশস্য সেখানে একেবারেই হয় নি সেচের অভাবে বললেই হয়। সেখানকার শ্রমিক, কৃষক, ক্ষেতমজুররা কাজের অভাবে বেকার অবস্থায় বসে আছে। যদিও বিশেষ কর্মসূচির মাধ্যমে কিছু কিছু শ্রমিককে কাজ দেওয়া হয়েছে, কিন্তু সেটা নিতান্তই নগণ্য। তাই সেখানে অবস্থা অত্যন্ত ভয়াবহ হয়ে দাঁড়িয়েছে। বর্তমানে ১৩৭৯ সালের খাজনা তাদের পক্ষে দেওয়া সম্ভব নয় এই কণ্টকর অবস্থার মধ্যে। সেইজন্য মন্ত্রিমণ্ডলীকে বিশেষ ক'রে মাননীয় মুখ্যমন্ত্রীকে এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই ১৩৭৯ সালের খাজনা যেসব এলাকায় খরাজনিত অবস্থার জন্য চাষবাস হয় নি, সেই সব এলাকায় সেই খাজনা বর্তমান বৎসরে আদায় বন্ধ রাখার জন্য আবেদন জানাচ্ছি। আশা করি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় অতি সত্বর এই বিষয়ে একটা বিহিত ব্যবস্থা করবেন যাতে সেখানকার খাজনা বর্তমান বৎসরে আদায় বন্ধ রাখা হয়, এই ব'লে আমি আমার বক্তব্য শেষ করলাম।

Mr. Speaker: I call upon Shri Tapan Chatterjee. Mr. Chatterjee, your name was called previously, but you were not present in the House. However, I allow you to speak this time. Please be present next time when your name is called upon.

শ্রীতপন চ্যাটার্জি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত গুরুতর একটা বিষয় আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, বিড়লা ব্রাদার্স কিভাবে ট্রেড ইউনিয়নকে ভেঙ্গে ফেলবার চেষ্টা করছে, তার একটা নজির সভার সামনে তুলে ধরতে চাই। ১৯৭১ সালে ইন্ডিয়া এক্সচেঞ্জ প্লেস এবং আর এন মুখার্জি রোডের বিড়লা ব্রাদার্সের যে হেড অফিস সেইগুলো বন্ধ হয়ে গেছে এবং এক হাজার কর্মচারী তার ফ'লে বেকার হয়ে পড়েছে। এই এক হাজার কর্মচারীকে বিড়লা ব্রাদার্সের ম্যানেজিং ডিরেক্টর উড়িষ্যার ওরিয়েন্টাল পেপার মিল-এ কিছুকে জয়েন করতে বলেন এবং কেশোরাম রেয়ন মিল'স এবং হিন্দুস্থান মোটরস কারখানায় জয়েন করতে বলেন, কিছুদিন আগে মুখ্যমন্ত্রী মহাশয় নির্দেশ দিয়েছিলেন, তাঁর সঙ্গে দেখা করার জন্য এবং সেই অনুযায়ী বিড়লাদের পক্ষ থেকে খৈতান উপস্থিত ছিলেন। কিন্তু মুখ্যমন্ত্রীকে দেওয়া প্রতিশ্রুতি তাঁরা

পালন করলেন না। এই সমস্ত কর্মচারীরা যাতে কাজ ফিরে পায় হেড অফিসে তার জন্য ওখানকার ইউনিয়ন নানাভাবে দাবি করছে। কিন্তু সেই ইউনিয়নকে ভাঙ্গবার একটা ষড়যন্ত্র ও'রা করেছেন। এই ইউনিয়ন দাবি করছে, এই সমস্ত কর্মচারীকে যাতে কলকাতার হেড অফিসে নেওয়া হয়, দ্বিতীয়তঃ যেসমস্ত চুক্তি হবে, সেইগুলো যাতে ইউনিয়নের মাধ্যমে হয় এবং তৃতীয়তঃ মুখ্যমন্ত্রীর নির্দেশ মান্য করতে হবে। এই তিনটি শর্ত তাঁরা কিছুতেই মানছেন না। আমি এই সভার মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, বিড়লা ব্রাদার্সের এত বড় সাহস যে, আমাদের জনপ্রিয় নেতার নির্দেশ তাঁরা কেন মান্য করছেন না, এই বিষয়ে যেন দৃষ্টি দেওয়া হয়।

DEMAND FOR GRANT No. 12

Major Head: 19—General Administration

[3-00—3-10 p.m.]

Shri Siddhartha Shankar Ray: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs.9,00,46,000 be granted for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration".

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের সুপারিশক্রমে আমি ১২নং অনুদান '১৯—সাধারণ প্রশাসন' মুখ্য খাতে ১৯৭৩-৭৪ সালের ব্যয়বরাদ্দের জন্য ৯,০০,৪৬,০০০ টাকা মঞ্জুরীর প্রস্তাব উত্থাপনের জন্য অনুমতি প্রার্থনা করছি। অধ্যক্ষ মহাশয়, সাধারণ প্রশাসন এই খাতটি বহুমুখী ও প্রশাসনের সর্বাঙ্গপোষক। এই খাতের বরাদ্দের মধ্যে সরকারের প্রায় সর্ব বিভাগের প্রশাসনিক ব্যয় অন্তর্ভুক্ত। ১৯৭৩-৭৪ সালের নীল রং-এর পুস্তিকার ১৬৪ পৃষ্ঠা থেকে ২৪৯ পৃষ্ঠায় বিভিন্ন বিভাগের জন্য মোট মুটি বরাদ্দগুলি দেখানো হয়েছে এবং লাল রং-এর পুস্তিকার ৬৫ পৃষ্ঠায় পূর্ববর্তী কয়েক বৎসরের বরাদ্দের সহিত বর্তমান বৎসরের (১৯৭৩-৭৪) বরাদ্দের একটা তুলনামূলক হিসাব দেওয়া হয়েছে।

১৯৬৭ সালের পর হইতে বর্তমান সরকার প্রতিষ্ঠার পূর্ব পর্যন্ত এই রাজ্যের অবস্থা সকলেই অবগত আছেন। শান্তিপূর্ণ উপায়ে সমাজতান্ত্রিক শাসন ব্যবস্থা ও উন্নততর জীবনযাত্রার মান আমাদের লক্ষ্য। এই লক্ষ্যে পৌঁছবার জন্য আমরা শ্রম ও অধ্যবসায়ের সহিত অগ্রসর হতে চেষ্টা করছি। জনকল্যাণ রাষ্ট্রের পক্ষে বহুমুখী উন্নয়ন পরিকল্পনা ও তার সম্প্রসারণ অত্যাবশ্যক। এই সকল উন্নয়ন পরিকল্পনা ও তার সম্প্রসারণ সুষ্ঠুভাবে করবার জন্য বিভিন্ন বিভাগের মধ্যে সামঞ্জস্য সাধন করবার জন্য সর্বপ্রকার ব্যবস্থা গ্রহণ করা দরকার।

আমাদের বিগত এক বৎসরের অভিজ্ঞতায় আমরা দেখেছি যে, আমাদের প্রশাসন সর্বতোভাবে উন্নয়নমুখী হয় নি, অতএব এ ব্যাপারে আমাদের একটা নূতন দৃষ্টিভঙ্গি একান্তভাবে প্রয়োজন। প্রশাসন বিভাগের কর্তব্য হচ্ছে জনগণের সঙ্গে থাকা ও তাদের সঙ্গে একাত্ম হয়ে একযোগে কাজ করা। এই উদ্দেশ্যে অধিকতরভাবে প্রশাসন ব্যবস্থার বিকেন্দ্রীকরণ প্রয়োজন এবং জেলা প্রশাসনের গঠন বিন্যাসে পরিবর্তন আবশ্যক। এই ব্যাপারে প্রত্যেক বিধানসভার সদস্যের একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। তাঁকে প্রশাসন এবং জনগণের মধ্যে সংযোগ-সূত্ররূপে কাজ করতে হবে। তা ছাড়া জনগণের সঙ্গে সর্বতোভাবে এক হয়ে কাজ করার জন্য তাঁকে তাঁর নিজের দলের সঙ্গে ঘনিষ্ঠ সংযোগ রাখতে হবে। আমার কাছে যেসব খবর এসেছে তা থেকে আমি একথা জোর করে বলতে পারি যে, বর্তমান বিধানসভার মাননীয় সদস্যগণ—পশ্চিমবঙ্গের ইতিহাসে পূর্ববর্তী যে-কোন বিধানসভার সদস্যের চেয়ে অনেক বেশি পরিশ্রম করেছেন এবং করছেন। আমাদের এই রাজ্যের মাঠে-ঘাটে-হাটে, গ্রামে-গঞ্জে, নগরে-শহরে, কল-কারখানায়, রাজ্যের দূরতম অঞ্চলে যেখানেই যাওয়া যাক না কেন, সকলের নিশ্চয়ই চোখে পড়বে

যে, কোন-না-কোন বিধানসভার মাননীয় সদস্য জনগণের দুঃখ-দুর্দশা লাঘবের জন্য, তাদের অভাব-অভিযোগের প্রতিকারের জন্য সচেষ্ট আছেন। সংসদীয় গণতন্ত্রে বিধানসভার সদস্য-গণের একটা গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে এবং জনগণের প্রতি তাঁদের একটা দায়িত্ব পালন করতে হয়। প্রত্যেক সরকারী অফিসার, প্রত্যেক সরকারী কর্মচারীকে এটা অবশ্য জানতে হবে। যদি সেটা কারুর না জানা থাকে, তাঁকে এখনই সেটা জানতে হবে। আমার কাছে কিছু অভিযোগ এসেছে যে, কোন কোন ক্ষেত্রে সরকারী অফিসার বা কর্মচারিগণ বিধানসভার মাননীয় সদস্য-গণের সঙ্গে দুর্ব্যবহার করেছেন বা ভদ্রোচিত আচরণ করেন নি। সংসদীয় গণতন্ত্রে এটা বরদাস্ত করা যায় না। বিধানসভার মাননীয় সদস্যগণের পক্ষে সরকারী কর্মচারীগণের সঙ্গে যেমন ভদ্র আচরণ করতে হয়, ঠিক তেমনি সরকারী অফিসার ও কর্মচারীদের পক্ষেও বিধান-সভার মাননীয় সদস্যগণের প্রতি উপযুক্ত সম্মান দেখানো ও ভদ্র আচরণ করা উচিত।

প্রশাসনের সঙ্গে সংশ্লিষ্ট কর্মচারীদের সর্বদা মনে রাখা উচিত বিধানসভার সদস্যগণ হচ্ছেন জনগণের নির্বাচিত প্রতিনিধি। তাঁরা কারুর খেয়ালখুশিমত এম এল এ হন নি। আমি প্রত্যেক সরকারী কর্মচারী, প্রত্যেক সরকারী অফিসারকে অবহিত করতে চাই, পশ্চিম বাংলার মুখ্যমন্ত্রী হিসাবে আমার এটা নির্দেশ এবং আদেশ এম এল এ-দের বক্তব্য শ্রদ্ধার সঙ্গে শোনা হোক এবং তাঁদের সঙ্গে ভাল ব্যবহার করা হোক। এই কথা বলার সময় আমি নিশ্চিত যে, কোন এম এল এ তাঁর ক্ষমতার বা পদের অপব্যবহার করবেন না, বা এমন কিছু করবেন না যা প্রশাসনের কর্মচারীর পক্ষে অসম্মানজনক হয়। প্রত্যেক সরকারী অফিসার, সরকারী কর্মচারীদের জানা উচিত এম এল এ-রা জনগণের মতামত সরকারের সামনে তুলে ধরছেন, জনগণের স্বার্থে কাজ করছেন—নিজের স্বার্থের কথা চিন্তা করছেন না। আমি আশা করি বিধানসভায় প্রদত্ত আমার এই নির্দেশ বিধানসভার চারি দেওয়ালের বাহিরে আমাদের সমস্ত সরকারী কর্মচারীদের কাছে—তাঁরা যে পদেই অধিষ্ঠিত থাকুন না কেন, প্রত্যেক জেলা, মহকুমা, ব্লক, গ্রামে ছড়িয়ে যাবে। আমাদের প্রশাসনকে উন্নয়ন ও জনস্বার্থমুখী করার উদ্দেশ্যে প্রথম পদক্ষেপ হিসাবে আজকে মন্ত্রিপরিষদের বৈঠকে জেলা পর্যায়ে নূতন কাঠামো চালু করা আলোচনা হয়েছে। কিন্তু এই আলোচনা আমরা অনেক দিন আগে থেকেই শুরু করেছিলাম। তবে আমরা খানিকটা অভিজ্ঞতা অর্জন করতে চেয়েছিলাম বিভিন্ন জেলার প্রশাসনিক অবস্থা সম্বন্ধে যাতে আমরা একটা কিছু পাকাপাকি করতে পারি, যাতে নূতন ব্যবস্থা একটা কিছু করতে পারি, যাতে এটাতে সত্যি সত্যি দেশের উপকারে লাগে, সত্যি সত্যি কাজের সুবিধা ও উন্নয়নমুখী হয়। এর জন্য আপনারা হয়ত অবগত আছেন কয়েক মাস আগে ৭।৮ জন অফিসারকে নিয়ে আমরা একটা কমিটি নিযুক্ত করেছিলাম। তাঁদের রিপোর্ট পাবার পর সেই রিপোর্ট থেকে যা যা নেওয়া উচিত ভাবা হয়েছিল সেগুলি আজকে মন্ত্রিপরিষদের একটা ইনফরম্যাল বৈঠকে পেশ করা হয়। ইনফরম্যাল এই কারণে যে, সেই বৈঠকে আমরা মাননীয় রাজ্যপালকেও আমন্ত্রণ জানিয়েছিলাম। তিনি একজন সুদক্ষ সরকারী কর্মচারী ছিলেন—এবং অ্যাডমিনিস্ট্রেটর ছিলেন। তাঁর উপদেশ আমরা নিতে চেয়েছিলাম। আমরা চারটা প্রধান সমস্যার সম্মুখীন হয়েছি। মাননীয় সদস্যরা নিশ্চয় আমার সঙ্গে একমত এ বিষয়ে হবেন যে, আমাদের অনেক কিছু অসুবিধা আছে, সেইসব অসুবিধাও এক-দিনে দূর করা যাবে না। কিন্তু এক বছর বিভিন্ন ক্ষেত্রে কাজ করে আমরা চারটা জিনিস দেখেছি খুব অসুবিধার কিংবা খুব যুক্তিসংগত নয়। এক নং হচ্ছে কমিশনার। কমিশনারের কিছু কাজ করার নেই। ডেপুটি কমিশনারদের কতকগুলি রিভিউ অ্যাপিল করা ছাড়া আর কিছু করার নেই। ডেপুটি কমিশনারদের কিভাবে ডেভেলপমেন্ট-এর কাজে লাগানো যায়, কিভাবে তাঁদের কাজের তদারকির ভার দেওয়া যায় সেটা চিন্তা করা দরকার। তা না হ'লে এই কমিশনারের পদ একটা ইউজলেস হয়ে আছে। অ্যাডমিনিস্ট্রেশন-এ সেই পদটাকে কিভাবে কার্যকরী করা যায় সে নিয়ে প্রথম আলোচনা করা দরকার। দ্বিতীয়তঃ জেলাতে বিভিন্ন বিভাগে কোন সমন্বয় নেই। এ বিভাগ জানে না ও বিভাগ কি করছে—কৃষি বিভাগ জানে না বৈদ্যুতিক শক্তি বিভাগ কি করছে। কো-অপারেশন বিভাগ জানে না অন্য বিভাগে কি কাজ হচ্ছে ইত্যাদি

[3-10—3-20 p.m.]

ইত্যাদি। এটা আমরা লক্ষ্য করেছি কো-অর্ডিনেশনের অভাব। অবশ্য এর কারণ ছিল অনেকগুলি দল মিলে যদি সরকার গঠন করা হয় তবে এটা হয়ই। ১৪টা দলের বা ৮ দলের সরকার গঠনের জন্য মন্ত্রীদের ভেতরে কো-অর্ডিনেশন থাকে না, ডিপার্টমেন্টের ভেতর কো অর্ডিনেশনের কথা ছেড়ে দিই। এটা যেন পশ্চিমবঙ্গের ঐতিহ্য হয়ে গেছে যে, পশ্চিমবঙ্গের ভেতর কো-অর্ডিনেশন থাকবে না। এই কো-অর্ডিনেশন ফিরিয়ে আনতে হবে। এই কো-অর্ডিনেশন যদি ফিরিয়ে আনতে না পারি, তা হলে কাজ করতে পারব না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যরা দেখেছেন গত এক বছরে আমরা কতটা কাজ করতে পেরেছি, আরও করতে পারতাম যদি কো-অর্ডিনেশন ভাল থাকত। কাজ যা হয়েছে জনসাধারণ তা বিচার করবেন, তবে আরও বেশি কাজ করার জন্য আরও কো-অর্ডিনেশন দরকার। আমি বিভিন্ন জেলায় গিয়ে দেখেছি কোন্ অফিসার কোথায় আছে সেটা সকলে জানে না। কোথায় কোন্ অফিসারকে পাওয়া যাবে, তিনি জেলার ভেতরে আছেন, না, বাইরে আছেন সেটা জানার জন্য কোন কো-অর্ডিনেটেড সিস্টেম নেই। অবশ্য আগে থেকে যদি জানিয়ে দিই যে, আমি আসছি, তবে তো তাঁরা সবাই সেখানে থাকবেন। কিন্তু কোন সংবাদ না দিয়ে সেখানে গিয়ে যদি জানতে চান যে, অমুক অফিসার কোথায়, কি প্রিন্সিপ্যাল এগ্রিকালচার অফিসার কোথায়, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট সেটা জানেন না, কেউ সেটা জানেন না। কোন কো-অর্ডিনেটেড সিস্টেম নেই যার থেকে জানা যাবে যে, অমুক অফিসার এখন কোথায় আছে। কারণ, আমাদের সারপ্রাইজ ভিজিট অনেক দিতে হবে। সেজন্য আমরা চাই কোন অফিসার কোথায় আছেন এই বিষয়ে একটা ব্যবস্থা করা দরকার। চতুর্থতঃ সমস্ত ডিস্ট্রিক্ট অ্যাডমিনিস্ট্রেশনটাকে পুরানো ল অ্যান্ড অর্ডার ওরিয়েন্টেড অ্যাডমিনিস্ট্রেশন হিসাবে না করে, ল অ্যান্ড অর্ডার নিশ্চয়ই করতে হবে, আইন-শৃঙ্খলা নিশ্চয়ই রাখতে হবে, কিন্তু ডিস্ট্রিক্ট অ্যাডমিনিস্ট্রেশনকে ডেভেলপমেন্ট ওরিয়েন্টেড করতে হবে। আজকে আমাদের এই ব্যাপারে আলোচনা হয়েছে, কিন্তু এটা এত গুরুত্বপূর্ণ ব্যাপার যে, এটা সকলের পরামর্শ নিয়ে আমরা করতে চাই। তাই প্রস্তাব করেছি, সংসদীয় সংক্রান্ত যিনি মন্ত্রী আছেন শ্রীজ্ঞানসিং সোহনপালের সঙ্গে আলোচনা করে বিজনেস অ্যাডভাইসরি কমিটির সঙ্গে আলোচনা ক'রে মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি যদি একটা শনিবার দেন ১টা থেকে ৮টা পর্যন্ত, তা হলে আমি সেই প্রস্তাব ছাপিয়ে প্রত্যেক সদস্যের কাছে রাখব যাতে এই বিষয়ে তাঁদের মতামত কি সেটা জানতে পারি। কারণ, এটা এমন একটা জিনিস যার জন্য সকলের পরামর্শ নিতে হবে। সরকারের যাঁরা টেকনিক্যাল অফিসার আছেন, ইঞ্জিনীয়ার আছেন, তাঁদের সঙ্গে পরামর্শ ক'রে অনেকের সঙ্গে পরামর্শ ক'রে সমস্ত স্তরের মানুষের সঙ্গে পরামর্শ ক'রে এই বিষয়ে অন্তত যদি একটা পাকাপাকি ব্যবস্থা নিতে পারি, তা হ'লে সত্য সত্যই দেশের উন্নতি সাধন করতে পারব, না হলে মামুলি চালে কাজ হয়ত অনেক করা যেতে পারে, কিন্তু তার থেকে বেশি কাজ জনসাধারণকে সঙ্গে নিয়ে আমরা করতে পারব। যেমন ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটি, আমরা মনে করি ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটির আরও বেশি দায়িত্ব থাকা দরকার। রাজ্যপাল মহাশয় আজকে আমাদের এই উপদেশ দিয়েছেন এবং আমরা সকলেই সেই বিষয়ে একমত হয়েছি যে, ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটি এবং ডিস্ট্রিক্ট অ্যাডমিনিস্ট্রেশন এমনভাবে হওয়া উচিত যাতে সমস্ত জিনিস ডেভেলপমেন্ট ওরিয়েন্টেড হয়, সকলেই যেন জানতে পারে কোথায় কি হবে, কখন কি হবে এবং সেখানে জনসাধারণকে নিয়ে এগিয়ে যেতে পারব। আজকে শুধু রাজনৈতিক স্থিরতা নয়, অর্থনৈতিক স্থিরতার সুযোগ আমাদের নিতে হবে। যদি ইররেসপন্সিবলভাবে কাজ করি, তা হ'লে নিশ্চয়ই ভবিষ্যত আমাদের ক্ষমা করবে না। তাই এই দায়িত্ব কেবল আমার একার নয়, মন্ত্রিসভার সদস্যদের একার নয়, এই দায়িত্ব প্রত্যেকটি মাননীয় সদস্যের। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে আমার এই আবেদন হবে একটা শনিবার ১টা থেকে ৮টা পর্যন্ত আমাদের দিন যেদিন কোন কোয়েশ্চেন, মেনশন, ডিসকাশন থাকবে না, এই প্রস্তাবটা ছাপিয়ে প্রত্যেক এম এল এ-র কাছে দিয়ে আলোচনার মাধ্যমে তাঁদের প্রত্যেকের মতামত জানতে পারি এবং তারপর স্থির করতে পারব, কিভাবে এই বিষয়টা করা যাবে।

তারপর আমি বলতে চাই, সুন্দরবন জেলা একটা আলাদা তৈরি করা হবে। তবে এই জেলার টেরিটোরিয়াল জোন কি হবে তার জন্য একটা ছোট কমিটি নিযুক্ত করা হচ্ছে। সেই কমিটিতে কে কে থাকবেন সেটা পরে জানাব—সেটা এখনও ঠিক করি নি। সুন্দরবন এলাকার এবং ২৪-পরগনার যেসমস্ত এম এল এ ভাইরা আছেন তাঁদের সঙ্গে আলাপ-আলোচনা করব। সুন্দরবন ডিস্ট্রিক্টটা সম্পূর্ণ নূতন ডিস্ট্রিক্ট হবে এবং এই সর্বপ্রথম অনুন্নত মানুষের পাশে গিয়ে আমরা দাঁড়িয়েছি। প্রকৃতপক্ষে সুন্দরবনকে সুন্দর করবার একটা প্রচেষ্টা চলেছে। আমাদের প্রধানমন্ত্রী একবার হিন্দীতে বলেছিলেন, "সুন্দরবনকে আরও সুন্দর করতে হবে"। তাঁর এই কথাটা আমার ভাল লেগেছিল। সেই জিনিস করবার জন্য আমরা সিদ্ধান্ত নিয়েছি যে, সুন্দরবন ব'লে একটা নূতন জেলা পশ্চিম বাংলায় হবে।

আমার সরকারী কর্মচারী ভাইদের কাছে দু-একটা কথা বলার আছে এবং আমি আশা করি আমার এই বক্তব্য তাঁদের কাছে গিয়ে পেঁাছাবে। প্রথমতঃ আমাদের সৎ হতে হবে, দুর্নীতির মূল উচ্ছেদ করতে হবে এবং দুর্নীতির বিরুদ্ধে আপসহীন সংগ্রাম চালাতে হবে। আমি তাঁদের বলব, তাঁরা নিশ্চয়ই এই সরকারকে দেখেছেন। আমি জানি না, এই জিনিস এর প্রথমে হয়েছিল কিনা—হয়ত হয়েছে কিন্তু আমি জানি না—তবে আমি কখনও শুনি নি যে, সরকার আই পি এস অফিসারদের বিরুদ্ধে খালি ডিসিপ্লিন্যারি প্রসিডিংস নেয় নি, তাঁদের গ্রেপ্তার ক'রে জেলে রেখে বেইল অপোজ করেছে এবং হাজতে রেখেছে। এস পি র‍্যাঙ্কের লোকের বিরুদ্ধে, আই এ এস র‍্যাঙ্কের অফিসারের বিরুদ্ধে এবং কমিশনার র‍্যাঙ্কের লোকের বিরুদ্ধে আমরা ব্যবস্থা গ্রহণ করেছি। আমরা খুব শক্ত হাতে এই নিয়ে ব্যবস্থা গ্রহণ করতে যাচ্ছি। আমাদের জাতীয় জীবনের চতুর্দিকে এত দুর্নীতি ঢুকেছে যে, হিমালয় পর্বত সমান সমস্যা হয়ে দাঁড়িয়েছে। এই সমস্যার বিরুদ্ধে আমাদের সকলকে এক হয়ে লড়তে হবে এবং দলমত নির্বিশেষে এই দুর্নীতির বিরুদ্ধে জেহাদ ঘোষণা ক'রে দুর্নীতি উচ্ছেদ করবার জন্য আমাদের প্রাণপণ চেষ্টা করতে হবে। আপনারা কালকে যদি আমাদের কৃষিমন্ত্রীর ভাষণ শুনে থাকেন, তা হলে একটা কথা শুনেছেন। আমি অবশ্য এই প্রসঙ্গে দুর্নীতির কথা বলছি না। দুর্নীতি হচ্ছে একটা জিনিস এবং আর একটা হচ্ছে সরকারী অর্থের অপচয় করা যেটা অত্যন্ত খারাপ। কালকে কৃষিমন্ত্রীর ভাষণে শুনেছেন তিনি নিজে গিয়ে কন্ট্রাক্টরের সঙ্গে কথা ব'লে দর কমিয়ে দিলেন এবং কন্ট্রাক্টররা তাতে রাজী হলেন। তা হলে দেখা যাচ্ছে, এত বছর ধরে কন্ট্রাক্টররা যা খুশি দাম নিয়েছিল এবং অফিসাররা তাতে হ্যাঁ করেছিলেন। কিন্তু এবারে আমাদের কৃষিমন্ত্রী নিজে গিয়ে দর কমিয়েছেন এবং তাতে তাঁরা আপত্তি করেন নি এবং এই-ভাবে ১ কোটি কয়েক লক্ষ টাকা কৃষি খাতে তিনি বাঁচাতে পেরেছেন এবং সেই টাকা দিয়ে তিনি আরও পাম্পসেট, পাইপ প্রভৃতি নূতন ক্রয় করার ব্যবস্থা করলেন। এরকমভাবে সব জায়গায় খরচের ব্যাপারে আমাদের চোখ রাখতে হবে এবং সরকারের অর্থের অপচয় বন্ধ করতে হবে। একদিকে দুর্নীতির বিরুদ্ধে সংগ্রাম এবং অন্যদিকে অপচয় বন্ধ এটাই শ্লোগান হওয়া উচিত।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, দ্বিতীয়তঃ আমাদের সরকারী কর্মচারী ভাইবোনদের গরিবদের রক্ষা করতে হবে। যাদের কথা শোনবার কেউ নেই তাদের কথা আপনাদের শুনতে হবে। যেসমস্ত অসহায় মানুষদের সাহায্য করবার, সমর্থন করবার কেউ নেই, দরিদ্র মানুষ যারা রয়েছে, আদিবাসী এবং হরিজন ভাই যারা রয়েছে তাদের পাশে গিয়ে আপনাদের দাঁড়াতে হবে। সত্যিকারের সার্থক প্রশাসন প্রবর্তন এবং সমাজব্যবস্থার পরিবর্তন এটাই আমাদের উদ্দেশ্য। এই পরিবর্তনসাধনের জন্য আমাদের সমস্ত কর্মচারীদের মানসিকতা এই পরিবর্তনের দিক থেকে প্রয়োজন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সরকারী কর্মচারী তিনি যেই হোন না কেন ধর্মনিরপেক্ষতা তাঁর জীবনের অঙ্গ হিসেবে গ্রহণ করতে হবে। আমাদের সরকারের মতে হিন্দু এবং মুসলমানের মধ্যে কোন তফাত নেই, থাকবে না এবং এটা আমরা দেখাতে চাই, আমাদের প্রশাসনের সর্বস্তরে। কিন্তু দুঃখের বিষয়, এখনও আমি সপ্তাহে দু-একটা ফাইলে এমন কোন সিদ্ধান্ত মানছি না, কারণ এটা কম্যুনাল সিদ্ধান্ত। কেন মুখ্যমন্ত্রী এটা করবে?

কর্মচারীদের বোঝা উচিত, ধর্মনিরপেক্ষতা আমরা গ্রহণ করেছি এবং সেটা অনুসরণ ক'রে আমরা চলব। কাজেই ধর্মনিরপেক্ষতা তাঁদের জীবনের অঙ্গ হিসেবে মানতে হবে এটা আমার কথা।

[3-20—3-30 p.m.]

চতুর্থ কথা এবং আমি এই বিষয়ে পরিষ্কার ব'লে দিতে চাই সেটা হ'ল এই, এই সরকারের আড়াই লক্ষ কর্মচারী ভাই-বোনদের ন্যায়সঙ্গত দাবিদাওয়া সহানুভূতি সহকারে আমরা নিশ্চয়ই বিবেচনা করব, কিন্তু সরকারী কর্মচারীদের কোন রাজনৈতিক ক্রিয়াকলাপ এই সরকার কিছুতেই বরদাস্ত করবে না। যদি কোন সরকারী কর্মচারী কোন রাজনৈতিক দলের মতাদর্শ প্রচার করতে চান, তা হলে আমি বলব যে, ভারতের সংবিধান অনুযায়ী তিনি সর্বতোভাবে তা করতে পারেন, কিন্তু সেক্ষেত্রে তাঁকে দয়া করে সরকারের চাকুরি ছেড়ে দিতে হবে। সরকারের চাকুরি করব এবং সঙ্গে সঙ্গে বিশেষ কোন দলের রাজনৈতিক উদ্দেশ্য চরিতার্থ করবার জন্য সরকারের ক্ষতিসাধন করব, সরকারের অনিষ্ঠ করব, সরকারকে হেয় প্রতিপন্ন করব, এটা হতে পারে না। বহুবিধ উন্নয়ন করতে হবে, আমাদের নানাবিধ সমস্যার সমাধান করতে হবে, আমরা অনেক ভুল, অন্যায় করেছি, অন্যায় শুধরে নেবার চেষ্টা করেছি, আন্তরিকভাবে কিছু কাজ করবার চেষ্টা করেছি, আমি এক মুহূর্তের জন্য বলতে চাই না, মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে আমাদের প্রশাসন এমনভাবে চলছে যে সেটা একটা আইডিয়াল প্রশাসন বা আমরা আইডিয়াল সরকার—মোটেই তা বলছি না, আমরা ভুল করেছি, আমরা অন্যায় করেছি কিছু হয়ত, কিন্তু তা শুধরাবার চেষ্টা করেছি এবং আমরা এটাও বলছি না যে, আমরা একটা অসাধারণ বা অসামান্য সরকার, আমি কিছুই বলছি না। অত্যন্ত সাধারণ সরকার এবং সাধারণ সরকার আন্তরিকভাবে চেষ্টা করছে এই রাজ্যের নানাবিধ সমস্যার সমাধান করবার জন্য। এই রাজ্যে ব্যাপক আকারে যে দারিদ্র্য বিরাজ করছে, জনগণের প্রায় শতকরা ৭০ জন লোক দারিদ্র্য-সীমার নিচে রয়েছে—পশ্চিমবঙ্গের একটা বড় অংশ একেবারে অনুন্নত অবস্থায় আছে। এখনও এমন সব জায়গা আছে মাননীয় অধ্যক্ষ মহাশয়, যেখানে গ্রীষ্মকালে পানীয় জল পাওয়া দুষ্কর এবং এখনও অনেক জায়গা আছে যেখানে বছরে একটিমাত্র ফসল হয় এবং এমন জায়গা আছে যেখানে আদৌ কোন উন্নয়নমূলক কাজ হয় নি। সেই সমস্ত এলাকার প্রতি দৃষ্টি দিতে হবে, এর জন্য দরকার প্রচুর অর্থ। আমরা চাই, এই সব অঞ্চলে জনগণের দুঃখদুর্দশা তাঁদের চরম দারিদ্র্য এগুলি দূর করতে এবং এগুলি কিছুতেই আমরা উপেক্ষা করতে পারি না। এগুলিকে অগ্রাধিকার দিতে হবে। তাই আমদের সামনে এই প্রশ্ন যে, আমরা কি তাদের আরও বেশি দেব যারা কিছু পেয়েছে, না আমরা তাদের কিছু দেব যারা কিছুই পাচ্ছে না। আমরা কি যাদের কিছু সুযোগসুবিধা আছে তাদের আরও আর্থিক সুখসুবিধা দেব, না যেসমস্ত অঞ্চল সম্পূর্ণ দারিদ্র্য কবলিত এবং অনগ্রসর, যারা জীবন যাপনের মৌল প্রয়োজনীয়তা থেকে বঞ্চিত সেই সমস্ত অঞ্চলের উন্নয়নের জন্য খরচ করব। আমদের এই প্রশ্নের উত্তর দিতে হবে। আমরা নিশ্চয়ই এমন কথা বলছি না যে, সরকারী কর্মচারীদের ভাইবোনদের প্রয়োজনের চেয়ে বেশি পান মোটেই না, তাঁরা যথেষ্ট পান না, তাঁদের অনেক অসুবিধা আছে একশোবার স্বীকার করি, কিন্তু এই ক্ষেত্রে সেটা প্রশ্ন নয়, প্রশ্ন যেটা সেটা হচ্ছে আমদের যা আছে অফুরন্ত তো নেই, সীমিত ভাণ্ডার যা আমাদের আছে তা অধিকতর যুক্তিসঙ্গতভাবে এবং সমতা এবং ন্যায়-নীতির ভিত্তিতে বণ্টন করব। পশ্চিমবঙ্গের একটা বৃহৎ পরিবার এবং এই পরিবারের যত বেশিসংখ্যক লোকের মধ্যে আমাদের যা কিছু সম্পদ ও সম্বল আছে তা ভাগ ক'রে দেওয়া, এটাই হচ্ছে আমাদের বিবেচ্য বিষয়।

আমি আশা করি সরকারী কাজে নিযুক্ত আমাদের ভাইবোনেরা, বন্ধুগণ ও সাথীগণ আমাকে ও আমাদের সরকারকে ভুল বুঝবেন না। বস্তুতঃ আমি নিশ্চিত, সরকারী কর্মচারীদের একটা বৃহৎ অংশ, আমরা যে প্রবল বাধাবিপত্তির সম্মুখীন হয়েছি, তা উপলব্ধি করেন। আমি জানি সরকারী কর্মচারীদের অনেক সমস্যা আছে, আমি জানি সরকারী কর্মচারীদের অনেক আর্থিক অনটন আছে, অনেক অসুবিধার মধ্যে তাঁদের কাজ করতে

হয়, তাঁদের প্রতি আমাদের সহানুভূতি আছে, তাঁদের দুঃখ-কষ্টের কথা আমরা ভুলে যেতে পারি না, প্রতিকারের চেষ্টা আমাদের করতেই হবে। কিন্তু আমি একথাও বলতে চাই, এখনই বা নিকট ভবিষ্যতে সরকারী কর্মচারীদের দুঃখকষ্ট যদি দূর করতে না পারি পুরোপুরিভাবে, তা হলে তাঁরা যেন এটা মনে রাখেন যে, এটা আমাদের কোনরকম অনিচ্ছার জন্য নয়, আমাদের আর্থিক সঙ্গতির দারুণ অভাবের জন্যই আমরা তা করতে পারি নি। আমাদের আর্থিক সঙ্গতি খুব সীমাবদ্ধ। এই আর্থিক সঙ্গতির দ্বারা সরকারী কর্মচারীদের ন্যায়সঙ্গত দাবিদাওয়ার ব্যাপার সহানুভূতির সঙ্গে বিবেচনা ক'রে দেখবার চেষ্টা করব। বলতে গেলে, মন্ত্রী হ'লেও, এক হিসাবে আমরাও সরকারী কর্মচারী, আমাদের সকলকেই ভাইয়ের মত এক হয়ে কাজ করতে হবে। জনসাধারণের উন্নতির জন্য কাঁধে কাঁধ মিলিয়ে অনেক কিছু করতে হবে।

আমি আগেই বলেছি, আমাদের আদর্শ প্রশাসন নয়, দীর্ঘদিনের অবহেলায়, জনশক্তির দৈন্য এবং আত্মসন্তুষ্টির মনোভাবের ফলে আমাদের প্রশাসনে মরচে ধ'রে গিয়েছে। আমরা সত্যই কিছু করতে চাই। আমাদের মরচে-ধরা প্রশাসনিক কাঠামোকে আরও আধুনিকীকরণ, আরও উন্নয়নমুখী, জনস্বার্থমুখী এবং বেশি সক্রিয় ক'রে তুলতে হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিম বাংলায় এখন একটা কর্মযজ্ঞ শুরু হয়েছে, এই কর্মযজ্ঞকে সার্থক করার জন্য, আমি সকলের আশীর্বাদ, সকলের সাহায্য, সকলের সমর্থন এবং সকলের সহযোগিতা কামনা করি। আমরা আমাদের প্রশাসনকে সুবিন্যাস করতে পারব এবং বর্তমানে যে গুরু দায়িত্ব আমাদের উপর অর্পিত হয়েছে, সে দায়িত্ব বহন করবার মত আমাদের প্রশাসনকে যোগ্য করে তুলব। এই আশা নিয়ে সভার কাছে এই ব্যয়বরাদ্দ পেশ করছি মাননীয় সদস্যদের অনুমোদনের জন্য।

Mr. Speaker: All the cut motions are in order and are taken as moved.

Shri Timir Baran Bhaduri: That the amount of the demand be reduced to Re. 1.

Shri Pradyot Kumar Mahanti: That the amount of the demand be reduced to Re. 1.

Shri Timir Baran Bhaduri: That the amount of the demand be reduced by Rs. 100.

শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রান্ট নম্বর ১২-র ব্যয়বরাদ্দ হিসাবে যে ফিরিস্তি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আমাদের সামনে রেখেছেন, সেই ব্যয়বরাদ্দের ফিরিস্তিকে আমি সর্বপ্রথমে ধিক্কার দিচ্ছি। এই কারণে দিচ্ছি যে, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে ৯ কোটি টাকার হিসাব রাখলেন, সেই ৯ কোটির হিসাব দেখলে দেখা যাবে, তা আমলা পোষণের পিছনেই খরচ হবে। আমাদের পশ্চিমবঙ্গের আমলাদের সর্বশ্রেষ্ঠ আমলা যিনি, তিনি হলেন রাজ্যপাল। দেখা যায়, সেই রাজ্যপালের পিছনেই সব থেকে বেশি টাকা খরচ হয়। আমি দেখছি যে, আমলাদের পেছনে কি ধরনের খরচ হচ্ছে। অথচ দীর্ঘদিন ধরে আমাদের পশ্চিম বাংলায় যেসমস্ত নিম্ন বেতনভুক কর্মচারী আছেন, তাঁরা যখন তাঁদের দাবিদাওয়ার কথা বলতে যান, তখন তাঁদের বলা হয়—একটা কথা আছে, "কি দেবার কি নাই, কিল মারবার গোঁসাই।"

[3-30—4-00 p.m.]

স্যার, বাংলাদেশে একটা কথা প্রচলিত আছে যে, "একটা কি দেবার ক্ষমতা নাই, কিল মারবার গোঁসাই।" মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দীর্ঘদিন ধরে দেখে আসছি, দেশ স্বাধীন হবার পর থেকে পশ্চিম বাংলার মাথার উপর একজন রাজ্যপাল বসে আছেন—নৈবেদ্যের উপর মণ্ডার মত। তাঁর মাইনে প্রতি মাসে হাজার হাজার টাকা এবং তাঁর সেই হাজার হাজার টাকা মাইনের

সঙ্গে আছে তাঁর অসংখ্য পাইক বরকন্দাজ কর্মচারীর দল। তাঁর আমোদ-আহ্লাদের জন্যও খরচ হয় হাজার হাজার টাকা। কর্থায় আছে এই রাজ্যপাল এমন একটা পোস্ট, তার দ্বারা কোন কাজ আমরা পাই না। কি পাই? তিনি মিটিং-এ গেলেন, একটু হাসলেন, গাইলেন, নাচলেন, লাল ফিতা কেটে দিয়ে এলেন। এই হচ্ছে তাঁর কাজ—নাচা, কোন্দা, হাসা, গাওয়া। আর একটা ভূমিকা তাঁর আছে—সে হচ্ছে রাতের অন্ধকারে চুপিসারে মানুষের গণতান্ত্রিক অধিকার যেটা আছে, তাকে নস্যাৎ ভূমিকা এই রাজ্যপালকে পালন করতে আমরা দেখেছি।

(ভয়েসেস: রাজ্যপালকে নিয়ে উনি আলোচনা করতে পারেন না।)

Mr. Speaker: I would request the honourable Members to allow Shri Bhaduri to give uninterrupted speech. Only two or three opposition speakers are here. You must have patience to give them a good hearing. Please take your seat.

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখেছি, আপনিও তা বিশেষ ক'রে জানেন, বাংলাদেশে ১৯৬৭ সালে যে সরকার প্রতিষ্ঠিত হয়েছিল আমাদের এই পশ্চিমবাংলার জনসাধারণের সহানুভূতি নিয়ে এবং এখন যিনি আমাদের ঐ বিরোধী পক্ষে বসে আছেন আমাদের শ্রদ্ধেয় অজয়দা তিনি যখন মুখ্যমন্ত্রী ছিলেন, সেই সময়ে তাঁর সরকারকে রাতের অন্ধকারে রাজ্যপাল কিভাবে নস্যাৎ করে দিয়েছেন। এই রাজ্যপাল থাকেন কেন্দ্রীয় সরকারের এজেন্ট হিসেবে, দিল্লী গভর্নমেন্টের তল্পীবাহক হিসেবে। এখানে দেখেছি ১৯৬৭ সালে রাতের অন্ধকারে রাজ্যপাল ধরমবীর কী ধরনের কারসাজি ক'রে কি ধরনের কারচুপি ও ষড়যন্ত্র ক'রে আমাদের সেই জনদরদী সরকারকে নস্যাৎ ক'রে দিয়েছেন। এই রাজ্যপাল যাঁরা আছেন, আপনি মাননীয় অধ্যক্ষ মহাশয় জানেন, আমার চেয়ে আপনি অভিজ্ঞ আপনিও সেই সময় ছিলেন কেন্দ্র তাঁদের কীভাবে ব্যবহার করেন। রাজ্যপাল জানেন, কেন্দ্রের কথা না শুনে তাঁর উপায় নাই সিদ্ধার্থবাবুদের কথা না শুনলেও কিছু যায় আসে না। কিন্তু ইন্দিরা গান্ধীর সরকার যা বলবে তাই তাঁকে মেনে নিতে হবে। সেদিন আমরা উড়িষ্যায় কি দেখলাম। বিরোধী পক্ষ বামপন্থী দল সংখ্যাগরিষ্ঠতা অর্জন করা সত্ত্বেও তাঁদের সরকার গঠনের জন্য আহ্বান জানান হ'ল না। কেন? না উড়িষ্যার রাজ্যপাল জানেন কেন্দ্রের সঙ্গে তাঁর মাথার টিকি বাঁধা আছে ওখান থেকে টিপ টিপ ক'রে যা বলবে তাই তাঁকে করতে হবে। আমাদের ১৯৬৯ সালে ধরমবীরের পরে শান্তিস্বরূপ ধাওয়ান সাহেব এলেন আমাদের রাজ্যপাল হয়ে। তিনি বিচক্ষণ লোক ছিলেন। তিনি কিছু কিছু কেন্দ্রের কথা শুনতেন না। যেহেতু শুনতেন না সেইহেতু কেন্দ্রীয় গভর্নমেন্ট বাধ্য হয়ে তাঁকে [illegible] সরিয়ে নিয়ে গেলেন। বর্তমানে আমাদের যিনি রাজ্যপাল আছেন তিনি একজন এ ক্লাস ব্যুরোক্র্যাট এ এল ডায়াস—তাঁকে পশ্চিমবাংলার মাথার উপর চাপিয়ে দেওয়া হ'ল রাজ্যপাল হিসেবে।

Mr. Speaker: Mr. Bhaduri, may I request you not to dwell upon a personal criticism of the Governor because he is the Head of the State and you know unless there is a motion for discussing the conduct of the Governor, it should not be discussed on the floor of the House.

I draw your attention to Rule 328 sub-rule (v). It says,

> "A Member while speaking shall not reflect upon the conduct of any person whose conduct can only be discussed on a substantive motion drawn up in proper terms under the Constitution;".

If there is no motion drawn up in proper terms under the Constitution when you are debarred from reflecting upon the conduct of the Governor or Rastrapathi while making a speech. So I request you not to dwell upon

the personality of the Governor or of the Head of the State because there is no substantive motion before the House for making any discussion on the conduct of the Governor.

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে প্রশাসন এটা একটা মাথাভারি প্রশাসন। একটা সুস্থ জাতি গ'ড়ে উঠে তার প্রশাসনের কায়দা থেকে এবং এর থেকেই জাতির চেহারা ফুটে ওঠে। এই সরকারের মাথাভারি প্রশাসন। এই মাথাভারি প্রশাসনের এই যে ব্যয়বরাদ্দ তার বেশির ভাগ টাকা তাদের পিছনে খরচ হবে যারা বড় বড় আমলা। আমরা দেখতে পাচ্ছি রাইটার্স বিল্ডিংস-এ কিছু কিছু কমিশনার পোস্ট রাখা হয়েছে। কমিশনার পোস্ট আমরা দেখতে পাই, এডুকেসান কমিশনার, লেবার কমিশনার ইত্যাদি ইত্যাদি অনেক। তারা একদিকে সেক্রেটারী হিসাবে মাইনে পান এবং সরকারের কাছ থেকে টাকা নিচ্ছেন, আবার অপর দিকে কমিশনার হিসাবে প্রচুর টাকা নিয়ে নিচ্ছেন। কমিশনারের প্রমোশন হওয়ার সময় কোন রকম নীতি নির্ধারণ ক'রে হয না। যে সেক্রেটারী হিসাবে সরকারকে তোষণ করবেন, তিনি জুনিয়ার হন বা সিনিয়ার হন কমিশনার হিসাবে প্রমোশন পাবেন। আর অপরদিকে আমাদের গরিব মধ্যবিত্ত শ্রেণীর ঘর থেকে আসা কর্মচারী তারা যখন বেতন বাড়াবার কথা বলেন, বোনাসের কথা বলেন, তখন বলেন, টাকা আমাদের ঠিকমত না থাকার জন্য দিতে পারছি না। এদের বেলায় বেতন দেওয়া হয না। আবার দেখা যায় মাথাভারি প্রশাসনের জন্য সাধারণ মানুষের রক্ত জলকরা টাকা তাদের পিছনে খরচ হয়। অপরদিকে কি দেখি পাবলিক সার্ভিস কমিশনের কথা বলেন এই সরকার। কিন্ত এই সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে যদি হিসাব করা যায়, তা হ'লে দেখা যাবে, পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে লোক নিযুক্ত করা হয় নি। মন্ত্রী বা এম এল এ বাবুদের পেয়ারের লোকদের নিযুক্ত করা হয়। এই পাবলিক সার্ভিস কমিশন তা হ'লে রাখার কি প্রয়োজন আছে? তাঁরা বলেন সমস্ত কিছু পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে নিয়ে আসছি। পশ্চিমবাংলায় যে সমস্ত সরকারী কর্মচারীকে নিযুক্ত করা হ'ল তাদের কোন এনকোয়ারী হ'ল না। আবার এঁরা বলেন গণতান্ত্রিক সরকার বলেন গণতান্ত্রিক সম্পূর্ণ অধিকার দিই। আপনি দেখুন পশ্চিমবঙ্গের গ্রামে বা শহরে যদি কোন রাজনৈতিক বাড়ির ছেলে হয় তারা যদি অন্য রাজনৈতিক দলের হয় তাদের অ্যাকাডেমিক কোয়ালিফিকেসান থাকা সত্তেও তারা নিযুক্ত হতে পারেন না। (একটি কণ্ঠ কংগ্রেস সদস্যদের মধ্য হইতে০ কোশ্চেন।) খালি তারাই নিযুক্ত হতে পারেন যারা ওদের সঙ্গে একটু হৈ হৈ করেন। যারা ইউনিভার্সিটির পাশ করা ছেলে যাদের যোগ্যতা আছে তারা যখন পাশ করেন তাদের বলা হয় তোমরা পাবে না। আমাদের সরকার হয়েছে আমরা যা করবো তাই মেনে নিতে হবে। এখানে যেসব এম এল এ আছেন তারা কিছু কাগজ রাইটার্স বিল্ডিংস থেকে নিয়ে যান আর গ্রামে গিয়ে বলেন বন্দে মাতরম বল আর আমার কথা বলো তোমার চাকরি করে দেবো। আমরা আশ্চর্য হয়ে যাই সেই সব ছেলে কি অন্যায় করলো যে ইউনিভার্সিটি থেকে সেকেন্ড ডিভিসান ফার্স্ট ডিভিসান পেয়ে বেরোলো, কিন্ত তারা চাকরি পাবে না। ওঁরা আবার গণতন্ত্রের কথা বলেন—আহা কি চমৎকার গণতন্ত্র। সেইজন্য এই প্রশাসন খাতের বাজেটকে সম্পূর্ণভাবে ধিক্কার জানাচ্ছি। ওঁরা যেসব কথা বলছেন তাতে অবাক হয়ে যেতে হয় এই পি ডবলিউ ডিপার্টমেন্টের একটা ফিরিস্তি দিলেই বুঝতে পারবেন। পি ডবলিউ ডিপার্টমেন্টে দেখা যাচ্ছে ৫০।৬০ ভাগ কর্মচারী যাঁরা সরকারী কাজে নিযুক্ত আছেন তাঁদের টেম্পোরারী বেসিসে ট্রিটেড করা হচ্ছে। তারা পার্মানেন্ট জব পাচ্ছে না—তাদের বোনাসও নেই কিছুই নেই। তাঁদের কাজের সম্পূর্ণ যোগ্যতা থাকা সত্তেও যখন তাঁরা মারা যাবেন আমি ভাবছি যে তাঁদের ছেলেমেয়েরা ও পরিবারবর্গ কি পাবে? ওঁরা বলছেন যে প্রশাসন ক্ষেত্রে গলদ দূর হবে। আমি আজকে মুখ্যমন্ত্রীকে অনুরোধ করি যে, তিনি একবার ভাল ক'রে ভাবুন ঐ পি ডবলিউ ডিপার্টমেন্টের কর্মচারীদের কথা। তারপর যাঁরা টাইপিস্ট বা যাঁরা কপিইস্ট আছেন তাঁরা সরকারী কর্মচারী হিসাবে ট্রিটেড হ'লেও তাঁদের বেতন ঐ সরকারী কর্মচারীদের হিসাবে দেওয়া হয় না। একটা ফলিও রেট আছে—সেই হিসাবে চার টাকা রেট করা আছে। তারা কোন গ্যারান্টি পায় না। ওঁরা বলছেন প্রশাসন ভাল করবেন। কিন্ত প্রশাসন ভাল করতে গেলে এইদিকে বিশেষভাবে মুখ্যমন্ত্রীর দৃষ্টি দেওয়া উচিত। হাজার হাজার ছেলে এই পশ্চিমবাংলায় আছে যারা রাইটার্স বিল্ডিংসে এই টাইপিস্ট ও কপিইস্টের

কাজ করেন, আমি বলবো, তাদের সরকারী কর্মচারী হিসাবে নিযুক্ত করুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রামবাংলার দিকে তাকালে দেখা যাবে যে ঐ তহশিলদার যারা রাজস্ব আদায় করে, যারা আমাদের হাতে রাজস্ব এনে দেয়, তাদের কথা মনে পড়ে। এই পশ্চিমবাংলার উন্নতিকল্পে যারা টাকা এনে দিচ্ছে তারা আজকে সরকারী কর্মচারী হিসাবে ট্রিটেড হয় না। ঐ ৪০।৫০ টাকা সেই ফিউড্যাল লর্ডের আমল থেকে তারা পেয়ে আসছে—হয়তো কিছু ছিটেফোঁটা বেড়েছে তারা গ্রাম থেকে গ্রামান্তরে গিয়ে মাইলের পর মাইল হেঁটে টাকা আদায় ক'রে এনে সরকারের হাতে দিচ্ছে, যে টাকার দেশের উন্নতি হচ্ছে, অথচ তারাই সরকারী কর্মচারী হিসাবে ট্রিটেড হয় না। এই বিষয়ে আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি—এই দিকে আপনি একটু নজর দিন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অদ্ভুত এই দেশ আর অদ্ভুত এই গণতন্ত্র। একটা সরকারী কর্মচারী ট্রেড ইউনিয়ন অধিকার পর্যন্ত পায় নি। তাদের যে দাবিদাওয়া, ন্যায্য পাওনা সেই ন্যায্য পাওনার দাবি যখন তারা করতে যাবে তখন তাদের বলা হবে, তোমরা অন্য রাজনৈতিক দলের ছেলে। এইভাবে ভারতীয় সংবিধানের ৩১০-এর 'ক' ও 'খ' ধারা দেখিয়ে ১৪ জন কর্মচারীকে এইভাবে ছাঁটাই ক'রে দেওয়া হয়েছে। ট্রেড ইউনিয়ন-এর যে অধিকার খাওয়া-পরার দাবি আনলে তাদের এই কথা বলা হয়। এই ক'রেই কি আপনারা সুস্থ প্রশাসন গ'ড়ে তুলবেন। তারপর তাদের উপর সার্ভিস কন্ডাক্ট রুল আছে—সেই ইংরাজ আমলে এই সার্ভিস কন্ডাক্ট রুল ক'রে তারা চেয়েছিল শাসন ও শোষণ চালাতে, পদদলিত ক'রে রাখতে, সেই রুলই আজও পশ্চিমবঙ্গে চালু আছে। আজ পর্যন্ত শুধু পশ্চিমবাংলায় নয়, সারা ভারতবর্ষের সাধারণ কর্মচারীদের উপর সেই সার্ভিস কন্ডাক্ট রুল চাপানো আছে। ইংরাজরা যেমন আমাদের দেশের ভার ঐ বড় লোকদের উপর দিয়ে চলে গিয়েছিল সেই রকম ভাবে তারা আজকে সেই ইংরাজেরই দালালি করছে। চতুর্থ শ্রেণীর কর্মচারী যারা নিযুক্ত আছে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি হিসাব ক'রে দেখবেন যে, এই কাজে যোগদানের পর যখন তারা রিটায়ার্ড হয় এমন কি মারা যায় তখনও তাঁরা পার্মানেন্ট হয় না। অনেক চতুর্থ শ্রেণীর কর্মচারী যোগ্যতা অর্জন করেছে তবুও তাদের প্রমোশন হয় নি। আর প্রমোশন হয় ঐ সেক্রেটারীদের। তারা প্রোমোশন পায় না, ইউ ডি-তে তাদের প্রোমোশন হয় না। যে সমস্ত চতুর্থ শ্রেণীর কর্মচারী আছে আজকে তারা অনেক যোগ্যতা অর্জন করেছে, ইউনিভার্সিটির অনেক ডিগ্রী অর্জন করেছে, আরো অনেক ডিগ্রী অর্জন করেছে, তাদের কিন্ত প্রোমোশন হয় না। আপনি হিসাব ক'রে দেখুন, আগে তারা যেভাবে ছিল ৩৭ বছর পরেও তারা ঠিক সেইভাবেই আছে, এটাই দেখতে পাবেন। আর ঐ আমলা যারা আছে তাদের কিন্তু প্রোমোশন খুব তাড়াতাড়ি হয়ে ৫/১০ বছরের মাথায় মাথায় কমিশনার হয়ে যাচ্ছেন। এদের প্রোমোশন কিন্ত খুব তাড়াতাড়ি হয়ে যাচ্ছে। কারণ তারা জানেন যে, সরকার পক্ষে যারা থাকবেন তাদের মাথায় একটু তেল দিয়ে দিলেই আমাদের প্রোমোশন হয়ে যাবে। তাই আমি মাননীয় মুখ্যমন্ত্রীর এদিকে দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছি যে প্রশাসনকে যদি সুস্থ সবল করতে হয়, প্রশাসনকে যদি ঠিক জায়গায় নিয়ে যেতে হয়, তা হ'লে আপনি এদিকেও একটু নজর রাখুন। তারা বলছেন যদি কেউ অসৎ ভাবে পয়সা রোজগার করে তা হ'লে তার নিশ্চয় শাস্তি হবে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে একটি কথা বলব যে, আমাদের রিক্রুটমেন্ট অফিসার, যিনি ছিলেন কনক লাহিড়ী, তাঁর এগেইনস্টে অনেক কিছু রিপোর্ট থাকা সত্বেও তাঁকে প্রোমোশন দিয়ে দিল্লী নিয়ে যাওয়া হ'ল। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি কিছুদিন আগে এই হাউসে বলেছিলাম যে ১৯৭১ সালে আমাদের মুর্শিদাবাদ জেলার এস পি সম্বন্ধে রেলওয়ে মেটিরিয়ালস চুরির ব্যাপার নিয়ে আমরা যেসমস্ত অভিযোগ সরকারকে জানিয়েছিলাম, এখানে সাত্তার সাহেব আছেন, তিনিও সেদিন আমাদের সঙ্গে গিয়ে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের কাছে ডেপুটেশন দিয়েছিলেন, কমিশনারের রিপোর্টও এখানে আছে, কিন্তু আজকে দেখা যাচ্ছে তিনি এখনও ব্যারাকপুরের পুলিশ বাহিনীর উচ্চ পদে অধিষ্ঠিত আছেন। কাগজে দেখলাম অর্ডিনারী পুলিশ ঠেলাওয়ালার কাছ থেকে ১ টাকা নিয়েছিল ব'লে তার যেমনভাবে বিধান করেছেন সুব্রতবাবু, তিনি পুলিশ দপ্তরের মন্ত্রী তাঁর কাছে আমার দাবি, তেমনি যদি সেই এস পি সম্বন্ধেও কোন স্টেপ না নেওয়া হয়, তা হ'লে আমরা কি বলব যে প্রশাসন সুস্থভাবে চলছে, তাহলে আমরা কি বলব প্রশাসনের অবস্থা ভাল এবং এই সরকার

াণতান্ত্রিক সরকার? কেন বলব? মাননীয় অধ্যক্ষ মহাশয়, এদিকে যেমন এই অবস্থা দেখা যাচ্ছে তেমনি আর একদিকে প্রায় পৌনে তিন লক্ষ সরকারী কর্মচারী সেই সমস্ত সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। সেই জন্য আমি এই ব্যয়বরাদ্দের তীব্র বিরোধিতা করছি এবং শুধু বিরোধিতাই করছি না, ধিক্কারও জানাচ্ছি এবং আমার মোসান মুভ ক'রে আমি বক্তব্য শেষ করছি।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী সিদ্ধার্থশঙ্কর রায় মহাশয় সাধারণ প্রশাসন খাতে ব্যয়বরাদ্দ মঞ্জুরীর জন্য যে বক্তব্য এই বিধানসভার সামনে রেখেছেন মনে কোন দ্বিধা, সংশয়, সংকোচ না রেখে তাকে আমি পূর্ণভাবে সমর্থন করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই ঐতিহাসিক বিধানসভায় দাঁড়িয়ে বিগত কয়েক বছর আগেকার কথা আমার মনে পড়ছে। ১৯৬৭ সাল থেকে আরম্ভ ক'রে ১৯৬৯ সাল পর্যন্ত যে ভয়াবহ বিভীষিকা, বিভৎস অরাজকতা এবং মানুষের যে অধিকার সেই অধিকারের পদ-দলন যেভাবে আমরা দেখেছি তা বোধ হয় পশ্চিমবঙ্গের মানুষ কোন দিন দেখেন নি। মাননীয় সদস্য তিমিরবাবু তারস্বরে চীৎকার ক'রে এই ব্যয়বরাদ্দকে ধিক্কার জানালেন। আমি কি তিমিরবাবুকে জিজ্ঞাসা করতে পারি, বর্ধমানের মাটিতে মায়ের সামনে ছেলেকে হত্যা ক'রে যখন সেই ছেলের রক্ত মায়ের মুখে ছিটিয়ে দেওয়া হ'ল, তখন সভ্যতার কণ্ঠস্বর কি বলেছিল? আমরা কি জিজ্ঞাসা করতে পারি, এথোরার নিরীহ প্রধানশিক্ষক মহাশয় তাকে যখন তার বয়স্থা কন্যা ও স্ত্রীর সামনে খুঁচিয়ে খুঁচিয়ে হত্যা করা হ'ল তখন সভ্যতার ইতিহাস কি বলেছিল? আমরা কি জিজ্ঞাসা করতে পারি, আসানসোলের কয়লাখনি অঞ্চলে যেদিন ৩৬ জন শ্রমিককে জ্যান্ত কবর দেওয়া হ'ল, তখন যুক্তফ্রন্ট সরকার সমাসীন, সভ্যতা সেদিন কি বাণী উচ্চারণ করেছিল? সেদিন ঐ যুক্তফ্রন্ট সরকারের দিকে তাকিয়ে কে কথা বলেছিল এবং তাদের শরিকদের দিকে তাকিয়ে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, ধৃষ্টতার একটা সীমা থাকা দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মিথ্যা ভাষণের একটা সীমা থাকা দরকার এবং এই সীমাহীন মিথ্যা ভাষণে জোর ক'রে আর এস পি-র বন্ধু চীৎকার ক'রে বলছেন ধিক্কার জানাই।

কারা ধিক্কার জানাচ্ছেন? ধিক্কার জানাচ্ছেন পশ্চিমবঙ্গের মানুষ। মাঠে, ঘাটে শান্তিশৃংখলা বিঘ্নিত করা হয়েছিল, ১৯৬৭ সাল থেকে ১৯৬৯ সাল পর্যন্ত। হাইকোর্টে হামলা করা হয়েছিল, কলকাতার ময়দানে দাঁড়িয়ে যুক্তফ্রন্টের মন্ত্রী বলেছিলেন বর্ধমানের সাঁইবাড়িতে যারা হত্যাকাণ্ড করেছে তাদের আমরা শাবাশ জানাই, অভিনন্দন জানাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ধিক্কারের কালি সেদিনের যুক্তফ্রন্টের শাসনকর্তা, তাদের যে লেজুড় ঐ আর এস পি তাদের গায়ে লেগেছিল একথা আজকে পরিষ্কারভাবে বলছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের যিনি মুখ্যমন্ত্রী তিনি এই বিধানসভায় দাঁড়িয়ে অকপটে সমস্ত কিছু স্বীকার ক'রে তাঁর বক্তব্য রেখেছেন। গত এক বছরের মধ্যে যে অগ্রগতির স্পন্দন আমরা অনুভব করতে পারছি, গ্রামে, গঞ্জে, শহরে সর্বত্র যে কর্ম উন্মাদনার সৃষ্টি হয়েছে তার মধ্যে হয়ত কিছু ভুলত্রুটি আছে, আমাদের নেতা স্বীকার করেছেন পরিষ্কার ভাষায়, কিন্তু কিছুই হয় নি, কোন কিছু হচ্ছে না, ধিক্কার জানাতে হবে এমন কোন কাজ তো হয় নি মাননীয় অধ্যক্ষ মহাশয়। আমরা জানি, সমাজে এক শ্রেণীর জীব আছেন, মানুষ নামক জীব যারা ন্যায়, সত্য দেখতে পায় না, আলোর স্পর্শ দেখতে পায় না। তারা রাত্রির পেচকের মত নিজেদের প্রকোষ্ঠে আবদ্ধ থাকুন আমরা আপত্তি করছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্ষুধিত পাষাণের সেই পাগলা মেহের আলি যে কোনদিন কোন সত্য দেখতে পায় নি, যে সব সময় বলত, এ ঝুটা হ্যায় এ বিলকুল ঝুট— সেই রকম আজকে আর এস পি-র বন্ধুরা তাঁরা সি পি এম-এর ব'কলমে এই বিধানসভায় এসে তাদের ট্রেনিং নিয়ে এখানে দাঁড়িয়ে বলছেন, সব ঝুট হ্যায়, বিলকুল ঝুট। কিন্তু পশ্চিমবঙ্গের মানুষ কি বলছেন? পশ্চিমবঙ্গের মানুষ আজকে কাদের সঙ্গে আছেন? স্যার, ১৯৬৭ ও ১৯৬৯ সালে পশ্চিমবঙ্গের মানুষ কংগ্রেসকে প্রত্যাখ্যান ক'রে ঐ সি পি এম ও তাদের 'জিগরী দোস্ত' আর এস পি প্রভৃতিকে শাসন ক্ষমতা দিয়েছিলেন। তাঁরা চেয়েছিলেন, একটা পরিবর্তন, শাসনের মধ্যে নতুন স্পন্দন। তাঁরা চেয়েছিলেন, মেহনতী মানুষের ঐক্য, তাঁরা চেয়েছিলেন কৃষকদের স্বার্থ রক্ষার জন্য সরকার সংগ্রাম করবে—এইসব ইচ্ছা নিয়েই তাঁরা দু'-দু'বার ও'দের সরকার গড়তে দিয়েছিলেন। তারপর মাননীয় অধ্যক্ষ মহাশয়, কংগ্রেস যখন নতুন ভাবে

পরিবর্তিত হয়ে এল, তখন সমস্ত পশ্চিমবঙ্গের মানুষ হিমালয় থেকে বঙ্গোপসাগর পর্যন্ত প্লাবিত হয়ে গেল কংগ্রেসের সমর্থনে। এমন জয়, এমন বিজয়তিলক পশ্চিমবঙ্গের মানুষ কোনদিন কোন রাজনৈতিক দলকে দেয় নি। স্যার, পশ্চিমবঙ্গের মানুষ আজ কংগ্রেসকে নির্বাচিত করে বিধানসভায় পাঠিয়েছেন, আর সি পি এম-কে প্রত্যাখ্যান করেছেন। সামগ্রিকভাবে নয়, বৃহৎভাবে প্রত্যাখ্যান করেছেন, আপনাদেরও প্রত্যাখ্যান করেছেন। জনগণের রায় মাথায় নিয়ে আমরা এসেছি। যদি কোন ভুল বা ত্রুটি হয় আমাদের সৎসাহস আছে নিষ্ঠার সঙ্গে আমরা তা নিশ্চয় স্বীকার করবো। কিন্তু স্যার, এখানে দেখছি তিমির ভাদুড়ী মহাশয় এই বিধানসভার সদস্য হয়ে এসে বলছেন কোন কিছুই তাঁরা দেখতে পাচ্ছেন না, ভাল কোন কাজ তাঁদের নজরে আসছে না, তাঁরা আজ কেবল দেখছেন হতাশা এবং অন্ধকার। স্যার, এই হতাশা ও অন্ধকার দূরে সরিয়ে দিয়ে নতুন দিনের নতুন সূর্যকে জাগ্রত করবার শপথ আমরা গ্রহণ করেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দায়িত্ব গ্রহণ করেছেন আমাদের মুখ্যমন্ত্রী, দায়িত্ব গ্রহণ করেছেন আমাদের মন্ত্রিসভা এবং তাই আজকে আমরা সকলে আন্তরিকভাবে অভিনন্দন জানাই আমাদের মুখ্যমন্ত্রীকে তাঁর বলিষ্ঠ পদক্ষেপের জন্য, আমরা সার্বিকভাবে সমর্থন করি এই ব্যয়বরাদ্দকে। স্যার, আজকে এই বিরাট শক্তিশালী রাজনৈতিক দল কংগ্রেসের মধ্যে যারা কাল্পনিক বিভেদ ও বিরোধ কল্পনা ক'রে পরমানন্দে হাততালি দিচ্ছেন তাদের উদ্দেশ্যে কঠোর সতর্কবাণী উচ্চারণ করি এই ব'লে যে, ভুল করবেন না, পশ্চিমবঙ্গের এই কংগ্রেস সিদ্ধার্থশঙ্কর রায়ের নেতৃত্বে চলছে এবং আমরা পশ্চিমবঙ্গের মানুষের সামনে নতুন আশার আলো এনে দেবই।

তিমির ভাদুড়ী মহাশয় আজকে যে মোশান মুভ করেছেন সেই মোশানে তিনি এই ব্যয়বরাদ্দের বিরোধিতা করেছেন। তার নেতা বেস্টারউইচ সাহেব বলেছেন যে, এই প্রশাসনযন্ত্র শাসক দলের স্বার্থে কাজ করছে জনগণের অধিকার নাকি পদদলিত হয়েছে এবং নিরপেক্ষ প্রশাসন নাকি এটা নয়। আমি তিমির ভাদুড়ী মহাশয়কে অতীতের শিক্ষা গ্রহণ করতে বলবো। ১৯৬৭ থেকে ১৯৬৯ সাল পর্যন্ত যে সময় সেই শিক্ষা গ্রহণ ক'রে পুরানো ইতিহাস পাঠ ক'রে যদি আয়নায় মুখ দেখেন তা হ'লে দেখবেন যে, কি কুৎসিত সমস্ত কালি আপনাদের মুখে লেগেছে। দুঃখের কষ্টিপাথরে সংগ্রামের কষ্টিপাথরে কংগ্রেস নতুন শক্তি গ্রহণ ক'রে পশ্চিমবাংলার দুস্থ দরিদ্র মানুষ সকলকে নিয়ে এগিয়ে যাচ্ছে এবং এগিয়ে যাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমস্ত সমর্থন দিয়ে সমস্ত অন্তর থেকে অভিনন্দন উজাড় ক'রে দিয়ে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের যে ব্যয়বরাদ্দ উত্থাপন করেছেন তাকে সমর্থন ক'রে শেষ করছি। বন্দে মাতরম্।

শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সাধারণ প্রশাসনযন্ত্রের গ্রান্ট-এর উপর আলোচনা হচ্ছে। আমি মনোযোগ দিয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর বক্তৃতা শুনলাম। প্রশাসন সংস্কার সম্বন্ধে মাননীয় মুখ্যমন্ত্রী যা উল্লেখ করেছেন এবং তিনি তাঁর যে প্রস্তাব তা আমাদের আইনসভায় একটা বিশেষ অধিবেশনে রাখবেন আলোচনার জন্য, এ কথা শুনে আমি খুশি হয়েছি এবং এটাকে স্বাগত জানাচ্ছি। এটা আলোচনা হওয়া উচিত। যদি একটা অধিবেশনে সকলে বলতে না পারেন প্রয়োজন হ'লে ২টো করা যেতে পারে। কিন্তু প্রশাসন সংস্কার সম্বন্ধে একটা বিস্তৃত আলোচনা হওয়া দরকার। এখানে সাধারণ প্রশাসন বলতে একটা সীমাবদ্ধ জিনিস বোঝায়। আমি ধ'রে নিচ্ছি মাননীয় মুখ্যমন্ত্রী সমগ্র প্রশাসনের ব্যাপারে ভেবেছেন এবং সমগ্র প্রশাসন সম্পর্কে আলোচনা করেছেন। শুধু রাইটার্স বিল্ডিংস-এর সেক্রেটারিয়েট, অ্যাসিসটান্ট সেক্রেটারীর কাজ অথবা জেলা ম্যাজিস্ট্রেট, এস ডি ও ইত্যাদির কাজ নয়। সামগ্রিকভাবে গভর্নমেন্টের যে প্রশাসন, যে সরকারী যন্ত্র সেটা নিয়ে নিশ্চয়ই তিনি ভেবেছেন এবং আলোচনা করেছেন। এখন প্রশাসন বলতে গেলে, সরকারী যন্ত্র বলতে গেলে আমলাদের কথা ওঠে অফিসার কেরানী, কর্মচারী সমস্ত গভর্নমেন্টের প্রয়োজন। তাদের কাজকর্ম চালাবার জন্য কোন ক্ষেত্রে হয়ত কর্মকর্তা নির্বাচিত হ'তে পারেন কোন ক্ষেত্রে কর্মকর্তা নিয়োজিত হতে পারেন। কিন্তু কর্মকর্তার প্রয়োজন অ্যাডমিনিস্ট্রেটিভ মেশিনারী বা প্রশাসন যন্ত্র নিশ্চয়ই দরকার। এখন লোকেদের আমলাতন্ত্র সম্বন্ধে যে আপত্তি অভিযোগ সেটা কি? সেটা কি এই কর্মচারী থাকবে না? নিশ্চয়ই তাই নয়। আমলাতন্ত্র মনোভাব এবং আমলাতন্ত্র পদ্ধতির অনেক

কথা বলা যায়। কিন্তু স্যার কথা হচ্ছে এই ২টি—আমলাতন্ত্র মনোভাব এবং অমলাতন্ত্র পদ্ধতি যেটা ইংরেজ আমল থেকে, বিদেশী সরকারের সময় থেকে পেয়েছি, সেটার পরিবর্তনের কথা। মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন তাদের মনোভাব বদলাতে জনসাধারণের প্রতি, দরিদ্রকে রক্ষা করতে হবে এবং সৎ হতে হবে। সেটাকে ঘুরিয়ে আর একজন মুখ্যমন্ত্রী বললেন ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিলের যে মিটিং হয়েছিল গত বছরে সেটা আমি একটু প'ড়ে দিচ্ছিঃ

> "There is urgent need to reform, trend and equip bureaucracy to take the challenge thrown up by the nation's slogan 'garibi hatao' by creating in the ranks of bureaucracy values and thoughts of a free and equal society."

[4-00—4-10 p.m.]

কথাটা উনি যা বলেছিলেন এবং ইনি যা বললেন, জিনিসটা একই জায়গায় দাঁড়ায়ঃ

> There is urgent need reform, train and equip the bureaucracy to take the challenge thrown up by the nation's slogan 'Garibi Hatao' by creating in the ranks of bureaucracy values and thoughts of a free and equal society.'

এবং ডেমোক্রাটাইজ করার কথা বলেছেন। এখন আমলাতান্ত্রিক মনোভাব আর আমলাতান্ত্রিক পদ্ধতির প্রথমেই বলতে চাচ্ছি যেটা মূল কথা, সেটা হচ্ছে জনসাধারণের প্রতি মনোভাব। এখন জনসাধারণের প্রতি মনোভাব, সেটা প্রধানতঃ দুটো বিষয় যে কোন প্রগতিশীল গভর্নমেন্টকে কাজ করতে হয়। এই দুটো বিষয়ে জনগণের সেখানে মনোভাব কি থাকা উচিত। প্রশাসনের একটা হচ্ছে রিফর্মস, সংস্কার, মুখ্যমন্ত্রী মহাশয় উন্নয়নের কথা বলেছেন, আমিও এই বিষয়ে জোর দিয়ে বলতে চাই। তার আগে একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই, আজকে আমাদের প্ল্যানিং-এর উদ্দেশ্য এবং যে লেখাপড়া এখানে আছে দেখছি, যে উন্নয়ন এবং সামাজিক ন্যায়-বিচার, তার জন্য যে সমস্ত রিফর্মস, যে সমস্ত সংস্কার বিভিন্ন বিষয়ে গভর্নমেন্ট করবেন, সেইগুলোকে কার্যকর করা। আর উন্নয়নের বিভিন্ন দিকে, অর্থনৈতিক হোক, শিক্ষাগত হোক বা স্বাস্থ্য বিষয়ে হোক, তাকে কার্যকর করা। রিফর্মস বলতে ধরুন, গ্রাম্য, সামাজিক এবং কৃষি-ব্যবস্থাকে গণতন্ত্রীকরণের জন্য ভূমিসংস্কার একটা অত্যন্ত প্রয়োজন। সেই ভূমিসংস্কারকে কার্যকর করার ব্যাপারে—আমি এই সম্বন্ধে বিশেষভাবে আলোচনা করবো, এই বিষয়ে আলোচনা হবে আগামী ২৩ তারিখে। কিংবা ধরুন কলে-কারখানায় যে সমস্ত শ্রম ব্যবস্থা, তার সংস্কার। তার জন্য গভর্নমেন্টের আইন করা দরকার, সেটা কার্যকর করা দরকার। যেমন ইতিপূর্বে বলেছি যে নিচে থেকে উপর পর্যন্ত কারখানার শ্রমিকদের কনভিন্সড করা, পরিচালনার ব্যাপারে তাকে ক্ষমতা দেওয়া, উৎপাদন বৃদ্ধিতে তাকে স্বার্থান্বিত করা, তাকে উৎসাহিত করা। তেমনি ধরুন জিনিসপত্রের দাম যাতে আয়ত্তে আনতে পারা যায়, ফাটকাবাজী, চোরাকারবারী বন্ধ করবার জন্য। গভর্নমেন্ট যদি নিত্যপ্রয়োজনীয় জিনিসের পাইকারী ব্যবসা এবং তার বণ্টনের ব্যবস্থা হাতে নেন, কমার্স, বিজিনেসের সেই যে রিফর্মস, আমাদের ব্যবসাবাণিজ্যে সেই যে সংস্কার, সেই সংস্কারকে কার্যকর করা, তেমনি অন্যান্য বিষয়েও হতে পারে। সুতরাং বিভিন্ন সংস্কার, বিভিন্ন পরিবর্তন, সামাজিক পরিবর্তন, অর্থনৈতিক পরিবর্তন ব্যবস্থা বদল করা, সেইগুলোকে কার্যকর করা প্রশাসনের দায়িত্ব। তা হ'লে প্রশাসনকে এই বিষয়ে বুঝতে এবং কনভিন্সড হতে হবে যে, এই সংস্কারগুলো নিতান্ত প্রয়োজন। এইগুলো খালি আইন-কানুন, পদ্ধতি থাকলেই হবে না, এইগুলোকে কার্যকর করতে হবে। দ্বিতীয়তঃ উন্নয়নের যে পরিকল্পনা আছে তাকে কার্যকর করা। এখন যদি প্রশাসনিক ট্রেন করতে হয়, ইকুইপ করতে হয়, আমি আজকে বিশেষভাবে আলোচনা করবো না, শুধু উল্লেখ করবো, মুখ্যমন্ত্রী এটা চিন্তা করবেন যে, প্রশাসনকে রিফর্ম করা, ট্রেন করা, ইকুইপ করা যাতে হয়। কিন্তু ইকুইপ করার ক্ষেত্রে একটা মস্ত জিনিস ম্যানেজমেন্ট, স্কিল। বসিয়ে দিলাম একজন বড় অফিসারকে একটা

মস্ত বড় ইন্ডাস্ট্রির দায়িত্ব দিয়ে, কি একটা কারবারের দায়িত্বে। কিন্তু সেখানে যে সমস্যা এবং তাকে পরিচালনা করবার জন্য যে যোগ্যতা দরকার, যে স্কিল দরকার সেটা দেওয়ার কোন ব্যবস্থা করলাম না, তা যেন না হয়। এখানে আমি একটা ঘটনা উল্লেখ করলাম, কিন্তু তাকে রিফর্ম করা, তাকে ট্রেন করা, তাকে ইকুইপ করা, এই কাজটা দুদিক থেকে না হ'লে হবে না। আজকে উনি বলেছেন যে, একটা প্রস্তাব দেবেন এবং আলোচনা করবেন। কিন্তু আমি আজকে কয়েকটা প্রস্তাব দেব প্রশাসনিক সংস্কার সম্বন্ধে, তারপর ওরা যে দিন দেবেন, সেদিনও নিশ্চয়ই আলোচনা করব। যদি একটা প্রগ্রেসিভ ডেভেলপমেন্ট একটা প্রগতিশীল বিকাশ দরকার হয়, যদি সেই দিকে প্রশাসনের বিশ্লেষণ করতে হয়,তা হ'লে দুটো দিক থেকে চেষ্টা দরকার, উপরে এবং নীচে। নীচেরটাই সবচেয়ে বড়, আমি সেটার কথায় পরে আসছি, কিন্তু উপরেরটা দিয়ে আরম্ভ করুন। গভর্নমেন্ট বা মন্ত্রিসভার দায়িত্ব যে প্রশাসনকে রিফর্ম করা ট্রেন করা ইকুইপ করা। মুখ্যমন্ত্রী বললেন জনসাধারণের স্বার্থ যেন তাঁরা ভাবেন, সৎ যেন তাঁরা হন, অপচয়ের চিন্তা যেন তাঁরা না করেন এবং গরিবকে যেন রক্ষা করেন। তা ছাড়াও আরো কিছু বলেছেন। কিন্তু এইগুলি করবার দায়িত্ব কার এবং এইগুলি কিভাবে হবে? একটা কথা মুখ্যমন্ত্রী বলেছেন, সেটা আমি অপ্রাসঙ্গিক ব'লে মনে করি যে ৮।১০।১৪ দলের গভর্নমেন্ট থাকার জন্য আমাদের ডিপার্টমেন্টে ডিপার্টমেন্টে সমতা নেই, এটা একটা ট্রেডিশন হয়ে দাঁড়িয়েছে। তাই মুখমন্ত্রীকে আমি মনে করিয়ে দিতে চাই যে, দেশ স্বাধীন হয়েছে ১৯৪৭ সালে, আর আজ ১৯৭৩ সাল, এই সাড়ে ২৫ বছর পার হয়ে গিয়েছে তাতে আমার যতদূর ইতিহাস জানা আছে ২ বছর ৩ মাস বিভিন্ন কোয়ালিশন গভর্নমেন্ট ছিল। ১৯৬৭ থেকে ৭১ এর মধ্যে কংগ্রেসের কোয়ালিশন গভর্নমেন্টকে নিয়ে, আমরা তিনটি কোয়ালিশনেই ছিলাম এটা আমি আপনাকে স্মরণ করিয়ে দিচ্ছি। এই দীর্ঘ ২৫ বছরের মধ্যে মোট ২ বছর ৩ মাস কোয়ালিশন ছিল বাকি সব সময় ১ পার্টির গভর্নমেন্ট ছিল, তাহলে প্রশ্নটা কি? ১ পার্টি কি ২ পার্টি সেটা এসেনসিয়াল ব্যাপার নয়, এসেনসিয়াল ব্যাপার কাজ। ১ পার্টি হোক, ২ পার্টি হোক, গভর্নমেন্ট কি করতে চায়, কিভাবে করতে চায়? যেমন আমলাদের সম্বন্ধে বলেছেন এম এল এ-দের সংগে ভাল ব্যবহার করুন, জনসাধারণের সংগে ভাল ব্যবহার করুন, নিশ্চয়ই সেটা করা উচিত। কিন্তু মন্ত্রীদের উপর নির্ভর ক'রে যে আমলা তাদের যে ভাবে ট্রেন করা দরকার ইকুইপ করা দরকার রিফর্ম করা দরকার তা হবে না। কিন্তু আমলারা বললেন, তাদের উপর দোষ দেওয়া হয় কেন, আমরা আইনকানুন দেখিয়ে দিই, তবে যেটা করতে যাচ্ছি সেটা আইনের বাইরে যাচ্ছে কিনা সেটা সম্বন্ধে নিশ্চয়ই দেখিয়ে দেবেন, না দেখানোটাই ভুল। কিন্তু আইনকানুনের জন্য শাসন নয়, শাসনের জন্য আইনকানুন। প্রয়োজন হ'লে আইন-কানুন বদলাতে হবে। একটা সমস্যা উঠেছে সেই সমস্যার সমাধানের জন্য আইনকানুন বদলাতে হবে। কেউ বললেন যে ন্যায্য কথা বললাম বলেই আমি অপ্রিয় হয়ে গেলাম, না তা হ'লে প্রশাসন চলতে পারে না। প্রশাসনে যদি কোন প্রশাসক বা কোন অফিসার দুর্নীতি করেন বা অযোগ্যতা দেখান তা হ'লে দ্রুত তাকে সরাতে হবে কিন্তু কোন অফিসার, কোন কর্মচারী, কোন কেরানী কর্ম-চারী যদি যোগ্যতা দেখাতে পারেন যদি সততা দেখাতে পারেন, তা হ'লে তাকে পুরস্কার দিতে হবে। আমি অনেক কেরানী কর্মচারীর সংগে মিশি ভারত সরকারের এবং পশ্চিমবঙ্গ সরকারের, তাঁদের মুখে শুনি যে, সৎ হওয়া এবং যোগ্যতা থাকাটা অভিশাপ।

[4-10—4-20 p.m.]

যদি সৎ হই, তা হ'লে সামান্য রোজগারের মধ্যে আমার মাইনে সীমাবদ্ধ থাকল। যদি যোগ্য হই, তা হ'লে আমাকে দিয়ে সমস্ত কাজ করিয়ে নেবে। অর্থাৎ তখন আমার কোন অ্যাপ্রিসিয়েশন নেই। সুতরাং এই সেন্স থাকা দরকার অফিসারদের যে সৎ ও যোগ্য হলে গভর্নমেন্ট থেকে তার অ্যাপ্রিসিয়েশন দেবে এবং যে অসৎ, অযোগ্য হবে গভর্নমেন্ট তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেবে। আমি মুখ্যমন্ত্রীকে বলব পুরানো দিনের বিচক্ষণ ব্যক্তিরা আজও আমাদের কাছে বিচক্ষণ। এই কিছুদিন আগে আমি বঙ্কিমচন্দ্রের মুচিরাম গুড় পড়লাম। তিনি কতদিন আগে এটা লিখেছেন। কিন্তু আজও প'ড়ে মনে হ'ল, আমাদের সকলের পক্ষে এটা দারুন

প্রযোজ্য। এই গল্পটা আপনারা সকলেই জানেন। বাচ্চা ছেলে যাত্রা দলে যাত্রা করতে গেছে। কেষ্টযাত্রায় কেষ্ট সাজে। তার মাথায় কিছু নেই, অতিমূর্খ। তাকে প্রম্‌ট করা হ'ল, "নীরদ-কুন্তলা, লোচন চঞ্চলা"। সে ঠিক বুঝতে না পেরে বলে ফেলল, "লুচি, চিনি, ছোলা।" তারপর তাকে আবার প্রম্‌ট ক'রে বলা হ'ল, "মানময়ী রাধে বদন তুলে কথা কও।" সে কথাটা শুনতে পেল না। সেই সময় বাজনা বাজায় যে আর একজনকে বললেন, "গুড়ুক খাও।" সে বললে, "মানময়ী রাধে বদন তুলে গুড়ুক খাও।" এতে যাত্রা ভেঙে গেল এবং মার মার ক'রে লোক সব পালাল। এক ভদ্রলোক তাকে দয়া করে নিয়ে গিয়ে দেখলেন যে, সে লেখাপড়া কিছুই শিখবে না, তার কিছুই হবে না। সেজন্য তাকে নকল করার জন্য মুহুরী ক'রে দিলেন এবং এ থেকে সে ঘুষ খেয়ে বেশ দু' পয়সা করল। তারপর সেখানে লঙ্গারহ্যাম সাহেব এলেন। বঙ্কিমচন্দ্র লিখছেন, তিনি অতি ভাল ও সাদাসিধে লোক। কিন্তু তিনি অলস—নিজে কাজ করেন না, নিজের কাজও বোঝেন না। তার মানে হ'ল এই লোকটা ভাল। এর জন্য তিনি তাকে প্রোমোসান দিয়ে মিরবক্সী ক'রে দিলেন। তিনি আরও দু'হাতে টাকা লুটলেন। এরপর আর একজন সাহেব এলেন নাম হোম সাহেব। তিনি কর্মদক্ষ ও দৃঢ়চিত্ত লোক। কিন্তু পেশকারের চাকুরির জন্য উনি ও'কে ডবল সেলাম করলেন। বঙ্কিমচন্দ্র লিখলেন, লঙ্গারহ্যাম-কে ডবল সেলাম করার তার এটা হ'ল। এখন হোম সাহেব খুব কড়া লোক এবং কর্মদক্ষ লোক। ইওর লর্ডসীপ, মাই লর্ড, ইওর লর্ডসীপ ব'লে তাঁকে বললেন। তিনি বললেন, আমি লর্ড নই। সে বলল, হুজুর আমি শুনেছি আপনি লর্ড ফ্যামিলি-র, সেই হিসাবে হুজুর আমার লর্ড, বঙ্কিমচন্দ্র লিখছেন, হোম সাহেব খুব ভাল লোক, কড়া লোক, কর্মদক্ষ লোক ছিলেন। কিন্তু একটা দুর্বলতা যেটা বোধ হয় অনেক মানুষের থাকে সেই একটু মিষ্টিভাষা, মিষ্টি কথার প্রশংসায় তিনি একটু বিচলিত হলেন। সুতরাং তিনি তাকে পেশকার ক'রে দিলেন। তারপর রীড সাহেব এলেন। তিনি কড়া ও বিচক্ষণ লোক। তিনি দেখলেন, ও ঘুষ খেয়ে সব ফাঁক ক'রে দিচ্ছে, কাজ কিছুই বোঝে না। সুতরাং কি করা যায়– তাড়াও ওকে। এতে সে কান্নাকাটি আরম্ভ করল। তিনি বললেন, একে প্রোমোসন দিয়ে ডেপুটি করে দাও। ডেপুটিরা হচ্ছে বিধবা, আর ঘুষ খেতে পারবে না। সুতরাং কিক্ হিম আপ। একে ডেপুটি ক'রে দাও। বঙ্কিমচন্দ্র বললেন, হোম সাহেবের দোষ ছিল না, তিনি দেখলেন, ঘুষ খেয়ে সব ফাঁক ক'রে দিচ্ছে। সেজন্য পেশকারের জায়গায় তিনি ডেপুটি হলেন। তিনি জমিদারী কিনলেন। তারপর লাস্ট এলেন মিনউইল সাহেব। বাংলাদেশে সব দুর্ভিক্ষ হচ্ছে ব'লে তিনি সফর করতে এলেন। জমিদার কাছারীতে গেছেন। প্রজারা এসে নিজেরাই চা'ল ডা'ল এনে বাগানে রেঁধে খাচ্ছে। তিনি ভাবলেন, আমি খুব ভাল বাংলা জানি। চাষীদের সঙ্গে কথা বলতে পারব। তিনি সব বুঝে এটা বুঝলেন যে, জমিদার খাওয়াচ্ছেন। তিনি ভাবলেন, সব সমাধান হয়ে গেল, দুর্ভিক্ষ আর তা হ'লে গভর্নমেন্টকে খাওয়াতে হবে না—জমিদাররাই খাওয়াবে। এর একটা দৃষ্টান্ত স্থাপন ক'রে এর একটা পদোন্নতি হওয়া দরকার ব'লে তিনি, ভারত সরকারকে রেকমেন্ড ক'রে দিলেন যাতে বিলেতের গভর্নমেন্ট এ'কে রাজা খেতাব দিয়ে দিলেন। অর্থাৎ রাজা মুচিরাম রায় বাহাদুর। বঙ্কিমচন্দ্র বলছেন, আমার সঙ্গে আপনারা সবাই "হরি হরি বলুন"—রাজা মুচিরাম রায় বাহাদুর। এই দুর্বলতা আমাদের প্রত্যেকের। কথাটা ঠিক যে নিজেরা যা কাজ করছেন সেটা বোঝেন না, যাদের গ্রিপ নেই একটা ডিপার্টমেন্ট উপর, নিজের সাবজেক্ট-এর উপর—সেই সুযোগে অপদার্থ ও অযোগ্য লোকেরই উন্নতি হয় এবং হচ্ছে। এবং সে যা বলে সে-ই পরামর্শদাতা হয়ে যায়, তার কথায় চলে—এই হচ্ছে এক নম্বর। ২ নং হচ্ছে নিজের ডিপার্টমেন্টের উপর গ্রিপ আছে বটে, কিন্তু প্রশংসা পেলেই গলে যায়, মিষ্ট ভাষণে ডবল সেলামে ইওর লর্ডসিপ, মাই লর্ড তাতেই খুশি হয়। ৩ নম্বর হচ্ছে, রিড সাহেবের মত কড়া লোক যিনি এতেও গললেন না তিনি শেষে বললেন ওকে উপর তলায় ডেপুটি ক'রে দাও। আর ৪ নম্বর হচ্ছে মিনওয়েল সাহেবের মত বৃথা অহংকারী লোক যিনি বাংলা ভাষা ভাল জানেন না বোঝেন না কিন্তু সব চাষীদের কাছ থেকে বুঝে নিলেন মনে ক'রে তিনি রাজা খেতাব দিয়ে দিলেন। আমি কোন নির্দিষ্ট অফিসার, ডিপার্টমেন্ট, কোন নির্দিষ্ট মন্ত্রী সম্বন্ধে বলছি না, কিন্তু একথা মনে রাখতে হবে যে, এই জিনিস হয় এবং হচ্ছে এবং এই জিনিস যদি হতে থাকে, তা হ'লে কখনও ব্যুরোক্রেসির মধ্যে অথবা সরকারী কর্মচারীদের মধ্যে মরাল আসবে না। তার জন্য মন্ত্রীদের

অবজেক্টিভ হওয়া দরকার, মন্ত্রীদের নিজেদের ডাইরেক্ট নলেজ থাকা দরকার, মন্ত্রীদের নিজেদের ডাইরেক্ট খোঁজ-খবরের ব্যবস্থা থাকা দরকার, আর সবচেয়ে বড় কথা হচ্ছে আমি কাউকে লজ্জা দিতে চাই না এবং নিজেও পেতে চাই না, আপনি আচরি ধর্ম অন্যেরে শেখায়। যদি মন্ত্রিসভা এই আমলাতন্ত্রকে ঘোরাতে চান, তাদের রিফর্ম, ট্রেন্ড, ইকুইপড করতে চান, তা হ'লে মন্ত্রিসভাকে মন্ত্রীদের মত যোগ্য হতে হবে এবং আমরা যারা আইনসভার সদস্য আমাদেরও তার যোগ্য হতে হবে। যে প্রশাসনিক সংস্কারের কথা উঠেছে সে সম্বন্ধে আমি দু'-একটা প্রশ্ন তুলছি এবং দু'-একটা সাজেসান রাখছি। ডেমোক্রাটাইজ কথাটা, প্রশাসনযন্ত্রকে গণতন্ত্রীকরণ এই কথাটা মুখ্যমন্ত্রী একটু ভাল ক'রে বুঝিয়ে দেবেন এবং গণতন্ত্রীকরণ যদি প্রশাসনকে করতে হয়, তা হ'লে ভেবে দেখবেন কোন্ লেভেলে ডিস্ট্রিক্ট লেভেলে সাবডিভিসান লেভেলে যে অফিসাররা সাধারণ প্রশাসনের দায়িত্বে আছে সেখানে তাদের সংগে জনসাধারণের নির্বাচিত কাউন্সিল থাকা উচিত কিনা যার সংগে মিলে তাঁরা প্রশাসনটা চালাবেন। ভূমিসংস্কারের ব্যাপারে বলব যেদিন আসবে, ভূমিসংস্কারকে কার্যকর করার জন্য যে কমিটি হবে সেটা স্ট্যাটুটরি বডি না হয়ে যদি অ্যাডভাইসরি বডি হয়, আর সেই বডিতে ভূমিসংস্কার সার্থান্বিত যে ক্ষেত মজুর গরিব ভূমিহীন চাষী তাদের যদি উপযুক্ত সংখ্যক প্রতিনিধি না থাকে, তা হ'লে সেই ভূমিসংস্কার কমিটি কখনও ভূমিসংস্কারকে কার্যকর করতে পারে না। প্রতিটি বিষয় সম্বন্ধে একটু ভেবে দেখা দরকার যে, কি ক'রে বড় বড় বিষয়গুলির সম্বন্ধে জনসাধারণকে জড়াবেন, কি ক'রে অ্যাডমিনিস্ট্রেসানকে ঘোরাবেন এবং তার জন্য অ্যাডমিনিস্ট্রেসানকে গণতন্ত্রীকরণ কি ক'রে করবেন। এটাকে বাদ দিয়ে শুধু কমিশনারকে কি কাজ দেবেন, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেককে কি কো-অর্ডিনেসান পাওয়ার দেবেন সেই কথা যদি ভাবেন বা এই রকম দু'-চারটি কথা যদি ভাবেন, তা হ'লে অ্যাডমিনিস্ট্রেসান গণতন্ত্রী-করণ হবে না, অ্যাডমিনিস্ট্রেসান গণতন্ত্রীকরণ না হ'লে অ্যাডমিনিস্ট্রেসানের উপযুক্ত পরিবর্তন হতে পারে না। প্ল্যানিং ডেভেলপমেন্টের প্রধান কাজ। সেই প্ল্যানিং সম্বন্ধে আমি দু'-একটা কথা তুলছি। এরিয়া ডেভেলপমেন্ট প্রোগ্রাম নিয়ে সেগুলি কো-অর্ডিনেট করা—প্ল্যান হচ্ছে, সেকটোরাল অ্যালোকেসান হচ্ছে, তার মধ্যে ব্যালেন্স হচ্ছে, লাইন অফ অ্যাপ্রোচ নেওয়া হচ্ছে, এগুলি কো-অর্ডিনেট করা দরকার। আপনি প্ল্যানিং বোর্ড করেছেন প্রধানত এক্সপার্টদের নিয়ে, তাঁদের সংগে একজন মন্ত্রী আছেন, একজন অফিসার আছেন, আর এদিকে ডিপার্টমেন্ট রয়েছে। প্ল্যানিং বোর্ডের সংগে ডিপার্টমেন্টের কি সম্পর্ক, তাদের মধ্যে কি রকম সমন্বয় সাধন হচ্ছে—কানাঘুষা অনেক কথা শুনি, এ সম্বন্ধে রিপোর্ট কোনদিন আমাদের কাছে রাখা হয় নি, প্ল্যানিং সম্বন্ধে প্ল্যানিং বোর্ড সম্বন্ধে রাখলে হয়ত ভাল হত, বুঝতে পারতাম যে, উপযুক্ত কো-অর্ডিনেসান হচ্ছে কিনা। কার দোষ কি বৃত্তান্ত আমি বলতে চাই না, কিন্তু একথা বলতে চাই, প্ল্যানাররা আলোচনা করলেন এক রকম, আর ডিপার্টমেন্ট তার নিজের মত ক'রে করলেন আর এক রকম এই দুটো কোনটাই ঠিক নয়।

[4-20—4-30 p.m.]

প্ল্যানাররা আলোচনা ক'রে যে প্ল্যান করবেন বা সিদ্ধান্ত করবেন সে সম্বন্ধে ডিপার্টমেন্টের আপত্তি থাকলে ডিপার্টমেন্টের সিদ্ধান্তে সেটা সম্ভব করা যেতে পারে। কিন্তু প্ল্যানিং-এ যেটা হবে সেটা ক্যারিআউট করবার ভার ডিপার্টমেন্টকে নিতে হবে। যদি কিছু সংশোধন করতে চান নিশ্চয়ই তার সুযোগ দেওয়া উচিত জয়েন্ট মিটিং ক'রে। দ্বিতীয় কথা, সারা ভারতবর্ষের মুখ্যমন্ত্রীদের নিয়ে ডেভেলপমেন্ট কাউন্সিল আছে। আমি সাজেস্ট করব, আমাদের পশ্চিম-বাংলার ক্ষেত্রে একটা রাজ্য ডেভেলপমেন্ট কাউন্সিল করুন। এক্সপার্টরা প্ল্যানিং করছেন এবং ডিপার্টমেন্ট সেটা ক্যারিআউট করছেন এটাই হওয়া উচিত। কিন্তু পাবলিক ক্রিটিসিজম্-এর দ্বারা কিভাবে কনফ্রন্টেড হবে, পলিটিক্যাল ওপিনিয়ন কিভাবে রিফ্লেক্টেড হবে সেটাও দেখা উচিত। সুতরাং আমি মনে করি একটা স্টেট-এ ডেভেলপমেন্ট কাউন্সিল হওয়া উচিত। ধরুন, প্ল্যানিং বোর্ড এবং ডিপার্টমেন্ট মিলে একটা করল এবং গভর্নমেন্ট সেখানে ফাইন্যাল সিদ্ধান্ত নিতে চাচ্ছেন তখন ডেভেলপমেন্ট কাউন্সিলের কাছে রাখবেন এবং পাবলিক ওপিনিয়নের দ্বারা রিফ্লেক্টেড হওয়ার সুযোগ দেবেন। ইভ্যালুয়েসনের ব্যাপারে দেখুন। মাঝে মাঝে যে প্ল্যান

করা হয় সেটা কিভাবে ক্যারিআউট করা হচ্ছে সেটা দেখা দরকার। আপনারা রিফর্ম আনলেন, সে ল্যান্ড রিফর্ম নিন বা ইন্ডাস্ট্রির ব্যাপারে রিফর্ম নিন বা এডুকেসনের ব্যাপারে রিফর্ম নিন বা বিজনেসের ব্যাপারে রিফর্ম নিন, সেই রিফর্ম কতখানি ক্যারিআউট হচ্ছে বা না হচ্ছে তার ক্ষেত্রে যেমন একজিকিউসন মেসিনারি ডেমোক্রাটাইজ করা দরকার ঠিক তেমনি তার ইভ্যালুয়েসনেরও ব্যবস্থা থাকা দরকার। প্ল্যানিং সম্বন্ধে বলছি আমাদের রাজ্যে একটা ডেভেলপমেন্ট কাউন্সিল করা উচিত এবং প্ল্যান সম্বন্ধে একটা ডিসকাসনের মধ্যে আসা দরকার এবং ইভ্যালুয়েসন হওয়া দরকার। এবারে আমি ডিস্ট্রিক্ট-এর ক্ষেত্রে কিছু বলতে চাই। জেলা উপদেষ্টা কমিটি যা আছে তাদের ক্ষমতা দেওয়া হোক। কিন্তু আমি বলব, না। জেলাতে আপনারা প্ল্যানিং বোর্ড করুন। প্রদেশ প্ল্যানিং বোর্ডের মধ্যে থেকে, সাধারণ লাইনের মধ্যে থেকে তারা জেলায় যে প্ল্যান করবে তার একজিকিউসন কিভাবে হচ্ছে, তাকে ইভ্যালুয়েট কিভাবে করবে সেটা দেখার জন্য জেলাতে সেই রকম একটা প্ল্যানিং বোর্ড হওয়া উচিত। দুটি করবার প্রয়োজন নেই, ১টিতেই হতে পারে। মোট কথা হচ্ছে প্রশাসনকে সংস্কার ক'রে তাতে নূতন দৃষ্টিভঙ্গি এনে, তাকে নূতনভাবে শিক্ষিত ক'রে তাকে নূতনভাবে ইকুইপ করা দরকার। যেখানে টেকনোক্রাফ্‌টকে পজিসন দেওয়া দরকার সেখানে টেকনোক্রাফট্‌কে সেটা দিতে হবে, যেখানে অ্যাডমিনিস্ট্রেটরকে দেওয়া দরকার সেখানে সেটা দিতে হবে, যেখানে যে রকম মার্জিন্যাল স্কীল দরকার হয় সেখানে সেই রকম ডিপেন্ডেবল মার্জিনাল স্কীল-এর লোক নিয়ে আসা দরকার এবং এটা উপর দিক থেকে মিনিস্ট্রিকে করতে হবে। আমি একটা ছোট্ট উদাহরণ দিচ্ছি, অ্যাডমিনিস্ট্রে-সন-এর উপর মিনিস্ট্রির কি ধরনের কন্ট্রোল থাকা উচিত। আজকে সারা ভারতবর্ষে মানুষ বিদ্যুৎ বিদ্যুৎ ব'লে পাগল হয়ে যাচ্ছে, বিদ্যুৎ সংকট সমস্ত রাজ্যে চলছে এবং এই খবর আমরা প্রতিদিন খবরের কাগজের মারফত এবং রেডিওতে শুনছি। আজকে মহারাষ্ট্রে, আসাম, গুজরাট, ইউ পি—সব জায়গাতেই বিদ্যুৎ সংকট চলছে। আমাদের যে বিদ্যুৎ সংকট রয়েছে তাতে দেখছি তার জেনারেসনের প্রশ্ন রয়েছে, ট্রান্সমিসনের প্রশ্ন রয়েছে, কাজে লাগানোর প্রশ্ন রয়েছে। আমাদের মুখ্যমন্ত্রী বলেছিলেন, আমরা ১০ হাজার গ্রামে বিদ্যুৎ নিয়ে যাব। তখন তিনি নিশ্চয়ই প্রশাসনের সঙ্গে আলোচনা ক'রে একথা বলেছিলেন এবং তাঁরাও নিশ্চয়ই সেই আইডিয়া দিয়েছিলেন। এখানে আমাদের মাঝে মাঝে তথ্য দিচ্ছেন এবং আমরাও দেখছি আগের তুলনায় অনেক বেশী গ্রামে বিদ্যুৎ যাচ্ছে। আমি হিসেব ক'রে দেখলাম এই গভর্নমেন্ট আসার পর ডিসেম্বর মাস পর্যন্ত ১,৫৪০টি গ্রামে বিদ্যুৎ গেছে। কিন্তু তাতে গড় দাঁড়ায় ১৭১ মাসে, কিন্তু আপনি ১০ হাজার করতে চাইছেন তাহলে ৭০০ ক'রে করতে হবে। এখন আমি বলছি ফ্যারাক হয়ে যাচ্ছে। এই যদি করতে হয় যেটা আপনারা করতে চান আর যেটা হচ্ছে তার মধ্যে যদি বিপুল ব্যবধান হয়ে যায়, তা হ'লে গ্যাপটাকে ব্রিজ করবার জন্য প্রশাসনের দিক থেকে খুব পুঙ্খানুপুঙ্খরূপে তদন্ত করা দরকার। আলোচনা ক'রে দেখা দরকার, কোথায় আটকাচ্ছে, কি হচ্ছে, ডিপার্টমেন্টের সঙ্গে যেসব অ্যাডমিনিস্ট্রেটিভ ব্যবস্থা আছে প্রয়োজন হলে সেগুলিকে ঢেলে সাজান প্রয়োজন এবং প্রয়োজন হ'লে উপযুক্ত লোককে বসান দরকার। শ্যালো টিউব-ওয়েলে বিদ্যুৎ গেলেই তো হ'ল না, বিদ্যুৎ আজকে গ্রামে গেল একজনের বাড়িতে আলো জ্বললো সেজন্য বিদ্যুৎ নিয়ে যাওয়া হচ্ছে না। বিশেষ ক'রে বিদ্যুৎ উৎপাদন নিয়ে যাওয়া হচ্ছে কৃষির জন্য। আমার মেদিনীপুর জেলার কথা আমি জানি। ৫,০০০ শ্যালো টিউবওয়েল আছে, তার মধ্যে ১৩টা শ্যালো টিউবওয়েলে বিদ্যুৎ সংযোগ হয়েছে আর ৩১টা শ্যালো টিউবওয়েলের জন্য টাকা জমা দেওয়া হয়েছে বিদ্যুতের জন্য—মোট ৪৪। এখন বিদ্যুৎ নিয়ে যাবার উদ্দেশ্য প্রধানতঃ গ্রামে কৃষির জন্য, তারপর শিল্পকে খানিকটা সাহায্য করার জন্য। সেদিক থেকে ব্যাপারটা কি হয়েছে? এখানে ডিপার্টমেন্ট মাস্ট বি আন্সারেবল। তারপর প্ল্যানিং বোর্ড, প্ল্যানিং বোর্ড কি বলে ডিপার্টমেন্ট কি বলে? এর জন্য পুঙ্খানুপুঙ্খরূপে তদন্ত ক'রে সেটার সংশোধন করা দরকার। আমি শেষে আসল কথা যেটা বলতে চাই এবং যেটা বলার জন্য রেখেছি তা হচ্ছে উপর থেকে মন্ত্রিসভা পরিবর্তন করবে, কিন্তু কখনই এই পরিবর্তন হতে পারে না। শত শত বছরের যে পদ্ধতি আমলাতান্ত্রিক মনোভাবাপন্ন আমলাতান্ত্রিক পদ্ধতিতে প্রশাসনে এ কখনও পরিবর্তন হতে পারে না। নীচে জনতার মধ্যে যদি একটা আলোড়ন, আন্দোলন যদি একটা সঙ্ঘবদ্ধ জনতা না হয়, এম এল এ-রা বললেন, ভাল কথা, এম এল এ-রা পরিশ্রম করছেন বললেন ভাল কথা, কিন্তু এম এল এ-রা বুকে হাত দিয়ে বলুন, আপনি নিজে বুকে হাত দিয়ে বলুন,

আমি নিজে বুকে হাত দিয়ে বলি যে, আমাদের দেশে গ্রামে বলুন, শহরে বলুন, কারখানায় বলুন, মাঠে বলুন, আমরা কি সাধারণ মানুষের মধ্যে একটা আলোড়ন আনতে পেরেছি, তাদের কি আমরা সঙ্ঘবদ্ধ করতে পেরেছি? রিফর্মগুলি কি ক্যারিআউট করতে পেরেছি, উন্নয়ন পরিকল্পনার প্রোগ্রাম ক্যারিআউট করবার জন্য কি কিছু করতে পেরেছি? আমাদের মত পশ্চাৎপদ দেশে, আমাদের মত দরিদ্র দেশে এবং যে দেশের দুর্নীতি এবং অযোগ্যতা দীর্ঘদিন ধ'রে ঘিরে রয়েছে, আপনি যদি তলার সেই জনসাধারণের মধ্যে উৎসাহ সৃষ্টি না করতে পারেন, একটা প্রবল জনশক্তির উত্থান যদি আপনি না নিয়ে আসতে পারেন, তা হ'লে প্রশাসন বদলাবেন আপনি, সংস্কার কার্যকর করবেন আপনি, দুর্নীতি দূর করবেন আপনি, জিনিসপত্র ন্যায্য দরে দেবেন, উন্নয়নমূলক কাজগুলি দ্রুত এগিয়ে নিয়ে যাবেন—তা কখনই হতে পারে না। আপনি স্বীকার করেছেন যে, আপনারা কিছু কাজ করেছেন, কিন্তু তা প্রয়োজনের তুলনায় কম। এটা বড় কথা নয়, কাজ করেছি, কিন্তু এর আগের দিন আমি বলেছি এবং আজও আমি বলতে চাই যে, মানুষের সর্বনাশা শত্রু হচ্ছে আত্মসন্তোষ, দলের সর্বনাশা শত্রু হচ্ছে আত্মসন্তোষ—যে কোন গভর্নমেন্টের সর্বনাশা শত্রু হচ্ছে আত্মসন্তোষ। আজ পারিপার্শ্বিক যে অবস্থা সেই অবস্থার কথা আপনি খানিকটা স্বীকার করেছেন। সেই অবস্থায় যদি পরিবর্তন আনতে হয়, তা হ'লে উপর থেকে চেষ্টা এবং নীচের থেকে প্রবল একটা চেষ্টা করা দরকার। তাই আমি আমার পার্টির বক্তব্য বলতে চাই। অনেকে এখানে ভুল বোঝেন সেই কথাটা ব'লে আমি আমার বক্তব্য শেষ করব। আমার যে পার্টি আজকে পশ্চিমবাংলায় কংগ্রেসের সঙ্গে একটা মোর্চায় আমরা আছি। অন্যান্য রাজ্যে আমরা মোর্চায় নেই। কেরালাতে আমরা মোর্চায় আছি। দু'টি রাজ্য ছাড়া অন্য রাজ্যে আমরা মোর্চায় নেই, অপোজিসনে আছি। কিন্তু মোর্চায় থাকি আর অপোজিসনে থাকি আমাদের পার্টির একটা নীতি আছে। সেই নীতি হ'ল যে সমস্ত গণতান্ত্রিক প্রগতিশীল শক্তির সঙ্গে একত্র হয়ে জনসাধারণের মধ্যে একটা নূতন আলোড়ন, নূতন জাগরণ, নূতন উচ্ছ্বাস, অন্যায়ের বিরুদ্ধে লড়াই দেশকে পুনর্গঠন করবার প্রচেষ্টা জনসাধারণের মধ্যে নিয়ে আসা। আমাদের এই সম্পর্ক স্থাপনের উদ্দেশ্য হচ্ছে যে, কংগ্রেস দেশের স্বাধীনতা সংগ্রাম পরিচালনা করেছে, কংগ্রেসের পিছনে জনতা তার ভেতরে মুক্তি সংগ্রামের ঐতিহ্য রয়েছে। সাম্রাজ্যবাদী বিরোধী

[4-30—4-40 p.m.]

ঐতিহ্য রয়েছে, মাঝখানে হতাশ হয়ে কংগ্রেস ত্যাগ করেছিলেন, ১৯৬৯ সালের পর আপনারা আবার বলছেন আমরা সংস্কার করব, গরিবী হঠাব। এই যে জনতার জাতীয়তাবাদী আন্দোলন, এই জনতার অগ্রসর হওয়ার চিন্তা অতীতে যার সাম্রাজ্যবাদী বিরোধী ঐতিহ্য, সেই জনতার সঙ্গে কমিউনিস্ট পার্টি জনতা এবং বামপন্থী ঐক্যবদ্ধ হয়ে একটা প্রচণ্ড উচ্ছ্বাস, একটা আলোড়ন সৃষ্টি ক'রে সমস্ত অন্যায়ের বিরুদ্ধে, সমস্ত দুর্নীতির বিরুদ্ধে অবিচারের বিরুদ্ধে এবং দেশের উন্নয়নের জন্য মোর্চা বেঁধেছি। এবং তা যদি বলি, রাগ করবেন না, আমরা বহুল পরিমাণে হতাশ হয়েছি। কোথায় পশ্চিমবাংলায় সেই প্রচেষ্টা? কোথায় কংগ্রেস কমিউনিস্ট বা অন্যান্য বামপন্থী দল যুক্তভাবে জনতাকে সঙ্ঘবদ্ধ করছেন, আন্দোলন তৈরি করছেন অন্যায়ের বিরুদ্ধে সংস্কারের জন্য ন্যায় বিচার আনয়নের জন্য? এবং তা যদি না করেন, এম এল এ-রা না করেন, সংগঠন না করেন, আপনারা না করেন, আমরা না করি, যুক্তভাবে আমরা না করি, তা হ'লে আমলাদের দোষ দিয়ে লাভ নেই। জনশক্তিকে যদি আপনারা উদ্বুদ্ধ করতে না পারেন, তা হ'লে আমলাদের উপর নির্ভর ক'রে লাভ নাই, বিশেষতঃ যে আমলারা জনবিরোধী গভর্নমেন্টের লেজুড়, সুতরাং যে গভর্নমেন্ট নিজেদেরকে জনপ্রিয় গভর্নমেন্ট ব'লে বলেন, তাদের পক্ষে এই আমলাদের উপর নির্ভর করাতো আরও খারাপ। এই জনশক্তিকে যদি উদ্বুদ্ধ না করতে পারেন, সেখানে বিচার হ'য়ে যাচ্ছে কে প্রগতিশীল আর কে নয়, ভূমিসংস্কার হবে কি হবে না, কে মুনাফা-খোরী দমন করতে চায় আর কে চায় না অন্যায় অত্যাচার বন্ধ করতে কে চায় আর কে চায় না প্রকৃত উন্নয়ন চায় কে আর কে চায় না। আমরা ক্ষুদ্র স্বার্থসিদ্ধির জন্য ঘুরে বেড়াব, ক্ষমতাকে ব্যবহার করব, প্রভাবান্বিত করার চেষ্টা করব, আর বৃহত্তর স্বার্থের জন্য সংগ্রাম করছি বলবো তা হ'লে পরিবর্তন বক্তৃতায় হবে না। তার পরিচয় এখানে হবে না। তার পরিচয় হবে মাঠে ময়দানে তার পরিচয় হবে কর্মক্ষেত্রে। কিন্তু সেই উদ্যোগ গ্রহণ করতে হবে গভর্নমেন্ট থেকে, সেই উদ্যোগ গ্রহণ করতে হবে দলের নেতৃত্ব থেকে, আমি কমিউনিস্ট পার্টির কথা বলতে

পারি, সেই উদ্যোগ যদি আমরা গ্রহণ করি, সেইভাবে যদি জিনিসটাকে দাঁড় করান হয়, তা হ'লে আমরা পাশে থাকব এবং সম্মিলিত জনশক্তিকে আনবার চেষ্টা করব। আমি একথা বলতে চাই যে, একার চেষ্টায় পরিবর্তন আসবে না, আমাদের কয়েকজনের চেষ্টায় পরিবর্তন আসবে না, আমাদের চেষ্টার সঙ্গে, আপনাদের চেষ্টার সঙ্গে সম্মিলিত জনতার শক্তির যদি মিলন ঘটাতে পারি, তা হ'লে আমরা অন্যায় দমন করতে পারব। আর যদি ভাবা যায়, না, কিছু উচ্ছিষ্ট ছাঁড়য়ে রাখব, আমার কনস্টিটিউয়েন্সীতে কিছু কিছু কাজ করিয়ে নেব এবং ভবিষ্যতে তা হ'লেই আমি ভোট পাব, সেই চেষ্টা যদি হয় এবং সেই দৃষ্টিভঙ্গি থেকে কিছু লোককে কাজ পাইয়ে দিলাম, কয়েকটা চাকুরি পাইয়ে দিলাম, কিছু লোককে মাস্টারী পাইয়ে দিলাম, এই ক্ষুদ্র বুদ্ধি নিয়ে যদি আমরা সকলে চলি, তা হ'লে জানবেন, একথা নিশ্চয় যে, কোন কোন রাজ্য যেমন এর সুযোগ নিচ্ছে সেই প্রগতিশীলতার বিরুদ্ধে, আজকেও নিচ্ছে এবং ভবিষ্যতেও নেবে এবং ভারতবর্ষে একটা কার্বাঙ্কলের মত জায়গায় জায়গায় ফুটে বেরোবে। আজকে কোন অলটারনেটিভ নাই, এই কার্বাঙ্কল বিভিন্ন জায়গায় ফুটে বেরুচ্ছে এবং বেরুবে। এখনই যদি কোন অলটারনেটিভ নিয়ে না দাঁড়ান যায়, তা হ'লে সেখানে জনশক্তি ছিন্নভিন্ন হয়ে যাবে। জনশক্তির উপর দাঁড়ান ছাড়া আমাদের মত দুর্বল পশ্চাৎপদ দেশকে কেউ তুলতে পারবে না এবং ক্ষমতাও নাই। সেই জনশক্তিকে যদি জাগ্রত করতে পারি, তা হ'লে প্রশাসনকে সংস্কৃত করতে পারব, প্রশাসনকে জনসাধারণমুখী করে তুলতে পারব এবং প্রশাসনে দক্ষতা অর্জিত হবে। সুতরাং উপর থেকে নয়, নীচ থেকে চেষ্টা করার কথা ভাবুন। এটা কোন টেকনিকের কথা নয়, এটা অনুরোধ। সেই অনুরোধ ক'রে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় সাধারণ প্রশাসন খাতে যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন, আমি তা আন্তরিকভাবে সমর্থন করি। বিরোধী পক্ষের বন্ধু কয়েকটি কথা কটাক্ষ ক'রে বলেছেন। আমি আজকে এই সভায় দাঁড়িয়ে এমন কথা বলতে চাই না, যাতে তাঁরা মনে না ভাবেন যে, তাঁদের মনে আঘাত দিচ্ছি। কিন্তু একটা কথা আমি সবিনয়ে বলতে চাই। কথা শুনে মনে হচ্ছিল—পাগলে কি না বলে, আর ছাগলে কি না খায়।

অবস্থা ও'দের তাই দাঁড়িয়েছে এবং যখন শান্তিশৃঙ্খলার কথা আসে, যখন গণতন্ত্রের কথা আসে, তখন ও'রা ভয় পান, ও'রা দূরে সরে দাঁড়ান। ও'রা মনে করেছেন ও'দের দেখে আমরা ভীত ও সন্ত্রস্ত। একটা জিনিস—একজন আর এস পি বন্ধুও এখন এখানে নাই, ও'রা থাকলে ভাল হ'ত। যাহোক তাঁদের আমি বিনয়ের সঙ্গে জিজ্ঞাসা করতে পারি বাইরের সমস্ত কথা ছেড়ে দিন—মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিধানসভার অনেক সদস্য যুক্তফ্রন্টের সময় আপনার এই বিধানসভার চত্বরে যে লীলাখেলা চলেছিল তাকে আবার পুনর্বার তারা ফিরিয়ে আনতে চান? আমাদের কাছে তা লজ্জাবোধ হয়—তাদের নির্লজ্জতার একটি সীমা থাকা উচিত। এমন একটি সময় তখন ছিল বিধানসভার সদস্যদের বিধানসভায় আসবার সময় রাস্তার উপরে হেকল করা হয়েছে; এমন কি তাঁদের গলাধাক্কা পর্যন্ত দেওয়া হয়েছে। একথা কি তিমিরবরণ ভাদুড়ীর মনে নাই? তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই, দেশের শান্তিশৃঙ্খলা রক্ষার জন্য এই দেশের সুসন্তান তিনশোজন পুলিশ কর্মচারীর আত্মবলিদান দিতে হয়েছিল আপনাদের ককীর্তির ফলে। আর আজ বিধানসভায় দাঁড়িয়ে গণতান্ত্রিক অধিকার নিয়ে সানন্দে ও সুস্থ মস্তিষ্কে সবল দেহে স্ফীতকায় শরীর নিয়ে আসছেন। এমন দিন ছিল যখন এই বিধানসভায় আসার পথ রুদ্ধ করা হয়েছিল। তিমিরবরণ ভাদুড়ী মশায় যেন সে কথা মনে রাখেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আর অন্য কোন কথা বলতে চাই না। আজ বিধানসভায় মুখ্যমন্ত্রী মহাশয় সাধারণ প্রশাসন খাতে ব্যয়বরাদ্দের দাবির উপর ভাষণ রাখতে গিয়ে যে কথাগুলি বলেছেন তা শুনে অতীত দিনের কথা একবার মনে করা উচিত—আজকে আমরা কোথায় আছি, আর আগে কোথায় ছিলাম। এসব কথা স্মরণে এসে যায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন, তাকে আমি আন্তরিক অভিনন্দন জানাই, তাকে আমি আন্তরিক সমর্থন করি। সেই সমর্থন জানাতে গিয়ে একটি কথা স্মরণ

করিয়ে দিতে চাই, আজকে যাঁরা বিরোধিতা করছেন—আমার মনে হচ্ছে আমাদের এইসব অগ্রগতির কথা শুনে শুনে তাঁরা রাত্রিবেলা মনে মনে প্রহর গুণছেন যে হারে কংগ্রেস কাজ করছেন, যে হারে দেশে শান্তি ও শৃঙখলা ফিরে আসছে, যে হারে কংগ্রেস সরকার খাদ্য সমস্যার মোকাবেলা করছেন এবং যে হারে দেশে আইন ও শৃঙখলা ফিরিয়ে আনবার প্রচেষ্টা নিয়েছেন, তাতে এখন তো ও'রা মাত্র তিনজন আছেন, আগামী ১৯৭৭ সালের নির্বাচনে বোধ হয় আর তাঁদের পায়ের তলায় মাটি থাকবে না। গতবারে মানুষ যেটুকু করেছিল আগামীতে আর কিছুই করবে না—এই ভেবে তাঁরা আতঙ্কগ্রস্ত হয়ে পড়েছেন, আতঙ্কে তাঁরা ভুগছেন। আমাদের কাজ চালিয়ে যেতে হবে, যে কর্মযজ্ঞে নামা হয়ছে তা থেকে বিরতি নেই। কোন ভয় নাই মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, সমস্ত বিধানসভার সদস্যরা আপনার পেছনে আছেন। যেভাবে মিথ্যা ও অসত্য সমালোচনা হচ্ছে তাতে আপনার কোন ভয় নাই। পশ্চিমবঙ্গের ৪ কোটি ৪৪ লক্ষ মানুষ গ্রামে গঞ্জে গিয়ে দেখুন, সকলে আপনার সরকারের পেছনে আছে, সমর্থন জানাচ্ছে। ও'রা একটি মিটিং ডাকলে ৫ জন লোকও আসে না, আর একটা শ্যালো টিউবওয়েলের উদ্বোধন উপলক্ষে হাজার হাজার লোক এসে জমায়েৎ হচ্ছে। সেটা ও'দের মনে রাখা উচিত। যেভাবে আমরা প্রতিটা সমস্যার সঙ্গে লড়ে আসছি, সেইভাবে আমাদের লড়াই চালিয়ে যেতে হবে, ও'দের পশ্চিমবাংলার মাটি থেকে উৎখাত করতে হবে। আমাদের বহুমুখী গঠনমূলক কর্মযজ্ঞের মধ্য দিয়ে আগামী দিনে ও'দের উৎখাত করতে আমরা সমর্থ হব। এই আত্মপ্রত্যয় সামনে রেখে সমস্ত বিধানসভার সদস্যকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। মুখ্যমন্ত্রী জিন্দাবাদ, সমস্ত এম এল এ-দের ঐক্য জিন্দাবাদ। জয় হিন্দ।

[4-40—4-50 p.m.]

শ্রীঅসমঞ্জ দে: মাননীয় স্পীকার মহাশয়, আজকের বিধানসভায় জনপ্রিয় পশ্চিমবঙ্গ সরকার সাড়ে চার কোটি মানুষের আশীর্বাদপুষ্ট মুখ্যমন্ত্রী সিদ্ধার্থশংকর রায় সাধারণ প্রশাসনখাতে যে ব্যয়বরাদ্দের দাবি উপস্থিত করেছেন সভার একজন সদস্য হিসাবে সার্বিক দৃষ্টিভঙ্গির পরিপ্রেক্ষিতে আমি প্রথমেই তাঁকে আন্তরিকতার সঙ্গে পূর্ণ সমর্থন এবং স্বাগত জানাই। আমি পশ্চিমবাংলার বিগত দিনের ইতিহাসের কথা স্মরণ করিয়ে দিতে চাই, সেই ১৯৬৭ সালের কথা যেদিন সি পি এম-এর নেতৃত্বে পশ্চিমবঙ্গে যুক্তফ্রন্ট সরকার কায়েম হয়েছিল। সেদিন আমরা দেখেছিলাম লালরুমাল বাহিনী, ঠেঙ্গাড়ে বাহিনী, লাঠি, বোমা, বর্শা, সড়কি নিয়ে পশ্চিমবাংলার সাড়ে চার কোটি মানুষকে ভয় দিয়ে, আতঙ্ক, সন্ত্রাস দিয়ে অক্টোপাশের মতো আঁকড়ে ধরেছিল। আমরা দেখেছিলাম জ্যোতিবাবুর দল এবং সামনে বসে থাকা তিমিরবাবুর দল পুলিশকে নিষ্ক্রীয় ক'রে দিয়েছিল এবং সমস্ত থানার ও সি-দের চেয়ার সি পি এম এবং আর এস পি ক্যাডারদের জন্য নির্ধারিত করা হয়েছিল। আমরা দেখেছিলাম শিক্ষাক্ষেত্রে চরম নৈরাজ্য, অরাজকতা, বিশৃঙখলা সৃষ্টি করা হয়েছিল। আমরা দেখেছিলাম এই ঠেঙ্গাড়ে বাহিনী স্কুল কলেজের মধ্যে লালে লাল ক'রে রক্তস্নাত ক'রে দিয়েছিল। নিশ্চিতভাবে বলতে পারি মাত্র এক বছর সময়ের মধ্যে আজকে সিদ্ধার্থ রায়ের নেতৃত্বে পশ্চিমবাংলায় সুস্থ, শৃঙখলাপূর্ণ এবং শান্তিপূর্ণ অবস্থা প্রতিষ্ঠিত হয়েছে। বিশ্বনাথবাবু যেকথা বলছিলেন যে গণশক্তির অভ্যুত্থান প্রয়োজন এবং আজকে সিদ্ধার্থ রায়ের নেতৃত্বে এই সরকারের প্রতি গণশক্তির অভ্যুত্থান ঘটেছে। তাই এটা শুধু পশ্চিমবাংলা নয় সারা ভারতবর্ষের ইতিহাসে যুগান্তকারী অন্ধকারের দুর্গ ভেদ ক'রে আশার আলো প্রজ্বলিত ক'রে তোলার একটা প্রোজ্বল পদক্ষেপ। মনে রাখবেন এই স্থায়িত্ব শুধু রাজনৈতিক স্থায়িত্ব নয়, অর্থনৈতিক স্থায়িত্ব। তাই নিশ্চিতভাবে সিদ্ধার্থ রায় সরকার প্রশংসার দাবি রাখে। চিৎকার করছেন তিমিরবাবু, চিৎকার করেছেন জ্যোতিবাবু, অনেক শরিক দলও চিৎকার করছেন, কংগ্রেসের মধ্যে নাকি ফাটল ধরেছে। আমরা পরিষ্কারভাবে বলতে চাই প্রতিক্রিয়াশীলদের এই রটনা সম্পূর্ণভাবে পর্যুদস্ত হবে। আজকে আমাদের এম এল এ-দের মধ্যে, মন্ত্রিসভার মধ্যে পশ্চিমবঙ্গের সমস্ত কংগ্রেস কর্মীদের মধ্যে কোন বিভেদ নেই বরঞ্চ আমরা পরিষ্কারভাবে তীব্র কণ্ঠে বলিষ্ঠ ভাষায় একথা ঘোষণা করতে পারি, আমাদের মধ্যে ইস্পাত সুদৃঢ় ঐক্য বর্তমান। এ নিয়ে জ্যোতিবাবু, তিমিরবাবু বা অন্য কারো কোন প্রত্যাশা থাকে তো তাঁদের আনন্দ করবার কিছু নেই তাঁরা ব্যর্থ হবেন। তিমিরবাবুরা তো

বলেছিলেন, বিধানসভায় ঢুকবার আগে এটা সুইন্ডলার্স অ্যাসোসিয়েসান। বিধানসভায় যোগদানের মাধ্যমে আমরা ভেবেছিলাম তিমিরবাবুদের ভাবের ঘোর কেটে গিয়েছে। কিন্তু জনগণের কথা তুলে গণতন্ত্র গেলো গেলো রব তুলেছেন, তাঁদের নাভিশ্বাস উঠেছে, তাঁরা কি চিন্তা করেছিলেন যে এম এল এ-দের প্রতি এতখানি সম্মান কোন সরকার দেবে। বিশ্বনাথবাবু ইতিপূর্বে মুচিরাম গুড়ে দুর্নীতিপরায়ণ সেই অফিসারের কথা তুলেছেন যাদের দিনের পর দিন উন্নতি হচ্ছে। বিশ্বনাথবাবুকে কি একথা স্মরণ করিয়ে দেওয়া অপ্রাসঙ্গিক হবে যে, পরিষ্কারভাবে যখন সরকার অন্যায়, অবিচার দেখেছেন, এই সরকার ঘুষ, দুর্নীতি দেখেছেন, রিফিউজি রিহ্যাবিলিটেসান ডিপার্টমেন্টে দুর্নীতির দায়ে কোন অফিসারকে কর্মে লিপ্ত অবস্থায় দেখেছেন বলিষ্ঠ ভাষায়, কড়া হাতে, দৃপ্ত ভঙ্গি নিয়ে ওই বি বি মন্ডলকে সম্পূর্ণভাবে সাসপেন্ড ক'রে দিয়েছেন। আই এ এস এবং আই পি এস অফিসারকে প্রয়োজন হ'লে ব্যবস্থা নিতে দ্বিধা করে নি এই সরকার সেকথা কি বিশ্বনাথবাবুকে স্মরণ করিয়ে দেওয়া দরকার ? এই সরকার নূতন দৃষ্টিভঙ্গি নিয়ে প্রতিষ্ঠিত হয়েছে পশ্চিমবাংলার বুকে। আমরা দেখেছি, অল দি প্রিভিয়াস মিনিস্টার্স সাকাম্বড টু দি প্রেসার অব ব্যুরোক্রেসি। এই সরকার পশ্চিমবাংলা কেন ভারতবর্ষের ইতিহাসে প্রথম ব্যুরোক্রেসির কাছে সাকাম্ব করেন নি। যারা ব্যুরোক্রেসিকে নূতনভাবে সংস্কার সাধনের মাধ্যমে এগিয়ে নিয়ে গিয়েছেন। তাই এই সরকারকে সম্পূর্ণ অভিনন্দন জানিয়ে এবং প্রশাসন খাতে যে ব্যয়ববাদ্দের দাবি উপস্থিত করেছেন তাকে সম্পূর্ণ স্বাগত এবং সমর্থন জানিয়ে পশ্চিমবাংলার সাড়ে চার কোটি মানুষের আশীর্বাদপুষ্ট হয়ে সিদ্ধার্থ রায়ের সরকার জনগণের কল্যাণ প্রতিষ্ঠায় আরও এগিয়ে যাবে এই বিশ্বাস রেখে অভিনন্দন জানিয়ে এই সরকারকে আমার বক্তব্য শেস করছি।

শ্রীগৌতম চক্রবর্তী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সিদ্ধার্থশঙ্কর রায় আজকের মুখ্যমন্ত্রী সাধারণ প্রশাসনের উপর যে ব্যয়বরাদ্দের দাবি করেছেন তাকে শুধুমাত্র সমর্থন নয়, অকুণ্ঠ সমর্থন জানাচ্ছি এই কারণে সমস্ত পশ্চিমবাংলায় অরাজকতা এবং হিংসার যে রাজনীতি তাকে চিরতরে বিলুপ্ত ক'রে দিয়ে আজকে পশ্চিমবাংলার বুকে যে বিরাট নবজাগরণ এবং আলোড়ন সৃষ্টি করেছেন তার জন্য। আর এস পি বন্ধুরা আজকে এই প্রশাসনের উপর যে বাজেট তার বিরোধিতা করতে গিয়ে অনেক কথা বলেছেন, আমি সেই সমস্ত বন্ধুদের কোন রকম সমালোচনা করতে চাই না এই কারণে যে আমি জানি, পশ্চিমবাংলার জনগণ তাঁদের ছেড়ে কথা বলবেন না। আগামী দিনে এই তিনটি প্রাণীকে দেখতে পাবো না একথা আমি নিশ্চিত ক'রে বলতে পারি। আমি মুখ্যমন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি এই কারণে যে, তিনি সরকারী কর্মচারীদের কাছে আবেদন রেখেছেন যে, আগামী দিনে পশ্চিমবাংলাকে সত্যিকারের সোনার বাংলা ক'রে গ'ড়ে তোলার জন্য এগিয়ে এসো। একদিকে যেমন তিনি কঠোর হস্তে দুষ্কৃতকারীদের, অসৎ কর্মচারীদের দমন করছেন, আবার অন্য দিকে তিনি বলছেন পশ্চিমবাংলার সংগ্রামী কর্মচারী ভাইরা এগিয়ে এসো। আমি বিশ্বাস করি—কারণ আমি যে জেলার লোক সেই জেলার ডেভেলপমেন্টের কাজে আমি ওতপ্রোতভাবে জড়িত আছি ; যে সমস্ত সরকারী কর্মচারীদের সি পি এম ব'লে মনে হ'ত তারা আজকে আমাদের সাথে সাড়া জাগিয়েছে। তাই মনে হয় আমরা যদি সত্যিকারের ভ্রাতৃত্বের মনোভাব নিয়ে এগিয়ে যাই, যেমন মুখ্যমন্ত্রী ভ্রাতৃত্বের মনোভাব নিয়েছেন, তা হ'লে নিশ্চয় পশ্চিমবাংলার ডেভেলপমেন্ট তাড়াতাড়ি এগিয়ে আসবে। পশ্চিমবাংলার ডেভেলপমেন্ট হ'লে শুধু মাত্র মুখ্যমন্ত্রীর পরিবারবর্গের মঙ্গল হবে না, সরকারী কর্মচারী এবং যারা বিরোধিতা করলেন তাদেরও এবং সমগ্র পশ্চিমবাংলার মানুষের মঙ্গল হবে। মুখ্যমন্ত্রী পশ্চিমবাংলার উন্নতির জন্য এগিয়ে আসার যে আবেদন রেখেছেন তাকে সম্পূর্ণ সমর্থন জানাচ্ছি। এই সঙ্গে আমি মুখ্যমন্ত্রীকে দুটি মাত্র অনুরোধ করবো। বর্তমান যে প্রশাসন কাঠামো আছে স্বাধীনতা পাবার আগের আমলে যে কাঠামো ছিল সেই কাঠামোই আছে। তিনি যেন সেই কাঠামোকে ভেঙ্গে তছনছ ক'রে দেন। তা হ'লে পশ্চিমবঙ্গের জনগণ তাঁর পাশে নিশ্চয় দাঁড়াবে, পিপলস্ পার্টিসিপেসন আরও বেশী করবে—সমস্ত আমরা যারা আছি সকলেই তাঁর পাশে গিয়ে দাঁড়াবো এবং তাঁর স্বপ্ন সার্থক হবে। আর একটা অনুরোধ হচ্ছে যে, এই পশ্চিমবঙ্গ গত ২৫ বছরে অনেক পিছিয়ে গিয়েছে, আর আমরা অপেক্ষা করতে রাজী নই, পশ্চিমবাংলার ডেভেলপমেন্ট যত তাড়াতাড়ি করতে পারেন তার চেষ্টা করুন। এতে আপনার প্রতি আমরা

প্রতিটি এম এল এ, ক্যাবিনেট মিনিস্টার সকলেই আশীর্বাদ করবো। তারপর ফাইন্যান্স ডিপার্টমেন্ট সম্বন্ধে আপনি দয়া ক'রে একটু চিন্তা করুন। বাজেট পাশ হয়ে গেল, বরাদ্দ ঠিক হয়ে গেল; কিন্তু প্ল্যান প্রোগ্রাম নিয়ে যেই ক্যাবিনেট মিনিস্টাররা ফাইন্যান্সে পেশ করছে অমনি ফাইন্যান্স ডিপার্টমেন্ট তা আটকে দিচ্ছে। বাজেট পাশ হয়ে গেল তবুও ফাইন্যান্স আটকে দেয়। ফাইন্যান্স মিনিস্টারও আছেন এ ব্যাপারে একটু চিন্তা করুন। এইভাবে আমাদের কাজ যদি শ্লথ গতিতে চলে, তা হ'লে জনগণের যে আশীর্বাদ সেই আশীর্বাদ আমরা সকলেই বঞ্চিত হবো। তাই আমি অনুরোধ করবো বার বার যে, এই ফাইন্যান্স ডিপার্টমেন্ট সম্বন্ধে আপনারা একটু চিন্তা করুন। সর্বশেষে আমি মুখ্যমন্ত্রীকে আমার আন্তরিক অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে আমাদের মুখ্যমন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে আন্তরিকভাবে সমর্থন জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখেছি ১৯৬৯ সালের আগে যে ভয়ঙ্কর শক্তি আবির্ভূত হয়েছিল যে তমসাচ্ছন্ন রূপ প্রকাশ পেয়েছিল তার পতন ঘটিয়ে ১৯৭২ সালের মার্চে যে নূতন সরকার স্থাপিত হ'ল সেই সরকারের কাছে আমরা দেখেছি যে লোকে ন্যায় বিচার পেয়েছে। এই সরকার ন্যায় বিচার স্থাপনের জন্য আজও চেষ্টা ক'রে চলেছে। ১৯৬৯ সালে কি অবস্থা ছিল তার প্রমাণ আমরা পেয়েছি—কোর্টে বিচারের জন্য আমরা সাক্ষী দিতে গেছি সেই সময় আমার বন্ধুকে গুপ্তহত্যা করা হয়েছে। ন্যায় বিচার পেতে গিয়ে দেখলাম গুপ্তহত্যা। কিন্তু আজ আমাদের মাননীয় বেন্টারউইচ সাহেব যেইমাত্র হাসিমারার কথা বললেন, অমনি আমাদের মুখ্যমন্ত্রী সেই ব্যাপারে স্টেপ নিয়েছেন। আমাদের বিরোধী পক্ষের বন্ধু বললেন যে, সরকারের বিচার নাই। কিন্তু আমরা আজকে সংবাদপত্রে আর খুনের কাহিনী দেখতে পাচ্ছি না। আজকে অশান্তি দূর হয়ে গেছে—শান্তি এসেছে—সেই শান্তিকে চিরস্থায়ী করার চেষ্টা চলেছে। আজকে আর আমাদের সামনে খুন হচ্ছে না। শাসন হচ্ছে, লোকে শাসন পাচ্ছে।

[4-50—5-20 p.m.]

তাই আর এস পি, সি পি এম মনে করেছিল যে, আমরা এখানে এসে একটা নতুন কায়দায় লোকের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি করব। কিন্তু আজ আমরা দেখতে পাচ্ছি জনগণ তাঁর পাশে আছে এবং এই জনগণ আজকে তাঁকে সম্পূর্ণভাবে সমর্থন করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে সকলে যেতে চাইছে কেন? তিনি আজ সকলের জন্য চেষ্টা করছেন, তিনি সকলের কাজের জন্য এগিয়ে আসছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে আমার একটি কথা মনে পড়ে যাচ্ছে। সেটি হচ্ছে এই, ইতিহাসের পাতায় আমরা দেখেছি দেবদত্ত একজন শিকারী ছিলেন। সেই শিকারী একদিন একটি মরালীকে তীরবিদ্ধ করলেন। সিদ্ধার্থের কোলে সেই তীরবিদ্ধ মরালীটি এসে পড়ে গেল। সিদ্ধার্থ তখন সেই মরালীটিকে কোল থেকে তুলে নিলেন এবং তাঁর কোমল হস্তস্পর্শে মরালীটি আবার প্রাণ ফিরে পেল এবং সিদ্ধার্থ তখন তাকে আকাশে ছেড়ে দিলেন। নীলাকাশে সেই মরালীটি আবার প্রাণ পেয়ে উড়ে চলে গেল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বর্তমান মুখ্যমন্ত্রীও সিদ্ধার্থ। তাঁর মধ্যেও সেই জিনিস আমরা দেখতে পাচ্ছি। লক্ষ লক্ষ তীরবিদ্ধ, গুলিবিদ্ধ মরাল-মরালী আজকে তাঁর কাছে গিয়ে পড়ছে এবং তাঁর সেই কোমল হস্তস্পর্শ পেয়ে আমাদের পশ্চিমবাংলা আরো সুকোমল হয়ে উঠবে। এই কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ। বন্দে মাতরম্।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই জেনারেল আডমিনিস্ট্রেসন খাতে ব্যয়বরাদ্দ সমর্থন ক'রে আনন্দ বোধ করছি, গর্ব বোধ করছি। গর্ব বোধ করছি এই কারণে যে, যুক্তফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত নৈরাজ্যে বর্তমান সরকার পরিচালিত শাসন ব্যবস্থা সেই অরাজকতার ভাবকে দূর করতে পেরেছে এবং সুশাসন ব্যবস্থাও প্রতিষ্ঠিত করতে পেরেছে। তিমিরবাবু তাঁর বক্তৃতার মধ্যে তিনি ধিক্কার জানালেন। আমি বিস্মিত হয়ে যাই যে, তিনি

কেমন ক'রে এই বাজেট বক্তৃতার বর্তমান শাসন ব্যবস্থাকে ধিক্কার জানালেন। আসলে তিনি একবারও ভাবেন নি যে, তাঁদের যুক্তফ্রন্ট সরকারের আমলে কি হয়েছিল। যুক্তফ্রন্ট সরকারের আমলে বিশেষ একটা রাজনৈতিক দলের নির্দেশে অফিসাররা অফিসে এসে খালি বসে থাকতেন এবং সাপ্তাহিক অথবা মাসিক পত্রিকা খালি বিক্রি করতেন এবং পার্টিবাজি করতেন। এবং সারা দেশে একটা নৈরাজ্য ও অরাজকতা সৃষ্টি করেছিলেন। কিন্তু আমাদের এই জনপ্রিয় সরকার প্রতিষ্ঠিত হবার পরে অল্প কয়েকদিনের মধ্যে সেই অরাজকতাকে দূর ক'রে দেশে একটা শাসন-ব্যবস্থা প্রতিষ্ঠিত করেছেন এবং শাসনব্যবস্থা সুন্দরভাবে চালিয়েছেন। তিমিরবাবু তাঁর বক্তৃতার মধ্যে রাজ্যপালকে অপমান জানিয়েছেন। এটা অত্যন্ত দুঃখের কথা। এই কথা পরিষ্কারভাবে প্রমাণিত হয় যে, যারা গণতন্ত্রে বিশ্বাস করেন না, তারা নিশ্চয় এই রকম ঔদ্ধত্য প্রকাশ করবেন। আমাদের বর্তমান জনপ্রিয় সরকার শান্তিপূর্ণভাবে সমাজতান্ত্রিক সমাজ-ব্যবস্থার কথা বলছেন, যার জন্য আমরা গর্ববোধ করছি। মাননীয় মুখ্যমন্ত্রী এবং অন্যান্য মন্ত্রীরা যেভাবে কঠোর পরিশ্রম ক'রে এগিয়ে চলেছেন এবং জনসাধারণ আজকে তাঁদের মুখ চেয়ে বসে আছে, সেদিকে লক্ষ্য রেখে তাঁরা যে এগিয়ে চলেছেন সে জন্য আমি ধন্যবাদ জানাচ্ছি।

ডাঃ রমেন্দ্রনাথ দত্ত: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় মহাশয় যে সাধারণ খাতে ব্যয়বরাদ্দের দাবি রেখেছেন তাকে আমি সমর্থন করছি। আমি এই প্রসঙ্গে কিছু কথা বলতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জনগণের প্রতি আস্থা রেখে অ্যাডমিনিস্ট্রেসনের ব্যাপারে প্রতি ক্ষেত্রে আমাদের জড়িয়ে রেখে যেভাবে অ্যাডমিনিস্ট্রেসন চালাচ্ছেন, তাতে পাবলিক ওরিয়েন্টেড অ্যাডমিনিস্ট্রেসন হয়েছে এবং জনগণের সুবিধা-অসুবিধার দিকে দৃষ্টি রেখে কাজ হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, জেলায় জেলায় প্ল্যানিং অ্যান্ড ডেভেলপমেন্ট কমিটি করেছেন এবং প্রতি মাসে মাসে সেই প্ল্যানিং অ্যান্ড ডেভেলপমেন্ট কমিটির মিটিং হচ্ছে। সেই মিটিং-এর মধ্যে বড় আমলারা থাকেন, এম এল এ-রা থাকেন এবং সেখানে আমলাদের কাজের কৈফিয়ৎ দিতে হচ্ছে। এর ফলে আমলারা তাদের কাজ ঠিকমত করার চেষ্টা করছেন এবং করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, জ্যোতিবাবু যখন উপ-মুখ্যমন্ত্রী ছিলেন, এই বিধানসভায় তখন পুলিশী হামলা হয়েছিল। আর এস পি-র বন্ধুরা এটা ভুলে যাচ্ছেন, সমস্ত পুলিশকে তখন প্রশাসনিক ব্যাপারে দলীয় স্বার্থে ব্যবহার করা হয়েছিল।

যারা তাদের সমর্থন করতো না সেই রকম ১১ জন পুলিশকে তারা বরখাস্ত করেছিলেন। মাননীয় যতীন চক্রবর্তী মহাশয় পুলিশ দপ্তরের গোপন তথ্য ফাঁস ক'রে দিয়েছেন। যুক্তফ্রন্টের আমলে এম এল এ-দের কোন নিরাপত্তা ছিল না। এম এল এ কেন, অধ্যক্ষ মহাশয়েরও নিরাপত্তা তখন ছিল না। সর্বপ্রথম এই মন্ত্রিসভাই ডি আই জি, আই এ এস, আই সি এস—এই সমস্ত পদের অফিসারদের সাসপেন্ড করতে দ্বিধা করেন নি অ্যাডমিনিস্ট্রেসনের খাতিরে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৬২/৬৭ সাল পর্যন্ত এম এল এ হিসাবে আমাকে যোগদান করতে হয়েছে, তখন দেখেছি, এম এল এ-দের উপর আস্থা রেখে কোন কাজ হত না। যার ফলে সমস্ত কাজ আমলাদের উপর নির্ভরশীল হয়েছিল। গ্রামে কি কাজ হবে, না হবে, কার সুবিধা হবে, অসুবিধা হবে এসব দিকে লক্ষ্য না রেখে কাজ হত, ফলে গ্রামের লোকেদের উপকার হত না। শুধু আমলাদের গালাগাল দিয়ে কোন লাভ হবে না। আমলারাও আমাদের দেশের লোক, তাদের দিয়েই কাজ করাতে হবে। আমার মতে এই আমলাদের সুষ্ঠুভাবে সৎ পথে পরিচালিত ক'রে কাজ করানোর ব্যবস্থা করতে হবে। মাননীয় মুখ্যমন্ত্রী সিদ্ধার্থশঙ্কর রায় আমাদের প্রত্যেকটি কাজে জড়িয়ে রেখে অ্যাডমিনিস্ট্রেসনের যেভাবে উন্নতি করছেন তার জন্য তাঁকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

শ্রীভবানীপ্রসাদ সিংহরায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মুখ্যমন্ত্রী কর্তৃক প্রস্তাবিত যে গ্রান্ট নং ১২, একে সমর্থন জানাচ্ছি। সমর্থন জানাচ্ছি এই জন্য যে, দীর্ঘ ২৫ বছর বাদে চাপম্যানের প্রশাসনের যে বই সেই বই থেকে আমাদের মুখ্যমন্ত্রী পশ্চিমবাংলার প্রশাসনকে মুক্তি দিতে এগিয়ে এসেছেন। আজকে অভিনন্দন জানাচ্ছি এই জন্য যে পাশ্চাত্ত্য দেশের যে প্রশাসনের কাঠামো সেই কাঠামোকে বদল ক'রে দেবার জন্য মাননীয় মুখ্যমন্ত্রী অগ্রণী ভূমিকা নিয়েছেন।

আজকে সমর্থন জানাচ্ছি এই জন্য যে, মুখ্যমন্ত্রী এবং তাঁর মন্ত্রিসভা তাঁদের নিজেদের গৌরবকে এখানে প্রকাশ করতে চাইছেন না, সেই গৌরবকে এই বিধানসভার প্রতিনিধিদের মাঝখানে এবং পশ্চিমবাংলার ৪ কোটি ৪৪ লক্ষ মানুষের মাঝখানে ছড়িয়ে দিয়েছেন। মাননীয় মুখ্যমন্ত্রী নিজেই বলেছেন, গত এক বছর আমরা অভিজ্ঞতা অর্জন করেছিলাম এবং সেই অভিজ্ঞতা নিয়ে প্রশাসনের যে ৪টি দিক সেই দিকে লক্ষ্য দিয়ে নতুন ভাবে—নিজে বলতে চাইছেন না, আমাদের কথা শুনতে চাইছেন, সেইভাবে আজকে প্রশাসনকে সংস্কার করতে চলেছেন। এটা শুধু আমাদের দেশে নয়, আপনি জানেন স্যার, সারা পৃথিবীর কোন দেশে—কি পুঁজিবাদী দেশ, কি সমাজ-তান্ত্রিক দেশ, কি গণতান্ত্রিক দেশ, কোন দেশেই প্রশাসনকে পরিবর্তন করার জন্য, সংস্কার করার জন্য এই ধরনের কোন উদ্যোগ নেওয়া হয় নি। আপনি জানেন স্যার, আমাদের ভারতবর্ষের প্রশাসনিক কাঠামো পরিবর্তন করার জন্য হনুমন্তিয়া কমিশনের যে রিপোর্ট সেই রিপোর্টকে নেবার জন্য যে ব্যবস্থাপনা সেই ব্যবস্থার বিরুদ্ধে আমাদের এই জনপ্রিয় সরকারের মুখ্যমন্ত্রী আজকে নতুন কথা বলছেন এবং এই কথা যা মুখ্যমন্ত্রী প্রশাসনকে সংস্কার করার জন্য পশ্চিম-বাংলায় সূচনা করলেন আমি আশা করছি, আমার অন্যান্য বন্ধুরাও আশা করবেন এবং আমাদের বিরোধী দলের তিমিরবাবুও আশা করবেন, যে নতুন দিকের ইঙ্গিত তিনি দিয়েছেন সেই দিক সারা ভারতবর্ষ গ্রহণ করবে, পৃথিবীর সমস্ত গণতান্ত্রিক দেশ গ্রহণ করবে। জয় হিন্দ।

(At this stage the House was adjourned for 20 minutes.)

শ্রীনারায়ণ ভট্টাচার্য: মাননীয় স্পীকার, স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী সাধারণ প্রশাসন খাতে যে ব্যয়বরাদ্দের দাবি এনেছেন তাকে সমর্থন জানাতে পেরে আমি গর্বিত। আজকে ঠিক এই সময়ে আমার ১৯৭১ সালের একটা দিনের কথা মনে পড়ছে। সেদিন কলকাতায় খুব জলঝড় হয়েছিল। বেলেঘাটায় নিহত যুবক তপেশের দাহের জন্য কেওড়াতলা শ্মশানে অপেক্ষা করছিল। রাইটার্স বিল্ডিংসে এই মুখ্যমন্ত্রী তখন পশ্চিমবাংলার ভারপ্রাপ্ত কেন্দ্রীয় মন্ত্রী হিসাবে ছিলেন। তিনি আমাকে বললেন, চল কেওড়াতলা যেতে হবে তপেশের মৃতদেহকে শ্রদ্ধা জানাতে। যেতে যেতে তিনি বলেছিলেন, আমি এলাম, তোমরা কি ভাবছ? সেদিন আমি বলেছিলাম, আপনি অত্যন্ত দুঃসাহসের পরিচয় দিয়েছেন। পশ্চিমবাংলায় এসে এত ঝুঁকি নিয়েছেন, আপনি সফল হ'লে পশ্চিমবাংলার লোক বাঁচবে এবং আমরা কংগ্রেসের লোকেরাও বাঁচবো। আর আপনি পরাজিত হ'লে আপনিও শেষ হ'য়ে যাবেন, পশ্চিমবাংলার লোকও শেষ হয়ে যাবে এবং আমরাও শেষ হয়ে যাবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সরকার ১৯৭২ সালে যখন ক্ষমতায় এল তখন রাজকোষে অর্থ ছিল না। সরকার প্রায় দেউলিয়া ছিল এবং দেশের আইন-শৃঙ্খলা ভেঙে পড়েছে, দিকে দিকে কলকারখানা বন্ধ হয়ে যাওয়ায় বেকার সমস্যা দেশের মানুষের বুকের উপর চেপে বসেছে, শিল্প প্রতিষ্ঠান একেবারে বন্ধ হয়ে গেছে। চারিদিকে একটা নৈরাশ্য, নৈরাজ্য, দেশের মানুষ তারা যেন হাসতে ভুলে গেছে। এই রকম অবস্থা হয়ে দাঁড়িয়েছিল। তারপর আমরা কি দেখলাম? এই সরকার পশ্চিমবাংলায় বলিষ্ঠ জনপ্রিয় সরকারে পরিণত হয়েছে এবং এই সরকার তার বহুমুখী চ্যালেঞ্জ-এর মোকাবিলা ক'রে রাজ্যকে হতাশার পঙ্ক থেকে টেনে তুলে উন্নয়নের রাজ্যে দাঁড় করিয়েছে। অনাস্থার বদলে আজকে মানুষের মনে আস্থার ভাব ফিরিয়ে এনেছে। জনসাধারণের মনে যে নিরাশা দেখা দিয়েছিল সেই নিরাশার বদলে নূতন আশার আলো পশ্চিমবাংলার দিকে দিকে দেখা যাচ্ছে। সরকারের আর্থিক সঙ্গতিও বেড়েছে। রুগ্ন কল-কারখানাগুলি খোলা হচ্ছে ~~কর্মচারীদের~~ কর্মসংস্থানের জন্য দিকে দিকে নূতন নূতন শিল্প গঠনের চেষ্টা চলছে। বন্ধ্যা মাটির বুকে সোনার সবুজ ফসল আজকে সোনার হাসি হাসছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাংলাদেশে যে অলক্ষ্মীর আগমন ঘটেছিল, আমাদের মুখ্যমন্ত্রীর বলিষ্ঠ নেতৃত্বে সেই বাংলাদেশে আজকে মা-লক্ষ্মীর পুনরাগমন ঘটেছে। আমাদের সঠিক নেতৃত্বে সোনার বাংলা গ'ড়ে উঠেছে। আমি আজকে একটা ঘটনা এই প্রসঙ্গে বলতে চাই। হাউসের বিরতির সময় দেখলাম যে আমাদের শ্রদ্ধেয় প্রবীণ সাংবাদিক মধুসূদন চক্রবর্তী মহাশয় আবেগের সঙ্গে মুখ্যমন্ত্রীর হাত জড়িয়ে ধ'রে তাঁকে আন্তরিকভাবে অভিনন্দন জানাচ্ছেন। এই এক বছরে এই সরকার ভালভাবে কাজ করেছে, পশ্চিমবাংলার মানুষের মনে সেই অভিব্যক্তি ফুটে উঠতে দেখেছি তার মধ্য দিয়ে। এই কথা ব'লে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

[5-20—5-30 p.m.]

শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তিঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সাধারণ প্রশাসন খাতে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন ক'রে যে বক্তব্য এই হাউসের সামনে রেখেছেন, তার জন্য আমি তাঁকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। অভিনন্দন জানাই এই জন্য যে, একটা দেশে সমাজতন্ত্র প্রতিষ্ঠা করতে গেলে, গণতান্ত্রিক পথে, সরকারী কর্মচারীদের প্রশাসনযন্ত্রের যে মনোভাব হওয়া উচিত, সেই মনোভাব সরকারী কর্মচারীদের মধ্যে ফিরিয়ে আনবার প্রতিশ্রুতি তাঁর ভাষণের মধ্যে আছে ব'লে। কিন্তু সঙ্গে সঙ্গে আমার আশংকা হয়, যে মুখ্যমন্ত্রী যে বক্তব্য রেখেছেন, প্রশাসনযন্ত্রের যে দৃষ্টিভঙ্গি হওয়া উচিত, সেই দৃষ্টিভঙ্গি প্রশাসনযন্ত্রের মধ্যে দিয়ে কার্যকর করতে তিনি সক্ষম হবেন কিনা, আরও আমি আশঙ্কিত, তাঁর দপ্তরের রাষ্ট্রমন্ত্রীর যুব, ছাত্র সমাবেশের ভাষণ দেখে, আমি আনন্দবাজার পত্রিকা পড়েছি এবং যতটুকু সংবাদ বেরিয়েছে, তাতে রাষ্ট্রমন্ত্রী বলতে চেয়েছেন, যে মন্ত্রিমণ্ডলী থেকে প্রশাসনযন্ত্র বেশী শক্তিশালী। সেই জন্য আমার আশংকা যে, মুখ্যমন্ত্রী যে বক্তব্য রেখেছেন প্রশাসনযন্ত্রের দৃষ্টিভঙ্গি ফেরাবার জন্য, সেই দৃষ্টিভঙ্গি প্রশাসনযন্ত্রে আনতে পারবেন কিনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত বিনয়ের সঙ্গে বলতে চাই, এই দৃষ্টিভঙ্গি গত এক বছরের মধ্যে সদিচ্ছা থাকা সত্ত্বেও আমাদের মুখ্যমন্ত্রী পরিবর্তন করতে পারেন নি এবং সেই করতে গেলে যে সমস্ত ত্রুটিবিচ্যুতি কোথাও কোথাও আমার লক্ষ্যের মধ্যে এসেছে, আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে, শ্রদ্ধার সঙ্গে আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর এই ত্রুটিগুলোর প্রতি দৃষ্টি নিক্ষেপ করতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, একটা প্রশাসনযন্ত্র যদি নিরপেক্ষভাবে চলে, তা হ'লে সেই প্রশাসন-যন্ত্র পরিচ্ছন্ন ব'লে ধরা হয়। কিন্ত সরকারের কতকগুলো কাজকর্মে সেই নিরপেক্ষ দৃষ্টিভঙ্গির অভাব আমরা দেখতে পাচ্ছি। আমাদের সরকার বেকার যুবকদের চাকুরি দেবার কথা বলেছেন এবং বহু যুবক অধীর আগ্রহে অপেক্ষা করছে যে, কি ক'রে তাদের এই বেকারত্ব ঘুচবে। আমরা দেখেছি যে, ৪০ হাজার চাকুরি দেবার কথা মুখ্যমন্ত্রী মহাশয় ঘোষণা করেছেন তাঁর বেতার ভষণের মাধ্যমে। সেই চাকুরীর নিয়োগের যে পদ্ধতি, তার মধ্যে কতকগুলো ত্রুটি আমরা লক্ষ্য করছি। যে প্রশাসনযন্ত্রকে অনেক ক্ষেত্রে পঙ্গু ক'রে ফেলা হয়েছে, অনেক ক্ষেত্রে দুর্নীতি করবার সুযোগ এনে দেওয়া হচ্ছে। সেই সুযোগগুলো নিয়ে প্রশাসনযন্ত্র তাদের আবার সেই মতলব চরিতার্থ করবার জন্য সক্রীয় হয়ে উঠেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শ্রদ্ধার সঙ্গে মুখ্যমন্ত্রী মহাশয়কে বলতে চাই কি উদ্দেশ্যে সমস্ত বোর্ডগুলো গঠন করেছেন আমি জানি না এই মন্ত্রিসভা, কিছুদিন পূর্বে দু তিনদিন আগে কাগজে বেরিয়েছে, আমাদের মেদিনীপুর জেলায় যে প্রাথমিক শিক্ষক নির্বাচনের জন্য যে কমিটি হয়েছিল সেই কমিটির সঙ্গে আমাদের এই বিধানসভার সদস্য সি পি আই দলভুক্ত দুই বন্ধু শ্রীসরোজ রায় মহাশয় এবং শ্রীভূপাল পাণ্ডা মহাশয়, সেই নির্বাচন কমিটি থেকে পদত্যাগ করেছেন। কাগজে যেটুকু বেরিয়েছে তাতে বলা হয়েছে যে, দুর্নীতির অভিযোগে তাঁরা সেখান থেকে পদত্যাগ করেছেন। এই যে কমিটিগুলো করা হয়েছে, এই কমিটিগুলো ক'রে জনপ্রতিনিধিদের জনসাধারণের অহেতুক সমালোচনা করবার সুযোগ দেওয়া হচ্ছে এবং আর একটা জিনিস লক্ষ্য করবেন, মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমস্ত দলের জনপ্রতিনিধিদের তার মধ্যে রাখা হয় নি। যদিও সরকার বিরোধী দলকে পরিপূর্ণ মর্যাদা দেবার কথা বলে, সে একমাত্র প্রগতিশীল যে মোর্চা, সেই মোর্চার সদস্যদের রাখা হয়েছে ভাল হয়েছে কি মন্দ হয়েছে আমি জানি না, তবে যে কথা সরকার বলেন যে সমস্ত দলের লোক নিয়ে

করা হচ্ছে, যদিও দলপ্রতিনিধি নেওয়া সেটা আমি সমর্থন করি না, এই সব কমিটি দলনিরপেক্ষ থাকা উচিত, এর মধ্যে রাজনীতির সম্পর্ক না থাকাই উচিত। আমি শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী মহাশয়কে একটা কথা বলতে চাই, তিনি জানেন যখন স্বর্গত মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায়, (তাঁর আমলে তিনি কিছুদিন মন্ত্রিসভার সদস্য ছিলেন) সেই বিধানচন্দ্র রায় মহাশয়ের আমলে প্রাথমিক শিক্ষকদের স্পেশাল কেডারে শিক্ষক নিযুক্ত করা হয়েছিল, এই রকম সিলেকশন কমিটির মাধ্যমে। আমরা কি দেখলাম ১৯৬৭ সাল থেকে ১৯৭২ সালের মধ্যে? যতগুলি স্পেশাল

[5-30—5-40 p.m.]

ক্যাডারে শিক্ষক নিয়োগ করা হয়েছিল, তার মধ্যে শতকরা ৯০ ভাগ শিক্ষক সি পি এম-এর সমর্থক হয়ে গেল। কি উদ্দেশ্যে হয়ে গিয়েছিল তা আমরা জানি না। যে উদ্দেশ্যেই করুক না কেন, এই রকম রাজনৈতিক দলের লোক যদি কোন সরকারী কর্মচারীদের মধ্যে নেওয়া হয়, তা হ'লে সেখানে দুর্নীতি আসতে বাধ্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আর একটা জিনিসের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। ডেভেলপমেন্টের কথা বলছি, আপনি জানেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, যখন একটা জেলার সমস্ত এম এল এ এক্স-অফিসিয়ো মেম্বার, ডেভেলপমেন্ট কমিটি হচ্ছেন, তখন আমাদের মেদিনীপুর জেলার ৩৫ জন নির্বাচিত বিধানসভার সদস্য, তার মধ্যে ৩৪ জন প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার সদস্য একমাত্র আমিই সেখানে সরকার বিরোধী দলের সদস্য, সেখানে যে কমিটি হয়েছে এবং তার যে বিভিন্ন সাব-কমিটি তৈরি করা হ'ল বিভিন্ন ডেভেলপমেন্ট কাজকর্ম করবার জন্য, পরিকল্পনা নেওয়ার জন্য কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, একটি সমাজতান্ত্রিক সরকার, ডেমোক্রেটিক সরকার, সেই সরকারের সরকার বিরোধী দলের একমাত্র সদস্য মেদিনীপুর জেলার, তাকে তারা একটাও সাব-কমিটির সঙ্গে যুক্ত করার কথা প্রয়োজন মনে করলেন না। আমি যুক্ত হতে চাই না, আমি তাতে আগ্রহী নই। কিন্তু যে সরকার সোস্যালিজম আনতে চান, যে সরকার ডেমোক্রেসীতে বিশ্বাস করেন, সেখানে একমাত্র বিরোধী সদস্যকে যুক্ত করলে কোন রকম নীতি নির্ধারণে বা কোন প্রস্তাব পাশ করায় তাদের কোন অসুবিধা হত না, কারণ পার্লামেন্টারী ডেমোক্রেসীতে মেজরিটি রুল করেন, মেজরিটি যা বলবেন তাই হবে, কিন্তু ডেভেলপমেন্টের ব্যাপারে একমাত্র বিরোধী দলের সদস্যকে সেখানে যুক্ত করার কথা তাঁরা বিবেচনা করলেন না। আর একটা কথা বলতে চাই যে, জানি আমাদের মুখ্যমন্ত্রীর উদ্দেশ্য মহৎ, কিন্তু সেই মহৎ উদ্দেশ্য নিয়ে পরিচ্ছন্ন প্রশাসন করতে গিয়ে পদে পদে তাঁকে বাধা পেতে হচ্ছে। আমরা দেখছি কিছুদিন আগে আমাদের সরকারের স্বাস্থ্যমন্ত্রী মহাশয়, পি জি হাসপাতালের একজনকে বদলি করলেন, কিন্তু কিছু দিন পর দেখা গেল এই বিধানসভার সদস্য মাননীয় রথীন তালুকদার মহাশয়কে অনশন করতে হ'ল সেই ট্রান্সফারকে বন্ধ করার জন্য। ট্রান্সফার যদি জনস্বার্থে ক'রে থাকেন তা হ'লে যে কোন লোক অনশন করুন না কেন সেখানে জনস্বার্থবিরোধী কাজ ক'রে সেই ট্রান্সফারকে ক্যানসেল করা উচিত হয় নি। আর সরকারের পক্ষে জনস্বার্থের খাতিরে যদি সেই ট্রান্সফারকে ক্যানসেল করা প্রয়োজন হয় তা হ'লে সেই রকম ট্রান্সফার করা উচিত হয় নি। জনস্বার্থের খাতিরে আমি বলছি মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে যে, সরকার যদি মনে করেন জনস্বার্থের জন্য বদলি করা দরকার তা হ'লে এই রকম হুমকির কাছে এই রকম প্রেসার ট্যাকটিকসের কাছে যদি মাথা নত করেন তা হ'লে সেটা ঠিক হবে না। জনস্বার্থের জন্য বদলি করলেন তারপর বিধানসভার সদস্য অনশন করল ফলে সেই বদলি ক্যানসেল হয়ে গেল, এটা ভুল কি ঠিক তা আমি জানি না। তবে আমি একটা কথা বলতে চাই যে, জনস্বার্থের জন্য যদি বদলি করা প্রয়োজন মন্ত্রিসভা মনে করেন মাননীয় মন্ত্রী মনে করেন, তা হ'লে তাতে স্টিক ক'রে থাকুন এই রকম প্রেসার ট্যাকটিকসের কাছে যেন মাথা নত না করেন। আর যদি সত্যিই জেনুইন গ্রিভেন্স থাকে তা হ'লে বদলি বন্ধ করা প্রয়োজন এবং সেটা বদলি করার পূর্বে দেখা উচিত এবং একে ভুল ক'রে বদলি করছি কিনা এটাও দেখা দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয় জেলার প্রশাসনের কথা অনেক দিন ধ'রে বলা হচ্ছে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, জেলার প্রশাসনকে উন্নত করবার জন্য সচেষ্ট। অনেক

কথাই তিনি বলেছেন যে, জেলা প্রশাসনকে ক্ষমতা দেওয়া হবে ইত্যাদি, কিন্তু এইগুলিকে তাড়াতাড়ি ক'রে একটা যা হোক কিছু করা উচিত। যদিও এই নির্বাচিত সরকারের মন্ত্রিমণ্ডলী অনেক জনপ্রিয়, কিন্তু আজকে এই প্রশাসনযন্ত্রকে জনসাধারণ নিজেদের মনে করছে না। এই জন্য যে প্রশাসনযন্ত্রের দৃষ্টিভঙ্গি সেই পুরনো দৃষ্টিভঙ্গিই আছে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানেন, ১৯৬২ সাল থেকে ১৯৬৭ সাল পর্যন্ত মাননীয় প্রফুল্লচন্দ্র সেন মহাশয় এই দৃষ্টি-ভঙ্গির পরিবর্তন করতে সক্ষম হন নি। তবে এই সম্বন্ধে আমি মাননীয় বিশ্বনাথ মুখার্জীর সঙ্গে একমত হতে পারলাম না, দুঃখের সঙ্গে বলছি যে, একটা সরকার যে নীতিকে রূপায়িত করেন, সেই নীতিকে রূপায়িত করতে গেলে একটা হোমজিনিয়াস বডির দরকার হয়। যে কয়েক মাস যুক্তফ্রন্ট সরকার ছিলেন সেই সময় থেকে তিন তিনটি সরকারের নেতৃত্ব দিয়েছেন শ্রীঅজয়কুমার মুখার্জী, তিনি এখনো এই হাউসের সদস্য আছেন। নিজেদের মধ্যে দলাদলির জন্য প্রশাসনযন্ত্রকে নিজেদের কাজে লাগিয়েছেন, কাজেই প্রশাসনযন্ত্রের মধ্যে কোন পরিবর্তন আনতে পারেন নি। হেটেরোজিনিয়াস বডি ছিল, হোমজিনিয়াস ছিল না। আজকে ১ বছর ধ'রে এই মন্ত্রিমণ্ডলী এবং তাদের যে নেতা শ্রীসিদ্ধার্থশংকর রায়, আনডিসপুটেড লিডার, তিনি প্রশাসনযন্ত্রকে কাজ করাবার বা তার বদলাবার যে দৃষ্টিভঙ্গি নিয়েছেন এবং তিনি যে অপূর্ব সুযোগ পেয়েছেন সেই রকম সুযোগ এখন পর্যন্ত কোন মন্ত্রিমণ্ডলী পায় নি এই পশ্চিমবাংলায়। অতএব আজকে তাঁকে আমি অনুরোধ করব, আপনার মাধ্যমে যে, শক্ত হাতে হাল ধরুন। যে দৃষ্টিভঙ্গি আপনি আপনার বক্তব্যের মধ্যে রেখেছেন সেই দৃষ্টিভঙ্গিকে কার্যকর করতে হ'লে আপনাকে আরো কঠোর হতে হবে, নির্মম হতে হবে, কোন রকম প্রেসার ট্যাকটিকসের কাছে মাথা নত করলে চলবে না।

[5-40—5-50 p.m.]

মুখ্যমন্ত্রী বললেন, রাজ্যপালের সঙ্গে তিনি বৈঠক করলেন, কেন না তিনি একজন দক্ষ প্রশাসক। আমি বিনয়ের সঙ্গে বলতে চাই, রাজ্যপালের প্রশাসন দক্ষতা যখন ছিল তখন আমাদের দেশে বিদেশী সরকার ছিল। তাদের উদ্দেশ্য ছিল জনস্বার্থ বিসর্জন দিয়ে নিজেদের উদ্দেশ্য সিদ্ধ করাই ছিল সেই প্রশাসনের মাধ্যম। অতএব তাঁর প্রশাসন দক্ষতা সেই সময় যা ছিল এখন সম্পূর্ণ অনারূপ। শ্রী এ এল ডায়াস-এর অভিজ্ঞতা আমরা নেব ঠিকই, কিন্তু যে আদর্শে অনুপ্রাণিত হয়ে তিনি শাসনযন্ত্র চালিয়েছিলেন সেই আদর্শের কথা যদি মনে না রাখি, তা হ'লে ভুল করব। এবং জনস্বার্থবিরোধী সমস্ত নীতিই আমরা নেব। আমরা জানি এর পূর্বে ধরমবীর যিনি ছিলেন তিনি কি ক'রে পশ্চিমবঙ্গে জনপ্রতিনিধিমূলক সরকার গঠন হতে না পারে তার জন্য বার বার চেষ্টা ক'রে গেছেন। অতএব যে দৃষ্টিভঙ্গি নিয়ে আই সি এস-রা চালিয়ে এসেছেন সেটা আজ নূতন দিনের নূতন আলোয় পরিবর্তন করতে হবে। আজ ডেভেলপমেন্ট বলুন, নিয়োগ পদ্ধতি বলুন, জেলা শাসকের প্রশাসন পরিবর্তন করার কথাই ভাবুন সেখানে মুখ্যমন্ত্রীর সঙ্গে আমি একমত যে, সোস্যালিজম, ডেমোক্রেসী আনতে গেলে সেই দৃষ্টিভঙ্গি প্রশাসনের মাধ্যমে আনা উচিত। অতএব তিনি যে বক্তব্য রেখেছেন সেই ব্যাখ্যাকে কার্যকর করতে গেলে তাঁকে আরও শক্তিশালী হতে হবে এবং দ্বিধাহীন চিত্তে সেসবকে কার্যকর করতে হবে। তিনি বলেছেন যে, এই সরকারই প্রথম কমিশনার ক্যাডার-এর লোক, আই এ এস-এর সর্বোচ্চ পদে অধিষ্ঠিত লোককে সাসপেন্ড করতে পেরেছেন। ঝুলিয়ে রেখেছেন বি বি মণ্ডলকে। তাঁর বিরুদ্ধে চার্জ-শীট গঠন ক'রে তাঁকে শাস্তিদান করা দরকার। কিন্তু গত ১ বছর হয়ে গেল—বেশী যদি বিলম্ব হয়, তা হ'লে এর সঙ্গে অনেক লোক অনেক পদ্ধতি বার ক'রে বেরিয়ে যাবে এবং তাদের দমন করা সম্ভব হবে না। আমরা দেখেছি বন বিভাগের কনক লাহিড়ী কনজারভেটার-জেনারেল-এর বিরুদ্ধে বহু সদস্যের অভিযোগ থাকা সত্ত্বেও তিনি এখান থেকে চলে গেলেন কেন্দ্রীয় সরকারের কাছে এবং তাঁর বিরুদ্ধে কিছুই করা হ'ল না। এই বিভাগের আরও লোক আছেন যাঁরা টি এ বিল-এর জন্য অভিযুক্ত হয়েছিলেন, কিন্তু সামান্য টাকা জমা দেবার পর তাঁদের এই দায় থেকে মুক্ত ক'রে দেওয়া হ'ল। বিশেষ ক'রে ইরিগেসান ডিপার্টমেন্ট-এর একজিকিউটিভ ইঞ্জিনীয়ার-দের অনেক ঘটনা প্রফুল্ল সেন মহাশয় পাঠিয়েছিলেন ভিজিলেন্স

কমিশন-এ, কিন্তু সেগুলি এখনও পড়ে আছে। এই জিনিসগুলি দেখে সত্যিকারের যাদের বিরুদ্ধে চার্জ আছে তাদের শায়েস্তা করা হোক। সুতরাং দুষ্টের দমন ও শিষ্টের পালনের যে নীতির কথা তিনি বলেছেন তাকে দৃঢ় হস্তে কার্যকর করতে না পারলে তাঁর নীতি ব্যর্থতায় পর্যবসিত হবে। রাষ্ট্রমন্ত্রী বলেছেন তাঁর বক্তব্যে যে, মন্ত্রিমণ্ডলীর চেয়ে প্রশাসনযন্ত্র অনেক শক্তিশালী। কিন্তু এটা যেন না হয়। এই কথা ব'লে তিনি যে বক্তব্য রেখেছেন তাকে সমর্থন ক'রে মুখ্যমন্ত্রীকে পুনরায় ধন্যবাদ দিচ্ছি। এবং যে বক্তব্য সভায় তিনি রেখেছেন তা কার্যকর করতে অনুরোধ জানাচ্ছি।

শ্রীনরেশচন্দ্র চাকি: শ্রদ্ধেয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন সাধারণ প্রশাসন খাতে আমি তাকে পূর্ণ সমর্থন করছি। আজকে সিদ্ধার্থ রায়ের সরকারের এক বছর পূরণ হ'ল। আমি এই দিনে সিদ্ধার্থ রায়ের সরকারের দীর্ঘ জীবন এবং সুস্থ জীবন কামনা করি এবং আগামী দিনে এই সরকারের শুভ যাত্রা আরো কল্যাণকর হোক, ভগবানের কাছে কায়মনোবাক্যে এই প্রার্থনা করি। আজকে এই বাজেটকে সমর্থন করছি এইজন্য যে, সিদ্ধার্থ রায় ১৯৬৭ সালের পর থেকে আজ অবধি যত সরকার গঠিত হয়েছে তিনিই একমাত্র নেতা যিনি পশ্চিমবঙ্গের মানুষকে উপহার দিয়েছেন একটা স্থায়ী সরকার। আজকে তিনি পশ্চিমবঙ্গে স্থিরতা এনেছেন, পশ্চিমবঙ্গকে সন্ত্রাসমুক্ত করেছেন, পশ্চিমবঙ্গের জনজীবনে শান্তি-শৃঙ্খলা ফিরিয়ে এনেছেন, পশ্চিমবঙ্গের মাঠে মাঠে সবুজ বিপ্লবের স্বপ্ন ছড়িয়ে আমাদের দেশের চাষীর মুখে হাসি ফুটিয়ে তুলেছেন। এইজন্য সিদ্ধার্থ রায়ের সরকারকে স্বাগত জানাই, সমর্থন করি। তিনি যে কৃতিত্বের পরিচয় দিয়েছেন তার জন্য তাঁর ব্যয়বরাদ্দের দাবিকে সমর্থন জানাই। সিদ্ধার্থ রায় মুখ্যমন্ত্রীরূপে পশ্চিমবঙ্গকে নতুন আলোকে আলোকিত করেছেন, তাই তিনি যেকোন মুহূর্তে সমর্থন চাইবেন আমরা সদস্যরা বিনা দ্বিধায় তাঁকে সমর্থন জানাব, এই প্রতিশ্রুতি তাঁকে দিতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমরা শুধু তাঁকে ধন্যবাদ দিচ্ছি তা নয়, আজকে সমস্ত পৃথিবীর যিনি আশার আলো, সমস্ত পৃথিবীর যিনি আশা ভরসা, সমস্ত নিপীড়িত মানুষের যিনি বন্ধু, ভারতবর্ষের যিনি প্রধানমন্ত্রী সেই ইন্দিরা গান্ধী গতকাল পার্লামেন্ট হাউসে দাঁড়িয়ে বলেছেন—পশ্চিমবঙ্গে সিদ্ধার্থশঙ্কর রায় মন্ত্রিসভার কৃতিত্বপূর্ণ রাজনৈতিক কাজকে গণতন্ত্রের ইতিহাসে রাজনৈতিক পুনরুত্থানের বিরাট সাফল্য ব'লে বর্ণনা করেছেন। পশ্চিমবঙ্গে সিদ্ধার্থ রায়ের জয়যাত্রায় আমরা গর্বিত হয়েছি। পশ্চিম-বঙ্গের একজন সাধারণ নাগরিক হিসাবে, এই সরকারের একজন অংশীদার হিসাবে আমি গর্ব অনুভব করছি এবং সিদ্ধার্থ রায়ের প্রশাসন খাতের বাজেটকে পূর্ণমাত্রায় সমর্থন ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমৃগেন্দ্র মুখার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মুখ্যমন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি। এক বছর হয়ে গেল, আজকে আমাদের বর্ষ পূর্তি, এক বছর ধ'রে নিরন্ন অক্ষম মানুষের মুক্তির জন্য যে সংগ্রাম, কর্মহীন মানুষকে কর্ম দেবার যে সংগ্রাম, মানুষকে বাঁচার পথ দেখাবার যে সংগ্রাম, সেই সংগ্রামের এক বছর আমরা পেরিয়ে এসেছি। এক বছর আগে এই সরকার তৈরি হবার মূলে বহু মানুষের আত্মত্যাগ আছে—হেমন্ত বসু, বিজয়ানন্দ চট্টোপাধ্যায় থেকে সুরু ক'রে নিত্য দত্ত, গুনর্মাণ, তপেশ, নারায়ণ কর, সকলেই প্রাণ দিয়েছেন। তাঁদের রক্তের মূল্যে আজকে পশ্চিমবঙ্গে এসেছে শান্তি, স্থায়িত্ব এবং স্থায়ী সরকার। আজকে এই শুভ দিনে তাঁদের স্মরণ করতে ইচ্ছা করছে এবং প্রার্থনা করি তাঁদের বিদেহী আত্মা যেন আমাদের এই সরকারকে আরো শক্তিশালী ক'রে তোলেন। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী যেন তাঁদের বিদেহী আত্মার আশীর্বাদে আরো শক্তিশালী হতে পারেন এই প্রার্থনাই আজকে আমাদের প্রার্থনা। আজকে আমাদের সরকারের যে সমস্ত কাজ হয়েছে তার জন্য ক্ষমতাসীন দলের সদস্য হিসাবে আমাদের মুখ থেকে প্রশংসার চেয়ে আমরা যারা রাষ্ট্রবিজ্ঞানের ছাত্র তাঁদের উদাহরণ দিয়ে তুলে ধরাই ভাল। আমাদের এখানে যাঁরা মোর্চার শরিক আছেন তাঁরা সকলেই বলেছেন, গণ উদ্যোগের অভাবের কথা। গণ উদ্যোগের অভাব আছে কি না আছে সেটা প্রমাণ হয় কলকারখানায় এবং সংকটের সময়। সরকারী

প্রতিষ্ঠানগুলিতে যে বর্ধিত উৎপাদন, খরার বিরুদ্ধে জনসাধারণ এবং সরকারের সমবেত সংগ্রাম, কলেখামারে যে শান্তিপূর্ণ অবস্থা এগুলি কি গণ উদ্যোগের প্রমাণ নয়? গণ উদ্যোগের প্রমাণ কি রাস্তায় মিছিল বের করে চিৎকার ক'রে পোস্টার মেরে প্রমাণ করা যে, আমাদের সরকারের কত শক্তি। এটা একটা সময়ে ছিল আজ থেকে ২/৩ বছর আগে; এখন আর সেই সময় নেই, এখন কাজের মধ্য দিয়ে প্রমাণ হবে মানুষ আমাদের পিছনে আছে কি নেই, কলকারখানায় উৎপাদনের মধ্য দিয়ে প্রমাণ হবে। আমাদের প্রশাসনযন্ত্রের কথা অনেকে বলেছেন। এই প্রসঙ্গে একটা কথা উত্থাপন করা দরকার। মাননীয় সদস্য বিশ্বনাথবাবু প্রশাসন সমস্যার কথা বলেছেন এবং প্রশাসনে ব্যুরোক্রেসীর কথা যা বলেছেন সেটা সবচেয়ে বেশী রয়েছে সোভিয়েট রাশিয়াতে। কমিউনিস্ট দেশগুলিই তো ব্যুরোক্রেসীর সমস্যায় বেশী ভুগছে। আমি আশা করি, বিশ্বনাথবাবু জানেন ল্যান্ড উইদাউট জাস্টিস এবং শ্বেতলানাস্ টুয়ান্টি লেটার—এগুলি থেকে প্রমাণ হয় সোভিয়েট রাষ্ট্রব্যবস্থায় ব্যুরোক্রেসীর সমস্যা কত উৎকট। এখানে মাথাভারি প্রশাসনের কথা বলা হয়েছে এবং আজকে গভর্নরের পেছনে কত খরচ হয় জনৈক মাননীয় সদস্য সেকথার উল্লেখ করেছেন। হয়ত পাবলিসিটির জন্য একথা বলেছেন, আমি তাঁর এই প্রচেষ্টাকে বাধা দিচ্ছি না। কিন্তু বিভিন্ন দেশগুলিতে যে খরচ হয় আমি সেটা দেখাচ্ছি। মাও সে তুং যে গাড়িতে চাপেন তার দাম ৭৫ হাজার টাকা। সোভিয়েট রাশিয়াতে টুয়ান্টি লেটার অফ শ্বেতলানা যে বই প্রকাশিত হয়েছে তাতে দেখছি স্ট্যালিন পরিবারের ছেলেদের জন্য যে খরচ হ'ত কান্ট্রি হোমগুলোতে তাদের লেখাপড়ার জন্য আমাদের পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রীর পেছনে সেই খরচ হয় না এবং রাজ্যপালের খরচও তার চেয়ে কম হয়। কাজেই শুধু পাবলিসিটির জন্য সরকারকে হেয় প্রতিপন্ন করার চেষ্টা করা ঠিক হবে না। সরকার শক্তিশালী কি শক্তিশালী নয় সেটা জনসাধারণের সহযোগিতা থেকে মূল্যায়ন করতে হবে। আমরা যদি এখন দেখি উৎপাদন বন্ধ হয়ে যাচ্ছে, রাস্তা-ঘাট জ্যাম হয়ে যাচ্ছে আগে যেটা হ'ত, তা হ'লে সেটা দিয়ে প্রমাণ হ'ত সরকারের উপর জনসাধারণের আস্থা আছে কি না। এখন দেখছি যেসব জায়গায় হরতাল হয়েছে, বন্ধ হয়েছে সেগুলি ছাত্র পরিষদ এবং যুব কংগ্রেসের আহ্বানে হয়েছে, বামপন্থী দলের আহ্বানে হচ্ছে না। ক্ষমতাসীন দলের সদস্য হিসেবে আমরা যে কাজ করছি সেটা করছি প্রশাসনযন্ত্রকে মসৃণ করবার জন্য, মন্ত্রিসভাকে শক্তিশালী করবার জন্য এবং মুখ্যমন্ত্রীর হাত শক্ত করবার জন্য। জনসাধারণের উপর ফুল কনফিডেন্স আমরা এনজয় করছি এবং এটার দ্বারা প্রমাণিত হয়, আমাদের নেতা মুখ্যমন্ত্রী এখন পর্যন্ত আছেন এবং ভবিষ্যতেও থাকবেন, তিনি সর্ববাদিসম্মত নেতা। এটা জোর ক'রে প্রমাণ করা যায় না, ইতিহাসের শিক্ষা কেউ ভুলে যাবেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই পবিত্র দিনে আমাদের ১ বৎসর পূর্ণ হ'ল তাই পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রীকে আমি অভিনন্দন জানাই। এই সঙ্গে সঙ্গে আর একটা কথা আমি বলতে চাই যে, পশ্চিমবাংলার কোটি কোটি মানুষ যাদের সমর্থনে এই সরকার গঠিত হয়েছে, পশ্চিমবাংলার কোটি কোটি মানুষ যারা শান্তি-শৃঙ্খলা অক্ষুণ্ণ রেখে কলকারখানায় উৎপাদন বাড়িয়েছে, আমাদের শক্তি দিয়েছে, মদত দিচ্ছে, আজকে যদি প্রশংসা করতে হয়, তা হ'লে পশ্চিমবাংলার সেই জনসাধারণকে প্রশংসা করা উচিত এবং আমি তাদের প্রশংসা করছি। পশ্চিমবাংলার কোটি কোট মানুষকে আমি প্রণাম জানাই, সেলাম জানাই এবং বলি, ৫ বছর ধ'রে তারা সমর্থন জানিয়ে আমাদের সরকারকে শক্তিশালী করুন, সুপথের সন্ধান দিন এবং আরও বেশী ক'রে আশীর্বাদ করুন। বিদেহী আত্মা যাঁরা প্রাণ দিয়েছেন, রক্ত দিয়েছেন, রক্ত দিয়ে পথ পরিষ্কার ক'রে যাঁরা এই সরকারকে ক্ষমতায় বসিয়েছেন আজকে তাঁদের উদ্দেশ্যে আবার প্রণাম জানাই এবং এই বাজেট বরাদ্দকে সমর্থন জানাই। জয় হিন্দ।

শ্রীনিতাইপদ সরকারঃ মাননীয় স্পীকার মহাশয়, আমাদের দেশে এই যে প্রশাসনযন্ত্র এটা বৃটিশেরই কাছ থেকে উত্তরাধিকার সূত্রে পাওয়া। আজকে বাস্তব অভিজ্ঞতার মধ্য দিয়ে অনেকেই স্বীকার করবেন যে, আজকের দিনে যে সমস্ত আই এ এস অফিসার আছেন তাঁরা তদানীন্তন আই এ এস অফিসারদেরই উত্তরাধিকারী। আমরা দেখছি একটা মেজাজ এবং ঠাটের মধ্য দিয়ে আমলাতান্ত্রিক মনোভাব এবং দৃষ্টিভঙ্গি প্রকাশিত হচ্ছে। এর ফলে হয়েছে আমরা যে গণ উদ্যোগের কথা বলি, জনগণের অংশগ্রহণের কথা বলি, সমাজতন্ত্রের কথা বলি এবং সেটা গণতান্ত্রিক উপায়ে করুন বা যেভাবেই করুন সেখানে দেখতে পাচ্ছি এই যে আমলাতান্ত্রিক

মনোভাব এবং আমলা চক্র দেশের মধ্যে সৃষ্টি হয়েছে তারা আমাদের সমস্ত রকম কর্মকাণ্ডের মধ্যে বড় বাধা হয়ে দাঁড়িয়েছে। আমাদের মুখ্যমন্ত্রী বলেছেন, প্রশাসনের উন্নয়ন এখনও হয় নি এবং জনগণের সঙ্গে থেকে এবং একাত্ম হয়ে কাজ করা এটা খুবই দরকার। কিন্তু সেটা যে হয় নি সেই উপলব্ধি মুখ্যমন্ত্রীও করেছেন। এবং সেই উপলব্ধি বোধ করেই তিনি এই বিধান-

[5-50—6-00 p.m.]

সভার সভ্যদের নিয়ে একদিন পূর্ণাঙ্গ আলোচনা করবেন, আমাদের যে কর্মকাণ্ড, আমাদের ১৭ দফা কর্মসূচিকে কাজে রূপায়ণ করবার জন্য জনগণের সেবার জন্য জনগণের উন্নয়নের কাজের জন্য আমরা যে প্রতিশ্রুতি দিয়েছি, আমাদের নির্বাচকমণ্ডলীর কাছে সেই যে দারিদ্র্যক্লিষ্ট মানুষ আদিবাসী থেকে আরম্ভ ক'রে অন্যান্য সম্প্রদায়ের মানুষ তাদের উন্নয়নের জন্য যে কর্মসূচি আমরা হাজির করেছি সেই কর্মসূচিকে রূপায়ণের জন্য যে প্রশাসনযন্ত্র গ'ড়ে তোলা দরকার তার জন্য আলোচনার কথা তিনি বলেছেন এবং তিনি স্বীকার করেছেন যে, এই প্রশাসন আমাদের সামনে বাধা সৃষ্টি হচ্ছে। তিনি নিজেই স্বীকার করেছেন নূতন ক'রে পরিবর্তন আনবার জন্য তিনি যে আগ্রহ প্রকাশ করেছেন তাকে আমরা অবশ্যই স্বাগত জানাচ্ছি। আমরা এই ক্ষেত্রে বলতে চাই আজকে রাষ্ট্রব্যবস্থাকে যে ব্যবস্থা চলছে সেই ব্যবস্থাকে সরলীকরণ ক'রে জনগণের কাজকে যাতে আরো ত্বরান্বিত করা যায় সেই ব্যবস্থা আজকে করা দরকার, কেন না অনেক করুণ কাহিনী আছে ঐ মহাকরণের লাল ফিতার ফাঁদে আটকে পড়ে রয়েছে, যেখানে বহু দরিদ্র মানুষের আবেদন নিয়ে লাল ফিতার বাঁধনে আটকে পড়ে যায় দিনের পর দিন তার কোন সুরাহা হয় না। মাননীয় সদস্যদের অনেকেরই অভিজ্ঞতা আছে, অনেক আমলার কাছে গিয়ে তাঁরা দুর্ব্যবহার পেয়ে এসেছেন এই অভিযোগ তাঁরা করেছেন, অনেক আমলারা তাদের কাজকর্ম করেন না, ফাইল চেপে রেখে দেন, এই অভিজ্ঞতা অনেকেরই আছে, আমাদেরও আছে—আজকে সেই সমস্তর মধ্যে আমি যাব না, কিন্তু আমাদের ঐ মহাকরণের যে একটা গোলকধাঁধা সেক্রেটারিয়েট, ডিরেকটোরেট তারপর আবার ফাইনান্স, এই যে তিনটে গোলকধাঁধা রয়েছে মহাকরণের মধ্যে আমরা দেখি ডিরেকটোরেট পাশ করলে তারপর সেক্রেটারিয়েটে যায়, সেক্রেটারিয়েট পাশ করলে তারপর ফাইনান্সে যায়, তারপর ফাইনান্স পাশ করলে সেই কাজটা হবার জন্য যায়। এই যে তিন চার রকমের ব্যবস্থা রয়েছে এই ব্যবস্থাকে আমি মাননীয় মুখ্য-মন্ত্রীকে ভেবে দেখতে বলি যে, এটাকে কিভাবে সরলীকরণ করা যায়, কাজটাকে আরো কিভাবে ত্বরান্বিত করা যায় যাতে ফাইলটা চাপা না থাকে সেইজন্য তিনি বিশেষ দৃষ্টি দেবেন। যে সমস্ত আশু কাজগুলি অবিলম্বে করা দরকার সেই কাজগুলি যাতে লাল ফিতার বাঁধনে দিনের পর দিন পড়ে থাকতে না পারে সেটা নিশ্চয়ই মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় দেখবেন। আর দুর্নীতি এবং অন্যান্য বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর নিজেরই অভিজ্ঞতা হয়েছে, একটা থানায় গিয়ে তিনি নিজেই দেখে এসেছেন ঐরকম দুর্নীতির বিষয় বা অন্যান্য বিষয়ে আমাদের নিজেদেরও অভিজ্ঞতা আছে—আমার ব্লকে আমি চেয়ারম্যান, আমি দেখেছি পদে পদে আমি ভুগছি, সেখানে ছোট করণিক থেকে আরম্ভ ক'রে বি ডি ও পর্যন্ত জনগণের স্বার্থে কাজ করান সম্পর্কে আমাকে নানাভাবে বাধা দেওয়া হচ্ছে তাই আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে আন্তরিকভাবে বলব, তিনি যা চিন্তা করছেন যে, প্রশাসনযন্ত্রকে ঢেলে সেজে এই যে ১৭ দফা কর্মসূচি রয়েছে, আমরা যে প্রতিশ্রুতি দিয়েছি জনগণকে সেই প্রতিশ্রুতি কাজে রূপায়ণের জন্য প্রশাসনযন্ত্রকে যাতে তাড়াতাড়ি সংস্কার করা যায় তার জন্য তিনি আমাদের নিয়ে তাড়াতাড়ি আলোচনা করবেন এটাই আশা করি। এবং আলোচনার পরে যদি প্রয়োজন বোধ করেন—যেমন বিভিন্ন রাজ্যে হয়েছে, কেন্দ্রীয় সরকারও করেছেন—আলোচনার পর একটা কমিশন নিয়োগ করার যদি দরকার মনে করেন বিভিন্ন মতামতের লোকদের নিয়ে কম্প্রিহেনসিভ অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মস কমিশন করুন। তারপরে আমি আর একটা কথা বলতে চাই যে, আপনাদের কতকগুলি টেকনিক্যাল ডিপার্টমেন্ট আছে যার হেডে নন-টেকনিক্যাল ম্যান বসে আছে, তারা আই এ এস হলেও তারা সেই সমস্ত বিষয়ের টেকনিক্যাল এক্সপার্ট নন। যেমন আমি বলব, পশুপালন বিভাগে বা অন্যান্য কারিগরী বিষয়ে যাদের সেই বিষয়ে কোন দক্ষতা বা অভিজ্ঞতা আছে ঐ ধরনের লোককে প্রমোশন

দিয়ে উচ্চপদে নিযুক্ত করলে আমার মনে হয় কাজের দিক থেকে সুবিধা হবে। যদি তিনি আই এ এস নাও হন, তা হ'লেও মনে হয় এতে ক্ষতি হবে না। আমরা হেলথের ব্যাপারে দেখতে পাচ্ছি বিভাগীয় যিনি প্রধান তিনি হয়ত ডাক্তার নন।

হেলথের ব্যাপারে দেখছি ডাক্তার নয়, চিকিৎসা শাস্ত্রে অভিজ্ঞতা নাই, সেই ধরনের আই এ এস অফিসার প্রশাসনের মাথার উপর বসে আছেন। চিকিৎসা বিজ্ঞানে অভিজ্ঞতা আছে, সেই ধরনের লোককে গুরুত্বপর্ণ পদে স্বাস্থ্যের ব্যাপারে যাতে আনা যায় সেটা ভেবে দেখবেন।

আর একটা বিষয়, ডিভিশনাল কমিশনারের কথা আপনি বলেছেন, তাদের যাতে উন্নয়নমুখী করা যায়, উন্নয়ন কর্মসূচির সংগে জড়ান যায় সেকথা আপনি ভাবছেন। আমি বলি অন্য কথা। আচ্ছা, এই পদটাকে তুলে দিলেই বা কি ক্ষতি হবে? একটা বিরাট পদে এক একজন লোককে বসিয়ে রেখেছেন, কোন কাজ নাই, এই পদ তুলে দিয়ে তাদের অন্য যে সমস্ত ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট আছে সেখানে দিতে পারেন। কেন না এরা কোন গুরুত্বপূর্ণ কাজ যখন পালন করছেন না, ডিভিশনাল কমিশনার পদে বসে মোটা মোটা মাইনে পাচ্ছেন, সেক্ষেত্রে এই পদগুলি তুলে দেওয়া যায় কিনা ভেবে দেখবার জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীর নিকট আবেদন রাখব।

তারপর আর একটা কথা বলি। জিনিসপত্রের দাম দিনের পর দিন বেড়েই যাচ্ছে। মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন, অর্থসংগতি আমাদের সীমিত। আমিও স্বীকার করি যে, অর্থ আমাদের প্রচুর নাই। কিন্তু একথাও উপলব্ধি করতে হবে, আজকে যদি আমরা দেশের উন্নতি করতে চাই, অসন্তুষ্ট কর্মচারী গোষ্ঠী দিয়ে সে কাজ করতে যাই, তা হ'লে পদে পদে বাধার সম্মুখীন হতে হবে। সেজন্য আমি অনুরোধ করব, আজকে দ্রব্যমূল্য যেভাবে বাড়ছে, সেটা বিবেচনা ক'রে এবং অর্থসংগতি দেখে, আমাদের সরকারী কর্মচারীদের কথাও ভাবতে হবে। আজকে আমাদের যে উন্নয়ন কর্মসূচি, তার যে কর্মকাণ্ড রয়েছে, ১৭ দফা কর্মসূচি রয়েছে সেই কর্মকাণ্ডের অংশীদার যাতে এই বিরাট সরকারী কর্মচারীও হয়, তাদেরও এর সংগে জড়িত করা যায়, তারা যেন অসন্তুষ্ট না থাকে সেদিকে নজর দেবেন।

আমি এবার সার্ভিস কন্ডাক্ট রুল সম্বন্ধে একটু বলি। আমি মনে করি পুরানো সার্ভিস কন্ডাক্ট রুল বজায় রাখার কোন সার্থকতা নাই। বৃটিশ আমল থেকে যে সার্ভিস কন্ডাক্ট রুল চলে আসছে, যেটা আজকে আউটডেটেড হয়ে গেছে, সেটা যাতে পরিবর্তিত অবস্থার সংগে চলতে পারে সে দিক বিবেচনা ক'রে সেই ব্যবস্থা নেবেন, এই অনুরোধ করি।

পরিশেষে বলতে চাই যে, ওয়েস্ট বেংগলে অনেক পরীক্ষা-নিরিক্ষা হয়েছে নূতন এই ১৭ দফা কর্মসূচির ভিত্তিতে দরিদ্র মানুষের জন্য যাতে কাজ করতে পারি, তাদের সেবা করতে পারি, সেই ধরনের প্রশাসন গ'ড়ে তুলতে আমাদের সাহায্য করুন, এটুকু ব'লে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশরৎচন্দ্র দাসঃ মাননীয় স্পীকার মহোদয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় সাধারণ প্রশাসন খাতে যে ব্যয়বরাদ্দের দাবি রেখেছেন আমি সর্বান্তঃকরণে সমর্থন করি। মাননীয় স্পীকার মহোদয়, আজকে বৎসর পূর্তি উপলক্ষে গত এক বছরে পশ্চিমবাংলার জনগণ কি পেয়েছে সেটা একটু খতিয়ে দেখা উচিত। আমাদের রাজ্যে এই সরকার যখন প্রথম এসে বসেন, তখন পশ্চিম-বংগের অবস্থা কি ছিল এবং বর্তমানে কি অবস্থায় এসে পোঁছেছে, সেটা একটু খতিয়ে দেখা প্রয়োজন। বিগত কয়েক বছরের অন্ধকারময় দিনগুলির কথা আমি মনে করিয়ে দিতে চাই। সেই সময় মুমূর্ষ পশ্চিমবাংলার সমস্যা থাকলেও মানুষের ধন, প্রাণে নিরাপত্তাবোধের অভাব ছিল, সমস্ত জনজীবনে ত্রাস এবং আতঙ্কের ভাব ছিল এবং মানুষ সেই আতঙ্ক এবং ত্রাসের মধ্যে বাস করছিল। সেই সময় আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর সুষ্ঠু পরিচালনায়, সুষ্ঠু প্রশাসনযন্ত্রের প্রয়োগের ফলেই আজকে আমাদের মা-বোনেরা, সমস্ত বাজারে, গঞ্জে, মাঠে-ময়দানে

নিরাপদে ঘুরে বেড়াচ্ছে, কারও কোন ভয় নাই। কি অবস্থাই সেদিন ছিল জনজীবনে কোন নিরাপত্তাবোধ ছিল না, লোকে ঘর থেকে বার হতে পাচ্ছিল না, মা ও বোনেরা সিনেমায় যেতে পাচ্ছিলেন না, আজকে এই শান্তি-শৃঙ্খলার দিনে মানুষ সমস্ত জায়গায় নিরাপদে যাতায়াত করছে, কোন অসুবিধা বোধ করছে না। সকলেই এই সুষ্ঠু এবং যোগ্য প্রশাসনের উপকারিতা অনুভব করছে।

[6-00—6-10 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী যে সমস্ত আমাদের এই হাউসে আজকে বলেছেন, সাধারণ প্রশাসন খাতে ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন প্রসঙ্গে, সেটা প্রণিধানযোগ্য। আজকে আমাদের প্রশাসনিক ব্যাপারে কিছুটা উন্নতি হয়েছে এবং ব্যুরোক্রেসীও কিছুটা দমিত হয়েছে। সে সমস্ত আমরা আজ প্রত্যক্ষ করছি। কিন্তু তাতেও তিনি সন্তুষ্ট নন। তিনি সত্যকামের মত বলছেন চরৈবেতি, চরৈবেতি—আরো এগিয়ে যাবার চেষ্টা তিনি করছেন। তার জন্য আন্তরিক ধন্যবাদ দিচ্ছি।

মুখ্যমন্ত্রীর ভাষণের যে সমালোচনা হয়েছে, শ্রদ্ধেয় প্রবীণ সদস্য বিশ্বনাথবাবু যে সমালোচনা করেছেন, তাতে তিনি বলেছেন, আমাদের প্রশাসনযন্ত্রকে জনভিত্তিক করতে হবে, জনগণের মাধ্যমে প্রশাসনযন্ত্র যাতে পরিচালিত হয়, তার ব্যবস্থা করতে হবে। যুক্তফ্রন্টের আমলে তাঁরা এই সম্পর্কে অনেক শর্ত রেখেছিলেন যে, এই এই প্রসিডিওর মাফিক আমরা কাজ করবো। তাতে তাঁরা বলেছিলেন, পুলিস থাকবে নিরপেক্ষ নিষ্ক্রিয়, তাঁরা জনগণের আন্দোলনের ব্যাপারে যাবেন না। তার ফলে কী হয়েছিল, তা আপনি জানেন স্যার। তাঁদের লোকজন দলবদ্ধ হয়ে ঘরের ধান লুঠ করেছে, মাঠের ধান জোর ক'রে কেটে নিয়ে এসেছে। পুলিস কিছু বলে নাই তখন পুলিস নিরপেক্ষ ও নিষ্ক্রিয় ছিল। এই তাঁদের নীতি ছিল। প্রশাসনে ন্যায়বিচারকে বাধা দেওয়া উচিত—সব সময়—এটা কখনো চলতে পারে না। এই জন্য প্রশাসনের ন্যায় বিবেক রক্ষা ক'রে নিরপেক্ষ রেখে যদি কিছু করতে পারা যায়, তা হ'লে ভাল হয়। আমি এই সম্পর্কে তিমির ভাদুড়ী মহাশয়কে দু'-একটি কথা বলতে চাই। মহাভারতের ধর্মপুত্র যুধিষ্ঠির যে এত ভাল ভাল কাজ করেছেন, কর্মজীবনে ও সমাজজীবনে যে পবিত্রতাব নীতি তিনি পালন করেছেন সে সব না দেখে তিনি কেবল যুধিষ্ঠিরের নরক দর্শনই করেছেন। এই নরক দর্শনের নীতি তিনি পরিত্যাগ ক'রে এই সরকারের জনকল্যাণমূলক কর্মকাণ্ড একবার ভাল ক'রে দেখুন এই অনুরোধ তাঁকে জানাই।

শ্রীমহম্মদ সফিউল্লা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সাধারণ প্রশাসনখাতে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি এখানে উপস্থিত করেছেন, আমি সম্পূর্ণভাবে তা সমর্থন করি। এই প্রসঙ্গে আমি একটি জিনিস না জানিয়ে পারছি না এই যে বিধানসভা আজকে সমালোচনায় মুখর হয়ে উঠেছে, যখন মুখ্যমন্ত্রী সাম্প্রদায়িকতার বিরুদ্ধে জেহাদ ঘোষণা করেছেন। তাঁর বলিষ্ঠ নীতি তাঁর শুধু বলিষ্ঠ নীতিই নয় তাঁর এই নীতিকে আমি ঐতিহাসিক নীতি বলতে পারি। একদিন আমিও শুনে মুখ্যমন্ত্রীর সমালোচনা করেছি। একজন সি পি আই সদস্য তাঁকে বলেছিলেন, তিনি সি আর দাসের নাতি—এই হচ্ছে তাঁর বড় পরিচয়। কিন্তু আমি বলব সে পরিচয় বড় নয়, আজকে আমি দ্বিধাহীন চিত্তে মুক্তকণ্ঠে স্বীকার করছি এই সিদ্ধার্থ রায়ের সরকার নিজের দক্ষতার দ্বারা সুষ্ঠু প্রশাসনিক ব্যবস্থার স্বয়ংসম্পূর্ণ প্রশাসন এই পশ্চিমবাংলায় আজকে প্রতিষ্ঠিত করতে পেরেছেন। আমি এ সম্বন্ধে একটি উদাহরণ দিতে পারি। আমি এই বিধানসভায় নির্বাচিত হবার আগে আমার কেন্দ্রে চুরি-ডাকাতি যেভাবে বেড়ে চলছিল আমাদের এই সরকার প্রতিষ্ঠিত হবার পরেও কিছুদিন চুরি-ডাকাতি বেড়ে চলে। তখন আমরা সমালোচনায় মুখর হয়েছিলাম। আমি আজকে আনন্দের সঙ্গে ঘোষণা করছি আমাদের এই সরকার—সিদ্ধার্থ রায়ের সরকার সেসব সম্পূর্ণভাবে দমন করেছেন। আমি আশা করবো ভবিষ্যতেও এই সরকার আরো বেশী জনকল্যাণমূলক কাজ করতে পারবেন।

আর একটি উদাহরণ দেই। আমাদের ওখানকার এক থুরথুরে বুড়ি একদিন আমার কাছে ছুটে এলেন। এসে বললে, তুমি তো সিদ্ধার্থ রায়ের সরকারের লোক, বলতো, আমি কেন জি আর পাচ্ছি না? সঙ্গে সঙ্গে তার জি আর-এর ব্যবস্থা করা হয়েছিল, তার সাহায্যের জন্য গ্রামের সকলে ছুটে গিয়েছে। একথা বলতে আর আমাদের কোন দ্বিধা নাই, মুখ্যমন্ত্রী যেভাবে পরিশ্রম করছেন, আমরা বিধানসভার সদস্যরাও সেইভাবে নিশ্চেষ্ট বসে নাই—আমরাও রাতদিন জনসাধারণের কাছ থেকে কাজের উৎসাহ-উদ্দীপনা পাচ্ছি। আমরা চাই কাজের স্বীকৃতি। তা না হ'লে অগ্রগতি ব্যাহত হবে।

সেইজন্য আজকে যখন সমালোচনা করবো তার সাথে সাথে কাজের স্বীকৃতি ও প্রশংসা চাই এবং তা হ'লে আমাদের এগিয়ে যাওয়াতে আনন্দ হবে। আমি বিশ্বাস করি সিদ্ধার্থশঙ্কর রায়ের মন্ত্রিসভা যে বাংলা গড়ার শপথ নিয়ে এসেছেন তাকে গ'ড়ে তুলবেন এবং আমাদের আরও দেশের কাজের পক্ষে উপযুক্ত ক'রে তুলবেন। আর একটা কথা বেকারদের চাকরি সম্বন্ধে বলবো। কিছু কিছু বেকারকে চাকরি দেওয়া হচ্ছে এবং নিয়োগপত্র পাঠানো শুরু হয়ে গিয়েছে, যার জন্য গ্রামে, গঞ্জে, হাটে-বাজারে একটা উৎসাহ ও উদ্দীপনা জেগেছে, বেকারদের মধ্যে একটা উৎসাহ, উদ্দীপনা জেগেছে। চাকরি না পেয়ে পেয়ে তাদের মনে যে নৈরাশ্য নেমে এসেছিল যে, তারা চাকুরি পাবে না সেটা কেটে যাচ্ছে, আশার আলো দেখা যাচ্ছে। এই কথা ব'লে গ্রাণ্টকে সমর্থন ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশচীনন্দন সাউ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী সিদ্ধার্থশঙ্কর রায় সাধারণ প্রশাসন খাতে যে ব্যয়বরাদ্দের দাবি উপস্থিত করেছেন আমি তাকে পরিপূর্ণভাবে সমর্থন জানাচ্ছি। সমর্থন জানাচ্ছি এই কারণে যে, আপনি জানেন পশ্চিমবাংলার বুকে যে বীরভূম জেলা সেখানে কি সন্ত্রাস ঘটেছিল। বীরভূমের সুসন্তান এবং এই হাউসের প্রাক্তন এম এল এ রাধাকৃষ্ণ সিংহ থেকে শুরু ক'রে, ছাত্র পরিষদের সম্পাদক সাক্ষীগোপাল তেওয়ারী, ছাত্র পরিষদের মলয় দাস, ছাত্র পরিষদের সহ-সভাপতি শ্রীঅমল ব্যানার্জী একের পর এক জীবন দিয়েছিলেন এবং বীরভূম জেলাতে এক একদিনে ২০/২৫টা ক'রে মৃতদেহ জমা হ'ত। এই মুখ্যমন্ত্রী সিদ্ধার্থশঙ্কর রায় বীরভূমে একদিন পদার্পণ করলেন, তিনি তখন কেন্দ্রীয় সরকারের মন্ত্রী হিসাবে পশ্চিমবঙ্গের দায়িত্ব নিয়েছিলেন, সেই পদার্পণের সঙ্গে সঙ্গে আমরা বিস্মিত হয়েছি, আমরা অবাক হয়েছিলাম, তিনি বীরভূম ঘুরে আসার পর আজ পর্যন্ত বীরভূমে কোন খুন হয় নি। আজকে এই সিদ্ধার্থশঙ্কর রায়ের সরকার যে সুন্দরভাবে প্রশাসন পরিচালনা করেছেন। বীরভূম জেলার মানুষ নরকযন্ত্রণা ভোগ করছিল, এই জেলার মানুষরা দিনের বেলা বাড়িতে থাকতে পারত না, ছেলে-মেয়েরা সন্ত্রাসে লুপ্ত হয়ে যাচ্ছিল এবং দিনের পর দিন মানুষ এই সন্ত্রাস থেকে মুক্ত হ'তে চাইছিল। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী বীরভূমে একবার সফরের সঙ্গে সঙ্গে যেভাবে মুক্ত করেছেন এর হাত থেকে, পরিপূর্ণভাবে তাঁর দায়িত্ব পালন করেছেন, তার জন্য তাঁকে এই বিধানসভার মধ্যে দাঁড়িয়ে বীরভূমবাসীর পক্ষ থেকে তাঁকে সশ্রদ্ধ নমস্কার জানাই এবং প্রণাম জানাই। আমি আমার জেলাবাসীর পক্ষ থেকে পরিপূর্ণভাবে শ্রদ্ধা জানিয়ে যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তাকে পরিপূর্ণভাবে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীললিতকুমার গায়েন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী আজকে যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে অন্তরের অন্তস্থল থেকে সমর্থন জানাচ্ছি। উনি একদিন বলেছিলেন, পশ্চিমবাংলার নূতন সূর্য উদিত হবে। আজকে ব্যয়বরাদ্দের উপর বলতে উঠে স্বর্গত বিধানচন্দ্র রায়ের কথা আমার মনে প'ড়ে যাচ্ছে। তাঁর মৃত্যুর পর সুযোগ্য নেতৃত্বের অভাবে যখন পশ্চিম-বাংলার অন্ধকার নেমে এসেছিল সেই মুহূর্তে আমাদের পশ্চিমবঙ্গ আমাদের সুযোগ্য নেতার হাতে পশ্চিমবাংলার শাসনভার অর্পণ করেছিল এবং শাসনভার অর্পণ করার পর আজকে দেখা গিয়েছে, নূতন দিগন্তে নূতন সূর্য উদিত হয়েছে। আজকে দেখতে পাচ্ছি, পশ্চিমবঙ্গের মানুষ শান্তিতে বাস করতে পারছে। আজকে যত সমালোচনাই বিরোধী পক্ষে যাঁরা বসে আছেন তারা করুন না কেন, সাধারণ মানুষ মল-মূত্র ত্যাগ করার মতো তাদের ত্যাগ ক'রে দিয়েছে। তাদের কথা না শোনাই উচিত।

[6-10—6-20 p.m.]

আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ ক'রে বলবো যে, আজকে এই বিধানসভায় আমরা ১২৫ জন তরুণ যুবক নির্বাচিত হ'য়ে এসেছি, তাদের ২৫০টি হাত আপনার কাছে বাড়িয়ে দিয়েছে, যে কোন মুহূর্তে নির্দেশ দেবেন, আপনার নির্দেশে আমরা মৃত্যুবরণ করতেও পারি। যদি সাধারণ মানুষের স্বার্থে বিপদ আসে, সেই বিপদে মাথা নিচু ক'রে আপনার নির্দেশে আমরা এগিয়ে যেতে পারবো। আমরা এই বিধানসভায় নির্বাচিত হয়ে চুপচাপ বসে নেই। আপনার নির্দেশমত আমরা চলছি এবং চলবো। এই বক্তৃতা রেখে এই ব্যয়বরাদ্দকে পূর্ণ সমর্থন জানাই। আমি তাঁকে অভিনন্দন জানাই এই জন্য যে, গত ২৫ বছরে যে ইতিহাস রচিত হয়েছে এবং সে ইতিহাসে যা হয় নি তা আজকে হ'তে চলেছে এবং একথা ইতিহাসে স্বর্ণাক্ষরে লেখা থাকবে। এই বরাদ্দকে সমর্থন করতে গিয়ে মুখ্যমন্ত্রীর হাত শক্ত করার প্রতিশ্রুতি দিয়ে আমরা বিধানসভায় যে সমস্ত তরুণ সদস্য আছি সকলেই আমরা আপনার সঙ্গে আছি এই ব'লে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীবাসুদেব হাজরা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মুখ্যমন্ত্রী সাধারণ প্রশাসন খাতে যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে সমর্থন ক'রে আপনার মাধ্যমে কয়েকটি বক্তব্য রাখছি। প্রশাসনক্ষেত্রে অতীতে যে ত্রুটি ছিল এবং যে ত্রুটি-বিচ্যুতি আছে, দুর্নীতি আছে, ভবিষ্যতে যে আর থাকবে না এমন কথা বলতে পারি না। কিন্তু যুক্তফ্রন্ট শাসনকালে প্রশাসনক্ষেত্রে যে ত্রুটি যে দুর্নীতি ছিল তা অত্যন্ত নিন্দনীয়। সর্বত্র একটা বিশৃঙ্খলা—গ্রামে গঞ্জে হাটে বাজারে মাঠে অফিস আদালতে বিশ্ববিদ্যালয় কলেজে সর্বত্র একটা বিশৃঙ্খলা একটা অবিচার আমরা লক্ষ্য করেছি। মানুষের মনের মধ্যে যে পশুশক্তি আছে সেই পশুশক্তিকে প্রকট ক'রে তোলার অনুকূলে পরিবেশ তৈরি ক'রে দিয়েছিল ঐ যুক্তফ্রন্ট সরকার। সেই ত্রুটিযুক্ত প্রশাসনকে মুক্ত ক'রে আনলো এই সরকার। আমাদের এই সরকার ১ বছরে পশ্চিমবঙ্গের মানুষের মনে শান্তি প্রতিষ্ঠা করেছেন। হিংসা হটকারিতার অবসান ঘটিয়ে পরিষ্কার ও পরিচ্ছন্ন প্রশাসন তৈরি করার চেষ্টা করেছেন এই সরকার। মানুষের জীবনে ধনসম্পদের নিরাপত্তা এনে দিয়েছে—সরকার ও জনগণের মধ্যে যোগাযোগ সৃষ্টি করেছেন এবং জনগণের মনে আশা-আকাঙ্ক্ষার সৃষ্টি করেছেন। আমাদের বিশ্বাস আমাদের প্রিয়নেতা শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় মহাশয়ের সফল নেতৃত্বে পরিষ্কার ও পরিচ্ছন্ন প্রশাসন তৈরি হবে। আমাদের নেতার বলিষ্ঠ নেতৃত্ব, তাঁর অক্লান্ত পরিশ্রম, তাঁর উদ্যম তাঁর নিরপেক্ষতা, তাঁর যোগ্যতা, তাঁর দায়িত্বজ্ঞান, তাঁর নম্রতা, তাঁর চেষ্টা ও তাঁর সহানুভূতিশীলতায় আমাদের এই পশ্চিমবঙ্গের আমলাতন্ত্রের প্রাধান্য নষ্ট হবে। এবং আমরা আশা রাখি যে পশ্চিমবঙ্গের জনগণ এই সরকারের প্রতি যথেষ্ট আস্থাশীল। এই ব'লে আমাদের প্রিয়নেতা যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে সমর্থন ক'রে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীনাসিরুদ্দিন খান: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রীর দপ্তর সাধারণ প্রশাসনখাতে যে ব্যয়বরাদ্দের দাবি পেশ ক'রে যে বক্তব্য রেখেছেন সেই বক্তব্যে তিনি সাম্প্রদায়িকতার বিরুদ্ধে জেহাদ ঘোষণার কথা বলেছেন। যে কথা ইতিপূর্বে ২৫ বছরের ইতিহাসে নাই। সেইজন্যই আমি তাঁকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। আমি একটি মাত্র অনুরোধ তাঁর কাছে রাখবো যে এই কথা যেন শুধু কথায় না থাকে যেন বাস্তবায়িত হয়। এবং তারো প্রশংসা করতে আমি বাধ্য হচ্ছি এই কারণে যে তিনি সরকারী কর্মচারীদেরও সাবধান ক'রে দিয়েছেন যে, তারা যেন সাম্প্রদায়িকতা থেকে দূরে থাকেন। এই ব'লে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীআনন্দমোহন দত্ত: মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় মুখ্যমন্ত্রী সাধারণ প্রশাসন খাতে যে ব্যয়বরাদ্দের দাবি আমাদের কাছে রেখেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানাই এবং আজ পশ্চিমবাংলার প্রত্যেকটি মানুষের মন তিনি জয় করেছেন। তাঁর যোগ্য নেতৃত্বে আজকে পশ্চিমবাংলা এগিয়ে যাবে। আমরা বিধানসভার প্রত্যেকটি সদস্যই তাঁর পাশে আছি এবং তাঁকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। তিনি যে নূতন পশ্চিমবাংলা গড়ার স্বপ্ন দেখেছেন, তাঁর সেই সুযোগ্য নেতৃত্বে এই স্বপ্ন স্বার্থক হবে, এই বিশ্বাস আমাদের আছে। জয় হিন্দ।

শ্রীভবতারণ চক্রবর্তী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মুখ্যমন্ত্রী সাধারণ প্রশাসন খাতে যে ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শুরু করছি। আজ এক বছর হ'ল আমাদের এই সরকার কায়েম হয়েছে। এই এক বছরের মধ্যে তাঁর নেতৃত্বে এবং মন্ত্রিমণ্ডলীর অক্লান্ত প্রচেষ্টার ফলে দেশে যে একটা উল্লেখযোগ্য উন্নতি হয়েছে এবং দেশ যে উন্নতির দিকে অগ্রসর হয়েছে এবং আগামী কয়েক বছর আমরা যদি এই শাসনকার্যে নিযুক্ত থাকতে পারি, তা হ'লে দেশের আরো প্রভূত উন্নতি হবে—এই আশা ভরসা রেখে, এই বিশ্বাস রেখে ব্যয়বরাদ্দকে সমর্থন জানাচ্ছি। ১৯৬৭ সাল থেকে ১৯৬৯ সাল পর্যন্ত দুইবার যুক্তফ্রন্ট সরকার বিপুল সংখ্যাধিক্য নিয়ে সরকার গঠন করেছিলেন। তাঁদের আমলে দেশে উন্নয়নমূলক কাজ কিছুমাত্রও হয় নি। আমি যে এলাকা থেকে নির্বাচিত হয়ে এসেছি সেখানকার রাস্তার মেটাল কনস্ট্রাকসন ৫/৬ বছর আগে যে অবস্থায় ছিল তাতে সেখান থেকে সব চুরি হয়ে গেছে, পুল তৈরি হচ্ছিল সেটাও অসমাপ্ত অবস্থায় রয়ে গেল। কোথাও এক কোদাল মাটি দেওয়া হয় নি। কোন উন্নয়নমূলক কাজ হয় নি, কেবল নিজেদের মধ্যে রাজনীতি ক'রে, পরস্পরকে হত্যা ক'রে বিভিন্ন রাজনৈতিক দল নিজেদের প্রাধান্য বিস্তার করার চেষ্টা করেছিলেন। তাঁদের যে বিপুল সংখ্যাধিক্য ছিল সেটাকে তাঁরা অবহেলা ক'রে হারিয়েছেন। পক্ষান্তরে আমরা দেখছি, জনসাধারণ যে আশীর্বাদ আমাদের দিয়েছেন সেই আশীর্বাদ নিয়ে জনসাধারণের কাজ করবার সুযোগ পেয়েছি। সেই সুযোগকে পরিপূর্ণভাবে সদ্ব্যবহার করার জন্য মন্ত্রিমণ্ডলীর প্রত্যেকটি সদস্য যেভাবে সচেষ্ট হয়েছেন এবং মাননীয় মুখ্যমন্ত্রীর নেতৃত্বে এটা যে সম্ভবপর হয়েছে যার জন্য আমরা একটি বিষয় নিয়ে নিশ্চিন্তে আছি যে, এই সরকার দেশের সত্যিকারের মঙ্গল করতে পারবেন। এই কথা ব'লে আমি এই বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[6-20—6-30 p.m.]

শ্রীযতীন্দ্রমোহন রায়: মাননীয় স্পীকার মহাশয়, আমাদের সুপ্রিয় মুখ্যমন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন করেছেন আমি তা সর্বান্তঃকরণে সমর্থন করছি। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন, গত কয়েক বছর ধ'রে দেশে যে অরাজকতা চলেছিল আমরা এই বিধানসভার সদস্যরা তার থেকে রক্ষা পাই নি। এমন কি, অধ্যক্ষ মহাশয় পর্যন্ত রক্ষা পান নি। আজকে আমাদের প্রিয় মুখ্যমন্ত্রীর নেতৃত্বে সারা দেশে শান্তি ফিরে এসেছে এবং গ্রামে গ্রামে আজ উন্নয়নের কাজ চলেছে, এইজন্য আমি তাঁকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি এবং বলছি, তিনি যেন গ্রামের জনমজুর, চাষী, তফসিলী ভাইদের প্রতি, আদিবাসী ভাইদের প্রতি নজর রাখেন। এই কথা ব'লে তাঁর ব্যয়বরাদ্দকে সমর্থন জানিয়ে এবং তাঁকে আবার আন্তরিক অভিনন্দন জানিয়ে শেষ করছি।

শ্রীপ্রবোধচন্দ্র সিংহরায়: মাননীয় স্পীকার মহাশয়, সুপ্রিয় মুখ্যমন্ত্রী সাধারণ প্রশাসন খাতে যে ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন করেছেন তাকে আন্তরিকভাবে সমর্থন জানিয়ে ২/৪টি কথা বলছি। বিগত ১৯৬৭ সাল থেকে ১৯৬৯ সাল পর্যন্ত যুক্তফ্রন্টের কুশাসনের ফলে পশ্চিমবাংলার প্রতিটি ক্ষেত্রে—কৃষি, শিল্প, শিক্ষা, সমাজজীবনে—যে অনিশ্চয়তা, অনগ্রসরতা, অস্থিরতার সৃষ্টি হয়েছিল এবং যার অবশ্যম্ভাবী পরিণতি হিসাবে জনমানসে একটা হতাশার সৃষ্টি হয়েছিল সেই হতাশা থেকে তিনি সকলকে মুক্ত করতে পেরেছেন তাঁর সুষ্ঠু পরিচালনা এবং যোগ্য নেতৃত্বের দ্বারা। এইজন্য তাঁকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। সংগে সংগে এই রকম একজন যোগ্য নেতার সহকর্মী হিসাবে দেশ গড়ার কাজে নিজেকে ব্রতী করতে পেরেছি একথা ভেবে গর্ববোধ করছি, আনন্দে বুক ভরে উঠছে। কিছুদিন আগে পর্যন্ত এই পশ্চিমবংগের কথা শুনলে যেখানে ভারতবর্ষের অন্যান্য অংগ রাজ্যের লোকেরা ভয় পেতেন, সেখানে এই এক বছরের মধ্যে সেই অরাজকতার অবসান হয়েছে, সারা দেশে আজ শান্তি ফিরে এসেছে। আজ মাননীয় মুখ্যমন্ত্রী যে সোনার বাংলা গড়ার স্বপ্ন দেখেছেন সেই স্বপ্ন সার্থক হোক, সহকর্মী হিসাবে তাঁর সাথে আছি এই আশ্বাস দিয়ে শেষ করছি। জয় হিন্দ।

মহম্মদ দেদার বক্স ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ পশ্চিমবঙ্গের প্রগতিশীল সরকারের কর্ণধার মাননীয় মুখ্যমন্ত্রী শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় ১৯৭৩-৭৪ সালের জন্য ১২ নং সাধারণ প্রশাসন খাতে যে ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন করেছেন আমি তা পরিপূর্ণভাবে সমর্থন জানাচ্ছি এবং সঙ্গে সঙ্গে মাননীয় মুখ্যমন্ত্রীকে আপনার মাধ্যমে অভিনন্দন জানাচ্ছি। মাননীয় মুখ্য-মন্ত্রী সাধারণ প্রশাসন খাতের ব্যয়বরাদ্দের দাবী উত্থাপন করতে গিয়ে যে বিবৃতি দিয়েছেন আমি সেই বিবৃতি একাগ্রচিত্তে শুনেছি। তিনি বিশেষ ক'রে জোর দিয়েছেন, ধর্মনিরপেক্ষতা রক্ষার জন্য। এবং সরকারী কর্মচারীদের তিনি হুঁশিয়ার ক'রে দিয়েছেন, তিনি বলেছেন, সরকারী কর্মচারীদের আজকে পাল্টাতে হবে। গ্রামে, যেখানে শতকরা ৭০ জন লোক বাস করেন, যারা অশিক্ষিত, যাদের পরনে কাপড় নেই, যারা হয়ত অনেক সময় মার্জিত হ'তে পারে না, সেই হরিজন, আদিবাসী ভাইদের যে অভাব-অভিযোগ তা সরকারী অফিসারদের শোনবার জন্য তিনি নির্দেশ দিয়েছেন। এজন্য স্যার, আমি আপনার মাধ্যমে তাঁকে অভিনন্দন জানাচ্ছি। আজকে যদি স্যার আমাদের প্রিয় মুখ্যমন্ত্রীকে আমি 'শান্তির প্রতীক' ব'লে অভিহিত করি, তা হ'লে আমার মনে হয় সেটা অত্যুক্তি হবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, রাষ্ট্রপতির শাসনকালে থেকে এই পশ্চিমবঙ্গে আমরা 'গরিবী হটাও' নীতিতে বদ্ধপরিকর। আমাদের শ্রদ্ধেয়া প্রধান-মন্ত্রী তাঁকে সেই সময় থেকে ভার দিয়েছিলেন। সেদিন থেকে আরম্ভ ক'রে আজ পর্যন্ত এই প্রগতিশীল সরকারের হাল ধ'রে তিনি বলিষ্ঠ পদক্ষেপে এগিয়ে চলেছেন। প্রশাসন যেখানে অস্বচ্ছ ছিল সেখানে তিনি সেই প্রশাসনকে স্বচ্ছ, সাবলীল ক'রে জনসাধারণের গ্রহণযোগ্য করবার জন্য চেষ্টা করেছেন। তিনি যে স্বপ্ন দেখেছেন যে, পিপলস্ পার্টিসিপেসান, আমি বলতে পারি আজ মুখ্যমন্ত্রী পিপলস্ পার্টিসিপেসান ঘটিয়েছেন। আজকে এমন পিপলস পার্টিসিপেসান ঘটেছে যার ফলে বিরোধী আর এস পি দল—তারা কোন রোগে ভুগছে জানি না, কারণ আমি ডাক্তার নই—রাজ্যপালের ভাষণের প্রতি এই ধরনের কটাক্ষ করেছেন, সেজন্য আমি তাঁদের বিনয়ের সঙ্গে বলবো, মাননীয় তিমিরবরণ ভাদুড়ী মহাশয়, আপনি ভারতীয় সংবিধানটা একটু ভাল ক'রে পড়বেন। ভাল ক'রে নিয়মকানুন জেনে তারপরে জোর গলায় বলবেন। শুধু বিরোধী আসনে বসলে বিরোধিতা করলে চলে না। তাই আমি তাকে হুঁশিয়ার ক'রে দিতে চাই যে, কথা বলবার আগে একটু ভেবে চিন্তে বলবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর যে বাজেট তাকে পূর্ণ সমর্থন ক'রে এবং আন্তরিক ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

শ্রীতপন চ্যাটার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনেক রকম বক্তব্য শুনলাম। কিন্তু তিমির ভাদুড়ী মহাশয়কে দেখে রিপ ভ্যান উইংকিল-এর কথা মনে পড়ছে। রিপ ভ্যান উইংকিল ২০ বছর ঘুমিয়ে ছিলেন বৌয়ের সঙ্গে ঝগড়া করে। যখন তাঁর ঘুম ভাঙ্গল, তখন দেখলেন, আমেরিকার অনেক পরিবর্তন হয়ে গেছে। সেই রকম এক বছর অ্যাসেম্বলি বয়কট করার পর তিমিরবাবুরা এসে দেখলেন যে, কংগ্রেস পাল্টে গেছে। পেটমোটা কংগ্রেসী এম এল এ-রা নেই, এ কংগ্রেস তো কায়েমী স্বার্থের সহায়তা করে না, এই কংগ্রেসের মত প্রগতিশীল কথা আর কেউ বলে নি। আজকে মুখ্যমন্ত্রী যে বাজেট বক্তৃতা দিয়েছেন তার থেকে প্রগতিশীল বক্তৃতা আর এস পি বন্ধুরা, সি পি এম বন্ধুরা কখনও দিতে পারে নি। মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর বক্তৃতায় জনকল্যাণমূলক উন্নয়নের কাজের জন্য গুরুত্ব দিয়েছেন সেজন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। ব্যারাকপুর মহকুমার এস ডি ও আমাকে একদিন বলেছিলেন দেয়ার ইজ নো প্রভিশন অফ এম এল এ ইন মাই বিজনেস বুক। কাজেই আজকে যদি তিনি থাকতেন, তা হলে তাঁকে বলতে পারতাম, দেখুন এম এল এ-দের দাম আছে কিনা। দ্বিতীয়তঃ আমলাতন্ত্রকে খর্ব করতে চেয়েছিলেন এবং কল্যাণকামী রাষ্ট্র গড়ে তুলতে চেয়েছিলেন। আর একটা অত্যন্ত বিনয়ের সঙ্গে মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব যে, টেকনোক্রাটদের টেকনোক্রাট কাজ এবং ব্যুরো-ক্রাটদের অ্যাডমিনিস্ট্রেটিভ কাজ দেওয়া ভাল। কারণ কয়েকদিন আগে বি মুখার্জি, যিনি স্টেট ট্রান্সপোর্ট চালিয়ে এলেন, তিনি এখন ২৪-পরগনা জেলার ডি এম গিরি করছেন। বি কে গুহ যিনি ইলেকশন করে এলেন, তিনি এখন শিক্ষা চালাচ্ছেন। আই এ এস মানে তিনি এই [illegible] আজকে মাননীয় মুখ্যমন্ত্রী যে বলিষ্ঠ পদক্ষেপ নিয়েছেন, তিনি

যে কল্যাণকামী রাষ্ট্র গড়ার চেষ্টা করছেন এবং পুরানো কংগ্রেস থেকে নতুন কংগ্রেসের পার্থক্যটা দেখিয়ে দিয়েছেন, তার জন্য তাঁকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি এবং সবশেষে তিনি যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন তার জন্য তাঁকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি। বন্দে মাতরম্।

শ্রীসুধীর বেরা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী যে দাবির বরাদ্দ এখানে পেশ করেছেন সেটা সর্বতোভাবে সমর্থন করি। ১৯৬৭ সাল থেকে ১৯৭১ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গে এক অন্ধকারময় যুগ ছিল। আমাদের মুখ্যমন্ত্রীর নেতৃত্বে ১৯৭২ সালে প্রথম একটা স্থায়ী সরকার গঠিত হয় এবং এই অন্ধকারময় যুগের অবসান ঘটে। মেদিনীপুর জেলার যেখান থেকে আমি এসেছি সেখানকার ডেবরা, গোপীবল্লভপুরে দাঙ্গা, খুন, জখম, হত্যার দিনগুলির অবসান হয়েছে, এখন সেখানকার লোকেরা শান্তিতে বসবাস করছে। মেদিনীপুর জেলার তরফ থেকে তথা পশ্চিমবঙ্গবাসীর পক্ষ থেকে সেজন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। সিদ্ধার্থবাবু যা করলেন তাতে তাঁকে প্রশংসা না করে পারা যায় না। তিনি প্রফুল্ল সেনের আমদরবার না করে মন্ত্রি-সভাকে রাইটার্স বিল্ডিংস থেকে জনসাধারণের সামনে টেনে নিয়ে গেলেন। জেলায় জেলায় নিয়ে গিয়ে জনসাধারণের দুঃখ-দর্দশার কথা শুনলেন। একজন সাধারণ চাষী, দরিদ্র লোকের পক্ষে রাইটার্স বিল্ডিংসের সাত দেউড়ি পার হয়ে মন্ত্রিসভার কাছে তাদের বক্তব্য রাখার সুযোগ কখনও পেত না। সিদ্ধার্থ রায়ের নেতৃত্বে এই প্রথম মন্ত্রিসভা গ্রামে গ্রামে গিয়ে সেখানকার লোকেদের অভাব-অভিযোগের কথা শুনলেন। দেশের লোক জানল যে, মন্ত্রীরা সত্যি সত্যি কিছু করতে চান। তারই নেতৃত্বে মন্ত্রীরা ইলেকট্রিক লাইন তত্ত্বাবধান করা, কৃষির তত্ত্বাবধান করা, এই রকম আগে কখনও দেখা যায় নি। তা ছাড়া এম এল এ-দের তিনি দুর্লভ ক্ষমতা এবং সম্মান দিয়েছেন এবং জনপ্রতিনিধি হিসাবে তাঁদের মাথা উঁচুতে তুলে ধরেছেন। আমলা-তন্ত্রকে জনপ্রতিনিধিদের পরামর্শমত চলার নির্দেশ দিয়েছেন, তার জন্য তাঁকে ধন্যবাদ না জানিয়ে পারছি না। এই প্রসঙ্গে আর একটি কথা না বলে পারছি না সেটা হচ্ছে যে, প্রশাসন-ব্যবস্থা আছে সেটা গলিত ক্লাইভের আমলের। সেই প্রশাসনযন্ত্র দিয়ে গ্রামবাংলার কাজ করা সত্যিই দুরূহ। কাজেই মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন রাখব, তিনি যেন এইদিকে দৃষ্টি

[6-30—6-40 p.m.]

রাখেন। আমি মুখ্যমন্ত্রীর কাছে আবেদন রাখব, তিনি সেটার গভীরে যেন প্রবেশ করেন। কারণ আমি একটা জিনিস না বলে পারছি না যে, ডিস্ট্রিক্টে যেসমস্ত অফিসাররা অকেজো হয়ে যান তাঁরা রাইটার্স বিল্ডিংসে এসে ২০০ টাকা স্পেশ্যাল পে নিয়ে জয়েন্ট সেক্রেটারী হয়ে বসেন, এই ব্যবস্থার পরিবর্তন হওয়া দরকার। রাইটার্স বিল্ডিংসের অফিসারদের যে দায়িত্ব সেটা শুধু ফাইলের দায়িত্ব। তার মধ্যে কোন প্রিন্সিপলের কোশ্চেন থাকে না। থাকলেও সংখ্যায় খুবই নগণ্য। কিন্তু ডিস্ট্রিক্টে যেসমস্ত ডেভেলপমেন্টের কাজ করতে হয়, সেখানে তাদের অবহেলা করে রাইটার্স বিল্ডিংসের ফাইলের আড়ালে থেকে এই যে স্পেশ্যাল পে নেবার ব্যবস্থা, এটা বন্ধ করার দরকার আছে। তিনি নতুন জেলা গঠনের কথা বলেছেন, বহু জেলা আমার মনে হয় নতুন করে ভাগ করে ডেভলপমেন্ট করে ডিস্ট্রিক্ট তৈরি করার দরকার আছে। কারণ ক্লাইভের আমলের যেসমস্ত ডিস্ট্রিক্ট তৈরি করা হয়েছিল, সেই ডিস্ট্রিক্ট আজকে পরিবর্তন হওয়ার দরকার আছে। বহু ব্লক আজকে পুনর্গঠিত হবার দরকার আছে, কারণ ব্লকগুলো যেভাবে তৈরি হয়েছে তার কোন সায়েন্টিফিক বেস নেই, জনসংখ্যা বা অন্য কোন বেসিসে হয় নি। ডেভেলপমেন্ট অ্যাসপেক্ট অনুযায়ী করা হয় নি। আমি মুখ্যমন্ত্রীর কাছে আবেদন রাখব, তিনি সেইগুলো দেখে দুর্নীতিমুক্ত দক্ষ প্রশাসন দিয়ে দেশকে গড়ে তুলুন, আমরা তাঁর সঙ্গে তাঁর পাশে আছি।

শ্রীভুপালচন্দ্র পাণ্ডা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে প্রশাসন খাতে সাধারণ ব্যয়বরাদ্দের ব্যাপারে অনেক বিষয় আলোচিত হয়েছে, তবে এই কথ বাস্তব সত্য যে, আমাদের প্রশাসনযন্ত্রকে যদি ঢেলে সাজাতে না পারি, যেভাবে আমলাতন্ত্রের কর্তৃত্ব চলেছে, এই দিয়ে আমরা দ্রুত দেশের

উন্নতির কাজ, দেশকে সংগঠিত ক'রে তোলার কাজ, সেই কাজে বহুবিধ বাধা আসবে এবং বহু বিপত্তি দেখা দিচ্ছে। আমার কথা হ'ল যে, আমাদের এই যে প্রশাসনযন্ত্রের কাঠামো, এই কাঠামো আমরা বহন ক'রে আসছি পুরাতন পরাধীন আমলের অবস্থা থেকে। তার মধ্যে যে মৌলিক কোন পরিবর্তন আমরা ঘটাতে পেরেছি, স্বাধীনতার এই কয়েক বছরের মধ্যে, তা নয়। এবং সেটা না হবার জন্য সাধারণভাবে জনসাধারণের স্বার্থে এই প্রশাসনযন্ত্র সেইভাবে কার্যকরী হয়ে উঠতে পারে নি, এই কথা বাস্তবসম্মত। এই বিষয়ে আমাদের অভিজ্ঞতার চেয়ে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর অভিজ্ঞতা অনেক বেশি। কারণ তিনি ১৯৫৮ সালে আইন দপ্তরের কর্তৃত্ব পরিত্যাগ করেছিলেন। ১৯৫৮ সালের তাঁর সে বক্তব্য থেকে এই জিনিস আরও স্পষ্টতর হবে। আজকে অনেক বন্ধু ব্যুরোক্রাসি সম্পর্কিত বিষয়ে আমাদের লিডার শ্রীবিশ্বনাথ মুখার্জি মহাশয় কিছু বক্তব্য রাখাতে, তাঁকে অন্য দিক থেকে কটাক্ষ করা হয়েছে। আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বলতে চাই যে, ব্যুরোক্রাসি কি জিনিস, তার রূপ কি, তার ফাংশন কি, এই বিষয়ে পরিষ্কারভাবে ধারণা না থাকলে নিশ্চয়ই নানা রকম তাঁর সম্পর্কে বক্তব্য উঠবে। ব্যুরোক্রাসি সোভিয়েটে আছে, মাননীয় একজন সদস্য এই কথা তুলেছেন। অবশ্য আমাদের আইনসভার মধ্যে আমরা সব কথাই বলতে পারি। সোভিয়েটে ব্যুরোক্রাসি আছে বলে, তিনি তার প্রমাণ দিতে গেলেন কতকগুলো বক্তব্য বলে, যে বক্তব্যগুলো বাস্তবের সঙ্গে মিল আসে না। কিন্তু আমরা জানি, সোভিয়েট সিস্টেমের বিরুদ্ধে বিরোধীপক্ষ থেকে অনেক প্রচারপত্র বেরোচ্ছে, সেই প্রচারপত্রকে বিকৃত করে আমাদের দেশপ্রেমী শিক্ষিত ভাইয়েরা বিভ্রান্ত হয়ে এখানে বলছেন, সেটা অত্যন্ত দুঃখের কথা। আমি এই বিষয়ে বলতে চাই, ব্যুরোক্রাসি, তার মানে উপর থেকে যেমন শাসন, তেমনি তলার থেকে তার উপর যে কন্ট্রোল, এই দুটো যদি মিলিত না হয়, তা হ'লে কখনও গণতন্ত্রের অগ্রগতি হতে পারে না। সেই গণতান্ত্রিক অধিকারের জন্য যেমন উপর থেকে তাদের সুষ্ঠু পরিকল্পনা মত কার্যাবলীর ডিরেকশন আসবে, ঠিক তেমনি সেটা ইমপ্লিমেন্ট করার ক্ষেত্রে জনগণকে উদ্যোগী ক'রে নিতে হবে। মানুষকে সহযোগী ক'রে নিতে হবে, নিয়ে সেটাকে কাজে রূপায়িত করতে হবে, তবেই আমরা ব্যুরো-ক্রাসিকে দূর করতে পারব। এইভাবে উপর থেকে নিচের দিক থেকে উভয় দিক থেকে প্রশাসন-যন্ত্রকে পরিচালনা করার ক্ষেত্রে যদি ব্যবস্থা গ্রহণ না করা হয়, তা হলে আমরা দেশকে উন্নতির দিকে এগিয়ে নিয়ে যেতে পারব না। এইভাবে করলে তবেই আমরা এগিয়ে যেতে পারব ব'লে আমি মনে করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে একটা কথা আছে, সেটা হচ্ছে এই যে আমাদের ব্যুরোক্রাটিক সিস্টেম, এটাকে পরিবর্তন করবার জন্য মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর বক্তৃতায় প্রথমেই এই কথা রেখেছেন যে, আমাদের অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্ম আনবার একটা প্রচেষ্টা চলেছে। আসুন, আমাদের তরফ থেকে নিশ্চয়ই আমরা এটাকে স্বাগত জানাব। কারণ আজকে বহুদিন হয়ে গেল এই অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মের কথা আমরা অনেক সময় আলোচনা করেছি। কার্যক্ষেত্রে বাধাবিপত্তির সম্মুখীন হয়ে সেটা কার্যকর হয় নি। এখন উনি উদ্যোগ নিয়েছেন, আমরা সেটাকে স্বাগত জানাচ্ছি এবং আমরা সর্বপ্রকারে তাঁর সঙ্গে সহযোগিতা করতে চাই। এখানে আর একটা কথা মাননীয় প্রদ্যোৎবাবু বলেছেন যে, আমাদের এখানে যুক্তফ্রন্টের সিস্টেমের ভিতর দিয়ে এই প্রশাসনযন্ত্রকে সৎ এবং একনিষ্ঠ ক'রে তোলা সম্ভব নয়। কিন্তু যুক্তফ্রন্ট গভর্নমেন্টের ভিতর দিয়ে শাসনযন্ত্রকে সেভাবে তৈরি করা সম্ভব নয়, তা হ'লে কিভাবে, না এক পার্টি রুলে যদি হয়, তা হ'লে সম্ভব হবে। তা হ'লে আমি মাননীয় সদস্যকে এই কথা জিজ্ঞাসা করতে পারি কি যে, স্বাধীনতার পর ১৯৭৭ সাল থেকে একটা পার্টির শাসন আমাদের দেশে চলেছে, তাতে কি ব্যুরোক্রাসিমুক্ত হয়েছিল? বরং ব্যুরোক্রাসি অনেক বেশি চেপে বসেছিল। আসল প্রশ্ন এক পার্টি শাসন কিংবা যুক্তফ্রন্ট শাসন নয়, আসল লক্ষ্য হ'ল, আমরা কাজ করতে চাই এবং সেই কাজ করার জন্য আমরা কি পন্থা অবলম্বন করতে চাই। সুতরাং আমাদের কাছে আজকে প্রশ্ন এসেছে যে, আমরা দেশকে দ্রুত গ'ড়ে তুলতে গেলে এবং দেশের অর্থনীতিতে সাফল্য আনতে গেলে যে বিরাট কর্মযজ্ঞ প্রয়োজন সেই কর্মযজ্ঞ একজন কর্মচারীর দ্বারা বা কোন বিশেষ এক প্রচেষ্টায় আসতে পারে না। অসংখ্য জনতা যারা এই কর্মযজ্ঞের সঙ্গে জড়িত এবং যাদের স্বার্থ এই কর্মযজ্ঞের সঙ্গে জড়িত, তাদের সক্রিয় ভূমিকা ছাড়া কখনও একটা দেশকে দ্রুত গ'ড়ে তোলা সম্ভব নয়। সেই কারণেই আমাদের প্রশাসনযন্ত্রকে এইভাবে ঢেলে তৈরি করতে হবে। এই প্রশাসনযন্ত্রের পরিচালনার ক্ষেত্রে জনসাধারণের

অধিকাংশকে আনতে হবে। তা যদি না আনতে পারি আমরা, তা হলে কখনও—যতই কর্মসূচি গ্রহণ করি না কেন, আর যে-কোন পরিকল্পনাই করি না কেন—তাকে সুষ্ঠুভাবে রূপায়িত করতে পারব না। আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের চিন্তা ক'রে দেখতে বলি যে, আমাদের একটা ভূমিসংস্কার আইন আমরা তৈরি করেছি, সেই আইন পাশ করার পর, সেই আইনকে কার্যকরী করার ক্ষেত্রে আমরা কি দেখেছি যে, আমরা যেখানে ভাগচাষী কি বর্গাদারকে তাদের অধিকার দিতে চাইছি এবং উচ্ছেদের বিরুদ্ধে যেখানে আমাদের সকলের একমত, সেখানে সেই আইন পাশের পরও সেই আইন কার্যকর কিভাবে হচ্ছে? এখানে মাননীয় সদস্যরা বহু দিক থেকে প্রতিবাদ তুলেছেন কিভাবে ব্যাপক হারে বর্গাদার উচ্ছেদ হয়ে যাচ্ছে।

[6-40—6-50 p.m.]

কেন উচ্ছেদ হচ্ছে? জে এল আর ও অফিস রয়েছে, বি ডি ও অফিস রয়েছে, কিন্তু তা সত্ত্বেও কেন উচ্ছেদ হচ্ছে? কারণ পুলিস এবং প্রশাসনযন্ত্রের যারা নিম্নস্তরে রয়েছে, যাদের উপর এই দায়িত্বভার রয়েছে, তারা জনসাধারণের স্বার্থের সঙ্গে নিজেদের স্বার্থে এবং সরকারী নীতি ও পলিসিকে কার্যকর না ক'রে অন্যভাবে প্রভাবিত হয়ে কাজ করছে। এর ফলে এই সমস্ত জিনিস হচ্ছে। এই কারণের জন্য এই প্রশাসনযন্ত্রকে রিফর্ম ক'রে প্রশাসনযন্ত্রকে জনসাধারণের সহায়ক ক'রে গড়ে তোলার যে গুরুত্ব তা আজকে রাষ্ট্র পরিচালনার ক্ষেত্রে সর্বাধিক প্রয়োজন ব'লে বিবেচনা করতে হবে। সেজন্য কেবল ভূমিসংস্কারের প্রশ্ন নয়, ডেভেলপমেন্ট-এর প্রশ্নও আছে। ডেভেলপমেন্ট-এর প্রশ্নে সরকারী দপ্তর এখন খুব আগ্রহী এবং প্রচুর অর্থ বিনিময় ক'রে ডেভেলপমেন্ট প্রোগ্রাম নেওয়া হচ্ছে। ব্লক লেভেল ও ডিস্ট্রিক্ট লেভেল-এ যেসমস্ত ডেভেলপমেন্ট কমিটি রয়েছে তারা তাদের সীমাবদ্ধতার মধ্যেও সাজেশন দিচ্ছে। কিন্তু সেই সাজেশনগুলিকে গুরুত্ব দিয়ে যেটা আগে নেওয়া দরকার সে সম্বন্ধেও যথেষ্ট ত্রুটি দেখতে পাচ্ছি। সেজন্য বলতে চাই, জনসাধারণের ভেতর থেকে প্রতিনিধিমূলক প্রতিনিধি যদি এই সমস্ত ডেভেলপমেন্ট কমিটির মধ্যে না আনা যায়, তা হ'লে আমরা খুব বেশি অগ্রসর হব না এবং তাদের সাজেশনকে যদি কার্যকর না করা যায়, তা হ'লে প্রকৃত ডেভেলপমেন্টএর দিকে দেশকে এগিয়ে নিয়ে যাওয়া যাবে না। আমরা জানি যে, প্রশাসন-যন্ত্রের মধ্যে অনেক ভাল, সৎ মানুষ আছে যাদের ইচ্ছা আছে জিনিসকে আরও দ্রুতগতিতে কার্যকর করা। কিন্তু নিতাই সরকার মহাশয় যে কথা বলেছেন, সেটা ঠিক যে, প্যারাফার্নে-লিয়ার মধ্যে সমস্ত জিনিস ঘুরে আসে যাতে যে জিনিসটা দ্রুত করা দরকার তা করা যায় না। কোন জিনিস যদি সেক্রেটারিয়েট থেকে স্যাংশন হ'য় ডাইরেক্টরেটএর দিক থেকে যখন ইম্পিল-মেন্ট করার কথা আসে তখন ফাইন্যান্সএ গিয়ে সেটা আটকে যায় এবং আবার ফাইন্যান্স স্যাংশন করলে লোয়ার লেভেল-এ এসে সেগুলি আটকে যায়। এই কারণের জন্য অ্যাডমিনিস্ট্রেশন রিফর্ম সব থেকে বড় প্রয়োজন ব'লে মনে করি। এই সঙ্গে সদস্য যাঁরা আমাদের সমালোচনা করেছেন তাঁদের একটা জিনিস চিন্তা করতে বলব। আমরা যেসমস্ত সাজেশন দিচ্ছি সেই সাজেশনগুলিকে যদি দেশপ্রেমিক চিন্তাধারা দিয়ে বাস্তবে কার্যকর করে তুলবার চেষ্টা হয়, তা হলে তাতে দেশের পক্ষে মঙ্গলই হবে। আর বিরোধিতা করার জন্য বিরোধিতা করলে সেটা মূল্যহীন হবে। সেজন্য আমি বলব, বিরোধিতার মাধ্যমে কেবল বাধাই সৃষ্টি হবে তাতে দেশকে গড়ে তোলার পথে সহায়ক হবে না। সেই কারণের জন্য আমি চিন্তা করতে বলব সোভিয়েট সিস্টেম সম্পর্কে স্টাডি করে দেখুন তারপর যেটা ভাল সেটাই শুধু গ্রহণ করবেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅনন্তকুমার ভারতী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সাধারণ প্রশাসন খাতে আমাদের পশ্চিমবঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রী যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন আমি তাকে সর্বান্তঃকরণে সমর্থন করছি। আজকে সভায় যে অবস্থা দেখছি বস্তুত এই জাতীয় পরিবর্তন বাংলাদেশে হয়েছে কিনা সন্দেহ। ১৯৬৭ সালে আমরা হঠাৎ দেখলাম বাংলাদেশ একটা ছোটখাট বারুদ কারখানায় পরিণত হয়েছে। ১৯৭২ সালে আমাদের সরকার আসার পর সেই অবস্থার পরিবর্তন

ঘটেছে এই বিষয়ে কোন সন্দেহ নেই। সেজন্য আমাদের মুখ্যমন্ত্রী অভিনন্দনযোগ্য। কিন্তু তার থেকে বেশি অভিনন্দনযোগ্য পশ্চিমবঙ্গের জনসাধারণ, কারণ, সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখার জন্য, পশ্চিমবঙ্গের শান্তিশৃঙ্খলা রক্ষা করার জন্য তিনি যে উদাত্ত আহ্বান জানিয়েছিলেন তাতে তাঁর সেই উদাত্ত আহ্বানে পশ্চিমবঙ্গের সাধারণ মানুষ সাড়া দিয়েছিলেন। অথচ সেই সাধারণ মানুষকে তার কাজ আদায় করতে গিয়ে যথেষ্ট বেগ পেতে হয়, পয়সা খরচ করতে হয়। আজও সেই পদ্ধতি চালু আছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করব, আজ যখন আমরা ঘোষণা করেছি গরিবী হঠাব, সাধারণ মানুষের দুঃখদারিদ্র্য দূর করব, তখন এই পদ্ধতির যাতে পরিবর্তন হয় সেদিকে তিনি যেন দৃষ্টি দেন। আজকে একটা সাধারণ ব্যাপারে প্রাইমারি স্কুলের রেকগনিশন দিতে গেলে ইন্সপেক্টরকে ঘুষ না দিলে রেকগনিশন হয় না। আজকে যদি এই অবস্থার পরিবর্তন না আনা যায়, তা হ'লে আমরা মনে করি সাধারণ মানুষের জন্য কিছু করতে পারব না। আজকে অত্যন্ত আনন্দের দিন, আমাদের মন্ত্রিসভার এক বছর পূর্ণ হয়েছে। আমি ভগবানের কাছে প্রার্থনা করব যাঁকে আমরা নেতা হিসাবে পেয়েছি ভগবান তাঁকে শক্তি দিন যাতে তিনি আরও কঠোর হস্তে আমাদের পরিচালনা করতে পারেন এবং আমাদের বাংলাদেশের মানুষের সুখসমৃদ্ধির দিকে তাকিয়ে আরও এগিয়ে যেতে পারেন এবং যে সোনার বাংলা গড়ার স্বপ্ন দেখেছি, যে সোনার বাংলা গড়ার সঙ্কল্প নিয়েছি সেদিকে এগিয়ে যেতে পারেন। আজ সব কিছু বন্ধ হয়ে গেছে একথা বললে আমি বিশ্বাস করি না। গতকাল আমাদের বেলেঘাটায় বন্ধ ডাকা হয়েছে। আজকে সাধারণ প্রশাসনের ক্ষেত্রে রাজনীতি যেভাবে প্রবেশ করেছে, পুলিসের ভেতর যেভাবে রাজনীতির অনুপ্রবেশ ঘটেছে তা আজকে যদি কঠোর হস্তে বন্ধ করা না যায়, তা হলে বাংলাদেশের ভবিষ্যৎ ভয়াবহ হবে ব'লে আমি মনে করি। আজকে আনন্দ করছি ঠিকই, কিন্তু আমরা একটু চিন্তা করলে দেখতে পাব, অনেক জায়গায় অনেক দিকে আমরা বহু রকম অশুভ ইঙ্গিত দেখতে পাচ্ছি। তাই আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানাব, কঠোর হস্তে তিনি যদি এগুলি না দমন করেন, তা হ'লে কি ক'রে আমরা বাংলা গড়ব, কি ক'রে গরিবি হঠাব? আমার অনেক বলার ছিল, কিন্তু সময় নাই, সেজন্য এখানেই শেষ করছি।

Mr. Speaker: Honourable Members, time for discussion on Grant No. 12 is due to expire at 6.50 p.m. There are quite a large number of speakers who are willing to take part in this debate. Besides, the Minister of State and the Chief Minister will have to give reply. It is, therefore, necessary that some more time should be allotted for discussion on Grant No. 12. So under rule 290, after taking the sense of the House, I can extend the time by one hour.

(Voices: Yes, Sir.)

So with the sense of the House, the time is extended by one hour.

[6-50—7-00 p.m.]

শ্রীমতী নুরুন্নেসা সাত্তার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, সাধারণ প্রশাসন খাতে মুখ্যমন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন আমি তাকে আন্তরিকভাবে সমর্থন জানাই। আজকে এক বৎসর পূর্ণ হয়েছে এই সরকার ক্ষমতায় এসেছেন এবং এই এক বছরের মধ্যে আমাদের অনেক ঝড়-ঝাপটার সম্মুখীন হতে হয়েছে। প্রচণ্ড খরায় সারা বাংলাদেশ যখন ছেয়ে গিয়েছিল তখন আমাদের মুখ্যমন্ত্রী এবং মন্ত্রিসভা যে কর্মদক্ষতা দেখিয়েছেন গ্রামে গ্রামে গিয়ে কৃষকের পাশে দাঁড়িয়ে তাদের দুঃখদুর্দশা লাঘবের জন্য, তাদের জলের ব্যবস্থা করবার জন্য, তাদের টি আর, জি আর দিয়ে খাইয়ে বাঁচিয়ে রাখার জন্য সেটা সত্যই প্রশংসনীয়। তাঁদের এই প্রচেষ্টার কথা আপনারা সকলেই জানেন এবং এটাও জানেন যে, দিবারাত্র কত পরিশ্রম ক'রে তাঁরা মানুষের

মুখে অন্ন তুলে দিয়েছেন। আমাদের সরকারের সবচেয়ে বড় পদক্ষেপ হচ্ছে শান্তি-শৃঙ্খলার ক্ষেত্রে এবং তার জন্য একজন মহিলা হিসেবে আমি মুখ্যমন্ত্রীকে এবং মন্ত্রিসভাকে ধন্যবাদ দিচ্ছি। আমি যে তাঁদের ধন্যবাদ দিচ্ছি তার কারণ হচ্ছে, আগে সন্ধ্যার পর রাস্তায় মা-বোনেরা বেরুতে পারতেন না মানসম্মান নিয়ে, প্রাণ নিয়ে যে ফিরবেন সেই আশা ছিল না, মা-বোনেরা তাঁদের ছেলেমেয়েদের স্কুলে পাঠাতেন এবং স্বামীদের অফিসে পাঠাতেন, কিন্তু তারা কি করে ফিরে আসবে নির্বিঘ্নে, নিরাপদে এবং অক্ষত দেহে তার কোন নিশ্চয়তা ছিল না। কিন্তু এই সরকার এসে সেই শান্তিশৃঙ্খলা রক্ষা করতে পেরেছেন। আজকে মানুষ যে নির্বিঘ্নে এবং নিরাপদে চলাফেরা করতে পারছে এটাই সবচেয়ে বড় কথা। সারাদিনের কর্মক্লান্তির পর কেউ কেউ হয়ত সিনেমা দেখতে চায়, কিন্তু সেখানে কোন ভরসা ছিল না যে বাড়িতে ফিরবে কিনা। এক পাড়া থেকে আর এক পাড়ায় যাবার কোন সাহস ছিল না। এই রকম পরিস্থিতির মধ্যে, চরম দুর্গতির মধ্যে আমরা বাস করেছি। মহিলাদের কাছে যে আত্মসম্মান সবচেয়ে প্রিয় সেটাও তাঁদের বিসর্জন দিতে হয়েছে এবং বহু মুণ্ড রাস্তায় গড়াগড়ি গেছে। আমাদের এই জনপ্রিয় সরকার সেই মুণ্ড রক্ষা করেছেন। আজকে এই সরকারের এক বৎসর পূর্তি হয়েছে. কাজেই এই সরকারের কর্মপন্থা দেখে আপনারা বিচার করবেন, এটা জনগণের সরকার, না বড়লোকের সরকার। কি ক'রে কৃষকভাইরা জীবিকা নির্বাহ করবে, কি ক'রে মানুষের উন্নতি করা যাবে, সেইজন্য আমাদের সরকার বিশেষভাবে চিন্তা করছেন। সেইজন্য আমি বলব, সকলে একসঙ্গে সহযোগিতা করুন এবং পরিষ্কার-পরিচ্ছন্ন শাসনক্ষমতা গড়বার জন্য, সবুজ বিপ্লব করবার জন্য আমি সকলকে আহ্বান জানাচ্ছি। আমি আশা করি, সকলেই সহযোগিতা করবেন এবং এই সহযোগিতা যদি করেন, তা হ'লে দেখবেন, দেশ এগিয়ে যাবে, সবুজ বিপ্লব সম্ভব হবে এবং গরিবি হঠানো যাবে।

শ্রীকেশবচন্দ্র ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী কর্তৃক সাধারণ প্রশাসন খাতে ব্যয়বরাদ্দ মঞ্জুর আমি সমর্থন করছি। আমার হৃদয়ের এই উষ্ণ স্পন্দনসিক্ত সমর্থন পশ্চিম বাংলার মুখ্যমন্ত্রীকে পশ্চিম বাংলার জনমানসে এবং পশ্চিম বাংলার জাতীয় জীবনে চলার পথে উৎসাহিত করবে, অনুপ্রাণিত করবে। আমি জানি না, কোন্ দেশের মুখ্যমন্ত্রী তাঁর দেশের মানুষের কাছে সাফল্য এবং ব্যর্থতার কথা বলেছেন? সীমিত সম্পদ নিয়ে গ্রাম এবং শহরে আমাদের মন্ত্রিসভা যেভাবে দাঁড়িয়েছেন সেইজন্য আমি মুখ্যমন্ত্রীকে আন্তরিক অভিনন্দন জানাই। পশ্চিম বাংলার মানুষকে দুর্নীতির বিরুদ্ধে আপসহীন সংগ্রাম করবার জন্য তিনি যে উদাত্ত আহ্বান জানিয়েছেন সেটা খুব সময়োপযোগী হয়েছে এবং তার সঙ্গে সঙ্গে সরকারী কর্মচারীদের বিরুদ্ধে তিনি যে হুঁশিয়ারি দিয়েছেন, জাতীয় জীবনে অর্থের অপচয় বন্ধ করার যে উদাত্ত আহ্বান জানিয়েছেন এটা মানুষের জীবনে উৎসাহের সঞ্চার করেছে। কর্মযজ্ঞের মাধ্যমে পশ্চিম বাংলার ৪ কোটি ৪০ লক্ষ মানুষের অভিনন্দন তিনি কুড়িয়ে নিয়েছেন। প্রিয়দর্শন সিদ্ধার্থশংকর রায় সকল মানুষের শ্রদ্ধাভাজন, স্নেহভাজন, আস্থাভাজন।

তাঁর ভাষণে কোন মিথ্যা স্তুতি নেই, বক্তব্যের কোন প্রাবল্য নেই, যেটুকু কর্মযজ্ঞের দ্বার উন্মোচন তিনি করতে পেরেছেন সেইটকুই তিনি করেছেন, তার বাহিরে তাঁর বলার কিছু ছিল না। এই স্পষ্টবাদিতাই আগামী দিনে তাঁর নেতৃত্বকে সুদৃঢ় এবং সমস্ত পশ্চিম বাংলার মানুষের কাছে উদাহরণ হয়ে থাকবে। আজকে তিমির রাত্রের অবসানে ঊষার মাঙ্গলিক লাবণ্যে আমি আমার মুখ্যমন্ত্রীর সহজ ও সরল এবং সুদীর্ঘ জীবন কামনা করি, কামনা করি তাঁর মহান নেতৃত্বের মানুষ পশ্চিম বাংলা সোনার বাংলায় পরিণত হবে, কামনা করি তিনি দীর্ঘ জীবন লাভ করুন, পশ্চিম বাংলাকে বলিষ্ঠ নেতৃত্ব দিন, পশ্চিম বাংলাকে সুখী এবং সমৃদ্ধ ক'রে তুলুন। আজকে আমার কংগ্রেসী বন্ধুরা কিছু কিছু বক্তব্য রেখেছেন এবং ঐ তিমিরবাবুর বিরুদ্ধে আমি বলি, বাংলার মানুষ যাদের ডাস্টবিনে নিক্ষেপ করেছেন, বাংলার মানুষ যাদের নির্বাসিত করেছেন, তাদের কথা নিয়ে আপনারা কেন চিন্তা করছেন। ঐ ১৯৬৭ সালে ঐ লালদীঘির লাল দালানে যেদিন ঐ অদ্ভুত চিড়িয়াখানার জীবরা শাসনক্ষমতা গ্রহণ করেছিলেন, সেদিন পশ্চিম বাংলার মানুষের জীবনে চরম দুর্দশা নেমেছিল, সেদিন পশ্চিম বাংলার মানুষের জীবনে যে অমোঘ অশান্তি, যে ঝঞ্ঝা, যে প্রচণ্ড দুর্যোগ, সেই দুর্যোগের

কাহিনী তো আগামী দিনে আমাদের বংশধররা লিখবেন—এতো একটা কলঙ্কের ইতিহাস। এতো জাতির একটা সাধারণ অবজ্ঞার ইতিহাস। সেই ইতিহাস যদি আমরা অবলোকন করি, সেই ইতিহাসের কথা যদি আমরা মনে রাখি, তা হ'লে পশ্চিম বাংলার মানুষ কোনদিন এই তিমিরবাবুর মতন লোকদের ঐ সি পি এম-দের কি কোনদিন এই বাংলার বিধানসভায় আসতে দেবেন? এই দৃঢ় বিশ্বাস আমাদের আছে। আজকে আমাদের মুখ্যমন্ত্রীর এক বছর পূর্তি হ'ল। এই পূর্তিতে পশ্চিম বাংলার সাধারণ মানুষের মনে গ্রামে গঞ্জে উৎসাহের সৃষ্টি করেছে। শুধু আমি আমার কেন্দ্রের কথা বলতে পারি যে, সেখানকার মানুষ আনন্দ করছে। আমাদের ওখানে সি পি এম এবং তার দোসর আর এস পি বন্ধুরা এবং তাদের আরও অপজাত সন্তানরা মিলে একটা প্রচণ্ড দাহ আমাদের ওখানে জ্বালিয়েছিল, তার প্রতিক্রিয়া এবং বিভিন্ন জ্বালা আমরা প্রতিদিন অনুভব করেছি। বর্তমানে তারা এখন আমাদের জীবন থেকে স'রে গিয়েছে। তাদের কথা যখন আমাদের মায়েরা, পিতামাতারা, ভগ্নীরা মনে করেন, তাঁরা কি আর কখন তাদের ভোট দেবেন? তারা কি এই জঘন্য জীবদের এই বিধানসভায় আবার পাঠাবেন? পশ্চিম বাংলার জাগ্রত মানুষ, পশ্চিম বাংলার জাতীয়তাবাদী মানুষ তাঁরা এদের চিনেছেন এবং পশ্চিম বাংলার মানুষ সমগ্র ভারতবর্ষের মানুষকে পথ দেখান। সি পি এম এবং সন্ত্রাস-বাদীরা যে ঘটনা পশ্চিম বাংলায় ঘটিয়েছিল আমার মনে আছে সেইদিন এই অ্যাসেম্বলিতে আমাদের দলের নেতা, আমাদের মুখ্যমন্ত্রী শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় বিরোধী দলে ছিলেন, তাঁরা বলেছিলেন যে, চিত্তরঞ্জন দাসের বাগানে লাল গোলাপ ব'লে তাঁকে বলেছিলেন এবং হরেকৃষ্ণবাবু মনুমেন্টের পাদদেশে বলেছিলেন, আমাদের ছেলেরা হত্যা ক'রে ভাল কাজ করেছে এবং তাদের জন্য আমি গর্বিত, তাদেরকে আশীর্বাদ জানাই। স্যার, আমরা জানি আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী সুব্রতবাবু যিনি অনেক লোককে মিসায় আটক রেখেছেন, আমি দাবি করছি যে, এই দুষ্ট লোকটাকে এখন কেন তিনি মিসায় গ্রেপ্তার করেন নি। যদি তিনি গ্রেপ্তার না করেন, তা হ'লে আমি বলব, তিনি ভুল করছেন এবং আমি এও বলব, আগামী দিনে হত্যা এবং খুনের রাজনীতি তিনি বন্ধ করতে পারবেন না। এই কয়টি কথা ব'লে আমি আমাদের মুখ্যমন্ত্রীর বাজেট সমর্থন ক'রে পশ্চিম বাংলার মন্ত্রিসভাকে সমর্থন ক'রে বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

[7-00—7-10 p.m.]

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি সবচেয়ে আগে মাননীয় সদস্যরা যাঁরা আজকে এই উত্থাপিত বিলকে সমর্থন করেছেন, তাঁদের আমি ধন্যবাদ জ্ঞাপন করছি। প্রায় বেশির ভাগ সদস্যই আজকে যেভাবে প্রশাসনিক এই বিলকে সমর্থন করলেন, তা অন্ততঃ-পক্ষে এই বছরের সমস্ত বিধানসভার ইতিহাসে এক নূতনত্ব এবং নজির সৃষ্টি হ'ল। প্রশাসনের সামগ্রিক আলোচনা করা এর চেয়ে বড় সুযোগ বিধানসভার সদস্যদের কাছে আর হয় না। এটা ঠিক আজকে এমন একটা দিন, যে দিনটি শুধুমাত্র বিধানসভার সদস্যদের কাছেই নয়, যে দিনটি সারা বাংলাদেশে তথা ভারতবর্ষের মানুষের কাছে একটা বিশেষ তাৎপর্যপূর্ণ, রাজনৈতিক দিক থেকে। তার কারণ একটা বছর একই সরকার পরিচালিত করেছে, একটা বছর ধ'রে দেশ একই সরকার দ্বারা পরিচালিত হয়েছে। গত কয়েক বছরের কথা যদি আলোচনা ক'রে দেখি, তা হ'লে দেখব বাংলাদেশের রাজনৈতিক জীবনে এই একটা বছর একটা নূতনত্ব বা নূতন নজির সৃষ্টি করল। একটা বছরের প্রশাসন সামগ্রিক আলোচনার জন্য যথেষ্ট ব'লে আমি মনে করি না। এই একটা বছর চূড়ান্ত সাফল্যের সাথে উদ্‌যাপিত হয়েছে, এটা শুধু আমার আনন্দ নয়, বাংলাদেশের সকল মানুষের সাথে আমরা আনন্দিত। তার কারণ মূল কথা হ'ল, সাফল্য শুধুমাত্র কতগুলি খুন হ'ল বা খুন হ'ল না সেটা নয়, মূল কথা হল, স্থায়ী সরকার পরিচালনা করতে পারল কিনা, এটাই দাঁড়িয়েছিল। আমরা সেখানে সাফল্য-মণ্ডিত হয়েছি। দলচ্যুতি, বিধানসভার সদস্যদের কেনাবেচা যেটা ভারতবর্ষের রাজনীতিতে ওয়ারেন্ট এবং ট্র্যাডিশনাল পলিটিক্স, সেখানে পশ্চিমবঙ্গের বিধানসভার সদস্যরা একটা নূতন রেকর্ড করলেন। আমি বিশ্বাস করি এবং আজকের সদস্যদের বক্তৃতা শুনে সে বিশ্বাস আরও দৃঢ় হয়েছে, জনগণের সেবার স্বাদ আমরা সকলে গ্রহণ করতে চাই এবং আমরা নিজেরা সমর্থ হব।

আজকে কিছু কিছু সদস্য বন্ধুরা যাঁরা বিরোধিতা করলেন, তাঁরা বিরোধিতা শুধু নয়, একটা শব্দ ব্যবহার করলেন ধিক্কার, ধিক্কার জানালেন। মাননীয় সদস্য তিমিরবাবু যদি শুধু ধিক্কার জানাবার জন্যই ধিক্কার জানান তো আমার বলার কিছু নাই। কিন্তু আমি শুনেছিলাম, আমি জানতাম এ'রা নাকি লেফ্‌ট পলিটিক্‌স করেন। মুখ্যমন্ত্রী বিচ্ছিন্নভাবে অথবা স্বরাষ্ট্র-মন্ত্রী বিচ্ছিন্নভাবে কি করেছেন কি করেন নি তার সমালোচনা করবেন, না বামপন্থী নেতৃবৃন্দ বহুমুখী সমস্যা তুলে ধরে আগামী দিনে কি দোষত্রুটি হবার সম্ভাবনা আছে সেগুলি এক্সপোজ করবেন এবং সেগুলি যাতে না ঘটে শুধরে নেবার জন্য সাজেশন দেবেন এটাই প্রধান কথা। ধিক্কার জানান আপত্তি নাই, কিন্তু কিসের জন্য এবং কাকে? সংবাদপত্রে একটু জায়গা করে নেবার জন্যই কি তিমির ভাদুড়ী মশায় একথা বলেছেন? তিনি তো একবারও বললেন না, এই কাঠামোর মধ্য থেকে এর বেশি কিছু সম্ভব নয়। আমরা সরকার থেকে কাঠগড়ায় দাঁড়াতে চাই এবং একটা ইতিহাস তৈরি করতে চাই।

আমরা কেবল ইতিহাস তৈরি করতে চাই না, আমরা একথা বলতে চাই না, যা পুরাতন সরকার বলে গেছেন যে, আমাদের কোন অন্যায় নাই, আমরা যা করেছি তা সমস্ত ভাল করেছি, আমরা যা করেছি, যথেষ্ট করেছি। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় তাঁর বক্তব্যের প্রথমে যেকথা বলে গেছেন, যথেষ্ট করা হয় নাই। আমাদের ত্রুটিবিচ্যুতি আছে, বহু মরিচা আছে তা তুলতে হবে। যথেষ্ট করবার জন্য যে সাজেশনস আজকে দেওয়া উচিত, তা হচ্ছে গঠনমূলক সাজেশন—অত্যন্ত পজিটিভ, সায়েন্টিফিক এবং রিয়েলিস্টিক সাজেশনস নিয়ে আজকে সমস্ত সদস্যদের এক হওয়া দরকার। আজকে এই সম্পর্কে মাননীয় সদস্যদেরও দায়িত্ব রয়েছে, সরকারী প্রশাসনের শুধুমাত্র দায়িত্ব নয়, এই দায়িত্ব বাংলাদেশের মানুষের কাছে—তা অস্বীকার করতে পারবেন না আপনারা কেউ। শুধুমাত্র মুখ্যমন্ত্রীর দায়িত্ব নয়, শুধুমাত্র ক্রেডিট এবং ডিসক্রেডিট-এর অংশীদার মুখ্যমন্ত্রী অথবা মন্ত্রিসভার সদস্যরা হবেন তা নয়, সামগ্রিকভাবে আমাদের সকলেরই সেই দায়িত্ব আছে। বিধানসভায় সবচেয়ে বড় পরিচয় নয় আমাদের মন্ত্রী হিসেবে, বিধানসভায় সবচেয়ে বড় পরিচয় হচ্ছে আমরা জনসাধারণের নির্বাচিত প্রতিনিধি। সেই পরিচয়ে পরিচিত আমরা সকলেই। আমরা এই দায়িত্ব এড়িয়ে যেতে চাই না এবং যেতেও কেউ পারি না। তবুও আনন্দের কথা, দু-চার জনের কথা বলছি না, বেশির ভাগ সদস্য গত এক বছর ধরে যেভাবে পরোক্ষ ও প্রত্যক্ষভাবে আমাদের সঙ্গে সহযোগিতা করছেন, তা আমাদের কাছে মুক্তার মালার মত ঝলমল করছে। আমি এই কথা বলছি এই কারণে যে, একটা সুর আমরা বিধানসভার মধ্য থেকে খুঁজতে চাচ্ছি। শুধুমাত্র চিরাচরিত প্রথায় সরকারের পক্ষ থেকে নিজেদের প্রোটেকশন অথবা সমর্থন করে সমস্ত দায়িত্ব খেলাপ করতে চাই না। সমস্ত সুর একাকার করে বলতে চাই, এই কাঠামোর মধ্য থেকে যতটুকু করা যেত, ততটুকুই করা হয়েছে। কিন্তু তার সঙ্গে সঙ্গে একথাও বলতে চাই যে, এই কাঠামো পরিবর্তন করে আরও অনেক কিছু করা দরকার এবং সেইজন্য সমস্ত সদস্যের একাকার হয়ে যাওয়া দরকার। এখানে মুখ্যমন্ত্রী এখন নাই, মুখ্যমন্ত্রী নিজে চান, এই কাঠামোর মধ্যে থেকে যতটুকু করা দরকার, যতটুকু করা যায় ততটুকুই তিনি করেছেন। সঙ্গে সঙ্গে একথা বলব, এক বছরের অবস্থা কোরামিন দেওয়ার অবস্থায় ছিল। দীর্ঘদিন যে রোগী কোরামিন দেওয়ার অবস্থায় ছিল, তাকে ভাল ডাক্তার যখন দেখতে আসেন, তখন এসেই তাকে সর্বপ্রথমে টাইফয়েডের ওষুধ দেন না। ওষুধ দেবার সময় একটা পরিস্থিতি সৃষ্টি করবার জন্য কোরামিন দেওয়া অবস্থায় যে রোগী এক বছর ছিল, যাকে ও'রা প্যারালিসিস অবস্থায় এনে ফেলেছিলেন, তাকে বাঁচাবার জন্য আমরা এক বছর কোরামিন দিয়েছি। তারপর পরিবর্তনের সুর, বিবর্তনের সুর, সংস্কারের সুরকে প্রতিষ্ঠিত করে, বাংলাদেশের বুকে প্রশাসনের ব্যাপারে একটা র‍্যাডিক্যাল চেঞ্জ এনে এবং সমস্ত স্ট্যান্ডিং অর্ডার পাল্টে—পরিবর্তন করে নিশ্চয়ই আমরা একদিন আসব, সেদিন সত্যিকারে এই কাঠামোর পরিবর্তন হবে। এই কাঠামোর মধ্যে থেকে পিসফুলি—শান্তিপূর্ণ উপায়ে এর পরিবর্তন হবে, যে জিনিস সত্যিকারে বাংলাদেশের মানুষ চায়। আপনারা সকলে যেটা চান, আমরাও চাই, সেই স্বাদ আমরা গ্রহণ করব এবং অন্য সকলাকে গ্রহণ করাতে সমর্থ হব। আজকে সমস্ত সেন্টারে করতে হবে। আজ প্রত্যেক সদস্য যদি এই কাঠামোর সমালোচনা করেন, সেই সমালোচনাকে স্বাগত জানানোর মত মানসিক অবস্থা আমাদের আছে। কিন্তু সঙ্গে সঙ্গে

একটা জিনিস বিচার করতে হবে যে, গত এক বছরে এই কাঠামোর মধ্যে থেকে এর চেয়ে বেশি কিছু করা কি সম্ভব ছিল? এই কাঠামোর সমালোচনা আমরা করি নি? আমরা তো করি এবং করতে চাই। আমি এই সঙ্গে একথা মনে করিয়ে দিতে চাই, বিধানসভায় আইন করার ক্ষমতা আমাদের খুব বেশি আছে ঠিকই, কিন্তু বিশ্বনাথবাবু যেকথা বলেছেন, আমি তাঁর সঙ্গে সম্পূর্ণভাবে একমত যে, জাগ্রত জনমত ছাড়া, জাগ্রত জনগণের মধ্যে আলোড়ন সৃষ্টি করা ছাড়া, এই কাঠামো পরিবর্তন ক'রে যে সোনার বাংলা, যে সোনার ভারতবর্ষ, যে সমাজবাদ, যে গণতান্ত্রিক অধিকার আমরা কায়েম করতে চাই, তা আমরা কায়েম করতে পারব না। প্রশাসনের বাজেটে সেই দায়িত্ব আমদের সকলকে নিতে হবে। একথা আজকে সকলের মনে ধ্বনিত হোক, সেই সুর আজকে সকলকে আলোড়িত করুক এবং সেই সঙ্গে সঙ্গে আমরা যেন সকলে এক হয়ে যাই। আজকে সবচেয়ে বড় ক'রে আমি সেই কামনাই করি।

মাননীয় সদস্য তিমিরবরণ ভাদুড়ীর ধিক্কারের কথা শুনে আমার একটা ছোট্ট গল্প আপনাদের উপহার দেওয়ার লোভ সংবরণ করতে পারছি না। সেটা হ'ল এই, খুব সুন্দরী এক রাজকন্যা ছিল। সে কিছুতেই বিয়ে করবে না। অথচ রাজার একমাত্র কন্যা! শেষ পর্যন্ত অনেক কাকুতি মিনতির পর সে বিয়ে করতে রাজী হ'ল। রাজকন্যা বললে, আচ্ছা, ঠিক আছে আমি বিয়ে করতে পারি, যদি কেউ ঘোড়াকে হাসাতে পারে এবং হাতীকে কাঁদাতে পারে, তা হলে তাকে আমি বিয়ে করব। রাজা দেখলেন, এ তো মহা মুশকিল, কি করা যায়! তিনি হাতীশালে একটা বিরাট মেনি হাতী ও ঘোড়াশালে একটা টাট্টু ঘোড়া এনে রেখে দিলেন।

[7-10—7-20 p.m.]

হাতীর কানে কানে কিছু বললেন। দেখা গেল, হাতীর চোখ দিয়ে টপ টপ ক'রে দু' ফোঁটা চোখের জল প'ড়ে গেল। তারপর বললেন, এই তো কাঁদিয়েছি, এইবার বিয়ে দিন। তখন মহারাজ বললেন, এইটা কি একবার কাঁদা হ'ল, এত বড়ো একটা বুনো হাতী হাপুস হুপুস ক'রে কাঁদবে তবে তো। তখন আবার হাতীর কানে কানে গিয়ে কি বললেন, হাতী সাথে সাথে ফোঁস ফোঁস ক'রে কেঁদে দিয়েছে। আবার যখন বললেন মহারাজা, এইটা কি একটা কান্না হ'ল, বুনো হাতী শুঁড় তুলে হাপুস হুপুস ক'রে কাঁদবে, নাক দিয়ে সর্দি বেরিয়ে আসবে, তবেই তো হবে। তখন আবার কি বললেন, সত্যি হাতী শুঁড় তুলে দিয়ে কাঁদতে আরম্ভ ক'রে দিয়েছে। তারপর বললেন, ঘোড়াকে হাসান। কানে কানে ঘোড়ার কি বলেছেন, অমনি ঘোড়া ফ্যাক ক'রে হেসে দিয়েছে। মহারাজা বললেন, এটা হাসির মধ্যে পড়ে না, ঘোড়ার মতো হাসতে হবে হুঁ হুঁ করে আওয়াজ করে, তবে না। আবার গিয়ে ঘোড়ার কানে কানে কি বলেছেন, ঘোড়া চিঁ চিঁ ক'রে হাসতে আরম্ভ করে দিয়েছে। তখন মহারাজা বললেন, এটা ইরাণী ঘোড়া, হাত-পা ছুঁড়ে বেশ চিঁ চিঁ ক'রে ফ্যাট ফ্যাট ক'রে আওয়াজ ক'রে হাসবে, তবেই না হাসি হ'ল। আবার গিয়ে কি বলেছেন, ঘোড়া সেইভাবে হেসে দিয়েছে। তারপর বিয়ে হয়ে গিয়েছে, রাত্রিবেলা রাজকন্যা বললেন, প্রভু, ঘোড়া তো হাসল, হাতীও কাঁদল, কিন্তু কি আপনি বললেন যে, ঘোড়া হাসল, হাতী কাঁদল। তিনি বললেন, না বলব না। অনেক পীড়াপীড়ি করতে বললেন। প্রথমবার গিয়ে হাতীর কানে কানে বললাম শুনেছ, সি পি এম বলেছে, বাংলাদেশে সমাজবাদ আনবে। অমনি দু' ফোঁটা চোখের জল হাতীর চোখ দিয়ে বেরিয়ে পড়ল। তাতে তো হ'ল না। আমি আবার গিয়ে বললাম, সি পি এম বলেছে শান্তি-শৃঙ্খলার জন্য এপ্রিল-মে মাস থেকে আন্দোলন শুরু করবে। তখন হাতী আর একটু বেশি কেঁদে দিয়েছে। যখন বললেন, এটাতেও হ'ল না, আবার গিয়ে বললাম, শুনেছ, আন্দোলনের নেতৃত্ব দেবেন জ্যোতি বসু। তখন হাতী ঝর ঝর ক'রে কাঁদতে আরম্ভ করেছে শুঁড় তুলে। (সদস্যদের মধ্যে হাস্যরোল।) ঘোড়াকে হাসাতে গিয়েছি, বললাম, শুনেছ ঘোড়া, আর এস পি বিধানসভায় যোগ দিয়েছে, তখন ঘোড়া খ্যাঁ ক'রে হেসে দিয়েছে। তারপর যেয়ে বলেছি, আর এস পি-র নেতা হয়েছেন বেস্টারউইচ মহাশয়। ঘোড়া চিঁ চিঁ ক'রে একটু হেসে দিয়েছে। তখনও যখন হ'ল না, আবার গিয়ে বললাম, আর এস পি এইবারকার বাজেটকে ধিক্কার জানিয়েছে। তখন ঘোড়া হাত-পা ছুঁড়ে হাসতে আরম্ভ করেছে। তো

আজকে এই তিমিরবাবুর ধিক্কার শুনে ঘোড়া হেসেছে, বাংলাদেশের মানুষও হাসছে। সুতরাং ধিক্কার জানানো ধিক্কারের জন্য নয়। ধিক্কার যদি গঠনমূলক সমালোচনার জন্য হ'ত আমরা এইখানে ব'সে স্বাগত জানাতাম। আমরা মনে করি সমস্ত এক বছরের কার্যকলাপে এই কথা প্রমাণিত করেছে। আমরা তো এই কথা বলি না, মাননীয় মুখ্যমন্ত্রীও বলেন নি, আমরা এক বছরে বাংলাদেশের মানুষকে রাজা ক'রে দিয়েছি। আমরা কি একথা বলেছি? আমাদের কোন সদস্য যদি ব'লে থাকেন তিনি মিথ্যা কথা বলেছেন। আমরা কি বলেছি বাংলাদেশের মানুষের জীবনযাত্রার স্ট্যান্ডার্ড কুড়ি গুণ বাড়িয়ে দিয়েছি? আমরা কি একথা বলেছি, সমস্ত বেকারকে আমরা সকার করেছি? আমরা কি একথা বলেছি যে, সমস্ত বস্তী তুলে দিয়ে বড় বড় অট্টালিকা করেছি? আমরা কি একথা বলেছি যে, বাড়ির পাশ দিয়ে ইলেকট্রিক ট্রেন চালিয়ে দিয়েছি? একথা কি বলেছি? বলি নি। আমরা বলেছি, বাংলাদেশের বেকার যুবকদের সুখে-দুঃখে আমরা থাকব এবং আমি। বাংলাদেশের শান্তি-শৃঙ্খলার জন্য যা চেষ্টা করা দরকার, তা করতে আমরা ত্রুটি করব না। আমরা একটা জিনিস প্রমাণ ক'রে দিয়েছি, তার বেশি কিছু না করতে পারি, তবু আমরা সকলের সমর্থন কামনা করব, আমরা আমাদের সততা, আমাদের নিষ্ঠা, আমাদের সাহস প্রমাণ করেছি, আমাদের ডেডিকেশন, ডিটারমিনেশন প্রমাণ করেছি এবং যার মধ্য দিয়ে এই কাঠামোর সর্বোচ্চ সাফল্যসীমায় আমরা পেঁছে গিয়েছি। বলুন, কোন প্রস্তাব দিন, এই কাঠামোর কিভাবে পরিবর্তন করা দরকার, কি সায়েন্টিফিক মেজারস্ নেওয়ার দরকার, কি কি স্ট্যান্ডিং অর্ডার পরিবর্তন করলে আমলাদের হাত থেকে আমাদের ক্ষমতা আরও বেশি উপভোগ করত। একথা তো ঠিক, আপনারা আমলাদের বিরুদ্ধে আন্দোলন করলেন, সমালোচনা করলেন, যদি তা শুধুমাত্র নেতিবাচক হয়, কংগ্রেস মন্ত্রীদের বিরুদ্ধে ধিক্কার জানানো হয়, তা হ'লে আমলাদের হাত আরও শক্তিশালী হয়, তারা পিছনে গিয়ে হাসে। প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কংগ্রেসের দোহাই দিয়ে কংগ্রেসকে হেয় ক'রে আমলাদের পাশে গিয়ে মদত দিচ্ছেন। কংগ্রেস রাজনৈতিক সংগঠন। পাঁচ বছর মন্ত্রিত্ব থাকবে, ২৫ বছর থাকবে না, কিছু যায় আসে না। মুখ্যমন্ত্রী পাঁচ বছর থাকবেন, ২৫ বছর থাকবেন না, তাতে আপনার আমার কি আসে যায়? কিন্তু বাংলাদেশের যদি সার্বিক উন্নতি করতে চান তা হ'লে সাজেশন দিন, কাঠামোর পরিবর্তন কিভাবে দরকার, জনগণ এবং আমরা আরও ক্ষমতা কি ক'রে বেশি ক'রে উপভোগ করতে পারি। আমলাতন্ত্রের বিরুদ্ধে বক্তৃতা করেন, আবার বলেন, আমলাতন্ত্র প্রয়োজন। কিন্তু একথা বলেন না তো যে, যে মেসিনারি দিয়ে আমলাতন্ত্রের প্রোডাকশন হয় সেই মেসিনারির পরিবর্তন এবং বিবর্তন দরকার। সেই শিক্ষার পরিবর্তন দরকার। ঐ আমলা আই এ এস, আই সি এস যারা প্রশাসন চালাচ্ছে তাদের অনুভূতির পরিবর্তন দরকার এবং সেই অনুভূতির জন্য যে শিক্ষাব্যবস্থা দরকার, যে মেসিনারির মধ্য দিয়ে এই সমস্ত আই এ এস-এর জন্ম হচ্ছে তার সায়েন্টিফিক পরিবর্তন দরকার। আমরা মনে করি না যে, আমরা কর্তব্যচ্যুত হয়েছি। কারণ আমরাই সমাজবাদের কথা বলেছি এবং এই কাঠামোর মধ্য থেকে সেই পথে যতটুকু এগিয়ে যাওয়া যায় তা কি আমরা যাই নি? যদি একটা সরকারকেও দেখাতে পারেন, তা হ'লে আমার কোন বক্তব্য থাকবে না। আমরা বলেছিলাম, সমাজবাদের প্রথম কথা হচ্ছে সরকার পক্ষে থেকে কত বেশি ক'রে জনগণ প্রতিদিন অংশ নিতে পারে। আপনারা যদি বলেন, অংশীদার হতে পারেন নি, তা হ'লে কি করতে পারি! আমরা যেসমস্ত কাজ শুরু করেছি গত ১ বছরে সেখানে কি জনগণকে আহ্বান করা হয় নি, জনগণকে অংশীদার করা হয় নি? উদাহরণ দিয়ে দেখিয়ে দিতে পারি -ঐ যে ল্যান্ড রিফর্ম-এর কথা বললেন, এখানে কি জনগণকে অংশীদার করা হয় নি? আপনারা জনগণের প্রতিনিধি বলুন এখানে দাঁড়িয়ে যে, আমরা জনগণকে স্বীকার করেছি কিনা। ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রেভিনিউ-এর কাজে প্রতিটি কমিটির মাধ্যমে পরোক্ষভাবে জনগণকে শরিক করা হয় নি? বি ডি ও অফিসেও কি আমরা সে রকম অ্যাক্টিভিটি দেখাই নি? রুর‍্যাল ওয়াটার সাপ্লাই-এর মধ্য দিয়ে কি আমরা জনগণকে শরিক করি নি—ব্লক ডেভেলপমেন্ট কমিটি তৈরি ক'রে জনগণকে শরিক করি নি? রিলিফ কমিটি তৈরি ক'রে জনগণকে শরিক করি নি? ট্রান্সপোর্ট কমিটি তৈরি ক'রে জনগণকে শরিক করি নি? স্পেশ্যাল এমপ্লয়মেন্ট প্রোগ্রামের ভিতর দিয়ে জনগণকে শরিক করি নি? এটা আমরা শুরু করেছি এবং এটাই আমাদের সমাজবাদ, শুধু শ্লোগান দিয়ে নয়, ধাপ্পা দিয়ে নয়।

কাঠামোর পরিবর্তন করার জন্য কিছু সময় লাগবে—সেটা স্বতন্ত্র কথা। কিন্তু এই সিস্টেমের মধ্যে থেকে এত বড় বলিষ্ঠতার পরিচয়, জনগণকে শরিক করার নজির যদি একটা সরকারের দিতে পারেন, তা হ'লে আমাদের কোন বক্তব্য থাকবে না। শুধু নিছক সমালোচনা নয়, একথা ঠিক যতটুকু জনমত তৈরি করতে দরকার, সমালোচনা দরকার, তা সকলের করা দরকার। এ তো সকলেই আমরা জানি যে, এই সিস্টেমের মধ্যে একই সরকারের অধীনে একটা ডিপার্টমেন্ট আর একটা ডিপার্টমেন্টের মধ্যে কিছু কিছু কেস আছে। সবই একই সরকারের মধ্যে আমরা রয়েছি। অথচ পি ডবলিউ ডিপার্টমেন্টের হেলথ ডিপার্টমেন্টের বিরুদ্ধে কেস, মিউনিসিপ্যাল ডিপার্টমেন্ট-এর বিরুদ্ধে কেস। তারপর অফিসার কম। আপনারা সমালোচনা করুন, তীব্র সমালোচনা ক'রে জনমত তৈরি করুন, মানুষের মধ্যে আলোড়ন সৃষ্টি করুন, যেকথা বিশ্বনাথ-বাবু বলেছেন এবং এ দায়িত্ব হ'ল সকলের, শুধুমাত্র কংগ্রেসের একার নয়। কংগ্রেস সরকারকে সমালোচনা ক'রে যাঁরা এড়িয়ে যেতে চাইছেন বাংলাদেশের মানুষ সেই দায়িত্ব এড়িয়ে যেতে দেবে না। সে যুগ চ'লে গেছে। এক সময় আপনারা কংগ্রেসের বিরুদ্ধে বিষোদ্গার ক'রে আপনারা সবাই কয়েক মাসের জন্য মন্ত্রী, এম এল এ হয়েছিলেন, কিন্তু বাংলাদেশের মানুষ তাঁদের আজকে ছেঁড়া কাগজের মত ডাস্টবিনে ফেলে দিয়েছে। আপনারা আরও বলুন, পজিটিভ, সায়েন্টিফিক, রিয়্যালিস্টিক কথাবার্তা বলুন। বামপন্থী শ্লোগান শুধুমাত্র নয়, বামপন্থা নিজের জীবনে, বামপন্থা নিজের বক্তৃতায়, সমালোচনায় তা প্রমাণিত করবার চেষ্টা করুন। সরকারের পক্ষে সবচেয়ে কার্যকর জিনিস সেগুলি আপনাদের কাছে রাখা যে, গত এক বছরে আমাদের এখানে কোন রায়ট হয় নি চেষ্টা করা সত্ত্বেও। সাম্প্রদায়িকতার ঊর্ধ্বে থেকে একটা রাজ্য এক বছর এমনভাবে চালিয়ে যেতে পেরেছে। এটা আমাদের গর্ব, কারণ অহিংসা এটা আমাদের শ্লোগান। আমরা সেই গর্ব শুধুমাত্র মুখ্যমন্ত্রী ও মন্ত্রিসভার মধ্যে সীমাবদ্ধ না রেখে শুধুমাত্র কংগ্রেসের মধ্যে সীমাবদ্ধ না রেখে, সমস্ত জনগণের মধ্যে মাননীয় সদস্যগণের মাধ্যমে ছড়িয়ে দিতে চাই। আসুন, আমরা সকলে এই ক্রেডিটকে শেয়ার করি এবং সেখানে যদি কোন ডিসক্রেডিট হয়ে থাকে, তা হ'লে সেটাও আমাদের শেয়ার করতে হবে।

[7-20—7-30 p.m.]

আমরা স্বজনপোষণ করেছি, চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিন। আমরা এফিসিয়েন্সির মূল্য দিই নি, আপনারা চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিন। আমরা যদি প্রাদেশিকতার ঊর্ধ্বে না যেতে পারি, তা হ'লে আমাদের চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিন, মাথা পেতে মেনে নেব। আমরা মনে করি, লোকায়ত্ত সরকার প্রতিষ্ঠা করতে হবে এবং এই লোকায়ত্ত সরকার প্রতিষ্ঠা করবার জন্য যে পরিবর্তন শুরু করা দরকার আমরা নিশ্চয়ই আগামী দিনে সেই জিনিস করতে চেষ্টা করব। স্ট্যান্ডিং অর্ডার পরিবর্তন করার কাজ আমরা শুরু করব। গত এক বছর শাসনক্ষমতায় আমাদের বসিয়েছেন জনগণ, এবার থেকে স্ট্যান্ডিং অর্ডার তৈরি ক'রে জনগণের সত্যিকারের ইচ্ছাকে প্রতিষ্ঠিত করবার চেষ্টা আমরা নিশ্চয় করব। আমরা যদি সেইখানে না যেতে পারি, তা হ'লে আমাদের চিরন্তন ব্যর্থতা সেইখানে হবে এবং সেই ব্যর্থতা যদি কোনদিন আসে, তা হ'লে সেই ব্যর্থতাকে আমাদের মাথা পেতে স্বীকার ক'রে নেবার মত মানসিকতা আছে। প্রসঙ্গক্রমে উল্লেখ করা দরকার, এই একটিমাত্র সরকার, জেনে যান এই এক বছরের মধ্যে দেখবেন যে, কংগ্রেসের নাম ক'রে অনেক বেশি অ্যারেস্টেড হয়েছে অন্যদলের চেয়ে এবং কংগ্রেস ব'লে আমরা গুণ্ডা, মস্তানদের বরদাস্ত করি নি। কংগ্রেস কর্মী কংগ্রেসের কোন বিশেষ জায়গার অঞ্চলের সেক্রেটারি পর্যন্ত যদি অন্যায় ক'রে থাকেন, তা হ'লে তাঁর বিরুদ্ধেও আমরা স্টেপ নেবার ব্যবস্থা করেছি। মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন প্রত্যক্ষ রাজনীতি ক'রে সরকার জনসাধারণের বৃহত্তর স্বার্থকে ক্ষুণ্ণ করতে দেবেন না। এ শুধুমাত্র অকংগ্রেসীদের জন্য নয়। এই এক বছরের মধ্যে সবচেয়ে বড় জিনিস হ'ল রাইটার্স বিল্ডিংসের মধ্যে কংগ্রেসের পতাকা তুলে এক দল জিন্দাবাদ ক'রে চেঁচাচ্ছিল, তাদের গ্রেপ্তার করেছি এবং যতক্ষণ পর্যন্ত বিনাশর্তে ক্ষমা চেয়ে বেল নিয়েছে ততক্ষণ পর্যন্ত মুক্তি দেওয়া হয় নি। কংগ্রেস ব'লে সাত খুন মাফ হয়ে যাবে এ জিনিস হয় নি, আগামী দিনে সি পি এম তৈরি থাকুন এই ব'লে ঝাণ্ডা

তুলে গিয়ে দাঁড়িয়েছে—তারাও রেহাই পাবে না। এমনিভাবে সংসদীয় গণতান্ত্রিক পথে যে কথা ইন্দিরা গান্ধী বলেছেন আমরা এক নজির স্থাপন করেছি এবং আমাদের এক বছরের মধ্যেই তা হয়েছে। আমরা চেয়েছিলাম, আপনারা এমন সমালোচনা করবেন যাতে ক'রে আরও বেশি ক'রে বাংলা প্রচলন সৃষ্টি ক'রে আর এস পি, কংগ্রেস একাকার হয়ে যাব, এই চিন্তাই করেছিলাম। পৃথিবীতে এমন একটা দেশ নেই যেখানে নিজের মাতৃভাষা ছাড়া শুধু শিক্ষা দেওয়া হয়, কি ডেভেলপিং কান্ট্রিতে, কি আন্ডার-ডেভেলপিং কান্ট্রিতে, কি ডেভেলপ্ড কান্ট্রিতে, একটাও নজির নেই। রাশিয়ায় যাবেন, আগে সেখানে রাশিয়ার ভাষা শিক্ষা করবেন, তারপরে সেখানে ডাক্তারি পড়তে দেয়। জার্মানিতে যাবেন, আগে সেখানে জার্মান ভাষা শিক্ষা করবেন, তারপরে সেখানে ইঞ্জিনীয়ারিং পড়তে দেয়। আমরা অবাক হয়ে যাই কিছু কিছু মাননীয় সদস্য লিখবেন প্রশ্ন ইংরাজীতে, আবার বলবেন প্রশ্নটার উত্তর চাই বাংলায়। সেইখানেই প্রশ্ন। সেখানে একটা মানবিক দৃষ্টিভঙ্গি তৈরি করা দরকার। আমি এই ডিম্যান্ডের সাথে অন্তর দিয়ে এক হয়ে যাই, তবে কতটা পূরণ হবে, কতটা পূরণ হবে না প্রতিদিনই মাননীয় সদস্যরা বলেন, কারণ সব সময় আমরা বিশ্বাস করি না যে, ইচ্ছা থাকলেই র‍্যাডিক্যাল চেঞ্জ দ্রুত ক'রে দেওয়া যায় এবং সরকার সংসদীয় জনমত তৈরি করলেও তাতে কিছু ফল হবে না। সেই জিনিস তৈরি করবার জন্য জনমতকে সংগে নিয়ে সকলে এগিয়ে আসুন এবং তাঁরা আসুন, আর আমরা সকলে মিলে শপথ গ্রহণ করি এই কাঠামোকে পরিবর্তন করবার জন্য এবং সেই স্ট্যান্ডিং অর্ডার তৈরি করবার জন্য কংগ্রেস, কমিউনিস্ট, আর এস পি—সকল সদস্য একাকার হয়ে যাই। জয় হিন্দ।

শ্রীসিদ্ধার্থশংকর রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতক্ষণ ধ'রে প্রত্যেকে বক্তব্য যা ব'লে গেলেন তা আমি মনোযোগ সহকারে শ্রবণ করছিলাম। এখানে যখন ছিলাম না, মাঝে ঘরে যেতে হয়েছিল, সেখানে এই ঘরে যে আলোচনা হচ্ছিল সেটা শুনতে পাওয়া যায়, সেটা শুনছিলাম। আমি কৃতজ্ঞ আমার দলের সদস্যদের কাছে যে, তাঁরা যেরূপে প্রত্যেকে অনেক বক্তব্য বলেছেন, প্রত্যেকে যেরকমভাবে এই সরকারকে সমর্থন করেছেন, তার জন্য তাঁদের কাছে আমি কৃতজ্ঞ। তাঁরা আমার কথা বলেছেন, আমি অভিভূত, এত সমর্থন যে জননেতা পায় সে নেতার নিশ্চয় তার সহকর্মীদের ধন্যবাদ দেওয়া ছাড়া আর কোন পথ থাকে না। আমি জানি না, এত সমর্থনের আমি যোগ্য কিনা। আমি মনে করি না যে, আমি যোগ্য। কিন্তু আমি অত্যন্ত গর্বিত আজ যে, আমার দলের সদস্যরা যেরকমভাবে আমাকে সমর্থন করলেন তা হয়ত খুব কম নেতাই পূর্বে পেয়েছেন এর থেকে পরিষ্কার বোঝা যায় যে, আমার দায়িত্ব অনেক বেশি, কঠোর পরিশ্রম করতে হবে। অনেক বেশি বিশ্বাস আমার উপর, সেই বিশ্বাসের যাতে যোগ্য হই তার জন্য আমাদের সকলকেই চেষ্টা করতে হবে। কোন কোন সদস্য আমার ব্যক্তিগত প্রশংসা ক'রে বলেছেন যে, পরিবর্তন যেটা হয়েছে, অগ্রগতি যেটা হয়েছে, সেটা আমার জন্যই হয়েছে, সেটা আমি কিন্তু স্বীকার করি না। আমার মন্ত্রিসভার প্রত্যেক সদস্য, এখানে যাঁরা এম এল এ আছেন, তাঁদের সমর্থনের জন্যই এটা হয়েছে, তাঁদের কাজের জন্যই এটা হয়েছে। সিদ্ধার্থ রায় জিন্দাবাদ এই ধ্বনি ওঠা উচিত নয়। অন্য কোন ব্যক্তি সম্বন্ধে ধ্বনি ওঠা উচিত নয়, এই ধ্বনি, জিন্দাবাদ যদি দিতে হয়, তা হ'লে আমাদের মহান নেত্রী ইন্দিরা গান্ধী জিন্দাবাদ ধ্বনি দেওয়া উচিত এবং সর্বোপরি ধ্বনি দেওয়া উচিত পশ্চিমবঙ্গের জনসাধারণ জিন্দাবাদ, পশ্চিমবঙ্গের জনসাধারণ যুগ যুগ জিও। কারণ, পশ্চিমবঙ্গের জনসাধারণের সমর্থন না যদি পেতাম, পশ্চিমবঙ্গের জনসাধারণের আশীর্বাদ যদি না পেতাম, পশ্চিমবঙ্গের জনসাধারণের সাহায্য, সহযোগিতা যদি না পেতাম, তা হ'লে আমরা যে সামান্যটুকু করতে পেরেছি তাও করতে পারতাম না। আজকে তাই আমাদের সর্বসময়েই এটা মনে রাখতে হবে যে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যেন জনসাধারণের কাছ থেকে বিচ্ছিন্ন হয়ে সরকার চালাতে না যাই, জনসাধারণের মাঝখানে থেকে, জনসাধারণের সংগে থেকে, জনসাধারণের কাঁধে কাঁধ মিলিয়ে আমরা যেন সরকারের কাজ চালাই, এটাই হবে আমাদের প্রচেষ্টা এবং ইচ্ছা। আজকে মাঝে মাঝে আমি অনেক জায়গায় এই কথা বলেছি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাঝে মাঝে আমি চিন্তা করি যে, কেন এত সমর্থন—আজকে বিশ্বনাথবাবু বললেন কিছুক্ষণ আগে—তিনি অনেক কথা বলেছেন, তাঁর সংগে আমি একদম একমত এবং আজকে বিশ্বনাথবাবুর বক্তৃতা, বিশ্বনাথ-বাবু কিছু মনে করবেন না, অনেকটা ভাল। অনেক বিষয়ে আমি একমত। তবে বিশ্বনাথবাবু

যখন ফ্রাসটেশনের কথা বললেন, নিরাশের কথা বললেন, আমি খানিকটা স্বীকার করলেও পরিপূর্ণভাবে তাঁর সঙ্গে একমত হতে পারছি না। কারণ, আমরা সকলে, আমার মন্ত্রিসভার সদস্য, এম এল এ-রা সমস্তক্ষণ মাঠেঘাটে ঘুরে বেড়াচ্ছি। সেখানে দেখেছি যে, মানুষ কিরকমভাবে স্বতঃস্ফূর্তভাবে আমাদের সঙ্গে দেখা করবার চেষ্টা করছেন। আমাদের সঙ্গে মানুষ কংগ্রেস দল ব'লে বলছি না, এই সরকারের কার্যকলাপের সঙ্গে মানুষ যুক্ত হতে চাচ্ছেন, সাহায্য করতে চাচ্ছেন। আমি নিজে গেছি—আমি নিজে মাঠে হেঁটেছি, মাইলের পর মাইল হেঁটেছি, ভূমিহীন চাষীদের সঙ্গে কথা বলেছি, জমিতে চাষ দেখেছি, কারখানায় গেছি, প্রত্যেক জেলায় গেছি, প্রত্যেক শনিবার, রবিবার চলে যাব, চলে যাচ্ছি, এটা আমাদের প্রোগ্রাম। সেখানে গিয়ে দেখেছি যে কি বিরাট সমর্থন, কি বিরাট আশীর্বাদ, কি বিরাট সহযোগিতা। আমি তো দেখি নি অসহযোগিতা করতে কেউ এসেছে—অনেকে এসেছে, তাদের কথাবার্তা বলেছে, তাদের সমস্যার কথা বলেছে, তারা সাহায্য করতে চেয়েছে এবং আমাদের সাহায্য তারা চেয়েছে। সেখানে বাহিরের লোক ছিলেন, কংগ্রেস দলের লোকও ছিলেন, সি পি আই-এরও অনেক সদস্য। এই সেদিন মাথাভাঙ্গায় অনেক সি পি আই বন্ধু এসেছিলেন, তাঁদের কতগুলি সমস্যার কথা বলেছিলেন, তাঁরা সাহায্য করতে চাচ্ছেন, আমরাও সাহায্য করতে চাচ্ছি। কিন্তু সমর্থন যে একটা বিরাট হয়েছে সে বিষয়ে কোন সন্দেহ নেই। তাঁরা নিজের থেকে চিন্তা করেন। চিন্তার কারণ, আমি ব্যক্তিগতভাবে একদিকে লজ্জিত যে এত সমর্থন দেখে—লজ্জিত কেন? লজ্জিত কারণ, আমি মনে করি না আমরা যা করেছি এক বছরে এমন একটা কিছু বিরাট করেছি যার জন্য এত সমর্থনের যোগ্য হয়েছি।

[7-30—7-40 p.m.]

কিন্তু মানুষ সমর্থন করছে, স্বভাবতই আনন্দ হয়, মিথ্যা কথা ব'লে লাভ নেই। আমারও খুব আনন্দ হচ্ছে। কিন্তু সঙ্গে সঙ্গে একদিকে যেমন লজ্জা করে, অন্যদিকে তেমনি ভয় হয়। ভয় হয় এই কারণে এদিক থেকে দেখা যায় কতটা বেশি দায়িত্ব আমাদের এল। মানুষের যে বিশ্বাস আমাদের উপর আছে সেই বিশ্বাস অনুযায়ী যাতে কাজ করতে পারি, এই বিশ্বাসের যোগ্য যাতে হতে পারি সেদিকে আমাদের প্রচেষ্টা হওয়া দরকার। রাতদিন খেটে সেই প্রচেষ্টা আমাদের করতে হবে। আসছে বছর আশা করি যে কর্মযজ্ঞ শুরু হচ্ছে তা আরও অনেক বেশি হবে। গ্রামে, গঞ্জের মানুষ উপলব্ধি করতে পারবে পশ্চিমবঙ্গ সরকার কত উন্নয়নমূলক কাজ করতে যাচ্ছে। সেটা যখন হবে আমি আপনাদের কাছে সেটা বলব। তবে চিন্তা ক'রে দেখা দরকার। মানুষ কেন এত সমর্থন করছে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, বোধ করি ৩টি কারণে এই সমর্থন করছে। প্রথমতঃ আজকে পশ্চিম বাংলার জনসাধারণ এটা উপলব্ধি করতে পেরেছেন সেজন্য আমরা তাঁদের কাছে কৃতজ্ঞ। তাঁরা উপলব্ধি করতে পেরেছেন যে, এই সরকারকে কেনা যায় না। এই সরকার কোটিপতি, শিল্পপতি, ব্যবসাদার, মিলমালিকের পকেটের সরকার নয় এবং তাদের কথামত চলবার সরকার নয়। আমি জানি না, আগের সরকার কি ছিল। আমি শুধু বলতে চাই, আমরা অনেক মানুষের সঙ্গে মিশি। তারা এটা উপলব্ধি করেছে যে, এই সরকার জনসাধারণের সঙ্গে আছে, শ্রমিকের সঙ্গে আছে, শিক্ষকদের সঙ্গে আছে, মধ্যবিত্ত মানুষের সঙ্গে আছে। সেদিন অধ্যাপকরা একটা আন্দোলন করার সিদ্ধান্ত নিয়েছিলেন। আমি বলেছিলাম তাঁদের সঙ্গে দেখা করব এবং চিঠি দেবার জন্য বলেছি। তাঁরা হয়ত বিলম্বে চিঠি পেয়েছিলেন, কিন্তু সংবাদপত্রে দেখলাম তাঁরা আন্দোলনের পথ নিয়েছেন। আমাকে তখন কেউ কেউ বলেছেন—আমার দলের নয়, অন্য বন্ধু পার্টির রাজনৈতিক মানুষ নয়—যারা আন্দোলন করে তাদের সঙ্গে দেখা কর না। আমি বলেছি, এটা হতে পারে না, শিক্ষকদের সঙ্গে দেখা করব না, এই রকম মনোভাব যদি কোন সরকারের হয়, তবে সেই সরকারের একদিনও থাকা উচিত নয়। শিক্ষকদের যদি কোন দাবি থাকে, অধ্যাপকদের যদি কোন দাবি থাকে এবং সেটা যদি ন্যায়সঙ্গত হয়, তা হ'লে নিশ্চয়ই তাদের আলাপ-আলোচনা করতে হবে এবং আলাপ-আলোচনা আমরা করেছি। এই ব্যাপারে বিস্তারিতভাবে আলোচনা হয়েছে। অর্থমন্ত্রীর সঙ্গে তাঁদের আলোচনা হয়েছে এবং আমরা তাদের সঙ্গে মিলেমিশে কথাবার্তা ব'লে একটা ব্যবস্থা আশা করি করতে পারব এবং অধ্যাপকরা বুঝতে পেরেছেন যে, আমাদের কোথায় অসুবিধা এবং আমরা কোথায় ভুল করছি এটা আমরা বুঝতে পারছি।

সুতরাং এইরকমভাবে মানুষের সঙ্গে একত্রিত হয়ে আমরা চলতে চাই। আমরা কোন কোটিপতি বা লক্ষপতির নির্দেশে চলব না, এটা পশ্চিম বাংলার মানুষ বুঝতে পেরেছে। একটা ধারণা ছিল যে, কংগ্রেস সরকার, তার মানে কোন কোটিপতি বা শিল্পপতির সরকার--একথা আজকে পশ্চিম বাংলার মানুষ বলছে না। এক তিমিরবাবুরা ভাবতে পারেন, কারণ তাঁরা তো রিপ ভ্যান উইঙ্কলের মত বসে আছেন, তাই তাঁরা বুঝতে পারছেন না যে, ৩।৪ বছরে কি ঘটে গেছে! দ্বিতীয়তঃ পশ্চিম বাংলার মানুষ এটা উপলব্ধি করতে পেরেছেন, আমাদের সরকার প্রকৃতপক্ষে ধর্মনিরপেক্ষতাকে একটা জীবনের অংগ হিসাবে গ্রহণ করেছে এবং এটা কেবল মুখের কথা নয়, এটা আমরা কাজে দেখাবার চেষ্টা করছি। আমার পুলিস বাজেট যখন হবে তখন কিছু বলতে পারব এবং আপনারা এই বিষয়ে তখন শুনবেন। এই পশ্চিম বাংলার মানুষ বিশেষ ক'রে মুসলমান ভায়েরা উপলব্ধি করেছে যে, তারা আর দূরে নেই। তারা আমাদের অত্যন্ত নিকটে, আমাদের আত্মীয়, আমাদের ভাই। আমরা তাদের বিরুদ্ধে কোন অন্যায় হতে দেব না। তৃতীয়তঃ পশ্চিম বাংলার মানুষ উপলব্ধি করতে পেরেছে যে, এরা পারুক বা না পারুক আন্তরিকভাবে চেষ্টা করছে কিছু করার জন্য এবং রাতদিন কাজ ক'রে যতটা পারা যায় তাদের প্রতিশ্রুতি রক্ষা করার চেষ্টা করছে। কেউ কেউ বলেন যে, এ'রা শুধু কথায় বলেন, কিন্তু কাজে কিছু করেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে চাই যে, সমস্ত প্রতিশ্রুতি দিয়েছিলাম নির্বাচনের পূর্বে এবং নির্বাচনের পরে সেই প্রতিশ্রুতি দেওয়ার মানে এই নয় যে, এটা এখনই করতে হবে। এটা হতে পারে না, এটা অসম্ভব।

গণতন্ত্রে দুঃখের বিষয় গোটা প্রসেসটা স্লো, কিন্তু প্রতিশ্রুতি যেগুলি দেওয়া হয়েছিল, ধরুন কৃষ্ণা গ্লাস ফ্যাক্টরি আমরা প্রতিশ্রুতি দিয়েছিলাম খুলব, সি পি এম নেতারা গেটের সামনে গিয়ে বক্তৃতা দিয়ে এলেন কয়েকদিন আগে এখানে পংকজ ব্যানার্জি মহাশয় আছেন, ললিত গায়েন মহাশয় আছেন, তাঁরা জানেন, তাঁদের কেন্দ্রে দুটি কারখানা যাদবপুর এবং বারুইপুরে, সেখানে বক্তৃতা দিয়ে এলেন যে, ভাঁওতা সিদ্ধার্থ রায়ের সরকার খালি বাজে কথা বলে। কথা যা বলি সেই অনুযায়ী কাজ করি না, এটা জীবনে খুলবে না, খুলতে পারে না। আমরা তক্ষুণি জিনিসটা খুলতে পারি নি। সেটা খুলতে চতুর্দিক আটঘাট বেঁধে তবে তো খুলতে হবে, না, খুলেই আবার বন্ধ হয়ে যাবে সেই ব্যবস্থা করব, কাজেই সেটা আমরা তাড়াতাড়ি খুলতে পারি নি। আমরা কাল কৃষ্ণা গ্লাস ফ্যাক্টরি খুলে দিয়েছি শ্রমিকদের সঙ্গে চুক্তি করে তারা অত্যন্ত রিজনেবল হয়েছে। তারাও বুঝতে পেরেছে একসংগে ১,৮০০ শ্রমিককে নেওয়া যায় না, সুতরাং তারা স্টেজ ভাবে চুক্তি করেছে এবং সেই অনুযায়ী আমরা কাজ করেছি। আমরা কথা দিয়েছিলাম সেন-র‍্যালে খুলব, আমরা তা খুলেছি এবং তার জন্য এক কোটি দশ লক্ষ টাকা লেগেছে। আমরা প্রতিশ্রুতি দিয়েছিলাম, ফরাক্কা ব্যারেজ সম্পর্কে সময় লেগেছে, নিশ্চয়ই সময় লাগবে, এটা কঠিন সমস্যা, পূর্বের সরকার সেটা নিয়ে আলোচনা করেছে, পারে নি, সেটাকে নতুনভাবে সমস্যার সমাধান করতে সময় লাগবে না? নিশ্চয়ই সময় লাগবে। আমরা বলেছিলাম ১৭ হাজার সরকারী কর্মচারী নিযুক্ত করা হবে, ১০ হাজার স্টেট ইলেকট্রিসিটি বোর্ডে নতুন মানুষ নিযুক্ত করব, ১৩ হাজার প্রাথমিক শিক্ষক নিযুক্ত করব, বিলম্ব হয়েছে আমাদের। এটা হয়ত অন্যায়, বিলম্ব হয়েছে তার জন্য আমরা ক্ষমা ভিক্ষা করেছি, উপায় ছিল না, কারণ ২৫ লক্ষ দরখাস্ত এসেছে। সেইগুলো পরীক্ষা করতে হবে, বিলম্ব হ'লেও এখন থেকে তো নিয়োগপত্র যাওয়া শুরু হয়ে গেছে। আমরা দেব এই চাকুরি, সময় হয়ত লাগবে, কিন্তু আমরা এই চাকুরি দেবই। প্রতিশ্রুতি যেগুলো দিয়েছি সেইগুলো হাওয়ার উপর দিচ্ছি না। প্রতিশ্রুতি দেওয়া মানে এই নয় যে, কালকেই এই প্রতিশ্রুতি পালন করতে হবে। প্রতিশ্রুতি যেগুলো দিচ্ছি সেইগুলো আমরা ধীরে ধীরে নিশ্চয়ই রক্ষা করব। এই বিষয়ে কোন সন্দেহ নেই। তবে প্রতিশ্রুতি রক্ষায় বিলম্ব দেখে যদি কেউ বলেন যে, একেবারে বাজে কথা আমরা বলছি, কোন কথা রাখব না ইত্যাদি তবে আমি অপারগ। কারণ আজকের দিনে প্রতিশ্রুতি যেটা দেওয়া হয় সেটা রাখবার জনাই দেওয়া হয়। তবে অনেক প্রতিশ্রুতি রক্ষা করতে সময় লাগবে, সেইগুলো এক এক ক'রে আমাদের রাখতে হবে, এই বিষয়ে কোন সন্দেহ নেই। জনসাধারণের সঙ্গে আমাদের কারবার, আমাদের মন্ত্রিসভা, আপনাদের মন্ত্রিসভা, এই মন্ত্রিসভা সকলের মন্ত্রিসভা, এই মন্ত্রিসভা জনগণের ভেতর চ'লে গেছে। এই মন্ত্রিসভা

জনগণের মনে একটা রেখাপাত করেছে, তাদের সংগে আছে, যদি আমরা ভুলভ্রান্তি করি আমাদের সর্বনাশ হবে, আমরা এটা কি জানি না? আমাদের জনসাধারণের সংগে চলতে হবে, জনগণকে নিয়ে তা করবার জন্য আমরা চেষ্টা করছি। প্রদ্যোৎবাবু বললেন যে, এক বছর ধ'রে আপনারা বলছেন অ্যাডমিনিস্ট্রেশন চেঞ্জ করবেন, কিছুই করলেন না। আপনারা যা প্রতিশ্রুতি দেন তা রক্ষা করেন না। আমরা আনাড়ি লোক ছিলাম, যখন মন্ত্রিসভা গঠন করেছিলাম। আমাদের ভেতর পশ্চিমবংগে আমি ৭।৮।৯ মাস মন্ত্রী ছিলাম আর বাদ বাকি কয়েকজন দেড় মাস কি দু' মাস ক'রে মন্ত্রী ছিলেন, আমাদের এক্সপিরিয়েন্স ছিল না। আমাদের এক বছর ধ'রে এক্সপিরিয়েন্স গ্যাদার করতে হয়েছে। কোথায় কোথায় বদলানো দরকার- একটা বদলাবার নামে বদলাতে চাই না, বদলাতে চাই তখনই এবং এমনভাবে বদলাতে চাই যার ফলে সত্য সত্যই দেশের উপকার হবে। একটা মিথ্যাপ্রচার যদি করি যে, বদলে দিয়েছি এতে কোন লাভ হবে না। তার জন্য নিশ্চয়ই সময় নেবে, এক বছর অভিজ্ঞতার পর এখন যেকথাগুলো বলা হয়েছে সেইগুলো শুনবেন -আমরা যে কথাগুলো বলব, সেইগুলোর প্রত্যেকটা জিনিসের সম্বন্ধে আমরা জেনে গেছি, প্রত্যেকটি ব্যাপার সম্বন্ধে আমরা জেনে গেছি যে, কিভাবে দেশকে প্রশাসনিক ভিত্তির দিক থেকে আরও উন্নতি করতে হবে এবং সেই প্রচেষ্টা থাকবে আমাদের। তাই সেই কথা ব'লে তো কোন লাভ নেই যে কিছুই হচ্ছে না। প্রদ্যোৎবাবু বললেন, তিমিরবাবু বললেন, তাঁরা অভিযোগ ক'রে গেলেন, কি বললেন বুঝলাম না। তার কারণ কোন ডেফিনিট অ্যালিগেশন নেই, এখানে তাঁরা বললেন -তাঁদের যে কাট মোশন, সেই কাট মোশন-এ যা আছে, তার সংগে বক্তৃতার কোন সংস্পর্শ নেই। আমি ওনাদের কাট মোশন সম্বন্ধে তৈরি হয়ে এসেছি, কিন্তু সে সম্বন্ধে কিছু বললেন না, তা হ'লে আমি উত্তর দেব কি? কাট মোশন দিলেন কনস্টিটিউশন ভেংগে আমরা চলছি, কাট মোশনএ আছে যে, ভারতের কনস্টিটিউশন আমরা মানছি না, কিন্তু বক্তৃতা করলেন ধিক্কার দিয়ে। এর উত্তর দেওয়া খুব শক্ত। ধিক্কার যদি দেন তা দেবার অধিকার নিশ্চয়ই আছে বিধানসভার সদস্য হিসাবে। আপনাদের আমরা শ্রদ্ধা করি, আর এস পি সদস্য প্রত্যেককে আমরা শ্রদ্ধা করি, আপনারা ধিক্কার দেবেন, আপনাদের অধিকার আছে ধিক্কার দেবার। কিন্তু কথা হচ্ছে, জনসাধারণ কি ধিক্কার দিচ্ছে? সেটাই হচ্ছে বড় কথা। জনসাধারণ যেদিন ধিক্কার দেবে, নিশ্চয়ই আমরা মাথা পেতে নেব যে, ভুল আমাদের

[7-40—7-50 p.m.]

হয়েছে। জনসাধারণ যাতে ধিক্কার না দেয় তার জন্য আমরা চেষ্টা করছি অহরহ, যাতে কোন-রকম কাজ করা যায়। মাননীয় প্রদ্যোৎবাবুকে বলব, মাননীয় তিমিরবাবুকে বলব, বিশ্বনাথবাবুকে আজকে কিছু বলব না, একবার ভেবে দেখুন তো গত বছর আমরা ২০এ মার্চ যখন মন্ত্রিসভা গঠন করেছিলাম তখন কি পেয়েছিলাম, আমরা ৩৮ কোটি টাকার ওভারড্রাফট পেয়েছিলাম, আয় প্রায় নেই বললেই চলে, ঐ মামুলি আয়, চারদিকে খুন হচ্ছে, কলকাতা শহরে ৯টা, ১০টা ক'রে খুন হচ্ছে, চারিদিকে বিশৃঙ্খলা, রাইটার্স বিল্ডিংসের দেওয়ালগুলি সব পোস্টারে ভর্তি। কালকে আমি গিয়ে দেখলাম, বারুইপুরের কৃষ্ণা গ্লাস ফ্যাক্টরির ভিতরে ঐ বন্ধ হওয়ার দু-এক দিন আগেই লিখে দিয়েছে, লড়াই চলছে চলবে, আগুন জ্বলছে, জ্বলবে। লড়াই চলেছিল নিশ্চয়ই এবং আগুনও নিশ্চয়ই জ্বলেছিল, কিন্তু লড়াইও শেষ হয়ে গিয়েছে আর আগুনও নিভে গিয়েছে। রাইটার্স বিল্ডিংসের দেওয়ালে দেওয়ালে মন্ত্রিসভা গঠনের পর আমরা দেখলাম লেখা রয়েছে একে মারো, এটা ধ্বংস ক'রে দাও, ইত্যাদি ইত্যাদি। যখন আমরা গিয়ে ঢুকলাম, তখন ঐসব শ্লোগান দেওয়া বন্ধ হয়ে গেল। প্রত্যেক রাত্রে আমাদের অর্থমন্ত্রী কাঁপতে কাঁপতে আসতেন একটা কাগজ নিয়ে যে, কত টাকা আছে আমাদের, তার পরদিন কত টাকা থাকবে, এই অবস্থায় আমাদের ২ কোটি টাকা ক'রে রোজ খরচ করতে হত। আজকে আমি বলছি যে, ঐ অবস্থা আমরা অনেকটা গুছিয়ে নিয়েছি। কেন পেরেছি, না জনসাধারণ আমাদের চায়, তাই আমরা আজকে পেরেছি। আমি সমস্ত কাট মোশন অপোজ করছি এবং সংগে সংগে বলছি যে, পশ্চিমবঙ্গের জনসাধারণ যুগ যুগ জিও, ইন্দিরা গান্ধী যুগ যুগ জিও।

The motion of Shri Pradyot Kumar Mahanti that the amount of the Demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Timir Baran Bhaduri that the amount of the demand be reduced to Re. 1, and

The motion of Shri Timir Baran Bhaduri that the amount of the demand be reduced by Rs. 100.

were then put and a division taken with the following result:—

The Ayes being 2 and the Noes 132, the motions were lost.

The motion of Shri Siddhartha Shankar Ray that a sum of Rs. 9,00,16,000 be granted for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration.", was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 39

Shri Sankar Ghose: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,27,23,000 be granted for expenditure under Grant No. 39, Major Heads: "65—Pensions and Other Retirement Benefits, and 120—Payments of Commuted Value of Pensions".

শ্রীশংকর ঘোষঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের অনুমোদন অনুসারে আমি ১৯৭৩-৭৪ সালের জন্য ৩৯নং অনুদান, মুখ্য খাত '৬৫ অবসরভাতা ও অন্যান্য অবসরকালীন সুবিধা' এবং '১২০ অবসরভাতার লঘুকৃত মূল্য প্রদান' অনুযায়ী ব্যয়ের জন্য ৪,২৭,২৩,০০০ টাকা মঞ্জুরী দাবি পেশ করছি। স্যার, আমি আমার বক্তব্য হাউসের কাছে রাখছি। আমি সবটা পড়ব না, যেগুলি নূতন আমরা পেনসন স্কীম পরিবর্তন এনেছি সেই পরিবর্তনগুলি আমি উল্লেখ করতে চাই। পেনশনএর ক্ষেত্রে অনেক দেরি হ'ল। দেরি হওয়ার কারণ যে, পুরানো আইন ছিল, রুলস ছিল তাতে পেনশন পেতে অনেক দেরি হ'ত। তাই আমরা ক্যাবিনেটএ একটা সিদ্ধান্ত নিয়েছি সেই সিদ্ধান্ত আপনাদের কাছে রাখতে চাই এবং যাতে সত্বর পেনশন পেতে পারে তার জন্য আমরা একটা ব্যবস্থা করছি।

[7-50—8-00 p.m.]

এই ব্যবস্থার ভেতরে বিশেষ ব্যবস্থা হচ্ছে এই যে, পেনসানের ৯০ ভাগ টাকা যাতে ফাইনাল স্যাংসানের আগে পেয়ে যেতে পারে এবং গ্র্যাচুইটির ৭৫ ভাগ টাকা সমস্ত রকম পরীক্ষা-নিরীক্ষার আগে যাতে মঞ্জুর ক'রে দেওয়া যায় তার আমরা একটা বন্দোবস্ত নিয়েছি। সেই প্রস্তাবটা আমি পড়ে দিই—অবসর ভাতা দানের নিয়মকানুন উদার করার ব্যবস্থার কথা সরকার কিছুদিন ধ'রে বিবেচনা ক'রে আসছেন। সেই লক্ষ্যসাধনের উদ্দেশ্যে এই সরকার সম্প্রতি সিদ্ধান্ত করেছেন যে, অবসরভাতার ক্ষেত্রে নিম্নলিখিত অতিরিক্ত সুবিধাগুলি দেওয়া হবে। ৩৬ মাসের বেতনের ক্ষেত্রে ১২ মাসের বেতনের ভিত্তিতে গড় বেতন হিসাব করা হবে। এতে বিশেষ ক'রে যেসমস্ত কর্মীরা কম রোজগার করেন এবং তাঁদের যে প্রোমোসান হয় শেষ বয়সে সেই প্রোমোসানের সুবিধাটা তাঁরা বেশী ক'রে পারেন। আগে ছিল ৩ বছরের বেতন ধ'রে নিয়ে একটা গড় বেতন ধরা হ'ত, তাতে যে সমস্ত কর্মী শেষ বয়সে প্রোমোসান পেতেন তাঁরা সেই প্রোমোসানের পূর্ণ সুবিধা পেতেন না। এটা বদলে দিয়ে আমরা স্থির ক'রে দিয়েছি যে, শেষ বছরে যে সর্বোচ্চ বেতন পাবে সেই বেতনের ভিত্তিতে পেনসান দেওয়া হবে। আগে ছিল ৩ বছরের বেতনের গড়। আর একটা ব্যবস্থা আগে ছিল এক্সট্রা-অর্ডিনারি লিভ সেই সময়টা পেনসানের জন্য ধরা হ'ত না, সেটা পেনসানের বাইরে ছিল। এজন্য নানা রকম সার্ভিস বই রাখতে হ'ত, এক্সট্রা-অর্ডিনারি

লিভ কতটা নিয়েছেন, কতটা নেন নি তার ক্যালকুলেসানের জন্য দেরি হয়ে যেত। আমরা সেই দেরি যাতে না হয় তার জন্য ব্যবস্থা করেছি যে, এক্সট্রা-অর্ডিনারি লিভের সময়টা পেনসানের ভেতর তারা পাবে, সেই সময়টা বাদ যাবে না। এতে সময়ের দিক থেকে একটা সুবিধা হবে, সেজন্য পরীক্ষা-নিরীক্ষা ক্যালকুলেশানের জন্য আর দেরি হবে না। আর একটা দাবি কর্মচারীদের অনেক দিন ধ'রে ছিল, কন্টিনজেন্ট, ওয়ার্ক চার্জ এমপ্লয়ি যাঁরা তাঁরা পেনসানের আওতার বাইরে ছিলেন। কন্টিনজেন্ট, ওয়ার্ক চার্জ এমপ্লয়িরা যাতে পেনসানের সুযোগ-সুবিধা পান তার ব্যবস্থা আমরা করেছি। আমরা বলেছি কাজের হিসাবে মজুরী কিংবা দৈনিক মজুরী ছাড়া যারা বিশেষ কাজের ভিত্তিতে কর্মে নিযুক্ত কিংবা যারা উপ-নিযুক্ত অর্থাৎ যারা কন্টিনজেন্ট কিংবা ওয়ার্ক চার্জ বা এ থেকে বেতন পান অবসরভাতার জন্য তাঁদের অবিচ্ছিন্ন পুরো কাজ গ্রহণযোগ্য হবে। এই দাবিটা ছিল কর্মীদের বহুদিনকার, আমরা এই দাবি মেনে নিয়েছি। তারপর আমরা বলেছি, ১০ বছর কিংবা তদূর্ধ্বকাল অবিচ্ছিন্নভাবে কর্মে নিযুক্ত থাকলে অস্থায়ী সরকারী কর্মচারীরা স্থায়ী সরকারী কর্মচারীদের মত অবসরভাতা ও গ্র্যাচুইটি পাবে। যাঁরা টেম্পোরারী ছিলেন তাঁরা যাতে পার্মানেন্ট কর্মচারীদের মত পেনসান পান এই বন্দোবস্ত আমরা করেছি। আর একটা দাবি ছিল ফ্যামিলি পেনসান সম্বন্ধে একটা অপসান এক্সারসাইজ করতে হ'ত, অনেকে অপসানটা পরিবর্তন করতে চেয়েছে অবস্থার পরিবর্তনের সাথে, ঠিক পেনসান যখন পাবে সেই সময়ে যাতে অপসান এক্সারসাইজ করতে পারেন এই সুবিধাটা আমরা তাদের দিয়েছি, আর এই সমস্ত পেনসান যাতে তাড়াতাড়ি পেতে পারে তার জন্য কতকগুলি পথ পদ্ধতি পেনসানের দিক থেকে আমরা কিছু পরিবর্তন করেছি, সরলীকরণ করেছি। সেটা আমি পড়ে শোনাচ্ছি। নন-গেজেটেড সরকারী কর্মচারীদের অবসরভাতা ও সাময়িক অবসর-ভাতা মঞ্জুরী করা প্রসঙ্গে পদ্ধতির সরলীকরণ সম্বন্ধে সম্প্রতি নিম্নলিখিত সিদ্ধান্তগুলি এই সরকার কর্তৃক গৃহীত হয়েছে। যেখানে সার্ভিস বুক যথোচিতভাবে রাখা হয়েছে সেখানে বার্ষিক সার্ভিস বুকের ভেরিফিকেসান বা সত্যাখ্যান করার বর্তমান পদ্ধতি বিলুপ্ত করতে হবে। এই যে অ্যানুয়েল ভেরিফিকেসান ছিল এই অ্যানুয়েল ভেরিফিকেসানের জন্য অনেক সময় যেত এবং এই ভেরিফিকেসান ঠিকমত হ'ত না, পেনসানের সময় সেটা নিয়ে প্রশ্ন উঠত, তার জন্য দেরি হয়ে যেত এবং এই অ্যানুয়েল ভেরিফিকেসানের পদ্ধতি আমরা তুলে দিচ্ছি।

সবচেয়ে বেশী সুবিধা পেনসনভোগীদের হবে। ৯০ ভাগ পেনসন যেটা পাওয়া যাবে তার ব্যবস্থা এই রকম। যথা নির্দিষ্ট ফর্মে অবসরগ্রহণকারীর অবসরভাতার দাবির ভিত্তিতে গ্র্যাচুইটির শতকরা ৭৫ ভাগ সহ শেষ গৃহীত বেতনের ভিত্তিতে শতকরা ৯০ ভাগ অবসরভাতা সাময়িকভাবে মঞ্জুর করা চলবে। অর্থাৎ শতকরা ৯০ ভাগ পাওয়া যাবে এবং তার জন্য এ জি-র কাছে যেতে হবে না। আগে এ জি-র কাছে যেতে হ'ত এবং তিনি অডিট করতেন। এইসমস্ত পুরান রীতি, পুরান রুলস্ ছিল যাতে বিলম্ব হ'ত। আমরা এগুলির পরিবর্তন করেছি এবং বলেছি, অবসরগ্রহণের অন্ততঃ চার মাস পূর্বে এই সাময়িক অবসরভাতা ও গ্র্যাচুইটি মঞ্জুর করার আদেশ দিতে হবে। আমি প্রত্যেক দপ্তরকে বলেছি, কর্মীদের অবসরগ্রহণের ৪ মাস আগে সমস্ত কাগজপত্র তৈরি থাকবে এবং যখনই অবসরগ্রহণ করবে তখনই যেন ৯০ ভাগ পেনসন দেওয়া যায়। পেনসন দেবার ব্যাপারে আগে সার্ভিস বুক ভেরিফিকেসনের ব্যবস্থা ছিল। কিন্তু এক্ষেত্রে অসুবিধা ছিল কোন কর্মী এখানে রয়েছে, ওখানে রয়েছে এবং তার ফলে তাঁদের সার্ভিস বুক ভেরিফিকেসনে সময় লেগেছে। এতে আবার দুর্নীতির স্কোপও ছিল। এই অফিসে যেত, ওই অফিসে যেত এবং কিছু না দিলে কিছু হ'ত না। এগুলি আমরা উঠিয়ে দিয়েছি, এফিডেবিট-এর ভিত্তিতে এগুলি আমরা দেব। আমরা বলেছি, যেসব ক্ষেত্রে সার্ভিস বুক পাওয়া যায় না সেসব ক্ষেত্রে অবসরভাতাগ্রহণকারী এফিডেবিট সহ চাকুরির হিসেব লিখিত-ভাবে দিলে এবং সেই সঙ্গে সেই সময়ের সাক্ষ্য বিষয়ক দুটো সার্টিফিকেট থাকলে সাময়িক অবসরভাতা মঞ্জুর করা যেতে পারে। নিয়োগকারী কর্তৃপক্ষকে অবসরগ্রহণের তারিখ থেকে অনধিক ১ বৎসরের মধ্যে চূড়ান্ত অবসরভাতা ও গ্র্যাচুইটি মঞ্জুর করতে হবে। আর একটা জিনিস ছিল অ্যাকাউন্টেন্ট-জেনারেলের কাছে যেতে হ'ত প্রি-অডিট ছিল। আমরা সেটার পরিবর্তন করেছি, এখন পোস্ট-অডিট হবে। আমরা ৯০ ভাগ দিয়ে দেব এবং এ জি পরে

বিচার-বিবেচনা করবেন। সরকারী কর্মচারীদের ক্ষেত্রে নন-গেজেটেড কর্মচারীর সংখ্যা সর্বাধিক ব'লে তাঁদের অবসরভাতার দাবি দ্রুত মেটাবার উদ্দেশ্যে প্রস্তাব করা হয়েছে, যে এই বিষয়গুলি পশ্চিমবঙ্গের অ্যাকাউন্টেন্ট-জেনারেলের কাছে পাঠানো প্রয়োজন হবে না। অ্যাকাউন্টেট-জেনারেলের কাছে এক সঙ্গে এত বেশী কাজ পাঠানো হ'লে বিলম্ব হয় ব'লে তাঁরা অন্যান্য সরকারী ব্যয়ের ক্ষেত্রে যেমন অডিট পরবর্তী অনুমোদন দেন এক্ষেত্রেও তেমনি অনুমোদন দেবেন—অর্থাৎ প্রি-অডিট হবে না। এই বিষয়ে অ্যাকাউন্টেন্ট-জেনারেল কম্পট্রোলার অ্যান্ড অডিটর-জেনারেল-এর অনুমোদন পাওয়ার সঙ্গে সঙ্গে চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হবে। আমরা তাঁদের লিখেছি যে, আমরা এই পরিবর্তন আনতে চাই এবং এই ব্যাপারে তাঁদের সম্মতি চেয়েছি। আমি আশা করি তাঁদের সম্মতি পাওয়া যাবে, সম্মতি না দেবার কোন কারণ নেই। যাহোক, আজকে অনেক রাত্র হয়েছে ব'লে আমি সবটা পড়ে শোনালাম না। যে পরিবর্তন আমরা এনেছি সেটা এখানে প'ড়ে শোনালাম। একথা ব'লে আমি এই প্রস্তাব সভায় পেশ করছি।

Mr. Deputy Speaker: Two notices of cut motion have been given by honourable Timir Baran Bhaduri and Shish Mohammad. But since they are absent in the House I take it that the cut motions are not moved.

[8-00--8-11 p.m.]

শ্রীভূপালচন্দ্র পান্ডা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই অধিবেশন প্রাক্কালে অর্থমন্ত্রী মহাশয় পেনসন সম্পর্কিত গ্রান্টে যে বরাদ্দ বিষয় এখানে উপস্থিত করলেন বিস্তৃতভাবে না বললেও মূল পয়েন্টে যে সমস্ত বক্তব্য উপস্থিত করেছেন সে সম্পর্কে আমি দু'-একটি কথা বলতে চাই। প্রথম কথা যেটা বলতে চাই যে, এখন পেনসন ব্যবস্থা আগে থেকে অনেক সহজ করবার জন্য মাননীয় অর্থমন্ত্রীর যে প্রচেষ্টা নিশ্চয় সমর্থনযোগ্য, কিন্তু সেই সঙ্গে আমি অর্থমন্ত্রী মহাশয়ের কাছ থেকে আরো দু'একটা প্রশ্ন জেনে নিতে চাই—এই যে স্বল্প আয়ের যেসমস্ত কর্মচারী আছেন যাঁরা নন-গেজেটেড এবং বিলো র‍্যাঙ্কের, ইতিপূর্বে যারা অবসর-গ্রহণ করেছেন বর্তমানে দুর্মূল্যের বাজারে মূল্যবৃদ্ধির কারণে এদের পেনসনের পরিমাণ কিছু বৃদ্ধি করবার কোন ব্যবস্থা তিনি করছেন কি? কারণ, এটা খুবই প্রয়োজনীয়। আমি অর্থমন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীকে একটু ভেবে দেখতে বলি যে, এই সমস্ত স্বল্প বেতনের কর্মচারীদের সংসার কি রকম দুরবস্থার মধ্যে তাদের কাটাতে হচ্ছে। যেমন আপনাদের ডি এ বাড়ানোর পদ্ধতি আছে তেমনি এই সমস্ত লোকদের পেনসন বরাদ্দ কিছু কিছু বৃদ্ধি যদি না করা হয়, তা হ'লে তাদের পারিবারিক জীবন এমন কি তাদের জীবনধারণের পক্ষে অসম্ভব হ'য়ে পড়ছে। সুতরাং আমি এই সম্পর্কে অর্থমন্ত্রীর কাছে কিছু ক্লারিফিকেসন চাচ্ছি এবং আশা করি তিনি এই সম্পর্কে আলোকপাত করবেন। দ্বিতীয় কথা হচ্ছে, আমাদের রাজনৈতিক কর্মিবৃন্দের যে ভাতা পাবার ব্যবস্থা আছে তাদের কাগজপত্র অনেক সময় বিভাগীয় দপ্তরেই প'ড়ে থাকে। রাজনৈতিক বন্দীদের স্বাধীনতার যুদ্ধের জন্য যে ভাতা দেওয়া হয় তার পরিমাণগত দিকও অতি অল্প। এখন পর্যন্ত তার কোন রদবদল হয় নি। এমন কি এমন ঘটনাও আছে যে, ১৯৪২ সালে আগস্ট আন্দোলনের সময় যার জীবন গেছে পুলিসের গুলিতে তাদের পরিবারের পেনসন বরাদ্দ অতি নীচু পর্যায়ে রয়ে গেছে এবং আজ পর্যন্ত তা বৃদ্ধি করা হয় নি। সেই জন্য যারা রাজনীতি বিষয়ে সাফার করেছেন তাদের পেনসন বরাদ্দ পরিমাণগত বৃদ্ধির ব্যাপারে তিনি কোন ব্যবস্থা নিচ্ছেন কিনা তা আমাদের নিশ্চয় জানাবেন। তৃতীয় এখানে আর একটা বিষয় সবচেয়ে গুরুত্বপূর্ণ যে সেই বিষয়ে আমি এখানে উল্লেখ করতে চাই। যারা ফ্রিডম ফাইটার এবং যারা বহুদিন আত্মগোপন করেছিলেন কিংবা অন্তরীণ ছিলেন, তাদের বিষয়ে সরকার বিবেচনা করবেন এটা সংবাদপত্রে প্রকাশিত হয়েছিল। কিন্তু তাদের এই আত্মগোপন ক'রে থাকাকালীন অবস্থায় সরকারী রিপোর্ট অর্থাৎ সরকারী দপ্তর থেকে এখন আর হদিশ পাওয়া সম্ভব নয়। কারণ, তৎকালীন পুলিস রিপোর্ট এবং কোর্টের রেকর্ডপত্র বর্তমানে দুর্লভ। এই কারণের জন্য বহু নির্যাতীত কর্মী যারা প্রকৃত সাফার করেছেন তারা আজ পর্যন্ত সরকারী সাহায্য পায় নি। তারা যখন আমাদের কাছে আসে তাদের আমরা ব্যর্থমনোরথ ক'রে

ফেরত পাঠাতে হয়। কারণ, সরকারী দপ্তরে তাদের বিষয়ে তথ্য বা রেকর্ড কোন কিছুই পাওয়া যায় না। এই অবস্থা সম্পর্কে মাননীয় অর্থমন্ত্রী কোন নতুন আলোকপাত করতে পারেন কিনা সেটা অবশ্য বলবেন এবং তারা দরখাস্ত করলে যাতে সহজে সেটা গ্রান্ট হয় তার ব্যবস্থা নিতে পারেন কিনা সে বিষয়ে আলোকপাত করবেন, তা হ'লে আমি খুব আনন্দিত হব। কারণ, এই বিষয়গুলি আজকে পেনসন বরাদ্দের ব্যাপারে খুবই গুরুত্বপূর্ণ। এই কয়টি কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশঙ্কর ঘোষ: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের নূতন পেনসন পদ্ধতিকে যে সমর্থন মাননীয় সদস্যারা দিয়েছেন, তার জন্য আমি তাঁদের ধন্যবাদ জানাচ্ছি। আর এই যে নূতন পেনসন পদ্ধতি হয়েছে, এই কারণেই হয়েছে যাতে ক'রে পেনসন দেবার বিলম্ব না হয়। এটা ঠিক হয়েছে যে অবসরগ্রহণের ৪ মাস আগেই ৯০ পারসেন্ট মঞ্জুরী রেডি রাখা হবে। যদি কোন ক্ষেত্রে না হয়, তা হ'লে সেক্ষেত্রে ব্যবস্থা গ্রহণ করা হবে যাতে ক'রে অ্যাকাউন্টেন্ট-জেনারেল অফিসে ঘুরতে না হয়, সার্ভিস ভেরিফিকেসনের জন্য ঘুরতে না হয়। যাতে কোন বিলম্ব না হয়, যেই অবসরগ্রহণ করবে, সেই অবসরগ্রহণের সময়েই যাতে ৯০ পারসেন্ট পেনসন পেতে পারে, যে ব্যবস্থা করেছি, তার ভিতর আছে। এই নীতি যাতে কার্যকর হয়, তার জন্য সমস্ত রকম ব্যবস্থা গ্রহণ করব। মাননীয় কুমারদীপ্তি সেনগুপ্ত মহাশয় যে কথা বলেছেন, সেটা দূর করার জন্য বন্দোবস্ত হয়েছে, এটা আমরা করব। মাননীয় ভূপাল পান্ডা মহাশয় বলেছেন যাতে পেনসন আরও বেশী হয় তার ব্যবস্থা করার জন্য। সেটাও আমরা করেছি। আগে শেষ তিন বছরের গ'ড়ে পেনসন পেত, কম মাইনের কর্মচারী, যারা শেষ বয়সে প্রমোশন পায় তারা এখন থেকে শেষ বছরের আয়ের গড়ের উপর পেনসন পাবে।

আমরা ঠিক করেছি শেষ বছরের আয়ের ভিত্তিতে তাঁরা পেনসন পাবেন। কারণ তাতে ক'রে পেনসনের পরিমাণ বৃদ্ধি পাবে।

আর ওয়ার্ক-চার্জড, কন্টিনজেন্ট এমপ্লয়ি, টেম্পোরারি এমপ্লয়ি যাঁরা ছিলেন, তাঁদের ক্ষেত্রে সাড়ে বারো পারসেন্ট পেনসন নর্মাল রুলে কেটে নিয়ে দেওয়া হয়। ওয়ার্ক-চার্জড কন্টিনজেন্ট অ্যান্ড টেম্পোরারি এমপ্লয়িরা পার্মানেন্ট এমপ্লয়িদের মত পুরা পেনসন যাতে পান তার ব্যবস্থা আমরা করেছি। এখন আর ৩ বছরের গড় নয়--ঐ সাড়ে বারো পারসেন্ট আর কাটা হবে না। আগে যে পেনসন তাঁরা পেতেন, তার চেয়ে অনেক বেশী পেনসন এখন তাঁরা পাবেন।

এই কথা কয়টি ব'লে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Deputy Speaker: I now put the main demand to vote.

The motion of Shri Sankar Ghose that a sum of Rs. 4,27,23,000 be granted for expenditure under Grant No. 19, Major Heads: "65—Pensions and Other Retirement Benefits, and 120—Payment of Commuted Value of Pensions", was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 8-11 p.m. till 1 p.m. on Wednesday, the 21st March, 1973, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 21st March, 1973, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 12 Ministers, 7 Ministers of State, 3 Deputy Ministers, and 144 Members.

Oath or Affirmation of Allegiance

[1-00—1-10 p.m.]

Mr. Speaker: Honourable Members, any of you who have not yet made an Oath or Affirmation of Allegiance may kindly do so.

(There was none to take oath.)

STARRED QUESTIONS

(to which answers were laid on the table)

সরস্বতী নদীর সংস্কার

***৭৫১।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৭।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, হুগলি জেলার চণ্ডীতলার মধ্য দিয়ে প্রবাহিত সরস্বতী নদীটি মজে যাওয়ায় তাকে সেচের ও জলনিকাশের কাজে ব্যবহার করা সম্ভব হচ্ছে না;

(খ) অবগত থাকলে, উক্ত নদীটি সংস্কারের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; ও থাকলে কবে নাগাত ইহার কাজ শুরু হবে; এবং

(গ) এই বিষয়ে পূর্বতন সরকার কোন প্রচেষ্টা চালিয়েছিলেন কি?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) আছে।

পরিকল্পনাটি অনুমোদন হইবার পর প্রয়োজনীয় অর্থ বরাদ্দ হইলে কাজ শুরু হইবে।

(গ) জানা নাই।

রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান পরিচালনায় শ্রমিক প্রতিনিধি

***৭৫২।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৪৮।) **শ্রীনিতাইপদ সরকার:** সরকারী সংস্থা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের পরিচালক কমিটিতে শ্রমিকদের প্রতিনিধিত্বদানের বিষয়টি বিবেচনা করিতেছেন; এবং

(খ) সত্য হইলে, কত দিনের মধ্যে এ সিদ্ধান্ত কার্যকর হইবে?

মালবাহী যানবাহনের ওজনকেন্দ্র

***৭৫৩।** (অনুমোদিত প্রশ্ন নং *৬৭১।) **শ্রীঅশ্বিনী রায়ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে মালবাহী যানবাহনের ওজন পরিমাপের কতগুলি ওজনকেন্দ্র আছে;

(খ) তন্মধ্যে বর্ধমান জেলায় উক্ত কেন্দ্রের সংখ্যা কত; এবং

(গ) রানীগঞ্জ, আসানসোল কয়লাখনি অঞ্চলে কয়লাবাহী যানবাহন পরিমাপের ওজনকেন্দ্র কোথায় কোথায় এবং কয়টি আছে?

শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৫০০টির কিছু বেশী হইবে।

(খ) প্রায় ১১৬টি হইবে।

(গ) মোট ২২টি। ঐ সব কেন্দ্র কোথায় কোথায় আছে তাহার তালিকা লাইব্রেরী হলে রক্ষিত আছে।

শালবনী থানার বিভিন্ন এলাকায় খাস জমি

***৭৫৪।** (অনুমোদিত প্রশ্ন নং *১৩৯৬।) **শ্রীঠাকুরদাস মাহাতঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় শালবনী থানার বিভিন্ন এলাকায় মোট কত পরিমাণ খাস জমি কি কি উদ্দেশ্যে সংরক্ষিত আছে,

(খ) উল্লেখিত জমি হইতে কত পরিমাণ জমি গত ১৯৭২ সালের ডিসেম্বর মাস পর্যন্ত কাজে লাগানো হইয়াছে; এবং

(গ) বাকী জমি কাজে লাগাইবার কথা সরকার চিন্তা করিতেছেন কি এবং করিলে কি উদ্দেশ্যে এবং কত দিনের মধ্যে উক্ত কাজে লাগানো হইবে?

ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) মোট প্রায় ১১,০০০ হাজার একর জমি বিভিন্ন উন্নয়নমূলক কাজের জন্য সংরক্ষিত ছিল।

(খ) ৯,৪০০ একর।

(গ) যে তিনটি প্রকল্পের জন্য অবশিষ্ট জমি সংরক্ষিত ছিল, তাহার মধ্যে দুটি পরিত্যক্ত হইয়াছে। একটির সম্বন্ধে এখনও কোন সিদ্ধান্ত হয় নাই।

বাঁকুড়া জেলার ক্ষুদ্র ও কুটির শিল্প

***৭৫৫।** (অনুমোদিত প্রশ্ন নং *১৪২১।) **শ্রীসনাতন সাঁতরাঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) বাঁকুড়া জেলায় ক্ষুদ্র ও কুটির শিল্পগুলি আধুনিকীকরণের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করেছেন;

(খ) এই জেলায় কাঁসা, শাঁখা ও তাঁত শিল্পীদের সরকারী সাহায্য দিবার কোন পরিকল্পনা আছে কি, এবং

(গ) থাকিলে, তাহা কি?

কয়লা উত্তোলনের ফলে ক্ষতিগ্রস্ত গ্রাম ও কৃষি জমি

***৭৫৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৭২০।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, কয়লাখনি হইতে কয়লা উত্তোলনের পর আসানসোল মহকুমার বহু গ্রাম ও কৃষিজমি ক্ষতিগ্রস্ত হইয়াছে; এবং

(খ) অবগত থাকিলে, (১) উক্ত মহকুমার কোন্ কোন্ গ্রাম এবং কি পরিমাণ কৃষিজমি ক্ষতিগ্রস্ত হইয়াছে, ও (২) ক্ষতিগ্রস্ত গ্রামবাসীদের ক্ষতিপূরণ দানের জন্য সরকার হইতে কোন ব্যবস্থা লওয়ার বিষয় বিবেচনা করিতেছেন কি?

শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) কয়লা খনি সংক্রান্ত ধ্বস কেন্দ্রীয় সরকারের বিষয়। এ সম্পর্কে নির্দিষ্ট তথ্য সেই জনাই পশ্চিমবঙ্গ সরকারের নাই।

(খ) (১) এবং (২) প্রশ্ন ওঠে না।

কৃষ্ণনগরে জুট মিল

*৭৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *১২৪৫।) **শ্রীগিয়াসুদ্দিন আহম্মদঃ** বাণিজ্য এবং শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার কৃষ্ণনগর শহরের উত্তরাংশে কোন জুট মিল স্থাপনের পরিকল্পনা সরকারের আছে কিনা, এবং

(খ) থাকিলে, ঐ জুট মিলটি কোথায় এবং কবে নাগাদ খোলা হইবে?

বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) আপাততঃ নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

রঘুনাথগঞ্জ ১ ও ২ নং ব্লকের এল আর কমিটি

***৭৫৮।** (অনুমোদিত প্রশ্ন নং *১৪৯৫।) **শ্রীহবিবুর রহমানঃ** ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার রঘুনাথগঞ্জ ১নং ও ২নং ব্লকে বর্তমান সরকার ক্ষমতায় আসার পর হইতে ২৮এ ফেব্রুয়ারি, ১৯৭৩ পর্যন্ত এল আর কমিটির কয়টি মিটিং আহ্বান করা হইয়াছে; এবং

(খ) উক্ত সময়ের মধ্যে উক্ত এলাকার ভূমিহীন চাষীদের মধ্যে কত বিঘা সরকারের খাসজমি বিলি বণ্টন করা হইয়াছে?

ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এগারটি।

(খ) ২৪১৮·৪৮ বিঘা।

হলদিয়ায় নূতন শিল্প

***৭৫৯।** (অনুমোদিত প্রশ্ন নং *১৩৩৪।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** শিল্প এবং বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হলদিয়াতে এক বছরের মধ্যে ছোট বড় অনেকগুলি শিল্প গড়িয়া ওঠার সম্ভাবনা আছে;

(খ) সত্য হইলে, কি কি শিল্প গড়িয়া ওঠার সম্ভাবনা আছে;

(গ) কবে নাগাদ উহা বাস্তবে রূপায়িত হইবে; এবং

(ঘ) এর জন্য কত টাকা ব্যয় হইবে এবং কতজন বেকার যুবকের কর্মসংস্থান হইবে?

শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) ভবিষ্যতে হলদিয়াতে অনেকগুলি শিল্প গড়িয়া ওঠার সম্ভাবনা আছে।

(খ) অনুমোদিত শিল্পগুলি হ'ল ঃ—

(১) হলদিয়া শোধনাগারটির সম্প্রসারণ,

(২) সাব মিথানল ও সোডা অ্যাশ,

(৩) কার্বন ব্ল্যাক,

(৪) ক্যালসাইনড্ পেট্রোলিয়াম, এবং

(৫) জি আই পাইপ।

এই শিল্পগুলি ছাড়া নিম্নলিখিত শিল্পগুলিও গড়িয়া ওঠার সম্ভাবনা আছে ঃ—

(১) জাহাজ নির্মাণ কারখানা,

(২) পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স,

(৩) কস্টিক সোডা, এবং

(৪) শিল্পে ব্যবহার্য ফস্‌ফেট।

(গ) এখন হইতে পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালের মধ্যে ইহা সম্পূর্ণ করা যাইবে আশা করা যায়।

(ঘ) এখন বলা সম্ভব নহে।

হলদিয়ায় পেট্রো-কেমিক্যাল শিল্প

***৭৬০।** (অনুমোদিত প্রশ্ন নং *১৩৪৯।) **শ্রীঅহীন্দ্র মিশ্র ঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হলদিয়ায় পেট্রো-কেমিক্যাল শিল্প শুরু হতে কতদিন সময় লাগবে;

(খ) এই শিল্প-পরিকল্পনা মেদিনীপুর জেলায় কোন কোন এলাকা পর্যন্ত সম্প্রসারিত হওয়ার সম্ভাবনা;

(গ) উক্ত পরিকল্পনায় কতজন ব্যক্তির কর্মসংস্থান হওয়ার সম্ভাবনা আছে; এবং কর্মসংস্থানের ক্ষেত্রে স্থানীয় বেকার যুবকদের অগ্রাধিকার থাকবে কিনা; এবং

(ঘ) পেট্রো-কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন যৌথ উদ্যোগে গঠিত কিনা এবং হলে, মূলধন বিনিয়োগের পরিমাণ কার কত?

বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পেট্রো-কেমিক্যাল শিল্প হলদিয়াতে কবে এবং কোথায় শুরু হবে সে সম্বন্ধে কেন্দ্রের সঙ্গে আলাপ-আলোচনা চলিতেছে।

(খ) এই শিল্প পরিকল্পনা আপাততঃ হলদিয়াতে হবার কথা আছে।

(গ) স্থানীয় যুবকেরা যোগ্যতা অনুযায়ী অবশ্যই সুযোগ পাইবেন। তবে মোট কতজনের চাকুরি হইবে তাহা এখন বলা সম্ভব নহে।

(ঘ) হ্যাঁ, যৌথ উদ্যোগেই গঠিত হইবে। আপাততঃ ৩৫ কোটি টাকা অনুমোদিত মূলধন লইয়া উহা গঠিত হইবে।

মুর্শিদাবাদ জেলায় জে এল আর ও অফিস

*৭৬১। (অনুমোদিত প্রশ্ন নং *১৫২১।) **শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার বহু ব্লকে এখনও পর্যন্ত জে এল আর ও অফিস খোলা হয় নাই; এবং

(খ) সত্য হইলে, না খোলার কারণ কি?

ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ও (খ) ভূমি সংস্কার সার্কেলগুলির পুনর্বিন্যাসের ফলে মুর্শিদাবাদ জেলায় মোট জে এল আর ও অফিসের সংখ্যা ১৮টি হইতে বর্ধিত হইয়া ২৬টি হইয়াছে। ৮টি নূতন অফিসের মধ্যে ২টি নূতন জায়গায় স্থানান্তরিত হইয়াছে। অবশিষ্ট ৬টি অফিসের কাজ পূর্বতন অফিস হইতে স্বতন্ত্রভাবে চালান হইতেছে। এই অফিসগুলির জন্যে বাড়িভাড়া করা, আসবাবপত্র কেনা প্রভৃতি সম্পূর্ণ হইয়াছে। শীঘ্রই নূতন জায়গায় স্থানান্তরিত করা হইবে।

নূতন শিল্পস্থাপনের জন্য লাইসেন্স

*৭৬২। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৫০।) **শ্রীনরেশচন্দ্র চাকীঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে নতুন শিল্পস্থাপনের জন্য গত এক বৎসরে মোট কতগুলি লাইসেন্স দেওয়া হইয়াছে;

(খ) এইগুলিতে মোট বিনিয়োগের পরিমাণ কত;

(গ) অদ্যাবধি শিল্পস্থাপনের জন্য নতুন লাইসেন্সের আবেদনকারীর সংখ্যা কত এবং তন্মধ্যে কতগুলি আবেদনকারী লাইসেন্স পাইয়াছেন; এবং

(ঘ) এই রাজ্যের কোথায় কোথায় উক্ত নূতন শিল্প স্থাপিত হইবে?

বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক), (খ) ও (গ) রাজ্যসরকার এখন পর্যন্ত নতুন শিল্প স্থাপনের জন্য ৩৮৮টি আবেদন পাইয়াছেন। এই সমস্ত শিল্পগুলিতে মোট বিনিয়োগের পরিমাণ ৫১১ কোটি টাকা। এইগুলির মধ্যে ১৯৮টি শিল্পের ক্ষেত্রে ভারত সরকার ইতিমধ্যেই প্রয়োজনীয় শিল্প লাইসেন্স বা লেটার অব ইনটেন্ট মঞ্জুর করিয়াছেন। এইগুলিতে মোট বিনিয়োগের পরিমাণ ৩২০ কোটি টাকা। আরো ১৩০টি শিল্পের আবেদন ভারত সরকারের বিবেচনাধীন আছে, যেগুলিতে মোট বিনিয়োগের পরিমাণ ১১৩ কোটি টাকা।

বাকি ৬০টি শিল্পে আবেদন—যেগুলিতে মোট বিনিয়োগের পরিমাণ ৭৮ কোটি টাকা—পশ্চিমবঙ্গ শিল্প উন্নয়ন পর্ষদের বিবেচনাধীন আছে।

(ঘ) এই রাজ্যের কোথায় কোথায় শিল্পগুলি গড়িয়া উঠিবে এখন সঠিকভাবে স্থির হয় নাই। তবে প্রত্যেক জেলায় কিছু কিছু শিল্প সংস্থাপিত হইবে।

পুরুলিয়া জেলায় শিল্পকারখানা স্থাপনে উৎসাহদান

*৭৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৫০৮।) **শ্রীশরৎ দাসঃ** শিল্প ও বাণিজ্য বিভাগে মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পুরুলিয়া জেলায় শিল্পকারখানা স্থাপনে উৎসাহদানের জন কেন্দ্রীয় সরকার শতকরা ১০ ভাগ ভরতুকি প্রদানের সিদ্ধান্ত লইয়াছেন;

(খ) সত্য হইলে, পুরুলিয়ায় কারখানা স্থাপনের জন্য কতজন শিল্পপতি আবেদন করিয়াছেন;

(গ) তন্মধ্যে কত আবেদন মঞ্জুর করা হইয়াছে এবং কত আবেদনপত্র বিবেচনাধীন আছে; এবং

(ঘ) কি কি প্রকারের কারখানা স্থাপনের জন্য দরখাস্ত আসিয়াছে?

শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ, সত্য।

(খ) ১৭ জন শিল্পপতি পুরুলিয়ায় বৃহৎ ও মাঝারী আকারের শিল্প স্থাপনের জন্য আবেদন করিয়াছেন।

(গ) ইঁহাদের মধ্যে ৬ জনের আবেদন মঞ্জুর করা হইয়াছে, ১০ জনের আবেদন বিবেচনাধীন আছে এবং ১ জনের আবেদন নামঞ্জুর করা হইয়াছে।

(ঘ) একটি তালিকা লাইব্রেরির টেবিলে রাখা হইয়াছে।

শীতলপাটি শিল্প

*৭৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *৮২।) **শ্রীমহম্মদ সফিউল্লাঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শীতলপাটির কাঁচামাল মুথাঘাস পশ্চিমবঙ্গে উৎপন্ন হয় কিনা এবং হলে, কোথায় কোথায় উৎপন্ন হয়;

(খ) শিল্পীরা কাঁচামাল কোথা থেকে সংগ্রহ করেন; এবং

(গ) মাদুরশিল্পের অন্যান্য ঘাস পশ্চিমবাংলার কোন কোন জেলায় উৎপন্ন হয়?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ, জলপাইগুড়ি জেলার বাক্সা-ভাতখাওয়া ও দমন জঙ্গলে অতি সামান্য পরিমাণ মোত্রা ঘাস (মুথা) জন্মায়।

(খ) শিল্পীরা প্রায় সমস্ত কাঁচামালই (মোত্রা ঘাস) আসাম হইতে সংগ্রহ করিয়া থাকেন।

(গ) মাদুর শিল্পে ব্যবহৃত অন্যান্য পাঁচ রকম ঘাস নিম্নলিখিত জেলায় উৎপন্ন হয়ঃ—

(১) মাদুর কাঠি—মেদিনীপুর, বর্ধমান ও হাওড়া জেলা;

(২) হোগলেপাতি—২৪-পরগনা;

(৩) ছাইতীন কাঠি—২৪-পরগনা;

(৪) নাগর মুথা কাঠি—পশ্চিম দিনাজপুর; ও

(৫) হোগলা পাতি—২৪-পরগনা, হাওড়া ও জলপাইগুড়ি।

Thermal Power Station, Asansol

*765. (Admitted question No. *727.) **Shri Sukumar Bandyopadhyay:** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) whether the State Government has received any proposal from the public for construction of a Thermal Power Station near Hindusthan Cables at Asansol for meeting the regular power shortage in Raniganj Coal Belt;

(b) whether the area is rich with coal resources and other amenities essential for a Thermal Power Plant; and

(c) if the answers to (a) and (b) are in the affirmative, will the Minister of Power be pleased to state the action so far taken by the Government in this regard?

The Minister-in-charge of the Power Department: (a) No.

(b) Details in this regard are not precisely known to Government.

(c) Does not arise.

দেউলী পাহাড়ের পাথর

*৭৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *৯২৪।) **শ্রীশরৎ দাসঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পুরুলিয়া জেলার পাড়া থানার দেউলী পাহাড় হইতে উত্তম কোয়ালিটির পাথর (রোড অ্যান্ড বিল্ডিং) পাওয়া গিয়াছে এবং সাঁওতালডিহি থার্মাল প্ল্যান্টের অন্তর্ভুক্ত রোড ইত্যাদির কাজে ঐ পাথর ব্যবহার করা হইতেছে; এবং

(খ) সত্য হইলে, পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন কাজে উক্ত পাথর কাজে লাগানোর জন্য কোন কর্পোরেশন করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা এবং থাকিলে, তাহা কিভাবে ও কতদিনে রূপায়িত হইবে?

শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) কেবল দেউলী পাহাড়ের পাথর কাজে লাগাইবার জন্য কোনও কর্পোরেশন করিবার পরিকল্পনা সরকারের নাই; তবে এই রাজ্যের পাথর এবং অন্যান্য খনিজ দ্রব্যের উপযুক্ত ব্যবহারের জন্য ওয়েস্ট বেঙ্গল মিনারেল ডেভেলপমেন্ট অ্যান্ড ট্রেডিং কর্পোরেশন গঠন করা হইয়াছে। এই কর্পোরেশন শীঘ্রই কাজ আরম্ভ করিবে।

হলদিয়া প্রকল্প

*৭৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৮৪।) **শ্রীঅশ্বিনী রায়ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হলদিয়া প্রকল্পের বাস্তব রূপায়ণ ও জলসরবরাহের ব্যবস্থাপনা ফরাক্কা ব্যারেজের জলসরবরাহের উপর নির্ভরশীল; এবং

(খ) সত্য হলে, ফরাক্কা ব্যারেজ হতে হলদিয়া প্রকল্প বাস্তব রূপায়ণের জন্য প্রয়োজনীয় জলসরবরাহ হবে কি?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হলদিয়া পোর্টে জল সরবরাহের যে পরিকল্পনা প্রস্তুত করা হইয়াছে, তাহার দ্বিতীয় ও তৃতীয় পর্যায়ের প্রস্তাব অনুযায়ী, হলদিয়া প্রকল্প উহার প্রয়োজনীয় জলের জন্য প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, ফরাক্কা ব্যারেজের জল সরবরাহের উপর অন্ততঃ আংশিকভাবে নির্ভরশীল থাকিবে।

(খ) বর্তমান কেন্দ্রীয় সরকারের প্রতিশ্রুতি অনুযায়ী, আন্দাজ করা যায়, ফরাক্কা ব্যারেজ হইতে হলদিয়া প্রকল্পের জন্য উক্ত প্রয়োজনীয় পরিমাণ জল সরবরাহ করা সম্ভব হইবে।

চাপড়া বা তেহট্ট চিনিকল

*৭৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৪০৯।) **শ্রীগিয়াসুদ্দিন আহম্মদঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলার চাপড়া অথবা তেহট্টে চিনিকল স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে কবে নাগাত তাহা কার্যকর হইবে?

শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

বাঁকুড়া জেলায় সেচব্যবস্থা

*৭৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৪২২।) **শ্রীসনাতন সাঁতরাঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় সেচের যে ব্যবস্থাগুলি চালু আছে তাহা কৃষিকার্যের পক্ষে যথেষ্ট কিনা; এবং

(খ) না হইলে, উক্ত জেলায় সেচব্যবস্থার উন্নতিকল্পে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না, বাঁকুড়া জেলার মোট ৯,৮৫,৫০০ একর আবাদী জমির মধ্যে বর্তমানে কেবলমাত্র ২,৫৩,০০০ একর জমিতে বিভিন্ন সেচ প্রকল্প হইতে জলসেচের ব্যবস্থা আছে।

(খ) বাঁকুড়া জেলার সেচ ব্যবস্থার উন্নতির জন্য আরও কয়েকটি সেচ প্রকল্প গ্রহণের পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে। চলতি কংসাবতী প্রকল্প এবং এই সকল নতুন প্রকল্পের কাজ শেষ হ'লে উক্ত জেলায় আরও ৫,১১,১০০ একর জমিতে জলসেচ দেওয়া সম্ভব হইবে।

মুর্শিদাবাদ জেলায় হাট ও বাজার

*৭৭০। (অনুমোদিত প্রশ্ন নং *১৫২৬।) **শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় কতগুলি হাট বা বাজার আছে; এবং

(খ) এইসমস্ত হাটবাজার হইতে সরকারের বৎসরে কত টাকা আয় হয়?

ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) নয়টি।

(খ) ১৩৭৯ সালে সরকারের ২১,৭৪৬ টাকা আয় হয়েছে।

ভাগীরথী নদীর নাব্যতা

***৭৭১।** (অনুমোদিত প্রশ্ন নং *১৪৪৫।) **শ্রীকাশীনাথ মিশ্র:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে ভাগীরথী নদীর নাব্যতা কত;

(খ) ভাগীরথীর নাব্যতা বৃদ্ধি করার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(গ) থাকিলে, এ বিষয়ে কত টাকা ব্যয় হইবে, ও কবে নাগাদ ইহার কাজ আরম্ভ হইবে?

চামড়ার মূল্যবৃদ্ধি

***৭৭২।** (অনুমোদিত প্রশ্ন নং *২৬৪।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** কুটির এবং ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) পশ্চিমবঙ্গে কাঁচা বা ট্যান্ড্ চামড়া কোথা থেকে আসে;

(খ) সরকার কি অবগত আছেন, বর্তমানে চামড়ার মূল্য বৃদ্ধি পাওয়ায় বহু চর্মশিল্পী বেকার হয়ে পড়েছেন;

(গ) অবগত থাকলে, বাজারে চামড়ার মূল্য বৃদ্ধি পাওয়ার কারণ কি; এবং

(ঘ) সরকার ন্যায্যমূল্যে চর্মশিল্পীদের চামড়া সরবরাহ করার জন্য কি ব্যবস্থা করেছেন?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) কাঁচা চামড়া আসে উত্তরপ্রদেশ ও বিহার থেকে এবং ট্যান্ড্ চামড়া আসে তামিলনাড়ু, অন্ধ্রপ্রদেশ ও উত্তরপ্রদেশ থেকে।

(খ) হ্যাঁ।

(গ) বিদেশে রপ্তানি ব্যবসায়ে বেশী লাভ পাওয়ায় চামড়া ব্যবসায়ীগণ অধিকাংশ চামড়াই রপ্তানি করছেন। এর ফলে দেশের বাজারে মালের ভীষণ অভাব সৃষ্টি হচ্ছে, এবং সেই কারণেই মূল্যবৃদ্ধি ঘটছে। তাহা ছাড়া কিছু অসাধু ব্যবসায়ীদের কারণেও কিছু মূল্যবৃদ্ধি ঘটছে।

(ঘ) দেশের চর্মশিল্পীরা যাহাতে ন্যায্য মূল্যে মাল পাইতে পারে সেইজন্য রাজ্যসরকার কেন্দ্রীয় সরকারকে এদেশে কাঁচামাল হিসাবে ব্যবহৃত হইতে পারে এরূপ চামড়ার রপ্তানির উপর কিছুটা নিয়ন্ত্রণ আরোপ করিবার জন্য অনুরোধ করিয়াছেন। এখনও কেন্দ্রীয় সরকারের প্রতিক্রিয়া জানা যায় নাই।

ইহা ছাড়া চর্মশিল্পীদের ন্যায্যমূল্যে মাল সরবরাহ করিবার জন্য ক্ষুদ্র শিল্প কর্পোরেশনকে একটি পারচেজ-কাম-ডিস্ট্রিবিউসান সেন্টার খুলিবার জন্য অনুরোধ করা হইয়াছে। বিষয়টি এখনও কর্পোরেশনের বিবেচনাধীন আছে।

গ্রামীণ শিল্প উন্নয়ন

***৭৭৩।** (অনুমোদিত প্রশ্ন নং *১০৬৩।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকার কি অবগত আছেন যে—

(১) মফঃস্বলে অনেক দরিদ্র শিল্পী শোলা, বাঁশ প্রভৃতির দ্বারা তৈয়ারি জিনিসপত্র বিক্রয় করিয়া অতিকষ্টে সংসার চালান;

(২) আসানসোল মহকুমার বারাবনী ব্লকে এমন অনেক দরিদ্র শিল্পী আছেন যাঁরা শোলা ও বাঁশের কাজ করিয়া কোনমতে জীবিকা নির্বাহ করেন; এবং

(খ) অবগত থাকিলে—

(১) এই ধরনের গ্রামীণশিল্প উন্নয়নের জন্য কোনও অর্থব্যয় করিয়াছেন কিনা এবং করিয়া থাকিলে, গত দুই বৎসরে কোন্ জেলায় কত টাকা ব্যয় করিয়াছেন, ও

(২) বারাবনী ব্লকে উক্ত সময়ে কত টাকা ব্যয় করিয়াছেন?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) (১) পশ্চিমবঙ্গ সরকার অবগত আছেন যে, এই রাজ্যের গ্রামাঞ্চলে বহু শিল্পী আছেন যাঁহারা শোলা, বাঁশ ও বেত দ্বারা তৈয়ারি জিনিসপত্র বিক্রয় করিয়া কোনমতে জীবিকা নির্বাহ করেন।

(২) শোলা এবং বাঁশের কাজ করেন এমন কোনও শিল্পী বারাবনী ব্লকে নাই। তবে বাহির হইতে কিছু ব্যবসায়ী বাঁশের ঝুড়ি ইত্যাদি আনিয়া বারাবনী ব্লকের বাজারে বিক্রয় করিয়া থাকেন।

(খ) (১) কুটির ও ক্ষুদ্রশিল্প অধিকারের মাধ্যমে গত দুই বৎসরে শোলা এবং বাঁশ কারু শিল্পের কো-অপারেটিভ কোন জেলাতেই সংগঠিত করা সম্ভব হয় নাই। সুতরাং কোনও অর্থ এই খাতে ব্যয়িত হয় নাই। তবে পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামীণ শিল্প পর্ষৎ কর্তৃক বাঁশ ও বেত শিল্পের জন্য নিম্নলিখিত প্রতিষ্ঠানগুলিকে ১৯৭০-৭১ এবং ১৯৭১-৭২ সালে ঋণ এবং অনুদান দেওয়া হইয়াছে। যথাঃ—

বৎসর	রেজিস্ট্রীকৃত সমবায় সমিতির নাম ও ঠিকানা	ঋণ	অনুদান
১৯৭০-৭১	ময়ূরেশ্বর জনকল্যাণ সমিতি, পোঃ ময়ূরেশ্বর, জেলা বীরভূম।	৬,৭৫০	২,৭৫০
	সাঁইবাড়ী উদয়ণ সংঘ, পোঃ আমদাবাদ, জেলা মেদিনীপুর।	৬,৭৫০	২,৭৫০
	কুটির শিল্প কেন্দ্র, অরবিন্দনগর, জেলা জলপাইগুড়ি।	৬,৮২৫	২,৮২৫
১৯৭১-৭২	রামপুর বেত ও বাঁশ শিল্প সমবায় সমিতি লিঃ, পোঃ হামিরহাটি, জেলা বাঁকুড়া।	৭,২৮০	২,৮০০

(২) বারাবনী ব্লকে উক্ত সময়ে কোনও অর্থ ব্যয় করা হয় নাই।

নকশী চামড়ার দ্রব্যাদি রপ্তানি

***৭৭৪।** (অনুমোদিত প্রশ্ন নং *১৪৭১।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গের নকশী চামড়ার ব্যাগ, মোড়া, মানিব্যাগ, ওয়ালেট, বটুয়া ব্যাগ প্রভৃতি বিদেশে রপ্তানি করিয়া বৎসরে বহু অর্থ আয় হয়;

(খ) সত্য হইলে,—

(১) উক্ত জিনিসপত্রগুলি বিদেশের কোন্ কোন্ স্থানে রপ্তানি করা হয়,

(২) উক্ত কাজের জন্য চামড়া কোথা হইতে আমদানি করা হয়,

(৩) পশ্চিমবঙ্গের কোন্ কোন্ স্থানে নকশী চামড়ার কারখানা আছে,

(৪) কতজন শ্রমিক উক্ত কারখানাতে নিযুক্ত আছে, ও

(৫) উক্ত কারখানাগুলির জন্য পশ্চিমবঙ্গের কোন্ কোন্ স্থান হইতে কি কি শ্রেণীর জীবজন্তুর চামড়া সংগ্রহ করা হইয়া থাকে?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) পশ্চিম জার্মানী, সুইজারল্যান্ড, ইউ এস এ, ইউ কে, থাইল্যান্ড, জাপান, কানাডা, সিঙ্গাপুর, অস্ট্রেলিয়া, নেদারল্যান্ড, নরওয়ে, সুইডেন, ডেনমার্ক, আফ্রিকা ও ইন্দোনেশিয়া।

(২) উক্ত কাজের উপযোগী চামড়া তামিলনাড়ু রাজ্যে থেকে আমদানি করা হয়।

(৩) কোলকাতা, কোলকাতা শহরতলী ও বীরভূম জেলার শ্রীনিকেতন ও বিশ্বভারতী এলাকায়।

(৪) প্রায় ১২,০০০ শ্রমিক এই শিল্পে নিযুক্ত আছে।

(৫) উক্ত কারখানায় কাঁচা চামড়া ব্যবহৃত হয় না। তবে মেষের কাঁচা চামড়া থেকেই প্রধানতঃ ঐ সব কারখানার উপযোগী পাকাই চামড়া তৈরি হয়। পশ্চিমবঙ্গে মেষের চামড়া পাওয়া যায় খুবই কম। পাকাই চামড়া তামিলনাড়ু থেকে প্রধানতঃ আসে।

ইস্পাত দ্রাবণ প্রকল্প

*৭৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৫০৫।) **শ্রীঅশ্বিনী রায়ঃ** সরকারী সংস্থা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দুর্গাপুর প্রকল্পে "অবিচ্ছেদ্য ইস্পাত দ্রাবণের" (কন্টিনিউয়াস স্টিল মেল্টিং) কোন প্রকল্প আছে কি; এবং

(খ) থাকিলে,—

(১) উক্ত প্রকল্পের পূর্ণ বিবরণ,

(২) মোট ব্যয়,

(৩) উৎপাদন ক্ষমতা, ও

(৪) সম্ভাব্য কর্মচারী নিয়োগের সংখ্যা?

সরকারী সংস্থা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বিবেচনাধীন আছে।

(খ) এই প্রকল্পের সম্ভাব্যতা সম্পর্কে প্রতিবেদন ফিজেবিলিটি রিপোর্ট পাওয়ার পর ই ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হবে।

উত্তরবাংলায় ইরিগেশান স্কীম

*১১৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৮।) **ডাঃ রমেন্দ্রনাথ দত্তঃ** সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উত্তরবাংলায় যে যে জেলায় যতগুলি ইরিগেশান স্কীম ১৯৭২ সালের মার্চের পর হইতে ৩১এ জানুয়ারি, ১৯৭৩ পর্যন্ত স্যাংশন করা হইয়াছে তাহার মধ্যে কোন্ জেলার জন্য কতগুলি কাজের টেন্ডার কল করা হইয়াছে; এবং কোন্ জেলার জন্য কতগুলি কাজের ওয়ার্ক অর্ডার দেওয়া হইয়াছে;

(খ) ১৯৭২ সালের ১লা মার্চ হইতে ১৯৭৩ সালের ৩১এ জানুয়ারি পর্যন্ত উত্তরবাংলার কোন্ জেলার জন্য কত টাকা ইরিগেশান ডিপার্টমেন্ট হইতে খরচ করা হইয়াছে; এবং

(গ) পশ্চিম দিনাজপুর জেলার রায়গঞ্জ মহকুমার জন্য ১লা মার্চ, ১৯৭২ হইতে ৩১এ জানুয়ারি, ১৯৭৩ পর্যন্ত কত টাকার ওয়ার্ক অর্ডার দেওয়া হইয়াছে?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) জেলাভিত্তিক হিসাব এইরূপঃ

		টেন্ডার ডাকা হইয়াছে	ওয়ার্ক অর্ডার দেওয়া হইয়াছে
জলপাইগুড়ি	...	১৪	১৪
কোচবিহার	...	১	১
দার্জিলিং	...	১	১
মালদহ	...	২৬	২৬
পশ্চিম দিনাজপুর	...	৩১	৩১

(খ) জেলাভিত্তিক হিসাব এইরূপঃ—

			লক্ষ টাকা
জলপাইগুড়ি	...	...	১৪১·১৮
কোচবিহার	...	...	৪০·০৪
দার্জিলিং	...	...	১১·১৬
পশ্চিম দিনাজপুর	...	...	১০·৭৮
মালদহ	...	...	৩১·৫৩

(গ) ২·৮৮ লক্ষ টাকা।

আসানসোল ব্লকের গ্রাম বৈদ্যুতিকরণ

*৪২৪। (অনুমোদিত প্রশ্ন নং *৭০৭।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, আসানসোল ব্লকের অধীনস্থ গ্রামসমূহে গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজ বিন্দুমাত্র অগ্রসর হয় নাই;

(খ) সত্য হইলে, উক্ত ব্লকের অধীনস্থ গ্রামসমূহে বৈদ্যুতিকরণের কাজ বিলম্বিত হওয়ার কারণ কি; এবং

(গ) আসানসোল শহরের নিকটবর্তী গাড়ুই, গোবিন্দপুর, কুমারপাড়া, পলাসডিহা, শীতলা, উত্তরধাদকা, মৌজুড়ি, বনসরাকডি, কাল্লা, সাতপুখুরিয়া, পাঁচগাছিয়া, কন্যাপুর মনোহরবহাল, মরিচকোঠা প্রভৃতি গ্রামে এখনও পর্যন্ত বিদ্যুৎ সরবরাহ না করার কারণ কি?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না।

রাজ্য বিদ্যুৎ পর্ষদ থানা ভিত্তিক তথ্য সংগ্রহ করে, ব্লকভিত্তিক নহে। আসানসোল থানার অন্তর্গত বিভিন্ন গ্রামে বেসরকারী বিদ্যুৎ সংস্থা, কোলিয়ারী এবং অন্যান্য শিল্পসংস্থা দ্বারা বৈদ্যুতিকরণের ব্যবস্থা আছে।

(খ) উপরোক্ত উত্তরের ভিত্তিতে প্রশ্ন উঠে না।

(গ) আসানসোল থানার অন্তর্গত কুমারপুর, শীতলা, উত্তরধাদকা, কাল্লা, সাতপুখুরিয়া এবং বারাবনী থানার অধীনস্থ কন্যাপুর, পাঁচগাছিয়া, মনোহরলাল মৌজাগুলিতে বেসরকারী বিদ্যুৎ সংস্থা, কোলিয়ারী ও বেসরকারী শিল্প সংস্থা কর্তৃক বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা আছে।

পুরুলিয়া জেলায় সিমেন্ট, বিয়ার ও মিশ্র ইস্পাত শিল্প

*৪৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *৭১২।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার ঝালদায় সিমেন্ট শিল্প, আড়ষাতে বিয়ার তৈরীর কারখানা ও মধুকুণ্ডাতে মিশ্র ইস্পাত শিল্প স্থাপনের কাজ কতদূর অগ্রসর হইয়াছে; এবং

(খ) প্রস্তাবিত শিল্পগুলির নির্মাণ কার্য শুরু না হইলে, বিলম্বের কারণ কি?

শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ও (খ) (১) ভারত সরকারের পরিচালিত সংস্থা সিমেন্ট কর্পোরেশন অব ইন্ডিয়াকে পুরুলিয়ায় একটি সিমেন্ট কারখানা স্থাপন সম্পর্কে একটি রিপোর্ট তৈয়ারি করতে অনুরোধ করা হইয়াছিল। রিপোর্ট পাওয়া গিয়াছে এবং উহা পশ্চিমবঙ্গে শিল্পোন্নয়ন পর্ষতের বিবেচনাধীন আছে।

(২) একটি বিয়ার তৈয়ারির কারখানা স্থাপনের অনুমোদন আবগারী বিভাগ দিয়াছেন এবং পরিকল্পনাটি ভারত সরকারের অনুমোদনসাপেক্ষ আছে।

(৩) পুরুলিয়ায় প্রস্তাবিত ইস্পাত কারখানাতে কি কি উৎপাদন করা হইবে সেই সম্বন্ধে ভারত সরকারের সঙ্গে আলাপ আলোচনা চলিতেছে এবং একটি প্রোজেক্ট রিপোর্ট তৈয়ারি এবং কোন বিশেষজ্ঞের সঙ্গে সহযোগিতা করা হইবে তাহা বিবেচনা করা হইতেছে।

জাহাজ নির্মাণ প্রাঙ্গণ প্রকল্প

*৫১১। (অনুমোদিত প্রশ্ন নং *১১৪২।) **শ্রীঅশ্বিনী রায়ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় জাহাজ নির্মাণ প্রাঙ্গণ প্রকল্পটি চূড়ান্তভাবে গৃহীত হইয়াছে কি: এবং

(খ) হইলে, প্রকল্পে আনুমানিক মোট ব্যয় (কার্যারম্ভের সময় ও সমাপ্তির সময়) এবং কাজের অগ্রগতি?

বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) মেদিনীপুর জেলায় জাহাজ নির্মাণ প্রাঙ্গণ প্রকল্পটির জন্য কেন্দ্রীয় সরকারের জাহাজ ও পরিবহণ মন্ত্রণালয় কর্তৃক গঠিত কার্যকরী সমিতি (ওয়ার্কিং গ্রুপ) একটি প্রতিবেদন দাখিল করিয়াছেন, উহা বর্তমানে কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন আছে।

(খ) সঠিক ভাবে এখনই কিছু বলা সম্ভব নহে।

নবগ্রাম বিধানসভাকেন্দ্রের অন্তর্গত গ্রামসমূহে বৈদ্যুতিকরণ

*৫৯২। (অনুমোদিত প্রশ্ন নং *১০৬৪।) **শ্রীআদ্যচরণ দত্তঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নবগ্রাম বিধানসভাকেন্দ্রের অন্তর্গত গ্রামসমূহে বৈদ্যুতিকরণের কাজ বর্তমান আর্থিক বছরে সম্পন্ন করার প্রস্তাব আছে কিনা: এবং

(খ) প্রস্তাব থাকলে, কখন তার কাজ আরম্ভ হবে?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ, নবগ্রাম থানার এলাকাভুক্ত ১১৮টি মৌজার মধ্যে ৫৯টি মৌজা ১৯৭৩-৭৪ সনের মধ্য বিদ্যুতায়িত করার প্রস্তাব আছে।

(খ) ইতিমধ্যেই আরম্ভ হয়েছে।

ধনেখালি ও দাদপুর থানা এলাকায় বৈদ্যুতিকরণ

*৬০১। (অনুমোদিত প্রশ্ন নং *১৩২৫।) **শ্রীকাশীনাথ পাত্রঃ** বিদ্যুৎ বিভাগের মন্
মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রামাঞ্চল বৈদ্যুতিকরণ পরিকল্পনায় ধনেখালি ও দাদপুর থানার কোন্ কোন্ মৌ
এই পরিকল্পনার অন্তর্ভুক্ত হইয়াছে; এবং

(খ) এই পরিকল্পনার কাজ কবে নাগাদ আরম্ভ ও শেষ হইবে?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ, নবগ্রাম থানার এলাকাভুক্ত ১১৮টি মৌজ
ধনেখালি থানার অন্তর্গত ৩৫টি মৌজা। মৌজাগুলির নামের তালিকা উপস্থাপন করা হই

(খ) ইতিমধ্যেই আরম্ভ হইয়াছে এবং ১৯৭৩-৭৪ সালের মধ্যে শেষ হইবে বলিয়া আ
করা যায়।

Programme for Rural Electrification in P. S. Polba (Dadpur) and P. S. Dhaniakh in district Hooghly

P. S. Polba (Dadpur)

Sl. No.	Name of Mauza	J. L. No.	Sl. No.	Name of Mauza	J. L. No.
1.	Maheshpur ..	178	26.	Parat	4
2.	Jagannathbati ..	177	27.	Alipur	3
3.	Amaspur ..	176	28.	Paschim Sikta ..	31
4.	Dogachhia ..	188	29	Beraberi	2
5.	Nazimpur ..	185	30.	Samsara	2
6.	Binodpur ..	184	31	Kantagari	3
7.	Kaswara ..	167	32.	Hanral .. .	7
8.	Poyer ..	84	33.	Hamidpur	8
9	Haripur ..	85	34.	Kamari	4
10.	Aymaharipur ..	83	35.	Haur	9
11.	Kedarnagar ..	166	36.	Danpur	1
12.	Ichapur ..	3	37	Amra .. .	[illegible]
13.	Derun ..	92	38.	Goal .. .	[illegible]
14.	Harit	91	39.	Kunchpala	1
15.	Paschim Narayanpara ..	71	40.	Dumurpur	1
16.	Musar	70	41.	Purba Sikta	12
17.	Gumpala	64	42.	Dighneswar ..	17
18.	Uttarbalman ..	59	43.	Papai	10
19.	Danapur	63	44.	Kagjepara	12
20	Amria	60	45.	Bhusali	11
21.	Ganeshpur	55	46.	Satitha	1
22.	Ati	56	47.	Balikukar	10
23.	Jhanbandh	54	48.	Hadilpur	10
24.	Mahishdanga ..	61	49.	Amnar	16
25.	Gobindapur	62	50.	Jatarpur	10

P. S. Polba (Dadpur)—*concld.*

Sl. No.	Name of Mauza	J.L. No.	Sl. No.	Name of Mauza	J.L. No.
51.	Bansaye	94	78.	Saratikari	143
52.	Arazy Jot Chandi ..	169	79.	Milchrita	147
53.	Ramnagar	168	80.	Prasadpur	146
54.	Barun Napara ..	170	81.	Hasonabad	148
55.	Bhaturia	171	82.	Khemi	137
56.	Gotu	174	83.	Datimba	145
57.	Sugandha	180	84.	Kagastikri	138
58.	Katora	153	85.	Kasemhagar	130
59.	Parman	95	86.	Bakkeswar ..	1
60.	Ampata	173	87.	Hansnan	34
61.	Chantara	172	88.	Durgadaspur ..	22
62.	Belgare	162	89.	Rosulpur	40
63.	Octai	163	90.	Anantapur	24
64.	Moagachhi	160	91.	Krishnapur ..	25
65.	Atpukur	159	92.	Nabagram	21
66.	Baral Mitimpur ..	157	93.	Jaganathpur ..	20
67.	Dhuliara	149	94.	Naghal	11
68.	Manipur	142	95.	Puinan	18
69.	Polba	96	96.	Banadran	41
70.	Mirzapur	104	97.	Talchinan-Sanihati ..	108
71.	Goaljor	102	98.	Deghagari ..	15
72.	Ganla	101	99.	Goswami Malipara ..	116
73.	Sudarsan	100	100	Khidirpur	43
74.	Kasundipara ..	98	101.	Dakshin Dadpur ..	44
75.	Sangrampur	97	102.	Sankarbati	194
76.	Meria	140	103.	Bhabanipur ..	42
77.	Gopalnagar	141			

P.S. Dhaniakhali

Sl. No.	Name of Mauza	J.L. No.	Sl. No.	Name of Mauza	J. L. No.
1.	Satura	160	19.	Mohisghara ..	7
2.	Battangaria	159	20.	Uttarmamudpur ..	6
3.	Barakhanpur ..	161	21.	Harerampur ..	2
4.	Gopalpur	165	22.	Choughata	3
5.	Khajurdaha ..	172	23.	Jarur	1
6.	Majmair	162	24.	Chopra	8
7.	Sibachandi	181	25.	Belmuri	190
8.	Nandipur	183	26.	Mirjanagar	185
9.	Uttarmagalpur ..	180	27.	Dhigri	31
10.	Kangihhi	174	28.	Dakshin Mogalpur ..	76
11.	Goharara	178	29.	Dasghara	29
12.	Sarbanandapur ..	179	30.	Balidanga	11
13.	Mankpur	176	31.	Khanpur	12
14.	Rahaballavpur ..	175	32.	Katgara	13
15.	Bahadurpur	191	33.	Haridayarampur ..	14
16.	Kamalpur	92	34.	Maharampur ..	18
17.	Rajibpur	22	35.	Dakshin Sankarpur ..	19
18.	Gurbari	5			

133

পাণ্ডুয়া থানা এলাকায় সেচের জল

***৬১২।** (অনুমোদিত প্রশ্ন নং *১২২৯।) **ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায়ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, (১) দি বেঙ্গল ইরিগেশন অ্যাক্ট, ১৮৭৬-এর ৭৪ ধারা অনুসারে এরূপ নির্দেশ দেওয়া হইয়াছে যে, কোন জমির মালিক সেচের খাল হইতে জল লইতে চাহিলে তাঁহাকে ক্যানেল অফিসার-এর নিকট এই মর্মে দরখাস্ত করিতে হইবে এবং এরূপ দরখাস্ত না করিলে তিনি সেচের জল পাইবেন না; (২) ঐ আইনের উপরিউক্ত ধারার কোন পরিবর্তন হয় নাই; অথবা (৩) ঐ ধারাটি বাতিল হয় নাই;

(খ) সত্য হইলে, ১৯৭২-৭৩ সালে পাণ্ডুয়া থানার (হুগলী জেলার) কত একর জমির মালিক ক্যানেল অফিসারের নিকট সেচের জল পাইবার নিমিত্ত দরখাস্ত করিয়াছেন;

(গ) সরকার কি অবগত আছেন যে, ১৯৬৪ হইতে ১৯৭২ পর্যন্ত পাণ্ডুয়া থানার শতকরা নব্বই ভাগ জায়গায় (রাস্তা, হাট, বাজার, স্কুলবাড়ী, হাসপাতাল) রবি মরশুমে সেচের জল পাইয়াছে বলিয়া তাহার জন্য খাজনা আদায় দিবার নির্দেশ সেচ বিভাগ (গেজেট মারফত) দিয়াছেন: এবং

(ঘ) অবগত থাকিলে, ইহার কারণ কি ও এ বিষয়ে সরকার কোন ব্যবস্থা করিতেছেন কি?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) (১) দি বেঙ্গল ইরিগেশন অ্যাক্ট, ১৮৭৬ সালের ৭৪ ধারাতে এইরূপ বিধি আছে।

(২) কোন পরিবর্তন এখনও হয় নাই।

(৩) ঐ ধারাটি এখনও বাতিল হয় নাই।

(খ) ডি ভি সি কম্যাণ্ড এরিয়ার চাষের জল পাইবার জন্য দি বেঙ্গল ইরিগেশন অ্যাক্ট, ১৮৭৬ সালের ৭৪ ধারা প্রযোজ্য নহে। যেহেতু পাণ্ডুয়া থানা ডি ভি সি কম্যাণ্ডে অবস্থিত, দরখাস্ত করিয়া জল পাইবার প্রশ্ন উঠে না।

(গ) সত্য নহে।

(ঘ) এই প্রশ্ন উঠে না।

হলদিয়া বিদ্যুৎ উৎপাদনকেন্দ্র

***৬১৩।** (অনুমোদিত প্রশ্ন নং *১৩৩২।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হলদিয়া বিদ্যুৎ উৎপাদনকেন্দ্র চালু হচ্ছে;

(খ) সত্য হলে, কবে নাগাদ উহা চালু হবে ও কত মেগাওয়াট বিদ্যুৎ উৎপন্ন হবে; এবং

(গ) কতজন বেকার যুবককে উক্ত কেন্দ্রের কাজে নিয়োগ করা হবে?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

কৃষ্ণনগরস্থিত জেলা হাসপাতাল

১৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ১১০৯।) **শ্রীকার্তিকচন্দ্র বিশ্বাস:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়ার কৃষ্ণনগরস্থিত জেলা হাসপাতালে কুকুর, বিড়াল এবং রোগীর সহ-অবস্থানের কথা অবগত আছেন কি; এবং

(খ) (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, তাহার প্রতিকারের কি ব্যবস্থা করা হইয়াছে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) এরকম কোন খবর জানা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

বাঁকুড়া জেলায় টেস্ট রিলিফের মাধ্যমে উন্নয়নের কাজ

১৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ৯৬৩।) **শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী:** ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় বর্তমান আর্থিক বৎসরে জানুয়ারি পর্যন্ত টেস্ট রিলিফ মাধ্যমে কত টাকা খরচ করা হয়েছে এবং কতগুলি প্রকল্প তৈয়ারী হয়েছে;

(খ) এই সকল প্রকল্পের মধ্যে কতগুলি পুকুর খনন, কতগুলি রস্তা এবং কতগুলি জোড় বাঁধ তৈয়ারী করা হইয়াছে;

(গ) ঐসকল স্কীমের মধ্যে ওন্দা ব্লকে কতগুলি পুকুর খনন, কতগুলি রাস্তা এবং কতগুলি জোড় বাঁধ তৈয়ারী করা হয়েছে; এবং

(ঘ) ঐসকল পুকুর ও জোড় বাঁধে কত জমি সেচ করা যাইবে?

ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) নগদে ও গমের মূল্য সহ মোট ১,১৮,৬৩,০০৩ টাকা খরচ হইয়াছে।

১৬২৪টি প্রকল্প তৈয়ারী করা হইয়াছে।

(খ) পুকুর ও বাঁধ—৭০৯টি, রাস্তা—৮৩০টি এবং জোড় বাঁধ—৪৮টি।

(গ) পুকুর ও বাঁধ—১৬২টি, রাস্তা—১১৫টি এবং জোড় বাঁধ—১৭টি।

(ঘ) আনুমানিক ১,০০০ একর।

পশ্চিমবঙ্গে শিক্ষিত ও অর্ধ-শিক্ষিত বেকারের কর্মসংস্থানের পরিকল্পনা

১৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ৩৩৩।) **শ্রীনিতাইপদ সরকার:** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে (১) শিক্ষিত ও (২) অর্ধ-শিক্ষিত বেকারদের কর্ম-সংস্থানের জন্য কি কি পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়ঃ শিক্ষিত ও অল্পশিক্ষিত কর্মপ্রার্থীদের কর্মসংস্থানের জন্য নিম্নলিখিত পরিকল্পনাগুলি গ্রহণ করা হইয়াছে অথবা বিবেচনাধীন আছেঃ

(ক) শিক্ষিত কর্মপ্রার্থীদের কর্মসংস্থানের জন্য ১৯৭১-৭২ সালে কেন্দ্রীয় মন্ত্রকসমূহ কর্তৃক গৃহীত পরিকল্পনা—

(১) এক্সপ্যানশান অ্যান্ড ইমপ্রুভমেন্ট ইন দি কোয়ালিটি অব প্রাইমারী এডুকেশান।

(২) অ্যাগ্রো-সার্ভিস সেন্টারস।

(৩) কনজিউমার কো-অপারেটিভ।

(৪) ইনভেস্টিগেশান অব রোড প্রোজেক্টস।

(৫) অ্যাসিসট্যান্ট টু এডুকেটেড আন-এমপ্লয়েড ফর সেলফ এমপ্লয়মেন্ট।

(৬) রুর‍্যাল ইঞ্জিনীয়ারিং সার্ভে।

(৭) ডিজাইন ইউনিট ফর ওয়াটার সাপ্লাই।

(খ) স্পেশাল এমপ্লয়মেন্ট প্রোগ্রাম।

(গ) ওয়েলফেয়ার প্রোগ্রাম—

(১) অ্যাকসিলারেটেড প্রোগ্রাম অব রুর‍্যাল ওয়াটার সাপ্লাই।

(২) প্লাস ইমপ্রুভমেন্ট।

(৩) রুর‍্যাল হোম সাইটস।

(ঘ) অন্যান্য—

(১) ইনভেস্টিগেশান অব ইরিগেশান অ্যান্ড পাওয়ার প্রোজেক্টস।

(২) ন্যাচারাল রিসোর্সেস সার্ভে (বর্তমানে বিবেচনাধীন)।

(ঙ) বিবিধ—

(১) স্মল ফার্মার্স ডেভেলপমেন্ট এজেন্সি, দার্জিলিং, পশ্চিম দিনাজপুর ও হুগলি।

(২) মার্জিনাল ফার্মার্স অ্যান্ড এগ্রিকালচারাল লেবারর্স, বাঁকুড়া ও পুরুলিয়া।

(৩) ড্রট প্রোন এরিয়া ডেভেলপমেন্ট স্কীম, বাঁকুড়া, মেদিনীপুর ও পুরুলিয়া।

(৪) ক্র্যাশ স্কীম ফর রুর‍্যাল এমপ্লয়মেন্ট।

(৫) পাইলট ইনটেনসিভ রুর‍্যাল এমপ্লয়মেন্ট প্রোজেক্ট।

(৬) স্কীমস ফর এনট্রেপ্রেনুররসিপ ট্রেনিং ফর টেকনিসিয়ানস্।

রাজ্য বিদ্যুৎ পর্ষদের বিভিন্ন বিভাগে লোক নিয়োগ

১৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ৫৮৩।) **শ্রীজামাই ভৌমিকঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদের অধীনে ৩১এ ডিসেম্বর ১৯৭২ তারিখে কোন্ কোন্ বিভাগে কত পদ শূন্য ছিল;

(খ) ঐ শূন্যপদে ১২ই ফেব্রুয়ারি ১৯৭৩ তারিখ পর্যন্ত কতজনকে কোন্ কোন্ বিভাগের জন্য নির্বাচন করা হয়েছে;

(গ) বিভিন্ন বিভাগওয়ারী আবেদনকারীর সংখ্যা কত ছিল; এবং

(ঘ) কি কি পদ্ধতিতে ঐসমস্ত শূন্যপদে নিয়োগ করা হচ্ছে?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ

		অফিসার	কারিগরী তৃতীয় শ্রেণী	অ-কারিগরী তৃতীয় শ্রেণী	চতুর্থ শ্রেণী	রিক্রুটমেণ্ট সেল	শিক্ষানবিশী বিজ্ঞান স্নাতক/ডিপ্লোমাধারী	মোট
(ক)	..	৩৬	৩১২	৩৯০	২,১০২	..	..	২,৮৪০
(খ) (১) নিয়মিত	..	২৭	১২৮	৮০	১৮	..	..	২৫৩
(২) ওয়ার্কচার্জড্ মাস্টার-রোল।		..	৪০	..	১৩৪	..	..	১৭৪
দৈনিক বেতন	..	..	..	..	..	৩৭	..	৩৭
হারে ..	..	..	..	..	..	..	১৪৪	১৪৪
মোট	..	২৭	১৬৮	৮০	১৫২	৩৭	১৪৪	৬০৮

(গ) আবেদনসমূহের নথীভুক্তকরণ এখনও সম্পূর্ণ হয় নাই। ফেব্রুয়ারি, ১৯৭৩ পর্যন্ত যাহা নথীভুক্ত হইয়াছে তাহা এইরূপ—

তৃতীয় শ্রেণী—১,০৯,৯২৫ খানা

চতুর্থ শ্রেণী—৪৪,৪১৮ খানা

মোট—১,৫৪,৩৪৩ খানা

(ঘ) এই উদ্দেশ্যে গঠিত যথাযথ নির্বাচন সমিতিসমূহের সুপারিশভিত্তিতে।

পুরুলিয়া জেলার বিভিন্ন ব্লকে টেস্ট রিলিফ স্কীম

১৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ১১৭৩।) **শ্রীকিঙ্কর মাহাতঃ** ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার বিভিন্ন ব্লকে টেস্ট রিলিফে গত ১৯৭২ সালের মধ্যে কোন্ ব্লকে কয়টি স্কীমের কাজ শুরু ও শেষ হইয়াছিল; এবং

(খ) ঐ বাবতে কোন্ ব্লকে কত টাকা, গম ও রাশিয়ান চাউল খরচ হইয়াছিল?

ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ও (খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

মেদিনীপুর জেলায় গৃহদাহে ক্ষতিগ্রস্ত গৃহের জন্য ঋণ ও অনুদান

১৮০। (অনুমোদিত প্রশ্ন নং ১১৪৪।) **শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি:** ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মেদিনীপুর জেলায় ১৯৭২-৭৩ সালে কোন্ ব্লকে কত টাকা সরকার গৃহদাহে ক্ষতিগ্রস্ত গৃহের জন্য অনুদান ও ঋণ বাবতে মঞ্জুর করিয়াছেন?

ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়: সন্নিযুক্ত বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

পশ্চিমবঙ্গে বিভিন্ন খাদ্যদ্রব্যের মূল্য

১৮১। (অনুমোদিত প্রশ্ন নং ১০৯৫।) **শ্রীকাশীনাথ মিশ্র:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় ২১এ ফেব্রুয়ারি, ১৯৭৩ তারিখে চাল, আটা, সরিষার তেল এবং বিভিন্ন প্রকারের ডালের দাম কত ছিল?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়: পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা সদরে গত ফেব্রুয়ারি মাসের শেষ সপ্তাহে চাল, আটা, সরিষার তেল এবং বিভিন্ন প্রকারের ডালের যে গড় ন্যূনতম খুচরা দর ছিল তাহার একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

ধানের চাষ

১৮২। (অনুমোদিত প্রশ্ন নং ৬৫১।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কত জাতের ধানের চাষ হয় এবং তাহাদের নাম কি কি;

(খ) এই সমস্ত ধানের মধ্যে উচ্চ ফলনশীল ধানে কত জাতের ধান আছে;

(গ) সরকার বিভিন্ন শ্রেণীর ধানের সংমিশ্রণে সংকর জাতের ধান উৎপন্নের চেষ্টা করেছেন কি; এবং

(ঘ) করে থাকলে, তার ফল কি?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) পশ্চিমবঙ্গে তিন শতেরও বেশী জাতের ধান চাষ হয়। নামের তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) প্রায় কুড়িটি জাতের উচ্চ ফলনশীল ধানের চাষ পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় হয়। ইহাদের নাম যথাক্রমে বালা, কাবেরী, পদ্মা, কৃষ্ণা, কাঞ্চী, রত্না, আই আর-৮, জয়া, বিজয়া, পঙ্কজ, আই আর-২০, পুসা-২-২১, আই ই টি-৮৪৯, সি আর-৪৪-১, সি আর-৩৬-১৪৮, আই আর-২২, আই ই টি-১০৩৯, আই ই টি-১৯৯১, সি আর-৫০৭১ ও আই ই টি-১৫২৬।

(গ) হ্যাঁ, এই চেষ্টা চলছে।

(ঘ) অনেক আগের সংকর দ্বারা তৈরি 'দুলার' জাতের ধান এখনও কোনো কোনো জায়গায় চাষ করা হচ্ছে। উচ্চ ফলনশীল জাতের বিভিন্ন ধানের মধ্যে সংকর করে বেশ কয়েকটি ভাল জাত তৈরি করা হয়েছে। এদের ফলাফল এখন পরীক্ষা করা হচ্ছে। বিভিন্ন ঋতুতে মাটি ও জলবায়ুর তারতম্য অনুযায়ী বিভিন্ন চাহিদা মিটাইবার জন্য এই নূতন সংকর ধানগুলি উপযোগী হবে বলে মনে করা হচ্ছে।

রিলিফ ও টেস্ট রিলিফ বাবত খরচ

১৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ৫৭৬।) **শ্রীকানাই ভৌমিকঃ** ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের এপ্রিল মাস থেকে জানুয়ারি, ১৯৭৩ পর্যন্ত মোট কত টাকা রিলিফ ও টেস্ট রিলিফ বাবত খরচ করা হয়েছে;

(খ) ঐ খরচীকৃত টাকা কোন্ জেলায় কি কি বাবত কত খরচ হয়েছে;

(গ) ঐ টাকার কত অংশ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাওয়া গেছে; এবং

(ঘ) ঐ ব্যাপারে পশ্চিমবাংলা সরকার কেন্দ্রীয় সরকারের কাছে কি কি বাবত কত টাকা চেয়েছিলেন?

ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ও (খ) সন্নিযুক্ত বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(গ) কেন্দ্রীয় সরকার কর্তৃক ব্যয়ের সর্বোচ্চ সীমা নির্ধারিত রিলিফ বাবত ৯৩৯.৫০ লক্ষ টাকা ও লোন বাবত ২৮৩·৫০ লক্ষ টাকার মধ্যে এ পর্যন্ত ৩০৪ লক্ষ টাকা রিলিফ বাবত ও ৪১৫ লক্ষ টাকা লোন বাবত পাওয়া গেছে।

(ঘ) রিলিফ বাবত ২,১০২·২১ লক্ষ টাকা ও লোন বাবত ২,৪২৮·২৭ লক্ষ টাকা খরচের মঞ্জুরী চাহিয়াছিলেন।

বনগ্রাম মহকুমায় অ-কৃষকদের দ্বারা গঠিত সমবায় সংস্থা

১৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ৭৭৭।) **শ্রীঅজিতকুমার গাঙ্গুলীঃ** সমবায় বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বনগ্রাম মহকুমায় অ-কৃষক দ্বারা গঠিত সমবায় সমিতির সংখ্যা কত এবং পৃথকভাবে এই সমবায়গুলির নাম কি;

(খ) পৃথক পৃথকভাবে এই সংস্থাগুলি সরকার হইতে কত টাকা ঋণ হিসাবে গ্রহণ করেছেন;

(গ) এই সমবায়গুলির মধ্যে বর্তমানে কয়টি চালু আছে এবং কয়টি লুপ্ত;

(ঘ) উক্ত ঋণের মধ্যে কত টাকা আদায় করা হয়েছে; কোন টাকা আদায় হয়ে না থাকলে আদায়ের জন্য কি ব্যবস্থা করা হয়েছে; এবং

(ঙ) কোন্ কোন্ সালে ১৯৭২ পর্যন্ত কোন্ সমবায়কে কত টাকা মঞ্জুর করা হয়েছিল?

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ও (খ)—৫৬।

সমিতিগুলির নাম ও কাহাকে কত ঋণ দেওয়া হইয়াছে তাহার বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(গ) এই সমবায়গুলির মধ্যে ১৫টি চালু আছে; বাকিগুলি লুপ্ত অথবা কাজ করিতেছে না।

(ঘ) ও (ঙ) প্রশ্নের উত্তর (ক) ও (খ) প্রশ্নের উত্তরে উল্লিখিত।

Calling attention to matters of urgent public importance

Mr. Speaker: I have received six notices of calling attention on the following subjects, namely:—

(1) Scarcity of food in certain areas in Murshidabad district—from Shri Md. Dedar Baksh;

(2) Rise in price of essential commodities in West Bengal—from Shri Md. Dedar Baksh and Shri Habibur Rahman;

(3) Indefinite strike by Calcutta National Medical College and Hospital staff from 21st March, 1973—from Shri Asamanja De, Shri Narayan Bhattacharyya and Shri Sukumar Bandyopadhyay;

(4) Use of Rajbhavan Darbar Hall at Darjeeling by the Indian Tea Board for its meeting—from Shri Narayan Bhattacharyya, Shri Sukumar Bandyopadhyay, Shri Sarat Chandra Das and Shri Asamanja De;

(5) Test relief work for the people of certain areas in Birbhum dstrict affected by drought—from Shri Sachinandan Shaw; and

(6) Relief for the storm-affected people under Dubrajpur and Khayrasol police-station—from Shri Sachinandan Shaw and Shri Dwijapada Saha.

I have selected the notice of Shri Asamanja De, Shri Narayan Bhattacharyya and Shri Sukumar Bandyopadhyay on the subject of indefinite strike by Calcutta National Medical College and Hospital staff from 21st March, 1973.

Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Shri Gyan Singh Sohanpal: The statement will be made tomorrow.

Mention Cases

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত সন্ত্রাস অবস্থায় একটি জরুরী বিষয়ের প্রতি আপনার মাধ্যমে এবং সভার সদস্যদের ও স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, একটা ট্যাবলেট যার নাম ম্যানড্রেক্স—সেই ট্যাবলেট বিভিন্ন জেলার বেকার যুবক ও অল্প বয়সের ছাত্রছাত্রী কিশোর যুবক বহুল পরিমাণে এই ম্যানড্রেক্স, মারিজোয়ানা, এল এস ডি—এই সব ভয়ানক ট্যাবলেট ব্যবহার করছে। এই ট্যাবলেট খেয়ে পুরুলিয়া জেলার তিন হাজার যুবকযুবতী মানসিক অবসাদে ভুগছে এবং তাদের মধ্যে কয়েকজন পঙ্গু হয়ে পড়েছে। মুর্শিদাবাদ জেলার বহরমপুরে এই ম্যানড্রেক্স ব্যবহার করে বহু ছাত্রছাত্রী এমন অবস্থায় এসে পৌঁছেছে যে, তাদের মানসিক ভারসাম্য হারিয়ে ফেলেছে। আমি ভাবতে পারি না যে, এইরকম আগ্রহী, সক্রিয় স্বাস্থ্যমন্ত্রী থাকা সত্ত্বেও এইসব ট্যাবলেট কেন বাজারে বিক্রি হচ্ছে। ম্যানড্রেক্স খেয়ে পশ্চিমবঙ্গের বেকাররা যারা হতাশায় ভুগছে তারা শান্তি পাবার চেষ্টা করছে। কলেজ স্কুলের বহু ছাত্রছাত্রী এই সব ট্যাবলেট সেবন করছে। পশ্চিমবঙ্গ সরকারের কাছে এ তথ্য নাই এমন নয়, এ জিনিস জানা নাই এমন নয়। আজকে গভীর পরিতাপের সঙ্গে বলতে চাচ্ছি যে, এই ব্যবস্থার যদি অবিলম্বে প্রতিকার করা না যায়, তা হলে পশ্চিমবঙ্গের হাজার হাজার ছাত্রছাত্রী, যুবকযুবতী

পঙ্গু হয়ে পড়বে এবং ব্লাড ক্যানসার দেখা দেবে। পশ্চিমবঙ্গ থেকে অবিলম্বে এই ম্যানড্রেক্স চোরাই চালান পথে বাজারে বিক্রি হচ্ছে, অন্যান্য জিনিস বিক্রি হচ্ছে তা বন্ধ করার জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

শ্রীশরৎচন্দ্র দাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ জিনিস। এ বিষয়ে একটা ব্যবস্থা অবিলম্বে নেওয়া উচিত।

শ্রীঅজিতকুমার পাঁজা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, ম্যানড্রেক্স এবং অন্যান্য কতকগুলি এই জাতীয় ওষুধ বাজারে চালু রয়েছে। এ সম্বন্ধে আমার কাছে খবর এসেছে এবং খবর আসার সঙ্গে সঙ্গেই আমাদের ডাইরেকটর অব ড্রাগ কন্ট্রোল এবং সেখানে আমাদের হেলথ ইন্টেলিজেন্স যে আছে তার মাধ্যমে আমরা স্টেপ নিতে শুরু করেছি। তবে ব্যাপারটা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং মাননীয় সদস্যরা যখন আজকে এই বক্তব্য রেখেছেন, কি কি স্টেপ নেওয়া হয়েছে এবং কি কি ব্যবস্থা আমরা গ্রহণ করেছি, কোথায় কোথায় বন্ধ করতে পেরেছি এবং এটা আসার সোর্স কোথায় সে সম্বন্ধে আমি বক্তব্য শীঘ্রই সবিস্তারে রাখতে চাই।

শ্রীনরেশচন্দ্র চাকী: মাননীয় স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে কলকাতার একটি বিখ্যাত মিশনারী গার্লস স্কুলের কুকীর্তি এবং তার প্রতিকারের জন্য মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতার এই মিশনারী স্কুলটির নাম প্রাট মেমোরিয়াল স্কুল এবং তার ঠিকানা হচ্ছে ১৬৮নং জগদীশচন্দ্র বসু রোড। সেই গার্লস স্কুলের বিল্ডিং এক্সটেনসন কল্পে ছাত্রীদের মধ্যে একটা লটারী প্রচলন করেছেন। ছাত্রীদের মধ্যে এক টাকা করে কুপন বিক্রি করা হচ্ছে এবং সেই কুপনের ভিত্তিতে ছাত্রীদের মধ্যে লটারী করে পুরস্কার দেওয়া হয়। কিন্তু আমি অত্যন্ত দুঃখ ও বেদনার সঙ্গে জানাচ্ছি যে, একটি মিশনারী গার্লস স্কুলের ছাত্রীদের প্রাইজ হিসাবে যেটা দেওয়া হচ্ছে সেটা শুনলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, অবাক হয়ে যাবেন। তাদের প্রথম পুরস্কার হিসাবে দেওয়া হচ্ছে, ওয়ান বটল স্কচ হুইস্কী, জনি ওয়াকার, সেকেন্ড পুরস্কার দেওয়া হচ্ছে ওয়ান বটল ইমপোর্টেড মার্টিনি ভারমাউথ। এই দুটি জিনিস পুরস্কার হিসাবে ছাত্রীদের মধ্যে দেওয়া হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আরো জানাতে চাই একটি বাচ্চা ছাত্রী নীচু ক্লাশের, এটার মর্ম সে কিছুই জানে না, এই পুরস্কার পেয়ে সকলের অজ্ঞাতে খানিকটা খেয়ে ফেলে এবং তারপরে সে অজ্ঞান হয়ে যায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি তাই আপনার মাধ্যম জানাতে চাই যে, এই ধরনের মিশনারী স্কুলে, গার্লস স্কুল হওয়া সত্ত্বেও মেয়েদের মধ্যে মদ বিতরণ করার, মদ খাওয়ার উৎসাহ দেওয়া হচ্ছে। আমি এইসব স্কুলের বিরুদ্ধে তীব্র ধিক্কার ও বিক্ষোভ জানাচ্ছি। এই বিষয়টির প্রতি আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা এইসব জিনিস শিক্ষামন্ত্রীর দৃষ্টিতে আনি, তিনি এক কান দিয়ে শোনেন, আর এক কান দিয়ে বের করে দেন। এই সমস্ত কোমলমতি ছাত্রছাত্রীরা যাতে পা না বাড়াবার সাহস পায় সেদিকে দৃষ্টি দেবার জন্য মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীঅসমঞ্জ দে: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকৃষ্ট করে তার প্রতিকার দাবি করছি। কলকাতার কয়লঘাট থানার অন্তর্গত প্রসন্নকুমার ঠাকুর ঘাটে দীর্ঘ ২ বৎসর যাবৎ মৌসী গুপ্তা নামে একজন মহিলার দ্বারা গম, চাল, ডালের চোরাকারবার চালানো হচ্ছে। প্রায় এক বছর আগে এই মহিলাকে মিসায় গ্রেপ্তার করা হইয়াছিল। কিন্তু কোন অজ্ঞাত রহস্যজনক কারণে ৪-৫ দিন পরে তাকে মুক্তি দেওয়া হয়। মুক্তি পাবার পর তিনি এবং তার দুই পুত্র শঙ্কর গুপ্ত ও অনন্তলাল গুপ্ত দু জন মস্তানকে নিয়ে প্রবলভাবে ঐ ব্যবসা চালিয়ে যাচ্ছেন। শুধু তাই নয়, সবচেয়ে বড় ঘটনা হল এই, ১৮-১৯ দিন আগে উক্ত শঙ্কর গুপ্ত ও অনন্তলাল গুপ্ত সমেত কয়েকজন গুণ্ডা, মালিকের কাছ হইতে অর্থের লোভে প্রলুব্ধ হয়ে গরিব শ্রমিক ভাইবোনদের আন্দোলন বানচাল করে দেবার জন্য বোমা, ছোরা নিয়ে শ্রমিকদের মিছিলের উপর আক্রমণ চালায়। সব চেয়ে বড় কথা হল ঐ মস্তান ও সমাজবিরোধীরা অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে কংগ্রেসের তেরঙ্গা ঝাণ্ডা পুড়িয়ে দেয়।

[1-10—1-20 p.m.]

১২। ১৩ জন শ্রমিক এতে আহত হয়, দুজন শ্রমিক গুরুতররূপে আহত হয়ে মেয়ো হাসপাতালে স্থানান্তরিত হয়েছে। পুলিসকে যখন জানান হয় তখন পুলিস তো কোন ব্যবস্থাই নেয় নি বরং শ্রমিক আন্দোলনে যারা অংশগ্রহণ করেছিল এরকম ১১ জন শ্রমিককে সেখানে গ্রেপ্তার করা হয়। সবচেয়ে বড় কথা, ২নং ব্লক কংগ্রেসের সভাপতি, কোলকাতা জেলা যুব কংগ্রেসের সভাপতি, বড়বাজার জেলা কংগ্রেসের অন্যতম সম্পাদক পুলিসের গোচরীভূত করেছিলেন। কিন্তু এই ইনভেস্টিগেটিং অফিসার এস আই দাশগুপ্ত তিনি কোন ব্যবস্থা নিলেন না। রাতের অন্ধকারে নয়, প্রকাশ্য দিবালোকে এইসব সমাজবিরোধী গুণ্ডাদের সঙ্গে তাকে মদ্যপান পর্যন্ত করতে দেখা গিয়েছে। এই ঘটনা নিয়ে পশ্চিমবঙ্গ যুব কংগ্রেসের সভাপতি শ্রীসুদীপ ব্যানার্জী মুখ্যমন্ত্রী শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ের কাছে লিখিতভাবে অভিযোগ এনেছিলেন। বিধানসভার জনৈক সদস্য শ্রীরামপিয়ারী রাম কোলকাতার পুলিস কমিশনারকে জানিয়েছিলেন। ২১নং ব্লক কংগ্রেস এবং উত্তর কোলকাতা যুব কংগ্রেস লিখিতভাবে মুখ্যমন্ত্রীকে জানিয়েছিলেন। কিন্তু এখনও পর্যন্ত কোন ব্যবস্থা হল না। এই সমস্ত সমাজবিরোধী, দুর্বৃত্ত, গুণ্ডারা দিনের পর দিন অত্যাচার চালাচ্ছে। তারা শ্রমিক আন্দোলনকে বানচাল করছে, কংগ্রেসের পতাকা পুড়িয়ে দিচ্ছে। আমি অবিলম্বে এই সমস্ত সমাজবিরোধীদের গ্রেপ্তার দাবি করছি এবং এই এস আই দাশগুপ্ত, যে সমাজবিরোধীদের সঙ্গে মদ্যপানে পর্যন্ত লিপ্ত থেকে শ্রমিক আন্দোলনকে বানচাল করছে তার প্রতিবিধান দাবি করছি।

শ্রীবীরেশ্বর রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি সরকারী সিদ্ধান্তের কথা এই হাউসে রাখতে চাই। মফঃস্বলে টি আর স্কীমের কাজের জন্য ২৬ ফুট রাস্তা চওড়া হতে হবে তা ছাড়া কোন টি আর স্কীম গ্রহণ করা হবে না এই মর্মে একটি সিদ্ধান্ত সরকার গ্রহণ করেছেন। স্যার, এক গ্রাম থেকে আর এক গ্রামে যাতায়াত করার জন্য যে রাস্তাগুলি আছে সেগুলি জেলা পরিষদ এবং অঞ্চল পঞ্চায়েতের দ্বারা তৈরি। এই রাস্তাগুলি কোথাও ২৬ ফুট চওড়া বলে আমার জানা নেই। যদি বাধ্যতামূলকভাবে এটা করা হয়, তা হলে টি আর স্কীমে কোন রাস্তা গ্রহণ করা সম্ভব হবে না, খরাকবলিত জেলার কোন রাস্তার কাজ এই টি আর স্কীমে গ্রহণ করা সম্ভব হবে না। তাই আমার অনুরোধ, এই সিদ্ধান্ত পরিবর্তন করে যেখানে যেরকম চওড়া রাস্তা আছে তার কাজগুলি গ্রহণ করা হোক।

শ্রীশচীনন্দন সাউঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি বিষয়ের প্রতি মাননীয় মিউনিসিপ্যাল সার্ভিস বিভাগের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমি আপনার মাধ্যমে তাঁর কাছে দাবি রাখছি যে, বীরভূম জেলার বোলপুর, শান্তিনিকেতনে একটি ফায়ার বিগ্রেড স্টেশন করা হোক। স্যার, এই বিষয় নিয়ে ওখানকার জনসাধারণের পক্ষ থেকে বহু আবেদন-নিবেদন করা হয়েছে, কিন্তু আজ পর্যন্ত এটা কার্যকর হয় নি। স্যার, সিউড়ি সদর মহকুমায় মাত্র একটি ফায়ার বিগ্রেড একান্ত দরকার। এই কারণে বোলপুর থানা, লাভপুর থানা, নানুর থানা ও ইলামবাজার থানা এই ফায়ার বিগ্রেডের দ্বারা উপকৃত হবে। স্যার, আপনি জানেন, বীরভূম জেলার অধিকাংশ—প্রায় ৮০ ভাগ বাড়ির ছাউনি খড়ের। সেখানে একবার যদি অগ্নিকাণ্ড হয়, তা হলে পাড়াকে পাড়া ভস্মীভূত হয়ে যায় এবং সেখানকার গরিব ও নিম্নবিত্ত মানুষদের জীবনে অন্ধকার নেমে আসে। স্যার, এর প্রয়োজনীয়তা আরো বেশী এই কারণে যে, বীরভূম জেলাতে এবারে দারুন খরা হয়েছে। তাই আপনার মাধ্যমে মিউনিসিপ্যাল সার্ভিস বিভাগের মন্ত্রিমহাশয়ের কাছে আমার আবেদন, তিনি এই ব্যাপারে অবিলম্বে দৃষ্টি দিয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন।

ডঃ ওমর আলিঃ মাননীয় স্পীকার মহাশয়, পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদে যে অপচয়, দুর্নীতি এবং লুঠের রাজত্ব চলছে সে সম্পর্কে আপনার মাধ্যমে এই সভার ও সংশ্লিষ্ট মন্ত্রিমহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

সম্প্রতি বিদ্যুৎ পর্ষদের সমস্ত নিয়মকানুন লঙ্ঘন করে জনৈক কনট্রাকটরকে ২০ লক্ষ টাকা অগ্রিম দেওয়া হয়েছে। এই কনট্রাকটার পর্ষদের একজন কর্তাব্যক্তির নিকট আত্মীয়।

বিদ্যুৎ পর্ষদের নথিভুক্ত কনট্রাকটারের সংখ্যা প্রায় ৪ হাজার। প্রকৃতপক্ষে এই ৪ হাজার ফার্মের মালিক কিন্তু ৪ হাজার নয়। এরা সংখ্যায় এক হাজারের বেশী নয়। বেশীর ভাগই পর্ষদের বেশ কিছু কর্তাব্যক্তির যোগসাজসে কারবার করে।

পর পর ৪ বছরের অডিট রিপোর্টে কর্তৃপক্ষের গাফিলতি ও অব্যবস্থার অভিযোগ আনা হয়েছে। বলা হয়েছে, এর জন্য পর্ষদের লক্ষ লক্ষ টাকা লোকসান হচ্ছে। হিসাবের কারচুপি, স্টোরের মালপত্রে গরমিল প্রভৃতি গুরুতর অভিযোগও প্রতি বছরের রিপোর্টে আছে। এমন অভিযোগও আছে যে, বড় বড় কয়েকজন শিল্পপতির কাছে পর্ষদের পাওনা মোটা অঙ্কের টাকার একটা বড় অংশ কর্তৃপক্ষ মকুব করে দিয়েছেন। বড় বড় শিল্পপতিদের কাছে পর্ষদের পাওনা প্রায় ৭ কোটি টাকা। এই টাকা আদায়ের কোন চেষ্টা নেই।

শুধু তাই নয়, পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ অবসরপ্রাপ্ত আমলাদের স্বর্গরাজ্যও বটে। সিলেকশান কমিটি, চিকিৎসা, আইন প্রভৃতি নানা বিষয়ে নানা রকম পরামর্শদাতা কমিটির প্রধানদের মধ্যে অনেকেই অবসরপ্রাপ্ত আমলা অফিসার। এদের মাইনে কারও তিন হাজার কারও বা সামান্য কিছু কম।

দীর্ঘদিন ধরে বিদ্যুৎ পর্ষদে যে কায়েমী স্বার্থ গড়ে উঠেছে, যে দুর্নীতি, অপচয় এবং কনট্রাকটার ও আমলাদের লুঠের রাজত্ব চলছে তার অবসান ঘটাতে না পারলে গ্রামে গ্রামে বিদ্যুৎ সরবরাহের সরকারী পরিকল্পনা ভেস্তে যেতে বাধ্য। সুতরাং অবিলম্বে এর তদন্ত ও প্রতিকার প্রয়োজন।

শ্রীঅজিতকুমার ব্যানার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয় মাননীয় শিক্ষামন্ত্রী এবং সঙ্গে সঙ্গে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বেশ কিছুদিন যাবৎ দুর্গাপুর ইস্পাত নগরীর স্কুলগুলিতে স্কুল টিচারের জন্য ইন্টারভিউ নেওয়া হয়েছে। এই সম্পর্কে বহুবার সরকারের কাছে অভিযোগ জানান হয়েছে, কিন্তু আজ পর্যন্ত এর কোন প্রতিকার করার ব্যবস্থা করা হয় নি। ঐ দুর্গাপুর ইস্পাত নগরীতে যে স্কুলগুলি আছে তার যে অ্যাডভাইসরি কমিটি এবং যে সিলেকশান কমিটির মেম্বার, সেই সিলেকশান কমিটির মেম্বার হচ্ছে সেখানকার ২ হাজার, ২৷৷ হাজার, ৩ হাজার টাকা মাইনের অফিসাররা। আবার দেখা যায় যে, সেখানে যেসব শিক্ষিকা নিয়োগ করা হয় তাতে ঐসব অফিসারদের স্ত্রীদের সর্বপ্রথম প্রাইওরিটি দেওয়া হয়ে থাকে। আগে এই সম্পর্কে বিক্ষোভ হয়েছে, সরকারকে জানান হয়েছে এবং পুনরায় এই নিয়ম শুরু হওয়ায় এখানকার বেকারদের মধ্যে চূড়ান্ত বিক্ষোভ দেখা দিয়েছে। আমি মাননীয় শিক্ষামন্ত্রী এবং সঙ্গে সঙ্গে মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি, এই মুহূর্তে এই সিলেকশান কমিটি এবং অ্যাডভাইসরি বোর্ড আছে সেই অ্যাডভাইসরি বোর্ডকে ভেঙ্গে দিয়ে নূতন করে ইন্টারভিউ নেবার জন্য দাবি করছি। তা ছাড়া এই সরকার মানুষের কাছে যে প্রতিশ্রুতি দিয়েছেন যে অন্ততপক্ষে প্রতি বাড়ি থেকে একজন করে চাকুরি দেবার ব্যবস্থা হবে, সেই প্রতিশ্রুতি ভঙ্গ করার চেষ্টা করছেন, দুর্গাপুর ইস্পাত নগরীর এই সব আমলারা এই সরকারকে অপদস্থ করার চেষ্টা করছেন। তাই আমি দাবি করবো এই সিলেকশান কমিটি ভেঙ্গে দিয়ে নূতন করে যে সমস্ত যোগ্য শিক্ষক আছেন সেই যোগ্যতাসম্পন্ন শিক্ষক এবং শিক্ষিকাদের সিলেকশান করার জন্য অনুরোধ জানাচ্ছি। এবং আমি আরো মাননীয় শিক্ষামন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে স্মরণ করিয়ে দিতে চাই, যদি এর প্রতিকারের ব্যবস্থা না করা হয়, তা হলে এই ইস্পাত নগরীতে যে বিক্ষোভ একবার হয়েছিল সেই বিক্ষোভ আবার দেখা দেবার আশঙ্কা আছে বলে মনে করি।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে জানাচ্ছি যে, কয়েকজন অফিসার দুর্গাপুর সিলেকশান বোর্ডে আছে, তারা সিলেকশান করার জন্য ইন্টারভিউ গ্রহণ করেন। সেখানে প্রায় ৫০০ জন বেকারকে চাকুরি দেবার জন্য ইন্টারভিউ করা হয়েছে। সেখানে শিক্ষিকারা যারা গিয়েছিলেন তারা জেনে এসেছেন যে, তারা যে ইন্টারভিউ দিয়েছেন সেটা প্রহসন মাত্র। সেখানকার সিলেকশান বোর্ডে যারা আছেন তারা ১॥ হাজার, ২ হাজার, ২॥ হাজার টাকা করে মাইনে পান, সেই সমস্ত অফিসারদের স্ত্রীদের সেখানে সিলেকশান করা হচ্ছে। আজকে পশ্চিমবাংলা যখন সমস্যায় জর্জরিত, বিব্রত, তখন হিন্দুস্থান স্টীল যেটা সরকারী পরিচালনায় রয়েছে সেখানে আজকে স্থানীয় বেকারদের দাবিকে যদি নস্যাৎ করা হয় এবং ঐ সমস্ত অফিসারদের স্ত্রীদের যদি নিয়োগ করা হয়, তা হলে এটা অত্যন্ত লজ্জাকর এবং আমার মনে হয় এতে সরকারের মুখে চুনকালি লেপা হচ্ছে। সে জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি এদিকে আকর্ষণ করছি।

শ্রীজ্যোতির্ময় মজুমদারঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ব্যাপারে আপনি যদি প্রমাণ চান, তা হলে প্রমাণ দিতে পারি। গত ৪-৫ বছর ধরে প্রাথমিক শিক্ষক নিয়োগ করা হচ্ছে।

Mr. Speaker: Mr. Majumdar, I think, there is no scope for discussion. Please take your seat.

শ্রীজ্যোতির্ময় মজুমদারঃ স্যার, গত ৪-৫ বছর যে শিক্ষক নিয়োগ করা হয়েছে সমস্ত শিক্ষিকা ঐ সমস্ত অফিসারদের স্ত্রী, তাদের আত্মীয়স্বজনদের দেওয়া হয়েছে। কাজেই এই স্বজনপোষণের বিরুদ্ধে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে দৃষ্টি আকর্ষণ করছি।

Mr. Speaker: You have made your point very clear and have drawn the attention of the House. So, it is useless to take much time because there are other honourable Members, who have also got their own facts to be placed before the House. I now call upon Shri Tapan Chatterjee.

[1-20—1-30 p.m.]

শ্রীতপন চ্যাটার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয় আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বিখ্যাত সাংবাদিক এবং ভারতবর্ষ পত্রিকার সম্পাদক এবং এই বিধানসভার ১৯৫২ সাল থেকে ১৯৫৭ পর্যন্ত সদস্য শ্রীমনীন্দ্রনাথ মুখোপাধ্যায় দীর্ঘদিন রোগাক্রান্ত অবস্থায় প'ড়ে রয়েছেন। তাঁর এমন পয়সা নেই যে, তিনি রিক্সা ক'রে এসে আমার সঙ্গে দেখা করেন। তাঁর অবস্থা অত্যন্ত শোচনীয়, তাঁর বাড়ি বিক্রি হয়ে গেছে। তিনি অত্যন্ত দুঃস্থ অবস্থায় রয়েছেন। এই স্বাধীনতা সংগ্রামী নেতার কাছ থেকে ব্যারাকপুরের বহু লোক বহু রকমভাবে এককালে উপকৃত হয়েছেন। তিনি দীর্ঘদিন ধ'রে—বিগত ৫০ বছর ধ'রে—ভারতবর্ষ পত্রিকার সম্পাদক এবং সাংবাদিক ছিলেন। কিছুদিন আগে তাঁর সাহায্যের জন্য একটা দরখাস্ত চিফ সেক্রেটারীর কাছে আমি দিয়েছি, কিন্তু আজ পর্যন্ত তার কোন ব্যবস্থা হয় নি। তিনি বলেছিলেন যে, এই বিষয়ে তিনি মুখ্যমন্ত্রীর কাছে বলবেন, কিন্তু আজ পর্যন্ত এই সম্বন্ধে তাঁর সম্বন্ধে কোন ব্যবস্থা অবলম্বন করা হয় নি। আমি এই বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রী এখানে উপস্থিত আছেন, তাঁর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে তাঁর জন্য আর্থিক সাহায্যের ব্যবস্থা করা হয়।

শ্রীপঙ্কজকুমার ব্যানার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা অতি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করছি। আপনি জানেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে পশ্চিমবাংলায় একটা রিজার্ভ ব্যাঙ্ক আছে এবং এই রিজার্ভ ব্যাঙ্ক

সমস্ত ভারতবর্ষে যে কারেন্সি সার্কুলেশন হয় তার শতকরা ৬৬ পার্সেন্ট তারা ডেলিভারী দিয়ে থাকেন। কিন্তু এর সঙ্গে সঙ্গে যদি আমরা মহারাষ্ট্রের দিকে তাকাই, তা হ'লে দেখবো, সেখানে সমস্ত ভারতবর্ষে যে কারেন্সি সার্কুলেশন হয় তার মোট ২৫ শতাংশ তারা সার্কুলেট ক'রে থাকে। অথচ দুঃখের কথা, পশ্চিমবাংলায় সেই অফিসের সংখ্যা একটা এবং মহারাষ্ট্রে সেই অফিসের সংখ্যা তিনটে। এই রিজার্ভ ব্যাঙ্কে পশ্চিমবাংলায় নিয়োজিত শ্রমিক এবং কর্মচারীর সংখ্যা তিন হাজার, কিন্তু মহারাষ্ট্রে রয়েছে ১০ হাজার। যেখানে পশ্চিমবঙ্গে তিন হাজার শ্রমিক কর্মচারীর মাধ্যমে ৬৬ পার্সেন্ট কারেন্সি সার্কুলেট হচ্ছে সেই ক্ষেত্রে মহারাষ্ট্রে এর তিন গুণ সংখ্যক অফিসের মাধ্যমে এবং ওর প্রায় সাড়ে তিন গুণ বেশী সংখ্যক শ্রমিক কর্মচারীদের মাধ্যমে তার তিন ভাগের এক ভাগ মাত্র সার্কুলেশন করা হচ্ছে। বারে বারে এই জিনিসটাকে অর্থ মন্ত্রকের কাছে নিয়ে যাওয়া হয়েছিল এবং তার ফলে বিগত ১৯৬৭ সালে কেন্দ্রীয় অর্থ মন্ত্রকের নির্দেশে পশ্চিমবাংলার আসানসোলে আর একটা রিজার্ভ ব্যাঙ্ক খোলবার পরিকল্পনা তারা গ্রহণ করেন। এবং সেই অনুযায়ী তাদের সেখানকার অফিস বাড়ির অ্যাকমোডেশন কমপ্লিট করা হয়। কিন্তু কোন এক অদৃশ্য হাতের পরিচালনায় অফিস বাড়ি কমপ্লিট হয়ে যাবার পরে পশ্চিমবঙ্গ থেকে সেই সংস্থাটাকে সরিয়ে নিয়ে অন্য প্রদেশে খোলা হয়েছে। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী ফারাক্কার জন্য প্রয়োজনীয় জল দিল্লী থেকে দরবার ক'রে নিয়ে এসেছেন, আমাদের হুগলী সেতুর জন্য প্রয়োজনীয় বৈদেশিক মুদ্রা মঞ্জুর ক'রে নিয়ে এসেছেন, আমি চাই আমাদের দলপতি, আমাদের নেতা, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী আপনার মাধ্যমে অনুরোধ করছি, দিল্লীর সঙ্গে যোগাযোগ এই রিজার্ভ ব্যাঙ্ক সম্বন্ধে ক'রে যত শীঘ্র সম্ভব সেই অন্যায় আচরণের প্রতিবাদ ক'রে পশ্চিমবঙ্গে যে ক'টি প্রয়োজনভিত্তিক রিজার্ভ ব্যাঙ্ক দরকার, তার অনুমোদন আনবার যেন ব্যবস্থা করেন।

শ্রীনারায়ণ ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। উত্তরবঙ্গের চা-শিল্প এলাকার সমস্ত হাটে বাজারে প্রকাশ্য দিবালোকে, সকলের চোখের সামনে, এমনকি পুলিশের চোখের সামনে জুয়া খেলা হয়। বিভিন্ন রকম জুয়া খেলা হয়, যেমন ডিশ খেলা, ফিতে খেলা, তিন তাসের খেলা। এবং প্রকাশ্য দিবালোকে বে-আইনী মদ বিক্রি হয়। এই সম্পর্কে আমরা জানি এখানকার অনেক বিধানসভার সদস্য চেষ্টা করেছিলেন এই জিনিস বন্ধ করতে, কিন্তু এক শ্রেণীর অসাধু পুলিশ কর্মচারীর যোগসাজসে এই জুয়া খেলা এবং বে-আইনী মদ বিক্রি হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিধানসভার বহুদিনের প্রবীণ সদস্য, প্রাক্তন সদস্য, শ্রীজজ্ঞেশ্বর রায় মহাশয়, তাঁর বাড়ির কাছে মাদারীহাট থানায়, যখন তিনি এই জুয়া খেলা বন্ধ করার চেষ্টা করেছিলেন--এখানে আর এস পি-র কেউ নেই, ঐ আর এস পি দলের নেতারা সেই জুয়াড়ীদের হাতকে শক্ত করে এবং ওদের এই কাজকে মদত জোগায়। আমি আপনার মাধ্যমে, আমাদের এই সমাজের যে পাপ এবং যে বে-আইনী কাজ উত্তরবঙ্গের আদিবাসী রাজবংশী এবং পাহাড়িয়া মানুষদের জীবনযাত্রা যেটা একেবারে ব্যাহত ক'রে দিচ্ছে এবং তাদের অর্থনীতিকে যে ভেঙ্গে দিচ্ছে, সেই বে-আইনী জুয়া খেলা এবং বে-আইনী মদ বিক্রি বন্ধ করবার জন্য মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই এবং আপনাকে বলছি, আমি যেটা বললাম, সেটা দায়িত্ব নিয়ে বললাম, আমি চ্যালেঞ্জ ক'রে বলছি স্যার, যে কোন রবিবার যদি মুখ্যমন্ত্রী সারপ্রাইজ ভিজিট দেন, তা হ'লে দেখবেন প্রতি হাটে এই জিনিস চলছে। রবিবার এই হাটগুলো হয়। প্রতিটি হাটে জুয়া খেলার মেলা ব'সে গেছে, মদের দোকানে মেলা ব'সে গেছে।

শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত: মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত কাল মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর ঐতিহাসিক ভাষণে শাসনব্যবস্থা সংস্কারের জন্য কতগুলি নীতি উল্লেখ করেছেন। তিনি বলেছেন, প্রত্যেক মানুষের পাশে আমলাদের গিয়ে দাঁড়াতে হবে। তিনি বলেছেন, জনগণের প্রতিনিধি যে সদস্য তাদের কথা মর্যাদার সঙ্গে শুনতে হবে এবং বিবেচনা করতে হবে। কিন্তু আজও আবদুল বারি সাহেব কোন প্রতিবেদন পা'ন না, পঙ্কজবাবু আজও তার এলাকায় গিয়ে

মাথা তুলে দাঁড়াতে পারেন না এই অবস্থা চলছে তাই আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে বলব, কালকে আপনি যে ঐতিহাসিক ভাষণ দিয়েছেন তাতে আমাদের মনে আশার আলো জেগেছে, দরিদ্র, বঞ্চিত মানুষ যে অন্ধকারের মধ্যে আছেন তাতে তারাও একটা আশার আলো দেখতে পাচ্ছেন, তার জন্য আমি বিধানসভার সভ্য হিসাবে আপনাকে আন্তরিক সমর্থন জানাচ্ছি। কিন্তু মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আপনি জানেন শুধু জনসাধারণের এই দুর্গতি নয়, এম এল এ-দের শুধু এই দুর্গতি নয়, আমাদের যে সকল মন্ত্রিমহাশয় আছেন তাদের এই আমাদের কাছ থেকে দুর্গতি ভোগ করতে হয়। সি পি এম যেদিন সরকারে ছিল তখন সি পি এমের কমরেডদের টেবিল চাপড়ানিতে তাদের চিৎকারে ঐ আমলারা উঠতো বসত। আজকে তারা যাতে গণতন্ত্রকে হত্যা না করতে পারে সেদিকে দেখতে হবে। বস্তুত রাইটার্স বিল্ডিংসে কি ঘটছে, যখন একজন না একজন মন্ত্রী একটা স্লিপ দিয়ে একজন সরকারী কর্মচারীকে আর একজন ঊর্ধ্বতন কর্মচারীর কাছে পাঠিয়ে দেয় তখন সেই আমলা ঐ কর্মচারীর উপর চটে গিয়ে তাকে রুল ২০ অফ দি কন্ডাক্ট রুলস ১৯৫০-তে সো কস করা হবে ব'লে ভয় দেখায়। তাই আজকে মন্ত্রীদেরও এমন কথা বলতে হচ্ছে যে, ঐ আমলাদের কালো হাত গুঁড়িয়ে দেওয়া হবে। তাই আমি বলছি যে, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে ভাষণ এখানে রেখেছেন সেই ভাষণের অনুলিপি প্রতিটি সরকারী কর্মচারীদের কাছে তাদের অফিসে পাঠিয়ে দিতে হবে এবং ব'লে দিতে হবে যে, মাননীয় মুখ্যমন্ত্রী সিদ্ধার্থশঙ্কর রায়ের নির্দেশ লঙ্ঘন করা হলে তা বরদাস্ত করা হবে না।

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত কাল আমি যে কথা এই বিধানসভায় বলেছি, সেটা প্রত্যেক জেলায়, সাবডিভিশনে, ব্লকে এবং প্রতিটি ডিপার্টমেন্টে পাঠিয়ে দেবার নির্দেশ আমি দিয়েছি।

শ্রীরজনীকান্ত দলুইঃ স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি, আচার্য জগদীশচন্দ্র রোডে যে ব্যাপটিস্ট মিশন প্রেসটি আছে, সেটি গত ১৯ নভেম্বর, ১৯৭২ তারিখ থেকে বন্ধ হয়ে রয়েছে, এই প্রেসে ৩০০ কর্মচারী কাজ করেন। এই প্রেসটি ৮০ বছরেরও বেশী ৪০টি ভাষাতে ছাপার কাজ হয়ে আসছে, কিন্তু এখন এটা বন্ধ হয়ে গিয়েছে। সরকারের যখন বি জি প্রেসে ছাপা সম্ভব হত না তখন এই প্রেসে অনেক কাজ হত। যাতে অবিলম্বে এই প্রেসটা খোলা যায় এবং যাতে শ্রমিক কর্মচারীরা কাজ পান তার জন্য আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি, আলীপুর থানার এলাকাধীন চেতলা রূপায়ণ সিনেমার পাশে চোরাই পেট্রোলের কারবার দীর্ঘ দিন ধ'রে চলছে। প্রতি দিন আই ও সি থেকে ২০/২২ খানা গাড়ি আসে। এই চোরাকারবারের মালিক রূপায়ণ সিনেমার ম্যানেজার পরিমলকান্তি চ্যাটার্জী, হাওড়ার নবনী নন্দী, হ্যারিসন রোডের নিবাসী নাসিম। এই ব্যাপারে আলীপুর থানা নিউ আলীপুর থানা, লালবাজারের অ্যান্টি রাউডি সেকশন ও ট্রাফিক ওয়ারলেস পুলিশ জানে। পুলিশ সব জানা সত্ত্বেও এই পেট্রোলের কারবার চলছে, তাই আমি এই বিষয়ে আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[1-30 -1-40 p.m.]

শ্রীজগদানন্দ রায়ঃ স্যার, জলপাইগুড়ি জেলায় ধান-চা'লের দাম ক্রমশঃ সাধারণ মানুষের ক্রয়ক্ষমতার বাইরে চলে যাচ্ছে। এটা একটা ডেফিসিট এরিয়া। অধিকাংশ ক্ষেত্রেই পশ্চিম দিনাজপুর এবং নেপালের চা'লের উপরই নির্ভর করতে হয়। নেপাল থেকে এবার এখনও পর্যন্ত চা'ল আসে নি। আগে শুনেছিলাম স্থানীয় ব্যবসায়ীরা পার্মিট পেয়ে নেপাল থেকে চা'ল খরিদ ক'রে নিয়ে আসত। এখন শুনছি নেপালের ব্যবসায়ীরা চা'লের দাম ঠিক ক'রে দেবে। আবার এফ সি আই কেনার চেষ্টা করছে। এবং তাতে প'র কুইন্টল ১৬৫ টাকা ক'রে ধরা হয়েছে। সুতরাং সমস্ত খরচ বাদ দিয়ে আমাদের জেলায় পড়ে ১০১·৭৫ পয়সা পার কুইন্টাল বর্তমানে

জেলায় ১ টাকা ৭৫ থেকে ১ টাকা ৮০ পার কেজি চা'ল। নেপাল রাইস যদি ১·৭৫ পয়সা কেজি বিক্রি হয় স্থানীয় বাজারে চা'লের দাম ২ টাকা থেকে আড়াই টাকা উঠবে। গ্রামের লোকের কাজ নেই, টি আর বন্ধ হয়ে গেছে। জি আর দেওয়া হয়েছে ০·২। সুতরাং ব্যাপকভাবে রেশনের ব্যবস্থা করতে হবে। বর্তমানে রেশনের ব্যবস্থা পর্যাপ্ত নয়। টাউন এবং শহরে রেশন দেওয়া হচ্ছে। টাউনের লোকদের চাকরি আছে, তাদের একটা ফিক্সড ইনকাম রয়েছে এবং যারা ব্যবসা ক'রে তাদের মোটামুটি একটা লাভ আছে এবং অনেকেরই জমি আছে। কিন্তু গ্রামাঞ্চলে রেশন বন্ধ। আর একটা বড় প্রশ্ন হচ্ছে, এবার রেশনে যে চা'ল দেওয়া হয়েছে সেটা হচ্ছে এটালবাড়ি মিডাল রাইস মিলের চা'ল এবং তার মালিক হচ্ছে মুচিরাম আগরওয়ালা। তিনি একজন সুদখোর কালোবাজারী। চা'ল পাচার করতে গিয়ে বীরপাড়া থানায় সে ধরা পড়ে। এই বিষয়ে ডি সি-র সঙ্গে যোগাযোগ করেছি, তিনি বল্লেন, এস পি-র সঙ্গে কথা হচ্ছে সেই চাল কম রেটে বিক্রি ক'রে দেবার জন্য। এই বিষয়ে আমি খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে শেষ করছি।

Mr. Speaker: Mr. Ajit Kumar Panja may please make a statement regarding the indefinite strike in the Calcutta National Medical College. I understand he is ready with the statement.

Shri Siddhartha Sankar Ray: Mr. Speaker, Sir, may I make a short statement before Mr. Panja speaks. During the mention hour things are mentioned. Sometimes we are present, sometimes we are not present. Of course, some Ministers are here.

কিন্তু সেটা হচ্ছে এখানে কিছু কিছু জরুরী কথা বলা হচ্ছে যেগুলি অত্যন্ত জরুরী। এখন এই রকম ব্যবস্থা করা যায় কিনা এখানে যারা বক্তৃতা দিচ্ছেন সেই সমস্ত যে বিভাগীয় মন্ত্রী আছেন তাঁর কাছে পরের দিন পাঠিয়ে দেবার। এর জন্য আপনি একজনকে নিযুক্ত যদি করতে হয়, আপনাকে অনুরোধ করব যাকে খুসী যিনি রাজনীতি বোঝেন যে কোন্ বিভাগে পাঠাতে হবে সেই রকম একজন লোককে নিযুক্ত করতে পারেন। এবং তিনি ডিরেকসন দেবেন যে, কোন্‌টা কোন মন্ত্রীর কাছে যাবে।

শ্রীবিশ্বনাথ মুখার্জী: ৯ মাস আগে আমরা এই সাজেসন দিয়েছিলাম, আমি গ্ল্যাডলি মুখ্যমন্ত্রীর এই সাজেসন আপনি যাতে অ্যাকসেপ্ট করেন তার জন্য অনুরোধ করছি। আপনি ৯ মাস ধ'রেও এটা ঠিক করতে পারেন নি। মুখ্যমন্ত্রী যখন স্বয়ং বলছেন তখন আপনি একজন লোককে নিশ্চয়ই ঠিক করুন যিনি বিভিন্ন ডিপার্টমেন্টের মিনিস্টারদের কাছে পাঠিয়ে দেবেন।

Mr. Speaker: Honourable Members, this point was raised previously also. Today the point has been raised by the Leader of the House himself, Shri Biswanath Mukherjee and other Members. I am told by the office that the papers connected with the cases mentioned under rule 351 are being sent to the respective departments. If a person is appointed for the purpose it will work better. I shall give instructions to the office to take necessary action in the matter.

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়: নোটিসে কোন সুবিধা হবে না। নোটিস তো আর ব্যক্তির কাছে থাকে না।

Mr. Speaker: It means that the copies of the proceedings should be sent to the respective departments. Cases relating to different departments will have to be sorted out and this will require two or three days' time. Entire proceedings covering half-an-hour will have to be reproduced, copies

will have to be made and things will have to be expedited. For that purpose one or two persons will be required. I can assure the House that this will be done within two or three days.

শ্রীমতী গীতা মুখার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেই সময় আলোচনার পর ঠিক হয়েছিল আমরা যেটা মেনসন করছি সেগুলি সরাসরি মন্ত্রিমহাশয়কে দেওয়া হবে। কিন্তু আশ্চর্যের বিষয় সেই সময় ওই রকম স্পেট অব মেনসন কেসেস্ আমরা যা করেছিলাম সেগুলি সোজাসুজি মন্ত্রিমহাশয়ের হাতে তুলে দেওয়া সত্ত্বেও তার কোন সুরাহা হয় নি।

Mr. Speaker: My duty is confined to the sending of the entire speech of the honourable Members to the respective departments, and I can assure the House that this will be done after two or three days.

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা লক্ষ্য করছি যে, বিশ্বনাথবাবু গীতা দেবীকে ঠিক কন্ট্রোল করতে পারছেন না।

শ্রীবিশ্বনাথ মুখার্জী: গীতাদেবী ন্যায্য কথাই বলেছেন যে, মন্ত্রিমহাশয়ের হাতে দিয়েও কোন সুরাহা হয় নি। যা হোক, আমরা এখন বলছি যে, এখন সুরাহার প্রশ্ন নয়, এখন প্রশ্ন হচ্ছে ওঁদের কর্ণে পৌঁছান।

Mr. Speaker: Now, Hon'ble Health Minister may please make his statement.

শ্রীঅজিতকুমার পাঁজা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্যালকাটা ন্যাশনাল মেডিকেল কলেজ অ্যান্ড হসপিটালের হাউস স্টাফরা এবং ইণ্টারনিরা যে স্ট্রাইক নোটিস দিয়েছেন এবং সে সম্বন্ধে যে কলিং অ্যাটেনসন তোলা হয়েছে মাননীয় সদস্যদের তরফ থেকে সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার মনে ক'রে আজকেই আমি আমার বক্তব্য পেশ করছি। ন্যাশনাল মেডিকেল কলেজের স্টুডেন্টস ইউনিয়নের পক্ষ থেকে গত বছর মার্চ মাসে তাদের হাসপাতাল যাতে ভালভাবে চলে, শিক্ষা পদ্ধতি যাতে ভালভাবে হতে পারে সেইজন্য কয়েক দফা দাবি রাখে। তাদের যে সমস্ত দাবি ছিল তার মধ্যে কিছু কিছু দাবি ন্যায্য মনে হয় এবং সেই জন্য আমি তাড়াতাড়ি একজন গভর্নমেন্ট অফিসারকে একটা প্রিলিমিনারি এনকোয়ারী করতে পাঠিয়েছিলাম। তিনি এসে যে রিপোর্ট দিলেন তাতে দেখলাম এগুলি আমাদের অবিলম্বে দেখা উচিত, কারণ ন্যাশনাল মেডিকেল কলেজ তাড়াহুড়া ক'রে টেকওভার করা হয়েছিল যুক্তফ্রন্ট সরকারের সময়। সেখানে এক্স-ম্যানেজমেন্ট স্টাফ এবং গভর্নমেন্ট স্টাফ যাঁরা আছেন তাঁদের মধ্যে ভুল বোঝাবুঝির ফলে সেখানকার প্রশাসন ব্যবস্থা ভালভাবে চলছিল না। এই দাবি আসার ফলে এবং কিছু দাবি ন্যায্য মনে হওয়ায় ২ জন অত্যন্ত দক্ষ এবং সর্বজনপরিচিত ডাক্তারকে দিয়ে আমি একটা কমিটি তৈরি করি। ডাঃ রায় মহাশয়, যিনি কলকাতা মেডিকেল কলেজ অ্যান্ড হাসপাতাল থেকে প্রিন্সিপ্যাল হিসেবে রিটায়ার করেছেন এবং আর একজন হয়েছেন ডাঃ মহেন্দ্র সরকার, যিনি এই ন্যাশনাল মেডিকেল কলেজের জন্ম থেকেই রয়েছেন তাঁদের নিয়ে একটা কমিটি হয়। অক্টোবর মাসের অর্ডারের পর তাঁদের উপর চাপ পড়ে এবং তার জন্য তাঁরা রিপোর্ট দিতে পারেন নি। কিন্তু আশ্চর্যের বিষয় এই হাউস স্টাফরা ধর্মঘট শুরু করেছে এবং তারা কমিটির কাছে বক্তব্য রেখেছে এবং ওই কমিটির সদস্যদের কাছ থেকে সংবাদ পেয়েছে যে, রিপোর্ট তৈরি করা হয়েছে এবং শনিবার রিপোর্ট দেবেন। এই খবর কিভাবে বেরিয়েছে আমি জানি না—অর্থাৎ রিপোর্ট তৈরি হয়েছে এবং কমিটি রিপোর্ট দেবেন। হঠাৎ স্ট্রাইক নোটিস এল। গতকাল আমি হাউস স্টাফ এবং ইন্টারনিদের সঙ্গে ৪ ঘণ্টা আলোচনা করি এবং তাদের বলি ধর্মঘট করলে আমাদের দেশের গরীব জনসাধারণ যারা ওযুধের জন্য ওখানকার আউট পেসেন্ট ডিপার্টমেন্টে যাচ্ছে তারা অসুবিধায় পড়বে, কাজেই আপনারা ধর্মঘট করবেন না। তাদের সঙ্গে আজকে ১২টায় আবার

বসার কথা ছিল। কিন্তু আশ্চর্যের বিষয় সকাল বেলা খবর পেলাম তারা জোর ক'রে আউট-পেসেন্ট ডিপার্টমেন্ট বন্ধ ক'রে দিয়েছে এবং তার ফলে সেখানে যে শত শত অত্যন্ত গরিব রোগী ট্রিটমেন্টের জন্য আসে তারা অসুবিধায় পড়েছে। কিছু কিছু অসুবিধা রয়েছে এবং সেই জন্য গত কাল রাত্রে আমি একজন দক্ষ অফিসারকে পাঠিয়েছি এবং বলেছি যেগুলি ২৪ ঘণ্টার মধ্যে পারি অথচ করা হয় নি সেগুলি করুন।

[1-40—1-50 p.m.]

তিনি আমাকে রাত্রি সাড়ে দশটার সময় ফোন ক'রে জানালেন যে, যে যে জিনিস করা সম্ভব অর্থাৎ কিছু কিছু অসুবিধা ছিল, কয়েকটা ওষুধ কম পড়ে গিয়েছিল কয়েকটা জায়গায় ট্রলির অসুবিধা ছিল বা খারাপ হয়ে গিয়েছিল সেগুলি ঠিক ক'রে নিয়ে রাত্রি সাড়ে দশটার মধ্যে সমস্ত কিছু ঠিক ক'রে নিয়ে আমার কাছে লিখিত রিপোর্ট পাঠিয়ে দিয়েছেন যে, সব কিছু ব্যবস্থা হয়েছে। এবং ২৪ ঘণ্টার মধ্যে ব্লাড ব্যাঙ্ক ২৪ ঘণ্টার মধ্যে এক্স-রে, বায়ো-কেমিস্ট্রি বা প্যাথোলজি— ফেসিলিটিজ এগুলি করা সম্ভব নয়, এগুলি করতে সময় লাগবে, এসব বলা সত্ত্বেও কিছু কিছু হাউস স্টাফ এবং ইন্টার্নি জোর ক'রে আউটডোর বন্ধ ক'রে দিয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে আমি বলতে চাই যারা রোগী ছিলেন তাদের এখন কোন অসুবিধা হয় নি, তবে অনেক রোগী এদের বিরুদ্ধে গিয়েছেন। তারা এটার মধ্যে কোন যৌক্তিকতা খুঁজে পান নি এবং আমরা অত্যন্ত সজাগ আছি এবং কমিটি যখন অ্যাপয়েন্টেড হয়েছে এবং ঐ হাউস স্টাফরা তারা তাদের বক্তব্য রেখেছেন ঐ কমিটির কাছে এবং কমিটির রিপোর্ট এখনও গভর্নমেন্টের কাছে আসে নি। তারা ৬ মাস সময় নিয়েছিলেন এই রিপোর্ট তৈরি করবার জন্য। সেখানে ২৪ ঘণ্টার মধ্যে আলাদিনের আশ্চর্য প্রদীপের মত সব কিছু ঠিক ক'রে ফেলতে পারা যাবে না এবং এই বিষয়ে আমরা খুব সঠিকভাবে ধাপে ধাপে এগোচ্ছি এটা মাননীয় সদস্যদের জানাতে পারি এবং সরকার দৃঢ়হাতে এটার মোকাবিলা করবে যাতে কোন গরিব পেসেন্টদের কোনরকম অসুবিধা না হয় তার জন্য।

(At this stage several members rose to speak.)

Mr. Speaker: Honourable Members, if you continue to speak in this way then I am very sorry to say that this will not form part of proceedings. When I am on my legs four or five of you are shouting without maintaining the decorum of the House and parliamentary etiquette. Please try to maintain the parliamentary decorum.

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ যখন তখন ধর্মঘট ক'রে মানুষকে বেকায়দায় ফেলবে এ জিনিস আমরা সহ্য করতে পারি না এটা বে-আইনী। তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি। আজকে বিধানসভায় যদি কোন কোন মাননীয় মাননীয় মন্ত্রিমহাশয় এখানে দাঁড়িয়ে কোন বক্তব্য রাখেন এবং যদি সেই বক্তব্য অত্যন্ত গুরুত্বপূর্ণ হয় এবং সেই সম্পর্কে যদি মাননীয় সদস্যরা তাঁদের বক্তব্য উপস্থিত করতে চান, তা হ'লে আমি মনে করি সেটা জনস্বার্থের জন্যই করা হচ্ছে। আজকে যে ঘটনা মাননীয় স্বাস্থ্যমন্ত্রী উল্লেখ করবেন, আমরা জানি সাধারণ গরিব মানুষ সেখানে মৃত্যুর সঙ্গে লড়াই করছে। মানুষের খাবারের প্রয়োজন আছে, ওষুধের প্রয়োজন আছে, ইমার্জেন্সী ওয়ার্ড খুলে রাখার প্রয়োজন আছে, এটা ডাক্তারবাবুদের নৈতিক দায়িত্ব থাকা উচিত। রোগী এবং দেশের স্বার্থে এটা করা উচিত। যদি কোন ডাক্তার নিজেদের স্বার্থকে চরিতার্থ করবার জন্য সরকারের উপরে অন্যায়ভাবে চাপ সৃষ্টি করেন, তা হ'লে তাদের বিরুদ্ধে এই বিধানসভার সদস্যদের এর বিরুদ্ধে সোচ্চার হয়ে ওঠা উচিত। এই কথাটিই আমি মাননীয় মুখ্যমন্ত্রী এবং স্বাস্থ্যমন্ত্রীর কাছে নিবেদন করতে চাই এবং এই স্ট্রাইককে আজকে ইল্লিগ্যাল বলে ঘোষণা করা হোক।

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বুঝতে পারছিলাম না যে, মাননীয় সদস্যরা এর পক্ষে না বিপক্ষে—এখন বুঝলাম যে প্রত্যেকটি সদস্য এই ব্যাপারটির বিরুদ্ধে মন্ত্রিসভাকে সম্পূর্ণ সমর্থন করছেন।

(এ ভয়েসঃ হ্যাঁ, হ্যাঁ, আমরা মন্ত্রিসভাকে সমর্থন করি।)

শ্রীঅজিতকুমার পাঁজাঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যরা গরিব জনসাধারণ যারা অসুস্থ হয়ে হাসপাতালে যান তাদের প্রতি সম্পূর্ণ সহানুভূতি অনুভব করেন, এটাই আমি তাঁদের কাছ থেকে এক্সপেক্ট করছিলাম। স্ট্রাইককে বে-আইনী ঘোষণা করা সম্পর্কে সরকারকে বিশেষভাবে ভাবতে হয়। এখন অবধি যে তথ্য পাওয়া গেছে, আমি নিজেও স্যাটিসফায়েড নই, স্ট্রাইক আইনমত হয়েছে কিনা, কিন্তু সেটা আইনের ধাঁচে দেখে নিতে হবে। হাউস স্টাফদের সঙ্গে বসা সত্ত্বেও, তাদের দাবি-দাওয়া সম্বন্ধে রাত্রিবেলার মধ্যে কিছু কিছু ব্যবস্থা করা সত্ত্বেও এই ঘটনা হয়েছে, ন্যাশনাল মেডিকেল কলেজে রাজনীতির খেলা যুক্তফ্রন্ট-এর সময় থেকে শুরু হয়েছে। সেই সমস্ত দল উঁকি ঝুঁকি দিচ্ছে কিনা, সমস্ত ব্যাপার দেখে স্ট্রাইক বে-আইনী ঘোষণা করতে হবে। তবে আমি এই কথা দিয়ে যাচ্ছি যে, গরিব জনসাধারণ যারা আউট পেসেন্ট হিসাবে আসে, তাদের যাতে অসুবিধা না হয়, তার জন্য সেখানে তাড়াতাড়ি ডাক্তার পাঠাবার ব্যবস্থা করেছি। এখন এই চাপের অর্থ কি জানেন? আমরা গ্রামে ডাক্তার পাঠাবার জন্য লিস্ট রেডি করেছি, এখন চাপ আসা মানে সেখান থেকে ডাক্তার নিয়ে তাড়াতাড়ি ন্যাশনাল মেডিকেল কলেজে পাঠাতে হবে। এবং একবার ফার্স্ট পোস্টিং হয়ে গেলে তিন বছর বদলী হবে না এই আইনের প্রশ্ন তুলতে পারে। এই সমস্ত ব্যাপার আমাদের সুন্দরভাবে দেখে নিতে হবে। ভালভাবে দেখে নিয়ে এই স্ট্রাইককে বে-আইনী ঘোষণা করা উচিত কিনা সেটা হাউসকে জানাব।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ এই যে স্ট্রাইক কল করল সেটাতে ডিউলি নোটিস দেয় নি, যদি নোটিস দিত তবে আইনসংগত হত, কিন্তু যখন নোটিস দেয় নি, তখন তো এটা আইনসংগত নয়।

Mr. Speaker: The Hon'ble Minister has already told that he is looking into the matter and he will let you know the decision. We now pass on to the next item of business.

DEMAND FOR GRANT No. 30

Major Head: 38—Labour and Employment

শ্রীপ্রদীপ ভট্টাচার্যঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার মাননীয় শ্রমমন্ত্রী ডাঃ গোপাল-দাস নাগ অসুস্থ, তাঁকে নার্সিং হোমে ভর্তি করা হয়েছে। সেজন্য আজকের বাজেট, আপনার অনুমতি চাইছি, পেশ করার জন্য।

On the recommendation of the Governor I beg to move that a sum of Rs.6,54,74,000 be granted for expenditure under Grant No. 30, Major Head: "38—Labour and Employment".

শ্রম পরিস্থিতি শ্রম নীতি

১·১ শ্রমিক শ্রেণীর মধ্যে ক্রমবর্ধমান চেতনা এবং সামাজিক ন্যায়বিচার সম্পর্কে পরিবর্তিত ধারণার ফলে সাধারণভাবে শ্রমিকশ্রেণীর আশা-আকাঙ্ক্ষা বহুলাংশে বৃদ্ধি পেয়েছে। শ্রমিকশ্রেণীর জন্য একটি যুক্তিসংগত মজুরি-নীতি নির্ধারণ করা আমাদের, সরকারের শ্রম-নীতির একটি গুরুত্বপূর্ণ অঙ্গ। অসংগঠিত সেক্টরে এবং যে সকল শিল্পে শ্রমজীবীদের

দর কষাকষি করার ক্ষমতা খুব কম সে সকল ক্ষেত্রে শ্রমিকদের মজুরি সাধারণতঃ দারিদ্র্যসীমার নীচে। এ সকল শিল্প সাধারণতঃ ন্যূনতম মজুরি আইনের আওতায় পড়ে। এই সব শ্রমিক যাতে তাঁদের জীবিকার মান উন্নত করার সুযোগ পান সেজন্যে তাঁদের মজুরি-হার বৃদ্ধি ক'রে দারিদ্র্যসীমার ঊর্ধ্বে রাখার উদ্দেশ্যে আমাদের সরকারের সকল প্রচেষ্টা নিয়োজিত।

১·২ সংগঠিত সেক্টরে সাধারণতঃ সমষ্টিগতভাবে দর-কষাকষি ক'রে মজুরি ঠিক করা হয়। কিন্তু যেখানে দর-কষাকষি করার ক্ষমতা কম এবং সংশ্লিষ্ট পক্ষরা অসম পর্যায়ে অবস্থান করেন সেখানে মজুরি ন্যূনতম মজুরি-স্তরেই থাকে। এরকম ক্ষেত্রে সরকার সংশ্লিষ্ট পক্ষদের শক্তি পরীক্ষার লড়াইয়ে ছেড়ে দিতে পারেন না, বরং অপেক্ষাকৃত দুর্বল পক্ষের স্বার্থ রক্ষার জন্যই সরকারকে এগিয়ে আসতে হয়। এসকল ক্ষেত্রে আমাদের সরকারের নীতি হ'ল অপেক্ষাকৃত দুর্বল পক্ষের সাহায্যে এগিয়ে দিয়ে তাঁদের কার্যকরভাবে এবং সমষ্টিগতভাবে ফলপ্রসূ দর-কষাকষির ব্যাপারে উৎসাহ দেওয়া এবং তার ফলে, যেক্ষেত্রে শ্রমিকদের প্রয়োজনভিত্তিক ন্যূনতম মজুরির চেয়েও কম মজুরি দেওয়া হয় সেক্ষেত্রে, তাঁদের ন্যূনতম প্রয়োজন বিবেচনা ক'রে এবং পঞ্চদশ ভারতীয় শ্রম সম্মেলনে যে মাপকাঠি সুপারিশ করা হয়েছে সেই মাপকাঠির বিচারে শ্রমিকদের জন্য প্রয়োজনভিত্তিক ন্যূনতম মজুরি পেতে সাহায্য করা। যেস্থলে শিল্পের আর্থিক সামর্থ্য থাকে সেস্থলে মজুরিসীমা প্রয়োজনভিত্তিক স্তরের নীচে থাকা যুক্তিসংগত হবে না। প্রয়োজনভিত্তিক ন্যূনতম মজুরির চেয়ে কোন উঁচু স্তরে মজুরি বেঁধে দিতে হবে এমন কয়েকটি মান স্থির করা বাঞ্ছনীয় হবে যাদ্বারা, প্রয়োজনভিত্তিক ন্যূনতম মজুরির চেয়ে মজুরি-হারের কোন বৃদ্ধি ঘটলে সংগে সংগে উৎপাদন যেন বৃদ্ধি পায় যাতে রাজ্যের অর্থনীতির উপর মুদ্রাস্ফীতি-জনিত অযথা চাপ সৃষ্টি হতে না পারে।

[1-50—2-00 p.m.]

১:৩ রাজ্যের বর্তমান আর্থিক অবস্থায় উৎপাদন-ক্ষমতা তথা উৎপাদন-বৃদ্ধির বিষয়টির প্রতি সরকার যথেষ্ট গুরুত্ব দেন এবং কোন যুক্তিসম্মত মজুরি-নীতি নির্ধারণের বেলায় এই দিকটিকে কখনই উপেক্ষা করা যেতে পারে না।

শ্রমবিধির সংশোধন

২:১ আমাদের শ্রমবিধিতে যে সমস্ত ফাঁক বা ত্রুটি-বিচ্যুতি আছে এবং প্রশাসনিক ক্ষেত্রে কয়েক বছর ধ'রে যে সমস্ত অসুবিধা ভোগ করতে হচ্ছে সেগুলি দূর করার উদ্দেশ্যে আমাদের সরকার এসব শ্রমবিধি কিছু কিছু সংশোধন করার প্রস্তাব রেখেছেন। এ ব্যাপারে আমাদের সরকার যেসব ব্যবস্থা গ্রহণ করতে চান তার কয়েকটি আমি মোটামুটিভাবে উল্লেখ করছি।

২:২ বর্তমান শিল্প বিরোধ আইনে কনসিলিয়েশন অফিসারদের এমন কোন ক্ষমতা দেওয়া হয় নি যার ফলে তাঁরা আপোস-মীমাংসার উদ্দেশ্যে বিবদমান পক্ষদের সব সময় আলোচনা-বৈঠকে উপস্থিত করাতে পারেন না।

কার্যকরভাবে মীমাংসার পথে এগিয়ে যাওয়ার উদ্দেশ্যে সংশ্লিষ্ট পক্ষদের যাতে সার্থক আলাপ-আলোচনার জন্য আপোস-মীমাংসার বৈঠকে উপস্থিত করানো যেতে পারে সেজন্য কনসিলিয়েশন অফিসারদের সমন জারি করার ক্ষমতা দেওয়া হবে কিনা সে প্রশ্নটি ভেবে দেখা হচ্ছে। অভিজ্ঞতায় দেখা গেছে উচ্চতম কর্তৃপক্ষ যদি আপোস-মীমাংসা বৈঠক আহ্বান করেন, তা হ'লেও নিয়োগকর্তারা কখনো কখনো ন্যায়সংগত কারণ ছাড়াই আপোস-মীমাংসা বৈঠকে অনুপস্থিত থাকেন। আমরা মনে করি যে—সংশ্লিষ্ট পক্ষগণ যদি সামনাসামনি ব'সে আলোচনা করেন এবং একে অন্যের সমস্যাগুলি বোঝাবার চেষ্টা করেন, তা হ'লে অনেক ক্ষেত্রেই বিরোধ মিটে যেতে পারে।

২:৩ ন্যায়-নির্ণয় কার্যবাহ শ্রমিকদের আগ্রহ এবং আস্থা যাতে হ্রাস না পায় সেজন্য চূড়ান্ত রায়দান ত্বরান্বিত করার উদ্দেশ্যে শ্রম বিবাদ আইনমতে ন্যায়-নির্ণয় কার্যবাহ সম্পর্কে প্রক্রিয়াগত খুঁটিনাটির ব্যাপারে সময়-সীমা কমানো যায় কিনা সে-দিকটির প্রতিও আমাদের সরকার যথোচিত দৃষ্টি দিচ্ছেন।

২:৪ যেসকল ছোট দোকান কর্মচারী ঠিকভাবে সংঘবদ্ধ হতে পারেন নি তাঁদের স্বার্থ রক্ষার জন্য সরকার কয়েকটি ব্যবস্থা প্রবর্তনের উদ্দেশ্যে দোকান ও সংস্থা আইন সংশোধন করার কথা ভাবছেন, যেমনঃ—

(ক) কয়েকটি বিতর্কিত বিষয় সম্পর্কে বিস্তারিত ব্যাখ্যা দেওয়া;

(খ) পরিদর্শকদের শ্রেণী বিভাগ করা;

(গ) যে সকল কর্মচারী বর্তমানে মোটর পরিবহণ শ্রমিক আইনের আওতায় পড়েন না তাঁদের দোকান ও সংস্থা আইনের ব্যবস্থাধীনে নিয়ে আসা; এবং

(ঘ) কর্মচারীদের কয়েকটি অতিরিক্ত সুযোগ-সুবিধা দেওয়া।

২:৫ আর একটা বিষয় নিয়ে আমাদের সরকার যে চিন্তা করছেন তা হ'ল ন্যূনতম মজুরি আইনের ব্যবস্থাধীনে অসংগঠিত আরও কিছু শিল্পকে নিয়ে এসে তাদের ন্যূনতম মজুরি আইনের অনুসূচির অন্তর্ভুক্ত করা। এ ধরনের শিল্পে কর্মসংস্থান সম্পর্কে অনুসন্ধানের কাজ ইতিমধ্যেই শুরু করা হয়েছে।

২:৬ আইন প্রণয়ন বিষয়ে, আমি সভার অবগতির জন্য জানাতে চাই যে, চুক্তিবদ্ধ শ্রমিক (নিয়ন্ত্রণ ও বিলোপন) আইনের নিয়মাবলী চূড়ান্তভাবে স্থির হয়েছে এবং প্রকাশিত হয়েছে। এই রাজ্যে এই আইন কার্যকরভাবে রূপায়ণের জন্য এই আইনে যেরূপে উল্লিখিত হয়েছে সেরূপ কার্য-ব্যবস্থা প্রবর্তন, অফিসারদের নিয়োগ এবং ত্রিপাক্ষিক পর্ষদ গঠনের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

শ্রমিক কল্যাণ

৩:১ আমার বিভাগে বর্তমানে শ্রমিক কল্যাণমূলক কাজকর্ম—কতকগুলি সাধারণ শ্রমিক-কল্যাণ কেন্দ্র এবং আদর্শ শ্রমিককল্যাণ কেন্দ্র পরিচালনার ব্যাপারেই প্রধানতঃ সীমিত রয়েছে। এই সরকার দুটি হলি-ডে হোম স্থাপনের জন্য ব্যবস্থা গ্রহণ করেছেন—একটি পার্বত্য অঞ্চলে, অপরটি সমুদ্রের ধারে। এইসব স্থানের স্বাস্থ্যকর আবহাওয়ায় শ্রমিকরা তাঁদের অবকাশ যাপন করতে পারবেন। সরকারের স্বেচ্ছাপ্রণোদিত যে প্রয়াসগুলির কথা উপরে বলা হয়েছে সেগুলি ছাড়াও, কারখানা আইন, বাগিচা শ্রমিক আইন প্রভৃতি বিভিন্ন আইনমতে নিয়োগকর্তারা সংবিধিবদ্ধ কিছু কিছু কল্যাণমূলক সুযোগ-সুবিধার ব্যবস্থা ক'রে থাকেন। কিন্তু এই শ্রমিককল্যাণমূলক কাজ ও সুযোগ-সুবিধাগুলি পর্যাপ্ত ব'লে মনে হয় না, বিশেষ ক'রে যখন শ্রমিকদের প্রত্যাশা সরকারের প্রতিশ্রুতির চাইতে অনেক বেশি।

৩:২ সুসমঞ্জস ও প্রগতিশীল শিল্পভিত্তিক অর্থনীতির বনিয়াদ গঠনের অবশ্য পালনীয় পূর্বশর্ত যে সুখী এবং সন্তুষ্ট শ্রমিক-শক্তি—একথা সকার বিশেষ গুরুত্বের সহিত স্বীকার করেন। উৎপাদন কার্যে নিযুক্ত শ্রমিকদের স্বাভাবিক ও সাংস্কৃতিক সমৃদ্ধির জন্য পর্যাপ্ত কল্যাণমূলক সুযোগ-সুবিধার ব্যবস্থা প্রবর্তন একটি ফলপ্রসূ বিনিয়োগ যার পরিণামে শ্রমিক মালিক সম্পর্ক এবং উৎপাদনের বৃদ্ধি ও উৎকর্ষের ক্ষেত্রে ভাল ফল পাওয়া যাবে। ১৯৬৯ সালে ভারত সরকার কর্তৃক গঠিত শ্রমিককল্যাণ সম্পর্কিত কমিটি এই মর্মে সুপারিশ করেছিলেন যে—নিয়োগকর্তারা শ্রমিক এবং তাঁদের পরিবারবর্গের জন্য ইতিপূর্বে কল্যাণমূলক যা কিছু ব্যবস্থা করেছেন তা ছাড়াও সুসংবদ্ধভাবে তাদের কল্যাণমূলক প্রয়োজন পুরোপুরি মেটাবার

উদ্দেশ্যে প্রত্যেক রাজ্যে সংবিধিবদ্ধ শ্রমিককল্যাণ পর্ষদ স্থাপন করতে হবে। এই পর্ষদগুলির গঠন হবে ত্রিপাক্ষিক এবং স্বয়ংশাসিত ধরনের। শ্রম-সংক্রান্ত জাতীয় কমিশন আরও সুপারিশ করেছেন যে, বর্তমানে কোন কোন রাজ্যে যে পর্ষদগুলি রয়েছে সেগুলির সঙ্গে সঙ্গতি রেখে সকল রাজ্যেই সংবিধিবদ্ধ শ্রমিককল্যাণ পর্ষদ গঠন করতে হবে। বর্তমানে যেসব রাজ্যে এরকম পর্ষদের কাজ চলছে তাদের যেভাবে অর্থসাহায্য করা হয়—এই সব পর্ষদের কাজকর্মের ব্যাপারেও সেইভাবে অর্থসাহায্য করা হবে। মহারাষ্ট্র ও গুজরাটের মত কয়েকটি রাজ্যে উপযুক্ত আইন ক'রে এরূপ পর্ষদ সংস্থাপন করা হয়েছে। আমাদের সরকারও একটি শ্রমিককল্যাণ তহবিল গঠন এবং পরিচালনের জন্য এরূপ একটি ত্রিপাক্ষিক শ্রমিককল্যাণ পর্ষদ গঠন করার এবং এ উদ্দেশ্যে বোম্বাই শ্রমিককল্যাণ তহবিল আইন, ১৯৫৩ এর অনুরূপ একটি আইন প্রণয়নের কথা গভীরভাবে চিন্তা করছেন।

শিল্পক্ষেত্রে শ্রমিক মালিক সম্পর্ক

৪:১ গত কয়েক বছরের তুলনায় বর্তমান-এ পশ্চিমবঙ্গে সব দিক থেকে শ্রমিক মালিক সম্পর্কের উল্লেখযোগ্য উন্নতি হয়েছে। নিম্নের সারণী থেকে এর চিত্রটি পরিস্ফুট হবেঃ -

সারণী—১

১৯৬৯-১৯৭২ কালে কর্মবিরতির সংখ্যা (ধর্মঘট ও লক আউট)

বৎসর		কর্মবিরতির সংখ্যা	কর্মবিরতিতে জড়িত লোকের সংখ্যা	যে সংখ্যক শ্রমদিবস নষ্ট হয়েছে তার সংখ্যা
১৯৬৯	..	৮৯৪	৬৭০,২৭৭	১৩.৮১৮.০৮৬
১৯৭০	..	৮০৬	৪৫৪.০৯৪	৯.৪২৫.১০০
১৯৭১	..	৩৪০	১১১,৫৪৫	৫.৪৭০.০৬৮
*১৯৭২	..	৩৬৭	২২২.০৯৫	৪.৪২৯.২৮১

(*উপরোক্ত সংখ্যাগুলি পরিবর্তনসাপেক্ষ)

সারণী—২

১৯৬৯-১৯৭২ কালে লে-অফ ও ছাঁটাইয়ের বিবরণ

বৎসর		লে-অফ		ছাঁটাই :	
		ইউনিটের সংখ্যা	লে-অফ্-এ জড়িত লোকের সংখ্যা	ইউনিটের সংখ্যা	ছাঁটাই হওয়া লোকের সংখ্যা
১৯৬৯	..	২১০	৪২.৯৬৭	১০১	১.৪৩৯
১৯৭০	..	৩৪৮	১৭২.৮৭৫	১০৩	২,৩১৬
১৯৭১	..	২৫১	২৪১,০৭৬	৭৬	৮৬৪
*১৯৭২	..	২৮৫	৩৭৯,৪০৭	৫৮	১,৩৯১

(*সংখ্যাগুলি পরিবর্তনসাপেক্ষ)

সারণী—৩

১৯৬৯-১৯৭২ কালে শিল্পসংস্থা বন্ধ হওয়ার বিবরণ

বৎসর	বন্ধ হওয়া ইউনিট		পুনরায় খোলা হইয়াছে এরূপ ইউনিট	
	ইউনিটের সংখ্যা	কর্মীর সংখ্যা	ইউনিটের সংখ্যা	কর্মীর সংখ্যা
১৯৬৯ ..	১৮৩	৩২,১২৭	১০৬	২৫,০৭৬
১৯৭০ ..	৩২২	৭৪,১৪৪	১৫৪	৬১,১৯৮
১৯৭১ ..	১৪৩	৪৫,৫৮৮	৮৪	৪০,৮৪৭
*১৯৭২ ..	১৫০	১১,০২৬	২২	৩,৯৭৮

(*সংখ্যাগুলি পরিবর্তনসাপেক্ষ)

সারণী—৪

ঘেরাও

বৎসর			ঘেরাও এর সংখ্যা :
১৯৬৯	..	..	৫১৭
১৯৭০	..	..	৬৩
১৯৭১	..	..	২০
*১৯৭২	..	..	২৮

(*সংখ্যাগুলি পরিবর্তনসাপেক্ষ)

৪·২ এরাজ্যে অর্থনীতি পুনরুজ্জীবিত করার প্রচেষ্টা যাতে বিপর্যস্ত না হয় সেইজন্য সরকার শিল্পে শান্তি ও সৌহার্দ অক্ষুণ্ণ রাখার উপর বিশেষ জোর দিয়েছেন। শিল্পে শান্তি অক্ষুণ্ণ রাখার জন্য এবং উৎপাদন যাতে ব্যাহত না হয় সেই উদ্দেশ্যে, প্রয়োজনবোধে দ্বিপাক্ষিক স্তরে শ্রমিক মালিকের মধ্যে সমষ্টিগতভাবে দর-কষাকষির মাধ্যমে অথবা ত্রিপাক্ষিক আলোচনা বৈঠকের দ্বারা আপোসে বিরোধের দ্রুত মীমাংসায় উৎসাহ দেওয়াই হচ্ছে সরকারী নীতি। এর উদ্দেশ্য হচ্ছে ধর্মঘট, লক-আউট ইত্যাদির দ্বারা যাতে কর্মবিরতি না ঘটে। সেইসঙ্গে সরকারের নীতি হচ্ছে, উৎপাদন ও উৎপাদন ক্ষমতা বৃদ্ধির প্রতি লক্ষ্য রেখে শ্রমিকশ্রেণীর গণতান্ত্রিক অধিকার রক্ষা করা এবং মালিকদের কাছ থেকে তাঁরা যাতে সুবিচার পান তার চেষ্টা করা। শ্রমিকদের ব্যক্তিগত অভিযোগের যাতে দ্রুত প্রতিকার হয় সেজন্য সরকার একটি সুবিন্যস্ত অভিযোগ-প্রতিকার প্রণালী স্থির করার উপর গুরুত্ব আরোপ করেছেন।

৪:৩ শ্রমিকমালিক সম্পর্ক উন্নতির জন্য সরকার বিভিন্ন স্তরে যৌথ আলাপ আলোচনার উৎসাহ দিয়ে থাকেন। এই নীতির ফলশ্রুতিস্বরূপ শ্রমিক মালিক সম্পর্ক এবং অন্যান্য সংশ্লিষ্ট সমস্যা সম্পর্কিত সকল বিষয়ের মূলনীতি ও নির্দেশ স্থির করার উদ্দেশ্যে যৌথ আলাপ-আলোচনার স্থির পদ্ধতি দুর্গাপুর স্টীল প্ল্যান্ট এবং অ্যালয় স্টীল প্ল্যান্ট-এ সর্বপ্রথম প্রবর্তন করা হয়েছে। এর লক্ষ্য হচ্ছে, কর্মচারীদের প্রতি ন্যায়সংগত আচরণ করা যাতে উৎপাদন সর্বোচ্চ মাত্রায় পৌঁছায় এবং যথাযথভাবে প্ল্যান্ট রক্ষা করা এবং চালু রাখা নিশ্চিত হয় এবং যাতে এইসব সরকারী সংস্থায় পরিচালন ব্যাপারে শ্রমিক প্রতিনিধিরা মতামত জানাবার সুযোগ পায়। ত্রি-পদ্ধতি—রাজ্যস্তরে পরিষদ, প্ল্যান্ট স্তরে কমিটি, সর্বনিম্নস্তরে স্কোর লেভেল যুক্ত কমিটি নিয়ে গঠিত। এই কার্যব্যবস্থা প্রবর্তিত হওয়ার পর স্টীল প্রকল্পসমূহে আন্ত-ইউনিয়ন প্রতিদ্বন্দ্বিতা হ্রাস পেয়েছে এবং শ্রমিক মালিক সম্পর্কের ক্ষেত্রে সুনিশ্চিত উন্নতি লক্ষ্য করা গেছে। সরকার অন্যান্য সরকারী পরিচালনাধীন সংস্থায় এই পদ্ধতির উপযোগিতা পরীক্ষা ক'রে দেখতে চান। কার্যতঃ এরূপ পরামর্শ কমিটি গঠন করার জন্য একটি খসড়া চুক্তি মেসার্স ব্রেথওয়েট অ্যান্ড কোঃ লিঃ-এ পরিচালন কর্তৃপক্ষ ও কর্মিসংঘের নিকট পাঠানো হয়েছে।

৪:৪ ৬ই নভেম্বর, ১৯৭২ তারিখে আই এন টি ইউ সি, এ আই টি ইউ সি এবং হলদিয়া রিফাইনারী প্রজেক্টের প্রতিনিধিবৃন্দ ও তাদের দ্বারা নিয়োজিত ঠিকাদারদের মধ্যে ত্রি-পাক্ষিক চুক্তির ফলে একটি পরামর্শ কমিটি গঠিত হয়েছে। এই কমিটির প্রধান কাজ হচ্ছে -(১) ইন্ডিয়া অয়েল কর্পোরেশন (রিফাইনরী ডিভিশন), হলদিয়া, প্রজেক্টে-এর অধীন ঠিকাদারদের দ্বারা নিয়োজিত কর্মীদের চাকুরির শর্তাদির জন্য নির্দেশাবলী স্থির করা, এবং (২) দ্বিপাক্ষিক স্তরে যে সমস্ত শিল্পবিবাদ অমীমাংসিত অবস্থায় আছে সেগুলির মীমাংসা করবার জন্য প্রচেষ্টা চালানো। নির্মাণ কাজের যাতে কোন ব্যাঘাত না হয়, সেজন্য কোনরূপ একতরফা ব্যবস্থা যথা, ছাঁটাই, পদচ্যুতি, লে-অফ, লকআউট, ক্লোজার, ধর্মঘট ইত্যাদি কমিটিকে ১৪ দিনের নোটিস না দিয়ে গ্রহণ করা যাবে না। উপরোক্ত কমিটির চারটি বৈঠক হয়েছে। ঐ কমিটি এই সমস্ত বিষয়ে যখনই কোন সমস্যা দেখা দেবে—তখন তার সমাধান করবেন।

মজুরি নির্ধারণ সম্পর্কে শিল্পভিত্তিক চুক্তি

৫ পাট ও সুতীবস্ত্র শিল্প সম্পর্কিত শিল্পভিত্তিক মীমাংসাসমূহ, শিল্পে শান্তি অক্ষুণ্ণ রেখে শ্রমিকদের যথেষ্ট উপকার করেছে। ইঞ্জিনিয়ারিং শিল্প সম্পর্কেও সরকার শিল্প-ভিত্তিক মীমাংসায় উৎসাহ দেওয়ার জন্য হস্তক্ষেপ করতে উদ্যোগী হয়েছেন। সুতীবস্ত্র শিল্প সম্পর্কে যে ত্রি-পাক্ষিক শিল্পভিত্তিক মীমাংসা হয়েছে তা হ'ল একটি অন্তর্বর্তী ব্যবস্থা, যার শর্ত হচ্ছে দ্বিপাক্ষিক আপোস আলোচনার মাধ্যমে চূড়ান্ত মীমাংসায় উপনীত হওয়া; দুর্ভাগ্যক্রমে দ্বিপাক্ষিক আলোচনা ব্যর্থ হয়েছে এবং চূড়ান্ত মীমাংসায় উপনীত হওয়ার উদ্দেশ্যে অতঃপর সরকারী স্তরে বিবাদের মীমাংসার চেষ্টা হচ্ছে। চা-শিল্পের মজুরি নির্ধারণ কমিটি উক্ত শিল্পে নিযুক্ত কর্মীদের বর্ধিত বেতন নির্দিষ্ট ক'রে দেবার জন্য গত ৯ই ফেব্রুয়ারি, ১৯৭২ তারিখে একটি মীমাংসায় উপনীত হয়েছেন। গত ২৩শে ডিসেম্বর, ১৯৭২ তারিখ থেকে ভারতরক্ষা নিয়মাবলীতে মুদ্রণ শিল্পের কর্মিদের মধ্যকালীন সুবিধা বাবত প্রতিমাসে এড হক বৃদ্ধি হিসাবে ১৬ টাকা ক'রে দেবার নির্দেশ দেওয়া হয়েছে। ঐ তারিখ থেকে ভারতরক্ষা নিয়মাবলীতে মুদ্রণ শিল্প অত্যাবশ্যক কৃত্য বলে ঘোষিত হয়েছে। দুর্ভাগ্যবশতঃ প্রিন্টার্স অ্যাসোসিয়েশন হাইকোর্টে মামলা দায়ের করেছেন এবং ভারতরক্ষা নিয়মাবলীতে সরকারী কার্য-ব্যবস্থার বিরুদ্ধে অন্তবর্তীকালীন নিষেধাজ্ঞা লাভ করেছেন। কিন্তু এ সত্ত্বেও কতকগুলি প্রেস এই মজুরীসংক্রান্ত আদেশ কার্যকর করেছেন ব'লে জানা গেছে।

[2-00—2-10 p.m.]

পরামর্শ কমিটি এবং উপদেষ্টা পর্ষদের বৈঠক

৬ নূতন মন্ত্রিসভা কার্যভার গ্রহণের পর, রাজ্য শ্রম-উপদেষ্টা পর্ষদের বৈঠক গত ১১ই সেপ্টেম্বর, ১৯৭২ এবং ১৯শে সেপ্টেম্বর, ১৯৭২ তারিখে অনুষ্ঠিত হয়। মুখ্যমন্ত্রী ঐ বৈঠক উদ্বোধন করেন এবং শ্রমমন্ত্রী সভাপতির আসন গ্রহণ করেন। ঐ বৈঠকে মুখ্যমন্ত্রী এবং শ্রম-মন্ত্রী তাঁদের ভাষণে আগামী কয়েক বৎসর শ্রম বিভাগে যে কর্মপন্থা গ্রহণ করা হবে সেই সম্পর্কিত নীতির বিশদ ব্যাখ্যা করেন। রাজ্য শ্রম উপদেষ্টা পর্ষদের অন্যতম সিদ্ধান্ত ছিল—একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করা, যাঁরা কলকাতার শিল্পাঞ্চলে শিল্প শ্রমিকদের জীবনযাত্রার ব্যয়সূচক সংখ্যাগুলির ত্রুটিবিচ্যুতি পরীক্ষা ক'রে দেখবেন। রাজ্য সরকার প্রস্তাবিত বিশেষজ্ঞ কমিটিতে বিশেষজ্ঞ নিয়োগের জন্য, কলিকাতা বিশ্ববিদ্যালয়, যাদবপুর বিশ্ববিদ্যালয়, ইণ্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউট এবং ন্যাশনাল কাউন্সিল অব অ্যাপ্লায়েড ইকনমিক রিসার্চ, নূতন দিল্লীকে অনুরোধ জানিয়েছেন। এই বিষয়টির খুঁটিনাটি চূড়ান্তভাবে স্থির করার জন্য এখনও পত্রালাপ চলছে। ঐ বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী রাজ্য সরকার যে সমস্ত বন্ধ ও রুগ্ন শিল্পের পরিচালনাভার গ্রহণ করেছেন, সেখানকার কর্মচারীদের বোনাস প্রদান সম্পর্কে বোনাস অর্ডিন্যান্সের ভিত্তিতে নির্দেশ-নীতি স্থির করে দিয়েছেন।

মুটে-মজুর, পরিবহণ কর্মী ইত্যাদি এবং অন্যান্য শ্রেণীর যেসব ক্যাজুয়াল লেবার সাময়িক কাজে নিযুক্ত আছেন তাঁদের কল্যাণ ও স্বার্থরক্ষার জন্য পর্ষৎ গঠন

৭ দেশের বিভিন্ন অংশে বিশেষ ক'রে বড় বড় কয়েকটি শহর ও নগরে প্রচুর সংখ্যক অসংগঠিত ও অরক্ষিত শ্রমিক কাজে নিযুক্ত আছেন, যে অবস্থায় তাঁরা কাজ করেছেন সেদিকে আমাদের সরকারের দৃষ্টি আকৃষ্ট হয়েছে এবং ঠিক করা হয়েছে যে ঐসব শ্রমিকদের চাকরির অবস্থার উন্নতিসাধন করা, তাঁদের রক্ষা করা, এবং তাঁদের যতটা সম্ভব কল্যাণমূলক সুবিধাদি দেওয়া যায় সেজন্য নির্দিষ্ট ব্যবস্থা গ্রহণ করা উচিত। তাঁদের বিষয়টি বিবেচনার সময় আমাদের সরকার বাজারে, দোকানে যেসব মুটে-মজুর মালবোঝাই ও খালাস করা, গাদা করা, বহন করা ইত্যাদির কাজে নিযুক্ত আছেন তাঁদের এবং মালবোঝাই ও খালাসের কাজে নিযুক্ত অন্যত্র বিভিন্ন শ্রেণীর পরিবহণ কর্মীদের স্বার্থের কথা ভেবে দেখেছেন। এই-সমস্ত শ্রেণীর কর্মীদের সুবিধাদানের ক্ষেত্রে প্রধান অন্তরায় হ'ল যে, এইসব কর্মীরা যে মালিকের অধীনে কাজ করেন বা যে ব্যক্তির অধীনে কোন সুনির্দিষ্ট কাজে নিযুক্ত থাকেন সেই মালিক বা ব্যক্তির সংগে তাঁদের কাজ সম্পর্কে কোনরূপ নির্দিষ্ট বন্দোবস্ত থাকে না। বর্তমানে যে সমস্ত শ্রমিক আইন বলবৎ আছে তার আওতায় এঁদের নিয়ে আসা সম্ভব নয়, কিংবা বর্তমানে যে সমস্ত সংবিধিবদ্ধ কল্যাণমূলক ব্যবস্থা রয়েছে তাও ঐসব শ্রমিকদের কার্যত দেওয়া সম্ভব নয়। এই ধরনের শ্রমিক কর্মীদের সমস্যাগুলি আমাদের সরকারে দৃষ্টি আকর্ষণ করেছে। সরকার ভাবছেন যে, বিশেষ আইন প্রণয়ন ক'রে এই সমস্ত শ্রেণীর কর্মচারীদের চাকরির শর্তাবলী নিয়ন্ত্রণ করবেন এবং এ ব্যাপারে প্রকল্প তৈরি করে, ঐ প্রকল্প রূপায়ণ ও পরিচালনের দায়িত্বভার এক বা একাধিক পর্ষদের উপর অর্পণ করবেন। এই পর্ষদে সদস্য থাকবেন—সরকার কর্তৃক মনোনীত মালিকপক্ষের প্রতিনিধি, অরক্ষিত কর্মচারীদের প্রতিনিধি এবং রাজ্য সরকারের প্রতিনিধি এবং প্রয়োজনবোধে ক্রেতাদের প্রতিনিধি। বর্তমানে যে সমস্ত শ্রমিক আইন, বলবৎ আছে যেমন, দোকান ও সংস্থা আইন, মজুরি প্রদান আইন কর্মচারীদের ক্ষতিপূরণদান আইন—ইত্যাদি আইনে যেসব রক্ষা-কবচ এবং সুযোগসুবিধা রয়েছে তা একটি প্রকল্পের মাধ্যমে এই সমস্ত কর্মচারীদের ক্ষেত্রে প্রয়োগ করা হবে এবং ঐ প্রকল্পের কাজ পূর্বোক্ত পর্ষদ কর্তৃক পরিচালিত হবে। এই প্রকল্পে ঐরূপ শ্রেণীর অরক্ষিত শ্রমিকদের নাম রেজিস্ট্রী করার ব্যবস্থা করা হবে।

শিল্প বিরোধের মীমাংসা

৮·১ শ্রমমন্ত্রী এবং শ্রম বিভাগের রাষ্ট্রমন্ত্রী শ্রম অধিকারের প্রচেষ্টায় বেশ কিছু গুরুত্বপূর্ণ বিষয়ে মীমাংসায় পৌঁছান সম্ভব হয়েছে। রিজার্ভ ব্যাঙ্কের যে ধর্মঘটের ফলে রাজ্যের অর্থনৈতিক জীবনযাত্রা সম্পূর্ণভাবে পঙ্গু হয়ে গিয়েছিল, ভারত সরকারের অনুরোধে রাজ্য শ্রমমন্ত্রীর ব্যক্তিগত হস্তক্ষেপে তা প্রত্যাহার করে নেওয়া হয়। অনুরূপভাবে, কয়লা শিল্পের কেন্দ্রীয় ক্ষেত্রে যে ব্যাপক ধর্মঘটের হুমকি দেওয়া হয়েছিল তা মুখ্যমন্ত্রী এবং শ্রমমন্ত্রীর ব্যক্তিগত হস্তক্ষেপের ফলে এড়ানো গিয়েছিল।

৮:২ অন্যান্য যে কয়টি সংস্থা সম্পর্কে গুরুত্বপূর্ণ মীমাংসা হয়েছিল সেগুলি হ'ল,—

(১) মাল্লাদের প্রস্তাবিত ধর্মঘট,
(২) মেসার্স ডানলপ ইন্ডিয়া লিমিটেড, সাহাগঞ্জ কারখানা,
(৩) মেসার্স ইন্ডিয়া ফয়েল্‌স লিমিটেড, কামারহাটি,
(৪) মেসার্স টিটাগড় পেপার মিলস, ব্যারাকপুর,
(৫) মেসার্স মেটাল বক্স কোম্পানি অব ইন্ডিয়া লিমিটেড,
(৬) মেসার্স অ্যালকেলি কেমিক্যালস,
(৭) মেসার্স বামার লরি,
(৮) মেসার্স উইমকো লিমিটেড,
(৯) মেসার্স গ্র্যান্ড হোটেল,
(১০) মেসার্স কুসুম প্রোডাকট্‌স,
(১১) মেসার্স বেঙ্গল কেমিক্যাল এবং ফার্মাসিউটিক্যালস ওয়ার্কস
(১২) মেসার্স ইনচেক টায়ার্স,
(১৩) মেসার্স কোহিনুর ফ্যাক্টরি,
(১৪) মেসার্স স্ট্যান্ডারড ফার্মাসিউটিক্যালস,
(১৫) মেসার্স কলিকাতা কর্পোরেশনের কর্মচারীদের ধর্মঘট,
(১৬) মেসার্স বেঙ্গল পেপার মিলস,
(১৭) মেসার্স বাটা সু কোম্পানী লিমিটেড,
(১৮) মেসার্স উষা সুয়িং মেসিন,
(১৯) মেসার্স মডার্ন বেকারিজ্‌ লিমিটেড,
(২০) মেসার্স নর্থ ব্রুক জুট মিলস,
(২১) মেসার্স কেশোরাম কটন মিল, এবং
(২২) মেসার্স হিন্দুস্থান মোটরস।

৮·৩ কেন্দ্রীয় সরকার কর্তৃক ইন্ডিয়ান আয়রন অ্যান্ড স্টিল কোং লিমিটেডের এবং অ-জ্বালানি কয়লা খনির পরিচালন ভার গ্রহণ এই রাজ্যের শিল্পক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ দু'টি ঘটনা। এই রাজ্যের বৃহত্তর স্বার্থে এই ব্যবস্থা গ্রহণের জন্য আমাদের সরকার অনেকদিন ধরে কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন করছিলেন।

রুগ্ন এবং বন্ধ ইউনিট

৯ আই আর সি আই এবং অনান্য প্রতিষ্ঠানের সাহায্য নিয়ে সরকার রুগ্ন এবং বন্ধ ইউনিটগুলি পুনর্জীবিত এবং/অথবা পুনরায় খোলার নীতি সবদাই অনুসরণ ক'রে চলেছেন। কিছু সংখ্যক ইউনিট পুনরায় খোলা হয়েছে। এই রাজ্যের রুগ্ন এবং বন্ধ কাপড়ের কলগুলির সমস্যাদির মোকাবিলা করার জন্য রাজ্যে একটি টেকস্টাইল কর্পোরেশন গঠনের সিদ্ধান্তও নেওয়া হয়েছে।

বিদ্যুৎ রেশনিং

১০ বিদ্যুৎসংকট ঘটিত যে পরিস্থিতির ফলে বিদ্যুৎ রেশনিং করতে হয়েছে তার মোকাবিলা করার জন্য রাজ্য সরকার শিল্প সংস্থাগুলিকে, কারখানার সুষ্ঠু পরিচালনার সুবিধা ক'রে দেবার উদ্দেশ্যে শিল্প বিবাদ আইন এবং কারখানা আইনের প্রয়োজনীয় অব্যাহতি দিয়েছেন। রাজ্য সরকার এই আশ্বাস দিয়েছেন যে, বিদ্যুৎ রেশনিং-এর ফলে কর্মীদের কোনভাবে ছাঁটাই হবে না।

শ্রম সম্পর্কে আইন প্রণয়ন

১১:১ সংশ্লিষ্ট বৎসরে পশ্চিমবঙ্গ কর্মচারীদের অবশ্যপ্রাপ্য আনুতোষিক প্রদান আইন, ১৯৭১ এবং তদধীনে প্রণীত নিয়মাবলী বলবৎ করা হয়েছিল। এই রাজ্যে অতঃপর আনুতোষিক প্রদান আইন, ১৯৭২ এই নামে একটি কেন্দ্রীয় আইন, রাজ্য আইনটির স্থলাভিষিক্ত হয়। রাজ্য সরকার এ কেন্দ্রীয় আইন অনুসারে নিয়মাবলী প্রণয়ন করেছেন।

১১:২ শ্রমিকদের প্রাপ্য ন্যূনতম বোনাস বৃদ্ধির জন্য এই সরকারের প্রচেষ্টা সফল হয়েছে। কারণ কেন্দ্রীয় সরকার বোনাস প্রদান আইন, ১৯৬৫, সংশোধন করেছেন, যা দ্বারা, মুনাফা বা লোকসান যাই হোক না কেন, অর্জিত বার্ষিক মজুরির শতকরা ৮⅓ হারে ন্যূনতম বোনাস প্রদানের ব্যবস্থা করা হয়েছে।

১১:৩ এর ফলে শিল্পক্ষেত্রে একটা অনুকূল আবহাওয়ার সৃষ্টি হয়েছে এবং বোনাস সংক্রান্ত শিল্প বিবাদের ঘটনা অনেক হ্রাস পেয়েছে। শ্রমিকদের প্রতি সুবিচার করবার এবং প্রশাসনিক অসুবিধাগুলো দূর করবার জন্য রাজ্য সরকার, শিল্প বিবাদ আইন, ১৯৪৭, ট্রেড ইউনিয়ন আইন, ১৯২৬ এবং মজুরি প্রদান আইন, ১৯৩৬ এবং পশ্চিমবঙ্গ দোকান সংস্থা আইন, ১৯৪৩ উপযুক্তভাবে সংশোধনের কথা বিবেচনা করে দেখছেন।

ন্যূনতম মজুরি আইনের প্রশাসন

১২ আলোচ্য বৎসরে পরিদর্শকগণ বিভিন্ন অনুসূচিত কর্ম নিয়োগের ক্ষেত্রে ২,৯৬০ বার পরিদর্শনের কাজ সম্পন্ন করেছেন। ন্যূনতম মজুরি আইন, ১৯৪৮ অনুযায়ী কর্তৃপক্ষের সমক্ষে দাবি সংক্রান্ত ৪৩টি মামলা এ আইনমতে দায়ের করা হয়েছে। ন্যূনতম মজুরি আইন এবং নিয়মাবলীর বিধান ভঙ্গের জন্য পরিদর্শকগণ ১৪৩টি মামলা দায়ের করেছেন। বিভিন্ন আদালত ৪৮টি মামলার নিষ্পত্তি করেছেন এবং জরিমানা বাবত ২,৬৫৫ টাকা আদায় হয়েছে। সিঙ্কোনা চায়ের ক্ষেত্রে মজুরির ন্যূনতম হার সংশোধন করা হয়েছে এবং ঔষধি চায়ের ক্ষেত্রে মজুরি হার নির্ধারণের নীতি সংশোধন করা হয়েছে।

কর্ম-নিয়োগ পরিস্থিতি

১৩·১ পূর্ববর্তী বৎসরে ৪৪,৯৭৭টি কর্মখালির বিজ্ঞাপন দেওয়া হয়েছিল এবং আলোচ্য বৎসরে সে জায়গায় দেওয়া হয়েছে ৫৩,৪৩৯টি বিজ্ঞাপন। এতে শতকরা ১৮·১ ভাগ বৃদ্ধি

লক্ষ্য ...ছে। সরকারী এবং বেসরকারী উভয় ক্ষেত্রেই এই বৃদ্ধি লক্ষ্য করা গেছে। কর্ম-নিয়োগ ...দ্রগুলি ১৯৭২ সালে ২৫,৫৬০ জন দরখাস্তকারীর জন্য চাকুরির ব্যবস্থা ক'রে দিতে পেরে... পূর্ববর্তী বৎসরে এই সংখ্যা ছিল ২০,১৪৬। এতে বৃদ্ধির পরিমাণ হ'ল শতকরা ২৬·... । ৩১শে ডিসেম্বর, ১৯৭২ তারিখে রাজ্যের বিভিন্ন কর্ম-নিয়োগ কেন্দ্রগুলিতে চাল... ...টারভুক্ত দরখাস্তকারীদের সংখ্যা হ'ল ১৩,৭৮,৪৮০। সেই তুলনায় ১৯৭১ সালের শেষ দিকে এ সংখ্যা ছিল ৮,৬৭,০৮৩। এতে শতকরা ৫৯ ভাগ বৃদ্ধি লক্ষ্য করা যায়। যদিও ১৯৭২ সালে প্রজ্ঞাপিত কর্মখালির সংখ্যা ১৯৭১ সালের তুলনায় শতকরা ১৮;১ ভাগ বৃদ্ধি পেয়েছিল এবং কর্ম-নিয়োগের পরিমাণ বৃদ্ধি পেয়েছিল শতকরা ২৬;৯ ভাগ, তবুও তা দিয়ে চাকুরীপ্রার্থী দরখাস্তকারীদের বিশেষ ক'রে যে সমস্ত শিক্ষিত বেকার বিভিন্ন কর্ম-নিয়োগ কেন্দ্রে তাঁদের নাম রেজিস্ট্রী করেছিলেন, তাঁদের সংখ্যার শতকরা ৫৯;০০ ভাগ বৃদ্ধির প্রতি-পূরণ হ... না।

১৩·২ নিচের সারণী থেকে পশ্চিমবঙ্গ শিক্ষিত বেকারের সংখ্যা বৃদ্ধির ভয়াবহ চিত্রটি স্পষ্ট হয়ে উঠেছে—

শ্রেণী	৩১-১২-৭২ তারিখে যেরূপ ছিল (পরিবর্তনসাপেক্ষ)	৩১-১২-৭১ তারিখে যেরূপ ছিল
(১) স্কুল ফাইন্যাল কিংবা তার সমতুল্য ..	১৮৩,৫৯৫	১০৯,০৫৪
(২) আণ্ডার গ্রাজুয়েট (উচ্চমাধ্যমিক, ইণ্টার-মিডিয়েট, প্রাক বিশ্ববিদ্যালয়সহ)	৩২৪,৭৭৭	১৭৯,৬৮৪
(৩) গ্রাজুয়েট এবং তার উর্ধ্বে—		
(ক) ইঞ্জিনিয়ারিং	২,৪৩৩	২,৩২৩
(খ) মেডিক্যাল	৫৬	৪৩
(গ) অন্যান্য	১৩৭,৬১৩	৭৯,৪৪২
মোট ..	৬৪৮,৪৭৪	৩৭০,৫৪৭

১৩·৩ কর্ম-নিয়োগ কেন্দ্র (কর্মখালির আবশ্যিক প্রজ্ঞাপন) আইন, ১৯৫৯, বলবৎ থাকা সত্ত্বেও এই আইনের আওতায় পড়ে এমন সমস্ত কর্মখালির বিষয় যে কর্ম-নিয়োগ কেন্দ্রগুলিকে জানানো হচ্ছে না তার প্রমাণ আছে। সুতরাং এই আইনের বিবিধ বিধানের কার্যকর রূপায়ণের জন্যে জাতীয় কর্ম-নিয়োগ কৃত্যক অধিকারে (ডিরেক্টরেট অব ন্যাশনাল এমপ্লয়মেন্ট সার্ভিস) একজন উপ-অধিকর্তার (ডেপুটি ডিরেক্টর) অধীনে প্রয়োজনীয় সংখ্যক কর্মচারী নিয়ে একটা নির্বহণ শাখা (এনফোর্সমেন্ট উইং) খোলার অনুমতি দেওয়া হয়েছে। চতুর্থ পঞ্চবার্ষিক যোজনায় বর্তমান বৎসরে রায়গঞ্জ উলুবেড়িয়া এবং আলিপুরদুয়ারে একটি ক'রে মোট তিনটি জেলা কর্ম-নিয়োগ কেন্দ্র খোলা হয়েছে। বিভিন্ন প্রকার উন্নয়নমূলক কাজে শ্রমসম্পদকে যাতে সুসংগতভাবে ব্যবহার করা যায় সেইজন্য পরিকল্পিত অর্থনীতিতে শ্রমশক্তির সম্পূর্ণ তথ্যাদি সংশ্লিষ্ট সকল পক্ষেরই পাওয়া উচিত। এই উদ্দেশ্যে কর্ম-নিয়োগ কেন্দ্রগুলিকে কর্মখালির বিবরণ সংগ্রহের জন্য উপযুক্ত সংগঠন গ'ড়ে তুলতে বলা হয়েছিল। দ্বিতীয় যোজনাকালে

এই সংগঠন চালু করা হয়। এ পর্যন্ত ২৮টি কর্মখালির তথ্যকেন্দ্র খোলা হয়েছে। ১৯৭৩-৭৪ সালে আর একটি কেন্দ্র খোলার কথা আছে। এ পর্যন্ত ২১টি বৃত্তিনির্দেশ কেন্দ্র খোলা হয়েছে এবং ১৯৭৩-৭৪ সালে আরো একটি বৃত্তিনির্দেশ কেন্দ্র খোলার কথা আছে।

কর্মচারী বীমার প্রকল্প

১৪·১ কলকাতা ছাড়াও হাওড়া, হুগলী, ২৪-পরগনা জেলায় এবং নদীয়ার প্রজ্ঞাপিত অঞ্চল কল্যাণীতে কর্মচারী রাজ্যবীমা (এম বি) প্রকল্প রূপায়িত করা হয়েছে। এই প্রকল্পের আওতায় মোট ৩২ লক্ষ ব্যক্তি রয়েছেন। তার মধ্যে ৮ লক্ষ ব্যক্তি বীমার অন্তর্ভুক্ত এবং বাকিরা তাঁদের পরিবারের লোকজন। ১লা এপ্রিল, ১৯৭২ থেকে প্রজ্ঞাপিত অঞ্চল কল্যাণীকে এই প্রকল্পের আওতায় আনা হয়েছে। কলকাতা ও হাওড়ায় বীমাভুক্ত ব্যক্তিদের পরিবারের লোকজনের জন্য বিশেষ ঔষধ সরবরাহ এবং বিশেষজ্ঞদের দিয়ে চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে।

১৪·২ যাঁরা সুযোগ সুবিধা পান তাঁদের জন্য যাতে দ্রুত এবং নিয়মিত সুনিশ্চিত ঔষধ সরবরাহ করা যায় সেইজন্য যে সমস্ত এলাকায় এ প্রকল্প রূপায়িত করা হয়েছে সেইসমস্ত এলাকায় ৩৪টি রাজ্য বীমা ঔষধালয় (গভর্নমেন্ট কেমিস্ট স্টোর্স) চালু রয়েছে। গভর্নমেন্ট কেমিস্ট স্টোর্স এবং ৮টি (আটটি) কর্মচারী রাজ্যবীমা হাসপাতাল ও যে সমস্ত চিকিৎসা কেন্দ্র খোলা হবে সেগুলির সাহায্য করার জন্য এই প্রকল্পে সর্বপ্রকার সুযোগসুবিধা সহ একটি সেন্ট্রাল মেডিকেল স্টোর্স খোলা হয়েছে। বীমাভুক্ত ব্যক্তিরা এবং তাঁদের পরিবারের লোকজনেরা যাতে বিশেষজ্ঞদের দিয়ে চিকিৎসা করাতে পারেন সেইজন্য যেসব বীমাভুক্ত ব্যক্তি ক্যান্সারে ভুগছেন তাঁদের চিকিৎসার জন্য চিত্তরঞ্জন ক্যান্সার হাসপাতালে ২টি শয্যা সংরক্ষিত রাখা হয়েছে এবং বজবজের সরকারপুল মানসিক হাসপাতালে মানসিক রোগের চিকিৎসার জন্য ২টি শয্যা সংরক্ষিত রাখা হয়েছে।

১৪·৩ কর্মচারী রাজ্যবীমা প্রকল্পাধীনে একটি ছোট ব্লাড ব্যাংক খোলার জন্য ইতিমধ্যেই অনুমতি দেওয়া হয়েছে। মোট ২ কোটি টাকা ব্যয়ে মানিকতলায় ৪০০ শয্যাবিশিষ্ট একটি সাধারণ এবং আসানসোলে ১৫০টি শয্যাবিশিষ্ট যক্ষ্মা হাসপাতাল নির্মাণের জন্য ইতিমধ্যেই প্রশাসনিক অনুমোদন দেওয়া হয়েছে। এইসব হাসপাতালের জন্য ইতিমধ্যেই জমি সংগ্রহ করা হয়েছে এবং কর্মচারী রাজ্যবীমা কর্পোরেশন থেকে টাকা পাওয়া গেলে নির্মাণ কার্য শুরু করা হবে। এই বৎসরে গৌরহাটিতে একটি সুসজ্জিত হাসপাতাল উদ্বোধন করা হয়েছে।

[2-10—2-20 p.m.]

কারখানা আইন প্রশাসন

১৫ সম্প্রতি কয়েক বৎসরে কারখানায় দুর্ঘটনার সংখ্যা আকস্মিকভাবে বৃদ্ধি পাওয়ায় সরকার খুবই উদ্বিগ্ন। কারখানা অধিকার (ডাইরেক্টরেট) এ-ব্যাপারে ব্যবস্থা নিয়েছেন। সংশ্লিষ্ট আইনের নিরাপত্তামূলক বিধানসমূহ ভঙ্গের জন্য এঁরা যে সব অভিযোগ দায়ের করেন তার সংখ্যা বৃদ্ধি থেকেই এর প্রমাণ পাওয়া যাবে। যেখানে ১৯৭১ সালে দায়ের করা হয়েছিল ৩৩৭টি অভিযোগ সেখানে ১৯৭২ সালে দায়ের করা হয়েছে মোট ৫৪৭টি অভিযোগ। নিরাপত্তামূলক বিধানসমূহ পালন করার জন্য যেখানে ১৯৭২ সালে আনা হয়েছিল ১২৫টি অভিযোগ সেখানে ১৯৭২ সালে ২২৫টি অভিযোগ আনা হয়েছে। এমন পরিস্থিতিতে অধিকাংশ দুর্ঘটনা ঘটে থাকে যা কেবল আইন প্রণয়ন ক'রে নিয়ন্ত্রণ করা সম্ভব নয়। তদুপরি অসমর্থ ব্যক্তিদের জন্য কর্মচারী রাজ্যবীমা প্রকল্পে যে সুযোগসুবিধার ব্যবস্থা আছে তার ব্যাপক ব্যবহার

এবং দুর্ঘটনা রোধকল্পে সতর্কতামূলক ব্যবস্থা অবলম্বনে কারখানার পরিচালকদের অনীহা অনেক দুর্ঘটনার প্রধান কারণ। ২৬০টি কারখানা ১৯৭২ সালে কারখানা আইনের অধীনে আনা হয়েছে। তার মধ্যে ৯৭টি নূতন এবং ১৬৩টি পুরানো কারখানা। নূতন কারখানাগুলিতে মোট যে সংখ্যক কর্মীকে নিয়োজিত করা হবে ব'লে প্রস্তাব আছে, তা হ'ল ৩,৭৭৬।

বয়লার আইন প্রশাসন

১৬ ১,৯৩২টি বয়লার পরিদর্শনের কাজ নির্ধারিত সূচি অনুযায়ী শেষ করা হয়েছে, এবং ১লা এপ্রিল, ১৯৭১ থেকে ৩১শে জানুয়ারী, ১৯৭৩ তারিখের মধ্যে তৎসংক্রান্ত পরীক্ষার প্রমাণ-পত্র দেওয়া হয়েছে। এই রাজ্যে ১লা এপ্রিল, ১৯৭২ তারিখ পর্যন্ত নিবন্ধবই (রেজিস্টার) অনুযায়ী মোট বয়লারের সংখ্যা হচ্ছে ৩,৫০৭। বয়লার অধিকার (ডারেক্টরেট) সান্তালদি পরিকল্পে বয়লার স্থাপনের কাজে তত্ত্বাবধানে রত আছেন। সেখানে দু'টি বয়লার বসানো হচ্ছে। হলদিয়া পরিকল্পে বয়লার ও পাইপ লাইন বসানোর কাজ ইতিমধ্যেই শুরু করা হয়েছে। বয়লার অধিকার-এর তত্ত্বাবধানে ঐ জায়গায় তিনটি বয়লার বসানো হচ্ছে। রাজ্যের বয়লার নির্মাণ শিল্প এবং অন্যান্য সহায়ক ইঞ্জিনিয়ারিং শিল্পের বিবিধ পরীক্ষার প্রয়োজন মেটানোর উদ্দেশ্যে কলকাতার তারাতলা রোডে বয়লার অধিকার-এর অধীনে পরীক্ষাকার্যের জন্য একটি ল্যাবরেটরি তৃতীয় পঞ্চবার্ষিক যোজনাকালে স্থাপন করা হয়। কয়েকটি উন্নতমানের যন্ত্রপাতি ইতিমধ্যেই কেনা হয়েছে এবং বয়লার প্রযুক্তি বিদ্যার ক্ষেত্রে এটা যাতে একটা উৎকৃষ্ট ল্যাবরেটরি হয় সেইজন্য আরও কয়েকটি যন্ত্রপাতি কেনা হবে।

শ্রমিকদের ক্ষতিপূরণ আইনের প্রশাসন

১৭·১ ১লা এপ্রিল, ১৯৭২ থেকে ৩১শে ডিসেম্বর, ১৯৭২ তারিখ পর্যন্ত সময়ে রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়াতে শ্রমিকদের ক্ষতিপূরণের জন্য কমিশনারের পি এল অ্যাকাউন্টে টাঃ ২০,৪৮,৭১৬·২৩ পয়সা জমা রাখা হয়েছিল। কমিশনার ১,৭১০টি ক্ষেত্রে টাকা প্রদানের আদেশ দেন। সেইজন্য ব্যাঙ্ক থেকে টাঃ ১৯,৩৫,১৩৭·৬১ পয়সা তোলা হয়। এর মধ্য থেকে টাঃ ২,০৭,৪৫০·২৩ পয়সা মৃত শ্রমিকদের পোষ্যদের ভবিষ্যৎ উপকারের জন্য পোস্ট অফিস সেভিংস ব্যাঙ্ক অ্যাকাউন্টে জমা রাখা হয় এবং বাকি টাকা আহত শ্রমিকদেরকে এবং মৃত শ্রমিকদের পোষ্যদের দেওয়া হয় এবং সামান্য কিছু টাকা নিয়োগকর্তাকে ফেরত দেওয়া হয়।

১৭·২ বর্ধমান, বীরভূম, বাঁকুড়া এবং পুরুলিয়া জেলার শ্রমিকদের যাতে ক্ষতিপূরণের টাকা দ্রুত দেওয়া যায় সেজন্য দুর্গাপুরে একটি নূতন শ্রমিক ক্ষতিপূরণ আদালত খোলা হচ্ছে। জেলা বিচারকের পদমর্যাদাসম্পন্ন একজন আধিকারিককে ইতিমধ্যেই নিয়োগ করা হয়েছে। প্রয়োজনীয় গৃহাদি সংগ্রহ করা হয়েছে এবং প্রয়োজনীয় কর্মিবর্গ নিয়োগের জন্য ইতিমধ্যেই অনুমোদন দেওয়া হয়েছে। কয়লাখনি অঞ্চলে একটি আদালত বিশেষ ক'রে কয়লাখনি শ্রমিক-দের অভাব-অভিযোগের দ্রুত প্রতিকার করবে ব'লে আশা করা যাচ্ছে।

দোকান এবং সংস্থা

১৮ পশ্চিমবঙ্গ দোকান ও সংস্থা আইন, ১৯৬৩, পশ্চিমবঙ্গের সমস্ত জেলা জুড়ে ১০৪টি অঞ্চলে চালু আছে। ১৯৪০ খ্রীষ্টাব্দের পুরানো আইন বাতিল ক'রে ঐ আইনটি ১৫ই অগাস্ট, ১৯৬৪ তারিখ থেকে চালু হয়। ১৯৭২ সালে নিবন্ধভুক্ত দোকান ও সংস্থার মোট সংখ্যা ছিল ৯,৪০০; কৃত পরিদর্শকের সংখ্যা ছিল ১,৪২,২৬৫ এবং দায়ের-করা অভিযোগের সংখ্যা ছিল ৬,৭৮০।

কর্মচারীদের ভবিষ্যনিধি

১৯ কর্মচারীদের ভবিষ্যনিধি এবং পরিবার পেনসন তহবিল আইন, ১৯৫২, একটি সামাজিক নিরাপত্তাবিধায়ক আইন, যাতে কর্মচারীদের বিশেষ ক'রে, বৃদ্ধ বয়সে, উপকারসাধনের ব্যবস্থা আছে। কর্মচারী ভবিষ্যনিধি প্রকল্প, ১৯৫১, ১লা নভেম্বর, ১৯৫২ তারিখ থেকে বলবৎ হয়। এই আইন শুরুতে ছয়টি প্রধান শিল্পের ক্ষেত্রে প্রযোজ্য ছিল, যথাঃ—(১) সিমেন্ট, (২) সিগারেট, (৩) ইলেকট্রিক্যাল, মেকানিক্যাল, জেনারেল ইঞ্জিনিয়ারিং প্রোডাক্টস, (৪) লোহা এবং ইস্পাত, (৫) কাগজ এবং (৬) বস্ত্র। কিন্তু এখন আইনটিকে ১২৮ রকমের শিল্প/শ্রেণীর সংস্থা পর্যন্ত প্রসারিত করা হয়েছে। ১৯৭২ সালের সেপ্টেম্বরের শেষে কর্মচারীদের ভবিষ্যনিধি এবং পরিবার পেনসন আইন ও প্রকল্প ৮,৩৬৫টি সংস্থার ক্ষেত্রে প্রয়োগ করা হতে থাকে, এতে সারা পশ্চিমবঙ্গে চাঁদাদানকারীদের সংখ্যা দাঁড়ায় ১৩,৩৭,৭৫৪। সংশ্লিষ্ট আইনে এবং প্রকল্পে শাস্তিমূলক ব্যবস্থা থাকা সত্ত্বেও এবং কর্মচারীদের ভবিষ্যনিধি সংগঠন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা সত্ত্বেও, ভবিষ্যনিধি বকেয়া পাওনা সংক্রান্ত পরিস্থিতি ক্রমশঃ খারাপের দিকে গিয়েছে, যার ফলে সংশ্লিষ্ট সকলেই গভীর উদ্বেগ বোধ করেছেন। ১৯৭২ সালের সেপ্টেম্বরের শেষাশেষি ঐ বকেয়া পাওনার পরিমাণ দাঁড়ায় ৪৮৮ লক্ষ টাকা। ৩১শে ডিসেম্বর, ১৯৭২ তারিখ পর্যন্ত ঐ বকেয়া ৪৮৮ লক্ষ টাকা বেড়ে গিয়ে ৫২৫ লক্ষ টাকায় দাঁড়ায়। পরবর্তীকালে ঐ বকেয়ার পরিমাণ কমিয়ে ২৩৮ লক্ষ টাকায় আনতে পারা গেছে। আইনের আরো কঠোর প্রয়োগের ফলে এবং খেলাপকারীদের বিরুদ্ধে অন্যান্য আইনমতে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে– সরকারের এই প্রকাশ্য ঘোষণার ফলে বকেয়ার পরিমাণ হ্রাসের ব্যাপারে ঐ উন্নতি ঘটেছে। অবস্থা পর্যালোচনা ক'রে দেখা গেছে যে, কটন টেক্সটাইল, জেনারেল ইঞ্জিনিয়ারিং-এর মত প্রধান শিল্পগুলিকে গত কয়েক বৎসর ধ'রে নজিরবিহীন মন্দার মধ্যে দিয়ে চলতে হওয়ায় সেগুলির কয়েকটি ইউনিটের তরফ থেকে যে খেলাপ মূলতঃ তার ফলেই ঐ বকেয়া বেড়ে যাচ্ছিল। যদিও টেক্সটাইল এবং জেনারেল ইঞ্জিনিয়ারিং শিল্পে ঐ মন্দা অনেকখানি কেটে গিয়েছে এবং অনেক বন্ধ কল কারখানা আবার খোলা হয়েছে, তবু টেক্সটাইল এবং জেনারেল ইঞ্জিনিয়ারিং শিল্পের অনেক সংস্থার দেয় টাকা বাকী পড়ে আছে। এটা অবশ্য বোঝা যাচ্ছে যে, বর্তমান আইনের বিধানগুলি খেলাপকারী নিয়োগকর্তাদের উপর সকল রকমের চাপ সৃষ্টি করার পক্ষে যথেষ্ট জোরদার নয়। এ-কারণে শাস্তিমূলক বিধানগুলিকে আরো কঠোর করার জন্য ব্যবস্থা গ্রহণের কথা বিবেচনা করা হচ্ছে। কর্মচারীদের ভবিষ্যনিধি আইনমত ক্ষতিপূরণের মামলাগুলির জন্য শ্রমবিভাগে বিশেষযুক্ত অধিকারকে একটি পদ সৃষ্টি করা হয়েছে।

এ পর্যন্ত আমি যা বলেছি তা থেকে প্রতীয়মান হবে ১৯৭২ সালে জনগণ এই সরকারকে যে সনদ দিয়েছিলেন তা ক্রমপর্যায়ে পূরণ করতে সরকার দৃঢ়প্রতিজ্ঞ। আমি এই সভাকে আগামী আর্থিক বৎসরের প্রস্তাবগুলিকে রূপায়িত করবার জন্য প্রয়োজনীয় অর্থ মঞ্জুরীর অনুরোধ জানাই।

মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের কাছে অনুরোধ করব যে এই ৬,৫৪,৭৪,০০০ টাকা যা লেবার এবং এমপ্লয়মেন্ট ডিপার্টমেন্টের জন্য ঠিক করা হয়েছে সেটা মঞ্জুর করবেন।

Mr. Speaker: All the cut motions are in order and they are taken as moved. I call upon Shri Shish Mohammad

Shri Timir Baran Bhaduri: That the amount of the demand be reduced to Re.1.

Shri Timir Baran Bhaduri: That the amount of the demand be reduced by Rs 100

[2-20—2-30 p.m.]

শ্রীশীশ মহম্মদঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ শ্রম দপ্তরের মাননীয় স্টেট মিনিস্টার, শ্রম তরের ব্যয়বরাদ্দের যে দাবি উত্থাপন করেছেন, তার আলোচনা প্রসঙ্গে আমি প্রথমেই এই কথা লতে চাই যে, আমাদের প্রথমেই বোঝা দরকার যে, পশ্চিমবঙ্গের বর্তমান শাসনব্যবস্থায় শ্রমিক শ্রেণী কোথায় এসে দাঁড়িয়েছে। শ্রমিক সম্পদ সৃষ্টি করে, সেই সম্পদের তারা কতটা অংশীদার, বং তাদের যে নিম্ন মজুরী এবং যার ফলে তাদের জীবন যাত্রার মান আজকে কোথায় গিয়ে পৌঁছিয়েছে সেটা আজকে আমাদের ভেবে দেখা দরকার। মাননীয় স্পীকার মহাশয়, সত্যই কি ই বর্তমান শাসনব্যবস্থায় শ্রমিকদের বিন্দুমাত্র কিছু পরিবর্তন হয়েছে? আমি যে এলাকা থেকে সেছি সেখানে--অবশ্য আমি পূর্বেও বলেছি, মাননীয় অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতার সাধারণ আলোচনার সময়, আমি যেখান থেকে এসেছি সেখানে তিনটি ছোট ছোট শহর ঔরঙ্গাবাদ, ধুলিয়ান আর রঘুনাথগঞ্জ এই তিনটি শহর নিয়ে জঙ্গিপুর মহকুমা। এখানে ৮০ হাজার বিড়ি শ্রমিক শুধু পুরুষ শ্রমিক নয়, গৃহের অভ্যন্তরে মহিলারাও সেই বিড়ি শিল্পের কাজ গ্রহণ করেছে।

আমি সেই বিড়ি শ্রমিকদের মধ্য থেকে নিজের কলেবর বৃদ্ধি করেছি একথা আমি বারবার স্বীকার করব। ১৯৫৪ সাল থেকে এই জঙ্গীপুর মহকুমার বিড়ি শ্রমিকদের সমস্যা ঘোরতর আকার রূপ ধারণ করে। আজ তারা মাটিতে মিশে যাবার রাস্তায় এসেছে। ১৯৫৪ সালে জঙ্গীপুর মহকুমার বিড়ি শিল্পের দিক দিয়ে পৃথকভাবে একটা জোন সৃষ্টি করা হয়েছিল। প্রাক্তন লেবার মিনিস্টার বিজয়সিং নাহার মহাশয় সে সম্বন্ধে জানেন। এ সম্বন্ধে আমি কোন কটাক্ষপাত করতে চাই না। তিনি আমাদের শ্রদ্ধেয় নেতা। কিন্তু আমি বলব এই বিড়ি শ্রমিকদের সমস্যার সমাধান তখন থেকে আজ পর্যন্ত হল না। শ্রমিকরা বার বার আন্দোলন করেছে, সরকার বার বার হস্তক্ষেপ করেছে, শ্রমিকদের মিটিং-এ আহ্বান করে বহু কথা তাদের বলা হয়েছে। তাঁরা কাম্পানীর ঘরে গিয়ে নানারকম কালিয়া, কোপ্তা ভূরিভোজন করেছেন। এর ফলে শ্রমিকদের আন্দোলন ব্যর্থ হয়েছে। শ্রমিকরা যখন আন্দোলনে নেবেছে তখন সি আর পি ও ঠেঙ্গানে পুলিস বাহিনী দিয়ে তাদের আন্দোলনকে স্তব্ধ করে দেওয়া হয়েছে। এই ইতিহাস জঙ্গীপুরের শ্রমিকরা ভুলবে না। বর্তমান পরিস্থিতিতে দেখতে পাচ্ছি ১৯৭০ সালের পর থেকে কোম্পানী যেখানে প্রায় ৫টি আছে তাতে ১ কোটি বিড়ি উৎপন্ন হত এবং সেন্ট্রাল গভর্নমেন্ট এক্সাইজ ডিউটি বাবত বৎসরে ১ কোটি টাকা পেতেন। কিন্তু আমরা দেখলাম, শ্রমিকরা যখন আন্দোলনের পথে নামেন তখন কোম্পানী সরকারের সঙ্গে ষড়যন্ত্র করে বিভিন্ন প্রোডাকসান কমিয়েছিল। কন্ট্রাকটরকে নানারকম অজুহাত শিখিয়েছিল। কোম্পানী কন্ট্রাকটর যুক্ত করে সপ্তাহে ৩ দিনের বেশী কাজ হল না। মজুরীর ব্যাপারে দফায় দফায় কোম্পানীর সঙ্গে আলোচনা করে হল ২·৫০ পয়সা। তিনি কি বলতে পারবেন জঙ্গীপুর মহকুমার ৩টি সাব-ডিভিসনে ৩টা শহরে যে বিড়ি উৎপন্ন হয়, তার শ্রমিকরা ২·৫০ পয়সার বেশী মজুরী পায় কিনা? আজ নানা রকম কৌশল অবলম্বন করে কোম্পানী এবং কনট্রাকটররা ১·৭০ বা ১·৫০-এর বেশী অতিরিক্ত মজুরী দেয় না। এ বিষয়ে সরকারের কাছে আবেদন করলে সরকার মালিকের সঙ্গে আগে কথাবর্তা বলে ঠিক করে নেন শ্রমিকদের কি বলতে হবে এবং সেইভাবে তাঁরা বলেন।

[2-30—2-40 p.m.]

ঔরঙ্গাবাদ, জঙ্গীপুর এবং ধুলিয়ানের শ্রমিক শ্রেণী দিনের পর দিন কাজ না পেয়ে, না খেতে পেয়ে তাদের মেরুদণ্ড ভেঙ্গে যাচ্ছে এবং তাদের বাচ্চা-কাচ্চারা না খেয়ে রাস্তায় কুকড়ে মরছে। আমাদের মন্ত্রিমহাশয় এই খবর রাখেন কি, ঔরঙ্গাবাদের বিড়ি শ্রমিকদের যে চোখের জল পড়ছে সেই চোখের জলে শুধু ঔরঙ্গাবাদ, ধুলিয়ান এবং জঙ্গীপুর ভাসবে না, তাদের সেই চোখের জলে যে নদী সৃষ্টি হবে তাতে মন্ত্রিমহাশয়ের আসন ভাসিয়ে নিয়ে বঙ্গোপসাগরে গিয়ে ফেলবে।

একথা শুধু বিড়ি শ্রমিকদের ক্ষেত্রে প্রযোজ্য নয়, আরও আছে। সমষ্টিগতভাবে পশ্চিমবাংলার সমস্যার কথা আমি আপনার মাধ্যমে এই হাউসে তুলে ধরতে চাই। আজকে পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে এবং শহরাঞ্চলে বেকারের সংখ্যা বেড়ে গেছে এবং আমরা দেখতে পাচ্ছি, সরকার কর্মে নিয়োগের ক্ষেত্রে ব্যর্থতার পরিচয় দিয়েছেন। বেকার নিয়োগের জন্য এই যে ৪। ৪টি পরিকল্পনা এখন পর্যন্ত হয়ে গেল তাতে একথা কেউ অকপটে অস্বীকার করবে না যে, এই ৪। ৪টি পরিকল্পনা শ্রমিক নিয়োগের ক্ষেত্রে ব্যর্থতা এনে দিয়েছে। মাননীয় স্পীকার মহাশয়, শ্রমিক শ্রেণী তাদের জীবনের তিক্ত অভিজ্ঞতা দিয়ে এই জিনিস হৃদয়ঙ্গম করেছে এবং সেইজন্য দেখতে পাচ্ছি, পশ্চিম-বাংলার সমাজদেহে, দেয়ালে এবং প্রাচীরে শ্রমিকদের দুঃখের কথা, তাদের দাবিদাওয়ার কথা লেখা রয়েছে। অর্থমন্ত্রী কি একথা অস্বীকার করতে পারেন যে, পশ্চিমবাংলার সুতাকলের মালিকরা, পাটকলের মালিকরা এবং কয়লাখনির মালিকরা ন্যাসনালাইজেসনের পরে কর্মচারী ছাঁটাই করেছেন? একথা নিশ্চয়ই মন্ত্রিমহাশয় অস্বীকার করতে পারবেন না যে, লড়াইর জন্য, বাঁচার দাবির জন্য, বাঁচার দাবি আদায়ের জন্য যখনই শ্রমিকরা লড়াই করতে গেছে, আন্দোলন করতে গেছে, তখনই এই সরকার মালিক পক্ষের সঙ্গে চক্রান্ত করে কারখানা বন্ধ করে দিয়েছে? স্যার, এই সরকার উচ্চৈঃস্বরে উচ্চারণ করেন যে, তাঁরা নাকি বন্ধ কলকারখানা খুলে দিয়েছেন। কিন্তু মন্ত্রিমহাশয় এই খবর জানেন কি যে, পশ্চিমবাংলায় বিশেষ করে শহরাঞ্চলে কলকারখানা, অফিস, দপ্তর বন্ধ হয়ে গেছে? আজকে রাইটার্স বিল্ডিংস-এর পাশে টার্নার মরিসন অফিস কেন বন্ধ হল? এটা বন্ধ হওয়ায় সেখানকার কয়েক শত কর্মচারী আজকে বেকার হয়ে বসে রয়েছে। (জনৈক সদস্যঃ আপনি কি কোলকাতা বন্ধ-এর কথা বলছেন?) মাননীয় সদস্য আমার কথা বুঝতে পারছেন না। আমরা শ্রমিকদের কথা বলছি, আর, ও'রা মালিকদের কথা বলেন। ১৯৭৩-৭৪ সালের বাজেট বক্তৃতার সময় আমাদের অর্থমন্ত্রী একটা বিরাট ফাঁদ পেতে বললেন যে, এবারে যে সমস্ত বেকার যুবক আছে তাদের কনট্রাকটর লিস্টে নামভুক্ত করা হয়েছে। কিন্তু তিনি কি অস্বীকার করতে পারেন যে, সরকারী প্রকল্পে হলদিয়া, ফরাক্কা, দুর্গাপুরের ক্ষেত্রে বেকার ইঞ্জিনীয়ারদের নিয়োগ করা হয়েছিল কি—সে কথা আজকে এই হাউসে জবাব দেবেন। মাননীয় স্পীকার মহাশয়, অর্থ-মন্ত্রী যে বলেছেন যে ডেয়ারী এবং পোলট্রিতে ১,১০০ ছেলেকে নতুন শিক্ষানবীস হিসাবে নিয়োগ করা হয়েছে। কিন্তু সেদিনের কথা ১৯৭৩ সালে ১৪ই মার্চ তারিখে ৭০০ যুবককে যে অ্যাপ্রেন্টিসসিপের জন্য বিভিন্ন কলকারখানায় কাজ দেওয়া হয়েছিল তাদের কেন ছাঁটাই করা হল? আজকে তারা কেন বেকার হয়ে বাড়িতে বসে আছে। সে সম্বন্ধে আমি আজকে কৈফিয়ত তলব করতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে অত্যন্ত লজ্জা, ক্ষোভ এবং দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে, পশ্চিমবাংলায় সামান্য নিম্নতম পিওনদের পোস্টে গ্রাজুয়েট এবং পোস্ট-গ্রাজুয়েট ছেলে-দের নিয়োগ করা হয়েছে। আজকে শুধু এই ১১ মাসের শাসনকালে আমরা দেখছি এই শহরের মধ্যে বেকারসংখ্যা শতকরা ২৫ ভাগ বৃদ্ধি পেয়েছে। মাননীয় মন্ত্রিমহাশয় সে খবর রাখেন কি? নিশ্চয় রাখেন না এবং এই হাউসের সরকারী সদস্যরাও রাখেন না। তাই একটা কথা আমি অত্যন্ত দুঃখ, বেদনা এবং ক্ষোভের সঙ্গে বলতে চাই যে, শ্রমিক শ্রেণীর ঘরে আগামী দিনে যে নতুন শিশু জন্মাবে সে জন্মের মুহূর্তে ভিখারী এবং বেকারীর সার্টিফিকেট নিয়ে পৃথিবীতে আসবে, এই কথা আজকে পশ্চিমবাংলার এক প্রান্ত থেকে আর এক প্রান্ত পর্যন্ত যে কোন বিচার বুদ্ধি সম্পন্ন মানুষকে স্বীকার করে নিতে হবে। কেবল স্বীকার করবেন না সরকার পক্ষের মানুষরা, এই কথা আমরা জানি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে কথা আমি প্রথমে বলতে চাই সেটা হচ্ছে, শ্রমিকদের জীবন ধারনের মান নিম্ন থেকে নিম্নতম হয়ে উঠছে এবং তারা অত্যন্ত দুরবস্থার মধ্যে দিন কাটাচ্ছে এবং শ্রমিক শ্রেণীর অবস্থা দিনের পর দিন অবক্ষয়ের স্তরে পেীছে যাচ্ছে। ১৯৭০ সালের একটা সমীক্ষা আপনার মাধ্যমে এই হাউসে রাখতে চাই যে, ১৯৭০ সালে শ্রমিক শ্রেণী যে সম্পদ সৃষ্টি করেছিল তার মূল্য ২৫ কোটি ৫৩ লক্ষ টাকা। পুঁজিবাদী শ্রেণীকে এই শ্রমিক শ্রেণী দেহের শ্রম দিয়ে সম্পদ সৃষ্টি করেছিল ৫৭·২ ভাগ, আর শ্রমিকরা তার মজুরী বৃদ্ধির জন্য যখন দাবি করেছিল তখন এই সরকার মালিকদের সঙ্গে ষড়যন্ত্র করে কারখানা বন্ধ করে দিয়েছিল, অজুহাত যে টাকা নেই। শ্রমিকরা কি পেল তার পরিবর্তে?

[2-40—2-50 p.m.]

শ্রমিকরা পেল মাত্র উৎপাদিত সমগ্র সম্পত্তির ৯·৬ শতাংশ। তার অতিরিক্ত শ্রমিকদের দেওয়া হয় নি। তবে যাদের পরিশ্রমের দ্বারা উৎপাদিত সম্পত্তি আমরা ভোগ করি, সেই শ্রমিকদের কথা যখন আমরা বলতে চাই তখন, এই হাউসের সদস্যরা তার বিরোধীতা করেন, আমরা জানি করবেন, তা না হলে তাঁদের নমিনেশন পাকা হবে না। মাননীয় স্পীকার মহাশয়, আমরা দেখতে পাচ্ছি যে, দিনের পর দিন এই শ্রমিক শ্রেণী জাতীয় আয় বৃদ্ধি করে যাচ্ছে, সম্পদ সৃষ্টি করে যাচ্ছে, আর মালিক শ্রেণী ক্রমান্বয়ে তা লুটে নিচ্ছে। আর সরকার কি করছেন? মালিকের সঙ্গে যোগ-সাজস করে কি করে শ্রমিককুলকে জব্দ করা যায়, সেদিকে রয়েছেন। আমি একথা আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, তিনি কি আজকে এই বিধানসভায় দাঁড়িয়ে স্বীকার করতে পারেন না যে, পশ্চিমবঙ্গের শ্রমিক শ্রেণীর পূর্বের চেয়ে ১২·১ মজুরী কমে গিয়েছে? সেই তথ্য কি সেই সমীক্ষা কি তিনি সরকার থেকে রাখেন?

(কংগ্রেস বেঞ্চ থেকে জনৈক সদস্যঃ আপনি একটা পাঠশালা খুলুন।)

আমি পাঠশালা খুললে, আপনারা কি শিখতে যাবেন? মাননীয় স্পীকার মহাশয়, আমাদের সরকার পূর্বেই স্বীকার করে নিয়েছেন যে, গত ৫ বছরের মূল্যসূচি আজকে গিয়ে এমন জায়গায় দাঁড়িয়েছে যে, শ্রমিকদের মজুরী, বোনাসের টাকার অংক সব এক সঙ্গে ধরলেও দ্রব্যমূল্যের পরিপ্রেক্ষিতে তাদের ঘাটতি পূরণ সম্ভব নয়। পশ্চিমবঙ্গের শ্রমিকদের এই বাস্তব চিত্র, বাস্তব রূপ আমরা দেখতে পাচ্ছি। ভারতীয় সংবিধান শ্রমিকদের ট্রেড আন্দোলন অধিকার স্বীকার করে নিয়েছে। মজুরীর দাবিতে শ্রমিক মালিকদের বিরুদ্ধে আন্দোলন করবে, সরকার পশ্চাৎ থেকে সেই আন্দোলনকে এগিয়ে নিয়ে যাবে এবং শ্রমিকদের পক্ষ অবলম্বন করবেন, এটা স্বীকৃত। আজকে দেখতে পাচ্ছি, এই সরকার সংবিধান বহির্ভূত কাজ করে যাচ্ছে। শ্রমিকদের গণতান্ত্রিক আন্দোলনকে, কোণঠাসা করবার জন্য, জব্দ করার জন্য নানা রকম যড়যন্ত্র চক্রান্ত এদের মগজে ঘুরপাক খাচ্ছে। আমরা দেখতে পাচ্ছি দিনের পর দিন বিশেষ করে চা-বাগান এবং কয়লা খনি অঞ্চলে, শ্রমিকরা যে আন্দোলন করছে, সেগুলি উদ্দেশ্য প্রণোদিত হয়ে, সরকার সেখানে দমন করবার জন্য প্রচেষ্টা করছে। একথা কি কেউ অস্বীকার করতে পারবেন?

মাননীয় স্পীকার স্যার, আজকে চা-বাগিচাগুলিতে দেখতে পাচ্ছি কেবল খুনের রাজত্ব চলছে, লুটের রাজত্ব চলছে। যারা ট্রেড ইউনিয়নের নেতৃত্ব দিচ্ছেন তাঁদের উপর "মিসা" প্রয়োগ করা হচ্ছে। চুনিয়াঝরি, সুরগাঁও ইত্যাদি চা-বাগিচার কথা আমি বলছি। বাজেটের জেনারেল ডিসকাসানের সময় বলেছিলাম চা-বাগিচার মালিকরা শ্রমিকদের জন্য নূতন ঘরবাড়ি তৈরি বন্ধ করে দিয়েছেন। বর্ষার মধ্যে কোনরকমে জরাজীর্ণ ঘরবাড়িতে মাথাগুজে শ্রমিকরা পড়ে আছেন। মাননীয় শ্রমমন্ত্রীর সেদিকে একটু লক্ষ্য করা উচিত। এই চা-বাগিচার মালিকরা প্রভিডেন্ড ফান্ডের টাকা সরকারের ঘরে জমা দিচ্ছেন না। শ্রমিকদের রেশন পর্যন্ত বন্ধ করে দেওয়া হয়েছে। শ্রমিক পরিবারের তিনজন লোক না খেয়ে সেখানে মারা গিয়েছে এসব খবর আপনারা নিশ্চয়ই দেখেছেন। মাননীয় স্পীকার স্যার, ওঁদের নিজেদের দপ্তরের দিকে একটু তাকিয়ে দেখলে দেখা যাবে, দু লক্ষের উপর সরকারী কর্মচারীদের এইসব সুযোগসুবিধে থেকে সরিয়ে রাখা হয়েছে, বঞ্চিত করা হয়েছে। অথচ আজকে মন্ত্রিমহাশয়ের মুখ থেকে একটা শব্দ শুনতে পাচ্ছি, তিনি উচ্চারণ করছেন বারে বারে যে, তাঁরা শ্রমিক শ্রেণীর বন্ধু, এই শ্রমিকদের কথা না বললে তাঁদের সকালে জল খাওয়া হয় না, শ্রমিকদের প্রতি দরদে তাঁদের মাথা থেকে পা অবধি চোখের জলে ভিজে যায়। কিন্তু সেদিন ১৪ জন সরকারী কর্মচারীকে ছাটাই করা হয়েছিল ট্রেড ইউনিয়ন করবার অপরাধে, তার কৈফিয়ত কি তিনি এই হাউসে দেবেন ?

(নয়েজ অ্যান্ড ইন্টারাপসানস্)

আজকে দেখতে পাচ্ছি, কিছু কিছু কলকারখানা খুলছেন এবং কিছু কিছু বেকার শ্রমিকদের কর্মসংস্থানের ব্যবস্থা করেছেন। আজকে দুটো জুট মিল বন্ধ হয়ে গিয়েছে। সেখানে প্রায় ৩০ হাজার জুট মিল শ্রমিক বেকার হয়ে পড়েছে, তার কৈফিয়ৎ তিনি এই হাউসে দেবেন কি? ঐ

যে লক্ষ্মীনারায়ণপুর কটন মিল বন্ধ ছিল, যেটা খুলেছে বটে, কিন্তু এক সপ্তাহ আগে একশো শ্রমিককে ছাটাই করা হয়েছে। তার নজিরে ভুলভাল নাই। সেই সঙ্গে আমরা জানি, সেখানে যেসব শ্রমিকরা আন্দোলন করেছিলেন এবং তাদের মজুরী বৃদ্ধি করে নিয়েছিলেন, তাদের চাকুরির শর্তাবলী আদায় করে নিয়েছিলেন, বিগত দু বছরের মধ্যে মালিক শ্রেণী এই সরকারের সহ-যোগিতায় একের পর এক সমস্ত দমন করে চলেছেন। আজকে শ্রমিকশ্রেণীর অবস্থা খুবই শোচনীয় হয়ে উঠেছে। অথচ এঁরা আবার বলেন, এঁরা শ্রমিকদের বন্ধু, এঁরা নাকি সাধারণ মানুষের দরদী বন্ধু। মালিকের পক্ষ নিয়ে এঁরা নানারকম অজুহাত দেন, টাকা দেন না। আজ তাঁরা নিজেরা কি অজুহাত দেবেন? প্রাথমিক শিক্ষকরা সেদিন এসেছিলেন ন্যূনতম বেতনটুকু আদায়ের জন্য, আজ পর্যন্ত তাদের টাকা দেবার কোন সুরাহা হয় না। অথচ এঁরা নাকি যোগ্য লোক।

আজ কয়লাখনি ন্যাশানালাইজেসান করা হয়েছে; এদিকে মালিকরা কি করলেন? সঙ্গে সঙ্গে সমস্ত কাগজপত্র নিয়ে উধাও হয়ে চলে গেলেন। তার জন্য মন্ত্রিমহাশয় এই হাউসে কোন ব্যবস্থা অবলম্বন করে বিবৃতি দিয়েছেন? তাঁরা কি বলতে পারেন কয়লাখনি শ্রমিকদের সমস্যা সমাধান করবার জন্য তাই এই কাজগুলি করেছেন?

আমি স্যার বলতে চাই, এই মজুরী আদায়ের প্রশ্নে, কর্মে নিয়োগের প্রশ্নে এবং শ্রমিকদের গণতান্ত্রিক আন্দোলনের ক্ষেত্রে সরকার যে মনোভাবের পরিচয় দিয়েছেন, যে দমননীতির আশ্রয় নিয়েছেন ও নিচ্ছেন, মালিকপক্ষকে কোলে করে তার তুলনা মেলে না। কিন্তু স্মরণ রাখা দরকার এবং এই সভাকক্ষে দাঁড়িয়ে একথা স্বীকার করবো, এবং বলতে পারি যে, শ্রমিক শ্রেণী তৈরি হচ্ছে, প্রশ্ন হচ্ছে যে, বঞ্চনার এই রাজত্বের, শোষণের এই রাজত্বের শৃঙ্খল তারা ভাঙবে, ভাঙবে, ভাঙবে। এই কথা বলে আমার কাটমোসানগুলো মুভ করে আমার বক্তব্য শেষ করছি।

[2-50—3-00 p.m.]

শ্রীমতী গীতা মুখার্জিঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই সরকারের বর্তমান শ্রম দপ্তর বন্ধ কারখানা খোলা কতকগুলি বড় বড় শিল্প বিরোধের ক্ষেত্রে মীমাংসা ও সদিচ্ছা দেখানো, কিছু কিছু ক্ষেত্রে মীমাংসায় উপনীত হতে পারা ইত্যাদি কতকগুলি ভাল কাজ নিশ্চিত করেছেন। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সত্যি কথা বলছি, এই যে বাজেট বক্তৃতা শ্রমমন্ত্রীর পক্ষ থেকে আমাদের রাষ্ট্রমন্ত্রী মহাশয় এখানে পড়লেন, সেই বক্তৃতা পড়ে আমি একেবারে হতবাক হয়ে গেছি। এই কারণে যে, আমাদের পশ্চিমবাংলার মত রাজ্যে যেখানে ভারতবর্ষের ৭৫টি পরিবার একচেটিয়া পুঁজিপতি পরিবারের মধ্যে সেখানে এই পশ্চিমবঙ্গে ৪২টি একচেটিয়া পুঁজিপতি পরিবার অপারেট করে যেখানে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলি এখনও মাসে মাসে ৬০ কোটি টাকা ব্যাঙ্ক অ্যাডভান্স দেয়, ঐ বিড়লা প্রভৃতি গোষ্ঠীকে, যেখানে শিল্পে একচেটিয়া কোম্পানীরা আধিপত্য করে, যেখানে শিল্প বিস্তার হওয়া সেই সমস্ত গোষ্ঠীকে কিভাবে নিয়ন্ত্রণ করা হবে তাদের সম্পর্কে সরকারের কি ব্যবস্থা হবে সেখানে আমি অনেক খুঁজলাম, তবুও বাজেট বক্তৃতায় পেলাম না সেই একচেটিয়াদের মোকাবেলার জন্য সংগঠিত শ্রমিক আন্দোলনকে কিভাবে মদত দেওয়া হবে। একচেটিয়া পুঁজিপতি বলে কোন উল্লেখ পর্যন্ত নেই। যারা আমাদের শিল্পক্ষেত্রে সমস্যার সৃষ্টি করছে সে সম্পর্কে শ্রম দপ্তরের কোন নীতি থাকা দরকার। সেখানে ইন্ডাস্ট্রিয়াল রিলেসন কি হবে সে সম্বন্ধে একটা সুচিন্তিত বলিষ্ঠ মনোভাব নেওয়া দরকার। আমরা খুব আশা করে-ছিলাম যে, এই সমস্ত জিনিসের প্রতিফলন তাঁর বক্তৃতায় দেখতে পাবো। কেবল একটি মাত্র জায়গায় একটি একচেটিয়া পুঁজিপতি কনসার্নের রেফারেন্স আছে, ইন্ডিয়ান আয়রন অ্যান্ড স্টীল কোম্পানীকে গ্রহণ করার কথা। এ ছাড়া সমগ্র ঐ ইতিহাস ভূগোলের মধ্যে ঐ সম্বন্ধে কোন উল্লেখ মাত্র নাই। একথা না মনে করে থাকতে পারি না যে, এটা আকস্মিক নয়, সরকারের শিল্প-সম্পর্ক সম্বন্ধীয় নীতি এবং সে সম্পর্কে একটা মোটামুটি অ্যাটিচিউড অল্প কথায় বর্ণনা করা

যায়, সেটা হল তাঁদের সদিচ্ছা আছে, শ্রমিকদের উপকার করতে চান, উপকার করতে চান গরিব মানুষ হিসাবে—সংগঠিত শ্রমিক শক্তির অধিকার অকুণ্ঠভাবে স্বীকারের মাধ্যমে নয়। অথচ প্রয়োজন শ্রমিকের সংগঠিত শক্তিকে প্রয়োগ করা ঐ মালিকরা যে অন্যায় করেন তাকে বাধা দেবার জন্য। সেই প্রয়োগের পক্ষে সরকারী যন্ত্র কি তাঁদের এগিয়ে দেবে? এই মনোভাব নিয়ে আপনারা চলতে পারছেন না। আপনাদের দয়াদাক্ষিণ্য মানবিকতা আছে। পশ্চিমবঙ্গের মত রাজ্যে শ্রমিক আন্দোলন ও সংগঠন সম্পর্কে কেবল মানবিক অনুভূতি রেখে সমস্যার সমাধান করা সম্ভব হবে বলে মনে করি। একথা কেন তুলেছি সে সম্পর্কে আমি ২-৩টি কথা বলতে চাই। উদাহরণস্বরূপ এখানে মজুরী নির্ধারণের কথা উল্লেখ করছি। বক্তৃতার দুয়ের পাতায় আছে রাজ্যের বর্তমান আর্থিক অবস্থায় উৎপাদন-ক্ষমতা তথা উৎপাদন বৃদ্ধির বিষয়টির প্রতি সরকার যথেষ্ট গুরুত্ব দেন। এবং যুক্তিসম্মত মজুরি-নীতি নির্ধারণের বেলায় এই দিকটিকে কখন উপেক্ষা করা যেতে পারে না। এইভাবে তারা উপস্থিত করেছেন কিভাবে মজুরীর প্রশ্নটিকে উৎপাদনের প্রশ্নের সঙ্গে যুক্ত করে--হ্যাঁ, নিশ্চয় উৎপাদনের প্রশ্নের সঙ্গে যুক্ত করা যায়। কিন্তু আমাদের রাজ্যে উৎপাদনের প্রশ্নে এই উৎপাদনকে কে ব্যাহত করছে এবং যথাযথ মজুরী দিলে উৎপাদন ব্যাহত হয় কিনা এর একটা স্পষ্ট মোকাবিলা হয়ে যাওয়া দরকার, যার কোন যুক্তি এই বাজেটের মধ্যে আমরা অন্তত দেখতে পাই নি। আপনারা বলেন, উৎপাদন বৃদ্ধির কথা—আমাদের পশ্চিম-বাংলায় মজুরী বৃদ্ধির দিকে খুব আপত্তি কাদের কাদের? বড় বড় একচেটিয়া সব কনসার্নের আপত্তি, অন্যান্যদের প্রকৃত আপত্তি। ধরুন বিড়লার কেশোরামের খুব আপত্তি মজুরী বৃদ্ধির। সামগ্রিক কটনের যে মালিক শ্রেণী তাদের কথা ছিল বিগত সেপ্টেম্বর মাসে এই মজুরী যে নির্ধারিত হয়েছে সেই নির্ধারিত মজুরী সম্পর্কে পুনরায় আলোচনায় বসবেন। কিন্তু তারা সেখানে আলোচনায় বসার ধারে কাছ দিয়েও যাচ্ছেন না। এটা হচ্ছে সত্য কথা। এখানে মজুরী নীতির ব্যাপারে গভর্নমেন্ট কোন্ দিকে চাপ দেবেন সে বিষয়ে বলতে গিয়ে যদি এই আলোচনা করতেন যে, হ্যাঁ, কেন কেশোরাম কোম্পানী লাভ নিয়ে গিয়ে সেই লাভ আমাদের এখানকার শিল্পে প্লাউ ব্যাক করার পরিবর্তে মালয়েশিয়ায় গিয়ে কোম্পানী খোলবার জন্য প্লাউ ব্যাক করছেন। বুঝতাম যদি বলতেন সেই পটভূমিকায় দেখা যেত যে, শ্রমিকদের মজুরী দিতে গেলে কি তাদের সর্বনাশ হচ্ছে নাকি শ্রমিকদের মজুরী যথাযথ না দিয়ে সেখানে তাদের ডিয়ারনেস অ্যালাওয়েন্স যা দেওয়া উচিত সেই ডিয়ারনেস অ্যালাওয়েন্স পয়েন্ট বাই পয়েন্ট যা আছে তাকে নিউট্রিলাইজ করার দিকে না গিয়ে সেখানে যে চাপ দিচ্ছে সেই চাপ দিয়ে শ্রমিকদের মজুরী নীচে রাখবার ভিতর দিয়ে যে অর্থ সংগ্রহ করছে সেই অর্থ বিশেষ করে উৎপাদনের কাজে খরচ করছে না। আমাদের পশ্চিমবাংলার একচেটিয়া শিল্প প্রতিষ্ঠানগুলির বিশেষত্ব, এই হচ্ছে তাদের চরিত্র। কই উৎপাদনের ব্যাপারে সেই চরিত্র সেই প্রশ্নকে গভর্নমেন্ট কি করবেন—শ্রমিক সম্পর্কিত বিরোধের বিষয়ে কি করবেন এই ধরনের কোন প্রশ্ন তো তারা তুলতে পারেন নি? তুলতে পারেন নি এমনি এমনি নয়, এই জিনিস সে শুধু এখানে হচ্ছে তা নয়, কেশোরাম একটা বড় ব্যাপার তা নয়—কে প্লাউ ব্যাক করছে আমাকে বলুন। সমস্ত বড় বড় চটকলগুলি বিগত কয়েক বছর ধরে তারা তাদের লাভের কোন অংশ চট শিল্পকে বৃদ্ধি করবার জন্য প্লাউ ব্যাক করেছেন? করেন নি। তাতে যেগুলি স্টার্লিং ইন্ডাস্ট্রি সেগুলি পাউন্ড, স্টার্লিং-এ তাদের টাকায় তারা স্বীকৃত সেখানে তারা প্লাউ ব্যাক করবার জন্য কোন চেষ্টা করেন নি। এই রকম একটা পরিস্থিতি যেখানে আমাদের পশ্চিমবাংলার উৎপাদন বৃদ্ধির দিকে যেটা একটা বড় বাধা হয়ে দাঁড়িয়েছে সেই বাধার মোকাবিলা করবার জন্য সংগঠিত শ্রমিক আন্দোলনে কি গাঁটছড়া বাঁধবেন আমাদের পশ্চিমবঙ্গ সরকার, এই কথা আমাদের আজকে বোঝা দরকার। আজকে যদি একটা শ্রমনীতির মধ্যে তার কোন প্রতিফলন না হয়, তা হলে বলুন অধ্যক্ষ মহাশয়, কি করে এই কথা মিলবে। প্রিয়রঞ্জন দাশমুন্সী লোকসভায় বক্তৃতা দিচ্ছেন যে, একচেটিয়া পুঁজির উপর আঘাত কর, কেন্দ্রীয় শিল্প উপমন্ত্রী শ্রীপ্রণব মুখার্জি বলছেন, একচেটিয়া পুঁজির উপর আঘাত কর, আর শ্রমমন্ত্রী আজকে এখানে যে বক্তৃতা পেশ করেছেন এর মধ্যে সেই বিষয়ে একটি কথাও নেই। বরঞ্চ এই কথা বলার ভিতর দিয়ে আমাদের আশংকা হচ্ছে যে একটা বড় কথা থেকে যাবে।

[3-00—3-10 p.m.]

দেখুন ইঞ্জিনীয়ারিং শিল্পে আজকে এই প্রশ্নের মীমাংসা কি ভাবে হওয়া উচিত, মজুরি বৃদ্ধির প্রশ্নে আমরা কিভাবে এগুবো। আমি মনে করি মজুরি বৃদ্ধি থেকে শুরু করে যে কোন প্রশ্নের মীমাংসা হওয়া উচিত সামাজিক ন্যায়ের ভিত্তিতে। সামাজিক ন্যায়ের ভিত্তিতে মীমাংসা হওয়ার জন্য উৎপাদনের সঙ্গে যদি তাকে বেঁধে দিয়ে বলেন যে, সেই ভাবে স্থির করতে হবে, তা হ'লে উৎপাদন বিঘ্নকারী কারা সে প্রশ্ন আগের আলোচনায় যদি না আসে, তা হ'লে কথাটা এই দাঁড়ায় যে, উৎপাদনের স্বার্থে কম করে মজুরি নাও। তাই মালিকরা আজকে বলবার চেষ্টা করছে। এই ইঞ্জিনীয়ারিং যে সমস্ত কারখানাগুলি, তাদের যে সামগ্রিক জোট, সেই জোট আজকে ইঞ্জিনীয়ারিং-এর ব্যাপারে কি অবস্থা করে রেখেছে? সমস্ত কটি কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ান যা আছে—এ আই টি ইউ সি, আই এন টি ইউ সি, এইচ এম এস, সিটু সকলে মিলে আগামী ১০ই এপ্রিল থেকে ইঞ্জিনীয়ারিং শিল্পে ধর্মঘটের নোটিস দিয়েছেন। কেন দিয়েছেন, তারা কি বলছেন? তাঁরা একথা বলছেন যে, এই যে একটা চুক্তি হয়েছিল ইঞ্জিনীয়ারিং শিল্পে—১৯৬৯ সালে যে সেটেলমেন্ট হয়েছিল সেটা তারা সেই সময়তে জীবনযাত্রার ব্যয় যে বাড়বে সেই বাড়বার সঙ্গে সঙ্গে সেই অনুপাতে নিউট্রালাইজ করবার মত মজুরি বাড়াবেন না এটা ঠিক করেছিলেন, কিছু কিছু বাড়াবেন বলে ঠিক করেছিলেন। কিন্তু বাড়াবেন বলে যে ঠিক করেছিলেন সেটাও অনেক জায়গায় কার্যকর হয় নি। এর মধ্যে জীবনযাত্রার ব্যয়সূচক যে অংক সেটাও এমনভাবে ম্যানিপুলেট করা হয় যাতে ক'রে তাদের মজুরি আরো কমে গিয়েছে। বিগত বছরের মে মাসে যখন জিনিষপত্রের দাম দারুণ বৃদ্ধি পেল, আশ্চর্যের কথা সেই সময় জীবনযাত্রার ব্যয়সূচক অংক গেল কমে। আর সরকারকে সেই ব্যয়সূচক অংক দেখিয়ে মালিকরা বলছেন, এই তো, জীবনযাত্রার ব্যয়সূচক অংক আসলে গিয়েছে কমে, অতএব তাদের মজুরি, ডিয়ারনেস অ্যালাউন্স কমপেনসেট করার কথা সেই পরিমাণ কমে গেল। অথচ কে না জানে বিগত বছরের মে মাসে তার আগের বছরের চেয়ে জিনিসপত্রের দর ঢের বেশী বৃদ্ধি পেয়েছিল। কিন্তু মজুরির ব্যয়সূচক কারসাজির জন্য এই মজুরি গেল কমে। এই রকম একটা অবস্থা। এই ইঞ্জিনীয়ারিং কনসার্নগুলি, তাদের কথা ছিল নতুন ব্যয়সূচক অংক অনুযায়ী নতুন মজুরি দেবেন। ইঞ্জিনীয়ারিং কনসার্নগুলি আজকে পশ্চিমবাংলায় খুব লুজিং কনসার্ন এটা দাবি করছে না। মন্ত্রিমহাশয় নিজেও বলেছেন, তাদের এক্সপোর্ট আগের চেয়ে বেড়েছে, প্রডাকসান আগের চেয়ে বেড়েছে এই অবস্থার মধ্যে যদি এই জীবনযাত্রার ব্যয়সূচক যে অংক সেই অনুযায়ী নিউট্রালাইজ করবার মত মজুরি শ্রমিকদের দিতে রাজী না হন এবং সেই অবস্থায় শ্রমিকদের সমস্ত কটি কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ান একসঙ্গে দাঁড়িয়ে ধর্মঘটের ডাক দেন সেই অবস্থায় মধ্যে সরকারকে বলতে হবে শ্রমিকরা যদি বাধ্য হন এই ধর্মঘটের অধিকারকে প্রয়োগ করতে, তা হ'লে তখন কার পক্ষে দাঁড়াবেন। যে কোন যুক্তিই আসুক সেটাকে পাল্টে শ্রমিকদের পক্ষে দাঁড়াবেন কিনা এটা বলতে হবে। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, সেরকম সুস্পষ্ট কথা এর মধ্যে নেই। বলা হয়েছে, ধর্মঘট যাতে বেশী না হয় তার জন্য চেষ্টা করা দরকার। আর মজুরি বৃদ্ধির ব্যাপারটা যুক্ত করা হয়েছে উৎপাদনের সঙ্গে। বেশ তো ধর্মঘট শ্রমিকরা নিশ্চয় চান না। ধর্মঘট করতে গেলে মালিকদের চেয়ে শ্রমিকদের জ্বালা অনেক বেশী। কিন্তু যদি বারংবার চেষ্টা করেও সেই ন্যায্য অধিকার শ্রমিকরা কার্যকর করতে না পারে সেই পরিস্থিতিতে তাদের ধর্মঘট হচ্ছে অপরাপর আন্দোলনের মধ্যে ইনয়্যালিনেয়েবল রাইট, অবিচ্ছেদ্য অধিকার। সেই অধিকারকে প্রয়োগ করতে প্রয়োজন হ'লে গভর্নমেন্টও কুণ্ঠাবোধ করবেন না, এই ঘোষণা যদি না করেন ইঞ্জিনীয়ারিং শিল্পের মালিকরা এই শ্রমিকদের ধর্মঘটের সামনে দাঁড়িয়ে নতি স্বীকার করতে যাবেন না। যদি মনে করেন আপনাদের কাজটা হ'ল তুমিও ভাল, আমিও ভাল, টিকিও ভাল, টাকও ভাল, দুজনকে একটু কাছাকাছি এনে মিলিয়ে দাও, তা হবে না। টিকি এবং টাক উভয়েরই এক অবস্থা তা চলবে না। এই অবস্থার মধ্যে মালিক শ্রেণী সম্পর্কে বিশেষতঃ একচেটিয়া মালিকদের সম্পর্কে কি অ্যাটিচুড, কি দৃষ্টিভঙ্গি তা এই বাজেট বক্তৃতার মধ্যে আমরা অন্ততঃ কিছু সুস্পষ্টভাবে দেখতে পাচ্ছি না।

বরং শ্রমিক শ্রেণীর ধর্মঘট সংক্রান্ত অধিকার প্রয়োগের ব্যাপার নিয়ে যে বিপুল বিধা দেখতে পাচ্ছি তাতে আশংকা বোধ করছি। হাজার স্বাদিচ্ছা থাকলেও যে স্বাদিচ্ছা সাধারণভাবে আছে সেটা ধরে নিয়ে তার দ্বারা এই বেতরণী পার হতে পারবেন না ব'লে মনে করি। একথা আমার বলার কারণ আজকে ধর্মঘটের অধিকারের ব্যাপার নিয়ে ইতিমধ্যে আমি জেনেছি যে, শ্রম দপ্তর একটা অর্ডিন্যান্স করবার চেষ্টা করেছিলেন। সেই অর্ডিন্যান্সে অবশ্য বত মানে বলা হয় নি, সেই অর্ডিন্যান্সের মধ্যে ধর্মঘট করার অধিকার তারা খর্ব করতে চেয়েছিলেন। কারণ কি? না, আমাদের দেশের আর্থিক সংকটে বেশী, ধর্মঘট না করলেই ভাল হয়, এটাই হচ্ছে অ্যাটিচুড। ধর্মঘট অবশ্য যত এড়িয়ে যাওয়া যায় ততই ভাল। কিন্তু ধর্মঘটের অধিকার কে প্রয়োগ করবে, সিদ্ধান্ত কে নেবে, শ্রমিক শ্রেণী সেই সিদ্ধান্ত নেবে না? অন্য সকল রকম যদি নষ্ট হয়ে যায়, তা হ'লে তখন তাদের সেই অধিকার প্রয়োগ করবার সুযোগ দিতে হবে। তা যদি দিতে হয়, তা হ'লে ধর্মঘট ব্যান ক'রে অর্ডিন্যান্স করা কোন কাজের কথা নয়। আমি জানি আপনারা বলবেন যে, কেরালা গভর্ণমেন্টে এই অর্ডিন্যান্স পাশ করেছিলেন। এই বিষয়ে সুস্পষ্টভাবে বলতে চাই যে, কেরলা গভর্নমেন্ট একটা রাজনৈতিক ধর্মঘটের সামনে দাঁড়িয়ে একটা অর্ডিন্যান্স পাশ করেছিলেন। যার জন্য এন জি ও ধর্মঘট যেটা সি পি এম তাদের গভর্নমেন্টকে নামিয়ে ফেলবার জন্য চেষ্টা করেছিলেন। যার সঙ্গে অর্থনৈতিক দাবি-দাওয়ার কোন প্রকৃত সম্পর্ক ছিল না। কারণ সেই সময়ে পে-কমিশনের রায় বেরোনোর পরে কার্যকর করবেন একথা বলা সত্ত্বেও সরকারী কর্মচারীর সি পি এম-এর প্রভাবিত অংশ এই ধর্মঘটে সরকারকে নামিয়ে আনবার জন্য চেষ্টা করেছিলেন ব'লে তারা এই ধর্মঘটের জন্য অর্ডিন্যান্স করেছিলেন। তা সত্ত্বেও এ কথা বলবো আমি জানি এই অর্ডিন্যান্স তারা পরবর্তীকালে কোন আইন করার কথা ভাবছেন না অথবা অন্য ক্ষেত্রে প্রয়োগ করার কথা ভাবছেন না। আজকে পশ্চিমবাংলার এই গভর্নমেন্টকে রাজনৈতিক ষড়যন্ত্র ক'রে কারা ফেলে দিতে পারে, কারো বাপের সাধ্য নেই যে সংখ্যাগরিষ্ঠতা আছে। এখানে দাঁড়িয়ে সেই পরিস্থিতির মধ্যে আপনার ভয় কি? মালিকের বিরুদ্ধে শ্রমিকরা লড়ছে সেখানে তাদের অধিকারকে রক্ষা করাই মূল প্রশ্ন। এখানে ধর্মঘটকে ব্যান করার জন্য কোন আইডিয়া যেটা এই মালিক শ্রেণী, যারা আক্রমণ করতে চায়, যারা সংগঠিত ভাবে সমস্ত শ্রমিক প্রতিষ্ঠান ঐক্যবদ্ধ ব'লে তাদের কাছে নতিস্বীকার করতে চায় না তাদের শক্তিশালী করতে বাধ্য। দেখুন, আমি কেন একথা বলছি সম্প্রতিকালের তার ২টো উদাহরণ দিচ্ছি। এই পশ্চিমবাংলা সরকার বর্তমানকালে ডি আই আর প্রয়োগ করেছেন ইন্ডাস্ট্রিয়াল রিলেশানের ক্ষেত্রে দুবার। একবার ডি আই আর প্রয়োগ করেছেন সেটা পরে বলবো, কারণ সেটা আমার কাছে আরো গুরুত্বপূর্ণ ইন্ডিয়ান অক্সিজেনের ব্যাপার। কিন্তু তারপর ডি আই আর প্রয়োগ করেছেন কিসের ব্যাপারে? না প্রেস কর্মচারীদের এসেনসিয়াল কাজ ব'লে ধ'রে নিয়ে সেই প্রেস কর্মচারীদের ধর্মঘট বন্ধ করবার জন্য তারা ডিফেন্স অব ইন্ডিয়া রুল প্রয়োগ করেছেন। সেই ডিফেন্স অব ইন্ডিয়া রুল প্রয়োগ করেন ধর্মঘট নিষিদ্ধ করার জন্য। তখন আর একটা রুল সঙ্গে সঙ্গে জারী করলেন। সেট রুল হোক বা নির্দেশক যাই বলুন যে ১৬ টাকা ক'রে অ্যাড হক বৃদ্ধি হবে প্রেস কর্মচারীদের মাইনে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন এবং আমাদের অন্যান্য এসটিমড কলিগরা নিশ্চয়ই জানেন যে, ধর্মঘট ডি আই আর অনুযায়ী বন্ধ হয় ঠিক, কিন্তু ঐ যে ১৬ টাকা ক'রে বৃদ্ধি সেটা কিন্তু হয় নি। কারণ মালিকরা ইতিমধ্যে হাইকোর্টে গিয়ে তাদের বিরুদ্ধে ইনজাংশান নিয়ে এসেছে। সুতরাং ১৬ টাকা বৃদ্ধিটা হাইকোর্টের ইনজাংশানে বন্ধ হয়ে আছে। প্রেস কর্মচারীদের ধর্মঘট বন্ধ করার জন্য ডি আই আর প্রযুক্ত হ'ল তাহলে এখানে বলুনতো ডি আই আর কার বিরুদ্ধে প্রযুক্ত হ'ল? আপনারা পারলেন না, সংগঠিত শ্রমিক আন্দোলনকে অ্যাক্ট করতে দিলেন না অথবা পারলেন না আপনাদের ঐ নির্দেশকে কার্যকর করতে। মহামান্য হাইকোর্ট সেখানে ইনজাংশান দিলেন, হ'ল না ছোট ছোট কর্মচারীদের প্রকৃত মজুরী বৃদ্ধি। এটা কি সত্যি কথা নয়? ডি আই আর প্রয়োগের কথা চিন্তা করুন, ধর্মঘটের ক্ষেত্রে আমি বলবো ধর্মঘটের ক্ষেত্রে প্রয়োগের প্রচেষ্টা ঠিক নয়। আমি আপনাদের জিজ্ঞাসা করি এই বিষয়ে একটা মেথড থাকা দরকার? আপনারা বলবেন যে, আমাদের দারুণ প্রয়োজনীয় ব্যাপার প্রেস সেই কারণে ডি আই আর করেছি। তা হ'লে প্রয়োজনীয়

ব্যাপার উৎপাদনের ক্ষেত্রে শ্রমিককে সন্তুষ্ট রাখা আপনারা বলেছেন যে, খুব প্রয়োজনীয় ব্যাপার। সেই সন্তুষ্ট রাখার ব্যাপারে যদি বাধা হয়ে থাকে ডি আই আর প্রয়োগ করবেন? আমি এটা দেখে অবাক হয়ে গেলাম যে, ভবিষ্যনিধি বা প্রভিডেন্ট ফান্ড বলে ১৯ নম্বর যে সেকশান আছে, এই সেকশানের সম্বন্ধে আমাদের শ্রম দপ্তরের মন্ত্রিমহাশয় অনুগ্রহ ক'রে এই ভবিষ্যনিধি সম্পর্কে যেটুকু বলেছেন যে, অনেক মোকদ্দমা শুরু করেছেন, শাস্তিমূলক ব্যবস্থা ইত্যাদি মোকদ্দমা মারফত এই সব কথা তুলেছেন।

[3-10—3-40 p.m.]

আমি জিজ্ঞাসা করি শ্রমিকরা কি দাবি করতে পারে না, যার জন্য প্রেস কর্মচারীদের ব্যাপারে ডি আই আর প্রয়োগ করলেন। আপনাদের প্রভিডেন্ট ফান্ড-এর মিটিং-এর রিপোর্ট-এ বলেছে যে, তাদের যে দেয় ছিল প্রভিডেন্ট ফান্ড-এর হিসাবে তাঁরা ৫ কোটি ১৩ লক্ষ টাকার বেশী দেয় ছিল, তার মধ্যে হিসাব দিচ্ছে মোট ৩ কোটি ৩৯ লক্ষ টাকার। ১ কোটি ১৬ লক্ষ টাকা কর্মচারীদের প্রফিডেন্ট ফান্ড-এর হিসাবকে তাঁরা কারচুপি করেছে, ইরেগুলারিটিস্ করেছে, এই কথা আপনাদের ইন্সপেক্টররা বলছে। বলুন কি, করবেন কি এদের উপর ডি আই আর প্রয়োগ, সেই কথা তো আলোচনা করেন নি, কেন করবেন না? আজকে আপনি শ্রমিকদের মজুরী কন্ট্রোল করবার চেষ্টা করবেন উৎপাদন বৃদ্ধির দিকে তাকিয়ে, অথচ বলুন দেখি ঐ যে প্রফিডেন্ট ফান্ড যাদের যাদের বাকী পড়ে রয়েছে, শুধু বাটা কোম্পানি বলেই নয়, দেখবেন তার মধ্যে পর পর একগাদা জুট মিলস—১৫ লক্ষ ৫০ হাজার টাকা বাজোরিয়া আলেকজান্ডার জুট মিল, ৩৯ লক্ষ টাকা কেলভিন, ৮৬ লক্ষ টাকা কিনসিম জুটমিল, ৫৫ লক্ষ টাকা ব্রেথওয়েট, এই যে সমস্ত ট্রাস্ট থেকে চুরি অথবা প্রভিডেন্ট ফান্ড-এ টাকা জমা না দেওয়া, এই যে ঘটনাবলি, এই টাকা কোথা থেকে এসেছে? কার সঞ্চিত সম্পদে, যাদের পরিশ্রমে সঞ্চিত সম্পদ, কি কাজে লেগেছে, এই প্রভিডেন্ট ফান্ড, চুরি, তা কি কাজে লেগেছে, ড্রব্যাক ক'রে ইন্ডাস্ট্রি তৈরি করবার জন্য করেছে, ইন্ডাস্ট্রি এক্সটেনশন কিনসিন কোং, কেলভিন কোং করেছে কি? আলেকজান্ডার জুটমিল করেছে কি, ইন্ডাস্ট্রি এক্সপানসান, কোন এক্সপানসান-এর জন্য ব্রেথওয়েট তো টাকা রাখেন নি। এটা তো সিম্‌পলি মিল শ্রমিকদের টাকা চুরি ক'রে রেখে দেওয়া। কিন্তু এদের উপর তো ডি আই আর প্রয়োগের কথা ভাবেন নি। ভেবেছেন শুধু প্রেস কর্মচারীদের উপর ডি আই আর প্রয়োগ করার কথা। সুতরাং আমি খুব দুঃখের সঙ্গে এই কথা বললে, যদিও অনেক বন্ধ কারখানা খুলিয়েছেন, তার জন্য ধন্যবাদ, যদিও সদিচ্ছা দেখাচ্ছেন, অনেক জিনিস মিটিয়ে দেখার জন্য, তার জন্য ধন্যবাদ কিন্তু সদিচ্ছার ব্যাপার এটা নয়। মালিক শ্রেণীর মোকাবিলা যদি সাধারণ শ্রমিক করতে চায়—সংগঠিত আন্দোলনের যে গণতান্ত্রিক অধিকার তাকে পূর্ণ স্বীকৃতি দিতে হবে। গণতান্ত্রিক ইন্ডাস্ট্রিয়েল রিলেসানস্ চাই। গণতান্ত্রিক ইন্ডাস্ট্রিয়েল রিলেসানস্ বলতে আমরা কি বুঝি, আমরা বুঝি ট্রেড ইউনিয়ন তৈরি করবার অধিকার। কিভাবে ট্রেড ইউনিয়ন তৈরি করবার অধিকার গোপন ব্যালট দিয়ে শ্রমিকরা তাদের ট্রেড ইউনিয়ন তৈরি করবে, কেন তারা পারবে না বলুন। শ্রমিক যদি গোপন ব্যালট দিয়ে মন্ত্রী তৈরি করতে পারে বেশীর ভাগ, আমাদের গোপালদাস বাবুর কনস্টিটিউয়েন্সি-তে তো শ্রমিক থাকে, তারা ব্যালট-এ উনাকে মন্ত্রী করতে পারেন, করেছে ন্যায্য কাজ করেছে, কিন্তু তা হ'লে তাঁরা গোপন ব্যালট এ ট্রেড ইউনিয়ন তৈরি করতে পারবে না, গণতান্ত্রিকভাবে ট্রেড ইউনিয়ন তৈরি করার যে রাইট তা ব্যালট-এ স্বীকার করা, তার জন্য কি আপনি এগিয়েছেন? কৈ সেই কথা তো এর মধ্যে কোথাও শুনি নি? এবং আমি যে কথা বলছিলাম, যে কালেকটিভ বারগেনিং-এর ব্যাপারে এই ধরনের অ্যাটিচিউড—এ খানিকটা বাটা হিসাবে দেখা দেয়। আমি মনে করি পশ্চিমবঙ্গের শ্রমনীতিকে সত্যকারের সাকসেস করতে হ'লে, তার শার্প এজ একচেটিয়া পুঁজির বিরুদ্ধে যদি ল দিতে পারেন, ওখানকার শ্রমিকদের সত্যকারের বিত্ত জয় করতে পারবেন না। আমা'র আর একটা কথা আছে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, গুরুত্বপূর্ণ কথা, যার উল্লেখ এর মধ্যে নেই। আমি সেটা না ব'লে পারছি না! সেটা হচ্ছে এর মধ্যে আমি দেখলাম গায়ের জোরে ইউনিয়ন দখল করার যে ঘটনা পশ্চিমবাংলায় ঘটছে তার

একটা উল্লেখ পর্যন্ত নেই। অথচ দুঃখের বিষয় যদি সত্যই শ্রম সম্পর্কে কিছু নষ্ট করে, তা হ'লে গায়ের জোরে ইউনিয়ন দখল করবার প্রচেষ্টা তার মধ্যে একজন: গায়ের জোরে ইউনিয়ন দখল করার প্রচেষ্টা আমাদের সি পি এম ভাইয়েরা দেখিয়েছেন। কিন্তু দেখিয়ে দিয়ে গিয়েছিলেন ব'লে মহাজনো যেন গতঃ স পন্থাঃ করতেই হবে, আপনারা যেটা মানেন, তা তো আমি জানতাম না। আপনারা ইণ্ডিয়ান অয়েল-এ যারা প্রতিষ্ঠিত ইউনিয়ন ভাঙ্গার চেষ্টা করেছেন, কি অ্যাটিটিউড নিচ্ছেন, র‍্যাকেট কোলমান-এ কি অ্যাটিচুড নিচ্ছেন, হিন্দুস্থান পিলকিংটন, স্যাঙ্কে হুইল, এভন্ টেক্সমাকো যখন ইউনিয়ন করবে, এই আশঙ্কায় একজন শ্রমিককে আর একজন অন্যতম কংগ্রেসী ইউনিয়নের লোকগুলি করেছে এবং সেই অভিযোগ মুখ্যমন্ত্রীর কাছে আছে। আমি বলছি মুখ্যমন্ত্রীর কাছে দেওয়া আছে।

শ্রীপ্রদীপ ভট্টাচার্য: ইট ইস নট ক্যারেক্ট।

শ্রীমতী গীতা মুখার্জী: আমি বলছি আগে শুনুন, ক্যারেক্ট কি ক্যারেক্ট নয় সেটা শুনুন, এত অধৈর্য হ'লে হবে কি ক'রে, এখানে শুনবেন না কিছু, তা হ'লে এটাকে দমন করবেন কি ক'রে?

(গণ্ডগোল)

আমরা মুখ্যমন্ত্রীর কাছে ব্যাপারটা জানিয়েছি, থানারও ডায়েরী রয়েছে, এফ আই আর রয়েছে। এখনো পর্যন্ত সেই লোকটা যে গুলি খেয়ে আহত হয়েছেন, সে হাসপাতালে রয়েছেন, সেখানে কোন মীমাংসা হয় নি, এটা ঘটনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যদি চান আমরা সেই বিবৃতি আপনার কাছে দিতে পরিপূর্ণ দায়িত্ব নিয়ে প্রস্তুত আছি। গায়ের জোরে ইউনিয়ন দখল করা যদি বন্ধ না করা হয়, যদি সম্মিলিতভাবে এবং দল মত নিরপেক্ষভাবে চেষ্টা না করেন, তা হ'লে বিপদ শুধু আমাদের একার নয়, পরস্পরের মধ্যে ঝগড়া হ'লেই এই রকম অবস্থার সৃষ্টি হতে পারে। তাই এইরূপভাবে দখল করার ব্যবস্থা বন্ধ করার জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে জানাতে চাই এবং সেই প্রচেষ্টা দেখতে চাই।

(At this stage the House was adjourned for 20 minutes.)

(After adjournment.)

Statement under Rule 346

Mr. Speaker: The Hon'ble Chief Minister, Shri Siddhartha Shankar Ray, will make a statement under rule 346.

[3-40—3-50 p.m.]

শ্রীসিদ্ধার্থশংকর রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যরা জানেন যে প্ল্যানিং কমিসন-এ অ্যাপ্রোচ টু ফিফথ্ প্ল্যান-এ যা ডকুমেন্ট ছিল তাতে তাঁরা বলেছেন অনুন্নত এলাকায় যতটা উন্নতি হওয়া উচিত ছিল ততটা হয় নি। তাই তাঁরা বলেছেন ৩টি বিষয় মনে রেখে একটা বৈজ্ঞানিক পন্থায় আমাদের এই সব অনুন্নত এলাকার উন্নতির জন্য চেষ্টা করতে হবে। যেমন -

(1) Potential and priorities of different areas.

(2) Coverage, dimention and thrust of other programmes taken up in the areas.

(3) Overall orientation and capabilities of existing administrative and institutional structures.

বিধানসভার সদস্যগণ জানেন ঝাড়গ্রাম একটা অনুন্নত এলাকা। এর জন্য ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট-এ এর আগে একটা পৃথক ব্রাঞ্চ করেছি যার নাম ঝাড়গ্রাম অ্যাফেয়ার্স ব্রাঞ্চ এবং এর ভারপ্রাপ্ত মন্ত্রী হচ্ছেন জয়নাল আবেদীন। এই ব্রাঞ্চকে আরও জোরদার করার জন্য আজ আমরা ঝাড়গ্রাম ডেভেলপমেন্ট বোর্ড গঠনের সিদ্ধান্ত নিয়েছি। এই রিজিয়ন-এ থাকবে ঝাড়গ্রাম থানা, বিনপুর থানা, গোপীবল্লভপুর থানা, সাঁকরাইল থানা এবং নয়াগ্রাম থানা। এগুলি হচ্ছে সব মেদিনীপুর জেলার অন্তর্গত। বোর্ডের চেয়ারম্যান হবেন মিনিস্টার-ইন-চার্জ ডাঃ জয়নাল আবেদীন এবং অন্যান্য সদস্যগণ হবেন পশ্চিমবঙ্গ রাজ্য পরিকল্পনা পর্ষদের ভাইস চেয়ারম্যান, ঝাড়গ্রাম মহকুমার সব বিধানসভার সদস্যগণ, পশ্চিমবাংলা সরকারের ডেভেলপমেন্ট অ্যান্ড প্ল্যানিং কমিশনার এবং মেদিনীপুর জেলায় ডি এম। সরকারের মনোনীত একজন অফিসার এই বোর্ডের মেম্বার সেক্রেটারী হবেন। আমরা আশা করছি ইন্‌স্টিটিউশনাল ফিনান্স থেকে আমরা অর্থসাহায্য পাব। এই অনুন্নত ঝাড়গ্রামের উন্নতিসাধনের জন্য ডেভেলপমেন্ট প্ল্যানিং ডিপার্টমেন্ট। এই বোর্ড-এর অ্যাডমিনিস্ট্রেটিভ ডিপার্টমেন্ট-এর বোর্ড ফাংসান অ্যান্ড পাওয়ার্স-এর মধ্যে থাকবে। আজ আমরা এই সিদ্ধান্ত নিয়েছি। আপনার অনুমতি নিয়া আমি সংক্ষেপে বলতে চাই ৪টা প্রধান ফাংসানস্ হচ্ছে—

(1) Formulation of integrated programmes for effective utilisation of the resources placed at its disposal from various sources.

(2) Co-ordination of execution of plans for the development of the region.

(3) Supervision of the execution of any project for the development of the region as a whole or a part of it.

(4) Review and evaluation of the progress of implementation and making adjustments in the policies and measures as this review may indicate.

ঝাড়গ্রাম বোর্ড হওয়াতে আমাদের যে প্রতিশ্রুতি ছিল সেটা পূরণ হ'ল। দার্জিলিংয়ে হয়ে গেছে, সুন্দরবনে হয়ে গেছে এবং এবারে ঝাড়গ্রাম বোর্ড ঘোষণা করছি। আমি আর একটা কথা বলতে চাই যে, দার্জিলিং এবং ঝাড়গ্রামে ওই অঞ্চলের প্রত্যেক এম এল এ-কে বোর্ডে রাখা হয়েছে এবং সুন্দরবনে আমরা ৪ জন এম এল এ-কে ওই অঞ্চল থেকে ওই বোর্ডে নিয়েছিলাম। কিন্তু আজকে মন্ত্রিসভা সিদ্ধান্ত নিয়েছেন যে, সুন্দরবনের যে কয়জন এম এল এ আছেন তাঁরা সকলেই সুন্দরবন ডেভলপমেন্ট বোর্ডের সদস্য থাকবেন।

শ্রীসুধীরচন্দ্র বেরাঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ ক'রে বলছি যে, পশ্চিমবাংলার তফসিল জাতির উদ্যোগে একটা বিরাট মিছিল এসেছে তাদের ৩০ দফা দাবি নিয়ে।

Mr. Speaker: Mr. Bera, before you mention anything it is the parliamentary etiquette that you should take permission from me. I would have allowed you. Please take your seat.

DEMAND FOR GRANT No. 30

Major Head: 38—Labour and Employment

শ্রীকৃষ্ণকুমার শুক্লাঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্য সরকারের শ্রমমন্ত্রী আগামী বছরের জন্য ৬ কোটি ৫৪ লক্ষ ৭৪ হাজার টাকার ব্যয়বরাদ্দের দাবি উপস্থিত ক'রে একটি বিবৃতি দিয়েছেন। আমি তাঁর এই বিবৃতি অত্যন্ত ধীরস্থিরভাবে শুনছিলাম। বিবৃতির শেষের পংক্তিটি আমার

ভাল লেগেছে। সেখানে তিনি বলেছেন, "১৯৭২ সালে জনগণ এই সরকারকে যে সনদ দিয়েছিলেন তা ক্রম পর্যায়ে পূরণ করতে এই সরকার দৃঢ়প্রতিজ্ঞ"। আমি এই পরিপ্রেক্ষিতে এটুকু নিবেদন করতে চাই যে, ১৯৭২ সালে জনগণ আমাদের যে সনদ দিয়েছিলেন তার আগে আমরা যেন ভুলে না যাই পশ্চিমবাংলার জনগণকে আমরা কি আশ্বাস দিয়েছিলাম। তাঁরা আমাদের উপর বিশ্বাস স্থাপন করেছিলেন। আমাদের মহান নেত্রী ইন্দিরা গান্ধীর নেতৃত্বে সমাজতন্ত্র স্থাপন করবার জন্য কংগ্রেস কর্মীরা শপথ নিয়েছে এবং সেটা পালন করবার জন্য এই সনদ তাদের হাতে তুলে দেওয়া হয়েছে। মন্ত্রিমহাশয় বলেছেন, সরকার দৃঢ়প্রতিজ্ঞ। এই সরকারের অর্থ যদি মন্ত্রী হন, তা হ'লে আমি পুরাপুরি মেনে নিতে রাজী আছি। কিন্তু সরকারের অর্থ যদি মন্ত্রী ছাড়া তাঁর বিভাগকে বোঝায়, তা হ'লে সন্দিগ্ধ মন নিয়ে আমি তার দৃষ্টি আকর্ষণ করছি। যাঁদের দিয়ে তিনি পশ্চিমবাংলার শ্রমিক-মালিক সম্পর্ক সৃষ্টি করার প্রয়াস নিচ্ছেন তাঁদের উপর শ্রমিকদের কোন বিশ্বাস আছে কিনা সেটা চিন্তা করবার বিষয়। তাঁদের উপর শ্রমিকদের সন্দিহান মনোভাব রয়েছে এবং তাঁরা কোন শপথ বাক্য পাঠ করেন নি। তাঁরা চাকুরি করতে এসেছেন এবং আমরা দেখেছি, এই আমলারা প্রত্যেক পরিকল্পনাকে বানচাল করবার জন্য এবং দেশের অগ্রগতিকে রোধ করবার জন্য ওৎ পেতে বসে আছেন। কাজেই তাঁদের উপর নির্ভর ক'রে শ্রমিককল্যাণ করার কথা যদি ভেবে থাকেন, তা হ'লে এই জিনিস আদৌ সম্ভব হবে কিনা সেটা বিবেচনা করতে হবে। একটা ভাল চিত্র এই বিজ্ঞপ্তির মধ্যে ফুটে উঠেছে এবং তা ছাড়া আর একটা যে চিত্র আছে তার দিকে আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেই চিত্র কিন্তু এত আশাব্যঞ্জক নয়, তার মধ্যে আছে হতাশার পরিচয়। আমরা সরকার হাতে নেবার পর, পশ্চিমবাংলার নূতন আবহাওয়া সৃষ্টি হবার পর দেশের খেটে খাওয়া মানুষ ভেবেছিল, আমরা নূতন পথের দিসারী হয়েছি, আমরা নূতনভাবে দেশ গ'ড়ে তুলব। এর সুযোগ তাঁরা নিলেন যাঁরা পশ্চিমবাংলায় একচেটিয়া পুঁজি নামে খ্যাত। যাদের বিরুদ্ধে সংগ্রাম করব তাদের যদি সুযোগ দেন, তা হ'লে সংগ্রাম হয় পরিহাস। গঙ্গার দুধারে জুটমিলগুলো দেখুন, জুটমিলের কর্মীরা হতাশায় ভেঙ্গে পড়েছে। তাদের ক্ষেত্রে যদিও ২৩৫ টাকা ন্যূনতম আয় নির্ধারণ করা হয়েছে এবং এর পর তারা আশা করেছিল নূতনভাবে, নূতন পথে তারা এগিয়ে যাবে।

[3-50—4-00 p.m.]

কিন্তু সামগ্রিকভাবে যে পরিবেশ সৃষ্টি হয়েছে তাতে শ্রমিকদের মধ্যে হতাশা সৃষ্টি হয়েছে। একের পর এক কারখানা, একচেটিয়া পুঁজির যারা মালিক তারা শ্রমিকদের ফাঁকি দিয়ে যাচ্ছে, শ্রমিকদের ভয় দেখাচ্ছে, তারা বলছে যে, তোমরা যা মনে করেছো বিপ্লবের যে পথে তোমরা এগিয়ে যাবে সে পথে যেতে দেব না। তারা শুধু মুখে বলছে না, তারা অঙ্কে প্রমাণ ক'রে দিচ্ছে। তারা দেখিয়ে দিচ্ছে যে তারা আমাদের সমস্ত কার্যক্রমকে ব্যর্থ ক'রে দেবার শক্তি রাখেন। সেপ্টেম্বর মাসে এম্পায়ার জুট মিলে একটা স্ট্রাইক হয়। কারখানার মালিকদের অন্যায়ের বিরুদ্ধে এম্পায়ার জুট মিলের শ্রমিকরা আন্দোলন আরম্ভ করেন এবং মালিকরা কারখানা লে-অফ ক'রে দেবার পর তারা বলেন যে, ১৫ জন লোককে কারখানা থেকে ছাঁটাই না করলে তারা কারখানা খুলবেন না, এই গোঁ ধ'রে তারা বসে থাকেন। তাদের দাবি এই ১৫ জন শ্রমিক যারা অন্যায়ের বিরুদ্ধে মাথা তুলে দাঁড়িয়েছিলেন তাদের সাসপেন্ড ক'রে দিতে হবে এবং চার্জ-সিট দিয়ে কারখানার গেটের বাইরে রেখে দিতে হবে। এদের যদি কারখানায় নিতে হয়, তা হ'লে কারখানা খুলবো না। কিন্তু শ্রমিকরা বরাবর আন্দোলন করে এসেছেন আন্দোলনকে তাঁরা ভয় পান না। কিন্তু অত্যন্ত বেদনার সঙ্গে মাননীয় মন্ত্রীর কাছে নিবেদন করছি এবং অবাক হয়ে গেলাম যেদিন দেখলাম আমাদের সরকারের একজন আমলা একজন ডেপুটি লেবার কমিশনার এম্পায়ার জুট মিলের মালিকের কাগজের উপর সই ক'রে দিলেন এবং বললেন যে, এই ১৫ জন লোককে যদি কারখানার বাইরে না রেখে দেওয়া হয়, তা হ'লে কারখানা রি-ওপেন হবে না। সেদিনকে শ্রমিকরাও অবাক হয়েছে এবং আমরাও অবাক হয়ে গিয়েছি যে, এই ইনস্ট্রাকসান কার? যদি পুঁজিবাদীরা এই কথা বলতেন, তা হ'লে সমস্ত

ক্ষমতা দিয়ে প্রতিরোধ করবার আহ্বান শ্রমিকদের জানাবো। কিন্তু এই কথা যদি ডেপুটি লেবার কমিশনারের কাছ থেকে আসে যে, যে ১৫ জনের নাম মালিক দিয়েছে সেই ১৫ জনকে কারখানা থেকে বের না ক'রে দিলে কারখানা খুলবো না, এই যে চক্রান্ত সাধারণ মানুষের রুজিরোজগারের বিনিময়ে, সাধারণ শ্রমিকদের নিষ্পেশিত করবার চক্রান্ত তাতে আমরা একটু অবাক হয়ে গেলাম। ছোটাছুটি করেছিলাম শ্রম দপ্তরে, শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম। শ্রমমন্ত্রীর হস্তক্ষেপে ঐ ১৫ জনের বিরুদ্ধে চার্জসিট এবং সাসপেনসান উইথড্র হয়েছিল। কিন্তু আমি বেদনার সঙ্গে শ্রমমন্ত্রীর কাছে আবেদন করছি যে, কর্মচারী আপনার নীতি বহির্ভূত নীতিভ্রষ্ট কাজ করেছিলেন তা শ্রমিকদের দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও আজও সেই কর্মচারীর বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নি। সেদিন পরিহাস ছলে বলেছিলাম, আজকে বিধানসভায় বিনীতভাবে দাবি রাখছি। সেদিন বলেছিলাম যে, শ্রমমন্ত্রী এই ধুরন্ধর কর্মচারীকে হুগলী জেলায় নিয়ে যান, তিনি ঐ কর্মচারীকে নিজের কাছে রাখুন। ভেবেছিলাম কোন সুরাহা হবে। কিন্তু তা হয় নি। অত্যন্ত আশার সঙ্গে ডাঃ জয়নাল আবেদিন এবং আবদুস সাত্তারের বক্তব্য শুনেছিলাম। তাদের ব্যয়বরাদ্দের দাবির উত্তরে তারা বলেছিলেন যদি স্পেসিফিক কেস থাকে আনুন নিশ্চয় সরকার দেখবেন। কোন কর্মচারী কিংবা আমলা যদি আইন বহির্ভূত কাজ করেন, তা হ'লে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করবেন এই কথা বলেছিলেন। কিন্তু এখানে মন্ত্রি-মহাশয়ের দৃষ্টিগোচরে এনেও কোন সুরাহা পাওয়া যায় নি। কেলভিন জুট মিল বন্ধ হয়েছিল। খোলার ব্যাপারে ৯ জন কর্মচারীকে বাইরে রাখার আশ্বাস দেওয়া হয়েছিল এবং বলা হয়েছিল, ৪ সপ্তাহের মধ্যে সমস্ত এমপ্লয়িকে নেওয়া হবে। কিন্তু ৮ সপ্তাহ হয়ে গেল, তাদের সম্বন্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নি। লিখিতভাবে এগ্রিমেন্ট সত্ত্বেও ৮ সপ্তাহের উপর হয়ে গেল তাদের কোন ব্যবস্থা আজ পর্যন্ত হয় নি। তারা আজও কাজ পায় নি। আজকে তারা ফুটপাথে দাঁড়িয়ে আছে। তাদের কাছে প্রত্যাশা করবো আমরা যে বিপ্লবের কথা বলছি তাদের কাছে কি প্রত্যাশা করবো যে, আমরা যে আহ্বান দিলে তারা সাড়া দেবে—তাই আজকে অত্যন্ত বিনীতভাবে আবেদন করছি, আজকে একটির পর একটি কারখানায় যে অন্যায় চলেছে সেই অন্যায়কে যদি দৃঢ়-ভাবে প্রতিরোধ করা না যায়, তা হ'লে ভবিষ্যতে আর আশাব্যঞ্জক কথা বলা যাবে না। এই তো সেদিন ব্যারাকপুরের গৌরীশঙ্কর জুট মিলের ৩৫ জন লোককে চার্জসীট এবং সাসপেনসন ক'রে দিয়ে মালিকের স্বার্থে কারখানা খুলতে বাধ্য করা হ'ল। মালিক বলেছিল এই ৩৫ জন লোককে কারখানা থেকে বাহির না করলে কারখানা খুলবো না। সরকার কি এই মালিকের দৃঢ়তাকে ভেঙেচুরে শ্রমিকদের অধিকার প্রতিষ্ঠা করতে পারেন না? ২৩৫ টাকা ন্যূনতম শ্রমিককে দিতে হবে এই চুক্তি হওয়ার পর থেকে একটার পর একটা কারখানা, একটার পর একটা হামলা সৃষ্টি হচ্ছে।

মালিকরা জেদ ধরেছিল যে ৩৪ জনকে কারখানার বাইরে না রাখলে কারখানা খুলবে না। দেখলাম শক্তি ছিল না মালিকের দৃঢ়তাকে ভেঙেচুড়ে শ্রমিকদের অধিকারকে প্রতিষ্ঠা করার জন্য নির্দেশ দেওয়ার। শ্রমিকদের ন্যূনতম দাবি ছিল ২৩৫ টাকা মজুরী তারা পাবে। এই চুক্তি হবার পর থেকে একটার পর একটা কারখানাতে হামলার নজির সৃষ্টি হয়েছে। ৫০০ টাকার উর্ধ্বে যাদের মাইনে, যাদের ইনডাস্ট্রিয়েল অ্যাক্টে কভার করে না তাদের সম্বন্ধে মালিকরা দায়দায়িত্ব এড়িয়ে যেতে চাইছে, যে কোন হোয়াইট কলার স্টাফকে চিঠি দিয়ে তারা বরখাস্ত ক'রে দিয়েছে। যেখানে আমরা পশ্চিমবাংলার বেকারদের জন্য চাকুরির অনুসন্ধান করছি সেখানে যে সমস্ত লোক চাকুরিতে ছিল, তাদের হোয়াইট কলার ব'লে নোটিস দিচ্ছে চাকুরি থেকে বরখাস্ত করার জন্য। এদের এক একজন এম এ পাশ ছেলে, চাকুরি করছিল, কিন্তু তাদের একটা চোতা কাগজ ঠেকিয়ে দিয়ে আজকে কারখানার বাইরে ঠেলে দিচ্ছে। লেবার কমিশনারও দেখছি অসহায়, তাদের আইনের সাহায্য দেওয়া, ন্যূনতম যা করণীয় তা যদি না করা যায় এই হোয়াইট কলার ছেলেদের জন্য, তা হ'লে শিল্পে নিরাপত্তা থাকবে কি? সাধারণ শ্রমিকদের যে নিরাপত্তা আছে, এদের তাও নাই। ফুটপাথে বসে আছে, কদিন আগের ব্যাপার টিটাগড় পেপার মিলে যে আন্দোলন হ'ল, সেই ঢেউ কলকাতার বুকেও এসে লাগল। আজকে কি রকম অবস্থা হয়েছে।

আমি তাই বিধানসভায় দাবি করছি, পশ্চিমবাংলার শিক্ষিত ছেলে যারা খাটছে, তাদের কল্যাণের জন্য একটা আইন করা দরকার। যারা আজকে ৫০০ টাকার ঊর্ধ্বে মাইনে পায়, তাদের চাকুরিতে নিরাপত্তা থাকবে না, মালিকের মর্জি হ'লে তাদের রাখবে, আর মর্জি না হ'লে তাদের ফুটপাথে নিক্ষেপ করবে, এটা হতে পারে না, এই সম্বন্ধে আইন করা দরকার। আমরা দেশে সমাজতন্ত্র আনার কথা বলছি, নূতন সমাজ প্রতিষ্ঠার কথা বলছি, আজকে যদি চাকুরির নিরাপত্তার ন্যূনতম গ্যারান্টি না দিতে পারি, তা হ'লে সমস্ত কথাই ফাঁকি হয়ে যায়, কেউ বিশ্বাস করবে না যে, আমরা দৃঢ়তার সঙ্গে লক্ষ্যের দিকে এগিয়ে যাচ্ছি। আমি অত্যন্ত বিনীতভাবে শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, তিনি অত্যন্ত ধীর-স্থিরভাবে বিবেচনা করুন। তাঁর বিভাগ থেকে যে তথ্য দেওয়া হয়েছে, তাতে বিধানসভার সদস্যদের বলা হচ্ছে যে, শিল্পে শান্তি বিরাজ করছে, অশান্তি নেই আগের চেয়ে অত্যন্ত ভাল পরিবেশ। কিন্তু আমি একটা কথা নিবেদন করতে চাই। গঙ্গার দুই ধারে এই যে শিল্পাঞ্চল এটা বরাবরই অগ্নিগর্ভ ছিল, আজও অগ্নিগর্ভ আছে। আপাত শান্তি ঝড়ের পূর্বাভাস কিনা। এই ঝড় যদি সময়ে রোধ করা না যায়, তা হ'লে কিন্তু এই ঝড় অনেককেই বয়ে নিয়ে যাবে। মালিকের নির্দেশে এক একটা কারখানা বন্ধ হয়ে যাবে, আর মালিকের ইচ্ছায় এক একটা কারখানা খুলবে? এই কারখানা খোলার ব্যাপারে আমরা যদি দৃঢ়তার পরিচয় না দিতে পারি, তা হ'লে আমি মনে করি না পশ্চিমবাংলায় বেশী দিন এই অবস্থা থাকবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে নিবেদন করতে চাই যে, পশ্চিমবাংলার রাজনীতি কিন্তু শুধু কলকাতা বা পশ্চিমবাংলার রাজনীতির নিয়ামক নয়, এটা সারা ভারতবর্ষের ব্যারোমিটার, কাজেই যদি ঠিক পথ নেওয়া না যায়, তা হ'লে কিন্তু ব্যারোমিটার ভুল করবে না এবং মানুষের ভুলের জন্য সে শাস্তি নির্ভুলভাবে আমাদের মাথায় এসে পড়বে। সেজন্য আমি অত্যন্ত বিনীতভাবে আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে, আগামী বছর যদি এখানে আশ্বাসের ছবি তুল না ধরতে পারি, আশাব্যঞ্জক পরিস্থিতি গ'ড়ে তুলতে না পারি, শ্রমিকদের মনে এই বিশ্বাস জাগাতে না পারি যে, তোমাদের কল্যাণে আমরা তোমাদের পাশে আছি, এই বিশ্বাস জাগাতে না পারি যে, তোমাদের আপদে বিপদে সমস্ত অন্যায়ের বিরুদ্ধে সংগ্রামে আমরা তোমাদের পাশে আছি, তা হ'লে কিন্তু বেশিদিন তারা আমাদের উপর আর নির্ভর করবে না। আমি একটা কথা গৌরীশঙ্কর জুট মিলের পরিপ্রেক্ষিতে ব'লে দিতে চাই, সেখানে ৩৪ জন লোকের বিরুদ্ধে চার্জশীট দেওয়া হ'ল, সাস্পেনশন অর্ডার দেওয়া হ'ল এবং বলা হল যে, আপনারা কারখানার বাইরে হয়ে যাচ্ছেন, তাদের ফিরে আসার জন্য ১৫ দিনের সময় দেওয়া হয়েছে। কারখানা খুলেছে, শ্রমিকরাও ফিরে এসেছেন। কিন্তু মালিক তাঁদের

[4-00—4-10 p.m.]

কারখানায় ঢুকতে দিচ্ছেন না। কারখানা খোলার পরে তার একটি বিভাগের ৯০ জন লোককে মালিক কারখানায় ঢুকতে দিচ্ছেন না। এই ৯০ জন লোক এখন রাস্তায় বসে আছেন। অবিলম্বে তাদের যদি কারখানায় যাওয়ার ব্যবস্থা বা বিহিত করে না দেওয়া যায়, তা হ'লে একথা বলার অধিকার আমাদের থাকছে না যে, আমরা এদেশে বিপ্লব আনতে পারবো।

আর একটি ঘটনা সম্পর্কে, শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, সেটা হ'ল ইলেকট্রিক্যাল ম্যানুফেকচারিং কোং, দমদম, এখানকার জেনারেল ম্যানেজার গত ১৯৭২ সালের ৮ মার্চ তারিখে একটা এগ্রিমেন্ট করেছিলেন, তিনি আমাদের লেবার মিনিস্টারের একটা নির্দেশ অমান্য করেছেন এবং এখনো এই পশ্চিমবাংলার বুকে পশ্চিমবাংলার শ্রমমন্ত্রীর নির্দেশ অমান্য ক'রে সেই জেনারেল ম্যানেজার বহালতবিয়তে বসে আছেন। একজন জেনারেল ম্যানেজারের এই যে আমাদের শ্রমমন্ত্রীর প্রতি অসম্মান, এই যে ঔদ্ধত্য, এটা কোনক্রমেই সহ্য করা উচিত নয়। তাকে আপনারা ডেকে এনে বুঝিয়ে সুঝিয়ে বলুন, তোমরা পশ্চিমবাংলার বুকে বসে কাড়ি কাড়ি টাকা আয় করবে, মুনাফা লুঠ ক'রে নেবে, আর তোমরা এই পশ্চিমবঙ্গের শ্রমমন্ত্রীর ন্যূনতম একটা নির্দেশ মানবে না? এটা চলতে দেওয়া যেতে পারে না। এই জেনারেল ম্যানেজার ১৯৭২

সালের ২২শে সেপ্টেম্বরের একটা এগ্রিমেন্ট ভায়লেট করেছে এবং সংগে সংগে শুধু ভায়লেটই করে নাই, সে এগ্রিমেন্ট পুরাপুরি মানতে রাজী নয়, প্রত্যাখ্যান করছে। তিনি এ সাহস পেলেন কোথায়? কে তাকে এই সাহস জুগিয়ে দিয়েছে যে পশ্চিমবাংলার শ্রমমন্ত্রীর নির্দেশ অমান্য ক'রে এখানে ব্যবসা ক'রে যাবে, অথচ কেউ তাকে বাধা দিতে পারবে না? আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো, আপনি এই সম্পর্কে দয়া ক'রে একটু খোঁজ-খবর নিয়ে দেখুন। ঐ তের তলা বাড়ির ছোট ছোট ঘরের মধ্যে কোন মালিক বসে আছে কিনা! আমরা পশ্চিমবাংলার মানুষের কাছে শপথ গ্রহণ করেছি; কিন্তু আমলারা তো কোন শপথ নেন নাই! তাঁরা চাকুরি করার জন্য এসেছেন। আপনাদের প্রচেষ্টাকে তাঁরা বানচাল ক'রে জনসমক্ষে আপনাদের অপমানিত অপদস্থ করবার চক্রান্ত তাঁরা করছেন। এ'দের যদি আপনারা দপ্তর থেকে পরিষ্কার করে না ফেলতে পারেন, তা হ'লে যে বিপ্লব আনবার স্বপ্ন আপনারা দেখছেন, এদের দ্বারা সে বিপ্লব আপনি আনতে সমর্থ হবেন না। যত ভাল কথাই আপনি বলুন না কেন, যত ভাল কাজ আপনি করতে চান না কেন, তা কোনদিন বাস্তব কাজে রূপায়িত হবে না।

আজকে যে নৈরাজ্য শ্রমিক অঞ্চলে চলছে, এই নৈরাজ্যকে পশ্চিমবাংলার মানুষের কল্যাণের জন্য পরিবর্তিত আকারে নিয়োগ করতে হবে। এই যে রুগ্ন কারখানা নেওয়ার কথা হচ্ছে ও কিছু কিছু রুগ্ন কারখানা হাতে নেওয়া হয়েছে: সেই রুগ্ন কারখানাগুলিকে সুস্থ ও সবল ক'রে তুলবার জন্য ডাক্তার নিজের হাতে তার দায়িত্ব নিয়েছিলেন। সেদিন আমরা খুবই আশান্বিত হয়েছিলাম। এর নাড়ি হয়ত ঠিকমত ধরা হয়েছে। এই যে মহালক্ষ্মী কটন মিল নিয়েছেন; কিন্তু তার সমস্ত সেল অ্যান্ড পারচেজ কন্ট্রোল করছেন তার মালিক ব্রজলাল পান্নালাল। রুগ্ন মানুষকে ওষুধ দেবার দায়-দায়িত্ব সরকার নিলেন, অথচ অন্য সমস্ত দায়-দায়িত্ব পূর্বতন মালিক ব্রজলাল পান্নালালের গলায় চাপিয়ে দূরে বসে আপনারা যেন তামাসা দেখবার চেষ্টা করছেন। এই চক্রান্ত বানচাল করা দরকার। এই ঘুণধরা পচে যাওয়া আমলা-তন্ত্রের দৃষ্টিভংগীকে যদি আপনি বদলাতে না পারেন, তা হ'লে তাদের মারফৎ কোন কাজে আপনি সফলকাম হতে পারবেন না। আমি শ্রমমন্ত্রীর কাছে অনেক নাম দিতে পারি, সমস্ত জিনিসটার তদন্ত হোক এটা আমি নিবেদন করতে চাচ্ছি, আমি চাই, আমাদের সরকার এমন দৃষ্টিভঙ্গি গ্রহণ করুন যাতে আমরা আগামী দিনে পশ্চিমবাংলার শ্রমিকদের বোঝাতে পারবো যে, তোমাদের কল্যাণের জন্য আমরা তোমাদের পাশে আছি, তা হ'লে পরে আরো চার বছর এঁদের সঙ্গী হয়ে আমরা ভবিষ্যতে কাজ করতে পারবো। একচেটিয়া পুঁজিবাদের বিরুদ্ধে সংগ্রাম আর একচেটিয়া পুঁজিপতিদের কোন রকম প্রশ্রয় দেওয়া দুটি একসংগে চলতে পারে না। হয় সরাসরি সংগ্রাম হবে, না, হয় আপোস হবে। এ ছাড়া গত্যন্তর নাই। আজ বিধানসভায় শ্রম দপ্তরে ডেপুটি মিনিস্টারের কাছে আবেদন রাখছি, দ্বিধাহীন কণ্ঠে আজকে ঘোষণা করুন সরকার এখানে সর্বত্র দরিদ্র শ্রমিকদের পাশে দাঁড়াবেন এবং আগামী দিনে আরো সুস্থ ও বলিষ্ঠ নেতৃত্ব দেবেন।

এই কথা বলে যে ব্যয়-বরাদ্দ উপস্থাপিত করেছেন ৬ কোটি ৫৪ লক্ষ ৭৫ হাজার টাকা এই বরাদ্দকে আমি সমর্থন করছি। গতবার একটা কথা বলেছিলাম যে দয়া করে আশ্বাস দিন পশ্চিমবাংলার মানুষকে যে পরিস্কার পরিচ্ছন্ন প্রশাসন দেবেন। একথা আমি গতবারের বাজেট আলোচনার সময় বলেছিলাম। কিন্তু আজকে এ কথা বলা সম্ভব নয়,—সরকারের পক্ষে বলা সম্ভব নয়। একথা নিশ্চিতভাবে বলতে পারি নেক ব্রেক স্পীড-এ সোস্যালিজম করব যে শপথ নিয়েছিলাম তা এক পা দু পা করে আগামী বছরে এগোবে। পুঁজিপতিদের দৃঢ়তার সংগে কঠোর হস্তে দমন করবার নজীর রাখবে। এই কয়েকটি কথা বলে এই বরাদ্দকে সমর্থন করছি।

শ্রীবীরেন্দ্রবিজয় মল্লদেবঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছুদিন আগে এই পশ্চিমবঙ্গ সরকার এই কথা ঘোষণা করেছিলেন যে, তিন অনুন্নত এলাকার ভার নিলেন, নর্থ বেঙ্গল দার্জিলিং আর ঝাড়গ্রাম এবং সুন্দরবন। এই তিনটি এলাকার মধ্যে ২টির পরিষদ গঠিত হয়ে

গেছে। তৃতীয়টি পক্ষে আজ যে ঘোষণা হ'ল এর অন্য আমি মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি। এর দ্বারা প্রমাণিত হ'ল যে, পশ্চিমবঙ্গ সরকার পশ্চাৎপদ এলাকার অবহেলিত মানুষের পিছনে আছে। এর সঙ্গে সঙ্গে আমি ধন্যবাদ জানাচ্ছি এই দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রীজয়নাল আবেদিন মহাশয়কে। তাঁর আন্তরিক সদিচ্ছার উপর আমাদের গভীর আস্থা আছে। আশা করবো তাঁর নেতৃত্বে ঝাড়গ্রাম অর্থনৈতিক ক্ষেত্রে এগিয়ে যাবে। এই ব'লে আমি মন্ত্রিসভাকে ধন্যবাদ জানাচ্ছি।

শ্রীগিরীজাভূষণ মুখার্জিঃ মিঃ স্পীকার স্যার, আজকে শ্রম দপ্তর যে বায়বরাদ্দের দাবি পেশ করেছেন সেটা পাশ হয়ে যাবে সে সম্পর্কে কোন প্রশ্ন নাই। প্রশ্ন হচ্ছে তাঁরা যে দাবি করছেন সেটা ঠিক কিনা। তাঁরা গত এক বছরে যা করেছেন এবং করছেন তাতে কতখানি পূর্ণ হয়েছে এই জিনিস ভালভাবে বিচার করে দেখা দরকার। নীতিগতভাবে ইনডাস্ট্রিয়াল রিলেসনস কি হওয়া উচিত সে কথা আমার পূর্ববর্তী বক্তা কমরেড শ্রীমতী গীতা মুখার্জি বলেছেন—আমি তাঁকে সমর্থন জানিয়ে নূতন দু'-একটি পয়েন্ট উল্লেখ করতে চাই। আপনি বলেছেন, আমরা চেষ্টা করেছি শিল্পে শান্তি বজায় রাখার জন্য এবং রেখেছি। এক নম্বর টেবিলে বলছেন যে ১৯৭২ সালে কর্মবিরতির সংখ্যা ৩৬৭ আর কর্মবিরতিতে জড়িত লোকের সংখ্যা ৬,৭০,২৭৭ এবং শ্রমদিবস নষ্ট হয়েছে স্ট্রাইক করার জন্য ৪৪,২৯,১৮১। আর ১৯৬৯ সালে কর্মবিরতির সংখ্যা ৮৯৪—কর্মবিরতিতে জড়িত লোকের সংখ্যা ৬,৭০,২৭৭ এবং শ্রম-দিবস নষ্ট হয়েছে ৯,৩৮,১৮,০৮৬। আমরা একটা চটকল স্ট্রাইক করেছিলাম—৩০ টাকা পেয়েছিলাম তার জন্য ২ লক্ষ শ্রম দিবস নষ্ট হয়েছে। আমরা স্ট্রাইক করেছিলাম মালিকের অফেনসিভ রেসিসট করার জন্য। শতকরা ৯০ জন হচ্ছে মালিক অফেনসিভ রেজিস্ট্যান্স করার

[4-10—4-20 p.m.]

জন্য। কেননা, আমরা শান্ত হয়েছি, আপনারা আমাদের ভদ্রলোক করতে পেরেছেন, কিন্তু মালিকদের ভদ্রলোক করতে পারেন নি, নিশ্চয় এর একটা স্বীকৃতি থাকা দরকার। মালিকের অফেনসিভ দিনের পর দিন বেড়ে যাচ্ছে। আমার পূর্ববর্তী বক্তা শুক্লজী বলেছেন, এই বিষয়ে আপনারা কি করেন? গৌরীশঙ্করে ৩৪ জনকে ছাঁটাই ক'রে বের ক'রে দিল, চার্জসিট দিয়ে দিল ১৭ জন ভিতরে থাকবে, আর ১৭ জন বাহিরে থাকবে কনসিলিয়েসন অফিসার এটা করলেন। যদি একজনকে বের ক'রে দেন, তা হ'লে কনসিলিয়েসন অফিসার বলবেন, একজনের আধখানা ভিতরে থাক, আর আধখানা বাহিরে থাক। ম্যান-ডেজের এই যে কনসিলিয়েসন হচ্ছে এই মেশিনারির মধ্য দিয়ে মালিকের কিছু করতে পারবেন না। ঘেরাও লস্টের অবস্থাটা দেখুন। ঘেরাওকে আপনারা ডিসকার্ড করছেন। কিন্তু কার স্বার্থে? আপনারা বলতে পারেন যে, হাঁ যাঁরা ঘেরাও করলে মালিকের খাওয়া, পরা, পায়খানা, প্রস্রাব ইত্যাদি আটকে যাবে। কিন্তু তারা যে ঘেরাও ক'রে যাবে আমরা দৌড়াব লেবার কমিশনারস্ অফিসে, কনসিলিয়েসন অফিসে, সেখানে মিটিং হবে, ট্রাইবুন্যাল হয়ে সুপ্রীম কোর্ট, এই পরিস্থিতির মধ্যে যেতে হবে। তা হ'লে কি লেবার রিলেসন্ হ'ল, কি করলেন, কি উন্নতি হ'ল, কি দাঁড়াচ্ছে? আমি তাই বলতে চাই এই পদ্ধতি ঠিক নয়, আপনাদের পদ্ধতি পাল্টাতে হবে। জয়েন্ট কাউন্সিল করবেন বললেন, এখনও সেই জয়েন্ট কাউন্সিল করতে পারলেন না। ইউনিয়ন রেকগনিসনের ব্যাপারে অনেক দিন ধ'রে পাঁয়তাড়া করা হচ্ছে, কিভাবে হবে, ঠিক হচ্ছে না। কেন জানি না, কার স্বার্থে পেপার আটকে পড়ে আছে, ব্যালট ভোট হবে, যে জিতবে সে থাকবে। আপনারা আইন করতে যাচ্ছেন যে, মাল্টিপ্লিসিটি অব ইউনিয়নস কমাবেন, সেখানে ২০-এর বেশী মেম্বার না হ'লে ইউনিয়ন রেকগনিসন পাবে না, নিয়ম ক'রে যদি ইউনিয়ন রেকগনিসনের আইন ক'রে দেন, তা হ'লে ইউনিয়ন রেকগনাইজড হবে, ঐ মাল্টিপ্লিসিটি অব ইউনিয়নস আর থাকবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭২ সালে ৮০০টি ইউনিয়ন রেজিস্ট্রেসন হয়েছে। ভারতবর্ষে বা পশ্চিমবাংলার ইতিহাসে ১ বছরে এতগুলি ইউনিয়ন রেকগনিসন রেজিস্ট্রেসন আগে আর কখন হয় নি। এখন ইউনিয়ন রেস্ট্রিক্ট করার জন্য আইন

করতে যাচ্ছেন। এটা যদি করে দেন, তা হ'লে দেখা যাবে সব আইন একদিনেই মিটে যাবে। কারখানায় মালিক শ্রেণীর সঙ্গে ইউনিয়ন আলোচনায় বসে ফয়সালা করবে এবং ফয়সালা সেখানে যদি না হয়, তা হ'লে লড়ে যাবে, ময়দানে নামবে এবং মালিকের কি ক্ষমতা আছে, আর আমাদের কি ক্ষমতা আছে সেটা আমরা দেখে নেব। আপনারা আমাদের ক্ষমতাকে রেস্ট্রিক্ট করছেন, আর ওদের ক্ষমতা দিয়ে যাচ্ছেন, এ তো চলতে পারে না বিংশ শতাব্দীতে। তাই আমি বলছি এগুলি করুন, তা হ'লে সত্যিকারের কিছু উন্নতি আপনারা করতে পারবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা বলছি আপনারা এই বইটিতে অনেক ভাল ভাল কথা বলেছেন, কিন্তু কংক্রিট কথা একটি বলেছেন, সেটা হচ্ছে যে, দীঘায় একটি আবাস হবে, আর পাহাড়ে একটি আবাস হবে। এটাই হচ্ছে কংক্রিট কথা এর বেশী কংক্রিট কথা এর মধ্যে দেখতে পেলাম না। বলছেন চেষ্টা হচ্ছে, প্রয়োজন অনুভব করছেন। কিন্তু সব চেয়ে বড় জিনিস যেটা সেটার কোন উল্লেখ নেই। মনোপলি কাউন্সিল সম্বন্ধে আমাদের গীতা মুখার্জি বলেছেন। ডি, এ, সম্পর্কে যেটা ফ্রড হচ্ছে—সকলেই স্বীকার করছেন যে, ডি এ ক্যালকুলেসনের ক্ষেত্রে একটা জোচ্চুরি হচ্ছে। যদি এক পয়েন্টে ১ টাকা হয়, তা হ'লে হুইচ কভার্স অনলি ৭২ পারসেন্ট অব দি রাইস, আমাদের আন্দাজ ক্যালকুলেসন অনুসারে যে দাম বাড়ছে সেটা ৭২ পারসেন্ট কভার্ড বাড়ছে। ঐ এক পয়েন্টে ১ টাকা এইভাবে ১৯৬০—যদি বেস ধরা যায়, তা হ'লে দেখা যাবে ২৮ পারসেন্ট অ্যাভারেজে মালিকে খেয়ে যাচ্ছে। এর ফলে দেখতে পাচ্ছি টাকা যত বেশী পাচ্ছে দুরবস্থা তত বেড়ে যাচ্ছে। আগে যেখানে মাইনে ছিল ডিয়ারনেস অ্যালাওয়েন্স বাবু, মিস্ত্রি, ইত্যাদি সব মিলিয়ে ১২ টাকা এখন সেখানে ২৩৫ টাকা পাচ্ছে। তখন অড়হর ডালে এক আধ ফোঁটা ঘি পড়তো এখন এত টাকা মাইনে পেয়েও এক ফোঁটা দালদাও পড়ছে না। আপনারা হিসাব ক'রে দেখুন, ডিয়ারনেস অ্যালাওয়েন্স এত বেড়েছে, কিন্তু হ্যাজ নট কভার দি রাইজ ইন কস্ট।

এ সম্বন্ধে ডি এ এক্সপার্ট কমিটি বসবার কথা ছিল, বসে নি, এতে কোন উল্লেখ নেই, প্রচেষ্টা করছি সে উল্লেখ পর্যন্ত নেই। কাজেই এই বক্তৃতা এটা কাকে খুশি করছে—খুশি করছে তাদের যারা আমাদের দিন রাত শোষণ ও নিষ্পেষণের জাঁতাকলে পিষছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ সম্পর্কে আমি বলতে চাই যে উপেক্ষার পর উপেক্ষা চলছে। জয়েন্ট কাউন্সিল এখনও হয় নি, স্ট্রাইকের অধিকার আপনারা ছিনিয়ে নিতে চলেছিলেন। আমি বেশি বলব না, খালি বলছি, কন্ট্রাক্ট লেবার অ্যাবলিসান রুল করেছেন, কাজে পরিণত হচ্ছে না। রুলস হয়ে গিয়েছে, কিন্তু হচ্ছে না। কেন হচ্ছে না? অফিসার নিয়োগ করতে পারছেন না বা কেন পারছেন না, কোন উল্লেখ এতে নেই। উল্লেখ আছে, আমরা চেষ্টা করছি। কিন্তু এই চেষ্টা কতদিন চলবে, কবে এটা কার্যকর হবে কোন বক্তব্য এর মধ্যে নেই। এখনও পর্যন্ত এটা চালু থাকার জন্য হাজার হাজার শ্রমিক বঞ্চিত হচ্ছে। ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন মাননীয় রাষ্ট্রমন্ত্রী জানেন, কালকেই ইলেকট্রিক সাপ্লাই ঐ চাকদা কম্প্যানীর ব্যাপারে ওঁর কাছে কনসিলিয়েসান হবে, যা খুসি তাই করছে, ছাঁটাই করছে ইত্যাদি। শ্রমিকরা আন্দোলন করছে আবার পুলিস এসে শ্রমিকদেরই ধরছে। পুলিস ইন্ডাস্ট্রিয়াল ডিসপুটে হস্তক্ষেপ করছে। এখানে করছে, বিড়লাপুরে করছে, টকি শো হাউসে করছে, আমি জানি শ্যামবাজারের টকি শো হাউসের ১১ জনকে ধ'রে নিয়ে গেল। এই ভাবে পুলিস ইন্ডাস্ট্রিয়াল ডিসপুটে হস্তক্ষেপ করছে। অনেকে বলেছেন যুক্তফ্রন্টের আমলে পুলিস হস্তক্ষেপ করত না, গণতান্ত্রিক আন্দোলন ইত্যাদি বলেছেন, কোন দৃষ্টিভঙ্গি থেকে বলেছেন জানি না, কিন্তু আমি বলছি, আমার যুক্তিকে খন্ডন করবার চেষ্টা ক'রে খন্ডন করবেন না, একটু বোঝবার চেষ্টা করুন, একটু ভাবুন। আমি আমার ৩৫ বছরের অভিজ্ঞতা থেকে একথা বলছি যে, পুলিস যখনই ইন্ডাস্ট্রিয়াল ডিসপুটে হস্তক্ষেপ করে তখন ইট গোজ ইন ফেবার অব দি ইন্ডাস্ট্রিয়ালিস্ট। আজকে শিল্পে শান্তি চান

It has gone in favour of the industrialists and not in favour of the workers.

এটা একটু উপলব্ধি করবেন, পরে একটু ভেবে দেখবেন। তারপর স্যার, এ'রা মিনিমাম ওয়েজেস করেছেন, এতে উল্লেখ আছে, ছোট ছোট কয়েকটা বাকি আছে—বিড়ি, হোটেল, সিনেমা

বাকি আছে, পরে করবেন বলেছেন, কিন্তু মিনিমাম ওয়েজেস যেটা করেছেন এটা কি সভ্য জগতে দেখাবার জিনিস? এটা একটু ভেবে দেখুন। যে বইটা কালকে পেয়েছি তার ৬৬ পাতায় আছে মিনিমাম ওয়েজেস হয়েছে—তেলকলে ১০৩ টাকা, ল্যাক ম্যানুফ্যাকচারিং ১২২ টাকা, পাথরভাংগা ৫২ টাকা, দরজি ৮৪ টাকা, কনস্ট্রাকসান অব রোড বিল্ডিং অপারেশন ৫২ টাকা। রাস্তায় যারা কাজ করে তাদের ৫২ টাকা মিনিমাম ওয়েজেস আপনারা বেঁধেছেন। এর চেয়ে লজ্জাব জিনিস আর কিছু হতে পারে? একটা লোকের মিনিমাম ওয়েজেস বেঁধে দিচ্ছেন মাসে ৫২ টাকা। আমি বলছি না বেসড ওয়েজেস বাঁধুন, আমি বলছি মিনিমাম ওয়েজেস যেটা পেয়িং ক্যাপাসিটি অব দি কনসার্ন ইজ নট কনসার্নড। সুপ্রীম কোর্ট বলে দিয়েছেন যে, মিনিমাম ওয়েজেস সেখানে সেই মালিকের দেবার ক্ষমতা আছে কিনা সেটা বিচার্য বিষয় নয়। মিনিমাম ওয়েজেস ইজ মিনিমাম ওয়েজেস। সুতরাং আমি বলছি, এই জিনিস পৃথিবীর অনেক সভ্য দেশে আপনারা বিতরণ করবেন কাজেই এটা বন্ধ করুন এবং তা করে এই মিনিমাম ওয়েজেস নতুন করে বাঁধুন। একটা ফ্যামিলি অব ফোর যাতে শুধু ডাল ভাত খেয়ে বাঁচতে পারে, নুন চাই না, সেই রকম মিনিমাম ওয়েজেস আপনারা বাঁধুন। একটা দরজিকে ৮৪ টাকা দিচ্ছেন—হোয়াট ইজ দি বেসিস? মিনিমাম। একটা দরজি দিনে ৬টি পাঞ্জাবি সেলাই করতে পারে। যদি ২॥ টাকা করে মজুরি হয়, তা হ'লে তার হয় ১৫ টাকা, কাজেই কেন ৮৪ টাকা দেবেন? মিনিমাম ওয়েজেস যেটা দেবেন সেটা একটু অ্যানালিটিক্যালি ভেবে দেখুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়,

It has gone in favour of the industrialists and not in favour of the working-class or of individual worker of a group of workers.

সে দিক থেকে আমি বলছি, আমার যুক্তিকে খণ্ডন করবার চেষ্টা করবেন না, বাজেট আপনাদের পাশ হয়ে যাবে, আমি প্রত্যেকটি সদস্যকে বলছি এ সম্বন্ধে একটু ভাববার চেষ্টা করুন। তারপর এগ্রিকালচারাল লেবার আপনাদের আওতায় পড়ে। একটু উল্লেখ নেই, করবার চেষ্টা করবেন আর কিছু বলব না, একটা কিছু করবার চেষ্টা করুন।

[4-20—4-30 p.m.]

তারপর আমি প্রোটেকশান অব সুপারভাইসরি স্টাফ সম্পর্কে বলছি. গুবলাজী ব'লে গেছেন, গৌরীশংকরের উদাহরণ দিয়ে, আমি থমাস ডাফ-এর উদাহরণ দিচ্ছি। ঐ যে আই টি অ্যাক্ট ৫ শত টাকা কেন, এটা ১৬ শত টাকা করতে পারবেন না কেন? ১৯৫৬ সালে ৫ শত টাকা বাঁধা হয়েছিল সেখানে কতটা ওয়েজেস বেড়েছে? এখনও সেই ৫ শত টাকাই রয়ে গেছে। তা হলে কি নূতন দৃষ্টিভঙ্গির পরিচয় আপনারা দিচ্ছেন এটা মাননীয় মন্ত্রিমহাশয় আমাকে বুঝিয়ে বলবেন কি? নূতন সরকার, নূতন মোর্চা, নূতন উদ্যোগ, নূতন উৎসাহে কি হ'ল, সেই ৫ শত টাকা ৫ শতই রয়ে গেল। এটা আপনারা ১৬ শত টাকা করুন, নন-অফিসিয়াল বিল করে পাশ করুন বা যে ভাবে ইচ্ছা হোক বিধানসভায় পাশ করুন, এটা ইউনানিমাস পাশ হবে। কাজেই আপনি এই সুপারভাইসরদের প্রোটেকশান দেবার ব্যবস্থা করুন এবং সুপারভাইসরদের কোয়ালিটি কন্ট্রোল করুন। সুপারভাইসর যাঁরা আজকে বিভিন্ন কারখানায় আসছে তারা একদম নন-কোয়ালিফায়েড। আমি জানি ইস্টার্ন পেপার মিলের একজন এম কম পাশ করা ছেলে ১৯০ টাকা মাইনা পায়, বি এস-সি অনার্স সে ২ শত টাকা মাইনে পায়, আর সেখানে ক্লাস টু পাশ ক'রে সেলস ম্যানেজার ৪ হাজার টাকা মাইনে পায় এবং সে বলে—

क्लास टू पास किया चार हजार रुपया तलब मिलता है। तुम एम० काम० पास करके क्या किया। से बोलतो हमारा टाइटिल तो झुनझुनवाला नहीं है इसलिए हमको १९० रु० मिलता है।

সুতরাং এই সব কোয়ালিটি কন্ট্রোল করতে হবে। আইনটা কিভাবে করবেন সেটা আপনি ভেবে দেখুন এবং যদি এই প্রোটেকশান সুপারভাইসরদের না দিতে পারেন বা আজকে যারা ট্রেন্ড টেকনিসিয়ান আছেন বিভিন্ন মিল ফ্যাক্টরীতে, স্পেশালী ইন জুট তারা আর থাকবে না।

এক কথায় ওয়েলিংটনের ম্যানেজারের চাকুরি যায়, এক কথায় গৌরীশঙ্করের ৬ জন সুপারভাইসরী স্টাফের চাকুরি যায়। এই যে কন্ট্রাক্ট সিসটেম আছে, এক বছরের কন্ট্রাক্ট, দুই বছরের কন্ট্রাক্ট, অন এক্সপায়ারি অফ কন্ট্রাক্ট ওয়ান মানথ নোটিস। সুতরাং মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে চাই, এই কন্ট্রাক্ট সিসটেমকে অ্যাবলিস করুন। এরা কন্ট্রাক্ট লেবার নয়। এই সুপারভাইসরদের কন্ট্রাক্ট বেসিসে নিয়োগ করা হয় এটা বন্ধ করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সিক গার্ডেন যা নেওয়া হয়েছে সে সম্পর্কে অনেক বলার আছে, কারণ ইট উইল নট সলভ দি প্রোবলেম, যে গার্ডেন নেবেন, প্রোসেসিং করবে না। লিপটন, ব্রুকবন্ড এরা মনোপলি. এরা প্রোসেসিং করবে না আপনার বাগানের চা। যদি প্রোসেসিং করেন অকশানের আসত হবে, লোয়েস্ট বিড হবে, আপনার চা-বাগান উঠে যাবে এবং ইট উইল এগেইন বি সিক। সেজন্য এই ভাবে সমাধান হবে না। একটা রিয়েলিস্টিক দৃষ্টিভঙ্গি নিন যাতে সত্যিকারের গার্ডেন বাঁচে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পাওয়ার কাটে শ্রমিকের উপর যে বিপদ আসছে সেটার কিছু উল্লেখ আছে. কিন্তু ১৯৭৩ সালে আরো অনেক বাড়ছে, ৫০০ লোক ন্যাশন্যাল জুট মিলে ছাঁটাই হয়েছে বিকজ অফ পাওয়ার কাট। এটা আপনি করতে পারতেন, পাওয়ার রেসটোর করতে পারতেন একটু প্রেসার দিলে. একটা নূতন দৃষ্টিভঙ্গির পরিচয় যদি দিতেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখানে বলতে চাই যে, আমাদের দৃষ্টিভঙ্গি বড় অস্বচ্ছ। কারণ এই গ্রাচুইটি অ্যাক্ট করছেন, এই গ্রাচুইটি অ্যাক্টের যদি ঐ ৪(৬)বি ধারা দেখেন, তা হলে দেখবেন যে মারপিট রাওটাস বিহ্যাভিওর করায় যদি কারো চাকুরি যায়, তা হলে সে গ্রাচুইটি পাবে না। ২৯ বছর চাকুরি করে ২৯ বছর এক মাসে কোন এই রকম একটা গন্ডগোল হল এবং চার্জসিট হল, ২৯ বছরের গ্রাচুইটি মারা যাবে। এটা কোন জংলী আইন? ২৯ বছর সে একজন ভেরী গুড এমপ্লয়ি, একটা কোন ইনসিডেন্ট এবং দুঃখের সঙ্গে বলছি যে, গ্রাচুইটি মারার জন্য একটা ফলস ইনসিডেন্ট হতে পারে। লাগিয়ে দিল রাওটাস বিহ্যাভিয়র, দাঁড় করিয়ে দিল লেবার অফিসার, অ্যাসিস্ট্যান্ট ম্যানেজারের সাক্ষীতে চাকুরি চলে গেল, ট্রাইব্যুনাল আপহেল্ড করলো এবং হয়ে গেল। সুতরাং এটা চলবে না। ঐ ধারাটাকে ডিলিট করতে হবে। আমি আপনাকে বলছি সেকশান ৪(৬)(বি)(i) এবং (ii) ডিলিট করতে হবে। আর কি করতে হবে? এই যে ৫ বছর না হলে গ্রাচুইটি হবে না এটাকেও ডিলিট করতে হবে। কারণ, আমি এখানে ৪ বছর চাকুরি ক'রে আর একটা কারখানায় যাব, আমি কেন গ্রাচুইটি পাবো না? আর একটা কথা বলছি গ্রাচুইটি আপনি ভারতবর্ষের হিমালয় থেকে কন্যাকুমারিকা পর্যন্ত টাকার জন্য ঘুরে বেড়াচ্ছেন। টাকা চাই, পুঁজি চাই। কেন গ্রাচুইটি টাকাকে সেন্ট্রালাইজ করেন নি, কোন ম্যানেজমেন্ট কি গ্রাচুইটি ফান্ড করেছে? কেউ করে নি। তারা সবাই বলছে রেকারিং ফান্ড থেকে দিয়ে যাবো, কবে কারখানা ডবকল মেরে যাবে—ঐ ঝুনঝুনওয়ালা, তখন গ্রাচুইটির জন্য ক্লেম হবে, ঝুনঝুন ওয়ালারা তখন রাজস্থানে। সুতরাং আমি বলছি প্রভিডেন্ট ফান্ড যেমন আছে, গ্রাচুইটির জন্য একটা সেন্ট্রালাইজ ফান্ড করুন, কোটি কোটি টাকা পাবেন, খাল, বিল, টিউবওয়েল সব কিছু করতে পারবেন, সেই টাকা দিয়ে এটাকে ফিনানসিয়াল বিল নিয়ে আসুন আপনারা। আমরা নিয়ে এলে তো পাশ হবে না। নিয়ে এসে গ্রাচুইটি ফান্ডকে সেন্ট্রালাইজ করুন আর বোনাস অ্যাক্টকে অ্যামেন্ড করুন। বোনাস অ্যাক্ট সেলফ সাফিসিয়েন্ট অ্যাক্ট নয়। এই জন্য বোনাস যদি মালিকরা না দেয় আমাদের ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্ট-এ কেস আছে লেবার দপ্তরে। শপ এস্টাবলিসমেন্ট অ্যাক্ট-এ আছে রেফারি ঠিক ক'রে দেবে, বোনাস অ্যাক্টকে সেই রকম ভাবে সেলফ সাফিসিয়েন্ট অ্যাক্ট করুন। মালিক বোনাস দিল না, আমি কেস ককরবো, কেস আণ ডি অ্যাক্ট-এ যারে যবে সুতরাং সেলফ সাফিসিয়েন্ট অ্যাক্ট ক'রে ফেলুন। আর প্রভিডেন্ট ফান্ড অ্যাক্ট দিকে একটু বদলানো দরকার, যে মালিকরা টাকা না দিলে ওতে যা আছে তা কারেক্ট, কিন্তু একটা ছোট্ট পরিবর্তন দরকার। সেটা হচ্ছে ওখানে আছে ফাইন অর ইমপ্রিজনমেন্ট। আমি বলছি মন্ত্রিমহাশয়কে যে এটাকে ফাইন অ্যান্ড ইমপ্রিজনমেন্ট ক'রে দিন। অ্যামেন্ড ক'রে 'অর'-এর জায়গায় অ্যান্ড ক'রে দিন, বাপ বাপ ক'রে বাটা টাকা দিবে, বাজোরিয়া টাকা দিবে। কারণ ফাইন-এর টাকা তো দিয়ে দেবে, কিন্তু আপনি যদি ফাইন অর ইমপ্রিজনমেন্ট করে দেন, ঘানি টানতে কেউ রাজী হবে না, সকলেই টাকা দিয়ে দেবে। শুধু এই ছোট্ট অ্যামেন্ডমেন্টগুলি করে দিন। আর একটা কথা বলছি

ই এস আই অ্যাক্টকে অ্যামেন্ড করুন যাতে টাকা রিয়েলাইজ হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ট্রাইব্যুনাল-এ আছে ২ হাজার ১১টা কেস পেন্ডিং রয়েছে, ফার্স্ট কোর্ট-এ হাকিম নেই দেড় বছর ধ'রে কে কি করছে, সুতরাং এটা হ্যারাসমেন্ট ট্যাকটিস, এটা যদি পরিবর্তন না করেন, তা হ'লে কি করে এই আনস্ক্রুপুলাস মালিকদের সায়েস্তা করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা কথা বলছি, যে আপনারা দৃষ্টিভঙ্গির পরিবর্তন করুন। আপনারা ঘোষণা করুন অ্যান্টিমনোপলি দৃষ্টিভঙ্গি ঘোষণা করুন। যদি ঘোষণা করেন, তা হ'লে You will be able to catch the imagination of lakhs of workers. Otherwise কি হবে, শুক্লাজী ব'লে গেছেন, এই যে শান্তি, এটা ঝড়ের পূর্বাভাস কিনা জানি না। আমি সেটা রিপিট করছি যাতে ঝড় না ওঠে, তার জন্য দায়িত্ব নিন এবং নূতন যুগে নূতন ভাবে সেই দায়িত্ব আপনারা পালন করুন।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যেটা দেব বলেছিলাম, সেটা দিয়ে দিলাম।

Secret Sitting of the House

Mr. Speaker: Honourable Members, I have received a request from the Chief Minister, the Leader of the House, for convening, under rule 246, a secret session of the Assembly to be held on 22nd March, 1973. Being requested by the Leader of the House, I fix the time between 12 noon and 1 p.m. tomorrow, the 22nd March, 1973, for the sitting of the House in secret. The normal business of the House will commence later on after discussion of the matter that will be placed in the secret session. I will declare when and at what time the normal business of the House will be taken up tomorrow. I request the honourable Members to be present here at 12 noon tomorrow, as requested by the Chief Minister and the Leader of the House, for, one important matter will be taken up in the secret session.

I announce also that in the secret session no visitor's card will be issued. The session will not also be open to the press. It is completely a secret session and outsiders, except Members of the House, will not be allowed in the Chamber, Lobby or Galleries for that particular period. When the normal business will begin the session will be open to the visitors and the press.

Shri Krishna Kumar Shukla: On a point of information, Sir. What about the Reporters? Will they be here?

Mr. Speaker: That I will announce tomorrow.

Now, normal business will continue.

(At this stage Mr. Deputy Speaker took the Chair.)

DEMAND FOR GRANT No. 30

[4-30—4-40 p.m.]

শ্রীলক্ষ্মীকান্ত বসু: মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আজ শ্রম দপ্তরের ব্যয় বরাদ্দর যে দাবি পেশ করা হয়েছে, তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য রাখছি। পশ্চিমবঙ্গে আমাদের শ্রম দপ্তর শ্রমিকদের পাশে থেকে যেভাবে কাজ কারবার চেষ্টা করেছে এক বছর ধ'রে তা অত্যন্ত প্রশংসনীয়। অনেকাংশে আমাদের আইনে হয়ত বাধা এসেছে, সেই জন্য প্রথমেই এই আইনের কতগুলি ধারার পরিবর্তনের দাবি আমি এখানে পেশ করছি। আজকে আমরা যখন আমাদের মন্ত্রিসভার এই প্রশংসা করছি, তখন কয়েকদিন আগে সুবোধ মল্লিক স্কোয়ারে প্রেস কর্মচারীদের একটা মিটিং-এ পশ্চিমবঙ্গের বিসর্জিত ন্যায়ক জ্যোতি বসু ভাষণ দিয়ে বলেছেন, পশ্চিমবঙ্গের মানুষের, বিশেষ ক'রে শ্রমিকদের গণতান্ত্রিক অধিকারগুলি সরকার কেড়ে নেবার চেষ্টা করছে। আমি মনে করি, এই সরকার পশ্চিমবঙ্গের শ্রমিকদের অধিকার রক্ষার জন্য শ্রমিকদের পাশে আছেন। যদি অধিকার কারো কেড়ে নেওয়া হয়ে থাকে, তা হ'লে সেটা হচ্ছে তথাকথিত একচেটিয়া শ্রমিক নেতাদের কিছু সুযোগসুবিধা কাটেল করা হচ্ছে বা হয়ে যাচ্ছে। আমরা যারা ইউনিয়ন করি, আমরা জানি ইউনিয়নের জন্য ন্যূনতম একটা চাঁদা দিতে হয়। সিটুর ইউনিয়ন বাজারে চালু করলেন রকমারী চাঁদা। এক রকম ইউনিয়নের চাঁদা, একরকম ইলেকশন ফান্ডের চাঁদা, ফাইটিং ফান্ডের চাঁদা। ফাইট আবার কি, শ্রমিকদের ফাইট কার সঙ্গে, মালিকদের সঙ্গে না, ফাইট হচ্ছে প্রতিদ্বন্দ্বী ইউনিয়নের শ্রমিকদের সঙ্গে, আর সেই সঙ্গে দুনিয়ার মজদুর এক হও স্লোগান। আর এক ধরনের চাঁদা তারা করেছিলেন সেটা হচ্ছে, ঝান্ডা কেনার ৪ আনা, আর ডান্ডা কেনার ৮ আনা, এই চাঁদা দিয়ে তবে শ্রমিকদের সিটুর ইউনিয়নের নাম লেখাতে হচ্ছে। কিন্তু আজকে আর পশ্চিমবঙ্গে এই পেশাদারী ট্রেড ইউনিয়ন চলছে না। আমার এক সাংবাদিক বন্ধু আমাকে বললেন যে, বহু দিন থেকে লক্ষ্য করছি, তুমি পেশাদারী ট্রেড ইউনিয়নের কথা বল, এই পেশাদারী ট্রেড ইউনিয়ন কাদের বলছ? পেশাদারী মানে, ডাক্তার যাদের পসার হয় না, যারা রোগী হাতে রেখে চিকিৎসা করেন, আর উকিল, যাদের পসার হয় না, তারা ডেট ফেলে ফেলে বলে, ম্যাজিস্ট্রেট রোজ ডেট ফেলছে। তেমনি যে সব নেতাদের পসার নেই তারা একটা না একটা রোগ জিয়িয়ে রাখেন। আমি এক্সামপেল হিসাবে হিন্দুস্থান মোটর্স-এর কথা বলছি। কোন ইসু নেই কোন ডিমান্ডের তখন সিটু ইউনিয়ন বাজারে ইনসেনটিভের দাবি তুলে দেয় যে, অবিলম্বে ইনসেনটিভ দিতে হবে। তার পর এখন তো ঐ ভিয়েতনাম নিয়ে স্লোগান দেওয়া বন্ধ হয়েছে, তখন ইনসেনটিভ দিতে হবে, কারণ তাদের একটা পারমানেন্ট ইসু ছিল ভিয়েতনাম। যখন সব রকম দাবিদাওয়া আদায় হয়ে যেত তখন থাকত ঐ ভিয়েতনাম। সব শেষে ছিল তাদের ভিয়েতনাম ইসু। শিক্ষা হ'ল, শ্রম হ'ল, অন্যান্য দাবিদাওয়া হ'ল তার পর আর কিছু নেই তখন ভিয়েতনাম নিয়ে নেমে পড়।

সেদিন সত্যযুগে একটা ছবি বেরিয়েছে দেখলাম জ্যোতিবাবু ও প্রমোদবাবুর। উপরে লেখা আছে বেকার ভাতা দিতে হবে, নীচে এই ছবি। ছবিখানি আমি রেখে দিয়েছি। বেকার বটেই পশ্চিমবঙ্গের দুটো বেকারের মাথার উপর বসিয়ে দিয়েছে বেকারদের অবিলম্বে ভাতা দিতে হবে। আমি সরকারকে বলব, এই রকম রাজনৈতিক বেকারদের কিছু ভাতা দিয়ে বেকারত্ব দূর করা দরকার। আজ এই যে অবস্থা সৃষ্টি হয়েছে তার জন্য যেমন দায়ী মালিক, তেমনি দায়ী তথাকথিত শ্রমিক নেতা। এতদিন ধরে যারা শ্রমিক জগতে একচেটিয়া ক'রে এসেছেন সেই এ আই টি ইউ সি, সিটু প্রভৃতি তারা শ্রমিক জগতে দুটি কথা এনেছে এক্স-গ্রাসিয়া পেমেন্ট, অ্যাডহক পেমেন্ট রুগী যখন মুমূর্ষু হয়ে যায় তখন ডাক্তাররা কোরামিন দিয়ে দেন এবং সেটা দিয়ে দিলেই রুগীর নার্ভ চাঙ্গা হয়ে গেল। অর্থাৎ তখন আবার ডাক্তারবাবুর রোগ নির্ণয় করার সময় পান। ঠিক শ্রমিকদের যখন কোন রোগ খুঁজে পাওয়া যায় না তখন ম্যানেজমেন্টকে বলে এক্স-গ্রাসিয়া দিয়ে দিন। কিসের জন্য এক্স-গ্রাসিয়া পেলাম? কোন অধিকারে পেলাম? কি রাইট-এর ভিত্তিতে এরা আমাকে এক্স-গ্রাসিয়া দিল? আমার যদি কোন লেজিটিমেট ক্লেম থাকে সেই ক্লেম-এর ভিত্তিতে এতটা দিলাম তা বলতে পারা যায় না।

প্রতি প্রতিদ্বন্দ্বিতা কি রকম? ব্রেথওয়েট কোং-এর কথা বলি। শ্রীগীতা মুখার্জীর প্রতিদ্বন্দ্বী ইউনিয়ন কিভাবে প্রতিদ্বন্দ্বিতা করছেন তা জানা দরকার। এখানে সি পি আই ইউনিয়ন দীর্ঘদিন ধ'রে মনোপলি ওদের। মনোপলি কারবার শুধু মালিকদের হয় না ট্রেড ইউনিয়নিস্টদেরও মনোপলি কারবার চলে—সেখানে হাত দিলেই চীৎকার। আমরা সেখানে ঢুকলাম। সেখানে এ আই টি ইউ সি ইউনিয়ন সেখানে অফিসাররা বেশি মাইনে পান তাঁদের লাঞ্চ হ'ল ১০ পয়সা এবং কম মাইনে পান তাদের লাঞ্চ হ'ল ২৫ পয়সা। এটা একটা অদ্ভুত ব্যাপার। আমরা ঢুকেই প্রথম ইসুতে বললাম, ওয়ার্কারদেরও কেবল ১০ পয়সার লাঞ্চ দিতে হবে এবং এ নিয়ে স্লোগান তুলে দিলাম। সঙ্গে সঙ্গে এ আই টি ইউ সি ইউনিয়ন বলল, বিনা পয়সায় লাঞ্চ দিতে হবে। এতকাল তা হলে কোথায় ছিলেন? আর সিটু বলল, বিনা পয়সায় দিতে হবে প্লাস ১০ পয়সা পান বিড়ি খাবার জন্য দিতে হবে। এই ভাবে আলোচনা আটকে গেল। সুতরাং এই রকম ধরনের ট্রেড ইউনিয়ানিজম আজকাল চলছে। আমি শ্রীগীতা মুখার্জীকে চ্যালেঞ্জ ক'রে বলছি ও'দের ইউনিয়ন ব্রেথওয়েটেও সেখানে আজও অফিসাররা ১০ পয়সায় কেন লাঞ্চ পায়, এবং ওয়ার্কাররা ২৫ পয়সা লাঞ্চ পায় তার জন্য কি করেছেন বলতে পারবেন না। তিনি তো সব লিখে নিয়ে এসেছেন আর একজন ট্রেড ইউনিয়ন নেতার কাছ থেকে হিন্দুস্থান মোটর-এ সিটুর একচেটিয়া কারবার আছে। হিন্দুস্থান মোটরেও শ্রমিকদের জন্য তাঁরা নাকি অনেক কিছু করেছেন। শ্রমিকদের অধিকার নাকি আমাদের সরকার কেড়ে নিচ্ছেন। তাদের সবচেয়ে বড় অধিকার কারা কেড়ে নিয়েছে এবার দেখুন। একচেটিয়া দীর্ঘদিন ধ'রে হিন্দুস্থান মোটর-এ তাঁদেরই ইউনিয়ন। বিড়লার এটা সবচেয়ে বড় জায়গা। আজও বিড়লারা কাউকে অ্যাপয়েন্টমেন্ট লেটার ইসু করে না। অথচ এটা শ্রমিকদের সবচেয়ে বড় এবং প্রথম অধিকার। আমি অ্যাপয়েন্টমেন্ট লেটার পেলাম না যাতে আমার টার্মস অ্যান্ড কনডিসান সমস্ত লিখা থাকবে। হিন্দুস্থান মোটর-এর একজনও কর্মচারীর এগেনস্ট-এ একখানাও অ্যাপয়েন্টমেন্ট লেটার ইসু হয় না। অর্থাৎ যে কর্মচারীকে বাতিল করে দেবার ইচ্ছা হয় তখনই দারোয়ানকে বলা হয় কার্ড উঠা লেও। আপনি যেই গেলেন কার্ড পাঞ্চ ক'রে তারপর আর তার নামের হদিস পেলেন না। লেবার কমিশনার লিখলেন, ডেকে নিয়ে এস, কিন্তু খাতায় পেলেন না এই নামে একজন কর্মচারী সেখানে কাজ করত কিনা। এটুকু শ্রমিকদের অধিকার জ্যোতিবাবুর ইউনিয়ন সেখানে করে দিয়ে গেছেন। যার জন্য সেখানে এ নিয়ে আন্দোলন চলছে। পোদ্দার প্রজেক্ট-এ একচেটিয়া ইউনিয়ন এ আই টি ইউ সি-র। সেখানে করে কি? সেখানে দরোয়ানকে বলা হয়, উসকো ঘুসানে মাত দেও। সেখানে এ নিয়ে আন্দোলন চলছে। সেখানেও শ্রমিক ছাটাই হয়ে গেছে। সেখানে একটা যে সিসটেম চালু আছে তাতে ম্যানেজমেন্ট খুব ভাল। কারণ কাউকে তারা ডিসচার্জ করে না, খালি ফ্যাকটরি ম্যানেজার বলে দেয়, রামহরিকো ঘুসনে মত দেও। একবার সেই রামহরিকে কারখানায় ঢুকতে দিচ্ছে না। লেবার মিনিস্টার-এর কাছে অ্যাপীল করেছিলাম যে রামহরিকে ঢুকতে দিচ্ছে না। ম্যানেজমেন্ট বলল, রামহরি আসছে না—অ্যাবসেন্ট মার্ক করা আছে। তা হ'লে তো মেরে ঢুকতে হয়, কারণ দারোয়ান ঢুকতে দিচ্ছে না। কনসিলিয়েসন-এর সময় ম্যানেজমেন্ট বলছে, সে আসছে না, অ্যাব সেন্ট হয়ে যাচ্ছে। অর্থাৎ তা হ'লে মেরে ঢুকতে হয়। এখন কোম্পানি যে আমাদের শত্রু, কিন্তু তার চেয়ে তার দালাল ইউনিয়নগুলি আরও বেশি শত্রু। দালালরা ঝাঁপিয়ে পড়ল এবং বলল,

[4-40—5-00 p.m.]

কংগ্রেস ইউনিয়ন বেশির ভাগ মারামারি করছে। গণতান্ত্রিক মোর্চা ক'রে ইউনিয়ন করতে এলেন, আমি গীতা দেবীকে চ্যালেঞ্জ জানাচ্ছি এবং বলছি, জীবনের সব ক্ষেত্রে গণতান্ত্রিক মোর্চা করুন। আমি চিত্তরঞ্জন ক্যানসার হাসপাতালে ইউনিয়ন করি। আমাকে বললেন, গণতান্ত্রিক মোর্চার নির্দেশ রয়েছে। কোথায় গণতান্ত্রিক মোর্চা, না, যেখানে এ আই টি ইউ সি-র একজন লোক আছে সেখানে কংগ্রেসের সঙ্গে গণতান্ত্রিক মোর্চা। আমি গীতা দেবীকে বললাম, ব্যাঙ্কে করুন তো গণতান্ত্রিক মোর্চা। আমাকে বললেন, না, ওখানে আমাদের

মনোপলি কারবার, ওখানে ঢুকতে দেব না। আমি একজনকে বলেছিলাম, গণতান্ত্রিক মোর্চা কি জীবনের সব ক্ষেত্রে হবে? তিনি বললেন, হ্যাঁ। আমি জানি না ছেলেমেয়েদের বিয়েতে গণতান্ত্রিক মোর্চা হবে কিনা—অর্থাৎ সি পি আই-এর ছেলে এবং কংগ্রেসের মেয়ে।

(হাস্যরোল)

আমাদের শ্রমমন্ত্রী যে অর্ডিন্যান্সটা আনতে যাচ্ছিলেন তাতে আমি তাঁকে স্বাগত জানিয়েছিলাম এবং একটি পয়েন্ট সংশোধন করবার জন্য রিকোয়েস্ট করেছিলাম। আমি তাঁকে বলেছিলাম শ্রমিকদের ধর্মঘট করবার অধিকার যেটা কমাচ্ছেন সেটাকে সংশোধন করুন। কিন্তু সিটু দৌড়ে গেলেন দিল্লীতে এবং বললেন, সহি দিও না। সেই অর্ডিন্যান্স-এর একটা ধারায় মালিকদের লকআউট করবার অধিকার কেড়ে নেওয়া হচ্ছিল। কিন্তু কেউ একথা বললেন না যে, এটা আগে কার্যকর কর। ৬ মাস চাকুরি হলে কাউকে বিনা নোটিসে ছাঁটাই করা যাবে না, সেটাকে আর্বিট্রেসনে পাঠাতে হবে, এটা কেউ বললে না। একটা ধারা সংশোধন করে নিয়ে অর্ডিন্যান্স কার্যকর কর, একথাটা কেউ বললে না। পরিবর্তে কি করল? এই পেশাদারীরা মালিকের টাকায় এরোপ্লেনে উড়ে দিল্লী চ'লে গেলেন দরবার করতে যে, এই অর্ডিন্যান্স যেন পাশ না হয়। স্যার, আমরা জানি মালিকরা আমাদের শত্রু। কিন্তু ততোধিক শত্রু হ'ল এই পেশাদারী ট্রেড ইউনিয়নিস্টরা যারা আজকে তাদের নিজেদের কারবারকে একচেটিয়া কারবারে পরিণত ক'রে লক্ষ লক্ষ টাকা নিয়ে যাচ্ছে। এবারে আমি আর একটি শিল্পের কথা বলব। আজকে ভাববার বিষয় হয়ে উঠেছে ভারতবর্ষ তথা পশ্চিমবাংলার চা-শিল্প। এ সম্বন্ধে অনেকে বক্তব্য রেখেছেন। আমি বলব, এই চা-শিল্পে ফরেন এজেন্সী কাজ করছে। আমি দেখেছি, যেখানে ইন্ডিয়ান টি-র ইনটারন্যাসনাল মার্কেটে প্রথম স্থান ছিল সেটা আজকে এক এক ক'রে নেমে তৃতীয় স্থানে এসেছে। ফরেন এজেন্সীর টাকা প্ল্যানটার্স'রা ইউস্ করছে। টি বোর্ডের রুল হ'ল দুটি পাতা এবং ১টি কুঁড়ি প্লাকিং করতে হবে। কিন্তু এঁরা ১৮টি পাতা শুদ্ধ ডাটা প্লাকিং করছে। দুটি পাতার পর যে পাতা হবে সেটা আনহাইজিনিক, তাতে প্যারালাইসিস্ হয়। টি বোর্ডের ইন্সপেক্টরের ইন্সপেকসন করবার দায়িত্ব রয়েছে। কিন্তু দেখা যাচ্ছে, ওই যে সব এক লক্ষ/দেড় লক্ষ টাকার বাংলো ক'রে রেখেছে সেখানে সব বসে থাকেন, খানাপিনা করেন, আর লিখে দেন সব পাশ। আমাকে শ্রমিকরা বলল, পচা পাতা, ঝড়া পাতা যেগুলি দিয়ে সার হয় সেগুলি ঝাড়াই মাড়াই ক'রে বস্তাবন্দী ক'রে টি হিসেবে বার করা হচ্ছে। এর ফলে আমরা দেখছি ইন্টারন্যাসনাল মার্কেটে ভারতবর্ষের পজিসন আস্তে আস্তে কমে আসছে। তারপর প্ল্যানটার্স'রা একটি গাছেও সার দিচ্ছে না, সারগুলো ব্ল্যাক মার্কেটে বিক্রি করছে। ২/৩ বছর ধ'রে প্রভিডেন্ট ফান্ড-এর টাকা বাকি রেখেছে, এক বছরের উপর ওয়েজেজ বাকি রয়েছে —এরকম একাধিক চা-বাগান দেখে এলাম। এর ফলে চা-শিল্প দুর্বল হ'ল এবং সরকারের দরজায় দৌড়াল। এই দুর্বল চা-শিল্পকে সাহায্য করতে হবে, কারণ শ্রমিক মারা যায়। আমরা যারা শ্রমিক ইউনিয়ন করি তারা মালিকের পেছনে ছুটলাম এবং বললাম দেওয়া হোক। তখন ১০/১২ লক্ষ ক'রে টাকা এই দুর্বল শিল্প লোন পেয়েছে এবং সেই টাকা তারা পাঞ্জাব, হরিয়ানা এবং রাজস্থানে খাটিয়েছে—১ টাকাও তারা বাগানে ইউস্ করে নি। সরকার যে লোন দেন সেই লোন ওয়েল ইউটিলাইসড হয়েছে কিনা সেটা দেখবার কেউ নেই, সেটা ঠিকভাবে ইনভেস্টেড হয়েছে কিনা সেটা দেখবার কেউ নেই। এইভাবে আজকে ভারতবর্ষের ফরেন এক্সচেঞ্জ আর্নিং ট্রেড-টাকে নষ্ট করা হচ্ছে। এর পরে কি হচ্ছে বাগান বন্ধ হয়ে গেল, এবার লোন নিয়ে তারা গভর্নমেন্টের হাতে তুলে দিল। আমি সরকারকে বলব, দুর্বল শিল্পগুলি ১০টা নেবেন কালকে আরও ১০টা দুর্বল হবে সেটা নিয়ে কভার করতে করতে আরও ১০টা আসবে এই ভাবে টোটাল লাইবেলিটি সরকারের ঘাড়ে চাপিয়ে দেবে। আমি বলি, যেগুলি দুর্বল হয় নি সেগুলি সহ সবগুলি সরকার নিয়ে নিন। তবে বাঁচবে এবং এই ট্রেডকে কন্ট্রোল করুন। ওভার ইনভয়েসিং আন্ডার ইনভয়েসিং-এর যে খেলা চলেছে তাতে আর এই শিল্প বাঁচতে পারে না। পরিশেষে আমি যে কথাটা বলতে চাই যে, বেলভিউ নার্সিং হোম, ইউনাইটেড টায়ার্স এবং ট্রিংকা কোম্পানী—এই তিনটা কোম্পানী দেখে আমার অভিজ্ঞতা হয়েছে যে, হাইকোর্টে এড্-ইনটারিম

ইনজাংশান জারী করেছে অ্যাজ প্রেসিডেন্ট অব দি ইউনিয়ন আমাকে ঢুকতে দিচ্ছে না। আমার ইনজাংশান ভ্যাকেট করতে গিয়ে আমার দেড় হাজার টাকা খরচ হয়ে গিয়েছে। আমার মত গরিব শ্রমিক নেতার একটা ইনজাংশান ভ্যাকেট করতে গিয়ে যদি দেড় হাজার টাকা খরচ করতে হয়, তা হ'লে স্যার পারব না। তাই আমি বলব স্যার, সরকার থেকে আমাদের সাহায্য করা হউক। অন্ততঃ শ্রমিক নেতাদের শ্রম দপ্তর থেকে লিগ্যাল হেল্প যেন দেওয়া হয় হাইকোর্টে লড়বার জন্য। আর যে সমস্ত গার্ডেনের কর্মচারী আছেন তাদের উপর হামলা শুরু হয়ে গিয়েছে, রেশন বন্ধ ক'রে দেওয়া হয়েছে, মাহিনা বন্ধ ক'রে দেওয়া হয়ছে তারা খেতে পাচ্ছে না, তারা স্টারভেশান ফেস করছে। অবিলম্বে তাদের জি আর দেওয়ার নির্দেশ দিন। তা না হ'লে উত্তরবঙ্গের কয়েক হাজার পিপল তারা স্টারভেসান ফেস করবে। এই কয়েকটি গুরুত্বপূর্ণ কথা ব'লে আমি আজকের ব্যয়বরাদ্দের দাবি অনুমোদন করলাম। জয় হিন্দ।

শ্রীকৃষ্ণপদ রায়ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে আমাদের শ্রম দপ্তর থেকে যে ব্যয়বরাদ্দের দাবি এখানে রাখা হয়েছে আমি সেই ব্যয়বরাদ্দের দাবিকে সমর্থন ক'রে কয়েকটি কথা আপনার মাধ্যমে শ্রমদপ্তরের মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে পেঁছে দিতে চাই। আজকে একথা নিশ্চয় স্বীকার করবো যে, বিগত ৪ বছর পশ্চিমবাংলার বামপন্থী রাজনীতিতে মালিকদের শ্রমবিরোধী চক্রান্তের ফলে পশ্চিমবাংলা সমগ্রিকভাবে শিল্প এবং শ্রম জগতে ব্যাপক বিপর্যয় ঘটেছিল। এক বছর আগে থেকে পশ্চিমবাংলার সাধারণ মানুষের আশীর্বাদ নিয়ে আমাদের শ্রম দপ্তর শ্রমিকদের স্বার্থের প্রতি নজর দেবার চেষ্টা করছেন। আমাদের দপ্তরের মাননীয় শ্রমমন্ত্রী অত্যন্ত চিন্তার সঙ্গে পশ্চিমবাংলার শ্রমিকদের স্বার্থের প্রতি নজর রেখেছেন এবং প্রগতিশীল দৃষ্টিভঙ্গি নিয়ে কাজ করবার চেষ্টা করছেন। একথা নিশ্চয় স্বীকার করতে হবে, আজকের ব্যয়বরাদ্দের দাবি রেখে মাননীয় মন্ত্রিমহাশয় যে বক্তব্য রেখেছেন সেই বক্তব্যের কয়েকটি বিষয়ের প্রতি আমি বিভাগীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। পশ্চিমবাংলার সর্বস্তরের শ্রমিকদের স্বার্থের কথা মন্ত্রিমহাশয় হয়ত চিন্তা করছেন। তিনি আমাকে কয়েকদিন আগে ব্যক্তিগত ভাবে বলেছেন যে, বিভিন্ন কলকারখানার শ্রমিকদের কিছু সুযোগসুবিধার কথা তিনি চিন্তা করছেন। কিন্তু আমি শ্রমিকদের একটি কথা এখানে বলতে চাই। যারা অত্যন্ত কঠোর পরিশ্রম করে এবং যাদের কন্ট্রাক্ট লেবারার বলা হয় তাদের সম্পর্কে মন্ত্রিমহাশয় কি ভাবছেন, আমরা তা জানি না কিন্তু এই দিকটার প্রতি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়া স্টেশনে গুডস লেবার কন্ট্রাক্টরের অধীনে কয়েক হাজার শ্রমিক কাজ করে গত কাল থেকে তারা ধর্মঘট করেছে। যাদের প্রচণ্ড পরিশ্রমে পূর্ব শ্রমিক কাজ করে, গত কাল থেকে তারা ধর্মঘট করেছে। যাদের প্রচণ্ড পরিশ্রমে পূর্ব ভারতের যোগাযোগ ব্যবস্থা ও সরবরাহ ব্যবস্থা অব্যাহত থাকে এবং এই শ্রমিক বন্ধুরা দিনে ১২/১৪ ঘণ্টা ক'রে পরিশ্রম করে এবং তারা মাসিক মজুরি পায় ৪৫ টাকা থেকে ৬০ টাকা। তাদের সম্পর্কে আমাদের সরকার কি ভাবছেন জানি না। আমার মনে হয় মাননীয় মন্ত্রিমহাশয় বিতর্কের জবাব দেবার সময় নিশ্চয় এ সম্পর্কে কিছু বলবেন।

আমরা লক্ষ্য করেছি, আজকে পশ্চিমবাংলার শ্রমিকদের স্বার্থে রাজ্যবীমায় তাদের সুযোগ-সুবিধা দেবার ব্যবস্থা হয়েছিল এবং মাননীয় মন্ত্রিমহাশয়কে বলছি যে, অনেক সদিচ্ছা এবং নিষ্ঠা নিয়ে সরকার বিভিন্ন জায়গায় ঔষধালয় স্থাপন করেছিলেন, হাসপাতাল করেছেন, অনেক কিছু করেছেন। কিন্তু মাননীয় মন্ত্রিমহাশয় আমার সঙ্গে একমত হবেন যে, সত্যিকারের সুযোগ-সুবিধা এতৎসত্ত্বেও শ্রমিকরা পাচ্ছিল না এবং তারা না পাবার একটা কারণ আছে। গত কয়েক-দিনের আগেকার একটা ঘটনা, বেলুড় ই এস আই হাসপাতালে যুব কংগ্রেসের কয়েকজন বন্ধু অত্যন্ত নিষ্ঠার সঙ্গে চেষ্টা ক'রে রাজ্যবীমা ঔষধালয়ের ওষুধ চোরকে হাতেনাতে ধরে। এইটা ধরা পড়ার পর আমি জানি যে, এই একটিমাত্র চুরিকে কেন্দ্র ক'রে এনফোর্সমেন্ট ব্রাঞ্চ যদি চেষ্টা করে এবং অনুসন্ধান করে, তা হ'লে সারা বাংলাদেশের ঔষধচোরকে ধরা যেতে পারে। সেদিন ঘটনাস্থল থেকে মাননীয় প্রদীপ ভট্টাচার্যকে সংবাদ দিয়েছিলাম। পুলিস সূত্রে আমার কাছে খবর আছে যে, ঔষধগুলি বিভিন্ন হাসপাতাল থেকে নিয়ে এসে কলকাতার বাগরি মার্কেটে বিক্রী করা হয়। আমরা জানি যে, বহু রাজ্যবীমাব কর্মচারী ফার্মাসিস্ট, স্টোরকীপার আছেন যারা এই ঔষধচুরির ষড়যন্ত্রের সঙ্গে ঘনিষ্ঠভাবে লিপ্ত আছেন।

আমি আর একটা বিশেষ ঘটনার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। (এখানে লাল আলো জবালান হয়।) স্যার, আমাকে আর এক মিনিট সময় দিন। এই যে ক্লোজার আর সিক্ ইন্ডাস্ট্রি সম্বন্ধে বক্তব্য রাখা হয়েছে, সে সম্বন্ধে আমার একটু বলার আছে। এখানে পশ্চিমবাংলার অর্থনীতিকে নূতন ক'রে গ'ড়ে তোলার কথা রেখেছেন। লক্ষ্মীবাবু এখানে যে কথা বলেছেন আমি সেক্ষেত্রে একমত প্রায়। যদি আমরা ক্লোজড এবং সিক্ ইন্ডাস্ট্রিকে একই পর্যায়ে ফেলি, তা হ'লে ভুল করব। আমি একটা কথা বলে মাননীয় অধ্যক্ষ মহাশয় শেষ করছি। কোন্ কোন্ ক্ষেত্রে ক্লোজড এবং সিক্ সেটা বিচার করার ভার তো সেই সমস্ত অফিসারদেরই উপর যাদের বিরুদ্ধে অনেক সময় বলি, যাদের কর্মপন্থার উপর সন্তুষ্ট নই। হাওড়ার একটা কারখানার কথা আমি এই প্রসঙ্গে বলতে পারতাম, কিন্তু সময় নাই ব'লে আর বলতে পারলাম না। আমি এই ব্যয়বরাদ্দকে সমর্থন ক'রে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীলালবাহাদুর সিংহ: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সব থেকে বড় সমস্যা এডুকেশন রেফুউজি অ্যান্ড লেবার। আজ লেবার বাজেটের সমর্থনে শ্রমিকদের সমস্যা নিয়ে আলোচনা করছি। কিন্তু শ্রমিকদের সমর্থনে আলোচনা করতে গেলে পশ্চিমবাংলায় বহুদিন ধ'রে আমার যতদূর মনে হয়, ১৯৫০ সাল থেকে ১৯৭৩ সাল পর্যন্ত যত বাজেট এসেছে—সঙ্গে সঙ্গে ট্রেড ইউনিয়ন মুভমেন্ট, শ্রমিকদের মাইনে বৃদ্ধির যে আন্দোলন করা হয়েছে, সেই আন্দোলনের মাধ্যমে যে কোন সময়ে ১৯৬৯ সাল পর্যন্ত ইঞ্জিনীয়ারিং কারখানার শ্রমিকরা লাগাতার ধর্মঘটের ডাক দিলেন, তাদের মাইনে বৃদ্ধি করা, জুট শ্রমিকরা ধর্মঘটের ডাক দিলেন, তাদের মাইনে বৃদ্ধি করা হ'ল। কিছুদিন পরে টেক্সটাইল শ্রমিকরা ধর্মঘটের ডাক দিলেন, সেখানেও তাদের মাইনে বৃদ্ধি করা হল। আজকে চিন্তা করবার বিষয় যারা ইঞ্জিনীয়ারিং শিল্পের শ্রমিক তারা যখন ধর্মঘটের ডাক দিচ্ছেন, তখন সরকার তাদের কথা শুনতে বাধ্য হচ্ছেন। কিন্তু ৮ লক্ষ শ্রমিককে বাদ দিয়ে পশ্চিমবাংলার ৭০ লক্ষ শ্রমিক যাদের মাইনে বৃদ্ধির উপর আন্দোলন করার ফলে কিছু কিছু বর্তমান সরকার দিয়েছেন—এদের কথা বাদ দিয়ে কিছু কথা আমি বলতে চাই। জুট, টেক্সটাইল, ইঞ্জিনীয়ারিং ও কোল মাইনস্ শ্রমিকদের কথা বাদ দিয়ে আমাদের পশ্চিমবাংলা সরকার মাইনে ঠিক করেছেন। অয়েল মিলে যে শ্রমিক কাজ করে তাদের ৬০ টাকা, ডাল মিলে যারা কাজ করে তাদের ৬৮ টাকা—চাকী মিলে যারা কাজ করে তাদের ৯৫ পয়সা, রাইস মিলে যারা কাজ করে তাদের ৫০ পয়সা, যে সরকার বার বার প্রত্যেক ইন্ডাস্ট্রী—যত ইঞ্জিনীয়ারিং শ্রমিক ধর্মঘটের ডাক দিয়েছেন, তাদের মাইনে বাড়ান হয়েছে। কিছুদিন পরে আবার রবার ইন্ডাস্ট্রীর শ্রমিক ধর্মঘটের ডাক দেবেন, কিছুদিন পরে আবার গ্লাস ইন্ডাস্ট্রীর শ্রমিকরা ধর্মঘটের ডাক দেবেন। এইভাবে প্রত্যেক বছর যদি আমরা ধর্মঘটের ডাক দেই, এর ফলে বাজারে দ্রব্যমূল্য বৃদ্ধি হচ্ছে, তা সুনিশ্চিত। এর একমাত্র কারণ হচ্ছে ব্যবসায়ীরা চিন্তা করেন শ্রমিকদের মাইনে বৃদ্ধি হচ্ছে, অতএব আমরা দ্রব্যমূল্য বৃদ্ধি করি। যারা সেইসব দ্রব্য বিক্রয় করেন, তাঁরা তাঁদের দাম বাড়িয়ে দিচ্ছেন। অথচ সরকার কিছুই করতে পারছেন না। তার জন্য আমার সরকারের কাছে সাজেসান হচ্ছে গতকাল যাঁরা সরকারে ছিলেন সেই ১৪ পার্টির সরকার একটা অ্যাওয়ার্ড ইমপ্লিমেন্ট করবো বলেছিলেন। যে অ্যাওয়ার্ড তাঁরা ক'রে দিয়েছিলেন মালিকরা তা এখন মানছেন না। আজকে প্রশ্ন হচ্ছে, যে সরকারকে আমরা সম্পূর্ণ প্রগতিবাদী সরকার ব'লে মনে করছি, সেই সরকারের উচিত সমস্ত শিল্পের শ্রমিকদের জন্য একটা মিনিমাম মাইনে ফিক্সড ক'রে দেওয়া। সরকার একটা নীতি স্থির ক'রে একটা কমিটি নিয়োগ করুন যে কমিটির মাধ্যমে সমস্ত পশ্চিমবাংলার প্রত্যেকটা ইন্ডাস্ট্রিতে যে শ্রমিকরা কাজ করে, তাদের মাইনে নিশ্চিত করা হোক। তাতে বাজারে দ্রব্যমূল্যে বৃদ্ধি রুখতে বাধ্য। সারা পশ্চিমবাংলায় বার বার আন্দোলন দেখা যাচ্ছে। একটা ইন্ডাস্ট্রিতে ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট-এর সাথে সাথে লেবার ডিসপিউটও দেখা যাচ্ছে। একদিকে আমরা বলছি, ধর্মঘট চলছে, চলবে: আবার আর একদিকে মালিকরা বলছে, আমরাও লে-অফ করছি, করবো, ছাঁটাই করছি, করবো, লক-আউট করছি, করবো, ক্লোজার ডিক্লেয়ার করছি, করবো, কেউ আমাদের রুখতে পারবে না।

আপনি স্যার, জানেন ভাল ক'রে কিছুদিন আগে বিধানসভায় বলেছিলাম, জামাইয়ার এয়ার-ওয়েজ ১৬ দিন বন্ধ হয়ে গেছে। সরকার কিছু করতে পারছেন না। শুক্লাজী একটু আগে ই এম সি কারখানার ঘটনার কথা বললেন, সেই কারখানার মালিকরা লেবার অ্যাওয়ার্ড ইমপ্লিমেন্ট করেন নাই, শুধু তাই নয়, সেখানকার শ্রমিকদের সাসপেন্ড ক'রে রেখেছেন এবং দালাল ইউনিয়নও গঠন করা হয়েছে। সেই মালিককে কে অধিকার দিয়েছেন ঐ ইউনিয়ন গঠন করবার জন্য? আজ তাই আমি দাবি করছি, ব্যালটের মাধ্যমে ওখানে ইউনিয়নের নির্বাচন করতে হবে। আজকে এই বাজেটের প্রসঙ্গে আমরা সরকারের কাছে আবেদন করব, আসুন সবাই মিলে চেষ্টা করি—প্রত্যেক ইন্ডাস্ট্রিতে যেন আমরা ইন্ডাস্ট্রিওয়াইজ ট্রেড ইউনিয়ন গঠন করতে পারি। তার সাথে সাথে তাদের কাছে জানাতে চাই, সমগ্র পশ্চিমবাংলায় যে লেবার সমস্যা রয়েছে, শ্রমিকদের সামনে আজকে ট্রাইব্যুনালের প্রশ্ন, তাদের সামনে যে কনসিলিয়েসন-এর প্রশ্ন, ক্লোজার ইত্যাদি নানা প্রশ্ন রয়েছে হাইকোর্ট, সুপ্রিম কোর্ট না ক'রে, তাদের বিচার যেন সরকার নিজ হাতে করেন, তা হ'লে শ্রমিকরা বাঁচতে পারে। শ্রমিকদের জন্য যেন সরকার একটু বেশী ক'রে চিন্তা করেন।

আজকে যে বাজেট প্রস্তাব এখানে আনা হয়েছে, সেই বাজেটে টাকার অংশ আরো কিছু বাড়ানো হলে ভাল হত। আমরা সকলে খুব খুশী হতাম। এই কয়টি কথা ব'লে আমার বক্তব্য শেষ করছি। থ্যাংক ইউ।

শ্রীতৃপ্তিময় আইচঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের শ্রমমন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবি আজ এখানে পেশ করেছেন, তাকে আমি সম্পূর্ণ সমর্থন জানিয়ে কয়েকটি বক্তব্য রাখছি। পশ্চিমবঙ্গে যে সমস্ত সমস্যা আছে তার মধ্যে বেকার সমস্যা হচ্ছে প্রধান। পশ্চিমবঙ্গ সরকার এক বছর হ'ল তাঁদের কাজকর্ম করছেন। কিন্তু এক বছরের মধ্যে বেকার সমস্যা সমাধানের জন্য যেটুকু করবার কথা আমরা বলেছি এবং প্রত্যাশা করেছি তা অনেকাংশে হয় নি ব'লে আমি মনে করি। তাই বেকার সমস্যার সমাধানের জন্য পশ্চিমবঙ্গ সরকারকে নতুনভাবে চিন্তা করবার জন্য আমি অনুরোধ করছি।

কয়লা খনি জাতীয়করণ করবার জন্য আমি রাজ্য সরকারকে ও কেন্দ্রীয় সরকারকে ধন্যবাদ জানাই। রাজ্য সরকরকে ধন্যবাদ জানাই এই জন্য যে, রাজ্য সরকারই প্রথম কয়লা খনি জাতীয়করণ করবার প্রস্তাব নিয়েছিলেন। কিন্তু রাজ্য সরকার কয়লা খনি জাতীয়করণ করবার দ্বারা তাঁদের কাজ শেষ হ'ল বললে চলবে না। পশ্চিমবঙ্গ সরকারকে দেখতে হবে, পশ্চিমবঙ্গের যুব-সমাজ পশ্চিমবঙ্গের সেই সমস্ত কয়লা খনিতে চাকুরি পাচ্ছে কিনা। কিন্তু অত্যন্ত দুঃখের কথা, আমাদের পশ্চিমবঙ্গের কয়লা খনিতে এখানকার যুব-সমাজ চাকুরি পাচ্ছে না। সেখানে টেলিগ্রাম ক'রে হাজার হাজার বাইরের যুবককে ডেকে এনে চাকুরি দেওয়া হচ্ছে। বিহারের মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন, বিহার ফর বিহারিজ; আমি বলছি না, পশ্চিমবঙ্গ সরকার ঘোষণা করুন, বেঙ্গল ফর বেঙ্গলিজ। আমি চাই পশ্চিমবঙ্গবাসী যিনি অন্ততঃ ৫ বছর পশ্চিমবঙ্গে বসবাস করছেন তিনি পাঞ্জাবী, গুজরাটী, বিহারী যেখানকার লোকই হোন না কেন তিনি প্রথম চান্স পাবেন চাকুরির জন্য।

এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের যে কাঠামো বর্তমানে আছে রাজ্য সরকারের উচিত তার পরিবর্তন করা। এর আগে কমপালসারি নোটিফিকেসন সম্বন্ধে ১৯৫৯ সালে একটা অ্যাক্ট হয়েছিল তাতে দেখা যাচ্ছে যে, সরকারী হোক আর বেসরকারী হোক যে কোন ক্ষেত্রে কর্মী নিয়োগের সময় এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জকে বিজ্ঞপ্তি দিতে হবে। দেখা যাচ্ছে, অনেক ক্ষেত্রে অনেক কলকারখানা এই নিয়ম মানছে না, যদিও মানছে, সেখানে ও সব দেখা যাচ্ছে, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে যে সব যুবকদের নাম পাঠানো হচ্ছে তাদের নিচ্ছে না। এ সম্পর্কে নির্দিষ্ট নীতি নাই, রিক্রুটমেন্ট রুল নাই। আমি দাবি করছি, আইন ক'রে রিক্রুটমেন্ট রুলের মাধ্যমে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের

মাধ্যমে সমস্ত রকম চাকুরি দিতে হবে। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের বাইরে চাকুরি হবে না। পশ্চিমবাংলার শিল্পাঞ্চলকে দু' ভাগে আমি ভাগ করতে পারি। এক হচ্ছে হাওড়া ও কলকাতা শিল্পাঞ্চল আর একটা হচ্ছে আসানসোল শিল্পাঞ্চল। এই হাওড়া, কলকাতা, হুগলী, ২৪-পরগনা শিল্পাঞ্চলে শ্রমিক ভাইদের চিকিৎসার, ই এস আই স্কীমের মাধ্যমে হাসপাতাল হয়েছে। কিন্তু পশ্চিমবঙ্গের সম্পদের ক্ষেত্রে আসানসোল মহকুমায় যেখানে বৃহৎ শিল্প সংস্থা আছে সেখানে কোন ই এস আই স্কীমে হাসপাতাল হয় নি। শ্রমিক ভাইদের স্বাস্থ্যের উন্নতির, সুচিকিৎসার জন্য কোন ব্যবস্থা করা হয় নি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই রাজ্যের শ্রমমন্ত্রী মহাশয়কে পশ্চিমবাংলার লোক অত্যন্ত শ্রদ্ধার চোখে দেখেন। তিনি পশ্চিমবাংলার জন্য অনেক ভাল কাজ করেছেন। তিনি সরকারী ভাবে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, ঢাকেশ্বরী কটন মিল খুলছেন। এখানে অনাহারে বহু শ্রমিক কষ্ট পাচ্ছেন, এমন কি একজন শ্রমিক অনাহারে মৃত্যু বরণ করেছে। আমি শ্রমমন্ত্রীকে অনুরোধ করবো, এই ঢাকেশ্বরী কটন মিলকে তাড়াতাড়ি খোলার জন্য। এই রাজ্যে একটা ইঞ্জিনীয়ারিং কারখানা আই এস ডবলিউ—এটা একটা গুরুত্বপূর্ণ কারখানা। সেই কারখানাটি টলমল অবস্থায় চলছে। বন্ধ হবার পর নিঃশেষ হবার পর এই কারখানা নেবার কোন যুক্তি নেই। এই গুরুত্বপূর্ণ ইঞ্জিনীয়ারিং কারখানা আই এস ডবলিউ-কে খারাপ অবস্থা হবার আগে সরকারকে গ্রহণ করার জন্য আবেদন জানাচ্ছি। এই ব'লে এই বরাদ্দকে সমর্থন ক'রে আমার বক্তব্য শেষ করছি।

[5-00—5-10 p.m.]

শ্রীভবানী পাল: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের শ্রমমন্ত্রী কর্তৃক যে বাজেট উপস্থিত করা হয়েছে আমি তাকে সমর্থন করছি। সমর্থন করতে গিয়ে আমি বিশেষ ক'রে চা-শ্রমিকদের সম্পর্কে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলায় প্রায় ১৫০,০০০ হেক্টর জমি এই চা-শিল্পে নিযুক্ত আছে। এই শিল্পে প্রায় আড়াই লক্ষ লোক কাজ করে। এবং এই চা-শিল্প থেকে প্রায় ৩৮ কোটি টাকা ফরেন এক্সচেঞ্জ আসে। এই শিল্পে যে সমস্ত ওয়ার্কাররা কাজ করে তারা প্রায় সকলেই অনুন্নত সম্প্রদায়ের লোক। তারপর যে ওয়েজ স্ট্রাকচার আছে তাতে আজকের দিনে তারা দিনে পাচ্ছে ৩ টাকা অর্থাৎ মাসে ৭৮ টাকা। অন্যান্য শিল্প ক্ষেত্রের সংগে যদি আমরা কমপারেটিভ স্টাডি করি, তা হ'লে দেখতে পাবো ১৯৭০-৭২ সালে পাট শিল্পে শ্রমিকদের সর্বনিম্ন মাহিনা ছিল ১৮৪·৬০ পয়সা, সেটা বেড়ে দাঁড়ালো ২৩৫ টাকা ৫৯·৬০ পয়সা। তার কটনে মাইনে ছিল ১৬২·৫০ পয়সা সেটা বেড়ে দাঁড়ালো ২০০ টাকা—অর্থাৎ ৬২·৫০ পয়সা বাড়লো। কিন্তু চা শিল্পে ৪৬ পয়সা অর্থাৎ মাসে ১১·৯৬ পয়সা। বর্তমান সময়ে লিভিং ইনডেক্স ডবল হয়েছে—অর্থাৎ ১৯৬০ সালকে যদি বেস ইয়ার ধরা হয়, তা হ'লে লিভিং ইনডেক্স ডবল হয়েছে। আর ওয়েজ ফিক্সিং কমিটি ৪৬ পয়সা, ৭৫ পয়সা বাড়িয়েছেন। তা হ'লে ব্যাপারটা দাঁড়াচ্ছে কি—লিভিং ইনডেক্স যেখানে ডবল হয়েছে, অন্যান্য শিল্পে বেড়েছে অনেক বেশী, কিন্তু একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ শিল্পে যেখানে আড়াই লক্ষের উপর শ্রমিক নিযুক্ত রয়েছে পশ্চিমবাংলায়, ৩৮ কোটি টাকা যে শিল্প বাইরে থেকে নিয়ে আসে, সেই শিল্পের শ্রমিকদের ৭৫ পয়সা আজ থেকে ১২ বছরের মধ্যে বেড়েছে। এই তো গেল তাদের আর্থিক আয়ের দিকটা। এ ছাড়াও প্ল্যান্টেসন লেবার অ্যাক্ট, প্ল্যান্টেসন লেবার রুলস্, ১৯৫১ সাল এবং ১৯৫৬ সালের যেটা রয়েছে, এই আইনের মাধ্যমে শিল্প শ্রমিকদের যে সুবিধা দেওয়া হয়েছিল আজ যদি হিসাব নেওয়া যায়, তা হ'লে দেখা যাবে যে, শতকরা ৯০টির বেশী চা-বাগান সেই আইন চালু করে নি। আইন চালু করার কোন ব্যবস্থা করতে পারেন নি। আমাদের সরকারের প্ল্যান্টেসন ইন্সপেক্টর রয়েছে, অফিসার রয়েছে, তাদের উদ্যোগে প্রসিকিউসন কেস করা হয়—মালিকরা খালি তৈরি করে নি, মালিকদের ওয়েলফেয়ার মেজারস-এর যে রেকমেন্ড করা হয়েছে আইনসংগতভাবে শিল্প কর্মচারীদের পক্ষে সেগুলির একটিও ইমপ্লিমেন্ট করে নি। আমি যদি বলি, শতকরা ৯০টির বেশী বলছি কেন যদি বলি ৯৯টি ক্ষেত্রে প্ল্যান্টেসন লেবার অ্যাক্ট, প্ল্যান্টেসন লেবার রুলস্ ইন রেসপেক্ট অব মেডিকেল ফেসিলিটিজ, ওয়েলফেয়ার

মেজারস, এডুকেসন ইত্যাদি কিছুই ইমপ্লিমেন্ট করে নি তারা অত্যন্ত দুঃখের সঙ্গে অসহায়-ভাবে তাকিয়ে থাকেন। প্রোসিকিডসন ক'রে কোর্টে কেস দাঁড় করালে প্ল্যান্টেসন ইন্সপেক্টর অত্যন্ত অসহায়ভাবে বললেন, আজকে কোর্টে ২০১৮ কেস ছিল, চা-বাগানের মালিকদের ৫ টাকা ক'রে ফাইন হয়েছে। এক একটি কেস ইনস্টিটিউট করতে ৫০০।৬০০ টাকা ক'রে খরচ হয়, কিন্তু মালিকের বিরুদ্ধে কিছুই হয় না। প্ল্যান্টেসন লেবার অ্যাক্ট-এর ইমপ্লি-মেন্টেসন ঠিকমত হচ্ছে না, এই স্কীমকে ঠিকমত ইমপ্লিমেন্ট করা যাচ্ছে না। প্ল্যান্টেসন ইন্সপেক্টরের মাধ্যমে কোর্টে কেস করলে ৫০০।৬০০ টাকা ক'রে খরচ হয়, এ ছাড়া অফিস খরচ আছে, অন্যান্য খরচ আছে। ফাইন কত হচ্ছে, ৫ টাকা। মালিক পক্ষ ৫ টাকা ফাইন দিয়ে বেরিয়ে এলেন, আবার তার বিরুদ্ধে কেস ইনস্টিটিউট করতে হবে, ওয়ার্কাসরা চলে আসে, সেখানে ইমপ্লিমেন্টেসন হচ্ছে না। কনসিলিয়েসন অফিসে ডাকেন, বাগান বন্ধ হয়ে যাবে, কিন্তু আইন চালু করা যাচ্ছে না। কনসিলিয়েসন অফিসার ডাকেন চা-বাগানের মালিকদের, কিন্তু মালিক সেখানে আসেন না, দিনের পর দিন চলে যায়, মাসের পর মাস চলে যায়, তারা আসেন না। আমি অভিনন্দন জানাবো শ্রমমন্ত্রীকে। আজকে বাজেট বক্তৃতায় তিনি বলেছেন, কনসিলিয়েসন অফিসারকে পাওয়ার দেওয়া হবে। তাদের যাতে বাধ্য করা যায় সেই জন্য কন-সিলিয়েসন অফিসারকে আইনে ক্ষমতা দেওয়ার ব্যবস্থা করা হচ্ছে। যারা ট্রেড ইউনিয়ন ক'রে সেই সমস্ত অফিসার এই মন্ত্রণালয়ের সঙ্গে সংশ্লিষ্ট, যাদের হাতে শিল্পপতিদের সাথে বোঝা-পড়ার দায়িত্ব, তারা অসহায় ফিল করেন। এই কনসিলিয়েসন অফিসে আসেন না, দিনের পর দিন লেগে যায় শ্রমিকরা সহ্য করতে পারে না, তাদের আর্থিক ক্ষমতা নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি তাই বলি প্ল্যান্টেসন লেবার অ্যাক্ট, প্ল্যান্টেসন লেবার রুলস অ্যামেন্ডমেন্ট ক'রে এমনভাবে তৈরি করা দরকার যাতে ক'রে এই আড়াই লক্ষের উপর শ্রমিক যে চা-বাগানে কাজ ক'রে তাদের মালিকরা যেভাবে নিষ্পেষণ করছে, সেটা বন্ধ হওয়া উচিত। আমরা সোসালিজমের কথা বলছি, গরিবী হটানোর কথা বলছি, শ্রমিক দরদী কথা বলছি, কিন্তু আইনে যখন করবার ক্ষমতা আমাদের রয়েছে, সরকার যখন সেইসব জনসাধারণের ভোটে তৈরি হয়েছে, তখন কেন করা যাবে না বুঝছি না, কেননা সেইসব শ্রমিক এই সরকারের পিছনে আজকে এসে দাঁড়াচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রভিডেন্ট ফান্ডের গ্রাচুইটির কথা সম্বন্ধে একটু আগে একজন মাননীয় সদস্য বললেন। অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে প্রভিডেন্ট ফান্ডের টাকা শ্রমিক সারা জীবন জমা দেয়, মালিক সেই প্রভিডেন্ট ফান্ডের টাকা জমা দেয় না। অনেক সময় শ্রমিক রিটায়ার করার ১০ বছর পরেও অফিস থেকে টাকা পায় না, মালিক টাকা জমা দেয় না। অনেক সময় দেখা যায় শ্রমিক মারা গেছে তখনও প্রভিডেন্ট ফান্ডের টাকা আসে না। হাউসে বসে বলেছেন মিসা করা হবে। আমরা বলেছি, এদের বিরুদ্ধে আইনসঙ্গত ব্যবস্থা নেওয়া হোক। কিন্তু ১ বছর হয়ে গেল কোন আইনসঙ্গত ব্যবস্থা তাদের বিরুদ্ধে নেওয়া হয় নি। প্রভিডেন্ট ফান্ডের টাকা দিনের পর দিন কমে যাচ্ছে। কতকগুলি চা-বাগান বন্ধ হয়ে যাচ্ছে। আমরা কয়েকদিন আগে এই হাউসে প্রস্তাব নিয়েছি শিল্প রাষ্ট্রীয়করণ ক'রে রুগ্ন শিল্পগুলিকে নিয়ে নেওয়া হবে।

[5-10—5-20 p.m.]

অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি যে, আমাদের প্রস্তাবের সাথে সাথে বহু বাগান তাদের নর্মাল কাজকর্ম বন্ধ ক'রে দিয়েছে। এখনও যদি ব্যবস্থা না নেওয়া হয়, তা হ'লে লক্ষ্মী-বাবু যে কথা বলেছেন অনেক বেশী সিক বাগান ৬ মাসের মধ্যে হয়তো আমাদের দেখতে হবে। চা-শ্রমিকরা যারা কর্মচ্যুত হচ্ছেন তাদের জি আর, টি আর দিয়ে এই সমস্যার সমাধান হবে না। ইন্ডাস্ট্রির উন্নতি যদি করতে না পারি, ইন্ডাস্ট্রি হিসাবে চালানোর ব্যবস্থা যদি না করতে পারি, তা হ'লে জি আর, টি আর দিয়ে চা-শিল্পের কোন সমস্যার সমাধান হবে না বা চা-শিল্প শ্রমিকদের সমস্যার সমাধান হবে না। এই ব'লে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রীপঙ্কজকুমার ব্যানার্জী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শ্রম দপ্তরের মাননীয় রাষ্ট্রমন্ত্রী আজকে শ্রম ও কর্ম নিয়োগ খাতে যে ব্যয়বরাদ্দের দাবি উপস্থিত করেছেন আমি তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য রাখছি। স্যার, পশ্চিমবাংলার ধ্বংসপ্রাপ্ত শ্রমিক সমাজের জন্য আমাদের সরকার যে নতুন আশা-আকাংখার ইঙ্গিত বহন করে এনেছেন তা তার বক্তব্যের ভিতর দিয়ে পরিষ্কার-ভাবে ফুটে উঠেছে। বিগত এক বছরের অভিজ্ঞতায় আমরা দেখেছি যে সমস্ত কর্মব্যস্ত হাতকে যুক্তফ্রন্টীয় কৌশলে কর্মস্বব্ধ ক'রে দেবার অপপ্রয়াস চালানো হয়েছিল আমাদের প্রগতিশীল সরকারের বলিষ্ঠ শ্রমনীতি ও আমাদের এই প্রগতিশীল সরকারের শ্রমদপ্তরের বলিষ্ঠ মন্ত্রিদ্বয় একের পর এক সৃষ্টিযজ্ঞ শুরু ক'রে দিয়ে এই সমস্ত কর্মস্তব্ধ হাতকে কর্মসচল করার মহান ব্রতে ব্রতী হয়েছেন এবং তার ফলে একের পর এক কলকারখানা খুলে গিয়েছে, সেই সমস্ত ভীত সন্ত্রস্ত শ্রমিক সমাজের ভিতর আবার আস্থার ভাব ফিরে এসেছে। তারা বুঝতে পেরেছে সরকার শ্রমিকদের পাশে এসে দাঁড়িয়েছে। তারা দেখতে পেয়েছে যে, সরকারের কাছে শ্রমিকদের উপর কোন অত্যাচারের নালিশ যদি পৌঁছে দেওয়া যায়, বা শ্রমিকদের উপর কোন বর্বর আক্রমণের প্রচেষ্টা চালানো হচ্ছে এ খবর যদি পৌঁছে দেওয়া যায়, তবে মাননীয় মন্ত্রীরা তাদের সময় নষ্ট ক'রে কনসিলিয়েসনের মাধ্যমে বেশীর ভাগ ক্ষেত্রে বিরোধের মীমাংসা ক'রে দিয়েছেন। কাজেই সেই দপ্তর থেকে যখন আজকে ব্যয়বরাদ্দের দাবি উপস্থিত করা হয়েছে তখন শ্রমজীবী মানুষের একজন সাথী হিসাবে তাকে সমর্থন জানাই। তবে তার সঙ্গে সঙ্গে একটি বিষয়ের কথা বলব; যার জন্য আমি খুব আশাহত, বেদনাহত ও দুঃখিত হয়েছি, সেটা হচ্ছে, এই বাজেটের মধ্যে একবারও মাননীয় মন্ত্রী বলেন নি যে, কন্ট্রাক্ট সিস্টেমের আওতায় যে সমস্ত শ্রমিক ভাইরা দিনের পর দিন কষ্ট করছেন তাদের কথা বলেন নি বা তাদের জন্য সরকার সুস্পষ্টভাবে কোন নীতিও ঘোষণা করেন নি। কেন যে করতে পারছেন না সেটা আমি বুঝতে পারছি না। স্যার, ছোট বেলায় আংকেল টমস্ কেবিন পড়েছিলাম, সেখানে দেখেছিলাম একজন সাধারণ মানুষের উপর কিভাবে বর্বরোচিত হামলা করা হত, আক্রমণ করা হত, তাদের দাসত্ব প্রথার নাগপাশে বেঁধে কিভাবে দিনের পর দিন অত্যাচার করা হত, আর এই বিংশ শতাব্দীতে এই কারখানা-গুলিতে—ছোট ছোট কারখানাগুলিতে শত শত আংকেল টম দিনের পর দিন অত্যাচারিত, লাঞ্ছিত হচ্ছে। রেজেস্ট্রিতে তাদের নাম লেখা নেই। যেদিন শারীরিক অসুস্থতার জন্য সে উপস্থিত থাকতে পারবে না, সেদিন মজুরী সে পাবে না। বছরের নানান সময় যখন অন্য সবাই উৎসবে মত্ত হয়, আনন্দে মাতোয়ারা হয়, জাতীয় উৎসবে সম্মিলিত হয় তখন এই সমস্ত কন্ট্রাক্টর লেবাররা সেই আনন্দের ভাগ গ্রহণ করতে পারে না। যদি তারা অনুপস্থিত থাকে তবে তাদের সামান্য মাইনা, যার কোন হিসাব নেই, লেখাজোখা নিয়ম নেই, সেই ২ টাকা চার আনা, ২ টাকা ছয় আনা, ২ টাকা আট আনা মজুরী সেদিন তারা পাবে না। আমি আশা করেছিলাম, আমাদের সরকার বলিষ্ঠ নীতি নিয়ে পরিষ্কারভাবে বলবেন যে, আমরা এই প্রথাকে রহিত করবার যে শপথ নিয়েছিলাম সেটা করবার জন্য আমরা কতদূর এগিয়েছি এবং আগামী দিনে আমরা কত তাড়াতাড়ি এই অপদার্থ জবরদস্তি প্রথাকে সমাজ থেকে আমরা তুলে দেব। কিন্তু সে সম্বন্ধে কোন পরিষ্কার সুস্পষ্ট নীতি ঘোষণা করা হয় নি। তারপর ট্রেড ইউনিয়ন আন্দোলনকে স্বাগত জানানো হয়েছে, সাহায্য করছেন সেকথাও ঠিক, কোথাও কোথাও তার নজীরও রেখেছেন। কিন্তু আমি প্রমাণ দিয়ে বলতে পারি এই কলকাতা শহরের উপর ট্রেড ইউনিয়ন করবার অপরাধে একটা হোটেলের কোল্ড স্টোরেজে আটকে রেখে মালিক সই করিয়ে নিয়েছে যে, তুমি ট্রেড ইউনিয়ন করতে পারবে না। স্যার, যেখানে একটা পিঁপিড়ের আরশোলা থাকতে পারে না, সেই রকম একটা জায়গায় জোর ক'রে বন্ধ ক'রে রেখে বাইরে থেকে পেন হাতে দিয়ে লিখিয়ে নেওয়া হয়েছে যে, সে কোনদিন আর ট্রেড ইউনিয়ন করতে পারবে না। আজকে মালিকদের এই যে অত্যাচার, তাদের যে এই অপপ্রয়াস এ বিষয়ে সরকারের আরো বেশী ওয়াকিবহাল হওয়া দরকার, জাগ্রত হওয়া দরকার। আমি একটা কোম্পানীর নাম দিয়ে বলতে পারি—লে ল্যান্ড কারখানা সেখানে ইউনিয়ন হ'ল, মালিক পক্ষ বললেন, আমাদের জেদ বহাল থাকলো, এখানে আমরা ট্রেড ইউনিয়ন করতে দেব না। আমরা কারখানায় গিয়ে

বললাম, এটা আমাদের সহজাত অধিকার, এ অধিকার থেকে বঞ্চিত করবার কোন অধিকার আপনাদের নেই। ফলে হ'ল কি? একজন শ্রমিক যে মাসে ১১২:৪৩ পয়সা মাইনে পায় তাকে পাটনায় বদলি করে দেওয়া হল, একজনকে গয়ায় বদলি করে দেওয়া হল, একজনকে দাক্ষিণ ভারতে বদলি করে দেওয়া হল শাস্তিমূলক ব্যবস্থা হিসাবে। আমাদের সরকারের কাছে আমার বিনীত নিবেদন যেখানে শ্রমিকদের উপর এই ধরনের অত্যাচার চলবে, যেখানে ট্রেড ইউনিয়ন আন্দোলন করবার অপরাধে তাদের উপর এইভাবে যথেচ্ছাচার করা হবে সেখানে সরকার আরো শক্তিশালী হোন। সরকার যদি সদাজাগ্রত প্রহরীর মত থাকেন, তা হ'লে আমরা আরো বেশী ক'রে উপকার করতে পারব। সেই সরকার আরো শক্তিশালী হ'ল, জাগ্রত প্রহরীর মত থাকুন, তা হ'লে আরো বেশী ক'রে উপকার পেতে পারে। আর একটি কথা বলে আমার বক্তব্য শেষ করবো। আমি এমন অনেক কারখানার ভুরিভুরি উদাহরণ দিতে পারি যে, কারখানার মালিক দিনের পর দিন গ্রাচুইটির টাকা আটকে রেখেছে এবং পরে সেটা আত্মসাৎ করছে। প্রভিডেন্ট ফান্ডের টাকা শ্রমিকদের কাছ থেকে কেটে নিচ্ছে অথচ সেই টাকা প্রভিডেণ্ট ফান্ডে জমা পড়ে না, সেই টাকা দিয়ে প্রাসাদসম অট্টালিকা তৈরি ক'রে তাতে এয়ার কন্ডিশন-এর ব্যবস্থা ক'রে দিনের পর দিন তাদের নিজেদের আচ্ছাদন সুদৃঢ় করছে। কিন্তু যে সমস্ত খেটেখাওয়া মানুষ তাদের শ্রমলব্ধ অর্থ থেকে একটি একটি ক'রে পয়সা দিয়ে যা থেকে তারা ভবিষ্যতে সুখের স্বপ্ন দেখেছিল রিটায়ার করার সময়ে তারা একটি পয়সাও পায় না। উপরন্তু কারখানা থেকে যে টাকা তাদের প্রাপ্য তা থেকেও বঞ্চিত হয় এবং চোখের জল ফেলে তাদের বাড়ি চলে যেতে হয়। শিশুপুত্র অনাহারে তাদের বাপের কাছ থেকে ধমক খেয়ে চলে যেতে হয়। তাই আপনারা যদি সব দিক থেকে নজর দিয়ে মালিককে আরো কোণঠাসা করতে না পারেন, মালিকের অত্যাচারের হাত থেকে এদের বাঁচাতে না পারেন, যদি তাদের অত্যাচারের হাতকে চারিদিক থেকে বাঁধতে না পারেন, তা হ'লে আপনারা যতই শ্রমনীতি করুন না কেন এটাতে সফল হতে পারবেন না। এই কথা ব'লে আমি এই বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীতপন চ্যাটার্জী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি গত বৎসর শ্রমদপ্তরের বাজেট বক্তৃতায় বলেছিলাম যে, ট্রেড ইউনিয়নের নেতারা বিড়ি খেতে পেতেন না, তারা আজকে ক্যাপস্টান খাচ্ছেন। আর এবারে আমি বলেছি অত্যন্ত জোরের সঙ্গে যে ট্রেড ইউনিয়ন এখন বিনা পুঁজিতে ব্যবসা হয়ে দাঁড়িয়েছে। শ্রমিক আজকে ট্রেড ইউনিয়ন নেতা মালিকের দ্বারা শোষিত হচ্ছে। কাজেই এটা অবিলম্বে বন্ধ করা দরকার। আমি আশ্চর্যান্বিত হচ্ছি যে, গত বৎসরে ৮ শত ট্রেড ইউনিয়ন রেজেস্ট্রি হয়েছে এবং এতে আরো শ্রমিকের সর্বনাশের রাস্তা তৈরি হয়েছে। আজকে আইন ক'রে এটাকে বন্ধ করা দরকার। মাত্র ৭ জন হ'লে একটা ট্রেড ইউনিয়ন করতে পারে। এর ফলে একটা সার্কিটে ৪টি ক'রে ইউনিয়ন হবে। এই ৪টি ইউনিয়ন চার পথে চলবে, এই অবস্থার সুযোগ নিয়ে মালিক তার শোষণ আরো চালিয়ে যাবে। মাননীয় মন্ত্রি-মহাশয় যে অর্ডিন্যান্স আনতে চেয়েছিলেন তাকে স্বাগত জানিয়েছিলাম। শুধু একটি কারণে স্বাগত জানাতে পারি নি পুরোপুরিভাবে যে, স্ট্রাইক শ্রমিকের জন্মগত অধিকার এটা এলাউ করলে নিশ্চয়ই আমরা মেনে নিতাম। মাননীয় মন্ত্রিমহাশয় এই ধরনের অ্যাকশান না নেন, তা হ'লে পশ্চিমবাংলাকে বাঁচান যাবে না, পশ্চিমবাংলার শিল্পকে আর বাঁচান যাবে না। আর একটি কথা বলতে চাই সেটা হচ্ছে পশ্চিমবাংলার শিল্প নিয়ে প্রাদেশিকতার কথা বলছি না, সাম্প্রদায়িকতার কথা বলছি না, কিন্তু আজকে দেখা যাচ্ছে যে পশ্চিমবাংলার শিল্পে আজকে শতকরা ৬০ ভাগ অবাংগালী কর্মী কাজ করছে। পশ্চিমবাংলার লোক পশ্চিমবাংলায় কাজ পায় না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আইন করা উচিত, নিজে সৎ থাকবো আর অন্য লোক খারাপ হবে সেটা হয় না। সততা সকলের মধ্যে থাকা উচিত। ভারতের ১৮টি রাজ্যে এবং ১০টি কেন্দ্র শাসিত অঞ্চলের প্রত্যেকটি প্রদেশে তাদের লোক নিয়োগ করা হচ্ছে কিন্তু পশ্চিমবাংলায় কেন আইন হচ্ছে না পশ্চিমবাংলার বেকার ভাইয়েরা কেন রাস্তায় ফ্যা ফ্যা ক'রে ঘুরে বেড়াবেন? তাই আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের

কাছে দাবি করছি, এই আইন তিনি নিশ্চয়ই করবেন। আমি আর একটা গুরুত্বপূর্ণ কথা বলতে চাই, সেটা হচ্ছে ওভারটাইমের কথা। প্রায় ৫০ কোটি টাকা প্রতি মাসে ওভারটাইমে খরচ হয়। এই ওভারটাইম আপনারা বন্ধ করতে পারছেন না। যুব কংগ্রেস থেকে আমরা এই শ্লোগান দিয়েছিলাম যে, ওভারটাইম বন্ধ ক'রে নূতন লোক নিয়োগ করার, কিন্তু আজকে শাসন ক্ষমতায় এসেও কেন ওভারটাইম বন্ধ করতে পারছেন না?

[5-20—5-30 p.m.]

ব্যাংক-এ যারা মোটা মোটা টাকা মাইনে পান তাদের চাহিদা আমরা শেষ করতে পারব না। ট্রেড ইউনিয়ন-এর রাজনীতি পাইয়ে দেবার রাজনীতি দিয়ে শেষ করা যায় না। যুক্তফ্রন্ট—সি পি এম সমস্ত পাইয়ে দেবার রাজনীতি করেছিল, আমরা যদি পাইয়ে দেবার রাজনীতি করি, কোনদিন আমরা দেশের উন্নতি করতে পারব না, শ্রমিক সাধারণের উন্নতি করতে পারব না। যারা ডক লেবার বোর্ড-এ কাজ করেন, যারা পোর্ট কমিশনার্স অফিসে কাজ করেন, ব্যাংক-এ কাজ করেন, ইনসিওরেন্স-এ কাজ করেন, তারা মাসে মাসে হাজার হাজার টাকা ওভারটাইম নিয়ে যাচ্ছে, এই ওভারটাইম কেন বন্ধ হবে না। আমি মন্ত্রিমহাশয়কে বলতে চাই যে, লেবার অফিসার-এর নাম আর লেবার অফিসার রাখবেন না, এর নাম আজকে থেকে লেবার এক্সপ্লয়টিং অফিসার রাখুন। এই লেবার অফিসার একটা কাঠের পুতুল, মালিক যা বলবে, তাই তাকে করতে হয়, এর কিছু করার ক্ষমতা নেই যেহেতু তিনি মালিকের মাইনে পান। এই লেবার অফিসার সিস্টেম যা আছে, এটা অ্যাবলিশ ক'রে দিন, কিংবা লেবার অফিসার-এর মাইনেটা যদি সরকার থেকে দিয়ে দেন, নতুবা মালিক যদি সরকারের কাছে লেবার অফিসার-এর মাইনেটা দিয়ে দেয়, তা হ'লে সে নিরপেক্ষভাবে কাজ করতে পারে, তা না হ'লে লেবার অফিসার রাখার কোন যুক্তি নেই। আর একটা কথা বলব ই এস আই সম্পর্কে, এই ই এস আই-টা তুলে দেওয়া ভাল, ই এস আই শিলপ নিয়ে ই এস আই রোগী শ্রমিকরা পথে ফ্যা ফ্যা ক'রে ঘুরে বেড়াচ্ছে, তারা ঔষধ পায় না। এই ই এস আই রোগী যখন ডাক্তারের কাছে যায়, ডাক্তার তো রোগীদের প্রেসক্রিপসান লিখে দেন, কিন্তু দোকানে গেলে তারা ঔষধ পায় না। দোকানে চারটে বড়ির যায়গায় দুটি বড়ি দিয়ে ছেড়ে দেয়। সুতরাং এই ই এস আই রাখার আর কোন দরকার নেই, এটা তুলে দিন। শ্রমিকরা এতে বাঁচবে, শ্রমিকদের মাইনে কাটা যাবে না প্রত্যেক মাসে। আর একটা কথা বলতে চাই যেটা করা উচিত, আমরা পৃথিবীর উন্নত অন্যান্য দেশে যেমন অ্যামেরিকা, সোভিয়েট ইউনিয়ন-এ যেখানে কাজের সময় কমানো হচ্ছে। সেই সময় আমাদের এখানে কাজের সময় বাড়ানো হচ্ছে। আমরা যদি এখানে ৪টি শীপ্ট চালাতে পারি, তা হ'লে যেমন শ্রমিকদের পরিশ্রম কমবে, অপর দিকে অধিক সংখ্যক লোক নিয়োগ হতে পারবে, এই বিষয়ে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মন্ত্রিমহাশয় শুধু ফ্যাক্টরির সিলিং ক'রে বেড়াচ্ছেন, ভাবার টাইম নেই, তারা যে দেশের উন্নয়নের কথা ভাবছেন তাই তারা ফুরসৎ পাচ্ছেন না। একটা গুরুত্বপূর্ণ বিষয় আপনার সামনে তুলে ধরতে চাই সেটা হচ্ছে, পুলিস যেন শ্রমিক বিরোধে হস্তক্ষেপ না করে। আমি একটা কারখানার সভাপতি, বেঙ্গল হেল্থ অ্যান্ড কেমিকেল, আগরপাড়া, সেটা সম্বন্ধে আমি মেনসান দিয়েছিলাম যে, যেখানে শ্রমিরা স্ট্রাইক করেছে এবং মালিকরা সেই পুলিস-এর ভ্যান-এ ক'রে গিয়ে এন্টালি থানায় গিয়ে শ্রমিকদের অ্যারেস্ট করিয়ে দিয়েছে নানারকম মিথ্যা অজুহাতে। আমার সর্বশেষ কথা মজুরীর সমন্বয় করার কথা, আমি ব্যয়বরাদ্দকে সমর্থন ক'রে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীজ্যোতির্ময় মজুমদারঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গ্রান্ট নং ৩০ বিষয়ে শ্রম বিভাগের রাষ্ট্রমন্ত্রী যে ব্যয়বরাদ্দ অনুমোদন দাবি করেছেন—গত এক বছরের এই প্রগতিশীল সরকারের এই একটা দপ্তর চটকল থেকে শুরু ক'রে কয়লাখনি শ্রমিক সমাজ পর্যন্ত যেভাবে সর্বস্তরের শ্রমিকদের পাশে এসে দাঁড়িয়েছেন, তথা শ্রমিক সমাজের জীবনের মান উন্নয়ন ঘটানোর জন্য যেভাবে দ্রুত পদক্ষেপে এগিয়ে গেছে, তার জন্য এই ব্যয়বরাদ্দ অনুমোদন সমর্থনযোগ্য। তাঁকে

আমি সাধুবাদ জানাচ্ছি, সমর্থন জানাচ্ছি। সমর্থন জানাতে গিছে আমার পূর্ববর্তী বক্তা মাননীয়া গীতা মুখার্জী মহাশয়া যে গুটি কয়েক বক্তব্য রেখেছেন তার দু'-একটার উত্তর দেওয়া প্রয়োজন ব'লে মনে করি। প্রথমতঃ তিনি এবং তাঁর দলের পরিষদীয় নেতা শ্রীবিশ্বনাথ মুখার্জী বারবার একটা জিনিসের উপর আঘাত হানছেন। সেটা হচ্ছে এই সরকারের নাকি একচেটিয়া পুঁজির উপর আঘাত হানার ক্ষমতা নেই। আমি এই প্রসঙ্গে স্পষ্টভাবে একটা জিনিস ব'লে দিতে চাই, সেটা হচ্ছে বাংলা অনার্সে বৈষ্ণব পদাবলীতে একটা কথা পড়েছিলাম, "শ্যাম রাখি না কুল রাখি" রাধার মুখের কথা এটা, আজকে কিন্তু মাননীয়া সদস্যার মুখে সেই কথা শুনতে পেলাম, এই বিধানসভার বাইরে তাঁরা মালিকশ্রেণী ঘেঁষা নীতি অবলম্বন করছেন আর এই বিধানসভার অভ্যন্তরে বসে তাঁদের বাম ঘেঁষা চরিত্রকে বজায় রেখে, বাম ঘেঁষা চরিত্রকে পত্রিকার প্রচারের জন্য বারবার একচেটিয়া পুঁজির কথা উল্লেখ করছেন। তিনি কি জানেন না যে, একচেটিয়া পুঁজির বিরুদ্ধে আঘাত হানার জন্য এই সরকার কি করেছেন, একচেটিয়া পুঁজির বিরুদ্ধে আঘাত হানার জন্য ব্যাংককে সরকার কি করেছেন, একচেটিয়া পুঁজির বিরুদ্ধে আঘাত হানার জন্য কয়লাখনি জাতীয়করণ করা হয়েছে। তবে যদি তাঁরা একচেটিয়া পুঁজির কথা বলেন, তখন তাঁদের একটা কথা স্মরণ করিয়ে দিতে হয়, আজকে শুধুমাত্র পশ্চিমবাংলায় নয়, শুধু ভারতবর্ষে নয়, সমগ্র বিশ্বে শ্রমিক সমাজ তথা মানবসমাজের জীবনধারণের মানের উন্নয়ন ঘটানোর জন্য প্রধান প্রতিবন্ধক একচেটিয়া পুঁজি নয়, এর একটা ভূমিকা পরিবর্তন হয়েছে। আজকে প্রধান যেটা সমস্যা, সেটা হচ্ছে সাম্রাজ্যবাদ তথা বাণিজ্যিক সম্প্রসারণবাদ, এই অর্থনৈতিক এবং বাণিজ্যিক সম্প্রসারণবাদের যে উলঙ্গ চেহারা তা রাশিয়ার কামানের মুখে কিউবাকে আমরা লক্ষ্য করেছি। যারা বলেন যে, আমরা শ্রমিকদের ন্যায়সঙ্গত অধিকার কেড়ে নিচ্ছি, শ্রমিক কর্মচারীদের ন্যায়সঙ্গত অধিকারের দিকে সরকার লক্ষ্য রাখেন না, তাদের এই কথা স্মরণ করিয়ে দিতে চাই, রাশিয়ার ট্যাংক ঢুকে চেকোশ্লোভাকিয়ার গণতান্ত্রিক অধিকার কতটা রক্ষা করেছিল, সেটা আমরা দেখেছিলাম। আজকে তাই যত চিৎকারই করুন ইউনিয়ন দখল হচ্ছে বলে, কিন্তু এই কথা নিশ্চয়ই স্বীকার করবেন যে, তাদের এই দোটানা রাজনীতি, বাইরে মালিকপন্থী আর ভিতরে বামপন্থী, এই রাজনীতির জন্য আজকে শ্রমিক কর্মচারীরা বন্ধ্যা এ আই টি ইউ সি-র রাজনীতি পরিত্যাগ করে একনিষ্ঠ রাজনীতির জন্য তারা আজকে তেরঙ্গা পতাকার নীচে মিলিত হয়েছে। সুতরাং এই অপরাধ আমাদের নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে শ্রমমন্ত্রীর ভাষণ এই ভাষণে আমরা সম্পূর্ণ খুশী নই, তার দুটো কারণ আছে। মূল দুটো কারণকে এই বাজেটে উপেক্ষা করা হয়েছে, সেই দুটো কারণ কি? আমরা আজকে যে জিনিসটা নিয়ে আলোচনা করছি সেটা কি, না সরকারের শ্রম দপ্তর এবং এটা পশ্চিমবঙ্গের শ্রমিক সমাজের দপ্তর। প্রথমেই হচ্ছে শ্রমিক বলতে কাদের বোঝায়, সংজ্ঞাটা কি? যে ব্যক্তি নিজের শ্রম বিক্রয় ক'রে জীবিকা নির্বাহ করেন তিনিই শ্রমিক। তা হ'লে আমাদের পশ্চিমবঙ্গের সমস্ত কৃষি অঞ্চলে যে লক্ষ লক্ষ কোটি কোটি মানুষ, ভূমিহীন মানুষ, যারা অপরের জমিতে নিজের শ্রম বিক্রয় ক'রে দু'বেলা দু'মুঠো অন্ন জোগাড় করতে পারছেন না, জি আর বা টি আর অথবা স্পেশাল এমপ্লয়মেন্ট প্রোগ্রামের দিকে তাকিয়ে বসে থাকেন দু'বেলা দু'মুঠো জোগাড় করবার জন্য, তারা কি শ্রমিক নয়? দুঃখের সঙ্গে, বেদনার সঙ্গে, ব্যথার সঙ্গে মাননীয় অধ্যক্ষ মহাশয়, বলতে বাধ্য হচ্ছি, এই ভাষণে তাদের সম্বন্ধে কোন কথা নেই। আজকে কৃষি অঞ্চলের একজন প্রতিনিধি হিসাবে আমি জানাতে বাধ্য হচ্ছি যে, এই দপ্তরের দু'জন মন্ত্রীর দৃষ্টি থেকে কি ক'রে এই জিনিস এড়িয়ে গেল? যেখানে পশ্চিমবঙ্গের কোটি কোটি ভূমিহীন মানুষ অপরের জমিতে শ্রম বিক্রয় ক'রে জীবন নির্বাহ করেন, তাদের বোনাস-এর জন্য, গ্রাচুইটির জন্য, এইসব কথা কেউ ভাবার নেই, সবাই শিল্পের সঙ্গে সংযুক্ত শ্রমিকদের কথাই ভাবেন। আর একটা জিনিসের প্রতি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, এই দপ্তরে রাজ্য সরকারের অধীনে আইন আছে ১০০ ব্যক্তি অর্থাৎ ১০০ জন শ্রমিক কোয়ার্টারে বা ৩ মাসে ৫০ ঘণ্টার বেশী ওভারটাইম করতে পারবে না। গত ৯ বছরে কোন স্ট্যাটিস্টিকস্ নেওয়া হয় নি, কিন্তু আমি বার বার মেনশনে এবং কলিং অ্যাটেনশনে দিয়েছি, আন-অফিসিয়াল

স্ট্যাটিস্টিকস্ যদি নেওয়া হয় পশ্চিমবঙ্গের, তা হ'লে দেখা যাবে, একজন শ্রমিক ৩ মা ২৫০ ঘণ্টা, ৩০০ ঘণ্টা, ৪০০ ঘণ্টা ওভারটাইম করে। পার কোয়ার্টার ৫০ ঘণ্টা ওভারটাই অ্যালটমেণ্ট থাকা সত্ত্বেও তাদের অধিক ওভারটাইম করে খাটানো হচ্ছে। তাদের মালিক তাদের এইভাবে খাটিয়ে মেডিকেল ফেসিলিটিস্, কোয়ার্টার ফেসিলিটিস্, বোনাস এবং তাদে গ্রাচুইটির ফেসিলিটিস্ সবকিছু থেকে তাদের বঞ্চিত করে শুধুমাত্র একটা মিনিমাম ওয়ে দিয়ে শ্রমিকদের অন্যায়ভাবে খাটিয়ে নিচ্ছে, কিন্তু তাদের বিরুদ্ধে আমাদের সরকার গড়ে উঠেন নি। আজকে এই প্রথা বন্ধ করতে হবে, কিন্তু এই ভাষণের মধ্যে সে সম্বন্ধে কো কিছুই বলা হয় নি। তাই আমি অনুরোধ করব যে, এই দুটো জিনিস রাষ্ট্রমন্ত্রী তাঁ বক্তৃতায় সংযুক্ত করবেন। কি ক'রে ভূমিহীনদের অন্যান্য শ্রমিকদের মত সুযোগসুবিধা দেওয় যায় সে সম্বন্ধে একটা প্ল্যানস অ্যান্ড প্রোগ্রাম গ্রহণ করবেন। আর অবৈধ ওভারটাইম বন্ধ ক বেকার সমস্যার যাতে সমাধান করা যায় সে সম্বন্ধে সুচিন্তিত বক্তব্য রাখবেন। এই কথা ব'লে এই ব্যয়বরাদ্দকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। বন্দে মাতরম্।

[5-30—5-40 p.m.]

শ্রীশরৎচন্দ্র দাসঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবি এই সভায় পেশ করেছেন তাকে সমর্থন করে আমি ২-৪টি কথা বলতে চাই। ১৬ পৃষ্ঠার যে বই তিনি দিয়েছেন সেটা গৈরিক রঙের—এটাই হচ্ছে ত্যাগের প্রতীক। এতদিন ধরে দেশবিদেশ থেকে বহু অর্থ এনে দেশে বিনিয়োগ করা হচ্ছে। সেই অর্থে যারা নীচুর তলায় আছে তাদের উঁচু হওয়া উচিত। কিন্তু নীচু তলা পর্যন্ত তা পৌঁছায় না। আমি মনে করে-ছিলাম শ্রমমন্ত্রীর ভাষণে বিশেষ করে হাজার হাজার যে কৃষি শ্রমিক আছে তাদের কথা থাকবে। তাদের সম্বন্ধে বিশেষ কোন কথা এখানে বলা হয় নি। এটা দেখা যাচ্ছে একটা কেন্দ্রীভূত জায়গায় যেখানে আন্দোলন করার সুবিধা আছে তারাই সুবিধা পাচ্ছে। কিন্তু যারা বিচ্ছিন্ন ভাবে আছে, যাদের আন্দোলন করার সুবিধা নেই তাদের সম্বন্ধে কোন চিন্তাই নেই। বর্তমান সরকারের প্রতি পূর্ণ বিশ্বাস এই নীচু তলার লোকেদের আছে যে, তাদের দিকে এই সরকারের দৃষ্টি নিশ্চয় যাবে। কিন্তু কৃষি শ্রমিকদের সম্বন্ধে একটি কথাও এখানে বলা হয় নি। শ্রমিক নেতারা শ্রমিকদের কল্যাণ সম্বন্ধে অনেক কথাই বললেন। কিন্তু এদের কথা কে ভাবে? আমি কর্মনিয়োগ ক্ষেত্রের মধ্যেই আমার বক্তব্য সীমাবদ্ধ রাখব। এই সরকার একটা সংকল্পবদ্ধ সরকার এবং সমাজবাদ প্রতিষ্ঠার একটা দৃঢ় পদক্ষেপ নিয়েছেন। আমি আশা করেছিলাম, এই কর্ম বিনিয়োগ কেন্দ্র সম্পর্কে যে টাকা দাবি করেছেন তাতে তফসিলী উপজাতিরা যাতে সুবিধা পায় তার ব্যবস্থা করবেন। কিন্তু বিভিন্ন কর্মকেন্দ্রে তাদের ট্রেনিং দিয়ে যাতে তাদের উচ্চপদে প্রতিষ্ঠা করা যায় সে ব্যবস্থার কথা এখানে নেই। অনেক কলকারখানা আপনি খুলেছেন। কিন্তু ১৯৬৭ সালে পুরুলিয়া জেলায় সি পি এম-এর জন্য যে কোলিয়ারীগুলি বন্ধ হয়ে যায় সে সম্বন্ধে একটা কথাও বললেন না। অর্থাৎ যে কোন প্ল্যান, প্রোগ্রাম তা সবই বাঁকুড়ার বিষ্ণুপুর পর্যন্ত গিয়ে আর এগুচ্ছে না। তফসিলী জাতি ও উপজাতিদের আসনের ব্যাপারে ২-৪টি কথা বলতে চাই। অর্থমন্ত্রী ও রাজ্যপালের ভাষণে আছে, এই জাতির সংখ্যা শতকরা ২৬। কিন্তু এঁরা যে আসন খুলেছেন তাতে ৫ পার্সেন্ট শীডিউল্ড ট্রাইব অ্যান্ড ১৫ পার্সেন্ট শীডিউল্ড কাস্ট। লোকসংখ্যা অনুসারে যদি আসন সংখ্যা করা হয়, তা হলে প্রথমে এখানেই ভুল। অর্থাৎ প্রথমেই ৬ পার্সেন্ট কেটে দিয়েছেন। এখানে সংবিধানে স্বীকার করা হয়েছে ৩৩৫ থেকে ৩৩৯ পর্যন্ত যে, হাজার হাজার বছর যে উপজাতি সম্প্রদায় সামাজিক বিচারে লাঞ্ছিত বঞ্চিত, তাদের বিশেষ সুযোগসুবিধা দেওয়া হবে। হাজার হাজার বছর ধরে যারা সামাজিক ন্যায়বোধ থেকে বঞ্চিত তাদের সরকারের তরফ থেকে সুযোগসুবিধা দেওয়া হবে। কিন্তু দেখা যাচ্ছে এ বিষয়ে সরকারের কোন পরিকল্পনাঃ এঁরা ব্যবস্থা করেছেন কম্পিটিটিভ এক্সামিনেশন-এ যদি পাশ করে তবে তারা স্থান পাবে রিজার্ভ লিস্ট-এ। কিন্ত কম্পিটিসনে কি করে পারবে? মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি যখন গ্রাম থেকে নির্বাচিত হয়েছেন তখন আপনি নিশ্চয়ই জানেন যতক্ষণ পর্যন্ত তফসিল জাতি এবং উপজাতি ছেলেরা স্কুল এবং কলেজে থাকে

ততক্ষণ পর্যন্ত তারা এই উচ্চবর্ণের ছেলেদের সঙ্গে একত্রিত হয়ে থাকে এবং একসঙ্গে পড়াশুনা করে। কিন্তু যখন তারা ঘরে গেল তখন তারা দেখে তাদের ঘরের চারিদিকে জল পড়ছে, তাদের খাওয়া-দাওয়া নেই এবং তারা ঘরে বসেই চন্দ্র এবং সূর্য দেখে। তারপর, গুরুজনদের ছেলেদের টেলিফোনের অভিজ্ঞতা আছে, রেডিওর অভিজ্ঞতা আছে এবং আরও নানারকম আধুনিক যন্ত্রপাতির প্র্যাকটিক্যাল অভিজ্ঞতা আছে এবং তারা সেগুলি উপলব্ধি করতে পারে। কিন্তু এই হরিজনদের একটি ছেলেকে যদি রেডিও, টেলিফোন সম্বন্ধে কোশ্চেন করা হয়, তা হলে তার উত্তর সে কি করে দেবে? যাঁরা কখনও মোটর গাড়ি, রেডিও, টেলিফোন দেখেন নি, তাঁরা এগুলির কিভাবে দেবেন? তারপর আমরা দেখছি অনেক জায়গায় যোগ্য লোক না পাওয়ার জন্য অমুক পোস্টে অমুক লোক দিয়ে ফিল-আপ করা হচ্ছে। শিডিউল্ড কাস্ট এন্ড শিডিউল্ড ট্রাইব ছেলেদের নেওয়া হল না তাদের যোগ্যতা নেই বলে। কিন্তু আমি বলছি তাদের যোগ্যতা প্রমাণ করবার সুযোগ কোথায় দিলেন? বলা হচ্ছে আই এ এস বা ডবলিউ বি সি এস তফসিল এবং উপজাতি শ্রেণীর ছেলেরা কোন যোগ্যতা দেখাতে পাচ্ছে না। আমি জিজ্ঞাসা করছি, আপনি তাদের কখন দায়িত্ব দিলেন এবং কি করে তারা তা পালন করবে? কাজেই মন্ত্রিমহাশয় বিবেচনা করুন এবং তাদের সমাজে প্রতিষ্ঠা দেবার ব্যবস্থা করুন। এইসব ছেলেরা যাতে উপযুক্তভাবে ট্রেনিং পেতে পারে তাব ব্যবস্থা করুন। এবং তারা যাতে ডবলিউ বি সি এস, আই এ এস পরীক্ষা কমপিট করতে পারে, তার ব্যবস্থা করুন এবং তারপর তাদের যোগ্যতা বিচার করুন। এই কথা বলে বাজেট সমর্থন করে বক্তব্য শেষ করছি।

শ্রীশিশিরকুমার ঘোষঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, শ্রম বিভাগের রাষ্ট্রমন্ত্রী যে ব্যয়-বরাদ্দ উপস্থিত করেছেন, সেই ব্যয়বরাদ্দের সম্পর্কে আলোচনা করতে গেলে, আমার মনে পড়ছে বাজেট আলোচনায় শ্রমমন্ত্রী যে ভাষণ দিয়েছিলেন, তার কথা। বাজেটের সাধারণ আলোচনার সময় তিনি বলেছিলেন, চটকলের শ্রমিকদের দাবি মালিক পক্ষ মানছে না। তখন মন্ত্রিমহাশয় মালিক পক্ষকে ডেকে হুমকি দিয়েছিলেন এবং বলেছিলেন, অবিলম্বে যদি দাবি না মান, তা হলে তোমাদের উপর ডি আই আর প্রয়োগ করা হবে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মন্ত্রিমহাশয়ের এই বলিষ্ঠতাকে নিশ্চয়ই পশ্চিমবঙ্গের মানুষ অভিনন্দন জানাবে। কিন্তু এই আলোচনার সময় আমি বলতে চাইছি, পরবর্তী কালে এই চটকলের মালিকদের যখন অত্যাচার অনাচার চলেছে, সেক্ষেত্রে কিন্তু আমাদের শ্রম দপ্তর কোন বলিষ্ঠ নীতি দেখাতে পারেন নি। আমরা দেখতে পেলাম, যাদের ডি আই আর-এর ভয় দেখিয়ে মিনিমাম ওয়েজ ২৩৫ টাকা দেওয়া হল, তার কিছুদিন পর দেখলাম এই খড়দহ জুট মিলে মালিক পক্ষ মহিলাদের গ্রেপ্তার করিয়ে থানায় পাঠিয়ে দিলেন। তাদের অপরাধ ঘেরাও নয়, তাদের অপরাধ ছিল, তাঁরা ডিপার্টমেন্টে গিয়ে জিজ্ঞাসা করেছিলেন, কেন এই ডিপার্টমেন্ট বন্ধ হবে, এই 'কেনর' জন্য তাদের হাজত বাস হওয়া হল। তারপর তারা যখন ঐক্যবদ্ধ হল, তখন আর এই 'কেনর' প্রশ্ন থাকল না, ডিপার্ট-মেন্ট খুলে গেল, কাজ চলল। আমি জানতে চাইছি, পুলিসের এই হস্তক্ষেপের কারণ কি? এটা বিধানসভায় মেনসন হয়েছিল। যে পুলিস অফিসার এর সঙ্গে জড়িত, যে মালিক এর জন্য দায়ী, আমি জানি না, তাদের উপব কোনবকম অ্যাকশন নেওয়া হয়েছে কিনা।

[5-40—5-50 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা জানি যে মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে, বিদ্যুৎ রেশনের জন্য কোন ছাঁটাই হবে, কিন্তু আমরা দেখছি যে পাওয়ার রেশনের জন্য ছাঁটাই হয় নি বলে সরকার যেটা বলছেন সেটা ঠিক নয়। হাজার হাজার শ্রমিক ছাঁটাই হয়ে গিয়েছে। অ্যাডজাস্ট আদৌ করা হয় নি, ১৫ পার্সেন্ট কাট করা হয়েছে। কন্টিনিউয়াস প্রসেস-এ সেখানে বেশীর ভাগ শ্রমিকরাই কাজ পায় নি। আমরা জানি ন্যাশানাল জুট মিলে মালিকপক্ষ ছাঁটাই করেছে—কেউ বলছে ১২ শো, আমরা জানি প্রায় দু হাজার শ্রমিক। চটকলে যে জিনিস আমরা আশা করেছিলাম সেই জিনিস আমরা পাই নি। আর একটা জিনিস বার বার দেখতে চেয়েছিলাম যে, সরকারের বলিষ্ঠ নীতি শ্রম দপ্তর নিতে পেরেছেন কিনা। জনগণের যে উদ্যোগ

প্রতি কারখানায় লাল তেরঙ্গা ঝাণ্ডার নীচে যে ঐক্যবদ্ধ প্রতিষ্ঠা, শ্রমজীবী মানুষদের জন্য মন্ত্রিমহাশয়ের যে বলিষ্ঠ পদক্ষেপ তাকে আমরা নিশ্চয়ই স্বাগত জানাব। কিন্তু সাথে সাথে আর একটা কথা পরিষ্কার করে বলতে চাই, যখন শ্রমজীবী মানুষ যারা ঐক্যবদ্ধ হয়েছিল তাদের কথাও আপনারা ভাবুন, তাদের আপনারা আশ্বাস দিন যে, তোমরা ঐক্যবদ্ধ হয়ে যে লড়, ঐক্যবদ্ধ হয়ে মানুষের বিরুদ্ধে দাঁড়াও, সুসংগঠিত ভাবে ঐক্যবদ্ধ হয়ে দাঁড়াও, সরকার তোমাদের পাশে আছে এই কথা যদি সরকার দৃঢ়ভাবে বলতে পারেন, তা হলে নিশ্চয়ই আগামী দিনে আমাদের পশ্চিমবাংলার শ্রমজীবী মানুষ এই সরকারকে আশীর্বাদ করবে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এর পর আমি সরস্বতী প্রেসের কথা বলব—সেখানে মোটা টাকা পশ্চিমবাংলা সরকার দিয়েছেন। এবং যে ডিসপুট ছিল মাননীয় মুখ্যমন্ত্রী ও শ্রমমন্ত্রী প্রতিশ্রুতি দেবার পরও মালিক পক্ষ এককভাবে লকআউট ডিক্লেয়ার করেছে। মুখ্যমন্ত্রীর প্রতিশ্রুতি সেখানে কার্যকর হল না। এটা আমরা অ্যাসেম্বলীতে আগেও রেখেছি। তারা এসেছিলেন, তাদের দাবিদাওয়া মন্ত্রিমহাশয়ের কাছে পেশ করেছেন। তারপর টকি শো হাউস, সেখানে ১৫ বছর ধরে যারা কাজ করেন সেখানে মালিকপক্ষ তাদের সরিয়ে দিয়ে নূতন কর্মচারী নিয়োগ করেছে। তারা শ্রম-মন্ত্রীর কাছে গিয়েছিলেন, তারা আন্দোলন করেছিলেন, কিন্তু শ্রমমন্ত্রীর প্রতিশ্রুতি দেবার পরও মালিকপক্ষ তা রাখেনি নি। এই টকি শো হাউস এখনও চলছে। ১৫ বছর ধরে যেসব কর্মচারী তাদের আজকে বের করে দেয়া হয়েছে, তারা জনতাকে আহ্বান করেছিলেন যে আপনারা সিনেমা দেখবেন না, মালিকপক্ষ পুলিসের সাহায্য নিয়েছেন, অথচ শ্রমমন্ত্রী আশ্বাস দিয়েছিলেন যে, পুলিস সেখানে হস্তক্ষেপ করবে না, কিন্তু অত্যন্ত লজ্জার কথা পুলিস তাদের গ্রেপ্তার করেছে। তারপর টিটাগড় পেপার মিলের সুপারভাইজিং স্টাফ তাদের একমাত্র অপরাধ তাদের মাইনে ৫০০ টাকার বেশী, তারা কেবলমাত্র জিজ্ঞাসা করেছিল যে, আমাদের বন্ধুদের সহকর্মীদের কেন ছাঁটাই করা হল, অন্য কোন অপরাধ তাদের নেই, এই অপরাধের জন্য ৬ জন কর্মচারীকে ছাঁটাই করা হল। এই সুপারভাইজিং স্টাফ ইউনিয়নের প্রেসিডেন্ট হচ্ছেন বিষ্ণু ব্যানার্জী, ভাইস-প্রেসিডেন্ট হচ্ছেন রাষ্ট্রমন্ত্রী শ্রীপ্রদীপ ভট্টাচার্য। এই বার্ড কোম্পানীর মালিকরা ঐ ৬ জনকে কাজে ফিরিয়ে নেন নি। যখন টিটাগড়ের আন্দোলনের ঢেউ কলকাতায় এসে পৌঁছাল শ্রমমন্ত্রী তাদের ডাকলেন, কিন্তু বার্ড কোম্পানীর মাথা নত হল না। সেই ৬ জনকে কারখানার বাইরে রেখে দেওয়া হল। অন্য সুপারভাইজারী স্টাফ তারা কাজ করছেন এবং সেখানে লেখা হয়েছিল, নো ভিকটিমাইজেসন। তিনি তখন যে কাজ করছিলেন ম্যানেজারে পি এ হিসাবে, সেখান থেকে তাকে সরিয়ে নিয়ে এসে অডিনারী ক্লার্ক করে দিলেন। নো ভিকটিমাইজেশন—এর মানে কি নিশ্চয় মন্ত্রিমহাশয় বলবেন। আজকে দেশে কি ঘটছে অর্গানাইজেশন সম্বন্ধে মন্ত্রি-মহাশয় বেশী ওয়াকিবহাল, তিনি নিশ্চয়ই বলবেন, কি অপরাধে আজকে সুপারভাইজিং স্টাফ কষ্ট পেয়ে চলেছে। আমরা দেখতে পাচ্ছি কিছু কিছু শিল্পে ক্লোজারের নোটিশ এসেছে, বিধানসভায়ও তা উল্লেখ করা হয়েছে। আমি বলছি খড়দাহ পাইওনীয়ার ইন্ডাস্ট্রিতে ক্লোজারের নোটিশ পড়েছে। এর কারণ কিন্তু শ্রম বিক্ষোভ নয়, শ্রমিকদের অসুবিধার জন্য, কিন্তু এটা হয় নি। দীর্ঘদিন লে অফ-এর পরে তারা কাঁচামাল পায় না বলে তারা কারখানা বন্ধ করে দিয়েছে। আমি আশা করব, পশ্চিমবাংলায় যেখানে আমরা নূতন শিল্প সৃষ্টির কথা ভাবছি, নূতন শিল্প সৃষ্টি করবার জন্য চেষ্টা করছি, সমস্ত বেকার যুবকদের নূতন করে প্রকল্প করে তার মধ্যে নেবার কথা ভাবছি, সেখানে যে সমস্ত শিল্প আমাদের এখন আছে, তা যাতে বিনষ্ট না হতে পারে, চালু থাকে, তার জন্য মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়, যে দপ্তর কাঁচামাল দেবেন, সেই দপ্তরের মন্ত্রী জয়নাল আবেদিন সাহেব উপস্থিত আছেন, তাঁর সংগে এ বিষয়ে যেন একটা ব্যবস্থা করেন। ২৬এ তারিখে ক্লোজার হবার সম্ভাবনা রয়েছে।

আর একটা বলছি, এটা আমরা বার বার করে বলছি যে, সিক্রেট ব্যালট নিয়ে ট্রেড ইউনিয়নে নির্বাচনের ব্যবস্থা করা হোক। শ্রম দপ্তর যদি এইরকম এটা নীতি নেন যে, ইউনিয়নে নির্বাচনের ক্ষেত্রে একটি মাত্র ইউনিয়নই হবে এবং তাতে সিক্রেট ব্যালটে নির্বাচন অনুষ্ঠান হবে, এবং একটি ইউনিয়নই রিকগনিশন রেজিস্ট্রি করবার অধিকার পাবে এবং এইভাবে একটি ইউনিয়ন থেকে সমস্ত কাজকর্ম পরিচালিত হবে, এটা যদি শ্রম দপ্তর গ্রহণ করন, তা হলে আমি মনে

করি, কাজের সুরাহা হবে। আমি মনে করি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইভাবে যদি কাজ করা যায়, তা হলে অনেক শিল্পে শান্তি সৃষ্টি হতে পারবে এবং আজকে যে ইউনিয়ন দখলের প্রশ্ন এসেছে, সে প্রশ্নও অনেকটা প্রশমিত হবে। তার জন্য এখানে কোন বন্ধুর আষাঢ়ে গল্প পরিবেশন করার প্রয়োজন হবে না বলে মনে করি।

আমার শেষ কথা হচ্ছে, কলকাতার হোটেল কর্মচারীরা আপনি জানেন যে আন্দোলনের সামিল হয়েছে। ১২টি হোটেলের কর্মচারী আন্দোলন করছে। তার মধ্যে অনেকে পুলিসের হাতে অ্যারেস্ট হয়েছে। আমি মাননীয় শ্রমমন্ত্রীর নিকট অনুরোধ করব যে, তিনি এ বিষয়ে অবিলম্বে হস্তক্ষেপ করুন যাতে এই সংস্থাকে শপ এস্টাবলিশমেন্ট-এর আওতায় আনা যায়, এবং এইভাবে যদি ট্রিট করা যায়, তা হলে মালিকের উদ্ধত ব্যবহার নিরসন হবে অনুরোধ এর জন্য তিনি যথাযথ ব্যবস্থা করুন।

শ্রীজগদীশচন্দ্র দাস ঃ মাননীয় উপাধক্ষ মহাশয়, মাননীয় শ্রম বিভগের রাষ্ট্রমন্ত্রী শ্রীপ্রদীপ ভট্টাচার্য মহাশয় শ্রম বিভাগের জন্য যে ব্যয়বরাদ্দের দাবি করেছেন, তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। সমর্থন জানাই, কারণ আজকে বিশেষ করে আর এস পি দলের শীস মহম্মদ সাহেবের কান্নাকাটি লক্ষ্য করেছিলাম আর তখন ভাবছিলাম যে, আমার পকেটে যদি ঢোল কোম্পানীর মলম থাকত, তা হলে একবার মালিশ করে দিতাম। তবে মালিশ করে দিলেও ও'র রোগ সারবার নয়। এ'রা বাস্তুঘুঘু, পশ্চিমবাংলার মানুষ এদের ভাল করেই জানে। এ'রা উল্লেখ করছিলেন কান্নাকাটি করে যে ৩১১ ধারায় গভর্নর সাহেব বাস্তুঘুঘুকে আউট করে দিয়েছেন। আমি একটা জিজ্ঞাসা করতে চাই, সেদিন এ'দের কান্নাকাটি কোথায় ছিল যেদিন আমাদেরই ঘরের ছেলে ৯০ টাকা মাইনের পুলিস কর্মচারি, ভারতবর্ষের নাগরিক যখন কর্তব্য পালন করছিল, রাতের অন্ধকারে তার চোখ উপড়ে নেওয়া হয়েছিল এবং তারা বিচারের আশায় এই বিধানসভায় এসেছিল সেদিন তো তারা বিচার পায় নি?

[5-50—6-00 p.m.]

যাঁরা পাগলের মত এখানে এসেছিলেন, শুনলাম, তাতে নাকি বিধানসভার পবিত্রতা নষ্ট হয়েছিল। আমিও স্বীকার করি, পবিত্রতা নষ্ট হয়েছে। যেদিন তাদের উপর ৩১১ ধারার প্রয়োগ করা হয়েছিল, সেদিন আমাদের জনদরদী আর এস পি বন্ধুরা কোথায় ছিলেন? সেদিন তো তাদের জন্য কোন কান্নাকাটি করেন নাই! তাঁরা সব শ্রমিক বন্ধু! কলকারখানা যা লক-আউট হচ্ছে, বন্ধ হচ্ছে, ঘেরাও হচ্ছে, আপনাদের বড় ভাই ঘেরাও দাদাদের আশীর্বাদে বাংলাদেশে একটি দুটি নয়, ৫৭৭টি ঘেরাও কেস হয়েছে। আপনারা তার শরিক ছিলেন, দোসর ছিলেন। একের পর এক কারখানা লক-আউট হয়েছে। সেদিন আমরা আশা করেছিলাম, লক-আউট আইন পাস হবে। সেদিন তো এই লক-আউটের বিরুদ্ধে অ্যাক্ট পাস হয় নাই। আমরা এই আইন পাস করেছি, এই কম্পালসারি গ্রাচুইটি আইন পাস করেছি। আমরা আশা করেছিলাম শ্রমিক দরদী বন্ধুরা সেই আইন পাস করবেন, তা হয় নাই। আজকে বোনাসের ব্যাপারে ৮·৩৩ আইন করে বাধ্য করেছি আমরা মালিককে দিতে। কিন্তু সেদিন তো তারা তা করেন নাই। শুধু কান্নাকাটি করে এই রোগ সারবে না।

এই প্রসঙ্গে আমি কয়েকটি প্রস্তাব রাখছি অভিজ্ঞতা থেকে: তা হচ্ছে এই আমরা বিধানসভায় প্রস্তাব এনেছিলাম, ঐসব মিল মালিকরা যারা প্রভিডেন্ড ফান্ডের টাকা সরকারের কাছে জমা দেয় না, শ্রমিকদের ই এস আই ফান্ডের টাকা জমা দেয় না, তাদের জন্য পি ডি অ্যাক্ট কিংবা মিসা অ্যাক্ট চালু করা হবে। কিন্তু আজ পর্যন্ত সেই আইন চালু হয় নাই। আজকে যদি ঐ সমস্ত আইন চালু থাকতো, তা হলে শ্রমিকদের রক্ত জলকরা টাকা নিয়ে আর মিল মালিকরা ছিনিমিনি খেলতে সাহস পেত না। আমরা লক-আউট, ক্লোজার আইন পাস করেছি, কিন্তু বহুক্ষেত্রে মালিকরা তা মানছে না, ভায়লেট করছে। প্রভিডেন্ড ফান্ড-এর টাকা নিয়ে ই এস আই,

ফান্ড-এর টাকা নিয়ে যাতে মালিকরা ছিনিমিনি খেলতে না পারে তার জন্য মিসা অ্যাক্ট প্রয়োগ করা প্রয়োজন। লেবার কমিশনারের অফিসে দেখেছি—কনসিলিয়েসন-এর জন্য লেবার কমিশনার ডাকলেও মালিক আসে না। মালিক যাতে আসতে বাধ্য হয় তার জন্য একটি আইন পাস করা দরকার। শ্রমমন্ত্রী উপলব্ধি করেছেন, এই আইন সংশোধনের দরকার—আপনি এমন একটা আইন পাস করুন যাতে লেবার কমিশনারের অফিস থেকে কোন নোটিস গেলে মালিক সেটা কোর্টের মত গ্রাহ্য না করলে পুলিস তাকে গলায় দড়ি দিয়ে টানতে টানতে মালিকদের নিয়ে আসতে পারবে। তা নইলে এই সমস্যার সমাধান হবে না। আমরা শ্রমিক নিয়ে রাজনীতি করি। ২৪ ঘণ্টা তাদের বিষয় নিয়ে চিন্তা করি। কলকারখানার শ্রমিকরা পয়সাকড়ির অভাবে হাইকোর্ট, সুপ্রীম কোর্ট করতে পারে না। কিন্তু মালিকের সুপ্রীম কোর্ট পর্যন্ত যেতে কোন অসুবিধা হয় না। তাই আমি বলবো, শ্রমিকদের ব্যাপার ফয়সালা করবার জন্য হাইকোর্ট বা সুপ্রীম কোর্ট থাকবে না, লেবার কোর্টের রায়ই ফাইন্যাল হবে। ট্রাইবুনাল দেখছি হাজার হাজার কেস পেন্ডিং পড়ে আছে। সমাধান কিছু তার হচ্ছে না। সেইজন্য এই আইনের সংশোধনকে আমি সমর্থন করি। ই এস আই আইনের সংশোধন হওয়া দরকার। ই এস আই একটা ফার্স পরিণত হতে চলেছে। এমন সব ডাক্তার আছে যাঁরা আগে মাছি মারতো এখন তাঁরা আঙ্গুল ফুলে কলাগাছের মতন হয়েছেন স্পেশাল রোগীদের জন্য একরকম দাওয়াই, আবার জেনারেল পেশেন্টদের জন্য আর এক রকম দাওয়াই। একজনের জন্য ডিস্টিল্ড ওয়াটার, অন্য জনের জন্য আসল ডিস্টিল্ড ওয়াটারও পাওয়া যায় না। আর আমাদের যে প্যানেল সিস্টেম এখানে চলছে, সেই প্যানেল সিস্টেমের সংশোধন হওয়া দরকার। আজকে শ্রমিকরা তাদের পয়সা জমা দিয়ে ঔষধ পায় না। মালিকরাও ই এস আই ফান্ডে টাকা জমা দেয় না। প্রেসক্রিপসন স্টোরে যায় —কিন্তু যেহেতু পয়সা জমা হয় না, ঔষধ পাওয়া যায় না। আজকে প্যানেল সিস্টেমের আমূল পরিবর্তন হওয়া দরকার। এখানে যেসব কলকারখানা লক-আউট, ক্লোজার অবস্থায় আছে, যদিও কিছু খুলেছে, তবুও সেইগুলি যাতে অতি দ্রুত খোলা যায় তার জন্য বিশেষ সচেষ্ট হওয়া দরকার। এই প্রসঙ্গে আমি কয়েকটি কথা উল্লেখ করতে চাই। আমরা শুধু স্লোগান দিয়ে নয়, মিনিমাম ওয়েজেস নির্ধারণের ব্যাপারে এই সরকার আসীন হবার পর আমরা জুট শ্রমিকদের একযোগে সংঘবদ্ধ করতে পেরেছি এবং মালিকদের বাধ্য করেছি মিনিমাম ওয়েজেস ২৩৫ টাকা দিতে। ইঞ্জিনীয়ারিং শিল্পে আমরা আন্দোলন শুরু করেছিলাম, কিন্তু স্যার, আপনি অবাক হয়ে যাবেন আমরা ঐ সি আই টি ইউ, যারা ঐ আর এস পি-র দোসর তাদের বলেছিলাম যে, আসুন আমরা চটকল শ্রমিকদের মত ইঞ্জিনীয়ারিং শিল্পেও আন্দোলন করি। ওরা তখন ডিমান্ড প্লেস করলো, কয়েকটি যেসব খুনী নেতা যারা বাইরে ঘোরাফেরা করতে পারছে না সেই সব লিডারদের চলাফেরা করতে দিতে হবে এই চুক্তি করতে হবে। এ বিষয়ে আমরা একমত হতে পারি নি। তাই আমি বলছি যে, ওঁদের শুভবুদ্ধির উদয় হোক—এখনও সময় আছে। শুধু কথায় নয়, কাজে ওঁরা বলুন, দুনিয়ার মজদুর এক হও।

শ্রীমৃগেন্দ্র মুখার্জি: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ছয় মিনিট সময় আছে আমার বলার। শ্রম বাজেটের যে বরাদ্দ তা আমি সমর্থন করছি। সমর্থন করতে গিয়ে বড় দুঃখ হয় যে, এগুলি বাজেট বিবরণের মধ্যে আমার মনে হয়েছে এই শ্রম দপ্তরের বাজেট বিবরণে যা রাখা হয়েছে তা খুবই দুর্বল। এইজন্য বললাম নিন্দা করে নয়, সমালোচনা করে নয়—বাংলায় একটা প্রবাদ আছে, শাসন করা তারই সাজে সোহাগ করে যে। আমরা এই সরকার তৈরি করার সময় প্রতিশ্রুতি দিয়েছিলাম যে, শ্রমজীবী মানুষদের কাছে কমিট করে এসেছিলাম যে, এই সরকারের কাছ থেকে আমরা বেশী কাজ পাবো। গত এক বছরের কাজে আমরা অসন্তুষ্ট হলেও আগামী দিনে আরও ভাল কাজ হবে এই আশা রাখি। কিন্তু এই বাজেট বিবরণে অনেক কিছু ফাঁক রয়ে গেছে—কৃষিমজুরের কথা খুবই দুর্বল, নাই বললেই হয়, ক্ষুদ্র বন্ধ শিল্পের কথা বিশেষ জোর করে বলা হচ্ছে না। আইনের ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রেখেছেন যে, আইন সংশোধন করতে চেয়েছেন—যার ফল আমরা প্রতি মুহূর্তে পাই। লেবার কমিশনারের, বা কনসিলিয়েসন অফিসারের আরবিট্রেসন কেউ মানে না, সবাই যান মন্ত্রীর কাছে। তাই দেখি মন্ত্রীর ঘরের সামনে ২০০

লোকের ভীড়। মন্ত্রিমহাশয় তাঁর ব্যক্তিত্ব প্রয়োগ করে কনসিলিয়েসন করেন। কিন্তু মন্ত্রীর ভার আস্তে আস্তে কমে যাচ্ছে—আজকে মন্ত্রীর কথাও অমান্য করছে। কাজেই তলার সব অ্যাডমিনিস্ট্রেসন আজ বসে গেছে। মন্ত্রিকেন্দ্রিকতা এসে গেছে। ফলে বিশৃংখলার মধ্যে আমার মনে হয় শ্রম দপ্তর আর এ'টে উঠতে পারছে না। কোল্যাপ্স হয়ে যাচ্ছে। এই বাজেট বিবরণের মধ্যে থাকা উচিত ছিল, পশ্চিমবাংলার শ্রমজীবী মানুষের সমস্যার ছাপ। কিন্তু সেখানে আমরা নিরাশ হয়েছি। পশ্চিমবাংলার শ্রম আন্দোলনের গতি-প্রকৃতির সম্পর্কে কোন গাইড লাইন নাই। আমরা দেখতে পাচ্ছি, আইনের বাঁধন, এবং সেই বাধনের মধ্যে আমার খুব সন্দেহ থাকছে যে, পশ্চিমবাংলার শ্রমজীবী মানুষের সত্যিকারের কল্যাণ আমরা করতে পারবো কিনা একথা আজকে এক বছর পরে ভাবতে হচ্ছে। কারণ যে আইনের বাঁধন এসেছে আমাদের সামনে সেই বাঁধনে আমরা দেখছি যে, সেই আইনকে যদি খুব প্রগতিশীল করে দিই, তা হলে পরিণামে পশ্চিমবাংলা থেকে শিল্প চলে যাবে অন্যান্য রাজ্যে। ন্যাশনাল ইনটিগ্রেসন কাউন্সিল কাশ্মীরেতে বলেছিল যে, কোন রাজ্যসরকার যদি সেই রাজ্যের অধিবাসীদের কথা ভাবে, তা হলে তাকে প্রাদেশিকতা বলা যায় না। তাই পশ্চিমবাংলা থেকে শিল্প চলে যাবে অন্যান্য রাজ্যে—অতএব এই রাজ্যে আইন করতে গেলে ভাবতে হবে যে, এই রাজ্য থেকে শিল্প যাতে না যায় শিল্প যাতে আসে।

[6.00—6-10 p.m.]

শিল্পোদ্যোগের দিকে তাকিয়ে শ্রম আইন যদি তৈরি করতে হয়, তা হলে শ্রমিকের দিকে ভাটা পড়ে, মালিকের দিকে জোয়ার আসে, আমাদের দুর্ঘদিনের অভিজ্ঞতায় এটা ঘটে গেছে। দ্বিতীয় জিনিস এটা বলা হয়, পশ্চিমবঙ্গ নাকি ইঞ্জিনীয়ারিং শিল্পে এগিয়ে আছে। সেই ইঞ্জিনীয়ারিং শিল্পের অবস্থাটা একবার দেখুন। গত ১ বছরের মধ্যে এই বিবরণ থেকে যেটা আমরা পাচ্ছি সেটা হচ্ছে ১৯৭১ সালে ৭৬টি ইউনিট থেকে ৮৬৪ জন শ্রমিক ছাঁটাই হয়েছিল, ১৯৭২ সালে ৫৮টি ইউনিটে অ্যাফেক্ট করে ১,৩৯১ জন ছাঁটাই হয়। এর মধ্যে ৯৩২ জন হল ইঞ্জিনীয়ারিং শিল্পের শ্রমিক। লে-অফ ১৯৭১ সালে যেখানে ২৫১টি ছিল, ১৯৭২ সালে সেখানে ২৮৫টি ক্ষেত্রে হয়েছে, তার মধ্যে ৯৭টি ইঞ্জিনীয়ারিং ক্ষেত্রে হয়েছে। ক্লোজার হয়েছে ১৯৭১ সালে ১৪৩টি ক্ষেত্রে, আর ১৯৭২ সালে হয়েছে ১৫১টি ক্ষেত্রে । লক-আউট হয়েছে ১৯৭১ সালে ১২২টি ক্ষেত্রে, আর ১৯৭২ সালে হয়েছে ১৫২টি ক্ষেত্রে। গত বছর যে ট্রেন্ড দেখছি সেটাতে আমরা উন্নতির লক্ষণ দেখতে পাচ্ছি না, অধোগতি দেখছি। বিধানসভায় দাঁড়িয়ে বাজেটকে সমর্থন জানিয়ে এই কথা না বললে আত্মবঞ্চনা হবে, তাই বলা দরকার। মন্ত্রিমহাশয়ের যদি কোন ভুল থাকে সেই ভুল দেখিয়ে দেওয়াই বন্ধুত্বের প্রশংসা, এ বিপথে চালিত করা বিধানসভার সদস্যদের কথা নয়। তাই এই কথা আপনার মাধ্যমে শ্রম দপ্তরের কাছে রেখে দিচ্ছি শ্রমমন্ত্রীর কাজে সন্তুষ্ট হলেও আমরা খুশী হতে পারছি না। আমরা যেমন অন্য দপ্তরের কাজের অগ্রগতি লক্ষ্য করেছি, তেমনি আশা করি এই দপ্তরও সেইভাবে কাজ মেক-আপ করবেন, আরো যাতে উন্নতি হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলা থেকে শিল্প সরিয়ে অন্য রাজ্যে নিয়ে যাওয়া হচ্ছে। সেখানে চীপ লেবার পাওয়া যায়, নানান রকম সরকারী আনুকুল্য সেখানে পাওয়া যায় ইত্যাদি বলে এই রাজ্য থেকে শিল্প সরিয়ে নিয়ে যাওয়া হচ্ছে। এর ফলে বেকারত্ব, কর্মহীনতার সমস্ত দায়িত্ব আমাদের ঘাড়ে চাপিয়ে দিয়ে অর্থনীতি নষ্ট করার জন্য একদল মালিক ষড়যন্ত্র করছে। পশ্চিমবাংলার এমন বহু অঞ্চল ছিল যাকে বার্মিংহাম বলা হত, সেফিল্ড বলা হত, এখন শ্মশান হয়ে গেছে, সমস্ত স্ট্রাকচারকে ভেঙে দিয়ে গেছে, বেকার হয়ে শ্রমিকরা আজকে ঘুরে বেড়াচ্ছে, কলকারখানা বন্ধ হয়ে গেছে, খোলা হয় নি। খালি ৫৬৬টি শিল্প কারখানা এখনও বন্ধ হয়ে পড়ে আছে। খোলা হয়েছে ৬৬ শিল্প আই আর সি আই-এর সহযোগিতায়, সরকারের তরফ থেকে দাবি করছি আরো বেশী শিল্পগুলি যেন খুলে দেওয়া হয়। একটি একটি করে শিল্প এখানে থেকে সিক করে নিয়ে চলে যাওয়া হচ্ছে। আর বি এস রাবার সেই রকম একটি—সিক ইন্ডাস্ট্রি এখানে গড়ে তোলা হচ্ছে। আমি শ্রমমন্ত্রীর কাছে প্রস্তাব করি কোন মালিককেই সব সময় আইন দিয়ে জব্দ করা যায় না, গণতান্ত্রিক প্রশাসনে হাইকোর্ট, সুপ্রীম কোর্ট থাকে। কোর্টে গিয়ে তারা ভাল ভাল ব্যারিস্টার দেন, টাকা

ছড়ান, সরকার বলুন, আর শ্রমিকই বলুন তাদের এক সঙ্গে পরাজয় ঘটে, কারণ তাদের টাক এত থাকে না যে, খরচ করতে পারেন। একজন মালিক দু হাতে টাকা ছড়াবেন ব্যারিস্টারের মধ্য দিয়ে—সরকার থেকে এর ব্যবস্থা কিছু করা যায় কিনা দেখতে হবে, যেসব ইন্ডাস্ট্রি এখান থেকে চলে যাবে অন্য রাজ্যে, তাদের ক্যালকাটার ট্রেডিং অফিস বন্ধ করে দেওয় যায় কিনা এবং ক্যালকাটার ট্রেডিং অফিস বন্ধ করে দিলে, ক্যালকাটার মার্কেট থেকে সরিয়ে দিলে অর্থনীতির চাপে তারা চলে আসবে। ক্লোজার, বন্ধ হয়ে যাওয়া এমন অনেক শিল্প শ্রম দপ্তরের তালিকায় আছে যারা নাকি শিল্প দপ্তরের তালিকা থেকে আবার কোটা নিয়ে চলে যাচ্ছে, এমন জিনিস শিল্প ক্ষেত্রে ঘটছে। আমরা তাই শ্রমমন্ত্রীর কাছে একটা বলিষ্ঠ নীতি আশা করি। এই দপ্তরের নিষ্ঠা, সততা আছে, এই দপ্তরের উদ্যোগ আছে, কিন্তু নতুন চিন্তা, নতুন দৃষ্টিভঙ্গি আমরা এই পাতার মধ্যে কোথাও খুঁজে পেলাম না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটি কথা তুলে ধরতে চাচ্ছি আপনার মাধ্যমে যে, পশ্চিম-বঙ্গের ক্ষুদ্র শিল্প সম্পর্কে কোন সরকারী নীতি নেওয়া হচ্ছে না। বড় শিল্প যখন বন্ধ হয়, তখন আই আর সি আই, ব্যাঙ্ক, সরকার এগিয়ে আসেন, কিন্তু ছোট ছোট শিল্পগুলি যখন বন্ধ হয়ে যায় তাদের সাহায্য করা হয় না। হোল্ডিং কোম্পানীর শাসন সংস্থায় গোড়া থেকেই ক্ষুদ্র শিল্পে বেশীর ভাগ শ্রমিক কাজ করে, সেগুলিকে টেক-ওভার করার জন্য নতুন করে কোন আইন করা যায় কিনা—কারণ, পশ্চিমবঙ্গের অর্থনীতির মূল কথা হল, মানুষের মূল রুজিরোজগারের গুরুত্বই হল ক্ষুদ্রায়তন শিল্প এবং এই ক্ষুদ্রায়তন শিল্পে হাজার হাজার শ্রমিক কাজ করে। কাজেই এই শিল্পকে যদি বন্ধ করে দেওয়া হয়, সেখানে এমন একটা সংস্থা আমরা তৈরি করতে পারি নি যাতে সেই সংস্থাগুলির মাধ্যমে এই কারখানাগুলিকে অধিগ্রহণ করে নেওয়া যায়, টেক-ওভার করে নেওয়া যায়। এইরকম কোন প্রগতিশীল আইন আনার জন্য মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ রাখবো যাতে করে এই ক্ষুদ্রায়তন শিল্পের ক্ষেত্রে নজর দেওয়া যায়, যেখানে বেশী শ্রমিক কাজে নিযুক্ত থাকেন। তাই মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করবো যাতে আমাদের গৌরব কিছু হয় সেই জন্য চেষ্টা চালান। আমাদের মৌলিক চিন্তা নিয়ে এগোতে হবে। গতানুগতিক হলে আমরা কারো কাছে কৈফিয়ৎ দিতে পারব না। আমরা চাই নিউ ওয়াইন ইন এ নিউ বটল, ওল্ড ওয়াইন ইন এ নিউ বটল আমরা চাই না এবং সেই জিনিস আমরা কেউ আশা করি না। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Deputy Speaker: Honourable Members, according to rule 289 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly the allocation of time for discussion of today's Grant No. 30 is due to expire at 6-08 hours. There are quite a numbjer of speakers, who are still to make their speeches. Besides, the Hon'ble Minister of State is to give his reply. I, therefore, call upon the Hon'ble Minister, Shri Gyan Singh Sohanpal to move his motion for extension of time.

Shri Gyan Singh Sohanpal: Mr. Deputy Speaker, Sir, under rule 290 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I beg to move with your consent that the allocation of 4 hours' time in respect of Grant No. 30, which is due to expire at 6-08 p.m., may be extended by another 2 hours.

The motion was then put and agreed to.

Mr. Deputy Speaker: So, the discussion for Grant No. 30 will continue up to 8-08 p.m. I now call upon Shri Sukumar Bandyopadhyay to speak.

শ্রীসুকুমার ব্যানার্জীঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শ্রম দপ্তরের রাষ্ট্রমন্ত্রী আজকে যে ব্যয়-বরাদ্দের দাবি উত্থাপন করেছেন সেই প্রসঙ্গে কয়েকটি কথা আপনার মাধ্যমে নিবেদন করতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সর্বত এবং স্পষ্টত আমরা যারা শ্রমিক আন্দোলনের সঙ্গে যুক্ত এবং পশ্চিমবঙ্গের বেকার সমস্যা নিয়ে চিন্তিত আজকে যে বক্তৃতা আমাদের শ্রমমন্ত্রীর পক্ষে রাষ্ট্র-মন্ত্রী রাখলেন তাতে আমরা সন্তুষ্ট হতে পারি নি। এই প্রসঙ্গে আমি এই কথা বলতে চাচ্ছি যে, যদিও আমাদের মন্ত্রী এবং রাষ্ট্রমন্ত্রীর ইচ্ছা আছে, সততা আছে, কর্মস্পৃহা আছে, তবুও তাঁরা আশানুরূপ কাজ করতে পারছেন না। এই দপ্তরের যেসমস্ত পরিচালক বা আমলাকুল আছেন তারা আজকে কি ভাবে সরকারকে উপহাসের পাত্র করে তুলছেন, দুঃখের সঙ্গে সেটা উল্লেখ করতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বন্ধ কলকারখানার কর্মচ্যুত শ্রমিক এবং কর্ম ফিরে পাওয়া শ্রমিকদের সম্পর্কে যে বক্তব্য বিভিন্ন ভাবে সরকারী আমলাদের পক্ষ থেকে এবং সরকারের পক্ষ থেকে রাখা হয়েছে তা পরস্পর বিরোধী। আমি আপনার মাধ্যমে তার কিছু নমুনা উল্লেখ করলেই আপনারা ব্যাপারটা বুঝতে পারবেন। গতকাল সংবাদপত্রে এক বছর পূর্তি উপলক্ষে পশ্চিমবঙ্গ সরকারের যে বক্তব্য ছিল সে বক্তব্যে বলা হয়েছিল যে, ১৯৭২ সালের ২০এ মার্চ থেকে ১৯৭৩ সালের ২০এ মার্চ পর্যন্ত মোট ২৭৫টি বন্ধ কারখানা খুলেছে এবং তাতে চাকরি পেয়েছেন ১ লক্ষ ৭৩ হাজার ৬১৪ জন শ্রমিক। আবার লেবার ইন ওয়েস্ট বেঙ্গল, ১৯৭২-এর টেবিল নং ১৮তে বলা হচ্ছে, মোট ক্লোজার হয়েছে ১৫১টি, এতে চাকরি হারিয়েছেন ১১ হাজার ৭০ জন শ্রমিক। আবার এই পুস্তিকাতে বলা হয়েছে এক বছরে ৫৭টি বন্ধ কলকারখানা খোলা হয়েছে এবং এতে চাকরি পেয়েছেন ২১ হাজার ৭০ জন শ্রমিক। আজকে

[6-10—6-20 p.m.]

শ্রমদপ্তরের বাজেটে বলা হয়েছে ১৯৭২ সালে ১৫০টি কারখানা বন্ধ হয়েছে, ফলে ১১ হাজার ২৬ জন নতুন করে বেকার হচ্ছে। আবার এই বাজেট ভাষণে বলা হয়েছে, ১৯৭২ সালে ২২টি কারখানা খোলা হয়েছে এবং তার ফলে ৩ হাজার ৯৭৮ জন শ্রমিকের চাকুরি হয়েছে। কয়েকদিন আগে শ্রমমন্ত্রী মহাশয় রবীন্দ্রনাথ ঘোষের প্রশ্নোত্তরে বিধানসভায় বলেছিলেন যে, ১৯৭২ সালের ২০এ মার্চ থেকে ১৯৭৩ সালের ২১এ ফেব্রুয়ারি--এই ১১ মাসে ১৫৩টি নতুন করে কারখানা বন্ধ হয়েছে এবং এই এক বছরে ৫২টি কারখানা খুলেছে। আবার গত ৮ই মার্চ মাসে এই বিধানসভায় প্রশ্নোত্তরে শ্রমমন্ত্রী বলেছেন যে, ১৯৭২ সালের ২০এ মার্চ থেকে এই বছরের ২১এ ফেব্রুয়ারি ১৩৪টি কারখানা নতুন করে বন্ধ হয়েছে এবং এই সময়ের মধ্যে খুলেছে মাত্র ৫০টি কারখানা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে পরস্পর বিরোধী বিবৃতি যার একটার সঙ্গে আর একটার কোন মিল নেই। আজকে দুঃখের সঙ্গে লক্ষ্য করছি যে, বন্ধ কলকারখানা সম্পর্কে যে তথ্য সরকার পক্ষ থেকে রাখা হয়েছে তার কোন্‌টা ঠিক আর কোন্‌টা ভুল সে সম্পর্কে আমাদের মনস্থির করতে পারছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বন্ধ কারখানা সম্পর্কে অনেক কথা বলা হয়েছে। বন্ধ কলকারখানা খুলেছে এবং শ্রমিকরা চাকুরি পেয়েছে এটা স্বীকার করছি। কিন্তু বন্ধ কলকারখানার দপ্তরের ভারপ্রাপ্ত কর্তা আছেন তার সম্পর্কে কি শ্রমিক, কি সাধারণ মানুষ আজকে সন্তুষ্ট নয়। এই বন্ধ কলকারখানার ভারপ্রাপ্ত কর্তাব্যক্তি শ্রীঅবনী বসু মহাশয়, তিনি একজন রিটায়ার্ড আই এ এস অফিসার। এই রিটায়ার্ড আই এ এস অফিসার ভদ্রলোক, তার উপর দায়িত্ব রয়েছে, এই সম্বন্ধে কলকারখানা সম্পর্কে জরুরী বিষয় দেখাশোনা করার এবং সেজন্য তাকে আবার এক্সটেনশন দেওয়া হয়েছে। তিনি রিটায়ার করেও তার পদে বহাল আছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, জানি না এই অবনী বসু মহাশয়কে রিটায়ার্ড আই এ এস অফিসারের বদলে টি ডি এস সার্ভিস আখ্যা দেওয়া হবে কিনা অর্থাৎ টিল ডেথ সার্ভিস অর্থাৎ মৃত্যু পর্যন্ত তিনি এই পদে থাকবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই দপ্তর সম্পর্কে অনেক সমালোচনা হয়েছে, অনেক সমালোচনা হচ্ছে, সেজন্য আপনার মাধ্যমে এই দিকে দৃষ্টি আকর্ষণ না করে পারছি না। বাজেট ভাষণে আমাদের শ্রম দপ্তরের প্রতিমন্ত্রী একটি বিষয়ে ভাসাভাসা ভাবে উল্লেখ করেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ই এস আই সম্পর্কে আলোচনা হয়েছে, অনেক বক্তা অনেক বক্তব্য রেখেছেন, কিন্তু ই এস আই সম্পর্কে কেলেঙ্কারীর কথা যার মধ্যে বিবৃত রয়েছে সেই ই এস আই সম্পর্কে দুর্নীতি এবং কেলেঙ্কারী তদন্ত করার

জন্য যুক্তফ্রন্ট সরকারের মন্ত্রী কৃষ্ণপদ ঘোষ একটা কমিটি নিয়োগ করেছিলেন কিন্তু আজ পর্যন্ত সেই কমিটির রিপোর্ট আমরা জানতে পারি নি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মানুষের জীবন-যাত্রার মানসূচক সংজ্ঞা নির্ধারণের ব্যাপারে আজকে প্রতিমন্ত্রীর কাছ থেকে কোন সুস্পষ্ট কথা শুনতে পাচ্ছি না। আজকে দিনের পর দিন দ্রব্যমূল্য বৃদ্ধি হচ্ছে এই ক্ষেত্রে শ্রমিকের জীবন-যাত্রার মান সম্পর্কে সুস্পষ্ট কথা বলা উচিত ছিল, কিন্তু প্রাইস ইনডেক্স সম্পর্কে কিন্তু তা নেই। জানি না কেন বলা হয় নি। তবে শুনেছি কেন্দ্রীয় সরকারের প্রতিনিধি নাকি মিটিং-এ হাজির হচ্ছে না বলে এটা স্থির করা সম্ভব হয় নি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে দাবি করছি এই জিনিস অবিলম্বে বলবৎ করা দরকার। অনেক বক্তা শ্রমবিরোধের দীর্ঘসূত্রতার সম্পর্কে বক্তব্য রেখেছেন। কিন্তু তিনি যে আইনের কথা বলেছেন তার নাম উল্লেখ করেন নি। সেই আইনের নাম হচ্ছে ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটস্ অ্যাক্ট। আমি গতবার বিধানসভায় এই সম্পর্কে প্রশ্ন রেখেছিলাম। শ্রমমন্ত্রী মহাশয় বলেছিলেন যে, না, এই আইন ঠিক নয়, এটার পরিবর্তনের চেষ্টা করা হচ্ছে। শ্রীরামপুরে তিনি একটা জনসভায় ভাষণ দিয়ে-ছিলেন। শ্রমিকবার্তায় উল্লিখিত সংবাদে প্রকাশিত গোপালদাস নাগ বলেছেন যে, ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটস্ অ্যাক্ট এটা অচল আইন এবং মালিক ঘেষা আইন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শ্রমমন্ত্রী স্বীকার করেছেন যে, ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটস্ অ্যাক্ট এটা অচল আইন এবং মালিক ঘেষা আইন, তা হলে এই আইন পরিবর্তন করার জন্য কেন বলিষ্ঠ কর্মপন্থা গ্রহণ করা হল না, সেটা আপনার মাধ্যমে আমরা জানতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ইংরেজ সাম্রাজ্যবাদের সমর্থন-পুষ্ট এই যে ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটস্ অ্যাক্ট এটা পচা, পুরানো, বস্তাপচা আইন। এই আইনের মধ্যে পড়ে আজকে পশ্চিমবঙ্গের হাজার হাজার মানুষকে চূড়ান্ত দুর্দশা এবং কষ্টের মধ্যে থাকতে হচ্ছে। সুস্পষ্ট প্রতিশ্রুতি সত্ত্বেও, সুস্পষ্ট বক্তব্য সত্ত্বেও এই আইনকে পরিবর্তন করার জন্য কোন বলিষ্ঠ কণ্ঠস্বর আজকে বাজেটে শুনতে পাই নি বলে অত্যন্ত দুঃখিত হয়েছি। এই ব্যয়বরাদ্দের মধ্যে তার ইঙ্গিত যদিও আছে, কিন্তু কোন সুস্পষ্ট কর্মপদ্ধতি গ্রহণ করার কোন পথ দেখতে পাই নি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বলতে চাই আজকে পশ্চিমবাংলার যে ক্ষেতমজুর তাদের সম্পর্কে অনেকে বলেছে, তাদের জীবনযাত্রার মান উন্নয়নের কথা বলেছেন, কিন্তু পশ্চিমবাংলার ক্ষেতমজুরদের অবস্থা কি সেটা জানা যাবে লেবার ইন ওয়েস্ট বেঙ্গল, ১৯৭২ বলে যে বই গভর্নমেন্ট অব ওয়েস্ট বেঙ্গল বের করেছেন। এই বইয়ে যে চিত্র রাখা হয়েছে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, শোচনীয় চিত্র, শ্রম দপ্তরের প্রতিমন্ত্রী মাঝে একদিন বলেছিলেন, আমরা এই সার্ভের ব্যবস্থা করেছি। কিন্তু এই সার্ভের অবস্থা কি? তাদের যে গ্রুপ এ তাদের যে পার ক্যাপিটা অ্যানুয়াল ইনকাম ১২৫·৫০ পঃ, গ্রুপ বি ১২১·৫০ পঃ, গ্রুপ সি ১৫৯·৭৫ পঃ। কোটি কোটি ক্ষেতমজুর আজকে যে দুর্দশায় এবং কষ্টের মধ্যে রয়েছে; সেই বিষয়ে আমি লেবার ইন ওয়েস্ট বেঙ্গল বইয়ের মধ্যে রয়েছে, তাদের বাসস্থান সম্পর্কে কি সার্ভে করেছে ডি বন্দ্যোপাধ্যায় কি উল্লেখ করেছেন তা আমাদের সভ্য সমাজের পক্ষে লজ্জাজনক,

It is very difficult to give any description about the nature of dwelling, in which the agricultural workers are used to live from birth to death. To be brief they huddle to live in mean sheds which may be termed as an apology of thatched hutments.

অর্থাৎ আজকে কোটি কোটি ক্ষেতমজুর যারা রয়েছে, তারা সমাজের বৃহত্তর অংশে জড়িয়ে রয়েছে, তাদের উন্নততর কোন পরিকল্পনার জন্য এই সরকারের পক্ষ থেকে কোন স্পষ্ট কর্মপন্থা গ্রহণ করার আশ্বাস না পাবার জন্য আমি দুঃখিত। আমরা জানি এই সার্ভে সরকার পক্ষ থেকে করা হয়েছে। আমরা নিশ্চয়ই আগামী দিনে আশা করবো--আগামী দিনে জানি না যখন আবার ব্যয়বরাদ্দের দাবি উঠবে তখন লেবার ইন ওয়েস্ট বেঙ্গল-এর এই কথাগুলো থাকবে, না কেবল এক বছরের মধ্যে পশ্চিমবঙ্গ সরকার কোটি কোটি ভূমিহীন ক্ষেতমজুরদের জন্য যা করেছেন তার একটা বিবৃতি, একটা স্পষ্ট উদাহরণ এই বই-এর মধ্যে থাকবে। এক খণ্ড জমি দিয়ে, এক বিঘা বন্ধ্যা জমি দিয়ে তাদের আজকে বলা হচ্ছে, তোমাদের কল্যাণ করলাম। মাননীয়

অধ্যক্ষ মহাশয়, চটকল বলনে, চা বাগান বলনে, লোহা এবং ইস্পাত শিল্প বলনে, যাই বলনে না কেন, শ্রমিকদের জন্য অনেক সুযোগসুবিধা হয়েছে এবং হচ্ছে দিনের পর দিন। কিন্তু আজকে দুর্বিসহ জীবন যাপন করছে এই ভূমিহীন কৃষকরা, তাদের জন্য কিছু করা সম্ভব হয় নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আরও কয়েকটি কথা বলতে চাই, যেমন ধরুন পশ্চিমবঙ্গে দু লক্ষ বিড়ি মজদুর আছে মুর্শিদাবাদ, বাঁকুড়া, পুরুলিয়ায়, তার উপর নির্ভরশীল কমপক্ষে ১০ লক্ষ মানুষ, এই বিড়ি মজদুরদের জন্য ন্যূনতম বেতনের একটা ব্যবস্থা করা তার জন্য বিশেষ কিছু করা সম্ভবপর হয় নি। যদিও জানি সরকারের সহানুভূতি সেদিকে আছে। সেই সংগে সংগে আমি বলবো যে, পশ্চিমবংগে তাঁত শিল্পীদের সংগে যেসমস্ত শ্রমিকরা জড়িত, কাঁসা পিতল এবং রেশম শিল্পের সংগে যেসমস্ত শ্রমিক জড়িত তাদের জন্য ঠিকমত ব্যবস্থা করার প্রয়োজন ছিল। আমি মনে করি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এর ক্ষমতা বাড়ানো উচিত, নতুবা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ তুলে দেওয়া উচিত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত বিধানসভায় আমার মোশন ছিল, আমি বলেছিলাম ওভারটাইম বন্ধ করে কলে কারখানায় অতিরিক্ত স্টাফ চালু করে পশ্চিমবাংলার লক্ষ লক্ষ বেকারকে চাকুরি দেওয়া হোক। মাননীয় শ্রমমন্ত্রী এই বিধানসভায় দাঁড়িয়ে বলেছিলেন, এই বিষয়ে পরীক্ষানিরীক্ষা করে দেখা হবে। কৈ, ওভারটাইম বন্ধ করা সম্পর্কে এবং এক্সট্রা স্টাফ চালু করা সম্পর্কে কোন বক্তব্য তো পেলাম না, তা হলে কি আমাদের জানতে হবে, এই বিধানসভার চত্বরে দাঁড়িয়ে মন্ত্রিমহাশয় যেকথা বলবেন তা বাস্তবে রূপায়িত হবে না? আজকে বেকার যুবকদের কথা আমরা সকলে বলছি, সকলেই আমরা ভাবছি, কেউ বলছেন ২৮ লক্ষ, কেউ বলছেন ৪৫ লক্ষ, কেউ বলছেন ৪০ লক্ষ, কিন্তু পশ্চিমবংগ সরকারের প্রশাসন যন্ত্র বেকার সমস্যা দূর করার জন্য সর্ববৃহৎ যে প্রচেষ্টা তার লক্ষণ আমরা দেখতে পাচ্ছি না। তাই হাজার হাজার কয়লা খনিতে শ্রমিক ঢুকেছে, এই বিধানসভায় উল্লেখ করে-ছিলাম, কিন্তু তার কোন প্রতিকার হয় নি। বার্নপুর ইস্কো, চিত্তরঞ্জন কারখানা, হিন্দুস্থান কেবলস প্রভৃতি সমস্ত কারখানাগুলো সরকারের নিয়ন্ত্রিত কারখানা। এখনও সেইসব জায়গায় হাজার হাজার যুবককে নিয়োগ করা হচ্ছে, পশ্চিমবংগ সরকারের তার উপর কোন নিয়ন্ত্রণ নেই। মন এবং মুখ যদি এক হয়, কথা এবং কাজ যদি এক হয় আজকে সর্বনাশের আগেই সেই সম্পর্কে চিন্তা করার প্রয়োজন আছে। আমরা আগ্নেয়গিরির উপর আছি, এই এক বছর পরে আমি আশা করেছিলাম এই শ্রম সম্পর্কিত আলোচনায় লক্ষ লক্ষ বেকার যুবক, কর্মপাগল যেসমস্ত তরুণ যুবক, শিক্ষিত মানুষ তাদের জন্য কর্মনীতি গ্রহণ করা হবে। অথচ আজকে আমাদের নাকের উপর দুর্গাপুরের স্কুলগুলোতে অফিসারদের স্ত্রীদের ভর্তি করার ব্যবস্থা করা হচ্ছে। আমি আশা করবো শ্রম দপ্তরের তরফ থেকে সমস্ত কিছু ব্যবস্থা ঠিকভাবে করা হবে, এই বলে আমার বক্তব্য শেষ করছি।

[6-20—6-30 p.m.]

শ্রীরামপিয়ারী রামঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এটা গৌরব করবার কথা যে আমরা যেটা চিন্তা করি না, সেটা আমরা দেখতে পাচ্ছি। আমরা দেখতে পাচ্ছি মানুষ চিন্তা করলেন এই যে শ্রমিক সমাজ তাদের অবস্থাটা কি—আমরা চিরকাল দেখেছি লাল ঝাণ্ডা নিয়ে আন্দোলন করছে তার পর মালিকের সংগে হাত মেলাচ্ছে, লক-আউট মিটিয়ে নিজেদের যা কিছু করবার ব্যবস্থা করছে, হোটেলে গিয়ে খাওয়াদাওয়া করছে, তার পর আমরা দেখেছি রাস্তায় বেকার হয়ে শ্রমিক ঘুরে বেড়াচ্ছে। সেখানে শ্রমিকদের যদি কেউ বাঁচিয়ে থাকে, তা হলে এই মন্ত্রিসভা, এই মন্ত্রী, এই শ্রমমন্ত্রী বা রাষ্ট্রমন্ত্রী এরা তাদের বাঁচিয়েছে। তাদের জন্য চিন্তা করেছেন, এই জন্য আমি বলছি এটা আমাদের গৌরব করবার কথা, আমি সেই জন্য তাঁদের আন্তরিক সমর্থন জানাচ্ছি। আর একটা কথা আমি বলব যে, আমাদের কয়েকটা জায়গায় অসুবিধা সৃষ্টি হচ্ছে, তার কারণ আমরা কয়েকটা আইন করেছি, কিন্তু সেই আইনকে এখনো আমরা বাধ্যতায় আনতে পারি নি, শুধু আমরা এই বিধানসভায় পেশ করেছি। সেই আইনগুলি কি ভাবে আমরা যথাযথ আনতে পারি, সে দিকে দেখতে হবে। যে রকম আমাদের এক বন্ধু বলেছেন, এই প্রভিডেন্ড ফান্ড আইন, ই এস আই-র পয়সার আইন—এইগুলি সম্বন্ধে চিন্তা করতে হবে, এখানে আমরা বলেছি

যারা এটা মানবে না তাদের মিসায় দেওয়া হবে, কিন্তু আমি এখন পর্যন্ত দেখতে পাই নি যে, কেউ অ্যারেস্ট হয়েছে। যদি সেই আইনটা এখানে আসতো, তা হলে আমরা যে কথা চিন্তা করছি, সেগুলি পেশ করতে পারতাম। পুঁজিপতিরা আজকে চালাকি করে একটা কাজ করছে, এই দপ্তরের অফিসাররা বা মন্ত্রিমহাশয় জানেন কিনা জানি না, সেটা তাঁদের স্মরণ করিয়ে দিতে চাই, এক জনের কম্পানীর নাম দেখছি, যে কম্পানী উঠে গিয়েছে, কিন্তু তারা মিথ্যা কথা বলছে যে, কম্পানী ওঠে নি এবং সেই কম্পানী সেখানে কনট্রাকটার দিয়ে কাজ করাচ্ছে। আজকে পশ্চিমবঙ্গ থেকে যদি এই কনট্রাকটারী সিস্টেম সরানো না যায়, তা হলে একটি শ্রেণী বড় লোক হয়ে দাঁড়াচ্ছে। এই যে কনট্রাকটারী সিস্টেম রয়েছে এই সম্বন্ধে আমাদের একটা আইন করতে হবে, এই কনট্রাকটারদের সম্বন্ধে কি করবেন সেটা আজকে এই ভাষণের মধ্যে নেই। আপনাদের হয়ত জানা নেই, কিন্তু আমি ভাল ভাবে জানি, কিছুদিন আগে একটা ঘটনার কথা আপনাকে স্মরণ করিয়ে দিতে চাই টুয়েন্টিয়েথ পার্মানেন্ট কোল এগ্রিমেন্ট বাংলাদেশের সঙ্গে ভারত সরকারের হয়েছে। সেখানে আমরা কনট্রাকটারদের সরিয়ে কো-অপারেটিভকে দিয়ে, এম এম টি সি-র ওয়ার্কারদের দিয়ে কাজে নেমেছিলাম। কিন্তু সেখানে আমরা দেখলাম কনট্রাকটাররা ভাড়া করা গুণ্ডা বসিয়ে তাদের মদ খাইয়ে সেখানে দাঁড় করিয়ে তাদের কাজ বানচাল করে দিয়েছে। সেখানে তারপর যখন আমরা রুখে দাঁড়াই তখন কনট্রাকটাররা পালিয়ে যায়। কনট্রাকটাররা নিজেদের স্বার্থের জন্য গরিবদের রক্ত গরিবদের দিয়ে শুষছে। সেই কারণে আমি এই বিষয়ে আমাদের মন্ত্রিমহাশয়কে নজর দিতে বলব।

শ্রমিকদের কল্যাণের কথা চিন্তা করা হচ্ছে, কিন্তু তা কতখানি আমরা করতে পেরেছি? ই এস আই স্কীম-এ দেখতে পাই ডাক্তারবাবুরা যে প্রেসক্রিপসন লিখেছেন স্টোর-এ গিয়ে দেখা যায়, সেখানে ওষুধ পাওয়া যায় না। আজ আমরা এর জন্য কতটা করতে পেরেছি? আজ আমরা দেখছি নূতনভাবে বেকার জন্মাচ্ছে। আমরা একদিকে কোম্পানী খুলছি, অন্য দিকে দেখছি লে-অফ হচ্ছে। মালিকরা বলছে আমাদের মেটেরিয়েলস নেই। মেটেরিয়েলস নেই এটা কি? নিউ সেক্রেটারিয়েট বিল্ডিংস-এ গিয়ে দেখছি ইন্ডাস্ট্রিয়াল অফিসারদের যদি টাকা দেওয়া যায়, তা হলে র মেটেরিয়ালস পাওয়া যায়, তা হলে ইন্ডাস্ট্রি আবার চলে। আবার অন্য দিকে দেখেছি ম্যানেজাররা, কোম্পানীর মালিকরা ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্ট-এ যেখানে র মেটিরিয়ালস স্যাংশান হয় সেখানে টাকা দিয়ে ফাইল আটকে দেয়। আমার এলাকায় ২টি ফ্যাক্টরী এই কারণে বন্ধ হয়ে আছে। এইসব কারণের জন্য আজ মেটেরিয়ালস পাওয়া যায় না। কিন্তু এটা সত্যি কথা নয়। তারা কাজের দিকে চায় না এবং পুরানো লোককে সরিয়ে নূতন লোক দিয়ে কাজ করান হয়। তারা নূতনভাবে কাজ করবে, নূতন ভাবে পেমেন্ট পাবে। কনট্রাকটারদের ব্যাপারে কেন্দ্রীয় সরকারকে জানান দরকার যে, স্টেভেডোর যতগুলি আছে তারাই সবচেয়ে বড় শত্রু। যতগুলি জাহাজ আসছে প্রত্যেক জাহাজে ৩০ জন মাল তুলে রেখেছেন এবং এইভাবে ১০।১৫ জনকে দিয়ে ১৮।২০ ঘণ্টা ওভারটাইম দিয়ে তাঁরা কাজ করাচ্ছেন। এদিকে চিন্তা না করে যদি বলি যে, সরকারী চাকুরি দিয়ে আন-এমপ্লয়মেন্ট প্রবলেম সলভ করব, তা হলে সেটা কোনদিনই হবে না। সেজন্য অনুরোধ করব কনট্রাকটার সিস্টেম-এর জন্য আইন তৈরি করে দেশ থেকে আন-এমপ্লয়মেন্ট প্রবলেম সলভ করুন।

শ্রীভবানীপ্রসাদ সিংহ রায়: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের শ্রম দপ্তরের প্রতিমন্ত্রী যে ব্যয়বরাদ্দ প্রস্তাব এখানে পেশ করেছেন তাকে আমি সমর্থন করছি। এতক্ষণ ধরে আলোচনা শুনছিলাম এবং সেই আলোচনায় আমরা একমত হয়েছি যে, শ্রম ব্যাপারে যে আইন আছে কি ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটস্ অ্যাক্ট, কি ট্রেড ইউনিয়ন অ্যাক্ট—যেসমস্ত আইনগুলিতে কিছু না কিছু ত্রুটি আছে এবং কোন কোন আইনের ক্ষেত্রে মূল সংশোধনের দরকার। একথা অস্বীকার করার উপায় নেই যে, এই আইনগুলি যার হাত দিয়ে এবং যে সময় তৈরি হয়েছিল, সে সময় যে চিন্তা ও ব্যবস্থাপনা ছিল তার সঙ্গে আমাদের ও সরকারের অনেক তফাৎ আছে। কাজেই আইনের সংশোধন যখন উঠেছে তখন শুধুমাত্র এই প্রতিমন্ত্রীর বিবৃতিতে অনেক কিছু নেই

বলে আমরা যেন আলোচনাকে অন্য দিকে না নিয়ে যাই। আমাদের আলোচনা হওয়া উচিত যে অবস্থার মধ্য দিয়ে গত ১ বছর ধরে এই সরকার কাজ করে এসেছেন সেই কাজ কতটা হচ্ছে। এটা অস্বীকার করে লাভ নেই যে, এই দপ্তর কাজের দিক থেকে অনেক জায়গার প্রশ্ন আছে—ক্ষেতমজুর এবং অন্যান্য কথা আছে—আমি সেসব কথা বলছি না। আমি আপনার মাধ্যমে একটা বিষয় আলোচনা করছি। সেটা হচ্ছে, কর্মসংস্থানের ব্যাপার এবং এ বিষয়টা শুধু এই সরকারের মধ্যে নেই, ভারত সরকারের মধ্যেও আছে। ন্যাশনাল এমপ্লয়মেন্ট সার্ভিস-এর জন্য যে আইন সেটা সংশোধন করা দরকার। আজ বক্তৃতা করে পশ্চিমবাংলার বেকার সমস্যা সমাধান করা যায় না। আমি মনে করি, সেই আইনের পরিবর্তন করা দরকার এবং এমনভাবে করা দরকার যাতে শুধু সরকারী ক্ষেত্রে নয়, বেসরকারী ক্ষেত্রেও সরকারের অধিকার থাকা উচিত, কর্ম বিনিয়োগের ক্ষেত্রে। এই প্রসঙ্গে একটা বিষয়ে দৃষ্টি আকর্ষণ করব, সেটা হচ্ছে, আপনারা জানেন, ১৯৬৬ সালে যখন মনোপলি কমিশন-এর রিপোর্ট বার হল, তখন এ নিয়ে অনেক আলোচনা হয়েছিল।

[6-30—6-40 p.m.]

১৯৬৬ সাল থেকে রেস্ট্রেইন হল পশ্চিমবাংলায়। এইসব একচেটিয়া পুঁজিপতি যারা রয়েছে, তাদের সম্পর্কে আমার একটা প্রশ্নের উত্তরে শিল্পমন্ত্রী বলেছিলেন, এই একচেটিয়া পুঁজিপতি-দের ১৬ জনের মধ্যে কয়েকজনের কর্মকান্ড হচ্ছে কলকাতায়। স্যার, আজকে খোলা মন নিয়ে আলোচনা করা দরকার। এই একচেটিয়া পুঁজিপতিদের অধীনে যে কলকারখানাগুলি রয়েছে, তারা ১৯৬৬ সাল থেকে আজ পর্যন্ত কোন এক্সটেনশন পেয়েছে কিনা, এই রাজ্যে পেয়েছে কিনা এবং এই রাজ্যের বাইরে পেয়েছে কিনা, এটা জানা দরকার। এই একচেটিয়া পুঁজিপতি গোষ্ঠীকে এখানে রেস্ট্রেইন করা হয়েছে। কিন্তু দিল্লী থেকে পশ্চিমবাংলার বাইরে অন্য রাজ্যে তাদের নূতন কারখানা খোলার অনুমতি দেওয়া হয়েছে। এখানে উচিত ছিল এই সময়ের মধ্যে যদি রেস্ট্রেইন করতে হয়, তা হলে তার এগেনস্টে পাবলিক সেকটারে সেই পরিমাণ টাকা ইনভেস্ট করা উচিত ছিল। এই টাকা ইনভেস্ট করা হয়েছে কিনা সেটা দেখা দরকার। আমি বলতে পারি ১৯৬৬ সাল থেকে মনোপলি কমিশনের রিপোর্ট বার হবার পর থেকে দিল্লীতে কেন্দ্রীয় সরকারের একদল কর্মচারী পশ্চিমবাংলার স্বার্থ বিঘ্নিত করবার জন্য, পশ্চিমবাংলার সর্বনাশ করবার জন্য, বেকার সমস্যাকে জীইয়ে রাখার জন্য ষড়যন্ত্র করেছে। দুঃখের বিষয়, পশ্চিমবাংলার মাটি থেকে যারা বিসম্পৃক্ত হচ্ছে, পশ্চিমবাংলা থেকে যেসমস্ত মালিক এবং শিল্পপতিরা রুজি রোজগার করছে, তারা পশ্চিমবাংলার প্রতি অবিচার করেছে। আজকে সব মন্ত্রীদের দোষী করলে হবে না। সব মন্ত্রীদের আসামীর কাঠগড়ায় দাঁড় করালে চলবে না, এর জন্য কেন্দ্রীয় সরকারের সেই সমস্ত কর্মচারীদের দায়িত্ব আছে কিনা সেটা বিচার করতে হবে, ন্যাশনাল এমপ্লয়মেন্ট সার্ভিস আইনের পরিবর্তন করবার দরকার আছে কিনা, সেটা বিচার করা দরকার। সরকারী ক্ষেত্রে ১৭ হাজার বা ২০শ হাজার বা ৪২ হাজার চাকুরির মধ্য দিয়ে পশ্চিমবাংলার বেকার সমস্যার সমাধান হবে না। উৎপাদনের দুটি মূল সম্পদ আছে এবং তার মধ্যে একটি হল প্রাকৃতিক সম্পদ এবং আর একটি হল মানবিক সম্পদ। এটা মালিকরা তৈরি করে না, তার রূপান্তর ঘটায় মাত্র, আঁন্ত্রেপনারা এর রূপান্তর ঘটায় এবং এর জন্য তারা মুনাফা নেয়। এই মানবিক সম্পদ এটা রাষ্ট্রের সম্পদ। কাজেই তার নিয়ম কি হবে, সেটা রাষ্ট্রের হাতেই থাকা উচিত। ন্যাশনাল এমপ্লয়মেন্ট সার্ভিস এই আইন পরিবর্তন করা দরকার এবং চিৎকার করে বলা দরকার পশ্চিমবাংলা সরকারের যে, পশ্চিমবাংলার চতুঃসীমার মধ্যে যদি একটি এমপ্লয়মেন্ট হয়, তা হলে সেটা সরকারের মাধ্যমে হবে। আমি প্রাদেশিকতার প্রশ্ন তুলছি না, অন্য রাজ্যের লোক কাজ করবে কিনা সেটা বলছি না। কিন্তু নিয়োগের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকারের সম্পূর্ণ দায়িত্ব থাকবে, চেম্বার অব কমার্সের মুরুব্বিয়ানা চলবে না, এই কথা বিবৃতির মধ্যে আশা করেছিলাম। আপনারা জানেন বিহারে কি ঘটনা ঘটেছে। মন্ত্রিমহাশয় জানেন, সদস্যরাও জানেন। আমি সেসব বিস্তারিত আলোচনা করতে চাই না, কিন্তু এখানে বোধ হয় বলে দেওয়ার প্রয়োজন আছে, কারণ এটা নিয়ে অনেক জল ঘোলা হয়েছে এবং বিনা কারণে জল ঘোলা হচ্ছে।

একথা বলার দরকার আছে যে, পশ্চিমবাংলায় কি সরকারী কি বেসরকারী সমস্ত ক্ষেত্রে একটি পিয়ন থেকে আরম্ভ করে উচ্চ পদ পর্যন্ত সমস্ত জায়গায় সরকারের সম্পূর্ণ অধিকার থাকবে। একথা বলে এই অনুদানের প্রতি সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীগোপাল মণ্ডলঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শ্রম খাতে যে ব্যয়বরাদ্দ দাবি করা হয়েছে আমি তাকে সমর্থন জানাচ্ছি। বহুক্ষণ থেকে আলোচনা শোনার পর আমি দেখলাম বেশ কিছু সদস্য এই দপ্তরের কাজকর্মে সন্তুষ্ট হতে পারেন নি এবং অনেকে এই বিভাগ সম্পর্কে উদ্বেগ প্রকাশ করেছেন। তাদের কাছে আমার প্রশ্ন বিগত কয়েক বছরের ইতিহাস আপনারা কি ভুলে গিয়েছেন? আপনারা শ্রমিকদের কথা বলুন, শ্রমিকদের স্বার্থের কথা বলুন তাতে আমার কোন আপত্তি নেই, কিন্তু আজ শিল্পে যে শান্তি দেখা দিয়েছে এবং নতুন নতুন বিনিয়োগের যে পরিবেশ সৃষ্টি হয়েছে দয়া করে সেই পরিবেশকে দূষিত করে দেবেন না। লক্ষ লক্ষ বেকার ভাইদের ভাগ্য নিয়ে ছিনিমিনি খেলবেন না। আজকে পশ্চিমবাংলার অর্থনীতি, পশ্চিমবাংলার শিল্প প্রসারে, পশ্চিমবাংলার লক্ষ লক্ষ বেকারদের ভাগ্য শ্রম দপ্তরের নীতি ও কার্যকলাপের সঙ্গে জড়িত। তাই এই মুহূর্তে যদি কোন মোহ নিয়ে বাস্তবকে উপেক্ষা করেন, তা হলে পশ্চিমবাংলাকে বাঁচানো যাবে না। শুধুমাত্র যে কতকগুলি কলকারখানা করার ব্যাপারে বা বন্ধ কারখানা খোলার ব্যাপারে এই দপ্তর যে যোগ্যতার পরিচয় দিতে পেরেছে তা নয়, সমগ্র শিল্প কাঠামোর ক্ষেত্রে, সমগ্র শ্রমিকের মনের মধ্যে যে একটা নতুন আস্থা এবং মানসিকতার সৃষ্টি করেছে সেটা কোন ভাবেই উপেক্ষা করা উচিত নয়। অনেকে বলেছেন, আগে যেমন বিভিন্ন ভাবে শ্রমিককে শোষণ করার পথ খোলা ছিল এই সরকারের প্রগতিশীল নীতির ফলেও সেই শোষণ করার পথ বন্ধ হয় নি। কিন্তু আমি তাদের এই কথা স্মরণ করিয়ে দিতে চাই যে, বিগত বছরগুলিতে যে সমস্যার সৃষ্টি হয়েছিল এত অল্প সময়ের মধ্যে সেই সমস্যার সমাধান করা নিশ্চয় সম্ভব নয়। কিন্তু এই দপ্তর সক্রিয়ভাবে সেই সমস্ত সমস্যা সমাধানের জন্য চেষ্টা করে চলেছেন, এটা নিশ্চয় সমর্থন ও অভিনন্দনযোগ্য। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমরা এই বিধানসভা থেকে বেশ কিছুদিন আগে একটা প্রস্তাব গ্রহণ করেছিলাম যে কয়লাখনিগুলির শ্রমিকদের স্বার্থে কয়লাখনিগুলি অবিলম্বে রাষ্ট্রায়ত্ত করা হোক। আমাদের সেই সর্বসম্মত প্রস্তাব গ্রহণের কিছুদিন পরেই কেন্দ্রীয় সরকার এই কয়লাখনিগুলি রাষ্ট্রায়ত্ত করেছেন। এইজন্য আমি বলব যে, কেন্দ্রীয় সরকারকে আমাদের অভিনন্দন জানান উচিত। তবুও জানি রাষ্ট্রায়ত্তকরণের ফলে বিভিন্ন সমস্যা কয়লা খনিগুলিতে রয়েছে। যেমন এখনও হাজার হাজার অনিয়মিত কর্মীদের নিয়ে ছিনিমিনি খেলবার প্রচেষ্টা চলেছে। কেননা মালিকরা নিজেদের স্বার্থে বিভিন্ন সময়ে অনিয়মিত কর্মীদের নিয়োগ করেন। আজকে রাষ্ট্রায়ত্ত হবার পর সেই সব শ্রমিক সরকারের কাছে সুবিচার চায়। এই সমস্ত অনিয়মিত কর্মীদের স্থায়িত্ব যদি না দেওয়া হয়, তা হলে পুনরায় কয়লাখনিগুলিতে অশান্তি দেখা দেবে। সেজন্য আমি অনুরোধ করবো অবিলম্বে যেন অস্থায়ী কর্মীদের ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হয়।

[6-40—6-50 p.m.]

দ্বিতীয়তঃ কনট্রাকটার সিস্টেম থাকার ফলে নূতন কর্মী তাদের ন্যায্য পাওনা থেকে বঞ্চিত হচ্ছে। অবিলম্বে এই সিস্টেম তুলে দিন যাতে নূতন কর্মী তাদের ন্যায্য পাওনা পেতে পারে। সেই বন্দোবস্ত করুন। এই কথা বলে পুনরায় এই ব্যয়বরাদ্দের দাবিকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। বন্দে মাতরম্।

শ্রীশশীনন্দন সাউঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শ্রম ও কর্ম নিয়োগ অনুদানের উপর রাষ্ট্রমন্ত্রী শ্রীপ্রদীপ ভট্টাচার্য মহাশয় যে ব্যয়বরাদ্দ উপস্থিত করেছেন, আমি তার সমর্থনে আমার বক্তব্য রাখছি। সমর্থন জানাচ্ছি এই কারণে আমরা দেখেছি যুক্তফ্রন্টের আমলে শ্রমিক ইউনিয়ন-[illegible] কারখানাগুলিকে কিভাবে নষ্ট করে দিয়েছিল। আমাদের বীরভূম

পাঁচড়া ময়ূরাক্ষী কটন মিলে কি দেখলাম? অনেক সদস্য বললেন, আমরা নাকি দলবাজী করেছিলাম? মাননীয় অধ্যক্ষ মহাশয়, পাঁচড়া ময়ূরাক্ষী কটন মিলে সেখানে ফরওয়ার্ড ব্লক ইউনিয়ন ছিল, কিন্তু বর্তমানে কংগ্রেস প্রভাবিত ইউনিয়ন হয়েছে, কিন্তু সেখানে কোন গোলমাল হয় নি, কোন মারামারি হয় নি। উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার শ্রমমন্ত্রীর কার্যকলাপ এবং পশ্চিমবঙ্গের সরকারের পরিচালিত শ্রমনীতির ফলেই শ্রমিক সাধারণ আমাদের কংগ্রেস প্রভাবিত ইউনিয়নের দিকে আকৃষ্ট হয়েছে। একথা আমি নিশ্চিত করে বলতে পারি, এই মিলের ৬০০ কর্মীর মধ্যে মাত্র ১৯ জন ছাড়া সমস্ত শ্রমিক কংগ্রেস প্রভাবিত ইউনিয়নে যোগদান করেছে। ওখানে কোন লাঠিবাজী হয় নি, কোন খুন হয় নি, কোন জখম হয় নি। ময়ূরাক্ষী কটন মিলের কর্মচারীদের দুরবস্থা চলেছে, আমি তাদের সম্বন্ধে মাননীয় মন্ত্রীর কাছে কিছু নিবেদন করতে চাই। বীরভূম জেলার এই মিলে ১২,৫০০ স্পিন্ডল কাজ করছে। লক্ষ্য করছি, সেখানে কর্তৃপক্ষের কিছু কিছু অব্যবস্থার জন্য শ্রমিকরা কাজ করতে চাইছে, কিন্তু পারছে না, সেজন্য উৎপাদন ব্যাহত হচ্ছে। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর নিকট আবেদন জানাব, প্রধান দাবি হচ্ছে এই মিলকে ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশনের হাতে তুলে দেবার ব্যবস্থা করুন। মিলের পাশে সেখানে ভবিষ্যতে শিল্পাঞ্চল গড়ে উঠার সম্ভাবনা রয়েছে, আমি মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন জানাব, অনুরোধ রাখব যে এন টি সি-এর সঙ্গে যোগাযোগ করে এই মিলকে হস্তান্তর করা হোক।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আর একটা ব্যাপারে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। বীরভূম জেলায় খয়রাশোলে কাকুরতলা, বাদুলিয়া সগরডাঙা ইত্যাদি যে সমস্ত কোলিয়ারী রয়েছে, সেগুলি কোলমাইনস অর্থরিটি দ্বারা গৃহীত হয় নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেখানে শ্রমিকরা অনশন করছে, এই পরিপ্রেক্ষিতে ভারতবর্ষের কেন্দ্রের শিল্পোন্নয়ন দপ্তরের উপমন্ত্রী শ্রীপ্রণব মুখার্জী ৩ দিন পূর্বে সেখানে গিয়েছিলেন। আমি আজকে অনুরোধ জানাব, আমাদের রাষ্ট্রমন্ত্রীর কাছে যে তিনি যেন অবিলম্বে কোলমাইন অথরিটি দ্বারা এই কোলিয়ারী নেবার ব্যবস্থা গ্রহণ করেন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের বীরভূম জেলায় কোন ইন্ডাস্ট্রি নাই, মহম্মদবাজার এলাকায় ফায়ারক্লে বলে একটা ইন্ডাস্ট্রি আছে, সেখানে মালিক শ্রেণী শ্রমিক শ্রেণীকে শোষণ করছে, মহম্মদবাজার গোপালনগরের এই ইন্ডাস্ট্রি ৩। ৪ বার নাম বদল করেছে, করে সরকার থেকে লোন নিয়েছে তা ফাঁকি দিয়েছে, ৫২ হাজার টাকার রয়ালটি বাকী আছে, শ্রমিকদের পি এফ-এর টাকা সমস্ত নস্যাৎ করে দিয়েছে। এ সম্বন্ধে আমাদের রাষ্ট্রমন্ত্রী প্রদীপ ভট্টাচার্য জানেন, তিনি সেখানে গিয়েছেন, জানুয়ারী থেকে এই মিল বন্ধ হয়ে গেছে। এই মিলকে অবিলম্বে চালু করার ব্যবস্থা করুন, এটাকে সরকারী নিয়ন্ত্রণাধীনে আনুন, এই অনুরোধ জানাচ্ছি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছি। বীরভূম জেলায় প্রভূত কর্মসংস্থানের সুযোগ রয়েছে। সেখানে ময়ূরেশ্বর থানায় তিন চারটে স্টোন কোয়েরী আছে, সেগুলি ইলেকট্রিসিটির অভাবে চালু হতে পারছে না, ওয়াগনের অভাবে সে মাল বাইরে চালানও দিতে পারছে না। এই স্টোন কোয়েরীতে যদি ইলেকট্রিসিটি সাপ্লাই করা যায়, তা হলে এই বিরাট বেকার সমস্যার দিনে অন্তত দশ হাজার বেকার যুবকের কর্মসংস্থান হতে পারে।

আর একটি ব্যাপার আপনার কাছে উপস্থিত করতে চাই-- বার বার একথা উপস্থিত করেছি। বীরভূমের আমেদপুর বন্ধ সুগার মিল, সরকার নিয়ে নেওয়া সম্পর্কে কেবিনেট সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন। কিন্ত আজ পর্যন্ত সেই আমেদপুর সুগার মিল খোলা হল না। এখন ওখানে আখ চাষ আরম্ভ হয়ে গেছে—অবিলম্বে এই মিল খোলার সিদ্ধান্ত কার্যকর করা উচিত এবং এক্ষুনি সরকারের পক্ষ থেকে তা ঘোষণা করা উচিত।

আমি সব শেষে মাননীয় রাষ্ট্রমন্ত্রী আজকে যে ব্যয়বরাদ্দের দাবি উপস্থিত করেছেন তাকে পরিপূর্ণ সমর্থন জানিয়ে এবং পশ্চিমবঙ্গের শ্রমিক-সমাজের স্বার্থের দিকে তাকিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীরবীন্দ্রনাথ করণঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবি এখানে উপস্থিত করেছেন, সেই সম্পর্কে আমি আলোচনা করতে গিয়ে কর্মসংস্থান সম্বন্ধে আমি দু-একটি কথা বলতে চাচ্ছি। আমরা জানি, পশ্চিমবঙ্গে বেকারী ক্রমাগত বেড়েই চলেছে। কিন্তু আমরা লক্ষ্য করেছি সরকারী, আধা সরকারী যে সমস্ত শিল্প প্রতিষ্ঠান পশ্চিমবঙ্গে রয়েছে, সেখানে যেসমস্ত কর্মসংস্থানের সুযোগ রয়েছে, সেখানে আমাদের স্থানীয় বেকার যুবকরা দিনের পর দিন কাজ পাওয়া থেকে বঞ্চিত হচ্ছে। আমি এই প্রসঙ্গে হলদিয়ায় যে সমস্ত শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠেছে সেখানে লোক নিয়োগ সম্পর্কে যে অ-গণতান্ত্রিক ব্যবস্থা হয়েছে, সেই শিল্প প্রতিষ্ঠানসমূহ সম্পর্কে উল্লেখ করতে চাই। হলদিয়া সি পি সি তৈল শোধনাগার প্রকল্প এবং ইদানীং ফার্টিলাইজার প্রকল্প ও অন্যান্য যেসমস্ত প্রকল্প সেখানে গড়ে উঠেছে—সেখানে লোক নিয়োগ যেভাবে হচ্ছে, সেই সম্পর্কে দু-একটি কথা বলতে চাই। হলদিয়া তৈল শোধনাগারে এ পর্যন্ত ২২২ জন লোক নিযুক্ত হয়েছে। আমরা জানতাম, পশ্চিমবঙ্গ সরকার ঘোষণা করেছিলেন যে, স্থানীয় লোককে অগ্রাধিকার দেওয়া হবে। আমরাও সেই দাবি এই তৈল শোধনাগার কর্তৃপক্ষের কাছে করে আসছি, কিন্তু আমরা বিস্ময়ের সঙ্গে লক্ষ্য করছি, স্থানীয় বেকার যুবকদের সেই সুযোগ দেওয়া হচ্ছে না। সেখানে যখন লোক নেওয়া হয়, তখন আমরা দাবি করেছিলাম, স্থানীয় বেকার যুবকদের আপনারা নিযুক্ত করছেন না কেন? তৈল শোধনাগার কর্তৃপক্ষ বলেছিলেন যে, আমরা কিছু কিছু অভিজ্ঞ লোক যদি বাইরে থেকে না নিয়ে আসি তা হলে আমাদের অফিস পরিচালনা করা কঠিন হবে। দিন যতই যাচ্ছে ততই দেখছি হলদিয়া তৈল শোধনাগারে কর্মচারীর সংখ্যা বেড়ে চলেছে। অথচ স্থানীয় বেকার যুবকরা সেখানে কাজের সুযোগ পাচ্ছে না। অথচ আমরা শুনতে পাচ্ছি, আমাদের কাছে বলা হচ্ছে বিভিন্ন রকম অজুহাত দিয়ে যে, স্থানীয় যেসমস্ত বেকার যুবক রয়েছে, তারা ঠিক এই সমস্ত কাজের উপযুক্ত নয়। ধরুন যে সমস্ত কেরানী নিযুক্ত করা হচ্ছে, টাইপিস্ট নিযুক্ত করা হচ্ছে, স্টেনোগ্রাফার নিযুক্ত করা হচ্ছে, সেই ধরনের কাজের উপযুক্ত লোক নাকি আমাদের পশ্চিমবঙ্গে নাই। আর একটা জিনিস লক্ষ্য করছি, তৈল শোধনাগারে যে সমস্ত কেরানী, অ-কেরানী কর্মচারী যা সব নিযুক্ত করা হচ্ছে মাননীয় শ্রমমন্ত্রীও এটা জানেন ভাল করে তিনি ওখানে গিয়েছিলেন, ভারতবর্ষের বিভিন্ন জায়গায় যেসমস্ত ইউনিট রয়েছে এই তৈল শোধনাগারের, সেসব জায়গা থেকে, ইউনিট থেকে কর্মচারীদের এখানে ট্রান্সফার করে নিয়ে আসা হচ্ছে। কর্তৃপক্ষ বলছেন, সেই সমস্ত কর্মচারী নাকি সেখানে সারপ্লাস স্টাফ। আমরা খোঁজ নিয়ে জেনেছি, বাইরের সেই সমস্ত ইউনিটে কোন সারপ্লাস স্টাফ নাই—যাদের সেখান থেকে এখানে ট্রান্সফার করে নিয়ে আসা হচ্ছে। আর এখানে যে ভ্যাকান্সি হচ্ছে, সেখানে নতুন লোক রিক্রুট করা হচ্ছে। এই অবস্থা যদি চলতে থাকে তা হলে পশ্চিমবঙ্গে স্থানীয়ভাবে যে বেকার সমস্যা সৃষ্টি হচ্ছে, যে বেকাররা দিনের পর দিন কাজের সন্ধানে ঘুরে বেড়াচ্ছেন, তাদের কর্মসংস্থানের ব্যবস্থা কি করে হবে? এটা ভাববার কথা। এই সম্পর্কে মাননীয় রাষ্ট্রমন্ত্রী কোনকিছু উল্লেখ করেন নাই। এটা বাস্তবিকই খুব পরিতাপের বিষয়।

[6-50—7-00 p.m.]

শুধু তাই নয়, আর একটি আধা-সরকারী শিল্প প্রতিষ্ঠান রয়েছে, ই আই এল ইঞ্জিনীয়ার্স (ইন্ডিয়া) লিমিটেড– এটা সরকারী প্রতিষ্ঠানও বটে, এই ই আই এল-এ যারা কাজ কর্ম করছেন দেখাশুনা করে থাকেন সেই ই আই এল-এ যে লোকসংখ্যা তারা যা নিযুক্ত করেছেন তার সংখ্যা হচ্ছে ২৪৯ জন। এবং সেখানে বেশীর ভাগ ইঞ্জিনীয়ার নিযুক্ত হয়েছে। এই ই আই এল-এ জুনিয়ার ইঞ্জিনীয়ার নিযুক্ত করতে গিয়ে তারা নানারকম অজুহাত দেখাচ্ছে। ইঞ্জিনীয়ার

আমাদের পশ্চিমবঙ্গে অভাব নেই। সেখানে ইঞ্জিনীয়ার নিযুক্ত করতে গিয়ে তারা যখন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে লোক চায় তখন ৫।৬ বছরের অভিজ্ঞতাসম্পন্ন ইঞ্জিনীয়ার চাই। কিন্তু ইঞ্জিনীয়াররা সাধারণত এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম রেজিস্ট্রি করে না। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ সেইরকম ইঞ্জিনীয়ার দিতে পারে না, তখন তারা নিজেদের খেয়ালখুশী মত নিজেদের আত্মীয়স্বজনকে সেই সমস্ত ইঞ্জিনীয়ারিং পোস্টে নিযুক্ত করে থাকে। ভাল খোঁজ করে দেখলে দেখা যাবে যে, সেই সমস্ত ইঞ্জিনীয়াররা ২।৩ বছরের অভিজ্ঞতাসম্পন্ন, হয়তো ১৯৭১-৭২ সালে পাশ করেছেন। অথচ আমাদের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে যে সমস্ত জুনিয়ার ইঞ্জিনীয়ার চাওয়া হয় তখন ৫।৬ বছরের অভিজ্ঞতাসম্পন্ন ইঞ্জিনীয়ার চাওয়া হয়। এইরকম অবস্থা যদি চলতে থাকে, তা হলে স্থানীয় বেকার সমস্যার সমাধান কি করে হবে? এটা একটা বিরাট সমস্যা, এবং আমরা বিধানসভার সদস্যরা সবাই বার বার দাবি করছি যে, স্থানীয় বেকারদের চাকুরি দেওয়া হোক। কিন্তু ঐ সমস্ত শিল্প প্রতিষ্ঠানে এইভাবে কারচুপি করে নানারকম অজুহাত রেখে যদি স্থানীয় বেকারদের বঞ্চিত করতে চায়, তা হলে এর চেয়ে দুঃখের কথা আর কিছুই থাকতে পারে না। এই জন্য সরকারের কাছে দাবি করছি যে, তাঁরা এমন ব্যবস্থা গ্রহণ করুন যাতে ঐ সমস্ত শিল্প প্রতিষ্ঠানে বহু বেকার সুযোগ পেতে পারে। অন্যথায় দেখা যাবে যে, স্থানীয় বেকাররা সুযোগসুবিধা পাবে না এমপ্লয়েড পারসনরা এমপ্লয়মেন্ট পাচ্ছেন। শুধু তাই নয়, আর একটি কথা ঐ হলদিয়া তৈল শোধনাগারে এমপ্লয়মেন্ট পোটেনসিয়াল চেপে রেখে দেওয়া হয়েছে। আজকে ভারতবর্ষের সমস্ত জায়গায় নিয়োগ ব্যবস্থা একই রকম হওয়া উচিত। হলদিয়া তৈল শোধনাগারের প্রোডাকসন ক্যাপাসিটি হচ্ছে ২·৫ মিলিয়ন টন। ভারতবর্ষের আরও যেসমস্ত বিভিন্ন জায়গা রয়েছে বারাউনি গুজরাট, গোহাটি—এদের উৎপাদন ক্ষমতা প্রায় একই রকম। যেমন বারাউনিতে ২·৫ মিলিয়ন টন, অবশ্য কিছুটা বাড়ানোর চেষ্টা করা হচ্ছে, গুজরাটে ৩·৫ মিলিয়ন টন, গোহাটিতে ০·৭৫ মিলিয়ন টন। এই সমস্ত জায়গায় যত বেশী কর্মচারী নিয়োগ করা হয়েছে সে তুলনায় হলদিয়ার তৈল শোধনাগারে কর্মচারী অত্যন্ত কম। এই হলদিয়া প্রকল্পের কাজ যখন শেষ হবে তখন সেখানে সর্বমোট লোক লাগবে ৭৫৩ জন, ইনক্লুডিং ৫৩ আই ও সি। অর্থাৎ ৭০০ জন মোট কাজ করছে। কিন্ত বারাউনিতে মাননীয় মন্ত্রিমহাশয় খোঁজ করলে দেখতে পাবেন যে সেখানে একই রকম উৎপাদনক্ষমতা থাকা সত্ত্বেও সেখানে কতজন লোক কাজ করছেন। গুজরাটেও ঐ একই অবস্থা আমি শুনেছি—আমি খোঁজ নিয়ে দেখেছি। বারাউনিতে ২·৫ মিলিয়ন টন উৎপাদনক্ষমতা, সেখানে কাজ করছে তিন হাজার শ্রমিক, গুজরাটে ৩·৫ মিলিয়ন টন উৎপাদনক্ষমতা, সেখানে ১,৮০০ শ্রমিক কাজ করছে, গোহাটিতে ০·৭৫ মিলিয়ন টন উৎপাদনক্ষমতা, লোক কাজ করছে ১২৫০ জন, হোয়ারঅ্যাজ হলদিয়াতে ২·৫ মিলিয়ন টন উৎপাদনক্ষমতা, লোক কাজ করছে মাত্র ৭৫৩ জন। এইভাবে আমি মনে করি হলদিয়া আই ও সি-তে যে এমপ্লয়মেন্ট পোটেনসিয়ালিটি রয়েছে সেই এমপ্লয়মেন্ট পোটেনসিয়ালিটি চেপে রেখে দেওয়া হয়েছে। সবচেয়ে মজার কথা হচ্ছে বারাউনিতে এক একজন অফিসারের একজন করে স্টেনোগ্রাফার আর তিন চার জন টাইপিস্ট-কাম-ক্লার্ক নিযুক্ত করা হয়। কিন্তু হলদিয়ায় আমরা দেখছি যে, প্রতি ১০ জন অফিসারের পিছনে একজন করে টাইপিস্ট আর একজন করে স্টেনোগ্রাফার। এর থেকে বোঝা যাচ্ছে যে ঐ আই ও সি-তে কর্মসংস্থানের সুযোগ কিভাবে বৃদ্ধি পেতে পারে। আজকে সেই সুযোগ থেকে সেখানকার ছেলেদের কিভাবে বঞ্চিত করা হচ্ছে এবং কিভাবে এমপ্লয়মেন্ট পোটেনসিয়ালিটি চেপে রেখে দেওয়া হয়েছে। শুধু তাই নয়, এখানে যে সমস্ত ঠিকাদার প্রতিষ্ঠানগুলি রয়েছে সেখানে লোক নিয়োগ সম্পর্কে নানারকম বিশৃংখল অবস্থা দেখা দিয়েছে। আমাদের মাননীয় রাষ্ট্রমন্ত্রী মহাশয় দীপবাবু এখানে গিয়েছিলেন, তাঁর কাছেও একথা উল্লেখ করা হয়েছে। সেখানে যেসমস্ত কনট্রাকটাররা রয়েছে প্রায় ৩০ জন কনট্রাকটর রয়েছে যারা এই আই ও সি-র আন্ডারে কাজ করে, সেখানে যাতে স্থানীয় বেকার যারা রয়েছে তারা নিযুক্ত হয় এই নীতি হওয়া উচিত। কিন্তু দেখা যাচ্ছে বাস্তবক্ষেত্রে যে, তারা তাদের নিজেদের খেয়ালখুশীমত লোক নিয়োগ করছে। কারণ সরকারের এমন কোন নির্দেশ নাই, বাধ্যবাধকতা নেই যে, সেইভাবে লোক নিয়োগ করতে হবে।

অতীতে ১৯৭২ সালে চীফ সেক্রেটারি এন সি সেনগুপ্ত মহাশয় সারকুলার পাঠিয়েছিলেন যেন প্রাইভেট এমপ্লয়াররা, কনট্রাকটররা, স্থানীয়ভাবে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে লোক নিযুক্ত করেন। কিন্তু স্যার, সেই সরকারের সারকুলার কনট্রাকটররা মেনে চলছে কিনা সেদিকটা দেখা উচিত, কেননা, এই কনট্রাকটররা স্থানীয় ছেলেদের কাজের সুযোগসুবিধা করে দিতে পারে। আমরা দেখেছি, স্কীল্ড হ্যান্ডের কাজ কিছু রয়েছে। আমরা জানি স্থানীয়ভাবে স্কীল হ্যান্ড নেই, অদক্ষ শ্রমিকদের নিয়োগ করা হয়। ওয়েল্ডার, হেল্পার, ফিটার, রিগার এইরকম ধরনের যেসমস্ত টেকনিক্যাল হ্যান্ড রয়েছে তাদের হেল্পার হিসাবে বহু অদক্ষ শ্রমিককে নিযুক্ত করা যেতে পারে, তারা পরবর্তী পর্যায়ে স্কীলড হ্যান্ড হতে পারে। কিন্তু সেই ক্ষেত্রে আমাদের স্থানীয় যুবক ছেলেরা অগ্রাধিকার পাচ্ছে না। এ বিওয়ে আমরা মন্ত্রিমহাশয়কে ওয়াকিবহাল করেছিলাম, তাঁরা আশ্বাসও দিয়েছিলেন, আমরা দেখবো, কিন্তু এ পর্যন্ত তাঁরা কি দেখেছেন সেটা আমরা ঠিক বুঝতে পারছি না। বিশেষ করে হলদিয়াতে যেসমস্ত পরিবার উদ্বাস্তু হয়েছে, ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের অবস্থা অত্যন্ত শোচনীয় এবং সেই সমস্ত পরিবার সম্পর্কে আমরা বার বার মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানিয়েছি, কিন্তু কি হয়েছে, কিছুই জানি না। তারা মাঝে মাঝে ক্ষুব্ধ হয়েছে, বিক্ষোভ প্রদর্শন করেছে, হলদিয়াতে ঘেরাও করেছে, বারে বারে ঐ অঞ্চলের নেতারা বলেছেন যে, এদের কাজের সুযোগ পাওয়া উচিত। যেমন পূর্ববঙ্গ থেকে উদ্বাস্তু হয়ে পশ্চিম-বঙ্গে এসেছিলেন এবং বিভিন্ন দুর্দশার সম্মুখীন হয়েছিলেন, ঠিক তেমনি হলদিয়া প্রকল্প গড়ে তোলার পূর্বে যে ৬৭টি নতুন গ্রাম নেওয়া হয়েছে সেখানে যেসমস্ত লোক উদ্বাস্তু হয়ে গেছে, ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের কাজের সুযোগসুবিধার জন্য সরকার বিভিন্নভাবে বিভিন্ন সময়ে ১৯৬০ সাল, ১৯৬৯ সাল থেকে আরম্ভ করে এ পর্যন্ত কথা দিয়েছেন, নানারকম আশ্বাস দিয়েছেন যে, সত্যিই এদের কাজের ব্যবস্থা হওয়া উচিৎ, কিন্তু এখন পর্যন্ত তারা কাজের সুযোগ পায় নি এবং এই অনুরোধও করা হয়েছিল অন্তত প্রত্যেক পরিবার থেকে একজন করে কাজের সুযোগ যাতে পায় তার ব্যবস্থা করা হোক। আমরা জানি যেসমস্ত প্রতিষ্ঠান কাজ করে সি বি সি, আই ও সি, ফার্টিলাইজার ইত্যাদি অন্যান্য যেসমস্ত কনট্রাকটর রয়েছে তারা যদি চেষ্টা করতো বা ঠিক-ভাবে লোক নিয়োগের ব্যবস্থা করতো, তা হলে যেসমস্ত লোক উৎখাত হয়ে গেছে, যেসমস্ত লোক ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের প্রত্যেকটি পরিবার থেকে অন্ততপক্ষে একজন করে কাজের সুযোগসুবিধা পেত। কিন্তু তা তারা পায় নি। পিওন অ্যাপয়েন্টমেন্টের ব্যাপার আছে, মেডিকেল অ্যাটেন্ডেন্টের ব্যাপার আছে। আপনারা জানেন পিওন হিসাবে কাজ করতে গেলে তাদের অভিজ্ঞতার প্রয়োজন হয় না। পিওন অ্যাপয়েন্টমেন্টের জন্য এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে ৪।৫ বছরের অভিজ্ঞতা সম্পন্ন লোক চেয়ে পাঠানো হয়। এই কাজের জন্য ক্লাশ ৮ পর্যন্ত পড়া লোক হলেই চলে এবং সে কাজ করতে পারে, কিন্তু সেই কাজে নিযুক্ত করা হল না। হসপিটাল অ্যাটেনডান্টের কাজ হচ্ছে সিরিঞ্জ পরিষ্কার করা, পায়খানা পরীক্ষা করা, সেখানেও অভিজ্ঞ লোক চেয়ে পাঠানো হয়। সেখানেও এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে অভিজ্ঞ লোক চেয়ে পাঠানো হয়। ঐ আই ও সি লোক নিয়োগ করেছে পিওন হিসাবে, হসপিট্যাল অ্যাটেনড্যান্ট হিসাবে, অফিসে যেসমস্ত লোক কাজ করছে তাদের নিজেদের আপন জনদের এবং এইভাবে স্বজন পোষণ চলেছে, এইভাবে কারচুপি চলেছে। সি বি সি, ফার্টিলাইজার ইত্যাদি যেসমস্ত প্রতিষ্ঠান রয়েছে সেখানেও এইভাবে কর্মী নিয়োগ পদ্ধতি চলেছে। সরকারের এমন কোন নিয়ম নেই শুধু সরকারী ক্ষেত্রে বলছি না বেসরকারী ক্ষেত্রের কথাও বলছি, যাতে করে পশ্চিমবঙ্গের স্থানীয় বেকার যুবকেরা ঐ সমস্ত কাজ-কর্মে অগ্রাধিকার পেতে পারে। এই এ গ্রেড, বি গ্রেড অপারেটর রিক্রুট ব্যাপার নিয়ে আমরা একটা লিস্ট চেয়েছিলাম যে, এই এ গ্রেড, বি গ্রেড অপারেটর-এর জন্য লোক নিয়োগের ব্যাপারে স্থানীয় ছেলেদের বেশী সুযোগসুবিধা দিয়েছেন কিনা—আমার বিশ্বাস, স্থানীয় ছেলেদের অনেকেই এই সুযোগসুবিধা পায় নি। শুধু তাই নয়, এই এ গ্রেড, বি গ্রেড লোক নিয়োগের ব্যাপারে আমরা বিধানসভার সদস্যরা বার বার বলেছি যে, স্থানীয় লোকদের বেশী করে সুযোগসুবিধা দিতে হবে। শুধু তাই নয়, এক্সপিরিয়েন্সড, স্কীলড হ্যান্ড বিভিন্ন অফিসে কম টাকা মাইনেতে কাজ করছে তারা প্রায় ৮।৯ বছর ধরে বেকার হয়ে বসে আছে বললেই হয় এমন সব ছেলেদের হলদিয়া আই ও সিতে নিযুক্ত করা হোক। কিন্তু সেক্ষেত্রে দেখা যাচ্ছে তারা কিভাবে নিযুক্ত

হচ্ছে—কিভাবে অ্যাপয়েন্টমেন্ট দিচ্ছে—সে খোঁজখবর আমরা পাচ্ছি না। আর একটা কথা, শিডিউল্ড কাস্ট ছেলেদের সুযোগসুবিধার ব্যাপারে কোন এক সদস্য বলেছিলেন, তাদের ক্ষেত্রে নাকি বিভিন্ন সুযোগসুবিধা রয়েছে। কিন্তু সেখানে গিয়ে দেখা যাবে, আহ ও সি ও অন্যান্য প্রজেক্টে যেসমস্ত কর্মচারীদের নিযুক্ত করা হয়েছে সেখানে শিডিউল্ড কাস্টদের সংখ্যা নাই বললেই চলে। অবশ্য আমার ধারনা, যোগ্যতাসম্পন্ন শিডিউল্ড কাস্ট প্রার্থীর সংখ্যা অনেক রয়েছে। এই বলে শেষ করলাম।

[7-00—7-10 p.m.]

শ্রীরজনীকান্ত দলুইঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় শ্রম দপ্তরের রাষ্ট্রমন্ত্রী আমাদের সামনে যে ব্যয়বরাদ্দের দাবি রেখেছেন তাকে আমি পরিপূর্ণ ভাবে সমর্থন জানাচ্ছি। স্যার, আমাদের আর এস পি-র বন্ধু শীশ মহম্মদ সাহেব যে বক্তব্য রেখেছেন তাতে মনে হচ্ছে তারা শুধু বিরোধিতা করবার জন্যই বক্তব্য রেখেছেন। এবং এখানে তারা প্রত্যেকদিন বিরোধিতা করে যাবেন এই পলিসি নিয়েই এসেছেন। আমরা অবশ্য সকলেই তাঁর বক্তৃতার বিরোধিতা করেছি। যাই হোক, স্যার, আমি যে কথাটি বলতে চাই সেটা হচ্ছে, শিল্প ক্ষেত্রে আমরা দেখেছি ধর্মঘট, লে-অফ, লক-আউট, ঘেরাও, ছাঁটাই ইত্যাদি ব্যাপারে আমাদের প্রগতিশীল সরকার যেভাবে মোকাবিলা করছেন এবং করে যাচ্ছেন তা নিশ্চয় প্রশংসার দাবি রাখে। এঁদের সময় অর্থাৎ যুক্তফ্রন্টের সময় তাঁরা যা করেছেন সেটা আমি আর পুনরাবৃত্তি করতে চাই না, কারণ সে ইতিহাস দুঃখ, লজ্জা, মর্মবেদনার ইতিহাস। আমাদের প্রগতিশীল সরকার, যে সরকারের প্রশংসা তিনিও করেছেন, আমরাও করছি এই এক বছরের মধ্যে কতজন বেকার, যারা ছাঁটাই হয়ে গিয়েছিলেন তাদের চাকুরিতে বহাল করেছেন সে হিসাব আজকে আমাদের রাষ্ট্রমন্ত্রী রেখেছেন। আমি সেই বক্তব্যের মধ্যে না গিয়ে কর্মী নিয়োগের ক্ষেত্রে কয়েকটি সাজেসান আপনার মাধ্যমে রাখবো। স্যার, আপনি জানেন, এই ব্যাপারে যে প্রচেষ্টা আমাদের সরকার করেছেন—সেন্সাস খুলে, কৃষক প্লাস খুলে, ১৭ হাজার সরকারী কর্মচারী, ১০ হাজার বিদ্যুৎকর্মী, ১৩ হাজার প্রাথমিক শিক্ষক ইত্যাদি নিয়োগের কথা ঘোষণা করে তাতে জনসাধারণ বিশেষ করে যুবকদের মনে আশার সঞ্চার হয়েছে। সেজন্য আমি আমাদের এই প্রগতিশীল সরকারকে ধন্যবাদ জানাচ্ছি। স্যার, এর আগেও আমি বলেছি, আজকেও বলছি, বেকার সমস্যার সমাধান যদি করতে হয়, তা হলে এই এক্সটেনসানের যে প্রভিসান রয়েছে, সরকারী কর্মচারীদের যে এক্সটেনসান দেওয়া হয় সেটা বন্ধ করতে হবে। কিন্তু দুঃখের বিষয়, আমাদের এই লেবার ডিপার্টমেন্টেরই যিনি সেক্রেটারী আছেন, ক্লোজড অ্যান্ড সিক ইন্ডাস্ট্রিজের যিনি সেক্রেটারী আছেন তাঁকে দুবার এক্সটেনসান দেওয়া হয়েছে, তৃতীয়বার দেবার কথা ভাবা হচ্ছে। এই এক্সটেনসান দেওয়া যদি বন্ধ করা যায়, তা হলে ১০ হাজার যুবককে আমরা চাকুরি দিতে পারবো। আমার আর একটি সাজেসান হচ্ছে, সরকারী কর্মচারীদের অবসর গ্রহণের বয়স ৫৮ থেকে কমিয়ে ৫৫ করা হোক। এটা যদি করা যায়, তা হলে বছরে ১৫ হাজার বেকার যুবকের কর্মসংস্থানের ব্যবস্থা আমরা করতে পারবো। তাই স্যার, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো এই অবসর গ্রহণের বয়ঃসীমা কমানো এবং এক্সটেনসান বন্ধ এই দুটি বিষয়কে অগ্রাধিকার দিয়ে বিবেচনা করুন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বন্ধ ইন্ডাস্ট্রিগুলি খুলে কর্মচ্যুত শ্রমিকদের কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে ঠিকই, কিন্তু নূতন কর্মী নিয়োগের কোন ব্যবস্থা হচ্ছে না। তাই আমার সাজেসান, যে ইন্ডাস্ট্রিগুলি রয়েছে সগুলি এক্সপানসান করা দরকার ও সংগে সংগে নতুন ইন্ডাস্ট্রিজ আরো করা দরকার। তা যদি আমরা করতে পারি, তা হলে অনেক বেকার যুবকের কর্মসংস্থানের ব্যবস্থা আমরা করতে পারবো।

শ্রীবীরেশ্বর রায়ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবি এখানে উপস্থাপন করেছেন তাকে সমর্থন করছি এবং সমর্থন ক'রে কয়েকটি কথা বলতে চাই। আমি অত্যন্ত আশ্চর্য এবং হতাশ বোধ করছি, আমাদের উত্তরবঙ্গে শিল্প ব'লে তেমন কিছু নেই। একমাত্র কৃষির উপর শ্রমিকরা তাদের শ্রম ব্যয় করে। কিন্তু এই কৃষিশ্রমিকের ব্যাপারে বর্তমান বাজেট বক্তৃতায় কোন কথা বলা হয় নি। এই কৃষিশ্রমিকরা অত্যন্ত দুর্দশার মধ্যে দিন যাপন

করেন। তারা মজুরী হিসাবে ৫৬ কেজি ধান আর ১৫, ১৬ টাকার বেশি মজুরী পায় না। তাদের বাসস্থানের কোন ব্যবস্থা নেই। তাদের ছেলেমেয়েদের শিক্ষার জন্য কোন বাধ্যতামূলক ব্যবস্থা নেই। তাদের চিকিৎসার জন্য নির্দিষ্ট কোন বেড কোন হাসপাতালে রাখা হয় কি না হয় না। আমি মনে করি, এই কৃষিশ্রমিকদের প্রতি সরকার যথোচিত ব্যবস্থা অবলম্বন করবেন। কৃষিশ্রমিক যারা রোদে, বৃষ্টিতে মাঠেঘাটে ফসল ফলায়, যাঁরা আমাদের জাতির মেরুদণ্ড, যারা আমাদের দৈনন্দিন আহার্য যোগান দেয় তাদের জন্য প্রচুরভাবে দৃষ্টি দেওয়া উচিত ব'লে মনে করি। এ ছাড়া দোকান সংস্থায় যে সমস্ত কর্মচারী আছেন তারা অত্যন্ত অবহেলিত। এদের কোন নিম্নতম মজুরী নেই। এদের নিম্নতম মজুরীর হার হওয়া উচিত। এদের শিক্ষাদীক্ষা, স্বাস্থ্য সমস্ত বিষয়ে সরকারের নজর দেওয়া উচিত। আমাদের উত্তর বাংলায় চা-শিল্প ছাড়া আর তেমন কোন শিল্প নেই। মুষ্টিমেয় তাঁত শিল্প, বিড়ি শ্রমিক ও চালকল শ্রমিক কিছু কিছু আছে—এদের অবস্থা ঠিক একই পর্যায়ে পড়ে। কৃষি-শ্রমিকের যে অবস্থা উত্তরবঙ্গে এই সমস্ত শিল্পশ্রমিকদের সেই অবস্থা। তাদের কোন নির্দিষ্ট কোন মজুরী নেই। এদের সমাজে চলবার মত কোন আয়ের ব্যবস্থা নেই। তাই আমি মনে করি, বর্তমান সরকার এই শ্রমিকদের উপর যথেষ্ট নজর দেবেন এবং তাদের উন্নতির জন্য চিন্তা করবেন। আমাদের পশ্চিম দিনাজপুরে একটা মাত্র চা-বাগিচা চোপড়া, সেখানে ২ জন শ্রমিককে অন্যায়ভাবে ছাঁটাই করা হয়েছে। তাদের নাম হচ্ছে জগদীশ ঝা, শ্যামসুন্দর ঝা। তাদের যাতে আবার বহাল করা হয় তার জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাচ্ছি। এ ছাড়া এখানে অনেক শ্রমিক আছেন। এই শ্রমিকরা ডি এ বাবত প্রতি মাসে ৯ টাকা ক'রে পেত। দীর্ঘদিন ধরে তারা এই ৯ টাকা ক'রে পেয়ে এসেছে। মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো, আপনার মাধ্যমে তারা যেন তাদের ন্যায্য পাওনা থেকে বঞ্চিত না হয়, সেদিকে যেন একটু নজর দেন। এ ছাড়া শ্রমিকদের হাতে যখন কৃষিকাজ থাকবে না তখন তাদের জন্য টি আর কাজের ব্যবস্থা ব্যাপকভাবে করবার জন্য অনুরোধ জানাচ্ছি। এই যে রেট ২ টাকা ক'রে দেওয়া হয় সেটা যেন বাড়ানো হয়। স্পেশাল এমপ্লয়মেন্ট প্রোগ্রাম যা আছে সেই স্পেশাল এমপ্লয়মেন্ট প্রোগ্রামে যে শ্রমিকরা কাজ করে, তাদের সুযোগসুবিধা যাতে আরো দেওয়া হয়। তাদের নো ওয়ার্ক নো পে এই বেসিসে কাজ করতে হয়। রবিবার ছুটি এবং আরো যে সব সুযোগসুবিধা আছে সেগুলি যাতে তাদের দেওয়া হয় সেজন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন রেখে আমার বক্তব্য শেষ করছি।

[7-10—7-20 p.m.]

শ্রীমহাদেব মুখার্জী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আরামবাগের যে মহকুমা থেকে এসেছি সেখান সম্বন্ধে বলছি যে, সেখানকার শ্রমিকরা অত্যন্ত দুঃখদুর্দশার মধ্যে দিন কাটাচ্ছে, তারা ১২ মাস কাজ পায় না, তাদের এই দুঃখকষ্ট এবং নিম্নমানের সমাধান করতে গেলে আমরা গণতান্ত্রিক সমাজতন্ত্র ব্যবস্থার কথা যে বলছি, গরিবী হটাবার কথা যে বলছি একে যদি সত্যই অর্থনৈতিক দিক থেকে উন্নত করতে হয়, তা হ'লে গ্রামীণ অর্থনৈতিক পুনর্জীবন ঘটাতে হবে। গ্রামে যে সমস্ত রিসোর্সেস আছে মহাত্মা গান্ধী যে কথা বলেছিলেন যে, গ্রামকে স্বয়ম্ভর করতে গেলে যে রির্সোসেস আছে তাকে কাজে লাগাতে হবে। আমার আরামবাগ মহকুমায় প্রচুর বাঁশ হয়। যে বাঁশ টিটাগড়ে চলে আসে এবং অন্যান্য মিলে চলে আসে। সেখানে অনেক পাট হয়, তার ফলে পাটকাঠি হয়—সেখানে আখ হয়, তার ছিবড়ে পাওয়া যায়, এই সব রির্সোসেস দিয়ে সেখানে কাগজের কল হতে পারে এবং ওখানকার যেসমস্ত নিম্নমানের শ্রমজীবী আছে, মধ্যবিত্ত বেকার আছে, সেখানে কাগজের কল হ'লে বেকার সমস্যার সমাধান হবে। যদি এই সমস্ত রির্সোসেস কাজে লাগানো হয়, অর্থনীতিকে যদি ডিসেন্ট্রালাইজ করতে পারি, একচেটিয়া পুঁজিপতির হাতে যদি অর্থনীতি কুক্ষিগত হয়ে থাকে, সেই অর্থ-নীতিকে যদি প্রগতির পথে চালাতে না পারি—যে সরকার আজকে সমাজবাদ প্রতিষ্ঠা করবার জন্য কৃতসংকল্প, সেই আদর্শকে এইভাবে রূপায়িত করতে হবে। গত এক বছর যে স্থায়ী সরকার গঠিত হয়েছে, আজকে আর দেরী করলে চলবে না, মানুষের যে দুর্দশা, সেই দুর্দশা

নেই, শিক্ষা নেই, যারা সত্যকারের অভুক্ত, যাদের ঘরের চালে খড় নেই, এই দুঃখী মানুষদের সমস্যার সমাধান হবে। তার জন্য এই গ্রামীণ যেসমস্ত রিসোর্সেস আছে তাকে যদি কাজে লাগানো যায়। আমি বলবো আরামবাগ মহকুমায় একটাও মিল বা কলকারখানা নেই, সেখানে একটা কাগজের কল হ'লে খুব ভাল ফল পাওয়া যাবে। এর ফলে বহু স্থানীয় বেকার সমস্যার সমাধান হতে পারে। সেখানে পাট প্রচুর হয়, তা দিয়ে ভ্যারাইটিজ প্রোডাকসান হতে পারে। পুরসুরা, আরামবাগ, খানাকুল যেখান থেকে আমি দাঁড়িয়েছি, সেখানে প্রচুর পাট হয় এবং পাটের নানাবিধ প্রোডাকসান হতে পারে। এদিকে সরকারকে প্রকল্প নিতে অনুরোধ করবো। হুগলী জেলায় যে কোল্ড স্টোরেজ আছে, সেখানে ৪৮টা কোল্ড স্টোরেজ আছে, সেইগুলো নো প্রাইভেট সেক্টরে, সেখানে সত্যকারের যারা কর্মচারী তাদের কিভাবে শোষণ করা হচ্ছে, তাদের উপর কিভাবে জবরদস্তি চলছে সেই সম্পর্কে কিছু বলতে চাই। তাদের শোষণমুক্ত করবার জন্য আমরা একটা ইউনিয়ন করেছি এবং সেই ইউনিয়ন-এর প্রেসিডেন্ট আমি। এই ইউনিয়ন-এর মাধ্যমে শ্রমিকদের মাইনে বাড়ানো, ইনক্রিমেন্ট, গ্রাচুইটি, বোনাস প্রভৃতি যাতে পায় তার জন্য এই ইউনিয়ন করা হয়েছে। আমি নির্দিষ্ট ক'রে হরিপালের একটা কোল্ড স্টোরেজের কথা বলছি, তিনি ক্লোজার করেছেন ৬ মাস হ'ল এবং তিনি হাইকোর্টে মামলা করেছেন এবং এই কর্মচারীদের বিরুদ্ধে ফৌজদারী পর্যন্ত করা হয়েছে। বর্তমানে এই কর্মচারীদের কোন কাজ নেই এবং কৃষিভিত্তিক যে কোল্ড স্টোরেজ, যেখানে ৪ লক্ষ মণ আলু চাষীরা রাখে, সেই চাষীরা বঞ্চিত হচ্ছে, সেইজন্য বলছি ঐ যে ৪৮টা কোল্ড স্টোরেজ আছে, সেইগুলো যাতে ন্যাশনালাইজ করা হয় এবং এই একচেটিয়া পুঁজিবাদমুক্ত করা হোক। এই ব'লে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীপ্রদীপ ভট্টাচার্য: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বিধানসভায় মাননীয় সদস্যরা বিভিন্ন দৃষ্টিভঙ্গি দিয়ে এই ব্যয়বরাদ্দ দাবি সম্পর্কে তাঁদের বক্তব্য রাখলেন এবং আমি এটা পরিষ্কার লক্ষ্য করেছি যে, তাঁরা যে দৃষ্টিভঙ্গি দিয়ে এখানে বিশ্লেষণ করতে চাইছেন, সেই দৃষ্টিভঙ্গি স্বচ্ছ নয়। যা এখানে ধ'রে এগিয়ে যাবার চেষ্টা করছি, যেটা আসল ঘটনা তার থেকে আমরা একটু দূরে দাঁড়িয়ে আছি। সুতরাং তাঁদের কাছ থেকে যে পর্যালোচনা আশা করেছিলাম বাস্তব ভিত্তির উপর নির্ভর ক'রে সমালোচনা হবে এবং সেই সমালোচনা আমাদের এই বিভাগকে আরো এগিয়ে যেতে সাহায্য করবে, কিন্তু সেই ধরনের আলোচনা কয়েক জন বাদে অনেকের কাছ থেকেই পাই নি। মাননীয় শীশ মহম্মদ মহাশয়, যে কাট মোশান এনেছেন সে সম্বন্ধে আমি অবাক হয়ে যাচ্ছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে আর এস পি-র তরফ থেকে তিমিরবাবু এবং মিঃ বেস্টারউইচ যে বিষয়ের উপর কাট মোশান আনবেন ব'লে কাগজে লিখে দিয়েছিলেন, শীশ মহম্মদ সাহেবের বক্তৃতায় তার বিন্দুমাত্র স্পর্শ ছিল না। সুতরাং আমি একটা কথা পরিষ্কার ভাবে বলতে চাই, সেটা হচ্ছে এই যে, কোন মাননীয় সদস্য প্রেস বক্স-এর দিকে লক্ষ্য রেখে অথবা বক্তৃতা করার জন্য যদি বক্তৃতা করেন, তা হ'লে অবশ্য কিছু আমার বলবার নেই। যদি কেউ বাস্তব ঘটনার উপর নির্ভর ক'রে এগিয়ে যাবার চেষ্টা করেন, তা হ'লে হয়ত সমস্যার সমাধান খুঁজে পাওয়া সম্ভব এবং সেই দিকে একটা পজেটিভ সাজেসন রাখতে পারব। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলায় ১৯৬৯ সালের পর একটা কালচার ডেভালপ করেছে। শ্রমিকদের ক্ষেত্রে বিভিন্ন শিল্পের মধ্যে একটা কালচার ডেভালপ করেছে। সেই কালচারাল ক্যারেকটারটা কি, সেই কালচারাল ক্যারেকটরটা হচ্ছে, শ্রমিকদের যেটা ন্যায়সঙ্গত পাওনা সেটা যাতে না পায় এবং তার সঙ্গে বাইরেও শ্রমিকদের আন্দোলনকে জিইয়ে রাখার জন্য মটিভেটেড ওয়েতে চেষ্টা করা। মালিক পক্ষ নিজেদের আভ্যন্তরীণ দ্বন্দ্বকে ঢেকে রাখবার জন্য শ্রমিকদের একটা অংশকে পারচেস করে এবং কোথাও কোথাও শ্রমিকদের একটা অংশ মালিকের সঙ্গে হাত মিলিয়ে অন্য আর একটা শ্রমিক সংস্থার বিরোধিতা করে। এই যে একটা কালচার গোটা শিল্পের মধ্যে এবং বাইরে ঢুকে গিয়েছে এটাকে ভেঙ্গে দিতে হবে, তবে এটা আস্তে আস্তে হবে, সে জন্য আমাদের কিছু দিন সময় লাগবে। এই কথা আমরা কেউ মনে করতে পারি না বা আমি এই কথা বলছি না যে, পশ্চিমবাংলার বিভিন্ন শিল্পে অশান্তি একদম দূর হয়ে গিয়েছে। কিন্তু আমরা এই কথা পরিষ্কার ভাবে চ্যালেঞ্জ ক'রে বলতে পারি যে, পশ্চিমবাংলার শিল্পে শান্তি ফিরে এসেছে এবং এই শান্তি আগামী দিনের

কোন ঝড়ের পূর্বাভাস নয়, এই শান্তি ঝড় কাটিয়ে ওঠার পরের শান্তি। এটা নতুন পথ তৈরি করবার আশা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিভিন্ন বক্তা তাদের বক্তৃতার মধ্য দিয়ে সমালোচনা করবার চেষ্টা করেছিলেন। আর এস পি সদস্য বললেন যে, বিড়ির জন্য সরকারের পক্ষ থেকে কিছু করা হচ্ছে না। এটা কিন্তু ঠিক তথ্য নয়, পশ্চিমবাংলায় আমরা জানি বেশ কয়েক হাজার শ্রমিক আছেন, যারা এই শিল্পের সঙ্গে জড়িত আছেন এবং এদের মজুরীর হার অত্যন্ত কম। কেন্দ্রীয় সরকার আইন তৈরি করলেন, পশ্চিমবঙ্গ সরকার সেই অ্যাক্টের উপর রুলস্ তৈরি করতে চেয়েছিলেন, কিন্তু সুপ্রিম কোর্ট এবং হাইকোর্টের আদেশ ব'লে সেটাকে এফেক্ট দিতে পারছি না। তবে পশ্চিমবাংলার শ্রমমন্ত্রী কেন্দ্রীয় শ্রমমন্ত্রীর সঙ্গে আলোচনা ক'রে যাতে এখানকার বিড়ি শিল্পের সঙ্গে জড়িত শ্রমিকদের উপকার হয়, সেই পথ খুঁজে বার করবার চেষ্টা করেছেন এবং এখনো করছেন।

[7-20—7-30 p.m.]

আপনি শুনলে খুশী হবেন এর মধ্যে আমাদের লেবার ডাইরেক্টরেট অনেক জায়গায় বিড়ি শ্রমিকদের মজুরীর হার যাতে বাড়ান যায় তার জন্য চেষ্টা করছেন। কুচবিহারে কোহিনুর বিড়ি ফ্যাক্টরী দীর্ঘদিন ধ'রে বন্ধ ছিল। প্রায় দশ হাজার কর্মচারী এর সঙ্গে জড়িত ছিল। সরকার সেই কারখানা খুলে দিয়েছেন এবং লোকেরা কাজ পেয়েছেন। সুতরাং এবিষয়ে সরকারের দৃষ্টি নেই একথা যদি কেউ বলেন, তা হ'লে তিনি আসল সত্যকে বিকৃত করার চেষ্টা করছেন। শ্রীমতী গীতা মুখার্জী বললেন যে, এই বাজেটের মধ্যে তিনি না কি পুঁজিপতি শ্রেণীকে আক্রমণ করে অথবা পুঁজিবাদের বিরুদ্ধে যখন শ্রমিক আন্দোলন তৈরি হয় সেই আন্দোলনের উপর নির্ভর ক'রে সরকার কেমন ভাবে এগিয়ে যাবেন তার কোন নিদর্শন নেই। তাঁর মত একজন অ্যাসেম্বলি-র সভ্যার পক্ষে এরকম ধরনের মন্তব্য কিভাবে আসতে পারে জানি না। পশ্চিমবাংলায় সরকার গঠন করার পর থেকে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী পরিষ্কারভাবে বাংলা ভাষায় বলে দিয়েছেন যে, এই সরকার কোন ইন্ডাস্ট্রিয়েলিস্ট-এর পকেটের সরকার নয় এবং এই সরকার তার কাজের মধ্য দিয়ে শ্রমিক ও মেহনতী মানুষের যেটা ন্যায্য চাহিদা ও পাওনা সেটা পাইয়ে দেবে। শ্রমবিভাগ সেইভাবে কাজ করছেন। একথাও বাজেটের ভাষণের মধ্যে লেখা হয়েছে। আমি আপনার মাধ্যমে পরিষ্কারভাবে বলতে চাই, পুঁজিবাদী শ্রেণীর সঙ্গে আমাদের কোন সম্পর্ক নেই। শিল্পের ক্ষেত্রে যদি তারা আঘাত হানার চেষ্টা করে, শিল্পকে ভেঙ্গে দেবার চেষ্টা করে, তা হ'লে সরকার সেখানে এগিয়ে গিয়ে সেই শিল্পকে নিজের হাতে নিতে কুণ্ঠিত হবে না। সুতরাং এই অজুহাত সরকারের বিরুদ্ধে দেখান অসংগত ব'লে মনে করি। কেউ কেউ বলেছেন, শিল্পের ক্ষেত্রে সরকার ইচ্ছা ক'রে না কি স্ট্রাইক বন্ধ করতে যাচ্ছেন। এটা সত্যিকথা আমরা একটা অর্ডিন্যান্স আনতে চেয়েছিলাম। সেই অর্ডিন্যান্স-এর কথা যেদিন কাগজে বার হ'ল তার পর দিন থেকে প্রত্যেকটি কেন্দ্রীয় শ্রমিক সংস্থা বলতে আরম্ভ করলেন আমাদের মৌলিক অধিকার কেড়ে নেওয়া হচ্ছে। কিন্তু তাঁরা কেউ ভালভাবে দেখলেন না জন্তুটা কি? যে জন্তুটা রাস্তায় পড়ে আছে সেটা কুকুর, না গরু, না ভেড়া? এইভাবে না জেনেই তাঁরা চিৎকার করতে আরম্ভ করলেন এই অর্ডিন্যান্স-এ আমাদের সর্বনাশ হবে। দেওয়ালে দেওয়ালে পোস্টার লেখা হ'ল এই অর্ডিন্যান্স-এ আমাদের কি অসুবিধা হবে। কিন্তু আমি মনে করি, এই অর্ডিন্যান্স-এ কিছু ধারা যদি পশ্চিমবাংলায় প্রয়োগ করতে পারি, তা হ'লে পশ্চিমবাংলায় শিল্পের ক্ষেত্রে স্থায়ী শান্তি ফিরে আসবে। এই কথাই বাজেট স্পীচ-এ বলা হয়েছে যে, আমাদের কন্সিলিয়েসন অফিসার-এর হাতে ক্ষমতা নেই। আমাদের কন্সিলিয়েসন অফিসার-এর হাতে ক্ষমতা দিতে হবে। আমরা দেখেছি অনেক খামখেয়ালি ম্যানেজমেন্ট ইচ্ছা ক'রে কারখানা লক-আউট করে দেয়। কিন্তু তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার ক্ষমতা নেই। সেখানে আমাদের ক্ষমতা গ্রহণ করতে হবে। তাই আপনার মাধ্যমে এই সত্য ঘটনার কথা বলতে চাই। পশ্চিমবাংলায় শ্রমবিভাগ এসম্পর্কে পুরাপুরি ভাবে ওয়াকিবহাল আছেন এবং কিভাবে এই সমস্যার মোকাবিলা করা যায় সেজন্য চিন্তাও করছেন। কেউ কেউ বলেছেন জুট-এর ক্ষেত্রে শ্রমিকদের ৩৩৫ টাকা মাইনে করা হয়েছে, কিন্তু সেখানে শ্রমিকদের অবস্থার কিছুমাত্র উন্নতি হচ্ছে না। এটা একটা মৌলিক

প্রশ্ন। এর জবাবে আমাদের সকলকে উত্তর খুঁজতে হবে। এটা হচ্ছে যে কিছু সংখ্যক শ্রমিকদের যদি আমরা মাইনে বাড়িয়ে দিই, তা হ'লেও তাদের জীবনযাত্রার মানের পরিবর্তন সম্ভবপর হচ্ছে না।

লক্ষ্মীবাবুর ভাষায় যাঁরা পেশাদারী ট্রেড ইউনিয়ন করেন আমি তাঁদের কথা বলছি না। যাঁরা সত্যসত্যই শ্রমিকদের মধ্যে ট্রেড ইউনিয়ন করেন তাঁদের মধ্যে নাইন্টিনাইন পারসেন্ট লোক স্বীকার করেছেন যে, এই ২৩৫ টাকার ৫০ ভাগ চলে যায় মদ এবং জুয়ার পেছনে। স্যার, আমি অবাক হয়ে যাই পশ্চিমবাংলার একটা লোক চিৎকার ক'রে বলল না যে, শ্রমিকদের সমাজ চেতনাবোধের পরিবর্তন করা দরকার। কাউকে কিছু টাকা পাইয়ে দিয়ে পশ্চিমবাংলার শ্রমিকদের অবস্থার পরিবর্তন করা যায় এই প্রিমিটিভ আইডিয়ার মধ্য দিয়ে সমস্যার সমাধান হবে না: বোনাসের টাকা আগে ছিল ফোর পারসেন্ট, সেটাকে এইট পয়েন্ট থার্টিথ্রি পারসেন্ট করা হয়েছে। অনেক শিল্পে টুয়ান্টি পারসেন্ট, টুয়ান্টি-ফাইভ পারসেন্ট বোনাস দেওয়া হয়েছে। কিন্তু সেখানে শ্রমিকদের কাছে যদি জিজ্ঞাসা করা হয় এই যে টুয়ান্টি-ফাইভ পারসেন্ট বোনাস পেয়েছ এটা দিয়ে কি করেছ? কেউ হয়ত বলবে, বাড়ির জন্য ভাল জিনিস কিনে টাকা উড়িয়ে দিয়েছি, আর না হয় বলবে, মদ খেয়ে, জুয়া খেলে টাকা উড়িয়ে দিয়েছি। তবুও পশ্চিমবাংলার এক শ্রেণীর ট্রেড ইউনিয়নিস্ট এই স্লোগান চালিয়ে যাচ্ছেন। সেইজন্য পশ্চিমবাংলার শ্রম বিভাগ প্রথম এবং প্রধান কর্তব্য মনে করেছে, শ্রমিকদের সামাজিক চিন্তা-ধারার পরিবর্তন করা দরকার। এটা করা যেতে পারে, শ্রমিক কল্যাণমূলক কেন্দ্র গঠন ক'রে। এই জিনিস মহারাষ্ট্র তৈরি করেছে এবং আরও কতগুলি প্রদেশ করবার চেষ্টা করছে। পশ্চিম-বাংলাতে আমরা এই ধরনের শ্রমিক কল্যাণমূলক কেন্দ্র আরও বেশি ক'রে খুলতে চাচ্ছি যার মধ্য দিয়ে তাদের সমাজ চেতনাবোধ আনা সম্ভব হবে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, কিছু কিছু কারখানার কথা এখানে উল্লেখ ক'রে কেউ কেউ বলেছেন যে, অমুক কারখানায় অশান্তি হয়েছে, অমুক কারখানায় গণ্ডগোল করা হয়েছে এবং সরকার পক্ষ কিছু করেন নি। পশ্চিমবাংলায় কয়েক হাজার রেজিস্টার্ড ফ্যাক্টরি আছে সেখানে যদি ওয়ান পারসেন্ট গণ্ডগোল হয়, তা হ'লে দেখা যায় প্রতিদিন প্রায় ২৫/৩০টি কারখানায় গণ্ডগোল হচ্ছে। কিন্তু আমি বলতে পারি এত কারখানার মধ্যে ওয়ান পারসেন্ট কারখানায়ও গণ্ডগোল হয় নি। সারা পশ্চিমবাংলায় যেখানে ৬ হাজার কারখানা রয়েছে সেখানে ২/১টির নাম ক'রে যদি এই ৬ হাজার কারখানার কথা বলা হয়, তা হ'লে সেটা ঠিক হবে না। এটা চিন্তা করবার বিষয় এবং কোন বিজ্ঞান বুদ্ধিতে একথা বলে জানি না ১০/১২টি ইউনিটের দিকে তাকিয়ে পশ্চিম-বাংলার সমস্ত ইউনিটের ব্যাখ্যা করা হচ্ছে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমরা জানি পশ্চিমবাংলার কোথাও কোথাও এখনও অনেক মালিক আমাদের এই প্রোগ্রেসিভ শ্রমিক নীতি, প্রো-লেবার নীতি, প্রো-লেবার চিন্তাধারাকে গ্রহণ করতে পারছে না এবং তারা কিছু কিছু কারখানায় গণ্ডগোল করছে। তার মানে কি আমাদের সরকার গণ্ডগোল করাচ্ছেন? মাননীয় সদস্য শীশ মহম্মদ বললেন কলকারখানা থেকে সরকার লোকদের তাড়িয়ে দিচ্ছেন। তিনি একটা কারখানার নাম ক'রে বলেছেন, সেই কারখানায় নাকি সরকার শ্রমিকদের তাড়িয়ে দিয়েছেন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি তাঁকে জানিয়ে দিতে চাই যে, তিনি সেই শিল্প সম্পর্কে বিন্দুমাত্র সচেতন নন। একটা বন্ধ কারখানা খোলার জন্য বা খোলার পর কয়টা স্টেজ-এর মধ্য দিয়ে প্রোডাকসন আসে তার এ বি সি ডি জ্ঞান না থাকলে কি ক'রে শিল্প সম্বন্ধে আলোচনা করবেন? লক্ষ্মীনারায়ণ কটন মিলে কোন ছাঁটাই হয় নি। একটা সেডে প্রোডাকসন শুরু হয়েছে এবং আর একটা সেডে প্রোডাকসন শুরু হতে একটু দেরি হবে মেসিন্যারি ট্রাবলস-এর জন্য।

[7-30—7-40 p.m.]

আমরা জানি বারুইপুরে প্রডাকসন হতে ৮ মাস সময় লাগে, যাদবপুরে প্রডাকসন হতে ৩ মাস সময় লাগে, কারণ যে সমস্ত ইনস্ট্রুমেন্টের প্রয়োজন হয় সেগুলি বাইরে থেকে জাপান থেকে আনতে হবে। এই জিনিস আমরা বুঝব না, আমরা শুধু সমালোচনা করব এটা বিজ্ঞানসম্মত ব'লে আমি মনে করি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কেউ কেউ বলেছেন এই

সরকার ঘেরাও তুলে দিয়েছেন। ঘেরাওয়ে যে সমস্ত অসৎ ব্যবহার হয়--মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সরকার ঘেরাও-এ বিশ্বাস করে না, কিন্তু এই সরকার এই কথাও বলে না যে, শ্রমিকদের আইনসম্মত যে পাওনা সেই পাওনা তারা পাবে না। আমি পরিষ্কার ক'রে ব'লে দিতে চাই শ্রমিকদের ন্যায়সঙ্গত পাওনা, ন্যায্য পাওনা পাইয়ে দেবার জন্য সরকার সর্বদাই প্রস্তুত। সরকার এবং তার সমস্ত কর্মচারীরা প্রস্তুত। কোন কোন মাননীয় সদস্য বলেছেন এবং এই হাউসে একটা ট্র্যাডিসন তৈরি হয়ে গেছে যে, আমলাদের উপর আক্রমণ করতে শুরু করেছেন, কিন্তু আমি বলছি না যে, আমলারা কোথাও ভুল করেন না, কিন্তু আমি পার্টিকুলারলি লেবার ডিপার্টমেন্ট সম্পর্কে বলতে এই সম্পর্কে আমরা ওয়াকিবহাল আছি এবং পরিষ্কার ক'রে বলতে চাই যে, রাত্রি ১২টা পর্যন্ত আমাদের অফিসাররা আমাদের পাশে বসে সাহায্য করেন এই কথা যদি আমি অস্বীকার করি, তা হ'লে আমি সত্যকে অস্বীকার করব, অন্যায় করব। তাই আমি এই কথা বলতে বাধ্য হচ্ছি। অসংখ্য কনসিলিয়েসন-এর সঙ্গে আমরা প্রতিদিন জড়িত হয়ে পড়ছি। আজ পর্যন্ত পশ্চিমবাংলার হিস্ট্রি খুঁজলে পাওয়া যাবে না যে, কোন মন্ত্রী এতগুলি কনসিলিয়েসন করেন। এর ফলে আমাদের অনেক অসুবিধা হচ্ছে, আইনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পরিবর্তন করার পক্ষে অনেক অসুবিধা হচ্ছে, কিন্তু যে কথা গীতা মুখার্জী মহাশয়া বলেছেন যে, এদের দৃষ্টিভঙ্গির পরিবর্তন হয় নি, আমরা প্রমাণ ক'রে দিতে চাই যে, আমাদের দৃষ্টিভঙ্গির পরিবর্তন হয়েছে এবং তা কাজের মধ্যে দিয়ে শুধু বক্তব্যের মধ্যে দিয়ে নয়। আমরা সকাল থেকে সন্ধ্যে পর্যন্ত শ্রমিকের সঙ্গে ডাইরেক্ট মিট করি, তাদের প্রবলেম নিয়ে আলোচনা করি, তাদের সমস্যা সমাধানের জন্য চেষ্টা করি। কোন কোন মাননীয় সদস্য বলেছেন, এই সরকারের দৃষ্টিভঙ্গি মালিকঘেঁষা রয়েছে। একটা উদাহরণ যদি তিনি দেখাতে পারেন, আমি তা হ'লে দপ্তর ছেড়ে দেব। আমরা যে নীতি নিয়েছি তা হচ্ছে শিল্প ঘেঁষা নীতি, কারণ শিল্পই হচ্ছে প্রথম, তারপরে অন্য কাজ। শিল্পের জন্য আমাদের শ্রমিক ভাইরা বেঁচে আছেন। শিল্প যদি বন্ধ হয়ে যায়, আমাদের শ্রমিকরা আউট অব এমপ্লয়মেন্ট হয়ে যাবেন। শিল্পের যাতে কোন ক্ষতি না হয়, সেজন্য আমাদের প্রটেকসন দিতেই হবে। কিন্তু যেখানে আমরা দেখছি সেই শিল্পে মালিকদের অন্তর্দ্বন্দ্বের জন্য শিল্প নষ্ট হয়ে যাচ্ছে সেই সব শিল্প যাতে টেক-ওভার করা হয়, সরকার নিজেই যাতে পরিচালন ব্যবস্থা নিয়ে নিতে পারেন তার জন্য চেষ্টা করছি। আপনাদের চোখের সামনে দেখেছেন সেই ঘটনা কোলিয়ারী আমরা ওভারনাইট টেক-ওভার করেছি। আরো অনেক ইনডাস্ট্রি সরকার একের পর এক নিয়ে নিয়েছেন। একটা কথা না ব'লে পারছি না গভীর দুঃখ এবং লজ্জার জিনিস, যে সমস্ত ইনডাস্ট্রি সরকার নিজের হাতে নিচ্ছেন তার কোন মালিকানা, যার মালিক হচ্ছে জনগণ নিজে, শ্রমিকরা নিজেরা যেখানে মালিক, সেই সমস্ত ক্ষেত্রে আমরা দেখছি শ্রমিক নেতারা তাদের দৃষ্টিভঙ্গি পরিবর্তন করছে না। সেখানে তারা মনে করেন যে, সরকার নামক এক ব্যক্তি এই কারখানার মালিক, তার বিরুদ্ধে লড়াই করা উচিত। মাননীয় সদস্যা গীতা মুখার্জী মহাশয়া বলেছেন যে, পাবলিক সেক্টরে আমাদের দৃষ্টিভঙ্গি পরিবর্তন হয় নি, আমি সেখানে বলতে পারি পাবলিক সেক্টরে ট্রেড ইউনিয়ন করার ক্ষেত্রে তাদের দৃষ্টিভঙ্গির পরিবর্তন হয় নি। কিন্তু এটা তাদের মনে রাখা দরকার যে সিক ইন্ডাস্ট্রি--সে সমস্ত সিক ইন্ডাস্ট্রি ইমিডিয়েট ভায়েব্‌ল করা সম্ভব নয়।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একথা আমি আপনার কাছে পরিষ্কারভাবে ব'লে দিতে চাই, সত্যই পশ্চিমবাংলার শ্রমিক নেতাদের দৃষ্টিভঙ্গি যদি পরিবর্তন না হয়, তা হ'লে শুধুমাত্র সরকারকে অঙ্গুলি দেখিয়ে মিছিল পরিচালিত করলেই পরিবর্তন হবে না। যে ফ্লোর লেভেলে শ্রমিক এই আন্দোলন ক'রে এসেছে, আমি সে ক্যারেক্টার জানি, শ্রমিক নেতাদের বিরুদ্ধে তারা গর্জে উঠবে এবং আস্তে আস্তে সেই জিনিস আরম্ভ হয়েছে। অন্যায়ের বিরুদ্ধে তারা প্রতিবাদ করছে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সরকারী নীতি সম্বন্ধে কোন জটিলতা নাই, সরকারী নীতি অত্যন্ত পরিচ্ছন্ন। এ বিষয়ে যেন কোন সন্দেহ না থাকে। কেউ কেউ বলেছেন সরকারী পরিসংখ্যান--বন্ধ কারখানা সম্বন্ধে যা দেওয়া হয়েছে, তাতে তারতম্য আছে। মাননীয়

সদস্যদের আমি বলতে চাই যে, বন্ধ কারখানা বলতে কি বুঝায়, সেই সংজ্ঞা দেখে নেবার চেষ্টা করুন। বন্ধ কারখানা আজকে যেটা বন্ধ আছে, কাল সেটা খুলে যাচ্ছে, কাল যেটা খোলা আছে পরশুদিন হয়ত সেটা বন্ধ হচ্ছে। বন্ধ কারখানার স্ট্যাটিস্টিক্স উঠানামা করবে, উঠানামা করাই স্বাস্থ্যের লক্ষণ। পশ্চিমবঙ্গে আজকে তাই হচ্ছে। যে বক্তব্য রাখলেন সেটা ঠিক নয়।

অবশ্য একটা বিষয় সম্পর্কে কথা না ব'লে পারছি না। এগ্রিকালচার মিনিস্টার মাননীয় সাত্তার সাহেব যখন আছেন, তখন কথা বলার আরও সুবিধা হয়েছে। ভূমিহীন চাষী ক্ষেত-মজুর সম্পর্কে যে কথা বলা হয়েছে, সে বিষয়ে লেবার ডিপার্টমেন্ট-এর কিছু করার নাই। সেটা আমাদের ডিপার্টমেন্ট-এর আওতায় আসে না। কোন কোন সদস্য দাঁড়িয়ে উঠে আক্রমণ ক'রে বলেছেন, ক্ষেতমজুরদের সম্পর্কে আমরা কিছু করছিনা। তবে মাননীয় সদস্যরা শুনলে খুব খুশী হবেন যে, লেবার ডিপার্টমেন্ট থেকে ১৯৫৭ সালে মিনিমাম্ ওয়েজ অ্যাক্টে মিনিমাম্ পে যেমন বেঁধে দেওয়া হয়েছে, এই সমস্ত এগ্রিকালচার লেবারারদের জন্য, ক্ষেতমজুরদের জন্য একটা মিনিমাম্ পে বেঁধে দেওয়া হয়েছিল যা সারা বাংলায় কতকগুলি জায়গায় ভোগ করে। দুঃখের সঙ্গে স্বীকার করছি, সেই জিনিস বাস্তবে প্রয়োগ করা হচ্ছে না। দুঃখের সঙ্গে লক্ষ্য করছি, আমাদের ভূমিহীন চাষী ভাই, ক্ষেতমজুর পশ্চিমবঙ্গ পপুলেশনের প্রায় ৬০ ভাগ, সেই সমস্ত গ্রামে কোন সংগঠিত ট্রেড ইউনিয়ন-এর মধ্য দিয়ে তাদের দাবিদাওয়া এগিয়ে নিয়ে যেতে পারি নি এবং তাদের ন্যায্য দাবিদাওয়া পূরণ করার জন্য সরকারের হাতে কোন মেশিনারী নেই। সেজন্য সরকারের দৈন্য স্বীকার করতে কুণ্ঠা আছে। আমি আশা করব, এই সম্পর্কে খুব তাড়াতাড়ি একটা পলিসি গ্রহণ করতে পারব। সব শেষে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটা কথা না ব'লে পারা যাচ্ছে না। অনেকে ই এস আই সম্বন্ধে কথা বলেছেন। বিশেষ ক'রে তৃপ্তিবাবু বললেন, আসানসোলে যাতে ই এস আই হাসপাতাল তাড়াতাড়ি হয়। খুব আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, আসানসোলে ৬০ বেডের হাসপাতাল যক্ষ্মারোগীদের জন্য এবং আর একটা দুর্গাপুরে ই এস আই হাসপাতাল তৈরি করার পরিকল্পনা সরকার থেকে ইতিমধ্যেই নিয়ে নিয়েছি এবং কিছুদিনের মধ্যেই সেই হাসপাতাল বিল্ডিং যাতে আরম্ভ করা যায়, সেজন্য সরকার থেকে চেষ্টা করছি।

সব শেষে একথা পরিষ্কারভাবে বলতে চাই যে, আজকে শ্রমিকদের সম্পর্কে আমাদের চিন্তাধারা অত্যন্ত সুস্পষ্ট, কোন আবরণ নাই। খোলা মন নিয়ে আমরা এগিয়ে নিয়ে যাচ্ছি। যখানে ব্যর্থতা এসেছে, আমার মনে হয়, কোন বিশেষ অবস্থার জন্যই। বার বার আমরা চেষ্টা করছি বিশেষ অবস্থা থেকে উত্তীর্ণ হবার জন্য। সেটা বাজেট ভাষণে বলা হয়েছে। আমি চাই আবেদন করব, আমাদের ব্যয়বরাদ্দের দাবি প্রত্যেকে গ্রহণ করবেন এবং আমাদের স্বচ্ছ দৃষ্টিভঙ্গি যাতে বাস্তবে রূপায়িত হয় সেজন্য সকলে সাহায্য করবেন। মাননীয় শীশ মহম্মদ মহাশয় যে কাটমোশন এনেছেন, যদিও তাঁর বক্তব্যের সঙ্গে এই কাটমোশনের কোন সম্পর্ক নাই, সেই কাটমোশনের আমি তীব্র বিরোধিতা করছি, ক'রে আমার বক্তব্য শেষ করছি। বন্দে মাতরম্।

[7-40—7-47 p.m.]

শ্রীনাসিরুদ্দিন খানঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা বিশেষ ঘটনা সম্পর্কে আপনার মাধ্যমে সভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজ বিকাল চারটে সাড়ে চারটার সময় হঠাৎ চার-পাঁচ যুবকের একটি দল যাদের আমি কোন দিন চিনি না, জানি না—লবিতে আমার উপর চাপ সৃষ্টি করতে লাগলো এই ব'লে আমাদের কার্ড দিতে হবে। সম্প্রতি স্পীকারের গ্যালারিতে যে হাততালির ঘটনা ঘটে গেল—তার পরিপ্রেক্ষিতে কোন অজানা অচেনা লোককে কার্ড দেওয়া সম্ভবপর নয়— বলা সত্ত্বেও তারা আমার উপর চাপ সৃষ্টি করতে লাগলো। আমি একটু আগে বেরিয়ে নমাজ পড়তে যাচ্ছি দেখি সেই ব্যাচ ৫।৬ জন দলবন্ধ ভাবে বসে আছে। জানি না, কোন্ সদস্যের অনুমতি নিয়ে বা স্লিপ নিয়ে এই হাউসের

লবীতে এসেছে। তারা এখন দারুনভাবে আমায় ব্যঙ্গোক্তি করছে। এই যদি একজন সভ্যের অবস্থা এখানে হতে থাকে, তা হ'লে এর চেয়ে দুঃখের, এর চেয়ে আপশোষের ও পরিতাপের আর কিছু হয় ব'লে আমি জানি না।

Mr. Deputy Speaker: I am looking into the matter.

Now, I put cut motions Nos. 2 and 4 of Shri Timir Baran Bhaduri to vote.

The motion of Shri Timir Baran Bhaduri that the amount of the demand be reduced to Re.1, was then put and a division taken with the following result:—

Noes

Abdul Bari Biswas, Shri.
Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Aich, Shri Triptimay.
Ali Ansar, Shri.
Bandopadhayay, Shri Shib Sankar.
Bandyopadhyay, Shri Sukumar.
Basu, Shri Ajit Kumar (Mid.).
Biswas, Shri Kartic Chandra.
Bose, Shri Lakshmi Kanta.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Kanti Ranjan.
Dutta, Shri Hemanta.
Ghosh, Shri Lalit Kumar.
Ghosh, Shri Prafulla Kanti.
Goswami, Shri Sambhu Narayan.
Gyan Singh, Shri Sohanpal.
Hemram, Shri Kamala Kanta.
Khan, Shri Gurupada.
M. Shaukat Ali, Shri.
Mahato, Shri Satadal.
Mahato, Shri Sitaram.
Md. Safiullah, Shri.
Mojumdar, Shri Jyotirmoy.
Mondal, Shri Aftabuddin.
Mondal, Shri Anil Krishna.
Mukherjee, Shri Ananda Gopal.
Mukherjee, Shri Sanat Kumar.

Noes—contd.

Mukherjee, Shri Sibdas.
Mukhopadhyay, Shri Mahadeb.
Paul, Shri Bhawani.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Ray, Shri Siddhartha Shankar.
Saha, Shri Dulal.
Sarkar, Shri Nil Kamal.
Shaw, Shri Sachi Nandan.
Singhababu, Shri Phani Bhusan.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Topno, Shri Antoni.
Wilson-de Roze, Shri George Albert

Ayes

Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Abstentions

Ghosh, Shri Sisir Kumar.
Karan, Shri Rabindra Nath.
Mukhopadhyaya, Shrimati Geeta.
Mukhopadhyaya, Shri Girija Bhusan.
Murmu, Shri Rabindra Nath.
Sarkar, Shri Nitaipada.

The Ayes being 2 and the Noes 42, the motion was lost.

The motion of Shri Timir Baran Bhaduri that the amount of the demand be reduced by Rs.100, was then put and a division taken with the following result:—

Noes

Abdul Bari Biswas, Shri.
Abdur Rauf Ansari, Shri.
Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Bandyopadhyay, Shri Sukumar.
Banerjee, Shri Pankaj Kumar.

Noes—concld.

Bhattacharya, Shri Keshab Chandra.
Biswas, Shri Ananda Mohan.
Bose, Shri Lakshmi Kanta.
Chatterjee, Shri Kanti Ranjan.
Chatterjee, Shri Naba Kumar.
Chattopadhay, Shri Sukumar.
Das, Shri Barid Baran.
Das, Shri Sudhir Chandra.
De, Shri Asamanja.
Dutta, Shri Adya Charan.
Ghosh, Shri Sankar.
Ghosh, Shri Prafulla Kanti.
Goswami, Shri Sambhu Narayan.
Gyan Singh, Shri Sohanpal.
Halder, Shri Manoranjan.
Hatui, Shri Ganesh.
Isore, Shri Sisir Kumar.
Khan, Shri Gurupada.
Khan Nasiruddin, Shri.
M. Shaukat Ali, Shri.
Mahato, Shri Madan Mohan.
Mahato, Shri Satadal.
Mahato, Shri Sitaram.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Mohammad Idris Ali, Shri.
Mondal, Shri Anil Krishna.
Mondal, Shri Khagendra Nath.
Motahar Hossain, Dr.
Mukherjee, Shri Ananda Gopal.
Mukherjee, Shri Mrigendra.
Mukherjee, Shri Sibdas.
Mukhapadya, Shri Tarapoda.
Paik, Shri Bimal.
Paul, Shri Bhawani.
Roy, Shri Saroj.

Noes—contd.

Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.
Quazi Abdul Gaffar, Shri.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shri Ananda Gopal.
Roy, Shri Bireswar.
Roy, Shri Jagadananda.
Roy, Shri Madhu Sudan.
Saraogi, Shri Ramkrishna.
Saren, Shri Dasarathi.
Sarker, Shri Jogesh Chandra.
Singhababu, Shri Phani Bhusan.
Topno, Shri Antoni.
Wilson-de Roze, Shri George Albert.

Ayes

Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Abstentions

Basu, Shri Ajit Kumar.
Bhattacharjee, Shri Shibapada.
Fulmali, Shri Lal Chand.
Ghosh, Shri Sisir Kumar.
Mukherjee, Shri Biswanath.
Murmu, Shri Rabindra Nath.
Roy, Shri Aswini Kumar.
Sarkar, Shri Nitaipada.

The Ayes being 2 and the Noes 57, the motion was lost.

The motion of Shri Pradip Bhattacharyya that a sum of Rs.6,54,74,000 be granted for expenditure under Grant No. 30, Major Head: "38—Labour and Employment", was then put and agreed to.

Mr. Deputy Speaker: The House stands adjourned till 12 noon on Thursday, the 22nd March, 1973.

Adjournment

The House was accordingly adjourned at 7-47 p.m. till 12 noon on Thursday, the 22nd March, 1973, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met on the Assembly House, Calcutta, on Thursday, the 22nd March, 1973, at 12 noon.

Present

Mr. Speaker (Shri **APURBA LAL MAJUMDAR**) in the Chair, 12 Ministers, 9 Ministers of State, 2 Deputy Ministers and 151 Members.

[12-00—12-40 p.m.]

Mr. Speaker: Hon'ble Chief Minister, Shri Siddhartha Shankar Ray, will first make a statement.

শ্রীসিদ্ধার্থশংকর রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই আপনার কাছে অ্যাপোলোজাইস করছি যে, সিক্রেট সেসান ডাকার জন্য আপনাকে আমরা রিকোয়েস্ট করেছিলাম। কিন্তু আমি কাল রাত্রিবেলাতে খুঁটিয়ে দেখলাম যে, যে কথাগুলি এখানে বলব সেই কথাগুলি জনসাধারণের জানা উচিত এবং সিক্রেট সেসান হ'লে যে কথা এখানে হবে, যে বক্তৃতা এখানে হবে সেগুলি কেউ আমরা বাইরে বলতে পারবো না, সেটা উচিত হবে না। লোকেরা ভাববে, জনসাধারণ ভাববে যে গোপনে আমরা কিছু করছি। আমরা যেটা করতে চাচ্ছি সেটার জন্য লজ্জা পাবার কিছু নেই, গোপনতার কিছু নেই, এটা জনসাধারণকে পরিষ্কার ভাবে আমরা সকলেই জানাতে পারবো। আর জিনিসটা খুব একটা বড় ব্যাপার নয়। কিন্তু এখন অর্ডিনান্স মেকিং পাওয়ার নেই ব'লে লেজিসলেসান করতে হচ্ছে, একটি কলেজের ব্যাপার, আমি সিক্রেট রাখতে চাই না ব'লেই আপনাকে বলছি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যদি আধ ঘণ্টার জন্য হাউস এডজর্ন করেন, তা হ'লে ভাল হয়। কেন না এটা আমরা সিক্রেট রাখতে চাই না। আমাদের কোন সন্দেহই নেই যে, প্রত্যেক মাননীয় সদস্য আমার সঙ্গে একমত হবেন যে, এটা গোপন রাখার কিছুই নেই, এটা জনসাধারণের সকলের জানা উচিত। আর সিক্রেট হ'লে জনসাধারণকে জানান যাবে না, তাঁরা ভাববেন আমরা গোপন ভাবে দরজা বন্ধ ক'রে একটা অন্যায় কিছু করছি। আমরা কিছু অন্যায় ভাবে করছি না, একটি কলেজ সম্বন্ধে ব্যবস্থা গ্রহণ করতে যাচ্ছি। এই কলেজে কি রকম কাজ চলছে—অধ্যাপকদের কোন রকম সম্মান দেওয়া হয় না, কোন ছাত্রকে সম্মান দেওয়া হয় না, কোন বিশ্ববিদ্যালয়কে সম্মান দেওয়া হয় না। এমন ভাবে তাঁরা চলেছেন যে, একটা অসম্ভব অবস্থা চলেছে। সুতরাং এই ব্যাপারে আমরা আইন করবো। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে আমি বলছি, আধ ঘণ্টার জন্য হাউসটা এডজর্ন করুন যাতে বিলটা প্রকাশ্যে আসতে পারে এবং প্রত্যেক সদস্য তাঁদের বক্তব্য খোলাখুলিভাবে রাখতে পারেন। এটার খুব গুরুত্ব আছে এই কারণে, কেন না আমরা পরিষ্কার ভাবে সকলের কাছে জানাতে চাই যে, কিছু কিছু ম্যানেজিং কমিটি কলেজকে কি রকম ভাবে চালাচ্ছেন, যে রকম ভাবে মিসম্যানেজ করছেন, যে রকম ভাবে টাকা পয়সা নিয়ে ছিনিমিনি খেলছেন, সিডিউল্ড কাস্টদের স্কলারশিপ মেরে দিয়েছে—এই রকম যারা করছে তাদের আমরা বরদাস্ত করবো না। আর অধ্যাপকদের বিনা নোটিসে চাকরের মত তাড়িয়ে দেওয়া হয়েছিল। এ সরকার কিছুতেই এ জিনিস বরদাস্ত করবে না এটা পরিষ্কার ভাবে জানিয়ে দিতে চাই। তার জন্য আমরা এই বিলটা আনতে চাচ্ছি এত তাড়াতাড়ি করে কেন না কতকগুলি গুরুতর অভিযোগ এসেছে—তাড়াতাড়ি যদি না করা যায়, তা হ'লে আরো অনেক জিনিস হয়ে যাবে। মাননীয় সদস্যরা এখানে আছেন, তাঁরা জানেন, পশ্চিমবাংলার অধ্যাপক সমাজ আজ এক হয়ে দাঁড়িয়েছে, দলমত নির্বিশেষে সমস্ত অধ্যাপক সমাজ আজ এক হয়ে দাঁড়িয়েছেন, এখানে যাঁরা অধ্যাপক আছেন তাঁরাও সকলে আজকে এক হয়ে দাঁড়িয়েছেন এর বিরুদ্ধে। এই রকম ভাবে যদি চলে, তবে শিক্ষাব্যবস্থা সুষ্ঠু ভাবে চালানো

অসম্ভব হয়ে পড়বে। তার জন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটা আনতে চাই। আধ-ঘণ্টা সময় এইজন্য চাইছি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে মাননীয় সদস্যরা দেখতে পাবেন—বিলটিতে কিছুই নেই। আর্টিকেল ৩১এ আছে, ম্যানেজমেন্ট টেক-ওভারের ব্যাপার এমন কিছু নতুন নয়, অর্ডিনান্স মেকিং পাওয়ার ছিল না ব'লেই আমরা ভেবেছিলাম, সিক্রেট সেসান করবো। তারপরে দেখা গেল, আইনে আটকে যাবে। কোন অভিজ্ঞতা ছিল না ব'লেই মেস পার্লামেন্টারী প্রাকটিস আজকে সকালে দেখলাম. সেটা করলে আমরা যে বক্তব্য রাখবো সেটা বাইরে প্রকাশ করতে পারবো না, সংবাদপত্রে বলতে পারবো না যে, এই হয়েছে। কৃষ্ণ শুক্লা মহাশয়, অসমঞ্জ দে মহাশয়, হরপ্রসাদবাবু, এই এই বক্তৃতা দিয়েছেন বা হাউসের অন্যান্য সদস্যরা এই এই বক্তৃতা দিয়েছেন, এই সিদ্ধান্ত কিছুই বেরুবে না, আমরা বলতে পারবো না। জনসাধারণ ভাববে যে, গোপনে দরজা বন্ধ ক'রে আমরা খুব অন্যায় ভাবে একটা কলেজ নিয়ে নিচ্ছি। এখানে কেবল নেওয়াটা বড় কথা নয়, জনসাধারণকে আমাদের সঙ্গে রেখে নেওয়াটাই বড় কথা। এবং অধ্যাপক সমাজ সম্পর্ণরূপে দেখতে পাচ্ছেন যে, একটা প্রগতিশীল সরকার শিক্ষা ব্যবস্থাকে সুষ্ঠু করার জন্য প্রাণপণ চেষ্টা করছে। তাই আপনার কাছে মাননীয় অধ্যক্ষ মহাশয়, অ্যাপোলোজাইস করি, আপনাকে বিব্রত করার জন্য। আমি আপনার কাছে অনুরোধ করছি, আধ ঘণ্টার জন্য হাউসটা এডজর্ন করুন, এবং তারপরে আমরা ওপেন সেসান করবো।

শ্রীমতী ইলা মিত্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী যে প্রস্তাব এনেছেন—গতকাল সিক্রেট সেসানের কথা বলেছিলেন, আজকে জনসাধারণের কনফিডেন্স নিয়ে, তাদের সামনে সমস্ত কথা প্রকাশ ক'রে যখন প্রগতিশীল মোর্চার পক্ষ থেকে একটা ভাল কাজ হচ্ছে, প্রচেষ্টা হচ্ছে, বিলে কি আছে না আছে আমরা জানি না, সেটা দেখবো, তবে বিশেষ ক'রে শিক্ষকদের জীবনের নিরাপত্তা সম্পর্কে তিনি এখানে যেটুকু ইঙ্গিত দিয়েছেন, যেখানে এতবড় একটা কাজ হতে চলেছে—পশ্চিমবঙ্গের শিক্ষকদের অবস্থা আপনারা জানেন, চাকরির ক্ষেত্রে কি রকম নিরাপত্তার অভাব, টাকা পয়সা যে কম পান তাই নয়, শিক্ষার ক্ষেত্রে নিরাপত্তার যে অভাব তার বিরুদ্ধে একটা পদক্ষেপ যা এই সরকার নিতে চলেছেন এবং তার জন্য যে প্রস্তাব করেছেন সিক্রেট সেসান না ক'রে জনসাধারণের সামনে আমাদের সমস্ত কথা প্রকাশ করা—এই প্রস্তাব আমরা সমর্থন করছি এবং আপনাকে অনুরোধ করছি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর জন্য আপনি আমাদের সম্মতি দেবেন।

Mr. Speaker: Honourable Members, as per request of the Leader of the House, to-day was fixed for a secret session for at least half-an-hour. But after the statement just now made by the Leader of the House, the Hon'ble Chief Minister, that there is no need of holding any secret session, because the entire matter should be placed before the public and they should also know about it. I accept that no secret session will be held and as usual normal session will be held and the motion that will come before us will be discussed and it will be open to press and the public. So, as per request of the Leader of the House, I adjourn the House for half-an-hour. After half-an-hour we are going to meet and having a discussion in a normal way, and the normal business of the House will be taken up after we dispose of the motion that we expect to come before the House after half-an-hour. So, the House stands adjourned for 30 minutes.

(At this stage the House was adjourned for 30 minutes.)

(After adjournment)

Mr. Speaker: Honourable Members, if any of you who have not made an Oath or Affirmation of Allegiance, you may kindly do so.

(There was none to take oath.)

Starred Questions

to which answers were laid on the table

বাজারে সিগারেটের অভাব

*৭৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৫০৪।) **শ্রীঅশ্বিনী রায়ঃ** খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে কলিকাতার বিভিন্ন বাজারে কয়েকটি ধরনের সিগারেট একেবারেই পাওয়া যাইতেছে না;

(খ) অবগত থাকিলে, না পাওয়ার কারণ কি; এবং

(গ) সরকার এ বিষয়ে কি ব্যবস্থা করিয়াছেন?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) অত্যাবশ্যক খাদ্যসামগ্রী বিশেষ করিয়া কৃষিজাত দ্রব্য এবং কিছু কিছু ভোগ্যপণ্য খাদ্য ও সরবরাহ বিভাগের কার্যাবলীর আওতায় পড়ে। যেহেতু সিগারেট অত্যাবশ্যক খাদ্যসামগ্রীও নহে, ভোগ্যপণ্যও নহে, সেহেতু এই বিভাগ এই সম্পর্কে কিছু অবগত নহে।

(খ) এবং (গ) প্রশ্ন ওঠে না।

আর জি কর হাসপাতালে শিশু চিকিৎসা বিভাগ

*৭৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৮০৭।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে আর জি কর মেডিক্যাল কলেজ এবং হাসপাতালের শিশুবিভাগের (১) আংশিক সময়ের জন্য মাত্র একজন সাধারণ চিকিৎসক দিয়ে কাজ চালানো হইতেছে; (২) সম্প্রতি আবার ঐ চিকিৎসককে শিশুবিভাগের দায়িত্বসহ ঐ হাসপাতালের প্রিন্সিপ্যাল ও সুপারিনটেন্ডেন্ট হিসাবে নিয়োগ করা হইয়াছে।

(খ) সত্য হইলে, এরূপ করার কারণ কি; এবং উক্ত ডাক্তারের শিক্ষাগত যোগ্যতা কি;

(গ) বর্তমানে কতজন শিশু প্রতিদিন উক্ত হাসপাতালের আউটডোরে চিকিৎসার জন্য আসে এবং ইন্ডোরে কতজন শিশু চিকিৎসার সুযোগ পায়;

(ঘ) শিশুদের সুচিকিৎসার জন্য উক্ত হাসপাতালে কি কি ব্যবস্থা লওয়া হইয়াছে;

(ঙ) আর জি কর হাসপাতাল কি সরকারী হাসপাতাল; এবং

(চ) উক্ত হাসপাতালে আবাসিক ডাক্তারের সংখ্যা কত?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) (১) না।

(২) শিশু বিভাগের অ্যাসোসিয়েট প্রফেসর ডাঃ সোমনাথ বসুকে সম্প্রতি তিন মাসের জন্য প্রিন্সিপ্যাল ও সুপারিনটেনডেন্ট হিসাবে নিযুক্ত করা হয়েছে। তিনি শিশু বিভাগেরও দায়িত্ব পালন করছেন।

(খ) উক্ত ডাক্তারের দীর্ঘদিনের অভিজ্ঞতার দরুন এরূপ করা হইয়াছে। তাঁহার শিক্ষাগত যোগ্যতা এম বি (কলি), এম আর সি এস, এল আর সি পি, ডি সি এইচ (লন্ডন)।

(গ) প্রতিদিন গড়ে আউটডোরে ১০০।১৫০ জন নূতন শিশু রোগী এবং ৫০।৬০ জন পুরাতন শিশু রোগীর চিকিৎসা হয়। অন্তর্বিভাগে ৫০টি শয্যায় ৫০ জন রোগীর চিকিৎসা হয়।

(ঘ) আধুনিক চিকিৎসার সব কিছু ব্যবস্থাই আছে।

(ঙ) হ্যাঁ।

(চ) ৬ জন ওয়েস্ট বেঙ্গল হেল্থ সার্ভিসেসের ডাক্তার এবং ১১৯ জন স্টাইপেনডিয়ারি ডাক্তার আবাসিক ডাক্তার হিসাবে কাজ করেন।

পার্বত্য বনভূমি হইতে টাহর ও ঘোরাল প্রভৃতি মূল্যবান প্রাণী বিলোপ

*৭৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের পার্বত্য বনভূমি হইতে টাহর ও ঘোরাল কি সম্পূর্ণ বিলুপ্ত হয়ে গেছে; এবং

(খ) এই দুষ্প্রাপ্য ও মূল্যবান প্রাণীগুলিকে বিলুপ্তির হাত থেকে বাঁচাবার জন্য সরকার কি প্রচেষ্টা চালিয়েছেন?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

চা-শিল্প

*৭৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৭২।) **শ্রীনারায়ণ ভট্টাচার্য:** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৫ সনে এই রাজ্যে মোট কত একর জমিতে চায়ের আবাদ করা হত এবং ঐ সময়ে চা শিল্পে নিয়োজিত মোট শ্রমিকের সংখ্যা কত ছিল;

(খ) বর্তমানে পশ্চিমবঙ্গে চা আবাদী জমির পরিমাণ কত;

(গ) সরকার কি অবগত আছেন যে চা শিল্পে ক্রমাগত শ্রমিক সংখ্যা সংকোচ করা হইতেছে; এবং

(ঘ) অবগত থাকিলে, সংখ্যা সংকোচের কারণ কি?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) জমির পরিমাণ জানা নাই। ১৯৬৫ সালে চা-শিল্পে নিয়োজিত শ্রমিকদের সংখ্যা ছিল ১,৬৮,৬৪৯ জন।

(খ) ৯৪,৯৬১·৩৮ একর (১৯৭১ সালের হিসাব অনুযায়ী)।

(গ) না, এই ধারনা ঠিক নয়। নিম্নোধৃত পরিসংখ্যান হইতে দেখা যাইবে যে, কেবলমাত্র ১৯৬৮ সালেই শ্রমিক সংখ্যা সামান্য হ্রাস পাইয়াছে:

সাল		শ্রমিক সংখ্যা
১৯৬৫	...	১,৬৮,৬৪৯
১৯৬৬	..	১,৯৯,৫২২
১৯৬৭	..	২,০৯,৭৯৮
১৯৬৮	...	২,০৯,৫২৯
১৯৬৯	...	২,১৫,১৭৭
১৯৭০	...	২,২৪,১০৫
১৯৭১	...	২,২৮,৪১৮

(ঘ) প্রশ্ন উঠে না।

মহকুমা হাসপাতাল

*৭৮০। (অনুমোদিত প্রশ্ন নং *৫৪৯।) **শ্রীসুধীরচন্দ্র দাশঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মহকুমা হাসপাতালগুলির কাজকর্মের প্রতি দৃষ্টি রাখার জন্য কোন কমিটি আছে কি?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ হ্যাঁ, ভিজিটিং কমিটি আছে, তবে, এই কমিটিগুলির জায়গায় জনপ্রিয় কমিটি গঠনের বিষয়ে বিবেচনা করা হচ্ছে।

Report of the Vigilance Commission against Shri Kanak Lahiri

*781. (Admitted question No. *874.) **Shri ABDUL BARI BISWAS:** Will the Minister-in-charge of the Forests Department be pleased to state—

(a) whether there was any enquiry held by the Vigilance Commission against Shri Kanak Lahiri, Ex-Chief Conservator of Forests, West Bengal, at present promoted to the post of Inspector-General of Forests, Government of India, and

(b) if so, the report of the Commission?

The Minister for Forests Department: (a) Yes.

(b) As the Vigilance Commission's report is a secret one, it cannot be disclosed in the public interest. However, the matter was disposed of by Government after careful consideration and the proceedings against Shri Lahiri were dropped.

দূষিত ও ভেজাল তৈল ব্যবহারে বিকলাঙ্গ

*৭৮২। (অনুমোদিত প্রশ্ন নং *৯১১।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে সম্প্রতি কলিকাতার বস্তী অঞ্চলে দূষিত ও ভেজাল সরিষার তৈল ব্যবহার করিয়া কয়েকশত নরনারী বিকলাঙ্গ হইয়া পড়িয়াছেন;

(খ) সত্য হইলে, উক্ত নিরপরাধ নরনারীদের চিকিৎসার জন্য সরকার কোন ব্যবস্থা অবলম্বন করিয়াছেন কিনা;

(গ) ভেজাল তৈল সেবনে বিকলাঙ্গ ও অর্ধ-বিকলাঙ্গদের তালিকা সরকারের আছে কিনা; এবং

(ঘ) ভেজাল তৈল প্রস্তুতকারী ও সরবরাহকারীদের বিরুদ্ধে সরকার কোন ব্যবস্থা অবলম্বন করিয়াছেন কিনা?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) কলিকাতা পৌর অঞ্চলের অধীন কোন স্থানে ভেজাল সরষের তেল থেকে কোনও রোগের ঘটনা ঘটে নি। কিন্তু গত ১৯৭২ সালের আগস্ট মাসের মাঝামাঝি দক্ষিণ দমদম পৌর সভার অধীনে কোন কোন অঞ্চলে ভেজাল সরষের তেল থেকে পক্ষাঘাত রোগের প্রাদুর্ভাব ঘটে।

(খ) অনতিবিলম্বে সরকার থেকে রোগগ্রস্ত ব্যক্তিদের যথাযথ চিকিৎসার ব্যবস্থা করা হয়।

(গ) মোট ২৭১ জন লোক আক্রান্ত হন। ইহাদের নাম ও ঠিকানার তালিকা আছে।

(ঘ) আইনানুগ যথাযথ ব্যবস্থা নেওয়া হয়েছে।

গ্রামাঞ্চলে সরকারী পরিচালনাধীন হোমিওপ্যাথিক চিকিৎসালয়

*৭৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *১০৮০।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে সরকারী পরিচালনায় কোন হোমিওপ্যাথিক চিকিৎসালয় আছে কি;

(খ) থাকিলে, তার সংখ্যা কত; এবং

(গ) না থাকিলে, তা স্থাপন করার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) নেই।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) হ্যাঁ।

শালবনী থানার পীড়াকাটা ও ভীমপুর মৌজায় উপস্বাস্থ্যকেন্দ্র

*৭৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৯৮।) **শ্রীঠাকুরদাস মাহাতঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার শালবনী থানায় পীড়াকাটা (আবড়াডিহি) ও ভীমপুর মৌজায় উপস্বাস্থ্যকেন্দ্র নির্মাণের পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, কবে নাগাত তাহা কার্যকর হইবে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) আছে।

(খ) এখন সঠিক বলা সম্ভব নয়।

ইন্দাস থানার প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের সহিত সদর হাসপাতালের যোগাযোগ ব্যবস্থা

*৭৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৩০।) **শ্রীসনাতন সাঁতরাঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে ইন্দাস থানার প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটি সদর হাসপাতাল হইতে ৫৬ মাইল দূরে হওয়ায় এবং যোগাযোগের কোন ব্যবস্থা না থাকায় জরুরী ও বিশেষ ধরনের রুগীদের চিকিৎসার খুবই অসুবিধা হইতেছে; এবং

(খ) অবগত থাকিলে, ঐ স্বাস্থ্যকেন্দ্রের সহিত সদর হাসপাতালের যোগাযোগের জন্য ঐ স্বাস্থ্যকেন্দ্রে একটি অ্যাম্বুলেন্স দেওয়ার কোন ব্যবস্থা করা হইতেছে কি?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) জরুরী অবস্থায় গ্রামাঞ্চলের রোগীদের এ সব ক্ষেত্রে অসুবিধা হয়।

(খ) হ্যাঁ।

টিটাগড় পেপার মিলের সুপারভাইজার

*৭৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৫১০।) **শ্রীশুভেন্দু রায়ঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) সরকার কি অবগত আছেন যে, টিটাগড় পেপার মিলের কয়েকজন সুপারভাইজারকে ছাঁটাই করার ফলে ঐ মিলের অন্যান্য প্রায় চারশত সুপারভাইজার কাজে যোগদান না করায় ঐ মিলে অচল অবস্থার উদ্ভব হইয়াছে; এবং

(খ) অবগত থাকিলে, (১) কয়জন সুপারভাইজারকে ছাঁটাই করা হইয়াছে; এবং (২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন ?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) সুপারভাইজারি স্টাফদের এক অংশ কর্ম বিরতি পালন করিয়াছিলেন। কিন্তু তাহার ফলে ঐ মিলে অচল অবস্থার সৃষ্টি হইয়াছিল বলিয়া সরকারের জানা নাই।

(খ) (১) ছয় জনকে।

(২) শ্রমমন্ত্রীর হস্তক্ষেপের ফলে গত ১২ই মার্চ ১৯৭৩ তারিখে বিরোধটির মীমাংসা হইয়াছে।

সুন্দরবন এলাকায় স্বাস্থ্যকেন্দ্র

*৭৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৩৫।) **শ্রীবাসুদেব সাউটিয়ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীবহুল বিচ্ছিন্ন অঞ্চল সুন্দরবন এলাকায় বিশেষ ব্যবস্থা হিসেবে প্রতিটি বিচ্ছিন্ন অঞ্চলের জন্য একটি করে স্বাস্থ্যকেন্দ্র তৈরি করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা;

(খ) থাকিলে, কবে নাগাত উহা সম্ভব হইবে; এবং

(গ) সুন্দরবনের পাথরপ্রতিমা থানার মাধবনগর মৌজায় প্রস্তাবিত প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র তৈরির কাজ বর্তমানে কি অবস্থায় আছে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) জমি সংগ্রহের কাজ চলছে।

বিভিন্ন মেডিকেল কলেজে ছাত্রভর্তি

*৭৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৫৯।) **শ্রীশীতলচন্দ্র হেমব্রমঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ সালে এই রাজ্যের বিভিন্ন মেডিকেল কলেজে কতজন ছাত্র/ছাত্রী ভর্তি হইয়াছেন; জেলাওয়ারী তাহাদের সংখ্যা কত; এবং

(খ) মেডিকেল কলেজে ভর্তি হইতে হইলে ছাত্র/ছাত্রীর কি শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৭২-৭৩ শিক্ষাবছরে পশ্চিমবঙ্গের পাঁচটি সরকারী মেডিক্যাল কলেজের এবং বর্ধমান ও উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের প্রি-মেডিক্যাল কোর্সে জয়েন্ট এনট্রান্স পরীক্ষার ভিত্তিতে ৭২৯ জন ছাত্রছাত্রী ভর্তি হয়েছেন।

জেলাওয়ারী এ'দের সংখ্যা নিম্নরূপঃ—

জেলার নাম		সংখ্যা
(১) কলকাতা ও চব্বিশপরগনা	...	৪০১
(২) হাওড়া	...	৫২
(৩) নদীয়া	...	২৩
(৪) মুর্শিদাবাদ	...	১০
(৫) বর্ধমান	...	৬৪
(৬) হুগলী	...	৫০
(৭) মেদিনীপুর	...	৫৮
(৮) বীরভূম	...	১১
(৯) বাঁকুড়া	...	৩৫
(১০) পুরুলিয়া	...	৪
(১১) জলপাইগুড়ি	...	৭
(১২) পশ্চিম দিনাজপুর	...	২
(১৩) দার্জিলিং	...	৫
(১৪) কুচবিহার	...	৪
(১৫) মালদহ	...	১

রাজ্যের বাইরে (উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল কলেজের ক্ষেত্রে)—

জেলার নাম		সংখ্যা
(১) আগ্রা	...	১
(২) নিউ দিল্লী	...	১
মোট	...	৭২৯

(খ) ভর্তি হতে হ'লে প্রার্থীদের ইংরাজী, ভারনাকুলার, ফিজিকস, কেমিস্ট্রি ও বায়োলজী নিয়ে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষতের হায়ার সেকেন্ডারী পরীক্ষা অথবা তৎসমতুল পরীক্ষা পাশ ক'রে থাকা চাই।

পাখির অভয়ারণ্য

*৭৯০। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫।) **শ্রীমহম্মদ সফিউল্লাঃ** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কোন্ কোন্ জায়গায় পাখির অভয়ারণ্য আছে; এবং

(খ) এই রাজ্যে যে যে স্থানে শীতকালে যাযাবর পাখি আসে সেই সকল স্থানে অভয়ারণ্য সৃষ্টি করার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

বন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) সুন্দরবনের সজনেখালিতে।

(খ) লবণ হ্রদ অঞ্চলে একটি অভয়ারণ্য সৃষ্টি করার পরিকল্পনা বিবেচনাধীন আছে।

শ্যামাদাস বৈদ্যশাস্ত্রপীঠের স্টাফ সেট-আপ-এর অর্ডার

*৭৯১। (অনুমোদিত প্রশ্ন নং *৭৯০।) **শ্রীকাশীনাথ মিশ্র:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৭২ সালের সেপ্টেম্বর মাসে শ্যামাদাস বৈদ্যশাস্ত্রপীঠের স্টাফ সেট-আপ-এর অর্ডার দেওয়া হইয়াছে;

(খ) সত্য হইলে, এখনও ঐ অর্ডার কার্যকর না হওয়ার কারণ কি; এবং

(গ) কবে নাগাত উহা কার্যকর হইবে বলিয়া আশা করা যায়?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) ঐ অর্ডার কার্যকর করার জন্য আবশ্যক যথাবিধি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে ও হচ্ছে।

(গ) যথাসত্বর সম্ভব।

Re-employment of retrenched employees of Hindusthan Pilkington Glass Works Ltd., Asansol

***792.** (Admitted question No. *1071.) **Shri SUKUMAR BANDYOPADHYAY:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether an agreement in presence of Tribunal Judge with respect to case No. VIII—254 of 1965 in matter of retrenchment dispute of 80 workmen of Hindusthan Pilkington Glass Works Limited, Asansol, was signed for re-employment of the retrenched employees;

(b) whether the management had made recruitment thereafter in pursuance of Government order No. 4088-IR of the 17th September, 1965;

(c) if so, how many of the retrenched persons have so far been employed according to Tribunal award and aforesaid Government order;

(d) if it is a fact that the management has been violating the Tribunal award and Government order; and

(e) if so, the steps the Government has taken in this matter?

The Minister for Labour Department: (a) A bipartite 'Out of Court' settlement, inter alia, giving preference to the 80 retrenched workmen in cases of future recruitment was concluded between the Company and the Glass Factory Mazdoor Union, which was filed before the Fourth Industrial Tribunal holding session of the dispute at the moment, and the Tribunal gave its Award on the basis of the agreement.

(b) Yes.

(c) Seven workmen were re-employed shortly after the award and subsequently 20 more have been taken in employment.

(d) Glass Factory Mazdoor Union has lodged a complaint of non-implementation of the Award on 15th January 1973 to the Labour Directorate.

(e) The complaint is under investigation by the Labour Directorate.

উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজে উত্তরবঙ্গের ছাত্রদের ভর্তির সুযোগ

*৭৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৭৪।) **শ্রীনারায়ণ ভট্টাচার্য:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ সালে উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজে যাহারা ডাক্তারি পড়িবার জন্য ভর্তির সুযোগ পাইয়াছেন তাহাদের মধ্যে উত্তরবঙ্গের ছাত্রসংখ্যা কত; এবং

(খ) উত্তরবঙ্গের ছাত্ররা যাহাতে ঐ মেডিক্যাল কলেজে ভর্তির সুযোগ পায় তাহার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ছয় জন। [কুচবিহার—১, দার্জিলিং—১, জলপাইগুড়ি—৩ এবং মালদহ—১।]

(খ) সুপ্রিম কোর্টের এক রায়ে মেডিক্যাল কলেজে জেলা অথবা আঞ্চলিক ভিত্তিতে আসন বণ্টন ব্যবস্থা সংবিধান বিরোধী ব'লে বিবেচিত হয়েছে। তাই উত্তরবঙ্গের ছাত্র-ছাত্রীদের জন্য বিশেষ কোন ব্যবস্থা করা সম্ভব নয়। রাজ্যের অন্যান্য অঞ্চলের ছাত্রছাত্রীদের মত তাঁদেরও মেধার ভিত্তিতে ভর্তি হতে হয়।

বিভিন্ন শিল্পে শ্রমিক ধর্মঘট ও মীমাংসা

*৭৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *১১২৫।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিক:** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ মাস হ'তে জানুয়ারি, ১৯৭৩ পর্যন্ত কতগুলি শিল্পে শ্রমিক ধর্মঘট হয়েছে;

(খ) কতগুলি শিল্পে ধর্মঘটের মীমাংসা হয়েছে; এবং

(গ) কতগুলি কেস আদালতের বিচারাধীনে রয়েছে?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ২১০টি শিল্পে শ্রমিক ধর্মঘট হয়েছে।

(খ) ২০৩টি ধর্মঘটের মীমাংসা হয়েছে।

(গ) উপরোক্ত সময়কালে ধর্মঘট সংক্রান্ত কোন বিরোধ আদালতের বিচারাধীন নাই। তবে ১৯৭৩ সালের জানুয়ারি মাসের শেষে শিল্প ন্যায়পীঠ ও শ্রম আদালতগুলিতে মোট ২,০০৩টি শিল্প বিরোধ বিচারাধীন ছিল।

কুলবেড়্যা স্বাস্থ্যকেন্দ্র

*৭৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৯২।) **শ্রীসুধীরচন্দ্র দাস:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি থানার অন্তর্গত কুলবেড়্যার স্বাস্থ্যকেন্দ্রে বর্তমানে কয়টি শয্যা আছে;

(খ) ঐ শয্যার জন্য খাদ্য বরাদ্দ আছে কিনা;

(গ) ইহা কি সত্য যে, ঐ শয্যাগুলির জন্য খাদ্য বরাদ্দ বর্তমানে বন্ধ আছে; এবং

(ঘ) সত্য হইলে, তাহার কারণ কি; এবং ঐ শয্যাগুলির জন্য খাদ্য বরাদ্দ চালু রাখার কি ব্যবস্থা করিয়াছেন?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৬টি।

(খ), (গ) এবং (ঘ) অন্যান্য স্থানের মত এখানেও অধিকৃত শয্যাপ্রতি দৈনিক ২ টাকা ০ পয়সা আহার্যের জন্য বরাদ্দ করা আছে।

রোগীদের জন্য আহার্য সামগ্রী সরবরাহের জন্য ঠিকাদার নিযুক্ত করা হয়েছিল। কিন্তু তনি চুক্তি অনুযায়ী কোন দ্রব্য সরবরাহ করেন নি।

এখন আবার রোগীদের বিকল্প ব্যবস্থা ক'রে আহার্য দেওয়ার ব্যবস্থা হচ্ছে।

ইন্দাস ও পাত্রসায়ের থানায় শিক্ষিত ও অর্ধশিক্ষিত বেকারের সংখ্যা

*৭৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৩১।) শ্রীসনাতন সাঁতরাঃ শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় নুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হিসাব অনুযায়ী বাঁকুড়া জেলার ইন্দাস ও পাত্রসায়ের থানায় বর্তমানে মোট কতজন শিক্ষিত ও অর্ধশিক্ষিত বেকার আছেন; এবং

(খ) সরকার উক্ত বেকারদের চাকুরি দেওয়ার কি ব্যবস্থা করিয়াছেন?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) কর্মপ্রার্থীদের থানাভিত্তিক পরিসংখ্যান রাখা হয় না বং শিক্ষা অনুযায়ী পরিসংখ্যান ষাণ্মাসিক ভিত্তিতে রাখা হইয়া থাকে। ইন্দাস ও পাত্রসায়ের না দুইটি বাঁকুড়া ডিস্ট্রিক্ট এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের আওতায় পড়ে। ৩১এ ডিসেম্বর ১৯৭২ ারিখে ঐ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে রেজিস্ট্রিকৃত শিক্ষিত ও অল্প শিক্ষিত কর্মপ্রার্থীর খ্যা নিম্নরূপঃ—

শিক্ষিত (ম্যাট্রিক ও তদূর্ধ্ব)—২৭,৯৯২ জন।

স্কুল ফাইনাল অপেক্ষা নিম্নশিক্ষিত—৬,২৫০ জন।

(খ) বিভিন্ন উন্নয়ন পরিকল্পনার মাধ্যমে সরকার উক্ত কর্মপ্রার্থীদের কর্ম সংস্থানে ণ্টা করিতেছেন।

কাউন্সিল অফ হোমিওপ্যাথিক মেডিসিন

*৭৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৫১৫।) ডাঃ ভুপেন বিজলিঃ স্বাস্থ্য বিভাগের ন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, কাউন্সিল অফ হোমিওপ্যাথিক মেডিসিন নামক এক সংস্থা আছে;

(খ) অবগত থাকিলে, ঐ সংস্থা স্বয়ংশাসিত কিনা;

(গ) হোমিওপ্যাথিক চিকিৎসা পদ্ধতির উন্নয়নে এই পর্যন্ত যে সমস্ত কার্যসূচী গ্রহণ করা হইয়াছে তাহা ঐ কাউন্সিল মাধ্যমে হইয়াছে কিনা;

(ঘ) সরকার কি অবগত আছেন ঐ কাউন্সিলের সভাপতির পদ বৎসরাধিক কাল শূন্য আছে;

(ঙ) হোমিওপ্যাথিক গবেষণার জন্য কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গে গ্রান্ট দিয়া থাকেন কিনা; এবং

(চ) দেওয়া হইলে, সরকারের ঐ অর্থ যথাযথভাবে ব্যয় হইতেছে কিনা এবং গবেষণার অগ্রগতি সম্বন্ধে লক্ষ্য রাখার কোন ব্যবস্থা আছে কি?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ও (খ) হ্যাঁ।

(গ) প্রয়োজনবোধে কাউন্সিল হোমিওপ্যাথিক চিকিৎসা পদ্ধতির উন্নয়নের জন্য পরামর্শ দিয়ে থাকেন।

(ঘ) হ্যাঁ।

(ঙ) হোমিওপ্যাথির গবেষণার জন্য কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গে একটি কেন্দ্রীয় গবেষণা-কেন্দ্র স্থাপন করেছেন। এই কেন্দ্র পরিচালনার জন্য প্রয়োজনীয় অর্থ কেন্দ্রীয় সরকার ব্যয় করেন।

(চ) কেন্দ্রীয় গবেষণাকেন্দ্র পরিচালনার এবং গবেষণার অগ্রগতি সম্বন্ধে লক্ষ্য রাখার দায়িত্ব কেন্দ্রীয় সরকার স্থাপিত 'সেন্ট্রাল কাউন্সিল অফ রিসার্চ ইন ইন্ডিয়ান মেডিসিন অ্যান্ড হোমিওপ্যাথি'-নামক সংস্থার উপরে ন্যস্ত। এর জন্য ব্যয়িত অর্থ সম্বন্ধে লক্ষ্য রাখার দায়িত্ব কেন্দ্রীয় সরকারের।

মেডিক্যাল কলেজ ও হাসপাতালে টিচিং স্টাফের প্যানেল

*৭১৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৬০৫।) **শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, অভিজ্ঞ সরকারী ডাক্তারদের বিভিন্ন মেডিক্যাল কলেজ এবং হসপিট্যাল-এ টিচিং স্টাফ হিসাবে গ্রহণ করা হয়;

(খ) (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, ১৯৭২-৭৩ আর্থিক বৎসরে ঐরূপ ডাক্তারদের কোন প্যানেল তৈয়ারি করা হইয়াছে কি;

(গ) হইলে, উক্ত সিলেকসন্ কি কি বিষয়ের প্রতি লক্ষ্য রাখিয়া করা হইয়াছে; এবং

(ঘ) ঐ প্যানেল কতদিন পর্যন্ত ভ্যালিড্ থাকিবে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ, একটি 'প্রভিসনাল' প্যানেল প্রকাশিত হয়েছে।

(গ) ডাক্তারদের স্নাতকোত্তর উপাধি, নিম্নতর টিচিং পদে শিক্ষকতা বা বিশেষজ্ঞ চিকিৎসক হিসাবে অভিজ্ঞতার প্রতি লক্ষ্য রেখে টিচিং পদে নিয়োগের জন্য উপযুক্ত প্রার্থীদের নাম উক্ত প্রভিসন্যাল প্যানেলভুক্ত করা হয়েছে।

(ঘ) উপযুক্ত পরীক্ষা-নিরীক্ষার পর চূড়ান্ত প্যানেল প্রকাশিত হলে উক্ত প্রভিসন্যাল প্যানেল বাতিল হয়ে যাবে।

সজনেখালি অভয়ারণ্য

*৭১৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬।) **শ্রীমহম্মদ সফিউল্লাঃ** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) সুন্দরবনের সজনেখালি অভয়ারণ্যটি কবে এবং কি ভাবে গড়ে ওঠে;

(খ) এই মনোরম অভয়ারণ্যটি সংরক্ষণের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করেছেন; এবং

(গ) এই বিহঙ্গালয়ে কয় প্রজাতির পাখি বাসা বাঁধে?

বন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) সুন্দরবনের পাঁচমুখানি ও পীরখালি জঙ্গল এলাকায় রের বিশেষ সময়ে বিশ্বের বিভিন্ন জায়গার অনেক প্রজাতির পাখি আসে এটা লক্ষ্য ক'রে ,৬০ সালের ৭ই মে তারিখে এক সরকারী বিজ্ঞপ্তি দ্বারা ঐ অঞ্চলের সজনেখালি অভয়ারণ্য দাবে ঘোষণা করা হয়।

(খ) যথোচিত ব্যবস্থা করা হয়।

(গ) কমপক্ষে ২৮/৩০ প্রজাতির পাখি বাসা বাঁধে।

দামোদর আয়রন অ্যান্ড স্টীল ওয়ার্কস

*৮০০। (অনুমোদিত প্রশ্ন নং *১৪১৫।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** শ্রম বিভাগের ন্ত্রমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বর্ধমান জেলার রাণীগঞ্জ থানার অন্তর্গত দামোদর আয়রন অ্যান্ড স্টীল ওয়ার্কস গত দেড় বৎসর যাবৎ বন্ধ থাকার ফলে প্রায় চারশত শ্রমিক অনাহারে দিন কাটাইতেছেন; এবং

(খ) অবগত থাকিলে, উক্ত কারখানা খোলার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

বন্ধ ও দুর্বল শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) কারখানাটি গত ২৭এ অক্টোবর, ১৯৭১ তে বন্ধ আছে।

(খ) কারখানাটি খুলিবার উদ্দেশ্যে সরকারের মধ্যস্থতায় একটি ত্রিপাক্ষিক চুক্তি ক্ষরিত হইয়াছে।

বন বিভাগের অধীনে ডেপুটি রেঞ্জার ও ফরেস্টার

*৮০১। (অনুমোদিত প্রশ্ন নং *৬০৯।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** বন বিভাগের মন্ত্রিমহাশয় নুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সম্প্রতি বন বিভাগের অধীনে ডেপুটি রেঞ্জার/ফরেস্টার-এর পদের জন্য দরখাস্ত আহ্বান করা হইয়াছে;

(খ) সত্য হইলে, দরখাস্তকারীর মোট সংখ্যা কত;

(গ) এ বিষয়ে কোন পরীক্ষা গৃহীত হয়েছে কি;

(ঘ) বাঁকুড়া জেলার দরখাস্তকারীর সংখ্যা কত; এবং

(ঙ) মোট কতগুলি শূন্যপদ আছে এবং তন্মধ্যে বাঁকুড়া জেলায় শূন্যপদের সংখ্যা কত?

বন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) আনুমানিক ৩৩ হাজার।

(গ) না।

(ঘ) জেলাওয়ারি ভাগ এখনও সমাপ্ত হয় নি।

(ঙ) ডেপুটি রেঞ্জার/ফরেস্টার পদে আপাততঃ ৬৬টি শূন্য পদ আছে। বাঁকুড়া বন ভাগে বর্তমানে ২টি শূন্য পদ আছে।

গৌরীপুর ইন্ডাস্ট্রি

*৮৮১। (অনুমোদিত প্রশ্ন নং *১০৮৭।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় নুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া জেলায় রানীবাঁধ থানায় ছাঁদাপাথর নামক স্থানে গৌরীপুর ইন্ডাস্ট্রি নামে একটি শিল্প প্রতিষ্ঠান আছে; এবং

(খ) সত্য হইলে, (১) উক্ত শিল্প প্রতিষ্ঠানে বর্তমানে কতজন শ্রমিক কাজ করেন; (২) উক্ত শিল্প প্রতিষ্ঠানে কি কি কাজ হইয়া থাকে; (৩) বর্তমানে শ্রমিকদের বেতনহার কত; এবং (৪) উক্ত শিল্প প্রতিষ্ঠানের মালিক কে?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) উক্ত শিল্প প্রতিষ্ঠানে ৪০০ হইতে ৫০০ জন শ্রমিক কাজ করেন।

(২) উক্ত শিল্প প্রতিষ্ঠানে প্রধানতঃ উলফ্রাম নিষ্কাশনের কাজ হইয়া থাকে।

(৩) সাধারণতঃ পুরুষ শ্রমিকদের দৈনিক ২ টাকা হারে এবং মহিলা শ্রমিকদের দৈনিক ১ টাকা ৭৫ পয়সা হারে মজুরি দেওয়া হইয়া থাকে।

(৪) উক্ত শিল্প প্রতিষ্ঠানের মালিক শ্রীবিনোদকুমার রায়চৌধুরী।

Unstarred Questions to which written answers were laid on the table

পুরুলিয়া জেলায় ড্যামের কাজ

১৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ৯৬৪।) **শ্রীকিঙ্কর মাহাতোঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পুরুলিয়া জেলাতে কয়টি ড্যামের কাজ চলিতেছে এবং বর্তমানে কোন্ স্কীমে কত টাকা কত দিনের মধ্যে খরচ করা হইবে;

(খ) কোন্ স্কীমে কত একর জমির সেচ হইতে পারে;

(গ) উক্ত জেলার আর কোন্ কোন্ স্থানে জলসেচনের জন্য সরকারী পরিকল্পনা মঞ্জুর আছে;

(ঘ) ঝালদাতে কাড়িয়র বা ডিমু পরিকল্পনা আছে কি; এবং

(ঙ) রূপাই-এ কত টাকা ১৯৭৩ সালের জানুয়ারি মাস পর্যন্ত খরচ হইয়াছে?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বর্তমানে পুরুলিয়া জেলাতে ডাংরা, কুমারী, রূপাই, বান্দাজোড়, সাহারাজোড়, কেন্টবাজার, শঙ্খ এবং কুলবেড়িয়া প্রকল্পে আটটি ছোট ড্যামের কাজ চলিতেছে। এই প্রকল্পগুলির খরচ, সেচ এলাকা এবং শেষ করার সময়সীমা নিম্নরূপঃ

নাম	আনুমানিক খরচ (লক্ষ টাকায়)	সেচ এলাকা (একরে)	শেষ হইবার সময়সীমা
১। ডাংরা	১৪.২০	২,৫০০	১৯৭৩-৭৪
২। কুমারী	৬০.৯৫	৯,০০০	ঐ
৩। রূপাই	২৪.৯৮	৩,০০০	ঐ
৪। বান্দাজোড়	৬.৭২	২,১০০	ঐ
৫। সাহারাজোড়	১২,৫০০ রবি	৬২·০৭ (খরিফ) ১,৫০০ (রবি)	জুন ১৯৭৪
৬। কেন্টবাজার	১৪.৯৭	১,৭০০	জুন ১৯৭৫
৭। শংখ	৫.২৮	৬৪০	জুন ১৯৭৪
৮। কুলবেড়িয়া	৭.৩২	১,৫০০	জুন ১৯৭৪
মোট ..	১৯৬.৪৯	৩৪,৪৪০	..

(খ) 'ক' প্রশ্নের উত্তরে 'খ' প্রশ্নের উত্তর অন্তর্ভুক্ত করা হইয়াছে।

(গ) উপরি-উক্ত প্রকল্পগুলি ছাড়াও নিম্নলিখিত প্রকল্পগুলির কাজ চলিতেছেঃ

নাম	আনুমানিক খরচ (লক্ষ টাকায়)	সেচ এলাকা (একরে)
১। মাজরা, কাশীপুর	৭.৯৪	৭৫০
২। বন্ধু, আরসা	৪২.৩৩	৫,০০০
৩। তাম্না, পুরুলিয়া	৬.১২	১,২০০
৪। ফুলঝোড়, আরসা	৪.৭৫	৪০০
৫। ককিড়ি, ঝালদা	১.২৯	২৫০
৬। কাঁসাই, ঝালদা	১.৩৬	৫৮৫

এগুলি ছাড়া অন্য কোন অনুমোদিত সেচ প্রকল্প নাই।

(ঘ) হ্যাঁ, উহা পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনায় অন্তর্ভুক্ত করার প্রস্তাব বিবেচনাধীন আছে।

(ঙ) ৯·৫ লক্ষ টাকা।

পশ্চিমবঙ্গে আদিবাসী হোস্টেলের সংখ্যা

১৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৫৬।) **শ্রীশীতলচন্দ্র হেমরমঃ** তফসিলী ও আদিবাসী-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় কতগুলি আদিবাসী হোস্টেল আছে;

(খ) উক্ত হোস্টেলগুলিতে কতজন ছাত্রছাত্রী থাকে; এবং

(গ) হোস্টেল চার্জ বাবত বাৎসরিক সরকারের কত টাকা ব্যয় হইয়া থাকে?

তফসিলী ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) সরকারী ব্যয়ে নির্মিত ১১৬টি। বে-সরকারী হোস্টেলের সংখ্যা সম্পর্কে তথ্য সংগৃহীত নাই।

(খ) ২,৩৩০ জন।

(গ) প্রায় ১৩ লক্ষ টাকা।

হাঙর সেচখাল ও ট্যাংরা সেচখাল খনন প্রকল্প

১৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ৭৪৫।) **শ্রীমিতাইপদ সরকারঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নদিয়া জেলার ২নং রাণাঘাট ব্লকের অধীন হাঙর সেচখাল খনন ও ট্যাংরা সেচখাল খননের প্রকল্প সরকার অনুমোদন করিয়াছিলেন;

(খ) সত্য হইলে, উক্ত প্রকল্প দুইটি কার্যকরী না হইবার কারণ কি; এবং

(গ) কতদিনের মধ্যে উক্ত প্রকল্প দুইটির কাজ শুরু হইবে বলিয়া আশা করা যায়?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হাঙর সেচখাল খনন ও ট্যাংরা সেচখাল খনন নামে কোন প্রকল্প নাই। তবে হাঙর জলনিকাশী প্রকল্প এবং ট্যাংরা জলনিকাশী প্রকল্প নামে দুইটি প্রকল্প অনুমোদনের জন্য সরকারের বিবেচনাধীন আছে।

(খ) সরকারী নিয়ম মাফিক চূড়ান্ত অনুমোদন সাপেক্ষে, দুইটি প্রকল্পের কাজ শুরু করে দেওয়া হয়েছে।

(গ) এই প্রশ্ন উঠে না।

জোকা অঞ্চল পঞ্চায়েত এলাকায় গভীর নলকূপ

১৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ৯৪৫।) **শ্রীরামকৃষ্ণ বর:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বেহালা থানার জোকা অঞ্চল পঞ্চায়েত এলাকায় গভীর নলকূপ স্থাপনের পরিকল্পনাটি অনুমোদিত হইয়াছে কি; এবং

(খ) হইয়া থাকিলে, উহা কতদিনে কার্যকরী হইবে?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) না।

(খ) এ প্রশ্ন উঠে না।

পুরুলিয়া জেলায় ক্র্যাশ প্রোগ্রাম

১৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ৯২৫।) **শ্রীশরৎ দাস:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৭২ সালের মার্চ হইতে ১৯৭৩ সালের ১৯এ ফেব্রুয়ারি পর্যন্ত পুরুলিয়া জেলায় ক্র্যাশ প্রোগ্রাম-এ কতগুলি ও কোন্ কোন্ ব্লকে জোড়বাঁধ ও ডাগওয়েল তৈয়ারি করা হইয়াছে?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়: কোন জোড়বাঁধ হয় নাই। নিম্নলিখিত চারটি ব্লকে মোট ১৩টি ওয়েল খনন করা হইয়াছে।

ব্লকের নাম	ওয়েলের সংখ্যা
১। পুরুলিয়া ১	২টি
২। পুরুলিয়া ২	৪টি
৩। ঝালদা ১	৩টি
৪। রঘুনাথপুর ১	৪টি
মোট	১৩টি

কলিকাতাবাসীদের দৈনিক বিভিন্ন ধরনের মাংসের চাহিদা

১৯০। (অনুমোদিত প্রশ্ন নং ৭০০।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** মিউনিসিপ্যাল সার্ভিসেস বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতাবাসীদের দৈনিক কত টন গরু, মহিষ, ছাগল, ভেড়া ও শূকরের মাংসের প্রয়োজন হয়;

(খ) ঐ সমস্ত মাংস পরীক্ষা করিয়া বাজারে ছাড়া হয় কি;

(গ) সরকারের কোন পিলখানা (স্লটার হাউস) আছে কি; এবং

(ঘ) থাকিলে—

(১) এইগুলি কোথায় কোথায় অবস্থিত; এবং

(২) কি কি প্রাণী সেখানে হত্যা করা হয়?

মিউনিসিপ্যাল সার্ভিসেস বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এই সম্পর্কে কোন তথ্য সরকার বা কলিকাতা কর্পোরেশনের নেই।

(খ) কলিকাতা কর্পোরেশনের পিলখানায় যেসকল প্রাণী হত্যা করা হয়, তাদের মাংস বিক্রী করার আগে যথোপযুক্ত পরীক্ষা করা হয়।

(গ) কলিকাতায় সরকারের কোন পিলখানা নেই।

(ঘ) প্রশ্ন উঠে না।

মেদিনীপুর জেলায় ক্ষুদ্রচাষী উন্নয়ন প্রকল্প

১৯১। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৬৯।) **শ্রীঅজিতকুমার বসুঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলাতে ১৯৭২-৭৩ সালে ক্ষুদ্রচাষী উন্নয়ন প্রকল্পের জন্য কত টাকা বরাদ্দ করা হইয়াছে; এবং

(খ) ঐ জেলাতে কোন্ কোন্ ব্লকে কত টাকা ঐ বাবত বরাদ্দ করা হইয়াছে?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) মেদিনীপুর জেলাতে কোন ক্ষুদ্রচাষী উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয় নাই; সুতরাং ঐ জেলাতে উক্ত প্রকল্পের জন্য কোন টাকা বরাদ্দ করার প্রশ্ন উঠে না।

(খ) উপরি-উক্ত উত্তরের পরিপ্রেক্ষিতে এ প্রশ্ন উঠে না।

ভগবানগোলা ২নং ব্লকের অফিসগৃহ নির্মাণের জন্য স্থান

১৯২। (অনুমোদিত প্রশ্ন নং ৯৭০।) **শ্রীমহম্মদ দেদার বক্সঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন (সমষ্টি-উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা ২নং ব্লকের অফিসগৃহ নির্মাণের জন্য স্থান নির্ধারণ করা হয়েছে;

(খ) সত্য হলে, এখনও জমি অধিগ্রহণ না করার কারণ কি; এবং

(গ) কবে নাগাত উক্ত অফিসগৃহ নির্মাণের কাজ শুরু হবে?

কৃষি ও সমষ্টি-উন্নয়ন (সমষ্টি-উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) অফিসগৃহ নির্মাণের জন্য নির্ধারিত জমিটি সরকারী অনুমোদন লাভ করিবার পর স্পেশ্যাল ল্যান্ড অ্যাকুইজিশান কালেক্টার জমিটি পরিদর্শন করেন ও কতকগুলি পরিবর্তনের প্রস্তাব পেশ করেন। ঐ প্রস্তাবটি বিচার-বিবেচনা সাপেক্ষে অধিগ্রহণের কাজ বন্ধ থাকে। গত ডিসেম্বর মাসে ঐ প্রস্তাবিত পরিবর্তনগুলি গ্রহণ করিয়া নতুন ভাবে সরকারী অনুমোদন ঘোষিত হয়। এক্ষণে জমি অধিগ্রহণ সম্পর্কিত কার্য শুরু হইয়াছে।

(গ) অধিগ্রহণের কাজটি বিভিন্ন সংবিধিবদ্ধ দায়িত্ব পালনের মাধ্যমে কার্যকর হয় বলিয়া, স্বাভাবিক ভাবেই কখনও কখনও দীর্ঘ সময়সাপেক্ষ হয় এবং ঐ কারণে গৃহনির্মাণকার্য শুরু হওয়ার সম্ভাব্য সময় সম্বন্ধে এখনই বলা সম্ভব নহে।

Development of Digha Pilot Fishery Project Area

193. (Admitted question No. 931.) **Shri ABDUL BARI BISWAS:** Will the Minister-in-charge of the Fisheries Department be pleased to state—

(a) the estimated cost of reclamation and earthwork for the full development of the Digha Pilot Fishery Project area according to the scheme;

(b) the actual capital cost of reclamation and earthwork for development so far;

(c) if any work under Crash Scheme for Rural Employment was executed for development of any part of the project site, then (i) how many acres of land were comprised in this part, (ii) how much water area was created thereby and (iii) the actual capital cost of reclamation and earthwork in respect of the said part;

(d) the Government scheduled rate of earth cutting (1,000 cft. without extra lead and lift) for the local areas of Digha, Alampore and Fresergunje (i) at the time of preparation of the scheme and (ii) at the time the detailed estimates were prepared; and

(e) the estimated quantity of earthwork involved per acre of land for full development on the basis of which the scheme was prepared in respect of all the three projects of Digha, Alampore and Fresergunje?

The Minister for Fisheries: (a) Rs. 2.43 lakhs.

(b) Rs. 7.72 lakhs.

(c) Yes. (i) 43 acres, (ii) 19 acres, (iii) Rs. 2,33,806.

(d) There was no Government scheduled rate for earth cutting (1.000 cft. without lead and lift) for excavation of tanks.

(e)—

Project				Estimated quantity of earthwork per acre of land.
Digha Project	...	...	...	50,425 cft.
Alampore Project	...	...	...	17,330 cft.
Fresergunje Project	...	...	...	54,018 cft.

পশ্চিমবঙ্গে টেস্ট রিলিফের কাজ তদারকির জন্য পে-মাস্টার ও মোহরার

১৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ৯৫৮।) **শ্রীকাশীনাথ মিশ্র:** ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে যেসব জেলাতে টেস্ট রিলিফের কাজ হয় তাহা তদারক করার জন্য প্রতি স্কীম-এর জন্য পে-মাস্টার ও মোহরার নিয়োগ করা হয়;

(খ) সত্য হইলে, প্রতি পে-মাস্টার ও মোহরারকে কত টাকা হারে দৈনিক বেতন দেওয়া হয়;

(গ) ১৯৭২ সালে বাঁকুড়া জেলার প্রতি ব্লকে কতজন পে-মাস্টার ও মোহরারকে নিয়োগ করা হইয়াছিল; এবং

(ঘ) উক্ত কর্মচারীদের নিয়োগপত্র কিভাবে দেওয়া হয় এবং যোগ্যতার মাপকাঠি কি?

ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) প্রতি পে-মাস্টারকে দৈনিক ৫ টাকা হারে এবং প্রতি মোহরারকে দৈনিক ৩ টাকা হারে বেতন দেওয়া হয়।

(গ) একটি বিবরণী নিম্নে দেওয়া হইল।

(ঘ) প্রতি ব্লকে স্থানীয় ব্লক রিলিফ কমিটির সহযোগিতায় এবং স্থানীয় এম এল এ-র অনুমোদনক্রমে পে-মাস্টার ও মোহরার নিয়োগ করা হয়। যেসকল ক্ষেত্রে স্কুল ফাইন্যাল উত্তীর্ণ অথবা ততোধিক শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন ব্যক্তি পাওয়া যায়, সেসকল ক্ষেত্রে উক্ত ব্যক্তিদিগকে নিয়োগ করা হয়। যে ক্ষেত্রে উক্ত যোগ্যতাসম্পন্ন ব্যক্তি পাওয়া যায় না, সে ক্ষেত্রে উপার্জনহীন পরিবারের বেকার যুবকদের বিশেষ সুবিধা দেওয়া হয়।

Statement referred to in reply to cluase (Ga) of unstarred question No. 194.

১৯৭২ সালের বাঁকুড়া জেলার প্রতি ব্লকে টেস্ট রিলিফের কার্যের জন্য যে পে-মাস্টার ও মোহরারদিগকে নিয়োগ করা হইয়াছিল তাহার সংখ্যা নিম্নে প্রদত্ত হইলঃ

ক্রমিক নং		(জন হিসাবে) পে-মাস্টার	মোহরার
১।	বাঁকুড়া ১নং ব্লক	৫২	৫২
২।	বাঁকুড়া ২নং ব্লক	১৫৩	১৬৬
৩।	ওন্দা ব্লক	৩০৪	৩৫৪
৪।	ছাতনা ব্লক	২৯৮	৩৫১
৫।	শালতোড়া ব্লক		
৬।	গঙ্গাজলঘাটী ব্লক	১৩৭	১৪১
৭।	বড়জোড়া ব্লক	১৬৯	১৭৯
৮।	মেজিয়া ব্লক	৯৮	১০৯
৯।	ইন্দপুর ব্লক	২০৩	২৬৩
১০।	খাতড়া ১নং ব্লক	১০১	১২৩
১১।	খাতড়া ২নং ব্লক	১০৪	১৩১
১২।	রাইপুর ১নং ব্লক	৯৭	১১৫
১৩।	রাইপুর ২নং ব্লক	১০৩	১১৭
১৪।	তালডাংরা ব্লক	২৬১	৩০৮
১৫।	রাণীবাঁধ ব্লক	৯৬	৯৯
১৬।	সিমলাপাল ব্লক	১২৩	১৩২
১৭।	কোতলপুর ব্লক	১০৩	৭১
১৮।	ইন্দাস ব্লক	৮৬	৯০
১৯।	বিষ্ণুপুর ব্লক	১৪৮	১৪৮
২০।	জয়পুর ব্লক	৩১০	১৭৩
২১।	সোনামুখী ব্লক	১৮৮	[illegible]
২২।	পাত্রসায়ের ব্লক	১০৯	১১৩

পুলিস স্টেশনে ও রেল স্টেশনে অনুষ্ঠিত কালীপূজা ও অন্যান্য পূজার সংখ্যা

১১৫। (অনুমোদিত প্রশ্ন নং ১০৩০।) **শ্রীভবানীপ্রসাদ সিন্‌হা রায়ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের সরকারী হিসাব অনুযায়ী পশ্চিমবঙ্গের কতগুলি পুলিস স্টেশনে ও রেল স্টেশনে কালীপূজা অনুষ্ঠিত হইয়াছে;

(খ) উক্ত সময়ে ঐ স্থানসমূহে অন্য আর কোন দেবতার পূজা হইয়াছে কিনা এবং হইলে কোন্ কোন্ দেবতার;

(গ) ঐসব জায়গায় কোন-না-কোন অনুষ্ঠানকে কেন্দ্র করিয়া যাত্রা, থিয়েটার বা অন্য কো[illegible] আয়োজন করা হইয়াছে কিনা এবং হইলে, কতগুলি থানা বা রেল স্টেশনে হইয়াছে এবং

(ঘ) এইসব আয়োজনের অর্থ কোথায় হইতে এবং কেমন ভাবে আসে এ বিষয়ে সরকারে[illegible] কোন তথ্য থাকিলে, তাহা কি?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৫৫টি পুলিস স্টেশনে এবং ৮টি রেল স্টেশনে কালীপূজা অনুষ্ঠিত হইয়াছে।

(খ) হ্যাঁ। ১২টি পুলিস স্টেশনে সরস্বতী পূজা, ২টি পুলিস স্টেশনে দুর্গা পূজা হইয়াছে। ৬টি পুলিস থানায় প্রত্যহ শিব পূজা অনুষ্ঠিত হয়। ৪টি রেল স্টেশনে দুর্গা পূজা অনুষ্ঠিত হইয়াছে।

(গ) হ্যাঁ। ৩২টি পুলিস স্টেশনে যাত্রা এবং একটি পুলিস স্টেশনে জলসার আয়োজন করা হইয়াছিল। ৫টি রেল স্টেশনে যাত্রার আয়োজন করা হইয়াছিল।

(ঘ) থানার [illegible], হোমগার্ডদের এবং ঐ এলাকার রেজিস্টান্স গ্রুপ-এর নিকট হইতে প্রাপ্ত চাঁদার সাহায্যে এইসব আয়োজন অনুষ্ঠিত হইয়া থাকে। বেলঘরিয়া রেল স্টেশনের অনুষ্ঠানে জনসাধারণের নিকট হইতে অর্থ সংগ্রহ করা হইয়াছিল। কলিকাতা পুলিসের কয়েকটি ক্ষেত্রে "ক্যালকাটা পুলিস হসপিটালিটি অ্যান্ড এন্টারটেনমেন্ট ফান্ড" হইতে যৎসামান্য অর্থ কেবলমাত্র পূজা অনুষ্ঠানের জন্য বরাদ্দ করা হইয়াছিল।

সুন্দরবনে যাযাবর পাখি

১১৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪।) **শ্রীমহম্মদ সফিউল্লাঃ** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সুন্দরবনে কত জাতের পাখি বর্ষায় এবং শীতকালে এসে বাসা বাঁধে এবং ঐ সমস্ত পাখির বৈজ্ঞানিক ও স্থানীয় নাম কি;

(খ) সরকার কি অবগত আছেন যে, অসংখ্য যাযাবর পাখি শিকারীদের হাতে নিহত হয়; এবং

(গ) অবগত থাকিলে, তাহার প্রতিকারকল্পে সরকার কি ব্যবস্থা অবলম্বন করেছেন?

বন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পরীক্ষা-নিরীক্ষা ব্যতিরেকে সুন্দরবনে বর্ষায় এবং শীতকালে কত জাতের পাখি এসে বাসা বাঁধে তা বলা সম্ভব নয়। সাধারণভাবে বলা যায় যে, বর্ষায় একমাত্র "পাইড ক্রেস্টেড কাক্কু" ব্যতীত আর কোন পাখি সুন্দরবনে আসে না; তবে কিছু স্থানীয় পাখি জীবনধারণের জন্য খাদ্যের খোঁজে ও প্রজনন উদ্দেশ্যে বাসা বাঁধবার উপযুক্ত জায়গার খোঁজে স্থান পরিবর্তন করে।

শীতকালে যেসব পাখি সুন্দরবনে আসে তার একটি তালিকা নিম্নে দেওয়া হইল। [illegible] পাখির নাম বাংলায় জানা না থাকায় সম্ভবমত কিছু পাখির বাংলা নাম দেওয়া হয়েছে।

(খ) এমন কোন সংবাদ সরকারের জানা নেই।

(গ) প্রশ্ন ওঠে না।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 196.

List of winter visitors (Strictly Migratory) to Sunderbans

Local Name	Vernacular Name	Scientific Name
Great Black-headed Gull	সিন্ধুচিল	*Larus ichthyaetus* Pallas
Brown headed Gull		*Larus brunincephalus* (Jerdon)
Caspian Tern		*Hydroprogne caspia* (Pallas).
Painted Stock		*Ibis leucocephalus* (Pennant).
Blacknecked Stork		*Xenorhynchus asiaticus* (Latham
Adjutant Stork	হাড়গিলে	*Leptoptiles dubius* (Gmelin).
Painted Snipe	বাগগাজী	*Rostratula benghalensis* (Linn eus).
Whimbrel		*Numenius Phaeopus* (Linnaeus)
Curlew		*Neumenius argua* (Linnaeus).
Black-tailed Godwit		*Limosa limosa* (Leister).
Little Stint		*Calidris minutus* (Leister).
Cunlin		*C. alpinus* (Linnaeus).
Eastern Knot		*C. tenuirostris* (Horsfield).
Curlew Sandpiper		*C. testaceus* (Pallas).
Green Shank		*Tringa nebularia* (Gunnerus).
Terek Sandpiper		*Tringa terek* (Latham).
Snipe billed Godwit	কাদাখোঁচা	*Limondromus semipalma*— (Blyth).
Common Sandpiper		*Actitis hypolencos* (Linn.).
Wood Sandpiper		*Tringa glareola* (Linn.).
Fantail Snipe		*Gallinago gallinago* (Linn.).
Little Ringed Plover		*Charadrins dubius*.
Brahmini Duck	চখা	*Todorna ferruginea* (Pallas).
Pintail	হাঁস	*Anas crecea* (Linn.).
White-eyed Pochard	ভুতিহাঁস	*Aytha nyroca* (Guldenstaf
Black-headed Gull	সিন্ধুচিল	*Larus ridibundus* (Linnaeus).

Report of the Business Advisory Committee

[...—12-30 p.m.]

Mr. Speaker: I beg to report that the 18th Report of the Business Advisory Committee which at its meeting held on the 22nd March, 1973 in my chamber considered the question of allocation of date and time for disposal of legislative and official business as follows:—

That in addition to the business fixed for the day one hour time has been allotted for introduction, consideration and passing of Shree Ramkrishna Sarada Vidya Mahapitha Bill, 1973.

The Minister for Parliamentary Affairs may move his motion.

Shri Gyan Singh Sohonpal: Sir, I beg to move that the 18th Report of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

Mr. Speaker: I think the motion is adopted.

(Voice—Yes.)

The motion is adopted.

GOVERNMENT BILL

LEGISLATION

Shree Ramkrishna Sarada Vidya Mahapitha Bill, 1973.

Shri Siddhartha Shankar Ray: Sir, I beg to introduce the Shree Ramkrishna Sarada Vidya Mahapitha Bill, 1973.

(Secretary then read the title of the Bill.)

Shri Siddhartha Shankar Ray: Sir, I beg to move that Shree Ramkrishna Sarada Vidya Mahapitha Bill, 1973 be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটি আমি সংবিধানের ৩১ক ধারা অনুযায়ী আনতে চাচ্ছি। সাধারণত সরকারের কোন আইন করা উচিত নয় কোন শিক্ষা প্রতিষ্ঠান সম্বন্ধে। সাধারণত সরকারের কোন শিক্ষা প্রতিষ্ঠানে হস্তক্ষেপ করা উচিত নয়। আমরা বিশ্বাস করি, এই সরকার বিশ্বাস করে যে, বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে সরকারের অনুপ্রবেশ করা উচিত নয়। কিন্তু তা সত্ত্বেও আমাদের আজকে একটা অত্যন্ত অস্বাভাবিক অবস্থার পরিপ্রেক্ষিতে এই বিলটা আনতে হয়েছে শ্রীরামকৃষ্ণ সারদা বিদ্য মহাপীঠ যে কলেজটা বর্ধমান বিশ্ববিদ্যালয়ের অধীনে, সেই কলেজটার ম্যানেজমেন্ট সংবিধানের ধারা ৩১(ক) অনুযায়ী নেবার জন্য। এই কলেজটার অনেক রকম ইতিহাস আছে। আমি শুধু এইটুকু বলতে চাই যে, এই কলেজের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে, কলেজের বিরুদ্ধে কোন বক্তব্য তা নয়, কোন রাজনৈতিক কারণে নয়। এটা করা হচ্ছে, শুধুমাত্র এই জিনিস প্রমাণ করবার জন্য পশ্চিমবঙ্গে যে অধ্যাপক আছেন, অধ্যাপকদের সম্মান দেওয়া দরকার। অধ্যাপকদের সঙ্গে বাড়ির চাকরের মত ব্যবহার করা চলে না। যখন খুসি নিযুক্ত করা, যখন খুসি বিতাড়িত করা, এটা চলতে পারে না। দ্বিতীয়তঃ কলেজের যে অর্থ সংগ্রহ করা হয়, [illegible] হিসেবনিকেশ

স্পেশাল কলেজ অ্যাকাউন্টস অ্যান্ড ট্রাস্ট ফান্ড, সেটা অডিট করা দরকার। এই অডিট বছরের বছর যেসব কলেজের ম্যানেজমেন্ট কমিটি করে নি, তাদেরকে নিশ্চয়ই জনসাধারণের কাছে এক কৈফিয়ত দিতে হবে। তা ছাড়া যে সমস্ত শিডিউল্ড কাস্ট ছাত্রদের জন্য স্কলারশিপ দেওয়া হ সেইগুলো শিডিউল্ড কাস্ট ছাত্রছাত্রীদের দেওয়া হচ্ছে কিনা সেটা দেখা দরকার। শিডিউ কাস্টদের জন্য স্কলারশিপ অন্য কোন মানুষ নিতে পারে না, সে কলেজের যেই হোক না কে তা ছাড়া কলেজটা ঠিকমত চালানো দরকার। একজন শিক্ষককে লেকচারার বা প্রফেসার প নিযুক্ত করতে গেলে তার একটা অ্যাপয়েন্টমেন্ট লেটার দরকার, লিভ রুলস থাকা দরকার। নর্মা রুলস যেটা বিশ্ববিদ্যালয়ে আছে, সেই নর্মাল রুলস অনুসরণ করে চলা দরকার। আমরা দুঃখে সঙ্গে লক্ষ্য করেছি যে, এই কোন বিষয়ে তারা ঠিক মত পালন করেন নি। তারা প্রায় ১৪-১ জন বা তারও বেশি হবে, আজকে তারা বিতাড়িত করেছেন। কোন নোটিস না দিয়ে বা কে কারণ না দেখিয়ে, এর মধ্যে অনেকে আছেন নামকরা শিক্ষক, তাঁদের নাম এখানে বলতে চাই ন রাজনীতির সঙ্গে এর কোন সম্পর্ক নেই, এই বিলটা আনা হয়েছে সুস্থ পরিবেশ সৃষ্টি কর জন্য শিক্ষা জগতে। এই বিল যদি না আনা হত, সরকার যদি এইসব অভিযোগ দেখেও চুপচা থাকতো, তা হলে জনসাধারণ নিশ্চয়ই এই ধারণা করতো, কলেজের যে শিক্ষা হয়, সেই শি সম্বন্ধে সরকার কোন চিন্তা করে না। কলেজের এই সব যে অনাচার, সেইগুলো যদি বন্ধ না করি,—আমরা জানি দু-একটা মানুষ তারা কলেজগুলোকে ব্যবসায় প্রতিষ্ঠানে পরিণত করেছেন। এইরকম ভাবে এই কলেজের শিক্ষার মান উন্নয়ন করা যাবে না। এই কারণে আপনাদের নিকট এই বিলটা এনেছি। অত্যন্ত আনন্দের কথা মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২৮০ জন নির্বাচিত সদস্য এবং একজন নমিনেটেড যে সদস্য আছেন, এর ভেতরে বোধ হয় একজনও এই বিলের বিষয়ে আপত্তি করবেন না। তাঁরা প্রত্যেকেই বলবেন যে, এই বিল আনতে হবে, এই বিল তাঁরা সম্পূর্ণ রূপে সমর্থন করছেন। এটা আনন্দের বিষয়, আমি জানি না, এর আগে দু-একবার হয়েছে এই রকম, খুব বেশী হয় নি, এটা বোধ হয় সর্বপ্রথম হবে। সকলেই যাঁরা বসে আছেন, আর.এস পি-র মাননীয় সদস্যগণ প্রদ্যোৎ মহান্তি মহাশয়, নাসিরুদ্দিন সাহেব, আপনারা যাঁরা এখানে আছেন তাঁরা সকলেই সমর্থন করবেন। এবং শুধু এই হাউসের মধ্যে নয়, হাউসের বাইরে যে বিরোধী দলগুলো আছে, তরাও বলছেন, শিক্ষকদের স্বার্থে এই কাজ করা দরকার।

[12-50—1-00 p.m.]

সুতরাং এই বিষয়ে আজকে পশ্চিমবঙ্গের সকলে একমত, একমত, কেন না, দু মতের কোন অবকাশ নেই। যদি কেউ দেখেন বিরোধিতা করছে, তা হলে সে হচ্ছে দু-চার জন মুষ্টিমেয় মানুষ যারা কলেজগুলিকে ব্যবসা প্রতিষ্ঠান হিসাবে ব্যবহার করে। কলেজগুলিকে ব্যবসা প্রতিষ্ঠান হিসাবে ব্যবহার করতে দেব না পশ্চিমবাংলায়, এই বলে এই বিলের আমি কনসিডারেশন চাইছি।

শ্রীমতী ইলা মিত্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিল এখানে পেশ করার জন্য কলেজ বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে, জনসাধারণের পক্ষ থেকে এবং কমিউনিস্ট পার্টির পক্ষ থেকে এই সরকারকে আমি অভিনন্দন জানাচ্ছি। আমি মনে করি, এই ধরনের কাজেই প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার যে ১৭ দফা কর্মসূচি আছে তার মূল শর্ত হচ্ছে এই ধরনের পদক্ষেপের দ্বারা। এই বিল আসছে এবং এটা আইনে পরিণত হবে যখন, তখন শুধু আমরা নয় বাইরেও যে সমস্ত বামপন্থী গণতান্ত্রিক শক্তি আছে তারা সকলেই এটাকে সমর্থন করবেন। এটা প্রাপ্ত করার ফলে শিক্ষাজগতে যে প্রচণ্ড বিশৃঙ্খলা চলেছে, যে কথা আমি এডুকেশন বাজেটে বলেছি, খুব খারাপ কথা হ'লেও বলেছিলাম, সেখানে বিশৃঙ্খলার জগতে একটা প্রচণ্ড পদক্ষেপ। ম্যানেজমেন্টের বিরুদ্ধে আজকে সরকার দাঁড়াতে পেরেছেন বলিষ্ঠ পদক্ষেপ নিয়ে তাতে শুধু আমরা আশান্বিত নই, সমস্ত মানুষ আশান্বিত হবে যে, এর পরে আরো বড় বড় পদক্ষেপ আমরা নিতে পারব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, শিক্ষাজগতে ছাত্ররা বিশৃঙ্খলা করে ব'লে অভিযোগ এসেছে এবং শিক্ষকরাও বিশৃঙ্খলা করেন। কিন্তু আসলে পরিচালকমণ্ডলী এইসব স্কুলকলেজকে শিক্ষার প্রসারের জন্য পরিচালনা করেন না,

ব্যবসার জন্য টাকার লোভে এই সব স্কুল-কলেজগুলি পরিচালনা করেন। তারা শুধু ব্যবসা তাই নয়, অর্থের লোভে এই প্রতিষ্ঠানগুলি চালান। কাজেই মাননীয় অধ্যক্ষ মহাশয়, জন্য সেদিন আমি বলেছি এবং এই দাবি আজকে আসছে যে, সরকার শিক্ষা প্রতিষ্ঠানগুলি য়করণ করুন। আমাদের শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে যদি জাতীয়করণ না করা হয় তা হ'লে যে সমস্ত বেসরকারী পরিচালনাধীন স্কুল-কলেজগুলি আছে সেখানে সরকারের বিন্দুমাত্র চলে না, সরকারী শিক্ষা নীতি যদি নতুন ভাবে প্রতিষ্ঠিত হয়, তা হ'লেও কার্যকর হতে না। যে জাতীয়করণের দাবি আজকে উঠেছে তার প্রথম পদক্ষেপ হচ্ছে আজকের এই । এইসব দিক থেকেও এবং অন্য দিক থেকে শিক্ষকরা অনেক কম বেতন পান, রা বা কলেজের অধ্যাপকরা অত্যন্ত কম বেতন পান যা আপনারা কল্পনা করতে পারেন কিন্তু শুধু কম বেতন পান তাই নয়, তাঁদের চাকুরির নিরাপত্তা পর্যন্ত নেই। মাননীয় মহাশয়, আপনি জানেন, দিনের পর দিন ধ'রে কি ভাবে এই কলেজের ম্যানেজমেন্ট জন স্থায়ী অধ্যাপককে ছাঁটাই করেছে, সে ইতিহাস আপনারা সকলেই জানেন। দু-একটা ণ দিলে আপনারা বুঝতে পারবেন। ১৯৬০ সালে শ্রীলক্ষ্মী সেন এবং শ্রী পি সি র্য, দুজন কর্মচারীকে কোন কারণ না দেখিয়ে ম্যানেজমেন্ট কমিটি, কামারপুকুর, তাদের ত করেন। ১৯৬৫ সালে বাংলার অধ্যাপক শ্রীঅমর আদক, ১৯৬৬ সালে অধ্যাপক দব ভট্টাচার্য, শ্রীঅনিল রায় এবং অধ্যাপক শ্রীশক্তি ভট্টাচার্যকে পদচ্যুত করা হয়, এদের দুজন স্থায়ী শিক্ষক ছিলেন। কিসের জন্য এদের পদচ্যুত করা হয়, সমস্ত নিয়ম-ার বাইরে গিয়ে এদের পদচ্যুত করা হয়। শুধু তাই নয় ১৯৬৭ সালে পদার্থবিদ্যার স্ট্রেটর শ্রীপ্রশান্ত চৌধুরীকে বরখাস্ত করা হয়, কারণ বি এস-সি পাশ ক'রে নাকি স্ট্রেটর পদে থাকা যায় না। তারপর কিছু লোক ম্যানেজিং কমিটির পক্ষ থেকে, তাদের ম জানি না তারা জোর ক'রে ১৬ জন কলেজ শিক্ষকের পদত্যাগপত্র আদায় ক'রে নেয়।

বং সেই ১৬ জনকে গভর্নিং বডির মিটিং-এ ছাঁটাই ক'রে দেওয়া হয়। ১৯২৬ সাল কলেজ অধ্যাপকরা তাঁদের নিরাপত্তার জন্য আন্দোলন ক'রে আসছেন। কিন্তু আজ তাঁদের জন্য কোন কোড তৈরি হয় নি। অর্থাৎ যে কোন উপায়ে মজুরের মত তাঁদের চাকুরি থেকে ছাঁটাই ক'রে দেওয়া হয়। এটা শুধু কামারপুকুরের ঘটনা নয়, এই রকম জিনিস পশ্চিমবাংলার অনেক কলেজেই আছে। যখন বর্ধমান বিশ্ববিদ্যালয় পক্ষ এই পদত্যাগ সম্পর্কে এনকোয়ারিং কমিটি করা হল এবং এনকায়ারি করে এই ম্যানেজিং কে বাতিল করে অ্যাডহক করার নির্দেশ দিলেন তখন সেই ম্যানেজিং কমিটি কোর্টে । কোর্ট থেকে রায় হ'ল, বিশ্ববিদ্যালয়ের নাকি এক্তিয়ার নেই এরকম ধর'নর রায় । শিক্ষকরা শুধু যে বেতন কম পেতেন তা নয়, তাঁদের নিরাপত্তার অভাবও ছিল। বাংলার উপর একটা নির্বাচিত সরকার থাকবেন এবং একজন অধ্যাপক তাঁরা দিনের তে ছাঁটাই হয়ে যাবেন সেখানে সরকার ও বিশ্ববিদ্যালয় কিছুই করবেন না এবং কোর্ট উপর ফতোয়া দেবেন এ জিনিস হয় না। ৫ই মে যখন কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক র কাছে এই খবর আসে তখন থেকে পশ্চিমবাংলায় ৭ হাজার কলেজ অধ্যাপক তাঁরা দ্যালয় সরকারের কাছে ধর্ণা দিয়েছেন, ডিমনস্ট্রেশন করেছেন, ডেপুটেশন দিয়েছেন আরও কঠিনতম সংগ্রামের জন্য প্রস্তুত হচ্ছেন ঠিক সে সময় সরকার যে পদক্ষেপ নিলেন শুধু ১৬ জন শিক্ষককেই বহাল করবে তা নয়, শিক্ষাজগতের সমস্ত মানুষকে উৎসাহিত এই সরকার নিশ্চয় পরবর্তীকালে এরকম ধরনের পদক্ষেপ নিয়ে শিক্ষাকে জাতীয়-রণ এবং যেসমস্ত ম্যানেজিং কমিটি চুরি করে, ফান্ড অডিট না করিয়ে খেয়ালখুশীমত করে সমস্ত নির্মূল করে দিচ্ছে সেখানে পরবর্তী কালে আরও বড় পদক্ষেপ নেবেন এই রাখি। এই ব'লে যে বিল পাশ হতে চলেছে তাকে পুনরায় অভিনন্দন জানিয়ে আমি রছি।

দীশ মহম্মদঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ রামকৃষ্ণ সারদা বিদ্যামহাপীঠের নভার সরকার গ্রহণ করতে চলেছেন এবং এই পরিপ্রেক্ষিতে যে বিল নিয়ে এসেছেন প্রথমে তাকে অভিনন্দন জানাই এবং এই প্রসঙ্গে কয়েকটি কথা এই হাউস-এ রাখতে

চাই। এই কামারপুকুর মহাবিদ্যালয়ের গভর্নিং বডি দীর্ঘদিন ধরে খামখেয়ালীভাবে এই কলেজ চালিয়ে আসছিল। এপর্যন্ত সেখানে সম্ভবত ২২ জন কলেজ শিক্ষক ও কর্মচারীকে কোন কারণ না দেখিয়ে তারা বরখাস্ত করেছে। সর্বশেষে বরখাস্তের যে খবর তা হ'ল ১৯৭২ সালের ৩১শে মে তারিখে। এই যে নিরীহ কলেজ শিক্ষক যাঁরা সমাজ গঠন করে, যাঁরা আমাদের বিধানসভায় আসার জন্য সত্যিকারের শিক্ষায় শিক্ষিত ক'রে তুলেছেন, যাঁরা দেশের মানুষের চরিত্র গঠন করেন আজ তাঁদের গলা ধাক্কা দিয়ে কলেজ থেকে বার করে দেওয়া হচ্ছে—তাঁদের সম্মান পর্যন্ত দেন নি। কলেজ এবং বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি তাঁদের পুনর্বহাল করার জন্য বার বার সরকারের কাছে আবেদন নিবেদন করেছিলেন এবং সুদীর্ঘ ১০ মাস ধ'রে তাঁরা চিৎকার করেছেন। কিন্তু সরকার কেন এই দীর্ঘদিন ধ'রে অপেক্ষা করলেন তা জানি না? এই হাউস-এ মুখ্যমন্ত্রীর কাছ থেকে আমি জানতে চাই দীর্ঘদিন ধ'রে সেই কলেজ শিক্ষকদের পুনর্নিয়োগ কেন করা হ'ল না, পরিচালক মণ্ডলীকে কেন বাতিল করা হ'ল না?

[1-00—1-10 p.m.]

মাননীয় স্পীকার মহাশয়, এই কলেজ সম্বন্ধে একটি কথা বলতে চাই। এই কলেজের পরিচালক মণ্ডলীকে অবিলম্বে বাতিল ক'রে গণতান্ত্রিক বিধিসম্মতভাবে সত্বর সেখানে পরিচালকমণ্ডলী পুনরায় তৈরি করা হোক এবং কলেজের যে সমস্ত শিক্ষকগণ এ পর্যন্ত কাজ করেছেন একদিনও অপেক্ষা না ক'রে তাঁরা যাতে কাজে যোগদান করতে পারেন তার সুবিহিত ব্যবস্থা অবলম্বন করুন। এই সঙ্গে সঙ্গে আর একটা কথা বলি, যাঁদের গলা ধাক্কা দিয়ে বার ক'রে দেওয়া হয়েছিল তাঁদের মাইনে দেবার যেন ব্যবস্থা হয়। তারপর, এই পরিচালক মণ্ডলী এতদিন নিশ্চয়ই ক্যাস নিয়ে তছনছ করেছেন, চোরাকারবার করেছেন তাঁদের বিরুদ্ধে কেন শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করা হবে না সেকথা আমি হাউসে জানতে চাই। একথা ব'লে এই বিলকে পুনরায় সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। অবশ্য সরকার এই ব্যাপারে যে দৃঢ় পদক্ষেপ নিয়েছেন তার জন্য তাঁদের আমি ধন্যবাদ জানাই, কিন্তু এতদিন যে দেরি করা হয়েছে সেইজন্য আমি দুঃখিত।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: মাননীয় স্পীকার মহাশয়, শ্রীরামকৃষ্ণ-সারদা বিদ্যা মহাপীঠ বিল যা এখানে এসেছে তাকে আমি সমর্থন করছি এবং এই সমর্থন করার কারণ হ'ল এই বিধান-সভায় আগে পর্যন্ত যত সভা অনুষ্ঠিত হ'ল তার মধ্যে আজকে অত্যন্ত গুরুত্বপূর্ণ দিন। আজকে সমগ্র পশ্চিমবাংলার শিক্ষা সমাজ, শিক্ষক সমাজ অত্যন্ত গর্বিত, কারণ আমাদের মুখ্যমন্ত্রী আজকে হাউসে শিক্ষক সমাজকে সম্মান দিয়েছেন। তিনি তাঁদের যে সম্মান দিয়েছেন তার জন্য আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি। দীর্ঘদিন ধ'রে বর্ধমান বিশ্ববিদ্যালয়ের অন্তর্গত ওই কলেজে কোন পড়াশুনা হচ্ছিল না, কলেজ বন্ধ ছিল। এই অবস্থায় সরকারী হস্তক্ষেপের ফলে ওই কলেজ আবার খুলবে, আবার সেখানে পড়াশুনা আরম্ভ হবে। এই বিশ্বাস এবং আস্থা আমরা সরকারের উপর পোষণ করছি এঅং সেদিক থেকে এটা খুব আনন্দের কথা, সুখের কথা। বর্ধমান বিশ্ববিদালয় এ সম্বন্ধে ইতিপূর্বে সুস্পষ্ট রায় দিয়েছিল এবং কলেজের গভর্নিং বডি সেই রায় মানেননি এবং খামখেয়ালীর বশবর্তী হয়ে কতগুলি শিক্ষক এবং পশ্চিমবাংলার শিক্ষাক্ষেত্রে একটা নৈরাশ্য আনার চেষ্টা করেছিলেন। আমরা যাঁরা বর্ধমান বিশ্ববিদ্যালয়ের অধীনে কাজ করি আমরা দীর্ঘদিন ধ'রে এ সম্বন্ধে সরকারের দৃষ্টি আকর্ষণ ক'রছি, কিন্তু তাঁদের তরফ থেকে কোন জবাব পাই নি। আজকে শিক্ষক সমাজকে যে স্বীকৃতি দেওয়া হচ্ছে সেটা আগেকার কংগ্রেস গভর্নমেন্ট-এর সময় হয় নি এবং বিগত যুক্তফ্রন্ট সরকারের সময় যারা শিক্ষকদের নকল বন্ধু সেজে তাঁদের কল্যাণের কথা বলতেন, তাঁরাও এই স্বীকৃতি দেন নি। কিন্তু আমাদের সরকারের মুখ্যমন্ত্রী এই হাউসে দাঁড়িয়ে অধ্যাপক শ্রেণীকে এবং শিক্ষক শ্রেণীর প্রতি যে সম্মান জানালেন তার জন্য তাঁকে আমি আন্তরিকভাবে অভিনন্দন জানাচ্ছি। জয় হিন্দ।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে সরকারের এই বিলকে আন্তরিকভাবে অভিনন্দন জানাচ্ছি ব্যক্তিগতভাবে এবং কলেজের এবং বিশ্ববিদ্যালয়ের ৭ হাজার অধ্যাপকদের পক্ষ থেকে এবং তাদের সমিতির পক্ষ থেকে। আমি মনে করি, যে সমস্ত অধ্যাপক শ্রেণী পশ্চিম বাংলায় আছে কালকের তুলনায় আজকে তারা বেশি খুশী হবেন এবং সুখী হবেন এবং সেই সঙ্গে সঙ্গে গর্বিত হবেন এবং একটু নিশ্চিন্ত হবেন এবং এই সরকারের পাশে এসে বিনা দ্বিধায় দাঁড়াবেন। আমি মনে করি, ব্যক্তিগতভাবে মালিকানায় অনেক শিক্ষা প্রতিষ্ঠান এই পশ্চিম বাংলায় প্রতিষ্ঠিত হয়েছিল, এর মধ্যে অনেকগুলি খুব ভাল হয়েছিল। কিন্তু কালক্রমে এই বেসরকারী প্রতিষ্ঠানগুলির ভিতরে এমন কতকগুলি দুর্নীতি দেখা দিয়েছিল, এবং সেগুলি ব্যবসা প্রতিষ্ঠানে পরিণত হয়েছিল এবং সেগুলি টাকা রোজগারের জায়গা হয়েছিল। উচ্চ শিক্ষার আদর্শ অ্যাডভান্সমেন্ট অব লারনিং সেগুলি আর নাই, সেগুলি অ্যাডভান্সমেন্ট অব আরনিং হয়ে উঠেছিল, শুধু টাকা রোজগারের জায়গা হয়ে উঠেছিল। এবং এখনও শিক্ষা প্রতিষ্ঠানগুলি সেই রকম হয়ে আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯২৬ সাল থেকে স্যার সর্বপল্লী রাধাকৃষণ তিনি যখন অধ্যাপনা করতেন তখন তিনি অধ্যাপক সমিতির সভাপতি ছিলেন। ১৯২৬ সালে বরিশাল কনফারেন্স থেকে সর্বপল্লী রাধাকৃষণ চেষ্টা ক'রে এসেছেন যাতে বেসরকারী মালিকানায় কলেজগুলি ভালভাবে চলে। যাতে বিশ্ববিদ্যালয়ের কর্তৃত্ব কলেজগুলির বাড়ে। কিন্তু দুঃখের বিষয়, এতদিন পর্যন্ত করা সম্ভব হয় নি। ১৯৬০ সালে শ্রীফনী চক্রবর্তী কমিশন বলেন যে, উচ্চ শিক্ষার জগতে কলেজগুলি বেসরকারী মালিকানার এরা এত বেশি দুর্নীতিগ্রস্ত হয়েছে যে, এই বেসরকারী মালিকানা দূর করা উচিত। তার ভিত্তিতে কলিকাতা বিশ্ববিদ্যালয় নতুন আইন হয়েছিল, এবং সেই নতুন আইন চাকুরির নিরাপত্তা সম্পর্কে বিশেষ ধারা সংযোজিত হয়েছিল। কিন্তু বর্তমান বিশ্ববিদ্যালয়ে এখনও সেই ধারা সংযোজন করা যায় নি। তাই সেই বিশ্ববিদ্যালয় কলেজগুলির দুর্নীতি অপরিসীম হয়ে উঠেছে। আপনাকে এই কলেজগুলি সম্পর্কে বিশেষ লক্ষ্য দেবার প্রয়োজন আছে ব'লে আমি মনে করি। অধ্যাপকদের রিট্রেঞ্চমেন্ট-এর ইতিহাসটা কি? ১৯৬৩ সালে ২ জন, ১৯৬৫ সালে ১ জন, ১৯৬৬ সালে ৩ জন, ১৯৬৭ সালে ১ জন ১৯৭২ সালে জানুয়ারি মাসে ৪ জন ফোর্সড রেজিগনেশান এবং ১৯৭২ সালে মার্চ মাসে ১১ জন। এই হচ্ছে ইতিহাস। কিন্ত অধ্যাপকদের কর্মচ্যুতির ইতিহাস আসল নয়। আসল হচ্ছে ফিনানসিয়াল ইররেগুলারিটি। আপনি স্যার, শুনলে আশ্চর্য হয়ে যাবেন যে, পশ্চিমবাংলায় এমনও কলেজ আছে যেখানে কোন অনার্স-এ অ্যাডমিশান নিতে গেলে ডোনেশন দিতে হয়। বিশ্ববিদ্যালয়ের নিয়ম আছে ১৫ জন ছেলে অনার্স নিতে পারে সেখানে ফিজিক্স-এ ১০০ জন ছাত্রকে অনার্সে অ্যাডমিশান দেওয়া হয়, ২০০ টাকা ক'রে ডোনেশান নিয়ে। এবং তার কোন রসিদ দেওয়া হয় না। আপনি শুনলে স্যার আরও আশ্চর্য হয়ে যাবেন যে, এই কলেজের জন্মাবধি কোন অডিট হয় নি। ভিজিলেন্স কমিশন ১৯৬৭ সালে এই কলেজের কাগজপত্রগুলি নিয়ে গিয়েছিল। সিডিউল্ড কাস্ট ছাত্রদের যে স্কলারশিপ দেওয়া হয় সিডিউল্ড কাস্ট ছাত্রদের কাছে পৌঁছায় না। একটি কলেজে অধ্যাপক নিয়োগ করা হয় অথচ অ্যাপয়েন্টমেন্ট লেটার দেওয়া হয় না। যদিবা দেওয়া হয় কি ভাবে দেওয়া হয় শুনুন—ইউ আর অ্যাপয়েন্টেড এ লেকচারার ইন দিস কলেজ। কোন বিষয়ে ইংরাজী না বাংলায় কোন বিষয়ের উল্লেখ থাকে না। কোথায় কিছু নাই শুধু ইউ আর অ্যাপয়েন্টেড এ লেকচারার। কারণ যখন খুশী তাড়াতে পারি। তাতে লেখা থাকে টারমিনেবল বাই সর্ট নোটিস, এই রকম অ্যাপয়েন্টমেন্ট লেটার দেওয়া হয়। আপনি শুনলে

[1-10—1-20 p.m.]

অবাক হবেন, কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে যতবার ইন্সপেকশানের জন্য চেষ্টা করেছে ১৯৬৯ সাল থেকে, বিশ্ববিদ্যালয়কে ইন্সপেকশন করতে দেওয়া হয় নি। যতবার বিশ্ববিদ্যালয় থেকে ইন্সপেকশানের জন্য এসেছে, ততবারই হয় প্রিন্সিপাল অ্যাবসেন্ট হয়েছেন, অথবা কলেজ ছুটি ডিক্লেয়ার ক'রে দেওয়া হয়েছে, অন্যায়ভাবে পরিচালনার জন্য ইন্সপেকশানের সুযোগ পর্যন্ত দেওয়া হয় নি। আপনি শুনলে অবাক হবেন, আজকে বিধানসভায় বলতে হচ্ছে,

রামক... মদেবা, এই সমস্ত মহাবতারদের নাম নিয়ে কি ধরনের ব্যবস্থা চলছে। এই কলেজের অধ্যাপকরা এম এ পাশ করে নি, এই রকম লোককে অল্প মাইনেয় অথবা বিনা বেতনে নিয়োগ ক'রে রাখা হয়েছে। কোন সভ্য জগতে এই রকম চলতে পারে কি? ভাবতেও পারি না। আপনি শুনলে অবাক হবেন, এটা সম্ভব হয়েছে কেন? বাবা যখন দেখলেন, ছেলে এম এ পাশ করেছে, সেই বাবা একটা কলেজ খুলে দিলেন, নিজে হলেন প্রিন্সিপাল, আর ছেলে হলেন সেক্রেটারী। তার ফলে যেরকম দুর্নীতি চলেছে, তছরুপ হয়েছে, সেটা ব্যক্তিগত পরিবারেরও অবস্থা এর চেয়ে ভাল থাকে, অথচ এখানে থাকে নি। এই হচ্ছে কলেজের দুর্নীতির ইতিহাস। এই প্রসঙ্গে একটা কথা বলতে চাই, এটা এখন সময় এসেছে আমাদের সামনে ভেবে দেখার, যখন আর ডোনেশন লোকের কাছ থেকে আর বেশি পাচ্ছি না, তখন নিজেদের ভাইপো ভাইঝিদের অ্যাপয়েন্টমেন্ট দেবার জন্য যে সমস্ত বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান হয়েছে সেগুলি জাতীয়করণ করা উচিত কিনা। যদি সেটা না হয়, সর্ট অব ন্যাশনালাইজেশন হয়, টিচার্সদের সিকিউরিটি অব সার্ভিসের জন্য একটা কম্প্রিহেনসিভ বিল এখানে আনুন। উনি যখন কেন্দ্রের শিক্ষামন্ত্রী ছিলেন, দিল্লীর শিক্ষকদের জন্য এই রকম একটা ক'রে দিয়েছিলেন। দিল্লীর শিক্ষকরা সেকথা স্বীকার ক'রে তাঁর নিকট কৃতজ্ঞ, উনি এখন এখানকার মুখ্যমন্ত্রী, যদি জাতীয়করণ নাও করতে পারেন অন্ততঃ তিনি আমাদের চাকুরির নিরাপত্তা সম্বন্ধে একটা বিল আনুন এবং এটা ক'রে দিন যে, কনডিশন অব অ্যাফিলিয়েশন, কতকগুলি ম্যানেজমেন্ট ল'জ—ইউনিভার্সিটি থেকে কি কি নিয়ম করবেন সেগুলি সরকার থেকে ব'লে দেওয়া দরকার। আমি এই ব'লে গর্ব বোধ করছি যে, অন্ততঃ শিক্ষকদের চাকুরি করবার যে নিরাপত্তা সেটা গৃহীত হ'ল, সেজন্য আমি সরকারকে সাধুবাদ দিচ্ছি এবং অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅসমঞ্জ দে: মাননীয় স্পীকার মহাশয়, আজকে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে বিল উপস্থিত করলেন এই সভায়, পশ্চিমবাংলার কলেজের এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষকসমাজের পক্ষ থেকে, পশ্চিমবঙ্গের সমগ্র শিক্ষক সমাজের পক্ষ থেকে, পশ্চিমবঙ্গের শিক্ষানুরাগী জাতীয়বাদী মানুষের পক্ষ থেকে আন্তরিকতার সঙ্গে সরকারের এই প্রচেষ্টাকে অভিনন্দন জানাই। একজন শিক্ষক হিসাবে এটা গর্বের বিষয় এবং গৌরবের বিষয় যে, আজকে শিক্ষক সমাজের কল্যাণে এই রকম একটা বিল এসেছে। এটা একটা বলিষ্ঠ পদক্ষেপ ব'লে মনে করি. এতদিন পর্যন্ত পশ্চিমবঙ্গের মানুষের দাবি ছিল, শিক্ষাকে জাতীয়করণে রূপান্তরিত করার, আজকে শিক্ষকদের দাবিকে জাতীয় দাবিতে রূপান্তরিত করার জন্য এই বিলকে একটা বলিষ্ঠ পদক্ষেপ ব'লে মনে করি। এই বিলকে সমর্থন করতে গি'য় আজকে মনে পড়ে যাচ্ছে ভারতবর্ষের প্রাক্তন রাষ্ট্রপতি সর্বপল্লী রাধাকৃষ্ণনের কথা। তিনি তাঁর জন্ম দিবসে বক্তৃতায় বলেছিলেন

The teachers once enjoyed a place of higher honour and status under the ancient Indian culture. He now plays a vital role in the crusade against illiteracy and ignorance and he should be well looked after by the community.

রাধাকৃষ্ণনের সেই বাণী আজকে বাস্তবে রূপায়িত হতে চলেছে। পশ্চিমবঙ্গের বিধানসভায় দাঁড়িয়ে আমি সেদিন বলেছিলাম, শিক্ষক সমাজের কলঙ্কের ইতিহাস এবং কাহিনী এবং বলেছিলাম যে, এই যে কামারপুকুরে ১৬ জন টিচার উইদাউট রাইম অর রিজন ছাটাই হলেন তার প্রতিবাদ করছি এবং সরকারের কাছে দাবি করেছিলাম যে, এ সম্বন্ধে বিশেষ ক'রে ব্যবস্থা অবলম্বন করা দরকার।

অত্যন্ত দুঃখের কথা অত্যন্ত বিক্ষোভের কথা, ওখানকার যে ম্যানেজিং কমিটি, সেই ম্যানেজিং কমিটির যিনি প্রেসিডেন্ট, তাঁর নাম শুনলে আপনি স্যার, আঁৎকে উঠবেন, আমি তাঁর নাম এই বিধানসভায় বলতে চাই না। কারণ মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন, আমরা এটাকে নিয়ে রাজনীতির খেলা করতে রাজি নই। এই শিক্ষক সমাজের ছাটাই-এর পক্ষে রায় দিতে গিয়ে এনকোর্সড ওয়েতে টিচার্স কাউন্সিলের মিটিং-এ বাধ্য করা হয়েছিল, এই ছাটাই যুক্তিযুক্ত এইভাবে, সমস্ত শিক্ষককে সই করিয়ে এই রিজলিউশান পশ্চিমবঙ্গের সাড়ে সাত হাজার শিক্ষক

সমাজের কাছে পাঠিয়ে দিয়ে বলা হয়েছিল, এই ছাঁটাই যুক্তিযুক্ত। এইভাবে এটা চলতে পারে না। তাই আমি মনে করি এই যে, ছাঁটাই বা এই ধরনের কার্যকলাপ শুধু কামারপুকুর কলেজেই হচ্ছে, তা নয়, অনেক প্রতিষ্ঠান আছে—যেখানে ট্রাস্ট বোর্ডের অধীনে যে সমস্ত এডুকেশনাল ইনস্টিটিউশন চলছে, সেখানেও এই ধরনের ছাঁটাই দিনের পর দিন চলছে। তাই আমি মনে করি এই ধরনের বে-আইনী কার্যকলাপ, যে ম্যানেজিং কমিটিতে চলছে, গভর্নিং বডিতে চলছে, আজকের এই বিল তাদের কাছে একটি বিরাট হুঁশিয়ারী, একটা সতর্ক পদক্ষেপ এবং ভবিষ্যতে যাতে পশ্চিমবঙ্গের কোন ম্যানেজিং কমিটি—সে মাধ্যমিকই হোক, কলেজেই হোক বা ইউনিভার্সিটিরই হোক—এই ধরনের কোন রকম অন্যায়, বে-আইনী কার্যকলাপ না চলতে পারে, তার জন্য শিক্ষাব্রতীরা নিরাপদ মনে করবেন।

আপনি জানেন, স্যর, আমরা দাবি তুলেছিলাম বর্ধমান ইউনিভার্সিটি সম্পর্কে যে এনকোয়ারি চলছে, সেই এনকোয়ারি কমিশন যে রায় দেবেন, সেই রায় আমরা মাথাপেতে স্বীকার ক'রে নেব। বর্ধমান ইউনিভার্সিটি এনকোয়ারি কমিশন বললেন, এই ম্যানেজিং কমিটির যে কার্যকলাপ দি পলিসি অব রিট্রেন্সমেন্ট ইজ কোয়াইট ইললিগ্যাল; এই ম্যানেজিং কমিটিকে টপ্‌লে ক'রে বাতিল ক'রে সেখানে ওখানকার এস ডি ও-কে অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করলেন। কিন্তু আপনি দেখেছেন, মাননীয় স্পীকার স্যার, যে, এই ম্যানেজিং কমিটি অত্যন্ত অবৈধভাবে, অত্যন্ত অন্যায়ভাবে, অত্যন্ত কারচুপির সাথে, হাইকোর্টে গোপন পথে গিয়ে বর্ধমান ইউনিভার্সিটি এনকোয়ারি কমিশনের রায়কে কার্যকর করবার পথে বাধা প্রতিবন্ধক সৃষ্টি করলেন। আমরা পশ্চিমবঙ্গ কলেজ এবং বিশ্ববিদ্যালয় শিক্ষক সমাজের পক্ষ থেকে বিভিন্ন দাবি দাওয়ার সাথে কামারপুকুর কলেজ সম্পর্কেও বিহিত ব্যবস্থা গ্রহণের জন্য আমরা একটা গণমিছিল এনেছিলাম এবং এনে বলেছিলাম, যদি সত্বর এই সমস্যার সমাধান না ঘটে, তা হ'লে পশ্চিমবঙ্গের সমস্ত শিক্ষক সমাজ ঐক্যবদ্ধ হবে এবং আগামী ২৫শে মার্চ তারিখে কলকাতায় একটা সভায় মিলিত হয়ে একটা সিদ্ধান্ত আমরা গ্রহণ করবো। কিন্তু অত্যন্ত আনন্দের কথা, মাননীয় মুখ্যমন্ত্রী, তার আগেই এই বিলটা আনলেন। আগামী দিনে এই পশ্চিমবঙ্গের বিধানসভার সদস্য হিসেবে পশ্চিমবঙ্গের কলেজ এবং বিশ্ববিদ্যালয় শিক্ষক সমাজের সাধারণ সভায় গৃহীত প্রস্তাবের যে আসল উদ্দেশ্য সেটা এই বিধানসভায় এই সরকারের কাছে, মন্ত্রিসভার কাছে, তুলে ধরবো। আমি মনে করি, পশ্চিমবাংলার সাড়ে চার কোটী মানুষের কাছে নতুন ক'রে শিক্ষক সমাজের কাছে যে অশীর্বাদ এই সরকার চেয়েছেন, তা খুবই সময়োচিত হয়েছে। এই ব'লে এই বিলকে স্বাগত অভিনন্দন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীপরেশচন্দ্র গোস্বামী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী শ্রীসিদ্ধার্থশংকর রায় যে বিল এনেছেন, তাকে সমর্থন করতে গিয়ে আমার একটি কথা মনে হচ্ছে। ১৯৬৭ সালে আমরা যখন বিরোধী পক্ষে আসন গ্রহণ করেছিলাম, আজকের মুখ্যমন্ত্রী ও শিক্ষামন্ত্রী সকলে সেখানে ছিলেন এবং সত্যপ্রিয় রায় ও জ্যোতি ভট্টাচার্যের নেতৃত্বে সেই সময়ে শিক্ষা জগতে যে প্রচন্ড একটা হিংস্রার রাজনীতি আশ্রয় নিয়ে শিক্ষক সমাজের নিরাপত্তা বিঘ্নিত করেছিল, তার বিরুদ্ধে আমরা চীৎকার ক'রে উঠেছিলাম, কিন্তু আজকে মুখ্যমন্ত্রী যে বিলটা আনলেন তার সঙ্গে বিগত দিনের সরকারের একটা মৌলিক পার্থক্য আছে। সেই পার্থক্য হচ্ছে এই, শিক্ষকদের স্বার্থ রক্ষার জন্য, নিরাপত্তার রক্ষার জন্য, এই সরকার সদাজাগ্রত প্রহরীর মত কাজ করছেন। এই রাজনীতি নিরপেক্ষভাবে যা কিছু ঠিক, যা কিছু আমাদের জাস্টিস, আমাদের যা সংগঠন, রক্ষার জন্য এই সরকার ফাইট করছেন। তার প্রমাণ আজকে এই বিধানসভায় এই যুগান্তকারী একটা বিল আনয়ন। আজকে আমরা জানি, এই কামারপুকুর কলেজের যে সমস্ত শিক্ষকের চাকুরি গিয়েছিল, তাদের জন্য এই সরকার চিন্তিত। আজ শিক্ষকদের নিরাপত্তার জন্য সরকার এই বিল এনেছেন। এবং এই বিলকে আমরা সম্পূর্ণভাবে সমর্থন করছি। আমরা জানি, কামারপুকুর কলেজের শিক্ষক সম্প্রদায়ের যাঁরা সেখানে কর্মচ্যুত হয়েছেন, তাদের যুক্তফ্রন্ট আমলে অনেকের চরিত্র আমরা জানি। তা সত্ত্বেও মুখ্যমন্ত্রী বলিষ্ঠ দৃঢ়তার সঙ্গে

শিক্ষার জন্য, শিক্ষকদের স্বার্থরক্ষার জন্য যে বিল আজকে এখানে আনলেন, জাতিধর্ম-সম্প্রদায় এবং সংস্কৃতি নির্বিশেষে, রাজনীতির উর্ধ্বে থেকে এই যে যুগান্তকারী বিল আনলেন, তার ইতিহাস স্বর্ণাক্ষরে লিখিত হয়ে থাকবে। তাই আমি রায় মন্ত্রিসভাকে স্বাগত জানাই। এই সরকার সদাজাগ্রত প্রহরীর মত আজকে আমাদের পাহারা দেবেন—সেই জন্য এই বিলকে আমি সমর্থন জানাচ্ছি, স্বাগত জানাচ্ছি।

শ্রীসুব্রত মুখোপাধ্যায় (কাটোয়া): মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বিধানসভায় আজকে শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী মহাশয় যে বিল নিয়ে এসেছেন রামকৃষ্ণ-সারদা-বিদ্যা মহাপীঠ বিল, তাকে আমি স্বাগত জানাচ্ছি, অভিনন্দন জানাচ্ছি। এই টেক-ওভার-এর ব্যাপারে নিশ্চয়ই আমাদের সঙ্গে সকলে একমত হবেন, তবে এই শিক্ষাপ্রতিষ্ঠান নিয়ে যাঁরা এতদিন ব্যবসা ক'রে এসেছেন এবং ওখানকার শিক্ষকদের সঙ্গে দাসসুলভ ব্যবহার করেছেন; তাঁরাই কেবল এই কলেজকে সরকার কর্তৃক নিয়ে নেওয়ার ব্যাপারে আঘাত পাবেন। আমি আশা করবো, এমন অনেক শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে, সেখানে শিক্ষকদের উপর বিভিন্ন প্রকারে নির্যাতন চালান হয়, তাদের লাঞ্ছনা করা হয়, সেইসব শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে যেন ঠিকভাবে চলিবার ব্যবস্থা করেন।

[1-20—1-30 p.m.]

এবং এটা ঠিক যে বিগত যুক্তফ্রন্ট সরকার রাজনৈতিক প্রতিশোধ চরিতার্থ করার জন্য শিক্ষকদের ছাঁটাই করেছে, শিক্ষা প্রতিষ্ঠানে দলবাজী জুলুমবাজী করেছে। এই বিল যে আনা হয়েছে তাতে আমরা যে প্রতিশ্রুতি দিয়েছিলাম যে, আমরা শান্তি ফিরিয়ে আনবো, আমরা নৈরাজ্যের অবসান ঘটাতে পারবো, এই বিলটি তারই পদক্ষেপ, সে বিষয়ে কোন সন্দেহ নেই। এই ব্যাপারে আমি মুখ্যমন্ত্রী তথা মন্ত্রিসভার আর একটি প্রতিষ্ঠানের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। কলিকাতা বয়েজ স্কুল যেটা আছে সেখানে ২০ জন কর্মচারীকে আর্থিক অবস্থা খারাপ ব'লে ছাঁটাই ক'রে দেওয়া হ'ল। কিন্তু সঙ্গে সঙ্গে দেখা গেল যে, আবার ১৬ জনকে সেখানে নিয়োগ করা হ'ল এবং এই কলিকাতা বয়েজ স্কুলে বহু অনিয়ম ও অবিচার চলছে। এই অনিয়ম ও অবিচার যা চলছে তা অবসান করার জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন ব'লে আশা করি।

শ্রীবিমল পাইক: মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী রামকৃষ্ণ সারদা বিদ্যাপিঠ বিল যেটা এনেছেন তার জন্য আমি তাঁকে অসংখ্য ধন্যবাদ জানাচ্ছি। তিনটি কারণে আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। প্রথম কারণ, শিক্ষক, দ্বিতীয়, ছাত্রের জন্য, তৃতীয় কারণ হচ্ছে জনস্বার্থ। শিক্ষকদের কারণ এই জন্য যে, একটি শিক্ষক স্কুলের অ্যাপয়েন্ট হয় এবং সেই স্কুলের সঙ্গে স্কুলের ম্যানেজিং কমিটির সঙ্গে তার একটা এমপ্লয়ার ও এমপ্লয়ী সম্পর্ক গ'ড়ে উঠে। যখন তাকে ছাঁটাই ক'রে দেওয়া হয়, তখন সেই শিক্ষক কোথায় গিয়ে দাঁড়াবে? তাঁদের কোন অ্যাপয়েন্টমেন্ট লেটার নাই, এমপ্লয়ার এমপ্লয়ী কোন রিলেসনসিপ নাই, কোর্টেও যেতে পারে না। শিক্ষককে স্কুল থেকে বিতাড়িত করলো তার জন্য কোন আইন নাই। ইউনিভারসিটি অ্যাক্ট আছে, তাতে কিছু হয় না। তাই এই আইন খুবই দরকার ব'লে মনে করি। ছাত্রদের স্বার্থ বজায় থাকবে এই জন্য যে, একটা অনাবশ্যক কারণে সে কলেজ থেকে বিতাড়িত হ'ল, সেখানে কি কারণে বিতাড়িত হ'ল? সেক্ষেত্রে আমরা দেখেছি যে, এর পূর্বে ইউনিভারসিটি অ্যাক্ট কিংবা সেকেন্ডারী বোর্ডের নিয়ম ছিল, যদি কোন ছাত্রকে সেখান থেকে ডিসমিস করতে হয়, বিতাড়িত করতে হয়, তা হ'লে তার জন্য চার্জ ফ্রেম করতে হয়, এক্সপ্ল্যানেসন চাইতে হয়। কিন্তু যদি অ্যাক্ট না থাকে, তা হ'লে সেই ছাত্রকে যে বিতাড়িত করলেন, সে কোথায় গিয়ে দাঁড়াবে। আর একটা জিনিস হচ্ছে, ছাত্রদের স্বার্থে তা হ'ল আমরা একথা কোন দিন চিন্তা করতে পারি না যে, যে টাকা সরকারের দপ্তর থেকে দেওয়া হ'ল ঐ অনুন্নত ছাত্রদের জন্য, সেই টাকা এই রকমভাবে মেরে দিতে পারে। একথা আমরা মনে কল্পনা করতে পারি না। ছাত্র-দের উন্নতির জন্য, তাদের মঙ্গলের জন্য, যে টাকা দেওয়া হয়েছে, সেই টাকা কি ক'রে মেরে দেয় তা আমি ভাবতেও পারি না। তাই আমি মনে করি যে, যদি তার জন্য আইন না থাকে, তা

হ'লে যা ইচ্ছা তাই করা যাবে। আমি একজন কলেজের অধ্যাপক হিসাবে এই কথা বলছি যে, যদি কোন কলেজ থেকে কোন শিক্ষককে বিতাড়িত করা হয়, তা হ'লে ইউনিভারসিটি অ্যাক্ট সেখানে রয়েছে সেই ইউনিভারসিটি অ্যাক্ট অনুযায়ী তিনি আদালতের আশ্রয় নিতে পারবেন। তারপর জনস্বার্থের জন্য--এই কথা বলছি যে, সেই প্রতিষ্ঠানে কত সম্পত্তি আছে, কত টাকা আছে সেগুলি জনস্বার্থে আমাদের জানা দরকার। অতএব এই তিনটি কারণের জন্য আজকে মুখ্যমন্ত্রী মহাশয় যে বিলটি এনেছেন তা অত্যন্ত যুক্তিযুক্ত। এবং এর পর থেকে যে সমস্ত শিক্ষকদের বিতাড়িত করা হয়েছে তারা একটা প্রোটেকসন পাবেন। সেইজন্য আমি এই বিলকে অভিনন্দন জানিয়ে আমার বক্তব্যের ইতি করছি।

শ্রীবাসুদেব হাজরাঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী রামকৃষ্ণ বিদ্যাপীঠ মহাবিদ্যালয় বিলটি এনেছেন তার জন্য আমি তাঁকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি ও সমর্থন জানাচ্ছি। মাননীয় মুখ্যমন্ত্রীকে সমর্থন জানাতে গিয়ে এই কথা বলবো যে, শিক্ষকদের সম্মান যে তিনি এখানে রেখেছেন তা একটা যুগান্তকারী ঘটনা হয়ে থাকবে। অতীতের একটা ঘটনাকে তুলে ধ'রে যে সম্মান তিনি দান করলেন, সেটা আমার বক্তৃতার মধ্য দিয়ে তা পরিস্ফুট করতে চাই। অতীতে আমরা দেখেছিলাম যে, ঔরঙ্গজেব তাঁর পুত্রকে এক মৌলবী সাহেবের কাছে পড়তে দিয়েছিলেন। একদিন ঔরঙ্গজেব জানতে চাইলেন যে, পুত্রের শিক্ষা কি রকম হচ্ছে তিনি নিজে দেখতে চাইলেন। দেখতে গিয়ে দেখলেন যে, মৌলবী সাহেবের পায়ে পুত্র জল ঢেলে দিচ্ছে, মৌলবী সাহেবের পা ধোয়াচ্ছে। ঔরঙ্গজেব দেখে তিনি সন্তুষ্ট হলেন না। মৌলবী সাহেবকে ডেকে পাঠালেন। এবং মৌলবী সাহেবও দেখে ফেলেছেন স্বয়ং ঔরঙ্গজেব দেখে ফেলেছেন, তখন তিনি বুঝতে পেরেছিলেন যে, স্বয়ং ঔরঙ্গজেবের পুত্র যখন শিক্ষক মহাশয়ের পায়ে জল ঢেলে দিয়েছে নিশ্চয়ই শিক্ষকের আর পরিত্রাণ নেই। অনেক ভেবেচিন্তে ঠিক করে ছিলেন যদিও তার মৃত্যু অনিবার্য, তবু সেদিন তিনি বলেছিলেন যে, শিক্ষক আমি সবারের উপর দিল্লীর সম্রাট তো কোন ছার! তারপর তখন সেই শিক্ষককে ডেকে পাঠানো হল, ঔরঙ্গজেব বলেছিলেন, সেই শিক্ষককে, কি শিক্ষা আপনি দিয়েছেন আমার পুত্রকে? আমি নিজে দেখলাম, পুত্র জল ঢেলে দিচ্ছে, তারপর আপনি পা ধুচ্ছেন। কেন এই শিক্ষা হল না যে, আমার পুত্র আপনার পা নিজহাতে ধুয়ে দেয়। এই যে সম্মান তিনি দিয়েছিলেন সেদিন তাতে শিক্ষক মহাশয় বলেছিলেন, "সত্য তুমি আলমগীর দিল্লীর সম্রাট"। আজ আমি বলবো যে, আমার এই সরকার জাতি গঠনের দায়িত্ব যাদের আছে। জাতির যারা ভবিষ্যৎ। আজকে যারা ছাত্র এবং আগামী দিনের যারা নাগরিক, যারা দেশের ভবিষ্যৎ—তাদের গঠন করার যাদের দায়িত্ব তাঁদের উপর যে সম্মান আমার এই সরকার রেখেছেন তার জন্য আমি গর্বিত এবং একে আমি আন্তরিক সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীগণেশচন্দ্র হাটুইঃ মাননীয় স্পীকার মহাশয়, কামারপুকুর কলেজের ম্যানেজমেন্ট টেক-ওভার করার জন্য যে বিল মাননীয় মুখ্যমন্ত্রী এনেছেন আমি তাকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি এবং হুগলী জেলার পক্ষ থেকে অভিনন্দন জানাচ্ছি। স্যার, ঐ কলেজের পাশের কলেজে আমি কাজ করি। ঐ কলেজে দ্বিতীয় বার যখন তিন জন শিক্ষককে ছাঁটাই করা হল, তখন তাদের যে অপরাধের জন্য ছাঁটাই করা হয় সেটা শুনলে স্যার, আশ্চর্য হয়ে যাবেন। তাঁদের অপরাধ হ'ল, প্রিন্সিপাল বলেছিলেন, ছাত্ররা যাতে চুরি করতে পারে তার জন্য সাহায্য করতে হবে। সেই শিক্ষকরা নাকি তাঁদের সহায়তা করেন নি, এটাই তাঁদের অপরাধ। আর এই অপরাধেই তাঁদের ছাঁটাই করা হয়েছিল। এই চুরি করানোর উদ্দেশ্য হ'ল, ছাত্ররা চুরি করলে ভাল ফল হবে এবং তাতে ছাত্রসংখ্যা বৃদ্ধি পাবে। আর ছাত্রসংখ্যা বৃদ্ধি পেলে তার লাভ হবে। এখানে যে মাস রিট্রেঞ্চমেন্ট করা হয়েছে-(১৬ জন অধ্যাপককে রিট্রেঞ্চ করা হয়েছে) তার মধ্যে বিভিন্ন দলের লোকেরা আছেন। আজকে এই বিলের মাধ্যমে শিক্ষকরা নিরাপত্তা পাবেন এবং ভবিষ্যতে সকল শিক্ষকরা নিরাপত্তা বোধ করবেন। এই ব'লে এই বিলকে স্যার, আন্তরিক অভিনন্দন জানিয়ে শেষ করলাম।

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রত্যেক মাননীয় সদস্যকে ধন্যবাদ দিচ্ছি এই কারনে যে, তাঁরা এই বিলটা এইভাবে সমর্থন করেছেন। আমাদের দলের সদস্যদের কিছু বলার নেই, শুধু এইটুকু বলার যে, প্রত্যেকের বক্তৃতার মধ্যে দিয়ে এটা প্রমাণ হয়ে গিয়েছে যে, আজকে বিধানসভায় যতগুলি দল আছে তাঁরা সবাই একমত হয়ে এই বিলটা পাশ করছেন। আমি মাননীয় শীশ মহম্মদ সাহেবকে বিশেষ ক'রে ধন্যবাদ দিচ্ছি এই কারণে যে, তিনি আমাদের অভিনন্দিত করেছেন।

The motion of Shri Siddhartha Shankar Ray that The Shree Ramkrishna Sarada Vidya Mahapitha Bill, 1973, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 8 and Preamble

The question that Clauses 1 to 8 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Siddhartha Shankar Ray: Sir, I beg to move that The Sri Ramkrishna Sarada Vidya Mahapitha Bill, 1973, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Calling attention to matter of urgent public importance

[1-30—1-40 p.m.]

Mr. Speaker: The Minister-in-charge of the Labour Department will please make a statement on the subject of suspension of some of the employees of the Keshoram Cotton Mills.

(Attention called by Shri Manoranjan Halder, Shri Sheikh Daulat Ali and Shri Sudhendu Mondal on the 19th March, 1973).

Shri Pradip Bhattacharyya: Sir, on a dispute regarding revision of rates of 4 loom (plain) weavers and 8 loom (auto) weavers, the Labour Minister intervened for a settlement. By Labour Minister's award, dated 6th November 1972, the basic rate of 4 loom (plain) weaver was fixed at Rs.79.51 for a month of 26 days. The rate of 8 loom (auto) weaver was similarly fixed at Rs.111.31 per month and the matter was also subsequently clarified by the Government. One of the unions viz., Kesoram Cotton Mills Employees' Union alleged on 5th January, 1973 that for the last one year the management were not paying the attendance/efficiency allowance. The matter was enquired into by the Labour Directorate and the complaint of the Union was found to be not correct.

The management brought to the notice of the Government that from 1st February, 1973 a section of weavers of the loom shed stopped gaiting of beams of plain looms and refused to run more than 2 looms though they were running four looms and they did not allow the bear gaiters to gait 4 looms. As a result 800 looms stopped working and 300 helpers were laid off from 13th February, 1973 as the situation did not improve. The management also suspended 16 workers from 6th February, 1973 alleging acts of misconduct.

The Labour Minister intervened in the matter and at his request normalcy was restored from 3rd March, 1973 and lay off was also lifted.

The Employees' Union's representative, Shri Bipul Guha Roy started hunger-strike on 11th March, 1973 protesting against the continuance of the suspension. At the request of the Labour Minister the hunger-strike was called off and the management also lifted the 16 suspension order from 14th March, 1973. Other dispute raised is being looked into.

Mr. Speaker: I have received one notice of Calling Attention on the following subject, namely:—

Supply of drinking water in the primary schools situated in the villages of West Bengal—from Shri Md. Dedar Baksh.

I have selected the notice of Shri Md. Dedar Baksh on the subject of Supply of drinking water in the primary schools situated in the villages of West Bengal.

Hon'ble Minister-in-charge may please make a statement on the subject to-day, if possible, or give a date for the same.

Shri Gyan Singh Sohanpal: On Monday, Sir.

Mention Cases

শ্রীগণেশচন্দ্র হাটুই: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে পৌর প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। ১৯৫৫ সালের চন্দননগর মিউনিসিপাল অ্যাক্ট অনুসারে বিদ্যালয়গুলির ম্যানেজমেন্ট চন্দননগর মিউনিসিপ্যাল করপোরেশনের উপর ন্যস্ত হয়। এ্যাক্টের প্রভিসন অনুসারে টি এ রুলে অপসান দেওয়া হয়। সেই অপসান অনুসারে ৬০ বছর বয়সের পর ৬৫ বছর বয়স পর্যন্ত এক্সটেনসন পাবার সুযোগ দেওয়া হয়। কিন্তু বর্তমানে চন্দননগর পৌর প্রতিষ্ঠানের প্রশাসক মহাশয় এডুকেসন কমিটির মতামত অগ্রাহ্য করে অগণতান্ত্রিক উপায়ে শিক্ষকদের এক্সটেনসনের সুযোগ থেকে বঞ্চিত করেছেন। শিক্ষকগণের কাছ থেকে প্রতি মাসে পি এফ বাবত যে টাকাটা নেওয়া হচ্ছে তার কোন হিসাব আজ পর্যন্ত শিক্ষকগণ পান নি। প্রায় ৭ লক্ষ টাকার কোন হিসাব আজ পর্যন্ত কর্তৃপক্ষ দেন নি। ১৯৭০ সালের ১লা এপ্রিল থেকে যে পে স্কেল রিভিসন করবার কথা ছিল, যে পে স্কেল পশ্চিমবঙ্গের সর্বত্র চালু করা হয়েছে, তা এখানে চালু করা হয় নি, উপরন্তু ৭ই মার্চ ১৯৭৩ তারিখে পৌর প্রতিষ্ঠানের প্রশাসক কর্তৃক প্রদত্ত সার্কুলার অনুসারে শতকরা ৭০ ভাগ শিক্ষকের ৩০ টাকা থেকে প্রায় ১০০ টাকা পর্যন্ত প্রতি মাসে বেতন থেকে কেটে নেবার নির্দেশ দেওয়া হয়েছে। এই অগণতান্ত্রিক স্বেচ্ছাচারী নির্দেশের প্রতিবাদে পৌর প্রশাসকের নিকট চন্দননগর পৌর প্রতিষ্ঠান পরিচালিত বিদ্যালয়ের শিক্ষকগণ গত ৯ই মার্চ ১৯৭৩ তারিখে অভিযোগ জানাতে গেলে তিনি তাঁদের অভিযোগ শোনার পরিবর্তে প্রথমেই সি আর পি ও পুলিশ ডেকে শিক্ষকদের অপমানিত ও লাঞ্ছিত করেন এবং প্রায় ৩ ঘণ্টা ধরে শিক্ষকদের মিউনিসিপ্যাল গেটের সামনে আটক করে রাখেন। এই স্বেচ্ছাচারী পৌর প্রশাসকের বিরুদ্ধে অবিলম্বে তদন্তের দাবি জানাচ্ছি।

শ্রীতপন চ্যাটার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হচ্ছে সরষের তেলের দর বৃদ্ধি। এটা নিয়ে কয়েকদিন আগে পার্লামেন্টে হৈ-চৈ হয়েছে। এই সরষের তেলের দর বৃদ্ধির কারণ দুটি। একটি হচ্ছে কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গে রেড সিডের কোটা কমিয়ে দিয়েছেন। দ্বিতীয় কারণ

হচ্ছে, গুজরাটের মিলগুলিতে বনস্পতি তৈরি করার জন্য সরিষার তেলের ব্যবহার করার অনুমতি দিয়েছেন। এর ফলে পশ্চিমবঙ্গের রেড সিডের কোটা কাটছে। ফলে প্রায় এক শত তেলকল বন্ধ হবার মুখে এসে দাঁড়িয়েছে এবং ২৫ হাজার শ্রমিক এর ফলে বেকার হয়ে পড়বেন। এর ফলে বাজারে সরষের তেলের দর যথেষ্ট বৃদ্ধি পাচ্ছে। রেশানের দোকানের মাধ্যমে যে ১ লক্ষ ৩০ হাজার পরিবারকে সরিষার তেল দেওয়া হত সেটা বন্ধ হয়ে যাবে। বাজারে সরিষার তেলের দর ৬ টাকা থেকে সাড়ে ৬ টাকা হয়ে গেছে। ইতিপূর্বে আমি খাদ্যমন্ত্রীকে তাঁর খাদ্য দপ্তরের বাজেটের দিন এই সম্পর্কে বক্তব্য রেখেছিলাম। কিন্তু এখনও বুঝতে পারছি না, তিনি কি করলেন? সেদিন হাউসে বলেছিলেন, এ সম্পর্কে মাননীয় মুখ্যমন্ত্রীর সংগে কথাবার্তা বলবেন এবং এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করবেন। কিন্তু আজ পর্যন্ত কিছুই হয় নি। আমি সে জন্য আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই যাতে অবিলম্বে এই সম্পর্কে সত্বর ব্যবস্থা অবলম্বন করেন।

শ্রীকৃষ্ণপদ রায়ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে হাওড়া জেলার একটি গুরুত্বপূর্ণ ব্যাপারের প্রতি মাননীয় মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। আগামী ২৬ তারিখ থেকে হাওড়া পৌর প্রতিষ্ঠানে ধর্মঘটের সিদ্ধান্ত জানিয়ে দেওয়া হয়েছে। স্পীকার স্যার, আপনি জানেন ১৯৬৭ থেকে ১৯৭৩ সাল পর্যন্ত শুধু পশ্চিমবাংলা নয়, ভারতবর্ষের সবচেয়ে বড় মিউনিসিপ্যালিটি যেটা এই হাওড়া পৌর সভা পিতৃমাতৃহীন অবস্থায় আছে। এবং এখানে কোন নির্বাচিত বডি নেই। অ্যাডমিনিস্ট্রেটর বা এক্সিকিউটিভ অফিসার দিয়ে পৌর সভা প্রশাসন চলছে। এই প্রশাসন ভেংগে পড়ার পরে, প্রগতিশীল সরকার স্থাপিত হবার পরে, এই এক বছরে পৌর সভার কাজের গতি যেরকম বৃদ্ধি পেয়েছে, জনসাধারণ একটু উপকৃত হচ্ছেন ঠিক সেই সময়ে পৌর সভার কর্মচারীরা তাদের দাবিদাওয়া নিয়ে আগামী ২৬ তারিখ থেকে লাগাতার ধর্মঘটের নোটিশ দিয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই প্রসংগে আপনার কাছে একটি কথা বলতে চাই। যখন বসন্ত এবং কলেরা রোগ এপিডেমিকভাবে হচ্ছে বলে সরকার থেকে ঘোষণা করা হচ্ছে, যখন ৭.১৮ লক্ষ লোক অধ্যুষিত হাওড়া পৌরসভার স্বাস্থ্য বিপন্ন হয়ে পড়েছে, তখন কয়েকটি ন্যায়সংগত দাবিকে কেন্দ্র করে কর্মচারীরা আন্দোলন করতে চলেছেন। এই আন্দোলনের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এবং এর আশু প্রতিকারের জন্য আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসরোজ রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে একটা গুরুত্বপূর্ণ জিনিস রাখার আগে একটা কথা মনে করিয়ে দিতে চাই। আমাদের এই সভার আজকে একটি গুরুত্বপূর্ণ দিন। যেদিন কলকাতা কলেজের শিক্ষক এবং শিক্ষার ক্ষেত্রে একটা অগ্রগতির চিহ্নিত দিক সেই দিক থেকে একটা কথা আপনার মাধ্যমে বলতে চাই। প্রাইমারী এডুকেশানের দিক থেকে আমাদের মেদিনীপুর জেলায় এমন কতকগুলি ঘটনা ঘটেছে যেটা শুধু লজ্জার বিষয় নয়, আমার কাছে ঘৃণাজনক ঘটনা বলে মনে হচ্ছে। মেদিনীপুর জেলায় প্রাথমিক শিক্ষকের জন্য যে সমস্ত ছেলেমেয়েরা ইন্টার-ভিউ দেয় সেই ইন্টারভিউয়ের ব্যাপারে একটা জঘন্য দুর্নীতি হয়েছে। আমাদের বন্ধু কংগ্রেস দলের সংগে ২টি বিবদমান দলাদলির সৃষ্টি হয়। ফলে প্রথমে চন্দ্রকোণায় ইন্টারভিউ নেবার সময় ২টি মারামারি হয়। ইন্টারভিউয়ের কাগজপত্র চুরি করা হয় এবং ইন্টারভিউ কমিটির কনভেনরকে আটক রাখা হয় এবং শেষে তারা পুলিসের আশ্রয়প্রার্থী হতে বাধ্য হল এবং ফলে ইন্টারভিউ বন্ধ হয়ে যায়। তমলুকে তারপরের দিন ২টি দলে মারামারি হয়, ইন্টারভিউ বন্ধ হয়ে গেছে। কংগ্রেসে শিক্ষক সমিতি যেটা আছে তার সভাপতিকে দিবালোকে খড়দা থেকে ইলোপ করে নিয়ে যাওয়া হয়। তাকে ৬ ঘণ্টা আটকে রাখে এবং তার উপর অত্যাচার করা হয়। শেষে ১৫ই মার্চ তারিখে মেদিনীপুর শহরে ডি আই অফিসে একটা মিটিং ডাকা হয় চাকুরিপ্রার্থীদের ফাইন্যাল প্যানেল তৈরি করার জন্য। ঐদিন কংগ্রেসের একটা দল ছুরি, লাঠি নিয়ে তৈরি থাকে ঐ মিটিং ভেংগে দেবার জন্য। জেলা ম্যাজিস্ট্রেট বাধ্য হন সশস্ত্র পুলিস দিয়ে ডি আই অফিস ঘিরে রাখতে এবং পরে মিটিং বন্ধ করতে বাধ্য হন। ইন্টারভিউ নেবার সময় চাকুরির ক্ষেত্রে প্রার্থীদের কাছ থেকে টাকা নেওয়া হয়। আরো জঘন্য ব্যাপার রয়েছে। বিক্ষোভ এমন পর্যায়ে উঠে যে, শেষ পর্যন্ত

কমিটির সভ্যরা জেলা থেকে পালিয়ে আসে। গত ২০এ মার্চ, ১৯৭৩ তারিখে কলকাতার মহানগরীর প্রোটেকটেড এরিয়ার মধ্যে অবস্থিত রাইটার্স বিল্ডিংস-এর রোটান্ডা হলে বসে ঐ চাকুরি প্রার্থীদের প্যানেল তৈরি হয়। এটা অত্যন্ত লজ্জার কথা, এই যে প্যানেল তৈরি করা হয়েছে,

[1-40—1-50 p.m.]

তা চূড়ান্ত করাপশানের উপর ভিত্তি করে। আমি এডুকেশন মিনিস্টারের কাছে অনুরোধ করবো, দলীয় স্বার্থে যে ইন্টারভিউ-এর প্যানেল তৈরি করা হয়েছে সরকারী ব্যবস্থাপনায়, পুনরায় নতুন করে প্যানেল তৈরি করুন দলীয় স্বার্থ পরিত্যাগ করে। আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করবো, তিনি কলেজ শিক্ষকদের ব্যাপারে আজকে যা করবেন তাতে সারা দেশ তাঁকে আশীর্বাদ জানাবেন। কিন্তু আজকে প্রাইমারী শিক্ষার ক্ষেত্রে যে দুর্নীতি মেদিনীপুর জেলায় চলছে, সেটাকে যদি বন্ধ না করতে পারেন, তা হলে সেখানকার মানুষ ক্ষমা করবে না। সুতরাং আমি আশা করবো এই প্রাইমারী শিক্ষক নিয়োগের ক্ষেত্রে নতুন করে ইন্টারভিউ আবার ডাকুন, না হলে প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে একটা বিপর্যয় আসবে।

শ্রীপরেশ বৈদ্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গুরুত্বপূর্ণ বিষয় দৃষ্টি আকর্ষণ করার জন্য রাখছি। গোসাবা কেন্দ্রে এই পর্যন্ত খাসজমি প্রায় ১০ হাজার একর সরকারের আওতায় এসেছে। কাজেই সেখানে যে ভূমিবণ্টন কমিটি আছে, তারা সেই খাসজমি রায়তকে বণ্টন করবার জন্য মিটিং করছে। কিন্তু জে এল আর ও ডিপার্টমেন্ট এই বিষয়ে তৎপর নয়, যাতে দ্রুতগতিতে এই খাসজমি রায়তদের দেওয়া যেতে পারে। ভূমিবণ্টন সম্পর্কে কমিটি যেসমস্ত সিদ্ধান্ত নিচ্ছেন জে এল আর ও-র গাফিলতির জন্য এটা হতে পারছে না। এই বিষয়ে ভূমিসংস্কারমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, গোসাবা কেন্দ্রে ১০ হাজার একর যে ভেস্টেড ল্যান্ড, সেই জমি বণ্টন ত্বরান্বিত করার জন্য। আমি এই বিষয়ে ভূমিরাজস্ব মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছি লিখিত ভাবে, গোসাবা কেন্দ্রে বহু বর্গাচাষী আছে, তাদের একটা বিরাট সমস্যা হচ্ছে, এই যে সমস্ত চাষীরা সেখানে জমি চাষ করেছিলেন, এবারে ধান নেবার টাইমে মালিক পক্ষ বাধা দিচ্ছে, যার জন্য অনেক গরিব চাষী ধান পাচ্ছে না এবং জে এল আর ও-র অফিসে গেলে তারা কিছু করছে না। আমি এই বিষয়ে ভূমিসংস্কারমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীগুরুপদ খাঁন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে একজন মাননীয় সদস্য পরেশবাবু গোসাবা কেন্দ্রের ভূমিবণ্টনের সম্বন্ধে অভিযোগ আনলেন এবং উনি বলেছেন যে, এই বিষয়ে আমাকে লিখিতভাবে দিয়েছেন, কত দিন আগে দিয়েছেন?

শ্রীপরেশ বৈদ্য : প্রায় মাস তিনেক আগে দিয়েছি।

শ্রীগুরুপদ খাঁন : জানি না আমাকে লিখিতভাবে দিয়েছিলেন কিনা। যদি দিয়ে থাকেন, তা হলে আপনি আমার সঙ্গে দেখা করবেন, নিশ্চয়ই এতদিনে তার রিপোর্ট এসে গেছে। সেই বিষয়টা দেখবো।

শ্রীবীরেশ্বর রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিম দিনাজপুর জেলায় শিডিউল্ড কাস্ট অ্যান্ড ট্রাইবাল ওয়েলফেয়ার ডিপার্টমেন্টের একজন স্পেশাল অফিসার আছেন, এই অফিসে শিডিউল্ড কাস্ট অ্যান্ড ট্রাইবসদের জন্য যে সমস্ত কাজ করা হচ্ছে এবং যে সমস্ত টাকা পয়সা ধার্য করা আছে সেই টাকা পয়সা তছরুপ করা হচ্ছে, যা তাদের শিক্ষামূলক উন্নয়নমূলক কাজের জন্য ধার্য আছে। বালুরঘাটে ২০ জন ছাত্রকে শিক্ষা দেওয়ার জন্য একটা স্কুল আছে, সেই স্কুলে তাঁত শিল্প সম্বন্ধে শিক্ষা দেওয়া হয়। কিন্তু এই তাঁত শিল্পে শিক্ষা দেওয়ার নামে সেখানে টাকা পয়সা তছরুপ করা হচ্ছে। যেখানে ২০ জন ছাত্রকে শিক্ষা দেওয়ার জন্য একটা স্কুল আছে সেই স্কুলে তাঁত শিল্প সম্বন্ধে শিক্ষা দেওয়া হয়। কিন্তু এই তাঁত শিল্পে শিক্ষা দেওয়ার নামে সেখানে টাকা পয়সা তছরুপ করা হচ্ছে। যেখানে ২০ জন ছাত্রকে শিক্ষা দেওয়া ব্যবস্থা আছে

সেখানে ১৫ জন ছাত্রকে নেওয়া হয়েছে ১৯৭২ সালে। বাকি ৫ জন ছাত্রের টাকা ছাড়াও সরকারের সাজ-সরঞ্জাম কেনবার জন্য ১০০ টাকা খরচ করা হয়েছে টি এ বিল ইত্যাদি বাবত। টি এ বিল ইত্যাদি বাবত এই ১০০ টাকা খরচ এটা অত্যন্ত বেশী বলে আমি মনে করি। এ ছাড়া ১৯৭৩ সালে এই স্কুলে ২০ জন ছাত্র ভর্তি করা হয়েছে, কিন্তু সেখানে ঐ বাকি ছাত্রদের কোন সাজসরঞ্জাম নেই, যা সামান্য আছে সেগুলি অব্যবহার্য হয়ে গিয়েছে, সেই কারণে ছাত্ররা সেখানে বসে আছে, কোন শিক্ষা তাদের দেওয়া হচ্ছে না। সেই কারণে আমি এই বিষয়ে আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, শুধু তাদের শিক্ষা দিলেই চলবে না, তাদের জন্য তাঁত ফ্যাক্টরী তৈরি করতে হবে এবং তাঁত ফ্যাক্টরীতে তারা শিক্ষালাভের পর যাতে কাজ করতে পারে তার জন্য আমি অনুরোধ রাখছি।

শ্রীঅশ্বিনী রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমস্যাটা হচ্ছে কলকাতার সমস্যা। মধ্য কলকাতার ১২টি হোটেলের কর্মচারীরা, তার মধ্যে 'ক' শ্রেণীর ৬টি, 'খ' শ্রেণীর ২টি আর 'গ' শ্রেণীর ৪টি এদের ১৪০ জন কর্মচারী ১লা মার্চ থেকে কর্মবিরতি পালন করছে, তাদের যেসমস্ত দাবি ছিল মালিকরা সে সমস্ত দাবি মানে নি, তার জন্য শ্রম দপ্তরের কাছে তারা আবেদন করেছেন মালিকের বিরুদ্ধে। এখন এখানে বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় নেই, এবং এখানে শ্রম দপ্তরের মন্ত্রি-মহাশয়ও নেই, সেই জন্য মুখ্যমন্ত্রী মহাশয় যদি বিশেষ প্রচেষ্টা নিয়ে এই সমস্ত কর্মচারীদের দাবির কথাটা সহানুভূতির সঙ্গে বিবেচনা করে মালিকদের সঙ্গে একটা মীমাংসা করতে পারেন, তা হলে এই সমস্ত ১২টি হোটেলের যে ১,৪০০।১,৫০০ বোর্ডার আছেন, তাঁদের এবং আমরা অনেক বিধানসভার সদস্য এইসব হোটেলে থাকি সেই জন্য আমাদেরও অসুবিধা হচ্ছে। সেই জন্য এই অসুবিধা যাতে দূর করা যায় তার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য-মন্ত্রীর একটা বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হচ্ছে একটা চক্ষুরোগ, এই রোগের নাম খবরের কাগজে যা দেখতে পাওয়া যায় সেটা হচ্ছে ডিটাচমেন্ট অফ র‍্যাটিনা রোগ। এই রোগের রোগীর সংখ্যা ক্রমশঃ বেড়ে চলেছে। ১৯৬৯ সালে কলকাতা মেডিকেল কলেজে ১৭০টি এইরকম রোগী চিকিৎসার জন্য আসেন। ১৯৭০ সালে ১৯০ জনের বেশী রোগী চিকিৎসার জন্য ঐ মেডিকেল কলেজে আসেন, এদের বয়স ২৫ থেকে ৪০-এর মধ্যে। আরো খবর আছে, অনেক ডাক্তার এই রোগের কবলে পড়েছেন। ই এস আই এস হাসপাতালের ডাঃ এ কে দত্ত তার এই রোগে একটা চক্ষু নষ্ট হয়ে যায় এবং আর একটা চক্ষুও খারাপ হয়ে আসছে। তার পর সিটি কলেজের অধ্যাপক শ্রীহরমোহন মুখার্জী, তিনি এই রোগে আক্রান্ত হয়, এবং এর পর তিনি ইউরোপে গিয়েছিলেন, সেখানে খেলতে গিয়ে আঘাত পান যার ফলে রোগ আরো বেড়ে গিয়েছে। এই ভাবে বহু রোগী আস্তে আস্তে তাদের চক্ষু হারাচ্ছেন।

[1-50—2-00 p.m.]

চিকিৎসা আছে, চিকিৎসক আছে, চিকিৎসা ব্যবস্থা আছে, কিন্তু দুঃখের বিষয় এইরকম ধরনের রোগ কেন হচ্ছে সেটা জানা যায় নি। আমার কাছে খবর আছে তাতে ভ্যাজাল খাদ্য এবং প্রোটিনযুক্ত খাদ্যের অভাবের জন্য এই রোগ হচ্ছে। তাই স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করব যে, এইরকম একটা রোগ যাতে মানুষ চোখ হারিয়ে ফেলছে সেটা একটা ঘটনা নয়, এই সম্বন্ধে অনুসন্ধান করা হোক। মানুষ জীবনে বেঁচে থাকার জন্য সংগ্রাম করে, কিন্তু চোখ হারিয়ে ফেললে তার কাছে দুনিয়া অন্ধকার হয়ে যায়। গত ৩রা জানুয়ারি, ১৯৭৩ তারিখে আনন্দবাজার পত্রিকায় রেটিনাল ডিটাচমেন্ট বলে একটা খবর বের হয়েছিল। এই সঙ্গে আমি অনুরোধ করব যে, আপনাদের রিসার্চের ব্যবস্থা আছে সেখানে এটা করুন। অশিক্ষিত মানুষ যারা তাদের জন্য আপনাদের রিহ্যাবিলিটেশনের বন্দোবস্ত আছে। কিন্তু শিক্ষিত মানুষের জন্য পুনর্বাসনের কোন ব্যবস্থা নেই। তাই অনুরোধ করব, এই রোগের নির্মূল করে হবে, এর কারণ কি—এই সমস্ত-গুলি অনুসন্ধান করে আমাদের হাউসের সামনে রাখা হোক এবং তা হলে পশ্চিমবাংলার মানুষ জানতে পারবে যে, এই কারণে এই রোগ হচ্ছে।

শ্রীঅজিতকুমার পাঁজা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, সত্যই এটা খুব গুরুত্বপূর্ণ বিষয় আমাদের যারা বিশেষজ্ঞ তারা জানালেন যে, এই রেটিনা ডিটাচমেন্ট রোগটা যারা শিক্ষিত পরিবার লেখাপড়া নিয়ে থাকেন তাদের মধ্যেই বেশীর ভাগ দেখা যাচ্ছে। কিন্তু অপুষ্টিকর খাদ্য যারা খাচ্ছেন, লেখাপড়া নিয়ে থাকেন না, অর্থাৎ গ্রামবাংলায় যারা চাষবাস করেন বা যারা শ্রমিক শ্রেণী রয়েছেন তাদের মধ্যে এই রোগ দেখা যাচ্ছে না। কিন্তু এটা সম্বন্ধে দ্রুত অনুসন্ধান করা দরকার। তাই আজ সকালবেলা মেডিকেল কলেজে আই ইনফারমারীতে এই বিষয়ে একটা রিসার্চ সেন্টার ওপেন করা হয়েছে। সেখানে ডঃ আই এস রায় এবং অন্যান্য অভিজ্ঞ চক্ষু চিকিৎসকদের দ্বারা এটা অনুসন্ধান করে বের করার চেষ্টা করা হচ্ছে। সেখানে ৪০টা বেড এবং নূতন ধরনের সাজ-সরঞ্জাম দিয়ে বিশেষজ্ঞরা কাজ শুরু করে দিয়েছেন। তবে এটা ঠিক নয় যে, অপুষ্টিজনিত খাদ্যের অভাবের জন্য এই রোগ হচ্ছে, কিন্তু এটা কেন হচ্ছে ডাক্তারবাবুরা তা ধরতে পারেন নি, অনুসন্ধান করে যাচ্ছেন। অতএব যারা শিক্ষিত পরিবার এবং লেখাপড়ায় বেশী নিযুক্ত তাদের মধ্যেই এই রেটিনা ডিটাচমেন্ট রোগের কেস হচ্ছে এবং তারা অন্ধত্ব প্রাপ্ত হচ্ছেন। আমি আশা করব, ডাক্তারবাবুর এই রোগের কারণ তাড়াতাড়ি বের করতে পারবেন।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা বিশেষ গুরুত্ব-পূর্ণ বিষয়ে মন্ত্রিমন্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। গত কয়েকদিন আগে একটা দৈনিক সংবাদ পত্রে দুটো রিগের ছবি বের হয়েছিল। তারপর আমি অনুসন্ধান করে দেখলাম যে, গত এক বছর ধরে ঐ দুটো রিগ যে রিগ দিয় সাত দিনের মধ্যে একটা ডিপ টিউবওয়েল করা সম্ভব এবং ঘণ্টায় যেটা ৭০ থেকে ৮০ হাজার গ্যালন জল পাওয়া যাবে এবং যে দুটো রিগ একদিনে একটা স্যালো টিউবওয়েল করে দেবে সেই দুটো রিগ জিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ার দপ্তরে এবং সেন্ট্রাল ওয়াটার বোর্ডের অফিসে এক বছর ধরে পড়ে আছে। এতদিন পর্যন্ত ঐ যন্ত্র দুটি ত্রিপল ঢাকা ছিল. কিন্তু এখন সেটা খোলা অবস্থায় আছে। ইতিমধ্যে সংবাদপত্রে এই ছবি বের হবার পর সেখানকার যে সমস্ত ওয়াচ অ্যান্ড ওয়ার্ডের কর্মচারী আছেন তাদের উপরে সেখানকার কর্তৃ-পক্ষের অত্যাচার শুরু হয়েছে। এবং তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে। পশ্চিমবাংলায় এবারও খরা হতে চলেছে—গতবছরও বৃষ্টি হয় নি। সেখানে এই দুটো রিগ দিয়ে সারা পশ্চিমবাংলার বিভিন্ন জেলায় ডিপ টিউবওয়েল তৈরি করে সেচের জন্য জলের সমস্যা মেটানো যেতে পারে এবং সঙ্গে সঙ্গে দশ-বারোটা গ্রামকে কেন্দ্র করে একটা ডিপ টিউবওয়েল দিয়ে জনস্বাস্থ্য দপ্তর থেকে গ্রামের মানুষের জন্য পানীয় জল সরবরাহের ব্যবস্থা করতে পারতেন

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই রিগ নিয়ে অনেক চীৎকার হয়েছে অথচ কোলকাতাতে দুটি রিগ এক বছর ধরে পড়ে রয়েছে। যে রিগ সাত দিনে একটি ডিপ টিউবওয়েল তৈরি করে, একদিনে একটি শ্যালো টিউবওয়েল তৈরি করে, সে সম্বন্ধে আমাদের পশ্চিমবঙ্গ সরকার কেন খোঁজ খবর করলেন না, কেন বিবেচনা করলেন না সেটা আমি জানতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আর একটি ঘটনা বলতে চাই। ১৯৭২ সালের আগস্ট মাসে এই জিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ার একটি ইউনিট চলে গেল ফরিদাবাদে এবং সেখানে লোক নেওয়া হল ৩৫০ জন। ১লা আগস্ট, ১৯৭২ সাল এরই আর একটা ইউনিট মিনারেল এক্স-প্লোরেসন ডিভিসন নাগপুরে চলে গেল এবং সেখানে লোক নেওয়া হয় ২ হাজার। এই ২ হাজার ৩৫০ জন মানুষ পশ্চিমবাংলা নিতে পারত। কিন্তু পশ্চিমবঙ্গ সরকারকে বারংবার বলা সত্ত্বেও তাঁরা এই বিষয়ে কোন চিন্তা করেন নি। আমরা কর্মে নিয়োগের জন্য উদ্যোগ নিচ্ছি, কিন্তু এক্ষেত্রে দেখছি নাগপুরে গেল ২ হাজার এবং ফরিদাবাদে গেল ৩৫০ জন লোক। আমি এই ঘটনার প্রতি এবং ওই যে দুটি রিগ পড়ে রয়েছে বললাম তার প্রতি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের পানীয় জলের যে সমস্যা দেখা দিয়েছে তাতে এই রিগ দিয়ে এই সমস্যার সমাধান করা সম্ভব ছিল। কাগজে বেরুবার পর আজ ৪-৫ দিন হয় এই রিগে তেল দেওয়া হয়েছে এবং ব্যাটারী মেরামত করা হয়েছে নাগপুরে ফেরত নিয়ে যাওয়ার জন্য। আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে দাবি করছি, এই সম্বন্ধে কার্যকর পন্থা গ্রহণ করুন এবং পশ্চিমবাংলার মানুষের আশা-আকাঙ্ক্ষা পূরণ করুন।

শ্রীঅসমঞ্জ দে: মাননীয় স্পীকার মহাশয়, আমি নদীয়া জেলার একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে তার প্রতিবিধান দাবি করছি। নদীয়া জেলার কৃষ্ণনগর সদর হাসপাতাল, শক্তিনগর জেলা হাসপাতাল এবং সি এম ও এইচ অফিসে কাপড়, কম্বল থেকে শুরু করে টাইপরাইটার মেসিন এবং এমন কি বড় বড় জিপ গাড়ি চুরি হয়ে যাচ্ছে এবং এই ব্যাপারে কর্তৃপক্ষ পুরাপুরিভাবে উদাসীন। গত ২৮এ মে, ১৯৭১ তারেখে একটি উইল জিপ যার নম্বর হচ্ছে ডবলিউ জি ই ২৫৪৩, ২৪ হাজার টাকা যার দাম সেই গাড়িটা সি এম ও এইচ অফিসের গ্যারেজ থেকে প্রকাশ্য দিবালোকে চুরি হল এবং এখন পর্যন্ত সে সম্বন্ধে অনুসন্ধান হল না। ১২ই মে, ১৯৭২ তারিখে টোয়েন্টি অ্যাম্পলস অব অ্যান্টি-ডিপথিরিয়া সিরাপ শান্তনগর জেলা হাসপাতাল থেকে চুরি হল। ১২ই মে, ১৯৭২ তারিখে থেপ্ট হয় এবং পুলিসে ডায়রি হল ২০এ মে, ১৯৭২ তারিখে। এই ৮ দিনের ব্যবধান কেন হল, আমি জানি না। ১২ই আগস্ট, ১৯৭২ তারিখে কৃষ্ণনগর ডিস্ট্রিক্ট রিজার্ভ স্টোর থেকে সেভেন উডেন বক্সেস ফুল অব কস্টলী ড্রাগস চুরি হল এবং তারপর ঘরের বাইরে দেখা গেল খালি বাক্সগুলো পড়ে রয়েছে। এটা কি মনে করা অস্বাভাবিক হবে যে, যারা ঐ ঔষধগুলো রেখেছিল তাদের সঙ্গে যোগসাজস আছে? ২২এ জানুয়ারি, ১৯৭৩ তারিখে রোগীদের জন্য নির্ধারিত ২০টি কম্বল চুরি হল এবং তার জন্য কোন এনকোয়ারী হল না। ১৯এ জানুয়ারি ১৯৭৩ তারিখে সি এম ও এইচ অফিস থেকে ৩টি টাইপরাইটার মেসিনের মধ্যে দুটি মেসিন যার এক-একটির দাম হচ্ছে ৩,৫০০ টাকা তা চুরি হয় এবং তার জন্য কোন অনুসন্ধান হল না। আমি মনে করি কর্মচারীদের সামান্য একটি অংশের কালো হাত এর মধ্যে রয়েছে। আমি মনে করি, সি পি এম প্রভাবিত কো-অর্ডিনেসন কমিটির কয়েকজন সদস্য হেলথ ডাইরেকটোরেটের সঙ্গে যোগসাজস করে কাজ চালিয়ে যাচ্ছে। স্টেট ফেডারেসন অব এমপ্লয়ীস-এর কর্মচারীরা বাধা দেন এবং দেখা গেল, ভবেশচন্দ্র রায় এবং দেবীপ্রসাদ মুখার্জী যারা মাত্র ৩ বছর কাজ করছেন তাঁরা ট্রান্সফার হয়ে গেলেন অথচ কো-অর্ডিনেসন কমিটির পান্ডা কিরণ দাস এবং হৃষীকেশ চৌধুরী যাঁরা ১৪ বছর ধরে কাজ করছেন তাঁদের ট্রান্সফার করা হল না। আমি নদীয়া জেলার হাসপাতালের এই ঘটনার অনুসন্ধান দাবি করছি এবং উপযুক্ত ব্যবস্থা অবলম্বনের করবার দাবি জানাচ্ছি।

শ্রীনারায়ণ ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিষয়ের প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। এটা শুধু আমাদের পশ্চিমবাংলার কথা নয়, এর সঙ্গে জড়িয়ে রয়েছে আমাদের ভারতবর্ষের অখন্ডতা এবং সার্বভৌমত্ব এবং সেদিক থেকে এর খুব গুরুত্ব রয়েছে। উত্তরবঙ্গের বিশেষ করে দার্জিলিংয়ের পার্বত্য এলাকা, আসাম এবং বাংলাদেশের সীমান্ত এলাকা এবং নেপাল-পশ্চিমবাংলার সীমান্ত এলাকায় এক বৈদেশিক চক্র, সি আই এ এবং চায়নীস এজেন্ট সক্রীয় রয়েছে। আমি ব্যক্তিগতভাবে জানি, নেপালের ভেতর দিয়ে তারা কার্যকলাপ চালাচ্ছে। এ ছাড়া উত্তরবঙ্গে বেশ কিছু মিশনারি সংস্থা রয়েছে যাদের কার্যকলাপ সন্তোষজনক নয়।

[2-00—2-10 p.m.]

এরা বছর বছর কোটি কোটি টাকা খরচ করে বৈদেশিক মুদ্রা এরা কোথা থেকে পায় তা আমরা জানি না। আপনাকে বলি স্যার, গত সেপ্টেম্বর মাসে যখন প্রধানমন্ত্রী দার্জিলিং-এ এসেছিলেন ঐ বৈদেশিক চক্রের চক্রান্তে প্রধানমন্ত্রীর দার্জিলিং উপস্থিত থাকাকালীন যখন একদিকে বিশেষ রাজনৈতিক দল ও অরাজনৈতিক দল ভাষা আন্দোলন করছিলেন, ঠিক ঐ সময়ে দার্জিলিং-এ সেই বৈদেশিক চক্র আমাদের প্রধানমন্ত্রীকে একটা সংঘাতিক অশ্রদ্ধা প্রদর্শন করেছিলেন। রাজভবনের সামনে প্রধানমন্ত্রীর কুশপুত্তলিকা দাহ করে জাতীয় পতাকাতে অগ্নি সংযোগ করেছিলেন এবং দার্জিলিং-এ সেখানে চরম বিশৃংখলা সৃষ্টি করেছিল। আমরা জানি অনেক সাংবাদিক বন্ধু সেই সময় দার্জিলিং গিয়েছিলেন প্রধানমন্ত্রীর টুর কভার করতে। তারা অবাক হয়ে গিয়েছিলেন, তারা বলেছিলেন যে, স্বরাষ্ট্র বিভাগ এবং পুলিস বিভাগ কি কোন খবর রাখেন না, এরা কি ঘুমিয়ে আছেন? এতবড় একটা ব্যাপার প্রধানমন্ত্রীর উপস্থিতিতে কেন হল, কেমন করে দার্জিলিং-এ ঐ বিশৃংখলার সৃষ্টি হল যখন প্রধানমন্ত্রী স্বয়ং দার্জিলিং-এ

উপস্থিত আছেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে বলতে চাই যে, আপনারা একটু সজাগ হোন যে, উত্তরবঙ্গে যে সমস্ত সি আই এ বা চাইনীজ কাজ করছে এবং তারা বৈদেশিক মুদ্রা কোটি কোটি টাকার খরচ করছে। এখানে আমি নাম করতে পারি, কিন্তু নাম বলব না, বিভিন্ন মিশনারী সংগঠন আছে যাদের কোটি কোটি টাকা বছর বছর বাইরে থেকে আসছে। এই সমস্ত তদন্ত হওয়া দরকার এবং এটা যদি না করা হয়, আমাদের দেশের অখণ্ডতা ভেঙ্গে পড়বে।

ডঃ রমেন্দ্রনাথ দত্তঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন যে, পশ্চিমবঙ্গের দিনাজপুর জেলা ১৯০ মাইল লম্বা এবং ৩০ থেকে ৪০ মাইল চওড়া। এই জেলার এক প্রান্তে বালুরঘাট হেডকোয়ার্টার। বালুরঘাটে ট্রেজারীতে মোটর ভিহিকল্ ট্যাক্স জমা দিতে হয়। মোটর ভিহিকল ট্যাক্স দিতে রায়গঞ্জ মহকুমা থেকে ৬৭ মাইল যেতে হয়। ইসলামপুর থেকে ১৩৪ মাইল যেতে হয়। আজকে যার ফলে প্রত্যেক লোকের যাতায়াতে অনেক বেশী টাকা খরচ করতে হচ্ছে। দেশ বিভাগের পর ১৯৫১ সালে রায়গঞ্জ সাব-ট্রেজারীতে মোটর ভিহিকল্ ট্যাক্স জমা দেওয়ার নিয়ম ছিল। কেন অদ্ভুত কারণে এই জিনিস বন্ধ করে দেওয়া হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আসানসোল মহকুমা এবং শিলিগুড়ি মহকুমায় সাব-ট্রেজারীতে মোটর ভিহিকল ট্যাক্স জমা দেওয়ার ব্যবস্থা আছে। আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি, রায়গঞ্জ সাব-ট্রেজারীতে মোটর ভিহিকল্ ট্যাক্স জমা দেওয়ার যে ব্যবস্থা ছিল সেটা যাতে আবার চালু করেন। জয় হিন্দ্।

শ্রীবলাইলাল শেঠঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে চাষীদের একটা বিশেষ গুরুত্ব-পূর্ণ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনি জানেন যে, পশ্চিম-বাংলায় যখন খাদ্যসমস্যা নিয়ে বিরাট তর্ক-বিতর্ক চলছে, ঠিক সেই মুহূর্তে পশ্চিমবাংলার কৃষকগণ যখন নতুন করে বোরো ধানের চাষে আগ্রহী হচ্ছে, সেই সময় চাষের জলের যে অসুবিধা ঘটেছে যারা গ্রামবাংলার লোক যারা কৃষকসমাজের কাছাকাছি থাকেন, তারাই একমাত্র ভুক্তভোগী। আশ্চর্যের বিষয় একজন ইরিগেসন এস ডি ও আছেন, তাঁরা খেয়ালখুসীমত চাষীকে নাজেহাল করছেন। বর্তমানে জামালপুর ব্লকে এবং হুগলী জেলার ধনেখালি ব্লকে উভয় জেলার মধ্যে যেখানে মোহনপুর বলে গ্রাম আছে সেই গ্রামের কাছ দিয়ে বি আই ক্যানাল বলে একটা ক্যানাল আছে, সেই ক্যানাল দিয়ে বোরো চাষের জন্য জল আসে। সেই জলে কয়েক হাজার একর জমিতে বোরো চাষ হয়। কিন্তু আশ্চর্যের বিষয়, ইরিগেসনের এস ডি ও কেমন করে খবর রাখেন জানি না, ঐখানকার এক প্রভাবশালী ব্যক্তি যিনি জোতদার তিনিই সেখানে খালের মাঝখানে বাঁধ দিয়ে নিজের ইচ্ছামত সেই জল অপচয় করছেন। আশ্চর্যের বিষয়, যখন গরিব চাষীরা জলের জন্য ইরিগেসনের এস ডি ও-র কাছে যান, তখন তিনি জলের কথায় সৎ উত্তর দিতে পারেন না। তখন তিনি এই সরকারের নামে কুৎসা করেন। আশ্চর্যের বিষয় ঐ ইরিগেসনের এস ডি ও-কে চাষীরা যখন গিয়ে বলে যে, জল নষ্ট করে দিচ্ছে, সেই সময় এস ডি ও তাদের কোন প্রোটেকসন দেয় না। এইজন্য গ্রামে অত্যন্ত বিশৃঙ্খলা দেখা দিয়েছে। সেখানকার সাধারণ চাষীরা আইন-শৃঙ্খলায় বিশ্বাসী তারা গণতন্ত্রে বিশ্বাসী নিজের আইন-শৃঙ্খলা হাতে তুলে নিতে চান না কিন্তু সেখানকার ইরিগেসনের এস ডি ও ঐ বোরো চাষের জলকে অযথা নষ্ট করে দিচ্ছে এবং বোরো চাষ নষ্ট করে দিচ্ছে। এইজন্য এক দিকে বিরাট চাষীদের ক্ষতি হচ্ছে আর একদিকে এস ডি ও-র খেয়ালখুসীমত ঐ জলের অপচয় হচ্ছে। সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের এই বিষয়ে বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীগণেশচন্দ্র হাটুইঃ স্যার, ইনি যা বললেন সেটা অত্যন্ত সত্য ঘটনা। আজকে জল অপচয় হচ্ছে সমস্ত বোরো ধান নষ্ট হয়ে যাচ্ছে। এই ব্যাপারটা হচ্ছে নদীর উপর ক্রস বাঁধ দেওয়ার কোন নিয়ম নাই। নিয়ম বিরুদ্ধ কাজ তিনি করেছেন।

শ্রীমহম্মদ সফিউল্লা: মাননীয় স্পীকার স্যার, এই ব্যাপারে আমি মাননীয় এগ্রিকালচার মিনিস্টার এবং ইরিগেশন মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করছি। এর জন্য হুগলী জেলার বিস্তীর্ণ এলাকার বোরো চাষ ব্যাহত হচ্ছে। কাজেই এই ব্যাপারে অবিলম্বে ব্যবস্থা অবলম্বন করুন, এই অনুরোধ জানাচ্ছি।

শ্রীপ্রভাকর মণ্ডল: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সেচ বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের উল্লেখ করতে চাই। বর্ধমান জেলার অন্তর্গত কেতুগ্রাম থানা এবং মঙ্গলকোট থানার মধ্য দিয়ে অজয় নদী প্রবাহিত হয়েছে। অজয় নদীর বাঁধ বীরভুম জেলা পর্যন্ত সম্পূর্ণ করার কথা গত বছর বর্ষার পূর্বে। এই বাঁধ নির্মাণের কাজ সম্পূর্ণ না হওয়ায় কেতুগ্রাম, মঙ্গলকোট থানা এলাকার যে অবস্থা সৃষ্টি হয়েছে তাতে আগামী বর্ষার পূর্বে যদি এই বাঁধ নির্মাণ সম্পূর্ণ না হয়, তা হলে সমগ্র কেতুগ্রাম এবং মঙ্গলকোট থানা বন্যায় প্লাবিত হবে এবং ধ্বংসস্তূপে পরিণত হবে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে এই গুরুত্বপূর্ণ বিষয়ের উল্লেখ করতে চাই। বর্ষার পূর্বে যদি বন্যা হয় তা হলে এই সরকারের খয়রাতি সাহায্য বাবত লক্ষ লক্ষ টাকা ব্যয় করতে হবে। যাতে করে এই খয়রাতি সাহায্য বাবত ব্যয় করতে না হয়, আমি অনুরোধ জানাব যে বর্ষার পূর্বেই যাতে অজয় নদীর বাঁধ নির্মিত হয় এবং কেতুগ্রাম এবং মঙ্গলকোট থানা এলাকা বন্যায় কবল থেকে মুক্ত থাকে সেই ব্যবস্থা অবলম্বনের জন্য অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীজ্যোতির্ময় মজুমদার: মাননীয় স্পীকার স্যার, এইমাত্র মাননীয় সদস্য যে গুরুত্বপূর্ণ ব্যাপারের উল্লেখ করলেন, সে সম্বন্ধে আমি একটু বলছি। অজয় নদীর দুটি দিকের একটি অঞ্চলে এমন অবস্থা দাঁড়িয়েছে যে, ৩০ থেকে ৪০ হাজার মানুষ স্বাধীনতার পর আজ পর্যন্ত প্লাবিত হচ্ছে। দুদিকে এমব্যাঙ্কমেন্ট শুরু হয়েছে, মাঝপথে এমব্যাঙ্কমেন্টের কাজ শেষ করে দেওয়া হয়েছে এবং এখনও শুরু করা হচ্ছে না। আগামী বর্ষার আগে যদি বাঁধের কাজ শেষ করা না হয়, মঙ্গলকোট থানা, কাটোয়া থানা এবং কেতুগ্রাম থানা—এই তিনটি থানাই বন্যায় প্লাবিত হয়ে যাবে। আমি তাই মাননীয় মন্ত্রিমহাশয়কে এই গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি দিতে অনুরোধ করছি।

[2-10—2-20 p.m.]

Statements under rule 346

Mr. Speaker: Dr. Zainal Abedin will make a statement under rule 346.

Dr. Zainal Abedin: Mr. Speaker, Sir, the general performance of all public undertakings has shown considerable improvement during the last one year. The only exception has been the Durgapur Chemicals Ltd. which we have inherited in a very sick condition with a number of technical and administrative problems. The affairs of the Durgapur Chemicals Ltd. have naturally been causing the State Government considerable concern. The attempt of the Government has been directed on three fronts—(1) improving the finances of the Durgapur Chemicals Ltd., (2) improving the labour-management relations, and (3) restructuring the managerial and administrative organisations of the Durgapur Chemicals Ltd.

Honourable Members would be glad to learn that we have succeeded in improving the finances of the Durgapur Chemicals Ltd by arranging larger flow of public funds into the Durgapur Chemicals Ltd. and arranging for a sizeable amount of institutional finance for the Durgapur Chemicals Ltd.

The labour-management relations have been normalised and an atmosph of general cordiality now prevails in the Plant.

On the side of management we have reconstituted the Board of Direct and set up a committee of management to keep a watch on the purchase sale organisations of the Durgapur Chemicals Ltd. and allied administrat matters. The committee of management has been able to bring about so improvement in the commercial working of the Durgapur Chemicals L As a major step towards managerial reform we have today made cert changes in the top management of the Durgapur Chemicals Ltd. by indu ing fresh blood with a view to bring about a closer coordination betwe the work of the committee of management and the plant management. I have also requested the committee of management to go into the pa performance of the plant with a view to rectifying managerial defects a devising streamlining of work on the commercial lines for the future. would like to assure the House that the committee of management has the powers to take all necessary steps to bring about further improveme in the Durgapur Chemicals Ltd.

Mr. Speaker: Shri Ajit Kumar Panja will make a statement und rule 346.

শ্রীঅজিতকুমার পাঁজা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল অ্যাসেম্বলীতে দৃষ্টি আকর্ষণ ক হয়েছিল ম্যানড্রেক্স নামক যে ঔষধ পশ্চিমবাংলার নানা জায়গায় ব্যাধি সৃষ্টি করছে, সে সম্ব মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যে খবর পেয়েছি, সেটা আমি পড়ছি।

ম্যানড্রেক্স সহ কিছু সাইকোট্রোপিক (মানসিক অবস্থার উপর ক্রিয়াশীল) ঔষধের ব্যাপ ব্যবহার পশ্চিমবাংলার বাইরে নানান জায়গায় হচ্ছে বলে আমাদের কাছে রিপোর্ট এসেছিল এই পরিপ্রেক্ষিতে ১৯৭২ সালের নভেম্বর মাসে দিল্লীতে ড্রাগস্ কনসালটেটিভ কমিটির অধিবেশন হয়, সেখানে এ বিষয়টি আলোচিত হয়েছিল। কমিটি অভিমত প্রকাশ করেন এইসব ঔষধের উপর সম্পূর্ণ নিষেধাজ্ঞা বলবৎ করা সম্ভব নয়। কারণ ক্যান্সার রোগী যং ব্যথায় ভোগেন, অথবা যে সকল রোগী নিদ্রাহীনতা বা মানসিক ব্যাধিতে ভুগছেন, সেসব ক্ষে এগুলোর প্রয়োজনীয়তা রয়েছে।

এ ছাড়া ১৯৭২ সালের মে মাসে পূর্বাঞ্চল নারকটিক কনফারেন্সের ত্রয়োদশ অধিবেশে এসব ঔষধের অপব্যবহারের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করা যায়, তার বিস্তারিত আলোচ হয়েছিল।

পশ্চিমবাংলার ক্ষেত্রে নিম্নলিখিত ব্যবস্থাগুলি অবলম্বন করা হয়েছে:—

(১) উৎপাদনকারী সংস্থাগুলি কর্তৃক বিনামূল্যে এ ঔষধের নমুনা বিতরণ করা সম্পূর্ণ বন্ধ করা হবে।

(২) কনসলটেটিভ কমিটি ঠিক করেছেন যে, এই সকল ঔষধের উৎপাদন নিয়ন্ত্রিত করতে হবে এবং রাজ্যের ভেষজ উৎপাদনকারী সংস্থাগুলো প্রতি মাসে অন্য রাজ্যের ভেষজ নিয়ন্ত্রণ কর্তৃপক্ষকে সে রাজ্য থেকে কত পরিমাণ এই সকল ঔষধ কোন্ কোন প্রতিষ্ঠানের নামে পাঠানো হল সেটা জানাবেন। এতে তাঁরা এগুলোর ব্যবহারে উপর দৃষ্টি রাখতে পারবেন।

(৩) কেন্দ্রীয় সরকার এই সকল সাইকোট্রোপিক ঔষধগুলোকে ডেঞ্জারাস ড্রাগস্ অ্যাক্ট-এর আওতায় এনে এই আইনকে সংশোধন করবার একটা প্রস্তাব অথবা ঐ আইনের মত আর একটা আইন প্রণয়ন সম্ভব কিনা, বিবেচনা করছেন। নারকটিক কমিশনারের সিদ্ধান্ত এখনো জানা যায় নি।

(৪) ভেষজ নিয়ন্ত্রণ অধিকার এ বিষয়টির গুরুত্ব ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশন-এর সদস্যগণের দৃষ্টিগোচর করার জন্য ঐ অ্যাসোসিয়েশনকে অনুরোধ করেছেন। অনুরোধ করা হয়েছে যেন কেবল বিশেষ প্রয়োজনের ক্ষেত্রেই এসব ঔষধের প্রেসক্রিপসন করা হয়।

(৫) এসব ঔষধের বিক্রয়ের উপর সজাগ দৃষ্টি রাখা হচ্ছে ভেষজ নিয়ন্ত্রণ অধিকারের পক্ষ থেকে, যাতে কেবল উপযুক্ত প্রেসক্রিপসনের উপরই এ সব বিক্রয় করা হয়।

নমুনা-সমীক্ষা চালিয়ে দেখা হয়েছে যে, কলকাতায় এ সমস্যা খুব গুরুতর নয়। অন্যান্য জেলায় সমীক্ষা করা হচ্ছে। ভেষজ নিয়ন্ত্রণ অধিকার পুরুলিয়ার সি এম ও এইচ-এর কাছ থেকে একটি অভিযোগ পেয়েছিলেন যে, একটি দোকান থেকে সেখানে ম্যানড্রেক্স বিক্রয় করা হচ্ছে। ঐ অধিকারের একজন অফিসার বিষয়টির অনুসন্ধান করে জানতে পারেন যে, রেজিস্টার্ড ডাক্তারের উপযুক্ত প্রেসক্রিপসনের ভিত্তিতেই ঐ ঔষধ বিক্রয় করা হয়েছে। কিন্তু বিক্রেতা প্রয়োজনীয় রেকর্ড রাখেন নি। সি এম ও এইচ-কে নির্দেশ দেওয়া হয়েছে, ঐ বিক্রেতাকে এই কর্তব্য বিচ্যুতির জন্য যেন সতর্ক করে দেওয়া হয়। অন্য কোন জায়গা থেকে এ পর্যন্ত আর কোন অভিযোগ পাওয়া যায় নি।

শ্রীপরেশচন্দ্র গোস্বামী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে একটি টেলিগ্রাম যেটা জলপাইগুড়ি জেলা থেকে হেডমাস্টার মহাশয়দের তরফ থেকে আমার কাছে পাঠিয়েছেন সেটা আমি পড়ে শুনাচ্ছি। আজকে মুখ্যমন্ত্রী মহাশয়, যে যুগান্তকারী বিল আনলেন এবং কিছুদিন আগে যে ঘোষণা করেছেন যে, প্রত্যেক মধ্যমিক স্কুলে ঘাটতিভিত্তিক অনুদান দেওয়া হবে সেই অর্ডার এখনও পর্যন্ত জলপাইগুড়ি জেলায় যায় নি।

Grant not received yet District Authority indifferent Association protest sit on strike 21st.

আজকে শুধু জলপাইগুড়ি জেলা নয়, মাধ্যমিক শিক্ষকদের তরফ থেকে এই বিধানসভায় জানাচ্ছি যে, বহু জেলায় এই গ্রান্ট গিয়ে পৌছায় নি। ৩১শে মার্চের মধ্যে এটা ল্যাপ্স হয়ে যাবে এই গ্রান্ট যদি গিয়ে না পৌছায়। আজকে প্রশাসনিক অব্যবস্থার জন্য এই সমস্ত মাধ্যমিক বিদ্যালয়গুলিতে ঘাটতিভিত্তিক অনুদান গিয়ে পৌছচ্ছে না। এ সম্বন্ধে অতি সত্বর হস্তক্ষেপ করার জন্য আমি প্রার্থনা জানাচ্ছি।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: মাননীয় অধ্যক্ষ মহাশয় অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, আমি বলতে চাচ্ছি যে, আপনি এই বিধানসভার সদস্যদের অধিকার রক্ষা করে থাকেন এবং এই বিধানসভার চত্বরে ও বাইরেও সেই অধিকার রক্ষা করার চেষ্টা করেন। আপনার অবগতির জন্য জানাচ্ছি যে পশ্চিমবঙ্গের জনসাধারণ আমাদের এখানে নির্বাচিত করে পাঠিয়েছেন এবং তাদের কর্তব্য সম্পাদনের ব্যাপারে দুঃখের কথা এই বিধানসভার লবিতে বসতে পাওয়া যায় না, সর্বত্র যে অবস্থা তা অত্যন্ত ভয়াবহ এই জন্য বলছি যে, এখানে এক গেলাস জল পাওয়া যায় না, ক্যানটিনে খাবার সুযোগ পাওয়া যায় না, প্রত্যেক জায়গায় ভিড়ে ভিড়। কোন সময় কোন বিবৃতি বা কোন কথা বলার চেষ্টা করলে সব সময় আমাদের তার জন্য ব্যঙ্গ বিদ্রূপ সহ্য করতে হয়। গতকাল আমাদের মাননীয় সদস্য নাসিরুদ্দিন খাঁন যে বক্তব্য রাখলেন তাতে তিনি যেভাবে অপমানিত হয়েছেন, লাঞ্ছিত হয়েছেন তা আমাদের সকলের অপমান সকলের লাঞ্ছনা। ১৯৬৭-৬৯

সালে যে জিনিস হওয়া সম্ভব ছিল, তখন যেমন মাননীয় সদস্যদের সম্মান ও মর্যাদা রাখা হয় নি, আজকে আমরা সে জিনিস কখনই চলতে দেবো না। আমরা এই কংগ্রেস সরকারের সঙ্গে ওতপ্রতভাবে জড়িত আছি ২১৬ জন সদস্য—এই ব্যাপারে আমরা নাসিরুদ্দিন সাহেবের সঙ্গে একমত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল যে ঘটনা তা অত্যন্ত বেদনাদায়ক যে, তিনি যখন নামাজ পড়তে যান তখন কিছু দুষ্কৃতকারী তার প্রতি যে ব্যবহার করেছে তার প্রতিকার আপনার কাছে দাবি করছি।

Mr. Speaker : Honourable Members, I am sorry, I was not in the Chair when the incident relating to the honourable Member, Shri Nasiruddin Khan, was brought to the notice of the Chair. It requires co-operation of all the honourable Members to check the strangers from entering the lobby and hunting after the honourable Members. The honourable Members cannot take rest, cannot sit in the lobby, they cannot have discussions amongst themselves. It is really a sad state of affairs. I am sorry that the honourable Member, Shri Nasiruddin Khan, was not properly treated by somebody. I appreciate the inconveniences of the honourable Members and before I take any step I will have to discuss the matter with the Leader of the House. Thereafter I shall issue necessary instructions to my staff for looking after the conveniences of the honourable Members.

Unfortunately, I must say, some of the honourable Members are issuing slips to outsiders from their residential quarters and with those slips outsiders and strangers are coming inside the premises. As the slips are issued by some honourable Members they are not checked at the gates and the outsiders are allowed entry inside. This practice was not in vogue previously. But now-a-days I find many of the honourable Members are issuing the slips from their residences and with those slips outsiders are coming inside the premises. I would like to discuss all those points—whether this practice should be allowed or not for all time to come—with the Leader of the House. After that I shall announce my decision over this issue. The steps that I take will be announced later on. I hope the honourable Members will fully co-operate with me to retain the dignity, prestige and decorum of the House without which the proper functioning of the Legislature is not possible. I appeal to the honourable Members that I shall look into the matter, but before taking any stringent action in the matter I shall have to discuss the matter with the Leader of the House.

Presentation of Thirteenth and Fourteenth Reports of the Committee on Estimates

Shri Mohammad Idris Ali: Sir, I beg to present the Thirteenth Report of the Estimates Committee on the Action taken by Government on the recommendations contained in the Eighth Report of the Estimates Committee on the Department of Education (Elementary and Social Education); and Fourteenth Report of the Estimates Committee on the Greater Calcutta Milk Supply Scheme.

বিধানসভার যেমন অন্যায়ের প্রতিবাদ করা উচিত সেই রকমভাবে যাঁরা ন্যায়সঙ্গতভাবে কাজ করছেন, যোগ্যতার পরিচয় দিয়েছেন, তাদেরও নিশ্চয়ই আমরা প্রশংসা করবো। একটা কথা আমাদের সর্বদাই মনে রাখতে হবে যে, মোটামুটিভাবে আমাদের পুলিস বাহিনীতে যে সমস্ত কর্মচারী আছেন তাঁদের উপর আমরা সম্পূর্ণ নির্ভর করতে পারি এবং তাঁদের সম্বন্ধে এই আশা পোষণ করতে পারি যে, তাঁরা নিজেদেরকে এক আদর্শ পুলিস বাহিনীতে পরিণত করতে সক্ষম হবে। জনগণের সেবাই হবে তাঁদের ব্রত—ধর্মনিরপেক্ষতা পালন করাই হবে তাঁদের পবিত্র কর্তব্য জনগণকে সাহায্য করাই হবে তাঁদের লক্ষ্য। অত্যাচারী, হিংসাশ্রয়ী, বিভেদপন্থী আইন লঙ্ঘনকারী সমাজবিরোধী, অসাধু ব্যবসায়ী, সাম্প্রদায়িক মনোভাবাপন্ন মানুষদের হাত থেকে জনগণকে রক্ষা ও মুক্ত করাই হবে তাঁদের ধর্ম। এই কথা বলে আমি আমার দপ্তরের ব্যয়বরাদ্দ অনুমোদনের জন্য আমার প্রস্তাব মাননীয় সদস্যদের সামনে পেশ করছি।

Mr. Speaker: I understand cut motions No. 6 and 7 are not going to be moved. Other cut motions are in order and are taken as moved. I call up Shri Timir Baran Bhaduri to speak.

Shri Pradyot Kumar Mahanti: That the amount of the demand be reduced by Rs.100.

Shri Timir Baran Bhaduri: That the amount of the demand be reduced by Re.1.

Shri Timir Baran Bhaduri: That the amount of the demand be reduced by Rs.100.

[2-30—2-40 p.m.]

শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আমাদের কাছে ১৯৭৩-৭৪ সালের পুলিস খাতের একটা ফিরিস্তি রাখলেন এবং সেই ফিরিস্তিতে ৪০ কোটি ৫৮ লক্ষ ৯৯ হাজার টাকার উল্লেখ আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে সরকার, এই সরকারের পুলিস খাতে ব্যয়বরাদ্দ দেখে তাকে সভ্য সরকার বলা যেতে পারে কিনা এ বিষয়ে একটু চিন্তা করা দরকার এবং এ বিষয়ে আপনিও হয়ত আমার সঙ্গে একমত হবেন। এই সরকার নাকি বলেন যে, তারা জনগণের সরকার, জনকল্যাণকর সরকার। অথচ দেখা যাচ্ছে, জনহিতকর, জনকল্যাণকর খাতে যে ব্যয়বরাদ্দ করা হয়েছে, আজ পুলিস খাতে দেখা যাচ্ছে তার থেকে অনেক বেশী বরাদ্দ করা হয়েছে। কাজেই এই সরকারকে সভ্য সরকার বলবো কিনা সেটা আমাদের ভেবে দেখতে হবে।

এই সরকার প্রতিষ্ঠিত হবার আগে ১৯৭১ সালে এই মুখ্যমন্ত্রী দিল্লীর নির্দেশে পশ্চিমবাংলার শাসনভার নিয়েছিলেন। অতীত ইতিহাস যদি তাকাই তা হ'লে দেখবো, কলকাতার রাজপথে গুলি ক'রে হত্যা, খুন, কত রক্তপাত। সেই সময় পশ্চিমবাংলার জেলখানাগুলোর দিকে যদি তাকাই তা হ'লে দেখা যাবে, প্রায় ১০০ জন তরুণ যুবককে জেলখানার মধ্যে বন্দী অবস্থায় লাঠি পেটা ক'রে মেরে ফেলা হয়েছে। সেই বিষয়ে মুখ্যমন্ত্রীর কাছে আমাদের ছেলেরা, সদস্যরা এবং আমাদের দলের নেতা ত্রিদিব চৌধুরী মহাশয় বহু আবেদন করেছিলেন এবং প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর কাছে বহু আবেদন জানিয়েছিলেন, কিন্তু তার একটা তদন্ত পর্যন্ত হয় নি। আমি আশা করবো, মুখ্যমন্ত্রী যখন তাঁর জবাবী ভাষণ দেবেন, তখন এই সমস্ত কথার উল্লেখ করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন পশ্চিমবঙ্গের গণতান্ত্রিক সরকার শোষণ এবং শাসনকে কায়েম রাখার জন্য পুলিস খাতে ব্যয়বরাদ্দ বেশি দেখিয়ে কিছু পুলিস বিভাগের উপরতলার পুলিস কর্মচারী নিয়োগ ক'রে জনসাধারণের যে গণ আন্দোলন, তাকে বন্ধ করবার প্রচেষ্টা চালাচ্ছেন। এই সরকারের চরিত্র অতি নগ্ন এবং

সমাজ প্রতিষ্ঠা করা যায়। এই নূতন সমাজ প্রতিষ্ঠার প্রচেষ্টায় পুলিস বাহিনীকে এক নূতন রূপে মানুষের সামনে উপস্থিত হতে হবে। আগেই বলেছি, আমাদের পুলিসে বহু সুদক্ষ, সৎ ও জনদরদী মানুষ আছেন। আমার কোন সন্দেহ নেই যে, তারা এক নূতন দৃষ্টিভঙ্গি দিয়ে জনগণের সমস্যার দিকে তাকাবেন। আমরা চাই আমাদের পুলিস নিপীড়িত, নির্যাতিত, নিষ্পেষিত মানুষের পাশে গিয়ে দাঁড়ান—যাদের সমর্থন করার কেউ নাই, যাদের বক্তব্য রাখার কেউ নাই—যাদের দুঃখদুর্দশার কথা প্রশাসনিক কর্মচারীদের কাছে পৌঁছে দেবার কেউ নাই—তাঁদের পাশে পুলিসকে গিয়ে দাঁড়াতে হবে। আমরা চাই আমাদের পুলিস ও জনগণের মধ্যে এক নিবিড় সম্পর্ক স্থাপিত হোক। পুলিসকে আমরা চাই, জনগণের বন্ধু হিসাবে। পুলিসকে আমরা চাই জনগণের সহায়ক হিসাবে দেখতে।" দুঃখের বিষয়, এই এক বছরের অভিজ্ঞতা থেকে আমি দেখেছি যে কিছু সংখ্যক পুলিস কর্মী এখনও রয়েছেন যারা মানুষের দুঃখদারিদ্র্যে আদৌ বিচলিত হন না, যাদের মধ্যে উৎপীড়িত নিপীড়িত মানুষের সাহায্যে এগিয়ে আসবার কোন স্পৃহা বা প্রেরণা নেই এ মনোভাব বদলাতে হবে।

তবে এই প্রসঙ্গে আমি নিশ্চয় বলবো যে, আমার কাছে পুলিসের সাহসিকতা, প্রত্যয়, সততারও অনেক দৃষ্টান্ত আছে।

এনফোর্সমেন্ট ব্রাঞ্চের পুলিস কর্মীরা গত বছর ৮৬ হাজার একশত সাড়ে ছিষট্টি কুইন্টল খাদ্যশস্য এবং প্রচুর পরিমাণ কেরোসিন তেল, বেবীফুড ও সার উদ্ধার করতে সক্ষম হয়েছিলেন। দশ হাজার সাত শো ৮৫ জন অসাধু ব্যবসায়ী ও দোকানীকে অভিযুক্ত করা হয়েছিল এবং ৮ হাজার ৫ শো ৯৩টি মামলা রুজু করা হয়েছিল। কলিকাতা পুলিসের এনফোর্সমেন্ট ব্রাঞ্চ ১ হাজার ১ শো ৮৮ কুইন্টালেরও বেশী খাদ্যশস্য এবং অনেক পরিমাণে বনস্পতি তেল প্রভৃতি অন্যান্য সামগ্রী আটক করেছিলেন। এই সূত্রে তারা এই সময়ের মধ্যে ৮ শো ২৯ জনকে গ্রেপ্তার করেছেন এবং ৮ শো ২৬ জনের বিরুদ্ধে মামলা দায়ের করেছেন। মিসায় এবং পি ডি এ-তে আটক করা হয়েছে বহু অসাধু ব্যবসায়ী, দোকানী, চোরাকারবারী ও মজুতদারকে। এর থেকে বোঝা যাবে যে কথা আমি আগেও বলেছি যে পুলিস বাহিনীতে আমাদের অনেক সুদক্ষ ও সৎ কর্মচারী আছেন। তাঁরা গত বছর এটা প্রমাণ করতে পেরেছেন যে, দরকার হলে তাঁরা সাধারণ মানুষের সঙ্গে এক হয়ে কাজ করতে পারেন। এই প্রসঙ্গে আমি আপনাদের গত বছর দুর্গাপূজা উৎসবের কথা মনে করিয়ে দিতে চাই। সেই সময় লক্ষ লক্ষ নরনারী গভীর রাত্রি পর্যন্ত কলকাতায় ও রাজ্যের সর্বত্র নির্বিঘ্নে চলাফেরা করেছেন এবং অভূতপূর্ব উৎসাহ নিয়ে পূজোর আনন্দ উপভোগ করেছেন। তা ছাড়া গত ১৯৭২-এর ডিসেম্বর মাসে বিধাননগরে নিখিল ভারত কংগ্রেস কমিটির ও ১৯৭৩-এর জানুয়ারি মাসে এ আই টি ইউ সি-র যে অধিবেশন হয় এবং এই রাজ্যের অন্যান্য স্থানে গত এক বছরে যে অগণিত বড় বড় মেলা, উৎসব বা প্রদর্শনী হয় সেগুলিতে লক্ষ লক্ষ মানুষের সমাগম হয়েছিল এবং এই সমস্ত সমাবেশ অত্যন্ত শান্তিপূর্ণ ছিল। এ থেকে বোঝা যায় যে রাজ্যের অধিবাসীদের মনে নিরাপত্তা বোধ ও আত্মবিশ্বাস আবার ফিরে এসেছে এবং সেই সঙ্গে রাজ্যের পুলিস বাহিনীর কর্মদক্ষতাও বৃদ্ধি পেয়েছে।

গত বছর পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা সম্বন্ধে আমাদের অনেক তথ্য এখানে আছে। আমি বিধানসভার সদস্যদের সামনে তা তুলে ধরে তাদের ধৈর্যচ্যুতি ঘটাতে চাই না—বরঞ্চ আমি শুনতে চাই, মাননীয় সদস্যদের কাছ থেকে আমাদের পুলিস বাহিনীর কাজকর্ম সম্বন্ধে তাঁদের কি বক্তব্য আছে। আমি শুনতে চাই, মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি অনুরোধ করবো মাননীয় সদস্যদের যে আজকে তারা যেন সুস্পষ্টভাবে তাঁদের মতামত প্রকাশ করেন। বিশেষ করে আইনশৃঙ্খলা সম্বন্ধে তাঁদের যদি কোন অভিযোগ থাকে, সেটি পরিষ্কাররূপে এই বিধানসভায় পেশ করবে। তবে আমি এটাও আশা করবো, যে বক্তব্য মাননীয় সদস্যগণ রাখবেন তা প্রকৃত তথ্যের ভিত্তিতেই রাখবেন এবং হাজার হাজার পুলিস বাহিনীর সভ্য যাঁরা আছেন, যাঁরা সৎ যাঁরা সাহসী যাঁরা দক্ষ তাঁদের কথাও বলবেন—যাতে তারা উৎসাহ পান—ভবিষ্যতে আরো সততার সঙ্গে, আরো সাহসের সঙ্গে, আরো দক্ষতার সঙ্গে কাজ করতে পারেন।

বিধানসভার যেমন অন্যায়ের প্রতিবাদ করা উচিত সেই রকমভাবে যাঁরা ন্যায়সঙ্গতভাবে কাজ করছেন, যোগ্যতার পরিচয় দিয়েছেন, তাদেরও নিশ্চয়ই আমরা প্রশংসা করবো। একটা কথা আমাদের সর্বদাই মনে রাখতে হবে যে, মোটামুটিভাবে আমাদের পুলিস বাহিনীতে যে সমস্ত কর্মচারী আছেন তাঁদের উপর আমরা সম্পূর্ণ নির্ভর করতে পারি এবং তাঁদের সম্বন্ধে এই আশা পোষণ করতে পারি যে, তাঁরা নিজেদেরকে এক আদর্শ পুলিস বাহিনীতে পরিণত করতে সক্ষম হবে। জনগণের সেবাই হবে তাঁদের ব্রত—ধর্মনিরপেক্ষতা পালন করাই হবে তাঁদের পবিত্র কর্তব্য জনগণকে সাহায্য করাই হবে তাঁদের লক্ষ্য। অত্যাচারী, হিংসাশ্রয়ী, বিভেদপন্থী আইন লঙ্ঘনকারী সমাজবিরোধী, অসাধু ব্যবসায়ী, সাম্প্রদায়িক মনোভাবাপন্ন মানুষদের হাত থেকে জনগণকে রক্ষা ও মুক্ত করাই হবে তাঁদের ধর্ম। এই কথা বলে আমি আমার দপ্তরের ব্যয়বরাদ্দ অনুমোদনের জন্য আমার প্রস্তাব মাননীয় সদস্যদের সামনে পেশ করছি।

Mr. Speaker: I understand cut motions No. 6 and 7 are not going to be moved. Other cut motions are in order and are taken as moved. I call up Shri Timir Baran Bhaduri to speak.

Shri Pradyot Kumar Mahanti: That the amount of the demand be reduced by Rs.100.

Shri Timir Baran Bhaduri: That the amount of the demand be reduced by Re.1.

Shri Timir Baran Bhaduri: That the amount of the demand be reduced by Rs.100.

[2-30—2-40 p.m.]

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আমাদের কাছে ১৯৭৩-৭৪ সালের পুলিস খাতের একটা ফিরিস্তি রাখলেন এবং সেই ফিরিস্তিতে ৪০ কোটি ৫৮ লক্ষ ৯৯ হাজার টাকার উল্লেখ আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে সরকার, এই সরকারের পুলিস খাতে ব্যয়বরাদ্দ দেখে তাকে সভ্য সরকার বলা যেতে পারে কিনা এ বিষয়ে একটু চিন্তা করা দরকার এবং এ বিষয়ে আপনিও হয়ত আমার সঙ্গে একমত হবেন। এই সরকার নাকি বলেন যে, তারা জনগণের সরকার, জনকল্যাণকর সরকার। অথচ দেখা যাচ্ছে, জনহিতকর, জনকল্যাণকর খাতে যে ব্যয়বরাদ্দ করা হয়েছে, আজ পুলিস খাতে দেখা যাচ্ছে তার থেকে অনেক বেশী বরাদ্দ করা হয়েছে। কাজেই এই সরকারকে সভ্য সরকার বলবো কিনা সেটা আমাদের ভেবে দেখতে হবে।

এই সরকার প্রতিষ্ঠিত হবার আগে ১৯৭১ সালে এই মুখ্যমন্ত্রী দিল্লীর নির্দেশে পশ্চিমবাংলার শাসনভার নিয়েছিলেন। অতীত ইতিহাস যদি তাকাই তা হ'লে দেখবো, কলকাতার রাজপথে গুলি ক'রে হত্যা, খুন, কত রক্তপাত। সেই সময় পশ্চিমবাংলার জেলখানাগুলোর দিকে যদি তাকাই তা হ'লে দেখা যাবে, প্রায় ১০০ জন তরুণ যুবককে জেলখানার মধ্যে বন্দী অবস্থায় লাঠি পেটা ক'রে মেরে ফেলা হয়েছে। সেই বিষয়ে মুখ্যমন্ত্রীর কাছে আমাদের ছেলেরা, সদস্যরা এবং আমাদের দলের নেতা ত্রিদিব চৌধুরী মহাশয় বহু আবেদন করেছিলেন এবং প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর কাছে বহু আবেদন জানিয়েছিলেন, কিন্তু তার একটা তদন্ত পর্যন্ত হয় নি। আমি আশা করবো, মুখ্যমন্ত্রী যখন তাঁর জবাবী ভাষণ দেবেন, তখন এই সমস্ত কথার উল্লেখ করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন পশ্চিমবঙ্গের গণতান্ত্রিক সরকার শোষণ এবং শাসনকে কায়েম রাখার জন্য পুলিস খাতে ব্যয়বরাদ্দ বেশি ক'রে কিছু পুলিস বিভাগের উপরতলার পুলিস কর্মচারী নিয়োগ ক'রে জনসাধারণের যে গণ আন্দোলন, তাকে বন্ধ করবার প্রচেষ্টা চালাচ্ছেন। এই সরকারের চরিত্র অতি নগ্ন এবং

তা পশ্চিমবাংলার কাছে খুলে পড়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুর্শিদাবাদ জেলা বহরমপুর জেলের ঘটনা উল্লেখ ক'রে আবেদন রাখতে চাই—আমরা স্বাভাবিক মৃত্যু চাই স্বাভাবিক ভাবে বাংলাদেশের তরুণ, শ্রমিক, চাষী, শিক্ষক, আজকে পশ্চিমবাংলার জেলে যার বন্দী আছেন, তাদের একটা প্রশ্ন, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা স্বাভাবিক মৃত্যু চাই তাদের এটাই জিজ্ঞাসা, সেই মৃত্যু একটা কোন লড়াই-এ নয়। সেই মৃত্যু পুলিস বিভাগে টিয়ার গ্যাস এবং গুলি ক'রে তাকে স্তব্ধ করা হয়। অতীতের দিকে যদি তাকান, মাননী অধ্যক্ষ মহাশয়, মসজিদবাড়ী স্ট্রীটে পাঁচ হাজার লোকের একটা জনতার সামনে একজন তরু ছেলের মাথায় রিভলবার দিয়ে গুলি করা হয়েছিল। কলকাতার রাস্তায় পুলিসের প্রিজ ভ্যানে ক'রে নিয়ে এসে গুলি ক'রে হত্যা করা হ'ল, বলা হ'ল তারা বোমা মেরেছে। এই রক গল্প বানিয়ে তাদের হত্যা করা হয়েছে। তাই এই সরকার'কে সভ্য সরকার বলবো কিন সন্দেহ আছে। ও'রা বলছেন জনগণের সরকার, সেদিন আপনি বললেন যে, গ্রাম থেকে গ্রামান্তরে ঘুরেছেন, আপনি কি দেখাতে পারবেন একটা জায়গাতেও ভাগচাষীদের হয়ে জোতদারদের বিরুদ্ধে দাঁড়িয়ে তাদের খেটে তৈরি করা ধান বা ফসল তাদের ঘরে তুলে দিয়েছেন, একটাও দেখাতে পারবেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানি যে বর্গাদারদের জন্য নয়, খাসজমিতে ১৯৬৯ সাল থেকে ১৯৭১ সাল পর্যন্ত যে সমস্ত চাষী ভাইরা নিজেদের আন্দোলনের মাধ্যমে যে সমস্ত জমি দখল করেছি'লন এবং মাথার ঘাম পায়ে ফেলে তারা সেই জমিতে যখন ফসল ফলালো, সে ফসল তোলার সময় দেখা গেল সিদ্ধার্থবাবুর পুলিস জোতদারদের ঘরে সেই ফসল তুলে দি'য়েছে। এই রকম প্রমাণ আমাদের কাছে হাজার হাজার আছে। যেমন ২৪-পরগনার ক্যানিং, বাসন্তি, গোসাবা, হাওড় জেলার জগৎবল্লভপুর, বীরভূম জেলার নানা জায়গায় মুর্শিদাবাদ জেলার বিভিন্ন জায়গায় এই রকম ঘটনা হাজার হাজার ঘটেছে। ১৯৬৭ সাল থেকে ১৯৬৯ সাল পর্যন্ত যে সমস্ত শ্রমিক তাদের পাওনা আদায়ের জন্য আন্দোলনের পথে নেবেছিল এবং তাদের পাওনা আদায় করেছিল, সেই সমস্ত শ্রমিক এখনও পর্যন্ত কারখানায় ঢুকতে পারছে না।

[2-40—2-50 p.m.]

অনেক অভিযোগ মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে করা হয়েছিল, অনেক অভিযোগ থানার কাগজে লিপিবদ্ধ হয়েছিল, অনেক শ্রমিক কর্মচারী হাইকোর্টের আদেশ নিয়ে এখনো যেতে পারেন নি। বালিগঞ্জ এলাকায় এক জন গার্লস স্কুলের শিক্ষয়ত্রী, তিনি কোর্টের নির্দেশ নিয়ে যেতে চেয়েছিলেন, তিনি যেতে পারেন নি। পুলিসের সঙ্গে কারা থাকেন আমরা জানি, পুলিসের সঙ্গে থাকেন ঐপক্ষ। এরা গুণ্ডাইসম ক'রে জনতাকে মিসা ক'রে দিচ্ছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একে একে যদি এদের কাজের ফিরিস্তি তুলি, তা হ'লে সেই ফিরিস্তি একটা রামায়ণ তৈরি হবে। সময় আমার অল্প, এই অল্প সময়ের মধ্যে যে সমস্ত কথা আমাকে এই সভায় বলতে হবে তাই বলছি।

(গণ্ডগোল।)

Mr. Speaker: Mr. Mojumdar, please take your seat. You will have enough opportunity to refute the arguments of Shri Bhaduri.

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুব্রতবাবু সেদিন চিৎকার ক'রে কলকাতার রাজপথে বললেন, 'পুলিস হচ্ছে দেশের শত্রু'। ভাল কথা, কিন্তু আবার সেই পুলিসের হাতেই পর্যাপ্ত ক্ষমতা কেন দিয়েছেন? একজন লোককে সে যে কোন দলের লোক হন, যে কোন মতাবলম্বী লোক হন না কেন, একজন পুলিসের উপর অধিকার দেওয়া হচ্ছে তাকে মিসায় পুরে দেওয়ার। এই সভ্য সরকারের পুলিস গণতান্ত্রিক সরকারের পুলিস, ছাত্রদের, যুবকদের, শিক্ষকদের, চাষীদের গুলি ক'রে হত্যা করে আর তার বিভাগীয় তদন্ত পর্যন্ত এই সরকার করেন না, এই সরকারকে জঙ্গলের সরকার ছাড়া আর কিছু বলা যায় না।

(গণ্ডগোল।)

Mr. Speaker: It is not fair, Mr. Mojumdar please take your seat.

শ্রীতিমিরবরণ ভাদ্বড়ী: এই সব অদ্ভুত ব্যাপার, এ ছাড়াও আমার কাছে আরো প্রমাণ আছে, যে সব চাষী তাদের নিজের শ্রম দিয়ে ফসল ফলাল, যে কথা আমরা দেখেছি এখানে অনেক সদস্য বলেছেন, সেখানে পুলিস জোতদারের পক্ষে সেই ফসল কেটে নিয়ে যেতে সাহায্য করল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার যে সমস্ত জায়গায় ১৪৪ ধারা জারি করা হচ্ছে, সেখানে সেই ১৪৪ ধারা জারি ক'রে জোতদারের পক্ষ নিয়ে পুলিস সেই সমস্ত গরিব মানুষের জমির ধান আজকে লুঠ করছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবাংলার ২০ থেকে ২২ হাজার রাজনৈতিক দলের কর্মী, বিভিন্ন রাজনৈতিক দলের সভ্য, তারা আজকে বাড়ি ছাড়া, মা হারা, বাপ হারা, ভাই হারা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাই আজকে অবাক হয়ে যাই, যখন দেশে শান্তি ফিরিয়ে এনেছেন ব'লে ওরা বলেন তখন।

(গণ্ডগোল।)

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্যদের অনুরোধ করব যে, ওকে বলতে দিন, উনি যদি কোন ভুল কথা ব'লে থাকেন, তা হলে আপনারা তার উত্তরে সব বলবেন। এখন বিধানসভায় যেমন ঠিক কথা বলার অধিকার আছে, তেমনি একেবারে বাজে কথা বলারও অধিকার আছে।

শ্রীতিমিরবরণ ভাদ্বড়ী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, অদ্ভুত লাগল আমাদের মাননীয় মুখ্য-মন্ত্রীর কথা এবং একটা কথা শুনে আমার একটা গল্প মনে পড়ল, উনি বললেন যে, এখানে যেমন সত্য ভাষণ দেবার অধিকার আছে, তেমনি অসত্য ভাষণ দেবার অধিকার আছে। তিনি বললেন, এবং শুনতে খুবই ভাল লাগল, এখন এক সাধু সকালে গঙ্গায় স্নান করতে গিয়েছেন, এমন সময় এক চোর বাড়ি বাড়ি চুরি, ডাকাতি ক'রে গায়ে কাদা মেখে গঙ্গা স্নানে গিয়েছে, তখন সাধু চোরকে দেখে ভাবছে, না জানি এ আমার চেয়েও কত বড় সাধু, তা না হ'লে আমার আগে গঙ্গা স্নানে এসেছে। আবার চোর ভাবছে, না জানি এ কত বড় চোর, নামাবলি গায়ে দিয়ে সকাল বেলা গঙ্গা স্নানে এসেছে।

আমি ও'কে অনুরোধ করব তিনি এই গল্পটার কথা একটু চিন্তা করুন। আমরা অসত্য কথা বলি না। আমাদের কাছে প্রমাণ আছে, দলিল আছে। পশ্চিমবাংলায় এখনও পর্যন্ত শ্রমিক, কৃষক, রাজনৈতিক কর্মী আছে তাঁদের আজও পর্যন্ত ঘরে ঢুকতে দেওয়া হয় নি। তাঁদের কথা বলতে গেলে অনেক সময় লাগবে। খড়দহের প্রাক্তন এম এল এ সাধন চক্রবর্তী দীর্ঘদিন ধ'রে বাড়ি ছাড়া। তিনি মুখ্যমন্ত্রীর দলের লোক নন। কিন্তু তাঁর পরিবারের আর যে সমস্ত লোক আছেন তাঁদের কি অপরাধ? আজ যদি সাধনবাবুর বাড়িতে যান, তা হ'লে দেখবেন সেই বাড়িতে একটা গুণ্ডার রাজত্ব হয়েছে। কোলকতায় এক্স-মেয়র প্রশান্ত শূর এখনও পর্যন্ত তাঁর এলাকাতে যেতে পারেন নি। তিনি থানায় প্রচুর আবেদন করেছেন, কিন্তু কোন সাড়া পান নি। সেদিন জ্যোতিবাবুর ক্যানিং-এ যে জনসভা হয় তাতে সেখানে ১৪৪ ধারা জারী করা হয়। এই ভাবে আমাদের যে গণতান্ত্রিক অধিকার তাকে স্তব্ধ ক'রে দেওয়া হচ্ছে। আজ জনহিতকর যে বিল এনেছেন তাকে আমরা সমর্থন করেছি, কিন্তু পুলিস মাত্র যদি জনহিতকর হ'ত, আমরাও তা হ'লে সেরকম ভাবে সমর্থন করতাম। আমাদের নেতা ননী ভট্টাচার্য, ত্রিদিববাবু মুখ্যমন্ত্রী, রাজ্যপালের কাছে আলিপুর দুয়ার শ্রমিকদের উপর অত্যাচারের কথা বলেছিলেন। আমাদের নেতা বেস্টার উইচ পুলিসে থানায় কাদের আনসারীকে হত্যার কথা বলেছেন। মুখ্যমন্ত্রী বলেছেন, আমরা তাদের ৬ জনকে অ্যারেস্ট করেছি। কিন্তু পুলিস কিভাবে সাহস পেল যে, থানায় লক-আপ থেকে নিয়ে যায়? আর যে সমস্ত পুলিস এর সঙ্গে জড়িত ছিল তাদের বিরুদ্ধে কোন চার্জ হয়েছে কি? কিন্তু তিনি ইসলামপুরে গিয়া ঘোষণা করলেন পুলিসের কাছে গিয়ে গ্রামের গরিব কৃষকরা সাহায্য পায় না। গ্রামেই পশ্চিমবাংলার বেশি লোক থাকে—শতকরা ৮০ জন। কিন্তু গ্রামের কোন

লোক পুলিসের সাহায্য পায় না। সুব্রতবাবু সেদিন মিছিলে বক্তৃতা করতে গিয়ে বললেন পুলিস হচ্ছে ধর্মের ষাঁড়। সাংবাদিকদের বললেন, পুলিস হচ্ছে দেশের শত্রু। তাঁকে বল তিনি গদীতে যে ভাবেই বসুন, পাইপ গান দিয়েই বসুন, আর যেভাবেই বসুন—চুপি, চুপি কথাটা বললাম না—সেই তাঁর কাছে আবেদন যে, গদীতে বসার কোন অধিকার তাঁর নেই একদিন ঐ সিংহাসন থেকে সাধারণ মানুষ টেনে নিয়ে এসে রাস্তায় নিয়ে বসাবে। জনগণে সেদিন আসবে, আসবে। আমাদের গণতান্ত্রিক ফ্রন্টের কথা বললে রেগে যাবেন। কিন্তু সাংবাদিক অনেক বন্ধু আছেন যাঁরা বাড়িতে যেতে পারেন না। অনেক সাংবাদিক আছেন তাঁর বাড়িতে প্রবেশ করতে পারেন না।

Mr. Speaker: Mr. Bhaduri, don't refer to the Press Reporters. You know, there are no Press Reporters here. You are addressing the Chair and the Members of the House.

[2-50—3-00 p.m.]

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: স্যার, আমি নূতন সদস্য, আমার বোধ হয় এটা ভুল হয়েছে এবং আমি সেই ভুল স্বীকার করছি। কিন্তু এটা ঠিক কথা অনেক সাংবাদিক তাঁদের বাড়িতে প্রবেশ করতে পারেন না। এবং সিদ্ধার্থশংকর রায়ের বিরুদ্ধে কথা বলার সাহস তাঁদের নেই কি ক'রে সাহস পাবে, ওরে বাবা! মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২০শে অক্টোবর তারিখে "সত্যযুগ" কাগজে পাঁচুগোপাল মুখার্জীর নামে যে সমস্ত কথা উল্লেখ করেছে সেই পাঁচুগোপাল মুখার্জীকে রাষ্ট্রপতির পুরস্কার দেওয়া হয়েছে প্রায় ৬৮ হাজার টাকা। তাঁরা একথা উল্লেখ করেছেন ব'লে আমি তাঁদের ধন্যবাদ জানাই। অনেক সাংবাদিক আজকে লিখতে বসেছেন, বসুমতী আনন্দবাজার, দেশ কাগজে বেরিয়েছে, যুগান্তরে বেরিয়েছে, বাঁকুড়ার কথা বেরিয়েছে। স্যার এ'রা পুলিসরাজ কায়েম করবে, মানুষের গণতান্ত্রিক আন্দোলন, মানুষের কণ্ঠস্বর স্তব্ধ করবে কারণ এ'রা জানেন তলাকার মানুষ যত জাগবে এ'দের দেয়ালে তত ফাটল ধরবে এবং সেইজন্য এ'রা খুব শংকিত হয়ে পড়েছেন। স্যার, ননী ভট্টাচার্য সম্বন্ধে এখানে যে অভিযোগ করা হয়েছে তাতে আমি চ্যালেঞ্জ করছি, আপনি যাকে খুসী সেখানে পাঠাতে পারেন, নিরপেক্ষ তদন্ত করতে পারেন এবং তাতে যদি প্রমাণিত হয়, আমাদের দলের কোন স্বেচ্ছাসেবক বা নেতা এই কাজ করেছেন, তা হ'লে আমি প্রতিজ্ঞা করছি আমি এই দল এবং বিধানসভা ছেড়ে দেব। স্যার, এ'রা কাদের আনসারির মৃত্যুকে ঢাকবার জন্য চেষ্টা করছে। আজকে নারায়ণ ভট্টাচার্য আলিপুরদুয়ারে যেতে পারছেন না তার কারণ কি? সেখানে ও'রা যে ফ্রাংকেনস্টাইন তৈরি করেছেন, বেকার যুবকদের নিয়ে যে অত্যাচার চালিয়েছে আজকে সেই ফ্রাংকেনস্টাইনের রূপ বা চাকা অন্যদিকে ঘুরছে ব'লে নারায়ণ ভট্টাচার্য এখানে বিধানসভায় বসে রয়েছেন। ও'রা বলছেন জাতীয় পতাকা পুড়িয়ে দেওয়া হয়েছে। আমাদের সেই জ্ঞান আছে। আমি মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করছি, তিনি তদন্ত করুন এবং তাতে যদি প্রমাণিত হয় এই কাজ করা হয়েছে অর্থাৎ জাতীয় পতাকা সম্বন্ধে যে কথা বলা হয়েছে সেই কাজ করেছে, তা হ'লে আমি বলছি আমি বিধানসভা থেকে পদত্যাগ করব।

(অ্যাট দিস্ স্টেজ শ্রীনারায়ণ ভট্টাচার্য রোজ টু স্পিক।)

Mr. Speaker: Mr. Bhattacharya, I will give you chance later to give your personal explanation.

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: স্যার, আমার কাছে প্রমাণ আছে, নওগা থানায় ভাগীদার অধীন মণ্ডল জমিতে চেক পেল এবং সেই চেক পেয়ে ২ বিঘা জমিতে পাট আবাদ করেছে। কিন্তু আশ্চর্যের বিষয় সেকেন্ড অফিসার, কি সাম হাঁসদা জোতদারের পক্ষ হয়ে জোতদারের কাছে সেটা তুলে দিল। এই ব্যাপারে আমরা এস পি এবং ম্যাজিস্ট্রেটের কাছে অভিযোগ করেছি, কিন্তু কোন তদন্ত হয় নি। স্যার, আমরা গ্রাম থেকে এসেছি, কিন্তু এই অল্প সময়ের মধ্যে য়ে, অভিজ্ঞতা অর্জন করেছি তাতে দেখছি চৌরঙ্গী এলাকায় যে সমস্ত মেয়েদের কল গার্ল

বলা হয়, তাদের নিয়ে কি ঘটনা ঘটছে। যে অর্থনৈতিক অবস্থা আসবে তাতে প্রতি ঘর থেকে বাধ্য হবে তাদের দেহ বিক্রি করতে। আনন্দবাজার পত্রিকার সাংবাদিক সুদেব রায় যে আর্টিকেল লিখেছেন তাতে দেখবেন, পশ্চিমবাংলার কি বীভৎস চেহারা ফুটে বেরিয়েছে। আজকে দেখছি এই সমস্ত মেয়েদের চাকুরির প্রলোভন দেখিয়ে, উষা মেসিন, এমব্রয়ডারী মেসিন কিনে দেবার আশা দেখিয়ে কিভাবে বিপথগামী করা হচ্ছে। আজকে যদি দক্ষিণেশ্বর এবং কালিতে যান, তা হ'লে দেখবেন কি ধরনের ছিনতাই সেখানে হচ্ছে। আজকে যদি দক্ষিণেশ্বরে বা টালিগঞ্জ এলাকায় যান সেখানে দিন দুপুরে কি ধরনের ছিনতাই ঘটে যাচ্ছে তা দেখতে পাবেন। সুব্রতবাবু এখানে কংগ্রেস সদস্যের প্রশ্নের উত্তরে একটা হিসাব দিয়েছেন, তাতে বলেছেন, নদিয়া জেলায়, জলপাইগুড়ি প্রভৃতি জায়গায় কি রকম ডাকাতি বেড়ে গিয়েছে এবং কি ধরনের চুরি, ছিনতাই, কি ধরনের নারী ধর্ষণ বেড়ে গিয়েছে। কিছু দিন আগে দমদম সিনেমার ওখান থেকে ক্যালকাটা এভিনিউ থেকে একটি মেয়ে তার আত্মীয়স্বজনের সঙ্গে যাচ্ছিল গুণ্ডারা তাকে আত্মীয়স্বজনের কাছ থেকে কেড়ে নিয়ে গেছে: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এরা বলছেন সভ্য সরকার। আমার কাছে এই প্রকার অনেক প্রমাণ আছে। আজকে খবরের কাগজে বেরিয়েছে, ব্যারাকপুরে যে ঘটনা ঘটেছে, সত্যযুগ কাগজে বেরিয়েছে যে খুসি-রাম মণ্ডল, বয়স ২৫ বৎসর, ঐ অঞ্চলের কংগ্রেসী স্বেচ্ছাসেবক তারা চুরিতে অভিযুক্ত, তাকে ধরে নিয়ে এসে তার উপর কি রকম অত্যাচার করেছে। আজকে শুনলে অবাক হয়ে যেতে হয়, এরা মানুষ নাকি—তাকে রাস্তার ধারে এক ভাগাড়ে নিয়ে গিয়ে তার জিব কেটে দেওয়া হয়, নাক কেটে দেওয়া হয়, তার গায়ে গরম জল ঢেলে দেওয়া হয়, তার গায়ে গরম শিক দিয়ে ছ্যাকা দেওয়া হয়েছে, তার মা বাবা যখন পুলিসের কাছে গিয়ে এবং ঐ অঞ্চলে কংগ্রেসের কাছে গিয়ে কাতর অনুনয় করে, তখন তার বাবাকে লাথি মেরে ফেলে দেওয়া হয় এবং তার বাবা এখন শয্যাগত। সকাল ৮টা থেকে তার উপর অত্যাচার আরম্ভ হয়েছে বেলা ১২টা পর্যন্ত, তার পর যখন শ্রী মণ্ডল শেষ নিশ্বাস ত্যাগ করেছে তখন তাকে ছেড়ে দেওয়া হয়েছে। স্যার, এরা বলেন যে সভ্য সরকার। এটা কাগজে বেরিয়েছে। আপনি স্যার শুনলে আরও অবাক হয়ে যাবেন সেটা হচ্ছে মাথাভাঙ্গাতে ২১শে মার্চ শিমজানি নিবাসী শ্রীকৈলাশচন্দ্র বর্মনকে কংগ্রেসী যুবকেরা গাছে বেঁধে তাকে হত্যা করেছে। এই ঘটনাই শেষ নয়, কয়েক দিন আগে কংগ্রেসের মাননীয় সদস্য মহম্মদ সফিউল্লা মাননীয় মুখ্যমন্ত্রী শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়কে জিজ্ঞাসা করেন যে, রাইটার্স বিল্ডিং-এ অনেক পুলিস অফিসার আছেন, চেতলাতে যে সমস্ত পেট্রল চুরির কারবার চলে সেটা কি পুলিস কমিশনার জানেন না, চেতলা থানার পুলিস অফিসাররা কি জানেন না যে, ওখানে পেট্রোল নিয়ে কি ধরনের চোরাকারবার চলছে। স্যার, আমার কাছে ছবি আছে, মাননীয় মুখ্যমন্ত্রী যদি চান আমি দিতে পারি। এই ছবিতে দেখতে পারবেন যে, হাজার হাজার লক্ষ লক্ষ টাকার পেট্রোল চোরাকারবার চলছে। এইভাবে ওখানে চোরাকারবার

[3-00—3-10 p.m.]

চলছে পেট্রোল নিয়ে। মানুষের জীবন নিয়ে কি চলছে, নিরাপত্তা নাই, নারীর দেহ নিয়ে ছিনিমিনি হচ্ছে। প্রতি এলেকায় যাবেন, প্রতি বস্তীতে যাবেন, সাট্টা খেলা চলছে, সেখানে গিয়ে দেখবেন। পুলিস কি করছে? আমি কতগুলি ভেজাল দেখিয়ে দিলাম, একটাও কি ধরেছে? মাননীয় সাত্তার সাহেবকে প্রশ্ন করেছিলাম, কৃষিতে যে সার দেন সেটা কি কৃষকরা পাচ্ছে? এই সার নিয়ে যে কেলেঙ্কারী হ'ল, কাউকে কি ধরলেন? আজকে চা-এ দেখছি গোবর মেশাচ্ছে, ঔষধে পর্যন্ত ভেজাল দিচ্ছে। এঁরাই আবার সভ্য ব'লে বড়াই করছে। এঁদের কাছে আশা করব কি? মাননীয় অধ্যক্ষ মহাশয়, দিল্লীতে কি হচ্ছে, সেদিন কাগজে বেরিয়েছে, ইন্দিরা গান্ধীর সরকার চলছে, তাঁর বাংলাদেশের কথা ভেবে ঘুম হচ্ছে না, কিন্তু তাঁর রাজত্বে দিল্লীতে কি ঘটনা হ'ল, দুজন ডাক্তার এবং নার্সের উপর কি অত্যাচারই না হয়েছে। সেখানকার প্রতি দিনকার খবরের কাগজ যদি দেখেন, সেখানকার লোকাল কলেজের মেয়েরা রাস্তায় বেরোতে পারে না, স্কুলের মেয়েরা স্কুল যেতে পারে না, এঁরাই আবার সভ্যতার বড়াই করেন। যদি জানতাম চাষীরা জমি পেয়েছে, ফসল তারা ঘরে তুলতে পেরেছে, শ্রমিকরা ন্যায্য অধিকার পেয়েছে, যদি জানতাম স্কুলে ছেলেমেয়েরা নিরাপদে

যাতায়াত করতে পারছে, তা হ'লে নিশ্চিত যেভাবে বিলকে সমর্থন জানিয়েছিলাম, সেইভা সমর্থন জানাতাম।

(এখানে লাল আলো জ্বলে উঠল।)

আমার সময় অল্প। আমি আর একটা কথা বলব। আমি স্বাভাবিক মৃত্যুর গ্যারান্টি চাই কিছু বলতে চাই আমাদের স্তব্ধ ক'রে দেওয়া হয়, দাবিদাওয়ার কথা যদি বলতে চাই, আমাদে স্তব্ধ ক'রে দেওয়া হয়। আমি আপনার মাধ্যমে আপীল করছি যে, স্বাভাবিক মৃত্যু গ্যারান্টি দিন। এটা আমার কথা নয়, এটা পশ্চিমবাংলার শ্রমজীবী মানুষের কথা। এ ব'লে বাজেটের বিরোধিতা ক'রে, আমার কাটমোশান মুভ ক'রে বক্তব্য শেষ করছি।

শ্রীনারায়ণ ভট্টাচার্য: মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় তিমিরবাবু আমার নাম ক'রে বলেছেন। বিভিন্ন কথাবার্তার মধ্যে বললেন, যজ্ঞেশ্বর রায়ের মৃত্যুর কথা, তার হত্যার কথা এবং এই প্রসঙ্গেই আমার নাম করেছেন। আমি স্যার, বলতে চাই আর এস পি দলের সদস্য যজ্ঞেশ্বর রায়কে মেরেছে এবং যে আসামী ছিল কেসে, সে আর এস পি দলেরই সদস্য কাজেই তিনি যে চ্যালেঞ্জ করলেন সেটা আমি অ্যাকসেপ্ট করছি, তিনি পদত্যাগ করুন। কে না আসামী নিজেই এ ব্যাপারে কনফেশন দিয়েছে।

দ্বিতীয় কথা হচ্ছে, আমার গায়ে দাগ আছে, ননীবাবুরা আমাকে হত্যা করার চেষ্টা করেছিলেন, আর এস পি লোকেরাই এসব করে থাকে।

(কংগ্রেস বেঞ্চ থেকে : ছিঃ ছিঃ।)

আলিপুরদুয়ারের জনসাধারণ এর জবাব দিয়েছে। দু'বার ননীবাবুকে পরাজিত করেছে বিপুল ভোটে। আর উনি বললেন, পালিয়ে আসার কথা। আমরা পালিয়ে আসি নি আমি এখনই বলছি আসুন আলিপুরদুয়ারে জনসভা করুন, আপনারাও করুন, আমরাও করি দেখি কার সভায় লোক বেশি আসে।

আর উনি অনেক সময় ব'লে থাকেন উইথড্র করার কথা। উনি যে কথা বলেছেন সেটা উইথড্র করতে হবে। বড় বড় কথা ব'লে গেলে চলবে না। আমার নাম ক'রে বলেছেন, তাঁকে উইথড্র করতে হবে।

Mr. Speaker: You have denied that. That's enough.

শ্রীআফতাবুদ্দিন মণ্ডল: মাননীয় স্পীকার স্যার, আপনি জানেন যে, আর এস পি দলের বন্ধুরা অনেক দিন পরে এখানে এসেছেন, ও'রা কথায় কথায় বলে থাকেন উইথড্র ক'রে নেবার কথা। মাননীয় মন্ত্রিমহাশয়রা ওখানে বসে আছেন, আমরা এখানে বসে আছি, আমরা জানি যে আমরা কোন অন্যায় কাজ করি না এবং বাংলাদেশের মানুষ তা প্রমাণ ক'রে দিয়েছে আজকে তিমিরবাবু পার্সোনাল আক্রমণ করেছেন, তিনি এরকম একটা কথা বললেন তাঁকে উইথড্র করতে বলুন।

Mr. Speaker: Please take your seat. Please go through the rules You can deny the allegation that has been made against an honourable Member but no debatable point can be raised at the time of raising a point of personal explanation.

I now call upon Shri Ajoy Kumar Mukhopadhyay to speak.

শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মুখ্যমন্ত্রী যে পুলিস বাজেট উপস্থাপিত করেছেন আমি তাকে সমর্থন করতে উঠে দুটি কয়েক কথা বলতে চাই। আজকে দেশে শান্তি স্থাপিত হয়েছে এ কথা স্বীকার করতেই হবে। এই শান্তি কিরূপে বিঘ্নিত হয়েছিল তা আমার চেয়ে আর কেউ ভাল জানেন না, কারণ আমি চৌদ্দ দলের যুক্তফ্রন্ট সরকার চালাতে গিয়ে ভুক্তভোগী।

আমি তখন মুখ্যমন্ত্রী ছিলাম। আজ সেই সময়ের কতকগুলি ঘটনা বলব। যখন দ্বিতীয় যুক্তফ্রন্ট সরকার গঠিত হতে যায়, ১৯৬৯ সালে, তখন আমার বাড়িতে মার্কসবাদী কমিউনিস্টপার্টির নেতা শ্রীজ্যোতি বসু দেখা করতে আসেন। তিনিই আমাকে শুধু মুখ্যমন্ত্রী হতে অনুরোধ করেন। আমি বলি, স্বরাষ্ট্র দফ্তর ছাড়া মুখ্যমন্ত্রী হ'ল ঠুঁটো জগন্নাথ। তার চেয়ে আপনি দুটি পদই নিন—যে হেতু আপনি চৌদ্দ দলের মধ্যে সবচেয়ে বড় দলের নেতা। তাতে আমার এবং আমার দলের পূর্ণ সমর্থন ও সহযোগিতা পাবেন। তিনি বললেন, তাতে অধিকাংশ দল রাজী হবে না। তার চেয়ে আপনি মুখ্যমন্ত্রী হন, আমাকে উপ-মুখ্যমন্ত্রী করুন এবং স্বরাষ্ট্র দফ্তর দিন, আমার দলকে রাজী করিয়ে নোব। আমি স্বরাষ্ট্র দফ্তরের কাজ আপনার সঙ্গে পরামর্শ ক'রে করব। আমি ভদ্রলোকের ছেলে। আপনাকে জেন্টলম্যানস্ ওয়ার্ড অব অনার দিচ্ছি। তিনি কিন্তু স্বরাষ্ট্র দফ্তর পেয়ে একদিনও কোনও বিষয়ে আমার সঙ্গে পরামর্শ করেন নি, বরং যে পরামর্শ দিয়েছি তা অগ্রাহ্য করেছেন।

পুলিস বিভাগের সাম্প্রতিক কাজের বিরূপ সমালোচনা করলেন আর এস পি দলের মাননীয় সদস্য। ভাল কথা। কিন্তু সে দিন তাঁদের দল, বিশেষতঃ জ্যোতিবাবুর দল পুলিস ও শাসন বিভাগকে একেবারে তাঁদের তাঁবেদার ক'রে ফেলেছিলেন, তাদের স্বাধীন সত্ত্বা থাকতে দেন নি। আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে এসব কথা বলছি। অধিকাংশ পুলিস ও অফিসার তাঁদের দলভুক্ত হতে বাধ্য হয়েছিলেন, সি পি এম-এর একজন অতি সাধারণ অশিক্ষিত বা অর্ধ শিক্ষিত গ্রাম্যকর্মী থানায় গিয়ে ও সি-র পাশে চেয়ারে গিয়ে বসত এবং ও সি-কে হুকুম করত, অমুককে গ্রেপ্তার কর, অমুককে ছেড়ে দেও ইত্যাদি। বেচারী ভয়ে ভয়ে সেই রকম করতে বাধ্য হতেন, না হ'লে তাঁকে নাস্তানাবুদ হতে হত। কেউ বা সানন্দে ঐ হুকুম পালন করতেন, পদোন্নতির লোভে। এই রকম অনেক ঘটনা আমার জানা আছে। আজ কয়েকটি ঘটনা বলব। শুধু তাই নয়, অ্যাডমিনিস্ট্রেশনের ও পুলিস বিভাগের ভেতরে জ্যোতিবাবুরা নিজেদের পার্টি অরগানাইজেশন গ'ড়ে তুলে ছিলেন। সেই গুলো ওঁদের পার্টিকে সাহায্য করত, সি পি এম কোথাও কোন অত্যাচার করলেও তার কোন প্রতিকার হ'ত না। এই সব অত্যাচার ছিল রকমারি। লোকের ফসল কেটে নেওয়া ধানের গোলা লুঠ করা, যেসব সরল কৃষকদের, বিশেষ ক'রে তফসিলী বা আদিবাসীদের দিয়ে এই ধান লুঠ হ'ল তাদেরও ফাঁকি দেওয়া, কোথাও ফৌজদারী কেস হলে বেচারীদের কোন রকম সাহায্য না করা। গুন্ডাগিরি, টাকাকড়ি এমন কি পুকুরের মাছ লুঠ করা, মারধর, খুনজখম, নারী নির্যাতন, নারী-ধর্ষণ, এমন কি নারী হত্যা পর্যন্ত—কিছুই বাকি ছিল না। আমি চৌদ্দ দলের মিটিং ডেকে বলেছিলাম—যুক্তফ্রন্ট জিতল কেন? কারণ জনগণের মতে আগেকার কংগ্রেসী সরকার পশ্চিম-বাংলার ভালর চেয়ে মন্দ করেছে বেশি। জনগণ আশা করেছিলেন, যুক্তফ্রন্ট সরকার অনেক ভাল কাজ করতে পারবে। আমি চৌদ্দ দলের ঐ মিটিং-এ বলেছিলাম, হিংসার পথ ছেড়ে আসুন আমরা আমাদের নির্বাচনী প্রতিশ্রুতিগুলিকে রূপ দিই। সবাই রাজী হয়েছিলেন, কিন্তু কাজের বেলা অনেকে, বিশেষ ক'রে যুক্তফ্রন্টের বৃহত্তম দল, সি পি এম, উল্টো পথে চলল। চারি পাশে খুনজখম ইত্যাদি অত্যাচারের বিভীষিকা ছেয়ে গেল, বারে বারে চেষ্টা ক'রেও বন্ধ করতে পারলাম না, বরং ক্রমশঃ বেড়েই চলল।

যে কলিকাতা মহানগরী রাত্রি বারটা একটা পর্যন্ত গমগম করত সেই শহরের একটা বড় প্রাণকেন্দ্র চৌরঙ্গী পর্যন্ত সন্ধ্যার পরই নিঝুম হয়ে গেল। সন্ধ্যার মুখে বাড়ি ফেরার পথে লক্ষ লক্ষ ডেলী প্যাসেঞ্জার ফুটপাথের হকারদের কাছ থেকে জিনিসপত্র কিনতেন, কিন্তু লুঠতরাজের ভয়ে হকাররা সন্ধ্যার মুখেই পাত্তাড়ি গুটিয়ে সরে পড়তে লাগল। রিক্সা, ট্যাক্সি সন্ধ্যার পর আর ভাড়া খাটতে যায় না, সন্ধ্যার সিনেমা লোক হয় না, বিশেষ ক'রে মহিলারা তো যানই না। দুর্গাপূজা ও অন্যান্য বারোয়ারী পূজায় দলে দলে বালকবৃদ্ধ নরনারী রাত্রি পর্যন্ত ঠাকুর দেখে বেড়াতেন এবারেও গেছেন। কিন্তু তখন যা হল তাতে সন্ধ্যার আগেই সকলে ঠাকুর দেখে বাড়ি ফিরে পড়তেন। অনেকে দেখতে যেতেন না। পূজার

মণ্ডপে মণ্ডপে আলোর মেলা—কিন্তু দেখবার লোকই নেই। সব ভোঁ ভাঁ। রাতে কলকাত শহর যেন প্রেতপুরী। মানুষের মনোবল বাড়াবার জন্য বাংলা কংগ্রেসের লক্ষাধিক নরনার একমাস ধ'রে পালা ক'রে অনশন করলেন, কিছু ফল হ'ল, কিন্তু তবুও ঐ সব অত্যাচা চলতে লাগল।

[3-10—3-20 p.m.]

আমি বললাম, এসব অত্যাচার বন্ধ করুন, নতুবা আমাদের দল আপনাদের সঙ্গে থাকতে পারছে না। অমনি চৌদ্দ পার্টি মিটিং-এ বসে গেল—প্রতিশ্রুতি দিল যে, ভবিষ্যতে আর এসব হবে না। কিন্তু বন্ধ হ'ল না। মুখ্যমন্ত্রী হয়েও বিধানসভায় আমাদেরই যুক্তফ্রন্ট সরকারকে অসভ্য সরকার বলতে বাধ্য হলাম। তার পর যখন শুনলাম সি পি এম-এর ছোকরারা একজন এস ডি ও-কে ধ'রে এনে রাস্তায় প্যারেড করাল—সেদিন দুঃখে, ক্ষোভে বললাম, এ বর্বর সরকার।

যখন দেখলাম কিছুতেই অত্যাচার বন্ধ করা গেল না বরং দিন দিন বেড়ে চলতে লাগল এবং ঐসব দলের সঙ্গে মন্ত্রিত্ব করলে আমাদের বাংলা কংগ্রেসের ওপর ও পরোক্ষভাবে ঐসব অত্যাচারের দায়িত্ব এসে পড়ছে—তখন বাংলা কংগ্রেসের তিন জন মন্ত্রী পদত্যাগ করলেন, আমিও মুখ্যমন্ত্রীর পদত্যাগ ক'রে বেতার ভাষণে জনগণের কাছে ক্ষমা চাইলাম।

এইবার কয়েকটি ঘটনা বলব। (১) যুক্তফ্রন্টের একটি দলের একজন এম এল এ-র নেতৃত্বে ক্ষিপ্ত জনতা একটি বাড়িতে চড়াও হয়ে একজনকে খুন করল, আর একজনকে জ্যান্ত পুড়িয়ে মারল—আমি স্বরাষ্ট্র মন্ত্রী জ্যোতিবাবুকে বললাম, অপরাধীদের গ্রেপ্তার করতে—তিনি করলেন না। চৌদ্দ পার্টির মিটিং-এ বসে একটা তদন্ত কমিটি হ'ল—কয়েকটি দলের নেতাদের নিয়ে—তাঁরা তদন্ত করতে গেলেন—তার পরে চেপে গেলেন। আমি যুক্তফ্রন্টে মিটিং-এ বারে বারে চেয়েও কোন রিপোর্ট পেলাম না। অথচ আমাকে তাঁরা সর্বসম্মতিক্রমে মুখ্যমন্ত্রী করেছিলেন। (২) চব্বিশপরগনার পূর্বাঞ্চলে যুক্তফ্রন্টে একটি দল একজন পুলিসকে এবং একজন নাগরিককে খুন করল। এবারও যুক্তফ্রন্টের তদন্ত কমিটি তদন্ত করতে গেল—কিন্তু কোন রিপোর্ট পাওয়া গেল না, এবারও সবাই চেপে গেলেন। (৩) বর্ধমানের এক হাইস্কুলের প্রবীন প্রধান শিক্ষককে তাঁর বাড়িতে ঢুকে তাঁর স্ত্রীর সামনে খুঁচিয়ে খুঁচিয়ে হত্যা করল—সি পি এম-এর দল—জ্যোতিবাবু স্রেফ্ চেপে দিলেন। (৪) বর্ধমানের কয়লার খনি অঞ্চলে একটি নালার মধ্যে অনেকগুলি নরকঙ্কাল পাওয়া গেল যাদের হাত পা বেঁধে নালায় ফেলে মাটি চাপা দিয়ে মারা হয়েছিল, সেও এই যুক্তফ্রন্টের একটি বড় দলের কীর্তি। (৫) কুচবিহার জেলায় ফরওয়ার্ড ব্লক একটা শান্তি মিছিল নিয়ে যাচ্ছিল। সন্ধ্যার মুখে একটা বাঁশঝাড়ের আড়াল থেকে সি পি এম-এর সশস্ত্র একদল লোক মিছিলের ওপর ঝাঁপিয়ে পড়ল। অনেকে ছুটে পালাল। তিনজনকে ধ'রে নিয়ে গিয়ে একটা মাঠের মাঝখানে খাঁড়া দিয়ে নরবলী দিল। মুণ্ডু তিনটে নিয়ে চলে গেল, পুলিস ধড় তিনটে পেয়ে ছিল। (৬) আমি মুখ্যমন্ত্রীর পদ ত্যাগ করলে সি পি এম বাংলা-বন্ধ ঘোষণা করল। অনেক বামপন্থী দল এই বন্ধে যোগ দিল না, তাদের ইউনিয়নের কর্মীরা কারখানায় কাজ করতে গেল। উত্তর চব্বিশপরগনার দমদমের কাছে একটি কারখানায় যখন কর্মীরা কাজ করছিল, সি পি এম-এর গুণ্ডারা তাদের তাড়া করল। দুজনের পিছনে একদল তাড়া ক'রে গেলে ঐ দুজন একটা পুকুরে ঝাঁপিয়ে পড়ল। পাড় থেকে গুণ্ডারা বলল, জলে পড়লে কেন? আমরা মনে করেছিলুম তোমরা শ্রমিক ইউনিয়নের সভাপতি ও সম্পাদক। কিন্তু দেখছি তোমরা নিরীহ কর্মী। তোমাদের কিছু করব না। উঠে এস। তারা সাহস পেয়ে উঠে এলে দুজনকে ধ'রে ফেলল। একজনকে খাঁড়া দিয়ে কেটে ফেলল। আর একজনকে বসিয়ে চেপে ধ'রে তার মাথার ওপর একটা বড় পেরেক বসিয়ে ঠুকে ঠুকে সেটাকে মাথার ভিতর দিয়ে গলা পর্যন্ত চালিয়ে দিয়ে হত্যা করল। (৭) বর্ধমানের সাঁই বাড়ির খবর সবাই জানেন। সি পি এম-এর বাংলা বন্ধে যোগ দেয় নি ব'লে সাঁই বাড়িতে ঐ গুণ্ডার দল হানা দিল। মা রান্না ঘরে ছিলেন, তাঁর দুই ছেলে ছুটে গিয়ে রান্না ঘরে ঢুকে পড়ল। সি পি এম-এর গুণ্ডারা সেই ঘরে ঢুকে একটা জ্যান্ত ছেলের

মাথা জ্বলন্ত উনুনে গ‘ুজে দিয়ে তাকে হত্যা করল। আর এক ছেলেকে তার মার সামনেই খ‘ুচিয়ে খ‘ুচিয়ে হত্যা করে, তার মাকে উলংগ ক'রে তাঁর মাথায়, মুখে, বুকে তাঁরই ছেলের রক্ত মাখিয়ে দিয়ে উল্লাসে নৃত্য করেছিল। আমি পরে ঐ মার সঙ্গে দেখা করেছিলাম। খবরটা ছড়িয়ে পড়লে যখন চারি পাশে ধিক্কার উঠল—তখন দলের একজন ভারতীয় স্তরের নেতা শ্রীহরেকৃষ্ণ কুঙার বলেছিলেন, "আমার দলের ছেলেরা যে এরকম বাহাদুরী দেখাতে পেরেছে তার জন্য আমি গর্ব অনুভব করি"। (৮) বিধানসভার মাননীয় আর এস পি

[3-20—3-30 p.m.]

সদস্যদের দৃষ্টি আকর্ষণ ক'রে একটি ঘটনা বলছি। জলপাইগুড়ি জেলায় তিস্তা নদীর পাড়ে কিছু জমি পশ্চিমবাংলা সরকার তখনকার পূর্ব পাকিস্তান থেকে আগত রিফিউজীদের মধ্যে বিলি ক'রে ছিলেন। তাঁরা সেখানে চাষ ও বাস করছিলেন, তাঁরা আর এস পি দলভুক্ত ছিলেন। প্রবল বন্যায় তাঁদের বাড়ি ঘর ভেসে গেল, জমিতে বালি পড়ে চাষের অযোগ্য হয়ে পড়ল। সরকার ঐ নদীর ধারেই আর একটু উঁচু জমিতে চাষবাসের জমি দিলেন। দ্বিতীয়বার বাস্তুহারা এই দুস্থ জনগণ এই নতুন জমিতে ছোট ছোট কুঁড়ে ক'রে কোন রকমে বেঁচে থাকার চেষ্টা করছিলেন। এই নতুন জমি একজন বড় জোতদারের ছিল ব'লে দাবি করেছিল। সরকার জমির যে সর্বোচ্চ সীমা বেঁধে দিয়েছেন তার চেয়ে অনেক বেশি জমি এই জোতদারের ছিল, কিন্তু তিনি সি পি এম-এর দলভুক্ত হওয়ায় এই বেশি জমি রাখতে পেরেছিলেন। তিনি তাঁর মুরুব্বী ঐ সি পি এম-এর কাছে নালিশ করলে ঐ দল দিনের বেলা নানা অস্ত্রশস্ত্র নিয়ে নিরীহ রিফিউজীদের ওপর আক্রমণ করে, বলা বাহুল্য এই সি পি এম ও আর এস পি হ'ল এক জোটের দুটি বন্ধুদল, গৌর নিতাই। আক্রমণকারী সি পি এম দল, আর এস পি দল-ভুক্ত ঐ রিফিউজীদের কুঁড়েগুলিতে আগুন দেয়, তারপর প্রায় পনরজন রিফিউজীকে লোহার তার দিয়ে বেঁধে তাদেরই জলন্ত বাড়ির আগুনে ফেলে দিয়ে জীবন্ত পুড়িয়ে মারে। মজার কথা তারপরও আর এস পি ঐ সি পি এম-এর সঙ্গে দহরম চালাচ্ছেন। এবার আমি মহিলাদের ওপর অত্যাচারের কয়েকটি ঘটনা বলব। (৯) যুক্তফ্রন্টের বামপন্থী কোন কোন দলের হিংসার বিরুদ্ধে আমি যখন কার্জন পার্কে অনশন করেছিলাম, তখন বর্ধমান জেলার এক ব্রাহ্মণ পরিবারের যুবতী মহিলা আমার কাছে কেঁদে কেঁদে যে ঘটনা বললেন তার সংক্ষিপ্ত হ'ল যে, তাঁর জমির ভাগধান নিয়ে এক মতবিরোধের সংবাদ পেয়ে সি পি এম দলের এক গ্রাম্য কর্মী তাঁর বাড়ি গিয়ে কোর্টের বিচার অগ্রাহ্য ক'রে বললেন, কোর্ট আবার কি? আমিই কোর্ট, আমি যে রায় দিচ্ছি তোমাকে মানতেই হবে। ভদ্রমহিলা এই বিচার মানতে না চাইলে সি পি এম-এর ঐ চীফ্ জাস্টিস্ মহাশয়ের হুকুমে ঐ যুবতী মহিলার গলায় জুতোর মালা দিয়ে গ্রামের রাস্তায় রাস্তায় ঘুরিয়ে এক আড্ডাখানায় ঐ হাকিম সাহেবের সামনে হাজির করা হ'ল। সঙ্গে সঙ্গে রায় হ'ল—ওর চুলকেটে গ্রাম থেকে তাড়িয়ে দেও। এই কুলবধূর বৃদ্ধা শ্বাশুড়ী এবং পাগল স্বামীকে কে দেখাশোনা করবে, কে রেঁধে খাওয়াবে—হাকিম সাহেবের মোটা বুদ্ধিতে এবিষয়ে কোন বিবেচ্যই ছিল না। আমি তখনই ঐ কার্জন পার্ক থেকে টেলিফোনে বর্ধমানের ডি এমকে জানালাম অবিলম্বে তদন্ত ক'রে আসামীদের গ্রেপ্তার করুন। কিন্তু কলকাতা থেকে কোন মন্ত্রীর নির্দেশ পেলেন কিনা জানি না—তিনি মুখ্যমন্ত্রীর নির্দেশ পালন করতে সাহস করলেন না।

[3-30—3-40 p.m.]

(১০) মালদা জেলার গাজোল থানায় পশ্চিমবাংলা সরকার কিছু রিফিউজীকে জমি দিয়েছিলেন। তাঁরা বাড়িঘর, চাষ-বাস, খাটাখাটুনি ক'রে কোন রকমে জীবন ধারণ করছিলেন বেশ কয়েক বছর ধ'রে। যুক্তফ্রন্ট সরকারের স্বরাষ্ট্রমন্ত্রী সি পি এম নেতা জ্যোতি বসু। গাজোলের ঐ দলভুক্ত গুণ্ডারা সেইসব জমি জবরদখল করতে গেল। রিফিউজীরা আপত্তি করলে তাঁদের একজনকে তাড়া ক'রে নিয়ে গিয়ে একটা বাঁশঝাড়ের মধ্যে খুন করল। রিফিউজীদের ঘরে

ঘরে ঢুকে লুটপাট করল। তিনজন যুবতীকে পূর্ণ উলঙ্গ ক'রে ফেলল। তারপর আর বললুম না। থানায় বড় দারোগা খবর পেয়ে তদন্ত করলেন, মহিলাদের এবং অন্যান্যের টিপসই করা এজাহার নিলেন। সেই থানায় ফিরে এসে বসেছেন, সি পি এম-এর গুণ্ডার দল তাঁকে ঘিরে ফেলল। একটা সিগারেট, এক কাপ চা, একটু জল পর্যন্ত খেতে দিল না। অশ্রাব্য গালাগালি করতে থাকল। পাশেই ঐ বড় দারোগার বাসা, সেখানে তাঁর মা, স্ত্রী এবং ছেলে মেয়ে ছিলেন। গুণ্ডাগুলো তাঁদের উদ্দেশ্যে বিশেষ ক'রে তাঁর স্ত্রীর উদ্দেশ্যে চিৎকার ক'রে বারে বারে বলতে লাগল, সিঁথির সিঁদুর মুছে ফেল, হাতের নোয়া খুলে ফেল, শাড়ী ছেড়ে থান কাপড় পর। এখনই এই দারোগাকে এই খানে মেরে রেখে যাচ্ছি। বাড়ির ভিতর থেকে ক্রন্দন রোল উঠেছিল, উপরের সরকারী কর্তৃপক্ষ খবর পেয়ে দারোগাকে উদ্ধার করলেন। আমি পরের দিন নিজের প্রোগ্রাম অনুসারে মালদা শহরে গিয়েছিলাম। সেখানে ডি এম, এস পি এবং ঐ ও সি আমার কাছে সব বললেন এবং কাগজপত্র দেখালেন, তার মধ্যে ঐ তিনটি মহিলার এজাহারও ছিল। ও সি বললেন, তিনি সি পি এম-এর এই বর্ব্বর অত্যাচারের তদন্ত করেছিলেন সেই খবর পেয়ে কলকাতা থেকে জ্যোতিবাবুর নির্দেশে ঐ দারোগাবাবুর তৎক্ষণাৎ, ইমিডিয়েট বদলীর হুকুম এসেছে, বেচারী দারোগা পূর্ববঙ্গের রিফিউজী। এখানে স্ত্রী-পুত্রকে কোথায় রেখে যাবেন, ছেলেদের পড়াশুনার কি হবে—এই নিয়ে খুবই চিন্তায় এবং অসুবিধায় পড়েছেন। আমি সব শুনে আদেশ দিলাম যে, ছয় মাসের জন্য বদলী স্থগিত রাখা হ'ল। পর দিন কলকাতায় গিয়েই জ্যোতিবাবুকে সব কথা বললাম, তিনি খুব চটে গিয়ে আমাদের সম্পর্ক ভুলে গিয়ে কড়াকড়ি চিঠি লিখতে লাগলেন—যাতে লিখলেন, মুখ্যমন্ত্রী হ'লেও আমার কোন অধিকার নেই তাঁর বদলীর হুকুম ছয়মাসের জন্য হ'লেও স্থগিত রাখা, শেষকালে সংবাদপত্রের আশ্রয় নিলেন। আমি তাঁর কাছে এই সম্পর্কিত আইনের একটি ধারায় দাগ দিয়ে বইটি পাঠিয়ে দিলাম। ঐ ধারায় আছে, মুখ্যমন্ত্রী ইচ্ছা করলেই যেকোন মন্ত্রীর যেকোন কাজে হস্তক্ষেপ করতে পারেন। এদিকে কিছু না করতে পেরে জ্যোতিবাবু ঐ দারোগাবাবুকে কলকাতায় ডেকে পাঠালেন। দারোগাবাবু তাঁর মতলব বুঝে নিলেন যে, ধমক-ধামক দিয়ে তাঁর চাকরী জ্যোতিবাবু খেয়ে দেবেন। দারোগাবাবু কলকাতায় এসে সোজা হাইকোর্টে গেলেন। জজসাহেবের এক আদেশ জ্যোতিবাবুর উপর জারি হ'ল যাতে জ্যোতিবাবুকে হাকিম নিষেধমূলক নির্দেশ দিয়েছেন—জোঁকের মুখে নুন পড়ে গেল। দারোগাবাবু ঐ থানায়ই ও সি হয়ে বহুকাল থেকে গেলেন, ইতিমধ্যে জ্যোতিবাবু প্রবল

[3-40—3-50 p.m.]

প্রতাপান্বিত স্বরাষ্ট্রমন্ত্রী গদীচ্যুত হয়ে রাস্তায় দাঁড়ালেন। (১১) ডায়মন্ডহারবারে কায়স্থ বাড়ির দুটি শিক্ষিতা কুমারী যুবতীর কিছু জমি মিউনিসিপ্যাল এলাকার মধ্যে ছিল। বড়টি এক বালিকা বিদ্যালয়ের শিক্ষয়িত্রী ছিলেন। তাঁদের জমিতে ধান পাকলে সি পি এম দলের গুণ্ডারা ধান সমেত জমি দখল ক'রে নিয়ে জমির মাঝে একটা বড় বাঁশ পুঁতে তার ওপর লাল-ঝাণ্ডা উড়িয়ে দিয়ে জবরদস্তি দখল ক'রে নিলে, দুই বোন ছুটে গিয়ে বললেন আমাদের স্বল্প জমি, সিলিং-এর অনেক কম, খরচপত্র ক'রে চাষ করিয়েছি, আপনারা দখল করলেন কেন? গুণ্ডাদের দলপতি হুকুম দিলেন, মেয়ে দুটোকে ধরে নিয়ে আয় দুবোন ছুটে পালাচ্ছিল, ২২।২৪ বছরের ছোট বোনকে গুণ্ডারা ধ'রে ফেলল, টেনে এনে তাদের সেই বাঁশের খুঁটিতে তারই চুল দিয়ে বাঁধল। তারপর ঐ যুবতীকে পূর্ণ উলঙ্গ ক'রে তার সর্বাঙ্গে এমন কি গোপনীয় অঙ্গেও লাঠির খোঁচা ও ঘুষি, লাথি মারতে লাগল, মেয়েটি অজ্ঞান হয়ে চুলে বাঁধা অবস্থায় ঝুলে পড়ল। তার অঙ্গ থেকে রক্তর ধারা বইতে লাগল। কাছেই থানা, বড় মেয়েটি এবং কিছু সংযুবক দারোগাবাবুকে পীড়াপীড়ি করলেও তিনি বললেন, ওরা কমিউনিস্ট, ওদের ধরতে যেতে পারব না, আমার চাকুরী যাবে। যুবকরা তাকে থানায় খুঁটিতে বেঁধে পুড়িয়ে মারবে বলে ভয় দেখালে, তখন ঐ ছোট বোনকে উদ্ধার ক'রে নিয়ে এল, কিন্তু কাউকে গ্রেপ্তার করল না। অজ্ঞান ও মৃতপ্রায় ছোট বোনকে কলকাতায় এক হাসপাতালে আনা হ'লে, বড় বোন রাইটার্স বিল্ডিংস-এ মুখ্যমন্ত্রীর ঘরে, আমার কাছে এসে লিখিত বিবরণ দিয়ে কাঁদতে লাগল, আমি এই

বর্বরতায় প্রায় অভিভূত হয়ে তখনই টেলিফোনে জেলা ম্যাজিস্ট্রেটকে আদেশ দিলাম, এখনই যেন আসামীদের গ্রেপ্তার করা হয়। কিন্তু রাইটার্সের অন্য ঘর থেকে কি কলকাঠি নাড়ান হ'ল—কোন আসামীকেই গ্রেপ্তার করা হ'ল না। আমার ঝুলিতে এরকম আরও অনেক খবর আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার এবং মাননীয় সদস্যদের আর ধৈর্যচ্যুতি না ক'রে আর একটি মাত্র ঘটনা ব'লে শেষ করব। (১২) দক্ষিণ চব্বিশপরগনায় এক গ্রামে এক বৃদ্ধা

[3-50—4-00 p.m.]

মুসলিম মহিলার এক টুকরা জমি ছিল। তাতে বেগুন গাছে অনেক বেগুন ফ'লে ছিল। ঐ বেগুন বেচে বৃদ্ধার জীবন চলত। তিনি তাই সারাদিন ঐ ক্ষেতে পাহারা দিতেন। একদিন একদল সি পি এম গুণ্ডা লাল পতাকা উড়িয়ে চিৎকার করতে করতে ঐ জমির পাশ দিয়ে যাচ্ছিল, বেগুন দেখে তাদের লোভ হ'ল, পটাপট অনেকগুলো বেগুন ছিঁড়ে নিল, বৃদ্ধা তাদের সঙ্গে ব'লে পারবেন না, তাই গালাগালি করলেন। গুণ্ডা সর্দার বলল, আচ্ছা, তোকে কাল দেখে নোব। রাতে পেট ভরে ভালমন্দ খেয়ে এবং নাক ডাকিয়ে ঘুমিয়েও তাদের রাগ গেল না। পরদিন সকালে সাজগোজ ক'রে ওদের তিন চার জন লাল ঝাণ্ডা নিয়ে ঐ বৃদ্ধার বাড়িতে একটা বর্শা নিয়ে হাজির হ'ল। বৃদ্ধার ভাইকে বলল, বুড়িকে ডেকে দেও। বৃদ্ধা মহিলা কোন সন্দেহ না ক'রে বাইরে এসে যেই জিজ্ঞাসা করলেন, "কে ডাকছে গো"? সঙ্গে সঙ্গে গুণ্ডাদের একজন সেই বর্শাটা ঐ মহিলার বুকে সজোরে মারল, পিঠ দিয়ে ফলাটা বেরিয়ে গেল। ছটফট ক'রে বৃদ্ধা মহিলাটি মারা গেলেন। আমার কানে এলে আমি মুখ্যমন্ত্রী হিসাবে আবার ডি এম-কে নির্দেশ দিলাম, অপরাধীদের গ্রেপ্তার করতে, কিন্তু তারা কোন দিনই গ্রেপ্তার হ'ল না। এই সব কারণেই আমি মুখ্যমন্ত্রী হয়েও নিজের সরকারকে অতি দুঃখে অসভ্য সরকার, বর্বর সরকার বলতে বাধ্য হয়েছিলাম। আজ ঐ বিভীষিকার রাজ্যের অবসান হয়ে দেশে শান্তি স্থাপিত হয়েছে। তাই আমি মাননীয় মুখ্যমন্ত্রীর এই বরাদ্দ আন্তরিকভাবে পূর্ণ সমর্থন করছি।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় আপনার মাধ্যমে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী'কে অনুরোধ করবো, আমাদের শ্রদ্ধেয় মাননীয় শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায় মহাশয় যে বক্তব্য এখানে রাখলেন, তাঁর সেই বক্তৃতা একটা পুস্তিকাকারে যেন তিনি প্রকাশ করেন, তাতে বাংলাদেশের জনসাধারণের কাছে বামপন্থী চরিত্রটা কি সেটা ধরা পড়বে।

(At this stage the House was adjourned for twenty minutes.)

(After adjournment)

[4-00—4-10 p.m.]

শ্রীনাসিরুদ্দিন খানঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ মাননীয় মুখ্যমন্ত্রী তথা পুলিশমন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবী এই হাউসে উত্থাপন করেছেন, সেই প্রসঙ্গে আমি বলতে উঠে মুখ্যমন্ত্রী ও রাষ্ট্রমন্ত্রী মহোদয়ের দৃষ্টি আপনার মাধ্যমে কতগুলি জিনিসের প্রতি আকর্ষণ করব। আমি প্রথমেই স্বীকার ক'রে নিচ্ছি যে, এই সরকার এক বৎসরের ভিতর—আমাদের মাননীয় সদস্য শ্রদ্ধেয় অজয়বাবু যে কথা বললেন, যথেষ্ট অবস্থার উন্নতি করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৬৯ সালে দেখেছি যে, এম এল এ হিসাবেও আমাদের নিরাপত্তার অভাব ছিল। ঐ স্টেশনে টিকিট কাটবার সময়—কুপনের পরিবর্তে যে টিকিট দেওয়া হয় সেটা লিখিত থাকে, তাই আমরা তখন বলতাম যে, এম এল এ হিসাবে টিকিট কাটছি এটা দয়া ক'রে বলবেন না, তা হ'লে আর হয়ত বাড়ি ফিরতে পারব না, সাধারণভাবে টিকিট দিন, এবং এমন সময় গিয়েছে যখন থার্ড ক্লাসে জার্নী করতে হয়েছে। এমন একটা দিন যখন যথেষ্ট ভয়ঙ্কর, ভয়াবহ দিন গিয়েছে, সেই অবস্থার নিশ্চয়ই পরিবর্তন হয়েছে, এ কথা স্বীকার ক'রে নেব।

আপনি জানেন কলকাতায় এক সময় বৃষ্টি হওয়ায় রাস্তা পিছল হয়েছিল এবং তাতে একটা মানুষ পড়ে যায়। তখন একটা লোক ছুটে গিয়ে তাঁকে তুলতে গিয়ে বলল, এটা মানুষ নয়, এটা একটা পুলিশ। পুলিশ জাতকে আগে মানুষ ব'লে ধরা হ'ত না। কিন্তু এরকম ধারার পুলিশ এখনও আছে, যাদের মানুষরূপে ধরা যায় না। আমি মুখ্যমন্ত্রীর একটা বিষয় প্রশংসা করব যে, তিনি কঠিন হাতে পুলিশ বিভাগের দায়িত্ব নিয়ে তার দিকে তাঁর তীক্ষ্ন দৃষ্টি রেখেছেন। তিনি তাঁর বক্তৃতার মধ্যে একথা বলেছেন যে, আইনশৃঙ্খলা সম্বন্ধে যদি কোন অভিযোগ থাকে, তা হ'লে সেটা পরিষ্কাররূপে বিধানসভায় পেশ করতে। অর্থাৎ আমাদের যদি কোন স্পেসিফিক চার্জ থাকে নিশ্চয় আমরা এখানে সেসব তথ্য সহ রাখব। আমাকে ব্যক্তিগত-ভাবে বিভিন্ন কাজের জন্য হোম সেক্রেটারী, সি পি, আই জি-র কাছে যেতে হয়। তাঁদের সকলের আচরণ আমার খুব ভাল লেগেছে। তাঁরা হৃদ্যতাপূর্ণভাবে আমার বক্তব্য শুনেছেন এবং তাঁদের যতটুকু করার তা তাঁরা করেছেন। এর জন্য আমি মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ দিচ্ছি যে, তিনি নন-কম্যুনাল অফিসারদের ঊর্ধ্বতন পদে রেখে ভালই করেছেন। আমার কেন্দ্রে আবুল কাশেম নামে একটি ছেলে আছে। ইতিপূর্বে তার কোন রকম স্পট ছিল না। অল্প বয়সী ছেলে, এবং খুব স্পষ্টবাদী ছেলে। তাকে কিভাবে মিসাতে আটকানোর ব্যবস্থা করা হ'ল সে কথাই বলব। লব্দনগর ব'লে একটা গ্রামের যে ফ্যামিলি ৫ বছর ধরে জেল খেটে এসেছে সেই পরিবার কয়েকটা ডাকাতকে দিনে ধরল। আমার অনুমান ওদের সঙ্গে যোগসাজস ক'রেই ডাকাতি করতে এসেছিল। ধরল বিকেল সাড়ে তিনটার সময়। অতীব বিস্ময়কর কথা। নওদা থানার একজন কন্সটেবল বললেন যে, আমি রাত্র সাড়ে নটার সময় টর্চ দিয়ে দেখলাম এবং এই ৪ জনকে ধরলাম এবং আবুল কাশেম পালিয়ে গেল। ঘটনা হ'ল, বেলা সাড়ে তিনটায়, আর ঘটনাকে সাজান হ'ল রাত্র সাড়ে নটায় এবং বলা হচ্ছে, টর্চ দিয়ে দেখেছি। আমি বললাম, তোমার হাতে তো বন্দুক ছিল, ফায়ার করলে না কেন? এইভাবে তার বিরুদ্ধে কেস সাজান হ'ল। আমি এই সামান্য ঘটনা নিয়ে মুখ্যমন্ত্রীকে বিব্রত করতে চাই নি, তাই রাষ্ট্রমন্ত্রীর কাছে আবেদন করেছিলাম। তিনি সঙ্গে সঙ্গে এই বিষয়ে অ্যাকসন নিয়েছিলেন এবং এস পি-কে নিজে বলেছিলেন, ঘটনা যদি সত্য হয়, তা হ'লে ও সি-কে যেন ট্রান্সফার করা হয়। আমার সামনেই কথা হয়েছিল এবং আমি দেখলাম, তিনি খুব দ্রুত অ্যাকসন নিলেন। আমি বাড়ি গিয়ে শুনলাম, ডি এস পি এসেছিলেন এবং সৌভাগ্যবশতঃ ব্লক কংগ্রেসের প্রেসিডেন্ট সুব্রত বিশ্বাস ওই এলাকার স্বনামধন্য ঘরের ছেলে, তিনি নন-কম্যুনাল ম্যান, তিনিও সদর্পে ঘোষণা করলেন, একে যদি পুলিশ জড়ায়, তা হ'লে ভয়ানক অন্যায় হবে। তখন সেই কেস থেকে বেচারাকে নিষ্কৃতি দেওয়া হয়েছে। আমি জানি প্রায় লখ খানেক টাকা এই ২ জন সাব-ইন্সপেক্টর ঘুস খেয়েছে এবং মুখ্যমন্ত্রী যদি চান, তা হ'লে সেইসব লোকের দ্বারা আমি প্রমাণ করতে পারব। আমি রাষ্ট্রমন্ত্রীকে বলেছিলাম এবং তিনি চেষ্টা করেছেন। এস পি আর কে ভট্টাচার্য যিনি বর্তমানে ডি আই জি হয়ে এসেছেন তিনি আমার কথা শুনলেন এবং বললেন, কিছুদিনের মধ্যে বদলি ক'রে দিচ্ছি। কিন্তু অতীব বিস্ময়কর কথা, আমার বাড়িতে এসে তাঁরা আমাকে বললেন, আপনি এক সময় মিনিস্টার ছিলেন, তাই আপনাকে এসব কথা বলা উচিত নয়, কিন্তু তবুও বলছি, আমরা সামান্য মাইনে পাই, কাজেই কিছু এদিক ওদিক আমাদের করতে হয়। কি অডাসিটি দেখুন। মিঃ মির্ধা এবং সেকেন্ড অফিসার মিঃ হাজরা, আমি এসব কথা ব্যক্তিগতভাবে দায়িত্ব নিয়ে বলছি, আমাদের ইউনিয়নে একদিন একটা ডাকাতের বাড়ি রেইড করতে গেলেন এবং সেখান থেকে একটা তিন ব্যাটারীর টর্চ নিয়ে এলেন। একজন টপ অফিসার, একজন ডাইরেক্ট সাব-ইন্সপেক্টর, একজন গ্রাজুয়েট মিঃ হাজরা সেই টর্চটা নিয়ে চলে এলেন। স্যার, এরকম অনেক কাহিনী আছে। নওদা ব্লকের ব্লক কংগ্রেস সেক্রেটারীও বললেন, আমার সামনেই টর্চ নিয়ে এসেছে। এখনো এই রকম অফিসার আছে, বর্তমান

[4-10—4-20 p.m.]

সরকারের শাসনকালে এবং সরকারের এই বিষয়ে বার বার দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও, আমি এম এল এ হিসাবে বার বার বলা সত্ত্বেও এই অফিসার এখনো বহাল তবিয়তে আছেন।

কিছু দিন আগে মাননীয় সাত্তার সাহেবের ঘরে সেদিন আমি গিয়েছিলাম, সেখানে ডি আই জি বসে ছিলেন, যখন আমি তাঁকে জিজ্ঞাসা করলাম যে, এই অফিসারকে এখনো বদলি করলেন না। তিনি বললেন যে, হ্যাঁ এইবার বদলি হবে। সে ৯ বার সুপারসিডেড হয়েছে, এইবার তার প্রোমশন হয়ে গেল, এখন বদলি হয়ে যাবে। এই অফিসারের প্রমোশন হয়ে গেল, কোন অবস্থার ভিতরে? আমি ভাবলাম যে, আমি মুসলিম লীগের এম এল এ, তাই বোধ হয় এই ব্যাপারে এরা খুব ইমপরটেনস্ দেন নি। তারপর স্যার, আমি আরো বলি যে, এই দিন তিনেক আগে আমাদের মাননীয় এখানকার সদস্যরা অনেকে বাইরে তাদের মনের কথা আমার কাছে বলেন। সেই কথাগুলি আমাকে বলতে হবে, মাননীয় সদস্যরা যেন দুঃখ না করেন। মাননীয় কাশীনাথ মিশ্র মহাশয় সেদিন আমাকে বলেছিলেন, তখনো আমার এলাকার ঘটনা তিনি শোনেন নি, তিনি আমাকে বলেছিলেন, তাঁর এলাকার দারোগার যা দাপোট, আমি এম এল এ আমাকে চেনে না, তারপর একদিন এমন ক'রে তাকে নিলাম, তাকে যখন বললাম যে, গেট আপ আমি এম এল এ, তখন সে হকচকিয়ে গিয়েছে, তখন বলল যে, দেখবেন আমার চাকুরি যেন না যায়। এখনো এই রকম যথেষ্ট সংখ্যক পুলিশ থানায় থানায় আছে, যাদের কথা বর্ণনা দেওয়া শক্ত। আমার মত দায়িত্বশীল মানুষ, আমি দায়িত্ব নিয়েই কথা বলি, এই সবের প্রতিকার করা প্রয়োজন। যাই হোক যে দারোগার কথা বললাম, তিনি এখনো বহাল তবিয়তে আছেন। কোন পর্যায় মানুষ গেলে এই সব কথা বলে? যাই হোক পরবর্তীকালে কি হ'ল সেটা শুনুন—স্যার, আমার এলাকায় এক শ্রেণীর মানুষ আছেন, যাদের বলা হয় বাউল। এরা বিশেষত মুসলমান সম্প্রদায়ের লোক, আজকে অজয়বাবু যে কথা বলেছেন, আমার হয়তো মুখ দিয়ে সেই সব কথা বের হবে না, সেই জন্য অনেক কথা এখানে রেখে ঢেকে বলতে হচ্ছে। এই বাউল সম্প্রদায়ের লোক যে কত জঘন্য, এদের যে কি হীন চরিত্র, নিজের মেয়েকে তারা ভোগ করতে ছাড়ে না। তারা বীর্য খায়, গু খায়, মুত খায়, নিজের মেয়েকে ভোগ করে। এই সম্প্রদায় সম্বন্ধে অনেক কথা আছে, আমি তারই সামাজিক অনুশাসন করতে চেয়েছিলাম। তারা এত অপরাধী, এত নীচ কাজ করে যে তাদের দুনিয়াতে রাখা উচিত নয়। আমার মনে হয় যে, প্রয়োজন হ'লে এদের জীবন নেওয়া উচিত, কিন্তু জীবন নেওয়া তো অপরাধ, তা হ'লে আমাকে সংগে সংগে অ্যারেস্ট করা হবে। এই রকম ধরনের জঘন্য চরিত্রের মানুষ এরা। স্যার, এত বড় আস্পর্ধা যে, আমার বিরুদ্ধে ডি আই রুল পুলিশ থেকে স্টার্ট ক'রে দেওয়া হ'ল, কারণ নাকি শান্তি বিঘ্নিত, অমুক তমুক ৭/১৭ ক'রে আমার বিরুদ্ধে কেস ক'রে দেওয়া হ'ল, তাতে আমি এক নম্বর আসামী। আজকে এটা দুঃখের কথা, লজ্জার কথা, ঘৃণার কথা এই হচ্ছে পুলিশের চরিত্র। আমি জিজ্ঞাসা করলাম যে, আমি অপরাধী হলাম কি ক'রে, আমি এই বিষয়ে মাননীয় মন্ত্রীর কাছে ৬ মাস আগে রিপোর্ট দিয়েছিলাম, কিন্তু এই পুলিশরা ভয়ানক ঘুষখোর। আমি রাজনীতি করি ব'লে, একটি মিথ্যা কথা কখনো বলি না, কখনো মিথ্যার আশ্রয় নিই না।

আমি নিজে অথেন্টিক খবর দিচ্ছি, দায়িত্ব নিয়ে কথা বলছি হাউসের সামনে, এই রকম পুলিশ এখনও আছে এবং এদের সম্বন্ধে আমাদের একটু তৎপর হওয়া দরকার। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর উপর অন্তর থেকে বিশ্বাস রাখি ব'লে তাঁর কাছে অনুরোধ করছি এই সব বিষয়ে নজর একটু দয়া ক'রে দেন।

শ্যামনগরের একটা কথা বলছি। অতি জঘন্য ব্যাপার, সেখানে ঘরে ঘরে গোলমাল। আলি আহমেদ সাহেব আর একজন এবং আরও কিছু লোকের মধ্যে গোলমাল। তারা আপোসে নিষ্পত্তির জন্য থানার কাছে সুপারিশ করেছিল। বললে যা হবার হয়েছে, কেস স্টার্ট হয়েছে উভয় পক্ষ থেকে স্টেটমেন্ট দিয়েছে লিখিতভাবে। থানা আমার বাড়ির পাশে। সেদিন আমার কাছেও তারা এসেছিল এই ঘটনা হবার পর। তারপর দেখা গেল, এতে কিছু হয় নি। সম্প্রতি তিন চার দিন আগে কলকাতায় তাদের সঙ্গে দেখা হ'ল, তারা বললে, তারা

নাকি এস পি-এর সঙ্গে দেখা করেছে এবং বলেছে, আমরা উভয় পক্ষ থেকে রাজী মিটিয়ে নিতে, কেস আপনার কাছে নাকি পাঠান হয়েছে, আপনি দয়া ক'রে একটু দেখে দেন। এত ইন্‌সিন্‌সিয়ার এবং ডিজঅনেস্ট পুলিশ অফিসার আর পশ্চিমবঙ্গে আছে কিনা সন্দেহ আছে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি হাউসের সদস্য হিসাবে একটা দাবি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে রাখব। শ্রীনেপাল রায় এই হাউসের সদস্য ছিলেন বহু দিন থেকেই, আমাদের মিনিস্ট্রি গঠন হ'ল, ৩০শে মার্চ তারিখে মারা গেলেন। এই নিয়ে অনেক তোলপাড় দেখলাম। কিন্তু দেখছি এখন পর্যন্ত মূল আসামী ধরা পড়ল না। আমি সদস্য হিসাবে স্বর্গীয় নেপাল রায়ের আত্মার প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করছি এবং এই হাউসের সদস্য হিসাবে সম্পূর্ণভাবে আশা করছি যে পূর্ণ তদন্ত ক'রে অন্ততঃ মূল আসামীকে ধরবার জন্য ব্যবস্থা করবেন।

আমি এর পর অজয়বাবুর কথা টেনে নিয়ে বলব, ১৯৬৯ সালে যখন সদস্য ছিলাম, কোন একটা কারণে জ্যোতিবাবুর কাছে গিয়েছিলাম, ঘটনাচক্রে আমাদের যে পার্টি ক্যাশিয়ার ইয়ুনুস আমার সঙ্গে ছিলেন। আমাদের দুজনেরই দাড়ি আর মাথায় টুপি ছিল। কিন্তু সব কথা থাকল, তিনি বলে বসলেন, টুপি আর দাড়িওয়ালা লোকগুলিকে নিয়ে বড় গোলমাল হয়।

[4-20—4-30 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তিনি যে থিওরিতে বিশ্বাসী, তাতে আমার জিজ্ঞাসা করতে ইচ্ছে হয় যে, মার্কস্ তা হলে কী? তাঁরও তো দাড়ি এবং টুপি ছিল।

Laughter

আমি আশা করবো, আমি যে কথা আবার বলছি, তিনি একজন সুযোগ্য পুলিস অফিসার ওখানে বসিয়েছেন। আমি নিজে তাঁর কাছে গিয়েছি ব্যক্তিগতভাবে তিনি এমন অন্তর দিয়ে আমার কথা শুনেছেন, নোট করেছেন তাতে আমি খুশি। তবে মন্ত্রিমহোদয় যতই কাজ করুন, উপর থেকে যতই আদেশ দেওয়া হোক না কেন, মুখ্যমন্ত্রীর চরম অভিজ্ঞতা নিশ্চয়ই আছে যে, ঐ দারোগা ওরা থানার একেবারে ম্যাজিস্ট্রেট, যখন তখন ওরা যা খুশী করতে পারে। ঐ সব কথায় বলে—ছাই দিয়েও পুলিস দড়ি পাকায়—ছাই-এর পুলিস দড়ি পাকায়। পুলিসকে আমি আশা করি, এই স্থায়ী সরকার একটা বিহিত ব্যবস্থা ক'রে একটা পানিশমেন্ট দেবেন। এই দাবি রেখে আমার বক্তব্যের কলেবর আর বৃদ্ধি করবো না। মুখ্যমন্ত্রী মহাশয় যে ব্যবস্থা নিয়েছেন, তিনি বলেছেন, আজ শান্তি সম্পূর্ণরূপে প্রতিষ্ঠিত হয় নাই—সত্য; সেজন্য সময় লাগবে। এই খাতের জন্য যে ব্যয়বরাদ্দ তিনি চেয়েছেন, তার চেয়ে বেশী চাইলেও আমরা নিশ্চয়ই সমর্থন করতাম। মুখ্যমন্ত্রী মহাশয় এর আগেও বলেছেন, আজও হাউসে তিনি বলেছেন, সাম্প্রদায়িকতার বিরুদ্ধে যে জেহাদ তিনি আগেই ঘোষণা করেছেন, আজও বলেছেন, সাম্প্রদায়িক মনোভাবসম্পন্ন অফিসারদের রাখা হবে না; সাম্প্রদায়িকতার বিরুদ্ধে আবার তিনি জোরের সঙ্গে ঘোষণা করেছেন। আমি আশা করবো, এই প্রসঙ্গে আমি একটি সাজেসান যা রাখবো, এই হাউসের সামনে, সেটা তাঁর মনঃপুত হবে এবং সমর্থন করবেন। আমার বক্তব্য হচ্ছে, প্রতিটা থানায়, প্রতি জেলায় জেলা ম্যাজিস্ট্রেট্ মুসলমান না করেন, প্রতি থানায় দয়া ক'রে একজন ক'রে মুসলমান অফিসার ও দুজন ক'রে কনেস্টবল যদি দেন, তা হ'লে মুসলমান সমাজ সমস্ত পশ্চিমবঙ্গের অন্তর দিয়ে আপনাদের দোয়া করবেন, যাতে এই সরকার বহাল তবিয়তে দীর্ঘদিন বহাল থাকেন। "ইন্‌সান-অল্লা"

শ্রীবিশ্বনাথ মুখার্জি: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে পুলিস গ্রান্টের আলোচনা এবং মুখ্যমন্ত্রীর হাতে এই দপ্তর আছে। আমি জানি যে, আমাদের দেশে, আমাদের মত দেশে পুলিসের ভূমিকাটা খুব বড়। আমরা স্বাধীন হয়েছি বটে। কিন্ত ইংরেজ আমলের যে শাসন কাঠামো, ইংরেজ আমলের যে প্রশাসনিক যন্ত্র যে পুলিস যন্ত্র যে সিস্টেম, যা তাঁরা তৈরি করে গিয়েছেন, তার কোন গুরুতর পরিবর্তন এখনো হয় নাই। আমাদের দেশের

কায়েমী স্বার্থ দারুন শক্তিশালী। ইংরেজ আমলে ইংরেজের কায়েমী স্বার্থ ছিল, সেই সঙ্গে জমিদার জোতদার রাজামহারাজাও ছিল, কিছু বড়লোক, কলকারখানার মালিক, ব্যবসাদারও ছিলেন। স্বাধীন হবার পর ইংরেজের সৃষ্ট কায়েমী স্বার্থের শক্তি তো আমাদের দেশে কমে নি এবং এই রকম একটা সমাজব্যবস্থা যার মধ্যে মুখ্যমন্ত্রী বলেছেন, আমি চাই পুলিস শোষিত, নিষ্পেষিত মানুষের পাশে দাঁড়াক। তার মানে কী? আমরা এটা সবাই জানি যে, আমাদের দেশের মেহনতী মানুষের, আমাদের দেশের গ্রামের চাষীদের, আমাদের দেশের শহরের শ্রমিকরা, বস্তীর অধিবাসীরা, খেটে খাওয়া লোকের বেশীর ভাগ গরিব এবং শোষিত নিষ্পেষিত। এই রকম গোটা দেশের পুলিসবাহিনী তারা একটা প্রগতিশীল নীতির সমর্থক ও সহায়ক শক্তিতে পরিণত হতে পারে, না হয়, সমস্ত প্রগতিশীল প্রচেষ্টাকে বানচাল ক'রে দিতে পারে, সমস্ত সংস্কার প্রচেষ্টাকে বানচাল করে দিতে পারে। এ ক্ষমতা পুলিসবাহিনীর আছে। তারা একটা গভর্নমেন্টকে গরিব মানুষদের কাছে জনপ্রিয় ক'রে দিতে পারে, আবার একটা গভর্নমেন্টকে সাধারণ মানুষদের কাছে তার জনপ্রিয়তা নষ্ট করতে পারে। আমাদের দেশে পুলিসের যে ব্যবহার তা লোকের মনে গাঁথা থাকে, শত বক্তৃতা দিয়েও তা দূর করা যায় না। মনে মনে তাদের একটা জিনিস দাঁড়িয়ে যায়। মুখ্যমন্ত্রী এর আগে একদিন বলেছেন, কাগজেও দেখেছি যে, কয়েকজন পদস্থ পুলিস অফিসারকে দুর্নীতির দায়ে গ্রেপ্তার করা হয়েছে—জামিন দেওয়া হয়। অবশ্য শহরে এটা খুব সম্ভব। কিন্তু গ্রামের থানার অবস্থা—আমাদের অভিজ্ঞতা আছে গ্রামবাংলার ও মফঃস্বল অঞ্চলে এস পি, অ্যাডিসন্যাল এস পি, ডি এস পি, বা তার উপরওয়ালা আই জি—তাঁরা চেষ্টা করেন যাতে পুলিস কিছু কিছু প্রতিকার করে। কিন্তু তাতে কিছু হয় না। যদি গভর্নমেন্ট সরাসরি হস্তক্ষেপ করতে না পারে, তা হ'লে কিছুই হবে না। আমি অবশ্য ব্যক্তিগতভাবে মনে করি—আমাদের শিক্ষা তাই—যে, যদি কোন সমাজে কোন বৈপ্লবিক পরিবর্তন আনতে হয়, তা হ'লে পুরানো দিনের রাষ্ট্রযন্ত্র দিয়ে যা হয় নি, পুরানো পুলিসবাহিনী দিয়ে যা হয় নি, তাকে সম্পূর্ণ বদলে দিতে হবে। গণতান্ত্রিক সামাজিক পরিবর্তন যদি আনতে হয়, তা হ'লে রাষ্ট্র কাঠামো এবং বিশেষ ক'রে রাষ্ট্ররক্ষক সেই পুলিসবাহিনীকে নূতন ক'রে গণতান্ত্রিক ভিত্তিতে গড়ে তুলতে হয়। আমি দীর্ঘদিন থেকে—ছেলেবেলা থেকে রাজনীতি করছি—জানি না সেই বৈপ্লবিক পরিবর্তন কবে আসবে—তার জন্য অপেক্ষা ক'রে আছি। কিন্তু সেই পরিবর্তন না আনতে পারলেও আংশিক কিছু পরিবর্তন আনা যায়, যার ভিতর দিয়ে অবস্থার খানিকটা পরিবর্তন করা যায়। আজকে আমি সমালোচনা করবো এবং সেই সঙ্গে কতকগুলি প্রস্তাবও রাখবো যে, এই পুলিস সম্বন্ধে মানুষের যে ধারণা সেটা কি ক'রে কিছুটা সংস্কার কিছুটা সংশোধন করা সম্ভবপর হতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রীও জানেন যে, পুলিসদের মধ্যে সবচেয়ে বড় ইমপর্টেন্ট লিঙ্ক হ'ল দারোগা। ইংরেজ আমলের সেই গল্প কে না জানেন। সেই বিধবা জজ সাহেবের উপর খুশী হয়ে বলেছিলেন যে, তুমি এর পরের জন্মে দারোগা হয়ে জন্মাবে। গ্রামের লোকের কাছে সাধারণ মানুষের কাছে দারোগা একটা খুব ইমপর্টেন্ট। তাদের হাতে কতকগুলি ক্ষমতা আছে,

[4-30—4-40 p.m.]

যে ক্ষমতার জোরে সে যা তা করতে পারে। আজ সেই হচ্ছে প্রধান লিঙ্ক। আমার প্রস্তাবগুলি আমার বক্তব্যের শেষে আনবো। তার আগে আমি কয়েকটি দৃষ্টান্ত দিই। বেশী দৃষ্টান্ত দিয়ে ভারাক্রান্ত করবো না সময় অল্পের জন্য, আর দৃষ্টান্ত তো ভূরি ভূরি আছে। এই আইনসভায় আমাদের কংগ্রেসী এম এল এ বন্ধুরা তো মেনসানের সময় অসংখ্য অসংখ্য ঘটনা বলেছেন। আমার বলা উচিত কিনা জানি না, আমি একটু দ্বিধার সংগে বলছি, আমাদের তরুণ স্বরাষ্ট্রমন্ত্রী আইনসভার বাহিরে বক্তৃতায় বলেছেন এবং তাঁর অক্ষমতা জ্ঞাপন করেছেন। দৃষ্টান্ত বড় কথা নয়, চোখ থাকলে, কান খোলা থাকলে দৃষ্টান্তের কোন অভাব নেই, তার মধ্যে দু'-একটি খবর ভুল হতে পারে, দু'-একটি ডিটেলস না হ'লেও হতে পারে কিন্তু স্থূলভাবে একটি জিনিসই দাঁড়াচ্ছে। কি দাঁড়াচ্ছে যে, আমি এগুলির মধ্যে যাব না—ক্রাইম, লুঠতরাজ,

খুনেখারাপী, ডাকাতি, বিশেষ ক'রে সরকারী সম্পত্তি লুঠ করা, ওয়াগন ভাঙ্গা ইত্যাদি ইত্যাদি এগুলি ব্যাপকভাবে চলছে এবং বহু লোকের কাছ থেকে শুনে থাকি, খবর বলে যে, পুলিশ মহলের লোকেরা হয় এর সঙ্গে জড়িত থাকে, না হয় পরে ঘুষ খেয়ে বাঁচাবার চেষ্টা করে। আরো কথা শুনি, আমি রাজনীতির মধ্যে যেতে চাচ্ছি না, নকশালদের রাজনীতির সঙ্গে আমার আদৌ মিল নেই, সম্পূর্ণ বিরোধী, কিন্তু এমন অনেক কাহিনী শুনি, অনেক মা কাঁদে যে ছেলেকে গ্রেপ্তার ক'রে রাখা হয়েছে, কিছু কিছু বিচারাধীন তার মধ্যে, তাদের উপর এমন মারপিট ধরবার পরে করা হয়েছে যাতে তাদের অনেকেই পঙ্গু হয়ে গেছে। এই সব কথার মধ্যে যাব না, যে জিনিস আমি ভাল বুঝি গ্রামের কথা, গ্রামের মানুষের কথা, বিশেষ ক'রে দরিদ্র মানুষের কথা, আমি তার সম্বন্ধেই কয়েকটি দৃষ্টান্ত রাখবো। মিসা আইন হয়েছিল—আইন-সভায় এসে আমি মুখ্যমন্ত্রীকে বলেছিলম যে, আপনি বলছেন, আইন সংশোধন করবো, গ্রেপ্তার করবো জোতদারদের—আমার আশঙ্কা হয়েছিল যে, যাদের উপর ভার দিচ্ছেন—আমি তখন বলেছিলাম, আপনি তো বুঝতে পারবেন না কি ঘটছে, যারা আসলে প্রথমে এই রিপোর্ট তৈরি করে মিসার জন্য পাঠাবে যেটা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট সই করবে, খাতাপত্র ঠিক আছে কিনা, ফাইল ঠিক আছে কিনা দেখে আপনারা যেটা সই করবেন, সেখানে যে লোক কি পারসন, চাবি-কাঠি যে করছে সে কিন্তু এই ক্ষমতার অপব্যবহার করবে কায়েমী স্বার্থের স্বপক্ষে এবং প্রগতিশীল কর্মীদের বিপক্ষে। তার জন্য আমি একটি সাজেসান দিয়েছিলাম, আজ আবার একটি সাজেসান দেব। আমি শুধু এই মিসার কেস আজকে উল্লেখ করছি মুখ্যমন্ত্রীর চোখ এ বিষয়ে খুলে দেবার জন্য। মালদহ জেলায় আমাদের ৩ জন কর্মীকে মিসা করা হয়েছে। আরো কয়েক জায়গায় হয়েছে। একজন হচ্ছে রামনাথ মণ্ডল। তার কেস যখন হাইকোর্টে উঠল তখন সরকারী উকিল বললেন, মহামান্য আদালতে আমি সরকারী পক্ষে এই কেস ডিফেন্ড করতে পারব না। কেন বললেন? কারণ, দেখা গেল লেখা আছে কি—না, ওখানে একজন জোতদার তিনি সকালে ঘুম থেকে উঠে দেখলেন যে, তার ক্ষেতের পাট কে কেটে নিয়ে গেছে। তার মনে সন্দেহ হ'ল যে, এই রামনাথ মণ্ডল নিশ্চয় কেটে নিয়ে গেছে, ও যখন কৃষক কর্মী তখন নিশ্চয় কেটেছে। পুলিস সে বিষয়ে তদন্ত ক'রে কোন রিপোর্ট দিল না, তার বিরুদ্ধে কোন মামলা করল না, এইটা গ্রাউন্ড, এইটার উপর মিসা হয়ে গেল। হাইকোর্ট চোখ বুজে এই কেস ডিফেন্ড ক'রে দিয়েছে, মিসা বন্দীকে রিলিজ ক'রে দিয়েছে মিসা বন্দীকে রিলিজ ক'রে দিয়েছে এবং সরকারী উকিল ডিফেন্ড করতে চায় নি, রিফিউজ ক'রে দিয়েছে। কোন গ্রাউন্ড নেই, গ্রাউন্ড হ'ল জোতদারের মনে হ'ল এই রামনাথ মণ্ডল নিশ্চয় তার পাট কেটে নিয়েছে।

আর দু'টি কেস, আব্দুল হক এবং আব্দুল ওয়াহেদ, একজন হোমিওপ্যাথী ডাক্তার আর একজন অ্যাসিস্টেন্ট টিচার না হয় অ্যাসিসটেন্ট হেড-মাস্টার, ঐ মালদহের, তাদের মিসা করা হল। তাদের বিরুদ্ধে অভিযোগ কি? কেন আদালত তাদের চোখ বুজে ছেড়ে ছিল? তাদের বিরুদ্ধে অভিযোগ হচ্ছে, ডাঃ মসলেমুদ্দিন নামে এক ভদ্রলোককে তাঁর ডিসপেনসারীর সামনে দাঁড়িয়ে তারা নাকি বলেছে, তোমাকে দেখে নেব। আদালত বললেন, দেখে নেব কথাটা যে বলেছে এটা প্রমাণ হয় নি আর যদি প্রমাণ হত, দেখে নেব বলবার জন্য কাউকে মিসা করা যায়? কিন্তু তাদের মিসা হয়ে গেল। এতদিন মিসায় থেকে হাইকোর্ট থেকে খালাস পেল। কারণ সরকারী উকিলের কিছু বলবার নেই। গ্রাউন্ড এত দুর্বল এবং প্রত্যক্ষভাবে গ্রাউন্ড এত অন্যায় এবং অযৌক্তিক যে তাঁদের ডিফেন্ড করবার কিছু নেই। আমি কেন দৃষ্টান্ত দিলাম, এই জন্য দিলাম যে, দারোগা নাকি ব'লে বেড়াচ্ছে, আরে করবো তো আমি, কেস লিখবো তো আমি, আমিই তো মিসায় দেবার কথা বলব, তারপরে তো ম্যাজিস্ট্রেটের কাছে সই হতে যাবে, উপরের তলায় যাবে, আমার কথাটা দেখছে কে? আমি এই আশঙ্কা প্রকাশ করেছিলাম, দারুণ ক্ষমতা দিচ্ছেন, পরে এর উপর যদি চেক না রাখেন হয়ত হাইকোর্ট থেকে এক বছর পরে বা ৬ মাস পরে রিলিজ পাবে, কাউকে হয়ত আপনি খোঁজ খবর ক'রে পরে ছেড়ে দেবেন, কিন্তু এটা ভয়ংকর ব্যাপার। সেই জন্য আমার দু'টি প্রস্তাব আছে। একটি হচ্ছে, আইনসভা থেকে

কয়েকজন সদস্য নিয়ে মুখ্যমন্ত্রী, আপনি একটি কমিটি ক'রে দিন। হাইকোর্ট মিসা কেস-গুলি বিচার করতে গিয়ে যে সমস্ত রায় দিয়েছেন, মন্তব্য করেছেন তাঁরা দেখুন, পড়ুন এবং তার থেকে কোন জেনারেল কনক্লুসান ড্র করা যায় কিনা এবং গভর্নমেন্ট কতকগুলি সতর্কতা-মূলক ব্যবস্থা নিতে পারেন কিনা সেই সিদ্ধান্তে আসবার চেষ্টা করুন। দ্বিতীয় প্রস্তাব হচ্ছে, জেলায় আপনি অল্প ৫/৭ জন লোকের একটা কমিটি করুন। বিভিন্ন রাজনৈতিক দলের নেতাদের নিতে পারেন, এম এল এ-দের নিতে পারেন, অফিসারদের রাখতে পারেন, এইভাবে একটা কমিটি করুন। মিসা কেসগুলি যা আপনার কাছে আসে সেগুলি কনফারমেসান সই হবার আগে সেখানে তাঁরা জাস্টিফাই করুন এবং তা যদি করতে না পারে সেই কমিটি আপনার কাছে সুপারিশ করবে যে, পুলিস মোটেই জাস্টিফাই করতে পারছে না, আপনি কনফার্মড করবেন না। এ প্রস্তাব আমি আগেও দিয়েছি, আজও দিলাম। এবারে আমি আসছি, আজকে কি বাড় বেড়ে গিয়েছে, কি সাহস বেড়ে গিয়েছে দেখুন। একটা কথা আমি মুক্তকণ্ঠে স্বীকার করবো, কেউ অস্বীকার করতে পারেন না যে, যে রাজনৈতিক হত্যাকান্ড এবং সন্ত্রাস এসেছিল ১৯৬৯ সালের মধ্যভাগ থেকে—সেপ্টেম্বর মাস থেকে, এবং চলেছিল ১৯৭১ সালের শেষ পর্যন্ত, সেটা বন্ধ হয়েছে। সে দিক থেকে যদি বিচার করা যায়, তা হ'লে নিশ্চয় শান্তিশৃঙ্খলার অবস্থার উন্নতি হয়েছে, একথা আমি আদৌ অস্বীকার করবো না, কেন করবো? এটা জলজ্যান্ত সত্য কথা। কিন্তু মাননীয় মুখ্যমন্ত্রীকে একথা ভাবতে অনুরোধ করবো যে, আপনি যে কথা বলেছিলেন সে কথা আপনি ভুলে যাবেন না। আমাদের দেশে দরিদ্র, নিষ্পেষিত, শোষিত মানুষের সংখ্যা সবচেয়ে বেশী, সেখানে কি ঘটছে—বিশেষ ক'রে গ্রামাঞ্চলে? যাদের কথা সাধারণতঃ খবরের কাগজে বেরোয় না, যাদের কথা সাধারণতঃ লোকে জানতে পারে না, যাদের প্রতিকারের ক্ষমতা কম, সেখানে কি ঘটছে? আমার নামে আসা একটি টেলিগ্রাম আপনার কাছে পরশুদিন পেঁছে দেওয়া হয়েছে, আপনি হয়ত সরাসরি পেয়েছেন, গত ১৭ তারিখে মেদিনীপুর জেলার কেশপুরের একটি ঘটনা। আমাদের কাগজে সেই ঘটনাটা

[4-40—4-50 p.m.]

বেরিয়েছে। তার আগে টেলিফোন করে জানিয়েছে, তার পর ট্রাংক কল করেছে, তারপরে রিপোর্ট পাঠিয়েছে। একটা গরিব লোক, ক্ষেতমজুর ভূমিহীন ৮/১০ বছর পূর্বে ওখানকার একটা গ্রামে সে একটা ছোট্ট চায়ের দোকান করেছিল ডিস্ট্রিক্ট বোর্ডের এক টুকরো জমির উপর। কিন্তু তার পাশে বিত্তবান লোক, যার নাম রাম হাজরা তার বাড়ি। ১৭ তারিখে কি হ'ল? রাম হাজরা সে তার দলবল নিয়ে এসে তাকে বললো, এখান থেকে উঠে যাও। তারা তা অস্বীকার করায় তার ঘর, দোকান লুঠ করলো। আমাদের দেশের মানুষ সব এখনও মরে যায় নি, অবশ্য মরে যাবে, মরে যাচ্ছে। সে ক্ষেতমজুর, সেখানকার ক্ষেতে কাজ করছিল। একেই তো গরিবপাড়া, সেই গরিবপাড়ার মেয়েরা দৌড়ে এলো এবং এসে তারা বললো, তোমরা লুঠ করছো কেন? তারা আটক করলো, চৌকিদারকে ডাকলো এবং চৌকিদারের কাছে জমা দিল। এরাও গেল থানায়, ওরাও গেল থানায়। মেদিনীপুরের আমাদের নেতৃ-স্থানীয় কর্মী, যিনি বহুদিনের স্বদেশী আমলের কর্মী দেবেন দাস তিনি পুলিশকে বললেন, ডাইরি নিতে, কিন্তু পুলিস ডাইরি নিল না। যার উপর অত্যাচার হয়েছে সে ডাইরি দিতে চাইল পুলিস সেটাও নিল না। তারপর পুলিস সেখানে গেল এবং গিয়ে দেখে বললো, 'আরে লুঠ কি ঘরগুলি যা আছে ভেঙ্গে দাও'। মেয়েরা দৌড়ে এল, তার পরের ঘটনা অবর্ণনীয়। ঐ লোকটি, ক্ষুদিরাম পাঠক ভূমিহীন লোক, তার স্ত্রীকে মারলো তার মেয়েকে মারলো, আরো কয়েকটি মেয়েকে মারলো। গর্ভবতী মেয়ের পেটে লাথি মারলো এবং সে দারুণ আহত ব'লে যাবার সময় চন্দ্রকোনা হাসপাতালে নিয়ে যাচ্ছি ব'লে তাকে রাস্তায় পাথরের উপর ফেলে দিয়ে চলে গেল। ৬০ জনকে গ্রেপ্তার করা হ'ল। তার মধ্যে ঐ লোকটি এবং তার মেয়েকেও গ্রেপ্তার করা হ'ল। তাদের অকথ্য ভাষায় গালিগালাজ করলো, যা না করবার তাও করলো। তার পর হৈ চৈ হ'ল, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের কাছে রবি মিত্র লিখলেন এবং

সি আইকে পাঠান হ'ল, তদন্ত করতে। সেখানে ২/৩ শত গ্রামবাসী তারা অপেক্ষা করে আপনি এখানে এসে সরেজমিনে তদন্ত করুন। এত লোক দেখে সি আই চলে গেলেন তদন্ত না করে। বক্তৃতার বিবরণ নেবেন, নিরপেক্ষ তদন্ত করবেন। কিন্তু আমার কথা হচ্ছে গরিবের মেয়ে কি মেয়ে নয়; ক্ষেতমজুরের স্ত্রী কি স্ত্রী নয়? তাদের লাথি মারবো পেটে বাকী সকলকে ডাণ্ডাপেটা করবো এবং বহাল তবিয়তে থাকবো, এই জিনিস ঘটেছে। আমি এক একটা ক'রে উদাহরণ দিচ্ছি, তবে বেশী উদাহরণ দেব না, ২/১টি উদাহরণ দেবো, তারপর দেখুন বাঁকুড়া জেলা, পুরুলিয়া জেলা, ২৪-পরগনা জেলায় বেশী নয়, ২/১টি উদাহরণ দেবো ভূমিসংস্কার আলোচনা কাল হবে। ভূমিসংস্কারমন্ত্রী দুঃখের সঙ্গে বলেছেন যে, ভাগচাষীর সাহস ক'রে রেকর্ড করতে এগিয়ে আসছে না। তারা জমি রক্ষা করতে সাহস ক'রে এগিয়ে আসছে না, তাদের সংঘবদ্ধ করা দরকার, আন্দোলন করা দরকার। কিন্তু আমি একথা বলবো যারা আন্দোলন করছে, যারা সাহস করছে, গ্রামে আপনার ভূমিসংস্কারকে কার্যকর করার জন্য যারা প্রতিবাদের সাহস রাখে, যারা প্রতিরোধের সাহস রাখে তাদের উৎসাহিত করছেন, না তাদের দমন করছেন? যে শক্তি আপনার ভূমিসংস্কারকে এগিয়ে নিয়ে যেতে চায়, সেই শক্তিকে তার বানচাল করার চেষ্টা করছে, সেই শক্তির পাশে কি আমরা গিয়ে দাঁড়িয়েছি সরকার থেকে? না যে শক্তি দমন হচ্ছে, সেই শক্তি দমন হতে হতে শেষ হয়ে যায়, তখন কি আমরা একথা বলবো যে, এতবড় ভূমিসংস্কার করার জন্য জনসাধারণের সক্রিয় আন্দোলন ছাড়া হতে পারে না। জনসাধারণের সক্রিয় আন্দোলন সকলে মিলে গ'ড়ে তোলা দরকার, যেটুকু হয়েছে তাকে দমন ক'রে তারপর কি এটা বলার মুখ আমাদের থাকে?

সম্প্রতি কাঁথিতে সারা পশ্চিমবাংলার কৃষক সমাজ সম্মেলন হয়েছিল, সমস্ত জেলা থেকে হাজার হাজার প্রতিনিধি এসেছিলেন, তারা সই ক'রে ক'রে আমার কাছে লিখে দিয়ে গেছে, মুখেও অনেকে বলেছে, এবং বক্তৃতার মধ্যেও অনেকে বলেছে—মোটের উপর তাদের কথা হ'ল, তারা বলছে, বিশ্বনাথদা আর কতদিন এটা ঠেকানো যাবে জানি না, গ্রামে গ্রামে অত্যাচারে অস্থির ক'রে ছেড়ে দিচ্ছে। মালদহের একটা দৃষ্টান্ত দিচ্ছি, তার পর অন্য জেলায় যাব। মামলা তো অসংখ্য হয়েছে, আপনি মামলা তুলে নেবার বা বিচার করার জন্য একটা কমিটি করেছেন শ্রীঅজয় মুখার্জীর সভাপতিত্বে, কিন্তু শত শত হাজার হাজার মামলা তারা তদন্ত করবেন, কিন্তু ইতিমধ্যেই শত শত হাজার হাজার নূতন মামলা তো হয়ে যাবে। এখন একটা লোকের বিরুদ্ধে ৫/৭টা ক'রে কেস আছে, এমনকি কারো বিরুদ্ধে ১০/১২টা পর্যন্ত মামলা রয়েছে দেখেছি কিন্তু নতুন কায়দা হচ্ছে এই পুলিশের চাপে পুলিশ ম্যাজিস্ট্রেটরা কি করছে—প্রত্যেকটি মামলার জন্য একদিন ক'রে থানায় হাজিরা দিতে হবে। এইসব গরিব মানুষ যারা দিন খেটে খেতে পায় না সেই ক্ষেতমজুর গরিব ভাগচাষী তাদের উপর হুকুম হচ্ছে, তোমার বিরুদ্ধে ৫টা মামলা আছে, তোমাকে ৫ দিন থানায় হাজিরা দিতে হবে। আবার নূতন একটা সিস্টেম চালু হয়েছে তার নাম হচ্ছে খাতা। এদের প্রত্যেককে খাতা রাখতে হয়। সেই খাতায় অফিসারের সই করিয়ে নিতে হয় প্রতিদিন যেদিন তাদের হাজিরা দেবার কথা তারা হাজিরা দিচ্ছে কিনা তা দেখবার জন্য। এমন কথা শুনেছি মাননীয় অধ্যক্ষ মহাশয়, এক বন্ধু বলতে বলতে অভিভূত হয়ে বললেন, সকাল বেলায় থানায় যেতে হ'ল, দারোগাবাবু সই করবার আগে বললেন, জল তুলে নিয়ে এসো, এটা খেটে দাও, ওটা খেটে দাও, যেন চাকর। যেহেতু জোতদারের হুকুমে মিথ্যা মামলা তাদের বিরুদ্ধে হয়েছে, এরা গরিব মানুষ বড় বড় উকিল দেবার ক্ষমতা এদের নেই, জামীন দিতেই প্রাণান্ত, তারা উচ্ছন্ন হয়ে গেল। থানায় হাজিরা দিতে হবে সপ্তাহে ৫/৬/৭ দিন, দারোগাবাবু তাদের বসিয়ে রাখবেন, চাকরের মত খাটিয়ে নেবেন এই জিনিস আমাদের দেশে চলছে, এটা ভাবা যায় না। আমাদের ভূমিরাজস্ব মন্ত্রী বাঁকুড়া জেলায় জমি বিলি করে এসেছিলেন বাঁকুড়া জেলার ছাতনা থানায় কুঁকড়াবাসা মৌজায় ১৯৭২ সালের মে মাসে। কালীপদ রায় প্রমুখ ২১ জন কৃষককে ছাতনার জে এল আর ও-র দপ্তর থেকে সরকারী সার্টিফিকেট দেওয়া হ'ল। সুনির্দিষ্ট খাজনা দিয়ে দাখিলা লাইসেন্স পেয়ে প্রত্যেকে খাস জমি পায় এবং চাষ করে। পরে ভূমিরাজস্বমন্ত্রী শ্রীগুরুপদ

খান উক্ত লাইসেন্সপ্রাপ্ত ও খাস জমি প্রাপ্ত ভূমিহীন কৃষকদের উক্ত জমিতে রাজ্যপালের স্বাক্ষরযুক্ত স্থায়ীপাট্টা দেন, কিন্তু পূর্বতন মালিক শরত রায় আর একজনকে ভাগচাষী দাড় করিয়ে মহকুমা ম্যাজিস্ট্রেটের কাছে মামলা ক'রে তিনি ১৪৪/১৪৫ দিয়ে দিলেন পুলিসের রিপোর্টের উপর এবং চাষীদের বলছেন যে, তোমরা ধান কাটতে পারবে না। চাষীরা বললো, মন্ত্রিমহাশয় আমাদের জমি দিয়ে গেছেন, আমরা চাষ করেছি, ধান আমরা কাটবো। তারা ধান কাটার পর প্রত্যেকের বিরুদ্ধে মামলা জড়িয়ে দেওয়া হয়েছে এবং আসামী ক'রে তাদেরকে হয়রানি করা হয়েছে। সোনামুখী থানায় একটা চাষী, সে বহুদিনের চাষী জে এল আর ও তদন্ত ক'রে বললেন, সে চাষী ব'লে প্রমাণিত হ'ল এবং প্রমাণ হবার পরে পুলিস গিয়ে তাকে ব'লে এলো, খবরদার তোমার চাষ করা জমি থেকে তুমি ধান তুলতে পারবে না। সে ধান তোলার সঙ্গে সঙ্গে সশস্ত্র পুলিস বাহিনী এসে তাদের গ্রেপ্তার ক'রে কোমরে দড়ি বেঁধে হাজতে নিয়ে যায়, শীতকালে কোন রকম শীতবস্ত্র না দিয়ে বসিয়ে রেখে, মেয়েদের গালাগাল ক'রে কৃষক কর্মীদের মারধর করতেও দ্বিধা করা হয় নি। এটা হ'ল সোনামুখী থানার ঘটনা। যেমন পুরুলিয়ার একটা ঘটনার কথা বলছি। ভূমি বণ্টন কমিটি বলছে যে, এরা ভাগচাষী, জে এল আর ও বলছেন যে, হ্যাঁ এই লোক ভাগচাষী, সেখানে পুলিস এসে তার বিরুদ্ধে কেস করছে এবং কেসে জড়িয়ে নিয়ে তাকে উচ্ছেদ করছে।

[4-50—5-00 p.m.]

জমি থেকে এইভাবে কৃষকদের উচ্ছেদ করা হচ্ছে পুলিসের সাহায্যে, ভূরি ভূরি দৃষ্টান্ত আছে। কাশীপুর থানার লাভামারী গ্রামের ভাগচাষীর কথা, ভাগচাষী টুংকু মাঝী দীর্ঘদিন ধ'রে ২ একর জমি ভাগ চাষ ক'রে আসছে, ঐ জেলার জে এল আর ও ভূমিবণ্টন করবার সময় তাকে ভাগচাষী ব'লে স্বীকার করেছে। অথচ তাকে তার জমির ধান চুরির অভিযোগে পুলিস ধ'রে নিয়ে এসে দুটো মামলা তার বিরুদ্ধে দিয়ে দিয়েছে। এই রকম আরো কেস দিতে পারি, সাম্প্রদায়িক উত্তেজনা সৃষ্টি করছে পুলিস। ওর পাশের পাড়া থানার ও সি রবি ব্যানার্জী কমিউনিস্ট কর্মীদের উপর হামলা করছে, অত্যাচার করছে। তার পর ঐ আনাড়া জংশনের রেল ইয়ার্ড থেকে রেলের মালপত্র চুরি হয়, তা সেই ব্যাপারে আমাদের কমিউনিস্ট পার্টির একজন কর্মী বিশ্বনাথ লায়েক প্রতিবাদ করেছিলেন উল্টে সেখানে তার উপর অত্যাচার হয়েছে। তাকে ধরা হয়েছে নানা রকম কারণ দেখিয়ে নানা রকম ধারায়। এই তো গেল একটা ঘটনা, ঐখানে আর একটা ঘটনায় একজন মুসলিম ভদ্রলোক, তার একটা চামড়ার কারবার আছে, এখন সেখানে একটা গরু চুরি হয়েছে—ঐ মুসলমান ভদ্রলোকের নাম আবদুল ওয়ালী, ও সি সেখানে কি করলেন, না তার মেয়ের বিয়ের জন্য ঐ মুসলমান ভদ্রলোকের কাছে ৫০০ টাকা চাঁদা চাইলেন। সেখানে মেয়ের বিয়ের ৫০০ টাকা চাঁদা না দেওয়ায় আবদুল ওয়ালী এবং তার ভাইকে বললেন, তোমরা গরু চুরি করেছ, কিন্তু তাদের গুদামে গিয়ে কিছুই পেল না। ইতিমধ্যে দারুণ টেনশন, কমুনাল টেনশন ছড়িয়ে পড়ল, কি, না তোমরা হিন্দুর গরু চুরি ক'রে নিয়ে কেটেছ, একটা ভীষণ টেনশন। কিন্তু পরে যখন তদন্তে দেখা গেল, না এটা সত্য নয়, তখন তাকে ছেড়ে দেওয়া হ'ল। এই রকম আমাদের কাছে অনেক কেস আছে, আমি বহু কেস দিতে পারি। বসিরহাটের একটা ঘটনার কথা বলি, এই একটা দৃষ্টান্ত দিয়ে শেষ করছি। মুখ্যমন্ত্রী মহাশয় একটু দয়া ক'রে শুনবেন, কেননা এটা তার হায়ার অফিসারদের কথা। আপনার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট-এর কথা, আপনার এস ডি ও-র কথা, আপনার আদালতের কথা, আপনি একটু শুনুন। একটা উদাহরণ আমি দিচ্ছি আপনি শুনুন। বসিরহাট মহকুমার ২৪-পরগনা জেলার মীনাখা থানার চৈতন মৌজা এখানে আদিবাসী এবং মুসলমান ভাগচাষীর সংখ্যা বেশী। ঐ খতিয়ানে ৬০০ বিঘা জমি আছে জোতদারের এবং অন্য খতিয়ানেও আছে, সেখানে জে এল আর ও-র হিসাব মত তাকে ভাগচাষী হিসাবে ধরা হচ্ছে, বাড়তি জমি হিসাবে ধরা হচ্ছে না। ১৯৫৬ সালের কোর্টের রায়ে ভাগচাষী স্বীকৃত হয়েছে এবং সেই হিসাবে ১৯৭০ সালে জে এল আর ও-র তদন্তে ভাগচাষী হিসাবে স্বীকৃত হয়েছে। বসিরহাটের

কোর্ট থেকে ১৪৪ ধারা জোতদারের উপর নির্দেশ জারি হয়, আমি সব দলিল দিয়ে দেখিয়ে দেব, নিয়ে এসেছি যদি কেউ দেখতে চান হাতেকলমে প্রমাণ ক'রে দেবার জন্য নিয়ে এসেছি ১৯৭১ সালের ডিসেম্বর মাসে বসিরহাটের এস ডি ও তিনি ধানের জন্য পরিষ্কার নির্দেশ দে যে, ওরা যাতে ধান কেটে তুলতে পারে সে দিকে যেন লক্ষ্য রাখা হয়। মিনাখা এবং হাসনাবা থানার ও সি-রা কি করল, তারা ধান কেটে আধা-আধি ভাগ ক'রে নিলেন এবং কোন রসি দিলেন না। একটি চাষী একটি রসিদ জোগাড় করেছেন আধা-আধি ভাগের। এই রকম প্রা ২ হাজার বিঘা জমির শতকরা ৭৫ ভাগ ধান যদি তারা পেয়ে যায়, তা হ'লে মোট ১০ হাজা টাকার চুক্তি ক'রে শতকরা ২৫ ভাগ ধান পেলেন। তার পর কি ঘটনা, চাষীরা এস ডি ও-র কাছে গেল, এস ডি ও বললেন, ও সি, তুমি নজর রাখবে যাতে চাষীরা চাষ করতে পারে এবং জমি ভাগচাষীর দখলে যেন থাকে। কিন্তু সেই এস ডি ও চাযের মাঝখানেই ট্রান্সফার হয়ে গেল। এস ডি ও ট্রান্সফার হয়ে যাওয়ার পর পাশাপাশি দু এক মাইলের মধ্যে দুটো পুলিস ক্যাম্প হয়ে গেল শান্তিশৃঙ্খলার নামে। বাকি চাষীদের আবার ধান তোলবার সময় কি হ'ল, না নতুন এস ডি ও এলেন, তার কাছে চাষীরা দরখাস্ত করল অনেক কিছু ব্যাপার করল, অথচ চাষীরা চাষ করতে পারল না, ঐ চৈতন মৌজায় ১৫০ বিঘা জমি চাষ না হয়ে পড়ে রইল। তারপর ধর্মপুরের উত্তর নাগরাতলা মৌজায় ৫০ বিঘা জমি চাষ না হয়ে পড়ে রইল, তারপর যেটুকু জমিতে চাষ হ'ল তার ধান তোলার সময় কি হ'ল, কাঁচা ধান কেটে নিল জোতদার। তখন ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের কাছে খবর পাঠানো হ'ল যে, এটা কি হচ্ছে, তারপর ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট বলে পাঠালেন যে, না এটা হবে না। যারা ধান পাকায় তারা যেন পাকা ধান কাটতে পারে, পুলিস তুমি এটা দেখবে। কিন্তু কাঁচা ধান কেটে নিয়ে যাওয়ার জন্য দুজন ভাগচাষী নালিশ করতে গেলেন, আকবর গাজী আর বরকত উল্লা গাজী, তাদের মিনাখা থানায় আটকে রেখে, তাদের পিটিয়ে তাদের নামে একটা অন্যায় কেস দিয়ে দিল।

আর বাকী চাষীদের ভেতরে কিছু চাষী ধান তুলতে পারল। বেশীরভাগ চাষীকেই পুলিস ধান তুলতে দিল না। আজ যদি বলা হয়, মানুষ এগুচ্ছে না, কিন্তু আমরা রিফরম করতে চাই তা হলে অন্যায় হবে। সেজন্য আমি বলব, একথা সত্য নয়। যেসব মানুষ এগুতে চায় তাদের দমন করা হচ্ছে, দুর্নীতির দায়ে তাদের বিরুদ্ধে মিথ্যা মামলা করা হচ্ছে। সেজন্য আমি অনুরোধ করব আপনারা ভাবুন অবস্থা যেরকম শান্ত মনে করছেন তা নয়। শহরের অবস্থা শান্ত হয়েছে যেসব জায়গায় সন্ত্রাস চলছিল সেসব জায়গায় শান্ত হয়েছে। কিন্তু দরিদ্র মানুষের জীবনে আজ শ্মশানের শান্তি নেমে এসেছে। তারা যদি বাদ প্রতিবাদ করতে যায়, তা হলে তাদের দমন করা হচ্ছে। আমি সমস্ত দারোগা পুলিসের কথা বলছি না। পুলিস বিভাগের মধ্যেও ভাল লোক থাকতে পারে, কিন্তু সাধারণভাবে আজ দমন করা হচ্ছে। আমি ব্যক্তিগতভাবে কোন পুলিসকে দায়ী করছি না। আমি মনে করি, সরকারের কর্তব্য হচ্ছে তদন্ত করে দোষী পুলিস অফিসারদের শাস্তি দেওয়া দরকার। এর জন্য আমি প্রস্তাব করি, এ বিষয়ে একটা কমিশন করুন যাতে বিচারপতিরা থাকবেন, এম এল এ-রা থাকবেন, স্বরাষ্ট্র বিভাগের অফিসাররা থাকবেন—এ'রা আপনার আস্থাভাজনও হতে পারেন। এই তদন্তের ভেতর দিয়ে এবং তাঁদের রিপোর্ট-এর ভেতর দিয়ে যদি প্রমাণিত হয় এই রকম অন্যায় অত্যাচার হচ্ছে, ঘুষ, দুর্নীতি ধরা হচ্ছে না। মানুষের উপর, মেয়েদের উপর মারপিট ও নানাভাবে অত্যাচার ও হয়রানি হচ্ছে এবং তারা সংস্কারের প্রচেষ্টাকে বানচাল করে দিচ্ছে, তা হলে তাদের যদি একটা এক্সামপ্লারি পানিশমেন্ট দেন তা হলে মানুষ বুঝবে, এই সরকার একটা কিছু করতে চায়। আপনি বলেছেন, আমরা চাই আমাদের পুলিস শোষিত, নিপেষিত মানুষকে রক্ষা করুক, তাদের পাশে গিয়ে দাঁড়াক। কিন্তু যদি অনেক পুলিস অফিসার সেই শোষিত, নিপেষিত মানুষের শোষণ এবং নিপেষণকে বাড়িয়ে দিয়ে মনে করে যে, আমরা বহাল তবিয়তে আছি তা হলে কেমন করে আপনি যে উপদেশ দিচ্ছেন সেটা তারা সিরিয়াসলি নেবে? আমি বলব এটা ব্যক্তিগত দোষ নয়, সিস্টেম-এর দোষ। সেই সিস্টেম আজও চলছে। সেই সিস্টেম-এর পরিবর্তন দরকার। আমি জানি অনেক অফিসার পড়াশুনায় খুব ভাল ছেলে ছিল, ভাল বাড়ির ছেলে আই পি এস হয়েছে। সে যখন এস ডি

পি ও হল তখন তার দারুণ ইচ্ছা ন্যায় বিচার যাতে হয় তাই দেখব। কিন্তু দেখলাম ৩।৪ বছরের মধ্যেই তার মধ্যে পরিবর্তন এসে গেছে। এটা হচ্ছে সিস্টেম-এর জন্য। লোহার কি অপরাধ? একটা লোহাকে যদি একটা স্ক্রুপ যন্ত্রের মধ্যে ঢুকিয়ে দেওয়া যায়, তা হলে সে স্ক্রুপ হয়েই বেরিয়ে আসছে। সুতরাং লোহার কোন অপরাধ নেই। অনেক অফিসার দেখেছি তাদের অনেকের অধঃপতন হয়েছে, দুর্নীতিগ্রস্ত হয়েছে। অর্থাৎ পরবর্তী কালে তাদের সেই মোরাল আর থাকল না। আবার অনেককে দেখেছি নন-ইন্টারফিয়ারার হয়ে গেলেন। নামকো-বাস্তে চালিয়ে যাচ্ছেন। তাঁরা বলেছেন, কোন উপায় নেই, কিছু করা যাবে না। এই অবস্থায় আমার সাজেসান হচ্ছে বিশেষ করে এই গভর্নমেন্টের মোর্চার শরিক এবং এই আইনসভার বৃহত্তম দলের নেতা হিসাবে সমস্ত দায়িত্ব নিয়েই বলছি যে গ্রামের গরিবদের মধ্যে এই গভর্নমেন্টের এবং মোর্চার ভাবমূর্তিকে যারা কালি ছিটিয়ে নোংরা করে দিচ্ছে তাদের সম্বন্ধে আপনারা সজাগ ও সতর্ক হোন।

[5-00—5-10 p.m.]

দেশের যারা উৎপাদিকা শক্তি, দেশের ভবিষ্যত উন্নয়ন যাদের উপর নির্ভর করছে সেই শ্রম শক্তি, সেই মেহনতি মানুষের শক্তিকে এরা দুর্বল করছে, দমন করছে। সংস্কারের জন্য তাদের প্রয়োজন, উন্নয়নের জন্য তাদের প্রয়োজন, কিন্তু তাদের এঁরা চেপে দিচ্ছে এবং তার দেখাদেখি বহু মানুষ মুখ তুলে কথা বলতে পারছে না, অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ করতে সাহস করছে না। এখানে আমাদের সকলের দায়িত্ব রয়েছে, যাঁরা এম এল এ রয়েছেন তাঁদের সকলের দায়িত্ব রয়েছে। বলুন তো, আমরা কি সাহস করে এই অন্যায়ের বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছি, না অন্যায়কে প্রশ্রয় দিচ্ছি? বলুন তো, ক্ষুদ্র স্বার্থে আমরা কি রুখে দাঁড়িয়েছি? আমি একটি কথা বলব, প্রাক্তন মুখ্যমন্ত্রী মনে দুঃখ করবেন না। আজকে তিনি এখানে সেই সময়কার কাহিনী বলেছেন। আমি আপনাকে বলছি, একটি মাত্র পার্টির পক্ষ থেকে তখন এই বিশ্বনাথ মুখার্জী প্রতিবাদ করেছিল, আশঙ্কা প্রকাশ করেছিল, সতর্ক করেছিল মন্ত্রিসভা গঠনের সময়। ১৪ পার্টির মিটিং-এ দাঁড়িয়ে আমিই একমাত্র সাহস করে বলেছিলাম। যখন আলোচনা শুনছিলাম, জ্যোতিবাবুকে স্বরাষ্ট্রমন্ত্রী করতে হবে, তখন আমি সাহস করে বলেছিলাম। চারিদিকে গুঞ্জন চলছে তখন তার মধ্যে দাঁড়িয়ে আমি বলেছিলাম, না, জ্যোতিবাবু আপনি নেবেন না পুরো স্বরাষ্ট্রমন্ত্রিত্ব। প্রকাশ্যে বলেছিলাম, দেবেন না। তখন তাঁরা বলেছিলেন কেন? প্রমোদবাবু তখন চারিদিকে মিটিং করে বলেছেন, কি হিংসা, কি ঈর্ষা, এই সি পি আই-এর। আমাদের সি পি এম-এর ৮৩ জন রয়েছে, আমরাই স্বরাষ্ট্রমন্ত্রী হব। আমি তখন বলছিলাম, হিংসা নয়, ঈর্ষা নয়, আপনাদের মঙ্গলের জন্যই বলছি যুক্তফ্রন্টের মঙ্গলের জন্য বলছি। আমি বলেছিলাম, আপনারা ক্ষমতার অপব্যবহার করবেন এবং তার ফলে আপনাদের পার্টির ভবিষ্যৎ নষ্ট হবে এবং যুক্তফ্রন্ট ভেঙ্গে যাবে। প্রাক্তন মুখ্যমন্ত্রীকে একথা স্বীকার করতে হবে, যখন জ্যোতিবাবুর সঙ্গে চুক্তি করলেন, তখন সি পি আই বলেছিল, ভুল করেছেন, ভুল করেছেন, ভুল করেছেন। তখন আমরা তাঁকে সতর্ক করেছিলাম, সমস্ত দলকে সতর্ক করেছিলাম, ভুল করেছেন। জ্যোতিবাবুকে বলেছিলাম, হিংসা নয়, নিজেদের সর্বনাশ করছেন, আমরা যুক্তফ্রন্টের সর্বনাশ করছি। আজকে দুঃখের সঙ্গে ৪ বছর আগেকার কথা মনে পড়ছে। প্রাক্তন মুখ্যমন্ত্রীর মনে অনেক দুঃখ রয়েছে, অনেক মিথ্যা কথা তাঁর নামে বলা হয়েছে। তিনি আমাকে বলেছিলেন, সে বলেছে আমাকে জিজ্ঞাসা না করে কিছু করবে না। আমি বললাম, এটা কি সম্ভব? তিনি যদি তা বলে থাকেন, তা হলে তাঁর পক্ষে কি একথা রাখা সম্ভব? শিবপদ ভট্টাচার্য এখানে বসে রয়েছেন। প্রথম যখন পার্টিবাজী আরম্ভ হয় এবং আমাদের পার্টির উপর প্রথম যখন আক্রমণ শুরু হয়, তখন প্রথম আক্রমই হয় তাঁর উপর। আমি দিল্লী থেকে আসছি, আমরা ইন্দিরা গান্ধীকে সমর্থন করছি। আমাদের জাতীয় পরিষদের মিটিং হচ্ছে, ওঁদেরও সেন্ট্রাল কমিটির মিটিং হচ্ছে। সেখান থেকে ফিরে এসে প্রমোদবাবু চারিদিকে বক্তৃতা দিচ্ছেন এবং বলছেন, এবারে

আমরা লাগব। আমি দিল্লী থেকে ফিরে এরোড্রামে যখন নামলাম তখন আমাকে বলল, বাি যেও না, হাসপাতালে যাও—শিবপদকে মেরেছে। পরবর্তী কালে জ্যোতিবাবুকে বলেছিলাম এখনও সময় আছে, যদি পদ্ধতির পরিবর্তন না করেন, তা হলে ডুববেন এবং ডোবাবেন। তখ তাঁর কাছে যে প্রস্তাব রেখেছিলাম, আজকে সেই প্রস্তাব রাখব। জ্যোতিবাবু আমাকে বলে ছিলেন, বিশ্বনাথবাবু, বুঝতে পারছি ভেঙ্গে যাবে, কিন্তু আমার পার্টি আপনার প্রস্তাব মান না। আমি তখন বলেছিলাম, আপনি যদি না পারেন, তা হলে আপনি জাহান্নামে যান, আমর জাহান্নামে যাই, যুক্তফ্রন্ট জাহান্নামে যাক।

কেন বলছি এই কথা—ঘরপোড়া গরু, চার বছর আগেকার কথা মনে পড়ছে। বলতাম না যদি প্রাক্তন মুখ্যমন্ত্রী এই কথা না তুলতেন। তিনি অত্যন্ত দুঃখের সঙ্গে তুলেছেন। কিন্তু আমার মনে আজ চার বছর আগেকাব কথা মনে পড়ছে যে, কি বলেছিলাম, কি সতর্কবাণী উচ্চারণ করেছিলাম, শুনলে না, তার ফল কি হল? আজকে আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব, আমার এই বক্তৃতাকে নেবেন না যে নিন্দা করছি, অতিরঞ্জিত করছি, এইভাবে। আপনি বন্ধু হিসাবে নিন। বুঝুন এই কথা যে, আজকে বাস্তবে কি গ্রামাঞ্চলে কেউ বলতে পারছে না কোথায় বিচারের বাণী নীরবে, নিভৃতে কাঁদছে—কোথায় সোচ্চার মানুষের মাথায় লাঠি পড়ছে, তাকে জেলে পুরে দিচ্ছে, দমন করছে ক্রমশঃ কমে আসছে, ক্রমশঃ কমে আসছে, বাদপ্রতিবাদ প্রতিরোধ অন্যায়ের বিরুদ্ধে ক্রমশঃ কমে আসছে, মানুষ আর পারছে না। এটা কি একটা প্রগতিশীল গভর্নমেন্টের পক্ষে মঙ্গলকর? এই শক্তিকে নিয়ে আপনারা কোন্ প্রগতিশীল রাজনীতি করতে পারবেন? কোন কিছুতেই অগ্রসর হতে পারবেন না। সেজন্য বলছি, আপনি বিতর্কের ভঙ্গিতে আমাকে উত্তর দেবেন না। বিতর্ক আমি চাচ্ছি না, আমি আজকে অত্যন্ত সিনসিয়ারলি এবং সিরিয়াসলি আমার সমস্ত আগ্রহ নিয়ে, আন্তরিকতা নিয়ে আপনার কাছে রাখছি। আমি একজন দীর্ঘদিনের কৃষক কর্মী, কংগ্রেসেও কৃষক আন্দোলনে আমি কংগ্রেসের সেবা করেছি। ১৯৩২, ১৯৩৬ সালে আমি গ্রামে চাষীর বাড়ি থেকে কংগ্রেস করেছি। তাদের উপর যে কি অত্যাচার হয় আমি তা দেখেছি। তাদের সঙ্গে সুখদুঃখ আমি ভোগ করে নিয়েছি। তখনকার নেতা ঐখানে বসে আছেন। আমি কমিউনিস্ট হবার পরেও তাদেরই সঙ্গে আছি। আজকে গ্রামাঞ্চলে অতি দরিদ্র মানুষের একট ধারণা জন্মে যাচ্ছে যে পুলিস তাদের দমন করে, কেউ তাদের পাশে এসে দাঁড়ায় না, কেউ তাদের কথা বলবার নেই, কেউ তাদের বিচার করবে না। তাই আমি বলছি আপনি এটাকে সিরিয়াসলি গ্রহণ করুন। আজকে শান্তি এনেছেন তার জন্য ধন্যবাদ আপনার প্রাপ্য। আমিও দিচ্ছি। কিন্তু আর এক জায়গায় অশান্তির আগুন দাউ দাউ করে জ্বলছে, তাদের দিকে একটু তাকাবেন, কেননা তারা বেশী কথা বলতে পারে না, তারা আপনার চোখের সামনে নাই বলে তারা আপনার নাকের ডগায় নাই বলে, তাদের কথা কাগজে বেরোয় না বলে আপনি তাদের দিকে তাকাবেন না? আমি আজকে আপনার কাছে একটি প্রস্তাব করছি। আমি ইতিপূর্বে অপনার কাছে দু-তিনটি প্রস্তাব করলাম, আর একটি প্রস্তাব করছি, দয়া করে ডিসমিস করে দেবেন না, চিন্তা করবেন। এই যে দারোগা, এই যে পুলিস স্টেশন এর উপরে কিছু একটা কন্ট্রোল থাকা দরকার। প্রাক্তন মাননীয় মুখ্যমন্ত্রী যে কথা বলেছেন সে অতি খাঁটি কথা যে, সি পি এম-এর ছেলেরা দারোগার চেয়ারের উপর বসে তাকে হুকুম করত। ক্ষমতাসীন দলের কর্মীদের প্রলোভন বড় সাংঘাতিক এবং যারা অফিসার থাকে যারা পুলিস অফিসার থাকে যারা সৎ তারা চুপ করে যান, আর যারা অসৎ যার কায়েমী স্বার্থের সেবা করে নিজেদের গুছিয়ে নেয় এবং মানুষের উপর অত্যাচার করে। তেমনি শাসক দল তাদের কেউ ভাল কথা বললেও তারা কথা শোনে না, কিন্তু কেউ খারাপ কথা বলতে গেলে সেটা তার মনে খুব পছন্দ হল, সেটা ফাঁফিয়ে করে আর বলে, আমার পাশে মুরুব্বি আছে, আর ভয় কি? সুতরাং আমি প্রস্তাব করছি যে, থানার উপর একটা খবরদারী, একটা কন্ট্রোল আপনার ডিপার্টমেন্টের থাক, আপনার কংগ্রেস কর্মীও সেখানে থাক আপনাদের মন্ত্রিসভাও থাক, উর্ধ্বতন পুলিস অফিসারও থাক, তাদের কাছ থেকে ক্ষমতা কেড়ে নিতে বলছি না, কিন্তু থানার

উপরে একটা কন্ট্রোল ৪।৫।৬ জন নেতৃস্থানীয় লোকের দ্বারা কমিটি করুন যারা নিয়মিতভাবে ১৫ দিন অন্তর তাদের মিটিং ডাকবে যে মিটিং-এ একজন অফিসার উপস্থিত থাকবেন, সেখানে বাদপ্রতিবাদ হবে, কি ঘটনা হচ্ছে, কেন হল, এটা কেন হল না তারা এক্সপ্লেন করবেন, জবাব দেবেন। যদি আপনি আমলাতন্ত্র পুলিসকে জনসাধারণের সামনে কনফ্রন্টেসন-এ না আনতে পারেন যদি সামনাসামনি তাদের প্রতিনিধি নিয়ে কিছু বাদ প্রতিবাদ চালাতে না পারেন তা হলে কোন দিন কোন কথা প্রমাণ হবে না। যে সিস্টেম চালু হয়ে গেছে আপনি তার পরিবর্তন করতে পারবেন না।

[5-10—5-20 p.m.]

সুতরাং আপনাদের কাছে আমার প্রস্তাব গ্রহণযোগ্য হবে কি গ্রহণযোগ্য হবে না, আপনারা মানবেন কি মানবেন না আমি জানি না। তবে আমার প্রস্তাবগুলি আবার রিপিট করছি। সেই প্রস্তাব হচ্ছে—

(১) মিসার ব্যাপারে হাইকোর্টের রায়গুলি পড়ে দেখবার পর আপনার কাছে সে সম্বন্ধে কতকগুলি সুপারিশ করার জন্য একটা কমিটি করুন।

(২) জেলায় একটা করে ছোট কমিটি করে দিন যেটা প্রতিনিধিত্বমূলক হবে, যারা মিসার কেসগুলি কনফার্ম করার আগে জানতে চাইবে কতখানি জাস্টিফায়েড হয়েছে এবং সে সম্বন্ধে আপনার কাছে সুপারিশ করবে।

(৩) এই যে অত্যাচারের কাহিনী সমস্ত আপনার কাছে আসছে, এখানকার এম এল এ-রা প্রতিদিন আমরা বলছি, কতকগুলি জেলা বেছে নিয়ে, সে সম্বন্ধে তদন্ত করার জন্য একটা হাই পাওয়ার কমিশন বসিয়ে দিন, সর্ট নোটিশ দিন—এক মাস কি দু মাস দিয়ে দিয়ে তাদের একটা একজেমপ্লারি পানিশমেন্ট দিন।

(৪) থানার উপর খানিকটা ডেমোক্রেটিক সুপারভিশন করার জন্য কোন একটা অর্গানাইজেশন করে দিন।

আমি এই বলে শেষ করব, কোন একদিন হয়ত আলোচনা হবে আমাকে নিয়ে, কংগ্রেস প্রেসিডেন্টকে নিয়ে যে কমিশন করেছিলেন, যেখানে মেছোঘেরির মালিকরা লক্ষ লক্ষ বিঘা জমি ফেলে রেখে দিয়েছে, তার জায়গায় আমি ভুলক্রমে বলেছিলাম, ২ লক্ষ বিঘা এবং তদন্ত কমিশনের ভিতর দিয়ে যা বেরিয়েছে তাতে দেখলাম ৫ হাজার বিঘা রেখে দিয়েছে, সেটা বড় কথা নয়। বড় কথা হচ্ছে যে, অত্যাচার তারা করেছে। যখন কমিশন চলছিল, আমি গিয়েছি, অরুণবাবু গিয়েছেন, আমাদের কাছে সাক্ষী দিতে এসেছে, সেই অপরাধে তার বাড়ি পুড়িয়ে দিয়েছে, সেই অপরাধে তাকে ছোরা মারা হয়েছে। সেদিন এ আই টি ইউ সি সেসন চলছিল, যে তিন চার জন সেদিন এসেছিল তার মধ্যে একজন ছিল মুসলমান, তার জামা রক্তে ভেসে যাচ্ছে আমি তাকে বসিয়ে রেখেছিলাম এই জন্য যে, মুখ্যমন্ত্রীর যদি পরে সময় হয় তো দেখাব যে, এই অত্যাচার আজও চলে। থানায় যাবার তারা সাহস করে না, থানায় গেলে হয়ত তাকে আরও দু-তিনটা কেসে জড়িয়ে দেবে। তারপর ডায়েরী যদি না নেয়, তা হলে কি অ্যাকশন নেবেন জানি না, ডায়েরী নেবার যে পদ্ধতি আছে, যদি না নেয় তবে কি অ্যাকশন নেবেন আপনি বলবেন, কিন্তু দুঃখের সঙ্গে বলছি যে, আমাদের দেশে এই রকম চলছে। সমাজে এত কায়েমী স্বার্থ, এত দুর্নীতি, সমাজের মধ্যে এত রকম অধঃপতন রয়েছে, সেই সমাজের মধ্যে বসে গভর্নমেন্টকে, আইনসভায় বসে প্রচণ্ড নাড়াচাড়া না দিলে কি কি করতে পারব। আজকে গ্রামের গরিব সাধারণের জন্য এই অনুরোধ জানাচ্ছি যে, যতক্ষণ না আপনারা একটা কিছু পরিবর্তনের ব্যবস্থা করতে পারেন কিছু একটা বদলাবার ব্যবস্থা না করতে পারেন কতকগুলি চেক-আপের ব্যবস্থা না করতে পারেন এবং যদি না করেন এই ঘটনাগুলি ঘটতেই থাকবে এবং শেষে এর পরিণতি ভয়ঙ্কর হবে, অবস্থা অতি ভয়াবহ। এই সতর্কবাণী উচ্চারণ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Deputy Speaker: Honourable Members, many of you have expressed your desire to take part in today's debate, and I have got a long list of such names. But, as the time is limited, I request you to keep your speech confined to the time allotted.

[illegible] বসু: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় যে পুলিস বাজেট এই সভায় পেশ করেছেন, সেই বাজেট আমাদের আনন্দ দিয়েছে একথা বলতে পারি। কিন্তু আনন্দটা সম্পূর্ণ হয় নি। আমি রাজ্যপালের ভাষণে গত বছর দেখেছিলাম পুলিসকে প্রশংসা করা হয়েছিল, সেই সঙ্গে হোম গার্ড বাহিনীরও প্রশংসা করা হয়েছিল। এবারে হোমগার্ড বহিনীর কোন উল্লেখ মুখ্যমন্ত্রীর ভাষণে নাই। আমি এটা আশ্চর্যের সঙ্গে লক্ষ্য করছি। পশ্চিমবঙ্গে এই হোমগার্ডের সংখ্যা ৪০ হাজার। এই ৪০ হাজার হোম-গার্ড আজকে প্রতারিত হচ্ছে বলে আমি মনে করছি। আমাদের জনপ্রিয় সরকার এই অবহেলিত মানুষগুলোর দিকে একটু নজর দেবেন—এটা আমি আশা করবো। কারণ ১৯৬২ সালের চীনা হাঙ্গামার পরিপ্রেক্ষিতে এই হোমগার্ড বাহিনী তৈরি হয়। এদের দৈনিক মজুরী সাড়ে তিন টাকা, ৮ ঘণ্টা ডিউটি, সেখানে ১৬ ঘণ্টা স্ট্যান্ড-বাই করে খাটিয়ে নেওয়া হয়। আর ডিসিপ্লিন হচ্ছে পুলিস বিভাগের. সাংঘাতিক ব্যাপার। কিছু বলতে গেলে বলা হয়, ডিসিপ্লিন পুলিসের সাংঘাতিক. এই ডিসিপ্লিন সম্বন্ধে একটা কথা বলি। দমকল একটা এমার্জেন্সি বাহিনী। এই দমকল বাহিনীর হঠাৎ ব্যাপকহারে বদলি শুরু হয়ে গেল। দু-বেলা তারা কুচকাওয়াজ করছে--লেফট অ্যান্ড রাইট করা শুরু হয়ে গেল। আমি দমকলের ডাইরেক্টার-এর কাছে বললাম, কি ব্যাপার. এইসব ইন্ট্রোডিউস করলেন কেন? এই ব্যাপক হারে বদলি করবার ব্যবস্থা হলো কেন? তিনি বললেন, লন্ডনের আইন থেকে এটা ইমপ্লিমেন্ট হয়েছে। ডিসিপ্লিনটা হল লন্ডনের, আর পে-স্কেল হল পশ্চিমবাংলার। অবাক হয়ে গেলাম। আর হোমগার্ডের কথা আই-জি-কে বলতে গেলে তিনি বললেন. এরা ভলান্টিয়ার. এদের সম্বন্ধে কিছু করার নাই ভলান্টারি সার্ভিস-এর লোকদের নিয়ে ইউনিয়ন করার কথা ভাবছিলাম, তাই তাদের কথা বলতে হবে। তখন তিনি বললেন. ওটা পুলিস সার্ভিস-এর ব্যাপার—পুলিসের ডিসিপ্লিন তাদের মানতে হবে। তা হলে ডিসিপ্লিন হল পুলিসের. আর তাদের মাইনে হল ভলান্টিয়ার-এর। এই যুক্তি আমি মানতে রাজি নই। ৪০ হাজার হোমগার্ড আজ প্রতারিত হচ্ছে। এই লোকদের জন্য মুখ্যমন্ত্রীর ব্যবস্থা করা উচিত। এদের একজন করে অ্যাডজুটেন্ট আছেন এক এক জায়গায়। তাদের মাসিক ১০ টাকা করে না দিলে গার্ড থেকে বসিয়ে দেওয়া হয় এবং তার পরিবর্তে নতুন লোক রিক্রুট করা হয়। যে ১০ টাকা করে মাসিক প্রণামী দেবে তাকে সে চাকরি দেবে। আমি মুখ্যমন্ত্রীর কাছে অ্যাসুরেন্স চাই যে হোমগার্ডের যে আইন আছে, তা পুরোপুরি বলবৎ করা হবে। তা হলে তারা প্রোটেকসান পেতে পারবে। এই হোমগার্ডরা কনস্টেবলদের পিওনের মত কাজ করে—এই চা লে আও. এ অমুক কর. ইত্যাদি। এদের বদলি করবার কোন আইন হোমগার্ড আইনে না। আমি গিয়েছিলাম. পুরুলিয়া জেলার মত দারিদ্রতম জায়গায়। সেখানে একজন হোমগার্ডকে ৪০ মাইল দূরে পুরুলিয়া টাউনে বদলি করেছে। সেখানে এখন কোন বাড়ি ভাড়া পাওয়া যায় না। এস ডি ও সদরের মত একজন পাওয়ারফুল লোক, তিনিও সার্কিট হাউসে রয়েছেন, বাড়ির অভাবে। অথচ একজন হোমগার্ডকে ৪০ মাইল দূরে বদলি করা হল—যার সাড়ে তিন টাকা রোজ মজুরী। এস পি তাদের গরু-ছাগলের মত পরিশ্রম করিয়ে নেয়। আমি মুখ্যমন্ত্রীর কাছে অ্যাসুরেন্স দাবি করছি. এই হোমগার্ডের রাইটস অ্যান্ড প্রিভিলেজেস প্রোটেকটেড হোক। সরকারের দৃষ্টি এই ৪০ হাজার লোকের প্রতি দিতে হবে। এই আবেদন তাঁর কাছে জানিয়ে আমি অন্য বক্তব্যে আসছি।

আমাদের আর এস পি সদস্য তিমিরবরণবাবু চলে গেছেন: তিনি কয়েকটি কথা আমাদের কাছে বলে গেছেন। শ্রমিকরা নাকি কারখানায় ঢুকতে পারছেন না। আইনশৃঙ্খলা এমনই বিপন্ন। কিন্তু এই রকম দৃষ্টান্ত আমাদের তো নজরে পড়ে না। যদিও কয়েকটি কারখানার কয়েকজন

শ্রমিক ঢুকতে পারছে না—তারা খুনী কেসের আসামী বলে পুলিস তাদের খুঁজছে। তাতে আমরা কি করবো? কেউ বা রেপ কেসের আসামী—কারখানায় ঢুকতে পারছে না, পুলিস তাকে খুঁজছে। এসব ক্ষেত্রে আমরা কি করবো? এরা হয়তো ভেবেছিল, এই যে কাজগুলি তারা করে গেছে ১৯৭২ সালের নির্বাচনে জ্যোতিবাবু ক্ষমতায় ফিরে এলে তারা ছাড়া পাবে। কিন্তু সে ছাড়া তারা পাচ্ছে না। তাই এখন আমাদের ঘাড়ে দোষ তুলে দিচ্ছে।

আর একটি কথায় তখন আমার মনে খুব লাগলো। তিনি বললেন, কলকাতার প্রাক্তন মেয়র প্রশান্ত শূর তাঁর নিজের এলাকায় ঢুকতে পারছেন না।

[5-20—5-30 p.m.]

তাঁর সম্পর্কে পঙ্কজবাবু বলবেন, কারণ তিনি ওনার কনস্টিটিউয়েন্সীর লোক, তবে আমি যতদূর খবর জেনেছি যে, তিনি ঢুকতে পারছেন না এই কারণে যে, তিনি নাকি গরু চুরির মামলার সঙ্গে জড়িত আছেন। আমি একথা ঠিক বলতে পারছি না, কেননা আমার ধারণা নেই যে, কোন ভদ্রলোক এই কাজ করতে পারেন কিনা। অবশ্য তাঁর বউ ছেলেরা বহাল তবিয়তে আছেন। ওঁর সম্বন্ধে এই রকম আর কোন অভিযোগ আছে কিনা জানি না। মুখ্যমন্ত্রী মহাশয়ের ভাষণে একটি কথা আছে, যে পুলিসের একটা অংশ এখনও অন্যায় করছে। এটা আমি সমর্থন করি যে, পুলিসের একটা পার্ট, যে পার্ট খুব ক্ষতি করছে। আমি কতকগুলি কেস রেফারেন্স তুলে দিতে পারি যার থেকে বুঝতে পারবেন। আলিপুরদুয়ারে একটি ছেলের বিরুদ্ধে মিসা করা হয়েছে। একটা কেস দেখলাম—আমার কাছে তার সার্টিফায়েড কপি আছে যে, কেস রেফারেন্সে তাকে গ্রেপ্তার করা হয়েছে। দেখা গেল রামের বিরুদ্ধে কমপ্লেন—অথচ রামের বদলে শ্যামকে গ্রেপ্তার করা হয়েছে। তারপর যখন টি আই প্যারেড করা হল, আরও কতকগুলি ছেলেকে তার মধ্যে ঢোকানো হল। তখন আসামী তাকে চিনতে পারল না। পুলিস ছেড়ে দিলেন—তাকে মিসা করলেন না। কারণ কমপ্লেনান্টস তাকে চিনতে পারল না। তখন শ্যামকে ছেড়ে দিয়ে রামকে অপরাধী বলে গ্রেপ্তার করা হল—সে জানতে পারল না, পুলিস তার বিরুদ্ধে কেস নিয়ে তাকে মিসায় ঢুকিয়ে দিয়েছে। পুলিস কোন কোন মহল থেকে প্রোটেকসন পাচ্ছে। সে যেখান থেকেই হোক, আর যে কোন ব্যক্তির কাছ থেকেই প্রোটেকসন পান না কেন এ ব্যাপারে আমরা অ্যাসিওরেন্স চাই যে, প্রশাসনকে সম্পূর্ণ পরিচ্ছন্ন আমরা করব। পুলিস একটা মামলায় জড়িয়ে দিল—ধরুন একটা জায়গায় মারামারি হয়েছে, ধাক্কা-ধাক্কি হয়েছে—নন-বেলেবল কেস—আসামীকে কোর্টে প্রডিউস করা হল, কিন্তু দেখা গেল যে, ৬ মাস আগের তিন চারটি নন-বেলেবল কেস ঢুকিয়ে দিল। এই অপদার্থ পুলিস ছয় মাস ধরে যে লোকটির বিরুদ্ধে কেস রয়েছে তাকে আগে কেন ধরা হয় নি—তাকে কেন থার্ড অপরাধ করতে দেওয়া হল, তার আগে তাকে কেন গ্রেপ্তার করা হল না। কেন এই পুলিসকে সাসপেন্ড করা হবে না। এমন কেস সব জড়িয়ে দিল যে, যার জন্য তাকে গ্রেপ্তার করা হল তাতে সে ছাড়া পেলেও পুরাণো চার্জে তার জামিন নষ্ট হল। এই রকম উত্তর কলকাতায় একটি ছাত্রনেতাকে পুলিস রাত্রিবেলা গিয়ে গ্রেপ্তার করে এনেছে। হঠাৎ কোথায় কিছু হ'লে দুষ্কৃতকারীরা ছুটে পালায় পুলিস নিরীহ লোককে ধরে এটা মানি। কিন্তু রাত্রে যে লোক ঘুমাচ্ছে পুলিস চলে গেল গ্রেপ্তার করতে স্পেসিফিক কমপ্লেনের ভিত্তিতে। সারা রাত রেখে দেবার পর কোর্টে প্রডিউস করার সময় বলছে যে এর বিরুদ্ধে কোন চার্জ নাই। পুলিসের কোন চার্জ নাই অথচ রাত্রি ১১টার সময় গ্রেপ্তার করে আনা হল—হাজতে রেখে দেওয়া হল তার পরে কোর্টে দেবার সময় বলে দেওয়া হল যে, এর বিরুদ্ধে চার্জ নাই। এই ব্যাপারে আমাদের অ্যাসিওরেন্স দিতে হবে যদিও একশত ভাগ শান্তি প্রতিষ্ঠিত হয়েছে—কিন্তু সেই সঙ্গে কোন কোন জায়গায় কোন কোন কর্নারে এই অন্যায়গুলি প্রশ্রয় পাচ্ছে, সেই অন্যায়গুলি আজও মাথাচাড়া দিয়ে উঠছে। স্যার, আপনি জানেন, পুলিস নকশালের নামে এক ঘটনা ঘটিয়েছে। অনেক ক্ষেত্রে অবশ্য তারা নকশাল মেরেছে—কিন্তু এমন ঘটনা জানা আছে—একটা নকশালকে গ্রেপ্তার করে রাত্রি ২টার সময়

নিয়ে আসা হল—এনে তাকে একটা দুধের ডিপোর মধ্যে বন্ধ করে রেখে দেওয়া হল। তারপর অন্য জায়গা থেকে বোমা এনে দুমদাম করে চারিদিকে আওয়াজ করা হল, তার মাঝখানে সেই আসামীকে দাঁড় করিয়ে রিভলভার দিয়ে তাকে গুলি করা হল। তারপর বলা হল যে, পুলিসের সঙ্গে কাউন্টার এক্সচেঞ্জে একজন নকশাল নিহত। এইভাবে পুলিস একাধিক কেস দাঁড় করিয়েছে। এইভাবে একাধিক কেস সাজিয়ে পুলিস দাঁড় করিয়েছে। ভবানীপুর থানার এই রকম ঘটনা আমার জানা আছে। জগুবাবুর বাজারের সামনে একটি ছেলে আলো ব্যানার্জি তার নাম, সেই ছেলেটি রাস্তায় চুপ করে দাঁড়িয়েছিল। একজন সার্জেন্ট তার সঙ্গে স্কুলে একসঙ্গে পড়ত মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের স্মরণ থাকলে মনে রাখবেন—ভবানীপুরের লোক সার্জেন্ট রাস্তায় দাঁড়িয়েছিল, কিছু করে নি, সার্জেন্টকে কলকাতার প্রত্যেকটি মানুষ চেনে, গুলি করে দিল, নকশাল পালিয়ে যাচ্ছে। তার বাবা মারা গেছে। আমার কাছে বার বার এসে বলেছে যে, লক্ষ্মীবাবু এই হত্যার কি কোনদিন বিচার হবে না? সেই হত্যার আজও বিচার হয় নি। সেই সার্জেন্ট এবার রাষ্ট্রপতি পুরস্কার পেলেন সাহসিকতার জন্য, লজ্জা হয়, আজকে তাকে সাসপেন্ড করে দেওয়া উচিত। আজকে আমি মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করব, প্রশাসনকে পরিচ্ছন্ন করতে গেলে ভাল সুস্থ লোকদের টেনে প্রমোশন দিন। ভাল লোক কিন্তু প্রমোশন পায় না। সাঁই-বাড়ির কথা একটু বলি। সাঁইবাড়িতে এত বড় একটা ঘটনা ঘটল, বিচার বিভাগীয় তদন্ত হল - পুলিসের ক্যালাসনেসের জন্য যে একটা এত বড় ঘটনা ঘটে গেল, আর সেই ঘটনার যারা সাক্ষী, যাদের উপর দায়িত্ব ছিল তারা কেউ স্বপদে বহাল নেই, সকলেরই প্রমোশন হয়েছে। কেউ ও সি ছিল সি আই হয়েছে, কেউ এস পি ছিল ডি আই জি হয়েছে, কেউ ডি এম ছিল, কমিশনার হয়েছে। এই যদি হয়, তা হলে সবাই ঐ পথ ধরবে, বারে বারে প্রমোশন নেবে। এই নজীর যদি স্বরাষ্ট্র দপ্তরের মধ্যে প্রতিষ্ঠিত হতে পারে, তা হলে আর অ্যাডমিনিস্ট্রেসন থাকে না। এই দুর্ঘটনার জন্য যারা দায়ী তারা শাস্তি পেলে সমাজ তৈরি হত আদর্শবান, অফিসার তৈরি হত আদর্শবান, স্বেচ্ছাসেবী তৈরি হত আদর্শবান, দেশ এগিয়ে যেত। তাই আমি মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করব, আপনি দৃঢ়হস্তে শাসন করছেন, ১০০ বার বলব আরো কঠোরভাবে চালিয়ে যান আমরা আপনার পিছনে আছি, সমর্থন করছি, মানুষ আপনার পিছনে আছে, অ্যাডমিনিস্ট্রেসন পরিষ্কার পরিচ্ছন্ন করবোই, এই বলে আমি এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীগৌতম চক্রবর্তীঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, পুলিসমন্ত্রী পুলিস খাতে ব্যয়-বরাদ্দ অনুমোদনের জন্য যে বাজেট মাননীয় সদস্যাদের কাছে রেখেছেন আমি তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। সমর্থন জানাচ্ছি এই কারণে যে, সি পি আই বন্ধুরা আর তো ভেল্কীবাজী দৃষ্টি করে গ্রামের মানুষকে হত্যা করছে না, এই কারণে সমর্থন করছি কলেজ স্ট্রীটের হকার্স কর্নার আর তো পুড়ছে না, এই কারণে আরো সমর্থন করছি যে, আমাদের আর এস পি বন্ধুরা প্রত্যেক দিন এখানে এসে যে মিথ্যা কথাগুলি বলে যাচ্ছেন, শুধু মিথ্যা কথা নয়, মিথ্যা কথা বলার পরে আবার তর্জন গর্জন করে এখানে নাটক করে যখন বাড়িতে ফিরে যাচ্ছে এবং শহরে নিজের পরিবারবর্গের সাথে আবার সাক্ষাৎ করছেন নতুন এনার্জি নিয়ে আবার এখানে ফিরে আসছেন বহাল তবিয়তে তখন আমরা মনে করি পশ্চিমবাংলায় শান্তি প্রতিষ্ঠিত আছে। যাই হোক, তবুও এই পরিপ্রেক্ষিতে আপনার বাজেটের উপর দু-একটি কথা বলতে চাই। ওয়েস্ট বেঙ্গল পুলিস যখন রিক্রুট হয়, তখন আমরা দেখেছি সেই পুলিসের মধ্যে অধিকাংশই নন-বেঙ্গলি অর্থাৎ যারা উত্তরপ্রদেশ, বিহার অথবা পাঞ্জাব থেকে এসেছে—আমি মনে করি যে, পুলিসকে এমন একটা শিক্ষা দেওয়া দরকার একদিকে তারা কঠোর হস্তে পশ্চিমবাংলার বুকে দেশের বুকে যেমন আইন রাখবেন তেমনি তার সাথে সাথে তারা যদি একটা সেবার মনোভাব না পোষণ করতে পারেন তা হলে কিন্ত সত্যিকারে পুলিস সম্বন্ধে আমাদের যা ধারণা, আমাদের পশ্চিমবাংলায় মোটামুটি যারা আছে তাদের সম্বন্ধে ধারণা হচ্ছে, বিরাট বিরাট গোঁফ থাকবে, ৪৮ ইঞ্চি কোমর থাকবে, হাতে খইনি টিপবে, কা হো ভজুয়া বলে ঠেলাওয়ালা, রিকসাওয়ালার কাছ থেকে

২।৪ আনা ঘুষ নেবে, রাত্রিবেলা পেট ভরে ছাতু খাবে, রামাহো, রামাহো করবো—এই ধারণা আমাদের হবে। পুলিস সম্বন্ধে পশ্চিমবাংলার মানুষের মনে এই চিত্র যদি হয়, পুলিস কনস্টেবল সম্বন্ধে জনগণের সম্পর্ক যদি আরো ঘনিষ্ঠ না হয়, তা হলে কোন পুলিস কনস্টেবল-এর সাথে মানুষ সহযোগিতা করবে না। তাই কনস্টেবলের এমন দায়িত্ব হওয়া উচিত, যারা গ্রাম থেকে এসেছে তাদের অবশ্যই এই দায়িত্ব হবে—কোন অসৎ কর্মচারী অথবা কোন অসৎ অফিসারের যদি অমুক বর্গাদার ধান কেটে নেয় তখন কিন্তু তার মনে পড়বে তার বাপও তো একজন বর্গাদার, ৫ বিঘা জমি হয়ত চাষ করেছিল এইভাবে অন্যায় করে ধান কেটে নিয়েছে জোতদার তার সঙ্গে যদি হাত মেলায় তা হলে তার বাপের কথাও মনে হবে।

[5-30—5-40 p.m.]

তাই আমি আপনার মাধ্যমে মাননীয় পুলিসমন্ত্রীকে অনুরোধ করব যে, আগামী দিনে পশ্চিমবাংলায় যখন কনস্টেবল রিক্রুট করা হবে তখন তারা যাতে এই পশ্চিমবাংলার মাটির মানুষ হন সেদিকে দৃষ্টি দেবেন। শুধুমাত্র তার উপরের অফিসারকে কে সুন্দরভাবে স্যালুট দিতে পারল বা কে তার কথা পালন করল এটাকে যদি মানদণ্ড মনে করেন, তা হলে কিন্তু ভুল করবেন। আগামী দিনে যদি সার্ভিস নিতে হয়, তা হলে শুধুমাত্র অফিসারদের মনোরঞ্জন করাটাই মানদণ্ড হিসাবে না দেখে কে সত্যিকারের ডিউটি পালন করছে সেটাই দেখা দরকার। তারপর আরো একটি কথা সেটা বলতে চাই সেটা হচ্ছে, এ এস আই, এস আই যখন রিক্রুট করা হয়, তখন শুধুমাত্র কমিশনার অথবা আই জি বা ডি আই জি-র উপর নির্ভর না করে আপনার মাধ্যমে আমার সাজেসন হচ্ছে, সেখানে স্বরাষ্ট্র বিভাগের রাষ্ট্রমন্ত্রীকে রাখুন এবং তাঁর হাতে কন্ট্রোল দিন। আগামী দিনে যখন এ এস আই বা এস আই রিক্রুট করা হবে তখন কে আই জি বা ডি আই জি-র সঙ্গে হাত মিলিয়ে কাজ করছে এই রাজনীতির মধ্যে না ফেলে একেবারে নিরপেক্ষভাবে এঁদের নিযুক্ত করুন এই অনুরোধ রাখছি। তারপর পুলিসকে আপনারা পুরস্কার দিচ্ছেন, খুব ভাল কথা, একশো বার দেবেন। যদি কোন পুলিস অফিসার ভাল কাজ করেন বা দেশের মধ্যে শান্তিশৃঙ্খলা রাখতে পারেন, নিশ্চয় তাঁকে আপনারা পুরস্কার দেবেন, কিন্তু তার সঙ্গে কেন একথাও ঘোষণা করছেন না যে, অমুক জেলায় এত অ্যান্টি-সোস্যাল এলিমেন্ট ধরা হয়েছিল, একজনকে মিসাতে আটক করা হয়েছিল, এতজনকে পি ডি অ্যাক্টে ধরা হয়েছিল এবং তার মধ্যে তার পরবর্তী কালে—এক বছরের মধ্যে, আমরা এতজনকে আবার সুস্থ সমাজের মধ্যে ফিরিয়ে এনেছি। স্যার, আমি পুলিস অফিসার হতে পারি, আমার হাতে ২০।২৫টি কনস্টেল থাকতে পারে এবং তাদের হাতে রিভলভার থাকতে পারে, ইচ্ছা করলে আমি হাজার হাজার অ্যান্টি-স্যোসাল এলিমেণ্ট ধরতে পারি এবং তাদের ধরে আলিপুর, দমদম, বহরমপুরের মত ১০।১২টা জেল তৈরি করে রাখতে পারি, কিন্তু কেন একথা ঘোষণা করছেন না যে, আগামী দিনে সেই সমস্ত অ্যান্টি-স্যোসাল এলিমেন্টসদের মধ্যে থেকে এতজনকে এই অফিসার সুস্থভাবে সমাজে বাঁচার পথ করে দিয়েছেন বলে তাঁকে পুরস্কৃত করা হল—এ ঘোষণা থাকা দরকার। আপনারা অ্যান্টি-স্যোসাল এলিমেন্ট ধরে মনে করছেন, আগামী দিনে সরকার থেকে পুরস্কার আদায় করে বাহাবা নেবেন, তা কিন্তু চলবে না। কারণ আপনাদের আই পি এস শিক্ষা দেওয়া হয়, এবং ভারতবর্ষে ভাল ভাল মাহিনা দিয়ে রাখা হয়, শুধু ক্রিমিনাল ধরাই আপনাদের নৈতিক দায়িত্ব নয়, ভারতবর্ষের সংগ্রামী মানুষদের মধ্যে যারা বিপথে গিয়ে অন্যায় করেছে বা যারা পেটের জ্বালাতে অন্যায় করেছে, তাদের সত্যিকারের বাঁচার পথ সুগম করাটাও আপনাদের কাজ। কাজেই শুধু অ্যান্টি-স্যোসাল এলিমেন্ট ধরা নয়, সত্যিকারের মানুষ যে পুলিস অফিসার করতে পারবেন তার জন্য পুরস্কার ঘোষণা করা হোক। তারপর স্যার, পুলিস বিভাগ যেটা ঐ সোলজার বা আর্মড ফোর্সের সাথেই তুলনা করা যেতে পারে। এদের উপর দেশের সিকিউরিটি নির্ভর করছে। কোন সোলজার যদি অন্যায় করে, তা হলে সেখানে যেমন আদালত নয়, সেখানে কমান্ডার বা ক্যাপ্টেন যেমন তাকে সাসপেন্ড করেন, ঠিক

তেমনিভাবে আমাদের এই পশ্চিমবাংলায় ডায়াস সাহেব যখন রাষ্ট্রপতির প্রতিনিধি হয়ে শাসন পরিচালনা করছিলেন তখন ৩১১ ধারায় কয়েকজন পুলিস অফিসারকে বরখাস্ত করেছিলেন। ঠিক সেইভাবে পুলিস অফিসার থেকে শুরু করে পুলিস বিভাগের সংগে যারা জড়িত, যারা যারা অন্যায় করছে, তাদের প্রতি ৩১১ ধারা প্রয়োগ করা হোক।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এইভাবে যখন ঐ অফিসারদের সাসপেন্ড করলেন, তখন শুধুমাত্র ঐ সমস্ত অফিসার নয়, সারা পশ্চিমবাংলার সরকারী কর্মচারীরা সন্ত্রস্ত হয়েছিলেন। সেই ভাবে আর্টিকল ৩১১ যদি প্রয়োগ করেন যেভাবে সোলজাররা ডিসিপ্লিনড ওয়েতে কাজ করে আগামী দিনে পশ্চিমবাংলার পুলিস অফিসার থেকে শুরু করে কনস্টেবল পর্যন্ত প্রত্যেকটি কর্মচারী সেই ডিসিপ্লিনড ওয়েতে কাজ করবে। আমি জানি, মালদহের ঘটনা। মালদহের কুখ্যাত ও সি-কে হাতেনাতে ধরলাম ১ হাজার টাকা ঘুষ নেবার দায়ে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তারা যদি বলেন যে তারা ঘুষ নেন নি, আমি তা বিশ্বাস করবো না। কিন্তু তার পরবর্তী কালে কি দেখলাম? সি পি এম বন্ধুরা বললেন যে, তাদের সংগে নাকি আমাদের বনিবনা হয় নি। আমার কাছে উড়ো চিঠি আসতে শুরু করলো যে, "আপনার জীবন বিপন্ন"। আমি তাদের কাছে বলেছি, আমি থানায় গিয়ে বলেছি আমরা নকশালদের সংগে ফাইট করেছি, আমরা সি পি এম-এর সংগে ফাইট করেছি, আমরা রিভলবারের সামনে দাঁড়িয়েছি, আমরা বলেছি, আপনাদের এই রকম বুজরুকিতে আমরা ভয় পাই না, আমরা দেখে নেব। কিন্তু তার সংগে সংগে একথা বলতে চাই, সেই ও সি যখন আদালতের কাছে গিয়ে দাঁড়ালেন, সেখানে গিয়ে দাঁড়াতে যদি সে ছাড়া পেয়ে যায়, তা হলে বলুন তো, আমি একজন মানুষ হিসাবে তাকে সমর্থন করতে পারব কিনা? বলুন তো আমার মনে এটা হতে পারে কিনা যে, এই আদালত ভুয়া, এই আইন ভুয়া? তাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পুলিস অফিসারদের প্রতিও যাতে এই আর্টিকল ৩১১ প্রয়োগ হয় সেজন্য অনুরোধ করছি। তার সংগে আমি একথা বলতে চাই, সেটা আমার ব্যক্তিগত কথা নয়, সারা পশ্চিমবঙ্গের মানুষের বুকের কথা, সারা পশ্চিম-বঙ্গের মানুষের হৃদয়ের কথা, সেটা হচ্ছে আমাদের জনপ্রিয় হেমন্ত বসু মারা গেলেন, এখন পর্যন্ত সেই হেমন্ত বসুর দুষ্কৃতকারীকে ধরা হল না। কুচবিহারের ফরওয়ার্ড ব্লকের ৩ জন বন্ধুকে সি পি এম বন্ধুরা হত্যা করল যদিও এখনও সি পি এম এবং ফরওয়ার্ড ব্লক নাকি একসংগে চলতে চাইছে, সেই সি পি এম বন্ধুরা ফরওয়ার্ড ব্লক বন্ধুদের হত্যা করল, তার কোন রকম বিচার হল না, অপরাধীকে কোন শাস্তি দেওয়া হল না। ২৪-পরগনা দক্ষিণদাঁড়ীতে ১২ ইঞ্চি লোহার পেরেক দিয়ে জল থেকে উঠিয়ে এনে ৩ জনকে হত্যা করা হল, সেই হত্যাকারীকে এখনও গ্রেপ্তার করা হল না। আর সি পি আই বন্ধু হেনা গাঙ্গুলীকে সি পি এম বন্ধুরা পিটিয়ে মেরে ফেলল, সেখানে আর সি পি আই এবং সি পি এম আবার নাকি এক হতে চলেছে, যারা হত্যা করল সেই সমস্ত দুষ্কৃতকারীকে ধরা হল না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বলতে চাই যে, সমস্ত পুলিস অফিসাররা কে কখন জল খাচ্ছে, কে কখন খেতে যাচ্ছে এতসব কথা জানতে পারেন অথচ দিনের পর দিন এই সমস্ত হত্যা হচ্ছে, এই সমস্ত অপরাধীকে কেন গ্রেপ্তার করা হচ্ছে না? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় পুলিসমন্ত্রী মহাশয়কে এই অনুরোধ করতে চাই, অবিলম্বে এইসমস্ত হত্যাকারীকে আপনি গ্রেপ্তার করুন। এই পরিপ্রেক্ষিতে আর একটা কথা বলতে চাই, ঐ সমস্ত পুলিস অফিসাররা আজকে রাজনীতি করছে এবং রাজনীতি করে বিভেদ ঘটানোর চেষ্টা করছে, সেই রাজনীতি বন্ধ হোক। তার সংগে সংগে এই সভায় আমি প্রতিশ্রুতি দিতে পারি আমরা যারা এম এল এ হয়েছি, আমরা যারা রাজনীতি করি, আমরা কোন থানায় যেতে চাই না, আমরা কখনও পুলিস অফিসারকে কম্যান্ড করতে চাই না। কিন্তু যখন দেখতে পাই থানার ও সি যখন দেখতে পাই জেলার সুপারিন্টেন্ডেন্ট অব পুলিস রাজনীতি করে অন্যায়ভাবে সেখানে জাস্টিস প্রতিষ্ঠিত করছে না, আমরা তখন তাকে অনুরোধ করতে বাধ্য হই। আমি প্রতিশ্রুতি দিয়ে যাচ্ছি, সমস্ত পুলিস অফিসার যদি

ইম্পার্শিয়েল দৃষ্টিভঙ্গি নিয়ে আগামী ৬ মাস পশ্চিমবাংলার বুকে পুলিসের প্রশাসনকে সত্যিকারের কার্যকর করুন, তা হলে আগামী ৬ মাস তাদের কাছে কোন আবেদন আমরা করব না। আগামী দিনে যাতে পুলিস অফিসাররা সত্যিকারের ইম্পার্শিয়েল জাজমেন্ট দিতে পারেন সেই দাবি করছি। তার সঙ্গে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী পুলিসের ব্যয়বরাদ্দের যে দাবি করেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ্, বন্দে মাতরম্।

শ্রীললিতকুমার গায়েন: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী আজকে পুলিস খাতে যে ব্যয়বরাদ্দ দাবি অনুমোদন চেয়েছেন তাকে সমর্থন করছি। সমর্থন করতে উঠে আজকে নির্বাচনী প্রচারের কথা মনে পড়ছে। নির্বাচনী প্রচার করতে গিয়ে আমরা বলেছিলাম দেশে শান্তিশৃঙ্খলা ফিরিয়ে আনবো। দেশে আজকে শান্তিশৃঙ্খলা ফিরে এসেছে কিনা, রাতের কলকাতা আজ প্রমাণ দেবে। আজকে দেশে শান্তিশৃঙ্খলা ফিরিয়ে এনেছি বলে আমরা যারা দাবি করছি—পুলিস যে দাবি করছে যে, দেশের শান্তিশৃঙ্খলা পুলিস ফিরিয়ে এনেছে—আজকে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন, আমরা বিধানসভার সদস্যরাও জানি, আজকে পশ্চিমবাংলার জনগণ জানে যে পুলিসের কৃতিত্বের চেয়ে জনগণের কৃতিত্ব অনেক বেশী। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে কিছু বলতে উঠে আমার মনে পড়ছে, ঐ বিরোধী পক্ষের কথা, আমরা দেখেছিলাম নির্বাচনী প্রচারে বেরিয়ে দেওয়ালে দেওয়ালে দেখতাম, অসীমা পোদ্দারের ছবি এঁকে নির্বাচনে আমাদের পরাজিত করার জন্য বিরোধী পক্ষের সদস্যরা উঠে পড়ে লেগেছিলেন, অসীমা পোদ্দারের উপর যদি কোন পুলিসী অত্যাচার হয়ে থাকে, আমরা বলেছিলাম যে, সেই পুলিস অফিসার-এর আমরা শাস্তি চাই। কিন্তু আমরা কি দাবি করতে পারি না, যে বর্ধমানে সাঁইবাড়ি থেকে আরম্ভ করে ইসলামপুরের গর্ভবতী রমণীকে যেভাবে অত্যাচার করা হয়েছে, যে জঘন্য অত্যাচার তাদের উপর চালানো হয়েছে, যে নূতন ইতিহাস সৃষ্টি করা হয়েছিল যে, পশ্চিমবঙ্গের জনগণ সেদিন শান্তিতে বাস করতে পারে নি। আজকে কি আমরা দাবি করতে পারি না যে, সেই সমস্ত বিরোধী পক্ষ যারা আজকে আমাদের মধ্যে নেই তাদের কি শাস্তি দেওয়া উচিত? আজকে একটা কথা বলতে গিয়ে আমার মনে পড়ছে, আজকে মিসার অপপ্রয়োগ করাচ্ছে, মিসা যেভাবে প্রয়োগ করা উচিত সেইভাবে প্রয়োগ করা হচ্ছে না। উদাহরণস্বরূপ বলছি যে, বারুইপুরের একটা ঘটনাকে কেন্দ্র করে একজন শিক্ষক এবং ছাত্রের মধ্যে বচসাকে কেন্দ্র করে আমি বলেছিলাম যে, এটা খুব অন্যায়, অত্যন্ত দুর্ভাগ্যের বিষয়, একটা বচসার কেলেঙ্কারিকে নিয়ে সেই ছাত্রটির উপর মিসা প্রয়োগ করা হল, অথচ বারুইপুরের বুকে দেখা যায় যে অ্যান্টি-সোস্যাল এলিমেন্টস আছে, যেখানে বিভিন্ন রকম মানুষ আজকে বাস করে যেখানে একজন মানুষ অন্য একজন মানুষকে দেখলে ভয় পায়, সেই সমস্ত লোকের বিরুদ্ধে কিন্ত মিসা প্রয়োগ করা হচ্ছে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, জ্যোতিবাবুর আমলে জ্যোতিবাবু প্রতিটি থানায় নির্দেশ দিয়েছিলেন, আমাদের ক্যাডাররা যাবে, আমাদের ক্যাডারদের কথা শুনে থানা চলবে কিন্ত আজকে আমরা আনন্দিত, গর্বিত এইজন্য যে, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী প্রত্যেক থানায় নির্দেশ পাঠিয়েছেন, খবরের কাগজের মাধ্যমে ঘোষণা করেছেন যে, আমাদের ছেলেরা থানায় যাবে না থানাকে কাজ করতে দিন, এটা আনন্দের বিষয়। সেই বিষয়ে কোন সন্দেহ নেই। আজকে একটা কথা বলতে বাধ্য হচ্ছি যে পুলিস বিভিন্ন জায়গায়, আমরা দেখেছি, গ্রামাঞ্চলে যখন ডাকাত ধরতে যাচ্ছে, চোর ধরতে যাচ্ছে হয়তো চোর বা ডাকাত কোনটাকেই ধরতে পারল না, অবশেষে তারা রাতের জাগরণের ফলে শরীরটাকে ঠাণ্ডা করার জন্য, কারও গাছের ডাব হয়তো পেড়ে নিয়ে এল, কারও ঘর থেকে মুরগী বার করে নিয়ে এল, কারোর ঘর থেকে হয়ত ছাগল টেনে বার করে নিয়ে এল। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটা অনুরোধ করব, গ্রামাঞ্চলের প্রতিনিধি হিসাবে আজকে দাবি করছি আজকে যখন পুলিসের মধ্যে নূতন কর্মী নিয়োগ করা হবে, তখন যেন গ্রামের ছেলেদের আগে চান্স দেওয়া হয়। এই বাজেটকে সম্পূর্ণভাবে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[5-40—5-50 p.m.]

শ্রীকেশব ভট্টাচার্য: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, স্বরাষ্ট্রমন্ত্রী তথা মাননীয় মুখ্যমন্ত্রী যে ব্যয় মঞ্জুরীর দাবি রেখেছেন আমি তাকে সমর্থন জানাচ্ছি। এর পরিপ্রেক্ষিতে আমি দু-চারটি কথা বলতে চাই। কিছুক্ষণ আগে এই বিধানসভায় শ্রদ্ধাভাজন বর্ষীয়ান নেতা শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায় মহাশয় ভাবাবেগে যে তথ্য পরিবেশন করেছেন তার জন্য তাঁকে সমস্ত পশ্চিমবঙ্গের মানুষের তরফ থেকে ধন্যবাদ জানাচ্ছি। আমাদের আর এস পি বন্ধুরা এই মন্ত্রিসভাকে সভ্য বলবেন, কি অসভ্য বলবেন, এই কথা নিয়ে ভীষণ ভাবের ঘোরে আছেন, আমি বলি যে, ১৯৭২ সালে পশ্চিমবাংলার মানুষ ব্যালটের মাধ্যমে ওদের শক ট্রিটমেন্ট করেছেন, তাতে যদি ওদের ঘোর না কাটে তবে আপনার মাধ্যমে বিধানসভায় একটা প্রস্তাব রাখছি যে, ওদের মগজ ধোলাই করবার জন্য ওদের দয়া করে প্যাকিং করে পিকিং-এ পাঠিয়ে দিন। যদি ভাব চেতনায় আবার যাতে পশ্চিমবাংলার মানুষের কাছে কিছু বলতে পারে।

আমি এই প্রসঙ্গে আমাদের মুখ্যমন্ত্রীকে বলছি যে, প্রশাসনের মধ্যে সৎ আছে, আবার অসৎও আছে। আমি বলব যে, অন্ধকার আছে বলেই আলোর এত কদর, অমাবস্যা আছে বলেই জ্যোৎস্নার অবগাহন করতে চাই। পশ্চিমবাংলায় দক্ষ প্রশাসন আছে বলেই অ্যাডমিনিস্ট্রেসন এখনও চলছে। কিন্তু সতের চেয়ে অসতের সংখ্যা অনেক বেড়েছে। আমি যে কেন্দ্র থেকে এসেছি সেই অশোকনগর কেন্দ্রের কথা, যেখানে নকশাল, সি পি আই এবং সি পি এম-এর সন্ত্রাসবাদ সমস্ত মানুষের কাছে ত্রাহি ত্রাহি ডাক ছেড়েছিল, যেখানে ১ বছরে ৭০ জন লোককে খুন করা হয়েছিল। যেখানে রাইটার্স বিল্ডিংসের ইরিগেশনের বড়বাবুকে খুন করা হল। যেখানে প্রশাসন যন্ত্রের প্রতিটি পদস্থ অফিসার আই জি, এস পি পর্যন্ত বলতে বাধ্য হলেন যে, আমাদের অ্যাডমিনিস্ট্রেসন পরিপূর্ণ ব্যর্থ হয়েছে। মিলিটারী মারা গেল, সি আর পি মারা গেল, আর লোক তো মারা যাচ্ছিল রোজই। সেই সময় আমাদের বাস্তুহারা ভাইরা, যারা জীবনের সব কিছু ত্যাগ করে এখানে এসেছেন আমরা সেখানে মানুষকে মুক্ত করবার জন্য এগিয়ে গিয়েছিলাম। আজকে সবচেয়ে দুঃখের কথা, এখানে এখন রাষ্ট্রমন্ত্রী আছেন তাঁকে আমি বলছি যে, আপনার আদেশ কিভাবে অবহেলিত হয়, কিভাবে ঐ আমলারা আপনার আদেশ উপেক্ষা করেন সেটা একটা ঘটনার মাধ্যমে আপনার কাছে বলছি। আমাদের হাবড়া থানায় কিছুদিন আগে একজন ও সি এসেছিলেন, তাঁর নাম কেষ্ট মুখার্জী, তিনি জগদ্দলে ছিলেন জগদ্দলের লোকেরা আমাকে বলেছেন, তিনি একটি বাস্তুঘুঘু সি পি এম-এর একজন অন্ধ স্তাবক। এই অঞ্চলকে শেষ করে দেবে। উনি যখন এলেন তখন আমরা গিয়েছিলাম থানায়, উনি প্রথম দিনই বললেন যে, কোন পলিটিক্যাল পার্টির নেতারা এখানে আসবেন না, আমি কোন এম এল এ টেমেলে মানি না, আমি যা মনে করব তাই করব। ভাল কথা, কিন্তু সবচেয়ে দুঃখের কথা শুনুন, আমাদের অঞ্চল থেকে ঐ যে সব সি পি আই, সি পি এম, নকশালরা পালিয়ে গিয়েছিলেন, উনি আসার সঙ্গে সঙ্গে তারা সমস্ত ফিরে এসেছে এবং উনি সেখানে তাদের বাঁচাবার চেষ্টা করছেন। শুধু তাই নয়, আমাদের গ্রামবাংলায় যে জুয়া একটা কটেজ ইন্ডাস্ট্রি হয়ে উঠেছে, প্রত্যেক হাটে, মাঠে, বাজারে, রাস্তায় জুয়া বসে এবং সেই এলাকাতেও এটা বসছে। ঐ ও সি জুয়াড়ীদের কাছ থেকে ৫০০ টাকা মাসে বরাদ্দ নেয় বাইগাছি আউট পোস্টের ও সি জোয়ারদার। আমরা বার বার আবেদন করেছি আমাদের এই অঞ্চল থেকে ও সি-কে পাল্টিয়ে দিন। ও সি-কে তাড়াবার জন্য সিদ্ধান্ত নিয়ে আমরা রাষ্ট্রমন্ত্রী সুব্রত মুখার্জীর কাছে ডেপুটেশনে গিয়েছিলাম, সুব্রতবাবু বললেন, ঠিক আছে, ঐ ও সি-র নামে এর আগেও অভিযোগ এসেছে, আমি ওকে ট্রান্সফার করে দেব। এস পি ট্রান্সফার করেছে, ডি আই জি ট্রান্সফার করেছে। অথচ শুনলে অবাক হবেন, আজ দু মাস তাকে ট্রান্সফার করা হল, দু মাস ধরে সে সেখানে বহাল তবিয়তে বসে আছে। শুধু জুয়ার পয়সাই নয় দু মাস ধরে সেখানে ঘুষ, সন্ত্রাস এবং ব্যাভিচার চালাচ্ছে।

[5-50—6-00 p.m.]

একটা লোক ট্রান্সফার হয়ে গেল, মন্ত্রী অর্ডার দিলেন। কিন্তু তিনি আজ পর্যন্ত ট্রান্সফার্ড হলেন না। সুতরাং তিনি ঠিকই বলেছেন যে, থানার কথা আই জি শোনেন না। স্বরাষ্ট্র মন্ত্রীর যেখানে এই বক্তব্য সেখানে আমাদের মত এম এল এ-রা কি করতে পারবে। এই কথাটা আমি মন্ত্রিমহাশয়কে ভাবতে বলব। দপ্তরে ভাল লোক আছেন ঠিকই, কিন্তু এই সমস্ত বাস্তু-ঘুঘু, যা সি পি হম-এর লোক তাদের ইমিডিয়েটলি বদলি করা সত্ত্বেও যদি তারা থাকে, তা হলে আমরা এমন আন্দোলন সৃষ্টি করব যে, আন্দোলনের মাধ্যমে আমলাতন্ত্রের দল আমাদের কাছে মাথা নত করতে বাধ্য হবে। কান্তিবাবু, গফ্ফর সাহেব ইত্যাদি কারুর কথাই শোনা হয় না। এস পি, ডি আই জি-কে ফোন করলে, তারা বলেন এই দিচ্ছি। কিন্তু তাতে করেও তিনি ২ মাস চালিয়ে গেলেন। এসব আমলাতন্ত্র ও'র পেছনে আছেন যে, তিনি এখনও সেখানে আছেন। আমরা এটা জানতে চাই যে, আমলাতন্ত্র বড় না জনপ্রতিনিধিরা বড়। এই রকম যে একটা চ্যালেঞ্জ আমলারা দিচ্ছেন, আমরা জনপ্রতিনিধিরা সেই চ্যালেঞ্জ গ্রহণ করছি। পশ্চিমবাংলার সর্বস্তরের মানুষ এই কংগ্রেস সরকারের পেছনে আছে। এই সময় আমি সাবধান করে দিচ্ছি যে আমলারা যদি এখনও ঠিক না হন, তা হলে এমন আন্দোলন শুরু হবে তাতে মুখ্যমন্ত্রী আমাদের কথা তখন শুনতে বাধ্য হবেন এবং তাকে ট্রান্সফার করতে বাধ্য হবেন। সেজন্য পরিষ্কারভাবে বলতে চাই যে, আগামী ১৫ দিনের মধ্যে ঐ দুর্নীতিপরায়ণ ও সি-কে ট্রান্সফার করা না হয় তা হলে আমার এলাকায় যে বিক্ষোভ আরম্ভ হবে তার ঢেউ অ্যাসেম্বলী পর্যন্ত আসবে। এই অফিসার রামকৃষ্ণের ছবি দেখে বলেন যে, টাকা মাটি, মাটি টাকা। কিন্তু ওই অফিসার ঘুষ খাচ্ছে ধরিয়ে দিচ্ছি, কিন্তু তার কোন প্রতিকার হচ্ছে না। সুতরাং বলছি যে, তাড়াতাড়ি এর একটা ব্যবস্থা করুন।

শ্রীপঙ্কজ ব্যানার্জি: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, স্বরাষ্ট্রমন্ত্রী পুলিস খাতে যে ৪০ কোটি টাকার ব্যয়বরাদ্দ এনেছেন আমি তাকে নিয়মমাফিক সমর্থন করছি। আমি নিয়মমাফিক কথাটা ইচ্ছা করে যোগ করলাম এজন্য যে, এই আলোচনার শেষে বিরোধী পক্ষের যখন ছাঁটাই আসবে তখন তাকে বিরোধিতা করার জন্য আমাকে লাল বোতাম টিপতে হবে। কিন্তু যে নিরীহ সন্তানহারা মা পুলিসের কাছে গিয়ে আবেদন জানায় সেই দুর্নীতিপরায়ণ কর্মচারীর মাসিক মাইনের জন্য আমাদের বোতাম টিপতেই হবে। আমরা দেখেছি দিনের পর দিন যখন আমরা পুলিস প্রশাসনকে কলুষ মুক্ত করে সাধারণ মানুষের স্বার্থ চরিতার্থ করার চেষ্টা করছি, তখন এক শ্রেণীর পুলিস কর্মচারী ও আমলা আমাদের সেই কাজে বাধা সৃষ্টি করছে। এক চিনা-বাদামওয়ালা যে চিনাবাদাম বিক্রি করে খায়, পুলিস কর্ডন-এ সে ধরা পড়ল। সে জানল না তার কি অপরাধ। থানায় তাকে নিয়ে যাওয়া হল এবং তার নাম মিসা-তে জড়িয়ে দেওয়া হল। তার বিধবা জননী দিনের পর দিন পুলিসের কাছে গিয়ে কান্নাকাটি করায় তার উপর তখন অত্যাচার হয়। আমরা বার বার সেই বিধবা জননীর ক্রন্দনের কথা বলতে চেষ্টা করেছি কিন্তু তার কথা বা আমাদের কথা কেউ শুনল না।

পুলিস অফিসারের সঙ্গে কে কখন দুর্ব্যবহার করেছিল সেইজন্য পুলিস অফিসার তার প্রতি ব্যবস্থা নেবেন এবং সেদিক থেকে দেখলাম ওই ৪ জনকে ধরে নিয়ে গেল চারু মজুমদার যেদিন মারা গেলেন তার পরের দিন। দেখুন কিভাবে কেস সাজান হল। ডি সি, নর্থ, রাত্রিবেলায় যখন টহলে বেরিয়েছিলেন তখন ওই ৪টি ছেলে তাঁরা গাড়িতে বোমা মেরেছিল এই-ভাবে কেস সাজান হল। আমরা সংবাদপত্রে দেখি পুলিসের উপর যদি অত্যাচার হয় বা শান্তি-শৃঙ্খলা বিঘ্নিত করবার চেষ্টা যদি করা হয়, তা হলে তার প্রাত্যহিক রিপোর্ট নাকি আমাদের মুখ্যমন্ত্রী দেখেন। আমি মুখ্যমন্ত্রীকে বলছি, তিনি প্রত্যেকটি ফাইল খুলে দেখুন এমন ঘটনা তাঁকে রিপোর্ট করা হয়েছে কিনা? আমি খুব দায়িত্ব নিয়ে বলতে চাই, এরকম ঘটনা

কখনও ঘটেনি উত্তর কলিকাতায়। পুলিসের গাড়ি আক্রান্ত হয়েছে একথা বলে কেস সাজিয়ে সেই ৪টি ছেলেকে মিসা করা হল নিজেদের স্বার্থ চরিতার্থ করবার জন্য। উত্তর কলিকাতার একজন ছাত্রনেতা বাড়িতে ঘুমিয়ে আছেন, রাত্রিবেলায় পুলিস তাকে ধরে নিয়ে এল এবং তার নামে কেস দিল ৩০২ ধারায় অর্থাৎ মার্ডার, ৩০৭ ধারা অ্যাটেম্পট টু মার্ডার, ১৪৪।১৪৫ দাঙ্গা হাঙ্গামা করবার অভিযোগ। পরের দিন তাকে কোর্টে প্রোডিউস করা হল এবং দেখা গেল, তাকে বেকসুর খালাস দেওয়া হয়েছে। ৩০২।৩০৭ ধারা যেটা নন-বেলেবল অ্যাক্ট, সেখানে শুনানি হল না, তাকে তোলামাত্র বেকসুর খালাস করা হল। এর মাধ্যমে কি প্রমাণিত হয় না পুলিস কর্মচারীরা কিভাবে তাদের স্বার্থকে চরিতার্থ করছে? বিরোধী পক্ষের তিমিরবাবু অভিযোগ করেছেন, প্রাক্তন মেয়র প্রশান্ত শুরকে নাকি তাঁর বাড়িতে ঢুকতে দেওয়া হচ্ছে না। প্রশান্তবাবু সম্বন্ধে তিনি জানেন না। তিনি নামেই প্রশান্ত, কিন্তু দারুণ অশান্ত, দারুণ স্বেচ্ছাচারিতা করেছেন। লক্ষ্মীবাবু বলেছেন গরু চুরি থেকে আরম্ভ করে এমন কোন অভিযোগ তাঁর বিরুদ্ধে নেই যার জন্য তিনি আসামী নন। শুধু তাই নয়, তিনি যখন রাজনীতিতে যোগদান করতে আসেন, তার পূর্বে তিনি খাদ্য দপ্তরের একজন কর্মচারী ছিলেন। খাদ্য দপ্তরে চুরি করবার জন্য তাঁর চাকুরি যায়। যখন আর কোন চাকুরির সুযোগ তিনি পেলেন না, তখন রাজনৈতিক নিয়ে দিনের পর দিন দালালি করলেন। আজকে যদি সেখানকার খেটে খাওয়া মানুষ, বঞ্চিত মানুষ তার অত্যাচারের জন্য সেই এলাকায় তাঁকে ঢুকতে না দেয়, তা হলে আমাদের কিছু করবার নেই, কংগ্রেস সরকারের কিছু করবার আছে বলে মনে করি না। এবারে আমি আর একটা অযোগ্যতার কথা পুলিসমন্ত্রীকে ধৈর্য ধরে শুনতে বলি। কলকাতার রাজপথে হেমন্তবাবুকে খুন করা হয় এবং নানা কোয়ার্টার থেকে বার বার বলা হল ১টি আসামীকে ধরে দেওয়া হচ্ছে, কয়েকদিন সবুর করুন। তারপর আমাদের স্বর্গত নেতা নেপাল রায় যিনি বাংলাদেশের মেহনতি মানুষের জন্য বিধানসভার এই চত্বরে কথা বলেছেন, তাঁকে খুন করা হল দিবালোকে অথচ কোন আসামী ধরা পড়ল না। আমার বাড়ির কাছে থাকতেন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অধ্যক্ষ গোপাল সেন তাঁকে কলেজের চত্বরে মারা হয়। কিন্তু আশ্চর্যের বিষয়, সেই খুনীরা আজও প্রকাশ্য দিবালোকে ঘুরে বেড়াচ্ছে, তাদের গ্রেপ্তার করবার কোন চেষ্টা হল না। আমরা বারে বারে বলেছি, এই সমস্ত অত্যাচারীদের গ্রেপ্তার করুন। স্যার, যারা খুনের চার্জের আসামী তাদের আমাদের সরকার ব্রিটেনে যাবার, আমেরিকা যাবার পাশপোর্ট দিয়েছেন, এরকম ভূরি ভূরি প্রমাণ দিতে পারি। এই পুলিস যে অপদার্থের ভূমিকা গ্রহণ করেছে সেটা আমি আরও দেখাতে পারি। দক্ষিণ কলকাতার জনপ্রতিনিধি লক্ষ্মীকান্ত বসুকে রাত্রিবেলায় ছোরা, বোমা এবং পাইপ গান নিয়ে আক্রমণ করা হল। প্রত্যেকটি আসামীর নাম, ধাম দিয়ে থানায় বলা হল, স্বরাষ্ট্র দপ্তরকে সরাসরি জানিয়ে দেওয়া হল, কিন্তু সেই সমস্ত সন্ত্রাসবাদীরা এখনও রাস্তায় ঘুরে বেড়াচ্ছে এবং বুকে টোকা মেরে বলছে, এম এল এ-কে মারতে গেলাম পুলিস কিছু বলল না, রাম, শ্যাম, যদু, মধুকে আমরা কেয়ারই করি না। কাজেই দেখছি, সাধারণ মানুষ আজকে খুব বেশী নিরাপত্তার অভাব বোধ করে। যখন জনপ্রতিনিধিকে খুন করতে গেলে আসামীকে কাঠগড়ায় দাঁড়াতে হয় না, খুন করতে যাবার অপরাধে যখন গ্রেপ্তার বরণ করতে হয় না তখন সাধারণ মানুষ স্বভাবতই থানা থেকে দূরে থেকে নিরাপত্তার গ্যারান্টি চান। মাননীয় সদস্য বিশ্বনাথবাবু যে কথা বলেছেন, আমি তাঁকে শতকরা ১০০ ভাগ সমর্থন করি। একথা ঠিক যে, সাধারণ খেটে খাওয়া মানুষ পুলিসের অত্যাচারের ভয়ে থানা থেকে দূরে থাকে। একটা কথা আছে বাঘে ছুঁলে আঠার ঘা কিন্তু পুলিসে ছুঁলে ঘায়ের শেষ নেই। সুতরাং বাবা, চোরাকিল হজম করি, আবার পুলিসের কাছে গিয়ে কত রকম নাস্তানাবুদ হব, কাজেই দূরে থাকাই উচিত। আমাদের মুখ্যমন্ত্রী বলেছেন অবহেলিত মানুষ, নির্যাতিত মানুষ এবং নিষ্পেষিত মানুষের সাহায্যের জন্য পুলিস যেন এগিয়ে আসে। দুঃখের বিষয় কার্যক্ষেত্রে দেখছি প্রত্যেকটি ক্ষেত্রে এই পুলিস এবং এক শ্রেণীর আমলারা মুখ্যমন্ত্রীর কাজে প্রতিবাদ করবার জন্য কোমর বেঁধে লেগেছেন এবং তাঁরা চাচ্ছেন সরকারকে কত তাড়াতাড়ি জনসাধারণের সামনে হেয় করা যায়।

[6-00—6-10 p.m.]

তাঁর দপ্তরেব যে কথা তিনি বলেছেন যে, সৎ অফিসারের সংখ্যা বেশী আছে। কিন্তু, এ কথা ঠিক যে, অসৎ অফিসারের সংখ্যাও কম নয়। অসৎ অফিসারদের শায়েস্তা না করে তিনি শুধু আই জি-কে গার্ড দেবার জন্য শুধু অ্যাডিশন্যাল আই জি তিন হাজারী মনসবদার নিয়োগ করেন, তা হলে পুলিসের প্রশাসন ব্যবস্থাকে ভাল করা যাবে না। যার সুনির্দিষ্ট দায়িত্ব থাকবে, অফিস থাকবে, যদি কোথাও জনসাধারণের উপর কোন অত্যাচার হয়,জনসাধারণ যদি বিচার না পায়, বিচারের বাণী নীরবে নিভৃতে যাতে কেঁদে না বেরোয় সেই জন্য একজন পাবলিক রিলেশন অফিসার নিয়োগ করুন, আমি স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে এই অনুরোধ জানাচ্ছি। এই সমস্ত অবহেলিত দরিদ্র মানুষের দুঃখদুর্দশা দূর না করে কেবল হাজার হাজার টাকার মনসবদার নিয়োগ করেন এবং তাদের অফিস সাজিয়ে তুলে রিটায়ার্ড আই পি এস-দের বসান, তা হলে মাথাভারি প্রশাসন ব্যবস্থা হতে পারে, কিন্তু তাতে জনসাধারণের সেবা করা যাবে না। এই কথা বলে এই প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমনোরঞ্জন হালদার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় মুখ্যমন্ত্রী তথা পুলিসমন্ত্রী পুলিস বিভাগের বায়বরাদ্দের মঞ্জুরির জন্য যে প্রস্তাব এই সভায় উত্থাপন করেছেন, আমি তাকে সমর্থন করছি। আজকে কাট মোশানের সমালোচনা করতে গিয়ে আমাদের আর এস পি-র বন্ধু তিমিরাবু যে বক্তব্য রেখেছেন, সেটা আলোচনা করতে গেলে আমার একটা কথা মনে পড়ে, আজকে একটা প্রোভাব আছে যে, চোরের মায়ের বড় গলা, সেই কথাই মনে পড়ছে। চোরের মা যেমন নিজের ছেলের চুরি কবে ধরা পড়া চাপা দেওয়ার জন্য নিজের গলা উঁচু করে সোচ্চারে মিথ্যা কথা বলেন এবং তাকে রক্ষা করবার জন্য আরো বেশী মিথ্যার আশ্রয় নেয়, সেই রকম আজকে আর এস পি-র বন্ধু তিমিরবাবু তার নিজের দলের যে নীতি সেই নীতিকে বড় করতে গিয়ে এই সরকারকে হেয় করবার জন্য কতগুলি মিথ্যা কথা এই সভায় রেখে গেলেন। যাই হোক, তাঁর সম্বন্ধে বলার বিশেষ কিছুই নেই। তিনি যে উচ্চ গলায় বক্তৃতা করলেন, সেটা হয়ত সংবাদপত্রে ছাপা হতে পারে, কিন্তু আমরা জানি পশ্চিমবাংলার মানুষ তাদের কোন ঠাঁই দেবে না। আজকে যে ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন করা হয়েছে সেটা সমর্থন করে আমি কতগুলি সাজেসান আপনার মাধ্যমে রাখবার জন্য চেষ্টা করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পুলিসের মহান দায়িত্ব হল শান্তি প্রতিষ্ঠা করা। আমার কাছে কতগুলি ডকুমেন্ট আছে, প্রমাণ আছে, যার দ্বারা প্রমাণ করতে পারি যে, পুলিসেরা কয়েক জায়গায়, গত এক বছরে শান্তি প্রতিষ্ঠা করতে পারে নি। আমি দেখেছি কয়েকটি ক্ষেত্রে, বিভিন্ন জায়গায় ধান কেটে নিয়ে যাওয়া হয়েছে, পুলিসের কাছে সংবাদ আসা সত্ত্বেও এবং সেখানে পুলিস উপস্থিত থাকা সত্ত্বেও যাদের ধান তাদেরকে পুলিস প্রোটেকশন দিতে পারে নি। কয়েকজন গুণ্ডা প্রকৃতির লোক এখানে জোর করে ধান কেটে নিয়ে গিয়েছে। আমার এলাকায় একজন সাধারণ মানুষ অন্য এলাকায় তার জমি আছে, এই ব্যাপারে এস পি-র অর্ডার থাকা সত্ত্বেও লোকে তার জমি থেকে ধান কেটে নিয়ে গিয়েছে এবং এস পি আমাকে বলেছিলেন যে, শান্তি প্রতিষ্ঠা করবার জন্য তিনি উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করবেন। আমরা জানি সেখানে ও সি উপস্থিত ছিলেন, কিন্তু তিনি উপযুক্ত প্রোটেকশন দেন নি এবং পুলিস সেখানে নিষ্ক্রিয় ছিল এবং কোন রকম প্রোটেকশন দেয় নি। সুতরাং যার চাষের ধান সে আনতে পারে নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আবেদন রাখব যে, তিনি যেন এই ব্যাপারে যথাযথ তদন্ত করে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ কবেন।

সমাজ বিরোধী কাকে বলে, যে লোকের পেছনে ১৭টি কেস, তাকে নিশ্চয়ই সমাজ বিরোধী বলা চলে। বাসন্তী এলাকার ভবন দাস, ফ্রন্টের সময় থেকে আজ পর্যন্ত ১৭টি কেস তার বিরুদ্ধে আছে। সেই ভবন দাস আজকে দেখা যায়, উচ্চ পুলিস অফিসারের সঙ্গে টেবিল চেয়ারে বসে চা খায়, ডিনার খায়। এই ভুবন দাসকে অবিলম্বে গ্রেপ্তার করা হোক।

এমন অনেক থানা আছে যেখানকার কর্মচারীরা অত্যন্ত সহৃদয়তার সঙ্গে, যোগ্যতার সঙ্গে এবং সাহসিকতার সঙ্গে তাদের কাজের দায়িত্ব পালন করার চেষ্টা করছে। উপযুক্ত পরিবেশের অভাবে কাজ করতে পাচ্ছেন না। আজকে সেখানে কাজ করতে গেলে গাড়ির দরকার আছে। আমি জানি, খবর পেয়েছি যে, সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে আমাদের সরকারকে ১০০ গাড়ি দেবার প্রতিশ্রুতি দিয়েছিলেন, কিন্তু সেই গাড়ি আদায় করতে পারেন নি। আজকে থানায় গাড়ি না থাকার জন্য সেখানে বাইরের কাজ করতে পাচ্ছে না। সুতরাং আমি আপনার মাধ্যমে আবেদন জানাব যে, এ বিষয়ে আপনি অবিলম্বে একটা ব্যবস্থা করুন।

(নির্দিষ্ট সময় অতিবাহিত হওয়ায় মাননীয় সদস্য আসন গ্রহণ করিলেন।)

শ্রীজ্যোতির্ময় মজুমদার: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে স্বরাষ্ট্র--পুলিস খাতে ৪০ কোটি টাকার ব্যয়বরাদ্দের দাবি উপস্থিত করা হয়েছে। কুণ্ঠার সঙ্গে এই বাজেট সমর্থন করতে গিয়ে আমি কতকগুলি কথা বলতে বাধ্য হচ্ছি। সেটা হচ্ছে, সর্বপ্রথম আর এস পি দলের সদস্য মাননীয় তিমিরবাবু যে অভিযোগ করেছেন, তার প্রতিটির জবাব সুস্পষ্টভাবে শ্রদ্ধেয় সদস্য অজয়বাবু দিয়েছেন। কিন্তু একটা অভিযোগের উত্তর দেওয়া হয় নি। সেটা আমি বলে দিতে চাই। তিনি বার বার বলেছেন, এই সরকার সভ্য সরকার কিনা সে বিষয়ে সন্দেহ আছে। কারণ পশ্চিমবঙ্গে আজকে নাকি গণতন্ত্র নাই। তাঁকে আজকে আমি চ্যালেঞ্জ জানিয়ে সর্ব-প্রথমে জিজ্ঞাসা করতে চাই—তিনি দেখছি উপস্থিত নাই, তবে তাঁর বন্ধু আছেন, গণতন্ত্রের সংজ্ঞা কি, ডিমোক্রেসী কাকে বলে? সেই সংজ্ঞার সঙ্গে যদি তাঁর পরিচিতি থাকে, তা হলে সর্বপ্রথমে তিনি স্বীকার করবেন, আজকে পশ্চিমবাংলার পবিত্র বিধানসভায় দাঁড়িয়ে, পশ্চিম-বঙ্গের নির্বাচিত সরকারের সামনে মুখ্যমন্ত্রীর সামনে যে ভাষায় যেভাবে বক্তব্য রেখেছেন, তাঁর সেই বক্তব্য রাখার অধিকারটাইতো সর্বশ্রেষ্ঠ গণতান্ত্রিক অধিকার। এটা আর মনে রাখা উচিত।

আমার দ্বিতীয় কথা হচ্ছে, মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, গত ১৯৬৭ সাল থেকে ১৯৭১ সাল পর্যন্ত অরাজকতাপূর্ণ পশ্চিমবাংলাকে শান্ত করার ক্ষেত্রে পুলিস বিশেষ করে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছিল, একথা অস্বীকার করার উপায় নাই। কিন্তু তার সাথে সাথে পুলিস সর্বত্র ঠিক কাজ করেছেন একথাও বলতে পারি না। বিশেষ করে ১৯৭২ সালে নির্বাচিত সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর এমন কতকগুলি ঘটনা ঘটেছে, যা আপনার সামনে তুলে ধরলে আপনি হতবাক হয়ে যাবেন। আমি এক একটি করে আপনার সামনে দৃষ্টান্ত তুলে ধরতে চাই। আউস-গ্রামের ব্লক কংগ্রেসের জেনারেল সেক্রেটারী, চণ্ডল গড়াই আমারই বয়সী ছেলে, অত্যন্ত নিম্ন মধ্যবিত্ত ঘরের ছেলে, তার বিরুদ্ধে মিসার অর্ডার হল। জানতে চাইলাম, এর বিরুদ্ধে মিসা অর্ডার হল কেন? এ বিষয়ে প্রশ্ন করে থানা থেকে জানতে পারলাম, কে পুঁজিপতি মুনাফা-খোর উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে আবেদন করেছেন যে, চণ্ডল গড়াই নাকি তার ব্যবসা বন্ধ করে দেবার জন্য হুমকি দিয়েছে। পুঁজিপতি মুনাফাখোর কালবাজারীকে হুমকি দিলে কি মিসার অর্ডার হয়। চণ্ডলকে কেন অ্যারেস্ট করা হল, এই কথা জিজ্ঞাসা করলে উত্তর পেলাম, উপর মহলে জিজ্ঞাসা করুন। আমি আপনার কাছে এখন জিজ্ঞাসা করি, এই উপর মহলটি কে? কে এই অদৃশ্য শক্তি? যে উপর মহল চণ্ডল গড়াইকে মিসা অর্ডারে অ্যারেস্ট করার অর্ডার দিয়েছিল? অবশ্য আমরা পরে মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করে তাকে ছাড়িয়েছি। আর একটি অর্গানাই-জেশনের সেক্রেটারী, মন্তেশ্বর ব্লক কংগ্রেসের সেক্রেটারী দীপক কুমার, তার বিরুদ্ধেও মিসার অর্ডার দেওয়া হল।

[6-10—6-20 p.m.]

দুর্গাপুর ব্লক কংগ্রেসের জেনারেল সেক্রেটারী তপন দাসগুপ্তকে বিনা অপরাধে অ্যারেস্ট করা হল। আজকে আমি একটার পর একটা দৃষ্টান্ত স্থাপন করে জানাতে চাই—এস পি-র কাছে গিয়ে, ডি এম-এর কাছে গিয়ে এমন কি থানায় গিয়েও যদি জানতে চাই, এই অহেতুক গ্রেপ্তারের কারণ কি, তখন সঙ্গে সঙ্গে তারা উত্তর দেন, নিজের কাছে পরিষ্কার কি, উপর মহলে জিজ্ঞাসা করুন। সেই উপর মহল কে সেই শক্তিটা কি? যার উপর পুলিস এই কাজ করতে

পারে? এই সব কাজের জন্য পুলিস অফিসার শাস্তি পাবেন না, শাস্তি পাবেন গ্রামাঞ্চলের নিরীহ মানুষ? অপর পক্ষে খুব বিশ্বাসের সঙ্গে বলছি, বর্ধমান জেলার একজন খুনী কেসের আসামী—তিমিরবাবু যে শিক্ষকের কথা বললেন—তিনি তার কাজে স্কুলে জয়েন করতে পারছেন না, তার নাম মৃগেন্দ্রনাথ সুর, তিনি নির্বাচনে আমার প্রতিদ্বন্দ্বিতা করেছিলেন। তিনি দু-দুটো মার্ডার কেসের আসামী, তার চার্জশীট হয়েছে, দু বছর আগে। কিন্তু আজও পুলিস তাঁকে ধরে নি। এই কারণে একজন শিক্ষক স্কুলে আসতে পারে না, শ্রমিক কারখানায় আসতে পারে না।

দিলীপ মজুমদার একজন শ্রমিক নেতা দুর্গাপুরে, তিনি ডি এস পি-র কাজ করতেন। আপনি জানেন, স্যার, কতগুলি কেস তার বিরুদ্ধে ঝুলছে। এই সব খুনী আসামীদের শিক্ষানিকেতনে বসিয়ে দেওয়া হলে কি খুব শিক্ষার মানোন্নয়ন হবে? এইসব শ্রমিক নেতাদের কারখানায় বসিয়ে দিলে কি শিল্পোৎপাদন বৃদ্ধি পাবে, না, রাজনীতির উৎপাদন বাড়বে? এই সব ব্যাপারে যে সমস্ত লোক জড়িত, যারা খুনী আসামী, আজও পুলিস অফিসাররা তাদের ধরতে পারছেন না। অথচ ব্লক কংগ্রেসের যারা একনিষ্ঠ কর্মী, তাদের এ'রা অদৃশ্য এক শক্তির বলে মিসায় গ্রেপ্তার করেন। এই সমস্ত চক্রান্তকারী পুলিস অফিসারদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বনের জন্য মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি। এই সঙ্গে আর একটা কথা বলছি, স্বাধীনতার পরে আমাদের দেশের লোকসংখ্যা ৩৩ কোটি থেকে বেড়ে ৫৫ কোটিতে দাঁড়িয়েছে। কিন্তু পুলিস বাহিনীর সংখ্যা এই লোকসংখ্যা বৃদ্ধির অনুপাতে বাড়ে নাই। থানার সংখ্যাও সেই জনসংখ্যা বৃদ্ধির অনুপাতে বাড়ে নাই। পুলিসের সংখ্যা বাড়ে নাই, থানার সংখ্যা বাড়ে নাই; বাড়িঘর বাড়ে নাই। অনেক জায়গায় ফোন পর্যন্ত নাই থানাতে। এই অবস্থায় প্রশাসনে শান্তিশৃঙ্খলা কি করে রক্ষা হতে পারে আমি বুঝতে পারি না। লোকসংখ্যা বৃদ্ধির অনুপাতে এইসবগুলো অবিলম্বে বাড়ানো প্রয়োজন। নতুবা শান্তিশৃঙ্খলা ব্যাহত হতে বাধ্য।

এই কয়টি কথা বলে আমার বক্তব্য শেষ করছি। বন্দে মাতরম্।

শ্রীমৃগেন্দ্র মুখার্জি: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী দু-একদিন আগে সাধারণ প্রশাসন খাতে আলোচনার সময় ঘোষণা করলেন দুর্নীতির বিরুদ্ধে জেহাদ। আজ কামারপুকুর কলেজের প্রশাসন গ্রহণ করার সাথে সাথে তিনি কথার সঙ্গে কাজেরও মিল রাখলেন। আজ ১৯৬৯ সালের তুলনায় এমন কি ১৯৭২ সালে আসাম, উড়িষ্যা, বিহারের সঙ্গে তুলনা করলে দেখা যাবে পশ্চিমবঙ্গের প্রশাসন শান্তিশৃঙ্খলা রক্ষার ক্ষেত্রে প্রশংসার দাবি করতে পারে। আজ দুর্নীতির মূলোচ্ছেদ করতে গেলে প্রশাসনের মধ্যে যে বড় বড় ফাঁকগুলি রয়ে গেছে, তা বোজান দরকার। আমাদের দপ্তর থেকে খবর প্রচুর মালপত্র পুলিস উদ্ধার করেছে—চাল, গম, তেল এবং বহু দুর্নীতির মামলাও পুলিস দায়ের করেছে। মুখ্যমন্ত্রী মহাশয় খবর নিলে জানতে পারবেন, এদের অধিকাংশ ক্ষেত্রে শাস্তি হয় না। এনফোর্সমেন্ট ব্রাঞ্চ-এর আইনে যে দুর্বলতা ও বাধাগুলি আছে, তাতে ভেজালের মত গুরুতর অপরাধে ও চোখের সামনে ভেজাল দিলেও তাকে পুলিস গ্রেপ্তার করতে পারে না। এই কি রকম ব্যাপার যদিও কোন সাজা হয় তা অধিকাংশ ক্ষেত্রে ৩। ৬ মাস। এই যে এনফোর্সমেন্টের আইন, এই আইনটা শক্তিশালী করতে না পারলে আমাদের পুলিস প্রশাসন উল্লেখযোগ্য কাজ করতে পারবে না। দ্বিতীয় হচ্ছে এনফোর্সমেন্ট ব্রাঞ্চ ঐ একই এস পি-র আন্ডারে থাকবে কেন? সেটার জন্য স্বতন্ত্র দপ্তর থাকা উচিত। দুর্নীতি দমনের সঙ্গে এনফোর্সমেন্ট ব্রাঞ্চ এবং ভিজিলেন্স একত্র করে করা উচিত নয়। আমার প্রস্তাব হচ্ছে, মুখ্যমন্ত্রী তাঁর নিজের হাতে এই দপ্তরকে রাখুন, অন্য কোন দপ্তরের হাতে ছাড়বেন না। জেলাশাসকের হাতে থেকে ভিজিলেন্স ইন্সপেকটার যদি জেলায় জেলায় কাজ করেন, তা হলে কি করে জেলাশাসকের বিরুদ্ধে তিনি মামলা করবেন, যদি তিনি দুর্নীতির সঙ্গে যুক্ত হন। তা হলে এনফোর্সমেন্ট ব্রাঞ্চ করাপশন কি করে দমন করবেন? আমরা সকলেই জানি যে, পুলিসের মধ্যেও করাপসনের অভিযোগ থাকে সেই অভিযোগ তদন্ত করতে যান এনফোর্সমেন্ট ব্রাঞ্চ। এবং এমনই প্রশাসনিক কনভেনসন যে, থানার ও সি যদি ঘুষ খাওয়ার অভিযোগে অভিযুক্ত হন বা তার এগেনস্টে যদি রিপোর্ট হয়, তা হলে তার ট্রান্সফার হয় এনফোর্সমেন্ট ব্রাঞ্চে। অর্থাৎ

দুর্নীতি দমন দপ্তরে সরিয়ে নেওয়া হয়। আমরা যদি প্রশাসনকে এই রকম দিক থেকে ঠিক করে দিতে না পারি, তা হলে দুর্নীতিমুক্ত করা যায় না। এবং এই দুর্নীতি দমনের কথা আমরা এই বিধানসভার সদস্যরা বলছি, অতএব আমাদেরও একটা সততার পরীক্ষা থাকা দরকার। আমি মুখ্যমন্ত্রীর কথা আপনার মাধ্যমে প্রস্তাব রাখছি যে, আমাদের বিধানসভার সদস্যদের এবং মন্ত্রিসভার সদস্যদের সম্পর্কে রাস্তাঘাটে খবরের কাগজে নানা রকম মিথ্যা আজগুবি কাল্পনিক কথা ছড়ানো হয়। আমি প্রস্তাব রাখছি, মুখ্যমন্ত্রীর কাছে যখন দুর্নীতির বিরুদ্ধে আমরা কথা বলি অতএব বিধানসভার সদস্য বা কোন মন্ত্রিসভার সদস্যর বিরুদ্ধে কোন অভিযোগ যদি উঠে বা কোন কাল্পনিক গুজোব ছড়ানো হয়, তা হলে সেই সততা যাচাই করার জন্য একটা কমিশন যদি গঠন করা যায়, তা হলে মন্দ হয় না এবং সেই কমিশনের চেয়ারম্যানের পদটি মিঃ বেস্টারউইচকে দেওয়া উচিত, যিনি আর এস পি-র নেতৃত্ব করছেন। আমার প্রস্তাব হচ্ছে মাননীয় শ্রীপ্রফুল্লচন্দ্র সেন এবং মাননীয় সদস্য শ্রীঅজয় মুখার্জি—এইভাবে তিনজন সদস্য বিশিষ্ট কোন কমিশন করে দিয়ে তাদের কাছে যদি কোন গুজব বাজারে বা খবরের কাগজে উঠে, তা হলে তাঁরা সেটা যাচাই করে নেবেন। কেননা আমরা বিধানসভার সদস্যরা দুর্নীতির বিরুদ্ধে জেহাদ ঘোষণা করেছি। আমরা মুখ্যমন্ত্রীর নেতৃত্বে এখানে সমবেত হয়েছি এবং মাননীয় মুখ্যমন্ত্রী যে কথা দিচ্ছেন সেই কথার সঙ্গে কাজকে যোগ রাখার জন্য আমার প্রস্তাব আছে যে, আমাদের সম্পর্কে যদি কোন অভিযোগ উঠে, তা যেন তদন্ত করা হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দুর্নীতিমুক্ত যদি করতে হয়, তা হলে পুলিস প্রশাসনে আরও কয়েকটি দুর্নীতির ব্যাপার আছে সেগুলি দেখা দরকার। যেমন ট্রান্সফার, বদলি প্রোমোসন, পানিসমেন্ট। এইসব ক্ষেত্রগুলির দিকে নজর থাকা দরকার। এইসব জিনিসগুলি মন্ত্রীর সামনে মন্ত্রীর অনুমোদনের জন্য পাঠানো দরকার। আমরা খবরের কাগজে দেখেছিলাম যে, এই রকম একটা মুভ হয়েছিল, চেষ্টা হয়েছিল যে, সি আই ডি, এস পি, ওসি এদের ট্রান্সফার ইত্যাদি সব মন্ত্রীর কাছে যাবে। কিন্তু সে ব্যবস্থা কোথায় তলিয়ে গেল জানি না। এখন সেটা মন্ত্রীদের নজরে আনা হয় না, নামমাত্র সই হয়ে বেরিয়ে যায়। এই ট্রান্সফার, প্রোমোসন বদলি ইত্যাদি ব্যাপারে অনেক হৃদয়বিদারক ঘটনা আছে। এই ছয় মাসে বোধ হয় এতো ট্রান্সফার কোনদিন হয় নি। ট্রান্সফারকে যদি একটা পানিসমেন্ট হিসাবে ধরে নেওয়া যায়, তা হলে ঐখানে একটা বড় ফাঁক থেকে যায়। সেটা উচিত নয়। এবং ঐ সোনারপুরে সি আই এবং যাদবপুরের সি আই-এর ট্রান্সফারের ব্যাপারে যে ঘটনাগুলি ঘটে গেছে যেখানে মন্ত্রীর কথা পর্যন্ত রাখা হয় নি। যদি খবরের কাগজের কথা সত্য হয়, তা হলে এটা অত্যন্ত বেদনাদায়ক ঘটনা যা পুলিস প্রশাসনের কাছ থেকে আমরা আশা করি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার আরও প্রস্তাব হচ্ছে যদি পুলিস প্রশাসনকে শক্তিশালী করতে হয়, তা হলে সাব-ইন্সপেকটার ও কনস্টবলদের উপরও নজর দিতে হবে। আমরা এমন বহু ঘটনা জানি যে, কনস্টবলের মৃত্যুর পাঁচ ছয় বছর পরে প্রভিডেন্ড ফান্ডের বা গ্রাচুইটির পাওনা টাকা তারা পায় নি। এমনকি দেশে চলে যাবার পর তার মৃত্যুর পর তার বিধবা স্ত্রী এসে দরখাস্ত করে আবেদন নিবেদন করে টাকা পায় নি। ম্যারেজ লোনের ক্ষেত্রে এম এল এ হিসাবে সার্টিফিকেট দিয়েও ম্যারেজ লোন পায় নি, বিয়ের বহুদিন পরে চিঠি এলো যে, তোমার অ্যাপ্লিকেসনটা ভুল ছিল। এইরকম অবহেলা হলে যারা তলায় রয়েছে যারা লাঠি হাতে নিয়ে আমাদের জীবন সম্পত্তিকে রক্ষা করছে, এবং আমাদের নিরাপত্তার জন্য যে, জীবন দিতে প্রস্তুত সেই পুলিস বাহিনীকে অবহেলা নির্যাতন দেওয়া হয়, তা হলে ঐ পুলিস প্রশাসনকে আমরা শক্ত রাখতে পারবো না। পুলিস প্রশাসনের অনেক ব্যাপারে আছে যা আমাদের তলিয়ে দেখার দরকার আছে। একটু আগে মাননীয় সদস্য শ্রীঅজয় মুখার্জি মহাশয় সুন্দর ভাষায় বক্তৃতা দিয়ে বললেন যে, সে সময় রেন অব টেরার চলছিল। আমার প্রশ্ন হচ্ছে যে, সেই রেন অব টেরারের বিরুদ্ধে কথা বলেছিলেন তিনজন পুলিস অফিসার আজকে কি ফাইল দেখে তাঁদের খুঁজে দেওয়া হবে যে, কোথায় গেল সেই সারকেল ইন্সপেকটার দীনেশ ব্যানার্জি, প্রথম হাইকোর্টে গিয়ে সেই আমলাতন্ত্রের দুর্নীতিপরায়ণ প্রচেষ্টায় সরকারের বিরুদ্ধে মাথা তুলেছিল। সুবোধ দত্ত, যিনি ডি এস আর পি হয়ে বসে আছে—দুজন পুলিস অফিসার সেদিন বাধা দিয়েছিল ঐ জ্যোতি বসুর স্টীম রোলারের বিরুদ্ধে। তাদের আজকে কি তুলে আনা হবে? পক্ষান্তরে

বলতে পারি স্যার, হিটলারের অপরাধে আইকম্যান কোন ক্ষমা পায় নি। হিটলারের নির্দেশ পালন করার জন্য আইকম্যানের ফাঁসি হয়েছিল। তাই হিটলারের নির্দেশকে পালন করে যেসব

[6-20—6-30 p.m.]

অফিসার আইখম্যানী অত্যাচারে চেঁচিয়েছিলেন, আজকে কি তাদের বিচার হবে না? আমি তাই আপনার মাধ্যমে সরকারের কাছে অনুরোধ করি, এই দুর্নীতি দূর করতে গেলে প্রোমোসন, ট্রান্সফার, বদলি সকল ক্ষেত্রে নিয়ম অনুযায়ী পুলিস কমিশন চাই। ১৯৬২ সালের পরে আর পুলিস কমিশন হয় নি। এই পুলিস কমিশন স্থাপন করে এটাকে একটা স্কিল্ড ডিপার্টমেন্ট বলে ঘোষণা করা হোক এবং সেই মত ট্রিটমেন্ট করলে সাহায্যের জন্য পুলিস কমিশন গড়ে তুলতে পারে। এই কথা বলে মাননীয় মুখ্যমন্ত্রী যে বরাদ্দ এনেছেন তাকে সর্বান্তঃকরণে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীগোবিন্দ চ্যাটার্জি: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই সভায় আমি কবরখানা থেকে এসেছি। শুনে অনেকেই আশ্চর্য হবেন যে, কবরখানা কোন্ দেশী কথা—এই রকম কনস্টিটিউয়েন্সীর নাম শোনেন নি। কিন্তু প্রকৃত পক্ষে আমি কবরখানা থেকেই আসছি এবং আমাকে কবরে পাঠানোর সমস্ত বন্দোবস্ত একেবারে পাকা হয়েছিল। শুধু কবরে পাঠানো নয়, সেই সঙ্গে সঙ্গে আমার বাড়ির পরিবারের কিছু সদস্যকেও কবরে পাঠানোর বন্দোবস্ত তৈরি ছিল। আপনারা জানেন, এখানে বাংলাভাষায় বই বেরিয়ে গেছে যে, কিভাবে ঠ্যাঙাড়ে বাহিনী মানুষকে হত্যা করে তাদের মাটির নীচে পুঁতে ফেলতো। আজকের দিনে সেটার বিস্তৃত বিবরণ সকলেরই মোটামুটিভাবে জানা আছে। আমার কেন্দ্রে নবগ্রাম, নপাড়া ব'লে জায়গা আছে। পাশাপাশি অঞ্চল, যেখনে ৯ জন তরুণ যুবককে হত্যা ক'রে মাটির নীচে পুঁতে ফেলা হয়েছিল। এবং তাদের যে হত্যা করা হবে, এটা অত্যন্ত পূর্ব পরিকল্পিতভাবে বন্দোবস্ত করা হয়েছিল। তাদের নিমন্ত্রণ খাবার নাম ক'রে ডেকে এনে ফাঁদে ফেলা হয়েছিল। একটি স্কুল বাড়িতে দীর্ঘ সময় ধ'রে আটকে রাখা হয়েছিল। সাধারণ মানুষ যারা সংবাদ পেয়েছিলেন তারা কোন প্রতিবাদ করতে সাহস পান নি। পরে তাদের খুন ক'রে মাটির নীচে একে একে পুঁতে ফেলা হয়। নবগ্রাম, নপাড়া ব'লে যে জায়গা আছে সেখানে এই ঘটনা ঘটেছিল। সাধারণ লোকের বিশ্বাস যে, যদি এই সমস্ত অঞ্চলের মাটি খোঁড়া হয়, যদি কলোনীগুলির মাটি খোঁড়া হয়, তা হ'লে অনেক মৃতদেহ ওখান থেকে বেরবে। জানি না আগামী দিনে কোন প্রত্নতত্ত্ববিদ এই কাজের দায়িত্ব নেবেন কিনা, পুলিস বিভাগ নেয় নি। ঐ একই জায়গায় আমার ভাইকে হত্যা করবার জন্য নিয়ে গিয়ে আটকে রাখা হয়েছিল এবং পুলিস কর্তৃপক্ষকে ধন্যবাদ নিশ্চয় জানাবো যে তাদের সহযোগিতা ছাড়া কখনই তাকে উদ্ধার করা যেত না। তাকে আটকে রাখা হয়েছিল এবং পুলিসের সহযোগিতার ফলেই এটা সম্ভব হয়েছে, তাদের হেড কোয়ার্টারের সঙ্গে যোগাযোগ করতে পারে নি। কাজেই ঐ বধ্যভূমিতে প্রবেশের অর্ডার যায় নি, এই কারণে সে প্রাণে বেঁচে গিয়েছিল। কিন্তু আমি যেটা বলতে চাই সেটা আরো মূল প্রশ্ন, ব্যক্তিগত ধন্যবাদের প্রশ্ন নয়। সেটা হচ্ছে আজ যে, কেন্দ্রের প্রতিনিধিত্ব আমি করছি, যাকে আমি কবরখানা বললাম, সেটা কলকাতার খুব কাছাকাছি অবস্থিত ৯/১০ মাইলের মধ্যেই হবে, উত্তরপাড়া কেন্দ্র। সেই উত্তরপাড়া কেন্দ্রে কম পক্ষে ১০০ জন মানুষ খুন হয়েছে। বাহিরে থেকে মানুষ এনে হত্যা ক'রে এখানে ফেলে দেওয়া হয়েছে। যারা পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় হত্যা ক'রে বেড়াত, সেই নরহত্যার অপরাধে যারা অপরাধী তারা ঐ এলাকায় এসে আশ্রয় নিয়ে থাকত। তাই এটা শুধু বধ্যভূমি ব'লে ছিল না, এটা ঐসব আসামীদের আশ্রয়স্থানও ছিল এবং সম্ভবতঃ এখনও তা থেকে মুক্ত নয়। কিন্তু দুঃখের বিষয় এই লোমহর্ষক ৯ জন খুনের অপরাধে যারা অপরাধী তাদের খুঁজে বের করার দায়িত্ব ছিল স্পেশাল ব্রাঞ্চের উপর, তাদের নামে আদালতের মামলা রুজু হয়েছিল। কিন্তু পরবর্তীকালে যেটা জেনেছি, তারা নাকি বেকসুর খালাস পেয়ে গেছে। সংবাদপত্রে দেখেছি, লোকের মুখে শুনেছি, কোর্টে যারা কাজ করে তাদের মুখে শুনেছি যে, এই হত্যার ব্যাপারে পুলিস অনেক আততায়ীদের সন্ধান পেয়েছিল। কিন্তু কেন প্রকৃত অপরাধীদের খুঁজে বার

করা গেল না, কেন ঐ ৯টি তরুণ সম্ভবনাময় যুবক যাদের হাতে নির্মমভাবে নিহত হ'ল, তাদের এখনও পর্যন্ত খুঁজে বার করা গেল না বা আদালতে শাস্তি বিধানের ব্যবস্থা হ'ল না এটা আমরা বুঝতে পারি না। এই হত্যাকাণ্ড মাননীয় অধ্যক্ষ মহাশয়, যুক্তফ্রন্টের আমলে হয় নি। যুক্তফ্রন্টের আমলের অনেক অপরাধমূলক কাজকে এখানে নানান ভাবে ব্যাখ্যা করবার চেষ্টা করা হয়ে থাকে। যুক্তফ্রন্টের বিভিন্ন ত্রুটিবিচ্যুতিকে অনেক সময় নজির বা দোহাই হিসাবে এখানে খাড়া ক'রে বলা হয়ে থাকে যে, ঐ সময় এই হয়েছিল, তা হ'লে এই সময় তোমরা চেচাচ্ছ কেন? কিন্তু, স্যার, পুলিসের আইনে কি একথা বলে যে, যদি তিন বছর আগে হত্যাকাণ্ড ক'রে থাকে, তা হ'লে তিন বছর পরে আর তাকে ধরা যাবে না? আমার তো এরকম কোন আইনের কথা জানা নেই। আমি বহু উদাহরণ দিতে পারি, আমার কাছে নামের তালিকাও আছে। আমি একটি ছোট্ট উদাহরণ দিচ্ছি। একটি তরুণ ছেলেকে কোননগর মিউনিসিপ্যাল এলাকার ভেতরে রাস্তার উপর হত্যা করা হয়েছিল। স্যার, সি পি এম-এর বন্ধুরা অনেক মানুষকে হত্যা করেছেন তেমনি সি পি এম-এর কর্মীরাও প্রাণ দিয়েছেন, আমরা তাদের জন্য নিশ্চয় ফিল করি। যাঁরা আদর্শের জন্য প্রাণ দেন আমরা তো তাঁদেরই শহিদ বলি। কোন মানুষ তিনি যে কোন আদর্শে বিশ্বাস করুন না কেন তিনি যদি তাঁর আদর্শ রক্ষার জন্য প্রাণ দেন, আমরা তো তাঁকে শ্রদ্ধা করবো। কিন্তু স্যার, এই ঘটনা অন্য রকম। সি পি এম-এর যাঁরা প্রাণ দিয়েছেন তাঁরা কেউ এই বিধানসভায় অংশগ্রহণকারী কোন দলের কর্মীর হাতে প্রাণ দেন নি। তাঁদের একটা উপশাখা বেরিয়ে নিজেদেরই ঝগড়াঝাটিতে তাদের কিছু মানুষ মরেছেন, উভয় পক্ষ থেকেই মারামারি হয়েছে। একটা তরুণ ছেলে ২২/২৩ বছর মাত্র বয়স, রাসবিহারী নাম, তাকে নির্দয় ভাবে কোন্নগর মিউনিসিপ্যাল এলাকার ভেতরে মারা হ'ল। তার মা বাধা দিতে গেলে তাঁকে টেনে সরিয়ে দিয়ে ছেলেকে টেনে নিয়ে গিয়ে যেভাবে হত্যা করা হ'ল এটা সেই সাঁইবাড়ির ঘটনাকেই মনে করিয়ে দেয়। পুলিস এখনও পর্যন্ত দুষ্কৃতকারীদের ধরতে পারে নি। আমার উত্তরপাড়া কেন্দ্রে এরকম বহু কেস আছে, কিন্তু একটি ঘটনারও দুষ্কৃতকারীরা ধরা পড়েছে বা সাজা হয়েছে এরকম কোন ঘটনা আমার জানা নেই। স্যার, আমার বক্তব্যে যদি ভুল থাকে আমিই সবচেয়ে খুশি হব। স্যার, এই রাসবিহারী হত্যারও একটা ভূমিকা আছে। তাদের একজন কর্মী তারকেশ্বর নাম তাকে নাকি হত্যা করে। আমাদের এই সভার প্রাক্তন সদস্য ও বর্তমান এম পি তিনি যখন তারকেশ্বরকে শ্মশানে নিয়ে যাওয়া হয়, তখন মৃতদেহের সামনে দাঁড়িয়ে দলের কর্মীদের উদ্দীপিত করলেন এই ব'লে যে, এই খুন যারা করেছে তাদের যেন উপযুক্ত ব্যবস্থা করা হয়। তার কয়েকদিন বাদে রাসবিহারী মারা গেল। কিন্তু প্রকৃতপক্ষে তারকেশ্বরকে যেদিন হত্যা করা হয়েছিল সেদিন রাসবিহারী কারখানায় চাকরি করছিল। গরিব, বাস্তুহারা ঘরের ছেলে, কারখানায় চাকরি করছে—একটা ছেলের পক্ষে কারখানায় উৎপাদন করার সঙ্গে সঙ্গে আর একজনকে গিয়ে একটা কলেজ বাড়ির মধ্যে ঢুকে হত্যা ক'রে আসা যে সম্ভব হয় এটা আমরা অন্ততঃ জানি না। এরকম বহু ঘটনা বা নজির চারিদিকে ছড়িয়ে রয়েছে। আমাদের স্বরাষ্ট্র (পুলিস) বিভাগকে ধন্যবাদ তারা এত সজাগ যে, এখনও পর্যন্ত কাউকে ধরতে পারেন নি। খুন ক'রে দীর্ঘদিন এইভাবে কি ক'রে লুকিয়ে বেড়াতে পারে, এটা আমরা ভাবতে পারি না। এরকম একটা/দুটো কেস নয়, অন্ততঃ একশোটা কেসের কথা আমি জানি। আমাদের পার্টিরও বহু কর্মী তাদের পরিবারবর্গকে হারিয়েছে। কমরেড নীরেন পাঁড়ুই, কমরেড নিখিল রায়, কোতরং কলোনীর মানুষ, এরা অনেকে ঘরবাড়ি ছেড়ে চলে যেতে বাধ্য হয়েছে। তা ছাড়া অনেক ছেলে যাদের খুন করা হয়েছে তাদের লাস পর্যন্ত পাওয়া যায় নি, এরকম ঘটনাও হয়েছে।

[6-30—6-40 p.m.]

জানি না কোন অরণ্যে তাদের রাখা হয়েছে। যেসমস্ত মানুষকে হত্যা করা হয়েছে তাদের বিভিন্ন ভাবে হত্যা করা হয়েছে। এটা একটা অদ্ভুত ব্যাপার, এই সমস্ত খুনের কাহিনী শুনলে মানুষের গায়ের লোম খাড়া হয়ে ওঠে। এতে মানুষের মনে ঘৃণার উদ্রেক ছাড়া আর কিছু হতে পারে না। কাউকে হত্যা ক'রে ঝিলের জলে ফেলে দেওয়া হয়েছে। কাউকে হত্যা ক'রে রেল লাইনে ফেলে দেওয়া হয়েছে। মানুষ পরের দিন গিয়ে দেখলো রেল লাইনে

কাটা প'ড়ে মারা গেছে। নিজেদের পাপকে ঢাকবার জন্য তারা বহু ক্ষেত্রে এই রকম করেছে। তা ছাড়া মাটির তলায় পুঁতে ফেলার কায়দাতো আছেই। আমি যেকথা বলছি যে, রাজনীতিকে রাজনীতি হিসাবে না দেখলে, তাকে ক্রিমিনাল টুইস্ট ক'রে দেখার চেষ্টা করলে এই রকম অবস্থা হয়। পশ্চিমবাংলার ইতিহাসে এটা প্রথম তথা ভারতবর্ষের ইতিহাসে এটা প্রথম যে, রাজনীতিকে রাজনীতি থেকে দূরে নিয়ে গিয়ে এমন একটা ক্রিমিনাল টুইস্ট দিলাম যাতে নিজেদের দলের বহু মানুষ প্রাণ হারাল এবং অন্য দলেরও হারাল। অথচ যারা কোন দলে বিশ্বাস করে না তাদেরও ভুল সন্দেহ ক'রে হত্যা করলাম। এই ঘটনা থেকে আজকে আমাদের প্রত্যেকেরই শিক্ষা নেবার আছে। পলিটিকসকে রাজনীতির নাগালের বাইরে যদি রাখি, আমাদের মনে রাখতে হবে, দ্বিতীয় যুক্তফ্রন্ট সরকার যে মূল কারণে ভেঙ্গে গেছে সেটা হচ্ছে প্রমোদবাবুর বিশেষ তত্ত্ব যে শ্রেণীভিত্তিক যুক্তফ্রন্ট করতে হবে এবং রক্ত দিতে এবং নিতে হবে। তারা রক্ত গ্রহণ করেছে আর আমরা রক্ত দিয়েছি। তাদের রক্ত দিতে হয় নি। তারা যেখানে রক্ত দিয়েছেন সেটা তাদের নিজেদের দলের হাতেই রক্ত দিয়েছেন, সেটা আলাদা কথা। আর উল্লেখযোগ্য বিষয় হচ্ছে, দ্বিতীয় যুক্তফ্রন্ট সরকার ভেঙ্গে যাবার পরবর্তীকালে এই হত্যাকাণ্ড-গুলি সব থেকে বেশি ক'রে সংঘটিত হয়েছে। তার কারণ তারা বলেছিলেন, "বাংলাদেশকে অচল করে দেবো, আগুন জ্বালিয়ে দেবো"। আমি সিদ্ধার্থবাবুকে অভিনন্দন জানাবো এই জন্য যে, আজকে অন্তত এইরকম একটা পরিবেশ হয়েছে যে, নাগরিকরা সব জায়গায় না হ'লেও বেশির ভাগ জায়গায় রাস্তায় তারা বেড়াতে পাচ্ছেন। এই নিরাপত্তাবোধ মানুষের মনে এসেছে যে, তারা রাস্তায় ঘুরে বেড়াতে পারছেন। প্রসঙ্গক্রমে আমি আর একটা কথা জানাতে চাই, যারা সাজান বিধানসভা বলেছেন, আমাদের আর এস পি বন্ধুদের কাছে বিনীত নিবেদন করবো, কারণ তারা মাঝেমাঝে সুর মিলিয়ে সাজান বিধানসভা বলেনি এবং আমরা যারা বসে আছি তাদের সকলকে সাজান এম এল এ বলেন কিনা জানি না। যাই হোক, যারা আজকে সাজান বিধানসভার ইলেকসান-এ রিগিং হয়েছে, গণতন্ত্র বিপন্ন এই সমস্ত ধ্বনি তুলেছেন তাঁদের কাছে বলতে চাই আমি ১৯৭১ সালের নির্বাচনের প্রার্থী ছিলাম, কিন্তু জয়লাভ করতে পারি নি। জয়লাভ করা কারো পক্ষে সম্ভব ছিল না ঐ কেন্দ্রে। সারা পশ্চিমবাংলার সব থেকে বাছাই করা কেন্দ্রগুলির মধ্যে পড়ে বরানগর এবং কোন্নগর। এই সেরা কেন্দ্রে তারা এমন অবস্থার সৃষ্টি করলেন যে, শতকরা ৬০ ভাগ জায়গায় আমরা ঢুকতে পারি নি। সারা কোন্নগর এলাকার মধ্যে বহু জায়গায় আমাদের ঢুকতে দেওয়া হয় নি। শুধু তাই নয়, শুধু আমাদের প্রার্থী এম এল এ-রাই নয়, আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে, যিনি ফার্স্ট সিটিজেন সেই বিষ্ণুবাবু যিনি সিটি ফাদার অব কোন্নগর মিউনিসিপ্যাল এরিয়া তাকেও সেখানে ঢুকতে দেওয়া হয় নি। কেন না যেহেতু তিনি আমাদের দলের লোক ছিলেন। এইসব ঘটনা আমরা সংবাদপত্রে বিবৃতি দিয়ে বলেছি, তারা কোন কন্ট্রাডিকসান করতে ভরসা পায় নি। আজকে তাদের কাছ থেকে গণতন্ত্র বিপন্ন হওয়ার কথা শুনতে আমরা প্রস্তুত নই। আর একটি কথা বলবো, তারা গণতন্ত্র বিপন্ন হওয়ার প্রসঙ্গে আমাদের কংগ্রেস বন্ধুদের অনেকের উপর অনেক গালিগালাজ করেন এবং বলেন, তারা নাকি সন্ত্রাসের রাজত্ব সৃষ্টি করেছ, ওনারা করেন নি। আমি তার একটা জবাব দিতে চাই। আমার কেন্দ্রের একজন কংগ্রেস কর্মী তিনি আগে সি পি এম ছিলেন। সি পি এম ছেড়ে যখন নকশাল বা নকশালভাব নিচ্ছি'লন, তার নাম রতন ভট্টাচার্য, তাকে সাংঘাতিকভাবে মারা হয়, ৫০ বার তাকে ছুরিকাঘাত করা হয়, লোহার রড দিয়ে মারা হয়। তারপর তাকে রেল লাইন-এর ধারে ফেলে দেওয়া হয়। তবে আশ্চর্যের ব্যাপার, সে বেঁচে গেছে এবং তাকে রেল লাইনের ধার থেকে উদ্ধার করা হয়। তিনি অন্ততঃ পক্ষে তাদের যমালয়ে যে কবরখানায় পাঠান নি, চড়টা কিলটা যদি দিয়ে থাকেন, তা হ'লে সেটা সহ্য ক'রে নেওয়াটা খুব অবিবেচকের কাজ হবে না, এবং এখনও এই ভাবে কিছু কিছু কাজ চালিয়ে যাচ্ছে। সম্প্রতিকালে আমি খবর পেয়েছি কোন্নগরের কালীতলা ক্যাম্পের একটা অদ্ভুত ব্যাপার শুনুন। সি পি এম-এর একজন নেতৃস্থানীয় কর্মী জবরদখল ক'রে বাড়ির কনস্ট্রাকশান করবেন, স্যানিটেশন করবেন, তাকে কিছু বলা চলবে না, অন্যের জায়গায় করবে, যে মানুষটির জায়গায় করবে সে সরকারী কর্মচারী, গরিব ছেলে, ম্যাট্রিক পাশ করেছিল। বাবা মারা গেল, তারপর ইনটারমিডিয়েট থেকে এম এ এমন কি ডবল এম এ পাশ

করেছে, তার গায়ে এত জোর নেই, তার হাতে তত মাস্তান নেই, সেই মাস্তানী লাইনে হাঁটে না, পঠনপাঠন নিয়ে থাকে, তার উপর জবরদখল ক'রে কনস্ট্রাকশান করবে, মিউনিসিপ্যালের পক্ষে কিছু করা সম্ভব নয়, এই কারণে, ক্যাম্প প্রপার্টিটা গভর্নমেন্টের নামে। মামলা করতে হ'লে গভর্নমেন্টের নামে মামলা করতে হয়। সেটা লঙ ড্রন প্রসেস, বহু টাকা খরচের ব্যাপার। আমার বন্ধু সি পি এম-এর লোকাল কমিটির মেম্বার, তার কাছে চিঠি লিখে পাঠালাম য়ে, কাইন্ডলি ইণ্টারভেন ক'রে একটা মিউচুয়েল সেটেলমেন্ট ক'রে দাও। সবচেয়ে আশ্চর্যের ব্যাপার দেখা গেল, মিউনিসিপ্যালিটির একজন কমিশনার আমাদের পার্টির লোক, আর একজন ওখানকার খুব কংগ্রেসেব সেক্রেটারি, এরা দেখতে গেছে। এই অপরাধে তাদের বলা হয়েছে যে, কেন আমাদের ঘাঁটির মধ্যে ঢুকেছেন, এই কেস মিটাতে পারবো না। এই রকম অদ্ভুত ঘটনা কেউ কখনও শোনে নি। কিছু কিছু লোককে বলতে শোনা গেছে, কালীতলা ক্যাম্পে অনেক আর্মস আছে এবং বাইরে থেকে অনেক লোকজন ওখানে লুকিয়ে রয়েছে যার জন্য যদি বাইরের কোন রাজনৈতিক দলের লোক যায়, তারা তার জন্য ভীত, সন্ত্রস্ত হয়ে পড়ে। জানি না ঘটনা সত্য কিনা। এই যে বেসিক প্রবলেমগুলি এইগুলি সলিউসন করা যায়। সেটা হচ্ছে মিউনিসিপ্যাল অফিস যে এরিয়াতে যে সমস্ত বিষয়গুলো থাকে, যাতে আর দাঙ্গা সৃষ্টি হতে পারে, সেটা খুব সহজ সলিউসন হতে পারে, যদি সেখানে মিউনিসিপ্যাল পুলিসের অ্যারেঞ্জমেন্ট করা যায়। আজকে আইনশৃঙ্খলার কিছু কিছু উন্নতি হয়েছে, উন্নতি যেটা হচ্ছে সেটা ইন টার্মস অব ১৯৭০-৭১, কিন্তু তার পূর্ববর্তী অবস্থার তুলনায় কিছু উন্নতি হয় নি। সেই সকল রাস্তায় অনেকে বেরুতে পারছিলেন না, বেরুলে অনেকের গলা কাটা যাচ্ছিল। এই অবস্থা সেখানে ছিল, তার থেকে কিছুটা শান্তি ফিরে এসেছে। কিন্তু যে সমস্ত চুরি, ডাকাতি, রাহাজানি, ওয়াগান ভাঙ্গা, এই অবস্থাগুলির কিছু উন্নতি হয় নি, বরং সাম্প্রতিক কালে আমি জানি আমার কেন্দ্রের কয়েকটি ওষুধের দোকানে পরপর চুরি হয়ে গেল। কোন ব্যবস্থা এখনও পর্যন্ত হয় নি। এই চুরি, ডাকাতি, ওয়াগান ব্রেকিং-এর প্রশ্নে আমার একটা কথা মনে আসছে যে, পুলিস মেডেল কিছু কিছু লোককে দেওয়া হয়, হাওড়া জেলার যিনি গভর্নমেন্ট রেলওয়ে পুলিসের ও সি শ্রীসমর ঘোষ মহাশয়কে পুলিস মেডেলের জন্য রেকমেন্ড করা হয়েছে, আর যিনি পশুপতি ব্যানার্জি হাওড়া হেড কোয়ার্টার-এর ডি এস পি, যিনি বহু আর্মস উদ্ধার করেছেন, বহু ক্রিমিনাল তিনি ধরেছেন, পলিটিক্যাল ক্রিমিনালকে ধরেছেন, তাঁর নামে সি সি আর দিয়ে তাকে বরবাদ ক'রে দেওয়া হয়েছে। এই ঘটনার উল্লেখ করলাম। যদি এই সমস্ত ঘটনা ভুল প্রমাণিত হয় তা হ'লে আমি সবথেকে খুসী হব। কলকাতার ফুটপাতে এবং রাস্তায় উপর হকাররা যে হকিং করে, যার ফলে প্রচন্ড ভীড় যে অনেক ক্ষেত্রে গাড়ি পর্যন্ত যাতায়াত করতে পারে না। সেখানে দেখা গেছে, পুলিসকে কিছু কাঞ্চনমুদ্রা দিলে এই হকাররা হকিং করতে পারে। এই অবস্থার কবে অবসান হবে যে হকিং আলাউড যদি তুমি পয়সা দাও, পয়সা না দিলে হকিং নট অ্যালাউড।

[6-40—6-50 p.m.]

আর একটা কথা মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শান্তিশৃঙ্খলার উন্নতি করতে হ'লে আরো কতগুলি বুনিয়াদী জিনিস দরকার। শহরের রাস্তাগুলি বড় করা দরকার আছে। অনবরত ট্রাফিক জাম হ'লে পুলিসের পক্ষে সিরিয়াস ক্রাইসিসের ক্ষেত্রে রিচ করা সম্ভব হবে না। গ্রাম এবং কলোনীর ক্ষেত্রে, যে সব জায়গায় রাস্তা নেই, সেই সব জায়গায় খুব দ্রুত রাস্তা করার দরকার আছে। এটা একটা এসেনসিয়াল রিকোয়ারমেন্ট। সুতরাং গভর্নমেন্ট কলোনী এরিয়ায় সি পি এম বন্ধুরা যাতে পুলিস ঢুকতে না পারে তার জন্য রাস্তা খুঁড়ে রেখেছে এবং এই রকম বহু নজির আছে। অথচ তারাই আবার চেচাচ্ছে যে, কলোনীর রাস্তার উন্নতি হচ্ছে না। বাসের ভীড় কমাবার ব্যবস্থা করা দরকার। আমাদের ট্রান্সপোর্ট মিনিস্টার এখানে আছেন, তাঁকে বলছি যে, বাসে ক'রে যখন লোকে বাড়ি ফিরে যায় তখন লোকেরা পোটেনসিয়াল ক্রিমিনাল হয়ে বাড়ি ফিরে যায়। আমি অন্যান্য ক্ষেত্রগুলি সম্বন্ধে বলতে পারছি না, কিন্তু পাবলিক অ্যাপয়েন্টমেন্ট-এর ক্ষেত্রে যদি একটা স্ট্রিক্ট ইমপার্শিয়েল কেস আনতে পারা যায়, তা হ'লে লোকের মধ্যে কনফিডেন্স আসে, যার ফলে লোকে ক্রিমিনালিটির

দিকে যেতে চায় না। তার পর রাজবন্দীদের উপর জেলখানায় মাঝে মাঝে অত্যাচার চলে, এইগুলি বন্ধ করা দরকার, রাজবন্দীদের সঙ্গে উদারতা দেখানোর প্রয়োজন আছে। মিসইউস অফ মিসা বন্ধ হওয়া দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখানে একটা উল্লেখযোগ্য ঘটনার কথা উল্লেখ করতে চাই, সেটা আমাদের দলের ব্যাপার নয়, সি পি এম-এর একজন কর্মী রামপদবাবুর। তিনি ভলটাসে কাজ করেন, মার্কেনটাইল ফেডারেশনের ভাইস প্রেসিডেন্ট না কর্মকর্তা আমি এই কারণে বিশেষ ভাবে বলতে চাই যে, তিনি আমাদের বিপক্ষ দলের লোক। তিনটি থানা থেকে পর পর তার নামে ওয়ারেন্ট বের হয়, কিন্তু তিনি থানা থেকে জামিন নিয়ে যখন বেরিয়ে আসেন তখন তাকে মিসাতে আটক করা হয়।

Mr. Deputy Speaker: According to rule 289 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, the allocation of time for discussion of Grant No. 15 is due to expire at 6-44 p.m. There are quite a number of Speakers who are still to make their speeches. Besides, the Hon'ble Chief Minister is to give his reply. I, therefore, call upon Hon'ble Minister, Shri Gyan Singh Sohanpal to move his motion for extension of time.

Shri Gyan Singh Sohanpal: Sir, under rule 290 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I beg to move, with your consent, that the allocation of four hours' time in respect of Grant No. 15 which is due to expire at 6-44 p.m. may be extended up to 10 p.m.

The motion was then put and agreed to.

শ্রীগোবিন্দ চ্যাটার্জী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে ঘটনার কথা বলছিলাম সেটা হচ্ছে, সি পি এম-এর একজন কর্মীর উপর আমার মনে হচ্ছে ইনজাস্টিস হচ্ছে এবং সেই জন্য এই বিষয়ে আপনার মাধ্যমে মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। মার্কেনটাইল ফেডারেশনের একজন নেতা, তার সম্বন্ধে তিনটি থানা থেকে অভিযোগ দেওয়া হয়, তিনি অ্যারেস্ট হন এবং সাবসিকোয়েন্টলি তিনি বেল নিয়ে বেরিয়ে আসেন। কিন্তু দুঃখের বিষয় যে, তার পর তাকে মিসায় আটক রাখা হয়। যদি এটা মিসার উপযুক্ত কেস হয়, তা হ'লে তাকে আগে থেকে মিসাতে আটক করা উচিত ছিল। তিনটে থানা থেকে কেস ক'রে তাকে মিসাতে আটক করার কোন কারণ ছিল না। তাই আমি এই বিষয়টা পুনর্বিবেচনার জন্য মন্ত্রিমণ্ডলীর কাছে আবেদন জানাচ্ছি। এই প্রসঙ্গে আমি একটা কথা বলব যে, এইগুলি সাধারণ কথা, বুনিয়াদী কথা হচ্ছে—বিশ্বনাথবাবু গ্রামাঞ্চলের কথা বলেছেন, আমি শহর এলাকার কথা বলতে চাই যে, সরকার কি এই কথা বলতে পারেন, সরকার কি এই কথা দাবি করতে পারেন যে শ্রমিকদের যেখানে ন্যায়সঙ্গত অধিকার সেখানে পুলিস তাদের সহযোগিতা করেছে? যেখানে শ্রমিকরা তাদের ন্যায়সঙ্গত অধিকারের জন্য সংগ্রাম করছে, সেখানে পুলিস কোন প্রকার হস্তক্ষেপ করে না। আমার কাছে কয়েকটা উদাহরণ আছে, আমি তার মধ্যে একটা মাত্র বলব। খড়দহ জুট মিলের কেস, একটা ডিপার্টমেন্ট বন্ধ হয়ে রয়েছে, সেই জন্য শ্রমিকরা বিক্ষোভ জানাচ্ছে আর পুলিস কারখানার মধ্যে ঢুকে শ্রমিকদের গ্রেপ্তার ক'রে নিয়ে যাচ্ছে। পুলিস কারখানার মধ্যে ঢুকে মহিলা শ্রমিকদের গ্রেপ্তার করে নিয়ে যায়। অন্যায়ভাবে লুম বন্ধ ক'রে দেওয়ায় প্রায় সব শ্রমিক বেকার হওয়ায় তারা কারখানায় ম্যানেজার-এর ঘরের সামনে যখন শান্তিপূর্ণভাবে বিক্ষোভ করছিল তখন তাদের ধ'রে নিয়ে যাওয়া হয়। বোনাস পেমেন্ট যাতে যথাযথ ভাবে হয়, তার জন্য এ আই টি ইউ সি, আই এন টি ইউ সি যৌথভাবে আন্দোলন করে তখন পুলিস দিয়ে গ্রেপ্তারের ব্যবস্থা করা হচ্ছে। এই রকম পুলিস ইনটারফিয়ারেন্স ট্রেড ইউনিয়ন মুভমেন্ট ও দিস মাস্ট বি স্টপট। আজ যে জনপ্রতিনিধিমূলক সরকার হ'য়েছে এই সরকারের অবিলম্বে দায়িত্ব হচ্ছে এই জিনিসটা ইনভ্যারিয়েবলি স্টপ করা এবং সেইভাবে ইনস্ট্রাকশন ইস্যু করা এবং সেই ইনস্ট্রাকশন যাতে ক্যারিড হয় তার জন্য কমিটি ক'রে সেটা এনসিয়র করা।

শ্রীদৌলত আলিঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পুলিস খাতে যে ব্যয়বরাদ্দের দাবি মুখ্যমন্ত্রী করেছেন তাকে সমর্থন করে আমি ২।৪টি কথা বলতে চাই। শ্রদ্ধেয় অজয়দা তাঁর বক্তব্য রাখতে গিয়ে ডায়মন্ডহারবারের উল্লেখ করেছেন। কিন্তু তার বর্তমান করুণ পরিণতি আপনার মাধ্যমে আমি বলতে চাই। সেদিনের সেই ধর্ষিতা মহিলার নাম নমিতা ঘোষ—অত্যন্ত অসহায় অবস্থায় রয়েছে আছে। তার জায়গাতে আজ হো-চি-মিন নগর তৈরি হয়েছে। সি পি এম-এর জয়োল্লাসের পর সেচ বিভাগের যে একটা জায়গা ছিল, সেখানে লেনিননগর বলে একটা জায়গা তাঁরা জবর-দখল করে আছেন। সেই নারকীয় হত্যাকান্ড করতে গিয়ে যে ধর্ষিতা মহিলাকে সেদিন তারা অপমান করেছিল আজও এইসব জিনিসে সাক্ষী হয়ে বেঁচে আছে। সেদিককার ছাত্র পরিষদ ও যুব কংগ্রেসের দায়দায়িত্ব আমার হাতে ছিল। আমি একদিন কোলকাতার একটা মিটিং সেরে বাড়ি যখন ফিরছিলাম, সেদিন বাঘাযতিনে আমার গাড়ি আটকে তারা আমার খোঁজ করতে থাকে। এবং আমার ট্রেনের কামরায় ওঠে। আমার সঙ্গে আমার যে ক্যাডার বন্ধু ছিলেন, তিনি আমার নাম করে পরিচয় দেওয়ায় তার প্রায় মৃত্যুবরণের অবস্থা হয়েছিল। কিন্তু পরবর্তী ক্ষেত্রে সোনারপুরের বহু সোনার টুকরো যুবকরা আমাদের সাহায্য করেছিল বলে আমার সেই ভাই বেঁচে আছে। কিন্তু সেদিন যারা হত্যা করতে এসেছিল আজ পর্যন্ত পুলিস তাদের ধরে নি। অতএব আজ যে পুলিসের সুযোগ আমরা করছি--এবং পুলিস ভাল কাজ করছে তার অনেকখানি আমি মনে করি দেশপ্রেমিক জনগণের সক্রিয় সহযোগিতার ফলেই হচ্ছে। যুক্তফ্রন্টের আমলে পুলিস যে নীরব দর্শকের ভূমিকায় ছিল আজ তা আর নেই। একথা পরিষ্কার বলতে চাই, গ্রামবাংলায় আজও পুলিসী জুলুম চলছে। পুলিসের কাছে কেস বা ডায়েরী করতে গেলে টাকা ছাড়া হয় না এবং এমন কি ওপেনলি তারা টাকা চায় এবং টাকা না দিলে তারা উল্টো কাজ করে। দক্ষিণ ২৪-পরগনায় জোতদারদের হয়ে পুলিস ভয়াবহ অবস্থার সৃষ্টি করেছেন।

[6-50—7-00 p.m.]

একথা ঠিক সেদিন যে অবস্থা হয়েছিল অর্থাৎ সেই হত্যাকান্ড যদি সেদিন হত, তা হলে আমার ইহলীলা শেষ হত। সেই অবস্থা আজকে আর নেই, সেই জন্য আমি সরকারকে অভিনন্দন জানাচ্ছি। কিন্তু অবস্থার পরিবর্তনে পুলিস যে জিনিস করছে সেটা আমাদের দেখা দরকার এবং মুখ্যমন্ত্রীকে আমি এইদিকে সহৃদয় দৃষ্টি দিতে বলব। আজকে এই জিনিস পরিষ্কার, পুলিস অবস্থার পরিপ্রেক্ষিতে রাজনীতির আশ্রয় নিয়েছে এবং এটা অত্যন্ত দুঃখের কথা, এর ফলে আজকে জনমানসে আমাদের সরকারের ভাবমূর্তি নষ্ট হচ্ছে। যখন আপনারা দায়দায়িত্ব নিয়েছেন, তখন স্বরাষ্ট্রমন্ত্রী হন বা অন্য যেকোন মন্ত্রী হন তিনি যদি অন্য স্থানে গিয়ে বলেন, আমি পারছি না বা এই জিনিস যদি দেখা যায় যে, কোন থানার ও সি-কে বদলি করতে হলে বা সাসপেন্ড করতে হলে মন্ত্রি বা ডবল মন্ত্রীকে গিয়ে সাসপেন্ড করতে হয়, তা হলে সাধারণভাবে জনসাধারণের কাছে কি প্রমাণিত হয়? আজকে যদি মন্ত্রিমহাশয় বলেন, আমার কথা পুলিস শুনছে না বা জনসাধারণ যদি দেখেন, মন্ত্রীকে এসে অবস্থান ধর্মঘট করে ও সি-কে সাসপেন্ড করতে হয়, তা হলে তারা আমাদের ভুল বুঝবে। মন্ত্রিমহাশয়ের খেজুরের রস খেতে সখ হয়েছে, সেইজন্য পুলিস পাহারা বসেছে—এই জিনিস যদি দেখা যায়, তা হলে জনমানসে সরকারের ভাবমূর্তি নষ্ট হয়ে যাবে। আমি এই ব্যয়বরাদ্দকে সমর্থন জানাচ্ছি এবং তার সঙ্গে সঙ্গে বলছি আমরা যে দৃঢ় পদক্ষেপে এগিয়ে যাচ্ছি সেকথা খেটে খাওয়া সাধারণ মানুষকে জানিয়ে দেবার দরকার আছে। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীপরেশচন্দ্র গোস্বামীঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ এনেছেন তাকে আমি আন্তরিক সমর্থন জানাচ্ছি। বিগত ৪ বছরের ইতিহাস আমরা দেখেছি মানুষ কেমন করে উন্মাদ হয়ে ছোরা, বোমা, মেরেছে, আমরা দেখেছি কেমন করে বিচারের বাণী নিভৃতে নীরবে কেঁদেছে। এই অবস্থা থেকে উদ্ধার পেয়ে মানুষ যে এখন নিশ্চিন্তে বসবাস করতে পারছে এবং তার জন্য যে প্রশাসন ব্যবস্থা হয়েছে এবং সেই প্রশাসন ব্যবস্থা করবার জন্য মুখ্যমন্ত্রী যা করেছেন তার জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। আজকে সমাজের বিভিন্ন স্তরে যে চরিত্র দেখছি সেটা থেকে পুলিস মুক্তি পায় নি। ইসলামপুরে যে

অভিজ্ঞতা সঞ্চয় করেছি তাতে দেখছি পুলিস জনসাধারণের কথা শোনে নি এবং সেই জিনিস তিনি নিজে দেখে এসেছেন এবং তার প্রতিকার করবার চেষ্টা করেছেন। স্যার, প্রখ্যাত সাহিত্যিক মনোজ বসুর "নিশিকুটুম্ব" নামে একখানা বই আছে এবং অভিনেতা ধীরাজ ভট্টাচার্যের "আমি যখন পুলিস ছিলাম" নামে একখানা বই আছে। এই দুখানা বইতে পুলিসের চরিত্র আমরা দেখেছি। মুখ্যমন্ত্রী এই বই দুখানা পড়েছেন কিনা আমি জানি না এবং ফজলে হক সাহেবও এই বই দুখানা পড়েছেন কিনা আমি জানি না। আমি এই বই দুখানা পড়েছি এবং আপনাদের বলছি, এই "নিশিকুটুম্ব" বইখানা পড়ুন। এই বইতে ব্রিটিশ আমল থেকে পুলিসের যে চরিত্র দেখছি তা থেকে আমরা এখনও রেহাই পাই নি। চোর চুরি করছে, কিন্তু অনেক সময় দেখা যায় অন্য লোককে গিয়ে ধরছে। একজন পুরান দাগী আমাকে বলছিল, আমরা ভাল হতে পারি না। কারণ, ধরুন আপনি আমাকে আপনার স্কুলের সামনে একদিন পাহারা রাখলেন এবং সেদিন হয়ত কোথাও ডাকাতি হয়েছে, আপনি দেখবেন পুলিস খোঁজ না করে আমার নাম দিয়ে দিল। সেইজন্য বলছি "নিশিকুটুম্বের" ইতিহাস এখনও চলছে।

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমরা এই জিনিস দেখেছি এবং কিছুদিন আগে মাননীয় রাষ্ট্র-মন্ত্রী শ্রীফজলে হকের সঙ্গে এই নিয়ে আলোচনা করেছি এবং মন্ত্রিসভার কাছেও বলেছি যে, শান্তিপুর থানা এলাকা এবং পূর্বস্থলী থানা এলাকায় দুটো ঘটনা ঘটেছে। গত নির্বাচনের আগে সি পি এম যে প্রচণ্ড অত্যাচার আরম্ভ করেছিল, খুন-খারাপি করেছিল এবং তার ফলে আমাদের বহু লোককে প্রায় ৪০।৫০ জন লোককে অ্যারেস্ট করে কেস দিয়ে রেখেছে। শান্তিপুর থানার ঘটনা সকলেই জানেন এবং কালনাতেও এই রকমভাবে ৪০।৫০ জনকে ধরে তাদের বিরুদ্ধে মারাত্মক কেস দিয়ে রেখেছে, আজ পর্যন্ত তার কোন সুরাহা হল না। তারপর পূর্বস্থলী থানার বহু লোককে অ্যারেস্ট করেছে এবং এখনও অনেকের বিরুদ্ধে গ্রেপ্তারী পরোয়ানা ঝুলে আছে। পুলিস তাদের কাছ থেকে ২৫ টাকা করে কালীপুজোর সময় চাঁদা নিয়েছে, তাদেরই আবার রাত্রি ২টার সময় অ্যারেস্ট করে নিয়ে গেল। তারা যখন ঘরে ঘুমাচ্ছিল, তারা চীৎকার, চেঁচামেচি, হৈচৈ শুনে ছুটে এল, পুলিস ফায়ার করল, গোলমালের মধ্যে একটি হোমগার্ড মারা গেল এবং সেখানে বর্ধমানের এস পি গিয়েছিল, ডি এম সেখানে গিয়েছিল। কাদের নির্দেশে জানি না, পুলিস সেখানের দিনের পর দিন নিদারুণ অত্যাচার করল সমস্ত গ্রামবাসীদের উপর এবং গ্রামবাসীরা পুলিসের অত্যাচারের ভয়ে সেখান থেকে পালিয়ে গেল। আমাদের মাননীয় সদস্য নুরুল ইসলাম মহাশয় তিনি সেখানে গিয়েছেন। সেখানে নিরীহ তাঁতিদের তাঁত কেটে দিয়েছে, সাধারণ মানুষের ঘটিবাটি চুরি করে নিয়ে গেছে এবং চাল, চিনি লুঠ করেছে। পুলিস সেখানে দাঁড়িয়ে থেকে দেখেছে। আমি বলছি না যে, সব পুলিসই এরকম। আমি মন্ত্রিমহাশয়ের কাছে দাবি করছি যে, পুলিসের প্রশাসন যারা কলঙ্কিত করেছে। আমরা জনসাধারণের কাছে পরিচ্ছন্ন শাসনব্যবস্থার অঙ্গীকার করেছি, যে কথা মাননীয় সিদ্ধার্থশঙ্কর রায় আগেই বলেছেন, যদিও এটা জটিল, কিন্তু এই অবস্থার অবসান হওয়া প্রয়োজন, যদিও আমরা জানি যে, এই অবস্থার অবসান করতে চাইলে অবসান করা যাবে না। আজকে পুলিস বাহিনীকে নতুন আইনের আওতায় এনে নতুন করে গঠন করতে হবে। আমরা জানি যে, সেই বিষয়ে চিন্তা করা হচ্ছে। আজকে জনসংখ্যা বেড়েছে। আমাদের ব্লক হচ্ছে প্রশাসন ইউনিট এবং একটি থানার মধ্যে দুটো ব্লক আছে। কিন্তু অসুবিধা হচ্ছে, কে কোন্ ব্লকের মধ্যে আছে তা জানে না। আমার কনস্টিটিউয়েন্সী হচ্ছে মাননীয়া সদস্যা নুরুন্নেসা সাত্তারের পাশে। সেখানে দুটো ব্লক আছে। কে কার আওতায় আছে জানা যায় না। যখন মাননীয়া সদস্যা নুরুন্নেসা তার কথা পুলিসকে বলেন, পুলিস দেখে যে তার কথা শোনায় সুবিধা আছে, আমার কথা শোনার অসুবিধা আছে, আমার কথা শোনে ন। এ একটা অদ্ভুত কমবিনেসন। ব্লক প্রশাসন যদি প্রশাসন ইউনিট হয়, থানাকে সেই ব্লক প্রশাসনের ইউনিট করা যাতে যায় সেই জন্য আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাচ্ছি। থানা একটা ব্লক ইউনিট হিসাবে তাকে গাড়ি, ফোন, আধুনিক যন্ত্রপাতি, সাজসরঞ্জাম এগুলি কিছুই থানায় নেই, সেই জন্য পুলিস অসহায়বোধ করছে। কিছুদিন আগে আমার বন্ধু এখানে বলেছেন যে, নীচু স্তরে যেসমস্ত পুলিস কর্মচারী আছে, তাদের নীচু স্তরের অফিসারদের ফাইফরমাজ খেটেই সময় চলে যায়, উপরওয়ালাদের হুকুম তাদের সহ্য করতে

হয়। এই নীচু স্তরের পুলিস কর্মচারীদের ভাগ্য নিয়ে আমরা ছিনিমিনি খেলছি, তাদের সুখসুবিধার দিকে আমরা তাকাই না, তাদের ভবিষ্যত বিশেষ কিছু নাই বলে, তাদের ভিতর নানা রকম দুর্নীতির প্রবণতা দেখা যাচ্ছে। আমি তাদের দুর্নীতির একটি উদাহরণ দিয়েই আমি আমার বক্তব্য শেষ করছি। আদি-সপ্তগ্রাম কালনা-কাটোয়া যে রোড আছে কালনা থেকে যেসমস্ত কাটোয়ায় যে লরী আসে, রাস্তায় বন্দুক নিয়ে পুলিস দাঁড়িয়ে থাকে। প্রত্যেকটা লরীকে থামায়। হয়ত পাট নিয়ে যাচ্ছে, তাদের বলে, পাটের মধ্যে চাল আছে, সুতরাং লরী খালাস কর। খালাস করতে সাংঘাতিক অবস্থা, রাত্রিতে কোথায় লোকজন পাবে খালাস করতে, সুতরাং ৫০ টাকা দিতে হয় পুলিসকে। কাজেই পুলিস ছেড়ে দেয়। কিন্তু যারা চোরাচালান করে তাদের পুলিস এমনি ছেড়ে দেয়। এইভাবে দিনের পর দিন এইরকম চলছে। মাননীয় মুখ্যমন্ত্রীকে আমি অনুরোধ করবো যে, আমার সঙ্গে রাত্রিতে চলুন, ১০ জায়গায় এইরকম দেখিয়ে দেব। প্রতিদিন এইরকম ঘটনা ঘটছে। জি টি রোড থেকে কালনা-কাটোয়া রাস্তায় প্রতিদিন এইরকম খেলা চলছে। সাধারণ যাত্রীদের প্রতিদিন এইভাবে পুলিস হ্যারাস করছে, সরকারের নাকের ডগার উপর দিয়ে পুলিসের প্রশাসন এইভাবে চলছে। প্রশাসনের যে নিরপেক্ষতা, প্রশাসনকে স্বার্থক করতে গেলে নিরপেক্ষতা, দুর্নীতি, অনাচার যা চলছে তা সর্বাগ্রে দূর করতে হবে। এই কয়েকটি কথা বলে মাননীয় মুখ্যমন্ত্রী যে ব্যয়বরাদ্দ এখানে উপস্থিত করেছেন সেই ব্যয়বরাদ্দ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[7-00—7-10 p.m.]

শ্রীগণেশচন্দ্র হাটুই: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় পুলিস খাতে যে বাজেট পেশ করেছেন, আমি তা অন্তরের অন্তরতম প্রদেশ থেকে অভিনন্দন জানাচ্ছি। আমাদের যে ১৭ দফা কর্মসূচি ছিল তার মধ্যে এক দফা কর্মসূচি ছিল শান্তিশৃঙ্খলা প্রতিষ্ঠা করা। সেটা করতে পেরেছেন, সেজন্য আমি আমাদের মুখ্যমন্ত্রীকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। তবে পুলিসের মধ্যে সবাই যে অসৎ একথা বলা যায় না। এই পুলিস বাহিনীর মধ্যে অনেক সৎ দক্ষ কর্মচারী আছেন, এই ব্যাপারে আমাদের একটা এসেসমেন্ট করা দরকার, কে সৎ ঠিক সত্যিকারের দক্ষ অফিসার তাদের আমাদের বেছে বার করতে হবে এবং তাদের উপর দায়িত্ব দিতে হবে। আমি জানি আমাদের হাওড়ার ডি এস পি হেড কোয়ার্টারে একজন পুলিস অফিসার আছেন, তাঁর নাম হচ্ছে পশুপতি ব্যানার্জী, তিনি যুক্তফ্রন্টের আমল থেকে যে সমস্ত ঘটনা ঘটেছিল সেই সমস্ত ঘটনা পুনরুদ্ধার করে তাদের এগেনস্টে কেস ফাইল করছেন। যদি আমরা সত্যিকারের সৎ দক্ষ পুলিস অফিসারদের প্রাইজ, (পুরস্কার) না দিতে পারি, তা হলে যেসমস্ত দক্ষ পুলিস অফিসার আছেন, তাদের মধ্যে হতাশা দেখা দেবে। এই ব্যাপারে আমাদের সচেতন হতে হবে যাতে করে সত্যিকারের দক্ষ এবং সৎ পুলিস অফিসারকে আমরা পুরস্কার দিতে পারি।

আর একটা ব্যাপার আমি উল্লেখ করছি। গ্রামের মধ্যে আন-লাইসেন্সড বন্ধকী কারবার চলে। আমাদের সীতাপুরে জয়দেবকুমার সাঁতরা এইরকম আন-লাইসেন্সড বন্ধকী কারবার করছেন। তার বিরুদ্ধে নানারকম অভিযোগ আছে। সাধারণ লোকের জিনিস ঘটিবাটি, সাইকেল, ঘড়ি, আংটি যা কিছু তাঁর কাছে জমা পড়ে সেগুলি আর তারা ফেরত পায় না। জাঙ্গীপাড়া পুলিস অফিসারের কাছে এই সম্পর্কে অভিযোগ করে এ সম্পর্কে কোন ফল পাই নি।

আর একটা পয়েন্ট বলছি, বর্গাদার সম্পর্কে, বর্গাদার উচ্ছেদের ব্যাপারে প্রায় সর্বক্ষেত্রেই পুলিসের ভূমিকা জোতদারদের অনুকূলে যাচ্ছে। উদাহরণস্বরূপ বলা যায় জাঙ্গীপাড়া থানার রসপুর মৌজায় গোঁদা হেম্ব্রাম আর বিষ্টু হেম্ব্রাম এই দুইজন প্রকৃত বর্গাদার এবং তারা এ বছর চাষও করেছিল। কিন্তু জোতদার স্মরজিৎ সিংহ রায় যখন উক্ত বর্গাদারদ্বয়কে জমি থেকে উচ্ছেদ করতে গেল তখন পুলিস জোতদারকে সাহায্য করল এবং বর্গাদারের বিরুদ্ধে ১০৭ ধারা কেস জারি

করেছে। এই ব্যাপারে আমি পুলিস অফিসারের সঙ্গে দেখা করেছিলাম এবং বলেছিলাম, আমাদের সরকারের নীতি হচ্ছে বর্গাদারের স্বার্থ রক্ষা করা, কিন্তু আপনি দেখছি ১০৭ ধারা জারি করছেন বর্গাদারের বিরুদ্ধে। এই সমস্ত ঘটনা প্রায় সর্বত্রই ঘটছে। সর্বক্ষেত্রে যাতে বর্গাদাররা সুবিচার পায়, তার জন্য জেলা পর্যায়ে একটি উপদেষ্টা কমিটি গঠনের প্রয়োজনীয়তা আছে বলে মনে করি।

নিরপরাধ ও অজ্ঞ জনসাধারণের প্রতি পুলিসের আচরণ কোন ক্ষেত্রেই সমর্থনযোগ্য নয়। পুলিস অনেক সময় এদের উপর অকথ্য অত্যাচার করে থাকে। গণতান্ত্রিক দেশে এরূপ আচরণ আশা করা যায় না। পুলিসকে সর্বক্ষেত্রে জনগণের বন্ধুভাবাপন্ন হয়ে উঠতে হবে।

শ্রীপ্রদ্যোৎকুমার মোহান্তিঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র ও পুলিস বিভাগের মন্ত্রী পুলিস প্রশাসন খাতে বাজেট ব্যয়বরাদ্দের দাবি রেখে একটি সংক্ষিপ্ত এবং আন্তরিকতাপূর্ণ ভাষণ রেখেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বলতে চাই অত্যন্ত বিনয়ের সঙ্গে যে, তাঁর বক্তব্যের সঙ্গে আমি পুরোপুরি একমত হতে পারি নি।

তৃতীয় পৃষ্ঠাতে তিনি বলেছেন যে, আমাদের এই শাসনের দ্বারা আমরা জনসাধারণের মধ্যে নিরাপত্তাবোধ ফিরিয়ে এনেছি, নিরাপত্তাবোধ ফিরে আসছে এবং সঙ্গে সঙ্গে পুলিস বিভাগের কর্মদক্ষতাও বৃদ্ধি পেয়েছে। আমি তাঁর প্রথম কথার সঙ্গে সম্পূর্ণ একমত যে, জনসাধারণের মধ্যে নিরাপত্তাবোধ ফিরে আসছে। কিন্তু তাঁর সঙ্গে একমত হতে পারলাম না—যেখানে তিনি বললেন, পুলিস বিভাগের কর্মদক্ষতা বৃদ্ধি পেয়েছে, ফিরে এসেছে। এই পুলিস বিভাগের কর্মদক্ষতা যদি ফিরে আসতো, তা হলে আজকে চুরিডাকাতি এত বৃদ্ধি পেত না, আজকে খুনোখুনি, মারামারি আগের থেকে এত বেশী করে খবরের কাগজে দেখতে পেতাম না। যখন প্রথম এই সরকার ক্ষমতায় এলেন, তখন যে অধিবেশন হয়েছিল পুলিস খাতের ব্যয়বরাদ্দের দাবির সময় আমি বলেছিলাম, গত ৫ বছর ধরে ১৯৬৭ সাল থেকে ১৯৭২ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গে যে সন্ত্রাস সৃষ্টি হয়েছিল, এই নূতন সরকার প্রতিষ্ঠিত হবার পর সমাজবিরোধীরা, হিংসায় বিশ্বাসী রাজনৈতিক দলরা এবং পুলিস বিভাগের একটা অংশ তারা ভাবতে পারেন নি যে, পশ্চিমবাংলার জনসাধারণ এইরকম একটা ঘোর বিপ্লব এনে দেবে, একটা দলকে প্রশাসন ক্ষমতায় অধিষ্ঠিত করবে এবং যে দলের সরকার তাদের হিংসা ও সমাজবিরোধী কাজকে বন্ধ করতে দৃঢ়প্রতিজ্ঞ। সেদিন আমি বলিছিলাম, ওরা ওৎ পেতে বসে আছে; সাময়িকভাবে তারা থেমে গিছে বটে, তবে লক্ষ্য রাখছে, সরকারের কাজকর্মের প্রতি যাতে সময়মত সুযোগ পেলে আবার মাথা চাড়া দেবে। পুলিস বিভাগের কর্মদক্ষতা আদৌ বৃদ্ধি পায় নি।

মুখ্যমন্ত্রী তাঁর ভাষণের মধ্যে রেখেছেন যে, জনগণের সেবা করবার জন্য তাঁরা এসেছেন এবং পুলিস বিভাগকে সেই জনগণের সেবা করবার একটা প্রধান অংশ হিসেবে আমি মনে করি। এ ব্যাপারে আমি একমত যে, জনগণের সেবা করবার জন্য আমরা প্রতিনিধি নির্বাচিত হয়ে এসেছি। তার জন্য মুখ্যমন্ত্রী আজ শাসন ক্ষমতার দায়িত্বে আছেন। কিন্তু তাঁর যে প্রধান অঙ্গ পুলিস—তার দ্বারা যে ডেমোক্রেসির কথা বলেন যে, সোসালিজমের কথা বলেন, তাদের দৃষ্টিভঙ্গির পরিবর্তন না হলে সেই ডেমোক্রেসি ও সেই সোসালিজম আনা পশ্চিমবঙ্গে সম্ভবপর নয়। তাদের এই দৃষ্টিভঙ্গি তিনি পরিবর্তন করতে অক্ষম হয়েছেন। আমরা যারা মফঃস্বলে থাকি, আমরা জানি গরিব মানুষ, নিম্নবিত্ত মানুষ, তারা মনে করতে পারে না যে, থানার পুলিস জনগণের সেবক। হয়ত মুখ্যমন্ত্রী মনে করতে পারেন পুলিস তাদের সেবক; কিন্তু তাদের অধীনস্থ পুলিসের দারোগারা মনে করেন না যে, তারা সেবক, তারা মনে করেন, তাঁরা জনগণের প্রভু। গরিব মানুষ থানায় যেতে ভীতসন্ত্রস্ত হয়। পুলিসের হাতে পায়ে ধরে ডায়েরী লেখাতে হয়। তাদের ঘটিবাটি বিক্রি করে পুলিসকে প্রণামী দিতে হয়, তা না হলে তাঁরা ডায়েরী নেন না। কাঞ্চনমূল্য না দিলে থানার পুলিস ডায়েরী নেয় না। পুলিসের এই চরিত্র যদি না বদলায়—যা তারা উত্তরাধিকারসূত্রে ব্রিটিশ গভর্নমেন্টের কাছ থেকে পেয়েছে, তা

হলে কিছুই হবে না। আজ ২৫। ২৬ বছরেও পুলিসের দৃষ্টিভঙ্গির বদলায় নাই। যে ব্রিটিশ তাদের সৃষ্টি করেছিল, বৃটেনে সেই পুলিস বিভাগ তাদের দেশের জনসাধারণের কাছে ফ্রেন্ড

[7-10—7-20 p.m.]

অ্যান্ড গাইড। আজকে আমাদের দেশের নিম্ন মধ্যবিত্ত মানুষ, গরিব মানুষ থানার পুলিসকে, বা ঐ পুলিস বিভাগকে ফ্রেন্ড অ্যান্ড গাইড বলে মনে করতে পারছেন না। আজকে যদি সোসালিজম আনতে হয়, যদি ডেমোক্রেসি আনতে হয়, তা হলে যে জনসেবার আদর্শের কথা মুখ্যমন্ত্রী বলেছেন যে, আমরা সেবা করবার জন্য এসেছি সেই দৃষ্টি-ভঙ্গি পুলিসের মধ্যে আনতে হবে। কেবলমাত্র এই দায়িত্ব, সরকারের নয়, এই দায়িত্ব রাজনৈতিক দলের কর্মীদের, নেতাদের, সমাজসেবকদের এবং জনসাধারণের। এ'রা এক সঙ্গে যদি সরকারের সঙ্গে সহযোগিতা না করেন, তা হলে এই পরিবর্তন আনা সম্ভব নয়। আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে আবেদন করবো মুখ্যমন্ত্রীর কাছে, যেহেতু তিনি এই পুলিস বিভাগের দায়িত্বে আসীন, তাঁর মুখ্য কর্তব্য হচ্ছে, এই বিভাগে দৃষ্টিভঙ্গির পরিবর্তন আনা। পুলিসকে গরিব মানুষ কখন মনে করবে তাদের নিজের লোক? যখন পুলিসের ব্যবহার হবে ওয়েলম্যানার্ড, কোর্টিয়াস, অনেস্ট অ্যান্ড সিমপ্যাথাটিক। আজকে আমাদের দেশের শতকরা ৮০ ভাগ লোক গরিব। তারা কোন রাজনৈতিক কর্মী, সমাজ কর্মী, এম এল এ বা প্রধান শিক্ষককে তাদের সঙ্গে না নিয়ে গেলে পুলিস তাদের ডায়েরী নেয় না। কতগুলি কেস নথিভুক্ত হল সেটা বেসিস করে তাদের প্রমোসন আজও দেওয়া হয়। যেসমস্ত হায়ার পুলিস অফিসারস থানা পরিদর্শনে যান তারা কতকগুলি রিমার্ক রেখে আসেন—অনেক জায়গায় লেখা থাকে দেয়ার ইজ স্কোপ ফর ইমপ্রুভ-মেন্ট। তারপর আরও অনেক কথা লেখা থাকে ডিজ-অনেস্ট, নেগলিজিয়েন্ট। কিন্তু এর মধ্যে অনেক সৎ অনেস্ট পুলিস থাকেন তাদের পক্ষে কিন্তু অনেস্ট লেখা হয় না, সেই অফিসারের প্রমোসন হয় না। এটা আজকে বিচার্য বিষয় হওয়া উচিত—মেন ক্রাইটেরিয়ান ফর প্রমোসন হওয়া উচিত যে, সে কতটা অনেস্ট, কতটা হার্ড লেবার দিয়েছে, কতটা নিরপেক্ষভাবে গরিবদের পাশে এসে দাঁড়াতে পেরেছে এইটাই মেন ক্রাইটেরিয়ান ফর প্রমোসন হওয়া উচিত। আরও একটা জিনিস আমি সমালোচনা করতে চাই যে, তাদের কাজের কতকগুলি অসুবিধাও আছে যেগুলি না বললে আমি জনপ্রতিনিধি হিসাবে কর্তব্যচ্যুত হবো। আজকে থানায় যে কর্মচারী দেওয়া হয়েছে তার সংখ্যা প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম। বর্তমানে ২।৪ জন কর্মী আছে। তাদের মাঠে-ঘাটে ছুটতে হয়, গাড়ি চলার কোন সুযোগ নেই—হয়তো ঘুরে এসে বসলো সেই সময় কোন গরিব দুঃখী লোক এমন কি বড়লোক এসে বললো, আমি বিপদে পড়েছি, আমার ঘরে চোর এসেছিল, কিংবা আমার ঘরে ডাকাতি হয়ে গেছে আমার ডাইরী নিন, তখন তারা বিরক্ত হয়, মানুষের শরীর, ক্ষমতার একটা সীমা আছে, সে ক্লান্ত হয়ে এলেও তাকে ডায়েরী করতে হয়, বাধ্য না হলে ডায়েরী নিতে চান না। তাদের বিশ্রামের প্রয়োজন আছে, অবশ্য অন্যান্য বিভাগের যেমন বিশ্রামের সুযোগ আছে পুলিস বিভাগ এমন একটা বিভাগ যেখানে রাতদিন কাজ সেখানে পালা করে ছুটির ব্যবস্থা বা বিশ্রাম নেওয়া যায় কিনা তার ব্যবস্থা করতে হবে। অনেক জায়গায় দেখেছি যে, যেসমস্ত গরিব দুঃখী লোক বা সাধারণ লোক থানায় যায় তাদের থানায় বসবার কোন সুযোগ নাই। থানার সামনে দিয়ে ইলেকট্রিক লাইন চলে গেছে, থানায় কিন্তু ইলেকট্রিকের ব্যবস্থা নেই। একটা এক্সট্রা চেয়ার নেই একটা বেঞ্চ অফার বা চেয়ার অফার করবার কোন সুযোগ নেই। সেই একটি চেয়ার যেখানে ও সি বসে থাকেন। তারপর থানায় কাগজপত্রের খুবই অভাব ডায়েরীর খাতা ঠিকমত সাপ্লাই হয় না, নিজেরাই পয়সা দিয়ে ছাপিয়ে এনে রাখতে হয়। আসামী যারা ওর মধ্যে বড় লোক তাদের সঙ্গে সঙ্গে হয়তো জামিন করে নিয়ে যায়—কিন্তু যারা আদিবাসী, গরিব মানুষ তাদের হাজতেই থাকতে হয়, তারা হাজতে পচছে ঐ সমস্ত ক্রিমিন্যাল ট্রাইব—সেখানে দেখা যায় হাজতের সঙ্গে কোন পানীয় জলের ব্যবস্থা নেই। এবং তার সঙ্গে অ্যাটাচড ল্যাভেটরি নেই, গরিব দুঃখীদের ভয়ঙ্কর অসুবিধা বোধ করতে হয়। দারোগা-বাবু, পুলিসের ইচ্ছা থাকলেও কারোর করার কিছু উপায় নেই, সাধ্য নেই এমনই সরকারী

ব্যবস্থা, তাকে জল দেওয়া ল্যাভেটরি, পায়খানা ব্যবস্থা পর্যন্ত নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাইনে, বাড়িভাড়া পান, এস পি-র মাধ্যমে পাশ করাতে হয় ডি আই জি-র কাছ থেকে। আজকে আমি তাই মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানাবো, বাড়িভাড়া ঠিকমত পাওয়ার জন্য এই টাকা স্যাংসান যে দেওয়া হয় সেটা ডি আই জি থেকে নিয়ে গিয়ে এস পি-র হাতে দেওয়া যায় কিনা সে সম্বন্ধে একটু চিন্তা করতে বলব। এর পরে আমি পুলিস বিভাগের ইন-এফেকটিভনেস অ্যান্ড হাই হ্যান্ডেডনেস সম্বন্ধে দু-একটি কথা বলব এবং সেগুলি বিচার করে দেখবার জন্য, চিন্তা করে দেখবার জন্য, প্রয়োজন হলে এটা নেবার জন্য আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ রাখবো। আমি মেদিনীপুর জেলার লোক। মেদিনীপুর জেলার পাঁশকুড়া থানায় গত ফেব্রুয়ারি মাস থেকে কালীপদ কুলভী তার বৃদ্ধা মা-কে নিয়ে ঘরে ঢুকতে পারছে না। পুলিসের কাছে বার বার গেছি, এস পি, ডি এস পি-র কাছে গেছি, যতই অপরাধ করুক না কেন, যদি যুক্তি দিয়ে ধরেও নিই যে, অপরাধ করেছে, আজকেও পশ্চিম-বাংলায় এমনই অরাজক অবস্থা আছে, এই জন্য বলব, সে ঘরে যেতে পারছে না। গত রবিবার হোলির দিন, কেশপুর থানায় এক ভদ্রলোক ডাক্তারী করেন, পাবলিক রাস্তার ধারে তার ডাক্তার-খানা, তিনি একটি চালা করেছিলেন, সেটা নাকি পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্টের জায়গা বলে বলছেন, সেখানে সমাজবিরোধীরা বসে রাতের অন্ধকারে চুরিডাকাতি করতো, পি ডব্লিউ ডিপার্টমেন্ট বলল, এ জায়গা আপনার নয়, এখান থেকে চালা ঘর ভেঙ্গে দিন, সেই চালা ভেঙ্গে দিয়ে যখন যাচ্ছিলেন তখন সমাজবিরোধীরা তাকে তার গাড়ি সমেত ২২ ঘণ্টা আটকে রেখেছিলেন। কেশপুর থানার পুলিস খবর পেয়ে ছুটে এলেন, আশপাশে তো গাড়ি ঘোড়া নেই, পুলিস এসে তাকে মুক্ত করলেন। সেখানে ৫ জনকে অ্যারেস্ট করলেন। জেলার বিভিন্ন শহরের সমাজবিরোধীদের সমর্থক সেই সব লোক গিয়ে কেশপুর, চন্দ্রকোনায় ঘুরে বেড়াচ্ছে, পুলিস কোনরকম ব্যবস্থা করতে পারছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইভাবে সেই ডাক্তারবাবুকে হোলির দিন ২২ ঘণ্টা আটকে রেখে দিলেন। আমি দাঁতন কনস্টিটিউয়েন্সি থেকে এসেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছু লোক পি ডবলিউ ডিপার্টমেন্টের জায়গায় বাড়ি করেছিল বলে পি ডবলিউ ডিপার্ট-মেন্টের কতকগুলি লোক গিয়ে ভেঙ্গে দিল সমস্ত ঘরবাড়ি। নিশ্চয় ভাঙ্গবে। যদি না উঠে যায় সেই জন্য তাদের নোটিস দেওয়া হল না ঘর ভেঙ্গে দেওয়া হল। সিমিলার ঘটনা দেখা গেল, বেলদাবাজারে, সি পি এম-এর লোকেরা পি ডবলিউ ডি-র জয়গায় বাড়ি করে বসে আছে। পি ডবলিউ ডি-র জায়গায় বাড়ি করেছে অথচ সেখানে পুলিস যাচ্ছে না। একই পি ডবলিউ ডি-র জায়গা কেশপুরে ভেঙ্গে দেওয়া হল, আর এখানে বেলদাবাজারে ওরা বহাল তবিয়তে বসে আছে, ভাঙ্গা হচ্ছে না। এইরকম বিমাতৃসুলভ আচরণ করা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটি কথা বলে আমার বক্তব্য শেষ করবো। এই কলকাতায় আমাদের এখানকার একজন সদস্য শ্রীকানাই সরকার মহাশয়ের এলাকা, সেখানে ইরিগেসন ডিপার্টমেন্টের জায়গার প্রয়োজন বলে এস ডি ও, ইরিগেসন লিখলেন যে ইস্টার্ন ব্যাঙ্কের ওমুক জায়গায় ওমুক লোক এনক্রোচ করেছে, তার বাড়ি আমাদের ভাঙ্গতে হবে, পুলিসের সাহায্য চাই। পুলিস সাহায্য করতে গেল কখন? রাত ১২টার সময় যখন সবাই ঘুমিয়ে আছে। এমনি সময় তাদের ঘরের অংশ ভেঙ্গে চুরমার করে দিল। দুটি পোরসান ভেঙ্গে গেছে। এক অংশে আদের দরজা ছিল, সেদিকটা ভেঙ্গেছে, আর অন্য দিকটাও ভেঙ্গেছে। মামলা করতে গেলে অনেক টাকা পয়সা দরকার, ভদ্রলোক একেবারে ভেঙ্গে পড়েছে। তিনি মুখ্যমন্ত্রীর কাছে দরখাস্ত করেছেন যে, কিভাবে তার বাড়ি ভেঙ্গে দেওয়া হয়েছে, মুখ্যমন্ত্রী হয়ত এটা জানেন। তিনি একজন সরকারী কর্মী। কিন্তু আশ্চর্যের কথা মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইস্টার্ন ব্যাঙ্কের প্রয়োজন হল লিখলেন এস ডি ও, ইরিগেসন, আর ভেঙ্গে দেওয়া হল ওয়েস্টার্ন ব্যাঙ্ক। তার কোন প্রতিকার পায় নি। কোথাও দেখছি ইন-এফেকটিভনেস, কোথাও দেখছি হাই হ্যান্ডেডনেস, সেইজন্য আমি এই জিনিসগুলি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর নজরে আনতে চাই এর প্রতিকারের জন্য এবং প্রতিকার যাতে করতে পারেন সেই জন্য আমি এই সমস্ত সাজেসানস রাখলাম। মুখ্যমন্ত্রী যদি সেবার আদর্শ নিয়ে এই প্রশাসনকে চালাতে চান এবং গুরুত্ব দিয়ে যদি প্রয়োজন বোধ করেন, তা হলে আমি জানি সেই উদ্দেশ্য সিদ্ধ হবে, প্রশাসনের দৃষ্টিভঙ্গি ফিরে আসবে, দুর্নীতিগুলি দূর করতে সক্ষম হবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[7-20—7-30 p.m.]

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় পুলিস খাতের যে ব্যয়বরাদ্দের দাবি উপস্থিত করেছেন তাকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে রাজনৈতিক দলের মানুষ আমরা সেই রাজনৈতিক দল মহান গান্ধীর আদর্শ ও চিন্তাধারায় বিশ্বাসী। কিছু উদভ্রান্ত নকশাল যারা সি পি এম এবং অন্যান্য বামপন্থী রাজনীতিতে বিশ্বাস করে হননের পথ গ্রহণ করেছিলেন, তাদের সম্পর্কে আমাদের মুখ্যমন্ত্রী যথেষ্ট বিচার-বিবেচনা করে বেশ কয়েকটি সিদ্ধান্ত নিয়েছিলেন যাতে এই উদভ্রান্ত নকশালরা আবার তাদের মর্যাদায় প্রতিষ্ঠিত হতে পারে। কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যখন পুলিস বাজেট নিয়ে আলোচনা চলছে তখন পশ্চিমবঙ্গের বিভিন্ন কারাগারে কয়েক হাজার নকশাল বন্দী যাদের মধ্যে যুবক, তরুণ এবং ছাত্রের সংখ্যাই বেশী, তারা জেলে পচছে। স্বাধীনতার রজত জয়ন্তী বর্ষে এটা নিশ্চয় আশা করবো, আমাদের মুখ্যমন্ত্রীর কাছে যে, এই নকশালপন্থী, যারা বিপথে চালিত হয়েছিল, বিভ্রান্ত হয়েছিল, যারা দীনদরিদ্র পরিবারের সন্তান, যাদের মধ্যে ইঞ্জিনীয়ার, স্কুল শিক্ষক, বিশ্ববিদ্যালয় এবং কলেজের ছাত্ররা আছেন তাদের সম্পর্কে তিনি বিচার-বিবেচনা করবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা সেই রাজনৈতিক দলের লোক যে রাজনৈতিক দলের জনক মহাত্মা গান্ধী গুলি খাবার পরও বলতে পেরেছিলেন, "হে রাম", গুলি খাবার পরও তিনি হত্যাকারীকে ক্ষমা করতে পেরেছিলেন। যা দেখে আলবার্ট আইনস্টাইন বলেছিলেন, 'পৃথিবীর ইতিহাসে যীশু খৃস্টের পর আর একটি মানুষকে পৃথিবীর মাটিতে চলতে দেখলাম, তাঁর নাম গান্ধী, যিনি যীশু খৃস্টের মতই হয়ত বলতে পারতেন, টু বি ক্রুশিফায়েড এগেন।' স্যার, যাঁরা অহিংসা মন্ত্রে বিশ্বাসী, যাঁরা মহান গান্ধীর আদর্শে বিশ্বাসী তাঁদের আজকে চিন্তা করতে হবে—মাননীয় মুখ্যমন্ত্রীকে চিন্তা করতে বলব এই কথা যে, ঐ কয়েক হাজার নকশালপন্থীকে জেল থেকে মুক্ত করে তাদের মানসিক শুদ্ধি ঘটিয়ে তাদের ঠিক পথে আনার দায়িত্ব আজকে এই সরকারের উপর বর্তেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রীকে বলব যে, এক দিকে এই কয়েক হাজার যুবক, ছাত্র জেলে পচছে, আর অন্য দিকে দেখছি হাইকোর্টের প্রাক্তন প্রধান বিচারপতি শ্রীসুরজিত লাহিড়ীর জামাতা স্বীপাঞ্জন সেন যিনি মার্ডার কেসের অভিযোগে অভিযুক্ত তিনি রেহাই পেলেন। যেহেতু তিনি হাইকোর্টের প্রাক্তন প্রধান বিচারপতির জামাতা সেই হেতু তার বিরুদ্ধে মার্ডার কেসের অভিযোগ থাকলেও তাকে বিলেত পাঠান হল। আর একটি ঘটনার কথা বলি। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের হত্যাকাণ্ডের ব্যাপারে যার নাম যুক্ত হয়েছিল তিনি হচ্ছেন রানা বসু, পশ্চিমবঙ্গ স্টেট স্ট্যাটিসটিক্যাল ব্যুরোর ডিরেকটার চামেলী বসুর পুত্র। তাকেও রেহাই দিয়ে বিলেত পাঠান হল। আজকে এক দিকে হাজার হাজার মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত, দরিদ্র ঘরের সন্তানরা জেলে পচবেন আর এক দিকে এরা বিলেত যাবেন যেহেতু খুঁটির জোর আছে, যেহেতু বড় বড় আমলারা এদের সমর্থন করেন এ জিনিস মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, চলতে পারে না, এ দিকে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মহাভারতের শান্তিপর্বে আছে যে, যখন কোন সালংকারা যুবতী রাত্রিবেলায় কোন বৃক্ষতলে বিশ্রাম করে নিরুপদ্রবে পরের দিন পথচলা শুরু করবেন তখন মনে করা হবে শান্তিশৃঙ্খলা অক্ষুণ্ণ আছে। স্যার, এমন আমরা পশ্চিমবঙ্গে আশা করি না। কিন্তু আমরা দেখেছি, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর নেতৃত্বে পশ্চিমবঙ্গে আইনশৃঙ্খলা প্রতিষ্ঠিত করার চেষ্টা সর্বপ্রথম করা হয়েছে এবং আইনশৃঙ্খলার অবস্থার পরিবর্তন ঘটিয়ে মানুষের মনে আস্থার ভাব ফিরিয়ে আনা হয়েছে। কিন্তু স্যার, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী যে জোর কদমে এগিয়ে চলেছেন, মানুষের প্রতি যে রকম অসীম দরদ ও ভালবাসার মনোভাব গ্রহণ করেছেন তাঁর দপ্তরের উচ্চপদস্থ কর্মচারীরা কিন্তু তাঁর সঙ্গে সমান তালে তো নয়, তাঁকে সামান্যতমও অনুসরণ করতে পারছেন না। সেই হৃদয়হীন, অমানবিক পুলিস দপ্তর—এখনও গরিব, সর্বহারা মানুষের জন্য পুলিস নয়, এখনও পর্যন্ত এই পুলিস ধনিক শ্রেণীকে তোষণ করে চলেছে।

আমি আজকে বলি, আজকে এই ব্যয়বরাদ্দের দাবিতে আমাদের বহু সদস্য এবং আমরা পরম শ্রদ্ধেয় মাননীয় মুখ্যমন্ত্রীর দিকে তাকিয়ে অনেক কথা হয়ত বলি নি, অনেক কথা বলার ছিল। যাঁরা উচ্চ আমলাকুল আছেন, তাঁরা জেনে রাখুন, আপনাদের প্রতি ভালবাসা তাদের নেই। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর বক্তব্যে স্বীকার করেছেন, পুলিস হবে মেহনতী মানুষের বন্ধু, পুলিস হবে জনগণের বন্ধু, পুলিস হবে শোষিত মানুষের সহযোগী এবং সহকারী বন্ধু। যারা আমলাকুল আছেন তারা মাননীয় মুখ্যমন্ত্রীর বক্তব্য থেকে শিক্ষা গ্রহণ করুন। কেন না আসলে এই পশ্চিমবঙ্গের মালিক হচ্ছে এই পশ্চিমবঙ্গের জনগণ। এই পশ্চিমবঙ্গের মালিক এবং তার পরিচালনায় যে বিধানসভা সেই বিধানসভায় দাঁড়িয়ে দলের নেতা যে নীতি ঘোষণা করলেন, যে মনোভাবের কথা আজকে বললেন, সমস্ত পশ্চিমবাংলার মানুষ আগামী কাল দু'হাত তুলে আশীর্বাদ করবেন। তাঁর নীতিকে ব্যর্থ করবার জন্য আপনারা চক্রান্ত করবেন না, কোন জাল বিস্তার করবেন না। যদি করে থাকেন, আপনারা জেনে রাখুন, আপনারা শুধু বেতনভুক কর্মচারী মাত্র। আপনারা পশ্চিমবঙ্গের জনগণের বন্ধু নয় এবং ব্রিটিশ সাম্রাজ্যবাদের পথে যেসমস্ত আমলারা চলেছেন তাদের জেনে রাখা উচিত যে, ইন্দিরা গান্ধীর নেতৃত্বে সিদ্ধার্থশঙ্কর রায়ের নেতৃত্বে যে মন্ত্রিসভা চলছে সেই মন্ত্রিসভা শ্রমিক, কৃষক শোষিত মানুষের জন্য এগিয়ে আসবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একথা বলছি না যে, স্বরাষ্ট্র দপ্তরে, পুলিস দপ্তরে সং কর্মচারী নেই। বিশ্ববিদ্যালয় থেকে এম এস-সি পাশ করে বেরিয়েছেন, উচ্চশিক্ষায় শিক্ষিত হয়েছেন, তারপর দেশকে ভালবাসেন, দেশের মাটিকে ভালবাসেন এইরকম অনেক অফিসার আছেন আমরা জানি। কিন্তু কার্যক্ষেত্রে দেখা যায়, সেই সমস্ত সং অফিসারদের বিরুদ্ধে চক্রান্ত করে বিপদে ফেলার জন্য ঐ পুরানো লোক যাঁরা আছেন দীর্ঘদিন থেকে, তাঁরা নানা রকম চক্রান্ত করছেন, এটা হওয়া উচিত নয়। পরিশেষে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে একটা নিবেদন করবো, যাঁরা সাধারণ পুলিস কর্মচারী, যাঁরা নিচের স্তরে আছেন, যাঁরা হাবিলদার, যাঁরা সিপাই, যাঁরা দারোগা তাঁদের মানুষ বলে গণ্য করে না বড় বড় আমলাকুল পুলিস দপ্তরে একটা র‍্যাঙ্ক বেশী হলে তার নিচের র‍্যাঙ্ককে ভৃত্য বলে মনে করেন এটা কোন সভ্য দেশে নেই। তাই উঁচু এবং নীচু এই ফারাক মিটিয়ে দিয়ে পুলিস বিভাগের প্রশাসনের মধ্যে একটা সমন্বয় এনে এই বিভাগকে যাতে সত্যিকারের জনদরদী প্রতিষ্ঠানে পরিণত করা যায় তার চেষ্টা করার জন্য অনুরোধ করে আমার বক্তব্য শেষ করছি এবং তাঁর ব্যয়বরাদ্দের দাবিকে আন্তরিকভাবে সমর্থন করছি। বন্দে মাতরম্।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী পুলিসী ব্যয়বরাদ্দের জন্য যে, ৪০ কোটি ৫৮ লক্ষ ৯৯ হাজার টাকা মঞ্জুরীর প্রস্তাব করেছেন তাকে সর্বান্তঃকরণে সমর্থন করি। সমর্থন করি এই কারণে স্যার, এখানে অনেক রকম আলোচনা হয়েছে অতীত এবং বর্তমান নিয়ে। আলোচনা হয়েছে অতীতের নৈরাজ্য এবং বর্তমানের পুলিসের কাজের ত্রুটিবিচ্যুতির কথা। কাজেই আমি সেইরকম ঘটনার আর পুনরাবৃত্তি না করে আমি শুধু একটি কথা আর এস পি বন্ধুদের স্মরণ করিয়ে দিতে চাই যে, আপনাদের রাজত্বের আমলে আজকে যেসমস্ত কথাবার্তা বললেন, একবার অতীতের দিনগুলির দিকে তাকিয়ে দেখলে আপনাদের নিশ্চয়ই মনে পড়া উচিত। আমাদের শ্রদ্ধেয় প্রাক্তন মুখ্যমন্ত্রী অজয়কুমার মুখোপাধ্যায় অনেক কথা বলেছেন। আমি তখন এই পশ্চিমবাংলার বিধান পরিষদের সদস্য ছিলাম। আমি অতীতেও বলেছিলাম এবং বর্তমানেও বলছি, আপনাদের রাজত্বের আমলে এমন একটি দিনও ছিল না যেদিনে কোন না কোন অঘটন ঘটে নি। আমি অতীতেও বলেছি, আবার আজকে বলছি যে, এমন একটি দিন ছিল না যেদিনে কোন না কোন অঘটন ঘটে নি। কাজেই আজকে কেন আপনারা আমাদের এইসব কটূক্তি করেন। নিজেদের দোষগুণগুলি আগে স্বীকার করে নিন, তারপর আমাদের বিরুদ্ধে বলবেন। এই কথা বলে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে সেই সময়ের আর একটি ঘটনার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। এই ২৪-পরগনা জেলার পাথরপ্রতিমা থানার মধুসূদনপুর গ্রামে আমরা তদন্ত করতে গিয়েছিলাম। সেখানে তদানীন্তন সময়কার মুখ্যমন্ত্রী অজয়কুমার মুখার্জী মহাশয়ও ছিলেন। ঐ মধুসূদনপুর গ্রামে একই দিনে এস ইউ সি-র নেতৃত্বে ৬টি লোককে হত্যা করা হল এবং এস ইউ সি-র তদানীন্তন সময়ের এম এল এ রবীন মণ্ডল মহাশয় ঐ কেস-এ জড়িত ছিলেন এবং তার নামে ওয়ারেন্ট অব অ্যারেস্ট ছিল। কিন্তু

[7-30—7-40 p.m.]

আজও আমি সেই কথা বুঝতে পারছি না যে লোক একদিন তার নেতৃত্বে কয়েক হাজার লো নিয়ে গিয়ে ঐ মধুসূদনপুর গ্রামকে ঘিরে, ছয়টি তাজা জ্যান্ত মানুষকে হত্যা করলো, আজকে সে মকর্দমার কি হল? রবীন মন্ডল মহাশয় আজকে কেন অ্যারেস্ট হয় না? তার বিরুদ্ধে কে আজকে ৩০২ ধারার মকর্দমা করা হবে না, মুখ্যমন্ত্রী আশা করি তা জানাবেন। আমি এখা দাঁড়িয়ে আর এস পি বন্ধুদের একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই, আপনারা বললেন যে, বহরম পুর এবং ক্যানিং-এ ১৪৪ ধারা জারি করে গণতান্ত্রিক অধিকার হরণ করা হয়েছে। আমার মনে আছে, আমি মুর্শিদাবাদ জেলার লোক, আপনারা যেভাবে সেখানে মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করার ব্যবস্থা করেছিলেন সেদিন বহরমপুরের এমন কতকগুলো নীতিই, দেশ দরদী মানুষ মনে করেছিল যে, আপনারা যদি ওখানে আসেন, তা হলে সেদিন আপনারা ওখানে যে আচার-আচরণ দেখিয়েছিলেন, লাঠি, তীর, ধনুক নিয়ে যেভাবে আসার চেষ্টা করেছিলেন তাতে হয়তো একটা অশান্তি হত। তাই সেদিন আপনাদের মানসম্মান এবং মর্যাদা রক্ষার জন্য বোধ হয় প্রশাসন বিভাগ ১৪৪ ধারা জারী করেছিল। এই কথা ঠিক কিনা আপনারা বলুন? তিমিরবাবু, আপনারা কি জানেন না এই বিষয়ে? আপনাদের এতটুকু অসত্য কথা আজকে বলছি না। কারণ আমি অসত্য কথা বলতে শিখি নি। আমি তাঁকে আর একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই, আজকের দিনে কেন আমরা পুলিসের ব্যয়বরাদ্দকে সমর্থন করছি। ১৯৪৭ সাল থেকে আরম্ভ করে ১৯৭২ সালের নির্বাচনের আগে পর্যন্ত ঘুরিয়ে ফিরিয়ে নানারকম উপায়ে এই দেশে কি শ্রমিকের ক্ষেত্রে, কি অন্যান্য ক্ষেত্রে সাম্প্রদায়িক বঞ্ঝাট বাঁধিয়ে দেওয়া হত নিজেদের রাজনৈতিক উদ্দেশ্যকে চরিতার্থ করবার জন্য। আজকে ১৯৭২ সাল থেকে চোখের সামনে দেখুন, কি শিল্পে, কি শ্রমের ক্ষেত্রে, কি গ্রামে গঞ্জে, কোথাও আজকে কি সাম্প্রদায়িকতার হুজুগের লক্ষণ দেখতে পাচ্ছেন? কাজেই আপনারা তো লিকিউডেশন-এ গেছেন, এবং লিকুইডেশন-এ যাবার মত অবস্থা আপনাদের হয়ে গেছে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ২।৪টি কথা মুখ্যমন্ত্রীর কাছে রাখতে চাই। আমাদের দেশে যেসমস্ত সি আর পি আছে এবং বি এস এফ আছে, যদিও বি এস এফ-এর কথা এখানে অপ্রাসঙ্গিক। এই সি আর পি আমাদের দেশে প্রায় ৮ ডিভিসন মত আছে এই সি আর পি-দের পেছনে আমরা ব্যয় বহন না করে, যদি পশ্চিমবাংলার ছেলেদের মধ্যে থেকে বাছাই করে নিয়ে পশ্চিমবাংলার জন্য রিজার্ভ পুলিস তৈরি করি, তা হলে নিশ্চয়ই আমাদের উপকার হবে। সি আর পি-র পেছনে এই টাকা ব্যয় করার কোন যুক্তি আছে বলে আমি মনে করি না। মুখ্যমন্ত্রীকে অনুরোধ করবো, তিনি যেন এটা একটু ভেবে দেখেন। আর একটা অনুরোধ—বি এস এফ-এর অত্যাচারে আমরা জর্জরিত। যখনই এই বিষয়ে বলতে যাই, তখনই তারা বলে আমরা তো পশ্চিমবঙ্গের আন্ডারে নয়, আমরা সেন্ট্রাল গভর্নমেন্টের আন্ডারে, এই বলে মানুষের উপর অত্যাচার করে। পলাসপুর গ্রামে আমাদের সামনে বি এস এফ পুলিস বাড়ির মধ্যে ঢুকে মেয়েদের উপর পাশবিক অত্যাচার করলো। এর প্রতিকার হওয়ার প্রয়োজন। মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করবো যে, বি এস এফ পুলিস আজকে বর্ডারের জন্য যে ক্ষমতা দেওয়া হচ্ছে তা লঙ্ঘন করছে, কোন কোন সময়ে এরা ক্ষমতার অপব্যবহার করছে। আজকে এই অত্যাচার কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করে বন্ধ করার চেষ্টা করবেন বলে আমি বিশ্বাস করি। পুলিসের অতীত দিনের যে শাসন ব্যবস্থা, অতীত দিনের যে পুলিস সিস্টেম এটার পরিবর্তন হওয়ার দরকার। আজকে আমাদের দেশে তরুণ, শিক্ষিত ছেলেরা আছে, সেই সমস্ত ছেলেদের পুলিস অ্যাডমিনিস্ট্রেশন-এর মধ্যে নিয়ে যাবার দরকার আছে। অতীত দিনে পুলিসের থানা বিভাগ হয়েছিল, আজকে আড়াই কোটি লোকের জায়গায় ৪ কোটি ৫৪ লক্ষ লোক হয়েছে। সুতরাং থানার সীমা পুনর্বিন্যাস হবার দরকার আছে। নূতন থানার আজকে খোলার দরকার আছে। আজকে ক্রাইম কতরকমভাবে বেড়ে গেছে, সব জায়গায় পুলিস দরকার হয়। এমনকি জ্যোতিবাবুকে রক্ষা করতে হবে তাতে পুলিস। অতএব আজকে সেদিকে বিচার বিবেচনা করে থানার যে সীমা সেটার পুনর্বিন্যাস হবার দরকার আছে।

দুই-একদিন আগে আমার একটা কোশ্চেন ছিল এই পয়েন্টের উপর, কিন্তু যে কোন কারণে সেটা না করে দেওয়া হয়েছে। মাননীয় মন্ত্রীর কাছে আর একটা অনুরোধ বা সাজেশন রাখব। সেটা হচ্ছে চৌকিদারী বা দফাদারী সম্বন্ধে। পঞ্চায়েত শাসন ব্যবস্থায় একটা পিয়ন হলেই চলে। সুতরাং ঐসব চৌকিদার, দফাদারদের পঞ্চায়েতের আন্ডারে না রেখে তাদের পুলিস অ্যাড-মিনিস্ট্রেশনের ভিতর আইনডেনটিফাই করে নিতে হবে এবং ডাবলু বি এন ভি এফ-দের ক্ষেত্রেও এই কাজ করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে অনুরোধ করতে চাই যে, আজকে থানার এবং পুলিসের সম্বন্ধে অনেক অভিযোগ। কিন্তু আজকে তাদের যে অসুবিধাগুলি আছে, সেগুলিও দূর করতে হবে। যেমন তাদের আজকে ঘটনাস্থলে যাতায়াত বা যোগাযোগ ব্যবস্থার এবং তাদের থাকার ব্যবস্থার যে অসুবিধা রয়েছে সেগুলি দূর করতে হবে এবং এই বিষয়ে সুব্যবস্থার দরকার। আজকে থানায় টেলিফোন থাকার দরকার, থানায় গাড়ি থাকা দরকার, ওয়ারলেস ভ্যান থাকা দরকার, যেখানে ভাল রাস্তা আছে। কারণ গাড়ি না থাকার ফলে আজকে গ্রামে পুলিসের পক্ষে সাইকেল নিয়ে ১০ মাইল রাস্তা ছুটে গিয়ে ক্রাইমকে অ্যাটেন্ড করা সম্ভব নয়, যেখানে চুরি-ডাকাতি লেগে আছে। আজকে এইসব ব্যবস্থার উন্নতি হওয়া দরকার। আর একটা বিষয়ে আপনার মাধ্যমে অনুরোধ করতে চাই যে, পুলিসের কাছে যদি ডাকাতির কেস দেওয়া যায়, তা হলে তারা চুরির কেস বলে লিখে রাখে, আর চুরির কেস দিতে গেলে একটা ডাইরী লিখে রাখে আর বলে কোর্টে চলে যেতে। এই জন্য একটা সুষ্ঠু ব্যবস্থা থাকা দরকার। ১১৬তে স্টেটমেন্ট লিখে রাখে সেই একই বাঁধা কথা এবং ঐ একটা এফ আই আর লিখে রেখেই শেষ হয়ে গেল। অথচ আমরা তার কোন কপি পেলাম না, তাই সেখানে কেসের একটা কপি পার্টিকে দিতে হবে। আর একটা কথা মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের দেশে মেয়ে পুলিস সরকার রিক্রুট করেছিলেন। আজকে আমাদের দেশে শতকরা ৫০ ভাগ মেয়ে, সুতরাং মেয়েদের মধ্যে থেকে পুলিস রিক্রুটমেন্ট, তাদের প্রমোশন এবং অন্যান্য সুযোগ-সুবিধার দাবি আমি মুখ্যমন্ত্রীর কাছে রাখছি। কারণ আজকে পুলিসে মেয়েদের সংখ্যা বৃদ্ধি করা হবে না, এবং তারা কোন প্রমোশন পাচ্ছেন না। তাই আজকে তাদের এমিনিটিস এবং ফেসিলিটিস-এর জন্য মুখ্যমন্ত্রীর কাছে দাবি জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ্।

শ্রীবলাইলাল সেঠঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রীর দ্বারা আনিত আজকে পুলিস খাতে ব্যয়বরাদ্দের দাবিকে আমি সমর্থন জানাচ্ছি। আজকে এই ব্যয়বরাদ্দকে কেন্দ্র করে মুখ্য-মন্ত্রী বললেন, আজকে ব্যয়বরাদ্দ পেশ করবার সময় তাঁর বক্তৃতায় তিনি অনেক পরিবর্তনের কথা বলেছেন। এই ব্যয়বরাদ্দে আমি দেখলাম মুখ্যমন্ত্রী দুর্বল শ্রেণীকে রক্ষা করবার জন্য পুলিসের প্রযোজন আছে বলেছেন। কিন্তু আজকে এক বছর হয়ে গেল এবং আজকে ব্যয়বরাদ্দ পেশ করা হচ্ছে, কিন্তু দুর্বল শ্রেণীকে রক্ষা করার ব্যাপারে সকল সদস্যই ক্ষোভ প্রকাশ করেছেন। তা হলে এটা প্রমাণ হয়ে গিয়েছে যে, অনেক ক্ষেত্রেই দরিদ্র শ্রেণীকে রক্ষা করা হচ্ছে না। আমি শুধু সমালোচনা করেই শেষ করতে চাই না। আমরা জানি কতগুলি জিনিস আছে যার জন্য খরচ খুব বেশী পড়ে না। কিন্তু এইগুলির দিকে দৃষ্টি দেওয়া হচ্ছে না। আমরা জানি, পুলিসকে এমন পোশাক দেওয়া হয় যে, সেগুলি এমনই কিম্ভুত কদাকার যে তাদের পুলিস বলেই মনে হয় না। মনে হয় একটা জোকার। যার কোমর ৩৪, তার পোশাক থাকে ৩৬। আবার যার কোমর ৩৬, তার পোশাক থাকে ৩৪, এইরকম অবস্থা। অথচ এর জন্য কোন খরচ বেশী পড়ে না, যদি দর্জীর কাছে মাপ দিয়ে এই পোশাকগুলি করা হয়। এর জন্য অতিরিক্ত খরচ হবে না। তারপর

[7-40—7-50 p.m.]

যানবাহনের বিষয়ে দেখছি, অনেক ক্ষেত্রে পুলিস এর জন্য ভাড়া করে এবং তার ফলে অনেক টাকারও তছরূপ হয়। অনেক থানায় জীপ নেই। অথচ দেখা যায় থানা থেকে জীপ ভাড়া বাবত মাসে হাজার টাকার মতন খরচ হয়। কিন্তু এইভাবে না করে জীপ কিনলে অনেক টাকা বেঁচে যায়। পুলিস অফিসারদের বিরুদ্ধে আমার একটা অভিযোগ আছে। কে না জানে পশ্চিমবঙ্গের নামকরা একজন শান্তিপ্রিয় লোক হচ্ছে রাম চ্যাটার্জি, তিনি ২ লক্ষ টাকার বিগ্রহ চুরি করার অপরাধে দণ্ডিত ছিলেন, ১০টা কেসের আসামী ছিলেন; স্থানীয় যুবকরা যখন তাকে ধরে

হাসপাতালে গিয়ে তার মৃত্যু হয়। সেই শান্তিপ্রিয় লোককে যাতে না ছাড়া হয় তার জন্য হুগলি জেলার ডি এস পি ঘুস নিয়ে তাদের হয়ে মদৎ দিয়েছেন। তারকেশ্বর থানার ও সি-ও এটিকে ও সি-দের একটা কথা হচ্ছে এই সরকার কি করবে—বড়জোর ট্রান্সফার বা বেশী কিছু করবে, প্রমোশন দেবে। কিন্তু এই সরকারের কাছে অনুরোধ করব, যদি এদের শাস্তি দেন, তা হলে এই যে ব্যয়বরাদ্দ এর দ্বিগুণ করলে তাকে আমরা সমর্থন করব।

শ্রীপ্রদীপ পালিত : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী মহাশয় যে ৪০ কোটি টাকা পুলিস খাতে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন করছি। পশ্চিমবাংলার বুকে বর্তমানে শান্তিশৃঙ্খলা ফিরে এসেছে এবং এর জন্য সাধারণ মানুষের সঙ্গে পুলিসও দাবি করতে পারে তার কৃতিত্ব। আজ শান্তিপূর্ণভাবে যে শাসনব্যবস্থা চলছে তাতে পুলিস মোটামুটিভাবে সমস্ত জায়গায় বিশেষভাবে নজর রেখে কাজ করে যাচ্ছেন। পুলিস খাতে আলোচনা করতে গিয়ে প্রায় সব সদস্যই কিছু না কিছু পুলিসের বিরুদ্ধে তাঁদের বক্তব্য রেখেছেন ১৯৭২ সালের নির্বাচনের পর হঠাৎ জ্যোতিবাবু চলে যাবার পর সব জায়গা শান্ত হয়ে যাবে এ জিনিস কেউ কল্পনা করতে পারি না। আজও বিভিন্ন জায়গায় কিছু কিছু গোলমাল হচ্ছে এবং সে জিনিসের আজ পরিবর্তনের দাবি এসেছে। এই মন্ত্রিসভা সম্পূর্ণভাবে জনগণের অধিকার ও চিন্তাধারা প্রতিষ্ঠা করতে গিয়ে যেভাবে পুলিসকে কাজে লাগাচ্ছেন তাতে বিভিন্ন জায়গায় কিছু কিছু পরিবর্তনের প্রয়োজন, এই পরিবর্তন করতে গিয়ে পুলিসের মধ্যে দুর্নীতি বন্ধ হলে তাদের বিরুদ্ধে আর কিছু বক্তব্য থাকবে না। বিভিন্ন জায়গায় যে দুর্নীতি চলছে সেটা বড় বড় অফিসারদের ক্ষেত্রে হয়ত নেই। কিন্তু নীচুর তলায় বিভিন্ন থানা সম্বন্ধে কিছু কিছু অভিযোগ প্রত্যেকেরই আছে এবং এ বিষয়ে আমি একটা গুরুত্বপূর্ণ জিনিস প্লেস করছি। আমার থানায় একজন এস আই আমায় একদিন এসে বললেন, আমার ভায়ের স্কুলের চাকরির জন্য আবদুস সাত্তার কিংবা মুর্শিদাবাদের বিধানসভার সদস্য আবদুল বারি বিশ্বাসকে একটা চিঠি লিখে দেবার জন্য। চিঠি লিখে দেবার সময় জিজ্ঞাসা করলাম, কি খবর, থানার কি অবস্থা? তিনি বললেন, আপনি দুর্নীতির বিরুদ্ধে লড়াই করছেন, কিন্তু আপনাকে একটা কথা বলে রাখি, পুলিসের মধ্যে কতগুলি নিয়ম আছে। ধরুন, আপনি থানার ও সি-কে ট্রান্সফার করালেন কাজ করছে না বলে, কিন্তু পুলিসের মধ্যে কনস্টেবল থেকে শুরু করে দারোগা পর্যন্ত একটা নিয়ম আছে যখন কেউ ট্রান্সফার হয়ে যায় এবং সেখানে নূতন যিনি এলেন তাঁকে যাবার সময় বলে দিয়ে যান অমুক জায়গা থেকে চাল বাবত এত পয়সা আসে, মদ এবং জুয়ার ব্যাপারে অমুক জায়গা থেকে এত টাকা আসে, গুণ্ডামী করবার জন্য, ডাকাতি করবার জন্য, ওয়াগন ভাঙ্গবার জন্য অমুক জায়গা থেকে এত টাকা আসে। অর্থাৎ দেখা যাচ্ছে যিনি ট্রান্সফার হবেন তিনি যাবার সময় বুঝিয়ে দিয়ে যান কোথা থেকে কি আসে। দুর্নীতির এই যে একটা চেইন রয়েছে এটা আমরা দেখতে পাচ্ছি এবং বিধানসভায় বিভিন্ন সদস্যদের বক্তব্যের মধ্য দিয়ে এই জিনিস সম্পূর্ণভাবে প্রমাণিত হয়েছে। যা হোক, আমি পুলিস খাতের ব্যয়বরাদ্দকে সমর্থন করে পুলিসের মধ্যে যে দুর্নীতি রয়েছে তাকে দমন করবার জন্য মন্ত্রিমহাশয় যেন ব্যবস্থা অবলম্বন করেন এই অনুরোধ রাখছি। জয় হিন্দ্।

শ্রীঅনন্তকুমার ভারতী : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে মুখ্যমন্ত্রী পুলিস খাতে ৪০ কোটি ৯৮ লক্ষ ৯৯ হাজার টাকার যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি। আজকে তিমিরবাবু কয়েকটি কথা বলেছেন অন্য সময় হলে তার জবাব দেবার প্রয়োজন মনে করতাম না। আজকে যেখানে এক বছর হল বিভীষিকার রাজত্ব থেকে পশ্চিমবাংলার মানুষ স্বস্তির নিঃশ্বাস ফেলেছে সেখানে তিমিরবাবু এমন কতগুলি কথা বললেন, এমন কতগুলি ভাষা উচ্চারণ করলেন যেটা তাঁর পক্ষেই করা সম্ভব। আজকে হয়ত তিনি সমস্ত জিনিস ভুলে গেছেন, তাই জ্যোতিবাবুর প্রেমে এমনই ডগমগ যে, আঘাত তব পরশ মম এটাই মনে করছেন। ১৯৬৭ সালে সি পি এম যখন বিভীষিকার রাজত্ব শুরু করেছিল তখন আলিপুরদুয়ারে প্রথম বলি হয়েছিল আর এস পি-র সদস্য। আমি যে কেন্দ্র থেকে নির্বাচিত হয়ে এসেছি সেই দক্ষিণদাড়ির কথা মনে পড়ে। শুধু মানুষ খুন করে ক্ষান্ত হয় নি, কি নৃশংসভাবে মানুষকে হত্যা করেছে সেটা আমি চোখে দেখেছি। যে জিনিস ঘটেছে সেটা পশ্চিমবাংলায় কেন, কোন সভ্য সমাজে সম্ভব হত না।

আপনারা একবার কল্পনা করুন মানুষের মাথায় পেরেক ঠুকেছে। সেই মন্ত্রিসভার অংশীদার হয়ে আজকে তিনি যেকথা বললন তাঁর সেই কথা শুনে শুধু পশ্চিমবাংলার মানুষ নয়, সারা বিশ্বের মানুষ তাঁকে ধীক্কার জানাবে সেকথা এই বাজেট সমর্থন করতে গিয়ে আমার বারবার মনে হচ্ছে। যতক্ষণ পর্যন্ত বিধানসভার সদস্য হয়ে আসি নি ততক্ষণ পর্যন্ত এই ডি আই আর, পি ডি অ্যাক্ট, পি ভি এ অ্যাক্ট বা মিসা সম্বন্ধে ধারণা ছিল যদি কোন কারণে শাসকদলের সঙ্গে কারুর বনিবনা না হয় বা শাসকদলের কাউকে অপছন্দ হয়, তা হলে তাকে জব্দ করবার জন্য এবং নিজেদের শক্তি প্রয়োগ করবার জন্য এই আইনগুলি তাঁরা ব্যবহার করেন। কিন্তু গত বছর এই বিধানসভায় রাষ্ট্রমন্ত্রী মিসা আইনের মডিফিকেসন বিল পাশ করাবার সময় যে কথা বললেন তাতে আমরা আশ্বস্ত হয়েছিলাম এবং দেখলাম কিছু পরিবর্তন হয়েছে এবং শুধু তাই নয়, আমরা যেকথা সাধারণ মানুষের কাছে করব বলে বলেছি, সেটা করা খানিকটা সম্ভবপর হবে।

[7-50—8-00 p.m.]

আজকে অত্যন্ত দুঃখের সঙ্গে এই কথা জানাচ্ছি, আমরা দেখেছি যে, মিসা আইনের মডি-ফিকেশনের কথা বলা হয়েছিল। কিন্তু যে সমস্ত মিসা কেস করা হয় তা পুরোপুরি পালন করা হয় না। আপনাকে আমি অনুরোধ করবো, আপনি যদি দেখেন, তা হলে দেখবেন যে, শতকরা আশিটার মধ্যে এক নং, দু নং, তিন নং করে যে কেস দেওয়া হয়, সেই কেসগুলোর সঙ্গে আসামীদের সম্বন্ধ তো দূরের কথা, তার তিন পুরুষের সঙ্গে কোন সম্পর্ক নেই। অমুক জায়গায় বোমা মারা হয়েছে, অমুক জায়গায় আগুন দেওয়া হয়েছে, অমুক জায়গায় রিভলবার ঠেকিয়েছে, এইরকম প্রায় অদ্ভুত কেস করা হয়। কিন্তু প্রভিডেন্ট ফান্ডের টাকা বাকি পড়েছে বা যারা স্টেট ইন্সুয়েন্সের টাকা দেয় নি, তাদের বিরুদ্ধে মিসা প্রয়োগ হয় না, তাই আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীকে জনাবো যে, মানুষকে যে প্রতিশ্রুতি দেবেন, সেটা যেন পালন করার চেষ্টা করেন। পশ্চিমবঙ্গের মানুষ অনেক আশা নিয়ে, অনেক ভরসা নিয়ে আমাদের এখানে পাঠিয়েছে। আজকে যদি সেই আশা-ভরসাকে আমরা বাস্তবে রূপ না দিতে পারি, তা হলে আমরাও মরবো এবং পশ্চিমবাংলার মানুষও মরবে। আর একটা বিষয় আমি অনুরোধ করবো, আজকে যে হারে লোকসংখ্যা বেড়েছে সেই অনুপাতে পুলিসের সংখ্যা বাড়ে নি। যেটুকু বেড়েছে, সেটা উপরের দিকে, এস পি, ডি এস পি, ডি সি, ডি আই জি, ইত্যাদি বেড়েছে। আজকে আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করবো যে, দেশে বেকার সমস্যা এত বেশী, যেখানে সাধারণ মানুষের উন্নতির জন্য এত প্রচেষ্টা চলেছে, সেখানে তিন হাজার টাকার মনসবদার নিয়োগ না করে, সেখানে যদি ১৫ জন পুলিস কর্মচারীকে রাখা হত, তা হলে আমার মনে হয় প্রশাসন ব্যবস্থা আরও উন্নত হতে পারতো। তারপর স্যার, আর একটা কথা বলতে চাই ট্রাফিক পুলিস সম্পর্কে। আমরা কলকাতার রাস্তায় দেখতে পাচ্ছি যে, বিভিন্ন জায়গায় এবং অধিকাংশ ক্ষেত্রে ট্রাফিক পুলিসের জায়গায় হোমগার্ডকে কাজে লাগানো হচ্ছে। কিন্তু ট্রাফিক পুলিসরা যা মাইনা পান, হোমগার্ডরা তা পান না। কিন্তু তারা দায়িত্ব সমানভাবে পালন করছে। তাই আমি মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ জানাবো, তিনি যেন এই হোমগার্ডদের ব্যাপারে একটু সুনজর দেন, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকিঙ্কর মাহাতো: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মুখ্যমন্ত্রী তথা পুলিসমন্ত্রী বাজেট বরাদ্দের যে মঞ্জুরী চেয়েছেন তাকে আমি সম্পূর্ণভাবে সমর্থন জানাচ্ছি এবং এই সম্পর্কে আমি আপনার মাধ্যমে দু-চারটি কথা এখানে রাখতে চাই। প্রথমে বলতে চাই বিশেষ করে পুরুলিয়া জেলার কথা। পুরুলিয়া জেলা বেঙ্গল এবং বিহার বর্ডারে অবস্থিত। পশ্চিম-বাংলায় যে সমস্ত বর্ডার জেলা আছে, সেখানে যা কান্ড ঘটছে তা শুনলে আপনি অবাক হয়ে যাবেন। বর্ডারের রাস্তা দিয়ে যেসমস্ত মেয়েছেলে এবং বেটাছেলে সামান্য জিনিসপত্র নিয়ে যাতায়ত করে, তাদের প্রতি দুর্ব্যবহার করা হচ্ছে, কিন্তু বড় বড় লরিতে করে হাজার হাজার মণ মাল বেঙ্গল থেকে বিহারে নিয়ে যাওয়া হয়, সেদিকে পুলিস দৃষ্টিপাত করে না। গরিব জন-সাধারণ যারা কিছু মালপত্র নিয়ে যায় তাদের ধরে থানায় নিয়ে গিয়ে পুলিস কেস করে, কিন্তু যারা বড় বড় ব্যবসাদার, যারা হাজার হাজার মণ চিনি, চাল, গম ও অন্যান্য জিনিসপত্র বিহারে পাচার করে তাদের দিকে পুলিসের ভ্রূক্ষেপ থাকে না। কারণ তাদের কাছ থেকে মোটা মোটা

ঘুষ পায়। সেই জন্য মাননীয় মুখ্যমন্ত্রীকে আমি অনুরোধ করবো পুরুলিয়া জেলার যেখানে বর্ডার আছে সেখানে আরও দু-চারটা ফাঁড়ি বাড়ানো উচিত। এবং বর্তমানে পশ্চিমবাংলায় অনেক মানুষ বেড়েছে, কিন্তু সেই অনুপাতে পুলিসের সংখ্যা বাড়ে নি এবং থানার সংখ্যা বাড়ানো হয় নি এবং তা না হবার ফলে সাধারণ লোকের ভীষণ অসুবিধা হচ্ছে। আমাদের ওখানে অযোধ্যা পাহাড় আছে এবং তার মধ্যে জঙ্গল সেখানে বাঘমুণ্ডি থানায় যেতে প্রায় ২২ মাইল রাস্তা যেতে হয় এবং তিন চারটা নদী, জঙ্গল পেরিয়ে যেতে হয়। সেখানে সাঁওতালরা থাকে, তাদের মধ্যে যদি হঠাৎ মারামারি বা খুনখারাপি হয়, সেখানে থানায় গিয়ে ও সি-র কাছে নালিশ করতে দু-তিন দিন সময় লেগে যায়। ঐ পুরুলিয়া জেলা অনগ্রসর জেলা, এবং ঐ জেলার মানুষেরা অশিক্ষিত এবং সরল মানুষ। থানার দারোগাবাবু ও সি তিনি খবর পেয়েও কিছু করেন না, কারণ তারা গরিব মানুষ। তারা সেইরকম ভাবে ও সি-র সঙ্গে যোগাযোগ করতেও পারেন না বা তাকে টাকাও দিতে পারেন না, যার জন্য দারোগারা কোন বিষয়ে নজর দেন না।

যাই হোক বাজেট আমি পূর্ণ সমর্থন করছি। আমি আর একটা প্রস্তাব রাখতে চাই। যারা দফাদার, চৌকিদার, গরিব হোমগার্ড, এন ভি এফ এবং অস্থায়ী পুলিস কর্মচারী আছে, তাদের দিকে সরকার একটু দৃষ্টি দেবেন। আমি সরকারের কাছে আবেদন করছি যে, তাদের থাকার ব্যবস্থা এবং পানীয় জলের ব্যবস্থা যাতে হয় সেদিকে একটু নজর দেবেন। আমি শেষে বিশেষ করে ঝালদা থানার শ্রীকাবাদে একটা পুলিস ফাঁড়ি দরকার। ওখানে বর্ডার অঞ্চলে জিনিস পাচার হয়ে যাচ্ছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি যে, তিনি যেন তাড়াতাড়ি সেখানে পুলিস ফাঁড়ির ব্যবস্থা করেন। একথা বলে আমি আন্তরিকভাবে পুলিস বাজেটকে সমর্থন জানিয়ে বক্তব্য শেষ করছি। জয় হিন্দ্।

শ্রীমতী নুরুন্নেসা সাত্তার: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী পুলিস বাজেট যা উপস্থিত করেছেন আমি তা আন্তরিকভাবে সমর্থন জানাই। সমর্থন জানাই এই কারণে যে, গত দুই দুইবার যুক্তফ্রন্টের দুঃশাসনকালে বাংলা শ্মশানে পরিণত হবার যোগাড় হয়েছিল, মানুষের মুণ্ডু রাস্তায় গড়াগড়ি যেত, মহিলারা সন্ধ্যার পর আর বাড়ির বার হতে পারত না। তারা অবসর বিনোদনের জন্য একটু সিনেমা দেখতে হবে, সেই অবস্থাও ছিল না, তাদের গৃহবন্দী হয়ে থাকতে হত। আজকে সেই ডাকাতি লুটতরাজের অবসান হয়ে এখন শান্তিশৃঙ্খলা বিরাজ করছে। কিন্তু এই শান্তিশৃঙ্খলা বিরাজ করার পেছনে কিছু কিছু ঘটনা আজকাল শুনতে পাচ্ছি, চুরি, ডাকাতি প্রায়ই হচ্ছে, গ্রামাঞ্চলে তো হচ্ছেই। এখন কিছু কিছু নকশাল বা সি পি এম গুণ্ডাগিরি ক'রে রাহাজানি ক'রে যারা চলত, এটাই যাদের ছিল পেশা, তারা মাথাচাড়া দিয়ে উঠছে। এটা কেন হচ্ছে, এর কারণ কি বলতে পাচ্ছি না! তবে আমাব মনে হয়, এটা এখন তারা সাহস পাচ্ছে এভাবে চলাফেরা করতে, কারণ খানিকটা পুলিসের গাফিলতির জন্যই এটা সম্ভব হচ্ছে। পুলিস তাদের কাজ ঠিক ভাবে করছে না। যাদের নামে ওয়ারেন্ট আছে, তারা পর্যন্ত ঘুরে বেড়াচ্ছে। আমাদের ছেলেরা দেখতে পেলে ধরা পড়ছে, কিন্তু পুলিসের কাছে গেলে কয়েক ঘণ্টা কি কয়েক দিনের মধ্যে ছাড়া পেয়ে যাচ্ছে। এর কারণ কি আমি জানি না আমি আপনার মাধ্যমে মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ জানাব, এ বিষয়ে অনুসন্ধান করার জন্য।

আর একটা কথা। গত ১৭ই জানুয়ারি ১৯৭৩ তারিখে আমার কেন্দ্র পূর্বস্থলীতে বর্ধমান জেলার কাটোয়া থানার অগ্রদ্বীপ অঞ্চলে বেলা ১০টার সময় একটা নৃশংস হত্যাকাণ্ড হ'ল, কিন্তু আজ পর্যন্ত তার সুরাহা হয় নি। যখন কাটোয়া থানায় জানান হয়, তখন গড়িমসি ক'রে পুলিস এল বটে, কিন্তু এসে কয়েকজনকে কিছু জিজ্ঞাসাবাদ ক'রে চলে গেল। কিছু দিন পরে যারা হয়ত এই হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত নয়, সন্দেহ বশে এমন কিছু লোককে ধ'রে নিয়ে গেল। আর যখন খুন হ'ল, যে দুবৃত্তরা খুন করল, তারা সেই মৃতদেহটি তুলে নিয়ে চলে গেল। আজ পর্যন্ত সেই মৃতদেহের কিনারা হয় নি। সেই কারণে আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীকে জানাচ্ছি, এ বিষয়ে যেন তিনি একটা সুরাহা করেন। যখন পুলিসকে মৃতদেহের সম্বন্ধে জিজ্ঞাসা করা হ'ল, বলল, গঙ্গার ওপারে চলে গেছে, কি ক'রে ধরব বলুন, ধরবার জন্য আমরা চেষ্টা করছি, কিন্তু পাচ্ছি না।

[8-00—8-10 p.m.]

যখন আমাদের ছেলেরা দেখতে পায়, তখন পুলিস দেখতে পান না। এটা বড় আশ্চর্যের বিষয়, দুঃখের বিষয়।

আর একটা ঘটনার কথা বলি। আমাকে আর একটু সময় দেন। গত তিন তারিখে আমার কেন্দ্রের একটি জায়গায় পাটুলীতে আমাদের ছেলেরা যখন মিটিং করছিল, কিছু লোক এসে সেখানে হামলা করে সভা বন্ধ করতে যায়, এ সম্বন্ধে সেদিন পুরঞ্জয় প্রামাণিক মহাশয় তার মেনসান করেছিলেন। তার সম্বন্ধে কি ব্যবস্থা হ'ল, সে বিষয়ে কোন বক্তব্য এখানে রাখা হ'ল না। এ সম্বন্ধে মুখ্যমন্ত্রীর কাছে ব্যবস্থা অবলম্বনের জন্য আবেদন জানাচ্ছি। আমাদের গ্রামাঞ্চলে থানাও অনেক দূরে দূরে। স্টাফের সংখ্যাও কম। এই থানার সংখ্যা যেমন বাড়ান দরকার, তেমনি থানার কর্মচারী স্টাফের সংখ্যাও বাড়ানো প্রয়োজন। তা ছাড়া থানায় যাতায়াতের রাস্তাঘাটও ভাল নাই। ফলে সময়মত দ্রুত থানায় যাওয়া যায় না, সংবাদও দেওয়া সম্ভব হয় না। কাজেই থানার সংখ্যা বাড়িয়ে থানার দূরত্ব কমিয়ে আনতে হবে, সহজে থানার সঙ্গে যাতে যোগাযোগ করা সম্ভব হয় সে ব্যবস্থাও সরকারকে করতে হবে এবং কাজ-কর্মের সুবিধার জন্য থানার স্টাফের সংখ্যাও বাড়াতে হবে। এই কয়টী কথা ব'লে এই ব্যয় বরাদ্দের দাবিকে সম্পূর্ণ সমর্থন ক'রে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমহম্মদ দেদার বক্স: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের জনগণের জনপ্রিয় প্রগতিশীল সরকারের মুখ্যমন্ত্রী আজ পুলিসের ১৯৭৩-৭৪ সালের জন্য যে ৪০ কোটি ৫৮ লক্ষ ৯৯ হাজার টাকার মঞ্জুরীর দাবি সভায় পেশ করেছেন, তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। তিনি যে বিবৃতি দিয়েছেন, তা আমি খুব মনোযোগ সহকারে শুনেছি। সেখানে যে তাঁর একটা বলিষ্ঠ পদক্ষেপের ছাপ রয়েছে, তার জন্য মুখ্যমন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি এবং সঙ্গে সঙ্গে আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কতকগুলি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি এবং তার জন্য উপযুক্ত ব্যবস্থা অবলম্বনের জন্য দাবি করছি।

আপনি স্যার, জানেন যে মফঃস্বল জেলায় যেখানে লোক সংখ্যা বেড়ে গিয়েছে, সেই তুলনায় বৃটিশ যুগের সময় যে কর্মচারীর সংখ্যা ছিল থানায়—এখনো তাই রয়েছে। এ সম্বন্ধে একটা উদ্ধৃতি দিচ্ছি। আমাদের মুর্শিদাবাদ জেলার লোকসংখ্যা যেখানে আগে ছিল ১৪ লক্ষ, আজ সেই লোকসংখ্যা হয়েছে ২৯ লক্ষ। কিন্তু পুলিস কর্মচারীর সংখ্যা একই রয়ে গেছে। তা হ'লে কি ক'রে তারা আইন ও শৃঙ্খলা সুষ্ঠুভাবে রক্ষা করতে পারবে? আর একটা কথা উপর থেকে নীচ পর্যন্ত যে পুলিস কর্মচারী রয়েছে, তার কিছু অংশ এখনো সেই কায়েমী স্বার্থবাদীদের ও পুঁজিপতিদের পদলেহন করবার জন্য আমাদের সরকারকে জনসমক্ষে হেয় প্রতিপন্ন করতে চেষ্টা করছে এবং যার ফলে দেশের শান্তিশৃঙ্খলা কিছু কিছু বিঘ্নিত হচ্ছে। আমরা পশ্চিমবঙ্গের জনগণ স্বীকার করছি শান্তিশৃঙ্খলার যথেষ্ট উন্নতি হয়েছে। আমরা আশা রাখি মাননীয় মুখ্যমন্ত্রী এ বিষয়ে সজাগ দৃষ্টি রাখবেন ও যথাবিহিত ব্যবস্থা অবলম্বন করবেন। আমার নির্বাচন কেন্দ্র আরো পুলিস ক্যাম্প বসানোর জন্য তাঁর কাছে আবেদন করছি। আমাদের আর এস পি সদস্য তিমিরবরণ ভাদুড়ী তাঁর অসত্য ভাষণের দ্বারা আমাদের তিমিরাচ্ছন্ন করতে চেয়েছিলেন, কিন্তু আমাদের শ্রদ্ধেয় অজয়দা বিভিন্ন ঘটনার উল্লেখ ক'রে তাঁর মুখে চুনকালি লেপন ক'রে দিয়েছেন। তার জন্য আমরা আনন্দিত। আমাদের মুসলিম লীগের সদস্য নাসিরুদ্দিন খান সাহেব বলেছেন, প্রতি থানায় একজন ক'রে মুসলমান অফিসার ও দুজন ক'রে কনেস্টবল যদি মুখ্যমন্ত্রী মহাশয় দেন, তা হ'লে তিনি পশ্চিমবঙ্গের মুসলমান সমাজের আশীর্বাদ পাবেন। আমি তাঁর এই উক্তির তীব্র বিরোধিতা ক'রে বলছি, এই রাষ্ট্র ধর্মনিরপেক্ষ রাষ্ট্র, যেখানে একমাত্র যোগ্যতার ভিত্তিতে কর্মচারী নিযুক্ত হবে, সেখানে কোন হিন্দু, মুসলমান, জৈন, বৌদ্ধের প্রশ্ন উঠবে না। সেখানে সরকার নিপীড়িত জনগণের কথা শুনবেন, এদিকে যেন মুখ্যমন্ত্রী দৃষ্টি দেন।

আমি এই ব্যয়বরাদ্দের দাবিকে আন্তরিক সমর্থন ক'রে মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি, সাথে সাথে মাননীয় উপাধ্যক্ষকেও ধন্যবাদ জানাচ্ছি।

শ্রীমতী ইলা রায়ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী পুলিস খাতে যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে সমর্থন ক'রে আমি আমার বক্তব্য রাখছি। আজকে সারা পশ্চিমবাংলায় শান্তি প্রতিষ্ঠিত হয়েছে। গত এক বছর আগে আমরা দেখেছি যে, সাধারণ লোক রাস্তা দিয়ে চলতে পারতো না, বাস থেকে ট্রাম থেকে টেনে এনে তাদের হত্যা করা হত। আমরা দেখেছি যে বড় বড় রাজনৈতিক নেতাদের হত্যা করা হয়েছে, রাস্তার পুলিস, যে পুলিস রোদ বৃষ্টি ঝড়বাদলে পাহারা দিচ্ছে জনসাধারণকে ট্রাফিক থেকে বাঁচাচ্ছে সেই পুলিসকে হত্যা করা হয়েছে কেন হয়েছে? সেই রাজনৈতিক চক্রান্তে যে হত্যাকাণ্ড হয়েছিল আমি কোন রাজনৈতিক দলের নাম করতে চাই না, আমি বলবো, আজকে যে শান্তি প্রতিষ্ঠিত হয়েছে এই শান্তি শুধু পুলিসের গৌরব নয়, জনসাধারণের গৌরব আর আমাদের জনপ্রিয় সরকারের গৌরব। আমাদের শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী তাঁর বলিষ্ঠ নেতৃত্বে এই শান্তি প্রতিষ্ঠিত হয়েছে। এখানে পুলিসকে বেশি প্রশংসা করা আমাদের ভুল হবে। নিশ্চয় পুলিসের মধ্যে কিছু কিছু অফিসার আছে দেশপ্রেমিক জন দরদী আছেন যাঁরা সাধারণ লোকের সঙ্গে ভালবেসে কাজ করতে চান। আবার কিছু কিছু পুলিস স্টেশন আছে সেখানে রাজনৈতিক চক্রান্ত চলছে এটা আমরা চোখের সামনে দেখতে পাচ্ছি। আমরা এক একটি নির্বাচনী কেন্দ্র থেকে এসেছি, সেখানে পুলিস কিভাবে সরকারকে দোষারোপ করছে, চক্রান্ত করছে, লোকের কাছে সরকারকে হেয় ক'রে নিজেদের রাজনৈতিক চক্রান্ত করছে—এটা নিশ্চয় আমরা বুঝতে পেরেছি। তাই আজকে যে পুলিস খাতে ব্যয়বরাদ্দের দাবি মুখ্যমন্ত্রী পেশ করেছেন তাকে সমর্থন করছি এবং মুখ্যমন্ত্রীকে অন্তর থেকে সমর্থন করছি। পুলিসের এতে প্রশংসার কিছু নাই—এই পুলিস দ্বারা সারা পশ্চিমবাংলায় শান্তি প্রতিষ্ঠিত হয়েছে এটা কিছুতেই মানতে পারছি না। কেন না পুলিস এমন একটা বস্তু যে যেদল সরকারে আসবে পুলিস তাদের গুণগান গাইবে। পুলিসের মধ্যে ভাল ভাল অফিসার আছেন যারা সত্যিকারের প্রশংসার যোগ্য, সত্যিকারের মেডেল পাবার যোগ্য। হাওড়ায় একটা ঘটনা ঘটে গেল যে, একজন পুলিস অফিসার যিনি মেডেল পাবার যোগ্য তাকে সেই মেডেল দেওয়া হয় নি, চক্রান্ত ক'রে অন্য অফিসারকে মেডেল পাইয়ে দিয়েছে। এখানে আমি বলতে চাই যে, আমাদের এখানে এই যে জনপ্রিয় সরকার আছেন তাঁরা নিশ্চয় এটা দেখবেন। তার পর কিছু কিছু দরিদ্র কনস্টবল আছেন যাদের কথা আমি মুখ্যমন্ত্রীকে জানিয়ে রাখছি যারা রাস্তার কনস্টবল তাদের আরও টাকা বাড়ানো দরকার। এই সব গরিব কনস্টবলরা যারা দিনের পর দিন কষ্ট করছে তাদের যদি সত্যিকারের মাইনে বাড়ানো হয়, তা হ'লে নিশ্চয় চুরি কববে না, জুয়া পার্টিদের সঙ্গে যে সম্পর্ক আছে, খাদ্যদ্রব্যের ভেজালকারীদের সঙ্গে যে সম্পর্ক আছে সেখান থেকে যে টাকা আমদানি হচ্ছে সেটা আর হবে না। আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করবো যেন এই সব দরিদ্র পুলিসকে অন্ততঃ আরও যাতে তাদের মাইনে বাড়ে এবং দুষ্কর্ম থেকে বিরত হয় তার ব্যবস্থা করবেন। বন্দে মাতরম্। সেখান থেকে তাদের টাকা আমদানী হচ্ছে তাই

[8-10—8-20 p.m.]

আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করবো যে, তিনি যেন এই সব পরিদ্র পুলিসদের অন্ততঃ আরো মাইনে বাড়িয়ে দেন, তাদের দুষ্কৃত হাতকে নিষ্কৃত করুন। বন্দে মাতরম্।

শ্রীজগদানন্দ রায়ঃ স্যার, আমি এই বাজেটকে সমর্থন করছি। মাননীয় মুখ্যমন্ত্রীর ভাষণে বাস্তব চিত্র ফুটে উঠেছে। এই বাজেটে গতবারের চেয়ে বেশি অর্থ ধরা হয়েছে। সেদিক দিয়ে আমি আমার জেলা থেকে কয়েকটি প্রস্তাব রাখতে চাই। জলপাইগুড়ি জেলায় যে ক'টি থানা আছে, আমি এই কথা বলেছিলাম যে, জনসংখ্যা যে হারে বৃদ্ধি পাচ্ছে তাতে সেখানে পুলিসের সংখ্যা খুব বেশি একটা বাড়ে নি। দু'একটি অফিসার বেড়েছে, কাজকর্মের অবস্থা ঠিক তেমনি রয়েছে এবং তাড়াতাড়ি দুর্ঘটনাস্থলে পৌঁছানোর জন্য যে গাড়ি দরকার, সব থানায় তাও নেই। আগে যেভাবে থানাগুলি ছিল, সেইভাবেই আছে। আবার অনেক থানায় দেখা যায় সেই থানা এরিয়ার এক প্রান্তে থানা অফিস। কাজেই সেখান থেকে হঠাৎ

করে সব জায়গায় যোগাযোগ করা খুব অসুবিধাজনক হয়ে দাঁড়ায়। কাজেই পুলিসের দৃঢ় ব্যবস্থা যদি না করা যায়, তা হ'লে কিছু কিছু ক্ষেত্রে খুব অসুবিধা দেখা দেবে। ফলাকাটা থেকে মাদারিহাট পর্যন্ত ১৪ মাইল হবে। সেখান থেকে কোন ইজাহার দিতে এলে কোন রকম গাড়ি-ঘোড়া পাওয়া যায় না। যার ফলে সারাদিন লেগে যায় থানায় খবর পেঁছাতে। থানায় তাড়াতাড়ি খবর পেঁছে দিতে গেলে নিশ্চয় গাড়ি দরকার আছে। আর টি ভ্যানের কোন ব্যবস্থা নেই। হোমগার্ড সম্বন্ধে বলেছেন। আমি আর একটি জিনিস সম্বন্ধে বলছি সেটা হচ্ছে রেসিস্ট্যান্স গ্রুপ। জলপাইগুড়ি জেলায় থানাগুলিতে যে পরিমাণ পুলিস আছে শুধু তাদের দিয়ে সম্ভব হবে না। রাত্রিবেলা সেইজন্য জোয়ান ছেলেরা রেসিস্ট্যান্স পার্টির কিছু কিছু ট্রেনিং নিয়ে লাঠি-সোটা নিয়ে পাহারা দেবার ব্যবস্থা যদিও করেছে, কিন্তু বর্তমান রিভলবার, বন্দুকের যুগে শুধু লাঠি-সোটা দিয়ে কিছু হবে না। যতগুলি ডাকাতি সংঘটিত হয়েছে, যতগুলি দুর্ঘটনা ঘটেছে সবক্ষেত্রেই দেখা যায় হয় রাইফেল তাদের সঙ্গে ছিল, না হয় বন্দুক ছিল। কাজেই শুধু লাঠি দিয়ে কাজ চালানো মুশকিল। কাজেই সেদিক দিয়ে চিন্তা করে আমি মনে করি, রাত্রিবেলা যারা পাহারা দেয়, তাদের সঙ্গে কিছু আর্মস্ এবং অ্যামুনিসন থাকা দরকার এবং তাদের দলপতিদের হাতে কিছু একটা আগ্নেয়াস্ত্র তুলে দেওয়া যায় কিনা সেটা চিন্তা করা দরকার। জলপাইগুড়ি জেলায় এর মধ্যে সিডিউল্ড কাস্ট অ্যান্ড সিডিউল্ড ট্রাইবস সম্বন্ধে অনেক রকম কথা উঠেছে। আমি দেখেছি সিডিউল্ড কাস্ট অ্যান্ড সিডিউল্ড ট্রাইবস-এর ব্যাপার নিয়ে অনেক অবহেলা করা হয়েছে। পুলিসের মধ্যে এদের সংখ্যা অতি নগণ্য। হিসাব করলে দেখা যাবে ৫ পারসেন্ট অর ১০ পারসেন্টও নয়। পুলিস থেকে আরম্ভ করে অফিসার পর্যন্ত সেখানে সিডিউল্ড কাস্ট অ্যান্ড সিডিউল্ড ট্রাইবসের লোক খুব কম আছে। তাই আমি সেদিক দিয়ে মুখ্যমন্ত্রীকে চিন্তা করতে বলি যে, স্থানীয় যে সমস্ত ছেলে রয়েছে, বর্তমান ভয়াবহ বেকার সমস্যার যুগে, তারা যাতে এই পুলিস এবং হোম-গার্ডে চান্স পায় সেটা দেখা দরকার।

এর মাঝখানে দু'একটি ঘটনা ঘটে গেছে। আমি জানি না, পি ডি অ্যাক্টে কাউকে ধরেছে কি না। গত ২৬ তারিখে একটি ঘটনা ঘটেছে। রাজগঞ্জ থানার অধীনে বাহাদুর, জহুধীর অঞ্চলে দিনের বেলায় একটি লোককে হঠাৎ পিটিয়ে মারা হয়েছে। আজ পর্যন্ত সেই আসামীদের ধরা হয় নি। বলছে আসামীদের কোথাও যাচ্ছে না। গত সরস্বতী পুজোর দিনে এমনি ধরনের একটি ঘটনা হয়েছে। সেখানেও কজন আসামীর নাম আছে, আজ পর্যন্ত তাদেরও ধরা যাচ্ছে না।

সবচেয়ে বড় কথা যেটা সেটা আমি মুখ্যমন্ত্রীর গোচরে আনতে চাই। ঠিক সাইক্লোস্টাইল করে ওনাকেও এক কপি দেওয়া আছে। তিনি জানেন, শান্তি কমিটি নাম দেওয়া হয়েছে। প্রথমে দেখা গেল, শান্তি কমিটি পুলিসের উপর আস্থা রাখতে না পেরে গ্রামের লোকেরা সংঘবদ্ধ হয়ে বিচার শুরু করে দেয়। ফলে দেখা গেল, এক বছরের মধ্যে ১৫/২০ জন লোককে হত্যা করেছিলেন। তারপর এস পি মহাশয়, তিনি এক হ্যান্ডবিল ছাপিয়ে বলেছেন যে শান্তি কমিটির নামে যা করা হচ্ছে এই সংগঠনের মূল উদ্দেশ্য হ'ল গ্রামগুলিকে অপরাধ মুক্ত করা। উদ্দেশ্য যাই হোক না কেন, শান্তি কমিটির কাজগুলি খুবই উদ্বেগজনক হয়ে দাঁড়িয়েছে। আপনি নিশ্চয় অবগত আছেন যে, কয়েক মাসের মধ্যে কোতয়ালী এবং রাজগঞ্জের বিভিন্ন গ্রামে শান্তি কমিটির দ্বারা ১৪/১৫টি হত্যাকাণ্ড সাধিত হয়েছে। হত্যাকাণ্ড সবগুলি পরিকল্পনা প্রসূত। নকশালপন্থীদের সঙ্গে এদের কার্যকলাপের কোন তফাৎ নেই। শান্তি স্থাপনের নামে শান্তি কমিটির সদস্যরা এক অরাজক অবস্থার সৃষ্টি করতে চাইছেন।

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি রেখেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে দু-একটি কথা বলতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় পশ্চিমবাংলায় গত কয়েক বছর ধ'রে যে পালাবদলের পালা চলেছিল তারপর আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী শান্তি প্রতিষ্ঠার জন্য যে চেষ্টা করেছেন সেটা নিশ্চয় অভিনন্দনযোগ্য। স্যার, পুলিস সম্পর্কে সাধারণ মানুষ থেকে আরম্ভ ক'রে প্রতিটি স্তরে যে অসন্তোষ আছে সেটা ক্রমেই বেড়ে চলেছে। কিন্তু আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী এটাকে দমন করবার চেষ্টা

করছেন। স্যার, আমি মনে করি, পুলিসের মধ্যে যদি কোন কেন রকম পরিবর্তন আনতে হয় তা হ'লে পুলিস, প্রেস এবং পাবলিকের মধ্যে একটা যোগাযোগ রাখতে হবে। 'রেভলিউসান অব দি পুলিস আডমিনিস্ট্রেশান ইন ওয়েস্ট বেঙ্গল' ব'লে ডঃ শিশির সাহার একটা বই দেখছিলাম। তাতে দেখছিলাম যে, পুলিসের সম্বন্ধে পাবলিকের যে ধারণা সেটা প্রেস বা খবরের কাগজকে পরিষ্কার ক'রে দেবার জন্য এগিয়ে আসতে হবে। তারা যে সমস্ত ভাল কাজ করছে সেগুলি মানুষের সামনে তুলে ধরতে হবে। কিন্তু আমরা স্যার, ঠিক উল্টোটাই দেখি। পুলিসের যে সমস্ত খারাপ কাজ সেগুলিই প্রকাশ করা হয়, ভাল কাজগুলি প্রকাশ করা হয় না। ফলে পুলিস ও পাবলিকের যে রিলেসানশিপ সেটা দিনের পর দিন নষ্ট হতে বসেছে। আজকে পুলিস ও পাবলিকের রিলেসানশিপকে নতুন ভাবে গ'ড়ে তুলতে হবে। এই ক্ষেত্রে প্রেস যদি নেগেটিভ ভূমিকা নিয়ে চলে, তা হ'লে দেশের মানুষের পুলিস সম্বন্ধে ধারণার পরিবর্তন আসতে পারে না। কাজেই প্রেসের পজিটিভ ভূমিকা নিয়ে পুলিসের যে সমাজসেবা-মূলক কাজ এবং ইনটারন্যাল পিস সম্পর্কে তাঁরা যে চেষ্টা করেন সেটা তুলে ধরবার চেষ্টা করতে হবে এবং পুলিসকে জনসাধারণের বন্ধু হিসাবে আনতে হবে। স্যার, আজকেও এই সভ্য দেশে আমরা দেখি আমাদের পুলিসকে তাদের রিভলভার বা বন্দুক চেন দিয়ে বেঁধে নিয়ে রাস্তা দিয়ে যেতে হয়। এই দেখে পুলিস মানুষকে সাহায্য করছে না মানুষ পুলিসকে সাহায্য করছে বুঝতে পারি না। চেন দিয়ে বেঁধে বন্দুক নিয়ে পুলিস যাচ্ছে এটা দেখে পুলিস সম্বন্ধে ধারণাটা খারাপ হয়ে যায়। ইংল্যান্ডে আমরা দেখেছি, সেখানে পুলিস মানুষের বন্ধু হিসাবে কাজ করে। স্যার, আজকে পুলিসকে রেকগনিশানটা দিতে হবে। আমরা জানি, পুলিসের উপর মহল থেকে নীচের মহল পর্যন্ত যত কর্মচারী আছেন তাঁদের মধ্যে কিছু কর্মচারী আছেন যাঁরা সত্যিকারের সৎ, দক্ষ, যাঁরা কাজ করেন, এ প্রমাণ আছে। আমি জানি, পশুপতি ব্যানার্জী, ডি এস পি ডি ডি, হাওড়া, তিনি নিজে অ্যান্টি-সোশ্যাল সেজে প্রচুর অস্ত্রশস্ত্র উদ্ধার করেছেন। আজকে তিনি পুরস্কৃত হলেন না হলেন তিনি যিনি উপর মহলে তোষাজ করতে পারেন, বাড়ির সঙ্গে সম্পর্ক রাখতে পারেন, এমন কি বাড়ির

[8-20—8-30 p.m.]

সেবা শুশ্রূষা করতে পারেন, তিনি হলেন পুরস্কার পাবার যোগ্য ব্যক্তি। কিন্তু যারা অ্যাকচুঅ্যালি সেবা করছে, সেবা ক'রে উঠবার চেষ্টা করছে তাদের ঠিকমত পুরস্কৃত করা হচ্ছে না। তাই আজকে এই মেন্টাল ডিপ্রেসান। আমার মনে হয় তার জন্য প্রয়োজন ইম্পার্শিয়াল মেসিনারি এবং সেই ইম্পার্শিয়াল মেসিনারি তৈরি করতে হবে। মাননীয় মুখ্যমন্ত্রীকে আমার এইটুকু অনুরোধ যে, আজকে পুলিসের মধ্যে ইম্পার্শিয়াল মেসিনারি তৈরি করুন। তাদের যে সার্ভিস বা মেডেল দেবেন সেটা সম্পর্কে আপনি ইম্পার্শিয়াল মেসিনারি দ্বারা বিচার করুন, তা হ'লে আজকে পুলিসের ভূমিকা যে কোন মানুষের কাজে লাগবে এবং পুলিস সাধারণ মানুষের বন্ধু হবে, শোষিত মানুষের সহায়ক হবে এবং পুলিস আজকে সকলের কাজে আসবে। মাননীয় মুখ্যমন্ত্রী যে ব্যয়বরাদ্দ এখানে রেখেছেন তাকে আন্তরিকভাবে সমর্থন ক'রে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

শ্রীঅসমঞ্জ দে: মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী আজকে সভায় পুলিস খাতে যে ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন করেছেন তাকে সমর্থন করতে গিয়ে নিশ্চিতভাবে একথা স্বীকার করতে হয় ১৯৬৭ সাল১৯৬৯ সালে যুক্তফ্রন্ট সরকারের কবলে পড়ে। পশ্চিমবাংলায় ১৯৭০ সালে মাওসেতুং-এর চেলারা নকশালদের কবলে পড়ে যে ভয়-ভীতি, আতঙ্ক এবং সন্ত্রাসের রাজত্ব কায়েম হয়েছিল, মানুষ যখন বেঁচে থাকাটা দৈবের উপর ছেড়ে দিয়ে ছিল, পুলিস নীরব নিষ্ক্রিয় ভূমিকায় যখন মানুষের জীবনের সমস্ত নিরাপত্তা পর্যুদস্ত হয়েছিল তখন নিশ্চিতভাবে এই মুখ্যমন্ত্রী, সিদ্ধার্থশঙ্কর রায় এক বছরের মধ্যে তার পুলিস প্রশাসনকে জোরদার ক'রে যে শান্তিশৃঙ্খলা এবং স্বাভাবিক পরিবেশ ফিরিয়ে এনেছেন তার জন্য সত্যিই তিনি অভিনন্দনযোগ্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাই ব'লে আমাদের আত্ম-সন্তুষ্টির কোন কারণ নেই। এই পুলিসপ্রশাসনের কার্যে আমরা খুশী নই। এই পুলিস

দপ্তরকে নিশ্চিতভাবে ঢেলে সাজানোর দরকার। পুলিস দপ্তর নিয়ে আলোচনা করতে গেলে আজকে যিনি প্রধান তাঁর সম্পর্কে এবং বিগত দিনের কার্যকলাপ সম্পর্কে কিছুটা আলোচনা করা দরকার। আমি একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ অথেনটিক রিপোর্ট, যেটা কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের দপ্তরে এবং পার্লিয়ামেন্ট লাইব্রেরিতে পাওয়া যাবে। আমি তার একটা অংশ পড়ে শোনাচ্ছি—

Shri S. B. Ray, I.A.S., the then Home Secretary and Shri S. M. Morshed, Joint Secretary, have reported officially that Shri R. K. Gupta divulged a list of I.B. agents of C.P.M. and another party after the fall of the U.F. Ministry in the year 1970.

শুধু তাই নয়--

The previous Inspector-General Shri H. N. Sarkar and later on Shri U. Mukherjee have sent reports to the Central Home Department that he was a dangerous officer and could not be relied upon.

সুতরাং এই কথা বলতে চাই নিশ্চিতভাবে জনগণের রায়ে হিটলার গেছে। কিন্তু হিটলারের নির্দেশে আইকম্যান ভুল করেছিল। তার জন্য কিন্তু আইকম্যান রেহাই পায় নি। তাই আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীকে আবেদন জানাবো হিটলার গেলেও আইকম্যানকে খুঁজে বের করা দরকার। এই আই বি এজেন্ট—সোর্স এজেন্ট-এর লিস্ট বেরিয়ে যাবার ফলে সি পি এম ক্যাডার ভেঙ্গে যখন নকশাল হ'ল, তখন ঐ সোর্স এজেন্ট লিস্ট-এর ভিত্তিতে বেছে বেছে আই বি খুন করলো। পাঞ্জাবেও নকশাল আন্দোলন হয়েছে। কিন্তু সেখানে দেখেছি ডি আই বি-র মত লোকও খুন হয়েছে। কিন্তু এখানে দেখছি নামী নামী অফিসারদের বদলে এই সোর্স এজেন্টের লিস্ট-এর ভিত্তিতে কনস্টেবল, আই বি খুন হ'ল। এই অপকর্মের পিছনে কারা আছে? এতবড় একটা নকশাল মুভমেন্ট পশ্চিমবাংলায় হয়ে গেল ব্যাপারটার কারণ কিন্তু খুঁটিয়ে দেখা হ'ল না। আমেরিকায় মার্তকুইস থিয়োরীকে (?) কেন্দ্র ক'রে যখন স্টুডেন্ট আপরোর হ'ল ইউনিভারসিটি দখল হয়ে গেল তখন সমস্ত ব্যাপারটা খুঁটিয়ে দেখার জন্য আমেরিকান সিনেট থেকে স্টিফেন্স পেন্ডার-এর নেতৃত্বে একটা এনকোয়ারি কমিশন করেছিলো। এই পশ্চিমবাংলায় নকশালী বীজকে উদ্‌ঘাটিত করতে গিয়ে আমি দাবি করবো মাননীয় স্পীকার মহাশয়, এখানে একটা থরো জুডিসিয়াল প্রোব সৃষ্টি করা হোক। আজকে এখানে দাবি উঠেছে, আমাদের শ্রদ্ধেয় হেমন্ত বসুর হত্যার তদন্ত করার। অথচ আমাদের নেতা নেপাল রায়, বিজয়ানন্দ চট্টোপাধ্যায় প্রভৃতির হত্যার তদন্তের কোন দাবি করা হ'ল না। মাননীয় স্পীকার মহশয়, তাই আমি এই প্রস্তাব করছি পৃথক পৃথক ভাবে তদন্তের ব্যবস্থা না ক'রে সমস্ত রাজনৈতিক হত্যার জন্য একটা রাজনৈতিক হত্যার তদন্ত কমিশন বসানো হোক।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আর একটা কথা বলা দরকার। নকশালবাড়ি আন্দোলনের ফলে অনেক যুবক নিহত হয়েছে আমরা তার জন্য মনে মনে স্মৃতি ভরে রেখেছি, আমরা অনেক কিছু জয়গান গাই, কিন্তু এই নকশাল আন্দোলন রোধ করতে গিয়ে যে সমস্ত ছোট ছোট পুলিস অফিসার, কনস্টেবল প্রাণ দিল, তাদের জন্য গ্রুপ ইনসিওরেন্স স্কীম চালু করা ছাড়া এই সরকার কিছু করলেন না। তাই আমি দাবি করছি, তাদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করার জন্য সরকার পক্ষ থেকে যেন ব্যবস্থা করা হয়, এবং চাকরি-বাকরীর ক্ষেত্রে সেই দুঃস্থ পরিবারের ছেলেদের যেন অগ্রাধিকার দেওয়া হয়। আমি আরও প্রস্তাব করছি, বে-আইনী অস্ত্র উদ্ধার অভিযান আজকে শুরু করা দরকার। আর একটা কথা বলতে চাই যে, সরকার কৃতিত্বের জন্য পুলিস মেডেল দেয়। এই ক্ষেত্রে একটা স্বজন-পোষণের চক্রান্ত চলছে। কোন অফিসার পছন্দমত লোককে এই মেডেল-এর জন্য সুপারিশ করেছেন, কিন্তু যোগ্যতা এবং সম্মান দিতে তারা কুণ্ঠিত। তার একটা উদাহরণ দিচ্ছি। হাওড়ার সুযোগ্যতম পুলিস অফিসার পশুপতি ব্যানার্জী নকশাল আন্দোলন দমনের ক্ষেত্রে একটা ইতিহাস সৃষ্টি করেছেন, কিন্তু অজ্ঞাত কারণে তাঁর নাম থাকা সত্ত্বেও আমলাতন্ত্রের ওপরতলার চাপে তাঁর নামটা কেন কাটা গেল জানি না। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বর্ধমানের তদানীন্তন এস পি-র

কথা উঠেছে আর কে ভট্টাচার্য, আই পি এস ১৯৬৯ সালে বর্ধমানের এস পি হিসাবে ছিলেন, যার সামনে শ্রীপুর কয়লা খনি অঞ্চলে নৃশংসহ হত্যাকাণ্ড ঘটেছিল। দুর্গাপুর ইঞ্জিনীয়ারিং কলেজ-এ লাঠি ও গুলি চালনা করা হয়েছিল। তার সম্পর্কে জনৈক সদস্য লোকসভায় যে প্রশ্ন করেছিলেন, তার উত্তরে যেটা উঠেছিল আমি শুধু সেটা রিপোর্ট করতে চাই।

Is it not true that Shri Ranjit Kumar Ghosh, I.A.S., the then Divisional Commissioner, Burdwan, held an executive enquiry into the incidence of murder at Sripur Colliery and in that enquiry report serious adverse comments were made against these officers for lapses? Is it not a fact that Mukherjee Committee which was set up to enquire into the incidence of 1st June 1969 and 2nd June 1969 at Durgapur, have made comments against these officers for serious omission and commission? Is it not true that in the enquiry report Shri T. P. Mukherjee has made serious comments against these officers for lapses after enquiry into the incidence of murder of Sain brothers? What actions the State Government have taken against these officers in view of such enquiry reports?

আমি শুধু সাার দাবি করছি.

Let these reports be placed before the Legislative Assembly as the matter involves public importance.

এই আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীজগদীশ দাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী পুলিস খাতে যে ব্যয়-বরাদ্দ দাবি করেছেন আমি তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। এই জন্য সমর্থন জানাই নির্বাচনের পূর্বে আমরা পশ্চিমবাংলার সর্বত্র পশ্চিমবাংলার শান্তিপ্রিয় মানুষের উদ্দেশ্যে একটা কথা বলেছিলাম যে, আমরা পশ্চিমবাংলায় আর কোন মায়ের কোল শূন্য হতে দেব না, কোন বোনের সিঁথির সিঁদুর আর মুছতে দেব না। আজকে আনন্দের কথা পশ্চিমবাংলায় শান্তি ফিরে এসেছে। এই আনন্দেব সঙ্গে সঙ্গে আমি একটা হুঁসিয়ারী দিতে চাই, আমাদের প্রত্যেককে হুঁশিয়ার থাকতে হবে। সকলে জানেন কুমীর ডাঙ্গায় চুপচাপ থাকে। অনেকে ভাবে যে, হয়ত মরে গেছে। আজকে সি পে এম কিন্তু ঠিক কুমীরের মত ডাঙ্গায় চুপচাপ আছে, আমরা অনেকে আত্মসন্তুষ্টি অনুভব করছি যে, সি পি এম-এর কবর হয়ে গেছে। কিন্তু ওদের কবর হয় নি। ওদের প্রেতাত্মাগুলো এখনও কিন্তু ডাঙ্গায় কুমীরের মত চুপচাপ আছে। ওপার বাংলার শেখ মুজীবুর রহমান ৭॥ কোটি মানুষের উদ্দেশ্যে বলেছেন, যার হাতে যত অস্ত্র আছে, সেইগুলি জমা দেবার কথা বলেছেন। আজকে মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো, আপনি এ হুকুম দিন পশ্চিমবাংলার মানুষের উদ্দেশ্যে যার যত বে-আইনী অস্ত্র আছে সেগুলি ইমিডিয়েটলি জমা দিতে হবে। প্রশ্ন হচ্ছে এই যে, বে-আইনী অস্ত্র যেগুলো পশ্চিম-বাংলার হাজার হাজার মায়ের কোল শূন্য করেছে, হাজার হাজার বোনের সিঁথির সিঁদুর মুছিয়ে দিয়েছে, সেই বে-আইনী অস্ত্র কোথায় পেল। আমি দু-একটা উদাহরণ দিচ্ছি। আমার ব্যারাকপুর সাবডিভিসন। দমদম নৈহাটিতে খুনী সি পি এম-রা হেড কোয়ার্টার করেছে। মধ্যে মধ্য জ্যোতিবাবু, প্রমোদবাবু সেখানে গিয়ে সভা করেন। সমস্ত গুণ্ডারা সেখানে গিয়ে আশ্রয় নিয়েছে। গত দুমাসে সেখানে আটটা খুন হয়েছে এবং ছোট, বড়, মাঝারী, মিলিয়ে ২৭টি ডাকাতি হয়েছে, আমরা মুখ্যমন্ত্রীকে জানিয়েছিলাম ওখানকার সি আই হচ্ছে সেই কুখ্যাত বর্ধমানের ও সি চিত্ত মুখার্জী রয়েছে। আমি শুনেছি তার ট্রান্সফার অর্ডার হয়েছে, কিন্তু বাহাল তবিয়তে তিনি সেখানে আছেন। কি করে আছেন, কোন অদৃশ্য কালো হাতের ইঙ্গিতে তিনি এখনও সেখানে আছেন বুঝতে পারছি না। এক একজন পুলিস অফিসার দু বছরের বেশি এক জায়গায় থাকতে পারে না, কিন্তু তিনি ঘুরিয়ে ফিরিয়ে ১২ বছর ধরে নৈহাটিতে আছেন।

[...—8-40 p.m.]

... আই ছিলেন তিন বছর না চার বছর, তারপর ও সি হয়েছিলেন। তার পর এখন ট্রান্সফার অর্ডার হয়েছে, কিন্তু তিনি যাচ্ছেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পুলিসের সম্বন্ধে একটি জিনিস নিশ্চয়ই সকলে অবগত আছেন যে, এদের একটা বিরাট অংশ আছে, যে অংশটার রিক্রুটমেন্ট হয়েছিল জ্যোতিবাবুর মাধ্যমে। তারা আজ পুলিস বিভাগে আছে এবং আমাদের সরকারের প্রগতিশীল চিন্তাধারা যেগুলি আছে, সেগুলি এর ফলে কার্যকর হচ্ছে না। স্বয়ং মুখ্যমন্ত্রীর আদেশ কার্যকর হচ্ছে না। আমাদের জেলা ২৪-পরগনা জেলার একটা ঘটনার কথা বলছি, জোতদারদের বিরুদ্ধে এখানে মুখ্যমন্ত্রীর আদেশ পালিত হয় নি। ২৪-পরগনা জেলার নলবনে জোতদার ভাগচাষীর ফসল কেটে নিয়ে যাচ্ছে, মুখ্যমন্ত্রী ভাগচাষীর পক্ষে হুকুম দিয়েছেন, অথচ তাঁর আদেশ পালন হচ্ছে না। এম এল এ-র আদেশ তো পালন হচ্ছে না। অশোকনগরের ও সি বললেন, একটা এম এল এ আর একটা রিক্সাওয়ালা সমান, কেশববাবু আছেন, তিনি আরো ভাল জানেন। তাই আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব যাতে তিনি এই সব বিষয়গুলি একটু ভেবে দেখেন। জয় হিন্দ, বন্দে মাতরম্।

শ্রীশুভেন্দু রায়ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পুলিস খতে মাননীয় মুখ্যমন্ত্রী যে ব্যয়-বরাদ্দ এই হাউসের সামনে পেশ করছেন, তাকে আমি সমর্থন জানাচ্ছি। আজকে সমর্থন জানিয়ে আপনার মাধ্যমে কয়েকটা কথা আমি রাখতে চাচ্ছি, বিশেষ ক'রে ব্যারাকপুর মহকুমার বিষয়ে। ব্যারাকপুর মহকুমা একটা বিরাট শিল্প অঞ্চল। সেই শিল্প অঞ্চলে দমদম থেকে নৈহাটি পর্যন্ত সমস্ত অঞ্চলে যে খুনের রাজনীতি এবং খুনের তাণ্ডব নৃত্য প্রতিদিন ঘটেছে, সেই অভিজ্ঞতা থেকে আমি একটা কথা মুখ্যমন্ত্রীর কাছে নিবেদন করতে চাই যে, এই যে আগ্নেয় অস্ত্র সমস্ত সি পি এম দল তাদের কর্মীদের কাছে রেখেছিলেন, সেগুলি কোথায় হারিয়ে গেল? সেই সমস্ত আগ্নেয় অস্ত্র আমাদের রাইফেল ফ্যাকটরীর তৈরি—ইচ্ছাপুর রাইফেল ফ্যাকটরী যার নাম। সেই সমস্ত রাইফেলের ৫০ থেকে ৬০ খানা রাইফেল এখনো তাদের হাতে আছে। সেই সমস্ত হাতিয়ার যদি উদ্ধার করা না যায়, তা হ'লে যে ভাবে তাদের সংখ্যা বৃদ্ধি হচ্ছে এবং যেভাবে তারা উঠে দাঁড়বার চেষ্টা করছে—তা ছাড়া এই সমস্ত ডাকাতি খুন রাহাজানি প্রভৃতি হয়ে আসছে, সেই সমস্ত আগ্নেয় অস্ত্র দেখিয়ে, সেটা নিশ্চয়ই স্বরাষ্ট্র বিভাগ খবর রাখেন। আমি মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করতে চাই যে, অবিলম্বে সেই সমস্ত হাতিয়ার, এবং সেই সমস্ত খুনীদের যারা নাকি এককালে সন্ত্রাস সৃষ্টি করেছিলেন ব্যারাকপুর মহকুমায় তাদের আটক করা হোক। এই শিল্প অঞ্চলের সমস্ত কল-কারখানা বন্ধ হয়ে গিয়েছিল তাদের জঙ্গী কর্মীদের জঙ্গী কর্মের জন্য। আজকে আবার তারা তাদের জঙ্গী কাজকর্ম শুরু করবার চেষ্টা করছে। বিভিন্ন কল-কারখানায় তারা ঢোকবার চেষ্টা করছে। কিছুক্ষণ আগে তিমিরবাবু বললেন যে, আমাদের বহু কর্মী, সি পি এম-এর বহু কর্মী ঢুকতে পারছে না, যেতে পারছে না। আমি বলছি, যেতে পারছে না কারা, তার একটা হিসাব নেওয়া হোক। সেই সমস্ত কর্মী যেতে পারছে না, যারা এখনো ২/৩টি মার্ডার কেসের আসামী হয়ে রয়েছে। যাদের বিরুদ্ধে খুনের, লুঠের এবং নিজের এলাকায় দাঙ্গা-হাঙ্গামা করার কেস রয়েছে, তারা যেতে পারছে না। যেতে পারছে না এই কারণে যে, গেলেই তাদের পুলিসে ধরবে। তারা কোন রাজনৈতিক কারণে যেতে পারছে না, তা নয়, এটা সত্য নয় যে, রাজনৈতিক কারণে তারা যেতে পারছে না। আমি তাই আবেদন করছি যে, ঐ সমস্ত হাতিয়ার উদ্ধার করা হোক যাতে মানুষের মনের মধ্যে যে আতঙ্ক আছে সেটা দূর হবে এবং স্বাভাবিক জীবনযাত্রা ফিরে আসবে। এই আতঙ্ক সৃষ্টি করার চেষ্টা আজও চলছে এবং আজও ছিনতাই গুণ্ডামি, রাহাজানি চলছে, এবং ভবিষ্যতে আরও ব্যাপকভাবে করার প্রস্তুতি চলছে। মুখ্যমন্ত্রীর কাছে এই আবেদন ক'রে আমি এই বাজেটকে সমর্থন ক'রে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীভবানী পালঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ মুখ্যমন্ত্রী যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করতে গিয়ে আমি বিশেষ ক'রে বলতে চাই তিমিরবাবুর যে দ্বিধা যে এই সরকারকে সভ্য সরকার বলা যায় কিনা সে সম্পর্কে। ১৯৬৭ সাল থেকে ১৯৭১ সাল পর্যন্ত জলপাইগুড়িতে তাঁর দল এবং তাঁদের সাথী দল সি পি এম যে কি তাণ্ডব করেছিল তা সকলেই

জানেন। বেস্টারউইচ যে কনস্টিটিউয়েন্সি থেকে নির্বাচিত হয়েছেন—কয়েকদিন আগে একজন মাননীয় সদস্য বললেন—সেখানে আবার সেই পুরানো তাণ্ডব তাঁরা শুরু করেছেন। তাঁরা ভুলে গেছেন, জলপাইগুড়িতে ঝাড়খালি গ্রামে ১৯৬০ সালে কি করেছিলেন? প্রতিটা চা-বাগানের গ্রামে কত কৃষক খুন হয়েছে, থানায় তার হিসাব পাওয়া যাবে। থানায় বসে থানার ও সি-কে তাঁরা পরিচালনা করতেন। থানায় তাঁরা অ্যাডভাইসরি কমিটি করেছিলেন। সেখানে তাঁদের পার্টির লোক না হ'লে তাঁরা কোন ডায়েরী এন্ট্রি করতে দিতেন না। থানার অফিসাররা অসহায় বোধ করতেন। স্যার, যদি সেই সরকারকে সভ্য সরকার হয়, তা হ'লে এই সরকারকে সভ্য বলতে নিশ্চয়ই দ্বিধা হবে। অ্যাসেম্বলীতে যেদিন থেকে তাঁরা এসেছেন তার দুদিন আগে হাঁসিমারাতে খুন হয়েছে। তারা রিভলভার নিয়ে গাড়ি করে ঘুরে বেড়াচ্ছে। তাদের ধারনা যে, বেস্টারউইচ সাহেব যখন অ্যাসেম্বলীতে ঢুকেছেন তখন নিশ্চয় তাঁরা ক্ষমতা দখল করবেন এবং তাঁদের দিন ফিরে আসবে। সুতরাং সেই ১৯৬৭ সালে, ১৯৭১ সালের তুলনায় দেশে শান্তি ফিরে এসেছে। ইন্ডাস্ট্রিতে শান্তি ফিরে এসেছে এবং শ্রমিক, কৃষক সব কাজ করছে। আমরা আঁধিয়ারদের উপর জোতদারদের শোষণ বন্ধ করতে বলেছি এবং মুখ্যমন্ত্রী প্রতিটা থানায় ও প্রতিটা জায়গায় একথা বলেছেন। কিন্তু দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে, অনেক থানায় পুলিস অফিসাররা ভাবছেন যে, আগের দিনের মত তাঁরা জোতদারদের হয়ে আধিয়ারদের ফসল লুণ্ঠনের কাজে সাহায্য করবেন টাকার বিনিময়ে। কিন্তু এ জিনিস আজ বন্ধ করতে হবে। পুলিস অফিসারদের আমরা জনসাধারণের শত্রু মনে করি না। আমরা তাঁদের মিত্রভাবে পেতে চাই। বিভিন্ন থানায় তাঁরা রাজনৈতিক পার্টির মধ্য দিয়ে দলাদলি তৈরি করছেন, ছাত্রসংস্থা, যুবসংস্থাকে তাঁরা উস্কে দিচ্ছেন। আমি যে কনস্টিটিউয়েন্সি থেকে এসেছি সেখানে আঁধিয়ারদের ধান লুণ্ঠনের কয়েকটা কেস হয়েছে।

[8-40—8-50 p.m.]

জোতদারের হয়ে পুলিস সক্রিয় সহায়তা করেছে ধান লুঠের ব্যাপারে। আমি নিজে থানায় ডায়রি করেছি, এস পি-কে বলেছি, কিন্তু সমস্যার সমাধান হয় নি। এক মাস আগে একটা খাস জমিতে রিফিউজীরা বাড়ি করেছিল, কিন্তু জমির মালিক বেনামীতে জমিগুলি বিলি ক'রে সেই বাড়িতে আগুন লাগিয়ে দিল এবং তার ফলে ৩০টি বাড়ি পুড়ে গেল। ও সি-কে এজাহার দিতে গেলে তা নেওয়া হ'ল না এবং এস পি-ও কিছু করেন নি। আজকে পুলিসকে মনে রাখতে হবে যে নীতিতে তারা চলবে সেটা কোন রাজনৈতিক পার্টির নীতি নয়, ইন্টারন্যাল ক্লাশ-এর উপর নির্ভর ক'রে তাদের মেনে নিতে হবে পেনাল কোড হচ্ছে তাদের নীতি এবং এই পেনাল কোডকে ধর্মগ্রন্থ হিসেবে, গীতা হিসেবে তাদের মেনে নি'ত হবে। তারা যদি এটা মেনে নেন, তা হ'লে রাজনৈতিক পার্টিকে তেল না দিলেও তাদের চলবে। তারা যদি পেনাল কোডের মাধ্যমে জনসাধারণের সেবা করেন, তা হ'লে তারা জনসাধারণের সহায়তা পাবেন এবং সরকারেরও সমর্থন পাবেন।

শ্রীশিবপদ ভট্টাচার্য: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে পুলিস বাজেট উত্থাপন ক'রে আমাদের মুখ্যমন্ত্রী অ্যাসেম্বলীর সামনে কয়েকটি সদিচ্ছার কথা যা ঘোষণা করেছেন তাতে তিনি বলেছেন যে, ভারতবর্ষের প্রধানমন্ত্রী যে সমাজবাদের সঙ্কল্পের কথা ঘোষণা করেছেন আজকে আমাদের পুলিস বাজেটকে সেই নিরিখে বিচার করতে হবে। তিনি আরও বলেছেন, আজকে আমাদের পুলিস এই নতুন সমাজ ব্যবস্থা রূপায়ণের ক্ষেত্রে যাতে আমাদের বাহিনী হিসেবে কাজ করে তার জন্য সচেষ্ট হতে হবে। তৃতীয় কথা তিনি বলেছেন, আমাদের এই পুলিস বাহিনী যেখানে নিম্ন স্তরের মানুষ আছে, খেটে খাওয়া মানুষ আছে, সর্বহারা মানুষ আছে, তাদের পাশে গিয়ে দাঁড়াবে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীকে জানাচ্ছি যে, আমি তাঁর এই যে সদিচ্ছা তাকে সমর্থন করি। কিন্তু আমি মনে করি আজকে ভারতবর্ষের ক্ষেত্রে যে মূল তিনটি শত্রু দাঁড়িয়েছে, যাদের কথা আমাদের প্রধানমন্ত্রীও ঘোষণা করেছেন, সেই তিনটি শত্রু হচ্ছে ভারতবর্ষের জোতদার, ভারতবর্ষের মনোপলিস্ট, ভারতবর্ষের ইমপিরিয়ালিজম। এই তিনটি শত্রুর বিরুদ্ধে তিনি সংগ্রামের কথা

ঘোষণা করেছেন। ভারতবর্ষকে যখন আমরা সমাজবাদের রাস্তায় নিয়ে যাব তখন আমাদের দেখতে হবে, এই পুলিস বাহিনী পশ্চিমবাংলার ক্ষেত্রে সেই কাজ করছে কিনা। আমাদের দেখতে হবে, তারা সাধারণ মানুষ, কৃষক, শ্রমিক এবং মেহনতী মানুষের পাশে গিয়ে দাঁড়িয়েছে কিনা? ভারতবর্ষে বিশেষ ক'রে পশ্চিমবাংলার মনোপলিস্টদের ক্ষেত্রে পুলিস বাহিনী কিভাবে কাজ করছে, সেটা আমাদের দেখতে হবে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে দুইটি উদাহরণ দিচ্ছি। ২৪-পরগনা এলাকায় বিড়লার সবচেয়ে বড় দুটি কারখানা আছে এবং তার মধ্যে একটি হচ্ছে টেক্সম্যাকো এবং আর একটি হচ্ছে ওরিয়েন্ট ফ্যান। আমরা দেখতে পাচ্ছি ওই বিড়লার গুণ্ডা বাহিনী আজকে ইউনিয়ন ভাঙ্গার জন্য যে সমস্ত নেতৃস্থানীয় লোক মিটিং করছে তাদের উপর গুলি চালাচ্ছে, তাদের উপর হামলা করছে। আমরা দেখেছি, বেলঘরিয়ায় পুলিস বাহিনী শ্রমিকের পাশে গিয়ে দাঁড়ায় নি, বিড়লার পাশে, মনোপলিস্ট-এর পাশে গিয়ে দাঁড়িয়েছে। ওরিয়েন্ট কারখানা নামে বিড়লার আর একটি কারখানা আছে। আজকে বিড়লা মনে করছে তাদের সরকার প্রতিষ্ঠিত হতে যাচ্ছে, তাই ইউনিয়ন ভাঙ্গার জন্য বরাহনগর ও সি-র সঙ্গে ষড়যন্ত্র ক'রে ইউনিয়নের নেতাদের গ্রেপ্তার করছে। এই হচ্ছে আজকে মনোপলিস্টদের চিন্তাধারা এবং সেদিক থেকে আমাদের দেখতে হবে এই মনোপলিস্টরা আজকে কিভাবে পুলিস বাহিনীকে ইউস্ করছে। আজকে গণতান্ত্রিক মোর্চার যে সমস্ত সদস্য রয়েছেন তাঁরা গ্রামাঞ্চলে যাচ্ছেন এবং বার বার ঘোষণা করছেন তারা জোতদারদের পক্ষ নিয়েছে, ভূমিহীন কৃষকদের পক্ষ নেয় নি, কৃষকদের পক্ষ নেয় নি।

মাননীয় রাষ্ট্রমন্ত্রী সুব্রতবাবু কয়েকদিন আগে ঘোষণা করেছিলেন যে, আমাদের এখানে মনোপলিস্ট, ইমপিরিয়ালিস্টদের ক্ষেত্রে আজকে পুলিস বাহিনী কি ভূমিকা পালন করেছে? আজকে আমরা দেখতে পাচ্ছি ইমপিরিয়ালিজমের সবচেয়ে বড় ঘাঁটি হচ্ছে পশ্চিমবাংলা, সি আই এ-র এজেন্ট তারা তৈরি করেছে। ভারতবর্ষের প্রগতিশীল কাজকে তারা ভেঙ্গে-চুরে চুরমার ক'রে দেবার চেষ্টা করছে। ঐ সি আই এ-র এজেন্টরা বা চররা আমেরিকান লাইব্রেরিতে বসে বাংলাদেশে যখন মুভমেন্ট হচ্ছিল, যখন আমেরিকান সেভেন্থ ফ্লিট ধ্বংস করতে এসেছিল, আমেরিকান লাইব্রেরিতে বসে তারা আলোচনা করেছে, ব্যারাকপুরে সোভিয়েত রাশিয়া কিভাবে অ্যান্টি মিসাইলস স্থাপন করেছে, সেইসব কথা আলোচনা করেছিল। আজকে আমরা দেখি, ইমপিরিয়ালিজমের কারবার পশ্চিমবঙ্গে ফলাও ক'রে চলছে। আমরা জানি আই বি ডিপার্টমেন্টের একটা বৃহৎ অংশ তারা সি আই এ-র টাকায় গোলামের মত কাজ করছে। আজকে যেসব অসৎ অফিসার পুলিস বিভাগে রয়েছে সি আই এ-র চক্রে মনোপলিস্টদের চক্রে তাদর মধ্যে একটা জাল বিস্তার করেছে। স্বরাষ্ট্রমন্ত্রী আজকে ঘোষণা করেছেন, তার সরকার প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর সমাজবাদের কথা যা ঘোষণা করেছেন তা চুরমার ক'রে দেবার একটা ব্যাপক ষড়যন্ত্র চলছে। আজকে আমি বলছি, মেহনতী মানুষের কথা সাধারণ মানুষের কথা যারা ২০ বছর ধ'রে আলমবাজার এলাকায়, বস্তি এলাকায় বাস করছিল, আজকে তাদের মধ্যে কান্নাকাটি উঠে গেছে। কারণ, বরানগর থানার ও সি তাদের উচ্ছেদ করবার চেষ্টা করছে, গুণ্ডা দিয়ে তাদের উচ্ছেদ করবার চেষ্টা হচ্ছে। পুলিস গরিব মানুষের পক্ষে নেই, বস্তিবাসীর পক্ষে নেই, যাদের টাকা আছে, তাদের পক্ষে পুলিস। সুতরাং আজকে শুধু সদিচ্ছা নয়, পশ্চিমবঙ্গের সন্ত্রাসের রাজত্ব যা ছিল তার অবসান হয়েছে, ব্যক্তি হত্যা যেভাবে চলছিল তার অবসান হয়েছে। প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চা সাধারণ মানুষের কাছে যে প্রতিশ্রুতি দিয়েছিল মাননীয় মুখ্যমন্ত্রী তার বাজেট বক্তৃতার মধ্যে সেই সদিচ্ছা প্রকাশ করেছেন এবং তিনি বলেছেন, তাঁর সরকার ভারতবর্ষের সমাজবাদের প্রতিষ্ঠার জন্য নিশ্চয় চেষ্টা করবেন। আজকে আমাদের পুলিস বাহিনীকে যারা ক্ষেতে কাজ করেন, যারা শ্রমিক, যারা নিম্ন-মধ্যবিত্ত তাদের পাশে এসে দাঁড়াতে হবে। আজকে যদি আমরা সমস্ত পশ্চিমবাংলার পুলিস বাহিনীর কাজ-কর্মের বিচার করি, তা হ'লে দেখবো, সারা পশ্চিমবাংলায় একটা ব্যাপকভাবে ষড়যন্ত্র চলেছে। এই ষড়যন্ত্র নতুন নয়, এই ষড়যন্ত্র সারা ভারতবর্ষে চলেছে। আজকে উড়িষ্যায় চলেছে, আসামে চলেছে, এই ষড়যন্ত্র পশ্চিমবঙ্গে জাল বিস্তার করেছে। তারা চেষ্টা করছেন যে, এই

প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার যেসমস্ত কাজকর্ম রয়েছে সেইসব কাজকর্মকে অচল ক দেবার জন্য এবং যদি আমরা আমলাদের কথা বিচার করি, তাদের ঘ্রষের কথা যদি আমরা বি করি, তা হ'লে দেখবো যে, বড়বাজার থানার ও সি হতে পারলে অনেকে ভাগ্যবান মনে ক আমি মনে করি এবং আপনার মাধ্যমে আবেদন রাখছি, স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে যে, আজকে বি থানার ও সি দের আপনারা ভিজিলেন্স কমিটির মারফতে পাঠান, তারা বিচার করুন, কিভা তারা ঘুস নিচ্ছে, তারা কিভাবে বিভিন্ন মালিকদের কাছ থেকে ঘুষ নিচ্ছে, জোতদারদের ক থেকে আরম্ভ করে সমাজবিরোধী, মাস্তানদের সাথে এই সব পুলিস অফিসারদের কিভা টাকার বন্দোবস্ত রয়েছে। আজকে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী কতকগুলো কথা বললেন আমাদের এনফোর্সমেন্ট ব্রাঞ্চ কতকগুলো জায়গায় তেল, চাল কয়েক কেজি ধরেছেন, কিভা ফলাও কারবার চলছে। আজকে যদি ঐ জি রোডে যান, ব্যারাকপুর বেল্টে যান, সেখা দেখবেন যত শিব-মন্দির রয়েছে রাত্রি ১২টা থেকে আরম্ভ ক'রে কিভাবে লরী বোঝাই ক চোরাকারবার হয়। বরানগর থানার ও সি কিভাবে পুলিস নিয়োগ ক'রে চোরাচালানদারে সাথে মিলে এন্টায়ার ব্যারাকপুর মহকুমার পুলিসের সাথে জড়িত রয়েছে, কিভাবে তারা সমা বিরোধীদের প্রশ্রয় দিচ্ছে, এই হচ্ছে প্রশাসনযন্ত্রের নমুনা।

[8-50—9-00 p.m.]

আমি একথা বলছি না যে, পুলিস বিভাগের মধ্যে কিছু ভাল অফিসার নাই। তাঁর চেষ্টা করছে না, এটা আমি বলছি না। কিন্তু যে প্রতিজ্ঞা যে প্রতিশ্রুতি আজকে ঘোষ করেছেন, পুলিস বাহিনীকে নূতন বাহিনীতে রূপান্তরিত করবেন, কিন্তু কার্যতঃ দেখে পাচ্ছি, পুলিস বাহিনী একচেটিয়া পুঁজিপতিদের ধারক এবং বাহক হিসাবেই কাজ করছে জোতদারদের ধারক এবং বাহক হিসাবে কাজ করছে। পুলিস বাহিনী ইমপিরিয়ালিজম-এ এজেন্ট সি আই এ-র এজেন্ট হিসাবেই কাজ করছে এবং আজকে তাই তারা সারা পশ্চিমবাংলা যে প্রগতিশীল আদর্শ, সেই আদর্শকে ধূলিসাৎ করছে। আজকে প্রধানমন্ত্রী যে বাণী ঘোষণ করেছেন সমস্ত প্রগতিশীল মানুষকে ঐক্যবদ্ধ হয়ে সংগ্রাম করার জন্য দেখা যাচ্ছে, তার বিরুদ্ধে ষড়যন্ত্র হচ্ছে এবং সেই চেইনের সঙ্গে যুক্ত হয়েছে দক্ষিণপন্থী বামপন্থী প্রতিক্রিয়াশীলেরা এ সম্বন্ধে বলতে গিয়ে আমাদের নেতা মাননীয় বিশ্বনাথবাবু বলেছেন যে, সাধারণ কৃষকে মধ্যে হতাশার সৃষ্টি হয়েছে, শ্রমিকদের মধ্যে হতাশার সৃষ্টি হয়েছে। আজকে প্রতিক্রিয়াশীলের চাইছে সমস্ত প্রগতিশীল কাজগুলিকে তছনছ ক'রে দেবার জন্য এবং তার জন্যই সি আই এ মনোপলিস্ট-এর এজেন্ট হিসাবে কাজ করছে পুলিস চক্র, পুলিস বাহিনী। আমি তাই মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব, আজকে বিভিন্ন বক্তাব বক্তৃতার মাধ্যমে যে কথার ধ্বনি উঠেছে, আসুন পুলিস বাহিনীকে সেইভাবে সেই আদর্শে ১৭ দফা কর্মসূচির আদর্শে রূপান্তরিত করি এবং প্রগতিশীল মানুষের কাছে এগিয়ে নিয়ে যাই, আর তা যদি না করে বাংলাদেশের মানুষ এর বিরোধিতা করবে, আমরাও তার বিরোধিতা ক'রে যাব। এই ব'লে বক্তব্য শেষ করছি।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি বিধানসভায় আমার বক্তব্য রাখার সময় বক্তব্যে রেখেছিলাম যে, প্রাক্তন প্রধান বিচারপতি শ্রীসুরজিৎ লাহিড়ীর জামাই হত্যাকাণ্ড মামলার সঙ্গে জড়িত, তাঁর নাম বলেছিলাম দীপাঞ্জন সেন, কিন্তু সেই নাম হবে দীপাঞ্জন রায় চৌধুরী, অন্য আর একজন পুলিস সুপার, নাম হচ্ছে শ্রী আর এন ভট্টাচার্য।

Mr. Speaker: Honourable Members. I find that about 10 persons are yet to take part in the debate. I will request the honourable Members not to take more than two minutes each.

শ্রীবীরেশ্বর রায়ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আজকে পুলিস খাতে যে ব্যয়বরাদ্দের দাবি রেখেছেন, আমি সমর্থন করছি। সমর্থন করতে গিয়ে আজকে আমাদের আর এস পি দলের সদস্যরা যে কুম্ভীরাশ্রু বিধানসভায় ফেললেন, বর্তমান পুলিস

প্রশাসন পরিপ্রেক্ষিতে, আমি তাঁদেব শাসনকালে যুক্তফ্রন্টের শাসনকালে, আমার এলাকায় যা ঘটেছিল সে সম্বন্ধে দুই-একটি সংবাদ জানাচ্ছি। পশ্চিম দিনাজপুরে বালুরঘাট থানায় হরিপুরে কৃষক পরিবারের এক কৃষক সন্তানের ২০ বিঘা জমি ছিল, তাকে এই আর এস পি-র গুণ্ডা বাহিনী হত্যা করে, এ ছাড়া বড় কাশীপুরে একজন প্রাইমারী শিক্ষককেও হত্যা করে। এই দুই যুবকের বাল বিধবার অশ্রুজল সেখানে ধুয়ে মুছে তারা চলে গেছে। আজকে মাননীয় মুখ্যমন্ত্রী দৃঢ়হস্তে পুলিস প্রশাসনকে পরিচালনা করছেন এটা ঠিক। আমি একটা বিষয় জানাতে চাই। সীমান্তবর্তী জেলাগুলিতে প্রচুর আগ্নেয়াস্ত্র বিভিন্ন দুষ্কৃতকারীদের হস্তে চলে গিয়েছে এবং তার ফলে এই সমস্ত দুষ্কৃতকারীরা চুরি-ডাকাতিতে প্রতিনিয়ত লিপ্ত।

আমাদের পশ্চিম দিনাজপুর জেলায় মাননীয় মুখ্যমন্ত্রী গত ৫ এবং ৬ তারিখে সেখানে এনকোয়ারী করবার জন্য গিয়েছিলেন। ইসলামপুরে গিয়ে তিনি একটি ক্ষেত্রে পুলিসের যে তথ্য, সেই তথ্য পরীক্ষা করবার জন্য তিনি অনুসন্ধান করেন। কারণ পুলিস যে তথ্য দিচ্ছেন সেই তথ্যের সংগে বাস্তব চুরি-ডাকাতির তথ্যের কোন মিল নাই। সেখানে চার-পাঁচটি জায়গায় চুরি-ডাকাতি হয়েছে বলে পুলিস যে তথ্য দিয়েছিলেন, সে সম্বন্ধে সেখানকার এম এল এ দৃঢ়তাব সংগে চ্যালেঞ্জ করেন, পুলিসের দেওয়া তথ্য ঠিক নয়। সংগে সংগে পরেব দিন পদব্রজে মুখ্যমন্ত্রী মহাশয় তিন-চারটি গ্রামে গিয়ে এ সম্বন্ধে অনুসন্ধান করেন এবং বাস্তবিক পক্ষে চৌধুরী মহাশয় যে তথ্য বলে গেছেন, সেটাই সত্য। সেখানে আই জি নিজে উপস্থিত ছিলেন। তিনি পুলিস কর্মচারীদের কর্তব্য কাজে অবহেলার দরুন তাদের তিরস্কৃত করেন। বাস্তবিক এজন্য তিনি প্রশংসার যোগ্য।

এ ছাড়া আমি বর্তমানে সি আর পি-র জন্য বলছি। এই সি আর পি-দের জন্য সাড়ে তিন কোটি টাকা খরচ হচ্ছে। আমাদের দেশের সৎ, নিষ্ঠাবান ও দেশপ্রেমিক বেকার যুবকদের এই কাজে নিয়োজিত করলে এতগুলি টাকা আর বাইরে দিতে হবে না।

তারপর আমাদের এন ভি এফ ও হোমগার্ড বাহিনীকে আরো ভালভাবে সাজানো দরকার। আমাদের সমাজে এদের যথেষ্ট প্রয়োজন আছে বলে আমি মনে করি। আমার সময় হয়ে গেছে, আমি এখানে আমার বক্তব্য শেষ করছি।

(At this stage red light was lit and the Hon'ble Member having reached the time-limit resumed his seat.)

শ্রীশম্ভুনারায়ণ গোস্বামীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় আজকে পুলিস খাতে যে ব্যয়বরাদ্দ এখানে উপস্থাপিত করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। এজন্য সমর্থন জানাই যে, পশ্চিমবঙ্গের মানুষ আজকে এত নিরাপত্তা খুঁজে পেয়েছে। আজ এই ব্যয়ববাদ্দের প্রতি সমর্থন জানাতে গিয়ে দু-একটা কথা আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে উপস্থাপিত করতে চাই। আমাদের পুলিস বাহিনীর হাতে যে ক্ষমতা দেওয়া হয়েছে, সেই ক্ষমতার সুযোগ নিয়ে কিছু কিছু পুলিস অফিসার ও কর্মচারী তাদের দুর্নীতিকে প্রশ্রয় দিচ্ছেন এবং তাদের দুর্নীতিপরায়ণ উদ্দেশ্য চরিতার্থ করছেন। এর দু-একটা ঘটনা সম্বন্ধে মুখ্যমন্ত্রীকে অবহিত করতে চাই। বাঁকুড়া জেলায় আমার নির্বাচনকেন্দ্র বামসাগর অঞ্চলে একটা ঘটনা ২৭শে ফেব্রুয়ারি, ১৯৭৩ তারিখে ঘটেছিল। সেই সম্পর্কে মুখ্যমন্ত্রীকে লিখিতভাবে আবেদন জানিয়েছিলাম এবং পরে সে সম্বন্ধে একটা টেলিগ্রামও করেছিলাম তাঁকে। রামসাগর সদর সার্বডিভিসনের মধ্যে ওন্দা থানার অন্তর্গত সেখানে একটা বাসকে কেন্দ্র করে ঘটনাটা ঘটে। তখন বাস মালিকের পক্ষ নিয়ে বিষ্ণুপুর থানার ও সি তাঁর অধিকার বহির্ভূত কাজ করেন, তিনি এসে যাত্রীদের উপর লাঠি চার্জ করেন। দুঃখের ও পরিতাপের বিষয়, সাধারণ বাসের যাত্রী নারায়ণ মুখার্জী নামে এক ভদ্রলোক নির্যাতিত হন। আমি মুখ্যমন্ত্রীর কাছে জানাতে চাই, এই সমস্ত ঘটনা তাঁর সামনে তুলে ধরা সত্ত্বেও আজ পর্যন্ত তার কোন

সুরাহা হয় নাই। এই ঘটনাকে কেন্দ্র করে সেখানকার সাধারণ মানুষ বিশেষভাবে উত্তেজিত হয়েছে। তারা জানতে চায়, বর্তমান জনপ্রিয় সরকারের কাছে পুলিসের অহেতুক নির্যাতনের কোন প্রতিকার হবে কিনা।

ঐ অঞ্চলে আর একটা ঘটনা ঘটে। সেটাও মুখ্যমন্ত্রীর কাছে উপস্থিত করতে চাই। ফেলারাম কুন্ডু নামক একজন লোক ওন্দা থানায় একটা ডায়েরী করতে গিয়েও তিনি ডায়েরী করতে পারেন নি। ওন্দা থানার ও সি-কে একশো টাকা ঘুষ তিনি দিতে পারেন নি, তাই তার ডায়েরী নেওয়া হয় নাই। মুখ্যমন্ত্রীকে এই সম্পর্কে জানান সত্ত্বেও আজ পর্যন্ত তার কোন সুরাহা হয় নাই।

[9-00—9-10 p.m.]

শ্রীগিয়াসুদ্দিন আমেদ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পুলিসমন্ত্রী পুলিস খাতে যে ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন করছি। পুলিস বিশেষভাবে প্রশাসনের একটি অঙ্গ এবং বিশেষ করে সকল দেশে একথা স্বীকৃত। আমরা বিভীষিকাময় পরিস্থিতির মধ্য দিয়ে প্রায় ৫।৭ বছর কাটিয়ে এসেছি সেকথা মাননীয় অজয় মুখার্জি মহাশয় এই সভায় তা উপস্থিত করেছেন। এবং এই পশ্চিমবাংলায় যে বিপর্যয় পরিস্থিতির উদ্ভব হয়েছিল শান্তিকামী জনতার পাশে দাঁড়িয়ে পুলিস তা আয়ত্তে এনেছে—এজন্য পুলিস বাহিনীর কাছে আমরা কৃতজ্ঞ। আমি যে অঞ্চল থেকে এসেছি সেটা বর্ডার এরিয়া—সেখানে বিচিত্র ধরনের অনেক ঘটনা ঘটেছে। পাকিস্তান হিন্দুস্থান হবার পর সেখানে যে জিনিসগুলি হচ্ছে তা হচ্ছে গরু চুরি, ছাগল চুরি, বলদ চুরি। প্রত্যেক কৃষ্ণপক্ষের রাত্রে এই সমস্ত জিনিস স্মাগলিং হয়। গত কিছুদিন যাবত এখানে বলদ চুরির একটা হিড়িক পড়েছে। বাংলাদেশের রাইফেল বাহিনীর লোক নাকি এই সমস্ত গরু চুরি বা অন্যান্য জিনিস স্মাগলিং ব্যাপারে উৎসাহ দিচ্ছে। ডাকাতরা অস্ত্রশস্ত্র নিয়ে ডাকাতি ক'রে চলে যাচ্ছে প্রত্যেক কৃষ্ণপক্ষের রাত্রে। আমার এলাকায় একপক্ষ কালের মধ্যে দুটি ডাকাতি অনুষ্ঠিত হয়েছে। পুলিস এর কোন ব্যবস্থা করতে পারছে না। পুলিস সেই সমস্ত ডাকাতির এনকোয়ারীর নামে গ্রামের নিরীহ নাগরিকদের বিশেষ ক'রে বড় লোকদের ধরে তাদের আসামী করছে এবং তাদের কাছ থেকে নানাভাবে টাকা স্কুইজ করছে। পুলিস জনসাধারণের মধ্যে যে এই সব জিনিস করছে তাতে এই বিষয়ে থানায় গিয়ে আমরা আবেদন-নিবেদন করেছি। কিন্তু তাতে কিছুই হচ্ছে না। এই বিষয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীবিজয়কৃষ্ণ মাহান্ত: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী পুলিস খাতের ব্যয়বরাদ্দের যে দাবি উত্থাপন করেছেন আমি তাকে সম্পূর্ণ সমর্থন করি। আমি এই প্রসঙ্গে কয়েকটি কথা বলছি। এবার এই খাতে টাকার অঙ্ক বেশী ধরা হয়েছে এবং তার মধ্যে দেখানো হয়েছে যে, কেন্দ্রীয় সরকারের সি আর পি থাকার জন্য কেন্দ্রীয় সরকারকে এ বাবত অনেক খরচ দিতে হয়। আমি এখানে প্রস্তাব করবো, বর্তমানে যুব সম্প্রদায় যে ভাবে জেগে উঠেছে এবং এদের মধ্যে অনেক দেশপ্রেমিক, প্রগতিশীল দৃষ্টিভঙ্গির ছেলেও আছে এদের মধ্যে থেকে পুলিস বাহিনীতে লোক নিয়োগ করা হোক। এতে একদিকে বেকার সমস্যার সমাধান হবে আর একদিকে আমরা যে দুর্নীতিমুক্ত পুলিস বাহিনী গড়ে তুলতে চাচ্ছি সেইদিকে এ ব্যাপারে সহায়ক হবে। এখানে একটি কথা বলতেই হবে যে, পুলিস বাহিনীর মধ্যে যতই দোষত্রুটি থাক না কেন পশ্চিমবাংলার পুলিস বাহিনী তাদের কাজের যে নমুনা রেখেছে তা অন্যান্য প্রদেশের তুলনায় কিছু প্রশংসার দাবি রাখে। ভারতবর্ষের অন্যান্য শহরের চেয়ে কলকাতায় ১৯৭০ সালে অপরাধের সংখ্যা কম। আমি একটা তুলনামূলক হিসাব এখানে রাখছি। অপরাধের সংখ্যানুসারে দিল্লীতে ১ লক্ষ লোকের গড়পড়তায় ৭৪০·৪, কানপুরে ৬৫৯:৮, মাদ্রাজে ৫১৭·৫৫, বম্বে ৪৫১·৯৮, বাঙ্গালোরে ৪২৯:৯৬ আর কলকাতায় ৩৩৫·১৭। এর থেকে দেখা যায় যে, পশ্চিমবাংলায় পুলিসের তৎপরতা ভাল। এই জন্য এই ব্যয়বরাদ্দকে

আমি সমর্থন করি। রাজ্য হিসাবে প্রতি ১ লক্ষ লোকের মধ্যে গড়পড়তা অপরাধের সংখ্যা—উত্তর প্রদেশে ১ লক্ষ লোকের মধ্যে গড়পড়তা ২৫৬·৯, পশ্চিমবঙ্গ সহ অন্যান্য রাজ্যের মধ্যে গড়পড়তা ১৬৮·৮। ১৯৬০-৭০ দশকে জনসংখ্যা বৃদ্ধি ২৭·৬, আর অপরাধ বৃদ্ধি পেয়েছে ৪৭;৪। জনসংখ্যা বৃদ্ধির অনুপাতে এ রাজ্যে অপরাধ বৃদ্ধি কম। আর জনসংখ্যার অনুপাতে অন্যান্য রাজ্য অপেক্ষা এ রাজ্যে পুলিসের সংখ্যাও কম। দিল্লীতে ২৫০ জনে ১ জন পুলিস, রাজস্থানে ৭২৪ জনে ১ জন পুলিস, মধ্যপ্রদেশে ৭২৫ জনে ১ জন পুলিস, পাঞ্জাবে ৭৩২ জনে ১ জন পুলিস, পশ্চিমবঙ্গে ৯০০ জনে ১ জন পুলিস। এ থেকে দেখা যায় যে, পশ্চিমবাংলায় পুলিসের তৎপরতা ও কর্মদক্ষতা অন্যান্য রাজ্য অপেক্ষা অনেক ভাল। এই জন্যই এই ব্যয়-বরাদ্দকে আমি সমর্থন করছি।

শ্রীহেমন্ত দত্ত: মাননীয় স্পিকার মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী আমাদের সামনে যে ব্যয়বরাদ্দের দাবি উপস্থিত করেছেন আমি তাকে পরিপূর্ণভাবে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শুরু করছি। স্যার, আজকে দীর্ঘ ৫ বছর পরে পশ্চিমবঙ্গের জনজীবনে আবাব নিরাপত্তা ফিরে এসেছে এবং আমরা যে সমাজবাদের কর্মসূচি গ্রহণ করেছি তার সার্থক রূপায়ণ করতে পারবো বলেই আমরা মনে করি। কাজেই স্যার, স্বয়ং মুখ্যমন্ত্রী যখন স্বরাষ্ট্র দপ্তরের দায়িত্ব নিয়েছেন তখন সেই শান্তিশৃংখলা কেউ যাতে ব্যাহত করে আমাদের উন্নয়নের কর্মসূচিকে ব্যাহত করতে না পারে, সেদিকে নজর দেবার জন্য আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ জানাব। স্যার, এর পর আমি গ্রামবাংলার প্রশাসন সম্পর্কে দু-চারটি সাজেসান রাখব। আমরা দেখেছি, গ্রামবাংলার যিনি ও সি বা দারোগা তাকেই সেই অঞ্চলের প্রধান বলে মনে করতে হবে। তিনি অনেক ক্ষেত্রে ডাইরী গ্রহণ না করে গ্রামবাংলার জনসাধারণকে অহেতুক হয়রান করে থাকেন। তা ছাড়া কোন কোন ক্ষেত্রে ৫।৬।৭ বছর পর্যন্ত চার্জসিট তারা ঝুলিয়ে রাখেন। আমার কনস্টিটিউয়েন্সির একটা কেসের কথা বলছি। একটি স্কুলের সম্পাদক তিনি ৫০ হাজার টাকার তহবিল তছরূপ ক'রে ১৯৬৬ সাল থেকে ১৯৭৩ সাল পর্যন্ত বহালতবিয়তে আছেন। আমি এ বিষয়ে মেদিনীপুরের এস পি এবং উচ্চপদস্থ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেছি এবং সেদিন আমি কোয়েশ্চেনের মাধ্যমেও এই জিনিসটা সভার সামনে তুলে ধরেছিলাম, কিন্তু এ পর্যন্ত তার কোন ফল হয় নি। এ রকম বহু দৃষ্টান্ত আছে আমরা জানি। তারপর স্যার, আর একটা কথা বলতে চাই, গ্রামের প্রশাসনকে যদি গড়ে তুলতে হয়, তা হলে গ্রামে যে আর জি পার্টি আছে বা ভিলেজ রেজিসটেন্স পার্টি আছে তাকে জোরদার করতে হবে এবং পুলিসের সঙ্গে তাদের যোগাযোগ করিয়ে দিতে হবে যাতে তারা পুলিসের উপর লক্ষ্য রাখতে পারেন এবং পুলিস যাতে তাদের সাহায্য নিয়ে কাজ করতে পারে সে ব্যবস্থা করতে হবে। কারণ শুধু ও সি-র উপর নির্ভর করে কোন প্রশাসন চলতে পারে না। এই প্রসঙ্গে আমার আর একটা সাজেসান হচ্ছে, গ্রামে যেসমস্ত ব্লক ডেভেলপমেন্ট কমিটি বা ল্যান্ড রিফর্মস কমিটি আছে তাদের মধ্যে থেকে বিশিষ্ট লোকেদের নিয়ে একটা কমিটি করে দিতে হবে এবং তাঁরা সমস্ত দিক লক্ষ্য রাখবেন। এটা যদি করা হয়, তা হলে প্রশাসন অনেকটা উন্নত হবে বলেই আমি মনে করি। তারপব স্যার, পুলিসে যে সমস্ত লোকেদের নেওয়া হবে তারা যাতে এই দেশের বা এই মাটিব মানুষ হন সেদিকে লক্ষ্য রাখতে হবে। কারণ তা যদি করা হয়, তা হলে তারা দেশের লোকের মানসিকতা বুঝে নিজস্ব দৃষ্টিভঙ্গি নিয়ে সমস্যার মোকাবিলা করতে পারবেন। এই কথা বলে এই বাজেটকে সমর্থন জানিয়ে শেষ করলাম।

শ্রীআনন্দগোপাল রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী পুলিস খাতের যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭০-৭১ সালে বীরভূম জেলার উপর দিয়ে যে হিংসার রাজনীতি চলেছিল তাতে সেই হিংসার রাজনীতিতে যারা বিশ্বাস করতেন তারা প্রত্যেকদিন হত্যাকার্য চালাতেন। বীরভূমের মনুষ্য মানুষকে বিশ্বাস করেতেন না। এই অবস্থার মধ্যে যে সমস্ত পুলিস অফিসার দৃঢ়হস্তে ব্যবস্থা গ্রহণ করে বীরভূম জেলার মানুষকে হত্যার হাত থেকে বাঁচিয়েছিলেন আমি তাঁদের অভিনন্দন জানাই। বিশেষভাবে অভিনন্দন জানাই তৎকালীন বীরভূমের জেলাশাসক

শ্রীমহীশ গুপ্ত ও জেলার পুলিস মিঃ সামন্তকে। স্যার, বর্তমানে পুলিস যেমন প্রশংসার পাত্র তেমনি নিন্দার পাত্র। এই প্রসঙ্গে আমি বলতে চাই যে, রামপুরহাট মহকুমার পুলিস অফিসাররা দিনের পর দিন যে দুর্নীতি ও জুলুম চালিয়ে যাচ্ছেন আপনার মাধ্যমে সে দিকে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, এই সমস্ত পুলিস অফিসারদের অবিলম্বে ট্রান্সফার করতে হবে। স্যার, ঘটনার বিবরণে প্রকাশ, জেলাশাসক মহাশয় আমাদের উপর দায়িত্ব দিয়েছিলেন যে, বীরভূম জেলা থেকে সাঁওতাল পরগনাতে যে ধান, চাল চলে যায় সেই চেক-পোস্টে আমাদের লোক দেখাশুনা করবে যাতে ধান, চাল চলে না যায়। কিন্তু দেখা গেল, বীরভূম জেলার রামপুরহাট মহকুমার সি আই কর্ডনিং এবং এস ডি পি ও ও তাদের চেলারা মিলে বীরভূম থেকে যাতে বিহারে চাল পাচার হয় সেইসব কার্যে নিযুক্ত আছেন। আমাদের লোকেরা সেইসব কার্যে বাধা দেয়। এর ফলে যুব কংগ্রেসের নেতা শ্রীঅনাদিনাথ হালদার, কংগ্রেসের শ্রী হোসেন ও নিয়ামত মির্জাকে মিসা আইনে গ্রেপ্তার করা হয়। এই অন্যায় গ্রেপ্তারের প্রতিবাদে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে একটি আবেদন করেছিলাম, কিন্তু আজ পর্যন্ত তার কোন প্রতিকার হয় নি।

[9-10—9-20 p.m.]

Shri George Albert Willson-de Roze: Mr. Speaker, Sir, with an extra half minute by your leave because of my minority status I support the grant and congratulate the Hon'ble Chief Minister for restoring law and order in the State to the point where we are sure, we will be able to walk home safely to-night. Sir, I have a suggestion in regard to the Jhargram development. There is a need for security in that area. Unless there is a special Security Force created there no settler will be able to operate in that area. I have some people living in that area for some time and there is strong need for security. Therefore, a special Security Force in that area will be of great help.

Next, I would draw the attention of the Hon'ble Chief Minister of the fact that certain Anglo-Indian officers in the police force have not got promotion which they think is due to them during the past few years. I would like the Hon'ble Chief Minister to look into the matter. The Anglo-Indian community has a limited scope in the economic field and, in the police force they have a special history. I would request the Hon'ble Chief Minister to consider whether there should not be some special recruitment into the police force from this community. Thank you, Sir.

শ্রীশিশিরকুমার ইশোরঃ মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, মাননীয় মুখ্যমন্ত্রী পুলিস খাতে যে ব্যয়বরাদ্দের দাবি এনেছেন তাকে পরিপূর্ণভাবে সমর্থন করছি। আজকে পশ্চিমবাংলায় পুলিস প্রশাসন যেভাবে শান্তিশৃঙ্খলা ফিরিয়ে এনেছে সেটা নিঃসন্দেহে কৃতিত্বের দাবি রাখে এবং পশ্চিমবাংলার ইতিহাসে এই সময়টা নিশ্চয়ই একটা স্বাক্ষর রেখে দেবে। এই প্রসঙ্গে পুলিস প্রশাসন সম্পর্কে দু-একটি কথা বলতে চাই। আজকে সরকার যে দৃষ্টিভঙ্গি নিয়েছেন এই পরিবর্তিত দৃষ্টিভঙ্গি এবং সমাজচেতনা যেটা আমাদের সকলের ভিতরে এসেছে, আমরা যদি পুলিসের কাছ থেকে সেই ব্যাপারে সহযোগিতা এবং পুলিসকে যদি এই সমাজচেতনায় উদ্বুদ্ধ করতে না পারি তা হলে আমাদের যে সমাজতান্ত্রিক কর্মসূচি সেটা অনেকাংশে ব্যাহত হবে এবং সরকারের যে উদ্দেশ্য এর থেকে অনেক দূরে সরে যাবে. এটা সাধারণভাবে বলা যায়। এখনও একজন গ্রামের সাধারণ চাষী থানায় এসে কোন পাত্তা পায় না। দেখা যায়, গরিব মানুষের ক্ষেত্রে প্রতিকারহীন এই রকম একটা অবস্থা। ভাগচাষীর ক্ষেত্রে দেখা যায় জমির

ব্যাপারে এবং ভাগচাষীর অধিকাংশ ক্ষেত্রে দেখা যায় এই থানা অফিসাররা জোতদারের পক্ষ নিচ্ছে। আধিয়ার উচ্ছেদের ব্যাপারে তারা জোতদারের পক্ষ নিচ্ছে। সুতরাং এই ব্যাপারে যদি পুলিসকে উপযুক্তভাবে স্থাপিত করা না যায়, তা হলে সরকারের কর্মসূচি অনেকাংশে ব্যাহত হবে। আর একটা কথা বলা দরকার সেটা হচ্ছে আমার এলাকা দিয়ে বলতে পারি, আজকে যে সময় এসেছে, আজকে জনসংখ্যার ভিত্তিতে পুলিস ব্যবস্থা করা এবং থানায় যে ব্যবস্থা আছে সেটা পুনর্বিন্যাস হওয়া একান্ত দরকার। তখনকার দিনে যেভাবে থানা স্থাপিত হয়েছিল তখন সামান্য ছিল জনসংখ্যা এবং সেই ভিত্তিতে একটা থানা প্রতিষ্ঠিত হয়েছিল। আজকের দিনের অধিক জনসংখ্যা সেই থানা কন্ট্রোল করতে পারে না এবং শান্তিশৃঙ্খলার যে কাজ করা দরকাব পুলিসের পক্ষে সেটা করা ঠিকমত সম্ভব হয় না।

শ্রীঅর্ধেন্দুশেখর নস্কর: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গ্রান্ট নং ১৫, মেজর হেড ২৩—পুলিস খাতে আমাদের মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী যে ব্যয়ববাদ্দ আজকে রেখেছেন তার সমর্থনে আমি দু-একটা কথা হাউসের সামনে রাখতে চাই। স্যার আপনি জানেন যে, এই হাউসে পুলিস খাতে এবং প্রশাসন খাতে ব্যয়বরাদ্দ যখন রাখা হত তখন যে উত্তাপের সৃষ্টি হত—বর্তমানে বক্তা হয়তো আমাদের সংখ্যায় বেশী আছে কিন্তু বর্তমানে সেই উত্তাপের সৃষ্টি হয় নি। এই কারণে আমি যখন আগেকার দিনেব কথা গতবারের হাউসে বলেছি এবং আমি আজও বলছি, আমি এই দাবি রাখি, এই হাউসে ২৩টি বাজেট অধিবেশনে অংশগ্রহণ করবার সৌভাগ্য আমার হয়েছে। তার মধ্যে দু'বার বাদ গেছে, মধ্যে দু-বার আমি ছিলাম না। দেশ বিভাগের আগে যখন এই হাউসের সদস্য হয়ে আসি—আমি সুব্রতবাবুকে বলেছিলাম যে, তোমারই বয়সে আমি এই হাউসে এসেছি। ১৯৬৭ সাল পর্যন্ত যে কাজ করবার সুযোগ পেয়েছি, মাঝে দুটো বছর ছেদ পড়েছে। প্রথম যখন আসি তখন আমি বিরোধী দলে বসেছিলাম। গভর্নর্স বেঞ্চে বসে থাকতেন স্যার বারোজ, লিভেল তখন আমাদের হোম সেক্রেটারী। যখন আমরা পুলিস খাতে ব্যয়বরাদ্দের জন্য কোন সমালোচনা করতাম, আমাদের দাবিয়ে রাখা হত। তার পরের দিন দেখতাম, আমাদের বাড়ির আশেপাশে পুলিস ঘুরে বেড়াচ্ছে ধরে নিয়ে যাবার জন্য। সেই বিপর্যয় কাটিয়ে দেশ স্বাধীন হবার পর আমরা কয়েকটি বাজেট অধিবেশনে অংশগ্রহণ করেছি, তাতে বিরোধীদলের যে ভূমিকা দেখেছি, সেই ভূমিকা আজকে নেই। কেননা শান্তি আজকে প্রতিষ্ঠিত হয়েছে। আমাদের শ্রদ্ধেয় অজয়বাবু যে অন্ধকার দিনগুলির কথা আমাদের হাউসের সামনে রেখেছেন, যে ঐতিহাসিক বক্তব্য তিনি রেখেছেন, আমি আপনার মাধ্যমে অনুরোধ করবো যে, একটা বিশেষ দিন ধার্য করুন যাতে ঐ অন্ধকার দিনগুলোর কথা আমরা শুনতে পাই এবং দেশের জনসাধারণ শুনুন এবং একদিকে আমরা কি দিন ফিরিয়ে আনতে পেরেছি, কি শান্তি এখানে প্রতিষ্ঠিত করতে পেরেছি। ডাঃ বিধানচন্দ্র রায় যখন মুখ্যমন্ত্রী ছিলেন, তখন আমি প্রথম উপ-মন্ত্রী হিসাবে স্বরাষ্ট্র বিভাগের কাজ করবার সুযোগ পেয়েছি। আমি জানি, যখন পুলিসের বিরুদ্ধে কোন অভিযোগ আসতো, তিনি কোন অফিসার বা ফাইলের উপর বিচার করতেন না। এমন কি তিনি এই হাউসের সদস্যদের ডেকে সেই এলাকার যে ঘটনা, তাঁর কাছ থেকে জেনে নিতেন বা কোন মন্ত্রীকে দায়িত্ব দিতেন সেটা জানবার জন্য। যেমন একটা ঘটনার কথা আমি জানি, সুন্দরবন এলাকায় কোন একটা ঘটনা জানবার জন্য আমাদের তদানিন্তন মুখ্যমন্ত্রী আমাকে অনুসন্ধানের জন্য পাঠালেন, একটা পুলিস তদন্তের ব্যাপার, আমি ঘটনাটা তদন্ত করে যখন ফিরে আসছি।

মিঃ স্পীকার: আপনার সময় হয়ে এসেছে।

শ্রীঅর্ধেন্দুশেখর নস্কর: আমি আব পুরাণো দিনের কথায় যাব না, আমি দু-একটা সাজেসন রাখছি। মুখ্যমন্ত্রী তাঁর বক্তব্যে একটা কথা বলেছেন যে, এইকথা ঠিক এখনও কোন কোন অঞ্চলে বিক্ষিপ্তভাবে বিশৃঙ্খলা দেখা যাছে। কিছু কিছু লোক আছে যারা হিংসাত্মক কাজে এখনও লিপ্ত। কিছুদিন আগে আমার এলাকা ইন্টালিতে যে পুলিস হত্যা হয়ে গেল, সন্ত্রাস-বাদরা এখনও ঘুরে বেড়াচ্ছে। মাঝে মাঝে রাত্রে আমি টেলিফোন পাই তোমাকে হত্যা করা

হবে এবং চিঠিপত্রও কিছু কিছু পেয়ে থাকি। আমাদের নিশ্চিন্ত থাকলে চলবে না, আমাদের শক্ত হাতে এই সমস্ত হত্যাকারী আসামীদের খুঁজে বার করতে হবে। আর একটা কথা বলে আমার বক্তব্য শেষ করবো।

[9-20—9-30 p.m.]

ক্যালকাটা ট্রাফিক সম্বন্ধে। আমরা যারা কলকাতার অধিবাসী আছি, আমরা জানি পিক আওয়ার্সে যদি স্লো মুভিং ট্রাফিক কন্ট্রোল করতে না পারি তা হলে অফিস যাত্রী বলুন বা যে সব পরীক্ষার্থরা পরীক্ষা দিতে যায় কিংবা অন্যান্য ব্যাপারে ৯টা থেকে ১২টা পর্যন্ত এবং বেলা ৩টা থেকে ৬টা পর্যন্ত স্লো মুভিং ট্রাফিক যদি কন্ট্রোল না করতে পারি, তা হলে আমাদের একটা বিরাট সমস্যার সম্মুখীন হতে হবে।

Committee of Privileges

Mr. Speaker: In accordance with the provisions of rule 304 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I nominate the following Members of the Assembly to form the Committee of Privileges:—

1. Shri Biswanath Chakravorty,
2. Shri Sudhir Chandra Das,
3. Shri Kanti Ranjan Chatterjee,
4. Shri Kumardipti Sen Gupta,
5. Shri Braja Kishore Maiti,
6. Dr. Kanai Lal Sarkar,
7. Shri Abdur Rauf Ansari,
8. Shri Jagadananda Roy, and
9. Shri Haridas Mitra—Deputy Speaker,

and in terms of proviso to rule 255(1) of these rules, I appoint Shri Haridas Mitra, Deputy Speaker, to be the Chairman of the Committee.

Committee on Rules

Mr. Speaker: In accordance with the provisions of rule 309 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I nominate the Committee on Rules which shall consist of the following Members of the Assembly, namely—

1. Shri Mohammad Idris Ali,
2. Shri Naresh Chandra Chaki,
3. Shri Tapan Chatterjee,
4. Shri Bimal Paik,
5. Shri Nasiruddin Khan,
6. Dr. Santi Kumar Das Gupta,
7. Shri Pradyot Kumar Mahanti, and
8. Shri Harasankar Bhattacharyya.

The Speaker shall be the Chairman of the Committee.

Committee on Petitions

Mr. Speaker: In accordance with the provisions of rule 299 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I nominate the Committee on Petitions which shall consist of the following Members of the Assembly, namely—

1. Shri Rathin Talukder,
2. Shri Rup Singh Majhi,
3. Shri Shibapada Bhattacharjee,
4. Shri Bhabani Sankar Mukherjee,
5. Shri Md. Dedar Baksh,
6. Shri Sibdas Mukherjee,
7. Shri Nitaipada Ghosh,
8. Shri Ramdas Banerjee,
9. Shri Amalesh Jana,
10. Shri Timir Baran Bhaduri,
11. Shri Nandalal Gurung, and
12. Shri Lalit Mohan Gayen.

Under rule 255(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I have appointed Shri Rathin Talukder to be the Chairman of the Committee on Petitions.

Now I call upon the Hon'ble Chief Minister to reply.

শ্রীসিদ্ধার্থশংকর রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা প্রায় ৫০ জন মাননীয় সদস্যের বক্তব্য শুনলাম। বক্তা ছিলেন অনেকে, কিন্তু বক্তব্যটা মোটামুটি এক। খুবই স্পষ্ট এবং পরিষ্কারভাবে পশ্চিমবাংলার পুলিস প্রশাসনের যে সমস্ত সমস্যা আছে, সেগুলি বিধানসভার সামনে বেশ জোরের সঙ্গে তুলে ধরেছেন। আমি আমার প্রাথমিক ভাষণে বলেছিলাম যে, মাননীয় সদস্যদের মতামত শুনতে চাই আমার বক্তব্য বেশী নেই। আমি বলেছিলাম আমি শুনতে চাই মাননীয় সদস্যদের বক্তব্য। প্রথমেই আমি প্রত্যেক মাননীয় সদস্যকে ধন্যবাদ জানাচ্ছি, সুস্পষ্ট এবং পরিষ্কারভাবে তাদের বক্তব্য রাখার জন্য। ৮টি, ৯টি বিষয়ে প্রায় প্রত্যেকেই বলেছেন, একটা বিষয়ে আমরা গর্বিত যে, পি ডি এ বা আমাদের অ্যালায়েন্স সেটা ছাড়াও আমাদের দলের—কংগ্রেসী দলের যে সদস্যরা আছেন, তাঁরা যে বক্তব্য রেখেছেন সেটা সরকারের চিন্তাধারার সঙ্গে একমত, একাত্ম। আমি জানি না কেন বিধানসভায় যারা সরকার গঠন করেছেন, ক্ষমতা যাঁরা পেয়েছেন, সেই দলের সদস্যরা এইরকমভাবে, পরিষ্কারভাবে সাধারণ মানুষের কথা পুলিস বাজেট আলোচনাকালে কখনও হাউসের সামনে রেখেছেন কিনা? এ বিষয়ে কোন সন্দেহ নেই দরিদ্র মানুষের কথা, ভাগচাষীর কথা, ভূমিহীনদের কথা, নিরন্ন মানুষের কথা এর আগে কখনই এত জোর করে ক্ষমতাসীন দলের সদস্যরা রাখেন নি। এর জন্য আমি তাঁদের ধন্যবাদ দিচ্ছি এবং তাঁদের বেশীরভাগ বক্তব্যের সঙ্গে আমি একমত। তাঁরা যা যা বলেছেন সে বিষয়ে আমি এক এক করে সরকারের বক্তব্য রাখছি। তাঁরা প্রথমে বলেছেন দরিদ্র যারা তাদের কথা কেউ শোনে না, তাদের পাশে কেউ দাঁড়ায় না। একথা আমি আমার প্রারম্ভিক ভাষণে বলেছিলাম যে এটা সত্যি কথা। আমি ব্যক্তিগতভাবে জেলায় জেলায় ঘুরে দেখেছি এটা কত সত্যি কথা। আপনারা সকলেই জানেন আমাদের মন্ত্রিসভার সদস্যরা কলকাতায় খুব কমই থাকেন। অবশ্য রাইটার্স বিল্ডিংসে ফাইল তাঁরা দেখেন এবং সরকারী কাজও চালান। আমরা প্রত্যেকে জেলায় জেলায়, মহকুমায় মহকুমায়, গ্রামে গ্রামে, ঘুরে বেড়াই। আমরা দেখেছি সাধারণ মানুষের কি অবস্থা। আমরা তাদের কষ্টের কথা শুনেছি। তাদের জন্য আমরা দৃঢ়প্রতিজ্ঞ। পুলিসের

প্রশাসনের ব্যবস্থাকে আরো উন্নত করতে হবে, আরো জনসাধারণমুখী কবতে হবে এবং আরো বলিষ্ঠ করতে হবে যাতে করে সাধারণ মানুষ পুলিসকে তার রক্ষক হিসাবে দেখতে পারে। দ্বিতীয় বক্তব্য যেটা রেখেছেন সেটা হচ্ছে ধর্মনিরপেক্ষতার কথা। ২।১ জন বলেছেন পুলিসে কিছু কিছু মাইনরিটি কমিউনিটির লোক থাকা উচিত। ধর্মনিরপেক্ষ তখনই প্রতিষ্ঠিত হবে যখন দেখব থানাতে মুসলমান, আদিবাসী এবং সিডিউল কাস্ট ভাইরা আছেন। সকলে একভাবে কাজ করছেন। থানায় গেলে তারা তাঁদের কমিউনিটির কথা ভুলে যাবেন—অর্থাৎ তখন সবাই ভারতবাসী। আমি তাই আনন্দের সঙ্গে ঘোষণা করছি এপ্রিল মাস থেকে আমরা কিছু সংখ্যক এস আই নিযুক্ত করতে যাচ্ছি তাতে দেখবেন নিজেদের যোগ্যতার জন্য শতকরা ২০ জন মুসলমান ভাই নিযুক্ত হবেন এস আই হিসাবে। আমার মনে হয় না পশ্চিম-বাংলার ইতিহাসে এই রকম আগে হয়েছে। অর্থাৎ ১৫১ জন যে নিযুক্ত হবেন তার ভিতরে ৩১ জন মুসলমান ভাই। অনুন্নত সম্প্রদায়ের লোকেরাও নিশ্চয়ই থাকবেন। আমি এটাও দেখাই যে, তারা নিজেদের যোগ্যতার জন্য চাকুরি পাচ্ছেন—কোন সুবিধা আমরা দিচ্ছি না। পূর্বে যোগ্যতা থাকলেও পুলিসে তারা ঢুকতে পারতেন না। কিন্তু আমরা সে নীতি মানবো না। আমি আগে বলেছি, এই নীতি আমাদের চলছে এবং চলবে। দুর্নীতি সম্বন্ধে অভিযোগ হয়েছে। আমি স্বীকার করছি দুর্নীতি আছে। দুর্নীতি নেই এই কথা কেউ বলবে না। কিন্তু সেই দুর্নীতি কিভাবে দমন করতে হবে সেটাই প্রশ্ন। এই প্রশ্নে বিশ্বনাথবাবু অনেকগুলি প্রস্তাব রেখেছেন। তবে এই দুর্নীতি দমনের জন্য আমাদের প্রত্যেককে জোর কদমে এগিয়ে যেতে হবে। আমি প্রত্যেক সদস্যকে অনুরোধ করব, আমি যে সেল করেছি সেখানে পুলিসের দুর্নীতি বিষয়ে যদি কোন অভিযোগ পান, তা হলে সেটা পাঠিয়ে দেবেন, আমরা প্রত্যেকটা দেখব। আপনারা জানেন, গত এক বছরের মধ্যে উচ্চপদস্থ পুলিস অফিসারের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তাদের শুধু চাকুরি থেকে ছাঁটাই না করে, ডিসিপ্লিনারী প্রসিডিংস না করে তাদের বিরুদ্ধে ফৌজদারী মামলা করা হয়েছে, তাদের গ্রেপ্তার করা হয়েছে। এস পি পর্যন্ত গ্রেপ্তার হয়ে জেল হাজতে থাকতে হচ্ছে। আমরা এটা আরো জোরদার করতে চাই। পরিষ্কারভাবে জানাতে চাই যে, দুর্নীতি দমন করবার জন্য এই সরকার বদ্ধপরিকর এবং এই বিষয়ে আমরা প্রত্যেক সদস্যের সক্রিয় সহযোগিতা চাই।

[9-30—9-40 p.m.]

আমার ডিপার্টমেন্টে একটি অ্যাডভাইসারী কমিটি হয়েছে, পি ডি এ-র সেখানে যাঁরা সদস্য আছেন তাদের মাধ্যমে যে সমস্ত দুর্নীতির অভিযোগগুলি আছে আমার সেলে সেগুলি পাঠিয়ে দেবেন। অথবা তাঁরা ব্যক্তিগতভাবে আমার কাছে জানাতে পারেন। সেই অভিযোগগুলি সম্পর্কে আমি নিশ্চয় নিরপেক্ষভাবে তদন্ত কববো, এই প্রতিশ্রুতি দিচ্ছি। তা ছাড়া আরো কতকগুলি ব্যাপার আমরা করেছি সেগুলি হচ্ছে এই যে, আমি ঘুরে ঘুরে দেখেছি, আই জি, কমিশনার অব পুলিস, হোম সেক্রেটারী, তাঁদের সঙ্গে আলোচনা করেছি এবং আমি নিজের চোখে দেখেছি যে, পুলিস কেবল গাড়িতে চড়ে, গ্রামে গ্রামে জীপে করে ধুলো উড়িয়ে চলে গেল—এতে করে জনসাধারণের সঙ্গে সহযোগিতা রাখা অসম্ভব। তার জন্য আমার ইচ্ছা ছিল—আগে পুলিসের কাজ যা ছিল সেটা হঠাৎ কি করে বদলে গেল তা জানি না—পায়ে হেঁটে তাদের গ্রামে গ্রামে ঘুরতে হবে, সাইকেলে করে তাদের গ্রামে গ্রামে ঘুরতে হবে, যাতে সাধারণ মানুষের সঙ্গে তারা যোগাযোগ রাখতে পারেন। এর জন্য কতকগুলি নির্দেশ দেওয়া হয়েছে, যে নির্দেশগুলি আই জি প্রত্যেক এস পি-র কাছে পাঠিয়েছেন। প্রত্যেক এস পি-র কাছে নোটিফিকেসান দ্বারা জানানো হয়েছে, মেমোরাণ্ডাম দ্বারা লিখিতভাবে জানানো হয়েছে যে, তাঁদের কি কি করতে হবে। আমার সময় অল্প, আমি পুরোটা পড়ছি না, কতকগুলি জিনিস আপনাদের বলে দিচ্ছি। ইসলামপুর গুলীর অভিজ্ঞতার পরে এই সার্কুলার, নোটিফিকেসানগুলি এস পি-দের কাছে গেছে। এস পি-দের বলেছি

I would like the police force on ordinary investigation and intelligence gathering work to go on foot and cycles as far as possible. On cycles and on foot the police officer can come much closer to the people; people also psychologically are in a position to accept the police force without reservation. Inevitably, many more people are met on cycle tours and on foot. Much more information about the actual state of affairs is gathered.

তা ছাড়া আরো পরিষ্কারভাবে বলা হয়েছে—

The important point is honesty but I shall deal with this point later. I am giving in this note an objective to all the police-stations. How many friends do the police constables have amongst the poor? Most of the contacts of the police force are with the rich and the affluent. I suggest every police constable of all the stations be asked to win over 3/4 poor men in a village or several villages as friends. If we have been able to do that then we will see a tremendous breakthrough in efficiency.

আমি চাই এই যে সার্কুলারগুলি দেওয়া হয়েছে প্রত্যেক থানায় থানায় এই সার্কুলারগুলি ঠিক-মত অনুসরণ করা হোক। আমি চাই, পুলিসকে দরিদ্র মানুষের বন্ধু করতে ,তাদের সঙ্গে একটা যোগাযোগ সৃষ্টি করতে, তাদের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত হতে, তাদের সমস্যা সম্বন্ধে সচেতন হতে। আশা করি, এটা যদি করা যায়—করবার চেষ্টা করবো, আমি বলছি না যে, পারব, খুব শক্ত কাজ, আমি স্বীকার করছি—বহুদিনের অভ্যাস, বহুদিনের ট্রাডিসান ভেঙ্গে একটা নতুন জিনিস সৃষ্টি করতে আমরা চেষ্টা করছি, সুতরাং অসুবিধা হবেই, হয়ত জায়গায় জায়গায় পারবো না। এই যে এজ-ওল্ড ট্রাডিসান, একটা ঐতিহ্য দেখতে পাওয়া যাচ্ছে যে, পুলিস একটা বিশেষ শ্রেণীর লোকেদের সঙ্গে কথাবার্তা বলেন, তাদের সঙ্গে ঘোরাফেরা করেন, এই ট্রাডিসান সম্পূর্ণ বদলে একটা নতুন ট্রাডিসান আমরা সৃষ্টি করতে চলেছি, কাজেই তার জন্য সময় লাগবেই। কিন্তু এটা জোর করে আমাদের করতেই হবে ,সে বিষয়ে আমার মনে অন্ততঃ কোন সন্দেহ নেই।

যেটা আমরা দেখতে পাচ্ছি সমাজের দুর্নীতি, সেটা সম্বন্ধে অনেকেই বলেছেন, যে দুর্নীতি-পরায়ণ মানুষে দেশ ভরে গেছে। বিশেষ করে অ্যাডাল্টারেশন সম্বন্ধে যে বক্তব্য রাখলেন এটা অত্যন্ত জরুরী বক্তব্য। দুঃখের বিষয়, আমি এমন কতকগুলো জিনিস দেখতে পাচ্ছি, যেমন পানের সঙ্গে যে খয়ের খায় সেই খয়েরের মধ্যেও অ্যাডাল্টারেশন ঢুকে গেছে। আমরা আর মুভ করেছি একের পর এক এই অ্যাডাল্টারেশন সম্বন্ধে একটা ড্রাইভ চালাতে। এবং যারা অসাধু ব্যবসায়ী তাদের ধরপাকড় চালাচ্ছি। গত ৮ই মার্চ,—

A search was conducted by the Inspector, Shri Kanjilal along with other Enforcement Branch Officers, at 91 Netaji Subhas Road, first floor and seven bags of China clay, four bags of refined powder, four bags of refined coloured earth, seven bags of arrowroot, one tin of red powder and two bags of genuine "Janak puri khayer" have been seized.

অর্থাৎ কিনা এই সমস্ত করা হয়েছিল, এই সমস্ত অ্যারারুট, কালার্ড পাউডার, পানের সঙ্গে যে খয়ের খান, সেই খয়েরে পর্যন্ত অ্যাডাল্টারেট করেছে। এরা কি মানুষ? এই রকম যেসমস্ত লোক আছে, তাদের বিরুদ্ধে আমাদের কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ ছাড়া আমরা এই মাসের ভিতর যা করেছি তাতে দেখা যাচ্ছে, নারিকেল তেল তাতেও ভেজাল, জিরাতেও ভেজাল দেওয়া হয়েছে।

On receipt of information that adulterated 'zira' is being manufactured.

কিসের থেকে তৈরি করা হচ্ছে? গ্রাস সিডস থেকে জিরা তৈরি করা হচ্ছে মানুষকে খাওয়ানোর জন্য। সেটা অ্যারেস্ট করা হয়েছে। সেই গ্রাস সিড সিজ করা হয়েছে এক গাদা। তা ছাড়া

দেখতে পাচ্ছি যে, অ্যাডাল্টারেটেড পাউডার মেশানো হচ্ছে, মশলাতেও পাউড়ার ভেজাল দেওয়া হচ্ছে। সিড পাউডার মশলাতেও ঢোকানো হচ্ছে। এই মশলা সাধারণ মানুষ নিয়ে যাবে। বাজারে যে সমস্ত জিনিস পড়ে থাকে শ ডাস্ট, ডাস্ট সুইপ্ড মেটিরিয়ালস সেইগুলো এর মধ্যে ঢোকানো হচ্ছে। এই সমস্ত জিনিস মানুষ খাচ্ছে। আমি একবার আসাম গিয়েছিলাম, আসাম গভর্নমেন্টের একটা বড় কমিশন ছিল, সেখানে তেজপুর, ডিব্রুগড়, গৌহাটি এই জায়গাগুলোর যুক্ত কমিশন। তেজপুরে গুলি চলেছিল, কেন গুলি চলেছিল এই নিয়ে তদন্ত হচ্ছিল। চিফ জাস্টিস দত্ত ছিলেন কমিশনের চেয়ারম্যান। সেখানে গিয়ে দেখলাম যে, কি জন্য গুলি চলেছিল —না কতকগুলো লোক তারা এই রকম একজন ব্যবসায়ীর দোকানে ঢুকেছিল এবং দেখেছিল যে, চাল আছে তার পাশেই এক বস্তা মার্বেল চিপস্ রেখে দিয়েছে, ঠিক চালের মত করে কাটা। সেটা চালের সঙ্গে মিশিয়ে বিক্রি করা হচ্ছিল। তখন সেই লোকেরা মালিক যারা ছিল তাদের ডেকে নিয়ে এসে বললো, এটা আমাদের সামনে খেতে হবে, এই বলে তাদের মুখে সেই মার্বেল চিপসগুলো ঢুকিয়ে দিল এবং বললো আমাদের সামনে ঐগুলো গিলতে হবে। তারপরে গোলমাল হল, গুলি চললো। এই ব্যবসায়ীদের মনে রাখা উচিত, তারা যদি এই রকম ভাবে চলে এই যে আইনশৃঙ্খলা এইসব অসাধু ব্যবসায়ীদের জন্য প্রতিষ্ঠিত করছি না এই যে ১৪/১৫/১৮ ঘন্টা খেটে আইনশৃঙ্খলা পুনঃপ্রতিষ্ঠিত করবার চেষ্টা করছি সেটা এই অসাধু ব্যবসায়ীদের অসদুপায়ে রোজগার করবার জন্য করছি না, মানুষকে খুন করার জন্য করছি না এটা পরিষ্কারভাবে অসাধু ব্যবসায়ীরা জেনে রাখুন। আমাদের কোন দ্বিধা থাকবে না, হাইকোর্টের কেসে জিতুক বা হারুক, আমরা এদের মিসায় ধরবোই এবং ধরে এদের নিয়ে যাবোই

(হাততালি।)

এ কি মানুষের জীবন নিয়ে ওরা খেলা করছে? আজকে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা কি পেয়েছি সেটা একবার শুনুন। আজকে আমরা ৬৭/৩৯ স্ট্র্যান্ড রোডে দুটি অয়েল মিল একটার নাম ওমপ্রকাশ লক্ষ্মীনারায়ণ অয়েল মিল আর একটার নাম ভদ্রকালী অয়েল মিল তাদের ওনারদের নাম হচ্ছে, ওমপ্রকাশ আগরওয়ালা এবং মথুরামোহন পাত্র সেখানে গিয়ে আমরা কি কি সিজ করেছি?

12 tins of adulterated mustard oil found to be adulterated each containing 16 kgs.

[9-40—9-50 p.m.]

যত রকম তেল--এগুলি সব অ্যাডালটারেশন করে এনেছে, এগুলি সব মিশিয়ে খাওয়াবে। তারপরে দমদমে যেমন মানুষ পঙ্গু হয়ে গেছে সেই রকমভাবে তারা মানুষকে পঙ্গু করবে। আমি তাদের দেখে এসেছি দমদমে গিয়ে। ছোট ছোট ছেলেমেয়েরা, বিবাহযোগ্যা বোনরা, তারা সব পঙ্গু হয়ে গেছে, হাঁটতে পারে না, চলতে পারে না, অবশ্য আমরা তাদের ব্যবস্থা করছি ভবিষ্যৎটা কি হবে, ভবিষ্যৎটা যাতে সুন্দর করা যায় তার জন্য ব্যবস্থা করছি। কিন্তু এই রকমভাবে আপনি বলুন মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সভাদের বলব, আপনারা বলুন আমাকে আপনারা কি চান, এই রকম ব্যবসায়ীরা ব্যবসা করে যাবেন? (ফ্রম দি মেম্বারস: নিশ্চয়ই ব্যবস্থা গ্রহণ করতে হবে।) আপনারা কি চান যে আমরা এদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহন করবো না? এদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে গেলে তারা আজকে দল ভাঙ্গাবে, এদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে গেলে তারা টাকা দিয়ে কিছু এম এল এ কিনে বলবে, সরিয়ে দেওয়া যাক এই সরকারকে। আমি তাদের পরিষ্কার জানিয়ে দিচ্ছি যে, প্রফুল্ল ঘোষের সরকার এটা নয়, এই সরকারে যে এম এল এ-রা আছেন ২১৮ জন একটাকেও ভাঙ্গান যাবে না, এবং এই সরকার এদের বিরুদ্ধে যাবেই। (হাততালি।) বাঁচি আর মরি এই সমস্ত অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করার প্রতিশ্রুতি আমি এই পবিত্র বিধানসভাতে আপনাদের

প্রত্যেকের কাছে দিচ্ছি। আমি আশা করব যে, আপনারা সকলে আমাদের সঙ্গে থাকবেন এবং আমরা এই সমস্ত অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে নিশ্চয়ই একটা ব্যবস্থা গ্রহণ করতে পারব। লজ্জার কথা যে, এই রকম আজকেও হচ্ছে। আমি স্বীকার করছি, এর থেকে বোঝা যচ্ছে যে, আমরা পারি নি। এর থেকে বোঝা যাচ্ছে এখনও ব্যবসায়ীদের কিছু কিছু মনে সাহস আছে যে, তারা অ্যাডাল্টারেট করলে আমরা কিছু করব না। তারা এখনও ভাবছে এটা পুরাণো সরকার, যা খুশী তাই করতে পারব। এটা আমার ফেলিওর,

I admit this failure on the part of the Government.

যে এখনও এইরকম মানুষ আছেন যারা এইরকমভাবে অয়েল মিল চালাচ্ছে। আমি এটা কালকে ভাল করে দেখব এবং ঐ অয়েল মিলের লাইসেন্স যদি ক্যান্সেল করতে হয়, সেই ব্যবস্থা নিতে আমি প্রস্তুত আমি। এইরকমভাবে কিছুতেই আমরা অসাধু ব্যবসায়ীদের আমাদের সমাজকে সম্পূর্ণরূপে পঙ্গু এবং নষ্ট করতে দেব না। এ ছাড়া মাননীয় সদস্যরা শ্রদ্ধেয় হেমন্তবাবুর মামলা সম্বন্ধে বক্তব্য রেখেছেন, আপনি জানেন, এই মামলা সম্বন্ধে আমরা অলরেডি সি বি আইকে এই ভার তুলে দেওয়ার অর্ডার দিয়েছি। দুঃখের বিষয়, এখনও হেমন্তবাবুর মত মানুষকে যারা খুন করলো, তাদের ধরা গেল না। সুতরাং এটা খুব গভীরভাবে ইনভেস্টিগেশন করা দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার স্মরণ থাকবে, এই বিধানসভায় আমি কিছুদিন আগেও বলেছিলাম যে, এটা আমরা সি বি আই-এর কাছে পাঠাব এবং সেই আদেশ দেওয়া হয়ে গেছে, সি বি আই-এর কাছে দেবার। শ্রদ্ধেয় নেপাল রায় সম্বন্ধেও অনেকে বক্তব্য রেখেছেন। তাতে আমরা ৬ জন আসামীকে গ্রেপ্তার করতে পেরেছি—শম্ভু, স্বপন ব্যানার্জী, মন্টু, বিমল পাল, রণবীর ঘোষ, জয়দেব দত্ত এবং দুজন অ্যাবসকন্ডিং এখনও আছে এবং এরা সকলেই হ্যাজ বিন কমিটেড টু দি সেসন। এই ম্যাটারটা সাব-জুডিস, তার জন্য কিছু বলতে পাচ্ছি না। গোপাল সেন সম্বন্ধে যে বক্তব্য রেখেছেন, আমরা ৬ জন ব্যক্তিকে সম্প্রতি গ্রেপ্তার করেছি। কিন্তু আমি বলতে পারব না, এখনও যে আমরা খুব ভালভাবে এটা প্রগ্রেস করতে পেরেছি। তা ছাড়া একজন ব্যক্তিকে মিসায় আটক করা হয়েছে। তিনি কতকগুলি কনফিউজিং স্টেটমেন্ট করেছিলেন যার থেকে কিছু খবর পাওয়া যাচ্ছে। এর বেশী আমি আর কিছু বলতে পাচ্ছি না। তার নাম ধাম দিতে পাচ্ছি না। কারণ এখনও এটা ইনভেস্টিগেশন স্টেজে আছে। আপনি জানেন, সেই সময় এমন অবস্থা ছিল যে, কে কোথায় খুন করল, কি হল, কেউ তা দেখত না। এবং পুলিসকে সাহায্য করতে কোন রকম খবরাখবর পাওয়া যেত না, যার ফলে পুলিসের খুব অসুবিধা হচ্ছে। বর্গাদার সম্বন্ধে যেকথা বলেছেন, আমি আংশিকভাবে এটা একমত, অবশ্য তিমিরবাবু যেকথা বললেন যে, বর্গাদারদের স্বার্থে পুলিস কোন কাজই করে না, সেকথা আমি মানতে রাজী নই। তিনি বলেছিলেন, একটা নাম করুন, আমি সমস্ত জেলার খবর আনতে পারতাম, কিন্তু তিনি যখন বললেন এমন একটা নাম করুন যেখানে ধান সিজ করে বর্গাদারদের দিয়েছে—আমি তিমিরবাবুকে জানাচ্ছি, ২৪-পরগনার ৩০টি কেসের খবর ২।৩ ঘণ্টার মধ্যে আমি আনতে পেরেছি, যেখানে পুলিস ধান সিজ করে বর্গাদারদের দিয়েছে, জোতদারদের দেয় নি। তিমিরবাবু যদি জানতে চান আমি নাম ধাম দিতে পারি। তা ছাড়া ২৪-পরগনার এম এল এ-রা জানেন ২৪-পরগনায় সুধীর সাপুই নামে একজন জোতদার ছিল তার কাছ থেকে অনেক ধান সিজ করা হয়েছিল এবং আপনি জানেন সরকার সেই ধান নিয়ে কি ব্যবস্থা করেছেন। কাজেই যদি তিমিরবাবু বলেন, জোতদারদের দিয়েছে বর্গাদারদের দেয় নি, তা হলে আমি বলব তিমিরবাবু তিমিরেই আছেন, তিনি ঠিক আলোতে নেই। তিনি বুঝতে পারছেন না আজকে কি চলছে। আমি তাঁকে এই কথা বলতে চাই, তিনি তো আজকে কংগ্রেস এম এল এ-দের কথা শুনলেন, আমি সি পি আই-এর সদস্যদের কথা ছেড়ে দিচ্ছি, কিন্তু কংগ্রেস এম এল এ-দের বক্তব্য শুনে তাঁর কি মনে হল—অবশ্য এখন তিনি খুব পরিশ্রান্ত—যে তারা সমর্থন করেন? আমি এই প্রশ্নটাই রাখতে চাই। তার জন্য আমি সেদিন বলে গেছি, আগেও বলেছি, আজকে বলছি।

লক্ষ্মীবাবু হোমগার্ড সম্বন্ধে বললেন। যা আছে তাই থাকবে, কোন ভয় নেই। উনি যে সাজেসন দিলেন রোটেশনের জন্য সে সম্বন্ধে আলোচনা করছি দেখছি, কি করা যেতে পারে। তিমিরবাবু আর একটা অদ্ভুত কথা বললেন, জ্যোতিবাবুর অধিকার নাকি আমরা খর্ব করেছি। জ্যোতিবাবুর অধিকার কে খর্ব করেছে? জ্যোতিবাবুর অধিকার খর্ব করেছে জনসাধারণ। জনসাধারণ যদি জ্যোতিবাবুর কাছ থেকে অধিকার কেড়ে নেয়, তবে জনসাধারণের সাহায্যেই সেটা করেছে, আমরা করি নি। অজয়বাবু যে বক্তৃতা রাখলেন তা থেকে নিশ্চয়ই তিমিরবাবু বুঝতে পারছেন, কাঁচের বাড়িতে যারা থাকে তাদের অন্যের বাড়িতে ইঁট ছোঁড়া উচিত নয়। কি অবস্থা হয়েছে? আমিও তো ছিলাম ১৯৬৯ সালে কংগ্রেস লেজিসলেচার পার্টির লীডার—লীডার অব দি অপোজিসন। বিশ্বনাথবাবু যেখান থেকে বক্তৃতা রাখছেন সেখানেই বসতাম, আপনারা বোধহয় তখন আসেন নি। তখন কি আর এস পি দলের লোকেরা আমার কাছে আসতেন না? আপনারা কি এসে বলতেন না যে, সিদ্ধার্থবাবু সি পি এম আমাদের মেরে ফেললো? সি পি এম ছাড়া আর সবাই এসে বলতেন, আমাদের কাছে তথ্য আছে, কিন্তু আমরা বলতে পারছি না, যেহেতু আমরা যুক্তফ্রন্টে আছি। একথা কি তিমিরবাবু জানেন না, অবশ্য তিমিরবাবু বোধহয় এখানে ছিলেন না, শীশ মহম্মদ সাহেবও বোধহয় ছিলেন না, এরা দুজনেই নূতন। তখন কি হয়েছে—আপনারা তখন এসে বলেন নি, বলতেন না, ননীবাবুর কি অবস্থা হয়েছিল আলিপুরদুয়ারে যখন জলপাইগুড়িতে গোলমাল হয়েছিল? হরেকৃষ্ণবাবু, ননীবাবু গেলেন, কি হয়েছিল। পুরাণো ব্যাপার আমি বলতে চাই না, আপনারা নূতন এসেছেন, আপনারা আমার ভাইয়ের মত, খামোকা লজ্জা দিতে চাই না। তিমিরবাবু জ্যোতিবাবুকে সমর্থন করেছেন ভালই করেছেন, আপত্তি নেই, রাজনীতি নিশ্চয়ই করবেন, কিন্তু সি পি এম-কে সমর্থন করতে গিয়ে একদম না শেষ হয়ে যান সেটা একবার দেখবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয় তিমিরবাবুকে আমি এক মুহূর্তের জন্য বলছি না যে, তিনি আমাদের সঙ্গে আসুন, দরকার নেই মোটেই। কিন্তু যাদের হাত ধরেছেন তাদের হাত ধরে কতদূর এগুবেন, চিন্তা করে দেখতে পারেন। কারণ পূর্বেও কিছুটা তাদের অভিজ্ঞতা হয়েছে। আমি মাদ্রাজে গিয়েছিলাম, সেখানে কংগ্রেসের একটা বড় জনসভা হয়েছিল, সেখানকার কাগজে বেরুচ্ছিল যে ডি এম কে সি পি এম অ্যালায়েন্স করবে, হয়ত তারা একটা প্যাক্ট করবে। তাই আমি তখন যা বলেছিলাম ইংরাজীতে ভাষণ দিয়েছিলাম—

I want to warn the DMK that the CPM is a very dangerous wife. Please don't try to hold their hands. We have seen the CPM in West Bengal, we have seen how dangerous the CPM wives are.

[9-50—9-59 p.m.]

সুতরাং আর এস পি-কে বলব, আপনারা যা খুশী করুন, আপনারা নিজের সর্বনাশ করতে চান করুন, এতে আমাদের কিছু বলার নেই, তবে সেটা করার আগে একটু চিন্তা করে দেখবেন, এটা ঠিক হচ্ছে কিনা। আর সাত্তার সাহেব এক্ষুনি বললেন, আপনারা ত্রিদিববাবুর নাম যদি করতেন, তা হলে বুঝতে পারতাম হ্যাঁ, আপনারা কিছু বলছেন, কিন্তু ত্রিদিববাবুকে ছেড়ে দিয়ে জ্যোতিবাবুর নাম করতে আরম্ভ করেছেন, তাই আমাদের একটু কিরকম ভয় ভয় লাগছে যাতে ত্রিদিববাবুকে আপনারা আবার ডুবিয়ে না দেন।

আমি আর আপনাদের বেশী সময় নেব না, বিশ্বনাথবাবু যে চারটি সাজেসানের কথা বললেন, সে সম্বন্ধে এখনই কিছু বলতে পারছি না, এগুলি আমি নিশ্চয়ই বিবেচনা করে দেখব। কিন্তু আমরা যে যে কাজগুলি করেছি, যে যে কাজগুলি চালু করেছি সেগুলি কতটা এগোয় সেটা দেখতে হবে। স্মাগলিং অ্যান্ড ডেকয়টি উত্তরবঙ্গে বেড়ে গিয়েছিল সত্য কথা, সেখানে আমি গিয়েছিলাম, সেখানকার বি এস এফ-দের সঙ্গে আলোচনা করেছি এবং আমাদের পুলিসের সঙ্গে আলোচনা করেছি, ওখানে অনেকগুলি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং আপনারা জানেন ইসলামপুরে সেই ব্যবস্থা নেবার পরে অনেক দিক দিয়ে আমাদের সুবিধা হয়েছে এবং সেখানকার আইনশৃঙ্খলার অবস্থা খুব ভাল হয়ে গেছে।

আমি আর সময় নেব না, রাত্রি ১০টা বাজে, আমরা ১০ ঘণ্টা কাজ করেছি, আমাদের ওভার-টাইম নেই, আমাদের কারোর নেই—আপনাদেরও নেই, আমাদেরও নেই, ১০ ঘণ্টা কাজ করলাম, খুব ভালই হল এই আলোচনাটা। কারণ প্রত্যেক বক্তাই বিভিন্ন সমস্যা যেগুলি আছে পুলিসের অথবা পুলিস শাসন সম্বন্ধে, প্রশাসনিক ব্যবস্থা সম্বন্ধে, সেটা তাঁরা পরিষ্কারভাবে বলেছেন এবং আমরা সরকারের তরফ থেকে বলতে পারি যে, আমরা খুবই উপকৃত হয়েছি এই আলোচনায়। এই আলোচনাটা খুব গঠনমূলক হয়েছে, কনস্ট্রাকটিভ আলোচনা হয়েছে এবং এই কনস্ট্রাকটিভ আলোচনার জন্য আমি প্রত্যেক মাননীয় সদস্যকে ধন্যবাদ দিয়ে এবং ছাঁটাই মোশান যেগুলি আছে সেগুলি ও'রা ভোট করবেন নিশ্চয়ই, সেই ছাঁটাই প্রস্তাবগুলির বিরোধিতা করে আমার গ্রান্টের সমর্থন ভিক্ষা করে বক্তব্য শেষ করছি।

The motion of Shri Pradyot Kumar Mohanti that the amount of the Demand be reduced by Rs.100 was then put and lost.

The motion of Shri Timir Baran Bhaduri that the amount of the demand be reduced to Re.1, and also

the motion that the amount of the demand be reduced by Rs.100 were then put and a division taken with the following result:—

Ayes

Bhaduri. Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Noes

Abdul Bari Biswas, Shri.
Abdur Rauf Ansari, Shri.
Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Bandyopadhyay, Shri Sukumar.
Banerjee, Shri Pankaj Kumar.
Bhattacharya, Shri Narayan.
Biswas, Shri Ananda Mohan.
Bose, Shri Lakshmi Kanta.
Chatterjee, Shri Kanti Ranjan.
Chatterjee, Shri Naba Kumar.
Chattopadhay, Shri Sukumar.
Das, Shri Barid Baran.
Das, Shri Sarat Chandra.
De, Shri Asamanja.
Dutta, Shri Adya Charan.
Ghose, Shri Sankar.
Ghosh, Shri Prafulla Kanti.
Goswami, Shri Sambhu Narayan
Gyan Singh, Shri Sohanpal.
Halder, Shri Manoranjan.
Hatui, Shri Ganesh.
Isore, Shri Sisir Kumar.

Khan, Shri Gurupada.
M. Shaukat Ali, Shri.
Mahato, Shri Madan Mohan.
Mahato, Shri Satadal.
Mahato, Shri Sitaram.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Mohammad Idris Ali, Shri.
Mondal, Shri Anil Krishna.
Mondal, Shri Khagendra Nath.
Motahar Hossain, Dr.
Mukherjee, Shri Ananda Gopal.
Mukherjee, Shri Mrigendra.
Mukherjee, Shri Sibdas.
Mukhapadya, Shri Tarapoda.
Paik, Shri Bimal.
Paul, Shri Bhawani.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.
Quazi Abdul Gaffar, Shri.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shri Ananda Gopal.
Roy, Shri Bireswar.
Roy, Shri Jagadananda.
Roy, Shri Madhu Sudan.
Roy, Shri Suvendu.
Saraogi, Shri Ramkrishna.
Saren, Shri Dasarathi.
Sarker, Shri Jogesh Chandra.
Singhababu, Shri Phani Bhusan.
Topno, Shri Antoni.
Wilson-de Roze, Shri George Albert.
Khan Nasiruddin, Shri.

Abstentions

Basu, Shri Ajit Kumar (Hoog.).
Bhattacharjee, Shri Shibapada.
Ghosh, Shri Sisir Kumar.
Mukherjee, Shri Biswanath.
Murmu, Shri Rabindra Nath.
Phulmali, Shri Lalchand.
Roy, Shri Aswini.
Sarkar, Shri Netaipada.

The Ayes being 2 and Noes 57, the motions were lost.

The motion of Shri Siddhartha Shankar Ray that a sum of Rs.40,58,99,000 be granted for expenditure under Grant No. 15, Major Head: "23—Police." was then put and a division taken with the following result:—

Ayes

Abdul Bari Biswas, Shri.
Abdur Rauf Ansari, Shri.
Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Bandyopadhyay, Shri Sukumar.
Banerjee, Shri Pankaj Kumar.
Bhattacharya, Shri Keshab Chandra.
Biswas, Shri Ananda Mohan.
Bose, Shri Lakshmi Kanta.
Chatterjee, Shri Kanti Ranjan.
Chatterjee, Shri Naba Kumar.
Chattopadhay, Shri Sukumar.
Das, Shri Barid Baran.
Das, Shri Sudhir Chandra.
De, Shri Asamanja.
Dutta, Shri Adya Charan.
Ghose, Shri Sankar.
Ghosh, Shri Prafulla Kanti.
Goswami, Shri Sambhu Narayan.
Gyan Singh, Shri Sohanpal.
Halder, Shri Manoranjan.
Hatui, Shri Ganesh.
Isore, Shri Sisir Kumar.
Khan, Shri Gurupada.
Khan Nasiruddin, Shri.
M. Shaukat Ali, Shri.
Mahato, Shri Madan Mohan.
Mahato, Shri Satadal.
Mahato, Shri Sitaram.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Mohammad Idris Ali, Shri.
Mondal, Shri Anil Krishna.
Mondal, Shri Khagendra Nath.
Motahar Hossain, Dr.
Mukherjee, Shri Ananda Gopal.
Mukherjee, Shri Mrigendra.
Mukherjee, Shri Sibdas.
Mukhapadya, Shri Tarapoda.
Paik, Shri Bimal.

Paul, Shri Bhawani.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.
Quazi Abdul Gaffar, Shri.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shri Ananda Gopal.
Roy, Shri Bireswar.
Roy, Shri Jagadananda.
Roy, Shri Madhu Sudan.
Roy, Shri Saroj.
Saraogi, Shri Ramkrishna.
Sarker, Shri Jogesh Chandra.
Singhababu, Shri Phani Bhusan.
Topno, Shri Antoni.
Wilson-de Roze, Shri George Albert.

Noes

Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Abstentions

Basu, Shri Ajit Kumar. (Hoog.).
Bhattacharjee, Shri Shibapada.
Fulmali, Shri Lal Chand.
Ghosh, Shri Sisir Kumar.
Mukherjee, Shri Biswanath.
Mukhopadhyay, Shrimati Geeta.
Murmu, Shri Rabindra Nath.
Roy, Shri Aswini Kumar.
Sarkar, Shri Nitaipada.

The Ayes being 56 and the Noes 2, the motion was carried.

Adjournment.

The House was then adjourned at 9.59 p.m. till 1 p.m. on Friday, the 23rd March, 1973, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 23rd March, 1973, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 14 Ministers, 8 Ministers of State, 2 Deputy Ministers and 132 Members.

[1-00—1-10 p.m.]

Oath or Affirmation of Allegiance

Mr. Speaker: Honourable Members, if any of you who have not made an oath or affirmation of allegiance, you may kindly do so.

(There was none to take oath.)

UNSTARRED QUESTIONS

(to which answers were laid on the table)

হব্‌গা স্লুইস গেট

১১৭। (অনুমোদিত প্রশ্ন নং ১১৭৫।) **শ্রীললিতমোহন গায়েন:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) 'হব্‌গা স্লুইস গেট' নির্মাণ করার জন্য কতজন কন্ট্রাকটার ফরম্ লইয়াছেন এবং কতজন কন্ট্রাকটার ফরম জমা দিয়াছেন; এবং

(খ) এই নির্মাণকার্য সমাধান করিতে সরকারের মোট কত টাকা খরচ হইবে এবং সময় সীমা কি?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হব্‌গা স্লুইস গেট (যাহা বহু বৎসর পূর্বে নির্মিত হইয়াছে) নির্মাণ করার জন্য নিকট অতীতে কন্ট্রাকটারদের কোন ফরম দেওয়া হয় নাই।

(খ) প্রশ্ন উঠে না।

মাজুরা ইরিগেশন প্রকল্প

১১৮। (অনুমোদিত প্রশ্ন নং ১১৬৫।) **শ্রীমদনমোহন মাহাতো:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার কাশিপুর ব্লকের মাজুরা ইরিগেশন প্রকল্পটি কতদিনে সম্পূর্ণ হইবার সম্ভাবনা আছে;

(খ) এই প্রকল্পটি সম্পূর্ণ করার জন্য কত টাকা ব্যয়-বরাদ্দ করা আছে; এবং

(গ) প্রকল্পটি সম্পূর্ণ হইলে মৌজাওয়ারী মোট কত একর জমিতে জলসেচন সম্ভব?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৭৩-৭৪ সালের মধ্যে প্রকল্পটি সম্পূর্ণ হইবার সম্ভাবনা আছে।

(খ) ৭·৯৪ লক্ষ টাকা।

(গ) ৭৫০ একর।

মৌজাওয়ারী হিসাব নিম্নরূপঃ—

মৌজার নাম		সেচ-সেবিত জমির পরিমাণ (একর)
১। ধানোরা	...	৬০
২। গাওয়ানকুণ্ডি	...	৩০০
৩। সুমাই দি	...	২০০
৪। ধুলন্দ	...	১৪০
৫। ঘুটলিয়া	...	৫০
মোট	...	৭৫০

পুরুলিয়া আর টি এ-এর সভা

১৯৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৪০৭।) **শ্রীনিতাই দেশমুখঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের **মন্ত্রিমহাশয়** অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া আর টি এ-এর লাস্ট মিটিং কোন্ তারিখে হইয়াছে;

(খ) উক্ত সভায় যেসমস্ত প্রস্তাব গ্রহণ করা হইয়াছে সেগুলি সরকার কার্যকর করিয়াছেন কিনা; এবং

(গ) না করিলে, কারণ কি?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৬ই জানুয়ারি, ১৯৭৩।

(খ) হ্যাঁ, আঞ্চলিক পরিবহণ কর্তৃপক্ষ সেইগুলি কার্যকর করিয়াছেন।

(গ) প্রশ্ন ওঠে না।

বাঁশখানা ও দানপৎ খাল

২০০। (অনুমোদিত প্রশ্ন নং ১২৬১।) **শ্রীবিজয় দাসঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রি-**মহাশয়** অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার সবং থানার বাঁশখানা ও দানপৎ খাল পুনঃসংস্কারের জন্য সরকার কর্তৃক দখলী জমির মালিকদের ক্ষতিপূরণ প্রদানের কোন ব্যবস্থা হইয়াছে কিনা;

(খ) ব্যবস্থা হইয়া থাকিলে, কোন্ সময় নাগাদ সেই ক্ষতিপূরণের টাকা দেওয়া হইবে;

(গ) উক্ত ক্ষতিপূরণের টাকার পরিমাণ কত; এবং

(ঘ) যেসব লোকের বসতবাটী দখল করা হইয়াছে তাহাদের ক্ষতিপূরণ কবে দেওয়া হইবে?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) জমি অধিগ্রহণ আইনানুযায়ী কার্য সম্পন্ন হইবামাত্র ক্ষতিপূরণের টাকা প্রদত্ত হইবে।

(গ) ক্ষতিপূরণের টাকার পরিমাণ প্রায় ১,৭০,৭৩১·০০ টাকা।

(ঘ) অধিগৃহীত বসতবাটীর মালিকদের সরকারী নিয়মানুযায়ী ক্ষতিপূরণ বাবত বাটীর মূল্যের শতকরা ৫০ ভাগ বা অনধিক ৫০০ টাকা ১৯৬৯ সালের অক্টোবর মাসে অগ্রিম হিসাবে প্রদত্ত হইয়াছে। জমির ক্ষতিপূরণ প্রদানের সময় বাটীর পূর্ণ মূল্য বাবত যাহা নির্ধারিত হইবে, তাহা হইতে প্রদত্ত অগ্রিম টাকা বাদ দিয়া বাকি টাকা মালিকদের প্রদত্ত হইবে।

পাঁচড়া কটন মিল

২০১। (অনুমোদিত প্রশ্ন নং ১০২৭।) **শ্রীশচীনন্দন সাউঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) বীরভূম জেলার পাঁচড়া কটন মিলটি কিভাবে পরিচালিত হয়;

(খ) এই মিলটিতে কতজন কর্মচারী বর্তমানে নিযুক্ত আছেন ও কিভাবে কর্মী নিয়োগ করা হয়; এবং

(গ) উক্ত মিলটির সম্প্রসারণ করার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) মিলটি ময়ূরাক্ষী কটন মিলস লিমিটেড নামক একটি কোম্পানী দ্বারা পরিচালিত হয়। এই কোম্পানীর পরিচালকমণ্ডলীতে ইন্ডাস্ট্রিয়াল রিকনস্ট্রাকসন কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড, ইন্ডাস্ট্রিয়াল ফাইনান্স কর্পোরেশন অফ ইন্ডিয়া এবং রাজ্য সরকারের মনোনীত সভ্য আছেন।

(খ) বর্তমানে এই মিলটিতে ৫৫০ জন কর্মচারী নিযুক্ত আছেন। যতদূর সম্ভব স্থানীয় কর্মচারী নিয়োগ সংস্থা (এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ) হইতে দক্ষ কর্মী (স্কীল্ড ওয়ার্কার) নিয়োগ করা হইয়া থাকে। বাকিগুলিতে শ্রমিক ইউনিয়নের সহিত পরামর্শ করিয়া স্থানীয় বেকার যুবকদের নিয়োগ করা হইয়া থাকে।

(গ) বর্তমান শিল্পনীতি অনুসারে এই মিলটির মাকুর (স্পীন্ডলস্) সংখ্যা ২৫,০০০ পর্যন্ত করিবার অনুমতি ভারত সরকারের নিকট হইতে পাওয়া গিয়াছে। ইন্ডাস্ট্রিয়াল রিকনস্ট্রাকসন কর্পোরেশন পুনর্গঠন পরিকল্পনায় মাকুর সংখ্যা ১৪,০৮০ করিবার প্রস্তাব করিয়াছেন।

রামনগর সুগার মিল

২০২। (অনুমোদিত প্রশ্ন নং ১১১৪।) **শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায়ঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলার একমাত্র সুগার মিল রামনগর সুগার মিলের কর্তৃপক্ষ অন্য রাজ্যে মূলধন পাচার করছেন এইরূপ কোন অভিযোগ সরকার পেয়েছেন কি;

(গ) পেয়ে থাকলে, তার প্রতিরোধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন; এবং

(গ) জাতীয় স্বার্থে উক্ত মিল জাতীয়করণের কোন পরিকল্পনা সরকারের আছে কি?

বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না।

(খ) না, প্রশ্ন উঠে না।

(গ) সরকারের কোন পরিকল্পনা নাই।

পশ্চিমবঙ্গে অনুমোদিত উচ্চ মাধ্যমিক, মাধ্যমিক, নিম্ন মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসার সংখ্যা

২০৩। (অনুমোদিত প্রশ্ন নং ৫৯৮।) **শ্রীমহম্মদ দেদার বক্স:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশ অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমান আর্থিক বছরে জানুয়ারী, ১৯৭৩ পর্যন্ত কতগুলি উচ্চ মাধ্যমিক মাধ্যমিক, নিম্ন মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসা অনুমোদন পেয়েছে;

(খ) মুর্শিদাবাদ জেলায় উহাদের সংখ্যা কোন্‌টি কত; এবং

(গ) বর্তমান আর্থিক বছরের বাকি সময়ে পুনরায় অনুমোদনের বরাদ্দ সম্পর্কে কোন প্রস্তাব আছে কি?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) বর্তমান আর্থিক বছরে কোন উচ্চ মাধ্যমিক, মাধ্যমিক, নিম্ন মাধ্যমিক বিদ্যালয় বা কোন মাদ্রাসা অনুমোদন পায় নাই।

(খ) এ প্রশ্ন উঠে না।

(গ) প্রস্তাব আছে।

শিক্ষক-শিক্ষিকাদেব পেনশন স্কীম

২০৪। (অনুমোদিত প্রশ্ন নং ১২৮০।) **শ্রীসামসুল আলম খান:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শিক্ষক-শিক্ষিকাগণের পেনশন স্কীম চালু হয়েছে কিনা;

(খ) হয়ে থাকলে, প্রতি জেলায় কতজন শিক্ষক-শিক্ষিকা এই স্কীমে উপকৃত হচ্ছেন, এবং

(গ) মেদিনীপুর জেলায় এঁদের সংখ্যা কত?

শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয়: (ক) চালু হয়েছে।

(খ) বর্তমানে নিম্নলিখিত সংখ্যক উপকৃত হচ্ছেন:

কলিকাতা	...	...	৬ জন।
হাওড়া	...	...	১৫ জন।
২৪-পরগনা	...	...	১০ জন।
মেদিনীপুর	...	...	১৫ জন।
বর্ধমান	...	...	৭ জন।
হুগলী	...	...	৪ জন।
নদীয়া	...	...	৩ জন।
বীরভূম	...	...	১ জন।
মুর্শিদাবাদ	...	...	৩ জন।
জলপাইগুড়ি	...	...	১ জন।
		মোট ...	৬৫ জন।

(গ) ১৫ জন।

মুর্শিদাবাদ জেলায় মঞ্জুরীকৃত স্কুলের সংখ্যা

২০৫। (অনুমোদিত প্রশ্ন নং ৯৯৫।) **শ্রীআদ্যাচরণ দত্তঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় ১৯৭২-৭৩ সালে (জানুয়ারী পর্যন্ত) কতগুলি (১) হাই, (২) টু-ক্লাস, (৩) ফোর-ক্লাস, (৪) মাদ্রাসা স্কুলের মঞ্জুরীর নির্দেশ দিয়েছেন;

(খ) উক্ত বিভিন্ন স্কুলগুলিতে কতজন শিক্ষক নিয়োগ হতে পারবেন; এবং

(গ) উক্ত স্কুলগুলিতে ইতিমধ্যে কত অর্গানাইজার টিচার আছেন?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) মুর্শিদাবাদ জেলায় কোন বিদ্যালয় ১৯৭২-৭৩ সালে [মঞ্জু]রী দেওয়া হয় নাই।

(খ) এবং (গ) এ প্রশ্ন উঠে না।

রাজ্য পরিকল্পনা বোর্ডের সুপারিশ

২০৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৩০৯।) **শ্রীঅজিতকুমার বসুঃ** উন্নয়ন ও পরিকল্পনা [বি]ভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) রাজ্য পরিকল্পনা বোর্ডের সদস্য শ্রীপান্নালাল দাসগুপ্ত মহাশয় ঝাড়গ্রাম, কেশিয়াড়ী, খড়্গপুর লোকাল ইত্যাদি এলাকা পরিদর্শন করে কি কি বিষয়ে উন্নতির জন্য সুপারিশ করেছেন, এবং

(খ) ঐ সুপারিশগুলি কার্যকর করার জন্য সরকার কোন ব্যবস্থা নিয়েছেন কি?

উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) রাজ্য পরিকল্পনা বোর্ডের সদস্য পান্নালাল দাসগুপ্ত ও ডঃ সত্যেশ চক্রবর্তী মহাশয়গণ ঝাড়গ্রাম এলাকার সামগ্রিক উন্নয়নের [জ]ন্য বিভিন্ন ধরনের সেচ প্রকল্প, কূপ খনন, বন ও চারণভূমি সৃজন এবং উন্নয়ন, খনিজ সম্পদের [ব্য]বহার, ১নং গোপীবল্লভপুর ব্লকে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা, রাস্তা নির্মাণ এবং সুবর্ণরেখা [ন]দীর জল-সম্পদের সদ্ব্যবহারকল্পে কতকগুলি নীতিগত প্রস্তাব রাখিয়াছেন।

ঝাড়গ্রাম এলাকার দ্রুত ও সামগ্রিক উন্নয়নকল্পে তাঁহারা জয়েন্ট স্টক কোম্পানির ন্যায় একটি [ঝা]ড়গ্রাম উন্নয়ন সংস্থা" গঠনের সুপারিশ করিয়াছেন।

ঐ এলাকার জন্য একটি "বেসিক অ্যাপ্রোচ প্ল্যান" প্রণয়নের প্রয়োজনও তাঁহারা উল্লেখ [ক]রিয়াছেন।

(খ) প্রস্তাবগুলি বর্তমানে সরকারের বিবেচনাধীন। ঝাড়গ্রাম এলাকার বিধানসভা সদস্য ও [অ]ন্যান্য বিশিষ্ট ব্যক্তিগণের সহিত যোগাযোগ করিয়া এই সম্বন্ধে তাঁহাদেরও মতামত জানিতে [দে]ওয়া হইয়াছে।

ঝাড়গ্রাম সেল উপদেষ্টা পরিষদ

২০৭। (অনুমোদিত প্রশ্ন নং ১২৮৯।) **শ্রীঅজিতকুমার বসুঃ** উন্নয়ন ও পরিকল্পনা (ঝাড়গ্রাম বিষয়ক) মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঝাড়গ্রাম সেল উপদেষ্টা পরিষদ গঠিত হয়েছে কিনা;

(খ) হলে, উক্ত পরিষদের সদস্যদের নাম কি;

(গ) ঝাড়গ্রাম সেলের ব্যাপ্তি, পুরুলিয়া ও বাঁকুড়ার পার্বত্য এলাকাতেও ছড়িয়ে দেওয়ার কোনো পরিকল্পনা আছে কি;

(ঘ) থাকলে, পরিকল্পনাটি কি ও এ বিষয়ে সরকার কতদূর অগ্রসর হয়েছেন;

(ঙ) কি কি পরিকল্পনা নেওয়া হচ্ছে; এবং

(চ) পরিকল্পনা নেওয়ার আগে সমাজবিজ্ঞানীদের সমীক্ষা গ্রহণ করা হয়েছে কি?

উন্নয়ন ও পরিকল্পনা (ঝাড়গ্রাম বিষয়ক) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হয় নাই।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) আপাততঃ নাই।

(ঘ) প্রশ্ন উঠে না।

(ঙ) কার্যারম্ভের জন্য সম্প্রতি দুইটি এলাকা অনুমোদিত হইয়াছেঃ (১) সড়ক উন্নয় ঝাড়গ্রাম থানা এলাকার মানিকপাড়া হইতে ব্রাহ্মণদোনা পর্যন্ত (বরাদ্দ ব্যয় ২,৬১,৭৩১ টাব ও (২) জামবোনি থানা অন্তর্গত ভূষণ মৌজার "ভূষণ সেচবাঁধের পুনঃখর্নন" (বরাদ্দ ৩৭,৬০৫ টাকা)।

(চ) প্রাথমিকভাবে হইয়াছে।

পশ্চিমবঙ্গে উচ্চ মাধ্যমিক বিদ্যালয়গুলির সংখ্যা

২০৮। (অনুমোদিত প্রশ্ন নং ৫০৪।) **শ্রীশীশ মহম্মদঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহা অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে উচ্চ মাধ্যমিক বিদ্যালয়গুলির সংখ্যা কত; এবং

(খ) এই মাধ্যমিক বিদ্যালয়গুলির মধ্যে কতগুলি "ঘাটতি"-ভিত্তিক ও কতগুলি "ল গ্র্যান্ট"-ভিত্তিক?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হাই স্কুল—২,০৮৩ (পর্ষদের নিকট সুপারিশ ১৫৯টি বিদ্যালয় এই সংখ্যার অন্তর্ভুক্ত)। হায়ার সেকেন্ডারী স্কুল—২,০১৩ (১৪টি উন্ন করা বিদ্যালয় এই সংখ্যার অন্তর্ভুক্ত)।

(খ) ১,৯৭৩টি হাই ও হায়ার সেকেন্ডারী স্কুল "ঘাটতি"-ভিত্তিক অনুদান পায় ও ১,৮৪৯টি হাই ও হায়ার সেকেন্ডারী স্কুল "লাম্প" অনুদান পায়।

পশ্চিমবঙ্গের অরণ্যসমূহে বিভিন্ন ধরনের গাছ ও বন্যজন্তু

২০৯। (অনুমোদিত প্রশ্ন নং ১০৫৪।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** বন বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের অরণ্যসমূহে কি কি ধরনের গাছ ও বন্যজন্তু আছে;

(খ) বন্যজন্তুদের মধ্যে বাঘ, গণ্ডার, হরিণ প্রভৃতি সম্পর্কে সরকারী কোনও পরিসংখ্যা আছে কিনা;

(গ) পরিসংখ্যান থাকিলে, উক্ত তিন প্রকারের প্রাণী পশ্চিমবঙ্গের অরণ্যসমূহের কত করিয়া আছে;

(ঘ) উক্ত তিন প্রকার বন্যজন্তুর রক্ষণাবেক্ষণের এবং বংশবৃদ্ধির জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়া থাকেন; এবং

(ঙ) পশ্চিমবঙ্গের অরণ্যসম্পদ হইতে কি বাবত কত বাৎসরিক আয় হইয়া থাকে ও অরণ্য সমূহ রক্ষা করিতে সরকারী খরচ বাৎসরিক কত?

বন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) শাল, সেগুন, শিশু, চাঁপা, শিমুল, কদম, ছাতিয়ান, আকাশমনি, জারুল, ইউক্যালিপটাস ইত্যাদি গাছ এবং বাঘ, হাতী, গন্ডার, হরিণ প্রভৃতি বন্যজন্তু আছে।

(খ) বাঘ ছাড়া অন্য কোন জন্তু সম্বন্ধে কোনও সঠিক গণনা করা হয় নাই।

(গ) এ পর্যন্ত গণনা অনুসারে (সুন্দরবনের ৪/৫ অংশে গণনা সম্ভব হয় নাই) ৭৪টি বাঘ আছে।

(ঘ) উল্লিখিত তিন প্রকার সমেত সর্বপ্রকারের বন্যজন্তুর (নরখাদক বাঘ, কুমীর, ভাল্লুক ও শূকর ছাড়া) শিকার নিষিদ্ধ করা হইয়াছে। উহাদের বংশবৃদ্ধির জন্য বিভিন্ন বনাঞ্চলে অভয়ারণ্য স্থাপিত আছে। ইহা ছাড়া ২টি মৃগদার সৃষ্টি করা হইয়াছে।

(ঙ) ১৯৭১-৭২ সালে বন বিভাগের বাৎসরিক আয় ৩ কোটি ৪৫ লক্ষ টাকা হইয়াছে। ইহা প্রধানতঃ নীলামে বৃক্ষ বিক্রয় বাবত হইয়া থাকে। বনজ সম্পদ সংরক্ষণ বাবত ১৯৭১-৭২ সালে প্রায় ২ কোটি ৬ লক্ষ টাকা ব্যয় হইয়াছে।

মেদিনীপুর জেলার বিভিন্ন জায়গায় শিল্প স্থাপনের পরিকল্পনা

২১০। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৬৮।) **শ্রীঅজিতকুমার বসুঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কোন্ কোন্ জায়গায় সরকার কর্তৃক শিল্প সংস্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে; এবং

(খ) ঐ জেলার খড়্গপুরে শিল্প-নগরী সংস্থাপনের কোন প্রকল্প সরকারের বিবেচনাধীন আছে কি?

শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এবং (খ) মেদিনীপুর জেলার হলদিয়ায় এবং খড়্গপুরে দুইটি শিল্প-উপনগরী স্থাপিত হইবে এবং শিল্প সংস্থাপনের যথাযথ চেষ্টা চলিতেছে।

পুরুলিয়ার বাস স্ট্যান্ড নির্মাণ প্রকল্প

২১১। (অনুমোদিত প্রশ্ন নং ৯৭৭।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পুরুলিয়ার বাস স্ট্যান্ড নূতনভাবে তৈরি করিবার সরকারের পরিকল্পনা আছে;

(খ) সত্য হইলে, উক্ত নির্মাণকার্য বাবত কত টাকা মঞ্জুর করা হইয়াছে; এবং

(গ) কবে নাগাদ উক্ত নির্মাণকার্য সম্পন্ন হইবে বলিয়া আশা করা যায়?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) ২০,০০০ টাকা মঞ্জুর হইয়াছে কিন্তু অর্থ বরাদ্দ করা হয় নাই।

(গ) বর্তমান পর্যায়ে বলা সম্ভব নহে।

বুদ্ধিজীবী ও শিল্পীদের সরকারী সাহায্য

২১২। (অনুমোদিত প্রশ্ন নং ৮৫২।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সাহিত্যিক, সাংবাদিক, গায়ক ও চিত্রাভিনেতাদের বৃদ্ধ বয়সে কোনো সরকারী সাহায্য দেওয়া হয় কি?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ কতকগুলি শর্তসাপেক্ষে সীমিতক্ষেত্রে তাঁহাদের বৃদ্ধ বয়সে সরকারী সাহায্য দেওয়া হয়।

মুর্শিদাবাদ জেলায় টেস্ট রিলিফ স্কীমের জন্য মঞ্জুরীকৃত অর্থ

২১৩। (অনুমোদিত প্রশ্ন নং ৯১৪।) **শ্রীআদ্যাচরণ দত্তঃ** ত্রাণ এবং কল্যাণ বিভাগে মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান আর্থিক বৎসরে (১৯৭২-৭৩) মুর্শিদাবাদ জেলায় টেস্ট রিলিফের জন্য মো কত টাকা মঞ্জুর করা হইয়াছিল এবং উক্ত টাকার মধ্যে ৩১এ ডিসেম্বর, ১৯৭২ পর্য কত টাকা খরচ হইয়াছে; এবং

(খ) টেস্ট রিলিফ স্কীমে ঐ জেলার বর্তমান আর্থিক বৎসরে বিভিন্ন ব্লকে কত টা মঞ্জুর করা হইয়াছিল ও বিভিন্ন ব্লকে কতগুলি রাস্তা তৈরির স্কীম লওয় হইয়াছিল?

ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বর্তমান আর্থিক বৎসরে (১৯৭২-৭৩) মো ৫০ লক্ষ ৫০ হাজার টাকা মঞ্জুর করা হইয়াছে। তন্মধ্যে ৩১এ ডিসেম্বর পর্যন্ত ৪১,৬৯,৮৩(টাকা খরচ করা হইয়াছে।

(খ) একটি বিবরণী এতৎসহ নিম্নে দেওয়া হইল।

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 213.

ব্লকের নাম	মঞ্জুরীকৃত টাকার পরিমাণ	রাস্তা তৈরি/মেরামতের সংখ্যা
কান্দি	৩,০৭,২৯৯.৫০	৭১
খড়গ্রাম	২,৮২,০০৫.০০	৫৫
বড়ঞা	২,২২,৩০০.০০	৭৬
ভরতপুর ১নং	২,৩১,৪৭১.০০	৬০
ভরতপুর ২নং	১,৪৭,২৯৪.০০	৬৭
রঘুনাথগঞ্জ ১নং	১,৬০,৭৪৯.৪৬	১২৩
রঘুনাথগঞ্জ ২নং	৯১,৯৩৪.৭৪	৮৩
সাগরদীঘি	২,৯৮,৮৬১.১০	১১১
সুতি ১নং	১,০২,০১২.২৪	৮৮
সুতি ২নং	১,২৩,৬৮৫.৮৫	৮২
সামসেরগঞ্জ	২,৫১,৪৬৩.০০	১৩৭
ফরাক্কা	৭৭,৩৫৪.০০	৬৮
মুর্শিদাবাদ-জিয়াগঞ্জ	১,৬৬,০০০.০০	৭৮
লালগোলা	১,৭২,০০০.০০	৮৭
রাণীনগর ১নং	১,৫৭,৮০১.০০	৮০
রাণীনগর ২নং	১,২১,০০০.০০	৫২
ভগবানগোলা ১নং	১,১৩,৭৪৪.৭২	৫৫
ভগবানগোলা ২নং	১,৩৭,০০০.০০	৫৯
নবগ্রাম	২,৮৮,১৪০.২৮	১২৬
জলঙ্গী	১,৩০,১৯৮.০০	৪৭
ডোমকল	১,৬০,৬৯৯.০০	৬৯
বেলডাঙ্গা ১নং	৯৯,৯০৬.০০	৭৮
বেলডাঙ্গা ২নং	১,২৬,২৪৯.০০	৪১
নওদা	১,১৮,৪৩৮.০০	৬৬
বহরমপুর	১,৮৬,৬৯২.০০	৯৬
হরিহরপাড়া	১,৪২,৮৩৪.০০	৫৪
	৪৪,১৯,১৯০.০৯	২,০২৯

পঞ্চায়েত কর

২১৪। (অনুমোদিত প্রশ্ন নং ১০৪৩।) **শ্রীবলাইলাল শেঠঃ** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে জেলাওয়ারী পঞ্চায়েত কর বাবত সরকারের কত টাকা ১৯৭২-৭৩ সালের জানুয়ারী অবধি পাওনা আছে; এবং

(খ) উক্ত অনাদায়ী টাকা আদায়ের জন্য কি ব্যবস্থা করিয়াছেন?

পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পঞ্চায়েত কর বাবত সরকারের কোন পাওনা নাই; পঞ্চায়েত কর সংশ্লিষ্ট পঞ্চায়েত-এরই প্রাপ্য।

জেলাভিত্তিক পঞ্চায়েত কর পাওনার গত তিন বৎসরের হিসাবের একটি বিবরণী নিম্নে পেশ করা হইল।

(খ) অঞ্চল পঞ্চায়েতের অনাদায়ী কর আদায় করার জন্য ব্যাপক কর্মসূচী গ্রহণ করা হইয়াছে। সংশ্লিষ্ট কর্মচারীদের এ বিষয়ে অবহিত হইবার জন্য উপযুক্ত নির্দেশ দেওয়া হইয়াছে।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 214.

বিবরণী

পঞ্চায়েত কর বাবদ অঞ্চল পঞ্চায়েতগুলির নিম্নোক্ত পরিমাণ পাওনা আছে:

জেলা	বৎসর	বকেয়া অঞ্চল ট্যাক্স টাকা
হাওড়া	১৯৬৯-৭০	৭,৯৭,৫৭৬.৪৬
	১৯৭০-৭১	৭,৯৫,০৬০ ৫৭
	১৯৭১-৭২	৭,৪৮,০১৩ ৭৬
		২৩,৪০,৬৫০.৭৯
পুরুলিয়া	১৯৬৯-৭০	৪,১৮,৪২৪.৯৩
	১৯৭০-৭১	৪,৪৯,৬২১.৬৯
	১৯৭১-৭২	৫,২৩,৬৯৫.৮৩
		১৩,৯১,৭৪২.৪৫
কুচবিহার	১৯৬৯-৭০	৮,৬০,৮৩৫.৯১
	১৯৭০-৭১	৯,০০,০২৮.৮৬
	১৯৭১-৭২	৪,৪৩,৯৯৮.১১
		২২,০৪,৮৬২.৮৮

জেলা	বৎসর	বকেয়া অঞ্চল ট্যাক্স টাকা
মুর্শিদাবাদ	১৯৬৯-৭০	৭,৮০,৬০৩.৭৯
	১৯৭০-৭১	৮,৫৪,৩১২.৫৯
	১৯৭১-৭২	৮,৫৯,৭৪৫.৭৮
		২৪,৯৪,৬৬২ ১৬
বীরভূম	১৯৬৯-৭০	৫,৩০,০৮৭.০২
	১৯৭০-৭১	৫.৮৬,৬৭৭ ৬১
	১৯৭১-৭২	৫,২৪,১৮৫ ০৭
		১৬,৪০,৯৪৯.৭০
দার্জিলিং	১৯৬৯-৭০	২,৩৬,৮৮৪.৭৩
	১৯৭০-৭১	২,৮৮,৫৬৫.১২
	১৯৭১-৭২	৩,২৪,১৯৬.৫১
		৮,৪৯,৬৪৬.৩৬
নদীয়া	১৯৬৯-৭০	৬.১০,৫৮৪.০৫
	১৯৭০-৭১	৫,৯৮,৭৩৪ ৮১
	১৯৭১-৭২	৪,৪৮,২০০ ৫৯
		১৬,৫৭,৫১৯ ৪৫
জলপাইগুড়ি	১৯৬৯-৭০	৬,৪১,৬১১.৩৫
	১৯৭০-৭১	৫,৭২,৫০৫.৪৬
	১৯৭১-৭২	৬,৬৭,২২৬.১২
		১৮,৮১,৩৪২.৯৩
পশ্চিম দিনাজপুর	১৯৬৯-৭০	৬,৮২,৫৩৪.৩১
	১৯৭০-৭১	৯,০১,০৮১.৬৫
	১৯৭১-৭২	৬,৪১,৯৮৯.৫৬
		২২,২৫,৬০৫.৫২

জেলা	বৎসর	বকেয়া অঙ্কুল ট্যাক্স টাকা
বর্ধমান	১৯৬৯-৭০	৭,৪৮,২৪৫.২০
	১৯৭০-৭১	৮,৫৮,৫৩৮.১১
	১৯৭১-৭২	৯,৭৬,৩৫২.৬৪
		২৫,৮৩,১৩৫.৯৫
মালদা	১৯৬৯-৭০	২,৭৬,৯০৪.৫৯
	১৯৭০-৭১	৩,৩৪,১৮৩.৭৭
	১৯৭১-৭২	১,৯৭,৩৩৩.৭১
		৮,০৮,৪২২.০৭
হুগলী	১৯৬৯-৭০	৬,৭৯,২২২.৬৪
	১৯৭০-৭১	৬,৪৯,৫৬৩.৪৬
	১৯৭১-৭২	৬,৬৮,০৬১.৬২
		১৯,৯৬,৮৪৭.৭২
মেদিনীপুর	১৯৬৯-৭০	১৩,৭৫,১৭৯.১২
	১৯৭০-৭১	১৩,৩৮,৭৩৯.১৪
	১৯৭১-৭২	১৪,০৫,২৩২.৩৮
		৪১,১৯,১৫০.৬৪
২৪-পরগণা	১৯৬৯-৭০	২৪,০৭,১৮৬.৩৩
	১৯৭০-৭১	২০,৪৪,৬৫৫.১৬
	১৯৭১-৭২	২৬,০০,৫৮১.৭২
		৭০,৫২,৪২৩.২১
বাঁকুড়া	১৯৬৯-৭০	৪,৮৯,৬৩০.৩৪
	১৯৭০-৭১	৫,৩৩,২৬১.৩৭
	১৯৭১-৭২	৫,৭৪,০৬২.১৯
		১৫,৯৬,৯৫৩.৯০

সরকারী ও বেসরকারী কলেজ শিক্ষকদের মাসিক বেতন

২১৫। (অনুমোদিত প্রশ্ন নং ৮৪২।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী ও বেসরকারী কলেজের শিক্ষকদের মাসিক বেতন কত;

(খ) মাসিক বেতনের যে টাকা বিভিন্ন সময়ে দেওয়া হয় তা এককালীন না দেওয়ার কারণ কি; এবং

(গ) এককালীন সমস্ত টাকা দেওয়ার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কি?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) সরকারী ও বেসরকারী কলেজের বিভিন্ন শ্রেণীর শিক্ষকদের মাসিক বেতন নিম্নরূপঃ

(১) সরকারী কলেজ

সরকারী কলেজের শিক্ষকদের বেতনক্রমঃ

(১) অধ্যাপক—৬৭৫—৫০—১,৬৫০।

(২) সহ-অধ্যাপক- ৪৭৫ -৩০-৬৮৫—৩৫ -১,০০০—৫০—১,১৫০।

(৩) উপাধ্যায় (লেকচারার)—৪২৫—১৫—৫০০ -২০- ৭০০—২৫- ৮২৫।

(৪) ডিমনস্ট্রেটর- (১) ৩৭৫—১০—৪১৫—১৫- ৬১০—২০—৬৫০ (এম এস-সি অনার্স ডিগ্রীধারীদের জন্য); (২) ৩০০—১০--৪২০—১৫—৬০০ (পাশ গ্র্যাজুয়েটদের জন্য)।

ইহা ছাড়া শিক্ষকেরা নিয়মানুসারে মাগ্গী ভাতা, বাড়িভাড়া ও চিকিৎসা ভাতা পাইয়া থাকেন।

কলেজের অধ্যক্ষেরা তাঁহাদের গ্রেড পে ছাড়াও সাধারণতঃ ১০০ টাকা "স্পেশাল পে" পাইয়া থাকেন।

বিভাগীয় প্রধানেরা নিয়মানুসারে ৭৫ টাকা অথবা ৫০ টাকা "স্পেশাল পে" পাইয়া থাকেন।

(২) বেসরকারী গভর্নমেন্ট স্পনসর্ড কলেজ

স্পনসর্ড কলেজের বিভিন্ন শ্রেণীর শিক্ষকদের বেতনক্রম নিম্নরূপঃ

(১) অধ্যক্ষ—৭০০—৪০—১,১০০।

(২) উপাধ্যায় (লেকচারার)—৩০০—২৫-৬০০—৪০—৮০০।

(৩) প্রদর্শক (ডিমনস্ট্রেটর)- ২৫০—১৫—৪০০।

(৪) শারীরিক প্রশিক্ষক (ফিজিক্যাল ইন্সট্রাকটর)—(১)—৩০০—২৫—৬০০ (এ বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীধারীদের জন্য); (২) ২৫০—১৫—৪০০। (অন্যান্যদের জন্য)।

ইহা ব্যতীত শিক্ষকেরা নিয়মানুসারে বর্তমানে ১৫৮ টাকা মাগ্গী ভাতা পাইয়া থাকেন।

(৩) বেসরকারী নন-স্পনসর্ড কলেজ

নন-স্পনসর্ড বেসরকারী কলেজগুলিতে শিক্ষকদের কলেজ বেতনের হার বিভিন্ন কলেজে বিভিন্নরূপ। তবে ১লা এপ্রিল, ১৯৬৬ তারিখের পূর্বে প্রতিষ্ঠিত এই সমস্ত অনুমোদিত বেসরকারী কলেজগুলিতে ১লা এপ্রিল, ১৯৬৬ তারিখে বর্তমান এবং এই সমস্ত শিক্ষকপদের মধ্যে যেগুলি ঐ তারিখে ছয় মাসের অধিককাল খালি ছিল না এইরূপ পদগুলির জন্য ১লা এপ্রিল, ১৯৬৬ তারিখ হইতে নিম্নলিখিত নূতন বর্ধিত বেতনক্রম প্রবর্তিত হইয়াছেঃ

(১) অধ্যক্ষ—৭০০—৪০—১,১০০।

(২) লেকচারার (সিনিয়ার স্কেল)-৪০০--২৫—৬০০—৪০—৮০০।

(৩) লেকচারার (জুনিয়র স্কেল)—৩০০—২৫—৬০০।

(৪) প্রদর্শক (ডিমনস্ট্রেটর)- ২৫০—১৫—৪০০।

(৫) শারীরিক প্রশিক্ষক-(ক) ৩০০—২৫—৬০০ (ঐ বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীধারীদের জন্য); (খ) ২৫০—১৫—৪০০ (অন্যান্যদের জন্য)।

ইহা ব্যতীত ১লা এপ্রিল, ১৯৬৬ তারিখের পরে সৃষ্ট শিক্ষকপদে (লেকচারার) নিযুক্ত শিক্ষকদিগকে নূতন বর্ধিত বেতনহারের সুযোগ-সুবিধাদি প্রদানের নিমিত্ত রাজ্যসরকার ১লা এপ্রিল ১৯৬৯ হইতে কলেজগুলি কর্তৃক কতকগুলি শর্তপালনের সাপেক্ষ ৩০০--২৫--৬০০--৪০--৮০০-এর বেতনক্রম (ইন্টিগ্রেটেড স্কেল) চালু করিয়াছেন। ইহা ছাড়াও উক্ত শর্তপালনের সাপেক্ষ ১লা এপ্রিল, ১৯৬৬ তারিখের পরে সৃষ্ট অধ্যক্ষ পদে এবং ডিমন্সট্রেটর পদে নিযুক্ত শিক্ষকদের নূতন বর্ধিত বেতনহারের সুযোগ-সুবিধাদি প্রদানের আর্থিক দায়িত্ব ১লা এপ্রিল, ১৯৬৯ তারিখ হইতে রাজ্য সরকার লইয়াছেন। ১লা এপ্রিল, ১৯৬৬ তারিখের পূর্বে সৃষ্ট পদে (যে পদগুলি ঐ তারিখে ছয় মাসের অধিককাল খালি ছিল না) নিযুক্ত শিক্ষকরাও ইচ্ছা করিলে ১লা এপ্রিল, ১৯৬৯ তারিখ হইতে চালু বেতনক্রম (ইন্টিগ্রেটেড স্কেল)-এর সুবিধা গ্রহণ করিতে পারিবেন। বেসরকারী নন-স্পনসর্ড কলেজ-এর শিক্ষকরা বিভিন্ন হারে কলেজ মাগ্গী ভাতা পাইয়া থাকেন।

বর্তমানে ১লা জানুয়ারি, ১৯৭২ হইতে যাঁহারা নূতন শিক্ষকপদে নিযুক্ত হইবেন তাঁহারা সরকারী নির্দেশ অনুসারে কলেজ মাগ্গী ভাতা সহ ১৫৮ টাকা মাগ্গী ভাতা বাবদ পাইবেন। পুরাতন শিক্ষকগণ যাঁহারা পূর্বহারে মাগ্গী ভাতা পাইয়া আসিতেছেন তাঁহারা ইহার আওতায় আসিতেছেন না। তাঁহাদের ক্ষেত্রে বিভিন্ন হারে প্রদত্ত কলেজ মাগ্গী ভাতা ব্যতীত সরকার কর্তৃক ১১৮ টাকা মাগ্গী ভাতা দেওয়া হইয়া থাকে।

(খ) নূতন বর্ধিত বেতনক্রম প্রচলনের শর্ত অনুযায়ী ঐ বেতনক্রম প্রবর্তনের নিমিত্ত অতিরিক্ত খরচের ৮০ শতাংশ বেতনক্রম প্রচলনের তারিখ হইতে পাঁচ বৎসরের জন্য (অর্থাৎ ১লা এপ্রিল, ১৯৬৬ হইতে ৩১এ মার্চ, ১৯৭১ পর্যন্ত) ভারত সরকার বহন করিয়াছেন। ভারত সরকার তাঁহাদের প্রদেয় অনুদানের অর্থ একসঙ্গে দিতেন না। বার্ষিক অনুদানের অর্থ ভারত সরকার দুই বা ততোধিক কিস্তিতে মঞ্জুর করিতেন। রাজ্যের আর্থিক সংকটের দরুন ভারত সরকার কর্তৃক প্রদেয় অনুদানের সমস্ত অর্থ এককালীন মঞ্জুর করা রাজ্য সরকারের পক্ষেও সম্ভব ছিল না। ফলে শিক্ষকদের বেতন এককালীন দেওয়া সম্ভব ছিল না।

(গ) ১লা এপ্রিল, ১৯৭১ তারিখ হইতে কলেজ শিক্ষকদের সংশোধিত বেতনহার রক্ষার আর্থিক দায়িত্ব রাজ্য সরকারের উপর বর্তাইয়াছে। যাহাতে কলেজের শিক্ষকরা তাঁহাদের মাসিক বেতনের টাকা এককালীন ও নিয়মিত পাইতে পারেন তজ্জন্য রাজ্য সরকার ১৯৭১ সালের জুলাই মাসের একটি সরকারী আদেশবলে নিয়মিত বেতন ও মাগ্গী ভাতা যাহাতে দেওয়া সম্ভব হয় তজ্জন্য রাজ্য শিক্ষা অধিকর্তাকে কতকগুলি ব্যবস্থা অবলম্বনের জন্য নির্দেশ দিয়াছেন। উক্ত ব্যবস্থা কার্যকর করা হইতেছে এবং আশা করা যায় যে, উহা সম্পূর্ণভাবে কার্যকর হইলে এই অসুবিধা দূর হইবে।

সমবায় সমিতি

২১৬। (অনুমোদিত প্রশ্ন নং ১০৩৭।) **শ্রীআবদুল বারি বিশ্বাস:** সমবায় বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) এই রাজ্যে বর্তমানে কি কি রকমের কতগুলি সমবায় সমিতি আছে;

(খ) সমিতিসমূহের মধ্যে কোন্ প্রকারের সমিতি কতগুলি চালু আছে;

(গ) কতগুলি সমবায় সমিতির গত দুই বৎসরে অবলুপ্তি (লিকুইডেশন) ঘটিয়াছে;

(ঘ) অবলুপ্তির কারণ কি;

(ঙ) অবলুপ্তিপ্রাপ্ত সমবায় সমিতিসমূহের বিরুদ্ধে সরকার কি কি কার্যকরী ব্যবস্থা গ্রহণ করিয়াছেন; এবং

(চ) অবলুপ্তিপ্রাপ্ত সমবায় সমিতিসমূহের নিকট সরকারের মোট কত টাকা অনাদায় অবস্থায় পড়িয়া আছে?

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয়ঃ

(ক)

১। রাজ্য সমবায় ব্যাঙ্ক	১
২। কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক	২১
৩। কৃষি ঋণদান সমবায় সমিতি	১১,৩২৯
৪। সমবায় শস্য ভাণ্ডার	৫৭৬
৫। অকৃষি ঋণদান সমবায় সমিতি	১,০৭৭
৬। কেন্দ্রীয় জমি বন্ধকী ব্যাঙ্ক	১
৭। প্রাথমিক জমি বন্ধকী ব্যাঙ্ক	২১
৮। রাজ্য সমবায় বিপণন সমিতি	১
৯। প্রাথমিক সমবায় বিপণন সমিতি	২৭৩
১০। প্রকরণ (প্রসেসিং) সমবায় সমিতি	৯৯
১১। চালকল সমবায় সমিতি	৩৮
১২। দুগ্ধ সরবরাহ সমবায় সমিতি	১৪৫
১৩। পশুপালন সমবায় সমিতি	৩১
১৪। কৃষি-খামার সমবায় সমিতি	৩০৬
১৫। সেচ সমবায় সমিতি	১১৬
১৬। মৎসজীবী সমবায় সমিতি	৫৬৩
১৭। ভোগপণ্য সমবায় সমিতি (একটি রাজ্যভিত্তিক ফেডারেশন এবং ২৯টি পাইকারী সমিতি সহ)।	১,৯৯৬
১৮। গৃহনির্মাণ সমবায় সমিতি (একটি রাজ্যভিত্তিক সমিতি সহ) ..	৪০৩
১৯। তন্তুবায় সমবায় সমিতি (একটি রাজ্যভিত্তিক সমিতি সহ) ..	৯২৩
২০। শিল্প বিষয়ক সমবায় সমিতি	১,০২০
২১। স্পিনিং মিল সমবায় সমিতি	২
২২। শ্রম সমবায় সমিতি	১১৩
২৩। ফরেষ্ট লেবার সমবায় সমিতি	৩
২৪। পরিবহন সমবায় সমিতি	২০৮
২৫। বেকার ইঞ্জিনীয়ারদের সমবায় সমিতি সহ অন্যান্য নন-ক্রেডিট সমিতি (কৃষি ও অকৃষি)।	৫৬২
২৬। সমবায় ইউনিয়ন	১৭
২৭। হিমঘর সমবায় সমিতি	৬
মোট ..	১৯,৮৫০

(খ)

১। রাজ্য সমবায় ব্যাঙ্ক	১
২। কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক	২১
৩। কৃষি ঋণদান সমবায় সমিতি	১০,১৮৩
৪। সমবায় শস্য ভাণ্ডার	৪৪৬
৫। অকৃষি ঋণদান সমবায় সমিতি	৯৭৭
৬। কেন্দ্রীয় জমি বন্ধকী ব্যাঙ্ক	১
৭। প্রাথমিক জমি বন্ধকী ব্যাঙ্ক	২১
৮। রাজ্য সমবায় বিপণন সমিতি	১
৯। প্রাথমিক সমবায় বিপণন সমিতি	২২৩
১০। প্রকরণ সমবায় সমিতি	৪৭
১১। চালকল সমবায় সমিতি	২৩
১২। দুগ্ধ সরবরাহ সমবায় সমিতি	১০৪
১৩। পশুপালন সমবায় সমিতি	১৮
১৪। কৃষি-খামার সমবায় সমিতি	১৭৩
১৫। সেচ সমবায় সমিতি	৬২
১৬। মৎস্যজীবী সমবায় সমিতি	৩৪৭
১৭। ভোগ্যপণ্য সমবায় সমিতি	১,৩০৮
১৮। গৃহনির্মাণ সমবায় সমিতি	২৪২
১৯। তন্তুবায় সমবায় সমিতি	৪৫২
২০। শিল্প নিগমক সমবায় সমিতি	৩৩১
২১। স্পিনিং মিল সমবায় সমিতি	১
২২। শ্রম সমবায় সমিতি	৩৫
২৩। ফরেষ্ট লেবার সমবায় সমিতি	২
২৪। পরিবহন সমবায় সমিতি	১০২
২৫। অন্যান্য নন্-ক্রেডিট সমিতি (কৃষি ও অকৃষি)	২৯৬
২৬। সমবায় ইউনিয়ন	১৭
২৭। হিমঘর সমবায় সমিতি	৬
মোট ..	১৫,৪৪১

(গ) ২,০৫৫টি, ইহা ছাড়াও ১,৩০০টির উপর নিষ্ক্রিয় সমিতি আছে।

(ঘ) পরিচালন ব্যবস্থার শৈথিল্যবশতঃ দীর্ঘদিন অকেজো অবস্থায় পড়িয়া থাকা, ঋণ অনাদায়, আর্থিক অনটন ও স্বয়ম্ভরতা পরিকল্পনা (ভায়েবিলিটি প্রোগ্রাম) কার্যকরী করা।

(ঙ) লিকুইডেটারগণ আইন অনুযায়ী সমিতিগুলির দেনাদারদের নিকট হইতে প্রাপ্য টাকা আদায় করিয়া হারাহারিভাবে পাওনাদারদের টাকা মিটাইতেছে। প্রয়োজনে আর্থিক সঙ্গতি-সম্পন্ন দেনাদারদের বিরুদ্ধে সার্টিফিকেট কেস করিয়া টাকা আদায় করিতেছে।

(চ) ৩০এ জুন, ১৯৭১ তারিখ পর্যন্ত মোট ১৭,০৯,১৭৫ টাকা ২৮ পয়সা।

পশ্চিমবঙ্গে মন্ত্রিসভার সদস্যগণের টি এ, বাড়ি ভাড়া, টেলিফোন বাবত খরচ

২১৭। (অনুমোদিত প্রশ্ন নং ৪৩১।) **শ্রীনিতাইপদ সরকার:** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৭২ সালের আগস্ট হইতে জানুয়ারী ১৯৭৩ পর্যন্ত পশ্চিমবঙ্গ মন্ত্রিসভার সদস্যগণের জন্য পৃথক পৃথক ভাবে প্রত্যেকের টি এ, বাড়ি ভাড়া, টেলিফোন প্রভৃতি বাবত কত টাকা খরচ হইয়াছে?

অর্থ বিভাগের মন্ত্রিমহাশয়: বিশদ তালিকা এই সঙ্গে লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

পশ্চিমবঙ্গের ২৭ জন মন্ত্রীর টি এ বাবত এই ছয় মাসে মোট খরচ হইয়াছে ৭৮,১৭০·১০ টাকা। এই টাকার মধ্যে ট্রেন ও প্লেন ভাড়া বাবত খরচ হইয়াছে ৬০,৮৮৩·৮৫ টাকা। এই ট্রেন ও প্লেন ভাড়ার টাকা মন্ত্রীরা পান না- সরকার ট্রাভেল এজেন্টদের বা এয়ার কোম্পানীদের এই টাকা দিয়ে থাকেন। এই প্রসঙ্গে উল্লেখযোগ্য যে, কলিকাতা হইতে দিল্লী পর্যন্ত প্লেনে যাতায়াত করিলে প্লেন ভাড়ায় প্রায় ৮০০ টাকা খরচ পড়ে।

মন্ত্রীরা যখন সরকারী কার্যোপলক্ষে কলিকাতার বাহিরে থাকেন তখন তাঁহারাই তাঁহাদের খাওয়া ও থাকার খরচ বহন করেন, সরকার করেন না। মন্ত্রীরা এই সময় দৈনিক ১২·৫০ টাকা হইতে ১৫ টাকা পর্যন্ত ভাতা পান। শুধু দিল্লীতে থাকাকালীন তাঁহারা দৈনিক ২৫ টাকা করিয়া ভাতা পান।

মন্ত্রীরা সরকারী বাসস্থানে থাকিলে কোনও বাড়ি ভাড়া পান না। সরকারী বাসস্থান না পাওয়া পর্যন্ত প্রত্যেক মন্ত্রী মাসিক ৩৫০ টাকা, রাষ্ট্রমন্ত্রী ৩০০ টাকা এবং উপমন্ত্রী ২৫০ টাকা করিয়া বাড়ি ভাতা পান।

টেলিফোন বাবত খরচের মধ্যে কয়েকটি টেলিফোনের সংস্থাপনের খরচও আছে।

১৯৬৭ সাল হইতে ১৯৭২ সাল পর্যন্ত প্রতি আর্থিক বৎসরে অতিরিক্ত কর

২১৮। (অনুমোদিত প্রশ্ন নং ৮০২।) **শ্রীআবদুল বারি বিশ্বাস:** অর্থ বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৭-৬৮ সাল হইতে ১৯৭২-৭৩ সাল পর্যন্ত প্রতি আর্থিক বৎসরে কোন অতিরিক্ত কর ধার্য হইয়াছে কিনা; এবং

(খ) হইলে, কোন্ আর্থিক বৎসরে কত অতিরিক্ত কর হিসাবে আদায় হইয়াছে?

অর্থ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ, গত ১৯৬৭-৬৮ সাল হইতে ১৯৭২-৭৩ সাল পর্যন্ত প্রতি বৎসরই কোন-না-কোন অতিরিক্ত কর ধার্য হইয়াছে। নিম্নে একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) প্রতি বৎসরের অতিরিক্ত করের হিসাব নিম্নের তালিকা হইতে পাওয়া যাইবে। অকট্রয় ও সারচার্জ হইতে আদায় আলাদা করিয়া দেখানো হইয়াছে, কারণ অকট্রয় হইতে নীট আদায়কৃত অর্থ সি এম ডি এ, কলিকাতা কর্পোরেশন ও কতকগুলি মিউনিসিপ্যালিটির মধ্যে বণ্টন করা হয় এবং সারচার্জ হইতে নীট আদায়কৃত অর্থ বাংলাদেশ-শরণার্থী ত্রাণকার্যে ব্যয়ের জন্য ভারত সরকারকে রাজ্য সরকারের অনুদান হিসাবে দেয়, অর্থাৎ এই দুই খাতে আদায়কৃত অতিরিক্ত অর্থ রাজ্য সরকারের প্রকৃত আয় বলিয়া গণ্য করা যায় না।

বাঁকুড়া জেলায় বার্ধক্য ভাতাপ্রাপ্ত ব্যক্তির সংখ্যা

২১১। (অনুমোদিত প্রশ্ন নং ১০৫১।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** ত্রাণ ও সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) বর্তমানে বাঁকুড়া জেলায় ব্লকওয়ারী বার্ধক্য ভাতাপ্রাপ্ত ব্যক্তির সংখ্যা কত;

(খ) বার্ধক্য ভাতাপ্রাপ্ত ব্যক্তিদের নাম ও ঠিকানা;

(গ) বার্ধক্য ভাতার জন্য ১৯৭১ এবং ১৯৭২ সালের ডিসেম্বর পর্যন্ত কতজন দরখাস্ত জমা দিয়াছেন;

(ঘ) উক্ত খাতে ১৯৭২-৭৩ সালে বাঁকুড়া জেলার জন্য কত টাকা বরাদ্দ আছে; এবং

(ঙ) উক্ত সময়ে পশ্চিমবঙ্গে অন্যান্য জেলার জন্য কত টাকা করিয়া বরাদ্দ আছে?

ত্রাণ ও সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ

(ক)

ব্লক	সংখ্যা
বাকুড়া ১নং	৭৫
ছাতনা	০
মেজিয়া	৩
ইন্দপুর	৪
ওন্দা	২৯
তালডাংরা	৭
রায়পুর ২নং	১১
খাতরা ১নং	৯
ইন্দাস	৬
বিষ্ণুপুর	৩
কোতুলপুর	১৩
বাঁকুড়া ২নং	৮
শালতোড়া	২৫
গঙ্গাজলঘাটি	১৫
বড়জোড়া	৩০
সিমলাপাল	২৮
রায়পুর ১নং	১০
রাণীবাঁধ	১৮
খাতরা ২নং	৭
পাত্রসায়ের	১১
সোনামুখী	৩৪
জয়পুর	৪৭
মোট ..	৩৯৩ জন

(খ) এ সম্পর্কে একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(গ) ১৯৭১ সনে—১১৭ জন।
১৯৭২ সনে—১৮৭ জন।

(ঘ) ১,২০,০০০ টাকা।

(ঙ)

		টাকা
(১)	কলিকাতা	৩,৬০,০০০
(২)	২৪-পরগণা	৩,২৪,০০০
(৩)	মুর্শিদাবাদ	১,২০,০০০
(৪)	মেদিনীপুর	২,৪০,০০০
(৫)	বর্ধমান	২.৪০,০০০
(৬)	জলপাইগুড়ি	৮৪,০০০
(৭)	হুগলী	২.৪০.০০০
(৮)	পুরুলিয়া	৮৪,০০০
(৯)	হাওড়া	১.২০,০০০
(১০)	পশ্চিম দিনাজপুর	৮৪.০০০
(১১)	দার্জিলিং	৩৬.০০০
(১২)	কুচবিহার	৯৬,০০০
(১৩)	নদীয়া	১,৯২,০০০
(১৪)	বীরভূম	৬০,০০০
(১৫)	মালদা	৮৪,০০০
	মোট ..	২৩,৬৪,০০০

দুবদা বেসিন প্রকল্প

২২০। (অনুমোদিত প্রশ্ন নং ১০০১।) **শ্রীহেমন্ত দত্তঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দুবদা বেসিন প্রকল্পের জন্য সরকার কত টাকা মঞ্জুর করিয়াছেন;

(খ) উক্ত প্রকল্পে মোট কত একর জমি অধিগ্রহণ করা হইয়াছে এবং প্রতি একর জমির মূল্য কত টাকা নির্ধারিত হইয়াছে;

(গ) কোন্ কোন্ মৌজায় জমির মূল্য দেওয়া হইয়াছে;

(ঘ) কতদিনের মধ্যে সরকার বাকি জমির দাম দেওয়া শেষ করিবেন;

(ঙ) দখলীকৃত ঘরবাড়ির এবং জমির দাম দেওয়ার বিলম্বের কারণ কি; এবং

(চ) যাহাদের ঘরবাড়ি অধিগ্রহণ করা হইয়াছে, তাহাদের অন্যভাবে পুনর্বাসনের কোন পরিকল্পনা সরকারের আছে কি?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) দুবদা বেসিনের প্রকল্পের জন্য মোট ২·৬৮ কোটি টাকা ব্যয় হইবে।

উক্ত প্রকল্পের জন্য আজ পর্যন্ত জমি ও ঘরবাড়ির মূল্য বাবত যথাক্রমে ৫,৬২,৭০১ টাকা এবং ৭০,৫১৫·৯১ টাকা মঞ্জুর করা হইয়াছে।

(খ) এই প্রকল্পের জন্য আজ পর্যন্ত মোট ৬৬০·৪৫ একর জল জমি অধিগ্রহণ করা হইয়াছে।

চূড়ান্ত অনুমোদন সাপেক্ষে জমির প্রকৃতি অনুযায়ী বিভিন্ন মৌজায় প্রতি একর জল জমির নিম্নলিখিত মূল্য ধার্য করা হইয়াছে।

	প্রতি একর জমির মূল্য (টাকা)
থানা--রামনগর	
মৌজা--কালুয়াগনুতা	৮,০০০.০০ (কালুয়াগনুতা, রামনগর, বড়সোলেমানপুর)
রামনগর	
বড়সোলেমানপুর	
কুলিখানি	৬,৫১৫.০০
নাবহা	১২,৭১০.০০ (নাবহা, বাগপুরা)
বাগপুরা	
নরকুলি	১০,৮০০.০০
তলকানপুর	৬,৭০০.০০
থানা--এগরা	
মৌজা--সরিষা	৩,৮৬৫.০০ (সরিষা, পানিপারুল)
পানিপারুল	
শিমুলিয়া	৩,৫৬০.০০ (শিমুলিয়া, শিমুলিয়াবাড়)
শিমুলিয়াবাড়	
বামুনিয়া	৩,৮৬০.০০

(গ) কোনও মৌজার জমির মূল্য এখন পর্যন্ত দেওয়া হয় নাই।

(ঘ) ভূমিগ্রহণ সংক্রান্ত আইন অনুযায়ী সকল পর্যায় শেষ হইবামাত্র অধিগৃহীত সকল জমির মূল্য দেওয়া হইবে।

(ঙ) দখলসাপেক্ষে রামনগর থানার অন্তর্গত বড়সোলেমানপুর, রামনগর এবং কালুয়াসন্তা মৌজার ঘরবাড়ির মূল্যের শতকরা আশি ভাগ অগ্রিম ক্ষতিপূরণ হিসাবে প্রদান করা হইয়াছে।

অধিগৃহীত জমি এবং ঘরবাড়ির বাকি মূল্য ভূমিগ্রহণ আইন অনুযায়ী পর্যায়গুলি শেষ হইবামাত্র প্রদান করা হইবে।

(চ) না।

ডিপ টিউবওয়েল

২২১। (অনুমোদিত প্রশ্ন নং ১৭১।) **ডঃ মহম্মদ এক্রামুল হক্ বিশ্বাসঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকার গত আর্থিক বৎসরে অর্থাৎ ১৯৭১-৭২ সালে মোট কয়টি ডিপ টিউবওয়েল বসিয়েছেন, এবং

(খ) ৩১এ জানুয়ারি, ১৯৭৩ তারিখ পর্যন্ত কোন্ জেলায় কয়টি ডিপ টিউবওয়েল বসানো হয়েছে?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) মোট ৬৩টি।

(খ)

জেলার নাম	টিউবওয়েলের সংখ্যা
(১) হুগলি ...	১৬৮
(২) মুর্শিদাবাদ	২৬৫
(৩) নদীয়া	৪৮৭
(৪) হাওড়া	৬৭
(৫) ২৪-পরগনা	১৯৭
(৬) মেদিনীপুর	১২৪
(৭) বর্ধমান	২১৪
(৮) বীরভূম	২৬
(৯) বাঁকুড়া	৫৯
(১০) মালদা	৮৪
(১১) কোচবিহার	১৫
(১২) জলপাইগুড়ি	৩৩
(১৩) পশ্চিম দিনাজপুর	৯৬
(১৪) দার্জিলিং	১
মোট ...	১,৮৩৬

সার বিতরণ

২২২। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৬৫।) **শ্রীঅজিতকুমার বসু:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ভারত সরকার কর্তৃক প্রদত্ত সার পশ্চিমবঙ্গ সরকারের মাধ্যমে বিতরণের যে ব্যবস্থা করা হইয়াছে তাহা কি শুধু প্রাইভেট ডিলারদের মাধ্যমে বিতরণ করা হয়, না কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটির মাধ্যমেও বিতরণ করা হয়; এবং

(খ) কো-অপারেটিভ মারফত বিতরিত হইলে শতকরা কত ভাগ সার কো-অপারেটিভ মার্কেটিং-এর মাধ্যমে বিতরণ করা হয়?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) না। কো-অপারেটিভ সোসাইটি, ওয়েস্ট বেঙ্গল এগরো-ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন ও প্রাইভেট ডিস্ট্রিবিউটারদের মাধ্যমে সার বিতরণ করা হয়।

(খ) বর্তমানে শতকরা ৪০ ভাগ সার কো-অপারেটিভ সোসাইটির মাধ্যমে বিতরণ করা হইতেছে।

বেলডাঙ্গা থানা এলাকায় মোটর দুর্ঘটনা

২২৩। (অনুমোদিত প্রশ্ন নং ১২১৮।) **শ্রীতিমিরবরণ ভাদুড়ী:** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) গত ১৭ই জানুয়ারি, ১৯৭৩ তারিখে ৩৪নং "ন্যাশনাল হাইওয়ে" বেলডাঙ্গা থানার নিকট মোটর গাড়িতে চাপা পড়ার কোন ঘটনার বিষয় সরকার অবগত আছেন কি;

(খ) অবগত থাকিলে, ঐ দুর্ঘটনায় কতজন আহত বা নিহত হইয়াছে;

(গ) নিহত হইলে, নিহত ব্যক্তির নাম; এবং

(ঘ) আহত ব্যক্তিদের চিকিৎসার জন্য কি ব্যবস্থা করা হইয়াছিল?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) একজন নিহত হইয়াছে; কেহ আহত হয় নাই।

(গ) নিহত ব্যক্তির নাম শ্রীসখীগোপাল সিং।

(ঘ) প্রশ্ন উঠে না।

বাংলাদেশ থেকে মাছ আমদানি

২২৪। (অনুমোদিত প্রশ্ন নং ১১৩০।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিক:** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাংলাদেশ হইতে ২২এ ফেব্রুয়ারী, ১৯৭৩ পর্যন্ত কত মাছ আমদানি করা হইয়াছে;

(খ) কোথায় কোথায় ঐ মাছ বিক্রি করা হয়; এবং

(গ) কারা ঐ মাছ বিক্রি করে?

মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) প্রায় ৭৯০ মেট্রিক টন।

(খ) ঐ মাছ প্রধানত কোলকাতা এবং তার পার্শ্ববর্তী অঞ্চলে বিক্রি করা হয়। ত্রিপুরা রাজ্যেও ঐ মাছ বিক্রি করা হয়।

(গ) ঐ মাছ কেন্দ্রীয় মৎস্য কর্পোরেশনের নিজস্ব স্টল, তার অনুমোদিত এজেন্ট, খুচরা ও পাইকারি বিক্রেতা এবং আড়তদারদের মাধ্যমে বিক্রি করা হয়ে থাকে।

জেলাভিত্তিক বিভিন্ন গ্রাম বৈদ্যুতীকরণ

২২৫। (অনুমোদিত প্রশ্ন নং ৮১৬।) **শ্রীযতীন্দ্রমোহন রায়ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ সালে পশ্চিমবাংলার জেলাভিত্তিক গ্রামসমূহের বৈদ্যুতীকরণের জন্য কত টাকা বরাদ্দ করা হইয়াছে; এবং

(খ) পশ্চিম দিনাজপুর জেলার কোন্ কোন্ গ্রামকে এর অন্তর্ভুক্ত করা হইয়াছে?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বাঁকুড়া ৮২·৮০, বীরভূম ৫৪·৮০, বর্ধমান ৯২·৩, কুচবিহার ১৭·৮০, দার্জিলিং ৫·২৫, হুগলী ৮৫·৪৫, হাওড়া ৮৩·৪৫, জলপাইগুড়ি ৩৮·৪০, মালদহ ১,১২·৯০, মেদিনীপুর ২,৫৩·১০, মুর্শিদাবাদ ৯৬·৬৫, নদীয়া ৬৩·২, চব্বিশপরগনা ১,৭৮·৯৫, পুরুলিয়া ৫৫·৫০ ও পশ্চিম দিনাজপুর ৫৭·৭২। [টাকার অংক লক্ষের হিসাবে]

(খ) একটি তালিকা নিম্নে দেওয়া হইল।

Statement referred to in reply to clause (kha) of unstarred Question No. 225

Programme of Rural Electrification in the district of West Dinajpur

Serial No.	Mouza	Police-station
1.	Lakshmipur	Balurghat.
2.	Kamalpara	Do.
3.	Chhiasi	Do.
4.	Chakhany	Do.
5.	Patiram	Do.
6.	Baul	Do.
7.	Subla	Do.
8.	Kurmaie	Do.
9.	Digra	Do.
10.	Kadamthali	Do.
11.	Parpatiram	Do.
12.	Haripur	Do.
13.	Balicha	Do.
14.	Rampur Kismat	Do.
15.	Monael	Do.
16.	Haripur	Do.

Serial No.	Mouza	Police-station
17.	Majhiar	Balurghat.
18.	Chaknaripur	Do.
19.	Dhulatan	Do.
20.	Mahandha	Do.
21.	Kalika	Do.
22.	Chak Ismait	Do.
23.	Inbrakpur	Do.
24.	Raypur	Do.
25.	Sankarpur	Do
26.	Dasul	Do.
27.	Hariharpur	Do.
28.	Ekmail	Do.
29.	Hatisala	Do.
30.	Amritakhanda	Do.
31.	Dumair	Do.
32.	Tulsipur	Do.
33.	Bauhat	Do.
34.	Badkhorna	Do.
35.	Birohini	Do.
36.	Gutin	Do.
37.	Keshabpur	Do.
38.	Sanihari	Do.
39.	Mallickpur	Do.
40.	Bolla	Do.
41.	Jhaporsi	Do.
42.	Paschimrainagar	Do.
43.	Kasilabati	Do.
44.	Badmail	Do.

Serial No.	Mouza	Police-station
45.	Utterraypur	Balurghat.
46.	Nazirpur	Do.
47.	Atair	Do.
48.	Chaurapara	Do.
49.	Chakbrighri	Do.
50.	Salgaon	Do.
51.	Purba Krishnapur	Hili.
52.	Sahapur	Do.
53.	Bisaira	Do.
54.	Ponorahar	Do.
55.	Salash	Do.
56.	Purba Raninagar	Do.
57.	Ismailpur	Do.
58.	Syampur	Do.
59.	Bad Dungi	Do.
60.	Rupbati	Do.
61.	Mataish	Do.
62.	Pachurasia	Islampur.
63.	Khalbargaon	Do.
64.	Harirampore	Bangshihari.
65.	Jaganail	Do.
66.	Mohindra	Do.
67.	Dalkhola	Karandighi.
68.	Mithapur	Do.
69.	Gotebari	Do.
70.	Haripur	Do.
71.	Mahammadpur	Do.
72.	Bagela	Do.

Serial No.	Mouza				Police-station
73.	Maheshbathan	..	..	..	.. Karandighi.
74.	Sohar	..	..	..	.. Do.
75.	Chutiakhor	..	..	..	.. Chopra.
76.	Dalna	..	..	..	.. Do.
77.	Sohar	..	..	..	.. Do.
78.	Palaibari	..	..	..	.. Itahar.
79.	Keotal	..	..	..	.. Do.
80.	Durgapur	..	..	..	.. Do.
81.	Paharajpur	..	..	..	.. Do.
82	Kusumundi	..	..	..	.. Kusumundi.
83.	Sagnath	..	..	..	.. Goalpakhar.
84.	Mayhok	..	..	..	.. Do.
85.	Panipara	..	..	..	.. Do.
86.	Raipur	..	..	..	.. Do.
87.	Manaskunda	..	..	..	.. Do.
88.	Majlishpur	..	..	..	.. Do.

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: The Minister-in-charge of the Labour Department will lease make a statement on the subject of closures of 200 electric bulb ianufacturing industries from the 16th March last attention called by hri Sukumar Bandyopadhyay, Shri Abdul Bari Biswas and Kashinath Iisra on the 20th March, 1973.

শ্রীপ্রদীপ ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে বলছি। ননীয় শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়. শ্রীআবদুল বারি বিশ্বাস এবং শ্রীকাশীনাথ মিশ্রের দৃষ্টি াকর্ষণী সূচক বিজ্ঞপ্তির জবাবে আমি সভার নিকট নিম্নলিখিত বিষয় জ্ঞাত করাইবার অনুমতি হিতেছি।

উপরি-উক্ত বিষয়টি প্রাথমিকভাবে ক্ষুদ্র ও কুটির শিল্প বিভাগের সহিত যুক্ত। শ্রম বিভাগ মগ্রিকভাবে এই শিল্পে বন্ধ সম্পর্কে কোন নিয়মমাফিক নোটিস পান নাই। কেবলমাত্র দুটি াটি কারখানার বন্ধের নোটিস শ্রম দপ্তরে আসিয়াছে· ইহার একটি হইল ১৯নং দমদম রোড, লিকাতা-৩০-এ অবস্থিত ভারত ইলেকট্রিক বালব ওয়ার্কস লিঃ ও ৯বি মতিলাল গুপ্ত রোড, লিকাতা ৮-এ অবস্থিত রেডোলেন্স প্রাইভেট লিঃ। উক্ত দুইটি কারখানার নিযুক্ত শ্রমিকের ংখ্যা যথাক্রমে ৩৫ জন ও ২২ জন। সরকার এ বিষয়ে বিশেষ ভাবে সচেতন আছেন। ছোট

ছোট বালব তৈরি শিল্পের সমস্যাবলী সমাধানকল্পে রাজ্যসরকারের ক্ষুদ্র ও কুটির শিল্প বিভাগ ইতিমধ্যে কেন্দ্রীয় সরকারের সহিত আলাপ-আলোচনা শুরু করিয়াছেন। ভারত সরকারের নিকট রাজ্যসরকার নিম্নলিখিত প্রস্তাবগুলি দিয়াছেনঃ—

(১) শূন্য ওয়াট হইতে ১০০ ওয়াট পর্যন্ত বাল্বের উৎপাদন ক্ষুদ্র শিল্প খাতে সংরক্ষিত করা।

(২) উপযুক্ত মূল্যে যাহাতে ছোট শিল্প সংস্থাগুলি প্রয়োজনীয় কাঁচামাল পাইতে পারে সে বিষয়ে আইন প্রণয়ন করা।

(৩) বৈদ্যুতিক বাল্ব তৈরির জন্য প্রয়োজনীয় কাঁচামাল যাহাতে বিনা শুল্কে ছোট শিল্পগুলি কিনিতে পারে তাহার ব্যবস্থা করা।

মাননীয় সদস্যদের আমি জানাতে চাই যে, এ ব্যাপারে ভারত সরকার যাহাতে একটি স্থির সিদ্ধান্তে আসিতে পারেন তাহার জন্য বহুবার অনুরোধ জানানো হইয়াছে। এই ব্যাপারে সর্বশেষ পরিস্থিতি হইল এই যে রাজ্যসরকারের ক্ষুদ্র ও কুটির শিল্প মন্ত্রী কেন্দ্রীয় মন্ত্রী শ্রী সি সুব্রামানিয়ামের সহিত ইতিমধ্যেই আলাপ-আলোচনা শুরু করিয়াছেন। সংশ্লিষ্ট মন্ত্রী ২১এ মার্চ, ১৯৭৩ তারিখে কেন্দ্রীয় মন্ত্রীর নিকট টেলিগ্রাম পাঠাইয়াছেন, তাহার উত্তর এখন পাওয়া যায় নাই। ইতিমধ্যে ইউনাইটেড ব্যাংক অব ইন্ডিয়া পৃথকভাবে এইসকল ছোট ছোট সংস্থাগুলিকে একটি হোল্ডিং কোম্পানীর অধীনে শর্তসাপেক্ষে আনিবার জন্য চেষ্টা করিয়াছিলেন। শর্তটি হইল এই যে, ঐ সকল সংস্থাগুলি মূলধন খাতে শতকরা ২০ ভাগ অর্থ যোগান দিবে। কিন্তু এই সকল ক্ষুদ্র ইউনিটগুলির আর্থিক সংগতি না থাকার দরুন তাঁহারা উক্ত অর্থ প্রদানে সক্ষম হন নি। সেই কারণে এই প্রস্তাবের বাস্তব রূপায়ণ এখন সম্ভবপর হয় নাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা আমার ডিপার্টমেন্টে পাঠানো হয়েছে। আমার মনে হয় এটা যদি স্মল স্কেল ইন্ডাস্ট্রিস ডিপার্টমেন্টে পাঠানো হয়, তা হলে ওরা আরো বেশী তথ্য সভার কাছে দিতে পারবেন।

Mr. Speaker: I also call upon Dr. Zainal Abedin to make a statement

ডাঃ জয়নাল আবেদিনঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, স্মল বাল্ব ম্যানুফ্যাকচারার্স কারখানা বন্ধ হয়ে যায় এবং এর স্বাভাবিক পরিণতি হিসাবে শ্রমিকরা কাজ হারাচ্ছেন, কর্মসংস্থান হারাচ্ছেন, এটা আমাদের অত্যন্ত উদ্বিগ্ন করে তুলেছে।

বিগত সেপ্টেম্বর মাসে ইন্ডাস্ট্রিয়াল বোর্ডের মিটিং-এ আমি এই বক্তব্য তুলে ধরেছিলাম যদি লেজিসলেটিভ প্রোটেকসান না দেওয়া হয়, স্মল ম্যানুফ্যাকচারারদের যদি বাধ্য করা হয় টু কমপিট উইথ বিগ ম্যানুফ্যাকচারার্স, বিগ ইন্ডাস্ট্রিস, তা হলে ম্যানুফ্যাকচারিং কস্ট কম বলে এরা কোন বাজার পায় না। এইজন্য

right from the Industrial Board meeting in Delhi during September last.

আমি এই বক্তব্য তুলেছি এবং নিয়মিত ভাবে আমরা কেন্দ্রীয় সরকারের সংগে এ বিষয়ে যোগাযোগ করে আসছি। দুর্ভাগ্যবশতঃ এখনও এদের সুরক্ষার ব্যবস্থা হয় নি। আপ টু ১০০ ওয়াটস বাল্ব শুধু স্মল ম্যানুফ্যাকচারাররা তৈরি করবে, এর উপরের বাল্ব যত আছে বিগ ম্যানুফ্যাকচারার্সরা তৈরি করবে, এ প্রটেকসান দেওয়া হয় নি বলে, আজকে বাজার বন্ধ হয়ে যাচ্ছে বলে, ক্রেতা নেই বলে, এদের উৎপাদনের খরচ বেশী বলে স্মল স্কেল ইউনিট আজকে প্রতিযোগিতায় পারছে না। অসম প্রতিযোগিতার ফলে এদের অনেক ইউনিট আজকে বন্ধ হয়ে যাচ্ছে। আর একটা দিক আছে, বড় বড় ম্যানুফ্যাকচারিং ইউনিট এরা স্মল স্কেলকে র মেটেরিয়্যাল ঐ গ্লাশ সেল-এর ফিলামেন্টস এগুলি পর্যন্ত নিয়মিতভাবে ন্যায্য দামে স্মল ম্যানুফ্যাকচারারদের সরবরাহ করছে না। সুতরাং এই সমস্যার দুটো দিক আছে। একটা হচ্ছে

লেজিসলেটিভ প্রোটেকসান দিতে হবে যে, আপ টু সার্টেন পাওয়ার্স অ্যান্ড স্ট্যান্ডার্ড ম্যানু-ফ্যাকচারিংটা সীমাবদ্ধ রাখতে হবে, অপর দিকে বিগ ম্যানুফ্যাকচারারদের বাধ্য করতে হবে, যেন তারা র মেটিরিয়ালস ফর দিস ইলেকট্রিক বাল্বস টু স্মল ম্যানফ্যাকচারার্স সরবরাহ করতে বাধ্য থাকে। আমরা কেন্দ্রীয় সরকারের সংগে নিয়মিত যোগাযোগ করছি এবং যখন এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বাল্ব ম্যানুফ্যাকচারিং অ্যাসোসিয়েসনে, তারপর আমরা আরো জোরদার করছি। বিগত ৭৪ ইন্ডিয়ান ন্যাশনাল কংগ্রেসের প্লেনারি সেসানে আমরা এদের সমস্যা তুলে ধরার জন্য ম্যানুফ্যাকচারিং প্রসেস দেখানোর জন্য এবং বড় ইন্ডাস্ট্রির সংগে এদের যে অসম প্রতিযোগিতা সেটা জনসমক্ষে তুলে ধরবার জন্য আমরা এদের আহ্বান করেছিলাম এবং বিনা পয়সায় স্টল করবার সুযোগ দিয়েছিলাম। দুঃখের কথা, উদ্বেগের কথা এই সমস্যার সুরাহা হয় নি। আমাদের তরফ থেকে যে যে ব্যবস্থা আমরা নিতে পারি নিচ্ছি। এটা কেন্দ্রীয় সরকারের এক্তিয়ারে আছে বলে, রাজ্যসরকারের এক্তিয়ারে নেই বলে আমরা সবটা করতে পারছি না। তবে এই প্রচেষ্টা আরো জোরদার করছি।

শ্রীপ্রদীপ ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বিষয়টা সভার কাছে জানিয়ে রাখা বিশেষ দরকার আছে সেটা হচ্ছে যে, এই সমস্ত ছোট ছোট কারখানাগুলি যা বন্ধ হচ্ছে এটা ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্ট (ওয়েস্ট বেংগল অ্যামেন্ডমেন্ট) ১৯৭১ রুলারের এগেনস্টে যেটা বলা হয়েছে—এদের প্রত্যেকের শ্রমিক সংখ্যা ৫০ জনের নীচে, সেই জন্য এই অ্যাক্টের আওতার মধ্যে পড়ছে না। সেই জন্য এই যে ছোট ছোট কারখানাগুলি বন্ধ হচ্ছে এর কোন সংবাদ আমাদের কাছে এসে পোঁছতে পারছে না।

Mr. Speaker: I have received four notices of Calling Attention on the following subjects, namely:

(1) Cold storage of Bangladesh fish to prevent its putrefaction—from Shri Kashinath Misra, Shri Sukumar Bandyopadhyay, Shri Abdul Bari Biswas, Shri Narayan Bhattacharyya, Shri Debabrata Chattopadhyay and Shri Sarat Chandra Das.

(2) Starting medium-scale industrial units in Bankura to provide for employment to the frustrated unemployed youths in that district from Shri Sukumar Bandyopadhyay, Shri Kashinath Misra and Shri Sarat Chandra Das.

(3) Murder of Shri R. N. De, a Sub-Inspector of Police, on the 22nd March last—from Shri Asamanja De.

(4) Starting of Test Relief Works immediately in the villages of West Bengal—from Shri Md. Dedar Baksh.

I have selected the notice of Shri Kashinath Misra, Shri Sukumar Bandyopadhyay, Shri Abdul Bari Biswas, Shri Narayan Bhattacharyya, Shri Debabrata Chattopadhyay and Shri Sarat Chandra Das on the subject of cold storage of Bangladesh fish to prevent its putrefaction.

The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject to-day, if possible, or give a date for the same.

Shri Gyan Singh Sohanpal: On Tuesday, Sir.

[1-10—1-20 p.m.]

Mention Cases

শ্রীপরেশ বৈদ্যঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি সুন্দরবন এলাকার গোসাবা ব্লকের ছোট মোল্লাখালি অঞ্চলের হাসপাতাল সম্পর্কে বক্তব্য রাখছি এবং এই বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্য-মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গোসাবা ব্লক সুন্দরবন এলাকার শেষ প্রান্তে অবস্থিত। এই ব্লকে ১ লক্ষ ৫৭ হাজার লোক বসবাস করে। ১০টি ব্লক এবং এই ব্লকে একটি মাত্র হাস-পাতাল ছোট মোল্লাখালি হাসপাতাল। এই হাসপাতালে যে ঘর আছে, সেই ঘরের ছাদ ফেটে গেছে এবং ধ্বসে পড়েছে। সুদীর্ঘ ৩ বৎসর যাবৎ সেখানে রুগী ভর্তি হতে পারছে না। আউটডোরে যা একটু ঔষধপত্র দেওয়া হয় তা ছাড়া রুগী বা ডেলিভারী কেস বা অন্যান্য সিরিয়াস কেস আছে সেগুলি হাসপাতালে ভর্তি করতে পারে না। এই বিষয়ে আশু প্রতিকার করার জন্য আবেদন করছি। সেখানে আর কোন চিকিৎসার ব্যবস্থা নেই এই হাসপাতাল ছাড়া। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই হাসপাতালটি ইমিডিয়েটলি রিপেয়ার করা হয় এবং সুদূর এলাকা থেকে এসে যাতে রুগী ভর্তি হতে পারে এবং চিকিৎসা হতে পারে সে জন্য দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীসরোজ রায়ঃ মাননীয় স্পীকার স্যার, আজকে ভাল হয়েছে ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রেভিনিউ বাজেটের আলোচনা আছে, আমি আশা করবো আমি যেটা রাখছি সেটার জবাব পাবো। মাননীয় স্পীকার স্যার, আপনি একজন ল' ইয়ার, আপনি একটু ভাল করে শুনবেন যে ব্যাপারটা কি? একটা প্রোভার্ব আছে, সেই প্রোভার্বটা হচ্ছে দিনের বেলা পুকুর চুরি। তা এখানে প্রোভার্ব নেই। আপনার বিভাগে এখনও দিনের বেলায় পুকুর চুরি হচ্ছে। আপনি অবশ্য ইতিপূর্বে আসেন। আমি আপনাকে প্রশংসা করছি, কারণ আপনি আসার পরে সাধ্যমত চেষ্টা করছেন কিভাবে নানাদিক থেকে, নানাভাবে সমস্যার সমাধান করা যায়। কিন্তু কতকগুলি খবর আপনার বিভাগ জানা সত্ত্বেও কিভাবে রেকর্ড অব রাইটস জাল করা হচ্ছে। এই রেকর্ড অব রাইটস জাল করে বহু জোতদার টাকা দিয়ে আপনার অফিস থেকে জাল রেকর্ড অব রাইটস করিয়ে নিয়ে তারা বহু দরিদ্র চাষীর জমি কেড়ে নিচ্ছে। আমি একটা স্পেসিফিক কেস আপনার সামনে দিচ্ছি। সেটা রিসেন্ট হয়েছে। মেদিনীপুরে যে সেটেলমেন্ট অফিস আছে সেই মেদিনীপুর সেটেলমেন্ট অফিস থেকে একটা জাল রেকর্ড তৈরি করা হয়েছে কিভাবে। মেদিনীপুর থানার গড়বেতা উদাচল মৌজা জে এল নং ৫৮৬-এর ৬৩নং দাগে বনভূমি আছে, অর্থাৎ ফরেস্ট আছে। ঐ বনভূমি এস্টেট অ্যাকুইজিশান অ্যাক্ট অনুযায়ী সরকার ভেস্টেড হয়ে যায়। ঐ ৬৩নং দাগের বনভূমির কিছু অংশে জঙ্গল না থাকায় এবং সেই জমি চাষোপযোগী হওয়ায় স্থানীয় ভূমিহীন কৃষকরা ঐ জমি চাষ করে। ১৯৭৯ সালে স্থানীয় জে এল আর ও, যিনি বর্তমানে ট্রান্সফার হয়ে গেছেন। বি ডি ও এবং ফরেস্ট অফিসার একসঙ্গে বসে ঠিক করেন যে, ঐ জমি চাষীরা চাষ করুক ক্ষেতমজুর যারা চাষ করছিলেন এবং ঐ জমি ভূমি ও ভূমিরাজস্ব বিভাগে যাতে ট্রান্সফার করে দেওয়া হয় তার জন্য একটা সুপারিশ করে ফরেস্ট ডিপার্টমেন্টের কাছে দেওয়া হয়। তবুও এটা এখনও কার্যকর হয় নি। ইতিমধ্যে দেখা গেল যে, ২ জন যুবক তারা এক্স হোটেল করে, ব্যবসায়ী একজনের নাম প্রদ্যোৎ পারিয়া, বয়স ৩০ এবং তার ছোট ভাই তার বয়স আনুমানিক ২২ বছর তাদের নামে একটা ভাগ রেকর্ড হল। ভাগে রেকর্ডে লেখা আছে যে, ঐ বনভূমি ১৩৬০ সাল থেকে তারা রেকর্ডেড ভাগচাষী হয়ে গেল। এখন ব্যাপার হচ্ছে বাংলা ১৩৬৯ সালে এস্টেট অ্যাকুইজিশান অ্যাক্ট অনুযায়ী ঐ বনভূমি সরকারে ভেস্টেড হয়ে যায়। সরকারী ভেস্টেড বনভূমি এটাতো কাউকে ভাগে দেওয়া যায় না। এটা হচ্ছে এক নম্বর। দ্বিতীয় হচ্ছে ১৩৬০ সালে যদি ওদের নামে ঐ জমি রেকর্ডেড হয় তাদের বয়স দেখা যাচ্ছে একজনের হচ্ছে ১০ বছর এবং আর একজনের হচ্ছে ৫ বছর। এইভাবে প্রথমে রেকর্ড হল এবং এই রেকর্ডের জোরে গত কয়েকদিন আগে পুলিস নিয়ে গিয়ে সেই দরিদ্র চাষী যারা চাষ করছে তাদের এগেনস্টে একটা ক্রিমিন্যাল কেস দায়ের করা হয়েছে। দরিদ্র ক্ষেতমজুর সেখানে তাকে বেঁধে নিয়ে যাওয়া হয়। কালকে পুলিস বাজেটের সময় আলোচনা হয়েছিল। পুলিস সাহায্য পেল ঐ রেকর্ডের জোরে, পুলিস চুপচাপ করে রেকর্ড দেখলো। সেখানে ইন্টারভেনশান করা

হয়, কিন্তু ইন্টারভেনশানে কোন কাজ হয় নি। একদিকে আপনার দপ্তরে জুয়াচুরি আর এক-দিকে পুলিস অ্যাকশান। মাঝখানে থেকে মারা পড়লো ঐ গরিব কৃষকরা। আজকে ঠাণ্ডা ঘরে বসে বলছি গরিবের জন্য গভর্নমেন্ট। আমি সে জন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি, এবং এই রেকর্ডগুলি আপনার কাছে দিচ্ছি।

শ্রীগুরুপদ খাঁঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরোজবাবুকে আমি অনুরোধ করছি, আপনার মাধ্যমে, তিনি ঐ কাগজপত্রগুলো যদি আমাকে দেন, তা হলে এই সম্পর্কে তদন্ত করতে আমার সুবিধা হবে।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। হুগলি জেলার জঙ্গীপাড়া, চণ্ডীতলা এবং ধনেখালির বিস্তীর্ণ অঞ্চলের প্রায় ৩০-৪০ হাজার তাঁতী আজকে রাস্তায় বসতে বাধ্য হচ্ছে। আজকে সরকারী সুতো নিয়ন্ত্রণের বাইরে চলে গেছে, সুতোর মূল্যবৃদ্ধির ফলে সমস্ত জায়গায় তাঁত বন্ধ হয়ে গেছে। আমাদের খরসোবা গ্রামে একটা বিরাট সমবায় প্রতিষ্ঠান আছে, বরাবেগমপুর তন্তুবায় সমিতি, এই সমিতিটা সরকার থেকে খোলবার অর্ডার হয়ে গেছে, কিন্তু এমনই মজার ব্যাপার, এই সমিতির সচিব শ্রীকালীপদ শীলকে বহু অনুরোধ উপরোধ করেও তার কাছ থেকে এই সমিতির চাবি পাওয়া যায় নি। সেজন্য আমি পুলিস হেল্পের জন্য দরখাস্ত করেছি ডি এম-এর কাছে এবং সেই দরখাস্তটা ডেপুটি সেক্রেটারী, হ্যান্ডলুম কটেজ অ্যান্ড স্মল স্কেল ইন্ডাস্ট্রির কাছে পড়ে আছে। আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব, সেই অর্ডারটা অবিলম্বে পাঠিয়ে এই সমবায় সমিতিটা খোলা হোক এবং হুগলি জেলার ঐ বিস্তীর্ণ অঞ্চলের তাঁতীরা যাতে বাঁচতে পারে সেজন্য সুতা সাপ্লাই-এর ব্যবস্থা করা হোক।

শ্রীপ্রবোধকুমার সিংহ রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমার জেলা পশ্চিম দিনাজপুর সম্বন্ধে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে এই সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। ঐ জেলায় বিশেষ করে জেলা সদর বালুরঘাটে বর্তমানে সিমেন্ট সরবরাহ হচ্ছে না এবং বাজারে দুষ্প্রাপ্য হওয়ার ফলে বহু উন্নয়নমূলক কাজ কি সরকারী কি বেসরকারী পর্যায়ে আজকে ব্যাহত এবং বন্ধ হয়ে যাবার উপক্রম হয়েছে এবং বহু ক্ষেত্রে বন্ধ হয়ে গেছে। এর ফলে এই শিল্পের সঙ্গে যারা জড়িত তারা আজকে প্রায় কর্মহীন অবস্থায় অনাহারের সম্মুখীন হয়েছে। সেজন্য আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যাতে সত্বর সিমেন্ট সরবরাহ করা হয়।

শ্রীদেবব্রত চ্যাটার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। আমরা যখন সবুজ বিপ্লবের কথা বলছি তখন দেখতে পাচ্ছি আলীপুরদুয়ার সাবডিভিসন কুমারগ্রাম থানার অন্তর্গত ভলকা এবং ভাওগাছি অঞ্চলে জল সরবরাহ ব্যবস্থার কোনরকম না থাকায় প্রায় ১০ হাজার একর জমি অনাবাদী হয়ে পড়ে থাকে। আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে অনুরোধ করতে চাই, যদি সবুজ বিপ্লবকে সফল করতে হয়, তা হলে তার স্পেসিমেন হিসাবে কুমারগ্রামের ঐ জায়গায় যে কুলকুলি নামে নদী আছে তার উপর যদি বাঁধ দেওয়া যায়, তা হলে একদিকে সবুজ বিপ্লব সফল করে তুলতে পারব, অন্যদিকে বন্যার হাত থেকে ওখানকার লোকদের বাঁচাতে পারব।

শ্রীমহম্মদ দেদার বক্সঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন, কলকাতায় যেমন ভয়াবহরূপে বসন্ত রোগ দেখা দিয়েছে, তেমনি পশ্চিমবাংলার গ্রামাঞ্চলেও অনুরূপভাবে দেখা দিয়েছে। কিন্তু কলকাতা শহরে যেরকম ব্যবস্থা আছে, বসন্ত রোগে আক্রান্ত রোগীদের আলাদা করে রাখার ব্যবস্থা আছে, গ্রামবাংলায় সেইরকম কোন ব্যবস্থা হচ্ছে না। আমার মনে হচ্ছে, সরকারী কর্মচারীর অভাবে প্রাথমিক টিকা পর্যন্ত সেখানে বাকি আছে। আমার কেন্দ্র ভগবানগোলা থেকে আমি ঘুরে এসেছি, সেখানকার গ্রামেও দেখে এসেছি বসন্ত রোগে সবাই ভুগছে এবং কিছু কিছু মারা গেছে। আমি তাই অনুরোধ করব, আপনার মাধ্যমে যাতে অতিসত্বর আরো লোক দিয়ে প্রাথমিক টিকা শেষ করা হয় এবং যাতে পৃথকভাবে রোগীদের রাখা হয় তার ব্যবস্থা করবেন।

শ্রীঅজিতকুমার পাঁজা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, শুধু কলকাতার জন্য যে ব্যবস্থা করা হয়েছে তাই নয়, যেখানে যেখানে খবর পাচ্ছি বসন্তের প্রাদুর্ভাব হচ্ছে, আমরা ক্যাবিনেটে ঠিক করে নিয়েছি যেখানে যেরকম লোক লাগবে ভলান্টারী ভ্যাকসিনেটর, ডেলি পেড হিসাবে আমরা সেখানে তার ব্যবস্থা করব। যেমন ২৪-পরগনায় বেশী প্রয়োজন হয় এক হাজার ভ্যাকসিনেটর যাতে এখনই কাজে নেমে যেতে পারে তার ব্যবস্থা করেছি এবং গতকাল ফাইন্যান্স ডিপার্টমেন্ট হ্যাঁ বলে দিয়েছে। আমরা অর্ডার ইস্যু করতে শুরু করে দিয়েছি। তাই যেখানে প্রয়োজন হচ্ছে আমরা সেখানে সি এম ও এইচ-কে বলে রেখে দিয়েছি, তারা লোক ডেলি রেট হিসাবে ইউটিলাইজ করবেন এবং তাড়াতাড়ি যাতে ফিল্ডে নেমে যেতে পারে ভ্যাকসিনেসন দেবার জন্য তার ব্যবস্থা করেছি।

[1-20—1-30 p.m.]

শ্রীসচিনন্দন সাউ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে আমাদের জেলার অন্যতম এম এল এ শ্রীদ্বিজপদ সাহার একটা চিঠি পেয়েছি এবং সেই চিঠির বিষয়টা আমি আপনার সামনে মেনশন করছি এবং এই ব্যাপারে বিশেষ করে আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। চিঠিটা আজকে সকাল বেলা পেলাম, আমাদের বীরভূম জেলার যিনি প্রিন্সিপাল এগ্রিকালচারাল অফিসার তাকে ট্রান্সফার করা হয়েছিল। এই প্রিন্সিপাল এগ্রিকালচারাল অফিসার ১৯ বছর ধরে বীরভূমে আছেন। বীরভূম জেলা কৃষিপ্রধান জেলা, এই জেলার অর্থনীতি সম্পূর্ণ রূপে কৃষির উপর নির্ভরশীল, সেই কৃষি দপ্তরে ১৯ বছর আছেন এবং কৃষিকার্যে তার বাধা, অবহেলা এবং দুর্নীতির ফলে জেলার সাপ্তাহিক সংবাদপত্রে বার বার তার সম্বন্ধে এইসব প্রকাশ করা হয়েছে এবং জনসাধারণের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। বীরভূম জেলায় কৃষিমন্ত্রী গিয়ে ছিলেন এবং সার্কিট হাউসে বক্তব্য রেখেছিলেন, তাতে তিনি বলেছিলেন, পূর্ণ তদন্ত করবেন এবং এই বিষয়ে তদন্ত কমিটি করবেন। তার ট্রান্সফার অর্ডারের উপর ইনজাংসন ছিল সেটা ভেকেট করে দিয়ে তাকে তার চার্জ বুঝিয়ে দিতে বলা হয়েছে। কিন্তু আজও তিনি চার্জ বুঝিয়ে দেন নি, বরং যে অফিসার গিয়েছিলেন তাকে বলেছে, আমি চার্জ দেব না মন্ত্রী যা পারেন করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতদিন আপনার মাধ্যমে আমরা বক্তৃতা রেখেছিলাম যে মন্ত্রী বড় না আমলা বড়? ঐ দপ্তরের রাষ্ট্রমন্ত্রী বিশ্বাস মহাশয়, রাজনগর শিশল ফার্মের অ্যাসিস্ট্যান্ট মেকানিক অমিয় মুখার্জীর বদলির আদেশ স্থগিত রেখেছিলেন কিন্তু সে আদেশ না মেনে ঐ প্রিন্সিপাল এগ্রিকালচারাল অফিসার তাকে ট্রান্সফার করে দিয়েছেন নলহাটিতে। তাই আপনার মাধ্যমে কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি কৃষি দপ্তরের এই গাফিলতির দিকে। রাজনগর শিশল ফার্মের প্রভূত সম্ভাবনা রয়েছে তা থাকা সত্ত্বেও বীরভূম জেলায় ভয়াবহ বেকার সমস্যা এই দিকে নজর দিলে এই বেকার সমস্যা দূর হতে পারে। সেই জন্য এই বিষয়ে তদন্ত করার জন্য অবিলম্বে কমিটি করা হোক এবং যে অফিসার এইভাবে মন্ত্রীর আদেশ মানেন না তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হোক।

(Several members rose to speak.)

Mr. Speaker: Honourable Members, you have already drawn the attention of the House and of the Hon'ble Ministers too. Please take your seat Shrimati Geeta Mukherjee.

শ্রীমতী গীতা মুখার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এটা এর আগে একবার এখানে আলোচনা হয়েছিল। এই বিষয়টা হচ্ছে কয়লার দাম, এই বিষয়ে আমি একটা স্পষ্ট কথা এখানে উপস্থিত করতে চাই। কিছুদিন ধরে খবরের কাগজে কয়লা বিক্রির যে সমস্ত মিডিলম্যান, বিজনেসম্যান আছেন তারা অনবরত হৈ-চৈ করছেন যে, রাষ্ট্রায়ত্ত সংস্থা তাদের কয়লা দিচ্ছে না। কিন্ত প্রকৃত প্রস্তাবে কয়লার যারা বিজনেসম্যান তাদের এই কথা! আমাদের কলকাতা শহরে মাসে কয়লার প্রয়োজন ২৪ রেক। মার্চ মাসের ১৭ তারিখ পর্যন্ত ১৬ রেক এসে

গিয়েছে, অর্থাৎ মার্চ মাসের বাকি কয়েক দিনের মধ্যে বাকি কটা রেক পাব তাতে আমাদের সন্দেহ নাই। এই মিডিলম্যানরা যারা কয়লা আনেন রাষ্ট্রায়ত্ত খনিগুলি থেকে তাতে প্রত্যেক মেট্রিক টন ৬০ টাকা দরে পান তার পর রেলওয়ে ফ্রেট, যাবতীয় ট্যাক্স, সর্টেজ, ডেমারেজ ইত্যাদি দিলেও শিয়ালদহ বা হাওড়ায় যখন ল্যান্ড করে তখন তার দাম পার মেট্রিক টন ৯৩ টাকার বেশী হতে পারে না। এইরকম অবস্থায় তারা যদি ১০-১২ পার্সেন্ট প্রফিট ধরে রিটেলার এবং মিডিলম্যানদের মধ্যে ভাগ করে ধরে তা হলে তাতে ৪ টাকা ৪০ পয়সা পার ৪০ কেজি-র বেশী দাম হওয়া কোন প্রকারেই উচিত নয়। এই অবস্থায় আমরা দেখছি রিটেল সেলে কয়লা সাত টাকা, সাত টাকা পঞ্চাশে বিক্রি হচ্ছে। একটি রাষ্ট্রায়ত্ত সংস্থার উদ্‌যোগে কে এবং কারা কিভাবে এই গোলযোগ সৃষ্টি করছে যাতে চার টাকা পঞ্চাশের কয়লাটা আমরা সাত টাকায় পাচ্ছি তার পরিষ্কার ইনভেস্টিগেসন হওয়া উচিত। পশ্চিমবাংলা সরকার কেন এই অবস্থার মধ্যে কয়লার দাম স্ট্যাটুটরী ভাবে একটা ডিস্ট্রিবিউসনের ভেতর দিয়ে বেঁধে দিতে রাজী হন নি এটা আমি জানতে চাই।

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে বলছি। পশ্চিমবঙ্গে প্রায় হাজার হাজার তহশীল এবং মোহরার আছে। তাদের কাজ হচ্ছে গ্রামবাংলায় কৃষি গণনা থেকে আরম্ভ করে গৃহস্থের বাড়িতে কটা হাঁস, মুরগি, ছাগল, ভেড়া, মোষ আছে তার হিসাব নেওয়া, চাষের জমির মধ্যে এক ফসলা দো-ফসলা কোনটা তার হিসাব নেওয়ার কাজ করতে হয়। এ ছাড়া লেভির লিস্ট প্রস্তুত করতে হয়। জমির মালিকদের কাছে খতিয়ান অনুসারে জমির পরিমাণের দলিল প্রস্তুত করতে হয়। রিভিসন সিস্টেমে এই সমস্ত জমি যা হস্তান্তর হয়েছে তা ঘুরে ঘুরে দেখে তার দলিল করতে হয়। মিউটেসন ফর্ম ফিল-আপ করতে হয়। কিন্তু পশ্চিমবাংলায় তারা দীর্ঘদিন ধরে অবহেলিত অবস্থায় আছে। বর্তমানে তাদের বেতন শুনলে আপনার হাসি পাবে। সেটা হচ্ছে ৫৭·৫০ পয়সা অর্থাৎ বছরে ৬৯০ টাকা এবং বার্ষিক কমিশন ১০০ টাকা। এইভাবে ৭৯০ টাকা তারা সারা বছরে পায়। যেখানে জিনিসের দাম দিনের পর দিন বেড়ে যাচ্ছে সেখানে আজ এই অবস্থার মধ্যে তারা কিভাবে বাস করছে সেটা একটু চিন্তা করতে বলছি।

শ্রীআবদুল বারি বিশ্বাস: অন এ পয়েন্ট অব প্রিভিলেজ মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের লাইব্রেরীর এদিকে যে বারান্দা আছে সেখানে কতকগুলি লাইব্রেরীর ভাল ভাল বই পড়ে আছে। প্রায় দুই ট্রাকের মত বই অচল অবস্থায় পড়ে আছে। এই বইগুলি মূল্যবান বই। এইগুলিকে যদি ভালভাবে সংরক্ষণ করার ব্যবস্থা না হয়, তা হলে কোন একটা লিটারারী সেন্টারে দিয়ে এর যথাযথ ব্যবস্থা করতে পারেন।

Mr. Speaker: Mr. Biswas, it is a matter not to be mentioned on the floor of the House. You are a senior Member of the House. You should have discussed this matter with me in my Chamber.

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: মাননীয় স্পীকার মহাশয়, কাশ্মীর থেকে কন্যাকুমারিকা পর্যন্ত এবং আসাম থেকে গুজরাট পর্যন্ত সমস্ত ভারতবর্ষে কুটির শিল্প এবং ক্ষুদ্র শিল্পের ব্যাপারে দ্রুতগতিতে তারা এগিয়ে যাচ্ছে। আজ হরিয়ানা, মহারাষ্ট্র, পাঞ্জাব, উত্তরপ্রদেশের মধ্যে কোন্‌টা শিল্পাঞ্চল এবং কোন্‌টা গ্রামাঞ্চল তা বুঝতে পারা যায় না। কিন্তু সেখানে পশ্চিমবাংলার ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তরে অপরিসীম ব্যর্থতা এবং দুর্নীতির বিষয় আপনার মাধ্যমে দপ্তরের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এখানে ক্ষুদ্র শিল্পকে উৎসাহ দেবার জন্য একটি ক্ষুদ্র অধিকার রয়েছে এবং তাতে বড় বড় আমলারা আছে। আমরা সংবাদ পেয়েছি এই যে, ক্ষুদ্র শিল্প অধিকার তারা ৪ লক্ষ টাকা ডেমারেজ দিয়েছে কিছুদিন আগে রেলের মাল না ছাড়বার জন্য। জানি না কার পৈত্রিক টাকা থেকে এই ডেমারেজ দেওয়া হয়েছে। নিশ্চয়ই পশ্চিম-বাংলার জনসাধারণ এই কথা জিজ্ঞাসা করতে পারেন যে, এই যে ৪ লক্ষ টাকা যদি ডেমারেজ দেওয়া হয়ে থাকে, তা হলে কার টাকায় এই ডেমারেজ দেওয়া হ'ল। এই ক্ষুদ্র শিল্প অধিকার

একটা গুদাম ভাড়া নিয়েছেন ৩৬ হাজার টাকায় যদিও ১৪ হাজার টাকা একটা বাড়ি পাওয়া যাচ্ছিল, কিন্তু সেই বাড়ি নেওয়া হয় নি। এইভাবে আমরা এই দপ্তরকে কোন্ পর্যায়ে নিয়ে যাচ্ছি এই সম্পর্কে বিবেচনা করতে অনুরোধ করছি। এই ক্ষুদ্র শিল্পে যে সমস্ত কর্তাব্যক্তি আছেন তাদের মেলামেশা, উঠাবসা বৃহৎ শিল্পপতিদের সঙ্গে কলকাতার বড় বড় হোটেলে হয়।

[1-30—1-40 p.m.]

তিনি পরোক্ষে সরকারের কুটির শিল্প এবং ক্ষুদ্র শিল্পকে উৎসাহ না দিয়ে এই শিল্পকে নষ্ট করবার কাজে বেশী সময় ব্যয় করছেন। এই শিল্পাধিকারিক ফ্লুরা নামক একটি রেস্টুরেন্টে ব্রেকফাস্ট করেন, লাঞ্চ খান, অম্বর রেস্টুরেন্টে এবং রাত্রে ডিনার খান গ্রান্ড হোটেলে এবং তাঁর দৈনিক খরচ ২৫০ টাকা। আমি জিজ্ঞাসা করি, এই টাকা কোথা থেকে আসে, এই অপব্যয় কেন হয়? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আর একটি জরুরী কথা বলতে চাই এবং সেটা হচ্ছে ক্ষুদ্র এবং কুটির শিল্পের মাধ্যমে পশ্চিমবাংলাকে নূতনভাবে গড়ে তোলবার ডাক দিয়েছেন মন্ত্রিমহাশয়। আমাদের একথা বলেছেন যে, এই বেকার সমস্যা এবং দারিদ্র্য মুক্ত হতে পারে না যদি না এই ক্ষুদ্র এবং কুটির শিল্পকে শক্তিশালী করা যায়। কিন্তু এক্ষেত্রে যদি এরকম চক্রান্ত চলে, অবহেলা চলে, তা হলে আমরা নাচার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, জানি না এর কোন প্রতিকার হবে কিনা, তবে একজন সহায়সম্বলহীন জনপ্রতিনিধি হিসেবে বলছি "পশ্চিমবাংলা" পত্রিকায় দেখেছি আমাদের রাষ্ট্রমন্ত্রী অতীশ সিংহ মহাশয় ব্যুরোক্রেসীর বৈজ্ঞানিক ব্যাখ্যা দিয়ে বলেছেন, "ব্যুরোক্রেসীর মত এরকম চমৎকার প্রশংসনীয় সংগঠন আধুনিক বিজ্ঞানের সহযোগিতা আরও বহুদিন সাধারণ মানুষের অপরিসীম কল্যাণ সাধন করতে পারবে।" যদি ব্যুরোক্রেসী সম্পর্কে মন্ত্রিমহাশয়ের দৃষ্টিভঙ্গি এই হয়, তা হলে জানি না, পশ্চিমবাংলার সর্বনাশ হতে আর কত বিলম্ব আছে। এই সর্বনাশের সামনে দাঁড়িয়ে আমি মন্ত্রিমহাশয়কে বলছি, কঠোর হস্তে এই অব্যবস্থা দূর করুন।

ডাঃ জয়নাল আবেদিনঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সুকুমার বন্দ্যোপাধ্যায় মহাশয় ড্যামারেজ এবং ডিনার সম্বন্ধে যে অভিযোগ করলেন সেই সম্বন্ধে আমি তাঁকে অনুরোধ করছি তিনি যদি এই বিষয় আরও সুস্পষ্ট জিনিস লিখিতভাবে আমার হাতে দেন, তা হলে আমার পক্ষে প্রতিকারের সুবিধা হবে। যেটুকু সংবাদ আমার কানে এসেছে তার ভিত্তিতে কিছু পরিবর্তন ওখানে এখনই এনেছি। আজকে আমাদের গণতান্ত্রিক দেশে যদি খারাপ কাজ একটা হয়, তা হলে গণতান্ত্রিক পদ্ধতিতে প্রতিকারে যেতে হয়। এই দপ্তরের ব্যয়বাদ্দের সময় আমি সকলের সহযোগিতা কামনা করেছি। সুকুমারবাবু ড্যামারেজ এবং ডিনার সম্বন্ধে এখানে যেভাবে কথা বললেন এইভাবে বললে আই ক্যান্ট পারসু। এর কোন মানে হয় না। আমি তাঁর কাছ থেকে সুনির্দিষ্ট অভিযোগ চাচ্ছি, যার ভিত্তিতে আমি প্রসিড করতে পারি এবং সেই ব্যাপারে আমি সকলের সহযোগিতা চাই।

শ্রীনারায়ণ ভট্টাচার্যঃ ৭ জন এম এল এ-র সহি করা অভিযোগ আমরা মুখ্যমন্ত্রীর কাছে দিয়েছি, আপনি এনকোয়ারী করুন।

Dr. Zainal Abedin: Don't interrupt me. You have no right to interrupt me when I am on my legs.

(Shri Narayan Bhattacharya rose to speak.)

Mr. Speaker: Shri Bhattacharya, allow the Han'ble Minister to finish his speech.

শ্রীনারায়ণ ভট্টাচার্যঃ আমরা মুখ্যমন্ত্রীকে অভিযোগ দিয়েছি।

Mr. Speaker: Shri Bhattacharya, I have not called you, nor have you taken permission from the Chair. Let him finish first. If you have got to say anything in the matter then take my permission for making any statement.

ডাঃ জয়নাল আবেদিন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে অভিযোগ এসেছে এরকম অভিযোগ আমার কানেও এসেছে। কিন্তু যার ভিত্তিতে প্রতিকার করা যায় সেরকম কোন অভিযোগ আসে নি। তবে আমি আপনাদের এটুকু বলতে পারি, পটভূমি তৈরি আছে। আমি অভিযোগ পেয়েই টপ লেভেলে কিছু পরিবর্তন এনেছি। যে তদন্তের কথা মাননীয় সদস্য ইঙ্গিত দিচ্ছেন, আমি তা বুঝতে পারছি। আপনারা জানেন, আমি সকলের কাছে সহযোগিতায় চেয়েছি। শুধু আপনাদের কাছেই নয়, এই হাউসের বাইরে যাঁরা আছেন পশ্চিমবাংলার বিরাট জনগণ যাঁরা আমাদের এখানে পাঠিয়েছেন তাঁদের যে সমস্ত অভিযোগ আছে তাঁরা সেগুলি যদি আমাদের লিখে জানান—অ্যানোনিমাস পিটিসন যদি পাওয়া যায়, তা হলে তার ভিত্তিতে এগুনো যাবে। আমি অনুরোধ করছি, আমরা যাতে ঘনিষ্ট হতে পারি, সেই চেষ্টা করুন। অ্যাডমিনিস্ট্রেটিভ ইমপ্রুভমেন্ট কি করে করা যায় সেই চিন্তা আমরা করছি। আমার কাছে কোন অভিযোগ নাম দিয়ে দেন নি, উড়ো চিঠি এসেছে, লবিতে সংবাদ পেয়েছি। তবে এর ভিত্তিতেই আমি প্রতিকারের ব্যবস্থা করেছি। যে যে বিষয় জানেন তাঁদের কাছ থেকে আমি সেই সেই অভিযোগ আহ্বান করছি।

ডাঃ নারায়ণ ভট্টাচার্য: স্যার, মন্ত্রিমহাশয় বললেন যে, সুনির্দিষ্ট অভিযোগ তাঁকে দিতে, কিন্তু স্যার, এর আগে আমরা সাত জন এম এল এ মিলে এই স্মল স্কেল ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্টের দুর্নীতির বিরুদ্ধে আমরা সুনির্দিষ্ট অভিযোগ মন্ত্রিমহাশয়ের দপ্তরে দিয়েছি।

ডাঃ জয়নাল আবেদিন: আমার কাছে এখন এসে পৌঁছায় নি।

VOTING ON DEMAND FOR GRANTS

DEMAND FOR GRANT No. 2

Major Heads: 9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments, and 92—Payment of Compensation to land-holders, etc., on the abolition of the Zamindary System.

Shri Gurupada Khan: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 13,09,81,000 be granted for expenditure under Grant No. 2, Major Heads: "9—Land Revenue, 76—Other Miscellaneous Compensation and Assignments, and 91—Payment of Compensation to land-holders, etc., on the abolition of the Zamindary System."

গত বৎসর মার্চ মাসে উত্থাপিত বাজেটে ১৯৭২-৭৩ আর্থিক বৎসরের জন্য '৯-ল্যান্ড রেভিনিউ' খাতে আয় ধরা হয়েছিল ৬,২৯,৪২,০০০ টাকা। কিন্তু খাজনার হার পরিবর্তনের ফলে ঐ বৎসরের সংশোধিত বাজেটে এই আয় ৯,২৫,৩২,০০০ টাকা ধরা হয়েছে। এরই পরিপ্রেক্ষিতে ১৯৭৩-৭৪ আর্থিক বৎসরের জন্য '৯-ল্যান্ড রেভিনিউ' খাতে আয় ধরা হয়েছে ৯,২৫,০২,০০০ টাকা।

ব্যয়ের ক্ষেত্রে উক্ত তিনটি খাতে ১৯৭৩-৭৪ আর্থিক বৎসরের জন্য মোট ১৩,০৯,৮১,০০০ টাকা ব্যয় হবে ব'লে ধরা হয়েছে। গত বৎসরের সংশোধিত বাজেটের তুলনায় ১৯৭৩-৭৪ আর্থিক বৎসরে অতিরিক্ত ৯৫,৭৪,০০০ টাকার ব্যয়ভার সরকারকে বহন করতে হবে।

১৯৭৩-৭৪ আর্থিক বৎসরের জন্য বরাদ্দকৃত ১৩,০৯,৮১,০০০ টাকার মধ্যে '৯-ল্যান্ড রেভিনিউ' খাতে ৮,৭১,৭৫,০০০ টাকা, '৭৬-আদার মিসলেনিয়াস কমপেনসেসান অ্যান্ড অ্যাসাইনমেন্টস' খাতে ৩৮,০৬,০০০ টাকা এবং '৯২-পেমেন্ট অব কমপেনসেসান টু ল্যান্ড-হোল্ডারস অন দি অ্যাবলিসন অব জেমিন্ডারি সিস্টেম' খাতে ৪,০০,০০,০০০ টাকা ব্যয় ধরা হয়েছে। '৯-ল্যান্ড রেভিনিউ খাতে' গত বৎসরের সংশোধিত বাজেটের তুলনায় ১৯৭৩-৭৪ আর্থিক বৎসরের বাজেটে ৬০,৭৬,০০০ টাকা বেশি ব্যয় ধরা হয়েছে। প্রধানতঃ প্রশাসনিক খাতে, সার্ভে ও সেটেলমেন্ট অপারেশনের খাতে এবং দখলীকৃত জমিদারী থেকে রাজস্ব আদায় প্রভৃতি খাতে অধিক ব্যয়বরাদ্দ প্রয়োজন হওয়ায় এই বেশি টাকা ধরা হয়েছে। '৭৬-আদার মিসলেনিয়াস কমপেনসেসান অ্যান্ড অ্যাসাইনমেন্টস' খাতে গত বৎসরের সংশোধিত বাজেটের টাকা অপেক্ষা ১৯৭৩-৭৪ আর্থিক বৎসরের বাজেটে ৪,৯৮,০০০ টাকা বেশি ধরা হয়েছে। এর উদ্দেশ্য ধর্মীয় ও দাতব্য প্রতিষ্ঠান সমূদয়ের জন্য অধিক পরিমাণে বাৎসরিক ক্ষতিপূরণ দানের ব্যবস্থা করা। '৯২-পেমেন্ট অব কমপেনসেসান টু ল্যান্ড-হোল্ডারস অন দি অ্যাবলিসান অব জেমিন্ডারি সিসটেম' খাতে গত বৎসরের সংশোধিত বাজেটের তুলনায় ১৯৭৩-৭৪ আর্থিক বৎসরে ৩০,০০,০০০ টাকা বেশি ব্যয় ধরা হয়েছে যাতে মধ্যস্বত্বাধিকারীদের নগদে ও বন্ডে আরও অধিক পরিমাণে ক্ষতিপূরণ বাবত প্রাপ্য টাকা দেওয়ার ব্যবস্থা করা যায়।

[1-40—1-50 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত বৎসর বর্তমান সরকারের প্রথম পূর্ণাংগ বাজেট বরাদ্দের প্রস্তাব উত্থাপন কালে আমি আমাদের ভূমিনীতির রূপরেখা বর্ণনা করেছিলাম। পুনরুক্তি হলেও একথা বলার সার্থকতা আছে যে সংক্ষেপে আমাদের ভূমিনীতি হ'ল শান্তিপূর্ণ, গণতান্ত্রিক ও নিয়মতান্ত্রিক পথে সামাজিক ন্যায়বিচারের ভিত্তিতে ভূমিব্যবস্থার পুনর্বিন্যাস করা। লক্ষ্য সম্বন্ধে বিশেষ দ্বিমত নেই, কিন্তু পন্থা সম্বন্ধে সংশয় কোন কোন মহলে হয়তো এখনও আছে। কিন্তু গত এক বৎসরে ভূমিসংস্কারের ক্ষেত্রে আমাদের অভিজ্ঞতার পরিপ্রেক্ষিতে উক্ত নীতির উপযোগিতায় আমাদের আস্থা বিন্দুমাত্র শিথিল হওয়ার কোন কারণ তো ঘটেই নি, বরং তা আরো দৃঢ় ভিত্তিতে প্রতিষ্ঠা পেয়েছে। বাজেট বরাদ্দ প্রস্তাব উত্থাপনের এই সুযোগে আমি মাননীয় সদস্যদের কাছে এই বিভাগের বহুমুখী কর্মধারার কয়েকটির উল্লেখ করতে চাই।

ভূমি সংস্কার

গ্রামীণ অর্থনীতি ও সমাজব্যবস্থা সমাজতন্ত্রের ভিত্তিতে পুনর্গঠিত করার কাজে ভূমি-সংস্কারের কোন বিকল্প নেই, কারণ সে অর্থনীতি ও সমাজব্যবস্থা কৃষি-কেন্দ্রিক। সুতরাং ভূমিসংস্কারের কাজই এই বিভাগের কর্মসূচীর মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ স্থান অধিকার ক'রে আছে। এই ভূমি-সংস্কারের কাজ প্রধানতঃ তিনটি পর্যায়ে করা হচ্ছে—যথা, কৃষিজমির মালিকানায় ঊর্ধ্বসীমা নিম্নতর স্তরে নির্ধারণের পরবর্তী স্তরের কার্যাবলী, প্রাপ্ত উদ্বৃত্ত জমি ভূমিহীন ও ছোট ছোট চাষীদের মধ্যে বণ্টন ও অপরের জমি যারা চাষ করে জমিতে তাদের স্বার্থ সর্বাধিক এই নীতির স্বীকৃতি স্বরূপ জমি চষ করার ব্যাপারে এবং উৎপন্ন ফসলের অংশে তাদের অধিকার সংরক্ষণ। কৃষি-কেন্দ্রিক সমাজে, বিশেষ ক'রে ক্রমবর্ধমান জনসংখ্যার চাপে এই রাজ্যে ভূমির ক্ষুধা প্রচন্ড—সম্পন্ন ভূস্বামীগণের মধ্যেও যে কোন উপায়ে স্বনামে, বেনামে জমি রক্ষার ইচ্ছা অত্যন্ত প্রকট, কাজেই ভূমিসংস্কারের একটা বড় দিক বড় জোতদারদের কাছ থেকে জমি নিয়ে দরিদ্র ভূমিহীনের মধ্যে জমির বিতরণ যতটা ইচ্ছা ছিল ততটা সম্পন্ন করা যায় নি। তা সত্ত্বেও দেখা যাচ্ছে, এই কর্মে এই রাজ্যের স্থান অন্যান্য সকল রাজ্যের শীর্ষে। বড় জোতদারের জমি সরকারের ন্যস্ত করার বিষয়েও এই রাজ্য উল্লেখযোগ্য কর্ম করেছে।

ন্যস্ত জমি ও তার বিতরণ

গত ডিসেম্বর মাস পর্যন্ত এ রাজ্যে ন্যস্ত কৃষি জমির পরিমাণ ৯·৩৭ লক্ষ একর। অকৃষি জমির পরিমাণ ৫·৪০ লক্ষ একর এবং বনভূমির পরিমাণ ৯·৬৭ লক্ষ একর। ন্যস্ত কৃষি জমির মধ্যে ০·৮৫ লক্ষ একর জমি আদালতের ইনজাংকশনে আবদ্ধ থাকায় তার দখল নেওয়া

সম্ভব হয় নি। গত ডিসেম্বর মাস পর্যন্ত ৭·২৪ লক্ষ একর কৃষি জমির দখল নেওয়া হয়েছে। কিন্তু দখল নেওয়ার পরও আদালতের ইনজাংকশনে ৬০ হাজার একর জমির বিলিব্যবস্থা আটকে আছে। আবার এর মধ্যে ১·৩৯ লক্ষ একর জমি বিলিবন্দোবস্তের অনুপযোগী। বিতরণ যোগ্য ৫·২৫ লক্ষ একর জমির মধ্যে ৩·৮৪ লক্ষ একর দেওয়া হয়েছে ভূমিহীন ও ছোট ছোট চাষীদের মধ্যে। ০·৪৮ লক্ষ একর দেওয়া হয়েছে সরকারের অন্যান্য বিভাগসমূহকে উন্নয়নমূলক প্রকল্প রূপায়ণের জন্য। যে ৩·৮৪ লক্ষ একর জমি ভূমিহীন ও দরিদ্র চাষীদের মধ্যে বিলি করা হয়েছে, তার দ্বারা লক্ষ লক্ষ পরিবার উপকৃত হয়েছেন। তাছাড়া অন্য বিভাগে হস্তান্তরিত ০·৪৮ লক্ষ একর জমি জনসাধারণেরই কাজে লেগেছে। আর্থিক মূল্যায়ন করলে দেখা যাবে যে, এই ব্যবস্থার মাধ্যমে প্রায় ২১৬ কোটি টাকার পরিমাণ সম্পদ পুনর্বণ্টন করা হয়েছে।

ইতিপূর্বে বাৎসরিক লাইসেন্সের ভিত্তিতে জমি বিলি করা হ'ত। এখন পূর্ণ রায়তিস্বত্বে জমি দেওয়া হয়। ১৯৭২ সালের এপ্রিল হতে ডিসেম্বর পর্যন্ত—লাইসেন্স রূপান্তরিত ক'রে এবং উক্ত রায়তিস্বত্বে নূতন বন্দোবস্ত ক'রে দেওয়া জমির পরিমাণ ৬১,০০০ একর। এরূপ রায়তিস্বত্বে এপর্যন্ত দেওয়া মোট জমির পরিমাণ ২·১০ লক্ষ একর।

কিছু কিছু জোতদারের আইন বহির্ভূত উপায়ে ঊর্ধ্বসীমার অতিরিক্ত জমি নিজ দখলে রাখার অপপ্রয়াস ব্যর্থ করার অভিযান এখনও চলছে। এ অভিযানের ফলে গত ডিসেম্বর মাস পর্যন্ত ৪·৫৫ লক্ষ একর জমি উদ্ধার করা সম্ভব হয়েছে। ভূমিসংস্কার আইনে পরিবারভিত্তিক যে নূতন সিলিং নির্দিষ্ট হয়েছে তার ফলে আনুমানিক ২ লক্ষ একর কৃষি জমি সরকারে ন্যস্ত হবে ব'লে আশা করা হয়েছিল। উক্ত আইন অনুসারে যাঁদের সিলিং-এর অতিরিক্ত কৃষি জমি আছে তাঁদের ৭এ ফরমে রিটার্ন দাখিল করার শেষ দিন গত হয়েছে। সরকারের হিসাব মতো যত সংখ্যক রিটার্ন পাওয়ার কথা তার চেয়ে অনেক কম রিটার্ন পাওয়া গেছে। এখনও বেশ কিছু সংখ্যক জোতদার আছেন যাঁরা রিটার্ন দাখিল করেন নি। এখনো পর্যন্ত যতগুলি রিটার্ন পাওয়া গেছে তার ভিত্তিতে প্রায় ৫০,০০০ একর কৃষি জমি সরকারের হাতে এসেছে। যাঁরা রিটার্ন দাখিল করেন নি তাঁদের ক্ষেত্রে সংশ্লিষ্ট আধিকারিকরা স্বতঃপ্রণোদিত প্রসিডিংস রুজু করছেন। যাঁরা রিটার্ন দাখিল না করে ঊর্ধ্বসীমার অতিরিক্ত জমি লুকিয়ে রাখার চেষ্টা করছেন তাঁদের প্রয়াস ব্যর্থ করতে সরকার দৃঢ়সংকল্প। তবে সরকারের পক্ষে সুবিধা হয় যদি স্থানীয় লোকেরা একাজে প্রয়োজনীয় খোঁজখবর দিয়ে সরকারকে সক্রিয় সাহায্য করেন। আমি এই সভার মাননীয় সদস্যদেরও এ ব্যাপারে সরকারকে সাহায্য করতে আহ্বান জানাই। ভূমিসংস্কার আইনের নূতন সিলিং কার্যকর করা হ'লে যে সকল জমি সরকারের হাতে আসবে তার অধিকাংশই ভাল জমি—যা বড় বড় জমির মালিকরা জমিদারী উচ্ছেদ আইনের ২৫ একর সিলিং-এর অন্তর্ভুক্ত ক'রে নিজেদের দখলে রেখেছিলেন। এ সকল জমিতে নিবিড় চাষের (ইন্টেনসিভ কাল্টিভেশন) সম্ভাবনা আছে এবং ভূমিহীন চাষীদের মধ্যে এগুলি বিলি করা হলে তাঁরা বিশেষ উপকৃত হবেন।

গৃহহীনদের বাস্তুজমি দান

ভূমিহীনদের জমি বিলি করা ছাড়াও গ্রামাঞ্চলে যাঁরা গৃহহীন তাঁরা যাতে নিজেদের মাথা গোঁজবার ঠাঁই করে নিতে পারেন তার জন্য তাঁদের বাস্তু জমি বিলি করা হয়েছে। মাথা পিছু ১/১২ একর হিসেবে এ পর্যন্ত ৫,০০০ একর বাস্তুজমি বিলি করা হয়েছে। সরকারের হাতে এ উদ্দেশ্যে এখনও অনেক জমি আছে। আশা করা যায়, অদূর ভবিষ্যতে গ্রামে এমন কোন পরিবার থাকবেন না যাঁদের নিজস্ব বাস্তু জমি নেই। এ ছাড়া যাঁরা কোনরূপ স্বত্ব ব্যতীত অন্যের জমিতে বসতবাড়ি নির্মাণ ক'রে বসবাস করছেন তাঁরা যাতে সে সব জমিতে পূর্ণ অধিকার নিয়ে নিশ্চিন্ত হয়ে বসবাস করতে পারেন তার জন্য ওয়েস্ট বেঙ্গল অ্যাকুইজিসান অ্যান্ড সেটেলমেন্ট অব হোমস্টেড অ্যাক্ট-এর সুযোগ সুবিধা গ্রহণের মেয়াদ আইনটির সংশোধন ক'রে বাড়িয়ে দেওয়া হয়েছে।

অভাবের তাড়নায় হস্তান্তরিত জমি ফেরৎ

১৯৬৭ সালের পর বিভিন্ন বৎসরে রাজ্যের বিভিন্ন স্থানে একদিকে খরা ও অন্যদিকে বন্যার প্রকোপে দেশের অল্পবিত্ত জনসাধারণ দুর্গতির সম্মুখীন হন। অভাবের তাড়নায় ও পরিবারের ভরণপোষণের জন্য তাদের অনেকেই গ্রাসাচ্ছাদনের একমাত্র সম্বল জমি হস্তান্তর করতে বাধ্য হন। এই সকল হস্তান্তরিত জমির মালিকানা মুখ্যতঃ মহাজন শ্রেণীর লোকদের হাতে চলে যায়। সরকার যখন বড় বড় জোতদারদের হাত হতে উদ্বৃত্ত জমি নিয়ে ভূমিহীন ও দরিদ্র চাষীদের মধ্যে—যত স্বল্পই হোক—জমি বিলি ক'রে গ্রামীণ সমাজে তাঁদের প্রতিষ্ঠা দিতে সচেষ্ট, তখন স্বল্পবিত্ত কৃষিজীবীদের হাত থেকে চ'লে এসে মহাজন শ্রেণীর হাতে কৃষি জমির মালিকানা কেন্দ্রীভূত হওয়া বস্তুতঃ গ্রামীণ অর্থনীতিতে এক বিপরীতমুখী প্রবণতা —যার দ্বারা সরকারের অনুসৃত নীতি ব্যাহত হতে পারে। এ অবস্থার প্রতিকারকল্পে বিধানসভার বর্তমান অধিবেশনে একটি বিল দি ওয়েস্ট বেংগল রেস্টোরেশন অব অলিনেটেড ল্যান্ড বিল, ১৯৭৩ গৃহীত হয়েছে।

বর্গাদারদের স্বার্থ রক্ষা

বর্গাদারদের অধিকার সম্প্রসারণ ও সুরক্ষণের জন্য ভূমি সংস্কার আইনের সংশোধন আগেই করা হয়েছে। আইনে প্রদত্ত অধিকার বর্গাদাররা যাতে নিঃশঙ্কচিত্তে ও অবাধে ভোগ করতে পারেন তার জন্য সকল প্রকার স্বতঃপ্রণোদিত ও নিবর্তনমূলক ব্যবস্থা নেওয়ার জন্য জেলা-শাসকদের নির্দেশ দেওয়া আছে। এ সম্পর্কে পুলিসের কর্তব্যও বিশদভাবে নির্দিষ্ট ক'রে দেওয়া হয়েছে। যে সকল সরকারী কর্মচারী গ্রামাঞ্চলে চাষীদের সংস্পর্শে আসেন তাঁরা যাতে এ সম্বন্ধে বিশেষ ভাবে খোঁজখবর রাখেন এবং বে-আইনী বর্গাদার উচ্ছেদের সংবাদ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের গোচরে আনেন তার জন্যও নির্দেশ দেওয়া আছে। প্রচারপুস্তিকা গ্রামাঞ্চলে ব্যাপকভাবে বিলি ক'রে বর্গাদারদের তাদের অধিকার ও অধিকার ভঙ্গের প্রতিকার ব্যবস্থা সম্বন্ধে অবহিত করা হয়েছে। সরকারী কর্মচারী, জমির মালিক, বর্গাদার প্রভৃতি সংশ্লিষ্ট সকল পক্ষের কাছেই ঘোষণা করা হয়েছে যে সরকারের সহানুভূতি স্পষ্টতঃই বর্গাদারদের দিকে। সেটেলমেন্ট রেকর্ডে বর্গাদারদের নাম না থাকলেও তাতে তাদের আইনে প্রদত্ত অধিকার ক্ষুণ্ণ হয় না। তবে রেকর্ডে নাম থাকলে অধিকার সংরক্ষণ ও ঋণপ্রদানকারী সংস্থাসমূহের কাছ হ'তে ঋণ পেতে সুবিধা হয়। জে. এল. আর. ও-রা যদি প্রমাণ পান যে, কোন জমিতে বর্গাদার থাকলেও তার রেকর্ডে বর্গাদারের নার উল্লেখ করা নেই, তবে তিনি তাঁর অফিসে রক্ষিত রেকর্ডের অনুলিপিতে প্রয়োজনীয় সংযোজন ক'রে বর্গাদারের নাম লিপিবন্ধ করবেন এবং সংশ্লিষ্ট সেটেলমেন্ট আধিকারিককেও জানাবেন। সেটেলমেন্ট বিভাগের কর্মচারীরাও বর্গাদারদের কাছ হতে আবেদন পেলে অনুরূপ ব্যবস্থা অবলম্বন করবেন।

[1-50—2-00 p.m.]

এ ছাড়া বর্গাদারদের নাম রেকর্ডভুক্ত করার জন্য এক বিশেষ ব্যবস্থাও নেওয়া হয়েছে। তহশীলদাররা বাড়ি বাড়ি ঘুরে জমির সম্পর্কে অধুনাতন সকল প্রাসঙ্গিক তথ্য সংগ্রহ ক'রে রেকর্ড প্রস্তুত হওয়ার পর যা কিছু পরিবর্তন হয়েছে তা লিপিবন্ধ করবেন। বিশেষ ক'রে তাঁরা দেখবেন জমিতে কোন বর্গাদার আছে কিনা এবং থাকলে তার নাম রেকর্ডে উল্লিখিত আছে কিনা। না থাকলে তিনি তাঁর নথিপত্রে তার নাম লিপিবন্ধ করবেন। তাঁদের কাছ হ'তে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রয়োজনীয় তদন্তের পর ভূমিসংস্কার সার্কেলের রেকর্ড সংশোধন করা হবে। এ রেকর্ড সংশোধন অবশ্য সেটলমেন্টের বিধিবদ্ধ রেকর্ড সংশোধনের সমপর্যায়ে হবে না, তবে এতে বর্গাদারদের এবং ভূমিসংস্কার ও কৃষি উন্নয়নমূলক কাজের সুবিধা হবে। এই বিশেষ ব্যবস্থা অনুসারে কাজ চলছে।

বর্গাদার উচ্ছেদ রোধের জন্য সরকার সম্ভাব্য সকল প্রকার প্রশাসনিক ব্যবস্থা করেছেন। তবু একথা অনস্বীকার্য যে মালিক ও ভাগচাষীদের মধ্যে বিরোধে ভাগচাষীরা অধিকাংশ ক্ষেত্রেই দুর্বল পক্ষ এবং তাঁদের সংগঠনশক্তিও বিশেষ নেই। আইন ও প্রশাসনিক ব্যবস্থা তাদের আর্থিক অসংগতির অসুবিধা দূর করতে পারে; কিন্তু তাদের সঙ্ঘশক্তি জোগাতে পারেন এই সভার মাননীয় সদস্যেরা তাঁদের নিজ নিজ এলাকায়।

খাজনার হার পুনর্নির্ধারণ

গত বৎসর ভূমিসংস্কার আইনের ২৩খ ধারা সংশোধন ক'রে জমির খাজনার হারের পুনর্বিন্যাস করা হয়েছে। যাঁরা দরিদ্র ও ছোট চাষী তাঁদের খাজনা দেওয়ার দায় থেকে সম্পূর্ণ অব্যাহতি দেওয়া হয়েছে। যাঁরা অপেক্ষাকৃত সঙ্গতিসম্পন্ন তাঁদেরই এই বর্ধিতহারে খাজনার ভার বহন করতে হবে। নূতন হারে খাজনা নির্ধারণের কাজ অগ্রসর হচ্ছে। এ জন্য সরকারের যে অতিরিক্ত আয় হবে তা জনকল্যাণমূলক কাজে ব্যয় করা হবে।

ভূমি জরিপ ও স্বত্ব লেখন

সুষ্ঠুভাবে ভূমিসংস্কারের কাজ করার জন্য জমির হালফিল স্বত্বলিপি বিশেষ প্রয়োজন। হালফিল স্বত্বলিপি থাকলে কৃষি উন্নয়নমূলক প্রকল্প রূপায়ণেও সুবিধা হয়। এখন যে স্বত্বলিপি আছে তা জমিদারী দখল আইন কার্যকর করার সীমিত উদ্দেশ্যে প্রস্তুত করা হয়েছিল এবং তা প্রস্তুত করার পর অনেক পরিবর্তন ঘটে যাওয়ার সম্ভাবনা। তা ছাড়া সরকারের ভূমিসংস্কার নীতি কার্যকর করার জন্যও অতিরিক্ত তথ্যের প্রয়োজন। বর্তমানে দার্জিলিং, পশ্চিম দিনাজপুর, হুগলী, বাঁকুড়া ও মুর্শিদাবাদ এই পাঁচটি জেলায় রিভিশন্যাল সেটেলমেন্টের কাজ শুরু হয়েছে। রাজ্যের অবশিষ্ট নয়টি জেলাতেও যাতে রিভিশন্যাল সেটেলমেন্টের কাজ অবিলম্বে আরম্ভ করা যায় সে উদ্দেশ্যে একটি প্রকল্প পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনার অন্তর্ভুক্তির জন্য পেশ করা হয়েছে। যদি পরিকল্পনার অন্তর্ভুক্ত হয় তবে প্রয়োজনীয় প্রস্তুতি ও ট্রেনিং পর্ব এই আর্থিক বৎসরে সমাপ্ত ক'রে আগামী বৎসরেই বাকি নয়টি জেলায় রিভিশন্যাল সেটেলমেন্টের কাজ শুরু করা যেতে পারে।

মধ্যস্বত্বাধিকারীদের ক্ষতিপূরণ দান

জমিদারী উচ্ছেদ আইনে মধ্যস্বত্বাধিকারীদের ক্ষতিপূরণ দেওয়ার বিধান আছে। আনুমানিক হিসেবে মধ্যস্বত্বাধিকারীদের মোট ক্ষতিপূরণ প্রাপ্য সুদ সমেত ৯৬ কোটি ৫০ লক্ষ টাকা। তা ছাড়া দেবোত্তর সম্পত্তির জন্য দেয় বার্ষিক বৃত্তির পরিমাণ প্রায় ১৭ লক্ষ টাকা। সর্বমোট ২৩,৪৩,৮২৪টি ক্ষতিপূরণ তালিকার মধ্যে এ পর্যন্ত ২৩,২০,৯৪০টি ক্ষতিপূরণ তালিকা প্রকাশিত করা হয়েছে এবং সর্বমোট ৪৮ কোটি ২৫ লক্ষ টাকা নগদে ৩ কোটি ১২ লক্ষ টাকা বণ্ডে ক্ষতিপূরণ হিসেবে দেওয়া হয়েছে।

যাঁদের প্রাপ্য ক্ষতিপূরণ ৫,০০০ টাকা বা তার কম তাঁরা যাতে তাড়াতাড়ি এবং সহজে ক্ষতিপূরণের টাকা পেতে পারেন তার জন্য বিশেষ ব্যবস্থা করা হয়েছে। আশা করি অদূর ভবিষ্যতে এই শ্রেণীর মধ্যস্বত্বাধিকারীদের ক্ষতিপূরণের টাকা দেওয়ার কাজ সম্পূর্ণ হবে।

ভূমি অধিগ্রহণ ও গ্রহণ

প্রায় সকল উন্নয়নমূলক প্রকল্প রূপায়ণের জন্য প্রথম প্রয়োজন হয় জমির। প্রকল্প দ্রুত রূপায়ণের জন্য দ্রুত জমি গ্রহণ অপরিহার্য। ভূমি গ্রহণ ও অধিগ্রহণ এই বিভাগের অন্যতম মুখ্য কাজ। বর্তমানে যে সকল উন্নয়নমূলক প্রকল্পের জন্য জমি গ্রহণ করা হচ্ছে তার কয়েকটি নীচে উল্লেখ করা হ'লঃ (১) ভূগর্ভ রেল, (২) ময়ূরাক্ষী প্রকল্প, (৩) কংসাবতী প্রকল্প, (৪) রাস্তা নির্মাণ, (৫) নিম্ন দামোদর সেচ প্রকল্প, (৬) মহানন্দা বাঁধ প্রকল্প, (৭) সি এম ডি এ, (৮) হলদিয়া ডক প্রকল্প, (৯) ফরাক্কা ব্যারেজ প্রকল্প, (১০) দ্বিতীয় হাওড়া পুল।

উপরোক্ত প্রকল্পগুলির জন্য বিস্তৃত এলাকায় জমি গ্রহণ করা হচ্ছে। জমি দখলের কাজে বিলম্বের জন্য যাতে উন্নয়নমূলক প্রকল্পগুলির রূপায়ণ ব্যাহত না হয় তার জন্য এই বিভাগে এবং সংশ্লিষ্ট জেলা অফিসগুলিতে বিশেষ কেন্দ্র খোলা হয়েছে। যে সকল জেলায় প্রয়োজন সেখানে অতিরিক্ত কর্মচারী নিয়োগও মঞ্জুর করা হয়েছে। সরকার অবহিত আছেন যে যাঁদের জমি গ্রহণ করা হয় ক্ষতিপূরণ দিতে বিলম্ব হ'লে তাঁরা অসুবিধায় পড়েন। ক্ষতিপূরণ দান ত্বরান্বিত করার জন্য বিভাগীয় কমিশনার ও জেলা সমাহর্তাদের নির্দিষ্ট আর্থিক সীমার মধ্যে

ক্ষতিপূরণের প্রাক্কলন (এস্টিমেট) মঞ্জুর করার ক্ষমতা অর্পণ করা হয়েছে। সেচের জন্য প্রয়োজনীয় জমি প্রধানতঃ ওয়েস্ট বেঙ্গল রিকুইজিশন অ্যান্ড অ্যাকুইজিশন অ্যাক্ট অনুযায়ী প্রথমে অধিগ্রহণ ক'রে পরে গ্রহণ করা হয়। আগে উক্ত আইন অনুযায়ী অ্যাওয়ার্ড ঘোষণার পর ক্ষতিপূরণ দেওয়া হত এবং তা যথেষ্ট সময় সাপেক্ষ ছিল। অথচ তার বহুপূর্বেই জমির মালিকদের কাছ হ'তে জমির দখল নিয়ে নেওয়ার জন্য তাঁরা জমির থেকে তাঁদের প্রাপ্য আয় থেকে বঞ্চিত হয়ে থাকতেন। এখন বিশেষ ব্যবস্থা হিসেবে ঐ সকল উদ্দেশ্যে গৃহীত জমির ক্ষতিপূরণের শতকরা ৮০ ভাগ আইন অনুযায়ী অ্যাওয়ার্ড ঘোষণা করার আগেই দিয়ে দেবার সিদ্ধান্ত করা হয়েছে।

১৯৭২ সালের এপ্রিল থেকে ডিসেম্বর পর্যন্ত গৃহীত জমির ক্ষতিপূরণ বাবত ৪ কোটিরও বেশি টাকা দেওয়া হয়েছে। জানুয়ারি থেকে মার্চের মধ্যে আরো প্রায় আড়াই কোটি টাকা দেওয়া হ'য়ে থাকবে ব'লে আশা করা যায়।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভূমি সম্ব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের কর্মধারা দেশের বিশেষ ক'রে গ্রামাঞ্চলের সাধারণ মানুষের সুখদুঃখের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। এর কর্মক্ষেত্র রাজ্যের পল্লীতে পল্লীতে প্রসারিত। এখানে যে সিদ্ধান্ত নেওয়া হয় তার প্রভাব দূরতম পল্লীর সাধারণ মানুষের জীবনে পর্যন্ত অনুভূত হয়, ভূমিসংস্কার কার্যসূচির প্রয়োগক্ষেত্র মুষ্টিমেয় কয়েকটি অঞ্চল নয়, রাজ্যব্যাপী ইতস্ততঃ বিক্ষিপ্ত খণ্ড খণ্ড কৃষি জমি। এর কর্মক্ষেত্র যেমন বিরাট, যাঁরা এর কেন্দ্রবিন্দুতে আছেন সেই গ্রামীণ কৃষকগোষ্ঠির আয়তনও তেমনি বিপুল। এ কাজে হঠকারী পদক্ষেপ সমস্ত অগ্রগতিই বিপর্যস্ত করতে পারে। তেমনি আবার ভূমি সমস্যার সমাধানে অনাবশ্যক দীর্ঘসূত্রতা মারাত্মক পরিণতি ডেকে আনতে পারে। এই দুই দিক ভেবেই সরকার সমাধানের পথে অগ্রসর হচ্ছেন। লক্ষ্য করবার বিষয় গত বৎসর জমি দখল বা ফসল কাটা সংক্রান্ত সংঘর্ষের সংখ্যা নামমাত্র। জনগণ যদি দেখেন সরকারের অনুসৃত নীতি ন্যায়সম্মত ও প্রগতিশীল এবং তার প্রয়োগের ক্ষেত্রে সরকার আন্তরিক ও একনিষ্ঠ তবে তাঁরা ধৈর্য ধরতে প্রস্তুত। আমরা আমাদের উপর জনগণের এই আস্থার যোগ্য হয়ে চলবার চেষ্টা ক'রে যাব।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার বাজেট বরাদ্দ প্রস্তাবটি অনুমোদনের জন্য মাননীয় সদস্যদের অনুরোধ জানাচ্ছি।

[2-00—2-10 p.m.]

Mr. Speaker: I understand cut motions Nos. 4, 5 and 6 are not going to be moved. All other cut motions are in order and taken as moved. I now call upon Shri Shish Mohammad.

Shri Timir Baran Bhaduri: That the amount of the demand be reduced to Re. 1.

Shri A. H. Besterwitch: That the amount of the demand be reduced by Rs. 100.

শ্রীশীশ মহম্মদ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় ভূমি ও ভূমিরাজস্ব মন্ত্রী মহাশয় তাঁর দপ্তরের ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন করেছেন সেই প্রসঙ্গে আমি আলোচনায় অংশগ্রহণ ক'রে একথা বলছি যে, ১৯৫৩ সালে যে অর্থনৈতিক অবস্থা, বেকার সমস্যা চারিদিক থেকে যখন ভারতবর্ষকে ছেয়ে ফেলছিলো সেই সময়ে কেবল কেন্দ্রীয় সরকার নয়, প্রত্যেকটি রাজ্যসরকার চেয়েছিলেন এই ভূমিসংস্কারের মাধ্যমে ভারতবর্ষের অর্থনৈতিক কাঠামোকে পুনর্গঠন করা, সঙ্গে সঙ্গে তারই মাধ্যমে বেকার সমস্যা সমাধান করা। স্যার, সেই ১৯৫৩ সালে রচিত যে আইনের কঙ্কাল সেই আইনের কঙ্কালের উপর দাঁড়িয়ে আজকে বক্তব্য রাখতে হচ্ছে। আইন রচিত হয়েছে সত্য, আইন কতদূর পর্যন্ত কার্যক্ষেত্রে প্রয়োগ করতে পারছেন সেটা আজকে আমাদের মনে প্রশ্ন জেগেছে। বিগত কয়েক বৎসর ধ'রে আমরা দেখছি যে,

কৃষকদের অবস্থা দিনের পর দিন সঙ্কটাপন্ন হয়ে উঠেছে। দরিদ্র কৃষকদের বাঁচার মত অবলম্বনযোগ্য যে জমি সেই জমি দেওয়ার মত ভূমিসংস্কার আইন এই সরকার এ পর্যন্ত করতে পারেন নি। অতীতকালে ভূমিসংস্কারের যে আইন রচিত হয়েছিলো যেটা ১৯৫৩ সালে সেই আইনের ধরনকরন দেখলে স্পষ্টই বোঝা যায় যে, সাধারণ কৃষকদের কল্যাণের জন্য বা সাধারণ কৃষকদের কোন কল্যাণ হয়েছে ব'লে মনে করি না। এর দ্বারা স্পষ্টভাবে বোঝা যাচ্ছে স্পষ্টভাবে প্রমাণিত হয়েছে যে, জমিদার, বড় জোতদার, ধনী জোতদার, উচ্চ মধ্যবিত্ত জোতদার শ্রেণীকে ফাঁপিয়ে ফুলিয়ে তোলার জন্য সর্বপ্রকার প্রচেষ্টা করা হয়েছে ১৯৫৩ সালের আইনের মধ্যে দিয়ে। এই কয় বৎসরের মধ্যে কৃষকদের অবস্থার কোন পরিবর্তন হয় নি সেকথা আমি কোন ধনতন্ত্রের যে পাঁচশালা পরিকল্পনার পরিচালকসংস্থা প্ল্যানিং কমিশান এবং ধনতন্ত্রের প্রহরী কেন্দ্রীয় সরকারও সেটা বলতে বাধ্য হয়েছে।

স্যার, সেই জোতদারদের হাতে জমি চলে যায় এবং স্বনামে এবং বেনামে যে জমি লুকিয়ে রাখা হয়েছে, আজকে মাননীয় মন্ত্রিমহাশয়, স্পষ্টভাবে ঘোষণা করতে পারেন নি যে, জমি উদ্ধার করতে পেরেছেন। তিনি এই কথা স্পষ্টভাবে তাঁর বক্তব্যের মধ্যে উল্লেখ করেছেন যে, তিনি এখনও কাজ সম্পূর্ণ করতে পারেন নি। আমরা জানি প্রত্যেক বছর মার্চ মাসে এই রকম একটা বই দেখতে পাবো, এবং তার মধ্যে শুধু সেই আশ্বাস বাণী থাকবে, বাস্তব ক্ষেত্রে কাজে কিছু রূপায়িত হবে ব'লে মনে করি না। মাননীয় স্পীকার মহাশয়, বিগত কয়েক বছরের মধ্যে আমরা দেখতে পাচ্ছি কি? যারা সামান্য জমির মালিক, যারা নিম্ন মধ্যবিত্ত পরিবার, এমন কি মধ্যবিত্ত পরিবারের লোকও তাদের জমি হারিয়েছে অর্থনৈতিক সঙ্কটের চাপে, দেনার দায়ে সাংসারিক খরচের দায়ে এবং এখনও হারাচ্ছে। আর সেই জমি যারা নিচ্ছে, যারা জোতদার, যারা বড় বড় মহাজন, যাদের কাছে ঐ দরিদ্র কৃষকরা, যারা তাদের জমি চাষ করতে পারছে না, চাষ করার মত সম্বল যাদের নেই, যাদের একটু সারের জন্য বি ডি ও-র দুয়ারে মাথা খুঁড়তে হয়, কিন্তু তবুও তারা সার পায় না। তাদের জমি ঋণের দায়ে ঐ জোতদার, মহাজনরা কুক্ষিগত করেছে। সুদ যা পড়েছে, সেই সুদ পর্যন্ত তারা দিতে পারে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা শুনেছি এবং দেখেছি, তখন অতি অল্প বয়স ছিল, মাননীয় তদানীন্তন কালের মন্ত্রী শ্রীফজলুর রহমন সাহেব ঋণ সালিসী বোর্ড গঠন করেছিলেন, সমস্ত কৃষকদের জমি উদ্ধার করবার জন্য প্রয়াস করেছিলেন এবং ফলপ্রসূ কিছু হয়েছিলেন। আমি কি সেই আশা এই বিধানসভাতে পোষণ করতে পারি, যে সমস্ত জমি জোতদার জমিদাররা কুক্ষিগত ক'রে রেখেছে, আজকে আমাদের শ্রদ্ধেয় মন্ত্রী সেই আশ্বাস দিতে পারেন যে, তিনি পারবেন? তাঁর পাশে যারা বসে আছেন সেই আলালের ঘরের দুলালরা, যাদের হাতে ১৯৫৩ সালে ভূমিসংস্কার আইন রচনা করবার জন্য দায়িত্ব দেওয়া হয়েছিল। হয়তো আমার ভুল হচ্ছে, পশ্চিমবঙ্গে প্রথম দিকে এই ভূমিসংস্কার আইন পাশ করতে পারেন নি, কেন্দ্রীয় সরকারের কাছে ঘুরে গিয়েছিল। মাননীয় ভূমিসংস্কারমন্ত্রী ভূমিসংস্কারের উপর বক্তব্য রাখতে গিয়ে ১৯৬৩ সালে কি বলেছিলেন শ্যামাদাসবাবু, সেই কথা আমাদের জানা আছে। সেই জোতদারদের জন্য প্রথমে পশ্চিমবঙ্গে ভূমিসংস্কার আইন পাশ করতে পারা যায় নি। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আইনের সংবিধান পরিবর্তন ক'রে তারপর এখানে সেটা পাশ করা হয়েছিল। স্যার, সেই আলালের ঘরের দুলালরা এই আইন তখন রচনা করেছিলেন। বিড়ালকে যদি মাছ আগলাতে দেওয়া হয়, তা হ'লে বিড়াল কি সেই মাছ রাখবে না সব শেষ করবে। আমাদের মুর্শিদাবাদ এবং মালদহ জেলার অনেক জমিদার এই মন্ত্রিসভায় আছেন, আপনার মাধ্যমে তাঁদের কাছে প্রশ্ন রাখি, ভূমিহীন চাষীদের যে জমি দেবেন, আজকে বুকে হাত দিয়ে বলুন তো, আপনাদের এই বিষয়ে কোন সদিচ্ছা আছে? এবং এইটার বিষয়ে কিন্তু সুন্দরভাবে ফাঁক রেখে দেওয়া হয়েছে।

[2-10—2-20 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৫৩ সালে যে আইন রচনা করা হয়েছিল, তাতে সিলিং স্থির করা হয়েছিল যে, ৭৫ বিঘা পর্যন্ত জমি থাকবে, তারপর অতিরিক্ত জমি সরকারী দখলে আসবে, শুনে খুব ভাল লেগেছিল। তারপর সেই আইন আমাদের এই সরকার সংশোধন করবার জন্য নিয়ে এলেন এবং স্বীকার করে নিলেন যে, তা নয়, ৪৫ বিঘা পর্যন্ত জমি একটি পরিবার তাদের প্রাপ্ত

বয়স্ক ব্যক্তিদের নামে রাখতে পারবেন। জোতদার, জমিদার, মহাজন, যারা জমি হাংগর তারা কি করল, তারা সংগে সংগে কোর্টে এফিডেফিট করে ফেললেন। আর ৫ বছরের ছেলে ৫ বছরের থাকল না, ২৫ বছরের হয়ে গেল, ৫ বছরের ছেলের বিয়ে দেওয়া হলো। শুনেছিলাম ১৯৩৬ সালে একবার বিয়ে সম্বন্ধে আইন পাশ হয়েছিল, কিন্তু সেখানে তাড়াতাড়ি করে বাচ্চা-বাচ্চা ছেলেদের বিয়ে দেওয়া হয়েছিল আমাদের ভূমিসংস্কারের নামে। বিয়ে হল, বৌ-এর নামে রেশন কার্ড তৈরি হয়ে গেল এবং ছেলের নামে জমি পর্যন্ত কোথাও কোথাও চলে গেল। মাননীয় স্পীকার মহাশয়, আমি প্রথমেই বলেছিলাম যে, জমি নেওয়ার নাম করে রাজাবাবুরা চক্রান্ত করে জমি ভোগ করেছে, কলকাতায় ৩টি, ৪টে, ৫টা বাড়ি করেছে, অনেকে লন্ডনে গিয়ে বাড়ি করেছে। তা হলে এখানে ক্ষতিপূরণ দেবার কি থাকতে পারে? আমাদের আইন প্রণেতারা দেখছেন যে, কেন তা হবে, আমরা তো আইন তৈরি করছি, সেই জন্য কি করলেন, না, কমপেনশেসন দেবার ব্যবস্থা জমির জন্য। তারপর তারা স্বনামে বেনামে জমি রাখলেন গ্রামাঞ্চলে এবং শহরাঞ্চলে। মাননীয় মন্ত্রিমহাশয়কে কোন কিছু কটাক্ষ করে বলতে চাই না, তিনি বয়স্ক লোক, তাঁকে শ্রদ্ধা করি, কিন্তু আমি ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের কাছে অভিযোগ করছি; আমি ব্যক্তিগতভাবে তার বিরুদ্ধে কোন অভিযোগ করছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কমপেনশেসন দেবার ব্যবস্থা করলেন এবং সেখানে যারা কমপেনসেশন নিল সেই সব জমির মালিক এখনো পর্যন্ত সেই সব জমি দখল করে আছে। যেমন মুর্শিদাবাদে খোদাবক্স মিঞা কি করছে, বেলডাঙ্গার ঘোষ পরিবার কি করছে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, এরা আইনের ফাঁক রেখে আইন করেন নিজেদের বাঁচাবার জন্য। যখন জোতদার দেখেন নিজেদের গায়ে হাত পড়ছে তখন তারা সংগে সংগে বেরিয়ে পড়লেন, হাইকোর্টে হাইকোর্ট আছে, বিচারালয় আছে তাদের ক্ষমতা আছে, সুতরাং তারা সেই ক্ষমতা প্রয়োগ করলেন। আজও সেই জমি ২২৬ ধারা অনুযায়ী এখনো কিছু করা হয় নি। নির্বাচনের পূর্বে শ্রী কে সি পন্থ কি বলেছিলেন, না ভূমিসংস্কার সংক্রান্ত কেস কোর্টে এত বেশী পেন্ডিং হয়ে আছে যে, এই গুলি শেষ করা যায় না। তাই আমরা চেষ্টা করছি যাতে এই আইনগুলির পরিবর্তন করে নতুন আইন প্রচলন করা যায়। আমি তাঁকে সাধুবাদ জানাচ্ছি এবং জানাব যদি তিনি এটা করতে পারেন।

আমি পশ্চিমবাংলার দরিদ্র কৃষকের পক্ষ থেকে নিশ্চয় তাকে সাধুবাদ জানাব। ওয়াকফ, দেবোত্তর সম্পত্তি বাগবাগিচা এগুলির উপর হস্তক্ষেপ করা হয় নি। কিন্তু এই জমিগুলি ভোগ করার জন্য বহু ওয়াকফ, দেবোত্তর সম্পত্তি হয়ে আছে। আমার এলাকায় আমুহা কদমতলা এলাকায় পূজোর নামে সারা বছরে ১০০—১৫০ টাকার অতিরিক্ত খরচ হওয়া উচিত হয় না, সেখানে এই হাঙ্গরেরা এইভাবে করে জমি রেখে দিয়েছে এবং সাধারণ গরিবদের ন্যায্য প্রাপ্য থেকে বঞ্চিত করছে। আপনারা নির্দেশ দিলেন বাগবাগিচা সিলিং-এর আওতার বাহিরে থাকবে। ফলে সংগে সংগে রেকর্ডভুক্ত হয়ে সমস্ত ক্ষতিয়ান জমি, উৎপাদনশীল জমি বাগবাগিচায় পরিনত হল। আমাদের রামনগর সুগার মিলে একটা অদ্ভুত পরিস্থিতির উদ্ভব হয়েছে। জলপাইগুড়িতে চা-বাগানের বেলায় তাই। রামনগর সুগার মিলে যে জমি চাষ করা হয় চিনি উৎপাদনের জন্য সেই জমির একের তিন অংশ জমি খোলা রাখা হয়েছে যাতে সরষে বোনা হয়। সেই জমি যেহেতু মিলের কাজে ব্যবহার করা হয়, সেই জমি যদি ফসল বলে উল্লেখ করেন, তা হলে মন্ত্রিমহাশয় নিয়ে নেবেন সেই কারণে সুগার উৎপাদন করতে গেলে কিছু জমি ফাঁক রাখতে হয় বলে রাখা হয়েছে। এই কোন গ্রাউন্ড নেই। এইভাবে চা-বাগানের হাজার-হাজার বিঘা জমিতে ধান হয়— চা-বাগান করা হয় না। এইভাবে পশ্চিমবাংলায় অনেক উদাহরণ দেবার মত আছে। মন্ত্রিমহাশয় বক্তৃতায় বলেছেন এখনও পর্যন্ত জমির হিসাব পাই নি। তিন তিনবার জমি হস্তান্তরের নোটিস দেওয়া হয়েছে, কিন্তু তাদের ঘায়েল করার মত আপনার কলমে কালি নেই। শতকরা ৮০ ভাগ জোতদার এখনও হিসাব দাখিল করেন নি। কিন্তু পারছি না বললে আমরা তা শুনতে রাজী নই। আপনারা আইনের কর্ণধার, সেখানে আপনারা দায়িত্ব পালন করতে পারছেন না কেন? জনসাধারণের বিপুল ভোটে আপনারা গদীতে বসেছেন, কিন্তু না পারার কারণটা কি জনসাধারণ আর আপনাদের পশ্চাতে নাই? তাদের জব্দ করে হিসাব নিতে পারেন না? সেজন্য বলছি ১৯৫৬ সালে যে আইন রচিত হয়েছিল সেই আইন সাধারণ মানুষের জন্য নয়, সেই আইন বুর্জোয়া ধনতন্ত্রের যারা পীঠধারী তাদের জন্য রচিত হয়েছিল।

[2-20—2-30 p.m.]

মন্ত্রিমহাশয় নিজে স্বীকার করছেন যে, হাইকোর্ট এবং সুপ্রিমকোর্ট হয়ে ওই সমস্ত আটকে দিচ্ছে। এইজন্য যুক্তফ্রন্ট-এর যুগে সাধারণ কৃষক, সাধারণ মজুর মাঠে নেমেছিল এই সমস্ত জোতদার এবং মহাজনদের কাছ থেকে জমি উদ্ধার করবে বলে এবং তারা করেছিল। ; এটা করতে গিয়ে কিছু কিছু গন্ডগোল হয়েছিল সেটা আমি স্বীকার করছি। কালকে আমাদের শ্রদ্ধেয় প্রাক্তন মুখ্যমন্ত্রী অজয় মুখার্জী বললেন যে, আর এস পি সি পি এম-এর লেজ। এটা শুধু আর এস পি কেন, সব পার্টিই করেছে। বর্ধমানে সাঁই পরিবারে যে ঘটনা ঘটেছে সেটা আমরা সমর্থন করি না। কিন্তু হাউসে দাঁড়িয়ে আজকে একথা বলতে বাধ্য হচ্ছি, সেইসময় যুক্তফ্রন্ট ভাঙ্গার চক্রান্তের মধ্যে যে সমস্ত লোক ছিল তাঁদের অনেকেই আজকে আপনাদের দলের সদস্য। অজয়বাবু আমাদের বলেছেন লেজ, কিন্তু উনি তো ছিলেন সেই গরুর শিং—একেবারে মাথায় ছিলেন। আমি তাঁকে জিজ্ঞাসা করি, উনি কি করেছিলেন? মাননীয় স্পীকার মহাশয়, যুক্তফ্রন্টের যুগের সেই উদ্ধারকৃত জমিগুলো আজকে কোথায় গেল? সেই জমি তাদের কাছ থেকে চলে গেছে এবং তার জায়গায় আবার নূতন নজির আমাদের কাছে যা এসেছে সেকথা আমি একে একে আপনার কাছে বলছি। আপনারা খাস জমি উদ্ধার করেছেন ভাল কথা, করুন। আপনারা এগুলি কৃষকদের দিন আমরা সমর্থন করব। কিন্তু আমি আজকে দায়িত্ব নিয়ে বলছি, ল্যান্ড অ্যাড-ভাইসরি কমিটি প্রত্যেক জে এল আর ও অফিসে যা করেছেন তার চেহারাটা একবার দেখুন। আমরা বামপন্থী বলে আমাদের কথা ফেলে দেবেন জানি, কিন্তু তবুও দায়িত্ব নিয়ে বলছি তার চেহারাটা একবার দেখুন। আপনাদের আইনকে কিভাবে তাঁরা ভায়লেট করছে সেটা একবার দেখুন। (জনৈক সদস্যঃ আপনি তো চেয়ারম্যান।) আমি চেয়ারম্যান হতে পারি, টেবিলম্যান হতে পারি, টুলম্যান হতে পারি। কিন্তু আমি খুব দায়িত্ব নিয়ে বলছি, আপনাদের যে আইন আছে সেটাকে তারা কিভাবে ব্যবহার করছে সেটা একবার গিয়ে দেখুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে দিনের পর দিন দেখছি তাদের উচ্ছেদ করা হচ্ছে। তারা খবর পেয়ে গেছে যে, জমি এখনই রায়তী বন্দোবস্ত হচ্ছে। ১ বছরের লাইসেন্স ছিল। অ্যাডভাইসরি কমিটিতে গিয়ে দেখুন, সমস্ত ঢুকেছে মহাজনদের এবং জোতদারদের এবং জমিদারদের এজেন্টরা। তারা কি করছে? না, সেই সমস্ত জমি যে ভূমিহীন কৃষকদের দেওয়া হয়েছিল তাদের নাম কেটে দিয়ে সেখানে কুকুরের নামে, দুলু, ভুলু এবং পাখির নামে জমি রাখা হচ্ছে। কাশিমনগরের বিনয়বাবুর ২,৩০০ বিঘা সম্পত্তি ছিল। যদি কোন কৃষক তাঁর বিরুদ্ধে যায়, তা হলে তিনি তার বংশ শুদ্ধ ধ্বংস করে দেবেন। মাননীয় স্পীকার মহাশয়, যেখানে গভর্নমেন্ট নমিনি দিয়েছেন তাঁরা আজকে কি করছেন তার নজীর আপনার কাছে আমি দিচ্ছি। আমি কোশ্চেন দিয়েছি, কিন্তু তার কোন উত্তর আমি পাচ্ছি না।

সুতি ১নং ব্লক আইরন সেখানকার গভর্নমেন্ট নমিনি কাবুল মিঞা, বৈদ্যনাথ তেওয়ারী তার পুত্র আশিসকুমার তার বয়স ৮ বৎসর তার নামে রমাকান্তপুরে একজন উদ্বাস্তুর জমি ১·২৫ একর নেওয়া হয়েছে। কাবুল মিঞার পুত্রের নামেও জমি নেওয়া হয়েছে। সুতি ব্লক ২নং জে এল আর ও অফিসে গভর্নমেন্ট নমিনি আলাউদ্দিনের নামে তার নাবালক পুত্রের নামে জমি নিয়েছে। আমি এই সমস্ত কথা দায়িত্ব নিয়ে বলছি। আমার বক্তৃতা শেষে বারি সাহেব হয়তো আমার গায়ে কাদা ছিটাবার চেষ্টা করবেন। আমি বলব, স্যার, আপনি বারি সাহেবকে তদন্ত করার দায়িত্ব দিন, তিনি দেখে আসুন কি হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের চীফ মিনিস্টার বলেছেন, আমরা নাকি আপনাদের সমস্ত পরিকল্পনা ব্যর্থ করছি। তাঁকে অনুরোধ করছি, আপনি দেখে আসুন কিভাবে আপনার আইনকে কলঙ্কিত করছে, লাঞ্ছিত করছে, ভুলুণ্ঠিত করছে। আপনি বলবেন যে, আমি চেয়ারম্যান, কিন্তু আমাকে প্রত্যেকদিন নোট অব ডিসেন্ট দিয়ে চলে আসতে হয়, কোন উপায় নেই। আপনারা জমি উদ্ধার করছেন যেগুলি পাট জমি। তার কতকগুলি জমি আছে ২, ৩, ৪, ডেসিম্যালস। কৃষকদের যে জমি দেওয়া হচ্ছে সেই জমি এবং তারা সেই জমিতে যাবে, যাদের জমি ভেস্ট করেছে তারা মূল্য নেবেন। কিন্তু সেখানে কি দেখা যাচ্ছে? হাল বলদ নিয়ে যাচ্ছে, সেখানে যেতে দেওয়া হচ্ছে না। এই যে ২,৩,৪, ডেসিমেলস জমি উদ্ধার করা হচ্ছে সেই জমি সাধারণ কৃষকদের দিয়ে কি হবে। হ্যাঁ আপনারা রেকর্ড রাখতে পারেন যে, এত জমি কৃষকদের দিয়েছি। একদিকে কৃষকদের নাম, আর একদিকে জমির দাগ;

খতিয়ান—এটাতে খাতা তৈরি হতে পারে। আজকে বর্গাদাররা কোন্‌খানে গিয়ে দাঁড়িয়েছে? আজকে বর্গাদাররা উচ্ছেদের পর উচ্ছেদ হয়ে যাচ্ছে। আপনাদের স্বীকৃত ২৮ লক্ষ বর্গাদার, আপনারা জমি দিয়েছেন ৮ লক্ষকে। এখনও ২০ লক্ষ বর্গাদার বাকি আছে। আমি হিসাব করে দেখেছি, বর্গাদারদের সংখ্যা আরো বেশী। সেটেলমেন্টের সময় তাদের নাম রেকর্ড হয় নি। তাদেরকে নথিপত্র দেওয়া হয় নি। জোতদারদের হাতে পুলিস আছে, সেই পুলিস নানারকম নির্যাতন করে যাচ্ছে। জমিদারদের পক্ষ নিয়ে নানারকম নির্যাতন করে যাচ্ছে। যদি রেকর্ডভুক্ত করতে চায়, তা হলে ১৬০, ১৪৪, ১৭০ ধারা এবং কি একটা গুণ্ডা অ্যাক্ট আছে তাতে লুঠ চুরির কেস দিয়ে বর্গাদারদের হ্যারাস করছে। বর্গাদাররা তাদের কাছে হাত জোড় করে স্যারেন্ডার করে জমি দিয়ে চলে আসে। আজকে তাদের মাথায় তেল নাই, তাদের আশ্রয় নাই, ময়লা কাপড়, তারা এস ডি ও, জে এল আর ও, এস এল আর ও ইত্যাদির কাছে দেখা পায় না। আমি আমার নিজের অভিজ্ঞতা দিয়ে জানি যে, আমি যদি স্লিপ দিই দেখা করার জন্য, মন্ত্রিমহাশয় আমার সঙ্গে চুপ করে দেখা করবেন। কিন্তু আপনি বলুন যে, ঐ রামা সেখ আর ঐ কৈবর্ত যদি আপনার কাছে দেখা করতে আসেন, তা হলে মন্ত্রিমহাশয় কি দেখা করবেন? সেই রকম এই রকম অফিসাররা তারা কি দেখা করেন সাধারণ লোকদের সঙ্গে? অ্যাডভাইসারি কমিটি সেদিন আমার কাছে বললেন যে, একটা লিস্ট তৈরি করে সেই লিস্ট অনুযায়ী জমি দিতে হবে। আমাকে জিজ্ঞাসা করল, আপনি কে? আমি বললাম যে, গভর্নমেন্ট নমিনি। তিনি বললেন যে, গভর্নমেন্ট নমিনি মানি না, অঞ্চল প্রধান মারফত ঢোল সহরত করে অ্যাপ্লিকেসন আসবে, এনকোয়ারি হবে, তারপর জমি দেব। বললেন, তা হবে না। ৪ জন মেম্বারের যে লিস্ট করে দেবে তাকেই জমি দিতে হবে। এইভাবে জমি দেওয়া হোক। কিন্তু লোক নেই, জমি তারাই আত্মসাৎ করবে। তারা আপনাকে সর্বনাশের পথে নিয়ে যাচ্ছে। তদন্ত করে দেখুন, আমি দায়িত্ব নিয়ে বলছি। আমার এই কথা যদি মিথ্যা হয়, যেদিন মিথ্য বলে প্রমাণিত হবে, সেদিন আমি রেজিগনেসন দিয়ে চলে যাব।

[2-30—2-40 p.m.]

মাননীয় স্পীকার মহাশয়, ৪৪(ক) ধারা করেছেন, কিন্তু এই আইনের ধারায় সাধারণ গরিব কৃষক লোকদের কি উপকার হয়েছে? তারা যেখানে নিজের পেট চালাতে অক্ষম, সেখানে ট্রেনের পয়সা খরচ করে এসে উকিলের জন্য খরচ করা সম্ভব নয়। এমন আইন করুন যাতে সাধারণ কৃষক জমি পেতে পারে এবং সঙ্গে সঙ্গে দরিদ্র শ্রেণীর সাধারণ কৃষকরা হেরাসমেন্টে পড়তে না হয়। আমি একটা কথা আপনার সামনে বলছি। মুর্শিদাবাদ জেলায় কতকগুলি জায়গা আছে যেখানে পুর্ণ সেটেলমেন্ট করা দরকার। ২৪-পরগনায়, মেদিনীপুরে, জলপাইগুড়িতে এবং মালদহে জমির হাঙর আছে। সেখানে এখন পর্যন্ত কোন ব্যবস্থা করেন নি। আমার মনে হয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, তাঁর দলের লোক সেখানে আছেন বলে, তাদের তিনি তাড়াতাড়ি চটাতে চান না। সেজনাই তিনি এটা করছেন। মাননীয় স্পীকার মহাশয়, আমি বিগত সেটেলমেন্টের সময়ের বাস্তব চিত্র তুলে ধরতে চাই এবং আশা করি, তিনি আমার বক্তব্য পুঙ্খানুপুঙ্খরূপে বিচার করে সে সম্বন্ধে ব্যবস্থা করবেন। বিগত সেটেলমেন্ট হয়েছিল ১৯৫৪-৫৫ সালে, আমার বাড়ি নদীর ভাঙ্গন এলাকায়, আমি সেখানকার খবর জানি, সেখানে সেটেলমেন্টের লোক গেল, ২-৩ বিঘা জমির মালিক, কিন্তু জলে নামতে চায় না বলে সেখানে সেটেলমেন্ট হল না। ফলে কি হল? সে খাজনা দিয়ে যাচ্ছে, কিন্তু সেই জমি ভেস্ট করে গেল, সে হয়ে গেল জমিদার। আজকে অন্য লোকের কাছ থেকে আপনারা জমি নিয়ে তাকে দেবেন, কিন্তু তার সেই জমিতে ধান হচ্ছে, অন্য লোক করছে, তার জমি সে রাখতে পারল না কেন না সেটেলমেন্ট করে নি বলে। একটা লোকের এক কালে যার জমি ছিল সে জমিহীন হয়ে গেল, সেই জমিতে ফসল করে অন্য লোক। সেটেলমেন্ট কর্মচারীরা জমি জরিপ করে নি বলেই এই জিনিস ঘটেছে। আমি অনুরোধ করব এর সুব্যবস্থা করার জন্য। চর এলাকায়—ফারাক্কা থেকে গঙ্গা নদী যতদূর পর্যন্ত বয়ে গেছে পশ্চিমবাংলায়, একই অবস্থা দেখতে পাবেন। সেজন্য পূর্বে জমি কার নামে ছিল, ২-৩-৪ বিঘা জমি,—রেকর্ডে তা দেখে সেই সমস্ত জমি ফিরিয়ে দেবার ব্যবস্থা করুন, এটা বিশেষ অনুরোধ।

ল্যান্ডের সংজ্ঞা কি, অর্থনীতিক দিক থেকে ল্যান্ড-এর যে ডেফিনিশন, সেটা একবার ভেবে দেখুন। ল্যান্ডের ডেফিনিশন হচ্ছে, যেখান থেকে কিছু উৎপাদন হয়, আর্থিক লাভ হয়, সেটাই ল্যান্ড। গ্রামাঞ্চলে জমি দখলের ব্যবস্থা দেখতে পাই, কিন্তু শহরাঞ্চলে জমি দখল কেন হয় না। শহরে এক একজন লোক ৪-৫ খানা বাড়ির মালিক, ১০ তলা বিল্ডিং করে লক্ষ লক্ষ টাকা খরচ করে। সেখান থেকে দিনের পর দিন ইনকাম করে যাচ্ছে। আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে জানাতে চাই যে, যদি পল্লী অঞ্চলে কারও ৩০ বিঘা জমি থাকে, তা হলে সেটা হয় একটা বড় ব্যাপার, আর এখানে শহরে ৫ খানা বাড়ি আছে, সেখানে এক একটাতে আবার ৫ তলা বিল্ডিং দাঁড়িয়ে আছে, কত লাভ সেখান থেকে হচ্ছে আর সেখানে রেন্ট কত পাচ্ছে। কিন্তু গ্রামাঞ্চলে কি রেন্টের ব্যবস্থা করেছেন? ৯ বিঘা পর্যন্ত খাজনা মাফ দিচ্ছেন, সেস মাপ দিলেন না। কিন্তু রেন্টের ক্ষেত্রে বৈষম্য কি দেখতে পাচ্ছি যে, ৫ বিঘা থেকে ১০ বিঘা পর্যন্ত যারা জমির মালিক যারা এই পশ্চিমবাংলায় শতকরা ৭০ জন তাদের যে খাজনা ধার্য করলেন আর তদূর্ধ্বে যাদের জমি তাদের বেলায়ও সেই খাজনা ধার্য করলেন। এটা কি করে হল? এই ৫ বিঘা থেকে ১০ বিঘা যাদের জমি তার উর্ধ্বে যাদের জমি আছে তাদের সংখ্যা যদিও অল্প তাদের বেলায়ও ঐ একই খাজনা ধার্য করলেন। কিন্তু এর জন্য সাফার করবে কে? যাদের পাম্প কেনার ক্ষমতা নেই, আপনাদের কাছে আসার ক্ষমতা নেই, সারের পয়সা নেই, সেই অল্প জমির মালিক তারাই সাফার করবে। তারা কায়িক পরিশ্রম করে তাদের ক্ষেত্রে দেখা গেল অবিচার করা হয়েছে। সেখানে আমি মনে করি যে, এই ৫ একর থেকে ১০ একর জমির মালিক যারা তাদের উপর একটা মিনিমাম রেন্ট ধার্য করুন এবং তার উর্ধ্বে যাদের জমি তাদের উপর বেশী করে কর চাপান তাতে আমাদের কোন আপত্তি নেই। আমার বক্তব্যের শেষ অংশে আমি এই কথা বলি যে, আমাদের মাননীয় মন্ত্রী যে গ্রান্ট দাবি করেছেন সেই গ্রান্টের বিরোধিতা করে আমার মোসন মুভ করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীনুরুল ইসলাম মোল্লা: মাননীয় অধ্যক্ষ মহাশয় আমাদের ভূমি এবং ভূমিরাজস্ব মন্ত্রী আজকে এই বিধানসভায় যে ব্যয়বরাদ্দ চেয়েছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শুরু করছি। কিছুক্ষণ আগে আমাদের বিরোধী পক্ষের বন্ধু বক্তৃতা যা রাখলেন তা শুনতে শুনতে মনে হচ্ছিল যে ডাইনির মায়াকান্না শুনছি। ডাইনি তার ছেলে খেয়ে ফেলে তারপর সে কাঁদতে শুরু করে এবং পাড়ার লোক জড়ো করে। সেই ডাইনির মত তাঁরা নূতন ভাবে নূতন রূপে আমাদের সামনে এসেছেন। ১৯৬৭ থেকে ১৯৬৯ পর্যন্ত তারা ভূমিহীন মানুষের রক্ত শোষণ করে পশ্চিমবাংলাকে একেবারে খেয়ে ফেলেছে, তারা আবার এখানে নূতন রূপে এসে উপস্থিত হয়েছেন পশ্চিমবাংলার মানুষকে বিপথগামী করে নূতন কায়দা করে কি করে পশ্চিমবাংলার মানুষকে শোষণ করা যায় তার চেষ্টা করছে। আমি তাঁদের সাবধান করে দিই যে, পশ্চিমবাংলার মানুষ যথেষ্ট রাজনৈতিক সচেতন ১৯৭২ সালের নির্বাচনে তারা তা প্রমাণ করে দিয়েছে। তিনি যত কান্নাই কাঁদুন, যতই চোখের কোণে ঘা হয়ে যাক তাতে আমরা রুমাল দিয়ে সে চোখের জল মুছিয়ে দিতে পারি, কিন্তু এই বিধানসভায় তাঁদের সংখ্যা তিন থেকে চার হবার উপায় নেই। আপনারা আগের মত সুখী পরিবারে থাকুন, তাকে বৃহত্তর করবার চেষ্টা করবেন না। কারণ বৃহত্তর করবার মত ইচ্ছা, বা মানসিকতা ওঁদের নাই একথা বেস্টারউইচ বলেছেন। এ ব্যাপারে বেষ্টারউইচের সঙ্গে বোঝা যাবে। কিন্তু তিমিরবাবু ৩০ থেকে ৪০ জমির মালিক—তা হলে তিনি বুর্জোয়া কিনা তা প্রমাণ করার মত তথ্য ও তত্ত্ব দিক ফাঁক রেখে উনি বক্তৃতা করেছেন। আমরা এই পশ্চিমবাংলাকে নূতন করে গড়ার যে স্বপ্ন এবং যে শপথ বাক্য উচ্চারণ করেছিলাম সেই মত তার সাথে হাত মিলিয়ে কাজ করা হচ্ছে। মাননীয় মন্ত্রিমহাশয় এই ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন করতে গিয়ে যে কথা বলেছেন সেগুলি অত্যন্ত যুক্তিসঙ্গত। আমার মনে হয়, পশ্চিমবাংলার যে বর্তমান পরিস্থিতি, আজকে যদি পশ্চিমবাংলাকে বাঁচাতে হয় এবং গ্রামীণ অর্থনীতিকে পুনরুজ্জীবিত করতে গেলে ভূমিসমস্যাকে বাস্তব ভিত্তির উপর দাঁড় করিয়ে তার সুষ্ঠু সমাধান করতে হবে। এবং এই কাজ করতে গিয়ে যে অসুবিধা দেখা দিয়েছে তা মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর বক্তব্যে রেখেছেন এবং আমরা যারা এম এল এ, দেশের চারিদিকে ঘুরে বেড়াচ্ছি বা ঐ সি পি আই এম এল এ-রা ঘুরে বেড়াচ্ছেন, তারা কাজ করতে গিয়ে এক ভীষণ অবস্থার মধ্যে পড়ছেন।

[2-40—2-50 p.m.]

আমরা দেখেছি এখানে বলা হয়েছে যে, পশ্চিমবঙ্গে ১৯৫৫ সালের সম্পত্তি অধিগ্রহণ আইন অনুযায়ী ৯·৩৬ একর জমি পশ্চিমবঙ্গ সরকারের হাতে এসেছে। কিন্তু এই ৯·৩৬ একর জমি থেকে ৪·৩৬ একর জমি সাধারণ মানুষের মধ্যে বিলি করতে পেরেছি। আর জমি কোথায় আছে আমরা জানি না। সেই জমি ভূমিহীন কৃষকদের মধ্যে দেওয়া হয়েছে কিনা জানি না। শুধুমাত্র স্টেটসম্যান পত্রিকায় বেরিয়েছিল যে, ৬৮ হাজার কেস পড়ে আছে। সেই ৬৮ হাজার কেসে ১ লক্ষ একর জমি আটক পড়ে আছে। পশ্চিমবঙ্গ-সরকার বলছেন, ৬৮ হাজার কেস আটক পড়ে আছে, এটা নাকি হাইকোর্টের জন্যই আটকা পড়ে আছে। হাইকোর্ট কেসগুলিকে ঠিকমত ডিসপোজ করছে না বলেই পড়ে আছে। আর অপর দিকে হাইকোর্টের মাননীয় বিচার-পতি একটি জনসভায় বক্তৃতা দিয়ে বলেছেন, সরকারের দোষের জন্য কেসগুলি আটকে আছে। জানি না কার দোষের জন্য কেসগুলি আটকা পড়ে আছে। আমরা বুঝতে পারছি না, সরকার পক্ষের উকিল, জোতদার পক্ষের উকিলের জন্য, চোরে চোরে মাসতুত ভাই মিলে আমাদের এই ভূমিহীন মানুষদের কেসগুলি আটকে রেখেছে কিনা। আমি তাই আমাদের মাননীয় ভূমিরাজস্ব-মন্ত্রীকে অনুরোধ করবো যে, এই প্রসঙ্গে আর একটি জিনিস অনুধাবন করুন। আমাদের কংগ্রেস সরকার অল ইন্ডিয়া কংগ্রেস কমিটি, ১৯৫৯ সালে একটি রেজলিউসান নিয়েছিলেন– সেই রেজ-লিউসনে তারা বলেছিলেন যে, ল্যান্ড ট্রাইবুন্যাল কমিটি ইন এভরি ডিস্ট্রিক্ট স্থাপন করবেন। এই ল্যান্ড ট্রাইবুন্যাল কমিটির মধ্য দিয়ে যাতে করে দ্রুতগতিতে লোয়ার কোর্টে যেসমস্ত বিধি-নিষেধ আছে সেগুলিকে পাস করে, বাইপাস করে ভূমিসমস্যার সমাধান করা যায় সেদিকে লক্ষ্য রেখে ১৯৬৯ সালে বম্বে কনফারেন্সে অল ইন্ডিয়া কংগ্রেস কমিটি ল্যান্ড ট্রাইবুন্যাল গঠন করবার কথা বলেছিলেন। কিন্তু দুঃখের বিষয়, পশ্চিমবঙ্গে এখন এই ল্যান্ড ট্রাইবুন্যাল গঠন করা হয় নি। আমরা দেখতে পাচ্ছি, আমাদের ভূমিরাজস্বমন্ত্রী বলেছেন, মাত্র ৫-৬টি জেলায় খতিয়ান পুনর্নবীকরণের কাজ শুরু হয়েছে, জমি জরিপের কাজ শুরু হয়েছে। এতে করে কি ভূমি চোরদের ধরা যাবে? আমি মনে করি, ধরা যাবে না তার কারণ হচ্ছে, ভূমি চোর বলে যাদেরকে আখ্যা দেওয়া হয়েছে, বিভিন্ন সময়ে আমাদের মুখ্যমন্ত্রী থেকে আরম্ভ করে মন্ত্রিসভার সদস্য যারা আছেন তারা এবং বিধানসভার মাননীয় সদস্য যারা আছেন তারা এই ভূমি চোরদের কথা বার বার বলেছেন, কিন্তু আজকে যেভাবে জমি জরিপ করতে যাওয়া হচ্ছে, মাত্র ৫-৬টি জেলায় জরিপের কাজ আরম্ভ হচ্ছে, তাতে করে এই জমি চোররা বিভিন্ন জায়গায় বিভিন্ন খতিয়ানে জমি-গুলিকে আটকে রেখে দিয়েছে, সেই জমিগুলিকে আমরা উদ্ধার করতে পারব না এবং সেই জমি-গুলিকে উদ্ধার করে ভূমিহীনদের মধ্যে বিতরণ করতে পারব না। সেই জন্য আমি বলতে চাই, ল্যান্ড কনসোলিডেট করুন। যার যত বিঘা জমি আছে, সম্পত্তি আছে, সেটা সিলিং-এর মধ্যে থাকবে এবং সিলিং-এর এক জায়গায় রাখবার ব্যবস্থা করুন। এই আইন পাঞ্জাব, উত্তরপ্রদেশ, হরিয়ানায় পাশ হয়েছে। কিন্তু দুঃখের বিষয়, পশ্চিমবঙ্গে এই আইন আমরা এখন পাশ করতে পারলুম না। কেন পারলাম না, জানি না, কোন্ শক্তি বাধা দিয়েছে জানি না। আমি কিছুদিন আগে মাননীয় ভূমিরাজস্বমন্ত্রীর সঙ্গে কথা বলেছি। তাঁর ইচ্ছা আছে, লক্ষ্য করেছি, কিন্তু কেন পাশ করাতে পারলাম না, তার কৈফিয়ত কে দেবে জানি না। কৈফিয়ত আমাদের দিতে হবে। পশ্চিমবঙ্গের মানুষ দেখতে পাচ্ছে, ভূমির নাগপাশ এতদিন যারা সহ্য করে এসেছে, ভূমিহীনদের যে যন্ত্রণা তারা সহ্য করে এসেছে, ১৯৭২ সালে যে সরকার তারা গঠন করেছে, সেই সরকারের কাছে তাদের অনেক প্রত্যাশা আছে। আমরা তাদের সেই প্রত্যাশা যদি পূরণ করতে না পারি, তা হলে ১৯৭৭ সালে আবার আমাদের নতুন সমস্যার সম্মুখীন হতে হবে এবং যেসমস্ত বেস্টার-উইচের দল এখানে এসে হাজির হয়েছে, সেই বেস্টারউইচরা আবার পশ্চিমবঙ্গের গ্রামে গ্রামে নতন পথে ভূমিহীনদের খেপিয়ে তুলবার চেষ্টা করবে। দেওপ্রকাশ রাই-এর ভাষায় বলতে হয়, ভূমি আন্দোলন, আন্দোলন নয় এ একটা যৌন ক্ষুধা—তার সাথে শুধু এটুকু বলা যেতে পারে। তাই আমি বলতে চাই, ভূমিহীন মানুষদের স্বার্থ রক্ষা করবার জন্য আমাদের এগিয়ে আসতে হবে। কয়েকদিন আগে কেন্দ্রীয় মন্ত্রী ডি পি ধর বক্তব্য রেখেছেন যে, যারা ভূমিহীন মানুষ, জমি যারা পাবে, তারা যাতে চাষবাস করতে পারেন তার জন্য কেন্দ্রীয় সরকার ঋণ দেবেন। তাই আমি বলতে চাই, পশ্চিমবঙ্গ সরকার, আপনারা বলুন যে, ভূমিহীন মানুষদের চাষবাস করবার জন্য যে

জমি আপনারা দিয়েছেন সেই জমিগুলিতে তারা চাষবাস করতে পারছে কিনা আমি জানি চাষ করতে পারছে না। অনেক ক্ষেত্রেই তারা জমিগুলি বিক্রি করে দিচ্ছে। সেটা বন্ধ করে দেবার জন্য আমরা প্রগতিশীল আইন প্রণয়ন করেছি। কিন্তু আইন প্রণয়ন করলে কিছু হবে না, তাকে বাস্তবে রূপায়িত করতে হবে। বাস্তবে রূপ দেবে কে? সরকারী আমলারাই। এই সরকারী আমলা-দের সম্বন্ধে একটি কথা বলি। আমাদের বর্ধমান জেলার জয়কৃষ্ণপুর গ্রামে সরকারী আমলা জে এল আর ও বর্গাদারদের রায়তীস্বত্ব জমি দিয়ে দেন। কিন্তু বর্গাদাররা যখন সেই জমি দখল করতে যায়, তখন জোতদাররা তাদের বাধা দেয়। বর্গাদাররা একথা পুলিসকে জানায় এবং পুলিস প্রোটেকসান চায়। পুলিস ঘটনাস্থলে আসে এবং বর্গাদার যখন তার জমিতে চাষ করতে যায়, তখন পুলিসের সামনে জোতদারের লোকেরা একজন বর্গাদারকে খুন করে ও কয়েকজনকে আহত করে। এই ঘটনায় প্রত্যক্ষদর্শী পুলিস হওয়া সত্ত্বেও এই ঘটনার যিনি আসামী তাকে এখন পর্যন্ত গ্রেপ্তার করা হয় নি। এই ঘটনার এখন পর্যন্ত ফয়সালা হয় নি। ভূমি উদ্ধারকারী দল বলল, এই অত্যাচারীদের হাত থেকে মুক্তি চাই। কিন্তু মুক্তি হবে কিনা আমি জানি না।

কিছুদিন আগে যে কথা বলেছিলেন মাননীয় কংসারী হালদার মহাশয়, সি পি আই-এর, নলবনে চাষীদের উপর অত্যাচার হচ্ছে, অত্যন্ত আনন্দের কথা মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে যখন কথা বলেছিলাম তিনি তখন সঙ্গে সঙ্গে এস পি-কে বলে দিয়েছিলেন যে, ভূমিহীনদের স্বার্থ রক্ষা করতে হবে। ভূমিহীনদের স্বার্থ রক্ষা করতে গিয়ে শুধুমাত্র এইটুকু আমরা করতে পেরেছি যে, ধানটাকে এফ সি আই-এর গুদামে দিতে পেরেছি, কিন্তু যারা বর্গাদার তাদের স্বার্থ রক্ষা করতে পারি নি। সেইজন্য স্যার, আপনার মাধ্যমে মন্ত্রিসভার কাছে আবেদন এই যে, আপনারা প্রগতি-শীল পদক্ষেপ নিয়েছেন খুব সত্য কথা, কিন্তু সুষ্ঠুভাবে, বাস্তব ভিত্তির উপর দাঁড়িয়ে ফয়সলা করা হচ্ছে না বা করছেন না স্বার্থসিদ্ধিসম্পন্ন কিছু মানুষ। আজকে যুগান্তর পত্রিকাতে আছে দেখবেন যে, ৩২ লক্ষ ভূমিহীন মানুষ আছে বলে যদি আমরা স্বীকার করে নিই, তা হলে প্রত্যেকটি ভূমিহীন মানুষের গড় আয় হচ্ছে ৩৩ পয়সা। ৩৩ পয়সা আয় দিয়ে একটা লোকের জীবিকা নির্বাহ হতে পারে? কোন্ রাজত্বে বাস করতে পারে? কোন সভ্যসমাজে একটা লোক ৩৩ পয়সা আয় দিয়ে জীবিকা নির্বাহ করতে পারে? সেইজন্য বলি, শরৎচন্দ্রের মহেশ এখনও বেঁচে আছে, সেই মহেশের ড্যাবড্যাবে চোখ দিয়ে এখন জল পড়ে, দু মুঠো অন্নের জন্য গফুরের কাছে সে চিৎকার করে কাঁদে, আর গফুর আল্লার কাছে প্রার্থনা করে বলে, 'এরা কি চিরকাল আমাদের শোষণ করবে?' সেইজন্য আপনার মাধ্যমে স্যার, মন্ত্রিসভার কাছে একটি কথা জানিয়ে দিতে চাই যে, যদি ভূমিহীন মানুষের স্বার্থ রক্ষা করতে না পারি, ভূমিহীন মানুষদের কথা চিন্তা না করি, তা হলে সুকান্তের ভাষায় তারা চিৎকার করে বলবে "আদিম হিংস্র মানবিকতার আমি যদি কেউ হই, স্বজন হারানো শ্মশানে তাদের চিতা আমি জ্বালবই।" জয় হিন্দ।

শ্রীরবীন্দ্রনাথ বেরা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমি সদ্ব্যবহার, ভূমি সংস্কার, ভূমি ও ভূমিরাজস্ব মন্ত্রিমহাশয় যে বায়বরাদ্দের দাবি এই সভার মঞ্জুরির জন্য পেশ করেছেন আমি তাকে পরিপূর্ণভাবে সমর্থন করছি। স্যার, সারা পশ্চিমবাংলার মানুষ জানেন, বছর দুই আগের কয়েক বছর আগে পশ্চিমবঙ্গের বিশেষ করে ভূমির উপর একটা বিপ্লব যা আমরা বলি সেই অন্যায় বিপ্লব হয়েছিল। তার ফলে তখন দেশের মানুষ ভেবেছিলেন, আমাদের যে ফান্ডামেন্টাল রাইট, সংবিধান যা আমাদের দিয়েছে সেই রাইট আর আমাদের নেই। যাদের জমিজমা ছিল, সে কি ছোট জমির মালিক কি বেশী জমির মালিক, কি বর্গাদার—সকলেই এমন একটা অবস্থার মধ্যে উপনীত হয়েছিল যে, তখন জমির মায়া ত্যাগ করে ঘরের কপাট বন্ধ করে অনেকে বসে থাকত। বর্গাদাররা অন্য জায়গায় লুকিয়ে লুকিয়ে বেড়াত। ছোট ছোট জমির মালিকদের অবস্থা এমনই ছিল যে, তারা ভয়ে জমির পাশে যেত না। বর্তমানে সারা পশ্চিমবাংলায় ভয় এবং সন্ত্রাসের রাজত্বের অবসান হয়েছে, এজন্য আমি সরকারকে ধন্যবাদ দিচ্ছি। আজকে ছোট জমির মালিক, বড় জমির মালিক, বর্গাদার—সবাই নিশ্চিন্ত হয়ে কি করে উৎপাদন বাড়িয়ে দেশের উন্নতি করা যায় সে দিকে চেষ্টা করছেন। তারপর স্যার, আমরা এর আগে দেখেছি, এই ভূমি গ্রহণ বা অধি-গ্রহণের জন্য আমাদের অনেক উন্নয়নমূলক কাজের অসুবিধা হত। একটা রাস্তা করতে গেলে আমরা দেখেছি জমির মালিকরা হাইকোর্ট থেকে ইনজাংসান নিয়ে আসতো এবং তাতে আমাদের

উন্নয়নমূলক কাজ ব্যাহত হত। এখন যে আইন হয়েছে তার ফলে এই উন্নয়নমূলক কাজে আমাদের সাহায্য হবে। এর পর স্যার, আমি খাজনা বৃদ্ধি সম্পর্কে বলব। সরকার যে খাজনা বৃদ্ধির পরিকল্পনা গ্রহণ করেছেন তাতে গ্রামাঞ্চলে সাধারণ চাষী, নিম্নমধ্যবিত্তদের কাছে আমরা সমালোচনা সম্মুখীন হচ্ছি।

আমার বক্তব্য হচ্ছে যে, সেচ ও অ-সেচ এলাকা যেভাবে করা হয়েছে, সেসব এলাকা অ-সেচ এলাকা। যেখানে কোনদিন জল যায় না সেইসব এলাকাকে সেচ এলাকার অন্তর্ভুক্ত বলে ঘোষণা করা হয়েছে এবং ভূমিসংস্কার বিভাগ থেকে সমস্ত এলাকাকে অর্থাৎ একটা ব্লকের মধ্যে একটা থানার মধ্যে যদি কিছু কিছু মৌজা সেচ এলাকার মধ্যে অন্তর্ভুক্ত হয় সেটা ভূমিসংস্কার দপ্তর থেকে সারা ব্লককে সেচ এলাকায় পরিণত করা হয়েছে। আমি এই সম্পর্কে খোঁজখবর করেছিলাম। জানা গেল যে, সেচ বিভাগ যেসব এলাকায় তাদের কম্যান্ড এরিয়ার অন্তর্ভুক্ত তারা যেভাবে ভূমিসংস্কার বিভাগ বা রাজস্ব বিভাগকে জানিয়েছেন সেইভাবে লিপিবন্ধ করে সারা ব্লককে বিশেষ করে মেদিনীপুরের বিভিন্ন ব্লকে যেখানে সেচপ্রাপ্ত জমির পরিমাণ হয়তো শতকরা ৬০ ভাগ আর অ-সেচপ্রাপ্ত এলাকা ৪০ ভাগ অথচ সেই সমস্ত ব্লককে সেচ এলাকার অন্তর্ভুক্ত করা হয়েছে। এর কারণ অনুসন্ধান করে জানা গেল যে ,সেচ বিভাগ এইভাবে রিপোর্ট দেবার জন্য ভূমিসংস্কার বিভাগ সারা এলাকাকে সেচ এলাকায় পরিণত করেছে। অত্যন্ত আনন্দের কথা। আমি ভূমিসংস্কার দপ্তরের মন্ত্রিমহাশয়কে একথা বলেছিলাম, তিনি বলেছেন যে, এই সম্পর্কে সার্কুলার দেওয়া হয়েছে যেসব জায়গায় এইভাবে ভুলবশত সেচ এলাকার অন্তর্ভুক্ত করা হয়েছে সেগুলি সংশোধন করে দেওয়া হবে। তবে একটা বক্তব্য সেটা হচ্ছে এই যে সেচ এলাকা যেগুলি করা হয়েছে তার একটা ক্লাসিফিকেসান করার দরকার ছিল। মেদিনীপুর ক্যানাল সিস্টেমের অন্তর্ভুক্ত যেসব এলাকা আমি জানি সেখানে একমাত্র সময় যখন প্রচুর পরিমাণে বৃষ্টিপাত হয় এবং কাঁসাই নদীতে প্রচুর জল থাকে, প্রচণ্ড বর্ষার সময় মেদিনীপুর ক্যানাল থেকে কিছু কিছু জল পায়। কিন্তু সেই মেদিনীপুর ক্যানাল সিস্টেমের আন্ডারে যেসব এলাকা সেগুলি পূর্ণ সেচ এলাকা ঘোষণা করে তারও ৩ গুণ খাজনা বৃদ্ধি করা হয়েছে। আজকে এতে চাষীদের মধ্যে, কৃষকদের মধ্যে যারা জমির মালিক তাদের মধ্যে একটা অসন্তোষের সঞ্চার হয়েছে। আর বিশেষ করে তিন একরের জমির খাজনা আমাদের সরকার ছাড় করেছেন, কিন্তু তিন একর এক ডেসিমিল হলে যদি আবার সেচ এলাকা হয়, তা হলে খাজনা তিন গুণ দিতে হচ্ছে এবং অ-সেচ এলাকা হলে দুই গুণ দিতে হচ্ছে। আমার বক্তব্য হচ্ছে এটা যদি পুনর্বার বিবেচনা করার সুযোগ থাকে, তা হলে সরকারের সমীপে, মন্ত্রিমহাশয়ের সমীপে আমার বক্তব্য হচ্ছে যে, স্টেপিং হিসাবে একটা একটা করে ধাপে ধাপে যদি খাজনা পুনর্বিন্যাস করা হয়, তা হলে আমার মনে হয় অসন্তোষ এতটা হবে না। যে এলাকা অ-সেচ এলাকা, সেই এলাকার দুই গুণ খাজনা বৃদ্ধি করা হয়েছে। খাজনা নিশ্চয়ই বৃদ্ধি করতে হবে, কিন্তু সেখানকার যে চাষী সমাজ, যে কৃষক সমাজ আজকে বিভিন্নভাবে দিনের পর দিন ডাইরেকট এবং ইনডাইরেকট করের প্রেসারে এবং নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্যে সেই তুলনায় ধানের দাম এক রকমভাবে ৪।৫ বছর আছে। যারা উৎপাদক আজকে অ-সেচ এলাকায় যদি সেচের কোন পরিকল্পনা না করতে পারে, সারের ব্যবস্থা না করতে পারে এবং অন্যান্য সুযোগসুবিধা করে দেবার ব্যবস্থা না করে, যদি দুই গুণ খাজনা বৃদ্ধি করে দেওয়া হয়, তা হলে যে বিক্ষোভ চাষীদের মধ্যে দেখতে পাচ্ছি সেটা একটা প্রচণ্ড আকার ধারণ করবে। আমি আমার কয়েকটি এলাকার কথা জানি। সেখানে কিছু কিছু লোক তারা খাজনা বৃদ্ধি বন্ধের আন্দোলন আরম্ভ করেছে এবং অনেক জায়গায় রাজস্ব আদায় ব্যাহত হচ্ছে। সেজন্য অনুরোধ করবো, যেসব এলাকায় একেবারে জল পায় না বা জল পাবার সহজ কোন ব্যবস্থা সরকার গ্রহণ করতে পারে নি বা যেসব এলাকায় বছরে বর্ষাকালে জল পাচ্ছে সেইসব এলাকা সম্পর্কে সরকার একটু বিবেচনা করে দেখবেন। আপনারা সকলেই চাষীর অবস্থা জানেন। আমি একটা হিসাব উপস্থাপিত করছি। ১০ একর জমির মালিক যারা দেখা যায় সাধারণত তারা একবার জল পায়। সেখানে ১০ একর জমির মালিক সে ২৫০ মণ ধান বছরে উঠাতে পারে এবং এই ২৫০ মণ ধানের বর্তমান মূল্য

৬ হাজার ২৫০ টাকা। আর চাষের খরচ—উন্নত পদ্ধতিতে চাষের কথা ছেড়ে দিলাম, সাধারণভাবে চাষ করতে হলে ঐ ১০ একরে চাষের খরচ হচ্ছে ৫ হাজার টাকা। তা হলে বাৎসরিক আয় মোট হচ্ছে ১ হাজার ২৫০ টাকা, আমরা ১০ একরের যেখানে সিলিং বেঁধে দিয়েছি যে ৫ জনের যে পরিবার তারা ১০ একর রাখতে পারে। ৫ জনের পরিবারের মধ্যে ১ হাজার ২৫০ টাকা যদি তাদের বাৎসরিক আয় হয়, তা হলে চাষীর অবস্থা কি সেটা সহজেই অনুমেয়। কাজেই এইদিক থেকে আমি সরকারকে অনুরোধ করবো যাতে সেচ ও অ-সেচ এলাকার খাজনা বৃদ্ধির এবং আরো অন্যান্য বিষয়ে একটু চিন্তা করে দেখবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমধুসূদন রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ভূমি সদ্ব্যবহার, ভূমিসংস্কার এবং ভূমিরাজস্ব মন্ত্রিমহাশয় যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তাকে আমি আন্তরিকভাবে সমর্থন জানাই। সমর্থন জানাচ্ছি এই কারণে যুক্তফ্রন্টের আমলে খাস জমিগুলো দখল করার জন্য যে শালু কেনার জন্য একটা হিড়িক পড়ে গিয়েছিল, সেটা আজকে বন্ধ হয়ে গেছে। সেদিন দেখেছিলাম, যুক্তফ্রন্টের শরিকরা বাজার থেকে শালু কিনে এনে ঝান্ডা তৈরি করে ঝান্ডা পুঁতে জমি দখল করাতে। একদল গিয়ে সেখানে শালু পুঁতে দিয়ে বললো দখল করা হলো খাস জমি।, আবার আর একদল সেখানকার সেই শালু তুলে দিয়ে নিজেদের শালুর ঝান্ডা পুঁতে দিয়ে বললো, এটা খাস জমি, আমরা দখল করলাম। এইভাবে মাঠে মাঠে একটা অশান্তির আবহাওয়া সৃষ্টি হয়েছিল। সেই অশান্তি আজকে বন্ধ হয়ে গেছে এবং বন্ধ হয়েছে এই সরকারের আমলে। আজকে সেই খাস জমিগুলো সম্পূর্ণ নূতনভাবে বণ্টন করা হচ্ছে। সেগুলো বছর বছর টেম্পোরারী লিজ দেওয়া হত আগে, সেটা এখন হচ্ছে না, আজকে সেখানে রায়তি স্বত্ব প্রবর্তন করা হয়েছে। পার্মানেন্ট সেটেলমেন্ট করা হয়েছে। আজকে এই ভূমিহীন চাষীরা জমির মালিক হতে পারছে আগেকার হয়রানি থেকে আজ বেঁচে গেছে। এই প্রসঙ্গে আমি কয়েকটি কথা বলছি, ভূমিহীনরা জমির মালিক হচ্ছে সত্য, কিন্তু তাদের সেই দুর্দশা যায় নি। তার কারণ তিন বিঘা পর্যন্ত যে জমি তারা পাচ্ছে, এই তিন বিঘা জমিতে তাদের চলছে না, ফলে দেখা যাচ্ছে, এই ভূমিহীন চাষীরা যে খাস জমি পেয়েছে, তারা আস্তে আস্তে সেই সমস্ত জমি যেগুলো রায়তি স্বত্ব পেয়েছে, সেইগুলোকে হস্তান্তর করছে এভাবে তাদের মধ্যে খাস জমি হস্তান্তর করার একটা প্রবণতা দেখা দিয়েছে। রায়তি স্বত্বের জমিগুলো আবার সেই মালিকের কাছে বিক্রি করে দিচ্ছে, মালিকরা আবার সেটা অন্য নামে নিয়ে নিচ্ছে, এই প্রবণতা কিভাবে বন্ধ করা যায় তার জন্য আপনার মাধ্যমে ভূমিরাজস্ব মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। যেভাবে হোক এই ভূমি হস্তান্তর বন্ধ করতে হবে। নতুবা আসল উদ্দেশ্য ব্যর্থ হবে। ল্যান্ড অ্যাকুইজিসন অ্যান্ড রিকুইজিসন-এর আইন অনুযায়ী যে জমি দখল করা হয় সেচের জন্য হোক বা অন্য যেকোন কারণে হোক, তাদের কম্পেনসেসন-এর টাকা দিতে অত্যন্ত দেরী হচ্ছে। কুচবিহার জেলার কিছু জায়গায় ইরিগেশনের কাজ হচ্ছে, গত বছর সেচ বিভাগের উপমন্ত্রী শ্রীসুনীতি চট্টরাজ মহাশয় সেখানে গিয়েছিলেন, সেখানে যারা জমির মালিক—আমি একটা খবর জানি, একজন বিধবা মহিলা, তার মাত্র তিন বিঘা জমি, সেই জমির উপর দিয়ে বাঁধ হয়ে গেছে কিন্তু এখন সেই মহিলা কম্পেনসেসনের টাকা পায় নি। আর একজনের নাম বুন্ধেশ্বর দুর্গেশ্বর রায়না, ১৩ বিঘার মত জমির মালিক, সেই ১৩ বিঘা জমির উপর দিয়ে তিস্তা নদীর বাঁধ গেছে, তিনিও এখনও কম্পেনসেসনের টাকা পান নি। তিনি একেবারে ভিক্ষুকে পরিণত হয়ে গেছেন। এখন তিনি জি আর-এর জন্য মাথা খুঁড়ে মরছেন। এখানে অবশ্য মন্ত্রিমহোদয় বলছেন যাতে ৮০ পার্সেন্ট টাকা দেওয়া যায় তার চেষ্টা করবেন, কিন্তু এখনও সেই চেষ্টা ফলবতী হয় নি। সেটা আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা বিষয়ের করা বলছি—কুচবিহারে হাট থেকে যে সমস্ত রেভিনিউ কালেকসন হয়, হাটগুলো নিলামে ইজারাদার কিনে নেয়, সেখান থেকে লক্ষ লক্ষ টাকা আয় হয় বছরে, কিন্তু সেগুলোর উন্নতির জন্য এক পয়সাও খরচ করা হচ্ছে না। সারা কুচবিহার জেলায় এই নিয়ে একটা আন্দোলনের সম্মুখীন হয়েছে, সেখানকার ছাত্রপরিষদ, যুবকংগ্রেস প্রতিটি হাটে যাতে ইজারাদাররা

যাতে হাট মাশুল উঠাতে না পারে তার জন্য একটা পরিকল্পনা করেছিল এবং সেখানে মন্ত্রীমহাশয় গিয়ে তাদের বুঝিয়ে বলেছিলেন যেভাবে হোক হাটের ডেভালপমেন্ট করার চেষ্টা করা হবে। এক একটা হাটের জন্য ৩০।৪০ হাজার টাকা নিলাম ওঠে, কিন্তু নিলাম করে টাকা নেওয়ার পর ইজারাদারদের হাতে হাট ছেড়ে দেওয়া হয়। কিন্তু এখনও পর্যন্ত সেই হাটগুলোর কোন উন্নতি করার চেষ্টা করা হয় নি।

[3-00—3-25 p.m., including adjournment.]

এই বর্ষায় এত কাদা হবে যে দেখা যাবে, সেখানে গ্রামের লোক হাটে যেতে পারবে না, যার ফলে সেখানকার যেসব ইজারাদার যারা ৩০-৪০ হাজার টাকায় হাট ডেকে তাদের অনেক লোকসান হয়ে যাবে. এর ফলে গত বছরের আন্দোলনটা এইভাবে মাথা চাড়া দিয়ে উঠবে. কারণ এই এক বছরে হাটের ডেভালপমেন্ট কিছুই হয় নি। সেই জন্য এই বিষয়ে আমি সুস্পষ্টভাবে মন্ত্রি-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার সময় শেষ হয়েছে, সেই জন্য আমি এই ব্যয়বরাদ্দকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

(At this stage the house was adjourned for 20 minutes.)

(After adjournment.)

[3-25—3-35 p.m.]

শ্রীবলাইলাল শেঠঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভূমিরাজস্বমন্ত্রী আজকে যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি, সমর্থন করতে গিয়ে আমি সরকারের যেসব ব্যবস্থা আছে তার মধ্যে সরকারী অফিসারদের যে অব্যবস্থা আছে সে বিষয়ে উল্লেখ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বিরোধী দলের শীশ মহম্মদ ভাই জমি বণ্টন সম্পর্কে অভিযোগ করেছেন। সত্যি কথা আমরা ১৯৬৮-৬৯ সালে জমি বণ্টনের যে পদ্ধতি দেখেছিলাম দুঃখ পাবারই কথা, ১৯৭২-৭৩ সালে সেই পদ্ধতি দেখতে পাওয়া যাচ্ছে না। ১৯৬৮-৬৯ সালে জমি বণ্টন লাল ঝাণ্ডা পুঁতে, মিছিল করে হত, আইনের কোন কিছু ছিল না। কিন্তু এখন জমি বণ্টন হচ্ছে আইনানুগ পদ্ধতিতে, তাই একটু গায়ে লাগবারই কথা। এখন জে এল আর ও থেকে জমি বণ্টন করা হচ্ছে। জমি বণ্টন করবার জন্য জে এল আর ও কমিটি করা হয়েছে। কিন্তু এখানে কথা হচ্ছে, সেখানে সেই জমি প্রকৃত চাষীকে দেওয়া হচ্ছে কিনা সেটা দেখতে হবে। কাগজে কলমে দিলেই হবে না, প্রাকটিক্যালি সেটা চাষীর কাছে গিয়ে পৌঁছে কিনা সেটা দেখতে হবে। এইসঙ্গে বলব এস এল আর ও কমিটি হোক। কারণ আমরা জানি এস এল আর ও অফিসে একটা বাস্তুঘুঘুর বাসা আছে। হুগলী জেলায় বালির খাদের কি অবস্থা। ইস্টার্ন রেলওয়ে-এর তারকেশ্বর ব্রাঞ্চ বোধহয় উঠে যাবে। রেল লাইন থেকে মাত্র ৫ গজ দূরে বালির খাদ হয়েছে। ভূমিরাজস্ব দপ্তর কি এ বিষয়ে দৃষ্টি রাখেন না? মন্ত্রিমহাশয়কে বার বার বলায় তিনি বলেছিলেন আমরা এই আইনের সংশোধন করব। সত্যিকারের যদি এ রকম করেন, তা হলে বালির খাদগুলির একটা ব্যবস্থা হবে। কিন্তু এ থেকে যে রয়ালটি যেন সেটা আদায় করা হয়। রিটার্ন সম্পর্কে তিনি বলেছেন কিছু সংখ্যক রিটার্ন দাখিল করেন নি। কিন্তু এটা ১০ না ১ সে সংখ্যার উল্লেখ নেই। এ বিষয়ে আমাদের সহযোগিতা চাওয়া হয়েছে। আমাদের যুবকংগ্রেস ঘোষণা করেছিল যে, ভূমিসংস্কারের ব্যাপারে যদি প্রয়োজন হয়, তা হলে আমরা সাহায্য দেব। সরকারের তরফ থেকে এই ডাক দেওয়া প্রয়োজন এবং তার জন্য যুব-কংগ্রেসের কর্মীরা সাহায্য করতে প্রস্তুত। এই রিটার্ন দাখিল করার ব্যাপারে বলব, যদি খোঁজ করা যায়, তা হলে দেখা যাবে, এখানকার অনেক সদস্যই রিটার্ন দাখিল করেন নি। এ ক্ষেত্রে সরকারের উচিত দেখিয়ে দেওয়া যে, এরা সমাজের শত্রু, জমিচোর। এইভাবে না করলে কোন সমস্যার সমাধান হবে না। জমি পুনর্নির্বাচনের জন্য ৫টা জেলা নেওয়া হয়েছে। কিন্তু দেখা যাচ্ছে চেয়ারম্যান-এর অভাবে জমি মাপের কাজ অনেকটা ব্যাহত হচ্ছে। এখানেও দেখা গেছে তারা অনেক আগে থেকেই জোতদারদের সঙ্গে কথাবার্তা বলে একটা রিটার্ন দাখিল

করিয়ে দেন। কিন্তু কগজ কলম যদি ঠিকভাবে দেখা যায়, তা হলে দেখা যাবে, অনেক জমি সরকারকে তারা ফাঁকি দিয়ে দিয়েছে। এ বিষয়ে বিধানসভার সদস্যরা সব সময় সহযোগিতা করতে প্রস্তুত। আমরাও খবরের কাগজ মাধ্যম ছাড়া সরকারের তরফ থেকে কোথায় কি হচ্ছে জানতে পারি না। এগুলি জে এল অর ও-এর কোন এক্তিয়ার নেই, কন্ট্রোল নেই। সুতরাং তাদের আয়ত্তে আনার জন্য বিবেচনা করতে বলছি। ভূমিরাজস্ব বিভাগের কিছু কর্মচারীদের বেতন বাবত ব্যয় বৃদ্ধি করা হয়েছে। কিন্তু একটা কথা হচ্ছে, এই ভূমিচোরদের ধরতে গেলে আপনার প্রথম প্রয়োজন তহশীলদারদের। জমিদারী প্রথা নেই। জমিদারদের নিয়মে তাদের ৫ টাকা মাইনে ছিল, কিন্তু তারা ৫০০ টাকা উপায় করে নিত। সরকার বলছেন দুর্নীতি দমন করব। জমিচোর ধরতে হবে। এই ৫৭:৫০ পয়সা মাইনে দিয়ে তাদের দ্বারা কিভাবে কাজ আদায় করবেন? এই মাইনেতে তাদের প্রচুর কাজ করতে হয়। আমরা বিধানসভায় যে প্রশ্ন রাখি তার উত্তর জে এল আর ও-রা করেন না, সেটাও তাদের করতে হয়। আপনি নিজেই বলেছেন, "তহশীলদাররা বাড়ি বাড়ি ঘুরে জমির সম্পর্কে অধুনাতম সকল প্রাসঙ্গিক তথ্য সংগ্রহ করে রেকর্ড প্রস্তুত হওয়ার পর যা কিছু পরিবর্তন হয়েছে তা লিপিবদ্ধ করবেন।" অথচ আশ্চর্যের বিষয় এদের চাকুরি হচ্ছে, টেম্পোরারী কন্ট্রাক্ট বেসিস, এদের ১ বছরের কন্ট্রাক্ট বেসিসে নেওয়া হয় এবং অ্যাডমিনিস্ট্রেশনকে খুশী করতে না পারলে এদের মেয়াদ বাড়ে না। এদের যে পিওন হয় সে যদি রিটায়ার হয়ে যায়, তা হলে তার পিওনের বয়স যদি ২৫ হয়, তা হলে সেও তহশীলদারদের সঙ্গে রিটায়ার হয়ে যায়। এটা কি ধরনের নিয়ম?

একজন ২৫ বছরের যুবক তহশীলদারের পিওন। আশ্চর্য ঘটনা, সেই তহশীলদারের বয়স ৬০ বছরের উপর হয়ে গেল ব'লে তার চাকুরি চ'লে গেল এবং সেই অজুহাতে তার পিওন যার বয়স মাত্র ২৫ বছর তারও চাকুরি চ'লে গেল। এঁরা যে খাজনা আদায় করেন তাতে দেখা যায় ৫/১০ হাজার টাকা এঁদের জমা দিতে যেতে হয় সরকারী কোষাগারে। এঁদের জন্য তেমন কোন সিকিউরিটির ব্যবস্থা থাকে না। তহশীলদারের সঙ্গে ২৫ বছরের একটি যুবক যাচ্ছে হাতে একটি লাঠি এবং হ্যারিকেন নিয়ে টাকা জমা দিতে। আমি মনে করি, এঁদের প্রোটেক-সনের ব্যবস্থা করা একান্তই প্রয়োজন। আমরা দেখছি সরকারী অর্থ জে এল আর ও, এস এল আর ও অফিসের জন্য, সেটেলমেন্ট-এর জন্য এবং এই যে জমির পুনর্বিন্যাস ঘটেছে তার জন্য কত খরচ করা হচ্ছে। অথচ এঁদের জন্য কিছুই খরচ করা হচ্ছে না। আমি অনুরোধ করছি, আমরা যখন জমিদারী প্রথা উচ্ছেদ করেছি, তখন এই তহশীলদারদের কথা যেন চিন্তা করা হয়। ৩ একর জমির খাজনা মকুব করা হয়েছে ভাল কথা। আমার বক্তব্য হচ্ছে সমস্ত জমির খাজনা মকুব ক'রে সরকার যেন এগ্রিকালচার ট্যাক্স করেন বা অন্যভাবে ট্যাক্স বসান। আমরা জানি কোথাও ৪ বিঘা জমিতে যে ফসল হয় অন্য কোথাও হয়ত ২০ বিঘা জমিতে সেই ফসল হয় না। কাজেই কৃষকদের নির্দেশ হচ্ছে, যদি এইভাবে না করা হয় তা হ'লে কৃষির উপর নির্ভরশীল লোকদের অসুবিধা হবে। একথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীবিশ্বনাথ মুখার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের ভূমিরাজস্ব ইত্যাদি, ইত্যাদি মন্ত্রিমহাশয় অনেকগুলো কথা এখানে বলেছেন। আমি ভূমিরাজস্ব কথাটার পর ইত্যাদি, ইত্যাদি কথাগুলি এইজন্য বলছি যে, এই ভূমিরাজস্ব ছাড়া আরও কতগুলি বিভাগের মন্ত্রী উনি। যা হোক উনি লোক ভাল, সদিচ্ছা তাঁর আছে। কিন্তু তাঁর বক্তৃতায় আমি একেবারে হতাশ হয়েছি। উনি অবশ্য বক্তৃতার শেষে ভাল কথা কিছু বলেছেন যে, আমরা হঠকারিতা করব না, আমরা দীর্ঘসূত্রতা করব না। এখানে আপনারা সকলেই মহাজন সমবেত আছেন। ইংরেজ আমল থেকে এই ভূমিসংস্কারের জন্য বলা হচ্ছে কাজেই এই হটকারিতা এবং দীর্ঘসূত্রতা সম্বন্ধে কিছু বলতে চাই। ১৯৫১ সালে যখন প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনা হয়, তখন ভূমিসংস্কার করবার জন্য সব রাজ্যে নির্দেশ দেওয়া হয়েছিল এবং আমাদের রাজ্যেও সেই নির্দেশ এসেছিল ডাঃ রায়ের কাছে। আমি সেইসব পড়েছি, আমি জানি। ১৯৫৯ সালে পণ্ডিত নেহেরু নাগপুর কংগ্রেস অধিবেশনে বললেন, কিছুই হয় নি। ভূমিসংস্কার দুই বছরের মধ্যে যদি সম্পন্ন না কর, তা হ'লে সর্বনাশ হবে, কৃষকরা বিদ্রোহ করবে। কৃষকরা অবশ্য বিদ্রোহ করে

নি। কিছু কিছু জায়গায় অবশ্য করেছে, কিছু কিছু জায়গায় তারা কিছু করে নি। ১৯৭২ সালে যে নির্বাচন হ'ল, সেই নির্বাচনে কংগ্রেস ওয়ার্কিং কমিটি ইস্তাহার দিলেন এবং তাতে বললেন ভূমিসংস্কার করতে হবে এবং সব রাজ্যদের বলা হ'ল, এক বছরের মধ্যে ভূমিসংস্কার করতে হবে। ইংরেজ আমল থেকে ভূমিসংস্কারের কথা বলা হচ্ছে এবং তারপর এই ২৬ বছর হয়ে গেল, এখনও বলা হচ্ছে করা হবে। ভারত সরকারের যে কৃষি কমিশন আছে তার ভূমিসংস্কার সাব-কমিটি আছে। সেই সাব-কমিটিতে দু'জন কংগ্রেস নেতৃস্থানীয় এম পি আছেন, ডি এম কে-র একজন আছেন এবং আমাদের ডঃ জেড এ আমেদ আছেন তার সভাপতি। এঁরা সাম্প্রতিককালে আমাদের এখানে এসেছিলেন এবং আমাদের ভূমিসংস্কার মন্ত্রীর সঙ্গে আলোচনা করেছেন। তাঁরা বললেন, আমরা ভারতবর্ষ ঘুরতে গিয়ে অবাক হয়েছি। কোথায় ভূমিসংস্কার? মহারাষ্ট্রে সব অধীন প্রজাদের জমি দেবার আইন পাশ ক'রে ঘোষণা করা হ'ল, তোমরা পাবে। ২৮ লক্ষ প্রজার মধ্যে ২০ লক্ষ কেটে গেল এবং ৮ লক্ষ যেটা থাকল সেটাও হয়ত ইন্সটলমেন্ট ইত্যাদির অজুহাতে বেশির ভাগ কেটে যাবে এবং এইভাবে ভূমিসংস্কার হয়ে যাবে। আর বাড়তি জমির ক্ষেত্রে দেখুন, অন্ধ্রের মত রাজ্য যেখানে বহু লক্ষ একর বাড়তি জমি রয়েছে সেখানে দেখছি তার মধ্যে মাত্র কয়েক হাজার একর জমি সরকারে এসেছে।

[3-35—3-45 p.m.]

সেই তুলনায় পশ্চিমবঙ্গে একটু ভাল হয়েছে। তারা বললেন, এর কারণ কি? আমি বুঝবার চেষ্টা করলাম এবং আমি বুঝেছি এই কথা যে, পশ্চিমবাংলার ভাগচাষী, ক্ষেতমজুররা ধারাবাহিকভাবে আন্দোলন করেছিল ব'লে। যে আন্দোলনের এত নিন্দা আমরা এই সভায় শুনি। আজকে নেতাদের মুখে আমরা শুনেছি যে, তোমাদের এখানে আন্দোলন হয়েছিল ব'লে বোধ হয় কিছু যাই হোক ভূমিসংস্কার হয়েছে। তা হ'লে সব রাজ্যে তো কংগ্রেস গভর্নমেন্ট ছিল, আমরা সব রাজ্য ঘুরে ঘুরে দেখেছি, কেবল ছাড়া হয় নি কেন—তোমাদের এখানেই বা কিছুটা হয়েছে কেন—তারা এই সিদ্ধান্তে এসেছিল। এই রাজ্যে ভূমিসংস্কারের জন্য কৃষকদের একটা সঙ্ঘবদ্ধ আন্দোলন দীর্ঘকাল ধ'রে চলেছে। আজকেও সেই আন্দোলনকে পুলিস মাঝে মাঝে দমন ক'রে দিচ্ছেন। কিন্তু তা সত্ত্বেও দমিত হয়েও মাঝে মাঝে উঠছে। আমার সময় থাকলে আমি ফিগার দিয়ে দেখিয়ে দিতাম যে, এই আইন পাশ হবার পরেও ১৯৫৮ সাল থেকে ১৯৬১ সাল পর্যন্ত সেই আন্দোলনের আগে কত একর কৃষি জমি সরকারে ন্যস্ত হয়েছিল, সেই আন্দোলনের পর কতটুকু হল, তা হয়েও ১৯৬৬' সাল পর্যন্ত কতটুকু হয়েছিল, আবার পরের আন্দোলনের পর কত জমি হাতে এল, আপনারা এখানে আসবার আগে, তা আমি দেখিয়ে দিতে পারতাম। আমাদের ভাগচাষীরা মহারাষ্ট্রের মত ঝাড়বংশে উচ্ছেদ হয়ে যায় নি। তার কারণ, তারা মরে মরেও লড়েছে, মরে মরেও লড়েছে, মরে মরেও লড়েছে। তাদের যতই দমন করেন না কেন, তারা লড়েছে। আর এখানে বললেন যে, এই হঠকারিতা আর দীর্ঘসূত্রতার কথা। ২৬ বছর স্বাধীনতা হবার পর যে দেশে ভূমি-সংস্কার হয় না, অথচ বলেন খুব গুরুত্বপূর্ণ, আমি সে কথায় পরে আসছি—তখন কেউ যদি বলেন যে, আমি হঠকারিতা করব না, দীর্ঘসূত্রতা করব না, তার মানেটা কি, এই কথাটার তো অভিধানে মানে থাকা চাই। মানুষের কানে কথাটা বাজা দরকার। ২৬ বছর দেশ স্বাধীনতা পাওয়ার পর যদি ভূমিসংস্কার না হয়ে থাকে, তা হ'লে হঠকারিতা করব না, দীর্ঘসূত্রতা করব না, এর মানে কি? আমাদের কথা বলি যে, অপেক্ষাকৃত এখানে ভাল হয়েছে। আমি মনে করি গর্বের সঙ্গে মানবতার জন্য এখানকার প্রশাসনও নিশ্চয়ই চেষ্টা করেছে। আমি তাদের চিনি দীর্ঘকাল ধ'রে। প্রধানতঃ তার জন্য কৃতিত্ব এখানকার কৃষক আন্দোলন, তা হাতেকলমেই প্রমাণিত হয়ে গেছে। কিন্তু কত হয়েছে, বাড়তি কৃষি জমি কত আপনারা পেয়েছেন? আমার মনে পড়ে মন্ত্রিমহাশয় বলেছিলেন যে, ১৯৫৩-৫৪ সালে বোধ হয় আইন পাশ হবার সময় ২৮ লক্ষ একর কৃষিজমি বাড়তি হতে পারে, সেটা মনের কথা বাদ দিন। আপনার ডিপার্টমেন্ট কৃষি রাজস্ববিভাগ, সেই বিভাগের সমীক্ষা কি? আমি যতদূর জানি, আপনি জিজ্ঞাসা ক'রে দেখবেন যে, আপনার ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রেভিনিউ ডিপার্টমেন্ট, তার যে ল্যান্ড রেকর্ড এবং সার্ভের যে অংশ তারা একটা স্টাডি করে একটা সিদ্ধান্তে এসে পৌঁচেছেন সম্প্রতিকালে যে, ২৮ লক্ষ একরের মত কৃষিজমি এখানে উদ্বৃত্ত হওয়া উচিত। আমি

দানতম কথাটা। কিন্তু কথাটা সরকারীভাবে এসে গেল কখন? ঐ যে কমিশন এসেছিল দিল্লী থেকে তার কাছে আপনার প্রাক্তন ডাইরেকটর শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়কে যখন ওরা জিজ্ঞাসা করেছিল যে, তোমাদের কত সারপ্লাস হবে, ব'লে মনে কর, তখন কমিশনের প্রশ্নের উত্তরে তিনি বললেন যে, হ্যাঁ স্যার, ২৮ লক্ষ একর। তখন তারা জিজ্ঞাসা করলেন যে, কি হিসবে তোমরা বলছ? তখন তিনি কতকগুলি বিষয় বলে বললেন যে, এই ভাবে স্টাডি ক'রে আমরা এই সিদ্ধান্তে পেঁ'ছেছি। আমি ব্যক্তিগতভাবে স্টাডি করেছিলাম ১৯৫৮ সালের সেনসাস রিপোর্ট থেকে দ্যাট ওয়জ ভেরি গুড সেনসাস, থরো সেনসাস জমি সম্বন্ধে। তখন থেকে আমি এই সিদ্ধান্তে পেঁ'চেছি যে, খুব কম ক'রে হলেও ২৮ লক্ষ একর কৃষিজমি সারপ্লাস হওয়া উচিত। অথচ পেয়েছেন কত? ৯ লক্ষ একর। তার মধ্যে দখল করেছেন কত? ৬ লক্ষ একর। তার মধ্যে বিলি করতে পেরেছেন কত? ৪ লক্ষ একর। তার মধ্যে পাট্টা দিতে পেরেছেন কত? ১।০ লক্ষ একর। তা হ'লে অন্য রাজ্যের তুলনায় কেরল বাদ দিয়ে আমাদের রেকর্ড ভাল নিশ্চয়ই। কিন্তু যে বছরে আইনটা পাশ হ'ল—একটা আইন যখন পাশ হয়েছিল, আইনটা কবে চালু হয়েছে, আমরা আলোচনা করছি কবে?

সংস্কার এবং সংস্কারের ফলে তফাৎ আছে। ১৫/২০/৩০ বছর ধ'রে যদি করেন, তার কোন ফল দাঁড়ায় না। কত বছর বয়ে গেল, ফল কি দাঁড়াল? বাড়তি কিছু জমি বার ক'রে চাষীদের পাইয়ে দেওয়াই ভূমিসংস্কারের উদ্দেশ্য? মাস এনথুসিয়াজম জেনারেট-এর ফলে একটা পরিবর্তন নিয়ে আসুন, সামাজিক পরিবর্তন নিয়ে আসুন, কৃষিব্যবস্থায় তার ভিত্তিতে পরিবর্তন নিয়ে আসুন, একটা নূতন উচ্ছ্বাস উৎপাদনের মধ্যে নিয়ে আসুন। সমাজ ব্যবস্থার পরিবর্তন ক'রে, অসাম্য দূর ক'রে, গরিব চাষীদের মধ্যে উৎসাহ উদ্যম নিয়ে আসা, এটাই ভূমিসংস্কারের উদ্দেশ্য। সে কাজ ১৫/২০/৩০ বছরে করলে তার কান ফল দাঁড়ায় না। সেটা যদি দ্রুতগতিতে করতে পারেন, তা হ'লে ফল দাঁড়ায়। সুতরাং সম্ভাবনার তুলনায় কি করেছেন, প্রয়োজনের তুলনায় কি করেছেন, দ্বিতীয়তঃ কতদিন ধ'রে করেছেন, আর কতদিনে করেন সেকথা বলুন। দীর্ঘসূত্রতা হঠকারিতার কথা বলছেন।

তারপর ভাগচাষীদের কথা বলি। ভাগচাষীদের ব্যাপক উচ্ছেদ যে হচ্ছে সে সম্বন্ধে সকলেই বলেছেন। আমি বন্ধু নূরুল ইসলামকে ধন্যবাদ জানাই। পশ্চিমবঙ্গের কংগ্রেসের জেনারেল সেক্রেটারী হয়ে তিনি সাহস ক'রে বলেছেন, এই ঘটনাগুলি চলছে, আমার চোখের সামনে হ'ল একথা একজন এম এল এ কংগ্রেসের জেনারেল সেক্রেটারী বললেন, আমার সামনে হ'ল, আরও কয়েকজন কংগ্রেস সদস্য বলবেন আশা করি। এই হচ্ছে বাস্তব ঘটনা, আমার কাছে আরও কত তথ্য আছে, সময় পেলে বলতে পারতাম, আরও কত তথ্য সংগ্রহ করি নি, সংগ্রহ ক'রে কি লাভ হবে? এটাই সাধারণ ঘটনা যেগুলি ঘটছে, সে সম্বন্ধে চোখ বুজে থেকে কি হবে? এই যে বাড়তি জমি বণ্টন, এতে যে কত অন্যায় হচ্ছে। কত চাষী ১৫ বছর ধ'রে লড়াই ক'রে ক'রে জমি আঁকড়ে রাখল, কিন্তু বণ্টনের সময় সেই বাদ পড়ে গেল। আর যাদের দিচ্ছেন, দু বিঘা পাঁচ বিঘা, গরিব সাধারণ চাষী, তারাই কি রাখতে পারছে? তিনি তো ভূমিব্যবহার মন্ত্রী, ভূমিব্যবহার এবং অন্যান্য বিষয় নিয়েও, তিনি তো চান যে, তারা ভূমি ব্যবহার করুক, কিন্তু ভূমি যাতে ব্যবহার করতে পারে তার ব্যবস্থা কি করেছেন? আমি জানি না, মন্ত্রিসভা তাঁকে কি ক্ষমতা দিয়েছে। নামে আছেন তাঁকে বলি, কম পক্ষে দু'লক্ষ আড়াই লক্ষ একর জমি হবে, তারা কি রক্ষা করতে পেরেছে? ইতিমধ্যে বহু চাষী বহু জমি বন্ধক দিতে বাধ্য হয়েছে, তাদের চাষ করবার মত পুঁজি নাই, ক্ষমতা নাই, তাদের পেট চলে না। তা হ'লে কি হচ্ছে? এ সম্বন্ধে আমার পার্সনাল নলেজ আছে। তা হ'লে তো ঘুরে ফিরে সেই লাইনেই কনসেনট্রেশন হচ্ছে।

ভূমিসংস্কারের গুরুত্বের কথা বলেছেন। আজকাল সকলেই ভূমিসংস্কারের কথা বলে। ভূমিসংস্কার যে চায়, সেও বলে, যে চায় না, সেও বলে। কিন্তু ভূমিসংস্কারের গুরুত্ব কি সামান্য কিছু জমি গরিব চাষী'কে পাইয়ে দেওয়া? না। আজকে আমাদের দেশের কৃষির পুনর্গঠন ছাড়া দ্রুত শিল্পায়ন সম্ভব নয়, কৃষির গণতান্ত্রিক পুনর্গঠন সম্ভব নয়, গ্রামে গণতন্ত্র প্রতিষ্ঠা করা সম্ভব নয়, গ্রাম্য সমাজে গণতন্ত্র প্রতিষ্ঠা করা সম্ভব নয়, এবং দেশের অগ্রগতি

সম্ভব নয়। কৃষককে ঋণমুক্ত ক'রে ন্যায্য দর পাইয়ে দেওয়া, চাষীকে বেশি মজুরীর ব্যবস্থা ক'রে দেওয়া এবং সাধারণ বিবিধ সাহায্য করা এবং তাদের সঙ্ঘবদ্ধ করা যাতে ইনটেনসিভ কাল্টিভেসন ক'রে নিবিড় চাষ ক'রে কৃষি উন্নয়ন করতে পারে। এটার মানে হচ্ছে গরিবদের জীবনে আলোর দেশে অগ্রসর হবার রাস্তা।

[3-45—3-55 p.m.]

যে সবুজ বিপ্লব হয়েছে তাতে একটা গভর্নমেন্ট স্বীকার করছে যে, ৭ থেকে ১০ ভাগ মাত্র ভারতবর্ষের জমিতে সবুজ বিপ্লব এসেছে এবং এই সবুজ বিপ্লবের বেশির ভাগ পাঞ্জাব ও হরিয়ানায় হয়েছে। আপনারা কাগজের রিপোর্ট পড়ে থাকবেন যে, গত চার বছর ধ'রে স্ট্যাগনেন্ট হয়ে আছে, গত চার বছরে কোন ডেভেলপমেন্ট হচ্ছে না। কারণ এই ধনতান্ত্রিক দেশে অগ্রসর হবার উপায় নেই। গভর্নমেন্টের রিপোর্টে যেটুকু হয়েছে তাতে গ্রামে অসাম্য বেড়েছে। কেন্দ্রীয় সরকারের এগ্রিকালচার ডিপার্টমেন্টের রিপোর্ট পড়ুন, দেখবেন যে, অসাম্য বেড়েছে, টেনসন বেড়েছে। এতো চেষ্টা সত্ত্বেও গত চার বছরে স্ট্যাগনেন্ট হয়ে আছে, এগোতে পারছে না। আজকে ভারতবর্ষের অধগতির পথটা ঠিক করুন। এটা খুচখাচ ব্যাপার নয়, এটা একটা নীতির ব্যাপার, কিছু লোককে সুযোগসুবিধা পাইয়ে দিয়ে তার মধ্যে কৃষির ডেভেলপমেন্ট ক'রে কিছু উৎপাদন বাড়িয়ে-টাড়িয়ে দিয়ে ম্যানেজ ক'রে দেবেন। এভাবে গ্রামে কিছু পুঁজিবাদের বিকাশ ঘটাতে পারবেন—কিন্তু বেশি দূরে তা এগোবে না। তাতে দারিদ্র্য ঘুচবে না, বেকারী ঘুচবে না, অসাম্য বেড়ে যাবে—কিছু লোক ফুলে যাবে। দেশ তাতে বেশি দূরে এগোবে না। এ জিনিস প্রমাণ হয়ে গেছে এবং তা প্রমাণ হয়ে গেছে ব'লেই এই প্রশ্ন উঠেছে। তা হ'লে আমাদের দেশের পথ কি? গণতান্ত্রিক পুনর্গঠন অর্থাৎ গণ-তান্ত্রিক ভিত্তিতে কৃষিকে পুনর্গঠিত করা। ইংরাজরা আমাদের দেশের কৃষিকে রেখে গেছে একটা ভাংগাচোরা অবস্থায়, তার উপর হাজার কায়েমী স্বার্থের লোককে বসিয়ে রেখে এই কৃষককুলের ঘাড়ের উপর, তার উপর প্রকৃতির আঘাত। এই দুর্দশাগ্রস্ত কৃষক সমাজকে ক্ষমতা দিন—একে সংঘবদ্ধ করুন, সাহায্য করুন, গণতান্ত্রিক ভিত্তিতে কৃষিকে পুনর্গঠিত করুন, তা হ'লে কিছু উচ্ছ্বাস আসবে। আর তা না হ'লে আপনাদের যদি অগাধ টাকা থাকতো, তা হ'লে টাকা দিয়ে করতে পারতেন। কিন্তু আপনাদের কত ফার্টিলাইজার আছে? আজকে ভারতবর্ষে গ্রীন রেভলিউসন ৭ ভাগ থেকে ১০ ভাগ জমিতে হয়েছে। কিন্তু যদি ৫০ ভাগ জমিতে গ্রীন রেভলিউসন হয়, তা হ'লে যে সার লাগবে তা দিতে পারবেন? এখনই সার নিয়ে কি দুর্নীতি চলছে, মুনাফাখোরী চলছে। যা যন্ত্রপাতি লাগবে দিতে পারবেন? যা প্রেসটিসিড লাগবে তা দিতে পারবেন? যা জল লাগবে তা দিতে পারবেন? আপনার দেশ কি ডেভেলপড কান্ট্রি, আপনার দেশ ডেভেলপড কান্ট্রি নয়, সে সম্পদ নাই। যেটুকু আছে তার পূর্ণ ব্যবহার যদি করতে চান, মানুষের শ্রম ক্ষমতাকে যদি ব্যবহার করতে চান, তা হ'লে তাদের মধ্যে আগ্রহ সৃষ্টি করুন বা বাড়িয়ে তুলুন—তাদের সঙ্ঘবদ্ধ করুন, তা হ'লে নিশ্চয় উৎপাদন বাড়বে, তা হ'লে উৎপাদনে উচ্ছ্বাস আসবে। এ ছাড়া কোন উপায় নেই। এবং সেদিক থেকে ভূমিসংস্কারের গুরুত্ব আছে। আর তা না ক'রে তিন জন চাষীকে পাইয়ে দিলেন কিনা, আমাদের দলের চাষীকে পাইয়ে দিলেন, না, তোমার দলের চাষীকে পাইয়ে দিলেন —সেই ভূমিসংস্কারের মোটেই গুরুত্ব নাই। সেটা ছেলেখেলা, দলবাজি, সেটা খুচরা ব্যাপার। তাতে আমি ইন্টারেস্টেড নই। ভূমিসংস্কার এই জন্য দরকার। জমির কনসেনট্রেশন মেনে নাও এবং যারা ভূমিহীন তাদের কিছু জমি দাও, যারা অন্য রাজ্যের টেনেন্ট ব'লে পরিগণিত—কিন্তু আমাদের এখানে ভাগচাষী তারা যাতে জমিতে থাকতে চাষ করতে পারে সেই সুবিধা দাও সমবায় ইত্যাদির মধ্যে নিয়ে এসে ছোট মাঝারী রায়ত চাষী অল্প জমির মালিক আর ভাগচাষী এদের উপর ডিপেন্ড করুন—কৃষি উন্নয়নে এদের সাহায্য করুন, সঙ্ঘবদ্ধ করুন এবং তার উপর দাঁড়িয়ে কৃষি উন্নয়ন করুন। সমবায়ের ভিতর দিয়ে নানা রকম সমবায় সংগঠনের মাধ্যমে সরকারী সাহায্য ইত্যাদি জুগিয়ে দিন এবং এদের হাতে ক্ষমতা দাও। মাননীয় মন্ত্রিমহাশয়কে একটা কথা বলি—দক্ষযজ্ঞ হয়েছিল শিবকে বাদ দিয়ে। শিব খেপা লোক—শেষ পর্যন্ত যজ্ঞ, পণ্ড ক'রে দিল। তার কারণ শিবকে লাথি মেরে মাথা ফাটাবার মত দেবতা-কুলে কেউ ছিল না এবং দক্ষের পক্ষেও কিউ ছিল না। আজকে ভূমিসংস্কার করবেন চাষীকে

বাদ দিয়ে, ক্ষেত মজুরকে বাদ দিয়ে? ভূমিসংস্কার করবেন সরকারী কর্মচারীদের দিয়ে, আমাদের মত কতকগুলি ভদ্রলোককে দাঁড় করিয়ে একটা ল্যান্ড কমিটি ক'রে? আজকে পশ্চিমবঙ্গে দক্ষকে বাদ দিয়ে যজ্ঞ করছেন তাতে পশ্চিমবঙ্গের দক্ষরা মাঝে মাঝে খেপে যাচ্ছে এবং তেড়ে আসছে—আমাকে বাদ দিয়ে কি যজ্ঞ হচ্ছে? তখন শান্তির পাহারাওয়ালা লাঠি নিয়ে দাঁড়িয়ে যাচ্ছে—দেবকুলে বলছে, বের বের ঘর থেকে—এ যজ্ঞ আমরা করছি—তোমার কোন স্থান নেই। আজকে সেই গরিব ক্ষেতমজুর যদি সঙ্ঘবন্ধ হয়ে কোথাও ভূমিসংস্কারের জন্য এগিয়ে যায়, তা হ'লে তাকে লাঠিপেটা ক'রে শায়েস্তা ক'রে দেবে। তাতে বাড়াবাড়ি হয়ত হতে পারে। শিব খুব একটা দারুণ তান্ডব আরম্ভ ক'রে দিল। কিন্তু তাকে সংযত কি ক'রে করা যায়, তাকে সঙ্ঘবন্ধ কি ক'রে করা যায় করুন, তাকে নিন্দা ক'রে লাভ নেই, দমন ক'রে লাভ নেই, তা হ'লে যজ্ঞ হবে না। যাই হোক, আমার সমালোচনার মধ্যে আমি একটি সমালোচনা আপনার করবো। এক বছরে যা হয়েছে আপনি তার পুরো হিসাব দিয়েছেন। এক বছরে কত বাড়তি জমি উদ্ধার করেছেন, আপনার গত বছর আর এ বছরের বাজেট স্পীচ দেখলে মোটামুটি দেখা যায়, ৩৬/৩৭ হাজার একর পেয়েছেন। আর কত জমি বিলি করেছেন, গত বছর আর এই বছর তার হিসাব হচ্ছে ২৩/২৪ হাজার একরের মত। সুতরাং জিনিসটা স্ট্যাগন্যান্ট হয়ে আছে। আপনি নিজে স্বীকার করেছেন, নুতন আইন অনুসারে যেটা পাওয়ার কথা, সেটা ফাঁকি দিচ্ছে। এই অবস্থায় ভাগচাষীদের মধ্যে বিপুলভাবে উচ্ছেদ হচ্ছে, অনেকে সাহস করতে পারছে না। তথ্য আমার কাছে অনেক আছে, আপনার কাছেও অনেক আছে, আপনাকে সব দিতে পারি। এর আগে আমি প্রস্তাবগুলি রাখি। কেননা, আমার সময় খুব অল্প, তথ্য দিলে প্রস্তাবগুলি আর রাখতে পারব না। সেই জন্য প্রস্তাবগুলি আগে রাখতে চাই। ভূমিসংস্কার আইন এবং জমিদারী-দখল আইনের সংশোধন হওয়া দরকার। কি কি বিষয়ে সংশোধন হওয়া দরকার সেটা আমি বলতে চাই। প্রথমতঃ মেছো ঘেরী এর মধ্যে অন্তর্ভুক্ত হওয়া দরকার। এই আইনসভার মধ্যে আমার বিবৃতি উপলক্ষে মুখ্যমন্ত্রী জানিয়েছিলেন, দুজনকে নিয়ে কমিশন করেছিলেন, কংগ্রেস সভাপতি এবং আমি সেই কমিশনে ছিলাম, সেই কমিশনের রিপোর্ট আপনার কাছে আছে। আমি বে-আইনী কিছু করবো না, শুধু এইটুকু দাবি করবো যে, সেই রিপোর্ট এম এল এ-দের কাছে সারকুলেট করুন বা টেবিলে রাখুন এবং আপনি একটা দিন ধার্য করুন সেটা আলোচনা করবার জন্য। কেন বলছি—সেই রিপোর্টে শুধু গোপাল গুহ সম্বন্ধে তদন্ত নেই- আপনি জানেন, গোপাল গুহ সম্বন্ধে তদন্ত করতে গিয়ে কেঁচো খুঁড়তে গিয়ে সাপ বেরিয়েছে এবং কি পদ্ধতিতে ওরা লুকোয়, কি পদ্ধতিতে রায়তী চাষীদের উচ্ছেদ ক'রে দখল করছে, রায়তী চাষী, খাজনা চাষী কি পদ্ধতিতে তারা পরবর্তীকালে এই জমি লুকিয়েছে, গোপন ক'রে রয়েছে, সমস্ত কিছু তাতে ধারাবাহিক-ভাবে এক্সপোজ করা হয়েছে ঘটনার ভিত্তিতে এবং ক'রে বলা হয়েছে যে, গোপাল গুহের ব্যাপার নয়, এইরকম অসংখ্য ঘটনা আছে এবং আপনারা সেই বিষয়ে কোন হাই পাওয়ার কমিশন বসিয়ে তদন্ত ক'রে আইনের প্রয়োজনীয় সংশোধন করুন এবং সেই রিপোর্টে আপনার কাছে সুপারিশ করা হয়েছে যে, আপনারা এই মেছো ভেড়ীর কতটা চাষের জমি, আর কতটা মাছের জমি সেই রেকর্ড আবার সংশোধন করুন এবং আপনারা মেছো ভেড়ীর অন্তর্ভুক্ত সমস্ত চাষের জমিকে এই জমিদারী-দখল আইনের আওতার মধ্যে নিয়ে আসুন। সেই রিপোর্টে বলা হয়েছে, ডাঃ রায়কে সভাপতি ক'রে সুন্দরবন উন্নয়নের যে বোর্ড হয়েছিল ১৯৫০ সালে, ডাঃ রায় সেখানে উপস্থিত, বোর্ডের রিপোর্টে দেখা যায় যে, এই ২৪-পরগনা জেলায় ৩ লক্ষ ৭৬ হাজার ৩২০ বিঘা জমি মেছো ভেড়ীর মধ্যে টেনে নেওয়া হয়েছে নানান কায়দায় এবং তার পরবর্তীকালে আরো অনেক মেছো ভেড়ী হয়েছে। আমার চোখের সামনে দেখেছি, আমি সেচমন্ত্রী থাকার সময়ে এই ২৪-পরগনার কয়েকটি বিল পরিষ্কার ক'রে খাল কেটে নিয়ে গিয়ে তার জল সরিয়ে দিয়ে চাষ রক্ষা করবার জন্য চেষ্টা করেছিলাম। পরবর্তী গভর্নমেন্ট সেটা কন্টিনিউ করেছেন, বহু টাকা ১৭ লক্ষের মত হবে খরচ ক'রে স্লুইস করা হয়েছে, খাল কাটা হয়েছে। আজকে আমার চোখের সামনে দেখতে পাচ্ছি ঐ পুরানো বিদ্যাধরী বাঁধ কেটে দিয়ে সেখান থেকে জল নিয়ে এসে সেটাকে ডুবিয়ে দিয়ে মাছের চাষ করবার চেষ্টা করা হচ্ছে, এই রকম অনেক ঘটনা ঘটেছে। আমি আপনাকে বলব, আপনি রেকর্ড করুন, আইন সংশোধন করুন এবং এর বেশির ভাগ জমিই চাষের জমি, আপনার ডিপার্টমেন্ট যে তদন্ত করেছে সেই তদন্তে প্রমাণিত হয়েছে যে, এর বেশির ভাগ জমিই হচ্ছে চাষের জমি, তারা গোপন ক'রে

রেখেছে, সেটা আপনি বের ক'রে নিয়ে আসুন। তাই আমি আপনাকে বলব, ভূমিসংস্কার আইন যে সংশোধন হয়েছে সেই আইনে দেবোত্তর, দাতব্য, ওয়াকফ ইত্যাদি সমস্তই এখন আইনের আওতার মধ্যে এসেছে। কিন্তু এই আইনের আওতার বাইরে থাকার সময়ের কথা তো চলছে। আইনের আওতার পরের সময়ের কথাটা কি—কত এই রকম দেবোত্তর, দাতব্য, ওয়াকফ জমি এখন বিক্রি ক'রে দেওয়া হচ্ছে, যাতে গভর্নমেন্টের নতুন আইন অনুসারে

[3-55—4-05 p.m.]

গভর্নমেন্ট নিতে না পারে? সে সম্বন্ধে আপনারা কি সচেতনতা দেখিয়েছেন? আরো একটা আইনের সংশোধনের কথা বলব। সারা ভারতে এই নিয়ে তুমুল হট্টগোল হয়ে গিয়েছে। কংগ্রেস ওয়ার্কিং কমিটি ৯ জনকে অ্যাপয়েন্ট করেছিলেন, মিনিস্টার এবং তাঁদের নেতৃস্থানীয় কংগ্রেস ওয়ার্কিং কমিটির মেম্বার, তাঁরা যে রিপোর্ট দিয়েছিলেন তাকে অনেক মুখ্যমন্ত্রী মিলে বাতিল ক'রে দিয়ে তাঁরা জোর ক'রে পাশ করিয়েছেন ডেফিনেসান অব ফ্যামিলি। কিন্তু কংগ্রেসের লিডার যাঁদের মধ্যে অনেক চিফ মিনিস্টার ছিলেন, ওয়ার্কিং কমিটির মেম্বার ছিলেন তাঁরা সর্বসম্মত ভাবে সেটা দিয়েছিলেন, ৯ জনের রিপোর্ট। সেই রিপোর্টে তাঁরা বলেছিলেন, তোমরা যদি ফ্যামিলি ডেফিনেসান এই কর যে, ছেলে বয়স্ক হয়ে গেলেই আলাদা ফ্যামিলি বলে গণ্য হতে পারে, তা হ'লে তো তোমরা জমি পাবে না। জমি সব ভাগ ক'রে নেবে। সেই তুলনায় ১৯৫৩-৫৪ সালের আইনে যা করতে চেয়েছিলেন, ফ্যামিলির ভিত্তিতে হোক, কিন্তু ২৫ একর জমির মালিক এই যে সীমাবদ্ধ ক'রে রেখেছিলেন, তার জন্য আমরা এত জমি পেতে পেরেছি। সুতরাং এই দুটিকে মেশাতে হবে এবং ফ্যামিলির ডেফিনেসান চেঞ্জ করতে হবে। তা যদি না করেন, তা হ'লে তার ফাঁক দিয়ে যে কত জমি বেরিয়ে যাবে তা আমি বলতে পারি না। দ্বিতীয়তঃ ল্যান্ড ট্রাইব্যুনালস। আমি বলি, ভূমিসংস্কার কখনও হবে না যদি না স্ট্যাটুটারী ল্যান্ড ট্রাইব্যুনালস্ করেন। স্ট্যাটুটারী ক্ষমতা দিয়ে ল্যান্ড ট্রাইবুনাল করুন, একজন অফিসার তাতে রাখুন, কিছু জনপ্রতিনিধি রাখুন, কিন্তু আমি দাবি করবো যাদের জন্য এই দক্ষযজ্ঞ তাদের অন্ততঃ অর্ধেক রাখতে হবে যদি না বেশি পারেন। স্থানীয় ভাগ-চাষী, ক্ষেতমজুর, তাদের প্রতিনিধি—যে শিবের যজ্ঞ সেই শিবকে নিতে হবে। সেই শিব সর্বহারা, তার কিছুই নেই, কিন্তু তাদেরই জন্য এই যজ্ঞ, সুতরাং তাদের নিতে হবে। কিভাবে নেবেন? যদি নির্বাচন ক'রে নিতে পারেন, ক্ষেতমজুর, ভাগচাষীদের মধ্যে থেকে নিন। তা যদি না পারেন, কৃষক কংগ্রেস আছে, কৃষাণ সভা আছে, কৃষকদের অন্যান্য প্রতিষ্ঠান আছে, তার মধ্যে স্থানীয়ভাবে যারা নেতৃস্থানীয় তাদের ভেতর থেকে নিন। যেভাবেই হোক, ক্ষেতমজুর এবং গরিব চাষী তাদের এই ল্যান্ড ট্রাইবুনালে অন্ততঃ ৫০ পারসেন্ট নিতে হবে এবং স্ট্যাটুটারী পাওয়ার দিতে হবে। তারপর কোথাও ল্যান্ড কমিটি, ল্যান্ড অ্যাডভাইসরী কমিটি বলছে, আমরা করছি, আমাদের কথা শুনছে না, কোথাও ল্যান্ড অ্যাডভাইসরী কমিটির বিরুদ্ধে চাষীরা নালিশ করছে এই ব'লে যে, এরা যা খুশি করছেন, পক্ষপাতিত্ব করছেন, প্রকৃত কোন তদন্ত করছেন না, এই দু' রকমের কোন রকমের লিডারের দরকার নেই, ল্যান্ড ট্রাইব্যুনাল করে তাকে স্ট্যাটুটারী পাওয়ার দিন এবং তার ভেতরে এম এল এ-দের রাখতে পারেন, অফিসার রাখতে পারেন, কিন্তু গরিব চাষী এবং ক্ষেতমজুর তাদের অন্ততঃ অর্ধেক এর মধ্যে থাকা দরকার। তারপর কোর্ট বা আদালতের কথা বলব। হাইকোর্ট ইনজাংসন দিচ্ছেন, তাঁর সে ক্ষমতা রয়েছে কনস্টিটিউসান অনুসারে, বছরের পর বছর ফেলে রেখে দিয়েছেন। এই প্রসঙ্গে আমি বলব, বর্তমান প্রধান বিচারপতি হাইকোর্টের যিনি, তিনি একজন গান্ধীপন্থী, উদারনীতি মনোভাবাপন্ন লোক। আমি এটা দাবি করছি, আপনারা হাইকোর্টের প্রধান বিচারপতিকে বলুন, কেন ৫।৬।৮।১০ বছর ফেলে রেখে দেবেন। বিচার করুন, হ্যাঁ, না, ভালমন্দ, উচিত, অনুচিত যা হোক বলুন, এগিয়ে করুন, না হয় নাকচ ক'রে দিন, যা হোক ব্যবস্থা একটা করুন। অ্যাডভোকেট-জেনারেলকে দিয়ে এ বিষয়ে চিফ জাস্টিসের সঙ্গে কথা বলিয়ে আপনারা এই সমস্ত কেসগুলি ত্বরান্বিত করুন। তারপর সিভিল কোর্ট। হাইকোর্ট না হয় কনস্টিটিউসান অনুসারে পাওয়ার পেয়েছে, কিন্তু সিভিল কোর্ট কি ক'রে এসব কাণ্ড করছে? আপনারা জানেন, এরকম হাজার হাজার কেস রয়েছে, আমার কাছেও কতকগুলি কেস রয়েছে, ভাগচাষীর কেস সিভিল কোর্ট—জে এল আর ও বলছে, ভাগচাষী আর সিভিল কোর্ট বলছে, না, আমি

ইনজাংসান দিলাম। বর্গাদার ভাগচাষ কোর্ট যাব এক্তিয়ার, সেই ভাগচাষ কোর্ট বলছে, এ বর্গাদার, সিভিল কোর্ট বলছে, আমরা ইনজাংসান দিলাম। তা ছাড়া সিভিল কোর্ট কি করছে? ম্যানি স্যুট, স্বত্ব স্যুট, নানান রকম ক'রে সে বর্গাদারকে উচ্ছেদ করছে এবং বর্গাদারের এগেনস্টে ইনজাংসান দিচ্ছে। কি ক'রে দেয়? বর্গাদার ব'লে স্বীকৃত, তার এগেনস্টেও দিচ্ছে। আপনার আইনে তো লেখা আছে বর্গাদার কি বর্গাদার নয় এ সম্পর্কে সিদ্ধান্ত নেবে একমাত্র ভাগচাষ কোর্ট। তার বিরুদ্ধে অবশ্য আপিল আছে। আগে ছিল মুনসেফ, এখন এস ডি ও, তারপরে হাইকোর্টে আসবে ইত্যাদি কিন্তু সিভিল কোর্ট সেখানে হস্তক্ষেপ করছে। গতবারেই আমি বলেছিলাম যে, আপনারা এমন একটা আইন করুন যাতে পরিষ্কার হোক যে, না সিভিল কোর্ট এই ভাবে বানচাল করতে পারবে না, সে ক্ষমতা তার নেই, কনস্টিটিউসান তাকে সে ক্ষমতা দেয় নি। কনস্টিটিউসান শুধু মাত্র হাইকোর্টকে সে ক্ষমতা দিয়েছে, ২২৬এ হাইকোর্ট করতে পারেন, সিভিল কোর্টকে সে ক্ষমতা দেওয়া হয় নি। আমি সেজন্য সাজেস্ট করছি, এই রকম ধরনের একটা আইন আপনি এই অধিবেশনে নিয়ে আসুন যাতে অন্ততঃ এই ভাবে জিনিসটা আইনত রাখা যায় যে, ইস্যুস যা, তার মধ্যে যদি একটা ইস্যু থাকে যে, ভাগচাষী কি ভাগচাষী নয়, তা হ'লে সিভিল কোর্ট সেটা ভাগচাষ কোর্টের কাছে রেফার করবে। আমি বলছি এটা আইনেতে সম্ভব। আপনি অ্যাডভোকেট-জেনারেলের সঙ্গে আলোচনা করুন, অন্যান্য আইনজ্ঞদের সঙ্গে আলোচনা করুন। ফৌজদারী আইনে আছে ১৪৪, ১৪৫ করতে গিয়ে অন্য ইস্যু এসে পড়ে, যে ইস্যুটা সিভিল কোর্টের বিচার্য, তা হ'লে ট্রায়িং ম্যাজিস্ট্রেট সেটা সিভিল কোর্টে রেফার করতে বাধ্য এবং কেউ যদি বলে যে, আমি জমির মালিক, আমার বিরুদ্ধে ১৪৪ করছেন কেন, আমি এই জমির মালিক। তাই সে মালিক কি মালিক নয়, সেই ইস্যু ফৌজদারী কোর্টের বিচার্য বিষয় নয়। সুতরাং আইনের প্রিন্সিপ্যাল এটাতে আটকায় না। দরকার হ'লে সংবিধান বদল করতে হবে। একজন কে যেন বলেছিলেন যে, পৃথিবীর সব সংবিধানের মধ্যে আমাদের সংবিধানই একমাত্র সংবিধান, যে সংবিধানে নাগরিকরা বলতে পারে যে, সংবিধান আমাকে এই অধিকার দিয়েছে যে, আমি বিনাবিচারে বন্দী হতে পারি। আই ক্যান বি ডিটেইন্ড উইদাউট ট্রায়াল। দিস ইজ দি ফান্ডামেন্টাল রাইট আই হ্যাভ গট। সংবিধান বদল হচ্ছে, সংবিধান আবার বদল হতে পারে। কিন্তু আপনি যদি সিভিল কোর্টকে না আটকান, তা হ'লে পারবেন না। সেই সূত্রে বলবো, বড়বড় কর্পোরেশানের হাতে জমি আছে। আমার মুর্শিদাবাদে যে দুটি চিনিকল ছিল তাদের এক জনের হাতে ২২/২৪ হাজার একর জমি ছিল, সেই জমিতে আখ চাষ করছে, সেটা আপনি বাদ দিয়ে রেখেছেন। তাতে কি চাষ করছে সেটা আপনি খবর নিন। আইনে বাদ পেতে পারে কিনা সেটা দেখুন। আর একটা লিকুইডেশানে চ'লে গেছে। কেডিয়া কোম্পানী, তারা ১২ শত জমি না কত হবে সেই জমি রেখে দিয়েছেন। কি ক'রে সেটা তারা রেখেছেন? তারপর ওয়াকফ এস্টেট এবং দাতব্য ইত্যাদি নানা রকম জমি বিলি করছে, সেগুলি আপনি দেখুন। আমি আর দু'-চারটি ঘটনা আপনার কাছে রাখবো যে, কি ব্যাপকভাবে হচ্ছে। আমি কালকে বলেছি, পুলিসের হস্তক্ষেপ—আপনি যে সার্কুলার দিয়েছেন ভূমিরাজস্ব বিভাগ থেকে, আপনি বুকে হাত দিয়ে বলতে পারেন যে, হোম ডিপার্টমেন্টের পুলিস আপনার সার্কুলার মেনে চলছে? জে এল আর ও-রা সকলে পবিত্র লোক, তা নয়। আপনার ডিপার্ট-মেন্টে বহু অফিসার বহু অন্যায় করছে, তার অভিযোগও আমার কাছে অনেক আছে। অনেক ক্ষেত্রে তারা যখন বলছে তাদের সেটা বাতিল করা হচ্ছে, পুলিস দিয়ে এসব করা হচ্ছে, ধান লুঠ করা হচ্ছে। মেদিনীপুরে আমার নিজের কনস্টিটিউয়েন্সিতে একটা বিরাট জমির মালিক, প্রায় ৭ শত একর জমির মালিক, প্রমথনাথ পাল, তার সারপ্লাস ল্যান্ড যা আছে তিনি হাইকোর্টে মামলা ঠুকে দিয়ে সেই সারপ্লাস ল্যান্ড চাষীদের উপর থেকে ডিগ্রী জারি করিয়েছেন এখানকার ভাগচাষীদের কাছ থেকে ধার আদায় করার জন্য এবং পুলিস চাষীর বাড়িতে গিয়ে ঢুকেছে, চাষীর মেয়েকে লাথি মেরে ফেলে দিয়ে জোর করে ধান আনবার চেষ্টা করেছে। কিন্তু আমার জেলা ঝাড়গ্রামে কি হয়েছে? সেখানে জে এল আর ও বলছে চাষীর ধান, অফিসাররা বলছেন চাষীর ধান, এস ডি ও বলছেন, ফেরত দেবার চেষ্টা কর, কিন্তু পুলিস তার কোন স্টেপ নিচ্ছে না। ধান লুঠ ক'রে নিয়ে গেছে এই রকম খবর আমার কাছে অনেক আছে। ২৪-পরগনা জেলা, অনেক কেস আমার কাছে র'য়েছে, মেদিনীপুর এবং আরো অন্যান্য জেলার অনেক কেস আমার কাছে রয়েছে, কিন্তু আপনারা কোথাও স্টেপ নিচ্ছেন না। ২৪-পরগনায় যে

ক্যাম্প কোর্ট, সেই ক্যাম্পের ম্যাজিস্ট্রেট, তিনি বলছেন, জোর ক'রে এই চাষী চাষ করেছিল আগের বছর, এই চাষীকে জোর ক'রে চাষ করতে দেওয়া হয় নি। যেহেতু চাষ করে নি রায় দিচ্ছি, তুমি এক ছটাকও ধান পাবে না। কিন্তু আমি রায় দিচ্ছি, তুমি বর্গাদার ব'লে নেকস্ট ইয়ার চাষ করতে পারবে এবং পুলিস যাতে তোমাকে প্রোটেকশান দেয়—দীর্ঘকালের বর্গাদার, ১৯৫৬ সালের ভাগচাষ কোর্টে প্রমাণিত বর্গাদার, সেই বর্গাদার সম্পর্কে জে এল আর ও কি রিপোর্ট দিলেন? না জোর ক'রে ১৯৭০ সালে চাষ করেছিল। আপনার এই সার্কুলার এই সব সুযোগ দিয়েছে। তখনই আমার মনে এই আশঙ্কা হয়েছিল। ১৯৭০ সালে জোর ক'রে চাষ করেছে, ম্যাজিস্ট্রেট বলছেন, সে যাই করুক, বর্গাদার হিসাবে একে রেষ্টোর করতে হবে। কিন্তু যে তাকে বে-আইনীভাবে উচ্ছেদ করেছে, আপনি তাদের বিরুদ্ধে কোন স্টেপ নিয়েছেন? আজকে সারা পশ্চিমবাংলায় কত বর্গাদার বে-আইনীভাবে উচ্ছেদ হয়েছে, আপনি তার কি স্টেপ নিয়েছেন? কত জায়গায় মিথ্যা লিখিয়ে নেওয়া হয়েছে। আমি কাঁথিতে গিয়েছিলাম। সেখানে আমার কাছে এসে এক চাষী বললেন যে, ওরা রেকর্ড করায় নি, অনুগত চাষী ছিল, এখন জোতদার তাদের বলছে, এই রকম বয়ান আমাকে লিখে দাও যে, তোমরা আমার ভাগচাষী নও, তোমরা আমার কাছ থেকে খরচ নিয়ে কর, এটা তোমরা লিখে দাও। তারা সেটা লিখে দেয় নি ব'লে তাদের ধান সমস্ত ঝাড়াইমাড়াই ক'রে নিয়েছে। তার কোন বিচার নেই, প্রতিকার নেই।

[4-05—4-15 p.m.]

আপনার ঐ ২৪ পরগনা সম্পর্কে আমার কাছে তালিকা রয়েছে, ম্যাজিস্ট্রেটের কাছে দরখাস্ত রয়েছে, ৩৩ জন ভাগচাষী তাদের ১২৫ বিঘা জমির ধান লুঠ ক'রে নিয়ে চ'লে গেছে। তাদের ফলানো ধান, সমস্ত প্রমাণপত্র, দলিল আমার কাছে রয়েছে, সেই ধান তারা তো পেল না। সারা পশ্চিমবাংলায় এই যে চাষী উচ্ছেদ ঘটেছে, সারপ্লাস জমি থেকে জোর ক'রে তাড়িয়ে দেওয়া হয়েছে, আবার আশ্চর্য ব্যাপার, সারপ্লাস জমি পাট্টা নিয়েছে, তার উপর ইনজাংশন হয়ে গেল, এই যে অরাজকতা চলছে এই ভূমিসংস্কার সম্বন্ধে, এই অরাজকতা সম্বন্ধে আপনি কি ওয়াকিবহাল আছেন, যদি থাকেন, তা হ'লে সেই বিষয় কোন স্ট্রং স্টেপ নেবার ইচ্ছা আছে ব'লে আপনার বক্তব্যের মধ্যে মনে হ'ল না। আপনার বক্তব্য শুনে মনে হ'ল, হ্যাঁ, একটু আধটু কম বেশী আছে, তবে মোটামুটি সব ঠিক হ্যায়, কিছু ভাবনা নেই, আমরা চলছি চলবো, হঠকারিতা করবো না, দীর্ঘসূত্রতা করবো না। আমার সময় ফুরিয়ে গেছে, আমি এই ব'লে বসছি যে, ২৬ বছর ধরে ভূমিসংস্কার করাটাকে হঠকারিতা বলে না আর ২৬ বছর পরে আরও কয়েক বছর যে রকম করা যাবে, তাকে দীর্ঘসূত্রতা বলে না, দীর্ঘসূত্রতার ঠাকুরদাদা বলে। এই কথা ব'লে আপনার কাছে আবেদন করবো যে, প্রস্তাবগুলো দিলাম, যার সমর্থনে আমার অনেক কিছু বলবার ছিল, কিন্তু সময় নেই, আপনি যদি সেই স্টেপগুলো অন্ততঃ নেন, তা হ'লে কিছু ভূমিসংস্কার করতে পারবেন, সেই সঙ্গে কৃষির অন্যান্য গণতান্ত্রিক পরিবর্তন যদি হয়, তা হ'লে কৃষির পুনর্গঠন হবে।

শ্রীশিশিরকুমার সেন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ভূমিসম্ব্যবহার, ভূমিসংস্কার এবং ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দ দাবি উত্থাপন করেছেন তাকে আমি পরিপূর্ণ ভাবে সমর্থন জানাচ্ছি। সমর্থন করছি এই জন্য যে, আজ'ক বর্গাদারদের স্বার্থ সংরক্ষণের জন্য, গৃহহীনদের বাস্তু দান করার জন্য এবং ভূমিহীনদের ভূমি দেবার জন্য যে বলিষ্ঠ পদক্ষেপ বিগত এক বছর ধ'রে এই সরকার আসার পর চলছে শান্তিপূর্ণ ভাবে, সেই জন্য এই ব্যয়বরাদ্দ দাবীকে আমি সমর্থন জানাচ্ছি। সেই সঙ্গে সমর্থন করতে গিয়ে বি এল এল আর কমিটির সদস্য হিসাবে যারা আছে, যে সমস্যার সম্মুখীন আমরা হচ্ছি, সেইগুলো সমাধানের জন্য দু-একটা সাজেসন মন্ত্রিমহাশয়ের কাছে রাখতে চাইছি। আজকে আমরা যখন ভূমিহীন এবং বাস্তুহীনদের জমি বি এল এল আর কমিটির মাধ্যমে বিলিবণ্টনের বন্দোবস্ত করছি সেই ক্ষেত্রে আমরা আমাদের তরফ থেকে জমি নির্দায় এবং নির্দোষ অবস্থায় দেবার চেষ্টা করছি। তবুও দেখা যাচ্ছে, সেখানে আমরা জমি বিলি করছি, সেই জমি বন্দোবস্ত দেবার প'র মালিক পক্ষ যাদের কাছ থেকে জমি জে এল আর ও সাহেব গ্রহণ করেছেন, সেই জমি টেন টু নোটিস

যথাসময়ে না করার জন্য কিংবা টেন টু নোটিস সেই মালিকের কাছে না পেঁছানোর জন্য—সরকার থেকে গাফিলতির জন্য, ভুলত্রুটির জন্য বিলিবন্দোবস্ত ক'রে দেওয়া জমি যেগুলো বাস্তুহীনদের বিলি ক'রে দেওয়া হয়েছে, সেই জমি দেবার পরে আইনের আশ্রয় নিয়ে সেই বিলিবন্দোবস্তকে তারা বানচাল ক'রে দেবার চেষ্টা করছে। এই সমস্ত ক্ষেত্রে বিভাগীয় কর্তৃপক্ষের যে ত্রুটিবিচ্যুতি থাকছে, ফলে ভূমিহীন এবং বাস্তুহীনদের জমি দেবার যে উদ্দেশ্য সেইগুলো বানচাল হয়ে যাচ্ছে। স্বাভাবিক ভাবে আমাদের বি এল এল আর ও কমিটি পশ্চিমবাংলার মানুষের কাছে অপদস্থ হচ্ছে। ভূমিহীন, যাদের আর্থিক অবস্থার পরিবর্তন করতে চাচ্ছি, সেই ক্ষেত্রে আমরা হেয় প্রতিপন্ন হয়ে যাচ্ছি। এই ক্ষেত্রে বিভাগীয় কর্তৃপক্ষের দাবিকে আমি সমর্থন জানাচ্ছি। সেই সঙ্গে সমর্থন করতে গিয়ে বি এল এল আর কমিটির কাছে আপনার মাধ্যমে আমি রাখতে চাই, যে আজকে জে এল আর ও অফিসে, এ ডি এম সেই সমস্ত ধারা তাদের উপর ইমপ্লিমেন্ট করার যে প্রশ্ন আছে, সেইগুলো ঠিকমত ভাবে ক'রে যদি আমরা জমিকে নির্দায় এবং নির্দোষ অবস্থায় ভূমিহীন এবং বাস্তুহীনদের দিতে পারি, সেই ব্যবস্থার দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সেই সঙ্গে সঙ্গে আমরা যখন ভূমিবণ্টন ব্যবস্থা করতে চাচ্ছি, ভূমিহীনদের মধ্যে, বাস্তুহারাদের মধ্যে, যে কথা আমাদের বিশ্বনাথদা বললেন যে, ৫ বিঘা জমি আমাদের বাস্তুহারাদের দিচ্ছি স্থায়ীভাবে, কিন্তু তাদের বাড়ি করবার জন্য গ্রান্ট যদি দিতে না পারি বা অর্থ দেবার ব্যবস্থা যদি না থাকে, তবে ভূমি দেবার যে উদ্দেশ্য সেটা বানচাল হয়ে যাবে ব'লে আমি মনে করি। ৫ বিঘা কি ১০ বিঘা জমি তাদের দিচ্ছি ফসল ফলাবার জন্য, অধিক ফসল ফলাবার জন্য বা কৃষককে এস্টাব্লিসড্ হবার জন্য, কিন্তু যদি আমরা আর্থিক সাহায্য দেবার চেষ্টা না করি, তা হ'লে ভূমিসংস্কার ব্যবস্থা বানচাল হয়ে যাবে ব'লে আমি মনে করি। সেই সঙ্গে আজকে যে কথা বলছিলাম যে, ক্ষতিপূরণের কথা আপনি বলেছেন, সেই ক্ষতিপূরণ সম্পর্কে আমি দু'-একটা কথা বলব যে, ভূমির ক্ষেত্রে যে সমস্ত ছোট ছোট মধ্য স্বত্বভোগীরা রয়েছে তারা ১০/১৫ বছর পর্যন্ত ক্ষতিপূরণ পায় নি। আমি জানি কমপেনসেশন অফিসারের কাছে যদি ঘুষ নিয়ে না যেতে পারা যায় বা যে সমস্ত সরকারী কর্মচারীরা রয়েছেন, আমলারা রয়েছেন, তাদের তোষামোদ যদি না করা যায়, তাদের উপঢৌকন যদি না দেওয়া যায়, তা হ'লে ক্ষতিপূরণ পাওয়া যায় না। সেই জন্য আমি বলতে চাই যে, আপনি এইদিকে একটু লক্ষ্য রাখুন।

শ্রীজগদানন্দ রায়ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি এই বাজেটকে সমর্থন করছি। মাননীয় মন্ত্রিমহাশয়ের সামনে দীর্ঘদিনের ইংরাজের কুকীর্তির কাহিনী তুলে ধরছি, আশা করি তিনি এর উপর গুরুত্ব দেবেন এবং সে বিষয়ে ব্যবস্থা নেবেন। স্যার, আপনি জানেন, জলপাইগুড়ি জেলায় ডুয়ার্স নামে একটা জায়গা আছে। জানি না সত্য কিনা, তবে জনশ্রুতি আছে, এখনো নাকি আমাদের ভুটান গভর্নমেন্টকে ১০ হাজার টাকা করে সেলামী দিতে হয়। এটা যদিও শোনা কথা এবং এই নিয়ে নানারকম আলোচনা হয়েছে, তবে এই বিষয়ে আমি তথ্য তুলে ধরতে পারি। মোগল সাম্রাজ্যের পর ইংরাজের সঙ্গে যুদ্ধ হওয়ায় কুচবিহার আসাম রাজ্যের সঙ্গে যুক্ত হওয়ার পর ইংরাজের সঙ্গে ভুটানের যে চুক্তি হয় তারপর থেকে সেই ধারা নাকি এখনো চলে আসছে। কিন্তু ডুয়ারসে ওয়েস্টারন ডুয়ারস মারকেটিং ফান্ড নামে একটা ফান্ড সৃষ্টি করা হয় ১৮৮৭ খৃস্টাব্দে। এর অধীনে ৪৭টি হাট ছিল, এখন সেটা কিছু বেড়েছে। ১৯২২ সালে রেভিনিউ বোর্ডের আন্ডারে একজন আমলার দ্বারা এটা পরিচালিত হচ্ছে। এই ওয়েস্টারন ডুয়ারস মার্কেট ফান্ডের মালিক হচ্ছেন স্বয়ং জলপাইগুড়ি জেলার সমাহর্তা অর্থাৎ ডি সি। তাঁর হাতে সমস্ত ক্ষমতা, কিন্তু ডুয়ারস মার্কেট ফান্ডের যে প্রজা, তারা আজও ও সরকারের প্রজা নয়। সব কিছু ব্যবস্থা ডেপুটি কমিশনারের কাছ থেকে করতে হয় এবং ওদের যে বাজেট সেই বাজেটের সঙ্গে সাধারণ বাজেটের কোন সম্পর্ক নেই, এর আলাদা বাজেট আছে। এই জন্য বলছি, পশ্চিমবঙ্গ সরকার জলপাইগুড়ি জেলার পশ্চিম ডয়ারস নামে পরিচিত তিস্তা নদীর পূর্বতীর হইতে আসাম সীমান্তের রায়ডাক নদীর পশ্চিম তীর পর্যন্ত সুদূর বিস্তৃত এলাকার যাবতীয় হাটসমূহ পশ্চিম ডুয়ারস মার্কেট ফান্ড নামক সংস্থার নিয়ন্ত্রণাধীনে রহিয়াছে। ঐ সংস্থার নিয়ামক পদাধিকার বলে ডি সি। তিনি তাঁর অধীনস্থ কর্মচারিগণ দ্বারা ঐ সকল হাটের বিলির ব্যবস্থা, খাজনা ও হাটের তোলা ইত্যাদি

আদায় করিয়া থাকেন এবং হাটের জমি জমার বিলি বন্দোবস্ত করিয়া থাকেন। সরকার পশ্চিমবঙ্গ জমিদারী গ্রহণ আইন চালু হওয়ার পর সমস্ত স্বত্ব লোপ করতঃ সমুদয় জমির খাজনা আদায় ভার নিজের তত্ত্বাবধানে নেওয়ার ফলে প্রজাসাধারণ জমিদার ও মধ্যস্বত্ত্বাধিকারীর স্বেচ্ছাচার ও নিপীড়নের হাত হইতে রক্ষা পাইবে। সরকার সকল ভূম্যধিকারিদের প্রজাসাধারণের হিতার্থে সকল প্রকার আইনের সুযোগসুবিধা প্রদান করিবেন, ইহাই আইনের মূল উদ্দেশ্য। আমরা প্রজাসাধারণ তাই আশা করেছিলাম, কিন্তু দুর্ভাগ্যের বিষয় দীর্ঘ এযাবত পর্যন্ত তার কোন ব্যবস্থা হয় নি। এর ফলে এই মার্কেট ফান্ডের আন্ডারে যেসব সরকারী কর্মচারী কাজ-কর্ম করেন, এদের দেশ স্বাধীন হওয়ার পরেও টেম্পোরারী হিসাবে কাজ করতে হচ্ছে, এবং এদের সরকারী কর্মচারী হিসাবেও গণ্য করা হয় না। এদের প্রভিডেন্ট ফান্ড নেই, গ্র্যাচুইটি নেই, পেনসন নেই এবং ডি সি যখন তখন ইচ্ছা করলে অ্যাপয়েন্টমেন্ট দিতে পারেন আবার ছাঁটাইও

[4-15—4-25 p.m.]

করতে পারেন। এদের পেনসনের কোন ব্যবস্থা নেই। তাছাড়া—ময়নাগুড়ি, ধুবগুড়ি, ফলাকাটা, মাদারিহাট, মানবাজার, বীরপাড়া ইত্যাদি সব বড় বড় হাটগুলি আছে। এদের অধীনে বহু একর এরিয়া দিয়ে এক একটি হাট এরিয়া। এগুলি মার্কেট ফান্ডের অধীনে। যারা এখানে ব্যবসা করে তাদের বাদ দিয়ে যেসমস্ত জমিগুলি আছে সেখানে স্থানীয় লোকেরা স্থায়ী ভাবে বসবাস করছে এবং পূর্ববাংলা থেকে বাস্তুহারা যারা এসেছিল তারা কিছু কিছু পরিমাণ জমি নিয়ে পরিকল্পনা করেছিল। কিন্তু তারা সরকারের কাছ থেকে কোন সাহায্য পাচ্ছে না। এদের ডুয়ার্স ফার্মের আন্ডারে থাকতে হচ্ছে, যার ফলে এদের জমির খাজনা ৫ গুণ বেশী এবং কোন জমির পাট্টা নিতে গেলে—যদিও টেম্পোরারি—১০ গুণ সেলামী দিতে হয়। ৪৭টা হাটের কথা যা উল্লেখ করলাম এবং বাহিরে আরও ১০।১৫টা হাট যা সরকারী আওতায় আসছে না। আগে যে কালেকসান হত তার চেয়ে এখন বাড়ে নি, এখন ৬ থেকে সাড়ে ছয় লক্ষ টাকা হচ্ছে। আগে ৪ লক্ষ টাকার বেশী হত না। দার্জিলিং-এ ডি আই ফান্ড, কুচবিহারে ডি আই ফান্ড আছে, কিন্তু শুধু জলপাইগুড়িতে ডুয়ার্স মার্কেটিং ফান্ড বলে এখনও পর্যন্ত চলছে এবং যে হারে টাকাপয়সা আমদানি হয় তাতে হাটের সুযোগসুবিধা দেখা হয় না এবং কর্মচারীদের সামান্য বেতন দিয়ে কাজ চালান হয়। হাটে যারা কালেকসন করে তাদের সামান্য বেতন দেওয়া হয়। যার ফলে এরা যে কালেকসন করে তার অধিকাংশই চুরি করে। সুতরাং যে কয়জন কর্মচারী আছে তাদের কজনের জন্য গার্ড রাখবেন? এটা একটা গুরুত্বপূর্ণ জিনিস। ডি সি-র আন্ডারে যেসমস্ত নিয়মকানুন আছে তাতে সরকার যদি মনে করেন এখানে রাস্তা করব, হাট করব, তা হলে জনসাধারণের কোন আপত্তি থাকবে না এবং সরকার ইচ্ছা করলে কোনরকম কমপেনসেসান নাও দিতে পারেন। হাটের বাহিরে যারা বসে আছে তাদের খাজনা কমিয়ে দেওয়া হোক। সরকার এগুলিকে সাধারণ খাতে নিয়ে আসুন, এখান থেকেই যাতে বাজেট পাশ হয়, সরকারী কর্মচারীদের মত সুযোগ-সুবিধা পায় সেদিকে যেন লক্ষ্য রাখেন। এই বলে আমি শেষ করছি।

শ্রীকার্তিকচন্দ্র বিশ্বাসঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই খাতে যে ব্যয়বরাদ্দ উত্থাপিত হয়েছে তাকে সমর্থন করছি। এস্টেট অ্যাকুইজিশনের একটা ব্যাকগ্রাউন্ড আছে। আপনারা লক্ষ্য করে দেখবেন স্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট যখন হয়েছিল তখন ইন্ডাস্ট্রিয়াল ডেভালপমেন্ট-এর ব্রেকডাউন হয়েছিল। ১৯৫৩ সালে এই ধনবৈষম্য দূর করার জন্য ল্যান্ড রিফর্মস অ্যাক্টেরও চলন হয়েছিল। কিন্তু দুঃখের সঙ্গে বলব, কোলকাতা মহানগরী, ফিশারি, অর্চার্ডের সিলিং তখন বাঁধা হয় নি। এই সঙ্গে আমার এলাকার একটি জমিদার পরিবারের কথা বলছি। তাদের দু ভাই—এক ভাই মারা গেছে—বড় ভাই মারা গেছে। কিন্তু তার নামে ৭৫ বিঘা রাখা হয়েছে, বড় ভাইয়ের নাবালিকা মেয়ের নামে ৭৫ বিঘা, ছোট ভাইয়ের স্ত্রীর নামে ৭৫ বিঘা জমি এখনও আছে? এই সমস্ত জমিদাররা জমিদারী প্রথা উচ্ছেদ হবার পরও একটা পরিবারে ৫ ভাই আছে, সেই ৫ ভাই ৭৫ বিঘা করে জমি রেখে দিয়েছে। ৫ ভাইয়ের স্ত্রীদের নামেও আছে। এইভাবে তারা ৭৫ [illegible] এদের সম্বন্ধে সরকারের

চিন্তা করা উচিত। আমি ল্যান্ড সিলিং সম্বন্ধে কিছু বলব। ১৯৭২ সালে সেচ এলাকার জন্য ১২·৩৬ একর এবং অ-সেচ এলাকার জন্য ১৭·৩০ একর সীমা নির্ধারণ করেছেন। বর্ধমানে ১ বিঘা জমির দাম যেখানে ২ হাজার, নদীয়াতে সেখানে সেটা ৫০০ টাকা এবং নদীয়াতে যেখানে এক বিঘায় ফলন হয় ৫ মণ, সেখানে র্ধমানে হয় ১৫ মণ।

সিলিং-এর ক্ষেত্রে আমার মনে হয় এটা পরিবর্তন করা দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শীষ মহম্মদ সাহেব ভূমিবণ্টনের কথা যা বলেছেন সে সম্বন্ধে আমি দু-একটি কথা বলতে চাই। আমার এলাকায় মতিবিবি নামে এক ভদ্রমহিলা ছিলেন, তাঁর ৮ বিঘা জমির মধ্যে ৪ বিঘা জমি ও'দেরই বন্ধু সি পি এম নিয়ে যায়। তাঁর অপরাধ ছিল তাঁর ছেলে কংগ্রেস করত। এই প্রসঙ্গে আমি বলতে চাই, আমরা যে জুনিয়র ল্যান্ড রিফর্ম কমিটি করেছি সেটা ভাল কমিটি হয়েছে এবং তার মাধ্যমে সাধারণ মানুষ, গরিব মানুষ জমি পাচ্ছে। এরপর আমার বক্তব্য হচ্ছে, আমরা যে ভূমিহীন কৃষকদের জমি দিচ্ছি ১ বিঘা বা দেড় বিঘা এটা খুবই অল্প। তাদের লাঙ্গল নেই, সার নেই, জলের ব্যবস্থা নেই এবং তার ফলে দেখা যাচ্ছে, রায়তী স্বত্ব দেবার পর সেই জমি তারা বিক্রি করছে। মন্ত্রিমহাশয় নিশ্চয়ই জানেন, অনেক এলাকায় যে সমস্ত জমি ভেস্টেড হয়েছে ৭৫ বিঘা বা ১০০ বিঘা সেটা এক প্লটে রয়েছে। এগুলি ডিস্ট্রিবিউট করে গরিব চাষী-দের দ্বারা যদি এগ্রিকালচার ফার্ম করি এবং এডুকেটেড ইউথদের যদি তার সঙ্গে যোগ করে দেই, তা হলে সেখানে যাঁরা কাজ করবেন তাঁরা টাকা পাবেন এবং ওই এগ্রিকালচার ফার্ম থেকে যে রোজগার হবে সেটা থেকে তারা লাভ পাবে এবং ডেইলি লেবারারদের কিছু রোজগার হবে। তারপর, আপনারা জানেন রেলওয়ে লাইনের পাশে অনেক জমি পড়ে রয়েছে। পশ্চিমবংলায় যখন অনেক বেকার ছেলে চাকুরি পাচ্ছেন না, তখন আমরা যদি এই জমিগুলি কৃষকদের মধ্যে বণ্টন করি এবং একটা ফিক্সড রেট করে দেই, তা হলে এটা থেকে যে টাকা আদায় হবে তার দ্বারা বেকার ছেলেদের পোষা যাবে। এবারে আমি খাজনা মকুবের কথা কিছু বলতে চাই। আমরা দেখেছি বিভিন্ন স্টেট-এ বিশেষ করে পাঞ্জাব, হরিয়ানা এবং ইউ পি-তে ১০ একর পর্যন্ত জমির খাজনা মকুব করা হয়েছে। কিন্তু পশ্চিমবাংলায় দেখছি ৩ একরের ক্ষেত্রে মকুব করা হয়েছে। কাজেই আমি মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন করছি এই খাজনা মকুব করে এগ্রিকালচারাল ট্যাক্সের ব্যবস্থা যদি করেন, তা হলে গরিব জনসাধারণ উপকৃত হবেন। জয় হিন্দ।

শ্রীনাসিরুদ্দিন খানঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে ভূমিরাজস্ব মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি হাউসের সামনে রেখেছেন সেই প্রসঙ্গে বলতে উঠে আমি প্রথমেই বলব, যে দপ্তর তিনি নিয়েছেন সেই দপ্তরকে কেন্দ্র করে সারা পশ্চিমবাংলায় যতকিছু রাজনীতি। কাজেই ধরে নিতে হবে খুব শক্ত, বুদ্ধিমান, জ্ঞানী, গুণী এবং রাজনীতিবিদ মানুষকে এই দপ্তরের দায়িত্ব দেওয়া হয়েছে। আমি এই প্রসঙ্গে কিছু স্থানীয় সুবিধা এবং অসুবিধার কথা বলব এবং তার প্রতিবিধানের আশা করব। মন্ত্রিমহাশয় যে বক্তব্য রেখেছেন সেই বক্তব্যে খাজনার হার পুনর্নির্ধারণের জন্য তিনি বলেছেন। যারা দরিদ্র এবং ছোট চাষী তাদের খাজনা মকুব করে দেওয়া হচ্ছে এবং বড় চাষীদের খাজনা অনেক বৃদ্ধি করা হয়েছে। বৃদ্ধির হার কি রকম? আপাতত গোমোস্থারা যেটা আদায় করছে তাতে দেখছি আইনসভায় আমরা যে আইন করেছিলাম তাতে ব্যাপারটা যেন বেশ ঘোরাল। বাস্তব ক্ষেত্রে দেখছি ডাবলি খাজনা আদায় হচ্ছে। আসল কথা হচ্ছে, ৯ বিঘা পর্যন্ত খাজনা মকুব এবং ৩ বিঘার ঊর্ধ্বে খাজনা আদায়। কিন্তু ৯ বিঘার উপর ডাবল খাজনা হবে এরকম আইন হয়েছে বলে আমার মনে হয় না। যাই হোক, তাই যদি

[4-25—4-35 p.m.]

হয়ে থাকে, তা হলে আপনার মাধ্যমে একটা খুবই গুরুত্বপূর্ণ কথা রাখবো। পাশাপাশি দুটো মৌজাতে দেখা যায়, আমার এলাকায় এছাকপুর মৌজায় এবং তার পাশে চরবৃন্দাবনপুর মৌজায় এবং জগাড়পুর মৌজায় এই তিনটে মৌজায় জমি হচ্ছে দুটো। একটা হচ্ছে স্থানীয় জমিদার ছিল এক কালে, আর একটা হচ্ছে মেদিনীপুর জমিদারী। ঐ মেদিনীপুর জমিদারীর খাজনা ঐ স্থানীয় জমিদারের খাজনার চেয়ে সম্পূর্ণ ডাবল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিনীতভাবে অনুরোধ করছি, এই একইরকম জমিতে ডাবল খাজনা বেয়ার করতে হচ্ছে। তাদের জমির

কোয়ালিটি অনেক খারাপ, অথচ ভাল জমি অপেক্ষা যা ছিল তারই ডাবল আদায় করা হচ্ছে। এই জমিদারদের আমলে তাদের ইচ্ছামত খাজনা ধার্য করা হয়েছে। কিন্তু সরকারের আইনে একই রকম খাজনা ধরা হবে না কেন ? জমিদারীর আমলে যে খাজনা ধার্য ছিল তার ডাবল হয়ে গিয়েছে। এর অন্ততঃপক্ষে একটা নিয়ম অবশ্য থাকা প্রয়োজন। সরকারের একটা আইন থাকা উচিত। এ যেন ছেলেখেলা হচ্ছে। তারপরে আর একটা কথা বলতে চাই। যারা ছোট ছোট জমির মালিক তাদের জমিগুলি একই মৌজায় কমপ্যাক্ট এরিয়াতে যদি না করা যায়, তা হলে ফ্যাগমেনটেসন অব ল্যান্ড ছোট ছোট ক্ষুদ্র ক্ষুদ্র জমি হয়ে যায়। এতে অসুবিধা দেখা দিচ্ছে। এতে ওয়েস্টজ অব ল্যান্ড হচ্ছে। এবং আল পড়ছে তাতে প্রচুর পরিমাণে, জমি নষ্ট হয়ে যাচ্ছে। বিভিন্ন জায়গায় যদি ছোট ছোট জমি থাকে তাতে চাষের চরম বিশৃঙ্খলা হয়। এই জমি একই মালিককে একই মৌজার অধীনে কমপ্যাক্ট এরিয়াতে দেবার ব্যবস্থা করতে হবে। সেটা যতক্ষণ পর্যন্ত না হয়, আইন প্রণয়ন করতে না পারেন, তা হ'লে চাষের মান উন্নত করা যাবে না এবং চাষকে একটা বিরাট লাভবান করতে পারা যাবে না। তাই আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করছি, আপনি নতুন আইন আনুন এবং সেই ধারাবাহিক পর্যায়ে পরিবর্তন কিছু হবে না। তারপর আর একটা কথা বলতে চাই যে, জরিপের কাজ চলছে। উনি বলেছেন, বর্তমানে দার্জিলিং, পশ্চিম দিনাজপুর, হুগলী, বাঁকুড়া, মুর্শিদাবাদ এই ৫টি জেলায় জরিপের কাজ শুরু হচ্ছে, এটা এক্সপেরিমেন্টাল বেসিসে হচ্ছে। কিন্তু এই পাঁচটি জেলার জরিপের কাজে এক্সপেরিটেন্টাল বেসিসে করতে গিয়ে মন্ত্রিমহাশয়কে বিরাট অসুবিধার মধ্যে পড়তে হবে। আর যেসমস্ত বাকি জেলা আছে তারা এই সময়ের মধ্যে যত ফাঁক ফুটো আছে তারা সেই সুযোগ নেবে। বড় বড় জমির মালিকরা তাদের অ্যালসেসিয়ান কুকুরের নামে, ঘোড়ার নামে, নিজের বহুদিনের ছোট-বেলাকার কৃষকদের নামে হাজার হাজার বিঘা জমি লুকিয়ে রাখার সুযোগ পাবে। এই ৫টি জেলার এক্সপেরিমেন্ট করতে গিয়ে আর বাকি জেলার সব ফট্‌কা হয়ে যাবে। সেই জন্য আমি অনুরোধ করবো যাতে এক সঙ্গে সব জেলায় কাজ শুরু করুন, তা না হলে সর্বনাশ হয়ে যাবে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটা নূতন খবর, জানি না মাননীয় মন্ত্রিমহাশয় রাখেন কিনা। আমি মনে করি তিনি সুদক্ষ মানুষ নিশ্চয়ই রাখেন। যারা বড় জমির মালিক, তারা নিজেরা যতটা জমি পেরেছে সব রেখেছে। আর যারা পারে নি তারা ব্ল্যাঙ্ক ডিড করে তাতে ভাগচাষীদের কাছ থেকে লিখিয়ে নিয়েছে, নানা কায়দা করে, জীবন ভোর বেঁধে রেখে দেব যদি গোলমাল করে, এই ভয়ের ঠেলায় বহু ভাগচাষী ভাগচাষী হিসাবে রেকর্ড করতে সমর্থ হয় নি। এর আপনি কি ব্যবস্থা করেছেন? যারা বড় বড় জমির মালিক তারা ফাঁকি দেবে, প্রবঞ্চনা করবে, তাদের সম্বন্ধে কি ব্যবস্থা করেছেন, মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে বলবেন কি?

একটা জিনিস বিশ্বনাথবাবু বলেছেন, আমিও বলবো যে, সত্যসত্যই যদি বামপন্থী দলগুলি জমিভিত্তিক আন্দোলন না করতো, আপনারা এ সম্বন্ধে মাথা ঘামাতেন না। একথা ঠিক।

উপসংহারে একটা কথা বলব, যখন খুব অভাব অনটন, বড় লোকের বাড়িতে লোকে হানা দিচ্ছে, দিতে শুরু করেছে, আমার একজন আত্মীয় খুব কৃপণ মানুষ, জীবনে যে কাউকে কিছু দেয় নি, বিশেষ অবস্থায় ভয়ে পড়ে আমাকে জিজ্ঞাসা করল—আচ্ছা, এই এরা সব লুটপাঠ করছে, লুটপাঠের আগে কিছু দিয়ে দিলে হয় না? আমি বললাম নিশ্চয়ই হয়, ইজ্জতও বাঁচে আর গ্রামের লোকগুলোও খেয়ে বাঁচে। তখন দিয়ে দেওয়ার কিছু সিদ্ধান্ত হল। তারপর রাত্রে খাওয়াদাওয়া করে শুয়ে শুয়ে চিন্তা করল, তাইতো এত জিনিসপত্র দিয়ে দিতে হবে, ভেবে ভেবে শেষে দেখলাম, এক ছটাকও আর দিলে না শেষ পর্যন্ত। এই থেকেই বুঝা যায় যে, আন্দোলন-এর প্রয়োজনীয়তা ছিল।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি একটা অনুরোধ করব, সিলিং-এর ব্যাপারে। খুব গুরুত্বপূর্ণ বিষয়। মুর্শিদাবাদ জেলার আপনি জানেন দু ভাগ, খানিকটা রাঢ় এরিয়া, কাঁদি সাবডিভিশন, আর একটা বাগরি এরিয়া, এই দুটি ভাগ। কাঁদি সাবডিভিশন এরিয়াতে জমির মূল্য যাই হোক সেটা ছেড়ে দিচ্ছি, অন্ততপক্ষে বাগ্রী এরিয়ার চেয়ে মিনিমাম

ডবল ফসল উৎপন্ন হয়, আর বাগ্‌রি এরিয়াতে অর্ধেক, অথচ জমির যে সিলিং করা হচ্ছে সর্বোচ্চ ৭৫ বিঘা। এই যদি হয়, ফ্যামিলি মেম্বারের অনুপাতে যদি বাগ্‌রি এরিয়াতে লোকে ৭৫ বিঘা পায়, তা হলে এটা কি চরম ডিসক্রিমিনেশন নয়? এরিয়া হিসাবে, জেলা হিসাবে, দেশ হিসাবে জমির কোয়ালিটি হিসাবে, জমির সিলিং বাঁধতে হবে, নইলে এখন যেটা আইন সেটাই একদিন বে-আইনে পরিণত হবে।

আর একটা জিনিস মনে রাখবেন। একটা জমির পরিমাণ ৭৫ বিঘা হিসাবে যদি সর্বোচ্চ পরিমাণ ধরা হয়, তার মূল্য ম্যাক্সিমাম হবে ৭৫ দ্বিগুনে দেড় লক্ষ টাকা। দু হাজারের বেশী

[4-35—4-45 p.m.]

নয়। আমি আমার জেলার কথা বলছি, ধরুন ম্যাকসিমাম একটা ফেমেলি দেড় লক্ষ টাকা মূল্যের সম্পত্তি রেখেছে। মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয় জানেন—বেশী দূর যেতে হবে না এই বেলুড়—সেখানে দেড় কাঠা জমির উপর বিরাট অট্টালিকা—কয়েক কোটি টাকার মালিক হয়ে একজন বসে আছেন তাদের বেলায় কিছু করলেন না, অথচ দেড় লক্ষ টাকার মালিকের উপর এই রকম হামলা—এ কি করে সম্ভব? এর পরিবর্তন আমরা চাই—এই সরকার থেকে আইন করে তার জন্য ব্যবস্থা নিতে হবে যে আইনের দ্বারা বড় লোকের ও গরিব লোকের মধ্যে এইরকম তফাত না হয়। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি জানেন বর্তমানে যে ল্যান্ড ডিস্ট্রিবিউসন অ্যাডভাই-সারী কমিটি হয়েছে, তার চেহারাটা কি সেটা আমি একটু বলবো। আমি কংক্রীট একজাম্পল নাম-ধাম ঠিকানা সব দিতে পারি। জমি বিলি ক্ষেত্রে দেখা গেছে—আমি এখানে নাম করতে চাইছি না, নাম করলে আবার কি রকম হবে, যা হোক তারা এখন ক্ষমতায় প্রবল—তিনি নিজের বাড়ির কিশানের নামে জমি যা অন্য লোকের অধিকারে ছিল, তাকে দেবে উনি বললেন, তোমাকে জমি দেবো না, তুমি যদি ঐ জমি ইসমাইলের নামে না করে দাও। বর্তমানে অ্যাডভাইসারী বোর্ডের মেম্বার তিনি তাঁর নিজের বাড়ির চাকরের নামে যার হাতে জমি ছিল তার হাত থেকে কেড়ে নিয়ে ব্যবস্থা করে নিল। এই যদি হয়, তা হলে সেই জিনিসের আবার পুনরাবৃত্তি হচ্ছে। এ সম্বন্ধে আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আশা করি তিনি যে ধরনের মানুষ বা তাঁর যে আচরণ তাতে আমি নিজে মুগ্ধ—তিনি এ ব্যাপারে নিশ্চয় ব্যবস্থা গ্রহণ করবেন। দয়া করে সাপের মুখে চুমু আবার ব্যাঙের মুখে চুমু খাওয়া—এ জিনিস ছাড়বেন একটা বিশেষ কিছু হবে এই বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅজিতকুমার বসু: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের ভূমিরাজস্ব মন্ত্রিমহাশয় চেষ্টা যেটা করছেন তা অনেস্টলি করছেন ঠিক কথা। কিন্তু আগেকার বক্তা যা বললেন তার প্রতিধ্বনি করে বলি যে, দু দিক বজায় করার চেষ্টা করলে কিছুই হবে না। দীর্ঘকাল ধরে ভূমি সংস্কার আইনটা তৈরি হয়েছে। এবং এর পরে ভূমিসংস্কার আইন করবেন ভাগচাষীদের বজায় রাখার জন্য—সেখানে জমির যারা মালিক তাদের হাত থেকে সে জমি ছাড়িয়ে নেবেন সব ঠিক কথা। কিন্তু সমস্ত ভূমিসংস্কারের ব্যাপারে অনেক কিছু গোলমাল হয়ে রয়েছে। এখানে কতকগুলি সোজা অ্যাটিচিউড ঠিক করে নেওয়া দরকার। তিনি বলেছেন যে, আমরা করতে চাই তা হলে কি কি অ্যাটিচিউড সেখানে রাখলে বেনামী জমির ব্যাপারে যে গোলমাল হচ্ছে তা ঠিক হয়ে যাবে। আমি এখানে কয়েকটি সাজেসন রাখছি। এমন কোন আইন কি করতে পারেন যে, বেনামী প্রমাণ হলেই জমি সরকারে বাজেয়াপ্ত হবে। এ যদি করতে পারেন, তা হলে চট করে কেউ বেনাম করতে সাহস করবে না। আপনারা সব কি বলেন বুঝতে পারি না ঐ গণতান্ত্রিক পদ্ধতি ইত্যাদি। গণতান্ত্রিক পদ্ধতির সঙ্গে এর কোন খাপ খায় না। আপনারা ভাগচাষীর দিকে নজর অবশ্য করেছেন। কিন্তু উদ্বৃত্ত জমি কতখানি পাওয়া যাবে তার ঠিক নাই—কারণ বেনামে চারিদিকে ছয়লাভ হয়ে গেছে আপনারা কিছু করতে পারছেন না।

আমার দু নং কথা হচ্ছে ভাগচাষীদের ব্যাপার। এই উচ্ছেদের ব্যাপারটি বিশ্বনাথবাবু বলে গেছেন। সে সম্বন্ধে আমি আবার রাখছি, কেননা এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। দেওয়ানী কোর্টের আওতা থেকে এটাকে বের ক'রে নিয়ে আসতে হবে। এই জন্য ধরুন

দেওয়ানী, ফৌজদারী ১৪৪/১৪৫ ধারায় কেস প্রায়ই হচ্ছে। কাজেই দেওয়ানী, ফৌজদারী আইনে একজন ভাগচাষী যদি কোর্টে এসে ডিক্লারেসন দেয় যে সে একজন ভাগচাষী এবং প্রেয়ার জানায়, তা হ'লে সেই সমস্ত কেস পেনডিং ডিসিসান অব দি ভাগচাষ বোর্ড—সেই সমস্ত কেস পেনডিং থাকবে এই রকম একটা আইন করা দরকার আছে ব'লে আমি মনে করি। আপনি বলেছেন, ভাগচাষী দুর্বল পক্ষ, তাদের প্রতি সুবিচার করার জন্য চেষ্টা করতে হবে, নিশ্চয় আমাদের সেই ব্যবস্থা করতে হবে। তারপরে আপনি আর একটি কাজ করুন, ভাগচাষীদের উচ্ছেদ করেছে প্রমাণ হ'লে জমি সরকারে ন্যস্ত হবে, এই রকম কড়াকড়ি আইন যদি করতে পারেন, তা হ'লে অনেক ক্ষেত্রেই ভাগচাষী উচ্ছেদ বন্ধ হবে। আমি আপনার কাছে একটি খুব সোজাসুজি কথা রাখছি। আমাদের হুগলী জেলায় আপনি জানেন, আমরাও জানি যে, ভাগচাষীর নাম অনেক জায়গায় রেকর্ডেড হচ্ছে না। ফলে ছোট ছোট জমির মালিক, যারা দিনরাত্রি পরিশ্রম করে, তাদের উচ্ছেদ ক'রে দিয়েছে, ওখানে ভাগচাষীর নাম রেকর্ডেড করছে না। আর একটি জিনিস হচ্ছে, অন্য সকলেই বলেছেন, আপনার সেটেলমেণ্ট কর্মচারীর তলার এক অংশ প্রকাশ্যে ভাগচাষীদের নিরুৎসাহিত করছেন নাম রেকর্ড করাতে। আমি এখানে নাম বলতে চাই না, এই জিনিসগুলি হচ্ছে। আজকে যাতে চেক করা যায় সেই জন্য একটা কড়াকড়ি করুন যে, ভাগচাষী যে জমি ভাগচাষ করেছে সেই জমি থেকে তাকে যে উচ্ছেদ করেছে সেই জমি তার কাছে থাকবে না, সরকারে বর্তাবে, এই রকম কড়াকড়ি আইন যদি করেন, তা হ'লে ভূমি-সংস্কারের কাজ কতকটা কার্যকর হবে ব'লে আমি মনে করি। এই যে সেটেলমেণ্টের কাজ করছে, উপাধ্যক্ষ মহাশয়, এই সেটেলমেণ্টের কাজের মধ্যে বড় অভাব দেখা যাচ্ছে চেন পিওনের. এদের জন্য কাজ অনেক সময় বন্ধ থাকছে। বিশ্বনাথবাবু বলে গেছেন, চেন পিওন বাহিরে থেকে পাঠিয়েছেন। তাদের মধ্যে অনেক শিক্ষিত ছেলে গেছে, বি এ বি এস-সি ছেলেও গেছে। কিন্তু কাজের বেলায় দেখছি ঠিকমত কাজ করছে না। এই রকম সময় কাজটার সিজন চলছে, এখনই কাজটা হওয়া উচিত ছিল, কিন্তু সিজন হওয়া সত্ত্বেও কাজটা হচ্ছে না। কাজেই এর একটা প্রতিকার হওয়া উচিত। চেন পিওনের ব্যাপারটার জন্য গোলমাল হয়ে যাচ্ছে। আপনাদের ক্যাম্পের অনেকে যান নি। আপনি বলেছেন অফিসার করেছেন, চার্জ অফিসার অনেক জায়গায় যান নি। আমি হুগলির কথা জানি সেখানে ৫১টির মধ্যে ২১টি বন্ধ, ১৫টি সার্কেলের মধ্যে ২টি বন্ধ। কারণ, অফিসার জয়েন করেন নি, কর্মচারিগণ বসে আছেন। আমি এই জন্য বলছি যে, সেটেলমেণ্টের ব্যাপারটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার এবং এখানে যদি এই রকম একটা দায়িত্বজ্ঞানহীনতার জন্য কাজ বন্ধ হয়, ডেডলক হয়ে যায়, তা হ'লে এর পরিণাম যে কি হবে সেটা আমরা জানি। তাড়াহুড়ো ক'রে কাজ ক'রে রামের বোঝা শ্যামের ঘাড়ে চাপিয়ে ভাগচাষীকে উচ্ছেদ করে যে ভূমি উদ্ধার ক'রে রেখেছে সেটা কি এই সরকারের দেখার প্রয়োজন নেই, নাকি কোন রকমে কাজটা উদ্ধার ক'রে দিলেই হবে? ৩০/৩৫ বছর আগে যেটা দেখেছিলাম, এখন আবার সেটাই দেখবো। কাজেই এদিকে আপনি একটু নজর দিলে ভাল হয়। আপনার মুর্শিদাবাদ জেলার একটি অফিসের কথা বলছি। সেখানে হিসাব ক'রে দেখা গেছে টেবিল, চেয়ার বইবার লোক থাকে না। শিক্ষিত ছেলেরা বইতে চাচ্ছে না, বইতে রাজীও নয়। কাজেই কাজকর্ম বেশ একটা ডেডলকের মত হয়ে আছে। প্রাথমিক কথা যেটা আমি বললাম, সেটা কোথাও দেখছি না, এর কারণগুলি নিশ্চয় সকলেই আমরা জানি। একদল ফিকটিসাস লোক বিভিন্ন জায়গায় বাস করছে, কে তাদের পাঠাচ্ছে জানি না, কিন্তু এই সমস্ত বিঘ্ন বিরাট বিরাট হচ্ছে।

[4-45—4-55 p.m.]

এখন যেটা বলতে চাই সেটা হচ্ছে, ধরুন, আপনি সেদিন বলেছিলেন, আমার আজও মনে আছে, দেশে কি আইন উঠে যাবে? আমরা গণ কমিটির কথা বলি, ইনসপাইট অব ইয়োর বেস্ট লস সেগুলি কার্যকর করতে পারা যাচ্ছে, না আমাদের দেশেতে. এটা আপনি ভাবুন। এ সম্বন্ধে কয়েকদিন ধ'রেই আলোচনা হয়েছে। কাজেই সাধারণ মানুষের মধ্যে উৎসাহ সৃষ্টি ক'রেই এই আইনকে কার্যকর করা যায়, তা ছাড়া যায় না। তার জন্য পিপলস কমিটি করা

দরকার এবং সেই পিপলস কমিটির বিধিবদ্ধ ক্ষমতা থাকবে যেটা বিশ্বনাথবাবু ব'লে গেলেন। তিনি অতটা জোর দিতে পারেন নি বলেই আমি আবার বলছি, বিধিবদ্ধ ক্ষমতা দিয়ে তৈরি এই রকম কমিটি ছাড়া মন্ত্রিমহাশয়, আপনার এই ভূমিসংস্কার আইন কাযকর হবে না, এটাই আমি মনে করি। কাজেই আইন উঠে গিয়েছে কিনা এটা বড় প্রশ্ন নয়। আপনার সদিচ্ছা ও ভাল আইন থাকা সত্ত্বেও সেই আইন আজকে সফলতা লাভ করতে পারছে না গণ উৎসাহের অভাবে, প্রতিক্রিয়াশীলদের আক্রমণের জন্য এবং কিছু কিছু সরকারী কর্মচারীদের জন্য। এই রকম পরিস্থিতিতে বিধিবদ্ধ ক্ষমতা দিয়ে আপনি যদি গণ কমিটি না করেন, তা হ'লে হবে না। আর সেই কমিটিতে অন্ততঃপক্ষে শতকরা ৫০ জন লোক তারা হবেন ভাগচাষী, ক্ষেতমজুর ইত্যাদি লোকেরা। স্যার, একথা ঠিক, কৃষক আন্দোলন আমাদের দেশে কখনও এগিয়ে যায় কখনও পিছিয়ে যায়, এটা আমরা ছোটবেলা থেকেই দেখে আসছি। তারা এগুতে চেয়েছিল, কিন্তু তাদের খানিকটা ভুল পথে নিয়ে যাবার জন্য বিরাট আঘাত পেয়ে তারা পিছিয়ে এসেছে। কিন্তু কোন না কোন দিন যে এগিয়ে যাবে তাতে কোন ভুল নেই, কারণ আমাদের দেশের কৃষক আন্দোলনের ইতিহাসই এই। আর এই সমস্ত মানুষদের সংঘবদ্ধ করে, তাদের মধ্যে উৎসাহ সৃষ্টি করেই ভূমিসংস্কার আইনকে কার্যকর করা যায়, তা না হ'লে যায় না বলেই আমরা বিশ্বাস করি। আমাদের দেশ থেকে আইন উঠে যাক এটা আমরা চাই না, কিন্তু তা সত্ত্বেও এসব কথা আমরা বার বার বলি। তারপর কেরলের কথা বিশ্বনাথবাবু বলেছেন। কেরলের ব্যাপারে নিশ্চয় মন্ত্রিমহাশয় খবর রাখেন। সেখানে এই ক্ষমতার জোরে সেই দেশের সরকার ভূমিসংস্কার আইন যেটা করেছেন সমস্তটা কার্যকর করতে পারছেন। সেখানেও হাইকোর্ট আছে, সেখানেও নানা রকম বাধা আছে, কিন্তু সেখানেও মানুষ পাহাড়ের মত আড়াল ক'রে দাঁড়িয়েছে। কাজেই সরকারকে সেখানে কেউ বেকায়দায় ফেলবে এরকম অবস্থার সৃষ্টি হতে পারছে না। তাই আপনাকে বলছি, পিপলস কমিটি ভূমিসংস্কারকে কার্যকর করার জন্য করুন যার অন্ততঃ শতকরা ৫০ ভাগ তলার মানুষরা হবেন। তার জন্য নিয়মকানুন যা করবেন নিশ্চয় আমরা তা মেনে নেব। তারপর স্যার, এখানে সামাজিক সুবিচারের কথা শুনি। সামাজিক সুবিচার বলতে আমরা বুঝি দীর্ঘকাল ধরে যাদের উপর সামাজিক অবিচার করা হয়েছে তাদের প্রতি সামাজিক অবিচার করা হয়েছে তাদের প্রতি সামাজিক সুবিচার করা দরকার। এ ক্ষেত্রে দু'-দিকটা সমান ভাবে দেখলে চলবে না। জানি না, আপনারা কি বলবেন, কিন্তু আমার কথা হ'ল, যাদের উপর সবচেয়ে বেশী বঞ্চনা, শোষণ হয়েছে তাদের স্বার্থে ১৬ আনার জায়গায় ১৮ আনা দেখতে হবে—তাদের সাহায্য করতে হবে সব কিছু দিয়ে। কিন্তু বাস্তবে পরিস্থিতি তার বিরুদ্ধে রয়েছে।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই ভূমি ও ভূমি সদ্ব্যবহার খাতে ব্যয়বরাদ্দ সমর্থন করে আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে দু-একটি বক্তব্য রাখতে চাই। এটা একটা গুরুত্বপূর্ণ বিষয়। শুধু ভূমি ও ভূমি সদ্ব্যবহার নয়, এর উপর নির্ভর করছে ৪ কোটি ৪৪ লক্ষ মানুষের ভাগ্য এবং তাদের খাদ্য সামগ্রিকভাবে কি হবে সেটাও নির্ভর করছে। গোটা পশ্চিমবাংলার আজকে যে আয়তন ৬২·৬ পার্সেন্টের মত আজকে কৃষিযোগ্য জমি আছে। এই কৃষিযোগ্য জমি আমরা যদি ঠিকমত সদ্ব্যবহার করতে না পারি বা আজকে আমাদের যে সমাজ সেই সমাজের যে শ্রেণীর কথা চিন্তা করছি, তাদের কথা যদি সঠিকভাবে চিন্তা করতে না পারি, তা হ'লে আমি মনে করি আমাদের যে লক্ষ্যপথ সেই লক্ষ্যপথে এগিয়ে যেতে পারবো না। এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে বিনয়ের সঙ্গে বলতে চাই, আমাদের কংগ্রেসের প্রেসিডেন্ট একটা অর্গানিজেসন রিফর্মস ব'লে একটি কমিটি তৈরি করা হয়েছিল। সেই কমিটিতে ফকরুদ্দিন আলি আমেদও ছিলেন এবং আরো ৮ জন সদস্য ছিলেন। সেখানে বলা হয়েছিল—

The need for comprehensive land reforms with a view to redistributing available land more equitably among different sections of the rural community is an essential step in the creation of an egalitarian society within the overall objective of improving and modernising our agriculture

has for long been part of our party's socio-economic thinking and was recognised as such from the beginning of our planning process. The changed political climate and the awakening of the masses in recent years make it imperative that Government put through the required reforms—legal, organisational and administrative—with speed and determination.

আজকে আমরা কি দেখছি? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে প্রথমে সেটলমেন্টের কথা বলি। সারা জীবন ধ'রে অত্যন্ত দরিদ্র পরিবারের সন্তান। বাবার ১০ বিঘার বেশী জমি ছিল না। আজও ১০ বিঘার বেশী জমি করতে পারে নি। জমির উপর নির্ভরশীল পরিবার হিসাবে এবং নিম্নমধ্যবিত্ত পরিবারের একজন মানুষ হিসাবে সারা জীবন ধ'রে কৃষকের কাজ ক'রে আসছি। আজকে সেটলমেন্ট হচ্ছে, মন্ত্রিমহাশয়ের কাছে আমি একটা অসুবিধার কথা বলতে চাচ্ছি। আজকে আপনি কি জানেন যে, আপনার সেটলমেন্ট অফিসাররা চাষীদের কাছে কারেন্ট চেক দাবি করেছে, তা না হ'লে ল্যান্ড রেকর্ড'স হবে না। আপনি ৯ বিঘা পর্যন্ত জমির খাজনা মকুব করেছেন। আপনি কি বলতে পারেন, পশ্চিমবাংলার মধ্যে কতটা পরিবার আছে যারা ৯ বিঘা জমির মালিকানার অধীনে পড়ে কিংবা ৩ বিঘা জমির মালিকানার ঊর্ধ্বে পড়ে? আজকেও আপনি জমির কাগজ নিয়ে প্রস্তুত হতে পারেন নি। আপনি ৯ বিঘা পর্যন্ত জমির খাজনা মকুব করছেন, কিন্তু হিসাব দিতে পারলেন না। আজকে কাদের জমির খাজনা মকুব করেছেন, খাজনা কি তারা মকুব পেয়েছে? মকুব যখন আমরা করতে পারলাম না, যে স্বাদ চাষীদের দিতে চেয়েছিলাম সে স্বাদ এতদিনেও দিতে পারলাম না। আজকে তফশীলদারদের কাছে, জে এল আর ও-র কাছে ভূমির রেকর্ড নেই। আজকে কাদের বিরুদ্ধে খাজনা মকুব করা হবে, সেক্ষেত্রে আমি বিবেচনা করতে বলবো। শুধু আইন পাশ করলেই হবে না, আমাদের আইনকে যদি বাস্তবে রূপ দিতে হয়, তা হ'লে যাতে স্পীডি ডিসপোজাল হয় তার জন্য ব্যবস্থা করতে হবে। তা যদি না হয়, তা হলে আজকে খাজনা যা মকুব করছেন সেই মকুব থাকবে পেপারে এবং সেটা পেপারেই রয়ে যাবে। আর সেটলমেন্ট-এর ক্ষেত্রে যে নৈরাজ্যের সৃষ্টি হয়েছে। আজকে অতীত দিনের কাগজ দেখিয়ে ঘুষ খেয়ে সেটেলমেন্ট অফিসাররা আমার নামের জমি ওর নামে ক'রে দিচ্ছে। এর থেকে কি অব্যাহতি পাওয়া যাবে না? আমি এই প্রসঙ্গে আপনার মাধ্যমে ২৪-পরগনা জেলার একটা এলাকার কথা বলছি। গোবিন্দ নস্করের এলাকায় মিটিং করতে গিয়েছিলাম। সেখানে দেখলাম কিন্তু জমির উপর—সেই জমির মালিক ছিল পোর্ট কমিশনার্স। সেই মালিকের অধীনে কিছু লোক কিছু জমি চাষ করতো। ছোট ছোট জমির মালিক, যারা ৫ বিঘা, ১০ বিঘা, ১৫ বিঘা জমির মালিক আজকে তাদের মালিকানা অস্বীকার করা হয়েছে। সমস্ত জমির মালিক যেহেতু পোর্ট কমিশন সেহেতু আজকে ভেস্টেড হয়ে যাবে, এই যুক্তি আমি একজন কৃষক সংগঠনের লোক হয়ে মানতে রাজি নই। আমি আপনার কাছে পরিষ্কার বক্তব্য রাখতে চাই, এই সমস্ত এলাকায় পুনরায় তদন্ত করে সেখানে ছোট ছোট জমির মালিক, যারা বেনামদার নয়, যারা বড় জোতদার নয়, আজকে তাদের রাইট এস্টাব্লিশ করতে হবে এই দাবি আপনার কাছে রাখছি। অপর দিকে আমি যেকথা আগেও বলেছিলাম যে, ইসলামপুর সাবডিভিশনে সেটলমেন্ট-এর ব্যাপার নিয়ে কিনা অঘটন ঘটছে। আজকে সেটলমেন্ট অফিসারকে বলতে হবে অতীত দিনের সেটলমেন্ট-এ তারা যদি দেবনাগরী ভাষা না বুঝতে পারে, তার জন্য চাষী কখনও সাফার করবে না। দেবনাগরী ভাষা বুঝতে পারি নি, বলে আজকে রামের জমি শ্যামের ঘাড়ে চাপিয়ে দেবে। কাজেই আজকে সেটেলমেন্ট অফিসারকে বলে দিতে হবে যে, দেবনাগরীক ভাষা সঙ্গে লিখে দিতে হবে এবং পুনরায় পুর্যালোচনা ক'রে দেখতে হবে। প্রকৃত ছোট চাষী যারা জমির মালিক ছিল তাদের আগে আবার মালিকানা দিতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে বলবো যে, আমি অনেকগুলো বইয়ের বিষয়বস্তু প'ড়ে দেখেছি কিন্তু পশ্চিমবাংলার বুকে ভাড়াটিয়াদের যে দাবি সেই দাবি সম্পর্কে আপনি এক অক্ষরও লেখেন নি। আজকে আপনি দেখবেন কলকাতার বুকে আর্বান সিলিং-এর জন্য নিশ্চয়ই আমরা রিজলিউসান করে মন্ত্রিমহাশয়ের কাছে দায়িত্ব দিয়েছি।

[4-55—5-05 p.m.]

যদি ভাড়াটিয়াদের স্বার্থ সংরক্ষণ করা যায়, তা হ'লে পশ্চিমবাংলার শহরাঞ্চলে শতকরা ৯৪ জন যেখানে ভাড়াটিয়া তাদের স্বার্থ সংরক্ষণ করতে পারবেন, উচ্ছেদ, হয়রানি বন্ধ করতে পারবেন সেই বিষয়ে কোন সন্দেহ নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয় আরও দু-চারটি ঘটনা মন্ত্রিমহাশয়ের কাছে জানাতে চাই—আমি বরাবর বলেছিলাম, খাজনা দ্বিগুণ বা তিনগুণ বাড়ানোর কথা নয়, যারা ডিপ টিউবওয়েল এরিয়া, ক্যানাল এরিয়ায় যেখানে আপনি বললেন সারকুলার গেছে, আমি বাড়ি থেকে আসছি, এটা একটা অদ্ভুত ব্যাপার, ডিপ টিউবওয়েল এরিয়ায় আমরা সেচ দেব ত্রিশ বিঘা থেকে ৭০ বিঘা পর্যন্ত ট্যাক্স এরিয়া ধ'রে নেব, এটা হতে পারে না। আমি তাই আপনার মাধ্যমে বক্তব্য রাখতে চাই যে, অন্যান্য সদস্যরা যা বলেছেন যে, হিল এরিয়ায় আজকে বাঁকুড়া, পুরুলিয়ায় যে উৎপাদক শক্তি, পায় কি সেইরকম বীরভূম, পায় কি বর্ধমান, মুর্শিদাবাদের জমি? পাড়ী এলাকার জমি, ২৪-পরগনার নোনা এলাকার জমি পায় কি সেই রকম শক্তি? তাই আমি বলছিলাম, আজকে খাজনাটা উঠিয়ে দেওয়া হোক। উঠিয়ে দিয়ে উৎপাদনের ভিত্তিতে, প্রোডাকসানের ভিত্তিতে সারা রাজ্যে ট্যাক্সের ব্যবস্থা করা হোক। যে ট্যাক্সেসানের মাধ্যমে আমি মনে করি, খাজনা বসিয়ে যে টাকা আদায় করতে চাচ্ছেন, হয়তো তার থেকে বেশী টাকা পাবেন, কিন্তু তাতে কি হবে? আজকে যে সমস্ত চাষী ফসল বেশী পায় না; তারা রেহাই পাবে, সেই সঙ্গে সঙ্গে যারা বেশী ভাগ চাষ করে তাদের লিগ্যাল ট্যাক্সেসন হওয়া উচিত এবং হবার দরকার আছে। আজকে বর্গা চাষীদের সম্বন্ধে অনেক কথা হয়েছে, কিন্তু আজকে একটা বর্গা চাষীকে উচ্ছেদ করবার জন্য জোতদাররা ষড়যন্ত্র করছে, আজকে একটা বর্গাচাষী যেখানে রাইট এস্টাব্লিশ করতে চেয়েছে, আপনি বলেছেন যে, বর্গা চাষীরা চলিয়া যাক, অপরাধের জন্য মামলা করা হবে, কিন্তু বর্গা চাষীদের বিরুদ্ধে একটা জোতদার অন্যায় করে যে কেস ক'রে দিচ্ছে, সেই বর্গাচাষীদের পাশে দাঁড়িয়ে কি ক'রে লড়াই করবেন, তার জন্য পথ আবিষ্কার করতে হবে। আজকে আমি চাইছি—আজও তারা জমির সিলিং-এর হিসাব দিল না, আগে বলেছিলেন যে মিসায় তাদের ধরা হবে, কিন্তু হয়তো কোন উধ্বতন কর্তৃপক্ষের অ্যাসেন্ট পাওয়া যায় নি ব'লে শুনেছি সেই জন্য আমাদের জনপ্রিয় এম এল এ বলুন, এম এল এ ধরেই বলুন বা যাই বলুন আজকে হিসাব খতিয়ে দেখতে হবে যে কার কত জমি স্বনামে বেনামে আছে, সেই সমস্ত জমি আজকে বার করতে হবে, সেই সমস্ত জমির মালিকানার হিসাব-নিকাশ ঠিক মত দিচ্ছে কিনা, আর কত টাইম এক্সটেনসান করা যাবে, আজকে সেই জন্য বলছি যারা জমির রিটার্ন দেয় নি তাদেরকেও আইনের আওতায় নিয়ে আসুন। যারা জমি রিটার্ন দিয়েছে তাদের উদ্বৃত্ত জমিকে উদ্ধার ক'রে ভূমিহীন চাষীদের মধ্যে বিলি বন্দোবস্ত করেন। আর একটা কথা, ভূমিহীন চাষীকে আমরা ব'লে দিচ্ছি যে, রায়তি স্বত্ব দিলাম, সেই হরিজন সম্প্রদায়, অনুন্নত সম্প্রদায় ভূমিহীন ক্ষুদ্র চাষীকে জমির রায়তি স্বত্ব দিলাম, কিন্তু তার সঙ্গে কৃষিঋণ, সেচ, সার দিতে পারছি না যার ফলে আজকে আবার সেই সমস্ত জমি হস্তান্তরিত হয়ে যাচ্ছে। তার থেকে যদি অব্যাহতি পেতে হয়, তা হ'লে আমি বললে, তাদের জমি বিক্রি করার জন্য লিমিট ক'রে দিন। যাদের জমি দেওয়া হচ্ছে তাদের অন্ততঃ পক্ষে ৮ বছর কি পাঁচ বছর জমি যাতে বিক্রি করতে না পারে তার জন্য পাট্টায় কণ্ডিসান ক'রে দিন। এই কথা ব'লে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅনিলকৃষ্ণ মণ্ডলঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমিসংস্কার ও ভূমি সদ্ব্যবহার মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি এনেছেন তার পরিপ্রেক্ষিতে আলোচনা প্রসঙ্গে দু-একটি কথা বলতে চাই। ভূমিসংস্কার আইনকে কার্যকর করার পথে কয়েকটি বাধা আছে। একটা হচ্ছে আদালত, দ্বিতীয়তঃ হচ্ছে আমলাতন্ত্র। আদালতকে কৃষকরা রীতিমত ভয় করে থাকে। বিশেষতঃ হাইকোর্ট, জজকোর্ট এবং মুন্সেফ কোর্ট—আমাদের দেশে একটা প্রচলিত কথা আছে যে, "তোর ঘরে মামলা ঢুকুক"—এর চেয়ে বড় গালাগাল আর নেই বলে অনেকে বলেন। জীবনের অভিজ্ঞতা দিয়ে এই কথা উপলব্ধি করেছি হাড়ে হাড়ে। মামলা যদি একবার ঢুকিয়ে দেওয়া যায়, তা হলে ৫-৭ বছর পর্যন্ত নিশ্চিন্ত হওয়া যায়, তারপর আসে স্বত্বের মামলা। সেই

স্বত্বের মামলার পর আবার ইনজাংসান। সুতরাং ভাগচাষীকে হয়রানি করার যতরকম ফন্দী আছে সেই সমস্ত এই মামলার মাধ্যমে হয়ে থাকে। এবং কৃষকরাও সেইভাবে হয়রানি হয়। আমার কথা হচ্ছে যে, ভূমিসংস্কারের ব্যাপারে আপনি আইনকানুনের কথা এবং ভূমিসংস্কার আইনের অনেক ভাল ভাল কথা বলেছেন, কিন্তু বাস্তব ক্ষেত্রে এবং তার প্রয়োগের ব্যাপারে যে বাধাগুলো সৃষ্টি হয়ে আছে সেইগুলো অপসারণ করার জন্য যা করা দরকার সরকারের তরফ থেকে সেই লক্ষণ বা সেইরকম নীতি ত্বরান্বিত করার কোন ব্যবস্থা দেখা যাচ্ছে না। উদাহরণস্বরূপ আমি অনেক কথা বলতে পারি। বিশেষতঃ ২৪-পরগনা জেলার ব্যাপারে মন্ত্রিমহাশয়কে আমি ইতি-পূর্বে কয়েকটি বিষয়ে লিখিতভাবে জানিয়েছিলাম যে, ২৪-পরগনা জেলার নিরঞ্জন মন্ডলের ঘটনা বা তারাপদ মন্ডলের ঘটনা প্রভৃতি। এই সমস্ত ঘটনাগুলো আমি লিখিতভাবে তাঁর কাছে দিয়েছিলাম প্রতিকার প্রার্থনা করে এবং প্রতিকার প্রার্থনার আগে এই সমস্ত জোতদাররা সেই সমস্ত চাষীদের উপর ৭-৮টা করে কেস ঝুলিয়ে দিয়েছে এবং সেই সমস্ত ভাগচাষীরা অনেকে সারেন্ডার করেছে। সম্পত্তির তার প্রয়োজন নেই। অর্থ গেল, মানসম্মান বলে তার কোন আর পদার্থ রইল না। আর কি করে তাদের সঙ্গে মামলা করে সেই মামলা জিতিয়ে নিয়ে আমি আমার জমি উদ্ধার করবো। সুতরাং তারা সারেন্ডার করে দিল শেষ পর্যন্ত। তাই বলছি সুন্দর সুন্দর আইন থাকা সত্ত্বেও অনেক ভাগচাষী এইভাবে মহাজনদের কাছে আত্মসমর্পণ করেছে। আমি এখন খাজনার ব্যাপারে দু-একটি কথা বলতে চাই। সরকার ৯ বিঘা পর্যন্ত জমির খাজনা মকুব করে দিয়েছে। কিন্তু ৯ বিঘা পর্যন্ত যাদের খাজনা মকুব করা হয়েছে বাস্তবক্ষেত্রে দেখা যায় সেই ৯ বিঘা জমির মালিক যারা ছাড় পেল সেগুলো কি পরিবার ভিত্তিক হয়েছে ? সেটা ঠিক করা অসম্ভব হয়ে যাচ্ছে। কোন পরিবারের যদি ১৫ বিঘা সম্পত্তি থাকে এবং তার যদি ৫টি ফ্যামিলিতে পরিণত হয় এবং বিষয়টা আদালতে পেশ করা হয়েছে, কিন্তু খাজনা তাদের ১৫ বিঘার হিসাবেই দিয়ে যেতে হচ্ছে। সেখানে কিন্তু ঐ ৯ বিঘা পর্যন্ত খাজনা মকুবের পর্যায়ে পড়ছে না। সুতরাং এই যে খাজনা মকুবের কি সিদ্ধান্ত এবং কিভাবে যে হচ্ছে এবং কোন্ পর্যায় থেকে একটা ফ্যামিলির মধ্যে বণ্টন হচ্ছে এর কি জবাব তা আজ পর্যন্ত সিদ্ধান্ত হল না। ৯ বিঘা পর্যন্ত খাজনা মকুবের জন্য অভিনন্দন জানাচ্ছি। কিন্তু সেই অভিনন্দন জানানোর সঙ্গে সঙ্গে এই ব্যবস্থাটা কিভাবে সেই আইন মাফিক বা তার কি উদ্দেশ্য সেই উদ্দেশ্য মাফিক যদি হয় এবং সেটা করার জন্য আমি সরকারের কাছে অনুরোধ রাখছি।

[5-05—5-15 p.m.]

১০ বিঘা থেকে ১১ বিঘা পর্যন্ত খাজনাকে বলবৎ করবার কথা বলা হয়েছে। আমি এই সম্বন্ধে একটা কথা বলতে চাই যে, ১০ বিঘা থেকে ১১ বিঘা জমির যে খাজনা এটাকে স্থির ব্যবস্থায় রাখা হোক এবং তার উপরের খাজনা সম্বন্ধে সরকার একটা নীতি ঠিক করে দিন। তা না হলে আমাদের মত সেচবিহীন এলাকার কথা বলা হয়েছে—সুন্দরবন এলাকা, যে এলাকা থেকে আমি এসেছি। যেখানে সেচ ব্যবস্থা সম্বন্ধে লোকে অন্ধ, সেচ ব্যবস্থা কাকে বলে লোকে তার খোঁজখবর রাখে না এবং জলনিকাশী ব্যবস্থারও কোন বন্দোবস্ত নেই বা ইরিগেশনের কোন সিস্টেম নেই, সেখানে যদি এইভাবে খাজনার হিসাব হয়, তা হলে কি হবে, ভূমিহীনরা ভূমি পাবে, কিন্তু ভূমি রাখতে পারবে না। আমাদের মত পশ্চাৎপদ এলাকায়, ঐ সুন্দরবন এলাকায় এই খাজনা দিতে দিতে তারা আবার ভূমিহীন হয়ে পড়বে। সুতরাং ৯ বিঘা পর্যন্ত খাজনা ছাড় দেওয়ার অর্থ হল সেই কৃষকগুলিকে ভূমিহীনের পর্যায়ে নিয়ে যাওয়া।

শ্রীশরৎ দাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভূমিরাজস্বমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাকে আমি সমর্থন করছি এবং সমর্থন করে আপনার মাধ্যমে কয়েকটা কথা তাঁর কাছে নিবেদন করতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার অর্থনীতিকে পুনর্গঠিত করতে ভূমিসংস্কার একটা গুরুত্বপূর্ণ বিষয়, এটাকে উপেক্ষা করা যায় না। পশ্চিমবাংলায় মোট ৩৮ হাজার ৪৬৫টি গ্রাম এবং এই গ্রামে পশ্চিমবাংলার শতকরা ৭৫ ভাগ জনসংখ্যা বাস করে। কিন্তু এই সব গ্রামে যে সব পরিবার আছেন, সেই সব পরিবারের মাথাপিছু প্রায় দেড় বিঘা করে জমি

আছে। আর যে কৃষিযোগ্য চাষের জমি আছে সেটা পরিবারে মাথাপিছু ২ বিঘা পর্যন্ত পড়ে না। যে জমিতে উৎপাদন ভাল হয় বা যে জমিতে চাষ হয় এইরকম জমির পরিমাণ পশ্চিমবঙ্গে ১ কোটি ৩৭ লক্ষ একর। মোট চাষের নিযুক্ত ক্ষেতমজুর আছে পশ্চিমবঙ্গে প্রচুর, তার মধ্যে ভূমিহীনের সংখ্যা হচ্ছে ৬৩·৫০ ভাগ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমিরাজস্বমন্ত্রী এই এক বৎসরের মধ্যে কয়েকটা সুন্দর বিল পেশ করেছেন এবং ভূমিসংস্কার সম্বন্ধে উনি যে আন্তরিক চেষ্টা করছেন তার জন্য আমি ও'কে অভিনন্দন জানাচ্ছি। যদিও সেটা প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম।

এখন দেখা যাচ্ছে—তিনি যে ল্যান্ড সিলিং পেশ করেছেন তাতে ১৫ বিঘা যার জমি সেই জমি যারা বিক্রি করেছে তাদের তা ফেরৎ দিতে হবে। এটা একটা ভাল বিল এবং বর্গাদারদের সম্বন্ধে যে বিল এনেছেন তাতে বর্গাদারদের প্রোটেকসান দেওয়া হবে। কিন্তু গ্রামে দেখা যাচ্ছে, বর্গাদাররা যথাযথভাবে প্রোটেকশান পাচ্ছে না। জোতদাররা নানা কৌশল অবলম্বন করছে বর্গাদার উচ্ছেদ করার জন্য। এ ক্ষেত্রে যেখানে তারা শক্তির দ্বারা পাচ্ছে না সেখানে তারা জমি বিক্রি করে দিচ্ছে। অবশ্য কোন কোন ক্ষেত্রে আবার গায়ের জোরেও উচ্ছেদ করছে। তারা আবেদন-নিবেদন করলে স্থানীয় পুলিস তাদের সাহায্য করে না। অথচ তিনি নির্দেশ দিয়েছেন, পুলিসকে, কিন্তু তা কার্যকর হচ্ছে না। আমাদের পুরুলিয়া জেলায় ১৬-১৮ লক্ষ লোকের বাস এবং আবাদযোগ্য জমির পরিমাণ হচ্ছে ৭·৮২ একর। এর ৬০ ভাগ জমির বাধ এবং ৪০ ভাগ হচ্ছে কানাড়ী এবং বহাল জমি। কানাড়ী ও বহাল জমিতে প্রত্যেক বছর ফসল হয়, কিন্তু অন্য জমিতে তিন বছর অন্তর ফসল হয়। ল্যান্ড সিলিং যেটা পেশ করেছেন তাতে সেখানকার চাষীর মনে একটা ক্ষোভের সঞ্চার হয়েছে। অ-সেচ এলাকার জন্য যে সিলিং করেছেন তাতে পুরুলিয়ায় ভাগচাষীদের অসুবিধা সৃষ্টি হচ্ছে। সেটেলমেন্ট সম্বন্ধে তাঁরা দার্জিলিং, পশ্চিম দিনাজপুর, হুগলী, বাঁকুড়া ও মুর্শিদাবাদ এই ৫টা জেলা নিয়েছেন। কিন্তু অভিজ্ঞতায় দেখছি বর্ধমান, ২৪-পরগনা, মেদিনীপুর, নদীয়াতে জমি নিয়ে বেশী মারামারি হয়, জমিচোরের সংখ্যা বেশী। দার্জিলিং-এ জমি সমস্যা নেই। বাঁকুড়াতে সব অনুর্বর জমি। সেখানে প্রথম সেটলমেন্ট করলেন যেখানে জমি সমস্যা আছে, জমি নিয়ে মারামারি আছে সেখানে সেটেলমেন্ট না করে দার্জিলিং, বাঁকুড়ায় কেন করছেন সেটা বুঝতে পারছি না।

শ্রীলালচাঁদ ফুলমালিঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রিমহাশয় যে প্রস্তাব এনেছেন সে সম্পর্কে আমি ২-৪টা কথা বলছি। গতবার যখন আমরা এই বিধানসভায় এসেছিলাম ২-৩ বছর ভাঙাচোরার সরকার ফেল করার পর বাংলাদেশের জনসাধারণ ব্যাপকভাবে দক্ষিণপন্থী ও বামপন্থীদের পরাজয় করিয়ে প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চা এবং তার বৃহত্তম দল কংগ্রেসকে নির্বাচিত করলেন। এদের পুরানো কায়দা ফেলে দিয়ে নূতন স্লোগান-এর ভিত্তিতে এই সরকারকে বিপুল সংখ্যায় সংখ্যাগরিষ্ঠ করলেন।

[5-15—5-25 p.m.]

গত বছর আমরা বলেছিলাম, একাধারে আমরা দেখছি ব্যাপক মানুষের মধ্যে, মেহনতি মানুষের মধ্যে হতাশার ভাব এসেছে। নিম্নতম গরিব মানুষ, মেহনতি মানুষ, অন্য শ্রেণীর মানুষ, ধনী কৃষক এবং সম্পন্ন মানুষরা হাপ ছেড়ে মনে করেছিল এবারে আমাদের সরকার এল। আমরা দেখছি, বিধানসভা ভবনে অনেক মাননীয় সদস্য অনেক ভাল ভাল কথা বলছেন, সমাজতন্ত্রের কথা বলছেন, শ্রমিক এবং কৃষকদের প্রতি দরদের কথা বলছেন। কিন্তু গ্রামের মানুষ, মেহনতী মানুষ, গরিব কৃষক, ক্ষেতমজুর, মাঝারী কৃষক এ'রা কখনও মনে করতে পারছে না যে, এই সরকার পশ্চিমবাংলার সরকার এবং এই সরকার আমাদের জীবনে সুখ, সমৃদ্ধি এনে দিতে পারবে। মাননীয় স্পীকার মহাশয়, আমি যে এলাকায় থাকি সেই এলাকাতে আজ পর্যন্ত যে হারে কিষাণ এবং বর্গাদার উচ্ছেদ হয়েছে সেই উচ্ছেদকে ঠেকানোর কোন সুরাহা আমরা করতে পারি নি। গত বছর ৭ নম্বর রিটার্ন দাখিলের জন্য ৩১এ মে পর্যন্ত তারিখ দিয়েছিল। আমাদের প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার সরকার সেদিন বলেছিলেন এই ৩১এ মের মধ্যে এই সমস্ত জমিচোর এবং জমির মালিকরা রিটার্ন দাখিল না করলে তাদের জন্য কঠোর শাস্তির

ব্যবস্থা করা হবে। আমি জিজ্ঞাসা করছি, কয়টি বেনামী এবং জমিচোরদের শাস্তি দেওয়া হয়েছে? আমি বলব একজনকেও শাস্তি দেওয়া হয় নি। পশ্চিমবাংলার মেহনতি মানুষ, শ্রমিক, কৃষক, ভাগচাষী এবং লক্ষ লক্ষ কোটি কোটি মানুষের জন্য আমরা সুন্দর সমাজ গড়ে তুলব, তাদের সমৃদ্ধিকে বাঁচিয়ে রাখব শুধু এই দরদ এবং সহানুভূতি দেখিয়ে কোন লাভ হবে না। আজকে বাস্তব কথা হচ্ছে, গ্রামের মানুষ, গ্রামের কিষাণ, ভাগচাষী আজকে যে ব্যাপকভাবে উচ্ছেদ হচ্ছে তার কোন সমাধান করা যায় নি। এই উচ্ছেদ ঠেকানোর জন্য, এই উচ্ছেদের হাত থেকে বাঁচার জন্য ভাগচাষ অফিসে যাওয়া হচ্ছে এবং সেই অফিসে গিয়ে দেখা যাচ্ছে, জোতদার এবং প্রতিক্রিয়াশীলদের সঙ্গে জোট বেঁধে সরকারের আইনকে বানচাল করছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমরা পশ্চিমবাংলায় যে সরকার গঠন করেছি সেই সরকার তার প্রতিশ্রুতি পালন করতে যে ব্যর্থ হচ্ছেন সেকথা আমরা সকলেই স্বীকার করছি। আমার কাছে একটা বিরাট লিস্ট রয়েছে তাতে দেখতে পাবেন এবারে বীরভূম জেলায় কত কৃষক উচ্ছেদ হয়েছে। সময় অভাবে আমি সেই লিস্ট পড়তে পারলাম না। মাননীয় স্পীকার মহাশয়, আমাদের ভূমি-রাজস্বমন্ত্রী বর্গাদারদের স্বার্থ রক্ষার কথা যা বলেছেন সেই স্বার্থ যদি রক্ষা করতে হয়, তা হলে আমার প্রস্তাব হচ্ছে, সহানুভূতি দেখালে হবে না, আইনের কথা বলে শান্তিপূর্ণভাবে এই বেনামদারদের হাত থেকে জমি আনতে হবে।

আমি বলতে চাই, আমরা দেখেছি যুক্তফ্রন্টের আমলে কৃষক এবং শ্রমিকেরা অধিকার পেয়েছিল। এবং বেনামদার এবং জমিচোরদের হাত থেকে জমি নেবার জন্য তারা আতঙ্ক সৃষ্টি করতে পেরেছিল। কিন্তু আজকে বেনামদার এবং জমিচোররা আবার নিশ্চিতভাবে জমি লুকিয়ে রাখছে। তারা নিশ্চিতভাবে জমি ভোগ করছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অবিলম্বে এই জমি যদি ধরতে হয়, তা হলে কৃষক এবং শ্রমিকদের সংগঠিত করে বেনামদার এবং জোত-দারদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে। তা হলে বাস্তবে ভূমিসংস্কার সঠিক পথে কার্যে রূপায়িত করা যাবে। এই কথা বলে ভূমিরাজস্ব দপ্তরের মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব যাতে এই বেনামী জমি উদ্ধার করা যায় তার ব্যবস্থা গ্রহণ করবেন।

শ্রীশক্তিপদ মাঝিঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভূমিসদ্ব্যবস্থা এবং ভূমিরাজস্ব মন্ত্রী আজকে ভূমিরাজস্ব খাতে যে ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন করেছেন তা আমি আন্তরিকভাবে সমর্থন করছি। সমর্থন করছি এই কারণে যে, ভূমিসংস্কার আইনের বলে গ্রামবাংলার সাধারণ মানুষ যারা চিরদিন অবহেলিত যারা চিরদিন বঞ্চিত হয়েছিল তারা এই সরকারের এই বলিষ্ঠ পদক্ষেপে তারা উপকৃত হবে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি এই ভূমিসংস্কার আইনকে কার্যে পরিণত করতে অনেক জায়গায় বাধার সম্মুখীন হতে হবে। সেই জন্য ভূমিসংস্কার আইনকে কার্যকর করতে গেলে এবং তা বাস্তবে রূপায়িত করতে আমার প্রস্তাবগুলি মাননীয় মন্ত্রিমহাশয় বিবেচনা করে দেখবেন। যেখানে ভূমিবণ্টন করা হচ্ছে এবং সেই বণ্টন যাদের নামে হল তাদের অধিকার যাতে প্রতিষ্ঠা করা যায় তার দিকে নজর দিতে হবে। এবং প্রয়োজন হলে পুলিসের সাহায্য নিতে হবে। আজকে আমরা দেখছি জোতদার এবং বেনামদার তারা পুলিসের সাহায্য নিয়ে তাদেরকে উপঢৌকন দিয়ে তারা বর্গাদারদের তাদের জমি থেকে উচ্ছেদ করছে। সেজন্য আমি বলছি বর্গাদারদের যাতে অধিকার প্রতিষ্ঠিত হয় তার ব্যবস্থা করতে হবে। ভূমি-সংস্কারের সঙ্গে সেচ ব্যবস্থা অঙ্গাঙ্গীভাবে জড়িত। তাই আমার অনুরোধ যে সমস্ত ছোট ছোট খাল এবং পুকুর এবং বড় বড় পুকুর আছে সেগুলি সরকারের নিজের আইনের বলে এই সব সংস্কারের ব্যবস্থা অবিলম্বে করা দরকার। যে সমস্ত বন্ধ্যা জমি আছে সে সমস্ত ভূমিহীন-দের মধ্যে বিতরণ করা হচ্ছে। সেই জমিগুলি যাতে কৃষিযোগ্য করে তোলা যায় তার দিকে মন্ত্রিমহাশয়ের বিশেষ নজর দিতে হবে। বাঁকুড়া এবং পুরুলিয়া জেলার কথা অনেকে বলেছেন। সিলিং ক্ষেত্রে অনেকে বলেছেন যে, বর্ধমান, ২৪-পরগনা এবং হুগলী জেলার জমির যে কোয়ালিটি বাঁকুড়া, পুরুলিয়ার জমির কোয়ালিটি তেমন নয়। তাই সিলিং-এর ব্যাপারে মন্ত্রিমহাশয়কে বিশেষ বিবেচনা করতে হবে। আজকে ভূমিসংস্কারের ক্ষেত্রে যে সমস্ত ব্যবস্থা নেওয়া হচ্ছে তা বাস্তবিকই অভিনন্দনযোগ্য। কিন্তু আরও অভিনন্দন জানাব তখনই যখন পুরাপুরি ভাবে এটা কার্যকর করা হবে।

[5-25—5-35 p.m.]

তাই বিশেষ আর কিছু বলার প্রয়োজন হবে বলে মনে করি না। আজকে মাননীয় মন্ত্রিমহাশয় যে দাবি উত্থাপন করেছেন সেই দাবিকে পরিপূর্ণ সমর্থন জানিয়ে বক্তব্য শেষ করছি।

শ্রীরমেন্দ্রনাথ দত্ত: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমি ও ভূমিরাজস্বমন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবি রেখেছেন তাকে সমর্থন ক'রে, এই প্রসঙ্গে কিছু বলতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যুক্তফ্রন্টের সময় আমরা কি দেখলাম? গ্রামে টাউট শ্রেণীর লোক, যেমন ধরুন ছোট দোকানদার, কোয়াক ডাক্তার, প্রাইমারী টিচার, এই সমস্ত লোক তাদের নামে অনেক জমি রেখে দিয়েছে এবং তারা সেই জমি নিয়ে আধিয়ার দিয়ে চাষ করাচ্ছে। এটা আপনি পশ্চিম দিনাজপুরের জেলাতেও অনেক জায়গায় দেখতে পাবেন স্কুল টিচার, কোয়াক্ ডাক্তার, ছোট দোকানদার প্রকৃত চাষী যারা তাদের কাছ থেকে জমি ফাঁকি দিয়ে নিয়ে আধিয়ার দিয়ে চাষ করাচ্ছে। আমি মনে করি, এই সমস্ত জমি তাদের কাছ থেকে নিয়ে প্রকৃত যে চাষী তাদের দিতে হবে। আপনি খোঁজ নিয়ে দেখুন, ভূমিহীনদের যে ভেস্ট জমি পারমানেন্ট সেটলমেন্ট ক'রে ভেস্ট দেওয়া হয়েছিল তার শতকরা ২৫ ভাগই এরই মধ্যে বিক্রি ক'রে দিয়েছে অর্থাভাবে, জমি রাখতে পারে নি। সেজন্য আমার সাজেশন হচ্ছে, ভেস্টেড জমি কোনক্রমেই জে এল আর ও, এস এল আর ও-এর পারমিশন ছাড়া যাতে হস্তান্তর না হতে পারে বা অন্যকে দিয়ে চাষ করাতে না পারে তার ব্যবস্থা করুন। আপনি জানেন যে, ট্রাইবালদের বেলায় জমি হস্তান্তর করতে গেলে বা বিক্রি করতে গেলে অলওয়েজ ট্রাইবাল ওয়েলফেয়ার অফিসারের পারমিশন নিয়ে তবে হস্তান্তর করতে হয়। তা না হ'লে ভেস্টেড জমি যা তাদের মধ্যে বিলি করা হয়েছে সেসব হস্তান্তর বা বিক্রি করতে পারে না। অন্যের বেলায় সেরকম কিছু করতে হবে।

ভেস্টেড পুকুর এক বছরের জন্য দেওয়া হয়। ফলে কি হচ্ছে? এক বছরের মধ্যে পুকুর সংস্কার ক'রে তাতে মাছের চাষ করা সম্ভব হচ্ছে না। যারা পুকুর নিচ্ছে, তারা পুকুরে যে মাছ আছে তা নিয়ে নিচ্ছে তারপর পুকুর অন্য হাতে চ'লে যাচ্ছে। এখানে আমার সাজেশন হচ্ছে অন্ততঃ পাঁচ বছরের জন্য যেন এই ভেস্টেড পুকুর বিলি করা হয়। পাঁচ বছরের জন্য দিলে পর পুকুর সংস্কার ক'রে সেটা লাভজনক হতে পারে, তাতে মাছের চাষ বাড়বে। বর্তমানে যে পদ্ধতিতে বিলি করা হয়, এতে মাছ চাষ বাড়ছে না, বরং ভেস্টেড পুকুরকে কেউ কোন কাজে লাগাতে পাচ্ছে না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ভেস্টেড জমি ২/৩ বিঘা ক'রে ভূমিহীনকে দিয়ে দিলেই উৎপাদন বাড়বে না। উৎপাদন বাড়াতে গেলে এদের নিয়ে কো-অপারেটিভ করাতে হবে, এবং সরকার থেকে ট্রাক্টার নিয়ে চাষ করবার যাতে সুযোগ পায় সে ব্যবস্থা করতে হবে। আপনি জানেন যে, আজকাল ক্যাটলের দাম অত্যন্ত বেশী। যারা জমি পাচ্ছে তাদের না আছে পয়সা, না গরু, না আছে পরণের কাপড়, তাদের পক্ষে এই জমি চাষ করা কত শক্ত। যার ফলে সব সময় তারা গিয়ে জোতদারদের আওতায় পড়ছে। সেজন্য আমি আপনার মাধ্যমে বলতে চাই যে, ব্লকে ব্লকে একটা ট্রাক্টার ইউনিট রেখে যারা ভেস্জেড জমি পাচ্ছে তাদের সার্ভিস অন ক্রেডিট বেসিসে দিতে হবে এবং তাদের কৃষিঋণ দিতে হবে, তা হ'লে তারা জমি চাষ করতে পারবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইসলামপুর জমি সম্বন্ধে আমি একটা কথা বলি। সেখানে দলিল হিন্দীতে লেখা। এর ফলে সেটেলমেন্ট করা অসুবিধা হচ্ছে। আমি অনুরোধ করব যাতে এই দলিলগুলি বাংলায় অনুবাদ করার ব্যবস্থা হয়। তা হ'লেই সেটেলমেন্ট করতে সুবিধা হবে এবং প্রকৃত মালিককে ধরা সম্ভব হবে। তা না হ'লে ভেস্টেড ল্যান্ড সেটেলমেন্ট দেওয়ার অসুবিধা হচ্ছে। জয় হিন্দ।

Nineteenth Report of the Business Advisory Committee.

Mr. Speaker: I beg to present the nineteenth report of the Business Advisory Committee, which has, at its meeting held on the 23rd March, 1973, in my Chamber, considered the question of allocation of dates and time for disposal of Legislative business and recommended as follows:

Tuesday, 3-4-73	..	(i) The Calcutta Improvement (Amendment) Bill, 1973. (Introduction, Consideration and Passing)—1 hour.
		(ii) The Calcutta University (Amendment) Bill, 1973. (Introduction, Consideration and Passing)—3 hours.
Wednesday, 4-4-73	..	(i) The Calcutta Municipal (Amendment) Bill, 1973. (Introduction, Consideration and Passing)—2 hours.
		(ii) The Calcutta Municipal (Second Amendment) Bill, 1973. (Introduction, Consideration and Passing)—2 hours.
Thursday, 5-4-73	..	The West Bengal Agricultural Credit Operations Bills, 1973. (Introduction, Consideration and Passing)—4 hours.

The Minister-in-charge for Parliamentary Affairs may now move his motion for acceptance.

Shri Gyan Singh Sohanpal: Sir, I beg to move that the Nineteenth Report of the Business Advisory Committee, presented this day, be agreed to by the House.

The motion was then put and agreed to.

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, তা হলে ঐ দিনগুলোতে প্রশ্ন হবে তো, বা মেনসন করার যা ব্যবস্থা আছে তা হবে তো?

Mr. Speaker: Yes.

শ্রীমতী গীতা মুখোপাধ্যায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইসব বিল অত্যন্ত গুরুত্বপূর্ণ বিল যেগুলির নাম শুনলাম। আমার প্রশ্ন হচ্ছে, এইগুলি কবে আমাদের কাছে সারকুলেট হবে।

Mr. Speaker: I think, some of the Bills will be circulated today and the others, on Monday next.

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: স্যার, বিলগুলি কবে পাওয়া যাবে। এখনও তো পাওয়া যায় নি। অনেক সময় দেখা গেছে বিল পাওয়া গেছে আলোচনার কয়েক মিনিট আগে।

Mr. Speaker: Shri Pramanik, to-day is 23rd March. The first Bill will come up before the House on the 3rd April. You are getting the copy of the first Bill to-day and the copies of the remaining Bills will be circulated on Monday or Tuesday next.

DEMAND FOR GRANT No. 2

শ্রীগরুপদ খানঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলায় ভূমিসংস্কার যেখানে লোকসংখ্যা এতো বেশি এবং ভূমির পরিমাণ লোকসংখ্যার তুলনায় যেখানে এতো কম সেখানে এই পশ্চিমবাংলায় হঠকারিতার মধ্য দিয়ে নয়, এমন একটা পদ্ধতি অবলম্বন ক'রে আমরা চলেছি যাতে ক'রে সারা ভারতবর্ষের ভিতর অন্যান্য রাজ্যে যেখানে ভূমিসংস্কার হয়েছে সেখানে সকলেই একবাক্যে স্বীকার করেছেন যে, পশ্চিমবাংলায় সব দিক দিয়ে কি ভূমি সরকারে বর্তানোর ক্ষেত্রে কি সিলিং বাঁধার ক্ষেত্রে জমির ঊর্ধ্বসীমা নির্ধারণের ক্ষেত্রে—সব দিক দিয়ে সমস্ত রাজ্যের চেয়ে এখানে অগ্রগতিসম্পন্ন হয়েছে। সবচেয়ে বড় প্রশ্ন যেটা বিশেষ ক'রে মাননীয় শাশ মহম্মদ সাহেব এবং তার সঙ্গে সঙ্গে আরও দু'জন সদস্য আমাদের শ্রদ্ধেয় বিশ্বনাথবাবু ও অজিতবাবু প্রভৃতি যে কথা বলেছেন, তার মূল কথা হচ্ছে এই যে, দীর্ঘ দিন ধরে আইনের সাহায্যে এই ভূমিসংস্কার করার চেষ্টা করেছি—কিন্তু সেটা যতটা হওয়া উচিত ছিল ততটা হয় নি এবং এখানে অনেকেই এতো অধীর হয়ে পড়েছেন যে, দু'-চার দিনের মধ্যে কি করা যায়। আমি আমার প্রাথমিক বক্তৃতায় হঠকারিতার পথ অবলম্বন করবো না বলেছি ব'লে তাঁদের মনে অন্য কোন একটা ধারণা হয়েছে।

[5-35—5-45 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সুস্পষ্ট ভাবে আপনার মাধ্যমে এই কথা তুলে ধরতে চাই মাননীয় সদস্যদের কাছে যে, এই আইনের মাধ্যমে এই আইনকে সঠিকভাবে প্রয়োগ ক'রে আমরা এই ছোট্ট পশ্চিমবঙ্গ রাজ্যে ২৪ লক্ষের বেশি কৃষি, অ-কৃষি বনভূমি নিয়ে গ্রহণ করেছি, যাদের বেশি জমি ছিল তাদের কাছ থেকে, যাদের সিলিং-এর বেশি জমি ছিল তাদের কাছ থেকে। আজ পর্যন্ত আমরা যে জমি গ্রহণ করেছি বনভূমি ছাড়া তার অনেক জমি কেউ ইচ্ছা ক'রে দেয় নি, আইনের সাহায্যে আমাদের গ্রহণ করতে হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি একজন বিশিষ্ট আইনজীবী, আপনি জানেন যে, জমি সম্বন্ধে যে আইনগুলি রয়েছে সেই আইন যেমন জটিল হচ্ছে তাকে প্রয়োগ করার জন্য তেমনি সময় লাগে। খুব তাড়াতাড়ি ক'রে কারো জমি আমরা জোর ক'রে নিয়ে নিলাম, এই আইন যদি থাকতো, তা হ'লে অন্য জিনিস হত কিন্তু আমাদের গণতান্ত্রিক পদ্ধতিতে, কনস্টিটিউসনকে বজায় রেখে, আইন মেনে যেভাবে চলতে হয়েছে দীর্ঘ সময় তাতে একটু লেগেছে, এ কিছু অবাস্তব, অসম্ভব নয়, লাগবেই। জোর ক'রে জমি দখল করার কিছু মনোভাব আমাদের এই পশ্চিমবাংলায় কিছুদিন আগে দেখা গিয়েছিল। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা কি লক্ষ্য করেছি? এই প্রসঙ্গে একটি ছোট্ট গল্প আমার মনে প'ড়ে গেল। আমরা জানি মাননীয় অধ্যক্ষ মহাশয়, কোন সন্তান অসুস্থ হয়ে পড়লে মা হয়ত দেবদেবীর কাছে মানত করেন যে, ভাল হ'লে জোড়া পাঁঠা দেব। সন্তান ভাল হয়ে যাবার পরে দেবী বললেন, কই তুমি আমার সেই জোড়া পাঁঠা দাও। এক বছর গেল, দু'বছর গেল, তখন যিনি মানত করেছিলেন তিনি বললেন, মা ঐ রাস্তায় বা মাঠে ঘাটে পাঁঠা চ'রে বেড়াচ্ছে, তুমি ধ'রে ধ'রে খাও গো! এই যে সময় আমাদের পশ্চিমবাংলায় কোন কোন রাজনৈতিক দল যারা প্রতিশ্রুতি দিয়ে এসেছিলেন সকলকে জোর ক'রে জমি দেবেন, তাঁরা যখন ক্ষমতায় বসেছিলেন, জনসাধারণ তাদেরকে যখন সমর্থন করেছিলেন, তখন তাদের কাছে জমি চেয়েছিলেন। কি দেখিয়ে দিয়েছিলেন তারা, কিভাবে তাদের জমির ক্ষুধা মিটিয়েছিলেন? ধ'রে ধ'রে খাও গো, যাও ঝাণ্ডা নিয়ে, লাঠি সোটা নিয়ে অস্ত্রশস্ত্র নিয়ে যাও, লোকের জমি দখল ক'রে খাও। ফল কি হয়েছিল? খুব কম লোকই তাদের জমির উৎপন্ন ফসল ভোগ করতে পেরেছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তারা কেউ তাদের প্রতি সন্তুষ্ট হয় নি। তাদের মনোভাবের প্রতিফলন দেখা গেল গত নির্বাচনের সময়। তারা ঐ হঠকারী পন্থা পরিহার ক'রে আমাদের এই শান্তি-পূর্ণ গণতান্ত্রিক পদ্ধতি মেনে নিয়েছে, তার পরিষ্কার প্রমাণ গত নির্বাচনের সময় পাওয়া গেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন আমরা এখন যেভাবে তাদের হাতে জমি পেশীছে দিচ্ছি সেটা লাইসেন্স দিয়ে নয়, যে লাইসেন্সগুলি তাদের সময়ে অনেক সময় পার্টি অফিসে জমা থাকত, যে লাইসেন্সগুলির কোন সিদ্ধান্ত জানতে পারা যেত না, যে ফসল ফলত তার অধিকাংশই পার্টি অফিসে থাকত, আজ আমরা চিরস্থায়ী বন্দোবস্ত তাদের মধ্যে ক'রে দিচ্ছি বংশের পর

বংশ ধ'রে তারা সেটা ভোগ করতে পারবে। কাজেই অল্প একটু জমি পেলে পরে আমি স্বীকার করি উপার্জনের পক্ষে যথেষ্ট নয়। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিভিন্ন জায়গায় নিজে গেছি পাট্টা তাদের হাতে তুলে দেবার জন্য। আমি দেখেছি, কি আগ্রহ সহকারে ঐ অল্প জমিতে তারা সন্তুষ্ট হয়েছে। কাজেই আমাদের বিচার ক'রে নিতে হবে,, পরিষ্কারভাবে একটা পন্থা নির্দ্ধারণ ক'রে নিতে হবে। হঠকারিতার মধ্যে ভূমিসমস্যার সমাধান করতে গিয়ে আমাদের যা ভূমি আছে তাতে তো সকলের হাতে ভূমি তুলে দিতে পারব না—অতএব গণতান্ত্রিক-ভাবে, গণতান্ত্রিক উপায়ে শান্তি বজায় রেখে, দেশের মধ্যে আর আগুন না জ্বালিয়ে শান্তিপূর্ণ-ভাবে আমরা ভূমি সমস্যার সমাধানের নিশ্চয় চেষ্টা করছি। কিন্তু সঙ্গে সঙ্গে এই কথা বলি যে, বর্গাদার উচ্ছেদের কথা আমরা অনেক জায়গা থেকে শুনেছি। এখানে আমাদের মাননীয় সদস্যেরা অনেকেই বললেন, এটা সত্যিই আমার মনের ভিতর একটা বেদনা সঞ্চার করেছে। আমি বলব বিভিন্ন কারণের জন্য বর্গাদার এগিয়ে আসছে না তাদের নাম রেকর্ড করাতে এ আমি জানি। আমি নিজে সেদিন হরিপাল যাবার পথে নিয়াড়া না কি একটা গ্রামে, নামটা ঠিক মনে পড়ছে না, গিয়েছিলাম। সেখানে আমাদের হলকা ক্যাম্পে যারা অফিসার মাপ করছিলেন, তাদেরকে আমি প্রশ্নের পর প্রশ্ন করেছি সেই সেন্টারে, তারা বললেন একজন বর্গাদার চাষীও এগিয়ে আসছেন না। আমি সেই সমস্ত লোক যারা আছে তাদের কাছে গিয়ে অ্যাপিল করেছি যে, আপনারা নিয়ে আসুন বর্গাদারদের রেকর্ড ক'রে সেই রকম ভাবে সেটেল-মেন্টের ব্যবস্থা করুন।

আমাদের সেটেলমেন্টের কর্মচারীরা বললেন, স্যার, একজন বর্গাদার নাম রেকর্ড করাল আর তার পরের দিনই এসে আমাদের হাতে পায়ে ধ'রে বলছে, আমার নাম কেটে দিন। আমি জানি, এই সব প্রতিপত্তিশালী জোতদার যারা রয়েছে, যারা আইনকে ফাঁকি দিতে চায় তারা এই ভাবে বর্গাদারদের শাসন করছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শুধু আইন ক'রে বা সেটেলমেন্ট অফিসার দিয়ে এটা করা যায় না, এটা সত্য কথা। তা ছাড়া আমি যদি পুলিসকে বলি তোমরা এটা কর তা হ'লেও হবে না, আমি জানি। যতক্ষণ পর্যন্ত না আমাদের পল্লী অঞ্চলে যারা ল্যান্ড রিফর্মসে কমিটেড হয়ে রয়েছেন—ভূমিসংস্কার করবেন ব'লে মনে দৃঢ় আস্থা নিয়ে যতক্ষণ পর্যন্ত এগিয়ে না আসছেন ততক্ষণ পর্যন্ত এটা হবে না। সেইজন্য দলমত নির্বিশেষে আমি মাননীয় সদস্যদের বলব, যারা বর্গাদার রয়েছেন তাদের মনে সাহসের সঞ্চার করবার জন্য আপনারা একযোগে এগিয়ে আসুন। এই ভাবে যদি আমরা ভূমিসমস্যার সমাধান করতে না পারি, তা হ'লে পল্লী অঞ্চলের যে অর্থনৈতিক অবস্থা সেটার আমরা উন্নয়ন করতে পারবো না তথা পল্লী অঞ্চলের যারা দরিদ্র অধিবাসী তাদের মঙ্গল করতে পারবো না। কাজেই এই সমস্ত দুর্বল বর্গাদাররা যাতে মনে সাহস সঞ্চার ক'রে জোতদারদের সামনে আমাদের সেটেলমেন্ট কর্মচারীদের কাছে নাম লিখিয়ে যান তার ব্যবস্থা নিশ্চয় আমাদের করতে হবে। আর তার জন্য প্রত্যেক পল্লীতে পল্লীতে, গ্রামে গ্রামে জোতদার কৃষক সংগঠন আমাদের গ'ড়ে তুলতে হবে। যদি তা না করতে পারি, তা হ'লে এটা করা সম্ভব হবে না। গণতান্ত্রিক উপায়ে শান্তিপূর্ণভাবে এই আইনকে কার্যকর করা যাবে ব'লে যাঁরা বিশ্বাস করেন তাঁদের প্রত্যেকের কাছে এই মোর্চার সকলের কাছে আমার আবেদন, এই ভাবে কৃষক সংগঠন তৈরি ক'রে তাদের মনে সাহস সঞ্চার করুন যাতে তারা নাম লেখাতে পারেন। একথা আমি জানি, আইন প্রয়োগ ক'রে, কোর্টে এসে, হাইকোর্টে এসে অনেকে আমাদের এই যে ভূমিসংস্কার আইন এটাকে বানচাল করবার জন্য সচেষ্ট হয়েছে। এ সম্বন্ধে আমার মনে যে ধারণা ছিল যে, এটার কিছু ব্যবস্থা করতে পারবো, কিন্তু কনস্টিটিউসানে যে আর্টিকেল ২২৬ আছে, আপনারা জানেন, এখানে সেটার আমরা সংশোধন করতে পারবো না। তবুও মনে হয় এখানে নিশ্চয় একটা ব্যবস্থা অবলম্বন করা উচিত। এর জন্য সারা পশ্চিমবাংলার জন্য একটা ল্যান্ড কমিশন গঠন ক'রে পুঙ্খানুপুঙ্খরূপে বিচার বিবেচনা করা দরকার। এই ল্যান্ড কমিশন বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা করবেন এবং আমাদের কাছে সাজেসন রাখবেন। তারপর মাননীয় শীশ মহম্মদ সাহেব বললেন, আমরা নাকি এই আইনের কঙ্কাল দিয়ে জোতদারদের ফুলিয়ে ফাঁপিয়ে দিচ্ছি। আমি তাঁকে বলছি, আজ পর্যন্ত ৪৪(১)(এ)-তে স্যুয়োমটো কেস ক'রে মাসে মাসে যে তিন হাজার বিঘা ক'রে জমি নিয়েছি সেটা কি তিনি জানেন? আর এ জমি গরিব চাষীদের কাছ থেকে নেওয়া জমি নয়, যারা বেশি জমির মালিক,

যারা জমি লুকিয়ে রেখেছিল তাদের কাছ থেকে উদ্ধার করা হচ্ছে। এই সেদিন হরিপালে যে সব জমির পাট্টা দিয়ে এলাম সেই এক বিঘা জমির দাম কত জানেন মাননীয় শীশ মহম্মদ সাহেব? যে জমি উদ্ধার করা হয়েছে সেই দু'-ফসলী, তিন-ফসলী জমির এক বিঘার দাম হচ্ছে তিন/চার হাজার টাকা। ঐ জমি গরিবের হাত থেকে আসে নি, বড় জোতদারের হাত থেকে এসেছে। কাজেই এই আইনের কঙ্কাল দিয়ে নয়, এই আইনকে সত্যিকারের প্রয়োগ ক'রে এই জমি আমরা উদ্ধার করেছি। তারপর নগেনবাবু জানেন, তাঁর ওখানে যাদের বাস্তু ছিল না, ঐ বালটিকরীতে তাদের হাতে তিন কাঠা ক'রে জমি দিয়েছি। শীশ মহম্মদ সাহেব জানেন, এ জমি কার ছিল। সবচেয়ে বড়লোক দাশনগরের মিঃ দাশ, তার হাত থেকে এই জমি আমরা উদ্ধার করেছি। ২৫০ লোকেরও বেশি বাস্তু জমি দিয়েছি। এক কাঠা এই যে বাস্তু

[5-45—5-53 p.m.]

জমির দাম কত জানেন? এই এক কাঠার জমির দাম ৩ থেকে ৪ হাজার টাকা। শীশ মহম্মদ মহাশয়, নগেন মুখার্জী মহাশয়কে জিজ্ঞাসা করবেন যে, সেখানে জমির দাম কত? এই যে আইন এটা আইনের কঙ্কাল নয়। এই আইন হচ্ছে শক্ত। এই আইনের যে উদ্দেশ্য তা এত মহৎ যে, আইনটাকে যদি ঠিকমত প্রয়োগ করতে পারি এবং যেখানে যেখানে প্রয়োগ করছি, আশা করি, আপনাদের সকলের সহানুভূতি ও সহযোগিতা নিয়ে এটা প্রয়োগ করতে পারবো এবং সেখানে এই ধরনের বড় বড় লোকের হাত থেকে দামী দামী জমি উদ্ধার করছি এখন এই আইনটা বন্ধ করতে চাই না। এর পরে যে জমি উদ্ধার করতে যাচ্ছি এবং ল্যান্ড রিফর্মস আইনের মধ্যে দিয়ে যে জমি নিয়ে আসতে পারবো সেটা কি জমি? সেটা ৭৫ বিঘা পর্যন্ত যারা জমি রেখেছিলেন তারা ভাল জমি রেখেছিলেন এবং খারাপ জমিটা গভর্নমেন্টে ভেস্ট ক'রে দিয়েছেন। সিলিং আমরা ফ্যামিলি অনুযায়ী যেটা করেছি তাতে কি জমি রেখেছে, তাতে আরো ভাল জমি রেখেছে। আমরা তার মধ্য থেকে যে জমি উদ্ধার ক'রে আনছি সেটা বেস্ট টাইপ অব ল্যান্ড, অর্থাৎ সর্বোৎকৃষ্ট জমি। এটা আমরা আইনের সাহায্যে উদ্ধার ক'রে আনছি। কাজেই এই আইনের ফাঁক যাতে বন্ধ করতে পারা যায়। তাতে একদিকে যেমন আমরা আইনকে কঠোর থেকে কঠোরতর করবো অন্য দিকে তেমনি আপনাদের সকলের সহযোগিতা কামনা করি। আরো অনেক প্রশ্ন এখানে এসেছে, অনেক আলোচনা হয়েছে। বিশ্বনাথবাবু অনেক সাজেশান আমাদের কাছে দিয়েছেন, আমরা নিশ্চয়ই সেগুলি মনে রাখবো এবং এগুলি আলোচনা করবো। এই যে ভূমিসমস্যার সমাধানের বিভিন্ন দিক দেখিয়েছেন কেমন ক'রে সেগুলি আমরা সমস্ত লুফহোল দূর ক'রে কিভাবে এগিয়ে যেতে পারি সেটা আমরা দেখবো। আমাদের অজিতবাবু কিছু ভাল ভাল সাজেশানস আমার কাছে রেখেছেন। কিন্তু বিধানসভার মধ্যে আমাদের কাজ শেষ হয়ে যাবে না, আজকে গ্রান্ট পাশ হয়ে যাবে ১০ কোটি কি ১১ কোটি টাকার, কিন্তু ১০০ কোটি টাকা দিলেও ভূমিসমস্যার সমাধান হত না। আমি তাঁকে অনুরোধ করবো, বিশ্বনাথবাবুই হোন বা মাননীয় অজিতবাবুই হোন, আর শীশ মহম্মদ মহাশয় হোন বা নূরুল আমীন মহাশয়ই হোন, যে কেউ হোন, যাঁরাই ইনটারেস্টেড আছেন। ভূমি সমস্যা সম্পর্কে আলোচনা করতে গেলে একটা আবেগের সৃষ্টি হয়। আমরা চাই এখানে কিছু মানুষের অন্তত যেন উপকার করতে পারি। আমরা চাই জোতদারের হাত থেকে নিয়ে আমাদের পশ্চিমবাংলার দরিদ্র অধিবাসীদের হাতে কিছু জমি দিতে পারি। আমি জানি এই সমস্যার সমাধান না হ'লে পল্লীগ্রামের যে অর্থনৈতিক সমস্যা আছে সেখানে বিরাট একটা বিক্ষোভ দানা বেঁধে উঠছে এবং তা ফেটে পড়তে পারে। এই আইনের মাধ্যমে শান্তিপূর্ণভাবে নিশ্চয়ই উদ্ধার করতে পারবো। সেই জন্যই এই সুন্দর আইন মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সকলের কাছে এই আবেদন রাখছি, আসুন, সকলে একজোট হয়ে এই আইনকে সঠিকভাবে প্রয়োগ করি। এটা যদি আমরা করতে পারি, তা হ'লে এই ভূমিসমস্যার সমাধান আমরা নিশ্চয়ই করতে পারবো। এই কথা ব'লে আমার বক্তব্য শেষ করছি এবং বসবার আগে যেসমস্ত ছাঁটাই প্রস্তাব এখানে এসেছে সমস্তগুলির বিরোধিতা করছি এবং যে ব্যয়বরাদ্দ উপস্থাপিত করেছে সকলের কাছে তার সমর্থন কামনা করি।

The motion of Shri Timir Baran Bhaduri that the amount of the Demand be reduced to Re. 1 was then put and a division taken with the following result:

Ayes

Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Noes

Abdul Bari Biswas, Shri.
Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Bandopadhayay, Shri Shib Sankar.
Bandyopadhyay, Shri Sukumar.
Bapuli, Shri Satya Ranjan.
Basu, Shri Ajit Kumar (Mid.).
Biswas, Shri Kartic Chandra.
Chatterjee, Shri Debabrata.
Chattopadhay, Shri Sukumar.
Das, Shri Barid Baran.
Das, Shri Rajani.
Das Gupta, Dr. Santi Kumar.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Adya Charan.
Dutta, Shri Hemanta.
Ghose, Shri Sankar.
Gyan Singh, Shri Sohanpal.
Isore, Shri Sisir Kumar.
Kar, Shri Sunil.
Khan, Shri Gurupada.
Lakra, Shri Denis.
M. Shaukat Ali, Shri.
Mahanto, Shri Madan Mohan.
Mahato, Shri Ram Krishna.
Mahato, Shri Satadal.
Mahapatra, Shri Harish Chandra.
Majhi, Shri Saktipada.
Md. Safiullah, Shri.
Moitra, Shri Arun Kumar.
Molla Tasmatulla, Shri.
Moslehuddin Ahmed, Shri.
Mukherjee, Shri Sanat Kumar.
Nurul Islam Molla, Shri.
Paul, Shri Bhawani.
Poddar, Shri Deokinandan.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.

Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shri Bireswar.
Roy, Shrimati Ila.
Roy, Shri Jagadananda.
Roy, Shri Krishna Pada.
Roy, Shri Madhu Sudan.
Sarkar, Dr. Kanai Lal.
Sarker, Shri Jogesh Chandra.
Singha, Shri Satyanarayan.
Singha Roy, Shri Probodh Kumar.
Sinha, Shri Panchanan.
Talukdar, Shri Rathin.
Tirkey, Shri Iswar Chandra.
Tudu, Shri Budhan Chandra.
Wilson-de Roze, Shri George Albert.

Abstentions

Basu, Shri Ajit Kumar (Hoog.).
Lahiri, Shri Somnath.
Mitra, Shri Chandipada.
Mondal, Shri Anil Krishna.
Mukhopadhyaya, Shrimati Geeta.
Murmu, Shri Rabindra Nath.
Phulmali, Shri Lalchand.

The Ayes being 2 and the Noes 54, the motion was lost.

The motion of Shri A. H. Besterwitch that the amount of the Demand be reduced by Rs. 100 was then put and a division taken with the following result:

Ayes

Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Noes

Abdul Bari Biswas, Shri.
Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Bandopadhayay, Shri Shib Sankar.
Bandyopadhyay, Shri Sukumar.
Bapuli, Shri Satya Ranjan.
Basu, Shri Ajit Kumar (Mid.).
Biswas, Shri Kartic Chandra.
Chatterjee, Shri Debabrata.
Chattopadhay, Shri Sukumar.

Das, Shri Barid Baran.
Das, Shri Rajani.
Das Gupta, Dr. Santi Kumar.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Adya Charan.
Dutta, Shri Hemanta.
Ghose, Shri Sankar.
Gyan Singh, Shri Sohanpal.
Isore, Shri Sisir Kumar.
Kar, Shri Sunil.
Khan, Shri Gurupada.
Lakra, Shri Denis.
M. Shaukat Ali, Shri.
Mahanto, Shri Madan Mohan.
Mahato, Shri Ram Krishna.
Mahato, Shri Satadal.
Mahapatra, Shri Harish Chandra
Majhi, Shri Saktipada.
Md. Safiullah, Shri.
Moitra, Shri Arun Kumar.
Molla Tasmatulla, Shri.
Moslehuddin Ahmed, Shri.
Mukherjee, Shri Sanat Kumar.
Nurul Islam Molla, Shri.
Paul, Shri Bhawani.
Poddar, Shri Deokinandan.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shri Bireswar.
Roy, Shrimati Ila.
Roy, Shri Jagadananda.
Roy, Shri Krishna Pada.
Roy, Shri Madhu Sudan.
Sarkar, Dr. Kanai Lal.
Sarker, Shri Jogesh Chandra.
Singha, Shri Satyanarayan.

Singha Roy, Shri Probodh Kumar.

Sinha, Shri Panchanan.

Talukdar, Shri Rathin.

Tirkey, Shri Iswar Chandra.

Tudu, Shri Budhan Chandra.

Wilson-de Roze, Shri George Albert.

Abstentions

Basu, Shri Ajit Kumar (Hoog.).

Lahiri, Shri Somnath.

Mitra, Shri Chandipada.

Mondal, Shri Anil Krishna.

Mukhopadhyaya, Shrimati Geeta.

Murmu, Shri Rabindra Nath.

Phulmali, Shri Lalchand.

The Ayes being 2 and the Noes 54, the motion was lost.

The motion of Shri Gurupada Khan that a sum of Rs. 13,09,81,000 be granted for expenditure under Grant No. 2, Major heads: "9—Land Revenue, 76—Other Miscellaneous Compensation and Assignments, and 92—Payment of Compensation to land-holders, etc., on the abolition of the Zamindari System.", was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 5-53 p.m. till 1 p.m. on Monday, the 26th March, 1973, at the "Assembly House", Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 26th March, 1973, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 12 Ministers, 6 Ministers of State, 3 Deputy Ministers and 130 Members.

Oath or Affirmation of Allegiance

[1—1-10p.m.]

Mr. Speaker: Honourable Members, if any of you have not yet made an Oath or Affirmation of Allegiance may kindly do so.

(There was none to take Oath)

Shri A. H. Besterwitch: On a point of privilege, Sir. I recall your memory to the meeting of the Business Advisory Committee held on the 19th last. I think in that meeting we had taken a decision that there would be no question from 20th to 29th. But it is unfortunate because I find that questions are being placed on the table but the only thing that is being done is that Ministers are debarred from answering supplementaries. Sir, there were two points involved on the decision of the Business Advisory Committee. One was regarding question and another in connection with time. As regards time I find that members are deprived of their privilege of putting questions on the condition that the House will adjourn by 7 o'clock. But I find from reading Newspapers that the House continues till 9 o'clock at night. So, the reasons for depriving the members of their privileges of putting supplementaries are not very satisfactory. Hence, I think when questions are laid on the table the Ministers should answer supplementaries so that privileges of the Members are not curtailed.

Mr. Speaker: Regarding the first point my observation is that it is a unanimous decision of the House that no question will be taken up up to 29th of this month. In the Business Advisory Committee the matter was placed and so far as I remember the honourable member who is raising the question was also present and he also agreed that question hour should be dispensed with so that Members might take part in the debate and at that time no objection was raised in the Committee. It was unanimously accepted in the Business Advisory Committee and the recommendation of the Committee was placed before the House and the motion for acceptance of the recommendation was unanimously adopted by the House. I also draw your attention to the Lok Sabha proceedings in this connection. There also same thing is being done.

The House agreeing unanimously, the question hour may be dispensed with for the purpose of devoting more time to other business before the House. That is also following in Lok Sabha and in such cases the normal practice is that all starred questions for the dates are treated as unstarred and answers to these starred questions are printed in the official report. It is the practice laid down and we are also following that convention as it is being followed in the Lok Sabha. I am referring this report from the "Practice and Procedure of Parliament" written by Mr. Kaul and Mr. Shakdher. So, according to the resolution that was adopted unanimously on the floor of the House the questions are not being taken up now and it will be taken up after the 29th when we are meeting on the 3rd April. Moreover, the point of privilege is being raised

at a much later date. The matter ought to have been raised on the floor of the House after the Minister for Parliamentary Affairs moved the motion for acceptance. That was the proper time to raise any objection. That was not raised then. So it is not the proper time and place for raising the privilege in question. So no privilege is involved in it.

শ্রীআবদুল বারি বিশ্বাস: অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের কাছে যে বুলেটিন দেওয়া হয়েছে আপনার দপ্তর থেকে তাতে দেখতে পাচ্ছি পঞ্চায়েত খাতে ব্যয়বরাদ্দের মঞ্জুরীর জন্য এখানে দাবি উত্থাপিত হবে। আমরা এতদিন ধ'রে আশা করেছিলাম যে, পঞ্চায়েত বিল আমাদের এই হাউসে আসবে। দীর্ঘদিন ধ'রে আমরা মোটামুটি একথা চিন্তা করছিলাম যে, অতীত দিনের এই পঞ্চায়েত ১২।১৩ বছর আগে যার নির্বাচন হয়ে গেছে সেই পঞ্চায়েত ব্যবস্থার কাঠামো যাই হোক না কেন সরকারের তরফ থেকে একটা পঞ্চায়েত বিল আসবে, কিন্তু সেই রকম বিল আসার কোন সম্ভাবনা আজকে দেখতে পাওয়া যাচ্ছে না। তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার কাছে, বিশেষ ক'রে মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করব, দয়া ক'রে পঞ্চায়েত বিল যেন এই হাউসে আনা হয়, যাতে মানুষের সেই গণতন্ত্র-সম্মত উপায়ে গঠিত কাঠামো যেটা আমাদের দেশের শাসনব্যবস্থার একটা অঙ্গ সেটা যেন আমরা বাস্তবে রূপায়িত করতে পারি।

Mr. Speaker: Without making any comment I can say that no point of order is involved in it.

Shri A. H. Besterwitch: Sir, regarding this point I would say that we have got the answers of the starred questions and so, automatically it cannot be unstarred and the questions should continue.

Mr. Speaker: Mr. Besterwitch, the procedure is that when the question hour is dispensed with for discussion of any other matter, the starred questions are generally treated as unstarred and answers to these questions are placed on the Table as unstarred questions.

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

মাজুরা ইরিগেশন প্রকল্প

২২৬। (অনুমোদিত প্রশ্ন নং ১১৬৪।) **শ্রীমদনমোহন মাহাতো:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার কাশিপুর ব্লকের "মাজুরা" ইরিগেশন প্রকল্পটি কার্যকরী করার জন্য কতজন চাষীর মোট কি পরিমাণ জমি (চাষীপিছু) সরকার অধিগ্রহণ করিয়াছেন;

(খ) উক্ত জমির ক্ষতিপূরণ বাবত কোন্ চাষী কত টাকা পাইয়াছেন এবং কতজন চাষী উক্ত টাকা পান নাই; এবং

(গ) ক্ষতিপূরণের টাকা দিতে দেরি হওয়ার কারণ কি এবং কবে নাগাত তাহা দেওয়া হইবে?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) পুরুলিয়া জেলার কাশিপুর ব্লকের "মাজুরা" প্রকল্পটির জন্য এপর্যন্ত ১১৪ জন চাষীর নিকট হইতে মোট ৮৮·৭২ একর জমি (গড়ে চাষী-পিছু ০·৪৫৭ একর জমি) অধিগৃহীত হইয়াছে।

(খ) এখনও কোন চাষী ক্ষতিপূরণের টাকা পান নাই।

(গ) ভূমি অধিগ্রহণ আইনানুযায়ী সকল পর্যায়ের কার্য সম্পন্ন না হওয়ার জন্য ক্ষতিপূরণের টাকা দিতে বিলম্ব হইয়াছে। উক্ত কার্য সমাপ্ত হইলে ক্ষতিপূরণের টাকা দেওয়া হইবে।

ডাংরা ইরিগেশন প্রকল্প

২২৭। (অনুমোদিত প্রশ্ন নং ১১৭১।) **শ্রীমদনমোহন মাহাতোঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় কাশিপুর ব্লকের ডাংরা ইরিগেশন প্রকল্পটি সম্পন্ন করার ব্যাপারে কোন্ কোন্ মৌজার কোন্ কোন্ চাষীর কত জমি সরকার অধিগ্রহণ করিয়াছেন;

(খ) উক্ত চাষীদের ক্ষতিপূরণের টাকা দেওয়া হইয়াছে কিনা; এবং

(গ) না হইয়া থাকিলে কবে নাগাত ক্ষতিপূরণের টাকা দেওয়া হইবে?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পুরুলিয়া জেলার কাশিপুর ব্লকের ডাংরা প্রকল্পটির জন্য কালিদহ, ইন্দ্রবিল, কৃষ্টগঞ্জ এবং পাথুরিয়াগোড়া মৌজায় যথাক্রমে ১০৬·৬০, ৪৪·০০, ৩·৬৮৫ এবং ১৩·৫৫ একর জমি অর্থাৎ মোট ১৬৭·৮৩৫ একর জমি সরকার কর্তৃক অধিগৃহীত হইয়াছে। চাষীর সংখ্যা প্রায় ৪৪৫ জন। নামের তালিকা সম্পূর্ণ হয় নাই।

(খ) ক্ষতিপূরণের টাকা এখনও দেওয়া হয় নাই।

(গ) জমি অধিগ্রহণ আইনানুযায়ী সমস্ত কার্য সম্পন্ন করিয়া অবিলম্বে এই ক্ষতিপূরণের টাকা দেওয়া হইবে।

সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাংক

২২৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৪৬।) **শ্রীঅজিতকুমার বসু** (মেদিনীপুর)ঃ সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে কয়টি সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাংক আছে;

(খ) মেদিনীপুর জেলার বলরামপুর বেনেবেড়্যা সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাংক হইতে ১৯৭২-৭৩ সালে অনাদায়ের জন্য কয়টি কেস দায়ের করা হইয়াছে; এবং

(গ) মেদিনীপুর জেলায় সেন্ট্রাল ব্যাংকগুলির মধ্যে ১৯৭২-৭৩ সালে অনাদায়ের জন্য কোন্ কোন্ ব্যাংক হইতে সবচেয়ে বেশী কেস দায়ের করা হইয়াছে?

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ২১টি।

(খ) ৭৪৯টি।

(গ) (১) মেদিনপুর জেলার বলরামপুর বেলিয়াবেড়্যা সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাংক হইতে ৭৪৯টি।

(২) তমলুক-ঘাটাল সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাংক হইতে ৫৭৩টি।

(৩) মুগবেড়িয়া সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাংক হইতে ৭৩টি।

(৪) বলাগেড়িয়া সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাংক হইতে ৩৮টি।

খড়্গপুর ব্লক অঞ্চলে রেশন

২২৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৪২।) **শ্রীঅজিতকুমার বসু** (মেদিনীপুর)ঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার খড়্গপুর ১নং ও ২নং ব্লকের প্রতি অঞ্চলে রেশনের মাধ্যমে প্রয়োজনমত চাল ও আটা সরবরাহের ব্যবস্থা আছে কি; এবং

(খ) না থাকিলে, তাহার কারণ কি এবং এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) এ প্রশ্ন উঠে না।

মেদিনীপুর জেলায় প্রতি ব্লকে সাবসিডিয়ারী হস্‌পিটাল

২৩০। (অনুমোদিত প্রশ্ন নং ১২৭২।) **শ্রীসামসুল আলম খানঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় প্রতি ব্লকে সাবসিডিয়ারী হস্‌পিটাল আছে কিনা;

(খ) না থাকিলে, কোন্ কোন্ ব্লকে নাই; এবং

(গ) যে সমস্ত ব্লকে সাবসিডিয়ারী হস্‌পিটাল হয় নাই, সেই সমস্ত ব্লকে কবে নাগাদ ঐ হস্‌পিটাল হইবে বলিয়া আশা করা যায়?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এবং (খ) নিম্নলিখিত ১৩টি ব্লকে কোন উপস্বাস্থ্য কেন্দ্র চালু নেই। তবে প্রথমোক্ত ৮টিতে এরূপ কেন্দ্র স্থাপনের অনুমোদন দেওয়া হয়েছেঃ

১। গড়বেতা ৩নং

২। মোহনপুর

৩। ময়না

৪। নন্দীগ্রাম ২নং

৫। নন্দীগ্রাম ৩নং

৬। শালবনী

৭। সুতাহাটা ১নং

৮। সুতাহাটা ২নং

৯। দাঁতন ১নং

১০। খড়্গপুর ১নং

১১। মহিষাদল ১নং

১২। মেদিনীপুর, এবং

১৩।। নন্দীগ্রাম ১নং।

(গ) এখন সঠিক বলা সম্ভব নয়।

ইন্দপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

২৩১। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৭৪।) **শ্রীগৌরচন্দ্র লোহারঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইন্দপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে প্রতিদিন গড়ে কত রোগীর চিকিৎসা করা হয়,

(খ) সরকার কি অবগত আছেন যে ঐ স্বাস্থ্যকেন্দ্রে শয্যাভাবে বহু রোগীকে দীর্ঘদিন যাবত অপেক্ষা করিতে হয়;

(গ) অবগত থাকিলে শয্যাসংখ্যা বাড়াইবার কোন ব্যবস্থা করিতেছেন কি;

(ঘ) উক্ত স্বাস্থ্যকেন্দ্রে বৈদ্যুতিকরণের কাজ এখনও আরম্ভ না হওয়ার কারণ কি;

(ঙ) কতদিনের মধ্যে স্বাস্থ্যকেন্দ্রটিতে বৈদ্যুতিকরণ করা হইবে;

(চ) খরার সময় পানীয় জল সরবরাহের জন্য সরকার এই স্বাস্থ্যকেন্দ্রের জন্য কোন বিকল্প ব্যবস্থা করিয়াছিলেন কিনা;

(ছ) গুরুত্বপূর্ণ অবস্থার মোকাবিলার জন্য এই স্বাস্থ্যকেন্দ্রে টেলিফোন সংযোগ ও একটি অ্যাম্বুলেন্স সব সময়ের জন্য ব্যবস্থা করার বিষয় সরকারের পরিকল্পনা আছে কি; এবং

(জ) থাকিলে, কখন উক্ত ব্যবস্থা হইবে বলিয়া আশা করা যায়?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) প্রায় ২৭৫ জন।

(খ) হ্যাঁ।

(গ) শয্যাসংখ্যা বাড়ানোর কথা বিবেচনা করা হচ্ছে।

(ঘ) পূর্ত বিভাগ (বিদ্যুৎ) এবং রাজ্য বিদ্যুৎ পর্ষদ থেকে বৈদ্যুতিকরণের প্ল্যান ও এস্টিমেট পাওয়া গেলে এ কাজ মঞ্জুর করা হবে।

(ঙ) এখন সঠিক বলা সম্ভব নয়।

(চ) না।

(ছ) হ্যাঁ।

(জ) এখন সঠিক বলা সম্ভব নয়।

বি সি জি ভ্যাকসিনেশন্ ইউনিটের টিম-ইন-চার্জ

২৩২। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৮৩।) **ডাঃ ওমর আলিঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে,

(১) বি সি জি ভ্যাকসিনেশন্ ইউনিটের টিম-ইন-চার্জকে সিনিয়র টেকনিসিয়ান হিসাবে ধরা হয় এবং তাঁদের স্যানিটারী ইন্সপেকটরশিপ ট্রেনিং দেওয়া হয়;

(২) টিম-ইন-চার্জগণ মেডিক্যাল অফিসারের মত দায়িত্ব পালন করেন;

(৩) স্যানিটারী ইন্সপেকটরশিপ ট্রেনিং থাকলেও এইরূপ টিম-ইন-চার্জগণ প্রথমোক্তদের সমান বেতন হার থেকে বঞ্চিত; এবং

(৪) টিম-ইন-চার্জ ও টিমের কর্মীদের বেতন হার একই প্রকার; এবং

(খ) সত্য হইলে,

(১) এইরূপ হওয়ার কারণ কি; এবং

(২) কারণগুলি দূর করার জন্য সরকার কি ব্যবস্থা করছেন?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) (১) বি সি জি ভ্যাকসিনেশন্ স্কীমে (১) টিম-ইন-চার্জ নামে কোন পদ নাই।

(২), (৩) এবং (৪) এবং খ (১) ও (২) প্রশ্ন ওঠে না।

মুর্শিদাবাদ জেলা পরিষদের শাসনব্যবস্থা

২৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৬১।) **শ্রীমহম্মদ দেদার বক্সঃ** পঞ্চায়েত বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলা পরিষদের শাসনব্যবস্থা এখন এ্যাডমিনিস্ট্রেটর ও জেলা পরিষদের চেয়ারম্যানের হাতে ন্যস্ত আছে;

(খ) সত্য হলে, এর কারণ কি; এবং

(গ) উক্ত এ্যাডমিনিস্ট্রেটরের ও জেলা পরিষদের চেয়ারম্যানের নাম ও তাঁদের শিক্ষাগ যোগ্যতা কি ?

পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) মহাধর্মাধিকরণের আদেশবলে জেলা পরিষদের দৈনন্দিন কার্যে নির্দিষ্ট বিষয়ে প্রশাস মহাশয় নিজেই সিদ্ধান্ত গ্রহণ করিতেছেন। তবে নীতিগত বিষয়ে তাঁহাকে চেয়ারম্যান মহোদ অনুমোদন লইতে হয়।

(গ) প্রশাসক ও চেয়ারম্যানের নাম এবং তাঁহাদের শিক্ষাগত যোগ্যতা নিম্নে দেওয়া হইল

নাম ও শিক্ষাগত যোগ্যতা

(১) প্রশাসক—শ্রীচিত্তরঞ্জন দাশ, কলিকাতা বিশ্ববিদ্যালয় হইতে পদার্থ বিদ্যায় ২য় শ্রেণী অনার্স-সহ বিজ্ঞানের স্নাতক।

(২) চেয়ারম্যান—শ্রীআবদুস সাত্তার, এম এ, বি এল।

পুরুলিয়ায় বিহার হইতে আগত গ্রামসেবকদের পঞ্চায়েত বিভাগের বিভিন্ন পদে পুনর্বহা

২৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৫৭।) **শ্রীশীতলচন্দ্র হেমব্রমঃ** পঞ্চায়েত বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পুরুলিয়া জেলা ১৯৫৬ সালে পশ্চিম বাংলায় অন্তর্ভুক্ত হওয় ১৯০ (একশত নব্বুই) জন গ্রামসেবককে (বিহার হইতে আগত)—

(১) অঞ্চল পঞ্চায়েতের সেক্রেটারী ও অ্যাসিসটেন্ট সেক্রেটারীর কাজে অ্যাবজর্ব ক হইয়াছে; এবং

(২) উক্ত গ্রামসেবকগণ বিহারে সরকারী কর্মচারীরূপে বহাল ছিলেন এবং তাহারা জি পি ফান্ড-এরও সুযোগ পাইতেন; এবং

(খ) সত্য হইলে—

(১) ইহার কারণ কি; এবং

(২) উহাদের সরকারী চাকুরীর মর্যাদা দেওয়ার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কি

পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) (১) ১৯৮ জন গ্রামসেবকের (বিহার সরকারের প্রাক্ত কর্মচারী) মধ্যে ৩৮ জনকে অঞ্চল পঞ্চায়েতের সচিব এবং ৮৭ জনকে সহ-সচিব হিসাবে নিয়ো করা হইয়াছে।

(২) উপরোক্ত গ্রামসেবকগণ বিহারে সরকারী কর্মচারীরূপে গণ্য হইতেন এবং সরকার কর্মচারী হিসাবে বিহার সরকারের প্রদত্ত সকল সুযোগ-সুবিধা ভোগ করিতেন। জি পি ফান্ড এর সুযোগ পাইতেন কিনা সে সম্বন্ধে তথ্য বিভাগে নাই।

(খ) (১) রাজ্য পুনর্গঠন কমিশনের সুপারিশক্রমে এবং ভারত সরকারের সিদ্ধান্তের ফলে বিহার রাজ্যের অন্তর্গত মানভূম জেলার কিয়দংশ ১৯৫৬ সালে পশ্চিমবঙ্গের অন্তর্ভুক্ত হইয় পুরুলিয়া জেলা নামে গঠিত হয়। সেই সময়ে উক্ত অঞ্চলে বিহার সরকারের অধীন যে সকল গ্রামসেবকগণ গ্রাম পঞ্চায়েতে কর্মরত ছিলেন ভারত সরকার তাহাদিগকে পশ্চিমবঙ্গে স্থানান্তরি করেন। তদনুযায়ী পরবর্তীকালে এই সকল বিহার সরকারের প্রাক্তন কর্মচারীদের পশ্চিমবঙ্গে কর্মসংস্থান করিবার নিমিত্ত মন্ত্রিসভার অনুমোদন লইয়া একটি প্রকল্প প্রস্তুত করা হয়। সেই

প্রকল্প অনুসারে এই সকল কর্মচারীদের মধ্যে যাহারা ম্যাট্রিকুলেশন পরীক্ষায় পাশ করিয়াছেন তাহাদিগকে অঞ্চল পঞ্চায়েতের সচিব এবং যাহাদের শিক্ষাগত যোগ্যতা তাহা অপেক্ষা কম তাহাদিগকে সহ-সচিব হিসাবে নিয়োগ করা হয়।

(২) না।

পশ্চিমবঙ্গে নূতন মঞ্জুরীকৃত পৌরসভা

২৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৬০৯।) **শ্রীবলাইলাল শেঠঃ** পৌর কার্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ১৯৭২-৭৩ সালে কতগুলি নূতন পৌরসভা মঞ্জুর করা হইয়াছে; এবং

(খ) এই নূতন পৌরসভাগুলির নাম কি?

পৌর কার্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) দুইটি পৌরসভা এবং একটি নোটিফায়েড এরিয়া অথরিটি।

(খ) (১) দিনহাটা, (২) তারকেশ্বর, এবং (৩) সাঁইথিয়া নোটিফায়েড এরিয়া অথরিটি।

কলিকাতায় কয়লা আমদানী

২৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৫০৬।) **শ্রীঅশ্বিনী রায়ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা মহানগরীতে কয়লা আমদানীর কোন তথ্য আছে কিনা;

(খ) থাকিলে ১৯৭১, ১৯৭২ ১৯৭৩ সালের জানুয়ারী ও ফেব্রুয়ারী মাসের প্রতি মাসে নন-কোকিং কোল কত আমদানী করা হইয়াছিল;

(গ) উক্ত কয়লা গার্হস্থের ব্যবহারের জন্য ও শিল্পের ব্যবহারের জন্য কত করিয়া দেওয়া হইয়াছিল; এবং

(ঘ) উক্ত মাসের প্রতি মাসে কুইন্টাল প্রতি বিক্রয়মূল্য কত ছিল?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বর্তমানে একমাত্র জ্বালানি কয়লা (সফট্-কোক) ব্যবসায়ীদের লাইসেন্স মঞ্জুর করা ব্যতীত কয়লার উপর কোনরূপ সরকারী নিয়ন্ত্রণ নাই। সেই জন্য কলিকাতা মহানগরীতে কয়লা আমদানী সম্পর্কে সম্পূর্ণ তথ্য সরকারের হাতে নাই। তথাপি রেলযোগে ব্যবসায়িক ভিত্তিতে যেসমস্ত কয়লা কলিকাতায় পৌঁছায় এবং রেলওয়ে সাইডিং-এ মজুত করা হয় তন্মধ্যে কয়েকটি শ্রেণীর কয়লার আমদানী সম্পর্কে এই বিভাগ তথ্য সংগ্রহ করে। কিন্তু সড়ক পরিবহণ মারফত যে কয়লা এ শহরে আসে স্বাভাবিক কারণেই তাহার শ্রেণী ও পরিমাণ সম্পর্কে কোন তথ্য সংগ্রহ করা এই বিভাগের পক্ষে সম্ভব নহে।

(খ) রেলওয়ে সাইডিং হইতে সংগৃহীত তথ্য অনুযায়ী উল্লিখিত সময়ে কলিকাতায় নন-কোকিং কোল আমদানির পরিমাণ হইলঃ—

	১৯৭১	১৯৭২	১৯৭৩
জানুয়ারী	৭০৭ ওয়াগন	৮১১ ওয়াগন	২১১ ওয়াগন
ফেব্রুয়ারী	৫৪২ ওয়াগন	৭৩৯ ওয়াগন	৩৬১ ওয়াগন

(এক ওয়াগনে ২০ টন অর্থাৎ ২০০ কুইন্টাল কয়লা ধরে)

(গ) "খ" প্রশ্নের উত্তরে উল্লিখিত নন-কোকিং কয়লার মধ্যে ঐ সময়ে গার্হস্থের ও শিল্পের ব্যবহারের জন্য যে পরিমাণ কয়লা আসিয়াছে তাহা হইলঃ—

	১৯৭১		১৯৭২		১৯৭৩	
	জানুয়ারী	ফেব্রুয়ারী	জানুয়ারী	ফেব্রুয়ারী	জানুয়ারী	ফেব্রুয়ারী
(ক) গার্হস্থের ব্যবহারের জন্য	৬২৫	৪৫৩	৭৫২	৬৭৭	১৮২	৩০৬
(খ) শিল্পের ব্যবহারের জন্য	৮২	৮৯	৫৯	৬১	২৯	৫৫

(ঘ) বিনিয়ন্ত্রিত সামগ্রী হিসাবে একমাত্র গার্হস্থের ব্যবহার্য কয়লার মূল্য সম্পর্কে এই বিভাগের সংবাদ রাখা হয়। উক্ত সংবাদ অনুযায়ী গার্হস্থের ব্যবহার্য কয়লার কুইন্টাল প্রতি খুচরা দর উক্ত সময়ে যাহা চলিত ছিল তাহা হইলঃ—

	১৯৭১	১৯৭২	১৯৭৩
জানুয়ারী	টাঃ ৯.৪৫ হইতে টাঃ ১০.০২ পর্যন্ত	টাঃ ১২.৩৭ হইতে টাঃ ১৩.৬৫ পর্যন্ত	টাঃ ১১ ৮৩ হইতে টাঃ ১২ ৮৩ পর্যন্ত
ফেব্রুয়ারী	টাঃ ১০.০৯ হইতে টাঃ ১০.৬৮ পর্যন্ত	টাঃ ১২.৩৭ হইতে টাঃ ১৩.৬৫ পর্যন্ত	টাঃ ১৩ ০০ হইতে টাঃ ১৫ ০০ পর্যন্ত

খরাক্লিষ্ট বাঁকুড়া জেলায় সেচ প্রকল্প

২৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৭৫)। **শ্রীগৌরচন্দ্র লোহারঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) খরাক্লিষ্ট বাঁকুড়া জেলাকে বাঁচাইবার জন্য সরকার কি কি সেচ প্রকল্প গ্রহণ করিয়াছেন;

(খ) তন্মধ্যে কয়টি প্রকল্পের কাজ শেষ হইয়াছে;

(গ) 'আপার কংসাবতী প্রোজেক্ট'-এর কাজ কতদূর অগ্রসর হইয়াছে;

(ঘ) আপার কংসাবতী প্রকল্পে কোন্ কোন্ জেলার কত একর জমিতে জলসেচ করা সম্ভব হইবে; এবং

(ঙ) দ্বারকেশ্বর, গন্ধেশ্বরী, জয়পান্ডা ও অড়কষা নদীতে বাঁধ দেওয়ার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয়ঃ (ক) সরকার বাঁকুড়া জেলায় নিম্নলিখিত সেচ প্রকল্পগুলি গ্রহণ করিয়াছেন—

(১) কংসাবতী সেচ প্রকল্প

(২) শুভঙ্কর দাঁড়া সেচ প্রকল্প

(৩) কেরাই ক্যানেল সেচ প্রকল্প

(৪) বাঁশখাল সেচ প্রকল্প

(৫) ঝিকুখাল সেচ প্রকল্প

(৬) মহাদেব সিনান সেচ প্রকল্প

(৭) নন্দা ও রংগা সেচ প্রকল্প

(৮) চামঘেরা সেচ প্রকল্প

(৯) ভালকাজোড় সেচ প্রকল্প

(১০) রূবনী খাল সেচ প্রকল্প

(১১) আমজোড় ওয়্যার এবং ক্যানেল সেচ প্রকল্প

(১২) কুলাই খাল সেচ প্রকল্প

(১৩) সাল বাঁধ সেচ প্রকল্প

(১৪) মোল বাঁধ সেচ প্রকল্প

(১৫) ভোরা খাল সেচ প্রকল্প

(১৬) মালিয়ারাজোড় সেচ প্রকল্প

(১৭) দামোদর উপত্যকা সেচ প্রকল্প

(১৮) হরিনমুড়ি খাল সেচ প্রকল্প

(খ) (ক) প্রশ্নের উত্তরের ক্রমিক সংখ্যা (১) ও (১৬) ব্যতীত অন্য প্রকল্পগুলির কাজ শেষ হইয়াছে।

(গ) আপার কংসাবতী প্রোজেক্ট সেচ প্রকল্পটি প্রস্তুত হইয়াছে এবং বর্তমানে ইহা সেন্ট্রাল ওয়াটার অ্যান্ড পাওয়ার কমিশন এবং প্ল্যানিং কমিশন-এর অনুমোদনের অপেক্ষায় আছে।

(ঘ) আপার কংসাবতী প্রকল্পের দ্বারা খারিফ মরশুমে বাঁকুড়া জেলায় মোট ৯০,০০০ একর এবং পুরুলিয়া জেলায় ৬০,০০০ একর জমিতে জলসেচ করা সম্ভব হইবে। রবি মরশুমে দুইটি জেলাতে ৩০,০০০ একরে জলসেচ সম্ভব হইতে পারে। ইহার অধিকাংশ পুরুলিয়া জেলাতে।

(ঙ) দ্বারকেশ্বর এবং গন্ধেশ্বরী নদীতে সেচ প্রকল্পের সম্ভাব্যতা নির্ণয়ের জন্য প্রয়োজনীয় তথ্যানুসন্ধানকার্য চালান হইতেছে। জয়পান্ডা এবং হড়কষা নদীতে বাঁধ দেওয়ার কোন পরিকল্পনা বর্তমানে সরকারের নাই।

রাণাঘাট ব্লকে শ্যালো টিউবওয়েলের জন্য বিদ্যুৎ সরবরাহ

২৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ৬৪৩।) **শ্রীনরেশচন্দ্র চাকীঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) গত এক বৎসরে নদীয়া জেলার রাণাঘাট ১নং ব্লকের কোথায় এবং কয়টি শ্যালো টিউবওয়েল-এ বিদ্যুৎ সরবরাহের জন্য প্রার্থনা করিয়া আবেদন সরকারের নিকট আসিয়াছে ;

(খ) ইহার মধ্যে কোথায় কোথায় এবং কয়টিতে বিদ্যুৎ সরবরাহ করা হইয়াছে ; এবং

(গ) বাকিগুলিতে বিদ্যুৎ সরবরাহ করিবার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষৎ ১৩৮টি শ্যালো টিউবওয়েল-এ বিদ্যুৎ সরবরাহের জন্য যে ২০টি আবেদনপত্র পাইয়াছেন সেই স্থানগুলি হইলঃ (১) আইশতলা-২, (২) তাহেরপুর-১, (৩) বীরনগর-২, (৪) পালিতপাড়া-১, (৫) তারাপুর-১, (৬) সুরেশনগর-১, (৭) দক্ষিণ হারাধন (১)-১, (৮) দক্ষিণ হারাধন (২)-১, (৯) শিবপুর-১, (১০) হবিবপুর-২, (১১) কৃষ্ণপুরচক-১, (১২) কালিনারায়ণপুর-১, (১৩) পাটখালি-১, (১৪) উকিলপাড়া-১, (১৫) পার্বতীপুর-১, (১৬) কামগাছি-১ এবং (১৭) নাজিরপুর-১।

(খ) যে ৩৭টিতে সরবরাহ করা হইয়াছে সেগুলি (১) আইশতলা, (২) তাহেরপুর, (৩) হবিবপুর (৩) নাজিরপুরে অবস্থিত। ২৬টি বিদ্যুৎ সরবরাহের জন্য প্রস্তুত আছে। গ্রাহকগণ কর্তৃক বিধিবিধান ঠিকমত গৃহীত হইলেই বিদ্যুৎ সরবরাহ দেওয়া হইবে।

(গ) চাষী গ্রাহকগণ কর্তৃক প্রয়োজনীয় বিধিবিধান গৃহীত হইলেই বাকি ৭৫টিতে কাজ শুরু হইবে।

শান্তিপুরে ধৃত সিমেন্টের কালোবাজারী

২৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ৮২১।) **শ্রীনরেশচন্দ্র চাকী:** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সম্প্রতি নদীয়া জেলার শান্তিপুরে সিমেন্টের কালোবাজারী কর্মে লিপ্ত ব্যক্তিকে হাতেনাতে ধরা হইয়াছে;

(খ) সত্য হইলে, এই কালোবাজারীর বিরুদ্ধে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন,

(গ) ইহার বিরুদ্ধে পূর্বে পুলিসের আর কোন অভিযোগ ছিল কি না এবং থাকিলে, কি কি,

(ঘ) সরকার কি অবগত আছেন যে এই কালোবাজারীকে ধরার পর উক্ত এলাকায় স্থানীয় জনসাধারণের মধ্যে এক হামলা হওয়ার দরুন আতঙ্কের সৃষ্টি হয়; এবং

(ঙ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা লইয়াছেন?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) নরেন্দ্রনাথ শীল নামে এক ব্যক্তিকে এ ব্যাপারে গ্রেপ্তার করা হয়েছে।

(খ) তদন্ত চলিতেছে।

(গ) না।

(ঘ) এই গ্রেপ্তারের পর কিছু গণ্ডগোলের সূত্রপাত হয়।

(ঙ) কয়েক ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে। পুলিস পিকেট স্থাপন করা হয়েছে। বর্তমানে অবস্থা শান্ত। এই ঘটনার উপর শান্তিপুর থানায় একটি কেস রুজু করা হয়েছে।

Calling Attention to Matters of Urgent Public Importance.

Mr. Speaker: The Minister-in-charge of the Education Department will please make a statement on the subject of supply of drinking water in the primary schools situated in the villages of West Bengal, attention called by Shri Md. Dedar Baksh, on the 22nd March, 1973.

[1-10—1-20 p.m.]

Shri Mrityunjoy Banerjee: Mr. Speaker, Sir, with your permission I am making the statement regarding supply of drinking water to primary schools.

Primary schools have in most cases been started with local initiative, for which arrangements for the necessary facilities like school house, furniture, provision for drinking water, etc. are made availabble from the locality Community participation for the improvement of schools including supply of drinking water plays a big part in the matter. In selecting sites for the provision of drinking water under the Schemes of the Public Health Engineering Department and different schemes of the Development Blocks and Tribal Welfare Department, the school site or its close vicinity has been given due consideration, and this has resulted in the provision of source of drinking water to schools. Local bodies like Anchal Panchayats, Zilla Parishads also undertake schemes for the provision of drinking water to schools. In respect of Junior Basic Schools provision was made for the supply of drinking water in the the school compound. Besides, small expenses for purchase of pitchers, storage of water etc., may be met from the contingencies sanctioned to different schools.

Arrangements for the provision of sources of drinking water in primary schools are being made in the above manner. although specific funds from Education Budget have not been provided recently for sinking of tubewells, deep wells etc., in the different school compounds.

Mr. Speaker: I have received three notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Reported recovery of dynamites from Sithi area of Dum Dum—from Shri Abdul Bari Biswas, Shri Sarat Chandra Das and Shri Sukumar Bandyopadhyay.

(2) Reported closure of Jalpaiguri Engineering College from the 24th March last—from Shri Madhu Sudan Roy.

(3) Reported shifting of proposed Power Station from Dalkhola in West Bengal to Purnia District in Bihar—from Shri Abdul Bari Biswas, Shri Sukumar Bandyopadhyay, Shri Sarat Chandra Das and Shri Bireswar Roy.

I have selected the notice of Shri Abdul Bari Biswas, Shri Sukumar Bandyopadhyay, Shri Sarat Chandra Das and Shri Bireswar Roy on the subject of reported shifting of proposed Power Station from Dalkhola in West Bengal to Purnia district in Bihar.

The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject to-day, if possible, or give a date for the same.

Shri Gyan Singh Sohanpal: On the 29th March.

Mention Cases

Mr. Speaker: I would request all the honourable Members to be as brief as possible because I have received a number of notices for Mention Cases from the honourable Members and also the time left at their disposal is very meagre. Now, I call upon Shri Abdul Bari Biswas:

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিশেষ বিষয়ের প্রতি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি যে ঘটনার কথা বলব সেটা কোন নূতন বিষয়-বস্তু নয়, মাঝে মাঝে এই বিষয় নিয়ে এখানে আলোচনা হয়। কিন্তু এখন যে জরুরী এবং গুরুতর খবর এসে পেঁীছেছে তাতে এই জিনিস হাউসে মেনসন করা ছাড়া আর কোন উপায় নেই। চারিদিকে বিশেষ করে চব্বিশপরগনা জেলার বাসন্তি থানায় এবং মুর্শিদাবাদ জেলার দোমকল থানায় বর্গাদার উচ্ছেদের অভিনব পন্থা আবিষ্কার হয়েছে এবং এটা খুব ব্যাপক হারে দেখা দিয়েছে। একদিকে জোতদাররা বর্গাচাষীদের উচ্ছেদ করছে এবং অপরদিকে জোতদারদের পেটোয়া লোকদের বর্গাচাষী সাজিয়ে তাদের নিজেদের দখলে জমি রাখছে। এই বর্গাচাষীদের সম্পর্কে আমাদের সিদ্ধার্থশংকর রায়ের মন্ত্রিসভা ঘোষণা করেছিলেন যে, বর্গাচাষীদের পাশে দাঁড়িয়ে আমাদের প্রশাসন চলবে। এমন এমন ঘটনা ঘটছে যার জন্য পুলিস কর্তৃপক্ষ বা স্থানীয় থানায় বললে কোন প্রতিকার হচ্ছে না। বাসন্তি থানার এক লোমহর্ষক ঘটনা সম্পর্কে কিছু লোক এসে রিপ্রেজেনটেসন দিয়েছিলেন এবং যদি দরকার হয়, তা হ'লে তারা সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের কাছে রিপ্রেজেনটেসন দিতে প্রস্তুত আছেন। ঘটনা কি হচ্ছে? অতীত দিন থেকে আরম্ভ করে আজ পর্যন্ত যেখানে পুলিসের সাহায্যে বর্গাচাষী ধান বুনছিল এবং পুলিসের সাহায্যে ধান কাটছিল, আমাদের সরকারের কার্যসূচি বাস্তবে রূপায়িত করবার চেষ্টা করছিল সেখানে দেখছি কিছু কিছু জোতদার কোর্টে গিয়ে ২৪/২৫ জন বর্গাচাষীর বিরুদ্ধে দরখাস্ত করছে। পুলিসের কগনিজেন্স-এ এই জিনিস হচ্ছে এবং পুলিসও আই পি সি-র ৩২৯, ৩৮০, ১৪৩ ধারায় কেস ক'রে পাঠিয়ে দিচ্ছে। এই গেল একদিকের খবর এবং অপর দিকে মুর্শিদাবাদ জেলার দোমকল থানায় দেখছি ব্যাপকহারে বর্গাচাষী উচ্ছেদ আরম্ভ হয়েছে। কাজেই এই সম্বন্ধে যদি অবিলম্বে কার্যকর ব্যবস্থা গ্রহণ না করেন, তা হ'লে আমাদের জনপ্রিয় সরকারের কার্যসূচি বাস্তবে রূপায়ণ করবার ক্ষেত্রে অন্তরায় সৃষ্টি করবে।

সেখানেও কিছু কিছু কুচক্রী লোক আছে তারা জোতদারদের হাতকে শক্ত করবার জন্য চেষ্টা করছে এবং কোন কোন রাজনৈতিক দল আছে তারা তাদের রাজনৈতিক উদ্দেশ্যকে চরিতার্থ করবার জন্য চেষ্টা করছে এবং কংগ্রেসের রাজনীতিকে হেয় প্রতিপন্ন করবার চেষ্টা করছে। আমরা সেজন্য আহ্বান জানাচ্ছি যে, আরো ব্যাপকভাবে কর্মসূচি বাস্তবে রূপায়িত করা যায় তার জন্য সকল কর্তৃপক্ষকে যেন ইনফরমেসন দেয়া হয়। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিধানসভায় পশ্চিমবঙ্গের স্বার্থ সম্পর্কিত বিষয় নিয়ে আমরা অনেক আলোচনা করেছি, কিন্তু আজকে একটা অন্যতম বৃহদায়তন শিল্প যে বৃহদায়তন শিল্পের নাম ইন্ডিয়ান আয়রণ অ্যান্ড স্টীল কোং, তার অব্যবস্থা এবং দুর্নীতি সম্পর্কে আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা হয়ত থাকব না, মন্ত্রিসভা হয়ত দীর্ঘ কয়েক বছর পর নাও থাকতে পারে, কিন্তু এই শিল্পগুলি বছর বছর ধ'রে পশ্চিমবঙ্গের অগ্রগতির একটা পাথর হয়ে থাকবে। কিন্তু এই শিল্প রাষ্ট্রীয়ত্তকরণ এবং সরকারের নিয়ন্ত্রণে আসার পর ইন্ডিয়ান আয়রন অ্যান্ড স্টীল কোং, বার্ণপুরের তার অবস্থা কি হয়েছে তা যদি শোনেন, তা হ'লে মাননীয় সদস্যরা অবাক হয়ে যাবেন। এই ইন্ডিয়ান আয়রন অ্যান্ড স্টীল কোং-তে ২২ হাজার শ্রমিক কাজ করেন এবং এই কারখানা পশ্চিমবাংলা লৌহ এবং ইস্পাত কারখানার মধ্যে বৃহত্তম কারখানা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কেন্দ্রীয় সরকারের হাতে আসার পর এই কারখানার উৎপাদন দিনের পর দিন কমে যাচ্ছে। যেখানে মিনিমাম ৬০ হাজার টন প্রডাকসন না হ'লে কারখানা চলতে পারে না সেখানে ৩৫ থেকে ৪০ হাজার টনের বেশি উৎপাদন হচ্ছে না। সেই কারখানার প্রতিদিন ৫০০ কর্মী কাজ করে না, তারা কার্ড পাঞ্চ করে আর এখানে সেখানে ঘুরে বেড়ায় এবং কোম্পানীর অফিসারদের তারা দালালী করে এবং তাদের স্বার্থসিদ্ধি করবার জন্য তারা চেষ্টা করে। ঐ কারখানায় দেখা গেছে যে, প্রায় প্রতিদিন ২০ থেকে ২৫ হাজার টাকার মাল ট্রাকে লোড হয়ে ফ্যাকটরীর বাইরে চলে আসে এবং সেগুলি চোরাবাজারে বিক্রি হয়। কয়েকদিন আগে ট্রাক-ভর্তি ইন্ডিয়ান আয়রন অ্যান্ড স্টীল কোং-এর মাল সেখানকার স্থানীয় পুলিস কর্তৃপক্ষের হাতে ধরা পড়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে, ইন্ডিয়ান আয়রন অ্যান্ড স্টীল কোং-এর কর্মীদের নিয়োগ করা হচ্ছে --সরকারের নিয়ন্ত্রণের একটু আগে এবং পরে প্রায় দু'-হাজার কর্মীকে সেখানে নিয়োগ করা হয়েছে। আপনি স্যার, শুনলে অবাক হয়ে যাবেন, ইন্ডিয়ান আয়রন অ্যান্ড স্টীল কোং-তে চাকুরি কেনাবেচা হয়। উচ্চপদস্থ অবাংগালী অফিসাররা এবং এক শ্রেণীর ট্রেড ইউনিয়ন নেতারা তারা সেখানে মিলে চাকুরি বিক্রি করেন। বাঙ্গালী ছেলেকে চাকুরির জন্য ৫ হাজার টাকা মূল্য দিতে হয়, আর অন্য প্রদেশের ছেলেদের তার জন্য ২,৫০০ টাকা মূল্য দিতে হয়। এইভাবে সেখানে চাকুরি কেনাবেচা চলছে এবং দুর্নীতি চলছে। সুনির্দিষ্ট বহু অভিযোগ পেশ করা সত্ত্বেও তার কোন প্রতিকার হ'ল না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারকে সতর্ক ক'রে দিয়ে বলি, বৃহদায়তন শিল্পগুলি যা রয়েছে সেই শিল্পগুলির এমপ্লয়মেন্ট কন্ট্রোল করবার জন্য সেই শিল্পগুলি সুষ্ঠুভাবে পরিচালনা করবার জন্য যদি আপনারা হস্তক্ষেপ না করেন, তা হলে পশ্চিমবঙ্গের মানুষের কাছে আপনারা অপরাধী হিসাবে চিহ্নিত হবেন। কাজেই আপনার মাধ্যমে মন্ত্রিসভাকে অনুরোধ করছি যে, এই ইন্ডিয়ান আয়রন অ্যান্ড স্টীল কোং-তে যে দুর্নীতি এবং অব্যবস্থা চলছে তার প্রতিকার করুন এবং পশ্চিমবাংলার মানুষের মনে একটা বিশ্বাস সৃষ্টি করুন। এই কথা ব'লে আমি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ ক'রে আমার বক্তব্য শেষ করছি। বন্দেমাতরম্।

শ্রীবীরেশ্বর রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি কলিং অ্যাটেনসন নোটিস দিয়েছি, সেটা হচ্ছে ডালকোলাতে তাপবিদ্যুৎ কেন্দ্র প্রতিষ্ঠা করার জন্য কেন্দ্রীয় সরকার যে সিদ্ধান্ত করেছিলেন.........

Mr. Speaker: Shri Roy, this has been admitted by me and the Hon'ble Minister for Parliamentary Affairs has given an assurance that a statement on this subject will be given by the Hon'ble Minister concerned on 29th March. So, you need not refer the matter again. **Please take your seat.**

শ্রীনরেশচন্দ্র চাকীঃ স্যার, এটা একটা খুব ভাইটাল প্রশ্ন—আমাদের পশ্চিমবঙ্গে বিদ্যুতের ব্যাপারে।

Mr. Speaker: Shri Chaki, this has already been admitted by me. Please take your seat.

[1-20—1-30 p.m.]

শ্রীমতী ইলা রায়ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। ১৭ই জানুয়ারি, ১৯৭৩ তারিখে শেষ নোটিস হাওড়া পৌর সভা দেয়, তাতে মঙ্গলহাটের আশেপাশে নর্দমার উপর পাটাতন ক'রে সেখানে যে সমস্ত ক্ষুদ্র ক্ষুদ্র দোকানদার ৫০ টাকা পুঁজি নিয়ে বসত, সেই স্থান ২ লক্ষ টাকার ডাকে ডেকে নিয়েছে, একটা অ্যাসোসিয়েশন--এর হাতে নর্দমা বিক্রি হয়েছে। ফলে এই যে ছোট ছোট দোকানদার যারা মাত্র ৫০ টাকা পুঁজি নিয়ে সেখানে বসত, তারা অত্যন্ত দুরবস্থার মধ্যে পড়েছে। এমন অবস্থা হয়েছে যে, তাদের দিনে খাওয়া পরার সংস্থান হচ্ছে না। তাই এই বিষয়ে আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীরজনীকান্ত দলুইঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি উন্নয়নমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনি জানেন যে, এন্টালি সি আই টি রোডে গভর্নমেন্ট হাউসিং স্টেট আছে। সেখানে সেই হাউসিং স্টেটে যে সমস্ত বাসিন্দারা আছেন, তারা নিদারুণ জলকষ্টের মধ্যে পড়েছে। সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত কোন সময়েই তাঁরা জল পাচ্ছেন না। চোখে মুখে সাবান মেখে বাথরুমে গিয়ে দেখে সেখানে জল নেই, জল জল ক'রে চীৎকার করতে থাকে, এই অবস্থার মধ্যে তাঁরা পড়েছেন। তা ছাড়া সেখানে যে সমস্ত টিউবওয়েল আছে সেগুলিও খারাপ হ'য়ে প'ড়ে আছে। আমি তাই মাননীয় উন্নয়নমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ ক'রে বলতে চাই যে, তিনি এই সমস্ত টিউবওয়েলগুলি সারাবার জন্য যেন অবিলম্বে ব্যবস্থা করেন এবং সেখানে ভাল জল সরবরাহের ব্যবস্থা করেন। এই আবেদন আমি উন্নয়নমন্ত্রী মহাশয়ের কাছে রাখছি।

শ্রীশরৎচন্দ্র দাসঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই হাউসের দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত এক বছর ধ'রে পুরুলিয়া জেলায় মিশ্র ইস্পাত কারখানা হবে, মিনি স্টিল, সিমেন্ট কারখানা, কংসাবতী স্টীল কারখানা ইত্যাদি হবে ব'লে মাননীয় মন্ত্রিমহাশয়রা স্টেটমেন্ট দি'লেন এবং তার ফলে সমস্ত জেলাবাসী এবং পশ্চিমবঙ্গবাসী জানতে পারল যে, পুরুলিয়া কারখানায় ভর্তি হয়ে যাবে। মাননীয় মন্ত্রিমহাশয়রা একটার পর একটা বিবৃতি দেন আর সেটা আমাদের এম এল এ-দের পক্ষে অ্যাটম বমের মত কাজ করে। তাঁরা তো বিবৃতি দিয়ে নিরাপদে থাকেন, কিন্তু লোকে এসে আমাদের ধরছে, আমাদের জবাবদিহি করতে হচ্ছে। এত বিবৃতি সত্ত্বেও আজ পর্যন্ত কোন লোক সেখানে পৌঁছাচ্ছে না, কোন জরীপ হল না, কোন অফিস পর্যন্ত করে নি। নিরাকার ব্রহ্মের মত সমস্ত কারখানা হয়ে যাচ্ছে। মাননীয় মন্ত্রিমহাশয়রা বিবৃতি দিয়ে দিয়েছেন যে, সেখানে কারখানা খোলা হবে। কেন্দ্রীয় সরকারও সিদ্ধান্ত নিয়েছেন, যেহেতু শিল্পে অনগ্রসর এই পুরুলিয়া জেলা, সেজন্য সেখানে কারখানা খোলা হ'লে আগে যেখানে ১০ পারসেন্ট সাবসিডি দিতেন, সেখানে ১৫ পারসেন্ট সাবসিডি দেবেন এবং ৮০ পারসেন্ট ব্যাঙ্ক থেকে লোন দেবার কথা বলেছেন। এখন যে কারখানা খুলবে তাকে শুধু ৫ পারসেন্ট দিতে হবে এবং তা হ'লেই তাকে সেখানে কারখানা খুলতে দেওয়া হবে। এমতাবস্থায় বিশেষতঃ পশ্চিমবঙ্গের আই ডি সি ডিপার্টমেন্টের অনীহা, অবহেলা এবং উপেক্ষার জন্য আমাদের জেলায় ইন্ডাস্ট্রি হতে পারে নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই সরকারের এক বর্ষ পূর্তি হ'ল, কিন্তু যিনি ইন্ডাস্ট্রিয়েল মিনিস্টার আছেন তিনি তো ১৯৬২ সাল থেকেই পশ্চিমবঙ্গের ইন্ডাস্ট্রিয়েল মিনিস্টারের গদি দখল ক'রে ব'সে আছেন। কিন্তু এ হচ্ছে কি? সমস্ত জল নাকি বিহার থেকে আন'তে হবে। দামোদর নদীর অপর পারে আসানসোল যেখানে কারখানার উপর কারখানা গ'ড়ে উঠছে, আর আমরা নানারকম বয়লারের ধ্বনি শুনতে পাচ্ছি এবং আলোর ঝলকানি দেখতে পাচ্ছি। নদীর অপর পারে কারখানা করলে সেখানে জলের অভাব হয় না, কিন্তু এপারে করলে জলের অভাব

হয়। কেন? এক চোখে কাজল, আর এক চোখে জল, সেটা সরকার দেখতে পারেন না। পুরুলিয়া জেলায় যাতে ইন্ডাস্ট্রি গ'ড়ে উঠতে পারে, তার জন্য আই ডি সি ডিপার্টমেন্টের মাননীয় মন্ত্রিমহাশয়েব দৃষ্টি আকর্ষণ ক'রে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুব্রত মুখার্জী (কাটোয়া)ঃ মাননীয় স্পীকার স্যার, আপনার মারফৎ একটা অত্যন্ত জরুরী এবং গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি সভার দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হচ্ছে--এই কালনা-কাটোয়া কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক ও বর্ধমান সমবায় ব্যাঙ্কের সংযুক্তিকরণের ফলে, রাজ্যসরকার একটি প্রস্তাবে এই আমানতকারীদের ব্যবহারের জন্য পাঠাচ্ছেন কি? আমানতকারীরা অর্থাৎ যাদের টাকা ঐ ব্যাঙ্কে জমা আছে, সেই টাকার শতকরা ১০ ভাগ টাকা তাঁরা তুলতে পারবেন। আর বাকি শতকরা ৯০ টাকার কোন দায়দায়িত্ব তাঁরা নিচ্ছেন না। ঐ শতকরা ৯০ টাকা পেএবল্ ইফ এবল্ যেটা প্রোরাটা ভিত্তিতে ১২ বছরের মধ্যে যতটা মেটান সম্ভব হয়, মেটান হবে। আর বাকি টাকার দায়দায়িত্ব সরকার নিচ্ছেন না। ফলে কালনা-কাটোয়া দু'টো মহকুমায় হাজার হাজার মধ্যবিত্ত এবং স্বল্পবিত্ত সম্প্রদায়ের মানুষ এই ব্যাঙ্কে টাকা জমা রেখেছেন, তাঁদের মনে একটা দারুন ভীতি ও আতঙ্কের সৃষ্টি হয়েছে। তাই আমি বলতে চাই আপনার মাধ্যমে, যদি এই ব্যাঙ্কের লোনের টাকা ঠিকমত আদায় না হয়ে থাকে, এই কো-অপারেটিভ ব্যাঙ্ক-এর টাকা যদি তছরূপ হয়ে থাকে তা হ'লে তার জন্য দায়ী কে? যারা এই সমবায়ে উৎসাহিত হয়ে এই মধ্যবিত্ত সম্প্রদায় তাদের রক্তজলকরা টাকা পয়সা ঐ সমবায় ব্যাঙ্কে জমা রেখেছেন দায়ী তাঁরা, না অপদার্থ পরিচালকমণ্ডলী? গ্রামের লোকদের এই টাকা ফেরত দেওয়া হবে কিনা আমি জানতে চাই। আমার আবেদন থাকলো আপনার কাছে স্যার, সমবায়মন্ত্রী বিধানসভায় এখন উপস্থিত নাই, তিনি এলে দয়া ক'রে আপনি আমার আবেদনটি তাঁর কাছে পেঁাছে দিবেন। এর ফলে একদিকে আমানতকারীরা বঞ্চিত হচ্ছে, অন্যদিকে এই সংযুক্তিকরণের ফলে কর্মচারীদের স্বার্থও বিঘ্নিত হচ্ছে। তাদের বলা হয়েছে, প্রভিডেন্ট ফান্ড-এর টাকা ও অন্যান্য জমা টাকার ও কর্মচারীদের সমস্ত দায়দায়িত্ব কালনা-কাটোয়া কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের নয়। এই জন্য এই আমানতকারীরা আজকে চিন্তিত। তাঁরা দলে দলে আমাদের কাছে এসে ভীড় করছে, কারণ জানতে চাইছে ব্যাপারটা কি? কাদের স্বার্থে আমাদের বলি দেওয়া হচ্ছে? আমরা যে টাকা জমা দিয়েছি কেন তা এখন আমাদের প্রয়োজনের সময় পাব না? মধ্যবিত্ত সম্প্রদায়ের অনেক আমানতকারী আজকে যাদের বাড়িতে পারিবারিক ও সামাজিক অনুষ্ঠানাদি রয়েছে সেই প্রয়োজন মেটাবার জন্য কেন তাঁরা তাঁদের ব্যাঙ্কে গচ্ছিত টাকা তুলতে পারবে না? এই ব্যাপারে সত্বর একটা বিহিত ব্যবস্থা চাই।

শ্রীজ্যোতির্ময় মজুমদারঃ মাননীয় স্পীকার স্যার, মাননীয় সদস্য সুব্রত মুখার্জী যে জরুরী ব্যাপার সম্পর্কে আপনার দৃষ্টি আকর্ষণ করলেন, যে, পশ্চিমবঙ্গ সরকার স্বল্প সঞ্চয়ের মাধ্যমে তাদের উন্নয়নসূচি রূপায়িত করবার চেষ্টা করছেন এবং এর মধ্যে জনসাধারণকেও টেনে আনার চেষ্টা করছেন। এজন্য মধ্যবিত্ত ও স্বল্পবিত্ত সম্প্রদায়ের মানুষ কো-অপারেটিভ ব্যাঙ্ক স্থাপন করেছেন এবং তাদের সাধ্যমত তাতে টাকা জমা রেখেছেন। সেই সমস্ত টাকা সরকার তাঁদের বিভিন্ন উন্নয়ন কর্মসূচি রূপায়ণ খাতে ব্যয় করবেন। কিন্তু সেই টাকা অপদার্থ আমলাতন্ত্র ও পরিচালকমণ্ডলীর হাতে নষ্ট হয়ে গেছে। যারা মধ্যবিত্ত সম্প্রদায়, গ্রামের মানুষ রক্তজলকরা টাকা এই কো-অপারেটিভ ব্যাঙ্ক-এ সঞ্চিত ক'রে রেখেছিলেন, এখন তাঁরা হচ্ছেন অপরাধী! তাদের শতকরা ১০ টাকা তুলতে দেওয়া হ'চ্ছে, আর বাকি ৯০ ভাগ টাকা আদৌ তারা পাবেন কিনা, পারিবারিক বা সামাজিক অনুষ্ঠানের সময় বা সন্তান-সন্ততিদের শিক্ষা, চিকিৎসার কি ব্যবস্থা হবে, এই ব্যাপারে আপনি অনুগ্রহ করে মাননীয় মন্ত্রিমহাশয়কে জানান এবং তিনি এই বিষয়ে আমাদের আশ্বস্ত করুন। এই নিবেদন রাখছি।

Mr. Speaker: Mr. Mojumdar, please take your seat. You know the parliamentary procedure. The Chair cannot force any Minister to make any statement. The Hon'ble Minister-in-charge of Co-operation is not here today But you have mentioned the matter on the floor of the House and that has been recorded. You have done enough justice to the cause and I know that you, Mr. Pramanik and Mr. Mukherjee are all interested in this vital matter. But

the difficulty is that the Hon'ble Minister is not here and perhaps no other Minister can make any statement. At best what I can suggest is that you meet the Hon'ble Minister and try to convince him of the importance of the matter.

[1-30—1-40 p.m.]

শ্রীজ্যোতির্ময় মজুমদারঃ মুখ্যমন্ত্রী কয়েকদিন আগে এই বিধানসভায় দাঁড়িয়ে আপনার কাছে অনুরোধ জানিয়েছিলেন......

Mr. Speaker : You are taking the time of other honourable Members who also like to mention some important matters.

Shri Gyan Singh Sohanpal : Perhaps the honourable Member is not aware of the new arrangement.

Mr. Speaker : I can assure you that a copy of the statement made by Shri Subrata Mukherjee regarding Co-operative bank will be sent to the Minister concerned by my Office as early as possible.

শ্রীরবীন্দ্র ঘোষঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এই মন্ত্রিসভার প্রতি একটা দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এই প্রগতিশীল সরকার প্রতিষ্ঠিত হওয়ার পরেও একটা সম্প্রদায় আছেন সেই মৎস্যজীবী সম্প্রদায় তাদের হাজার হাজার মানুষ আজকে বঞ্চিত। আপনি সারা বাংলাদেশের মৎস্যজীবী সম্প্রদায়ের সভাপতি এবং আপনি তাদের হয়ে অনেক অভিযোগ, লাঞ্ছনা, অবহেলার কথা রেখেছেন। এই বিধান-সভার সামনে এসে অনেক মৎস্যজীবী বক্তব্য রেখেছেন। আমি কয়েকটি ঘটনা এখানে তুলে ধরছি। এই প্রগতিশীল সরকারের কর্মসূচিতে উলুবেড়িয়া, বাউড়িয়া, শ্যামপুকুর ইত্যাদি জায়গার অনেকটা আশা-আকাঙ্ক্ষা পেয়েছিল এবং এই সরকারের কর্মসূচি অনুযায়ী অ্যাডভাইসরী বোর্ডের সদস্য হিসাবে ব্লক অফিসে—বি ডি ও এবং মৎস্যচাষ সংক্রান্ত অফিসার উপস্থিত থেকে গ্রামে গ্রামে মৎস্যজীবী ঋণ এবং সরকারী সাহায্যের তালিকা মিটিং-এ স্থির হয়েছিল এবং আমরা সেই তালিকাতে সই করেছি। উলুবেড়িয়া এক নম্বর ব্লকে যেখানে ২৮৯ জন তাদের সাহায্য বাবত ছিল ১৭ হাজার ৪০০ টাকা, উলুবেড়িয়া দু' নম্বর ব্লকে ৬৯ জনের সাহায্য বাবত ছিল ৪ হাজার ১১০ টাকা এবং শ্যামপুকুরে এক নম্বর ব্লকে ৩৫০ জনের জন্য ২০ হাজার ৪০০ টাকা—এই মোট টাকা দেবার প্রতিশ্রুতি ছিল। কিন্তু আজকে সরকারী সাহায্য দেখা যাচ্ছে মাত্র এক হাজার টাকা। লোন বাবত ছিল এক নম্বর উলুবেড়িয়া ব্লকে ৫২ জন, দু' নম্বর ব্লকে ১১৪ জন, এবং শ্যামপুকুর এক নম্বর ব্লকের জন্য ২১৬ জন। ১৮ হাজার ৪ শো টাকা ছিল এক নম্বর ব্লকে। মিটিং-এ সিদ্ধান্ত হয়েছে। সেখানে দেখা যাচ্ছে লোন বাবত হচ্ছে একটা শূন্য। সাহায্য বাবত হচ্ছে একের পর তিনটে শূন্য, আর লোন বাবত হচ্ছে একটা শূন্য। এই যদি সরকারী নীতি হয়, তা হ'লে কি হবে? আমরা ঘেরাও হচ্ছি এর ফ'ল। সরকারী অফিসে বসে যে সিদ্ধান্ত হয়েছে, সেই সিদ্ধান্ত বাতিল হয়েছে। আজকে আমরা ওই মৎস্যজীবী সম্প্রদায়ের কাছে লাঞ্ছিত হচ্ছি, অপমানিত হচ্ছি। আজকে এই মৎস্যজীবী সম্প্রদায় বাধ্য হবে এই সরকারের কর্মসূচি অনুযায়ী সাহায্য এবং লোনের টাকার যদি ব্যবস্থা না হয় বিধানসভার সামনে অনশন আন্দোলন করতে এবং এতেও যদি সরকার দৃষ্টি না দেন, তা হ'লে আরও বৃহত্তর আন্দোলন হবে। সরকারের প্রতিটি সম্প্রদায়ের প্রতি সাহায্যের ব্যবস্থা আছে, লোনের ব্যবস্থা আছে। যদি মৎস্যজীবী সম্প্রদায়ের প্রতি সাহায্য এবং লোনের ব্যবস্থা না করা হয়, তা হ'লে বাংলাদেশের অবহেলিত, লাঞ্ছিত মৎস্যজীবী সম্প্রদায় কঠিন আন্দোলন করতে বাধ্য হবে এই সরকারের বিরুদ্ধে।

শ্রীগণেশচন্দ্র হাটুইঃ মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং এই সভারও দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। হাওড়া জেলার জগৎবল্লভপুর উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে ১৯৬৯ সালে পশ্চিমবঙ্গ মাধ্যমিক শিক্ষা পর্ষদ পরীক্ষাকেন্দ্র (স্কুল ফাইনাল ও উচ্চ মাধ্যমিক খোলবার অনুমতি দেয়। ১৯৬৯, ১৯৭০, ১৯৭১—এই তিন বৎসরই ওই কেন্দ্রে ওই স্কুলের ছাত্ররা হোম সেন্টার হিসাবে পরীক্ষা দেয়।

ব্যাপক টোকাটুকি করার ফলে ওই স্কুলের ইদানীং কয়েক বৎসর পরীক্ষার পাশের হার চতুর্গুণ বৃদ্ধি পায়। ১৯৭২ সালে হাওড়া জেলার জেলা শাসক শ্রীদীপক রুদ্র মহাশয় এই সমস্ত ব্যাপার জানতে পারেন এবং এই কেন্দ্রে পরীক্ষা না হওয়ার ব্যবস্থা করেন। পর্ষদের প্রাক্তন সচিব শ্রীঅমল চট্টোপাধ্যায় এই পরীক্ষা কেন্দ্রে ব্যাপক টোকাটুকির রিপোর্টে নিজেও কনাভিন্সড হন এবং সেন্টার তুলে দেবার ব্যবস্থা করেন। দুঃখের কথা, এ বৎসর বোর্ডের সচিব নূতন লোক এবং জেলাশাসক শ্রীদীপক রুদ্র মহাশয়ও অন্যত্র স্থানান্তরিত। এই সুযোগে পুনরায় এই জগৎবল্লভপুর স্কুলের প্রধান শিক্ষক মহাশয় আইনের ফাঁক খুঁজে নিয়ে স্কুলের পাশাপাশি শোভারাণী কলেজে পরীক্ষা দেওয়াবার ব্যবস্থা করিয়ে নেন। বিশেষ কারণে তিনি এই কেন্দ্রে পরীক্ষা চালাবার ব্যাপারে বিশেষ আগ্রহী। যথারীতি পরীক্ষা আরম্ভ হয়। কলেজের তরুন অধ্যাপকগণ প্রথম থেকেই কড়াকাড়ি ক'রে ইনভিজিলেন্স দেন। ছাত্ররা টোকাটুকিটাকে তাদের অধিকার ব'লে মনে ক'রে নিয়েছিল। তাই ইংরাজী পরীক্ষার দিন টোকাটুকি করতে না পারায় এবং প্রশ্নপত্র কঠিন হয়েছে এই অজুহাতে তারা কলেজের অধ্যাপকদের লাঞ্ছিত করে এবং শোনা যায় প্রহার পর্যন্ত করে। অধ্যাপকগণ ইনভিজিলেসন দিতে অস্বীকার করায় স্কুলের প্রধান শিক্ষক শ্রীবিশ্বনাথ শেঠ তাঁর দু-জন অনুগত শিক্ষককে নিয়ে ইনভিজিলেশন দিতে চলে আসেন এবং পূর্বপরিকল্পিত উপায়ে দরজা জানালা বন্ধ ক'রে পরীক্ষা নেওয়া হয়। সুনীলবাবু নামে জনৈক অধ্যাপক গুরুতর আহত হন। এই পরীক্ষা কেন্দ্রে যাতে সুষ্ঠুভাবে পরীক্ষা চলে তার জন্য বোর্ডের একজন অফিসারকে পর্যবেক্ষক হিসাবে পাঠানোর জন্য ও ঐ বিদ্যালয়ের প্রধান শিক্ষককে অপসারণের দাবি জানাচ্ছি।

VOTING ON DEMAND FOR GRANTS

DEMAND FOR GRANT NO. 43.

Major Head : 71—Miscellaneous—Contributions

শ্রীসন্তোষকুমার রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের জানাচ্ছি যে, ছাপানোর অসুবিধার জন্য আমার এই বাজেট বিবৃতি সদস্যদের আগে দেওয়া সম্ভব হয় নি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপাল মহাশয়ের সুপারিশক্রমে আমি ১৯৭৩-৭৪ সালের জন্য ছাব্বিশ হাজার টাকার ব্যয় মঞ্জুরীর প্রস্তাব এই সভায় অনুমোদনের জন্য উত্থাপন করছি। যেসব ব্যয় নির্বাহের জন্য এই ব্যয়বরাদ্দ ধরা হয়েছে সেগুলি হ'ল —(১) কলকাতা পৌর সভা এবং অন্যান্য পৌর সভার কর্মচারীদের মহার্ঘভাতা ও বেতন এবং অন্যান্য ভাতা বৃদ্ধির জন্য পাঁচ কোটি চব্বিশ লক্ষ ঊননব্বই হাজার টাকা, (২) কলকাতা পৌর সভার জন্য অকট্রয় আদায়ের অংশ বাবত দু' কোটি ছাব্বিশ লক্ষ টাকা, (৩) কলকাতা মেট্রোপলিটন এলাকায় অন্যান্য পৌর প্রতিষ্ঠানগুলিকে দেয় অকট্রয় আদায়ের অংশ বাবত ২ কোটি ছাব্বিশ লক্ষ টাকা। (৪) কলকাতা মেট্রোপলিটন ডেভলপমেন্ট অথরিটিকে দেয় অকট্রয় আদায়ের অংশ বাবত চার কোটি তিপান্ন লক্ষ টাকা এবং (৫) বিভিন্ন আইন ও সরকারী সিদ্ধান্ত অনুযায়ী পৌর ও অন্যান্য প্রতিষ্ঠানগুলিকে দেয় অংশ বাবত ছয় লক্ষ সাঁইত্রিশ হাজার টাকা। এই প্রসঙ্গে আমি সংক্ষেপে রাজ্যের বিভিন্ন পৌর প্রতিষ্ঠানগুলির প্রশাসন ও অসুবিধা সম্বন্ধে কিছু বলতে চাই। পৌর প্রশাসন বিভাগের অধীনে কলকাতা পৌর সভা ছাড়াও ৮৯টি পৌর সংস্থা, তিনটি নোটিফায়েড এরিয়া ও পাঁচটি টাউন কমিটি আছে। ক্রমবর্ধমান শহরাঞ্চলে নাগরিক সুযোগসুবিধা প্রবর্তন ও স্থানীয় স্বায়ত্তশাসন চালু করার জনাই সরকার সংশ্লিষ্ট অঞ্চলে পৌর সংস্থা স্থাপন করেন। এই উদ্দেশ্যে তারকেশ্বরে একটি পৌর সংস্থা স্থাপন ও দিনহাটা টাউন কমিটিকে পৌর সংস্থায় উন্নীত করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বীরভূমের দুবরাজপুরে এবং আরও কয়েকটি স্থানে পৌর সংস্থা স্থাপন করার প্রস্তাব সরকারে বিবেচনাধীন আছে। অযোগ্য প্রশাসন, তত্ত্বাবধানের অভাব, আর্থিক দুরবস্থা প্রভৃতি কারণে পৌর প্রতিষ্ঠানগুলির অবস্থা উত্তরোত্তর নৈরাশ্যজনক হয়ে উঠেছে। এই দুর্দশার মূলে রয়েছে দীর্ঘ দিনের অবহেলা ও নিষ্ক্রিয়তা, দুর্নীতি, আত্মকলহ, স্বজনপোষণ প্রভৃতি। অধিকাংশ পৌর প্রতিষ্ঠানের কর্মীর সংখ্যা অত্যধিক, যদিও সেই তুলনায় তাদের কাজকর্ম

খুবই কম এবং দিনে দিনে পৌর সেবার মান কমে যাচ্ছে। অন্যদিকে আরও বেতন, ভাতা ও সুযোগসুবিধা বৃদ্ধির জন্য আন্দোলন, ক্ষমতার অপব্যবহার, সংকীর্ণ দলাদলি পৌর প্রশাসনকে আরও দুর্বল, অসহায় ও অসমর্থ ক'রে তুলেছে। ক্রমবর্ধমান জনসাধারণের জন্য পৌর সুযোগসুবিধা প্রয়োজনানুযায়ী আয়ের উৎস নিতান্তই অকিঞ্চিৎকর। বর্তমান আইনের জন্যই এই অসুবিধা। তা ছাড়া প্রতিষ্ঠানগুলির অযোগ্য প্রশাসন ও বিশৃঙ্খলা অবস্থার জন্য সীমিত রাজস্ব ঠিকমত আদায় হয় না। যেখানে আগে আদায়ের পরিমাণ ছিল ৮০ শতাংশ, তা এখন কমে ৩০/৪০ শতাংশে দাঁড়িয়েছে। কোন কোন ক্ষেত্রে এই আদায়ের পরিমাণ ১০ ভাগেরও বেশি নয়।

[1-40—1-50 p.m.]

একদিকে ব্যয় বৃদ্ধি অন্যদিকে রাজস্ব আদায় হ্রাস পাওয়ায় পৌর সংস্থাগুলির আর্থিক দুর্দশা চরমে পৌঁছেছে। গত মহাযুদ্ধের পর থেকেই রাজ্যসরকার পৌর সংস্থাগুলিকে আর্থিক সাহায্য দিয়ে আসছেন। বর্তমানে বেতন হার ও মহার্ঘভাতা বৃদ্ধির ক্ষেত্রে এই সাহায্যের পরিমাণ দাঁড়িয়েছে ২ কোটি ৬৫ লক্ষ টাকা। কলকাতা পৌর সভার ক্ষেত্রেও এই বাবতে সমান অর্থ ব্যয় করতে হয়েছে। কিন্তু এত সাহায্য সত্ত্বেও বেশির ভাগ পৌর সভার আদায়ের চেয়ে ব্যয়ের পরিমাণ বেশি এবং উন্নয়ন কাজের জন্য কোন অর্থ বরাদ্দ সম্ভব হয় নি। সরকার উন্নয়নের জন্য আলাদাভাবে আর্থিক অনুদানের ব্যবস্থা করেছেন। কিন্তু সেই অর্থও এমনকি কর্মচারীদের প্রভিডেন্ট ফান্ডের অর্থও প্রশাসনিক খাতে অর্থাৎ মাইনে দেবার জন্য ব্যয় হয়। স্বভাবতই উন্নয়নমূলক কাজকর্ম না হওয়ায় জনস্বার্থ বিঘ্নিত ও ক্ষুণ্ণ হচ্ছে। এই সব সাহায্য সত্ত্বেও পৌর সভাগুলি নিয়মিত আর্থিক অনুদানের জন্য সরকারের দ্বারস্থ হয় যার জন্য সরকারকে ওয়েজ অ্যান্ড মিনস খাতে অ্যাডভান্সের ব্যবস্থা করতে হয়। চলতি আর্থিক বৎসরে মোট ২ কোটি ৭০ লক্ষ টাকা এই ভাবে বিভিন্ন পৌর সংস্থাকে দিতে হয়েছে যার মধ্যে কলকাতা পৌর সভা পেয়েছে ২ কোটি টাকা।

আর্থিক দুরবস্থা ছাড়া যে বিষয়ে আমি বিশেষভাবে উল্লেখ করবো তা হ'ল প্রায় ভেঙ্গে পড়া প্রশাসন ব্যবস্থা। কোথাও কোন কিছুর উপরেই কারো নিয়ন্ত্রণ নেই। অবসর গ্রহণের কোন বয়স নির্দিষ্ট করা নেই, ছুটি ও অন্যান্য চাকুরির শর্তাবলী সুনির্দিষ্ট নয়। অবাঞ্ছিত কর্মচারীদের বাধ্যতামূলক ভাবে অবসর গ্রহণ করানোর বা শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণেরও কোন সুনির্দিষ্ট পদ্ধতি নেই।

কলকাতা পৌর সভাকে অযোগ্যতা এবং আইনে নির্দেশিত কাজকর্ম করবার অক্ষমতার জন্য বাতিল করা ছাড়া সরকারের আর কোন উপায় ছিল না। একই কারণে আরো ৫টি পৌর সংস্থা বাতিল করতে হয়েছে এবং অন্যান্য ১৩টি প্রতিষ্ঠানকে এক্জিকিউটিভ অফিসারের নিয়ন্ত্রণে আনা হয়েছে। কিন্তু এই সব ব্যবস্থা সাময়িক কারণ এর দ্বারা কোন স্থায়ী সমাধান সম্ভব নয়।

এই সব সমস্যাগুলি যথাযথ পর্যালোচনা ক'রে স্থায়ী সমাধানের উদ্দেশ্যে সরকার পৌর আইন ও তৎসংক্রান্ত বিধিগুলির প্রয়োজনীয় সংশোধনের কথা গভীরভাবে চিন্তা করছেন এবং আমি আশ্বাস দিতে পারি যে, শীঘ্রই আমরা এইভাবে পৌর প্রতিষ্ঠানের আর্থিক বুনিয়াদ ও প্রশাসন ব্যবস্থা যথেষ্ট শক্তিশালী করতে সমর্থ হব যাতে ক'রে নাগরিক জীবনে তাঁর সুফল প্রতীয়মান হয়। এখনই পৌর সংস্থাগুলি পরিচালনা করার জন্য অর্থের ব্যবস্থা করা হয়েছে। সরকারী কর্মচারীদের নতুন বেতন হারের সঙ্গে সামঞ্জস্য রেখে পৌর কর্মচারীদের বেতন হার ও মহার্ঘভাতা বৃদ্ধির জন্য সরকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছেন। ২ কোটি ৪৫ লক্ষ টাকা শুধু মহার্ঘভাতা বৃদ্ধির জন্য বরাদ্দ করা হয়েছে। সরকারী কর্মচারীদের নতুন বেতন হারের ৮০ শতাংশ পৌর কর্মচারীদের জন্য সরকারই দিচ্ছেন। বেতন বৃদ্ধির জন্য বৃদ্ধি বাবত ৮৫ লক্ষ ৮১ হাজার টাকা ও মহার্ঘ ভাতার জন্য ১ কোটি ৭৮ লক্ষ ৩৮ হাজার টাকা ধরা আছে। তা ছাড়া পার্বত্য অঞ্চলের কর্মচারীদের জন্য শীতকালীন ভাতার জন্য ৯০ হাজার টাকা ধরা হয়েছে।

কলকাতা মেট্রোপলিটন এলাকায় অকট্রয় খাতে প্রাপ্ত মোট আয়ের অর্ধেক সি এম ডি এ-কে দেওয়া হয়—বাকিটা কলকাতা ও অন্যান্য পৌর সংস্থাগুলির মধ্যে জনসংখ্যার ভিত্তিতে সমানভাবে ভাগ ক'রে দেওয়া হয়। সি এম ডি এ যেসব উন্নয়ন কাজ করছেন তার খরচ প্রধানত অকট্রয় থেকে প্রাপ্ত টাকা থেকে নির্বাহ হয়। সি এম ডি এ অঞ্চলের পৌর সংস্থাগুলির উন্নয়ন কাজকর্মের জন্যও তাদের সি এম ডি এ আর্থিক সাহায্য দেন। এই সব পৌর সংস্থা তাদের উন্নয়নের জন্য অকট্রয় থেকে প্রাপ্ত টাকা এবং সি এম ডি এ থেকে প্রাপ্ত আর্থিক সাহায্য ব্যয় করতে পারেন। পরবর্তী কালে প্রকল্পগুলি চালু রাখার খরচও এইভাবে যোগানোর ব্যবস্থা হয়েছে। এই বাবতে সি এম ডি এ ৪ কোটি ৫৩ লক্ষ টাকা ও কোলকাতা ও অন্যান্য পৌর সংস্থাগুলি ২ কোটি ২৬ লক্ষ টাকা পাবেন—বাজেটে এইরূপ বরাদ্দের নির্দেশ আছে।

এই সব খাতে ব্যয়ের মোট অঙ্ক ১৪ কোটি ২৯ লক্ষ ৮৯ হাজার মত হয়। অকট্রয় আইনে বর্ণিত ও অন্যান্য দায় মেটাবার জন্য এই অর্থ বরাদ্দের প্রয়োজন।

এ ছাড়া বিভিন্ন আইনের ব্যবস্থা মত ও অন্যান্য দায় বাবত আরো ৬ লক্ষ ৩৭ হাজার টাকা বরাদ্দ আছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ক'টি কথা ব'লে আপনার মাধ্যমে আমি মাননীয় সদস্যবৃন্দকে এই ব্যয়বরাদ্দ মঞ্জুর করতে অনুরোধ জানাচ্ছি।

Mr. Speaker: All the cut motions are in order and are taken as moved.

Shri A. H. Besterwitch: That the Amount of the Demand be reduced to Re. 1.

Shri Timir Baran Bhaduri: That the Amount of the Demand be reduced by Rs. 100.

Mr. Speaker: I have not yet received any name who is eager to speak on this Grant. All the names that I have received uptil now show that the Member are much eager to speak on Grant No. 44. So I put all the cut motions relating to Grant No. 43 to vote.

The motion of Shri A. H. Besterwitch that the amount of the Demand be reduced to Re. 1, and the motion of Shri Timir Baran Bhaduri that the amount of the Demand be reduced by Rs. 100, were then put and a division taken with the following result:—

Noes

Abdul Bari Biswas, Shri.
Bandopadhayay, Shri Shib Sankar.
Banerjee, Shri Mrityunjoy.
Basu, Shri Ajit Kumar (Mid.).
Bharati, Shri Ananta Kumar.
Biswas, Shri Ananda Mohan.
Chaki, Shri Naresh Chandra.
Chatterjee, Shri Debabrata.
Chowdhary, Shri Abdul Karim.
Das, Shri Ranjani.
De, Shri Asamanja.
Doloi, Shri Rajani Kanta.
Dutta, Shri Adya Charan.

Ekramul Haque Biswas, Shri.
Ghose, Shri Sankar.
Goswami, Shri Paresh Chandra.
Gyan Singh, Shri Sohanpal.
Halder, Shri Harendra Nath.
Halder, Shri Manoranjan.
Isore, Shri Sisir Kumar.
Mahato, Shri Kinkar.
Mahato, Shri Ram Krishna.
Maitra, Shri Kashi Kanta.
Maity, Shri Prafulla.
Md. Safiullah, Shri.
Misra, Shri Ahindra.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Mohammad Idris Ali, Shri.
Mojumdar, Shri Jyotirmoy.
Mondal, Shri Khagendra Nath.
Moslehuddin Ahmed, Shri.
Mukherjee, Shri Mrigendra.
Mukherjee, Shri Sibdas.
Mukherjee, Shri Subrata.
Mukhopadhyaya, Shri Ajoy.
Nahar, Shri Bijoy Singh.
Naskar, Shri Arbinda.
Nurunnesa Sattar, Shrimati.
Palit, Shri Pradip Kumar.
Panja, Shri Ajit Kumar.
Paul, Shri Bhawani.
Paul, Shri Sankar Das.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Roy, Shri Bireswar.
Roy, Shrimati Ila.
Roy, Shri Jagadananda.
Roy, Shri Krishna Pada.
Roy, Shri Madhu Sudan.
Roy, Shri Santosh Kumar.
Saha, Shri Nirad Kumar.
Sarker, Shri Jogesh Chandra.
Sautya, Shri Basudeb.
Singha Roy, Shri Probodh Kumar.
Tirkey, Shri Iswar Chandra.

Ayes

Besterwitch, Shri A. H.
Shish Mohammad, Shri.

Abstentions

A. M. O. Ghani, Dr.
Basu, Shri Ajit Kumar.
Ghosal, Shri Satya.

The Ayes being 2 and the Noes 57, the motions were lost.

The motion of Shri Santosh Kumar Roy that a sum of Rs. 14,36,26,000 be granted for expenditure under Grant No. 43, Major Head: "71—Miscellaneous—Contributions", was then put and agreed to.

[1-50—2-00 p.m.]

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: মাননীয় স্পীকার স্যার, আমি বুঝতে পারছি না যে এটা কি হল ? এই ডিম্যান্ডের উপর, এই গ্রান্টের উপর কোন বক্তৃতা হল না, মন্ত্রিমহাশয় পেশ করলেন, আর পাশ হয়ে গেল। এইরকম একটা বাজেট, এতে মিউনিসিপ্যাল, কর্পোরেশনের ব্যাপার রয়েছে, আমাদের অনেকের অনেক কিছু বলার ছিল তারা সেই সুযোগ পেল না।

Mr. Speaker : Shri Pramanik, Grant No. 43 has been passed.

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: স্পীকার স্যার, আপনি একজন বিচক্ষণ স্পীকার, আপনি এটা পাশ করালেন উইদাউট এনি ডিসকাশন, এটা আমরা আশা করি নি।

Mr. Speaker: If the Members did not want to speak on Grant No. 43 what could I do? I had announced that I received names of speakers who were willing to speak only on Grant No. 44, but no name had been received from any Member who was willing to take part in the discussion on Grant No. 43. As there was no speaker on Grant No. 43, I announced that the main motion would be put to vote. Mr. Pramanik, where had you been at that time Did you submit your name to me that you were willing to participate in the discussion on Grant No. 43 ?

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানতাম চীফ হুইপ নাম দিয়েছেন তিনি যদি নাম না দিয়ে থাকেন, তা হলে আমরা নাম দিতে পারতাম। কিন্তু উইদাউট এনি ডিসকাশান এইরকম একটা বাজেট পাশ হবে এটা আমরা আশা করি নি। আপনার মত একজন বিচক্ষণ স্পীকার, আপনি হাউস পরিচালনা করছেন, এইরকম ভাবে উইদাউট ডিসকাশনে বাজেট পাশ হয়ে যাবে এটা আশা করি নি। যখন চীফ হুইপ নাম দেন নি, তখন আপনি যদি আমাদের ডাকতেন, তা হলে নিশ্চয়ই আমরা বলতাম।

It is the first time in my life that without any discussion a grant has been passed.

Mr. Speaker: If any Member is willing to participate in the discussion, it is my duty to allow him to do so. But, when there was none, what was there for me to do?

Shri Gangadhar Pramanick: Sir, it is a question of privilege. If there is any rule that our names are to be submitted directly to Hon'ble Speaker, then we could certainly do that. But, we were given to understand that the names from the Congress Party would be submitted by the Chief Whip. So, it was not our fault. When the Opposition Members did not give their names, then names of some Members might have been given from the Government side It is surprising that no name has been given for discussion on this Grant.

Mr. Speaker: There were two cut motions and I announced that the cut motions were in order and were taken as moved. The Members who gave notices of cut motions did not rise to make their speeches. When I announced that there was no Spaker on Grant No. 43, at that time also the Members present in the House did not stand up and speak on this Grant. Then, what was left for me to do? Should I have adjourned the House?

শ্রীসন্তোষ রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যখন ঘোষণা করলেন, আপনার ঘোষণা করার পরে আমি দাঁড়িয়ে একথা বলেছি যে, সভাবা যদি এই গ্রান্ট গ্রহণ করেন, তা হলে অন্য গ্রান্টে যেতে পারি। এখানে আপনি যখন ভোট ডিমান্ড করেছেন তখনও যদি মাননীয় সদস্যরা বলতেন, তা হলেও হত। কিন্তু তখন এই প্রশ্ন ওঠে নি, মাননীয় সদস্যরা হয়ত অন্যমনস্ক ছিলেন। কিন্তু আমি দাঁড়িয়ে এ কথা বলেছি যে, এই গ্রান্ট যদি সভারা অনুমোদন করেন, তা হলে আমি অন্য গ্রান্টে যেতে পারি।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি সময় মত কাট মোশান ইন অর্ডার বলেছেন। যখন কাট মোশানের উপর ভোটিং হচ্ছে তখনও যদি কোন সদস্য উঠে দাঁড়ান, তা হলে আপনি কনসিডার করতে পারেন। কিন্তু ভোটিংএ পাশ হবার পরে আর কোন কথা হতে পারে না।

Mr. Speaker: The point which Shri Biswas has just now raised is the correct procedure. So no more discussion on Grant No. 43 is allowed.

VOTING ON DEMAND FOR GRANT

DEMAND FOR GRANT No. 44

Major Head: 71—Miscellaneous—Panchayats

Shri Santosh Kumar Roy: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,70,71,000 be granted for expenditure under Grant No. 44, Major Head: "71—Miscellaneous—Panchayats."

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের সুপারিশক্রমে আমি ৪৪ সংখ্যক অনুদানের অন্তর্গত—৭১-বিবিধ-পঞ্চায়েত খাতে তিন কোটি সত্তর লক্ষ একাত্তর হাজার টাকা ব্যয়বরাদ্দে দাবি উত্থাপন করছি।

(২) পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন, ১৯৫৭ এবং পশ্চিমবঙ্গ পঞ্চায়েত নিয়মাবলী, ১৯৫৮ অনুযায়ী এই রাজ্যে বিভিন্ন স্তরে পঞ্চায়েত গঠিত হয়। উন্নয়নমূলক কাজে জনসাধারণের অংশগ্রহণ সহজতর করা এবং প্রশাসনক্ষমতা বিকেন্দ্রীকরণের উদ্দেশ্যে ১৯৬৩ সালে পশ্চিমবঙ্গ জেলা পরিষদ আইন প্রণয়ন করা হয়। এই আইন প্রবর্তনের ফলে ১৯৬৪ সালে কয়লা খনি এবং চা বাগানগুলি বাদ দিয়ে ব্লক স্তরে আঞ্চলিক পরিষদ এবং জেলা স্তরে জেলা পরিষদ গঠিত হয়। রাজ্যে পঞ্চায়েতের সংখ্যা দাঁড়িয়েছেঃ

গ্রাম পঞ্চায়েত	...		১৯,৬৬২
অঞ্চল পঞ্চায়েত	..	...	২,৯২৬
আঞ্চলিক পরিষদ	...	...	৩২৫
জেলা পরিষদ	...	...	১৫

১৯৬৭ সালে যুক্তফ্রন্টের আমলে জেলা এবং আঞ্চলিক পরিষদগুলি বাতিল করা হয়। হাইকোর্টের নির্দেশে এই পরিষদগুলি অংশত চালু থাকলেও প্রকৃতপক্ষে গ্রামীণ সমস্যা সমাধানের কোন কাজ করা সম্ভব হয় না। ফলে পশ্চিমবঙ্গের জনসাধারণ পঞ্চায়েত ব্যবস্থার প্রতি উৎসাহ এবং আগ্রহ অনেকাংশে হারিয়ে ফেলেছে।

(৩) পঞ্চায়েত আইন অনুযায়ী পঞ্চায়েতীরাজ প্রতিষ্ঠানের নির্বাচন হবার কথা চার বছর প পর, কিন্তু এই প্রতিষ্ঠানগুলির সর্বশেষ নির্বাচন অনুষ্ঠিত হয়েছে ১৯৫৮ থেকে ১৯৬৪ পর্যন্ত তারপর থেকে নির্বাচন ছাড়াই কাজ চালিয়ে যাওয়া হচ্ছে। আঞ্চলিক পরিষদ ও জেলা পরিষ গুলি কার্যত বাতিল হওয়ার ফলে ব্লক এবং জেলা স্তরে জনসাধারণের প্রতিনিধি স্থানী কর্তৃপক্ষের কোন অস্তিত্ব নেই। যে ব্যাপক কর্মকান্ডের দায়িত্ব এই প্রতিষ্ঠানগুলির উপর ন্যস্ত তার প্রয়োজনীয় অর্থের সংকুলান করাও সম্ভব হয়ে ওঠে নি। প্রতিষ্ঠানগুলি পুনর্গঠনের জ নতুন আইন প্রণয়নও এ যাবৎ সম্ভব না হওয়ায় পঞ্চায়েত রাজ প্রতিষ্ঠান অকেজো এবং নিষ্ক্রিয় হয়ে পড়েছে।

(৪) বর্তমান মন্ত্রিসভা ক্ষমতায় আসার পর পঞ্চায়েতমন্ত্রী শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ পঞ্চায়েত ব্যবস্থা পুনর্গঠনের উদ্দেশ্যে বিধানসভার সদস্যদের সঙ্গে ১৯৫৭ ও ১৯৬৩ সালের পঞ্চায়েত জেলা পরিষদ আইনের বিধানগুলি এবং ভবিষ্যত গঠনপ্রণালী সম্বন্ধে আলোচনা করেন। এ আলোচনায় সিদ্ধান্ত হয় যে, পঞ্চায়েতরাজ প্রতিষ্ঠানসমূহকে জনসাধারণের প্রতিনিধিত্বমূলক প্রতিষ্ঠানে পরিণত করতে হলে এবং মূল উদ্দেশ্য স্বার্থক করতে হলে বর্তমান আইনের ব্যাপক সংশোধন না করে পুনর্গঠন করা জনস্বার্থের অনুকূলে হবে না। এই আলোচনায় এটাও পরিষ্কার হয়ে উঠে যে, পুরানো আইন ও নিয়মাবলী অনুযায়ী নির্বাচন অনুষ্ঠিত হলে সমস্যার সমাধান হবে না।

(৫) নির্বাচনের মাধ্যমে প্রশাসন ক্ষমতার বিকেন্দ্রীকরণ এবং প্রকৃত পঞ্চায়েতরাজ প্রতিষ্ঠানের উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ পঞ্চায়েত বিল, ১৯৭২ এই নামে আইনের একটি খসড়া ইতিমধ্যে তৈরি করা হয়েছে। বর্তমানে প্রচলিত দুটি আইনের পরিবর্তে এই একটি আইন চালু করার প্রস্তাব রয়েছে। পরিকল্পনা অনুযায়ী কাজে অগ্রসর হওয়া সম্ভব হলে বর্তমান অধিবেশনে এই বিলটি উপস্থাপিত করতে পারা যাবে বলে আশা করি।

[2-00-- 2-10 p.m.]

(৬) উন্নয়নমূলক কাজের জন্য প্রত্যেক অঞ্চলে এক হাজার টাকা হিসাবে এককালীন অনুদান এবং আরও তিনশত টাকা অনুদান হিসাবে দেওয়া হবে। অঞ্চল পঞ্চায়েত সচিব, সহ-সচিব দফাদার এবং চৌকিদার প্রভৃতি বাবত ১৯৭৩-৭৪ সালের বাজেটে ১ কোটি ৯৩ লক্ষ ৭৮ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে। জেলা পরিষদগুলিকে পথ উপকর এবং খনি এবং খনিজ দ্রব্যের উপর পূর্তে উপকরের বিনিময়ে অনুদান দেওয়া হয়ে থাকে। এ ছাড়া জেলা এবং আঞ্চলিক পরিষদ গুলিকে ভূমিরাজস্বের গত তিন বছরের আদায়ের গড়ের ৫ শতাংশ অনুদান হিসাবে দেবার ব্যবস্থা আছে। কিন্তু ভূমিরাজস্ব আদায়ের পরিমাণ ক্রমশঃ কমে যাওয়ায় প্রতিষ্ঠানগুলির আবশ্যিক ব্যয়নির্বাহের জন্য সরকারকে বিশেষ সাহায্য মঞ্জুর করতে হয়।

(৭) অধিকাংশ জেলা পরিষদগুলির কর্মচারীদের দুর্মূল্যভাতা সংশোধনের ফলে ব্যয়ের দায়িত্ব অনেক বৃদ্ধি পেয়েছে। এই বর্ধিত দায় পালনের জন্য প্রকৃত দর্মূল্য ভাতার ৮০ শতাংশের সম পরিমাণ সরকার বিশেষ সাহায্যরূপে জেলা পরিষদগুলিকে দিচ্ছে। বেতনক্রম সংশোধিত হবার ফলে জেলা ও আঞ্চলিক পরিষদের কর্মচারীদের থেকে সরকারকে অতিরিক্ত আর্থিক সাহায্য দিতে হচ্ছে। বাজেটের এই খাতে জেলা পরিষদগুলিকে ১,৮০,০০০ টাকা এবং আঞ্চলিক পরিষদ গুলিকে ১ লক্ষ ৩৩ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে। স্থানীয় জনসাধারণের উদ্যোগে গ্রামের রাস্তাঘাট রক্ষণাবেক্ষণ এবং উন্নয়নের জন্য পঞ্চায়েত বিভাগ গ্রামীণ পথ প্রকল্প চালু হয়েছে এবং এই প্রকল্পটি গ্রামের জনসাধারণের কাছে খুবই জনপ্রিয় হয়ে উঠেছে।

(৮) পঞ্চায়েত কর আদায়ে উৎসাহ দেবার জন্য এবং প্রশিক্ষণ কর্মসূচিকে চালু রাখার এবং সম্প্রসারণ করার জন্য চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় প্রয়োজনীয় আর্থিক সংগতির ব্যবস্থা করা হয়েছে।

(৯) ১৯৭৩-৭৪ সালে ৪৪ সংখ্যক অনুদানের অন্তর্ভুক্ত '৭১—বিবিধ—পঞ্চায়েত' খাতে ব্যয়ের জন্য আমি ৩,৭০,৭১,০০০ টাকার যে দাবি উত্থাপন করেছি সেটি মঞ্জুর করার জন্য আমি এখন বিধানসভার কাছে অনুরোধ করছি।

Mr. Speaker: All the cut motions are in order and taken as moved. I now call upon Shri Shish Mohammad.

Shri A. H. Besterwitch: That the amount of the demand be reduced to Re. 1.

Shri Timir Baren Bhaduri: That the amount of the demand be reduced by Rs. 100.

শ্রীশীশ মহম্মদঃ মাননীয় স্পীকার স্যার, আজ মাননীয় মন্ত্রিমহাশয়, পঞ্চায়েত খাতের ব্যয়-বরাদ্দ উত্থাপন করেছেন এবং সেই প্রসঙ্গে আমি আলোচনায় অংশগ্রহণ করছি। কিন্তু তার পূর্বে আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, আজ কলকাতা থেকে প্রায় ২৯০ কিলোমিটার দূরের থেকে ফারাক্কা, ধুলিয়ান, জঙ্গিপুর, লালগোলা ইত্যাদি এলাকা থেকে প্রায় ২ হাজার লোক এসেছেন। গঙ্গার ভাঙ্গন সেখানে চলছে এবং তার ফলে তারা গৃহহারা হয়ে পড়ছে। সুতরাং যাতে সরকার গঙ্গার ভাঙ্গনের প্রতিরোধে কার্যকর ব্যবস্থা অবলম্বন করেন এবং যারা নিরাশ্রয় হয়েছে তাদের গৃহনির্মাণের জন্য ব্যবস্থা করেন এবং গৃহনির্মাণের জন্য তারা যাতে অর্থ পায় এই রকম বিভিন্ন ১০ দফা দাবির ভিত্তিতে তারা ডেপুটেশন নিয়ে এখানে বিধানসভা অভিযানে এসেছিলেন। তারা এখনও পর্যন্ত কোন অর্থ পায় নি। কিন্তু এসপ্ল্যানেড ইস্টে পুলিস তাদের আটক করেছে। তাই আমি আপনার মাধ্যমে এই বিষয়ে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, তাঁরা সেখানে গিয়ে তাদের বক্তব্য শুনুন এবং তাঁদের (মন্ত্রিমণ্ডলীর) বক্তব্য রাখুন। তারা যে মেমোরেন্ডাম নিয়ে এসেছেন সেই মেমোরেন্ডাম গ্রহণ করুন। মাননীয় স্পীকার স্যার, আজ এই পঞ্চায়েত খাতের যে ব্যয়বরাদ্দের দাবি উত্থাপিত হয়েছে, তাতে মাননীয় মন্ত্রিমহাশয় তার ব্যয়বরাদ্দের সমর্থনে যে বক্তব্য রাখলেন মোটামুটি তা আমরা শুনলাম। তাতে আমরা দেখতে পাচ্ছি যে, ১৯৬৩ সালে পশ্চিমবঙ্গ কেন, সমগ্র ভারতেই সরকার পঞ্চায়েতরাজ প্রতিষ্ঠা করবার জন্য পরিকল্পনা নিয়ে এগিয়েছিলেন। তাঁরা চেয়েছিলেন শাসনব্যবস্থাকে কেন্দ্রীভূত না রেখে বিকেন্দ্রীকরণ করা, গ্রামাঞ্চলে কেন্দ্রীয় শাসনের নমুনা ঘরে ঘরে পৌঁছে দেওয়া এবং সঙ্গে সঙ্গে গ্রামাঞ্চলের সার্বিক কল্যাণ সাধন করাই নাকি এই পঞ্চায়েতরাজের উদ্দেশ্য ছিল। আজ কয়েক বছর অতীত হল, একথাই স্পষ্টভাবে প্রমাণিত হয়েছে, এমন কি মাননীয় মন্ত্রিমহাশয় আমাদের চোখে ধুলো দিতে পারেন নি, তিনি নিজেও স্বীকার করে নিয়েছেন যে, পঞ্চায়েতরাজ ফেলিওর হয়েছে। এই পঞ্চায়েতরাজ গঠন করতে গিয়ে গ্রামাঞ্চলে আমরা এককালে দেখেছিলাম, ইউনিয়ন বোর্ডের ৯ জন সদস্য, সেই ৯ জন সদস্য নির্বাচিত হতেন বা কোন সময় হয়ত ৬ জন নির্বাচিত হতেন, ৩ জন গভর্নমেন্ট নোমিনেটেড প্রতিনিধি থাকতেন। তারপর প্রেসিডেন্ট থাকতেন, প্রেসিডেন্ট নির্বাচিত হতেন। সাবডিভিসানে দেখেছি, ২ কিংবা ৩টি সার্কেলে জনসাধারণের কল্যাণমূলক কাজ যেমন টিউবওয়েল বসান, মহামারি প্রতিরোধের ব্যবস্থার দ্বারা কল্যাণ সাধন হয়েছে। কিন্তু পঞ্চায়েতরাজে কি হয়েছে, গ্রামাঞ্চলে কান্না আর মারামারি পৌঁছে দিয়েছেন। যেখানে আপনারা নিজেরাই স্বীকার করেন, বৃহৎ রাষ্ট্র, ভারতবর্ষ নাকি ২৬ বছর স্বাধীনতা পেয়েছে, এই সেদিন স্বাধীনতা পেল এবং ভারতবর্ষের জনগণ এখনও পরিপক্ক হয়ে উঠে নি, সেটা যেখানে স্বীকার করছেন সেখানে পঞ্চায়েতরাজের জন্য অতিরিক্ত ব্যয়বরাদ্দ করার কি প্রয়োজন ছিল? গ্রামাঞ্চলে আমরা পঞ্চায়েত ইলেকসানের সময় দেখেছি বংশ যাঁর বড়, তিনি দাবি করেছেন আমার বংশে ১০ জন আছে, অতএব আমাদের মধ্য থেকে একজন মেম্বার নিতে হবে। আর একজন বলছেন, আমার বংশও কম নয়, আমার বংশে ৯ জন মেম্বার আছে, আমাদেরও একজন নিতে হবে। ফলে দেখা গেছে এই পঞ্চায়েত ইলেকসানে মারামারি দাঙ্গাহাঙ্গামা তৈরি হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, গ্রাম পঞ্চায়েতের অধ্যক্ষদের অধিকাংশ ক্ষেত্রে দেখেছি তাঁরা লেখাপড়া জানেন না, ফলে গ্রামাঞ্চলে যখন জি আর—সে কাপড়ের হোক, গমের হোক—যায়, তখন দেখা যায় তিনি লিস্ট করতে পারেন না। ফলে দুর্গত জন-সাধারণ যখন অধ্যক্ষের কাছে গিয়ে দাঁড়ান তখন দরখাস্ত প্রতি ১ টাকা ৮ আনা করে নিয়ে অপরের কাছ থেকে লিখিয়ে নেন এবং এর জন্য সেই দুর্গত জনসাধারণকে শাস্তির মধ্যে পড়তে হয়। আগে যে ইউনিয়ন বোর্ড ছিল সেই ইউনিয়ন বোর্ডের মধ্যে আমরা দেখেছি, কিছু শিক্ষিত লোক

থাকতেন, কিন্তু অধ্যক্ষরা এমনই ধ্বজভংগ যে, এ'রা গ্রামাঞ্চলে একটা সুষ্ঠু পরিকল্পনা গ্রহণ করতে পারবেন এমন মগজ এ'দের নেই। তারপর গ্রামাঞ্চলে রাস্তা মেরামত, পানীয় জল সরবরাহ করা প্রয়োজন, কিন্তু দেখা গেছে অধিক সন্ন্যাসীতে গাজন নষ্ট, এক একটা অঞ্চলে ২০ থেকে ৩৬ জন মেম্বার, কোন সময়ে এ'রা একটা সিদ্ধান্তের দিক থেকে একমত হতে পারেন না। আগে ইউনিয়ন বোর্ডের ৯ জন মেম্বার জনসাধারণের টাকা মারার যে পন্থা করেছে এ'রা ৩৬ জন অতিরিক্ত টাকা মারার পন্থা করেছে। ফলে গ্রামাঞ্চলে যে রাস্তাঘাট মেরামত করা দরকার সেখানে

[2-10—2-20 p.m.]

দেখছি তারা কেবল ঝগড়া এবং মাতামাতি করে চলেছে। এ পর্যন্ত আমি পশ্চিমবাংলার বহু জায়গা ঘুরেছি, কিন্তু পঞ্চায়েতের মেম্বারের দ্বারা পশ্চিমবাংলার গ্রামের সার্বিক কল্যাণ হয়েছে এটা আমার ধারণার বাইরে। তারপর পঞ্চায়েতে দেখছি খরচ খুব বেশী হচ্ছে। কিন্তু একটা জিনিস দেখে অবাক হচ্ছি, দফাদার এবং চৌকিদার যারা রয়েছে তাদের বেতন ৯-১০ মাস বাকী পড়ে রয়েছে। আমার মনে হয় মন্ত্রিমহাশয় পঞ্চায়েতের এই দফাদার এবং চৌকিদারদের বেতনের কথা খেয়াল করেন নি, কারণ এই পঞ্চায়েতের উপর তাঁর বিতৃষ্ণা জন্মেছে। তা হলে এই পঞ্চায়েতরাজ প্রতিষ্ঠা করার কি প্রয়োজন আছে? একে অ্যাবলিস করা হোক এবং নতুন করে একটা কমিটি গঠন করা হোক। আমার বক্তব্য হচ্ছে, কি করলে পর গ্রামাঞ্চলে শাসনব্যবস্থা প্রতিষ্ঠা করা যায় যার মাধ্যমে সাধারণ মানুষ শাসন সংক্রান্ত বিষয়ে একটা ধারণা লাভ করতে পারে তার জন্য একটা কমিটি গঠন করে তাদের সংগে আলোচনা করুন। তারপর গ্রামাঞ্চলে যারা প্রধান রয়েছে তাদের দেখা যায়, তারা কেবলমাত্র দলাদলি করে গ্রামগুলিকে ধ্বংসের পথে নিয়ে যাচ্ছে। তাদের কাছে প্রধানের দলের লোক ছাড়া আর কেউ নেই। আর এস, পি, সি পি এম, সি পি আই পি এস সি দলের তাদের কাছে কেউ নেই। প্রধানের যারা সমর্থক তারাই কেবলমাত্র কাজ পাবেন, প্রধানের যারা সমর্থক নয়, তারা কোন কাজ পাবে না। কাজেই বিশেষভাবে এর সংশোধন করা দরকার। যে পঞ্চায়েতরাজ আপনারা প্রতিষ্ঠা করলেন সেই পঞ্চায়েতরাজ সম্পূর্ণ রূপে ব্যর্থতায় পর্যবসিত হয়েছে এবং যে সমস্ত অতি সন্ন্যাসী বসিয়েছেন সেই অতি সন্ন্যাসীতে গাজন নষ্ট হচ্ছে এবং জনসাধারণের টাকার শ্রাদ্ধ হচ্ছে আর কিছু হচ্ছে না। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅজিতকুমার বসুঃ মাননীয় স্পীকার মহাশয়, এর আগে অর্থাৎ প্রথম বিধানসভা অধিবেশনে যখন এই পঞ্চায়েত বিল আলোচনার জন্য আসে তখনকার দিনের স্বায়ত্বশাসন মন্ত্রী ঈশ্বরদাস জালান এই বিল নিয়ে এসে বললেন, মহাত্মা গান্ধী যে গ্রাম পঞ্চায়েতরাজের স্বপ্ন দেখেছিলেন এই বিলের মারফত ক্ষমতার বিকেন্দ্রীকরণ করে তিনি সেইরকম একটা ব্যবস্থা গ্রামে গ্রামে করতে যাচ্ছেন। আমরা সেই বিলের এবং বক্তৃতার কড়া সমালোচনা করেছিলাম। আমরা বলেছিলাম, আগেকার দিনে ইউনিয়ন বোর্ডের যে ব্যবস্থা ছিল সেইরকম একটা ব্যবস্থা বজায় রেখে এবং সেই ধরনের একটা কপি করে এই আইন রচনা করে আপনারা আরও লোক ঠকাচ্ছেন আর মুখে বলছেন, ক্ষমতা বিকেন্দ্রীকরণ করছি। আমরা সেদিন বলেছিলাম, মানুষকে ক্ষমতা দিলেন না অর্থাৎ গ্রাম এলাকার উন্নয়ন করার ক্ষমতা মানুষকে দিলেন না, অথচ বলছেন আমরা ক্ষমতার বিকেন্দ্রীকরণ করছি এবং মহাত্মা গান্ধী বলেছিলেন, গ্রাম পঞ্চায়েত করতে হবে, পঞ্চায়েতরাজ করতে হবে, তাই সেটা করছি। এটা ঠিক হচ্ছে না, একথা আমরা সেদিন বলেছিলাম।

আমাদের কথাগুলি মোটামুটি পুরোপুরি মিলে গিয়েছে, একটু আগে মাননীয় সদস্য শেখ মহম্মদ সাহেব বলেছেন যে, ইউনিয়ন বোর্ড যা ছিল, এখানে নতুন কি হয়েছে? খুব কমই নতুন হয়েছে। ইউনিয়ন বোর্ডের যে ক্ষমতা ছিল সেই ক্ষমতাই এদের দেওয়া হয়েছে। ইউনিয়ন বোর্ড ওয়াটার চ্যানেল ইত্যাদি বড় বড় কাজ করতে পারত, কিন্তু টাকা কে দেবে, টাকা দেবার ব্যাপারে সরকার ইউনিয়ন বোর্ডের আমলে কোন সংস্থান করেন নি। এখানেও সেই ক্ষমতাগুলি দেওয়া হয়েছে আর বিশেষ কিছু ক্ষমতা দেওয়া হয় নি, এইখানেই হয়েছে মুশকিল। টাকা দেওয়ার ব্যবস্থা ভাল করে করা হত, তা হলে পঞ্চায়েত সত্য সত্যই ভাল কাজ করতে পারত। অনেকে মিলে-মিসে একটা কিছু ভাল করতে পারত। আমি বলি, নিশ্চয়ই আমাদের দেশে

পঞ্চায়েতের প্রয়োজন আছে, দলাদলি, মারামারি যাই হোক না কেন, সাধারণ মানুষের নির্বাচনের ভিতর দিয়ে একটা পাজিশনে যেতে পারলে নিশ্চয়ই ভাল কাজ হবে। এই জন্য পঞ্চায়েতের নির্বাচন চাই। আমরা যে জিনিসটা চাই তা মোটামুটি হচ্ছে, পঞ্চায়েতের হাতে প্রচুর ক্ষমতা দিতে হবে। উন্নয়নমূলক কাজের জন্য পঞ্চায়েতের হাতে প্রকৃত অর্থের সংস্থান করতে হবে, আজকে সেইজন্যই পঞ্চায়েত বিল, পঞ্চায়েতগুলির হাতে টাকা না থাকার জন্য অকেজো হয়ে পড়েছে। সেই জন্য এখানে অনেক মাননীয় সদস্য বলেছেন যে, পঞ্চায়েত উঠিয়ে দিলেই হয়। কিন্তু আমরা উঠিয়ে দিতে চাই না, আমরা চাচ্ছি যে, নতুন ভাবে পঞ্চায়েত গড়ে তোলা হোক। একটা কথা আমি বলতে চাই যে, পঞ্চায়েতের কনস্টিটিউশন এখন যা আছে তা হচ্ছে, ফোর টায়ার, গ্রাম, অঞ্চল, আঞ্চলিক এবং জেলা পরিষদ। এই ফোর টায়ারের মধ্যে একমাত্র গ্রামেতে গ্রাম পঞ্চায়েতের নির্বাচন হয়, আর বাকিগুলি সব অপ্রত্যক্ষ নির্বাচন। পঞ্চায়েতের মধ্যে উৎসাহ সৃষ্টি করতে গেলে যেমন তাদের দায়িত্বও দিতে হবে, তেমনি উন্নয়নমূলক কাজের জন্য অর্থ সংস্থানের ব্যবস্থা করতে হবে। আবার তেমনি সকল স্তরে পঞ্চায়েত যাতে সে নিজের লোক পঠাতে পারে এই অনুভূতি তার মধ্যে আনতে হবে। তা না হলে পঞ্চায়েত ব্যবস্থা সার্থক হতে পারে না। একটা জায়গায় গ্রামে প্রত্যক্ষ নির্বাচন করে আর বাকি তিনটি অঞ্চল, আঞ্চলিক এবং জেলা পরিষদে অপ্রত্যক্ষ নির্বাচন করলে কোন কালে গ্রামাঞ্চলে একটা উৎসাহের সৃষ্টি করতে পারবে না এবং তার ফলে দলাদলি গণ্ডগোলের সৃষ্টি হবে। মানুষকে অনুভব করতে দিতে হবে যে, সে নিজের লোক পাঠাতে পারছে সর্বস্তরে। সেই জন্য এই পঞ্চায়েত ব্যবস্থাগুলিতে যে অপ্রত্যক্ষ নির্বাচনের ব্যবস্থা রয়েছে এটা আমি তুলে দিতে বলেছিলাম, কিন্তু আমাদের কথা শোনা হয় নি। সেই জন্যই আজকে পঞ্চায়েত ব্যবস্থা প্রায় ফেল করতে বসেছে। এইরকম অপ্রত্যক্ষ নির্বাচনের উপর জনসাধারণের খুব বেশী ভরসা থাকে না। এবং জনসাধারণ চায় না যে, লোকেরা তাদের মাথায় হাত বুলিয়ে কিছু টাকা দিয়ে নানারকম ইনফ্লুয়েন্স করে সরকারী কর্মচারীদের হাত করে তাদের প্রভাবিত করে পঞ্চায়েত চলবে। নানান রকম কায়দা করে অবাঞ্ছিত লোকেরা যেতে পারে শুধু এই অপ্রত্যক্ষ নির্বাচনের ভিতর দিয়ে আজকে পঞ্চায়েত ব্যবস্থা ভিসিয়েট করা হচ্ছে। আগামী দিনে যে আইন আনছেন তাতেও সেই অপ্রত্যক্ষ নির্বাচন ব্যবস্থা রাখা হচ্ছে। তার পরের কথা হচ্ছে যে, গতানুগতিক জিনিসের উপর পঞ্চায়েতকে দাঁড় করাতে হবে। সেটা কি, ধরুন ২-৪টে টিউবওয়েল, একটু একটু রাস্তা তৈরি করা সেই আর্থিক যোগ্যতা পঞ্চায়েতের ছিল না। আজকের দিনে মোটামুটি এই ছাড়া পঞ্চায়েতের অন্য কোন যোগ্যতা নেই। চৌকিদার, দফাদারদের মাইনে দিতে হবে, রাস্তাঘাট কিছুটা করে মেরামত করতে হবে বছর বছর, একটা টিউবওয়েল বসানো যাতে যায় তার টাকার ব্যবস্থা যাতে করতে পারে তার ব্যবস্থা করতে হবে। এইটুকু যোগ্যতার উপর কখনো গণ উৎসাহ তৈরি হতে পারে না। আমি আগেও বলেছিলাম যে, এতগুলি লোককে কেন নিয়ে আসলেন, এখনো সেই কথা বলছি?

[2-20 2-30 p.m.]

লোককে ভোট দিতে দেওয়া হলেই যে লোকের মনে উৎসাহ আসবে, তা আসবে না। কাজেই এই পঞ্চায়েতগুলিকে এযাবতকাল কোন টাকাকড়ি না দিয়ে খুব টানাটানি অবস্থার মধ্যে রাখা হয়েছে। এক দিকে যেমন সর্ব স্তরে প্রত্যক্ষ নির্বাচনের মারফত সংগঠন করছেন, অন্যদিকে যাতে বিভিন্ন গ্রামের উন্নয়নমূলক কাজ করতে পারে তার জন্য তাদের আয়ের ব্যবস্থা বা অর্থের সংস্থানের দরকার আছে। নিশ্চয়ই এখানে কথা উঠবে যে, পঞ্চায়েতগুলি লোকাল রিসোর্সেস যা আছে তা তুলবার চেষ্টা তারা করে না। আমি বলছি যে, খুব বেশী করে না। কিন্তু লোকাল রিসোর্সেস তাদের কি আছে, সেটা তো আপনারা একবার দেখবেন? দেখুন মনে কিছু করবেন না, লোকাল রিসোর্স তারা পাবে কি করে? গ্রামে যারা মুরুব্বি শ্রেণীর লোক, ধনী,ব্যবসায়ী তাঁরাই তো পঞ্চায়েতকে কুক্ষিগত করে রেখেছেন। ট্যাক্স করতে গেলে তো তাদেরকেই ট্যাক্স করতে হয়। আপনারা কি আশা করেন যে, তাঁরা নিজেদেরকে ট্যাক্স করবেন? কোন কালে তা হয় না। লোকাল ট্যাক্স বাড়াতে গেলে তাদের কাছ থেকেই নিতে হবে। পঞ্চায়েতে একবার নির্বাচন হয়েছে তখন থেকে তাদের কুক্ষিগত হয়ে আছে। তারা যখন দরকার হয়, গরিব জনসাধারণকে গিয়ে বলে, তোমরা

চার আনা করে চাঁদা দাও, আমরা তা হলে ৪ আনা কি আট আনা করে চাঁদা দেব। এটা একটা অদ্ভুত ব্যাপার। গ্রামাঞ্চলে কি করে লোকাল রিসোর্সেস যাদের কাছে আছে, তাদের কাছ থেকে আদায় করবে। তার ব্যবস্থা আইনে করা দরকার। তা যদি না করেন, তা হলে লোকাল রিসোর্সেস ট্যাপ করছে না, এই সমস্ত কথা বলে কোন লাভ নাই। পঞ্চায়েত এলেকায় সরকারের কোন সম্পত্তি এমন নাই যেখান থেকে তার কিছু পেতে পারে। খুব বাড়িয়ে হলে তার ৮৪ টাকা পর্যন্ত ট্যাক্স করা যায়, তার বেশী করা যায় না। কাজেই মিউনিসিপ্যাল এলেকায় যেমন ট্যাক্স করার অধিকার আছে, সেই রকমভাবে এই পঞ্চায়েত এলেকায়ও যাতে রিসোর্সেস পাওয়া যায় তার ব্যবস্থা করতে হবে এবং আইনে তা করতে হবে। এইরকম যদি ব্যবস্থা হয়, আমাদের কোন আপত্তি নাই। কিন্তু গরিব সাধারণ যারা খেতে পাচ্ছে না, থাকবার জায়গা নাই, এইরকম লোকের কাছ থেকে রিসোর্স তুলে গ্রামের উন্নয়ন করা হবে, এটা অবাস্তব। আমি আগামী দিনে যে পঞ্চায়েত বিল আসবে তাতেও এই কথাগুলি থাকবে, গ্রাম থেকে রিসোর্সেস তুলে গ্রামের উন্নয়নের কথা বলবেন। কিন্তু গ্রামের কোন্ পথে কত পাওয়া যায় তার সংস্থান পঞ্চায়েত বিলে না থাকলে, মোটামুটি গ্রাম থেকে রিসোর্সেস পাওয়া যাবে না।

তিন নম্বর কথা হচ্ছে, ফোর টায়ার মেকানিজম, এটাকে ঢেলে নূতন করে করতে হবে। গ্রাম পঞ্চায়েতে গণভোটে নির্বাচন করে অপ্রত্যক্ষ অঞ্চল পঞ্চায়েত, এতে কার ক্ষমতা? গ্রামের উন্নয়ন করার কি ক্ষমতা আছে? অঞ্চল পঞ্চায়েত থেকে কিছু টাকা পেয়ে সেই সামান্য টাকা দিয়ে গ্রামের উন্নতি করা ছাড়া আর অন্য কোন ক্ষমতা নাই। ইউনিয়ন বোর্ডের যে ক্ষমতা ছিল, অঞ্চল পঞ্চায়েতেরও সেইরকম ক্ষমতা আছে। এখন অঞ্চল পঞ্চায়েত, অঞ্চল পরিষদ, জেলা পরিষদ যে সমস্ত উঠে গেছে বলছেন, এগুলির মধ্যে পারস্পরিক যোগাযোগ না হলে কোন কাজ করতে পাচ্ছি না। সেজন্য সমস্ত জিনিসটাকে সিমপ্লিফাই করতে হবে, তা যদি সম্ভব না হয়, তা হলে থ্রী টায়ার মেশিনারী করুন। গ্রাম, ব্লক এবং জেলা লেভেলে প্রত্যেকটিতে গণভোটে নির্বাচন দরকার বলে মনে করি।

আমি শেষ কথা যেটা বলতে চাই, নূতন পঞ্চায়েত বিল আসুক। এগুলো ঘুঘুর বাসা হয়ে রয়েছে। ওসব তুলে দেওয়া হোক, জনসাধারণ কেউ তা চায় না। নতুন বিল আপনি তাড়াতাড়ি আনুন। না হলে গ্রামে খারাপ অবস্থা সৃষ্টি হবে। গ্রাম পঞ্চায়েতে যে সমস্ত লোক আছে তারা যা পাচ্ছে, তা নিয়ে নিচ্ছে। অনেক জায়গায় বছরের পর বছর কোন অডিট হয় না। গ্রামের পঞ্চায়েতের সব টাকা খরচ হয় না। কয়েকজন লোক মিলে সব কিছু নষ্ট করে দিচ্ছে। কাজেই আমি বলবো, তাড়াতাড়ি নির্বাচন হোক, গ্রাম পঞ্চায়েত হবে স্বাধীন, সরকারের উপর নির্ভরশীল হবে না। গ্রাম, ব্লক লেভেল ও জেলা তিন স্তরেই নির্বাচন হবে-- থ্রি টায়ার মেকানিজম হবে পঞ্চায়েতের। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীপরেশচন্দ্র গোস্বামীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে এই যে পঞ্চায়েতের ব্যয়-বরাদ্দের দাবি এখানে উপস্থাপিত হয়েছে, তাকে আমি সমর্থন করতে উঠে কতকগুলি কথা বলতে চাচ্ছি।

একটি কথা প্রথমে বলি, মাননীয় মন্ত্রিমহাশয় যে পঞ্চায়েত খাতের ব্যয়বরাদ্দ উপস্থিত করেছেন, তার মধ্যে বিশেষ লক্ষ্য করবার জিনিস- তিনি কোনরকম বড় বড় কথা বলেন নি, কোন রকম মিথ্যা আশা ও স্তোক দেন নাই, তিনি কোনরকমে জনসাধারণকে বিভ্রান্ত করবার চেষ্টা করেন নাই, আসল বাস্তব পরিস্থিতির তিনি সুন্দর একটা চিত্র আমাদের সামনে তুলে ধরেছেন। তাই প্রথমে বলেছেন, পঞ্চায়েতের কোথায় ত্রুটি, পঞ্চায়েত সম্বন্ধে কি কি করা হবে এবং কি কি করতে চান—সে সম্বন্ধে তিনি বলেছেন। তিনি তাঁর অসহায়তার কথাও বলেছেন। একটা জায়গায় বলেছেন যুক্তফ্রন্টের আমলে কেমন করে পঞ্চায়েতকে অকেজো করে দেওয়া হয়েছে, জেলা পরিষদ ও আঞ্চলিক পর্ষদকে বাতিল করে দেওয়া হয়েছে। জনসাধারণের মধ্যে যে চেতনা ও জাগরণ এসেছে, তাদেরকে মর্যাদা দেবার জন্য বাতিল না বলে পুনরুজ্জীবনের কথা বলেছেন। গান্ধীজী বলতেন, স্বাধীনতা নীচ তলা থেকে আরম্ভ হবে, প্রত্যেক গ্রাম হবে স্বতন্ত্র, স্বাধীন

আত্মনির্ভরশীল, নিজেদের ব্যবস্থা নিজেরা পরিচালনা করবেন—এমনকি নিজেরা নিজেদের বহিরাক্রমণ থেকে রক্ষা করতে সমর্থ হবে। এই কথা ভারতবর্ষের জাতীয় সরকার—সেই পঞ্চায়েত ব্যবস্থাকে পুনরুজ্জীবিত করবার চেষ্টা করে, আমাদের রাষ্ট্র সাফল্যমণ্ডিত হয় নি, এখানেও হয় নাই।

একটা কথা বলি, পশ্চিমবঙ্গের জনসাধারণ এই পঞ্চায়েত ব্যবস্থার প্রতি আগ্রহ-উৎসাহ হারিয়ে ফেলেছে। মন্ত্রিমহাশয় বলেছেন, এই পঞ্চায়েত ব্যবস্থা অকেজো ও নিষ্প্রাণ হয়ে পড়েছে, এটা তিনিও স্বীকার করেছেন এবং বলেছেন, এজন্য একটা সামগ্রিক বিল তিনি নিয়ে আসছেন। এই প্রসঙ্গে মন্ত্রিমহাশয়ের কাছে একটি প্রশ্ন রাখতে চাই যে, পঞ্চায়েত অকেজো হয়ে গেছে, নিষ্প্রাণ হয়ে গেছে, জনসাধারণের আশা-আকাঙ্ক্ষা বিলীন হয়ে গেছে, যার জন্য একটি সামগ্রিক বিল আনার কথা হচ্ছে। তা হলে পরে এই বিল আনা পর্যন্ত পঞ্চায়েতের জন্য এই ব্যয়বরাদ্দের টাকা খরচ করবার কথা জনসাধারণ কিভাবে নেবে? একথা সুস্পষ্ট দেশে সমাজতন্ত্র প্রতিষ্ঠা করবার আহ্বান এসেছে। দেশের প্রতি প্রান্তে প্রান্তে জনসাধারণের মনে যে একটা নূতন চেতনা এসেছে, জাগরণ এসেছে দেখেছি, আজকে যদি সেই জাগ্রত জনসাধারণকে ক্ষমতা বিকেন্দ্রীকরণের মাধ্যমে সমস্ত কিছু না দেওয়া যায়, তা হলে সমাজতন্ত্র কথার কথায় পরিণত হবে। আজকে যদি জাগ্রত জনমানসকে আমরা কাজ দিতে না পারি, তাকে সমস্ত রকম দায়িত্বে প্রতিষ্ঠিত করতে না পারি, দেশের ৩৮ হাজার গ্রামের শতকরা ৮২ জন মানুষকে আজকে যদি আমরা স্বাধিকারে প্রতিষ্ঠিত করতে না পারি, গান্ধীজী যে স্বপ্ন দেখেছিলেন, জওহরলাল নেহরু যে স্বপ্ন দেখেছিলেন, আজ যে স্বপ্ন শ্রীমতী ইন্দিরা গান্ধীও দেখছেন ও বলছেন, প্রশাসনের দিকে থেকে সেই পঞ্চায়েত প্রতিষ্ঠা করতে আমরা ব্যর্থ হয়েছি। যে জেলা পরিষদের জন্য, আঞ্চলিক পরিষদের জন্য এখানে ব্যয়বরাদ্দ ধার্য হয়েছে, সেই টাকা কার মাধ্যমে এখন ব্যয় করা হবে? এখানে তো কোন নির্বাচিত জনপ্রতিনিধি নাই, সব টাকা ব্যয় হবে শুধু আমলাতন্ত্রের মাধ্যমে। তাতে সাধারণ

[2-30—2-40 p.m.]

মানুষের প্রতিনিধি নেই। সেই প্রশাসনের বিরুদ্ধে জনসাধারণ সোচ্চার হয়ে উঠেছেন। ক্ষমতা বিকেন্দ্রীকরণের কথা বলা হচ্ছে, অথচ আমলাতন্ত্রের মাধ্যমে আঞ্চলিক পরিষদের টাকা ব্যয় করছেন। আপনারা জানেন, আজকে দেশে কৃষি, সমবায়, শিল্প প্রতিষ্ঠান গড়ে তুলবার এবং একটা উন্নয়নমূলক কাজ করবার আবহাওয়া এসেছে। আজকে পঞ্চায়েতের ব্যবস্থা যদি না হয়, কৃষি, সমবায় এবং উন্নয়নমূলক কাজ যদি পঞ্চায়েতের মাধ্যমে না করতে পারি, পঞ্চায়েতকে যদি বাস্তু ঘুঘুর পর্যায়ে রেখে দিই, যুক্তফ্রন্ট আমলে যে অগণতান্ত্রিক কাজ হয়েছিল নির্বাচিত পঞ্চায়েতকে বানচাল করেছিল, আজকে যদি সেই পঞ্চায়েতকে পুনর্জীবিত করবার না চেষ্টা করি, আমরা মনে করবো, জনসাধারণের প্রতি ন্যায় বিচার করছি না। একটা কথা বলে শেষ করছি। আপনি জানেন আমাদের এখানে ১০ বছর যাবৎ পঞ্চায়েতের নির্বাচন হচ্ছে না। ইংরেজ আমলে দেখেছি, এই ব্যবস্থার মধ্যে ইংরাজের কিছু এজেন্ট ঢুকেছিল। আমরা দেশের মানুষের স্বাধীকার প্রতিষ্ঠা করতে চাইছি, পঞ্চায়েতকে এমনভাবে করতে চাই যাতে ইউনিয়ান বোর্ডের ভূত পঞ্চায়েতে না আসে। যদি পঞ্চায়েত আইন করবার ক্ষমতা না পায়, যদি সত্যিকার স্বায়ত্তশাসনের অধিকার না পায়, উন্নয়নমূলক কাজের অধিকার না পায়, তা হলে এটা ব্যর্থ হয়ে যাবে। এই বলে ব্যয়-বরাদ্দকে সমর্থন করি এবং আশা করি, নূতন চিন্তাধারা মন্ত্রিমহাশয় সভায় শীঘ্রই আনবেন।

শ্রীকৃষ্ণপদ রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রিমহাশয় যে পঞ্চায়েতের জন্য ব্যয়বরাদ্দ পেশ করেছেন সেই ব্যয়বরাদ্দকে সমর্থন করেই আমি বক্তব্য রাখছি। আজকে এমন একটা বিষয়ে এই সভায় আলোচনা হচ্ছে যার সম্পর্কে আমরা এক বছর ধরে অনেক উৎসাহ এবং আশা নিয়ে অপেক্ষা করছিলাম। পশ্চিমবঙ্গের গ্রামীণ প্রশাসনের যেটা মূল এবং মধ্যমণি পঞ্চায়েতরাজ প্রতিষ্ঠার ক্ষেত্রে আলোচনায় অংশগ্রহণ করার আগেই মন্ত্রিমহাশয় তাঁর মুদ্রিত ভাষণে বলেছেন, পঞ্চায়েতরাজ প্রতিষ্ঠা অকেজো এবং নিষ্প্রাণ হয়ে পড়েছে। ও'র বলার পর নূতন করে আলোচনা করার অথবা সমালোচনা করার অবকাশ আছে বলে আমার মনে হচ্ছে না। কিন্তু আজকে তাঁর বক্তব্যের মধ্যে একটা জিনিস আমরা লক্ষ্য করলাম—হয়তো বা তিনি অত্যন্ত অসহায় হয়ে পড়েছেন।

১৯৬৪ সালের পর থেকে অঞ্চল পঞ্চায়েত, জেলা পরিষদ অথবা সমগ্র পঞ্চায়েত পদ্ধতির মধ্যে নির্বাচিত প্রতিনিধিত্বের কোন ব্যবস্থা কার্যকর করা সম্ভবপর হচ্ছে না। আমাদের মন্ত্রিমহাশয়ের কাছে এই প্রশ্ন অথবা জিজ্ঞাসা রাখতে পারি কি, এক বছর আগে পশ্চিমবাংলার মানুষ যখন আজকের এই সরকারকে নিরঙ্কুশ ক্ষমতা দিয়ে প্রতিষ্ঠিত করেছে, সেই সরকারের কাছ থেকে সেই বিভাগের মন্ত্রীর কাছ থেকে পঞ্চায়েত সম্পর্কে কোন বৈপ্লবিক পদক্ষেপ আমরা আশা করতাম, যদি আমরা আশা করি, পশ্চিমবাংলার সমগ্র মানুষ আশা করলে কি অন্যায় করবে? নিশ্চয় অন্যায় করবে না। আশা করছি পঞ্চায়েত সম্পর্কে বিল এই সভায় আনা হবে পারে। আমরা আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে দাবি করছি, এই অধিবেশনে পঞ্চায়েত বিল আনা হোক। কারণ আজকে কোন্ ভরসায় আমরা কোটি কোটি টাকা এমন একটা দপ্তরে, এমন একটা প্রশাসনিক ব্যবস্থার মধ্যে দিতে চাইছি যেখানে আমরা জানি জেলা পরিষদের অস্তিত্ব বিপন্ন। ১২ বছর আগে নির্বাচিত প্রতিনিধিদের মধ্যে কেউ কেউ হয়তো আছেন আবার কেউ বা হয়তো নেই। তাদের হাত দিয়ে পশ্চিমবঙ্গ সরকারের এই টাকা খরচ হবে—আমি এই ব্যবস্থাকে খুব পরিষ্কারভাবে সমর্থন করতে পারি না। দ্বিতীয়তঃ আমি ব্যক্তিগতভাবে জানি হাওড়া জেলা পরিষদের কথা যেখানে দুজন প্রশাসনিক অধিকর্তা নিয়োজিত হয়েছিল। একজন হলেন সরকারের অ্যাডমিনিস্ট্রেটার, আর একজন হলেন জেলা পরিষদের চেয়ারম্যান। হাইকোর্টের নাকি নির্দেশ ছিল দুজন একমত হয়ে কাজকর্ম, কিভাবে হবে সেটা ঠিক হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জানি সেখানে চেয়ারম্যান উত্তর দিকে যান তো অ্যাডমিনিস্ট্রেটার যান দক্ষিণ দিকে। এই অবস্থায় হাওড়া জেলা পরিষদের কোন টাকা হাওড়া জেলার গ্রামাঞ্চলের মানুষের কাজে লাগতে পারে নি। হয়তো প্রত্যেকটি জেলার ক্ষেত্রে এইরকম অবস্থা হয়ে আছে। তা হলে এই টাকা বা পরিকল্পনার খসড়া আমরা কার হাতে দিচ্ছি এই কথা চিন্তা করার জন্য আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো। আমি আর একটি কথা বলে আমার বক্তব্য শেষ করবো। আজকে গান্ধীজীর নাম করে পঞ্চায়েতরাজ প্রতিষ্ঠা করার কথা বলছি। আমি এখানে বলি যে, যদি সেই পুরানো দৃষ্টিভঙ্গি দিয়ে অবলোকন করি তা হলে আমরা ভুল করবো। আজকে যদি আধুনিক বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি সামনে রেখে অঞ্চল পঞ্চায়েত বিল বা পঞ্চায়েতরাজ প্রতিষ্ঠা করার চেষ্টা করি, তা হলে সত্যিই গান্ধীজীর আদর্শে পঞ্চায়েতরাজ কায়েম করে পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলের মানুষদের সর্বাঙ্গীণ উন্নতি করতে পারবো। এই আবেদন ও আশা রেখে এই ব্যয়বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তিঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় ১৯৭৩-৭৪ সালের পঞ্চায়েত বিভাগের জন্য বরাদ্দ ৩ কোটি ৭০ লক্ষ টাকার দাবি এই হাউসের সামনে উপস্থিত করেছেন। তিনি তাঁর সংক্ষিপ্ত ভাষণে বলেছেন যে, পঞ্চায়েত ব্যবস্থা আজকে পঙ্গু হয়ে পড়েছে। তার কারণ তিনি পরিষ্কারভাবে না বল্লেও আমরা জানি আজকে এই যে পঞ্চায়েতের বরাদ্দের দাবি যেটা এনেছেন সেই বরাদ্দের বেশীর ভাগ টাকা খরচ হবে এই পঞ্চায়েত বিভাগের সরকারী কর্মচারীদের বেতন দেবার জন্য। তা সত্ত্বেও মাননীয় মন্ত্রিমহাশয়, যদি বলেন যে, এই টাকা পঞ্চায়েতের জনাই খরচ হবে, তা হ'লে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বলতে চাই যে, সেই টাকা পঞ্চায়েত বিভাগের জন্য না, সেই টাকা পঞ্চায়েতের প্রেতাত্মার জন্য খরচ করা হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন ১৯৫৭ সালে অঞ্চল পঞ্চায়েতগুলি নির্বাচিত হয়েছিল ১৯৫৭ সালের পঞ্চায়েত অ্যাক্ট অনুযায়ী। ১৯৬৪ সালে যেসমস্ত জেলা পরিষদ নির্বাচিত হয়েছিল জেলা পরিষদ অ্যাক্ট, ১৯৬৩ অনুযায়ী। কংগ্রেসের আমলে যে জেলা পরিষদ ও অঞ্চল পঞ্চায়েত আইন তৈরি করা হয়েছিল তার মধ্যে বহু ত্রুটিবিচ্যুতি ছিল, একথা সকলেই জানেন। সেস আইন তৈরি করার সময় মহারাষ্ট্র পঞ্চায়েতের অভিজ্ঞতা, গুজরাট পঞ্চায়েতের অভিজ্ঞতা, অন্ধ্র পঞ্চায়েতের অভিজ্ঞতা আমরা গ্রহণ করি নি। ১৫৯৭ সালের পঞ্চায়েত অ্যাক্ট চালু করতে গিয়ে যে ত্রুটি-বিচ্যুতি ছিল, সেই ত্রুটিবিচ্যুতি দূর ক'রে ১৯৬৩ সালে যে জেলা পরিষদ অ্যাক্ট হল, সেখানেও ঐ ত্রুটিবিচ্যুতিগুলি দূর করার চেষ্টা করা হয় নি। তা সত্ত্বেও ১৯৬৩ সাল থেকে ১৯৬৭ সাল পর্যন্ত যেসমস্ত পঞ্চায়েত চলছিল যুক্তফ্রন্টের ১৪ দলের সরকার গণতন্ত্রকে রক্ষা করার

নামে ১৯৬৭ সালের মার্চ মাসে গদিতে আসবার সঙ্গে সঙ্গে প্রথমেই ঐ গণতান্ত্রিক প্রতিষ্ঠান-গুলিকে জবাই করা হ'ল। শোকজ করা হ'ল, কেন সুপারসিড করা হবে না, জানি না কোন আদর্শে তা করা হয়েছিল—অবশ্য অনেক প্রতিষ্ঠান তার জন্য কোর্টে গিয়েছিল। একটা পঞ্চায়েতের জীবন ৪ বছর- তার পর তাকে নির্বাচনের সম্মুখীন হতে হয়। ১৯৬৩/৬৪/৬৮

[2-40—2-50 p.m.]

সালে সেইসমস্ত পঞ্চায়েতের নির্বাচন হল। তারা যদি গণতন্ত্রকে রক্ষা করতে চাইতেন, তা হলে তারা নির্বাচনের ব্যবস্থা করতে পারতেন, পারেন নি। অ্যাক্ট অনুযায়ী যে ত্রুটিই থাকুক না কেন বা অর্ডিন্যান্স তৈরি ক'রে সেগুলি নির্বাচনের ব্যবস্থা করতে পারতেন। তা না ক'রে ১৯৬৭ সালে পঞ্চায়েতের অধিকারগুলিকে কুক্ষীগত করবার জন্য ১৪ দলের যুক্তফ্রন্ট সরকার এইগুলিকে সুপারসিড ক'রে রাখলেন। ১৯৭২ সালে এই সরকার প্রতিষ্ঠিত হবার পরে আমরা আশা করেছিলাম, এটা ১৪ দলের সরকার নয়, এ একক সংখ্যাগরিষ্ঠ দলের সরকার, একটা পূর্ণাঙ্গ আইন তৈরি করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েত বিভাগের ভার-প্রাপ্ত মন্ত্রী এই ব্যয়বরাদ্দ উত্থাপন করবার পূর্বে একটা বিল আনতে পারুন আর না পারুন, অন্ততঃ তার একটা রূপরেখা পর্যন্ত আমাদের সকল সদস্যদের কাছে রাখবেন, এটা আমি আশা করেছিলাম. কিন্তু তিনি তাও পারেন নি। অতএব যে ব্যয়বরাদ্দের দাবি আজকে তিনি উত্থাপন করেছেন সেটা পঞ্চায়েতের জন্য নয়, পঞ্চায়েতের প্রেতাত্মার জন্য এই ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন করেছেন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি জানেন কনস্টিটিউসন অনুযায়ী পাওয়ার ডিসেনট্রালাইজ করার কথা—সেখানে ক্ষমতা বিকেন্দ্রীকরণের প্রধান ইঙ্গিত হচ্ছে, এই পঞ্চায়েতরাজগুলি, সেই পঞ্চায়েতরাজগুলিতে আজকে নির্বাচিত প্রতিনিধি নেই এবং যেখানে কোন রকমে খুঁড়িয়ে খুঁড়িয়ে চলছে সেখানে একমাত্র সরকারী অনুদানের উপর নির্ভর ক'রে - যদিও এটা নীতি হিসাবে গৃহীত হয়েছে পঞ্চায়েতগুলি বেঁচে থাকবে, তার স্থানীয় অর্থসংগ্রহের দ্বারা উন্নয়নমূলক কাজ করতে হবে। কি ক'রে করবে, পঞ্চায়েতরাজগুলি নিজেদের অর্থ সংগ্রহ যদি না করতে পারে? একটি রাস্তা তৈরি করবার জন্য ১০ টাকা যদি না পায়, একটি পুল তৈরি করবার জন্য ১০০ টাকা না পায়, কি ক'রে তারা কাজ করবে সেটা একবার ভাবুন। সেখানে যে লোকগুলি আছে তারা যদি আদায় করতে না পারে, জন-সাধারণের যদি দেবার ক্ষমতা না থাকে, কি ক'রে জনসাধারণ পঞ্চায়েতগুলিকে অর্থ দেবে এবং সেই পঞ্চায়েতের অর্থের দ্বারা তারা জনসাধারণের কাজ করবে? আজকে সেটা সম্ভব নয়। পঞ্চায়েতের মূল নীতি হ'ল স্থানীয় অর্থ সংগ্রহ করে, সরকারী অনুদানের উপর নির্ভর ক'রে পঞ্চায়েতগুলি চলবে, তা হচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন সরকার পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় বন্যাকবলিত এলাকায় যেসব বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছিল, রাস্তাঘাট যেখানে সম্পূর্ণ বিধ্বস্ত হয়েছিল তার জন্য ভারত সরকারের কাছ থেকে প্রাপ্ত টাকা প্রাদেশিক সরকার লোন হিসাবে বিভিন্ন জেলা পরিষদকে দিয়েছিলেন। আমি জানি মেদিনীপুর জেলা পরিষদকে প্রায় ১৭ লক্ষ টাকা দিয়েছিলেন ক্ষতিগ্রস্ত রাস্তাগুলি মেরামত করবার জন্য। এই মার্চ মাসে পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রীর দপ্তর থেকে সারকুলার গেছে যে, এই ১৭ লক্ষ টাকা সুদ সহ ফেরত দিতে হবে সরকারকে। আমরা জানি, যারা ডিস্ট্রিক্ট বোর্ডে চেয়ারম্যান ছিলেন তাঁরাও জানেন, ভাইস-চেয়ারম্যানও জানেন যে, এই রকম লোনের টাকা যেসমস্ত স্বায়ত্ত-শাসন প্রতিষ্ঠানকে দেওয়া হয়, পঞ্চায়েতকে দেওয়া হয়, সেগুলি দান হিসাবে গৃহীত হয়, যদিও সেটা লোন হিসাবে দেওয়া হয়। আগে যদি জানা যেত যে, এই টাকা পরিশোধ করতে হবে, এই সমস্ত টাকা অনুদান হিসাবে নয়, ঋণ হিসাবে দেওয়া হবে, তা হ'লে জেলা পরিষদ চিন্তা করতো যে, এই টাকা তারা খরচ করবে কিনা। এই ১৭ লক্ষ টাকা তো দূরের কথা, ১ হাজার টাকাও শোধ করবার ক্ষমতা জেলা পরিষদের নেই, এই পঞ্চায়েতগুলিরও নেই। ভারত সরকারের এই রকম নির্দেশ আছে কিনা জানি না কিন্তু প্রত্যেকটি জেলা পরিষদের কাছে চিঠি দিয়েছে। এখনও পঞ্চায়েতগুলি সম্পূর্ণভাবে সরকারী অনুদানের উপর নির্ভর ক'রে বসে আছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে এই ব্যয়বরাদ্দের

দাবি উত্থাপন করার সঙ্গে সঙ্গে বলব, তাঁর অভিজ্ঞতা আছে পঞ্চায়েত পরিচালনা করার, পঞ্চায়েত বিভাগের কথা তিনি জানেন, তিনিও মফঃস্বল থেকে নির্বাচিত হয়ে এসেছেন, আমি মফঃস্বল থেকে নির্বাচিত হয়ে এসেছি, তাঁকে এটা অনুধাবন করতে বলি যে, আজকে যদি এক হাজার টাকা পরিশোধ করতে হয় জেলা পরিষদকে, তা হ'লে তাদের ভাংগা টেবল, চেয়ার, বেঞ্চ ক্রোক করা ছাড়া এই টাকা শোধ করবার উপায় নেই। সেই জন্য আমি আপনার মাধ্যমে আবেদন জানাতে চাই যে, যতক্ষণ পর্যন্ত না পঞ্চায়েতগুলি প্রাণবন্ত হয়ে ওঠে, যতক্ষণ পর্যন্ত না জনসাধারণ জানতে পারে যে, পঞ্চায়েতগুলি তাদের উপকারে লাগছে, ততক্ষণ পর্যন্ত এই সমস্ত অর্থ সংগৃহীত হবে না। অতএব এই ব্যয়বরাদ্দের দাবি সম্বন্ধে আলোচনা করতে গিয়ে আমি আপনার মাধ্যমে পঞ্চায়েতমন্ত্রীকে বলব যে. আপনি যতই ব্যয়বরাদ্দ করুন না কেন তার পূর্বে আপনার প্রধান কর্তব্য হবে যে, একটা সর্বাংগীণ বিল আনা, যে বিল দ্বারা জনপ্রতিনিধিরা স্থানীয় উন্নয়নমূলক কাজের সংগে যুক্ত হতে পারবেন, এমন যদি একটা বিল আনতে পারতেন - আমার আশংকা আছে,—তাঁর বক্তৃতার মধ্যে তিনি বলেছেন, "যে পরিকল্পনা অনুযায়ী কাজে অগ্রসর হওয়া সম্ভব হ'লে বর্তমান অধিবেশনে বিলটি উপস্থাপিত করতে পারা যাবে ব'লে আশা করি"। আমি আপনার মাধ্যমে পঞ্চায়েতমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে সমস্ত কাজ করার আগে একটি পূর্ণাংগ বিল এনে এই হাউসে পাশ করিয়ে যাতে এই পঞ্চায়েতগুলিকে পুনর্গঠিত করা যায় তার চেষ্টা করুন, তবেই এই বরাদ্দ পাশ করিয়ে নিয়ে টাকা খরচ করা সার্থক হবে, তা না হ'লে সরকারী কর্মচারী পোষা ছাড়া জনকল্যাণের কোন কাজ হবে না। এই ব'লে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রীপ্রফুল্ল মাইতিঃ মাননীয় স্পীকার মহাশয়, আজকে পঞ্চায়েত দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রি মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন করেছেন তাতে অনিচ্ছা সত্ত্বেও সেই দাবিকে আমি সমর্থন জানাচ্ছি। অনিচ্ছা এই জন্য যে পঞ্চায়েতের জন্য ব্যয়বরাদ্দের দাবি পেশ করা হয়েছে সেই পঞ্চায়েতের নির্বাচন যখন হয়েছিল তখন আমাদের এই বিধানসভার সদস্যদের মধ্যে প্রায় অর্ধেক ভোটারই হন নি। আমি যতদূর সংবাদ রাখি তাতে বলতে পারি যে, কিছু কিছু সদস্য তখন প্রাইমারী স্কুলের ছাত্র ছিলেন এবং আমাদের মন্ত্রিসভার সদস্যদের মধ্যেও আমি যতদূর সংবাদ সংগ্রহ করেছি তাতে বলতে পারি কেউ কেউ প্রাইমারী স্কুলের ছাত্র ছিলেন এমন একটা সময় এই পঞ্চায়েতগুলির নির্বাচন হয়েছিল। আজকে এখানে স্বীকার করা হয়েছে যে, এই পঞ্চায়েতগুলি অকেজো এবং নিষ্প্রাণ। আমার মনে হয় এর বদলে এই পঞ্চায়েতগুলি মৃত এই ভাষাটা প্রয়োগ করলে আরো যুক্তিসংগত হত। কাজেই এই মৃত পঞ্চায়েতগুলির জন্য যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করা হয়েছে তা স্বাভাবিক কারণে তাকেও অনিচ্ছা সত্ত্বেও সমর্থন করছি। আজকে এখানে বলা হয়েছে যে, প্রতিটি অঞ্চল পঞ্চায়েতকে ১ হাজার ৩ শো টাকা ক'রে অনুদান মঞ্জুর করা হয়েছে। আমি জোরের সংগে বলতে পারি এই টাকাটা কখনও দেশের কোন জনহিতকর কাজে ব্যয়িত হয় নি। যদি কোথাও হয় সে সামান্য দু'-চারটি অঞ্চল পঞ্চায়েত ব্যয় করেন, তা না হ'লে সমূহ টাকাটা অঞ্চল পঞ্চায়েতের যাঁরা সদস্য আছেন তাঁদের পকেটে যায়। এই অঞ্চল পঞ্চায়েতগুলির নির্বাচন হয়েছিল ১৫/১৬ বছর আগে। সেই সময় যাঁরা সদস্য হয়েছিলেন আমি যতদূর সংবাদ রাখি তার মধ্যে অনেক লোক মারা গিয়েছেন বাকি অর্ধেক যাঁরা আছেন তাঁরাও কর্মক্ষম নন। তা ছাড়া পঞ্চায়েত এক্সটেনসান অফিসার যাঁরা ব্লকে আছেন তাঁরাও প্রায় নিষ্কর্মার মত বসে থাকেন, তাঁদের কোন কাজ নেই শুধু ঐ টাকাটা অনুদান দেওয়া ছাড়া। তা ছাড়া অনেক অঞ্চলপ্রধান মারা গিয়েছেন, যেখানে প্রধান মারা গিয়েছেন সেখানে উপ-অঞ্চলপ্রধান চার্জ নিয়েছেন, যেখানে তিনিও নেই সেখানে পরের কেউ চার্জ নিয়েছেন। তাঁরা আসেন, এসে টাকাটা নিয়ে চলে যান। কিন্ত সেই টাকাটার সদ্ব্যবহার হয় কিনা সেটা কেউ খবর রাখেন না। আমি আমার নিজের অঞ্চলের কথা বলতে পারি যে. আমি পঞ্চায়েত এক্সটেনসান অফিসারের কাছে বহু দুর্নীতির অভিযোগ উত্থাপন করেছি। অনেক এনকোয়ারী করিয়ে কয়েকটি অঞ্চল পঞ্চায়েতকে সুপারসিড করিয়ে সেখানে অ্যাডমিনিস্ট্রেটার নিয়োগ করিয়েছি। সর্বশেষে আমি মন্ত্রিমহাশয়কে চিন্তা করতে

অনুরোধ করবো যে, যতদিন পর্যন্ত না নতুন নিয়ম বা প্রস্তাবনা অনুযায়ী সব কিছু হচ্ছে ততদিন পর্যন্ত মৃত পঞ্চায়েতগুলিকে সুপারসিড করিয়ে প্রতিটি ক্ষেত্রে অ্যাডমিনিস্ট্রেটার নিয়োগ ক'রে এই যে অর্থ বরাদ্দ করা হয়েছে এর সদ্ব্যবহার করুন। এই ব'লে আমি শেষ করলাম।

[2-50—3 p.m.]

শ্রীহরেন্দ্রনাথ হালদারঃ মাননীয় স্পীকার স্যার, পঞ্চায়েত খাতে ৩ কোটি ৭০ লক্ষ ৭১ হাজার টাকার যে ব্যয়বরাদ্দ করা হয়েছে আমি এই ব্যয়বরাদ্দ সমর্থন করতে গিয়ে কয়েকটি কথা না বলে অপ্রাসঙ্গিকতা করা হয়। আমি জানি না এই বরাদ্দটা কোন পঞ্চায়েতের উপর ভিত্তি ক'রে করা হচ্ছে। এই যে বিল আসছে এটা কোন পঞ্চায়েতের উপর ভিত্তি ক'রে, বর্তমান যে পঞ্চায়েত আছে তার উপর ভিত্তি ক'রে কি এই ব্যয়বরাদ্দ এখানে উপস্থাপিত করা হয়েছে? যদি বর্তমান যে পঞ্চায়েত আছে তার পরিপ্রেক্ষিতে এই ব্যয়বরাদ্দ আনা হয়, তা হ'লে আমার মনে হয় জনস্বার্থে এই ব্যয়বরাদ্দ হয়ত ব্যয়িত হবে না। আজকে গ্রাম গ্রামান্তরে দেখছি, আমাদের মহান বাপুজী মহাত্মা গান্ধী পঞ্চায়েতের যে স্বপ্ন দেখেছিলেন, যে পিরামিড তৈরি করতে চেয়েছিলেন গ্রামীণ পঞ্চায়েতের, আজকে বাংলাদেশের পঞ্চায়েতে সেই ব্যবস্থা আদৌ হয় নি। আমরা বাংলাদেশের জাতীয় চরিত্র গ'ড়ে তুলতে পারি নি। কেন পারি নি? হয়ত আমাদের ঊর্ধ্বতন নেতৃবৃন্দ সেই সময় আমাদের বিপথগামী করেছিলেন। আজকে বিভিন্ন এলাকায়, বিভিন্ন অঞ্চলে দেখা যায় সমাজসেবামূলক কাজ করবার জন্য এই খাতে যে টাকা ব্যয় হবে তা না হয়ে অঞ্চল পরিষদের মেম্বাররা এবং আরো অন্যান্য অধ্যক্ষ যারা আছেন তারা অন্যভাবে টিপসই দিয়ে টাকাগুলি খরচ করেন। রাস্তাঘাটের জন্য যে টাকা দেওয়া হয় সেটা কাজে লাগে না। এই যদি পশ্চিমবাংলার গ্রামাঞ্চলের পরিস্থিতি হয়, তা হ'লে এই পঞ্চায়েতের থাকার কি প্রয়োজন আছে আমি বুঝতে পারি না। সামনে বিল আনা হচ্ছে সেই বিলের মাধ্যমে যেন ডিসেন্ট্রালাইজেশান করা হয়। আমি দাক্ষিণাত্যের কয়েকটি প্রদেশ ঘুরে দেখেছি যে, সেখানে যেসমস্ত পঞ্চায়েত সমিতি আছে সেইসমস্ত পঞ্চায়েত সমিতি অধিকতর ক্ষমতা-সম্পন্ন। সেখানে তাদের পঞ্চায়েত সিস্টেমকে এমনভাবে তৈরি করা হয়েছে, সাধারণ মানুষ আস্তে আস্তে রাজনৈতিক সচেতনায় প্রবৃত্ত হচ্ছে। তাই আমি মনে করি, এই যে টাকা বরাদ্দ করা হয়েছে, এই টাকা আগামী যে পঞ্চায়েত বিল আসছে ইমিডিয়েট অর্ডিনান্স জারি ক'রে সেই পঞ্চায়েত বিল এনে তার মাধ্যমে পঞ্চায়েত সিস্টেমকে গ'ড়ে তোলা হোক। আজকে সাধারণ মানুষকে যদি রাজনৈতিক সচেতনায় উদ্বুদ্ধ করতে পারি, আজকে বাংলাদেশের মানুষ যদি জাতীয়তাবোধে উদ্বুদ্ধ হয়, তা হ'লে যে স্বপ্ন আমরা দেখছি সেই স্বপ্নকে বাস্তবে রূপায়িত করতে পারবো ব'লে মনে করি। অবশেষে এই বক্তব্য রেখে আমি এই ব্যয়বরাদ্দ সমর্থন ক'রে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীবাসুদেব সাউটিয়াঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পঞ্চায়েতমন্ত্রী মহাশয় তাঁর দপ্তরের ব্যয়বরাদ্দের যে দাবি পেশ করেছেন বিধানসভায় তাকে সমর্থন করি। কিন্তু এই প্রসঙ্গে কয়েকটি বক্তব্য রাখতে চাই। জাতির জনক মহাত্মা গান্ধীর আদর্শ অনুসরণ ক'রে পঞ্চায়েতরাজ গঠন করা হয়েছিলো। দীর্ঘদিন ধ'রে পশ্চিমবঙ্গে হিংসা, হঠকারিতার প্রাধান্য লক্ষ্য করেছি। পশ্চিমবাংলার জনগণ সেই হিংসা এবং হঠকারিতার অবসান ক'রে আমাদের পশ্চিমবঙ্গে একটা স্থায়ী সরকার গঠন করেছেন। আজকে পশ্চিমবঙ্গের জনগণের আশা-আকাঙ্ক্ষা যা সেটা নিয়ে চিন্তা করার আছে, দেশের গ্রামীণ সমস্যাগুলির সমাধান করার আছে, সরকারের কর্মসূচি বাস্তবে রূপায়িত করা, ভূমিসংস্কার করা, গ্রামবাংলার রাস্তাঘাট তৈরি করা, সরকারী খাসজমি বিলি করা, শিক্ষা ব্যবস্থা, জলনিকাশী ব্যবস্থা, গ্রামে আইনশৃঙ্খলা, সর্বক্ষেত্রে গ্রামের স্বার্থ বজায় রাখা ইত্যাদি যদি সবকিছু করতে হয়, তা হ'লে তার জন্য নিশ্চয়ই আমাকে একথা বলতে হবে, এই যে গ্রামবাংলার পঞ্চায়েত ব্যবস্থা এর সহযোগীতায় সরকারের যাবতীয় কর্মসূচি রূপায়ণ একান্ত অপরিহার্য।

মাননীয় স্পীকার মহাশয়, বর্তমান জনসংখ্যার ৯৮ শতাংশ এই গ্রাম পঞ্চায়েতগুলোর অন্তর্ভুক্ত। সেই ক্ষেত্রে এই গ্রাম পঞ্চায়েত যা ১২ বছর আগে তৈরি হয়েছিল, এই এক বছর সরকার আসার পরও তাকে পুনর্গঠন করা হ'ল না। সেটা অত্যন্ত দুঃখজনক এবং পশ্চিমবাংলার মানুষ এতে হতাশ হয়ে পড়েছে সরকারের এই ধীর, মন্থর গতির জন্য। এক যুগ আগের নির্বাচিত অঞ্চল প্রধান এবং গ্রাম অধ্যক্ষরা মনে করছেন, কত সরকার আসবে এবং যাবে, কিন্তু আমরা অপরিবর্তিত থেকে যাব, তারা যুগ যুগ ধ'রে দেশ শাসন ক'রে যাবেন, গ্রাম শাসন ক'রে যাবেন। তাদের মধ্যে অনেক ক্ষেত্রে দেখা যাচ্ছে, ভেস্টেড ইন্টারেস্ট গ্রো করেছে। অনেক সদস্য বলেছেন যে, পঞ্চায়ত ব্যবস্থা মারা গেছে, এই পঞ্চায়েত ব্যবস্থা মৃত, এর জন্য কোন অর্থ বরাদ্দ করতে আমরা কুণ্ঠা বোধ করছি। সুতরাং এর পুনর্গঠন আমরা আশুভাবে চাইছি। এই গ্রাম পঞ্চায়েত ব্যবস্থার যদি পরিবর্তন না করা হয়, যদি পুনর্গঠন না করা হয়, তা হ'লে সরকারের যে সব কর্মসূচি আছে সেই কর্মসূচি বাতিল হয়ে যাবে। এখনকার চেঞ্জ সার্কামস্ট্যান্সের সঙ্গে তারা অ্যাডজাস্ট ক'রে নিতে পারছে না, সেই জন্যই অনেক সদস্য ব'লে গেছেন যে মৃত। গ্রামের যে সমস্ত কাজ যেমন টি আর স্কিমস্, রাস্তাঘাট তৈরি, খাল খনন ইত্যাদি প্রত্যেকটি কাজ গ্রাম পঞ্চায়েতের অন্তর্ভুক্ত। গ্রাম পঞ্চায়েত যদি সহযোগিতা না করেন, সমর্থন না করেন, তা হ'লে সরকারের সমস্ত প্রচেষ্টা, সমস্ত উৎসাহ, সরকারের সমস্ত উদ্যম নষ্ট হয়ে যাবে। তাই আজকে এই সভায় আমি দাবি করছি, ক্ষমতা বিকেন্দ্রীকরণের কথা যা এসেছে মন্ত্রিমহাশয়ের ভাষণে বলা হয়েছে, এটা উত্তম কথা। কিন্তু নির্বাচিত ব্যবস্থা এক যুগ ধ'রে চলবে, এটা কখনও হতে দেওয়া যায় না। আমরা গণতন্ত্রের জয়গান করছি, গণতন্ত্রের প্রচার করছি, কিন্তু ১২ বছরের যে নির্বাচিত প্রতিনিধি, সেই প্রতিনিধিদের দিয়ে কিভাবে চলছে সেখানে আমরা গণতন্ত্রের কতখানি সম্মান করছি, সেটা চিন্তার বিষয়। আমি বলবো এই ক্ষেত্রে গ্রামদেশের মানুষের গণতন্ত্রের অধিকারকে খর্ব করা হচ্ছে। এই বিধানসভায় আমরা পাঁচ বছরের জন্য এসেছি এবং এই এক বছর বাদ দিলে আর চার বছর বাদে না গিয়ে যদি এক যুগ ধ'রে চালানো যেত—এই জিনিস কখনও সম্ভব নয়। এক যুগ অর্থাৎ ১২ বছর আগে ১৯৫৮ সালে ভোট ক'রে ব্যবস্থা তৈরি করা হয়েছিল, তার পুনর্গঠন চাই, তার সংস্কার চাই। আজকে আপনার মাধ্যমে অনুরোধ করবো এই মন্ত্রিমহাশয়ের কাছে এবং এই সরকারের কাছে যে এই অধিবেশন চলাকালীন যেন এই পঞ্চায়েত বিষয়ে একটা বিল আনা হয় যাতে পশ্চিমবাংলার মানুষ, তাদের যে আশা-আকাঙ্ক্ষা, সেই জিনিস যেন পূরণ হয় এবং তার জন্য বিহিত ব্যবস্থা করা হয়, এই ব'লে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসত্য ঘোষাল: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে গ্রান্টের উপর বলতে উঠেছি, এর উপর বলা একটু মুশকিল। এতক্ষণ বিভিন্ন সদস্যরা বললেন মৃত। আমার অবশ্য মনে পড়ছে ফসিলের কথা। অনেক সময় ফসিলেরা নিজেরা জানে না যে, তাদের ভেতরকার মানুষটা মরে গেছে। যেমন পঞ্চায়েত সম্বন্ধে আমরা শিশুপাঠ্য ইতিহাসে পড়েছিলাম সেইসব কথা মনে পড়ছে, যেমন ছেলেবেলার ইতিহাস পড়েছিলাম, "ফকমোট" মানে গ্রামসভা, গ্রাম পঞ্চায়েত "সায়ার মোট" মানে অঞ্চল পঞ্চায়েত। আর "উইটানাডামোট" মানে কাউনসিল অব দি ওয়াইজ অর্থাৎ ন্যায় পঞ্চায়েত। এই এ্যাংলো-স্যাকশন ইতিহাস আমরা ভুলে গেছি এবং ১৯৫৭-৫৮ সালের পর যা হয়েছিল সেটাও প্রায় ভুলে গেছি। কারণ ঐ যে ১৯৬৪

[3-00—3-10 p.m.]

সালের পর থেকে আজও কোন নির্বাচন হয় নি। ১৯৫৮ থেকে ১৯৬৪ এর শেষ নির্বাচন এখনো অনেক প্রধান আছেন, অধ্যক্ষ আছেন এই ১২ বছর ধ'রে। তারা যুগ অতিক্রম করেছেন অর্থাৎ সত্যিকারের যুগোপযোগী না হ'লেও যুগকে পার হবার ক্ষমতা ধরেন যারা আজকালকার যুগে তারা হলেন এরা। যেখানে নির্বাচন হয় নি সেখানে কাজ খুঁজে পাওয়া মুশকিল এই পঞ্চায়েতের কাজ হচ্ছে, আমরা যা দেখি সে হ'ল সরকার যখন ছিটেফোঁটা কিছু দেবেন বা মঞ্জুরী দেবেন সেইগুলিকে কায়দা-কানুন ক'রে বিলি করা। আর জনসাধারণের মধ্যে উৎসাহ মাঝে মাঝে লক্ষ্য করি, যখন যেখানে গরু কেনবার ঋণের টাকা আসে ব্লকের উপর থেকে—যখন

সেই টাকা ঐ ব্লকে গিয়ে পৌঁছয়, তখন বি ডি ও মিটিং ডাকে তার নাম হ'ল ব্লক ডেভোলপমেন্ট কাউন্সিল. ব্লকের উন্নয়নের জন্য নয়, সেটা হ'ল টু ব্লক অল ডেভোলপমেন্ট। সমস্ত কিছু কাজ যাতে ব্লক ক'রে দেওয়া যায় তার জন্য কাউন্সিল মিটিং একটা বসে, সেই মিটিং-এ ব'সে আলোচনা করে ঠিক হল, এই অঞ্চল ২ হাজার কি ৩ হাজার টাকা ক'রে পাবে গরু কেনার জন্য। তখন দেখা যায় কিছু লোকের উৎসাহ। যে বেচারী কেরানী থাকেন বা অঞ্চল সচিব, তার একটু উৎসাহ হয়, কেননা অঞ্চল প্রধানকে খুঁজে পাওয়া যায় না, তাই সচিবকে আসতে হয় বাধ্য হয়ে। তাই সচিবের একটু উৎসাহ থাকে, আর যে কয়েকজন লোক আছেন পেশাদার লোনপানেওয়ালা, যারা প্রায়ই লোন পান, ঘুরিয়ে ফিরিয়ে যেখানে যে কোন লোন হোক, তারা আসেন। সেই ভদ্রলোকেরা এসে বি ডি ও অফিসে ব'সে থাকেন, তারপর বি ডি ও টাকা নিয়ে আসলে রাত ১০টা ১১টা নাগাত ভাগ করেন। যে টাকা পান তাতে আস্ত গরু হয় না, গরুর ঠ্যাং হয় এবং সেইগুলি নিয়ে দোকানে খাওয়াদাওয়া ক'রে চলে যান। এখন এই ধরনের ব্যাপার ছাড়া এর মধ্যে আর কিছু দেখতে পাই না। আমার বিশ্বাস, আমি কেন, গ্রামাঞ্চল থেকে যে সমস্ত সদস্যরা এসেছেন তারা কেউই দেখতে পান না। কারণ উৎসাহ সঞ্চারের জন্য যে কাজটা করা দরকার সেটা হ'ল পাওয়ার, ক্ষমতা—যদি গ্রামসভার সভ্যরা, অঞ্চল পঞ্চায়েতের সভ্যরা উপলব্ধি করতে পারেন যে, তাদের হাতে ক্ষমতা আছে, গ্রামকে ইচ্ছামত গ'ড়ে তুলতে পারবেন, তা হ'লে তারা উৎসাহিত হতে পারবেন। আজকে এই ক্ষমতার মধ্যে কি আছে, ৪/৬টি বেচারী চৌকিদার আছে তাদের উপর হাকিমী করার। তাও আবার সেখানে চৌকিদার প্রধান বা অধ্যক্ষের হাকিম না অধ্যক্ষের চৌকিদার হাকিম এটা বোঝা মুশকিল। তাল প'ড়ে ডিপ করে, না ডিপ ক'রে তাল পড়ে, সেটা বোঝা যায় না এবং সেই সব চৌকিদার দফাদারদের উপর হাকিমী করা ছাড়া আমাদের আর কি করার আছে? কখনো কখনো পঞ্চায়েত এক্সটেনশন অফিসার যান তদন্ত করতে বা অডিট করতে। তা হ'লেই একবার দেখান, এই ছাড়া বেচারীর কিছু করবার নেই। কিন্তু উন্নয়নমূলক কাজ তারা কি করবেন—কোথাও কোথাও ২০০ ৬০০ টাকা ভাগে পান, সেই ভাগে পাওয়া টাকা নিয়ে রাস্তায় একটু মাটি ফেলে দিলেন, তা হ'লেই কাজ হয়ে গেল, এই রকম অবস্থায় কি ক'রে কাজে উৎসাহ পাবে? অথচ আমরা বলেছিলাম গ্রামস্বরাজের কথা, আর আমরা ভেবেছিলাম দেশের লোকের মধ্যে তা দেওয়া হবে এবং এর ভিতর দিয়ে সত্যিকারের রামরাজত্ব প্রতিষ্ঠিত হবে। এর ভিতর দিয়ে আমরা দেশের ব্যাপক মানুষকে কাজে লাগাব এবং তাদের কাছে ক্ষমতা আসবে, তারা সেই ক্ষমতাকে নিজেদের প্রয়োজনে ব্যবহার করবেন। তাই যদি করতে হয়, তা হ'লে প্রথমেই এদের হাতে ক্ষমতা দিতে হবে। দ্বিতীয়, এদের হাতে টাকা দিতে হবে উন্নয়নমূলক কাজের জন্য। টাকা এখান থেকে এইভাবে দিলে হবে না। এদের হাতে পূর্ণ ক্ষমতা দিতে হবে, উন্নয়নের প্ল্যান করবার পরিকল্পনা করবার এবং সেই প্ল্যানকে নিজেদের এলাকার উন্নয়নের কাজে লাগাবার বা সেই কর্মসূচিকে রূপায়ণের যে ক্ষমতা সেই ক্ষমতা এদের দিতে হবে। তাই যদি না দেওয়া হয়, তা হ'লে কোন দিন এদের মধ্যে উৎসাহ সঞ্চারিত হবে না। আর আমরা যে আশা করেছিলাম যে, ব্যাপক গ্রামের মানুষকে নিয়ে গ্রামস্বরাজ প্রতিষ্ঠিত করব এবং গান্ধীজীর যে কামনা সেই কামনা সার্থক হবে, এটা তাঁদের আমাদের মাথায় থাকতে পারে, মগজে তা থাকতে পারে কিন্তু বাস্তবে তা হবে না। সেই সঙ্গে এখানে আরো একটা কথা যেটা কোন কোন বন্ধু বলেছেন এটা গ্রাম পঞ্চায়েতে করার জন্য এবং তার পর সেটা আঞ্চলিক পঞ্চায়েত এইগুলির নির্বাচন কিভাবে হবে? কোথাও কি গ্রামের লোকের সরাসরি ভোটের অধিকার বা প্রত্যক্ষ নির্বাচন ব্যবস্থা আছে? আমরা যেখানে গ্রামের জনসাধারণের মাঝে গণতান্ত্রিক ক্ষমতা সঞ্চারিত ক'রে দিতে চাই, সেখানে প্রত্যক্ষ নির্বাচন যদি না হয়, তা হ'লে আমরা যত কথাই না বলি অপ্রত্যক্ষভাবে সেখানে কায়েমী স্বার্থের লোকেরা এসে বসে যাবে এবং সেইভাবে নির্বাচনটাকে পরিচালনা করবে। সুতরাং সেদিকটায় একটু লক্ষ্য রাখা দরকার। এটা না করলে কোন দিন গ্রামের লোকের হাতে ক্ষমতা দেওয়া যাবে না। তা ছাড়া ঐ যে চারটে স্তর, ঐ চারটে স্তরও তুলে দেওয়া দরকার। কেবল মোটামুটি তিনটে স্তর হতে পারে গ্রামে, ব্লকে এবং জেলায়। তিনটে স্তর ক'রে যদি নির্বাচন করা যায় এবং প্রতিটি যদি প্রত্যক্ষ নির্বাচনে হয়, তা হ'লে উন্নয়নমূলক কাজ করতে পারবে এবং তাদের

হাতে সরাসরি ক্ষমতা দেওয়া যাবে, টাকা দেওয়া যাবে। এরা যদি টাকা সাধারণভাবে ব্যবহার করতে পারে, তবেই এর কাজ সুষ্ঠুভাবে রূপায়িত হবে। এই প্রশ্ন উঠেছে এবং মাননীয় মন্ত্রিমহাশয় এখানে বলেছেন এবং মাননীয় সদস্য প্রদ্যোতবাবু যে কথা বলেছেন যেটা আমি এই প্রসঙ্গে এখানে উল্লেখ করতে চাই অর্থাৎ এই ঘটনাটা কিন্তু এই রকম নয় যে, যুক্তফ্রন্ট সরকার হবার সময়ে জেলা পরিষদগুলিকে ভেঙ্গে দেওয়া হয়েছিল ব'লেই এদের ভেতর উৎসাহ কমে গিয়েছিল, সেইভাবে বুঝলে গোড়ায় যে গলদ সেটা মেটান যাবে না। যুক্তফ্রন্ট সরকার যে জেলা পরিষদগুলিকে ভেঙ্গে দিয়েছিল বা আঞ্চলিক পরিষদকে ভেঙ্গে দিয়েছিল তা নিয়ে প্রদ্যোতবাবুর দ্বিমত থাকতে পারে, থাকাটা স্বাভাবিক, তিনি দ্বিমত পোষণও করতে পারেন, কিন্তু তখন ওটা ভেঙ্গে দেবার মূলে এ কথা ছিল সম্ভবত যে, সেগুলি হয়েছিল ভেস্টেড ইন্টারেস্ট কায়েমী স্বার্থ, দুর্নীতির আশ্রয়। কিন্তু কথাটা এই নয়, জেলা পরিষদগুলি ভেঙ্গে যাওয়ার ফলে গ্রামসভাগুলি বা গ্রাম পঞ্চায়েতগুলি বা অঞ্চল পঞ্চায়েতগুলির উৎসাহ সঞ্চারিত করবার জন্য যে মৌলিক ব্যাপার সেই মৌলিক ব্যাপার ছিল না, কারণ, যতক্ষণ না গ্রামসভার লোকেরা মনে করে যে, সকল ক্ষমতার মূল উৎস তারা, ক্ষমতা তারা পরিচালনা করবেন সেই উপলব্ধি যতক্ষণ তাদের মনে না আসে ততক্ষণ কোন কারণেই তাদের মধ্যে উৎসাহ সঞ্চারিত হতে পারে না। হয়ত কিছু টাকাকড়ি বিলি করতে বললে সেই উৎসাহ তাদের আসে যারা সেই টাকার ভাগ পায় যা সেইসব টাকা থেকে কিছু কিছু লোন পেতে পারে। সেজন্য বলছিলাম মাননীয় মন্ত্রিমহাশয় এই যে টাকা বরাদ্দ করা হচ্ছে মৃতের জন্য কি জীবিতের জন্য সেটা বড কথা নয় তার চেয়ে বড কথা আমি মনে করি সার্থক হবে এই বরাদ্দ যদি এই টাকা অন্ত্যেষ্ঠিক্রিয়ার জন্য ব্যয় করা হয় অর্থাৎ এই পঞ্চায়েত মরে গেছে, এর প্রতি সেন্টিমেন্টাল আত্মীয়স্বজনের মত বৃথা কান্নাকাটি না ক'রে এর সৎকারের ব্যবস্থা করা হোক এবং নতুন ক'রে পঞ্চায়েত বিল আনা হোক। সেটার ব্যাপারে উনি আবার যে রকম ধোঁকা দেখিয়েছেন আশংকা প্রকাশ করেছেন, সব কিছু যদি সঠিকভাবে চলে, পরিকল্পনা মাফিক কাজকর্ম যদি চলে, অনেকগুলি যদি ঘটে যায়, তা হ'লে পঞ্চায়েত বিল আসবে। এটা না ক'রে যদিগুলি ঘটানর ব্যবস্থা করা হোক এবং যদিগুলি না রেখে পঞ্চায়েত বিল পূর্ণাংগভাবে আনা হোক এবং সেই পঞ্চায়েত বিলটা সুষ্ঠুভাবে এনে যাতে সঠিকভাবে গ্রামস্বরাজের পথে অগ্রসর হতে পারি, ক্ষমতার বিকেন্দ্রীকরণ করতে পারি, গ্রামের জনসাধারণের কল্যাণের জন্য পঞ্চায়েতকে ব্যবহার করতে পারি, সেই দৃষ্টিভঙ্গি নিয়ে মাননীয় মন্ত্রিমহাশয় এই রকম একটা পূর্ণাংগ বিল আনবার প্রতিশ্রুতি দিন—এই আবেদন ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমুসলেউদ্দিন আমেদঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় আজ পঞ্চায়েতের যে ব্যয়বরাদ্দের দাবি এখানে রেখেছেন তা আমি সমর্থন করছি। আজ পঞ্চায়েতমন্ত্রী মহাশয় পঞ্চায়েতের যে ভুলত্রুটিগুলি আমাদের সামনে তুলে ধরেছেন তার জন্য আমি তাঁর প্রশংসা করি। আজ ১২-১৩ বছর হতে চলল এ পর্যন্ত কোন পঞ্চায়েত বিল এল না, অথচ গান্ধীজীর লক্ষ্য ছিল পঞ্চায়েতরাজ প্রতিষ্ঠিত করা। কিন্তু তাঁর সেই স্বপ্ন বাস্তবে রূপায়িত হল না। কারণ একটা দেশে পঞ্চায়েতরাজ প্রতিষ্ঠিত করতে হলে দেশের উন্নয়নমূলক কাজগুলি জনসাধারণের মধ্যে বিতরণ করে দেওয়া দরকার এবং জনসাধারণের মনে যাতে উৎসাহ জাগে তার জন্য ব্যাপকভাবে জনসাধারণের কর্মসংস্থানের জন্য পঞ্চায়েতরাজ প্রতিষ্ঠিত করা দরকার। কিন্তু আজ সেই পঞ্চায়েতরাজ অকেজো হয়ে দাঁড়িয়েছে এবং আমি মনে করি পঞ্চায়েতরাজ প্রতিষ্ঠিত করার যে মূল উদ্দেশ্য সেটা কার্যে পরিণত হয় নি। আমি এই প্রসঙ্গে আরো বলি যে, প্রধান এবং ব্লক অফিসারদের মধ্যে একটা যোগাযোগ আছে, কিন্তু ব্লকের যে ডেভেলপমেন্ট অফিসার তাঁরা এই প্রধানের ক্রীড়ানক হয়ে দাঁড়িয়েছেন।

[3-10—3-20 p.m.]

আমি আর একটা নমুনা দেখাচ্ছি। গঙ্গারামপুর অঞ্চলে এর মধ্যে একটি উপনির্বাচন হয়ে গেল, সেই উপনির্বাচনে শুকদেবপুর অঞ্চলের ঐ প্রধান প্রধান হিসাবে নির্বাচিত হলেন। কিন্তু তার পনর মিনিট আগে আর এক দল থেকে একজনকে প্রধান হিসাবে নির্বাচন করা হয়। এক

দলে ছিলেন আট জন এবং আর এক দলে ছিলেন ১০ জন। এক্সটেনশন অফিসার যিনি ছিলেন তিনি ঐ আট জনের যে দল ছিল, তার মধ্য থেকে একজনকে প্রধান বলে নির্বাচন করেন। কিন্তু আর একটা যে দল আসে তাদেরও দাবি ছিল বলে, তাদের মধ্যে থেকেও একজনকে নির্বাচন করা হয়। এব ফলে সেখানে একটা দ্বন্দ্ব সৃষ্টি হয় এবং মন্ত্রিমহাশয়কে এটা জানান হয়। তিনি যে অফিসারকে পাঠিয়েছিলেন তিনি সমস্ত অবস্থা দেখেছেন যে, এই সমস্ত ঘটনা ঘটেছে। এক্স-টেনশন অফিসার এবং ব্লক ডেভেলপমেন্ট অফিসার যিনি ছিলেন, তাদের দ্বারাই এগুলি সংগঠিত হয়েছে। আমি মনে করি বিভিন্ন জায়গায় যে ব্লক ডেভেলপমেন্ট অফিসাররা আছেন, তাঁরা প্রধান এবং অঞ্চলপ্রধানদের হাতে নিয়ে এই সমস্ত কাজ করাচ্ছেন এবং এইভাবে অঞ্চলের উন্নতিমূলক কাজ ব্যাহত করছেন। বিশেষ করে বি ডি ও-রা অঞ্চল প্রধান এবং অঞ্চলের যে অধ্যক্ষ আছেন, তাদের সহযোগিতায় এই সমস্ত ধ্বংসাত্মক কাজ করাচ্ছেন। এই কথা বলে বক্তব্য শেষ করছি।

শ্রীনরেশচন্দ্র চাকীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দে দাবি উত্থাপন করেছেন, আমি তাকে সমর্থন করছি। এই প্রসঙ্গে একটা কথা বলা দরকার, যে উদ্দেশ্য নিয়ে পশ্চিমবাংলায় পঞ্চায়েত ব্যবস্থা কায়েম হয়েছিল, সেই ব্যবস্থা মোটেই কার্যকর হয় নি। সেই উদ্দেশ্যে একদম চরিতার্থ হয় নি। গান্ধীজী পঞ্চায়েতরাজের স্বপ্ন দেখেছিলেন, নেতাজী বলে-ছিলেন, অল পাওয়ার টু ইন্ডিয়ান পিপল, স্বামী বিবেকানন্দ বলেছিলেন, যেদিন দেশের দরিদ্র মানুষগুলোর অভাব-অভিযোগ মিটে যাবে কাজের মাধ্যমে, সেদিন দেশ স্বাধীন হবে। কিন্তু আমরা দেখছি ভারতবর্ষের শতকরা ৭০ জন লোক দারিদ্র্যসীমার নীচে বাস করে এবং তাদের অধিকাংশ লোক বাস করে গ্রামে। কিন্তু আজকে বিভিন্ন কাজের মাধ্যমে যে অবস্থা চলেছে, তাতে এই দেশ যে তাদের নিজেদের দেশ একথা মনে করতে পারছে না। আজকে আমরা লক্ষ্য করছি দেশের কর্মসূচির মাধ্যমে নিপীড়িত অভাবক্লিষ্ট মানুষরা দেশের উন্নয়নমূলক কাজের অংশীদার হতে পারছে না। যে উদ্দেশ্য নিয়ে পঞ্চায়েতরাজ হয়েছিল, সেটা যদি সার্থক হত, তা হলে ৭০ ভাগ মানুষ যারা দারিদ্র্যসীমার নীচে বাস করে এবং গ্রামে বাস করে, তারা এতে অংশগ্রহণ করতে পারত এবং এটা যে তাদের নিজেদের দেশ, সেকথা মনে করতে পারত। আজকে বেদনার সঙ্গে লক্ষ্য করছি, পঞ্চায়েতকে অনেক পাওয়ার দেওয়া হয়েছে বটে, কিন্তু তাদের হাত-পা বাঁধা। অর্থনৈতিক ক্ষমতা তাদের দেওয়া হয় নি এবং যেটুক ক্ষমতা দেওয়া হয়েছে সেই সীমিত ক্ষমতা দ্বারা পশ্চিমবাংলার গ্রামের কতটা উন্নয়ন করা সম্ভব সেটা আমি মন্ত্রিমহাশয়কে বিনীতভাবে জিজ্ঞাসা করছি। গ্রামে একটা লোক যদি না খেয়ে মরে, তা হলে পঞ্চায়েত তাদের সাহায্য করতে পারে না, শুধু অসহায় হয়ে দেখে। আমরা দেখছি দেশের অসংখ্য গরিব মানুষ মৎস্যজীবী চাষী দিনের পর দিন কুঁকড়ে মরছে, অথচ এই পঞ্চায়েতের কিছু করার নেই। পশ্চিমবাংলার এক কোটি সাইশ লক্ষ লোক কলকাতা পৌরসভা অঞ্চলে বাস করে এবং সাড়ে তিন কোটি লোক বাস করে গ্রামে। কিন্তু বেদনার সঙ্গে লক্ষ্য করছি, শহরের জন্য খরচ হয় ১০ কোটি টাকার উপর প্লাস সি এম ডি এ-র টাকা। গ্রামে যেখানে শতকরা ৭৫ ভাগ লোক বাস করে, সেই গ্রামের জন্য আমরা কি করছি, আর আজ শহরের জন্য আমরা তিন হাজার কোটি টাকা খরচ করছি। এর দ্বারা কি আমরা প্রমাণ করছি যে, গ্রামে বিকেন্দ্রীকরণ করছি, এর দ্বারা কি প্রমাণ করছি যে ক্ষমতা বিকেন্দ্রী-করণ করছি। আমি অত্যন্ত বেদনার সঙ্গে মন্ত্রিমহাশয়ের এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি এবং প্রতিকার দাবি করছি। পণ্ডিত জওহরলাল নেহরু, তিনি অত্যন্ত বেদনার সঙ্গে বলেছিলেন যে, তিনটি পঞ্চবার্ষিক পরিকল্পনার পর জাতীয় সম্পদ বেড়েছে, কিন্তু তা গচ্ছিত হয়েছে ভারতবর্ষের গুটি কয়েক ধনী পরিবারের হাতে। আমি বেদনার সঙ্গে বলতে চাই যে, ভারতবর্ষের উন্নতি হয়েছে, কিন্তু সেই ধনসম্পদ গচ্ছিত রয়েছে মুষ্টিমেয় কয়েকটি পরিবারের মধ্যে। গ্রামাঞ্চলে জাতীয় সম্পদ আজও পৌঁছতে পারে নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এখানে আর একটি চিত্র তুলে ধরতে চাই যে, পঞ্চায়েতের মধ্যে যে চৌকিদার আছে, যারা রাতের পর রাত, দিনের পর দিন পরিশ্রম করে চলেছে, তারা মাসিক মাইনা পায় মাত্র ৪৫ টাকা। তার মধ্যে সাড়ে ২২ টাকা দেন সরকার আর সাড়ে ২২ টাকা দিতে হয় পঞ্চায়েতকে। পঞ্চায়েতের ট্যাক্স আদায় হয় না, তাই তাদের পক্ষে যে দেয় সাড়ে ২২ টাকা তাও তারা দিতে পারে না। সরকারের সাড়ে ২২ টাকা নিয়ে তাদের কাজ করতে হয়। একজন দফাদারের মাইনে ৬৫ টাকা, তার মধ্যে সাড়ে

৩২ টাকা দেয় সরকারের সাড়ে ৩২ টাকা পঞ্চায়েতের দেওয়ার কথা, কিন্তু তাদের হাতে অর্থ না থাকার জন্য, অনেক সময় তারা দিতে পারে না, শুধু সাড়ে ৩২ টাকা, সরকার যা দেয় তাই নিয়ে তাদের খুসী থাকতে হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে চাই যে, একজন মিউনিসি-প্যালিটির কেরানী, তারা মাইনে প্রায় ১৭৫ টাকা আর পঞ্চায়েতের যে লোকটা রাত দিন, জলে ঝড়ে দিনের পর দিন কাজ করছে সে কেন সাড়ে ২২ টাকা পাবে, এই অবিচারের প্রতিকার চাই। আজকে একজন কনস্টেবল, একজন পিয়ন, ১৭৫ টাকা মাইনে পান আর গ্রামের চৌকিদার সাড়ে ২২ টাকা মাইনে পায়, এই অবিচার কিছুতেই বরদাস্ত করা যায় না। তারপরে স্যার, পঞ্চায়েতের সচিব, তারা মাইনে পান ১৬০ থেকে ২৫০ তাদের স্কেল। একজন কেরানীর থেকে তাদের বেশী খাটতে হয়. একজন কেরানী যদি ২০০, ২৫০, ৩০০ টাকা মাইনে পান, তা হলে গ্রাম পঞ্চায়েতের সেই যে সচিব, যাদের ১২-১৪ ঘণ্টা দৈনিক খাটতে হয়, তাদের মাইনে একজন কেরানীর [illegible] হবে কেন, এই অবিচার চলতে পারে না, তাই আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব [illegible] এই অ্যানোমলি দূর করুন। বিশেষ করে গ্রামাঞ্চলের মানুষের পাশে দাঁড়িয়ে গ্রামের মানুষকে [illegible] করতে দিন যে, গ্রামাঞ্চলের হাড়ি, মেথর, মুচি, তারাও যাতে দেশকে পুনর্গঠনের কাজে অংশ গ্রহণ করতে পারে, সেই জন্য তাদের উদ্বুদ্ধ করুন এবং তাদের পাশে দাঁড়িয়ে গ্রামকে [illegible] করে তুলুন। এই কয়টি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী পঞ্চায়েত দপ্তরের ব্যয়-বরাদ্দের যে দাবি এখানে উপস্থিত করেছেন আমি তা সমর্থন করে দু-একটি কথা বিনয়ের [illegible] আপনার সামনে রাখতে চাই। ১৯৫৮ সাল থেকে ১৯৬৪ সালের মধ্যে যে সর্বশেষ [illegible] তাতে আমরা আশা করেছিলাম মাননীয় মন্ত্রিমহাশয় এই পুস্তিকার মধ্যে [illegible] কয়েকটি বক্তব্য থাকবে। এই বিধানসভার অধিবেশনের মধ্যে পঞ্চায়েতকে পুনর্গঠন [illegible] যে আইন আসবে সেই আইনের ভিত্তিতে আমরা নির্বাচনের জন্য প্রস্তুতি নিচ্ছি। কিন্তু [illegible] বিষয় গ্রামের মানুষ যখন আশা করেন যে, গ্রামের মানুষ তাদের নিজেদের অধিকার [illegible] তাদের অধিকার রক্ষিত হবে, সেই সময় ব্যয়বরাদ্দ কাদের জন্য উত্থাপন করা হচ্ছে, সেটা [illegible] জানা নেই। পঞ্চায়েতের ডিরেকটরের জন্য, না কোন জেলা পরিষদের অ্যাডমিনিস্ট্রেটর [illegible] কার জন্য, টাকার বরাদ্দ রাখা হয়েছে? আমরা জানতে চাই, সরকারী কর্মচারী পোষার [illegible] এই সমস্ত ব্যয়বরাদ্দ আমাদের সমর্থন করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে [illegible] দুঃখের কথা, লজ্জার কথা যে, গ্রামবাংলার শতকরা ৭০ জন লোক যেখানে বাস করে, [illegible] চাষী সম্প্রদায়ের হাতে ১৯৫৮ সাল থেকে ১৯৬৪ সালের মধ্যে যে পঞ্চায়েতের ব্যবস্থা [illegible] হস্তান্তর করেছিলাম, কিন্তু সে ক্ষমতা আজকে কেন স্তিমিত হয়ে গিয়েছে, এমন [illegible] হয়েছে যে, স্যার, আপনি শুনলে অবাক হয়ে যাবেন, যখন বাংলাদেশের মুভমেন্টের সময় [illegible] বর্তী অঞ্চলগুলি থেকে যখন এক্সোডাস হয়েছিল, যার ফলে সেখানে গ্রাম পঞ্চায়েতের [illegible] নেই।

[3-20—3-30 p.m.]

একটা গ্রাম সভার মেম্বার নেই, একটা অঞ্চল পঞ্চায়েতের মেম্বার নেই, একটা গ্রামসভার [illegible] নেই। তা সত্ত্বেও পঞ্চায়েত ব্যবস্থার মূলে আমরা কোন সক্রিয় ব্যবস্থা গ্রহণ করছি না। [illegible] অচল অবস্থার মধ্যে দাঁড়িয়ে পঞ্চায়েত সবন্ধে আলোচনা হচ্ছে। আমাদের বিধানসভার [illegible] বার কয়েক বসান হয়েছে। আমরা পঞ্চায়েতকে পুনর্গঠন করে পঞ্চায়েত বিলকে [illegible] মানুষের সামনে আনব বলে সিদ্ধান্ত নিয়েছিলাম। কিন্তু দুঃখের বিষয়, কোথাকার অদৃশ্য কোন হাতছানির জন্য জানি না, সেই বিল আসে নি। মাননীয় মন্ত্রিমহাশয়কে আজকে পরিষ্কার করে বলতে হবে, কি কারণে। আমরা অন্য কোন কথা শুনতে চাই না, বিলম্ব করতে চাই না, এই বিধানসভার অধিবেশনেই আপনার পক্ষে পঞ্চায়েত বিল আনা অপরিহার্য হয়ে উঠেছে, পশ্চিম-বাংলার সাধারণ লোকের স্বার্থের জন্য। আমি জানতে চাই, কেন এই বিল এখনও আসছে না? কেন এ সম্বন্ধে বার বার বলা সত্ত্বেও বিল এখনও আসছে না? মাননীয় প্রফুল্লকান্তি ঘোষের নেতৃত্বে বিধানসভার সদস্যরা বার কয়েক বসেছিলাম, সেই বৈঠকে বোধ হয় মন্ত্রিমহাশয়ও উপস্থিত

ছিলেন, আমরা তখন সকলে অনুধাবন করেছিলাম যে, পঞ্চায়েত বিল আনা দরকার। কোথায় চলে গেল সেই বিল, কেন বিলম্বিত হচ্ছে, কোথায় অসুবিধা, সেটা জানতে চাচ্ছি পরিষ্কারভাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এটুকু বলতে চাই যে, পঞ্চায়েত ব্যবস্থা যেটুকু আছে, আজকে তাকিয়ে দেখুন, গ্রামের মানুষের জন্য গ্রাম পঞ্চায়েতের অধ্যক্ষ কি কোন উন্নয়নমূলক কাজের জন্য চারটি পয়সাও খরচ করতে পারে? আজকে জেলা পরিষদের আন্ডারে যে সমস্ত হেলথ সেন্টার ছিল, সেটার অস্তিত্ব বিলুপ্ত হয়ে গেছে, গ্রামের মানুষের চিকিৎসার জন্য যেখানে হেলথ সেন্টার পেঁছুতে পারেন নি, তখন বিকল্প ব্যবস্থা না হওয়া পর্যন্ত, কেন এই হেলথ সেন্টারগুলি বন্ধ করে দেওয়া হল? কেন পশ্চিমবঙ্গ সরকারের কাছে বিভাগীয় মন্ত্রিমহাশয় অনুদান গ্রহণ করতে পাচ্ছেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জানাতে চাই যে, বিগত কিছুদিন ধরে বিধানসভার সদস্য মাননীয় সুকুমারবাবু পঞ্চায়েতের ডিরেকটার সম্বন্ধে বলতে যেয়ে বিধানসভার সদস্য আমার কথা উল্লেখ করেছিলেন, সামান্য কটাক্ষ করার কথা সেদিন বেরিয়েছিল। আমরা দেখেছি তার ঔদ্ধত্য, টেলিফোনে চরম অবমাননার ইতিহাস পশ্চিমবঙ্গে দেখা দিল। আশা করেছিলাম মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন। কিন্তু দুঃখের সঙ্গে দেখছি যে, আজও কোন ব্যবস্থা গ্রহণ করা হল না। পঞ্চায়েতের ডিরেকটার মিশ্র সাহেব পঞ্চায়েতকে সর্বনাশের পথে নিয়ে যাচ্ছেন। তিনি বিশেষ কিছু করেন না, অফিসে বসে আড্ডা দেন, পঞ্চায়েতের সেক্রেটারীকে ট্রান্সফার এবং রাখা ছাড়া আর কোন কাজ নাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অঞ্চল পঞ্চায়েত সেক্রেটারীকে সরকার অ্যাপয়েন্টমেন্ট দিয়েছেন, কিন্তু আজ পর্যন্ত তাদের সরকারী কর্মচারী বলে ঘোষণা করা হল না। আজকে সেজন্য হাইকোর্টে যেতে হচ্ছে, এটা কার জন্য হয়েছে? আজকে কি তিনি বুঝতে পারছেন না কোথায় তিনি বসে আছেন? আমি তাঁকে বলে দিতে চাই, ডিরেকটার সাহেব, এটা আপনি জেনে রাখুন, পশ্চিমবঙ্গের বিধানসভায় আরও চার বছর আছি, পঞ্চায়েতের ব্যবস্থার জন্য, গ্রামের মানুষের দাবি আদায়ের জন্য, তারা যে সংগ্রাম করতে পাঠিয়েছে, সেই সংগ্রাম অব্যাহত থাকবে। পঞ্চায়েত আইন অবিলম্বে আইনসভায় আনা প্রয়োজন, এই বক্তব্য রেখে আমি শেষ করছি।

শ্রীমহম্মদ সফিউল্লা: মাননীয় স্পীকার মহাশয়, এই যে অভিযোগ এসেছিল, সে সম্বন্ধে আপনার কাছে একটা স্টেটমেন্ট দেবার কথা ছিল, অনেক দিন হয়ে গেছে, আমি তাই অনুরোধ করবো যে, মাননীয় মন্ত্রিমহাশয় এই ব্যাপারে একটা স্টেটমেন্ট রাখুন এবং মাননীয় বিধানসভার সদস্যকে অবমাননা করা হল, তার প্রতিশোধ নেওয়া হোক। আমি আপনাকে অনুরোধ করছি যে, হাউসের যে ফিলিং সেটা মাননীয় মন্ত্রিমহায়ের নিকট কনভে করা হোক।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: মাননীয় স্পীকার মহাশয়, এটা একটা গুরুত্বপূর্ণ প্রস্তাব, সেদিন যেভাবে বিধানসভার একজন সদস্যকে অপমান করেছিল, সেটা আমরা বিধানসভায় উল্লেখ করেছিলাম, আমাদের তখন খবর দেওয়া হয় যে, উপযুক্ত কর্মপন্থা গ্রহণ করা হবে। কিন্তু দুঃখের সংগে লক্ষ্য করছি যে, আমলার অন্যায় ব্যবহারের কোন প্রতিকার করা হয় নি। এটা অত্যন্ত দুঃখের সংগে, লজ্জার সংগে উল্লেখ করতে বাধ্য হচ্ছি যে, ব্যাপারটাকে গুরুত্ব সহকারে দেখার চেষ্টা করা হয় নি।

Mr. Speaker: Mr. Bandyopadhyay, please take your seat. I appreciate your feeling, but, I am sorry, sometimes the honourable Members simply stand up, not on a point of order, not on a point of privilege, not on a personal explanation, without the permission of the Chair and go on making statements.

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: আমি সেজন্য দুঃখ প্রকাশ করছি, কিন্তু আপনি নিশ্চয়ই বুঝতে পারছেন, গুরুত্ব দিয়ে এটাকে দেখা হচ্ছে না, তা না হলে নিশ্চয়ই প্রতিকার পেতাম।

Mr. Speaker: Mr. Bandyopadhyay, I appreciate your feeling. You have made clear your point. Please allow Mr. Subrata Mukherjee to speak now.

শ্রীসুব্রত মুখোপাধ্যায় (কাটোয়া)ঃ মাননীয় স্পীকার মহাশয়, আজকে বিধানসভায় আমাদের পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ব্যয়বরাদ্দের জন্য ৩ কোটি ৭০ লক্ষ ৭১ হাজার টাকা খরচ করবার অনুমতি তিনি চেয়েছেন। আমরা নিশ্চয়ই এই ব্যয়বরাদ্দ অনুমোদন করছি। কিন্তু অনুমোদন করতে গিয়ে আমাদের যেন কোথায় বাধা আছে। বাধাটা কোন্ জায়গায়? এই পঞ্চায়েতের যে মূল লক্ষ্য যে উদ্দেশ্য, সেই উদ্দেশ্য কিন্তু আমাদের আজ পর্যন্তও সফল হয় নি। দীর্ঘ এক যুগ হতে চললো, পঞ্চায়েত নির্বাচন স্থগিত আছে এবং আমরা দেখছি কি? এই পঞ্চায়েত ব্যবস্থার যিনি প্রবর্তক সেই মহাত্মা গান্ধী—তাঁর মূল লক্ষ্য ছিল ক্ষমতার বিকেন্দ্রীকরণ করতে হবে, গ্রামবাংলার মানুষের হাতে তাদের নিজেদের শাসন করার ক্ষমতা, তাদের নিজেদের গণতান্ত্রিক অধিকার তারা নিজেরা ভোগ করবে। মাননীয় স্পীকার মহাশয়, বর্তমানে পঞ্চায়েতের চিত্র গ্রামে গ্রামে, অঞ্চলে অঞ্চলে দেখছি, সেটা কি? সেটা হচ্ছে এই কতকগুলি আমাদের স্বার্থান্বেষী এবং কায়েমী স্বার্থের মানুষ তারা বিভিন্নভাবে চেয়ারগুলি দখল করে বসে আছে। ফলে আজকে মানুষের যে ইচ্ছা, তাদের যে লক্ষ্য, তা রূপায়ণ করা সম্ভব হচ্ছে না। জনসাধারণ প্রত্যক্ষভাবে পঞ্চায়েত নির্বাচনে অংশগ্রহণ করতে পারছে না। পঞ্চায়েত এমন হবে—চারটা স্তর আছে—গ্রাম সভা, তারপর অঞ্চল, আঞ্চলিক পরিষদ, সর্বশেষ হচ্ছে জেলা পরিষদ। আমরা নিশ্চয়ই স্বীকার করবো, জনসাধারণের যে ইচ্ছা, যে অভিলাষ, তারা যেভাবে প্রতিনিধি নির্বাচিত করতে চায়, তাদের সেই ইচ্ছা এই ব্যবস্থায় রূপায়িত হচ্ছে না। কিন্তু আমরা যদি দেখতে পাই জনসাধারণ সরাসরি নির্বাচনে অংশ নিচ্ছে, তাদের ইচ্ছানুযায়ী, তাদের বিবেকানুযায়ী তাদের প্রার্থীকে নির্বাচিত করবার সুযোগ পাচ্ছে, তা হলে বর্তমানের এই চারটি স্তরের অবসান ঘটিয়ে মোটামুটি তিনটা স্তরে যদি পঞ্চায়েতরাজকে রূপায়িত করা যায়, তা হলে কিছুটা তাদের ইচ্ছা রূপায়িত হবে। আমরা দেখেছি গ্রামসভা যেটা আছে, তাকে সরকারী ছিটেফোঁটা দেওয়া হয়, সরকারের সঙ্গে যোগাযোগ করে ও একটা টিউবওয়েল বসাবার টাকা পর্যন্ত থাকে না। কোথাও কোথাও দেখা যাচ্ছে কি? যদিও বা কোথাও কিছু টাকা পাওয়া যায়, পঞ্চায়েতে যারা কর্তা হয়ে বসে আছে, তারা সে টাকা ভেঙ্গে বসে থাকে। তার জন্য যদি ডাইরেকটার অব পঞ্চায়েত-এর সঙ্গে যোগাযোগ করা হয়, এই দুর্নীতির তদন্ত করুন, ঐ পঞ্চায়েত ভেঙ্গে দেবার ব্যবস্থা করুন এবং সেখানে বিকল্প কোন প্রশাসন বসান। তা হবে না, কঠিন হবে সেটা। নির্দিষ্ট অভিযোগে অভিযুক্ত করেও সেই পঞ্চায়েতগুলো ভাঙ্গবার কোন ব্যবস্থা আজ পর্যন্ত হয় নি। মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে এই ব্যাপারে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। যেভাবে পঞ্চায়েতগুলি আজও চালু রয়েছে, এই যে অচলাবস্থা তাদের এগিয়ে যাওয়া, পেছিয়ে যাওয়ার কোন পথ সেখানে দেখছি না। যেখানে সেটা আছে মো-সায়েবী করে সেটা তারা নিজেদের দলে রেখেছে। আমাদের অনেক দেরী হয়ে গেছে, আর দেরী না করে পশ্চিমবাংলার মানুষ যা চাচ্ছে অবিলম্বে এই বিধানসভায় নতুন পঞ্চায়েত নিয়ে আসুন। পঞ্চায়েতের সঠিক কাঠামো চালিয়ে দিয়ে অবিলম্বে এর নির্বাচন করুন। নতুবা আমার মনে হয়, মহাত্মা গান্ধীর যে নির্দেশিত লক্ষ্য, যে অভীপ্সা তাঁর যে ইচ্ছা, তা আমরা বানচাল করে দিচ্ছি। মুখে শুধু মহাত্মা গান্ধীর নাম উচ্চারণ করলেই চলবে না; তাঁর বাণী রূপায়ণ করবার যে দায়িত্ব, সেটা আমার মনে হয়, আমরা সেই দায়িত্ব পালন করছি না।

[3-30—3-40 p.m.]

Mr. Speaker: Honourable Members, I am taking the sense of the House. I will have to extend the time for 35 minutes because 4 Members are yet to take part in the debate and the Hon'ble Minister also has asked for 15 minutes' time to give reply. So, I think the House agrees to extend the time by 35 minutes. (Voices: yes.)

So, taking the sense of the House I extend the time by 35 minutes.

শ্রীনরেশচন্দ্র চাকীঃ স্যার, অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ। মাননীয় সদস্য একটু আগে বলছেন যে মাননীয় সদস্যকে পঞ্চায়েত ডিরেকটার অপমান করেছিলেন। আমরা এই হাউসের দ্বারে প্রতিকার দাবি করেছিলাম। এই ফ্লোরে মন্ত্রিমহাশয় প্রতিশ্রুতি দিয়েছিলেন, কিন্তু আজ

প্রতিকার হয় নি। আমলাতান্ত্রিক চক্রান্ত আজকে আমাদের পশ্চিমবাংলাকে গ্রাস করে রেখেছে, আমলাতন্ত্র যদি আমাদের অপমান করে এবং তার প্রতিকার যদি মন্ত্রিমহাশয়রা না করেন, আমরা মনে করি সমস্ত গণতন্ত্র প্রহসন হবে। এই বাজেট শেষ হবার আগে আমরা মন্ত্রিমহাশয়ের কাছ থেকে এই সম্পর্কে বিবৃতি চাই। অবিলম্বে যেন পঞ্চায়েত ডাইরেক্টারের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হয়। এখানে চেঁচামেচি হচ্ছে, কিন্তু কার্যকর ব্যবস্থা নেওয়া হচ্ছে না। ফলে ওইসব অফিসাররা অনেক সময় চোখের আড়ালে এমনকি চোখের সামনেও ভ্রূকুটি করে থাকেন এবং আমি মনে করি সে ভ্রূকুটি পশ্চিমবঙ্গ বিধানসভাকেও আঘাত করে। আমরা জানতে চাই অবিলম্বে এমন কোন শিক্ষামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে কিনা যাতে ভবিষ্যতে পশ্চিমবঙ্গের কোন আমলা কোন জনপ্রতিনিধির সঙ্গে এ রকম ব্যবহার না করতে পারেন।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বিধানসভার সদস্যদের রক্ষক তাঁদের মান, সম্ভ্রম ইত্যাদি রক্ষার দায়িত্ব আপনার উপর বর্তেছে। কয়েকদিন আগে আমাদের প্রিয় নেতা মুখ্যমন্ত্রী এই বিধানসভার ফ্লোরে দাঁড়িয়ে বলেছিলেন, তিনি বিভিন্ন বিভাগে নির্দেশ দিয়েছেন কোন জনপ্রতিনিধি যখন কোন কাজের জন্য যাবেন তাঁকে যেন যোগ্য সম্মান দেন সংশ্লিষ্ট দপ্তরের যে সমস্ত উচ্চপদস্থ কর্মচারী আছেন এবং অন্যান্য কর্মচারীরা। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভা শুরু হবার পর একটার পর একটা ঘটনা ঘটেছে সেখানে আমরা দেখেছি উচ্চপদস্থ আমলারা যারা পশ্চিমবঙ্গের জনজীবনে নিরাশার জন্য দায়ী, হতাশার জন্য দায়ী, তারা একের পর এক বিধানসভার সদস্যদের অপমান করেছেন। এটা কোন ব্যক্তিগত অপমান নয়, যে জনসাধারণ আমাদের নির্বাচিত করেছেন তাদের প্রতিই অপমান। সেই জনপ্রতিনিধিরা যখন সরকারী কর্মচারীদের কাছ থেকে অপমান ও লাঞ্ছনা পান সে কালি বিধানসভার বুকেও লাগে। এই বিধানসভার ফ্লোরে দাঁড়িয়ে প্রতিশ্রুতি ছিল যিনি মাননীয় সদস্য আবদুল বারি বিশ্বাসের প্রতি দুর্ব্যবহার করেছেন তার প্রতিকার করা হবে। কিন্তু দুঃখের ব্যাপার, মাননীয় সদস্যকে অপমান করার পর দীর্ঘদিন চলে যাওয়ার পর সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের কাছ থেকে কোন কথা না শুনে আমরা বেদনাহত, বিক্ষুব্ধ এবং অসন্তুষ্ট। এই বিষয়ে প্রতিকার করার জন্য অনুরোধ জানাচ্ছি।

Mr. Speaker: If a question of privilege is to be raised then please go through chapter XX of our Rules of Procedure wherein it is clearly stated in rule 226 that "A member wishing to raise a question of privilege shall give notice in writing to the Secretary before the commencement of the sitting on the day on which the question is proposed to be raised. If the question proposed to be raised is based on a document the notice shall be accompanied by the document."

May I draw the attention of the honourable Members that the question of privilege as I have understood from you, is against a particular Minister who gave an assurance, is it so ?

(Voice : Yes, Sir,)

If your presumption is correct that a Minister gave an assurance on the floor of the House and it has been flouted intentionally then give a notice to me under rule 226 giving the document, i.e., the speech of the particular Minister, what was the assurance, what were the contents of the assurance, was there any time limit that between such and such dates the assurance has to be fulfilled—all these important questions are to be given for raising this question of privilege. A question of privilege cannot be raised at once. It is an old matter and it was discussed on the floor of the House. If you are interested in raising a question of privilege give proper notice under rule 226 accompanied by those documents. After examination of the notice, after examination of the assurance on the floor of the House given by the Minister, if I find that there is a prima facie case against a particular Minister and that there is a contempt of the House then I can allow you to raise the question of privilege. It is useless to raise a question of

privilege witho ut following the rules. Please try to follow the rules and maintain the minimumdecency and decorum. I find that you suddenly stand up and raise question of privilege. But it is not the rule.

শ্রীগঙ্গাধর প্রামাণিক:...মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যা বললেন, আমরা আপনার নির্দেশ অ্যাকর্ডিং টু দি রুলস মানতে বাধ্য এবং মানবো। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি, প্রসিডিংস অব দি হাউস যেটা কারেন্ট প্রসিডিংস তা সময় মত পাচ্ছি না। এ নিয়ে অনেক সময় হাইসের অ্যাটেনসন ড্র করা হয়েছে। চার বছরের প্রসিডিংস এখনও পড়ে আছে। এ নিয়ে চীফ মিনিস্টারকে আগেও বলা হয়েছে যাতে একটা অ্যাসিওরেন্স পাওয়া যায় যে, এখানে একটা প্রেস করে প্রসিডিংসগুলি ছাপার ব্যবস্থা করা হয়। এখানে যে ঘটনা ঘটে তার ডকুমেন্ট নিয়ে আপনার কাছে প্রিভিলেজ বা অন্য কোন জিনিস মেনসন বা রেজ করা সম্ভব হয় না। আমি অনুরোধ করছি যাতে ঐ কাগজপত্র সাপ্লাই হয় আমাদের কাছে তার ব্যবস্থা করবেন।

Mr. Speaker: Honourable Members, if you are really interested to raise the question of privilege, I think you approach my office for the particular speech or assurance of the particular Minister and office will supply the copy to you—it is being always done. Unfortunately, the press will not be created by my order. I know that the Minister for Parliamentary Affairs is trying his level best to set up a new press for printing the proceedings. He is genuinely trying for that. In the meantime, if you are interested in raising a question of privilege then please approach my office for your documents and that will be supplied by my office.

Shri Gangadhar Pramanick: Sir, again I draw your attention
আপনি বললেন অফিসে চাইলে পাওয়া যাবে—স্যার, আপনি মনে করুন
Is it possible for any honourable Member to keep in his memory the particular date when the Minister gave any assurance?

[3-40—4-05 p.m. including adjournment.]

Mr. Speaker: When the question of privilege and the contempt of the entire House is involved, I think, the honourable Members should keep that particular information in mind because, your know, previously also the proceedings of the House could not be printed within two or three months, not even within two years. The correct printing of the proceedings of a particular Session takes much longer time, but the question of privilege cannot wait for such a long time. So, where there is a question of privilege motion, it should be raised as early as possible. No further discussion is allowed on this point.

শ্রীগঙ্গাধর প্রামাণিক: স্যার এই জিনিস যখন কারেকট হচ্ছে না

I will request the Hon'ble Chair.

যে রুলস্ আছে, সেই রুলস্-এর খানিকটা রিলাক্সেশান ক'রে দেন, তা হলে দ্যাট উইল হেল্প আস মাচ।

Mr. Speaker: That is not possible for the Chair. It depends upon the wishes of the entire House and the Rules Committee. I am the servant of the rules that have been defined in the Rules of Procedure and the Conduct of Business in the West Bengal Legislative Assembly. If your suggestions are fit and justified that some rules should be amended or omitted, then the honourable Members have got every right to place it before the House for acceptance. No more discussion is allowed on this point because much valuable time has been spent on it.

(At this stage the House was adjourned for 20 minutes.)

(After Adjournment.)

[4-05—4-15 p.m.]

শ্রীমহম্মদ সফিউল্লা : অন এ পয়েন্ট অব প্রিভিলেজ স্যার, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরী বিষয়ের প্রতি সভার দৃষ্টি আকর্ষণ করছি। আমার দেহরক্ষী সিকিউরিটি গার্ড তাকে অপমান করেছে, আপনার স্টাফ তার সঙ্গে খুব অপমানজনক কথা লেছে। আমার দেহরক্ষী গ্যালারীতে যেতে চাইছিলেন তার সঙ্গে খুব খারাপ ব্যবহার করেছে। মামি আপনাকে বলছি স্যার, আপনি এখুনি এর প্রতিকার করুন এবং আমি এই বিষয়টি নিয়ে মাপনার কাছে গিয়েছিলাম। কিন্তু আপনি প্রসেসন করে আসবেন বলে আমি তাড়াতাড়ি চলে াসেছি। আমি অনুরোধ করবো আমাদের মান, সম্মান যদি না থাকে, তা হলে আমাদের বিধান-ভার সদস্য হয়ে কোন দরকার নেই। আমি দেখেছি আমাদের সদস্যরা অপমানিত হচ্ছে, আমরাও মপমানিত হচ্ছি, আমার সিকিউরিটি গার্ড অপমানিত হচ্ছে। আপনার অফিসের স্টাফ যদি এই-ভাবে অপমান করতে থাকে, তা হলে বিধানসভার সদস্য থাকার কোন মানে নেই। আপনি দয়া করে এর একটা প্রতিকার করুন এবং এটা যদি করেন, তা হলে আমি বাধিত হব। স্যার, তাকে ধাক্কা দিয়েছে, এতে আমি অপমানিত বোধ করছি।

Mr. Speaker : . . I request you to come to my chamber. Certainly I will look into the matter.

শ্রীমহম্মদ সফিউল্লা : এর আগেও হয়েছে, আবার হ'ল, এর কোন প্রতিকার হচ্ছে না। আমি তাই দাবি করছি, আপনি এখুনি এর একটা ব্যবস্থা করুন।

Mr. Speaker: I can give you cent per cent. assurance that the respect of he individual Member would be maintained by the employees of the Assembly louse. If any Member feels insulted by the conduct of any employee, strongest ction will be taken against him.

Shri Md. Shafiulla : I shall be much obliged, Sir.

শ্রীরজনী দাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় পঞ্চায়েত খাতে যে বায়বরাদ্দের াবি পেশ করেছেন সেই দাবিকে সমর্থন করছি এবং সমর্থন করে কয়েকটি কথা আপনার মাধ্যমে াননীয় মন্ত্রিমহাশয়ের কাছে রাখছি। শুধু আইন করলে সব কিছু হয়ে যাবে এটা ঠিক নয়, াইনের প্রয়োজন আছে, আইন করতে হবে। মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর বক্তব্যের মধ্যে এই কথা লেছেন যে, শীঘ্রই বিধানসভার অধিবেশনে একটা বিল আনবেন। তাই আমি আপনার মাধ্যমে রকারের নিকট কয়েকটি সুপারিশ রাখছি। বর্তমান আইনে এই পঞ্চায়েতের গঠনতন্ত্রে কতক-ুলি ত্রুটি আছে। বর্তমানে পঞ্চায়েতের যে আইন আছে সেই আইন অনুসারে নির্বাচন করলে ই পঞ্চায়েতের পক্ষে গণতন্ত্র কায়েম হবে, শক্তিশালী হবে, এটা আমি মনে করি না। মাননীয় ন্ত্রিমহাশয় একটা বিল আনছেন। আমি আশা করছি এর গঠনতন্ত্রে একটি প্রধান সমস্যা রয়ে গেছে, টা হচ্ছে পঞ্চায়েত এবং সমষ্টি-উন্নয়ন—এই দুটো এক সঙ্গে হবে কি পৃথকভাবে হবে এটা বিল রার সময় মন্ত্রিমহাশয় একটু ভেবে দেখবেন এবং এ সম্বন্ধে পঞ্চায়েতের নীতি নির্ধারণ রবেন। ব্লক-উন্নয়ন সংস্থার কর্মচারীরা যারা এটা কার্যকর করবে এই আইনে যেটা আছে, র্তমানে এর একটা বিরাট ত্রুটি থাকার জন্য পঞ্চায়েত আইন পশ্চিমবাংলায় সম্পূর্ণ ব্যর্থ হয়ে ছে। আর একটি জিনিস পঞ্চায়েত আইনে ঠিক নেই, সেটা হচ্ছে চৌকিদার—এই চৌকিদার ঞ্চল বা গ্রামসভায় কজন থাকবে এর কোন নির্দেশ কিছু ঠিক নেই। এর কোন সংখ্যা নেই। মরা দেখেছি অনেকগুলি অঞ্চলের মধ্যে কোথাও ২০ জন চৌকিদার আছে, কোথাও বা ৩ জন ছে। তা ছাড়া এমন চৌকিদারও আছেন যে চলতে পারে না। যদিও সরকারী কর্মচারীদের াইনে আছে ৬০-৬২ বছরের পরে আর থাকবে না, কিন্তু আজও সেই চৌকিদারদের নাম আছে এবং তারা কাজ করে যা বেতন পাচ্ছে তাই নিচ্ছে। তাদের বেতনের কোন ঠিক নেই। কাজেই সরকারকে আমি বলব, এই সম্পর্কে যখন বিল আনবেন তাতে এদিকে দৃষ্টি দেবেন। তারপর স্যার, পঞ্চায়েতের সচিবরা এরা না সরকারী না বেসরকারী—এরা কার অধীনে কাজ করছে তার ঠিক নেই। তা ছাড়া এদের বেতন-ক্রমেরও ঠিক নেই। আমি স্যার, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে, বিল আনার সময় এই জিনিস দুটো যেন চিন্তা করেন। তারপর স্যার,

আর একটি বিষয়ে আমি বলতে চাই সেটা হচ্ছে মাননীয় পঞ্চায়েত দপ্তরের মন্ত্রিমহাশয় মাননীয় আর এক সদস্যের প্রশ্নের উত্তরে যে হিসাব দিয়েছেন তাতে দেখা যাচ্ছে, প্রতিটি জেলায় পঞ্চায়েত যে কর ধার্য করেছে তার লক্ষ লক্ষ টাকা অনাদায়ী পড়ে আছে। এই আদায় করার দায়িত্ব কার-- সে সম্পর্কে আমি বলতে চাই যে, পঞ্চায়েতের হাতে যেন না থাকে। কারণ ৩-৪ বছর পরে তাদের ভোটের জন্য জনসাধারণের কাছে যেতে হয় বলে লক্ষ লক্ষ টাকা কর বাকি থাকে, এই আইন কার্যকর হয় না। মন্ত্রিমহাশয় বিল আনার সময় এদিকটারও সংশোধন করবেন, এই অনুরোধ জানাচ্ছি।

শ্রীজ্যোতির্ময় মজুমদার: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েত গ্রান্টের উপর বক্তব্য রাখতে গিয়ে বলছি এই গ্রান্টকে আমি শর্তসাপেক্ষে সমর্থন জানাচ্ছি। প্রথম শর্ত ভাবাবেগে বক্তৃতা না করে মাননীয় মন্ত্রিমহাশয়কে সরাসরি বলছি যে, এই পঞ্চায়েত বিভাগে যেসমস্ত সচিব, চৌকিদার, দফাদার কাজ করেন অর্থাৎ তৃতীয় এবং চতুর্থ শ্রেণীর কর্মচারী, যারা আজকে সরকারী কর্মচারী হিসাবে গণ্য হন নি, তাদের সম্বন্ধে তিনি আমাদের সামনে ঘোষণা করুন যে, এদের তিনি সরকারী কর্মচারী হিসাবে গণ্য করবেন। গ্রামাঞ্চলের এই সমস্ত মানুষ যাদের সম্বন্ধে গতবার বলেছিলাম যে, এরা একদিকে পুলিসের বুটের লাথি খায়, অন্য দিকে ডাকাত ধরার জন্য নিজেদের জীবনের ঝুঁকি নেয়, কিন্তু আজও এরা মানুষ হিসাবে পরিগণিত হয় নি, সরকারের কাছ থেকে মানুষের স্বীকৃতিটুকুও পর্যন্ত পায় নি। মাত্র ৫২ টাকায় একটা মানুষের একটা মাসের কি করে চলতে পারে, আজকে আমাদের সুসভ্য সমাজকে তা বিচার করতে হবে। আর স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি যে, তিনি এই বিধানসভায় ঘোষণা করুন যে, এই সমস্ত সচিব, চৌকিদার, দফাদারদের তিনি সরকারী কর্মচারী হিসাবে গণ্য করবেন। দ্বিতীয় শর্ত— মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয় স্বীকার করবেন যে, সমস্ত পশ্চিমবাংলার অর্থনীতি দাঁড়িয়ে আছে গ্রামাঞ্চলের উপর। এই গ্রামাঞ্চলের অর্থনৈতিক মুক্তির জন্য প্রধানমন্ত্রী থেকে শুরু করে রাজ্যসরকার পর্যন্ত বিভিন্ন বক্তব্য রেখেছেন, প্রতিশ্রুতি দিয়েছেন। গ্রামাঞ্চলের অর্থ-নৈতিক মুক্তি ত্বরান্বিত করতে গেলে স্বয়ংশাসিত প্রশাসনিক কাঠামোকে সজীব করে তোলা দরকার। কিন্তু তার পরিবর্তে তিনি এখানে বক্তব্য রেখেছেন যে, যদি পরিকল্পনা অনুযায়ী কাজে অগ্রসর হওয়া সম্ভব হয়, তা হলে বর্তমান অধিবেশনে বিলটি উপস্থিত করতে পারা যাবে বলে আশা করি। স্যার, এই আশা করি—এই ভেগ টার্ম আমি সমর্থন করতে পারছি না। তিনি পরিষ্কারভাবে তাঁর জবাবী ভাষণের সময় আমাদের কাছে অন্তত এই আশ্বাস দিন যে, তিনি এই অধিবেশনেই এই বিল উত্থাপন করবেন যদি না করেন তাহলে আমার পরিষ্কার বক্তব্য, এই টাকা অনুদান দেওয়ার কোন যুক্তি নেই। কারণ যেখানে বিল আসবে না, যেখানে ১২ বছরের মত প্রশাসনিক কাঠামো চালু রয়েছে—যার অনেকে মারা গিয়েছেন, অনেকে মিসায় আটক হয়ে আছেন এইসব কর্মী দিয়ে যদি আগামী দিনে প্রশাসনিক কাঠামো চলতে থাকে, তা হলে তার ভিত্তিতে তাকে টাকা মঞ্জুর করার প্রয়োজনীয়তা আছে বলে আমি মনে করি না।

আজকে পরিষ্কারভাবে মাননীয় মন্ত্রিমহাশয়কে আপনার মাধ্যমে অনুরোধ করছি, আপনি ঘোষণা করুন, এই অধিবেশনেই এই বিল উত্থাপন করবেন। আমার শেষ বক্তব্য হচ্ছে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখেছেন যে, কিছুক্ষণ আগে আমাদের বিধানসভার মাননীয় সদস্য পয়েন্ট অব প্রিভিলেজ তুলে তাঁর বক্তব্য রেখেছেন এবং এই ব্যাপারে তিনি উত্তেজিত হয়েছেন। পঞ্চায়েতের ডিরেক্টর এখানে উপস্থিত আছেন। আমরা এই বিলকে সমর্থন করি এবং ভোটে পাশ করবো, কিন্তু মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি, আপনি ঐ ডিরেক্টরকে বহিষ্কার করুন, আমরা সমর্থন করবো। ঐ ডিরেক্টর ঐ পর্যায়ে ঐ পদে অবস্থান থাকাকালীন এই বিলকে আমরা সমর্থন করতে পারছি না।

Mr. Speaker: Mr. Mojumdar, being agitated, you sometimes forget that this is a Grant and not a Bill. I now call up Shri Ajit Basu (No. 2).

শ্রীঅজিতকুমার বসু (২নং): মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় পঞ্চায়েত মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দ উত্থাপন করেছেন তাকে সমর্থন করে দু-একটা কথা বলতে চাই আপনার মাধ্যমে। ১৯৬৪ সালের পর পশ্চিমবাংলায় আর পঞ্চায়েত নির্বাচিত হয় নি। পঞ্চায়েতরাজ যে উদ্দেশ্য

নিয়ে পশ্চিমবাংলায় গঠিত হয়েছিল তার কোন উপকারিতা গ্রামবাংলার মানুষ পায় নি। আজকে সরকার থেকে যে টাকা অনুদান হিসাবে গ্রামবাংলার অঞ্চলগুলিকে দেওয়া হয় সেটা না দিয়ে বরঞ্চ আমি আপনার মাধ্যমে একটা প্রস্তাব রাখছি, যে সমস্ত পরিকল্পনা গ্রাম-পঞ্চায়েতের মাধ্যমে হয়, অঞ্চলের মাধ্যমে হয়, জেলা পরিষদের মাধ্যমে পরিকল্পনা হওয়া উচিত ছিল। তাতে আমাদের সম্পূর্ণ চিত্রটা বোঝা যেত যে, কোথায় কি প্রয়োজন। তা না হয়ে আজকে দেখলাম ১ হাজার ৩ শত টাকা প্রতিটি অঞ্চলকে যদি ভাগ করি, গ্রামসভাকে ভাগ করতে হলে ২ শত, দেড় শত টাকা করেও পায় না, এবং যা পায় তাতে সেখানে কুঁয়ো খোড়া বা রাস্তা করা কোন কাজ হতে পারে না। গ্রামসভার খাতাপত্র, কালি কেনা ছাড়া আর কোন কাজে লাগবে না। তাই আপনার মাধ্যমে পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করছি, এই যে ব্যয়বরাদ্দ রেখেছেন ১ হাজার ৩ শত টাকা প্রতিটি অঞ্চলকে দেবার জন্য, এই সামান্য টাকা কোন অঞ্চল পঞ্চায়েতে খরচ করার দরকার নেই। কারণ এতে সামান্য একটা রাস্তার কাজও হতে পারে না। অনেকে চৌকিদার এবং অঞ্চল সচিবের কথা বলেছেন। অধিকাংশ চৌকিদার দেখলাম বৃদ্ধ হয়ে গেছে। তাদের বয়স সীমা পেরিয়ে গেছে। তারা প্রায় সরকারী কর্মচারীদের আজ্ঞাবহ ভৃত্য মাত্র। কাজেই সেখানে সুস্থ, সবল হোমগার্ড রেখে তাদের মাধ্যমে গ্রামের আইন-শৃঙ্খলা রক্ষার জন্য মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি। অঞ্চল সচিব ও আধা-সরকারী এই ধরনের অনেক আবেদন-নিবেদন পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয়ের কাছে রাখা হয়েছে, কিন্তু তার সুনির্দিষ্ট কোন কিছু প্রতিকার হয় নি। তার ফলে আজকে গ্রামের যে চিত্র ফুটে উঠেছে তাতে দেখা যাচ্ছে যে, আজকে অঞ্চল প্রধানকে অঞ্চল সচিব মানে না, আবার অঞ্চল সচিবকে অঞ্চল প্রধান মানছে না।

[4-15—4-25 p.m.]

শ্রীগণেশ হাটুই: মাননীয় অধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দ দাবি এখানে উত্থাপন করেছেন, তাকে সমর্থন করে আমি দু-একটা কথা বলতে চাই। পঞ্চায়েতের মূল যে উদ্দেশ্য গ্রামবাংলার উন্নয়নমূলক কাজ করা, সেটা যে আজ সাধিত হচ্ছে না, সেটা উনি স্বীকার করছেন। তাই গ্রামবাংলার উন্নয়নের জন্য এই পঞ্চায়েতের নূতন নির্বাচন হওয়া দরকার এবং সেই নূতন নির্বাচনের জন্য যেটা বিল আনবেন বলে বললেন তার জন্য আমরা আনন্দিত। কারণ গ্রামে যখন যাই তখন সেখানে দেখি যে, পঞ্চায়েতী ব্যবস্থা সেখানে ডেডলক সৃষ্টি করেছে। এই ডেডলক থেকে মুক্তি পাবার জন্য একমাত্র উপায় হচ্ছে নূতন করে নির্বাচন করা এবং সেই নির্বাচন যত তাড়াতাড়ি হয় এবং গ্রামবাংলার সাধারণ মানুষের আশা-আকাঙ্ক্ষা যাতে আবার পূরণ হয় তার জন্য মন্ত্রিমহাশয় এই বর্তমান অধিবেশনে যে বিল আনবেন তার জন্য আমি আশা রাখি। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসন্তোষকুমার রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যরা আজকে পঞ্চায়েত ব্যয়-বরাদ্দকে উপলক্ষ করে যে প্রসঙ্গের অবতারণা করেছেন, তার অনেকগুলোর সঙ্গে আমি একমত। এই কথা ঠিক যে, পঞ্চায়েতীরাজ যে উদ্দেশ্য নিয়ে আজকে ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে চালু করবার ব্যবস্থা হয়েছিল, সেই ব্যবস্থা পশ্চিমবাংলায় প্রকৃতপক্ষে ব্যর্থ হয়ে গেছে। আপনারা জানেন যে, পশ্চিমবাংলার মাননীয় শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয়ের নেতৃত্বে যে মন্ত্রিসভা ছিল, তাঁদের অনেক ব্যর্থতার কারণে যখন পশ্চিমবাংলায় বিরোধী দল ক্ষমতায় এসেছিলেন, তার পরবর্তী কালের অবস্থা, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি খুব ভাল ভাবে অবগত আছেন। পাঁচ বছর ধরে পশ্চিমবাংলায় কোন কাজই চলে নি, পশ্চিমবাংলার উন্নতির চাকা প্রায় বন্ধ হয়ে গিয়েছিল। সুতরাং পঞ্চায়েতীরাজের ব্যবস্থার মধ্যে যে ত্রুটি, যে ব্যর্থতা রয়েছে, তাকে সংশোধন করে নূতন ব্যবস্থায় পৌঁছানো যায় নি, নূতন অবস্থার সৃষ্টি করা যায় নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমার বক্তব্যের মধ্যে বলেছি যে, আমরা পঞ্চায়েতী ব্যবস্থার জন্য একটা নূতন বিল এই বিধানসভার সামনে উপস্থিত করবো, আমার বক্তব্যের মধ্যে সেটা রয়েছে। কারণ তাঁরা বারে বারে এই সম্পর্কে প্রশ্ন করেছেন এবং আমি বলেছি যে, পরিকল্পনা অনুযায়ী, প্রোগ্রাম অনুযায়ী এই বিধানসভায় এই বিল আপনার বিবেচনার জন্য উপস্থিত হবার কথা। আজকে মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর বেশী কিছু বলা এর বেশী কিছু প্রতিশ্রুতি রাখা আমার পক্ষে সম্ভব নয় বলে

বেশী কিছু বলতে পারছি না। পঞ্চায়েতী ব্যবস্থা সম্বন্ধে বলতে গিয়ে যে সমস্ত ত্রুটির কথা ন বলা হয়েছে, আমাদের এই বিষয়ে কোন দ্বিমত নেই যে, পঞ্চায়েতের যে উদ্দেশ্য নিয়ে, যে ার বিকেন্দ্রীকরণ করবার ব্যবস্থা নিয়ে পঞ্চায়েত ব্যবস্থার সৃষ্টি হয়েছিল, যে প্রতিনিধিরা গঠনের কাজে প্রত্যক্ষভাবে সহায়তা করবেন, প্রত্যক্ষভাবে দায়িত্ব নেবেন, খালি কলকাতা, র মুষ্টিমেয় নেতারা দেশের কথা চিন্তা করবেন না, দেশ গঠনের কাজ করবেন না, দেশের াধারণ এই পঞ্চায়েতীরাজের মাধ্যমে দেশ গঠনে প্রত্যক্ষভাবে সহায়তা করবেন, এই উদ্দেশ্য পঞ্চায়েতীরাজের কথা চিন্তা করা হয়েছিল। কিন্তু প্রকৃতপক্ষে যে পঞ্চায়েতীরাজ সৃষ্টি ছল পশ্চিমবাংলায় তা ইউনিয়ন বোর্ডের উন্নত সংস্করণ ছাড়া আর কিছুই নয়। আমরা পঞ্চায়েত বিল সদস্যদের অবগতির জন্য আনবো, যা আমরা বিশেষভাবে বিবেচনা করে ছ যে, প্রত্যক্ষ নির্বাচনের মাধ্যমে যাতে উপযুক্ত প্রতিনিধি—দেশের যেরকম মানুষ আছে, যে র মানুষ পল্লীগ্রামে বাস করে, সেই শ্রেণীর মানুষ যাতে পঞ্চায়েতের আওতায় এসে দেশ গঠনের যাতে প্রত্যক্ষভাবে দায়িত্ব নিতে পারেন, দেশের মানুষ যাতে বুঝতে পারে যে, এই পঞ্চায়েতী থার সঙ্গে সঙ্গে তাদের উপর একটা বিশেষ দায়িত্ব এসে পড়েছে, যে দায়িত্বে উদ্বুদ্ধ হয়ে দেশের কাজ করতে পারবে। সেই পঞ্চায়েতী ব্যবস্থা আমরা বিলের মধ্যে রাখবো। পঞ্চায়েত চনে যে ত্রুটি ছিল, একটা পরিবার, যে পরিবারের লোকসংখ্যা বেশী সেই পরিবার থেকে নধি নির্বাচন করে দেওয়া যেত। সেই ব্যবস্থার পুনর্বিন্যাস করছি যাতে এমন ভাবে করা হয় কটা, দুটো কিংবা পাঁচটা পরিবার এই পঞ্চায়েতী ব্যবস্থাকে কন্ট্রোল করতে পারবে না। এটা ঞ্চায়েত হবে। সেই অঞ্চলের জনসাধারণ প্রকৃত নেতৃস্থানীয় সংস্থার মাধ্যমে সেই অঞ্চলের ষর আশা-আকাঙ্ক্ষা রূপ পাবে। সেখানকার মানুষের যা প্রয়োজন সেই পঞ্চায়েতের মাধ্যমে টবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের শীশ মহম্মদ সাহেব এখানে দফাদার, চৌকিদার-সম্বন্ধে কয়েকটি কথা বলেছেন। আমি আগেও বলেছি এবং আবার এখন বলছি যে, ধী সদস্য হিসাবে ওদের কিছু বলবার নেই, ওদের কিছুই জানবার প্রয়োজন নেই। যে বিষয়েই ওরা বিরোধিতা করেন এবং এই চৌকিদার, দফাদারদের সম্বন্ধে বিরোধিতা করতে লেই উনি বিরোধিতা করেছেন। উনি বলেছেন ৯-১০ টাকার বেশি চৌকিদাররা পায় না। কোথা থেকে এসব তথ্য সংগ্রহ করলেন জানি না, কিন্তু সরকারী দপ্তরের অনুদান হচ্ছে ৩২ টাকা, দফাদার প্রতি, আর সাড়ে ২৭ টাকা চৌকিদার প্রতি। এই টাকাটা সরকার থেকে হয় অনুদান হিসাবে। অথচ মাননীয় সদস্যরা বললেন যে, সরকারের যে অনুদান দেওয়া র পরিমাণ নাকি ৯ টাকা ১০ টাকা। এই খবর কোথায় থেকে পাচ্ছেন আপনারা তা আমি না। উনি যদি জানান, তা হলে নিশ্চয়ই আমরা তদন্ত করে দেখব এবং সেই মত ব্যবস্থা করব। যদি দেখা যায় যে কেউ সরকারের অনুদানের টাকা ডিফালকেট করেছে, তা হলে বরুদ্ধে আমাদের ব্যবস্থা গ্রহণ করতে হবে। মাননীয় সি পি আই সদস্য অজিতবাবু যে বলেছেন, সে সম্বন্ধে আমি আগেই বলেছি আমরা পঞ্চায়েত বিলে প্রত্যক্ষ নির্বাচনের করছি। অবাধ পঞ্চায়েতের কথা চিন্তা করছি। আপনি জানেন বিধানসভায় মাননীয় দর নিয়ে এই সম্বন্ধে আলোচনা হয়েছে, তাদের মতামত গ্রহণ করা হয়েছে এবং সেই বিষয়ে বিল তৈরি করার ব্যবস্থা হচ্ছে এবং সেটা সদস্যদের অনুমোদনের জন্য সভায় পেশ করা

অজিতকুমার বসু: এটার সম্বন্ধে কি আলোচনা হয়েছে?

সন্তোষকুমার রায়: আপনাদের দলের শ্রীবিশ্বনাথ মুখার্জী মহাশয়, শ্রীকানাই ভৌমিক এবং আরো অন্যান্য সদস্যরা পঞ্চায়েতমন্ত্রী শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ মহাশয়ের সঙ্গে বিলের কিরকম হবে না হবে, সে বিষয়ে আলোচনা করেছেন। তাই আপনাকে অনুরোধ করছি পনি আপনাদের দলের নেতাদের কাছ থেকে এই বিষয়টা শুনে নেবেন। মাননীয় সদস্য াত মহান্তি মহাশয় এখানে যে কথার অবতারণা করেছেন, সে সম্বন্ধে আমি বলেছি। য় অধ্যক্ষ মহাশয়, প্রত্যোৎবাবু জানেন যে, প্রফুল্লদা আমাদের একদিন নেতা ছিলেন এবং রকারই প্রথম পঞ্চায়েতের কি কাঠামো হবে পশ্চিমবাংলায় তা ঠিক করেছিলেন। এই ঠক যে, তার মধ্যে ভুল ছিল, ত্রুটি ছিল, সেই জন্য পঞ্চায়েত ব্যবস্থা বানচাল হয়ে গিয়েছে।

অত্যন্ত দুঃখের বিষয় যে, তাঁরা ক্ষমতায় থাকাকালীন পঞ্চায়েতের নির্বাচন করা উচিত ছিল, কিন্তু সেটা তারা করতে পারেন নি, তারা ব্যর্থ হয়েছিলেন। তারপর পরবর্তিকালে যুক্তফ্রন্ট ক্ষমতায় আসেন, তারা সমস্ত পঞ্চায়েত ব্যবস্থাটাকে ভেঙে ফেলেন, এটাকে আরো পঙ্গু করে ফেলেছেন যার ফলে এই অবস্থা হয়েছে। উনি বললেন যে, পঞ্চায়েতের টাকা অনুমোদন করা যায় না। কারণ তাঁর বক্তব্য হচ্ছে, জেলা পরিষদকে যে বন্যার জন্য, রাস্তাঘাট মেরামতের জন্য টাকা দেওয়া হচ্ছে সেই টাকা সরকারের কাছে ফিরে যাচ্ছে। মাননীয় প্রদ্যোতবাবু একটা জেলা পরিষদ পরিচালনা করেন, আগে ভাইস-চেয়ারম্যান ছিলেন উনি জানেন সরকারের যে অনুদান বা সাহায্য দেওয়া হয় সেটা জনস্বার্থের খাতিরে। সেই দল আজকে বেশী সমালোচনা করছেন, যারা নিজেদের জেলা পরিষদ ঠিকভাবে পরিচালনা করতে পারেন না। তারা দু বছর ধরে যে টাকা পেয়েছেন সেটা হচ্ছে ৬ লক্ষ টাকা, কিন্তু সেটা তারা ব্যয় করতে পারেন নি। এক বছরে যে টাকা ব্যয় করা উচিৎ ছিল, সেটা তারা এতদিন ধরেও করতে পারেন নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, জেলা পরিষদগুলির আজকে এই অবস্থা, তাদের যে টাকা দেওয়া হচ্ছে, সেটা তারা এখন পর্যন্ত ব্যয় করে উঠতে পারছেন না। সুতরাং শ্রীপ্রদ্যোত মহান্তি মহাশয় নিশ্চয়ই এই বিষয়ে ভালভাবে উপলব্ধি করেছেন। তিনি শুধু বিরোধিতা করতে হবে বলেই এখানে বক্তব্য রেখেছেন। আর একটা কথা বলেছেন যে, পঞ্চায়েত ডাইরেকটরেটের জন্য যে টাকা ধরা হয়েছে, সেটা সমস্ত বাজেটের মাত্র ১/১০ ভাগ টাকা, এর বেশী আমরা খরচ করি নি। বাকি টাকাটা আমাদের জেলা পরিষদ, অঞ্চল পঞ্চায়েত, অঞ্চল পরিষদ প্রভৃতির দ্বারা আমাদের ব্যয় করতে হচ্ছে। উনি এই বক্তব্য যখন পেশ করলেন তখন আমি আর একটা কথা নিবেদন করব যে, মাননীয় সদস্য উত্তেজিত হয়ে যে বক্তব্য আজকে সভার কাছে রাখলেন সেই সম্বন্ধে আমি আজকে একটা কথা আপনার মাধ্যমে সভার কাছে রাখতে চাই যে, বর্তমান সরকার পশ্চিমবাংলার বিধানসভার সদস্যদের সম্মান এবং মর্যাদা বিন্দুমাত্র ক্ষুণ্ণ হয় এই রকম কোন কাজ করবেন না এবং সমস্ত বিষয়টা সরকার বিবেচনা করছেন এবং এ সম্বন্ধে যথোপযুক্ত ব্যবস্থা হবে। সেজন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের একথা বলতে চাই যে, মুখ্যমন্ত্রী মহাশয় সদস্যদের আশ্বাস দিয়েছেন যে, সদস্যদের মর্যাদা কোনক্রমে ক্ষুণ্ণ হবে না। তিনি সরকারী অফিসে নির্দেশ দিয়েছেন যখনই কোন বিধানসভার সদস্য কোন অফিসারের সংগে যোগাযোগ করবেন, তখন তিনি যেন তাঁকে যথাযোগ্য সম্মান এবং মর্যাদা দিয়ে তাঁর সংগে কথা বলেন। যে ঘটনার কথা বলেছেন সে সম্বন্ধে বিচার-বিবেচনা করে দেখছি এবং এখানে যে কাট মোশান আছে সেই কাট মোশানকে বাতিল করে এই অনুদানকে আজকে সর্বসম্মতিক্রমে গ্রহণ করবার জন্য আমি আপনার মাধ্যমে সদস্যদের অনুরোধ জানাচ্ছি।

[4-25—4-35 p.m.]

The motion of Shri A. H. Besterwitch that the amount of the demand be reduced to Re. 1 and the motion of Shri Timir Baran Bhaduri that the amount of the demand be reduced by Rs. 100, were then put and lost.

The motion of Shri Santosh Kumar Roy that a sum of Rs. 3,70,71,000 be granted for expenditure under Grant No. 44, Major Head: "71—Miscellaneous—Panchayats" was then put and agreed to.

DEMAND FOR GRANT NO. 35.

Majore Heads: 51-A—Greater Calcutta Development Scheme, and 106-A—Capital Outlay on Greater Calcutta Development Scheme

শ্রীশঙ্কর ঘোষ: অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের সুপারিশক্রমে আমি এই মর্মে প্রস্তাব উত্থাপন করছি যে, ৩৫নং অনুদানের অধীনে মুখ্য খাত "৫১এ—বৃহত্তর কলিকাতা উন্নয়ন প্রকল্পসমূহ" এবং "১০৬এ—বৃহত্তর কলিকাতা উন্নয়ন প্রকল্পসমূহে মূলধন বিনিয়োগ" বাবত দুই কোটি টাকা মঞ্জুর করা হোক।

মাত্র কয়েক বৎসর আগেও এটা বিশ্বাস করা কঠিন ছিল যে, কলকাতা মহানগরীকে তার যুগসঞ্চিত সমস্যাসমূহ থেকে টেনে তোলবার মত বৃহৎ এবং ফলপ্রসূ একটি কার্যকরী পরিকল্পনা অদূরভবিষ্যতে গ্রহণ করা হবে। কলকাতা মহানগরীকে তার ক্রমিক অবক্ষয় ও ধ্বংসের পথে যেন ছেড়ে দেওয়া হচ্ছিল। কলকাতা মহানগরীকে নতুন করে গড়ে তোলার দৃঢ়সঙ্কল্প নিয়ে বিগত ইংরেজী ১৯৭০ সালের শেষের দিকে "ক্যালকাটা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট অথরিটি" গঠিত হল। কলকাতার কেন্দ্রাঞ্চল থেকে মেট্রোপলিটন এলাকার সুদূর প্রান্ত পর্যন্ত উন্নততর ভবিষ্যতের আশ্বাসবাণী দেওয়ার ঐক্যবদ্ধ প্রচেষ্টা এই প্রথম চলছে। কলকাতা মেট্রোপলিটন এলাকার পুনরুজ্জীবনের জন্য কলকাতা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট অথরিটির কর্মসূচিই এখন মুখ্য প্রয়াস হয়ে দাঁড়িয়েছে। মহানগরীর বিভিন্ন এলাকায় অপরিকল্পিত এবং বিশৃঙ্খল বিস্তার এবং ক্রমবর্ধমান লোকসংখ্যার অনুপাতে ন্যূনতম ব্যবহার্য সুবিধাসমূহ রক্ষণ ও সম্প্রসারণের শোচনীয় ব্যর্থতার জন্য সামগ্রিকভাবে মহানগরী এলাকার ভিত্তিমূল পর্যন্ত বিপর্যস্ত হয়েছে। কলকাতা মেট্রোপলিটন প্ল্যানিং অর্গানাইজেশন জরুরী উন্নয়ন প্রস্তাব সহ একটি প্রাথমিক ডেভেলপমেন্ট প্ল্যান প্রস্তুত করলেও সাম্প্রতিককাল পর্যন্ত দৃষ্টিগ্রাহ্যভাবে কিছুই করা সম্ভব হয় নি।

বুজে যাওয়া পয়ঃপ্রণালীগুলো নতুন করে কেটে জল নিষ্কাশনের ব্যবস্থা করা একান্ত প্রয়োজনীয়। জল-সরবরাহ বাড়ানো, আরও বেশি পথ, সেতু ও সড়ক তৈরি করা এবং বস্তি-গুলির উন্নতিসাধন—এই মূল প্রকল্পগুলি নিয়ে যাতে অবিলম্বে কাজ শুরু করা যায় সেই উদ্দেশ্যেই এই সংস্থার প্রতিষ্ঠা। এর তহবিলে আসে প্রধানত রাজ্যসরকারের উন্নয়ন খাতে ব্যয়বরাদ্দ, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাওয়া অনুদান ও ঋণ, পণ্য প্রবেশ কর থেকে প্রাপ্ত অর্থের অংশ এবং ঋণপত্রের মাধ্যমে অর্থ সংগ্রহ ইত্যাদি। গত ১৯৭০ সালের শেষের দিকে স্থাপিত ক্যালকাটা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট অথরিটি রাজ্যসরকারের অনেকগুলো ইঞ্জি-নীয়ারিং, ডাইরেকটরেট ও স্ট্যাটুটরি সংস্থাকে তার কর্মসূচি রূপায়ণের জন্য কার্যকরী সংগঠন হিসাবে কাজে লাগিয়েছে। ক্যালকাটা মেট্রোপলিটন প্ল্যানিং অর্গানাইজেশন কর্তৃক যে পরিকল্পনা ষাট দশকে তৈরি হয়েছিল সেই অনুসারে কাজ শুরু হয় ১৯৭০-এ। তহবিলের সঙ্গে হাতের কাছে একটি উন্নয়নের পরিকল্পনা থাকায় তা এই মহানগরীর উন্নয়ন প্রয়াসের অগ্রগতিকে যথেষ্ট সাহায্য করেছে। সি এম ডি এ প্রকল্পগুলিতে ১৯৭০-৭১ সালে ১০ কোটি টাকা ও ১৯৭১-৭২ সালে ৩৭ কোটি টাকা খরচ হয়েছে এবং ১৯৭২-৭৩ সালে ৫০ কোটি টাকা খরচ হবে বলে আশা করা যায়।

জল-সরবরাহ, ভূগর্ভস্থ প্রণালী, জল-নিষ্কাশন, পরিবহণ, গৃহ-নির্মাণ এবং বস্তি উন্নয়নের ক্ষেত্রেই মুখ্যত সি এম ডি এ-র কর্মসূচি নিবদ্ধ। নাগরিক জীবনের ইনফ্রাস্ট্রাকচার বা বুনিয়াদের বিন্যাসের অনেক অপরিহার্য স্থানেই অভাব ছিল। তাই এই কর্মসূচিতে প্রাথমিক শিক্ষা, স্বাস্থ্য ও অবসর বিনোদনের ক্ষেত্রেও উন্নততর আয়োজন প্রকল্পও অন্তর্ভুক্ত করা হয়েছে।

অনেক বছর ধরে কলকাতা মেট্রোপলিটন এলাকায় আধুনিকভাবে বাসোপযোগী করে তোলার জন্য কোন উল্লেখযোগ্য বিনিয়োগ ঘটে নি। সি এম ডি এ-র কর্মসূচি এই শূন্যতাকে কিছু পরিমাণে পূর্ণ করার একটি প্রচেষ্টা। ৫০০ বর্গমাইলের অধিক এলাকা নিয়ে বিস্তৃত এই বিশাল মহানগরীতে বিশেষভাবে জল-সরবরাহ, ভূগর্ভস্থ প্রণালী, জল-নিষ্কাশন, পথ নির্মাণ ইত্যাদি ক্ষেত্রে পরিকল্পিতভাবে কাজ শুরু করা হয়েছে। এই প্রসঙ্গে এটাও মনে রাখতে হবে যে, দিল্লী, বোম্বাই প্রভৃতি শহরে জল-সরবরাহ, ভূগর্ভস্থ প্রণালী, জল-নিষ্কাশন ইত্যাদি নাগরিক সুবিধাগুলি অন্যান্য উন্নয়নের হয় পূর্বে নয় সঙ্গে সঙ্গেই এসেছে এবং কলকাতার ক্ষেত্রে বহু এলাকায়, যেমন টালিগঞ্জ, যাদবপুর, বেহালা, মানিকতলা এবং শহরতলির কল-কারখানা, বাড়ি-ঘর এবং বিভিন্ন প্রতিষ্ঠান এই অপরিহার্য ইনফ্রাস্ট্রাকচার বা মৌলিক বিন্যাস ছাড়াই গড়ে উঠেছে।

আমি সি এম ডি এ বিভিন্ন ক্ষেত্রে কি কি কাজ করছে তা মাননীয় সদস্যদের সংক্ষেপে জানাতে চাই।

জল-সরবরাহ

কলকাতা এবং হাওড়ার জন্য মাথাপিছু দৈনিক ৫০ গ্যালন, অন্যান্য শহরতলি এলাকায় ৪০ গ্যালন এবং কলকাতা মেট্রোপলিটন এলাকার সংলগ্ন গ্রামাঞ্চলে ২০ গ্যালন করে যাতে জল-সরবরাহ হয় সেই চূড়ান্ত উদ্দেশ্য নিয়ে বিশ্ব স্বাস্থ্য সংস্থার সহায়তায় ক্যালকাটা মেট্রোপলিটন প্ল্যানিং অর্গানাইজেশন কৃত 'মাষ্টার প্ল্যানের' সুপারিশ অনুসারে চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনা কালে সি এম ডি এ উন্নয়ন কর্মসূচিতে ২৬টি প্রকল্প অন্তর্ভুক্ত করা হয়েছে। এই ২৬টির মধ্যে ১১টি কলকাতা পৌর এলাকায়। বুস্টার স্টেশন নির্মাণ সংক্রান্ত ২টি প্রকল্পের একটি বাদে অন্যান্য সমস্ত প্রকল্পই নির্মাণকার্যের বিভিন্ন অবস্থায় রয়েছে। পলতা ওয়াটার ওয়ার্কস-এর ক্ষমতা দৈনিক ১৮ কোটি গ্যালন পর্যন্ত বাড়ানোর কাজ প্রায় শেষ হয়ে এসেছে।

গার্ডেনরীচ, হাওড়া, বরাহনগর-কামারহাটি এবং শ্রীরামপুরে যে ৪টি ওয়াটার ওয়ার্কস্ তৈরি হবে, তার মধ্যে প্রথম ২টির কাজ শুরু হয়েছে. বাকি ২টির প্রাথমিক কাজ হাতে নেওয়া হয়েছে।

জল-সরবরাহ বাড়ানোর সংগে সংগে বণ্টনব্যবস্থা বাড়ানো, কিছু কিছু বড় ডিস্ট্রিবিউশন মেইন-এ প্রভূত অপচয় বন্ধ করা এবং পাইপ লাইনে উপযুক্ত চাপ রক্ষা করা প্রয়োজন হয়ে পড়ে। ৩৩টি পৌর এলাকা ও ১৯টি পৌর-বহির্ভূত শহর এলাকায় জল-সরবরাহের জন্য ৫২টি প্রকল্প হাতে নেওয়া হয়েছে—তার মধ্যে ২১টির কাজ শেষ হয়েছে— ১০টির কাজে শতকরা পঞ্চাশ ভাগের অধিক অগ্রগতি হয়েছে এবং বাকিগুলো নির্মাণের বিভিন্ন অবস্থায় রয়েছে। গ্রামাঞ্চলের জন্য ৬টি প্রকল্প চালু আছে এবং ১৮টি নতুন প্রকল্প তৈরি হয়ে নির্মাণের অপেক্ষায় আছে।

পরিবেশ—স্বাস্থ্য

পরিবেশ স্বাস্থ্য কর্মসূচির মধ্যে (১) কর্পোরেশন ও পৌর এলাকায় আবর্জনা সংগ্রহ ও দূরীকরণের উন্নতি. (২) খাটা পায়খানাগুলিকে স্যানিটারি পায়খানায় রূপান্তর, এবং (৩) বায়ু ও জলের দূষিত হওয়ার পরিমাপ নির্ধারণ প্রকল্পগুলি উল্লেখযোগ্য।

ময়লা ফেলার গাড়ি কেনা. ময়লা ফেলার জায়গায় উন্নতি এবং সেইসব স্থানে যাওয়ার রাস্তাঘাটের উন্নয়ন. ময়লা ফেলার জন্য নর্দমা খনন ইত্যাদির জন্য আবর্জনা দূরীকরণ প্রকল্পে কলকাতা কর্পোরেশন এবং হাওড়া পৌরসভাকে যথাক্রমে ১৩২·৮৩ লক্ষ এবং ৭৪ লক্ষ টাকা দেওয়া হয়েছে।

সি এম ডি এ এলাকার মধ্যে বস্তি অঞ্চলের বাইরে ৭৫ হাজার খাটা পায়খানাকে স্যানিটারি পায়খানায় রূপান্তর করার জন্য সি এম ডি এ-র যে প্রকল্পগুলি আছে তাতে এ পর্যন্ত ২০ লক্ষ টাকা ব্যয় হয়েছে এবং আনুমানিক ৪,০০০ পরিবার উপকৃত হয়েছে।

সি এম ডি এ কলকাতার বায়ু ও জল দূষিত হওয়ার সমীক্ষা করার জন্য কেন্দ্রীয় পাবলিক হেলথ রিসার্চ ইনস্টিটিউটকে নিযুক্ত করেছে। রিপোর্ট শীঘ্রই পাওয়া যাবে বলে আশা করা যায়। আবর্জনা প্রত্যহ সংগ্রহ, দূরীকরণ ও বিনষ্ট করা বিভিন্ন স্থানীয় কর্তৃপক্ষের মুখ্য দায়িত্ব হওয়ায় সি এম ডি এ-র দৃষ্টি প্রধানত ঐ কর্তৃপক্ষগুলিকে আর্থিক সাহায্য দিয়ে তাঁরা যাতে নিজেদের কর্তব্য আরও ভালভাবে পালন করতে পারেন সেই দিকেই নিবদ্ধ আছে। ময়লা দূরীকরণের জন্য সি এম ডি এ-র আর্থিক সহায়তায় ৪০টি ট্রাক. ৬টি ট্রাক্টর ও আনুষঙ্গিক ট্রেলর, ২৫টি নাইট সয়েল ট্যাঙ্ক ও ২৫টি অটো ইঞ্জিন কেনা হয়েছে।

সি এম পি ও-র সহায়তায় সি এম ডি এ সেপটিক ট্যাঙ্ক সহ সম্পূর্ণ একটি প্রি-ফেব্রিকেটেড ল্যাট্রিনের নকশা তৈরি করেছে—যেটি কারখানায় প্রভূত সংখ্যায় উৎপাদন করা যেতে পারে এবং যেখানে প্রয়োজন সেখানে তিন দিনের মধ্যে বসানো যেতে পারে। এরকম একটি কারখানা রিষড়াতে বসানো হয়েছে। প্রস্তাবিত আরো ২টি কারখানা মিলে দৈনিক ৩০টি করে উৎপাদন আশা করা যায়।

ভূগর্ভস্থ প্রণালী ও জল-নিষ্কাশন

ভূগর্ভস্থ প্রণালী ও জল-নিষ্কাশন বিষয়ে মাস্টার প্ল্যান সি এম ডি-এর এলাকাকে ২৩টি জল-নিষ্কাশন বেসিন ও ১৮টি ভূগর্ভস্থ প্রণালী এলাকায় ভাগ করেছেন। ভূগর্ভস্থ প্রণালী ও জল-নিষ্কাশনের ক্ষেত্রে সি এম ডি-এর চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনাকালীন কার্যসূচিতে ৫২টি প্রকল্প আছে—যেগুলি ১৭টি জল-নিষ্কাশন বেসিন ও ১১টি ভূগর্ভস্থ প্রণালী এলাকা নিয়ে গঠিত। বর্তমানে যে ৫২টি প্রকল্পের কাজ হচ্ছে তার মধ্যে ১৪টি প্রায় শেষ হবার মুখে এবং বাকিগুলির কাজ বিভিন্ন পর্যায়ে চলছে।

যদিও ভূগর্ভস্থ প্রণালী ও জল-নিষ্কাশন প্রকল্পগুলি থেকে ফল পেতে দেরি হয় তবুও যেসব প্রকল্প শেষ হয়েছে বা শেষ হওয়ার মুখে, সেগুলি থেকে অন্তত আংশিকভাবে হলেও ১৯৭৩ সালের মধ্যে টালিগঞ্জ, টালির নালার দুই তীরবর্তী অঞ্চল, পিকনিক গার্ডেন রোড, বোসপুকুর রোড, কে পি রায় রোড, সন্তোষপুর-গরফা এলাকা, যাদবপুরের অংশ, তপসিয়ার অংশ, হাজরা রোড এলাকার অংশ, স্ট্র্যান্ড রোড এবং উত্তর কলকাতার কোন কোন অংশ, যেমন কেশব সেন স্ট্রীট, কৈলাস বোস স্ট্রীট ইত্যাদি অঞ্চলে ফল পাওয়া যাবে বলে আশা করা যাচ্ছে।

যানবাহন ও চলাচলব্যবস্থা

যানবাহন ও চলাচলব্যবস্থা খাতে চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে মোট ২৬টি প্রকল্প আছে। এই কর্মসূচির মধ্যে যেগুলি মুখ্য সেগুলি নিম্নে বর্ণনা করা হলঃ

হাইওয়ে ব্যবস্থার নির্মাণ ও উন্নতিঃ প্রধান প্রধান হাইওয়ে প্রকল্প, যেমন (১) ইস্টার্ন মেট্রোপলিটান বাই-পাস, (২) ব্যারাকপুর-কল্যাণী এক্সপ্রেসওয়ে, (৩) কল্যাণী ব্রিজ, (৪) কোনা এক্সপ্রেসওয়ে, (৫) সেন্ট্রাল হাওড়া এক্সপ্রেসওয়ে—এইগুলির বিস্তারিত নকশা ও পরিকল্পনার কাজ হাতে নেওয়া হয়েছে।

[4-35—4-45 p.m.]

সেতু ও ফ্লাইওভারঃ পাঁচটি প্রধান স্থানে সেতু/ফ্লাইওভার তৈরি প্রকল্প নেওয়া হয়েছে। চেতলা সেতু, কালীঘাট সেতু এবং বালিগঞ্জ-কসবা ওভার-ব্রিজ নির্মাণ কাজের যথেষ্ট অগ্রগতি হয়েছে। অপর ২টি, যেমন বাকল্যান্ড সেতু এবং ব্রাবোর্ন রোড ফ্লাইওভার পরিকল্পনার স্তরে রয়েছে।

প্রধান পথসমূহের উন্নতিঃ প্রধান প্রধান পথ, যেমন ডায়মন্ড হারবার রোড, ব্রাবোর্ন রোড, রাজা সুবোধ মল্লিক রোড, প্রিন্স আনোয়ার সাহ রোড, সার্কুলার গার্ডেনরীচ রোড, দেশপ্রাণ শাসমল রোড, মানিকতলা মেইন রোড ও উল্টাডাঙ্গা মেইন রোডে রাস্তা চওড়া করার কাজ বর্তমানে চলছে।

বাই-পাসঃ ডায়মন্ডহারবার রোডে সাড়ে চার মাইল দৈর্ঘ্যের একটি বাই-পাস বর্তমানে নির্মিত হচ্ছে। রেলপথের ওপর একটি ব্রিজ, যেটির কাজ রেল কর্তৃপক্ষ কর্তৃক সম্প্রতি শুরু হয়েছে, সেটি বাদে জি টি রোড বাই-পাসের কাজ প্রায় শেষ হবার মুখে।

রাস্তার সংযোগস্থল উন্নয়নঃ কলকাতার ক্রমবর্ধমান যানবাহন যাতে বাধাহীনভাবে চলাচল করতে পারে সেই উদ্দেশ্যে কয়েকটি প্রধান পথে সব বড় রাস্তার সংযোগস্থলগুলির উন্নতির জন্য সি এম ডি এ-র প্রস্তাব আছে। যানবাহনগুলিকে বিভিন্ন পথে চালিত করবার জন্য আধুনিক ট্রাফিক ইঞ্জিনীয়ারিং-এর যে কলাকৌশল আছে সেগুলি গ্রহণ করা এই যানবাহন চলাচল উন্নতির অন্তর্গত। বেন্টিঙ্ক স্ট্রীট, ধর্মতলা সংযোগস্থল, লোয়ার সার্কুলার রোড, হসপিটাল রোড সংযোগস্থল—এই দু' স্থানের উন্নতি এর মধ্যেই করা হয়েছে। ব্রাবোর্ন রোড, আচার্য জগদীশচন্দ্র বসু রোড, বালিগঞ্জ সার্কুলার রোড, সার্কাস এভিনিউ ইত্যাদি স্থানের কাজ চলছে।

রাস্তা মেরামতঃ সবকটি পৌরসভাতে রাস্তা মেরামতের কাজ বেশ কিছু করা হয়েছে। বিভিন্ন পৌরসভার অধীনে এতদিন পর্যন্ত অবহেলিত প্রায় ১,২০০ রাস্তা এই কর্মসূচিতে উন্নত করা হয়েছে।

পৌরসভা-বহির্ভূত শহর এলাকায় রাস্তার উন্নতিঃ পৌরসভাবহির্ভূত শহর এলাকার রাস্তাঘাট উন্নতির কাজ সি এম ডি এ কর্তৃক নেওয়া হয়েছে এবং বর্তমানে পৌরসভা-বহির্ভূত শহর এলাকায় ও অঞ্চল এলাকায় ১০০ মাইল রাস্তার উন্নতির কাজ চলছে।

বিশেষ কয়েকটি স্থানসমূহে আলোর ব্যবস্থাঃ শহরের প্রধান প্রধান রাস্তার সংযোগস্থল-সমূহে আলোর ব্যবস্থা উন্নতিসাধনের জন্য সি এম ডি এ-র প্রকল্প আছে। হাওড়া স্টেশন, ময়দান এলাকার বেশির ভাগ রাস্তার সংযোগস্থল, উত্তর কলকাতার নির্বাচিত স্থানসমূহে উন্নততর আলোর ব্যবস্থা করা হবে। কলকাতা কর্পোরেশনের সঙ্গে পরামর্শ করে ৫০টির উপর প্রধান সংযোগস্থলে ইন্টিগ্রেটেড আলোর ব্যবস্থা প্রকল্প গ্রহণ করা হচ্ছে। প্রধান প্রধান যানবাহন চলাচলব্যবস্থা প্রকল্প ব্যতীত সি এম ডি এ কর্তৃক কলকাতা রাষ্ট্রীয় পরিবহণ ও কলকাতা ট্রাম কোম্পানিকে গাড়ির সংখ্যা বাড়ানো ও ট্রাম রাস্তা নতুন করার জন্য সাহায্য দেওয়া হচ্ছে।

নদী পারাপারের ব্যবস্থাঃ হুগলি নদীর মত একটি বড় নদীর ৪০ মাইলব্যাপী দু পাড়ে বিস্তৃত মেট্রোপলিটন এলাকার জন্য রবীন্দ্র সেতু এবং বিবেকানন্দ সেতু এই দুটি মাত্র নদী পারাপারের ব্যবস্থা বর্তমানে আছে। কলকাতার পশ্চাৎভূমি প্রধানত নদীর পশ্চিম পাড়ে এবং কারখানায় উৎপাদন এবং ব্যবসায়িক কার্যকলাপ মুখ্যত পূর্ব পাড়ে বলে বর্তমান নদী পারাপার ব্যবস্থা স্পষ্টতঃই অপর্যাপ্ত। হুগলি রিভার ব্রীজ কমিশনার্স কর্তৃক প্রিন্সেপ ঘাটের নিকট নির্মীয়মাণ হুগলি রিভার ব্রিজ এই সমস্যার একটি সমাধান। রাজ্যসরকারের সঙ্গে পরামর্শক্রমে কল্যাণীতে আর একটি নদী পারাপারের ব্যবস্থা সি এম ডি এ কর্তৃক এখন গ্রহণ করা হবে।

বস্তি উন্নয়ন

সি এম ডি এ-র বস্তি উন্নয়ন কার্যসূচি পুরোদমে চলছে এবং তা সহস্র সহস্র বস্তিবাসীর জীবনে গভীরভাবে রেখাপাত করছে। ১৩·৩৪ কোটি টাকা ব্যয়ের এই কর্মসূচি কলকাতা কর্পোরেশন, হাওড়া, বরাহনগর, চাঁপদানী ও রিষড়া এই এলাকা মিলিয়ে। মোটামুটি ১১·২২ লক্ষ বস্তিবাসী এই প্রকল্পের আওতায় আসবেন। ১৯৭২-৭৩ সালের মধ্যে ৮০২·৯১ লক্ষ টাকা ব্যয় হবে এবং বৎসরভিত্তিক বিবরণ নিচে দেওা হলঃ—

বৎসর		লক্ষ টাকায়
১৯৭০-৭১	...	২১·১৩
১৯৭১-৭২	...	৩৫১·৭৮
১৯৭২-৭৩ (সম্ভাব্য)	...	৪৩০·০০
মোট	...	৮০২·৯১

বর্তমানে ২৭০টি বস্তি-কুঞ্জের একসঙ্গে কাজ চলছে, এই কর্মসূচির শেষ বৎসর অর্থাৎ ১৯৭৩-৭৪ সালে ৪৫৩ লক্ষ টাকা খরচ ধরা আছে। বস্তি উন্নয়ন কার্যসূচি দ্বিতীয় পর্যায়ে তৈরি করা হচ্ছে এবং তাতে যেসমস্ত এলাকা বর্তমান কার্যসূচিতে অন্তর্গত হয় নি, যেমন কলকাতা শহরের কোন কোন অংশ, এর আশপাশের অঞ্চল এবং হাওড়া ও বালির এইসমস্ত এলাকা মোটামুটি ১০ লক্ষ বস্তিবাসী উপকৃত হবেন।

গৃহ নির্মাণ

সি এম ডি এ-র গৃহ নির্মাণ প্রকল্পগুলিকে চার ভাগে ভাগ করা যায়—(১) নিম্ন আয়ের এবং অর্থনৈতিকভাবে দুর্বল শ্রেণীর জন্য সাবসিডাইজড গৃহনির্মাণ প্রকল্প, (২) নিম্ন আয় ও মধ্য আয়ের ব্যক্তিদের জন্য হায়ার পারচেজ গৃহ নির্মাণ প্রকল্প, (৩) বস্তিবাসীদের পুনর্বাসন প্রকল্প এবং (৪) নতুন নতুন এলাকার উন্নয়ন। প্রথম ভাগের বিভিন্ন এলাকায় মোট ১,৯৭০টি বাসগৃহ নির্মাণের কাজ শুরু হয়েছে এবং তার বেশ কিছু অগ্রগতি হয়েছে। হায়ার পারচেজ প্রকল্পে মোট ১,৭৪৮টি বাসগৃহের কাজ শুরু হয়েছে। আরও ৩,৬০০টি বাসগৃহ নির্মাণের পরিকল্পনা চলছে। বস্তি পুনর্বাসন প্রকল্পের তিনটি প্রকল্পে ৮৮৬টি বাসগৃহ নির্মাণের কাজ শেষ হবার মুখে। ১,২০০টি বাসগৃহ নির্মিত হবে এমন একটি বস্তি আধুনিকীকরণ প্রকল্পের কাজ শুরু হয়েছে। নতুন এলাকা উন্নয়ন প্রকল্পে হাওড়ার একস্থানে কাজ চলছে এবং কল্যাণীর একটি প্রকল্প পরীক্ষা করে দেখা হচ্ছে।

বিশেষ প্রকল্প

অত্যাবশ্যক কতকগুলি নাগরিক সুবিধার বিরাট অভাব বিবেচনা করে স্বাস্থ্য প্রকল্প, অবসর বিনোদনের সুবিদাধির উন্নয়ন, প্রাথমিক বিদ্যালয় গৃহের নির্মাণ ও সংস্কার ইত্যাদি, এইসমস্ত বাবতে বিনিয়োগও সি এম ডি এ-র কার্যসূচিতে রয়েছে।

স্বাস্থ্য

বৃহত্তম জনসমষ্টির নিকট সম্ভাব্য স্বল্পতম সময়ে চিকিৎসার সুবিধা পৌছে দেবার জন্য সমস্ত সহজলভ্য আর্থিক সংস্থানের সম্প্রসারণ ও সমন্বয়সাধনই সি এম ডি এ-র ৯·৫৫ কোটি টাকা ব্যয়ে সামগ্রিক স্বাস্থ্য কার্যসূচির লক্ষ্য। এই কার্যসূচিতে প্রধান বিষয় হচ্ছে বর্তমান হাসপাতালগুলির সম্প্রসারণের মাধ্যমে শয্যা-সংখ্যা বৃদ্ধি এবং কিছু বহির্বিভাগীয় চিকিৎসা কেন্দ্র ও পলি ক্লিনিক প্রতিষ্ঠা। বর্তমান বৎসরে ১৯টি স্থায়ী ও ১০টি ভ্রাম্যমাণ বহির্বিভাগীয় চিকিৎসা কেন্দ্র খোলা হয়েছে। চারটি পলি ক্লিনিক খোলবার ব্যবস্থা সম্পূর্ণ। চতুর্থ পরিকল্পনার মধ্যে ৩৬টি স্থায়ী, ২০টি ভ্রাম্যমাণ বহির্বিভাগীয় চিকিৎসা কেন্দ্র এবং পাঁচটি পলি ক্লিনিক খোলবার প্রস্তাব রয়েছে। এ ছাড়া, বর্তমান হাসপাতালগুলিতে নতুন নির্মাণ-কার্যের মাধ্যমে ৪৮১টি এবং যন্ত্রপাতি ও সাজসরঞ্জাম সরবরাহের মাধ্যমে আরও ৬২৩টি শয্যা-সংখ্যা বাড়ানো হয়েছে। অতিরিক্ত ২,১৪৪টি শয্যা-সংখ্যা বাড়ানোর ব্যাপারে নির্মাণকার্য চলছে।

প্রাথমিক বিদ্যালয় কার্যসূচি

বর্তমান বৎসরে ৩১টি নতুন প্রাথমিক বিদ্যালয় নির্মাণের মঞ্জুরি সি এম ডি এ কর্তৃক দেওয়া হয়েছে। এ ছাড়া ৫২৭টি বর্তমান প্রাথমিক বিদ্যালয় মেরামত ও আমূল সংস্কার বাবত আর্থিক সাহায্য লাভ করেছে।

পার্ক ও খেলার মাঠ

কলকাতা ইম্প্রভমেন্ট ট্রাস্ট, হাওড়া ইম্প্রভমেন্ট ট্রাস্ট এবং বিভিন্ন মিউনিসিপ্যালিটি কর্তৃক বর্তমান পার্কগুলির সংস্কার ও নতুন পার্ক স্থাপন সংক্রান্ত মোট ৭৮টি প্রকল্প বাবত সি এম ডি এ কর্তৃক আর্থিক সাহায্য দেওয়া হয়েছে। ১৯৭১-৭২ সালে মাত্র ৩·১৭ লক্ষ টাকা ব্যয় হলেও বর্তমান আর্থিক বৎসরে মোট ১৮·৭৯ লক্ষ টাকা ব্যয় হবার সম্ভাবনা। রবীন্দ্র সরোবর এবং ইডেন গার্ডেনের উন্নতি এই কার্যসূচির অন্তর্গত। চন্দননগর স্ট্র্যান্ডের আলোকসজ্জা সম্প্রতি সম্পূর্ণ হয়েছে। ইডেন গার্ডেনে নব-সংস্কৃত বর্মী প্যাগোডা সম্প্রতি জনসাধারণের জন্য উন্মুক্ত করা হয়েছে। টালার আঞ্চলিক পার্কটি মুক্ত নাট্যমঞ্চ, শিশু উদ্যান, সুইমিং পুল ও ব্যায়ামাগার দিয়ে উত্তর কলকাতার জন্য একটি প্রধান অবসর বিনোদন কেন্দ্র হিসাবে গড়ে তোলা হচ্ছে।

সংশ্লিষ্ট তালিকানুসারে দেখা যাবে যে, বর্তমান বৎসরে কার্যকলাপের সর্বপ্রকার বিভিন্ন ক্ষেত্রেই গতি উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। ১৯৭৩-৭৪ সালে এই গতি আরও অধিক পরিমাণে বৃদ্ধি পাবে।

সি এম ডি এ-র উন্নয়ন কার্যসূচির আশু লক্ষ্য হচ্ছে নাগরিক সুযোগসুবিধাগুলির দ্রুত অবক্ষয় রোধ করা, বর্তমান সুযোগসুবিধাগুলি পুনর্গঠন ও সঞ্জীবিত করা এবং নাগরিক জীবনের ভিত্তিমূলের সম্প্রসারণের একটি দৃঢ়ভূমি গঠন করা। কলকাতায় প্রয়োজনের অভাব কখনই ঘটে নি। কলকাতা উন্নয়ন কার্যসূচির প্রধান গুণ হচ্ছে যে, এই প্রথম যতগুলি সম্ভব প্রয়োজন মেটানোর জন্য সমবেত প্রচেষ্টা করা হচ্ছে। সমস্যা বিরাট এবং অনারব্ধ ও অসমাপ্ত কার্য নিরুৎসাহব্যঞ্জক। কিন্তু, কেন্দ্রীয় এবং রাজ্য সরকার দৃঢ়প্রতিজ্ঞ যে, সর্বতোভাবে চেষ্টা করে কলকাতা মহানগরীকে দৈন্যদশা থেকে মুক্ত করতে হবে। এই আহ্বানের মুখোমুখি দাঁড়িয়ে সি এম ডি এ বলিষ্ঠ পদক্ষেপে এগিয়ে আসছে এবং এর আগে যা ভাবাও যেত না এত বড় কার্যসূচি আজ বাস্তবে রূপ নিচ্ছে। এই প্রচেষ্টাকে চলতে দিতেই হবে।

অর্থ বিনিয়োগ

(লক্ষ টাকায়)

বিভাগের নাম	ব্যয়	ব্যয়	প্রত্যাশিত ব্যয়
	১৯৭০-৭১	১৯৭১-৭২	১৯৭২-৭৩
(১) জল-সরবরাহ	৯৯·০২	৫৬৯·১৬	১,০০৩·৩৩
(২) পয়ঃপ্রণালী ও জল-নিষ্কাশন	৩১২·৫৬	৮৬৭·৫২	১,১৩২·০০
(৩) ময়লা অপসারণ	১১২·৩০	৫২·৪১	৭৫·৫১
(৪) পারিপার্শ্বিক স্বাস্থ্যরক্ষা	...	৭·৭৬	৮২·৯৮
(৫) যানবাহন ও রাস্তাঘাট	২০৩·৪২	৭২৩·১৪	১,০৮৭·৪৭
(৬) যানবাহন—অন্যান্য প্রকল্প	১৪৯·৭৮	৩৪৮·৫০	৪৯০·২২
(৭) বিশেষ প্রকল্প	২৪·২২	১০১·২১	৩৬৩·০০
(৮) গৃহনির্মাণ ও এলাকা উন্নয়ন	১১·৮০	২৮৫·৭৬	৪৫৩·০০
(৯) বস্তি উন্নয়ন	২১·১৩	৩৫১·৭৮	৪০০·০০
মোট ...	৯৩৪·২৩	৩,৩০৭·২৪	৫,১১৭·৫১

জল-সরবরাহ এবং পারিপার্শ্বিক স্বাস্থ্যরক্ষা

অক্টোবর, ১৯৭০ হইতে মার্চ ১৯৭২ পর্যন্ত (১৮ মাস) ...	১৯৭২-৭৩ (আর্থিক বৎসর)
(১) কলিকাতা করপোরেশন এলাকায় জল-সরবরাহ বৃদ্ধির ব্যবস্থা— পলতায় হেডওয়ার্ক এবং শোধন যন্ত্র স্থাপন সমাপ্ত হইয়াছে। টালিগঞ্জে ১৪টি নলকূপ বসানো হয়। জল-সরবরাহ ব্যবস্থার উন্নতিসাধন, প্রি-ট্রিটমেন্ট ইউনিট নির্মাণ এবং মেইন-গুলি জোরদার করার কাজ আরম্ভ করা হয়।	৩টি প্রি-ট্রিটমেন্ট ইউনিট এবং মেইনগুলি জোরদার করার প্রথম পর্ব শেষ হইয়াছে। মানিকতলা, তপসিয়া এবং ট্যাংরার কয়েকটি এলাকায় এই প্রথম পাইপে জল সরবরাহের ব্যবস্থা হইয়াছে।
(২) মিউনিসিপ্যাল এলাকা— ২৬টি টিউবওয়েল বসানো হয়।	৩৬টি টিউবওয়েল বসানো হইয়াছে।
(৩) মিউনিসিপ্যাল বহির্ভূত এলাকা— ৫টি টিউবওয়েল বসানো হয়।	১৩টি টিউবওয়েল বসানো হইয়াছে।
(৪) পারিপার্শ্বিক স্বাস্থ্যরক্ষা— বস্তি এলাকার বাহিরে প্রধানত শহর-তলির মিউনিসিপ্যালিটিগুলিতে ৫০০টি খাটা পায়খানাকে স্যানিটারি পায়খানায় রূপান্তরিত করা হয়।	৩,৫০০টি খাটা পায়খানা স্যানিটারি পায়খানায় রূপান্তরিত করা হইয়াছে।

পয়ঃপ্রণালী ও জল-নিষ্কাশন

অক্টোবর, ১৯৭০ হইতে মার্চ ১৯৭২ পর্যন্ত (১৮ মাস)

৪৬টি প্রকল্প হাতে নেওয়া হয়। পাম্প ইত্যাদি ক্রয় করিবার আদেশ দেওয়া হয়। জমি অধিগ্রহণের কাজও আরম্ভ করা হয়। হাওড়ায় ময়লা পরিশোধনের প্রকল্প, কাশীপুর-দমদম এবং পাতিপুকুরে পয়ঃপ্রণালী স্থাপন প্রকল্পের কার্যাদি আরম্ভ করা হয়। টালিগঞ্জ-পঞ্চান্নগ্রাম, উত্তর-পূর্ব টালিগঞ্জ এবং হাওড়া জল-নিষ্কাশন প্রকল্পে মাটির কাজ শুরু করা হয়। টালির নালার পুনঃখনন এবং লাইনিং-এর কাজ শুরু করা হয়।

১৯৭২-৭৩ (আর্থিক বৎসর)

আরও ৬টি নতুন প্রকল্পের কাজ শুরু করা হয়। কলিকাতা এবং চতুষ্পার্শ্বস্থ এলাকায় বর্ষার জমা জল অপসারণের ৮টি প্রকল্প সমাপ্ত হইয়াছে। এইরূপ আরও ১২টি প্রকল্প সমাপ্তির পথে। বালিগঞ্জ পাম্পিং স্টেশন-এ ৫টি পাম্প বসানো হইয়াছে। তপসিয়া, ট্যাংরা, এবং মোমিনপুরের পাম্পিং স্টেশনগুলি আরও জোরদার করিবার ব্যবস্থা প্রায় শেষ করা হইয়াছে।

দক্ষিণ কলিকাতার জল অপসারণের সুচারু ব্যবস্থার অঙ্গ হিসাবে বালিগঞ্জ হইতে ঘুসিঘাটা পর্যন্ত (২২) মাইল খালের পলির অপসারণ ও উন্নতিসাধন করা হইয়াছে। কেষ্টপুর-ভাঙর কাটাখালের (২১ মাইল) পুনঃর্খনন ও উন্নতিসাধন সমাপ্ত হইয়াছে। টালির নালার ১৪ মাইল পুনঃখনন এবং রক্ষণকার্য শেষ হইয়াছে। হাওড়া জল-নিষ্কাশ প্রকল্পে ১৯ মাইলের কাজ প্রায় শেষ। কাশীপুর-দমদম এবং পাতিপুকুর পয়ঃপ্রণালী স্থাপন প্রকল্পের কাজ সমাপ্ত হইয়াছে।

যানবাহন ও রাস্তাঘাট

অক্টোবর, ১৯৭০ হইতে মার্চ ১৯৭২ পর্যন্ত (১৮ মাস)	১৯৭২-৭৩ (আর্থিক বৎসর)
এই আঠার মাসে প্রধানত প্রকল্পগুলি বিস্তারিতভাবে তৈয়ারি করা তথ্য সংগ্রহ এবং জমি অধিগ্রহণ সংক্রান্ত প্রাথমিক কার্যাবলী শুরু কর হয়।	হাওড়া স্টেশন সাবওয়ের প্রায় তিন-চতুর্থাংশ কাজ সমাপ্ত করা হইয়াছে। ভিন্ন ভিন্ন প্রসারের ৯৫০ ফুট সাবওয়ে এবং ১,৭০০ ফুট রাস্তার কাজ শেষ হইয়াছে।

সমাপ্ত অথবা প্রায় সমাপ্ত প্রকল্পগুলি বিশেষ কয়েকটি—

(১) নজরুল ইসলাম এভিনিউ-এর উন্নতি-সাধন এবং আলোকিতকরণ।

(২) যশোহর রোড হইতে নজরুল ইসলাম এভিনিউ পর্যন্ত সংযোজক রাস্তা নির্মাণ (৯০ শতাংশ সমাপ্ত),

(৩) বনমালী নস্কর রোড ও তারাতলা রোডের সংযোজক রাস্তা নির্মাণ (সমাপ্ত)।

(৪) রবীন্দ্র সেতু হইতে জি টি রোড বাই-পাশ (প্রায় সমাপ্ত)।

(৫) ঠাকুরপুকুর হইতে টালিগঞ্জ সারকুলার রোড পর্যন্ত রাস্তা নির্মাণ (দুই-তৃতীয়াংশের অধিক সমাপ্ত)।

(৬) চেতলা ব্রীজ ৪২ শতাংশ সমাপ্ত)।

(৭) কালীঘাট ব্রীজ (৫০ শতাংশ সমাপ্ত)।

শিয়ালদহ স্টেশন এলাকা উন্নয়ন পরিকল্পনার কাজ হাতে লওয়া হইয়াছে। ১,২০০ মিউনিসিপ্যাল রাস্তার উন্নতিসাধন এবং বিভিন্ন অঞ্চলে ১০০ মাইল পাকা রাস্তা নির্মাণ করা হইয়াছে।

বস্তি উন্নয়ন

কাজের স্চি	১৯৭১-৭২	১৯৭২-৭৩
(১) স্যানিটারি পায়খানা	৭,৮০০টি	১৬,৪২০টি
(২) নর্দমা	৫০,০০০ মিটার	২০২,৮২০ মিটার
(৩) পয়ঃপ্রণালী	১০৫,৩০০ মিটার	১৩৩,৫৯০ মিটার
(৪) জলের পাইপ	৪৮,২০০ মিটার	১৮৫,২৬০ মিটার
(৫) গভীর নলকূপ	১৯টি	৪৬টি
(৬) জল কল	১,২২৪টি	৪,৫১৩টি
(৭) রাস্তা এবং পথঘাট	৯৭,৬০০ মিটার	৩৪৯,৫০০ মিটার
(৮) আলো	১,৯০০টি	৩,৯৯০টি

স্বাস্থ্য

অক্টোবর, ১৯৭০ হইতে মার্চ ১৯৭২ পর্যন্ত (১৮ মাস)	১৯৭২-৭৩ (আর্থিক বৎসর)
	(১) সম্প্রসারণ এবং নতুন গৃহনির্মাণের মাধ্যমে ব্যারাকপুরের বি বি বোস হাসপাতাল, বারাসাত হাসপাতাল, কলিকাতা রামকৃষ্ণ মিশন সেবা প্রতিষ্ঠান এবং শেঠ সুখলাল কারনানি হাসপাতালে নূতন ৪৮১টি শয্যা সংযোজিত হইয়াছে।
	(২) কল্যাণী হাসপাতাল এবং আর জি কর হাসপাতালে ৬২৩টি শয্যা সংযোজিত হইয়াছে।
	(৩) নূতন ২,১৪৪টি শয্যা সঙ্কুলানের অধিকাংশই ১৯৭৩-৭৪ সালে সমাপ্ত হইবে।
	(৪) বিশেষ ধরনের যন্ত্রপাতি এবং ২৫টি অ্যাম্বুলেন্স বিভিন্ন হাসপাতাল ও মিউনিসিপ্যালিটিকে দেওয়া হইয়াছে।
	(৫) ১৯টি আউটডোর ক্লিনিক এবং ১০টি ভ্রাম্যমাণ ডিসপেনসারি খোলা হইয়াছে। ৪টি পলি ক্লিনিক শীঘ্রই খোলা হইবে।

Mr. Speaker: All the cut motions are in order and taken as moved. Shri Somnath Lahiri.

Shri Shish Mohammad: That the amount of the demand be reduced to Re. 1.

Shri Shish Mohammad: That the amount of the demand be reduced by Rs. 100.

শ্রীসোমনাথ লাহিড়ীঃ শ্রীযুক্ত অধ্যক্ষ মহাশয়, আমাদের বৃহত্তর কলকাতা অঞ্চলের শিল্প বাণিজ্য সারা ভারতের সমৃদ্ধি পুষ্টিতে সাহায্য করে। শুধু পশ্চিমবাংলা নয়, কেন্দ্রীয় রাজস্বে এই অঞ্চলের শিল্প সমৃদ্ধি যথেষ্ট অর্থ জোগান দিয়ে থাকে। কিন্তু এই শিল্প বাণিজ্যের জন্য প্রয়োজনীয় যাবতীয় ইনফ্রাস্ট্রাকচারস্ এবং নাগরিক স্বাস্থ্য এবং সুখসুবিধা প্রভৃতির ব্যবস্থা প্রায় দুই দশক ধ'রে দ্রুতগতিতে অবক্ষয়ের পথে চলেছিল। কিন্তু আশ্চর্য লেগেছিল যে অঞ্চলের সমৃদ্ধি সারা ভারতের সমৃদ্ধি বাড়ায় সেই অঞ্চলের অবক্ষয় দেখেও কেন্দ্রীয় সরকার তার কোন ব্যবস্থা করার বা সাহায্যে এগিয়ে আসার বিশেষ কোন প্রয়োজন অনুভব করেন নি। কলকাতা অঞ্চলের জন্য ব্যাপক উন্নয়ন কর্মসূচি নিয়ে আগেকার দিনে যদি কেন্দ্রের কাছে যাওয়া যেতো, তা হ'লে সেখানে আমলাতন্ত্র এবং সরকারেব কাছ থেকে সাধারণত উপহাস বা তাচ্ছিল্যের ভাবই দেখতে পেতাম। তার চেয়ে বেশি কিছু দেখতে পেতাম না। সামান্য পরিবর্তন দেখা গেলো ১৯৭০ সালের মাঝামাঝি যখন পশ্চিমবাংলা তথা কলকাতা সরাসরি রাষ্ট্রপতির অর্থাৎ কেন্দ্রীয় শাসনাধীনে এলো। কারণের মধ্যে আমি যাচ্ছি না। কিন্তু যে কোন কারণেই হোক, তাদের দৃষ্টিভঙ্গির সামান্য কিছু পরিবর্তন দেখা গেলো। তারা ১৯৭০ সালের মাঝামাঝি বৃহত্তর কলকাতার উন্নয়ন সম্বন্ধে বরাদ্দ যা ছিল সেটাকে কেন্দ্র শাসিত পশ্চিমবঙ্গে বাড়িয়ে প্রায় ১৫০ কোটি টাকা করা হ'ল। যা তার আগে যতদূর মনে পড়ে ৪২ কি ৪৩ কোটি টাকার মতো ছিল। এই যে ১৫০ কোটি টাকা তখনকার পশ্চিমবঙ্গ সরকার উন্নয়ন খাতে বরাদ্দ করলেন তার সম্ভবত যতদূর আমি জানি ভুল হ'লে মন্ত্রিমহাশয় আমাকে করেক্ট ক'রে দেবেন প্রায় ৮০ কোটি টাকা বস্তীবাসীদেব দান সহ সবই কেন্দ্রের কাছ থেকে ঋণ এবং অনুদান হিসাবে এবং তা ছাড়া অকট্রয় ডিউটি যা এর আগে যতবার কেন্দ্রের কাছে আবেদন-নিবেদন করা হয়েছে পশ্চিমবঙ্গ সরকার থেকে লেভী করবার অনুমতির জন্য যেটার অনুমতি দেওয়া হতো না, সেটা দেওয়া হ'ল। তা থেকেও তার ১০ কোটি টাকার মতো প্ল্যানের কাজে ব্যবহার করার সুযোগ সৃষ্টি হ'ল। সুতরাং একথা বুঝতে কষ্ট হবে না কেন্দ্রের দৃষ্টিভঙ্গির সত্যই পরিবর্তন আসায় এবং প্রধানত কেন্দ্রের আনুকূল্যে বৃহত্তর কলকাতা উন্নয়ন কর্মসূচিতে কিছুটা আগ্রহী হতে পারলো এবং তার ফলে তিন বছরের মধ্যে কলকাতার জন্য কিছু কাজ হয়েছে এবং হচ্ছে। বিশেষ ক'রে আমার মতে দক্ষিণ কলকাতার অনগ্রসর এলাকাগুলোতে হয়েছে এবং তা সত্যিই বিশেষ প্রয়োজন ছিল। কলকাতার সবচেয়ে দুষ্ট ক্ষত হ'ল কলকাতার বস্তীগুলো। ১৯৬৭ সালের আগে পর্যন্ত যত কংগ্রেসী সরকার ছিলেন তাঁরা খুব বড় পরিকল্পনা নিতেন যে, বস্তী আমরা ভেঙ্গে উচ্ছেদ ক'রে পাকা বাড়ি বানাবো এবং বস্তীবাসীদের পাকাবাড়িতে বাস করতে দেবো এবং মধ্য দিয়ে বস্তী সমস্যার সমাধান করবো। তখন আমরা যাঁরা বিরোধী পক্ষে ছিলাম, সব সময় ব'লে এসেছিলাম, তা সম্ভব নয়। বস্তী একেবারে তুলে দিয়ে সবাইকে পাকা বাড়ি দেবো এটা অবাস্তব পরিকল্পনা ছাড়া কিছু নয়। যেখানে পারেন পাকাবাড়ি করুন। কিন্তু বস্তী জীবন ধারনের যাতে উপযোগী করতে পারেন সে ধরনের প্রোগ্রাম গ্রহণ করুন। কিন্ত সেই ধরনের প্রোগ্রাম নেবার মত ব্যবস্থা গৃহীত হয় নি। যুক্তফ্রন্ট সরকারের আমলে এই জিনিস উন্নয়নের চিন্তাধারা ছিল। যা হোক আমরা দেখতে পাই এই পরিকল্পনায় বরাদ্দ বাড়লেও বস্তীর মধ্যে পরিবর্তন বা সেই হিসাবে বস্তী উন্নয়ন করার কাজ বা বস্তী উচ্ছেদ করার কাজ হয় নাই। অবশ্য সেই হিসাবে আমরা যারা কলকাতা ঘুরে বেড়াই তারা সকলেই জানেন অনেকগুলি বস্তীর কাজ আরম্ভ হয়েছে—কিছু কিছু ভাল ফল পাওয়া গিয়েছে, ভবিষ্যতে আরও পাওয়া যাবে। যদিও সেই ধরনের কিছুটা অসুবিধা আছে

—অনেক ক্ষেত্রে বাড়িওয়ালা দাদারা আইনগত বাধা সৃষ্টি করে এবং সেই বাধাপ্রাপ্ত হয়ে আমলাতন্ত্ররা পালিয়ে আসে। আমি উদাহরণ দিয়ে বলি যে, আইনে যদি কিছু দুর্বলতা থাকে, সেটা সংশোধন ক'রে বস্তীতে যা যা করা দরকার যাতে বাড়িওয়ালারা বাধা দিতে না পারে তার টুকিটাকি ব্যবস্থা হওয়া দরকার। বস্তী ছাড়া বড় ব্যাসের টিউবওয়েল, রিজারভার, বা ডিস্ট্রিবিউশন সিস্টেম তৈরি, জলনিকাশী, ময়লানিকাশী ব্যবস্থা, সুয়ারেজ, ড্রেনেজ ব্যবস্থার কিছু কিছু কাজ এগোচ্ছে। আপনারা যদি দেখেন, তা হ'লে দেখতে পারেন যে, দক্ষিণ কলকাতা বস্তী অঞ্চলে কিংবা রিফিউজি অধ্যুষিত অঞ্চলের অনেকগুলি পল্লী নূতন চেহারা নিতে চলেছে। কিন্তু কলকাতা শহরের মধ্যে এমন অনেক জায়গা এমনভাবে অবহেলিত উপেক্ষিত ও বঞ্চিত হয়েছে যে, এর একপাশ বাঁধলে নদীর মত আর এক পাশ ধপ ধপ ক'রে পড়ে—এই অবস্থায় এসে দাঁড়িয়েছে কলকাতা। বর্তমান সরকার কলকাতা কর্পোরেশনকে দখল করলেন। কিন্তু দখল ক'রে সরকার বুকে হাত দিয়ে বলতে পারবেন যে, এমন কিছু বড় পরিবর্তন তাঁরা এর মধ্যে আনতে পেরেছেন। বরং দুঃখের সঙ্গে দেখলাম যে, এই সরকারের আমলে দেখলাম যে, বসন্তরোগ নূতন রেকর্ড সৃষ্টি করলো। বিরাট জঞ্জালের পাহাড় তখনও যা ছিল এখনও তাই আছে বিশেষ কোন পরিবর্তন হয় নি। গ্রীষ্মকালে জল দাও চীৎকার, আর বর্ষাকালে জল বার ক'রে দাও চীৎকার—সেই চীৎকার এখনও শোনা যাচ্ছে। তার পর ধরুন যে চেষ্টা আমাদের হচ্ছে সে চেষ্টা সম্ভবত বেশির ভাগ অনগ্রসর অঞ্চলগুলিতে আরম্ভ হয়েছে। কিন্তু যেগুলি তথাকথিত অগ্রসর অঞ্চল ধরুন উত্তর ও মধ্য কলকাতা সেখানেরই বা কি অবস্থা? মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয় কলকাতায় থাকেন, কলকাতায় ঘোরেন, অবশ্য এখন গাড়ি ক'রে ঘোরেন—যদি পায়ে হেঁটে ঘুরতেন, তা হ'লে আরও ভাল করে দেখতে পেতেন যে, ঐ বৌবাজার স্ট্রীট, কলেজ স্ট্রীট, হ্যারিসন রোড যে রাস্তা দিয়েই যান না কেন, দেখবেন রাস্তাগুলি গলে গলে খসে খসে পড়ছে—লিটার‍্যালি বলতে গেলে গলে গলে খসে পড়ছে। আর দেখবেন, আমহার্স্ট স্ট্রীট, শশীভূষণ দে স্ট্রীট, বহুবাজার স্ট্রীট, কলেজ স্ট্রীট, প্রভৃতি রাস্তাগুলির ফুটপাথ-এর মাঝখান খোঁড়া। কোন কারণে খোঁড়া হয়েছিল তা মাটি দিয়ে ভরাট করে দেওয়া হয়েছে আর পাকা করা হয় নি। এই অবস্থায় আজকে ঐ রাস্তাগুলি এসে গেছে— ঐ অঞ্চলের অধিবাসীরা নিশ্চয় জানেন। শুধু যদি তাই হত তা হ'লে একটা ছিল একটা নতুন উপসর্গ এই শহর কলকাতার বুকে বিশেষ ক'রে উত্তর এবং দক্ষিণ অঞ্চল যেন একটা বিরাট প্রস্রাবাগারে পরিণত হয়েছে। মাপ করবেন অশ্লীল শব্দ ব'লে যদি মনে হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই অ্যাসেম্বলীর পশ্চিম দিকের গেট পেরিয়ে ট্রাম লাইনের কাছে গেলে দেখতে পাবেন যে, সেখানে লাইন দিয়ে মানুষ প্রস্রাব করছে এবং জল গড়িয়ে গড়িয়ে ট্রাম লাইন পর্যন্ত এসে যাচ্ছে। শুধু অ্যাসেম্বলীর কাছেই নয়, মন্ত্রীরা যেখানে বসছেন সেই রাইটার্স বিল্ডিংসের চারি ধার লাল রঙ করা হয়েছে, তার সামনে মন্ত্রীদের গাড়িগুলি যেখানে থাকে এবং অফিসারদের গাড়ি রাখার বারান্দা, তার এদিকে ডালহাউসি স্কোয়ার সেখানে কি রকম গন্ধ বেরোয়—সেখানে যদি আপনি দয়া ক'রে কোনদিন যান, তা হ'লে দেখতে পাবেন সেই ডালহাউসি স্কোয়ারের জলের সঙ্গে মানুষের প্রাকৃতিক জল সব সময় অনবরত নিষ্ক্রান্ত হচ্ছে। মন্ত্রীরা ঘরের দরজা বন্ধ করে এয়ারকনডীসন রুমে থাকেন, কাজেই গন্ধটা অতদূর পর্যন্ত পেঁাছায় না। কিন্তু আমরা যারা বহুবাজারের ট্রামে এসে হাইকোর্টের ট্রাম বদল করবার জন্য দাঁড়িয়ে থাকি তাদের কয়েক মিনিট বা কয়েক ঘণ্টা কি যে কষ্ট ভোগ করতে হয়, আপনাদের এতটা হয় না। সম্প্রতিকালে এই প্রস্রাব করানো বেড়েছে। আমি আরো আসছি আপনারা কলেজ স্কোয়ার দেখেছেন কোন দিন মন্ত্রিমহাশয়? আমি অসুস্থ লোক মাঝে মাঝে কলেজ স্কোয়ারের ভিতরে হাওয়া খাওয়ার জন্য যাই। তার চার কোণে ভিতরে এবং একদিকের একেবারে মধ্যে খানে প্রায় অনেক জায়গা জুড়ে পাবলিক ইউরিনাল এবং অসংখ্য লাইন দিয়ে মানুষ সেই কাজ করছে। স্বাস্থ্য সঞ্চয় করবো কোথায়? যেটুকুও স্বাস্থ্য ছিল সেটুকুও বিসর্জন দিয়ে ঘরে ফিরে যেতে হয়। ওয়েলিংটনে যান সেখানে জগৎ শীলের আখড়া আছে। সেখানে ছেলেমেয়েরা এসেছে স্বাস্থ্য সঞ্চয় করবে। সেখানে লোক লাইন দিয়ে ভেরে জলসৌচ করছে। শহরের পার্কের ভিতর ঢুকলে ভক করে এমন একটা

গন্ধ পাবেন, যা জীবনে আর বোধ হয় আপনি ভুলতে পারবেন না। আর তার থেকেও বাড়া--আপনি যদি কোন দিন ভোরবেলা ২০ নং ট্রামে ক'রে পার্ক সার্কাস-এর দিক থেকে শিয়ালদহের দিকে যান, নীলরতন সরকার মেডিকেল কলেজ হসপিটাল পেরিয়ে একটু ঢুকলে আপনি দেখতে পাবেন ফুটপাথ থেকে খালি অসংখ্য লোক ঐ বড় ক্রিয়াটি সম্পন্ন করছে, প্রতিদিন। একটা সভ্য শহর, আমাদের গৌরব যে ভারতবর্ষের মধ্যে প্রথম ছিল, এখন দ্বিতীয়, সেখানে ভোর বেলা এইসব কান্ড হতে পারে, ভাবা যায় না। মানুষগুলির কোন দোষ নেই, তাদের কোন ব্যবস্থা নেই, শৌচ করার কোন জায়গা নেই, সুতরাং না ক'রে কি করবে--আসলে মানুষ বেড়েছে, কিন্তু শৌচাগার বাড়ে নি ফলে শহর একটা নরককুন্ডে পরিণত হয়েছে। এই নরককুন্ড দূর করার ব্যাপারে সি এম ডি এ-র যে টোটাল প্ল্যান তাতে কতটুকু কি করতে পারে, কতটুকু দূর করতে পারে, এই প্রশ্নই আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে রাখি।

[5-05—5-15 p.m.]

বড় বড় রাস্তার ফুটপাথে তো বটেই, ফুটপাথ ছাড়িয়ে ট্রাম লাইন পর্যন্ত প্রায় সমস্ত বড় বড় রাস্তায় বাজার এবং দোকান বসে গিয়েছে। ফুটপাথ দিয়ে হাঁটতে পারবেন না, এমন কি ট্রাম লাইনের কাছ দিয়ে পর্যন্ত হাঁটতে পারবেন না, বাজার এবং দোকান সার বাঁধা, কোন ফাঁক নেই, পথচারীদের যাবার জন্য। অনেক অনুরোধ ক'রে যেতে হবে, তার মধ্যে আবার উনুন জ্বলছে ঘরে ঘরে। বর্তমান সরকারের আমলে এটা বেড়েছে, অর্থাৎ এই কাজ করবার প্রায় আইনগত অধিকার সব মানুষ পেয়ে গিয়েছে। ফুটপাথ এবং ট্রাম লাইন পর্যন্ত যার ইচ্ছা যা কিছু পসরা নিয়ে ব'সে যেতে পারে। ফলে পাড়ার মস্তান, পুলিসের সেপাই এবং কিছু কিছু রাজনৈতিক নেতার কিছু প্রাপ্তিযোগের সুবিধা হয়েছে, আর কিছু সুবিধা হয় নি। তারপর আপনি গেলে দেখতে পাবেন রাস্তার উপর ড্রেন থেকে তোলা পাঁক জমে আছে, কারণ পাঁকের নিয়ম আছে যে যেদিন তুলবে সেদিন সরাবে না। অলিখিত নিয়ম হচ্ছে, সেই পাঁক আবার জলে ধুয়ে সেই ড্রেনের মধ্যে যাবে। রাস্তার উপর পাঁক জমে আছে তার উপর আবার একটা মরা কুকুর ২/৩ দিন ধ'রে প'ড়ে থাকবে, কেউ সরাবে না, তার পাশে ডাফরিন হাসপাতালের দেওয়ালটা দেখবেন—আমি আগে জানতাম দেওয়াল দেখলে কুকুর বেড়াল ঐসব কাজ করে, কিন্তু এখন দেখা যাচ্ছে মানুষও করে, সেই জল গড়িয়ে আসছে, মন্ত্রিমহাশয় দয়া ক'রে একটু শুনবেন, ঠিক তার পাশে পাঁক, মরা কুকুর আর শৌচের গড়ানো জল আর তার পাশে উনুন জ্বালিয়ে গরম গরম মামলেট বিক্রি করছে ভেজে ভেজে এবং মানুষ খাচ্ছে।

শহরের নাগরিকদের অবক্ষয়, নাগরিকদের মনের মধ্যে এই অবক্ষয় নিয়ে আসছে এবং নিয়ে আসছে প্রতিদিন। আরো একটা সমস্যা ভয়াবহ হয়ে উঠেছে কোলকাতায় সেটার প্রতি নজর পড়ছে কিনা জানি না, সেটা হচ্ছে, পার্ক এবং ফুটপাথে বসবাসকারী মানুষদের সমীক্ষাতে দেখা গিয়েছে—সি এম ডি এ-র চেয়ারম্যান মহাশয় সেদিন আমাকে বলছিলেন যে, কোলকাতায় সাধারণ জনসংখ্যাবৃদ্ধির হার শতকরা ২৫ ভাগ আর ফুটপাথে বসবাসকারী জনসংখ্যা বৃদ্ধির হার শতকরা ১০০ ভাগ। আমি তাঁকে জিজ্ঞাসা করেছিলাম, এটা আপনার কোন সালের হিসাব? আমার যতদূর মনে পড়ে তিনি বলেছিলেন ১৯৭০ অথবা ১৯৭১ সালের হিসাব এটা। আপনি যদি রাস্তায় যান দেখবেন একশো পারসেন্টের হার অনেক ছাড়িয়ে গিয়েছে। ৪০ হাজার ছিল, ৮০ হাজার হয়েছে, আমার ধারণা কোলকাতায় ফুটপাথ এবং পার্কে বোধ হয় ২/৩ লক্ষ লোক বাস করে। সেখানে তারা থাকে, খায়, রান্না করে, শৌচা করে এবং বংশবৃদ্ধি করে। এদের কল্যাণে বসন্তের রেকর্ড ছাপিয়ে গিয়েছে, গরম পড়ছে কলেরার রেকর্ড যে ছাপাবে না তা কে বুকে হাত দিয়ে বলতে পারে? কিন্তু আমি দুঃখের সংগে বলছি এই যে নূতন ভয়াবহ সমস্যা কোলকাতায় দেখা দিয়েছে এর ফলে এমন হয়ত একদিন আসতে পারে যেদিন পাকাবাড়িতে বসবাসকারী লোকের চেয়ে ফুটপাথে বসবাসকারী লোক বেড়ে যাবে,

এই [illegible]

না, তাদের দৃষ্টিভঙ্গি কি? আমার মনে পড়ে আনাতোল ফ্রাঁ একবার ব্যাঙ্গ ক'রে লিখেছিলেন যে, বুর্জোয়া গণতন্ত্র অর্থাৎ ধনবাদী গণতন্ত্র। বুর্জোয়া শব্দের মানে নিয়ে অনেক তর্ক-বিতর্ক হয় আজকাল। যাই হোক, ক্যাপিটালিস্ট রাজত্বের আইন কি রকম প্রচণ্ড নিরপেক্ষ গণতন্ত্র তা দেখবার জন্য আনাতোল ফ্রাঁ একবার লিখেছিলেন যে, দেখুন আমাদের আইনের চোখে সবাই এত সমান—কি গরিব কি বড়লোক। সবাই এত সমান গরিবের পক্ষে যা হবে, বড়লোকের পক্ষেও তাই হবে। চুরি করা, ভিক্ষা করা, ফুটপাথে শোয়া এবং পোলের নিচে এবং পোলের উপরে শোয়া নিষিদ্ধ। গরিব লোক পোলের নিচে শুইলে তার যা শাস্তি হবে, বড়লোক পোলের নিচে শুইলে তারও সেই একই শাস্তি হবে—এটাই হচ্ছে গণতান্ত্রিক আইনের নমুনা। কিন্তু এখানে আমার মনে হচ্ছে, আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় হয়ত ভেবেছেন, বুর্জোয়া গণতন্ত্র পেরিয়ে সমাজতন্ত্রের দিকে চলেছি, প্রায় এগিয়ে গেছি। সুতরাং ঐ অধিকারটা বড়লোকদের দিলাম না, কিন্তু গরিবকে দিয়ে দিলাম যে, তোমরা ফুটপাথে শুয়ে থাক; পোলের নিচে শুয়ে রাত্রিবাস কর। এই গণতান্ত্রিক অধিকারের জন্য গরিব মানুষ সমাজতন্ত্র প্রতিষ্ঠা করবে এটা কখনও ভাবে নি। এই নূতন ধরনের সমাজতন্ত্রকে দূর করা সম্পর্কে আমাদের সরকার কি চিন্তা করছেন সেটা একটু জানা দরকার। কারণ আমার মনে হয় এটা হচ্ছে কলকাতার সব চেয়ে গ্রোয়িং প্রবলেম। এই ধরনের নানা রকম প্রবলেম কলকাতা সম্পর্কে তোলা যায় বা আপনাদের নজরে আনা যায়। আমার সময় সংক্ষেপ ব'লে আমি অন্য উদাহরণে যাচ্ছি না। আমার মত যারা ছেলেবেলা থেকে কলকাতায় আছে যারা কলকাতা শহরে মানুষ হয়েছে, যারা একে ভালবাসে তারা সত্যি অত্যন্ত দারুণ দুঃখের সংগেও দেখে যে, কলকাতা শহর এত দ্রুতগতিতে দারুণ অবক্ষয়ের পথে নেমে চলেছে। সেই অবক্ষয় দূর করতে হ'লে মাত্র দেড়শত কোটি টাকায় চতুর্থ পরিকল্পনায় বিশেষ ফল পাওয়া যাবে এটা মনে করলে অবাস্তব হবে। সুতরাং আরো অনেক বড় পরিকল্পনা চাই। কিন্তু কেন্দ্রীয় সরকারের দিক থেকে সেই চৈতন্যের কোন নমুনা এখনও পর্যন্ত পাচ্ছি না। মন্ত্রিমহাশয় যদি সেই সম্বন্ধে আমাদের অবহিত করতে পারেন, তা হ'লে আমরা খুশী হব। কারণ আরো অনেক বেশি বড় প্ল্যান-এর প্রয়োজন আছে। প্রয়োজন আছে আরো অনেক বেশি ব্যবস্থা এবং অনেক বেশি কেন্দ্রীয় সাহায্যের। একথা সত্য যে, পশ্চিমবঙ্গের আর্থিক ক্ষমতা সীমাবদ্ধ। কিন্তু কোথায় বড় প্ল্যান-এর জন্য চেষ্টা হবে তার বদলে যা সাব্যস্ত হয়েছে তাতেও আমলাদের পক্ষ থেকে বাধার সৃষ্টি হয়েছে। ধরুন রিপোর্টে আপনি দ্বিতীয় হুগলী পুলের উল্লেখ করেছেন। যদিও সেই পুলের ব্যাপারটা এই বাজেটের মধ্যে আসে না, অন্য বাজেটে আসে, কিন্তু তা হ'লেও বিষয়টা কলকাতার উন্নতির সংগে জড়িত। সেখানে আমরা কি দেখলাম? ব্রীজ কমিশনার্স এস্টাব্লিস হয়েছে ১৯৭০ সালে আমাদের মন্ত্রিসভা থাকতে, আমরা ব্রীজ কমিশনার্স এস্টাব্লিস ক'রে দিয়েছি। অব আজ পর্যন্ত, এখন পর্যন্ত আসল ব্রীজের কাজ আরম্ভ করার জন্য যে প্রাথমিক ডলার মঞ্জুরীর প্রয়োজন, বিদেশী মুদ্রার প্রয়োজন, ত পাওয়া গেল না। আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় মাস খানেক আগে কাগজে বলেছিলেন যে তিনি এবারে ফাইনাল ক'রে এসেছেন টাকা এসে যাবে। আমি যতটুক জানি ৫/৬ দিন আগে পর্যন্ত খবর যে, এখনও পর্যন্ত এক পয়সাও ফরেন কারেন্সি আসে নি ব্রীজ কমিশনার-এর কাছে। আজকে আমলাতন্ত্রের কি ভয়ানক বাধা যে, সামান্য ফরেন এক্সচেঞ্জ মঞ্জুর ক'রে ব্রীজের কাজ শুরু হবে, কিন্তু বছরের পর বছর, মাসের পর মাস তারা বাধা দিয়ে আসছে।

[5-15—5-25 p.m.]

তার উপর আবার নূতন ফ্যাঁকড়া উঠেছে। সেটা কি? না, ময়দানের মালিক হলেন ডিফেন্স ডিপার্টমেন্ট। তারা এইসব শুনে সাত কাণ্ড রামায়ণ পড়ে, সীতা কার বাবা? তখন তাদের মনে পড়ল সীতা কার বাবা। এটা তো শুনি নি, ৩ বছর পরে সব প্ল্যান হল, সব মঞ্জুর হল, এখন মিলিটারি কর্তৃপক্ষ নাকি জানিয়েছেন যে, জমির উপর দিয়ে গড়ের মাঠে অ্যাপ্রোচ রোড যাবে, সেই জমির বাজার দরের দাম তাদের দিতে হবে। ভাবুন একবার, গড়ের মাঠ অঞ্চলে যে

পুল আরম্ভ হবে—যতদূর আমার ধারনা সেই রবীন্দ্রসদন থেকে পুলের অ্যাপ্রোচ রোড হবে, তারপর সেটা যাবে প্রিন্সেপ রোড পর্যন্ত, এতখানি জমির প্রায় সবটাই যাবে গড়ের মাঠের উপর দিয়ে। তা ছাড়া ব্রীজের ওখানে অনেক বেশী জায়গা লাগবে। সেই জমির যদি বাজার দর আজকে দিয়ে ব্রীজ কমিশনার্সকে ব্রীজ তৈরি করতে হয়, তা হলে তো সে ফতুর হয়ে যাবে। সেই পয়সা আসবে কোথা থেকে এবং মিলিটারি ডিপার্টমেন্ট তারা কি গভর্নমেন্টের অংশ নয়? কেন্দ্রীয় সরকার এতে অনুমোদন দিচ্ছেন যে, হ্যাঁ, এই পুল কর, সেই কেন্দ্রীয় সরকারের ডিফেন্স ডিপার্টমেন্ট আজকে চিঠি লিখে পাঠাচ্ছে যে, এইসব হবে না। আরো অবাক কাণ্ড তারা চিঠিতে কমিশনার্সকে জানিয়েছেন যে, খিদিরপুরে পি ডবলিউ ডি-র একটা গুদাম আছে, শর্ত হল সেটা তোমাদের তুলে দিতে হবে। ব্রীজ কমিশনার্স হল কোন্ ডিপার্টমেন্ট, আর পি ডবলিউ ডি হল কোন্ ডিপার্টমেন্ট? কিন্তু ব্রীজ কমিশনার্সকে গুদাম তুলে দিতে হবে প্লাস জমির দাম দিতে হবে। অর্থাৎ আমলাতন্ত্রের সেই পুরানো কারসাজি, সে সামরিক দপ্তরের আমলাতন্ত্রই হোক, আর এই দপ্তরের আমলাতন্ত্রই হোক, শেষ মুহূর্তে কি পরিমাণ পদে পদে অমুক-তমুক অজুহাত তুলে জিনিসটাকে বাধা দিচ্ছেন। অথচ গড়ের মাঠের জমি তো বুক ট্রান্সফার করলেই তো চলে। যে দাম দাবি করা হচ্ছে, সেই মিলিটারি কর্তৃপক্ষ কি গড়ের মাঠ নিজেদের পয়সা দিয়ে কিনেছিলেন? তখন তো রাণী রাসমণির দান হিসাবে তারা পেয়েছিলেন। আজকে কলকাতা শহরের উন্নতির জন্য একটা কাজ হবে, সেখানে বাগড়া দেওয়া হচ্ছে যে, দাম দাও, তা হলে তোমাদের জমি দেব। সেদিন উন্নয়নমন্ত্রী এবং রাজস্বমন্ত্রী শঙ্করবাবুর সঙ্গে পরিদর্শনের সময় আমি জিজ্ঞাসা করেছিলাম যে কি বুঝছেন, আর আটকাবে কি? উনি আমাকে বলেছিলেন, ভাববেন না, ইন্দিরাজীকে দিয়ে শিলান্যাস করানো হয়েছে। তারপর কি ওরা কিছু করতে সাহস করবে? হলে আমার আপত্তি ছিল না, তাঁদের আশা পূর্ণ হত। কিন্তু ইন্দিরাজীকে দিয়ে এই তো দু বছর আগে ঐ টালা-পলতা অগমেন্টেশন ওয়াটার সাপ্লাই স্কীম যাতে ৬ কোটি গ্যালন বাড়বে তার ইনটেক জেটি ইত্যাদি ইনাগুরেসন তো করলেন। কিন্তু সেই ইনাগুরেসন হবার পর সেই স্কীম আজ পর্যন্ত পূর্ণ হল না। ইন্দিরাজীর নাম কিন্তু সেখানে লেখা আছে ফলাও করে। কাজেই শুধু শিলা দেখে যদি আমাদের রাজস্বমন্ত্রী আশায় বুক বাঁধেন, তা হলে কিন্তু হবে না। ইন্দিরাজীকে ঐ আমলাতন্ত্ররা গ্রাহ্য করে না। মনে করুন সেদিন খবরের কাগজে বেরিয়েছে—আপনাকে ছোট করছি না, আপনি নূতন মন্ত্রী, আপনার তুলনায় অনেক ঝানু পুরানো মন্ত্রী ভি পি নায়েক সাহেব বম্বের মুখ্যমন্ত্রী—সবাই জানেন—অজয়বাবু হাসছেন এইরকম ঝানু পাওয়া যায় না—সেই ঝানু মন্ত্রী ইন্দিরাজীকে দিয়ে প্রমিস করিয়ে নিলেন প্রকাশ্য জনসভায় যে ৪ খানি রেল লাইন খোলা হবে খরা দুর্গতদের সাহায্যের জন্য। তারপর সেই ঝানু নায়েক সাহেব যখন গেলেন দিল্লীর দরবারে, তখন আমলাতন্ত্রের তরফ থেকে বলা হল, 'ফুঃ', ইন্দিরাজী কি বলেছেন না বলেছেন আমরা জানি না এবং ধারও ধারি না, ঐসব হবে না। কাজেই শুধু শিলা দেখে জলে ভাসবেন না। কিন্তু একটা বুঝে নেবেন যে, এর নাম হল আমলাতন্ত্র। সেদিন দেখলাম আমাদের উন্নয়নমন্ত্রীর সহকারী, রাষ্ট্রমন্ত্রী শ্রীসুব্রত মুখোপাধ্যায়, তিনি এতক্ষণ ছিলেন, এখন দেখতে পাচ্ছি না, সত্যই খুব মনের দুঃখে বলেছিলেন, তিনি আবার পুলিস মন্ত্রীও বটে, যে, আমরা মন্ত্রীরা আই জি-র অধীনে চাকুরি করি। অর্থাৎ আমলাতন্ত্রের কি প্রচণ্ড দাপট এবং মন্ত্রীরা এখন পর্যন্ত তাদের কাছে কি যৎসামান্য, সেই কথা মনের দুঃখে তিনি পাবলিকলি বললেন। তিনি বললেন, আমরা আসলে আই জি-র অধীনে এবং হোম সেক্রেটারির অধীনে চাকুরি করি। তারা শুধু আমাদের মাইনেটাই কাটতে পারে না। সেই সুব্রতবাবু যিনি পুলিসের আমলাদের সম্বন্ধে এই উক্তি করেছেন, এখানে থাকলে উন্নয়নের আমলাদের সম্বন্ধেও সেই উক্তি করতেন, আমলা ঐ একই গাছের ফল, আমলাদের মধ্যে দু-এক জন ভাল লোক থাকেন, কিন্তু তন্ত্রটা, অর্থাৎ সামগ্রিকভাবে যে জিনিসটা সেটা এই ধরনের। এদের ক্ষমতাটা দেখুন, আমাদের কলকাতার উন্নয়ন সমস্যা ছিল, সমস্যাটা কি, না টাকা। আমাদের যথেষ্ট টাকা নেই, কেন্দ্র যদি দেয়, তা হলে আমরা করতে পারব। কিন্তু আমেরিকার সঙ্গে তখন আমাদের কেন্দ্রীয় সরকারের খুব দহরম-মহরম। তারা বললেন, আমরা টাকা-পয়সা দেব। কিন্তু এটা আমাদের কায়দায় করতে হবে। সেটা কি না ঐ পপুলার রিপ্রেজেনটেটিভরা আমাদের ধারে-কাছে আসতে পারবে না, শুধু অফিসার, টেকনিসিয়ান আর ব্যুরোক্রেটসরা থাকবে। এই ধরনের কাজ করলে আমরা টাকা দিতে পারি।

আমাদের আমলাদের মধ্যে অনেকে ঐ আমেরিকায় শিক্ষা লাভ করে নিজেদের জীবনকে ধন মনে করেন এবং আমেরিকান একসেন্টে ইংরাজী বলতে পারলে মনে করেন এর চেয়ে আর স্বর্গ সুখ হতে পারে না। সেই আমেরিকানরা বললেন যে, অর্গানাইজেশন চাই এবং সেখানে যেন পপুলার রিপ্রেজেনটেশনের বাধ্যবাধকতা না থাকে। এই পপুলার রিপ্রেজেনটেশনের মধ্যে কলকাতা কর্পোরেশন আছে, ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট আছে, পাবলিক হেল্থ ইঞ্জিনীয়ারিং সেকসন আছে, পি ডবলিউ ডি আছে, সি পি ডাবলিউ ডি আছে, তারপর বিধানবাবু নতুন করে করলেন সি এম ডাবলিউ এস এ—এতগুলি সংগঠন হল কোন আমেরিকানরা ঢোকে নি। সি এম ডাবলিউ এস এ যখন করা হয়, তখন আমরা সিলেক্ট কমিটিতে এটাকে পাঠাতে পেরেছিলাম কিন্তু সেটা পরিত্যক্ত হয়ে গেল। যে মুহূর্তে রিপ্রেজেনটেটিভ গভর্নমেন্ট শেষ হল, গভর্নর-এর রুল শাসন ক্ষমতায় এলো, তখন আমেরিকায় শিক্ষিত আমলারা স্বর্গ পেল। সি এম ডি এ-র মধ্যে আর কোন পপুলার রিপ্রেজেনটেশন থাকলা না, এম এল এ, এম পি-রা দূর হয়ে গেল। কাউন্সিলর, কমিশনার নামক দুর্গন্ধময় জীবদের সংশ্রবে কলকাতার উন্নয়নকে আসতে দেওয়া হবে না। এই যে ব্যুরোক্রেটদের স্বর্গ, এই স্বর্গ সৃষ্টি হল সি এম ডি এ-তে। অথচ যে টাকা থাকল সেটা ব্যাপক টাকা এই অর্গানাইজেশনের কাছে। গভর্নমেন্ট অনায়াসে তা দিয়ে এর মধ্যে অনেক ভাল কাজ করতে পারে। সি এম ডি এ-র ভূমিকাটা কি, ১৪২ খানা প্রজেক্ট এখন পর্যন্ত যা দেখি নি। এর মধ্যে ১০০/১৫০ কোটি টাকার প্ল্যান বা প্রোজেক্ট তার মধ্যে সি এম ডি এ-র নিজস্ব অংশ মাত্র ৭টি। মাত্র ৭টিতে সি এম ডি এ এক্সিকিউট করতে পারবে। বাকি প্রায় সবগুলির কর্পোরেশন, সি আই টি, সি এম ডাবলিউ এস এ ইত্যাদি করবে। তা হলে এক্সিকিউশনের দিক থেকে সি এম ডি এ-র ভূমিকা জিরো। তারপর তাদের কি কাজ আমরা নভেম্বর মাসে সি এম ডি এ-র টুয়েলভথ রিভিউ মিটিং-এর রিপোর্টে দেখলাম ৩০এ সেপ্টেম্বর পর্যন্ত প্রগ্রেস রিপোর্ট রয়েছে। তাতে দেখা গেল ১৯৭২-৭৩ সালের তাদের সাজেস্টেড আউটলের পরিমাণ প্রায় ৪৭ কোটি টাকা।

[5-25—5-35 p.m.]

কিন্তু টুয়েলভথ্ রিভিউ মিটিং-এ সেই সাজেস্টেড আউটলে, ১৯৭২-৭৩এ নিয়মুলি রুপিজ ৪৭ ক্রোরস তার মধ্যে সি এম ডি এ-র নিজের অংশ মাত্র ৩·২৬ ক্রোরস ৪৭ কোটির মধ্যে ৩ কোটি, অর্থাৎ মাত্র ৭ পার্সেন্ট। ঐ সি এম ডি এ মাত্র ৭ পার্সেন্ট কাজ করবে এবং ১৪২টি প্রোজেক্টসের মধ্যে মাত্র ৭টি প্রোজেক্ট নিজে করবে বাকি অর্গানাইজেসনাল অ্যান্ড আদার এক্সপেন্সের জন্য বরাদ্দ করা হয়েছিল ১৯৭২-৭৩ সালে দেড কোটি টাকা। সাড়ে তিন কোটি টাকার কম কাজের জন্য অর্গানাইজেসনাল অ্যান্ড আদার এক্সপেন্সেস দেড় কোটি টাকা। এই হল আমলাতন্ত্রের নমুনা। সরকার ৩ কোটি টাকার স্কীম করবে, তার এক্সিকিউসান, অর্গানাইজেসান অ্যান্ড আদার এক্সপেন্সেস হচ্ছে দেড় কোটি টাকা, অর্থাৎ ছেলে আর ছেলের পায়খানা দুই-ই এক। সি এম ডি এ করে কি, তাকে প্ল্যান করতে হয় না, তার মাস্টার প্ল্যান, অমুক প্ল্যান করে সি এম পি ও; তাকে টাকা যোগাড় করতে হয় না, টাকা যোগাড় করে সেন্ট্রাল অ্যান্ড স্টেট গভর্নমেন্ট, বেশীর ভাগ স্কীম এক্সিকিউট করতে হয় না, করে সি আই টি, সি এম ডবলিউ এস এ ইত্যাদি। সুতরাং সি এম ডি এ শুধু তার নাম ডেভেলপমেন্ট অথরিটি, কিন্তু

it is no development authority at all. It is simply a scheme and money distributing organisation.

তা ছাড়া এর কোন কাজ নেই। তার জন্য দেড় কোটি টাকা অর্গানাইজেসনাল অ্যান্ড আদার এক্সপেনসেস, সম্প্রতি আরো বাড়বে, কারণ, প্রকান্ড প্রকান্ড বাড়ি, অনেক জীপ, অনেক গাড়ি এবং তার জন্য নিরঙ্কুশ আমলাতান্ত্রিক ক্ষমতা তাদের দিতে হয়েছে যে, পাবলিক রিপ্রেজেন্টেটিভ ধারেকাছে আসতে পারবে না, এমন কি সি এম ডি এ-র এতগুলি যে কর্মরত এজেন্সি যাদের মধ্যে কাজগুলি ভাগ করে দেওয়া হয়েছে, তাদের কাজের মধ্যে যাতে কো-অর্ডিনেশন থাকে এটুকু অন্ততঃ সি এম ডি এ করবে আশা করা যায়, কিন্তু সেখানে সি এম ডি এ অত্যন্ত হতাশাব্যঞ্জক। শুনলাম সি এম ডবলিউ এস এ-র মিটিং-এ সেই রিপোর্ট আছে যে, সি এম ডি এ-র স্ট্যাটুটরি অ্যাডভাইজারি কাউন্সিল ফাংকসান করে না। আমি জিজ্ঞাসা করলাম যে, কেন করে না, বললে, কোনদিন মিটিং ডাকা হয় নি, ফাংকসান করবে কি করে। যে অর্গানাইজেসান

পয়সা খরচের বেলায় বড়, যে অর্গানাইজেসান পাবলিক রিপ্রেজেনটেটিভদের অচ্ছুতজ্ঞান করে শুধু আমলাতন্ত্র দিয়ে পা থেকে মাথা পর্যন্ত ভরিয়ে রেখেছে সেই অর্গানাইজেসান অ্যাডভাইজারি কাউন্সিলকে প্রপার্লি ফাংসান করিয়ে এই কাজগুলির মধ্যে সমন্বয় সাধন করতে পারে না, এটা ভাবতে খুব অবাক লাগে। কলকাতার প্রত্যেক এম এল এ বলতে পারবেন, অধিকাংশ জায়গায় একই জায়গায় ২/৩টি রকমের কাজ ২/৩টি অর্গানাইজেশনকে দেওয়া হয়েছে। কিন্তু এদের কাজের মধ্যে সমন্বয় নেই, সি এম ডি এ এই সমন্বয়ের কাজ করে উঠতে পারে না স্যাটিসফ্যাক-টরিলি, এমন কি তারা অ্যাডভাইজারি কাউন্সিলকে দিয়ে কোন ফাংকসান করাতে পাবে নি। সেখানে এম এল এ, কাউন্সিলের নেই, আজকে যেসব অফিসার অচ্ছুত না হয়ে, ছুত হয়ে সেখানে আছেন তাঁরা কেন পারবেন না?

এমন কি সি এম ডি এ তাদের কাজ সম্পর্কে খবর দিতেও নারাজ। এই অভিযোগ আমার নয়, কংগ্রেস দলের এম এল এ-রাও প্রকাশ্যে খবরের কাগজে এই অভিযোগ করেছেন এবং এটা নিয়ে কংগ্রেস অফিসে মিটিং করেছেন যে, সি এম ডি এ আমাদের খবর পর্যন্ত দিতে নারাজ। এই যে হাই অ্যান্ড মাইটি ব্যুরোক্রেটিক অ্যাটিচুড এটা হচ্ছে আমেরিকান প্রেরণা এবং দিল্লীর মারফত সেই প্রেরণা ট্রান্সমিটেড হয়ে এখানকার আমলাতন্ত্র কর্তৃক সাদরে গৃহীত হয়ে এই জিনিস হচ্ছে। মন্ত্রিমহাশয় যদি এই প্যাটার্ন ভাংগতে পারেন, তা হলে সি এম ডি এ যে টাকা পাচ্ছে, যে বরাদ্দ পাচ্ছে এবং জনসাধারণের যে সহযোগিতা পাচ্ছে তাতে ফ্রুটফুল্লী এমপ্লয় করতে পারবেন, না হলে ব্যুরোক্রেসী মারফত সামান্য কাজ যা কিছু হয় সেটাই হবে, তাতে প্রোপার ইউটিলাইজেসন হবে না। আমার মত হচ্ছে এই যে, নিরঙ্কুশ আমলারা রয়েছে একে ভাংগা দরকার। সি এম ডি এ-র আমলাতান্ত্রিক ভিত্তিক যে আইন রয়েছে তাকে বদল করে এর সংগে যাতে এম এল এ-রা এবং পৌর প্রতিনিধিরা সংযুক্ত হতে পারেন তার ব্যবস্থা করা উচিত এবং এখান থেকে তাঁদের ইনক্লুড করবার মত আইনের সংশোধন হওয়া উচিত। তারপর, কাজ যেটা হচ্ছে তার মেন্টেনেন্স-এর অবস্থা কি সেটা একবার দেখুন। যদি মেন্টেনেন্স প্রপার্লি না হয়, তা হলে যেটা হচ্ছে সেটা বন্ধ হয়ে যাবে। আমি স্বীকার করি কোন কোন বস্তি অঞ্চলের চেহারা অনেক বদলেছে, দেখতে বেশ ভাল লাগে। কিছু কিছু রিফিউজী অঞ্চলে গিয়ে যা দেখেছি তাতে ভাল লেগেছে। ঢাকুরিয়া ব্রীজের নীচে একটা বস্তি আছে, গোবিন্দ-পুর, অত্যন্ত নোংরা বস্তি ছিল, সেখানে কোন কিছুর ব্যবস্থা ছিল না। এখন দেখছি সেখানকার গলিগুলো পাকা হয়েছে, পাকা ড্রেন হয়েছে, অনেক পরিষ্কার পরিচ্ছন্ন হয়েছে, দেখতে সুন্দর হয়েছে। কথা ছিল সেই ড্রেন এসে কোলকাতা কর্পোরেশনের মেইনের সংগে যোগ হবে। কিন্তু সেটা এখনও হয় নি বলে তৈরি হতে না হতেই সেই ড্রেন চোকড্ হতে আরম্ভ করেছে। অবস্থা দেখলে কান্না পাবে। সামান্য একটু সমন্বয়ের অভাবে সব শেষ হয়ে গেছে। কর্পোরেশনের সিওরেজের সংগে যোগ হতে বাকি, কিন্তু সেটা আর হল না। ৪/৫ মাস আগে গিয়েছিলাম তখন যে ধরনের কমপ্লেন ছিল আজকেও সেই কমপ্লেন রয়েছে। আমার বক্তব্য হচ্ছে মেন্টেনেন্স-এর ব্যবস্থা না হলে এই অবস্থা হবেই। ধরে নেওয়া হয়েছে কোলকাতা অঞ্চল কর্পোরেশন মেন্টেন করবে। কিন্তু বর্তমান কর্পোরেশনের আর্থিক অবস্থায় এই প্রস্তাব অবান্তর, সি এম ডবলিউ এস এ-র ইঞ্জিনীয়ারিং ডাইরেকটোরেট-এর রামবল্লভ চক্রবর্তী যিনি একজন অভিজ্ঞ ইঞ্জিনীয়ার, পুরান ইঞ্জিনীয়ার আমাদের ইবিগেসনের বোধ হয় চিফ ইঞ্জিনীয়ার ছিলেন, তিনি তাঁর রিপোর্ট বলেছেন কর্পোরেশনকে যদি মেন্টেনেন্স-এর ভার নিতে হয়, তা হলে

That would involve disproportionate increase in the volume of maintenance and operation works of the Corporation Although these matters have lately drawn the attention of the Government, it is likely to take quite a few years to have suitable organisation set up for the purpose. Meanwhile the works executed would be carried on

তিনি তাঁর নিজের অভিজ্ঞতা থেকে যে কথা বলেছেন আমার অভিজ্ঞতার সংগে সেটা মেলে। কর্পোরেশন করে দেবে বা করতে পারবে বলে যদি বসে থাকি, তা হলে ১৫০ কোটি টাকা খরচ করে যেটা তৈরি হয়েছে সেটা ২/৩/৪ বছরের মধ্যে পুরান কোলকাতার যে হাল ছিল সেইরকম হবে, অর্থাৎ গলে গলে, খসে খসে পড়বে যেটা অলরেডি আরম্ভ হয়েছে। সুতরাং অবিলম্বে ব্যবস্থা নেওয়া দরকার।

[5-35—5-45 p.m.]

কাজেই আমি কয়েকটা সাজেসান রাখছি, প্রথম হচ্ছে, হ্যাঁ, কর্পোরেশানকে ভার দিতে হবে মেন্টেনান্সের। কারণ, এটা সত্য যতগুলি অর্গানাইজেশান আছে তার মধ্যে কর্পোরেশান হচ্ছে সেই অর্গানাইজেসান যার সবচেয়ে বেশী অভিজ্ঞতা আছে, যার সবচেয়ে বেশী লোকজনের ব্যবস্থা আছে। কিন্তু তার বর্তমান আর্থিক অবস্থায় সে এই কাজ করতে পারবে না, তাকে তার জন্য গভর্নমেন্টকে ফান্ড দেবার ব্যবস্থা করতে হবে, সে যেভাবেই করুন, গ্র্যান্ট দিন বা লোন দিন, তারা এন্ট্রি ট্যাক্স চাইছে, তার ব্যবস্থা করুন। যেভাবেই করুন মেন্টেনান্সের ভার তাদের দিতে হবে। ২নং সাজেসান যে, সি এম ডি এ-কে ডেমোক্র্যাটাইজ করতে হবে। এর মধ্যে অঞ্চলের এম এল এ, এম পি এবং সিভিক বডিদের রিপ্রেজেনটেটিভ বডি ইনক্লুড করার আইনগত ব্যবস্থা অবিলম্বে গ্রহণ করুন, না হলে এই আমলাতন্ত্র টাকা নিয়ে ছিনিমিনি খেলবে এবং শেষ পর্যন্ত অর্ধেক ডুবে যাবে। সম্প্রতি আবার শুনছি যে, ওয়ার্লড ব্যাঙ্ক নাকি কলকাতায় এইসব ব্যাপারে আবার উৎসাহ দেখাতে আরম্ভ করেছেন। কাগজে কয়েকটা বিবৃতি বেরিয়েছে এই ওয়ার্লড ব্যাঙ্কের উৎসাহে সি এম ডি এ ধরনের প্যাটার্নের অর্গানাইজেসান হয়েছে, যদিও শেষ পর্যন্ত টাকা তাঁরা দিয়েছেন কিনা জানি না। আজকে আবার সেই ওয়ার্লড ব্যাঙ্ক ওভারচার্স করছে। এটা খুব সন্দেহজনক এবং বিপজ্জনক ব্যাপার। আমার মনে হয় ওয়ার্লড ব্যাঙ্কের এই ওভারচার্স আমাদের ব্যুরোক্রেসীকে স্ট্রেংদেন করে টাকা দিক বা না দিক। আমাদের শহর তার অলি-গলি-ঘুচি তা আমরা বিদেশী অর্গানাইজেসানকে কেন জানতে দেব? আমার মনে পড়ে যখন ফোর্ড ফাউন্ডেসান ইত্যাদি এদেশে আসে তখন এখানকার প্ল্যান চালান করে দেবার চেষ্টা হয়েছিল বিদেশে যাতে কলকাতা শহর এবং তার আশে-পাশে সম্বন্ধে সমস্ত ম্যাপ ইত্যাদি বিদেশে জমা হয়ে থাকে ভবিষ্যতের ব্যাপারের জন্য তখন লেফটেনান্ট জেনারেল চক্রবর্তী এর কর্তৃত্বে ছিলেন, তিনি প্রিভেন্ট করেন যাতে সেই প্ল্যান চালান হতে না পারে। বিদেশী কোন অর্গানাইজেসানের সঙ্গে শহরের এই ধরনের ব্যাপারে সংযোগ রাখা খুবই বিপজ্জনক এবং রাখা উচিত নয় এবং তারা শিক্ষার যে ভাবধারা আমাদের আমলাতন্ত্রের মনে ঢুকিয়ে দেয় তা আমাদের দেশের পক্ষে কোন কাজে লাগে না। সুতরাং সি এম ডি এ-কে ডেমোক্র্যাটাইজ করুন, তা হলে এই সমস্ত প্রবণতাকে রোধ করা যাবে। সি এম ডি এ-র মার্কিন প্রীতি কিছু পরিমাণে আমাদের কাছে সুবিদিত। ধরুন তারা বাংলার অর্গানাইজেসান, যেমন বেঙ্গল সার্ভিস সোসাইটি ইত্যাদি ভুঁইফোঁড় কতগুলি অর্গানাইজেসান কেউ কখনও তাদের বস্তির কাজ ইত্যাদি দেখে নি, কিন্তু সি এম ডি এ-কে ডেকে এনে এই বেঙ্গল সার্ভিস সোসাইটি এবং আরো আরো ভুঁইফোঁড় প্রতিষ্ঠানকে টালিগঞ্জ বস্তি সার্ভে এবং প্রোজেক্ট রিপোর্ট করার ভার দিয়ে প্রায় ১০ লক্ষ টাকা এখানে খরচ হয়েছে। এই বেঙ্গল সার্ভিস সোসাইটির পরিচয় যেটুকু আমি জানি যে, এখানকার আমেরিকান কনসুলেটের কোন স্ত্রী তিনি এর প্রধান পৃষ্ঠপোষক। সি এম ডি এ-র অনেক অফিসারের আমেরিকান কানেকশন আমি খুব ভালভাবে জানি। এইসব কারণে এদেরকে খাল কেটে কুমীর নিয়ে আসা হচ্ছে, আর এইসমস্ত অর্গানাইজেসানকে কেন ঢোকান হচ্ছে যেখানে সরকারী অর্গানাইজেসান আধা সরকারী অর্গানাইজেসান অলরেডি ডজন ডজন রয়েছে, তার আমি মানে বুঝতে পারি না। তারপর আমার তৃতীয় সাজেসান হল, সি এম ডি এ স্ট্যাটুটরী অ্যাডভাইসারী কাউন্সিল তাকে অ্যাক্টিভাইজ করা হোক। মাননীয় মন্ত্রী নিজে দেখুন অ্যাক্টিভাইজ করা হচ্ছে কিনা যাতে কো-অর্ডিনেসানে কাজ হয় এবং সেই অ্যাডভাইসরী কাউন্সিলে পপুলার রিপ্রেজেনটেটিভসদের ইনক্লুড করার ব্যবস্থা করান। চতুর্থ এবং শেষ সাজেসান হল এই যে, সেন্টারের কাছ থেকে আসুন সকলে মিলে দাবি করি, কলকাতার উন্নয়নের জন্য আরো অনেক বড় পরিকল্পনার দরকার আছে এবং আরো অনেক অর্থের ব্যবস্থা সেন্টার থেকে কলকাতার উন্নয়নের জন্য করা হোক, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ অন এ পয়েন্ট অব পার্সোনাল এক্সপ্লানেসান স্যার। কিছুক্ষণ পূর্বে আমি বিধানসভার একজন ওয়াচ অ্যান্ড ওয়ার্ডের বিরুদ্ধে একটা অভিযোগ আপনার সভায় উপস্থিত করেছিলাম। আমি অনুসন্ধান করলাম এবং অনুসন্ধান করে দেখলাম যে,

ভীড় নিয়ন্ত্রণ করবার জন্য লবীতে ভিজিটার্স রেস্ট্রিকটেড আপনি করে দিয়েছেন। সেদিক বিবেচনা ক'রে তার উপর যাতে শাস্তিমূলক ব্যবস্থা না নেওয়া হয়, সেজন্য আমি আপনাকে অনুরোধ করছি।

Mr. Speaker: In view of the statement made by the honourable Member that no action is called for against any employee of the Assembly as he has been satisfied after detailed enquiry that he had acted within his jurisdiction, I think the matter may be dropped. I now call upon Shri Mrigen Mukherjee.

শ্রীমৃগেন্দ্র মুখার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রিমহাশয়ের সদিচ্ছা, সততা, উদ্যম এবং নিষ্ঠাকে স্বাগত জানিয়ে সমস্ত ছাটাই প্রস্তাবের বিরোধিতা ক'রে, এই যে বাজেট বিল বরাদ্দের দাবি এসেছে, আমি সেই দাবিকে সর্বান্তঃকরণে সমর্থন করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ থেকে ২৫০ বছর আগে, আড়িয়াদহ ঘোষাল পরিবারের মেয়ে লীলাবতীকে যখন সতীদাহ প্রথার জন্য আনা হয়েছিল এবং তার স্বামীর চিতা জ্বলছিল, জলে তখন বিহার করছিলেন বণিক জব চার্ণক, তখন সেই সময় ক্রন্দনরতা রমণীকে উদ্ধার ক'রে নিয়ে যায় সেই জব চার্ণক, এবং পরে তাকে বিয়ে করেন তারপরে তাদের তিন মেয়ে হয়—এলিজাবেথ, মেরী, ক্যাথারিন, তারই স্বার্থে সেদিন কলকাতা মহানগরীর পত্তন করা হয়েছিল। তারপর থেকে আড়াই শ বছর কেটে গিয়েছে। বহু জনশক্তির উত্থান-পতনের নীরব সাক্ষী হয়েছে এই কলকাতা, বহু রাজশক্তির উত্থান-পতনের সাক্ষী হয়েছে এই কলকাতা। তারপরে এই আড়াই শ বছরের কলকাতা ইদানীং কালে কখনো মিছিলের নগরী, কখনও দুস্বপ্নের নগরী এই সব খেতাব অর্জন করে। সেই কলকাতাকে ডাঃ বিধানচন্দ্র রায় তিলোত্তমা করার সাধনা শুরু করেন। ১৯৬১ সালে তৈরি হল ক্যালকাটা মেট্রোপলিটান প্ল্যানিং অর্গেনাইজেশন, ১৯৬৬ সাল পর্যন্ত তার ডিরেক্টার ছিলেন প্রতাপ বোস, তিনি একজন টেক্‌নিকেল ম্যান, ১৯৬৬ সালের পর থেকে কলকাতা শহরে নূতন ক'রে আবার প্রাণ সঞ্জীবনীর প্রচেষ্টা শুরু হয়েছে। কিন্তু এখন পর্যন্ত এমন কোন সর্বাঙ্গীণ রূপায়ণ প্রচেষ্টার ফল পাচ্ছি না যেটা মন্ত্রিমহাশয়ের বক্তৃতা থেকে প্রকাশিত হয়েছে একটা দৈন্য দশার কথা। সেই দৈন্য দশার কথা ভাবলে এই বোধ হয় এই কলকাতা মহানগরীকে সেই মিলান ভেনিস কিংবা ব্যাবিলনের মত আসন্ন পতনের হাত থেকে রক্ষা করতে পারবেন কি পারবেন না। যাই হোক, জনপ্রিয় এই সরকারের কাছে আবেদন, এই মহানগরী কলকাতাকে, লীলাবতীর কলকাতাকে, রক্ষা করার জন্য যে নিষ্ঠা নিয়েছেন সেই নিষ্ঠা যেন সার্থক হয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৬১ সালের পর থেকে যে সি এম পি ও-এর কাজ শুরু হয়েছিল, ১৯৬৬ সাল পর্যন্ত তার টেকনিকাল ডিরেক্টর ছিলেন, সেই টেকনিকাল ম্যান-এর হাত থেকে আই এ এস-এর হাতে মেট্রোপলিটান অর্গানাইজেশন চলে যাবার পর থেকে আমরা দেখলাম, পার্ভিন স্কলারশিপের টাকায় মহাদেশ সফর শুরু হ'ল এবং বহু অফিসার চলে গেলেন বিদেশে, ঘুরে এলেন, ঘুরে আসার পর থেকে আজ পর্যন্ত চতুর্দিকে যে সমস্ত অভিজ্ঞতা আমরা পাচ্ছি, তাতে আমার মনে হয়েছে, বার বার এই সি এম ডি এ এবং সি এম পি ও-এর কলকাতা উন্নয়নের নামে একদল প্রতিষ্ঠাবান লোক নিজেদের ক্যারিয়ার তৈরি করার প্রচেষ্টা করছে। অত্যন্ত বেদনার সঙ্গে আপনার মাধ্যমে এই বিধানসভায় এই প্রশ্ন তুলে ধরতে কোন দ্বিধা নাই। কারণ আমার কাছে প্রমাণ আছে, উৎকট কতকগুলি প্রমাণ আমার সামনে রয়েছে। প্রথমে বলছি, এই সি এম পি ও-র হাতে তৈরি হয়েছিল হলদিয়া উন্নয়নের সেল। এই হলদিয়া প্রকল্প রচনার ভার ছিল টি বি লাহিড়ীর উপর। সেই প্রকল্প যখন তৈরি করা হ'ল, তখন রাজ্যের স্বার্থের বিরুদ্ধে পোর্ট কমিশনার সেই প্রকল্পকে বাতিল ক'রে দিলেন। বই ছাপা হ'ল দশ হাজার টাকা নিয়ে, চতুর্দিকে ছড়িয়ে দেওয়া হ'ল, এটা এমনই এক পরিকল্পনা। তারপরে দ্বিতীয় ফারাক্কা উন্নয়নের জন্য সি এম পি ও-র উপর যখন ভার দেওয়া হ'ল, ফারাক্কা উন্নয়ন তো হ'লই না, দেখলাম, পরিকল্পনা কাগজেই রয়ে গেল এবং দেখলাম ফারাক্কার নকশা বা মানচিত্র পাকিস্তানী গুপ্তচরদের হাতে চলে গেল। তারপর দেখলাম যাঁরা যাঁরা জড়িত ছিলেন তরুণ লাহিড়ী, কল্যাণ বিশ্বাস, বি সি গাঙ্গুলি, যাদের হাতে সি এম পি ও মার খেল, গত বিধানসভায় দেখলাম অভিযোগ হ'ল এবং তাদের ট্রান্সফার ক'রে দেওয়া হয়, এখন শুনছি তাঁদের নাকি পদোন্নতি হয়ে গেছে।

এই কল্যাণ বিশ্বাসকে রাজ্য পরিকল্পনা পর্ষতের সচিব করা হ'ল, * আর তরুণবিকাশ লাহিড়ীকে সুন্দরবন উন্নয়ন পর্ষতের সচিব করা হ'ল। যেখানে ৮৫ কোটি টাকা খরচা করা হবে। তিনি হলদিয়াকে ন্যাবা হলুদ ক'রে দিলেন। ফরাক্কাকে জলে ভাসিয়ে দিলেন—তাঁকে দেওয়া হ'ল সুন্দরবন এবং রাজ্য পরিকল্পনা পর্ষদের দায়িত্বে। এটা স্যার, আমার কাছে ছন্দপতন লেগেছে।

[5-45—5-55 p.m.]

সি এম পি ও সম্বন্ধে আর একজনের নাম এখানে উল্লেখ করা দরকার—তিনি হচ্ছেন স্বনামধন্য ডেপুটি সেক্রেটারী অশোকগোবিন্দ চৌধুরী। তিনি সি এম পি ও-কে একটা অশোক কানন তৈরি করতে চেয়েছেন নিজের ঘরে বসে। তাঁর অযোগ্যতা, অকর্মণ্যতা এবং তাঁর দুর্নীতির প্রমাণ আমার কাছে না থাকলেও, তিনি যে তাঁর নিজের ঘরে বসে মদ্যপান করেন, তার প্রমাণ আমার হাতে আছে। নারীজাতির সম্মান হরণের প্রমাণও আমার হাতে আছে। এবং আমার হাতে আছে তিনি বেনামে ব্যবসা পর্যন্ত ক'রে যাচ্ছেন। মাননীয় রাষ্ট্রমন্ত্রী সুব্রত মুখার্জী সাত দিনের মধ্যে ও'র বদলীর আদেশ দিয়েছিলেন, সেই আদেশ এখনও পর্যন্ত কাগজে কলমেই রয়ে গেছে। সেই আদেশ কার্যে পরিণত হয় নাই। তিনি গর্ব ক'রে ব'লে থাকেন, আমাকে নড়াবার ক্ষমতা ত্রিভুবনে কারও নাই। যদি নড়তে হয়, আমি প্রমোশন নিয়ে চলে যাব।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, সি এম পি ও-কে হত্যার ষড়যন্ত্র করা হচ্ছে। এই তরুণবিকাশ লাহিড়ী, কল্যাণ বিশ্বাস, বি সি গাঙ্গুলি ও অশোকগোবিন্দ চৌধুরীর সহায়তায় সি এম পি ও-কে নষ্ট করতে চাইছেন। এ'রা হলেন আউট ব্যাটসম্যান—বেরিয়ে এসে নক আউট করতে চাইছেন সি এম পি ও-কে। মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি সতর্ক ক'রে দিতে চাইছি এজন্য। চার বছরের মধ্যে উন্নয়ন পরিকল্পনা কার্যে পরিণত করার দাবি আমরা বিধানসভা থেকে মন্ত্রিসভার কাছে রেখেছি। অতএব এই প্রশ্নগুলি সকলের সমক্ষে তুলে ধরার বিশেষভাবে দরকার আছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই সি এম পি ও-কে দুর্নীতির হাত থেকে মুক্ত করার জন্য তরুণ ইঞ্জিনীয়ার অফিসাররা বাঘা কমিশনার জে সি সেনগুপ্তের নেতৃত্বে যখন এগিয়ে আসবার চেষ্টা করছিলেন, তখন সবাই তাক খেয়ে গেছেন। এবং জে সি সেনগুপ্ত দুর্নীতির চক্রকে ভাঙতে গিয়ে নিজে এখন দেহরক্ষীর আশ্রয় নিয়েছেন। কারণ গুণ্ডারা তাঁর পেছনে লেগে গেছে। এই সি এম পি ও প্রতিষ্ঠা হবার পর থেকে আমরা দেখছি, আমরা বহুবার মন্ত্রিমহাশয়কে বলেছি, তিনি বলেছিলেন, সি এম পি ও-কে তোলার পরিকল্পনা আমাদের কারও নাই। এবং এই ব্যাপারে আমাদের প্রশ্ন দেওয়া আছে। কিন্তু কার্যতঃ এখন দেখছি, ভাল ভাল অফিসার ভাল ভাল করণিককে সরিয়ে নিয়ে গিয়ে, সি এম পি ও-কে প্যারালাইজ করবার চক্রান্ত চলছে।

দ্বিতীয় পর্যায়ে আপনার কাছে সি এম পি ও সম্পর্কে কয়েকটি তথ্য তুলে ধরার প্রয়োজন মনে করি। সি এম ডি এ কলকাতার জন্য প্রায় দেড় শ কোটি টাকা খরচ করেছেন অথচ তেমন প্রমাণ আমরা কোথাও পাচ্ছি না। আর ওদিকে আড়াই শ কোটি টাকা খরচ ক'রে চণ্ডীগড় নগর তৈরি করা হয়েছে। কলকাতা যে তিলোত্তমা হ'ল তার প্রমাণ কোথায়? এত টাকা খরচ করার পর কোথায় কলকাতার রূপ বাড়ল তাতো বুঝতে পাচ্ছি না। মাননীয় অধ্যক্ষ মহোদয়, কলকাতাতে সি এম ডি এ পলিথিনের পাইপে জল সরবরাহ করবেন ব'লে মাদ্রাজ থেকে ক্যামিক্যাল প্ল্যাস্টিক ইন্ডিয়া লিমিটেড কোম্পানী থেকে ৮০ লক্ষ টাকা দিয়ে সেই পলিথিনের পাইপ আনা হ'ল সেই পাইপ ফেটে ফুটে চৌচির হয়ে গেল, এর জন্য কোন টেন্ডার ডাকা হয় নাই, একটা কোম্পানীর কাছ থেকে কিনে নেওয়া হয়েছে। টাকা জলের মত খরচ হয়েছে, সে পাইপও আর এখন নাই, আর সেই পাইপ সংক্রান্ত ফাইলও নাই সরকারী দপ্তরে।

তারপর মাননীয় অধ্যক্ষ মহোদয়, ৫/৬ কোটি টাকা দিয়ে সিমেন্ট পাইপ আনানো হবে ব'লে বলা হ'ল, সেই পাইপের জন্য টেন্ডারও ডাকা হ'ল, এবং ওপেন টেন্ডার পি ডবলিউ ডিএর কোটেশনকে অস্বীকার ক'রে ঢাকার দুটো কোম্পানীর কাছ থেকে কোটেশন নেওয়া হ'ল। টাকার এত নয় ছয় হবে কেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, সি এম ডি এ-র প্রচারের জন্য ক্ল্যারিওন কোম্পানীকে ৮ লক্ষ টাকা অগ্রিম দিয়ে দেওয়া হ'ল, অ্যাডভারটাইজমেন্ট বের করার ব্যাপারে।

অথচ অ্যাডভারটাইজমেন্ট বেরুবার আগেই তাদের টাকা পেমেন্ট হয়ে গেল। আমি স্যার, আপনার মাধ্যমে সরকারের কাছে এই জিনিসগুলো তুলে ধরছি। কারণ আগামী কাল কেন্দ্রের কাছ থেকে এই ঋণ পাওয়া ঋণের টাকার সুদ আমাদের গুণতে হবে এবং আমাদের অধস্তন চৌদ্দ-পুরুষের ঘাড়ে এই ঋণের বোঝা আমরা চাপিয়ে যাচ্ছি। অথচ আমরা জানি না এই কাজের ফল কারা ভোগ করবে? তাই স্যার, আপনার মাধ্যমে এই বিধানসভায় আমি দাবি তুলছি যে, সি এম ডি এ-র যেসব কাজ হচ্ছে তার পারফর্মেন্স অডিট করা হোক। সি এম পি ও এবং সি এম ডি এ-র কাজ কর্ম সম্পর্কে একটা তদন্তের ব্যবস্থা হওয়া দরকার। আমি অভিযোগ রাখবো এবং বিচার চাইব জনসাধারণের কাছে এদের কার্যকলাপের মাধ্যমে আমাদের সরকারের চরিত্র হনন করবার কোন প্রচেষ্টা বা চক্রান্ত এদের কার্যকলাপের মধ্যে আছে কিনা, সেজন্য কয়েকটি অভিযোগ আপনার মাধ্যমে এখানে তুলে ধরার প্রয়োজন আছে ব'লে মনে করি।

আমাদের উন্নয়নের তিনটি ধাপ রাখতে হবে—একটা হ'ল পলিসি প্ল্যানিং, দ্বিতীয় হ'ল ফিজিক্যাল প্ল্যানিং এবং তৃতীয় হ'ল ইমপ্লিমেন্টেশন। আমাদের রাজ্যে একটা রাজ্য পরিকল্পনা পর্ষৎ তৈরি হয়েছে। এই পরিকল্পনা পর্ষৎ সম্বন্ধে ৫ই মে, ১৯৭২ সালে, আমাদের ক্যাবিনেট একটা ডিসিশন নিয়েছিলেন যে, এস পি বি অর্থাৎ স্টেট প্ল্যানিং বোর্ড একটা অ্যাডভাইজরি রোল নেবে। তার পরামর্শ দেবে। কিন্তু আমরা এখন দেখতে পাচ্ছি যে, কয়েকজন অফিসার মিলে এই এস পি বি-কে একটা সুপার ক্যাবিনেট করতে চাইছেন। তারা একটা মেট্রোপলিটান গভর্নমেন্ট তৈরি ক'রে সি এম পি ও-কে অবলুপ্ত ক'রে আরও বেশি ক্ষমতা হাতে আনতে চাইছে। যারা বিধি প্রণয়ন করবেন, তারা যদি রূপদান করেন, তারাই যদি টাকা খরচ করেন, তা হ'লে শ্রেণী স্বার্থ বাসা বাঁধে, দুর্নীতি আসে। তাই আমি আপনার মাধ্যমে এই প্রস্তাবগুলি তুলে ধরতে চাই। আমি বলি রাজ্য পরিকল্পনা পরিষদের এক্তিয়ার নির্দিষ্ট করা হোক, সি এম পি ও-র এক্তিয়ার, সি এম ডি এ-র এক্তিয়ার নির্দিষ্ট করা হোক। আমাদের এখানে টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং আইন নেই। কেরালা, আসাম, বিহার, উড়িষ্যা সব জায়গায় আছে, আমাদের এই রাজ্যে নেই। আমাদের এই রাজ্যে টি এন সি পি অ্যাক্ট তৈরি ক'রে সি এম পি ও-কে পুনর্গঠিত করা হোক এবং গোটা রাজ্যের ফিজিক্যাল প্ল্যানিং সেন্ট্রালাইজড অথরিটির উপর দিয়ে দেওয়া হোক এবং আমি মনে করি, স্টেট প্ল্যানিং বোর্ডের ক্ষমতা হওয়া উচিত যেটা ক্যাবিনেট নির্ধারণ ক'রে দিয়েছেন সেটাই এবং উপদেষ্টার ভূমিকা। জনশক্তি, ভূমি সদ্ব্যবহার, আন্তরাজ্য উন্নয়ন এবং সমন্বয়—এছাড়া স্টেট প্ল্যানিং বোর্ডের আর কোন দায়িত্ব থাকা উচিত নয়। সি এম পি ও প্ল্যানিং করবে, আবার অন্যর উপরও প্ল্যানিংএর দায়িত্ব থাকবে, সুন্দরবনের একটা করবে, দুর্গাপুরে একটা করবে, আবার ঝাড়গ্রামে একটা। সেটা না ক'রে রাজ্য জুড়ে সেন্ট্রালাইজড প্ল্যানিংএর দায়িত্ব একটির উপর থাকা উচিত, এটা সেন্ট্রালাইজড করা উচিত। বিভিন্ন জায়গায় বিচ্ছিন্ন, বিক্ষিপ্ত প্ল্যান যদি করা হয়, তা হ'লে সমন্বয় হবে না। সমন্বয় রাখার জন্য একটা মাস্টার প্ল্যান তৈরি করা উচিত এবং সেই মাস্টার প্ল্যান বিভিন্ন জায়গায়, বিভিন্ন সংস্থার ইমপ্রুভমেন্ট, ডেভেলপমেন্ট করুন, এটাই আমরা মনে করি। এই বিধানসভায় এমন একটা নীতি নির্ধারণ করা চাই যার ফলে আগামী চার বছরের মধ্যে পরিকল্পনাগুলো কাজে পরিণত হয়। এখনও পর্যন্ত কোন সংস্থার মধ্যে কো-অর্ডিনেশন নেই। অনেক জায়গায় বস্তী তৈরি ক'রে দিয়ে গেলো সি এম ডি এ তার মধ্যে পি ডবলিউ ডি রাস্তা ক'রে দিয়ে গেলো, সেই রাস্তার ধারে নর্দমা করবে পৌর সভা, নর্দমা হ'ল না। রাস্তা হ'লো রাস্তা ভেঙ্গে আবার তারপর রাস্তা খুঁড়ে তার তলা দিয়ে জলের পাইপ গেলো। টাকা দিয়ে কন্ট্রাক্টারের পকেট ভরালো। যত দোষ হ'ল গভর্নমেন্টের, মুখ্যমন্ত্রীর এবং ইত্যাদির এবং এই রকম একটা প্রচার চললো। আমরা সেইজন্য বলি কো-অর্ডিনেশন চাই। সোমনাথবাবু বলে গিয়েছেন যেকথা, কমিটি, সিভিক বডি ইত্যাদি আমার মনে হয় এগুলো খুব বাস্তব নয়। কো-অর্ডিনেশন করতে গেলে সেন্ট্রালাইজড প্ল্যানিং করতে হবে এবং মাস্টার প্ল্যান অনুসারে কাজ হ'লে সুবিধা হবে। কো-অর্ডিনেশন না থাকার একটা প্রমাণ আমি আজকেই দিচ্ছি। আমাদের হাওড়ায় সি এম পি ও পাইপ লাইন করবে, রাস্তা খুঁড়লেই ডি ডবলিউ ডি কোর্ট থেকে ইনজাংসান দিয়ে দিলেন। ডি এম বৈঠকে বসলেন, পুলিসকে নিয়ে, বৈঠকে ঠিক হল, দুশো ফিট করে পাইপ খুঁড়ার গর্ত করবে, আবার মাটি ফেলে দেবে এবং চাপা দেবে। [illegible] হিসাব করে

বললেন ৯ বছর লাগবে। চার বছর লাগবে ইনস্টলেস্যান করতে, আরও পাঁচ বছর লাগবে জলের পাইপ করতে। এইরকমভাবে কো-অর্ডিনেসানের অভাবের জন্য আমাদের মতো গরিব দেশের টাকা-কড়ি নষ্ট হয়ে যায়। আমি তাই মনে করি সি এম পি ও-কে শক্তিশালী করে সি এম ডি এ-কে ইমপ্লিমেন্টিং এজেন্সী, সি এম ডবলিউ এস এ-কে ইত্যাদি সংস্থাকে ইমপ্লিমেন্টিং এজেন্সী করে কাজ করা উচিত। কিন্তু প্ল্যানিং কাউকে করতে দেবেন না। প্ল্যানিং সেন্টালাইজড হওয়া চাই। তাই আমি আপনার মাধ্যমে সরকারকে অনুরোধ করি, এই সমস্ত ইমপ্লিমেন্টিং এজেন্সি যেখানে থাকবে সেখানে কর্তাব্যক্তি দয়া করে আই এ এস-কে সরিয়ে দিন। সেই জায়গায় টেকনিক্যাল পারসোন্যালকে বসিয়ে দিন যারা সমস্ত প্যানিং-এর ব্যাপারে থাকবে। তা না হলে কায়েমী স্বার্থের আমলারা আসবেন তারা ক্যারিয়ার করে চলে যাবেন। পাঁচ বছর বাদে জনসাধারণের কাছে আমরা কৈফিয়ত দিতে পারবো না। সেদিন সুদক্ষ মন্ত্রী শ্রীশংকর ঘোষ মহাশয় আমাদের এলাকায় বিভিন্ন জায়গায় কাজ দেখতে গিয়েছিলেন, তিনি নিষ্ঠার সংগে রোদ্দুরে দুপুরে কাজ দেখে বেড়াচ্ছেন ঘুরে ঘুরে। আর অপরদিকে সেই কাজকে তলা থেকে সাবোট্যাজ করে দেওয়া হচ্ছে। নির্ধারিত সময় মতো কাজ যে হবে না সে ধারণা আমার নিজের হয়ে গিয়েছে যে ধরনের কাজ চলছে তাতে। বিভিন্ন জায়গায় এক কাজ হয়, আর একজন এসে ভেঙ্গে দিয়ে চলে যায়। কো-অর্ডিনেশান প্রবলেম। আমাদের এক বছর হয়ে গিয়েছে, চার বছরের মধ্যে কাজ শেষ করতে পারবে না। আমরা মনে করি এটা নূতন নয়। এই সরকারের উপর বিরাট দায়িত্ব। সরকারকে পাঁচ বছরের মধ্যে সবকিছু কাজ শেষ করতে হবে। তা না হলে কোটি কোটি টাকা খরচা হবে, খরচার ফলে মুদ্রাস্ফীতি ঘটবে এবং তার জন্য জনসাধারণের মধ্যে অসন্তোষ জাগবে এবং একদিন হয়তো এমন দিন আসবে, অবস্থা আসবে যে সে অসন্তোষ বিস্ফোরণ হয়ে গণতন্ত্রের কাঠামোর ভিত্তি কাঁপিয়ে দিয়ে চলে যাবে। আমরা জানি ম্যান মে কাম অ্যান্ড ম্যান মে গো, বাট আই গো অন ফর এভার। এটা শুধু নদীর কথা নয়, এট ব্যুরোক্রেসীরও কথা। মুখ্যমন্ত্রী সিদ্ধার্থ রায়ের যিনি সেক্রেটারী হবেন, জ্যোতিবাবু এলেও তিনিই সেক্রেটারী হবেন। কাজেই ও'রা কিছু ভাবেন না। যখন কাজটা বিলম্বিত হয় সকলের লাভ হয়। তাই মন্ত্রি-মহাশয়কে স্মরণ করিয়ে দিয়ে বলছি, যাতে তাড়াতাড়ি হয় তার ব্যবস্থা করুন। তা না হলে দুর্নীতির হাত থেকে এই রাজ্যকে মুক্ত করতে পারবেন না।

[5-55—6-05 p.m.]

তাই আমি বলি মুখ্যমন্ত্রী যে ঘোষণা করেছেন দুর্নীতির বিরুদ্ধে সর্বাত্মক যুদ্ধ চালাতে, তাঁর হাতকেই শক্ত করার জন্য আমি এই তদন্তের দাবি করছি। এই সি এম পি ও, সি এম ডি এ-র কাজ তদন্ত করার জন্য একটি সংসদীয় তদন্ত কমিটি করা হোক। দুর্নীতির যে নজির আছে সেটা সত্য না অসত্য সেটা দেখার জন্য। তা না হলে আগামী কালে আমরা কোন কৈফিয়ত দিতে পারবো না--আমাদের সেটা করতে হবে— তা না হলে আমরা ভাববো যে মুখ্যমন্ত্রীর সংগে বিশ্বাসঘাতকতা করা হচ্ছে। এই দপ্তরে যদি দুর্নীতির বাসা বেধে থাকে তা আমরা দূর করতে পারবো এবং দৃঢ় পদক্ষেপে এগিয়ে যেতে পারবো। আমাদের যে সময় আছে সে সময় কাজের সময়—এ সময় বৃথা নষ্ট করলে ইতিহাস আমাদের ক্ষমা করবে না। জয় হিন্দ।

ডাঃ কানাইলাল সরকারঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের অর্থমন্ত্রী মহাশয় যে গ্র্যান্ট নং ৩৫ মেজর হেড ১০৬এ যেটা এনেছেন তাকে পূর্ণ সমর্থন করে আমি দু-একটি বক্তব্য রাখছি। স্যার, আপনি জানেন যে, এই কলকাতা মহানগরী শুধু বাংলা-দেশের নয়, স্যরা ভারতবর্ষের বাণিজ্যিক কেন্দ্র এবং এশিয়ার মধ্যে বৃহত্তর নগর। আমরা ছোট বেলা থেকে দেখেছি যে, এই কলকাতা মহানগরী ক্রমশ মৃতপ্রায় হতে চলেছে। আমরা জানি ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্ট-এ ছিল যে, কলকাতার মানুষকে প্রত্যেকের জন্য ৩০ থেকে ৩২ গ্যালন জল দান করবো। এখন দেখলাম সেই জলের পরিমাণ কমে ৮ গ্যালনে দাঁড়িয়েছে। আমরা দেখতাম আগে দু-তিন জায়গায় এই কলকাতার মধ্যে জলনিকাশ হত না, ঐ ঠনঠনে কালিবাড়ির কাছে, এবং আর জি কর মেডিক্যাল কলেজের সামনে। কিন্তু এখন দেখা যায় সারা কলকাতা সামান্য একটু বৃষ্টিতে ভেসে যাচ্ছে। আমরা দেখেছিলাম আগে যে জলনিকাশ ব্যবস্থা ছিল

অনেক খাল বিল ছিল তার মধ্য দিয়ে জল চলে যেতে পারতো। কিন্তু সেগুলি ক্রমবর্ধমান জনতার চাপে সেই সমস্ত জায়গার খাল-বিল বন্ধ হয়ে ঘরবাড়ি হয়ে গেছে যার জন্য আমাদের জল বেরুবার সেই জলনিকাশীগুলি বন্ধ হয়ে গেছে। তার জন্য নূতন জলনিকাশী ব্যবস্থা করা দরকার হয়ে দাঁড়িয়েছে। তারপর দেখা গেল, এই সমস্ত রাস্তা, এই সমস্ত হাসপাতাল যা আছে তার উন্নয়ন যদি না করা যায়, তা হলে এই কলকাতাকে বাঁচানো যাবে না। তখন সি এম পি ও, সি এম ডি এ পরিকল্পনা ডাঃ বিধানচন্দ্র রায় নিয়ে এলেন, একটা স্যানিটারী হেল্থ অ্যান্ড বস্তী ইমপ্রুভমেন্ট কমিটি হল। তখন কলকাতার লোক তাঁকে আশীর্বাদস্বরূপ নিলেন। ১৯৭০ সালে আমরা যখন সি এম পি ও-র কাজ আরম্ভ করি এখন দেখছি এই কাজের দ্বারা মানুষের বহু উন্নতি হয়েছে। ১৯৬৯ সালে একবার পরিকল্পনা হল, যে আমাদের যেসমস্ত বস্তী আছে কলকাতা শহরের মধ্যে, তার ইমপ্রুভমেন্টের ঐ কানেকসনে আমরা ১৪ লক্ষ টাকা পেয়েছিলাম ঐ বস্তীর কিছু কিছু উন্নতি করার জন্য ঐ খাটা পায়খানা কারেকটেড প্রিভি করা, কিছু জল দেওয়া—সে সময় আমাদের সোমনাথবাবু যিনি আমলাদের গালাগালি দিয়ে ভূত ভাগিয়ে দিলেন তিনি তখন ঐ স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রী ছিলেন। আমরা তাঁর কাছে পারমিসন চেয়েছিলাম যে, একটু ঠিক করে দিন ঐ বস্তীর মধ্যে ড্রেনেজ বা সুয়ারেজ-এর জন্য একটা ড্রেন রাস্তার মধ্য দিয়ে টানতে পারি। উনি তখন আমাকে বললেন যে, আমি চেষ্টা করছি সেখানে ড্রেন টানার বন্দোবস্ত করা যায় কিনা। সঙ্গে সঙ্গে একজন ডেপুটি সেক্রেটারি ছিলেন মিঃ মজুমদার, তিনি বললেন তা কি করে হবে। সেখানে জমিদারের জমি, আপনি কি করে ড্রেন দেবেন—আমি তখন বললাম যে, আমরা টিউবওয়েল লিজ করে বসাতে পারি এবং ন্যারো লাইট লিজ নিয়ে বসাতে পারি লাইন টেনে। আমরা এগুলি কেন করতে পারব না—উনি বললেন আমরা দেখবো। কিন্তু আমি দেখলাম যে, আমাদের সোমনাথবাবু তিনি সে কাজ করতে পারেন নি। আমাদের সেই বস্তীর মধ্যে ড্রেন টানতে পারেন নি। কিন্তু সি এম ডি এ মারফত সেখানে বস্তীর মধ্যে উন্নয়ন কাজ করতে পারছি। আমরা জানি, আজ যে জলের অব্যবস্থা চলেছে, আজ সি এম ডি এ মারফত সেখানে যদি জলের বন্দোবস্ত করা যায়, তা হলে কলকাতার সাধারণ মানুষের ওয়াটার রিফিউজ নেক্সট টু ইয়ার্স, সেটা থাকবে না। সুতরাং আমি দেখছি দিকে দিকে সি এম ডি এ থেকে বড় বড় ট্যাঙ্ক, টিউবওয়েল দিয়ে জল সরবরাহের বন্দোবস্ত করছেন। আমি দেখেছি বস্তীর মধ্যে তারা স্যানিটারি প্রিভি, কোন জায়গায় কারেকটেড প্রিভি করে দেবার বন্দোবস্ত করছেন। আমি আনন্দিত যে, সি এম ডি এ শুধু কলকাতায় নয়, কলকাতার আশ-পাশে যেসমস্ত মিভনিসিপ্যাল এলাকা আছে সেগুলির জন্যও কাজ আরম্ভ করেছে। আমরা দেখছি যেসব জায়গার খাল-বিল ভর্তি হয়ে গিয়েছিল, জলের কোন সুব্যবস্থা ছিল না, সেখানেও তারা কাজ আরম্ভ করেছে। আমি আর দু-একটি কথা অর্থমন্ত্রীকে বলে আমার বক্তব্য শেষ করবো। প্রথম জিনিস হচ্ছে এই যে সি এম ডি এ-র কাজ হচ্ছে অনেক বস্তী আছে যাদের সমস্ত কাজ হয়ে গিয়ে সামান্য কাজ বাকি আছে, সেগুলি যাতে তাড়াতাড়ি করা হয়, তার যাতে সর্বাঙ্গীণ উন্নয়ন হয়, অনেকগুলি লেফট আউট বস্তী আছে. সেকেন্ড ফেজ লেফট আউট বস্তীর কাজ যাতে করা হয় সে বিষয়ে আমি একটু বলতে চাচ্ছি। যেসব ফাঁকা জমি আছে, বড় বড় জমি সেখানে সি এম ডি এ থেকে সেগুলিকে দখল করে যাতে প্লে গ্রাউন্ড করা যায়, তার বন্দোবস্ত করবেন। তা ছাড়া আমাদের দেশের লোকের সাঁতার শেখার বন্দোবস্ত খুব কমে গেছে। তার কারণ, আমাদের প্রায় সমস্ত পুকুর বুজে গেছে, যার ফলে সাঁতার শেখার খুব অসুবিধা হয়ে গেছে। প্রত্যেক এলাকায় কিছু কিছু সুইমিং পুল করে তিনি যেন এটার একটা বন্দোবস্ত করেন। এ ছাড়া আমি আর একটি জিনিস জানাতে চাই যে, ক্যালকাটা কর্পোরেশন এলাকায় সি এম ডি এ স্কুল আছে, সে স্কুল শুধু হয়ে যাচ্ছে, কিন্তু কর্পোরেশন থেকে তার কোন বাজেট স্যাংসান করে নি মাস্টার দেবার জন্য। তারপরে আবার অন্য স্কুলগুলি নিয়ে আসছেন। তাতে প্রাথমিক শিক্ষার উন্নতি কিছু হচ্ছে না, খালি ঘরগুলি বদলানো হচ্ছে। তাই আমি আপনার কাছে অনুরোধ করবো যে, স্কুলগুলি হচ্ছে সেখানে মাস্টার যেন নেওয়া হয়। এ ছাড়া আর একটি জিনিস আমি বলব এক্সপেন্ডিচার কন্ট্রোল করতে হবে। আমরা এলাকায় সি এম ডি এ থেকে কালীঘাট ব্রীজ হচ্ছে, চেতলা ব্রীজ হচ্ছে, টালির নালা হয়েছে,

ইত্যাদি কাজ হয়েছে। একটি জিনিস মনে রাখতে হবে এই যে টালির নালার কাজ হয়েছে আর থেকে বেশী ভরাট হয়ে গেছে। সেটা যেন একটা প্লে গ্রাউন্ড হয়ে গেছে, টালির নালা নেই। যে ব্যয়বরাদ্দ মন্ত্রিমহাশয় পেশ করেছেন সেটাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Abdur Rauf Ansari: Mr. Deputy Speaker, Sir, I support Grant No. 35 and, at the same time, congratulate the Minister-in-charge for placing this demand for the approval of the House. I feel, Sir, that CMDA, which is working within an area of about 533 sq. miles, is covering about 1/5th of the total population of West Bengal. This area is contributing about 80 per cent of the total taxes of various types collected in West Bengal.

[6-05—6-15 p.m.]

Just now my friend Somnath Babu has stated about the diseases that are to be found in the city of Calcutta from morning till going to bed. But he should have also given in detail the medicines, the prescriptions, which are to be applied to fight those diseases. He should have mentioned them also and that would have been proper. But that is neither here nor there. He has stated about CMDA's contribution and the works carried on by it in his area. He has spoken about the problems, but what are the problems? Problems have not cropped up just now. Calcutta's problem was originated about one hundred years ago and it went on multiplying. Even during the reign of British Raj and even after Independence for the last 23 years the city of Calcutta was neglected. After partition crores and crores of refugees--our brothers and sisters—came over here from the other part of Bengal that was East Pakistan. They took shelter in Calcutta, in the streets of Calcutta, in the lanes of Calcutta. This had a great impact on the limited resources of Calcutta, on the removal of garbages of Calcutta. Crores and crores of refugees came, but what we got from the Centre? We received nothing from the Centre during the last 23 years. I must thank the Prime Minister who came forward to help up. I must appreciate the present State Government as the State Government is dashing towards solving the problems. I want to tell my friend to do a constructive job. Sir, CMDA is just like a fire fighter. When a house is on fire it is the duty of the fire fighter to fight the fire, and here CMDA is performing that responsibility also. It is performing a double responsibility. On the one hand, it is fighting the fire and on the other it is doing a constructive job. Sir, CMDA has taken a big job for improvement of the bustees. Bustee dwellers are very poor people; they cannot afford to have latrines constructed; they cannot afford to have service privy constructed properly. They cannot afford to convert them into a collective privy. But because our Government, our people's representatives have committed to the people in the name of Socialism to uplift the backward, the down-trodden sections of the people, this CMDA is helping these people, this CMDA is doing development work in the bustees. If you go there you will find that drains are made pacca. CMDA has given sufficient light, it has given sufficient latrines but there are some more requirements to be looked into. What I suggest is that this should be made during the first phase of our construction. I will request the Minister-in-charge to look into it. You have constructed latrines in the bustees but there should be provision for construction of reservoir of water tanks. There should be provision for sinking of deep tubewell. Suppose one or two thousand people reside in a bustee area and if there is no reservoir, then a reservoir may be constructed and water from Talla or Palta will be flown to the other side where reservoir is there in the bustee. If that is done it will help the bustee people much in mitigating their water scarcity and there may not be any chance of break in the supply of water to those poor people who live in bustees. So arrangements should be made for construction of reservoir and for sinking of deep tubewell also. CMDA has taken a good scheme but still if you go to

bustee area you will find that people are using the streets as latrines. It is quite natural that people are increasing like anything. Our population is increasing. But CMDA is taking certain steps and that may discourage the people to come in Calcutta Corporation area. It may attract the municipalities also because CMDA is covering 33 municipalities and if these areas are also developed, if more amenities are extended in these areas then naturally more buildings will be constructed there; naturally, small industries will grow up there and more buyers will come up and Government's resources will increase. I must tell the Minister for Planning also that he has got a Department for town and country planning whose jurisdiction should be extended. Today you are thinking of CMDA but a time may come when you have got to think of the whole of West Bengal. You have got 33 municipalities. Look to their resources—they have got no fund for planning. Durgapur Notified Area Authority and the Siliguri Notified Area Authority are also not functioning as they should have been. So, our planning should be made in such a way that all municipalities including the municipalities in North Bengal are covered. You must keep an eye for the 50 years ahead and you should now make a start also of the planning so that those municipal areas, those notified areas, those Town Committee areas are included in the plan so far as roads are concerned, so far as other civic amenities are concerned. Similarly, along with municipalities other urban areas should also be taken into consideration. You have now 33 municipalities but if you extend the area, if same amenities are given to people residing in the remotest villages then people coming from those villages to cities will diminish. A time will come when people living in villages will have similar facilities to those living in towns. I find that people from villages are coming to the city of Calcutta. If similar facilities are available in villages then people will be discouraged to come to cities and towns. (At this stage blue light was lit.) Mr. Deputy Speaker, Sir, you are giving me warning to be ready to close my speech. I want to take a few minutes more. I just like to tell you, Sir, you have heard there are so many authorities for implementing the schemes of the CMDA and there should be co-ordination between them. But we find there is no such co-ordination. Just today Sir, I came to know about cathodic protection of water main through which this Calcutta used to get supply of water. But the Corporation has stopped giving fund to the CMWSA and so they are not agreeable to maintain the pipes. Sir, the water pipes are in a lamentable condition, the pipes have deteriorated in such a way that the iron is about to be dissolved. So, the Government should be careful about this, because the lives of people depend on it—the problem of supplying water to millions of people should be taken into consideration and we must make provision for the same.

Sir, the second and the most important problem concerning CMDA and other authorities is the maintenance and that problem should be solved. It has not yet been solved—no provision has been made for that. You are spending about Rs. 150 crores for development, naturally maintenance cost should also be increased and you have got to find out resources and avenues to meet the same.

With these words, Sir. I thank you for giving me time. I again support the motion. Jai Hind.

শ্রীঅনন্তকুমার ভারতীঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় অর্থমন্ত্রী শ্রীশঙ্কর ঘোষ মহাশয় যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন সেই ব্যয়বরাদ্দ সমর্থন করতে গিয়ে আমি দু-একটা বক্তব্য রাখতে চাই। ছোটবেলা থেকে দেখে আসছি যে, গ্রাম বা শহরের উন্নতি করবার জন্য কর্পোরেশন, মিউনিসিপ্যালিটি, ইউনিয়ন বোর্ড ইত্যাদি নানারকম সংস্থা ছিল। কলকাতা শহরে এসে প্রথমে দেখলাম কর্পোরেশনই ভারতবর্ষের বৃহত্তর সংস্থা ক্যালকাটা ইমপ্রুভমেন্টের জন্য। তারপর দিন যেতে যেতে দেখছি যে, কলকাতা শহরের উন্নতির জন্য সি এম পি ও হল।

[6-15—6-25 p.m.]

সি এম ডবলিউ এস এ হয়েছে এবং এখন সি এম ডি এ হয়েছে। আজকে বহু সংস্থা হয়ে এবং এদের কাজ ইমপ্লিমেন্ট করে তার বহু সংস্থা হয়েছে। মাননীয় সদস্যরা বক্তব্য রেখেছে আমি শুনেছি। আমি যে এলাকা থেকে সদস্য হয়ে এখানে এসেছি, সেই সমস এলাকার কয়েকটি কথা মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে পৌঁছে দেবার জ আপনার মাধ্যমে তুলে ধরছি। আজকে কলকাতা শহরে যে খালটা আ শ্যামবাজার থেকে বেলেঘাটা পর্যন্ত যেটা গেছে, এই সি এম পি ও এসে যখ প্রথম কাজকর্ম আরম্ভ করলো, এই খালগুলোর যে কি সাংঘাতিক উপকারিতা, আপনি জানে কলকাতা বর্ষার আগে যেমন জলের জন্য হাহাকার করতে হয় তেমনি বর্ষার সময় জল বার ক দেবার জন্য চিৎকার করতে হয়। এই খালগুলো উত্তর-পূর্ব কলকাতার কি বিরাট সম্পদ ছিল আপনি হয়তো সেটা উপলব্ধি করতে পারছেন। ডেপুটি স্পীকার স্যার, বর্ষার সময় সমস অঞ্চল জলের নিচে ডুবে থাকে। এই খালগুলো যে সময় ছিল, সেই সময় এতটা ওয়াটার লগি ছিল না। সেই খালটা বুঁজিয়ে দেওয়া হল। তারপর বর্তমানে যে খালটা শ্যামবাজার থেকে বেলেঘাটা পর্যন্ত গেছে, আজকে আপনি লক্ষ্য করে থাকবেন, দীর্ঘদিন ধরে সেই খালে জ ঢোকবার কোন ব্যবস্থা নেই, যার ফলে কলকাতা শহরে মশার প্রকোপ বেড়ে গেছে। তা ছাড় খালের ওপারের অঞ্চলে সি আই টি-র তরফ থেকে কিছু কিছু হয়েছে, কিন্তু লক্ষ্য করেছে বেলেঘাটা মেন রোড, মানিকতলা মেন রোড, নারকেলডাঙ্গা মেন রোড, উল্টাডাঙ্গা মেন রো এই কয়েকটি রাস্তা একেবারে ২৪-পরগনার বর্ডারে গিয়ে ঠেকেছে। এই প্রত্যেকটি রাস্তা মুখে পাম্প সিস্টেম রয়েছে কলকাতার সমস্ত নিকাশী জল টেনে বাইরে করে দেবার জন্য কিন্তু অত্যন্ত ক্ষোভের সঙ্গে জানাতে বাধ্য হচ্ছি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে যে, আজকে এই সমস্ত এলাকাগুলো এত ভীষণভাবে জলের সময় ডুবে থাকে যে, কোনরকম পাম্প দিয়ে সেখানে কাজ হচ্ছে না। যে সময় ভি আই পি রাস্তা হল এবং কলকাতার সব থেকে শ্রেষ্ঠ রাস্ত হিসাবে আমরা যেটা পেলাম। সেখানে আজকে কাঁকুড়গাছির মোড় থেকে আরম্ভ করে ভি আই পি রোড অ্যাপ্রোচ এই রাস্তাটাতে সামান্য জল হলে দু-তিনদিন ধরে জল জমে থাকে। তা ছাড় যে রাস্তাগুলোর কথা বলেছি, এই রাস্তাগুলো এখনও আন্ডারগ্রাউন্ড ড্রেন হয় নি। মন্ত্রি মহাশয় তাঁর বক্তব্যে বলেছেন যে, উল্টাডাঙ্গা মেন রোডের কাজ আরম্ভ হয়েছে এবং জানি ন সেটা কতদিনে শেষ হবে। মানিকতলা মেন রোডের একটা পোর্শনে জলের পাইপ বসানো শুর হয়েছে ঠিক, কিন্তু কাঁকুড়গাছির মোড় থেকে শুরু করে বেঙ্গল কেমিক্যাল পর্যন্ত যে রাস্তাট এখন যে আরম্ভ হয়েছে ঠিক বর্ষার পূর্বে, এতে মানুষের সেখানে যে কি অভাবনীয় দুর্দশ হবে নিশ্চয়ই কলকাতার একজন নাগরিক হিসাবে আপনার এই বিষয়ে যথেষ্ট জ্ঞান আছে

আজকে আর একটা প্রশ্ন মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে তুলে ধরতে চাই যে, কলকাতা শহরের বিভিন্ন বস্তীতে বহু উন্নয়নমূলক কাজ হয়েছে, বিশেষ ক'রে খালের ওপারে কর্পোরেশনের যে বিভিন্ন কনস্টিটিউয়েন্সি রয়েছে, প্রত্যেক কনস্টিটিউন্সীতে দুটি-তিনটি করে বস্তীর কাজ সি এম ডি এ-র তরফ থেকে কাজ করার জন্য হাতে নেওয়া হয়েছে এবং কাজ কিছু হয়েছে। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় যে, সেখানে এখনও পর্যন্ত কোন পুরো কাজ হয় নি। তার জন্য সেখানে যে সমস্ত অসুবিধা ছিল, সেই সমস্ত অসুবিধা আরও ব্যাপকভাবে দেখা দিয়েছে। আজকে খাটা পায়খানার কথা বলা হয়েছে। প্রতিটি বস্তীতে প্রচুর খাটা পায়খানা ছিল, তাতে সেখানকার লোকের একটা সান্ত্বনা ছিল যে, মানুষে সেটাকে সকালে পরিষ্কার করে নিয়ে যেত। কিন্তু আজকে যেখানে স্যানিটারী পায়খানা করা হয়েছে, এই বিষয়ে দুঃখের সঙ্গে জানাচ্ছি—আজকে স্যানিটারী পায়খানা যদি তৈরি করা হয়, তা হলে সেখানে প্রচুর জলের দরকার। সেখানে খাবার জল পাওয়া যায় না, পায়খানায় জল দেবার জল কোথায় পাওয়া যাবে। তাই আজকে সেখানে এমন একটা ভীষণ অবস্থার সৃষ্টি হয়েছে যে বস্তীতে ঢোকা যায় না, এত দুর্গন্ধ হয়। বিশেষ করে বেলেঘাটা মেন রোড, নারকেলডাঙ্গা নর্থ ওয়েস্ট, মুরারীপুকুর রোড, মানিকতলা মেন রোড, কৃত্তিবাস মুখার্জী রোড, এমন কতকগুলো রাস্তা আছে যেখানকার বস্তীগুলো, সেই আগে যে সময় ওপন ড্রেনে খাটা পায়খানা ছিল সেই সময় যেটুকু যাওয়া যেত, আজকে সি এম ডি এ উন্নতি প্রকল্পের আওতায় এসে সেখানে যাবার মত অবস্থা নেই।

তাই আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে অনুরোধ জানাব যে, এত সত্ত্বেও এই সমস্ত এলাকায় ব্যাপক কাজ দরকার। এখানকার মানুষকে সুষ্ঠুভাবে বাঁচবার সুযোগ দিতে হবে। আমরা দীর্ঘদিন ধরে শুনে আসছি কলকাতার মানুষকে মাথাপিছু ৫০ গ্যালন করে জল দেওয়ার ব্যবস্থা আছে। কিন্তু সে সুবিধা যারা অট্টালিকায় বাস করেন, যারা ৩ তলা, ৪ তলা, ৫ তলা বাড়িতে বাস করেন, তারাই পান। কিন্তু কলকাতার মানুষের একটা বিরাট অংশ যারা বস্তীতে বাস করেন সেই বস্তীগুলিতে কোন জলের পাইপ নেই। এই বস্তীতে যে মিঠে জল বা ঐ ট্যাপ ওয়াটার সেটার কোন ব্যবস্থা নেই। যখন গ্রামে মানুষ চিৎকার করতে থাকে, তখন ২-৩টে টিউবওয়েল বসানো হয়, অথচ সেই টিউবওয়েলগুলিতে মাসের ১০ দিনই জল থাকে না। অথচ এই টিউবওয়েলগুলি বসাতে একটা বিরাট অর্থ ব্যয় করতে হয়। কলকাতা শহরে একটা টিউবওয়েল বসাতে হলে, যেমন তেমন করে বসাতে হলেও অন্তত সাড়ে ৩ হাজার টাকা খরচ হয়। টিউবওয়েল এখানে বসানো হয়, কিন্তু মানুষ জল পায় না। আগে খালের ওপারে প্রচুর পুকুর ছিল, কিন্তু লোক বেড়ে যাওয়ার ফলে সেগুলি বুজিয়ে ফেলা হয়েছে এবং সেখানে সি আই টি-র ইমপ্রুভমেন্ট ওয়ার্কের মাধ্যমে বাড়িঘর হচ্ছে। আগে এই অঞ্চলের মানুষ সাধারণ কাজকর্ম এই পুকুরের জল দিয়ে করতে পারত, সে সুযোগও আজকে নেই। এটা একটা ভয়াবহ অবস্থা, পুকুরের খারাপ জলও নেই আবার টিউবওয়েলের ভাল জলও নেই। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব যে, তিনি অন্তত একটু করুণার দৃষ্টি দিয়ে এই সমস্ত অঞ্চলের কথা বিবেচনা করুন তা হলে নিশ্চয়ই তিনি মানুষের আশীর্বাদ পাবেন, কলকাতার একটা বৃহত্তর অংশের মানুষ বাঁচবার সুযোগ পাবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

Mr. Deputy Speaker: Honourable Members, the time for discussion of this Grant will expire at 6-27 p.m. There are many Members who have given their names to take part in this debate and the Hon'ble Minister and, I think, the Hon'ble State Minister also, will take part. Therefore, I beg the permission of the House to extend the time at least for one hour.

(Voices: yes)

So, the time is extended by one hour.

শ্রীতপন চ্যাটার্জী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সি এম ডি এ যেটা পরলোকগত মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায়ের স্বপ্ন এবং পশ্চিমবঙ্গের মানুষের আশীর্বাদ, সেই সি এম ডি এ-র মাধ্যমে আজকে পশ্চিমবাংলার মানুষের যথেষ্ট উন্নয়নমূলক কাজ হচ্ছে এ কথা সকলেই স্বীকার করবেন। পশ্চিমবাংলায় যদি সত্যিকারের উন্নয়নমূলক কোন কাজ হয়ে থাকে, তা হ'লে এই সি এম ডি এ-র মাধ্যমেই সেটা হচ্ছে, এই কথা কেউ অস্বীকার করবেন না। সি এম ডি এ এই নামটা হচ্ছে ক্যালকাটা মেট্রোপলিটন ডেভোলপমেন্ট অথরিটি, কিন্তু এটা সম্বন্ধে আজকাল শোনা যায় যে কি, না ক্যালকাটা মেট্রোপলিটান ডোবা অ্যাসোসিয়েশন। কলকাতায় যখন জল জমে, কলকাতায় যখন যাতায়াতে অসুবিধা তখন সাধারণ মানুষ সি এম ডি একে গালাগালি দিয়ে বলে যে, ক্যালকাটা মেট্রোপলিটন ডোবা অ্যাসোসিয়েশন। এই রকম একটা ভুল ধারণা আছে সাধারণ মানুষের, যদিও সি এম ডি-র গঠন ক্ষেত্রে কিছু ত্রুটি আছে। যেমন ৫২টি ইমপ্লিমেনটিং এজেন্সির মাধ্যমে সি এম ডি এ কাজ ক'রে থাকে, কিন্তু সেই সমস্ত সংস্থার ভিতর আবার হস্তক্ষেপ করতে পারে না।

[6-25—6-35 p.m.]

সি এম ডি এ একটা মেন সংস্থা, এ ছাড়া আরো ৫২টি ইমপ্লিমেন্টিং এজেন্সি আছে যারা সি এম ডি এ-র ধার ধারে না, তোয়াক্কা করে না। এটাই হচ্ছে সি এম ডি এ-র সাংগঠনিক দুর্বলতা। এই দুর্বলতা অবিলম্বে ঘোচাতে হবে, তা না হ'লে সি এম ডি এ-র দ্বারা উন্নয়নমূলক কাজ হবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রায় ১৫০ কোটি টাকার মধ্যে ৫৩ কোটি টাকা

ইতিমধ্যে ব্যয় করা হয়েছে। কিন্তু এত বিরাট সংখ্যক টাকা খরচ করা সত্ত্বেও কর্মসংস্থান গড়ে উঠে নি। সি এম ডি এ যে অর্থ বিনিয়োগ করেছেন তার দ্বারা স্থানীয় বেকার যুবকরা কাজ পায় নি। উন্নয়নমূলক কাজ হচ্ছে, সব কিছু হচ্ছে লোকে দেখছে. কিন্তু যে পরিমাণ অর্থ ব্যয় করা হয়েছে সে তুলনায় স্থানীয় বেকার যুবকরা কাজ পায় নি। সি এম ডি এ-র আর একটা বড় সমস্যা হচ্ছে, সি এম ডি এ কাজ ক'রে যাচ্ছে, কিন্তু মেরামত করবে কে? বিরাট অঞ্চল নিয়ে সি এম ডি এ কাজ ক'রে যাচ্ছে, বহু মিউনিসিপ্যালিটি, কর্পোরেশান সি এম ডি এ-র অন্তর্ভুক্ত, কিন্তু কাজ ক'রে যাওয়ার পর মেরামত করবে কে? এত বিরাট খরচ কোন মিউনিসিপ্যালিটি বা কর্পোরেশানের পক্ষে বহন করা সম্ভব নয়। তারপর যে ৫২টি ইমপ্লিমেন্টিং এজেন্সির মারফত কাজ করছে তারা বিভিন্ন কন্ট্রাকটরের মাধ্যমে কাজ ক'রে থাকে। এই কন্ট্রাকটররা স্পেসিফিকেসান অনুযায়ী কাজ করছে না, তারা সিমেন্টের বদলে গঙ্গা মাটি, লাল বালির বদলে সাদা বালি, এক রকম ড্রয়িং-এর বদলে অন্য রকম ড্রয়িং দিয়ে কাজ করছে। অথচ সি এম ডি এ-র খবরদারি করার ক্ষমতা নেই। এইসব কন্ট্রাকটরদের শাস্তির কি ব্যবস্থা হবে? আমি স্বরাষ্ট্র বিভাগের রাষ্ট্রমন্ত্রী সুব্রত মুখার্জীকে বলব, তিনি যারা ছিনতাই করে, ওয়াগন ভাঙ্গে তাদের বিরুদ্ধে মিসা করছেন, আর এই কন্ট্রাকটরদের বিরুদ্ধে কেন মিসা প্রয়োগ করা হবে না? এরা তাদের চেয়ে আরো বেশী বদমায়েস, আরো বেশী বদমায়েস, আরো বেশী শয়তান, এদের কেন মিসা আইনে গ্রেপ্তার করা হবে না? এরা লক্ষ লক্ষ কোটি টাকা তছরূপ করছে, এদের মিসা আইনে কেন গ্রেপ্তার করা হবে না? আমার অঞ্চলে সি এম ডি এ-র মাধ্যমে আজ পর্যন্ত ২ কোটি টাকার বিভিন্ন কাজ হয়েছে– গঙ্গার ধার বাঁধান হয়েছে, ঘোলায় ড্রেন তৈরি হয়েছে, হেলথ সেন্টার হয়েছে, বহু রাস্তা এবং নর্দমা তৈরি হয়েছে, সব জায়গায় কালভার্ট তৈরি হয়েছে, সব জায়গায় সি এম ডি এ-র কন্ট্রাকটরদের চোরামী। আসলে সি এম ডি এ-র কন্ট্রাকটর নেই, বিভিন্নভাবে বিভিন্ন সংস্থার মারফত কাজ হচ্ছে লোকে সি এম ডি এ-কে গালাগাল করে, অথচ সি এম ডি-র কোন ক্ষমতা নেই। সেজন্য অবিলম্বে এইসব কন্ট্রাকটরদের মিসা আইনে গ্রেপ্তার করতে হবে। সবচেয়ে বড় কথা হচ্ছে, বি টি রোড, জি টি রোড কি যশোর রোড, এর দুপাশের জমি জবরদখল হয়ে যাচ্ছে এবং পরে সেই জমি বেচে দিচ্ছে। সোমনাথ লাহিড়ী মহাশয় বলেছেন ফুটপাথের কথা, ফুটপাথে গরিব লোকেরা থাকে, কিন্তু বড় বড় লোকেরা জমি জবরদখল করছে। সকাল ৬ টা থেকে রাত্রি ১২টা পর্যন্ত লোকে রাস্তা দিয়ে যেতে পারে না। যদি সি এম ডি এ-র কাজ ত্বরান্বিত করতে হ'লে জবরদখল উচ্ছেদ করতে হবে। ট্রাম লাইনের উপরে আলু, মুলো, পটল বিক্রি করছে, লোকে কিনছে। জবরদখল একট বিরাট সমস্যা হয়ে দাঁড়িয়েছে। যশোর রোড, বি টি রোড, জি টি রোড প্রভৃতি জায়গায় সি এম ডি এ কাজ ক'রে যাচ্ছে, পরক্ষণে জায়গা জবরদখল হয়ে যাচ্ছে। এগুলি দৃঢ়তার সঙ্গে বন্ধ করতে হবে। সি এম ডি এ-র সঙ্গে রাইটার্স বিল্ডিংসের সমন্বয় নেই। সি এম ডি এ একটা আধা-সরকারী সংস্থা, তার সঙ্গে রাইটার্স বিল্ডিংসের সমন্বয় নেই। আমি একটা উদাহরণ দিচ্ছি, সি এম ডি এ কিছুদিন আগে ৬ শো প্রাইমারি স্কুলে প্রত্যেককে গ্রান্ট দিয়েছে ১০ হাজার টাকা ক'রে। কিন্তু আশ্চর্য হয়ে গেলাম, রাইটার্স বিল্ডিংসের এডুকেশান ডিপার্টমেন্টের ডেপুটি সেক্রেটারি এটা জানেন না। কিন্তু শিবরমনের কাছ থেকে জানতে পারলাম যে, সি এম ডি এ যেসব স্কুলে টাকা দিচ্ছে তারা সেই টাকা নিতে পারছে না। কারণ, স্কুল কমিটি নেই, কে বন্ড সাইন করবে। অথচ রাইটার্স বিল্ডিংসের কানে জল ঢোকে না। মন্ত্রিমহাশয়কে জনাই, সেই ডেপুটি সেক্রেটারীকে জানাই, তারপর বন্ড সাইন করে, নূতন আইন চালু ক'রে সেটা পাবার ব্যবস্থা হ'ল। রাইটার্স বিল্ডিংস-এর সঙ্গে ৩/এ অকল্যান্ড প্লেসে সি এম ডি এ অফিসের সঙ্গে কোন সমন্বয় নেই ব'লে কাজে অন্তরায় সৃষ্টি হচ্ছে। আজকে এই দুটির সঙ্গে যোগাযোগ যদি বিচ্ছিন্ন হয়ে যায়, তা হ'লে কাজ সুষ্ঠুভাবে পরিচালিত হবে না। সি এম ডি এ কর্তৃপক্ষ এবং মন্ত্রি-মহাশয়ের মধ্যে একটা সমন্বয় সৃষ্টি করা দরকার। আমরা জানি সি এম ডি এ একটি উন্নয়ন-মূলক সংস্থা কিছুক্ষণ আগে যে পঞ্চায়েত নিয়ে আলোচনা হ'ল, সেখানে ৩ কোটি টাকার বাজেট আর সি এম ডি এ কয়েক শত কোটি টাকার বাজেট। কাজেই এখানে যাতে সমন্বয় থাকে এবং

জনসাধারণ যাতে জানতে পারে এবং তাদের মধ্যে ভুল প্রচার না হতে পারে, সেইজন্য জনসাধারণের কাছে গিয়ে বোঝান দরকার যে, তাদেরও কিছুটা করার ক্ষমতা আছে। মন্ত্রিমহাশয় যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅর্ধেন্দুশেখর নস্কর: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে কোলকাতার যে এলাকা থেকে আমি নির্বাচিত হয়েছি সেই এলাকা সম্বন্ধে দু-একটি কথা রাখব। বরাবরই গ্রামবাংলা দেশের সংগে কাজ করবার সুযোগ আমার হয়েছে, যদিও আমি শহর কোলকাতার লোক। শহর কোলকাতার লোক হয়েও শহর কোলকাতার প্রতিনিধিত্ব করবার সুযোগ এর আগে আমার হয় নি। যা হোক, এবারে আমি আমার নির্বাচন এলাকায় কি কাজ করছে সেটা বলছি। আমার এলাকা অত্যন্ত অবহেলিত এলাকা এবং এই এলাকায় শতকরা ৭০ থেকে ৭৫ ভাগ মানুষ বস্তিতে বাস করে। কর্পোরেসনের ৪টি ওয়ার্ড নিয়ে আমার এলাকা। কোলকাতা শহরের যত আবর্জনা, শহরতলি এলাকার যত আবর্জনা আমার নির্বাচিত এলাকার উপর দিয়ে ধাপায় গিয়ে স্তূপীকৃত হয়। কিন্তু আজ পর্যন্ত এই এলাকার বস্তী উন্নয়নের কোন কাজ সি এম ডি এ-র মাধ্যমে দেখতে পাচ্ছি না। এই ব্যাপারে জনসাধারণের বহু অভিযোগ আছে। মন্ত্রিমহাশয় যে ভাষণ রেখেছেন, তাতে তিনি বলেছেন, শহর কোলকাতায় যেখানে ২৫ হাজার খাটা পায়খানা আছে সেখানে মাত্র ৪ হাজার কার্যকরী হয়েছে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি যদি আমার এলাকায় যান, তা হ'লে দেখবেন যে, কয়টা খাটা পায়খানা আছে এবং যে সমস্ত বস্তী আছে তাতে তারা নামমাত্র কাজ কন্ট্রাক্টরদের মাধ্যমে করিয়েছে। ওভার ফ্লাডেড হয়ে সমস্ত ময়লা গিয়ে স্তূপীকৃত হয়েছে, দুর্গন্ধে টেকা যায় না। এই ব্যাপারে বস্তীবাসীরা অভিযোগ করেছে, আমি বহুবার এই বিষয় নিয়ে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেছি, কিন্তু কোন কার্যকর ব্যবস্থা হয় নি। ১৯৭০-৭১ সালে ১০ কোটি টাকা ব্যয় করা হয়েছে, ১৯৭১-৭২ সালে ৩৭ কোটি টাকা ব্যয় করা হয়েছে এবং ১৯৭২-৭৩ সালে ৫০ কোটি টাকা ব্যয় করতে যাচ্ছেন। আমার এলাকার সংগে সুব্রত-বাবুর এলাকা সংলগ্ন। আপনি দেখবেন সেই তিলজলা অঞ্চলেরও সেই একই অবস্থা। আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ ক'রে বলছি, এই অবহেলিত বস্তীবাসীদের জন্য যে কাজ তাঁরা গ্রহণ করেছেন, যে কর্মসূচি গ্রহণ করেছেন, সেটা যেন ত্বরান্বিত হয়। আমার মৃগেনভাই হাওড়া পৌর এলাকা থেকে নির্বাচিত হয়ে তাঁর বক্তব্য হাউসে রেখেছেন। আমি তাঁর সংগে কণ্ঠে মিলিয়ে বলছি যে, দুর্নীতির অভিযোগ তিনি হাউসের সামনে রেখেছেন তার তদন্ত হওয়া একান্ত প্রয়োজন।

[6-35—6-45 p.m.]

আমি সি এম ডবলু এস এ-র সদস্য আছি। তাদের সংগে কাজ করেছি। এবং আমি দেখেছি সি এম ডি এ-তে আমাদের বিধানসভার কোন প্রতিনিধি নাই। সোমনাথবাবু তাঁর ভাষণে একথা রেখেছেন, আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে এই অনুরোধ জানাব আপনার মাধ্যমে যে, আমাদের সেখানে প্রতিনিধিত্ব থাকা প্রয়োজন, যাতে কাজ ত্বরান্বিত হয়। আরেকটা কথা আমি বলতে চাই যে, সি এম ডি এ মারফত যে সমস্ত কাজকর্ম হচ্ছে, বিশেষতঃ কলকাতার যারা মাননীয় সদস্য আছেন তারা জানেন, কলকাতার যারা এলাকায় বা রাস্তাঘাট বস্তী উন্নয়ন-মূলক কাজ যা কন্ট্রাকটাররা করছেন তা তদারকির জন্য কোন লোককে আমরা চক্ষে দেখতে পাই নি। তাই এই অনুরোধ আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে রাখব যে, যার যার এলাকায় সি এম ডি এ-র এবং সি এম পি এ-র এবং সি এম এস ডাবলু এস এ-র যে সমস্ত কাজকর্ম হয় যদি তদারকির কিছুটার ভার আমাদের দেন, তা হ'লে যে সমস্ত এই সংস্থার সংগঠনীর কর্মী আছে আমাদের তারা পূর্ণ সহযোগিতা পেতে পারেন, এবং এতে কাজও আমার মনে হয় ত্বরান্বিত হবার সম্ভাবনা আছে। তাই মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে বিশেষ ক'রে বলতে চাই যে, ঐ অবহেলিত অঞ্চলে ধাপা মাঠপুকুর এলাকায়

আপনি জানেন যে প্রত্যেকবার বর্ষার সময় এই এলাকাগুলি ডুবে যায়, তার নিস্কাশনের এখনও পর্যন্ত কোন ব্যবস্থা করতে পারা যায় নি। আমি কিছুদিন আগে পৌরসভার সদস্য ছিলাম এবং কোলকাতা ইম্প্রুভমেন্ট ট্রাস্ট-এরও সদস্য ছিলাম এবং কাজ করবার সুযোগ হয়েছিল। কিন্তু নতুন এই যে সংস্থান গড়ে উঠেছে তার ভিতর কোন কো-অর্ডিনেশন দেখতে পাচ্ছি না। আমাদের মাননীয় মন্ত্রী কলকাতা থেকে নির্বাচিত তিনিও ভাল করে জানেন। আমি তাকে অনুরোধ করব যে, এই ব্যাপারে আমাদের পূর্ণ সহযোগিতা রইল এবং যাতে কাজ ত্বরান্বিত হয় বিশেষ ক'রে বস্তী এলাকায় এই অনুরোধ জানিয়ে মাননীয় মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দ এখানে উপস্থিত করেছে তা সমর্থন ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীভবানীপ্রসাদ সিংহরায়: মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী এবং উন্নয়ন দপ্তরের মন্ত্রিমহাশয় এই ব্যয়বরাদ্দের দাবি তুলেছেন, সেটাকে সমর্থন জানিয়ে দুই একটি কথা বলছি। এখানে নানাভাবে আলোচনা হয়েছে, আমি সেই আলোচনার মধ্যে যেতে চাচ্ছি না। আমরা সংগঠনের ব্যাপারে বিশেষ ক'রে মাননীয় সদস্যরা যে বক্তব্য রেখেছেন, একথা অনস্বীকার্য যে, সি এম ডি এ যে সংগঠন, সেই সংগঠন বদল করবার দরকার আছে। পরিপূর্ণ আমলাতান্ত্রিক কাঠামোর মধ্যে থাকলে যে যে ত্রুটি দেখা দেয়, সেই ত্রুটি রয়েছে। মাননীয় সদস্যরা বার বার উল্লেখ করেছেন আমি সেকথা আনতে চাইছি না। আমি আশা করব যে, এই ধরনের পরিকল্পনায় যখন সাধারণের প্রতিনিধি থাকার দরকার রয়েছে, এই ব্যাপারে যা হয়েছে, আমাদের মাননীয় সদস্য মৃগেন্দ্র মুখার্জী মহাশয় যে বক্তব্য রেখেছেন, সেই প্রসঙ্গে একটা নিবেদন আপনার মাধ্যমে বলতে চাইছি যে, সেটা হচ্ছে সি এম ডি এ-র এন্টায়ার ব্যাপারটা নিয়ে যে দুর্নীতির কথা উঠেছে তা নিয়ে একটা তদন্ত করা হোক এবং তা নিয়ে বিচার করা হোক। আমি জানি যে, আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় হাওড়া হুগলী ও ২৪-পরগনা কলকাতায় প্রত্যেকটি জায়গায় বিধানসভার সদস্য এই সি এম ডি এ এলাকায় যাঁরা আছেন, তাঁদের সঙ্গে যোগাযোগ রেখেছেন এবং নিজে গিয়ে সেই সব জায়গায় কাজ দেখছেন। এবং আমরা আরও লক্ষ্য করেছি যে, গত কয়েক মাসের মধ্যে সি এম ডি এ-র যে ত্রুটিগুলির কথা আমরা বারে বারে বলেছি, সেই ত্রুটিগুলি দূর করবার জন্য একটা প্রচেষ্টা চালান হচ্ছে। কিন্তু একটা কথা আপনার মাধ্যমে আবার নিবেদন করতে চাই যে, ডিমোক্রেটিক কন্ডিশনে জনসাধারণের হাতে যত বেশী ক্ষমতা দেওয়া যাবে ততই ভালভাবে এবং গণতন্ত্রের উদ্দেশ্যটা বোধ হয় ততই বেশী সফল হবে।

এই কারণে আজকে একেবারে সরকারী কর্মচারীদের হাতে না দিয়ে জনপ্রতিনিধিদের নিয়ে একটা ব্যবস্থা করা হোক যখন বড় একটা সমস্যা পশ্চিমবঙ্গের এক-তৃতীয়াংশ লোক ইনভল্বড, সেখানে একটা প্রতিনিধিত্বমূলক ব্যবস্থা হোক।

এই প্রসঙ্গে আমি আর একটা আবেদন রাখব, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে, সেটা হচ্ছে আমার এক প্রশ্নোত্তরে বিভাগীয় রাষ্ট্রমন্ত্রী জবাব দিয়েছিলেন এবং তাতে যে হিসাব দেখিয়েছিলেন, খরচ হচ্ছে কোটি টাকা, কিন্তু কোটি টাকার কথা উঠছে না, গ্রামাঞ্চলের যে অংশগুলি এর মধ্যে রয়েছে, সেখানে মাত্র ২০ লক্ষ টাকা খরচ করা হয়েছে, এবং এই খরচ সম্বন্ধে মাননীয় রাষ্ট্রমন্ত্রী জানেন, আমাদের কাছে ব'লে গেছেন, পরিকল্পনা মাফিক হয় নি। এটা বলছি এজন্য যে, মাননীয় মন্ত্রিমহাশয় এগুলি একটু লক্ষ্য করবেন, এটা আশা করব। গ্রামাঞ্চলে যে অংশগুলি শহরসংলগ্ন সেগুলি অন্ধকারের মধ্যে আছে। বিশেষ ক'রে জি টি রোড-এর বাই পাস অত্যন্ত অনগ্রসর জায়গা এবং হাওড়া ও হুগলী জেলার এধারে বোম্বে রোড ওধারে দিল্লী রোড, হাওড়ার ই[illegible] বেল্ট এক্সটেন্ডেড অঞ্চল সম্বন্ধে হাওড়া ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটি চিন্তা করছে। কিন্তু হুগলি নদী থেকে আরও সরিয়ে নিয়ে এসে শিল্প এলাকাগুলি সম্প্রসারিত করার বা উন্নতি করার চেষ্টা হয় নি। সেখানে বরাদ্দ আছে, তাতে ফাঁক নেই, যতটা কাজ হয়েছে তার রক্ষণাবেক্ষণ করবে পঞ্চায়েত। কিন্তু যাদের চৌকিদারের আর দফাদারের মাইনে হচ্ছে ৩০০ টাকা আর ১৫০ টাকা, তাদের উপর যদি তদারকির ব্যবস্থা দেওয়া হয় দু' লক্ষ টাকার, তা হ'লে কাজগুলি হবে না। নষ্ট হবে, এই সভায় এ সম্বন্ধে

আলোচনা হয়েছে। আমি মিউনিসিপ্যালিটির কথা বলতে চাই। এত শত রকম দুর্নীতি সত্ত্বেও মিউনিসিপ্যালিটির মাধ্যমে যা এসেছে, সেইসব জায়গায় মিউনিসিপ্যালিটি কর্তৃপক্ষ যথাযথভাবে খরচ করে না। এই প্রসঙ্গে আমি নিবেদন করব, এই এলাকা বিস্তীর্ণ এলাকা, উম্বাস্তু এলাকা, এতদিন পর্যন্ত সি এম ডি এ আছে, আর আমরা সমাজের দুর্বলতম অংশের মানুষের জন্য কিছু না কিছু করব এটা আমরা কমিটেড, সুতরাং সি এম ডি এ কিছু করবে। এই ছিন্নমূল মানুষের অভাব-অভিযোগ রয়েছে, তারা দুঃখ-দুর্দশার মধ্যে রয়েছে, তাদের টিউবওয়েল খুব খারাপ অবস্থার মধ্যে ছিল, রাস্তাঘাটের অবস্থাও তেমন ভাল ছিল না, কিন্তু মাননীয় মন্ত্রিমহাশয় এই ব্যাপারে লক্ষ্য দিয়েছেন, বলেছেন, সুতরাং এই ব্যাপারে আলোচনা করতে চাই না। আমি বক্তব্য শেষ করার আগে একটা কথা বলছি। গ্রামাঞ্চলের অবস্থা কলকাতার মত নয়, কলকাতায় কোথায় কি প্রকৃতির নিয়ম পালিত হচ্ছে কি হচ্ছে না সেটা আমি বলছি না, কোথায় প্রস্রাব করা কি বাহ্যি করার জায়গা আছে কি নেই, সেটা বলছি না, কিন্তু আমি এটা বলতে চাচ্ছি যে, সেখানে চলাচলের রাস্তা এবং পানীয় জলের অভাব আছে, এই সমস্যার সমাধান কররে হবে। আর শেষ কথা হচ্ছে যে, গ্রামাঞ্চলে কিছু কিছু পরিকল্পনা নেওয়া হচ্ছে, একটা রাস্তা দেড় মাইল হয়েছে, কিন্তু বাকী আধ মাইল রাস্তা করতে টাকা ফুরিয়ে গেছে, কবে সেটা শেষ হবে, সেটা ঠিক নাই। সুপারভিশন নাই, জেলা পরিষদ এবং অঞ্চল পঞ্চায়েতের মধ্যে তফাত করা হয়েছে। সি এম ডি এ নিশ্চয় অঞ্চল পঞ্চায়েত এলাকায় কাজ করছে।

[6-45—6-55 p.m.]

এর যাতে নিরসন হয় সেজন্য আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন করছি। লোয়ার সরস্বতী ও ডানকুনি জলনিকাশী বন্দোবস্ত যেটা সি এম ডি এ করছে, এর জন্য আপনার ডিপার্টমেন্ট থেকে কয়েক লক্ষ টাকার পরিকল্পনা করা হয়েছে। এই লোয়ার সরস্বতী ও ডানকুনী পরিকল্পনায় যদি জলনিকাশের ব্যবস্থা হয়, তা হলে এর দ্বারা এন্টায়ার হুগলী জেলার ইন্ডাস্ট্রিয়াল এরিয়ার জলনিকাশ হবে না, সমস্ত ব্যর্থ হয়ে যাবে। তাই এদিকে দৃষ্টি দেওয়ার দরকার আছে।

শ্রীরামপিয়ারী রাম: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দ পেস করেছে সমর্থন করা ছাড়া তো আর কিছু বলবার নাই। শুধু বলবার এইটুকু যে, আমরা কলকাতায় আমরা জানি, দেখছি এই সি এম ডি এ কাজে নেমেছে। কাজটা কবে উদ্ধার হবে, কবে আমরা গর্ত থেকে বাঁচবো সেটা আজ পর্যন্ত আমরা জানতে বা বুঝতে পারছি না। শুধু শুনছি কাজ হচ্ছে, হবে। সি এম ডি এ কাজ করছে। আমাদের বাঁচবার কথা পরে। আমার কথা হচ্ছে যে, কাজটা তাঁরা করছেন, সেই কাজটা কতদিন টিকবে তা কেউ বলতে পারছেন না, অফিসার মহলও বলতে পারছেন না, ইঞ্জিনীয়ার মহলও বলতে পারছেন না যে, এ কাজ কতদিন টিকবে। কেন না একটা ঘটনার কথা বলি। আমি একটা এলাকায় ইন্সপেকশনে যাই এবং তার রিপোর্ট পেপারে বেরোয়। তারপর এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ার মিঃ দাসগুপ্ত উনি আমাকে একটা এরিয়ায় নিয়ে গেলেন। আমি যখন সেখানে গেলাম, তখন দেখি যে কাজের বিরুদ্ধে আমি পেপারে স্টেটমেন্ট করেছিলাম, তার রাস্তা খোড়া হচ্ছে। পেপারে বেরুবার পর এইরকম হয়, রাস্তা ভাল হয়, এইরকম প্রত্যেক জায়গায় হচ্ছে। সি এম ডি এ-র অফিসাররা তো আর মাটির নিচে দেখতে পারছেন না মিনিস্টার-ইন-চার্জও দেখতে পাচ্ছেন না, কন্ট্রাকটররা কি দিয়ে কি কাজ করছেন, তাদের এ সম্বন্ধে কি করণীয় কিছু নাই? আমার এলাকার ছেলেরা একদিন তাদের বলেছিল, আমরা এ কাজ হতে দেব না। মিনিস্টার-ইন-চার্জ কানে তুলো দিয়েছেন, সেখানকার কাজ বন্ধ হয়ে গেল। প্রত্যেক বস্তীর লোকই এইভাবে কাজে ইন্টারফিয়ার করে কাজ বন্ধ করে দেয়। আমরা প্রত্যেকের সঙ্গে কো-অপারেশন করতে চাই। আমি জানি আমাদের অফিসাররা কাজ করতে ইচ্ছুক হলেও আমাদের কন্ট্রাকটররা সব থেকে বড় বাধা হয়ে পড়েছে। কন্ট্রাকটাররা যে কিভাবে কাজ করছে তার প্রমাণ আমরা জানি। আমাদের ওখানে যে কাজ হয়েছে সেই কাজটা তুলে যদি টেস্ট হাউসে পাঠাই, তা হলে দেখতে পাবো সেখানে কিছু নাই, সিমেন্ট বলে যাকে চালানো হয়েছে সে শুধু বালি। আমি মোমিনপুর পাম্পিং স্টেশনের কাছে দাঁড়িয়ে দেখেছি। তপনবাবু বললেন, লাল বালির জায়গায় সাদা বলি দেওয়া হয়েছে। লোকাল

সেলফ গভর্নমেন্টের মিনিস্টারকে এক ঠোঙ্গা বালি তুলে নিয়ে দিয়েছিলাম। আমি জানি না, সে সম্বন্ধে ডিপার্টমেন্ট থেকে কিছু হয়েছে কিনা? সে সম্বন্ধে তিনি কোন খোঁজখবর নিয়েছেন কিনা। শিডিউলে বলা হয়েছে, নীচে সোলিং করতে হবে, উপরে কংক্রীটের ব্যবস্থা করতে হবে পাইপের নীচে। কিন্তু সোলিং তো হয় না, মাটির উপরে পাইপ রেখে দিয়ে তারা চলে যায়। এতে ভাল কাজ কি করে হবে, দেখছে কে? টেন্ডার যা হয়েছে, সেভাবে কাজ কোথাও হচ্ছে না। সেক্রেটারী শিবরামকৃষ্ণবাবুকে আমি চিনি, তাঁর কাজ করবার খুব ইচ্ছা আছে। সকলের তরফ থেকে ওঁকে হেলপ করতে হবে, তাকে কো-অপারেশন দিতে হবে। সঙ্গে সঙ্গে আর একটা কথা বলি, উন্নয়নমন্ত্রী শঙ্করবাবু ও'র এলাকায় ২০ বিঘা সরকারী জমি খালি পড়ে রয়েছে। ওটা লেবার এরিয়া। সরকারী তরফ থেকে অন্যত্র গৃহনির্মাণের জন্য জমি দেখা হচ্ছে। অথচ যেটা গভর্নমেন্টের জমি ২০ বিঘা খালি পড়ে রয়েছে, সেই লেবার এরিয়াতে কি ঐ গৃহনির্মাণ করা যায় না? সে জায়গায় বিল্ডিং করে ফ্ল্যাট তৈয়ারি করে ডিস্ট্রিবিউট হবে না। সেই জায়গায় করা হবে না এই কারণে, যেহেতু গরিব, শ্রমিক তাদের হেলপ দেওয়া হবে না। সরকারের তরফ থেকে এখানে স্টেট হাউসিং-এর জন্য কোন ব্যবস্থা নেই। এখানে এই কথা বলে বরাদ্দ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় ভারপ্রাপ্ত মন্ত্রী সি এম ডি এ-র জন্য যে ব্যয়বরাদ্দ উত্থাপন করেছেন বেশিরভাগ সদস্য তাকে সমর্থন করার জন্য আমি আন্তরিকভাবে অভিনন্দন জানাচ্ছি, যদিও দুঃখের কথা এই যে, কলকাতার সম্পর্কিত একটা গ্রান্ট উত্থাপিত হয়েছে, কিন্তু কলকাতার মাননীয় সদস্যদের উপস্থিতির হার অত্যন্ত কম। আমার নিজের আশা ছিল অন্ততপক্ষে এইটার আলোচনার সময় কলকাতা থেকে যাঁরা নির্বাচিত হয়েছেন এবং কলকাতার সামগ্রিক উন্নয়ন যেটার উপর নির্ভর করছে তাঁদের সেটায় অংশগ্রহণ করা দরকার। শুধুমাত্র আলোচনার জন্য অথবা বিরোধী দলের ভূমিকায় থেকে বিরোধিতা করার জন্য নয় গঠনমূলক প্রস্তাব নিয়ে আমাদের সকলের অংশগ্রহণ করার প্রয়োজন দেখা দিয়েছে। অবশ্য এটা ঠিক যে, বিরোধী দলের বংশে বাতি দিতে মাত্র দুজন। সি বি আই-এর কেউ নেই যাঁরা বক্তৃতা রেখেছেন। সোমনাথবাবু নেই, তাঁর দলেরও কেউ নেই। তাই খুব বেশি কিছু বলার দরকার নেই। আমি এই দপ্তরের আংশিকভাবে ভারপ্রাপ্ত আছি বলে নয়, যদিও উত্তর দেবার দরকারটা একটু কমে গিয়েছে, এখানে দেখছি যাদের দরকার বেশি সেই কলকাতার মাননীয় সদস্যরা তাঁদের উপস্থিতির সংখ্যা ভীষণ কম। কলকাতার গ্রান্ট পাশ হবে, পাশ করাচ্ছেন মফঃস্বলের সদস্যরা। যাই হোক, আমি সবচেয়ে আগে একটা কথা আপনাদের কাছে দিতে চাই যে, এই কাজ করতে গিয়ে আমি সবচেয়ে বেশি সহযোগিতা পেয়েছি কলকাতার সদস্যদের কাছ থেকে এবং তার চেয়ে বেশি যেসব জায়গায় পরিকল্পনা অনুযায়ী কাজ শুরু হচ্ছে সেখানকার সাধারণ মানুষের কাছ থেকে। এই দপ্তর সম্পর্কে উত্তর দিতে গিয়ে আংশিকভাবে ভারপ্রাপ্ত হিসাবে এই কথা বলতে চাই, সি এম ডি এ কলকাতা মহানগরী এবং পার্শ্ববর্তী অঞ্চলের সমস্ত যা করার কথা, যা পরিকল্পনা আছে করতে পেরেছে, তা বলবো না। কিন্তু এইটুকু শুধু বলবো, সরকারী এবং বেসরকারী উদ্যোগে আজ যেসমস্ত উন্নয়ন চলছে শুধুমাত্র কলকাতায় নয় সারা পশ্চিমবঙ্গে শুরু হয়েছে, সেইসমস্ত উদ্যোগের মধ্যে সি এম ডি এ অন্যতম এবং প্রধান বললে অত্যুক্তি হয় না এবং এ যাবৎ উন্নয়নমূলক কাজের রেকর্ড নিলে দেখা যাবে, তুলনামূলকভাবে সি এম ডি এ একটা রেকর্ড তৈরি করে দিয়েছে। আমি জানি বাধা আছে, এবং যথেষ্ট পরিমাণে হয়তো হয় নি। কিন্তু এটা কি ঠিক নয়, যেখানে মাত্র ১৯৭১-৭২ সালে সাত হাজার সাট শো স্যানিটারি পায়খানা হয়েছিল, সেখানে ১৯৭২-৭৩ সালে ১৬,৪২০টা স্যানিটারি পায়খানা হয়েছে। এর চেয়ে যাঁরা বেশি ডিমান্ড করবেন তাঁরা আলাউদ্দীনের প্রদীপের মতো কাজ আশা করবেন।

6-55—7-05 p.m.]

অসুবিধা কোথায়? সোমনাথবাবু যেসমস্ত কথা বললেন তার সবগুলি আমি মানতে রাজী নই। তার কারণ তিনি তাঁর বেশীর ভাগ কথা অতিরঞ্জিত করেছেন। তিনি ২৫ মিনিট বক্তৃতা রেখেছেন—তার মধ্যে ১০-১২ মিনিট তিনি প্রস্রাবাগার প্রস্রাবাগার বলে কাটিয়ে দিয়েছেন।

আমরা জানি, এটা ঠিক যে, উপযুক্ত পরিমাণে যথেষ্ট প্রস্রাবাগার কলকাতা মহানগরীতে নেই। তাই বলে উনি যেভাবে বক্তব্য রাখলেন তাতে মনে হল যে, কলকাতার বেশীর ভাগ মানুষ যেন বহুমূত্র রোগে ভুগছেন। অসুবিধা আছে, আমলাতন্ত্রের অসুবিধা, যথেষ্ট আইন নাই, তার অসুবিধা আছে, আবার নূতন করে কিছু অসুবিধা ছিল, যেখাবে যেখানে পরিকল্পনার কাজ শুরু হচ্ছে সেখানকার ছেলেদের দাবি তাদের ঐ কাজে চাকুরি দিতে হবে অথবা যাদের জমি এ্যাকোয়ার করা হয়েছে তাদের চাকুরি দিতে হবে, বিভিন্ন রাজনৈতিক দল বিভিন্ন রকম সমস্যা তৈরি করে ফেলেছে। সেই সমস্ত সমস্যা দূরীভূত করে কাজ দ্রুতগতিতে এগিয়ে চলেছে। আমি সমস্ত সদস্যদের অনুরোধ করছি, যাঁরা যাঁরা অভিযোগ এনেছেন, তাঁরা যেন তা লিখিত-ভাবে আমাদের দপ্তরে দেন। আমাদের মৃগেনবাবু যে অভিযোগ এনেছেন তাকে উড়িয়ে দেওয়া যায় না—তাঁর অভিযোগের ভিত্তি আছে কিনা সেটা যাচাই করে দেখা দরকার। আমি মাননীয় সদস্যকে অনুরোধ করবো, তাঁর সমস্ত কিছু অভিযোগ নোট করা সম্ভব হয় নি—তিনি অত্যন্ত দ্রুতভাবে অভিযোগগুলি পড়ে গেছেন, তাই তিনি যদি তাঁর সমস্ত অভিযোগগুলি লিখিতভাবে আমাদের দপ্তরে পাঠান, তা হলে তাঁর সমস্ত অভিযোগ শ্রদ্ধার সঙ্গে নিয়ে সেগুলি তদন্তের জন্য ব্যবস্থা গ্রহণ করা হবে। এটা সার্থক হলে শুধুমাত্র আমাদের দলের সার্থকতা তার মধ্যে থাকবে না, সার্থক হবে সমস্ত পশ্চিমবাংলা, সার্থক হবে কলকাতা মহানগরী, সার্থক হবে পশ্চিমবাংলার মানুষের জীবন। একজন অফিসারের কথা বলা হয়েছে— শ্রী এ জি চৌধুরী, তিনি অলরেডি এই দপ্তর থেকে চলে গেছেন, অর্ডার হয়ে গেছে। সমস্ত কিছু উন্নতির কথা ধারাবাহিকভাবে আমি বলতে চাই না। উন্নতি যে হচ্ছে সে কথা সকলেই জানেন বিশেষ করে সোমনাথবাবুর মত উচ্চস্তরের ক্রিটিককেও কাজের প্রশংসা অনেক সময় করতে হয়েছে। এই যে প্রতিদিনের কাজ তা লুকিয়ে তো করা যায় না এবং করাও সম্ভব নয়, তাই তিনি এই প্রতি-দিনের কাজকে এড়িয়ে যেতে পারেন নি। সি এম ডি এ একটা মাস্টার প্ল্যান, সেই বড় পরি-কল্পনা থেকে বিভিন্ন কাজ করা হচ্ছে তার মধ্যে কোন্ জায়গায় একটা বিড়াল মরে পচে বা ময়লা পচে গেছে সেটাও ঐ সি এম ডি এ-র দায়িত্বের উপর চাপিয়ে দেওয়া হয়েছে। তিনি উল্লেখ করেছেন, বৌবাজার এলাকায় কোথায় কোন্ কুকুর পচলো, কোন্ জায়গায় দু চামচে মাটি পড়ে রইলো, সেগুলি কেন তোলা হবে না। কিন্তু এইসব দায়িত্ব কলকাতা কর্পোরেশনের, এগুলিও সি এম ডি এ-র উপর চাপিয়ে হয়েছে। এতে যেমন একদিকে ভুল হচ্ছে, অন্য দিকে আমরা মানুষের আশীর্বাদ পাচ্ছি। যা হোক, একটা ইলিউসন সেন্টার হয়েছে সমস্ত ভালমন্দ সি এম ডি এ-র উপর পৌঁছে গেছে। আজকে সি এম ডি এ কাজ করে যে অর্থারিটি আদায় করে নিয়েছে সেদিক থেকে এটা চ[illegible] আমি অতিরিক্ত বক্তৃতা করছি না। আমাদের ভারপ্রাপ্ত মন্ত্রী এখানে আছেন তিনি সমস্ত ইন্ডিভিজুয়্যাল বক্তৃতার উত্তর নিশ্চয় দেবেন। আমি আপনাদের সহ-যোগিতা প্রার্থনা করি। সি এম ডি এ একটা মিরাকল তৈরি করবে এ আশা আমি রাখি। এখন মাত্র আংশিক কাজ শুরু হয়েছে, সমস্ত স্তরে এই কাজ ছড়িয়ে পড়বে এবং কলকাতার মানুষের সবচেয়ে বড় যে সমস্যা, সেই জল এবং রাস্তা ও বস্তী তা সমস্তই আসান করে দেবে, এই আমার নিজের ধারনা। এখন বস্তীতে বস্তীতে একটা আংশিক কাজ শুরু হয়েছে—বস্তীর মানুষ যেখানে বাঁচতে পারতো না, আজ সেখানে কি ছিল কি হয়েছে!

আমি এই কলকাতা মহানগরীর এমন একটি জায়গা থেকে নির্বাচিত হয়ে এসেছি যে জায়গাটি বোধ হয় কলকাতার মধ্যে সবচেয়ে বেশী অনুন্নত। এখানে বহু সদস্য আছেন, শ্রদ্ধেয় আনসারীবাবু আছেন, অর্ধেন্দুবাবু আছেন, তারা জানেন ঐ অঞ্চলগুলি—দক্ষিণ কলকাতার বিশেষ অঞ্চলগুলি কিভাবে রয়েছে। সেখানে কিন্তু পর্যাপ্ত পরিমাণে কাজ হচ্ছে। এখন হয়ত রেডিমেড রেজাল্ট পাওয়া যাবে না, যেমন হয়ত এই গ্রীষ্মেই জলের যথেষ্ট ব্যবস্থা করা যাচ্ছে না, কিন্তু এর পরবর্তী গ্রীষ্মে পর্যাপ্ত জলের ব্যবস্থা করার পরিকল্পনা নিয়ে কাজ শুরু হয়ে গেছে। সাংগঠনিক কার্য নিয়ে আপনারা বলেছেন, যেমন মৃগেনবাবু কতকগুলি অসুবিধার কথা এখানে তুলে ধরেছেন। আমি জানি কিছু কিছু অসুবিধা আমাদের ফেস করতে হচ্ছে। কিন্তু এটা ঠিক নয় যে, সি এম পি ও উঠে যাচ্ছে বা এমন কোন পরিকল্পনা গ্রহণ করা হতে চলেছে, অথবা গ্রহণ করা হবে। সি এম পি ও-র প্রয়োজনীয়তা আছে এবং এই সি এম পি ও-র

প্রয়োজনীয়তা যতদিন হবে ততদিন এটা থাকবে, আমলাতন্ত্রই হোক, অথবা অন্য কোন তন্ত্রই হোক, একে বাধা সৃষ্টি করতে পারে, কিন্তু উচ্ছেদ করতে পারবে না। আমি এই বলে মাননীয় সদস্যদের আবার ধন্যবাদ জ্ঞাপন করছি এবং আগামী দিনে আরো বেশী সকলের সহযোগিতা কামনা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশঙ্কর ঘোষ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সি এম ডি এ ব্যয়বরাদ্দ সম্পর্কে অনেক মাননীয় সদস্য বলেছেন। এটা আনন্দের কথা, এটা গর্বের কথা যে, অধিকাংশ সদস্যই এই সি এম ডি এ-র কাজকে সমর্থন করেছেন। এই সি এম ডি এ দুই বছরের বেশী হল স্থাপিত হয়েছে। যখন এটা স্থাপিত হয়েছিল তখন এটা একটা খুব ছোট্ট সংস্থা ছিল। একটি ছোট্ট ঘরে কাজ আরম্ভ হয়েছিল। তারপরে আজকে কাজটা ছড়িয়ে গেছে। আজকে আমরা যখন কোন বস্তীতে যাই, তখন আবেদন আসে যে, আর একটি বস্তীতে সি এম ডি এ কেন কাজ করছে না। এই জিনিস আগে ছিল না। প্রথম যখন সি এম ডি এ বস্তীতে কাজ করতে গিয়েছিল তখন বাধা এসেছিল, বস্তীর মানুষ বিশ্বাস করতে পারে নি যে, সি এম ডি এ গিয়ে বস্তীতে ভাল কাজ করবে। বস্তীতে এত অবহেলা ছিল যে, বস্তীর মানুষ বিশ্বাস করতে পারে নি যে, সরকার বস্তীর ভিতরে যাবে, বস্তীর ভিতরে রাস্তা করবে, আলো দেবে, জলের বন্দোবস্ত করবে, সেখানে স্যানিটারি ল্যাট্রিন-এর বন্দোবস্ত করবে। তাই প্রথমে তাদের বাধা ছিল, তারপরে তারা সি এম ডি এ-র কাজটা দেখল। এখন বলতে হচ্ছে যে, আরো বস্তীতে কাজ হোক এবং এটা আমাদের আশীর্বাদ, এটা আমাদের পাথেয় যে জনসাধারণের সহযোগিতা পেয়েছি, জনপ্রতিনিধি এম এল এ এবং সমস্ত স্তরের জনসাধারণের সহযোগিতা পেয়েছি। জনসাধারণের এই সহযোগিতা ছাড়া সি এম ডি এ-র কাজ হতে পারত না। সি এম ডি এ-র জন্য আমাদের স্টেট থেকে আমরা দিতে পারছি ৪৩ কোটি টাকা। আমরা আমাদের স্টেট প্ল্যান থেকে ৪৩ কোটি টাকা দিতে পেরেছি, আর বেশী দিতে পারি নি। কিন্তু এই চতুর্থ পরিকল্পনায় সি এম ডি এ-তে ১৫০ কোটি টাকা খরচ হচ্ছে এবং এই টাকার কিছুটা কেন্দ্রের। কারণ, কিছুটা অনুদান, কিছুটা অকট্রয়, কিছুটা বাজার থেকে ঋণ ইত্যাদি নানাভাবে আমরা এই টাকাটা জোগাড় করেছি। মানীয় সদস্যরা এই সি এম ডি এ-র পরিধি আরো বাড়াবার জন্য প্রস্তাব রেখেছেন। সেটা আমরা নিশ্চয় চেষ্টা করবো যাতে এই সি এম ডি এ-র আরো ত্বরান্বিত হতে পারে এবং আরো ব্যাপক হতে পারে এর জন্য পরের যে পঞ্চবার্ষিক পরিকল্পনা আসছে আমরা চেষ্টা করবো যাতে অন্তত ৩৫০ কোটি টাকার একটা প্ল্যান সি এম ডি এ-র জন্য হতে পারে—২৫০ কোটি টাকার প্ল্যান্ট ছিল, তারপরে পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনার জন্য ৩৫০ কোটি টাকার প্ল্যান হয়েছে এবং সেটাকে আমরা কেন্দ্রের কাছে রাখবো। এর জন্য আমাদের নানারকম চেষ্টা করতে হবে। কারণ, একটা পরিস্থিতি দেখা যাচ্ছে যে, সি এম ডি এ-র সমস্ত টাকা স্টেট প্ল্যান থেকে আসবে—এত টাকা তো স্টেট প্ল্যান থেকে আসতে পারবে না, সুতরাং আমাদের কেন্দ্রের কাছে বলতেই হবে যাতে এই টাকার একটা বিশেষ দায়িত্ব কেন্দ্র গ্রহণ করে এবং কেন্দ্র এই সি এম ডি এ পরিকল্পনাকে অনেক সমর্থন করেছিলেন। এই সি এম ডি এ-র প্রথম প্ল্যান ছিল ডাঃ বিধানচন্দ্র রায়ের।

[7-05—7-15 p.m.]

তারপর একবার ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিলের মিটিং-এ এই প্রস্তাব আসে। পণ্ডিত জহরলাল নেহেরু যখন ছিলেন তিনি বলেছিলেন কোলকাতার সমস্যা এটা কেবল পশ্চিম-বাংলার সমস্যা নয়, কোলকাতার সমস্যা সারা ভারতবর্ষের সমস্যা। কোলকাতার প্রতি যে অবহেলা হয়েছে সেটাকে যদি চলতে দেওয়া হয়, তা হলে কোলকাতাকে অবক্ষয়ের পথেই ঠেলে দেওয়া হবে। আর তা যদি করা হয়, তা হলে এই ইস্টার্ন রিজিয়নে যা কিছু শিল্পবাণিজ্য আছে সমস্ত ধ্বংস হয়ে যাবে। সুতরাং কোলকাতাকে বাঁচাতেই হবে। প্ল্যানের বাইরে থেকে তারা সি এম ডি এ-র জন্য কিছু টাকার প্রস্তাব করেছিলেন। কিন্তু আমাদের ৬০ দশকে সি এম পি ও হয়েছিল, তারা প্ল্যানও করেছিলেন, ১০ বছর আমাদের লেগেছিল এবং ভাল ভাল প্ল্যানও হয়েছিল, কিন্তু কোন টাকা ছিল না। কাজেই প্ল্যানের কাজও হতে পারে নি। তারপর

১৯৭০ সালে যখন শ্রীমতী ইন্দিরা গান্ধীর নেতৃত্বে সি এম ডি এ-র জন্য টাকা দেওয়া হল, তারপর কাজ আরম্ভ হতে পেরেছে। এখানে অনেক মাননীয় সদস্য অনেক বক্তব্য রেখেছেন। আনসারী সাহেব কয়েকটি ভাল কথা বলেছেন। কোলকাতার যে ব্যাধি সে বিষয়ে অনেক বক্তব্য রেখেছেন, সোমনাথবাবুও বলেছেন। কিন্তু এই ব্যাধির চিকিৎসার জন্য সি এম ডি এ যে বন্দোবস্ত করেছে সেটাকে আমাদের সমর্থন জানাতে হবে বা এই চিকিৎসককে আমাদের সমর্থন জানাতে হবে যাতে এই ভাবমূর্তি বজায় থাকে। এই সি এম ডি এ-র জন্য অর্থ সংগ্রহের ব্যাপারে রাজ্য থেকেই কেবল নয়, কেন্দ্র থেকে যাতে করতে পারি সেটা আমাদের চেষ্টা করতে হবে। মাননীয় কানাই সরকার মহাশয় বস্তীতে সি এম ডি এ-র যে কাজ হয়েছে তার প্রশংসা করেছেন। অনন্ত ভারতী মহাশয়ও তাই বলেছেন। তপন চ্যাটার্জী মহাশয় বলেছেন, সি এম ডি এ-র মত ভাল কাজ আর কেউ করতে পারে নি। আমরা এর জন্য কোন আত্মসন্তুষ্টি নিয়ে চলতে চাই না, কিন্তু একথা বলব, কোলকাতার উন্নয়নের জন্য সি এম ডি এ আসার আগে কোন কাজ করা সম্ভব হয় নি। কর্পোরেশনের যে আর্থিক সঙ্গতি তাতে সে কাজ করা সম্ভব হয় নি। তারপর সোমনাথবাবুর কথার প্রসঙ্গে বলি, যে সমস্ত অনগ্রসর জায়গা ছিল সেগুলির দিকে আমরা গুরুত্ব দিয়েছি, দক্ষিণ কোলকাতার যে জায়গাগুলি অনগ্রসর ছিল সেগুলিকে আমরা গুরুত্ব দিয়েছি। তবে এই প্রসঙ্গে বলতে চাই যে, আমরা সবচেয়ে বেশী গুরুত্ব দিয়েছি বস্তী অঞ্চলের প্রতি। আমাদের বস্তী অঞ্চল সম্বন্ধে যে প্রচেষ্টা তাতে বস্তীবাসীরা আমাদের সমর্থন জানিয়েছেন ও সাহায্য করেছেন। তারপর আর একটা কথা বলি, এই সি এম ডি এ-র কাজ দেখতে গত কয়েকমাস বিশ্বের নানান জায়গা থেকে মানুষরা এসেছেন। আর যেখান থেকেই মানুষরা এসেছেন তাঁরা বলেছেন একটা ডেভালপিং কান্ট্রিতে এতবড় নগর উন্নয়নের পরিকল্পনা বিশ্বের কোথাও তাঁরা দেখতে পান নি। অস্ট্রেলিয়া থেকে একটি টিম এসেছিল, তাঁরা বিশ্বের নানান জায়গা ঘুরে দেখে আমাদের বলেছেন এরকম পরিকল্পনা তাঁরা কোথাও দেখেন নি। ওয়ার্ল্ড ব্যাংক থেকে দুবার টিম এসেছিল এবং তাঁরা বিভিন্ন জেলাতেও গিয়েছিলেন। প্রথমে একটা ছোট টিম এসেছিল জুন মাসে, পরে একটা বড় টিম নভেম্বর মাসে এসেছিল। তাঁরা প্রত্যেকে এই সি এম ডি এ-র কাজের ভূয়সী প্রশংসা করে গিয়েছেন। সুইডেন থেকে যাঁরা এসেছিলেন, তাঁরা আমার কাছে এবং মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে প্রশংসা করে গিয়েছেন। তাঁরা বলেছেন, সুইডেনের মানুষ যদি কোন বৈদেশিক সাহায্য দিতে চায়, তা হলে তা কোলকাতাকেই দিতে চায়। এর দুটি কারণ আছে। একটি কারণ, সি এম ডি এ-র মত পরিকল্পনা ও কাজ ভারতবর্ষে এবং ভারতবর্ষের বাইরে ডেভালপিং কান্ট্রিতে কোথাও তাঁরা দেখেন নি এবং আর একটি কারণ কোলকাতার মানুষের উপর দিয়ে বহু ঝড়ঝাপটা গিয়েছে সেটা সুইডেনের মানুষ জানে। তাঁরা বলেছেন, সেইজন্য এই সাহায্য যদি কোলকাতার মতন জায়গায় যায়, তা হলে সুইডেনের মানুষ শান্তি পাবে। এইরকম বহু প্রশংসার কথা আমরা শুনেছি। তবে আমরা সবচেয়ে বেশী দাম দিই বস্তীবাসীদের কথার। তাঁরাও এই সি এম ডি এ-র কাজকে সমর্থন জানিয়েছেন। আমরা এই সি এম ডি এ-র কাজকে ত্বরান্বিত করতে চাইছি। আমি এই সম্বন্ধে একটা পরিসংখ্যান দিচ্ছি। ১৯৭০ সালে অক্টোবর থেকে ১৯৭২ সালের মার্চ পর্যন্ত এই ১৮ মাসে কি কাজ হয়েছে এবং ১৯৭২ সালের এপ্রিল থেকে ১৯৭৩ সালের মার্চ পর্যন্ত কি কাজ হয়েছে তার পরিসংখ্যান দিচ্ছি। এই পরিসংখ্যানের মধ্যে প্রতিটি সেক্টারের কাজ লক্ষ্য করলেই দেখতে পাবেন, কি দ্রুতগতিতে কাজ হয়েছে। এক একটি সেক্টারে ২-৩-৪ গুণ বেশী কাজ হয়েছে। আমরা সবচেয়ে বেশী জোর দিয়েছি বস্তীতে। সেখানে রাস্তা ইত্যাদির কাজ গত বছর যা হয়েছিল তার ৪ গুণ এ বছর হয়েছে। সেইরকম নূতন নর্দমা ঠিক করা হয়েছে ৪ গুণ, জলের পাইপ হয়েছে ৪ গুণ, গভীর নলকূপ হয়েছে ২ গুণ। এইরকম নানা কাজ হয়েছে। আরো কতকগুলি ছোট ছোট বিষয় মাননীয় সদস্যারা বলেছেন, সোমনাথবাবু সি এম ডি এ-র অর্গানাইজেসনাল এক্সপেন্স সম্পর্কে যে তথ্য দিয়েছেন সমস্ত জিনিসটা হয়ত তিনি ভাল করে দেখেন নি। অর্গানাইজেসনাল এক্সপেন্স আর ডেট সার্ভিসিং চার্জেস এক সঙ্গে দেওয়া হয়েছে। তিনি বলেছেন যে দেড় কোটি টাকা অর্গানাইজেসনাল এক্সপেন্স হচ্ছে, কিন্তু তা নয়। ডেট সার্ভিসিং চার্জেস যা ছিল সেটা হয়ত তিনি যোগ করে নিয়েছেন তার ভিতরে, অর্গানাইজেসনাল চার্জেস ৫৬ লক্ষ টাকা, সেটা সি এম ডি এ-র জন্য ইনভেস্ট এক পারসেন্টও নয়। তারপর সোমনাথবাবু বলেছেন যে, কলকাতায় রাস্তাতে নানা জায়গায় পাবলিক

কনভেনিয়েন্সের অভাব, এ বিষয়ে আরো অনেকে বলেছেন। তবে এই সমস্ত কলকাতা কর্পোরেশানের কাজ, হাওড়া মিউনিসিপ্যালিটির কাজ, এটা সি এম ডি এ-র কাজ নয়। তা সত্ত্বেও আমরা যাতে নূতন করে পাবলিক কনভেনিয়েন্স তৈরি করতে পারি তার জন্য এই বছরই কলকাতা কর্পোরেশনকে আমরা ২ লক্ষ ৪০ হাজার টাকা দিয়েছি এবং আগামী বছরের জন্য ২ লক্ষ ৫০ হাজার টাকা বরাদ্দ করেছি। আর হাওড়া মিউনিসিপ্যালিপিটির জন্য ২ লক্ষ টাকা আগামী বছরের জন্য বরাদ্দ করেছি। তারপর সোমনাথবাবু বলেছেন যে, বেঙ্গল সার্ভিস সোসাইটি যেটা বলে আমেরিকার সঙ্গে যুক্ত। আমি জানি না, বেঙ্গল সার্ভিস সোসাইটি টালিগঞ্জ এলাকায় সার্ভের কাজ সি এম ডি এ তাদের করতে দেওয়া হয় নি। সুতরাং এইসব সমালোচনার কোন বাস্তব ভিত্তি নেই। আর একটা কথা বলেছেন, অ্যাডভাইসরী কাউন্সিল। সি এম ডি এ-কে অ্যাডভাইসরী কাউন্সিল-এর বৈঠকে ডাকা হয় নি। অ্যাডভাইসরী কাউন্সিলই গঠিত হয় নি। সুতরাং বৈঠকে ডাকার প্রশ্ন আসে না। তবে যেটা পপুলার পার্টিসিপেশন-এর কথা, পপুলার পার্টিসিপেশনটাতে আমরা খুব বেশী জোর দেই। এই সি এম ডি-এর ক্ষেত্রে যাতে জনসাধারণ যুক্ত হতে পারে তার জন্য বিশেষ চেষ্টা করছি এবং আমাদের জনপ্রতিনিধি এম এল এ-রা যাতে যুক্ত হতে পারেন সেজন্যও চেষ্টা করছি। এই হিসাবে আমরা এম এল এ-দের সঙ্গে মিটিং করছি এবং নানা ক্ষেত্রে মিটিং করেছি। আমরা সাইট ইন্সপেকসন-এ গেছি, তাদের সঙ্গে এবং আমরা তাঁদের বলেছি যে, আমরা এইরকম সার্কুলার ইসু করেছি, সি এম ডি এ-তে যারা অফিসার আছেন, যারা তত্ত্বাবধান করেন, তাদের আমরা সার্কুলার ইসু করেছি যে, আপনার যে এলাকায় কাজ হচ্ছে সেই এলাকার এম এল এ-দের সঙ্গে যোগাযোগ করুন এবং তাদের সহযোগিতা নিয়ে কাজ করুন। আমরা অনেক ক্ষেত্রে এম এল এ-দের সহযোগিতায় অনেক কাজ করতে পেরেছি। কারণ একটা রাস্তা করতে গেলে মাটি খুঁড়তে হয়, একটা ছোট দোকান হয়ত তুলতে হবে, সেখানে এম এল এ-রা আমাদের সঙ্গে সহযোগিতা করেছে এবং আমরা এই ধারাটা অব্যাহত রাখতে চাই। আমরা অফিসারদের বলেছি যে, এম এল এ-দের সহযোগিতা সব সময়ে পাবার চেষ্টা করবেন এবং সেই সহযোগিতা যাতে সমস্ত ক্ষেত্রে পেতে পারেন তার বন্দোবস্ত আমরা করবো। আরও কতকগুলি এম এল এ-দের পার্টিসিপেশনের কথা, সি এম ডব্লিউ এস এ-র কথা সোমনাথবাবু বলেছেন। এই সি এম ডি এ--র জন্য আমরা কিছুদিন আগে একটা বিল এনেছিলাম যাতে আমাদের বিধানসভা থেকে এখানে ৭ জন সদস্য আছেন। এই সি এম ডব্লিউ এস এ-র জেনারেল কাউন্সিল-এর মিটিং-এ আমরা বিল এনেছিলাম যে, ৭ জন থেকে ১০ জন করা হোক। আমার ঠিক মনে নেই নামটা, শীশ মহম্মদ মহাশয় কি তিমির ভাদুড়ী মহাশয়, সেই বিলের একটা অ্যামেন্ডমেন্ট এনেছিলেন যে, ৭ জন থেকে কমিয়ে ৫ জন করা হোক। আর আমাদের প্রস্তাব ছিল ৭ জন থেকে বাড়িয়ে ১০ জন করা হোক, কতকটা পপুলার পার্টিসিপেশন বাড়ান হোক। তবে সুখের কথা যে, সেই অ্যামেন্ডমেন্ট তারা প্রেস করে নি এবং এই বিধানসভা থেকে পাশ করেছিলাম যে ৭ জন থেকে ১০ জন যাতে এম এল এ সি এম ডব্লিউ এস এ-র ভিতরে যেতে পারে, যাতে আরো বেশী পপুলার পার্টিসিপেশন হয়, সেই বিল পাশ হয়ে গেছে। আরো কিছু কিছু দুর্নীতির অভিযোগ এসেছে এবং দুর্নীতির অভিযোগ সম্পর্কে একথা বলতে চাই যে, অফিসারদের সম্পর্কে যে অভিযোগ সেটা আমাদের কাছে আনলে সেটা পরীক্ষা করে দেখবো, দরকার হলে ব্যবস্থা নেবো। অফিসাররা নিজেরা ডিফেন্ড করতে পারে না হাউসে, সুতরাং হাউসে না বলে আমাদের কাছে বললে ভাল হয়। সেটা আমরা পরীক্ষা করে দেখবো এবং দরকার হলে ব্যবস্থা নেবো। কিন্তু যখন তারা হাউসে নিজেদের ডিফেন্ড করতে পারে না, তখন হাউসে বললে তাদের অসুবিধা হতে পারে। আমাদের মুখ্যমন্ত্রী যা বলেছেন যে, আমরা সমস্ত ক্ষেত্রে যাতে দুর্নীতি না হয় তার জন্য বন্দোবস্ত করবো। তবে কোন বিশেষ অভিযোগ থাকে এবং আমাদের কাছে যদি আসে, তা হলে আমরা নিশ্চয়ই সে বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবো।

আর কতকগুলো প্রস্তাব মাননীয় সদস্যরা রেখেছেন যে, তাঁদের এলাকায় আরও কিছু কাজ করা হোক। আমার মনে হয় রামপিয়ারী রাম মহাশয় বলেছেন যে, আমার এলাকায় আরও কিছু কাজ হোক। আমার এলাকাতে ২০ বিঘা জমি আছে, সুতরাং আমার এলাকাতে আরও কাজ করা হোক। মন্ত্রী হিসাবে আমার এলাকায় আরও কিছু কাজ করানোতে কিছু অসুবিধা

আছে। সমস্ত এলাকাতে যাতে আরও বেশী কাজ করা হয় সেই বিষয় কিছুটা আর্থিক প্রশ্ন আছে। আমাদের ১৫ কোটি টাকার বাজেট, আমরা যেখানেই যাই সমস্ত জায়গায় যাতে আমরা কাজটা বিভিন্ন সেকটারে আনতে পারি সেইভাবে করা হয়েছে। কিছু মাননীয় সদস্য হাউসের বাইরে এবং এখানেও বলেছেন, সি এম ডি এ এলাকার পরিধিটা যাতে বাড়ানো হয়। সেটা অবশ্য ঠিক উন্নয়ন সব জায়গায় হওয়া উচিত। কিন্তু এই পরিধিটা সি এম পি ও কতকগুলো মাস্টার প্ল্যান করেছিলেন, সেট মাস্টার প্ল্যান অনুযায়ী আমাদের কাজ হচ্ছে, আমরা যে অর্থ পাচ্ছি— এর পরে যে ফাইভ-ইয়ার প্ল্যান আছে তাতে আমরা চেষ্টা করবো, ৩৫০ কোটি টাকার প্ল্যান আমরা করেছি, তা যদি পাই, তা হলে যে সমস্ত জায়গায় আমরা কাজ করতে পারি নি, বিশেষ করে বস্তী অঞ্চলে, যেখানে আগে ১০ কোটি টাকার প্ল্যান ছিল, সেটা ১৩ কোটি টাকার প্রোগ্রাম করেছি। কিন্তু তা সত্ত্বেও কিছু কিছু বস্তী বাদ পড়ে গেছে। সেই সমস্ত জায়গায় আমরা অগ্রাধিকার দিতে চাই, যদি আরও টাকা আমাদের আসে। সেইসমস্ত জায়গায় যাতে আমরা কাজ করতে পারি সেটা চেষ্টা করবো। মাননীয় সদস্যরা এই যে সি এম ডি এ-র কাজে সমর্থন জানিয়েছেন এবং শুধু হাউসের ভিতরেই নয়, হাউসের বাইরে যে সহযোগিতা দিয়েছেন এবং এই সহযোগিতার ফলে আমরা কাজটা ত্বরান্বিত করতে পেরেছি, সেই জন্য আমরা তাঁদের ধন্যবাদ জানাচ্ছি। যে ছাঁটাই প্রস্তাব এসেছে, যে কাজটাকে ত্বরান্বিত করা হোক, আমার মনে হয় কাজটা আমরা ত্বরান্বিত করছি, সেটা বুঝে মাননীয় সদস্য আশা করি তাঁর ছাঁটাই প্রস্তাব প্রত্যাহার করে নেবেন।

The motion of Shri Shish Mohammad that the amount of the demand be reduced to Re. 1 and also the motion that the amount of the demand be reduced by Rs. 100, were then put and a division taken with the following result:

Noes

Abdul Bari Biswas, Shri.
Ali Ansar, Shri.
Bandyopadhyay, Shri Sukumar.
Basu, Shri Ajit Kumar (Mid.).
Bhattacharya, Shri Keshab Chandra.
Biswas, Shri Kartic Chandra.
Bose, Shri Lakshmi Kanta.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Kanti Ranjan.
Chatterjee, Shri Tapan.
Das, Shri Rajani.
Dutta, Shri Adya Charan.
Ekramul Haque Biswas, Shri.
Ghose, Shri Sankar.
Gyan Singh, Shri Sohanpal.
Halder, Shri Harendra Nath.
Hembram, Shri Sital Chandra.
Isore, Shri Sisir Kumar.
Lakra, Shri Denis.
Malladeb, Shri Birendra Bijoy.
Md. Safiullah, Shri.
Misra, Shri Ahindra.
Misra, Shri Kashinath.
Mondal, Shri Anil Krishna.

Moslehuddin Ahmed, Shri.
Mukherjee, Shri Mrigendra.
Mukherjee, Shri Sibdas.
Nurunnesa Sattar, Shrimati.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Ram, Shri Ram Peyare.
Roy, Shri Madhu Sudan.
Roy, Shri Mrigendra Narayan.
Sahoo, Shri Prasanta Kumar.
Sarkar, Dr. Kanai Lal.
Sarker, Shri Jogesh Chandra.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Talukdar, Shri Rathin.
Topno, Shri Antoni.

Ayes

Besterwitch, Shri A. H.
Shish Mohammad, Shri.

The Ayes being 2 and the Noes 39, the motions were lost.

The motion of Shri Sankar Ghose that a sum of Rs. 2,00,00,000 be grante for expenditure under Grant No. 35, Major Heads: "51-A—Greater Calcutt Development Scheme, and 106-A—Capital Outlay on Greater Calcutt Development Scheme was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 7.22 p.m. till 1 p.m. on Tuesday, th 27th March, 1973, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 27th March, 1973, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 10 Ministers, 5 Ministers of State, 2 Deputy Ministers and 138 Members.

[1-00—1-10 p.m.]

Oath or Affirmation of Allegiance

Mr. Speaker: Honourable Members, if any of you who have not yet made an oath or affirmation of allegiance, you may kindly do so.

(There was none to take oath.)

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

দুবদা বেসিন প্রকল্প

২৪০। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৪৭।) **শ্রীঅজিতকুমার বসু** (মেদিনীপুর)**: সেচ ও জলপথ** বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দুবদা বেসিন প্রকল্পের কাজ কবে নাগাত সম্পূর্ণ হইবে;

(খ) এই প্রকল্পের জন্য যেসব জমি দখল করা হইয়াছে তাহাদের ক্ষতিপূরণ দেওয়ার কোন ব্যবস্থা হইয়াছে কি; এবং

(গ) না হইয়া থাকিলে, কবে নাগাত দেওয়ার ব্যবস্থা হইবে?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয়: (ক) ১৯৭৬ সালের জুন মাসের মধ্যে সম্পূর্ণ হইবে আশা করা যায়।

(খ) হ্যাঁ।

(গ) এই প্রশ্ন উঠে না।

গঙ্গারামপুরে হস্তচালিত তাঁতশিল্প

২৪১। (অনুমোদিত প্রশ্ন নং ১৬২৯।) **শ্রীপ্রবোধকুমার সিংহ রায়:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় গঙ্গারামপুরে হস্তচালিত তাঁতশিল্পে নিযুক্ত পরিবারের সংখ্যা কত;

(খ) গঙ্গারামপুরে মোট তাঁত কয়টি আছে এবং তন্মধ্যে ব্যক্তিগত মালিকানার সংখ্যা কত ও সমবায় সমিতি পরিচালিত সংখ্যা কত;

(গ) সমস্ত তাঁতের জন্য মাসিক সুতার প্রয়োজন কত এবং উক্ত প্রয়োজনীয় সুতা সরকার হইতে দেওয়া যায় কি;

(ঘ) একথা কি সত্য যে, সুতার অভাবে বহু তাঁত বন্ধ হইয়া গিয়াছে, ফলে প্রায় ১,০০০ কর্মী বেকার হইয়া পড়িয়াছেন; এবং

(ঙ) সত্য হইলে, ইহার প্রতিকারের জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) অ্যাসোসিয়েশন এবং স
সমিতিভুক্ত হস্তচালিত তাঁতশিল্পে নিযুক্ত পরিবারের আনুমানিক সংখ্যা ৫৬১। ব্যা
মালিকানায় চালিত তাঁতে নিযুক্ত পরিবারের হিসাব জনা নাই।

(খ) অ্যাসোসিয়েশন ও সমবায় সমিতিভুক্ত তাঁতের সংখ্যা ৫৬১।ব্যক্তিগত মালিকান
তাঁতের সংখ্যা জনা নাই।

(গ) আনুমানিক ৫,৬১০ কেজি; সরকার নভেম্বর, ১৯৭২ হইতে ফেব্রুয়ারী, ১
পর্যন্ত ৩,৬৬০ কেজি সুতা পারমিটের মাধ্যমে বণ্টন করিয়াছেন।

(ঘ) সুতার অভাব আছে, একথা সত্য। কারখানা বন্ধ হইয়া যাওয়া এবং এর ফলে কর্ম
বেকার হওয়াও অসম্ভব নয়। এ সম্পর্কে সঠিক হিসাব জানা নাই।

(ঙ) সম্প্রতি ভারত সরকার সুতার সরবরাহ ব্যাপারে নিয়ন্ত্রণ নীতি ঘোষণা করিয়া
তদনুযায়ী সুতা বিলি করার ব্যবস্থা করা হইতেছে।

মেদিনীপুর জেলায় তাঁতশিল্প

২৪২। (অনুমোদিত প্রশ্ন নং ১৮২৮।) **শ্রীঅজিতকুমার বসু** (মেদিনীপুর)ঃ কুটি
ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় বিদ্যুৎচালিত তাঁত ও হস্তচালিত তাঁতের সংখ্যা কত;

(খ) তাঁতশিল্পের উন্নতির জন্য সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) মেদিনীপুর জেলায় বর্তমানে বিদ
চালিত তাঁতের সংখ্যা ৪৮ এবং হস্তচালিত তাঁতের সংখ্যা আনুমানিক ৩২,৭০৬।

(খ) বর্তমানে হস্তচালিত সমবায় সমিতিভুক্ত তাঁতশিল্পীদের উন্নতির জন্য সর
নিম্নলিখিত ব্যবস্থাসমূহ অবলম্বন করিয়াছেনঃ

(১) সমিতির শেয়ার ক্রয়ের জন্য ঋণ প্রদান করা হয়;

(২) কার্যকর মূলধন বাবত ঋণ দেওয়া হয়;

(৩) উন্নতধরনের তাঁত ও সরঞ্জাম ক্রয়ের জন্য ঋণ ও অনুদান প্রদান করা হয়;

(৪) অধিকপরিমাণ বিক্রয়ের জন্য বিক্রয়ের উপর রিবেট দেওয়া হয়;

(৫) ভারত সরকার কর্তৃক প্রবর্তিত পদ্ধতি অনুযায়ী ন্যায্যমূল্যে সুতা সরবরাহ করা হয়

(৬) সমবায়বহির্ভূত তাঁতশিল্পীদের বঙ্গীয় শিল্পঋণ আইন অনুযায়ী ঋণ দেওয়া হয়
বিদ্যুৎচালিত সমবায় সমিতিভুক্ত শিল্পীদের তাঁত ক্রয়ের জন্য ঋণ দেওয়া হয়।

অঞ্চলভিত্তিক পশুচিকিৎসালয়

২৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৭১।) **শ্রীঅজিতকুমার বসু** (মেদিনীপুর)ঃ পশুপালন
পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৩ সালের মধ্যে প্রতিটি অঞ্চলে একটি করিয়া পশুচিকিৎসালয় স্থাপন করি
কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) পশুচিকিৎসালয়গুলিতে অতিরিক্ত ঔষধ ও অন্যান্য দ্রব্যসামগ্রী রাখা হয় কিনা এ
হইলে, কিসের ভিত্তিতে ও কিভাবে রাখা হয়?

পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না।

(খ) রাখা হয়।

স্থানীয় প্রয়োজনে ব্যয়বরাদ্দ অনুযায়ী ঔষধপত্রাদি রাখা হইয়া থাকে।

প্রজাবাড়-ভগবানপুর ও হরিদাসপুর-শ্রীরামপুর রাস্তা ও কাঁসাই নদীর উপর ব্রীজ

২৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ৫৮৭।) **শ্রীকানাই ভৌমিক:** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রজাবাড় হইতে ভগবানপুর (ভায়া আড়ং কিয়ারানা) পর্যন্ত রাস্তার কাজ;

(খ) হরিদাসপুর হইতে শ্রীরামপুর (তমলুক থানায়) রাস্তার কাজ; এবং

(গ) শ্রীরামপুর খেয়াঘাটের নিকট কাঁসাই নদীর উপর ব্রীজ নির্মাণের কাজ কবে নাগাত আরম্ভ করা হইবে বলিয়া আশা করা যায়?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়: (ক), (খ) এবং (গ) প্রজাবাড় হইতে ভগবানপুর (ভায়া আড়ং কিয়ারানা) পর্যন্ত রাস্তাটি চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনার অন্তর্ভুক্ত হয়েছে এবং জরিপের কাজ চলেছে। জরিপের কাজ সম্পন্ন হবার উপর প্রাক্কলন প্রস্তুত ও কাজ শুরু করার ব্যবস্থা হবে, অপর রাস্তাটি ও ব্রীজটি নির্মাণের কোন পরিকল্পনা আপাততঃ নাই।

প্রি-মেডিক্যাল কোর্স

২৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ৭৬৫।) **শ্রীকাশীনাথ মিশ্র:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কোন্ কোন্ কলেজে প্রি-মেডিক্যাল কোর্স পড়ানো হয়;

(খ) কতজন ছাত্রছাত্রী বর্তমানে ঐ কোর্স-এ অধ্যয়ন করিতেছে এবং কোন্ বিশ্ববিদ্যালয়ের অধীনে কতজন ছাত্রছাত্রী আছে;

(গ) বর্তমানে ঐ কোর্সের আসনসংখ্যা বাড়ানোর কোন পরিকল্পনা সরকারের আছে কিনা;

(ঘ) ইহা কি সত্য, পশ্চিমবঙ্গে মেডিক্যাল কলেজগুলিতে ভর্তি হবার জন্য কেন্দ্রীয় সরকারের মনোনীত প্রার্থী ভর্তি করার কোটা থাকে; এবং

(ঙ) সত্য হইলে, কিভাবে ঐ প্রার্থী ঠিক করা হয়?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) বর্তমানে নিম্নলিখিত কলেজে প্রি-মেডিক্যাল কোর্স পড়ানো হয়:

(১) আর জি কর মেডিক্যাল কলেজ, কলকাতা;

(২) মৌলানা আজাদ কলেজ, কলকাতা;

(৩) বেথুন কলেজ, কলকাতা (মহিলাদের জন্য);

(৪) গুরুদাস কলেজ, কলকাতা;

(৫) বাঁকুড়া ক্রীশ্চান কলেজ, বাঁকুড়া;

(৬) রায়গঞ্জ কলেজ, পশ্চিম দিনাজপুর; এবং

(৭) বর্ধমান বিশ্ববিদ্যালয়ের প্রি-মেডিক্যাল কলেজ, বর্ধমান।

(খ) ৭৯৮ জন ছাত্রছাত্রী ১৯৭২-৭৩ শিক্ষাবছরে ভর্তি হয়ে প্রি-মেডিক্যাল কোর্স পড়ছেন। এ'দের বিশ্ববিদ্যালয়ভিত্তিক সংখ্যা নীচে দেওয়া হ'ল:—

	জন
(১) কলকাতা বিশ্ববিদ্যালয়	৬৯৯
(২) নর্থ বেঙ্গল বিশ্ববিদ্যালয়	৫০
(৩) বর্ধমান বিশ্ববিদ্যালয়	৪৯

(গ) না।

(ঘ) হ্যাঁ।

(ঙ) রাজ্যসরকার অবগত নন। বিষয়টি কেন্দ্রীয় সরকারের এক্তিয়ারভুক্ত।

মাধ্যমিক বিদ্যালয়গুলিতে নূতন স্কেলে শিক্ষকশিক্ষিকাগণের বেতন

২৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ১২৮১।) **শ্রীসামসুল আলম খান:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মাধ্যমিক বিদ্যালয়গুলিতে যে নূতন স্কেল চালু হয়েছে, তাতে শিক্ষকশিক্ষিকাগণের অনেক পাওনা বাকি আছে;

(খ) সত্য হ'লে, ঐ টাকা দেওয়ার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কি;

(গ) থাকিলে, এজন্য কত টাকার প্রয়োজন; এবং

(ঘ) কতদিনের মধ্যে বকেয়া টাকা পাওয়ার সম্ভাবনা আছে?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) নূতন স্কেলে সকল শিক্ষকশিক্ষিকার প্রারম্ভিক বেতন নির্ধারণ করিবার জন্য পরীক্ষা করিয়া দেখা হইতেছে। ইতিমধ্যে ঐ বাবত অর্থ মঞ্জুর করিবার জন্য জেলা বিদ্যালয় পরিদর্শকদিগকে থোক (লাম্প) টাকা বরাদ্দ করা হয়েছে।

(খ), (গ) এবং (ঘ) উপরের উত্তর দ্রষ্টব্য।

মাদুরশিল্প

২৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৩৪।) **শ্রীঅজিতকুমার বসু** (মেদিনীপুর): কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের মাদুরশিল্পের উন্নতিসাধনের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন; এবং

(খ) মেদিনীপুর জেলার মাদুরশিল্পিগণ মাদুরশিল্পের উন্নতিকল্পে ১৯৭২-৭৩ সালে সরকারের নিকট হইতে কিভাবে ও কত ঋণ পাইয়াছেন?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) পশ্চিমবঙ্গের মাদুরশিল্পের উন্নতির জন্য পশ্চিমবঙ্গ সরকার নিম্নলিখিত ব্যবস্থা অবলম্বন করিয়াছেন:

(১) মাদুরশিল্পীদের মধ্যে সমবায় সংগঠন গড়িয়া তোলা;

(২) যুক্তভাবে কাঁচামাল সংগ্রহের ব্যবস্থা করা;

(৩) মাদুরসমিতির শিল্পী সভ্যগণের তৈরি মাদুর সরকারী মাদুরের দোকানের মারফত বিক্রয় ও প্রচারের ব্যবস্থা করা;

(৪) যেসব অঞ্চলে মাদুরকাঠির চাষ ছিল না বা কম ছিল সেইসব অঞ্চলে মাদুরকাঠি চাষের প্রচলন বা বৃদ্ধি করা;

(৫) ভ্রাম্যমাণ মাদুরতৈরি শিক্ষণ কেন্দ্রের মারফত উন্নতপ্রথায় মাদুরকাঠির পাকা রঙকরণ, মাদুরকাঠি চেরাই ও যুগোপযোগী উন্নত ডিজাইন একহারা, দোহারা, মসলন্দ মাদুর তৈরির ব্যবস্থা করা;

(৬) মাদুরকাঠি ছাড়াও সৌখিন ও সাধারণ ব্যবহারের উপযোগী মাদুর তৈরিতে "আঁশ" ও "ঘাস" ব্যবহার প্রচলন করা;

(৭) সমবায় মাদুরসমিতির উন্নতিকল্পে মূলধন, মাদুর তৈরির সাজসরঞ্জাম ও সমিতি পরিচালনে ম্যানেজার নিযুক্ত করার জন্য আর্থিক ঋণ ও সাহায্য দেবার ব্যবস্থা করা;

(৮) পশ্চিমবঙ্গ প্রচারবিভাগের সাহায্যে ডকুমেণ্টারী ফিল্ম তুলিয়া পশ্চিমবঙ্গের মাদুর-শিল্পের প্রচার করার ব্যবস্থা করা;

(৯) পশ্চিমবঙ্গ ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের সাহায্যে মাদুর তৈরির কাঁচামাল "মেলেপাতি" উৎপন্নের উপযোগী "খাসচর জমি" সমবায় মাদুরসমিতিকে লীজ দেবার ব্যবস্থা করা; এবং

(১০) উন্নত মাদুর তৈরিতে মাদুরশিল্পিগণকে উদ্বুদ্ধ করার জন্য প্রতিবৎসর "রাজ্য হস্ত-শিল্পে প্রতিযোগিতা"র মারফত সর্বোৎকৃষ্ট শিল্পীর স্বীকৃতি ও পুরস্কার দেবার ব্যবস্থাকরণ।

(খ) ১৯৭২-৭৩ সালে মেদিনীপুর জেলার বিভিন্ন সমবায় মাদুরসমিতিকে নিম্নলিখিত মতে সরকার হইতে আর্থিক ঋণ ও সাহায্য প্রদান করা হইয়াছেঃ

		টাকার পরিমাণ
(১) মূলধন ঋণ বাবত বারোটি সমিতিকে	...	২৮,০০০
(২) সাজসরঞ্জাম ক্রয়ের ঋণ বাবত তিনটি সমিতিকে	...	১,৯৫০
(৩) ম্যানেজার নিয়োগে সাহায্য বাবত ষোলটি সমিতিকে	...	৫,৪০০
(৪) সাজসরঞ্জাম ক্রয়ের সাহায্য বাবত তিনটি সমিতিকে	...	১,৯৫০
মোট	...	৩৭,৩০০

(৫) মেদিনীপুর জেলা কেন্দ্রীয় মাদুরসমিতি গঠন করিয়া উহার মাধ্যমে কাঁচামাল সংগ্রহের জন্য সাহায্য বাবদ সম্প্রতি ৫০,০০০ টাকা মঞ্জুর করা হইয়াছে।

মেডিক্যাল কলেজে ভর্তি হওয়া ছাত্রছাত্রী

২৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ৭৯৪।) **শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালে এই রাজ্যের বিভিন্ন মেডিক্যাল কলেজে যেসমস্ত ছাত্র ও ছাত্রী ভর্তি হইয়াছে তাহাদের নাম, পিতার নাম এবং ঠিকানার পূর্ণ বিবরণ কি;

(খ) ঐ ভর্তির ভিত্তি কি ছিল; এবং

(গ) ভর্তি হওয়া ছাত্রছাত্রীরা দরখাস্তে যে শিক্ষাগত যোগ্যতা দেখাইয়াছে তাহাতে কোন্ প্রার্থী কোন্ ডিভিশানে পাশ করিয়াছিল?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৭২-৭৩ শিক্ষাবছরে যেসব ছাত্রছাত্রী পাঁচটি সরকারী মেডিক্যাল কলেজের এবং বর্ধমান বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল কলেজের প্রি-মেডিক্যাল কোর্সে ভর্তি হয়েছে তাদের নাম, পিতার নাম এবং ঠিকানাসম্বলিত একটি তালিকা বিধানসভার লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল কলেজ সম্পর্কে প্রয়োজনীয় তথ্যাদি এখনও পাওয়া যায় নি।

(খ) ১৯৭২ সালের মে মাসে 'দি ওয়েস্ট বেঙ্গল বোর্ড অব একজামিনেশান ফর অ্যাডমিশান টু ইঞ্জিনীয়ারিং ডিগ্রী কলেজেস' কর্তৃক আয়োজিত জয়েন্ট এনট্রান্স পরীক্ষার ফলাফলের মাধ্যম অনুসারে ঐরূপ ভর্তি করা হয়েছিল।

(গ) (ক)-প্রশ্নের উত্তরে উল্লেখিত তালিকায় ভর্তি হওয়া ছাত্রছাত্রীরা বোর্ড বা ইউনিভার্সিটি পরীক্ষা যে যে ডিভিশানে পাশ করেছিল, তা দেখানো হয়েছে।

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: The Minister-in-charge of the Fisheries Department will please make a statement on the subject of cold storage of Bangladesh fish to prevent its putrefaction, attention called by Shri Kashinath Misra, Shri Sukumar Bandyopadhyay, Shri Abdul Bari Biswas, Shri Narayan Bhattacharya, Shri Debabrata Chatterjee and Shri Sarat Das on the 23rd March, 1973.

Shri Santosh Kumar Roy: Mr. Speaker, Sir, in response to the call attention notice tabled by Shri Kashinath Misra and 5 others on the alleged mismanagement of storage of Bangladesh fish, I want to make the following statement:—

Between the period from 18th March, 1973 to 23rd March, 1973 there was a sudden spurt in fish supply from Bangladesh. Datewise arrivals during the period are given below:—

18-3-73	...	...	52 tonnes 6 quintals 21 kg.
19-3-73	...	...	48 tonnes 2 quintals 54 kg.
20-3-73	...	...	68 tonnes 2 quintals 57 kg.
21-3-73	...	...	24 tonnes 3 quintals 33 kg.
22-3-73	...	...	54 tonnes 3 quintals 38 kg.
23-3-73	...	...	43 tonnes 67 kg.

On some days 10 or 11 truck loads of fish were received by the Central Fisheries Corporation which handles the fish supply from Bangladesh. On 23rd March as many as 13 trucks of fish arrived at Calcutta. The Central Fisheries Corporation did not find it feasible to store all these quantities because the supply was rather erratic and not foreseeable. Since the volume of supply was very large and since no definite assessment could be made about the possible arrival on the following day, it was considered inadvisable to attempt to store the fish which was even more highly perishable than others, and in order to prevent deterioration most of the fish was straightway sold by auction immediately after arrival. Some of the lorries had to wait for a few hours for the completion of auction. Only Hilsa was received during this period no Bhekti was received. Necessary steps have been taken to arrange for sufficient cold storage facilities.

Mr. Speaker: I have received 8 notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Reported closure of Jalpaiguri Engineering College from the 25th March last—from Shri Mrigendra Narayan Roy, Shri Bijoy Kumar Mohanta and Shri Antony Topna.

(2) Hunger strike by Shri Goutam Chakraborty, M.L.A. from the 27th March at the Calcutta Medical College—from Shri Kashinath Misra, Shri Narayan Bhattacharya, Shri Sukumar Bandyopadhyay, and Shri Abdul Bari Biswas.

(3) Reported recovery of dynamates in Sithi area of Dum Dum—from Shri Kashinath Misra, Shri Sukumar Bandyopadhyay and Shri Abdul Bari Biswas.

(4) Reported development of mechanical disorder in the plane carrying the Chief Minister and his party on the 26th March last—from Shri Abdul Bari Biswas, Shri Sukumar Bandyopadhyav, Shri Kashinath Misra, Shri Narayan Bhattacharya, Shri Md. Dedar Baksh and Shri Phanibhusan Singhababu.

(5) Scarcity of drinking water in the villages of West Bengal—from Dr. Ekramul Haque Biswas and Shri Md. Dedar Baksh.

(6) Starvation death amongst the Sarugaon Tea Estate labourers—from Shri A. H. Besterwitch, Shri Timir Baran Bhaduri and Shri Shish Mohammad.

(7) Attack on the 1st Class passengers of the Lalgola Passenger train by the anti-social elements—from Shri Md. Dedar Baksh, and

(8) Students strike on the demand for condensed M.B.B.S. course at the Dr. R. Ahmed Dental College and Hospital—from Shri Tapan Chatterjee.

I have selected the notice of Shri Abdul Bari Biswas, Shri Sukumar Bandyopadhyay, Shri Kashinath Misra, Shri Narayan Bhattacharya, Shri Md. Dedar Baksh, and Shri Phanibhusan Singhababu on the subject of reported development of mechanical disorder in the plane carrying the Chief Minister and his party on the 26th March last.

The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Shri Gyan Singh Sohanpal: Mr. Speaker, Sir, in response to the Call Attention Notice by Shri Abdul Bari Biswas and others regarding the incident that took place yesterday at Panagarh involving the West Bengal Government Dakota Plane I beg to make the following statement.

The Dakota Plane was purchased second hand from the Indian Airlines Corporation in 1962. Apart from the annual overhaul that it undergoes, it is also maintained in accordance with the Safety Regulations by Messrs Kalinga Airlines to keep it air-worthy. In fact the Regulations enjoin that an Aircraft Maintenance Engineer has to inspect the aircraft and satisfy himself about its air-worthiness in all respects before it goes on a flight. This inspection is known as 'daily inspection' because it remains valid only for 24 hours. The annual inspection of the Plane was held in August last year and certificate of air-worthiness was duly issued by the Government of India the validity of the certificate being from 10th August, 1972 to 9th August, 1973. The Dakota Plane underwent the usual routine inspection (known as daily inspection) and went to Panagarh Airport yesterday to pick up the Chief Minister, the Irrigation Minister, the Land Utilisation, Reforms and Land and Land Revenue Minister and the officials accompanying them. It took off from Panagarh at about 3-20 p.m. While it was on flight, the Pilot had difficulty with one of the two engines which caught fire and, therefore, took it back to Panagarh. I am thankful to Providence that the Plane landed safely and none of the occupants suffered any injury. However, in view of the grave possibilities that were involved, the State Government has requested the Director-General, Civil Aviation, to institute an enquiry to find out the causes and circumstances leading to the inspection and also the remedial measures that are needed for guarding against its recurrence. Our Liaison Officer in Delhi has been instructed to pursue the matter with the Director-General so that the enquiry is held forthwith. I have also requested the Union Minister for Tourism and Civil Aviation to issue suitable instructions for holding the enquiry to the Director-General.

[1-10—1-20 p.m.]

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমি যে কলিং অ্যাটেনশন দিয়েছি, তাতে আমি জানি যে হাউসের বিধি এবং রীতি অনুসারে আমাদের কোন বক্তব্য রাখার সুযোগ পাওয়া যায় না, আপনি সেটাতে সম্মতি না দিলে। কিন্তু আজকে আমরা মর্মাহত এবং ব্যথিত, কারণ যে প্লেনখানা দমদম বিমান বন্দর থেকে যথারীতি সুস্থ অবস্থায় আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী এবং তার পার্টিকে নিয়ে পানাগড়ে পৌঁছেছিল এবং ফেরার সময় প্লেন উড়ার সঙ্গে সঙ্গে যে [illegible] হয়েছিল, এখানে কলিঙ্গ এয়ারওয়েজের উপর তার দায়িত্ব ছিল।

এটা খবরের কাগজে বেরিয়েয়ে এবং এই কলিঙ্গ এয়ারওয়েজের মালিক হ'ল বিজু পট্টনায়ক। আমরা বিগত কিছু দিন থেকে ওড়িষ্যার বুকে রাজনৈতিক অপমৃত্যু দেখছি। সেখানে আজকে রাইট রিএকসানারী সোর্স এবং গোটা ভারতবর্ষের বুকের উপর চাড়া দিয়ে উঠছে। আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী আজকে গরিব, মেহনতী খেটে-খাওয়া মানুষের পাশে এসে দাঁড়িয়েছেন এবং যেভাবে লড়াই-এর ডাক দিয়েছেন তাতে আমার যথেষ্ট সন্দেহ আছে এবং আমরা আজকে অত্যন্ত মর্মাহত এবং ব্যথিত যে, আজকে বিধানসভা থেকে এই কথা তারস্বরে রব ওঠা উচিত যে, এর ভিতরে কোন রকম সাবভারসিভ বা ষড়যন্ত্র ছিল কিনা? আজকে এই যে বিমান দুর্ঘটনা, দুর্ঘটনা হতে পারে, কিন্তু ফেরার সময় মাননীয় মুখ্যমন্ত্রী এবং মন্ত্রিসভার কয়েকজন সদস্য যেই বিমানে উঠলেন অমনি দু' মিনিটের মধ্যে পাখায় আগুন লেগে গেল—এটা একটা অস্বাভাবিক ঘটনা, এটা কখনো কোন জায়গায় দেখা যায় না। তাই আজকে অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এই কথা বলতে চাই যে, পশ্চিমবাংলা বিধানসভায় এই যে অভিমত,এই অভিমত কেন্দ্রীয় সরকারের কাছে যাওয়া উচিত। আজকে ইমিডিয়েটলি তদন্ত কমিটি বসানো হোক এবং দেখা হোক যে, এর মধ্যে কোন সাবভারসন ছিল কিনা, এর মধ্যে কোন ষড়যন্ত্র ছিল কিনা, না সেই ইনজিনে যে আগুন ধ'রে গিয়েছিল সেটা স্বাভাবিক উপায়ে, যদি তা না হয়ে থাকে, তা হ'লে কঠোরভাবে বিচার করতে হবে। আজকে এই ইউনিয়ন গভর্নমেন্টের কাছে এই বিধানসভার মধ্যে দিয়ে আপনার মাধ্যমে আমি এ বক্তব্য রাখতে চাই। আজকে আমরা ভেবেছিলাম যে, ইউনিয়ন গভর্নমেন্টের তরফ থেকে হয়ত একটা মেসেজ আসবে যে, এত বড় দুর্ঘটনা, যে দুর্ঘটনায় আজকে প্রাণ চ'লে যেত পশ্চিমবাংলার মুকুটমনির, আজকে সেই জন্য আপনার মাধ্যমে ইউনিয়ন গভর্নমেন্টের কাছে এই কথা জানিয়ে দিতে চাই যে, কেন তারা দুঃখ প্রকাশ করে মেসেজ পাঠালেন না। কেন তারা নির্দেশ পাঠালেন না যে, এর জন্য এনকোয়ারী নিশ্চয়ই করা হবে। আজকে যদি এটা আমার পয়েন্ট অফঅর্ডারে না পড়ে থাকে, তা হ'লে বলতে পারি, আজকে এটা হাউসের সেন্টিমেন্ট এবং এই সেন্টিমেন্টটা কেন্দ্রীয় সরকারের কাছে পৌঁছবে ব'লে আমার বিশ্বাস।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে বলতে চাইছি যে, আজকে মাননীয় সদস্য আবদুল বারি বিশ্বাস মহাশয় যে পয়েন্ট অফ অর্ডার রেস করেছেন সেটা সভার দিক থেকে অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমি অত্যন্ত চিন্তিত এবং উদ্বিগ্নতা বোধ করছি যে, কালকে যখন আমরা শুনেছি যে, পানাগড়ে পশ্চিমবাংলা সরকারের যে বিমান, সেই বিমান যখন আমাদের পরম প্রিয় মুখ্যমন্ত্রী এবং মন্ত্রিসভার অন্যান্য সভ্যদের যখন আকাশে উড়ে, তার কয়েক মিনিটের মধ্যে যখন বিমানটি দুর্ঘটনায় পতিত হওয়ায়, আমরা ভাবছিলাম, এর পরিণতি কি হতে পারত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সনদেহের যথেষ্ট কারণ আছে, আজকে যখন মাননীয় মুখ্যমন্ত্রীর নেতৃত্বে পশ্চিমবাংলায় একচেটীয়া পুঁজি এবং ধনিক গোষ্ঠীর বিরুদ্ধে তিনি যখন দৃঢ় পদক্ষেপ রেখেছেন, তখন এর মধ্যে অন্য কোন চক্রান্ত থাকলেও থাকতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, চক্রান্তকারীরা অত্যন্ত শক্তিশালী তার প্রমাণ আমরা পেয়েছি, কেনেডি হত্যায় তার প্রমাণ পেয়েছি, এব্রাহাম লিংকনের হত্যায় তার প্রমাণ পেয়েছি এবং পৃথিবীর বিশিষ্ট রাজনৈতিক নেতা এবং পৃথিবীর শ্রেষ্ঠ মনীষীদের হত্যায় আমরা দেখেছি এই সব চক্রান্ত সব সময় কাজ করে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই বিধানসভার সকল সদস্যরা অত্যন্ত উদ্বেগ বোধ করছেন এবং চিন্তা নিয়ে দাবি করছেন যে, অবিলম্বে এই দুর্ঘটনার তদন্ত করা হোক এবং যদি কেউ অপরাধী প্রমাণ হয়, তা হ'লে তাকে এমন শাস্তি দেওয়া হোক যাতে এই ধরনের ঘটনা ভবিষ্যতে না ঘটে।

ডাঃ এ এম ও গনিঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য আবদুল বারি বিশ্বাস মহাশয় যে বক্তব্য রেখেছে আমরা তা সমর্থন করি এবং সঙ্গে সঙ্গে আমরা আনন্দ প্রকাশ করছি যে, আমাদের মুখ্যমন্ত্রী এবং অন্যান্য সদস্যরা নিরাপদ ফিরে এসেছেন ব'লে।

(Shri Kashinath Misra rose to speak.)

Mr. Speaker: Mr. Misra, one point of order is there which has not yet been disposed of. So, it is useless to raise another point of order. Please take your seat.

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য আবদুল বারি বিশ্বাস যে পয়েন্ট অফ অর্ডার তুলেছেন তাতে আমি বলতে চাই যে, মাননীয় মুখ্যমন্ত্রী এবং তাঁর সদস্যবৃন্দ যে নিরাপদে ফিরে এসেছেন সেটা ভগবানের এবং বাঁকুড়া জেলার মানুষের আশীর্বাদে। আমি সেই জন্য আবদুল বারি বিশ্বাসের যে প্রস্তাব তাকে আমি সমর্থন করছি।

শ্রীজ্যোতির্ময় মজুমদার: মাননীয় স্পীকার মহাশয়, আমার যে পয়েন্ট অব অর্ডার সেটা হচ্ছে কেন্দ্রীয় সরকারের পরিবহণ মন্ত্রী ডঃ করণ সিং এই ব্যাপারে ইতিমধ্যে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে এ বিষয়ে কথাবার্তা বলেছেন কিনা, এবং তিনি নিজে অর্থাৎ ডঃ করণ সিং নিজে এই ব্যাপারে তদন্ত করবেন কিনা, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে, তিনি কেন্দ্রীয় পরিবহণমন্ত্রীর কি মতামত, কি তাঁর বক্তব্য এবং মুখ্যমন্ত্রী মহাশয়ের সঙ্গে কি কথাবার্তা হয়েছে, সে সম্বন্ধে এই সভায় তিনি আমাদের জানান।

শ্রীনারায়ণ ভট্টাচার্য: স্যার, আমি যে কলিং অ্যাটেনশন মোশন এনেছিলাম, মাননীয় মন্ত্রিমহাশয় তার জবাব দিয়েছেন। আমি এখন বারি সাহেবের পয়েন্ট অব অর্ডারের সমর্থনে বলছি। শুধু বিজু পটনায়ক নন, আমাদের দেশের ঘরোয়া ব্যাপার নিয়ে সি আই এ এবং অন্যান্য চক্র অত্যন্ত সক্রিয়, তারা জানে যে, যদি পশ্চিমবাংলার নেতৃত্বে ভাঙন আনা যায়, আঘাত দেওয়া যায়, তা হ'লে ভারতবর্ষের সমস্ত রাজনীতিতেই আঘাত সৃষ্টি হবে এবং আমাদের প্রধানমন্ত্রী শ্রদ্ধেয়া ইন্দিরা গান্ধীর হাত দুর্বল হবে। আমি তাই দাবি করছি যে, এ সম্পর্কে একটা পাওয়ারফুল ইনকোয়ারী কমিটি করা দরকার। এর পেছনে কোন গভীর ষড়যন্ত্র লুকিয়ে আছে কিনা, যেমন কাশ্মীর প্রিন্সেসের বেলায় হয়েছিল, সই রকম কোন ধ্বংসাত্মক কিছু ছিল কিনা সেটা আমাদের খুঁজে বার করতে হবে।

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়: আমি অত্যন্ত কৃতজ্ঞ যে মাননীয় সদস্যরা অত্যন্ত উদ্বেগ প্রকাশ করছেন। মাননীয় সদস্যদের বক্তব্য সম্বন্ধে কিছু বলতে চাই না। তবে আমার মনে হয় না, কোন কিছু চক্রান্ত ছিল। প্লেনটা অত্যন্ত পুরানো ছিল, অনেক দিনের, ইঞ্জিনটাও পুরানো ছিল, তাই এরকম আগুন লেগে গিয়েছিল। এখানে যে বিজু পটনায়কের নাম করেছেন, যদিও রাজনীতিক মতামতের তাঁর সঙ্গে মিল নেই, আমাদের মত সম্পূর্ণ ভিন্ন, কিন্তু তিনি এটা করবেন, এটা ভাবতে পারি না। আমার দৃঢ় বিশ্বাস, তিনি এটা কখনো করতে পারেন না। এতে আমার সন্দেহ নাই। যখন তিনি এ সব শুনবেন, তিনি নিজেই চ'লে আসবেন, কোম্পানীর তদারকি করবেন। সুতরাং সেটা আমরা নিশ্চয়ই দেখব, সেটাতো ট্রান্সপোর্ট মন্ত্রী মাননীয় সদস্যদের ব'লেই দিয়েছেন, প্লেনটা খারাপ ছিল, সেজন্য চক্রান্ত কিছু ছিল না। তা ছাড়া আমি সকল মাননীয় সদস্যকে একটা কথা বলতে চাই, যতদিন আমাদের বাঁচবার বাঁচব, কেউ কিছু করতে পারবে না।

(At this stage Shri Kumar Dipti Sen Gupta rose to speak.)

Mr. Speaker: Shri Sen Gupta, the previous point of order has not been disposed of by the Chair. Unless one point of order is disposed of, you cannot raise another point of order.

Shri Kumar Dipti Sen Gupta: Sir, in relation to the same point of order, I want to speak.

Mr. Speaker: I cannot allow any more point of order on the same subject though I appreciate the grave concern expressed by the honourable Members of this House.

Shri Kumar Dipti Sen Gupta: Sir, please allow me to submit that why the Chief Minister of West Bengal will ride on an aeroplane, which is rotten and old. I think the life of the Chief Minister is valuable.

একটা পুরানো মোটরগাড়িতেও মানুষ চাপা যায়। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী কেন একটা পুরানো প্লেনে যাবেন, এইরকম একটা পুরানো প্লেনে তিনি যাবেন, এটা পশ্চিমবঙ্গের মানুষ ভাবতেই পারে না।

[illegible] মজুমদার: আমি পরিবহণ মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই যে, একটা প্লেনে কজন ভি আই পি যেতে পারেন? আমি যতদূর জানি সরকারী নিয়ম আছে যে, দুজনের বেশী একটা প্লেনে যেতে পারেন না। আমি আশা করি, পরিবহণ মন্ত্রিমহাশয় আমাদের এ বিষয়ে জানিয়ে দেবেন।

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা নূতন প্লেন ক্রয় করতে লক্ষ লক্ষ টাকা লাগতে পারে। ডাকোটা প্লেন সব জায়গারই চলছে, এক্ষেত্রে ইঞ্জিনটা হয়ত বদলাতে হবে। আমরা ব্যবস্থা করব, যত কম খরচে করতে পারি, তার ব্যবস্থা করব।

[1-20—1-30 p.m.]

Mr. Speaker: Honourable Members. I deeply appreciate the concern you have expressed over the incident that took place yesterday at Panagarh. Suggestions have also been made by them to make an inquiry into the circumstances that led to the serious accident. Of course, God helped us, and every one who was on board the plane came down without any injury. The Minister-in-charge of Parliamentary Affairs has already made a statement that he is making inquiry into the matter and that the matter has been brought to the notice of the authorities for a fuller report. I hope, when the Parliamentary Affairs Minister gets a fuller report, that will be placed before the House because every one of the Members is seriously concerned over the incident that took place. However, in view of the fact that the honourable Members are very much concerned over the matter and that they want to know further details I think the Hon'ble Minister will be in a position after a few days to bring up before the House and the honourable Members all the facts and circumstances and a detailed report about the incident which might have led to a grave accident causing loss of some valuable lives of Members of our Legislature, including the Hon'ble Chief Minister and other Ministers. At any rate, although there is no point of order involved in it, even then when Members are very much concerned over this issue, I have allowed them to express their feelings and their feelings have been properly expressed.

I think we can now pass over to the next item of business.

Mention cases

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারী হাসপাতালে নানারকম সমস্যা ও দুর্নীতি দেখা দিয়েছে। আজকে দেখতে পাচ্ছি, বিভিন্ন সরকারী হাসপাতালে অব্যবস্থার ফলে গরিব ও দুঃস্থ জনসাধারণ কিরকম বিপদগ্রস্ত। যদিও মাননীয় স্বাস্থ্যমন্ত্রী ও রাষ্ট্রমন্ত্রী আজকে নানারকম প্রচেষ্টা চালাচ্ছেন এই দুর্নীতি দূরীকরণের জন্য। কিন্ত এই দুর্নীতির জন্য আজকে আমাদের বিধানসভার সদস্য শ্রীগৌতম চক্রবর্তী পাঁচ দফা দাবির ভিত্তিতে মেডিকেল কলেজে অনশন আরম্ভ করেছেন। তিনি সেই দাবিগুলি রেখেছেন আজকে সারা পশ্চিমবঙ্গের ক্লিষ্ট মানুষের জন্য। সেই পাঁচ দফা দাবি যদি পূরণ না হয়, তিনি আমরণ অনশন আরম্ভ করবেন। এই পাঁচ দফা দাবিগুলি হল—

(১) হাসপাতালে ওষুধ চুরি ও দামী যন্ত্রপাতি চুরি অবিলম্বে বন্ধ করতে হবে;

(২) হাসপাতালের রোগীদের যা পথ্য দেওয়া, তা সুষ্ঠুভাবে বণ্টন করা হয় না। তার জন্য ঠিকাদার যাঁরা নিযুক্ত আছেন, তাদের অবিলম্বে ছাটাই করা হোক;

(৩) সমস্ত সরকারী হাসপাতালের ৪র্থ শ্রেণীর কর্মীদের জন্য কোয়ার্টার চাই;

(৪) স্বাস্থ্য বিভাগের কর্মী ও চিকিৎসকদের বদলির সুষ্ঠু নীতি চাই; এবং

(৫) ১৯৬৭ সাল হতে সরকার রাজনৈতিক কারণে যেসব হাসপাতাল কর্মীকে ছাঁটাই করেছেন, তাদের পুনর্বহাল চাই।

আজকে দেখতে পাই, যে পশ্চিমবঙ্গ হাসপাতালগুলিতে সরকারের পরিকল্পনাকে ধ্বংস করার চক্রান্ত চলেছে, তা অবিলম্বে দূর করা প্রয়োজন। যেমন, বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ হাসপাতাল, আর জি কর মেডিকেল কলেজ হাসপাতাল, নীলরতন সরকার মেডিকেল কলেজ হাসপাতাল এবং কলিকাতা মেডিকেল কলেজ হাসপাতাল প্রভৃতি হাসপাতালে এইরকম দুরবস্থা চলছে। আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং এই বিধানসভার মাননীয় সদস্য শ্রীগৌতম চক্রবর্তী যে পাঁচ দফা নিয়ে আমরণ অনশনে ব্রতী হয়েছেন, তাঁর সে দাবিগুলি অবিলম্বে পূরণ করবার জন্য আমি স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি।

শ্রীঅজিতকুমার পাঁজা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি চিঠি পেয়েছিলাম, মাননীয় সদস্য শ্রীগৌতম চক্রবর্তী হাসপাতাল সম্বন্ধে নানারকম উন্নতির চেষ্টা করে তিনি কতকগুলি পয়েন্ট রেখেছিলেন। আমি সেই চিঠির উত্তর তাঁকে দিয়েছি। হাসপাতালের দুর্নীতি সম্বন্ধে তিনি যে কথা রেখেছেন চিঠির মাধ্যমে, সেগুলি এত জেনারেল এলিগেশান—অর্থাৎ কোন হাসপাতালের নাম করা হয় নাই যে, কোথায় হচ্ছে, কতখানি দুর্নীতি হচ্ছে, সে বিষয়েও কিছু বলা হয় নাই। তাই তাঁর কাছে গতকাল আমি চিঠি দিয়েছি। তাঁকে আমি চিঠি পাঠিয়ে দিয়েছি এবং তাকে আমি অনুরোধ করেছি অনশন না করতে এবং অন্যান্য যেসমস্ত ব্যাপার আছে অর্থাৎ ক্লাস ফোর স্টাফদের কোয়ার্টারর্স এবং হাসপাতালগুলোতে কি কি নূতন জিনিস করা যায় তা দেখবার জন্য ইতিমধ্যেই কাজ শুরু করে দিয়েছি। আমি এখনও তাঁকে অনুরোধ করছি যে, তিনি যদি অনশন করে থাকেন, সেটা যেন বন্ধ করেন।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্যালকাটা স্কুল অব ট্রপিক্যাল মেডিসিন এবং এর সংশ্লিষ্ট যে হাসপাতাল সেই হাসপাতালের দুর্নীতি, অক্ষমতা এবং অপদার্থতা সম্পর্কে আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই হাসপাতাল এবং সরকারী গবেষণা কেন্দ্র বিভিন্ন ট্রপিক্যাল রোগের চিকিৎসাকেন্দ্র। এখানে ১৯৪৯ সাল থেকে একটা গভর্নিং বডির উপর দায়িত্ব ছিল পরিচালনার। ১৯৭১ সালে সরকার এর দায়িত্ব গ্রহণ করেছেন। এশিয়ার মধ্যে এটা অদ্বিতীয় হলেও গবেষণার দিক থেকে এটা অপদার্থতার পরিচয় দিয়েছে, এই জন্য বলব যে, ১৯৪০ সালে ডাঃ সুন্দর রাও ফাইলেরিয়ার ভ্যাকসিন আবিষ্কার করার পর এই স্কুল অফ ট্রপিক্যাল মেডিসিন গবেষণা ক্ষেত্রে নূতন কোন অবদান রাখতে পারেন নি, যদিও হাজার হাজার টাকা গবেষণার জন্য খরচ করা হয় এবং গবেষকরা বিভিন্ন ধরনের গবেষণা ভাতা পান এবং তার অঙ্কও বিরাট। এখানে যে কারমাইকেল হসপিট্যাল ফর ট্রপিক্যাল ডিজিসেস সেখানে ফ্রি বেড আছে পুরুষদের জন্য ৫৪, মহিলাদের জন্য ২০ এবং শিশুদের জন্য ১০টা। দুঃখের বিষয়, এক-তৃতীয়াংশ বেড সব সময় খালি পড়ে থাকে, সেখানে কোন রোগী ভর্তি করা হয় না। এই হাসপাতালে ১৯৭২-৭৩ সালে সরকারের যে বরাদ্দ তার পরিমাণ ছিল তিন লক্ষ টাকা। তার মধ্যে মেডিকেল, সার্জারি, ডায়েট ফিডিং ধার্য ছিল তিন লক্ষ টাকা, খরচ হয়েছে ১ লক্ষ ৭৭ হাজার টাকা এবং ফেরত যাচ্ছে এক লক্ষ ২৩ হাজার টাকা। ডায়েট ফিডিং-এর জন্য ২ লক্ষ ৭৭ হাজার টাকা ধার্য করা হয়েছে, এর মধ্যে খরচ হয়েছে ১ লক্ষ ৫০ হাজার টাকা এবং অব্যবহৃত আছে ১ লক্ষ ২৭ হাজার টাকা। এই যে এই বাবত ১ লক্ষ ২৭ হাজার টাকা খরচ হল না, এই খরচ না হওয়ার পিছনে কি কারণ আছে তা নিশ্চয় স্বাস্থ্যমন্ত্রীকে আমরা জিজ্ঞাসা করবো। বই কেনার জন্য ধার্য করা হয়েছে এক হাজার টাকা, খরচ করা হয়েছে শূন্য, এই টাকাটা অব্যবহৃত রয়েছে। এই যে কারমাইকেল হসপিট্যাল ফর ট্রপিক্যাল ডিজিসেস এখানে যে আউট-ডোর রোগী আসে তাদের চিকিৎসার জন্য ঔষধ দেওয়া হয় না, মলম দিয়ে ছেড়ে দেওয়া হয় এবং ভিতরে যে রোগীরা থাকেন তাদের দামী ঔষধের দরকার হলে তা বাইরে থেকে কিনে আনতে হয়। এই হাসপাতালে যদিও এমারজেন্সী ওয়ার্ড নেই এবং দীর্ঘদিন ধরে রোগীদের চিকিৎসা করা হয় তবুও প্রতি মাসে ৮ থেকে ১০ জন রোগী মারা যাচ্ছে এবং এই মারা যাওয়ার পিছনে ডাক্তারদের শৈথিল্য আছে, ডাক্তারদের অবহেলা আছে, ডাক্তারদের নিষ্ক্রিয়তা আছে এবং ডাক্তারদের দলাদলি আছে এবং যার ফলে এশিয়ার মধ্যে অদ্বিতীয় এই প্রতিষ্ঠান জাহান্নামের পথে যেতে বসেছে। এই প্রতিষ্ঠানের রিসার্চের জন্য ৩৯ জন চিকিৎসক আছেন

এবং এরা রিসার্চের কোন কাজ করেন না এবং বিভিন্ন ধরনের রিসার্চ অ্যালায়েন্স পান তারা কিন্তু অন্যদিকে দৃষ্টি দিয়ে ব্যক্তিগত সুযোগসুবিধা আদায়ের ফন্দিফিকিরে থাকেন। এই হাসপাতালে যোগেশচন্দ্র দে বলে জেনারেল ডিউটি অ্যাটেনডেন্ট এবং ২০এ মার্চ, ১৯৭৩ তারিখে রাজবুলি মুনিয়ার মৃত্যু হয়েছে। আপনি শুনলে অবাক হয়ে যাবেন প্রায় বিনা চিকিৎসায়, অবহেলায়, ডাক্তারদের শৈথিল্যে এবং ডাক্তারদের ঔদাসীন্যে এরা মারা গেলেন। আপনার মাধ্যমে স্কুল অফ ট্রপিক্যাল মেডিসিনে যে অব্যবস্থা এবং দুর্নীতি রয়েছে তার প্রতি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং অবিলম্বে তার প্রতিকার দাবি করছি।

[1-30—1-40 p.m.]

শ্রীঅজিতকুমার পাঁজা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যা বললেন সে সম্বন্ধে আমি একটি মাত্র অভিযোগ জনৈক কলকাতাবাসীর কাছ থেকে পেয়েছি। এই অভিযোগ ছাড়া মুখে বা লিখিতভাবে আর কোন অভিযোগ আমার কাছে আসে নি। এই স্কুল অব ট্রপিক্যাল মেডিসিন-তে যে দুজন ক্লাস ফোর স্টাফ মারা গেছে সে সম্বন্ধে এনকোয়ারী করবার নির্দেশ আমি দিয়েছি। আর স্কুল অব ট্রপিক্যাল মেডিসিন-এর যিনি ডিরেক্টার আছেন তিনি অনেক দিনের অভিজ্ঞ ডাক্তার এবং অনেক দিন ধরে এখানে রয়েছেন। তবে আপনি যেটা বলছেন আমি নিশ্চয় দেখবো। আমার কাছে এ যাবত ঐ ভদ্রলোকের একটিমাত্র অভিযোগ ছাড়া—তাঁকে নাকি তিন-চার ঘণ্টা দেরী করতে হয়েছে—এ ছাড়া এ পর্যন্ত আর কোন অভিযোগ আসে নি।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী ও মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ, বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় যেসমস্ত বিড়ি শ্রমিক আছে তাদের দুরবস্থার কথা এই বিধানসভায় ১৯৭২ সালের অধিবেশন থেকে বার বার বিভিন্নভাবে উত্থাপিত হয়েছে। কিন্তু দুঃখের বিষয়, এবং লজ্জার বিষয় যে, আজও সেই বিড়ি শ্রমিকদের জন্য বিশেষ কোন পরিকল্পনা গ্রহণ করা হল না। ঐ মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুর অঞ্চলে প্রায় ৭০ থেকে ৮০ হাজার বিড়ি শ্রমিক কাজ করেন এবং সমগ্র পশ্চিমবাংলায় এই বিড়ি শ্রমিকদের উপর নির্ভরশীল লোকসংখ্যা হচ্ছে ১০ থেকে ১৫ লক্ষ। আজকে তাদের যে দুরবস্থা দেখা দিয়েছে সে কথা বার বার এই হাউসে বলা সত্ত্বেও কাজ হচ্ছে না। আমরাও কি করবো স্যার, এই বিধানসভায় দাবি উত্থাপন করা ছাড়া আমাদের আর কোন উপায় থাকে না। স্যার, আপনি শুনলে আশ্চর্য হবেন যে, ঐ মুর্শিদাবাদ জেলার বিড়ি কারখানার মালিকরা তাদের কারখানাকে দুই-আড়াই মাইল হটিয়ে বিহারের বর্ডারের কাছে নিয়ে যাচ্ছে যাতে তারা একত্রিত হয়ে আন্দোলন না করতে পারে। এই-ভাবে তাদের ন্যায্য দাবী থেকে তাদের বঞ্চিত করা হচ্ছে। এইসব কার্যকলাপ ঐ বিড়ি শ্রমিকদের বিরুদ্ধে চলছে। আজকে শ্রমিকদের যে মিনিমাম ওয়েজেস তা এখনও পর্যন্ত স্থির করা হল না। এটা তাদের ন্যায্য দাবি। সারা পশ্চিমবাংলায় বিড়ির যে এক দাম হবে তারও কোন বিহিত করা হল না। আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, বিড়ি শ্রমিকদের জীবন বাঁচান, তাদের যাতে সুচিকিৎসা হয় তার জন্য আমি স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি। কারণ তাদের মধ্যে খুব টি বি হয় এবং বিভিন্ন রোগে ভোগে—তাদের পয়সাও নেই তাদের চিকিৎসার প্রয়োজন। এবং তারা সপ্তাহে মাত্র দু-তিন দিন কাজ। তাই আপনার মাধ্যমে আমি করজোড়ে মুখ্যমন্ত্রীকে অনুরোধ জানাই যে, তিনি যেন ঐ বিড়ি শ্রমিকদের পাশে এসে দাঁড়ান।

Mr. Speaker: Mr. Biswas, you are making a statement and also making comments on various policies. You can only say that the condition of the bidi workers in Murshidabad district is very bad and you can draw the attention of the House to that. You cannot dilate upon it, you cannot make a speech on the subject—that is an abuse of rule 351. So, please take your seat. I now call upon Shri Narayan Bhattacharya.

শ্রীনারায়ণ ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ ব্যাপারের প্রতি এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। এখানে আমাদের শ্রমমন্ত্রীকে দেখছি না এবং ঐ বিভাগের রাষ্ট্রমন্ত্রীও নেই, তবে ডেপুটি লিডার রয়েছেন, চীফ হুইপ আছেন। কিছুদিন আগে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে শ্রমমন্ত্রী কাগজে বিবৃতি দিয়েছিলেন এবং

এ নিয়ে বহু কথাবার্তা হয়ে গেছে। উত্তরবঙ্গে যে চা-বাগান আছে তার মধ্যে যেগুলি সিক ও ক্লোজড টি গার্ডেন—বন্ধ এবং দুর্বল চা-বাগানগুলি সরকার নিয়ে নেবেন। এই কথা শুনে চা-বাগানের শ্রমিকদের মনে যথেষ্ট আশার সঞ্চার হয়েছিল। কিন্তু বর্তমানে আমি শুনছি যে, ঐ মালিক যারা আছেন তারা নিজেরা একটা কর্পোরেশন গঠন করে ঐ সমস্ত বন্ধ এবং রুগ্ন চা-বাগানগুলি চালাবেন। এটা একেবারে সম্পূর্ণ ভাওতা ছাড়া আর কিছুই নয়। কারণ ও'রা চা-বাগানগুলিকে শোষণ করে নিংড়ে শেষ করে দিয়েছে।

চা-বাগানগুলিতে প্লাউ ব্যাক হয় নি, অর্থাৎ নতুন করে সেখানে লগ্নী হয় নি, সেখানে কোন রকম উন্নয়নমূলক কাজ হয় নি, সেখানে চা তৈরির ফ্যাক্টরির উন্নতি করা হয় নি। চা-বাগানগুলির সমস্ত স্বত্ব মালিকরা নিংড়ে নিয়ে একেবারে শেষ করে দিয়েছে। আজকে আমাদের এই জনপ্রিয় সরকার যখন দুর্বল চা-বাগান এবং বন্ধ চা-বাগানগুলি নেবার কথা বলেছেন, তখন ঐ কায়েমী স্বার্থের যারা বাহক চা-বাগানের মালিক, তাদের মনে ভয় ঢুকেছে—এর মধ্যে আন্ডার-সেল, আন্ডার-ইনভয়েসিং ইত্যাদি আরো বিভিন্ন রকম যেসমস্ত দুর্নীতি আছে—চা-শিল্পের মধ্যেকার যে মধুর রস এতদিন ধরে চা-বাগানের মালিকরা ভোগ করে এসেছে, তা এবার ভাগ হয়ে যাবে, এইটা তারা ভাবছেন। মানুষ আরো জানতে পারবে, আগামী দিনে হয়ত সমস্ত চা-বাগানগুলি রাষ্ট্রায়ত্ত করবার জন্য বিল আসবে, যেমন করে কয়লাখনি হয়েছে, এমনি ভাবে চা-বাগানের মালিকরা এই সরকারকে ধাপ্পা দেবার জন্য, ফাঁকি দেবার জন্য, পশ্চিমবঙ্গের মানুষের চোখে ধুলো দেবার জন্য তারা বলছেন যে, তথাকথিত একটা কর্পোরেশন করবেন এবং চা-বাগানগুলি চালাবেন, দুর্বল, বন্ধ চা-বাগানগুলি নেবেন। এর আগে চা-বাগানের মালিকরা তারস্বরে চীৎকার করেছেন যে, আমরা চা-বাগানগুলি চালাতে পারছি না, সরকার নিয়ে নিন। এখন বলছেন, কর্পোরেশন করে চালাবেন। তাই আমি এই কথা আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে এই বক্তব্য রাখতে চাই যে, রুগ্ন, বন্ধ চা-বাগানগুলি পশ্চিমবঙ্গ সরকার অবিলম্বে নিয়ে নিন, নইলে এই জনপ্রিয় সরকার দেশের মানুষের কাছে ধিক্কৃত হবেন, নিন্দিত হবেন, আমাদের সততা সম্পর্কে তাদের মনে প্রশ্ন দেখা দিতে পারে বলে আমি মনে করি।

শ্রীঅসমঞ্জ দেঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সভার দৃষ্টি আকৃষ্ট করছি। নদীয়া জেলার সীমান্তে চুরি, ডাকাতি, রাহাজানি এত চরম আকার ধারন করেছে যে, জনজীবন প্রায় বিপর্যস্ত হতে বসেছে। নদীয়া জেলার তেহট্ট থানায় কয়েকদিন আগে গাজীপুর গ্রামে ২৫ জনের এক ডাকাতদল ডাকাতি করে বাংলাদেশে পালানোর সময় নন্দনপুর সীমান্তে দীর্ঘ ২০ মিনিট ধরে দু পক্ষের মধ্যে গুলি বিনিময় চলে। আহত ডাকাতদের নিয়ে অন্যান্য ডাকাতরা চম্পট দেয়। ডাকাতেরা হাজার হাজার টাকা সম্পত্তি লুঠ করে সীমান্তের অপর পারে পাড়ি জমায়। শুধু তেহট্টে নয়, চাপড়া থানায় কয়েকদিনের মধ্যে লক্ষীপুরের অনিল ঘোষের বাড়িতে ডাকাতি হয়। সেই ডাকাতিতে অনিল ঘোষ ও তার জ্যেষ্ঠ পুত্র নিহত হয়। কোলিয়ারপুরে সুধীর ঘোষের বাড়িতে ডাকাতির সময় এইভাবে ২ জনকে প্রচন্ডভাবে আহত করা হয়। শুধু তাই নয়, করিমপুরে এইভাবে সীমানা পেরিয়ে বেশ কয়েকটি ডাকাত দল এসে গরু, সম্পত্তি, নানারকম জিনিস লুঠ করে নিয়ে গেছে। পুলিস কোন স্টেপ নেয় নি, নীরব দর্শকের ভূমিকা নেয়। করেমপুর, চাপড়া, হাঁসখালি, তেহট্ট ইত্যাদি এলাকায়, আনেচ মন্ডল, রিয়াজ মন্ডল, সুলতান মন্ডলের ছেলে এরা, মুহুর মন্ডল, নইমুদ্দিন মন্ডল, সাত্তার মন্ডল, এরা দয়াল মন্ডলের ছেলে, এইভাবে বাহিরে থেকে এসে এখানকার ডাকাত দলের সঙ্গে যোগাযোগ করে দিনের পর দিন অত্যাচার চালাচ্ছে, চুরি, ডাকাতি, রাহাজানি করছে। সেই ঘটনা ওখানকার এম এল এ পুলিসকে জানানো সত্ত্বেও কোনরকম স্টেপ নেওয়া হচ্ছে না। ওখানকার এম এল এ মুখ্যমন্ত্রীর কাছে এবং বিভাগীয় মন্ত্রীর কাছে অভিযোগ করেছেন যে, পুলিস ডাকাতির কেসে যারা দোষী তাদের না ধরে, ঘুষ, দুর্নীতির মধুচক্রে নিজেদের জড়িয়ে ফেলে নিরীহ লোকদের ধরে দিনের পর দিন অত্যাচার চালাচ্ছে। আমি আজকে খবরের কাগজে পড়লাম যে, পশ্চিম দিনাজপুর জেলার ইলামপুরে এই ধরনের ঘটনা ঘটছিল এবং সেখানে আমাদের পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় গিয়ে বৈঠক করে শান্তিশৃঙ্খলা ফিরিয়ে আনার জন্য আমাদেরই কয়কজন এম এল এ-র কাছে তিনি রহমতকা ফরিস্তা অর্থাৎ শান্তির দূত হিসাবে আখ্যায়িত হয়েছেন। তাই আমার আবেদন, আমাদের পশ্চিমবাংলার

মুখ্যমন্ত্রী, মন্ত্রিসভার সদস্যদের কাছ থেকে আপনার মাধ্যমে উপযুক্ত ব্যবস্থা অবলম্বনের দ হাজির হয়ে সেখানকার জনজীবনকে বিপর্যয়ের হাত থেকে রক্ষা করে শান্তিশৃঙ্খলা পু প্রতিষ্ঠিত করতে সক্ষম হয়েছেন তেমনি নদীয়া জেলার তেহট্ট, চাপড়া, হাঁসখালি, করিমপ ইত্যাদি এই সকল থানায় তিনি গিয়ে যেন অবিলম্বে শান্তিশৃঙ্খলা ফিরিয়ে আনতে সাহ করেন। সবচেয়ে বড় আশ্চর্যের কথা হল এই যে, সেখান থেকে পুলিস ক্যাম্প উইথড্র হয়েছে। তেহট্ট, করিমপুর, হাঁসখালি, চাপড়া থেকে যেসমস্ত পুলিস ক্যাম্প উইথড্র করে নে হয়েছে, অবিলম্বে সেখানে পুলিস ক্যাম্প পুনরায় চালু করে যাতে শান্তিশৃঙ্খলা ফিরিয়ে আ সম্ভব হয়, জনসাধারণের মনে যাতে একটা আস্থার ভাব সৃষ্টি হয়, সাহস জাগে, যাতে এব নতুন উৎসাহ উদ্দীপনার আলোড়ন সৃষ্টি করে শান্তিশৃঙ্খলা ফিরিয়ে এনে সাধারণ মা স্বাভাবিকভাবে জীবনযাপন করতে পারে তার পূর্ণ আশ্বাস এবং প্রতিশ্রুতি আমি আপ মাধ্যমে মুখ্যমন্ত্রী ও মন্ত্রিসভার কাছ থেকে চাইছি। আমি দাবি করছি, তিনি যেন অবিল নদীয়া জেলার সীমান্ত এলাকায় সরেজমিনে তদন্ত করে পুলিস দপ্তর, স্বরাষ্ট্র দপ্তরকে উপয় আদেশ, নির্দেশ দিয়ে যাতে শান্তিশৃঙ্খলা ফিরিয়ে আনা যায় তার ব্যবস্থা করুন। আ দেখতে পাচ্ছি, সীমান্ত এলাকায় বেশ কয়েকটি ডাকাতদল আমাদের এখানকার ডাকাত দ সঙ্গে যোগসাজসে দিনের পর দিন চুরি, ডাকাতি, লুঠ করছে, অত্যাচার করছে, আপনি এখ যদি কোন ব্যবস্থা না নেন, তা হলে শান্তিশৃঙ্খলা বজায় থাকবে না। আমি এই বিষ মুখ্যমন্ত্রী, মন্ত্রিসভার সদস্যদের কাছ থেকে আপনার মাধ্যমে উপযুক্ত ব্যবস্থা অবলম্বনের দা জানাচ্ছি।

[1-40—1-50 p.m.]

Dr. A. M. O. Ghani: Mr. Speaker, Sir, this refers to a very serious situatic of distribution and sanction of ration cards in the Beniapukur area of Calcutt During the last 3/4 months since the new Rationing Officer has taken char I have noticed that many bona fide applications for ration cards referred t me after thorough scrutiny have been refused by the Rationing Officer. Son applicants have reported that the Rationing Officer had insultingly remarke about my recommendations saying that recommendations by such M.L.A had no value. This is how officers talk glibly about the M.L.A.s, if it is tru Recently, there was a good deal of heat created in House on the behavio of certain officers against the M.L.A.s. Others have reported that the Ratior ing Officer is very communal, he accepts my recommendation of the Hind applicants, but rejects the applications of the Muslims with very harsh remark This is also a serious allegation. Still others have reported that bribery is s rampant there, that any application without bribe was rejected, no matter wh recommended the application. This is also a serious charge, if true.

I have reported the matter to the Food Minister and the Chief Ministe The Food Minister referred 2 or 3 cases to the Director of Rationing wh very kindly gave them the prescribed forms for application. When these form were filled up and submitted to the Rationing Officer he was reported to hav become furious on them as to how did they dare to collect these forms fro the Rationing Directorate direct. This again is reported to have given th Rationing Officer a chance to hurl a few uncharitable remarks at me. Sir, th people who have come to Calcutta from outside even 20 years ago are to ge a clearance from the local B.D.O. or Mukhia. Apart from the hardship to th poor people who have no cards, it is also a matter of prestige and privileg of the M.L.A.s, although false cards are flooding the markets of Calcutta. appeal to the Government to hold a thorough enquiry and punish the corrup officials who heartlessly harass the poor people.

শ্রীশীশ মহম্মদঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি মাননীয় মৎস্যমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ফরাক্কা ব্রীজের নীচে এক মাইল আপে এবং এক মাইল ডাউনে সরকারী নির্দেশ অনুসারে মাছ মারা নিষিদ্ধ। কিন্তু দেখা যাচ্ছে যে, ফরাক্কা ব্রীজের রক্ষী বাহিনী, তাদের কতকগুলি ভেস্টেড ইন্টারেস্টেড পারসন প্রভাবিত করে

সেখানে নৌকা বাঁধছে, বাঁশ পুতছে এবং বাধা জাল দিয়ে সেই এলাকা ঘিরে নিয়ে মাছ মারছে। ফলে মাছ উপরের দিকে যেতে পারছে না এবং আপে যে হাজার হাজার মৎস্যজীবী আছেন তারা মাছ পাচ্ছেন না। এই পরিস্থিতিতে তারা সেখানে মাছ মারবার জন্য কর্তৃপক্ষের কাছে গেলে তাদের বেপরোয়া মার দেয় এবং তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেবার জন্য নানারকম চক্রান্ত করে। এ ব্যাপারে তারা সরকারী কর্তৃপক্ষের নিকট আবেদন জানালে জুনিয়ার ল্যান্ড রিফর্মস অফিসারের উপর তদন্তের ভার দেন এবং তিনি এই মর্মে রিপোর্ট দাখিল করেছেন যে, পুলিস নিজেদের ক্ষমতা বলে সেই ভেস্টেড ইন্টারেস্টেড পারসনদের চক্রান্তের বেড়াজালে পড়ে এই কাজ করছে এবং তারা অপরাগ হয়েছেন। পুনরায় ম্যাস পিটিসান দেওয়া হয়েছে। তা ছাড়া আমরা দেখছি, লালগোলাতে বাদোয়া বলে একটা জায়গায় সমস্ত জায়গাটা ঘিরে নিয়ে, বাঁশ পুতে মাছ ধরছে, ফলে মাছ উজানে যেতে পারছে না। এতে উজানের মৎস্যজীবীরা খুব কঠিন অবস্থার মধ্যে পড়েছে। পুলিস কর্তৃপক্ষকে প্রভাবিত করে কতকগুলি ভেস্টেড ইন্টারেস্টেড পারসন এইভাবে যে সমস্ত কাজ করছে তা যাতে অবিলম্বে বন্ধ হয় বা সেই ব্যাপারের সুরাহা যাতে অতি সত্বর হয় সে জন্য মৎস্যমন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি।

LAYING OF REPORTS

Annual Accounts and Administration Reports of North Bengal State Transport Corporation for the years 1962-63, 1963-64, 1964-65 and 1965-66

Shri Gyan Singh Sohanpal: Sir, I beg to lay—

(a) the Annual Accounts of the North Bengal State Transport Corporation for the years 1962-63, 1963-64, 1964-65 and 1965-66; and

(b) the Administration Reports of the North Bengal State Transport Corporation for the years 1962-63, 1963-64, 1964-65 and 1965-66.

Mr. Speaker: Honourable Members, today is the last day for voting on Demand for Grants. There are as many as 25 Heads of Demands for Grant for disposal. In conformity of the previous practice and in pursuance of rule 209(3) of Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I fix that the House will sit today up to 7-05 p.m. and also fix that the Guillotine will fall at 6-05 p.m. Immediately after 6.05 p.m., I shall put all the outstanding questions to vote without any debate. I hope that all the Members will try to be brief in their speeches.

VOTING ON DEMANDS FOR GRANTS

DEMAND FOR GRANT No. 29

Major Heads: 37—Community Development Projects, National Extension Service and Local Development Works, 109—Capital Outlay on Other Works—Community Development Projects, National Extension Service and Local Development Works, and Loans and Advances under Community Development Projects, National Extension Service and Local Development Works.

Shri Abdus Sattar: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 10,92,10,000 be granted for expenditure under Grant No. 29, Major Heads: "37—Community Development Projects, National Extension Service and Local Development Works, 109—Capital Outlay on Other Works—Community Development Projects, National Extension Service and Local Development Works, and Loans and Advances under Community Development Projects, National Extension Service and Local Development Works".

মাননীয় অধ্যক্ষ মহোদয়, বর্তমানে পশ্চিমবাংলার সারা পল্লী এলাকা জুড়ে ৩৩৫টি সমষ্টি-উন্নয়ন ব্লক রয়েছে। এর মধ্যে বৃহদাকার ৬টি ব্লক ভেঙে সেগুলো থেকে আরো ৬টি ব্লক তৈরি করে পশ্চিমবঙ্গের আওতায় মোট ৩৪১টি ব্লক গঠনের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। ১৯৭১ সালের আদমসুমারী অনুযায়ী অত্যধিক জনসংখ্যা বৃদ্ধির পরিপ্রেক্ষিতে এমনি আরো কতকগুলো বৃহদায়তন ব্লক বিভক্ত করা প্রয়োজন বলে রাজ্যসরকার ভাবছেন।

বর্তমানে মোট ৩৩৫টি ব্লকের মধ্যে ১০১টির মান প্রথম স্তরের, ৭১টি দ্বিতীয় স্তরের এবং ১৬৩টি ব্লক পরিণত স্তরে আছে। এ বছর ১লা এপ্রিল প্রথম স্তরের ব্লকগুলো প্রাথমিক পর্যায় শেষে দ্বিতীয় স্তরে পরিণত হবে। প্রথম ও দ্বিতীয় স্তরের ব্লকগুলোর প্রত্যেকটির শ্রেণীর জন্যেই যথাক্রমে ১২ লক্ষ এবং ৫ লক্ষ টাকার ব্যয়বরাদ্দ ধরা আছে। ব্লকের উন্নয়নমূলক কাজের গতি অব্যাহত রাখার জন্যে পরিণতস্তরের ব্লকও বাৎসরিক ৪০,০০০ টাকা পর্যন্ত অর্থ সাহায্য পেতে পারে।

বিগত কয়েক বছর ধরে অর্থের অভাবে কার্যসূচি যথেষ্ট পরিমাণেই ব্যাহত হয়েছে। অর্থ অকুলান প্রসঙ্গে মোটামুটিভাবে একটি ধারনা এই ঘটনা থেকেই স্পষ্ট হতে পারে যে, এ রাজ্যে বর্তমানে বিভিন্ন স্তরের ব্লকসমূহের ভিত্তিতে এবং ব্লকের ব্যয় বরাদ্দের ভিত্তিতে ১৯৭২-৭৩ ও ১৯৭৩-৭৪ সালের জন্যে যথাক্রমে ৩৮৫ লক্ষ টাকা ও ২২৮ লক্ষ টাকা প্রয়োজন। কিন্তু তার মধ্যে যথাক্রমে মাত্র ৬৪ লক্ষ টাকা ও ৬৮ লক্ষ টাকা এই কার্যসূচি রূপায়ণের ব্যয় বাবত পাওয়া গেছে।

সমষ্টি-উন্নয়ন কার্যসূচির প্রাথমিক অবস্থায়, যখন অর্থ তহবিলের কোনো অকুলান ছিল না, তখন সমষ্টি-উন্নয়নের ব্যয়বরাদ্দের অর্থে ব্লকসমূহে বিবিধ কার্যসূচি—বিশেষতঃ গ্রামাঞ্চলের দুর্দশাগ্রস্ত ও অনুন্নত শ্রেণীর জন্যে কার্যসূচি রূপায়িত হয়েছে। কিন্তু যখন তৃতীয় যোজনার শেষভাবে এবং চতুর্থ যোজনা চলাকালীন সমষ্টি-উন্নয়ন কার্যসূচি রূপায়ণ বাবত অর্থ বরাদ্দ গুরুতররূপে হ্রাস পেল, রাজ্য কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগকে তখন সেই কার্যসূচির প্রায় অনেকটাই ছাঁটাই করতে হল। এবং তার ফলে বর্তমানে সমষ্টি-উন্নয়নের কার্যাবলী মাত্র নির্দিষ্ট কয়েকটি প্রকল্পের মধ্যে সীমাবদ্ধ হয়ে রইল। বর্তমানে বিবিধ কৃষি প্রকল্প খাত থেকে কলম, চুটি, বীজ, চারা ইত্যাদি কেনার জন্যে এবং উৎপাদন প্রকল্প খাত থেকে কৃষি যন্ত্রপাতি, যন্ত্রাংশ প্রভৃতি কেনার জন্যে অর্থ সাহায্য দেওয়া হচ্ছে। এ ছাড়া, যোগাযোগের সুবিধার্থে কালভার্ট ও সেতু নির্মাণ, জনস্বাস্থ্যের জন্যে পানীয় জল সরবরাহ ইত্যাদির জন্যও এই সাহায্য দেওয়া হচ্ছে।

অর্থের অকুলানের জন্যে সমষ্টি-উন্নয়ন কার্যসূচির অন্তর্গত কিছু কিছু প্রকল্প যে বাতিল বা সংক্ষিপ্ত করা হয়েছে, একথা আগেই বলা হয়েছে। কিন্তু তাতে সমষ্টি-উন্নয়ন প্রশাসনের গুরুত্ব কোনো মতেই কমে নি। বস্তুতঃ সরকারী অন্যান্য বিভাগের প্রকল্পাদি এবং উন্নয়ন কর্মসূচিগুলো ব্লকের মাধ্যমেই সম্পন্ন হচ্ছে। এইসব প্রকল্প ও কর্মসূচির মধ্যে রয়েছে ক্ষুদ্র সেচ প্রকল্প বীজ সার ইত্যাদি সরবরাহ, পশুপালন প্রকল্প, পরিবার পরিকল্পনা কার্যসূচি, খাদ্যশস্য সংগ্রহ ও বিতরণ, ত্রাণকার্যাদি এবং সাধারণ নির্বাচন, লোকগণনা ইত্যাদি জাতীয় বিভিন্ন কার্যাবলী পরিচালনা।

-50—2-00 p.m.]

ব্লককে প্রশাসনের কেন্দ্রবিন্দু এবং জেলা পর্যায়ের পরেই সরকারী কার্যকলাপের কেন্দ্রস্থল বলা যেতে পারে।

ব্লকের প্রশাসন কাঠামোটি ব্লক আধিকারিককে পুরোভাগে রেখে বিভিন্ন বিষয়ে পারদর্শী কিছুসংখ্যক সম্প্রসারণ আধিকারিক ও গ্রামসেবকদের নিয়ে গঠিত। এই প্রশাসন বিভিন্ন কর্ম-সূচির সমন্বয় ও রূপায়ণের ব্যবস্থা করে। এই সংস্থার ওপর বিভিন্ন প্রকল্প রূপায়ণে অগ্রাধিকার স্থির করা এবং সেগুলো রূপায়িত করার ব্যবস্থার দায়িত্ব দেয়া হয়েছে।

ব্লক পর্যায়ে প্রশাসনের কাজে উপদেশাদি দেবার জন্যে প্রত্যেক ব্লকে স্থানীয় জনপ্রতিনিধিদের নিয়ে একটি ব্লক-উন্নয়ন কমিটি গঠিত হয়েছে। তা ছাড়া ব্লকের পানীয় জল সরবরাহ প্রকল্পের কাজে সহায়তা করার জন্যে প্রত্যেক ব্লকে একটি পানীয় জল সরবরাহ কমিটিও তৈরি হয়েছে। ত্রাণকার্য এবং খাদ্যশস্য সরবরাহের কাজে উপদেশ দানের জন্যেও ব্লকে নানা কমিটি রয়েছে।

কিন্তু সমষ্টি-উন্নয়ন প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিভিন্ন মহলের সমালোচনা সত্ত্বেও আমি খুব দৃঢ়ভাবে এই নির্বিবাদ সত্যটি বলব যে, আমাদের জাতি গঠনে এই প্রতিষ্ঠান একটি অত্যন্ত প্রয়োজনীয় উদ্দেশ্য সাধন করেছে।

সমষ্টি-উন্নয়ন কার্যসূচির মৌল বৈশিষ্ট্যসমূহের একটি হচ্ছে, গ্রামাঞ্চলে বিবিধ কার্যসূচির রূপায়ণে গ্রামীণ জনসাধারণের সর্বাধিক সংযোগ ও সহযোগিতা আদায় করা। একথা সত্যি যে, সরকার এবং গ্রামীণ জনসাধারণের মধ্যে এই প্রতিষ্ঠানটিই হচ্ছে একমাত্র সংযোগ সূত্র। গ্রামীণ জনসাধারণের অজ্ঞতার ঘুম ভাঙিয়ে তাঁদের প্রয়োজন সম্পর্কে সচেতন করে তুলতে সমষ্টি-উন্নয়ন কার্যসূচি বহুলাংশেই সাফল্য লাভ করেছে। গ্রামাঞ্চলে বিবিধ কার্যাবলীর ব্যাপারে সরকারী বিভিন্ন বিভাগের প্রতিনিধি সংস্থা হিসেবে ব্লকের প্রশাসন কাঠামোকে যে ব্যবহার করা হচ্ছে, একথা আগেই বলা হয়েছে।

গ্রামাঞ্চলের প্রশাসনের স্থায়ী মাধ্যম হিসাবে ব্লক সংস্থা কাজ করবে—এই সিদ্ধান্তের ফল-শ্রুতি হিসেবে উন্নয়ন সংস্থা বা ব্লকের সমস্ত এন ই এস জাতীয় পদ স্থায়ী বলে ঘোষিত হয়েছে। ব্লক প্রশাসনের মূল কার্যালয় অর্থাৎ কৃষি ও সমষ্টি-উন্নয়ন দপ্তরের সমষ্টি-উন্নয়ন শাখা এখনো অস্থায়ী এবং এই দপ্তরকে স্থায়ী বলে ঘোষণার প্রস্তাব রাজ্যসরকার বিবেচনা করছেন।

সমষ্টি-উন্নয়ন ছাড়াও কূপ খনন প্রকল্পটি কার্যকর করার খরচ খরচাদি মেটাবার ব্যবস্থা রাখা হয়েছে এই মঞ্জুরীকৃত অর্থের ভেতরে। কূপ, নলকূপ ও বাঁধানো কুয়ো প্রভৃতির মাধ্যমে পানীয় জল সরবরাহ এই প্রকল্পটির বিশেষ উদ্দেশ্য। পরিকল্পনায় অর্থ সংকটের জন্যে এই প্রকল্প বাবত খুবই সামান্য টাকা, অর্থাৎ মাত্র ৪ লক্ষ টাকা বরাদ্দ করা সম্ভব হয়েছে। এই মঞ্জুরীকৃত ব্যয়বরাদ্দের মধ্যে গ্রামীণ কর্মসংস্থানের জরুরী প্রকল্প এবং মৌলিক নিবিড় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প (পাইলট ইন্টেনসিভ রুর‍্যাল এমপ্লয়মেন্ট স্কীম) নামে দুটি কেন্দ্রীয় সাহায্যপ্রাপ্ত প্রকল্পের ১৯৭৩-৭৪ সালের ব্যয় বাবত যথাক্রমে ৪৫০ লক্ষ টাকা এবং ২০ লক্ষ টাকা ধরা হয়েছে। এই প্রকল্প দুটির সম্পূর্ণ ব্যয়ই কেন্দ্রীয় সরকার বহন করছেন।

শ্রমভিত্তিক প্রকল্প গঠনের মাধ্যমে বেকার ও আধা-বেকারদের সরাসরি কর্মসংস্থানের ব্যবস্থা করা ছাড়াও স্থায়ী সম্পদ সৃষ্টিও গ্রামীণ কর্মসংস্থান জরুরী প্রকল্পটির অন্যতম উদ্দেশ্য। এই বরাদ্দীকৃত অর্থের শতকরা প্রায় ৫০ ভাগ, সরাসরি বা পরোক্ষভাবে কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য সাহায্যকারী ব্যবস্থাদি যথা, ক্ষুদ্র সেচ, সেচ নালি, বৃক্ষ রোপণ, ভূমি সংরক্ষণ, পুষ্করিণী সংস্কার প্রভৃতির জন্যে ব্যবহার করা হচ্ছে। গত খরার সময় ভূমিহীন কৃষি শ্রমিকদের ন্যায় খরাপীড়িত জনগণের বিপুল কর্মসংস্থানের সুযোগ করে দিয়েছিল এই প্রকল্পটি।

গ্রামীণ কর্মসংস্থান জরুরী প্রকল্পটিতে প্রথম বছরে ১,৩৫,৭৩,৩৭৬ টাকা খরচ করে ২২·৪১ লক্ষ শ্রম-দিন কর্মসংস্থানের সুযোগ হয়েছে। বন্যা, ইন্দো-পাক যুদ্ধের জন্যে উদ্ভূত উদ্বাস্তু সমস্যা প্রভৃতির ফলে প্রকল্পটির গতি কিছুটা মন্থর হয়। তবে ১৯৭২-৭৩ সালে এর

কাজের গতি বেড়েছে। এবং ৩২০ লক্ষ টাকা বরাদ্দীকৃত অর্থের মধ্যে ১৯৭৩ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত ২৩৩·৩৪ লক্ষ টাকা খরচ করে ৭৫·৭৩ লক্ষ শ্রম-দিনের সংস্থান হয়েছে। ১৯৭৩ সালের মার্চ মাসের মধ্যে বরাদ্দীকৃত সম্পূর্ণ টাকাই খরচ হয়ে যাবে।

এ বছর মেদিনীপুর জেলার নয়াগ্রাম ব্লকে মৌলিক নিবিড় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। এর উদ্দেশ্য ১৫ থেকে ৫৯ বৎসর বয়স্ক বেকার ও আধা-বেকারদের কর্মসংস্থান করা। তিনটি রাস্তা নির্মাণ প্রকল্প, বারোটি ভূমি-সংরক্ষণ প্রকল্প, একটি বন-সংরক্ষণ প্রকল্প এবং একটি ক্ষুদ্র সেচ প্রকল্পের কাজ বর্তমানে চলছে। ১৯৭৩ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত ৩·১৬ লক্ষ টাকা খরচ করে ১·০৮ লক্ষ শ্রম-দিনের কর্মসংস্থান করা গেছে।

এই বলে আমি আমার প্রস্তাব মাননীয় সদস্যদের বিবেচনার্থে পেশ করছি।

Mr. Speaker: All the cut motions are in order and taken as moved. I call upon Shri Shish Mohammad.

Shri Timir Baran Bhaduri: That the amount of the demand be reduced to Re. 1.

Shri Pradyot Kumar Mahanti: That the amount of the demand be reduced by Rs. 100.

শ্রীশীশমহম্মদঃ মাননীয় স্পীকার স্যার, আজ মাননীয় সমষ্টি-উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয়, ২৯নং গ্রান্টের ব্যয়বরাদ্দের দাবি জানিয়ে এই হাউসে প্রস্তাব উত্থাপন করেছেন, এই সম্বন্ধে আমি কিছু অবশ্য বক্তব্য রাখব। কিন্তু তার আগে একটা কথা জেনে নিতে চাই, পরিষ্কার করে দিতে চাই এবং নিজেও পরিষ্কার হয়ে নিতে চাই। গত কাল আমি পঞ্চায়েত বাজেটের উপর বক্তৃতা রাখার কালে একটা কথা বলেছিলাম যে, দফাদার এবং চৌকিদারদের বেতন ৯ মাস, ১০ মাস বাকি প'ড়ে আছে। সেই সময় মাননীয় মন্ত্রী জানিয়েছেন, যখন আমি হাউসে ছিলাম না, পরে শুনলাম যে, আমি নাকি বলেছি ৯ টাকা ১০ টাকা বেতনের কথা। ৯ মাস, ১০ মাসটা ৯ টাকা ১০ টাকা হয়ে গেল। সেই সম্বন্ধে আমি একটা গল্প বলব। আমার মনে প'ড়ে গেল যে, এক পাঁড়াগ্রামের গার্জেনের তার ছেলেকে একটু শহরে পড়াবার সখ হ'ল তার ছেলে পাঁড়াগ্রামে পড়বে না, শহরে পড়বে। শহরে প'ড়ে যখন ছেলে গেল, তখন তার বাবা পরীক্ষা করবার জন্য আগের দিনে যে হিসাব ছিল সের, মণ ইত্যাদি যা এখন পড়ানো হয় না, সেই হিসাব মত বললেন, লবণ ২ চোখ লিখতে। ছেলে লবণ লিখে পাশে দুটো চোখ এ'কে দিল। বাবা বলল, কি রে কি করবি, ছেলে ভাবল, বোধ হয় চোখের ভ্রূ আঁকতে ভুলে গিয়েছি, তাই সে আবার ভ্রূ এ'কে দিল। তাই মাননীয় মন্ত্রিমহাশয় যে বক্তৃতা রাখেন সেটা একটু ভাল ক'রে শুনে রাখা উচিত। আমি আগে একদিন শক্তি বললাম, আর ওরা না শুনেই অন্য রকম মন্তব্য করলেন।

কম্যুনিটি ডেভেলপমেন্টের উপর বক্তব্য রাখতে গিয়ে আমি প্রথমেই বলতে চাই যে, এই কম্যুনিটি ডেভেলপমেন্টের উৎপত্তি হ'ল কোথা থেকে। সেখান থেকে একটা সূত্র ধ'রে আমি বলতে চাই, বেশ কিছুদিন আগে ভারতের বিখ্যাত ভাগ্যান্বেষী শ্রী এস কে দে, আই সি এস, আমেরিকায় গিয়েছিলেন। সেই ধনতান্ত্রিক আমেরিকা, যাকে আমাদের ভারতের অনেক কর্ণধারেরা ধনতান্ত্রিক রাষ্ট্র বলেন এবং সি আই এ এই সব বলেন এবং তার সংগে সুর মিলিয়ে আমরা বলছি যে, আমেরিকা ধনতান্ত্রিক এবং এটা কিভাবে গ'ড়ে উঠেছে, কিভাবে বড় হয়েছে, কিভাবে তাদের উন্নয়ন হয়েছে, তিনি সেটা দেখে এলেন এবং সেটা অনুকরণ ক'রে এসে ভারতের সমস্ত উন্নয়ন পরিকল্পনার সংগে জুড়ে দিলেন। ভারতবর্ষের মাটিতে এসে সেইভাবে কাজ করবার চেষ্টা করছেন এবং তিনি পাঞ্জাবের একটা জায়গায়, পার্টিকুলার একটা জায়গায় সেইভাবে কম্যুনিটি ডেভেলপমেন্ট প্রোজেক্টের উদ্বোধন করলেন। সেটা'কে ভারতবর্ষের প্রাক্তন প্রধানমন্ত্রী জহরলাল নেহেরু মর্মেমর্মে উপলব্ধি করলেন। গ্রামাঞ্চলের উন্নয়ন যাতে হয় সেদিকে নজর

2-00—2-10 p.m.]

লেন। কিন্তু তিনি ভুলে গেলেন আমেরিকার মাটি ও ভারতবর্ষের মাটি এক নয়। এখন াছ নিয়ে এসে পুতে দিলেন তাতে সে গাছ হবে কিনা সেদিকে লক্ষ্য না রেখে আমাদের মিউনিটি ডেভলপমেন্ট নেওয়া হয়। অর্থাৎ এর ফলে কম ইউনিট ডেভেলপমেন্টের দিকে াক হ'ল। এই কমিউনিটি ব্লক ডেভেলপমেন্টের প্রত্যেক রূপ সম্বন্ধে হাউসে কিছু বলতে াই। ২ বছর আগে দেখেছি কমিউনিটি ডেভলপমেন্টের ব্যাপারে একটা কমিটি ব্লক অফিসে হল তাতে বিভিন্ন প্রধান, বি ডি ও থেকে সবাই কাজ করেছেন। কিন্তু আমাদের সরকার কটা নূতন সারকুলার অনুযায়ী যা করলেন তাতে প্রত্যেক এক্সটেনসান অফিসার ফিসারি া-অপারেটিভ, ক্ষুদ্র ও কুটির শিল্প বিভাগের কর্মচারী, পঞ্চায়েত এক্সটেনসান অফিসার, ডি ও প্রত্যেক অঞ্চল থেকে একজন ক'রে গভর্নমেন্ট এমপ্লয়ি, এম এল এ একজন এবং সঙ্গে ঙ্গে দেখতে পাই সরকারী দলের প্রত্যেক অঞ্চল থেকে একমত অর্থাৎ ২০/৩০ জন সদস্য নয়ে এই কমিটি সঠিক হয়েছে। এই কমিটিতে আবার প্রত্যেক প্রধান থাকেন। বি ডি ও ত্যেক মিটিং-এ যায়। কিন্তু যে ৮ জন অফিসার যখন যে দপ্তর নিয়ে আলোচনা হয় তখন সই ৮ জন অফিসার কোনদিনই একমত হন না। বি ডি ও-এর ৮টা পা দেখা যায় এবং তাঁর নোবাসনা হয়, উন্নয়ন কিছু হোক। আবার আমাদিগকে প্রত্যেক প্রধানরা নিজেদের ক্ষমতা খান এবং গভর্নমেন্ট নমিনিরা নিজেদের ক্ষমতা দেখান। আমরা দেখতে পাই সরকারী র্মচারীরা ঘরে ঘরে ৩টা ফাংশান-এ কাজ করেন—একটা প্রধান, একটা গভর্নমেন্ট নমিনি, কটা সরকারী পক্ষের রিপ্রেজেন্টেটিভ, কাজেই কোন সময়ে তাঁরা একমত হননা এবং কোন র্যায়ে সুষ্ঠুভাবে সিদ্ধান্ত নিতে পারেন না। তারপর আমি সোসাল-এডুকেশন অর্গানাইজার- দর কথা বলব। মিঃ স্পীকার, স্যার, এই যে সোসাল এডুকেশান অর্গানাইজার এ'রা স্কুল রিদর্শন করেন না, নাইট স্কুল হচ্ছে কিনা সে সম্বন্ধে কোন বালাই রাখেন না। মাঝে মাঝে ক একটা ক'রে নাইট স্কুল খোলেন, ফিতে কাটতে যান, খান, চলে আসেন এবং তাঁর আসা াওয়ার জন্য টি এ বিল কিন্তু ঠিক হয়ে যায়। সুতরাং এটাকে কমিউনিটি ডেভেলপমেন্ট বল না ব'লে টি এ বিল ডেভেলপমেন্ট বললে কোন ভুল হবে না। এখন আমি এগ্রিকালচার ম্বন্ধে আসি। এগ্রিকালচারে সার, বীজ, জমিতে জলসেচ ইত্যাদি বিষয়গুলি আছে। কিন্তু ামরা দেখতে পাই, চৈত্র মাসে চৈতালী যখন উঠে, তখন সার বীজ গৃহস্থের ঘরে গিয়ে পেঁছায়। তিকারে যারা কৃষক তারা সার পায় না, যারা বাবু লোক, যাদের জমি বেশী, যারা কিছু পয়সা কেটে দিতে পারে তারা সার পান। মনে হবে আমি যেহেতু বামপন্থী সেজন্য এই কথা বলছি, কন্ত সরকার পক্ষের সদস্যরাও যদি দেখেন, তা হ'লে তাঁরাও এই জিনিস দেখতে পাবেন। শ্চিমবঙ্গের গ্রামাঞ্চল ঘুরে দেখে আসুন কোন জায়গায় একটাও ক্ষুদ্র শিল্প গ'ড়ে উঠে নি। াননীয় মন্ত্রিমহাশয় লিখেছেন, এত টাকা গত বছর মঞ্জুর করেছিলাম এবং সেই টাকা খরচ য়েছে। বছর শেষ হবে, টাকাও খরচ হবে, কিন্তু কাজ হ'ল কি না হ'ল সেটা কি আপনারা দখেন? সেটা আপনাদের দেখার দরকার নেই। মাননীয় স্পীকার মহাশয়, কো-অপারেটিভকে াকা দেওয়া হয়, আপনারা কো-অপারেটিভ আন্দোলন করছেন, খুব ভাল কথা, আমরাও সমর্থন রব গ্রামাঞ্চলে কো-অপারেটিভ সোসাইটির মাধ্যমে অন্তত দেশের কিছু কল্যাণ হোক। কিন্তু কা-অপারেটিভের ক্ষেত্রে দেখতে পাই যাকে ঋণ দেন তার জোত-জমা আছে কি না আছে তার বর রাখেন না, প্রমাণ হয়ে গেছে পরের জমিতে খেটে নিজে লোন নিয়েছে আমার এলাকায় াপনি একটা নির্দেশ পাঠিয়ে ছিলেন যে, এম এল এ-কে জানাতে হবে, আমি এনকোয়ারি ক'রে ই কথাই জানিয়েছিলাম এবং সেই টাকা আদায় করার মত আপনাদের যন্ত্র নেই এবং আপনাদের য বুদ্ধি কতটুকু সেটা পশ্চিমবঙ্গের জনসাধারণ জেনেছে। যে কোন সময় লোন আপনাদের াছ থেকে নেবে এবং সেই লোন আদায় করার কৌশল আপনাদের নেই। মিঃ স্পীকার, স্যার, াব-অ্যাসিসট্যান্ট ইঞ্জিনীয়ার ব'লে একটা পদ আছে বি ডি ও অফিসে, রাস্তার যদি কোন কীম যায় তিনি এনকোয়ারী করেন, আদৌ রাস্তা আছে কি না আছে সেটা দেখার চেষ্টা করেন া টাকা স্যাংকসান হ'লে সেই টাকা ভাগ হয়ে যায়। গ্রামের রাস্তা মেরামতের দরখাস্ত হ'লে একটা-দুটো বর্ষা চলে যাবার পর সেটা এনকোয়ারী হয়, তারপর দেখা যায়, রাস্তায় যে ছোট ার্ত ছিল সেই গর্ত ততদিনে বিরাট হয়ে গেছে। সুতরাং গর্তের ডেভেলপমেন্ট হ'ল, গর্ত

বন্ধের যে ডেভেলপমেন্ট সেটা দেখতে পেলাম না। আমরা দেখতে পাচ্ছি কৃষি লোন দেওয়া হয়, কিন্তু কৃষি লোন কয়জন সাধারণ কৃষক পেয়েছে সেটা একবার খতিয়ে দেখা দরকার। আমরা দেখতে পাচ্ছি কৃষিলোন নিয়ে পাকা বাড়ি করেছে। ঔরঙ্গাবাদে ইয়াদ আলি সাহেব কৃষি লোন নিয়ে পাকা বাড়ি করেছে। পাম্প সেটের ক্ষেত্রে দেখা যায় পেয়েছেন বিনয়বাবু, পেয়েছেন করুণাবাবু আর পেয়েছেন শ্রীনন্দবাবু, পেয়েছেন চারুবাবু, কিন্তু হাসেম সে ত পায় নি, গিয়ে দেখে আসুন।

[2-10—2-20 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আরো বলতে চাই যে, শ্যালো টিউবওয়েল এবং ডিপ টিউবওয়েল যেগুলি বসানো হ'ল বাবুদের জায়গায়, সেগুলি খারাপ হয়ে গেলে মেরামতের কোন ব্যবস্থা নেই। তারপর ভেটেরিনারির ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি, গ্রামাঞ্চলে যখন গরুর মড়ক দেখা দিয়েছে লোকে দরখাস্ত দিল, কিন্তু যখন সব গরু মরে গেল, তারপর ডাক্তার এলো। যখন গ্রামাঞ্চলে মুরগির মড়ক দেখা দিয়েছে, তখন সাধারণ লোক খবর দিল বি ডি ও অফিসে, সেখানে বাবুরা সকলেই এক টেবিল থেকে আর এক টেবিল দেখিয়ে দেয়। ইংলন্ডে গোল টেবিলে বেকন খাবার চক্কর মত ঘুরতে হয়। এই হাউসে স্যার, যেমন এক জায়গায় ঘুরতে ঘুরতে ঠিক সেই জায়গায় যাওয়া যায়। সেই রকম বি ডি ও অফিসের কর্মচারীরা সাধারণ লোকদের সকাল থেকে সন্ধে পর্যন্ত ঘুরিয়ে হয়রান করে, ব'লে, এখান থেকে সেখানে যান, অমুক বাবুর কাছে যান, ওখানে হ'ল না, অমুক বাবুর কাছে যান, এই ক'রে গরিব বেচারীরা যখন ঘুরে ঘুরে সন্ধার সময় বাড়ি ফিরে এলেন, তখন দেখলেন যে, ঘরের সব মুরগি মারা গিয়েছে। তারপর ক্যাস প্রোগ্রামের কথা বলি, সেখানে টিম গঠন করেছেন, তাতে আমার তিক্ত অভিজ্ঞতা আছে, দুই বছর ধ'রে আমি বুঝতে পারলাম না যে, ক্যাস প্রোগ্রামের টাকাটা প্রকৃত গ্রামাঞ্চলে দেওয়া হবে কিনা? আবার এখানে এসে বললেন যে, আগামী বছরে এত টাকা খরচ হবে। সব টাকাটা পকেটে নিলে তো খরচ করা যায়, কিন্তু সেই টাকাটা গ্রামাঞ্চলের লোকেদের কাজে লেগেছে কিনা সেটা তদন্ত ক'রে দেখবেন। তারপর এমপ্লয়মেন্ট প্রোগ্রাম নিয়েছেন, খুব ভাল কথা। ছোট একটা গ্রাম নিয়ে ১০ হাজার একটা ইউনিট গঠন ক'রে তাতে কিছু লোকেদের চাকুরি দেবেন, কিন্তু তাতে দেখতে পাব যে, আপনাদের যেসমস্ত অনুগ্রহভাজন ব্যক্তি তাদের নামে লিস্ট এসে গেল, তাদের চাকুরি হ'ল, অথচ গরিব সাধারণ লোকের হ'লো না। তাই আমি মন্তব্য করতে চাই এই কথা ব'লে ব'লে যে, বি ডি ও-র অর্থ হচ্ছে সমষ্টি-উন্নয়ন, এটা সব সদস্যই বলবেন, অক্সফোর্ড ডিকসেনারীতেও সেই কথা লেখা আছে, কিন্তু আমিও ডিকসেনারীর কথা বলছি সেটা ভাল ক'রে দেখুন, তাতে ব্লক শব্দের অর্থ বাধা দেওয়া, আর ডেভোলপমেন্ট শব্দের অর্থ হচ্ছে উন্নয়ন। এই যে বি ডি ও অফিসগুলি যদি প্রকৃত নাম রাখতে হয়, তা হ'লে রাখতে হবে বি বি অর্থাৎ ডেভোলপমেন্টের অফিস যেগুলি আছে সেগুলিকে যারা বাঁধা দেয়, এ ছাড়া আর কিছু নয়। উন্নয়নের কথা আগেই বলেছিলাম সার যখন দরকার তখন আসে না কিন্তু গম যখন পেকে যায় সার দিচ্ছেন। সারের বদলে টাকা দিচ্ছেন, এগ্রিকালচারাল অফিসার, তারা ঠিক ক'রে দিয়েছেন, তারা বলেন যে, কত টাকা আমাকেদেবে—তা হ'লে তোমার নামে টাকা তোমাকে দেব। এবং গ্রামের যিনি প্রধান, আইডিনটিফাই করতে আসবেন তাকে দিতে হবে দু'-টাকা। সেক্রেটারী সাহেব আসবেন অঞ্চলে, তাকে দিতে হবে এক টাকা, অধ্যক্ষ সাহেব আসবেন, তার গ্রামের লোক তাকে দিতে হবে দু'-টাকা। তা হ'লে ভেবে দেখুন, ৫০ টাকার মধ্যে চ'লে গেল ১০ টাকা, ৪০ টাকায় কতটা সার হবে আর কতটুকু জমিতেই বা তা দেওয়া যাবে। তারপরে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, বাবুদের জায়গায় পাম্প বসিয়ে জলের বন্দোবস্ত করেছেন, সেখানে মন্ত্রিমহাশয় একটা সিদ্ধান্ত গ্রহণ করুন যে, ৫/৭ বিঘা জমির মালিক যারা, যারা কোন দিন পাম্প নিতে পারবে না তাদের সেখানে গভর্নমেন্ট ম্যানেজমেন্ট থেকে পাম্প সেট বসিয়ে দেওয়া হোক এবং সাধারণ কৃষকেরা যাতে পেতে পারে তার ব্যবস্থা করুন। কিন্তু সেখানেও দেখব যে আপনাদের অনুগ্রহভাজন ব্যক্তি যারা তাদের জমিতে পাম্প সেট বসছে। আজকে শুনলে হয়ত মন্ত্রিমহাশয় রাগ করবেন যে, ছাত্র পরিষদের লোকেরা যা বলবে বি ডি ও সাহেবকে, সেই মত

তাঁকে চলতে হবে। কমিনিটি ডেভোলপমেন্টের কোন মূল্য নেই। ছাত্র পরিষদের এবং যুব কংগ্রেসের যেসব ছেলেরা আছে তাদের বাবাদের জমিতে এই সব পাম্প সেট বসছে। এই হচ্ছে আপনাদের নীতি।

আর শুনলে হয়ত রাগ করবেন যে, যদি ছাত্র পরিষদের কেউ হয়, যদি ছাত্র পরিষদের সেক্রেটারী হয়, তা হ'লে বি ডি ও-এর হাত মুচড়ে কাজ করিয়ে নেয়, হাত পাকড়ে সব আদায় ক'রে নেবে।

(নয়েজ অ্যান্ড ইন্‌টারাপ্‌শনস্‌)

যদি কারও ছেলে ছাত্র পরিষদে নাম লেখায়, তা হ'লে তার বাবার কাজ বি ডি ও-র কাছ থেকে করতে কোন অসুবিধা নাই। এই হ'ল আপনাদের নীতি, আবার লম্বা লম্বা কথা বলেন।

মাননীয় স্পীকার মহাশয়, গ্রামাঞ্চলে এ'রা জল সাপ্লাই দেবেন এটা সিদ্ধান্ত নিয়েছেন, কিন্তু কিন্তু রুরাল ওয়াটার সাপ্লাই নাই। ডিপ টিউবওয়েল বসেছে স্বীকার করছি। কিন্তু দেখা গেছে যেখানে একটা টিউবওয়েল বসল, তার ১০ হাত দূরে আর একটা বসিয়েছে, এবং তার ১০ হাত দূরে আর একটা বসল। এর কারণ হচ্ছে, এই সমস্ত লোক সবাই হোমরা-চোমড়া। তারা গরিব নয়। যেখানে গরিব লোক আছে, সেখানে দেখতে পাবেন, সেখানে বসান হয় নি। সেদিন মাননীয় কৃষিমন্ত্রী সাহেব রুরাল ওয়াটার সাপ্লাই মন্ত্রী হিসাবে স্বীকার করেছেন, আমি একটা কোশ্চেন দিয়েছিলাম, অনেক গড়িমসি করার দেড় মাস পর সেই কোশ্চেন তো এখানে উঠল, তিনি তাতে বললেন, টিউবওয়েল পাঠাচ্ছেন। দেখা গেছে, বড় লোকের বাড়ির সাশেই বসান হ'ল, সাধারণ লোকের বাড়ির পাশে বসান নি। কাজেই গ্রামাঞ্চলে গেলে দেখতে পাবেন, গরিব মানুষের বাড়ির পাশে কোন টিউবওয়েল নাই, যে এলেকায় গরিব লোক থাকে, সেই বস্তী এলাকায় কোন টিউবওয়েল বসান নি। বাজেটে বলেছেন, "গ্রমীণ জনসাধারণের অজ্ঞতা ঘুম ভাঙিয়ে তাঁদের প্রয়োজন সম্পর্কে সচেতন ক'রে তুলতে সমষ্টি-উন্নয়ন কর্মসূচি বহুলাংশেই সাফল্য লাভ করেছে"। ভাষা দেখতে পাচ্ছি কি সুন্দর। তাতে দেখতে পাচ্ছি মাননীয় মন্ত্রি-মহাশয় অনেক মিথ্যা কথা বলেছেন, তিনি ভাষা দেখে মনে হয়, ইউনির্ভাসিটির প্রফেসার হ'লে অনেক কাজ হত, ভাষা ফলিয়ে অনেক কিছু কাজ তিনি করতে পারতেন। তিনি স্বীকার ক'রে নিয়েছেন, সাফল্য লাভ করেছে। সমষ্টি-উন্নয়ন কোন্‌ কোন্‌ ক্ষেত্রে হয়েছে সেটা তদন্ত করবেন কি? যিনি রক্ষক তিনিই ভক্ষক, তদন্ত হওয়ার উপায় নাই। মাননীয় স্পীকার মহাশয়, এখানে প্রশ্ন আমরা দিই, সেই প্রশ্নের কি উত্তর হবে, সে সম্বন্ধে মাননীয় সদস্য যিনি উত্তর দেবেন, তাঁর সঙ্গে পরামর্শ না ক'রে উত্তর বি ডি ও দিতে পারেন না' যা দেবেন তাঁর মত অনুযায়ীই দিতে হবে। কাজেই আপনারা যতটা আশার আলো দেখতে পাচ্ছেন, এবং আমরা পাই না এবং সে কথা স্বীকার করতে কষ্ট হচ্ছে। আজকে গ্রামাঞ্চলের মানুষকে যেভাবে নিষ্পেষণ করছেন, সেই নিষ্পেষণের খাঁড়া এসে একদিন আপনাদেরই উপর পড়বে। একথা জানিয়ে বায়বরাদ্দের বিরোধিতা ক'রে, কাট মোশান মুভ ক'রে বক্তব্য শেষ করছি।

2-20—2-30 p.m.]

শ্রীঅজিতকুমার বসু: মাননীয় স্পীকার স্যার, প্রথম যখন এই ন্যাশনাল এক্সটেনশান সার্ভিস আমাদের আসে—শ্রী এস কে দে প্রবর্তন করেন, তখন আমরা এটা ভাল মনে করি, আমার মনে আছে ১৯৫৫ সালে এ সম্পর্কে নানারকম সন্দেহের কথা তুলেছিলাম যে, খুব বেশী কাজের মধ্য দিয়ে হবে না। বরং এর মধ্য দিয়ে সরকারী প্রশাসন যন্ত্রটা গ্রামের মানুষের উপর চাপিয়ে দেওয়ার সদিচ্ছাটাই দেখতে পাচ্ছি, সেদিন বলেছিলাম। কিন্তু আজকে এতদিন পরে আর একটা জিনিস চোখের সামনে এসে দাঁড়াচ্ছে, সেটা হচ্ছে হোয়েদার ইউ লাইক ইট অর নট গ্রামের মানুষের কাছে ব্লক আজকে একটা প্রয়োজনীয় জিনিস হয়ে পড়েছে। এটা ঠিক কথা যে, মানুষের যা প্রয়োজন ব্লক তা খুব অল্পই সরবরাহ করতে পারছে—কি ঋণ, কি পানীয় জল, কি

অন্যান্য ব্যাপার। এখানে যে চার্ট মন্ত্রিমহাশয় দিয়েছেন, তার খুব সামান্যই ব্লক সরবরাহ করতে পারছে। গত কয়েক বছরে গ্রামের অর্থনৈতিক কাঠামো অনেকখানি বদলে গেছে। একদিকে সামন্ত-বাদের অবশেষ, শোষণ, আর একদিকে পুঁজিবাদের শোষণ, এই দু' রকম শোষণের মধ্যে প'ড়ে গ্রামাঞ্চলের গরিব মানুষের অবস্থা অনেক বেশী খারাপ হয়ে যাচ্ছে। যার ফলে গ্রামের মানুষ এদিক থেকে ওদিক থেকে আগে যে ঋণ পেত, সাহায্য পেত তারা আর এখন পায় না। গ্রামের রিসোর্সেস অনেক কমে গেছে। আগে লোকে খারাপ অবস্থায় পড়লে তাকে সামলে নেওয়ার সোর্স ছিল, তা এখন কমে গেছে। আজকে যেখানে যা হোক না কেন, ব্লক সামান্যই সরবরাহ করতে পারছে। আজ অভাবগ্রস্ত মানুষ বা যার অভাব নাই সকলেই ঐ সামান্যের জন্য ব্লকের দিকে তাকিয়ে আছে। কারণ এ ছাড়া আর এখন অন্য বিকল্প নাই। সেই জন্য ব্লক অফিসগুলি চাই আর না চাই মানুষের জীবনের একটা বড় অংশ দখল ক'রে বসে আছে। এখানে প্রথম যে জিনিস নজরে পড়ে, তা হচ্ছে এতখানি আশাভরসার জায়গা এটা মানুষের কিন্তু তার সংগতি খুবই সীমাবন্ধ। এত সীমাবন্ধ সঙ্গতি নিয়ে আজকের দিনে মানুষের কিছুটা কল্যাণও খুব সামান্যই করা যায়, জানি না—এই দুটো নেগেটিভের কি অর্থ দাঁড়ায়। খুব সামান্যই কল্যাণ মানুষের করা যায় এর দ্বারা যেটা বার বার মনে পড়ে। ব্লক অফিসের সংগতি এত সীমাবন্ধ রিসোর্সেস তেমন নাই, যা মানুষের সর্বনিম্ন চাহিদাও পূরণ করতে পারছে না। যদি ব্লককে মানুষের কল্যাণসাধনের যন্ত্র হিসেবে ধরতে হয়, তা হ'লে এর সংগতিকে আরো বাড়াতে হবে। কোথা থেকে? গভর্নমেন্ট যাঁরা চালাচ্ছেন তাদের তা বাড়াতে হবে। পানীয় জল সামান্য, কৃষি সামান্য, এটা সামান্য, ওটা সামান্য—সমস্তই সামান্য।

দু' নম্বর কথা, তার সঙ্গে সঙ্গে আসছে দীর্ঘ কাল ধ'রে যে জিনিস উপরতলার লোকই ব্লক থেকে যে যেভাবে পাওয়া যায়—পান। এটা মন্ত্রিমহাশয়ও জানেন ব্লকের সাহায্যে শ্যালো টিউবওয়েল কোন অর্থশালী লোক পেয়ে সেই শ্যালো টিউবওয়েলের জল তিনি আবার বিক্রি করছেন। একাধিক জিনিস এই রকম জিনিস চালু আছে। যেটুকু সুযোগসুবিধা দেবার কথা, সাধারণ মানুষকে তা সাধারণ মানুষের কাছে পৌঁছাচ্ছে না। কারণ উপরতলার লোকে তা কেড়ে নিচ্ছে, নিজেদের প্রভাবপ্রতিপত্তি খাটিয়ে তা দখল ক'রে নিচ্ছে। এর প্রতিকারের ব্যবস্থা না হ'লে ব্লকগুলির প্রয়োজনীয়তা আর সাধারণ গরিব মনুষের কাছে আর থাকবে না। এর প্রয়োজনীয়তা খুবই আছে, একথা আমি মনে করি। কিন্তু এই ধরনের কার্যকলাপ না বদলালে গ্রামাঞ্চলের গরিব মানুষের কাছে এর কোন অর্থই থাকছে না। তবে এ জিনিসগুলি কি ক'রে আসবে তা জানি না। আজকে এম এল এ-দের ব্লকে খুব বেশী যাতায়াত করতে হয়। এদের গরিবদের দিকে নজর দেওয়ার দৃষ্টি ভয়ানক অল্প। রেলওয়ে স্পেয়ারের জমি বিক্রি করবেন, সেটা বিক্রি করতে গিয়ে বেশ ভালভাবে বোঝা যাচ্ছে এই লোকদের দু' একর কি তার বেশি জমি আছে তবু আগের দিনে জমি চাষ করছিল ফলে তাদের জমি চাষ করতে দেওয়া হচ্ছে। আমরা গিয়ে চেঁচামেচি করলে বলছে, এইটা হয়ে গিয়েছে আর হবে না। অথচ প্রচুর গরিব লোক এসে ম্লানমুখে দাঁড়িয়ে থাকে। এই সমস্ত জিনিস চলছে। আমরা অবশ্য কিছু কিছু সংশোধনের ব্যবস্থা করতে পারছি। কিন্তু কাঠামোটা এই রকম হয়ে গিয়েছে। গরিবদের দিকে নজর দেওয়া দেখতে পারছি না, এটা উপরের অফিসার থেকে নীচে পর্যন্ত মোটামুটি একই। দৃষ্টিভঙ্গিটা এই রকম গরিব লোকদের কিছু হোক চাই না হোক প্রথম যে সেদিকে নজর দিতে হবে। দৃষ্টিভঙ্গিটা বদলানো দরকার। গরিব মানুষদের দিকে নজর আজও পড়ে না। অনেক কিছু আছে যা নিয়ম অনুযায়ী কাজকর্ম হচ্ছে না। যেমন জমির উন্নয়নের জন্য টাকা ঋণ দেওয়ার কথা। অনেক সময় বি ডি ও বলেন, এই করবো, ওই করবো, ডি এম কি এস ডি ও-কে নিয়ে এসে মিটিং করেন এই করবো বা ওই করবো। কিন্তু সে কাজের পত্তন হয় না বা হয়তো এমন হয় সামান্য যে, তাকে বলা যায় না। গৃহনির্মাণ জন্য টাকা ছিটেফোঁটা কালে-ভদ্রে সামান্য লোকদের ভাগ্যে জোটে। মোটমাট শতকরা ৯৯.৯০ ভাগ লোকের এই গৃহনির্মাণ ঋণ জোটে না। অথচ ব্লকের কর্মসূচির মধ্যে এই সমস্ত জিনিস রয়েছে। সেগুলো চালু করা এবং তার জন্য টাকার ব্যবস্থা করা—এটা অবশ্য করণীয়। দুটো জিনিস আজকে দেখা দরকার। একটা হচ্ছে ব্লকের অর্থসংগতি হওয়ার দরকার আর দু'

নম্বর হচ্ছে গরিব মানুষদের দেখা দরকার। গরিব মানুষদের কেউ নেই। আগে তবু তারা লোকের কাছে সাহায্য পেতো, ঋণ পেতো। দলকে দল লোক যে দাঁড়িয়ে থাকে তাদের মধ্যে দু'-চার জন ছাড়া পায় না, তাও কালে-ভদ্রে দেওয়া হয়। আজকে গরিব মানুষদের কোন সাহায্য বা সংস্থানের উপায় থাকে না।। এই ব্লকের মাধ্যমে যাতে সাহায্য করা যায় তার জন্য সংস্থান করতে হবে। আজকে অফিসার হচ্ছে, বড় বাড়ি হচ্ছে। বড় বাড়ি এইজন্য বলছি যে, আমি হুগলি জেলার লোক, মাঝে মাঝে চাপাডাঙ্গার ইরিগেসান অফিসে ছেলেবেলায় ২০ মাইল দূর থেকে আসতে হত কাজেকর্মে, দেখতাম খড়ের চালের বাড়িতে এস ডি ও অফিস। সেদিন চলে গিয়েছে, বড় বড় বাড়ি হচ্ছে, অনেক অফিসার নিযুক্ত হচ্ছেন, কিন্তু সব অফিসারের কাজ আছে ব'লে আমি তো মনে করি না। শিল্পোন্নয়নের দায়িত্ব নিয়ে প্রত্যেক ব্লক অফিসে একজন অফিসার আছেন, কিন্তু তার করবার মতো কিছু নেই, কটেজ ইনডাসট্রিসের ব্যবস্থা

[2-30—2-40 p.m.]

নেই, শুধু আমরা গেলে আমাদের সাথে দু'-চারটে কথা বলেন। কোন কোন ক্ষেত্রে গোটা কতক শিল্প ঋণ আসে তা তাঁতীদের দিয়ে দিলেই হয়ে গেল। নূতন শিল্প প্রবর্তন করার ক্ষমতা নেই, চালু কুটিরশিল্পকে বাঁচাবার ক্ষমতা নেই ঐ অফিসার এবং বেশ কিছু কর্মী পিওন ইত্যাদি আছে। স্ট্রাকচারটি বেশ সাজানো হয়েছে। আপনারা অফিসার রাখুন, কারণ আপনারা তো এই স্ট্রাকচার বদলাতে পারবেন না—কিন্তু ঐ অফিসারদের যাতে কাজে এমপ্লয়েড থাকতে পারে তার জন্য আপনাদের চেষ্টা করা দরকার। সেই ব্যবস্থা আজও হচ্ছে না—দিনের পর দিন বছরের পর বছর এই সমস্ত অফিসাররা বসে রয়েছে তেমন কাজ তাদের নেই। আর ব্লকে সবচেয়ে গুরুত্বপূর্ণ দপ্তর হচ্ছে কৃষি দপ্তর এবং এখানে মানুষকে সাহায্য করার স্কোপও আছে—কিন্তু কতটুকু সাহায্য করছেন? হয়তো সামান্য কিছু বীজ গেল—পাটের বীজ হয়তো বিক্রি করতে দিলেন কিংবা ফ্রি ডিসট্রিবিউসনের জন্য বীজ গেল—সেটা বিলি ক'রে দিলেন। এ ছাড়া আর কিছু সাহায্য করতে পারছেন কি? অথচ রাস্তায় রাস্তায় লিখে দেন কৃষি অফিসারের সঙ্গে দেখা করুন। এই রকম বহু জায়গায় মন্ত্রিমহাশয় ঘটেছে। ব্লক অফিসের পাশে চাষীদের বা সাধারণ মানুষের জমি আছে, তার পাশে ব্লকের নিজস্ব ফার্ম আছে। কিন্তু চাষীরা কম খরচে সেখানে অনেক বেশী ফসল ফলাচ্ছে—অথচ ব্লকের ফার্মে তেমন ফলন হচ্ছে না। এইভাবে ফসল তৈরি হতে আমি নিজে দেখেছি। নূতন নূতন অফিসার নিয়োগ করছেন, অফিস স্টাফ ইত্যাদির জন্য প্রচুর টাকা খরচ হচ্ছে। সেইজন্য বলতে চাই যে, উপর উপর কাঠামো নিশ্চয় ভাল সাজানো হয়েছে ব্লক থেকে শুরু ক'রে, কিন্তু সেখানে অনেকখানি ফাঁক থেকে গেছে। আজকে ব্লকে ব্লকে ঐ মামুলি পুরানো কতকগুলি কাজ ছাড়া উন্নয়নমূলক কাজ কিছুই হচ্ছে না। তাই আমি অনুরোধ করবো যে, ঐ সমস্ত ব্লকে উন্নয়নমূলক কাজ করা হোক।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় আবদুস সাত্তার সাহেব যে বাজেট পেশ করেছেন সেই বাজেটকে সমর্থন ক'রে আমি দু'-একটি কথা বলছি। মাননীয় শীশ মহম্মদ মহাশয়, এই বাজেটে কাট মোসন দিয়েছেন ব'লে আমি খুবই দুঃখিত। কারণ যুক্তফ্রন্ট সরকারের সময় কোন বিশেষ রাজনৈতিক দলের সদস্যরা নিজেদের দলের লোকদের কিভাবে বিভিন্ন লোন, ক্যাটেল পারচেজ লোন, বিভিন্ন ঋণ দলীয় স্বার্থে ব্যবহার করতেন তা সকলেরই জানা আছে। আজকে কেন তিনি সেই বাজেটে কাট মোসন দিলেন তা বুঝতে পারলাম না। আজকে যে বাজেট পেশ করা হয়েছে তা অত্যন্ত প্রগতিশীল এবং যে বক্তব্য রাখা হয়েছে যে কর্মসূচি তার মধ্যে পেলাম তাতে তিনি কেন যে কাট মোসন দিলেন তা আদৌ বুঝতে পারলাম না। এই প্রসঙ্গে আমি মন্ত্রিমহাশয়ের কাছে আপনার মাধ্যমে দু'-একটি প্রস্তাব রাখছি। বর্তমান সরকার কলকাতা উন্নয়নের জন্য ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছেন। সি এম পি ও এবং সি এম ডি এ সেই সমস্ত কর্মসূচির দ্বারা উন্নয়ন প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভাকে স্মরণ করিয়ে দিতে চাই যে, পশ্চিমবাংলার বিরাট অংশ হচ্ছে গ্রামবাংলা। সেই গ্রামবাংলার উন্নয়ন হ'লে সমগ্র পশ্চিমবঙ্গের সামগ্রিক উন্নয়ন সম্ভব। তাই গ্রামের দিকে আমাদের সরকারকে নজর দেবার জন্য অনুরোধ জানাচ্ছি। এবং এই গ্রামের বুকে উন্নয়ন কর্মসূচি আরম্ভ করতে

চ'লে এক একটি ব্লক নিয়ে একটা উন্নয়ন পর্ষৎ গঠন করার কথা আমি জানাচ্ছি। ব্লক অফিসে মধ্যে আমরা দেখতে পাই যেখানে সাড়ে দশটার সময় অফিস বসে সেখানে কর্মীদের আসতে ১১টা সাড়ে ১১টা বেজে যায়। যার ফলে দূর দূরান্তর থেকে লোক কাজ করবার জন্য এসে ব্লক কর্মচারীদের অনুপস্থিতির জন্য তাদের অনেক ভুগতে হয়। কিন্তু তা সম্ভব হয় নি, তার যোগাযোগ করতে পারেন নি। কারণ, ব্লক অফিসে কেউ থাকেন না এবং অনেক সময় ব্লক অফিস একেবারে শূন্য অবস্থায় থাকে, কোন কর্মচারী থাকেন না। ফ্যান চলছে, লাইট জ্বলছে, কিন্তু অফিসার নেই, কোন কর্মচারী পর্যন্ত থাকেন না। অনেক সময় আমরা দেখতে পাই যে, গ্রামে মানুষগুলি জামা-কাপড় পরেন না, তারা নিজেদের সমস্যা দূর করবার জন্য ব্লক অফিসে এসে বিভিন্ন কথাবার্তা বলবার চেষ্টা করেন, কিন্তু সেই সমস্ত মানুষদের সঙ্গে সদ্ব্যবহার পর্যন্ত করা হয় না। গ্রামের মানুষের সঙ্গে ঐ অফিসারদের কোন যোগাযোগ নেই, বিভিন্ন অফিসারর গ্রামে গ্রামে টুর পর্যন্ত করেন না বা অবস্থাটা সম্যকভাবে উপলব্ধি পর্যন্ত করবার চেষ্টা করেন না। সেই জন্য আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো, এই ব্লকের বিভিন্ন অফিসারদের সমাজ সেবামূলক আদর্শে উদ্বুদ্ধ করার জন্য আহ্বান জানাতে হবে—এই আবেদন আমি আপনার কাছে রাখছি। সর্বোপরি অত্যন্ত দুঃখের কথা ২৬ বছর হয়ে গেল, গ্রামে যেসব তফসিলী সম্প্রদায় রয়েছে—এই তফসিলী সম্প্রদায়ের লোক যেমন দুলে, বাগদী প্রভৃতি এরা গ্রামের এক একটি কোণে অবস্থান করে, এদের বাসস্থানগুলি যেখানে অবস্থিত সেখানে যাবার একটি রাস্তা পর্যন্ত নেই এবং তাদের ঘরে চাল নেই, তারা দু'বেলা দু'মুঠো পেট ভ'রে অন্ন সংস্থান পর্যন্ত করতে পারে না, এদের উন্নয়নের কথা মুখেই শুধু শুনছি, কিন্তু ব্যাপক কর্মসূচি বাস্তবে রূপ দেবার প্রচেষ্টা আমরা দেখতে পাই নি। ব্লক অফিসের দুর্নীতিগুলি দূর করবার জন্য আমাদের শ্রদ্ধেয় রাষ্ট্রমন্ত্রী আনন্দবাবু তিনি গ্রামে গ্রামে কিছুটা ঘুরেছিলেন এবং ব্লক অফিসে কিছুটা কর্তব্য পালনে সাহায্য হয়েছিল। অত্যন্ত আনন্দের কথা যে, কিছুটা ফল এর জন্য পাওয়া গেছে। শুধু বি ডি ও-দের দেখলে হবে না, বি ডি ও-র অধীনে আরো যেসমস্ত কর্মচারী আছে তাদের সক্রিয় ক'রে তুলতে যাতে পারা যায়, তার জন্য চেষ্টা করতে হবে। গ্রামীণ কর্মসংস্থানের কথা ৫ পাতায় বলা হয়েছে। কিন্তু এই গ্রামীণ কর্মসংস্থানের কথা বলতে গিয়ে গ্রামে যেসমস্ত রুরাল এমপ্লয়মেন্ট স্কীম নেওয়া হচ্ছে, সেগুলিতে দেখি শুধুমাত্র অশিক্ষিত এবং অর্ধশিক্ষিতদেরই সুযোগ দেওয়া হয়, শিক্ষিত বেকারদের কর্মসংস্থানের কোন ব্যবস্থা এই গ্রামীণ কর্মসংস্থানের মধ্যে নেই। তাই এই যে ক্রাস প্রোগ্রাম নেওয়া হচ্ছে, এই ক্রাস প্রোগ্রামের মাধ্যমে একদিকে যেমন গ্রামের উন্নতি করবার জন্য চেষ্টা করতে হবে, তেমনি সেই সঙ্গে সঙ্গে গ্রামের শিক্ষিত বেকাররা যাতে কাজ পায় তার ব্যবস্থাও করতে হবে। জয় হিন্দ।

শ্রীজহিন্দ্র মিশ্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় এই যে কমিউনিটি ডেভেলাপমেন্ট খাতে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে আমি সমর্থন করছি। প্রকৃত পক্ষে গ্রামাঞ্চলে জনসাধারণের জন্য বিভিন্ন উন্নয়নমূলক কাজকর্ম যে হয়ে থাকে সরকারের সঙ্গে জনসাধারণের একমাত্র যোগাযোগের সূত্র ও মাধ্যম হচ্ছে এই ব্লক। সুতরাং গ্রামাঞ্চলের জনকল্যাণমূলক কাজে বা অর্থনৈতিক উন্নয়নমূলক কাজে ব্লকের যে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা আছে এটা সকলেই অনুভব করেন এবং বোঝেন। কিন্তু ঠিক যে পদ্ধতিতে এতদিন ব্লকের প্রশাসন চ'লে এসেছে—আজকে মন্ত্রিমহাশয়কে চিন্তা ক'রে দেখতে হবে যে, এই পদ্ধতিতে প্রশাসন চললে তিনি যে আকাঙ্ক্ষা পোষণ করেন, আমরা সবাই যে আকাঙ্ক্ষা পোষণ করি যে, ব্লকগুলির মাধ্যমে জনজীবনকে আরো সুসংহত করা এবং সুসংহত অর্থনীতির ভিত্তিতে গ্রামের উন্নয়নের যে স্বপ্ন আমরা দেখছি, যে প্রতিশ্রুতি গ্রামের মানুষদের দিয়েছি, সেটা রক্ষা করা সম্ভব হবে কিনা, আমাদের ভেবে দেখতে হবে। আজকে ব্লকে যেসমস্ত কাজকর্ম হয় তার জন্য সেই ব্লকের সঙ্গে জনসাধারণের প্রত্যক্ষ যোগাযোগ এবং প্রত্যক্ষ অভিজ্ঞতার ভিত্তিতে যখন বোঝা যায় যে, ব্লকগুলিতে ছোট ছোট পরিকল্পনার প্রয়োজন, ব্লকগুলির হাতে কিন্তু সেই ক্ষমতা দেওয়া হয় নি। সেই ইংরাজ আমল থেকে যে নিয়ম চলে আসছে, অর্থাৎ বি ডি ও জানাবে এস ডি ও-কে, এস ডি ও জানাবে ডি এম-কে, ডি এম জানাবে কমিশনারকে এবং তারপর রাইটার্স বিল্ডিংসের সেই মাথাভারী প্রশাসনের কাছে গিয়ে সেটা মঞ্জুর হবে। তাদের হাতে যখন সেই সমস্ত কাজ করবার আদেশ দেওয়া যায় তখন পাগড়ী-বাঁধা অবস্থার মধ্যেই থেকে যাবার উপক্রম হয়, অধিকাংশ কাজেই দেখা যায় স্যাংশান হ'লেও ঠিক সময়ে করা যায় না।

[2-40—2-50 p.m.]

ব্লকগুলির যে অসুবিধা সেই অসুবিধার পরিপ্রেক্ষিতে আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে, এ সম্পর্কে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়ে ব্লকগুলির হাতে অনেক বেশী ক্ষমতা দিতে হবে, বি ডি ও-দের হাতে ক্ষমতা দিতে হবে। বি ডি ও-রা বি ডি সি-র কনসেন্ট নিয়ে নিজেরাই যাতে গ্রামের উন্নয়নের জন্য অন্ততঃ ছোট পরিকল্পনাগুলির জন্য ব্যয় করতে পারেন বা সেই অধিকার প্রয়োগ করতে পারেন সেটা দেখতে হবে। তা না হ'লে যদি প্রত্যেকটি ছোট কাজ করার জন্যও ঐ এস ডি ও, ডি এম বা রাইটার্স বিল্ডিংসে ছোটাছুটি ক'রে এতগুলি স্তরকে অতিক্রম করতে হয়, তা হ'লে এসব কাজ করা অসম্ভব। আমরা যখন স্পিড চাইছি বা দ্রুতগতিতে কাজ চাইছি, তখন এ দিকে নজর দেওয়া দরকার। কারণ আমাদের রাষ্ট্রপতির কথাতেই আমরা দেখছি যে, এই সমস্ত কাজের মঞ্জুরি অনেক সময় অনেক বেশী দেরিতে আসে ব'লে কাজগুলি যথাযথভাবে হয় না এবং সরকারী অর্থের অপচয় হয়। তাই আমার সুস্পষ্ট বক্তব্য বি ডি ও-রা যাতে বি ডি ও-র অনুমতি নিয়ে কাজ করবার জন্য আরও ক্ষমতা পান এবং বাস্তব অবস্থার পরিপ্রেক্ষিতে ব্যয় করতে পারেন-সে দিকে দেখতে হবে। তা ছাড়া তাঁদের নিজেদেরই যেন প্লান করবার অধিকার দেওয়া হয়। তারপর ব্লকগুলির অ্যালটমেন্ট ইকোয়াল। কিন্তু ব্লকের জনসংখ্যা এবং এরিয়া অনেক বেশী। মেদিনীপুরের ৯ নং ব্লক ২০০ স্কোয়ার মাইল—জেলার প্রায় আধখানার সমান। সেই ব্লক যা পায় একটা ছোট ব্লকও তাই পায়। মেদিনীপুরে নারায়ণগঞ্জ, পটাশপুর, কেশপুর প্রভৃতি কয়েকটি বড় বড় ব্লক আছে। এগুলির ক্ষেত্রে তাদের সীমাকে আজকে ভাঙতে হবে। তারপর আর একটা কথা বলি, এগ্রিকালচারাল এক্সটেন্সান বলুন, সোস্যাল এডুকেসান্ বলুন যা কিছু কাজ হয় তার মাধ্যম হচ্ছে ব্লক অথচ সেখানে বি ডি ও-র কোন কন্ট্রোলিং পাওয়ার নেই। সেখানে অনেকগুলি গেজেটেড অফিসার আছেন, তাঁরা নিজ নিজ ডিপার্টমেন্টের আণ্ডারে থাকছেন, কিন্তু দায়িত্ব থাকছে বি ডি ও-র অ্যান্ড ইন স্পাইট অব দ্যাট বি ডি ও হ্যাজ নো কনট্রোলিং পাওয়ার ওভার অল আদার অফিসারস্, যাঁরা স্বপ্রধান। এই ক্ষেত্রে সমন্বয় সাধনের জন্য একটা উপায় বা নীতি নির্ধারণ করতে হবে, যাতে বি ডি ও-রা কিছুটা স্বাধীনতার সঙ্গে কাজ করতে পারেন। এই কথা ব'লে এই বাজেটকে সমর্থন ক'রে আমি শেষ করলাম।

শ্রীসুনীল মোহন ঘোষ মৌলিকঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি এনেছেন আমি আন্তরিক ভাবে তাকে সমর্থন জানিয়ে দু'-একটি কথা ব্লক সম্বন্ধে বলব। সময় সংক্ষেপ সেইজন্য খালি পয়েন্টগুলি ব'লে যাচ্ছি। ব্লকগুলির যে ডিফিকাল্টিজ তার প্রধান হচ্ছে বি ডি ও-দের হাতে সব ডিপার্টমেন্টের কন্ট্রোল নেই। আমি দু'-একটি ঘটনার কথা জানি, সেটা এখানে বলছি। যেমন একটি ডিপার্টমেন্ট সোস্যাল এডুকেসনের সঙ্গে বি ডি ও-র সঙ্গে কোন সম্বন্ধ নেই। সোসাল এডুকেসন-এর কোন একটি ব্যাপার নিয়ে বি ডি ও-র কাছে যোগাযোগ করেছিলাম এবং বি ডি ও তাড়াতাড়ি করবেন বলেছিলেন। কিন্তু দেখা গেল, সোসাল এডুকেসন অফিসার ছুটিতে। তিনি যে ছুটিতে এটা বি ডি ও জানলেন না। কারণ, তার কন্ট্রোলিং অথরিটি ডিস্ট্রিক্ট-এ। সেই জন্য আমার অনুরোধ, প্রত্যেকটি ডিপার্টমেন্ট যা ব্লকে আছে সেই ডিপার্টমেন্টের কন্ট্রোলিং অফিসার বি ডি ও হওয়া উচিত। তা যদি করা হয়, তা হ'লে সুষ্ঠুভাবে কাজ চলবে, তা না হ'লে নয়। আর এই সুষ্ঠুভাবে কাজ চালাবার জন্য বলেছি বি ডি ও-দের হাতে ক্ষমতা দিতেই হবে। তারপর আর একটি ডুয়েল কন্ট্রোলের ব্যাপার। ট্রান্সফার ইত্যাদির ব্যাপারে দেখা যায় ডি এম-কে ধ'রে ৮।১০ বছর থাকছে। এই ডুয়েল কন্ট্রাল উঠে যাওয়া উচিত। এখন তো ব্লক ডেভেলপমেন্ট কমিটি হয়েছে, তার চেয়ারম্যানও হয়েছে, সেখানকার উন্নয়নমূলক কাজ যেগুলি হবে সেখানে বি ডি ও-র কর্তব্য হবে চেয়ারম্যানের সঙ্গে কনসাল্ট ক'রে মিটিং ডেকে সুষ্ঠুভাবে পরিকল্পনা করা। এখান থেকে যদি নির্দেশ দেওয়া হয়, তা হ'লে ভাল হয়। তারপর স্থানীয় প্রধান বর্তমানে অঞ্চলে যেভাবে আছে তাতে প্রধান নিষ্ক্রিয় হয়ে গিয়েছে। যা হোক, বি ডি ও চেয়ারম্যানের সঙ্গে কনসাল্ট ক'রে ব্লকের মধ্যে যেন কাজ করেন, প্রোগ্রাম দেন এবং রিপোর্ট দেন। সব চেয়ে মজার ব্যাপার হচ্ছে এই হাউসরেন্ট অ্যালাউয়েন্স নিয়ে। আপনার ব্লকের যদি কেউ থাকে তাহলে তাদের ব্লকের বাড়ীতে থাকতে গেলে ১১ পার্সেন্ট দিতে হবে সেই অফিসার বা স্টাফকে। আর ব্লকের বাইরে থাকলে সেই অফিসার ১০ পার্সেন্ট অ্যালাউয়েন্স পাবে।

মজা হচ্ছে ব্লক অফিসে যে থাকতে যাবে তার ২১ টাকা লোকসান হবে। কারণ সে ১০ টাকা হাউস রেন্ট অ্যালাউয়েন্স পাবে না। এটাকে কি ব্লকের বাইরে থাকবার জন্য স্টাফদের এনকারেজ করা হচ্ছে না? তার ফলে অনেক সময় ব্লকে বহু স্টাফ থাকে না, কোয়ার্টারগুলি পড়ে থাকে, বি ডি ও-র পক্ষে সম্ভব হয় না। আমি কয়েকটি ক্ষেত্রে জানি, এই রকম ঘটনা ঘটেছে। সাত্তার সাহেব মিটিং ডাকলেন। আমরা সেখানে গিয়েছিলাম। যাবার পরে জরুরী কি একটা প্রকল্প করার জন্য বি ডি ও-কে অনুরোধ করি। বি ডি ও দেখেন যে, সেখানে কোন স্টাফ নেই। ব্লকের কাজ করতে গেলে এখানে ১০টা, ৫টা অফিসের মত কাজ করলে হবে না। এখানে দরকার হ'লে রাত্রেও কাজ করতে হবে। সে জন্য ব্লকে প্রত্যেক স্টাফের থাকা দরকার এবং সেই ভাবে এটার ব্যবস্থা করুন। এই কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসত্য ঘোষাল: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ব্যাপারে অর্থাৎ কমিউনিটি ডেভেলপমেন্ট খাতে আমার বক্তব্য বলার সময়ে আমি অবশ্য সনাতন সমালোচনা করতে চাই না। কারণ, ব্লক সম্পর্কে একটা সমালোচনা আছে যেমন লোকে বি ডি ও অফিস বললেই ঠাট্টা ক'রে বলে, এমন কি কাগজে লেখা হয়

They are block officers in the sense that they block all developments

কিন্তু এই রকম সমালোচনা ক'রে লাভ নেই। বি ডি ও-তো আছে এবং তাদের কাজকর্মেরও অনেক ত্রুটি আছে এবং এটাও সত্য যে, সেগুলি গ্রামের জনসাধারণের জীবনে গৃহীত হয়েছে। কাজেই আমি এগুলির সমালোচনা করতে চাচ্ছি না। আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের বিবেচনার জন্য কতকগুলি কনক্রিট অসুবিধার কথা উপস্থিত করতে চাচ্ছি সেটা উনি যদি একটু ভেবে দেখেন, তা হ'লে ভাল হয়, যেটা তাঁর বক্তব্যের মধ্যে পেলাম না। আমার মনে হয়, গ্রামে যখন প্রথম ব্লক হয় ১৯৫২ সালে তখন এবং আজ ২০ বছর পরে ব্লকগুলির বয়স যখন বেড়েছে তখন দুটোর চাহিদা পার্থক্য। সদ্যজাত শিশুর যে চাহিদা আর ২০ বছরের তরুণের চাহিদা তার থেকে অনেক বেশী। এখন ১৯৫২ সালে যখন ব্লক হয় তখন ব্লকে কতটা লেনদেন হত? বড় জোর বছরে ৩।৪ লাখ টাকা। এখন ব্লকের মাধ্যমে লেনদেন হয় ১৫।২০ লাখ টাকার। তখন সেই ব্লকে কত টাকা খরচ হত? ফাস্ট ফেজে ১৯৫২ থেকে ১৯৫৭—১০।১২ লাখ টাকা। তারপরের ফেজে ৫ লাখ টাকা। এখন এই সমস্ত খরচ ব্লকে অনেক সময় দরকার হয়, সেটা যেকোন কারণেই হোক, আমাদের দেশের চাহিদা বেড়েছে, জনসাধারণের আকাঙ্ক্ষা বেড়েছে এবং ব্লকের কাছে প্রত্যাশাও বেড়েছে। এখন এই কাজগুলি কারা করবে? মজার ব্যাপার হচ্ছে ব্লকে ওদের যে স্টাফ প্যাটার্ন দেখলাম, মন্ত্রিমহাশয় এগুলি একটু লক্ষ্য করবেন উনার বক্তব্যের মধ্যে পেলাম না, এই ১৯৫২ সালে যে স্টাফ প্যাটার্ন তাতে দেখলাম বি ডি ও হলেন হেড। বি ডি ও যদি হেড হন, তা হ'লে তার অধীনে যারা আছেন তারা হবেন

Head Clerk-cum-Accountant, Cashier-cum-Store-keeper, Correspondence clerk, Typist clerk

এটা হ'ল ওদের। এ ছাড়াও স্পেশালিস্টরা আছেন, এক্সটেনশান অফিসাররাও অনেক আছেন, যেমন

Agricultural Extension Officer, Extension Officer of Panchayat, Extension Officer, Industry, Extension Officer, Social Education, Sub-Assistant Engineer, Assistant Agricultural Extension Officer, Fisheries Extension Officer, Agricultural Demonstrator, Jute Field Assistant.

তা বাদে আছেন ভেটারিনারী অফিসার, অ্যাসিস্টান্ট এই সমস্ত স্পেশালিস্টরা আমার আগে মাননীয় সদস্য অতীনবাবু এবং আরো দু'-এক জন বলেছেন। এদের উপর বি ডি ও-র কোন নিয়ন্ত্রণকারী ক্ষমতা নেই, যদিও বি ডি ও-র ওখানে ফাংশান করতে হবে। কিন্তু মুশকিল হচ্ছে, বি ডি ও-র যাদের উপর নিয়ন্ত্রণ করার ক্ষমতা আছে তাদের নিয়ন্ত্রণ না ব'লে নিমন্ত্রণ বলাই ভাল, যে জন্য আমার মুখ থেকে নিমন্ত্রণ কথাটা বেরিয়ে গেছে। কারণ অনেক সময় কাজের গাফিলতি হয়, সেই সময় যদি আমরা না যাই যে ওয়ার্কলোড চাপান হয়েছে, যে কাজের বোঝা চাপান আছে, সেটাই ঠিক মত হয়ে ওঠে না। অবশ্য আমাদের অনেক ফ্যাশান আছে, আমরা বলতে আরম্ভ করলে সোচ্চার হয়ে কর্মচারীদের বিরুদ্ধে উৎসাহ বেশী ক'রে পাই। আমি সেই

উৎসাহটা একটু কম করছি, কম ক'রে বলছি। এই জন্য বলছি তাদের উপর যে কাজের বোঝা আছে সেটা একটু ভেবে দেখুন এবং বোঝা যে আছে সেটা গভর্নমেন্ট স্বীকার করেছেন। ১৯৬৬ সালে গভর্নমেন্ট ব্লকের ওয়ার্কলোড কমাবার চেষ্টা করেছেন একটা জয়েন্ট বি ডি ও পদ

[2-50—3-00 p.m.]

সৃষ্টি ক'রে। কিন্তু স্টাফ কি বেড়েছে? এই হেড ক্লার্ক-কাম-অ্যাকাউন্টেন্ট, ক্যাশিয়ার,-কাম-স্টোরকীপার আর করেস্পন্ডেন্ট ক্লার্ক-কাম-টাইপিস্ট এ ছাড়া আর কি কিছু বেড়েছে? কিন্তু কাজ অনেক বেড়েছে। অন্ততঃ ২০ বছরে ১০ গুণ ব্লকে কাজ বেড়েছে এবং টাকা অনেক বেশি খরচ করতে হয় এদের মাধ্যমে এতকাল যে কাজ বেড়েছে, এমন কি খরা হ'লে ব্লক, ফ্যামিলি প্ল্যানিং করতে হ'লে ব্লক, এই যে মাঝখানে ফ্যামিলি প্ল্যানিং-এ ঢাকঢোল বাজানো এবং ফ্যামিলি প্ল্যানিং-এর যে কারবার হ'ল, তাতে বি ডি ও-রা তো দেখলাম হন্যে হয়ে ঘুরে বেড়াচ্ছে চারিধারে লোক ধরবার জন্য। তাদের দুটো কাজ একটা ভ্যাসেকটমির জন্য লোক ধরা এবং আবার লুপের জন্য লোক ধরা। তাও বি ডি ও-দের করতে হয়, তাদের রিলিফের কাজ করতে হয়। টিউবওয়েল বসাতে যেতে হয়, মারপিট হ'লে থামাতে যেতে হয়। কারণ ইতিমধ্যে ১৯৫৬ সাল থেকে বি ডি ও-রা আবার সার্কেল অফিসার হিসাবে কাজ করছেন। বি ডি ও-রা এখন শুধু বি ডি ও নয় সার্কেল অফিসার-এর যা অ্যাডমিনিস্ট্রেটিভের কাজ তাও তাদের করতে হয়। ফলে এত কাজ বেড়েছে তাদের এবং তার উপর তাদের ঐ স্টাফ. এত চিঠিপত্র কে লিখবে, আমি এখনও বুঝতেই পারি না। একটা ব্লকে হেড ক্লার্ক-কাম-অ্যাকাউন্ট্যান্ট এই পদ দুটো কি আলাদা করা যায় না? যে হেড ক্লার্কের কাজ করবে এবং অ্যাকাউন্ট-এর কাজ করবে, এই সম্পর্কে মন্ত্রিমহাশয় কিছু উল্লেখ করেন নি। আমি বুঝতে পারছি না, উনি এই বিষয়ে কিছু ভাবছেন কিনা। কিন্তু কাজ যদি বেড়ে থাকে, এটা বদলানো যায় কি না। যেমন ধরুন ক্যাসিয়ার আছে একটা ব্লক-এ তাকে করতে হয় ক্যাসিয়ার-কাম-স্টোর কীপার-এর কাজ। এটা খুব অসুবিধাজনক। একদিকে টাকা-পয়সার যত কিছু লেনদেন, খাতাপত্রের হিসাব, তারপর সে স্টোরে যাবে, স্টোর থেকে কে কাপড় নিয়ে যাবে তার হিসাবপত্র রাখতে হবে, তার খাতা ঠিক করতে হবে এবং ফলতঃ দেখা যায়, সে কিছুই কাজ করতে পারে না। তারা ট্রেজারিতে যায়, টাকা আনে এবং সেই টাকা লেনদেন হয়। এই পদগুলো কি আলাদা করা যায় না? হেডক্লার্ক-কাম-অ্যাকাউন্টেন্ট এই পদটাকে কি আলাদা ক'রে ভাঙ্গতে পারি না? এবং এইগুলো যদি না ভাঙ্গি, তা হ'লে এর সুরাহা আবার কি ক'রে করবো, এটা ঠিক বুঝতে পারছি না। এবং এতে অনেক অসুবিধা দেখা দেয়, ব্লক-এ যারা কর্মচারী থাকেন, তাদের অবস্থা কি হয়? একই লোককে এত কাজ করতে দেবার ফলে পেনসনের হিসাব হয় না, গ্রাচুইটির হিসাব হয় না, ছুটির তালিকা করা, ছুটির হিসাব করা, ছুটির ব্যবস্থা করা, তার যে খাতাপত্র রাখা সেটা সে করতে পারে না। এস্টাব্লিশমেন্ট ওয়ার্ক প্রায়ই সাফার করে। সুতরাং এই সম্পর্কে কি ভাবছেন? এমন কি আমি জানি অনেক কর্মচারি প্রভিডেন্ট ফান্ডের হিসাব পর্যন্ত পাচ্ছেন না। ক'রে ওঠা সম্ভব হচ্ছে না। আমি জানি এবং মন্ত্রিমহাশয় জানেন এখন খেয়াল করেছেন কিনা জানি না, ডীপ টিউবওয়েল এবং রিভার লিফ্‌টের যে সমস্ত ব্যবস্থা করেছেন তার ফলে ব্লক-এর স্টাফ তো আরও অনেক বেড়েছে। সেই কাজগুলি এই লোকগুলির ওপর দিয়েই করতে হয়। অথচ এদের যেসব টাকা পাওনা থাকে, সেই টাকা আদায় করবার জন্য ব্লক-এ কোন লোক দেওয়া হয়েছে কি? কারা এই টাকা আদায় করবে? এর ফলে কত টাকা অনাদায় র'য়েছে সেটা জানেন কি? এর পরে ওদের অসন্তোষের কথা আমি মন্ত্রিমহাশয়ের নিকট বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি। এই লোকগুলোকে যে ঘর দেওয়া হয়, ব্লক-এর স্টাফ ওরা ঘর পায় আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করবো, মন্ত্রিমহাশয় কি এইগুলোকে সত্যকারের ফার্নিস্ট কোয়ার্টার ব'লে মনে করেন? সত্যকারের কি মনে করেন বাসোপযোগী সব ক্ষেত্রে? যেখানে প্লিন্থ-এর সঙ্গে দেওয়ালের ফারাক হয়তো ৬ ইঞ্চি। এমনি রুফিং যার উপর কোন সিলিং নেই, যার ফলে বসে থাকলে ঘাম বেরোতে থাকে। সেইগুলো কি আপনি—ফিনিসড্ এবং ফার্নিসড্ কোয়ার্টার ব'লে মনে করেন, যার জন্য তাদের কাছ থেকে বাড়িভাড়া কাটা হয়? বাড়িভাড়া কাটুন তাতে ক্ষতি নেই, কিন্তু কিরকম ভাবে কাটেন, সেই বিষয়ে মন্ত্রিমহাশয়ের কাছে একটা হিসাব আমি দিচ্ছি।- ধরুন একজন সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনীয়ার তাকে কোয়ার্টার দেওয়া হয়েছে, যার স্কেল ধরুন দুটো ইনক্রিমেন্ট পাবার পরে মূল বেতন ২২০ টাকা—পে কমিশনের

রিপোর্টের আগে যার পে ছিল ২০০ টাকা বাড়বে ৪০০ টাকা পর্যন্ত, তখন তিনি মূল বেতন পেতেন ২২০ টাকা, মহার্ঘ ভাতা পেতেন ১৪৬ টাকা, চিকিৎসা ভাতা পেতেন ৮ টাকা ৩৫ পয়সা—তাতে মোট পেতেন ৩৭৪·৩৫ টাকা। বাড়িভাড়া বাবত তার কাটা যেত ২৪·২০ টাকা, তিনি পেতেন ৩৫০·১৫ টাকা। এখন রিভাইজড স্কেল অনুযায়ী মাইনে বেড়ে গেছে আফটার পে কমিশন। এখন ২২০ টাকা এবং মহার্ঘভাতা মার্জ ক'রে হয়েছে ৩৬৬ টাকা, বুস্টিং পে ৪ টাকা, হ'ল ৩৭০ টাকা, তা ছাড়া চিকিৎসা ভাতা ৮·৩৫ টাকা পেয়ে হ'ল ৩৭৮ টাকা ৩৫ পয়সা, এর এখন বাড়িভাড়া বাবত কাটা হচ্ছে ৪০ টাকা ৭০ পয়সা। সব নিয়ে উনি মোট পাচ্ছেন ৩৩৭ টাকা ৬৫ পয়সা। অর্থাৎ আগে যেখানে পেতেন ৩৫০ টাকা ১৫ পয়সা, এখন উনি সেখানে পাচ্ছেন মোট ৩৩৭ টাকা ৩৫ পয়সা অথচ নাকি ওর বেতন বেড়েছে। এইভাবে বাড়িভাড়া দিয়ে কি সরকারী কোয়ার্টার-এ বাস করা বাধ্যতামূলক? যদি কেউ নিজেরা কম পয়সায় বাড়িভাড়া করতে চায়, তাকি তাদের করতে দেওয়া যায় না? এইগুলো হ'লে অসুবিধা হয় কি কর্মচারীরা উৎসাহ পান না। আমার অবশ্য আর সময় নেই দেখছি। তাই ব্লক সম্পর্কে অন্যান্য বক্তব্যে আমি যেতে পারলাম না। যা হোক আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো ব্লক-এর কাজে যে নিরুৎসাহতা এবং নিরুদ্দমতা দেখা দিয়েছে যার জন্য এই সব সমালোচনা বেরোচ্ছে এবং এই জন্য ব্লকের কর্মীরা ভালভাবে কাজ করতে পারছে না। এই বিষয়ে আশা করি উনি ভেবে দেখবেন এবং প্রতিকার করা সম্ভব হ'লে করবেন, এই আবেদন রাখছি।

শ্রীভবানীপ্রসাদ সিংহরায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী ২৯নং গ্রান্টের যে ব্যয়-বরাদ্দের প্রস্তাব এনেছেন তাকে আমি সমর্থন করছি। আপনি জানেন স্যার, ইকনমিক প্ল্যানিং, এই ইকনমিক প্ল্যানিং-এ যখন টোটালিটেরিয়ান স্টেট করা হয় তখন তার সঙ্গে ডেমোক্রেটিক যেসব দেশ, গণতান্ত্রিক যেসব দেশ আছে, সেইসব দেশগুলির অসুবিধা আছে এটা উল্লেখ করে সেদিন ন্যাশনাল এক্সটেনসন সার্ভিসের কথা বলা হয়েছিল। অর্থাৎ আর্থিক পরিকল্পনা নিয়ে মানুষগুলিকে তৈরি করবার জন্য, প্রস্তুত করবার জন্য, ন্যাশনাল এক্সটেনশন সার্ভিস হয়েছিল। পরবর্তিকালে নানা রকম রূপরেখা পাল্টিয়ে কমিউনিটি ডেভোলাপমেন্ট ইত্যাদি এসেছে। যে সংগঠন হয়েছিল তা ত্রুটিপূর্ণ ছিল, এ সম্বন্ধে ভারত সরকার সুনিশ্চিত। যেহেতু কমিটির রেকমেন্ডেশন-এর মধ্যে পরিষ্কারভাবে বলা আছে এবং পঞ্চায়েতের উপর সিমলা কনফারেন্সের যে বক্তব্য সে বক্তব্য মোটামুটি একই যে, কমিউনিটি ডেভেলপমেন্টের মধ্যে যদি না আনা যায়, তা হলে যে উদ্দেশ্য নিয়ে এই কমিউনিটি ডেভেলপমেন্ট হয়েছিল তা ব্যর্থতায় পর্যবসিত হতে পারে, তার প্রমাণ যথেষ্ট রয়েছে। আমি বিস্তারিত আলোচনা করতে পারছি না, সে অবকাশও আমার কম, তাই এখন একটা কথা বলছি সেই সমষ্টি-উন্নয়নের ব্যাপারে যে, সংগঠন কি রকম হওয়া উচিত। সেই সম্পর্কে ভারত সরকার তাদের বিভিন্ন যে টিম যে এক্সপার্ট কমিটি তাঁরা রেকমেন্ডেশন করছেন। আমাদের মন্ত্রিমহাশয় পঞ্চায়েতের ব্যাপারে একজন অভিজ্ঞ লোক, শুধু অভিজ্ঞ মানুষই নন, তিনি পশ্চিমবাংলায় পঞ্চায়েত সিস্টেম কিভাবে হবে, সে বিষয়ে নেতৃত্ব দিচ্ছেন এটা আমরা জানি। কিন্তু আজকে অন্তত তার বিবৃতির মধ্যে মন্ত্রিমহাশয়ের কাছ থেকে এইটা চেয়েছিলাম যে, থ্রি-টায়ার সিস্টেম পঞ্চায়েত আর ব্লক পঞ্চায়েত সম্পর্কে ডিসপোজাল, এটা কমিউনিটি ডেভেলপমেন্ট বা সমষ্টি-উন্নয়নে যাবে, কিন্ত এটা আজকে এই বিবৃতির মধ্যে নেই। আমরা জানি এর প্রবক্তা হচ্ছেন মাননীয় মন্ত্রিমহাশয়, এটা আমার বক্তব্য নয় তাঁর বক্তব্যে তিনি এই কথা বলেছেন। এই কমিউনিটি ডেভেলপমেন্টের মধ্যে আমি আর একটা জিনিস লক্ষ্য করছি, সেটা হচ্ছে এই ফার্স্ট স্টেজ এবং সেকেন্ড স্টেজ এই দুটো স্টেজের মধ্যে গোলমাল চলছে, কোন রকম কো-অর্ডিনেশন ডিপার্টমেন্ট নেই এবং একটেনশন অফিসারের সঙ্গে বি ডি ও-র কোন কো-অর্ডিনেশন নেই। এইটা না থাকার জন্য, এই ব্যাপারটা একসঙ্গে না আসার জন্য, এইগুলি দুর্নীতির এক একটি কেন্দ্রে পরিণত হচ্ছে, এটা অস্বীকার করে লাভ নেই। এই সমষ্টি-উন্নয়ন পরিকল্পনার উদ্দেশ্য মানুষের কাছে গিয়ে পৌঁছানো দরকার। সেই খেটে খাওয়া মানুষ, গরীব ক্ষেতমজুর, কৃষি মজুর, ভাগচাষী প্রভৃতি এই যে দরিদ্র শ্রেণীর দুর্বল শ্রেণীর মানুষের কাছে এই কমিউনিটি ডেভেলপমেন্টের অ্যাপ্রোচ এখনো

পর্যন্ত গিয়ে পৌঁছায় নি ১৯৫২ সাল থেকে। আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় বি ডি সি তৈরি করেছেন, কিন্তু ঐ অঞ্চলের কর্তৃত্বের উপর এখনো পর্যন্ত বি ডি সি-র দায়দায়িত্ব নেই। হিসাব নিয়ে দেখতে পারেন। এই দুটো জিনিসকে এক জায়গায়, ব্লক পঞ্চায়েত কমিটি এবং কমিউনিটি ডেভেলপমেন্টকে যদি এক জায়গায় না করা যায়, তা হলে যে উদ্দেশ্যেই করুন না কেন এটা ব্যর্থতায় পর্যবসিত হতে বাধ্য। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-00—3-10 p.m.]

শ্রীবিজয়কৃষ্ণ মোহন্তঃ স্যার, আজ কৃষি ও সমষ্টি-উন্নয়ন ব্যয়বরাদ্দ যা রাখা হয়েছে তাকে সমর্থন করে দু-একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। সমষ্টি-উন্নয়ন ব্লকে গ্রামসেবকদের যে ভূমিকা সেটা জনসাধারণের কাছে মোটেই সাড়া পাচ্ছে না। কারণ আমরা দেখেছি ১০ বছর পূর্বে গ্রামসেবকরা অঞ্চলের মধ্যে বাস করত। সেখানে তাদের একটা অফিস ছিল। সেখানে বি ডি ও, এস ডি ও এবং অন্যান্য অফিসাররা আসতেন। গ্রামের লোকেরা সব সেখানে যেতেন এবং সেখান থেকেই সরকারের সংগে সব যোগাযোগ রক্ষা হত। ১৯৬৭ সালের পর থেকেই দেখা যায় সেই অফিস গ্রামে নেই। তাঁরা সব সময় ব্লক অফিসে জড়ো হয়ে থাকেন এবং তারা জি আর ইত্যাদি নিয়েই ব্যস্ত আছেন এবং গ্রামের কৃষি ও অন্যান্য উন্নতিমূলক বিষয়ে জনসাধারণের সংগে যোগাযোগ রাখা দরকার সেটা তাঁরা করেন না। কাজেই অনুরোধ করবো, পূর্বের মত গ্রামসেবকদের গ্রামে বাস করান এবং গ্রামবাংলার অভাব-অভিযোগ যাতে তাঁরা জানতে পারেন সে বিষয়ে ব্যবস্থা অবলম্বন করা দরকার। সমষ্টি-উন্নয়ন গ্রামের অনেক উন্নয়ন পূরন করার ব্যাপারে সাহায্য করেছে। কিন্তু এই খাতের যে টাকা এটা চাহিদার তুলনায় অতি নগণ্য। কলকাতা শহরের উন্নয়নের জন্য নানা রকম ব্যবস্থা আছে—সি এম ডি এ, সি এম পি ও, ইমপ্রুভমেন্ট ট্রাস্ট থেকে কোটি কোটি টাকা খরচ হচ্ছে, ভারত সরকার, বিভিন্ন ব্যাঙ্কও এর জন্য টাকা দিচ্ছে। কিন্তু গ্রামের জন্য কিছু দেওয়া হচ্ছে না। এদিকে মন্ত্রিমহাশয়ও বলছেন, প্রয়োজনীয় টাকা পাচ্ছি না। সুতরাং এই খাতে আরও বেশী টাকা মঞ্জুর করে যাতে গ্রামের লোকের কাজ করা যায় সেদিকে যেন তিনি বিশেষ দৃষ্টি দেন।

শ্রীমনোরঞ্জন হালদারঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কৃষি ও সমষ্টি-উন্নয়ন মন্ত্রী আজ এই সভায় মঞ্জুরীর জন্য যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করতে গিয়ে আমি কয়েকটা গুরুত্বপূর্ণ বিষয় আলোচনা করব। আপনি জানেন যে, গ্রামবাংলায় যে ব্লকগুলি আছে সেই সমস্ত ব্লক-এ বিভিন্ন দিক দিয়ে যেমন ফার্টিলাইজার, ক্যাটেল পার্চেজ এবং অন্যান্য বিষয়ে যেসব লোন এখান থেকে পাঠান হয় সেই লোন প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম এবং যাও পাঠান তাও আবার ঠিক সময় মত ব্লকে যায় না। অর্থাৎ যখন লোকের দরকার তার দু-তিন মাস পরে সেই লোন যায়। এর ফলে সরকারী লোনের টাকা প্রায়ই অপব্যবহার হয়। সারের লোনের জন্য কিছু টাকা ব্লকগুলিতে দেওয়া হয়। কিন্তু বিভিন্ন ব্লকে খবর নিয়েও আমার ব্লকে খবর নিয়ে দেখেছি সার সেখানে পাওয়া যাচ্ছে না। এবং ওপরে সরকার থেকে সারের সে রকম ব্যবস্থা করে দেওয়া হচ্ছে না। যারা সার লোন বাবত টাকা নেয় তারা সেই টাকা দিয়ে সার কিনেনা। যদি সারের ক্যাশ মেমো যোগাড় করে বি ডি ও অফিসে দেওয়া যায়, তা হলে সারের জন্য টাকা পাওয়া যায়। আমরা দেখেছি ১।২ টাকা খরচ করে ক্যাশ মেমো যোগাড় করে ব্লক অফিসে দেওয়া হয়েছে এবং সেখান থেকে টাকা নিয়ে সার কেনা হয় নি, গরিব কৃষক সেই টাকা তার সংসার খরচে লাগিয়েছে। সরকার যে জিনিসের জন্য টাকা দিচ্ছেন সেই টাকা ঠিকমত সদ্ব্যবহার করা হচ্ছে না। আমাদের এই দপ্তরে টিউবওয়েলের প্রভিসান আছে। আমরা দেখতে পাচ্ছি ১ হাজার লোক পিছু একটা করে টিউবওয়েলের বরাদ্দ আছে। আমরা কোথাও কোথাও দেখতে পাচ্ছি সেই টিউবওয়েল ডেরিলিক্ট হয়ে গেছে; আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন জানাব, সেগুলি যাতে মেরামত করা হয় তার ব্যবস্থা তিনি যেন করেন। আমরা এখন থেকে জানতে পারলাম চারশো জন পিছু একটি করে টিউবওয়েলের কথা সরকার চিন্তা করছেন। আমি আশা রাখি মাননীয় মন্ত্রিমহাশয় যে বক্তব্য রাখলাম তার উপযুক্ত মর্যাদা দেবেন এবং তার ব্যবস্থা করার চেষ্টা করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ব্লক অফিসে যেসব অফিসার

আছেন তাঁদের ট্রান্সফারের ব্যাপারে দেখা যচ্ছে অনেক সময় ডি এম, এস ডি ও-কে লিখলেন অমুক বি ডি ও-কে এই ব্লক থেকে ওব্লকে ট্রান্সফার করে দেওয়া হোক, কিন্তু রাইটার্স বিল্ডিংস থেকে নির্দেশ গেল, ঐ বি ডি ও অন্য জায়গায় ট্রান্সফার হয়ে যাচ্ছে। সেখানে ডুয়েল অ্যাডমিনিস্ট্রেসন দেখা যাচ্ছে। ফলে যে ব্লকের বি ডি ও-র যথাসময়ে ট্রান্সফার হওয়া উচিত ছিল এই ডুয়েল অ্যাডমিনিস্ট্রেসানের জন্য তা সম্ভব হচ্ছে না। এই ডুয়েল অ্যাডমিনিস্ট্রেসান নিষেধ করে দিয়ে এই ট্রান্সফারের ব্যাপারে একটা সুষ্ঠু ববস্থা করুন এই বিষয়ে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশীতল হেমব্রাম: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি আমাদের সামনে পেশ করেছেন তাকে আমি আন্তরিকভাবে সমর্থন জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকার যখন কোন পরিকল্পনা গ্রহণ করেন তখন সাধারণ মানুষ ভাবে যে আমাদের জন্য এবারে কিছু কাজ হবে। কিন্তু তাদের সেই আশা-আকাঙ্ক্ষা কিছুদিনের মধ্যে দুরাশায় পরিণত হয়। সাধারণ মানুষ আজ বুঝতে পেরেছে, বর্তমান আমলাতান্ত্রিক শাসনব্যবস্থায় তাদের উন্নতি করা সম্ভব নয়। তাই সরকারী পরিকল্পনাকে সত্যসত্যই কাজে রূপায়িত করতে হলে শাসনব্যবস্থাকে বিকেন্দ্রীকরণ করতে হবে। গ্রামবাংলার উন্নতি করতে হলে শাসনক্ষমতাকে গ্রামের লোকদের হাতে না দিলে সেই পরিকল্পনা কোনদিন সফল হবে না। গ্রামবাংলার উন্নতির জন্য অমরা যত বক্তৃতা দিই না কেন, যত কমিশান কমিটি গঠন করি না কেন, যদি শাসনক্ষমতাকে বিকেন্দ্রীকরণ করতে না পারি, তা হলে গ্রামবাংলার উন্নতি করা সম্ভব নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্তমানে আইন-কানুন যেভাবে রয়েছে তাতে তার মাধ্যমে সাধারণ মানুষের কাজ করা সম্ভব হচ্ছে না। দৃষ্টান্তস্বরূপ বলছি, আমাদের সরকারের যে আইন সেটা ঠিক একটা নতুন খুঁটিতে একটা মোষ বাঁধা আছে, তার চারপাশে ঘাস ছড়ান আছে, মোষটি ঘাষ খাবার জন্য ছটপট করছে, কিন্তু সেই ঘাস খেতে পারছে না, সেইভাবে আমাদের পরিকল্পনাকে সাধারণ মানুষ সফল করবার চেষ্টা করছে, কিন্তু আইনের বাধার জন্য সেই পরিকল্পনাকে সফল করতে পারছে না। দৃষ্টান্তস্বরূপ বলছি গতবারে আমাদের সেন্ট্রাল গভর্নমেন্ট ডি পি এবং এ পি-তে ১৪ লক্ষ টাকা দিয়েছিলেন, কিন্তু সেই ১৪ লক্ষ টাকা আদৌ কাজে লাগে নি। তার কারণ সরকারী আইন এমন পেঁচাল যে, সেই আইনের মাধ্যমে কাজ করা সম্ভব হয় নি।

[3-10—3-20 p.m.]

তাই সরকারের কাছে আমার বিশেষ অনুরোধ, সত্যিকারের গ্রামবাংলার উন্নতি করতে হলে আমলাতান্ত্রিক শাসনব্যবস্থাকে বিকেন্দ্রীকরণ করুন, করে গ্রামবাংলার মানুষের হাতে ক্ষমতা তুলে দিন এবং গ্রামকে বৃহত্তর দায়িত্বের জন্য ধাপে ধাপে তৈরি করুন এবং প্রতিটি গ্রামকে শাসনতান্ত্রিক ইউনিটে পরিণত করুন। গ্রামের জন্য পরিকল্পনা তাদের হাতেই ছেড়ে দিতে হবে, তা হলে আমার বিশ্বাস, গ্রামবাংলার জন্য বরাদ্দ টাকা সত্যসত্যই কাজে লাগবে। এই বলে বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীফণীভূষণ সিংহবাবু: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ বিধানসভায় মাননীয় কৃষি এবং সমষ্টি-উন্নয়নের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দ এখানে উপস্থিত করেছেন, আমি তা সমর্থন করছি। ১৯৭২ সালে যখন জনপ্রিয় সরকার হয়েছিল, তখন প্রতিটি ব্লকে ব্লক ডেভেলপমেন্ট কমিটি গঠন করা হয়েছে এবং সেই ব্লকে ব্লক ডেভেলপমেন্ট কমিটি উন্নয়নমূলক কাজ দ্রুতগতিতে এগিয়ে নেবার চেষ্টা করছেন। আমরা দেখছি, এইসব ব্লকভিত্তিক কমিটিতে বিভিন্ন অফিসার বিভিন্ন দপ্তরের ভারপ্রাপ্ত কর্মচারীরা তারাও এই কমিটির সভ্য। কিন্তু আমি একটা প্রস্তাব রাখছি যে, আজকে দেখছি বি ডি ও যিনি তিনি ডি এম-এর দ্বারা পরিচালিত হন আবার তিনি প্রিন্সিপ্যাল এগ্রিকালচারাল অফিসারের দ্বারা পরিচালিত হয়ে থাকেন। এইসব ক্ষেত্রে আমি দেখছি, গ্রামবাংলার উন্নতিকল্পে আমরা যদি বিশেষ প্রকল্প চালু করতে যাই, বি ডি ও-এর একদিকে যেমন হাত আছে, তিনি অঞ্চল উন্নয়ন অফিসাররূপে অভিহিত হয়ে থাকেন, দুঃখের বিষয়, তাকে এই জেলাভিত্তিক বিভিন্ন অফিসারের নিকট বিভিন্ন মঞ্জুরী না নিয়ে তিনি কাজ করতে পারেন না, সেজন্য আমি আপনার মাধ্যমে আমাদের বিভাগীয় মন্ত্রীর

কাছে দাবি করছি যে এই যে ব্লক উন্নয়ন আধিকারিক, সেই আধিকারিককে দিয়ে অঞ্চল উন্নয়নের স্বার্থে এবং গ্রামবাংলার উন্নয়নের স্বার্থে সেইসব অঞ্চল উন্নয়ন আধিকারিককে প্রচুর ক্ষমতা এবং যতগুলি এক্সটেনশন অফিসার এবং সরকারের বিভিন্ন সংস্থা আছে তার কর্ম পরিচালনার দায়িত্ব যেন দেওয়া হয়। আমরা দেখেছি কিছুদিন আগে আমাদের জনপ্রিয় সরকার যে বোরো ধানের চাষাবাদ করার সুযোগ করে দিয়েছেন, কিন্তু দুঃখের বিষয় আজ ৩১শে মার্চ হতে আর মাত্র কয়েকদিন বাকী, আমাদের বাঁকুড়া জেলার তালডাংগা ব্লক থেকে ২৪ হাজার টাকা ফিরে আসছে। কেন এই অবস্থা হল? আমি তার জন্য মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে দাবি করছি, যে সকল স্কীম এবং বিভিন্ন প্রকারের প্রকল্প চালু করা সম্ভব হয়েছে এবং আমাদের জনপ্রিয় সরকার গ্রামবাংলাকে গড়ে তুলবার জন্য দিন-রাত পরিশ্রম করছেন, তাদেরই বিভিন্ন দপ্তরে এইসব প্রকল্পগুলি লাল ফিতার বাঁধনে চাপা পড়ে আছে। সেইগুলি প্রথমেই দূরীভূত করতে হবে। আমি পরিশেষে একটি কথা বলতে চাই, আমরা দেখেছি ১৯৬৭ সালে যে যুক্তফ্রন্ট সরকার গঠিত হয়েছিল তাঁরা আঞ্চলিক পরিষদ বলে একটি সংস্থাকে ভেংগে দিয়েছেন; সেই আঞ্চলিক পরিষদে প্রতিটি ব্লকভিত্তিক যার নাম ছিল বি ডি সি এবং এই বি ডি সি আঞ্চলিক পরিষদের বায় যা হচ্ছিল সেটা যাতে বি ডি সি-র আওতায় আনা যায় সেটা আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে দাবি করছি। পরিশেষে এই বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশিশিরকুমার ইশোর: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দর দাবি এনেছেন, আমি সেটা পরিপূর্ণ সমর্থন করি, সমর্থন করে দু-একটা কথা বলছি। প্রথম কথা হল, আজকে আমরা যত কিছু সমালোচনা করি না কেন, কমিউনিটি ডেভেলপমেন্ট প্রোজেক্ট জনজীবনে এটা একান্ত অপরিহার্য হয়ে পড়েছে। কিন্তু সেই সংগে একটা জিনিষ দুঃখের সংগে বলতে হচ্ছে। এই সমষ্টি-উন্নয়ন ব্যবস্থা, ব্লকগুলি যেভাবে তৈরি হয়েছিল সেটা কোন সুপরিকল্পনা নিয়ে তৈরি হয়েছিল তা বলা যায় না। কতক কতক ক্ষেত্রে কোন পরিকল্পনা বহির্ভূতভাবেই এটা তৈরি হয়েছিল। এখন যে সমস্ত পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে, সমষ্টি-উন্নয়ন কর্মসূচি জনসংখ্যার ভিত্তিতেই যেন করা হয়। যে সমস্ত ব্লক তৈরী করান হয় সেটা যে সঠিক জনসংখ্যার ভিত্তিতে প্রতিষ্ঠা হয়, এমন কথা বলা যায় না। আজকে কতকগুলি ক্ষেত্রে ব্লক পুনর্গঠন করার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। এটা আনন্দের সংগে জানাচ্ছি যে, মন্ত্রি-মহাশয় বলেছেন যে কতকগুলি জায়গার ব্লকগুলিকে ভেংগে আলাদা করে নূতন ব্লক তৈরি করা সম্ভব হয়েছে। জনসংখ্যার ভিত্তিতে না হওয়ায় ঠিক হয় নি। বুঝতে পারি যে ব্লকগুলি অ্যাডমিনিস্ট্রেটিভ উন্নয়ন সংস্থা হিসাবে কাজের জন্য সমস্ত রকম উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এটা আমরা দেখছি। সেইসংগে আর একটা কথা বলছি, সেটা হচ্ছে ব্লকে যে কর্মচারী আছে সেই কর্মচারীদের মধ্যে সমন্বয়ের অভাব দেখা যায়। যদি আজকে জনপ্রিয় সরকারের উর্ধ্বতন কর্মচারী যারা, উপর লেভেলের কর্মচারীদের মধ্যে একটা সমন্বয়ের সৃষ্টি হয়েছে। কিন্তু নীচের দিকে সমন্বয়ের অভাব আছে এবং একাধিক মাননীয় সদস্য বলেছেন যে, বি ডি ও যে আদেশ দেন, তা বেশীর ভাগ কার্যকর হয় না। তাই ব্লক অফিসারদের মধ্যে যাতে সমন্বয় হয়, সঠিকভাবে উন্নয়নমূলক কার্যগুলি করতে পারে সেদিকে দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীআনন্দমোহন বিশ্বাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই আমার আন্তরিক অভি-নন্দন জানাই মাননীয় সদস্যবৃন্দকে যাঁরা আজকে এই বাজেটকে সমর্থন জানিয়ে বিভিন্নভাবে আত্মসমালোচনা করলেন এবং যার মধ্য দিয়ে আমরা আমাদের যদি কিছু ভুলত্রুটি থাকে তা সংশোধন করার আমরা একটা সুযোগ পেলাম। আমি প্রথমে বলতে চাই, আজকে বিশেষ করে ৩৮ হাজার গ্রামের শতকরা ৮০ জন মানুষের সামগ্রিক উন্নয়নের জন্য, তাদের সামাজিক জীবনের উন্নয়নের জন্য, তাদের বৈষয়িক উন্নয়নের জন্য ৩৩৫টি ব্লক হয়েছে এবং বিভিন্ন প্রকল্পের মাধ্যমে রূপায়িত হতে চলেছে। সেক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি জনসাধারণ গণতন্ত্রের উপর পূর্ণ

মর্যাদা রেখে যে জনপ্রতিনিধি নির্বাচন করে দিয়েছে, তাদেরই উপর আঞ্চলিক উন্নয়নের দায়-দায়িত্ব দেওয়া হয়েছে। আপনি জানেন যে, ৩৩৫টি ব্লকে আমরা ব্লক ডেভোলপমেন্ট কমিটি করেছি এবং জনপ্রতিনিধিদেরই সেই ব্লক ডেভেলপমেন্ট কমিটিতে চেয়ারম্যান করা হয়েছে। এখানে অনেকেই আত্মসমালোচনা করলেন। আমি তাঁদের অনুরাধ করব যে, আপনারা আপনাদের ক্ষমতা সম্বন্ধে ওয়াকিবহাল হোন। ব্লক ডেভোলপমেন্ট কমিটির যে দায়িত্ব আপনাদের উপর ন্যস্ত করা আছে, সে দায়িত্ব পালন করুন। আজকে আমি এখানে বলে দিতে চাই যে, যে সমস্ত জনপ্রতিনিধি ব্লক ডেভেলপমেন্ট কমিটির চেয়ারম্যান হয়েছেন এবং সরকার যাদের হাতে ক্ষমতা দিয়েছেন সেই ক্ষমতার আপনারা নিশ্চয় সদ্ব্যবহার করুন। শীশ মহম্মদ সাহেব যখন বলেছিলেন তখন কথা প্রসংগে বললেন যে এই আইডিয়া নাকি ১৯৫২ সালে আমেরিকা থেকে নিয়ে আসা হয়েছিল এবং সাথে সাথে তিনি মিঃ এস কে দে-র রেফারেন্স দিলেন। আমি ঘাবড়ে গিয়েছিলাম এবং ভেবেছিলাম শীশ মহম্মদ সাহেব যখন এত খবর রাখেন তিনি নিশ্চয়ই আমাদের নূতন পথের নির্দেশ দেবেন।

[3-20—3-30 p.m.]

এবং বিরাধী দলে তিনি বলেছেন। তাঁর কাছ থেকে আমরা অনেক কিছু আশা করেছিলাম। হয়ত কোথাও আমাদের ভুলত্রুটি থাকতে পারে, তা তিনি দেখিয়ে দেবেন এবং আমরা নিশ্চয়ই তা সংশোধন করতে চেষ্টা করব। শেষ পর্যন্ত দেখলাম, যখন আসল প্রসঙ্গ এড়িয়ে গিয়ে ধান ভানতে শিবের গীত আরম্ভ করলেন, তখনই বুঝলাম,' অসাড়ের তর্জন-গর্জন সার। তিনি কমিউনিটি ডেভোলপমেন্টকে ব্যঙ্গ করে বললেন, কমন ইউনিটি। আমি পরিষ্কার করে বলতে পারি, দলমত নির্বিশেষে মাননীয় সদস্যরা নিজ নিজ এলাকার ব্লক ডেভোলপমেন্ট কমিটির চেয়ারম্যান নিযুক্ত হয়েছে। সেখানে আমাদের মাননীয় শীশ মহম্মদ সাহেবের ক্ষেত্রেও তার ব্যতিক্রম ঘটে নাই। শীশ মহম্মদবাবু এবং তাঁর পাশে বসে আছেন তিমিরবাবু, আপনাদের বলি, আপনারা জ্যোতিবাবুর পেছনে আর ঘুরবেন না। আপনারা যদি বি ডি সি-তে গভর্নমেন্ট নমিনীদের সাথে পা মিলিয়ে না চলতে পারেন, তারজন্য আমাদের দোষারোপ করতে পারেন না। বি ডি সি-র চেয়ারম্যান আপনি! তাঁরা যদি আপনার সংগে না চলেন, তার মানে আমি বুঝবো, আপনি জ্যোতিবাবুর দলের লোক। অন্যান্য মাননীয় সদস্য যাঁরা চেয়ারম্যান আছেন বি ডি সি-র, তাঁরা তো সাধারণ মানুষের উন্নতির জন্য বি ডি ও-র সংগে কাঁধে কাঁধ মিলিয়ে এক সাথে কাজ করে চলেছেন। কাজেই শীশ মহম্মদ সাহেবকে ও তিমিরবাবুকে অনুরোধ করবো, অপনারা একটু ধীরস্থির মস্তিষ্কে চিন্তা করে দেখুন। আপনাদের আমরা যথেষ্ট স্বীকৃতি দিয়েছি। আপনি যে কেন্দ্র থেকে নির্বাচিত হয়েছেন সেই ব্লকের আপনি বি ডি সি-র চেয়ারম্যান। আপনি নিশ্চয়ই স্বীকার করবেন, এই সরকার কোন রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হয়ে কাজ করেন না। তাঁরা সাধারণ মানুষের সার্বিক উন্নয়নের জন্য কাজ করে চলেছেন, এগিয়ে চলেছেন। আপনারা বিরোধী দলের লোক। কাজেই শুধুমাত্র বিরোধিতা করবার মনোবৃত্তি নিয়ে বিরোধিতা করবেন না। যেখানে ভাল কাজ হয়েছে, সেখানে নিশ্চয়ই ভাল আপনি বলবেন এবং আমাদের সংগে হাতে হাত এবং কাঁধে কাঁধ মিলিয়ে কাজে এগিয়ে চলবেন। আপনাকে গ্রামের মানুষ নির্বাচিত করেছেন, সেই গ্রামের মানুষের সার্বিক কল্যাণ ও উন্নয়নের ক্ষেত্রে আপনারা আমাদের সাহায্য ও সহযোগিতা করুন এই আবেদন আপনাদের আমি জানাচ্ছি।

আর একটা কথা আমি বলতে চাই। মাননীয় সদস্যরা কিছু কিছু প্রস্তাব রেখেছেন। মাননীয় সুনীল ঘোষ মৌলিক মহাশয় বলেছেন, ৩৩৫টি ব্লকে প্রায় ২৫ হাজার কর্মচারী কাজ করেন। সেখানে তাঁরা কিছু অসুবিধা ভোগ করেন, যেমন শতকরা ১০ ভাগ হাউস রেন্ট পাবার কথা তা তাঁরা পান না আরো শতকরা ১১ ভাগ যেটা পাবার কথা তাও পান না অর্থাৎ আজ এ হেল শতকরা ২১ ভাগ তাঁরা লস করছেন। আমার বিভাগীয় মন্ত্রী আবদুস সাত্তার সাহেবের সংগে গতকাল এ সম্বন্ধে আমি কথাবার্তা বলেছি, যাতে ঐ ২৫ হাজার কর্মচারীকে আর এই অসুবিধা ভোগ না করেন? নিশ্চয়ই সেদিকে তিনি লক্ষ্য রাখছেন। তার সাথে সাথে মাননীয় সদস্যরা বলেছেন বি ডি ও-দের সোসাল ট্রেনিং হওয়ার দরকার আছে। আপনারা

নিশ্চয়ই জানেন তার জন্য কল্যাণীতে একটা ওরিয়েন্টাল স্টাডি সেন্টার আছে সেখানে ডবলিউ বি সি এস ও ডবলিউ বি জে সি এস যে সমস্ত আছেন তাঁদের বি ডি ও হবার আগে সেখানে তাদের ট্রেনিং-এর জন্য পাঠান হয়। গ্রামীণ জীবনে বাস্তবে যে অসুবিধা আছে তার সংগে খুব বেশী করে তাঁরা পরিচিত হন এবং সরকারী কাজের দায়িত্ব নেবার পরে সেই সমস্ত গ্রামীণ অসুবিধার সাথে যাতে তাঁরা সাফল্যের সংগে মোকাবিলা করতে পারেন তার ব্যবস্থা সেখানে আছে।

পরিশেষে আর একটা কথা বলতে চাই। আমাদের এখানে কিছু কিছু মাননীয় সদস্য আমার কাছে যে প্রস্তাব রেখেছিলেন যে, এখান থেকে যে সমস্ত অর্ডার আমরা করছি সেই অর্ডারগুলি ঠিক ঠিকমত কার্যকর হচ্ছে না। এটা অধিকাংশ ক্ষেত্রে দেখতে পাচ্ছি, এই অসুবিধা থাকার কারণ হচ্ছে এক বিভাগের সংগে অন্য বিভাগের সমন্বয়ের অভাব বা যোগাযোগ কম। অন্যান্য দপ্তরের হেড কোয়াটার্সের তাদের কর্মচারীদের উপর কন্ট্রোল আছে, দখল আছে। আমরা জেলার সামগ্রিক উন্নয়নেরও চেষ্টা করছি। জেলার একজিকিউটিভ হেড হিসেবে ডি এম-এর হাত শক্ত করা দরকার, বিভিন্ন দপ্তরের সংগে কো-অর্ডিনেটিং লিঙ্ক হিসেবে ডি এম-কে আমরা আরো বেশী ক্ষমতা দেবার চেষ্টা করছি। সেই ক্ষেত্রে কমিউনিটি ডেভো-লপমেন্ট ডিপার্টমেন্টের ২৫ হাজার কর্মচারীর যে ডুয়েল সিস্টেম আছে তা উইথড্র করার কোন পরিকল্পনা আমাদের কাছে নেই। তবে যদি সত্যিকার কোন অসুবিধা হয়, অর্ডারস যদি কেউ বানচাল করে দেওয়ার চেষ্টায় থাকেন তা হলে আমরা বাধ্য হবো তাদের হাতের দেওয়া ক্ষমতা নিয়ে নিতে। গ্রামীণ সর্বাঙ্গীণ উন্নতি যাতে হয় সেদিকে লক্ষ্য রেখে আমরা এগোবো—এই প্রতিশ্রুতি দিচ্ছি এবং আপনাদের কাছ থেকে সমর্থন পাবো, এই আশা রেখে আবার আপনাদের অভিনন্দন জানিয়ে বক্তব্য শেষ করছি।

শ্রীআবদুস সাত্তার: মাননীয় অধ্যক্ষ মহাশয় সর্বপ্রথমে আমি জনাব শীশমহম্মদ সাহেবকে কয়েকটি কথা বলছি। তিনি বলেছেন, তিনি বি ডি সি-র চেয়ারম্যান হতে পারেন নি। আমার মনে হয় এখনও তিনি নিজেকে ঠিক করতে পারেন নি যে, তিনি এম এল এ কিনা। যদি ঠিক এম এল এ হয়ে থাকেন এবং তাঁর বিশ্বাসে তিনি এম এল এ হন এবং ওথ নেওয়া হয়ে থাকে, তবে তিনি নিশ্চয় চেয়ারম্যান হতে পারবেন। কারণ, যে রেজুলেসান নেওয়া হয়েছিল এবং সারকুলার পাঠান হয়েছিল ডিপার্টমেন্ট থেকে সেটা পড়ছি,—

The Governor is pleased to direct that Block Development Committee should be constituted in all the Development Blocks with a view to assisting the Block organisation for the planning and implementation of development programme in the Blocks with the following personnel: M.L.A. of the Block—Chairman. No. M.L.A. can be the Chairman of more than one Block Development Committee.

এখন প্রশ্ন হচ্ছে, যে তারিখে ডিপার্টমেন্ট থেকে এটা ইসু করেছিলাম তখন তিনি চেয়ারম্যান হতে পারেন নি, কারণ তিনি এম এল এ ছিলেন না। আমার মনে হয়, এখনও তিনি অ্যাসার্ট করতে পারেন নি, তিনি নিজে এম এল এ কিনা। ওথ নিয়ে চেয়ারম্যান হবেন। আপনি যদি বিশ্বাস করেন, আপনি এম এল এ আপনি চেয়ারম্যান হবেন। আর যদি মনে করেন, এম এল এ হয়েও এখনও ওথ না নেওয়ার মতো অবস্থায় আছেন, তা হ'লে আলাদা কথা। বারবার বলা সত্ত্বেও বিশ্বাস করতে পারছেন না। লতিফ সাহেবকে করা হয়েছিল আপনি ওথ নেন নি ব'লে, ওথ না নিলে চেয়ারম্যান হতে পারবেন না, এই রকম সারকুলার ছিল। এখন ওথ নিয়েছেন চেয়ারম্যান হতে পারবেন। মাননীয় সদস্যরা ব্যয়বরাদ্দের দাবি সমর্থন করেছেন, আমি তাঁদের ধন্যবাদ জানাচ্ছি। সকল সভ্য জানেন ব্লক হচ্ছে একটা ইউনিট, এটা জনসাধারণের সংগে সরকারের সংযোগ স্থাপন করে। আজকে প্রশাসনিক ক্ষেত্রে যে পরিবর্তনের কথা ভাবছি ডিভিসান, ডিস্ট্রিক্ট, সাবডিভিসান এবং তারপর ব্লক, এবং এই ব্লক সবচেয়ে দরকার এটা আমি বলবো এবং মন্ত্রিমণ্ডলীর সকলেই চিন্তা করেছেন যে,

Block is the basis of rural participation in the Development work.

এর মাধ্যমেই জনসাধারণের সহযোগিতা পেতে পারি এবং পাচ্ছিও। পঞ্চায়েতের ব্যাপারে ভবানীবাবু যেকথা বলেছেন, সেটাই আসল কথা। পঞ্চায়েতের সংগে ব্লক অংগাংগিভাবে জড়িত থাকবে। পঞ্চায়েত অ্যাক্ট যদি পড়েন, তা হ'লে দেখবেন, ব্লকের সংগে আঞ্চলিক পরিষদ যুক্ত আছে আঞ্চলিক পরিষদ যুক্ত থাকার ফলে আঞ্চলিক পরিষদের একজি-

[3-30—3-40 p.m.]

কিউটিভ অফিসার হচ্ছেন ব্লক ডেভোলপমেন্ট অফিসার। এবং অঞ্চলের প্রধান হবেন যিনি তিনি হচ্ছেন গ্রামের লোক যিনি ইলেকটেড হয়ে সেখানে এসেছেন। সুতরাং আজকে লোক্যাল পার্টিসিপেসন পিপলস্ পার্টিসিপেসন ইন দি ডেভেলপমেন্ট ওয়ার্ক অ্যাক্ট দি ব্লক লেভেল - অ্যাট দি রুর‍্যাল লেভেল এতে আছে। সমস্ত ব্লকের মাধ্যমে এগুলি হচ্ছে। মাননীয় শীশ মহম্মদ সাহেবদের আমলে এক কলমের খোঁচায় এই সমস্ত আঞ্চলিক পরিষদগুলি ও জেলা পরিষদগুলি সুপারসিড হয়ে গেল। আমরা সেখানে সত্যিকারের এই সমস্ত ডেভেলপমেন্ট কাজকর্মে একটা কমিটি ক'রে দিয়েছি—তার নাম দেওয়া হয়েছে ব্লক ডেভেলপমেন্ট কমিটি। সেখানকার আঞ্চলিকের কাজে পল্লীবাসীরা যাতে অংশগ্রহণ করতে পারে তার ব্যবস্থা ক'রে দেওয়া হয়েছে। এবং এখানে বি ডি ও-কে আমরা চেয়ারম্যান করি নি—বি ডি ও-কে আমরা কনভেনার করেছি, আর চেয়ারম্যান হচ্ছে এম এল এ। যদি এম এল এ না থাকে, তা হ'লে অন্য এক ব্যক্তিকে চেয়ারম্যান করা হয়েছে। মাননীয় শীশ মহম্মদ ও তিমিরবাবুকে বলছি যে, আপনারা জেগে ঘুমাবেন না। সত্যিকারের এম এল এ যদি হন, তা হ'লে নিশ্চয় আপনি চেয়ারম্যান হবেন। আমরা আপনাদের মত করি নি, আমরা আসার পর ঐ গ্রামের বিরাট অংশে উপেক্ষা না করে যাতে তারা এই কর্মযজ্ঞের অংশ নিতে পারে তার ব্যবস্থা করেছি। আপনাদের যুক্তফ্রন্ট সরকারের আমলে এক দিনে এক কলমের খোঁচায় নোটিস না দিয়ে বে-আইনীভাবে একটা আইন ক'রে ঐ বিরাট অর্গানাইজেসনকে সুপারসিড করেছেন—সমস্ত কিছু বানচাল ক'রে পঞ্চায়েতরাজকে তছনছ ক'রে দিয়েছেন। এ সম্বন্ধে হাইকোর্টে কেসও পেন্ডিং আছে জেলা পরিষদের ব্যাপারে। আপনারা যা করেছেন হাইকোর্টও বলেছে বে-আইনী, এবং এর বিরুদ্ধে মামলাও চলছে। অঞ্চল পঞ্চায়েত রাজ নষ্ট হবার মূল কারণ হচ্ছে যুক্তফ্রন্ট সরকার এটাকে নষ্ট করেছে। আমরা একটা পঞ্চায়েত আইন এই সেসনেই আনবার চেষ্টা করছি। আমরা পঞ্চায়েতরাজ স্থাপন করার খুব চেষ্টা করছি—কারণ আমাদের সংবিধানে ডাইরেক্টিভ আছে। যাতে এই পঞ্চায়েতরাজে পিপলস্ পার্টিসিপেসন, লোক্যাল পার্টিসিপেসন পেতে পারে তারও ব্যবস্থা আমরা করেছি। আর একটা কথা বলেছেন যে, পানীয় জলের দাবি করা হয়েছিল সেখানে নাকি সেই টিউবওয়েল এক বড় লোকের বাড়িতে ব'সে গেছে। আমি জানি না কি হয়েছে। শীশ মহম্মদ সাহেব বল্লেন যে, নদীর বাঁধ ভেঙ্গে গেছে, লোকে ভাসছে, জলের ব্যবস্থা নেই। উনি বলতে পারেন এ সব কথা। কিন্তু আমি বলছি যে, সংগে সংগে সেখানে ব্যবস্থা হয়েছে, নলকূপ বসেছে। আমি ওনার অঞ্চলে গিয়েছি, সেখানে কয়েক হাজার লোক ক্ষতিগ্রস্ত হয়েছে এবং সেখানে ১০টি টিউবওয়েলও বসতে দেখেছি। আপনি কি ক'রে এইসব কথা বলছেন, তা বুঝতে পারছি না। তিমিরবাবুর এরিয়ায় এগ্রিকালচারের ডেভেলপমেন্টের কাজ হয়েছে—আমি গত পরশু দিন ওখানে গিয়েছিলাম—তিমিরবাবুর ওখানে ১০৮টি শ্যালো টিউবওয়েল বসেছে। আর আমি মন্ত্রী, আমার কনস্টিটুয়েন্সিতে ৪৮টি বসেছে। ডেভেলপমেন্ট ইজ ডেভেলপমেন্ট—সেখানে পার্টি নাই। সমস্ত জায়গায় আপনারা দেখবেন যে, ডেভেলপমেন্টের কর্মযজ্ঞ আরম্ভ হয়ে গেছে। একটু চিন্তা ক'রে দেখবেন, বিবেকের কাছে জিজ্ঞাসা ক'রে উত্তর দেবেন। অবশ্য আপনারা জানেন, বলতে পারেন না; কেননা পিছনে জ্যোতিবাবুর ভয় আছে। জ্যোতিভয় যদি থাকে, তা হ'লে কিছুতেই স্বীকার করবেন না। কিন্তু জনগণ জানেন যে, কি কর্মযজ্ঞ আরম্ভ হয়েছে। আমরা এই সমস্ত কাজকর্ম আরম্ভ করেছি, এবং এ আশা আমরা রাখি যে, আমরা দেশকে স্বয়ংসম্পূর্ণ করতে পারবো। যাতে আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হতে পারি তার জন্য এই সমস্ত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। যাতে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হতে পারি তার জন্য আজকে কর্মযজ্ঞ আরম্ভ করেছি। এই ব্লক ডেভেলপমেন্ট অফিসার সম্বন্ধে আমি বলব অতীতে কি করেছে না করেছে জানি না, তারা

আজকে দিনরাত খেটে এই কর্মযজ্ঞকে সফল করবার চেষ্টা করছেন। আপনি জানেন প্রতিটি ব্লকে পানীয় জলের জন্য ৩৫টি করে নলকূপ দেবার কথা ছিল। এই হিসাবে আমাদের ১১ হাজার ৪৪৫টি বসার কথা। সেই জন্য ব্লক অফিসারকে নির্দেশ দিয়েছিলাম যে, লোকাল কন্ট্রাক্টরদের দেখুন, অনেক কম দর পাওয়া যাবে। কেননা আমাদের গভর্নমেন্টের রেট হ'লে বেশী বসবে না। সেখানে তার ফলে ৩৫টির জায়গায় কোন ব্লকে ১০০টি, কোথাও ১৫০টি আবার কোথাও ২০০টি পর্যন্ত বসেছে। সেখানে দেখা যাচ্ছে, ঐ ১১ হাজার ৪৪৫টির জায়গায় প্রায় ১৮ হাজার-এর মত বসেছে। অর্থাৎ এই ড্রিংকিং, ওয়াটারের জন্য টিউবওয়েল সিংকিং অ্যান্ড রি-সিংকিং হয়েছে। এ ছাড়া প্রায় ২২ হাজারের মত রিপেয়ার করা হয়েছে। ব্লক ডেভেলপমেন্ট অফিসার এবং আমাদের লোকাল বি ডি সি-র মেম্বার যারা আছেন তারা সকলে মিলে এটা করেছেন। এই বি ডি সি-র এম এল এ হচ্ছেন চেয়ারম্যান, তারাও অংশগ্রহণ করেছেন। আমি কয়েকদিন আগেকার কথা বলছি, আপনারা জানেন, গ্রামের ছোট চাষী, প্রান্তিক চাষী বড় চাষীর কাছে থেকে যে জল কিনছে, সেখানেও আমি হস্তক্ষেপ করেছি। হস্তক্ষেপ ক'রে কি করা হয়েছে? প্রথমে গ্রুপ ক'রে তাদের শ্যালো টিউবওয়েল বসাতে হবে, সেখানে ছোট বড় যেই থাকুক না কেন—এইভাবে তাদের গ্রুপ করতে হবে। এইভাবে কিছু কিছু চাষীদের ছেড়ে দিয়ে গ্রুপ করা হচ্ছে। আমি তখন বলেছিলাম, ডিপ টিউবওয়েল, রিভার লিফ্‌ট যেভাবে বসেছে, সরকার ঠিক তেমনিভাবে শ্যালো টিউবওয়েল বসাবো। এইভাবে আমরা ৩ হাজার ৬০০টি শ্যালো টিউবওয়েল বসিয়েছি। সরকারী রেট কি জানেন? আমাদের সরকারী রেট যেটা বাঁধা আছে সেটা হচ্ছে ৮ পারসেন্ট লেস দিয়ে সাড়ে ৪ টাকা ড্রিলিং-এর জন্য খরচ হয়। আমি সেদিন মুর্শিদাবাদের ব্লক ডেভেলাপমেন্ট অফিসারদের সঙ্গে মিটিং করেছিলাম, আমাদের ইঞ্জিনীয়াররা বললেন, এই কাজ এই মাসের মধ্যে সমাধা করতে পারব না। আমি বললাম, আপনারা ব্লক অফিসার, আপনাদের লোকাল কন্ট্রাক্টর-এর দ্বারা বসাতে পারবেন কিনা দেখুন—আমাদের এই মার্চের মধ্যেই সমাধা করতে হবে, দে এগ্রিড। আমি বললাম, ড্রিলিং করতে কত খরচ পড়বে? তারা বললেন স্যার, আমরা লোন স্কীমে বসাচ্ছি দেড় টাকা থেকে ২ টাকার মত হবে। আমি তখন দেখলাম ৮ পারসেন্ট লেস দিয়ে সাড়ে ৪ টাকা, আর সেখানে আমাদের বি ডি ও আছেন তারা লোকাল কন্ট্রাকটরদের সাথে মিলে তার থেকে কম দরে কাজ করাচ্ছেন। সঙ্গে সঙ্গে আমি সমস্ত ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটদের অর্ডার দিলাম, যতগুলি দেওয়া হয়ে গেছে, গেছে, অন্যান্য যেগুলি কন্ট্রাকটরদের দেওয়া হয় নি, সেগুলি বি ডি ও-র সাথে ডি এম-কে ইনভলভড ক'রে এখুনি লোকাল কন্ট্রাকটরদের দিয়ে বসাতে আরম্ভ করুন। এইভাবে প্রতি ফুটে ২ টাকা থেকে আড়াই টাকা বাঁচানো হয়েছে বসানোর ব্যাপারে। এগুলি কারা করেছে? ব্লক ডেভেলপমেন্ট অফিসাররা দিনরাত্রি খেটে টাইদিন দি টাইম এই কাজ করেছে এবং আমার যিনি ডিপার্টমেন্টের কমিশনার আছেন তিনি সঙ্গে সঙ্গে শোনার পরেই এইভাবে সকলকে নির্দেশ দিয়েছিলেন। সেই জন্য আমি বলছি, আমাদের যদি সততা, আন্তরিকতা থাকে, তা হ'লে সে জিনিস আমরা করতে পারব। আমাদের এই সরকারের সেই জিনিস আছে, নিষ্ঠা আছে, তাই আমরা আজকে মাঠে নেমে চাষীর সঙ্গে যোগাযোগ করছি, বি ডি ও ও অন্যান্য অফিসারদের সঙ্গে ঘুরে বেড়াচ্ছি, তারা সকলেই ভীষণ কাজ করছেন। আমি যদি ফাঁকি দিই, সকলেই ফাঁকি দেবে। সুতরাং উপর যদি ঠিক থাকে উপর যদি ফাঁকি না দেয়, নীচুও ফাঁকি দেবে না। এই কাজে মাননীয় সভ্য যাঁরা আছেন, তাঁরা সকলেই অংশগ্রহণ করেছেন। আমি জানি, এই কাজে মাননীয় সভ্যরা অংশগ্রহণ ক'রে একে সাকসেসফুল করেছেন, বিশেষ ক'রে এগ্রিকালচার ডিপার্টমেন্টের কাজ এবং সি ডি ডিপার্টমেন্টের সমস্ত কাজ হাতে নিয়েছেন। এ ছাড়া সি এস আর ই আছে, অন্যান্য কাজ আছে, যে কাজগুলি আজকে ব্লক ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টের মাধ্যমে হচ্ছে। ব্লক ডেভেলপমেন্টের প্রোগ্রাম ছাড়াও অনেক ডেভেলপমেন্টের কাজ ব্লককে করতে হয়। সুতরাং এর প্রয়োজনীয়তা খুব বেশী এবং এটাই হচ্ছে একমাত্র প্রতিষ্ঠান যে প্রতিষ্ঠানের মাধ্যমে জনগণের সহযোগিতা আমরা পাই। তাই আজকে এই প্রতিষ্ঠানকে কি ক'রে আরো শক্তিশালী করা যায় সেই চিন্তা

আমরা করছি এবং আগামী দিনে আপনারা দেখবেন, একে আরো শক্তিশালী করবো। ভবানী-বাবু সে কথাটা বলেছেন, তার সঙ্গে আমি একমত যে, পঞ্চায়েতরাজ প্রতিষ্ঠা ক'রে ব্লকে গিয়ে জনগণকে এগিয়ে নিয়ে আসতে হবে। দেশকে আমাদের খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করতেই হবে এই ব'লে আমি যে কাট মোসান আনা হয়েছে তার বিরোধিতা ক'রে আমার বক্তব্য শেষ করছি।

জয় হিন্দ্।

[3-40—4-10 p.m.]

Mr. Speaker: I now put to vote cut motion No. 3 of Shri Pradyot Kumar Mahanti.

The motion of Shri Pradyot Kumar Mahanti that the amount of the demand be reduced by Rs. 100, was then put and lost.

Mr. Speaker: I now put to vote cut motion No. 2 of Shri Timir Baran Bhaduri.

The motion of Shri Timir Baran Bhaduri that the amount of the demand be reduced to Re. 1 was then put and a division taken with the following result:—

Noes

Abdul Bari Biswas, Shri.
Abdus Sattar, Shri.
Bandopadhayay, Shri Shib Sankar.
Banerjee, Shri Mrityunjoy.
Basu, Shri Ajit Kumar. (Hoog.)
Bharati, Shri Ananta Kumar.
Bhattacharya, Shri Sakti Kumar.
Bijali, Dr. Bhupen.
Biswas, Shri Ananda Mohan.
Bose, Shri Lakshmi Kanta.
Chatterjee, Shri Tapan.
Chattopadhay, Shri Sukumar.
Chowdhary, Shri Abdul Karim.
Das, Shri Barid Baran.
Das, Shri Rajani.
Deshmukh, Shri Netai.
Dutta, Shri Adya Charan.
Ekramul Haque Biswas, Shri.
Gurung, Shri Nandalall.
Gyan Singh, Shri Sohanpal.
Halder, Shri Harendra Nath.
Halder, Shri Manoranjan.
Hatui, Shri Ganesh.
Hembram, Shri Sital Chandra.
Hemram, Shri Kamala Kanta.
Isore, Shri Sisir Kumar.

Kar, Shri Sunil.
Khan Samsul Alam, Shri.
Kolay, Shri Akshay Kumar.
Lakra, Shri Denis.
Mahato, Shri Sitaram.
Malladeb, Shri Birendra Bijoy.
Mandal, Shri Nrisinha Kumar.
Md. Safiullah, Shri.
Misra, Shri Ahindra.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Mohammad Idris Ali, Shri.
Mohanta, Shri Bijoy Krishna.
Mojumdar, Shri Jyotirmoy.
Mondal, Shri Anil Krishna.
Moslehuddin Ahmed, Shri.
Motahar Hossain, Dr.
Mukherjee, Shri Ananda Gopal.
Mukherjee, Shri Sibdas.
Nurunnesa Sattar, Shrimati.
Paul, Shri Bhawani.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Roy, Shri Ananda Gopal.
Roy, Shri Birendra Nath.
Roy, Shri Debendra Nath.
Roy, Shrimati Ila.
Roy, Shri Madhu Sudan.
Roy, Shri Mrigendra Narayan.
Roy, Shri Santosh Kumar.
Saha, Shri Dwija Pada.
Sajjad Hussain, Shri Haji.
Saraogi, Shri Ramkrishna.
Sarker, Shri Jogesh Chandra.
Sen, Shri Sisir Kumar.
Sen Gupta, Shri Kumar Dipti.
Shaw, Shri Sachi Nandan.
Singha, Shri Lal Bahadur.
Singha, Shri Satyanarayan.
Singha Roy, Shri Probodh Kumar.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Ta, Shri Kashinath.
Topno, Shri Antoni.
Wilson-de Roze, Shri George Albert.

Ayes

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Abstentions

Basu, Shri Ajit Kumar.
Chattopadhay, Shri Gobinda.
Duley, Shri Krishnaprasad.
Ghosal, Shri Satya.
Mahato, Shri Thakurdas.

The Ayes being 3, Noes 71 and the Abstentions 5, the motion was lost.

The motion of Shri Abdus Sattar that a sum of Rs. 10,92,10,000 be granted for expenditure under Grant No. 29, Major Heads: "37—Community Development Projects, National Extension Service and Local Development Works, 109—Capital Outlay on Other Works—Community Development Projects, National Extension Service and Local Development Works, and Loans and Advances under Community Development Projects, National Extension Service and Local Development Works", was then put and agreed to.

(At this stage the House was adjourned for 20 minutes)

[After Adjournment]

DEMAND FOR GRANT No. 13

Major Head: 21—Administration of Justice

Shri Abdus Sattar: On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,72,76,000 be granted for expenditure under Grant No. 13, Major Head: "21—Administration of Justice."

মাননীয় অধ্যক্ষ মহোদয়, প্রথমেই আমি বিচার বিভাগের এক্তিয়ারভুক্ত দুইটি গুরুত্বপূর্ণ আইনের সংশোধনের বিষয়ে উল্লেখ করিতেছি :—

(ক) এই রাজ্যে ওয়াকফ সম্পত্তিসমূহের পরিচালনার জন্য ১৯৩৪ সালের বঙ্গীয় ওয়াকফ আইন চালু আছে। এই আইনটি কার্যক্ষেত্রে প্রয়োগ করিতে যে সমস্ত অসুবিধা ইত্যাদি হইতেছে তাহা দূরীকরণের নিমিত্ত এবং এই রাজ্যে ওয়াকফ সম্পত্তিসমূহের সুষ্ঠু পরিচালনার উদ্দেশ্যে এই বিধানসভার চলতি অধিবেশনে এই আইনের বিশদ সংশোধন করা হইয়াছে।

সংশোধনী আইনের একটি ধারায় ইসলাম ধর্মাবলম্বী গরিব মেধাবী ছাত্রগণকে আর্থিক সাহায্যদানের উদ্দেশ্যে একটি শিক্ষা তহবিল গঠনের ব্যবস্থা করা হইয়াছে এবং এই উদ্দেশ্যে যে সমস্ত ওয়াকফ সম্পত্তির বার্ষিক আয় ৫,০০০ টাকা বা তদূর্ধ্বে সেই সমস্ত সম্পত্তির নীট আয়ের উপর শতকরা ২ টাকা হারে অতিরিক্ত চাঁদা ধার্য করা হইয়াছে।

সমস্ত ওয়াকফ সম্পত্তির চাঁদার সাধারণ হার সমান করা হইয়াছে এবং সম্পত্তিসমূহের পরিচালনার বর্ধিত ব্যয়ভার বহনের উদ্দেশ্যে চাঁদার হার শতকরা বার্ষিক ৬ টাকা করা হইয়াছে। ওয়াকফ তহবিলের বাড়তি অর্থ হইতে মসজিদ নির্মাণ ও মেরামত এবং অন্যান্য উপযুক্ত ক্ষেত্রে অর্থ ব্যয়ের ক্ষমতাও ওয়াকফ পর্ষদকে দেওয়া হইয়াছে।

মাতোয়ালীগণ কর্তৃক ওয়াকফ সম্পত্তিসমূহের বে-আইনী হস্তান্তর রোধ করার উদ্দেশ্যে হস্তান্তর সম্বন্ধে পূর্ব অনুমোদনদানের ক্ষমতা ওয়াকফ কমিশনারের পরিবর্তে ওয়াকফ পর্ষদের হাতে দেওয়া হইয়াছে। পর্ষদের অনুমতি বিনা বে-আইনীভাবে হস্তান্তরিত ওয়াকফ সম্পত্তিসমূহ পুনরুদ্ধারের জন্য পর্ষদকে ক্ষমতা দেওয়া হইয়াছে এবং ইহার জন্য পর্ষদকে

আদালতের শরণাপন্ন হইতে হইবে না। ইহাও ব্যবস্থা করা হইয়াছে যে ইতিপূর্বে বে-আইনী-ভাবে হস্তান্তরিত হইয়াছে এইরূপ কোন ওয়াকফ সম্পত্তি পুনরুদ্ধার সংক্রান্ত মামলা ১৯৪৭ সালের ১৫ই অগাস্টের পূর্বে তামাদি বলিয়া গণ্য না হইয়া থাকিলে তাহা আর তামাদি বলিয়া গ্রাহ্য হইবে না।

ওয়াকফ পর্ষদের গঠনতন্ত্রেও কিছু পরিবর্তন করা হইয়াছে। তালিকাভুক্ত ওয়াকফ-সমূহের মাতোয়ালীগণ কর্তৃক পর্ষদে একজন সদস্য নির্বাচনের ব্যবস্থাটি খুবই সময়সাধ্য এবং ব্যয় সাপেক্ষ হওয়ায় ঐ ব্যবস্থা তুলিয়া দেওয়া হইয়াছে। তাহার পরিবর্তে এখন হইতে রাজ্য সরকার পর্ষদে একজন অতিরিক্ত মাতোয়ালী সদস্য মনোনীত করিবেন। শিয়া সম্প্রদায়ের অন্যতম শাখা দাউদীবোহরা সম্প্রদায় কর্তৃক সৃষ্ট ওয়াকফ সম্পত্তিসমূহকেও এই আইনের আওতায় আনা হইয়াছে এবং ইহাও ব্যবস্থা করা হইয়াছে যে রাজ্য সরকার ওয়াকফ পর্ষদে যে শিয়া সদস্যগণকে নিযুক্ত করেন তাহাদের একজন দাউদীবোহরা সম্প্রদায়ভুক্ত হইবেন।

(খ) মুর্শিদাবাদ ট্রাষ্ট এস্টেট বর্তমানে চরম আর্থিক দুরবস্থার মধ্যে রহিয়াছে। উক্ত এস্টেটের আয় এতই অপ্রতুল যে তাহা হইতে এস্টেটের পরিচালন ব্যয়, ভূমি-রাজস্ব, পৌরকর এবং অন্যান্য দায়-দায়িত্ব বহন করা সম্ভব নয়। ১৯৬৩ সালের মুর্শিদাবাদ এস্টেট (ট্রাস্ট) আইনে এস্টেটের মূল তহবিল হইতে অর্থ লইয়া অথবা স্থাবর সম্পত্তি বিক্রয় করিয়া বকেয়া দায়দায়িত্ব মিটাইবার কোনো ব্যবস্থা নাই। এই অসুবিধা দূরীকরণের উদ্দেশ্যে বিধানসভার চলতি অধিবেশনে সংশ্লিষ্ট আইনটি সংশোধন করা হইয়াছে। ঐ সংশোধনের দ্বারা পশ্চিমবঙ্গের অফিসিয়াল ট্রাস্টীকে রাজ্য সরকারের পূর্ব অনুমতি লইয়া এস্টেটের স্থাবর সম্পত্তি বিক্রয় করিয়া বিক্রয় লব্ধ অর্থদ্বারা এস্টেটের বকেয়া ঋণ এবং অন্যান্য দায়দায়িত্ব মিটাইবার ক্ষমতা দেওয়া হইয়াছে। কিন্তু কোন ঐতিহাসিক বা ধর্মীয় অট্টালিকা এই উদ্দেশ্যে বিক্রয় করা যাইবে না।

আমরা ইতিমধ্যেই প্রাচীন স্থাপত্যসমূহ সংরক্ষণ আইন অনুযায়ী মুর্শিদাবাদস্থিত "হাজারদুয়ারী" প্রাসাদ এবং "ইমামবাড়া" সংরক্ষণের জন্য ভারত সরকারকে অনুরোধ জানাইয়াছি। এই বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হইলে রাজ্যসরকার ১৯৬৩ সালের মুর্শিদাবাদ এস্টেট (ট্রাস্ট) আইন প্রত্যাহারের প্রশ্নটি বিবেচনা করিবেন।

দ্বিতীয়তঃ দরিদ্র ব্যক্তিগণকে বিনা ব্যয়ে মামলা চালাইবার সুযোগ দেওয়া সম্বন্ধে রাজ্য সরকারের একটি পরিকল্পনা চালু রহিয়াছে। দেওয়ানী মামলায় যে সব ক্ষেত্রে আরজি অথবা আপীলের স্মারকলিপি পেশ করার জন্য মাশুল নির্দিষ্ট করা রহিয়াছে সেইসব ক্ষেত্রে আরজি-কারী অথবা আপীলকারী, যাহাদের উক্ত মাশুল দেওয়ার সামর্থ্য নাই, তাহারা এই পরিকল্পনা অনুযায়ী সাহায্য পাইতে পারেন। অন্যান্য দেওয়ানী মামলার ক্ষেত্রে যে সকল ব্যক্তির পরিধেয় বস্ত্রাদি এবং বিচার্য মোকদ্দমার মূল্যমান ব্যতীত অনধিক ২৫০ টাকা মূল্যের সম্পত্তি নাই, তাহারাও এই পরিকল্পনা অনুযায়ী সাহায্য পাইতে পারেন।

[4-10—4-20 p.m.]

ফৌজদারী মামলাসমূহের ক্ষেত্রে যে সমস্ত ব্যক্তি মৃত্যুদণ্ডের যোগ্য অপরাধ অথবা পাঁচ বৎসর বা তাহার অধিককাল কারাবাসের দণ্ডনীয় অপরাধে অভিযুক্ত হইবেন অথবা যাহারা মৃত্যুদণ্ডে অথবা পাঁচ বৎসর বা তাহার অধিক কারাবাসের দণ্ডে দণ্ডিত হইবেন এবং যাঁহাদের আদালতে আত্মপক্ষ সমর্থনের সামর্থ্য নাই, তাঁহারাও এই পরিকল্পনা অনুযায়ী সাহায্য পাইবার অধিকারী হইবেন।

এই পরিকল্পনা অনুযায়ী এই রাজ্যে বসবাসকারী প্রতিরক্ষা বাহিনীর সদস্যবৃন্দ এবং তাঁহাদের পরিবারের সদস্যগণও অনুরূপ সাহায্য পাইতে পারেন এবং তাঁহাদের ক্ষেত্রে আর্থিক সঙ্গতি সংক্রান্ত কোন বিধিনিষেধ প্রযোজ্য নয়।

উক্ত পরিকল্পনা অনুযায়ী কলিকাতাস্থিত আইন সংক্রান্ত সাহায্যদান সংস্থাটি আইনজীবী সমিতির প্রতিনিধিদের লইয়া পুনর্গঠিত হইয়াছে। এই পুনর্গঠিত সংস্থাকে কলিকাতা হাইকোর্টের আদিম এবং আপীল বিভাগে দেওয়ানী ও ফৌজদারী মামলাতে আইন সংক্রান্ত সাহায্যদানের দায়িত্ব দেওয়া হইয়াছে। কলিকাতা নগর দেওয়ানী ও দায়রা আদালতেও উক্ত আদালতের প্রধান বিচারক অথবা তাঁহার মনোনীত কোন বিচারককে সভাপতি করিয়া অনুরূপ আইন সংক্রান্ত সাহায্যদান সংস্থা গঠন করা হইয়াছে। এই সংস্থায় প্রধান বিচারক ও আইন-জীবী উভয়ে তিনজন করিয়া আইনজীবীকে মনোনীত করিয়াছেন।

জেলাসমূহেও অনুরূপ সংস্থা গঠন করা হইয়াছে। প্রত্যেকটি সংস্থায় জেলাজজ অথবা দায়রা বিচারের অধিকারপ্রাপ্ত একজন সাবজজ সভাপতিরূপে রহিয়াছেন। ঐ সংস্থা-গুলিতেও জেলাজজ ও আইনজীবী সমিতি উভয়েই তিনজন করিয়া আইনজীবী সদস্যকে মনোনীত করিয়াছেন। ঐ সংস্থার আওতায় দেওয়ানী ও ফৌজদারী উভয় প্রকারের মামলাই রহিয়াছে। দেওয়ানী মামলা সংক্রান্ত বিষয়ে বিবেচনার সময় সরকারী দেওয়ানী উকিলকে সদস্য হিসাবে সংযোজিত করা হয় এবং ফৌজদারী মামলা সংক্রান্ত বিষয়ে বিবেচনার সময় সরকারী ফৌজদারী উকিলকে সদস্য হিসাবে সংযোজিত করা হয়। কোন ব্যক্তির মোকদ্দমা গ্রহণের উপযুক্ত কিনা এবং তিনি সাহায্য পাইবার উপযুক্ত কিনা তাহা চূড়ান্তভাবে বিবেচনা করিবার জন্য জেলাসমূহে উক্ত সংস্থাগুলির অধীনে একটি করিয়া উপসমিতি গঠন করা হইয়াছে।

সরকার কলিকাতাস্থিত আইন সংক্রান্ত সাহায্যদান সংস্থা এবং জেলাসমূহের অনুরূপ সমিতিগুলিকে মামলা সংক্রান্ত ও অন্যান্য ব্যয় নির্বাহার্থে অর্থ মঞ্জুর করিয়া থাকেন। প্রকৃতপক্ষে, দরিদ্র ব্যক্তিগণকে আইন সংক্রান্ত সাহায্যদানের পরিকল্পনাটি উচিতমত জনপ্রিয়তা লাভ করে নাই। মনে হয় জনসাধারণের মধ্যে উপযুক্ত প্রচারের অভাবেই উহা হয় নাই। ইতিমধ্যে জেলাশাসক এবং জেলাজজদের নিজ নিজ জেলাতে পরিকল্পনাটির বহুল প্রচারের ব্যবস্থা করার জন্য নির্দেশ দেওয়া হইয়াছে। আমি মাননীয় অধ্যক্ষ মহাশয় মারফৎ মাননীয় সদস্যগণকে অনুরোধ করিতেছি যে, তাঁহারা যেন জনসাধারণকে এই পরিকল্পনার বিষয়বস্তু সম্বন্ধে অবহিত করেন।

দরিদ্র জনসাধারণকে আইন সংক্রান্ত ব্যাপারে ব্যাপকতর সাহায্যদানের উদ্দেশ্যে উক্ত পরি-কল্পনাটির পুনর্বিন্যাসের বিষয়টি রাজ্যসরকার চিন্তা করিতেছেন। এই উদ্দেশ্যে আইন সংক্রান্ত সাহায্যদান সংস্থাগুলিতে জনগণের প্রতিনিধিদের অংশগ্রহণ, সাহায্য প্রাপ্তির উপযুক্ততার মান শিথিল করা এবং সাহায্য দানের জন্য সংস্থাগুলিকে অধিকতর অর্থপ্রদানের বিষয়গুলি যথাসময়ে বিবেচনা করা হইবে।

তৃতীয়তঃ মামলাসমূহের নিষ্পত্তিতে বিলম্ব সম্বন্ধে বহুদিনের অভিযোগ রহিয়াছে। বিচারালয়গুলির উপর তদারকির ভার হাইকোর্টের উপর ন্যস্ত রহিয়াছে এবং সেইহেতু আদালতগুলিতে মামলাসমূহের দ্রুত নিষ্পত্তির ব্যাপারে সরকারের প্রত্যক্ষভাবে করিবার কিছুই নাই। সমস্ত অধস্তন আদালতগুলি নির্দিষ্ট সময় অন্তে হাইকোর্টের নিকট বিবেচনার জন্য কার্যবিবরণী পাঠাইয়া থাকেন এবং নিষ্পত্তির সংখ্যা সন্তোষজনক না হইলে হাইকোর্ট উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করিয়া থাকেন। যদি কোন ক্ষেত্রে মামলা জমিয়া যায় তাহা হইলে ঐগুলি দ্রুত নিষ্পত্তির উদ্দেশ্যে হাইকোর্টের সুপারিশমত অতিরিক্ত বিচারকের পদসৃষ্টির প্রস্তাব সরকার সকল সময়ই সুবিবেচনা করিয়া থাকেন। হাইকোর্টের সুপারিশ অনুযায়ী সরকার এ পর্যন্ত বিভিন্ন জেলাতে ১৫টি অতিরিক্ত জেলাজজ, ৪টি অতিরিক্ত সাবজজ এবং ২০টি অতিরিক্ত মুনসেফের পদ সৃষ্টি করিয়াছেন।

চতুর্থতঃ হাইকোর্টসমূহে বকেয়া মামলা সংক্রান্ত সমস্যা সম্বন্ধে বিবেচনা এবং তাহার সমাধানের উপায় নির্ধারণ করিবার উদ্দেশ্যে ভারত সরকার ভারতের ভূতপূর্ব প্রধান বিচারপতি শ্রী জে সি শহকে সভাপতি হিসাবে এবং মাদ্রাজ হাইকোর্টের প্রধান বিচারপতি শ্রী কে ভীরস্বামীকে সদস্য হিসাবে লইয়া একটি কমিটি গঠন করিয়াছিলেন। উক্ত কমিটি ইতিমধ্যেই তাহাদের প্রতিবেদন (রিপোর্ট) পেশ করিয়াছেন।

এই সম্পর্কে ভারত সরকার রাজ্য সরকারকে জানাইয়াছেন যে, উক্ত কমিটির যে সমস্ত সুপারিশে সংবিধি, বিধি অথবা নিয়মাবলী সংশোধনের কথা বলা হইয়াছে সেইগুলি ভারত সরকার বিশদভাবে বিবেচনা করিতেছেন। অবশ্য উক্ত কমিটি সম্পূর্ণরূপে প্রশাসনিক এবং পদ্ধতিগত বিষয়ের উপর কিছু সুপারিশ করিয়াছেন যেগুলি কার্যে পরিণত করিবার দায়িত্ব রাজ্য সরকার অথবা হাইকোর্টকে লইতে হইবে। ভারত সরকার আমাদের জানাইয়াছেন যে, তাঁহারা ভারতের প্রধান বিচারপতিকে অনুরোধ জানাইতেছেন যে, তিনি যেন কমিটির যে সমস্ত সুপারিশ কেবলমাত্র হাইকোর্টগুলি সম্পর্কে প্রযোজ্য সেই সম্বন্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য সমস্ত প্রধান বিচারপতিকে নির্দেশ দেন।

ইহাও সুপারিশ করা হইয়াছে যে, সমস্ত অধস্তন আদালতগুলিকে উপযুক্ত নির্দেশ দিতে হইবে যাহাতে সাধারণতঃ এক সপ্তাহের মধ্যেই প্রত্যয়িত নকল সরবরাহ করা হয়। ভারত সরকার রাজ্য সরকারকে এই সম্পর্কে হাইকোর্টের সহিত পরামর্শ করিয়া প্রয়োজনীয় ব্যবস্থা লওয়ার জন্য অনুরোধ করিয়াছেন। এই বিষয়টি হাইকোর্টের গোচরীভূত করা হইয়াছিল। উত্তরে হাইকোর্ট জানাইয়াছেন যে কোর্টের সিভিল রুলস্ এবং অর্ডারস্-এ ঐ সম্বন্ধে প্রয়োজনীয় নির্দেশ ইতিপূর্বে দেওয়া আছে। হাইকোর্ট আরও জানাইয়াছেন যে, উক্ত নির্দেশাবলী, যথাযথভাবে পালন করিবার জন্য এই রাজ্যের সকল অধস্তন আদালতগুলিকে পুনরায় সতর্ক করিয়া দেওয়া হইয়াছে।

কমিটি ইহাও লক্ষ্য করিয়াছেন, অনেকক্ষেত্রে সংবিধিবদ্ধ বিজ্ঞপ্তি এবং আদেশাবলী ত্রুটিপূর্ণ অথবা অশুদ্ধভাবে প্রণয়ন করার জন্য অনেক রিট্ আবেদন হাইকোর্টসমূহে দাখিল হয় এবং ঐগুলি জমিয়া যায়। এই সম্পর্কে কমিটি প্রস্তাব করিয়াছেন যে, বিজ্ঞপ্তি ও আদেশাবলী যথাযথভাবে প্রণয়নের জন্য যোগ্য ও সুশিক্ষিত খসড়াপ্রণেতা নিয়োগ করা প্রয়োজন। ভারত সরকারের অনুরোধক্রমে আইনসমূহ ও বিজ্ঞপ্তি প্রণয়নের ক্ষেত্রে প্রার্থিত সুফল লাভের জন্য কমিটির প্রস্তাবগুলি সম্বন্ধে রাজ্য সরকার সচেতন থাকিবেন।

কমিটি আরও "জোরালো" মত প্রকাশ করিয়াছেন যে, যে সমস্ত ট্রাইবুন্যাল বা বিভাগীয় প্রধানগণ আধা বিচার বিভাগীয় ক্ষমতার অধিকারী তাঁহারা যেন তাঁহাদের আদেশের মধ্যে উক্ত আদেশের বিস্তৃত কারণগুলি উল্লেখ করেন। কমিটি মনে করেন যে, অনুরূপ বিস্তৃত আদেশের ফলে মামলাগুলির নিষ্পত্তি ত্বরান্বিত হইতে পারে। ভারত সরকার রাজ্য সরকারকে এই বিষয়ে অবহিত হইবার জন্য অনুরোধ জানাইয়াছেন। এই সম্পর্কে রাজ্য সরকার প্রয়োজনীয় নির্দেশও জারী করিয়াছেন।

সংবিধি, বিধি অথবা নিয়মাবলী সংশোধন সংক্রান্ত যে বিষয়গুলি ভারত সরকারের বিবেচনাধীন রহিয়াছে, সেই সম্বন্ধে ভারত সরকার রাজ্য সরকারকে জানাইলে উপযুক্ত ব্যবস্থা লওয়া হইবে।

আমি আরও উল্লেখ করিতে চাই যে, কলিকাতা হাইকোর্টে জমিয়া যাওয়া মামলাগুলির নিষ্পত্তির জন্য হাইকোর্টের বিচারপতির সংখ্যা (বর্তমানে যাঁহাদের সংখ্যা ৩৯) প্রয়োজন মত বৃদ্ধি করিতে হইতে পারে। কিন্তু হাইকোর্ট ভবনে স্থানাভাবের জন্য এখনও উহা সম্ভব নহে। বর্তমানে নির্মীয়মাণ হাইকোর্ট ভবন সংলগ্ন নূতন ভবনটির নির্মাণকার্য আগামী বৎসরের প্রথম দিকে সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা হইতেছে এবং তখন হাইকোর্টের বিচারপতি সংখ্যা বৃদ্ধির প্রস্তাবটি বিবেচনা করা সম্ভব হইবে।

পঞ্চমতঃ, ২৪-পরগনা ব্যতীত এই রাজ্যের সকল জেলায় প্রশাসন হইতে বিচার বিভাগকে পৃথক করা হইয়াছে। ২৪-পরগনায় এই পৃথকিকরণের ব্যবস্থা চালু করার প্রস্তাব বর্তমানে রাজ্য সরকারের বিবেচনাধীন রহিয়াছে। বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট এবং বিচার বিভাগীয় মহকুমা ম্যাজিস্ট্রেট হিসাবে নিয়োগের জন্য উপযুক্ত সংখ্যক লোক পাওয়া যাইলে এবং তাঁহাদের জন্য আদালত কক্ষ এবং খাসকামরার ব্যবস্থা হইলেই ২৪-পরগনায় উক্ত পৃথকীকরণ ব্যবস্থা চালু করা হইবে।

এই প্রসঙ্গে আমি জানাইতে চাই যে, বিভিন্ন জেলায় পৃথকীকরণ ব্যবস্থা চালু করার ফলে বহু সংখ্যক মুনসেফ ও সাবজজকে বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট ও বিচার বিভাগীয় মহকুমা ম্যাজিস্ট্রেট হিসাবে নিয়োগ করিতে হইয়াছে এবং তাহার ফলে বিচারকগণের সংখ্যায় ঘাটতি দেখা দিয়াছে। এই ঘাটতি মিটাইবার জন্য সরকার অতিরিক্ত লোক নিয়োগের ব্যবস্থা করিয়াছেন। চলতি আর্থিক বৎসরে ৩০ জন মুনসেফ নিযুক্ত হইয়াছেন এবং আরও ১৪ জন মুনসেফ নিযুক্ত করার জন্য উপযুক্ত ব্যবস্থা লওয়া হইয়াছে। আগামী আর্থিক বৎসরেও ১৪ জন মুনসেফ নিয়োগের জন্য সিদ্ধান্ত লওয়া হইয়াছে। উক্ত সংখ্যা বৃদ্ধির প্রশ্নটি বর্তমানে সরকারের বিবেচনাধীন রহিয়াছে।

পরিশেষে আমি জানাতে চাই যে, যদিও কালক্রমে বিচার সংক্রান্ত প্রশাসন পরিচালনার ব্যয়-ভার বহুলাংশে বৃদ্ধি পাইয়াছে তথাপি যাহাতে মামলাকারী জনসাধারণের কষ্ট না হয় সেই উদ্দেশ্যে বর্ধিত ব্যয়ভার বহনের জন্য কোর্টফির হার এ পর্যন্ত বৃদ্ধি করা হয় নাই।

মহাশয়, এই বক্তব্য নিবেদন করিয়া আমি আমার প্রস্তাব সভার অনুমোদনের নিমিত্ত পেশ করিতেছি।

Mr. Speaker: There is only one cut motion to this Grant. It is in order and taken as moved. I now call upon Shri Timir Baran Bhaduri.

Shri Timir Baran Bhaduri: Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রান্ট নং, ১৩-এ যে ব্যয়বরাদ্দের হিসাব বিচার বিভাগের মন্ত্রী আমাদের সামনে রেখেছেন তাতে আমরা এই বিচার বিভাগকে একটা প্রহসন ছাড়া আর কিছু বলতে পারি না। এই বিচার বিভাগ আজকে একটা প্রহসনের জায়গা হয়ে দাঁড়িয়েছে আমাদের দেশে। যারা বিচার বিভাগ সম্পর্কে হিসাব আজকে এই সভায় রাখলেন, তাদের বিচারটা কে করবে, এটা আজকে পরিষ্কার হওয়া উচিত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, পশ্চিমবাংলার হাজার হাজার ছেলেকে আজ পর্যন্ত কারাগারে বন্দী হয়ে থাকতে হচ্ছে। হাজার হাজার ছেলেকে যাতে গণতান্ত্রিক অধিকারের দাবি না করতে পারে তার জন্য মিসায় আটক করা হচ্ছে। আজকে বিচার বিভাগ একটা প্রহসনের জায়গায় এসে দাঁড়িয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গণতান্ত্রিক রাষ্ট্র তাকে বলে যেখানে বিচার বিভাগ প্রশাসনকে, আইনকে ঠিকভাবে গণতান্ত্রিক রীতিনীতিতে ঠিক করে, তাকে বলে গণতান্ত্রিক রাষ্ট্র। যারা গণতন্ত্রের কথা অনবরত বলেন, যারা গণতন্ত্রে বিশ্বাস করেন, তাদের সেই বিচার বিভাগের বিষয়ে আপনি আমার চেয়ে বেশী জানেন, কারণ আপনি অভিজ্ঞ লোক। আপনি জানেন, এই সাধারণ মানুষ গরিব মানুষ তারা কোন কেস নিয়ে এই বিচার বিভাগে গেলে তারা বিচারের সাহায্য পায় না।

[4-20—4-30 p.m.]

আজ নিম্ন আদালত থেকে উচ্চ আদালত পর্যন্ত দেখবেন সেখানে গরিব মানুষের কোন স্থান নেই। সেখানে উকিলবাবু, জজবাবু এবং কোর্ট ফি দিতেই তাদের প্রায় সব শেষ হয়ে যায়। এই মন্ত্রিসভায় অনেক বেরিস্টার সাহেব তাঁরা কি একটাও গরিব মানুষের হয়ে মামলা করেছেন, বিনা ফি-তে মামলা করেছেন? সুতরাং সেই হিসবে তাঁরা নিজেদের স্বার্থসিদ্ধির জন্য তাঁরা সাধারণ মানুষকে ভাঁওতা দিচ্ছেন। তাঁরা একদিকে বলছেন, জমিদারী প্রথা উচ্ছেদ করে হাজার হাজার লোককে জমি দেব, গরিব বর্গাদারদের জমি দিচ্ছি, অন্য দিকে আবার বলছেন, হাইকোর্ট আমাদের উপর রায় দিয়ে দিয়েছেন বা হাইকোর্টে মামলা থাকার জন্য আমাদের ইচ্ছা থাকলেও আমরা জমি নিতে পারছি না। আমরা দেখতে পাই ভূমিসংস্কারের যেসমস্ত নীতি গ্রহণ করা হয়েছে তার বিরুদ্ধে ১৭/১৮ হাজার মামলা হাইকোর্টে আছে। সুতরাং এর ফলে গ্রামাঞ্চলে যারা কায়েমী স্বার্থ আছে তাদের স্বার্থই রক্ষিত হচ্ছে? সেজন্য আমি এই বিষয় বরাদ্দের বিরোধিতা করছি। আপনারা বলছেন, বর্গাদারদের রেকর্ড করার সুযোগ দিয়েছেন। আবার দেখছি এদের বিরুদ্ধে জোতদাররা কোর্টে মামলা রুজু করেছে।

এর ফলে উকিলবাবুরা ১৬/৩২ টাকা ফি নিচ্ছেন, কোর্ট ফি নিচ্ছে এবং সব জায়গায় ঘুষের একটা রাজত্ব চলছে। একটা রেকর্ড বার করতে গেলে কমপক্ষে ৫ টাকা ঘুষ দিতে হয়। আপনি জানেন ভগবানের কাছে সিন্নি মানত করলে, পাঁঠা মানত করলে ছেলে পাশ করে, ছেলে-মেয়ের বিয়ে হয়। কিন্তু আজ এসব উঠে গিয়ে বিচার বিভাগীয় যাঁরা কর্তা আছেন তাঁরা অল্পে সন্তুষ্ট হন না তাঁদের ৫০।১০০ টাকা দিলে তবেই মামলা ওঠে, না হ'লে ঠাকুরদার মামলা নাতিও খুঁজে পায় না। সুতরাং এই বিভাগের ব্যয়বরাদ্দে জনসাধারণের উপকার না হয়ে এতে উপকার হবে আমলাদের কায়েম স্বার্থবাদীদের, জোতদার জমিদারদের। যদি জানতাম যে, এই বিভাগের দ্বারা হাজার হাজার গরিব মানুষ, মেহনতী মানুষ তাদের গণতান্ত্রিক অধিকার পেতেন, তা হ'লে আমরা এটা সমর্থন করতাম। কিন্তু আজই এই রাজভবনের পাশে গনতান্ত্রিক অধিকার রক্ষা সমিতি থেকে হাজার হাজার যুবক যারা জেলে বন্দী আছে কিন্তু কি কারণে বন্দী আছে আজও পর্যন্ত কোর্টের সামনে তাদের নিয়ে আসা হ'ল না—মা, বোনেরা ধর্ণা দিচ্ছেন। ১২ই ফেব্রুয়ারি মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করায় তিনি তাদের বলেছিলেন যথাবিহিত ব্যবস্থা করব। কিন্তু আজ পর্যন্ত কোন উত্তর না পেয়ে আজ তাঁরা এসেছেন এবং মুখ্যমন্ত্রীর সঙ্গে তাঁরা দেখা করতে চান। সেই সমস্ত মা-বোনেরা আমার কাছে তাঁদের দুঃখের কথা সমস্ত বললেন। তাঁরা বললেন, এটা কি একটা সভ্য সরকার? আমাদের ছেলে কি কারণে বন্দী আছে তা আমরা জানলাম না। সেখানে তাদের নিষ্ঠুরভাবে রাখা হয়েছে, পুলিসের অত্যাচার হচ্ছে। জেল কোড-এ নাকি আছে যেসমস্ত ফুড দেওয়া হবে তা সমস্ত মেডিকেল, অফিসারের মাধ্যমে পরীক্ষা ক'রে দেওয়া হবে। কিন্তু এসব পালন করা হয় না এবং সেই জেলের যাঁরা ডাক্তার আছেন, মেডিক্যাল ম্যান আছেন তাঁরা কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও তার কোন সদুত্তর পান নি। কোন জায়গায় একটা বিচার হয়েছে? বিচারের নামে প্রহসন হচ্ছে, বিচারের নামে জুয়াখেলা হচ্ছে। বিচারক যাঁরা থাকেন তাঁরা জানেন আমার উন্নতি নির্ভর করছে সরকার পক্ষ যেদিকে থাকবে সেই দিকে আমার রায় দিতে হবে, সেই দিকে আমার রায় ঠিকমত দিলে আমার প্রোমোসান হবে, আমি নিচে থেকে উপরে উঠে যেতে পারব। এই হচ্ছে বিচার পদ্ধতি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বিশেষ ক'রে জানেন, আমি সারা পশ্চিম-বঙ্গের কথা বলছি না, নিউ আলীপুর প্রেসিডেন্সি কোর্টে ফার্স্ট মুনসেফ কোর্টে এখন পর্যন্ত অনেক হাকিম পাওয়া যাচ্ছে না, এজন্য সেখানে প্রচুর মামলা আটকে আছে। এই হচ্ছে এঁদের রীতিনীতি। এঁরা বলেন, আমরা গরিবদের উপকার করব, ভাগীদারদের উপকার করব। কিন্তু কোথায়? একটা জায়গার হিসাব নিয়ে দেখাতে পারেন, ভাগীদারদের হয়ে জোতদারদের বিরুদ্ধে মামলা পরিচালনা করতে পেরেছেন? শুধু দু-একটা একজাম্পল সেট ক'রে সাধারণ মানুষের কাছে ঐ একজাম্পল ক্রিয়েট করে ভাঁওতা ধাপ্পা দিলে চলবে না আজকে আলীপুরে কোর্টে গিয়ে অনুসন্ধান করলে কত গরিব মানুষের দুর্দশার কাহিনী শুনতে পাওয়া যাবে। আজকে রন্ধ্রে রন্ধ্রে দুর্নীতি ছেয়ে গেছে, প্রত্যেকটি কোর্টে ঘুষের রাজত্ব চলেছে। আমি এই বাজেটের তীব্র বিরোধিতা করছি। যদি জানতাম আইন প্রয়োগ ক'রে সাধারণ মানুষের মৌলিক অধিকার প্রতিষ্ঠিত হবে, তাদের গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠিত হবে, তা হ'লে নিশ্চয়ই আমি এই বাজেটকে সমর্থন জানাতাম। কিন্তু তা হয় নি। ঔরংগজেবের সময়ে কাজীর বিচারের মত বিচারের প্রহসন চলছে সর্বত্র। এঁরা ধনতান্ত্রিক কাঠামোকে বজায় রাখবার জন্য আইনের জুয়াখেলা ছাড়া আর কিছু করতে পারেন নি। এই কথা ব'লে এই বাজেটের তীব্র বিরোধিতা ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি এবং আমার কাট মোশান মুভ করছি।

শ্রীকৃষ্ণপ্রসাদ দুলে: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আজকে বিচার বিভাগের ব্যয়বরাদ্দ সম্বন্ধে বলতে গিয়ে প্রথমে একটা কথা বলতে চাই যে, আজকে বহু মা-বোনেরা রাজ্যপাল ভবনের গেটের সামনে এসে ধর্না দিয়ে আছেন, তাঁদের এদিকে আসতে দেওয়া হয় নি। তাঁদের যে সমস্ত ছেলেমেয়েরা নকসাল ব'লে গ্রেপ্তার হয়েছে, তাদের উপর অমানুষিক অত্যাচার করা হয়েছে এবং সে সম্বন্ধে তাঁরা এখানে আবেদন করতে আসতে চাইছেন, কিন্তু তাঁদের আটকে রাখা হয়েছে। আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে সেইসমস্ত বন্দীদের যাতে রাজবন্দী রূপে

দেখা হয়, মানুষের মত তাঁদের প্রতি যাতে ব্যবহার করা হয় এই অনুরোধ রেখে বিচার বিভাগ সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যে বিষয় সম্পর্কে আলোচনা হচ্ছে এই সম্পর্কে আমাদের দেশের প্রত্যেকটি মানুষের মনে একটা উচ্চ ধারণা আছে। একটা কথা আছে বিচার তখনই হয় যখন দণ্ডিতের সাথে কাঁদে দণ্ডদাতা। কিন্তু স্যার, একটা কথা যার মধ্যে লুকিয়ে আছে সেই উচ্চ ধারণা, আমরা অনেক ক্ষেত্রে দেখতে পাই সেই দন্ডিতের এবং দন্ডদাতার মধ্যে যে সম্পর্ক সেটা থাকে না। তার কারণ হিসাবে আমরা দেখতে পাই, বিচারকদের দৃষ্টিভঙ্গি এবং যে সমস্ত রিপোর্টের প্রতিবেদন পেশ করা হয় তা বিকৃত এবং বিভ্রান্ত রূপে আসে, তার ফলে দন্ডিত এবং দন্ডদাতার মধ্যে কোন সম্পর্ক থাকে না এবং অনেক ক্ষেত্রে এই সমস্ত বিষয়ের উপর নির্ভর করতে গিয়ে বিকৃত বিচার হয়, ফলে লঘু পাপে গুরু দণ্ড হয় এবং গুরু পাপে লঘু দণ্ড হয়। সেজন্য তথ্য সরবরাহ এবং বিচারকের দৃষ্টিভঙ্গি এই দুটো জিনিস খুব গুরুত্বপূর্ণ। তা ছাড়া আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব, এই দিকে দৃষ্টি দেবার জন্য যে অনেক ক্ষেত্রে আমরা

[4-30—4-40 p.m.]

দেখতে পাই বিচার দীর্ঘদিন ধ'রে বিলম্বিত হয়। এখন বিলম্বিত হওয়ার পরে দেখা যায় যে, বদনার নল বদল হতে হতে তার রূপ এবং বাস্তব অবস্থাও বদলাতে থাকে এবং অনেক তথ্য এবং আইনকেও স্যার প্রভাবিত করতে থাকে এবং সাক্ষীরাও অনেক ক্ষেত্রে আইনজীবীদের দ্বারা অন্য পথে পরিচালিত হতে থাকে। কাজেই তখন বিচার হ'লে সুষ্ঠু বিচার যা হত তা না হয়ে অন্য রকম হয়। সেজন্য আমি বলছি যাতে বিচার ব্যবস্থা বিলম্বিত না হয় তার জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

তারপর যে সমস্ত মামলাগুলি জেলা স্তর থেকে আপীলের জন্য হাইকোর্টে আসে, আমাদের দেশের নিরক্ষর মানুষের ক্ষেত্রে দেখা গিয়েছে এবং তাতে এত জটিলতা এবং আইনের প্যারাফার্নেলিয়া তার ফাঁক খুঁজে দোষী ব্যক্তিরা বেরিয়ে আসে। তারপরে আমরা দেখি দীর্ঘদিন ধ'রে একটা রিপোর্ট ডিপার্টমেন্টের কাছে থাকে কিংবা অফিসারের কাছে দীর্ঘদিন ধ'রে আটকে প'ড়ে থাকে। যেটা যে সময় বের হওয়া উচিত ছিল, সেই সময় অতিক্রান্ত হয়ে যাওয়ার ফলে যখন বের হয়, তাকে অন্যরূপে দেখা যায়। কাজেই এই বিলম্বের দিক থেকে যে প্রতিক্রিয়া ঘটে তা অত্যন্ত কষ্টকর এবং তার জন্য জনসাধারণকে বিরাট হয়রানি ভোগ করতে হয়। এই দিকে মাননীয় মন্ত্রিমহাশয়ের বিশেষ দৃষ্টি আমি আকর্ষণ করছি।

তারপর আমি আর একটা কথা বলতে চাই, সরকার দৃষ্টিভঙ্গির কথা বলেছেন। আমি বলব, দৃষ্টিভঙ্গি বদলাতে হবে এবং সরকারের পক্ষ থেকে যাতে নূতন ক'রে চিন্তা করা হয়, তার জন্য অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত: মাননীয় উপাধ্যক্ষ মহাশয় মাননীয় বিচারমন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি এখানে উপস্থাপিত করেছেন তাকে আমি সমর্থন জানাই। সমর্থন জানাতে গিয়ে সর্বপ্রথম আমার মনে হচ্ছে তিমিরবাবু যে উক্তি এখানে করেছেন, সেই উক্তি হ'ল যে, আমাদের দেশের বিচার ব্যবস্থা নাকি প্রহসন। আমি তাঁকে জিজ্ঞাসা করতে চাই যে, আমাদের বিচার ব্যবস্থার দুটো ভাগ আছে, একটা হ'ল—অ্যাডমিনিস্ট্রেটিভ জাস্টিস, আর একটা হ'ল জুডিশিয়েল জাস্টিস। আমি মাননীয় তিমিরবাবুকে জিজ্ঞাসা করতে চাই, তিমিরবাবু সেদিন কোথায় ছিলেন যেদিন ১৯৬৭ সাল থেকে ১৯৬৯ সাল পর্যন্ত শ্মশান শৃগালের দল সমস্ত পশ্চিমবাংলাকে আগুনে পুড়িয়ে ছারখার ক'রে দেবার জন্য প্রস্তুত হয়েছিল। আমি আর এস পি দলের নেতা মিঃ বেস্টারউইচকে জিজ্ঞাসা করতে চাই, সেদিন কোথায় ছিলেন সেদিন আপনাদের কর্মীকে সি পি এম-রা হত্যা করেছিল, সেদিন কোথায় ছিলেন স্কুলের হেডমাস্টারকে হত্যা করেছিল? আজকে বিচারব্যবস্থা প্রতিষ্ঠিত হয়েছে তাই আমরা ২১৬ জন আর আপনারা তিনজন। আর তাই ইতিহাস আপনাদের ডাস্টবিনে এবং সি পি এম জ্যোতি বসুর দলকে ডাস্টবিনে নিক্ষেপ করেছে। আজকে আপনারা জনগণের বিচার পেয়েছেন। আজকের দিনে আমার মনে পড়ে সেদিন পুলিস নিষ্ক্রিয় ছিল, সেদিন অ্যাডমিনিস্ট্রেশন বা কোন বিচার ব্যবস্থা ছিল না। সেদিন লাঞ্ছিত পদদলিত মানুষ কোন দিন আশ্রয় পায় নি। সেই সময়

আমরা দেখেছি তরুণ দত্ত, আই এ এস, সেদিন আমরা দেখেছি মুস্তাক মুর্শেদ, আই এ এস-কে, আমরা দেখেছি সুবোধ দত্তকে, আমরা দেখেছি বি বি মন্ডলকে, এবং আরও অনেক অফিসারকে। সেদিন আমরা দেখেছি তারা জ্যোতি বোসের পদতলে বডি থ্রো ক'রে দিয়ে বলেছিলঃ

'এলোমেলো করে দে মা
লুটেফুটে খাই
আখের গুছাই'

তারা জ্যোতিবাবুর চেয়ারের পদতলে বসে বলেছিলঃ

আগে কে বা প্রাণ করিবে দান
পড়ে গেল সারাসারি।

এটাই কি বিচার?

মিঃ বেস্টারউইচ, মিঃ তিমির ভাদুড়ী, এটা কি বিচার? এটা বিচারের চেয়ে তারা অবিচারই করেছিলেন। তাব জন্য কন্ঠ আপনাদের স্তব্ধ হয়ে গিয়েছে। আজকে সেই দুর্দিনে যদি কোন কোন জায়গায় মানুষ বিচার পেয়ে থাকে, কোন নিষ্ঠা এবং সততা পেয়ে থাকে যদি কোন জায়গায় কোন নির্ভীকতা পেয়ে থাকে, তা হলে সেটা জুডিশিয়েল অফিসার করেছেন নিজের জীবন বিপন্ন করে, নিজের পুত্রপরিবারের জীবন বিপন্ন করে এবং সেইভাবেই সুবিচার করে গিয়েছেন। অ্যাডভোকেট জেনারেল অজিত দত্ত মহাশয় রুলিং দিয়েছিলেন, না ঘেরাও অন্যায়। আপনারা তো সেদিন গভর্নমেন্টে ছিলেন, আপনারা তো আইন করলেন না যে, ঘেরাও অন্যায়। জ্যোতি-বাবুর দল বললেন, আগে বাড়, ঘেরাও চলছে, চলবে। সেদিন ক্যালকাটা প্রেসিডেন্সী ম্যাজিস্ট্রেট বলেছিলেন মহামান্য হাইকোর্ট বলেছিলেন, ঘেরাও চলতে দেব না। সেদিন তো আপনারা বিড়লার এক গাছা চুলও ছিড়েন নি, চন্দ্রানিয়ার চলডলে কোটের একটা বোতামও ছিড়েন নি। মধ্যবিত্ত পরিবারের ইঞ্জিনীয়ারকে ঘেরাও করে রেখে পশ্চিমবাংলার মানুষকে বুঝিয়ে দিয়েছেন, আপনারা বড়লোকের বিরুদ্ধে নন। সেদিন যে জুডিশিয়েল ম্যাজিস্ট্রেট ছিলেন, যে প্রেসিডেন্সী ম্যাজিস্ট্রেট ছিলেন, তাঁদের হুকুম দিয়েছিলেন যে, কমরেডদের মামলা উঠিয়ে নাও। ম্যাজিস্ট্রেট যিনি ছিলেন, সামান্য হলেও বলেছিলেন, ইট শক্‌স দি কনসেন্স অব দি কোর্ট, আমরা মামলা তুলতে দেব না। আপনারা সেদিন সাঁইবাড়ির ঘটনা ঘটালেন, ঘটিয়ে দিয়ে বললেন, আকাশ পাতাল উথাল করে দিয়ে বললেন জামিন চাই, কিন্তু সেদিন সেই নির্ভীক ম্যাজিস্টেটরা জামিন দিলেন না। কৃষ্ণনগরে আপনাদের ১২ জনের যাবজ্জীবন জেল হয়ে গেল, এটাই হল নির্ভীকতার প্রমাণ। আজকে যে সিক্ ইন্ডাস্ট্রি খুলেছে, এর পেছনে রয়েছে বিচারকদের হাত। সেদিন যদি ঘেরাওয়ের শর্তগুলো না থাকতো, তা হলে কলকাতায় ইন্ডাস্ট্রি বলে কিছু দেখতে পেতেন না। যেদিন পশ্চিমবঙ্গের ইতিহাস রচিত হবে, সেদিন প্রহসন হিসাবে মানুষ হিসাবে মানবিকতা-বোধ হিসাবে মানুষগুলির নাম স্বর্ণাক্ষরে লিখিত থাকবে ইতিহাসে। এটা জেনে রাখুন মিঃ বেস্টারউইচ।

আজকের দিনে মাননীয় সাত্তার সাহেব, আপনি যশের সর্বোচ্চ শিখরে অধিষ্ঠিত রয়েছেন, মন্ত্রিত্ব আপনার হঠাৎ কুড়িয়ে পাওয়া ধন নয়, ইট ইজ এ ফেদার ইন ইয়োর ক্যাপ. আজকে আপনি লব্ধ প্রতিষ্ঠ আইনজ্ঞ হিসাবে, পশ্চিমবাংলায় প্রতিষ্ঠিত, আপনি গ্রামবাংলার মানুষের অন্তরের অন্তরাত্মা, আপনি তাদের প্রাণের চেয়েও অধিকতর প্রিয়। আপনি আজ থেকে ২২ বছর আগে ইউনির্ভাসিটি থেকে যখন কোর্ট-প্রাঙ্গণে প্রবেশ করেন সেদিনের কথা একটু স্মরণ করবেন। একবার স্মরণ করবেন সেদিন যখন কোর্টে যান আপনার একটু ভাবনা হয়েছিল একজন জুনিয়ার উকিল হিসাবে। জুনিয়ার উকিলের দুর্দশা দেখে একথা চিন্ত করতে হয়েছিল য এই ব্যবসায়ে প্রবেশ করলাম জানি না এর ভবিষ্যত কি? আমি সেখানে জুনিয়ার ল-ইয়ারদের পক্ষ থেকে আপনাকে তাদের দুর্দশার কথা স্মরণ করিয়ে দিচ্ছি। প্রতিষ্ঠা আপনার এসেছিল অতি সহজেই অতি অল্প সময়েই সকলের ভাগ্যে কিন্তু সকল জিনিস হয় না যেটা

আপনার ভাগ্যে ঘটেছিল। আজকে আপনার কাছে সাজেশন রাখতে চাই হাউসের পক্ষ থেকে আমি বিশ্বাস করি, এ বিষয়ে সবাই একমত হবেন। প্রতিটি সাবডিভিশনে এবং ডিস্ট্রিক্টে আমরা দেখেছি ৪ জন করে কোর্ট সাব-ইন্সপেক্টার আছেন যাদের মাইনে হচ্ছে এভারেজে ৫০০ টাকা। সেই ৪ জন কোর্ট সাব-ইন্সপেক্টারকে যদি পুলিস ডিপার্টমেন্টে পাঠিয়ে দেন তা হলে আমি মনে করি পুলিশের কাজ ভাল হবে। এই চার জনের জায়গায় যদি ৪টি করে জুনিয়ার ল-ইয়ার নিয়োগ করেন অল্প মাইনেয়, আমি ৫০০ টাকায় বলি না, সরকারের কিছু বাঁচিয়ে দিচ্ছি, ৩৫০ টাকা যদি মাইনে দেন, তাহলে পশ্চিমবাংলার সত্যিকারের যে বেকার জুনিয়ার ল-ইয়াররা আছেন, যারা স্বীকৃতি পাচ্ছেন না, স্বীকৃতির মাধ্যমে অনারেবল সাত্তার সাহেব আপনি পশ্চিমবাংলার বেকার সমস্যার সমাধানে এগিয়ে যাবেন এবং তাতে পশ্চিমবঙ্গে এই সরকারের ইমেজ অনেকগুণ বর্ধিত হবে।

[4-40—4-50 p.m.]

এর পরে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে এই কথাই বলবো যে, আজকে বর্গাদারদের জন্য আমরা চোখের জল ফেলছি, এই চোখের জল অ্যাসেম্বলীতে আমরা বহুদিন থেকে দেখছি। আমার মনে হচ্ছে যাকে বলে কুম্ভীরাশ্রু। তার কারণ বর্গাদারদের জন্য আমরা আজ পর্যন্ত কোন রকম লিগ্যাল এডের ব্যবস্থা করি নি। যাদের পরণে কাপড় নেই, পেটে খাবার নাই, যাদের বড়লোকদের বিরুদ্ধে দাঁড়াবার শক্তি নাই—এমন যেসব গরিব মানুষ বর্গাদার-তাদের জন্য মন্ত্রিমহাশয় তাঁর ভাষণে লিগ্যাল এডের কথা বলেছেন। সে লিগ্যাল এড যত তাড়াতাড়ি সম্ভব আপনি এফেক্টিভ করুন। আমি দিল্লীতে গিয়েছি, আমি সেখান থেকে শুনে এসেছি প্রচুর টাকা সেন্টার থেকে দেওয়া হবে এই লিগ্যাল এডের জন্য। আপনি পশ্চিমবঙ্গের গরিব মানুষের পক্ষ থেকে ইন্দিরা সরকারের কাছে দাবি করুন এই লিগ্যাল এডের জন্য। আমি মনে করি এমন কোন শক্তি নাই যে আপনার সে দাবি উপেক্ষিত হতে পারে। বর্গাদার ও গরিব মানুষের জন্য এই লিগ্যাল এড প্রয়োজন। সেদিকে আপনি একটু দৃষ্টি দেবেন।

কথায় আছে জাস্টিস ডিলেড ইজ জাস্টিস ডিনাইড। আজও সাঁইবাড়ি হত্যাকাণ্ডের মামলা কোর্টে উঠলো না। ধন্য আমলাতন্ত্র। আপনাদের বিভূতি দেখিয়ে রাখছেন। যে মা দুটি দেশপ্রেমিক সন্তান হারিয়েছেন, আজও যার সন্তানের ব্যাথায় চোখের জল ঝরছে। তিনি যে বিচার চাচ্ছেন, সে বিচার হচ্ছে, একজন পিতাকে, মাতাকে, পত্নীকে কন্যাকে সন্তানকে ভরণপোষণ করতে হয়, যে দৃশ্য আমাদের চোখে পড়ছে—এমন অনেক পিতা আছেন, এমন অনেক মাতা আছেন যাদেরকে সন্তানরা দেখছেন না। সুতরাং ক্রিমিন্যাল প্রসিডিওর কোডের ৪৪০ ধারার অ্যামেণ্ডমেন্ট করা উচিত। ৪৪৮ ধারায় দেখছি আজকে বড়ই দুঃখের কথা, এই পশ্চিমবঙ্গে এমন অনেক পিতা আছেন, এমন অনেক মাতা আছেন, তাঁদের উপযুক্ত সন্তান পুত্রকন্যা তাদের সম্পত্তি পাবেন—যে ৪৪৮ ধারায় একথা বলে দেওয়া হয়—সন অর ডটার হ্যাভিং মিনস - তাদের উপর এই সমস্ত অক্ষম অপারগ মাতা এবং পিতা রয়েছে, তাদের জন্য একটা মাসোহারা দেবার ব্যবস্থা করতে হবে, যেমন ৪৪৮ ধারায় রয়েছে। আপনি সাত্তার সাহেব, আপনি আপনার পিতামাতার আশীর্বাদ পেয়েছেন, পুণ্য পেয়েছেন, আপনি পশ্চিমবাংলার অসহায় পিতামাতার আশীর্বাদ কুড়োবার ব্যবস্থার চেষ্টা করবেন। ক্রিমিন্যাল প্রসিডিওর কোড অব সোভিয়েট রাশিয়া—তার আর্টিকল ৯৮ তাতে আমরা একটা জিনিস দেখতে পাচ্ছি, সেই আইন একটা ডাইনামিক জিনিস গতিশীল জিনিস—সেখানে দেখতে পাচ্ছি—

According to Article 98 of the Criminal Procedure Code of Soviet Russia, in the event a person detained in custody has any minor children who are left without supervision, it is the duty of the organ of inquiry, the investigator, the procurator or the court to place them in the care of relatives or other persons or establishments.

সেখানে আসামীর হয়তো জেল হয়ে যায় কিংবা হাজতে থাকে, সেখানে সোভিয়েট রাশিয়ায় সেই সমস্ত লোক অনাথ বা অক্ষম তাদেরকে কেউ প্রতিপালনের লোক নাই তার জন্য স্টেট থেকে উপযুক্ত ব্যবস্থা করা হয়, শিক্ষা দীক্ষা, দুটি খেতে দেওয়া ইত্যাদি। আমি আশা করি

আমাদের প্রগতিশীল সরকার যা পশ্চিমবঙ্গে প্রতিষ্ঠিত হয়েছে। আমাদের পক্ষে এই আইনের প্রচলন মোটামুটি করা কঠিন নয়। আমাদের দেশে অ্যাডমিনিস্ট্রেশন অব জাস্টিস বলে কিছু নাই। আজকে তিমির ঘোষের টেগোর ল থেকে দেখতে পাচ্ছি, সেখানে অ্যাডমিনিস্ট্রেসন অব জাস্টিস--অমবুডসম্যান জাতীয় জিনিষ যেটা নেদারল্যান্ডে রয়েছে, ফ্রান্সে রয়েছে, আমেরিকায় রয়েছে—অ্যাডমিনিস্ট্রেটিভ কোর্ট ইন অ্যামেরিকা—কোন অপরাধ করলে, কারো কোন ডিমোশন হলে বা ট্রান্সফার হলে সে অ্যাডমিনিস্ট্রেটিভ কোর্টে যাবে। আজকে হাইকোর্টের উপর চাপ হয়েছে। একজন সাধারণ লোক সরকারী আদেশের জন্য ক্ষতিগ্রস্থ হলে সেখানে অ্যাডমিনিস্ট্রেটিভ কোর্টের কাছে যাবো, হাইকোর্টের কাছে যাবে না। আজকে হাইকোর্টে যে চাপ এসেছে সেখানে জজ বাড়িয়ে মামলা-মোকদ্দমা তাড়াতাড়ি করা সম্ভব নয়। এর জন্য অ্যাডমিনিস্ট্রেটিভ কোর্ট করতে হবে। মাননীয় মন্ত্রী আবদুস সাত্তার সাহেবকে বলি, তিনি যা কাজ করেছেন তার জন্য তিনি ধন্যবাদের পাত্র, তিনি কৃষি বিপ্লব সাধিত করেছেন। আইনের যে কথাগুলো বললাম সেগুলো গ্রহণ করুন তাহলে আমাদের পশ্চিমবঙ্গে এই ধ্বনি উচ্চারিত হবে, মাননীয় সাত্তার সাহেব, জিয়ো, জিয়ো, যুগ যুগ জিয়ো।

শ্রীআনন্দমোহন বিশ্বাসঃ মাননীয় উপাধ্যক্ষ মহোদয় অবশ্য তিমিরবাবু এখন হাউসে নেই, শীশ মহম্মদ সাহেব আছেন। তিমিরবাবু প্রথমেই বললেন, ভারতীয় বিচারব্যবস্থা একটা প্রহসন, তা বেশ। আমাদের যে বিচারব্যবস্থা এটা জ্যোতিবাবুর গণ-আদালতের ব্যবস্থা নয়। সেইজন্যই বোধ হয় বললেন, বিচারব্যবস্থা প্রহসন। এই তিমিরবাবু, শীশ মহম্মদ এবং বেস্টার-উইচ সাহেবকে একটা প্রশ্ন জিজ্ঞাসা করি, এই তিমিরবাবু যে বিচারব্যবস্থাকে প্রহসন বললেন কোন্ অধিকারে বললেন? অবশ্য অধিকার আছে। উনি নিশ্চয় ভারতের সংবিধান ভাল-ভাবে অনুধাবন করেছেন। সংবিধানে আর্টিকেল ১৪-৩৫ ফান্ডামেন্টাল রাইটের কথা বলা হয়েছে, তার মধ্যে ফ্রীডম অফ স্পীচের কথা আছে। আজকে তার প্রয়োগ তিনি এখানে করলেন। আমাদের ভারতীয় বিচারব্যবস্থাকে তিনি প্রহসন বলে কটাক্ষ করলেন, আমরা কিন্তু তাতে কোন আপত্তি করি নি। তিনি অবশ্য যখন তার বক্তব্য হাউসে রাখলেন, তখন অনেক মাননীয় সদস্য হৈ হৈ করে উঠেছিলেন। দীর্ঘদিন ধরে যে বিচারব্যবস্থা সেটা যাতে শাসন বিভাগ থেকে স্বতন্ত্র করা যায়, তার জন্য চেষ্টা করা হয়। ভারতীয় সংবিধানে ইন্ডিপেনডেন্স অফ জুডিসিয়ারির কথা পরিস্কারভাবে লেখা আছে। জিজ্ঞাসা করুন জ্যোতিবাবুকে যখন একসাথে চলছিল তখন চিৎকার করতেন কিনা। আমরা পরিস্কারভাবে বলতে পারি, আমরা সেপারেসান অফ পাওয়ারের জন্য স্কীম করেছি, শাসন বিভাগ থেকে বিচার বিভাগকে আলাদা করেছি। প্রশাসন থেকে বিচারব্যবস্থাকে স্বতন্ত্রকরণের যে কথা সংবিধানে আছে তার পূর্ণ মর্যাদা দিতে পেরেছি। সংবিধানে সেপারেসান অফ পাওয়ারের কথা আছে। সেখানে লেখা আছে, আইনসভা যে আইন পাশ করবে প্রশাসনযন্ত্র তাকে কার্যকর করবে। যদি মানুষের মৌল অধিকার ব্যক্তি স্বাধীনতা ক্ষুণ্ণ হয় সেগুলোর রক্ষক হিসাবে নিরপেক্ষ বিচারব্যবস্থা প্রতিষ্ঠা করতে হবে। শীশ মহম্মদ সাহেবকে জিজ্ঞাসা করি, ভারতীয় সংবিধানের ২২৬ ধারায় সার্শিও-রারির কথা বলা হয়েছে, কো-ওয়ারেন্টোর কথা বলা হয়েছে ম্যানডমাস রিটের কথা বলা হয়েছে এবং তার মাধ্যমে ভারতবর্ষের প্রতিটি নাগরিকের, প্রতিটি ব্যক্তির স্বাধীনতা রক্ষিত হচ্ছে। এই বিচারব্যবস্থায় হস্তক্ষেপের নজির যুক্তফ্রন্টের সময় হাজার হাজার আছে। প্রেসিডেন্সী ম্যাজিস্ট্রেটের কোর্টে আছে। সেখানে ১১ নম্বর ঘরে যুক্তফ্রন্টের শরিক দল হিসাবে কিভাবে জজকে ইনফ্লুয়েন্স করেছিলেন সেই সময়। এটা আমাদের মধ্যে দেখতে পারবেন না। আমরা মনে করি নিরপেক্ষ বিচার হবে বিচারের প্রতি আমরা শ্রদ্ধাশীল। আমরা কোনদিন প্রশাসনযন্ত্র দ্বারা বিচারকে কলুষিত করতে চাই না। এই কথা বলে যে সকল মাননীয় সদস্য আমাদের বরাদ্দকে সমর্থন করেছেন তাঁদেরকে আমার কৃতজ্ঞতা জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ--বন্দেমাতরম্।

[4-50—5-00 p.m.]

শ্রীআবদুস সাত্তারঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাত্র ১০ মিনিট সময়—তার মধ্যে বক্তৃতা শেষ করতে হবে-জানি না কি বলবো। তিমিরবাবু বিচারকে প্রহসন বলছে আমার মনে হয়, তিনি এখনও গভীর তিমিরে আছেন, তিনি এখনও এতো অন্ধকারে আছেন যে, তাদের নেতা মিঃ বেস্টারউইচকে বলছি যে, তাকে একটু আলো দেখান। জ্যোতিবাবুর পাশে থেকেও জ্যোতি পেলেন না, এটা সবচেয়ে দুঃখের কথা। আপনারা গণ-আদালত করে যা করেছেন তা সকলেরই জানা আছে। আমরা গণতান্ত্রিক পদ্ধতিতে যেভাবে বিচারব্যবস্থা করা দরকার তাই করেছি, কারণ গণতন্ত্রে জুডিশিয়ারী ব্যবস্থার প্রয়োজন আছে। বিচার বিভাগকে জুডিশিয়ালী সেপারেশান করা হয়েছে এই জন্য যে বিচার বিভাগ যাতে শাসন বিভাগের কবজায় না থাকে—তাকে যাতে ইনফ্লুয়েন্স করতে না পারে। আজকে বিচার বিভাগ ইন্ডিপেনডেন্ট—একমাত্র ২৪-পরগনা ছাড়া সব জায়গাতেই সেপারেসান হয়েছে। এই বিচার বিভাগ হচ্ছে হাইকোর্টের অধীনে—তারা আমাদের নির্দেশে চলে না এবং আমরা তাদের নির্দেশ দিতে পারি না—তারা সম্পূর্ণ একটা ইন্ডিপেন্ডেন্ট বডি। বিচারে সাক্ষী প্রমাণে যা আসবে সেইভাবে বিচার করা হবে। জুডিশিয়ারী না থাকলে গণতন্ত্র থাকতে পারে না। থাকতে পারতো যদি আপনাদের মত ডিকটেটারশিপ চালাতে পারতাম। আপনারা মাত্র কয়েক মাস শাসনক্ষমতায় এসেছিলেন, সেই সময় গণ-আদালত করে মানুষের উপর কিভাবে পীড়ন ও অত্যাচার করেছিলেন, তা নিশ্চয় সকলের জানা আছে। সৎ লোককে ঐভাবে গণ-আদালত বসিয়ে কিভাবে শাস্তি দিয়েছিলেন। এমন কি বিচারের কাঠগড়ায় পর্যন্ত যেতে দেন নি। আপনাদের সময়ের ভারপ্রাপ্ত মুখ্যমন্ত্রী বলতে বাধ্য হয়েছিলেন যে, যদিও আমি মুখ্যমন্ত্রী, তবুও আমি বলতে বাধ্য হচ্ছি যে, এই সরকার অসভ্য সরকার। সেইজন্যই তিনি এই কথা বলেছিলেন। আজকে আমরা জুডিশিয়ারীকে ইনফ্লুয়েন্স করি নি। তারাই যে কাজ করেছিলেন তা অত্যন্ত ঘৃণ্য—আবার আজকে তাদের বলতে শুনছি প্রহসন। আজকে জুডিশিয়ারী আছে বলে আপনারা ঐখানে বসে আছেন। হয়তো অনেক নির্দোষ লোক আটকে পড়ে। কিন্তু বিচার বিভাগ যখনই দেখে যে তার প্রতি অন্যায়ভাবে কাজ করা হয়েছে, অমনি তাকে ছেড়ে দেয়। বিচার বিভাগ গণতন্ত্রের ও সংবিধানের অংগ। বিচার বিভাগে হাত দেওয়া আমাদের ক্ষমতার বাইরে। আমার মনে হয় বিরোধিতা করতে হবে তাই এই সমস্ত বলছেন, তা না হলে তাদের অস্তিত্ব থাকে না। এরা আমার মুর্শিদাবাদ জেলাই এই দু-জনকে পাঠিয়েছে।। এই জুডিশিয়ারী না থাকলে আপনারা কাদের উপর বিশ্বাস থাকবে? মাননীয় সদস্য কুমারদীপ্ত সেনগুপ্ত মহাশয় একটা সাজেসন দিয়েছেন। আই ওয়েলকাম দিজ সাজেসনস। জুডিশিয়াল মিনিস্টার হিসাবে বলি না, অনেক গরিব লোক আছে যারা পয়সার অভাবে অনেক সময় আদালতের আশ্রয় নিতে পারে না। লিগ্যাল এন্ড কমিটি যেটা আছে সেটার ফাংসান এখনও পর্যন্ত ভালভাবে হয় নি। এই লিগ্যাল এড কমিটিকে কি করে সত্যিকারের কার্যকর করা যায় কি করে গরিব মানুষেরা এই কমিটি থেকে সাহায্য পায় তার জন্য আমাদের আরও সক্রিয় হতে হবে। এখানে যে সমস্ত মেম্বাররা আছেন তাঁরা সাজেসান দিন কিভাবে এই এড কমিটিকে কাজে লাগানো যায়। এই লিগ্যাল এড কমিটি প্রতি জেলায় আছে। কলকাতা হাইকোর্টে আছে—কিন্ত তার ফাংসান এখনও আমার মনে হয় ঠিকমত হয় না। হয়তো গরিব লোকেরা জানেই না যে এই রকম সাহায্য পাওয়া যেতে পারে। এর জন্য প্রচার দরকার। তাই মাননীয় সদস্যদের বলছি যে, এর জন্য প্রচার করতে হবে। এই লিগ্যাল এড কমিটির টাকা তার জন্য বাড়াতে হবে, এটা অবশ্য আমারা জানি। কিন্তু যে সামান্য টাকা দিই সেই টাকা যদি ফেরত আসে তা হলে এর চেয়ে আর দুঃখের কথা আর কিছুই হতে পারে না। তার কারণ হচ্ছে সেখানে প্রচার নেই, ঐ গরিব মানুষেরা জানে না যে, কিভাবে করতে হয়। তাই আমি প্রথমেই এই ব্যাপারে আপনাদের সহযোগিতা চাই। আপনারা প্রচার করুন যে গরিব মানুষ যারা, যাদের ২৫০ টাকার বেশী সম্পত্তি নেই, যারা কোর্ট ফি দিতে পারে না, তাদের সেই সাহায্য দেওয়া যাবে। যাদের মৃত্যুদণ্ড হবে, ৫ বছরের বেশী যাদের কারাদণ্ড হবে, তারা সাহায্য পেতে পারে, এই সমস্ত গরিব মানুষদের জন্য এই ব্যবস্থা আছে। কিন্তু সেই ব্যবস্থাকে আমরা আসলে রূপ দিতে পারব না। সেই জন্য আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি এবং এটাকে কিভাবে

পরিবর্তন করা যেতে পারে সেই চেষ্টা আমরা করবো। আর একটি কথা তিনি বলেছেন, অ্যাপয়েন্টমেন্ট অব জুনিয়ার ল-ইয়ারস্ অ্যাট দি সাবডিভিসন লেভেল—এই ব্যাপারে তার সাজেসন ভাল। আমি বলতে পারব কিনা জানি না, আমাদের অন্যান্য মন্ত্রিমণ্ডলী আছেন তাঁদের সামনে এটা রাখবো। কারণ, দেখা গেছে আমাদের ১৫টি জেলায় কোর্ট সাব-ইনসপেক্টর প্রায় ১৭৯ জন আছে, কোর্ট ইনসপেক্টর ২২ জন আছে। এদের হাতে যদি পুলিসের কাজ ছেড়ে দেওয়া যায়, তার জায়গায় জুনিয়ার ল-ইয়ারস দিলে ভাল হয়। আপনারা জানেন যে মফঃস্বলে ল-ইয়ারদের অবস্থা খুবই সঙ্গীন। অনেক আইনের পরিবর্তন হয়েছে, অনেক প্রস্তাবও হয়েছে, এই সমস্ত ছেলেরা যারা লেখাপড়া শিখে প্রাকটিস আরম্ভ করেছেন, ইন্ডি-পেনডেন্টলী ব্যবসা আরম্ভ করেছেন, তাদের নিশ্চয়ই কষ্ট হচ্ছে আমরা যদি এই ব্যবস্থা করতে পারি, এই প্রস্তাব নিয়ে যাতে আলোচনা করতে পারি, আমরা সেটা দেখবো। তার কারণ আর একটু সুবিধা আছে, ওরা অন্ততঃপক্ষে কেসগুলো হাতে নিলে ভালভাবে পরিচালিত হবে। অনেক সময় নিজের অভিজ্ঞতায় দেখছি যে, পুলিস ব্রিফটাও পড়েন না। কোর্টে এসে দাঁড়িয়ে যান সেই বিষয়ে প্রিপেয়ার না হয়ে। তবে আপনার সাজেসনকে আমি ওয়েলকাম জানাচ্ছি এবং দেখবো এই বিষয়ে কি করতে পারা যায়। আই শ্যাল সি হোয়াট ক্যান আই ডু। এছাড়া ৪৮৮ ধারায় যেটা বলা হয়েছে সি আর পি সি—আপনারা জানেন যে, এটা করতে গেলে সেন্টার থেকে করতে হবে। আমার অভিজ্ঞতায় আমি অনুভব করি ৪৮৮ ধারার বিধিটা। কোন পিতার ছোট ছেলের মিনস অব লাইভলিহুড যদি না থাকে, তাকে মেনটেন করার জন্য যেমন পিতার বাধ্যবাধকতা আছে এবং সেই রকম যদি পিতামাতা বৃদ্ধ হয়ে যান এবং তাদের যদি সোর্স অব ইনকাম কিছু না থাকে তাদের ছেলে যদি ইনকাম করে, সেই ছেলে যাতে বাপমাকে খাওয়ায় তার জন্যও আইন থাকা দরকার। আইনের এদিকটা থাকা ভাল যে, ছেলে বাপমাকে খেতে দেবে। আপনারা যে সাজেসন দিয়েছেন সেইগুলো খুব ভাল সাজেসন, আমি সেইগুলো সেন্ট্রাল গভর্নমেন্টের ল ডিপার্টমেন্টের কাছে পাঠাবার ব্যবস্থা করছি। তিমিরবাবুর কাট মোশনের বিরোধিতা করে বক্তব্য শেষ করছি।

[5-00—5-10 p.m.]

The motion of Shri Timir Baran Bhaduri that the amount of the demand be reduced to Re. 1 was then put and a division taken with the following results:

Noes

Abdul Bari Biswas, Shri.
Abdus Sattar, Shri.
Ali Ansar, Shri.
Bandopadhayay, Shri Shib Sankar.
Bandyapadhyay, Shri Sukumar.
Banerjee, Shri Mrityunjoy.
Basu, Shri Ajit Kumar (Mid.).
Bharati, Shri Ananta Kumar.
Bhattacharya, Shri Keshab Chandra.
Biswas, Shri Ananda Mohan.
Biswas, Shri Kartic Chandra.
Bose, Shri Lakshmi Kanta.
Chakravarty, Shri Bhabataran.
Chattaraj, Shri Suniti.
Chowdhary, Shri Abdul Karim.

Das, Shri Bijoy.
Das, Shri Jagadish Chandra.
Das, Shri Rajani.
Das, Shri Sudhir Chandra.
De, Shri Asamanja.
Deshmukh, Shri Netai.
Dutta, Shri Adya Charan.
Ekramul Haque Biswas, Shri.
Ghose, Shri Sankar.
Ghosh Moulik, Shri Sunil Mohon.
Gurung, Shri Nandalall
Gyan Singh, Shri Sohanpal.
Halder, Shri Harendra Nath.
Hembram, Shri Sital Chandra.
Hemram, Shri Kamala Kanta.
Kar, Shri Sunil.
Khan, Shri Gurupada.
M. Shaukat Ali, Shri.
Mahato, Shri Sitaram.
Maity, Shri Prafulla.
Malladeb, Shri Birendra Bijoy.
Mandal, Shri Gopal.
Mandal, Shri Nrisinha Kumar.
Mandal, Shri Probhakar.
Md. Safiullah, Shri.
Misra, Shri Ahindra.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Mohammad Idris Ali, Shri.
Mojumdar, Shri Jyotirmoy.
Mondal, Shri Anil Krishna.
Mondal, Shri Jokhi Lal.
Moslehuddin Ahmed, Shri.
Motahar Hossain, Dr.
Mukherjee, Shri Ananda Gopal.
Mukhopadhyaya, Shri Ajoy.
Naskar, Shri Arabinda.
Naskar, Shri Ardhendu Sekhar.
Nurunnesa Sattar, Shrimati.
Panja, Shri Ajit Kumar.
Paul, Shri Bhawani.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Ray, Shri Siddhartha Shankar.

Roy, Shri Ananda Gopal.
Roy, Shri Debendra Nath.
Roy, Shrimati Ila.
Roy, Shri Mrigendra Narayan.
Saha, Shri Dwija Pada.
Saha, Shri Radha Raman.
Sahoo, Shri Prasanta Kumar.
Saraogi, Shri Ramkrishna.
Sarkar, Shri Biren.
Sarker, Shri Jogesh Chandra.
Sen, Shri Bholanath.
Sen, Shri Sisir Kumar.
Sen Gupta, Shri Kumar Dipti.
Shaw, Shri Sachi Nandan.
Singha, Shri Satyanarayan.
Sinha, Shri Atish Chandra.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Tirkey, Shri Iswar Chandra.
Topno, Shri Antoni.
Wilson-de- Roze, Shri George Albert.

Ayes

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Abstentions

Basu, Shri Ajit Kumar.
Khan Nasiruddin, Shri.

The Ayes being 3, Noes 80 and the Abstentions 2, the motion was lost.

The motion of Shri Abdus Sattar that a sum of Rs. 2,72,76,000 be granted or expenditure under Grant No. 13, Major Head: "21—Administration of istice", was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 42

Major Head: 70—Forest

Shri Sitaram Mahato: Sir, on the recommendation of Governor, I beg move that a sum of Rs. 3,69,48,000 be granted for expenditure under Grant o. 42, Major Head: "70—Forest".

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের সুপারিশক্রমে আমি ৪২ নম্বর গ্রান্ট—"৭০—ফরেস্ট" তে ১৯৭৩-৭৪ সালের জন্য ৩,৬৯,৪৮,০০০ (তিন কোটি উনসত্তর লক্ষ আটচল্লিশ হাজার) কা ব্যয়বরাদ্দের দাবি পেশ করছি।

উপরিলিখিত মোট ব্যয়বরাদ্দের মধ্যে ২ কোটি ৫৬ লক্ষ ১৮ হাজার টাকা বিভাগের সাধারণ জের জন্য আর অবশিষ্ট ১ কোটি ১৩ লক্ষ ৩০ হাজার টাকা উন্নয়নমূলক কাজের জন্য ধরা য়েছে।

৩ কোটি ৬৯ লক্ষ ৪৮ হাজার টাকার মোট ব্যয় থেকে অন্যান্য রাজ্য সরকার, বিভাগ প্রভৃতি মারফত মোট ১ লক্ষ ২০ হাজার টাকার অনুমিত আদায় বাদ দিলে এই খাতে নীট ব্যয় হবে ৩ কোটি ৬৮ লক্ষ ২৮ হাজার টাকা।

২। পশ্চিমবঙ্গের মোট ভূভাগ ৮৭ হাজার ৬ শত ৭৬ বর্গ কিলোমিটার—এর মধ্যে বনের মোট আয়তন ১১ হাজার ৮ শত ৩০ বর্গ-কিলোমিটার যা রাজ্যের মোট ভূভাগের প্রায় ১৩ শতাংশ মাত্র। দেশের স্বীকৃত মান অনুযায়ী এই আয়তন ৩৩.৩ শতাংশ হওয়া উচিত ছিল। রাজ্যের বনভূমি মাথাপিছু হিসাবে মাত্র ০.০৩ হেক্টর—সর্বভারতীয় মান ০.১৪ হেক্টর এবং বিশ্ব মান ১.২৫ হেকটরের তুলনায় এটি অত্যন্ত নগণ্য। জনসংখ্যার চাপ এ রাজ্যে খুবই বেশী—প্রতি বর্গ-কিলোমিটার জায়গায় ৫০৭ জন। শিল্পক্ষেত্রে পশ্চিমবঙ্গকে অগ্রসর এলাকা বলা চলে। অন্য রাজ্যের তুলনায় এই রাজ্য সর্বশ্রেণীর পণ্যদ্রব্যের একটা উত্তম বিপণনকেন্দ্র বনজ দ্রব্যের ওপর নির্ভরশীল শিল্পগুলিও এই রাজ্যে কেন্দ্রীভূত। এই রাজ্যে বনাঞ্চলের স্বল্পতা ও সেই সঙ্গে কাঁচামালের বিরাট চাহিদা রয়েছে—সেকারণে প্রতি হেকটর বন থেকে অল্প ব্যয়ে অধিক আয় করতে হলে বন পরিচালনা নীতিকে যথাযথভাবে রূপায়িত করতে হবে। একদিকে আমাদের বনাঞ্চল বাড়ানোর দিকে লক্ষ্য রাখতে হবে: অপরদিকে বর্তমানে আমাদের যে বনসম্পদ আছে তা এমনভাবে রক্ষা করতে হবে যাতে বনের যে বহুমুখী কাজ আছে—যথা উৎপাদনকারী, প্রতিরোধকারী ও সৌন্দর্যসৃষ্টিকারী, তার যথাযথ রূপায়ণ আমরা প্রত্যক্ষ করতে পারি। বন জাতীয় সম্পদ, তাই দেশ ও জনগণের কল্যাণের কথা বিবেচনা করেই এর তত্ত্বাবধান করা হয়। যে জনগণের মঙ্গলের জন্য এই বন রক্ষিত হয় সেই জনগণের সক্রিয় সহায়তা ও সহযোগিতায় আমাদের এই কার্যক্রম সার্থক হয়ে উঠতে পারে।

৩। বন-উন্নয়ন কাজে যে টাকা খরচ করা হয় মাথাপিছু হিসাবে সে টাকা এ রাজ্যে সব থেকে কম। যোজনা কমিশনের অনুমোদিত চতুর্থ পরিকল্পনাকালে বরাদ্দ ও ১৯৭১ সালের আদমশুমারির মতে আসামের মাথাপিছু খরচ ২ টাকা ৬২ পয়সা, মধ্য প্রদেশের ২ টাকা [illegible] পয়সা, গুজরাটের ১ টাকা ৫১ পয়সা, উত্তর প্রদেশের ১ টাকা ৪৮ পয়সা আর ওড়িষ্যার ১ টাকা ১৪ পয়সা সেতুলনায় পশ্চিমবঙ্গের খরচ মাত্র ৪৮ পয়সা। পশ্চিমবঙ্গের মত রাজ্যে, যেখানে বনের আয়তন খুবই কম অপর পক্ষে জনসংখ্যার প্রচণ্ড চাপ ও শিল্পাদি বিশেষভাবে কেন্দ্রীভূত বন-উন্নয়নের জন্য এবং তার দ্বারা বনসম্পদ বৃদ্ধির মাধ্যমে জনগণের সামাজিক ও অর্থনৈতিক মান উন্নয়নের জন্য অধিক অর্থ-বিনিয়োগ করতেই হবে। মাথাপিছু হিসাবে খরচ যদি অন্ততঃ সর্বোচ্চ ১ টাকা ৫০ পয়সা হিসাবে ধরি, তবে পঞ্চম পরিকল্পনাকালে বন-উন্নয়ন খাতে এই রাজ্যের মোট ৬ কোটি ৫০ লক্ষ টাকার দরকার, কিন্তু এই বাবত মোট ৫ কোটি ৫০ লক্ষ টাকার বরাদ্দ সুপারিশ করা হয়েছে। চতুর্থ পরিকল্পনাকালে প্রথম তিন বছরে বন-উন্নয়ন খাতে বার্ষিক খরচ হয়েছিল যথাক্রমে ২৩ লক্ষ ৭৫ হাজার, ৪০ লক্ষ ৯ হাজার এবং ৪১ লক্ষ ৯৮ হাজার টাকা। চতুর্থ বছর অর্থাৎ ১৯৭২-৭৩ সালের জন্য এই বাবত বরাদ্দ ৫৬ লক্ষ টাকা। বন-উন্নয়ন কাজের ধারা বজায় রাখতে হলে পরের বছর অর্থাৎ ১৯৭৩-৭৪ সালের জন্য এই বাবত কমপক্ষে ৭৫ লক্ষ টাকার প্রয়োজন। এ প্রসঙ্গে বলা যায় যে ১৯৬৬-৬৭ থেকে ১৯৬৮-৬৯ সালের তিন বছরের পরিকল্পনাকালে এ কাজের জন্য বার্ষিক ৮২ লক্ষ টাকার মত খরচ হয়েছিল এবং এই দিকেই [illegible] বরাদ্দের ব্যবস্থা হওয়া দরকার।

৪। এ সবকিছুকেই মনে রেখে [illegible] কার্যক্রম স্থিরীকৃত হয় এবং সীমিত অর্থবরাদ্দ ও অন্যান্য কিছু অসুবিধা সত্ত্বেও বনরক্ষার কাজে আমরা একই নীতি এখনও [illegible] চলছি।

৫। বর্তমান সরকার কার্যভার গ্রহণের পর থেকে [illegible] কাজ নানাভাবে বেড়ে গেছে। যোজনা কমিশনের প্রস্তাবমত আমরা শিল্প কাজের উপযোগী ও বাণিজ্যিক মূল্যযুক্ত বৃক্ষ-রোপণকে অগ্রাধিকার দিয়েছি এবং এ জন্য দুটি প্রকল্পের কাজ করছি—

(ক) **দ্রুতবর্ধনশীল বৃক্ষরোপণ,** ও

(খ) **সেগুন ও অন্যান্য মূল্যবান চারার সাহায্যে অর্থকরী বৃক্ষরোপণ।**

প্রথম প্রকল্পে কাগজশিল্পের মন্ডের জন্য পাল্পউডের ক্রমবর্ধমান চাহিদা মেটাতে দ্রুত-বর্ধনশীল প্রধানতঃ ইউক্যালিপটস বৃক্ষ রোপণ করা হচ্ছে। বর্তমানে এই জাতীয় কাঠের বার্ষিক চাহিদা ১ লক্ষ ৭৫ হাজার মেট্রিক টন, যেখানে রাজ্যের আভ্যন্তরীণ সরবরাহ মাত্র ৩০ হাজার মেট্রিক টন। রাজ্যের চালু মিলগুলির চাহিদা মেটাবার জন্য শিল্পকাজের উপযোগী কাঠের চারাগাছ অধিক পরিমাণে রোপণের এ কারণেই বেশী প্রয়োজন। ১৯৬২-৬৩ সাল থেকে এপর্যন্ত এ জাতীয় গাছ মোট ১৬ হাজার ২ শত ৬৪ হেক্টর পরিমিত জমিতে লাগান হয়েছে। ১৯৭৩-৭৪ সালে একদিকে যেমন আরও ৩০০ হেক্টর জমিতে এ রকম বৃক্ষারোপণ করা হবে তেমনি পরবর্তী বছরের বৃক্ষরোপণের সুবিধার জন্য ২ হাজারেরও বেশী হেক্টর পরিমিত জমি তৈরি করা হবে। তবুও আমি মনে করি এটা খুব আশাপ্রদ নয়। চালু মিলগুলির সরবরাহ বজায় রাখলেই চলবে না, ভবিষ্যতের জন্য কাঁচামালের যোগান বহাল রাখার চেষ্টাও চালিয়ে যেতে হবে।

দ্বিতীয় প্রকল্পের সাহায্যে আমরা প্লাইউড শিল্প, দিয়াশলাই শিল্প ও নির্মাণকার্যের কাঠের চাহিদা মেটাবার জন্য অর্থকরী বৃক্ষরোপণের প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি। এসব কাঠের ক্ষেত্রেও বর্তমান চাহিদা ও সরবরাহের মধ্যে বিরাট ব্যবধান রয়েছে; তবে এ জাতীয় বৃক্ষরোপণের মাধ্যমে এ ব্যবধানের মাত্রা কমার জন্য আমরা বিশেষভাবে চেষ্টা করছি। ১৯৭৩-৭৪ সালে ৫ শত হেক্টর পরিমিত জমিতে এ বৃক্ষরোপণের পরিকল্পনা আছে।

৬। **নষ্ট বন পুনঃসৃজনের** জন্য আর একটি প্রকল্প আছে। দক্ষিণ-পশ্চিম বঙ্গে বিভিন্ন অংশে ক্ষয়িষ্ণু মৃত্তিকার দ্রুত ও যথাযথ পরিচর্যা করে নষ্ট বনগুলির রক্ষা ও উন্নতিবিধানই এ প্রকল্পের উদ্দেশ্য। ১৯৭৩-৭৪ সালে ৫ শত ৬৬ হেক্টর জমিতে নষ্ট বন পুনঃসৃজন লক্ষ্যে নেওয়া হয়েছে।

[5-10—5-20 p.m.]

৭। **ফার্ম-ফরেষ্ট্রী ও জ্বালানী বৃক্ষরোপণ** নামে আর একটি প্রকল্পও আমরা শুরু করেছি। গ্রামবাসীদের চাহিদামত ছোট ছোট কাঠ ও জ্বালানী সরবরাহ বাড়াবার জন্য গ্রামের মধ্যে পতিত ও বেসরকারী জমিতে ছোট ছোট বনসৃজনই এর উদ্দেশ্য। এই প্রকল্প গ্রাম বাংলায় রাস্তার দুধারে ও খালের পাড়ে গাছ লাগাবার প্রস্তাবও আছে। এ বাবত এ বছর প্রস্তাবিত বরাদ্দ ১ লক্ষ টাকা বনমহোৎসব নার্সারী তৈরীর কাজে ও পথের ধারে গাছ লাগাতে খরচ করা হবে। কৃষকদের চাষের উপযোগী বিভিন্ন ধরনের প্রয়োজনীয় দ্রব্য, যথা—লাঙ্গল, রোলা ইত্যাদি বনবিভাগ থেকে সরবরাহের ব্যবস্থা হচ্ছে।

৮। কাঠ ও অন্যান্য বনজ দ্রব্য তখনই মূল্যবান যখন অল্প খরচায় তা সংগৃহীত হয়ে বিভিন্ন বিপণকেন্দ্রে চালান যায়। দার্জিলিং জেলার পার্বত্য এলাকায় বাণিজ্যক মূল্যযুক্ত নানা রকমের দরকারী গাছপালায় পরিপূর্ণ দুর্গম জঙ্গল রয়েছে। এসব দুর্গম জঙ্গল থেকে মূল্যবান বনজ সম্পদ বের করে আনতে যোগাযোগ ব্যবস্থার উন্নতির দরকার—সেকারণে রাস্তা নির্মাণ, বৈদ্যুতিক ও যন্ত্রচালিত রজ্জুপথ স্থাপন প্রভৃতির ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে যাতে করে জঙ্গলের দুর্গম এলাকা থেকে বনজ দ্রব্যাদি আনার পথ সুগম হয়। করাতকলের উন্নতিসাধন, বিভিন্ন প্রক্রিয়ার মাধ্যমে কাঠকে শিল্পের উপযোগী করে তোলা ও সেগুলির বিক্রয়ের ব্যবস্থা প্রভৃতি কাজের সুষ্ঠু সমন্বয় সাধনও আমাদের লক্ষ্য। এ উদ্দেশ্যে যে দুটি প্রকল্পের কাজ হচ্ছে তাহল—(ক) **কাষ্ঠ সংগ্রহ ও বনজ সম্পদের সম্যক ব্যবহার** ও (খ) **বনের অভ্যন্তরে যান চলাচলের উপযোগী রাস্তার উন্নয়ন।** কালিম্পং-এ সামসিং রোপওয়ে যে সম্প্রতি জনসাধারণের জন্য খুলে দেওয়া হয়েছে তার উল্লেখ এখানে অপ্রাসঙ্গিক হবে না। এই রজ্জুপথ কালিম্পং-এর দুর্গম জঙ্গল থেকে মূল্যবান বনজ সম্পদ আনতে সাহায্য করবে।

একই উদ্দেশ্যে উত্তরবঙ্গের বিভিন্ন দুর্গম বনাঞ্চলেও মোটরগাড়ি চলাচলের উপযোগ রাস্তার প্রয়োজন। ১ কিলোমিটার রাস্তা এ রকম ১ বর্গ-কিলোমিটার আয়তনের জঙ্গলে বনজ দ্রব্য চালাচলে সাহায্য করে। সে হিসাবে পার্বত্য এলাকার বনের ভেতর মোট ৩০০ কিলো মিটার পথের প্রয়োজন; এর মধ্যে ১৯৭২-৭৩ সাল পর্যন্ত মোট ১২০ কিলোমিটার পথ তৈরি হয়ে গেছে। বাকি ২১০ কিলোমিটার পথ যত তাড়াতাড়ি তৈরি করা যায়, বনজ দ্রব্য আহরণে পক্ষে ততই সুবিধা। বর্তমান বছরে ১৫ কিলোমিটার এরকম পথ তৈরি করা হচ্ছে যার মধ্যে মানেভংজন থেকে রিমবিক পর্যন্ত রাস্তাটির ইস্টনার কার্ট রোড, লাভা-রাচিলা রোড ও লুলাগাঁও-পেমারিং-চুনাভাটি রোডের নাম বিশেষ উল্লেখযোগ্য। এ প্রসঙ্গে আপনাদের অবগতির জন্য জানাই যে সম্প্রতি ডিলারাম থেকে বগোরা পর্যন্ত রাস্তাটি সাধারণের জন্য উন্মুক্ত করা হয়েছে। ১৯৭৩-৭৪ সালের জন্য পার্বত্য এলাকায় ১২ কিলোমিটার পথ নির্মাণের প্রস্তাব আছে।

৯। বনবিভাগের পরিকল্পনাগুলি দীর্ঘমেয়াদী, সে কারণে এর সমস্ত প্রকল্পের সার্থক রূপায়ণ গবেষণার ফলাফলের ওপর বহুলাংশে নির্ভর করে। কাঠ ও জ্বালানীর পরিমাণ বৃদ্ধি, জমির রস, ভূমি-সংরক্ষণ বা নতুন কোন দ্রব্যকে শিল্পে কাঁচামালরূপে সরবরাহে যেসব সমস্যার উদ্ভব হয়, তার মোকাবিলা করবার জন্য এই গবেষণার ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে।

১০। চুরি, আগুন, গোচারণ প্রভৃতির হাত থেকে জঙ্গলকে রক্ষা করতে আর জঙ্গল বেদখল রুখতে আমরা সম্পূর্ণ সজাগ আছি এবং সেজন্য প্রয়োজনীয় অর্থসাহায্যে জঙ্গলকে সাদৃঢ় ও সুরক্ষিত করার ব্যবস্থা হচ্ছে।

১১। লোকালয় থেকে বহুদূরে গভীর জঙ্গলের মধ্যে বনবিভাগের যেসব কর্মী বাস করেন, তাঁদের জন্য উপযুক্ত ও আরামদায়ক বাসস্থানের ও অন্যান্য সুযোগ-সুবিধার ব্যবস্থা করা একান্ত প্রয়োজন। এবছর এই বাবত যে অর্থ পাওয়া যাবে, তাতে ঐসব কর্মী ও বনশ্রমিকদের জন্য গৃহনির্মাণ করব আর তাঁদের জন্য অবশ্য-প্রয়োজনীয় সুযোগ-সুবিধাদি দেবার ব্যবস্থা করব।

১২। ভূমি-সংরক্ষণ প্রকল্পে আমরা রাজ্যের সর্বত্র বিক্ষিপ্তভাবে কাজ চালিয়ে যাচ্ছি। এ ব্যাপারে সবচেয়ে উল্লেখযোগ্য কাজ কেন্দ্রের সাহায্যে কংসাবতী নদীর ওপর দিকের জমিভূমির সংরক্ষণ।

১৩। জনগণের চিত্তবিনোদনের ব্যবস্থা করার জন্য **প্রকৃতি-সংরক্ষণ ও বনবিনোদন** নামে আমাদের একটা প্রকল্প আছে। এজন্য রাজ্যের অভয়-অরণ্য ও মৃগদাবগুলির উন্নতিসাধন এবং জওহরকুঞ্জ ও লবণহ্রদের সৌন্দর্যকরণের কাজ করা হচ্ছে। হলং-এর টুরিস্ট লজের উদ্বোধনের পর অতিরিক্ত শয্যার ব্যবস্থা করা হচ্ছে। সম্প্রতি দার্জিলিং জেলার মহানন্দা নদীর ওপর সুকনা বাঁধটি সাধারণের জন্য উন্মুক্ত হয়েছে। প্রাকৃতিক পরিবেশের মধ্যে এই সুন্দর স্থানটি শান্ত অবসরযাপন ও চিত্তবিনোদনের জন্য অতি মনোরম ও আকর্ষণীয় হয়ে উঠেছে। টুরিস্ট বিভাগের সক্রিয় সহযোগিতায় সুন্দরবনের বকখালিকেও আকর্ষণীয় করে তোলা হচ্ছে। আশা করি, সমুদ্রের শান্ত পরিবেশের মধ্যে এটা শীঘ্র একটা সমুদ্রতীরবর্তী আবাসস্থলে পরিণত হবে। ভ্রমণার্থীদের আকৃষ্ট করতে সিংলায় একটা ফিসিং লজ করার কথাও চিন্তা করা হচ্ছে।

১৪। বন্যপ্রাণী সংরক্ষণ এখন সরকারের সবথেকে বড় চিন্তা—কারণ বন্যপ্রাণী প্রাকৃতিক সম্পদের একটি অংশ এবং প্রাকৃতিক পরিবেশের মধ্যে থেকে তা লক্ষ লক্ষ মানুষকে আনন্দদান করে। সুখের কথা এই সংরক্ষণ ব্যাপারে আমরা পূর্বভারত বন্যপ্রাণী সংরক্ষণ ও শিকার সমিতির কাছ হতে সর্ববিধ সাহায্য ও সহযোগিতা পাচ্ছি।

১৫। বনাঞ্চলের সন্নিহিত স্থানের বাসিন্দারা ছাড়া বাহিরের কিছু কিছু লোকের দ্বারাও বনভূমি বেদখলের ঘটনা অতি সম্প্রতি বেশ বৃদ্ধি পেয়েছে। চাষাবাদ ও বসতি স্থাপনের উদ্দেশ্য নিয়েই তারা বনভূমি বেদখল করে। তাদের এ অপচেষ্টা বন্ধ করতে বিশেষ কতকগুলি ব্যবস্থা নেওয়া ছাড়াও সরকার সিদ্ধান্ত নেন যে, যদি ঐসব জমি কৃষিকাজের উপযুক্ত বলে দেখা

যায় এবং ১৯৬৯ সালের দ্বিতীয়ার্ধের আগে ঐসব বেদখল ঘটনা ঘটে থাকে তবে ঐসব জমির বন্দোবস্ত দেওয়ার কথা সরকার বিবেচনা করবেন। স্থানীয় লোকদের আপত্তি ও বাধাদানের ফলে এ রকম বেদখলী জমি জরিপ করা না গেলেও মোটামুটি হিসাবে বলা যায় যে এ জমির পরিমাণ প্রায় ১০৫·৩১ বর্গ-কিলোমিটার।

১৬। বন ও বন্যপ্রাণীর যথাযথ রক্ষণাবেক্ষণের জন্য জনগণের সহযোগিতা বিশেষভাবে প্রয়োজন এবং সেজন্য স্থানীয় সরকারী ও বেসরকারী ব্যক্তিদের নিয়ে কমিটি গঠন করা হয়েছে। এই কমিটি বনবিভাগের স্থানীয় কর্তৃপক্ষকে বিভাগীয় কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে চালাতে সাহায্য করবে। বনের উপকারিতা ও উপযোগিতা সম্পর্কে বহুল প্রচার মারফত জনমনে বন্যপ্রীতি জাগিয়ে তোলাও এই কমিটিগুলির অন্যতম মুখ্য কাজ।

এ সব কমিটির অনেকগুলি ইতিমধ্যে কাজ শুরু করে দিয়েছে আর বাকিগুলি শীঘ্র কাজ আরম্ভ করবে বলে আশা করা হচ্ছে।

১৭। ভূমি সংরক্ষণ, বনসৃজন ও পথনির্মাণ প্রভৃতির মাধ্যমে কর্মসংস্থানের জন্য রাজ্যের সর্বত্র, বিশেষ করে খরাপীড়িত এলাকায় গ্রাম্য লোকদের কর্মসংস্থানের বিশেষ কর্মসূচী গ্রহণ করা হয়েছে। এ বাবত ১৯৭৩-৭৪ সালের জন্য মোট ২ কোটি ৩৭ লক্ষ টাকা ধরা হয়েছে। গ্রামীণ অর্থনীতিতে এই অর্থবিনিয়োগ গ্রাম্য লোকদের দুর্দশা দূর করতে যথেষ্ট সাহায্য করবে এবং এ কাজে দৈনিক মোট ৫ হাজার লোককে কাজ দেওয়া যাবে।

১৮। কেন্দ্রের সম্পূর্ণ অর্থসাহায্যে **পাইলট ইনটেন্সিভ্ রুরাল এম্প্লয়মেন্ট প্রোগ্রাম** কর্মসূচীতেও আমরা কাজ করে চলেছি। মেদিনীপুর জেলার নয়াগ্রাম ব্লকের ছোট কাঁকরি ফরেস্ট বীটে বন সংরক্ষণ, নতুন বনসৃজন, সাবাই ঘাস, ফলের গাছ, পশুখাদ্য, অর্থকরী ফসল প্রভৃতি উৎপদনের কাজ শুরু করা হয়েছে। এ বাবত ৩ বছরে মোট ১৫ লক্ষ টাকার খরচ ধরা হয়েছে। ১৯৭৩-৭৪ সালে মোট ৭ লক্ষ টাকা খরচ করা হবে, ফলে ১ লক্ষ ৯৬ হাজার শ্রম-লক্ষ টাকা খরচ করা হবে।

এছাড়া বনবিভাগের বিভিন্ন কাজে বেকার শিক্ষিত যুবকদের শিক্ষা দিয়ে কাজের উপযুক্ত করে তোলার পর তাঁদের প্রয়োজনীয় যন্ত্রপাতি ও অর্থ ঋণ দিয়ে সমবায় সমিতি গঠনে সাহায্য করার প্রকল্প গ্রহণ করা হয়েছে যাতে এইসব সমবায় সমিতি বিভাগীয় কাজের ঠিকাদার হিসাবে কাজ করতে পারে। এ বাবত বর্তমান বছরে ৬ লক্ষ ও আগামী বছরে (১৯৭৩-৭৪) প্রায় ১৭ লক্ষ টাকা খরচ করা হবে।

১৯। এবারের ব্যয়বরাদ্দে বিভাগীয় কাজের জন্য যে অতিরিক্ত খরচ দেখানো হয়েছে, তার কারণ এই যে, এর মধ্যে রাজ্য বিদ্যুৎ পর্ষদকে শাল খুঁটি সরবরাহজনিত ও কর্মীদের বেতন বৃদ্ধি বাবত খরচও ধরা আছে। এই শাল খুঁটি সরবরাহের ফলে বিভাগের আয়ও বৃদ্ধি পাবে সত্য তবে বনবিভাগের কাজে, বিশেষ করে বনসৃজন ও পথনির্মাণ কার্যে, অধিক অর্থবিনিয়োগ না করলে অধিক আয়ও দেখানো যাবে না।

২০। রাজ্যের বনভূমির যে অভাবের কথা আগেই বলেছি, তার পরিপ্রেক্ষিতে বর্তমান বন-সম্পদের সম্যক ব্যবহার বিশেষ প্রয়োজন। কিন্তু রাজ্যের আর্থিক সঙ্গতি বনবিভাগের প্রয়োজনীয় বরাদ্দ দেওয়ার পক্ষে যথেষ্ট নব- তাই এ কাজে **বন-উন্নয়ন কর্পোরেশন** গঠন করে বেসরকারী অর্থলগ্নী করার সম্ভাবনা সম্পর্কে এগ্রিকালচারাল রিফিনান্স কর্পোরেশন ও রিজার্ভ ব্যাঙ্কের সঙ্গে আলোচনা করে দেখা হচ্ছে।

২১। পরিশেষে আমার বক্তব্য এই যে, সুন্দর ও উজ্জ্বল পশ্চিমবঙ্গ গড়ে তুলতে হলে, সুখী ও গৌরবময় সমাজ প্রতিষ্ঠিত করতে হলে এবং চাকরী ও অন্যান্য সুযোগ-সুবিধা দিয়ে জনগণের জীবনযাত্রার মান উন্নীত করতে হলে বন-উন্নয়নের কাজে আমাদের শুধুমাত্র বর্তমানের চিন্তা ত্যাগ করে দীর্ঘমেয়াদী পরিকল্পনার কথা ভাবতে হবে।

অতএব, মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সভ্যবৃন্দের নিকট '৭০—ফরেস্ট' খাতে ১৯৭৩-৭৪ সালের ব্যয়বরাদ্দের এ দাবি মঞ্জুরির জন্য পেশ করছি।

Mr. Deputy Speaker: There are two cut motions. They are in order and taken as moved.

Shri Timir Baran Bhaduri: Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100.

Shri A. H. Besterwitch: Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1.

Sir, the Hon'ble Minister has moved his demand under Grant No. 47, Major Head: 70—Forest. I am not going into the merits or demerits of this Demand. I am only going to the merits and demerits of the administration which the Minister has to control—whether he is controlling the administration or administration is controlling him—that is the thing on which I am going to speak.

[5-20—5-30 p.m.]

According to my report, according to my survey the total forest area in West Bengal is only 11 per cent., but the Government says that it is only 13 per cent. The average requirement for West Bengal is 33.3 per cent. Now this small quantum of forest area is already going to be extinct because of the disinclination of this Government to have employees recruited below the rank of top level officers. I am certain that the Hon'ble Minister will agree with me—and the House will also agree with me—if I say that there is top-heavy administration in this Department. During undivided Bengal there was only one post of Conservator of Forest, but today in this truncated West Bengal we have got one Conservator of Forest, six A.C.Fs. who draw huge money from the Government. There is a top-heavy administration in this Department. Lot of officers are there. When you come down you will find there is a DFO under each Conservator of Forest. In every forest division there is one DFO. Now we have got to see the amount spent on the lower rung of the cadre. It is a minus—minus in the sense that wages paid to the lower rung are less than the wages paid to the highly paid officers. Lot of officers are there. There are many who draw not less than Rs. 2,000 per month. Now, they are also keeping workers on daily wage basis. These workers are there in the *cha-bagan* areas. You can say that they are temporary workers. These workers are to do work for the officers and the officers cannot deny that. Shri P. K. Roy, the present Conservator of Forest while in charge of Kalimpong Division had to face a charge of malpractice, corruption and all these things. It seems to me that he has got a very high post and he has gone away to Government of India as I.G. of Forest. I will now say something about protection of forest. You are aware that *sal* timber is the wealth of West Bengal, but this is being evaporated from West Bengal forest from 1972. I have seen that. In fact in my area there is a saw mill which used to work three days a week previously is now working 24 hours. I suggest that this has got to be removed from the forest.

Timbers are being taken away and 80 forests have absolutely gone. This is the state of affairs. This Government has got a saw-mill at Siliguri, but the timbers coming to Siliguri are going to private concerns who are making huge profit and the saw-mill at Siliguri is not getting any timber. Can the officers deny the fact? Government's saw-mill at Siliguri is running at a loss.

Then, Sir, people living in forest areas depend on forest goods. Some time back Government had a broad-based attitude about this. During the time of Shri Tarun Kanti Ghosh, he promised to set up a co-operative of forest products. But now suddenly forest goods are disappearing and there is no co-operative. We live just close to forests and we know nothing of the co-operative.

Sir, the Forest Department purchased a number of tractors after spending huge amount of money. But what has happened to those tractors? Can the Minister-in-charge give the actual fact as to how many tractors are actually working, how many are lying idle in somebody else's house or how many have been sold out and what is the expenditure for maintenance of these tractors? Sir, huge Government money has been spent, but how it is spent, where it is spent, God only knows. So, these are the things which the Minister should see. When Government money is spent, it is the duty of the Ministers to see whether it is spent for good or for bad purpose. Whatever papers are given by the executives they simply read them, but they do not go deep into those papers.

Now, Sir, I must come to the subject of corruption. Corruption is going on before the very nose of the Minister. The Chief Conservator of Forests, West Bengal,—it has been observed by a Member and also published in a non-political newspaper—is carrying on a game of corruption, nepotism, favouritism and all these things, whereas no action is being taken against him and he has been promoted. Will the Minister tell the House how was he promoted and what was the certificate of his good work for which he was promoted? Even there were some charges against the present Chief Conservator of Forests, but he, too, has been promoted. Sir, I don't want to go into many details—there are a lot—and if the Minister wants I can give detail. One thing I want the Minister to tell the House is regarding an employee who made certain allegations against some officers.

[5-30—5-40 p.m.]

I think his name is Anil Das. He is suffering from T.B. He has made allegations against the high forest officers. That is why he has been punished and he has been sent away to an area in Darjeeling where he is kept away from society and is not getting any medical treatment. He is repeatedly asking for medical treatment, but he is not getting. I think his wages are also not being paid as yet. Why? Because he has made allegations against high officials. This report has gone to the Chief Minister even. If these things go on and corruption is carried on by these officers, no administration can run. If the Ministers are played into the hands of the executives, automatically they are undone. As it happened to the Forest Minister when he went to Shikar. It was published in the newspapers He denied it, but Mr. Biswanath Basu, General Secretary, published a challenge and sent a report to the Chief Minister for enquiry. So if the Ministers are played into the hands of the officers, automatically you cannot do anything. If you do illegal thing, whichever party you belong to, the executives will catch you by throat and you cannot do anything against them. I know this Grant is a very simple Grant, but still if these corruptions are not removed, it is very difficult for me to support this Grant. Corruptions are of very severe type, but still then you have promoted these officers, you have created higher posts. You have not created any post for the poor staff who have been working sincerely. You are creating higher posts and are drawing money from the exchequers for that. You must tell the House why so many high officers are appointed in the Forest Department? What is the justification? Do they go to the forests and look after the forests? Nothing—they only sign papers. It is the Beat Officers who actually work in the forests. You should appoint more Beat Officers so that they may look after the forests day to day. Chowkidars are working in the forests, not the high officers. The officers are only sitting in the Writers' Buildings and passing orders. If you want work, I mean real work, then appoint people in the lower rank and not the top heavy officials. They will work sincerely. They are the persons who will work. Forest timber is being looted. Are the High officers looking after it.? They are not.

Sir, when those forest guards see that there is nobody on the top doing anything, they just fold their hands and sit down. In Siliguri, what are you

getting from the Government saw-mills? Is the Government benefiting from these mills? No, these mills are running at a loss whereas the private mills are making huge profit. Why the Government is not getting any benefit from timber? Why the profit is going to the private saw-mills? We find that there is loss only in the Government mills. Similar is the case with tractors. You are spending huge sums of money for the tractors, but who are enjoying the benefit? Are the Government or the people enjoying any benefit? No. But regular repairs are going on at huge costs. Where the money is coming from and where is it going? So, I would request you to see to it that these things are very minutely checked and enquiry is made and officers concerned at fault are punished severely. If you do this, it is only then that you will get my support, otherwise not.

With these words, Sir, I move my cut motion.

শ্রীখান নাসিরুদ্দিন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বন বিভাগের খাতে মাননীয় মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি করেছেন, সেই বরাদ্দের উপর বলতে উঠে একটা কথা খুব দুঃখের সংগে জানাচ্ছি। মন্ত্রিমহাশয় তাঁর বক্তৃতার ১৩ নম্বর দফায় বলেছেন "জনগণের চিত্তবিনোদনের ব্যবস্থা করার জন্য প্রকৃতি সংরক্ষণ ও বন বিনোদন নামে আমাদের একটা প্রকল্প আছে।" পশ্চিমবঙ্গের ৭০ ভাগ মানুষ পাড়াগ্রামে বাস করে এবং এর মধ্যে এই ৭০ ভাগের ৬৯ ভাগই অতি দরিদ্র। এত দরিদ্র যে তাদের একমুঠো অন্ন সারাদিনে মেলে না। পশ্চিমবঙ্গের মানুষের এই যেখানে অবস্থা সেখানে চিত্তবিনোদনের এত ব্যবস্থা, এতে আমি বিক্ষুব্ধ। এটা অত্যন্ত লজ্জার কথা, ঘৃণার কথা, এসব চলে না। একমুঠো খাবার যতক্ষণ না প্রতিটি মানুষকে দিতে পারবেন, যতক্ষণ না সম্ভবপর হয়, ততক্ষণ চিত্তবিনোদনের ব্যবস্থা চলে না। রোজই দেখি আমাদের এম এল এ হোস্টেলের পাশে ৪০।৫০ হাজার টাকা দামের অ্যালসেসিয়ান কুকুর-এর চিকিৎসার ব্যবস্থা হয়। আপনারা কি সেই ধরনের ব্যবস্থা করছেন? যে দেশের মানুষ খেতে পায় না, মোটা একখানি কাপড় পরার যার সংস্থান নাই, সেখানে আপনারা চিত্তবিনোদনের ব্যবস্থা করে চলেছেন দেখে আমি বিস্মিত হয়েছি। এমন একটা পচা দপ্তর এত রটেন দপ্তর এত এর জঞ্জাল, সেই রকম একটা দপ্তরের ভার একজন গোবেচারা ভদ্রলোকের হাতে তুলে দিয়েছেন, সর্বনাশ করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গভীর বনের মধ্যে বন্যপ্রাণী রক্ষা করা এক কষ্টসাধ্য ব্যাপার।

[5-40—5-50 p.m.]

অথচ পশ্চিমবঙ্গের এই মূল্যবান সম্পত্তি রক্ষার জন্য শুধু বক্তৃতাই শুনে যাই। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, জরুরী প্রয়োজনে কর্মচারীদের যানবাহনের কোন ব্যবস্থা আপনাদের নাই, আপনারা বন বিভাগের কর্মচারীদের বনের ভেতর চলাচল যাতে করতে পারে তার জন্য কোন যানবাহনের ব্যবস্থা নাই। একটা যোগাযোগের জন্য টেলিফোন বা বেতার—তারও কোন ব্যবস্থা নাই। হঠাৎ কোন বিপদ-আপদ এলে সংগে সংগে একটা স্থান থেকে অন্য আর একটা স্থানে সংবাদ দেওয়ার কোন ব্যবস্থা আপনার নাই। যত অব্যবস্থা আপনার এই দপ্তরের ভেতর। মাননীয় ডেপুটি স্পীকার স্যার সম্পূর্ণ বনের ভেতর যাবার জন্য এমন কোন ব্যবস্থা নাই। আশ্চর্যের ব্যাপার। এখানে অনেক সময় দেখা যায় কাঠ চুরি করে, গণ্ডার মারে। এর রক্ষণাবেক্ষণের জন্য প্রোটেকসানের জন্য কোন ব্যবস্থা নাই। সৈন্যবাহিনী এখানে রাখা উচিত। পুলিসের কাছে সংবাদ পৌঁছাতে পৌঁছাতে এদিকে চুরি-ডাকাতি করে সব পালিয়ে যায়। যদি বা পুলিসে ধরলো পরের দিন আবার তাকে ছেড়ে দেওয়া হয় এবং খালাস হয়ে আবার হামলা করে। এর জন্য অনুরোধ করবো, পারেন তো কর্মচারীদের জন্য বনের মধ্যে নিরাপত্তার ব্যবস্থা করুন।

তারপরে গণ্ডারের একটা হিসেবে এখানে দেখতে পাচ্ছি, জলদাপাড়ার ৩৬ বর্গ মাইল এলাকার মধ্যে ৭০টি গণ্ডারের মধ্যে ৩০।৪০টি গণ্ডার মারা পড়লো। এর কি ব্যবস্থা আপনি করলেন? আপনি বহু টাকা এজন্য খরচ করবেন, বনপ্রাণী সংরক্ষণ করবেন। অথচ এক রাত্রির

অন্ধকারে দফা সারা। টাকা আমরা বরাদ্দ করলাম, আপনারা টাকা খরচ করলেন, সব অপচয় হয়ে গেল। এ সম্বন্ধে কি কোন কার্যকর ব্যবস্থা আপনারা করতে পারবেন না? এ কী ব্যবস্থা আপনারা করছেন?

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার অনেক কিছু বলবার ছিল। এখন সুকুমারবাবু বলবেন। সেইজন্য আমি আমার বক্তৃতা সংক্ষিপ্ত করছি। আমরা এক জায়গায় থাকি—উনি আমার ছোট ভাইয়ের মত। তাঁকে এখন বলবার সুযোগ আমাকে দিতে হবে।

আপনার মাধ্যমে একটা জিনিস করতে অনুরোধ করবো, অ্যানিম্যাল হাজবেন্ড্রী এবং জঙ্গল বিভাগ—এই দুটি একজন নিরীহ ভদ্রলোকের উপর চাপিয়ে দেওয়া হয়েছে। একজন রাষ্ট্রমন্ত্রীর ব্যবস্থা করুন এবং আপনার একটা দপ্তর ছেড়ে দেওয়া হোক।

শ্রীপুরঞ্জয় প্রামানিকঃ অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার আমাদের কংগ্রেসের একজন প্রবীণ সদস্য আজকে বিকাল ৪-৪৬ মিঃ সময় গত হয়েছেন। সেই জন্য আমি সভার দৃষ্টি আকর্ষণ করছি। তিনি এই সভার বর্তমান সদস্য, হাউসকে অ্যাডজোর্ন করবার জন্য আপনাকে অনুরোধ জানাচ্ছি:

এ ভয়েসঃ তিনি মারা গেছেন? হ্যাঁ।

Mr. Deputy Speaker: Hon'ble Members, I have not been informed anything officially.

শ্রীপুরঞ্জয় প্রামাণিকঃ আপনি কি আমার কাছ থেকে অফিসিয়াল ইনফরমেসান নেবেন?

Mr. Deputy S peaker: I will have the official information. Please take your seat.

শ্রীঠাকুরদাস মাহাতোঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি উপস্থিত করেছেন সে সম্পর্কে বলতে গিয়ে বলতে চাই, এই ব্যয়বরাদ্দের জন্য যে সময় বরাদ্দ করা হয়েছে এবং এই খাতে যে টাকা বায়বরাদ্দ করা হয়েছে তা নিতান্তই যৎসামান্য। আমরা অরণ্য সম্পদ বলে চিৎকার করি, গর্ব করি, কিন্তু দুঃখের বিষয়, লজ্জার বিষয়, এতবড় একটা গুরুত্বপূর্ণ জিনিসকে আমরা অবহেলা করছি। আমরা ভুলে গিয়েছি যে, এই যে অরণ্য তা হচ্ছে আমাদের আর্য সভ্যতার ও সংস্কৃতির সূতিকাগৃহ। সেকথা ছেড়ে দিলাম। যদি টাকাকড়ি বা অর্থাগম সম্বন্ধে ধরা যায় তা হলে দেখা যাবে টাকার অভাবে আমাদের কত বড় বড় পরিকল্পনা বানচাল হয়ে যাচ্ছে। এই অরণ্য থেকে যথেষ্ট উপার্জন হওয়ার সম্ভাবনা আছে। অথচ আমাদের এই খাতে ব্যয়বরাদ্দের ব্যাপারে আমাদের মাননীয় সদস্যদের সুচিন্তিত আলোচনা করার সুযোগ থেকে আমরা বঞ্চিত হচ্ছি। এই খাতে বায়বরাদ্দর উপর বলতে গিয়ে বলতে চাই আমরা দেখছি মাত্র এই ২৫ বছরের মধ্যে জঙ্গলের অবস্থা অত্যন্ত খারাপ হয়ে গিয়েছে। ২৫ বছর আগে দেখেছি, জঙ্গলখন্ডের অবস্থা জঙ্গলই ছিল। অথচ ২৫ বছরের মধ্যে জঙ্গল শেষ হওয়ার পথে। এই সম্বন্ধে সরকারী নীতি সম্পূর্ণ ব্যর্থ হয়েছে বলে মনে করি। যে জঙ্গল থেকে ফুল ফল বহু কিছু পাচ্ছি অথচ সেই বিভাগ সম্বন্ধে আমরা ঠিকভাবে চিন্তা করি না। কাজেই আমি বলতে চাই যে, সরকারের এই বিভাগ সম্বন্ধে গভীরভাবে চিন্তা করার দরকার আছে। আমাদের মন্ত্রিমহাশয় একটা ব্যবস্থা করেছেন, কিন্তু তাতে কাজ কি হচ্ছে? তিনি অ্যাডভাইসরি কমিটি করেছেন। রেঞ্জে রেঞ্জে, ডিভিসনে ডিভিসনে। কিন্তু আমরা দেখছি অ্যাডভাইসরি কমিটিতে বিভাগীয় আমলারা জনসাধারণের মধ্যে কোন রকম উৎসাহ-উদ্দীপনা সৃষ্টির চেষ্টা করেন না। এবং যার ফলে এটা কাগজেকলমে থেকে গিয়েছে। আমরা দেখেছি বিভিন্ন রেঞ্জে গিয়ে কোথাও কোথাও অ্যাডভাইসরি কমিটি ফর্ম হয়েছে তারপর মিটিং ডাকা হয় নি অর্থাৎ মন্ত্রিমহাশয় যেটা সঠিকভাবে আশা করেছিলেন গ্রামের মানুষের সহযোগিতা ব্যতিরেকে জঙ্গলের উন্নতি করা যাবে না সেটা ঠিক কিন্তু আমলাদের জন্য সেটা কার্যকর হচ্ছে না। নূতন জঙ্গলের দরকার আছে এবং তার জন্য টাকা ধরা হচ্ছে। কিন্তু তার আগে চিন্তা করা দরকার প্রকৃতির দান হিসাবে যে জঙ্গল ছিল সেটা এখন অবক্ষয়ের পথে যাচ্ছে। সেটার বিষয় কি হবে

জঙ্গলখণ্ডের মানুষ যদি জঙ্গল রক্ষার ব্যাপারে সহযোগিতা না করে, তা হলে কোনদিন জঙ্গ রক্ষা করা যাবে না। আমরা দেখেছি বৃটিশ আমলে বৃটিশ শাসন ছিল ঠিকই, কিন্তু শুধু সে কারণেই নয়, জঙ্গলের জন্য মানুষের একটা টান ছিল, সেই জন্যই জঙ্গলের কাঠ নষ্ট করা হ না। স্বাধীনতার পরে এইবারের নির্বাচনে প্রগতিশীল সরকার প্রতিষ্ঠিত হওয়ার জনগণ অনে আশা-আকাঙ্ক্ষা পোষণ করছে। আমরা জনগণকে এবং জনগণের সেই উৎসাহ-উদ্দীপনা কাজে লাগাতে না পারি, তা হলে জঙ্গল নষ্ট হয়ে যাবে।

[5-50—6-00 p.m.]

আমি প্রতিকারের কতকগুলি পয়েন্ট মন্ত্রিমহাশয়ের কাছে রাখছি। পাড়াগাঁয়ের মানু অনেক সময় জঙ্গলের উপর নির্ভরশীল। যতই আইন করুন, যতই পাহারা বসান যতক্ষণ ন তাদের বাস্তব অসুবিধার কথা চিন্তা করেন ততক্ষণ পর্যন্ত এই সমস্যার সমাধান হবে না যারা কাঠের উপর নির্ভরশীল, কাঠ সংগ্রহ করে ঐ সমস্ত বেকাররা যে তাদের জীবিকা নির্বা করে তাদের কিছু সুখসুবিধা যা ছিল তা দিতে হবে। কতকগুলি বেকার দরিদ্র মানুষ জঙ্গলে কাঠ কেটে নিয়ে যখন আসছে, তখন তারা ভাবছে চুরি যখন করতে হচ্ছে তখন আগাছা চু করবো কেন, ঐ শাল গাছ কাটবো। তাদের যে দীর্ঘ দিনের অধিকার ছিল, জঙ্গলখণ্ডের মানু আমার জানা আছে যে, তারা আগছা ও শালের জঙ্গলে শুকনো গাছ যেসব সেগুলি বিনা পয়সায় তারা সংগ্রহ করতো। কিন্তু আজকে সেই সংগ্রহের ব্যাপারে যে পারমিট সিস্টেম কর হয়েছে। তাতে হয়তো ৫ টাকার পারমিট পাওয়া গেল কিন্তু তাকে সেই দিনের মধ্যেই কা তুলে নিতে হবে। কিন্তু আগে ছিল ৫।৭ দিন ধরে এই কাঠ তারা সংগ্রহ করতে পারতো রেঞ্জার সাহেব ও ডিভিসন্যাল ফরেস্ট অফিসার বলেছেন যে, আপনাদের মেয়ে মানুষেরা যে কা কেটে নিয়ে যাচ্ছে—আইন দিয়ে তাদের শায়েস্তা করতে হবে। আইন দিয়ে তাদের শায়েস্তা করার দরকার হবে না। তাদের অলটারনেটিভ রুজিরোজগারের ব্যবস্থা করলে, তাদের অর্থনৈতিক ব্যবস্থা করলে, প্রতিকারের ব্যবস্থা হয়ে যাবে, তা হলে ঐ জঙ্গলে আর মেয়েরা কাঠ কাটতে যাবে না। তার জন্য আইনগত ব্যবস্থা করার প্রয়োজন হবে না। তাদের জন্য উন্নত পরিবেশ সৃষ্টি করতে হবে। আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো গ্রামে গ্রামে লোকের সঙ্গে যোগাযোগ করুন তা হলে জনসাধারণ বুঝতে পারবেন যে, ওরা আমাদের জন্য এই ব্যবস্থা করছেন। অফিসারর আমাদের সাহায্য করার জন্য এসেছেন। তা না করে তিনি অফিসে বসে রয়েছেন। জনসাধারণের মধ্যে কোন যোগাযোগ নেই। আমার সময় অল্প—এই ব্যাপারে বিস্তৃত আলোচনা করার প্রয়োজন ছিল। পরিশেষে আমি মন্ত্রিমহাশয়কে বলবো যে পুরানো যে জঙ্গল না যাতে নষ্ট না হয়ে যায় তার জন্য তিনি বিশেষ চেষ্টা করবেন। আজকে জঙ্গলের এমন অবস্থা হয়েছে যে দূর থেকে দেখলে মনে হবে বিরাট বিরাট গাছের বন - কিন্তু কাছে গিয়ে দেখলে দেখতে পাবেন বিরাট ঝোপ-ঝাড়। এই সমস্ত জঙ্গলকে নষ্ট করে। যদি আমরা তৈরি না করি ফলে আমাদের সমস্ত ক্ষতি হবে। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমহম্মদ সফিউল্লা: মাননীয় স্পীকার মহাশয়, আমাদের বন বিভাগের মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি এই হাউসে পেশ করেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য পেশ করছি আমার বক্তব্যকে দুটি অংশে বিভক্ত করছি। এক হচ্ছে অরণ্য আর এক হচ্ছে অরণ্যের জীবজন্তু ও পশুপক্ষী। প্রথমটির সম্বন্ধে আমি সেক্সপীয়রের অ্যাজ ইউ লাইক ইট নাটকের একটি কবিতা দিয়ে শুরু করছি:—

Under the greenwood tree.
Who comes to live with me.
Come hither. come hither, come hither.
Here shall he see no enemy,
But winter and longest weather.

আর দ্বিতীয় বিষয়টি সম্বন্ধে আমি স্বর্গত বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের ইছামতী উপন্যাসের একটি উদ্ধৃতি দেবো "ভবানী অপ্রসন্নমুখে নদীর ধারে এক বটগাছতলায় গিয়ে বসলেন, বিশাল বট গাছটি, এখানে সেখানে সব দীর্ঘকায় ঝুরি নেমে বড় বড় গুঁড়িতে পরিণত হয়েছে, একটা

নিভৃত ছায়া ভরা শান্তি বটের তলায়। দেশের পাখী এসে জুটেছে গাছের মাথায়। দূর দূরান্তর থেকে পাখীরা যাতায়াতের পথে এখানে আশ্রয় নেয়, যাযাবর মাক্ষকুট, হাঁস ও সিল্লীর দল; স্থায়ী বাসস্থান বেধেছে বড়ো হাঁস, বক, চিল, দু-চারটি শকুন, ছোট পাখীর ঝাঁক যেমন শালিক, ছাতারে, দোয়েল, জলাপিপি—এ গাছে—বাস করে না বা বসেও না।" ইংরাজী ও বাংলা সাহিত্যে অরণ্য ও অরণ্যকে পটভূমি করে বহু কাব্য ও উপন্যাস রচিত হয়েছে। নজরুল তো চক্রবাক হাঁসের নামে চক্রবাক কাব্যই লিখে ফেললেন। বঙ্কিমের 'কপালকুণ্ডলা' বিভূতিভূষণের 'স্মৃতি রেখা', 'আরণ্যক', 'হে অরণ্য কথা কও' অরণ্য ও অরণ্যের পটভূমিকায় রচিত।

মধ্যযুগের অরণ্য

দিল্লীর সুলতান ও মুঘল বাদশাদের আমলে ভারতের বহু অঞ্চলে অরণ্য ছিল। মুসলমান রাজা-বাদশারা অরণ্যকে যেভাবে ব্যবহার করতেন সেভাবে অরণ্য সংরক্ষণ করেন নি। ঐতিহাসিক বারানীর 'তারিখ-ই-ফিরোজসাহী' বাবরের 'তুজুখ-ই-বার্বার', আবুল ফজলের 'আইন-ই-আকবরী' এবং জাহাঙ্গীরের "তুজখ ই জাহাঙ্গীরী"তে শিকার ও শিকার প্রণালীর উল্লেখ পাই। জাহাঙ্গীর তো সারা জীবন শিকার করেই কাটিয়ে গেলেন।

বৃটিশ যুগের অরণ্য

বৃটিশ আমলে অরণ্য সম্বন্ধে সচেতনতা লক্ষ্য করা যায়, এ সময়ে বন্যপ্রাণী সংরক্ষণের জন্য যেমন আইন প্রণীত হয়েছিল, তেমনি ক্ষয়িষ্ণু বন্যপ্রাণীদের বাঁচাবার প্রচেষ্টাও তারা করেছিলেন। সেই যুগে হস্তী সংরক্ষণ আইন কিংবা গণ্ডার সংরক্ষণ আইন বিশেষভাবে উল্লেখযোগ্য। ইংরাজ লাট ও রাজকর্মচারীরা যেমন ভারতের অরণ্যে শিকার করতেন, তেমনি দেশীয় রাজা-মহারাজা তাঁদের নিজস্ব সংরক্ষিত অরণ্যে বা সাধারণ বনভূমিতে শিকার করতেন।তবে এই কথা আমাদের স্বীকার করতেই হবে যে, ভারতের তৎকালীন বহু নরখাদক বাঘ শিকার করে তারা আমাদের প্রভূত উপকার করে গেছেন। তাঁদেরই একজন স্বর্গত জিম করবেট—যাঁর নামে উত্তরপ্রদেশে 'করবেট ন্যাশন্যাল পার্ক' করে তাঁকে চিরস্মরণীয় করে রেখেছি।

স্বাধীনতার পরের অরণ্য

স্বাধীনতার পর বাংলাকে দ্বিখণ্ডিত করে পূর্ব পাকিস্থান অধুনা বাংলাদেশ ও পশ্চিমবঙ্গে বিভক্ত করা হয়। খণ্ডিত পশ্চিমবাংলার উত্তরে দেবাদিদেব হিমালয়, দক্ষিণে বঙ্গোপসাগর। এই রাজ্যের মস্তক ভাগে তিনটি জেলা দার্জিলিং, জলপাইগুড়ি ও কুচবিহার এবং ১২টি জেলা নিয়ে দেহটি গঠিত। ঘড়ির কাঁটার দিকে ঘুরে এলে দেখতে পাবো—উত্তরের অংশ নেপাল ও ভুটানের সঙ্গে সংলগ্ন, পূর্বে আসাম, দক্ষিণে বাংলাদেশ এবং পশ্চিমে বিহার।

উত্তরের পার্বত্য বনভূমি, মধ্যবঙ্গের সমতল ও শুষ্ক বনভূমি এবং জলাভূমির হিজল গাছের অরণ্য ও দক্ষিণের ভয়ংকর ও সুন্দর নোনা মাটির অরণ্য সুন্দরবন—আমাদের অরণ্য সম্পদ।

স্বাধীনতার পর দেশের অরণ্য ও অরণ্য সম্পদ সম্বন্ধে আমরা সজাগ হয়ে উঠি নি এবং নির্বিচারে হত্যালীলা চালিয়ে বনভূমির বহু মূল্যবান প্রণীকে হত্যা করেছি। একটি পরিসংখ্যান দিলে বিষয়টি আরো পরিষ্কার হয়ে উঠবে—১৯৫৩-৫৪ সালে পশ্চিমবঙ্গে নিহত বন্যপ্রাণীর সংখ্যা ১,০০২, তার মধ্যে বাঘ ১৬, দুষ্প্রাপ্য ও মূল্যবান টাঁর ১ গুরাল ৮ কাকার হরিণ ১১৬, বন্য মুরগী ৫৭৩। এতো সরকারী হিসাব, বেসরকারী হিসাব ধরলে একে ৪ দিয়ে গুণ করতে হবে। এইভাবে বছরের পর বছর হত্যালীলা চালিয়ে আমরা আমাদের অরণ্য সম্পদকে ধ্বংস করেছি। বাড়ির কাছে সুন্দরবন। সুন্দরী কেওড়া, বাইন গরান, গর্জন, হেঁতাল, গোলগাছে ঘেরা সুন্দরবন—মাতলা, রায়মঙ্গল পেরিয়ে যে সুন্দরবন— সে সুন্দরবন আমাদের হাতছানি দিয়ে ডাকে। নদনদীর সংখ্যা ১৫ দ্বীপের সংখ্যা ৪৮, খাঁড়ির সংখ্যা ৩০০, অসংখ্য ট্যাঁক, দন ও চরা। দুঃখের কথা, স্বাধীনতার ২৫ বছর পরেও সুন্দরবনের জঙ্গলের কোন জরীপ হল না। খাঁড়ি, চর, দন, ট্যাঁক ও দ্বীপের সঠিক সংখ্যা আজও নির্ণীত হলো না বাদার কথা বলতে গেলে বিস্তর সময় লাগে— অল্প সময়ে বলা যায় না।

দক্ষিণরায়ের খাস তালুক, বনবিবির রাজ্য ও বদর গাজীর এলাকা সুন্দরবন। কাউকে চটাবার উপায় নেই। বনবিবির কথা—'বনবিবির জহুরা নামায়' লেখা আছে। বিনা এত্তেলায় বনবিবির রাজ্যে ঢোকার উপায় নেই। তাই তো মউলী বা বাউলীরা দক্ষিণরায়ের পূজো দেয়, বনবিবির সিন্নি মানত করে এবং বদর গাজীর নাম করে রওয়ানা দেয়, কিন্তু তাতেও 'বড় মিঞার নেক নজর থেকে রেহাই পাওয়ার উপায় নেই। একটু সুযোগ পেলেই 'বড় শিয়াল' মুরগির বাচ্চার মত মুখে করে নিয়ে পালাবে। বাদার লোকেরা তাই সহজে বাঘের নাম করে না। কেউ বলে ভোদড়, কেউ বলে বড় হরিণ কেউবা বলে 'কাবুলিওয়ালা'। গ্রামবাংলায় রাত বিরেতে বাঘকে তো 'বড় মামা' বলাই রেওয়াজ। সুন্দরবনে মৃত্যুর ফাঁদ পাতা সর্বত্র। এই হয়তো জ্যোৎস্নালোকিত রাত্রে টিউ টিউ করে হরিণ ডাকছে, পরক্ষণেই বাঘের হুংকারে হতবাক মুমূর্ষু প্রাণীর আর্তনাদ। তাই তো যত্রতত্র খাঁড়ি বা টাঁকের মোড়ে কঞ্চির মাথায় লাল নিশান হতভাগা জেলে বা মউলীর মৃত্যুর কথা ঘোষণা করে।

সুন্দরবনে জলে কুমীর, ডাঙ্গায় বাঘ, গাছের ডালে ডালে মৌমাছি, বোলতা ও ভীমরুলের চাক। বসন্তকালে কেওড়া, ওড়া, গেঁও, গরাণ প্রায় সব গাছেই ফুল ফোটে—দলে দলে মৌমাছি এসে চাক বাঁধে। সুন্দরবনের আশেপাশের গ্রামে মৌমাছি পালন লাভজনক ব্যবসায়ে পরিণত হতে পারে--বনমন্ত্রীকে এ বিষয়ে দৃষ্টি দিতে অনুরোধ করি।

সুন্দরবনে হিংস্র জন্তুর অভাব নেই। আছে মাংসাশী কুমীর ও বাঘ, ভয়ঙ্কর বিষাক্ত সব সাপ, অসংখ্য রকমের কাঁকড়া, গেঁড়ি, গুগলি ও জলচর ও স্থলচর গোসাপ—স্থানীয় লোকেরা যাকে তারবেল বলে। তারবেল শিকার নিষিদ্ধ হওয়া দরকার। সুখের কথা '১৯৭২ বন্যপ্রাণী সংরক্ষণ আইনে' সরীসৃপ শিকার নিষিদ্ধ। এই রাজ্যের একমাত্র অভয়ারণ্য সুন্দরবনের সজনেখালিতে। পাঁচমুখানী ও পীরখালির জঙ্গল এলাকায় প্রতি বছর পাখী আসে দেখে পশ্চিমবঙ্গ সরকার এই অভয়ারণ্যটি ১৯৬০ সালে প্রতিষ্ঠা করেন এবং সেই থেকে বর্ষায় প্রতি বছর হাজার হাজার প্রাণী এসে বাসা বাঁধে। এখানে প্রায় ২৮-৩০ প্রজাতির প্রাণী নীড় রচনা করে—তারা হল কোঁচ বক, সামুক খোল গবর, ছোট পানকৌড়ি, কার্চে বগলা (ছোট ও বড়), সাদা কাক, বাচকা, পীত বক, জংহিল, লোহারজং, গয়ার, কাস্তেচুড়া, দাঁড়কাক, কানা বক, টিটিউড, বাটাম, কয়েল প্রভৃতি।

গত নভেম্বরে কেন্দ্রীয় সরকার ব্যাঘ্রকে পশুরাজ বলে স্বীকৃতি দিয়েছেন। সিংহের সিংহাসন বাঘ কেড়ে নিল। আগামী ১লা এপ্রিল থেকে পাঁচ কোটি টাকার ব্যাঘ্র পরিকল্পনা চালু হচ্ছে। বিদেশ থেকে ১০ লক্ষ ডলার সাহায্য পাওয়া যাবে। সুখের কথা, সুন্দরবনকে নবম টাইগার পিক হিসাবে ঘোষণা করা হয়েছে। আমাদের দাবি সুন্দরবনকে অবিলম্বে ন্যাশনাল পার্ক বলে ঘোষণা করা হোক। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-00—6-10 p.m.]

Shri Ananda Mohan Biswas: On a point of personal explanation, Sir, Shri A. H. Besterwitch has brought an allegation against me regarding hunting of a deer in the Sunderban area. I say with firm conviction before the House that this allegation is baseless and at the same time fantastic and politically motivated. I fully deny that.

Mr. Speaker: As the time for guillotine will start at 6.05 p.m. there is no scope for the Hon'ble Minister to make any statement. I would only request him to place his Demand for acceptance of the House.

শ্রীসীতারাম মাহাতো: মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্য বেস্টারউইচ সাহেব এই ব্যয় বরাদ্দের উপর যে কাট মোশান এনেছেন তা সম্পূর্ণ ভিত্তিহীন বলে আমি সেটা স্বীকার করছি না। আমি পুনরায় মাননীয় সদস্যদের কাছে প্রার্থনা জানাচ্ছি এই ব্যয়বরাদ্দ মঞ্জুর করার জন্য। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri A. H. Besterwitch that the amount of the demand be reduced to Re. 1 and the motion of Shri Timir Baran Bhaduri that the amount of the demand be reduced by Rs. 100, were then put and a division taken with the following result:—

Noes

Abdul Bari Biswas, Shri.
Abdus Sattar, Shri.
Bandyopadhyay, Shri Sukumar.
Banerjee, Shri Mrityunjoy.
Banerjee, Shri Pankaj Kumar.
Basu, Shri Ajit Kumar (Mid.).
Biswas, Shri Ananda Mohan.
Biswas, Shri Kartic Chandra.
Bose, Shri Lakshmi Kanta.
Chakravarty, Shri Bhabataran.
Chowdhary, Shri Abdul Karim.
Das Gupta, Dr. Santi Kumar.
De, Shri Asamanja.
Deshmukh, Shri Netai.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Adya Charan.
Ekramul Haque Biswas, Shri.
Ghose, Shri Sankar.
Gyan Singh, Shri Sohanpal.
Halder, Shri Harendra Nath.
Halder, Shri Manoranjan.
Hemram, Shri Kamala Kanta.
Khan, Shri Gurupada.
Kolay, Shri Akshay Kumar.
Lakra, Shri Denis.
M. Shaukat Ali, Shri.
Mahato, Shri Sitaram.
Malladeb, Shri Birendra Bijoy.
Mandal, Shri Probhakar.
Md. Safiullah, Shri.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Mohammad Idris Ali, Shri.
Mondal, Shri Anil Krishna.
Moslehuddin Ahmed, Shri.
Mukherjee, Shri Ananda Gopal.
Mukherjee, Shri Sibdas.
Mukhopadhaya, Shri Subrata.
Mukhopadhyaya, Shri Ajoy.

Naskar, Shri Ardhendu Sekhar.
Naskar, Shri Gobinda Chandra.
Nurunnesa Sattar, Shrimati.
Panja, Shri Ajit Kumar.
Paul, Shri Bhawani.
Pramanik, Shri Puranjoy.
Ram, Shri Ram Peyare.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shri Birendra Nath.
Roy, Shri Debendra Nath.
Roy, Shrimati Ila.
Roy, Shri Madhu Sudan.
Roy, Shri Mrigendra Narayan.
Roy, Shri Santosh Kumar.
Saha, Shri Dwija Pada.
Saha, Shri Radha Raman.
Sahoo, Shri Prasanta Kumar.
Saraogi, Shri Ramkrishna.
Saren, Shrimati Amala.
Sen, Shri Sisir Kumar.
Shaw, Shri Sachi Nandan.
Singhababu, Shri Phani Bhusan.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Wilson-de Roze, Shri George Albert.

Ayes

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Absentions

Mahata, Shri Thakurdas.
Panda, Shri Bhupal Chandra.

The Ayes being 3 Noes 64 and the Abstentions 2, the motions were lost.

The motion of Shri Sitaram Mahato that a sum of Rs. 3,69,48,000 be granted r expenditure under Grant No. 42, Major Head: "70—Forest." was then put id agreed to.

(At this stage the Guillotine bell was rung.)

DEMAND FOR GRANT No. 48

lajor Heads: 71—Miscellaneous—Other Miscellaneous Expenditure, and 109—Capital Outlay on Other Works

Shri Sankar Ghose: Sir, on the recommendation of the Governor, I beg to ove that a sum of Rs. 15,35,13,000 be granted for expenditure under Grant o. 48, Major Heads: "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure, id 109—Capital Outlay on Other Works."

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 3

Major Head: 10—State Excise Duties

Shri Sitaram Mahato, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,36,14,000 be granted for expenditure under Grant No. 3, Major Head: "10—State Excise Duties."

The motion was then put and agreed to.

[6-10—6-20 p.m.]

DEMAND FOR GRANT No. 14

Major Head: 22—Jails

Shri Gyan Singh Sohanpal, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,25,27,000 be granted for expenditure under Grant No. 14, Major Head: "22—Jails."

The motion was then put and a division taken with the following results:

Ayes

Abdul Bari Biswas, Shri.
Abdus Sattar, Shri.
Bandyopadhyay, Shri Sukumar.
Banerjee, Shri Mrityunjoy.
Banerjee, Shri Pankaj Kumar.
Basu, Shri Ajit Kumar (Mid.).
Bhattacharya, Shri Keshab Chandra.
Biswas, Shri Ananda Mohan.
Biswas, Shri Kartic Chandra.
Bose, Shri Lakshmi Kanta.
Chakravarty, Shri Bhabataran.
Chowdhary, Shri Abdul Karim.
Das Gupta, Dr. Santi Kumar.
De, Shri Asamanja.
Deshmukh, Shri Netai.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Adya Charan.
Ekramul Haque Biswas, Shri.
Ghose, Shri Sankar.
Gyan Singh, Shri Sohanpal.
Halder, Shri Harendra Nath.
Halder, Shri Manoranjan.
Hembram, Shri Sital Chandra.
Hemram, Shri Kamala Kanta.
Khan, Shri Gurupada.
Kolay, Shri Akshay Kumar.
Lakra, Shri Denis.
M. Shaukat Ali, Shri.
Mahato, Shri Ram Krishna.

Mahato, Shri Sitaram.
Maiti, Shri Braja Kishore.
Mahadeb, Shri Birendra Bijoy.
Mandal, Shri Probhakar.
Md Safiullah, Shri.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Mohammad Idris Ali, Shri.
Mohanta, Shri Bijoy Krishna.
Mondal, Shri Anil Krishna.
Moslehuddin Ahmed, Shri.
Mukherjee, Shri Ananda Gopal.
Mukherjee, Shri Sibdas.
Mukhopadhaya, Shri Subrata.
Mukhopadhyaya, Shri Ajoy.
Naskar, Shri Ardhendu Sekhar.
Naskar, Shri Gobinda Chandra.
Nurunnesa Sattar, Shrimati.
Panja, Shri Ajit Kumar.
Paul, Shri Bhawani.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Ram, Shri Ram Peyare.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shri Birendra Nath.
Roy, Shri Debendra Nath.
Roy, Shrimati Ila.
Roy, Shri Madhu Sudan.
Roy, Shri Mrigendra Narayan.
Roy, Shri Santosh Kumar.
Saha, Shri Dwija Pada.
Saha, Shri Radha Raman.
Sahoo, Shri Prasanta Kumar.
Saraogi, Shri Ramkrishna.
Saren, Shrimati Amala.
Sarkar. Dr. Kanai Lal.
Sen, Shri Bholanath.
Sen, Shri Sisir Kumar.
Shaw, Shri Sachi Nandan.
Singhababu, Shri Phani Bhusan.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Wilson-de Roze, Shri George Albert.

Noes

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Abstentions

Mahata, Shri Thakurdas.
Panda, Shri Bhupal Chandra.

The Ayes being 71, Noes 3 and the Abstentions 2, the motion was carried.

DEMAND FOR GRANT No. 4

Major Head: 11—Taxes on Vehicles

Shri Gyan Singh Sohanpal, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 28,07,000 be granted for expenditure under Grant No. 4, Major Head: "11—Taxes on Vehicles."

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 11

Major Head: 18—Parliament, State/Union Territory Legislature

Shri Gyan Singh Sohanpal, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 71,25,000 be granted for expenditure under Grant No. 11, Major Head: "18—Parliament, State/Union Territory Legislature."

The Motion was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 56

Major Head: Loans and Advances by State/Union Territory/Governments

Shri Sankar Ghose. Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 40,10,95,000 be granted for expenditure under Grant No. 56, Major Head: "Loans and Advances by State/Union Territory Governments."

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 16

Major Head: 26—Miscellaneous Departments—Fire Services

Shri Santosh Kumar Roy, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,08,41,000 be granted for expenditure under Grant No. 16, Major Head: "26—Miscellaneous Departments—Fire Services," for the year 1973-74.

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 1

Major Head: 4—Taxes on Income other than Corporation Tax

Shri Sankar Ghose, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 12,38,000 be granted for expenditure under Grant No. 1, Major Head: "4—Taxes on Income other than Corporation Tax," for the year 1973-74.

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 8

Major Head: 15—Registration Fees

Shri Abdus Sattar, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 98,34,000 be granted for expenditure under Grant No. 8, Major Head: "15—Registration Fees," for the year 1973-74.

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 36

Major Head: 53—Ports and Pilotage

Shri Gyan Singh Sohanpal, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 21,85,000 be granted for expenditure under Grant No. 36, Major Head: "53—Ports and Pilotage," for the year 1973-74.

The motion was was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 18

Major Head: 27—Scientific Departments

Shri Mrityunjoy Banerjee, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 77,000 be granted for expenditure under Grant No. 18, Major Head: "27—Scientific Department," for the year 1973-74.

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 28

Major Head: 35—Industries—Cinchona

Shri Gyan Singh Sohanpal, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 76,46,000 be granted for expenditure under Grant No. 28, Major Head: "35—Industries—Cinchona," for the year 1973-74.

The motion was then put and agreed to.

[6-20—6-27 p.m.]

DEMAND FOR GRANT No. 40

Major Head: 67—Privy Purses and Allowances of Indian Rules

Shri Siddhartha Shankar Ray, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 10,000 be granted for expenditure under Grant No. 40, Major Head: "67—Privy Purses and Allowances of Indian Rulers," for the year 1973-74.

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 41

Major Head: 68—Stationery and Printing

Shri Gyan Singh Sohanpal, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,27,07,000 be granted for expenditure under Grant No. 41, Major Head: "68—Stationery and Printing", for the year 1973-74.

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 9

Major Head: 16—Interest on Debt and other obligations

Shri Sankar Ghose, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,25,00,000 be granted for expenditure under Grant No. 9, Major Head: "16—Interest on Debt and other obligations," for the year 1973-74.

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 37

Major Heads: 57—Road and Water Transport Schemes and 114—Capital Outlay on Road and Water Transport Schemes

Shri Gyan Singh Sohanpal, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 93,26,000 be granted for expenditure under Grant No. 37, Major Heads: "57—Road and Water Transport Schemes and 114—Capital Outlay on Road and Water Transport Schemes," for the year 1973-74.

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 5

Major Head: 12—Sales Tax

Shri Sankar Ghose, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 92,53,000 be granted for expenditure under Grant No. 5, Major Head: "12—Sales Tax," for the year 1973-74.

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 6

Major Head: 13—Other Taxes and Duties

Shri Sankar Ghose, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 94,99,000 be granted for expenditure under Grant No. 6, Major Head: "13—Other Taxes and Duties," for the year 1973-74.

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 7

Major Head: 14—Stamps

Shri Sankar Ghose, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 30,65,000 be granted for expenditure under Grant No. 7, Major Head: "14—Stamps", for the year 1973-74.

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 47

Major Head: 71—Miscellaneous—Civil Defence

Shri Siddhartha Shankar Ray, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,05,00,000 be granted for expenditure under Grant No. 47, Major Head: "71—Miscellaneous—Civil Defence," for the year 1973-74.

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 50

Major Head: 78—Pre-partition Payments

Shri Sankar Ghose, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,000 be granted for expenditure under Grant No. 50, Major Head: "78—Pre-partition Payments," for the year 1973-74.

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT No. 46

Major Head: 71—Miscellaneous—Youth Services

Shri Subrata Mukhopadhaya, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 7,02,000 be granted for expenditure under Grant No. 46, Major Head: "71—Miscellaneous—Youth Services." for the year 1973-74.

The motion was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 6.28 p.m. till 1 p.m. on Wednesday, the 28th March, 1973, at the Assembly House, Calcutta-1.

Proceedings of th[illegible] Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 28th March, 1973, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 14 Ministers, 8 Ministers of State, 2 Deputy Ministers and 132 Members.

OBITUARY

[1-00—1-6 p.m.]

Mr. Speaker: Honourable Members, it is with a deep sense of sorrow that I have to perform a very melancholy duty of referring to the sad demise of Shri Bhupati Majumdar, a sitting Member of this House. I have just received a report that Shri Majumdar breathed his last at 4-32 p.m. on 27th March, 1973. He died at a ripe old age and full of hunours.

Having been returned from the Chinsura Constituency in the last General Election, he was the oldest Member of this House.

Born on January 1, 1891, he was educated at Hooghly Branch School and Hooghly College. A life-long revolutionary and a valiant fighter for the country's independence movement, most part of his youth was spent in various prisons. Later he became the Vice-President of the National Council of Education, West Bengal, President, I.F.A., Vice-President, Indian Olympic and founder-President, West Bengal Rifle Association. He was also associated with so many other cultural and sports organisations. He was a trusted lieutenant of Deshbandhu Chittaranjan Das and a close associate of Netaji Subhas Chandra Bose. A dedicated worker, he always placed service above self. He died as a bachelor. Shri Majumdar was a Minister for Irrigation in this State from 1947 to 1952, and he also held the portfolios of Commerce and Industries and Tribal Welfare Departments after the 1957 election.

For his versatility, his amiable temperament and his lovable personality, he endeared himself to all who came in contact with him. In fact, Shri Majumdar died leaving no enemy.

May his soul rest in peace.

I would now request Honourable Members to rise in their seats and observe silence for two minutes as a mark of respect to the departed soul.

(Members rose in their seats and stood in silence for two minutes)

Thank you, ladies and gentlemen, Secretary will do the needful.

Honourable Members, there will be two sittings of the House tomorrow, the 29th March, 1973. The first sitting will commence at 9 a.m. and the business fixed for today will be taken up at 9 a.m. The normal business fixed for tomorrow will also be taken up on that day at such hour as will be announced tomorrow.

The House stands adjourned till 9 a.m. on Thursday, the 29th March, 1973.

Adjournment

The House was accordingly adjourned at 1-6 p.m. till 9 a.m. on Thursday, the 29th March, 1973, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assemb provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 29th March, 1973, at 9 a.m.

Present

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 14 Ministers, 8 Ministers of State, 2 Deputy Ministers and 155 Members.

Oath or affirmation of allegiance

[9-00—9-10 a.m.]

Mr. Speaker: Honourable Members, any of you who have not yet made an oath or affirmation of allegiance, may kindly do so.

(There was none to take oath.)

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: The Minister-in-charge of the Power Department will please make a statement on the subject of reported shifting of proposed Power Station from Dalkhola in West Bengal to Purnia district of Bihar. (Attention called by Shri Abdul Bari Biswas, Shri Sukumar Bandyopadhyay and Shri Sarat Chandra Das on the 26th March, 1973.)

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury: Mr. Speaker, Sir, in reply to the notice of Calling Attention to a Matter of Urgent Public Importance relating to the Dalkhola Power Project I would like to inform the House as follows :—

This Government are not aware that the Dalkhola Scheme has been dropped by the Government of India. According to our information the Minister of State, Power, Government of India, declared in the Parliament that the Project would be located at Dalkhola. Accordingly, at the request of the Central Water and Power Commission, the West Bengal State Electricity Board has undertaken survey work and the same is in progress. The State Electricity Board has also furnished a project report to the Government of India for a matching schemes for transmission of power from Dalkhola. The Government of India, Ministry of Irrigation and Power, and the Central Water and Power Commission have been requested through telex to furnish this Government with full clarification on the newspaper report and to reassure this Government that the newspaper report of shifting of the project from West Bengal is not true. No reply has, however, been received so far.

Mr. Speaker: I have received five notices of Calling Attention on the following subjects, namely :—

(1) Reported worst load shedding in Calcutta on the 20th March last—from Shri Sukumar Bandyopadhyay, Shri Abdul Bari Biswas and Shri Kashinath Misra.

(2) Reported accident of the Fire Brigade engine at Darjeeling on the 27th March last—from Shri Abdul Bari Biswas, Shri Sukumar Bandyopadhyay, Shri Adya Charan Datta and Shri Kashinath Misra.

(3) Financial assistance to Howrah Municipality—from Shri Kashinath Misra, Shri Sukumar Bandyopadhyay, Shri Abdul Bari Biswas and Shri Narayan Bhattacharya.

(4) Opening of Fire Service in municipal areas and every block in Murshidabad district—from Shri Mohammad Dedar Baksh.

(5) Damage to boro crops due to drought in West Bengal villages—from Dr. Ekramul Haque Biswas and Shri Mohammad Dedar Baksh.

I have selected the notice of Shri Sukumar Bandyopadhyay, Shri Abdul Bari Biswas and Shri Kashinath Misra, on the subject of reported worst load shedding in Calcutta on the 20th March last. The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury : The statement will be made on the 4th April, 1973.

Mention Cases

শ্রীকাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে আমরা দেখতে পাচ্ছি যে, ১৯৭২ সালে অনুষ্ঠিত বি এ, বি এস সি পার্ট ওয়ান এবং পার্ট টু-র ফলাফল আজও প্রকাশিত হয় নাই, বিশেষতঃ কলিকাতা বিশ্ববিদ্যালয়ের যে ১৯৭১ সালের পলিটিক্যাল সায়েন্সের পরীক্ষা বন্ধ হয়ে রয়েছে, প্রশ্নপত্রের গোলমালের দরুন, সে পরীক্ষা আজও হয় নি—স্থগিত হয়ে রয়েছে। বর্ধমান বিশ্ববিদ্যালয়েরও বি এ, বি এস-সি পার্ট ওয়ান এবং পার্ট টু ১৯৭২ সালের পরীক্ষার ফলাফল এখনো প্রকাশিত হয় নাই। কলিকাতা বিশ্ববিদ্যালয়েরও ১৯৭২ সালের বি এ, বি এস-সি পার্ট ওয়ান, পার্ট টু পরীক্ষার ফল আজ পর্যন্ত প্রকাশিত হয় নাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর ফলে আজকে ছাত্র জগতে যে অশান্তি দেখা দিয়েছে, সে অশান্তি এই সরকার দূর করবার চেষ্টা করছেন। কিন্তু আজকে দেখা যাচ্ছে, এক বছর আগে যেসব পরীক্ষা হয়েছিল তার ফলাফল আজ পর্যন্ত প্রকাশিত হয় নাই। তার জন্য ছাত্রসমাজে সমূহ বিপদ ঘনিয়ে এসেছে। এই সম্পর্কে মাননীয় শিক্ষামন্ত্রী, মুখ্যমন্ত্রী তথা সমগ্র মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীসুনীলমোহন ঘোষ মৌলিক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা জরুরী বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, এই যে ভ্যাসেকটমি মাস যাচ্ছে, গভর্নমেন্টের প্রচার দপ্তর থেকে মুর্শিদাবাদের নাম আজ পর্যন্ত করা হয় নাই। তার ফলে এখানকার ওয়ার্কারদের মধ্যে একটা ফ্রাস্টেশন এসে গেছে, তারা মনে করছেন, অযথা তাঁরা খেটে মরছেন। সেখানে ৬ শতাংশ এক্সিড করে গেছে। এর মধ্যে মুর্শিদাবাদের নামোল্লেখ নাই। আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি, কান্দি সাব-ডিভিসনে ৭৪-এ যে টার্গেট, তা ১·৪ শতাংশ এক্সিড করেছে। অথচ সরকারী তথ্য দপ্তর থেকে তাদের কাজের কোন পাবলিসিটি নাই। আপনার মাধ্যমে এই সম্পর্কে সংশ্লিষ্ট মন্ত্রি-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমহম্মদ দেদার বক্স : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় সদস্যদের ও মন্ত্রিমণ্ডলীর বিশেষ করে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা কনস্টিটিউয়েন্সির নির্বাচিত প্রতিনিধি, আমি আমার কনস্টিটিউয়েন্সি ঘুরে দেখে এসেছি, আমাদের গ্রামে এক ভীষণ অগ্নিকাণ্ড ঘটে গেছে তাতে কতকগুলি দুঃস্থলোক সেই অগ্নিকাণ্ডের শিকার হয়েছে। স্থানীয় ব্লক থেকে যে সামান্য সাহায্য দেওয়া হয়েছে তা প্রয়োজনের তুলনায় কছুই নয়। এই ব্যাপারে নবগ্রামে জিয়াগঞ্জে শ্রীনং সিং কলেজের কেমিস্ট্রী বিল্ডিং-এ একটা অগ্নিকাণ্ড ঘটেছিল গ্যাস পাইপ ফেটে। একদিকে রিলিফ দেওয়া হোক, যারা দুঃস্থ—অন্য দিকে প্রতি ব্লকে, মিউনিসিপ্যাল টাউনে, ফায়ার সার্ভিস থাকা প্রয়োজন। কারণ বহরমপুরে খবর দিলে ফায়ার সার্ভিসের সাহায্য

আসতে অনেক দেরি হয়। এ ক্ষেত্রেও তাঁরা দেরিতে আসেন, যদি তা না আসতেন, তা হলে সমগ্র কলেজ বিল্ডিং শেষ হয়ে যেত। তাই ব্লকে ব্লকে ফায়ার সার্ভিস স্থাপনের জন্য ও সাহায্যের ব্যবস্থা করার জন্য মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীশেখ দৌলত আলি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৩এ মার্চের যুগান্তর পত্রিকায় বেরিয়েছে, আমাদের হায়ার সেকেন্ডারী বোর্ডের সভাপতি মিঃ চ্যাটার্জী যে অশালীন উক্তি করেছেন সেই অশালীন উক্তিটা আমাদের শিক্ষকসমাজের পক্ষে খুবই কলঙ্কজনক। আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং সেই সংগে তাঁর বক্তব্যের সাথে সাথে হায়ার সেকেন্ডারীর ফাইনাল পরীক্ষার প্রশ্নপত্রে যে কতরকম ভুল রয়েছে তা বলতে চাচ্ছি ও কয়েকটি প্রশ্নে যে ভুলগুলি আছে তা এক এক করে তুলে ধরতে চাচ্ছি। প্রশ্নের মধ্যে

[9-10—9-20 a.m.]

গুরুচণ্ডালী ভাষার প্রয়োগ করা হয়েছে। সাধু ও চলতি দুটোই প্রশ্নপত্রের মধ্যে আমরা দেখতে পাচ্ছি। এছাড়া আপনি দেখুন লি গ্রেগো কোন্ দেশের শিল্পী, তাঁর ছবিগুলি কোন্ কোন্ স্থানে পাওয়া যায়, না করে প্রত্যেকটি ক্ষেত্রে কোনো কোনো স্থানে হয়েছে। তারপর দেখবেন নৈসর্গিক বানান ভুল, লেখা হয়েছে, নৈশর্গীক। তারপর আর্টিটেকচারের বাংলা করেছেন সংস্থাপত্যা। আপনি ইংরাজী শুনলে হাসবেন,

in which part of the world vest of the Primitive printings were found.

যেগুলো আমরা ভুল সংশোধন করতে দিই,

in which country Elgreco belonged to.

এখানে লেখা রয়েছে উইচ কান্ট্রি।

আরও কতকগুলো আছে। আমি বিশেষ সময় নেবো না, এগুলো আপনার কাছে জমা দিচ্ছি। আর একটা জিনিস বলে দিচ্ছি, সেটা হচ্ছে

explain why in order to run a smooth family life each family number should participate in the household work and should do their individual duties.

যেটা আমরা ভুল সংশোধন করে দিই সেখানে বলা আছে, ইচ ফ্যামিলি মেম্বার। আবার বলা হচ্ছে ডু দেয়ার ইনডিভিজিউয়াল ডিউটিস।

এই প্রসংগে আর একটি কথা মিঃ চ্যাটার্জী পরীক্ষক নিয়োগ সম্বন্ধে যে অশালীন উক্তি করেছেন সেটা শিক্ষকদের পক্ষে কলঙ্কজনক। তিনি বলেছেন, স্লিপ বের করে আমি কোন পরীক্ষক নিয়োগ করি না। তিনি আরও বলেছেন, বাইরের কিছু পরীক্ষক রোজগার করে নিয়েছেন, এমনি কিছু পরীক্ষককে বাদ দেওয়া হয়েছে। কারা রোজগার করে নিয়েছেন? এর আগে কি কেউ স্লিপ-টিলিপ দিয়ে পরীক্ষক নিয়োগের দাবি করেছেন। এই যে কলঙ্কজনক, অশালীন উক্তি করেছেন সেই সম্পর্কে আমার বক্তব্য আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর কাছে রাখছি।

শ্রীঅসমঞ্জ দে: মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার প্রতি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমানে পশ্চিমবঙ্গের বাজারে কিভাবে সরষের তেলের দর হু হু করে বেড়ে চলেছে এবং সরষের তেলে কিভাবে ভেজাল, চোরাকারবারি চলছে তা আপনার মাধ্যমে তুলে ধরছি। গত বৎসর ১০ লক্ষ টন শস্য উৎপন্ন হয়েছিল, ৫ লক্ষ টন ঘাটতি হয়েছে। তার জন্য সরষের তেলের দাম নিশ্চয় বেড়েছিল। কিন্তু বর্তমানে বনস্পতির উৎপাদকেরা সরষের তেল রিফাইন করে বিক্রি করছে এবং সরষের তেলের দাম বেড়ে যাচ্ছে। আমি দাবি করছি, অবিলম্বে সরষের তেল রিফাইন করা বন্ধ করতে হবে। রাজ্যসরকার অবশ্য কানাডা থেকে রেপ সিড এনে রেশন দোকান মারফত বিক্রির ব্যবস্থা করেছেন এবং তাতে সরষের তেলের দাম কিছু

ঠেকানো গিয়েছে। কিন্তু এই কানাডা থেকে রেপ সীড আনার পর থেকে তেলের ভেজাল বেড়ে চলেছে। রেপ সীডে শতকরা ৩৭ ভাগ সরষের তেল হয়ে থাকে, কিন্তু আমরা দেখতে পাচ্ছি মিলমালিক এবং খাদ্য দপ্তরের উচ্চপদস্থ অফিসারদের চুক্তির ফলে বর্তমানে ৩৭ ভাগের বদলে ৩৩ ভাগ তেল চালাতে বলা হয়েছে। ফলে শতকরা ৪ ভাগ তেল মিলমালিকরা ইউ পি, পাঞ্জাব সরষের তেলের সংগে মিশিয়ে বিক্রি করছে। আজকে প্রথা আছে, রেশন দোকান মারফত রেপ সীড তেলের পারমিট দেওয়া হয়ে থাকে। কিন্তু কলকাতায় আমরা অনেক জায়গায় দেখতে পাচ্ছি রেশন দোকান মারফত বিক্রির বদলে মিলমালিকরা গোপনে চক্রান্ত করে রেশন দোকানে বিক্রি না করে টিন প্রতি দু টাকা থেকে ৪ টাকা দিয়ে এইভাবে পারমিট ডেলিভারি নিচ্ছে। আমরা দেখেছি এই ব্যাপারটা ১৯৭২ সালের ৩১এ আগস্ট যুগান্তর এবং অন্যান্য দৈনিক পত্রিকায় বেরিয়েছিল। কিন্তু এই চোরাকারবারি এবং মিল মালিকদের আজ পর্যন্ত কোন প্রতিবিধান হয় নি। অবশ্য ২৪এ মার্চ খবরের কাগজ থেকে দেখতে পেলাম ১৯৭৩ সালের পশ্চিমবঙ্গ সরকার ওমপ্রকাশ আগরওয়ালাকে গ্রেপ্তার করলেন। এই প্রসংগে আমার বক্তব্য এই গ্রেপ্তারকে নিশ্চয় সমর্থন জানাই। এই ওমপ্রকাশ আগরওয়ালা যেখান থেকে সরষের তেল বিক্রি করতো সেই মাল আসছে রাধাকৃষ্ণ অয়েল মিল থেকে এবং সেটা তারই পাশে স্ট্যান্ড রোডে অবস্থিত এবং এর মালিকের নাম ঘুরমল আগরওয়ালা এবং এই লোকটা এই সমস্ত চোরাকারবারী কার্যকলাপের সংগে জড়িত আছে। এই ঘুরমল আগরওয়ালার লিলুয়ায় মিল আছে এবং তার বাড়ি হচ্ছে বেলুড়ে টি কে চ্যাটার্জী স্ট্রীটে। আমি দাবি করছি আসল ভেজালের সংগে জড়িত তাকে গ্রেপ্তার করা হক। পারমিট দেওয়ার ব্যাপার আমরা দেখতে পাচ্ছি সেখানে ওয়েস্ট বেঙ্গল মিল অ্যাসোসিয়েশান আছে তারা রাজ্যসরকারের কয়েকজন উচ্চপদস্থ অফিসারের সংগে যোগসাজসে হাজার হাজার টাকা নিয়ে এইসব করছে। অনেক ছোট ছোট মিল আছে যেমন রাইচরণ অয়েল মিল তাদের ন্যায্য যোগ্যতা থাকা সত্ত্বেও এই পারমিট থেকে তারা বঞ্চিত হয়ে রয়েছে। পশ্চিমবঙ্গ সরকার রেশন দোকান মারফত ৪০৫ টাকা করে কুইন্টাল প্রতি রেপ সীড অয়েল বিক্রি করছে। কিন্তু হিসাবটা দেখছি তিন কুইন্টালের দাম হচ্ছে রেপ সীডের ৪৭৮·৫০ টাকা। ক্রাসিং চার্জ হচ্ছে ২৫ টাকা, খইল হচ্ছে ১৩০ টাকা বাদ দিলে দাম হচ্ছে ৩৩৬ টাকা, এক্সেস তেলের দাম ১৭ টাকা। তা হলে মোট দাঁড়াচ্ছে ৩৫৬·৫০ টাকা। অথচ বিক্রি হচ্ছে ৪০৫ টাকায়। তা হলে মোট লাভ হচ্ছে ৪৮·৫০ টাকা পার কুইন্টাল। আমি দাবি করছি যে, ন্যায্য দামে এই রেপ সীড অয়েল বিক্রি করা হোক।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত বিপদে পড়েছি। মশার যে উপদ্রব তাতে মাঝে মাঝে মনে হচ্ছে হোস্টেল ছেড়ে চলে যাই। কিন্তু মাননীয় জ্ঞানসিং সোহনপালের চোখের দিকে তাকিয়ে পালিয়ে যেতে পারছি না। কেবলমাত্র কলকাতায় নয়, পশ্চিমবাংলার সর্বত্র ভয়ঙ্কর মশার উপদ্রব বেড়েছে। মশা জীব হিসাবে ক্ষুদ্র হলেও লক্ষ লক্ষ মানুষ ঐ মশার কামড়ে ম্যালেরিয়া রোগে প্রাণহানি হয়েছে। ম্যালেরিয়া ছাড়া ঐ অ্যানোফিলক্স মশা ছাড়া কিউলেক্স মশার আক্রমণে আজকে ফাইলেরিয়া রোগের বৃদ্ধি পাচ্ছে। পশ্চিমবঙ্গের বিভিন্ন মিউনিসিপ্যালিটি যেসব রয়েছে সেইসব মিউনিসিপ্যালিটি ঠিকভাবে আবর্জনা সাফ করতে পারে না, সেখানে যে পয়ঃপ্রণালী ব্যবস্থা রয়েছে তা অত্যন্ত খারাপ অবস্থায় এসে যাবার জন্য লক্ষ লক্ষ কোটি কোটি মশা দিনের পর দিন বেড়ে যাচ্ছে। তার জন্য আমাদের দেশের জনসাধারণ প্রচণ্ড অসুবিধার মধ্যে পড়েছে। এই ম্যালেরিয়া রোগ অনেক কমে গেলেও বর্ধমান, বীরভূম বাঁকুড়া, হুগলী এইসমস্ত জেলায় আবার তা প্রচণ্ড হারে বেড়ে যাচ্ছে এবং যার ফলে বহু মানুষ আজকে বিপর্যয়ের সম্মুখীন হয়েছে। কলকাতা কর্পোরেশন এবং হাওড়া মিউনিসিপ্যালিটি আজকে এই পয়ঃপ্রণালী সাফ করার ব্যাপারে পরিষ্কারভাবে বলা যায় যে, সম্পূর্ণ ব্যর্থতার পরিচয় দিয়েছে। সেইজন্য আজকে কলকাতা মহানগরীতে মশা প্রচণ্ড হারে বেড়েছে। তাই আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো, এই সমস্যার সমাধান করতে হলে পশ্চিমবঙ্গের বিভিন্ন মিউনিসিপ্যালিটিতে যেসব আবর্জনার স্তূপ জমা হয়ে রয়েছে তা অবিলম্বে পরিষ্কার করার ব্যবস্থা করে দেশকে জঞ্জালমুক্ত করে লোককে ম্যালেরিয়া ও ফাইলেরিয়ার আক্রমণ থেকে রক্ষা করুন।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই সভার এবং মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। আমার বন্ধু সদস্য শ্রীসুকুমার ব্যানার্জি মহাশয় মশার উপদ্রব বৃদ্ধির কারণে নানারকম রোগ হচ্ছে সেই কথা বললেন। কিন্তু পশ্চিম-বাংলায় বিগত কিছুদিন ধরে ঐ ব্যাঙ জাত সম্পূর্ণ শেষ হয়ে গেল সে সম্বন্ধে আমি লক্ষ্য করেছি যে, পাড়াগাঁয়ে এই ব্যাঙ নিয়ে এক প্রকার ব্যবসায়ী খাড়া হয়েছে। এবং আজকে শতকরা ১০ টাকা থেকে ৬২ টাকা ব্যাঙের দর হয়েছে। স্যার, আমি জানতে চাই যে, এই ব্যাঙ কি কারণে ধরে নিয়ে যাওয়া হচ্ছে। নিশ্চয় বিশেষ কারণ রয়েছে। কারণ এতদিন কেন এইভাবে ব্যাঙ ধরা হয় নি। স্যার, আমি জানি বস্তা বস্তা ব্যাঙ ধরে নিয়ে চলে যাচ্ছে। আমার বিশ্বাস এই ব্যাঙ ধরার জন্য মশককুল বেড়েছে—মশার উপদ্রব এ ব্যাঙ থাকায় যে সমস্ত আবর্জনা নষ্ট ক'রে দিতো তা আজকে বৃদ্ধি পাচ্ছে। আমাদের আজকে খতিয়ে দেখতে হবে এটা হাসির কথা নয়, যে এই ব্যাঙ কেন লোকে ধরে নিয়ে যাচ্ছে—কোথায় নিয়ে যাচ্ছে। এতে আমাদের বৈদেশিক মুদ্রা আসছে কিনা।

ব্যাঙ রক্ষার জন্য কি ব্যবস্থা আছে না আছে, সেটা আমি জানতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সবাই হাসছে বলে আমিও হেসে ফেললাম। স্যার, আপনি দেখবেন আমাদের পাড়াগাঁয়ে জলা, নালা, ডোবায় যেসমস্ত ব্যাঙ থাকতো তারা এই সমস্ত মশা খেত। কিন্তু আজকে দেখতে পাচ্ছি, পাড়াগাঁয়ে মশা বৃদ্ধি পেয়েছে প্রচুর পরিমাণে যার ফলে গ্রামের মানুষের সন্ধ্যাবেলায় থাকার উপায় নেই। অন্য কারণ আছে, এই ব্যাঙ সাপের খাদ্য ছিল। আজকে সাপ তার খাবার হারিয়েছে। ব্যাঙের দ্বারা অনেক জীবাণু নষ্ট হচ্ছিল। আজকে এই কারণে আমি পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাচ্ছি যে, ব্যাঙ সম্বন্ধে অনুসন্ধান করে দেখা হোক যে, এই ব্যাপারটার আসল কোথায়, ব্যাঙ ধরার ব্যবসাটার আসল উদ্দেশ্য কি—পশ্চিমবাংলার মানুষ খেলে তার পরিমাণ কত এবং এতদিনে কত পরিমাণে তারা খেয়েছে, ব্যাঙ বাহিরে চলে যাচ্ছে কিনা, গেলে কি পরিমাণ বৈদেশিক মুদ্রা অমাদের এর মারফত আসছে এবং ব্যাঙের সংখ্যা যে এত পরিমাণে হ্রাস পেয়েছে এর জন্য আমাদের পশ্চিমবাংলার কোন সমস্যা সৃষ্টি হয়েছে কিনা, সেটা আজকে অনুধাবন করে দেখা দরকার। আমি সাধারণভাবে যে কথাগুলি উল্লেখ করলাম, এছাড়াও বিশেষজ্ঞ দিয়ে এই জিনিস পরীক্ষা করে দেখা উচিত। আমার কাছে যে ইনফর্মেসন আছে তাতে দেখতে পাচ্ছি, ব্যাঙ ধরার কারণে নানারকম রোগের প্রাদুর্ভাব বেড়েছে, ব্যাঙ ধরার কারণে অনেক সাপের উপদ্রব বেড়েছে, মশককুল বৃদ্ধি পেয়েছে, এই কথা নির্জলা সত্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ব্যাঙের কথা প্রসঙ্গে আমি আপনার কাছে এই কথা দৃঢ়ভাবে বলতে চাই যে, ব্যাঙ যখন বস্তা বস্তা চলে যায় তখন পশ্চিমবাংলার মানুষের সেদিকে কর্ণপাত হয় না, দৃষ্টি যায় না। শুধু ব্যাঙ কেন, যেকোন জাতির পশুপক্ষী, কীটপতঙ্গ থাকার স্বার্থকতা আছে, ব্যাঙ জন্মানোরও স্বার্থকতা আছে। কাজেই সেখানে এই ব্যাঙ নিধন করার স্বার্থকতা নেই। তাই এই ব্যাঙ নিধন করে সেই স্বার্থকতাকে জলাঞ্জলি দেওয়া হচ্ছে কিনা, আমি পশ্চিমবঙ্গ সরকারকে অনুরোধ করছি, এটা পরীক্ষা করে দেখা হোক এবং হাউস চলাকালীন একদিন বলা হোক যে, এই ব্যাঙ নিধনের কারণ কি এবং ব্যাঙ নিধনের জন্য কোন ক্ষতি হয়েছে কিনা।

Statement under rule 346

[9-20—9-30 a.m.]

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি মাত্র এই বিধানসভার সদস্যদের কাছে রাখতে চাই না, এই বক্তব্য বিধানসভার মাধ্যমে পশ্চিমবাংলার প্রত্যেক পুলিস থানার কাছে রাখতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আশা করবো, যা বলতে চাচ্ছি সেই বার্তা শুধু বিধানসভার সদস্যদের জন্য নয়, এই বার্তা প্রকৃতপক্ষে প্রত্যেক পুলিস স্টেশনের জন্য পশ্চিমবঙ্গের এবং এই বার্তা যাতে প্রত্যেক পুলিস স্টেশনে পৌছায় সেই আশা আমি রাখবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এইমাত্র কালিগঞ্জ, নদীয়ার ও সি-কে সাসপেন্ড করার হুকুম দিয়েছি এবং জানতে চেয়েছি, দু ঘণ্টার ভিতর অ্যাকসান রিপোর্ট করে সেখানে সাসপেন্ড করা হয়েছে কিনা—কারণ কি? কারণ হচ্ছে এই যে, সেখানে ৮ জন মুসলমান ভাইদের মেরেছে থানায়। তার ভিতরে আছে হাজী আহমেদ আলি মণ্ডল তার বয়স ৫৮ বছর [illegible]

গ্রাম এবং তার পুত্র ফজলুল হক এলিয়াস সাজ্জাদ আলি মন্ডল, তিনি গ্রাজুয়েট, স্কুল টিচার। আরো অভিযোগ হচ্ছে মুসলমানদের ধরে আনা হচ্ছে এই ও সি-র দ্বারা এবং তারপর তাদের মারধোর করে টাকা যদি দেয়, তা হলে ছেড়ে দেওয়া হচ্ছে। এই অভিযোগ অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং এটা সত্য কিনা তা বিচার করতে হবে। কেবল মুসলমান নয়, দরিদ্রদের উপর পুলিস থানায় যদি হয়, এ যদি বন্ধ না হয়, তা হলে আমরা সভ্য জগতে মুখ দেখাতে পারব না। তার জন্য আমি শো কজ করতে বলেছি, ও সি, কালিগঞ্জ, নদীয়া এবং ইমিডিয়েটলি সাসপেন্ড করতে বলেছি, এইরকমভাবে মুসলমান ভাইদের উপর অত্যাচার করা যাবে না এবং দরিদ্রদের উপর এই-রকমভাবে অত্যাচার করা যাবে না, আর মানুষকে পুলিস থানায় এনে তাদের কাছ থেকে টাকা নেবার পথ চিরকালের জন্য বন্ধ করে দিতে হবে। এতে যদি আমাদের ৫ হাজার পুলিস অফিসারকে সাসপেন্ড করতে হয়, সে সাসপেন্ড করতেও আমি রাজী আছি, সেখানে ৫ হাজার কর্মীর বদলে নতুন পুলিস কর্মী নিযুক্ত করবো। কিন্তু পুলিস অ্যাডমিনিস্ট্রেসন আমাদের একদম ক্লিন করার চেষ্টা করতেই হবে।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিম-বঙ্গ বিধানসভায় একটি টেলিপ্রিন্টার মেশিন আছে বলে আমরা শুনেছি। সেই টেলিপ্রিন্টার মেশিন যেটি বিধানসভায় রয়েছে তার কাজ হল যে সমস্ত গুরুত্বপূর্ণ খবর আসে সেগুলি সদস্যদের মধ্যে সরবরাহ করা বা বিভিন্ন কারেন্ট নিউজ সম্পর্কে সদস্যদের ওয়াকিবহাল করা। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, এক বছর বিধানসভা হয়ে গেল টেলিপ্রিন্টার মেশিন যে বিধানসভায় আছে তাও অনেক মাননীয় সদস্য জানেন না, আমিও জানতাম না। এই টেলিপ্রিন্টার মেশিনটির দ্বারা বিধানসভার কি উদ্দেশ্য সাধিত হয়, সদস্যদের কি কাজে লাগে সে সম্পর্কে আমরা ওয়াকিবহাল নই। আমি খবর পেয়েছি, এই টেলিপ্রিন্টার মেশিনটি ১৯৬৯ সাল থেকে বন্ধ অবস্থায় পড়ে আছে। তার কতকগুলি গুরুত্বপূর্ণ যন্ত্রাংশ পাওয়া যায় নি বা অপহরণ করা হয়েছে। এই টেলিপ্রিন্টার মেশিনটি অত্যন্ত প্রয়োজনীয় হয়ে দেখা দিতে পারে যদি এর থেকে যে সাহায্য পাওয়ার কথা সেটা পাওয়া যায়। টেলিপ্রিন্টার মেশিনে দেশের বিভিন্ন জায়গা থেকে যে সমস্ত গুরুত্বপূর্ণ সংবাদ এই বিধানসভায় আসে সেগুলি যদি আমরা দেখার সুযোগ পাই, তা হলে আমাদের পরবর্তী কার্যক্রম সম্পর্কে আমরা সিদ্ধান্ত নিতে পারি। এই টেলিপ্রিন্টার মেশিনে আসা গুরুত্বপূর্ণ সংবাদগুলি যদি বিধানসভার কোন একটি জায়গায় একটি বোর্ডে ঝুলিয়ে রাখার ব্যবস্থা করা হয়, তা হলে বিধানসভার সদস্যরা এর দ্বারা উপকৃত হতে পারেন। কাজেই এই টেলিপ্রিন্টার মেশিনটি যদি চালু অবস্থায় থাকে এবং সদস্যদের কাজের জন্য আনা হয়ে থাকে ও এর দ্বারা সদস্যদের মানসিকতার দিক থেকে এবং আগামী দিনের আলোচনার দিক থেকে যদি সাহায্য করতে হয়, তা হলে আপনার কাছে অনুরোধ, এই মেশিনে বাইরে থেকে আসা সংবাদগুলি সংগৃহীত করে সদস্যদের জানাবার ব্যবস্থা করুন ও পার্লামেন্টারী কাজকর্ম যাতে তাঁরা ভালভাবে করতে পারে তার জন্য ব্যবস্থা করুন।

Mr. Speaker: Shri Bandyopadhyay, there is no question of privilege involved in it. If you want to raise any point of privilege I request you to follow rule 226 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. It is a matter which ought to have been drawn to my notice in my chamber and not on the floor of the House, because it does not come within the purview of privilege question. But, as you have brought the matter on the floor of the House, I will look into the matter and try to do away with the defects that you have complained about. At any rate, if it is put in order, I think, the honourable Members will get some advantage out of it. So, I am directing my office to do the needful.

Supplementary Estimates for the year 1972-73

Mr. Speaker: Now we take up the Supplementary Estimates for the year 1972-73. I will request the Hon'ble Ministers to move the demands for grants one after another and thereafter there will be discussion on all supplementary demands.

[9-30—9-40 a.m.]

DEMAND FOR GRANT No. 3

Major Head: 10—State Excise Duties

Shri Sitaram Mahato: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 12,66,000 be granted for expenditure under Grant No. 3, Major Head: "10—State Excise Duties" during the current year.

DEMAND FOR GRANT No. 4

Major Head: 11—Taxes on Vehicles

Shri Gyan Singh Sohanpal: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 51,000 be granted for expenditure under Grant No. 4, Major Head: "11—Taxes on Vehicles" during the current year.

DEMAND FOR GRANT No. 8

Major Head: 15—Registration Fees

Shri Abdul Sattar: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 10,83,000 be granted for expenditure under Grant No. 8, Major Head: "15—Registration Fees" during the current year.

DEMAND FOR GRANT No. 11

Major Head: 18—Parliament, State/Union Territory Legislature

Shri Gyan Singh Sohanpal: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 12,25,000 be granted for expenditure under Grant No. 11, Major Head: "18—Parliament, State/Union Territory Legislature" during the current year.

DEMAND FOR GRANT No. 12

Major Head: 19—General Administration

Shri Siddhartha Shankar Ray: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 67,35,000 be granted for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" during the current year.

DEMAND FOR GRANT No. 14

Major Head: 22—Jails

Shri Gyan Singh Sohanpal: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 29,89,000 be granted for expenditure under Grant No. 14, Major Head: "22—Jails" during the current year.

DEMAND FOR GRANT No. 15

Major Head: 23—Police

Shri Siddhartha Shankar Ray: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,68,69,000 be granted for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" during the current year.

DEMAND FOR GRANT No. 17

Major Head: 26—Miscellaneous Departments—Excluding Fire Services

Shri Bholanath Sen: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,47,000 be granted for expenditure under Grant No. 17, Major Head: "26—Miscellaneous Departments—Excluding Fire Services" during the current year.

DEMAND FOR GRANT No. 18

Major Head: 27—Scientific Departments

Shri Gyan Singh Sohanpal: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 17,500 be granted for expenditure under Grant No. 18, Major Head: "27—Scientific Departments" during the current year.

DEMAND FOR GRANT No. 19

Major Head: 28—Education

Shri Gyan Singh Sohanpal: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,25,94,000 be granted for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" during the current year.

DEMAND FOR GRANT No. 20

Major Head: 29—Medical

Shri Gyan Singh Sohanpal: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 76,27,000 be granted for expenditure under Grant No. 20, Major Head: "29—Medical" during the current year.

DEMAND FOR GRANT No. 21

Major Head: 30—Public Health

Shri Gyan Singh Sohanpal: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,67,71,000 be granted for expenditure under Grant No. 21, Major Head: "30—Public Health" during the current year.

DEMAND FOR GRANT No. 22

Major Heads: 31—Agriculture—Agriculture, and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research

Shri Abdus Sattar: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 20,12,26,000 be granted for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture, and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" during the current year.

DEMAND FOR GRANT No. 26

Major Head: 96—Capital Outlay on Industrial and Economic Development

Shri Tarun Kanti Ghosh: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Re. 1 be granted for expenditure under Grant No. 26, Major Head: "96—Capital Outlay on Industrial and Economic Development" during the current year.

DEMAND FOR GRANT No. 28

Major Head : 35—Industries—Cinchona

Shri Tarun Kanti Ghosh : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,50,000 be granted for expenditure under Grant No. 28, Major Head : "35—Industries—Cinchona" during the current year.

DEMAND FOR GRANT No. 30

Major Head : 38—Labour and Employment

Shri Pradip Bhattacharyya : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 71,18,000 be granted for expenditure under Grant No. 30, Major Head : "38—Labour and Employment" during the current year.

DEMAND FOR GRANT No. 31

Major Head : 39—Miscellaneous Social and Developmental Organisations—Welfare of Scheduled Tribes and Castes and Other Backward Classes.

Shri Santosh Kumar Roy : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 36,31,000 be granted for expenditure under Grant No. 31, Major Head : "39—Miscellaneous Social and Developmental Organisations—Welfare of Scheduled Tribes and Castes and Other Backward Classes" during the current year.

DEMAND FOR GRANT No. 32

Major Head : 39—Miscellaneous Social and Developmental Organisations—Excluding Welfare of Scheduled Tribes and Castes and Other Backward Classes.

Shri Sankar Ghose : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 7,83,000 be granted for expenditure under Grant No. 32, Major Head : "39—Miscellaneous Social and Developmental Organisations—Excluding Welfare of Scheduled Tribes and Castes and Other Backward Classes" during the current year.

DEMAND FOR GRANT No. 34

Major Head : 50—Public Works

Shri Bholanath Sen : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,55,91,000 be granted for expenditure under Grant No. 34, Major Head : "50—Public Works" during the current year.

DEMAND FOR GRANT No. 36

Major Head : 53—Ports and Pilotage

Shri Gyan Singh Sohanpal : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 7,43,000 be granted for expenditure under Grant No. 36, Major Head : "53—Ports and Pilotage" during the current year.

DEMAND FOR GRANT No. 37

Major Head: 57—Road and Water Transport Schemes

Shri Gyan Singh Sohanpal: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 15,99,000 be granted for expenditure under Grant No. 37, Major Head: "57—Road and Water Transport Schemes" during the current year.

DEMAND FOR GRANT No. 38

Major Head: 64—Famine Relief

Shri Santosh Kumar Roy: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 10,33,34,000 be granted for expenditure under Grant No. 38, Major Head: "64—Famine Relief" during the current year.

GRAND FOR GRANT No. 39

Major Heads: 65—Pensions and Other Retirement Benefits, and 120—Payments of Commuted Value of Pensions

Shri Sankar Ghose: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 16,75,000 be granted for expenditure under Grant No. 39. Major Heads: "65—Pensions and Other Retirement Benefits, and 120—Payments of Commuted Value of Pensions" during the current year.

DEMAND FOR GRANT No. 41

Major Head: 68—Stationery and Printing

Shri Tarun Kanti Ghosh: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 9,22,000 be granted for expenditure under Grant No. 41, Major Head: "68—Stationery and Printing" during the current year.

DEMAND FOR GRANT No. 43

Major Head: 71—Miscellaneous—Contributions

Shri Sankar Ghose: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 51,58,000 be granted for expenditure under Grant No. 43, Major Head: "71—Miscellaneous—Contributions" during the current year.

DEMAND FOR GRANT No. 45

Major Head: 71—Miscellaneous—Sports

Shri Bholanath Sen: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 44,86,000 be granted for expenditure under Grant No. 45, Major Head: "71—Miscellaneous—Sports" during the current year.

[9-40—9-50 a.m.]

DEMAND FOR GRANT No. 46

Major Head: 71—Miscellaneous—Civil Defence

Shri Subrata Mukhopadhyay: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 63,000 be granted for expenditure under Grant No. 46, Major Head: "71—Miscellaneous—Civil Defence" during the current year.

DEMAND FOR GRANT No. 47

Major Heads: 71—Miscellaneous—Other Miscellaneous Expenditure, and 109—Capital Outlay on Other Works

Shri Santosh Kumar Roy: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 35,38,000 be granted for expenditure under Grant No. 47, Major Heads: "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure, and 109—Capital Outlay on Other Works" during the current year.

DEMAND FOR GRANT No. 50

Major Head: 98—Capital Outlay on Multipurpose River Schemes—Damodar Valley Project

Shri Abul Barkat Atawal Ghani Khan Chaudhury: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 14,09,000 be granted for expenditure under Grant No. 50, Major Head: "98—Capital Outlay on Multipurpose River Schemes—Damodar Valley Project" during the current year.

DEMAND FOR GRANT No. 52

Major Head: 124—Capital Outlay on Schemes of Government Trading

Shri Kashi Kanta Maitra: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 7,85,63,000 be granted for expenditure under Grant No. 52, Major Head: "124—Capital Outday on Schemes of Government Trading" during the current year.

DEMAND FOR GRANT No. 54

Major Head: Loans and Advances by State|Union Territory Governments

Shri Sankar Ghose: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 14,95,03,000 be granted for expenditure under Grant No. 54, Major Head: "Loans and Advances by State|Union Territory Governments" during the current year.

Mr. Speaker: Honourable Members, it is my painful duty to mention that some of the Hon'ble Ministers have remained absent although they are supposed to move some of the Demands for Grants printed against their names. I would like to mention that it is against all Parliamentary etiquette and such absence without notice and without the permission of the Chair amounts to an insult of the House. I would, therefore, expect that Hon'ble Ministers whenever they find it difficult to attend the House will give me notice sufficiently in advance so that I may know beforehand how the business standing in the names of such Ministers is going to be disposed of. I hope the Hon'ble Ministers will kindly take note of this for future guidance.

Shri Siddhartha Sankar Ray : I think your observation is very appropriate. Every Minister should be here for the purpose of moving the supplementary grants. Dr. Gopal Das Nag is, of course, ill and his deputy Shri Pradip Bhattacharyya is here. I do not know why the Education Minister has not yet arrived. The Health Minister has just arrived and I think he will apologise to the House.

Shri Ajit Kumar Panja : I am sorry, I beg my apology.

Mr. Speaker : I now call upon Shri Timir Baran Bhaduri to speak.

শ্রীতিমিরবরণ ভাদ্দুড়ী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ অতিরিক্ত ব্যয়বরান্দের দাবি রাখতে গিয়ে যে যুক্তি দেখানো হয়েছে তা খুব হালকা এবং লঘু। এর থেকেই প্রমাণিত হয়, এ ব্যাপারে মন্ত্রিমণ্ডলী একটা অবিবেচনার পরিচয় দিয়েছেন। ১৯৭২-৭৩ সালের বাজেটের সময় রাজনৈতিক কারণে এই সভায় আমরা আসি নি। কিন্তু আজ এই অতিরিক্ত ব্যয়বরান্দ রাখতে গিয়ে যেসমস্ত যুক্তি দেওয়া হয়েছে তা অত্যন্ত হালকা এবং লঘু। আমি এই বাজেটের কিছু কিছু গ্রান্টের আলোচনা করবো—বিশেষ করে গ্রান্ট নাম্বার ৩। রাজ্য আবগারী শুল্ক খাতে ১৯৭২-৭৩ সালে ১ কোটি ২১ লক্ষ ৩১ হাজার টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছিল, এখন আবার ১২ লক্ষ ৮৮ হাজার টাকা বাড়তি ব্যয় মঞ্জুর করা হচ্ছে। এক্ষেত্রে বলা হচ্ছে, এই যে অতিরিক্ত টাকা—১২ লক্ষ ৮৮ হাজার টাকা—এটা খরচ করা হবে প্রশাসনিক খাতে। অর্থাৎ এই প্রশাসনের ব্যাপারে যাঁরা আছেন বিশেষ করে আমলাতন্ত্রের টি এ বিল সাজসরঞ্জাম ইত্যাদি সমস্ত পারপাজে এই ব্যয়বরাদ্দ অতিরিক্ত করা হচ্ছে। স্বাধীনতা সংগ্রামের সময় থেকে মাদকদ্রব্য বর্জন সম্পর্কে সারা ভারতে সুধীজনেরা এই কথা বার বার উচ্চারণ করতেন। কিন্তু পশ্চিম-বাংলার দিকে দেখলে দেখা যায় কি ধরনের মাদকদ্রব্য নিয়ে এখানে কারবার চলছে। সুতরাং

[9-50—10-00 a.m.]

এই যে টি এ বিল দেখান হয়েছে আমি এর তীব্র বিরোধীতা করছি। ৯নং গ্রান্ট নিয়ে আলোচনা করা যাবে না, ভোটিং-এ নিয়ে আসা যাবে না। অতিরিক্ত ব্যয়বরাদ্দের যে যুক্তি ৯নং গ্রান্টে দেখিয়েছেন তাতে বলতে বাধ্য হচ্ছি যে, কেন্দ্রীয় সরকার দিল্লীর ওমরাহদের উপর পশ্চিমবাংলার ওমরাহদের উপর সন্তুষ্ট আছেন। আমাদের ত্রাণ ও খরা খাতে কিছু অতিরিক্ত টাকা দরকার। স্যার, ভারতবর্ষের অন্য রাজ্য, যেমন মহারাষ্ট্র কেন্দ্রের কাছে থেকে যে টাকা লগ্নী চেয়েছিলেন তার মঞ্জুরী পেলেন, কিন্তু আমাদের পশ্চিমবঙ্গ সরকার জানি না দিল্লীর সরকারের কাছে আবেদন-নিবেদন করেছেন কিনা। যাই হোক, ৯নং গ্রান্ট নিয়ে ভোট দেওয়ার অধিকার নেই, সুতরাং এই নিয়ে আলোচনা করা বৃথা। তারপর ১১নং গ্রান্টে রাজ্য বিধানসভার নির্বাচনের জন্য ১০ লক্ষ টাকার ব্যয়বরাদ্দ চাওয়া হয়েছে। আমরা জানি যে, আমাদের মুখ্য-মন্ত্রীর একটা নির্বাচন হয়েছে এবং যেসমস্ত সরকারী দলের রঙ-বেরঙের পোস্টার তাঁরা দেওয়ালে দেখতে পেয়েছি এই ১০ লক্ষ অতিরিক্ত ব্যয়বরাদ্দের টাকা নিশ্চয়ই তার মধ্যে পড়ে না। আমরা জানি এই সমস্ত রঙ-বেরঙের পোস্টারের যে টাকা বা বিল মিট করা হয়েছিল, সমাজ-বাদ এঁরা যাকে বলেন এমন একটা বাড়ি থেকে যার সম্পর্কে কাগজে অনেক কথা উঠেছে। তা হলে কি স্যার, ধরে নেব অতিরিক্ত টাকা এর জন্য খরচ হল? সরকারী প্রশাসনযন্ত্রকে আমাদের মুখ্যমন্ত্রীর নির্বাচনের জন্য ব্যবহার করতে হয়েছিল, অনেক গাড়ি বাংলাদেশ থেকে নির্বাচনের জন্য এসেছিল, তার জন্য কি অতিরিক্ত টাকা খরচ হয়েছে? নির্বাচন যাতে সুষ্ঠভাবে হয় সাধারণ মানুষ ভোট দেওয়ার অধিকার যাতে না পায় তার জন্য প্যানিক সৃষ্টি করার জন্য যেভাবে সি আর পি নিযুক্ত করা হয়েছিল তার জন্য এই অতিরিক্ত টাকা খরচ হয়েছে এটা কি ধরে নেব? তাই আমি ১১নং গ্রান্টের তীব্র বিরোধীতা করছি। তারপর ১২নং গ্রান্টে সাধারণ প্রশাসন খাতে মোট ৬৯ কোটি ৫৪ হাজার টাকা অতিরিক্ত মঞ্জুরী চাওয়া হয়েছে। আরো একটা কথা বলা হয়েছে, ইউথ সার্ভিস বলে একটা নতুন ডিপার্টমেন্ট খোলা হয়েছে। স্যার সেই ইউথ সার্ভিসের কোন কাজকর্ম আমাদের চোখে পড়ে নি, জানি না সরকারপক্ষের চোখে পড়েছে কিনা, কোথায় আছে সেটা দূরবীন দিয়ে দেখা যাবে কিনা জানি না, তার জন্য ৬১ হাজার টাকা

ধরা হয়েছে। এই ডিপার্টমেন্টের অস্তিত্ব মূলে আছে কিনা আমার সেই বিষয়ে সন্দেহ আছে। কারা কারা আছে জানি না, বৃহৎ এই সংখ্যাগরিষ্ঠ পালের মধ্য থেকে তাদের খুঁজে বের করা মুশকিল, ১-২ জন থাকলে খুঁজে বের করা যেত। ঐ খাতে বিজ্ঞাপনের জন্য ২২ লক্ষ টাকা খরচ করা হয়েছে। সরকারী দল ও তাদের সহযোগী দলের যেসব সম্মেলন হয়েছিল সেইসব সম্মেলনের জন্য যেসমস্ত স্টল ব্যবহার করা হয়েছে তার জন্য ২২ লক্ষ টাকা অতিরিক্ত ব্যয়বরাদ্দ ধরা হয়েছে। একটা রাজনৈতিক দলের সম্মেলন হবে তার জন্য সাধারণ গরিব মানুষের কাছ থেকে আদায় করা ট্যাক্স, গরিব মানুষের পয়সা খরচ হচ্ছে। অথচ টাকার অভাবে সাধারণ মানুষের জন্য শিক্ষা খাতে ব্যয় করতে পারা যাচ্ছে না। এ'রা দাবি করে, এ'রা নাকি সভ্য সরকার।

এ'রা খুব বড় বড় কথা বলেন। সাধারণ মানুষ আজকে যেখানে কাজের অভাবে, খাদ্যের অভাবে মরে যাচ্ছে, সেখানে দেখছি. পশ্চিমবঙ্গ সরকার দুটি হেলিকপটার এবং ৭টি মোটরকারের জন্য ২২ থেকে ২৪ লক্ষ টাকা খরচ করেছেন। এ'রা একদিকে দেখাচ্ছেন টাকার অভাবের জন্য আমরা ঠিক ঠিক ভাবে কাজ করতে পারছি না, কিন্তু এ'দের চরিত্র এই বাজেট থেকেই বোঝা যায়। এ'রা কি চান, এ'রা কাঁদের পৃষ্ঠপোষকতা করছেন তা এটা দেখেই বোঝা যাচ্ছে। আজকে রেশনের চাল কমিয়ে দেওয়া হয়েছে. গ্রামাঞ্চলে যে জি আর, টি আর দেওয়া হয় সেটা সাধারণ মানুষের কাছে গিয়ে পৌঁছায় না। এগ্রিকালচার পারপাসে সাত্তার সাহেব অনেক বড় বড় কথা বললেন। আমি যেসব কথা বলেছিলাম তাতে তিনি আমার যুক্তি খন্ডন না করে বললেন, তিমিরবাবুরা বেলডাঙ্গা থানাতে কি উন্নতি হয়েছে সেটা বলেছেন। আমি বেলডাঙ্গার কথা বলি নি, আমি বলেছিলাম যে সমস্ত রিভার পাম্পের হিসাব দেখাচ্ছেন ৯৪৫টি, তার মধ্যে ২০০টির বেশীতে এখন পর্যন্ত পাইপ লাইন বসানো হয় নি। সাত্তার সাহেব সে দিকে গেলেন না. বেলডাঙ্গাতে কি হয়েছে সেই সব বললেন। স্যার, আমরা যে কথা বলি এ'রা তার উত্তর দেন না. এ'দের সংখ্যাগরিষ্ঠতা রয়েছে. তাই এসব কথাগুলি বলেন। ১৬নং গ্রান্ট জেল খাতে ৩০ লক্ষ টাকা বাড়তি ব্যয়বরাদ্দ দেখানো হয়েছে। এই জেল সম্বন্ধে বার বার এই সভাতে আমাদের তরফ থেকে আমরা বলেছি যে, পশ্চিমবাংলায় বিভিন্ন রাজনৈতিক দলের কর্মিবৃন্দ আজকে কি দুর্দশা এবং অমানুষিকতার ভিতর দিন যাপন করছে এবং জেলের ভেতরে এই বন্দীদের সম্পর্কে এই সরকারের কোন চিন্তা নেই। সেদিন এই যাঁরা রাজবন্দী রয়েছে তাঁদের মায়েরা এবং বোনেরা মুখ্যমন্ত্রী শ্রীসিদ্ধার্থশংকর রায়ের কাছে আবেদন-নিবেদন করেছিলেন. সংবাদপত্রে দেখলাম। শ্রীসিদ্ধার্থশংকর রায় তাঁদের আবোলতাবোল উত্তর দিয়েছিলেন। পশ্চিমবাংলার জেলখানায় অমানুষিক অত্যাচার হচ্ছে এবং যাঁরা রাজবন্দী রয়েছেন তাঁরা বিভিন্ন রোগে আক্রান্ত অথচ সামান্য একটু ঔষধ পর্যন্ত তাঁদের নেই। এমনকি গোটা আলিপুর সেন্ট্রাল জেলে যদি তদন্ত করেন, তা হলে দেখবেন যে, আলিপুর সেন্ট্রাল জেলের আসামীরা চর্মরোগে আক্রান্ত। স্যার, এ'রা আবার মনুষ্য সভ্যতার বড়াই করেন। কোন সভ্য দেশে এরকম নজির নেই, কোন সভ্য জগতে এরকম নজির নেই যে, বিনা বিচারে আটক অবস্থায় রেখে দিনের পর দিন জেল হাজতে, লক-আপে পুরে রাখা হয়েছে এবং তাঁদের মায়েরা বোনেরা রাস্তায় নেমেছেন। এ'রা জেল খাতে খরচ দেখাচ্ছেন ৩০ লক্ষ টাকা। লালবাজার, শিয়ালদহ কোর্ট হাজত যদি দেখেন, তা হলে দেখবেন, ইংরাজ আমলে যেভাবে তৈরি হয়েছিল সেই ভাবেই রয়েছে। সেখানে পশুও বাস করতে পারে না। তারপর মফঃস্বলে যে সমস্ত থানা লক-আপ আছে সেখানেও এই অবস্থা। এর জন্য আমি এই বাজেটের তীব্র বিরোধিতা করছি এবং ঘৃণা করছি। আমার মনে প্রশ্ন উঠেছে এ'রা সভ্য সরকার কিনা, কারণ এ'রা জেল খাতে ব্যয়বরাদ্দ চাচ্ছেন। যখন রাজনৈতিক সঙ্কট আসবে, অর্থনৈতিক সঙ্কট আসবে, তখন এ'দের শ্রেণী চরিত্র প্রকাশিত হবে যে, এ'রা জেল খাতে, পুলিস খাতে খরচ বাড়াচ্ছেন।

[10-00—10-10 a.m.]

এদের নিজেদের গদি এবং শাসন ক্ষমতা ঠিক রাখার জন্য স্যার, এরা এইভাবে জেল, পুলিস এবং মিলিটারি খাতে বেশী করে বরাদ্দ করে থাকেন, এটাই এদের শ্রেণী চরিত্র। আমি এই জন্য তীব্র বিরোধিতা করছি। স্যার, ১৪নং গ্রান্টে পুলিস খাতে ৯ কোটি ৬৮ লক্ষ ৭৩ হাজার

টাকা বরাদ্দ করা হয়েছে। পশ্চিমবাংলার যেসমস্ত গ্রামে থানাগুলি আছে সেই থানাগুলি যদি দেখেন, সেখানে যারা কর্মচারী আছেন, এ এস আই, এস আই, তাদের কোয়ার্টার নেই। এর বলছেন শান্তিশৃংখলা ফিরিয়ে আনবেন, এরা বড় বড় কথা বলেন। যেসমস্ত অর্ডিনারী পুলিস কর্মচারী আছেন তাদের কোন বাসগৃহ নাই। এমন কি কিছুদিন আগে আমি বোলপুরে গিয়েছিলাম। বোলপুরের থানা দেখে এলাম। সেই থানার উপরকার ছাদগুলি মাঝে মাঝে পড়ে যাচ্ছে, তার জন্য কোন টাকা বরাদ্দ করা হয় নি। এমন কি ৪ বছর ধরে আমি ও সি-কে জিজ্ঞাসা করলাম যে, আপনার থানার যে ঘড়িটি আছে সেটি বন্ধ কেন? ও সি আমাকে বললেন যে, মশায় ওটা ৪ বছর ধরে বন্ধ হয়ে আছে, অথচ সেই খাতে কোন টাকা বরাদ্দ করছেন না। এমন কি অনেক থানায় স্যার, সাধারণ মানুষরা এলে একটু জলের ব্যবস্থা নেই, গ্রামান্তর থেকে, দূর-দূরান্তর থেকে যেসমস্ত সাধারণ মানুষ থানায় আসেন কোন ডায়েরী করতে কিংবা কেস করতে সেখানে জলের কোন ব্যবস্থা নেই। আর কোলকাতা শহরে ভেহিকলসের জন্য এরা আবার অতিরিক্ত টাকা বরাদ্দ করছেন। কলকাতা শহরে বড় বড় নতুন মডেলের গাড়ি আসছে। পুলিস খাতে এইভাবে ব্যয় করা হচ্ছে। কলকাতায় এই চেহারা দেখছি, অপর দিকে মফঃস্বলে যেসমস্ত থানা আছে তার উন্নতিকল্পে থানাগুলি সুষ্ঠুভাবে পরিচালনাকল্পে থানার যারা কর্মচারী আছেন তাদের সামান্যতম সুযোগসুবিধা—তার জন্য কোন ব্যয়বরাদ্দ দেখতে পাচ্ছি না। এরা স্যার, উপর তলার আমলাদের জন্য অতিরিক্ত সিংহভাগের টাকা খরচ করছেন। এরা মনে করছেন আমলারাই আমাদের সব সময় ঘিরে রাখবেন, কেননা আমলারাই এদের কাছে কাছে থাকে। স্যার, ১৮নং গ্রান্টে বিজ্ঞান বিষয়ক প্রতিষ্ঠানগুলির জন্য মাত্র ৭৭ হাজার টাকা বরাদ্দ হয়েছে। তার উপর ১৭ হাজার টাকা অতিরিক্ত বরাদ্দ করা হয়েছে। আপনি জানেন স্যার, আমাদের এখানে যেসমস্ত অধ্যাপক সদস্য আছেন তারা জানেন যে, পশ্চিমবাংলা বিজ্ঞানে দিন দিন কতটা পিছিয়ে যাচ্ছে। পশ্চিমবাংলার যেসমস্ত মেধাবী ছাত্র আছে তারা শিক্ষার কোন সুযোগ পান না। যে কজন সুযোগ পান, তারাও বিজ্ঞান অ্যাপারেটাস ঠিকভাবে পান না বিজ্ঞান কলেজ কলকাতায় যেটা আছে, সেটা দেখলেই বোঝা যায়। এরা ১৪ হাজার টাকা অতিরিক্ত বিজ্ঞানের জন্য বরাদ্দ করেছেন, পুলিস খাতে আর আবগারী খাতে—এরা কি চায়। এরা যদি দেশের উন্নতি করতে চায়, দেশের কথা এরা সব সময় বলে থাকে, তা যদি চায়, তা হলে যেখানে বিজ্ঞান মানুষকে এগিয়ে দেয় সেই বিজ্ঞান খাতে এরা মাত্র বরাদ্দ করেছেন ১৭ হাজার টাকা, আর পুলিস খাতে—সুব্রতবাবু এখানে আছেন—সুব্রতবাবু জানেন তিনি যখন পুলিসের মন্ত্রী, তিনি তো জানেন, তিনি একদিকে বলছেন যে, কলকাতা শহরে তিনি সেদিন ঘোষণা করলেন রাজপথে দাঁড়িয়ে যে, পুলিস হচ্ছে দেশের শত্রু, আর একদিকে তিনি হাউসে এসে পুলিসের জন্য ব্যয়বরাদ্দ করছেন। জানি না একটি সিগারেটের দুই দিকে ধরানো হচ্ছে কিনা—এরা এই কথাই বলেন। স্যার, সেদিন সুব্রতবাবু আমার সমবয়সী দু-এক বছরের ছোট হতে পারেন কি বড় হতে পারেন, দেখুন স্যার, কি অবস্থা! তিনি স্যার, কিছুদিন আগে ঘোষণা করলেন যে, তিমিরবাবুরা শান্তিশৃংখলার কথা বলছেন, উপমা দিলেন হাতি আর ঘোড়ার। আমরা নেমন্তন্ন পাই নি। মনে হচ্ছে তিনি বিয়ের ঘরেই আছেন, হাতি নাচছে, ঘোড়া নাচছে, বেড়াল নাচছে, সুব্রতবাবু বিয়ের ঘরেই আছেন। মানুষ কোথায় নাচবে, তা না, কুকুর বেড়াল ঘোড়া নাচছে। আমি সে প্রসঙ্গে যাব না। সুব্রতবাবু সুখে শান্তিতে ঘর করুন, এটাই আমার কাম্য। কিন্তু স্যার, এ'রা বাইরে একরকম কথা বলবেন, আর ঘরে আর একরকম বলবেন, এটা কি রকম? সংবাদপত্রে বেরিয়েছে, তিনি বলেছেন, পুলিস হচ্ছে শত্রু। দেখা যায় স্যার, বেশীর ভাগ টাকা দৈনিক বসুমতীতে বিজ্ঞাপনের পিছনে খরচ করে থাকেন। আমরা যে হিসাব-নিকাশ এবং প্রশ্নোত্তর পাই বিধানসভায়, তা থেকে জানতে পারি, তার ভিতর থেকেই দেখি। এই হচ্ছে এদের শ্রেণী চরিত্র, মুখে এক কথা বলবেন আর উপরে আর এক কথা। জানি না সুব্রতবাবু বিয়ের ঘরেই আছেন কিনা।

১৯ নম্বর গ্রান্টে ২ কোটি ৬২ লক্ষ টাকা বাড়তি ব্যয় মঞ্জুরী চাওয়া হয়েছে। জানি, যদিও সামান্য টাকা শিক্ষকদের মাইনে বাড়ান হয়েছে, তাতে এই খরচ হচ্ছে। এর জন্য সাধুবাদ জানাচ্ছি, সামান্য বাড়ালেও।

কিন্তু স্যার, সার্ভে রিপোর্টে দেখতে পাচ্ছি পশ্চিমবাংলার স্কুল-কলেজ গ্রামাঞ্চলের সার্ভে রিপোর্টের ভিতর পড়ে না, ছাত্রদের অপুষ্টিজনিত অবস্থার কথা বলা হয়েছে। আজকে ছাত্ররা হায়ার এডুকেশন নিতে পাচ্ছে না, তারা মেধাবী হতে পাচ্ছে না, এই অপুষ্টির জন্য ডিউ টু ইল হেল্থ। এই ছাত্রদের জন্য সামান্য টাকা ধরা হয়েছে। অথচ এই ছাত্ররাই আমাদের দেশের ভবিষ্যত, এই ছাত্ররা, এই যুবকরাই আমাদের দেশের আগামি দিনের ভবিষ্যত। আমরা আজ আছি, কাল চলে যাব, কিন্তু এই ছাত্ররাই হচ্ছে উদীয়মান সূর্য, তারাই দেশকে নূতনভাবে গড়ে তুলবে আর বারি সাহেবের মত লোকদের রাস্তায় আবর্জনায় নিক্ষেপ করবে, বাংলার দামাল ছেলেরাই তা করবে। কিন্তু এই ছাত্রদের অপুষ্টি দূর করার জন্য যে খরচ দেখাচ্ছেন, তা অতি সামান্য, নগণ্য। স্যার, এর কারণ কি? এঁরা চান না যে, মানুষ শিক্ষালাভ করে জাতি গঠন করুক, দেশ গঠন করুক। আমরা লক্ষ্য করছি, এরা এখানে যেভাবে বসেছেন, ভাবছেন, সেইভাবেই থাকবেন স্টীম রোলার চালিয়ে যাবেন। ইতিহাস আছে, বারটা বেজেছে, তারপর একটা বাজবে, সেদিন আবার আসবে। এই হচ্ছে এদের শ্রেণী চরিত্র। এঁরাই এক সময় প্রফুল্লবাবুর পূজো করেছেন, অতুল্যবাবুর পূজো করেছেন, আর এখন নব সেজেছেন।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ জিজ্ঞাসা করি এম আই টি ট্রেনিং নিচ্ছে এরা কারা?

শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ ২০ নম্বর গ্রান্টে ৭৬ লক্ষ ২৭ হাজার টাকা ধরা হয়েছে, এই যে বাড়তি খরচ এর ভিতর ৪৩ লক্ষ টাকা সি এম ডি এ-র জন্য ধরা হয়েছে। আজকে সি এম ডি এ কি ধরনের কাজ করছে কলকাতার সদস্যবৃন্দ ভালভাবেই জানেন। এদের ঢাক ঢোল পিটানোতেই তো এই টাকা খরচ হয়ে যাবে। আজকে হাসপাতালে মাথা পিছু ঔষধ বাবত বাড়তি খরচ ধরছেন না, সার সরঞ্জাম বাড়াচ্ছেন না, হাসপাতাল বাড়াচ্ছেন না, মান্ধাতার আমলে মাথা পিছু খরচ যা ছিল, আজকেও তাই আছে, তখনকার দিনে মাথা পিছু যা বরাদ্দ ছিল তার চেয়ে বাড়ে নি। পশ্চিমবঙ্গের সরকারী ম্যানুয়েলে যা দেখেছি তাতে জিনিসপত্রের যে ভাবে দাম বাড়ছে সেই পরিপ্রেক্ষিতে রোগীদের মিলের বরাদ্দ বাড়ছে না। সেইভাবে বরাদ্দ ধরা হচ্ছে না।

10-10—10-20 a.m.]

এঁরা স্যার, যে কি করতে চান তা আমি বুঝতে পারি না। এরা চায়টা কি? এরা চায়, কংগ্রেসের আমল থেকে দেখছি, অজয়বাবু আছেন, তিনিও জানেন, আপনিও জানেন, স্যার, যখন আপনি বিরোধী পক্ষে ছিলেন, এই যে সাপ্লিমেন্টারী গ্রান্ট, বিধানবাবুর আমলেও দেখেছি, প্রফুল্লবাবুর আমলেও দেখেছি, আবার আজকে সিদ্ধার্থবাবুর আমলেও দেখছি। এটা একটা রেওয়াজ হয়ে গেছে। আপনি জানেন স্যার, একটা সংসারে ভাল গৃহিনী বা গৃহকর্তা কাকে বলে। যিনি প্রতি মাসে হিসেবনিকেস করে যে টাকাটা আছে তার দ্বারা সুষ্ঠুভাবে সংসার পরিচালনা করেন, তাকে সুষ্ঠু ও ভাল গৃহিণী বলে। আর এঁরা যা হিসেব নিকেশ করে তারচেয়ে অনেক বেশী টাকা খরচ করেন। এঁরা নিজেদের জন্য সব আয়ের টাকা ব্যয় করছেন—এতো উপমন্ত্রী সৃষ্টি করেছেন যে, তাতে সব টাকা ব্যয় হয়ে যাচ্ছে। ইংরেজের আমল থেকে দেখতে পাচ্ছি, গোটা ভারতবর্ষের প্রতিটা রাজ্যে একটা করে রাজ্যপাল বসিয়ে দেওয়া হচ্ছে, নৈবেদ্যের উপর একটা করে মণ্ডার মত, যদি আমরা দেখতে পেতাম এই গণতান্ত্রিক সরকার—গণতন্ত্রের মাধ্যমে—এই রাজ্যপালকে নির্বাচিত করছেন, তা হলে নিশ্চয়ই এর সমর্থন জানাতাম। দিল্লীর সরকার একটা ঠিক করে দেবেন, আর আমাদের পশ্চিমবঙ্গের উপর একটা মণ্ডা এসে বসে যাবে। এর জন্য পশ্চিমবঙ্গের হাজার হাজার টাকা খরচ হয়ে যাচ্ছে। আগেও একদিন বলেছি, আজও বলবার সযোগ পেয়ে সেই কথার পুনরাবৃত্তি করছি। রাজ্যপালের এই পোস্ট একেবারে তুলে দেওয়া দরকার। এটা যদি গণতন্ত্রের মাধ্যমে, জনতার রায়ের মাধ্যমে নির্বাচিত হতেন, তা হলে আমরা এর সমর্থন জানাতাম।

তারপর স্যার, গ্রামীণ জলসরবরাহের জন্য ১ কোটি ৬৭ লক্ষ টাকা মঞ্জুর হয়েছে। গ্রামাঞ্চলে জলসরবরাহের জন্য, টিউবওয়েলের জন্য যে অতিরিক্ত টাকা খরচ করা হয়েছে ১ কোটি ৬৭ লক্ষ টাকা। আপনি জানেন স্যার, কাশীপুরের ঘটনা কাগজে বেরিয়েছিল, টিউবওয়েলের

পাইপ নিয়ে কিরকম ধরনের কালোবাজারী সৃষ্টি হয়েছিল। এ সম্বন্ধে সাত্তার সাহেব কি বলবেন, জানি না। তাঁর বাড়ির পেছনে, বহরমপুরে পাইপ নিয়ে যে কেলেঙ্কারী হয়েছিল, তা আজকে ধামাচাপা দেবার চেষ্টা চলছে। এর সংগে কন্ট্রাকটার ও এক শ্রেণীর আমলারা জড়িত ছিলেন।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ আমি এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি, তাঁর এই উক্তি সম্পূর্ণ অসত্য, অ্যাবসিলিউটলি ফলস, স্যর।

Mr. Speaker: Shri Biswas, you will have enough time to refute the allegation.

শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ শুধু কাশীপুরেই নয়, বিভিন্ন জায়গায় এইরকম ঘটনা আমরা দেখতে পাচ্ছি।

তারপর ২২ নম্বর গ্রান্টে কৃষি খাতে বলছেন, এই কৃষিতে তাঁরা নাকি অনেক উন্নতি করেছেন। খুব ভাল কথা। কৃষিতে কি উন্নতি হয়েছে? কয়েকটি পাম্প বসিয়েছেন, আর রিভার লীফটিং পাম্প বসাবেন দুশো, তাতে দেখতে পাচ্ছি, এখনো তার পাইপ লাইন দেওয়া হয় নাই। সাত্তার সাহেব এ সম্বন্ধে কি বলবেন জানি না। আমাদের সেন্ট্রাল গভর্নমেন্ট এ'দের অতিরিক্ত মঞ্জুরী দিলেন ১৪ কোটি টাকা। এটা আমার কথা নয়, আনন্দবাজার, যুগান্তর পত্রিকায় ও অন্যান্য দৈনিক সংবাদপত্রে বেরিয়েছে, কেন্দ্রীয় সরকার এদের উপর সন্দেহ করবার জন্য একটি এম পি স্টাডি টিম পাঠিয়েছেন। তাদের কলকাতার একটা নামকরা হোটেলে রেখে দেওয়া হল, সেখানের ফি পার ডে হল ৯০ টাকা আর নদীয়া না, ২৪-পরগনা কোন একটা জায়গা দেখিয়ে বলা হল, এটা সুন্দরবন। সাত্তার সাহেবের কাছে গিয়েছিলাম, তিনি আমার কোন প্রশ্নের উত্তর দিলেন না। জানি তিনি উত্তর দেবেন না। আমি চ্যালেঞ্জ জানাচ্ছি সাত্তার সাহেবকে। আমার বেলডাঙ্গা ব্লক ওয়ানে যে সমস্ত পাম্প সেট দেওয়া হয়েছে সে সমস্ত পাম্প সেট পেয়েছে কংগ্রেসের নামাবলী গায়ে দিয়ে যারা ঘোরাফেরা করেন এবং বড় বড় জোতদার। আমি নাম দেবো। আমার প্রশ্নোত্তরে জেনেছি। ইনফার আলীর ছেলে ইয়াসীন যিনি যুব কংগ্রেসের পান্ডা তারা পাম্প পেয়েছে। সাত্তার সাহেব বলুন, কটা গরিব মানুষ পেয়েছে? আপনি পাম্প দিয়েছেন কাকে? নব কংগ্রেসের প্রেসিডেন্ট আবদুল লতিফের মাকে দিয়েছেন; কোন গরিব পেলো না, মধ্যবিত্ত চাষী পেলো না। লিস্ট আমার কাছে নেই। কিন্তু হিসাব করলে দেখা যায়, শুধু ইনফার আলী নয়, দেবকুণ্ড দেকে দিয়েছেন। সাত্তারা সাহেবের যে রিলেটিভ আছেন। একশো বিঘে জমির মালিক, ৬০-৭০ বিঘে জমির মালিক পাম্প পেয়েছে। ও'রা কৃষি খাতে অতিরিক্ত ব্যয়বরাদ্দের দাবি করেছেন। আমি এই সমস্ত ব্যাপারের তীব্র বিরোধিতা করছি। এটা করা ও'দের রেওয়াজ হয়ে গিয়েছে। অতিরিক্ত ব্যয়বরাদ্দ নিয়ে আসবেন, আরও বেশি করে নিয়ে আসবেন, সংখ্যাগরিষ্ঠতা আছে, যাহোক পাশ করিয়ে নেবেন। কিন্তু আমাদের ক্ষীণ শব্দ আছে, ক্ষীণ সুর আছে, তাই নিয়ে এই অতিরিক্ত বাজেটের তীব্র বিরোধিতা করছি এবং এই বাজেটকে বাজেট বলে স্বীকার করে নিতে পারছি না। এই বলে বক্তব্য শেষ করছি।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মিঃ স্পীকার স্যার, উনি বলেছেন নব কংগ্রেসের মাকে পাম্প দেওয়া হয়েছে। শব্দটার মানে কি? এতবড় অশালীন অর্থে তিনি কি বক্তৃতা করতে পারেন? উনি ও'র বক্তৃতায় বলেছেন অশালীনভাবে, আবদুস সাত্তার সাহেব নব কংগ্রেসী মাকে পাম্প দিয়েছেন। এইটা ঘুরিয়ে অশালীন কথা প্রয়োগ করা হচ্ছে এখানে বলার সুযোগ নিয়ে। আপনি স্যার, এটা এক্সপাঞ্জ করুন ডিমান্ড করছি।

শ্রীঅজমঙ্গ দেঃ মিঃ স্পীকার স্যার, এটা প্রিভিলেজ কমিটিতে পাঠানো হোক। উনি বিধানসভাকে অমর্যাদাকর অবস্থায় নিয়ে যেতে পারেন কিনা বা ও'র অধিকার আছে কিনা সেটা প্রিভিলেজ কমিটিতে নিয়ে যাওয়া হোক। আমি নিজের কথামত এবং জ্ঞানমতে বলেছি, নব কংগ্রেসী লীডার আবদুল লতিফের নামে পাম্প দেওয়া হয়েছে।

Shri Mrityunjoy Banerjee: Mr. Speaker, Sir, I am very sorry that I could not be present in time in this House to move certain supplementary grants of my department, being held up by certain processions coming across the Howrah Bridge. I apologise to you for this and through you, to this House.

শ্রীঅজিতকুমার পাঁজা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যদিও ঠিক সময়মত আসবার চেষ্টা করেছিলাম, কিন্তু ঠিক সময়মত না আসতে পারায় প্রথমেই আমি আপনার কাছে এবং আপনার মাধ্যমে সমস্ত হাউসের কাছে ক্ষমা চেয়ে নিচ্ছি। এই সুযোগে আমি আপনাকে এতদিন ধরে যেকথা বলে আসছি, সেটা আবার বলছি। অ্যাসেম্বলীতে ঢোকার পর আমরা যাতে ঠিক সময় কাজে আসতে পারি তার প্রোটেকসান দিন। এখানে মাননীয় সদস্যদের অনুমতি না নিয়ে আপনার অনুমতি না নিয়ে অনেক লোক আসছেন, কেউবা ট্রান্সফার রদ করার জন্য, কেউবা অন্য কাজে। একবার কাউকে পাঠিয়ে দেখুন আমার কি অসহনীয় অবস্থা। তাঁরা যদি রাইটার্স বিল্ডিংসে বা আমার বাড়িতে আমার সঙ্গে দেখা করেন, তা হলে ভাল হয় এবং অন্তত অ্যাসেম্বলীতে নয়। এইটা স্ট্রীক্‌ট যে রুল আছে সেটা মেনে চললে ভাল হয়। অ্যাসেম্বলীর কাজটা করা দরকার, কারণ এটা জেনারেল বেনিফিটের জন্য এবং এটা সারা পশ্চিমবাংলার কাজ। আমরা যে জেনারেল বেনিফিট-এর জন্য এখানে আসছি সেটা যাতে সুষ্ঠুভাবে হয় তার ব্যবস্থা করুন। কারণ আমি আসা সত্ত্বেও ১০।১২ জন মিলে আমাকে এমনভাবে ঘিরে ধরলো এটা ওটা সেটা নিয়ে যার জন্য আমি হাউসে এসে পেঁছাতে পারলাম না। আমি ক্ষমা চাইছি, কিন্তু তার সাথে সাথে প্রটেকসনও চাচ্ছি যে, এখানকার যে সমস্ত রুলস আছে সেগুলি আরও কঠোরভাবে ইমপ্লিমেন্ট করা হোক।

[10-20—10-30 a.m.]

শ্রীমহম্মদ সফিউল্লা: স্যার, আমি নিজে দেখেছি উনি এমন কি ওঁর চেম্বারে পর্যন্ত যেতে পারছিলেন না এইরকম অবস্থা হয়েছিল।

Mr. Speaker: A very portinent question has been raised by the Hon'ble Minister, Shri Ajit Kumar Panja. I was also pondering over this matter for some time, trying to enforce rules restraining entry of strangers within the precincts of the Assembly House. Unfortunately, as I have been reported, some times a number of strangers enter inside the campus with the honourable Members themselves. Not only that, I have been told by some of the honourable Members that they are also issuing slips to different persons, strangers, to come and meet them in the House. If these slips are produced at the gates the Watch and Ward personnel dare not restrain them from entering the presincts. I also know, as has been reported by some honourable Members, sometimes they are also issuing permanent cards to outsiders for entering the premises during the session. When the strangers come on the strength of these cards the Watch and Ward personnel posted at different gates are not in a position to restrain them from entering the premises. These are the difficulties with me. If the honourable Members co-operate with me I can think of measures to regulate entry of strangers within the presincts of the Assembly. Honourable Members also complained that they do not get seats in the restaurant or in the lobby because all the seats remain occupied by the stangers. Moreover, it has become a difficult job for the Watch and Ward personnel, nowadays, to restrain the strangers because sometimes they accompany the honourable Members and the Hon'ble Ministers in the same car with cards issued to them for use during the session. The other difficulty is that, nowadays, some of the young men coming to meet the honourable Members or Hon'ble Ministers, may feel aggrieved and the honourable Members may also take it otherwise—some of the honourable Members have already complained that their men were not treated properly within the premises here. At the same time, I understand, many of the honourable Members do not get seats in the lobby for taking rest

or for looking into their papers, or, even in the tea stall. So, there must be a way out. If the honourable Members co-operate with me in the matter of issuing cards to their men, in the matter of bringing members from outside—if their willing co-operation is there, I will be able to enforce discipline. Without the willing co-operation of the honourable Members in the matter of restraining strangers from coming inside the campus or lobby, I think, it is not possible for me to stop this.

If I have the sense of the House that all honourable Members are willing to co-operate with me by not allowing a single individual to come inside the Assembly compound without a valid visitor's card then only I can enforce it. If any honourable Member or any Hon'ble Minister wants to bring any member of the public, he will be issued with a visitor's card from my Office. If that is the sense of the House and if the honourable Members are willing to co-operate with me in this respect then only I can enforce the rule as has been pointed out by Hon'ble Minister, Shri Ajit Kumar Panja.

Shri Md. Shafiulla: This is very essential and I am willing to co-operate with you in this respect.

Shri A. H. Besterwitch: I am always ready to co-operate with you in this respect. There is always such a crowd in front of Hon'ble Ministers' chambers that sometimes Members of the House feel it very difficult to meet them. I think their chambers should be absolutely separated by some sort of railings. If the Hon'ble Ministers want to meet members of the public they should be given a time for this.

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যে বিষয়ে আমাদের দৃষ্টি আকর্ষণ করেছেন এটা অতন্ত সুস্থভাবে চিন্তা করা উচিত। কিন্তু আমরা গাঁয়ের মেম্বার। আমাদের কাছে অনেক সময় আপনি যখন হাউস আরম্ভ করেন, কিংবা তার আগে বোর্ডিং-এ আসে এবং আমরা বেশী লোক বাহিরে থেকে আসে এবং ভিজিট করবার জন্য যদি নোট পাঠায়, তা হলে আমাদের অ্যালাও করা ছাড়া কোন উপায় থাকে না। এই বিষয়টি আমি আপনার কাছে বিবেচনা করার জন্য বলছি যে, মিনিস্টারের ঐদিকে যে করিডর আছে সেখানে আপনি অ্যালাও করবেন না, এটা করুন, কিন্তু এই দিকটা স্যার, করতে গেলে আমাদের পক্ষে অসুবিধা হবে। আমি আমাদের এই অসুবিধার কথা জানালাম। আশা করি আপনি এটা সহানুভূতির সঙ্গে বিবেচনা করে দেখবেন।

Mr. Speaker: Honourable Members will certainly realise that if a stranger or a visitor gets an entry inside the compound then he can come up to the lobby, and it is not possible for the Watch and Ward staff to check him. As has been pointed out by Shri Ajit Kumar Panja, it is true to some extent that so many people gather here. Now, I think we cannot reach any consensus so far as restriction of the entry of strangers within the compound or within the iron railings is concerned, because some honourable Members feel that they may come to see them, that they may be allowed to come up to the lobby. Shri Abdul Bari Biswas has also raised that point. So, I drop the matter.
[10-30—10-40 a.m.]

শ্রীঅজিতকুমার পাঁজা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যদি অনুমতি দেন, তা হলে একটি কথা বলি। মাননীয় শ্রী বিশ্বাস বললেন, অনেক সদস্য বাহিরে থেকে আসেন, যারা ঠিক সময়ে এসে পড়ে না, তারা অ্যাসেম্বলী প্রসিডিংস দেখতে চান, সেই জন্য আমাদের নিশ্চয় ব্যবস্থা করা উচিত। তবে তারা অ্যাসেম্বলী প্রসিডিংস দেখতে আসেন, আপনি যদি অনুমতি দেন, সুযোগ যদি থাকে, তা হলে অ্যালাও করা উচিত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রী বিশ্বাস যে কথা বলছেন সেই কথা বলছি যে, যদি কেউ দেখতে আসেন, তা হলে তারা উপর থেকে দেখবেন বলে পারমিসন নেন—মাননীয় সদস্যদের দুটির বেশী স্পেশালী অ্যালাও করা হয়। আমি এমনও লোক দেখেছি

যে, আমাদের মাননীয় সদস্যদের কারো পারমিসন না নিয়ে ২০।২৫ জন লোক এখানে এসেছেন। তারা কারো পারমিসন নেন নি। তারা ঢুকে পড়েছেন। আমি তাদের জিজ্ঞাসা করেছি, আপনাকে কোন মাননীয় সদস্য পাঠিয়েছেন? তিনি বলেছেন, না। আমি জিজ্ঞাসা করেছি, কি করে এলেন? তিনি বললেন, এমনি চলে এসেছি। গ্রাম থেকে যারা দেখতে আসেন, আমাদের পারফরমেন্স, কি করছি—সেটা মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি লক্ষ্য রাখবেন। কিন্তু অন্য জিনিসগুলি কোন পারমিসন না নিয়ে চলে আসছে। সেই জন্য আমি প্রোটেকসান চাইছি আপনার কাছে অত্যন্ত বিনীত ভাবে।

[10-30—10-40 a.m.]

Shri Deo Prakash Rai : Sir, let the Ministers be in the zoo on Sundays and holidays and let their visitors be informed that they can see and meet them in the zoo free of charge.

Mr. Speaker : It is up to the Hon'ble Ministers to say that they will not meet the visitor and unless the honourable Members of the House do not accompany any stranger it is not possible for me to restrict. At any rate, a general restriction will be there at the gates. Sometimes when an honourable Member enters the premises 10 or 15 persons accompany him and so it is not possible for the Watch and Ward personnel to restrain those persons accompanying an honourable Member because it may wound the feelings of the honourable Member and the question of raising a point of privilege is also there. So, there is that difficulty also. At any rate, I feel that some restriction must be there. I can assure Shri Panja that there is always some restriction but some visitors are very clever and they know how to get an entry inside the premises. It is my personal experience for the last 18 years. I know that they ask for an MLA and sometimes our honourable Members go outside to meet them and when that particular Member enters the premises the visitors take advantage of that and they also follow the honourable Member for whom the gate will be cleared and nobody will restrict those visitors accompanying the honourable Member. However, I shall see how far it is possible to restrict them. A visitor having no card from any honourable Member or from our office will not be allowed and I will try to enforce it as far as possible. But full proof is not possible as suggested by some of the honourable Members.

Now, I call upon Shri Abdus Sattar.

শ্রীআবদুস সাত্তার : মাননীয় স্পীকার মহাশয়, আমি আমার ঘর থেকে তিমিরবাবুর বক্তৃতা শুনছিলাম। সেই শোনার সময় শুনতে পেলাম কিছু মন্তব্য তিনি আমার সম্বন্ধে, আমার বিভাগ সম্বন্ধে এবং আমার দল সম্বন্ধে করেছেন। আমার মনে হয় তিমিরবাবু আমাদের বিরাট কর্মযজ্ঞে ঘা দিয়ে ভেবেছেন, এরা কি করে ফেললো। তিমিরবাবুকে আমি বলব, তিমির-বাবু, আপনি একটু বুঝেশুনে বক্তৃতা করলেই আমার মনে হয় ভাল হয়। আমাদের সাপ্লিমেন্টারি এস্টিমেটটা আপনি দেখেছেন কি? বোধ হয় পড়েন নি এবং পড়লেও মানে বোধ হয় বোঝেন নি। আমি আপনাকে বলব, চিৎকার করে বাজার গরম করা বাইরে চলতে পারে, কিন্তু এখানে চলতে পারে না। আপনি বলেছেন, পার্লামেন্টের কিছু সদস্য সন্দেহ করে এসেছিলেন, যে ঠিক কাজ হচ্ছে কিনা। মাননীয় সদস্য তিমিরবাবুকে বলছি, যাঁরা এসেছিলেন তাঁদের মধ্যে পশ্চিম-বঙ্গের অনেকে ছিলেন, মহারাষ্ট্রের অনেকে ছিলেন।

কাজেই সন্দেহ করে নয়। পশ্চিমবঙ্গে আগে অফিসিয়েলস যারা এসেছিলেন তারা রিপোর্ট দিয়েছিলেন যে, গোটা ভারতবর্ষের মধ্যে মাইনর ইরিগেশনে যে টাকা বরাদ্দ করা হয়েছে পশ্চিমবাংলা সব থেকে ভাল কাজ করেছে এবং এই কাজের জন্য তারা একটা টিম পাঠিয়েছিলেন। মিঃ সিন্ধে বলেছিলেন যে, টিম যাচ্ছে, তাঁরা যদি দেখে ভাল স্কোপ আছে, আরো উন্নতি করার স্কোপ থাকে, সেই টিম যদি রেকমেন্ড করে, আমরা ভবিষ্যতে আরো টাকা দিতে পারবো। সেজন্য সেই টিম এসেছিলেন এবং সেই টিম-এর মধ্যে সি পি আই-এর সভ্য ছিলেন এবং আপনারা যাদের 'লেজুড়' সেই সি পি এম-এর সভ্য তাঁদেরও রাখা হয়েছিল।

Shri A. H. Besterwitch : On a point of order, Sir. The Minister has said that we are CPM's *lejur*. I think it should be expunged. They are *lejur* to nobody.

শ্রীআবদুস সাত্তার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বেস্টারউইচ মহাশয় যখন ডিনাই করছেন তখন বলছি, লেজুড় নয়। আমি আশা করছি যে, ভবিষ্যতে আপনারা যদি কোন লিডারের নাম করে কথা বলেন, তা হলে ত্রিদিববাবুর নাম করেই বলবেন, দয়া করে জ্যোতিবাবুর নাম করবেন না। যাঁরা এসেছিলেন তাঁদের জন্য এম এল এ-এস হোস্টেলে সেন্ট্রাল গভর্নমেন্টের সমস্ত জায়গায় দেখে না পাবার ফলে তাদের একটা হোটেলে রাখা হয়েছিল। সব থেকে দুঃখের কথা তিনি বলেছেন যে, আমরা নাকি নদীয়া দেখিয়ে বলেছি যে, সুন্দরবন দেখা হয়ে গেল। আপনার এই উক্তিতে আপনি মাননীয় সদস্য সেজন্য বলছি না, তা না হলে অন্য কেউ হলে বলতাম যে, আপনাকে রাঁচীতে পাঠানো উচিত। কিন্তু আপনি মাননীয় সদস্য বলে বলছি না। কারণ নদীয়া দেখিয়ে বলবো সুন্দরবন—আপনাদের বেলডাঙ্গার মাননীয় খোদাবক্স তিনি নদীয়া চেনেন না, তিনি সুন্দরবন চেনেন না? বাংলাদেশের আরো সভ্য যাঁরা এসেছিলেন তাঁরা নদীয়া ও সুন্দরবন চেনেন না? কাজেই কি স্টেটমেন্ট বেরিয়েছে সেটা বাদ দিন। বাংলাদেশের মানুষ যদি নদীয়া এবং সুন্দরবনকে এক করেন, তাহলে জানি না কার উপর বক্তৃতা করছেন। নদীয়ায় যাওয়া হোক আর সুন্দরবন মথুরাপুরে যাওয়া হোক, তা মথুরাপুর কি নদীয়ায়? কাজেই আপনার এই উক্তি শুনে ভেবেছিলাম—আপনি মাননীয় সদস্য বলে কিছু বলছি না, তা না হলে বলতাম যে, এই সমস্ত লোককে রাঁচি পাঠানো উচিত, মাথার ঠিক নেই। তারপর আপনি বলেছেন যে, সাত্তার সাহেব ডিপ টিউবওয়েল দিয়েছেন, স্যালো টিউবওয়েল দিয়েছেন এবং আরো অন্যান্য জিনিস দিয়েছেন সাত্তার সাহেবের আত্মীয় অমুক লতিফ সাহেবর মা ইত্যাদি এইসব নাম করেছেন। আমার মনে হয়, আপনার বিকার ঘটেছে। তা না হলে মানুষ এসব কথা বলতে পারে? তার কারণ হচ্ছে, লতিফ সাহেবের মা নিয়েছেন কি আপনি নিয়েছেন সাত্তার সাহেব একথা জানে না। সাত্তার সাহেবের দলের লোক নিয়েছে কি আপনার দলের লোক নিয়েছে এটা বড় কথা নয়, যারা কৃষক তারা নিয়েছে। লতিফ সাহেবের মা নিয়েছে, তার যদি চাষের জমি থাকে, তার যদি অধিকার থাকে সে নিয়েছে, তাতে অসুবিধা কোথায়? আসল কথা হচ্ছে যে চাষী সে ছাড়া অন্য কেউ নিয়েছে কিনা, এটাই প্রশ্ন। সেজন্য আপনি আজকে লতিফ মা, সাত্তার সাহেবের আত্মীয় নিয়েছে—তা সাত্তার সাহেবের অনেক আত্মীয় আছে। ওখানে যারা নিয়েছে তাদের মধ্যে আপনার দলের লোকও অনেক আছে। এখন প্রশ্ন হচ্ছে দল নয়, এখানে কৃষককে দেওয়া হয়েছে। যারা আপনাদের ভোট দিয়েছে, যারা একটা ভোটও কংগ্রেসকে দেয় নি, সেখানকার লোকও পেয়েছে। আমরা চাই সেখানকার জমিতেও উৎপাদন বাড়াতে, আমরা চাই কৃষির উৎপাদন যাতে বাড়ে, যাতে সবুজ বিপ্লব হয়। কিন্তু প্রশ্ন হচ্ছে, আজকে কে নিয়েছে না নিয়েছে সেটা ঠিক করে ওখানকার ব্লক ডেভালপমেন্ট অফিস আছে এবং ব্লক ডেভলপমেন্ট কমিটি থাকে দে ডিসাইড কি হবে না হবে। এখানে মন্ত্রীরাও জানে না কেউ জানে না। কাজেই এই যে সমস্ত অভিযোগ করেছেন এগুলি অবান্তর। আমি আপনাকে বলছি সভ্য হিসাবে প্রত্যেকটি জায়গাতে কংগ্রেস বা অকংগ্রেস নামে নয়, কৃষক পেয়েছে কিনা সেটাই প্রশ্ন। কৃষক যদি পেয়ে থাকে তাহলে ঠিক পেয়েছে আর কৃষক যদি না পেয়ে থাকে তা হলে অন্যায় হয়েছে। এলিজিবিলিটি নেই, জমি নেই অথচ পাম্প সেট পেয়েছে।

[10-40—10-50 a. m.]

আমি চ্যালেঞ্জ করে বলছি, এই যে সেন্ট্রাল টিম তিন চার বার এসেছিল, তারা স্টাডি করে বলে গেছেন যে, পশ্চিমবাংলায় যে ইউটিলাইজেশন হয়েছে যেভাবে কাজ হয়েছে, ভারতবর্ষের কোন প্রদেশে আজ পর্যন্ত সেটা করতে পারে নি। দে স্টাডিড ইট। সেই জন্য আমি বলছি, আমার ডিপার্টমেন্টের মাধ্যমে যা ইউটিলাইজেশন হয়েছে, রাত্রি দিন খেটে সমস্ত অফিসাররা, সমস্ত এম এল এ-রা প্রত্যেককে দিয়ে যেভাবে কাজ করানো হয়েছে, তার জন্য আপনাদের হিংসা হচ্ছে এই হিংসার জন্যই আপনি কিছু দেখতে পাচ্ছেন না বা বুঝতে পাচ্ছেন না। এইভাবে

আপনারা আজকে তিনজনে এসে দাঁড়িয়েছেন। যেটা সত্য সেটাকে গ্রহণ করুন। আমরা যা করছি সত্যকারের মানুষের কাজ করছি। আসুন উৎপাদন বৃদ্ধির জন্য সাহায্য করুন, কেবল সমালোচনা করে দেশের কোন মঙ্গল হবে না, দেশের কল্যাণ হবে না। গ্রামে যে কর্মযজ্ঞ আরম্ভ হয়েছে, তাতে অংশগ্রহণ করুন। আমরা অবশ্য আপনাদের কংগ্রেসে নেব না তবুও সেই কর্ম যজ্ঞে আসুন এবং সাহায্য করুন। যে সমস্ত উক্তি করেছেন তিমিরবাবু সেইগুলো একটু স্থির ভাবে এবং সুষ্ঠুভাবে করলেই ভাল হত। এই কথা বলে এবং যে সমস্ত উক্তি করা হয়েছে, তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় তিমির ভাদুড়ী মহাশয় যে বক্তব্য এখানে রেখেছেন, বিশেষ করে দুটি দপ্তরকে কেন্দ্র করে, আমি তার উপর বক্তব্য রাখতে চাই। যদিও আমি জানি উনি ভয় পাচ্ছেন, সেদিন উনাদের হাতি ঘোড়া বানিয়েছি, আবার আজকে কি বানাবো না বানাবো সেই বিষয়ে ভয় পাচ্ছেন। একটু আগে শুনলেন যে, আমাদের মাননীয় কৃষিমন্ত্রী চ্যালেঞ্জ করে বলেছেন যে, ভারতবর্ষের মধ্যে যে জিনিসটাতে সবচেয়ে বেশী কৃতিত্ব দেখাতে পেরেছেন, সেই অংশটাই তিনি সমালোচনা করেছেন। এই খবর যদি উনার কনসটিটিউয়েন্সীর জনসাধারণ শুনতে পায়, তা হলে আগামী নির্বাচনে উনার জামানত জব্দ হয়ে যাবে। আর একটা বিষয়ে সংবাদ দিই, উনি যেটা সমালোচনা করেছেন, সারা ভারতবর্ষের মধ্যে আর একটা জিনিস আমরা সবচেয়ে ভাল করছি, সেটা হচ্ছে যুব কল্যাণ দপ্তরের কাজ। যুব কল্যাণ দপ্তর সম্বন্ধে আপনাদের কাছে জানাই, এটা ভারতবর্ষের সমস্ত প্রদেশের মধ্যে যা কাজ হয়েছে কেন্দ্রীয় সরকার বার বার বলেছেন, এখানে যা কাজ হয়েছে, যে পরিকল্পনা রূপায়ণ করা হয়েছে, তাতে আমরা সবচেয়ে বেশী কাজ করেছি এবং প্রশংসনীয়ভাবে আমরা তা করেছি এবং আর একটা কথা বলি সারা পশ্চিমবাংলায় যা করা হয়েছে, তার মধ্যে উনার জেলায় সবচেয়ে বেশী কাজ করা হয়েছে। আমি অবাক হয়ে যাই, মাননীয় বহু সদস্য আছেন যাঁরা বহরমপুরের উপর দিয়ে যান। বহরমপুরের উপর দিয়ে যান অথচ যুব কল্যাণের সংবাদ রাখেন না, আমার তখন সন্দেহ হয়, আমি খোঁজ করে দেখবো সন্দেহ কতদূর সত্য। এক শ্রেনীর দেনাগ্রস্ত লোক থাকে, সেই দেনাগ্রস্ত লোকেরা যে দোকানটায় ধার করে. সেই দোকানটা ক্রস করবার সময় অপেক্ষা করে। যখন একটা লোক ছাতা নিয়ে পাস করে. সেই ছাতার তলায় লুকিয়ে সেই দোকান ক্রস করে চলে যায়। আমাদের তিমির ভাদুড়ী মহাশয়কে দেখে সন্দেহ হচ্ছে যে, ইউথ সেন্টারের এতবড় বিল্ডিং, এতবড় কর্মযজ্ঞ যেখানে হচ্ছে প্রতিদিন সেখানে কাজ হচ্ছে এবং যেখানে মাননীয় সদস্য কয়েকটি নাম দিয়ে ট্রেনিং এর ব্যবস্থা করে দিয়েছেন আমাদের সদস্যদের মাধ্যমে, আমার সন্দেহ হচ্ছে, সেখানকার অপোজিটে যে দোকান আছে, সেখানে খোঁজ নিতে হবে উনার কোন দেনা-টেনা আছে কিনা। দেনাদার যেমন ছাতার তলা দিয়ে লুকিয়ে পালিয়ে যায়, উনিও সেই রকম পালিয়ে আসেন কিনা। কারণ প্রতিদিন যখন বহরমপুর ক্রস করতে হয়, এমন একটা মানুষ নেই যিনি ইউথ সেন্টার না দেখে পার হতে পারেন। অথচ উনি দেখতে পান না। এমন কাজ হচ্ছে—আমি শুধু বহরমপুর সম্বন্ধে বলতে পারি যে, সেখানে কি কাজ হচ্ছে। কারণ এটা সকলের জানা অবশ্য দরকার। কারণ এটা অত্যন্ত নতুন ডিপার্টমেন্ট এবং বাংলাদেশের মানুষের কাছে আমরা যে কটা প্রতিশ্রুতি দিয়েছি, তার অন্যতম প্রধান প্রতিশ্রুতি হচ্ছে এটা। আমরা বাংলাদেশের ছাত্র এবং যুবকদের সুষ্ঠুভাবে সমস্যার সমাধান করবো, অ্যাটলিস্ট আমাদের ডিটারমিনেশন এবং ডেডিকেশন-এ কোন ত্রুটি থাকবে না। সেই উদ্দেশ্য নিয়ে এক বছরের মধ্যে ভারতবর্ষে একমাত্র মহীশুর ছাড়া—কান খুলে শুনুন তিমিরবাবু অনেক ভাল কথা শুনবেন—মহীশুর ছাড়া আর দ্বিতীয় পর্যায়ের বাংলাদেশটা ছাড়া, আলাদা করে এই বিষয়ে কোন মন্ত্রী বা দপ্তর ছিল না এবং এখনো নাই। সমস্ত জায়গায় এটা অন্য দপ্তরের সঙ্গে যুক্ত আছে। আমাদের মন্ত্রিসভা এবং মহীশুরের মন্ত্রিসভা এর জন্য আলাদা দপ্তর করেছেন। এক বছর নতুন দপ্তর হয়েছে. এই এক বছরে এই দপ্তরের একটা পয়সা ছিল না, কোন বাজেট ছিল না, কোন অফিসার ছিল না একটি কেরাণী ছিল না। একটি ফাইল ছিল না সেই অবস্থায় আমরা নতুন করে দপ্তর করেছি, ফল ফলেছে, আমরা অফিস মেনটেন করছি এবং একটা ছোট বাজেট এই বছরের জন্য

স্যাংসন করে নিয়েছি। কেন্দ্রীয় সরকার প্রথমে বলেছিলেন যে, নেহরু ইউথ সেন্টার করা হবে এবং সারা ভারতবর্ষে ১০০ টি ইউথ সেন্টার খোলা হবে। ইউথ সেন্টার খোলাবার পরিকল্পনা কেন্দ্রীয় সরকার গ্রহণ করবার পর আমাদের একমাস সময় দেওয়া হয়েছিল পাঁচটি ইউথ সেন্টার করবার। একমাত্র পশ্চিমবঙ্গে, যেটা মহীশূরেও হয় নি, এক মাসের মধ্যে যেটা লক্ষ্য ছিল সেটা পরিপূর্ণ করা হয়েছে। আমরা তার রিওয়ার্ড হিসাবে পশ্চিমবঙ্গের প্রতিটি জেলায় সেন্টার খোলবার স্যাংসন পেয়েছি এবং দপ্তর খোলবার স্যাংসন দিয়েছেন, যেহেতু অন্য প্রদেশ পারে নি, যেটা আমাদের পশ্চিমবঙ্গে আমরা পেরেছি এবং এপ্রিল মাসের মধ্যে আরো ৩০টি আমরা করবো, তার জন্য কাজ শুরু করে দিয়েছি। মাত্র একটা ছোট দপ্তর, যার নতুন জন্ম হয়েছে, এক বছরের মধ্যে কেরাণী থেকে ফাইল পর্যন্ত সব নতুন করে করতে হয়েছে। আপনি দেখে আসুন বহরমপুরে যে, কি কাজ হয়েছে, আপনি সাজেসন দিন, আই টি আই-তে ট্রেনিং-এর কাজ আরম্ভ হয়েছে। সেখানে দরিদ্র এবং গরিব ছেলেদের নিয়ে আমরা ট্রেনিং সেন্টার খুলেছি। মাননীয় কৃষিমন্ত্রী সেখানে আছেন, তাঁর দপ্তরের সঙ্গে যোগাযোগ করে সেখানে ট্রেনিং দেওয়া হচ্ছে। আমরা কি ট্রেনিং দিচ্ছি, টিউবওয়েল বসাবার ট্রেনং দিচ্ছে ইল্লিটারেট ছেলেদের, স্বাস্থ্যবান ছেলেদের নিয়ে এসে পোলট্রির ট্রেনিং দিচ্ছে এবং ১৮০ জন ট্রেনিং নিচ্ছে। বহরমপুর জেলার কথা বলতে পারি এবং আপনার জেলার মানুষকে স্মরণ করিয়ে দিতে চাই, কারণ আপনি জেলার বিন্দুমাত্র এমন কি সদরের সংবাদ পর্যন্ত রাখেন না, আপনি তাদের কাছ থেকে অধিকার ছিনিয়ে নিয়ে এসেছেন, শুধুমাত্র এই বিধানসভায় মাতব্বরী করবার জন্য নয়, অধিকারকে কায়েম করবার জন্য এবং মানুষের কাছ থেকে যে অধিকার নিয়ে এসেছেন সেই অধিকারের সুষ্ঠু রূপায়ণের জন্য, এই সংবাদ আপনার রাখা দরকার ছিল। নিজের বিবেককে জিজ্ঞাসা করুন, কি ভুল করেছেন, তা হলেই বুঝতে পারবেন এবং এর জন্য অনুশোচনা হবে কি হবে না। আপনি নিজে চিঠি লিখেছিলেন যে, আমার তিন জন ক্যান্ডিডেটকে নিয়োগ করা হোক। আমরা জানি যুবকদের রাতারাতি চাকুরি দিতে পারব না, তখন দরকার প্রশিক্ষণ, যাতে তারা কিছু কাজ শিখে রোজগার করতে পারেন। সেই কারণেই আমরা তাদের পোলট্রির ট্রেনিং দিচ্ছি। কল বসাবার ট্রেনিং দিচ্ছি এবং বিভিন্ন বিষয়ে পরীক্ষোত্তীর্ণ ট্রেনিং দিচ্ছি। ড্রাইভিং ট্রেনিং দিচ্ছি এবং তাদের লাইসেন্স দেওয়ার ব্যবস্থাও করা হচ্ছে। এইসব ছাড়াও বিভিন্ন টেকনিক্যাল ট্রেনিং আছে। সেন্ট্রাল গভর্নমেন্ট আমাদের প্রতিটি ইউথ সেন্টারে দুজন করে কোচ দিয়েছেন, ভাল ভাল খেলোয়াড়দের এই কাজে নিযুক্ত করা হয়েছে এবং তাদের মাধ্যমে গ্রামের ছেলেদের শিক্ষা দেওয়া হচ্ছে। আর সেখানে জিমনাসিয়ামেরও ব্যবস্থা করা হয়েছে। এইসব বিষয়ে আমরা ফিফ্‌টি থাউজেন্ড রুপিস খরচ করব, বাকিটা অন্যভাবে আদায় করতে হবে। এইভাবে পাঁচটি ইউথ সেন্টার খোলা হয়েছে। ওয়েলফেয়ার বা সাহায্য করার জন্য, নিম্ন মধ্যবিত্ত এবং গরিব ছেলেদের সাহায্য করবার জন্য মফঃস্বলের ছেলেদের সাহায্য করবার জন্য নানক ভবন পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে, এর জন্য টাকা এসে গিয়েছে এবং কাজ শীঘ্র শুরু হবে। এইভাবে নতুন নতুন বিষয়ে ভাল ভাল যুবকদের গঠনমূলক প্রস্তাব, তাদের দ্বারা লেখা একটা ২০০ পাতার বই বার করা হয়েছে এবং সেটা প্রকাশিতও হয়ে গিয়েছে। আজকের যেটা সবচেয়ে গর্বের বিষয় সেটা হচ্ছে, মন্ত্রী থেকে আরম্ভ করে এই ইউথ ডিপার্টমেন্টের সমস্ত দায়িত্ব ইউথদের হাতে দেওয়া হয়েছে। ২৫।৩০।৩২ বছরের ইউথদের উপর সম্পূর্ণ দায়িত্ব ছেড়ে দেওয়া হয়েছে, এর জন্য আই এ এস মোতায়েন করা হয় নি সম্পূর্ণভাবে তাদের পরিকল্পনায় তাদের চিন্তায় তাদের কর্মসূচির উপর জোর দেওয়া হয়েছে। এই ইউথ সেন্টারের মেন্টেনেন্সের দায়িত্ব তাদের উপর ছেড়ে দেওয়া হয়েছে। এই ইউথ সেন্টারের ক্রেডিট, ডিসক্রেডিট সব কিছু তাদের উপর নির্ভর করছে।

[10-50—11-00 a.m.]

আমার দুঃখ হচ্ছে তিনি এ সবের বিন্দুমাত্র খবর রাখেন না। অথচ আঘাত করার জন্য ইউথ ডিপার্টমেন্টের উপর তিনি একটা মোশন এনেছেন এক টাকা বাজেট করা হোক। একথা যদি ইউথরা জানতে পারে, তা হলে ভোটে আপনার গিলটিন হয়ে যায়। আপনারা এইভাবে

যুগ যুগ ধরে ইউথদের এক্সপ্লয়েট করেছেন। আপনার এসব বক্তব্য শুনে কেন জানি না মনে হচ্ছে, আপনার বাবা-মা ভুল করে আপনার নাম তিমির ভাদুড়ী রেখেছিলেন—এটা তিমির ভেদা হওয়া উচিত। আর একটা কথা বলেছেন পুলিস সম্পর্কে যে আমি নাকি বাইরে এক রকম বক্তব্য রাখি এবং ভেতরে আর এক রকম বক্তব্য রাখি। প্রশাসনে আসার সময় আমাদের একটা শপথ নিতে হয়েছিল যে, প্রশাসনের কোন গোপন কথা আমি বলব না। এটা না বলাই ঠিক। তবে একটা কথা আমাকে বলতে হচ্ছে। আমরা বাইরে এবং ভেতরে দু রকম কথা বলি না। আমি বলছি আর এস পি-র বহু নেতা আছেন—আমি চটাতে চাই না—যাঁরা পুলিশের ইনফরমার এর কাজ করে, সই করে টাকা নিয়ে যান আমার দপ্তর থেকে। জ্যোতিবাবুরা কোথায় কি মিটিং করেছেন সেসব পুলিসকে তাঁরা ইনফরমেশন দিয়ে যান। এতে যাতে চটে না যান পুলিস মন্ত্রী হিসাবে আমার সে সম্পর্ক রাখা দরকার এবং সে সম্পর্ক রাখতে চাই। একে পুলিসের ভাষায় খোচর বলে। এইভাবে পুলিসকে গিয়ে রাত্রিবেলা তাঁরা ইনফরমেশন দেন এবং দিনের বেলা জনসাধারণের উদ্দেশ্যে সমাজতন্ত্রের কথা বলে বক্তৃতা করেন। সুতরাং এই রকম দুমুখো পরিকল্পনা আমরা করি না। আমরা বলেছি সমাজতন্ত্রে, সাম্যে বিশ্বাস করেন, আর আমলাতন্ত্রের বিরুদ্ধে গালাগালি করেন। কিন্তু আপনারাই পয়লা নম্বরের আমলাতন্ত্রের দালালী করেন। সেজন্য বিনা দ্বিধায় এসব কথা বলেন এবং তা বলে আমলাতন্ত্রের হাত শক্তিশালী করছেন। আমি এখনও বলব পুলিসের মধ্যে এক শ্রেণী আছে যে শ্রেণী জ্যোতিবাবুর আমল থেকে ট্রেনিং নিয়ে এসে সরাসরি আমাদের এই সরকারকে হেয় করার জন্য চক্রান্ত করছে। কিন্তু আমরা এই চক্রতন্ত্রের মোকাবিলা করব। আমরা তার মোকাবিলা কি রকম ভাবে করছি তার কিছু কিছু নজির মুখ্যমন্ত্রী দিয়েছেন। অর্থাৎ এস পি থেকে ডিসি কনস্টেবল পর্যন্ত কয়েকজনকে সাসপেন্ড করে শাস্তি দিয়ে তিনি এর নজির দিয়ে দিয়েছেন এবং আরও দেবেন। কিন্তু কনস্টেবল থেকে এস পি পর্যন্ত এই যে চক্রান্ত তা আমরা ব্যর্থ করব যাতে তারা এই জনপ্রিয় সরকারকে হেয় না করতে পারে। এর জন্য দরকার হলে ৫ হাজার পুলিসকে সাসপেন্ড করে আমরা নিট অ্যান্ড ক্লিন প্রশাসন গড়ে তুলব। এটা বলার উদ্দেশ্য এই নয় যে, পুলিসের বাকি যারা আছে তাদের মাইনে দেওয়া হবে না। পুলিসের সামনে ল্যাবরেটরি, ট্রাম পোড়ানোর কাজ স্ফূর্তি করে যুগ যুগ ধরে চলবে এই যে হঠকারিতা এটা আমরা আর হতে দেব না। সুতরাং এসব কথা বলার জন্য একটা মিনিমাম কমনসেন্স তাঁর থাকা উচিত। পুলিসের কোন কাজের সমালোচনা করা মানে এই নয় যে, পুলিসের বাজেট প্লেস করা যাবে না। সুতরাং এসব কথা বলে সভ্য হবার যে যোগ্যতা তা আপনি হারিয়ে ফেলেছেন। এসব কথা বলার জন্য সিদ্ধার্থবাবুর ব্যারিস্টারী পাশ করতে হয় না—মিনিমাম একটা জ্ঞান থাকলেই হল।ছোটবেলা থেকে টুকে পাশ করে যে সমস্ত ছেলে তাদেরই এরকম বুদ্ধি হয়। টুকে যারা পাশ করে তাদের আমরা জোক করে বলি ক্যালকাটা বি এ (টোকিও)। আমার মনে হচ্ছে আপনার ইউ পি থেকে টোকিও আরম্ভ হয়েছে যার জন্য এ রকম সব উল্টোপাল্টা কথা বলছেন। কিন্তু আমি তাঁকে তাও বলতে চাই না। কারণ বাংলাদেশে একটা প্রবাদ আছে, ঝিঙ্গে আবার তরকারী, মেয়ে আবার সন্তান, আর এস পি আবার পার্টি, তার আবার বক্তব্য, তাও আবার বিবেচনা করতে হবে। এই কটি কথা বলে তাঁদের সব কথার জবাব আমি দিতে চাই না—ফর ইনফরমেশন সেক আমি এই কটি কথা জানিয়ে দিলাম।

শ্রীঅজিতকুমার বসুঃ মিঃ স্পীকার, স্যার মূল বাজেট সম্বন্ধে আমরা যেকথা রেখেছিলাম এখানেও সেই কথাই প্রথমে রাখতে চাই যে, আমরা মোটামুটি যা চেয়েছি সেটা হচ্ছে এই বাজেটের ভেতর দিয়ে সরকারের একটা পলিসি প্রতিফলিত হবে, কিন্তু সেটা আমরা পাই নি। আমরা মৌলিক, সামাজিক, অর্থনৈতিক উন্নতির প্রোগ্রামের যেকথা দেশের সামনে রেখেছি এই বাজেটের মধ্য দিয়ে সেই ধরনের কিছু কথা পাই নি, মোটামুটি একটা স্ট্যাটাসকো মেনটেন করা হয়েছে। আপনারা যে বলেছেন ব্রেক-থ্রু করবেন সেটা এই বাজেটের ভেতর দিয়ে আমরা পাই নি। এখন এই যে সাপ্লিমেন্টারি গ্রান্ট এসেছে, এই গ্রান্ট বিভিন্ন ব্যাপারে এসেছে আমাদের বক্তব্য অনেক আছে সব বক্তব্য না গিয়ে দু-চারটি কথা তুলে ধরছি। প্রথমে মাননীয় মুখ্যমন্ত্রী সিদ্ধার্থশঙ্কর রায় মহাশয় আজকে

এখানে একটা ঘোষণা করলেন যে, কালিয়াগঞ্জ থানার ও সি-কে শাস্তি দিয়েছেন ভা কাজ করেছেন। আমার নিজের অভিজ্ঞতার কথা বলি, গত ৩।৪ মাসের মধ্যে থানায় ঢুকেছি হঠাৎ দেখলাম কয়েকজন লোক মাটিতে গড়াগড়ি খাচ্ছে, হাত পা বাধা এবং তাদের মার দেওয় হচ্ছে। কি করব, দেখে পালিয়ে এলাম। আমাদের দেখে অফিসার একটু মুশকিলে পড়লে বুঝলাম, কিন্তু আমাদের অন্য কোন পথ নেই পালিয়ে এলাম। আমরা একথা বলতে চাই, বহ জায়গায় শতকরা ৭৫ ভাগ থানায় কবুল করার ব্যাপারে মারধোর চলছে, আমরাও তার চাক্ষুষ সাক্ষী আছি। শিক্ষা খাতে বেশী ব্যয় চেয়েছেন। আমার একটা কথা আছে সেটা হচ্ছে আপনারা ১১ শ্রেণী তুলে দিলেন। এর ভেতর দিয়ে যে ডাইভার্সিফিকেসান স্কীম পশ্চিমবঙ্গে আমদানি করার কথা ছিল সেটা আনতে পারা যায় নি। এই ১১ শ্রেণীতে বেশীর ভাগ হিউ ম্যানিটিজ কোর্স, সায়েন্স কম। বিজ্ঞানের যুগে বৃত্তিমূলক শিক্ষা দেওয়ার ব্যবস্থা করা যা নি, তার জন্য আবার ১০ শ্রেণীতে ফিরে আসা হচ্ছে। আমি একটা কথা রাখতে চাই সেট হচ্ছে এই যে ১০ শ্রেণীতে ফিরে আসা হচ্ছে এটা যেন আগেকার ক্লাশ ১০-এ মত না হয়। ডাইভার্সিফেকেসান স্কীমের উপর ভিত্তি করে বিজ্ঞানে মারফত বৃত্তি শিক্ষা দেওয়ার মাধ্যমে ক্লাশ১০-এ শিক্ষা দেওয়ার ব্যবস্থা করু তাতে কোন আপত্তি থাকবে না। তা না হলে গতানুগতিক আগেকার ক্লাস ১০-এ ফিরে আস সেটা ভাল হবে না। আমি ব্যক্তিগতভাবে মনে করি কৃষিমন্ত্রী সাত্তার সাহেব আপ্রাণ চেষ্ট করছেন, একটা কিছু করতে চাইছেন এবং কিছু করেছেন, তিনি সবুজ বিপ্লবের কথা বলেছেন আমি একটা কথা তাঁকে স্মরণ করিয়ে দিচ্ছি, হরিয়ানাতে জনসংখ্যার মাত্র ২৬ ভাগ লোক সবুজ বিপ্লবের কর্মে নিযুক্ত আছেন এবং পাঞ্জাবে ২৮ ভাগ নিযুক্ত আছেন। এটা সরকার হিসাব। মোট জমির অল্প পরিমাণ জমি সবুজ বিপ্লবের আওতায় এসেছে। আমাদের দেশে যখন কৃষিতে পুঁজির অনুপ্রবেশ ঘটেছে, পুঁজিবাদী পদ্ধতিতে যখন চাষ-বাস আরম্ভ হয়েছে তখন পুঁজিবাদী নিয়ম অনুসারে ছোট ছোট জমির মালিক জমি হারাবে এবং কৃষি মজুরে সংখ্যা দেশে বাড়বে। সুতরাং ছোট ছোট জমির মালিকরা যাতে তাদের জমি রাখতে পারে তা একটা বিশেষ ব্যবস্থা হওয়া দরকার। আমাদের দেশে কৃষিতে বাজেটে সেটা দেখতে পাই নি এটা আগেও বলেছিলাম, এখনও সেকথা মনে করিয়ে দেব, মোটামুটি স্মল ফারমার্স এব মার্জিনাল ফারমার্স এদের জন্য খুব সামান্য পয়সা রেখে অন্যান্য খাতে খরচ করা হচ্ছে এব বহু বেশী টি এ বিল হচ্ছে।

[11-00—11-10 a.m.]

বড় বড় ঘরবাড়ি ইত্যাদির ব্যাপারে নজর দেওয়া হচ্ছে, কিন্তু এই দিকে নজর দেওয়া হচ্ছে না। এটা সত্য কথা ৪৫ কোটি টাকা যাদের মূলধন ইংরেজ রাজত্বে ছিল আজকে ৫০০ কোটি কোটি টাকা তাদের মূলধন হয়েছে। পুঁজিবাদের নিয়ম অনুসারেই এটা হয়েছে এবং এর একটা ভাল অংশ উপর তলার লোকের হাতে গিয়ে পড়বে। এটা পাঞ্জাবে হয়েছে, হরিয়ানায় হয়েছে পশ্চিমবাংলায়ও এটা হবে। তাঁরা চেষ্টা করছেন, ছোটাছুটি করছেন, তাঁদের একটা সং উদ্দেশ্য রয়েছে কাজেই এইদিকে নজর ভালভাবে দিন। সত্যিসত্যিই যদি পশ্চিমবাংলায় কৃষি বিপ্লব করতে চান তা হলে এটা করুন। তবে এটা ধনীদের উপর নির্ভর করে নয়, মধ্য চাষী প্রান্তিক চাষী যারা আছেন তাদের উপর নির্ভর করে এটা করতে হবে। তবে তার সুস্পষ্ট পরিচয় কিন্তু তাঁর কাজের ভেতর দিয়ে আমরা পাই নি এবারে আমি কৃষি বিভাগ সম্বন্ধে একটা কথা বলি। ডিপ টিউবওয়েল বিভিন্ন জায়গায় হয়েছে। আমি যদিও দেখি নি তবে শুনতে পাই আরামবাগ মহকুমায় এগুলি নাকি কেরোসিনে চলছে। আমি শুনেছি স্পেশাল ডিজেল অয়েল যেটা প্রয়োজন সেটা নাকি টিউবওয়েলকে সরবরাহ করা হচ্ছে না। আমার বাড়ি যেখানে সেখানে একটা ডিপটিউবওয়েল আছে আমি জানি অনেক সময় তেলের সরবরাহ ডিস্ট্রিক্ট সেন্টার হেড- কোয়ার্টার থেকে হয় না ব'লে এটা বন্ধ হয়। এটা কেরোসিনে চলে না। কেরোসিনে ভালভাবে চলে একথা মনে ক'রে অনেক জায়গায় কেরোসিনে চালান হচ্ছে। আমাদের মন্ত্রিমহাশয় এবং তাঁর ডিপার্টমেন্ট ভালভাবে কাজে

হাত দিয়েছেন, ছোটাছুটি করছেন এটা আমরা লক্ষ্য করছি। কাজেই অনুরোধ করছি এই সম্বন্ধে যেন ভালভাবে ভাবেন এবং এর প্রতিকারের চেষ্টা করেন। অ্যাডমিনিস্ট্রেটিভ বটল-নেকের জন্য অনেক সময় ডিপ টিউবওয়েলে যে স্পেশাল ডিজেল অয়েল লাগে সেটা গিয়ে পেঁছায় না। আমাদের ওখানে তুলো নিয়ে অনেক চেষ্টা করা হল, কিন্তু পরে দেখা গেল জলাভাবে ওখানে তুলো হবে না। আমরা বলেছিলাম সেখানে শ্যালো টিউবওয়েলের ব্যবস্থা করে তুলোর চাষ করলে ভাল হত। আজকে যখন মাইনর ইরিগেশন, শ্যালো প্রোগ্রামে প্রচুর-ভাবে নেওয়া হচ্ছে, এবং ডানকুনি এলাকায় শ্যালো টিউবওয়েলের প্রচলন হচ্ছে, তখন আপনার ডিপার্টমেন্ট যদি নজর দেন, তা হ'লে ভাল হয়। তারপর জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন সম্বন্ধে যে জিনিসগুলো দেখলাম তাতে দেখছি মোটামুটি ওই বাড়ি, অ্যালাউন্স ইত্যাদির ব্যাপারে প্রচুর টাকা চাওয়া হয়েছে। এই সম্বন্ধে অমাদের বক্তব্য আপনারা সকলেই জানেন যে, এত বেশী খরচ যা হচ্ছে সেটা কমান দরকার। মুখ্যমন্ত্রি একটা জিনিষ ভেরিফাই করে নিন, আগেকার দিনের মন্ত্রীদের যে সমস্ত পি এ এবং সি এ-রা গাড়ি পেতেন না বা আইনত গাড়ি পান না তাঁরা নাকি এখন গাড়ি পাচ্ছেন। এটা কি সত্য কথা? এটা যদি সত্য হয়, তা হলে আমাদের মোটামুটি জানিয়ে দেবেন। এই গাড়ি বাবত অ্যালাউন্স বাবত এত বেশী খরচ হবে, এটা ভাল বলে মনে করছি না।

শ্রীআনন্দগোপাল মুখার্জী: মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রিমণ্ডলী অতিরিক্ত ব্যয়বরাদ্দের যে দাবি এখানে উত্থাপন করেছেন তাকে আমি সমর্থন করি। এটা সমর্থন করতে গিয়ে এই বিধানসভায় অনেক আলোচনা শুনলাম এবং শুনতে শুনতে ভুল বাণান পড়তে পড়তে যেমন নিজের বানান ভুল হয়ে যায় তেমনি অতিরিক্ত ব্যয়বরাদ্দের দাবি বিষয়টা কি, এর মূল বক্তব্য কি সেটা ভুল হয়ে যাচ্ছে। বিধানসভার উপর বা কোন সভ্যদের উপর কটাক্ষপাত না করে নিজের দিকে দৃষ্টি দিয়ে একথা বলছি যে আমার মনে হচ্ছে আমাদের সামনে যারা বিরোধী সদস্য আছেন তারা আজকে এই মূল বিষয়টা বোধ হয় উপলব্ধি করতে পারেন নি যে, অতিরিক্ত ব্যয়বরাদ্দ বলতে সরকার পক্ষ তাদের সামনে কি দাবি উত্থাপন করেছেন। আমি তাই তাদের আলোচনা, তাদেরকে স্মরণ করে এই সম্বন্ধে তাদের মতামত ভবিষ্যতে শোনবার জন্য প্রস্তুত থাকবো। মাননীয় স্পীকার, এই মন্ত্রিমণ্ডলী আপনার মাধ্যমে এই বিধানসভায় ১৯৭২-৭৩ সালে ব্যয়-বরাদ্দের উপর অতিরিক্ত ব্যয়বরাদ্দের দাবি এখানে উত্থাপন করেছেন বিভিন্ন খাতে সেই খাতগুলি আপনি যদি বিচার করেন, তা হলে সংখ্যাতত্ত্বের মধ্যে না গেলেও একটা জিনিস আপনার মাধ্যমে এই হাউসের সামনে দেখতে পাব যে, একটা বরাদ্দ যদি আপনি দেখেন, গ্রান্ট নম্বর ২২ মেজর হেড ক্যাপিটাল আউটলে অন স্কীম অব এগ্রিকালচারাল ইমপ্রুভমেন্ট অ্যান্ড রিসার্চ এই অতিরিক্ত ব্যয়বরাদ্দের দাবি করেছেন ২০ কোটি ১২ লক্ষ ২৬ হাজার টাকা। এখানে প্রশ্ন উঠতে পারে মন্ত্রিমহাশয় যখন মূল বাজেট ১৯৭২-৭৩ সালে এখানে রেখেছিলেন, তখন এই বাজেট ঠিকভাবে রাখতে পারেন নি কেন? আজকে অতিরিক্ত ব্যয়বরাদ্দের দাবি এখানে আনা হচ্ছে কেন? যদি বিরোধী পক্ষের সদস্যরা যদি এই অভিযোগ এখানে রেখে পরে পুঙ্খানুপুঙ্খরূপে বিচার করে বলতে পারতেন, দেখিয়ে দিতে পারতেন, তা হলে বিরোধী পক্ষের যোগ্যতা প্রমাণিত হত। কিন্তু পক্ষান্তরে এখানে কি প্রমাণিত হচ্ছে, মূল বাজেট যখন তৈরি হয়েছে রেভিনিউ রিসিটে একটা মোটামুটি হিসাব করা হয়েছে সেই অনুযায়ী এক্সপেনডিচারে একটা হিসাব করা হয়েছে। বাজেট সেই অনুযায়ী ফর্মড হয়েছে। কিন্তু কৃষি ব্যবস্থা থেকে আরম্ভ করে, পশ্চিমবাংলায় সমাজ-উন্নয়ন থেকে আরম্ভ করে ট্রাইব্যাল ওয়েলফেয়ার সমস্ত খাতে পশ্চিমবঙ্গ সরকার পশ্চিম-বঙ্গের মানুষের কল্যাণের জন্য যে কাজ করেছেন আজকে যদি সেই কাজ না করতেন এই অতিরিক্ত ব্যয়বরাদ্দর দাবির প্রশ্ন এখানে উঠত না। মাননীয় মন্ত্রিমহাশয় যদি গাড়িতে চেপে ঘুরে বেড়াতেন টি এ, ডি এ আদায় করবার জন্য, তিমিরবাবু যে কথা বলেছেন এই হাউসে, তা হলে এই প্রশ্ন উঠত না। আজকে পশ্চিমবাংলায় সাধারণ মানুষের কল্যাণের জন্য যে সামগ্রিক কাজ করেছেন এবং সার্বিকভাবে নিয়োজিত করেছেন তার জন্য অতিরিক্ত দাবি উঠেছে এবং অতিরিক্ত ব্যয়বরাদ্দ করে টাকাটা খরচা করার পর বিধানসভার সামনে এসেছেন মঞ্জুরীর জন্য।

[11-10—11-20 a.m.]

একথা অনস্বীকার্য। আমি মাননীয় স্পীকার মহাশয়, তাই এগ্রিকালচারাল হেডে যে ২০ কোটি কয়েক লক্ষ টাকার অতিরিক্ত দাবি এখানে এসেছে, তার যৌক্তিকতা সম্বন্ধে কেউ নিশ্চয়ই সন্দেহ প্রকাশ করবেন না। তিমিরবাবুকে অত্যন্ত গুরুত্ব দেওয়া হচ্ছে আলোচনার মধ্যে, যেভাবে তিনি বক্তব্য রেখেছেন তার সমালোচনা করতে চাই না। সাত্তার সাহেব বক্তৃতার মাধ্যমে তা পরিষ্কার করে দিয়েছেন। মাননীয় স্পীকার মহোদয়, যেভাবে আজকে পশ্চিমবঙ্গে ক্ষুদ্র সেচ পরিকল্পনা এগিয়ে চলেছে বিশেষ করে ১৯৭২-৭৩ সলের কার্যক্রমে যেভাবে বাড়িয়ে নিয়ে যাওয়া হচ্ছে ফার্টিলাইজার ইত্যাদিতে যে টাকা বরাদ্দ হয়েছে, কৃষির উন্নতির জন্য যে টাকা বরাদ্দ হয়েছে, তার মধ্যে মুর্শিদাবাদ জেলায় কোথায় কোন একটা গ্রামে কংগ্রেসের একজন সভাপতি পূজনীয়া মায়ের নাম করে, একথা বলে ভুল পথে পরিচালিত করবার চেষ্টা করেছেন। আমি তিমিরবাবুকে বলি যে, তিনি তাঁর দৃষ্টিকে স্বচ্ছ করুন। আমি কোন রাজনৈতিক বক্তৃতা করছি না। পশ্চিমবঙ্গের সংখ্যাগরিষ্ঠের জনসমর্থনে এখানে এসেছি পশ্চিমবঙ্গের মানুষের যদি কল্যাণ সাধিত হয়, তা হলে সংখ্যাগরিষ্ঠ ভোট আমাদের আজ দেবে। কোন অন্যায় হয়েছে বলে আমি মনে করি না। যদি কোন কৃষকের যোগ্যতা থাকে, তা হলে তার পাওয়া উচিত এবং সে যদি পেয়ে থাকে, তা হলে সেক্ষেত্রে যদি দেখা যায় যে, কোন অঞ্চলকে বাদ দিয়ে করা হয়েছে, তা হলে নিশ্চয়ই বিধানসভায় তুলতে পারতেন যে, আমাদের অঞ্চলকে বাদ দিয়ে এটা করা হয়েছে। মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় হাউসের সামনে তুলে ধরেছেন যে, মাননীয় তিমিরবাবুর অঞ্চলে সবচেয়ে বেশী শ্যালো টিউবওয়েল দেওয়া হয়েছে। কাজেই কারও একথা বলার অধিকার নাই।

শিক্ষামন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি এখানে রেখেছেন, স্পীকার মহাশয়, সেই দাবি সম্বন্ধে যে কেউ কোন দ্বিমত পোষণ করেন তা আমি মনে করি না। কিন্তু আমি একটা বিষয় সম্পর্কে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিধানসভার সদস্য হিসাবে পশ্চিমবাংলার মাধ্যমিক শিক্ষাব্যবস্থার যতটা খবর রাখি, তাতে আমি দেখেছি, ডেফিসিট গ্রান্ট ইন এইড পশ্চিমবঙ্গের স্কুল-কলেজে বহুদিন ধরে যা চলে আসছে; তাদের একর্ডিং টু দি শিডিউল্ড গ্রান্ট টাকা দিচ্ছেন, কিন্তু শেষ গ্রান্ট-এব টাকা বেশীরভাগ স্কুল 'নিল' বলে গিয়েছে, বেশীরভাগ জায়গায় ৪ হাজার টাকা করে গিয়েছে, কোন কোন স্কুলে ৩৭/৩৮ হাজার টাকা ডিউ ছিল। শিক্ষামন্ত্রীও স্বীকার করেছেন এবং বলেছেন, নিশ্চয়ই তারা টাকা পাবে, আমি সেটা দেখব। আমি বলব, ব্যয়বরাদ্দের মধ্যে একথা নিশ্চয়ই থাকবে। তা না হলে শিক্ষাক্ষেত্রে একটা ভয়ঙ্কর বিপর্যয় দেখা দেবে।

আজকে বিভিন্ন খাত সম্বন্ধে বলতে যেয়ে ও'রা বলেছেন জনস্বার্থে নাকি সাপ্লিমেন্টারি বাজেট উত্থাপন করা হয় নি। আজকে স্বাস্থ্য খাতে যে অতিরিক্ত দাবি উত্থাপন করেছেন, এটা কার স্বার্থে? তিমিরবাবু পালিয়ে গিয়েছেন, সেখানে আর একজন আছেন, শীশ মহম্মদ সাহেব, আমি জিজ্ঞাসা করি, সেই সমস্ত টাকা কি স্বাস্থ্যমন্ত্রীর বাড়ি বানানোর জন্য খরচ হয়েছে? আজকে অতিরিক্ত যে ব্যয়বরাদ্দের দাবি রাখা হয়েছে সেটা পশ্চিমবঙ্গের মানুষের স্বাস্থ্যের উন্নতির জন্য, চিকিৎসার উন্নতির জন্য।

(এখানে সবুজ আলো জ্বলে উঠে।)

আজকে যদি আমরা বিভিন্ন খাতেই আলোচনা করে দেখি, মাননীয় স্পীকার আলো জ্বালালেন, তাতে আমার মনে হচ্ছে বিভিন্ন গ্রান্ট খাতে আমি আর যেতে পারব না, কিন্ত একটা কথা আমি আপনার মাধ্যমে বিধানসভায় সদস্যদের কাছে রাখতে চাই। এই সরকার অতিরিক্ত ব্যয় করার ক্ষমতা রাখেন। আমার কাছে পুরো তথ্য নাই, আমি আপনার সামনে রাখতে পাচ্ছি না, যুক্তফ্রন্টের সময়ের অঙ্ক ঠিক দিতে পাচ্ছি না তাঁরা অতিরিক্ত ব্যয়বরাদ্দের টাকা যা ধরেছিলেন সেই টাকার মধ্যে কত ফেরত গিয়েছিল, সেটা আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় হাউসের সামনে তুলে ধরবেন।

কোন্ কোন্ খাতে সেই টাকা তাঁরা ফিরিয়ে দিয়েছিলেন সেটা এই হাউসের সামনে তিনি নিশ্চয়ই তুলে ধরবেন। এই দুই চিত্র যখন পাশাপাশি থাকবে, তখন বুঝতে পারবেন যে, একটা সরকার তার ব্যয়বরাদ্দের সম্পূর্ণ টাকা ব্যয় করেছেন এবং তারপর আবার অতিরিক্ত ব্যয়-বরাদ্দের দাবি তাঁরা চেয়েছেন, সেই ব্যয়বরাদ্দের সমগ্র টাকা তাঁরা সম্পূর্ণভাবে আমাদের দেশের মানুষের কল্যাণে লাগাবেন।

আর একটা সরকারের টাকা ফিরে গিয়েছে। তাঁরা মানুষের কল্যাণে সে টাকা ব্যয় করতে পারেন নাই। অঙ্কের হিসেব সে কথা বলবে—ফিগারস উইল স্পিক।

এই অতিরিক্ত ব্যয়বরাদ্দের দাবি আমি সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীভবানী পাল: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই অতিরিক্ত ব্যয়বরাদ্দোর দাবি সমর্থন করতে গিয়ে আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রিমহাশয়ের কাছে কিছু বক্তব্য রাখতে চাই।

মাননীয় তিমিরবরণ ভাদুড়ী মহাশয় কিছুক্ষণ আগে যুবকল্যাণের দপ্তর সম্বন্ধে বলছিলেন। যুবকল্যাণ সম্বন্ধে আজকে ভারতবর্ষে তথা পশ্চিমবঙ্গে যে কাজ হচ্ছে যেভাবে যুব আন্দোলন আজকে এগিয়ে চলছে, এ জিনিস জানবার পরেও তিমিরবাবু এ সম্বন্ধে সমালোচনা করেন, তার অর্থ এই সম্পর্কে তাঁর কোন বক্তব্য নাই। আজ ভারতবর্ষে তথা পশ্চিমবঙ্গে এই যুব আন্দোলন যে খাতে চলছে, সাধারণতঃ যুবকল্যাণমূলক কাজ, ছাত্রকল্যাণমূলক কাজ, ইউনিভার্সিটির স্কুল-কলেজে সীমাবদ্ধ থাকে। আমি বলবো ইউনিভার্সিটির, স্কুল-কলেজের কম্পাউন্ডের বাইরে ও কৃষি ক্ষেত্রে বলুন শিল্প ক্ষেত্রে বলুন, হাজার হাজার লক্ষ লক্ষ যুবকযুবতীরা যেখানে আছে তাদেরও সমস্যা আছে, সেক্ষেত্রেও এই যুবকল্যাণমূলক কাজকে ছড়িয়ে দেওয়ার প্রয়োজনীয়তা রয়েছে। স্কুল-কলেজের ছাত্রছাত্রী যে যুবকবৃন্দ সেখান থেকে পাস করে আসছে, তাদের সামনে যে সমস্যা, যে চাকুরির সমস্যা, তাদের সামনে চাকুরি ছাড়াও অন্যান্য যে সমস্ত সমস্যা রয়েছে, আরো শিক্ষালাভের সমস্যা, পড়বার সমস্যা রয়েছে, তেমনি যে যুবক ছেলেরা, কিষাণের ছেলেরা যারা গ্রামে বাস করে, তাদের সামনেও সেই ধরনের সমস্যা একটু আলাদা ধরনের হলেও মূলতঃ একই সমস্যা রয়েছে। তাদের সামনেও আন-এমপ্লয়মেন্টের সমস্যা বা আন্ডার-এমপ্লয়মেন্টের সমস্যা রয়েছে। কিষাণের ছেলের যোগ্যতা ইউনিভার্সিটি স্ট্যান্ডার্ডের না হলেও তারও কাজের প্রয়োজন রয়েছে। কিষানের ছেলেমেয়েদেরও আন-এমপ্লয়মেন্ট সমস্যা রয়েছে। আন্ডার-এমপ্লয়মেন্ট সমস্যা রয়েছে। ইউনিভার্সিটির শিক্ষার সমগোত্রীয় না হলেও তারও এমপ্লয়মেন্টের প্রয়োজন রয়েছে, প্রফেশনাল ট্রেনিং-এর প্রয়োজন রয়েছে। যে তাঁতীর ছেলে, সে দু-দিন পরে তাঁতী হবে, তারও শিক্ষার প্রয়োজন রয়েছে। যে কিষাণের ছেলে ক্লাস থ্রি, ফোর ফাইভ, সিক্স পড়েছে, তাকেও শিক্ষা দিতে হবে, মডার্ন কাল্টিভেশন-এর সঙ্গে তাকে অ্যাকোয়েন্টেড করতে হবে। এখন বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষ হচ্ছে, কৃষি ইঞ্জিনিয়াররা এগিয়ে আসছে, সেই কিষাণের ছেলেরা যারা ইউনিভার্সিটি পর্যন্ত যায় নি, শহরের স্কুলে পর্যন্তও যেতে পারে নি, তাদের আজ উন্নত কৃষি সম্বন্ধে শিক্ষা দিতে হবে যে, সে প্রয়োজন আছে। এই যুব আন্দোলনের গ্রান্টের ক্ষেত্র ব্যাপকভাবে চারদিকে ছড়িয়ে দিত হবে। শিল্প ক্ষেত্রেও ঐ একইভাবে আজকে যে শ্রমিকের ছেলে, কালকে সে শিল্প শ্রমিক হবে, আজ যে কৃষকের ছেলে, কালকে সে কৃষক হবে, কৃষি শ্রমিক হবে, যুবমানসের সেই প্রতিফলন সর্বত্র একই, ইউনিভার্সিটির যুবক-যুবতী রয়েছে তাদের মানসিক প্রতিফলন আলাদা হতে পারে। গ্রামাঞ্চলের শ্রমিক কৃষকের ছেলেমেয়েদের মানসিক প্রতিফলনও একই।

বর্তমানে যুব আন্দোলন যে স্তরে রয়েছে তাকে যদি এগিয়ে না দিতে পারি, দেশের ৭০।৮০ ভাগ লোক যেখানে গ্রামে বাস করে তাদের মধ্যে যদি এটা পৌছে দিতে না পারি, তা হলে দেশে সমাজবাদ প্রতিষ্ঠা হতে পারে না। এই যুব কর্মসূচী তাই আরো ব্যাপকভাবে সর্বস্তরের মানুষের কাছে যুবকদের কাছে ছড়িয়ে দেওয়ার দরকার আছে।

আর একটা কথা বলি। উত্তরবঙ্গে যে নদী ও সেচ প্রকল্প, উত্তরবঙ্গের যে রিভার প্রোটেকশন ওয়ার্ক এবং বন বিভাগের কাজ এই দুটো অঙ্গাঙ্গিভাবে জড়িত উত্তরবঙ্গের এই সমস্যা সমাধানের জন্য।

[11-20—11-30 a.m.]

কেননা আমরা দেখতে পাচ্ছি, একের পর এক বন্যা এসে উত্তরবাংলার বিশেষ করে দার্জি জলপাইগুড়ি, কুচবিহারের প্রচুর জমি যেগুলো টপ সয়েল যাকে সোনার সঙ্গে তুলনা কর পারি তা নষ্ট হয়ে যাচ্ছে। একদিকে সয়েল কনজারভেসানের জন্য চেষ্টা করছি, লক্ষ লক্ষ টা ব্যয় করছি, আর একদিকে দিনের পর দিন বন্যায় ফরেস্ট নষ্ট হয়ে যাচ্ছে এবং নদীগুলোকে টি করতে পারছি না। বিশেষ করে বন বিভাগ এবং পশ্চিমবঙ্গ সরকারের সেচমন্ত্রীকে উত্তরবাং সদস্য হিসাবে দাবি রাখবো, এই সম্পর্কে তাঁরা যেন অবহিত হন।

শ্রীকৃষ্ণপদ রায়ঃ মাননীয় স্পীকার স্যার, আজকে যে সাপ্লিমেন্টারি গ্রান্টের বরাদ্দ রাখা হয়ে তাকে সমর্থন করতে গিয়ে আপনাকে একটা অনুরোধ করছি যে, আমাদের এই সভায় বিরো দলের যিনি অনেকক্ষণ ধরে বক্তব্য রাখলেন তিমিরবাবু আমাদের কাজ নিয়ে তাঁর ন সার্থক, কারণ তিনি সত্যিই তিমিরাচ্ছন্ন অবস্থায় আছেন। আজকে প্রগতিশীল সরকারে কর্মযজ্ঞের আলোর ছোঁয়া লেগে তার তিমিরাচ্ছন্ন ভাব কাটিয়ে উঠলে ভাল। আমরা জা যেকথা মাননীয় সদস্য একটু আগে বললেন, সাপ্লিমেন্টারি গ্রান্ট আমরা তখনই চাই যখন কৃতি দক্ষতা এবং যোগ্যতার সঙ্গে মন্ত্রিসভার প্রত্যেকটি বিভাগ কাজকর্ম করেন প্রত্যেকটি সাধার মানুষের কল্যাণের দিকে লক্ষ্য রেখে প্রস্তাবিত কর্মসূচি রূপায়ণের কথা চিন্তা করেন, তখন এই দাবি-দাওয়ার প্রশ্ন আসু প্রয়োজন আসে। হয়তো বা একথা অত্যন্ত ঠিক, আমাদের আ পশ্চিমবাংলায় তৈরি হওয়া যুক্তফ্রন্ট সরকারের শরিক হিসাবে আমাদের আর এস পি-র বিপ্ল বন্ধুদের যেই অভিজ্ঞতা এবং যে কাজ রেখেছেন, হয়তো সেই অভিজ্ঞতা শেষ অভিজ্ঞতা করেছেন যখন 'জনগণ জনগণ' বলে শ্লোগান দিয়েছেন এবং মনে করতেন, লাল ঝান্ডা এবং মার্কসের ব থাকলেই পশ্চিমবঙ্গের মানুষের মুক্তি আনা যাবে. শীশ মহম্মদ সাহেব যতই চিৎকার করু আমাদের এই সরকার পশ্চিমবাংলার মানুষের আশীর্বাদ এবং শুভেচ্ছা নিয়ে এসেছেন এবং তাঁ আপনাদের মুখের শ্লোগান এবং বৈপ্লবিক কথা বলে পশ্চিমবাংলার জনগণের একচেটি মালিকানার কথা ঘোষণা করছে না. করে নি এবং আগামী দিনেও করবে না। আমরা পশ্চিম বাংলার মানুষকে যেকথা দিয়েছি কাজ করে পশ্চিমবাংলার প্রতিটি মানুষ—শ্রমিক, কৃষক, মধ্যবি মানুষের দৈনন্দিন জীবনে রাজনৈতিক, সামাজিক এবং অর্থনৈতিক অবস্থার পরিবর্তন ঘটাবে আমরা সামগ্রিক, বৈপ্লবিক পরিবর্তন ঘটাবো এবং এই কথা সামনে রেখে আমাদের আজকে মন্ত্রিসভা দায়িত্বের সঙ্গে কাজ করে চলেছে। আপনারা নিছক বিরোধিতা করার জন্য বিরোধ পক্ষের আসনে বসছেন এবং এই মনোভাব নিয়ে বিরোধিতা করলে আমাদের কিছু বলার নেই কিন্তু আমরা জানি না কতদিন আপনারা শুধু বিরোধী ভূমিকা পালন করে থাকতে পারবেন অপনারা দয়া করে পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে যান. প্রত্যেকটি বিভাগে যে কর্মযজ্ঞ শুরু হয়েছে যে কাজ শুরু হয়েছে এবং যার ফলে আপনাদের চার বছরের ব্যর্থতাকে ছুঁড়ে ফেলে দিয়ে নূত পশ্চিমবাংলা গড়ায় স্বপ্ন নিয়ে পশ্চিমবাংলা সরকার, সরকারী যন্ত্র এবং প্রত্যেকটি সদস যে কর্মযজ্ঞ শুরু করেছেন পশ্চিমবাংলাকে নূতন করে গড়ার বিনিময়ে তার অর্থনীতি এব সর্বিক উন্নতির দিকে তাকিয়ে এই সাপ্লিমেন্টারি গ্রান্টকে সমর্থন করে আমর বক্তব্য শেষ করছি

শ্রীনরেশচন্দ্র চাকীঃ শ্রদ্ধেয় অধ্যক্ষ মহাশয়, আজকে অতিরিক্ত ব্যয়বরাদ্দের যে দাবি উত্থাপিত হয়েছে আমি তাকে সমর্থন করি। সমর্থন করি এই কারণে যে আমি মনে করি যে বেশী খরচ করা মানে আমাদের বেশী ফল পাওয়া। বেশী খরচ করাটা প্রগতির লক্ষণ। অর্থাৎ আমাদের খরচ করবার ক্ষমতা বাড়ছে আমরা এগিয়ে যাচ্ছি। এর সঙ্গে সঙ্গে এটা স্বীকার করতে হয় যে বেশী খরচ করা মানে বেশী ফল পাওয়ার আশা আমরা রাখি। প্রগতির প্রতীক হিসাবে এই অতিরিক্ত ব্যয়বরাদ্দের দাবিকে আমি সমর্থন করছি। সমর্থন করতে গিয়ে একটা কথা বলা দরকার সেটা হল এই যে. অতিরিক্ত ব্যয়বরাদ্দের দাবি তা অনুমোদন করতে আমরা প্রস্তুত আছি —কিন্তু একটা কথা মন্ত্রিমহ শয়দের বলতে চাই যে. এই যে খাতগুলি রয়েছে সেখানে বরাদ্দগুলি সব জায়গায় ঠিক ঠিকভাবে হয়েছে কি? আমাদের কাছে খবর আছে. বিভিন্ন দপ্তরে বিভিন্ন রকমভাবে ব্যয় ধরা হয়েছে—সব খাতের ব্যয় সঠিকভাবে হয় নি। কিছু কিছু দুর্নীতিপরায়ণ

কর্মচারী আছে যারা নানা রকম কলাকৌশল অনেক রকম কায়দা করে অনেক খাতে অনেক রকম অযথা ব্যয় ধরা আছে। এবং অনেক সময় সেইসব টাকা সাধারণের কল্যাণে ব্যয়িত হয় না। মানুষের চোখের অন্তরালে কয়েকটি লোকের পকেটে সেই টাকা চলে যায়, তাদের পেট মোটা করে। তাই এই ব্যয়বরাদ্দ অনুমোদন করার সঙ্গে সঙ্গে আমি মন্ত্রিমহাশয়দের কাছে এই দাবি রাখবো যে, তাঁরা যেন দয়া করে সেই টাকা যাতে সুষ্ঠুভাবে খরচ হয় সেদিকে লক্ষ্য রাখেন, যেন সাধারণের অর্থ নিয়ে আমাদের দেশের কেউ ছিনিমিনি না খেলেন সেই দিকে তিনি যেন দৃষ্টি রাখেন। আমি এই পশ্চিমবাংলার অতিরিক্ত ব্যয়বরাদ্দের দাবি অনুমোদন করছি, কিন্তু সঙ্গে সঙ্গে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জানতে পেরেছি যে, কেন্দ্রীয় সরকার বিভিন্ন খাতে আমাদের পশ্চিমবঙ্গের উন্নয়নের জন্য যে টাকা অনুদান দেয়, দুঃখের সঙ্গে, অত্যন্ত লজ্জার সঙ্গে, অত্যন্ত ক্ষোভের সঙ্গে, বলতে হচ্ছে, সেই কেন্দ্রীয় সরকারের সাহায্য বাবত সেই টাকার মধ্যে বহু টাকা বহু খাত থেকে ফিরে গেছে। এর জন্য আমি ধিক্কার জানাচ্ছি। আমাদর এডুকেসন ডিপার্টমেন্ট থেকে কয়েক কোটি টাকা খরচ করতে না পারার জন্য আমরা সেই টাকা থেকে বঞ্চিত হয়েছি। আমাদের পশ্চিমবাংলার এই খারাপ অবস্থাতেও কেন্দ্রীয় সরকারের ঘরে সেই টাকা চলে গেল, এর চেয়ে ঘৃণার কথা আর কিছুই হতে পারে না। আমাদের এই সমস্যাসঙ্কুল পশ্চিমবংলা যেখানে টাকার জন্য হাহাকার করছে, টাকার অভাবে উন্নয়ন কাজ বাধাপ্রাপ্ত হচ্ছে, সেখানে কেন্দ্রীয় সরকারের দেয় টাকা আমরা খরচ করতে পারি নি। তাই মাননীয় মন্ত্রিমহাশয়দের কাছে অনুরোধ করছি যে, যে টাকা আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাব, সেই টাকা যেন যথাযথভাবে যথাসময়ে নির্ধারিত সময়ের মধ্যে খরচ করা হয়। আশা করি তাঁরা এই দিকে বিশেষ নজর রাখবেন। আর একটা কথা বলতে চাই যে, অতিরিক্ত ব্যয়বরাদ্দের দাবি অনুমোদন করতে প্রস্তুত আছি, কিন্তু সেই বরাদ্দের দাবি পাস করার পর অনেক সময় শুনতে হয় যে, সরকারী কর্মচারীরা ঠিকমত কাজ করছে না। স্যার, এ যদি হয় তা হলে, নিশ্চয় আমরা এর বিরুদ্ধে রুখে দাঁড়াবো। স্যার, আমার নদীয়া জেলার বিখ্যাত কংগ্রেস কর্মী কানাইদাস রায়কে যুক্তফ্রন্ট সরকারের আমলে ঐ সি পি এম এবং আর এস পি-র দলের গুণ্ডারা হত্যা করবার জন্য বহু চেষ্টা করেছে। তাকে এমন কি বাড়িতে পর্যন্ত থাকতে দেওয়া হয় নি, তাকে পালিয়ে পালিয়ে বেড়াতে হয়েছে। এই ব্যাপারে ২৭ জন আসামীর বিরুদ্ধে মামলা রয়েছে। অত্যন্ত দুঃখের কথা এবং লজ্জার কথা যে, সেই দীর্ঘ দিনের বয়স্ক কংগ্রেস নেতার বাড়িতে গিয়ে তাকে ঐ সমস্ত লোকরা বলে যে, মামলা প্রত্যাহার করতে হবে। এই অবস্থায় কানাইবাবু বলেন, জর্জ কোর্টে যা হয় হবে। কিন্তু দুঃখের কথা যে, গত ২৭শে মার্চ কৌশলে দিনের বেলায় চাঁপাতলা গ্রামে ঐ সমস্ত লোক তাঁকে নৃশংসভাবে হত্যা করে টুকরো টুকরো করে কেটে বস্তা ভর্তি করে মাঠের মধ্য দিয়ে একটা বিলে ফেলে দেওয়া হয়েছে। লজ্জার কথা, আজকে এখনও প্রায় সাড়ে ১১টা হয়ে গেল পুলিস সেই মৃত দেহ উদ্ধার করতে পারে নি।

[11-30—11-40 a.m.]

২৭ তারিখের সকালের ঘটনা। আজকে ২৯ তারিখ হয়ে গেল, এখন সাড়ে ১১টার সময় আমি এখানে বক্তৃতা করছি, এখন অবধি পুলিস সেই মৃতদেহের সন্ধান করতে পারে নি, পারে নি কোন আসামীকে গ্রেপ্তার করতে। এই যদি হয় সরকারী কর্মচারীদের কাজের নমুনা, তা হলে আমরা এই ব্যয়বরাদ্দের দাবি ভবিষ্যতে আর অনুমোদন করবো না। আমি অবিলম্বে এই ঘটনা তদন্তের দাবি করছি এবং অবিলম্বে ব্যাপক কঠোর পুলিসী ব্যবস্থা চাইছি। এই সব সি পি এম গুণ্ডারা, যারা খুনের রাজনীতি এনে আমাদের সরকারের গায়ে কালিমালিপ্ত করতে চাইছে তাদের বিরুদ্ধে কঠোরতম ব্যবস্থা গ্রহণ করবার জন্য দাবি জানাচ্ছি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

শ্রীমহম্মদ দেদার বক্স: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহোদয়গণ ১৯৭২-৭৩ সালের জন্য বিভিন্ন খাতে অতিরিক্ত ব্যয়বরাদ্দের দাবি আজকের সভায় মঞ্জুরীর জন্য পেশ করেছেন তাকে আমি সর্বান্তঃকরণে সমর্থন করে আমার বক্তব্য রাখতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমরা গ্রামবাংলা থেকে বহু প্রতিনিধি এখানে এসেছি, আপনারও বাড়ি গ্রামে ছিল।

কিন্তু আজকে সেই গ্রামবাংলার অর্থনৈতিক কাঠামো ভেঙ্গে গেছে। সেই অর্থনৈতি কাঠামোকে মজবুত করার জন্য মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় যে কৃষি বিপ্লব শুরু করেছেন—সে কৃষি বিপ্লব শুরু করার জন্য দেখতে পাওয়া যায়, চৈত্র মাসে যেখানে বড় বড় টিলা দেখা পাওয়া যেত, এখন সেটা আর দেখতে পাওয়া যায় না এবং এখন সেখানে সেচের মাধ্যমে বোরো আই আর ৮ ইত্যাদি ধান রয়েছে, এটা সত্যি কথা। আমাদের প্রান্তিক চাষী, ছোট চাষী, ম চাষীদের মনে এটা আশা জাগিয়েছে এবং এর দ্বারা অদূর ভবিষ্যতে তারা দুবেলা দুমুঠো খে পাবে এবং এই দরিদ্র কোটি কোটি জনসাধারণ তার দ্বারা উপকৃতহবে। মাননীয় অধ্যক্ষ মহাশ এই যে অতিরিক্ত বরাদ্দ ধরা হয়েছে, এর দ্বারাই প্রমাণিত হয় যে আমাদের সরকার জনপ্রি সরকার, জনসাধারণের আশীর্বাদ নিয়ে এসেছে আমাদের এই প্রগতিশীল সরকার, এর দ্বার সেটা প্রমাণিত হচ্ছে এবং এই অতিরিক্ত ব্যয়বরাদ্দ দেখে এটাই মনে করা যায় যে, আমরা এগিয়ে চলেছি, এর দ্বারাই বোঝা যায়, আমাদের এই সরকার প্রগতিশীল সরকার। মাননীয় অধ্য মহাশয় আপনি জানেন যে, শিক্ষা বিভাগে যেসমস্ত অতিরিক্ত ব্যয়বরাদ্দ হয়েছে, সেখানে আমি অবশ্য মাধ্যমিক স্কুলের শিক্ষক হিসাবে বলব, মাধ্যমিক স্কুলে যেসব ডেফিসিট গ্রান্টের সুবিধ গেছে অনেক স্কুলে নীল দেখা যায়, আবার অনেক স্কুলে কম দেখা যায়—এই যে অতিরিক্ত ব্য বরাদ্দ করা হয়েছে তার মধ্যে থেকে যেন সেই সমস্ত স্কুলকে কিছু দেওয়া হয়। আমি বিনী ভাবে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আবেদন করবো, তিনি চেষ্টা করেছেন এত অধিক সংখ্য প্রাথমিক স্কুলের জন্য, শিক্ষা বিভাগে যে কাজ কোনদিন হয় নি বিগত ২৫ বছরের মধ্যে এ তিনি সত্যিই খুব ভাল কাজ করেছেন। আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীকে অনুরোধ করব যেসমস্ত অর্গানাইজড স্কুল মঞ্জুরী পেয়েছে সেখানে গ্রামের বিভিন্ন স্কুলে পানীয় জল সরবরাহে কোন ব্যবস্থা নেই, এই ব্যবস্থা করবার জন্য এই বরাদ্দ থেকে যাতে তার বরাদ্দ করেন সেই জ আমি আবেদন রাখবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই প্রগতিশীল সরকারের স্বাস্থ বিভাগে যে বরাদ্দ ধরা হয়েছে—প্রত্যেকটি ব্লকে অন্ততঃপক্ষে যেখানে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র নেই যেখানে উপ-স্বাস্থ্যকেন্দ্র নেই সেখানে একটি করে প্রাথমিক এবং দুটি করে উপ-স্বাস্থ্যকে করার যে ব্যবস্থা হয়েছে তার জন্য অজকে গ্রমের মানুষ আশায় আশান্বিত যে, আ আমরা অন্ততঃ বিনা চিকিৎসায় মরব না, আমাদের চিকিৎসা হবে। আমাদে রাস্তাঘাট, সেচের বন্দোবস্ত করা হচ্ছে আমাদের এইভাবে যে ট্রেনিং-এর ব্যবস্থ করা হয়েছে সেটা সত্যিই গর্বের ব্যাপার। আমাদের বেলডাঙ্গা কনস্টিটিউয়েন্সীর সদস তিমিরবাবু — ওঁনার নাম তিমির — উনি খালি তিমিরে আচ্ছন্ন করেছেন, এ চেষ্টা করছি আলোতে আনবার, কিন্তু তিনি আসতে চাচ্ছেন না বা কিছুতেই তাকে টেনে আনতে পারছি না। তিনি কংগ্রেস দলের প্রতি কটাক্ষ করেছেন। এই প্রসঙ্গে একটা গল্প বলি। সেট হচ্ছে এই, আমাকে কেউ বুঝিয়ে দিতে পারলে আমি আমার তার আগের হালের গরু ছেড়ে দেব আর একজন তখন বলছে, এ তো খুব সহজেই বুঝিয়ে দেবে। কিন্তু ও তখন বলছে আমি বুঝলে তো বোঝাবে, আমি যদি না বুঝি তো হালের গরু পাবে কি করে? কাজেই সে বুঝতে চায় না। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, তিমিরবাবু কেবল কটাক্ষই করে থাকেন, বুঝতে চান না আমাদের মুর্শিদাবাদ জেলায় ১৮০ জনকে এই ট্রেনিং দেবার ব্যবস্থা করা হয়েছে। আমরা জানি সেল্ফ এমপ্লয়মেন্ট-এর ব্যবস্থা না করতে পারলে, তাদের লাইসেন্স না দিলে এই সমস্ত কাজ করা যাবে না। তা ছাড়া মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে চাই যে কর্মসংস্থানের ব্যবস্থা করতে হবে। নবগ্রাম, ভগবানগোলা, ডোমকল ইত্যাদি বিভিন্ন জায়গায় খাল বিল নদী নালা, পুকুর একেবারে মজা অবস্থায় আছে, এগুলি যদি সংস্কার করা যায়, তা হলে আরো কর্মসংস্থান হবে এবং কৃষির উন্নতি হবে উৎপাদনশীল ব্যবস্থার দ্বারা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আরো বলব, আমাদের যে সমাজ কল্যাণ ব্যবস্থার অগ্রগতি চলেছে—নবগ্রামে আমাদের যে আদিবাসী সম্প্রদায় রয়েছে তাদের সমাজ কল্যাণের দিকে আরো বেশী করে দৃষ্টি দেবার জন্য আমি মাননীয় সমাজকল্যাণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আমাকে সুযোগ দেবার জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আমি এই ব্যয়বরাদ্দকে জোরের সঙ্গে সমর্থন করে প্রগতিশীল সরকার যে, উৎকৃষ্ট সরকার সেটাই প্রমাণ করতে চাইছি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

শ্রীবীরেশ্বর রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, অতিরিক্ত বিভিন্ন খাতের ব্যয়বরাদ্দের যে দাবি আজ সভায় পেশ করা হয়েছে তা আমি সমর্থন করছি এবং সমর্থন করে কয়েকটি কথা আপনার মাধ্যমে সভার সামনে রাখছি। বিগত এক বছরে যে কাজ হয়েছে সেই কাজই এই অতিরিক্ত ব্যয়-বরাদ্দের দাবির যৌক্তিকতা প্রমাণ করে। যদি এই কাজ বিগত এক বছরে করা সম্ভব না হত বা যদি সরকার বিভিন্ন উন্নয়নমূলক কাজ না করতেন, তা হলে হয়ত এই ব্যয়বরাদ্দের প্রশ্নই আসত না। কিন্তু সেই কাজ হয়েছে বলেই আজকে এই ব্যয়বরাদ্দের দাবি এসেছে, কাজেই তাকে আমি সর্বান্তঃকরণে সমর্থন জানাচ্ছি। বিগত এক বছরে উন্নয়নমূলক কাজের মাধ্যমে বর্তমান সরকার যে বিরাট কর্মযজ্ঞে হাত দিয়েছেন তার জন্য আমি সরকারকে প্রশংসা করছি। তবে সেই সঙ্গে সঙ্গে একথাও বলছি যে, যদি কোন বিভাগের অর্থ ফেরত চলে যায়, সেটা হবে সেই বিভাগের অকর্মণ্যতার পরিচয়। এই প্রসঙ্গে স্যার, নরেশবাবু যেটা বলতে চেয়েছিলেন, সেই কথাটা আমি বলতে চাই। শিক্ষা বিভাগের জন্য ১০ লক্ষ টাকা কেন্দ্রীয় সরকার থেকে রাজ্য সরকারকে দেওয়া হয়েছিল। সেটা রিফিউজি ছাত্রদের জন্য, স্কুলের অ্যাকোমোডেসানের জন্য বিল্ডিং গ্রান্ট বাবত দেওয়া হয়েছিল, কিন্তু সেটা সবটা খরচ করা সম্ভব হয় নি, ফলে কিছু টাকা ফেরত চলে গিয়েছে। আমি শেষ মুহূর্তে খবর নিয়ে জেনেছি যে, মুষ্টিমেয় কয়েকটি স্কুল এই টাকা পেয়েছে কিন্তু অধিকাংশ টাকা ফেরত চলে গিয়েছে, এটা অত্যন্ত লজ্জার কথা। তারপর স্যার বলতে চাই যে, বর্তমান সরকার যে স্পেশাল এমপ্লয়মেন্ট প্রোগ্রাম হাতে নিয়েছেন পূর্ববর্তী কোন সরকার এরকম বলিষ্ঠ পদক্ষেপ নিয়েছেন বলে আমার মনে হয় না। গ্রামের অশিক্ষিত যে সমস্ত লোক, যারা ম্যানুয়াল লেবার করে, সেই গরিব জনসাধারণের জন্য এই প্রোগ্রাম নেওয়া হয়েছে। এই প্রোগ্রাম অনুযায়ী যে সমস্ত উন্নয়নমূলক কাজ সরকার হাতে নিয়েছেন তা সত্যিই প্রশংসার যোগ্য। এর দ্বারা আমরা 'গরিবী হঠাও'-এর দিকে দৃঢ় পদক্ষেপে এগিয়ে যাচ্ছি এটাই প্রমাণ করে। তারপর রাস্তাঘাট সম্পর্কে বলব যে, আমাদের উত্তরবঙ্গবাসীদের সাধারণতঃ মোটর ভিহিকল-এ যাতায়াত করতে হয়। কাজেই বর্ষার আগে যাতে রাস্তাঘাট মেরামত করা সম্ভব হয় সেদিকে নজর দেবার জন্য অনুরোধ জানাচ্ছি। সাধারণ প্রশাসনের ব্যাপারেও দু-চার কথা বলতে চাই। আজকে মাননীয় মুখ্যমন্ত্রী কালিগঞ্জের ও সি সম্পর্কে যে ঘোষণা করলেন, সেটা সত্যিই ধন্যবাদের বিষয়। তবে শুধু কালিগঞ্জেই নয়, এই পুলিস প্রশাসনের মধ্যে অনেক জ্যোতিবাবুর চেলা বসে আছে। আমরা দেখেছি থানায় গিয়ে যখন কোন ইনফরমেশন দিই, তখন সেই ইনফরমেশন বিভিন্ন পার্টি অফিসে চলে যায়। এতেই প্রতীয়মান হয় যে, পুলিস বিভাগে প্রচুর পরিমাণে বামপন্থী লোক বসে আছে এবং তারা গোয়েন্দাগিরির কাজ করছে, আমাদের সরকারের বিরোধী কাজ করছে। জেনারেল অ্যাডমিনিস্ট্রেসান সম্পর্কে বলি, নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্টে কিছু ছেলেকে নিয়োগ করা হয়েছে—কিছু সৎ ছেলেকে চাকরি দেওয়া হয়েছে। সেখানে কিছু বামপন্থী মনোভাবাপন্ন লোক যারা পূর্ব থেকে আছে, তাদের মধ্যে কিছু অসৎ কর্মচারী সেখানে দলবদ্ধভাবে চুরি করছিল, এবং তাতে বিঘ্ন ঘটায় ঐ সমস্ত নতুন ছেলেরা। ফলে তাদের বিনা কারণে বা একটা বাজে অজুহাত দিয়ে ঐ সমস্ত লোকেরা সাসপেন্ড করছে। এটা অত্যন্ত লজ্জার কথা আমি মনে করি, এই সম্পর্কে সরকার দৃষ্টি দেবেন। এই বলে, পুনরায় এই অতিরিক্ত ব্যয়বরাদ্দকে সমর্থন করে আমি শেষ করলাম।

11-40—11-50 a.m.]

শ্রীশেখ দৌলত আলীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় মাননীয় মন্ত্রিমন্ডলী যে অতিরিক্ত ব্যয়বরাদ্দের অনুমোদন চেয়েছেন আমি তা সমর্থন করি। তবে সমর্থন করতে গিয়ে এই প্রসঙ্গে দু-একটি কথা যা মনে এসেছে, যা বাস্তব সত্য সেটা তুলে ধরতে চাই। অবশ্য কৃষি খাতে যে অতিরিক্ত ব্যয়বরাদ্দ চাওয়া হয়েছে তার সার্থকতা থাকবে যদি কৃষি এবং কৃষক এই দুটোর দিকে দৃষ্টি দেওয়া যায়। আগে পশ্চিমবাংলার গ্রামে গঞ্জে কৃষকদের স্বার্থ না দেখে শুধু কৃষির দিকে নজর দেওয়া হয়েছে, যার ফলে কৃষি ব্যবস্থায় অনেক জায়গায় আশানুরূপ ফল পাওয়া যায় নি এবং কৃষির ব্যাপারে সবদিক থেকে ব্যাহত হয়েছে। আজকে দৃষ্টিভঙ্গি পরিবর্তনের সাথে সাথে কৃষি এবং কৃষক, এই দুটোর দিকেই যথাযথভাবে দৃষ্টি দেবার ফলে

সবুজ বিপ্লবের নিশানা দেখতে পাওয়া যাচ্ছে। সেজন্য আমি আনন্দিত এবং কৃষি খাতে অতিরিক্ত ব্যয়বরাদ্দের জন্য সত্যিই অভিনন্দন জানাচ্ছি ও সমর্থন জানাচ্ছি। এই প্রসঙ্গে আর একটা কথা বলতে চাই যে, আজকে যেসমস্ত জায়গায় ডিপ টিউবওয়েল স্যাংসান হয়েছে সেখানে যে মেশিন দেওয়া হয়েছে তাতে ১২ শত ফুট পর্যন্ত চালান যেতে পারে, তার বেশী নয়। যার ফলে কোথাও কোথাও দেখা গেছে, ১২ শত ফুট ডিপ করেও জল উঠছে না, আমাদের হয়রানি হতে হচ্ছে এবং কাজেও রিটার্ডেশন হচ্ছে। কাজেই একথা মন্ত্রিমণ্ডলীকে স্মরণ করিয়ে দিতে চাই এবং আমরা যে ব্যয়বরাদ্দ এখানে অনুমোদন করছি সেই টাকা যাতে আরো ন্যায়সঙ্গত ভাবে খরচ করা হয় সেদিকে দৃষ্টি রাখবেন। শিক্ষা খাতে এটা অত্যন্ত দুঃখের এবং আমরা বারবার করে বলেছি যে, যখন প্রাথমিক স্কুলকে একটা সময়সীমার মধ্যে, একটা ডেফিসিট ফিনান্সিং-এর আওতায় এনে আবার কতকগুলি শর্ত আরোপ করা এবং এই শিক্ষকদের এক-দিকে বলছেন আলোকজ্জ্বল ভবিষ্যত আবার বলছেন নিরাশার অন্ধকার—এই দুটো দিকের অবসান চাইছি। এত বড় উজ্জ্বল ভবিষ্যত আর এত বড় নিরাশার অন্ধকার এই দুটোর মাঝা-মাঝি পথ অবলম্বন করা যায় কিনা। আমি একথা বলতে চাই এই যে অতিরিক্ত ব্যয়বরাদ্দ চাওয়া হয়েছে, এটা কি মাদ্রাসা বোর্ডকে আরো উন্নত করার জন্য? মাননীয় মন্ত্রিমহাশয় যদি মাদ্রাসা বোর্ডকে আরো উন্নত করার জন্য, মাদ্রাসা এডুকেশানকে আরো উন্নত এবং মজবুত করার জন্য এই টাকা চেয়ে থাকেন এবং সেইভাবে যদি দৃষ্টিভঙ্গি দেন, তা হলে তাঁকে সাধুবাদ জানাবো, আজকে দুঃখের সঙ্গে বলছি, আজকে শিক্ষাখাতে টাকার বরাদ্দ অনেক বেড়েছে, কিন্তু সেই তুলনায় মাদ্রাসা এডুকেশনের কিছুই হচ্ছে না, একথা আমি আপনার মাধ্যমে জানাতে চাইছি এবং মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্বাস্থ্যবিভাগের এটা অত্যন্ত আনন্দের কথা যে, ৮০০ শয্যা স্যাংশান্ড হয়েছে। কিন্তু আমরা দেখছি যে, বিভিন্ন জায়গায় চলছে ৩৮ টি করে। ডাক্তার নেই, যদিও ডাক্তার থাকেতো ও টি নার্স নেই। আবার যদি কোথাও সার্জন গিয়ে থাকে, তা হলে সেখানে ইনস্ট্রুমেন্ট নেই। কাজেই এই যে একটা অচল অবস্থা হয়ে আছে, যদিও আমরা অতিরিক্ত ব্যয়বরাদ্দ সমর্থন করি, কিন্তু তার মানে কি এই যে সেখানে ডাক্তার যাবে না, ঔষধপত্র পাওয়া যাবে না? আমি সেদিন আমার এলাকা, বর্ধমান মহকুমার হাসপাতালের কথা মাননীয় মন্ত্রিমহাশয়কে বলেছি যে, সেখানে ৮০০ স্যাংসান হয়েছে, কিন্তু চলছে মাত্র ৩৮টি। কাজেই এইরকম দুঃসহ অবস্থা চলছে।

জেলখানার একটা বক্তব্য রেখে আমার কথা শেষ করছি। জেলখানা পরিদর্শনের দায়িত্ব ছিল আমাদের অনেকের এবং তার মধ্যে আমিও ছিলাম। সেখানে গিয়ে দেখলাম তাদের যে রুটি দেওয়া হয় সেটা আমাদের মত পরিষ্কার গমের রুটি নয়। তাদের মধ্যে বর্তমানে স্কীন ডিজিজ দেখা দিয়েছে। তাদের কেবলমাত্র প্রেসক্রিপসান করে দেওয়া হয়, কিন্তু ঔষধ সাপ্লাই দেওয়া হয় না। সকালবেলা তাদের যে মটর বা চানা দেওয়া হয় সেটা অত্যন্ত নোংরা টাইপের। কাজেই আমি আবার বলি অতিরিক্ত ব্যয়বরাদ্দ যেন কেবল খারাপ খাদ্য সরবরাহের কাজে না লাগে। এই কথা বলে সামগ্রিক উন্নয়নের কাজের জন্য যে অতিরিক্ত ব্যয়বরাদ্দ চাওয়া হয়েছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী গীতা মুখার্জি: মাননীয় স্পীকার স্যার, সাপ্লিমেন্টারি বাজেটের ৫৪নং গ্রান্টে একটা আইটেম আছে সেটা হল স্টেট ইলেকট্রিসিটি বোর্ডকে গভর্নমেন্ট ২ কোটি ৪৭ লক্ষ টাকার একটা লোন দিচ্ছেন। এই বিষয়টা সম্পর্কে আমি কয়েকটি কথা আপনার মাধ্যমে মন্ত্রি-মণ্ডলীর কাছে উপস্থিত করতে চাই এবং এই কাজটা যেভাবে উপস্থাপিত করা হচ্ছে এবং তার যা ফলাফল, তার মধ্যে যে বিরাট গ্যাপ হয়ে যাচ্ছে সেই বিষয় কয়েকটি কথা বলতে চাই। স্টেট ইলেকট্রিসিটি বোর্ড এবং পাওয়ার দপ্তরের কাজকর্ম সম্পর্কে সাম্প্রতিককালে খুব একটা আত্ম-সন্তুষ্টির ভাব দেখা যাচ্ছে যে, দারুন কাজ করছি এবং এই সংগঠনটি বেশ আছে, সুন্দর আছে। আমি প্রথমে এই কথা বলতে চাই যে, এই ধারনা যে ভুল তার তো একটা সোজা প্রমাণ সাপ্লি-মেন্টারি বাজেটে এসে এই টাকা গ্রান্ট করতে হচ্ছে, মেন বাজেটের মধ্যে এটা আনা যায় নি। অর্থাৎ পূর্বাহ্নে এই প্ল্যানিং কেউ করে দেন নি বা করার কথা ওঠে নি যাতে এটাকে নিয়ে সাপ্লিমেন্টারীতে নিয়ে আদৌ না আসতে হয়। কিন্তু এখনও যে বলছেন, সাঁওতালডি হবে

জুন মাসের মধ্যে—কমপ্লিটেড হবে হবে বলে বারংবার মন্ত্রিসভার তরফ থেকে এখানে আমরা বিবৃতি শুনেছি, নিশ্চয়ই স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের প্রমটিং অনুযায়ী তাঁরা এটা বলছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সভার সদস্য হিসাবে পূর্ণ দায়িত্ব নিয়ে চ্যালেঞ্জ করে এই কথা বলতে চাই যে, জুন মাসের মধ্যে শেষ হবে, যে কথা ও'রা দিয়েছেন, সেই সাঁওতালডি কমপ্লিট হবে না, এটা বাস্তব সত্য। এটাকে লুকোন হচ্ছে, আমি কোথা থেকে এই কথা পেলাম? প্রথমতঃ নিজে দেখা ছাড়াও, পাওয়ার রেশনিং তারা জুন মাসের মধ্যে তুলে দেবেন বলে ঘোষণা করছেন। আজকে শোনা যাচ্ছে, পাওয়ার রেশনিং সেপ্টেম্বর-অক্টোবর পর্যন্ত চলবে, কেন চলবে মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদি সাঁতওতালডি কমপ্লিটেড হয় জুন মাসের মধ্যে? বার বার শুনে আসছি সাঁওতালডি কমপ্লিটেড হলে সব একেবারে চমৎকার ভাবে চলবে। তাই যদি হয়, তা হলে সেপ্টেম্বর-অক্টোবরের কথা উঠছে কি করে? তা হলে কি এই সিদ্ধান্তে আসার কথা উঠতে পারে না যে, সাঁওতালডি আসলে জুন মাসে হবে না, সেপ্টেম্বর-অক্টোবরে হবে? তার জন্যই এই সাপ্লিমেন্টারি বাজেট করে এই টাকা দেবার ব্যবস্থা করা হয়েছে। স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের কার্যকলাপ সম্পর্কে আরও দু-চারটি কথা এবং সেই সূত্রে পাওয়ার দপ্তর সম্পর্কেও দু চারটি কথা বলার এখানে প্রয়োজন আছে বলে আমি মনে করি। গ্রমীন বৈদ্যুতিকরণের জন্য আমাদের বিরাট কর্মযজ্ঞ চলছে। নিঃসন্দেহে গ্রামীন বৈদ্যুতিকরনের জন্য সরকার খুব উৎসাহিত হয়েছেন, খুব ভাল কথা, আমি খুব আনন্দিত হয়েছি। কিন্তু উৎসাহিত হয়ে কি ঘটেছে তা লেজ উল্টে ভাল করে দেখছেন বলে আমার মনে হচ্ছে না। স্টেট ইলেকট্রিসিটি বোর্ড লেজ উল্টে যা বলে দিচ্ছেন, তাকেই আপনারা মেনে নিচ্ছেন। এই অভিজ্ঞতা, আমি চারপাশে যা দেখছি তা থেকে মনে হচ্ছে। বরাবর বলছেন যে, ১০ হাজার গ্রামকে ইলেকট্রিফিকেশন করবেন, কবের মধ্যে? না, এই বছরের এপ্রিল থেকে ডিসেম্বরের মধ্যে শেষ করবেন। তার মধ্যে এখন কত ইলেকট্রিফিকেশন হয়েছে? আমি যতদূর জানি, দু হাজার চার শত হয়েছিল, আমি ধরলাম আরও গাঁতোগাঁতি করে তিন হাজার হয়ে গেছে এর মধ্যে। আরও যা করতে হবে এই ১০ হাজারের মধ্যে—যদি এই ৯ মাসে করতে হয়, তা হলে প্রতি মাসে ৭০০ করে গ্রাম ইলেকট্রিফায়েড করতে হবে। সেই অর্গানাইজেশন কি স্টেট ইলেকট্রিসিটি বোর্ডে আছে? যদি না থাকে, তবে এত জোর করে যে বলছেন, তার ফল কি থাকবে, বিভিন্ন মাঠে যান, ৪০ হাজার টাকা খরচ করে কি হয়েছে দেখুন, গিয়ে কি দেখবেন? তালগাছ একপায়ে দাঁড়িয়ে, সব গাছ ছাড়িয়ে উঁকি মারে আকাশে। অর্থাৎ একটা বড় পোস্ট এক পায়ে দাঁড়িয়ে আছেন। তারপর আর কয়েকটা পোস্টের কি হল, এবং সেখানে কানেকশন অ্যাকচুয়লি দেবার কি হল—আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মেদিনীপুর ডিস্ট্রিক্টে ৫ হাজার শ্যালো টিউবওয়েল, কিন্তু সেপ্টেম্বর পর্যন্ত ১২৭টা ইলেকট্রিফায়েড হয়েছে। এখন তো আর শ্যালো টিউবওয়েল ইলেকট্রিফিকেশনের নামও শোনা যাচ্ছে না। শুনলাম মাননীয় মন্ত্রিমহাশয় এখানে বলেছেন প্রশ্নোত্তরে যে, না, আমরা ৫ হাজার শ্যালো টিউবওয়েলের কথা বলছি না। তাঁরা এখন ওল্ড করছেন না। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে আমি মনে করিয়ে দিচ্ছি, আমারও প্রশ্নোত্তরে, এই হাউসে বিগত অধিবেশনে লিখিতভাবে উত্তর দেওয়া হয়েছে যে, ১০ হাজার গ্রাম এবং ৩৫ হাজার শ্যালো টিউবওয়েল আমরা ইলেকট্রিফায়েড করবো। আজকে দেখা যাচ্ছে তা করবেন বলে মনে হচ্ছে না, এমন কি 'ওন' পর্যন্ত করছেন না। আজকে দেখা

[11-50—12 noon.]

যাচ্ছে যে, সেটা করবেন বলেও করছেন না। অথচ স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের কাছে এই ভাবে বোঝান হবে। সুতরাং এইরকম একটা পরিস্থিতি, তারপর যে প্ল্যানিং হচ্ছে সেটা অদ্ভুত। যে জায়গায় বিদ্যুৎ দ্রুত গিয়ে শাখা প্রশাখা বিস্তার করতে পারবে, সে জায়গায় মেল কানেকসনই দেওয়া হচ্ছে না; আর যে জায়গায় কানেকশন দিলেও কাজ হবে না সেখানে কানেকশন চলে গিয়েছে। সম্প্রতি আমরা মালদহ ডিস্ট্রিক্টে গিয়েছিলাম, সেখানে একটি গ্রাম "কোতয়ালী" তার নাম, সেখানে একটা বাই-লেনে ৭টা পোস্ট আছে, কার বাড়ির জন্য আছে, কি আছে না আছে সেটা আপনি মাননীয় অধ্যক্ষ মহাশয়, জিজ্ঞাসা করে জেনে নেবেন। আর একটা গ্রাম "আহিও", সেখানে কয়েকটি রিভার লিফট হতে পারে, আমরা নদীর পাড় ঘুরে দেখেছি সেখানে পড়ে রয়েছে

রিভার লিফট মেশিন, সেখানে হাস্কিং মেশিন ইত্যাদি চলছে। সেখানে গিয়ে শুনলাম সেই গ্রামে ১০ হাজার লোকের বাস অথচ সেখানেও ৭টি পোল্ট। তা হলে এই যে ৪০ হাজার টাকা খরচ হচ্ছে এক একটি মৌজা ইলেক্ট্রিফায়েড করতে, কবে আর রিটার্ন পাওয়া যাবে? অথচ সত্যি কথা কি স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ড আপনাদের বলছেন, পাওয়ার দপ্তর কি সে কথা জানেন না? এই সমস্ত রুরাল ইলেক্ট্রিফিকেশন নির্ভর করছে রুরাল ইলেক্ট্রিফিকেশন কর্পোরেশনের টাকার উপর। আর ই সি বা রুরাল ইলেক্ট্রিফিকেশন কর্পোরেশনের সেখানে তাদের সঙ্গে শর্ত হচ্ছে, নীতি হচ্ছে ফার্স্ট, সেকেন্ড অ্যান্ড থার্ড ইনস্টলমেন্টে আরা টাকা দেবেন। ফার্স্ট ইনস্টলমেন্টে কতগুলি কন্ডিশন ফুলফিল করতে পারলে তবে তারা সেকেন্ড ইনস্টলমেন্টের টাকা দেন। অলরেডি যতগুলি স্কীম ইজ ইন অপারেশন তাতে ফার্স্ট ইনস্টলমেন্টের পর সেকেন্ড ইনস্টলমেন্টের মধ্যে অনেক জায়গায় আর ই সি টাকা দেওয়া বন্ধ রেখেছে, কারণ কন্ডিশন ফুলফিলড হয় নি। সুতরাং সেখানে টাকা রিটার্ন আসে নি। এইরকম পরিস্থিতিতে যেখানে গোটা প্লানিং-এর এইরকম অবস্থা এবং সেখানে যদি নতুন প্ল্যানিং না করা হয় তা হলে লোকে কি ভাববে, সেই জন্য ওয়েস্টবেংগল গভর্নমেন্ট নতুন প্ল্যানিং গ্রহণ করেছেন এবং এমনভাবে করেছেন যাতে লোকে ভাবছেন যে, যারা ইলেকট্রিসিটি সম্বন্ধে ভাল জানেন তাদের নিতে বাধ্য হয়েছেন এবং সেই ভাবে স্টেট ইলেকট্রিসিটি বোর্ড পশ্চিমবঙ্গের জন্য গঠন করছেন। কিন্তু ইন্ডিয়ান ইলেকট্রিসিটি অ্যাক্ট, ১৯৪৮, সেকসন ৫ এবং সাব-সেকসন ৪নং-এ বোর্ড কি ভাবে তৈরি হবে তার কতগুলি ধারা, উপধারা দেওয়া আছে। সেগুলি শুধু শুধু গাধার মত দেওয়া আছে বলে আমার মনে হয় না। অ্যাক্টে আছে, প্রথম তিনজন মেম্বার তারা কারা থাকবেন, তাদের কি কোয়ালিফিকেশন থাকবে, সেগুলি লে-ডাউন করা হয়েছে। প্রথম জনের কমার্শিয়াল এবং অ্যাডমিনিস্ট্রেশনে বেশ ভাল অভিজ্ঞতা থাকা দরকার। দ্বিতীয় জনের ইলেকট্রিক্যাল ইঞ্জিনীয়ারিং-এ খুব ভাল অভিজ্ঞতা থাকা দরকার। তৃতীয় জনের অ্যাকাউন্টিং অ্যান্ড টেকনিকাল পাবলিক আন্ডারটেকিং ইলেকট্রিসিটি সম্বন্ধে বিশেষ অভিজ্ঞতা আছে এইরকম একজন ভাল অভিজ্ঞ লোক হওয়া দরকার। স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের বর্তমান চেয়ারম্যান আমাদের গর্ভমেন্টের নমিনেটেড মিঃ তালুকদার। মিঃ তালুকদার ব্যক্তিগতভাবে ভাল কি মন্দ তা আমি বলছি না, কিন্তু কমার্শিয়াল ব্যাপারে কিংবা টেকনিক্যাল ব্যাপারে তাঁর অভিজ্ঞতা আছে বলে কোন দিন শুনি নি। অথচ স্টেট ইলেকট্রিসিটি বোর্ডকে সেলফ সাফিসিয়েন্ট করতে হবে। সে তার রেভিনিউর সাহায্যে নিজেই নিজের কাজ করবে, একে তো রেভিনিউর অবস্থা এইরকম, তারপর যেভাবে কারেন্ট দিতে পারতো, তাও পারছে না, খরচের এই অবস্থা যার ফলে সব উল্টপাল্টা ব্যাপার হচ্ছে, আর এইরকম অবস্থায় আপনি চেয়ারম্যান করলেন মিঃ তালুকদারকে অথচ তার যে কন্ডিশন সেটা ফুলফিল করছেন না। তাঁকে অ্যাডমিনিস্ট্রেটর হিসাবেই যদি করলেন, তা হলে কমার্শিয়াল হিসাবে কিন্তু হচ্ছে না, যার ফলে কন্ডিশন ফুলফিলও হচ্ছে না। আমাদের কি কেউ ছিল না, কাউকে কি এমন খুঁজে বার করা যেত না, যে কিনা এই কন্ডিশনটা ফুলফিল করতে পারতেন। দ্বিতীয় হচ্ছে, একজনকে হোলটাইম ইলেকট্রিক্যাল ইঞ্জিনীয়ার হতে হবে, সেখানে নিয়েছেন মিঃ বি এন ব্যানার্জীকে, তিনি একজন মেকানিক্যাল ইঞ্জিনীয়ার, সারা দেশে কি কেউ ইলেকট্রিক্যাল ইঞ্জিনীয়ার ছিলেন না যে, মেকানিক্যাল ইঞ্জিনীয়ার নিতে হল? অ্যাক্টে আছে ইলেকট্রিক্যাল ইঞ্জিনীয়ার নিতে হবে, হোলটাইমের জন্য, সেখানে আমরা মেকানিকাল ইঞ্জিনীয়ার মিঃ ব্যানার্জীকে নিলাম। মিঃ ব্যানার্জী ভাল লোক, তাঁর সম্বন্ধে ব্যক্তিগতভাবে আমি কিছু বলছি না বা তাঁর সঙ্গে আমার ব্যক্তিগতভাবে ঝগড়াও নেই। কিন্তু এই কাজগুলি প্ল্যান মত এবং এজ পার সিডুল হচ্ছে কিনা সেটা দেখতে হবে এবং এর মধ্যে স্নাগটা কোথায় সেটাও দেখতে হবে। যেমন মিঃ ব্যানার্জী মেকানিক্যাল ইঞ্জিনীয়ার তাঁকে নিযুক্ত করা হল। আর অ্যাকাউন্ট ফিনান্স ব্যাপারে কাকে নিলেন? অ্যাকাউন্ট ফিন্যান্স ব্যাপারে নিলেন শ্রী পি কে বর্ধনকে—তিনি একজন রিটায়ার্ড এ জি। নিশ্চয় মিঃ বর্ধন একজন খুব গুরুত্বপূর্ণ লোক, এ জি যখন ছিলেন। কিন্তু পাবলিক আন্ডারটেকিং, ফিন্যান্স এবং অ্যাকাউন্ট-এর সঙ্গে পাবলিক আন্ডারটেকিং নয়—পাবলিক ইলেকট্রিক্যাল আন্ডারটেকিং-এর ফিন্যান্স এবং অ্যাকাউন্ট-এর বেলা কেন খুঁজে পাওয়া গেল না? অর্থাৎ কেন মিঃ বর্ধনকে এইসব আইন ভাগ করে নিতে হল? আমি যদি বুঝতাম, এ'রা নিজ নিজ

ফিল্ড-এ এমন জিনিস করেছেন যার জন্য অ্যাক্টকে পদদলিত করা যায়, তা হলে বুঝতাম। কিন্তু এসবের কোন এইরকম প্রমাণ নেই। আমি যেটুকুন বুঝি, তাতে এ প্রমাণিত হয় না। এই পরিস্থিতিতে পার্টিকুলার পার্সোনেল-এর জন্য এই বিশেষ পক্ষপাতিত্ব অ্যাক্টকে ভায়লেট করার দরকার হল কেন তা বুঝতে পারছি না। এ'রা কি স্টেট ইলেকট্রিসিটি বোর্ড-এর পারফরমেন্স খুব ভালো ভাবে করছেন? মন্ত্রিমহাশয়রা মাঝে মাঝে বলছেন, আমরা এত গ্রাম, এত গ্রাম ইলকট্রিফাই করলাম। মনে হচ্ছে খুব বোধ হয় স্মুথ রানিং, কোন হিচ নেই। কিন্তু তাঁরা দেখার চেষ্টা করছেন না যে, এত যে রুরাল ইলেকট্রিফিকেশন করব তার টাকা কোথায়, এত যে রুরাল ইলেকট্রিফিকেশন-এর ব্যবস্থা করব, তার রিটার্ন কোথা থেকে পাব, তার জন্য তার বাঁশ, পোল কোথায়, তার জন্য উপযুক্ত সংগঠন কোথায়? ওসব করার জন্য যে বিরাট ডিনামিক তা কোথায়? সেজন্য দরকার এসব বিষয়ে অবহিত হওয়া এবং এরকম ধরনের অপ্রীতিকর কাজ না করা। এ যেন পা পি চু ব্যা—অর্থাৎ পারস্পরিক পিট চুলকানির ব্যাপার। এখন এটাকে জাস্টিফাই করার জন্য এস ই বি বিশেষ কোন ব্যবস্থা করতে চান আলাদা কথা। তা না হলে আমি দুঃখের সঙ্গে বলব যে, এটা জাস্টিফাই করছে না। আমাদের এস ই বি-এর পারফরম্যান্স বিশেষ করে পাওয়ার রেশনিং সম্বন্ধে বলছি। হঠাৎ পাওয়ার রেশনিং করে দিলেন। বললেন, স্ট্যাগার করে দেব, কলকারখানা ঠিকভাবে চলছে। এখানে এ বিষয়ে হাউসে মন্ত্রিমহাশয় অনেক কিছু বলে চলেছেন যে, এ আই টি ইউ নাকি এই পাওয়ার রেশনিং-এ মত দিয়েছিল। আমি তাঁদের প্রত্যেককে জিজ্ঞাসা করায় তাঁরা সবাই বললেন যে, এই পাওয়ার রেশনিং-এ আমরা মত দিই নি। আমাদের সরকার বলছেন পাওয়ার রেশনিং-এ বিশেষ কোন ক্ষতি হয় নি, কেউ আন-এমপ্লয়েড হয় নি—স্ট্যাগার করে ব্যবস্থা করছি। কিন্তু কন্টিনিয়াস প্রসেস যেগুলি, অর্থাৎ যে কারখানাগুলিতে ক্লকওয়াইজ দিনরাত কাজ থাকে তাদের পাওয়ার ঠিক আছে। অন্য কারখানাগুলিকে স্ট্যাগার করতে হল এবং কন্টিনিয়াস প্রসেস-এর জন্য অনেক বড় বড় ক্যাপিটালওয়ালা দুই-চারটি কনসার্ন ছাড়া প্রায় কারুর নেই। এইরকম অবস্থায় নামকোবাস্তে কেউ ইচ্ছায় করছেন, কেউ করেন নি, কিন্তু ছাটাই হচ্ছে ব্যাপকভাবে জুট মিলগুলিতে। এইরকম অবস্থায় অন্যান্য অনেকগুলি কারখানা পালপিটেটিভ। মনে করেছিলেন জুনে সাঁওতালদিহি হলে সব ঠিক হয়ে যাবে। কিন্তু এখন দেখা যাচ্ছে, সেপ্টেম্বর-অক্টোবর। এইরকম একটা অবস্থায় পাওয়ার ক্রাইসিস-এর ব্যাপারে এস ই বি-এর অ্যাডভাইজ মত ডিপার্টমেন্ট মন্ত্রিমণ্ডলীকে অ্যাডভাইজ করছেন। অথচ এই এস ই বি-এর পাওয়ার আছে এবং তারা ইচ্ছা করলে সি ই এস সি-কে ডাইরেক্ট করতে পারে। গভর্নমেন্ট-এর সেই পাওয়ার আছে যে সি ই এস সি-র অন্য কথা ছেড়ে দিলেও ৫০ মেগাওয়াট পাওয়ার ইচ্ছা করলে তারা জেনারেট করতে পারে। গভর্নমেন্ট এটা করছেন না কেন? এর জন্য তারা বাড়তি টাকা খরচ না করে ওয়ার্কারদের উপর চাপাতে চায় এবং সেটা গভর্নমেন্টকে দেখিয়ে জোর করে স্যাংসান করিয়ে নেবে। এইভাবে আমাদের পাওয়ার-এর জন্য যে দেয় শুল্ক সেটা তারা বাড়িয়ে নিতে চায়। সি ই এস সি এই রগড়ানি এস ই বি-এর পাওয়ার মেম্বার কি সহ্য করবে? তাদের হাতে ক্ষমতা আছে এ্যাকর্ডিংটু অ্যাক্ট তারা করতে পারে। তাদের যেখানে কন্ট্রোল করার কথা সেই প্রভিসন-এ তারা যাচ্ছে না। সুতরাং আমি বলব, বিদ্যুতের সমস্ত জিনিসটা এমন একটা অবস্থায় এসেছে যে, সাপ্লিমেন্টারি বাজেটে টাকা স্যাংসান করে আত্মসন্তুষ্টি

[12-00—12-10 p.m.]

স্তরে রেখে হাউসকে ইনফর্ম করা যাবে না। এই অবস্থায় স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের এন্টায়ার ওয়ার্কিংকে তদন্ত করার জন্য উপযুক্ত ব্যবস্থা করা হোক, ওয়ান ম্যান কমিশন করা হোক, এই অর্গানাইজেসানের বাইরে যাঁর ওয়াইড এক্সপিরিয়েন্স রয়েছে ইলেকট্রিক্যালের ব্যাপারে তাঁকে দিয়ে। পাওয়ার রেশনিং-এর অবস্থা অনতিবিলম্বে কি করে পরিবর্তন করা যায়, বৃহৎ এই অর্গানাইজেসানকে কি করে রি-কনস্টিটিউসন করে ভালভাবে চালান যায়, সমস্ত বিষয়ে একটা তদন্ত আপনার মাধ্যমে আমি দাবি করছি এবং আমি মনে করি সেটা আমাদের পশ্চিমবঙ্গে শিল্প, কৃষি এবং বেকার এই তিনটি মৌলিক প্রশ্নের সঙ্গে অতি ঘনিষ্ঠ। এই দাবি পেশ করে আমি শেষ করছি।

শ্রীশচীনন্দন সাউ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে অতিরিক্ত যে ব্যয়বরাদ্দের দাবি এখানে পেশ করা হয়েছে আমি তাকে পরিপূর্ণ সমর্থন জানাচ্ছি। মাননীয় সদস্য তিমিরবাবু পশ্চিম-বঙ্গের মুখ্যমন্ত্রী সম্বন্ধে আবোল-তাবোল বলেছেন। কিছুক্ষণ আগে তিনি বলেছেন পুলিস খাতে নাকি অনেক টাকা বৃদ্ধি করা হয়েছে, কিন্তু শিক্ষা খাতে এমন কিছু বৃদ্ধি করা হয় নি। আবার তিনিই বলেছেন, আজকে যে পুলিসদের নাকি থানা ঘর নেই, এমন কি থানা ঘরের ঘড়ি পর্যন্ত অকেজো হয়ে গেছে, তা সারান হয় নি। তিনি আমার জেলার একটা থানার কথা বলেছেন, বোলপুর থানায় ৪ বছর আগে ঘড়ি খারাপ হয়ে গেছে, ঘরগুলি পড়ে যাচ্ছে, সেখানে থাকা যায় না। তা হলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে ঘর খারাপ হয়ে গেছে, ঘড়ি অকেজো হয়ে গেছে, থানাতে যে অব্যবস্থা রয়েছে তা দূর করতে গেলে নিশ্চয়ই অতিরিক্ত ব্যয়-বরাদ্দের প্রয়োজন। আমি তিমিরবাবুকে জিজ্ঞাসা করি, ৪ বছর আগে তো আমাদের সরকার ছিল না, কাদের সরকার ছিল সেটা তিনি একবার ভেবে দেখবেন কি? কাজেই কন্ট্রাডিকটারী কথা পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী বলেন নি, আপনিই কন্ট্রাডিকটারী কথা বলছেন। পশ্চিমবঙ্গের মুখ্য-মন্ত্রী যা বলেছেন তাকে পরিপূর্ণ রূপায়িত করছেন এবং করবেন এবং আজকে তিনি যে স্টেট-মেন্ট দিয়েছেন তাতে আমরা দেখলাম কালিয়াগঞ্জের পুলিস অফিসার সেখানকার মুসলমান ভাইদের উপর কিভাবে অত্যাচার করেছেন। আমরা দেখেছি বিভিন্ন জায়গার পুলিস অফিসার কারণে অকারণে সাম্প্রদায়িকতার মনোভাব সৃষ্টি করার চেষ্টা করছে, কোন কোন জায়গায় ডাকাতদের দিয়ে ডাকাতি করার চেষ্টা করছে, বহু পুলিস অফিসারের বিরুদ্ধে এই ধরনের অভিযোগ এসেছে এবং তারা কারা, তারা হচ্ছে ঐ কো-অর্ডিনেসান কমিটির লোক যারা জ্যোতিবাবুকে সাহায্য করতেন। তারা এখনও সরে যায় নি, তারা এই প্রচেষ্টা চালাচ্ছে। দেশের শান্তিশৃংখলা রক্ষার প্রয়োজনে পুলিস দপ্তরের অতিরিক্ত ব্যয়বরাদ্দের একান্ত প্রয়োজন। শান্তিশৃংখলা যদি দেশে না থাকে, তা হলে একথা নিশ্চিত যেভাবে এই সরকার একটার পর একটা কাজ চালিয়ে যাচ্ছেন সেই কাজ হতে পারে না। আজকে সরকার কৃষি, খরার মোকাবেলা করে চলেছেন, গ্রামবাংলায় ডিপ টিউবওয়েল, রিভার লিফট করে সেচের ব্যবস্থা করছেন, চারিদিকে বন্ধ কলকারখানা খুলে শ্রমিকদের মধ্যে আস্থার ভাব জাগিয়েছেন, স্বাস্থ্য দপ্তর নতুন স্বাস্থ্য-কেন্দ্র তৈরি করে শয্যাসংখ্যা বাড়িয়ে পশ্চিমবঙ্গের মানুষের কাছে একটা নতুন পরিবেশ এনে দিয়েছেন, শিক্ষা দপ্তর গ্রামবাংলায় নতুন স্কুল খুলে শিক্ষাজগতে নতুন পরিবেশের সৃষ্টি করেছে এবং বিশেষ করে এই প্রচণ্ড খরা পরিস্থিতিতে খাদ্য দপ্তর সুষ্ঠু বণ্টনের খাদ্য নীতি প্রবর্তন করেছেন, আজকে নানাভাবে সাধারণ মানুষের জন্য আমাদের সরকারের বিভিন্ন দপ্তর কাজ করে যাচ্ছে। এগুলির ক্ষেত্রে যদি শান্তিশৃংখলা না থাকে, তা হলে কোন কারণেই উন্নতি হওয়া সম্ভব নয়। তাই যে অতিরিক্ত ব্যয়বরাদ্দের দাবি এখানে উপস্থাপিত হয়েছে তাকে পরিপূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীদাশরথি সোরেন: প্রিয় অধ্যক্ষ মহাশয়, আজকে মন্ত্রিমহাশয় যে অতিরিক্ত ব্যয়বরাদ্দ বিল উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন করছি এবং এই প্রসংগে আমি দু-একটি বক্তব্য রাখছি। প্রিয় অধ্যক্ষ মহাশয়, আমার মনে হয় আমাদের দেশের সবচেয়ে সমস্যা হচ্ছে গরিবী সমস্যা। এই সমস্যাকে সাম্প্রদায়িক হিসেবে দেখতে হলে দেখা যাবে, আদিবাসী সম্প্রদায় হচ্ছে সবচেয়ে নিম্নস্তরের গরিব। তারা শুধু খাওয়া-পরায় গরিব নয়, তারা গৃহহীন, বুদ্ধিহীন এবং বিদ্যা-হীন। আমাদের জাতীয় সরকার এই সম্প্রদায়ের উন্নতি করবার জন্য একটা আলাদা দপ্তর রেখেছেন। কিন্তু দুঃখের বিষয় আজ পর্যন্ত এই সম্প্রদায়ের উন্নতির কোন নজির দেখা যায় নি। প্রিয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত দুঃখের সংগে বলতে চাই, আমাদের বর্তমান জনপ্রিয় সরকার, গরিব সমর্থিত সরকার দেশের দরিদ্র মানুষের উন্নয়নের জন্য যে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন তার মধ্যেও এই সম্প্রদায়ের উন্নতির কোন লক্ষণ আমরা দেখতে পাচ্ছি না। আমরা দেখেছি আদি বাসী উন্নয়ন খাতে যে ব্যয়বরাদ্দ হয়েছে সেটা প্রয়োজনের তুলনায় অতি নগণ্য। আজকে যে অতিরিক্ত ব্যয়বরাদ্দ আনা হয়েছে তাতেও দেখতে পাচ্ছি মাত্র ৩৬ লক্ষ ৩১ হাজার টাকা চাওয়া হয়েছে। এতে আমরা হতাশ হয়েছি। প্রিয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আজকে হাউসের কাছে বলছি, মহোদয়গণ, আজকে দীর্ঘদিন ধরে আপনাদের প্রত্যেকের মুখ থেকেই

শুনেছি গরিবদের কথা, একথা বলতে কেউ বাদ দেয় নি। কিন্তু আমার মনে হয়, আপনারা শুধু মুখেই একথা বলেন, প্রকৃত উন্নতি কি সেটা আপনারা জানেন না। একটা কথা আমি বার বার বলেছি, তাই সেকথা পুনরায় বলতে আমার সংকোচ আসে। কিন্তু তবুও বলছি, দেশের গরিবদের মধ্যে সবচেয়ে জর্জরিত হয়ে রয়েছে এই আদিবাসী ভাইরা। কাজেই আবার অনুরোধ করছি, তাদের জন্য আমাদের সকলেরই চিন্তা থাকা উচিত এবং এই আদিবাসী উন্নয়ন দপ্তর যেটা আলাদাভাবে রয়েছে তার জন্য বেশী করে ব্যয়বরাদ্দ যেন হয়। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[12-10—12-20 p.m.]

শ্রীশংকর ঘোষঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, অতিরিক্ত ব্যয়বরাদ্দের দাবির উপর মাননীয় সদস্যগণ অনেক গঠনমূলক প্রস্তাব রেখেছেন এবং অধিকাংশ সদস্য এই অতিরিক্ত ব্যয়বরাদ্দকে যেভাবে সমর্থন জানিয়েছেন, সেই জন্য আমি তাদের অভিনন্দন জানাচ্ছি এবং আমার কৃতজ্ঞতা প্রকাশ করছি। আমরা এই ১৬৯ কোটি টাকা অতিরিক্ত ব্যয়বরাদ্দের দাবি এনেছি এবং একটা বইতে কি কি খাতে এই টাকা খরচ হয়েছে সেটা আমি বলেছি। এর একটা কথা এখনি বলা দরকার, এই যে ১৬৯ কোটি টাকা অতিরিক্ত ব্যয়বরাদ্দের জন্য আমি চাইছি, তার ভিতর একটা অংক আছে, সেটা হচ্ছে ৯৪ কোটি টাকা ফ্লোটিং ডেট। ওটা আমরা খরচ করেছি মাঝে মাঝে রিজার্ভ ব্যাংক থেকে ধার করেছি ওয়েজ অ্যান্ড মিনস অ্যাডভান্স নিয়েছি যেমন ৫ কোটি টাকা নিয়েছি এবং সে টাকা আবার শোধ করে দিয়েছি। ১০ কোটি টাকা নিয়েছি আবার ১০ কোটি টাকা শোধ করে দিয়েছি। এই যে ৯৪ কোটি টাকা ধার নিয়েছি কাজের জন্য আবার সেটা শোধ করে দিয়েছি, সুতরাং এই ৯৪ কোটি টাকা খরচ থেকে বাদ যাবে। আমরা যা কিছু ওয়েজ অ্যান্ড মিনস অ্যাডভান্স রিজার্ভ ব্যাংক থেকে নিয়ে যখন খরচ করেছিলাম, সেই টাকা সম্পূর্ণ-ভাবে আমরা শোধ করে দিয়েছি। সুতরাং ১৬৯ কোটি টাকা থেকে ৯৪ কোটি টাকা বাদ যাবে। আমরা খরচ করেছি, অতিরিক্ত ব্যয়বরাদ্দে আসলে যেটা পেশ করা হচ্ছে সেটা হচ্ছে ৭৫ কোটি টাকা। এই ৭৫ কোটি টাকা যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছি, এটার অর্থ হচ্ছে আমাদের বাজেট মার্চ মাসে, তারপর সংশোধিত বাজেট দিয়েছি গত বছর। তখন আমরা যেটা মনে করে-ছিলাম যে, কাজ করতে পারব, খরচ করতে পারব, কিন্তু তার চেয়ে বেশী কাজ এবং খরচ আমরা করেছি। এই যে ৭৫ কোটি টাকার বরাদ্দ আমরা চাইছি এটার মানে হচ্ছে যে, আমরা যা বলেছি যে, আমরা খরচ করব, উন্নয়নমূলক কাজ করব, তার চেয়ে বেশী আমরা এই ৭৫ কোটি টাকার উন্নয়নমূলক কাজ করেছি। এটাই হচ্ছে এই ব্যয়বরাদ্দের অর্থ। তিমিরবাবু বলেছেন, এটা অবিবেচনার কাজ হয়েছে, আমরা হালকাভাবে দেখেছি, লঘুচিত্তে আমরা এই কাজ করেছি। সুনিপুণ গৃহিণী যদি হতাম, তা হলে আমরা যেটা আগে বলেছিলাম তার চেয়ে বেশী খরচ করতাম না। তার মানে কৃষির উন্নতির জন্য আমরা ২০ কোটি টাকা বেশী খরচ করেছি, সেটা করা উচিত ছিল না, কারণ সুনিপুণ গৃহিণী হলে—যদিও দেশে খরা হয়ে গিয়েছে, যদিও খারিপ শস্য নষ্ট হয়ে গিয়েছে, সেই খারিপ শস্যকে যাতে আমরা রবিশস্য দিয়ে পূরণ করতে পারি তার জন্য আমরা ২০ কোটি টাকা খরচ করেছি, এই টাকা খরচ করা উচিত ছিল না। আমরা গর্বের সংগে বলছি যে, ৭৫ কোটি টাকা বেশী খরচ করেছি, এই ৭৫ কোটি টাকা খরচ করার আমাদের সামর্থ ছিল, পশ্চিমবাংলার মানুষ আমাদের এই সম্পদ জুগিয়েছে। আমরা এই বছরের জন্য ৭৫ কোটি টাকা খরচ করব। আমরা এর জন্য কোন নতুন কর আনি নি। বাংলাদেশের লেভি, ইন্টার স্টেট রিভার লেভি, তার থেকে ২৫৭ কোটি টাকার আগে যে কর ছিল সেটাই আমরা রেখেছি আমাদের উন্নয়ন কাজের জন্য। তা ছাড়া এই ৭৫ কোটি টাকা খরচ করব, তার জন্য নতুন কোন করের বোঝা মানুষের উপর চাপিয়ে দিই নি। এটা সম্ভব হয়েছে, কারণ আমরা সেরকম সুনিপুণ গৃহিণী নই, যে আমরা উন্নয়নমূলক খাতে বেশী খরচ করব না। সুনিপুণ গৃহিণী, যেখানে ছেলের অসুখ হয়েছে, বাজেটে ছিল না বলে চিকিৎসা করবে না, কারণ তিনি সুনিপুণ গৃহিণী। আমরা এই সাপ্লিমেন্টারি গ্রান্টে খরাতে আমাদের যে ক্ষতি হয়েছে, তার জন্য অমরা বেশী খরচ করেছি, তিন কোটি টাকা আমরা রেখেছিলাম রিলিফের জন্য প্রথম বাজেটে, আমরা সেখানে ২৩ কোটি টাকা খরচ করেছি, ২০ কোটি টাকা বেশী খরচ করেছি, যাতে খরাতে মানুষের যে কষ্ট হয়েছে, যাতে সেই কষ্ট কিছু কম হয় তার জন্য। ৬ কোটি টাকা বেশী

আমরা খয়রাতি সাহায্যে খরচ করেছি, ৭ কোটি টাকার বেশী আমরা জি আর-এ খরচ করেছি. তাই দিয়ে মানুষের কর্মসংস্থান হয়েছে, যাতে মানুষের ক্রয়ক্ষমতা বেড়েছে, মানুষের খরার জন্য যে অসুবিধা হয়েছিল তা কিছুটা লাঘব হয়েছে। ৬ কোটি বেশী টাকা গ্রাচুইশাস রিলিফে খরচ করেছি, সাত কোটি বেশী টেস্ট রিলিফের কাজে খরচ করেছি যাতে মানুষের কর্মসংস্থান হয়। তাতে করে মানুষের ক্রয়ক্ষমতা এসেছে মানুষের এবং খরার জন্য যে অসুবিধা হয়েছিল তারও কিছুটা আমরা লাঘব করতে পেরেছি। সুতরাং অতিরিক্ত ব্যয়বরাদ্দ যেটা পেশ করেছি তার একমাত্র অর্থ হচ্ছে জনসাধারণের সহযোগিতা নিয়ে আমরা সম্পদ বৃদ্ধি করতে পেরেছি এবং সম্পদ বৃদ্ধি করে কাজের ক্ষমতা বৃদ্ধি করতে পেরেছি। কাজ করতে পেরেছি উন্নয়নমূলক খাতে, এজন্য এত টাকা খরচ করতে পেরেছি। কি করে ৭৫ কোটি খরচ করলাম বেশী? সেটা যেভাবে করেছি, তার কতকগুলি পরিসংখ্যান দিতে পারি। গত বছর ১০ কোটি খরচ করেছিলাম যেটা বিত্তশালী মানুষের কাছ থেকে এসেছিল। তারপরে পুরানো যে ট্যাক্স ছিল সেই ট্যাক্স আদায় করেছি এবং অসাধু যে ব্যবসায়ী তাদের কাছে সেলস ট্যাক্সও আদায় করেছি বিশেষ করে ব্যুরো অব ইনভেস্টিগেশন বসিয়ে, অসাধু ব্যবসায়ীদের গৃহে রেইড করেছি এবং ব্যবসা কেন্দ্রে রেইড করেছি, করে তাদের ডিক্লারেশন সিজ করেছি, বন্ড সিজ করেছি, এইভাবে সাড়ে সাত কোটি টাকা পুরানো কর আদায় করতে পেরেছি। অতএব আগের দশ কোটি আর এই সাড়ে সাত কোটি ট্যাক্স এই হল সাড়ে সতর কোটি। স্বল্প সঞ্চয়ে আমাদের প্রথমে এস্টিমেট ছিল ১৬ কোটি টাকা। মানুষের সহযোগিতা নিয়ে এবং কতকগুলি ইনসেনটিভ স্কীম করে আমরা পেয়েছি ২৮ কোটি টাকা, ১২ কোটি টাকা আমরা বেশী পেয়েছি স্বল্প সঞ্চয়ে. সেজন্য আমরা ভারতবর্ষের মধ্যে প্রথম স্থান অধিকার করেছি। এই করে তিনটি খাতে আমরা প্রায় ৩০ কোটি টাকা পেয়েছি জনসাধারণের কাছ থেকে। কেন্দ্র থেকে ট্যাক্স পেয়েছি সাড়ে পাঁচ কোটি টাকা বেশী। এই করে ৪টি খাতে ৩৫ কোটি টাকা বেশী হয়েছে। তা ছাড়া কতকগুলি খাতে আমরা কিছু কিছু টাকা পেয়েছি। এই সমস্ত মিলিয়ে আমরা ৭৫ কোটি বেশী খরচ করেছি। এবং এই বেশী খরচের ভিতর প্রধান প্রধান অঙ্ক হল—১৪ কোটি টাকার ইমার্জেন্সী প্রোগ্রাম নিয়েছিলাম যাতে এগ্রিকালচারে সেচের ব্যবস্থা করতে পারি ইরিগেশনের বন্দোবস্ত করতে পারি যাতে করে রবিশস্য আরও ফলাতে পারি. আরও পাঁচ কোটি গিয়েছে রাসায়নিক সারে, ফার্টিলাইজারে, এই করে ১৪ কোটি এবং পাঁচ কোটি প্রায় ২০ কোটি টাকা বেশী কৃষিতে খরচ করতে পেরেছি এবং সেজন্য অতিরিক্ত ব্যয়বরাদ্দের প্রস্তাব হাউসের কাছে এনেছি। তা ছাড়া আর একটা বড় খরচ করেছি, ৭ কোটি ৮৭ লক্ষ টাকা। যখন দেখলাম যে জিনিসপত্রের দাম বেড়ে যাচ্ছে জিনিসপত্রের দাম সরকারী নিয়ন্ত্রণাধীনে রাখা দরকার, আমরা তখন কতকগুলি ক্ষেত্রে ডাল, মশলা, ভোজ্য তেল, সর্ষে তেল, চিনি এই সমস্ত জিনিস রেশন সপ থেকে নিয়ন্ত্রিত মূল্যে যাতে বিক্রী করতে পারি তার জোরদার ব্যবস্থা করি এবং এইভাবে দ্রব্যমূল্য বৃদ্ধি রোধ করতে যেয়ে প্রায় আট কোটি টাকা এই খাতে খরচ করেছিলাম।

তারপরে আর একটা বড় খরচ করেছি, সেটা হচ্ছে রাস্তাঘাট নির্মাণ তাতে ব্যয়বরাদ্দ সাড়ে চার কোটি টাকা বাড়িয়ে দিয়েছিলাম। গ্রামে রাস্তা নাই, সেই জায়গায় রাস্তা এবং বাড়ি এই সমস্ত তৈরির জন্য সাড়ে চার কোটি টাকা—বাজেটে যা দিয়েছিলাম, তার চেয়ে বেশী খরচ করেছি। শিক্ষা খাতে ২ কোটি ২৬ লক্ষ টাকা আমরা বেশী খরচ করেছি। কেন? কারণ প্রাইমারী শিক্ষকদের সাত টাকা করে মাইনে বাড়িয়ে দিয়েছিলাম। আমরা কতকগুলি শিক্ষা ক্ষেত্রে অনুদান বাড়িয়ে দিয়েছি, সেই বাবত এক হাজার প্রাইমারী স্কুল মঞ্জুর করেছি, তাতে

[12-20—12-30 p.m.]

তিন হাজার প্রাইমারী শিক্ষকের কর্মসংস্থান হয়েছে। এই সমস্ত কারণে আমরা শিক্ষাখাতে ২ কোটি ২৬ লক্ষ টাকা অধিক খরচ করেছি। আমরা যে কর্মযজ্ঞ আরম্ভ করেছি তার মধ্যে কৃষি, জনস্বাস্থ্য রয়েছে। এই স্বাস্থ্য খাতে, চিকিৎসা ও জনস্বাস্থ্য খাতে অধিক টাকার ব্যয়-বরাদ্দ আনা হয়েছে। ২ কোটি ৪৪ লক্ষ টাকা চিকিৎসা ও জনস্বাস্থ্য খাতে বাড়িয়ে দিয়েছি। তিমিরবাবুর মতে এগুলি লঘু ও হালকা কাজ। চিকিৎসা ও জনস্বাস্থ্য খাতে অনেকগুলি ক্লিনিক ও স্বাস্থ্যকেন্দ্রের আমরা উদ্বোধন করেছি।

গ্রামীণ জলসরবরাহের একটা বিরাট পরিকল্পনা আমরা নিয়েছি। তা ছাড়া, আমাদের যেটা খরার জন্য, আগেই সে সম্বন্ধে বলেছি, আমরা ৩ কোটি টাকা যেখানে বরাদ্দ করেছিলাম, তা বাড়িয়ে আমরা ২০ কোটি টাকা খরচ করেছি। কাজেই সরকারের এইসব কার্যক্রম প্রমাণ করে ডিমান্ড ফর সাপ্লিমেন্টারী গ্রান্ট। তিরিবাবুকে বলবো, আমরা কিছুই করলাম না, কেবল সাপ্লিমেন্টারি বাজেটে টাকা বাড়িয়ে দিলাম! এজন্য আমরা গর্বিত যে, এত টাকা আমরা অতিরিক্ত বাড়িয়ে দিলাম। আমাদের আগে আগে যেসমস্ত সরকার ছিলেন, তাঁরা কোন কোন ক্ষেত্রে টাকা বাড়ানো তো দূরের কথা বরাদ্দ টাকা ব্যয় না করে ফেরত দিয়ে দিয়েছেন। যেমন উন্নয়ন খাতে তাঁরা টাকা খরচ করতে পারেন নি। প্রথম যুক্তফ্রন্ট সরকারের প্লান খাতে ব্ল্যাংক ছিল, তাঁরা কোন সাপ্লিমেন্টারী গ্রান্ট চান নাই। তারপরের যুক্তফ্রন্ট সরকার প্ল্যান খাতের ৬৯ কোটি টাকার বরাদ্দ টাকা থেকে ১৪ কোটি টাকা কমিয়ে দিলেন, করলেন ৫৫ কোটি টাকা। সাপ্লি-মেন্টারী গ্রান্ট তাঁরা চান নি, তাঁরা কমানোর প্রস্তাব এনেছিলেন। দ্বিতীয় যুক্তফ্রন্ট সরকারও কোন সাপ্লিমেন্টারী গ্রান্ট চান নাই, বরং যা ছিল তা কমিয়ে দেবার প্রস্তাব করেছিলেন। তারপর প্লান খাতে যে ৫৫ কোটি ধরা হয়েছিল, তাও খরচ করতে পারেন নি—১০ কোটি টাকা কম খরচ করলেন রিভাইজড বাজেটে। সাপ্লিমেন্টারী গ্রান্ট চান নি বরং সাপ্লিমেন্টারী রিডাকসান চেয়েছেন। ১৯৬৬-৬৭ সালে পি সি সেনের আমলে তাঁদের প্ল্যান খাতে ছিল ৬৭ কোটি টাকা, তা কমিয়ে করলেন ৫৩ কোটি টাকা, ১৫ কোটি কম করলেন। সুতরাং এই সরকার সাপ্লিমেন্টারী গ্রান্টের বরাদ্দ পেশ করেছেন। আমরা এই সম্পদের ব্যবস্থা করতে পেরেছি দুটো কারণে, আমরা সম্পদ সংগ্রহ করতে পেরেছি পুরানো কর থেকে এবং বেশী সম্পদ আহরণ করেছি স্মল সেভিংস স্কীমে; কেন্দ্রীয় ট্যাক্সের অংশ থেকে এবং আরো নানাভাবে আমরা সম্পদ সৃষ্টি করে ৭৫ কোটি টাকা এই উন্নয়নখাতে আমরা ব্যয় করতে পেরেছি।

মাননীয়া সদস্য শ্রীমতী গীতা মুখার্জী স্টেট ইলেকট্রিসিটি বোর্ড সম্বন্ধে একটি কথা বলেছেন, কেন স্টেট ইলেকট্রিসিটি বোর্ডকে আড়াই কোটি টাকা দেওয়া হচ্ছে। যে টাকা বরাদ্দ ছিল, এর মধ্যে যে সমস্ত টাকা খরচ হয়ে গেছে। এই গ্রান্ট হচ্ছে, এই মার্চ পর্যন্ত যে বছর শেষ হয়ে আসছে, সেই বছরের জন্য যে যে দপ্তর বেশী খরচ করেছে, বেশী উন্নয়নমূলক কাজ করেছে সেই কাজের জন্য বিধানসভায় বরাদ্দ এনে তার সমর্থন চাচ্ছি যে, আড়াই কোটি টাকা স্টেট ইলেকট্রিসিটি বোর্ডকে দেওয়া হোক। পরের বছরের কাজ করবার জন্য নয়। এই বছর যে কাজ করবার কথা ছিল, তার চেয়ে বেশী কাজ বোর্ড করেছেন এবং বরাদ্দ টাকাও খরচ হয়ে গেছে। সেই জন্য এই অতিরিক্ত টাকার জন্য আপনাদের সমর্থন চাচ্ছি।

তিনি আরও সাঁওতালদি সম্বন্ধে বলেছেন। এই বছর আমাদের প্ল্যানে ৪ কোটি ৬৭ লক্ষ টাকা আমরা বাড়িয়ে দিয়েছি। এটা সাপ্লিমেন্টারি গ্রান্টে ৭৫ কোটি টাকা এই সাঁওতালদিতে বিদ্যুৎ উৎপাদনের জন্য রয়েছে। আগমী জুন তার একটা ইউনিট চালু হবে এবং পরে ডিসেম্বর মাসে দ্বিতীয় ইউনিটটি চালু হবে। এই বিদ্যুৎ উৎপাদনের কাজটা যাতে ত্বরান্বিত হতে পারে, সেই জন্য আমরা অধিক অর্থের সংস্থান করেছি। সাঁওতালদিতে বিদ্যুৎ কাজ শুরু হলে আমরা বিদ্যুৎ সমস্যার সমাধান করতে পারবো। স্টেট ইলকট্রিসিটি বোর্ডকে বেশি টাকা দিয়েছি, কারণ আপনারা নিশ্চয় জানেন, এপ্রিল, ১৯৭২ থেকে ফেব্রুয়ারি, ১৯৭৩ এই ১১ মাস সময়ের মধ্যে ২ হাজার ২০৮টি গ্রামে বিদ্যুৎ পৌঁছে দিয়েছি। আর তার আগে স্বাধীনতার পরবর্তীকালে গত ২৫ বছরে কেবল ৩ হাজার ৩২৮ টি গ্রামে বিদ্যুৎ পৌঁছেছিল এবং এই ১১ মাসে গত ২৫ বছরে যা হয়েছিল তার দুই-তৃতীয়াংশের বেশি করেছি। তার জন্য অর্থ বরাদ্দ প্রয়োজন, সাপ্লিমেন্টারি গ্রান্ট প্রয়োজন এবং সেই জন্য চার কোটি ৬৭ লক্ষ টাকা সাঁওতালদির জন্য এই বজেটেই আমরা দিয়েছি এবং সেটা এই সাপ্লিমেন্টারি গ্রান্টের মধ্যেই রয়েছে। আমাদের এই বছরের জন্য প্ল্যানের জন্য যে টাকা ধরা ছিল ৭৩ কোটি টাকা সেটা বাড়িয়ে ৭৯ কোটি টাকা করেছি। ৬ কোটি টাকা আমরা প্ল্যান খাতেই বাড়িয়েছি। প্ল্যানের একটা টেকনিক্যাল ডেফিনেসান আছে, তার মধ্যে নন-প্ল্যানেরও ব্যাপার থাকতে পারে। কিন্তু প্ল্যান খাতে ৬ কোটি টাকা বাড়িয়েছি। সেটা এই ৭৫ কোটি টাকার ভিতরে রয়েছে। মাননীয় সদস্য শ্রীঅজিত বসু মহাশয় বলেছেন যে, এই যে সাপ্লিমেন্টারি গ্রান্ট এবং বাজেট, এর পলিসি

কি। এটা আমরা পরিষ্কারভাবে ঘোষণা করেছি যে, উন্নয়নমূলক খাতে বাড়াতে হবে, কাজ বাড়াতে হবে এবং এই খরচ গ্রামবাংলায় বেশি করে করতে হবে। সেই জন্য ৭৫ কোটি টাকা করেছি যার জন্য ২০ কোটি টাকা আমরা কৃষি ক্ষেত্রে, স্মল ইরিগেশানে আর ফার্টিলাইজারের জন্য দিয়েছি। আর গ্রামে স্টেট রিলিফের কাজে যেটা তিন কোটি টাকা ছিল সেটা ২৩ কোটি টাকা করেছি, ২০ কোটি টাকা বাড়িয়েছি। সুতরাং আমাদের যে পলিসি আমরা আগে খুব বড় করে ঘোষণা কর নি। আগে কাজ করে, তারপর পলিসি ঘোষণা করবো। আমরা যেটা কাজ করতে পেরেছি, সেটা উন্নয়নমূলক কাজে আমরা ব্যয় করতে পেরেছি ৭৫ কোটি টাকা। কৃষি ক্ষেত্রে খরচ করেছি রাস্তাঘাট এবং বাড়িতে সাড়ে চার কোটি টাকা খরচ করেছি, শিক্ষা খাতে ২ কোটি ২৬ লক্ষ টাকা খরচ করেছি, স্বাস্থ্য খাতে ২ কোটি ৪৬ লক্ষ টাকা খরচ করতে পেরেছি। সুতরাং আমাদের পলিসি পরিষ্কার। আমাদের পলিসি কৃষির উন্নয়ন, শিক্ষার উন্নয়ন, স্বাস্থ্যের উন্নয়ন এবং এই পলিসি আমরা সার্থক করতে পেরেছি জনসাধারণের সহযোগিতায়। কারণ তারা আমাদের অর্থ জুগিয়ে দিয়েছেন। আর এ বিষয়ে অনেকে অনেক রকম আলোচনা করেছেন। মাননীয় সদস্যরা যে সমস্ত গঠনমূলক প্রস্তাব রেখেছেন সেগুলো বিবেচনা করে দেখবো। কিন্তু এই আলোচনায় বলবো বরাদ্দে একমাত্র এই ১৬৯ কোটি টাকার ৯৪ কোটি টাকা যে ওয়েজ অ্যান্ড মিনস-এ ছাড়া যেটা ৭৫ কোটি টাকা এইটা বেশি খরচ করেছি উন্নয়নমূলক খাতে। এই খরচ করার জন্য আমরা লোকের উপর ট্যাক্স বসাই নি। জনসাধারণের সাহায্য করতে পেরেছি এবং সরকারের এই নীতি যেটা পূর্বে ঘোষণা করা হয়েছিল তার চেয়ে অনেক বেশি খরচ করতে পেরেছি এবং এই জন্যই সাপ্লিমেন্টারি গ্রান্ট আনতে পেরেছি। যদি আগামী বছরে এই ৭৫ কোটি টাকার বেশি সাপ্লিমেন্টারি গ্রান্ট আনতে পারি, তাও আনবো। এই কথা বলে মাননীয় সদস্যদের সাপ্লিমেন্টারি গ্রান্ট সমর্থন করার জন্য আবেদন জানাচ্ছি।

Mr. Speaker: Now the discussion is over.

I now put to vote different Demands for Grants under Supplementary Estimate for the year 1972-73.

[12-30—12-40 p.m.]

The motion of Shri Sitaram Mahato that a sum of Rs. 12,66,000 be granted for expenditure under Grant No. 3, Major Head: "10—State Excise Duties" during the current year was then put and a division taken with the following result:—

Ayes

Abdul Bari Biswas, Shri.
Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Bandopadhayay, Shri Shib Sankar.
Bandyopadhyay, Shri Sukumar.
Banerjee, Shri Mrityunjoy.
Bar, Shri Ram Krishna.
Basu, Shri Ajit Kumar (Mid.).
Bera, Shri Rabindra Nath.
Bera, Shri Sudhir Chandra.
Bhattacharya, Shri Narayan.
Biswas, Shri Ananda Mohan.
Bose, Shri Lakshmi Kanta.
Chakraborty, Shri Gautam.
Chakravarty, Shri Bhabataran.

Chatterjee, Shri Kanti Ranjan.
Chowdhary, Shri Abdul Karim.
Das, Shri Rajani.
Das, Shri Sarat Chandra.
Das, Shri Sudhir Chandra.
De, Shri Asamanja.
Deshmukh, Shri Netai.
Dutta, Shri Adya Charan.
Dutta, Shri Hemanta.
Ekramul Haque Biswas, Shri.
Ghose, Shri Sankar.
Ghosh, Shri Lalit Kumar.
Ghosh, Shri Prafulla Kanti.
Ghosh, Shri Tarun Kanti.
Ghosh Moulik, Shri Sunil Mohon.
Goswami, Shri Sambhu Narayan.
Gurung, Shri Nandalal.
Gyan Singh, Shri Sohanpal.
Hatui, Shri Ganesh.
Hemram, Shri Kamala Kanta.
Khan, Shri Gurupada.
Khan, Shri Nasiruddin.
Lakra, Shri Denis.
Mahanto, Shri Madan Mohan.
Mahato, Shri Sitaram.
Mahbubul Haque, Shri
Maiti, Shri Braja Kishore.
Maji, Shri Saktipada.
Malladeb, Shri Birendra Bijoy.
Mandal, Shri Gopal.
Mandal, Shri Nrisinha Kumar.
Mandal, Shri Probhakar.
Mazumdar, Shri Indrajit.
Md. Safiullah, Shri.
Md. Shamsuzzoha, Shri.
Misra, Shri Ahindra.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Mohammad Idris Ali, Shri.
Mondal, Shri Anil Krishna.
Mondal, Shri Khagendra Nath.
Moslehuddin Ahmed, Shri.
Mukherjee, Shri Ananda Gopal.

Mukherjee, Shri Sibdas.
Mukhopadhyaya, Shri Ajoy.
Nurunnesa Sattar, Shrimati.
Paik, Shri Bimal.
Panja, Shri Ajit Kumar.
Patra, Shri Kashinath.
Paul, Shri Bhawani.
Paul, Shri Sankar Das.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shri Ananda Gopal.
Roy, Shri Birendra Nath.
Roy, Shri Bireswar.
Roy, Shri Debendra Nath.
Roy, Shrimati Ila.
Roy, Shri Jagadananda.
Roy, Shri Krishna Pada.
Roy, Shri Madhu Sudan.
Roy, Shri Mrigendra Narayan.
Roy, Shri Santosh Kumar.
Saha, Shri Dwija Pada.
Saha, Shri Nirad Kumar.
Santra, Shri Sanatan.
Saraogi, Shri Ramkrishna.
Saren, Shrimati Amala.
Sarker, Shri Jogesh Chandra.
Sen. Dr. Anupam.
Sen, Shri Bholanath.
Shaw, Shri Sachi Nandan.
Sinha, Shri Debendra Nath.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Talukdar, Shri Rathin.
Tirkey, Shri Iswar Chandra.
Topno, Shri Antoni.

Noes

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Bharati, Shri Ananta Kumar.
Shish Mohammad, Shri.

Abstentions

Basu, Shri Ajit Kumar.
Ghosal, Shri Satya.
Karan, Shri Rabindra Nath
Khan, Nasiruddin, Shri.
Lahiri, Shri Somnath.
Mahanti, Shri Prodyot Kumar.
Mahata, Shri Thakurdas.
Mitra, Shrimati Ila.
Mukhopadhyay, Shrimati Geeta.
Ray, Shri Aswini.

The Ayes being 95, the Noes 4 and the abstentions 10, the motion was carried.

The motion of Shri Gyan Singh Sohanpal that a sum of Rs. 51,000 be granted for expenditure under Grant No. 4, Major Head: "11—Taxes on Vehicles" during the current year was then put and agreed to.

The motion of Shri Abdus Sattar that a sum of Rs. 10,83,000 be granted for expenditure under Grant No. 8, Major Head: "15—Registration Fees" during the current year was then put and agreed to.

The motion of Shri Gyan Singh Sohonpal that a sum of Rs. 12,25,000 be granted for expenditure under Grant No. 11, Major Head: "18—Parliament, State/Union Territory Legislature" during the current year, was then put and a division taken with the following result :—

Ayes

Abdul Bari Biswas, Shri.
Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Bandopadhayay, Shri Shib Sankar.
Bandyopadhyay, Shri Sukumar.
Banerjee, Shri Mrityunjoy.
Bar, Shri Ram Krishna.
Basu, Shri Ajit Kumar (Mid.).
Bera, Shri Rabindra Nath.
Bera, Shri Sudhir Chandra.
Bharati, Shri Ananta Kumar.
Bhattacharya, Shri Narayan.
Biswas, Shri Ananda Mohan.
Bose, Shri Lakshmi Kanta.
Chakraborty, Shri Gautam.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Kanti Ranjan.
Chowdhary, Shri Abdul Karim.
Das, Shri Rajani.
Das, Shri Sarat Chandra.
De, Shri Asamanja.

Deshmukh, Shri Netai.
Dutta, Shri Adya Charan.
Dutta, Shri Hemanta.
Ekramul Haque Biswas, Shri.
Ghose, Shri Sankar.
Ghosh, Shri Lalit Kumar.
Ghosh, Shri Prafulla Kanti.
Ghosh, Shri Tarun Kanti.
Ghosh Moulik, Shri Sunil Mohon.
Goswami, Shri Sambhu Narayan.
Gurung, Shri Nandalall.
Gyan Singh, Shri Sohanpal.
Hatui, Shri Ganesh.
Hemram, Shri Kamala Kanta.
Kar, Shri Sunil.
Khan, Shri Gurupada.
Lakra, Shri Denis.
Mahanto, Shri Madan Mohan.
Mahato, Shri Sitaram.
Mahbubul Haque, Shri.
Maiti, Shri Braja Kishore.
Maji, Shri Saktipada.
Malladeb, Shri Birendra Bijoy.
Mandal, Shri Gopal.
Mandal, Shri Nrisinha Kumar.
Mandal, Shri Probhakar.
Md. Safiullah, Shri.
Md. Shamsuzzoha, Shri.
Misra, Shri Ahindra.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Mohammad Idris Ali, Shri.
Mojumdar, Shri Jyotirmoy.
Mondal, Shri Anil Krishna.
Mondal, Shri Khagendra Nath.
Moslehuddin Ahmed, Shri.
Mukherjee, Shri Ananda Gopal.
Mukherjee, Shri Sibdas.
Mukhopadhyaya, Shri Ajoy.
Nurunnesa Sattar, Shrimati.
Paik, Shri Bimal.
Panja, Shri Ajit Kumar.
Patra, Shri Kashinath.

Paul, Shri Bhawani.
Paul, Shri Sankar Das.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shri Ananda Gopal.
Roy, Shri Birendra Nath.
Roy, Shri Bireswar.
Roy, Shri Debendra Nath.
Roy, Shrimati Ila.
Roy, Shri Jagadananda.
Roy, Shri Krishna Pada.
Roy, Shri Madhu Sudan.
Roy, Shri Mrigendra Narayan.
Roy, Shri Santosh Kumar.
Saha, Shri Dwija Pada.
Saha, Shri Nirad Kumar.
Santra, Shri Sanatan.
Saraogi, Shri Ramkrishna.
Saren, Shrimati Amala.
Sarker, Shri Jogesh Chandra.
Sen, Dr. Anupam.
Sen, Shri Bholanath.
Shaw, Shri Sachi Nandan.
Sinha, Shri Atish Chandra.
Sinha, Shri Debendra Nath.
Sinha, Shri Panchanan.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Talukdar, Shri Rathin.
Tirkey, Shri Iswar Chandra.
Topno, Shri Antoni.
Wilson-de Roze, Shri George Albert.

Noes

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Abstentions

Basu, Shri Ajit Kumar.
Ghosal, Shri Satya.
Karan, Shri Rabindra Nath.
Khan Nasiruddin, Shri.

Lahiri, Shri Somnath.

Mahanti, Shri Prodyot Kumar.

Mahata, Shri Thakurdas.

Mitra, Shrimati Ila.

Mukhopadhyay, Shrimati Geeta.

Roy, Shri Aswini.

The Ayes being 98, the Noes 3 and the abstentions 10, the motion was carried.

The motion of Shri Siddhartha Shankar Ray that a sum of Rs. 67,35,000 be granted for expenditure under Grant No. 12, Major Head: "19—General Administration" during the current year, was then put and a division taken with the following result:—

Abdul Bari Biswas, Shri.

Abdus Sattar, Shri.

Abedin, Dr. Zainal.

Bandopadhayay, Shri Shib Sankar.

Bandyopadhyay, Shri Sukumar.

Banerjee, Shri Mrityunjoy.

Bar, Shri Ram Krishna.

Basu, Shri Ajit Kumar (Mid.).

Bera, Shri Rabindra Nath.

Bera, Shri Sudhir Chandra.

Bharati, Shri Ananta Kumar.

Bhattacharya, Shri Narayan.

Biswas, Shri Ananda Mohan.

Bose, Shri Lakshmi Kanta.

Chakraborty, Shri Gautam.

Chakravarty, Shri Bhabataran.

Chatterjee, Shri Kanti Ranjan.

Chowdhary, Shri Abdul Karim.

Das, Shri Rajani.

Das, Shri Sarat Chandra.

Das, Shri Sudhir Chandra.

De, Shri Asamanja.

Deshmukh, Shri Netai.

Dutta, Shri Adya Charan.

Dutta, Shri Hemanta.

Ekramul Haque Biswas, Shri.

Ghose, Shri Sankar.

Ghosh, Shri Lalit Kumar.

Ghosh, Shri Prafulla Kanti.

Ghosh, Shri Tarun Kanti.

Ghosh Moulik, Shri Sunil Mohon.

Goswami, Shri Sambhu Narayan.

Gurung, Shri Nandalall.

Gyan Singh, Shri Sohanpal.

Hatui, Shri Ganesh.
Hemram, Shri Kamala Kanta.
Kar, Shri Sunil.
Khan, Shri Gurupada.
Lakra, Shri Denis.
Mahanto, Shri Madan Mohan.
Mahato, Shri Satadal.
Mahbubul Haque, Shri.
Maiti, Shri Braja Kishore.
Maji, Shri Saktipada.
Malladeb, Shri Birendra Bijoy.
Mandal, Shri Gopal.
Mandal, Shri Nrisinha Kumar.
Mandal, Shri Probhakar.
Md. Safiullah, Shri.
Md. Shamsuzzoha, Shri.
Misra, Shri Ahindra.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Mohammad Idris Ali, Shri.
Mojumdar, Shri Jyotirmoy.
Mondal, Shri Anil Krishna.
Mondal, Shri Khagendra Nath.
Moslehuddin Ahmed, Shri.
Mukherjee, Shri Ananda Gopal.
Mukherjee, Shri Sibdas.
Mukhopadhyaya, Shri Ajoy.
Nurunnesa Sattar, Shrimati.
Paik, Shri Bimal.
Panja, Shri Ajit Kumar.
Patra, Shri Kashinath.
Paul, Shri Bhawani.
Paul, Shri Sankar Das.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shri Ananda Gopal.
Roy, Shri Birendra Nath.
Roy, Shri Bireswar.
Roy, Shri Debendra Nath.
Roy, Shrimati Ila.
Roy, Shri Jagadananda.

Roy, Shri Krishna Pada.
Roy, Shri Madhu Sudan.
Roy, Shri Mrigendra Narayan.
Roy, Shri Santosh Kumar.
Saha, Shri Dwija Pada.
Saha, Shri Nirad Kumar.
Santra, Shri Sanatan.
Saraogi, Shri Ramkrishna.
Saren, Shrimati Amala.
Taren Shri Dasarathi.
Sarker, Shri Jogesh Chandra.
Sen, Dr. Anupam.
Sen, Shri Bholanath.
Shaw, Shri Sachi Nandan.
Sinha, Shri Atish Chandra.
Sinha, Shri Debendra Nath.
Sinha, Shri Panchanan.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Talukdar, Shri Rathin.
Tirkey, Shri Iswar Chandra.
Topno, Shri Antoni.
Wilson-de Roze, Shri George Albert.

Noes

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Abstentions

Basu, Shri Ajit Kumar.
Ghosal, Shri Satya.
Karan, Shri Rabindra Nath.
Khan Nasiruddin, Shri.
Lahiri, Shri Somnath.
Mahanti, Shri Prodyot Kumar.
Mahata, Shri Thakurdas.
Mitra, Shrimati Ila.
Mukhopadhyay, Shrimati Geeta.
Roy, Shri Aswini.

The Ayes being 100, the Noes 3 and the abstentions 10, the motion was carried.

[12-40—12-50 p.m.]

The motion of Shri Gyan Singh Sohanpal that a sum of Rs. 29,89,000 be granted for expenditure under Grant No. 14, Major Head: "122—Jails" during the current year, was then put and a Division taken with the following results:—

Ayes

Abdul Baris Biswas, Shri.
Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.

Bandopadhayay, Shri Shib Sankar.
Bandyopadhyay, Shri Sukumar.
Banerjee, Shri Mrityunjoy.
Bar, Shri Ram Krishna.
Basu, Shri Ajit Kumar (Mid.).
Bera, Shri Rabindra Nath.
Bera, Shri Sudhir Chandra.
Bharati, Shri Ananta Kumar.
Bhattacharya, Shri Narayan.
Biswas, Shri Ananda Mohan.
Bose, Shri Lakshmi Kanta.
Chakraborty, Shri Gautam.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Kanti Ranjan.
Chattopadhay, Shri Sukumar.
Chowdhary, Shri Abdul Karim.
Das, Shri Rajani.
Das, Shri Sarat Chandra.
Das, Shri Sudhir Chandra.
De, Shri Asamanja.
Deshmukh, Shri Netai.
Dutta, Shri Adya Charan.
Dutta, Shri Hemanta.
Ekramul Haque Biswas, Shri.
Ghose, Shri Sankar.
Ghosh, Shri Lalit Kumar.
Ghosh, Shri Prafulla Kanti.
Ghosh, Shri Tarun Kanti.
Ghosh Moulik, Shri Sunil Mohon.
Goswami, Shri Sambhu Narayan.
Gurung, Shri Nandalall.
Gyan Singh, Shri Sohanpal.
Hatui, Shri Ganesh.
Hemram, Shri Kamala Kanta.
Kar, Shri Sunil.
Khan, Shri Gurupada.
Lakra, Shri Denis.
Mahato, Shri Madan Mohan.
Mahato, Shri Satadal.
Mahbubul Haque, Shri.
Maiti, Shri Braja Kishore.
Maji, Shri Saktipada.
Malladeb, Shri Birendra Bijoy.
Mandal, Shri Gopal.
Mandal, Shri Nrisinha Kumar.
Mandal, Shri Probhakar.
Md. Safiullah, Shri.
Md. Shamsuzzoha, Shri.
Misra, Shri Ahindra.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Mohammad Idris Ali, Shri.
Mojumdar, Shri Jyotirmoy.
Mondal, Shri Anil Krishna.
Mondal, Shri Khagendra Nath.

Mukherjee, Shri Ananda Gopal.
Mukherjee, Shri Sibdas.
Mukhopadhyaya, Shri Ajoy.
Nurunnesa Sattar, Shrimati.
Paik, Shri Bimal.
Panja, Shri Ajit Kumar.
Patra, Shri Kashinath.
Paul, Shri Bhawani.
Paul, Shri Sankar Das.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shri Ananda Gopal.
Roy, Shri Birendra Nath.
Roy, Shri Bireswar.
Roy, Shri Debendra Nath.
Roy, Shrimati Ila.
Roy, Shri Jagadananda.
Roy, Shri Krishna Pada.
Roy, Shri Modhu Sudan.
Roy, Shri Mrigendra Narayan.
Roy, Shri Santosh Kumar.
Saha, Shri Dwija Pada.
Saha, Shri Nirad Kumar.
Santra, Shri Sanatan.
Saraogi, Shri Ramkrishna.
Saren, Shrimati Amala.
Saren, Shri Dasarathi.
Sarker, Shri Jogesh Chandra.
Sen, Dr. Anupam.
Sen, Shri Bholanath.
Shaw, Shri Sachi Nandan.
Sinha, Shri Atish Chandra.
Sinha, Shri Debendra Nath.
Sinha, Shri Panchanan.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Talukdar, Shri Rathin.
Tirkey, Shri Iswar Chandra.
Topno, Shri Antoni.
Wilson-de Roze, Shri George Albert.

Noes

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Abstentions

Basu, Shri Ajit Kumar.
Ghosal, Shri Satya.
Karan, Shri Rabindra Nath.
Khan, Nasiruddin, Shri
Lahiri, Shri Somnath.

Mahanti, Shri Prodyot Kumar.
Mahata, Shri Thakurdas.
Mitra, Shrimati Ila.
Mukhopadyay, Shrimati Geeta.
Roy, Shri Aswini.

The Ayes being 101, the Noes 3 and the abstentions 10, the motion was carried.

The motion of Shri Siddhartha Shankar Ray that a sum of Rs. 1,68,69,000 be granted for expenditure under Grant No. 15, Major Head: "23—Police" during the current year, was then put and a Division taken with the following results:—

Ayes

Abdul Bari Biswas, Shri.
Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Bandopadhayay, Shri Shib Sankar.
Bandopadhayay, Shri Sukumar.
Banerjee, Shri Mrityunjoy.
Bar, Shri Ram Krishna.
Basu, Shri Ajit Kumar (Mid.).
Bera, Shri Rabindra Nath.
Bera, Shri Sudhir Chandra.
Bharati, Shri Ananta Kumar.
Bhattacharya, Shri Narayan.
Biswas, Shri Ananda Mohan.
Bose, Shri Lakshmi Kanta.
Chakraborty, Shri Gautam.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Kanti Ranjan.
Chattopadhyay, Dr Sailendra.
Chowdhary, Shri Abdul Karim.
Das, Shri Rajani.
Das, Shri Sarat Chandra.
Das, Shri Sudhir Chandra.
De, Shri Asamanja.
Deshmukh, Shri Netai.
Dutta, Shri Adya Charan.
Dutta, Shri Hemanta.
Ekramul Haque Biswas, Shri.
Ghose, Shri Sankar.
Ghosh, Shri Lalit Kumar.
Ghosh, Shri Prafulla Kanti.
Ghosh, Shri Tarun Kanti.
Ghosh Moulik, Shri Sunil Mohon.
Goswami, Shri Sambhu Narayan.
Gurung, Shri Nandalall.
Gyan Singh, Shri Sohanpal.
Hatui, Shri Ganesh.
Hemram, Shri Kamala Kanta.
Kar, Shri Sunil.
Khan, Shri Gurupada.
Khan, Nasiruddin, Shri.
Lakra, Shri Denis.
Mahato, Shri Madan Mohon.
Mahato, Shri Sitaram.

Mahbubul Haque, Shri.
Maiti, Shri Braja Kishore.
Maji, Shri Saktipada.
Malladeb, Shri Birendra Bijoy.
Mandal, Shri Gopal.
Mandal, Shri Nrisinha Kumar.
Mandal, Shri Probhakar.
Md. Safiullah, Shri.
Md. Shamsuzzoha, Shri.
Misra, Shri Ahindra.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Mohammad Idris Ali, Shri.
Mojumdar, Shri Jyotirmoy.
Mondal, Shri Anil Krishna.
Mondal, Shri Khagendra Nath.
Moslehuddin Ahmed, Shri.
Mukherjee, Shri Ananda Gopal.
Mukherjee, Shri Sibdas.
Mukhopadhyaya, Shri Ajoy.
Naskar, Shri Rabindra Chandra.
Nurunnesa Sattar, Shrimati.
Paik, Shri Bimal.
Panja, Shri Ajit Kumar.
Patra, Shri Kashinath.
Paul, Shri Bhawani.
Paul, Shri Sankar Das.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shri Ananda Gopal.
Roy, Shri Birendra Nath.
Roy, Shri Bireswar.
Roy, Shri Debendra Nath.
Roy, Shrimati Ila.
Roy, Shri Jagadananda.
Roy, Shri Krishna Pada.
Roy, Shri Modhu Sudan.
Roy, Shri Mrigendra Narayan.
Roy, Shri Santosh Kumar.
Saha, Shri Dwija Pada.
Saha, Shri Nirad Kumar.
Santra, Shri Sanatan.
Saraogi, Shri Ramkrishna.
Saren, Shrimati Amala.
Saren, Shri Dasarathi.
Sarker, Shri Jogesh Chandra.
Sen, Dr. Anupam.
Sen, Shri Bholanath.
Shaw, Shri Sachi Nandan.
Sinha, Shri Atish Chandra.
Sinha, Shri Debendra Nath.
Sinha, Shri Panchanan.
Sinha Roy, Shri Bhawani Prosad.

Talukdar, Shri Rathin.
Tirkey, Shri Iswar Chandra.
Topno, Shri Antoni.
Wilson-de Roze, Shri George Albert.

Noes

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Abstentions

Basu, Shri Ajit Kumar.
Ghosal, Shri Satya.
Karan, Shri Rabindra Nath.
Lahiri, Shri Somnath.
Mahanti, Shri Prodyot Kumar.
Mahata, Shri Thakurdas.
Mitra, Shrimati Ila.
Mukhopadyay, Shrimati Geeta.
Roy, Shri Aswini.

The Ayes being 103, the Noes 3 and the abstentions 9, the motion was carried.

The motion of Shri Bholanath Sen that a sum of Rs. 4,47,000 be granted for expenditure under Grant No. 17, Major Head: "26—Miscellaneous Departments—Excluding Fire Services" during the current year, was then put and agreed to.

The motion of Shri Gyan Singh Sohanpal that a sum of Rs. 17,500 be granted for expenditure under Grant No. 18, Major Head: "27—Scientific Departments" during the current year, was then put and agreed to.

The motion of Shri Gyan Singh Sohanpal that a sum of Rs. 2,25,94,000 be granted for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" during the current year, was then put and agreed to.

The motion of Shri Gyan Singh Sohanpal that a sum of Rs. 76,27,000 be granted for expenditure under Grant No. 20, Major Head: "29—Medical" during the current year, was then put and agreed to.

The motion of Shri Gyan Singh Sohanpal that a sum of Rs. 1,67,71,000 be granted for expenditure under Grant No. 21, Major Head: "30—Public Health" during the current year, was then put and agreed to.

The motion of Shri Abdus Sattar that a sum of Rs. 20,12,26,000 be granted for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture, and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" during the current year, was then put and a division taken with the following results.

Ayes

Abdul Bari Biswas, Shri.
Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Bandopadhayay, Shri Shib Sankar.
Bandyopadhyay, Shri Sukumar.
Banerjee, Shri Mrityunjoy.

Bar, Shri Ram Krishna.
Basu, Shri Ajit Kumar (Mid.).
Bera, Shri Rabindra Nath.
Bera, Shri Sudhir Chandra.
Bharati, Shri Ananta Kumar.
Bhattacharya, Shri Narayan.
Bijali, Dr. Bhupen.
Biswas, Shri Ananda Mohan.
Bose, Shri Lakshmi Kanta.
Chakraborty, Shri Gautam.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Kanti Ranjan.
Chattopadhyaya, Dr. Sailendra.
Chowdhary, Shri Abdul Karim.
Das, Shri Rajani.
Das, Shri Sarat Chandra.
Das, Shri Sudhir Chandra.
De, Shri Asamanja.
Deshmukh, Shri Netai.
Dutta, Shri Adya Charan.
Dutta, Shri Hemanta.
Ekramul Haque Biswas, Shri.
Ghose, Shri Sankar.
Ghosh, Shri Lalit Kumar
Ghosh, Shri Prafulla Kanti.
Ghosh, Shri Tarun Kanti.
Ghosh Moulik, Shri Sunil Mohon.
Goswami, Shri Sambhu Narayan.
Gurung, Shri Nandalall.
Gyan Singh, Shri Sohanpal.
Hatui, Shri Ganesh.
Hemram, Shri Kamala Kanta.
Jana, Shri Amalesh.
Kar, Shri Sunil.
Khan, Shri Gurupada.
Khan Nasiruddin, Shri.
Lakra, Shri Denis.
Mahanto, Shri Madan Mohan.
Mahato, Shri Sitaram.
Mahbubul Haque, Shri.
Maiti, Shri Braja Kishore.
Maji, Shri Saktipada.
Malladeb, Shri Birendra Bijoy.
Mandal, Shri Gopal.
Mandal, Shri Nrisinha Kumar.
Mandal, Shri Probhakar.
Md. Safiullah, Shri.
Md. Shamsuzzoha, Shri.
Misra, Shri Ahindra.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Mohammad Idris Ali, Shri.
Mojumdar, Shri Jyotirmoy.
Mondal, Shri Anil Krishna.
Mondal, Shri Khagendra Nath

Moslehuddin Ahmed, Shri.
Mukherjee, Shri Ananda Gopal.
Mukherjee, Shri Sibdas.
Mukhopadhyaya, Shri Ajoy.
Naskar, Shri Gobinda Chandra.
Nurunnesa Sattar, Shrimati.
Paik, Shri Bimal.
Panja, Shri Ajit Kumar.
Patra, Shri Kashinath.
Paul, Shri Bhawani.
Paul, Shri Sankar Das.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shri Ananda Gopal.
Roy, Shri Bireswar.
Roy, Shri Debendra Nath.
Roy, Shrimati Ila.
Roy, Shri Jagadananda.
Roy, Shri Krishna Pada.
Roy, Shri Madhu Sudan.
Roy, Shri Mrigendra Narayan.
Roy, Shri Santosh Kumar.
Saha, Shri Dwija Pada.
Saha, Shri Nirad Kumar.
Santra, Shri Sanatan.
Saraogi, Shri Ramkrishna.
Saren, Shrimati Amala.
Saren, Shri Dasarathi.
Sarker, Shri Jogesh Chandra.
Sen, Dr. Anupam.
Sen, Shri Bholanath.
Shaw, Shri Sachi Nandan.
Sinha, Shri Atish Chandra.
Sinha, Shri Debendra Nath.
Sinha, Shri Panchanan.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Talukdar, Shri Rathin.
Tirkey, Shri Iswar Chandra.
Topno, Shri Antoni.
Wilson-de Roze, Shri George Albert.

Noes

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Abstentions

Basu Shri Ajit Kumar.
Ghosal, Shri Satya.
Karan, Shri Rabindra Nath.
Lahiri, Shri Somnath.
Mahanti, Shri Prodyot Kumar.

Mahata, Shri Thakurdas.
Mitra, Shrimati Ila.
Mukhopadyay, Shrimati Geeta.
Roy, Shri Aswini.

The Ayes being 104, the Noes 3 and the abstentions 9, the motion was carried.

The motion of Shri Tarun Kanti Ghosh that a sum of Re. 1 be granted for expenditure under Grant No. 26, Major Head: "96—Capital Outlay on Industrial and Economic Development" during the current year, was then put and agreed to.

[12-50—1 p.m.]

The motion of Shri Tarun Kanti Ghosh that a sum of Rs. 3,50,000 be granted for expenditure under Grant No. 28, Major Head: "35—Industries—Cinchona" during the current year, was then put and agreed to.

The motion of Dr. Gopal Das Nag that a sum of Rs. 71,18,000 be granted for expenditure under Grant No. 30, Major Head: "38—Labour and Employment" during the current year, was then put and agreed to.

The motion of Shri Santosh Kumar Roy that a sum of Rs. 36,31,000 be granted for expenditure under Grant No. 31, Major Head: "39—Miscellaneous Social and Developmental Organisations—Welfare of Scheduled Tribes and Castes and Other Backward Classes" during the current year, was then put and agreed to.

The motion of Shri Sankar Ghose that a sum of Rs. 7,83,000 be granted for expenditure under Grant No. 32, Major Head: "39—Miscellaneous Social and Developmental Organisations—Excluding Welfare of Scheduled Tribes and Castes and Other Backward Classes" during the current year, was then put and agreed to.

The motion of Shri Bholanath Sen that a sum of Rs. 4,55,91,000 be granted for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works" during the current year, was then put and agreed to.

The motion of Shri Gyan Singh Sohanpal that a sum of Rs. 7,43,000 be granted for expenditure under Grant No. 36, Major Head: "53—Ports and Pilotage" during the current year, was then put and agreed to.

The motion of Shri Gyan Singh Sohanpal that a sum of Rs. 15,99,000 be granted for expenditure under Grant No. 37, Major Head: "57—Road and Water Transport Schemes" during the current year, was then put and agreed to.

The motion of Shri Santosh Kumar Roy that a sum of Rs. 10,33,34,000 be granted for expenditure under Grant No. 38, Major Head: "64—Famine Relief" during the current year, was then put and agreed to.

The motion of Shri Sankar Ghosh that a sum of Rs. 16,75,000 be granted for expenditure under Grant No. 39, Major Heads: "65—Pensions and Other Retirement Benefits, and 120—Payments of Commuted Value of Pensions" during the current year, was then put and agreed to.

The motion of Shri Tarun Kanti Ghosh that a sum of Rs. 9,22,000 be granted for expenditure under Grant No. 41, Major Head: "68—Stationery and Printing" during the current year, was then put and agreed to.

The motion of Shri Sankar Ghose that a sum of Rs. 51,58,000 be granted for expenditure under Grant No. 43, Major Head: "71—Miscellaneous—Contributions" during the current year, was then put and agreed to.

The motion of Shri Bholanath Sen that a sum of Rs. 44,86,000 be granted for expenditure under Grant No. 45, Major Head: "71—Miscellaneous—Sports" during the current year; was then put and agreed to.

The motion of Shri Siddhartha Shankar Ray that a sum of Rs. 63,000 be granted for expenditure under Grant No. 46, Major Head: "71—Miscellaneous—Civil Defence" during the current year, was then put and agreed to.

The motion of Shri Santosh Kumar Roy that a sum of Rs. 35,38,000 be granted for expenditure under Grant No. 47, Major Heads: "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure, and 109—Capital Outlay on Other Works" during the current year, was then put and agreed to.

The motion of Shri Abul Barkat Atawal Ghani Khan Chaudhury that a sum of Rs. 14,09,000 be granted for expenditure under Grant No. 50, Major Head: "98—Capital Outlay on Multipurpose River Schemes—Damodar Valley Project" during the current year, was then put and agreed to.

The motion of Shri Kashi Kanta Maitra that a sum of Rs. 7,85,63,000 be granted for expenditure under Grant No. 52, Major Head: "124—Capital Outlay on Schemes of Government Trading" during the current year, was then put and agreed to.

The motion of Shri Sankar Ghose that a sum of Rs. 14,95,03,000 be granted for expenditure under Grant No. 54, Major Head: "Loans and Advances by State|Union Territory Governments" during the current year, was then put and agreed to.

Mr. Speaker: The House stands adjourned till 2-30 p.m.

(At this stage the House was adjourned till 2-30 p.m.)

(After Adjournment)

[2-30—2-40 p.m.]

Oath or Affirmation of Allegiance

Mr. Speaker: Honourable Members, any of you who has not made an Oath or Affirmation of Allegiance may kindly do so.

(There was none to take Oath)

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: I have received two notices of Calling Attention on the following subjects, viz.,

(1) Deadlock in the supply of moida to the bakeries in West Bengal from Shri Abdul Bari Biswas and Shri Sukumar Bandyopadhyay.

(2) Closure of Marwari Relief Society hospital at Raneegunge in Burdwan district—from Shri Sukumar Bandyopadhyay and Shri Abdul Bari Biswas.

I have selected the notice of Shri Abdul Bari Biswas and Shri Sukumar Bandyopadhyay on the subject of deadlock in the supply of moida to the bakeries in West Bengal.

The Hon'ble Minister-in-charge may please make a statement to-day, if possible, or give a date for the same.

Shri Gyan Singh Sohanpal: On Tuesday next.

Mention Cases

Mr. Speaker: I call upon Shri Rajani Kanta Doloi.

শ্রীপঙ্কজকুমার ব্যানার্জী: স্যার, একদল শ্রমিক বিধানসভার গেটের বাইরে রক্তাক্ত অবস্থায় দাঁড়িয়ে আছে। এটা একটা গুরুত্বপূর্ণ ব্যাপার বলে আমি মনে করি।

Mr. Speaker: Mr. Banerjee, please take your seat. You must observe the rules. You ought to have come to me and sought for my permission and then certainly I would have given you permission. However, since you are referring to a serious matter I allow you to speak. But my point is that rules must be observed.

শ্রীপঙ্কজকুমার ব্যানার্জী: স্যার, দক্ষিণ কলকাতায় জয় ইঞ্জিনীয়ারিং নামে একটা বিরাট কারখানার কর্তৃপক্ষ গত কয়েকদিন আগে জোর করে একটা অটোমেটিক মেসিন বসাবার চেষ্টা করেছিল। তাতে সেখানকার শ্রমিক কর্মচারীরা প্রতিবাদ করে অবস্থান করে। গতকাল রাত ১১ টার সময় একদল আর্মড পুলিস এই কারখানার ভেতরে ঢুকে অমানুষিকভাবে শ্রমিকদের উপর মারপিট করায় সেখানে কিছু শ্রমিক আহত হয় এবং কংগ্রেস ও সি পি আই এই উভয় দলের কিছু নেতৃস্থানীয় ব্যক্তিকে তারা জেলখানায় ধরে নিয়ে গেছে। শুধু তাই নয়, এই কারখানার চারপাশে পুলিস একটা সন্ত্রাসের সৃষ্টি করেছে এবং শ্রমিকদের ধরে ধরে জেরা করছে এবং তাদের উপর বেপরোয়া অমানষিক অত্যাচার করছে। আপনি যদি দেখতে চান, তা হলে দেখাতে পারি যে, ৪/৫ জন এখানে রক্তাক্ত অবস্থায় এসে দাঁড়িয়ে আছে। শ্রমিকরা জানে না যে, কারখানার গেটে গেলে তারা গ্রেপ্তার হবে কিনা। মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, যদি শ্রমিকরা এইভাবে আন্দোলনের পথে নামলে পুলিস লেলিয়ে দেয়া হয়, তা হলে আমরা যখন শ্রমিক শ্রেণীর কাছে কমিটেড যে, তারা আন্দোলনে নামলে আমরা তাদের কেস বিবেচনা করব এবং শ্রমিক শ্রেণীর দায়দায়িত্ব সমস্তই সরকারের উপর বর্তাবে, তখন যদি পুলিস এইভাবে অত্যাচার করে তা হলে তাদের নিয়ে আমরা আন্দোলনের দিকে নামতে বাধ্য হব। সুতরাং আপনারা পুলিস বিভাগকে ইনসট্রাকসন দিন যাতে সেখান থেকে পুলিস সরিয়ে নেয়া হয় এবং আলাপ-আলোচনার মাধ্যমে এর একটা ব্যবস্থা করা যাবে। তা যদি না করেন, তা হলে আমাদের যে গণতান্ত্রিক অধিকার সেটা আমাদের নূতনভাবে ছিনিয়ে নিতে হবে। আমরা শ্রমিক শ্রেণীর কাছে কমিটেড ছিলাম যে, তাদের সমস্ত দায়দায়িত্ব গণতান্ত্রিক পথে সমাধান করব, কিন্তু মালিকপক্ষ যদি এইভাবে পুলিসের আশ্রয় নিয়ে গণতান্ত্রিক আন্দোলনকে দমন করবার চেষ্টা করে এবং আমরা এই এয়ার কন্ডিসন হাউসে বসে সেই সমস্ত জিনিস শুধু আলোচনাই করে যাব, তা হলে সেই শ্রমিক শ্রেণী কখনও আমাদের এই জিনিস বরদাস্ত করবে না। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং বিভাগীয় মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন জানাতে চাই যে, আপনারা অবিলম্বে এই সম্বন্ধে ব্যবস্থা নিন এবং আমাদের জানান, সেখানকার খেটে খাওয়া মানুষ যারা হাতুড়ি পিটে পয়সা রোজগার করে তাদের উপর পুলিস অমানুষিক অত্যাচার করবে তার বিরুদ্ধে আপনারা কি ব্যবস্থা নিচ্ছেন।

শ্রীমতী ইলা মিত্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ঘটনা যদি সত্য হয়ে থাকে, তা হলে আপনারা অনুসন্ধান করে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করুন, এটা আমরাও বলছি।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। এখানে চীফ হুইপ, মন্ত্রিসভার দুই তিন জন সদস্য উপস্থিত আছেন। আমরা সকলে মিলে বলছি। আমরা যারা শ্রমিক ইউনিয়নে কাজ করি এদলের এবং ওদলের আমরা সকলেই এই ব্যাপারে উদ্বিগ্ন। অমরা এই সম্পর্কে মন্ত্রিসভার কাছে থেকে একটা বিবৃতি চাই। ওখানে পুলিস কারখানায় ঢুকে শ্রমিকদের পিটবে, আর এখানে রক্তাপ্লুত অবস্থায় শ্রমিকরা অপেক্ষা করবে, এই অচল অবস্থা চলতে পারে না। সেজন্য অনুরোধ করছি মুখ্যমন্ত্রী এবং অন্যান্য মন্ত্রীদের কাছে যে, এই ব্যাপারে কি ব্যবস্থা নেওয়া হবে সেটা আমাদের বলুন।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মন্ত্রিসভার কয়েকজন দায়িত্বশীল মন্ত্রী এখন এখানে আছেন। ব্যাপারটা যখন অত্যন্ত গুরুত্বপূর্ণ, এই ব্যাপারে যখন উদ্বেগের সৃষ্টি হয়েছে এবং যখন সরকার পক্ষ থেকে বারংবার শ্রমিকদের অধিকার রক্ষা করার জন্য আশ্বাস দেওয়া হচ্ছে, মুখ্যমন্ত্রী তাঁর বেতার ভাষণে, বিধানসভায় বক্তৃতায়, বিভিন্ন জনসভায় বলেছেন যে, কোন অবস্থাতে আমরা শ্রমিকদের স্বার্থ ক্ষুন্ন হতে দেব না, তখন শ্রমিকদের গণতান্ত্রিক অধিকারকে ছিনিয়ে নিয়ে পুলিস দিয়ে তাদের পেটান হচ্ছে। সেই শ্রমিকরা রক্তাক্ত দেহে বিধান-সভার বাইরে অপেক্ষা করছেন। আমাদের মন্ত্রিসভার অত্যন্ত গুরুত্বপূর্ণ দপ্তরের তিনজন দায়িত্বশীল মন্ত্রী উপস্থিত আছেন, তাঁরা এটুকু বলতে পারেন পুলিসী জুলুম বন্ধ করার জন্য, শ্রমিকদের গণতান্ত্রিক অধিকার রক্ষা করার জন্য তাঁরা তাঁদের কর্তব্য পালন করবেন।

শ্রীকৃষ্ণকুমার শুকলাঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা একটা অশুভ ইঙ্গিত। পুলিস কার নির্দেশে এইভাবে খেটে খাওয়া মানুষকে পিটিয়ে রক্তাক্ত করে বিধানসভার দরজায় বিচার প্রার্থনার পাঠিয়েছে সেটা জানা দরকার। যদি এর প্রতিকার না হয়, তা হলে সারা শ্রমিক অঞ্চলে পুলিস ঠিক এই সুযোগ নেবে। সেজন্য বারবার অনুরোধ করছি, এই ব্যাপারে মন্ত্রিসভা জানুন পুলিস এতবড় দুঃসাহস কি করে পেল কারখানার ভেতর ঢুকে শ্রমিকদের পিটিয়ে রক্তাক্ত করে বিধানসভার দরজায় পাঠিয়ে দেবার? আমরা এই সম্বন্ধে সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রিমহাশয়ের কাছ থেকে একটা আশ্বাস চাই যে, ভবিষ্যতে এই ঘটনার পুনরাবৃত্তি ঘটবে না। এই আশ্বাস না দিলে বিধানসভায় যে কাজ চলবে তার কোন গুরুত্ব থাকবে না। তাই মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন, সাধারণ মানুষকে তিনি আশ্বাস দিন যে, তাঁরা পুলিসকে লেলিয়ে দেন নি, মালিকপক্ষের ইঙ্গিতে পুলিস শ্রমিকদের পিটিয়েছে এবং স্বরাষ্ট্র বিভাগের মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব, যারা এই অন্যায় করেছে তাদের বিরুদ্ধে তিনি যেন ব্যবস্থা গ্রহণ করেন।

শ্রীশঙ্কর ঘোষঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যরা যে ঘটনার প্রতি দৃষ্টি আকর্ষণ করেছেন এটা খুব গুরুত্বপূর্ণ। আমরা এই বিষয়ে এখনই দেখছি এবং যে ব্যবস্থা অবলম্বন করা সম্ভব সেটা আমরা করব।

শ্রীরজনীকান্ত দোলুইঃ মিঃ স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি পরিবহণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে, আমরা অ্যাসেম্বলীর ফ্লোরে দাঁড়িয়ে সব এম এল এ-রা বলেছিলাম একসঙ্গে যে, কলকাতার ট্যাক্সি ড্রাইভাররা আমাদের সঙ্গে খুব খারাপ ব্যবহার করছে, তারা আমাদের সঙ্গে কোন কো-অপারেশান করে নি, সেজন্য তাদের বিরুদ্ধে অ্যাকশন নেওয়া হোক যাতে করে তারা আমাদের সঙ্গে কো-অপারেশান করে। এই স্ট্রং অ্যাকশান নেবার ফলে দেখা যাচ্ছে ট্যাক্সি ড্রাইভাররা আমাদের সঙ্গে খুব ভাল ব্যবহার করেছে।

[2-40—2-50 p.m.]

এবারে আমি ট্যাক্সি ড্রাইভারদের নিরাপত্তার কথা বলছি। আমরা খবরের কাগজে দেখেছিলাম, একজন প্যাসেঞ্জার ছুরি দেখিয়ে, রিভলভার দেখিয়ে একজন ট্যাক্সি ড্রাইভারের কাছ থেকে তার টাকা এবং ঘড়ি ছিনিয়ে নিয়েছে। কাজেই মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে পরিবহণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি, তিনি যেন অবিলম্বে এই ট্যাক্সি ড্রাইভারদের নিরাপত্তার কথা চিন্তা করেন এবং তাদের নিরাপত্তার জন্য পুলিস যাতে সজাগ দৃষ্টি দেয় তার ব্যবস্থা করেন।

ডাঃ কানাইলাল সরকারঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর এবং স্বায়ত্তশাসনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে গরম পড়ার সাথে সাথে কলকাতা শহরে জলকষ্ট আরম্ভ হয়েছে। গত বছর যে সমস্ত টিউবওয়েল বসান হয়েছিল সেগুলি প্রায়ই অকেজো হয়ে গেছে। কাজেই এই জলকষ্ট নিবারণের জন্য এখনই

যদি টিউবওয়েল বসান না হয় এবং যেসব জায়গায় টিউবওয়েল খারাপ হয়েছে সেখানে যদি লরিতে জল সরবরাহ করা না হয়, তা হলে ভয়ঙ্কর অসুবিধা হবে। আপনারা সকলেই জানেন বসন্ত রোগ আরম্ভ হয়েছে এবং এখনও শেষ হয় নি। আমার আশংকা হয় যদি পানীয় জলের ব্যবস্থা না হয়, তা হলে কলেরা মহামারীরূপে দেখা দেবে। আমি স্বাস্থ্যমন্ত্রীর কাছে অনুরোধ রাখছি যেমন বসন্তের টিকা দিচ্ছেন ঠিক তেমনি কলেরারও টিকা দেবার ব্যবস্থা করুন এবং জলের ব্যবস্থা করুন এবং এই যারা কাটা ফল বিক্রি করছে সেগুলি বন্ধ করুন।

শ্রীশৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রামবাংলার এবং আমার নির্বাচনী ক্ষেত্রের অত্যন্ত গরিব এবং অত্যান্ত দুঃস্থ মানুষের জীবনে বহুদিনের যে সমস্ত অন্যায় রয়েছে সে সম্পর্কে আপনার এবং স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টিগোচর করে কিছু বক্তব্য রাখতে চাই। স্যার, এই গরিব মানুষগুলো গ্রামের এক প্রান্তে বাস করে জীর্ণশীর্ণ গৃহে এবং তাদের জীবনে আছে শুধু দারিদ্র্য, দুঃখ এবং হতাশা। তাদের পরনে থাকে শুধু ছিন্ন বস্ত্র। এই মানুষগুলো যখন গুরুতর-ভাবে অসুস্থ হয়, তখন তাদের নিয়ে যেতে হয় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে এই আশায় যে, তাদের সেখানে চিকিৎসার ব্যবস্থা হবে এবং রোগ সেরে হাসিমুখে আবার তারা বাড়িতে ফিরবে। কিন্তু দেখছি তাদের ভাগ্যে কোন চিকিৎসা জোটে না, পরিবর্তে তাদের দেওয়া হয় একখানা কাগজ অর্থাৎ একটা প্রেসক্রিপসন। কিন্তু সেই প্রেসক্রিপসন মত ওষুধ কিনে খাবার ক্ষমতা তাদের নেই। এর ফলে রোগের যন্ত্রণায় তারা দিন কাটায় যতদিন না মৃত্যু এসে তাদের দুয়ারে পৌঁছায়। আজকে সরকারের নীতি বা ঘোষণা যাই হোক না কেন গ্রামবাংলার দুঃস্থ মানুষের জীবনে এটা চরম সত্য ঘটনা। আজকে আমরা দেখতে পাচ্ছি একটা প্রাথমিক হেল্থ সেন্টারে ৮০ হাজার টাকা বরাদ্দ করেন, রোগীদের ওষুধের জন্য ৬ হাজার টাকা বরাদ্দ করেন এবং সেখানে ৭০ হাজার রোগীকে ইনডোর অ্যান্ড আউট ডোর-এ চিকিৎসা করতে হয়। কাজেই রোগীদের প্রয়োজনীয় ওষুধ কোন হেল্থ সেন্টার দিতে পারে না। এই দুরবস্থার যাতে আশু প্রতিকার হয় তার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

শ্রীহেমন্ত দত্তঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্যার পশ্চিমবাংলায় পল্লীগ্রামে যে সমস্ত মাধ্যমিক বিদ্যালয় আছে এবং যেসমস্ত মাধ্যমিক বিদ্যালয়ে ছাত্রীরা অধ্যয়ন করে সেই সমস্ত ছাত্রীরা পঞ্চম শ্রেণী থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত তাদের বেতন ছাড় পায়। এটা শুধু পশ্চিমবাংলার পল্লীগ্রামেই ব্যবস্থা আছে, শহর অঞ্চলে এই ব্যবস্থা নাই। কিন্তু সম্প্রতি এডুকেশান ডিপার্টমেন্ট থেকে একটা সার্কুলার গিয়েছে তাতে বলা হয়েছে যে, কোন মেয়ে যদি এক ক্লাসে এক বছরের বেশী অধ্যয়ন করে অর্থাৎ যদি ফেল করে, তা হলে তার বেতন ছাড় আর সে পাবে না। কিন্তু আপনি জানেন স্যার, গ্রামাঞ্চলে মেয়েদের পড়ানোর ব্যাপারে অভিভাবকরা কোন লক্ষ্য রাখেন না, তারা কোন বই কিনে মেয়েদের দেন না বা অন্য কোন ব্যবস্থা করেন না। তারা তাদের মেয়েরা লেখাপড়া করুক এটা তারা চান না। সেই জন্য গ্রামাঞ্চলের মেয়েরা যাতে লেখাপড়া করে এবং নারীশিক্ষার অগ্রগতির জন্য সরকার গ্রামবাংলাতে পঞ্চম শ্রেণী থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত ছাত্রীদের বেতন ছাড় করেছেন। সরকার এই সুবিধা দিয়েছেন। কিন্ত তারা যদি একটু লেখাপড়ায় অনগ্রসর হয়, তারা যদি এক বছর ফেল করে, তা হলে তারা আর বেতন ছাড় পাবে না তা হলে তারা লেখাপড়া করার সুযোগ পাবে না এবং এইভাবে নারীশিক্ষার অগ্রগতি ব্যাহত হবে। স্যার, আপনি জানেন যে নীচ ক্লাসে যদি ৪০টি ছাত্র থাকে গ্রামাঞ্চলে, ক্লাস ইলেভেন পর্যন্ত ছাত্র থাকে মাত্র ৩০ জন, অনেকে বেতন দিতে পারে না এবং অন্যান্য কারণে তারা পিছিয়ে যায়। সুতরাং এই সার্কুলার যদি বজায় থাকে, তা হলে নারীশিক্ষার ভয়ানক অগ্রগতি ব্যাহত হবে। সেজন্য আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, যাতে তিনি এই সার্কুলারটা উইথড্র করে নেন। এবং এক বছর ফেল করলেও যাতে বেতন ছাড় পায় বা টিউশান ফি রেমিশান পায় তার ব্যবস্থা করবেন এবং যাতে নারীশিক্ষার অগ্রগতি ব্যাহত না হয় সেদিকে লক্ষ্য রাখবেন। এই অনুরোধ করে আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কিছুক্ষণ আগে আমার এলাকার একটি চিঠি এখানে পেলাম—আমাদের এখানে যে চিঠি ডেলিভারী দেওয়া হয় তাতে পেলাম। যদিও চিঠির তারিখ নাই, কিন্তু তাতে দেখলম যে, লিখেছে যে, আমার এলাকা থেকে জলঙ্গী ব্লকে সাহেবনগর অঞ্চলে খয়েরতলা গ্রামে ৪৩ থেকে ৫০ খানা বাড়ি হঠাৎ অগ্নিকান্ডের ফলে ভস্মীভূত হয়েছে এবং প্রচুর ক্ষতি হয়েছে এবং সেখানে এখনও কোন রকম সাহায্য যায় নি। আমি মন্ত্রিসভার সদস্যদের অনুরোধ করব যে, এই অস্বাভাবিক পরিস্থিতিতে যখন চারিদিকে মোটামুটি লোকের কাজের অভাব এবং খাদ্যের অভাব সেই সময় এইভাবে অগ্নিকান্ডের ফলে এতগুলি বাড়ি ভস্মীভূত হয়েছে। আর এলাকায় দুর্গত পরিবার যারা আছে তাদের দিকে বিশেষ নজর দেওয়ার জন্য আমি অনুরোধ করব এবং সঙ্গে সঙ্গে তাদের কাছে যাতে আশু রিলিফ পাঠান যায়, যাতে কাপড় পাঠান যায় এবং যাতে এর ফলে এপিডেমিক না হয়, তার জন্য যথাবিহিত ব্যবস্থা করতে অনুরোধ করছি এবং সেই সঙ্গে সঙ্গে খাদ্যের ব্যবস্থা, তাঁবু এবং ত্রিপল যাতে তাড়াতাড়ি পাঠান যায় তার জন্য মন্ত্রিসভার সদস্যরা বিশেষভাবে দৃষ্টি দেবেন এটাই আশা করছি।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পৃথিবীতে আমরা মানুষ নামক জাতি, এই জন্য পৃথিবীতে আমরা শ্রেষ্ঠ এবং আমাদের মানবিক বোধ আছে এবং বর্তমান সভ্য দেশে যে সমস্ত সভ্য সরকার প্রতিষ্ঠিত আছে তারা দুঃস্থ এবং দুর্গত তাদের প্রতি অতি মমত্ব এবং করুণার জন্য সেই সরকারকে সভ্য সরকার বলা হয়, সেই সরকারকে উদার সরকার বলা হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সমাজের এমন অনেক মা বোন আছেন যারা লোভে পড়ে কিংবা দারিদ্রবশতঃ অবস্থায় কিংবা অন্য কোন দুর্বৃত্তের প্ররোচনায় তারা পথভ্রষ্ট হয়ে থাকেন এবং সেই সমস্ত পথভ্রষ্ট মা এবং বোনেদের পুনর্বাসনের জন্য সরকারের পক্ষ থেকে কোন ব্যবস্থাই নাই, উপরন্তু আজকে দুঃখের কথা স্বাধীনতার ২৫ বৎসর পরেও আমাদের এই সমস্ত মা বোনদের দুঃখ এবং দারিদ্র্যের জন্য আমরাই পরোক্ষভাবে দায়ী, তা হ'লেও আমরা তাদের ঘৃণার চক্ষে দেখা ছাড়া অন্য কিছু শিখি নি। কমিউনিস্ট দেশ ছাড়া বোধ হয় অন্ততঃ পক্ষে মেয়েদের লজ্জাকর এবং গ্লানিকর জীবন যাপন করতে হয় এবং তার কোন প্রতিবিধান নাই, কিন্তু অত্যন্ত লজ্জা এবং বেদনার কথা পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে কয়েকটা ডিস্ট্রিক্ট সেলটার আছে সেগুলি মালদহ, নদীয়া, বর্ধমান এবং কলকাতার টালিগঞ্জ হোম এবং যে সমস্তগুলিতে আমাদের মা এবং বোনেদের উদ্ধার ক'রে রাখা হয়েছে সেখানে তাদের আমরা মাসিক খাওয়া খরচ দিই ৩৮ টাকা এবং চিকিৎসার জন্য প্রতি মাসে ১ টাকা দিই, সবশুদ্ধ তারা ৩৯ টাকা পান। আমি অত্যন্ত লজ্জার সঙ্গে বলছি এবং বিভিন্ন জায়গা থেকে অভিযোগ এসেছে এই সমস্ত উদ্ধার আশ্রমের কর্তৃপক্ষ সেই সমস্ত দরিদ্র মা বোনদের দারিদ্র্যের সুযোগ নিয়ে এবং যেহেতু তারা আধপেটা খেয়ে থাকে এই সুযোগ নিয়ে বিভিন্ন ধরনের বড় বড় আমলা এবং বড় বড় অফিসাররা তারা তাদের নিজেদের লালসা চরিতার্থ করবার জন্য তাদের ব্যবহার করে।

অত্যন্ত লজ্জার সঙ্গে মাননীয় অধ্যক্ষ মহাশয় বলছি যে, বিভিন্নভাবে এই সমস্ত সেন্টারে হোটেল পরিচালকরা এই সমস্ত দুঃস্থ বোনেদের দারিদ্র্যের সুযোগ নিয়ে ব্যবহার করে এবং লালসার নৈবেদ্য হিসাবে সমস্ত নরপশুরা তাদের পঙ্কিল পথে পুনরায় প্রবৃত্ত হতে বাধ্য করে। এটা অত্যন্ত লজ্জার কথা, সমাজের লজ্জার কথা, সরকারের লজ্জার কথা, আমি তাই আপনার মাধ্যমে সরকারের কাছে অনুরোধ করব, এই সমস্ত গরিব ভগ্নীরা, যে সমস্ত মায়েরা গ্লানিকর জীবন যাপন করতে বাধ্য হচ্ছে ডিস্ট্রিক্ট সেন্টারে টালিগঞ্জ হোমে, তার প্রতিকার করবার জন্য সরকার সচেষ্ট হউন এবং যে সমস্ত অফিসার তাদের লালসা চরিতার্থ করার জন্য এই সমস্ত বোনেদের ব্যবহার করছে বিভিন্ন জায়গায়, তা অবিলম্বে বন্ধ করার ব্যবস্থা করুন।

[2-50—3-00 p.m.]

Presentation of the Report of the Public Accounts Committee

Shri Deo Prakash Rai: Sir, I beg to present before the Assembly:—

(1) the Report of the Public Accounts Committee on the Appropriation and Finance Accounts for 1964-65 and 1965-66 and Audit Reports thereon; and

(2) the report of the Public Accounts Committee (1972-73) on the Action taken upon the Public Accounts Committee Report on the Appropriation and Finance Accounts for 1963-64 and Audit Report, 1965.

Sir, I would like to mention in this connection that heavy arrear work had accumulated for the Public Accounts Committee due to the dissolution of the House by Presidential Proclamations on several occasions in the past. The present Committee took up the outstanding work in right earnest and decided to examine the Accounts of the State for two years i.e., 1966-67 and 1967-68 and Audit Reports thereon as well as the resume showing actions taken on the recommendations of the Public Accounts Committee on the Accounts for 1963-64 and Audit Report, 1965. There were in all 48 sittings of the present committee and departmental examinations were completed on all items taken up.

Out of the Reports now presented, the Report on the Appropriation and Finance Accounts for 1964-65 and 1965-66 and Audit Reports thereon, was prepared by the previous committee but could not be presented earlier owing to dissolution of the House while the other Report has been prepared by the present committee. The remaining work of the present committee i.e., preparation of a Report on the Appropriation and Finance Accounts for the year 1966-67 and 1967-68 and Audit Reports thereon is in progress and the Report would be presented to the House in due course.

Legislation

Shri Sankar Ghose: Sir, I beg to introduce the West Bengal Appropriation Bill, 1973.

(Secretary then read the title of the Bill)

Shri Sankar Ghose: Sir, I beg to move that the West Bengal Appropriation Bill, 1973, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতীয় সংবিধানের ২৬৬(৩) অনুচ্ছেদ অনুসারে সংবিধানে নির্ধারিত পদ্ধতি ও উদ্দেশ্য এবং আইনগত পদ্ধতি ছাড়া রাজ্যের একীকৃত তহবিল থেকে কোন অর্থ উপযোজন করা যায় না।

২। বর্তমান অধিবেশনে ভরতীয় সংবিধানের ২০৩ অনুচ্ছেদের ব্যবস্থা অনুসারে বিধানসভা ১৯৭৩-৭৪ আর্থিক সালের জন্য অনুমিত ব্যয়ের ক্ষেত্রে কয়েকটি অনুদান মঞ্জুর করেছেন? সংবিধানে ২০৪ অনুচ্ছেদ অনুসারে আনীত এই বিলের উদ্দেশ্য হল একীকৃত তহবিলে প্রভারিত ব্যয় এবং-১৯৭৩-৭৪ সালের জন্য পশ্চিমবঙ্গ সরকারের অনুমতি ব্যয় প্রসঙ্গে বিধানসভা কর্তৃক প্রদত্ত অনুদানেব প্রয়োজন মিটানোর জন্য পশ্চিমবঙ্গের একীকৃত তহবিল থেকে অর্থ উপযোজনের ব্যবস্থা কবা। প্রভারিত ব্যয় বাবত এই বিলে অর্থের যে পরিমাণ ধরা হয়েছে সেই পরিমান ইতিপূর্বে সভার সম্মুখে উপস্থাপিত বিবৃতিতে প্রদর্শিত পরিমান অপেক্ষা বেশি নয়।

৩। সংবিধানে ব্যবস্থা আছে যে, এই অর্থের পরিমাণ কম-বেশি হতে পারে কিংবা কোন মঞ্জুর করা অনুমোদনের লক্ষ্য পরিবর্তিত হতে পারে কিংবা রাজ্যের একীকৃত তহবিলের প্রভারিত ব্যয়ে পরিমাণ কম-বেশি হতে পারে, এই বিলের এরূপ কোন সংশোধনী প্রস্তাব আনা চলবে না।

৪। প্রস্তাবিত উপযোজন বিলের বিস্তারিত বিবরণ সংশ্লিষ্ট তফসিলে পাওয়া যাবে।

উন্নয়নের উদ্দেশ্য

৫। সংবিধানে নির্দেশিত সামাজিক ও অর্থনৈতিক উদ্দেশ্যগুলি রূপায়ণের গুরুত্বপূর্ণ উপায়রূপে পরিকল্পনাকে গ্রহণ করা হয়েছে। পরিকল্পনার মৌলিক লক্ষ্য হল সাধারণ মানুষের এবং সমাজের দরিদ্রতর অংশগুলির জীবনধারণের মান দ্রুত উন্নত করা। শুধু উৎপাদন বৃদ্ধি করাই নয়, আমাদের পরিকল্পনার লক্ষ হল জাতীয় সম্পদের ন্যায়সঙ্গত বণ্টনের ব্যবস্থা করা। কেন্দ্র এবং রাজ্য—এই উভয় ক্ষেত্রে আমাদের উন্নয়নমূলক ও পরিকল্পনা সম্পর্কিত সকল উদ্যোগের উপর একটি বড় লক্ষ্য হল গ্রামাঞ্চলে ও শহর অঞ্চলে কর্মনিয়োগের অধিকতর সুযোগ সৃষ্টি করা। আমরা গণ-দারিদ্র্য, বৈষম্য ও বেকারির মোকাবিলার জন্য সংহত প্রয়াস করে চলেছি।

৬। কর্মে নিযুক্ত জনসংখ্যার মাত্র ২·২ শতাংশ রাজ্য সরকারের অফিসগুলিতে কাজ করেন। কর্মে নিযুক্ত জনসংখ্যার ৩১·৮ শতাংশ কৃষক, ২৫·৭ শতাংশ ক্ষেতমজুর এবং ৪২·৫ শতাংশ অন্যান্য কর্মে নিযুক্ত। এই অবস্থায় আমরা আমাদের জনগণের জন্য শুধু কেরাণীর কাজ এবং বুদ্ধিজীবীর কাজের ব্যবস্থা করে স্পষ্টত বেকার সমস্যার সমাধান করতে পারব না।

৭। ভারতে কর্মে নিযুক্ত জনসংখ্যার প্রায় ৭০ শতাংশ কৃষি থেকে জীবিকা অর্জন করেন। আর পশ্চিমবঙ্গে যাঁরা গ্রামে বাস করেন সেরূপ লোকের সংখ্যা শতকরা ৭৫ ভাগ। এই অবস্থায় কৃষি ব্যবস্থার নিবিড়ীকরণ ও বহুমুখীকরণ অত্যাবশ্যক। এই নিবিড়ীকরণ ও বহুমুখীকরন শুধু যে গ্রামাঞ্চলের বেকারি ও আধা-বেকারির অবসান ঘটাবে তাই নয়, খাদ্য ও কাঁচামালের সরবরাহ বাড়িয়ে দেশকে স্বয়ংভরতার দিকেও এগিয়ে নিয়ে যাবে। এ ছাড়া কৃষির উন্নয়ন ও আধুনিকীকরণের ফলে শিল্প ও ব্যবসার ক্ষেত্রে সম্প্রসারণ ঘটবে এবং ঐসব ক্ষেত্রে অধিকতর কর্মনিয়োগের সুযোগ সৃষ্টি হবে।

৮। বর্তমান সরকার যে উন্নয়ন কর্মসূচি গ্রহণ করেছেন তার লক্ষ্য হলঃ—

(ক) সেচের সুবিধা, সার, কীটনাশক ঔষধাদি, উন্নততর বীজ, গ্রামীণ বৈদ্যুতিকরণ প্রভৃতি কৃষিবিষয়ক সুযোগসুবিধা সম্প্রসারণকল্পে প্রভূত বিনিয়োগ দ্বারা কৃষির ক্ষেত্র নিবিড়ীকরণ ও বহুমুখীকরণ। এগুলির লক্ষ্য হল যেসব কৃষক কোন মতে খেয়ে-পরে বেঁচে থাকেন তাঁদের অধিকতর উৎপাদনশীল করে তোলা। এই কর্মসূচি সফল ক'রে তোলা আমাদের সুনিশ্চিত করতে হবে, কেননা, এইরূপ কর্মসূচি সফল ক'রে তুলতে না পারলে গ্রামবাংলার পরিবর্তন সাধন করা সম্ভব হবে না।

(খ) রাজ্যের অর্থনীতি আধুনিকীকরণ ও উৎপাদন বৃদ্ধির উদ্দেশ্যে পশ্চিমবঙ্গে শিল্পোন্নয়নের আবহাওয়ার উন্নয়ন। নতুন সরকার ক্ষমতায় আসার পর থেকে শিল্পোন্নয়নের আবহাওয়া যথেষ্ট উন্নত হয়েছে।

(গ) এই রাজ্যের জনগণের জন্য অধিকতর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি।

৯। উল্লিখিত উদ্দেশ্যগুলি সম্মুখে রেখে এক বৎসরের মধ্যে রাজ্য সরকার উন্নয়ন কর্মসূচিতে লগ্নীর পরিমাণ অনেক বাড়িয়েছেন। উন্নয়ন কর্মসূচিতে এই সরকার কর্তৃক ব্যয়িত অর্থের পরিমাণ পূর্ববর্তী যেকোন সরকার কর্তৃক অনুরূপ কাজে ব্যয়িত অর্থের চেয়ে অনেক বেশি। নিচের অংকগুলি থেকে এটা স্পষ্ট বোঝা যাবেঃ

পরিকল্পনা খাতে ব্যয়

(কোটি টাকার হিসাবে)

		বাজেট	সংশোধিত	প্রকৃত
১৯৬৬-৬৭	..	৬৭.৮৪	৬০.৯৪	৫৩.০৩
১৯৬৭-৬৮ (প্রথম যুক্তফ্রণ্টের সময়ে)	..	৬৯.৯৪	৫৫.৮১	৫১.০০
১৯৬৮-৬৯ (রাষ্ট্রপতির শাসনে)	..	৫৩.৭১	৫৭.৬৬	৪৫.৭৯
১৯৬৯-৭০ (দ্বিতীয় যুক্তফ্রণ্টের সময়ে)	..	৫৫.৪৪	৫৩.৬৬	৪৫.৭৯
১৯৭০-৭১ (রাষ্ট্রপতির শাসনে)	..	৫১.৩৬	৫১.৩৬	৫৪.০৮
১৯৭১-৭২ (রাষ্ট্রপতির শাসনে)	..	৬৬.৬৩	৬৭.৫৭	৬৬.৪৯
১৯৭২-৭৩	..	৭৩.৫০	৭৯.৮৯	..
১৯৭৩-৭৪	..	৯০.০০	..	..

[3-00 –3-10 p.m.]

১০। উপরে পরিকল্পনা ব্যয়ের যেসব অংক দেওয়া হল সেগুলোর বক্তব্য স্পষ্ট। ১৯৬৬-৬৭ সালে শ্রী পি সি সেনের সময়ে গোড়ায় পরিকল্পনায় লগ্নী নির্ধারিত হয়েছিল ৬৭·৮৪ কোটি টাকায়, পরে সংশোধিত হিসাবে এই পরিমাণ কমিয়া ৬০·৯৪ কোটি টাকা করা হয়েছিল। কিন্তু বাস্তবিক ক্ষেত্রে পরিকল্পনায় লগ্নী হয়েছিল আরো কম অর্থাৎ মাত্র ৫৩;০৩ কোটি টাকা। সুতরাং এ ক্ষেত্রে এক বৎসরের মধ্যে মূল বাজেট বরাদ্দ ও প্রকৃত ব্যয়ের মধ্যে ১৪·৮১ কোটি টাকা কম ব্যয় হয়েছিল

১১। মার্কসিস্ট কমিউনিস্ট পার্টি প্রভাবিত প্রথম যুক্তফ্রণ্টের আমলে ১৯৬৭-৬৮ সালে আমরা দেখি যে, যদিও গোড়ায় পরিকল্পনার লগ্নী ৬৯·৯৪ কোটি টাকা ধরা হয়েছিল, সংশোধিত হিসাবে এই পরিমাণ কমিয়ে ৫৫·৮১ কোটি টাকা করা হয়েছিল। ১৯৬৭-৬৮ সালে পরিকল্পনার প্রকৃত ব্যয় আরো কম অর্থাৎ ৫১ কোটি টাকা হয়েছিল। সুতরাং মাত্র এক বৎসরে পরিকল্পনা ব্যয় ১৮·৯৪ কোটি টাকা কম হয়েছিল।

১২। ১৯৬৯-৭০ সালে দ্বিতীয় যুক্তফ্রণ্টের সময়ে বাজেট বরাদ্দে মূল পরিকল্পনা বিনিয়োগের পরিমাণ ৫৫·৪৪ কোটি টাকা নির্ধারিত হলেও সংশোধিত হিসাবে এর পরিমাণ কমিয়ে ৫৩·৬৬ কোটি টাকা করা হয়েছিল। কিন্তু প্রকৃত ব্যয় হয়েছিল অনেক কম, ৪৫:৬৫ কোটি টাকা কম ব্যয় হয়েছিল।

বৃহত্তর বার্ষিক পরিকল্পনা

১৩। এই সরকার ১৯৭২-৭৩ সালের সংশোধিত বরাদ্দে পরিকল্পনার বিনিয়োগ ৭৩:৫০ কোটি টাকা থেকে বাড়িয়ে ৭৯·৮৯ কোটি টাকা করেছেন। ১৯৭৩-৭৪ সালের বাজেটে পরিকল্পনা বিনিয়োগের পরিমাণ এই সরকার কর্তৃক আরো বাড়িয়ে ৯০ কোটি টাকা ধরা হয়েছে। ১৯৭২-৭৩ ও ১৯৭৩-৭৪ সালের বাজেটে প্রদর্শিত [illegible] থেকে এ কথাও স্পষ্ট বোঝা যাবে যে, এই সরকারের প্রাথমিক লক্ষ্য হল জনগণের দরিদ্রতর শ্রেণীগুলির অবস্থা উন্নততর করা।

১৪। ১৯৭৩-৭৪ সালে, কলকাতা পাতাল রেল প্রকল্প ব্যতীত, পরিকল্পনা পরিকল্পসমূহ সি এম ডি এ পরিকল্পসমূহ বাবত উন্নয়ন প্রকল্পে মোট বিনিয়োগের পরিমাণ হবে ১৬৭ কোটি টাকার মত। বিভিন্ন ক্ষেত্রে উন্নয়ন পরিকল্পসমূহে এই বিপুল পরিমাণ বিনিয়োগের ফলে উৎপাদন এবং কর্মে বিনিয়োগের সুযোগ উভয়ই বাড়বে।

উন্নয়নের বিপুল ব্যয়

১৫। সম্প্রতি কয়েক বছরে পরিকল্পনা পরিকল্পসমূহ, কেন্দ্র-প্রবর্তিত পরিকল্পসমূহ, কেন্দ্রীয় ক্ষেত্রের পরিকল্পসমূহ ও অন্যান্য উন্নয়ন পরিকল্পসমূহে ব্যয়ের নির্দেশক একটি তালিকা নিচে দেওয়া হলঃ

(কোটি টাকার হিসাবে)

	মোট
প্রকৃত—	
১৯৬৭-৬৮	৫৬
১৯৬৮-৬৯	৬৪
১৯৬৯-৭০	৫১
১৯৭০-৭১	৫৯
১৯৭১-৭২	৭৮
মোট ..	৩০৮
সংশোধিত—	
১৯৭২-৭৩	১৬১
বাজেট—	
১৯৭৩-৭৪	১৬৭
মোট ..	৩২৮

১৬। উপরের সংখ্যাগুলি থেকে বোঝা যাবে যে, ১৯৬৭-৬৮ থেকে ১৯৭১-৭২ পর্যন্ত পাঁচ বছরে যেক্ষেত্রে পশ্চিমবঙ্গে উন্নয়ন পরিকল্পগুলিতে মোট ব্যয় হয়েছিল ৩০৮ কোটি টাকা, সেক্ষেত্রে কেবলমাত্র ১৯৭২-৭৩ এবং ১৯৭৩-৭৪ সালে উন্নয়ন পরিকল্পগুলিতে মোট ব্যয় হবে ৩২৮ কোটি টাকা। বর্তমান সরকার দু বৎসরে এমন একটি উন্নয়ন কর্মসূচি গ্রহণ করেছেন যা পূর্ববর্তী পাঁচ বৎসরের সামগ্রিক কর্মসূচি থেকেও বৃহত্তর।

জাতিগঠনমূলক কাজে অধিকতর বিনিয়োগ

১৭। পূর্ববর্তী কয়েক বছরের সংগে তুলনা করে ১৯৭৩-৭৪-এ জাতিগঠনমূলক কাজে নির্দিষ্ট বরাদ্দের একটি তালিকা নিচে দেওয়া হলঃ

(কোটি টাকার হিসাবে)

	প্রকৃত ১৯৬৭-৬৮ (প্রথম যুক্ত-ফ্রণ্ট আমল)	প্রকৃত ১৯৬৯-৭০ (দ্বিতীয় যুক্ত-ফ্রণ্ট আমল)	প্রকৃত ১৯৭১-৭২	বাজেট বরাদ্দ ১৯৭৩-৭৪
(১) কৃষি	১৭.৭১	১৭.৫০	২০.৩৮	২৬.৫০
(২) বিবিধার্থক নদী পরিকল্প, সেচ, নৌ-পরিবহণ প্রভৃতি (ডি ভি সি সহ)।	১৮.৪১	২১.৯৬	৩২.৫৯	৪০.৮৬
(৩) পশুপালন, মৎস্য চাষ, ডেয়ারি ও দুগ্ধ সরবরাহ।	১০.৫২	১২.১৭	১২.৫৪	২০ ৯০
(৪) শিক্ষা	৪৬.৭৪	৫৯.৫৩	৭৬ ৩৬	৮৮.০২
(৫) স্বাস্থ্য	২৬.৩৮	৩০.৯৬	৩৫.৮৬	৪৭ ০১
(৬) বিদ্যুৎ (রাজ্য পরিকল্পনা)।	৮.৯৪	১১.৩৩	১৪.৮০	১৯.৮৫

[3-10—3-20 p.m.]

১৮। উপরোক্ত সংখ্যাগুলি থেকে দেখা যাবে যে, এই সরকার উন্নয়নের যে পদ্ধতি অনুসরণ করছেন তাতে কৃষি, গ্রামীণ বিদ্যুৎ সরবরাহ, শিক্ষা ও স্বাস্থ্য পরিকল্পগুলি এবং যেখানে আমাদের জনগণের বিরাট অংশ বাস করেন, সেই গ্রামাঞ্চলে সমৃদ্ধি আনবে যেসব পরিকল্প তার উপর সর্বাধিক গুরুত্ব দিচ্ছেন।

১৯৭৩-৭৪-এ অতিরিক্ত সম্পদ সংগ্রহের ব্যবস্থা

১৯। ১৯৭৩-এর মার্চে আমরা বিধানসভার বিবেচনার জন্য দুটি বিল উত্থাপিত করেছিলাম। এতে ওয়েস্ট বেঙ্গল ট্যাক্সেসন লজ (অ্যামেন্ডমেন্ট) অ্যাক্ট, ১৯৭১, এবং ওয়েস্ট বেঙ্গল ডিউটি অন ইন্টারস্টেট রিভার ভ্যালি অথরিটি ইলেকট্রিসিটি (রি-এনাক্টিং) অ্যাক্ট, ১৯৭২ নামে দুটি রাষ্ট্রপতির আইনকে নবজীবন দিতে চাওয়া হয়েছে। ১৯৭১-এ ভারতে চলে আসা বাস্তুত্যাগীদের সম্পর্কিত ব্যয় আংশিক পূরণের জন্য ভারত সরকারের উদ্যোগে ওয়েস্ট বেঙ্গল ট্যাক্সেসান (অ্যামেন্ডমেন্ট) অ্যাক্ট, ১৯৭১, অনুসারে অর্থ সংগ্রহ করা হচ্ছিল এবং সেই অর্থ ভারত সরকারের তহবিলে জমা হচ্ছিল। ওয়েস্ট বেঙ্গল ট্যাক্সেসন লজ (অ্যামেন্ডমেন্ট) এ্যাক্ট, ১৯৭৩, বিধানসভা কর্তৃক ১৯৭৩-এর মার্চে পাস করা হয়েছে; এই আইনে অর্থ সংগ্রহ অব্যাহত রাখা হয়েছে এবং পূর্বের ন্যায় আমরাই এই অর্থ সংগ্রহ করব, কিন্তু এখন এই অর্থ উন্নয়নের উদ্দেশ্যে রাজ্য সরকারের তহবিলে জমা হবে।

২০। আমাদের উন্নয়ন পরিকল্পনাগুলির অর্থ সংস্থানের জন্য আমাদের সম্পদের প্রয়োজন। তদনুসারে এ পর্যন্ত উক্ত রাষ্ট্রপতির আইন দুটি অনুসারে সংগৃহীত অর্থ আদায় অব্যাহত রাখতে আমরা আইনগত ব্যবস্থা গ্রহণ করেছি। ওয়েস্ট বেঙ্গল ট্যাক্সেসন লজ (অ্যামেন্ডমেন্ট) অ্যাক্ট, ১৯৭৩ এবং ওয়েস্ট বেঙ্গল ডিউটি অন ইন্টারস্টেট রিভার ভ্যালি অথরিটি ইলেকট্রিসিটি অ্যাক্ট, ১৯৭৩, অনুসারে বছরে যথাক্রমে ২২৫ লক্ষ এবং ৪০ লক্ষ টাকা আদায় হওয়ার সম্ভাবনা। এইরূপে সংগৃহীত অর্থ উন্নয়নের উদ্দেশ্যে ব্যয়িত হবে।

২১। মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে, চলতি বছরে বর্তমান সরকার কর আদায়ের যেসব ব্যবস্থা প্রবর্তন করেছেন তাতে এক বছরে প্রায় ১০ কোটি টাকা আদায় হবে। কর আদায়ের এই সাহসিকতাপূর্ণ ব্যবস্থা গ্রহণের সময় সরকার বিশেষ যত্নের সঙ্গে নজর রেখেছেন যাতে গরিবের উপর বোঝাটা না পড়ে। উন্নয়নের ব্যয় বাড়াবার জন্য অতিরিক্ত সম্পদ সংগ্রহের এই ব্যবস্থার প্রয়োজন ছিল। ১৯৭২-৭৩-এর কর ব্যবস্থায় আমরা ১০ কোটি টাকা পাব এবং উপরে যে অন্য দুটি বিলের উল্লেখ করা হল তার থেকে পাব ২·৬৫ কোটি টাকা; অর্থাৎ ১৯৭৩-৭৪-এ উন্নয়নের উদ্দেশ্যে আমরা মোট ১২·৬৫ কোটি টাকা পাব।

জনগণের বাজেট

২২। উল্লিখিত করব্যবস্থায় ১৯৭২-৭৩-এ ১০ কোটি টাকা এবং ১৯৭৩-৭৪-এ ২·৬৫ কোটি টাকা আদায় করা ছাড়াও বর্তমান সরকার ১৯৭২-৭৩-এ স্বল্প সঞ্চয়ের আদায়ে নিজ অংশ থেকে অতিরিক্ত ১২ কোটি টাকা এবং চলতি করগুলি থেকে অতিরিক্ত ৭·৫ কোটি টাকা আদায় করতে সক্ষম হয়েছেন। কর আদায় ব্যবস্থা জোরদার করার ফলেই এই কাজ সম্ভব হয়েছে। ১৯·৫ কোটি টাকার এই অতিরিক্ত সম্পদ ১৯৭২-৭৩-এ পরিকল্পনায় বিনিয়োগের ৭৩·৫ কোটি টাকার মূল অঙ্ককে বাড়িয়ে ৭৯·৮৯ কোটি টাকা করতে এবং ১৯৭৩-৭৪-এ পরিকল্পনার আকার ৯০ কোটি টাকায় বৃদ্ধি করতে ব্যয়িত হবে। কর ফাঁকি রোধের জন্য সরকার সাহসিকতাপূর্ণ ও দৃঢ়সংকল্পপূর্ণ ব্যবস্থা গ্রহণ করেছেন এবং স্বল্প সঞ্চয় পরিকল্পনাগুলিতে জনগণের অধিকতর জমার মাধ্যমে তাঁদের সহযোগিতালাভে সক্ষম হয়েছেন। অধিকতর অর্থ সংগ্রহে জনগণের সহযোগিতার ফলে সরকার বাৎসরিক পরিকল্পনার আকার বৃদ্ধি করতে সমর্থ হয়েছেন।

মহাশয়, এই ক'টি কথা বলে এই সভা কর্তৃক গ্রহণের জন্য আমার প্রস্তাবটি আমি পেশ করছি।

শ্রীশীশ মহম্মদঃ মাননীয় স্পীকার মহাশয়, আজকে অ্যাপ্রোপ্রিয়েসান বিলের উপর আলোচনা করতে উঠে আপনার মাধ্যমে দু-একটা কথা বলতে চাই। স্যার, কোন ভদ্রলোক কারুর কাছে যদি টাকা চায়, তা হলে সেই ভদ্রলোক যাঁর কাছে টাকা চাইছেন তাঁর কাজ হবে যিনি টাকা চাইছেন তিনি কেমন লোক সেটা জানা। তিনি চোর না জোচ্চোর, অকর্মণ্য, অপদার্থ না কাজের লোক সেটা জেনে তবেই টাকা মঞ্জুর করা দরকার। আমাদের কাছে স্যার, পশ্চিমবঙ্গ সরকার দুটি অ্যাপ্রোপ্রিয়েসান বিলের মাধ্যমে টাকা চেয়েছেন। একটাতে ৬২৯ কোটি ২১ লক্ষ ৩৮ হাজার টাকা আর একটাতে ১৬৯ কোটি ২৩ লক্ষ ৪৮ হাজার ২০০ টাকা। স্যার, আমরা দেখেছি বর্তমান কংগ্রেস সরকার পুঁজিপতিদের পাহারাদার। এরা একেবারে সমাজতন্ত্রের নির্ভেজাল সান্ত্রী হয়ে দাঁড়িয়েছে। স্যার, দেখুন কি চলছে—চালে, ডালে তেলে, ওষুধে ভেজাল চলছে। আরো একটা জায়গায় ভেজাল চলছে স্যার, এদের মগজেও ভেজাল চলছে। কেন মগজে ভেজাল ঢুকেছে সেটা বলছি। আমাদের তিমিরবাবু যখন বক্তব্য রাখছিলেন, সদস্যরা যদি কটূক্তি করেন আপত্তি নেই, সেই সময় যিনি একজন দায়িত্বপূর্ণ পদে আছেন, মন্ত্রীর আসনে বসে আছেন তিনি এক রকম টিকটিকির মত শব্দ করেছিলেন, যা আমরা চিন্তাও করতে পারি না। আরো তো মন্ত্রীরা রয়েছেন। কাজেই স্যার, এই যে অ্যাপ্রোপ্রিয়েসান বিল এসেছে এটা যে মিস-অ্যাপ্রোপ্রিয়েসান হয়েছে এতে আমাদের কোন সন্দেহ নেই। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে নিশ্চয় এ আবেদন রাখব। আমরা দেখেছিলাম ১৯৩৫ সালে ভারত শাসন আইন অনুসারে যখন প্রথম মন্ত্রিসভা গঠিত হয়েছিল তখন মাত্র ১৩ জন মন্ত্রী পশ্চিমবঙ্গের শাসনভার গ্রহণ করেছিলেন এবং তাঁরা

আইনও পাস করেছিলেন। তারপর ডঃ বিধানচন্দ্র রায়ের আমলে দেখলাম ১৮ জন হল, তারপর আস্তে আস্তে ৩৫ জন হয়ে কামরাজ পারকল্পনায় ছাঁটাই হল। আবার দেখতে পাচ্ছি এমন জঞ্জাল উপাস্থত হয়েছে এই গদি ও দলকে ঠিক রাখার জন্য যে একেবারে ২৮ জন মন্ত্রী হয়ে গেল। কতকগুলি ডেপুটি ও স্টেট মিনিস্টার নিয়ে এসে হাজির করেছেন। তাঁদের কতদূর যোগ্যতা যে আর এস পি-কে কটাক্ষ করে বলেছেন, আমরা আমাদের সদস্যপদের যোগ্যতা হারিয়ে ফেলেছি। আমি কি প্রশ্ন করতে পারি, আমরা যদি যোগ্যতা হারিয়ে ফেলে থাকি তা হলে তার যোগ্যতা কোথায়? সুব্রতবাবু বললেন, আমরা যোগ্যতা হারিয়ে ফেলেছি, তাঁর যোগ্যতা কোথায়? তারপর যখন তিমিরবাবু বললেন, আমার বয়সের লোক, তখন তিমিরবাবুকে তিনি বললেন, আমি আপনার পুত্রের বয়সের মত। কাজেই পিতা-পুত্র হিসাবে ধরে নিতে পারি। তা হলে পুত্রের কাছ থেকে পিতা এখনকার দিনে কি এরকম ব্যবহার পাবেন যা উনি করেছেন? তারপর উনি একটা উদাহরণ দিয়ে বললেন, তিমিরবাবু কোন দোকানে সওদা খেয়ে চুপ করে দাঁড়িয়ে থাকেন এবং কেউ ছাতা নিয়ে গেলে তাকে আড়াল করে চলে যান। স্যার, এই প্রসঙ্গে আমার একটি গল্প মনে পড়ে গেল। দুটি বোন শিবরাত্রির উপবাস করে সকালবেলা গঙ্গাস্নান করতে গিয়েছিল। গঙ্গাস্নান করে ঠাকুরের কাছে চাল, কলা, ধুপ ইত্যাদি পূজার সামগ্রী নিয়ে উপস্থিত হবে। ছোট বোন গঙ্গার জলে স্নান করে উপরে উঠে দাঁড়িয়ে আছে, বড় বোন স্নান করছে, ডুব দিচ্ছে, একটু দেরি হচ্ছে। ছোট বোন বলছে, দিদি তুমি কি করছিলে আমি সব জানতে পেরেছি। দিদি উঠে বলছে, কি করে জানলি তুই আমি যে করি? আমার মনে হয় সুব্রতবাবু ছাতার আড়াল দিয়ে প্রায়ই বোধ হয় ধার খেয়ে পালিয়ে যান যার জন্য তিমিরবাবুকে কটাক্ষপাত করেছেন। মাননীয় স্পীকার মহাশয়, আমি এবারে আমার মূল বক্তব্যের মধ্যে আসছি।

[3-20—3-30 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিশেষ কিছু বলব না, কয়েকটি বিষয় ধরে নিয়ে এই অ্যাপ্রোপ্রিয়েসান বিলকে আলোচনা করতে চাচ্ছি। প্রথমে আমি শিক্ষা বিষয়ে বলছি। শিক্ষা খাতে যে ব্যয়বরাদ্দ দাবি করা হয়েছে তাতে আমরা দেখেছি যে, ৮৭ কোটি ৩৮ লক্ষ ৯১ হাজার টাকা অর্থাৎ আগের থেকে বেড়েছে। বঙ্কিমচন্দ্রের ভাষায় যদি বলা যায়, তা হলে এই কথা বলতে হয় "আজকে গ্রামে গ্রামে খুব বাতি জ্বলছে, খুব শিক্ষার বিস্তার হয়েছে।" টাকার পরিমাণ বাড়ান হয়েছে, কিন্তু এটা কাদের জন্য? আজকে আমরা দেখছি যে, নূতন সার্কুলার পাঠিয়েছেন আমাদের শিক্ষামন্ত্রী মহাশয়, আমি সেই প্রসঙ্গে পরে আসছি, প্রথমে প্রাইমারী ক্ষেত্রে দুর্নীতির কথা তুলে ধরছি। প্রাইমারী শিক্ষকেরা দিন কয়েক আগে মিছিল করে এসেছিলেন। আবার তাঁদের দেখতে পাবেন তাদের মাইনে ঠিকমত পাবার জন্য। তাঁদের আসার পর মাথায় বজ্রাঘাত পড়েছিল। তাই টেলিফোন করে রাইটার্স বিল্ডিংস-এ জানিয়ে দেওয়া হল যে, প্রাইমারী শিক্ষকদের টাকা দাও। ডিসেম্বর মাস পর্যন্ত ক্লিয়ার হল, কিন্তু ফেব্রুয়ারি ক্লিয়ার হল না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে শিক্ষাক্ষেত্রে কি অরাজকতা চলেছে, শিক্ষাক্ষেত্রে কি দলবাজী চলেছে আপনার মাধ্যমে সেই সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। প্রথমে শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে যে প্রশ্ন রেখেছিলাম সময়ের জন্য সেই প্রশ্নের সাপ্লিমেন্টারি করতে পারি নি, উত্তর টেবিলে পড়ে রয়েছে। যে সমস্ত অর্গানাইজড শিক্ষক সুদীর্ঘ কয়েক বৎসর থেকে গ্রামবাংলায় নিজেদের টাকা খরচ করে, চাঁদা তুলে নিজেদের বাবার কাছ থেকে নিয়ে স্কুল তৈরি করেছিলেন তাঁরা বহু আশা করেছিলেন যে, হয়তো তাদের চাকরি হবে, এই বেকারি হটাও যুগে চাকরি হবে। এরা বেকারদের কথা বলে, এরা বেকারি হটাবো বলে, বেকারের কথা বললে সরকারের দুই চোখের জল বের হয়। কিন্তু দেখা যাচ্ছে যে, এই প্রাইমারী শিক্ষকদের নিয়ে ছিনিমিনি খেলা শুরু হয়ে গেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে জয়নাল আবেদিন সাহেব একটি কথা বলেছেন। আমার বক্তব্য রেখে আমি সেই দিকে একটু যাচ্ছি। উনি একটা কথা বলেছেন, যেহেতু কেউ চুরি করেছিল অতএব তিনিও চুরি করবেন। যেহেতু সেই যুগে মার্ডার হয়েছিল, সেহেতু এই যুগে মার্ডার হলেও সমর্থনযোগ্য।

তাই যদি হয়, তা হলে মাননীয় মন্ত্রিমহাশয় একথা স্টেটমেন্ট-এ জানিয়ে দেবেন যে, যুগে মার্ডার হয়েছিল, অতএব আমাদের যুগে মার্ডার হলে এটা আমরা সমর্থন করি। মাননীয় মন্ত্রিমহাশয়দের যুক্তফ্রন্টের কথা, জ্যোতিবাবুর কথা, লাল পতাকার কথা স্বীকার করতে এত কষ্ট কেন হচ্ছে, জ্যোতিবাবু কি জনসাধারণের নেতা হয়? লাল পতাকা দেখে আপনাদের খুব ভয় লাগে। তাই, রাস্তা দিয়ে যখন হেঁটে আসেন মানুষ মার্ডার হয়ে পড়ে আছে তার তদন্ত না করে চলে আসেন, সেটা ভাবেন লাল পতাকা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা কথা জিজ্ঞাসা করতে চাই, এরা লাল পতাকা দেখে ভয় পায়, কিন্তু বাড়িতে স্ত্রীর সিঁথির লাল সিন্দুর দেখে এরা বাড়িতে থাকেন না, বাড়ি ছেড়ে চলে যান? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আবার আমার বক্তব্যে ফিরে যাচ্ছি। আমি কয়েকটি উদাহরণ দিচ্ছি, মুর্শিদাবাদ ডিস্ট্রিক্টে এর পূর্বে ডি আই ছিলেন বি আর ব্যানার্জি। তার সময়ে, তার যুগে তার কাছে অ্যাসিস্ট্যান্ট ইন্সপেক্টার তদন্ত করে রিপোর্ট দিয়েছিলেন। প্রাইমারী স্কুলগুলিতে যে পোস্ট আছে তার রিপোর্ট দেওয়া আছে। কিন্তু সে অ্যাডভাইসরি কমিটি কি অ্যাডভাইসরি কমিটি হয়েছে, তাতে দেখা গেছে যে, সেই ইন্সপেক্টার রিপোর্ট দিলেন কাকে অ্যাপয়েন্টমেন্ট দিতে হবে না হবে। তার বিচার না করে দেখা গেল যে, অ্যাডভাইসরি কমিটির মুর্শিদাবাদ জেলার ভাইস-চেয়ারম্যান নিজে লিস্ট দাখিল করে প্রাইমারী মাস্টার অ্যাপয়েন্টমেন্ট দিলেন।

বাদ পড়ল কারা? যারা ৫।৬ বছর ধরে শিক্ষকতা করছে তারা। প্রাইমারী অর্গানাইজড আপনার মাধ্যমে বলছি যে, মুর্শিদাবাদ জেলার কামালপুর প্রাইমারী স্কুলে প্রাইমারী অর্গানাইজড টিচার, সানোয়ার হোসেনকে বাদ দেওয়া হয়েছে। শোভাপুর প্রাইমারী স্কুলে সাজ্জাদ আলিকে না নিয়ে নিউ হ্যান্ড নেওয়া হয়েছে। এখানে এডুকেসান মিনিস্টার নেই, যাঁর কাছে এই বক্তব্য রাখবো। তারপর কামারপাড়া প্রাইমারী স্কুলের ফণী সিংহ মহাশয়কে বাদ দেওয়া হয়েছে এবং নিউ হ্যান্ড নেওয়া হয়েছে। অজাদনগর প্রাইমারী স্কুলের হুমায়ুন রিজাকে বাদ দেওয়া হয়েছে এবং তার জায়গায় নতুন শিক্ষক নেওয়া হয়েছে। লক্ষীপুর প্রাইমারী স্কুলের দীনেশ চৌধুরীকে বাদ দিয়ে নিউ হ্যান্ড নেওয়া হয়েছে। নোয়াপাড়া প্রাইমারী স্কুলে অন্য একজনকে নেওয়া হয়েছে। যে স্কুল অর্গানাইজড করল না, সেই রকম একজন লোককে নেওয়া হয়েছে। দেবকুণ্ড স্কুল, বেলডাঙ্গা, সেখানকার শিক্ষক ছিলেন রেজাউল, সেই রেজাউলকে বাদ দিয়ে নিউ হ্যান্ড নেওয়া হয়েছে। ছুতোরপাড়া স্কুলেও দেখা গেছে নতুন লোক নেওয়া হয়েছে এবং প্রকৃত অর্গানাইজড টিচারস যারা তাদেরকে বাদ দেওয়া হয়েছে। বাঁকুড়া ডিস্ট্রিক্টে দেখা গেছে, চন্দ্র আদিবাসী প্রাইমারী স্কুলে বিগত ৫ বছর আগে যে তৈরি করল শ্রীবিমলচন্দ্র সর্দার, তাকে বাদ দিয়ে নিউ হ্যান্ড নেওয়া হয়েছে। নর্থ নয়াবাহাদুর প্রাইমারী স্কুল সম্বন্ধে বলছি, শুনতে একটু কষ্ট লাগবে, সেই স্কুলের শিক্ষক প্রবীর রায়কে বাদ দিয়ে সন্ধ্যা দেবীকে নেওয়া হয়েছে এবং তার বিয়ে হয়ে গেছে এবং সে ভাগলপুরে তার শ্বশুরবাড়িতে চলে গিয়েছে। শোনাপুর প্রাইমারী স্কুলের হেড টিচার শুধাংশু দাসকে বাদ দেওয়া হয়েছে এবং সেখানে নতুন লোক নেওয়া হয়েছে। আপনাদের যে রূপটা খুলে দিলাম সেটা দেখুন। আপনাদের আর একটি সুন্দর দৃষ্টিভঙ্গির কথা বলছি। বেলডাঙ্গার কামনগর তিলি পাড়ার প্রাইমারী স্কুলে যে ব্যক্তি সংগঠন করেছিলেন তাকে বাদ দিয়ে ওখানকার অঞ্চল পঞ্চায়েতের একজন মেম্বার, কংগ্রেস পার্টির একজন ইমপর্টান্ট মেম্বার, কোয়াক ডাক্তার, ফার্মাসিস্ট, যার ১০০ বিঘা জমি আছে এবং যার বয়স ৫৩ বছর এই রকম একজন ব্যক্তিকে ঐ স্কুলের টিচার হিসাবে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে। আপনারা এই বিষয়ে অ্যাডভাইসরি কমিটি করেছেন, ভালভাবে কাজ করুন আপত্তি নেই। কিন্তু যাদের প্যানেলিটি আছে তাদের সেই অনুসারে করুন। মানবিকতার দিকে লক্ষ্য রেখে করুন। আজকে আমার সেকেন্ডারীর ক্ষেত্রে যে নতন সার্কুলার দিয়েছেন—ডাঃ বিধানচন্দ্র রায় ডেফিসিট বেসিসে আমার সেকেন্ডারী প্রবর্তন করেছিলেন। উনারা ডাঃ রায়ের উত্তরসারী, তাই ডাঃ বিধানচন্দ্র রায় যাঁকে আমি শ্রদ্ধা করি, যিনি এই জগতে নেই, তাঁর মুখে কালি লেপন করছেন এই মন্ত্রিসভা।

[3-30—3-40 p.m.]

হায়ার সেকেন্ডারীর ক্ষেত্রে আমি আপনার মাধ্যমে এই প্রশ্নটা তুলতে চাই যে, ডেফিসিট বেসিস যেটা ছিল সেটাকে সম্পূর্ণ পালটে দিয়ে নিয়ে আসা হয়েছে কি, না স্যালারী ডেফিসিট, অর্থাৎ শিক্ষকদের যদি বেতন ঘাটতি থাকে, তা হলে নিশ্চয়ই দেব। তা হলে কি হচ্ছে, না কলকাতায় এসে যেন হেড মাস্টাররা রাইটার্স বিল্ডিংসে ঢুকতে না পারেন, ডি আই-এ অফিসে যেতে যেন তাদের পয়সা না থাকে। সাইনস্ ল্যাবরেটরীর যে কন্টিনজেন্সী ফান্ড সেটা যাতে বিজ্ঞান বিভাগে ঢুকতে না পারে, ফলে সবাইকে অজ্ঞান বিভাগে নিয়ে যাবে। আমি লাম্প গ্রান্টের সময় বলেছিলাম স্কুলগুলিকে ডেফিসিট স্যালারী থেকে ডেফিসিট বেসিসে নিয়ে যান, কিন্তু সেদিকে গেলেন না। উল্টে হায়ার সেকেন্ডারী স্কুলগুলির ডেফিসিট বেসিসের টাকা কাটা হয়ে যাচ্ছে আর বলা হচ্ছে শিক্ষার উন্নতি করা হবে। আজ কলেজের দিকে যদি তাকাই তা হলে আমরা দেখতে পাব যে, কলেজ শিক্ষকরা ধর্মঘটে নামছেন আগামী দিনে। অনেক কলেজ আছে এখন পর্যন্ত যাদের শিক্ষকদের ৫।৬।৭।৮ মাসের বেতন বাকি। এডুকেশন গ্রান্টের উপর বক্তব্য রাখতে গিয়ে আমি বলেছিলাম হাইস্কুল সম্পর্কে যে, সপ্তাহের হাটের দিনে হাইস্কুলের শিক্ষকরা কেরানীদের কাউন্টারের সামনে গিয়ে দাঁড়িয়ে থাকেন ৫।৬ টাকার জন্য। আর এদিকে মন্ত্রীরা শীতাতপ নিয়ন্ত্রিত কক্ষে বসে নিজেদের বেতন নিয়ে যাচ্ছেন। শীতাতপ নিয়ন্ত্রিত ঘরে বসে তারা আরাম করছেন, অথচ শিক্ষকদের কথা তারা একবার চিন্তা করছেন না। আর সেই শিক্ষকরাই আজকে কিনা এদেরকে জ্ঞান দিয়ে মন্ত্রিসভায় পাঠিয়েছেন। মাননীয় স্পীকার স্যার, আর একটা বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি, মাননীয় এগ্রিকালচার মিনিস্টার বললেন, আমাদের তিমিরবাবু যে বক্তৃতা রাখলেন, তার প্রকৃত তথ্যকে এড়িয়ে গিয়ে অন্য কতগুলি কথা কটাক্ষ করে। তাতে যে সকল কনসট্রাকটিভ কথা ছিল তার মধ্যে ঢুকবার চেষ্টা করলেন না। চিন্তা করে যদি একটু দেখতেন, তা হলে তিনি এটা বুঝতে পারতেন, আমাদের ভাষাগুলি ভাল লাগে নি, সেই জন্য তিনি আমাদের বক্তব্যগুলি শুনবেন না, এবং আমাদের বক্তব্যগুলিকে বিকৃত অর্থে ধরছেন, আমরা যে কথা বলতে চাই, ওরা চলে যান তার উল্টো দিকে। মাননীয় স্পীকার মহাশয়, এগ্রিকালচার মিনিস্টার বললেন, ৯৪৫টা টিউবওয়েল বসানো হয়েছে, স্বীকার করছি ৯৪৫টি টিউবওয়েল বসানো হয়েছে, কিন্তু তার মধ্যে ৬০০টি টিউবওয়েলের পাম্প সেট, পাইপ, পাইপ লাইন আছে কিনা, সেটা এড়িয়ে গেলেন। তারপর তাঁকে বললাম আপনি স্টেটমেন্ট দিন এ বিষয়ে, কিন্তু সেদিকে গেলেন না—কেবলমাত্র, "জ্যোতি-বাবু, আর এস পি ত্রিদিববাবুর কথা বলুন" ইত্যাদি ৭।৫ করে সময় কাটালেন। তাই আমি বলছি, এই ভেজালের কথাটা প্রথমে আরম্ভ করেছিলাম, আপনি যেখানে যান, যে দিকেই তাকান শুধু ভেজাল, যেখানে হাত দিচ্ছেন সেখানেই ভেজাল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এগ্রি-কালচার মিনিস্টার সার দিয়েছেন, কিন্তু কোথায় শতকরা কতটুকু গরিবরা পাচ্ছেন? যারা বেশীরভাগ ট্যাক্স দিচ্ছেন, যারা বেশী রেন্ট দিচ্ছেন, যাদের শতকরা ৭০ জন বাস করে গ্রামাঞ্চলে তারা কতটা পাচ্ছেন? মহাজন আর জোতদারদের বেশীরভাগ অংশ দেওয়া হয়, তাদের ভাল ভাল, সুন্দর সুন্দর চেহরা দেখে, তাদের স্নো-পাউডার, চমৎকার পোশাক দেখে তাদের দেওয়া হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিন্তু সেই সার জমিতে যায় না। জমিতে তারা সার দেয় না। তাই আমি মন্ত্রিমহাশয়কে দয়া করে বলব যে, ২৮ জন মন্ত্রীর জন্য যে অতিরিক্ত টাকা খরচ হচ্ছে সেই টাকাটা দিয়ে তাদের মগজে একটু ইউরিয়া সার দেওয়া হোক, তা হলে তাদের মগজটা ভাল হবে।

এবার ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রেভিনিউ-এর উপর বক্তব্য রাখতে গিয়ে বলব যে গভর্ন-মেন্ট থেকে নোটিস দেওয়া হয়েছে জমির হিসাব দেবার জন্য। কিন্ত মাননীয় সদস্যগণ কি তাঁর সঠিক হিসাব দিয়েছেন সেটা আমরা জানতে চাই। আমার জেলায় কোন একজন এম এল এ আছেন যাঁর প্রচুর জমি আছে। তিনি সেটাকে লুকোবার জন্য একটা ফার্ম খুলে বিভিন্ন আত্মীয়স্বজনের নামে বেনামী করার জন্য চেষ্টা করছেন। কৃষক একদিকে যেখানে উচ্ছেদ হচ্ছে সেখানে তাদের কাছ থেকে রেন্ট নিয়ে পুলিসের কাছে দেওয়া হচ্ছে এবং ঐ পুলিস জনসাধারণকে

ঠেঙ্গাচ্ছে। এই পুলিশ দপ্তরে আমরা যে টাকা দিচ্ছি—এই টাকা কেবল রাইটার্স বিল্ডিংস-এ, এমন কোন কারেন্সি নেই যেখানে জনসাধারণ বিভিন্নভাবে ট্যাক্সের পর ট্যাক্স দিচ্ছে সেই টাকা পুলিসকে দেওয়া হচ্ছে এবং তারা গিয়ে একাধারে সাধারণ মানুষের উপর লাঠি চার্জ করছে। এই যে তারা সমাজের উপর নির্বিচারে অত্যাচার করছে, তার জন্য আমরা টাকা দিতে পারি না। ট্যাক্সের দিক থেকে বলব যে, এমিউজমেন্ট ট্যাক্স যা বসিয়েছেন তাতে সাট্টা, জুয়া উঠে যাক ক্ষতি নেই। সাধারণ মানুষের আমোদ-প্রমোদ তো একেবারে নেই। তারা ১০।২০ দিন অন্তর ৮ আনা পয়সা দিয়ে সিনেমায় যাবে, তাও আরাব তার জন্য ট্যাক্স দিতে হবে। ৫।১০ টাকা ট্যাক্স করুন আপত্তি নেই। কিন্তু ফ্ল্যাট রেট-এই আমার আপত্তি। ভেজালের জন্য চোখ খারাপ হয়ে গেছে। কিন্তু চশমা কিনতে যাচ্ছি সেখানেও ট্যাক্স দিতে হবে। নিজের এলাকার জন্য আপনাদের সঙ্গে কথা বলতে গেলে যেন সেই কথার উপর ট্যাক্স বসাবেন না—তা হলে আর গ্রামের কল্যাণ করা যাবে না। ১৯৬৭ সালে আমি নিশিথবাবুকে বলেছিলাম, আপনি টুপির উপরে ট্যাক্স করুন। এখন তো টুপি নেই, এখন তাই ঐ বড় বড় চুলের উপর ট্যাক্স করুন। রিলিফ খাতে ২ কোটি ৪৮ লক্ষ টাকা খরচ হয়েছে, আর এবার রিলিফ-এ ৩ কোটি টাকা। গতবার যে দুর্ভিক্ষ দেখা দিয়েছিল সেই দুর্ভিক্ষ পুনরায় ধান না ওঠা পর্যন্ত কন্টিনিউয়াস ভাবে চলবে। কিন্তু তার মোকাবিলা করার জন্য এখন থেকেই ব্যবস্থা করা দরকার।

[3-40—3-50 p.m.]

আমাদের কৃষিমন্ত্রী বললেন, বহু লোন দিচ্ছি। কিন্তু শুনুন আপনাদের ব্লক কংগ্রেসের সেক্রেটারির বাবা কাউ পার্চেজ লোন নিয়ে কি করেছে। তার বাড়িতে গরু আছে কিনা গিয়ে দেখুন। তারপর পাট পচাবার জন্য এক রকমের লোন দেওয়া হয়, কিন্তু আপনার দলের লোকেরা সেই লোন নিয়ে বর্ডারে স্মাগলিং করছে। কাজেই আপনারা যে সুন্দর স্মাগলার তা বোঝা গেল। জয়নাল আবেদিন সাহেব সেটা ভাল করেই জানেন, কারণ ওঁনার বাড়ি বর্ডারের কাছে। তারপর ফুড সাপ্লাই সম্বন্ধে কাশীবাবু বললেন যে, এক কেজি করে দিচ্ছি, কিন্তু পাড়াগাঁয়ে গিয়ে দেখে আসুন আড়াই শো গম আর আড়াই শো চাল দিচ্ছে। আজকেই যে চাল দিয়েছে সেটা গরু-মহিষে খায়। আপনাদের সরকার সবাইকে গরু-মহিষ বানিয়ে তুলছেন। কাজেই আমরা যে কথা বলি তা একটু মন দিয়ে শুনবেন। যদি শুনতে অসুবিধা হয়, তা হলে দয়া করে একটা কল কিনে কানে লাগিয়ে দিয়ে শুনবেন এবং সেটা বুঝবার চেষ্টা করবেন। এই কথা বলে যে টাকা দিয়ে আমাদের হত্যা করছেন, আমাদের উপর অত্যাচার করছেন, আমাদের উপর অন্যায় অবিচার করছেন সেই টাকার জন্য আজকে যে বিল এনেছেন সেই বিলকে আমরা কোন মতেই সমর্থন করতে পারি না, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Statement under rule 346.

শ্রীপ্রদীপ ভট্টাচার্যঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটু আগে এই সভায় কয়েকজন সদস্য জয় ইঞ্জিনিয়ারিং সম্পর্কে বক্তব্য রেখেছিলেন। জয় ইঞ্জিনিয়ারিং-এর সমস্ত খবর সরকারের কাছে এসেছে। আজকে সন্ধ্যা ৬টার সময় আমি ম্যানেজমেন্ট এবং ইউনিয়ন কর্তৃপক্ষকে ডেকে পাঠিয়েছি এবং আশা করছি আলোচনার মধ্য দিয়ে একটা সমাধানে উপনীত হওয়া যাবে। মাননীয় সদস্যরা যে কথা বলছিলেন, কয়েকজন কর্মীকে নাকি পুলিস অন্যায়ভাবে গ্রেপ্তার করেছে, এই জিনিসটা সরকার লক্ষ্য রাখছেন যাতে অবিলম্বে যাদের গ্রেপ্তার করা হয়েছে তাদের একটা সুব্যবস্থা করা যায় সেদিকে সরকার দৃষ্টি দিয়েছেন। আমি আশা করব যে, মাননীয় সদস্যদের এই ব্যাপারে উদ্বেগের কোন কারণ নেই। আমি আগামী কাল অথবা আজকে এই সমস্যার একটা সমাধান হবে বলে আশা রাখি।

শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, যাদের গ্রেপ্তার করা হয়েছে তাদের ছেড়ে দেবার ব্যবস্থা হচ্ছে, কিন্তু যাদের মারধোর করা হয়েছে তাদের সম্বন্ধে কি ব্যবস্থা অবলম্বন করা হবে?

Mr. Speaker: You are not on a point of order or privilege. Please take your seat.

The West Bengal Appropriation Bill, 1973

শ্রীবিজয়সিং নাহার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের অর্থমন্ত্রী আজকে যে প্রস্তাব নিয়ে এসেছেন আমি তাকে সর্বান্তঃকরণে সমর্থন করছি। এর প্রথম কারণ হচ্ছে গ্রামাঞ্চলের শতকরা ৭৫ ভাগ ভাই-বোনেদের কি করে উন্নতি হবে এই দৃষ্টিকোণ থেকে সমস্ত টাকা ব্যয়ের মূল নীতি গ্রহণ করে এঁরা এগিয়ে চলেছেন। আমি একটা কথা বলব যে, টাকা খরচ হবে উন্নয়নমূলক কাজের দিকে দৃষ্টি রেখে যেন সেই টাকা খরচ করা হয়, কোন রকমভাবে যেন অপচয় না হয় এবং জনগণ যেন সেই কাজের মধ্যে অংশগ্রহণ করেন। তা হলে জনগণ এগিয়ে আসবে সরকারের সাথে হাত মিলিয়ে। আমি আশা করব, সে দিক থেকে পশ্চিমবঙ্গ সরকার এই কাজে এগিয়ে গিয়ে বুঝিয়ে দেবেন, তাদের যারা বিরোধিতা করছেন, বড় বড় কথা বলছেন। আমরা যে অর্থ ব্যবস্থা গ্রহণ করেছি তাতে পশ্চিমবঙ্গবাসী নিশ্চয়ই উপকৃত হবেন, তাঁরা শক্তিশালী ও সমৃদ্ধিশালী হবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এক্ষুনি শীশ মহম্মদ সাহেব লাল রঙের কথা বললেন, আমিও আপনার কাছে নিবেদন করছি, যখন লাল বাতি জ্বলে তখনই বলা বন্ধ হয়ে যায়। আজকে আমি একটা বিপদে পড়েছিলাম, কালকে আমি পাটনার দিক থেকে আসছিলাম এবং লাল রঙের জন্য আজকে সাড়ে সাত ঘণ্টা দেরি করে দেড়টার সময় পেঁাছেছি। লাল রঙের ভীতি নিশ্চয়ই আছে, সুতরাং যাঁরা এদিকে আছেন তাঁরা লক্ষ্য রাখবেন যাতে লাল রঙে কাজ বন্ধ না হয়ে যায়। গতকাল একটা কাগজে দেখলাম একটা জনসভায় জ্যোতি বসু মহাশয় বলেছেন যে, সরকার ভাঁওতা দিচ্ছে, বিশেষ করে যেসব কলকারখানা রুগ্ন ছিল, বন্ধ ছিল সেগুলি খুলে ১ লক্ষ ৬০ হাজার লোক যারা বসে ছিল তাদের নতুন করে কর্মসংস্থানে ফিরিয়ে নিয়ে আসা হয়েছে। খবরের কাগজে দেখলাম, জ্যোতি বসু বলেছেন, এটা একেবারে ভাঁওতা, ৪০ হাজারের বেশি লোক নেওয়া হয় নি। এই সঙ্গে সঙ্গে তিনি আরও বলেছেন, সরকারের মন্ত্রিসভা যদি প্রমাণ করতে পারেন যে, ১ লক্ষ ৬০ হাজার মানুষকে রুগ্ন এবং বন্ধ শিল্প খুলে তাতে পুনর্নিয়োগ করা হয়েছে, তা হলে তিনি রাজনীতি ছেড়ে দেবেন। আমি মনে করি এটা একটা বিরাট চ্যালেঞ্জ কংগ্রেস এবং মন্ত্রিসভার সামনে এসেছে। তাই আমি আশা করব, এই অধিবেশন চলাকালীন আপনারা মন্ত্রিসভার সদস্যরা হিসেব দিয়ে প্রমাণ করবেন যে, কারখানায় ১ লক্ষ ৬০ হাজার মানুষকে পুনর্নিয়োগ করা হয়েছে কিনা এবং সেকথা প্রমাণ করে জ্যোতি বসুর মুখের উপর তোবরা মেরে দেবেন এবং বলবেন, এবারে তুমি রাজনীতি ছাড়। কংগ্রেস সরকার যে কাজ করেছেন সেটা আপনারা প্রমাণ করুন এবং তা যদি প্রমাণ করতে না পারেন, তা হলে দেশের মানুষ কিন্তু আপনাদের ধিক্কার দেবে।

শ্রীজ্ঞানসিং সোহনপাল: জ্যোতি বসু কি রাজনীতি করছেন?

শ্রীবিজয়সিং নাহার: তিনি রাজনীতি করছেন এবং আপনাদের অনেক বিব্রত করবেন। কাজেই তাঁর মুখ বন্ধ করবার জন্য আমি যেটা বললাম সেটা আপনারা করুন।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার অর্থমন্ত্রী আজকে বিধানসভায় পশ্চিমবাংলা উপযোজন বিল যেটা এনেছেন তাকে সমর্থন করে আমি দু-একটা কথা বলতে চাই। শ্রদ্ধেয় বিজয়সিং নাহার জ্যোতি বসু প্রসঙ্গে একটা কথা বললেন যে, জ্যোতি বসু ময়দানে না রাস্তায় বলেছেন, পশ্চিমবঙ্গ সরকার যদি একথা প্রমাণ করতে পারেন যে, তাঁরা বন্ধ কলকারখানা খুলে লক্ষাধিক লোকের কর্মসংস্থানের ব্যবস্থা করেছেন, তা হলে তিনি রাজনীতি ছেড়ে দেবেন। তিনি রাজনীতি করছেন কিনা সেটা প্রমাণিত হবে তাঁর দলের অবস্থা দেখে। আমি মনে করি না জ্যোতি বসু রাজনীতি করছেন। তিনি যদি রাজনীতি করতেন, তা হলে তিনি গণতন্ত্র মানতেন এবং গণতন্ত্র যদি মানতেন, তা হলে হারাধনের ১০টি ছেলে নয়, যে ১৩টি ছেলে তাঁর দলের বিধানসভায় নির্বাচিত হলেন তাঁদের এখানে পাঠাতেন এবং তাঁদের মাধ্যমে জনগণের সেবা করতেন। যেমন পরিবার পরিকল্পনার ৩ জন-এর মত শীশ

মহম্মদ, তিমির ভাদুড়ী এবং মিঃ বেস্টারউইচ দেশের সেবা করছেন, তিনিও অন্তত সেই রকম সেবা করতেন। কিন্তু আমরা দেখছি তিনি সব ছেড়ে দিয়ে অন্য পথ নিয়েছেন এবং সুকুমার রায়ের আবোল তাবোলের মত কথা বলে বাজী মাৎ করতে চাচ্ছেন। কাজেই আমার মনে হয় না, জ্যোতি বসু রাজনীতি করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই আলোচনা প্রসঙ্গে শীশ মহম্মদ দুটো বোনের একটা গল্প বললেন। স্পষ্ট করে বলতে পারেন নি, তাই আমি ভাল করে বুঝতে পারলাম না। এই প্রসঙ্গে আমার ঠাকুর শ্রীশ্রীরামকৃষ্ণের "কথামৃতের" একটি গল্প মনে পড়ল। গল্পটি এই রকম—একজন স্যাকরার দোকানে যখন খদ্দেররা যেত তখন সেই স্যাকরা এবং তার সাঁকরেদেরা খদ্দেরদের অভ্যর্থনা জানাবার সময় প্রথমে বলত, কেশব, কেশব। তারপর বলত, গোপাল, গোপাল এবং তারপর বলত, হরি, হরি। ঠিক তেমনি ১৯৬৭ এবং ১৯৬৯ সালে এই আর এস পি স্যাকরারা যখন দোকান খুলে বসল এবং সেই দোকানে যখন জনগণ গেলেন, তখন তাঁরা প্রথমেই অভ্যর্থনা জানালেন কেশব, কেশব বলে। তারপর বললেন, গোপাল, গোপাল—অর্থাৎ সব গরুর পাল, তারপরে বললেন হরি, হরি—অর্থাৎ হরণ করতে পার। এই আর এস পি এবং সি পি এম ১৯৬৭ এবং ১৯৬৯ সালে একসঙ্গে চলেছিলেন এবং তাঁদের দোকানে যাঁরা জিনিস কিনতে গেলেন তাঁদের সব হরণ করে নিলেন এবং তার ফলে জনগণ জ্যোতি বসুর দল এবং শীশ মহম্মদের দলকে একদম কবরে পাঠালেন। আজকে আর এস পি-র ৩ জন এখানে এসে আবোল তাবোল কথা যা বলছেন তাতে পশ্চিমবাংলার এই যে বিরাট সংখ্যাগরিষ্ঠ অংশ যার সঙ্গে আমরা যুক্ত আছি, আমাদের কিছু যায় আসে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের অর্থমন্ত্রী খরচ করবার অনুমতি চাচ্ছেন। আমি অর্থমন্ত্রী মহাশয়ের উদ্দেশ্যে একটা কথা বলব যে, তিনি যেন স্মরণ রাখেন, এই টাকা গরিব জনগণের, এর প্রতিটি পাই পয়সা অতি মূল্যবান। কাজেই তিনি যেন সত্যিকারের উপযুক্তভাবে এটা ব্যয় করেন। আমি অর্থমন্ত্রী মহাশয়কে আরও বলছি, আজকে নানা দিক থেকে অভিযোগ এসেছে যে আজকে সরকারী অর্থের অপচয় হচ্ছে, আমলারা ঠিকভাবে সরকারের অর্থ ব্যয় করছে না।

[3-50—4-00 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাই আমি আপনার মাধ্যমে বলব যে, পশ্চিমবাংলার মন্ত্রিসভার পক্ষ থেকে আজকে সময় নির্দিষ্ট কর্মসীমা ঠিক করে দেওয়া উচিত। হরিয়ানা এবং পাঞ্জাবে, সেখানে সময়সীমা ঠিক করে দেওয়া হয়েছে বিভিন্ন কাজে। এত দিনের মধ্যে এত মাসের মধ্যে এই কাজ করব, আজকে সরকারী দপ্তর থেকে আমলাতন্ত্রের কাছে, জেলাশাসকের কাছে মন্ত্রিসভার পক্ষ থেকে এই নির্দেশ থাকে যে, আগামী বছরে এতো টাকা খরচ করব এবং এই টাকা বিভিন্ন উন্নয়নমূলক খাতে ব্যয় করব, এই টাকা ব্যয় করার ব্যাপারে যদি শৈথিল্য দেখা যায় বা গাফিলতি দেখা দেয়, তা হলে সে যত বড় আই এ এস হোন যত বড় আই পি এস্ হোন সরকার তাদের ক্ষমা করবেন না। সময়সীমা বেঁধে দিয়ে যদি সরকার কাজ শুরু করতে পারেন, তা হলে সফল হতে পারবেন। এই বলে, এই বিষয়ে আমি মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী ইলা মিত্র: মাননীয় স্পীকার মহাশয়, আজকে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে অ্যাপ্রোপ্রিয়েসান বিল মুভ করেছেন সেই সম্পর্কে আমি দুই-একটি কথা বলতে চাই। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তাঁর বাজেট ভাষণের উপসংহারে বলেছেন যে, আমাদের প্রাথমিক লক্ষ্য হওয়া উচিত গরিবী ও বেকারির অবসান। এবং সকলের জন্য অর্থনৈতিক এবং সামাজিক ন্যায়বিচার সমন্বিত অর্থনৈতিক উন্নয়ন এবং স্বনির্ভরতা প্রতিষ্ঠা। এই যদি আমাদের লক্ষ্য হয়ে থাকে, তা হলে বাজেট বরাদ্দ যেভাবে করেছেন সে সম্পর্কে আমি আলোচনা করতে চাই। প্রথমে আমি বলতে চাই যে, আমাদের মন্ত্রিসভার একটা বৈশিষ্ট্য হল এই যে, কংগ্রেস এবং কমিউনিস্ট পার্টি প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চা সৃষ্টি করেছেন এবং তারা ১৭ দফা কর্মসূচি নিয়েছেন। এবং সেই মোর্চা রাজ্যের সমস্ত মানুষের কাছে আর্থিক এবং সামাজিক ক্ষেত্রে মৌলিক রূপান্তর আনবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। মাননীয় স্পীকার মহাশয়, এই নবগঠিত মন্ত্রিসভা এবং নবসৃষ্ট প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চা যা সৃষ্টি হয়েছে তার কাছে সাধারণ মানুষের প্রত্যাশা অনেক

বেশী। তার কারণ হল বৃটিশ শাসনের পরবর্তীকালে এবং পুঁজিবাদের শাসনের ফলে এই দেশের যে অবস্থা হয়েছে তাতে মৌলিক রূপান্তর বা পরিবর্তন ছাড়া মানুষের আশা পূরণের বিন্দুমাত্র কোন বাস্তবতা নেই। মাননীয় স্পীকার মহাশয়, একথা ঠিক চলতি এক বছরে এই মন্ত্রিসভা মানুষের কিছু সেবা এবং কিছু উপকার করবার জন্য নিশ্চয়ই মনোনিবেশ করবার চেষ্টা করেছেন। কিন্তু যে মৌলিক রূপান্তর এবং গুণগত পরিবর্তনের কথা আমি বলছি, সেইদিকে মন্ত্রিসভা প্রাথমিক পদক্ষেপ পর্যন্ত দিতে পারে নি। এটিই হল মন্ত্রিসভার বিরুদ্ধে আমাদের প্রধান অভিযোগ। এবং শুধু আমরা নই, কংগ্রেসের মধ্যে যারা প্রগতিশীল অংশ এবং বামপন্থী অংশ আমরা সকলে মিলে বার বার এই প্রতিবাদ করছি। এই মন্ত্রিসভায় এক বছর অতীত হয়েছে, মৌলিক রূপান্তর করবার জন্য আমরা যে প্রতিশ্রুতিবদ্ধ সেই প্রতিশ্রুতি পালনের দিকে প্রাথমিক পদক্ষেপ আমরা দিতে পারি নি। বৃটিশ শাসনের পরবর্তীকালে পুঁজিবাদী শাসনে আজকে আমাদের পশ্চিমবাংলার যা অবস্থা ঐতিহাসিকভাবে সৃষ্টি হয়েছে আমি তার প্রতিকারের দাওয়াইরূপে মৌলিক পরিবর্তনকামী বামমুখী রাজনৈতিক আন্দোলনও ঐতিহাসিকভাবে সৃষ্টি হয়েছে। সেজন্য শুধু কমিউনিস্ট পার্টি নয় কংগ্রেস নেতা প্রিয়রঞ্জন দাসমুন্সীও এই কথা বলছেন যে, এই সেই পশ্চিমবাংলা যেখানে একচেটিয়া পুঁজির [illegible] হয়েছিল, এই পশ্চিমবাংলায় একচেটিয়া পুঁজির কবরের সূচনা করতে হবে। তাই মাননীয় স্পীকার মহাশয়, এই রাজ্যে আর্থিক এবং সামাজিক ক্ষেত্রে মৌলিক রূপান্তর ঘটানোর প্রতিশ্রুতি আমরা বিন্দুমাত্র পূরণ করতে পারি নি যে প্রতিশ্রুতি আমরা দিয়েছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইমাত্র অর্থমন্ত্রী তাঁর বক্তৃতায় বললেন ১৯৭২ সালে উন্নয়ন খাতে ৩০৮ কোটি টাকা ব্যয় করা হয়েছিল, আর এই ১৯৭২-৭৩ এবং ১৯৭৩-৭৪ সালে উন্নয়ন খাতে ৩২৮ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এটা ঠিকই যে দু বছরে পরিমাণগতভাবে [illegible] বৃদ্ধি বরাদ্দ করা হয়েছে। কিন্তু এখনও কৃষির উপর ধনী চাষীর কব্জা, ফসলের [illegible] এবং পুঁজির কব্জা এবং শিল্পের উপর বণিকদের লুঠ যেভাবে চলেছে, তার ফলে কি দর বৃদ্ধি, বেকার সমস্যা বৃদ্ধি এবং দারিদ্র্য বৃদ্ধি ঘটছে না? একথা কি আপনি মাননীয় অধ্যক্ষ মহাশয় জানেন না? একথা ঠিক পশ্চিমবঙ্গে অতিবাম রাজনীতি যে অসুস্থতা ও হানাহানির বিষ [illegible] গত এক বছরে এই মন্ত্রিসভা সেদিক থেকে কিছুটা সাফল্য অর্জন করেছে। এটা [illegible]। কিন্তু অতিবামই হোক আর অতিদক্ষিণই হোক, একক কিংবা যৌথভাবে ওদের [illegible] সৃষ্টির মূল অবলম্বনগুলি যা এখনও সমাজে রয়েছে, মৌলিকভাবে সেগুলির [illegible] চেষ্টায় মন্ত্রিসভা বিন্দুমাত্র যে গরজ দেখাচ্ছেন না, সেটা কি কম ক্ষতিকর বা কম [illegible] নয়?

মাননীয় অধ্যক্ষ মহাশয় বলা হচ্ছে যে সমাজের দরিদ্র অংশের উন্নতি বিধান করতে হবে প্রতিশ্রুতি দিয়েছেন। যাদের কল্যাণ এবং মঙ্গলের জন্য প্রতিশ্রুতি দেওয়া হয়, তাদের [illegible] ক্ষমতার অধিকারী করা প্রতিশ্রুতি পালনের পূর্ব শর্ত। সেদিকে মন্ত্রিসভা বিন্দুমাত্র পদক্ষেপ যদি না দিতে পারেন, তা হলে সমাজে দরিদ্র অংশের উন্নতি বিধানের কথা নিতান্ত মায়াকান্না হবে। সেই দরিদ্র জনসাধারণকে, শ্রমশীল জনগণকে যদি সংগঠিত করতে না পারা যায় তাদের শক্তিমান হতে, ক্ষমতায় প্রতিষ্ঠিত হতে যদি সাহায্য না করা যায়, তা হলে কোন কাজ হবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন নয়াদিল্লীতে সম্প্রতি সেমিনার অনুষ্ঠিত হয়ে গেল। সেখানে কংগ্রেস সভাপতি শঙ্করদয়াল শর্মা সুস্পষ্টভাবে বলেছেন, একচেটিয়া পুঁজি এবং সমাজতন্ত্রের সহ-অবস্থান অসম্ভব। কেবলমাত্র উপরতলার নেতাদের দ্বারা সমাজতন্ত্র আনা যায় না। এই কারণে প্রয়োজন হল অগণিত সৃজনশীল জনগণকে প্রত্যেকটি কাজের সঙ্গে জড়ান। আমরা কি তা করতে পেরেছি? অবশ্য কংগ্রেস নেতৃত্বের পক্ষ থেকে বলা হচ্ছে গরিবী হঠাও প্রতিশ্রুতি পূরণের দিকে দুটি বড় বাধা রয়েছে। একটি হল এই যে, কংগ্রেসের ভিতর অনেক ভেজাল ঢুকে গেছে, তা দূর করতে হবে। দ্বিতীয়তঃ প্রশাসনে আমলাতান্ত্রিকতা, স্বৈরাচারিতা যেভাবে রয়েছে তা দূর না করতে পারলে কোন কাজে অগ্রসর হওয়া যাবে না।

এই দুটি কর্তব্য পালন করতে হলে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, কংগ্রেস দলের মধ্যে ধনী নির্ধন পুরানোপন্থী এবং প্রগতিশীলদের মধ্যে ভারসাম্যকে বদল করে দিয়ে প্রশাসনে আমলাতন্ত্র এবং শোষকদের স্থানচ্যুত করে শ্রমশীল জনসাধারণকে চূড়ান্তভাবে স্থান করে দিতে হবে। সেদিকে কিন্তু আমরা বিন্দুমাত্র অগ্রসর হতে পারি নি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কেন্দ্রে প্রশাসন সংক্রান্ত সাব-কমিটির একজন সদস্য এ আই সি সি-এর সম্পাদক ইন্দ্রজিৎ যাদব বলেছেন যে, ভূমিসংস্কার করার জন্য এবং জমিচোরদের কাছ থেকে জমি উদ্ধার এবং বণ্টনের জন্য পল্লীস্তরে যে সমস্ত জনকমিটি তৈরি হবে, তাকে শুধু অ্যাডভাইসরি কমিটি হিসাবে রাখলে চলবে না, তাকে আইনগত ক্ষমতা এবং মর্যাদা দিতে হবে। কাজেই ভূমিসংস্কার করে যাদের প্রত্যক্ষভাবে উপকার করবেন, সেই সমস্ত গরিব চাষী এবং ক্ষেতমজুরদের সংগঠিত করা এবং ক্ষমতায় তাদের স্থান করে দেওয়া ছাড়া অন্য আর কেউ এই দায়িত্ব পালন করতে পারে না। তাই আজকে কংগ্রেসীই হোন আর কমিউনিস্টই হোন, প্রত্যেক গণতন্ত্রীর সামনেই আজ এই পরীক্ষা যে, শ্রমশীল জনসাধারণের পক্ষে ক্ষমতার ভারসাম্য বদলের জন্য তিনি দৃঢ়চিত্ত আছেন কিনা আর সেজন্য জনসাধারণকে মুখর করে তুলছেন কিনা এবং তাদের সংগঠিত হতে সাহায্য করছেন কিনা।

[4-00—4-10 p.m.]

তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমাজতন্ত্রের অর্থ যখন একচেটিয়া পুঁজিকে নির্মূল করে দেওয়া, সমাজতন্ত্রের অর্থ যখন সামন্ততন্ত্রকে জোর করে অবসান করা, সমাজতন্ত্রের অর্থ যখন সাম্রাজ্যবাদের বিরুদ্ধে প্রত্যক্ষ যুদ্ধ ঘোষণা করা। সেইদিক দিয়ে আমরা এই অ্যাপ্রোপ্রিয়েসন বিলের বাজেট বরাদ্দকে বিচার করবো।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, শুধু অর্থ বরাদ্দ নয়, বাজেট পাস নয়, এই অর্থ ব্যয়ের সঙ্গে আমাদের সামাজিক প্রতিশ্রুতি ও প্রতিজ্ঞা সংগতিপূর্ণ হয়েছে কিনা। কংগ্রেস সভাপতি ডাঃ শংকরদয়াল শর্মা বলেছেন, সামাজিক অসাম্য ও অর্থনৈতিক অসাম্য দূর করে লক্ষ লক্ষ মানুষের বাসস্থান, খাদ্যবস্ত্র, শিক্ষার ব্যাপারে ন্যূনতম মৌলিক চাহিদা পূরণ করতে হবে এবং গরিবী হটাও প্রতিশ্রুতি পালনের এটাই হচ্ছে প্রাথমিক পদক্ষেপ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সরকার কি সেই প্রাথমিক পদক্ষেপ দিতে পেরেছেন? বাজেটের সমস্ত গ্রান্ট পাস হয়ে গেছে সেখানে প্রধান শত্রুর বিরুদ্ধে সংগ্রামের ধ্বনি শোনা নেই। ভূমিরাজস্ব গ্রান্টও পাস হয়ে গেছে। সেখানে কি আমরা ভূমিচোরদের বিরুদ্ধে পদক্ষেপ নিয়েছি? শ্রমবাজেটও পাস হয়ে গেছে, সেখানে একচেটিয়া পুঁজিপতিদের বিরুদ্ধে কি কোন কথা আমরা বলেছি? না, আমরা কোথাও এদের বিরুদ্ধে সংগ্রামের কথা দেখলাম না। একথা বললে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি হয়তো বলবেন, ৩৬৫ দিনের সালতামামিতে সরকার এক বছরে যে সমস্ত কাজ করেছেন তার এতবড় ফিরিস্তি দিয়েছেন, এত এত কাজ তাঁরা করেছেন, আপনি কি অন্ধ, সে সব না দেখে এইসব কথা বলছেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঠিকই, সরকার বলেছেন অনেক পাম্প সেট বিতরণ করেছেন। সরকার বলেছেন, চাকুরির জন্য অনেক কলকারখানা খুলেছেন। অনেক লাইসেন্স বিতরণ করেছেন। কলকাতায় সি এম ডি এ অনেক কাজ করেছেন। গ্রামে গ্রামে বিদ্যুৎ ছড়িয়ে দেওয়া হয়েছে। এখানে প্রশ্ন হচ্ছে, আমাদের যা প্রয়োজন সেই প্রয়োজনের তুলনায় এই কাজ কতটুকু হয়েছে?

আমাদের দ্বিতীয় কথা, এইসব কাজে সাধারণ মানুষকে আমরা কতখানি জড়াতে পেরেছি? তৃতীয় কথা, এই কাজের জন্য কোন পরিকল্পনা আছে কিনা; আর পশ্চিমবঙ্গের অর্থনীতি যেভাবে ভেঙ্গে পড়ছে আপনাদের এই কাজের ফলে, সেই ভগ্ন অর্থনীতির কতটুকু উন্নতি ঘটাতে পেরেছেন? আর সবচেয়ে বড় কথা, এই রাজ্যের মারাত্মক ব্যাধি—বেকার-সমস্যা ও দ্রব্যমূল্য বৃদ্ধি—এই ৩৬৫ দিনের তামামিতে আপনারা যে কাজের হিসেব দিয়েছেন তাতে সেই দর বৃদ্ধিরোধ ও বেকারসমস্যার সমাধান কিছু করতে পেরেছেন কিনা।

তারপর আপনি বিদ্যুতের কথা বলেছেন গত এক বছরে আপনারা ২,৪৪৪টি গ্রামে বিদ্যুৎ পৌঁছে দিয়েছেন বলেছেন। মানুষ আর আজকাল কানা নয়। কি রকম বিদ্যুৎ আপনারা দিয়েছেন যে ২,৪৪৪টি গ্রামে বিদ্যুৎ গেছে। সেই বিদ্যুতের দ্বারা কি সেচের ব্যবস্থা হচ্ছে, না কেবল তার টানা হয়েছে? দু-একজন জমিদার, জোতদারের বাড়িতে দু-একটা বাল্ব জ্বলছে। আর কোন কাজে সেই বিদ্যুৎ ব্যবহৃত হচ্ছে না। আমি একথা জানাতে চাই যে, আমরাও কিছু কিছু গ্রামে ঘুরেছি, দেখেছি যে, দু-একটি বড়লোকের বাড়িতে বিদ্যুতের আলো জ্বলছে। সেচের জন্য কোথাও বিদ্যুৎ বিশেষ ব্যবহৃত হয় নি। ১০০টি গ্রামে কেবল তার টানার জন্য ৪০ লক্ষ টাকা খরচ হয়েছে। আপনি কি বলতে পারেন, এই ৪০ লক্ষ টাকা ব্যয়ের মধ্যে কয় লক্ষ টাকা সেচের জন্য ব্যবহার হচ্ছে? কেবল মাসের পর মাস বিদ্যুতের তার টানতেই যদি লক্ষ লক্ষ টাকা খরচ হয়। উন্নতির কথা অনেক কিছু বলেছেন। শুধু তাই নয়, আপনারা আরও বলেছেন, শিল্পপতিদের লাইসেন্স ইস্যু করেছেন পাঁচশো কোটি টাকার নতুন কলকারখানা খোলার জন্য। তাতে কত কলকারখানা আপনারা খুলতে পেরেছেন বলতে পারেন? কত লোককে সেখানে নিয়োগ করেছেন বলতে পারেন? এই পাঁচশো কোটি টাকার মধ্যে এখনো ২০ কোটি টাকার কাজও আরম্ভ হয় নি। আপনারা বলেছেন, ২৭৫টি বন্ধ কারখানা খুলেছেন এবং এক কোটি ৭৬ লক্ষ ৬৭৪ জনকে কাজ দিয়েছেন। ঠিকই।

ঠিক কথা, যাদের কাজ গিয়েছিল এই রকম লোক কিছু সংখ্যক তারা কাজ ফিরে পেয়েছে। কিন্তু পশ্চিমবঙ্গের শিল্পে যে ভয়াবহ অবস্থা সে কি আপনারা জানেন যে, গত ২৫ বছর ধরে ফাটকাবাজদের হাতে পড়ে চুরি এবং লুণ্ঠনের ফলে পশ্চিমবঙ্গের শিল্পের শুধু কঙ্কাল পড়ে রয়েছে, অধিকাংশ শিল্পই জীর্ণ হয়ে গিয়েছে। ২৫ বছর ধরে শুধু লুণ্ঠন চলছে, নতুন বিনিয়োগ হয় নি, নতুন মেসিনপত্র বসান হয় নি, কোন রকম টাকা বিনিয়োগ করা হয় নি। যেভাবে এগোচ্ছে তাতে ১৯৭৩ সালে বন্ধ শিল্প ও কারখানার সংখ্যা হবে অনেক বেশী। শুধু তাই নয় আমাদের পশ্চিমবাংলায় যে প্রধান শিল্প চা, পাট এবং ইঞ্জিনিয়ারিং কারখানা তার জন্য আপনারা কি করেছেন? এর জাতীয়করণ আমরা বারবার বলেছি। তার দিকে এখনও পর্যন্ত আপনারা চিন্তা করেও উঠতে পারেন নি। পাটের বিকল্প বিশ্বের বাজার বাড়ছে। আমাদের পাটশিল্পে কোন রকম আধুনিকীকরণের চেষ্টা নেই। চা-শিল্পে যা বলেছি তার পুনরাবৃত্তি করতে চাই না। চা-শিল্পে বাগান মালিকেরা কোন নতুন বিনিয়োগ না করায় এই বাগানগুলি প্রায় শেষ। ইঞ্জিনিয়ারিং শিল্পে নতুন মেশিনপত্র না বসানোর জন্য ইঞ্জিনিয়ারিং শিল্প ধ্বংস হয়ে যাচ্ছে। এই যে ভয়াবহ অবস্থা তার থেকে এ রাজ্য আত্মরক্ষা করবে কি করে শুধু লেটার অব ইনটেন্ট দেখিয়ে? অ্যাপ্রোপ্রিয়েসান বিলে অর্থমন্ত্রী যে বক্তৃতা করলেন সেখানে কোন জায়গায় শিল্পসমূহের জাতীয়করণের কথা নেই। চা, পাট, চটকল, ইঞ্জিনিয়ারিং শিল্পে জাতীয়করণের দাবি আমরা করছি। যে জাতীয়করণের দাবি নিয়ে গত ২৭শে মার্চ সারা ভারতবর্ষ থেকে কমিউনিস্ট পার্টি থেকে ৪ লক্ষ মানুষ এক কোটি মানুষের সই নিয়ে আমাদের কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করেছে। যে প্রতিশ্রুতিগুলি আপনারা দিয়েছিলেন তা পালনে আপনারা ব্যর্থ হচ্ছেন এবং আজকে যদি জাতীয়করণ না চান, তা হলে দেশের এই ভয়াবহ অবস্থার কোন উন্নতি আপনারা করতে পারবেন না। তাই বলছিলাম শিল্প গড়ার দিক দিয়ে শুধু যে সরকারের উদ্যোগের অভাব তাই নয়, নতুন কলকারখানা খোলার ব্যাপারে ব্যর্থতা, টাকা খরচ ব্যাপারেও।

আপনারা বলেছেন ২৭৫টা বন্ধ কলকারখানা খুলেছেন। এখনও হিসাব মত সরকারের ৪৭৫টা কলকারখানা বন্ধ হয়ে আছে। আর যে সমস্ত রুগ্ন এবং সিক হয়ে যাচ্ছে আগামী দিনে তার সংখ্যা কত হবে বলতে পারেন? শুধু যে উদ্যোগ গ্রহণে ব্যর্থ হয়েছেন তাই নয় টাকা খরচেও ব্যর্থ হয়েছেন। চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনার বরাদ্দ ২৭ লক্ষ ৫৭ হাজার টাকা খরচ করে উঠতে পারেন নি, আপনারা খরচ করেছেন ১৮ লক্ষ ৫৫ হাজার টাকা। চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় শিক্ষা খাতে বরাদ্দ ৭ কোটি ৪৪ লক্ষ ৯২ হাজার টাকা আপনারা খরচ করে উঠতে পারলেন না। ৬ কোটি ৫৭ লক্ষ ৭৭ হাজার টাকা আপনারা খরচ করেছেন। বৃহত্তর কলকাতার দুগ্ধ সরবরাহের উন্নতির জন্য কেন্দ্র থেকে ১৯৭২-৭৩ সালে বরাদ্দ করেছিলেন ৭৯ লক্ষ ৭৫ হাজার

টাকা এই জন্য যে, এখন কলকাতায় যে ১ লক্ষ ৭৭ হাজার লিটার দুধ সরবরাহ করা হয়, সেখানে যাতে ৩ লক্ষ লিটার দুধ সরবরাহ করা যায়। কিন্তু তাতেও আপনারা ৩৫ লক্ষ ৭৫ হাজারের বেশি খরচ করে উঠতে পারেন নি। কেন্দ্রীয় বরাদ্দ রাজ্য স্বাস্থ্য দপ্তরে ছিল ১৯ লক্ষ ৬৫ হাজার টাকা, তাও খরচ করে উঠতে পারলেন না। ১৪ লক্ষ ৬৭ হাজার টাকা খরচ করতে পেরেছেন মাত্র। এ ছাড়াও রাষ্ট্রমন্ত্রী শ্রীসুব্রত মুখার্জী বলেছেন, এখনও গ্রামে গ্রামে পুলিস জোতদারদের পাশে দাঁড়াচ্ছে, গরিব চাষীদের ফসল কেটে নিয়ে যাওয়ার জন্য জোতদারদের সাহায্য করছে। এ কথা যদি সত্য হয়, তা হলে বুঝতে পারছেন এখনও গ্রামে গ্রামে জোতদার, জমিদাররা ভাবছে পুরানো কংগ্রেস আবার ফিরে এসেছে. ওরা ভাবছে মহাজন এবং জোতদারদের রাজত্ব চলছে। আপনারা বলছেন শান্তিশৃংখলার উন্নতি হয়েছে। কিন্তু এখনও রাজনৈতিক হত্যাকাণ্ড অব্যাহত রয়েছে।

[4-10—4-20 p.m.]

গত এক বছরে ৫৫টার উপর রাজনৈতিক হত্যাকাণ্ড হয়েছে। আরও অনেক হচ্ছে যেটা সব সময় কাগজে বেরোয় না। এখনও অঞ্চলে অঞ্চলে গুণ্ডা রাজত্ব কি চলছে না? প্রতিদিন এই সভার সদস্যরা কি বলছেন না? কিভাবে ছিনতাই, রাহাজানি, চুরি, ডাকাতি চলছে, সে কথা কি তাঁরা বলছেন না? কাজেই আমরা যতই বলি না শান্তি, শান্তি নেই। আজকে আমাদের এখানে ৪৮ লক্ষ বেকার রয়েছে। আমি ধরে নিলাম তার ৪০ হাজার বেকারের চাকুরি দিতে পারবেন। কিন্তু পরবর্তীকালে যে সাড়ে ৪৭ লক্ষ বেকার থাকবে তারা শান্তির নামে অশান্তি সৃষ্টি করবে সেকথা কি আপনারা একবারও ভাবতে পারছেন না? একে কি আপনারা ভাল অবস্থা বলতে পারেন? আমার অভিযোগ সুনির্দিষ্ট। এই অবস্থায় এই শান্তি, শান্তি নয়. গ্রামবাংলায় যান, দেখবেন মানুষের মধ্যে হতাশার সৃষ্টি হতে আরম্ভ করেছে—বাজারে গেলে কি অবস্থা—বাজার করতে পরছে না—এ সবের প্রতিফলনের একটি কথাও এই অ্যাপ্রোপ্রিয়েসান বিলে মন্ত্রিমহাশয়ের বক্তৃতার মধ্যে দেখতে পেলাম না। তা দেখতে পেলে আমরা অভিনন্দন জানাতাম। আপনারা যে মৌলিক রূপান্তর ধর্মী পরিবর্তন আনবেন, সেকথা মাননীয় অধ্যক্ষ মহাশয়, দেখতে পাচ্ছি না। আমি আর মাত্র দু-একটি কথা বলেই আমার বক্তব্য শেষ করবো। আপনারা টাকা খরচ করবার অনুমতি চাইছেন। এখন কিভাবে কোন পদ্ধতিতে খরচ হবে সে সম্পর্কে সুনির্দিষ্ট কতকগুলি প্রস্তাব যা আমরা গত বছর এই অ্যাপ্রোপ্রিয়েসান বিল মুভ করবার সময় বলেছিলাম, সে সম্পর্কে আপনারা কোন ব্যবস্থা গ্রহণ করেন নি। তবু আমি আবার সেই কথাগুলি বলতে চাইঃ প্রতিটি ব্যয়ের ক্ষেত্রে ব্যয় সংক্ষেপ করার পদ্ধতি অনুধাবন করা। প্রশাসনিক রীতিনীতি, আইন-কানুন ও স্ট্যান্ডিং অর্ডার প্রভৃতি এমনভাবে তৈরি করা হয়েছে যে, অপচয় যেন প্রতিষ্ঠান-গত রূপ নিয়েছে। ২০ টাকার চেয়ার কেনা যদি দরকার হয়, তা হলে তার জন্য কাগজ-কলম, অফিসার, কর্মচারী, টি এ বিল—এইসব নিয়ে দেখা গেল ২০০ টাকা খরচ হয়ে গেল। এই অপচয় সিস্টেমকে বদলাবার কোন প্রচেষ্টা গত এক বছরে হয় নি। দ্বিতীয়তঃ সরকারী বিভাগের বাইরে যে সমস্ত জনপ্রতিষ্ঠান আছে আমরা সে সম্পর্কে বলেছিলাম যে, জনপ্রতিষ্ঠানগুলির পরিচালক-দের মধ্যে শ্রমিক কর্মচারীদের প্রতিনিধি নেওয়ার কথা। বড় অফিসারদের অপব্যয় অব্যাহত গতিতে চলেছে। এই কলকাতা স্টেট ট্রান্সপোর্টের অফিসারদের টি এ বিল নিজেরাই তৈরি করেন, নিজেরাই সই করে টাকা নিয়ে নেন। কোন রকম চেক আপ হয় না। তিন চার পাঁচ বছর পরে হয়তো পাবলিক আকাউন্টস কমিটিতে শুধুমাত্র আলোচনা করে ছেড়ে দেওয়া হয়। এ জিনিস বন্ধ করতেই হবে। এ যদি বন্ধ না করেন, তা হলে সমূহ বিপর্যয় যেভাবে আসবে তা আপনারা কিছুতেই ঠেকাতে পারবেন না। একটা উদাহরণ দেবো উত্তরবঙ্গের পরিবহণ ম্যানেজার ২০ লক্ষ টাকা তছরূপ করেছেন সে বাসে করে পরিবারবর্গ নিয়ে মুসৌরী, কাশ্মীর, নৈনিতাল বেড়িয়েছেন। শুধু তাই নয়, এই অভিযোগের ব্যাপারে সঙ্গে সঙ্গে সরকারী তরফ থেকে লোক পাঠান হল তিনি তার কাছে কাগজপত্র দিলেন না, হিসাব দিলেন না। অধ্যক্ষ মহাশয় সরকার

এখনও পর্যন্ত তার বিরুদ্ধে কোনরূপ ব্যবস্থা গ্রহণ করলেন না। মিসা, আইন তো হয়েছে, সেই লোককে এখনও পর্যন্ত সরকার পক্ষ থেকে মিসায় গ্রেপ্তার করা হয় নি। তাই আমি বলছিলাম যদি বিধানসভার কমিটি থাকতো, শ্রমিকদের প্রতিনিধি থাকতো, এবং প্রতিমাসে সরকারী দপ্তর থেকে কন্টিনিউয়াস অডিট-এর ব্যবস্থা থাকতো।

তাই আমরা দাবি করছি যে, প্রতিটি সরকারী এবং আধা-সরকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে এই তিনটি ব্যবস্থা আপনাদের অবশ্যই অবলম্বন করতে হবে। তারপরে আমার তৃতীয় কথা হল, সরকারী বা এই প্রতিষ্ঠানগুলির ব্যয় করার পদ্ধতি নিয়ে—এতদিন সমস্ত কাজ, সাধারণ নির্মাণ কাজ পর্যন্ত কন্ট্রাক্টর মারফৎ করা হয়েছে এবং এখনও তাই চলেছে। এই পদ্ধতি বদল করতেই হবে। এই কথা গত কয়েক বছরেও আমরা বলেছিলাম। কন্ট্রাক্টরদের দিয়ে সমাজতান্ত্রিক নির্মাণ কার্য, মাননীয় অধ্যক্ষ মহাশয়, কোন দেশে হয় না। এরই ফল হয়েছে বিষময়। মহলানবীশ কমিটির রিপোর্টে পরিষ্কারভাবে বলা হয়েছে যে, পরিকল্পনার ব্যয়ের বেশীর ভাগ অংশ এই কন্ট্রাক্টর শ্রেণীকে স্ফীত করেছে। আয়ের চেয়ে ব্যয় বেড়ে যাবার অন্যতম প্রধান কারণ হিসাবে তারা দায়ী করেছেন কন্ট্রাক্টরদের মাধ্যমে কাজ করার পদ্ধতিকে। আপনারা কি সেই মহলানবীশ কমিটির রিপোর্ট পড়েন নি, নাকি পড়েও কোন পরিবর্তন করার বিন্দুমাত্র ইচ্ছা আপনাদের নেই? এই পদ্ধতির পরিবর্তে আমরা বলি, নির্মাণ কার্যে নিযুক্ত যে সমস্ত শ্রমিক আছে সেই শ্রমিকদের সমবায়ের ভার দিন। টেকনিকাল সাহায্যের প্রয়োজন হলে ওরাই ইঞ্জিনিয়ার, আর্কিটেক্ট ইত্যাদি এই সমস্ত নিয়োগ করবেন। 'গরিবী হঠানোর' প্রতিশ্রুতি দেবেন, আর কন্ট্রাক্টরী প্রথা বজায় রাখবেন, মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেটা কি সম্ভব? দেশ গঠনের কাজে সাধারণ শ্রমিকদের অংশ-গ্রহণ এবং এই সরকারী ব্যয়ের ফল শ্রমিকদের হাতে পৌঁছে দিতে হলে শ্রমিক সমবায়ের মাধ্যমে প্রতিটি নির্মাণ কার্য করতেই হবে, এ বিষয়ে অবিলম্বে সরকারী নীতির ঘোষণা আমরা চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার চতুর্থ কথা হল, রেভিনিউ অডিট করা নিয়ে। আমি এ বিষয়ে দু-একটি কথা বলতে চাই। এখন শুধু ব্যয়ের অডিট হয়, কিন্তু অ্যামিউজমেন্ট ট্যাক্স, এন্ট্রি ট্যাক্স, সেলস ট্যাক্স, একসাইজ ডিউটি ইত্যাদি প্রতিটি ক্ষেত্রে যদি র‍্যান্ডাম স্যাম্পলিং বা নমুনা চেকিং হয় তবে আমাদের নিশ্চিত ধারণা আয় দেড় গুণ বেড়ে যাবে, উৎকোচ নেওয়া, ঘুষ নেওয়া, আজকের দিনে যেখানে প্রচণ্ডভাবে বেড়েছে আগের তুলনায়, সেখানে তা অনেক গুণ কমে যাবে। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, সব শেষে বলতে চাই প্রধান শত্রুদের বিরুদ্ধে সংগ্রাম ঘোষণা না করে সেবা নিষ্ঠা রেখে জনগণের কোন উপকার করা যাবে না, মৌলিক রূপান্তর ছাড়া। পুঁজিবাদী খাঁচার মধ্যে থেকে প্রথম বছরের সেবাধর্মী মন্ত্রিসভা দ্বিতীয় বর্ষে মৌলিক রূপান্তরকামী হলে তবেই তার সার্থকতা। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, স্যার, মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে যখন বিধানসভায় একের পর এক সদস্যরা আমাদের অধিকার এবং মর্যাদা রক্ষার জন্য বিভিন্ন বক্তব্য রাখছেন, তখন আমাদের শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী মহাশয় এই বিধানসভায় তাঁর বক্তব্য রেখেছেন। সেখানে আমি আরো দু-একটি কথা এই সভায় উপস্থাপিত করছি। ডাঃ গনি সাহেব ২৭ তারিখে একটি ঘটনার কথা উল্লেখ করেছেন। মাননীয় সদস্যরা হয়ত অনেক সময় খেয়াল করেন নি যে, রেশনিং অফিসার ঐ রেকমেণ্ডেসন করা পিটিসনের উপর কিভাবে ইনসাল্ট অপমানজনক মন্তব্য করে এই সমস্ত দরখাস্তগুলি নিষ্পত্তি করেছেন সেটা একটুখানি ভেবে দেখা দরকার।

Mr. Speaker : Mr. Safiulla, you are a lawyer, may I know if the point you are raising is a point of privilege? It is absolutely not a point of privilege. Please go through the rules.

Shri Md. Safiulla : Sir, I am citing my own example .

Mr. Speaker : Is that in regard to the business of the House or the constitutional provisions or the rules of the House? I hope it is not. You can mention that as a mention case under rule 351.

Shri Md. Safiulla : I am citing my case.

Mr. Speaker : Is it within the the premises of this Assembly that an incident took place................

Shri Md. Safiulla : No.

Mr. Speaker : ....or is it concerning the proceedings of the House or the interpretation of the rules or the interpretation of the Constitution?

A point of privilege concerning the rights and privileges of member of the House or any contempt may be brought before the house. Any other matter may be placed before the House under rule 351.

[4-20—4-30 p.m.]

শ্রীমহম্মদ সাফিউল্লাঃ মাননীয় স্পীকার মহাশয়, হাউসের বাইরে যদি এই ধরনের ঘটনা এম এল এ দের সাথে ঘটে তাহলে সেটা অধিকার ভঙ্গের প্রশ্ন হিসাবে তুলতে পারি কিনা?

Mr. Speaker : You cannot do that.

ডাঃ জয়নাল আবেদিনঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই অ্যাপ্রোপ্রিয়েসান বিলের উপর আলোচনা করতে গিয়ে মোর্চার অন্যতম অংশীদার সি পি আই দলের শ্রীমতী ইলা মিত্র বক্তব্য রেখেছেন এবং বাজেটের দৃষ্টিভঙ্গি আলোচনা করতে গিয়ে অবাঞ্ছিতভাবে, অযাচিতভাবে তাঁদের চিরাচরিত স্বভাব অনুযায়ী কংগ্রেস দলের প্রতি কিছু কটাক্ষ করার চেষ্টা করেছেন। আমরা তাঁদের দলীয় পর্যায়ে, বিধানসভা পর্যায়ে বার বার হুঁশিয়ার করে দিয়েছি এই বলে যে আপনাদের এই খেলা সম্ভবপর হবে না। এ কণ্ঠ কোথায় ছিল শ্রীমতী মিত্র যখন আপনারা ঐ সি পি এম-এর কাছে উত্তম-মধ্যম খেয়ে আমাদের ছাতার তলায় আশ্রয় নিয়েছিলেন, বলেছিলেন, বাবা, বিধানসভায় প্রবেশের অনুমতি দাও? আপনারা কি আপনাদের একটাও বক্তৃতা দেখাতে পারবেন বিগত নির্বাচনের প্রাক্কালে যেখানে আপনারা বলেছিলেন, কংগ্রেসের মধ্যে একটা অংশ প্রগতিশীল আর একটা অংশ প্রতিক্রিয়াশীল - আপনারা দেখাতে পারবেন? তা হলে যে কয়েকটা এসেছেন সেই কয়েকটাও আসতেন না। স্যার, আপনারা জানেন জাতীয় কংগ্রেসের নেতৃত্বে "করেঙ্গে ইয়ে মরেঙ্গে" ও "ভারত ছাড়" যে আন্দোলন হয়েছিল তখন এই দল সিল্কের পাঞ্জাবী গায়ে দিয়ে কালো ব্যাজ লাগিয়ে বৃটিশের জয়গান করেছিলেন। আজকে যাঁরা এখানে এসে বসে গিয়ে মনে করছেন বিধানসভায় প্রগতিশীল মোর্চার সুযোগ নিয়ে- বিরোধী দল যেখানে প্রায় ফাঁকা, জরাজীর্ণ, অন্তঃসারশূন্য, তখন সেখানে ঐ অংশটা দখল করে নেব। সুবিধাবাদের এর চেয়ে গ্লানিকর দৃষ্টান্ত আর নেই। জিজ্ঞাসা করতে পারি শ্রীমতী মিত্র, আপনাদের অচ্যুৎ মেনন সাহেব আর একদিকে শাসন চালাচ্ছেন আমাদের কিছু সাহায্য নিয়ে, সেখানে কি প্রগতিশীল, মৌলিক পরিবর্তনের ব্যবস্থা কেরালে হয়েছে, জবাব দেবেন কি? আমরা জানি আপনারা এই দেশের ভাবধারায় বিশ্বাসী নন। ইমপোর্ট করা কিছু ভাবধারা এনে আমাদের মধ্যে বিভেদ সৃষ্টি করা যাবে না, এ হুঁশিয়ারী আপনাদের দিতে চাই। আমরা এমন বলি না যেটা করতে পারব না। তারপর বলি, কোথায় গেল সেই সব, যখন সি পি এম-এর সঙ্গে হাত মিলিয়ে বাংলাদেশে ৩২ দফা কর্মসূচি ঘোষণা করেছিলেন, তার এক দফাও পালন করেছেন? কাজেই আজকে সেই ফাঁকা বুলি দিয়ে কংগ্রেসকে জালে জড়ানো যাবে না শ্রীমতী মিত্র। আমরা মনে করি, এক বছর আগে বাংলাদেশের জনসাধারণ ঐতিহাসিক ঘটনা ঘটিয়ে কংগ্রেসকে বিপুলভাবে আশীর্বাদ করে যে মহান কর্তব্য, দায়িত্বভার কংগ্রেসের উপর তুলে দিয়েছেন আজকে কংগ্রেসকে সেই পর্যায়ে পৌঁছাতে হবে। আজকে তাই কংগ্রেসের সক্রিয় কর্মীদের সেটাই প্রধান কর্তব্য ও চিন্তা এবং তার জন্য আমরা মৌলিক রূপান্তরের দিকে যাচ্ছি। আজকে যে গরিবী হঠাও আন্দোলনের কথা বললেন সে সম্পর্কে বলি, এটা স্লোগান নয়, এটা জাতীয় ফিলজফি, ভারতীয় জাতীয় দর্শনে পরিণত হয়েছে। আজকাল কি আপনারা চোখ দিয়ে অনেক জিনিস দেখতে পান না? রাত্রি দেখলে দিন দেখা যায় না শ্রীমতী মিত্র আজকে আপনাদের বলব, আপনারা কি জানেন না, কয়লাখনিগুলি অধিগ্রহণ করা হয়েছে? আপনারা কি জানেন না, শ্রমমন্ত্রী

বলেছেন, চা-বাগিচার একটা বিশেষ অংশ নিয়ে নেবার কথা চিন্তা করছি? কাজেই ফাঁকা বুলি দিয়ে আজকে আর কিছু করা সম্ভবপর নয়, এ হুঁসিয়ারী আপনাদের দিতে চাই। আপনারা রাজনৈতিক সমালোচনা করেন করুন, বিধানসভায় যে অধিকার আছে সে অধিকার প্রয়োগ করুন, কিন্তু আমাদের দলের ব্যাপারে নাক গলাবার চেষ্টা করবেন না। তা হলে ঐ নাক ফুটো হয়ে যাবে। কাজেই আপনাদের সাবধান করে দিচ্ছি, আমাদের ব্যাপারে নাক গলাতে আসবেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, আমরা চেষ্টা করছি। আজকে জনসাধারণকে আমাদের সঙ্গে নেবার চেষ্টা করছি। ব্লক পর্যায় থেকে শুরু করে স্টেট লেভেল পর্যন্ত আমরা দুইটি ভাগে ভাগ করেছি। একটি হচ্ছে প্রশাসনিক, আর একটি হচ্ছে পরিকল্পনা। দেশের অর্থনৈতিক কাঠামোর মৌলিক পরিবর্তন কিভাবে করা যায় আজকে যারা অর্থনীতিবিদ আছেন, যারা পরিকল্পনাবিদ আছেন—এই গোষ্ঠীকে সংহত করে আমরা ব্লক লেভেল থেকে শুরু করে স্টেট লেভেল পর্যন্ত পরিকল্পনার দায়িত্ব দিয়েছি। আর অন্যদিকে এই পরিকল্পনা যাতে সুস্থভাবে পরিচালনা করা যায় রি-অর্গানাইজেশান অব দি অ্যাডমিনিস্ট্রেশান-এর কথা চিন্তা করে জেলা লেভেল পর্যন্ত আমরা চেষ্টা করছি প্রতিটি পরিকল্পনা যাতে ফলো আপ হয়, প্রোগ্রেসিভ ইভ্যালুয়েশান হয় এবং জনসাধারণ এতে পার্টিসিপেট করে। পিপলকে কিভাবে পার্টিসিপেট করান যায়? পিপলকে পার্টিসিপেট করান যায় বাই কমিটিজ, বাই পপুলার ইনভলবমেন্ট ইন ডিফারেন্ট অ্যাডভাইসরি, এক্সিকিউটিভ অ্যান্ড ইমপ্লিমেন্টেশন কমিটিজ। আজকে আপনারা সেই অংশতে পুরোভাবে নিচ্ছেন সব জায়গাতে। যেখানে হচ্ছে, আজকে ৬টির জায়গায় আমাদের পরিষদীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে, দুইটি সি পি আই-এর জন্য রাখতে হবে। মহা মুশকিলের ব্যাপার, ওরা যেন শরিক হয়ে গেছে। আজকে সব জায়গায় আপনারা ইনভলভ থেকেও এই শর্তটা অস্বীকার করে গেলেন। পরিকল্পনার দিক থেকে আমরা সমস্ত জনজীবনের কাছে, বাংলাদেশের সমস্ত মানুষকে ইনভলভ করার চেষ্টা করছি বাই পপুলার কমিটিজ—ইন ডিফারেন্ট লেভেল ইন ডিফারেন্ট স্ফিয়ার্স অব ন্যাশনাল লাইফ। অন্যদিকে প্রশাসনকে দক্ষ, যোগ্য এবং দুর্নীতিমুক্ত করার আমরা চেষ্টা করছি যাতে এই প্রশাসনকে দিয়ে এফিসিয়েন্টলি এবং অনেস্টলি কাজ করান যায়। আজকে মুখ্যমন্ত্রী বলিষ্ঠভাবে সভায় ঘোষণা করেছেন, আপনারা হয়ত শোনেন নি। আমি জানি, আপনারা অনেক জিনিস শুনতে পান না। এত বড় বড় কথাগুলি যদি প্রথম থেকে শুনতে না পান, তা হলে আমাকে আর একবার ভাবতে হবে, কি করে আপনাদের স্মরণ করিয়ে দেওয়া যায়, কি ভাবে এই কথাগুলি আপনাদের মনে করিয়ে দেওয়া যায়। আজকে উনি কিছু সাজেশান দিয়েছেন। আমি শুধু বলতে চাই ঐ সাজেশান দেবার আগে নিজের মনকে জিজ্ঞাসা করুন। আপনারা নিজেরা একদম পরিষ্কার হয়ে বলুন যে, আপনারা আজকে দেশের মঙ্গল চান, না এখানে একটা গোলমাল পাকিয়ে দেবার চেষ্টা করছেন? আপনাদের সততায় দেশবাসী সন্দেহ করছে। পশ্চিমবাংলায় একটা বিশেষ পটভূমিকায় আপনাদের সঙ্গে একসাথে আসতে হয়েছিল ঐতিহাসিক একটা প্রয়োজনে। তাতে আর কিছু না হোক, আপনারা অন্তত বেঁচে গেছেন এবারের মত। ৩৫ জন এবারের মত চলে এসেছেন আমাদের আঁচল ধরে, এই জিনিস আমরা দেখেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, আজকে ব্রিটিশ লিগেসির যে অ্যাডমিনিস্ট্রেটিভ মেশিনারী আমরা পেয়েছি তার যে আউটলুক সেটা আমাদের পরিবর্তনের চেষ্টা করতে হবে এবং অনেক জায়গায় আমরা দেখেছি যে এফিসিয়েন্সির অভাব নেই। অজকে যুগের দাবি, সমাজের দাবি এবং সরকারের যে নীতি সেটা রূপায়ণে অনেক জায়গায় দক্ষতার পরিচয় দিয়েছেন, আবার অনেক জায়গায় দিতে পারে নি। অনেক জায়গায় পরিষ্কারের প্রয়োজন আছে, এগুলি আরো ঘসেমেজে রিফর্ম করবার প্রয়োজন আছে, আরো রি-অর্গানাইজেশানের প্রয়োজন আছে। আপনাদের সহযোগিতা কামনা করি। আজকে এই মহাযজ্ঞে একদিকে জনসাধারণকে ইনভলভ করা অপর দিকে অ্যাডমিনিস্ট্রেটিভ যে উইংস আছে সেই উইংসকে দক্ষ করে এদের মনোভাবের পরিবর্তন করে দেশের অর্থনৈতিক কাঠামোকে পরিবর্তন করা। ভূমির ব্যাপারে কিছু নাকি হয় নি। আজকে শ্রমিকদের সমবায়ের কথা বলেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সব কথা ফাঁস করে দিলে হয়ত বিপদ হতে পারে, অন্তত আমাদের বন্ধু বলে ওরা অনেক সময় কোথাও কোথাও পরিচয় দিয়ে থাকে। ওদের বিরাট বিরাট নেতৃত্বে সমবায়মন্ত্রী হিসাবে আমার কাছে যে বক্তব্য রাখতে চায়

তাতে এই দেশের সমবায়ের সর্বনাশ হয়ে যাবে। অন্য দিকে দেখেছি, যুক্তফ্রন্টের সময়ে ১৯৬৭ থেকে ১৯৬৯ সাল পর্যন্ত সমবায় দপ্তর সি পি আই বন্ধুদের দখলে ছিল, তখনই এই সমবায়ের পতন ঘটেছে। এই পশ্চিমবাংলায় সি পি আই বন্ধুদের যদি উন্নতিশীল মনোভাব থাকতো, দেশকে এগিয়ে নিয়ে যাবার মনোভাব থাকতো, তা হলে ১৯৬৭ সাল থেকে ১৯৬৯ সাল পর্যন্ত পশ্চিমবাংলায় সমবায়ের সর্বনাশ হত না, এর সমাধি হত না। ওদের সততা, দৃষ্টিভঙ্গি, ওদের উপদেশ আমাদের ভয় করে। তা না হলে এটা তো আমাদেরই কথা যে, শ্রমিককে ইনভলভ করাতে হবে। আমরা সরকারী সংস্থা পরিচালনা করি, আমরা চেষ্টা করছি, ক্যাজুয়েলি, ফেজড ওয়েতে মোটিভেশান, ইমপ্লিমেন্টেশানে কি ভাবে শ্রমিকসমাজকে রিপ্রেজেনটেশান দেওয়া যায়।

[4-30—4-40 p.m.]

কিন্তু যেখানে বন্ধুরা আছেন, মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেখানে সেই পাবলিক আন্ডারটেকিং-এর সর্বনাশ হতে বাধ্য, আমার অভিজ্ঞতা থেকে বলছি, সেই জন্য আজকে শ্রীমতী ইলা মিত্রকে এবং তাঁর দলকে অনুরোধ করবো, কংগ্রেসের মধ্যে দু-ভাগ করবার চেষ্টা করে নয়, কংগ্রেসকে বিচ্ছিন্ন করে নয়, আজকে জনসাধারণ এবং কংগ্রেস একাত্ম হয়ে গেছে, কোথায় আপনি হতাশা দেখলেন? বাংলার গ্রামে তো আমরাও ঘুরি, বাংলার শহরে তো আমরাও ঘুরি। আমাদের দেখে জনসাধারণের মধ্যে যেভাবে স্বতঃস্ফূর্ত আনন্দ ভাব আসে, তাতে আমরা জনসাধারণের কাছে মুগ্ধ, কৃতজ্ঞ। আমাদের মুখ্যমন্ত্রী বার বার বলেছেন, এমন কিছু কর্ম আমরা করি নি যাতে জনসাধারণের এই অপরিসীম আশীর্বাদ, ভালবাসা, উৎসাহ আমরা পেয়েছি। সেখানে ও'রা দেখেন না, এর আগে আমি বলেছিলাম, ও'রা দৃষ্টি হারিয়ে ফেলেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনেক জীব তো দিনের বেলায়ও দেখে না, রাতের বেলায়ও দেখে না, কেউ বা রাতে একটু ঝাপসা দেখে। ঐরকম জীবে যদি পরিণত হয় ভারতের কমিউনিস্ট পার্টি—আমাদের বলার কিছু নেই। কিন্তু আমি মনে করি জনসাধারণ এই সরকারকে প্রতিষ্ঠা করেছে, জনসাধারণ হচ্ছে প্রধান সহায় এবং মূল শক্তি, এই জনসাধারণকে নিয়ে এই সরকার যে ব্রত নিয়েছেন সমাজের মৌল পরিবর্তনের যে জীবন দর্শন নিয়েছেন, আজকে গরিবী হটানোর সংকল্প সেই লক্ষ্যে সরকার উপনীত হবেন এবং তাতে যে বাধা, যে জটিলতা আসুক না কেন আমাদের সরকার জনগণের সাহায্যে তাদের সমস্ত আবর্জনা দূর করতে সমর্থ হবে। এই কথা বলে, এই অর্থ প্রয়োগ বিলকে আন্তরিক সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅসমঞ্জ দেঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে অর্থমন্ত্রী মহাশয় যে এই সভায় অ্যাপ্রপ্রিয়েশান বিল উপস্থাপিত করেছেন আমি তাঁকে সর্বান্তঃকরণে সমর্থন জানাই। তার কারণ, এইমাত্র এক বছর সময়ের মধ্যে যে দৃপ্ত পদক্ষেপ এবং বলিষ্ঠ মনোভঙ্গি নিয়ে এই সরকার যে ভাবে পশ্চিমবঙ্গকে শান্তি এবং সমৃদ্ধির পথে এগিয়ে নিয়ে গেছেন, এটা সত্যই প্রশংসনীয়। একটু আগে শুনলাম ঐ বেঞ্চের শ্রীমতী মিত্র সোচ্চার হয়ে চিৎকার করছিলেন যে, এই শান্তিই শান্তি নয়। আমি তো বুঝে উঠতে পারলাম না, তিনি এই আত্মসমালোচনার মাধ্যমে আত্মগরিমা বোধ করলেন কিনা। আমার মনে পড়ে যাচ্ছে যুক্তফ্রন্টের আমলে যখন ভয়, ভীতি, আতংক, সন্ত্রাস, সমস্ত পশ্চিমবাংলার জনজীবনকে অক্টোপাসের মত আকড়ে ধরে ছিল, তখন এক কবি সেই অশান্তির দিকে তাকিয়ে বলেছিলেন, "লালে লাল দুনিয়া, আম্মা লাল তেরী, খুন কিয়া খুনীয়া।" সেই খুনের রাজত্বে পশ্চিমবাংলার পথে মানুষ বেরোতে পারে নি। তখনকার যে শান্তি ছিল সেই শান্তি শ্মশানের শান্তি। শ্রীমতী মিত্র এই শান্তি খুঁজতে গিয়ে, শ্মশানের শান্তি খুঁজবার একটা চেষ্টা চালাচ্ছিলেন বলে আমার মনে হচ্ছে। শ্রীমতী মিত্র বলছেন, আমরা কর্মসূচির দিকে তাকাইনি। কিন্তু আমরা নির্বাচনের প্রাক্কালে কংগ্রেসের পক্ষ থেকে ১৭ দফা কর্মসূচি নিয়ে জনতার কাছে যখন আহবান জানিয়েছিলাম, তখন নিঃসংশয়ে বলতে পারি এই সরকার তার দৃপ্ত পদক্ষেপ নিয়ে, বলিষ্ঠ মনোভঙ্গি নিয়ে এই ১৭ দফার কর্মসূচিকে আপ্রাণ ভাবে কার্যে রূপায়িত করতে চলেছে। শ্রীমতী মিত্র বলেছেন যে, একচেটিয়া পুঁজির আঘাতের দিকে এই পশ্চিমবঙ্গ সরকারের লক্ষ্য নেই। কিন্তু শ্রীমতী মিত্রের জ্ঞাতার্থে

জানাতে পারি যে, আজকে পশ্চিমবঙ্গ সরকার রাষ্ট্রীয় বাণিজ্য এবং অর্থনৈতিক ক্ষেত্রে এবং বিভিন্ন দিকে যে রষ্ট্রীয়করণের নীতি গ্রহণ করছেন, এটা কি একচেটিয়া পুঁজির মূলে আঘাত হানবার ব্যাপার নয়? আজকে পশ্চিমবাংলার বুকে একচেটিয়া পুঁজি দীর্ঘদিন ধরে—ছোটবেলার কবিতায় পড়েছিলাম, "পথের মাঝে পড়েছিল প্রকান্ড এক পাথর।" শ্রীমতী মিত্র কি রাতারাতি ডিনামাইট চার্জ করে একচেটিয়া পুঁজিকে পশ্চিমবঙ্গ থেকে একেবারে হটিয়ে দিতে চাইছেন? তিনি কি ঘুমন্ত ছিলেন সারা বছর ধরে? তিনি কি দেখতে পান নি, হুইটের ক্ষেত্রে, সুগারের ক্ষেত্রে, কোকিং-এর ক্ষেত্রে, নন-কোকিং-এর ক্ষেত্রে সরকার দিনের পর দিন রাষ্ট্রীয়করণের নীতিকে গ্রহণ করেছেন। তিনি ভূমিচোরদের বিরুদ্ধে এই সরকার কোন নীতি গ্রহণ করেছেন বলে উল্লেখ করেন নি। তিনি কি ভুলে গেলেন, সেদিন ঐ বেঞ্চের বিশ্বনাথবাবু যখন ২৪-পরগনা জেলার গোপাল গুহকে ভূমিচোর বলে আখ্যা দিয়ে তার প্রতিবিধান দাবি করে ছিলেন, তখন এই সরকারের মুখ্যমন্ত্রী অত্যন্ত দৃপ্ত পদক্ষেপে, বলিষ্ঠ মনোভঙ্গি নিয়ে এই বিধানসভায় ঘোষণা করেছিলেন, আপনাদের নেতৃত্বে আমরা কমিশন তৈরি করছি। সেই ভূমিচোরদের বিরুদ্ধে এই সরকার যথাযথ ব্যবস্থা অবলম্বন করবেন। আমি স্বপ্ন দেখছি কিনা বুঝে উঠতে পারছি না। আর সবচেয়ে বড় কথা, শ্রীমতী মিত্র বক্তৃতা করতে করতে কংগ্রেসের মধ্যে ভেজাল লক্ষ্য করলেন। আমার কিন্তু বক্তৃতা শুনে শ্রীমতী মিত্রকে মনে হল বুঝি তিনি বিধানসভার বেঞ্চ থেকে সরে গিয়ে অ্যান্টি-করাপসনের অফিসারের ভূমিকা নিয়েছেন। আমি অবশ্য জানি না অ্যান্টি-করাপসনের অফিসার হিসাবে তিনি কাজ করবেন কিনা। তার বক্তব্য শুনে কিন্তু আমার অ্যান্টি-করাপসন অফিসিয়ালদের কথা মনে পড়ছিল। আমাদের মধ্যে ভেজাল নেই, আমাদের নেতা মাঝে মাঝে বিধানসভা থেকে এমন কি পশ্চিমবাংলা থেকে উধাও হয়ে যান না। আমাদের মধ্যে ভেজাল নেই, আমাদের মধ্যে অনৈক্য নেই, আমাদের মধ্যে দুর্নীতি নেই, আমাদের মধ্যে ভেদাভেদ নেই। আমরা নিটোল ঐক্য নিয়ে বলিষ্ঠ পদক্ষেপ নিয়ে নির্বাচনের মোকাবিলা করেছিলাম যেভাবে, জনসাধারণের কাছে যে ভাবে আমাদের মতামত জানিয়েছিলাম, সেই ভাবে আমরা আমাদের সততা নিয়ে, বলিষ্ঠতা নিয়ে এগিয়ে যাচ্ছি। এই সরকার এবং এই সরকারের মন্ত্রীরা—এই কথা অবশ্যই স্বীকৃত যে, একচেটিয়া পুঁজির বিরুদ্ধে অন্যায়ের বিরুদ্ধে, দুর্নীতির বিরুদ্ধে, দুর্কর্মনীতির বিরুদ্ধে সম্পূর্ণভাবে জেহাদ ঘোষণা করেছেন। আপনি নিশ্চয়ই জানেন মাননীয় স্পীকার মহাশয়, এবং এই কথা স্মরণ করিয়ে দেওয়া নিশ্চয়ই অপ্রাসঙ্গিক হবে না যে, কোরাপটেড আই পি এস-কে একজন ডিরেকটরকে অভিযুক্ত করেছেন। ফর্মার অফিসার সিভিল ডিফেন্সের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেছেন। এই সরকার ইতিমধ্যে দুর্নীতির জন্য এস পি-কে সাসপেন্ড করেছেন। আজই আমাদের মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন, কালিয়াগঞ্জ থানার ও সি-কে সাসপেন্ড করা হচ্ছে। এই সরকার রিলিফ ডিপার্টমেন্টের হায়ার অফিসারকে দুর্নীতির অভিযোগে অভিযুক্ত করেছে। এই সরকার ফাটকাবাজ, কালোবাজারীদের গ্রেপ্তার করছেন। এ কথা সত্য যে, আমলাতান্ত্রিক চক্র সরকারকে অপদস্থ করবার জন্য দিনের পর দিন চক্রান্ত করে চলেছে, তাই আমি কয়েকটি কংক্রিট সাজেশন দিতে চাই। আমার ফার্স্ট সাজেশন হচ্ছে ভিজিলেন্স কমিশনকে স্বাতন্ত্র্য দিতে হবে। এই ভিজিলেন্স কমিশনকে ডি এম এবং এস পি-র হাত থেকে নিয়ে এই ভিজিলেন্স দপ্তরটাকে সম্পূর্ণ মুখ্যমন্ত্রীর অধীনে আনতে হবে। তার ভিজিলেন্স কমিশনের রিপোর্ট অ্যাসেম্বলীতে পেশ করতে হবে। আমার নাম্বার টু সাজেশন হচ্ছে, আজকে আমরা দেখতে পাচ্ছি সুপারঅ্যানুয়েটেড অফিসারকে রিঅ্যাপয়েন্টমেন্ট দেওয়া হচ্ছে। এইরকম রি-অ্যাপয়েন্টমেন্ট রদ করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭২-৭৩ সালের সিভিল লিস্টে দেখেছি যে, ১০ জন আই এ এস ডাবল্ সি টি এম সুপারঅ্যানুয়েটেড লোক আবার কাজ করছে। এদের মধ্যে এক জন আছেন মিঃ ডি এন সেন যিনি কিনা কানে যন্ত্র না দিয়ে শুনতে পান না, তার সুপারঅ্যানুয়েশনের পরও আবার চাকরিতে এক্সটেনশন হল। কেন হল সেটা আমরা বুঝতে পারলাম না। এর মধ্যে আর একজন আছেন অনিল বসু সিক অ্যান্ড ক্লোজড ইন্ডাস্ট্রির সেক্রেটারী। তিনি একজন সুপারঅ্যানুয়েটেড লোক তাকে কিনা মরক শিল্পের ডাক্তার নিযুক্ত করা হল, এটা আমার অদ্ভুত বলে মনে হচ্ছে। সেন্ট্রাল ফিসারিস কর্পোরেশনে কয়েকজন আই এ এস রেগুলার ক্যাডার রয়েছেন, রেগুলার ক্যাডার থাকা সত্ত্বেও হোম ডিপার্টমেন্ট সুপারঅ্যানুয়েটেডদের একটা নামের লিস্ট করেছে। আজকে যখন গভর্নমেন্টের ইয়ং মন্ত্রী হচ্ছেন, যখন ইয়ংরা এম এল এ হচ্ছেন, তখন ইয়ং অফিসার

নিয়োগ করা হবে না কেন? তাই আমি এই বিষয়ে আপনার মাধ্যমে জানাচ্ছি যে, আজকে ইয়ংদের গুরুত্বপূর্ণ পদ দিতে হবে, তাদের প্রমোশন দিতে হবে, এই বিষয়ে একটা ইনসেনটিভ এবং একটা এনথুইয়াসিম ক্রিয়েট করবার জন্য এই ইয়ং অফিসারদের নিয়োগ করা উচিত। এই আবেদন জানিয়ে এবং আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে অনুমতি চেয়েছেন তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমৃগেন্দ্র মুখার্জী: মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর নেতৃত্বে মন্ত্রিসভা যখন সর্বাত্মক সাফল্যলাভ করতে শুরু করেছে, তখন সেই মন্ত্রিসভার বিরুদ্ধে সমালোচনা হবেই বিধানসভার ভিতরে এবং বাইরে। সমালোচনা তখনই হয়, যখন যাদের ক্ষমতা কম থাকে তখন তাদের সমালোচনা করবার ক্ষমতা একটু বেশীই থাকে। আমরা একটা কথা জানি যে রুগ্ন লোকের ঠোঁটের বল একটু বেশী হয়। তাই আজকে কেউ ময়দানে বলছে, কেউ বিধানসভায় বলছে। আমাদের মুখ্যমন্ত্রীর নেতৃত্বে আমরা দুর্নীতির বিরুদ্ধে জেহাদ ঘোষণা করেছি। আজকে আমাদের মাননীয় অর্থমন্ত্রী আপনার মাধ্যমে যে অর্থের মঞ্জুরীর অনুমতি চেয়েছেন, সেই বিষয়ে সর্বান্তকরণে টাকা খরচের অনুমতি দিয়ে আমি কতগুলি বিষয়ে অর্থমন্ত্রীর কাছে উল্লেখ করতে চাই। প্রথমেই আমি ১৬ দফা কার্যসূচির সম্পর্কে বলতে চাই যে, শিল্প পুনর্গঠনের বিষয়ে আমাদের বলা হয়েছিল এবং এই বাজেটেও তাদের কিছু কিছু সুযোগ দেওয়ার কথা ঘোষণা করা হয়েছিল এবং সেখানে নতুন শিল্পের ক্ষেত্রে সেল ট্যাক্সের কিছু কিছু অ্যাডভান্টেজ দেওয়া হবে, কিন্তু আমাদের কাছে কিছু কিছু কাগজপত্র এসেছে, তাতে আমরা দেখতে পাচ্ছি সেল ট্যাক্সের ক্ষেত্রে যেসব শিল্পকে সুযোগ দেওয়া হচ্ছে সেগুলি নতুন শিল্প নয়, এটা ইন্ডাস্ট্রিয়াল ডেভালপমেন্ট কর্পোরেশন রেকমেন্ড করছেন। তাদের মধ্যে একটা হচ্ছে বেঙ্গল পেপার মিল, তাদের দেওয়া হচ্ছে ৮০ লক্ষ টাকা বাঙ্গুর কোম্পানীর। দ্বিতীয় হচ্ছে টিটাগড় পেপার মিল-বার্ড কোম্পানীর তাদের দেওয়া হচ্ছে ১ কোটি ৮০ লক্ষ টাকা এবং এর মধ্যে তাদের ১৮ টাকা উইদাউট ইন্টারেস্টে দেওয়া হবে। তিন নম্বর হচ্ছে আর একটা ইন্ডাস্ট্রি-হাডা টেক্সটাইল। আমরা যখন বলছি, দুর্বল শিল্পকে সুযোগ দেওয়া হবে, নতুন শিল্পকে সুযোগ দেওয়া হবে, তখন সেই ক্ষেত্রে বাঙ্গুর কোম্পানীর মত, বার্ড কোম্পানীর মত প্রতিষ্ঠানকে সাহায্য দেওয়া হচ্ছে। তারপর ঐ এস এন হাডা তিনি কলকাতার বিড়লার দোসর, যিনি পশ্চিমবঙ্গের নাগরিক হয়েও ইথিওপিয়ার কলকাতার অফিসের কনসোলেট। সেই হাডা টেক্সটাইলকে সাহায্য দেওয়া হচ্ছে, রিবেট দেওয়া হচ্ছে। সেল ট্যাক্সে তাদের অ্যামাউন্ট হবে ৪২ লক্ষ টাকার মত এবং এই ব্যাপারে একটা ফটোস্টাট কপি আমি এনেছি। সেই ফটোস্টাট কপি আমি এই সভায় রাখছি

[4-40—4-50 p.m.]

এটা বি কে দত্ত, চেয়ারম্যান, ইন্ডাস্ট্রিয়াল ডেভালপমেন্ট কর্পোরেশন, লিখেছেন ডিরেকটারের কাছে: অর্থাৎ এ থেকেই মনে হচ্ছে নূতন শিল্পকে না দিয়ে মনোপলি হাউসের কিছু কিছু শিল্পকে আমরা এই সুযোগ দিতে চলেছি। মন্ত্রিসভার অজ্ঞাতসারে এইভাবে ইন্ডাস্ট্রিয়াল ডেভালপমেন্ট কর্পোরেশন বিভিন্ন ক্ষেত্রে যেসব কাজ করে যাচ্ছে তাতে মন্ত্রিসভার ভাবমূর্তি কলুষিত হবে। আর একটা দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, স্টীল অ্যালয় ফাক্টরী কুলজিয়ানকে দেওয়া হয়েছে প্রোজেক্ট করার জন্য। অথচ একজন এক্সপার্ট এ বিষয়ে যে রিপোর্ট দিয়েছেন সেই রিপোর্টে বলা হয়েছে যে, এ ব্যাপারে দস্তুর কোম্পানীকে কনসালট্যান্ট হিসাবে রাখা হোক। দস্তুর কোম্পানীর ইস্পাত তৈরির অভিজ্ঞতা আছে। কুলজিয়ানের এতে কোন অভিজ্ঞতা নেই এবং আমেরিকায় এই কোম্পানীর ঘুসের দায়ে শাস্তি হয়েছে। এই কোম্পানী সম্পর্কে বলা হয়েছে, এই কোম্পানী বিভিন্ন জায়গায় নানারকম দুর্নীতির দায়ে দোষী হয়েছিল। এ সম্পর্কে একটা রিপোর্ট আমার কাছে আছে, তাতে দেখা যাচ্ছে যে, এই কুলজিয়ান কর্পোরেশন বর্তমানে যে ডেভালপমেন্ট কর্পোরেশন নামে খ্যাত সেই কোম্পানী ইস্পাত সম্পর্কে কোন কাজ করে নি। এদের বিদ্যুৎ সম্পর্কে আমেরিকায় উৎকোচ দেবার জন্য আদালতে দোষী সাব্যস্ত হয়েছিল। অথচ তাদেরই এখন কনসালট্যান্ট হিসাবে ইউজ করা হচ্ছে। অথচ এই ব্যাপারে মিঃ ভাট এক্সপার্ট

যিনি এসেছিলেন—যিনি চেয়ারম্যান, ইন্ডিয়ান ইনভেস্টমেন্ট সেন্টার, অ্যাডভাইসার, মার্চেন্ট ব্যাঙ্কিং ডিভিসন— তিনি বললেনঃ

Kuljian migit be prepare the Project report for the Alloy Project Steel. Shri Dutta stated that Dastur were pre-eminent firm in this line.

অর্থাৎ দপ্তর সম্পর্কে ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশান-এর বোর্ডের মিটিং-এর মিনিটের কপি আমার কাছে আছে। কিন্তু দস্তুরকে না দিয়ে দেওয়া হল কুলজিয়ানকে। ইন্ডাস্ট্রিয়াল ডেভালপমেন্ট কর্পোরেশন-এর চেয়ারম্যান, বি কে দত্ত। তিনি নিজে এই বোর্ডের চেয়ারম্যান হিসেবে কাজ করছেন। অথচ তাকে রিজার্ভ ব্যাঙ্ক থেকে অনুমতি দেওয়া হয়েছিল বোর্ড-এর চেয়ারম্যান সিহাবে থাকতে পারবেন। এ সম্পর্কে রিজার্ভ ব্যাঙ্ক-এর বিধির কপি আমার কাছে আছে। সুতরাং আমি মনে করি ইন্ডাস্ট্রিয়াল ডেভালপমেন্ট কর্পোরেশন শিল্প পশ্চিমবাংলার পুনরুজ্জীবনের ভবিষ্যৎ—এইরকম ধরনের কাজ যদি চালায়, তা হলে আমার মনে হয় শিল্পোন্নতি হবে না। ইন্ডাস্ট্রিয়াল ডেভালপমেন্ট কর্পোরেশন ২০ লক্ষ টাকার তলায় কোন কাজে সহযোগিতা করছেন না, ৭২ লক্ষ টাকা পর্যন্ত ক্ষুদ্র শিল্প। ২০ লক্ষ থেকে ইন্ডাস্টিয়াল ডেভালপমেন্ট কর্পোরেশন এই যে এগিয়ে আসছেন তাতে পশ্চিমবাংলায় শিল্প আর হবে কিনা সে বিষয়ে সন্দেহ হচ্ছে। আমি তাই মনে করি এইরকম দুর্নীতির ব্যাপারে সরকারকে আরও বেশী সজাগ থাকতে হবে এবং এর বিরুদ্ধে যে অভিযান শুরু হয়েছে তাকে জোরদার করতে হবে। এ বিষয়ে শ্রীঅসমঞ্জ দে যে কথা বলেছেন তাঁর সংগে আমি একমত যে, ভিজিলেন্স কমিশন এবং এনফোর্সমেন্ট ব্রাঞ্চকে বিশেষভাবে কেন্দ্রীভূত করা দরকার। আমার কাছে একটা খবর আছে, টি সি চ্যাটার্জি, এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ার, ইরিগেশন, তাঁকে ভিজিলেন্স কমিশন থেকে বরখাস্ত করার জন্য সুপারিশ করা হয়েছে। কিন্তু সেই বরখাস্ত করার সুপারিশের ফাইলটি মুখ্যমন্ত্রীর কাছে এখনও যায় নি। আমার কাছে খবর যে, তাঁর সেই ফাইলটি নাকি ইরিগেশন ডিপার্টমেন্টের ডেপুটি সেক্রেটারী এ বি মুখার্জি—যিনি টি সি চ্যাটার্জির বেয়াই—তিনি ফাইলটি সম্পূর্ণ চেপে দিয়েছেন। এইভাবে যদি চলে, তা হলে ভিজিলেন্স কমিশন কাজ করতে পারে না। ভিজিলেন্স কমিশন যেসব জায়গায় তদন্ত করছেন জেলায় জেলায় তাঁদের অবস্থা অত্যন্ত শোচনীয়। অনেক ভিজিল্যান্স ইন্সপেকটরকে চোখের জল ফেলে জেলা থেকে চলে আসতে হচ্ছে। তাঁরা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের অধীনে কাজ করেন, তাঁদের প্রত্যেকটি চিঠি ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট সেনসর করেন। দুর্নীতি দমন দপ্তর পুলিসের অধীনে রয়েছে, পুলিসের দুর্নীতি সম্পর্কে তদন্ত করার অধিকার কার্যত তাদের খর্ব করে দেওয়া হয়েছে। এখন পর্যন্ত এই রকম রেওয়াজ আছে যে, কোন এস পি যদি থানার দারোগাকে দুর্নীতি করতে দেখেন, তা হলে তাঁকে বদলি করে দেন দুর্নীতি দমন দপ্তরে। সুতরাং তাঁরাই যদি দুর্নীতি অভিযোগের তদন্ত করেন, তা হলে সে তদন্ত পক্ষপাতমূলক হয়ে পড়ে, দুর্নীতি দমনের তদন্ত হয় না। তাই আমাদের ২৫ বছরের ইতিহাসে কোনদিন আমরা মুখ্যমন্ত্রীদের কাছে মন্ত্রিসভার কাছে এইরকম জেহাদ শুনি নি। যদিও আমরা জানি যে, আমাদের আগেকার মুখ্যমন্ত্রীরা কোনদিন সততা, নিষ্ঠা, উদ্যোগ, উৎসাহ নিয়ে সন্দেহের কারণ হন নি, তা সত্ত্বেও আমাদের মিশান পশ্চিমবাংলার মানুষের কাছে আমরা যদি কিছু না দিতে পারি, তাদের জন্য আমরা যদি কিছু না করতে পারি, আমাদের সততা, আমাদের নিষ্ঠা নিয়ে সম্পর্কে যেন কোন সন্দেহের না সৃষ্টি হয়। যে আমলাতন্ত্র, যে দুর্নীতিপরায়ণ চক্র আমাদের মন্ত্রিসভাকে সরকারকে পৃষ্ঠদেশ থেকে ছুরিকাঘাত করছে তাদের অঙ্গুলি দেখিয়ে সামনে হাজির করে দেওয়া, তাদের সম্পর্কে অভিযোগ বিধানসভায় এনে মন্ত্রিসভার সামনে তুলে ধরা, এটা আমাদের পবিত্র কর্তব্য। কারণ, আমরা জানি অতীতে এই দুর্নীতিপরায়ণ চক্র, এই আমলা চক্র বার বার মন্ত্রিসভাকে ডুবিয়েছে, সরকারের জনপ্রিয়তাকে ক্ষুণ্ণ করেছে। পাঁচটি বছর আমাদের হাতে আছে, এই পাঁচটি বছরের একটি বছর আমরা শেষ করেছি, সুতরাং পাঁচ ভাগের এক ভাগ কাজ যদি হিসাব করা যায়, তা হলে অতিরিক্ত পরিমাণে আমরা এগিয়েছি। শিল্পের ক্ষেত্রে আমাদের চতুর্থ পজিসান ছিল, এক বছরে আমরা ইমপ্রুভ করে তৃতীয় পজিসানে এসেছি। সুতরাং এই যে উন্নয়ন চলছে এই উন্নয়নের গতি যাতে আরো বেশী হয়, যাতে দুর্নীতির রন্ধ্রপথ বন্ধ হয় সে সম্পর্কে সজাগ থাকতে হবে। তাই আমার অনুরোধ আপনার মাধ্যমে আমাদের মুখ্যমন্ত্রী

একজন ব্যারিস্টার, একজন কৃতি ছাত্র, তাঁর কাছে যে তাঁর নিষ্ঠা, সততা, চারিত্রিক উদারতা, গাম্ভীর্য, পাণ্ডিত্য, বৈদগ্ধ্য, যেটা অর্থমন্ত্রী হিসাবে আমাদের গৌরব, সেই গৌরব যেন বজায় থাকে, তিনি যেন এই ছিদ্রপথগুলি ধরবার চেষ্টা করেন। একটু আগে যে কথা বলছিলাম যে, ১২ কোটি টাকা কুলজিয়ান ফরেন ক্যাপিটাল আনবে, মেসিন আনবে অ্যালয় স্টীলের জন্য, আমি শুনলাম ১০ পার্সেন্ট কমিশান সুইস ব্যাঙ্কে জমা পড়বে, সেটা কার নামে জমা পড়বে সে সম্বন্ধে অর্থমন্ত্রী যেন গোড়া থেকে সজাগ থাকেন, যেন আর একটা কল্যাণ বোস স্টীল অ্যালয় করতে গিয়ে সৃষ্টি হয়ে না যায়। এই কথা ব'লে এই বিলকে আন্তরিক সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীভবানীপ্রসাদ সিংহরায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় অর্থমন্ত্রী কর্তৃক উত্থাপিত পশ্চিমবঙ্গ উপযোজন বিল, ১৯৭৩-কে আমি পরিপূর্ণ সমর্থন জানাচ্ছি। এই সরকার তার প্রতিটি পাই পয়সা যাতে ঠিকমত ব্যয় হয় তার জন্য সতর্ক দৃষ্টি রাখবেন এই বিষয়ে আমার কোন সন্দেহ নেই। আমার মনে কোন সন্দেহ নেই যে, এই সরকার দুর্নীতির বিরুদ্ধে লড়াইয়ের যে ঘোষণা করেছেন সেই ঘোষণাকে অক্ষরে অক্ষরে পালন করবেন। যেভাবে বাজেট কাঠামো তৈরি করা হয়েছে, যেভাবে খরচের হিসাব-নিকাশ করে ব্যয়বরাদ্দের দাবি আনা হয়েছে তাতে পশ্চিমবঙ্গের গণমানসের যে আকাঙ্ক্ষা পূর্ণ হবে এই সম্বন্ধে আমার কোন সন্দেহ নেই। তবে কয়েকটি কথা আমি এই প্রসঙ্গে নিবেদন করতে চাই আপনার মাধ্যমে। একথা ঠিক যে, এই সরকারের নিষ্ঠা রয়েছে, কিন্তু তা সত্ত্বেও যে প্রচলিত ব্যবস্থা আছে সেই প্রচলিত ব্যবস্থার মধ্য দিয়ে কিছু কিছু বলার থেকে যাচ্ছে, বিস্তারিত আলোচনার অবকাশ এখানে নেই। আমি শুধু ইরিগেশান ডিপার্টমেন্ট সম্বন্ধে কিছু বলতে চাই। এই ডিপার্টমেন্টে মাটি কটার জন্য যে টাকা ব্যয় হয় সেই ব্যয় সংকোচ করা যায়। মাননীয়া সদস্যা ইলা মিত্র কনট্রাকটারদের কথা বলেছেন, যদিও এই সরকারের আমলে সেই সমস্ত ঘুঘু কনট্রাকটরদের বাসা ভেঙ্গে বেকার শিক্ষিত যুবকদের কিছু কিছু কাজ দেওয়া হচ্ছে, কিন্তু দেখতে পাওয়া যাচ্ছে এক শ্রেণীর আমলা যেখানে ডিফিকাল্টি আছে সেখানে তাদের ২-৫ হাজারের মধ্যে সীমাবদ্ধ রেখে বড় কাজগুলি সেই ঘঘুদের কাছে দিচ্ছে। আমি আপনার কাছে অত্যন্ত কনফিডেন্সের সঙ্গে বলতে চাই, লক্ষ লক্ষ টাকা নয়, কোটি টাকা জলে যাচ্ছে। বাঁধ বাঁধা হচ্ছে বর্ষার কিছু আগে, বর্ষায় ধুয়ে যাচ্ছে, তার মাফ করার কোন হিসাব নেই।

[4-50—5 00 p.m.]

এখানে আমি একটা কথা নিবেদন করতে চাই। পাবলিক ফাইনান্স-এর সঙ্গে যাঁদের পরিচয় আছে তাঁরা জানেন এবং ডেমোক্রেটিক সেট আপ-এর মধ্য দিয়ে পাবলিক ফাইনান্স কিভাবে পরিচালনা করতে হবে তার সঙ্গে যাদের সম্পর্ক রয়েছে তাঁরাও জানে, এটা করতে হলে পারফর্মেন্স অডিট দরকার। এই পারফর্মেন্স অডিটের কথা আমি এক বছর ধরে বলে আসছি। সুপারভিসন কমিটি দরকার আমাদের সরকারের বিভিন্ন জায়গায় সেকথাও বলেছি। আমরা দেখেছি আমাদের কৃষিমন্ত্রী তাঁর বরাদ্দ থেকে চলতি বছরে এক কোটি টাকা ব্যয়সংকোচ করেছেন পাম্প এবং শ্যালোর ব্যাপারে। সুপারভিসন এবং প্রত্যক্ষ যোগাযোগ যদি থাকে, পারফর্মেন্স অডিট যদি চালু হয়, তা হলে যে ধরনের অপচয়ের আশংকা আমরা কেউ কেউ করছি সেটা দেখা দিতে পারবে না। আমরা এই এক বছরের মধ্যে অন্তত এটা দেখেছি এই সরকারের কোনদিকে দৃষ্টি আকর্ষণ করা হলে সেখানে এই সরকার ব্যবস্থা করছেন। কাজেই মন্ত্রিমহাশয়ের দিক থেকে আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা যে বক্তব্য রেখেছেন তার সঙ্গে আমি একমত হতে পারছি না। এবারে আমি আরও কতগুলি সাজেসান রাখব। আজকে সাধারণ প্রশাসনে পুলিসকে যে রিওয়ার্ড দেওয়া হয় সেখানে ইমপার্সিয়ালিটির প্রশ্ন আছে, কাজেই সেদিক থেকে ইমপার্সিয়াল বডি তৈরি করবার দরকার আছে। কোলকাতায় ডিটেকটিভ ডিপার্টমেন্ট যোগ্যতার সঙ্গে কাজ করেন। জেলায় জেলায় যাতে ইন্ডিপেন্ডেন্ট ডিপার্টমেন্ট হিসাবে এঁরা কাজ করতে পারেন তার ব্যবস্থা করুন। তারপর আপনারা একটা ডেফিনিট পলিসি অবলম্বন করুন। কারণ আমরা দেখছি একজন অফিসার হয় ত ২।৪।৬ মাস অন্তর এক জায়গা থেকে আর এক জায়গায় চলে যাচ্ছেন।—আবার কারুর ক্ষেত্রে দেখা যায় একজন অফিসার দীর্ঘদিন ধরে একটা জায়গাতেই রয়েছেন। ইন্ডাস্ট্রি

ডিপার্টমেন্টের একজনকে আমি জানি তিনি দীর্ঘদিন ধরে একটা জায়গায় রয়েছে এবং তাঁর এ টেনসনের ব্যবস্থা নাকি চলছে। মুখার্জি কমিশনের মত একটা কমিশন পশ্চিমবাংলায় হয়েছি এবং এর জন্য পশ্চিমবাংলার জনসাধারণের লক্ষ লক্ষ টাকা খরচ করা হয়েছে। কাজেই আমা বক্তব্য হচ্ছে, তাঁদের রিপোর্ট কার্যকর করবার জন্য যে ব্যবস্থা করা দরকার সেটা আপনারা করু এটা আমরা নিশ্চয়ই আশা করব যদি মুখার্জি কমিশনের রিপোর্টে কোন অফিসারের কথা উল্লে থাকে, তা হলে তাঁর প্রমোসন হবে কিনা সেটা আলোচনা হওয়া দরকার, কারণ এগুলি সম্বন্ধে সংশয় দেখা দিয়েছে। এই সরকার দুর্নীতির বিরুদ্ধে জেহাদ ঘোষণা করেছেন সে সম্বন্ধে কো সন্দেহ নেই। কিন্তু ছোটখাট ত্রুটির জন্য যে সংশয় দেখা দেবে সেটা যাতে অবসান হয় তার জ অনুরোধ জানিয়ে বক্তব্য শেষ করছি।

শ্রীবারিদবরণ দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের অর্থমন্ত্রী শংকর ঘোষ মহাশ অ্যাপ্রোপ্রিয়েশন বিলের উপর যে বক্তব্য রাখলেন তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। স্যার, এ সমর্থন জানাতে গিয়ে আমাদের গণতান্ত্রিক মোর্চার অন্যতম শরিক সি পি আই সদস্যা শ্রীম মিত্র যে বক্তব্য রেখেছেন তার বিরুদ্ধে আমি কিছু বলতে চাই না। তবে একটা কথা তাঁর বক্ত শুনে মনে হচ্ছে এবং সেটা হচ্ছে আমরা বোধ হয় বাস্তবটাকে ভুলে যেতে বসেছি। আজকে পশ্চিমবাংলার চারিদিকে কয়েকটি প্রদেশে নূতন করে প্রতিক্রিয়াশীলদের প্রেতকণ্ঠ শোনা যাচ্ছে আজকে যখন সব কয়টি প্রগতিশীল শক্তির একত্র সমাবেশের প্রয়োজন আছে, তখন আমাদের গণ তান্ত্রিক মোর্চার শরিক একটি প্রগতিশীল পার্টি আমাদের পার্টি সম্বন্ধে যে ভুল বিচার করেছে সে সম্বন্ধে আমার দ্বিমত নেই। গতকাল মার্কসিস্ট পার্টির নেতা জ্যোতি বসু বলেছেন আমাদের সরকার নাকি কোন কাজ করছে না-খালি কথা বলে চলেছেন এবং এই সরকার আমলা দের উপর তাঁদের বক্তব্য কনসেনট্রেট করেছেন। তিনি আরও বলেছেন, এই সরকার তো খারাপই আমলারাও খারাপ। তিনি আরও বলেছেন এই সরকার যেসব বেকারদের কর্মসংস্থান দিয়েছেন বলছেন, তার লিস্ট যদি তাঁরা দিতে পারেন, তা হলে তিনি রাজনীতি ছেড়ে দেবেন। তিনি কিছুদিন আগে বলেছিলেন তাঁরা বিধানসভায় আসবেন না, কারণ বিধানসভায় কারচুপি হয়েছে তবে খবরের কাগজে দেখলাম কয়েকদিন আগে মুখ্যমন্ত্রীর সংগে তাঁর দেখা হয়েছিল এবং তিনি নাকি বলেছেন, ভেবে দেখব বিধানসভায় আসব কিনা। কিন্তু একথা বলতে পারি রাজনীতি তিনি ছাড়বেন না, কেন না বাংলাদেশের মাটিতে তাঁরা যে রাজনীতি করে গিয়েছিলেন সেই নৈতিক কারণে বাংলাদেশের মাটি থেকে সত্যকারে সার্থক করা রাজনীতি অনেকেই বন্ধ করে ছিলেন, তাদেরকে চিনে নিয়েছে। জ্যোতিবাবুর দল যদি সত্যিকারে রাজনীতি আনতে চান মানুষের কথা বলে রাজনীতি করেন, তাঁরা নিশ্চয়ই রাজনীতি করবেন। তবে এটুকু আমি বলতে পারি বছরের শুরু থেকে এই গত বছর আমি শুনে আসছি সি পি এম বিধানসভা বয়কট করছে কিন্তু এইটুকু আমি বলতে পারি যে, সি পি এম বিধানসভা বয়কট করলেও সি পি এম-এর মুখপাত্র গণশক্তি কিন্তু বিধানসভা বয়কট করেন নি, তাঁদেরকে প্রেস বক্সে প্রত্যেক দিনই দেখা যায়। কাজেই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যেটা বলতে চাইছি, আজকে আমাদের সামনে এক দিকে দক্ষিণপন্থী প্রতিক্রিয়াশীলদের ক্রন্দন শোনা যায় আর দিকে বামপন্থী হঠকারীরা কান্না শুরু করে দিয়েছে। মাত্র কয়েকদিন আগে কলকাতার আশপাশে কয়েকটি ঘটনা ঘটেছে এবং গ্রাম বাংলায় কয়েকটি খুন ও সন্ত্রাস দেখা দিয়েছে। অনেকে বলবেন সরকারের ব্যর্থতা, আমি তা বলছি না। আমি বলছি আজকে এই সভায় এবং আমি পূর্বেও বলেছি যে, খুনী আছে খুনের অস্ত্র আছে, খুনের মনোবৃত্তি আছে, এই তিনটাকে যে শক্তি জুড়ে দেবে সেই অশুভ শক্তি বিষয়ে সজাগ আছে। এই অশুভ শক্তির বিরুদ্ধে লড়াই করে আজকে চার বছরে পোড়া মাটির উপর নতুন করে বাংলাদেশ গড়বার স্বপ্ন নিয়েছি। সেই শপথের পথে আমরা এগুচ্ছি এটা আমি বলতে পারি। আজকে এই উপযোজন বিলে বলতে এসে আমার মনে হচ্ছে এই সভায় আজকে আমরা সেই কলোনিয়াল সিস্টেম, বৃটিশ সিস্টেমের কাছে সারেন্ডার করছি। ৩১এ মার্চের মধ্যে টাকা খরচ করতে হবে, ৩১এ মার্চের মধ্যে বাজেট পাশ করতে হবে, কেন আজকে বৃটিশ সিস্টেম চলবে? আজকে এই সিস্টেম চলার দরুন, আজকে স্যার, সরকারী দপ্তরে খোঁজ নিয়ে দেখুন অনেক দপ্তরে ২০, ২৫, ২৬ তারিখে অর্ডার ইসু হচ্ছে কাজটা কর, অমুক রাস্তা বানাও, অমুক জায়গায় টিউবওয়েল বসাও, ২৮ তারিখের মধ্যে নাকি সেই কাজ শেষ, বিলও পাশ, এইভাবে সেখানে

বুঝে কিছু দুর্নীতি, এই সিস্টেমের জন্য আমরা প্রশ্রয় দিচ্ছি। আজকে পাবলিক অ্যাকাউন্টসে, পাবলিক লিমিটেড অ্যাকাউন্টে যদি আমরা এই টাকাটাকে তুলে রাখি, আগামী বছরে এই টাকাটা খরচ করতে পারি, তা হলে মনে হয় আমাদের এই সিস্টেমটাকে কিছুটা অ্যাভয়েড করে আমরা আমাদের পথে এগুতে পারব। অর্থ দপ্তরের মাঝখানে আমরা বিধানসভার সদস্যরা বিভিন্ন দপ্তরের টাকা অ্যালট করি আপনার অনুমতি নিয়ে, এখানে প্রস্তাব গৃহীত হয়, কিন্তু সেই টাকা যখন খরচ করবার জন্য বিভিন্ন ডিপার্টমেন্টে যায়, দেখা যায় অর্থ দপ্তরের বাঁধুনিতে সেগুলি আবার পিছিয়ে যায়। আজকে ডেভেলপমেন্ট প্রোজেক্টে স্পীড আনতে হলে আমাদের কাজকর্মে প্রত্যেকটি দপ্তরের কাছে মিনিমাম একটা লিমিট বেঁধে দিতে হবে যে, এই টাকা তারা নিজেরা খরচ করতে পারবে, অর্থ দপ্তরের খবরদারী বিধানসভায় পাশ হবার পরেও এই যে চলছে চিরদিন ধরে এই পথ বন্ধ করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আরো একটা বক্তব্য তুলে ধরতে চাই, সেটা হল এই অডিট সম্বন্ধে। আমরা কি দেখছি—১৯৭২ সালে যে লোকটা হুগলীর ডি এম ছিল তার আমলে যে খরচগুলি হয়েছিল তাকে অডিট করবার জন্য ৫ বছর পর ১৯৭৭ সালে অডিট গিয়ে হাজির হবে, তখন দেখা যাবে তিনি অন্য ডিপার্টমেন্টে চলে গেছেন কিংবা মারা গেছেন কিংবা রিটায়ার্ড করে গেছেন। এই যে সিস্টেম চলছে এই সিস্টেমকে যদি বানচাল করতে হয়, প্রতি বছর ইয়ার এন্ডিং-এর সাথে সাথে অডিট করতে হবে এবং সে অডিট রিপোর্ট অ্যাজ কুইকলি অ্যাজ পসিবল আমাদের সামনে কিংবা স্ব স্ব দপ্তরের সামনে বের করতে হবে। আমি ডেভেলপমেন্ট প্রোজেক্ট সম্বন্ধে একটা কথা বলতে চাই, উন্নয়নের কাজ চলছে কলকাতা শহরে, উন্নয়ন নিশ্চয়ই হচ্ছে কলকাতা শহরে, কিন্তু সেখানে একটা বড় অসুবিধা দেখা যাচ্ছে, সেটা হচ্ছে ডেভেলপমেন্ট প্রোজেক্ট যাঁরা করছেন, যাঁরা থিসিস করছেন কিংবা স্কীম দিচ্ছেন, যাঁরা টাকা দিচ্ছেন বা যাঁরা ইমপ্লিমেন্টিং মেসিনারীজ তাঁদের মধ্যে কোন কো-অর্ডিনেসান নেই। সি আই টি যদি একটা কাজ করে সে কাজ করার পর, ধরুন একটা পাম্প সেট বানাল, সেটা যখন কর্পোরেশানকে হ্যান্ডওভার করবে, কর্পোরেশান বলছে মেন্টেন করবার ক্ষমতা তাদের নেই, অতএব পাম্প সেট নেব না, তাতে দেখা যাচ্ছে পাম্প সেট অকেজো হয়ে থাকছে। কাজেই ডেভেলপমেন্ট প্রোজেক্টে আমাদের যারা ইমপ্লিমেন্টিং অথারিটি তাদের সাথে যারা ডেভেলপমেন্ট থিসিস প্লেস করছেন বা টাকা দিচ্ছেন তাদের সাথে একতা, সমঝোতা বা কো-অর্ডিনেসান আনতে হবে। এই সভায় আমি আর একটা কথা আপনার মাধ্যমে রাখতে চাইছি, আমি বিধানসভার বাইরে গিয়ে দেখে এসেছি একদল ছাত্র গণঅবস্থান করছে। তাদের শিক্ষা সংস্কারের দাবিতে ছাত্ররা পথে নেমেছে। আজকে এই সম্বন্ধে আমার বক্তব্য শিক্ষা বাজেট চলাকালীন আমি বলেছিলাম। আজকে আবার এই কথা পরিষ্কারভাবে রাখতে চাই, মাননীয় অর্থমন্ত্রী তাঁর বক্তব্যে বলেছিলেন, পরিকল্পনার উদ্দেশ্য কি—তিনি বলেছিলেন সামাজিক ন্যায় বিচার আনবেন। তার পরিকল্পনার উদ্দেশ্য বলতে গিয়ে তিনি কয়েকটি সুন্দর কথা বলেছিলেন। আমি আজকে বিধানসভায় আপনার মাধ্যমে কয়েকটি প্রশ্ন রাখতে চাই, প্রশ্নগুলি আসলে ছাত্রদের, ছাত্ররা বলেছিল, বিধানসভায় যদি আমাদের হয়ে বক্তব্য রাখেন তা হলে এই প্রশ্নটি রাখবেন।

[5-00—5-10 p.m.]

যে গ্রামে অন্ধকারে বসে ছেলে লেখাপড়া শিখছে, বস্তীর অন্ধকারে বসে লেখাপড়া শিখছে আর পাঁচতলা বাড়ির সুন্দর সাজান ঘরে বসে যে লেখাপড়া শিখছে, আমার প্রশ্ন মাননীয় অধ্যক্ষ মহাশয়, এরা যখন আগামী দিনে সমাজজীবনে এসে উপস্থিত হবে, তখন তাদের কাছে কি সুষমভাবে ইকুইডিস্ট্রিবিউশন অব প্রপার্টি হবে? তারা কি সমান সুযোগ পাবে? আমরা সরকারের উপর আস্থা রাখছি এই কারণে আমি পূর্বেই বলেছি আমাদের কয়টি টিউবওয়েল করল কি করল না তার ভিত্তিতে সরকার বিশ্লেষিত হচ্ছে না, বিশ্লেষিত হচ্ছে তার অ্যাটিচিউডের ভিত্তিতে তার ইংগিতের ভিত্তিতে, তার উদ্দেশ্যের ভিত্তিতে, কাজ রাতারাতি নাও হতে পারে, পরিশ্রম আছে কিনা দেখতে হবে। যাঁরা আত্মসমালোচনা করছেন, তাঁদের সাধুবাদ দিই। সেই সঙ্গে হুঁশিয়ারী দিই যে আত্মসমালোচনার একটা লিমিট আছে আত্মসমালোচনা করতে করতে একদিন বাংলার মানুষ প্রশ্ন তুলবে যে, আত্মসমালোচনা করেই কি খালাস হয়ে গেলেন? আত্মসমালোচনা করে আপনারা প্রমাণ

করলেন যে, হেরে গিয়েছেন, আপনারা পরাজিত শক্তি, আমরা শুধুমাত্র আত্ম-সমালোচনা করবার জন্য বিধানসভায় আসি নি। আমরা কি করতে এসেছি, কি করেছি এক বছরে, কটা পাম্প সেট করেছি কি কয়টা বিশাল শিল্প করেছি, আমাদের অ্যাটিচিউডই প্রমাণ করেছে যে, আমরা কিছু করতে এসেছি। আমার বক্তব্যের শেষে বিধানসভার পবিত্র মন্দিরে দাঁড়িয়ে বলতে পারি যে, কংগ্রেস সরকারকে মদত করুন, কংগ্রেস সরকার যে বৈপ্লবিক পথে হাঁটবার চেষ্টা করছে তার সঙ্গে প্রত্যেকটি প্রগতিশীল মানুষ জমায়েত হোক। আর তা না হলে এই সরকার যদি বাংলাদেশে নূতন দিগন্ত খুলতে না পারে আগামী দিনে যে রাজনীতি আসবে সেই রাজনীতির মোকাবিলা করার ক্ষমতা বাস্তবিকপক্ষে তিমিরবাবুর বা ইলা মিত্রের এমন কি সিদ্ধার্থশঙ্করেরও নেই। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীরবীন্দ্র ঘোষঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা বিষয় আপনার দৃষ্টিতে তুলে ধরতে চাই। কয়েক হাজার ফিরিওয়ালা, হকার, রেলওয়ে হকার কার্জন পার্কে পুলিস অবরোধে আটকে পড়েছে, সেখানে পুলিস তাদের উপর গতকাল অত্যাচার করেছিল, আটকে রেখে দিয়েছিল, আজকে জামিনে বেরিয়েছে, তাদের কয়কজন এই অ্যাসেম্বলীর লবীতে অপেক্ষা করছে, মুখ্যমন্ত্রী মহাশয় দয়া করে যদি তাদের ২/৪ মিনিটের জন্য আলোচনার সুযোগ দেন, তা হলে ভাল হয়। আমি আপনার মাধ্যমে সেই অনুরোধ জানাচ্ছি।

শ্রীসুধীরচন্দ্র দাসঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, অর্থমন্ত্রীর উত্থাপিত অ্যাপ্রোপ্রিয়েশন বিল সমর্থন করছি, করে কতকগুলি ব্যয় সম্পর্কে কয়েকটি কথা উত্থাপন করতে চাই। আমি এটা বিশ্বাস করি এক বছরের মধ্যে যে কাজ করেছেন এবং এত বছরের মধ্যে যে কাজ হয়েছে, সেটা তুলনামূলকভাবে বিচার করলে দেখা যাবে যে, অগ্রগতি কিছুটা হয়েছে, এটা অস্বীকার করার উপায় নাই, সেটা কোন দলের পক্ষেই অস্বীকার করার উপায় নাই। তা সত্ত্বেও বাস্তবক্ষেত্রে যে অভিজ্ঞতা তাতে যে জিনিসটা ধরা পড়েছে খরচ সম্পর্কে, সেটা তুলে ধরতে চাই। গভীর নলকূপ সব জায়গায় বসান হয়েছে বলে তালিকা দেওয়া হয়েছে, সেটার তদন্ত হওয়া দরকার, সব জায়গায় তারা টাকা ব্যবহার করেন নাই, এটা আমি জেনেছি। পাম্প সেট যে এত বিলি হয়েছে, মনে হল চাষ হয়ে যাবে, কিন্তু বি ডি সি মিটিং-এ গিয়ে খোঁজ নিয়েছি যে, পাম্প সেট বেশীর ভাগই ধানভাঙা কলে ব্যবহৃত হচ্ছে। কেন না জলতো নাই, চৈত্র-বৈশাখ মাসে জলতো নাই, আর থাকবেই বা কোথায়! জল যা হবে সেটা দেখে পাম্প সেট দেওয়া দরকার ছিল। কিন্তু সেটা না দেখে এমন ঢালাওভাবে পাম্প সেট বিলি করা হয়েছে যে, সেগুলি ধানভাঙা কলে রূপান্তরিত করা হয়েছে। এটা বিশেষভাবে নজর রেখে পাম্প সেট দেওয়া দরকার হবে। পানীয় জলের জন্য প্রশ্ন করে ছিলাম, টাকা দেওয়া হয়েছে মিউনিসিপ্যালিটিতে ৩১ লক্ষ টাকা, এটা অনেক জায়গাতেই পানীয় জলের জন্য খরচ হয় নি। এটা তদন্ত করলেই পরিষ্কার হয়ে যাবে যে, খরচ হয় নাই। এই যে অর্থ অপচয় এটা অন্য বিষয়েও হতে পারে। টাকা যে অপচয় হচ্ছে সেটা আমার জানা আছে।

তুলা চাষের জন্য একটা প্রোগ্রাম নিয়েছিলেন, আশা করেছিলাম যে, আমাদের পশ্চিমবাংলায় তুলোর উৎপাদন হবে এবং আমরা সুতা ব্যবহার করতে পারব এবং এতে করে আমাদের পশ্চিম-বঙ্গের অগ্রগতির পথ আরও প্রশস্থ হবে। এই আশা করে আমার এলাকায় তুলা চাষ হয়েছে। এবার প্রশ্নোত্তরের মারফত জানতে পারলাম, এই তুলো চাষের জন্য ১২ লক্ষ টাকা খরচ হয়েছে। আর তুলোর উৎপাদন হয়েছে ১৩০ কি ১৩৫ মেট্রিক টন। ফলে এটার দিকেও নজর দেওয়া দরকার। আরো খবর পেয়েছি, ১২৫ টাকা করে প্রতিদিন লঞ্চ ভাড়া দিয়ে সুন্দরবনে তুলো চাষ পরিদর্শনের ব্যবস্থা হয়েছে। যতদিন দরকার হবে এই ব্যবস্থা চলতে থাকবে। এটা খতিয়ে দেখার প্রয়োজন আছে, সত্যিই এতদিনে এই ব্যাপারে কত টাকা বিনিয়োগ হয়েছে এবং কত টাকাই বা অপচয় হয়েছে।

আমার এলাকায় ২০ লক্ষ টাকা খরচ করে একটা টেকনিক্যাল কলেজ তৈরি হয়েছিল সাত বছর আগে। তৈরি হয়ে সেটা পড়ে রয়েছে। একটা অদ্ভূত অবস্থা। এত টাকা খরচ করে যে কলেজের ঘরবাড়ি তৈরি করা হল—সেই টাকা রক্ষা হবে কি করে তার ব্যবস্থা থাকা দরকার।

তার দরজা-জানালা অনেক কিছু চুরি হয়ে গেছে। শিক্ষামন্ত্রীকে সঙ্গে নিয়ে সেটা দেখতে গিয়েছিলাম। বহু ব্যাপারে বহু টাকা বরাদ্দ হয়, তাতে এমনই একটা ভাব যে সেই টাকা যে কোন ভাবে খরচ করে দিতে পারলেই সব ল্যাঠা চুকে গেল! এটা ঠিক নয়। সুচিন্তিতভাবে টাকা ব্যয় করবার ব্যবস্থা না করতে পারলে উন্নয়নের কাজ ব্যাহত হবে। যে কারণে এই তুলা চাষের কথাটা এখানে তুলে ধরলাম।

তারপর সরকারী কর্মচারীদের সম্বন্ধে যদি আমরা একটা খুব দৃঢ় ব্যবস্থা অবলম্বন করতে না পারি, তা হলে কখনই আমরা প্রশাসনকে দৃঢ় ও সৎ করতে পারবো না। আমি গতবারের অধিবেশনে এই মন্তব্য রেখে গিয়েছিলাম, সরকারী কর্মচারীদের দুর্নীতির বিরুদ্ধে মিসা প্রয়োগ করা উচিত। সরকারী কর্মচারীদের মধ্যে যারা ঘুঘু, যারা চক্রান্তের মধ্যে খুব নামজাদা, যে-কোন শহরে গেলে তা আপনি বুঝতে পারবেন, কোন্‌গুলি ঘুষখোর, দুর্নীতিপরায়ণ, সেগুলিকে আজকে যদি আপনি মিসায় আটক না করতে পারেন, তা হলে কিছুতেই প্রশাসনকে সৎ করবো, দক্ষ করবো, তা করতে পারবেন না, করা যাবে না। আমার এই ধারনা হয়েছে। আমরা চাই এদের বিরুদ্ধে মিসা প্রয়োগ করা হোক। কিন্তু আমাদের মুখ্যমন্ত্রী এতে আপত্তি করেছিলেন। এটা সেন্ট্রালের ব্যাপার, তাদের কনকারেন্স দরকার হয়। আমি জানি না এতে কোথায় কি বাধা আছে! যদি কোন বাধা থাকে, তা হলে সেই বাধা মুক্ত করা হোক এই ব্যাপারে সরকারী কর্মচারী যারা ঘুষখোর, যারা খারাপ, আজকে মুখ্যমন্ত্রী বললেন, দুর্নীতি অভিযোগ পেয়ে সঙ্গে সঙ্গে তাকে সাসপেন্ড করলেন। এটা প্রশংসার যোগ্য। ব্রিটিশ যুগে দেখেছি মানুষের উপর ও সি এত নির্যাতন করতে পারে, ডি এমের কাছে কারো বিরুদ্ধে কোন অভিযোগ করলে তিনিও সঙ্গে সঙ্গে তাকে সাসপেন্ড করতেন। পরে সেই অফিসারকে প্রতিপন্ন করতে হত যে, তিনি নির্দোষ, এ প্রমাণ তাকে করতে হত। তবে সে রেহাই পেত। এই ছিল ব্রিটিশ অ্যাডমিনিস্ট্রেশান। আজকে আমাদের অ্যাডমিনিস্ট্রেশান সম্বন্ধে অভিযোগ এসেছে গুরুতর, নিশ্চয়ই তিনি শক্তভাবে যেটা করেছেন, তাকে আমি পূর্ণ সমর্থন করছি। পশ্চিমবাংলার গ্রামে গ্রামে যে অত্যাচার আছে তা নিশ্চয়ই এর ফলে বন্ধ হয়ে যাবে, যদি এমনি শক্ত হাতে কাজ করতে পারেন। গ্রামাঞ্চলে একটা চাপা অসন্তোষ আজকে আমরা দেখতে পাচ্ছি, সেটা হচ্ছে দুর্ভিক্ষ-প্রপীড়িত, খরা-প্রপীড়িত, বন্যাবিধ্বস্ত এলাকা যেসব জায়গা অ্যাফেকটেড হয়েছিল, তাদের উপর সার্টিফিকেট মাল ক্রোকের একটা হিড়িক পড়ে গেছে। আমার এলাকায়ও পড়েছে। খুবই দুঃখের বিষয়, সকল সদস্য জানেন, ১৯৬১ সাল থেকে ১৯৭১ সাল পর্যন্ত খুব দুর্বৎসর গেছে, খরা ও বন্যায় সব কিছু বিপর্যস্ত হয়ে গেছে। সেই কারণে ৯ কোটি টাকা আগের সরকার ক্রপ লোন মকুব করে দিয়ে ঋণভারে জর্জরিত কৃষককে ঋণমুক্ত করতে এগিয়ে গিয়েছিলেন। আজকে আমাদের জাতীয় সরকারকে ও গরিব কৃষককে রক্ষা করবার জন্য গরিব কৃষকদের ঋণ মকুব করবার যে প্রস্তাব তা সরকার গ্রহণ করবেন—এই প্রস্তাব আমি এখানে রাখছি। এ যদি না বিবেচনা করেন, তবে অসন্তোষ দেখা দিতে পারে। গরিবের উপর মাল ক্রোক করে টাকা আদায় করা যাবে না। মুখ্যমন্ত্রীর কাছে এই আবেদন রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-10—5-20 p.m.]

শ্রীএক্রামুল হক বিশ্বাসঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী শংকর ঘোষ মহাশয় যে ওয়েস্ট বেঙ্গল অ্যাপ্রোপ্রিয়েশান বিল, ১৯৭৩ এই সভায় উপস্থিত করেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আপনার মাধ্যমে কয়েকটি বক্তব্য রাখতে চাই। এই সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর আমাদের এই পশ্চিমবঙ্গে আইন এবং শৃংখলা সুপ্রতিষ্ঠিত হয়েছে—এটা সত্য কথা। বিরোধী পক্ষ যে অভিযোগ করছেন সেটা সম্পূর্ণ অসত্য। তার কারণ আমরা দেখছি আমাদের প্রশাসন বিভাগ সম্পূর্ণ সর্বদিকে সজাগ। আজ একটা বলিষ্ঠ প্রমাণ এই সভায় মাননীয় মুখ্যমন্ত্রী যেভাবে নিপীড়িত, নিগৃহীত পল্লীবাংলার মানুষের যে অত্যাচার হয়েছিল তার বিরুদ্ধে বলিষ্ঠ মনোভাব, কঠোর মনোভাব নিয়ে যে শাস্তির ব্যবস্থা করেছেন, তাকে আমরা স্বাগতো জানাই। এইভাবে সরকারী অফিসে এবং বিভিন্ন ক্ষেত্রে যেসব দুর্নীতির অভিযোগ আসবে আমাদের সরকার নিশ্চয় সজাগ থাকবে—এই আশা রেখে আমি এই প্রসঙ্গে পুলিস দপ্তর সম্বন্ধে একটা সাজেসান রাখতে চাইছি। আমরা বৃটিশ আমল থেকে দেখছি ৮ জন কনস্টেবল এবং তিন জন এস আই

নিয়ে যে থানা আছে তার কোন পরিবর্তন হয় নি এবং পল্লী অঞ্চলে যথোপযুক্ত রাস্তা না হওয়
আইনশৃঙ্খলার জন্য যে সমস্ত ব্যবস্থা নেওয়ার দরকার পুলিস তাড়াতাড়ি যেয়ে উঠতে প
নি, তাই অনেক সময় অশান্তি হয়। এই বিষয়ে মুখ্যমন্ত্রীকে চিন্তা করতে বলছি। মা
মহাশয় যেরকম দৃষ্টি রেখেছেন এবং সেই দৃষ্টি রেখে যে সমস্ত কর্মসূচি প্রণয়ন করেছেন
যে সমস্ত আশার বাণী শুনিয়েছেন তাতে আমরা অত্যন্ত খুসী। কিন্তু একটা কথা অ
স্মরণ করিয়ে দিতে চাই যে, যেসমস্ত টাকা খরচ করা হবে সেই টাকা যাতে যথোপযুক্তভাবে ব্য
হয় সেদিকে দৃষ্টি রাখতে আমি অনুরোধ রাখছি। তা ছাড়া, এই সরকার প্রতিষ্ঠিত হও
পর থেকে সবুজ বিপ্লবের কথা ঘোষণা করেছেন এবং তা আজকে রূপায়িত হতে চলেছে
কৃষকদের মনে আশা এবং আকাঙ্ক্ষার সৃষ্টি হয়েছে। সার বণ্টনের ক্ষেত্রে অনেক চোরাকারবার
এবং ফাটকাবাজী চলছে এবং এইসব যারা করবে তাদের বিরুদ্ধে কঠোর মনোভাব রাখার
আমি অনুরোধ রাখছি। সার এবং কীটনাশক দ্রব্যাদির অত্যন্ত মূল্যবৃদ্ধি হওয়ায় কৃষকরা স
ক্রয় করতে পারে না। ফলে তারা ভাল উৎপাদন করতে পারেন না। তার জন্য সার যোগানে
ক্ষেত্রে সাবসিডি দিতে পারেন কিনা এবং কৃষকদের উপকার করতে পারেন কিনা দেখবে
আমাদের ঘোষিত নীতি অনুসারে একটা পাবলিক হেলথ সেন্টার এবং দুটো সাবসিডিয়া
হেলথ সেন্টার করার কথা আছে। কিছুদিন আগে মাননীয় মুখ্যমন্ত্রী ঘোষণা করেছে
যেখানে গ্রামে ৭০ ভাগ লোক বাস করে সেই জায়গায় সেই মানুষদের সুযোগের
আরও শয্যাসংখ্যা বাড়াবার কথা বলেছেন। তাই অনুরোধ রাখছি সেই শতকরা ৭০ ভ
লোকের দিকে লক্ষ্য রেখে গ্রামের শয্যাসংখ্যা যাতে বাড়ান হয় সেদিকে দৃষ্টি দিতে অনুরো
করি। উন্নয়ন খাতে যে বিপুল অর্থব্যয়ের কথা ঘোষণা করেছেন সেই ব্যয় যাতে সুষ্ঠুভা
ব্যয়িত হয় সেদিকে লক্ষ্য রাখার জন্য অনুরোধ করি। আর বেকার সমস্যা সমাধানের জ
আমাদের সরকার পদক্ষেপ নিয়েছেন এবং সেই প্রসঙ্গে বেকার ভাইদের কথা বলা হয়েছে
সেই সঙ্গে বেকার মা এবং বোনেদের কথা চিন্তা করতে অনুরোধ করছি। পল্লীগ্রামে দে
যাচ্ছে সর্বত্র দ্রব্যমূল্য বৃদ্ধি পেয়েছে—এটা সত্যি কথা। এটা সত্য কথা যে দ্রব্যমূল্য বৃদ্ধি যা
রোধ করা যায় তার জন্য আপনারা বিশেষ বিশেষ ব্যবস্থা গ্রহণ করেছেন। পল্লীগ্রামে
গ্রামাঞ্চলে একথা সত্য যে, যেসমস্ত রেশন কার্ড আছে তার মধ্যে অনেক ভূয়া রেশন কা
আছে। এই পুরানো রেশন কার্ডকে পরিবর্তন ক'রে নূতন পদ্ধতিতে রেশন কার্ড দিয়ে ত
মাধ্যমে অন্যান্য খাদ্যদ্রব্য বিতরণ করার ব্যবস্থা গ্রহণ করবেন, এবং দ্রব্যমূল্য বৃদ্ধি যাতে
পায় সেইভাবে কাজ করবেন এই ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের অর্থমন্ত্রী এই
অ্যাপ্রোপ্রিয়েশন বিল আলোচনা করতে গিয়ে আমাদের কাছে বললেন যে, ১৯৭৩-৭৪ সালের
বাজেট বরাদ্দ যে হিসাবে অনুমোদন ক'রে দিয়েছি সেই বাজেট উন্নয়নমুখী, সেই বাজে
পিপলস্ বাজেট। আনন্দের কথা ও গর্বের কথা যে, একটা দেশের বাজেট উন্নয়নমুখী
হয়েছে এবং পিপলস্ বাজেট ব'লে সরকার আখ্যা দিয়েছে। কিন্তু সঙ্গে সঙ্গে মাননী
উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে অর্থমন্ত্রী মহশয়ের কাছে এই অ্যাপ্রোপ্রিয়েশ
বিল আলোচনা করার সময় বলতে চাচ্ছি যে, একটা বাজেট কেবলমাত্র উন্নয়নমুখী ব'লেই সে
বাজেট জনগণের কল্যাণ এনে দিতে পারবে একথা বলতে পারা যাবে না—যদি না সেই বাজেটে
উৎপাদনমুখী ক'রে তোলা যায়। আমরা জানি পশ্চিমবঙ্গের বেকার সমস্যা ও বিভিন্ন রক
সমস্যার মূল কারণ হচ্ছে মুদ্রা স্ফীতিজনিত সমস্যা। উন্নয়ন খাতে কোটি কোটি টাকা খর
করতে হবে ঠিক কথা—উন্নয়ন আমরা চাই—কিন্তু তার সঙ্গে পাশাপাশি কৃষি উৎপাদন বৃদ্ধি
শিল্প উৎপাদন বৃদ্ধি, যদি না করতে পারি, তা হ'লে উন্নয়ন খাতে যত ব্যয় করবেন ত
মুদ্রাস্ফীতি হতে থাকবে—তাতে সমস্যা সমাধান হওয়া দূরের কথা সমস্যা আরও বৃদ্ধি হতে
থাকবে। এই সরকার দেশের সমস্যা দূর করার চেষ্টা করে নি একথা বলবো না—সরকার চেষ্টা
করে, আগ্রহ আছে, আরও ভাল করার চেষ্টা করছেন, ঠিক কথা, কিন্তু কতকগুলি যে ত্রুটি
বিচ্যুতির কথা বাজেট বরাদ্দ আলোচনা করার সময় তুলে ধরা হয়েছিল, সেই বাজেটের টাকা
খরচ করবার জন্য এখানে উপস্থিত হলো? সেই সময় সেই সমস্ত ত্রুটিবিচ্যুতি দূর করার
কিছুই দেখছি না। সেই সমস্ত ত্রুটিবিচ্যুতি যদি দূর করা না যায়, উন্নয়নমুখী বাজেটকে
উৎপাদনমুখী ক'রে তোলা যাবে না। আজকে সরকার যে সমস্ত কাজ করছেন তাতে বাজেট

উন্নয়নমুখী হচ্ছে। আজকে উৎপাদনমুখী কাজ করতে গেলে উৎপাদন খাতে টাকা বাড়বে আর সংগে সংগে এস্টাব্লিসমেন্ট—সরকারী প্রশাসন যন্ত্রের ব্যয় সঙ্কোচ করার চেষ্টা করতে হবে। আমরা দেখেছি আর্থিক বৎসরের প্রথম দিকে কিছুতেই টাকা খরচ করবার তাগিদ থাকে না, বছর যখন শেষ হয়ে আসবে, ঐ ফেব্রুয়ারি মাসে, মার্চ মাসে টাকাকড়ি খরচ করবার হিড়িক পড়ে যায়। আমি আর একটি আবেদন জানবো—অর্থমন্ত্রী মহাশয়ের এই অর্থ দপ্তর। মুখ্যমন্ত্রী মহাশয় নিজেই বলেছিলেন যে, এই বটলনেক যাতে দূর করা যায় যাতে তাড়াতাড়ি এই অর্থ দপ্তর মঞ্জুর ক'রে বিভিন্ন যে সমস্ত খরচ সেগুলি কি ক'রে তাড়াতাড়ি করা যায় তার চেষ্টা করবেন। মুখ্যমন্ত্রী এই প্রতিশ্রুতি রেখেছেন। তার শিক্ষামন্ত্রীর ব্যাপার। তিনি ঘাটতিভিত্তিক অনুদান স্কুলগুলিতে দেবার চেষ্টা করেছেন প্রতিশ্রুতি রক্ষা করেছেন।

[5-20—5-30 p.m.]

কিন্তু সেই প্রতিশ্রুতি রক্ষা করতে গিয়ে শিক্ষা দপ্তর থেকে ৩রা মার্চ তারিখে এমন একটা সারকুলার বেরুল যে সারকুলার পর্বতের মুষিক প্রসবের মত হয়ে দাঁড়াল। তাতে এমন কতকগুলি বিধি নিষেধ দেওয়া হ'ল, এমন কতকগুলি অবাস্তব শর্ত আরোপ করা হ'ল যার ফলে মুখ্যমন্ত্রীর প্রতিশ্রুতি বা শিক্ষামন্ত্রীর যে আদেশ সেই আদেশের উদ্দেশ্য আজকে ব্যর্থ হতে বসেছে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি অর্থমন্ত্রীর কাছে, মন্ত্রিমণ্ডলীর কাছে এই কথা বলব, যে উদ্দেশ্যে তারা এটা করেছিলেন সেই উদ্দেশ্য ব্যর্থ হতে চলেছে, প্রশাসনযন্ত্রে এমন একটা সারকুলার তৈরি ক'রে দিলেন, যার জন্য সেই উদ্দেশ্য আজকে ব্যর্থ হতে চলেছে। শিক্ষা খাতের কথা বলতে গিয়ে এই কথা বলব যে, ২৪-পরগনার জেলা পরিদর্শকের অফিসে যদি আপনি যান, তা হ'লে দেখবেন একটি মাত্র ভদ্রমহিলা শ্রীমতী পত্রনবীশ, এ ডি আই, ডি আই নেই, শিক্ষিকা দিনের পর দিন ঘুরে বেড়াচ্ছেন। টাকা ওখান থেকে বরাদ্দ যাওয়া সত্ত্বেও মার্চ মাসের মধ্যে বহু জায়গায় এই সমস্ত টাকা পাওয়া যাবে না। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, অর্থমন্ত্রীকে বলি যে, শিক্ষা খাতে যে বরাদ্দ হয়েছে সেই বরাদ্দের টাকা খরচ হবে না যদি না যে সংখ্যক ইন্সপেক্টর, ডিস্ট্রিক্ট ইন্সপেক্টর, ইন্সপেক্‌ট্রেস কর্মচারী দরকার, এখন বোর্ডের অনেক কাজ কমে গেছে, অথচ বোর্ডে বহু কর্মী বসে আছে, কাজ নেই, কিন্তু ডিস্ট্রিক্ট ইন্সপেক্টর-এর অফিসে অতিরিক্ত কোন কর্মচারী নেই যার জন্য শিক্ষকদের ঠিক সময়ে গ্রান্ট পাঠিয়ে দিতে পারে, যেগুলি নিয়োগ করা দরকার মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, হাবড়া গার্লস স্কুল, সেটা মালটিপারপাজ স্কুল। ডিস্ট্রিক্ট ইন্সপেকটরের অব্যবস্থার ফলে ২/৩ বছর ধ'রে শিক্ষকরা কাজ করার পরেও তারা কোন অ্যাপ্রুভ্যাল পাচ্ছে না। অ্যাপ্রুভ্যালের জন্য ফাইল এসেছে, কিন্তু সেই ফাইল নাকি খুঁজে পাওয়া যাচ্ছে না। এই হাবড়া গার্লস্ স্কুলের শিক্ষকদের ফাইল অফিস থেকে চুরি নাকি হয়ে গেছে, পাওয়া যাচ্ছে না। তারা অনুমোদন পাচ্ছে না, ডি এ পাচ্ছে না, যদিও সরকারের কাছ থেকে রেস্‌টোর হয়েছে, কিন্তু তবুও তারা আজকে বি টি ট্রেনিং নিতে পারছে না। সেখান থেকে ফাইল হারিয়ে গেছে এবং কার রেসপন্সিবিলিটি সেটাও নির্ধারণ করা যাচ্ছে না। ১৯৬৯ সালে অজয় মুখার্জি মহাশয় মুখ্যমন্ত্রী ছিলেন। তখন সেখানকার স্কুল থেকে অনেক অভিযোগ এসেছিল। সে বিষয়ে তদন্ত করবার জন্য মুখ্যমন্ত্রী পুলিসকে বলেছিলেন। তারা রায় দিল আমাদের দ্বারা করা যাবে না, পুলিস রিপোর্টে স্পেশাল অডিট ক'রে করার কথা বলা হয়েছিল। কিন্তু আজ পর্যন্ত সেই স্পেশাল অডিট-এর ব্যবস্থা করা হ'ল না। একদিকে দেখতে পাচ্ছি টাকার সংকট, আর অন্য দিকে দেখতে পাচ্ছি টাকার তছরূপ হচ্ছে এবিষয়ে কোন তদন্ত হচ্ছে না। এরকম অব্যবস্থা যদি হয়, তা হ'লে এই ব্যয় বরাদ্দ নিয়ে যাবার পরেও সেখানে কিছু হবে না। এর পরে আমি কৃষির কথা বলছি। কৃষিতে উন্নতি করবার জন্য আমাদের চেষ্টা করতে হবে। আমাদের শতকরা ৭৫ ভাগ লোক গ্রামে বাস করে। অর্থমন্ত্রী বলেছেন যে, কৃষি সম্পদ আমাদের বৃদ্ধি করতে হবে। কৃষকদের লোন দেবার জন্য যে বরাদ্দ নিচ্ছেন সেই লোন কৃষকরা যখন চাষ করবে তখন যদি সেই লোন তাদের কাছে না গিয়ে পেঁছায়, তা হ'লে কিছু হবে না। ধান যখন পাকবে তখন কৃষির জন্য লোন তাদের কাছে গিয়ে পেঁছায়, গরু কেনার টাকা গিয়ে পেঁছায়, অথচ আমরা এই মার্চ মাসের মধ্যে বসে ১৯৭৩-৭৪ সালের জন্য ব্যয়-বরাদ্দ পাশ ক'রে দিলাম কৃষকের কাছে ঠিক সময় মত লোন পৌঁছাবে ব'লে। সেটা যদিও

বা গেল তারপরে দেখা দিল জল, ইলেকট্রিসিটির ব্যাপার। ইলেকট্রিসিটি যদিও বা কিছু গেল, তখন আবার দেখা গেল লাইনের ব্যাপার। তখন বলা হ'ল পোল পাওয়া যাচ্ছে না লাইন কি ক'রে অত দূর অবধি যাবে। তারপরে পোল গেল, কিন্তু লাইন দেওয়া গেল না। লাইন দেওয়া হ'ল এমন জায়গায় যেখানে জলের প্রয়োজন নেই, এমন জায়গায় ইলেকট্রিসিটি দেওয়া হ'ল, এমন জায়গায় সাইট সিলেকসান হ'ল, কে সিলেকসান ক'রে জানেন—ব্লক ডেভেলাপমেন্ট অফিসার, এগ্রিকালচার এক্সটেনসান অফিসার—সেখানে গিয়ে পেঁছাল যেখানে জনমানব বলতে কেউ নেই, মৌজা আছে, কিন্তু লোক নেই, জমি আছে, জল নেবার লোক নেই, এমন জায়গায় গিয়ে পেঁছাল। এর পরে আমি সারের কথায় আসছি। এই সারের অভাব পশ্চিমবাংলার অনেক জায়গাতেই দেখা যাচ্ছে। যাও বা আছে তা প্রয়োজনের তুলনায় নগণ্য কিন্তু তা সত্ত্বেও শুনলে আপনি আশ্চর্য হয়ে যাবেন, মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, ৭৫ পয়সা দাম দিলে কোথাও পাবেন না, ২·৭৫ টাকা দিলে যত খুশী পাবেন। একদিকে দেখতে পাচ্ছি সারের অভাব, আবার অন্যদিকে দেখতে পাচ্ছি সার যেটুকু আছে সেটাকে নিয়ে ফাটকাবাজারি হচ্ছে। এই ফাটকাবাজীকে যদি রোধ করতে না পারা যায়, তা হ'লে যেটুকু সার পশ্চিমবাংলায় আছে তাও কৃষকদের হাতে গিয়ে পেঁছাবে না, এবং কৃষি সম্পদও বৃদ্ধি পাবে না। জল পেল না, সার পেল না, লোন ঠিক সময়ে পেল না—কৃষি সম্পদ বৃদ্ধি করবার ইচ্ছা সরকারের থাকা সত্ত্বেও এই সমস্ত গাফিলতির জন্য তা হয়ে উঠছে না। আমি যখন স্বাস্থ্য খাতে ব্যয়বরাদ্দ সম্বন্ধে আলোচনা করেছিলাম তখন বলেছিলাম যে, গ্রামের দিকে সরকারের দৃষ্টি পড়েছে। কিন্তু গ্রামে যে ডাক্তারখানাগুলি আছে সেখানে ডাক্তার দিলে, ডাক্তারদের থাকবার মত সমস্ত কিছু ব্যবস্থা ক'রে দিলেও ঠিক সময় মত রোগীদের জন্য যে পরিমাণ ওষুধ দরকার সেটা কিন্তু ঐ ডাক্তারদের হাতে বা ডাক্তারখানায় গিয়ে পেঁছাচ্ছে না।

কোথায় গলদ সেটা খুঁজে বের করতে হবে, যদি স্বাস্থ্য দপ্তরের যে ব্যয়বরাদ্দ সেটাকে সঠিকভাবে ব্যয় করতে হয়। পি জি হসপিট্যালের কথা আগেই বলেছি, সেখানে যে কনডেমড বোর্ডটি আছে সেটার প্রতি লক্ষ্য রাখা উচিত, এদিকে লক্ষ্য দিতে আমি স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে বলব। সেই কনডেমড বোর্ডে প্রত্যেক মাসে তিনশো ক'রে সিরিঞ্জ ভাঙে বলে লেখা আছে যার দাম ১৫ শো টাকা। গড়ে ১০টি ক'রে সিরিঞ্জ প্রতিদিন ভাঙে বলে সেই কনডেমড বোর্ডে উঠছে। তারপর, ৪ বছর ধ'রে সেন্ট্রাল লন্ড্রী খোলা হয় নি যার ফলে রোগীদের পরিস্কার পরিচ্ছন্ন বিছানাপত্র বা কাপড় দেওয়া সম্ভব হচ্ছে না। কাজেই এই যে ব্যয়বরাদ্দ আমরা করেছি এটা কোন কাজেই লাগছে না প্রশাসনযন্ত্রের মধ্যে গলদ থাকার জন্য। এই প্রশাসনযন্ত্রকে দৃঢ়ভাবে না চালাবার জন্য বা কিছু না দেখার জন্য এই সমস্ত জিনিস ঘটছে। তারপর ইরিগেসান ডিপার্টমেন্ট সম্পর্কে বলব যে, ইরিগেসান ডিপার্টমেন্ট যত টাকাই খরচ করুন না কেন কোন কাজই হবে না যদি না একটা ভাল প্ল্যান করেন। এখানে দুটি খাল কাটলেন বা ওখানে কিছু কুঁয়ো বসিয়ে দিলেই সমস্যার সমাধান হবে না। মূল সমস্যা যেটা, প্রধান প্রধান নদীর সঙ্গে যে খালের যোগাযোগ সেই নদীর মুখগুলি যদি ড্রেজিং করানো না হয়, তা হ'লে হয়ত এক দু'বছর ভাল কাজ হবে কিন্তু তার পরেই সে কাজ আর ভালভাবে হতে পারবে না, টাকাগুলি অপচয় হবে। এর আগে বাজেট আলোচনার সময় আমি অনেক ত্রুটিবিচ্যুতির কথা বলেছি, সেগুলি শুধু সমালোচনার জন্য বলি নি, সেই ত্রুটি-বিচ্যুতিগুলি যাতে দূর হয় তার জন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করেছি। এর পর আরো একটি অপচয়ের কথা বলব। কাগজে প'ড়েছি ইরিগেসান ডিপার্টমেন্টের মহানন্দা মাস্টার প্ল্যানের যেখানে কাজ হচ্ছে সেখানে একটা টেমপরারী বাঙ্গালো-মিয়াহাটে, তৈরি করার জন্য ৯৭ হাজার ৩৪৫ টাকা খরচ হয়েছে। এই মহানন্দা মাস্টার প্লান যা মালদহবাসীদের জীবনে নতুন সূর্যের উদয় করবে, যা সেখানকার জনগণের কাছে অত্যন্ত অপরিহার্য এবং যে মহানন্দা মাস্টার প্লান মাননীয় মুখ্যমন্ত্রী বহু চেষ্টা ক'রে সচল করেছেন সেখানে এই ভাবে টাকার অপচয় করা হয়েছে। নিশ্চয় সরকারী কর্মচারীদের রেস্ট নেবার জন্য সেখানে রেস্ট হাউস করা দরকার, কিন্তু কেন সেখানে পারমানেন্ট বাড়ি তৈরি হবে না? কেন তাঁবু দিয়ে তিন দিনের থাকার জন্য এত টাকা ব্যয় করা হবে? তা ছাড়া স্যার, কাগজে পড়েছি, সত্য মিথ্যা জানি না, সেই বাংগলোর জন্য নাকি ৪টি মদের টেবিল কেনা হয়েছে। আমি মাননীয় মুখ্য-মন্ত্রীকে অনুরোধ করছি, এ বিষয়ে তদন্ত করুন। মিথ্যা হ'লে ভাল, কিন্তু যদি সত্য হয়,

তা হ'লে কেন মদের পেগ টেবিল ৪টি কেনা হ'ল তার জন্য ব্যবস্থা করুন। এত টাকা খরচ করে যেখানে এই মহানন্দা মাস্টার প্লান হচ্ছে এবং যেটা মালদহবাসীর ভাগ্যের সাথে জড়িত সেখানে কেন অপচয় হবে সে বিষয়ে যথাবিহিত ব্যবস্থা করুন। স্যার, এই হাউস থেকে আমরা ব্যয়বরাদ্দ পাশ ক'রে দিই, কিন্তু সেই ব্যয়বরাদ্দ যথাসময়ে, যথার্থভাবে এবং যথার্থ কাজে যদি ব্যয় করতে হয়, তা হ'লে প্রশাসনযন্ত্রের উপর মুখ্যমন্ত্রীকে সজাগ এবং সতর্ক দৃষ্টি রাখতে হবে। পরিশেষে বলতে চাই, আজকে মুদ্রাস্ফীতিজনিত ব্যাপারের জন্য রিয়েল ওয়েজ যা তা অত্যন্ত কমে গিয়েছে। একটা প্রশাসনযন্ত্র চালাতে গেলে যেমন উপরের তলার কর্মচারীদের দেখবেন তেমনি তলার দিকের কর্মচারীদের অর্ডারলি, পিওন, নিম্নতম কর্মচারী, তাদের প্রতিও নজর রাখতে হবে কারণ আজকে জিনিসপত্রের দাম দিন দিন বাড়ছে। এই প্রসঙ্গে বলতে চাই, আমাদের এই বিধানসভায় পিওন ইত্যাদি নিম্নতম কর্মচারীরা বেশি কাজ করার জন্য যেটুকু টিফিন বাবত পাচ্ছেন তা অতি নগণ্য। নিম্নতম কর্মচারী, তাদের প্রতি দৃষ্টি দিয়ে এই প্রশাসনযন্ত্রকে এমন শক্তিশালী ক'রে গ'ড়ে তুলুন যাতে এই ব্যয়বরাদ্দ যা আমরা হাউস থেকে পাশ করিয়ে দিচ্ছি তা যেন যথাসময়ে, যথার্থ ভাবে এবং যথার্থ কাজে ব্যয়িত হয়, এই অনুরোধ মাননীয় অর্থমন্ত্রীকে জানিয়ে আমি শেষ করলাম।

[5-30—5-40 p.m.]

শ্রীঅশ্বিনী রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে অ্যাপ্রোপ্রিয়েসান বিল নং ২৪, ১৯৭৩, এটার বলার আগে আমি মাননীয় সদস্য আমাদের মন্ত্রী জয়নাল আবেদিন সাহেব, মাননীয়া সদস্যা ইলা মিত্রের বক্তব্যের উপর কিছুটা ক্ষুব্ধ হয়েছিলেন—কারণ তিনি বলেছিলেন, কংগ্রেসের মধ্যে প্রগতিশীল কিছু কিছু আছে, এই কথাতে তিনি ক্ষুব্ধ হয়েছিলেন। এখন এটা আমরা একটু বিশ্লেষণ করতে চাই। আমি নিশ্চয়ই বলবো যে, ২৭শে মার্চ পার্লামেন্টে যখন বিভিন্ন রাজ্য থেকে লক্ষ লক্ষ মানুষ তাদের আবেদনপত্র পেশ করেছিলেন, আমাদের পার্লামেন্ট সদস্য ছাড়াও আমরা দেখেছি যে মিঃ শশীভূষণ আমাদের সঙ্গে এসে স্পীকারের কাছে আবেদনপত্র দিলেন এবং তার বক্তব্য রেখেছিলেন। এখন আমরা এই ঘটনাকে কিভাবে দেখছি? আমরা বলি নিশ্চয়ই মিঃ শশীভূষণ আমরা যে দাবি করেছি, যেটা নিয়ে আন্দোলন করছি, কংগ্রেসের ভিতরেও এই রকম মানুষ আছে এই আন্দোলনের, এই দাবির প্রতি সমর্থন আছে। কাজেই সেই কথাটা মাননীয়া সদস্য ইলা মিত্র বলেছেন এবং এতে ক্ষুব্ধ হবার কোন কারণ নেই। আমরা বললেই কংগ্রেস দুটো ভাগে ভাগ হয়ে যাবে তা নয়। জয়নাল আবেদিন সাহেব বহুদিন থেকে এখানে আছেন এবং আমিও বহুদিন থেকে এই বিধানসভায় আছি। কয়েক বছর আগে ওদের মধ্যে পার্থক্য হয়ে গেল, তখন জয়নাল আবেদিন সাহেবের সঙ্গে আমাদের বন্ধুত্ব বাড়তে আরম্ভ করলো প্রফুল্লদার চেয়ে ওদের সঙ্গে হৃদ্যতা বেশী বাড়তে আরম্ভ করলো। কাজেই এটা বাস্তব, এই বাস্তব ঘটনা যদি বলি তা হলে রাগ হবার কোন কারণ নেই। আর চলে যাবার এবং বেরিয়ে আসা এটা আজকের দিনে নয়। আজকে যে বাস্তব অবস্থা সারা পৃথিবীতে সৃষ্টি হয়েছে তাতে আমরা বেরিয়ে যাবো বললেই বেরিয়ে যেতে পারি না বা জয়নাল আবেদিন সাহেব বেরিয়ে যেতে চাইলেই বেরিয়ে যাওয়া যায় না। কারণ একটা ঐতিহাসিক ঘটনা সারা পৃথিবীতে ঘটার ফলে এই জিনিসটা হয়েছে। সেজন্য বলছি আগে যে মন্ত্রিসভা ছিল ১৩ জনের সমর্থন থাকার ফলে তিনি মন্ত্রিসভায় যেতে পেরেছিলেন। কাজেই এটা বাস্তব ঘটনা, এটাকে বিশ্লেষণ করে উপলব্ধি করুন। সেজন্য বলি আজকের দিনে বেশী ক্ষুব্ধ হওয়া উচিত নয়। যাই হোক, উনি ক্ষুব্ধ হয়েছেন, পুরানো বন্ধুলোক বলে কিছু মনে করছি না। (এ ভয়েসঃ দিল্লীর কথা বলুন।) দিল্লীতে লক্ষ লক্ষ মানুষ গিয়ে পার্লামেন্টের সামনে আবেদনপত্র পেশ করেছিলেন। সেই আবেদনপত্র পেশ করার ফলে মিঃ শশীভূষণ আমাদের সঙ্গে এসে স্পীকারের কাছে আবেদনপত্রগুলি দিলেন, এটা হচ্ছে সকলের চাহিদা, সেজন্য কিছু কিছু পার্থক্য দেখা যায়। এখন এই বিলটার জবাব কালকে দিয়ে দিয়েছে। ৪টি স্পেশাল ট্রেন গিয়েছিল এবং তার মধ্যে খুব অল্পসংখ্যক ছিল যারা উইদাউট টিকিট-এ গিয়েছিল এবং তাদের পানিশমেন্ট রোধ হয়ে গেছে। প্রায় ২ লক্ষ বিভিন্ন জায়গা থেকে গেছে। এই বিলের মধ্যে ৬৯৩ কোটি টাকা যেটা চেয়েছেন—১৯৭৩-৭৪ সালে ৯৩ কোটি ২১ লক্ষ ৩৮ হাজার টাকা। এটা যদি ভাগ করা যায়, তাহলে দেখা

যাবে ৩টি ভাগে ভাগ করা যায়। একটি হচ্ছে রেভিনিউ এক্সপেন্ডিচার, ক্যাপিটাল এক্সপেন্ডিচার এবং পাবলিক ডেট লোন। এই তিনটিতে যদি ভাগ করা যায়, তা হলে কি দাঁড়ায়? ৩৯৩ কোটি টাকার মত হচ্ছে রেভিনিউ এক্সপেন্ডিচার যেটা হচ্ছে গতানুগতিক খরচ, এটাকে কেউ আর কমাতে বা বাড়াতে পারছেন না এবং ক্যাপিটাল এক্সপেন্ডিচার—এতক্ষণ যে কথা হচ্ছে প্রগতিশীল কি প্রতিক্রিয়াশীল এটা নির্ভর করবে। এই ক্যাপিটাল এক্সপেন্ডিচার আমাদের কি পরিমাণ দাঁড়াল? সেটাতে দেখছি প্রায় ৫৪ কি ৫৫ কোটি টাকার মত। তা হলে মূল বরাদ্দের উপর অ্যাপ্রো-প্রিয়েসানে মোট টাকায় যদি দেখি আগামী দিনে উন্নতি করবো, তা হলে দেখা যাবে যে খরচ করছি মাত্র ৯ ভাগ টাকা। এখন এই ৯ ভাগ টাকা খরচ করে, আমাদের ১৭ দফা কর্মসূচি বা বাজেট বক্তৃতার ক্ষেত্রে আমাদের অর্থমন্ত্রী যেসব কথা বলেছেন তার প্রতিফলন এই অ্যাপ্রো-প্রিয়েসান বিলে পাচ্ছি না। ৯ ভাগ খরচ করে কিভাবে একটা র‍্যাডিক্যাল পরিবর্তন করা যাবে এটা বলতে পারছি না। এটা তো আমি বুঝতে পারছি না। কাজেই এটা কি আমরা ঠিক বলতে পারি না যে, একেবারে বেসিক এটা বলতে পারছি না। এটা কোন বেসিক ডিপার্চার নয়। এটা খানিকটা গতানুগতিক। শতকরা ৯ ভাগ যেটা, তা ইন্ডিকেট করে। কাজেই এখানে যে আছে রেভিনিউ খাতে টাকাটা ব্যয় করছেন, কিছুটা ব্যয় সংকোচের কথা দেখিয়েছেন, যেটা গতবারে ছিল ৩৯৯ কোটি টাকা, এবারে দেখছি ৩৯৩ কোটি টাকা। ৬ কোটি টাকা রেভিনিউ খাতে কম ব্যয় হবে। এই যে কম ব্যয় হবে এটা বিশ্বাস করা যাবে কি করে, আমি তো বিশ্বাস করতে পারছি না। কারণ রেভিনিউ খাতে যে ব্যয় হয় তার মধ্যে কতকগুলো জিনিস থাকে, যেমন মেন্টিন্যান্স এস্টাবলিশমেন্ট কস্ট এটসেট্রা, এখন মেন্টিনেন্স-এর ক্ষেত্রে মনে করুন এই যে ঘরবাড়িগুলো আছে যদি এইগুলো মেইনটেন করতে হয় তা হলে জিনিসপত্রের দর যদি বেড়ে যায় সেখানে ৬ কোটির জায়গায় ১৫।২০ কোটি টাকার দরকার হতে পারে, তখন আবার সাপ্লিমেন্টারি গ্রান্ট-এর কথা বলা যেতে পারে। কাজেই বেসিক মেজার যেটা নেওয়া উচিত যে, ৬ কোটি টাকা বাঁচাবো তার জন্য যে মেজার নেওয়া উচিত সেই মেজার তো পাওয়া যাচ্ছে না? এর মধ্যে ফ্যাক্টরটা কি? এটা রাইজ ইন প্রাইসেস বা প্রাইস লাইন মেন্টেন করবো এই রকম কোন মেজর এর ভেতর নেই। এই মেজার না থাকার ফলে আবার দেখা যাবে কর্মচারীরাও চাইবে ডিয়ারনেস অ্যালাউয়েন্স বাড়ানো হোক, কন্ট্রাক্টারদের কোন একটা জিনিসকে মেন্টেন করতে গেলে বা রিপেয়ার করতে গেলে, তার মেন্টিন্যান্স কস্ট বেড়ে যাবে। কাজেই এই যে প্রাইস লাইন মেন্টেন করা মূল্যসূচিটাকে নির্ধারিত রাখা এটা সম্পর্কে যদি কোন মেজার না থাকে, তা হলে এটা বিশ্বাসযোগ্য হয় না। ভবিষ্যতে আবার সাপ্লিমেন্টারি গ্রান্টের দিকে যেতে হবে। কাজেই সেই সম্পর্কে তিনি কোন ইঙ্গিত দিতে পারেন নি। সেদিক থেকে একটা কথা বলেছেন যে, এবারে আমরা সরকার পক্ষ থেকে কিছু ব্যবসা করবো গভর্নমেন্টাল ট্রেডিং যেটা আগেকার কোন বাজেটে ছিল না সেটা হচ্ছে ১৪ কোটি ১১ লক্ষ টাকা ওরা সরকারী ব্যবসায়ী ক্ষেত্রে লগ্নী করবেন। সরকারী ব্যবসায়ে লগ্নী করার ক্ষেত্রে হয়ত আমাদের মাননীয় কমিশনারী এখানে আছেন তিনি হয়ত সারের কারবারটা আরও কিছু বাড়াবার জন্য লগ্নী করতে পারেন। কিন্তু মূল জিনিসটা হবে, এই খাদ্যশস্য কেনাকাটা সরকার সম্ভবতঃ নেবেন সেই জন্য এই ১৪ কোটি টাকা ধরা হয়েছে। এই যে ১৪ কোটি টাকা লগ্নী করবেন এটাকে আমরা বলি নন-প্রোডাকটিভ সেক্টর। কাজেই একটা বাজেটের প্রগতিশীলতা নির্ভর করছে যে, আমরা প্রোডাকটিভ খাতে উৎপাদনমুখী বাজেট কতখানি করতে পারলাম। সেদিক থেকে এই যে ৫৪ কোটি টাকা, ক্যাপিটাল এক্সপেন্ডিচার, তার মধ্যে ১৪ কোটি টাকা এমনি চলে গেল ১৪ কোটি টাকা নন-প্রোডাকটিভ সেক্টরে চলে গেল, অবশ্য এটা ভাল কাজ যদি খাদ্যশস্যের ব্যবসা সরকার নিতে পারেন, প্রোকিওরমেন্ট করতে পারেন, চাল, গম ইত্যাদির জিনিসের বাজারের উপর সরকারের খানিকটা নিয়ন্ত্রণ ক্ষমতা থাকবে। কিন্তু সেটাকে বলতে চাই না যে, র‍্যাডিক্যাল চেঞ্জ আমরা করছি। কাজেই এই নন-প্রোডাকটিভ সেক্টরে এরা টাকাটা খরচ করতে যাচ্ছেন, এই বিষয়ে আমার একটা বক্তব্য হচ্ছে যে, এই ১৪ কোটি টাকা নন-প্রোডাকটিভ সেক্টরে না দিয়ে যদি প্রোডাকটিভ সেক্টরে আনা যেত। বিশেষত উনি বাজেটের স্পীচে যেখানে বলেছেন যে, আমাদের শিল্পনীতি বিষয়ক প্রস্তাব অনুসারে সরকারী ক্ষেত্রকে গুরুত্বপূর্ণ ভূমিকার উপর

আস্থা পুনর্স্থাপন কথাটা লেখা যেতে পারে। কিন্তু পুনর্স্থাপন যদি করলেন তার গতিটা কোথায়? সেই ক্ষেত্রে উনি যদি ডাঃ জয়নাল আবেদিন সাহেবকে ১৪ কোটি টাকা দিয়ে ঐ ধরনের দুর্গাপুর কেমিক্যালস বা কোন প্রোজেক্ট ইত্যাদি কোন একটা কর্মসংস্থানের জন্য প্রাইভেট সেক্টরে নিয়োগ করতেন, তা হলে বুঝতাম যে প্রোডাকটিভ বা উৎপাদনমুখী কাজ হচ্ছে। কিন্তু সেটা না করে উনি ধান চাল কেনার জন্য টাকাটা দিলেন। তা হলে ঐ টাকাটা পাওয়া যাবে কোথায়? কেন, অতীতে ফাটকাবাজরা, বড় বড় ব্যবসায়ীরা তারা তো পেতো টাকা ব্যাঙ্ক থেকে। তা হলে একটা সরকার সাময়িকভাবে ব্যবসা করবার জন্য ব্যাঙ্ক থেকে প্রচুর টাকা কেন পাবে না? এখন তো ব্যাঙ্ক ন্যাশানালাইজড হয়েছে। কেন এই দাবিটা থাকবে না? সেটা বাজেট থেকে কেন খরচা করতে হবে? আমরা তো সেটা লোন হিসাবে নিতে পারি। এবং সেটা রিটার্ন দেওয়া যেতে পারে। এইভাবে আমি বলতে পারি, এই বাজেটের মধ্যে গতিশীলতা নেই। তার প্রতিফলন অ্যাপ্রোপ্রিয়েসানের ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি না।

[5-40—5-50 p.m.]

সেদিক থেকে আমি বলব যে হ্যাঁ এই টাকাটা ঠিকই রেখেছেন. কিন্তু চেষ্টা করতে হবে প্ল্যানগুলিকে যথাযথভাবে যাতে কার্যকরী করা যায়। বিশেষ করে আমাদের উন্নয়নের ক্ষেত্রে এবং সেই খাতে এই টাকাটা ভবিষ্যতে যাতে ব্যয় করা যায় সেটা দেখতে হবে। তারপর অন্য জায়গা থেকে, বিশেষ করে ন্যাশানালাইজড ব্যাঙ্ক থেকে কেন লোন হিসাবে পাওয়া যাবে না, এটা তাকে ভাবতে হবে এই পাবলিক সেক্টরের ক্ষেত্রে যা দেখা যাচ্ছে যে, মাত্র একজন মন্ত্রী রেখেছেন পাবলিক আন্ডারটেকিং-এ, এটা ভাল কথা এবং একটা সাইন বোর্ড আছে পাবলিক আন্ডারটেকিং-এর। কিন্তু টাকা কি খরচ হচ্ছে? বাজেটে দেখা গেল মাত্র ৬২ লক্ষ, ৬২১ কোটি টাকার মধ্যে—আমরা যেখানে এত টাকার বাজেট করছি সেখানে সেখতে পাচ্ছি পাবলিক আন্ডারটেকিং-এর জন্য মাত্র ৬২ লক্ষ টাকা খরচ হবে। এটা খরচ করে কয়েকটা নতুন ইন্ডাস্ট্রি করতে পারি কিনা, নতুনভাবে বেকারদের কাজ দিতে পারি কিনা, নতুন কোন প্রোজেক্ট হবে কিনা, এই সম্পর্কে কোন কিছু নির্দেশ দিতে পারছে না। তাই আমি আবার দেখাতে চাই যে, ইন্ডাস্ট্রিয়াল ইকনমিক ডেভেলপমেন্ট খাতে ৫ কোটি ১৪ লক্ষ ৮০ হাজার টাকা খরচ করা হয়েছে। সেই খরচের ক্ষেত্রে দেখা যাবে গ্রান্ট নম্বর ২৬।৯৬-তে এটাকে করতে যাচ্ছি। সেই তুলনায় পাবলিক আন্ডারটেকিং ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট পারপাসে সব কিছুর জন্য খরচ কত দেখতে পাচ্ছি না মাত্র ১২ ভাগ। এই ১২ ভাগ দিয়ে সরকারী ক্ষেত্রটাকে আমরা ভবিষ্যতে বাড়িয়ে নিয়ে যাব? এই রকম বাজেটে যদি দেখা যায় মাত্র ১২ ভাগ টাকা পাবলিক আন্ডারটেকিং-এর জন্য রয়েছে, তা হলে সরকারী ক্ষেত্র কিভাবে বাড়বে? এদিকে মাননীয় সদস্য শ্রীঅসমঞ্জ দে বললেন যে আমরা কি কিছুই করছি না, করছেন এটা ঠিক। কিন্তু এটা একটু ভেবে দেখুন যে, যে টাকাটা ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট পারপাসে খরচ করবেন তার মাত্র ১২ ভাগ টাকা পাবলিক আন্ডারটেকিং-এর জন্য দিচ্ছেন। প্রাইভেট সেক্টরকে গ্রাজুয়ালী কমাবার জন্য কত টাকা খরচ করছেন? এই সরকার বাজেট স্পীচে যে বক্তব্য রেখেছিলেন অ্যাপ্রোপ্রিয়েসানের সঙ্গে সেটা মিলছে না। অবশ্য আজকে বক্তব্যের মধ্যে তিনি আর ঐ কথাটা রাখেন নি যে, আমরা পাবলিক সেক্টরকে এগিয়ে নিয়ে যাব যে কথা বাজেট স্পীচের ৩৫ পাতায় খুবই গুরুত্বের সঙ্গে বলে গিয়েছেন। আজ কিন্তু সেটার কোন উল্লেখ নেই এবং কথাটার উল্লেখ পর্যন্ত তিনি করেন নি। কারণ তারা জানেন পাবলিক সেক্টর এক্সপানশনটা আর রাখা যাচ্ছে না। তারপর উনি বলছেন গ্রামের লোকের কথা। সেই গ্রামের লোকের শতকরা ৭০ ভাগ কৃষক এবং শ্রমজীবী মানুষ। যে কথা চ্যাপটার ৬-তে বলেছেন, সেটা খুবই ভাল কথা যে, গ্রামের মানুষের যদি উন্নতি না করা যায়, তাদের ক্রয় ক্ষমতা যদি বাড়ানো না যায়, তা হলে ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট হবে না, দেশের অগ্রগতি হবে না। কিন্তু সেই কাজটা করবার জন্য গ্রামে এগ্রিকালচারাল ডেভোলপমেন্ট, কটেজ ইন্ডাস্ট্রির ডেভেলপমেন্টের ক্ষেত্রে এবং এইগুলির বিকাশের জন্য কি অ্যাপ্রোপিয়েট করছেন কত টাকা খরচ করছেন? সে ক্ষেত্রে দেখা গেল যে, কি স্মল স্কেল ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্টের জন্য ১ কোটি ৯৩ লক্ষ ৮৬ হাজার টাকা। সেই শতকরা ৮০ ভাগ লোক যাদের কথা তাঁরা চিন্তা করছেন তাদের উন্নতি বা কৃষি উন্নতির জন্য প্রায় ২ কোটি টাকার মত খরচ করছেন। এর থেকে যে ইচ্ছা প্রকাশ

করছেন যে, গ্রামে কৃষকদের উন্নতি করব, তাদের ক্রয় ক্ষমতা বাড়াব, কিন্তু তার সঙ্গে এই অ্যাপ্রো প্রিয়েসানের কোন মিল নেই। সেজন্য আমি মনে করি বাজেটটা খুব একটা ডিপারচার ফ্রম ও ওয়ান নয়। গতানুগতিকভাবেই এই বাজেট তৈরি হয়েছে। অবশ্য একটা জিনিস হয়েছে টাকার ক্ষেত্রে অনেক বেড়ে গেছে। যেমন ডেভোলপমেন্টের খাতে ১৯৭০-৭১ সা থেকে আরম্ভ করে যে টাকা ব্যয় হত, গত কয়েক বছরে টাকার অংকে দেখা যাবে প্রায় ২৪।২ কোটি টাকা বেশী। কিন্তু ১৯৭১-৭২ সালে টাকার মূল্যমান কি ছিল, কি পরিমাণ মেটি রিয়েলস পাওয়া যেত? আর এখন ১৯৭৩-৭৪ সালে কি পাওয়া যায় সেদিক থেকে দেখলে দেখা যাবে ১৯৭০-৭১ সাল থেকে আরম্ভ করে কয়েক বছরের মধ্যে শতকরা ৭৫ ভাগ জিনিসে দাম বেড়ে গেছে। সেই ৭৫ ভাগ যদি হিসাব করি, তা হল মূলতঃ উন্নয়ন খাতে খুব বেশ টাকা লগ্নী করতে পারেন নি। কাজেই উন্নয়নের ক্ষেত্রে উৎপাদনমুখী যে বাজেট তা বাস্তবক্ষেত্রে প্রতিফলন করতে পারছে না। সেজন্য আমি এই অ্যাপ্রোপ্রিয়েসানকে সমর্থন করতে পারি না। দ্বিতীয়তঃ বলছেন, গ্রামে নিবিড় কৃষি কাজ করে উন্নতি করব যাতে গ্রামের দরিদ্রতঃ মানুষের উপকার হয়। কিন্তু সেটা কিভাবে হবে? মাত্র ১ কোটি ৯৩ লক্ষ টাকা খরচ করে কি গরিব মানুষের উপকার হবে? কাজেই উন্নতি করতে গেলে যেটা প্রয়োজন সেই ভূমি বিতরণ তা পশ্চিমবঙ্গে হয় নি। সারা ভারতবর্ষের মধ্যে দুটি রাজ্যে ভূমি আইন সব চেয়ে বেশী প্রগতিশীল—সেটা হচ্ছে কেরালা এবং পশ্চিমবঙ্গ। সেই আইন কার্যকর করে উদ্বৃত্ত জমি যেটা আমাদের হিসেবে হয়েছে সেটা আমরা দিতে পারি নি। কিন্তু এটা কেরালায় হয়েছে নিবিড় কৃষি কাজ করতে গেলে ভূমি বণ্টনের কাজ আগে করা উচিত। সেদিক থেকে তিনি কোন গাইডলাইন রাখেন নি। তারপর কমপ্যাক্ট এগ্রিকালচারাল ব্লক যেগুলি আছে সেই এগ্রিকালচারাল ব্লকের মধ্যে গ্রামে এখনও যারা ধনী চাষী তারাই এই ১ কোটি ৯৩ লক্ষ টাকার বেনিফিট পাবে। অরপর শেষে এই অ্যাপ্রোপ্রিয়েসান ক্ষেত্রে আমার বলা এই টাকা যেটা ডেভেলপমেন্ট পারপাসে খরচ করছি সেই টাকা যেন নির্দিষ্ট সময়ে নির্দিষ্ট কারণে খরচ না করে সেটা যেন না বাড়ে। আর রেভিনিউ এক্সপেন্ডিচার যেটা হয় সেটা সম্পর্কে কোন চেক হয় না। পাবলিক এক্সপেণ্ডিচার-এর ক্ষেত্রে পি এ সি আছে। সেই রকম রেভিনিউ কমান, বাড়ানোর ক্ষেত্রে ঐ ধরনের একটা কমিটি হলে ঠিক হবে আয় বাড়ানোর জন্য ঐ ধরনের একটা মেশিনারি হওয়া দরকার। এই কথা বলে বাজেট বক্তৃতার সঙ্গে অ্যাপ্রোপ্রিয়েসান-এর কোন মিল নেই বলে আমি একে সমর্থন করতে পারছি না।

[5-50—6-00 p.m.]

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে উপযোজন বিল, ১৯৭৩ উত্থাপন করেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি কয়েকটি কথা বলতে চাই। স্যার, এই সরকার আজকে দেশের মানুষের সামাজিক ও অর্থনৈতিক দিক থেকে প্রতিষ্ঠার যে প্রচেষ্টা করছেন সেই প্রচেষ্টার কারণে আমরা দেখতে পাচ্ছি দেশের সর্বাঙ্গীন উন্নতি হচ্ছে। শিল্পে হোক, কৃষিতে হোক বা যেকোন বিষয়ে হোক তার উন্নতির প্রচেষ্টা হচ্ছে। তার প্রমাণ পাচ্ছি কেন্দ্রের কাছ থেকে এই সরকার টাকা আদায় করছেন, আজকে পাতাল রেলের কাজ শুরু হয়ে গেছে, তার পাশ দিয়ে যাচ্ছি, দিনরাত দেখতে পাচ্ছি। গতকাল কাগজে আমরা দেখেছি ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন পশ্চিমবঙ্গে ৬টি শিল্প তৈরি করবেন। তার ৬টি শিল্পের কাজ এই বছরে আরম্ভ করবেন। এই যে প্রচেষ্টা এটা সত্যই অভিনন্দনযোগ্য আমরা দেখেছি যুক্তফ্রন্টের আমল থেকে চিৎকার হচ্ছিল কবে আমাদের স্টেডিয়াম হবে, সুখের কথা ১১ই জুন আমাদের শ্রদ্ধেয় প্রধানমন্ত্রী আসবেন, তিনি এসে স্টেডিয়ামের শিলান্যাস করবেন। আজকে দিনের বেলার চেয়ে রাত্রে ফুটবল খেলার কাজ আরম্ভ হচ্ছে। এইভাবে ছাত্র, যুবক, সাধারণ মানুষ উপকার পাচ্ছে। আজকে আমাদের সরকার যে কাঠামো পরিবর্তনের কথা উপলব্ধি করেছেন এই কাঠামোর নিশ্চয়ই পরিবর্তন দরকার। আজকে অনাচার, অত্যাচার, অন্যায়, কালোবাজারী যারা দেশকে ধ্বংস করার চেষ্টা করছে তার বিরুদ্ধে আমাদের এই সরকার যেভাবে কঠিন হস্তে হাল ধরে কান্ডারীর ভূমিকা নিয়েছেন তাতে আমাদেরও এই সরকারের

পাশে আরো শক্ত হয়ে দাঁড়াতে হবে এবং দাঁড়ান উচিত বলে আমি মনে করি। আমাদের সরকার কাজ করছেন বলেই সমালোচনা হচ্ছে; যদি সরকার ঠুঁটো জগন্নাথের মত বসে থাকতেন, তা হলে সমালোচনা হত না। আজকে চুপ করে বসে থাকলে হবে না, আজকে দরিদ্র মানুষ থেকে আরম্ভ করে প্রতিটি স্তরের মানুষের কথা চিন্তা করে এগিয়ে আসতে হবে। কিন্তু কতকগুলি জায়গায় অব্যবস্থা আছে যার কথা না তুলে পারছি না। যেমন ধরুন সরকারী ট্রাম, বাস, এখানে লক্ষ লক্ষ টাকা লস হচ্ছে। অথচ কমার্শিয়াল বেসিসে এগুলি থেকে টাকা আসা উচিত, কিন্তু এখানে লস হচ্ছে। সরকার গম রাষ্ট্রীয়করণ করেছেন, আরো রাষ্ট্রীয়করণ করার চেষ্টা করছেন। কিন্তু সরকারের হাতে যে ব্যবসা আছে সেখানে এত বেশী দুর্নীতি দেখা যাচ্ছে যে, সেই দুর্নীতি দূর করার জন্য জোর দেওয়া হচ্ছে না। যেমন ধরুন বলছি ৩৫০ টাকা করে কয়েকটি ডজ গাড়ি বিক্রয় হয়েছে, ২৫০ টাকা করে কয়েকটি জীপ বিক্রি হয়েছে। ৬ খানি মোটর সাইকেল ৪ হাজার টাকায় বিক্রি হয়েছে, ১৮টি নন-রুট ভেহিকল বিক্রি হয়েছে। এইভাবে ডিপার্টমেন্টের অযোগ্যতা এই সরকারকে হেয় করবার চেষ্টা করছে। এই অপচেষ্টার পিছনে কোন পার্টি আছে কিনা, জ্যোতিবাবুর দল আছে কিনা, বা আর এস পি-র বন্ধুরা আছেন কিনা জানি না, কিন্তু এইভাবে সরকারকে হেয় করবার চেষ্টা করছে। ২৫০ টাকায় জীপ বিক্রি করে সরকারী টাকার অপব্যবহার করা হচ্ছে।

আজকে আমরা এইভাবে দেখতে পাচ্ছি টাকার অপচয় এবং অপব্যবহার চলছে। শিক্ষাক্ষেত্রে দেখতে পাচ্ছি ছাত্র জগতের একটি প্রয়োজনীয় জিনিস টেস্টপেপার সেটা বাজারে পাওয়া যাচ্ছে না। কিশলয় সরকারের বই সেটা গিয়ে পৌঁছায় না। দুঃখের ব্যাপারে দুঃখের সংগে লক্ষ্য করছি ব্লকে ব্লকে, সরকারী অফিসে যেসব জিনিস পাঠান হয়, টেবেল ক্যালেণ্ডার পাঠান হয় সেগুলি সময়মত গিয়ে পৌঁছায় না। ছেলেদের বলা হচ্ছে লেখাপড়া শেখ, অথচ কিশলয় বই গিয়ে পৌঁছায় না, টেস্টপেপার গিয়ে পৌঁছায় না। এই ব্যাপারে অনিলা দেবী এবং সত্যপ্রিয় বাবু রয়েছেন, তাঁদের ব্যবস্থা করা উচিত। স্যার, আমাদের সরকারের অগ্রগতির দিক থেকে একটা রূপরেখা দেখা দিয়েছে এবং কৃষি, শিল্প সকল দিকে উন্নতির একটা চেষ্টা চলছে। তবে আমার বক্তব্য হচ্ছে যারা সবচেয়ে অবহেলিত মানুষ তাদের জন্য আরও চিন্তা করতে হবে। বিশেষ করে স্বাস্থ্য বিভাগকে চিন্তা করতে হবে যক্ষ্মা এবং ক্যান্সার রোগীদের জন্য যেমন ব্যবস্থা করেছেন, ঠিক তেমনি কুষ্ঠ রোগীদের জন্যও ভাবুন। তাদের পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে এবং যারা নেগেটিভ পেসেন্ট তারা যাতে সমাজে স্থান পায় সেই ব্যবস্থা করতে হবে। আমাদের অর্থমন্ত্রী মহাশয় যে বিল এনেছেন তাকে পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ, বন্দেমাতরম্।

শ্রীশংকর ঘোষঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি যে অ্যাপ্রোপ্রিয়েসান বিল এনেছি সভার অধিকাংশ সদস্য তাঁর প্রতি সমর্থন জানিয়েছেন। এই সমর্থন সরকারের যে নীতি সেই নীতির প্রতিই সমর্থন। সরকারের নীতি হচ্ছে পশ্চিমবাংলায় একটি বিরাট কর্মযজ্ঞ শুরু করা। পশ্চিমবাংলার উন্নয়নের চাকা অনেক বছর ধরে ঘোরে নি। আজ এক বছর ধরে জনসাধারণের আশীর্বাদে আমরা কাজ করতে পেরেছি। এই সরকারের নীতি আপনারা সকলেই জানেন। কিছু কিছু সমালোচনা হয়েছে এই নীতি সম্বন্ধে। কিছু সমালোচনা হয়েছে যে, মৌলিক রূপান্তর নেই। আমার বক্তব্য হচ্ছে বাস্তবতাকে আমাদের আগে দেখতে হবে। প্রকৃত কি কাজ হচ্ছে সেটা যদি আমরা পর্যালোচনা না করতে পারি, তা হলে নীতিগতভাবে তার সমালোচনা চলতে পারে না। আমাদের সরকার উন্নয়নমূলক কি কাজ করেছে এবং সমাজে সাম্য আনার জন্য কি কাজ করেছে সেটা জনসাধারণের কাছে রয়েছে। এখানে মৌলিক পরিবর্তনের কথা বলা হয়েছে। যে মৌলিক পরিবর্তনে সরকার বিশ্বাস করে সেটা হচ্ছে আমরা যে শান্তি ফিরিয়ে এনেছি সেটা আমরা রাখব এবং সেই শান্তির ভিত্তিতে আমরা উন্নয়ন বাড়াব এবং দরিদ্রতম মানুষের মধ্যে আমরা সমতা আনব—এই হচ্ছে আমাদের নীতি। মৌলিক পরিবর্তন সম্বন্ধে এখানে বলা হয়েছে, ন্যাশনালাইজেসনের কথা বলা হয়েছে। ন্যাশনালাইজেসনের ব্যাপারটা রাজ্য এবং কেন্দ্রীয় সরকার এই দুটি সেক্টরে বিচার করতে হবে। ইন্দিরা

গান্ধীর নেতৃত্বে এই ক্ষেত্রে যে কাজ হয়েছে সেটা কোনদিন ভারতবর্ষে হয় নি, সেটা আমাদের প্রথমে দেখতে হবে। আমরা যদি কেবল সমালোচনা করি, তা হলে কোন কাজ হতে পারবে না এবং সরকারের যে হাতিয়ার দিয়ে জনগণের উন্নতি হয়েছে সেই হাতিয়ার যদি আমরা নষ্ট করে দেই, তা হলে আমাদের উন্নয়নমূলক কাজে হতে পারবে না।

[6-00—6-10 p.m.]

আমাদের যা কিছু আছে. যে কোন ক্ষেত্রেই যদি দেখি গমের পাইকারী ব্যবসা সেটা নেবার ক্ষেত্রে যে নীতি ঘোষিত হয়েছে সেটা বৈপ্লবিক নীতি। চালের পাইকারী ক্ষেত্রে যে নীতি ঘোষিত হয়েছে সেটাও বৈপ্লবিক নীতি। ব্যাঙ্ক রাষ্ট্রীয়করণের কথা আমি বলছি না, সাধারণ বীমা রাষ্ট্রীয়করণের কথা আমি বলছি না, কোকিং কোল, নন-কোকিং কোল সম্বন্ধে কি হয়েছে সেটা সর্বসাধারণ জানে। চিনির ক্ষেত্রে আপনারা জানেন, জুলাই মাসে কেন্দ্রীয় সরকার নীতি ঘোষণা করেছিলেন যে, ৬০ ভাগ চিনি সেটা কন্ট্রোলে আসবে। তারপর দুই মাসের ভিতর আবার নূতন নীতি ঘোষিত হল যে, ৭০ ভাগ সেটা কন্ট্রোলের ভিতরে আসবে। সাধারণ কাপড় সেটা সাধারণ মানুষের জন্য তার উপর কন্ট্রোল এসেছে এবং সেই কন্ট্রোলে ২৭ লক্ষ মিটার কাপড় যাতে পশ্চিমবাংলা পায় তার বরাদ্দ করা হয়েছে। তারপর যেটা ন্যাশনালাইজেসনের কথা বলা হচ্ছে, আগে বিগ হাউস যে সমস্ত বাধানিষেধ এবং যে সমস্ত নিয়ন্ত্রণ ছিল সেটা ৩৫ কোটি টাকা যার সম্পদ থাকবে, তাকে বিগ হাউস হিসাবে তার উপর কতকগুলি নিয়ন্ত্রণ ছিল। এখন সেটা ৩৫ কোটি টাকা থেকে নামিয়ে ২০ কোটি টাকা ধরা হয়েছে। সুতরাং রাষ্ট্রীয় উদ্যোগ বাড়াবার জন্য যে প্রচেষ্টাগত তিন বছর আমাদের মাননীয়া প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর নেতৃত্বে যা হচ্ছে. সেটা কোনদিন কোন রাজ্যে হয় নি। এই প্রচেষ্টা চলছে এবং এই প্রচেষ্টাকে যদি আমরা না দেখতে পাই এবং এটাকে যদি বলি মৌলিক পরিবর্তন হয় নি, গতিশীলতা নাই, নূতন পরিবর্তন নাই. তা হলে আমি বলব যে, বাস্তব যে ঘটনা সেটা আমরা দেখতে পাচ্ছি না। আমি আগে যেটা বলেছি এই দৃষ্টিভঙ্গি নিয়ে

we shall isolate ourselves first from the reality and then from time messe-

সুতরাং এই দৃষ্টিভঙ্গি নিয়ে তারা বাস্তব থেকে দূরে সরে যাবে এবং জনগণের কাছ থেকে দূরে সরে যাবে। আজকে আমাদের এই সরকারের যে দৃষ্টি সেটা গঠনমূলক কাজ করতে হবে। এবং গঠনমূলক কাজের ভিতরে একটা হচ্ছে উন্নয়ন, আর একটা হচ্ছে উৎপাদন, আর একটা হচ্ছে সামাজিক সাম্য। এই সামাজিক সাম্যের জন্য আমরা গ্রামে যে নীতি গ্রহণ করেছি, আগে যেখানে ২৫ একর সিলিং ছিল, সেটা কমিয়ে ১২ একর বা ১৭ একর করা হয়েছে, সেচ পাওয়া যায় কি না পাওয়া যায় তার ভিত্তিতে এবং প্রগতিশীল ভূমিসংস্কার নীতি ভারতবর্ষে আর কোথাও নাই। এই নীতিই আমরা চালু করতে চাই। এই নীতি আজকে ইমপ্লিমেন্টেড হচ্ছে। ১৯৭১ সালে এই ভূমিসংস্কার আইনের পরিবর্তনের পর আরও ৪৯ হাজার একর জমি সরকারের হাতে এসেছে। এবং আমরা আশা করি আরও দু-তিন লক্ষ একর জমি সরকারে বর্তাবে এবং সেটা ভূমিহীন কৃষকদের ও প্রান্তিক কৃষকদের ভিতরে সেটা বণ্টন হবে। সামাজিক দৃষ্টিভঙ্গি এবং মৌলিক পরিবর্তন যাতে হয় সেইজন্যই এই পরিবর্তন আনছি এবং বর্গাদারদের এই স্বত্ব দিচ্ছি। তারা যাতে ৭৫ ভাগ ফসল পায় তার জন্য সমস্ত রকম ব্যবস্থা সরকার করছেন। সুতরাং মৌলিক দৃষ্টিভঙ্গির পরিবর্তন দুটো ক্ষেত্রে হবে। একটা গ্রামে কৃষিতে এবং আর একটা শহরে শিল্পেতে। সুতরাং এটাই গ্রামের নীতি হিসাবে চালু করছি। যখন যুক্তফ্রন্ট সরকার ছিল, তাদের বিরাট সংখ্যাগরিষ্ঠতা ছিল এবং আইনের মাধ্যমে পরিবর্তন আনা সম্ভব ছিল কিন্তু আইনের মাধ্যমে কোন পরিবর্তন আনা হয় নি। সেখানে বল্লম দিয়ে হিংসা দিয়ে হত্যা দিয়ে পরিবর্তন আনার চেষ্টা করা হয়েছিল তাতে দেশ অনেক পিছিয়ে গিয়েছিল। কিন্তু আমরা এটা প্রমাণ করে দিয়েছি যে. মৌলিক পরিবর্তন গ্রামবাংলায় আনা যায়, সামাজিক ন্যায়বিচার গ্রামবাংলায় প্রতিষ্ঠিত করা যায়। ভূমিসংস্কার আইনটা যাতে আরও কার্যকর হয়.

বাস্তবে রূপায়িত হয়, তা সরকার সব সময় চেষ্টা করবেন। এবং এই সরকার প্রথম যেটা আইনের মাধ্যমে, শান্তির মাধ্যমে এবং জনগণের সহযোগিতায় ভূমিসংস্কার আইনকে কার্যকর করে বাস্তবায়িত করছেন। ভূমিসংস্কার আইনকে যদি বাস্তবায়িত করা যায়, তা হলে সেই আইনটা কেবল সামাজিক ন্যায়বিচার নয়, ছোট চাষী, প্রান্তিক চাষী, ভূমিহীন চাষীকে জমি দিতে পারি, তবে তাকে একটা ইন্সেনটিভ দিতে পারব। সেটা তা হলে কেবল একটা ডিস্ট্রি-বিউটিভ মেজার নয়, একটা প্রোডাকটিভ মেজার হবে।

সেজন্য যাতে আমরা কতকগুলি ইনস্টিটিউসানাল চেঞ্জেস আনতে পারি তারই বন্দোবস্ত গ্রামে করেছি। কিন্তু এই সরকারের দুটি নীতি পাশাপাশি চলেছে—একটা সামাজিক সাম্য প্রতিষ্ঠা, আর একটা হচ্ছে উৎপাদন বৃদ্ধি ও উন্নয়নের প্রচেষ্টা। আগে যুক্তফ্রন্ট সরকারের আমলে যেটা ছিল এই উন্নয়ন, উৎপাদন বৃদ্ধি এবং গঠনমূলক কাজের উপর কোনরকম জোর দেওয়া হত না। আজকে আমি যেকথা বলেছি, যে বাজেট এনেছি, তাতে সরকারের সামগ্রিক যে কর্মসূচি সেটা হচ্ছে এই—গ্রামে পশ্চিমবাংলার ৭০ ভাগের বেশী মানুষ বাস করে, প্রায় ৭৫ ভাগ মানুষ গ্রামে বাস করে। সেজন্য এই সরকার বাজেটে যে কর্মসূচি নিয়েছে তাতে সামগ্রিক-ভাবে গ্রামবাংলার উপর বিশেষ জোর আমরা দিয়েছি। যা কিছু উন্নয়নমূলক কাজ তার বেশীর ভাগই গ্রামবাংলায় হচ্ছে, আগে যেটা কোনদিন হয় নি। কারণ ৭৫ ভাগ মানুষ যেখানে বাস করে তার যদি উন্নয়ন করতে না পারি, তা হলে পশ্চিমবাংলার উন্নয়ন করতে পারব না। সেজন্য গ্রামবাংলায় কৃষির উন্নয়নের জন্য সবুজ বিপ্লব সাধন করার জন্য নানা প্রচেষ্টা নেওয়া হয়েছে। গ্রামের সবুজ বিপ্লব যদি করতে পারি, শহরে শিল্পে যদি বিপ্লব নাও হয়, শিল্প উন্নয়ন করতে পারব। যেখানে কৃষক একটা ফসল পাচ্ছে সেখানে যাতে ২।৩টি ফসল পায় সেই বন্দোবস্ত করেছি। কিছুক্ষণ আগে বিধানসভায় সাপ্লিমেন্টারি বাজেট উঠেছিল। তাতে বলেছি ২০ কোটি টাকা কৃষিতে—১৪ কোটি টাকা কৃষির উন্নতির জন্য, সেচের জন্য, আর এক ফসলকে তিন ফসল যাতে করতে পারি, উৎপাদন যাতে বৃদ্ধি পেতে পারে তার জন্য ৬ কোটি টাকা রাসায়নিক সারের জন্য দেওয়া হয়েছে। এই সমস্ত করা হয়েছে যাতে গ্রামে ক্ষুদ্র কৃষক, প্রান্তিক কৃষকের অবস্থার উন্নতি হতে পারে। প্রথম যুক্তফ্রন্টের আমলে কৃষি বাবত ধরা ছিল ১৭ কোটি ৭১ লক্ষ টাকা, দ্বিতীয় যুক্তফ্রন্টের আমলে সেটা কমিয়ে দেওয়া হল প্রায় ২১ লক্ষ টাকা, কমিয়ে ১৭ কোটি ৫০ লক্ষ টাকা করা হয়েছে। এটা হচ্ছে দৃষ্টিভঙ্গির ব্যাপার। কৃষির উপর তাদের জোর ছিল না। এবারের বাজেটে কৃষিক্ষেত্রে ২৬ কোটি ৫০ লক্ষ টাকা হয়েছে, ৯ কোটি টাকা বাড়িয়ে দেওয়া হয়েছে। ১৪ কোটি টাকা ক্যাশ প্রোগ্রাম এবং ইমার্জেন্সী ইরিগেশনের জন্য খরচ করা হচ্ছে যাতে যে খারিফ শস্য নষ্ট হয়ে গিয়েছিল সেখানে রবি শস্য করতে পারি। তার জন্য ১৪ কোটি টাকা ফার্টিলাইজারের কথা বলেছি এবং আরো ৬ কোটি টাকা অর্থাৎ ২৬ এবং ২০ কোটি টাকা আমরা কৃষিতে দিচ্ছি যেখানে প্রথম যুক্তফ্রন্ট দিয়েছিল ১৭ কোটি ৭১ লক্ষ টাকা এবং দ্বিতীয় যুক্তফ্রন্ট কমিয়ে করেছিল ১৭ কোটি ৫০ লক্ষ টাকা। এই যে পরিবর্তন এটা দৃষ্টিভঙ্গির মৌলিক পরিবর্তন। এবং আমরা বিশ্বাস করি এইভাবে যে মৌলিক পরিবর্তন হবে তা কেবল শহরে হবে কিন্তু গ্রামে হবে না এই নীতিকে সরকার বিশ্বাস করে না। আমাদের দৃষ্টিভঙ্গির মৌলিক পরিবর্তন হচ্ছে কিনা সেটা বিচার করতে গেলে আমাদের শহরে আমাদের রাষ্ট্রীয় উদ্যোগ বাড়াবার জন্য যা কিছু প্রচেষ্টা নিয়েছি সেটা দেখতে হবে এবং গ্রামের ভেতর ভূমিসংস্কারের জন্য যে বন্দোবস্ত নিয়েছি এবং ক্ষুদ্র চাষীদের জীবন-ধরণের মান উন্নয়ন যাতে হতে পারে তার যে বন্দোবস্ত করেছি সেটা আমাদের দেখতে হবে এবং সেটা হচ্ছে মৌলিক দৃষ্টি পরিবর্তনের বিষয়। আমি বলি যে, আমাদের দৃষ্টি পরিবর্তন গ্রামবাংলার কৃষিকে উৎপাদনশীল করার উপর নির্ভর করছে এবং আমাদের পশ্চিমবাংলার এক হিসাবে সৌভাগ্য যে, মাটির নীচে জল আছে যেটা রাজস্থানে নেই। মাটির নীচ থেকে জল যদি উপরে তুলে আনতে পারি শ্যালো টিউবওয়েল, ডিপ টিউবওয়েল দিয়ে তা হলে হরিয়ানা পাঞ্জাবের মত ২।৩টি ফসল করতে পারব। সেদিকে দৃষ্টি রেখে এগিয়ে যাচ্ছি এবং সেজন্যেই ডিপ টিউবওয়েল এবং শ্যালো টিউবওয়েলের সমস্ত ব্যবস্থা গ্রহণ করেছি।

[6-10—6-20 p.m.]

এ বিষয়ে নানারকম পরিসংখ্যান দেওয়া যায় যে, আগের আগের সরকার এ বিষয়ে কি কাজ করেছিলেন। প্রথম যুক্তফ্রন্ট সরকার কোন ডিপ টিউবওয়েল সিংক করেন নাই। আমাদের আমলে যে ডিপ টিউবওয়েল, শ্যালো টিউবওয়েল হয়েছে তার পরিসংখ্যান এই হাউসকে আমি পূর্বেই দিয়েছি—দৃষ্টিভঙ্গির পরিবর্তনের জন্য আমরা কি কি খাতে কত টাকা বরাদ্দ করেছি। আমাদের কৃষির উন্নতির জন্য বিদ্যুৎ প্রসারের দরকার; পাম্প সেট, এনার্জাইজ করতে হবে; তার জন্য বিদ্যুৎ প্রসারের দরকার আছে। বিদ্যুৎ প্রসারের জন্য পাওয়ারের ক্ষেত্রে প্রথম যুক্তফ্রন্ট সরকার ৯ কোটি টাকা বরাদ্দ করেছিলেন এবং দ্বিতীয় যুক্তফ্রন্ট সরকার ১১ কোটি টাকা বরাদ্দ করেন। আর আমরা সেখানে ২০ কোটি টাকা দিয়েছি। অর্থাৎ দ্বিগুণ টাকা আমরা দিয়েছি। কারণ কৃষির যদি উন্নতি করতে হয়, ক্ষুদ্র কুটির শিল্পের যদি উন্নতি করতে হয়, অ্যাগ্রো-ইন্ডাস্ট্রিজের জন্যও গ্রামে এই বিদ্যুৎ পৌঁছে দিতে হবে। আমরা গত ১১ মাসে ২,২৮০টি গ্রামে বিদ্যুৎ পৌঁছে দিয়েছি—এর আগে যেখানে বছরে আড়াই শো গ্রামেও বিদ্যুৎ পৌঁছে নাই। সেখানে আমরা মৌলিক পরিবর্তনের বিশ্বাস করি, গতিশীলতায় বিশ্বাস করি। গ্রামে কৃষির উন্নতির জন্য, বিদ্যুতের উন্নতির জন্য, কৃষির জন্য সার দেওয়া, কৃষির জন্য সাজ-সরঞ্জাম দেওয়া, তাদের সাধারণ স্বাস্থ্য, শিক্ষার জন্য ব্যবস্থা করা এবং তার সাথে, এই কৃষির সাথে অ্যানিমেল হাজবেন্ড্রী, ফিসারী--এই সমস্ত যেটা জড়িত আছে--সব কিছুর ব্যবস্থা আমরা করছি। এই অ্যানিমেল হাজবেন্ড্রী ফিসারী ইত্যাদির জন্য প্রথম যুক্তফ্রন্ট সরকার দিয়েছিলেন ১০ কোটি টাকা, দ্বিতীয় যুক্তফ্রন্ট সরকার দিয়েছিলেন ১১ কোটি টাকা। সে ক্ষেত্রে আমরা দিয়েছি ২০ কোটি টাকা। অর্থাৎ দ্বিগুণ বরাদ্দ আমরা করেছি।

শিক্ষা খাতে প্রথম যুক্তফ্রন্ট সরকার রেখেছিলেন ৪৬ কোটি টাকা, এবং দ্বিতীয় যুক্তফ্রন্ট সরকার দিয়েছিলেন ৫৯ কোটি টাকা। আর আমরা সেখানে দিয়েছি ৮৮ কোটি টাকা।

আর স্বাস্থ্য খাতেও অমরা দ্বিগুণ টাকা বরাদ্দ করেছি ওঁদের থেকে। প্রথম যুক্তফ্রন্ট সরকার বরাদ্দ করেছিলেন ২৬ কোটি টাকা, আমাদের হয়েছে ৪৭ কোটি টাকা। তবে একটা সমালোচনা প্রদ্যোৎ মহান্তি মহাশয় করেছেন। তিনি বলেছেন, বাজেট জনগণের বাজেট হতে পারে উন্নয়নমুখী বাজেট হতে পারে, কিন্তু উৎপাদনমুখী বাজেট নয়। কারণ দ্রব্যমূল্য বৃদ্ধি পাচ্ছে। এই যে দ্রব্যমূল্য বৃদ্ধি পাচ্ছে এটা সর্বভারতীয় সমস্যা। সমস্ত ডেভালপিং কান্ট্রিতে এই দ্রব্যমূল্য বৃদ্ধি পেয়েছে। তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা দরকার, সেটা গ্রহণ করা হয়েছে। ঐতিহাসিক সত্যকে স্বীকার করতে হবে। তা না হলে হতাশায় ভোগা ছাড়া উপায় নাই। প্রত্যেক ডেভালপিং কান্ট্রিতে টাকা লগ্নী হয়, টাকা বিনিয়োগ হয় এবং তার ফল পেতে, উৎপাদন পেতে একটু সময় লাগে। ডেভালপমেন্টে টাইম লগ করে, জেস্টেশান পিরিয়ডে এই ইনফ্লেশান হয় দ্রব্যমূল্য বৃদ্ধি হয়। এজন্য প্রতিটি অর্থনীতিবিদ যেমন সামুয়েলস বলেছেন -

History of economics is the history of inflation.

এই যে হিস্ট্রি অব ইকনমিকস ইজ দি হিস্ট্রি অব ইনফ্লেশান- এটা আমি জাস্টিফিকেশান হিসেবে বলছি না। এটা বলছি রোগটাকে আগে নির্ণয় করতে হবে। এই ইনফ্লেশান-এর রোগ, তার বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে। সরকারের যে বিচার হবে, সরকারের যে পরীক্ষা হবে, তাতে দেখতে হবে এই রোগের বিরুদ্ধে কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে। এই যে মহান্তি মহাশয় বললেন দ্রব্যমূল্য বৃদ্ধি হয়েছে, এটা কি আজকে হয়েছে? এর আগে কোনদিন কি তা হয় নাই? কিন্তু পরিসংখ্যান থেকে দেখা যায়, প্রতি বছরই হয়েছে। কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকার এই দ্রব্যমূল্য বৃদ্ধির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করেছেন। কি ব্যবস্থা গ্রহণ করে তাঁরা রেখেছেন? এর আগে প্রফুল্ল সেন মহাশয়ের সময়, তারপর প্রথম ও দ্বিতীয় যুক্তফ্রন্ট সরকারের আমলে এই দ্রব্যমূল্য বৃদ্ধির বিরুদ্ধে কি কোন ব্যবস্থা তাঁরা করেছিলেন? আমি পরিসংখ্যান দিয়ে দেখিয়ে দিতে পারি কিভাবে দ্রব্যমূল্য বৃদ্ধি তখন হয়েছিল। প্রফুল্ল

সেন মহাশয়ের আমলে দ্রব্যমূল্য বৃদ্ধি হয়েছিল এক বছরে ১৯৬৫-৬৭ সালে—কেবল খাদ্য-দ্রব্যের মূল্যবৃদ্ধি হয়েছিল ২১ পয়েন্ট, ১৫৬ থেকে ১৭৭ হয়েছিল। আমাদের আমলে এখনো সেটা হয় নাই। আমাদের এখানে সেটা নেওয়া হয় নি। আর প্রথম যুক্তফ্রন্ট সরকার যখন এলেন প্রফুল্ল সেন মহাশয়ের শেষ বছরের পরে ১৬৭ টাকা সেটা বেড়ে হল ২০৭ অর্থাৎ ৩০ পয়েন্ট দ্রব্যমূল্য বৃদ্ধি পেল। সেখানে চালের দাম চার টাকা পাঁচ টাকা হল। এইসব জিনিস হয়েছে। আগেও দ্রব্যমূল্য বৃদ্ধি হয়েছে, ডেভেলাপিং কান্ট্রিতে দ্রব্যমূল্য বৃদ্ধি হয় প্রশ্ন হচ্ছে সরকার তার বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করতে পারে এবং তা করেছে কিনা। এটা পরিষ্কার বর্তমান কেন্দ্রীয় এবং রাজ্য সরকার ছাড়া দ্রব্যমূল্য বৃদ্ধির কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নি। দ্রব্যমূল্য বৃদ্ধি কেন হয়েছে? তার মৌলিক দুটো কারণ রয়েছে। এক হচ্ছে খরা—অভূতপূর্ব, অভাবনীয় খরা হয়েছে এবং তার ফলে আমাদের খারিফ শস্যের উপর বিরাট ক্ষতি হয়েছে, আমাদের খাদ্যশস্যের উপর চাপ বেড়েছে, এইজন্য দ্রব্যমূল্য বৃদ্ধি হতে পারে। আর একটা বড় কারণ, ওপার বাংলা থেকে যে উদ্বাস্তুরা এসেছিলেন, টেন মিলিয়ন মানুষ এসেছিলেন তাদের রিলিফের জন্য যে বিরাট খরচ হয়েছিল এতগুলো টাকা যেটা আমাদের ইকনমির মধ্যে ইনজেকটেড হয়েছে এটাও দ্রব্যমূল্যে বৃদ্ধির কারণ ছিল। এটা আমাদের জাস্টিফিকেসান নয়, এটা আমাদের একটা এক্সপ্লানেসান এবং এগুলো ঐতিহাসিক সত্য। এই দ্রব্যমূল্য বৃদ্ধির বিরুদ্ধে সরকার যা করতে পারে তা করেছে কিনা। সরকার করতে পারে দুটো জিনিস। একটা জিনিস সাময়িকভাবে, আর একটা জিনিস দীর্ঘকালীন। দীর্ঘকালীন দ্রব্যমূল্য বৃদ্ধির একমাত্র সমাধান হচ্ছে উৎপাদন বৃদ্ধি। সেটার ব্যবস্থা সরকার গ্রহণ করেছে—এই সরকারও করেছে এবং কেন্দ্রীয় সরকারও করেছে। আর একটা হচ্ছে স্বল্পকালীন বা সাময়িক। আজ আমাদের যা লিমিটেড রিসোর্স রয়েছে এবং তাতে যে ইনফ্লেশনারী প্রেসার রয়েছে এই যে খাদ্যদ্রব্য এবং অন্য সমস্ত দ্রব্য সেটা যাতে সুষম বণ্টন হয় সেটার নিয়ন্ত্রণ করা যেতে পারে। এই সুষম বণ্টনের জন্য সবাই যাতে পেতে পারে তার জন্য কন্ট্রোলের কথা। এর থেকে আসে হুইট টেক-ওভার, রাইস টেক-ওভার এবং এই হুইট টেক-ওভার, রাইস টেক-ওভার--এই প্রস্তাব বৈপ্লবিক এবং সমাজতান্ত্রিক। এই প্রস্তাব আগে হয় নি, এই প্রস্তাব কংগ্রেস সরকার গ্রহণ করেছেন। কেবল গমের ক্ষেত্রে নয়, চালের ক্ষেত্রে নয়, যেগুলো নিত্য ব্যবহার্য দ্রব্য যেমন চিনি এবং সাধারণ দরিদ্র মানুষের কাপড়। চিনির ক্ষেত্রে যে উৎপাদন হয় জুলাই মাসে তার শতকরা ৬০ ভাগ কন্ট্রোল করেছেন এবং তার দু-মাস পরে কেন্দ্রীয় সরকার শতকরা ৭০ ভাগ কন্ট্রোল করলেন। আর কাপড় যাতে সাধারণ মানুষ পেতে পারেন তার জন্য কন্ট্রোল করলেন। আমাদের রাজ্য সরকার বাজারে গিয়ে নিত্য-ব্যবহার্য জিনিস—সরষের তেল, ডাল, মশলা, চিনি—এই সমস্ত জিনিস যাতে কিনতে পারে ন্যায্যমূল্যে সাধারণ মানুষকে দরিদ্র মানুষকে দিতে পারে তার জন্য ৭ কোটি ৮৬ লক্ষ টাকা প্রায় ৮ কোটি টাকা রাখা হয়েছে। যে কারণে দাম বেড়েছে খরা আমাদের হাতে নয়, ওপার বাংলার মানুষ এসেছে সেটাও আমাদের হাত নয় কিন্তু এটা আমাদের গর্ব যে, আমরা তাদের সাদর আহ্বান করতে পেরেছিলাম। দেখেছিলাম আমাদের ঐতিহাসিক দায়িত্ব এসেছে এবং সে দায়িত্ব আমরা পালন করেছিলাম, এই অবস্থার মোকাবিলা করেছিলাম। কেন্দ্র বর্তমানে যা করতে পারে নিয়ন্ত্রণের মাধ্যমে কেন্দ্রীয় সরকার তার কিছু কিছু ব্যবস্থা নিয়েছেন এবং রাজ্য সরকার ৮ কোটি টাকা বরাদ্দ করেছেন জিনিসের দাম যাতে নিয়ন্ত্রণ করতে পারেন, যাতে দ্রব্যমূল্য বৃদ্ধি প্রতিরোধ হতে পারে তার ব্যবস্থা করেছেন।

[6-20—6-30 p.m.]

এগুলি হচ্ছে টেম্পোরারী মেজার এবং সর্ট টার্ম মেজার, আর যেটা পার্মানেন্ট জিনিস দীর্ঘকালীন সমস্যা সমাধান করতে পারে সেটা হচ্ছে উৎপাদন বৃদ্ধি। সরকার এর জন্য নানা রকম ব্যবস্থা নিয়েছেন। ৯২ কোটি টাকার প্রকল্প কৃষির দিকে নেওয়া হয়েছে। ৭ হাজার ৫ শতটি অগভীর নলকূপ বসানো, ৫০০ রিভার লিফট, আর ১৫০টি গভীর নলকূপের জন্য ১২ কোটি টাকার প্রকল্প নিয়েছি যাতে উৎপাদন বৃদ্ধি করতে পারি। এখানে আরও ১১ লক্ষ একর জমির উপর আগামী বছরের ভিতর মালটিপল ক্রপিং-এর কাজ করার জন্য ব্যবস্থা গ্রহণ করেছি।

দ্রব্যমূল্য বৃদ্ধি রোধ করার জন্য দীর্ঘকালীন সমস্যা সমাধান করার জন্য আমরা খাদ্য-দ্রব্য উৎপাদন বৃদ্ধি করার জন্য কতকগুলি ব্যবস্থা গ্রহণ করেছি। হাই ইল্ডিং ভেরাইটি অব হুইট, আমাদের টারগেট ছিল ৭৭ হাজার একর আর আজকে হাই ইল্ডিং ভেরাইটি অব হুইট—আমরা টারগেট করেছি আগামী বছরের ভিতর ১৫ লক্ষ একর জমি। অর্থাৎ ২০ গুণ উৎপাদন বৃদ্ধি পেতে পারবে যাতে দ্রব্যমূল্য বৃদ্ধি রোধ করতে পারবো এবং আমরা আরও ব্যবস্থা নিয়েছি। এটাই হচ্ছে মৌলিক রূপায়ণ। আমাদের উৎপাদন বৃদ্ধিতে দরিদ্র মানুষ যাতে অংশ নিতে পারে অর্থাৎ তার সাথে সাথে সামাজিক সাম্য যাতে বজায় থাকে—দরিদ্র মানুষের যাতে ক্রয়ক্ষমতা বৃদ্ধি পায় তার জন্যই এই সমস্ত জলসেচের প্রসার মাইনর ইরিগেশন, মেজর ইরিগেশন-এর ব্যবস্থা করেছি। কংসাবতী প্রকল্পে ৩ লক্ষ একর জমি ঠিক ছিল, আমরা ঠিক করেছি ঐ সাড়ে তিনের জায়গায় সাড়ে ছয় লক্ষ একর নিয়ে যাবো, যদিও তার জন্য অর্থ বরাদ্দ প্রয়োজন। আমাদের দৃষ্টিভঙ্গি তাই—ঐ কংসাবতী প্রকল্পের জন্য আমরা এক কোটি টাকা বাড়িয়ে দিয়েছি এবং আগামী বছরের জন্য ২ কোটি টাকা বাড়িয়ে দিয়েছি। এই দৃষ্টিভঙ্গিতেই মৌলিক রূপায়ণ হবে, উৎপাদন বৃদ্ধি পাবে এবং সেই উৎপাদন বৃদ্ধি দরিদ্র মানুষ অংশীদার হবে, এই দুইটি এক সাথে যাতে হয় তার জন্য আমরা ব্যবস্থা নিয়েছি। আরও প্রশ্ন কিছু কিছু সদস্য তুলেছেন—দেরি হয়ে যাচ্ছে—সুতরাং যে সমস্ত মাননীয় সদস্যরা গঠনমূলক সমালোচনা করেছেন তাঁদের আমি ধন্যবাদ জানাই, আর যাঁরা সমর্থন জানিয়েছেন তাঁদেরও আমি ধন্যবাদ জানাচ্ছি। আমরা এই আহ্বান জানাবো যে, এই যে বিরাট কর্মকান্ড চলছে আমরা সবাই মিলে এগিয়ে আসি যাতে কোন রকম নীতিগত বাধা না আসে। তা হলে আমরা বাস্তব অবস্থার রূপ দিতে পারবো। আজকে আমাদের এই যে শক্তি এই শক্তি জনসাধারণের কাছ থেকে এসেছে। পশ্চিমবঙ্গে কর্মযজ্ঞ হচ্ছে যা কোন দিন হয় নি। এই কাজ আমাদের করতেই হবে। সাধারণ মানুষ এই কাজে অংশ নিয়েছে—আসুন আমরা সবাই মিলে এগিয়ে যাই—যাতে সম্মিলিত হতে পারি, সেজন্য চেষ্টা করি। এই কথা বলে আমি যে বিল এখানে রেখেছি তাকে সমর্থন করার জন্য অনুরোধ জানাচ্ছি।

The motion of Shri Sankar Ghosh that the West Bengal Appropriation Bill, 1973, be taken into consideration, was then put and a division taken with the following result:

Ayes

Abdul Bari Biswas, Shri.
Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Ali Ansar, Shri.
Bandyopadhyay, Shri Sukumar.
Banerjee, Shri Mrityunjoy.
Banerjee, Shri Pankaj Kumar.
Bhattacharya, Shri Keshab Chandra.
Bose, Shri Lakshmi Kanta.
Chakravarty, Shri Bhabataran.
Das, Shri Sudhir Chandra.
De, Shri Asamanja.
Dolui, Shri Hari Sadhan.
Dutta, Shri Adya Charan.
Ekramul Haque Biswas, Shri.
Ghose, Shri Sankar.
Ghosh, Shri Lalit Kumar.
Gyan Singh, Shri Sohanpal.
Habibur Rahaman, Shri.
Hemram, Shri Kamala Kanta.
Lakra, Shri Denis.

M. Shaukat Ali, Shri
Mahato, Shri Sitaram.
Maiti, Shri Braja Kishore.
Md. Safiullah, Shri.
Misra, Shri Kashinath.
Mohammad Dedar Baksh, Shri.
Mohammad Idris Ali, Shri.
Mukherjee, Shri Ananda Gopal.
Mukherjee, Shri Sibdas.
Mundle, Shri Sudhendu.
Naskar, Shri Gobinda Chandra.
Paik, Shri Bimal.
Paul, Shri Bhawani.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shrimati Ila.
Roy, Shri Madhu Sudan.
Roy, Shri Santosh Kumar.
Saha, Shri Dwija Pada.
Saren, Shrimati Amala.
Sarker, Shri Jogesh Chandra.
Sen, Dr. Anupam.
Shaw, Shri Sachi Nandan.
Sinha, Shri Debendra Nath.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Wilson-de Roze, Shri George Albert.

Noes

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Abstentions

Ghosh, Shri Nitai Pada.
Karan, Shri Rabindra Nath.
Mitra, Shrimati Ila.
Roy, Shri Aswini.

The Ayes being 49, the Noes 3 and the abstentions 4, the motion was carried.

Clauses 1 to 3, Schedule and Preamble

The question that clauses 1 to 3 Schedule and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Sankar Ghosh : Sir, I beg to move that the West Bengal Appropriation Bill, 1973, as settled in the Assembly, be passed.

The motion was then put and a division taken with the following result :—

Ayes

Abdul Bari Biswas, Shri.
Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Ali Ansar, Shri.
Bandyopadhyay, Shri Sukumar.
Banerjee. Shri Mrityunjoy.
Banerjee, Shri Pankaj Kumar.
Bhattacharya, Shri Keshab Chandra.
Bose, Shri Lakshmi Kanta.
Chakravarty, Shri Bhabataran.
Das, Shri Barid Baran.
Das, Shri Sarat Chandra.
De, Shri Asamanja.
Dolui, Shri Hari Sadhan.
Dutta, Shri Adya Charan.
Ekramul Haque Biswas, Shri.
Gayen, Shri Lalit.
Ghose, Shri Sankar.
Ghosh, Shri Lalit Kumar.
Gyan Singh, Shri Sohanpal.
Habibur Rahaman, Shri.
Hemram, Shri Kamala Kanta.
Lakra, Shri Denis.
M. Shaukat Ali, Shri.
Mahato, Shri Sitaram.
Maiti, Shri Braja Kishore.
Md. Safiullah, Shri.
Misra, Shri Kashinath.
Mohammad Dedar Baksh, Shri.
Mohammad Idris Ali, Shri.
Mukherjee, Shri Ananda Gopal.
Mukherjee, Shri Mrigendra.
Mukherjee, Shri Sibdas.
Mundle, Shri Sudhendu.
Naskar, Shri Gobinda Chandra.
Paik, Shri Bimal.
Paul, Shri Bhawani.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shrimati Ila.
Roy, Shri Madhu Sudan.
Roy. Shri Santosh Kumar.
Saha, Shri Dwija Pada.
Saren, Shrimati Amala.
Sarker, Shri Jogesh Chandra.
Sen, Dr. Anupam.
Shaw, Shri Sachi Nandan.
Sinha, Shri Debendra Nath.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Wilson-de Roze, Shri George Albert.

Noes

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Abstentions

Karan, Shri Rabindra Nath.
Mitra, Shrimati Ila.
Ray, Shri Aswini.

The Ayes being 51, the Noes 3 and the abstention 3, the motion was carried.

The West Bengal Appropriation (No. 2) Bill, 1973.

Shri Sankar Ghose: Sir, I beg to introduce the West Bengal Appropriation (No. 2) Bill, 1973.

(Secretary then read the title of the Bill.)

Shri Sankar Ghose: Sir, I beg to move that the West Bengal Appropriation (No. 2) Bill, 1973 be taken into consideration.

[6-30—6-40 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিলের সমর্থনে আমি একটি লিখিত ভাষণ এই হাউসের কাছে রাখছি। এই বিলে আমরা ১৬৯ কোটি টাকা সাপ্লিমেন্টারি গ্রান্ট হিসাবে চাইছি। আমি আগেই বলেছি, এই ১৬৯ কোটি টাকার ভেতরে ৯৪ কোটি টাকা হচ্ছে যেটা রিজার্ভ ব্যাঙ্ক থেকে আমরা ওয়েজ অ্যান্ড মিনসে অ্যাডভান্স নিয়েছিলাম এবং যেটা আমরা ফেরৎ দিয়ে দিয়েছি। আমাদের যখন কাজ চলে তখন অনেক টাকার প্রয়োজন হয় এবং আমাদের যে টাকা আদায় হয় বিভিন্ন কর থেকে, এক এক সময় আমাদের আদায়ের চেয়ে বেশী খরচ হয়ে যায়। তখন রিজার্ভ ব্যাঙ্ক থেকে আমাদের ওয়েজ অ্যান্ড মিনসে ৫।১০।১৫ কোটি টাকা নিতে হয় এবং সে টাকা আমরা ফেরৎ দিয়ে দিই। এই ৯৪ কোটি টাকা, যেটা নেওয়া হয়েছে সেটা ফেরৎ দেওয়া হয়েছে। আগের একটা সিস্টেম অব অ্যাকাউন্টিং ছিল যে নেট ডেব্ট এটা ফেরৎ দেবার পরে যেটা ব্যালান্স থাকতো সেটা দেখাতে হত। সেই নীতি চালু থাকলে এই ৯৪ কোটি টাকা দেখাতে হত না। এটা নিল, কারণ এই টাকা ফেরৎ দেওয়া হয়েছে। এখন যেটা, সেটা গ্রস অ্যাকাউন্টিং সিস্টেম তাতে যা কিছু টাকা নিই সেটা পরের মাসে শোধ দিলেও দেখাতে হয়। সেটা যোগ দিলে ৯৪ কোটি টাকা হয়। আসলে নেট পজিসন দেখলে দেখাবো যে, সেটা ফেরৎ দিয়ে দিয়েছি। সুতরাং এটা নিল পজিসন। এই ৯৪ কাটি টাকা ১৬৯ কোটি টাকা থেকে বাদ দিলে ৭৫ কোটি টাকা থাকে। এই ৭৫ কোটি টাকা আমরা অধিক খরচ করেছি এই বছরে। আমাদের যে বিরাট কর্মযজ্ঞ চলেছে গ্রামবাংলাতে এবং শহরে তার জন্য ৭৫ কোটি টাকা খরচ করেছি। এই টাকা আমরা খরচ করতে পেরেছি তার কারণ আমরা সম্পদ সংগ্রহ করতে পেরেছি। ১০ কোটি টাকা জুন মাসে নতুন কর ধার্য করেছিলাম, সাড়ে সাত কোটি টাকা পুরানো কর থেকে আদায়ের মেকানিজমটা ইমপ্রুভমেন্ট করে পেয়েছি. এই ১০ কোটি ও সাড়ে সাত কোটি ছাড়া আমরা স্বল্প সঞ্চয় থেকে আমাদের অরিজিন্যাল যেটা এস্টিমেটস ছিল ১৬ কোটি টাকার, সেটা বাড়িয়ে ২৮ কোটি টাকা হওয়ার জন্য আরো ১২ কোটি টাকা পেয়েছি। তা ছাড়া কেন্দ্রীয় সরকারের যে ট্যাক্স থেকে আমরা প্রায় সাড়ে পাঁচ কোটি টাকা বেশী পেয়েছি। কাজেই ৩৫ কোটি টাকার অধিক অর্থ আমরা সংগ্রহ করেছি এই বছরের জন্য। আরো বিভিন্ন খাতে কিছু লোন আমরা নিচ্ছি। এই সমস্ত নিয়ে আমরা ৭৫ কোটি টাকা—যে রকম আমাদের রবিশস্যের এগ্রিকালচারাল

প্রোগ্রামে ১৪ কোটি টাকা, এমাজেন্স প্রোগ্রামে কেন্দ্র আমাদের ধার দিচ্ছে ৬ কোটি টাকা, ফাটলাহজার কেন্দ্র থেকে ধার আসছে, এই জাতীয় নানা রকম প্রোগ্রামে আমাদের ৭৫ কোটি টাকা খরচ হয়েছে এবং এই টাকার জন্য এই বাজেটে নতুন করে বাংলাদেশে লোভ বা ইন্টার-স্টেট লোভ বলে কোন কর ধার্য করি নি। সুতরাং আমি এই যে সাপ্লিমেন্টারি গ্রান্ট রাখছি, এই সাপ্লিমেন্টারি গ্রান্টের অর্থ হচ্ছে এই আমরা জুন মাসে যখন দ্বিতীয় কাজ নিয়েছিলাম তখন কল্পনা করতে পারিনি যে, এত টাকা উন্নয়ন খাতে খরচ করতে পারবো। ৭৫ কোটি টাকার আমরা বেশী উন্নয়নমূলক কাজ করতে পারবো এটা আমরা কল্পনা করতে পারি নি। আমরা আমাদের সম্পদ এত বেশী বাড়াতে পারবো সেটা ভাবতে পারি নি। কিন্তু আমরা এটা পেরেছি, জনসাধারণের সহযোগিতায় ৭৫ কোটি টাকার বেশী আমরা খরচ করতে পেরেছি, জনসাধারণের কাছ থেকে সম্পদ সংগ্রহ করতে পেরেছি, আমাদের নূতন কোন কর ধার্য করতে হয় নি। আজকে এই উন্নয়নমূলক কর্মযজ্ঞে আমরা পেরিয়ে যেতে পেরেছি। সেজন্য আজকে যে বিল এনেছি, এই টাকা আমাদের খরচ হয়ে গেছে, এখনও ২ দিন বাকী আছে এই বছরের— ১৬৯ কোটি টাকার ৯৪ কোটি টাকা বাদ দিলে হয় ৭৫ কোটি টাকা এবং এটা প্রায় সবই খরচ হয়ে গেছে এবং ভাল কাজেই খরচ হয়েছে। আজকে বিধানসভার কাছে এনেছি, এটা খরচ করেছি উন্নয়নমূলক কাজে। কাজেই এটা আপনারা সমর্থন করুন এই আবেদন রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-35 to 6-40 p.m.]

মাননীয় ডেপুটি মহাশয়, ১৯৭২-৭৩ সালের কতকগুলি ব্যয় বাবত পশ্চিমবঙ্গ রাজ্যের একীকৃত তহবিল থেকে অর্থ উপযোজন ও প্রদানের অনুমোদন পশ্চিমবঙ্গ উপযোজন (২নং) আইন, ১৯৭২-এ দেওয়া হয়েছে।

২। ভারতীয় সংবিধানের ২০৫ অনুচ্ছেদ সহ ২০৩ অনুচ্ছেদের ব্যবস্থা অনুযায়ী বর্তমান বিধানসভা ১৯৭২-৭৩ সালের জন্য আরও কয়েকটি অনুদান ভোটে মঞ্জুর করেছিলেন। বিধান সভা কর্তৃক ভোটে মঞ্জুর-করা অতিরিক্ত অনুদানের ব্যয় মিটানোর উদ্দেশ্যে এবং সংবিধানের ব্যবস্থা অনুযায়ী একীকৃত তহবিলের উপর প্রভাবিত অন্যান্য ব্যয় মিটানোর উদ্দেশ্যে সংবিধানের ২০৫ অনুচ্ছেদ সহ ২০৪ অনুচ্ছেদের ব্যবস্থা অনুযায়ী বর্তমান বিলটি আনা হচ্ছে।

৩। সংবিধানে ব্যবস্থা আছে যে, অর্থের পরিমাণ কম-বেশি হতে পারে কিংবা কোন মঞ্জুর করা অনুদানের লক্ষ্য পরিবর্তিত হতে পারে কিংবা রাজ্যের একীকৃত তহবিলে প্রভাবিত ব্যয়ের অঙ্ক কম-বেশি হতে পারে এই বিলের এরূপ কোন সংশোধনী প্রস্তাব আনা চলবে না।

৪। প্রস্তাবিত উপযোজন বিলের বিস্তারিত বিবরণ সংশ্লিষ্ট তফসিল থেকে পাওয়া যাবে।

অনুপূরক ব্যয়ের বিবরণ

৫। বর্তমান অনুপূরক হিসাবের আওতায় সামগ্রিক অর্থের পরিমাণ হল ১৬৯,২৩,৫৮,২৭০ টাকা। এর মধ্যে ভোটে মঞ্জুর করা দফাগুলির পরিমাণ ৬৮,৭৩,৬৬,৫০১ টাকা এবং প্রভাবিত দফাগুলির পরিমাণ ১,০০,৪৯,৮১,৭০৬ টাকা।

৬। ভোটে মঞ্জুর করা দফাগুলির মধ্যে বৃহত্তম দাবি হল "৩১—কৃষি—কৃষি" ও "৯৫ কৃষি উন্নয়ন ও গবেষণা পরিকল্পনাগুলিতে মূলধন বিনিয়োগ" খাতে ২২নং অনুদানে। এই খাতগুলিতে অতিরিক্ত প্রয়োজনের পরিমাণ হল ২০,১৩,৩৫,৩৫০ টাকা। এর থেকে স্পষ্ট বোঝা যাবে যে, কৃষির নিবিড়ীকরণ ও বহুমুখীকরণের উন্নয়নমূলক কর্মসূচির উপর আমরা বিশেষ জোর দিয়েছি। অদূর ভবিষ্যতে শিল্পোন্নয়নের যে গতি দেখা যায়, তা কৃষিক্ষেত্রে বহুসংখ্যক বেকার ও আধা-বেকার মানুষের কর্মসংস্থানের পক্ষে যথেষ্ট হবে না।

তদনুসারে গ্রামাঞ্চলের কোনপ্রকারে খেয়ে পরে বেঁচে থাকা কৃষিজীবীদের ও ক্ষুদ্র উৎপাদকদের অধিকতর উৎপাদনশীল কৃষকে পরিণত করার উদ্দেশ্যে বিভিন্ন পদ্ধতি অবলম্বন করা আমাদের লক্ষ্য। সার, বীজ, কৃষি যন্ত্রপাতি প্রভৃতিতে লগ্নীর বিরাট কর্মসূচির দ্বারা এই উদ্দেশ্যসাধন সম্ভব বলে মনে হয়। কৃষিজীবীরা যদি বছরে দুই থেকে তিনটি ফসল তুলতে পারেন, তা হলে গ্রামাঞ্চলের বেকারি ও আধা-বেকারি সমস্যার সমাধানে যথেষ্ট সহায়তা হবে।

৭। তীব্র খরায় ভোগার ফলে এই রাজ্যের খারিফ শস্যের উৎপাদন ভয়ানকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। এই অবস্থায় খারিফ শস্যের ক্ষতিপূরণের উদ্দেশ্যে রবিশস্যের নিবিড় উৎপাদন বৃদ্ধিকল্পে প্রাথমিকভাবে সেচ সুবিধার সম্প্রসারণের জন্য ভারত সরকার আমাদের ১৪ কোটি টাকা ঋণ দিয়েছেন। কৃষি কর্মসূচিতে এই অতিরিক্ত ব্যয়ের মধ্যে অধিকাংশ ব্যয় হবে ক্ষুদ্র সেচ পরিকল্পগুলির জন্য। এর ফলে কৃষিজীবীরা একটির বেশি ফসল তুলতে পারবেন। রাসায়নিক সার বন্টনের জন্য আছে ৫ কোটি টাকা এবং এর ফলে কৃষি উৎপাদন বৃদ্ধি পাবে।

৮। ত্রাণ কার্যাবলীতে ১০,৩৩,৩৪,০০০ টাকার অতিরিক্ত ব্যয়ের বরাদ্দ আছে। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, এ বছরে তীব্র খরার ফলে গ্রামাঞ্চলগুলিতে যে দুর্দশার সৃষ্টি হয়েছিল তা দূর করার জন্য ত্রাণকার্য বাবত আমাদের অনেক অর্থ ব্যয় করতে হয়েছিল। ত্রাণকার্যে মোট ব্যয়ের পরিমাণ দাঁড়াবে ২৩·৪৮ কোটি টাকা এবং প্রধানত গ্রামাঞ্চলগুলিতে জনগণের দুর্বলতর শ্রেণীগুলির দুর্দশা দূর করার জন্য এই অর্থ ব্যয়িত হয়েছে। এই অঙ্কের মধ্যে ৬ কোটি ৬৫ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে খয়রাতি সাহায্যে এবং ৭ কোটি ১২ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে জনগণের দরিদ্রতর শ্রেণীগুলির কর্মসংস্থানের জন্য টেস্ট রিলিফের কাজে।

৯। শিক্ষা খাতে অতিরিক্ত ব্যয়ের বরাদ্দ ২,২৬,১৮,২৯১ টাকা। উচ্চ ও উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়গুলিকে সহায়ক অনুদান দেবার জন্য ১৯৭২-এর ১লা জুলাই থেকে প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকদের প্রতি মাসে ৭ টাকা হিসাবে বাড়তি বেতন দানের জন্য এবং গ্রামাঞ্চলে যে নতন প্রাথমিক বিদ্যালয়ে তিন হাজার শিক্ষকের কর্মসংস্থান হবে সেগুলি পরিচালনার জন্য এই অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন হবে।

১০। চিকিৎসা ও জনস্বাস্থ্য খাতে অতিরিক্ত ব্যয়ের বরাদ্দ ১,৪৪,০৫,০০০ টাকা। বর্ধিত পরিচালনা ব্যয় এবং সি এম ডি এ কর্মসূচি অনুসারে ক্লিনিক স্থাপনের ব্যয় বাবত এই অর্থের প্রয়োজন। গ্রামীণ জল সরবরাহ কর্মসূচি রূপায়ণের জন্য জনস্বাস্থ্য খাতে অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন।

১১। সড়ক ও গৃহের মেরামতি কাজের দরুন পূর্তকার্য খাতে বর্ধিত ব্যয় বাবত অতিরিক্ত ৪,৫৮,৮৪,০০০ টাকার বরাদ্দ আছে।

১২। "১২৪—সরকারী ব্যবসায় পরিকল্পগুলিতে মূলধনী ব্যয়" খাতে ৭,৮৬,৬২,০০০ টাকার অতিরিক্ত ব্যয়বরাদ্দ আছে। ডাল, মসলা, ভোজ্যতেল, সরষের তেল, চিনি, প্রভৃতি অত্যাবশ্যক সামগ্রী সংগ্রহ ও বিক্রয়ের পরিকল্পগুলি পরিচালনার জন্য এই অতিরিক্ত ব্যয় প্রয়োজন। ন্যায্য মূল্যে অত্যাবশ্যক জিনিসপত্র সরবরাহের জন্য এই পরিকল্প চালু করা হয়েছে। দ্রব্যমূল্যের উপর এই পরিকল্পের শুভ প্রতিক্রিয়া দেখা দেবে এবং মজুতদার ও ফাটকাবাজদের সমাজবিরোধী কার্যকলাপ দমনে এর ফল সহায়তা করবে।

১৩। "রাজ্য সরকার ও কেন্দ্র শাসিত আঞ্চলিক সরকারের দ্বারা প্রদত্ত ঋণ ও আগাম" খাতে ১৪,৯৫,০৩,০০০ টাকার অতিরিক্ত বরাদ্দ আছে। এই অর্থের প্রয়োজন আছে কেননা কলিকাতা কর্পোরেশন ও পৌরসভাগুলিকে ঋণ দেবার জন্য ১ কোটি ৫ লাখ টাকা, কলিকাতা রাজ্য পরিবহণ কলিকাতা ট্রামওয়েজ কোং লিঃ ও উত্তরবঙ্গ রাজ্য পরিবহণকে ঋণ দেবার জন্য ১ কোটি ৩৭ লক্ষ টাকা, কল্যাণী স্পিনিং মিলসকে ৪৫ লক্ষ টাকা ওয়েস্টিং হাউস ফার্মার লিঃ-কে ৭০ লক্ষ টাকা দার্জিলিং-এ আগুনে ক্ষতিগ্রস্ত বাড়িগুলি পুনর্নির্মাণের জন্য ঋণ দিতে

১৫ লক্ষ টাকা, রুগ্ন, বন্ধ শিল্পগুলি খোলার জন্য ঋণ বাবত ১ কোটি ৪০ লক্ষ টাকা বীজ, কীটনাশক, সার প্রভৃতি বিতরণ সহজ করার জন্য ঋণ বাবত ৫ কোটি ৬৫ লক্ষ টাকা এবং রাসায়নিক সার বিতরণ পরিকল্পের জন্য পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় ব্যাঙ্ককে ঋণ বাবত ৭৫ লক্ষ টাকা দেওয়া আমাদের প্রয়োজন।

১৪। ভারত সরকারকে বকেয়া ঋণ ও সুদ প্রদানের জন্য প্রায় ৬ কোটি ১০ লক্ষ টাকার বরাদ্দ আছে।

সাময়িক ঋণ (ফ্লোটিং ডেট) ব্যবস্থাধীনে লেনদেন

১৫। সাময়িক ঋণ (ফ্লোটিং ডেট) ব্যবস্থাধীনে ৯৪ কোটি টাকার বরাদ্দ আছে। কয়েক বছর আগে যে মোট ভোট পদ্ধতি চালু করা হয়েছে তদনুসারে এই অঙ্ক দেখানো হয়েছে। এই পদ্ধতি অনুসারে রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়া থেকে আমাদের সাময়িক উপায় ও প্রকরণ (ওয়েজ অ্যান্ড মিনস) আগামের সামঞ্জস্যের পরিমাণ পৃথকভাবে দেখাতে হয়। বৎসরের মধ্যে ঐ বাবত নীট লেনদেনের পরিমাণ শূন্য হলেও এই সামঞ্জস্যের পরিমাণ দেখাতে হয়। ৯৪ কোটি টাকার এই অঙ্কটি বাদ দিলে অনুপূরক ব্যয়ের অঙ্ক দাঁড়াবে প্রায় ৭৫ কোটি ২৩ লক্ষ টাকা। উন্নয়নমূলক ব্যয়ের গতিবেগ বৃদ্ধির জন্য এই টাকার অধিকাংশ ব্যয়িত হয়েছে।

১৯৭২-৭৩-এ পরিকল্পনায় বিনিয়োগ

১৬। চলতি বৎসরে পরিকল্পনায় বিনিয়োগের পরিমাণ ৭৩·৫২ কোটি টাকায় নির্দিষ্ট করা হয়েছিল। কিন্তু রাজ্য সরকার মনে করলেন যে, সেচ ও বিদ্যুৎ এবং বন্ধ ও রুগ্ন শিল্প-গুলির পুনরুজ্জীবনের ন্যায় কতকগুলি মূল উন্নয়ন ক্ষেত্রে গতিবেগ সঞ্চারের জন্য অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন। তদনুসারে চলতি বৎসরে নিম্নলিখিত অতিরিক্ত বরাদ্দগুলি করা হয়েছেঃ

(ক) কংসাবতী প্রকল্পের জন্য ১ কোটি টাকা,

(খ) সাঁওতালদি বিদ্যুৎ প্রকল্পের প্রথম ও দ্বিতীয় ইউনিটের জন্য ৪·৬৭ কোটি টাকা, এবং

(গ) বন্ধ ও রুগ্ন শিল্পের ক্ষেত্রে আরও ৭০ লক্ষ টাকা।

পরিকল্পনায় বিনিয়োগ বৃদ্ধি

সুতরাং চলতি বৎসরে পরিকল্পনায় বিনিয়োগের পরিমাণ ৭৩·৫২ কোটি টাকা থেকে বাড়িয়ে ৭৯·৮৯ কোটি টাকা করা হয়েছে।

১৯৭২-৭৩-এ উন্নয়নের জন্য সম্পদ

১৭। ভারতের ন্যায় অনগ্রসর দেশের সমস্যা হল এই যে, সম্পদের তুলনায় আমাদের জন-সংখ্যা ইতিমধ্যেই বৃহৎ। শ্রমিক যথেষ্ট আছেন এবং এ পর্যন্ত বিস্ফোরণের গতিতে জনসংখ্যা বৃদ্ধি হয়েছে, কিন্তু আনুপাতিক হারে আমাদের সম্পদ বৃদ্ধি পায় নি। কিন্তু একটি দেশের সম্পদ সংগ্রহের ক্ষমতা এবং চলতি ব্যয়ের বদলে বিনিয়োগে ঐ সম্পদের বৃহৎ অংশ লাগানোর উপরই ঐ দেশের উন্নয়নের গতিবেগ বেশি করে নির্ভর করে। ভারতে ৭০ শতাংশের বেশি লোক গ্রামে বাস করেন এবং প্রায় ৪০ শতাংশ লোক দারিদ্র সীমারেখার নীচে জীবনযাপন করেন। এই অবস্থায় সম্পদ সংগ্রহ করা খুবই কঠিন। তবু এই কাজ অত্যাবশ্যক এবং অপরিহার্য, কেননা, সম্পদ সংগ্রহ ব্যতীত উন্নয়ন হতে পারে না। উন্নয়নের জন্য সম্পদ সংগ্রহের উদ্দেশ্যে বর্তমান সরকার ১৯৭২-এর জুনে উত্থাপিত বাজেটে যে নতন করব্যবস্থার প্রস্তাব করেন তাতে এক বৎসরে প্রায় ১০ কোটি টাকা আদায় হবে। এই কর সংগ্রহের সাতসিক্তাপূর্ণ ব্যবস্থা গ্রহণের সময় সরকার বিশেষ যত্ন নিয়ে নজর রেখেছেন যাতে করের বোঝা সমাজের গরিব অংশের উপরে না পড়ে।

১৮। করের নতুন ব্যবস্থা অনুসারে সিনেমা প্রদর্শনীতে প্রবেশমূল্যের হার প্রবেশপত্রের মূল্য অনুসারে ক্রমবর্ধমান হারে বৃদ্ধি করা হয়েছে। হোটেল ও রেস্তোরাঁতে যেসব ক্যাবারে শো ও অন্যান্য আমাদপ্রমোদ ও বিলাস ব্যবস্থা আছে তা থেকে রাজস্ব সংগ্রহের জন্য নতুন আইন চালু করা হয়, আসল কিংবা নকল দামী ও মিশ্র প্রস্তর, আসল, নকল কিংবা কালচার-করা মুক্তা, সোনা ও রূপার তারের কাজ, পশুলোম ও পশুলোমজাত জিনিস এবং গন্ধদ্রব্য প্রভৃতির ন্যায় কতিপয় ভোগ্য বিলাসবস্তুর উপর উচ্চতর হারে বিক্রয়কর ধার্য করা হয়। কতিপয় দ্রব্যের ক্ষেত্রে বিক্রয়করের হার যুক্তিযুক্ত করা, সংশোধন করা ও বৃদ্ধি করার জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়। বোঝাই মালের হিসাবে ক্রমপর্যায় ভিত্তিতে মোটরযানের উপর কর সংশোধিত হয় এবং বৃহত্তর যাত্রী গাড়ির উপর উচ্চতর কর ধার্য হয়।

১৯। যেসব লোকের বৃহত্তর জোত আছে তাঁদের ভূমিরাজস্বের হার বাড়ানো হয়। ১৯৩৭ সালের পর সর্বপ্রথম ভূমিরাজস্বের হার বাড়ানো হয়। গ্রামাঞ্চলে আয়বৈষম্য হ্রাস করার জন্য এবং গ্রামাঞ্চলে দরিদ্রতর কৃষক ও ভূমিহীন শ্রমিকগণের অবস্থা উন্নয়নের জন্য যাতে সংগৃহীত আয় ব্যয় করা যায় তদুদ্দেশ্যে ধনী ভূম্যধিকারীদের কাছ থেকে সম্পদ সংগ্রহের জন্য এই ব্যবস্থা করা হয়েছে।

২০। যাঁদের দেবার সামর্থ্য আছে প্রধানত তাঁদের কাছ থেকে অতিরিক্ত কর বাবত ১০ কোটি টাকা আদায় হবে। এর ফলে সরকার ১৯৭২-৭৩ সালে এবং আগামী বৎসরে বৃহত্তর উন্নয়ন পরিকল্পনা রচনায় সক্ষম হয়েছেন। নতুন কর থেকে আহৃত অর্থের অধিকাংশ জনগণের দরিদ্রতর ও দুর্বলতর শ্রেণীগুলির কল্যাণকল্পে ব্যয় করা হবে।

প্রচলিত কর থেকে বৃহত্তর আদায়

২১। পরিকল্পনায় বৃহত্তর বিনিয়োগের জন্য অতিরিক্ত কর ধার্য করা অত্যাবশ্যক। তার জন্যই আমরা পূর্বোল্লিখিত কর ধার্য করা ব্যবস্থার আশ্রয় নিয়েছি। কিন্তু এই সরকার এ কথাও প্রমাণ করেছেন যে, নতুন কর ধার্য না করেও অধিক সম্পদ সংগ্রহ করা যায়। অর্থ বিভাগ কর ফাঁকি রোধ এবং প্রচলিত কর থেকে অধিক রাজস্ব আদায়ের জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করে। তদন্ত ব্যুরোকে শক্তিশালী করা হয় এবং এই ব্যুরো কতিপয় অসাধু ব্যবসায়ীর বাড়িতে হঠাৎ হানা দিয়ে ভুয়ো ঘোষণাপত্র উদ্ধার করেন এবং কর ফাঁকি দেওয়া লোকদের বিরুদ্ধে মামলা শুরু করেন। এই বিশেষ প্রচেষ্টা এবং স্বাভাবিক অবস্থা ফিরে আসা ও ব্যবসার অবস্থায় উন্নতির জন্য বিশেষত বিক্রয় কর হতে আদায় সহ চলতি কর থেকে আদায় এ বৎসর ৭·৫ কোটি টাকা বেশী হওয়ার সম্ভাবনা।

স্বল্প সঞ্চয়ে পশ্চিমবঙ্গের অগ্রণী ভূমিকা

উপরোক্ত ব্যবস্থাগুলি ছাড়া সম্পদ সংগ্রহের জন্য আমরা অপর যে ব্যবস্থাটি গ্রহণ করেছি তা হল স্বল্প সঞ্চয় থেকে আমাদের মোট আদায় বৃদ্ধি করা। আমাদের উন্নয়ন পরিকল্পনা-গুলির অর্থসংস্থানের জন্য এরূপ মোট আদায়ের তিনের দুই অংশ পাওয়া যায়। স্বল্প সঞ্চয়ের মোট আদায় বৃদ্ধির জন্য বিবিধ ক্ষেত্রে অবিরাম কর্মপ্রয়াস প্রসারিত করা হয়েছে। এইসব প্রয়াস হল, পদযাত্রা, যাতে মন্ত্রিগণও অংশ গ্রহণ করেছেন; আলোচনাচক্রের ব্যবস্থা; প্রদর্শনী; স্বল্প সঞ্চয় বিষয়ক অভিনয়; চলচ্চিত্র প্রদর্শনী প্রভৃতি। এ ছাড়া আকর্ষণীয় উৎসাহদানমূলক ব্যবস্থাও করা হয়েছে। এইসব ব্যবস্থার কতকগুলি কেবলমাত্র এই রাজ্যেই চালু করা হয়েছে, অন্যান্য রাজ্যে হয় নি। এইসব ব্যবস্থার ফলে এই রাজ্যের পক্ষে মোট যে অর্থ সংগৃহ করা সম্ভব হয়েছে তা থেকে আমাদের অংশ বাবত ১৯৭২-৭৩-এ ২৮ কোটিরও বেশী টাকা পাওয়া যাবে।

১৯৭১-৭২ সালে স্বল্প সঞ্চয়ে আমাদের অংশের পরিমাণ ছিল মাত্র ১৪·৮১ কোটি টাকা। সাম্প্রতিক বৎসরগুলিতে স্বল্প সঞ্চয়ে নীট সংগ্রহের পরিমাণ নিচে দেওয়া হ'লঃ

	হাজার টাকার হিসাবে
১৯৬৬-৬৭	৯,৪৩,০০
১৯৬৭-৬৮	১২,০৫,০০
১৯৬৮-৬৯	৭,৯২,০০
১৯৬৯-৭০	১২,৯১,০০
১৯৭০-৭১	৮,৮৩,০০
১৯৭১-৭২	১৪,৮১,০০
১৯৭২-৭৩ (সংশোধিত)	২৮,০০,০০

(গোড়ায় অনুমিত অংক ছিল ১৬ কোটি টাকা)

নীট সংগ্রহের পরিমাণ ২৮ কোটি টাকার মত উচ্চ অংকের হওয়ায় পশ্চিমবঙ্গ এই বৎসর স্বল্প সঞ্চয়ে অন্যান্য রাজ্যগুলি থেকে এগিয়ে থাকার গৌরব অর্জন করেছে। ইতিপূর্বে এই রাজ্য আর কখনও এই গৌরব অর্জন করে নি। স্বল্প সঞ্চয় পরিকল্প শুধু সম্পদ সংগ্রহের হাতিয়ার মাত্র নয়, দেশের উন্নয়নে জনগণের অংশগ্রহণেরও প্রতীক বিশেষ।

উল্লিখিত সংখ্যাগুলি থেকে বোঝা যায় যে, এই সরকার কার্যভার গ্রহণের পর আমাদের সম্পদ বৃদ্ধি করার উদ্দেশ্যে এবং আমাদের পরিকল্পনার আয়তন বাড়ানোর উদ্দেশ্যে জনগণ কিরূপ সাগ্রহে স্বল্প সঞ্চয়ের সংগ্রহে সাড়া দিয়েছেন। এসব আমাদের সকল উন্নয়নমূলক কর্মসূচিতে জনগণের প্রত্যক্ষ সংযোগ ও অংশগ্রহণ এবং বর্তমান সরকারের উপর তাঁদের আস্থার স্পষ্ট প্রমাণ।

১৯৭২-৭৩ সালে আমরা নূতন করগুলি থেকে ১০ কোটি টাকা আদায় করেছিলাম। কর ফাঁকি দেওয়ার বিরুদ্ধে কঠোর ও কার্যকরী ব্যবস্থা অবলম্বন করে বর্তমান করগুলি থেকে আমরা ৭·৫ কোটি টাকা পেতে সক্ষম হয়েছিলাম এবং স্বল্প সঞ্চয় সংগ্রহে গোড়ার হিসাবের চেয়ে ১২ কোটি টাকা বেশী সংগ্রহ করতে পেরেছিলাম। ১৯৭২-৭৩ সালে সম্পদ সংগ্রহের এই বিরাট কার্যক্রমের ফলে বর্তমান সরকার এ বৎসর পরিকল্পনার বরাদ্দ ৭৩·৫২ কোটি টাকা থেকে বাড়িয়ে ৭৯·৮৯ কোটি টাকা করতে পেরেছেন এবং পরবর্তী বৎসরের জন্য ৯০ কোটি টাকার পরিকল্পনার কর্মসূচি তৈরি করতে পেরেছেন।

কয়েকটি কর্মসংস্থান পরিকল্প

গ্রামীণ বেকারী ও আধা-বেকারী দূর করার জন্য নিম্নলিখিত ক্ষেত্রগুলিতে লগ্নী করা হচ্ছেঃ কৃষি, পশুপালন, সেচ সমবায়, কুটির ও ক্ষুদ্র শিল্প এবং গ্রামীণ বৈদ্যুতীকরণ। এই সরকার যে উন্নয়নমূলক কর্মসূচি গ্রহণ করেছেন তার উদ্দেশ্য হল উন্নয়নের সুবিধাগুলি যাতে অধিক থেকে অধিকতর পরিমাণে জনগণের দরিদ্রতর ও দুর্বলতর শ্রেণীগুলির কাছে যায় তার ব্যবস্থা সুনিশ্চিত করা।

তীব্র খরার ফলে জনগণের যে দুর্দশা হয়েছিল তা দূর করার জন্য চলতি বছরে সরকার ত্রাণকার্যে ২৩·৪৮ কোটি টাকা ব্যয় করেছেন। টেস্ট রিলিফের কাজে ব্যয়িত ৭ কোটি ১২ লক্ষ টাকা দুর্দশাগ্রস্ত জনগণকে কর্মনিয়োগের যথেষ্ট সুযোগ এনে দিয়েছে।

এ ছাড়া সেচ কার্যের প্রসারতার জন্য ১৪ কোটি টাকার কেন্দ্রীয় সহায়তায় একটি জরুরী কর্মসূচি রূপায়ণ। এই কর্মসূচি রাবিশস্যের উৎপাদন বৃদ্ধি করবে এবং একই সঙ্গে গ্রামাঞ্চলের জনগণের কর্মসংস্থানের ব্যবস্থা করবে। চলতি বছরে কৃষি উৎপাদন বৃদ্ধি এবং গ্রামাঞ্চলগুলিতে কর্মসংস্থানের সুযোগ সম্প্রসারণের উদ্দেশ্যে নিম্নলিখিত পরিকল্পনাগুলির কাজে হাত দেওয়া হয়েছেঃ (ক) ক্ষুদ্র কৃষকদের উন্নয়ন পরিকল্প; (খ) দার্জিলিং, হুগলী, পশ্চিম দিনাজপুর, পুরুলিয়া এবং বাঁকুড়া জেলায় প্রান্তিক কৃষক ও ক্ষেতমজুরদের উন্নয়ন কর্মসূচি; (গ) গ্রামীণ কর্মসংস্থানের জন্য জরুরী পরিকল্প। এর ফলে শুধু কর্মসংস্থানই হবে না, সেচ, জলনিকাশী ব্যবস্থা, মৃত্তিকা-সংরক্ষণ, বনসৃজন, সড়ক নির্মাণ প্রভৃতি ক্ষেত্রে স্থায়ী সম্পদ সৃষ্টিও হবে। চলতি বছরে এই পরিকল্প বাবত বরাদ্দ হল ২.১৯ কোটি টাকা এবং আগামী বৎসরের জন্য এই বরাদ্দের পরিমাণ ৪.৫০ কোটি টাকা; (ঘ) খরা-প্রবণ এলাকার কর্মসূচি এবং (ঙ) পথদেশক নিবিড় গ্রামীণ কর্মসংস্থান কর্মসূচি।

এগুলি ছাড়াও চলতি বছরে বিশেষ কর্মসংস্থান কর্মসূচির জন্য ২.১৮ লক্ষ টাকার বরাদ্দ আছে। এই কর্মসূচি অনুসারে উন্নয়ন বিভাগ কর্তৃক আশিক্ষিত ও শিক্ষিতদের জন্য কর্মসংস্থানের উদ্দেশ্যে কর্মসংস্থান কেন্দ্রিক পরিকল্প রূপায়ণের ব্যবস্থা করা হয়েছে।

ভারত সরকার আগামী বৎসর সারা দেশের ৫ লক্ষ শিক্ষিত লোকের কর্মসংস্থান সুযোগ সৃষ্টির একটি পরিকল্প তৈরি করেছেন এবং এই কর্মসূচির দরুন পশ্চিমবঙ্গ তার বরাদ্দ পাবে।

কুটির ও ক্ষুদ্র শিল্পগুলির প্রসারের ব্যবস্থা করে প্রায় ২০ হাজার লোকের প্রত্যক্ষ ও পরোক্ষভাবে কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে। ২,০৮৬টি ক্ষুদ্র শিল্প ইউনিট গঠিত হয়েছে; নতুন প্রাথমিক বিদ্যালয় স্থাপনের ফলে প্রায় ৩,০০০ প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকের কাজ জুটবে।

পূর্ত বিভাগ কর্তৃক বেকার ইঞ্জিনীয়ারদের ঠিকাদার হিসাবে তালিকাভুক্ত করা হচ্ছে এবং বেকার ইঞ্জিনীয়ারদের রেজিস্ট্রিকৃত সমবায় সমিতিগুলিকে অগ্রাধিকার দেওয়া হচ্ছে।

পশুপালন বিভাগের অধীনে সারা রাজ্য থেকে নির্বাচিত ১১ শত যুবককে ডেয়ারী ও হাঁস-মুরগি পালনে শিক্ষণদানের ব্যবস্থা করা হয়েছে।

সরকারের খালি পদগুলিতে এবং রাজ্য বিদ্যুৎ পর্ষদে খালি পদগুলিতে বহুসংখ্যক লোকের কর্মসংস্থান হবে। সরকার কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির জন্য সর্বপ্রকার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন।

মহাশয়, এই কয়টি কথা বলে আমি আমার প্রস্তাব গ্রহণের জন্য সভার কাছে পেশ করছি।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় অর্থমন্ত্রী ১৯৭৩ সালের পশ্চিমবঙ্গ উপযোজন ২ নম্বর বিল যা উত্থাপন করেছেন তাকে সম্পূর্ণ সমর্থন করি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সমর্থন করি এই কারণে বিগত এক বছরের মধ্যে যে তীব্র খরা এবং সেই সঙ্গে যে বন্যার প্রকোপ সারা পশ্চিমবাংলায় করাল ছায়ার মত নেমে আসছে তার দুর্গতির হাত থেকে পশ্চিমবাংলার মানুষের জন্য একটা সুষ্ঠু প্রকল্প গ্রহণ করার জন্য। আমি সমর্থন করি এই জন্য যে কিছু ছেলের কর্মসংস্থানের জন্য পশ্চিমবঙ্গ সরকার সচেষ্ট হয়েছিলেন। আমি সমর্থন করি এই জন্য যে, চিকিৎসা এবং জনস্বাস্থ্য খাতে যে ব্যয়বরাদ্দ করতে পেরেছেন এটা প্রশংসনীয়। সমর্থন করি এই জন্য, আজকে দুর্গত মানুষের পাশে দাঁড়িয়ে দেশে আজকে যে খাদ্যের অভাব এবং ঘাটতি সেই খাদ্যের অভাব এবং ঘাটতি পূরণের জন্য যে প্রচেষ্টা সেই নিবিড়তর প্রচেষ্টায় সারা দেশের মানুষের কাছে অন্তত একটা আলোড়ন এনেছে। মাননীয় উপাধ্যক্ষ

মহাশয়, আমাদের আর এস পি বন্ধুরা এর আগে অনেক কথা বলেছিলেন। আমি ওদের ঘাটাতে চাই না, নিজের জেলার লোক, বহুবার ডিভিশান ডেকেছেন। আমি মনে করছি ফোঁপরা ঢেঁকির শব্দ বেশী, অতএব এসব ওনারা করুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার বক্তব্যের মধ্যে জ্যোতিবাবু ময়দানে কি বলেছেন বা কোথায় কি বলেছেন, আমরা কত লোকের কর্মসংস্থান করতে পেরেছি সেটা জ্যোতিবাবুর কথায় এই কৈফিয়ৎ দেবার কোন প্রয়োজন আছে বলে মনে করি না। কেন করি না? কারণ মানুষ যাদের প্রত্যাখ্যান করেছে, মানুষ যাদের গ্রহণ করে নি, তাদের কাছে তাদের কথায় কোন কৈফিয়ৎ দেবার প্রয়োজন আছে ব'লে মনে করি না। আমরা যদি কৈফিয়ৎ দেই, তা হলে আমরা যাদের কাছে ঋণী, যাদের দয়ায় আমরা এখানে এসেছি, যাদের সহায্যে এবং সহানুভূতিতে এখানে এসেছি, যাদের ভোটে এখানে সরকার তৈরি করেছি তাদের কাছে কৈফিয়ৎ দেবো, জ্যোতিবাবুর কাছে নয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে বিরোধী পক্ষ যে সমস্ত সমালোচনা করেন সেই সমালোচনা কোন গঠনমূলক সমালোচনা নয়। শুধু যেন মনে হচ্ছে তারা ঘা খেয়ে ভীত, সন্ত্রস্ত হয়ে উঠেছে, যখন দেখছে কর্মযজ্ঞ চারিদিকে, যখন দেখছে সবুজ বিপ্লব হওয়ার পথ পরিষ্কার হয়েছে, যখন দেখছে খাদ্যে সামগ্রিকভাবে উন্নতির পথ সুগম হয়ে উঠছে, যখন দেখছে কিছু কিছু বেকার ছেলেদের কর্মসংস্থানের জন্য সামগ্রিকভাবে চেষ্টা করা হচ্ছে, যখন দেখছে রুগ্ন এবং বন্ধ কলকারখানা খুলে বেকার শ্রমিকদের কাজ দেবার ব্যবস্থার জন্য, উৎপাদন যাতে ব্যাহত না হয় তার জন্য প্রচেষ্টা নেওয়া হচ্ছে, যখন দেখেছে শিল্পে শান্তি স্থাপনের জন্য সকল রকম প্রয়াস নেওয়া হয়েছে, তখন স্বাভাবিক ঐ বিরোধী দলের আর এস পি বা আমাদের মোর্চার লোকই বলুন—দুঃখের সঙ্গে বলতে হয় আমরা একসঙ্গে মোর্চা করেছি, কিন্তু ভোটের বেলায় আমরা সবুজ কিংবা লাল আর ওরা স্যার, ক্যাটস আই। এ আমরা কোথায় আছি? কাজেই ওদের দেখে এ কথাই বলতে হয় খুব ভীত এবং সন্ত্রস্ত। আগামী ১৯৭৭ সালে আবার যখন পুনরায় নির্বাচন হবে তখন মানুষের দুয়ারে গিয়ে কি কৈফিয়ৎ দেবেন সেটা খুঁজে পাওয়া যাবে না। হয়ত সমস্যার সমাধান এমনভাবে হবে যখন তাদের ভোট চাইবার মত যে অধিকার সেই অধিকার থেকে তারা বঞ্চিত হবে। তাই তারা সাধারণ মানুষের কাছে ভ্রান্ত কথা

[6-40—6-57 p.m.]

বলতে চাইছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি অর্থমন্ত্রীর কাছে একটা বক্তব্যই রাখছি এই বিধানসভার মাধ্যমে, বিগত অধিবেশনে এই বিধানসভার কাজের যে ব্যবস্থা, যে প্রচারদপ্তর —এই যে আমাদের প্রসিডিংস দীর্ঘদিন ধরে ছাপানো হয় না এবং আমরা পাই না, গত বিধানসভায় বলা হয়েছিল এই বিধানসভার জন্য একটা প্রেস খোলা হবে। আমাদের কাছে যা খবরাখবর আছে তাতে এই রকম একটা প্রেস করবার জন্য পরিকল্পনা নেওয়া হয়েছে। কিন্তু দুঃখের বিষয়, ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্ট থেকে এমন একটা নোট দেওয়া হয়েছে যে নোটের জন্য এই বিধানসভার জন্য যে প্রেস করার কথা ছিল, ইন্ডিপেনডেন্ট প্রেস, সেই প্রেস খোলার কাজ ত্বরান্বিত হয়ে উঠছে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে জানতে চাই, এই বিধানসভা পশ্চিমবাংলার মানুষের প্রাণকেন্দ্র। এখানে বসে আমরা অনেক সময় বুলেটিন পাই না, প্রসিডিংস পাই না। অর্থমন্ত্রীর কাছে আমি অনুরোধ করব যে, আগামী এক মাসের মধ্যে যেন আমরা এই বিধানসভার জন্য একটা স্বয়ংসম্পূর্ণ প্রেস পাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আর একটা কথা আপনার কাছে নিবেদন করতে চাইছি। আজকে না কালকে খবরের কাগজে দেখলাম, পশ্চিমবাংলায় ৬টি শিল্পকেন্দ্র খোলা হবে। আমি অর্থমন্ত্রীর কাছে দাবি জানাব যে, অনুন্নত মুর্শিদাবাদ জেলার ফরাক্কাতে একটা উপনগরী গড়ে তোলবার জন্য আপনারা প্রতিশ্রুতবদ্ধ আমরা মুর্শিদাবাদ জেলার ২৯ লক্ষ অধিবাসী অর্থমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি এই বিধানসভার মধ্য থেকে, সেখানে যেন একটা স্কুটারের ফ্যাক্টরী খোলা হয়। গত দু বছরে আমাদের ইন্ডাস্ট্রিতে কোন উন্নতি হল না নতুন কোন ইন্ডাস্ট্রি খোলা হল না, এর কারণ কি? এটা তথানুসন্ধান করার দরকার আছে। আজকে আমরা দেখতে পাই ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার যিনি কাস্টডিয়ান তিনিই হচ্ছেন ইন্ডাস্ট্রিয়াল ডেভলপমেন্ট-এর চেয়ারম্যান মিস্টার বটুক দত্ত—একই ব্যক্তি যদি ইউ বি আই টাকা দিতে চায়, তখন ইন্ডাস্ট্রিয়াল ডেভলপমেন্ট কর্পোরেশন

থেকে লাইসেন্স দেওয়া হয় না। আবার যদি ইন্ডাস্ট্রিয়াল ডেভলপমেন্ট কর্পোরেশন লাইসেন্স দিতে চায়, ইউ বি আই থেকে টাকা আসে না। একই ব্যক্তির ষড়যন্ত্রের ফলে তার আত্মীয় ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশনের যে প্রোজেক্ট সেই প্রোজেক্টের একজন অফিসার হিসাবে এমন বাধার সৃষ্টি করছে গত দু বছর থেকে যাতে পশ্চিমবাংলায় কোন শিল্পসম্প্রসারণ ঘটছে না। এই অন্তরায় যাতে দূর হয় তার জন্য অর্থ-মন্ত্রীর কাছে আমি অনুরোধ জানাচ্ছি, কারণ এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। আমরা দুর্বল এবং রুগ্ন ইন্ডাস্ট্রি খুলেছি ঠিক কথা, কিন্তু নূতন শিল্প আমরা কিছু সম্প্রসারণ করতে পারি নি বিগত দু বছর ধরে—আমরা চাইব যাতে আমরা এই এক বছরে এর যে অগ্রগতি তা যেন ঘটাতে পারি এবং নূতন শিল্প নূতনভাবে স্থাপন করতে পারি এবং যে জট আছে তাকে যেন ছাড়িয়ে তুলতে পারি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই কয়টি কথা বলে আমি আপনার মাধ্যমে এই বিল যে এসেছে তাকে আন্তরিকভাবে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী বিমলচন্দ্র পাইক: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ অর্থমন্ত্রী মহাশয় যে ওয়েস্ট বেঙ্গল অ্যাপ্রোপ্রিয়েশন বিলটা এনেছেন আমি তাকে পরিপূর্ণ ভাবে সমর্থন করি এবং কৃতজ্ঞতা জানাই কয়েকটি কারণের জন্য। বিশেষ আট দফায় ত্রাণ কার্যের জন্য যে দশ কোটি টাকা তিনি ব্যয় করেছেন, প্রকৃতপক্ষে আমি একজন মেদিনীপুরের অধিবাসী হিসাবে কৃতজ্ঞতা জানাই। ১৯৭২ সালের পূর্ব পর্যন্ত ৫ বছর বন্যার ফলে মেদিনীপুরের লোক খেতে পাচ্ছিল না। বিগত বৎসর এই বিধানসভায় বলেছিলাম যে মেদিনীপুরের লোকে আজকে দুটো খেতে চায়। সত্যিই গত ৫টি বছর বড়ই মর্মান্তিক অবস্থার মধ্যে তাদের কাটাতে হয়েছে। পাঁচ-পাঁচটি বছর ধরে বন্যা এবং খরাতে মানুষকে দেখেছি কুকুরের সঙ্গে ডাস্টবিনের পাশে বসে আছে একটু ফ্যানের জন্য। শহরের কোলাপসিবল গেট-এ মাথা খুঁড়ে বার বার ফিরে এসেছে, তারা সেখানে ভাত চায় নি, একটু ফ্যান চেয়েছিল। গত বছর ত্রাণমন্ত্রী গিয়েছিলেন আমাদের মেদিনীপুরে এবং আমাদের সমস্ত এম এল এ-দের সঙ্গে কথা বলেছিলেন, তখন আমরা বলেছিলাম, আমাদের দুটো টাকা দিন। মেদিনীপুরের লোকে বড়ই হতভাগ্য—তারা খেতে পাচ্ছে না, পাঁচ-পাঁচটি বছর ধরে তাদের এই অবস্থা চলছে। তিনি তখন বলেছিলেন যে, মুখ্যমন্ত্রীর কাছ থেকে টাকা চেয়ে তিনি দেবেন। তিনি সেখানে যে টাকা দিয়েছেন, তার জন্য তাঁকে ধন্যবাদ। তার পর সমর্থন জানাচ্ছি শিক্ষা ক্ষেত্রে যে দু কোটি টাকা ব্যয় হচ্ছে তাকে। প্রকৃত পক্ষে ১৯৬৭ সাল থেকে শিক্ষার পথ রুদ্ধ হয়ে গিয়েছিল। বহু শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ হয়ে গিয়েছিল, বহু শিক্ষিত ব্যক্তিকে বসে থাকতে হয়েছে। সেই জন্য প্রকৃত পক্ষে শিক্ষা খাতে যে ব্যয় মঞ্জুরীর জন্য চাওয়া হয়েছে তাকে আমি সমর্থন জানাচ্ছি। জন-স্বাস্থ্যের জন্য যে টাকা আমরা ব্যয় করছি, প্রকৃত পক্ষে যেখানে হাসপাতালে ওষুধ ছিল না, পথ্য ঠিক মত দেওয়া হত না সেখানে রোগীরা চিৎকার করা সত্ত্বেও সেখানে তাদের প্রতি নজর দেওয়া হত না। সেই জন্য এখানে ব্যবস্থা করতে হবে যাতে তাদের আরো কিছু উপকার হয়। আমরা জানি আজকে অবস্থার অনেকটা উন্নতি হয়েছে। মাননীয় স্পীকার মহাশয়, চাঁদের আলো সুন্দর, ঝির ঝির করে বাতাস ভেসে আসছে এবং সে আভাসও আমরা পাচ্ছি, সেই রকম এই সকল জিনিসকে এবং এই উন্নতির আলোকেও আমরা উপলব্ধি করতে পারছি। কিন্তু যিনি অন্ধ, তিনি নিজের দুর্ভাগ্যের জন্য চাঁদের আলোকে ধিক্কার দেয়, বলে ভগবান তুমি এত নিষ্ঠুর, এত অকরুণ। আজকে প্রকৃত পক্ষে পশ্চিমবঙ্গে যে কর্মযজ্ঞ আরম্ভ হয়েছে সেই কর্মযজ্ঞের জন্য বর্তমান সরকারকে আমি ধন্যবাদ জানাচ্ছি। আমি শুধু কংগ্রেসের এক জন লোক হিসাবে যে এই কথা বলছি, তাই নয়, প্রকৃত পক্ষে আজকে যে আনন্দের দিন এসেছে সেই জন্য আমি ধন্যবাদ জানাচ্ছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বেশি সময় নেব না, আমি শুধু একটি কথা বলতে চাই যে, যে টাকা আজকে তিনি চেয়েছেন সেই বিষয়ে আজকে তাঁকে পরিপূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য ইতি করছি। জয় হিন্দ।

Mr. Deputy Speaker: Honourable Members, the time allotted for this Bill is due to expire at 6-53 p.m. There is still another speaker to speak and the Hon'ble Minister is to reply. If you kindly agree, according to rule 290, I can extend the time by half an hour.

(Voices: Yes.)

So, I extend the time by half an hour.

শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে দু'নম্বর অ্যাপ্রোপ্রিয়েশান বিলকে আমি সম্পূর্ণ ভাবে সমর্থন করছি। আজকে পশ্চিমবঙ্গে এক ধরনের মানুষ রয়েছেন যারা এই পশ্চিমবঙ্গের উন্নতি দেখতে পাচ্ছেন না। তাদের চোখে পড়ছে না বর্তমান জনপ্রিয় সরকার প্রতিষ্ঠা হওয়ার পর আজকে নিয়ে আমরা দু'বার বাজেট পেশ করলাম। বর্তমান সরকারের লক্ষ্য পশ্চিমবঙ্গের সার্বিক উন্নয়ন। পশ্চিমবঙ্গের বিভিন্ন স্থানে সম্পদ ছড়ানো আছে, এই সম্পদগুলিকে একত্রিত করে তার মাধ্যমে উন্নয়ন করা হচ্ছে। বর্তমান সরকারের লক্ষ্য হচ্ছে যে, বর্তমান সরকার দেশের কোন বিশেষ ক্ষেত্রের উন্নতি করতেই কেবল চায় না. দেশের সার্বিক উন্নয়ন এবং দেশের সামগ্রিক উন্নয়নই বর্তমান সরকারের লক্ষ্য। তাই এর জন্য নিশ্চয়ই সরকারকে কিছু সময় দিতে হবে এবং এর জন্য সময়ের প্রয়োজন আছে। আজকে যারা পশ্চিমবঙ্গের এই অগ্রগতি দেখতে পাচ্ছেন না, যারা পশ্চিমবঙ্গের এই কর্মযজ্ঞ দেখতে পাচ্ছেন না. তাদের কাছে পরিষ্কার ভাবে আমি একটা কথা বলতে চাই যে, বর্তমান সরকার যে সার্বিক উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করেছেন এর জন্য কিছু সময়ের প্রয়োজন আছে।

আমার আগে আর এস পি-র শ্রীশীশ মহম্মদ বিভিন্নভাবে সরকারের সমালোচনা করলেন। আমি পরিষ্কার ভাবে জানাতে চাই তাঁদের যুক্তফ্রন্ট সরকার যখন প্রতিষ্ঠিত হয়েছিল সেই যুক্তফ্রন্ট সরকারের সময় পশ্চিমবঙ্গ সরকারের টাকা তো দূরের কথা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাওয়া টাকাও তাঁরা খরচ করতে পারেন নি। তফসিলী উন্নয়ন খাতে যে টাকা পাওয়া গিয়েছিল কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সেই টাকাও তাঁরা খরচ করতে পারেন নি। গত ডিসেম্বর মাসে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীর কাছে গিয়েছিলাম একটা বিষয় বলার জন্য সেখানে পরিষ্কার ভাবে তিনি জানিয়ে দিলেন যুক্তফ্রন্ট সরকারের সময়ে তফসিলী উন্নয়ন খাতের টাকা ফেরৎ চলে গেছে কেন্দ্রীয় সরকারের কাছে। এটা অত্যন্ত দুঃখের কথা। পশ্চিমবঙ্গের সমস্ত জনসংখ্যার শতকরা ৩৩ ভাগ হচ্ছে তফসিলী সম্প্রদায়। সেখানে তাদের কোন উন্নতি হয় নি। তাদের উন্নয়নের খাতের টাকা ফেরৎ চলে যাওয়াটা দুঃখের কথা। এই প্রসঙ্গে অর্থমন্ত্রীর কাছে একটা বিষয়ে বক্তব্য রাখব। বিভিন্ন ডিপার্টমেন্টের উন্নয়নের জন্য আমরা অ্যাসেম্বলী থেকে টাকা পাশ করি। কিন্তু অনেক সময় অনেক বিভাগ থেকে অভিযোগ পাই যে, ফিনান্স ডিপার্টমেন্ট একটা সুপার ক্যাবিনেট এর কাজ করে এবং কতকগুলি অফিসারই এটা নিয়ন্ত্রণ করে। [illegible] যাতে ফিনান্স ডিপার্টমেন্ট থেকে টাকা আসতে পারে তার জন্য আবেদন করছি। এই সরকার সবুজ বিপ্লবের কথা চিন্তা করছেন, মাঠে মাঠে শ্যালো টিউবওয়েল করার কথা চিন্তা করছেন বলে তাঁদের অভিনন্দিত করছি। এই সঙ্গে অর্থমন্ত্রী ও কৃষি-মন্ত্রীকে অনুরোধ করি বিভিন্ন সময়ে ন্যাচারাল ক্যালামিটি-র জন্য কৃষক অনেক সময় ফসল ঘরে তুলতে পারে না। সুতরাং তাঁকে যাতে ফসলের নিশ্চয়তা দিতে পারা যায়, সে জন্য কৃষিবীমা করা উচিত। শিক্ষাক্ষেত্রে নৈরাশ্যের কথা সকলেরই জানা আছে। সুতরাং শিক্ষাক্ষেত্রে আরও বেশি টাকা ধরা উচিত ছিল। এই কথা ব'লে আমি শেষ করছি।

শ্রীশঙ্কর ঘোষ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সর্বশ্রী আবদুল বারি বিশ্বাস, বিমল পাইল, মনোরঞ্জন প্রামাণিক ইত্যাদিরা এই বিলকে সুন্দর ভাবে এবং জোরালো ভাবে সমর্থন করেছেন ব'লে আমি তাঁদের ধন্যবাদ দিচ্ছি। আমরা আজ এই হাউসে সকাল ৯টা থেকে ৭টা পর্যন্ত কাজ করেছি। আগামী বছরের বাজেট এর ভেতরে আমরা কিছু আগে পাশ করেছি। এবছর আমরা একটু বেশি কাজ করেছি এবং খরচ করেছি। এটা আরও একটু বেশি কাজ করে এবছরের বাজেটে ১৬৯ কোটি টাকা সাপ্লিমেন্টারি গ্রান্ট পাশ করার জন্য এসেছি। আমাদের এই সাপ্লিমেন্টারি গ্রান্ট সমর্থন করেছেন তাতে একটা নজির সৃষ্টি হয়েছে। আগে টাকা খরচ হ'ত না সেটা অরিজিনাল বাজেটেই থাকতো, রিভাইজড বাজেট আরও কমে যেত এবং অ্যাকচুয়েল-এ সেটা আরও কমে যেত। সেটা আমরা করিনি এবং সকলের সহযোগিতায় উন্নয়নের জন্য বরাদ্দ বাড়াতে পেরেছি। সাপ্লিমেন্টারি বাজেটে এত বড় কাজের জন্য আমরা ৭৫ কোটি টাকা খরচ করতে পেরেছি। এর জন্য যাঁরা সমর্থন করেছেন তাঁদের ধন্যবাদ দিয়ে আমি শেষ করছি।

The motion of Shri Sankar Ghose that the West Bengal Appropriation (No. 2) Bill, 1973, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 3, Schedule and Preamble

The question that clauses 1 to 3, Schedule and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Sankar Ghose : Sir, I beg to move that the West Bengal Appropriation (No. 2) Bill, 1973, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 6-57 p.m. till 1 p.m. on Tuesday, the 3rd April, 1973, at the Assembly House, Calcutta.

Index to the

West Bengal Legislative Assembly Proceedings

(Official Report)

Vol. 54, No. 2—Fifty-fourth Session (February-May), 1973

(The 7th, 8th, 9th, 12th, 13th, 14th, 15th, 16th, 19th, 20th, 21st, 22nd, 23rd, 26th, 27th, 28th and 29th March, 1973)

[(Q.) Stands for questions]

Abdul Bari Biswas, Shri

Demands(s) for Grant(s)

Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: pp. 938-940.

124—Capital Outlay on Schemes of Government Trading—26—Miscellaneous Departments—Excluding Fire Service: pp. 79-81.

19—General Administration: pp. 1011-1012.

9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments, and 92—Payment of Compensation to Land-holders, etc., on the abolition of the Zamindary System: pp. 63-65.

71—Miscellaneous—Panchayats: pp. 1388-1389.

23—Police: pp. 93-95.

Mention case: pp. 31, 35, 990, 1363-1364, 1448, 1569.

Development of Digha Pilot Fishery Project Area (Q.): p. 18.

Digha Pilot Project under the State Fisheries Development Corporation Ltd. (Q.): pp. 973-974.

Number of Fishery Projects under the State Fisheries Development Corporation Ltd. (Q.): pp. 974-976.

The West Bengal Appropriation (No. 2) Bill, 1973: pp. 1619-1621.

কল্যাণী বিশ্ববিদ্যালয়ঃ

(Q.) pp. 873, 890.

Abdul Bari Biswas, Shri

পুলিস থানার আয়তন সীমা পুনর্বিন্যাসকরণঃ
(Q.) pp. 2-3.

বালীরঘাট পণ্টুন ব্রীজঃ
(Q.) pp. 40-42.

মহিলা পুলিসঃ
(Q.) pp.45-46.

মেডিক্যাল কলেজ ও হাসপাতালে টিচিং স্টাফের প্যানেলঃ
(Q.) p. 12.

মেডিক্যাল কলেজে ভর্তি হওয়া ছাত্রছাত্রীঃ
(Q.) p. 1441.

রাণীগঞ্জ কয়লাখনি এলাকায় জলসরবরাহ প্রকল্পঃ
(Q.) pp. 13-17.

সমবায় সমিতিঃ
(Q.) pp. 13-15.

সাপ্তাহিক 'জনমত'ঃ
(Q.) pp. 39-40.

সারের ঘাটতিঃ
(Q.) pp. 879--881.

সয়েল টেস্টিং, ফার্টিলাইজার ডেমনস্ট্রেশনের জন্য ল্যাবরেটরিঃ
(Q.) pp.32-33.

১৯৬৭ সাল হইতে ১৯৭২ সাল পর্যন্ত প্রতি আর্থিক বৎসরে অতিরিক্ত করঃ
(Q.) p. 16.

Abdur Rauf Ansari, Shri

Demand(s) for Grant(s)

51-A—Greater Calcutta Development Scheme and 106-A—Capital Outlay on Greater Calcutta Development Scheme: pp. 1422-1423

Abdus Sattar, Shri

Demand(s) for Grant(s)

21—Administration of Justice: pp. 1474-1478, 1484-1485.

Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: pp. 909-916, 952-954.

31—Agriculture—Agriculture, and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: p. 1516.

37—Community Development Projects, National Extension Service and Local Development Works, 109—Capital Outlay on Other Works—Community Development Projects, etc.: pp. 1451-1454, 1469-1472.

15—Registration Fees: pp. 1503, 1515.

Supplementary Estimates for the year 1972-73: pp. 1527-1529.

Abedin, Dr. Zainal

Mention case: pp. 32, 33, 990.

Statements under rule 346: pp. 39-40.

Statement made by—regarding closures of 200 electric bulb manufacturing industries from the 16th March last: pp. 26-27.

The West Bengal Appropriation Bill, 1973: pp. 1587-1589.

Abul Barkat Atawal Ghani Khan Chaudhury

Demand(s) for Grant(s)

98—Capital Outlay on Multipurpose River Schemes—Damodar Valley Project: p. 1519.

Statement made by——regarding reported shifting of proposed Power Station from Dalkhola in West Bengal to Purnia of Bihar: p. 1509.

Aich, Shri Triptimoy

Demand for Grant

38—Labour and Employment: pp. 69-70.

Baidya, Shri Paresh Chandra

Demand for Grant

Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: pp. 951-952.

Mention case: pp. 28, 34.

Bandopadhyay, Shri Shib Sankar

Demand(s) for Grant(s)

Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: pp. 920-921.

124—Capital Outlay on Schemes of Government Trading, 26—Miscellaneous Departments—Excluding Fire Services: pp. 81-82.

রামনগর সুগার মিলঃ
(Q.): p. 3.

Bandyopadhyay, Shri Ajit Kumar

Mention case: p. 25.

Bandyopadhaya, Shri Sukumar

Demand for Grant

19—General Administration: pp. 1003-1004.

38—Labour and Employment: pp. 83-85.

23-Police: pp. 92-93.

Mention case: pp. 22-23, 26, 31-32, 36, 906-907, 989-990, 1364, 1447-1448, 1513, 1569.

The West Bengal Appropriation Bill, 1973: pp. 1580-1581.

Ambulance cars of Asansol Government Hospital (Q.): pp. 4-5.

Fly-over at Chatapather Railway level crossing (Q.): pp. 11-12.

Re-employment of retrenched employees of Hindusthan Pilkington Glass Works Ltd., Asansol (Q.): p. 9.

Thermal Power Station, Asansol (Q.): p. 7.

আসানসোল মহকুমায় পরিত্যক্ত কয়লাখনি হইতে সেচ প্রকল্পঃ
(Q.) p. 900.

আসানসোল মহকুমার গ্রামগুলিতে পানীয় জল সরবরাহঃ
(Q.) p. 972.

আসানসোল ব্লকের গ্রাম বৈদ্যুতিকরণঃ
(Q.) p. 12.

কয়লা উত্তোলনের ফলে ক্ষতিগ্রস্ত গ্রাম ও কৃষি জমিঃ
(Q.) p. 3.

Bandyopadhyay, Shri Sukumar

গ্রামীণ শিল্প উন্নয়নঃ
(Q.) pp. 9-10.

দামোদর আয়রণ অ্যান্ড স্টীল ওয়ার্কসঃ
(Q.) p. 13.

দূষিত ও ভেজাল তৈল ব্যবহারে বিকলাঙ্গঃ
(Q.) p. 5.

পশ্চিমবঙ্গের অরণ্যসমূহে বিভিন্ন ধরনের গাছঃ
(Q.) pp. 6-7.

নকশাল আন্দোলন অভিযোগে ধৃত বন্দীঃ
(Q.) pp. 30-31.

পাকা রাস্তা ও সেতু নির্মাণঃ
(Q.) pp. 32-33.

পান্দুড়িয়ায় পুলিস চৌকিঃ
(Q.) p. 45.

পুরুলিয়া জেলায় সিমেন্ট, বিয়ার ও মিশ্র ইস্পাত শিল্পঃ
(Q.) p. 13.

পুরুলিয়ার বাস স্টান্ড নির্মাণ প্রকল্পঃ
(Q.) p. 7.

যুবকল্যাণ কেন্দ্রঃ
(Q.) pp. 10-11.

রাণীগঞ্জ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রঃ
(Q.) p. 28.

শিল্প বিরোধ আইনের পরিবর্তনঃ
(Q.) p. 30.

সরকারী কাজকর্মে বাংলা ভাষার ব্যবহার
(Q.) pp. 37-38.

Banerjee, Shri Mrityunjoy

Demand for Grant

27—Scientific Departments: p. 1504.

Statement made by——regarding the supply of drinking water in the primary schools situated in the villages of West Bengal: p. 1362.

Banerjee, Shri Pankaj Kumar

Demand(s) for Grant(s)

38—Labour and Employment: pp. 72-73.

23—Police: pp. 75-77.

Mention case: pp. 26-27, 1566.

Bapuly, Shri Satya Ranjan

Demand for Grants

Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: pp. 925-926.

Bar, Shri Ramkrishna

কাওরাপুকুর জলপিয়া রাস্তাঃ
(Q.) p. 42.

INDEX

Bar, Shri Ramkrishna

জোকা অঞ্চল পঞ্চায়েত এলাকায় গভীর নলকূপ:
(Q.) p. 16.

জোকা অঞ্চল পঞ্চায়েত এলাকায় বিদ্যুৎ সরবরাহ:
(Q.) p. 32.

Basu, Shri Ajit Kumar (Singur)

Demand(s) for Grant(s)

Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: pp. 949-951.

37—Community Development Projects, National Extension Service and Local Development Works, 109—Capital Outlay on Other Works — Community Development Projects, etc.: pp. 1457-1459.

9—Land Revenue, 76—Other Miscellaneous Compensation and Assignments and 92—Payment of Compensation to Land-holders, etc., on the abolition of the Zamindary System: pp. 61-63.

71—Miscellaneous—Panchayats: pp. 1376-1378.

Supplementary Estimates for the year 1972-73: pp. 1531-1533.

অঞ্চল সচিবের পঞ্চায়েত সম্প্রসারণ আধিকারিক পদ প্রাপ্তি:
(Q.) p. 971.

ঝাড়গ্রাম সেল উপদেষ্টা পরিষদ:
(Q.) pp. 5-6.

পশ্চিমবঙ্গে ভেটারিনারি ফিল্ড অ্যাসিস্ট্যান্ট:
(Q.) p. 48.

মেদিনীপুর জেলার বিভিন্ন জায়গায় শিল্প স্থাপনের পরিকল্পনা:
(Q.) p. 7.

রাজ্য পরিকল্পনা বোর্ডের সুপারিশ:
(Q.) p. 5.

সার বিতরণ:
(Q.) p. 21.

Basu, Shri Ajit Kumar (Mid.)

Demand(s) for Grants(s)

Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: pp. 932-933.

71—Miscellaneous—Panchayats: pp. 1394-1395.

অঞ্চলভিত্তিক পশুচিকিৎসালয়:
(Q.) p. 1438.

খড়্গপুর ব্লক অঞ্চলে রেশন:
(Q.) pp. 1355-1356.

দুবদা বেসিন প্রকল্প:
(Q.) p. 1437.

মেদিনীপুর জেলায় তাঁতশিল্প:
(Q.) p. 1438.

মাদুরশিল্প:
(Q.) pp. 1440-1441.

মেদিনীপুর জেলায় ক্ষুদ্রচাষী উন্নয়ন প্রকল্প:
(Q.) p. 17.

Basu, Shri Ajit Kumar (Mid.)

সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক ঃ
(Q.) p. 1355.

Basu, Shri Lakshmi Kanta

Demand(s) for Grant(s)
38—Labour and Employment: pp. 64-67.
23—Police: pp. 68-70.

Bera, Shri Rabindra Nath

Demand for Grant
9—Land Revenue, 76—Other Miscellaneous, Compensations and Assignments, and 92—Payment of Compensation to Land-holders, etc., on the abolition of the Zamindary system: pp. 45-47.

Bera, Shri Sudhir Chandra

Demand for Grant
19—General Administration: p. 1029.
Mention case: pp. 991-992.

Besterwitch, Shri A. H.

Demand for Grant
70—Forest: pp.1492-1494.
Mention case: pp. 904-905.
Point of Privilege: p. 1353.

Bhaduri, Shri Timir Baran

Demand(s) for Grant(s)
21—Administration of Justice: pp. 1478-1479.
Agriculture—Agriculture and 95—Capital Outlay on schemes of Agricultural Improvement and Research: pp. 916-920.
33—Animal Husbandry and 124—Capital Outlay on Schemes of Government Trading—Dairy and Animal Husbandry Schemes: pp. 105-108, 113.
19—General Administration: pp. 999-1003.
23—Police: pp. 45-50.
Supplementary Estimates for the year 1972-73: pp. 1520-1524.

গ্রামীণ ট্যাপ-ওয়াটার স্কীম ঃ
(Q.) p. 20.

পাক ন্যাশনাল কমিটি ঃ
(Q.) pp. 27-30.

পশ্চিমবঙ্গে দিনমজুরের সংখ্যা ঃ
(Q.) p. 51.

ক্যামিলি প্ল্যানিং দপ্তরের স্টল ঃ
(Q.) p. 973.

বেলডাঙ্গা থানা এলাকায় মোটর দুর্ঘটনা ঃ
(Q.) p. 21.

মুর্শিদাবাদ জেলায় জে এল আর ও অফিস
(Q.) p. 5.

Bhaduri, Shri Timir Baran

মুর্শিদাবাদ জেলায় হাট ও বাজার:
(Q.) p. 8.

সরকারী দপ্তরে শূন্যপদ পূরণ:
(Q.) pp. 861-862.

Bharati, Shri Ananta Kumar

Demand(s) for Grant(s)

19—General Administration: pp. 1031-1032.

51-A—Greater Calcutta Development Scheme and 106-A—Capital Outlay on Greater Calcutta Development Scheme: pp. 1423-1425.

23—Police: pp. 96-97.

Bhattacharjyya, Shri Keshab

Demand(s) for Grant(s)

19—General Amdinistration: pp. 1033-34.

23—Police: pp. 74-75.

Bhattacharjee, Shri Sakti Kumar

Demand for Grant

33—Animal Husbandry and 124—Capital Outlay on Schemes of Government Trading—Dairy and Animal Husbandry Schemes: pp. 108-110.

Bhattacharjee, Shri Shibpada

Demand for Grant

23—Police: pp. 106-108.

Bhattacharjee, Shri Susanta

Demand for Grant—

Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: pp. 924-925.

Bhattacharjya, Shri Narayan

Demand(s) for Grant(s)

31—Agriculture—Fisheries: pp. 960-961.

19—General Administration: p. 1016.

Mention case: pp. 27, 37-38, 902-903, 1448-1449.

উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজে উত্তরবঙ্গের ছাত্রদের ভর্তির সুযোগ:
(Q.) p. 10.

উত্তরবঙ্গ হইতে রাজস্ব আদায়:
(Q.) pp. 868-870.

চা-শিল্প:
(Q.) p. 4.

Bhattacharjyya, Shri Harasankar

Shree Ramkrishna Sarada Vidya Mahapitha Bill, 1973: pp. 26-27.

Bhattacharyya, Shri Pradip

Demand(s) for Grant(s)

38—Labour and Employment: pp. 32-44, 95-99, 1517.

Statement under rule 346: p. 1579.

Bhattacharyya, Shri Pradip

Statement made by—regarding closures of 200 electric bulb manufacturing industries from the 16th March last: pp. 25-26.

Statement made by—regarding suspension of some of the employees of the Keshoram Cotton Mills: pp. 31-32.

Bhowmik, Shri Kanai

ধানভানা কলের নূতন লাইসেন্স:
(Q.) pp. 971-972.

ধান্য ক্রয়:
(Q.) p. 7.

প্রজাবাড়-ভগবানপুর ও হরিদাসপুর-শ্রীরামপুর রাস্তা ও কাঁসাই নদীর উপর ব্রীজ:
(Q.) p. 1439.

রাজ্য বিদ্যুৎ পর্ষদের বিভিন্ন বিভাগে লোক নিয়োগ:
(Q.) pp. 18-19.

রিলিফ ও টেস্ট রিলিফ বাবত খরচ:
(Q.) p. 21.

Bijali, Dr. Bhupen

কাউন্সিল অফ হোমিওপ্যাথিক মেডিসিন:
(Q.) pp. 11-12.

Biswas, Shri Ananda Mohan

Demand(s) for Grant(s)

21—Administration of Justice: p. 1983.

37—Community Development Projects, National Extension Service and Local Development Works, 109—Capital Outlay on other works—Community Development Projects, etc.: pp. 1467-1469.

Biswas, Shri Kartik Chandra

Demand(s) for Grant(s)

Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes Agriculture Improvement and Research: pp. 937-938.

9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments, and 92—Payment of Compensation to land-holders, etc., on the abolition of the Zamandary System: pp. 58-59.

কৃষ্ণনগরস্থিত জেলা হাসপাতাল:
(Q.) p. 17.

গিরীশ খালের উপর স্লুইস গেট:
(Q.) p. 31.

নদিয়া জেলায় স্বাস্থ্যবিভাগের গাড়ি খোয়া যাওয়ার ব্যাপারে তদন্ত:
(Q.) p. 24.

Calling Attention

Statement on a subject regarding closures of 200 electric bulb manufacturing industries from the 16th March last: pp. 25-26.

Statement on—regarding the cold storage of Bangladesh fish to prevent its putrefaction: p. 1442.

Statement on subject regarding reported shifting of proposed power station from Dalkhola in West Bengal to Purulia of Bihar: p. 1509.

Calling, Attention—*concld.*

Statement on subject regarding the reported development of mechanical disorder in the plane carrying the Chief Minister and his party on the 26th March last: p. 1443.

Statement on subject regarding the supply of drinking water in the primary schools situated in the villages of West Bengal: p. 1362.

Statement on subject regarding suspension of some of the employees of the Keshoram Cotton Mills: pp. 31-32.

Chaki, Shri Naresh Chandra

Demand(s) for Grant(s)

19—General Administration: p. 1020.

71—Miscellaneous—Panchayats: pp. 1387-1388.

Supplementary Estimates for the year 1972-73: pp. 1536-1537.

Mention case: p. 23.

নূতন শিল্পস্থাপনের জন্য লাইসেন্সঃ
(Q.) p. 5.

মাঝেরচর গ্রামে গরিব কৃষকদের জমি দখলঃ
(Q.) p. 972.

রাণাঘাট ব্লকে শ্যালো টিউবওয়েলের জন্য বিদ্যুৎ সরবরাহঃ
(Q.) p. 1361.

রাজ্য সরকারী কর্মচারী ফেডারেশনের আন্দোলনঃ
(Q.) pp. 862-865.

শান্তিপুরে ধৃত সিমেন্টের কালোবাজারীঃ
(Q.) p. 1362.

সিমেন্টঃ
(Q.) p. 21.

Chakravarti, Shri Biswanath

বেহালা পশ্চিম নির্বাচনকেন্দ্রে সি এম ডি এ-র উন্নয়ন পরিকল্পনাঃ
(Q.) p. 979.

Chakravarty, Shri Bhabataran

Demand for Grant

19—General Administration: p. 1027.

জেলা ও মহকুমা হাসপাতালগুলির শয্যাসংখ্যাঃ
(Q.) pp. 22-23.

Chakravarty, Shri Gautam

Demand(s) for Grant(s)

19—General Administration: pp. 1013-1014.

23—Police: pp. 70-73.

Chatterjee, Shri Debabrata

Mention case: pp. 29, 991.

Chatterjee, Shri Gobinda

Demand for Grant

23—Police: pp. 81-85.

Chatterjee, Shri Gobinda

কানাইপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র:
(Q.) pp. 26-27.

Chaterjee, Shri Tapan

Demand(s) for Grant(s)

124—Capital Outlay on Schemes of Government Trading, 26—Miscellaneous Departments—Excluding Fire Service: pp. 85-86.

19—General Administration: p. 1028.

51-A—Greater Calcutta Development Scheme and 106-A—Capital Outlay on Greater Calcutta Development Scheme: pp. 1425-1427.

38—Labour and Employment: pp. 73-74.

Mention case: pp. 26, 32-33, 904, 993-994.

Chattopadhyay, Dr. Sailendra Nath

Mention case: p. 1968.

আই এ এস অফিসার:
(Q.) pp. 6-7.

পাণ্ডুয়া থানা এলাকায় সেচের জল:
(Q.) p. 16.

Chowdhury, Shri Abdul Karim

Demand for Grant

Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: pp. 947-948.

Das, Shri Barid Baran

The West Bengal Appropriation Bill, 1973: pp. 1594-1596.

Das, Shri Bijoy

বাঁশখানা ও দানপৎ খাল:
(Q.) pp. 2-3.

Das, Shri Jagdish Chandra

Demand(s) for Grant(s)

38—Labour and Employment: pp. 79-80.

23—Police: pp. 104-105.

Mention case: pp. 992-993.

পুলিস কর্তৃক সাংবাদিক ও ফটোগ্রাফারদের কাজে বাধা দান:
(Q.) pp.47-48.

Das, Shri Rajani

Demand for Grant

71—Miscellaneous—Panchayats: pp. 1393-1394.

Das, Shri Sarat Chandra

Demand(s) for Grant(s)

19—General Administration: pp. 1023-1024.

38—Labour and Employment: pp. 76-77.

Das, Shri Sarat

9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments, and 92—Payment of Compensation to Land-holders, etc., on the abolition of the Zamindary System: pp. 66-67.

Mention case: pp. 1365-1366.

দেউলী পাহাড়ের পাথর:
(Q.) p. 7.

পুরুলিয়া জেলায় শিল্পকারখানা স্থাপনে উৎসাহদান:
(Q.) p. 6.

পুরুলিয়া জেলায় ক্র্যাশ প্রোগ্রাম:
(Q.) p. 16.

পুরুলিয়া জেলায় লাক্ষা উৎপাদনকারী কুসুম গাছ:
(Q.) p. 899.

বিশ্রামজোড় বাঁধ:
(Q.) p. 895.

Das, Shri Sudhir Chandra

Demand for Grant

124—Capital Outlay on Schemes of Government Trading, 26—Miscellaneous Departments—Excluding Fire Service: pp. 82-83.

The West Bengal Appropriation Bill, 1973: pp. 1596-1597.

কুলবেড়্যা স্বাস্থ্যকেন্দ্র:
(Q.) pp. 10-11.

কাজুবাদাম:
(Q.) p. 890.

পুলিস কনস্টেবল নিয়োগে শিক্ষাগত যোগ্যতার মান:
(Q.) p. 31.

মহকুমা হাসপাতাল:
(Q.) p. 5.

সরকারী গুদামে মজুত খুদ:
(Q.) p. 22.

Dasgupta, Shri Shanti Kumar

Demand for Grant

28—Education: pp. 74-75.

Das Mahapatra, Shri Kamakhanandan

Demand for Grant

124—Capital Outlay on Schemes of Government Trading, 26—Miscellaneous Departments—Excluding Fire Service: pp. 75-77.

Daulat Ali, Shri Sheikh

Demand for Grant

23—Police: p. 86.

Supplementary Estimates for the year 1972-73: pp. 1539-1540.

Mention case: p. 1511.

De, Shri Asamanja

Demand for Grant

19—General Administration: pp. 1012-1013.

De, Shri Asamanja

23—Police: pp. 102-104.

Mention case: pp. 23-24, 37, 992, 1449-1450, 1511-1512.

Shree Ramkrishna Sarada Vidya Mahapitha Bill, 1973: pp. 27-28.

The West Bengal Appropriation Bill, 1973: pp. 1589-1591.

Demand(s) for Grant(s)

21—Administartion of Justice: pp. 1474-1487.

Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: pp. 909-955.

31—Agriculture—Agriculture. and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: p: 1516.

31—Agriculture—Fisheries: pp. 955-967.

33—Animal Husbandry and 124—Capital Outlay on Schemes of Government Trading—Dairy and Animal Husbandry Schemes: pp. 98-115.

124—Capital Outlay on Schemes of Government Trading: p. 1519.

96—Capital Outlay on Industrial and Economic Development: p. 1516.

98—Capital Outlay on Multipurpose River Schemes—Damodar Valley Project: p. 1519.

37—Community Development Projects, National Extension Service and Local Development Works, 109—Capital Outlay on other works—Community Development Projects, etc.: pp. 1451-1474.

28—Education: pp. 51-123, 1516.

64—Famine Relief: p. 1518.

70—Forest: pp. 1487-1500.

19—General Administration: p. 994.

19—General Administration: p. 1515.

51-A—Greater Calcutta Development Scheme and 106-A -Capital Outlay on Greater Calcutta Development Scheme: pp. 1397-1436.

35—Industries—Cinchona: p. 1504.

35—Industries—Cinchona: p. 1517.

16—Interest on Debt and other obligations: p. 1504.

22—Jails: p. 1501.

22—Jails: p. 1515.

38—Labour and Employment: pp. 32-103.

38—Labour and Employment: p. 1517.

9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments, and 92—Payment of Compensation to land-holders, etc., on the abolition of the Zamindary system: pp. 33-77.

Loans and Advances by State/Union Territory Governments: p. 1503.

Loans and Advances by State/Union Territory Governments: p. 1519.

29—Medical: p. 1516.

30—Public Health: p. 1516.

71—Miscellaneous—Civil Defence: p. 1505.

71—Miscellaneous—Civil Defence: p. 1519.

71—Miscellaneous—Contributions: pp. 1368-1373.

71—Miscellaneous—Contributions: p. 1518.

26—Miscellaneous Departments—Fire Services: p. 1503.

De, Shri Asamanja

26—Miscellaneous Departments—Excluding Fire Services: pp. 64-98.
26—Miscellaneous Departments—Excluding Fire Services: p. 1516.
71—Miscellaneous—Other Miscellaneous Expenditure, and 109—Capital Outlay on other works: pp. 1500, 1519.
71—Miscellaneous—Panchayats: pp. 1373-1397.
39—Miscellaneous Social and Developmental Organisations—Excluding Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes during the current year: p. 1517.
39—Miscellaneous Social and Developmental Organisations—Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes: p. 1517.
71—Miscellaneous—Sports: p. 1518.
71—Miscellaneous—Youth Services: p. 1506.
13—Other Taxes and Duties: p. 1505.
18—Parliament, State/Union Territory Legislature: p. 1503.
18—Parliament, State/Union Territory Legislature: p. 1515.
65—Pensions and Other Retirement Benefits, and 120—Payments of Commuted value of Pensions: pp. 1043-1046, 1518.
23—Police: pp. 43-124, 1515.
53—Ports and Pilotage: pp. 1504, 1517.
78—Pre-Partition Payments: p. 1505.
67—Privy Purses and Allowances of Indian Rules: p. 1504.
50—Public Works: p. 1517.
15—Registration Fees: pp. 1503, 1515.
57—Road and Water Transport Schemes and 114—Capital Outlay on Road and Water Transport Schemes: p. 1505.
57—Road and Water Transport Schemes: p. 1518.
12—Sales Tax: p. 1505.
27—Scientific Departments: pp. 1504, 1516.
14—Stamps: p. 1505.
10—State Excise Duties: pp. 1501, 1515.
68—Stationery and Printing: pp. 1504, 1518.
4—Taxes on income other than Corporation Tax: p. 1503.
11—Taxes on Vehicles: pp. 1502, 1515.
Supplementary Estimates for the year 1972-73: pp.1514-1565.

Deshmukh, Shri Netai

Demand for Grant

Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: p. 951.

ঝালদা-বাগমুণ্ডী রাস্তাঃ
(Q.) p. 44.

পুরুলিয়া আর টি এ-এর সভাঃ
(Q.) p. 2.

Division(s)

pp. 100-101, 101-103, 121-122, 123-124, 954-955, 966-967, 1370-1372, 1435-1436, 1472-1474, 1485-1487, 1499-1500, 1501-1502, 1548-1551, 1561-1564, 1610-1611, 1612-1613.

Doloi, Shri Rajani Kanta

Demand for Grant

38—Labour and Empolyment: p. 93.

Mention case: pp. 28, 1365, 1567.
Distribution of seeds and fertilizers through Co-opertives of the unemployed educated youths. (Q.): pp. 881-882.

Doloi, Shri Rajani Kanta

Enquiry Commission on the workings of the Medical Colleges. (Q.): p. 29.
Government advertisements in different newspapers. (Q.): pp. 46-47.
Master Plan North Bengal region and other districts: pp. 865-867.
Per Capita income. (Q.): p. 877.
River Lift Irrigation Schemes. (Q.): pp. 884-885.

কৃষিভিত্তিক ব্লকঃ
(Q.) p. 893.
বে-আইনী জুয়ার আড্ডাঃ
(Q.) p. 46.
বেকার বাঙালীঃ
(Q.) p. 20.
মেদিনীপুরে সুইমিং পুলঃ
(Q.) pp. 14-15.

Doulat Ali, Shri Sheikh

Mention case: pp. 905-906.

Duley, Shri Krishna Prasad

Demand for Grant
21—Administration of Justice: pp. 1479-1480.

Dutt, Shri Ramendra Nath

Demand(s) for Grant(s)
9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments, and 92—Payment of Compensation to land-holders, etc., on the abolition of the Zamindary system: p. 69.
19—General Administration: p. 1015.
Mention case: p. 38.

উত্তরবাংলায় ইরিগেশন স্কীমঃ
(Q.) pp. 11-12.
টেন্ডারার নিয়োগঃ
(Q.) p. 16.
ব্লাড ব্যাঙ্কঃ
(Q.) p. 23.

Dutta, Shri Adya Charan

Demand for Grant
19—General Administration: p. 1026.

নবগ্রাম বিধানসভাকেন্দ্রের অন্তর্গত গ্রামসমূহে বৈদ্যুতীকরণঃ
(Q.) p. 13.
মুর্শিদাবাদ জেলায় মঞ্জুরীকৃত স্কুলের সংখ্যাঃ
(Q.) p. 5.
মুর্শিদাবাদ জেলায় টেস্ট রিলিফ স্কীমের জন্য মঞ্জুরীকৃত অর্থঃ
(Q.) p. 8.

Dutta, Shri Hemanta

Demand(s) for Grant(s)
31—Agriculture—Fisheries: p. 964.
23—Police: p. 111.
Mention case: p. 1568.

Dutta, Shri Hemanta—concld.

দ্বারকা বেসিন প্রকল্প:
(Q.) pp. 18-20.
রামনগর বিধানসভা কেন্দ্রের বিভিন্ন মৌজায় বৈদ্যুতীকরণ প্রকল্প:
(Q.) p. 32.

Ekramul Haque Biswas, Dr.

The West Bengal Appropriation Bill, 1973: pp. 1597-1598.
চুঙ্গী কর:
(Q.) p. 889.
ডিপ টিউবওয়েল:
(Q.) p. 20.
নেহেরু ইউথ সেন্টার:
(Q.) p. 9.
(Q.) p. 43.
পশ্চিমবঙ্গ রাজ্য লটারী:
(Q.) pp. 891-892.

Ganguly, Shri Ajit Kumar

Demand for Grant
Agirculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: pp. 934-936.
বনগ্রাম মহকুমায় অ-কৃষকদের দ্বারা গঠিত সমবায় সংস্থা:
(Q.) p. 21.

Gayen, Shri Lalit Kumar

Demand(s) for Grant(s)
19—General Administration: pp. 1025-1026.
23—Police: p. 73.
Mention case: p. 903.
রাসায়নিক সার কারখানা:
(Q.) p. 887.
হবগা স্লুইস গেট:
(Q.) p. 1.

Ghiasuddin Ahmed, Shri

Demand(s) for Grant(s)
Agriculture—Agriculture and 95—Capital Outlay on schemes of Agricultural Improvement and Research: pp. 948-949.
23—Police: p. 110.
কৃষ্ণনগর জুট মিল:
(Q.) p. 3.
চাপড়া বা তেহট্ট চিনিকল:
(Q.) p. 8.
চাপড়া-তেহট্ট-করিমপুর-বাংলাদেশ সীমান্ত অঞ্চলে চুরি ডাকাতি:
(Q.) p. 15.
নদীয়া জেলায় ইক্ষুচাষ:
(Q.) p. 870.
প্রাথমিক ও উপ-স্বাস্থ্যকেন্দ্রে প্রয়োজনীয় ঔষধ:
(Q.) p. 25.
সেচ ব্যবস্থা:
pp. 882-884.

Ghosal, Shri Satya

Demand(s) for Grant(s)

37—Community Development Projects, National Extension Service and Local Development works, 109—Capital Outlay on Other works—Community Development Projects, etc.: pp. 1462-1464.

71—Miscellaneous—Panchayats: pp. 1384-1386.

Ghose, Shri Sankar

Demand(s) for Grant(s)

51-A—Greater Calcutta Development Scheme and 106-A—Capital Outlay on Greater Calcutta Development Scheme: pp. 1397-1408, 1432-1435.

16—Interest on Debt and other obligations: p. 1504.

Loans and Advances by State/Union Territory Governments: p. 1503.

Loans and Advances by State/Union Territory Governments: p. 1519

71—Miscellaneous—Contributions: p. 1518.

71—Miscellaneous—Other Miscellaneous Expenditure, and 109—Capital Outlay on other works: p. 1500.

13—Other Taxes and Duties: p. 1505.

39—Miscellaneous Social and Developmental Organisations—Excluding Welfare of Scheduled Tribes and Castes and Other Backward Classes during the current year: p. 1517.

65—Pensions and Other Retirement Benefit and 120—Payments of Commuted value of Pensions: pp. 1043-1045, 1046, 1518.

78—Pre-Partition Payments: p. 1505.

12—Sales Tax: p. 1505.

14—Stamps: p. 1505.

4—Taxes on income other than Corporation Tax: p. 1503.

Supplementary Estimates for the year 1972-73: pp. 1545-1548.

Statement made by—regarding the Supplementary Estimates for the year 1972-73: p. 908.

The West Bengal Appropriation Bill, 1973: pp. 1570-1575, 1605-1610.

The West Bengal Appropriation (No. 2) Bill, 1973: pp. 1613-1619, 1622.

Ghosh, Shri Netai Pada

মহম্মদবাজার ব্লকে ভূগর্ভস্থ জল পরীক্ষার প্রকল্প:

(Q.) p. 900.

Ghosh, Shri Robindranath

Mention case: pp. 988, 1367.

উলুবেড়িয়া হাসপাতাল:

(Q.) p. 25.

বন্ধ কারখানা:

(Q.) p. 896.

Ghosh, Shri Sisir Kumar

Demand for Grant

38—Labour and Employment: pp. 77-79.

টিটাগড় পেপার মিলের সুপারভাইজারি স্টাফ ছাঁটাই:

(Q.) p. 18.

Ghosh, Shri Tarun Kanti

Demand(s) for Grant(s)

96—Capital Outlay on Industrial and Economic Development: p. 1516.

35—Industries—Cinchona: p. 1517.

Ghosh, Shri Tarun Kanti

68—Stationery and Printing: p. 1518.

Ghosh Moulik, Shri Sunil Mohan

Demand(s) for Grant(s)

Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: p. 924.
37—Community Development Projects, National Extension Service and Local Development Works, 109—Capital Outlay on other works—Community Development Projects, etc.: pp. 1461-1462.

Mention case: p. 1510.

Goswami, Shri Paresh Chandra

Demand(s) for Grant(s)

71—Miscellaneous—Panchayats: pp. 1378-1379.
23—Police: pp. 86-88.

Shree Ramkrishna Sarada Vidya Mahapitha Bill, 1973: pp. 28, 29.

Goswami, Shri Sambhu Narayan

Demand for Grant—

23—Police: pp. 109, 110.

"দ্বারকেশ্বর সেচ প্রকল্প"ঃ
(Q.) p. 969.

নার্সিং ট্রেনিংঃ
(Q.) pp. 21, 22.

বাঁকুড়া জেলায় টেস্ট রিলিফের মাধ্যমে উন্নয়নের কাজঃ
(Q.) p. 17.

Gyan Singh Sohonpal, Shri

Demand(s) for Grant(s)

28—Education: p. 1516.
35—Industries—Cinchona: p. 1504.
22—Jails: pp. 1501, 1515.
29—Medical: p. 1516.
18—Parliament, State/Union Territory Legislature: pp. 1503, 1515.
53—Ports and Pilotage: pp. 1504, 1507.
30—Public Health: p. 1516.
57—Road and Water Transport Schemes and 144—Capital Outlay on Road and Water Transport Schemes: p. 1505.
57—Road and Water Transport Schemes: p. 1518.
627—Scientific Departments: p. 1516.
11—Taxes on Vehicles: pp. 1502, 1515.

Laying of Annual Accounts and Administration Reports of North Bengal State Transport Corportion for the years 1962-64, 1964-65 and 1965-66: p. 1451.

Statement made by—regarding the reported development of mechanical disorder in the plane carrying the Chief Minister and his party on the 26th March last; p. 1443.

Habibur Rahaman, Shri

জঙ্গিপুর মহকুমা সদর হাসপাতালঃ
(Q.) p. 26.

রঘুনাথগঞ্জ ১নং ও ২নং ব্লকের এল আর কমিটিঃ
(Q.) p. 3.

Hajra, Shri Basudeb

Demand(s) for Grant(s)—

Agriculture—Agriculture and 95—Capital Outlay on schemes of Ag cultural Improvement and Research: pp. 945, 946.
19—General Administration: p. 1026.
Shree Ramkrishna Sarada Vidya Mahapitha Bill, 1973: p. 30.

Haldar, Shri Harendra Nath

খড়গ্রাম থানা এলাকায় ডাকাতির সংখ্যা ঃ
(Q.) p. 971.

কিঁডপুর ধুবড়াপাড়ার রেশন ডীলার ঃ
(Q.) p. 50.

Halder, Shri Monoranjan

Demand(s) for Grant(s)

37—Community, Development Projects, National Extension Service a Local Development Works, 109—Capital Outlay on other works Community Development Projects, etc.: pp. 1465, 1466.

23—Police: pp. 77, 78.

Hatui, Shri Ganesh

Demand(s) for Grant(s)—

33—Animal Husbandry and 124—Capital Outlay on Schemes of Gover ment Trading—Dairy and Animal Husbandry Schemes: p. 112.
71—Miscellaneous—Panchayats: p. 1395.
23—Police: pp. 88, 89.
Mention case: pp. 32, 989, 1367, 1368.
Shri Ramkrishna Sarada Vidya Mahapitha Bill, 1973: p. 30.

Hembram, Shri Sital Chandra

Demand for Grant—

37—Community Development Projects, National Extension Service a Local Development Works, 109—Capital Outlay on Other works Community Development Projects, etc.: p. 1466.

পশ্চিমবঙ্গে আদিবাসী হোস্টেলের সংখ্যা ঃ
(Q.) p. 15.

পুরুলিয়ায় বিহার হইতে আগত গ্রামসেবকদের পঞ্চায়েত বিভাগের বিভিন্ন পদে পুনর্বহাল ঃ
(Q.) pp. 1358, 1359.

বিভিন্ন মেডিকেল কলেজে ছাত্রভর্তি ঃ
(Q.) pp. 7, 8.

রুন্দোয়ান ও মানবাজার ব্লকে পাকা রাস্তা ঃ
(Q.) p. 44.

Isore, Shri Sisir Kumar

Demand(s) for Grant(s)

37—Community Development Projects, National Extension Service a Local Development Works, 109—Capital Outlay on other works Community Development Projects, etc.: p. 1467.
23—Police: pp.112, 113.

Jana, Shri Amalesh

Demand for Grant—

Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: pp. 921, 922.

ভগবানপুর থানার বিভিন্ন গ্রামে বৈদ্যুতীকরণঃ

(Q.) p. 896.

ভগবানপুর থানায় মাস্টার প্ল্যানঃ

(Q.) p. 31.

Karan, Shri Rabindra Nath

Demand for Grant—

38—Labour and Employment: pp. 90-93.

Khan, Shri Gurupada

Demand for Grant—

9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments, and 92—Payment of Compensation to Land-holders, etc., on the abolition of the Zamindary System: pp. 33-38, 71-73.

Khan, Shri Nasiruddin

Demand(s) for Grant(s)

33—Animal Husbandry and 124—Capital Outlay on Schemes of Government Trading—Dairy and Animal Husbandry Schemes: p. 108.

124—Capital Outlay on Schemes of Government Trading and 26—Miscellaneous Departments excluding Fire Service: pp. 73, 74.

70—Forest: pp. 1494, 1495.

9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments and 92—Payment of Compensation to land-holders, etc., on the abolition of the Zamindary System: pp. 59-61.

23—Police: pp. 55-58.

Khan Samsul Alam, Shri

এগরা ও পানিপারুল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রঃ

(Q.) p. 25.

চায়ের উন্নয়নঃ

(Q.) p. 888.

দরিদ্র কৃষকদের পশুচিকিৎসার জন্য ঔষধঃ

(Q.) p. 50.

পুরুলিয়া ও মেদিনীপুর জেলায় 'হিমঘর'ঃ

(Q.) pp. 895, 896.

মাধ্যমিক বিদ্যালয়গুলিতে নূতন স্কেলে শিক্ষকশিক্ষিকাগণের বেতনঃ

(Q.) p. 1440.

মেদিনীপুরের পশুচিকিৎসা কেন্দ্রে ঔষধের অভাবঃ

(Q.) p. 970.

মেদিনীপুর জেলায় প্রজননক্ষম ষাঁড়ঃ

(Q.) pp. 48, 49.

মেদিনীপুর জেলার প্রতি ব্লকে সাবসিডিয়ারী হসপিটালঃ

(Q.) p. 1356.

শিক্ষকশিক্ষিকাদের পেনসন স্কীমঃ

(Q.) p. 4.

Lahiri, Shri Somnath

Demand for Grant—

51-A—Greater Calcutta Development Scheme and 106-A—Capital Outlay on Greater Calcutta Development Scheme: pp. 1408-1416.

Lohar, Shri Gour Chandra

ইন্দপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র:
(Q.) pp. 1356, 1357.
খরাক্লিষ্ট বাঁকুড়া জেলায় সেচ প্রকল্প:
(Q.) pp. 1360, 1361.

Laying of—

Annual Accounts and Administration Reports of North Bengal State Transport Corporation for the years 1962-63, 1963-64, 1964-65 and 1965-66; p. 1451.

Mahanti, Shri Prodyot Kumar

Demand(s) for Grant(s)

Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: pp. 927-930.
19—General Administration: pp. 1017-1020.
71—Miscellaneous—Panchayats: pp. 1380-1382.
23—Police: pp. 89-91.

The West Bengal Appropriation Bill, 1973: pp. 1598-1601.
মেদিনীপুর জেলায় গৃহদাহে ক্ষতিগ্রস্ত গৃহের জন্য ঋণ ও অনুদান:
(Q.) p. 20.

Mahata, Shri Kinkor

Demand for Grant—

23—Police: pp. 97, 98.

ঝালদা বেগুনকোদর রাস্তা:
(Q.) p. 43.
পুরুলিয়া জেলায় ড্যামের কাজ:
(Q.) pp. 14, 15.
পুরুলিয়া জেলায় বিভিন্ন রুটে বাসের সংখ্যা:
(Q.) pp. 985-988.
পুরুলিয়া জেলার বিভিন্ন ব্লকে বৈদ্যুতীকরণ:
(Q.) pp. 980, 981.
পুরুলিয়া জেলায় ব্লকভিত্তিক সমবায় সমিতি:
(Q.) pp. 51, 52.
পুরুলিয়া জেলার বিভিন্ন ব্লকে টেস্ট রিলিফ স্কীম:
(Q.) p. 19.
পুরুলিয়া জেলায় ব্লকভিত্তিক প্রাইমারী হেল্থ সেন্টার:
(Q.) pp. 900. 901.
সেকেণ্ডারী স্কুলের করণিক ও সরকারী তৃতীয় শ্রেণীর করণিকদের বেতনের পার্থক্য:
(Q.) p. 31.

Mahata, Shri Sitaram

Demand for Grant—

33—Animal Husbandry and 124—Capital Outaly on Schemes of Government Trading—Dairy and Animal Husbandry Schemes: pp. ~~99-105, 113~~. ৯৭৮-৮

Mahata, Shri Thakur Das

70—Forest: pp. 1487-1492, 1498.
10-State Excise Duties: p. 1501.
10—State Excise Duties: p. 1515.

Mahata, Shri Thakur Das

70—Forest: pp. 1495-1496.

শারীরিক শিক্ষাঃ
(Q.) pp. 16, 43.

শালবনী থানার পীড়াকাটা ও ভীমপুর মৌজায় উপস্বাস্থকেন্দ্রঃ
(Q.) p. 6.

শালবনী ফডার ফার্মঃ
(Q.) pp. 889, 890.

শালবনী থানার বিভিন্ন এলাকায় খাস জমিঃ
(Q.) p. 2.

Mahato, Shri Madan Mohan

ডাংরা ইরিগেশন প্রকল্পঃ
(Q.) p. 1355.

মাজুরা ইরিগেশন প্রকল্পঃ
(Q.) pp. 1, 2.

মাদুরা ইরিগেশন প্রকল্পঃ
(Q.) pp. 1354, 1355.

Maitra, Shri Kashi Kanta

Demand for Grant—

124—Capital Outlay on Schemes of Government Trading and 26—Miscellaneous Departments—excluding Fire Service: pp. 64-70, 88-92.
124—Capital Outlay on Schemes of Government Trading: p. 1519.

Maity, Shri Prafulla Kumar

Demand for Grant—

Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: pp. 936, 937.
71—Miscellaneous—Panchayats: pp. 1382, 1383.

Majhi, Shri Rupsingh

পুরুলিয়া বরাবাজার ব্লকে স্বাস্থ্যকেন্দ্রঃ
(Q.) p. 24.

Majhi, Shri Sakti Pada

Demand for Grant—
9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments, and 92—Payment of Compensation to land-holders, etc., on the abolition of the Zamindary system: pp. 68, 69.

Malladeb, Shri Birendrabijoy

Demand for Grant—

124—Capital Outlay on Schemes of Government Trading and 26—Miscellaneous Departments—Excluding Fire Service: p. 81.

Mandal, Shri Prabhakar

Demand for Grant—
124—Capital Outlay on Schemes of Government Trading and 26—Miscellaneous Departments—Excluding Fire Service: pp. 84, 85.
Mention case: p. 39.

Md. Safiullah, Shri

Demand(s) for Grant(s)—

70—Forest: pp. 1496-1498.

19—General Administration: pp. 1024, 1025.

Mention case: pp. 28, 29.

আলিপুরের পশুশালার জীবজন্তুঃ

(Q.) pp. 859-861.

কলার চাষঃ

(Q.) 873-876.

কবি নজরুলকে রাষ্ট্রীয় সম্মানঃ

(Q.) pp. 1, 2.

কলিকাতাবাসীদের দৈনিক বিভিন্ন ধরনের মাংসের চাহিদাঃ

(Q.) pp. 16, 17.

গণ্ডার শিকারঃ

(Q.) pp. 1-4.

চামড়ার মূল্যবৃদ্ধিঃ

(Q.) p. 9.

তরমুজ চাষঃ

(Q.) p. 885.

ধানের চাষঃ

(Q.) p. 20.

পাখির অভয়ারণ্যঃ

(Q.) p. 8.

পার্বত্য বনভূমি হইতে টাহর ও ঘোবাল প্রভৃতি মূল্যবান প্রাণী বিলোপঃ

(Q.) p. 4.

পশ্চিমবঙ্গে লেখ্য ও কথ্য ভাষাঃ

(Q.) pp. 17-26.

পশ্চিমবঙ্গে উন্নতমানের উচ্চফলনশীল ধানঃ

(Q.) pp. 49, 50.

বনবিভাগের কতিপয় অফিসারের বিরুদ্ধে ভিজিলেন্স কমিশনের রিপোর্টঃ

(Q.) p. 27.

ভারত বনাম ইংলন্ডের ক্রিকেট টেস্ট ম্যাচের টিকিটঃ

(Q.) p. 26.

মেডিকেল কলেজে ছাত্রভর্তিঃ

(Q.) pp. 29, 30.

মুরগির মড়কঃ

(Q.) pp. 892, 893.

রাজ্যের বিভিন্ন অরণ্যে নিহত বন্যপ্রাণীঃ

(Q.) pp. 896, 897.

শীতলপাটি শিল্পঃ

(Q.) p. 6.

সজনেখালি অভয়ারণ্যঃ

(Q.) pp. 12, 13.

সমাধিস্থান সংরক্ষণঃ

(Q.) pp. 44, 45.

সুন্দরবনে যাযাবর পাখিঃ

(Q.) pp. 20, 21.

সরস্বতী নদীর সংস্কারঃ

(Q.) p. 1.

Mention Cases

Pp. 22-33, 39, 902-908, 988-994, 1363-1368, 1446, 1510-1513, 1566-1569.

Misra, Shri Ahindra

Demand for Grant—

37—Community Development Projects, National Extension Service and Local Development Works, 109—Capital Outlay on other works—Community Development Projects, etc.: pp. 1460, 1461.

ব্লক প্রশাসন ঃ
(Q.) p. 887.
হলদিয়ায় পেট্রো-কেমিক্যাল শিল্প ঃ
(Q.) pp. 4, 5.

Misra, Shri Kashinath

Demand(s) for Grant(s)—

33 Animal Husbandry and 124—Capital Outlay on Schemes of Government Trading—Dairy and Animal Husbandry Schemes: pp. 110, 111.
19—General Administration: p. 1014.
23—Police: pp. 101, 102.

Mention cases: pp. 31, 903, 989, 1446, 1447, 1510.

The West Bengal Appropriation Bill, 1973: pp. 1604, 1605.

Gouripur State Leprosy Home and Hospital (Q.): p. 27.

আদর্শ গ্রাম গঠন ঃ
(Q.) pp. 3-5.
আর জি কর হাসপাতালে শিশু-চিকিৎসা বিভাগ ঃ
(Q.) pp. 3, 4.
এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলিতে তালিকাভুক্ত কর্মপ্রার্থী ঃ
(Q.) p. 898.
খরা পরিপ্রেক্ষিতে বন বিভাগকে অর্থ প্রদান ঃ
(Q.) pp. 12, 13.
গৌরীপুর ইন্ডাস্ট্রি ঃ
(Q.) pp. 13, 14.
দুগ্ধ উৎপাদন ও পশুপক্ষী পালন প্রশিক্ষণ ঃ
(Q.) pp. 893, 894.
নক্‌শী চামড়ার দ্রব্যাদি রপ্তানি ঃ
(Q.) pp. 10, 11.
পশ্চিমবঙ্গে বিভিন্ন খাদ্যদ্রব্যের মূল্য ঃ
(Q.) p. 20.
পশ্চিমবঙ্গে টেস্ট রিলিফের কাজ তদারকির জন্য পে-মাস্টার ও মোহরার ঃ
(Q.) pp. 18, 19.
প্রি-মেডিক্যাল কোর্স ঃ
(Q.) p. 1439.
বসন্তরোগ ঃ
(Q.) pp. 977, 978.
বিভিন্ন কনস্ট্রাকশন ওয়ার্ক ঃ
(Q.) p. 45.
বাঁকুড়া জেলায় বন বিভাগের অন্তর্ভুক্ত জমি ঃ
(Q.) p. 897.
বাঁকুড়া জেলার বার্ধক্যভাতাপ্রাপ্ত ব্যক্তির সংখ্যা ঃ
(Q.) pp. 17, 18.

Misra Kashinath

মড়াউড়িদহ রিভার লিফ্‌ট স্কীম:
(Q.) p. 892.
ভাগীরথী নদীর নাব্যতা:
(Q.) p. 9.
শ্যামাদাস বৈদ্যশাস্ত্রপীঠের স্টাফ সেট-আপ-এর অর্ডার:
(Q.) p. 9.
সরকারী কর্মচারীদের ট্রান্সফার টি এ বাবত অর্থ ব্যয়:
(Q.) p. 867.
হলদিয়ায় নূতন শিল্প:
(Q.) p. 4.
হলদিয়া বিদ্যুৎ-উৎপাদন কেন্দ্র:
(Q.) p. 16.

Mitra, Shrimati Ila

Shree Ramkrishna Sarada Vidya Mahapitha Bill, 1973: pp. 23, 24.
The West Bengal Appropriation Bill, 1973: pp. 1581-1586.

Mohammad Dedar Baksh, Shri

Demand for Grant—
19—General Administration: p. 1028.
23—Police: p. 99.
Supplementary Estimates for the year 1972-73: pp. 1537, 1538.
Mention cases: pp. 29, 993, 1510, 1511.

পশ্চিমবঙ্গে অনুমোদিত উচ্চ-মাধ্যমিক, মাধ্যমিক, নিম্ন-মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসার সংখ্যা:
(Q.) p. 4.

ভগবানগোলা ২নং ব্লকের অফিসগৃহ নির্মাণের জন্য স্থান:
(Q.) p. 17.

মুর্শিদাবাদ জেলা পরিষদের শাসনব্যবস্থা:
(Q.) pp. 1357, 1358.

মুর্শিদাবাদ সদর ও লালবাগ হাসপাতালের ঔষধ ও পথ্যের চোরাকারবার:
(Q.) p. 26.

Mahanta, Shri Bijoy Krishna

Demand for Grant—
37—Community Development Projects, National Extension Service and Local Development Works, 109—Capital Outlay on other works—Community Development Projects, etc.: p. 1465.
23—Police: pp. 110, 111.

Mojumdar, Shri Jyotirmoy

Demand for Grant—
38—Labour and Employment: pp. 74-76.
71—Miscellaneous—Panchayats: p. 1394.
23—Police: pp. 78, 79.
Mention cases: pp. 39, 1366.

Mondal, Shri Aftabuddin

Demand for Grant—
Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: pp. 944, 945.

Mondal, Shri Anil Krishna

Demand for Grant—

9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments, and 92—Payment of Compensation to land-holders, etc., on the abolition of the Zamindary System: pp. 65, 66.

Mondal, Shri Gopal

Demand for Grant—

38—Labour and Employment: p. 88.

Mosleuddin Ahmed, Shri

Demand for Grant—

71—Miscellaneous—Panchayats: pp. 1386, 1387.

Mukherjee, Shri Ananda Gopal

Demand for Grant—

Supplementary Estimates for the year 1972-73: pp. 1533-1535.

Mukherjee, Shri Biswanath

Demand(s) for Grant(s)—

19—General Administration: pp. 1004-1011.
9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments and 92—Payment of Compensation to land-holders, etc. ,on the abolition of the Zamindary System: pp. 49-56.
23—Police: pp. 58-67.

Mukherjee, Shri Mahadeb

Demand for Grant—

38—Labour and Employment: pp. 94, 95.

Mukherjee, Shri Mrigendra

Demand(s) for Grant(s)—

19—General Administration: pp. 1020, 1021.
51-A—Greater Calcutta Development Scheme and 106-A—Capital Outlay on Greater Calcutta Development Scheme: pp. 1417-1420.
38—Labour and Employment: pp. 80-82.
23—Police: pp. 79-81.
The West Bengal Appropriation Bill, 1973: pp. 1591-1593.

Mukherjee, Shri Sanat Kumar

Demand for Grant—

124—Capital Outlay on Schemes of Government Trading and 26—Miscellaneous Departments—Excluding Fire Service: pp. 77, 78.

Mukherjee, Shri Subrata

Demand(s) for Grant(s)—

Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: pp. 933, 934.
124—Capital Outlay on Schemes of Government Trading and 26—Miscellaneous Departments—Excluding Fire Service: pp. 74, 75.
71—Miscellaneous—Panchayats: p. 1390.
Mention cases: pp. 990, 1366.
Shree Ramkrishna Sarada Vidya Mahapitha Bill, 1973: pp. 29, 30.

Mukhopadhyay, Shri Ajoy Kumar

Demand for Grant—

23—Police: pp. 50-55.

Mukhopadhyay, Shrimati Geeta

Demand for Grant—

38—Labour and Employment: pp. 48-53.
Supplementary Estimates for the year 1972-73: pp. 1540-1543.
Mention cases: pp. 30, 31.

Mukhopadhyaya, Shri Girija Bhusan

Demand for Grant—

38—Labour and Employment pp. 58-63.

Mukhopadhyay, Shri Mahadeb

Demand for Grant—

Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: p. 946.

Mukhopadhyay, Shri Subrata

Demand(s) for Grant(s) ...

19—General Administration: pp. 1034-1039.
51-A—Greater Calcutta Development Scheme and 106-A—Capital Outlay on Greater Calcutta Development Scheme: pp. 1430-1432.
71—Miscellaneous Civil Defence: p. 1519.
71—Miscellaneous—Youth Services: p. 1506.
Supplementary Estimates for the year 1972-73: pp. 1529-1531.

Nahar, Shri Bijoy Singh

The West Bengal Appropriation Bill, 1973: p. 1580.

Naskar, Shri Ardhendu Sekhar

Demand for Grant—
51-A—Greater Calcutta Development Scheme and 106-A—Capital Outlay on Greater Calcutta Development Scheme: pp. 1427, 1428.
23—Police: pp. 113, 114.

Nurunnessa Sattar, Shrimati

Demand for Grant—

23—Police: pp. 98, 99.

Nurul Islam Molla, Shri

Demand for Grant—

9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments, and 92—Payment of Compensation to land-holders, etc., on the abolition of the Zamindary System: pp. 43-45.

Obaidul Ghani, Dr. Abu Asad

Mention case: p. 1450.
Obituary: p. 1508.

Omar Ali, Shri Sheikh

Demand for Grant—

Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: pp. 922, 923.
Mention case: pp. 24, 25.

Omar Ali, Dr. Sk.

পাঁশকুড়ায় ৫০-শয্যাবিশিষ্ট নূতন হাসপাতাল:
(Q.) p. 23.
বি সি জি ভ্যাকসিনেশন্ ইউনিটের টিম-ইন-চার্জ:
(Q.) p. 1357.
বেসিক হেল্‌থ সার্ভিসেস সম্পর্কিত দ্বিতীয় মুখার্জী কমিটি:
(Q.) pp. 983-985.

Paik, Shri Bimal Chandra

The West Bengal Appropriation (No. 2) Bill, 1973: p. 1621.

Palit, Shri Pradip

Demand for Grant—
23—Police: p. 96.

Panda, Shri Bhupal Chandra

Demand for Grant—
19 General Administration: pp. 1029-1031.
65 -Pensions and other Retirement Benefits, and 120—Payments of Commuted Value of Pensions: pp. 1045, 1046.

Panja, Shri Ajit Kumar

Mention cases: pp. 30-32, 36, 991, 1447, 1448.
Statement under rule 346: pp. 40, 41, 53.

Patra, Shri Kashi Nath

Mention case: p. 905.
সন্দেশখালি ও দাদপুর থানা এলাকায় বৈদ্যুতীকরণ:
(Q.) pp. 14, 15.

Paul, Shri Bhawani

Demand(s) for Grant(s)—
Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: pp. 930, 931.
38—Labour and Employment: pp. 70, 71.
23—Police: pp. 105, 106.
Supplementary Estimates for the year 1972-73: pp. 1535, 1536.

Paul, Shri Sankar Das

Demand for Grant—
124—Capital Outlay on Schemes of Government Trading and 26—Miscellaneous Departments Excluding Fire Service: pp. 78, 79.

Phulmali, Shri Lal Chand

Demand for Grant—
9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments, and 92—Payment of Compensation to land-holders, etc., on the abolition of the Zamindary System: pp. 67, 68.
ময়ূরেশ্বর ২নং ব্লকে প্রাথমিক হেল্‌থ সেন্টার:
(Q.) p. 24.

Pramanik, Shri Monoranjan

Demand(s) for Grant(s)—

Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research :—pp. 926, 927.
37—Community Development Projects, National Extension Service and Local Development Works, 109—Capital Outlay on other works—Community Development Projects, etc.: pp. 1459, 1460.
19—General Administration: pp. 1014, 1015.

Shree Ramkrishna Sarada Vidya Mahapitha Bill, 1973: p. 25.
The West Bengal Appropriation (No. 2) Bill, 1973: p. 1622.

গ্রামাঞ্চলে সরকারী পরিচালনাধীন হোমিওপ্যাথিক চিকিৎসালয়:
(Q.) p. 6.

গ্রামাঞ্চলে নূতন হাসপাতাল নির্মাণ:
(Q.) p. 28.

দুর্বল শিল্পকে সাহায্যদান:
(Q.) p. 30.

দোকান কর্মচারী:
(Q.) pp. 5, 6.

প্রাথমিক শিক্ষকদের মাসিক বেতন:
(Q.) p. 898.

বিভিন্ন শিল্পে শ্রমিক ধর্মঘট ও মীমাংসা:
(Q.) p. 10.

বুদ্ধিজীবী ও শিল্পীদের সরকারী সাহায্য:
(Q.) p. 7.

বাংলাদেশ থেকে মাছ আমদানি:
(Q.) p. 21.

শিল্পে উৎপাদিত দ্রব্যে শ্রমিকের অংশ:
(Q.) pp. 899, 900.

শিল্প শ্রমিকদের দৈনিক মজুরী:
(Q.) p. 51.

সরকারী ও বেসরকারী কলেজ শিক্ষকদের মাসিক বেতন:
(Q.) pp. 12, 13.

সরকার কর্তৃক প্রকাশিত 'পশ্চিমবংগ' ও 'ওয়েস্টবেঙ্গল' পত্রিকা:
(Q.) pp. 35, 36.

Pramanik, Shri Puranjoy

দুর্নীতির দায়ে অভিযুক্ত পুলিস অফিসার ও কর্মচারী:
(Q.) pp. 13, 14.

Rai, Shri Deo Prakash

Presentation of the Report of the Public Accounts Committee: p. 1570.

Ram, Shri Ram Peyare

Demand for Grant—

51-A—Greater Calcutta Development Scheme and 106-A—Capital Outlay on Greater Calcutta Development Scheme: pp. 1429, 1430.
38—Labour and Employment: pp. 85, 86.

Question(s)

Development of Digha Pilot Fishery Project Area: p. 18.
Distribution of seeds and fertilizers through co-operatives of the unemployed educated youths: pp. 881-882.
Digha Pilot Project under the State Fisheries Development Corporation, Ltd.: pp. 973-974.

Question(s)

Fly-over at Chatapather Railway level crossing: pp. 11-12.
Government advertisements in different newspapers: pp. 46-47.
Master Plan for North Bengal region and other districts: pp. 865-867.
Number of Fishery Projecets under the State Fisheries Development Corporation, Ltd.: p. 974.
Per capita income: p. 877.
Re-employment of retrenched employees of Hindusthan Pilkington Glass Works Ltd., Asansol: p. 9.
River-lift Irrigation Schemes: pp. 884-885.
Thermal Power Station, Asansol: p. 7.
Typists, Copyists and Mappists working in Finance Department: pp. 870-873.

অঞ্চলভিত্তিক পশুচিকিৎসালয়ঃ
p. 1438.
অঞ্চল সচিবের পঞ্চায়েত সম্প্রসারণ আধিকারিক পদ প্রাপ্তিঃ
p. 971.
অকেজো গভীর নলকূপঃ
pp. 886-887.
অঞ্চল পঞ্চায়েত সচিবঃ
pp. 7-9.
আদর্শ গ্রাম গঠনঃ
pp. 3-5.
আই এ এস অফিসারঃ
pp. 6-7.
আসানসোল মহকুমায় পরিত্যক্ত কয়লাখনি হইতে সেচ প্রকল্পঃ
p. 900.
আসানসোল মহকুমার গ্রামগুলিতে পানীয় জল সরবরাহঃ
p. 972.
আলিপুর পশুশালার জীবজন্তুঃ
p. 859.
আসানসোল ব্লকের গ্রাম বৈদ্যুতিকরণঃ
p. 12.
আর জি কর হাসপাতালে শিশু চিকিৎসা বিভাগঃ
pp. 3-4.
ইন্দাস ও পাত্রসায়ের থানায় শিক্ষিত ও অর্ধশিক্ষিত বেকারের সংখ্যাঃ
p. 11.
ইস্পাত দ্রাবন প্রকল্পঃ
p. 11.
ইন্দপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রঃ
pp. 1356-1357.
উলুবেড়িয়া হাসপাতালঃ
p. 25.
উত্তরবঙ্গ হইতে রাজস্ব আদায়ঃ
pp. 868-870.
উত্তরবাংলায় ইরিগেশন স্কীমঃ
pp. 11-12.
উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজে উত্তরবঙ্গের ছাত্রদের ভর্তির সুযোগঃ
p. 10.
এগরা পাণিপারুল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রঃ
p. 25.
এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলিতে তালিকাভুক্ত কর্মপ্রার্থীঃ
p. 898.

Question(s)

কলিকাতায় কয়লা আমদানী:
pp. 1359-1360.
কল্যাণী বিশ্ববিদ্যালয়:
p. 873.
কলার চাষ:
pp. 873-876.
কল্যাণী বিশ্ববিদ্যালয়:
p. 890.
কলিকাতাবাসীদের দৈনিক বিভিন্ন ধরনের মাংসের চাহিদা:
pp. 16-17.
কয়লা উত্তোলনের ফলে ক্ষতিগ্রস্ত গ্রাম ও কৃষি জমি:
p. 3.
কল্যাণেশ্বরীতে ট্রান্সফরমার ফাটার তদন্ত:
p. 27.
কবি নজরুলকে রাষ্ট্রীয় সম্মান:
pp. 1-2.
কাউন্সিল অফ হোমিওপ্যাথিক মেডিসিন:
pp. 11-12.
কানাইপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র:
pp. 26-27.
কাওরাপুকুর জলপিয়া রাস্তা:
p. 42.
কাজুবাদাম:
p. 890.
কিড়িপুর ধুবড়া পাড়ার রেশন ডীলার:
p. 50.
কুলবেড়্যা স্বাস্থ্যকেন্দ্র:
pp.10-11.
কৃষি বিভাগের কর্মচ্যুত 'মাস্টাররোল' কর্মী:
p. 885.
কৃষ্ণনগরস্থিত জেলা হাসপাতাল:
p. 17.
কৃষ্ণনগর জুট মিল:
p. 3.
কৃষিভিত্তিক ব্লক:
p. 893.
খরা পরিপ্রেক্ষিতে বন বিভাগকে অর্থ প্রদান:
pp. 12-13.
খড়গ্রাম থানা এলাকায় ডাকাতির সংখ্যা:
p. 971.
খরাক্লিষ্ট বাঁকুড়া জেলার সেচ প্রকল্প:
pp. 1360-1361.
খড়গপুর ব্লক অঞ্চলে রেশন:
p. 1355.
গঙ্গাধরপুরে হস্তচালিত তাঁতশিল্প:
pp. 1437-1438.
গভীর নলকূপ ও লিফ্‌ট ইরিগেশন প্রকল্প:
p. 881.
গণ্ডার শিকার:
pp. 1-4.

Question(s)

গিরীশ খালের উপর স্লুইস গেট ঃ
p. 31.
গৌরীপুর ইন্ডাস্ট্রি ঃ
pp. 13-14.
গ্রাম অঞ্চলে সরকারী পরিচালনাধীন হোমিওপ্যাথিক চিকিৎসালয় ঃ
p. 6.
গ্রামীণ শিল্প উন্নয়ন ঃ
pp. 9-10.
গ্রামাঞ্চলে নূতন হাসপাতাল নির্মাণ ঃ
p. 28.
গ্রামীণ ট্যাপ ওয়াটার স্কীম ঃ
p. 20.
চাপড়া-তেহট্ট-করিমপুর-বাংলাদেশ সীমান্ত অঞ্চলে চুরি-ডাকাতি ঃ
p. 15.
চাষের উন্নয়ন ঃ
p. 888.
চুঙ্গী কর ঃ
p. 889.
চামড়ার মূল্যবৃদ্ধি ঃ
p. 9.
চাপড়া বা তেহট্ট চিনিকল ঃ
p. 8.
চা-শিল্প ঃ
p. 4.
জঙ্গিপুর মহকুমা সদর হাসপাতাল ঃ
p. 26.
জাহাজ নির্মাণ প্রাঙ্গণ প্রকল্প ঃ
p. 13.
জেলাওয়ারী চালু ও অ-চালু গভীর নলকূপ ঃ
p. 894.
জেলা ও মহকুমা হাসপাতালগুলির শয্যাসংখ্যা ঃ
pp 22-23.
জেলাভিত্তিক উচ্চ ইংরাজী বিদ্যালয়ের সংখ্যা ঃ
p. 976.
জেলাভিত্তিক বিভিন্ন গ্রাম বৈদ্যুতীকরণ ঃ
pp. 22-25.
জোকা অঞ্চল পঞ্চায়েত এলাকায় বিদ্যুৎ সরবরাহ ঃ
p. 32.
জোঁকা অঞ্চল পঞ্চায়েত এলাকায় গভীর নলকূপ ঃ
p. 16.
ঝালদা-বেগুনকোদর রাস্তা ঃ
p. 43.
ঝালদা-বাগমুণ্ডী রাস্তা ঃ
p. 44.
ঝাড়গ্রাম সেল উপদেষ্টা পরিষদ ঃ
pp. 5-6.
টিটাগড় পেপার মিলের সুপারভাইজারি স্টাফ ছাঁটাই ঃ
p. 18.
টিটাগড় পেপার মিলের সুপারভাইজার ঃ
p. 7.

Question(s)

টেন্ডারার নিয়োগ ঃ
p.16.
ডাংরা ইরিগেশন প্রকল্প ঃ
p. 1355.
ডিপ টিউবওয়েল ঃ
p. 20.
তরমুজ চাষ ঃ
p. 885.
দরিদ্র কৃষকদের পশুচিকিৎসার জন্য ঔষধ ঃ
p. 50.
"দ্বারকেশ্বর সেচ প্রকল্প" ঃ
p. 969.
দামোদর আয়রণ অ্যান্ড স্টীল ওয়ার্কস ঃ
p. 13.
দ্বিতীয় হুগলি সেতু ঃ
p. 891.
দুগ্ধ উৎপাদন ও পশুপক্ষী পালন প্রশিক্ষণ ঃ
pp. 893-894.
দুবদা বেসিন প্রকল্প ঃ
pp. 18-20.
দুর্নীতি দায়ে অভিযুক্ত পুলিস অফিসার ও কর্মচারী ঃ
pp. 13-14.
দুর্বল শিল্পকে সাহায্যদান ঃ
p. 30.
দুর্গাপুর এক্সপ্রেস হাইওয়ে ঃ
pp. 33-35.
দুবরাজপুর জলসরবরাহ প্রকল্প ঃ
p. 21.
দুবদা বেসিন প্রকল্প ঃ
p. 1437.
দূষিত ও ভেজাল তৈল ব্যবহারে বিকলাঙ্গ ঃ
p. 5.
দেউলী পাহাড়ের পাথর ঃ
p. 7.
দোকান কর্মচারী ঃ
pp. 5-6.
ধনেখালি ও দাদপুর থানা এলাকায় বৈদ্যুতিকরণ ঃ
pp. 14-15
ধান্য ক্রয় ঃ
p. 7.
ধানের সংগ্রহ মূল্য ঃ
pp 8-12.
ধানভানা কলের নূতন লাইসেন্স ঃ
pp. 971-972.
ধানের চাষ ঃ
p. 20.
নবগ্রাম বিধানসভাকেন্দ্রের অন্তর্গত গ্রামসমূহে বৈদ্যুতীকরণ ঃ
p. 13.
নকশী চামড়ার দ্রব্যাদি রপ্তানি ঃ
p. 10.

Question(s)

নদীয়া জিলায় ইক্ষুচাষঃ
p. 870.
নদিয়া জেলায় স্বাস্থ্যবিভাগের গাড়ি খোয়া যাওয়ার ব্যাপারে তদন্তঃ
p. 24.
নকশাল আন্দোলন অভিযোগে ধৃত বন্দীঃ
pp. 30-31.
নার্সিং ট্রেনিংঃ
pp. 21-22.
নিরাময় টি বি স্যানাটোরিয়ামঃ
p. 29.
নির্ধারিত মূল্যে সার ইত্যাদি সরবরাহঃ
p. 895.
নূতন শিল্পস্থাপনের জন্য লাইসেন্সঃ
p. 5.
নেহেরু ইউথ সেন্টারঃ
p. 9.
নেহেরু ইউথ সিন্টারঃ
p. 43.
পশ্চিমবঙ্গে নূতন মঞ্জুরীকৃত পৌরসভাঃ
p. 1359.
পশ্চিমবঙ্গে আদিবাসী হোস্টেলের সংখ্যাঃ
p. 15.
পশ্চিমবঙ্গে টেস্ট রিলিফের কাজ তদারকির জন্য পে-মাস্টার ও মোহরারঃ
pp. 18-19.
পশ্চিমবঙ্গে শিক্ষিত ও অর্ধ-শিক্ষিত বেকারের কর্মসংস্থানের পরিকল্পনাঃ
pp. 17-18.
পশ্চিমবঙ্গে বিভিন্ন খাদ্যদ্রব্যের মূল্যঃ
p. 20.
পশ্চিমবঙ্গে অনুমোদিত উচ্চমাধ্যমিক, মাধ্যমিক, নিম্নমাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসার সংখ্যাঃ
p. 4.
পশ্চিমবঙ্গের অরণ্যসমূহে বিভিন্ন ধরনের গাছঃ
pp. 6-7.
পশ্চিমবঙ্গে উচ্চ মাধ্যমিক বিদ্যালয়গুলির সংখ্যাঃ
p. 6.
পশ্চিমবঙ্গের মন্ত্রিসভার সদস্যগণের টি এ, বাড়িভাড়া, টেলিফোন বাবদ খরচঃ
p. 16.
পঞ্চায়েত করঃ
pp. 9-11.
পশ্চিমবঙ্গে মঞ্জুরীকৃত হাইস্কুল ও বভিন্ন শ্রেণীর জুনিয়র হাইস্কুল ও প্রাইমারী স্কুলের সংখ্যাঃ
pp. 979-980.
পশ্চিমবঙ্গ রাজ্য লটারীঃ
pp. 891-892.
পশ্চিমবঙ্গে লেখ্য ও কথ্যভাষাঃ
pp. 17-26.
পশ্চিম দিনাজপুরের বনাঞ্চলে রেস্ট হাউসঃ
p. 21.
পশ্চিমবঙ্গে উন্নতমানের উচ্চফলনশীল ধানঃ
pp. 49-50.

Question(s)

পশ্চিমবঙ্গে ভেটারিনারি ফিল্ড অ্যাসিস্ট্যান্ট :
p. 48.
পশ্চিমবঙ্গে দিনমজুরের সংখ্যা :
p. 51.
পার্বত্য বনভূমি হইতে টাহর ও ঘোরাল প্রভৃতি মূল্যবান প্রাণী বিলোপ :
p. 4.
পাখির অভয়ারণ্য :
p. 8.
পাকা রাস্তা ও সেতু নির্মাণ :
pp. 32-33.
পানুড়িয়ায় পুলিস চৌকি :
p. 45.
পাণ্ডুয়া থানা এলাকায় সেচের জল :
p. 16.
পাক ন্যাশনাল কমিটি :
pp. 27-30.
পুরুলিয়া বরাবাজার ব্লকে স্বাস্থ্যকেন্দ্র :
p. 24.
পুরুলিয়া জেলায় ব্লকভিত্তিক সমবায় সমিতি :
pp. 51-52.
পুলিস থানার আয়তন সীমা পুনর্বিন্যাসকরণ :
pp. 2-3
পুলিস কনেস্টবল নিয়োগে শিক্ষাগত যোগ্যতার মান :
p. 31.
পুলিস কর্তৃক সাংবাদিক ও ফটোগ্রাফারদের কাজে বাধা দান :
pp. 47-48.
পুরুলিয়া জেলায় লাক্ষা উৎপাদনকারী কুসুম গাছ :
p. 899.
পুরুলিয়া ও মেদিনীপুর জেলায় 'হিমঘর' :
pp. 895-896.
পুরুলিয়া জেলায় ব্লকভিত্তিক প্রাইমারী হেল্‌থ সেন্টার :
pp. 900-901.
পুরুলিয়া জেলার বিভিন্ন রুটে বাসের সংখ্যা :
pp. 985-988.
পুরুলিয়া জেলার বিভিন্ন ব্লকে বৈদ্যুতীকরণ :
pp. 980-981.
পুরুলিয়ার বাস স্ট্যান্ড নির্মাণ প্রকল্প :
p. 7.
পুরুলিয়া আর টি এ-এর সভা :
p. 2.
পুরুলিয়া জেলার বিভিন্ন ব্লকে টেস্ট রিলিফ স্কীম :
p. 19.
পুরুলিয়া জেলায় সিমেন্ট, বিয়ার ও মিশ্র ইস্পাত শিল্প :
p. 13.
পুরুলিয়া জেলায় ক্র্যাশ প্রোগ্রাম :
p. 16.
পুলিস স্টেশনে ও রেল স্টেশনে অনুষ্ঠিত কালীপূজা ও অন্যান্য পূজার সংখ্যা :
p. 20.
পুরুলিয়া জেলায় শিল্পকারখানা স্থাপনে উৎসাহদান :
p. 6.

Question(s)

পুরুলিয়া জেলায় ড্যামের কাজ:
pp. 14-15.
পুরুলিয়ায় বিহার হইতে আগত গ্রামসেবকদের পঞ্চায়েত বিভাগের বিভিন্ন পদে পুনর্বহাল:
pp. 1358-1359.
প্রজাবাড়-ভগবানপুর ও হরিদাসপুর-শ্রীরামপুর রাস্তা ও কাঁসাই নদীর উপর ব্রীজ:
p. 1439.
প্রাথমিক ও উপস্বাস্থ্যকেন্দ্রে প্রয়োজনীয় ঔষধ:
p. 25.
প্রাথমিক শিক্ষকদের মাসিক বেতন:
p. 898.
প্রি-মেডিক্যাল কোর্স:
p. 1439.
পাঁচড়া কটন মিল:
p. 3.
পাঁশকুড়ায় ৫০-শয্যাবিশিষ্ট নূতন হাসপাতাল:
p. 23.
ফ্যামিলি প্ল্যানিং দপ্তরের স্টল:
p. 973.
বনগ্রাম মহকুমায় অ-কৃষকদের দ্বারা গঠিত সমবায় সংস্থা:
p. 21.
বসন্ত রোগ:
pp. 977-978.
বন্ধ কারখানা:
p. 896.
বনস্পতি তৈলকলে সরিষার ব্যবহার:
pp. 27-28.
বনবিভাগের কতিপয় অফিসারের বিরুদ্ধে ভিজিলেন্স কমিশনের রিপোর্ট:
p. 27.
ব্লক প্রশাসন:
p. 887.
বাজারে সিগারেটের অভাব:
p. 3.
বাংলাদেশ থেকে মাছ আমদানি:
p. 21.
বালুরিঘাট পল্টুন ব্রীজ:
pp. 40-42.
বান্দোয়ান ও মানবাজার ব্লকে পাকা রাস্তা:
p. 44.
ব্লাড ব্যাংক:
p. 23.
বিভিন্ন কনস্ট্রাকশন ওয়ার্ক:
p. 45.
বিশ্রামজোড় বাঁধ:
p. 895.
বিভিন্ন মেডিকেল কলেজে ছাত্র ভর্তি:
pp. 7-8.
বিভিন্ন শিল্পে শ্রমিক ধর্মঘট ও মীমাংসা:
p. 10.
বি সি জি ভ্যাকসিনেশন ইউনিটের টিম-ইন-চার্জ:
p. 1357.

Question(s)

বুদ্ধিজীবী ও শিল্পীদের সরকারী সাহায্য:
p. 7.
বেহালা পশ্চিম নির্বাচনকেন্দ্রে সি এম ডি এ-র উন্নয়ন পরিকল্পনা:
p. 979.
বেলডাঙ্গা থানা এলাকায় মোটর দুর্ঘটনা:
p. 21.
বেকার বাঙালী:
p. 20.
'বেসিক হেলথ্ সার্ভিসেস' সম্পর্কিত দ্বিতীয় মুখার্জী কমিটি:
pp. 983-985.
বে-আইনী জুয়ার আড্ডা:
p. 46.
বৃহত্তর কলিকাতার উন্নয়ন:
pp. 876-877.
বাঁকুড়া জেলার ক্ষুদ্র ও কুটির শিল্প:
p. 2.
বাঁকুড়া জেলার সেচ ব্যবস্থা:
p. 8.
বাঁকুড়া জেলায় টেস্ট রিলিফের মাধ্যমে উন্নয়নের কাজ:
p. 17.
বাঁশখানা ও দানপৎ খাল:
pp. 2-3.
বাঁকুড়া জেলায় বার্ধক্য ভাতপ্রাপ্ত ব্যক্তির সংখ্যা:
pp. 17-18.
বাঁকুড়া জেলায় বনবিভাগের অন্তর্ভুক্ত জমি:
p. 897.
ভগবানপুর থানায় মাস্টার প্ল্যান:
p. 31.
ভগবানপুর থানার বিভিন্ন গ্রামে বৈদ্যুতীকরণ:
p. 896.
ভগবানগোলা ২নং ব্লকের অফিসগৃহ নির্মাণের জন্য স্থান:
p. 17.
ভাগীরথী নদীর নাব্যতা:
p. 9.
ভারত বনাম ইংলন্ডের ক্রিকেট টেস্ট খেলার টিকিট বণ্টন:
p. 26.
ভারত বনাম ইংলন্ডের ক্রিকেট টেস্ট ম্যাচের টিকিট:
p. 26.
মহকুমা হাসপাতাল:
p. 5.
মৎস্যজীবীদের সাহায্যার্থে ঋণ ও অনুদান:
pp. 981-983.
মড়াইডিহ রিভার লিফ্ট স্কীম:
p. 892.
মহম্মদবাজার ব্লকে ভূগর্ভস্থ জল পরীক্ষার প্রকল্প:
p. 900.
ময়ূরেশ্বর ২নং ব্লকে প্রাথমিক হেলথ্ সেন্টার:
p. 24.
মহিলা পুলিস:
pp. 45-46.

Question(s)

মাদুরা ইরিগেশন প্রকল্প:
pp. 1354-1355.
মালবাহী যানবাহনের ওজনকেন্দ্র:
p. 2.
মাদুরা ইরিগেশন প্রকল্প:
pp. 1-2.
মাদুরশিল্প:
pp. 1440-1441.
মাধ্যমিক বিদ্যালয়গুলিতে নূতন স্কেলে শিক্ষক-শিক্ষিকাগণের বেতন:
p. 1440.
মাঝেরচর গ্রামে গরিব কৃষকদের জমি দখল:
p. 972.
মুর্শিদাবাদ সদর ও লালবাগ হাসপাতালের ঔষধ ও পথ্যের চোরাকারবার:
p. 26.
মুর্শিদাবাদ জেলা পরিষদের শাসন ব্যবস্থা:
pp. 1357-1358.
মুর্শিদাবাদ জেলায় জে এল আর ও অফিস:
p. 5.
মুর্শিদাবাদ জেলায় হাট ও বাজার:
p. 8.
মুর্শিদাবাদ জেলায় মঞ্জুরীকৃত স্কুলের সংখ্যা:
p. 5.
মুর্শিদাবাদ জেলায় টেস্ট রিলিফ স্কীমের জন্য মঞ্জুরীকৃত অর্থ:
p. 8.
মুর্শিদাবাদ জেলায় পানীয় জলের নলকূপ:
p. 878.
মুরারীর সড়ক:
pp. 892-893.
মেডিকেল কলেজে ছাত্র ভর্তি:
pp. 29-30.
মেদিনীপুরে সুইমিং পুল:
pp. 14-15.
মেদিনীপুর জেলায় প্রজননক্ষম ষাঁড়:
pp. 48-49.
মেদিনীপুরের পশুচিকিৎসাকেন্দ্রে ঔষধের অভাব:
p. 970.
মেদিনীপুর জিলার বিভিন্ন জায়গায় শিল্প স্থাপনের পরিকল্পনা:
p. 7.
মেদিনীপুর জেলায় গৃহদাহে ক্ষতিগ্রস্ত গৃহের জন্য ঋণ ও অনুদান:
p. 20.
মেদিনীপুর জেলার ক্ষুদ্রচাষী উন্নয়ন প্রকল্প:
p. 17.
মেডিক্যাল কলেজ ও হাসপাতালে টিচিং স্টাফের প্যানেল:
p. 12.
মেদিনীপুর জেলায় তাঁতশিল্প:
p. 1438.
মেদিনীপুর জেলায় প্রতি ব্লকে সাবসিডিয়ারী হস্পিটাল:
p. 1356.

Question(s)

মেডিক্যাল কলেজে ভর্তি হওয়া ছাত্রছাত্রী:
p. 1441.
যুবকল্যাণ কেন্দ্র:
pp. 10-11.
রঘুনাথগঞ্জ ১ ও ২নং ব্লকের এল আর কমিটি:
p. 3.
রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান পরিচালনায় শ্রমিক প্রতিনিধি:
p. 1.
রাণাঘাট ব্লকে শ্যালো টিউবওয়েলের জন্য বিদ্যুৎ সরবরাহ:
p. 1361.
রাজ্য বিদ্যুৎ পর্ষদের বিভিন্ন বিভাগে লোক নিয়োগ:
pp. 18-19.
রাণীগঞ্জ কয়লাখনি এলাকায় জলসরবরাহ প্রকল্প:
pp. 13-17.
রানীগঞ্জ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র:
p. 28.
রায়নগর বিধানসভাকেন্দ্রের বিভিন্ন মৌজায় বৈদ্যুতীকরণ প্রকল্প:
p. 32.
রাজ্যের বিভিন্ন অরণ্যে নিহত বন্যপ্রাণী:
pp. 896-897.
রাসায়নিক সার কারখানা:
p. 887.
রাজ্য সরকারী কর্মচারী ফেডারেশনের আন্দোলন:
pp. 862-865.
রাজ্য পরিকল্পনা বোর্ডের সুপারিশ:
p. 5.
রামনগর সুগার মিল:
p. 3.
রিলিফ ও টেস্ট রিলিফ বাবত খরচ:
p. 21.
শালবনী থানার পীড়াকাটা ও ভীমপুর মৌজায় উপস্বাস্থ্যকেন্দ্র:
p. 6.
শ্যামাদাস বৈদ্যশাস্ত্রপীঠের স্টাফ সেটআপ-এর অর্ডার:
p. 9.
শান্তিপুরে ধৃত সিমেন্টের কালোবাজারী:
p. 1362.
শালবনী থানার বিভিন্ন এলাকায় খাস জমি:
p. 2.
শালবনী ফডার ফার্ম:
pp. 889-890.
শারীরিক শিক্ষা:
p. 43.
শারীরিক শিক্ষা:
p. 16.
শিল্প বিরোধ আইনের পরিবর্তন:
p. 30.
শিল্প শ্রমিকদের দৈনিক মজুরী:
p. 51.

Question(s)

শিল্পে উৎপাদিত দ্রব্যে শ্রমিকের অংশঃ
pp. 899-900.
শিক্ষিত বেকার দ্বারা গঠিত সমিতির মাধ্যমে গরু-মহিষ, হাঁস-মুরগী পালনঃ
p. 888.
শিক্ষক-শিক্ষিকাদের পেনসন স্কীমঃ
p. 4.
শীতলপাটি শিল্পঃ
p. 6.
সজনেখালি অভয়ারণ্যঃ
pp. 12-13.
সরস্বতী নদীর সংস্কারঃ
p. 1.
সরকারী ও বেসরকারী কলেজ শিক্ষকদের মাসিক বেতনঃ
pp. 12-13.
সমবায় সমিতিঃ
pp. 13-15.
সরকারের ন্যস্ত খাস জমিঃ
pp. 969-970.
সরকারী কর্মচারীদের ট্রান্সফার টি এ বাবদ অর্থ ব্যয়ঃ
pp. 867-868.
সরকারী দপ্তরে শূন্যপদ পূরণঃ
pp. 861-862.
সরকারী চাকুরিতে নূতন লোক নিয়োগঃ
p. 886.
সরকারী গুদামে মজুত খুদঃ
p. 22.
সয়েল টেস্টিং, ফার্টিলাইজার ডেমনস্ট্রেশনের জন্য ল্যাবরেটরিঃ
pp. 32-33.
সরকারী কাজকর্মে বাংলাভাষার ব্যবহারঃ
pp. 37-38.
সরকার কর্তৃক প্রকাশিত 'পশ্চিমবঙ্গ' ও 'ওয়েস্ট বেঙ্গল' পত্রিকাঃ
pp. 35-36.
সমাধিস্থান সংরক্ষণঃ
pp. 44-45.
সাপ্তাহিক 'জনমত'ঃ
pp. 39-40.
সারা ভারত গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতাঃ
p. 5.
সারের ঘাটতিঃ
pp. 879-881.
সার বিতরণঃ
p. 21.
সিমেন্টঃ
p. 21.
সুন্দরবন এলাকায় স্বাস্থ্যকেন্দ্রঃ
p. 7
সুন্দরবনে যাযাবর পাখিঃ
pp. 20-21.
সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কঃ
pp. 1355.

Question(s)

স্পেশাল এমপ্লয়মেন্ট প্রোগ্রাম:
p. 970.
সেচ ব্যবস্থা:
pp. 882-884.
সেকেন্ডারী স্কুলের করনিক ও সরকারী তৃতীয় শ্রেণীর করনিকদের বেতনের পার্থক্য:
p. 31.
হলদিয়ায় নূতন শিল্প:
p. 4.
হলদিয়ায় পেট্রো-কেমিক্যাল শিল্প:
pp. 4-5.
হলদিয়া প্রকল্প:
pp. 7-8.
হলদিয়া বিদ্যুৎ উৎপাদনকেন্দ্র:
p. 16.
হব্‌গা স্লুইস গেট:
p. 1.
হাওর সেচখাল ও ট্যাংরা সেচখাল খনন প্রকল্প:
p. 15.
হাস্কিং মিলের লাইসেন্স:
pp. 18-19.
হুগলী জেলার রাস্তা পাকাকরনের কাজ:
pp. 36-37.
১৯৬৭ সাল হইতে ১৯৭২ সাল পর্যন্ত প্রতি আর্থিক বৎসরে অতিরিক্ত কর:
p. 16.

Ray, Shri Siddhartha Shankar

Demand(s) for Grant(s)—
19—General Administration:
pp. 994-999, 1039-1043, 1515.
71—Miscellaneous Civil Defence: p. 1505.
67—Privy Purses and Allowances of Indian Rulers: p. 1504.
23—Police: pp. 43-45, 115-121, 1515.
Statement under rule 346: pp. 53-54, 1513-1514.
Shree Ramkrishna Sarda Vidya Mahapitha Bill, 1973: pp. ~~22-23~~, ~~21~~. 1172-73 1151

Roy, Shri Ananda Gopal

Demand for Grant—
23—Police pp. 111-112.
পশ্চিমবঙ্গে মঞ্জুরীকৃত হাইস্কুল ও বিভিন্ন শ্রেণীর জুনিয়র হাইস্কুল ও প্রাইমারী স্কুলের সংখ্যা:
(Q.) pp. 979-980.

Roy, Shri Aswini Kumar

Mention case: pp. 35, 903-904.
The West Bengal Appropriation Bill, 1973: pp. 1601-1604.
ইস্পাত দ্রাবন প্রকল্প:
(Q.) p. 11.
কল্যাণেশ্বরীতে ট্রান্সফরমার ফাটার তদন্ত:
(Q.) p. 27.
কলিকাতায় কয়লা আমদানী:
(Q.) pp. 1359-1360.
জাহাজ নির্মাণ প্রাঙ্গণ প্রকল্প:

Roy, Shri Aswini Kumar

জেলাভিত্তিক উচ্চ ইংরাজী বিদ্যালয়ের সংখ্যা:
(Q.) p. 976.

দ্বিতীয় হুগলিসেতু
(Q.) p. 891.

ধানের সংগ্রহ মূল্য:
(Q.) pp. 8-12.

বনস্পতি তৈলকলে সরিষার ব্যবহার:
(Q.) pp. 27-28.

বাজারে সিগারেটের অভাব:
(Q.) p. 3.

মালবাহী যানবাহনের ওজনকেন্দ্র:
(Q.) p. 2.

হলদিয়া প্রকল্প:
(Q.) pp. 7-8.

সরকারী চাকুরিতে নূতন লোক নিয়োগ:
(Q.) p. 886.

সারা ভারত গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতা:
(Q.) p. 5.

Roy, Shri Bireswar

Demand for Grant—
38—Labour and Employment: pp. 93-94.

Roy, Shri Jagadananda

Demand for Grant
23—Police: pp. 100-101

Roy, Shri Bireswar

Demand for Grant—
23—Police: pp. 108-109.
Supplementary Estimates for the year 1972-73: p. 1539.
Mention case: p. 24, 34-35.
জেলাওয়ারী চালু ও অচালু গভীর নলকূপ:
(Q.) p. 894.

Roy, Shrimati Ila

Demand(s) for Grant(s)—
124—Capital Outlay on Schemes of Government Trading, 26—Miscellaneous Departments—Excluding Fire Service: p. 84.

Demand for Grant—
23—Police: p. 100.
Mention case: p. 1365.

Roy, Shri Jagadananda

Demand for Grant—
9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments, and 92—Payment of Compenastion to land-holders, etc., on the abolition of the Zamindary System: pp. 57-58.
Mention case: pp. 28-29.

Roy, Shri Jatindra Mohon

Demand for Grant—

19—General Administration: p. 1027.

জেলাভিত্তিক বিভিন্ন গ্রাম বৈদ্যুতীকরণ:
(Q.) pp. 22-25.

পশ্চিম দিনাজপুরের বনাঞ্চলে রেস্ট হাউস:
(Q.) p. 21.

Roy, Shri Krishnapada

Demand for Grant—

38—Labour and Employment: pp. 67-68.
71—Miscellaneous—Panchayats: pp. 1379-1380.
Supplementary Estimates for the year 1972-73: p. 1536
Mention case: pp. 33, 904-905.

Roy, Shri Madhusudan

Demand for Grant—

9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments, and 92—Payment of Compensation to land-holders, etc., on the abolition of the Zamindary System: pp. 47-48.

Roy, Shri Santosh Kumar

Demand for Grant—

31—Agriculture—Fisheries: pp. 955-958, 964-965.
64—Famine Relief: p. 1518.
71—Miscellaneous—Contributions: pp. 1368-1370.
26—Miscellaneous Departments Fire Services: p. 1503.
39—Miscellaneous, Social and Developmental Organisations Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes: p. 1517.
71—Miscellaneous Other Miscellaneous Expenditure, and 109 Capital Outlay on Other Works: p. 1519.
71—Miscellaneous—Panchayats: pp. 1373-1374, 1395-1397.
Statement made by regarding the cold storage of Bangladesh fish to prevent its putrefaction: p. 1442.

Roy, Shri Saroj

Demand for Grant—

124—Capital Outlay on Schemes of Government Trading, 26—Miscellaneous Departments—Excluding Fire Service: pp. 86-87.
Mention case: pp. 28-29, 33-34.

Roy, Shri Subhendu

Demand for Grant—

23—Police: p. 105.
টিটাগড় পেপার মিলের সুপারভাইজার:
(Q.) p. 7.

Samanta, Shri Tuhin Kumar

Demand for Grant—

Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: pp. 931-932.

tra, Shri Sanatan

ইন্দাস ও পাত্রসায়েরের থানায় শিক্ষিত ও অর্ধশিক্ষিত বেকারের সংখ্যা ঃ
(Q.) p. 11.
বাঁকুড়া জেলার ক্ষুদ্র ও কুটির শিল্প ঃ
(Q.) p. 2.
বাঁকুড়া জেলায় সেচ ব্যবস্থা ঃ
(Q.) p. 8.

kar, Shri Kanailal

Demand for Grant—

51-A—Greater Calcutta Development Scheme and 106-A—Capital Outlay on Greater Calcutta Development Scheme: pp. 1420-1422.
Mention case: pp. 1567-1568.

kar, Shri Netaipada

Demand for Grant—

31—Agriculture—Fisheries: pp. 962-964.
19—General Administration: pp. 1021-1023.
অকেজো গভীর নলকূপ ঃ
(Q.) pp. 886-887.
পশ্চিমবঙ্গে মন্ত্রিসভার সদস্যগণের টি এ, বাড়িভাড়া, টেলিফোন বাবদ খরচ ঃ
(Q.) p. 16.
পশ্চিমবঙ্গে শিক্ষিত ও অর্ধ-শিক্ষিত বেকারের কর্মসংস্থানের পরিকল্পনা ঃ
(Q.) pp. 17-18.
ভারত বনাম ইংলন্ডের ক্রিকেট টেস্ট খেলার টিকিট বণ্টন ঃ
(Q.) p. 26.
বৃহত্তর কলিকাতার উন্নয়ন ঃ
(Q.) pp. 876-877.
মৎস্যজীবীদের সাহায্যার্থে ঋণ ও অনুদান ঃ
(Q.) pp. 981-983.
রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান পরিচালনায় শ্রমিক প্রতিনিধি ঃ
(Q.) p. 1.
সরকারের ন্যস্ত খাস জমি ঃ
(Q.) pp. 969-970.
হাঙর সেচখাল ও ট্যাংরা সেচখাল খনন প্রকল্প ঃ
(Q.) p. 15.

ar, Shrimati Nurunnessa

Demand for Grant—

124—Capital Outlay on Schemes of Government Trading, 26—Miscellaneous Departments—Excluding Fire Service: p. 87.
19—General Administration: pp. 1032-1033.

tya, Shri Basudev

Demand for Grant—

33—Animal Husbandry and 124—Capital Outlay on Schemes of Government Trading Dairy and Animal Husbandry Schemes: pp. 111-112.
71—Miscellaneous Panchayats: pp. 1383-1384.
সুন্দরবন এলাকায় স্বাস্থ্যকেন্দ্র ঃ
(Q.) p. 7.

et Sitting of the House

Speaker, Mr.: p. 63.

Sen, Shri Bholanath

Demand for Grant—

26—Miscellaneous Departments—Excluding Fire Services: p. 1516.
71—Miscellaneous—Sports: p. 1518.
50—Public Works: p. 1517.

Sen, Shri Sisir Kumar

Demand for Grant—

9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments and 92—Payment of Compensation to land-holders, etc., on the abolition of the Zamindary System: pp. 56-57.

Sengupta, Shri Krishnaprasad

Demand for Grant—

21—Administration of Justice: pp. 1480-1483.

Sengupta, Shri Kumar Dipti

Mention case: pp. 27-28, 907, 908.

Seth, Shri Balailal

Demand for Grant—

9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments and 92—Payment of Compensation to land-holders, etc., on the abolition of the Zamindary System: pp. 48-49.
23—Police: pp. 95-96.

Mention case: p. 38.

পশ্চিমবঙ্গে নূতন মঞ্জুরীকৃত পৌরসভাঃ
(Q.) p. 1359.

পঞ্চায়েত করঃ
(Q.) pp. 9-11.

স্পেশাল এমপ্লয়মেন্ট প্রোগ্রাম
(Q.) p. 970.

Shaw, Shri Sachi Nandan

Demand for Grant—

Agriculture Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: pp. 940-941.
124—Capital Outlay on Schemes of Government Trading, 26—Miscellaneous Departments—Excluding Fire Service: pp. 83-84.
19—General Administration: p. 1025.
38—Labour and Employment: pp. 88-90.
Supplementary Estimates for the year 1972-73: p. 1544.

Mention case: pp. 24, 30.

দুবরাজপুর জলসরবরাহ প্রকল্পঃ
(Q.) p. 21.

নিরাময় টি বি স্যানাটোরিয়ামঃ
(Q.) p. 29.

পাঁচড়া কটন মিলঃ
(Q.) p. 3.

Shish Mohammad, Shri

Demand for Grant—

31—Agriculture—Fisheries: pp. 958-960.

Shish Mohammad, Shri

124—Capital Outlay on Schemes of Government Trading, 26—Miscellaneous Departments—Excluding Fire Service: pp. 70-72.

37—Community Development Projects, National Extension Service and Local Development Works, 109—Capital Outlay on Other Works—Community Development Projects, etc.,: pp. 1454-1457.

9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments, and 92—Payment of Compensation to land-holders, etc., on the abolition of the Zamindary System: pp. 38-43.

38—Labour and Employment: pp. 45-48.

71—Miscellaneous—Panchayats: pp. 1375-1376.

Mention case: pp. 1450-1451.

Shree Ramkirshna Sarada Vidya Mahapitha Bill, 1973: pp. 24-25.

The West Bengal Appropriation Bill, 1973: pp. 1575-1579.

Typists, Copyists and Mappists working in Finance Department. (Q.): pp. 870-873.

পশ্চিমবঙ্গে উচ্চ মাধ্যমিক বিদ্যালয়গুলির সংখ্যা:
(Q.) p. 6.

মুর্শিদাবাদ জেলায় পানীয় জলের নলকূপ:
(Q.) p. 878.

Shree Ramkrishna Sarada Vidya Mahapitha Bill, 1973

pp. 22-31.

Shukla, Shri Krishna Kumar

Demand for Grant—

38—Labour and Employment: pp. 54-58.

Singh, Shri Lal Bahadur

Demand for Grant—

38—Labour and Employment: pp. 68-69.

Singha, Shri Panchanan

Demand for Grant—

Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: p. 947.

Singhababu, Shri Phani Bhusan

Demand for Grant—

37—Community Development Projects, National Extension Service and Local Development Works, 109—Capital Outlay on Other Works—Community Development Projects, etc.: pp. 1466-1467.

অঞ্চল পঞ্চায়েত সচিব:
(Q.) pp. 7-9.

শিক্ষিত বেকার দ্বারা গঠিত সমিতির মাধ্যমে গরু-মহিষ, হাঁস-মুরগী পালন:
(Q.) p. 888.

হাস্কিং মিলের লাইসেন্স:
(Q.) pp. 18-19.

Singha Roy, Shri Probodh Kumar

Demand for Grant—

Agriculture—Agriculture and 95—Capital Outaly on Schemes Agricultural Improvement and Research: p. 937.

19—General Administration: p. 1027.

Mention case: p. 29.

গঙ্গারামপুরে হস্তচালিত তাঁতশিল্প:
(Q.) pp. 1437-1438.

Sinha Roy, Shri Bhawani Prasad

Demand for Grant—

37—Community Development Projects, National Extension Service and Local Development Works, 109—Capital Outlay on Other Works—Community Development Projects, etc.: pp. 1464-1465.

51-A—Greater Calcutta Development Scheme and 106-A—Capital Outlay on Greater Calcutta Development Scheme: pp. 1428-1429.

19—General Administration: pp. 1015-1016.

38—Labour and Employment: pp. 86-88.

The West Bengal Appropriation Bill, 1973: pp. 1593-1594.

কৃষি বিভাগের কর্মচ্যুত 'মাস্টাররোল' কর্মী:
(Q.) p. 885.

গভীর নলকূপ ও লিফ্‌ট ইরিগেশন প্রকল্প:
(Q.) p. 881.

দুর্গাপুর এক্সপ্রেস হাইওয়ে:
(Q.) pp. 33-35.

পুলিস স্টেশনে ও রেল স্টেশনে অনুষ্ঠিত কালীপুজা ও অন্যান্য পুজার সংখ্যা:
(Q.) p. 20.

হুগলী জেলার রাস্তা পাকাকরণের কাজ:
(Q.) pp. 36-37.

Sinha, Shri Nirmal Krishna

নির্ধারিত মূল্যে সার ইত্যাদি সরবরাহ:
(Q.) p. 895.

Soren, Shri Dasarathi

Demand for Grants—

Supplementary Estimates for the year 1972-73: pp. 1544-1545.

Speaker, Mr.

Laying of—Seventeenth Report of the Business Advisory Committee: pp. 941-942.

Obituary: p. 1508.

Observation made by : pp. 1525-1526, 1527.

Observation made by regarding point of privilege: pp. 1353-1354.

Observation on a Point of Privilege: p. 42.

Presentation by—Report of the Business Advisory Committee: p. 22.

Presentation by—Nineteenth Report of the Business Advisory Committee: p. 70.

Ruling made by—regarding a point of privilege: pp. 942-943.

Supplementary Estimates for the year 1972-73
Statement on—: p. 908

The Calcutta Metropolitan Water and Sanitation Authority (Amendment) Bill, 1973
pp. 52-64.
De, Shri Asamanja: p. 55.
Abdul Bari Biswas, Shri: pp. 54, 56.
Bhaduri, Shri Timir Baran: pp. 54, 55.
Abdur Rauf Ansari, Shri: pp. 59-60.
Ghose, Shri Sankar: pp. 52-53, 61-62.
Chatterjee, Shri Gobinda: pp. 56-59.

The Murshidabad Estate (Trust) (Amendment) Bill, 1973
pp. 33-51.

The West Bengal Appropriation Bill, 1973
pp. 1570-1613.

The West Bengal Appropriation (No. 2) Bill, 1973
pp. 1613-1623.

Wilson-de Roze, Shri George Albert
Demand for Grant—
23—Police: p. 112.

BGP-76/7-1998A-700